…roved by the Director of Public Instruction, Bengal.
…ide Calcutta Gazette, Dated the 26th November, 1931.

আদর্শ বাঙ্গলা অভিধান

…তন ও আধুনিক বাঙ্গালা সাহিত্যে ব্যবহৃত সংস্কৃতমূলক সাধু শব্দ, …ধারণতঃ প্রচলিত গ্রাম্য শব্দ, বিদ্যাপতি, জ্ঞানদাস, চণ্ডীদাস, বৃন্দাবনদাস, কৃষ্ণদাস, বলরাম, মুকুন্দরাম প্রভৃতি প্রাচীন কবিগণের কাব্যে ব্যবহৃত অথচ অধুনা অপ্রচলিত ও দুর্ব্বোধ শব্দ, সর্ব্বদা ব্যবহৃত বহু হিন্দী, আরবী, পারশী, উর্দ্দু শব্দ ও বাঙ্গালা ভাষায় প্রচলিত যাবতীয় শব্দ এবং তাহার ব্যুৎপত্তি ও পরিচয়সহ তদর্থ সংবলিত।

সুবলচন্দ্র মিত্র সঙ্কলিত।

তৃতীয় সংস্করণ

প্রকাশক
নিউ বেঙ্গল প্রেস লিঃ
৬৮ কলেজ ষ্ট্রীট • কলিকাতা-১২


মূল্য ১০৲ টাকা।

COPY-RIGHT

REGISTERED

UNDER

ACT XX OF 1847.



ভূমিকা

পরিপার্শ্ব হইতে জলবায়ু, আলো, খাদ্য ইত্যাদি আহরণ করিয়া আত্মকরণ ও স্বতঃ পরিপুষ্টি লাভ করাই জীবনের প্রধান লক্ষণ। জগতে যাহা কিছু জীবন্ত তাহার মধ্যেই এই লক্ষণটি বর্তমান। জীবের সম্বন্ধে যেমন এই কথাটি সত্য ভাষার সম্বন্ধেও এই কথাটি তেমনই সত্য। যে ভাষার ক্রমপুষ্টি নাই সে ভাষা জীবন্ত নয়। সেই জন্য সংস্কৃত, ল্যাটিন প্রভৃতি ভাষা অতি সমৃদ্ধ হইলেও তাহাদের জীবন-প্রদীপ নিভিয়া গিয়াছে। বাঙ্গালা, ইংরাজী, হিন্দী প্রভৃতি ভাষা জীবন্ত, সেইজন্যই দিনের পর দিন, মাসের পর মাস, বৎসরের পর বৎসর ইহাদের উপচয় বা বৃদ্ধি হইতেছে, ইহাদের শব্দ-ভাণ্ডারে নিত্য নূতন শব্দ আসিতেছে, ধারা ও রীতিতে মাঝে মাঝে অভিনব পরিবর্তন দেখা যাইতেছে।

আমাদের বাঙ্গালা ভাষায় উনবিংশ ও বিংশ শতাব্দীতে বিশেষভাবে বৃদ্ধি ও প্রগতির লক্ষণ দেখা যাইতেছে। তাহার অনেকগুলি কারণের মধ্যে চারিটি প্রধান, যথা—(১) বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র, মাইকেল, রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র প্রভৃতি লোকোত্তর প্রতিভাসম্পন্ন সাহিত্যিক ও কবির আবির্ভাব; (২) ইংরেজী, হিন্দী, আর্বী, ফার্সী প্রভৃতি ভাষা হইতে শব্দ আত্মকরণ; (৩) জ্ঞানবিজ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে ভাষায় নব নব শব্দের সৃষ্টি ও গঠন এবং (৪) মাতৃভাষার প্রতি অনুরক্ত মনীষিগণের মাতৃভাষাকে সমৃদ্ধ করিবার চেষ্টা। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা ভাষা শিক্ষার বাহনরূপে গৃহীত হওয়ায় গণিত, বিজ্ঞান, ইতিহাস, দর্শন, অর্থনীতি প্রভৃতি শিক্ষার বিভিন্ন শাখায় প্রচুর নবগঠিত পারিভাষিক শব্দের সংকলন ও প্রয়োগ হইতেছে। আবার ভারত স্বাধীন হওয়ার পর রাষ্ট্রে ও সমাজে, আফিসে, আদালতে বিদেশীয় শব্দের প্রচলন বন্ধ করিয়া তাহার স্থানে সংস্কৃত প্রকৃতি-প্রত্যয়, সমাস ইত্যাদির সাহায্যে নূতন নূতন শব্দ গঠন করিয়া তাহা প্রচলন করিবার চেষ্টা হইতেছে। সর্বোপরি

জমিদারী-মহাজনী-শব্দাবলী

এই অংশে জমিদারী ও মহাজনী সেরেস্তায় এবং আদালতে প্রচলিত শব্দসমূহ ও তাহাদের অর্থ সন্নিবেশিত হইয়াছে।

ভৌগোলিক ও বিবিধ জ্ঞাতব্য

এই অংশে পৃথিবীর নানা দেশ, নানা স্থান ইত্যাদির অবস্থান, পরিচয় এবং অন্যান্য জ্ঞাতব্য বিষয় প্রদত্ত হইয়াছে।

পরিশিষ্ট

এই অংশে ভাষাবিচার, অর্থভেদে শব্দ-বিভাগ এবং সচরাচর ব্যবহৃত অশুদ্ধ পদসমূহের সন্নিবেশ করা হইয়াছে।

আমরা বাঙ্গালা সাহিত্যে অনুরাগী এবং বাঙ্গালা শিক্ষার্থী ও বাঙ্গালা ভাষার ভিতর দিয়া যে কোন বিষয়ে অনুসন্ধিৎসু সর্ব্বশ্রেণীর পাঠকের অপরিহার্য্য সহায়করূপে এই অভিধান গ্রন্থখানি সম্পাদন করিবার যথাসাধ্য প্রয়াস করিয়াছি, এবং অর্থব্যয়েরও ইহাতে ত্রুটি হয় নাই। যাহাদের জন্য আমাদের এই চেষ্টা ও অর্থব্যয় গ্রন্থখানি তাঁহাদের মনঃপূত ও সমাদৃত হইলেই আমরা কৃতার্থ হইব। ত্রুটি-বিচ্যুতি যদি কিছু হইয়া থাকে সহৃদয় পাঠকগণ তাহা নির্দ্দেশ করিলে পরবর্ত্তী সংস্করণের জন্য কৃতজ্ঞতা সহকারে তাহা গৃহীত হইবে।

উপসংহারে বক্তব্য এই যে, এই গ্রন্থ সম্পাদনে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষক, অধ্যাপক এবং অন্যান্য যে সকল শিক্ষাব্রতী আমাদের সাহায্য করিয়াছেন এবং নানাভাবে আমাদিগকে উৎসাহিত করিয়াছেন, তাঁহারা সকলেই আমাদের কৃতজ্ঞতাভাজন। তাঁহাদের আন্তরিক চেষ্টা ভিন্ন এই দুরূহ কার্য্য সম্ভবপর হইয়া উঠিত না। ইতি—

কলিকাতা
শ্রাবণ ১৩৫০

বিনীত
সম্পাদক

বর্ণানুযায়ী পত্রাঙ্ক সূচী

সাঙ্কেতিক চিহ্ন

বি—বিশেষ্য।
বিণ—বিশেষণ।
ক্রি—ক্রিয়া।
ক্রি-বিণ—ক্রিয়াবিশেষণ।
সর্ব্ব—সর্ব্বনাম।
অব্য—অব্যয়।
কর্ত্তৃবা—কর্ত্তৃবাচ্য।
কর্ম্মবা—কর্ম্মবাচ্য।
করণবা—করণবাচ্য।
সম্প্রবা—সম্প্রদানবাচ্য।
অপাবা—অপাদানবাচ্য।
অধিবা—অধিকরণবাচ্য।
ভাববা—ভাববাচ্য।
প্রাঃ কবিপ্র—প্রাচীন কবিপ্রয়োগ।
প্রাদে—প্রাদেশিক।
পুং—পুংলিঙ্গ।
স্ত্রী—স্ত্রীলিঙ্গ।
ক্লীব—ক্লীবলিঙ্গ।
ত্রি—ত্রিলিঙ্গ।
দ্রঃ—দ্রষ্টব্য।

দ্বন্দ্ব—দ্বন্দ্ব সমাস।
বহুব্রী—বহুব্রীহি সমাস।
কর্ম্মধা—কর্ম্মধারয় সমাস।
অব্যয়ী—অব্যয়ীভাব সমাস।
২য়াতৎ—দ্বিতীয়া তৎপুরুষ সমাস।
৩য়াতৎ—তৃতীয়া তৎপুরুষ সমাস।
৪র্থীতৎ—চতুর্থী তৎপুরুষ সমাস।
৫মীতৎ—পঞ্চমী তৎপুরুষ সমাস।
৬ষ্ঠীতৎ—ষষ্ঠী তৎপুরুষ সমাস।
৭মীতৎ—সপ্তমী তৎপুরুষ সমাস।
নঞ্‌তৎ—নঞ্‌ তৎপুরুষ সমাস।
উপতৎ—উপপদ সমাস।
অলুক্ উপতৎ—অলুক্ উপপদ সমাস
প্রাদিতৎ—প্রাদি সমাস।
বৈদে—বৈদেশিক।
মধ্যপ কর্ম্মধা—মধ্যপদলোপী কর্ম্মধারয় সমাস
ইং—ইংরাজী।
বাং—বাঙ্গালা।
পোর্ত্তু—পোর্ত্তুগীজ।

আদর্শ বাঙ্গালা অভিধান

অ

অ—১। ভারতীয় ভাষার বর্ণমালার আদ্যক্ষর (ইহার উচ্চারণস্থান কণ্ঠ। বাঙ্গালায় ইহার উচ্চারণ প্রধানতঃ **পাঁচ** প্রকার—(১)। লঘু—'অমৃত', (২) গুরু—'অপর', (৩) লঘুতর বা অস্ফুটব্যক্ত ও-কারের ন্যায় 'ললিত' শব্দে ল-যুক্ত অ, (৪) পূর্ণব্যক্ত ও-কার মত—'অতিশয়', (৫) গ্রস্ত—'দশ জন লোক'—এখানে 'শ', 'এ' ও 'ক'-এর উচ্চারণগ্রস্ত। অকার প্রধানতঃ তিনপ্রকার—হ্রস্ব, দীর্ঘ ও প্লুত। ইহাদের প্রত্যেকে উদাত্ত, অনুদাত্ত ও স্বরিতভেদে তিনপ্রকার। উহাদের প্রত্যেকে দুইপ্রকার—অনুনাসিক ও অননুনাসিক—অর্থাৎ প্রকার-সংখ্যা মোট আঠার)। ২। বিষ্ণু; ব্রহ্ম। অব্ (রক্ষা করা, পালন করা)+ড কর্তৃবা। বি; পুং। ৩। খেদ, অনুকম্পা। প্রাদে। সম্বোধন, অব্য। ৪। নঞের স্থানে যে 'অ' হয় তাহা নঞেরই তুল্যার্থক। ইহার অর্থ ছয়টি: যথা—(১) তৎসাদৃশ্য ('অব্রাহ্মণ'), (২) অভাব ('অগতি'), (৩) তদন্যত্ব ('অবাঙ্গালী'), (৪) তদল্পতা ('অপুষ্টি'), (৫) অপ্রাশস্ত্য ('অশুভ') ও (৬) বিরোধ ('অসুর')। নঞের প্রয়োগ স্বার্থেও হয়; যেমন—কূপার=সমুদ্র, অকূপার=সমুদ্র। স্বরবর্ণের পূর্বে থাকিলে অন্ হয়; যথা অনন্ত। ৫। প্রাচীন বাঙ্গালায় 'এ', 'ও', 'য়' ও 'হ'-র স্থানে 'অ' ব্যবহৃত হয় (এখন—'অখন', রাখিও—'রাখিঅ', নয়ন—'নঅন', হইল—'অইল')। ৬। বৌদ্ধ বা অতি প্রাচীন বাঙ্গালায় গ স্থলে (গগন—'গঅন'), চ স্থলে (লোচন—'লোঅন'), জ স্থলে (গজবর—'গঅবর'), ত স্থলে (পণ্ডিত—'পণ্ডিঅ') ত্ত স্থলে (অনুত্তর—'অনুঅর')। ৭। প্রাচীন বাঙ্গালায় কথার মাত্রাস্বরূপ ('তুঅ', 'কেঅ')।

অই—ঐ (তাহা দ্রঃ)।

অইছন—ঐরূপ। প্রাঃ কবিপ্র। বিণ।

অইছে—ঐরূপে। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

অঋণী (-ণিন্)—যে ঋণী নয়, ঋণশূন্য; ঋণ-মুক্ত। নঞ্‌তৎ। (সংস্কৃত শব্দে অনৃণী ও বহুব্রীহি সমাসদ্বারা অনৃণ পদ হয়। মহা-ভারতে অঋণী প্রয়োগ দেখা যায়—'অঋণী চাপ্রবাসী')। বিণ। স্ত্রী, -ণিনী।

অও—আর, এবং। প্রাঃ কবিপ্র। অব্য।

অওঘর্ষণ—গানের স্বরের ঐক্য। প্রাদে। বি।

অওরা, অউরা—সস্তা, সুলভ। দেশজ। বিণ।

অওর—অবগত। প্রাঃ কবিপ্র। বিণ।

অংকাল—আঁকোড় গাছ। 'অঙ্কোল' শব্দজ। বি।

অংরূপিণী—বিন্দুরূপা, অংস্বরূপা, সূক্ষ্মরূপ-বিশিষ্টা। অংরূপ+ইন্ অস্ত্যর্থে+ঈপ্ স্ত্রীলিঙ্গে। বিণ; স্ত্রী।

অংশ—১। ভাগ; স্থান; খণ্ড; অঙ্গ; অবতার; দেবতার ঔরস বা তল্লব্ধ সহজাত প্রভাব; বিষয়; ভূপরিধির ৩৬০ ভাগের এক এক ভাগ; রাশিচক্রের ত্রিংশৎ ভাগের এক ভাগ; রাশিচক্রের দ্বাদশ ভাগের এক ভাগ; অক্ষাংশ; ভগ্নাংশ। অন্শ্+ঘঞ্। ২। স্কন্ধ, কাঁধ। অম্+শ কর্তৃবা। ৩। বিভাগ; বণ্টন; নির্দ্দেশ। অন্শ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অংশক—১। ভাগ; দিন; অল্পভাগ। অংশ+কণ্ স্বার্থে, অথবা অংশ+ক অল্পার্থে। বি; ক্লীব। ২। দায়াদ, জ্ঞাতি; ভাগকারী। অন্শ+ণক কর্তৃবা। বি; পুং।

অংশকূট, অংসকূট—কুকুদ, ষাঁড়ের ঝুঁটি। ৬ষ্ঠীতৎ। বি, পুং বা ক্লীব।

অংশগত—১। বিভাগ দ্বারা প্রাপ্ত, দায়াধিকারভুক্ত। ৩য়াতৎ। ২। বিভাগ-সম্বন্ধীয়। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অংশগ্রাহী (–গ্রাহিন্)—জ্ঞাতি, দায়াদ; অংশীদার, শরিক। উপতৎ। অংশ—গ্রহ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—হিণী।

অংশতঃ (–তস্), অংশত—কতক, কিয়দংশে। অংশ+তস্। অব্য।

অংশন—১। বিভজন, ভাগ করা। অন্শ্+অনট্ ভাববা। ২। খণ্ড, ভাগ। অন্শ্+অনট্ কর্ম্মবা। বি; ক্লীব।

অংশনীয়—অংশ বা ভাগ করিবার উপযুক্ত, বিভাজ্য, বিভজনীয়। অন্শ+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অংশপ্রার্থী (–র্থিন্)—যে ভাগ চায় এমন; বিভাগ প্রার্থনাকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—র্থিনী।

অংশভাক (–ভাজ্)—অংশভাগী; অংশী; উত্তরাধিকারী। অংশ শব্দ—ভজ+ণ্বি কর্তৃবা। বিণ।

অংশভাগী (–ভাগিন্)—অংশগ্রহণ-কারী বা অংশ পাইবার যোগ্য, দায়াদ, অংশী, সরিক। অংশ শব্দ—ভজ+ঘিণুন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—গিনী।

অংশমান—১। যে অংশ করিতেছে, ভাগ করিতেছে এরূপ। অন্শ+শানচ্ কর্তৃবা। বিণ। ২। অংশের পরিমাণ; অংশ কত তাহার স্থিরীকরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অংশল—১। অংশগ্রাহী। অংশ শব্দ—লা (গ্রহণ করা) +ড কর্তৃবা। ২। স্থূলস্কন্ধ; বলবান্। অংশ শব্দ+ল অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—লা।

অংশহর, -হারী (–রিন্)—অংশগ্রাহী, দায়াদ। অংশ শব্দ—হৃ (হরণ করা)+অন্, ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রা, —রিণী।

অংশা-অংশি—অংশাংশি (তাহা দ্রঃ)।

অংশাংশ—১। পৃথক্ পৃথক্ ভাগ। দ্বন্দ্ব। ২। কলা; ভাগের ভাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অংশাংশি—১। যথাযোগ্য প্রাপ্য অংশে বিভক্ত; ভাগ-বাঁটোয়ারা। অব্য। ২। যোগ্য-ভাগানুসারে। দেশজ। বি-বিণ।

অংশাদ—জ্ঞাতি; অংশগ্রাহী। উপতৎ; অংশ—আ—দা+ক কর্তৃবা; অংশ—অদ (ভোজন করা)+অণ কর্তৃবা। বিণ।

অংশান—উত্তরাধিকারসূত্রে পাওয়া; নিজের অধিকার রক্ষিত হওয়া। বাং বি।

অংশান্তর—১। অপর ভাগ, অন্য অংশ। নিত্য। ২। অংশসমূহের পার্থক্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অংশিত—বিভক্ত, বিভাজিত। অন্শ্+ক্ত

অংশিতা, অংশিত্ব—বিভাগাধিকার, ভাগ থাকা। অংশিন্+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লীব।

অংশী (অংশিন্)—অংশ পাইবার উপযুক্ত; অংশযোগ্য; ভাগী; অবশিষ্ট; অংশের আধার। অংশ+ইন্। বিণ। স্ত্রী,—শিনী।

অংশীদার—অংশভাগী, দায়াদ, জ্ঞাতি, সরিক ; সম্পত্তি বা কারবারের অংশের মালিক। দেশজ ; বি।

অংশু—কিরণ, প্রভা ; সূত্রাদির সূক্ষ্মাংশ ; সূর্য্য ; বস্ত্র ; বেগ। অন্‌শ্‌+উ কর্ত্তৃবা। বি ; পুং।

অংশুক—বস্ত্র ; শুক্ল বস্ত্র ; উত্তরীয় বস্ত্র ; সূক্ষ্ম বস্ত্র ; তেজপত্র বা তেজপাত। অংশু শব্দ—কাশ+ড কর্ত্তৃবা। বি ; ক্লীব।

অংশুকায়—যাহাদের কর্ম্মেন্দ্রিয়সকল অংশুতুল্য (যেমন প্রবাল কীট, তারা মৎস্য প্রভৃতি। ইহাদের শরীর হইতে রশ্মি ছুরিত হয়)। বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

অংশুজাল—রশ্মিমালা। ৬ষ্ঠী তৎ। বি ; ক্লীব।

অংশুধর—১। সূর্য্য। ২। সূর্য্যবংশীয় অসমঞ্জ রাজা, ইনি সগররাজের পুত্র ও মনুর পিতা। বি ; পুং। ৩। জ্যোতির্ম্ময়। ৬ষ্ঠী তৎ। বিণ। স্ত্রী,—রা।

অংশুপট্ট—ক্ষৌমবস্ত্র, রেশমী কাপড়, চেলী তসর গরদ প্রভৃতি। অংশু (সূক্ষ্মসূত্র) রচিত যে পট, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অংশুপতি—সূর্য্য। ৬ষ্ঠী তৎ। বি ; পুং।

অংশুমতী—১। অংশুযুক্তা ; জ্যোতির্ম্ময়ী। বিণ ; স্ত্রী। ২। শালপর্ণী বৃক্ষ। অংশুমৎ+ঈপ্। বি ; স্ত্রী।

অংশুমৎফলা — কদলীবৃক্ষ, কলাগাছ। অংশুমৎ ফল যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বি ; স্ত্রী।

অংশুমান্ (—মৎ)—১। অংশুযুক্ত, কিরণবিশিষ্ট, প্রভাশালী, উজ্জ্বল। বিণ ; পুং। স্ত্রী,—মতী। ২। সূর্য্য। অংশু+মতুপ আছে অর্থে। বি ; পুং। [স্ত্রী।

অংশুমালা—কিরণরাশি। ৬ষ্ঠী তৎ। বি :

অংশুমালী (—মালিন্)—১। তেজোময়, কিরণবিশিষ্ট। বিণ। স্ত্রী,—লিনী। ২। কিরণমালী, সূর্য্য ; দ্বাদশ সংখ্যা। অংশুমালা শব্দ+ইন্ অস্ত্যর্থে। বি ; পুং।

অংশুল—প্রভাবিশিষ্ট, উজ্জ্বল, প্রদীপ্ত। অংশু শব্দ (প্রভা)+ল অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—লা।

অংশুশিরালদেহ—যে সকল প্রাণীর দেহস্থ শিরাসমূহ একটি কেন্দ্র হইতে সূর্য্যের অংশুর ন্যায় সর্ব্বত্র ব্যাপ্ত হয় [Radiata, পুরুভুজ প্রভৃতি]। অংশুসদৃশ শিরা, মধ্যপ কর্ম্মধা। অংশুশিরা+লচ্ ; অংশুশিরাল দেহ যাহাদের, বহুব্রী। বি ; পুং বা বিণ।

অংশুহস্ত—অংশুমালী, সূর্য্য। অংশু (কিরণ) হস্তস্বরূপ যাহার, বহুব্রী। বি ; পুং।

অংশ্যমান—অংশ করা হইতেছে এমন, বিভজ্যমান। অন্‌শ্‌+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

অংস—১। স্কন্ধ, কাঁধ ; দুই স্কন্ধের অর্দ্ধাঙ্গুলি-পরিমিত স্নায়ুবিশিষ্ট স্থান। অন্‌স্‌+অন্ কর্ত্তৃবা। বি ; পুং বা ক্লীব। ২। বিভাগ, বণ্টন। অন্‌স্‌+ঘঞ্ ভাববা। বি ; পুং।

অংসকূট—অংশকূট দ্রঃ।

অংসত্র—স্কন্ধাবরণ কবচবিশেষ। অংস শব্দ—ত্রৈ (ত্রাণ করা)+ড কর্ত্তৃবা। বি ; ক্লীব।

অংসফলক—স্কন্ধের পশ্চাৎদিকের ত্রিকোণাকার অস্থিখণ্ড। ৬ষ্ঠী তৎ। বি ; ক্লীব।

অংসফলকাস্থি —অংসফলক, স্কন্ধাস্থি (Scapula). ফলকাকৃতি অস্থি, মধ্যপ কর্ম্মধা ; অংসের ফলকাস্থি, ৬ষ্ঠী তৎ। বি ; ক্লীব।

অংসভার—স্কন্ধস্থিত ভার, কাঁধের বোঝা। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অংসল—বলবান্, বলিষ্ঠ। অংস শব্দ+ল অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—লা।

অংস্বরূপা—সূক্ষ্মরূপিণী, বিন্দুরূপা (—'মহামায়া')। অম্ (সূক্ষ্ম) স্বরূপ যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বিণ ; স্ত্রী।

অংহ্রি, অংহ্রিপ—অঙ্ঘ্রি, অঙ্ঘ্রিপ দ্রঃ।

অঁকোল—আঁকোড় গাছ। 'অঙ্কোল' শব্দজ। বি।

অঁটা—হস্ত, হাত। ("অঁটা ধরি উঠালেক বাদিয়ার পোকে।"—শিবায়ন)। প্রাঃ কবিপ্র। বি।

অ্যাঁ—প্রশ্ন, আহ্বানে উত্তরদান, বিস্ময় ও কিংকর্তব্যবিমূঢ়তা প্রভৃতি প্রকাশক শব্দ। দেশজ; অব্য।

অক—১। দুঃখ; পাপ। ন (নয়) ক (সুখ), নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। এই স্থান। ("অক ছাড়িয়া রাজা নিজায় গমন।"—মাণিক)। প্রাঃ কবিপ্র। বি।

অকচ—১। কেতু। ন (নাই) কচ (কেশ অর্থাৎ মাথা) যাহার, বহুব্রী। বি: পুং। ২। কেশশূন্য, নেড়া। ন (নাই) কচ (কেশ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—চা।

অকটবিকট—ভয়ে বিকৃত মূর্ত্তি বা অঙ্গভঙ্গি। ("অকটবিকট করে পড়িয়া তরাসে।"—কৃত্তি)। কবিপ্র। বি।

অকটকিনা—১। কড়াকড়ি নিয়মের অভাব। নঞ্‌তৎ। বি। ২। অকঠিন: অকঠোর; অপ্রতিবন্ধক। বিণ।

অকটু—কটুত্বহীন, স্বাদু। নঞ্‌তৎ। বিণ।

অকঠিন—কোমল; সুকুমার। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—না।

অকঠোর—সহজ; সরল; সদয়; অকঠিন; অকর্কশ; মৃদু। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রা।

অকড়িয়া, অক'ড়ে—বিনামূল্যে প্রাপ্ত: মূল্যহীন; দরিদ্র। ন কড়িয়া, ক'ড়ে (কড়ি বা মূল্য দ্বারা ক্রীত বা অর্থসম্পন্ন), নঞ্‌তৎ। বিণ।

অকণ্টক—কণ্টকশূন্য; প্রতিবন্ধকহীন; শত্রুশূন্য; নিরাপদ্‌: বিবাদশূন্য। ন (নাই) কণ্টক যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

অকথন—১। কুবাক্য, গর্হিত কথা; ন বলা। নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। অকথ্য; অবক্তব্য। ন (নাই) কথন যাহাতে, বহুব্রী। বিণ।

অকথনীয়—যাহা কহিবার উপযুক্ত নয় এরূপ; যাহা বলা উচিত নয় এরূপ; অবক্তব্য; অনির্ব্বচনীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অকথা—অনুচিত কথা, কুবাক্য; অশ্লীলবাক্য। নঞ্‌তৎ। বি; স্ত্রী। **অকথা কুকথা**—গালাগালি।

অকথ্য—১। বলিবার অযোগ্য; বলা উচিত নয় এরূপ। বিণ। স্ত্রী,-
২। দুর্ব্বাক্য; অশ্লীল বাক্য। নঞ্‌তৎ। ক্লীব।

অকনিষ্ঠ—১। যাহার কনিষ্ঠ
নঞ্‌তৎ। ২। পাপী। অকে (পাপে) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্ঠা। ৩। দেব। অকে (বেদনিন্দাদি পাপে) যাহার, বহুব্রী। বি; পুং।

অকপট—১। কপটতাহীন, ছলন
সরল। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—টা। সরলতা, অমায়িকতা। নঞ্‌তৎ। বি; ক্লী

অকপটচিত্ত—সরলমনা, অমায়িকস্বভ
বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা। [বি;

অকপটতা—সরলতা। অকপট+তা ভা

অকপটী (-**টিন্**)—সরল, প্রতারণাবি
নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—টিনী।

অকবি—কবিত্বহীন; অকর্ত্তা; রসজ্ঞানহ
নঞ্‌তৎ। বি বা বিণ; পুং বা স্ত্রী।

অকমনীয়—অবাঞ্ছনীয়; কুরূপ; কঠে
নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অকম্প—১। কম্পনশূন্য, স্থির। ন (না
কম্প) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ম্প
২। নিষ্কম্পতা। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অকম্পন—১। কম্পনশূন্য, স্থির, ধীর
(নাই) কম্পন যাহার, বহুব্রী। বি
স্ত্রী,—না। ২। নিষ্কম্পতা। নঞ্‌তৎ।
ক্লীব। ৩। রাবণের এক সেনাপতির না
বি; পুং।

অকম্পিত—১। কম্পনশূন্য, স্থির, ধী
নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা। ২। বৌ
দিগের গণাধিপতি। বি; পুং।

অকম্প্র—অকম্পিত, স্থির, অটল। নঞ্‌ত
বিণ। স্ত্রী,—ম্প্রা।

অকর—করশূন্য, রাজস্বহীন; হস্তশূন্য।
(নাই) কর (রাজস্ব বা হস্ত) যাহা
বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

অকরণ—১। পরমাত্মা। ন (নাই) ক

ইন্দ্রিয়) যাহার, বহুব্রী। বি; পুং। ২। ইন্দ্রিয়শূন্য। বিণ। স্ত্রী, –ণা। ৩। নিবৃত্তি; অন্যায় কার্য্য। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অকরণী—যে রাশিকে ভাগ করিলে ভাগশেষ থাকে না (Rational quantity). ইহার সাঙ্কেতিক চিহ্ন √ এইরূপ। যথা,—√১৬=৪)। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অকরণীয়—করণের অযোগ্য, অকর্ত্তব্য, অনুচিত। নঞ্‌তৎ। বিণ। **অকরণীয় ঘর**—যে ঘরে বিবাহাদি সম্বন্ধ স্থাপন করা উচিত নহে এরূপ।

অকরুণ—১। করুণাশূন্য, নির্দ্দয়, নিষ্ঠুর; হৃদয়হীন। ন (নাই) করুণা যাহার, বহুব্রী। ২। যাহা করুণার উদ্রেক করে না এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অকরোটি, –টী—যে সকল জন্তুর মাথার খুলির আংশিক বা সম্পূর্ণ অভাব আছে (Acrania). ন (নাই) করোটি, –টী যাহার, বহুব্রী। বি; পুং ব, স্ত্রী।

অকর্কশ—মিষ্ট; কোমল; মৃদু; মসৃণ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –শা।

অকর্ণ—১। সর্প। বি; পুং। ২। কর্ণহীন ('—ভগবান্'), বধির; হাইলশূন্য ('—নৌকাদি')। ন (নাই) কর্ণ যাহার, বহুব্রী। বিণ।

অকর্ণধার—১। মাঝি নাই এরূপ। ন (নাই) কর্ণধার যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। ২। অনাড়ি মাঝি। নঞ্‌তৎ। বি; পুং।

অকর্ত্ত(র্ত)ব্য—অনুচিত, অবিধেয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ব্যা।

অকর্ত্তা (অকর্ত্তৃ), অকর্তা—যে কর্ত্তা নয় এরূপ; নিষ্ক্রিয় ব্যক্তি; অপ্রধান ব্যক্তি; অনিষ্পাদিতা। নঞ্‌তৎ। বিণ বা বি; পুং। স্ত্রী, –ত্রী।

অকর্ত্তৃ(র্তৃ)ত্ব—অপ্রভুত্ব, কর্ত্তৃত্বের অভাব। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অকর্ম্ম (অকর্ম্মন্), অকর্ম—অপকর্ম্ম, কুৎসিত কর্ম্ম; অপটুর হাতে কাজের হানি; দুষ্কর্ম্ম; নিন্দনীয় কার্য্য; কর্ম্মের অভাব; কর্ম্মসন্ন্যাস; কর্ম্মত্যাগ। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অকর্ম্ম(র্ম)ক—যাহার কর্ম্ম নাই এরূপ; কর্ম্মের অনুপযুক্ত; (ব্যাকরণে) কর্ম্মপদহীন। ন (নাই) কর্ম্ম যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –র্ম্মিকা।

অকর্ম্ম(র্ম)কৃৎ—১। দুর্বৃত্ত; কুকার্য্যকারী। উপতৎ। অকর্ম্ম–কৃ+ক্বিপ্ কর্ত্তৃবা। ২। কর্ম্মহীন, অলস, বেকার। নঞ্‌তৎ। বিণ।

অকর্ম্ম(র্ম)ঠ—কর্ম্মে যাহার তৎপরতা নাই এরূপ; দীর্ঘসূত্র, অলস। নঞ্‌তৎ। বিণ।

অকর্ম্ম(র্ম)ণ্য—কার্য্যে অপটু; কাজের অযোগ্য, অকেজো। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ণ্যা।

অকর্ম্মা (–র্ম্মন্), অকর্মা—১। কার্য্যের অনুপযুক্ত; নিকম্মা, অকেজো। ন (নাই) কর্ম্ম যাহার, বহুব্রী। ২। বিপরীত বা অপ্রশস্ত কার্য্যকারী। ন (অপ্রশস্ত) কর্ম্ম যাহার, বহুব্রী। বিণ। ৩। অকর্ম্মণ্য ব্যক্তি। বি।

অকর্ম্মা(র্মা)ন্বিত—নিষ্কর্ম্মা। কর্ম্মের দ্বারা অন্বিত, ৩য়াতৎ; ন কর্ম্মান্বিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অকর্ম্মি(র্মি)ষ্ঠ—অকর্ম্মে নিরত; অকর্ম্মণ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ষ্ঠা।

অকলঙ্ক—১। নিষ্কলঙ্ক, কলঙ্কশূন্য; নির্দ্দোষ; নির্ম্মল; পবিত্র; নিখুঁত; অনিন্দিত। বহুব্রী। বিণ। স্ত্রী, –ঙ্কা। ২। কলঙ্কের অভাব। নঞ্‌তৎ। বি; পুং।

অকলঙ্কিত—অকলঙ্ক (১) (তাহা দ্রঃ)। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অকলঙ্কী (–ঙ্কিন্)—অকলঙ্ক (১) (তাহা দ্রঃ)। নঞ্‌তৎ। বিণ; পুং। স্ত্রী, –ঙ্কিনী।

অকলুষ—১। কলুষশূন্য; অপাপ; নির্দ্দোষ; নির্ম্মল। বহুব্রী। বিণ। ২। অপাপ। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অকলুষিত—অকলুষ (১) (তাহা দ্রঃ)। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অকলঙ্ক—কলঙ্কশূন্য; বিমল; নিষ্পাপ; দম্ভহীন। ন (নাই) কলঙ্ক (মলিনতা) যাহাতে বা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্কা।

অকলঙ্কা—জ্যোৎস্না। বহুব্রী। বি; স্ত্রী।

অকল্পনা—অসঙ্গত চিন্তা; মন্দ মতলব। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অকল্পিত—যাহা কল্পিত নয়, যথার্থ, প্রকৃত, অকৃত্রিম। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অকল্যাণ—১। অশুভ, অমঙ্গল, অশিব। নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। শুভহীন। বহুব্রী। বিণ।

অকল্যাণকর—অশুভজনক, অমঙ্গলকর। উপতৎ। বিণ। স্ত্রী,—রী।

অকষ্ট—১। কষ্টশূন্য, ক্লেশহীন। ন (নাই) কষ্ট যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্টা। ২। ক্লেশাভাব। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অকষ্টকল্পনা—স্বাভাবিক রচনা, অনায়াস-রচিতা রচনা। অকষ্টা কল্পনা, কর্ম্মধা। বি; স্ত্রী।

অকস্মাৎ—অতর্কিতভাবে, সহসা, হঠাৎ; অসম্ভাবিতরূপে। অব্য।

অকাজ—অপকর্ম্ম, কুকর্ম্ম; বৃথা কার্য্য। নঞ্‌তৎ। বি।

অকাট—মূর্খ। বিণ।

অকাটমূর্খ—অত্যন্ত নির্ব্বোধ। বিণ।

অকাট্য—যাহা যুক্তি দ্বারা খণ্ডন করা যায় না; অখণ্ডনীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ট্যা।

অকাঠিন্য—কোমলতা, মৃদুতা। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অকাণ্ড—১। স্কন্ধশূন্য (বৃক্ষ), যাহার গুঁড়ি নাই। বহুব্রী। বিণ। স্ত্রী,—ণ্ডা। ২। অসময়, অকাল। ন (নয়) কাণ্ড (অবসর), নঞ্‌তৎ। বি; পুং বা ক্লীব। ৩। অনর্থ, বিপত্তি। অশুভ। বি।

অকাতর—অব্যাকুল; নির্ভয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রা। ক্রি-বিণ, অকাতরে।

অকাপট্য—সারল্য, ঔদার্য্য। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অকাম—১। অকামী (সকল অর্থে)। বহুব্রী। বিণ। স্ত্রী,—মা। ২। অকাজ; কুকাজ; অনিচ্ছা। বি।

অকামিক—সহসা; বিনা কারণে। প্রাঃ কবিপ্র। অব্য।

অকামী (—মিন)—কামনারহিত; বাসনা-বর্জ্জিত; কামভাববর্জ্জিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—মিনী।

অকামুক—অকামী (সকল অর্থে)। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—কী।

অকাম্য—অনভিলষণীয়, অবাঞ্ছনীয়; অ-সুন্দর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ম্যা।

অকায়—১। দেহশূন্য। বিণ। স্ত্রী,—য়া। ২। পরমাত্মা। বি; ক্লীব। ৩। কন্দর্প; রাহুগ্রহ। বহুব্রী। বি; পুং।

অকার—১। অ এই স্বরবর্ণ মাত্র। অ+কার স্বার্থে। ২। ব্রহ্মা। বি; পুং।

অকারণ—১। কারণশূন্য, অনর্থক। ন (নাই) কারণ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা। ২। বিনা কারণে। বহুব্রী। ক্রি-বিণ।

অকারাদি—অ হইতে আরম্ভ করিয়া ('—বর্ণসমূহ'); আদিতে অকারবিশিষ্ট ('—শব্দ')। অকার আদিতে যাহার বা আদি যাহার, বহুব্রী। বিণ।

অকারান্ত—যাহার শেষে অকার আছে এরূপ ('—শব্দ')। অকার অন্তে যাহার, বহুব্রী। বিণ।

অকার্পণ্য—কৃপণতা না করা; বদান্যতা; অতিশয় দানশীলতা। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অকার্য্য(র্য)—১। কুৎসিত কার্য্য, অপ্রশস্ত কার্য্য; দুষ্কর্ম্ম। বি; ক্লীব। ২। অকরণীয়, করিবার অযোগ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্য্যা।

অকাল—১। অযথাকাল, অল্পবয়স, অসময়; অপ্রশস্ত সময়; আয়ুষ্কাল পুং।

হইবার পূর্ব্ব সময় ; অশুভ বা অশুদ্ধ কাল ; দুর্ভিক্ষ ; মলমাসাদি সময়, বৃহস্পতি ও শুক্রের বৃদ্ধাস্তবাল্যাদি কাল ; (জ্যোতিষ-মতে) উপনয়ন-বিবাহাদি শুভ কর্ম্মের অযোগ্য কাল। ন কাল (সময়), নঞ্‌তৎ। বি ; পুং। ২। কৃষ্ণবর্ণের আভাবিশিষ্ট, কাল রঙ্গের নয়। ন কাল (কৃষ্ণ), নঞ্‌তৎ। বিণ।

অকালকুষ্মাণ্ড—অসময়জাত কুমড়া ; সকল কার্য্যের অনুপযুক্ত ব্যক্তি ; সমাজ বা নিজ পরিবারের ক্ষতিকারী (গান্ধারী অকালে কুষ্মাণ্ডের আকারবিশিষ্ট একটা মাংসপিণ্ড প্রসব করিয়াছিলেন ; তাহাতে কুরুকুলধ্বংসকারী দুর্য্যোধন প্রভৃতির জন্ম হইয়াছিল।) অকালে (অসময়ে) জাত কুষ্মাণ্ড (কুমড়া), মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অকালকুসুম—অসময়জাত ফুল ; অসম্ভব ব্যাপার। অকালজাত যে কুসুম, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অকালজ—অসময়জাত, অপূর্ণকালে উৎপন্ন। উপপতৎ। অকাল শব্দ—জন ধাতু + ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

অকালজলদোদয়—অসময়ে মেঘের আবির্ভাব ; কুয়াসা। অকালজাত জলদ, মধ্যপ কর্ম্মধা ; তাহার উদয়, ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [বিণ। স্ত্রী,—জ্ঞা।

অকালজাত—অসময়ে জাত। ৭মীতৎ।

অকালজ্ঞ—যে ব্যক্তি কাজের কালাকাল বুঝে না। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—জ্ঞা।

অকালপক্ক—অসময়ে পক্ক ; বাল্যে বৃদ্ধবৎ আচরণকারী, এঁচোড়ে পাকা। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ক্কা।

অকালবর্ষণ, —বৃষ্টি—অসময়ে জলবর্ষণ, মাঘাদি মাসে বৃষ্টি। ৭মীতৎ। বি ; ক্লীব ও স্ত্রী।

অকালবার্দ্ধ(র্ধ)ক্য—অসময়ে উপস্থিত বৃদ্ধাবস্থা, রোগ-শোকের জন্য যৌবনেই আগত বার্দ্ধক্য। অকালাগত বার্দ্ধক্য, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অকালবোধন—অসময়ে জাগান ; বিশেষতঃ দুর্গাদেবীর আশ্বিন মাসে নিদ্রাভঙ্গ-করণ (রামচন্দ্রকে রাবণবধের জন্য দেবতাদিগের নিদ্রার সময় শরৎকালে দেবীর বোধন করিতে হইয়াছিল)। ৭মীতৎ। বি ; ক্লীব।

অকালমরণ, —মৃত্যু—অসময়ে মৃত্যু, অল্পবয়সে মৃত্যু। ৭মীতৎ। বি ; ক্লীব ও পুং।

অকালমেঘোদয়—অসময়ে মেঘের আবির্ভাব ; কুয়াসা। অকালজাত মেঘ, মধ্যপ কর্ম্মধা ; তাহার উদয়, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অকালসহ—যাহার কালবিলম্ব সয় না এরূপ, অধৈর্য্য। ন—কাল—সহ (সহ্য করা) + অন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হা।

অকালসন্ধ্যা—অসময়জাত সন্ধ্যা, মেঘাদি-হেতু সূর্য্যাস্তের পূর্ব্বেই সন্ধ্যাভ্রম। ৭মীতৎ। বি ; স্ত্রী।

অকাল্পনিক—বাস্তব, যথার্থ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—নিকী।

অকিঞ্চন—যাহার কিছুই নাই এরূপ, দরিদ্র, নিঃস্ব ; মূঢ় ; সামান্য। ন (নাই) কিঞ্চন (কিঞ্চিন্মাত্র ধনাদি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না। [অব্য।

অকিঞ্চিৎ—তুচ্ছ, অতি সামান্য। নঞ্‌তৎ।

অকিঞ্চিৎকর—যাহা কিছুই করে না এরূপ, তুচ্ছ, সামান্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রী।

অকীকপাথর—ভারতীয় মূল্যবান প্রস্তর-বিশেষ (Agate). বি।

অকীর্ত্তি(র্তি)—অপযশ, অখ্যাতি। নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অকীর্ত্তি(র্তি)কর—অখ্যাতিজনক, অযশস্কর। উপতৎ। অকীর্ত্তি(র্তি)—কৃ + ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

অকীর্ত্তি(র্তি)মান (—মৎ)—১। অযশস্বী, অপ্রসিদ্ধ। নঞ্‌তৎ। ২। নিন্দাজনক ; অখ্যাতিসম্পন্ন। অকীর্ত্তি + মতুপ্, আছে অর্থে। বিণ। স্ত্রী,—মতী।

অকু—ঘটনা, অপরাধাত্মক ব্যাপার ; চুরি,

দাঙ্গা প্রভৃতি দণ্ডনীয় অপরাধ। আর্বী 'বক্‌' শব্দজ। বি। [বি।

অকুআৎ—অকুসকল। আর্বী 'বকুয়া' শব্দজ।

অকুটিল—অবক্র, সরল; অকপট। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—লা।

অকুণ্ঠ—অসঙ্কুচিত; অনমিত; কার্য্যক্ষম; প্রতিভাযুক্ত; অব্যাহত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণ্ঠা।

অকুণ্ঠা—১। অসঙ্কোচ। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। অসঙ্কুচিতা; প্রতিভাবতী। অকুণ্ঠ+আপ্‌। বিণ; স্ত্রী।

অকুণ্ঠিত—অসঙ্কুচিত; প্রশস্ত; অক্ষুব্ধ; অদুঃখিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অকুণ্ঠিতচিত্ত, —হৃদয়—১। অক্ষুব্ধ, অকাতর; কুণ্ঠাশূন্য, দ্বিধাশূন্য। বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা,—য়া। ২। অকাতর মন; উদার হৃদয়; প্রশস্ত মন। কর্ম্মধা। বি; ক্লীব।

অকুণ্ঠিতমনাঃ (—মনস্‌),—মনা—অকুণ্ঠিতচিত্ত (১) (তাহা দ্রঃ)। বহুব্রী। বিণ।

অকুণ্ঠিতহৃদয়—অকুণ্ঠিতচিত্ত দ্রঃ।

অকুতোভয়—নির্ভয়, অসমসাহসিক। ন (নাই) কুতঃ (কাহা হইতে) ভয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

অকুপিত—অক্রুদ্ধ; অবিকৃত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অকুফ, অকুব—জ্ঞান, বোধ; বুদ্ধি; আক্কেল। আর্বী 'বকুফ' শব্দজ। বি।

অকুমার—বিবাহিত পুরুষ; তরুণ, যুবা। নঞ্‌তৎ। বি; পুং।

অকুমারী—তরুণী; দ্বাদশবর্ষের ন্যূনবয়স্কা নারী, অবিবাহিতা কন্যা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অকুমারীব্রত—বৈশাখ মাসে অনুষ্ঠেয় কুমারীপূজারূপ স্ত্রীগণের কর্ত্তব্য ব্রতবিশেষ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অকুর—অক্রুর। প্রাঃ কবিপ্র। বি।

অকুল—১। বংশমর্য্যাদাশূন্য। বিণ। স্ত্রী,—লা। ২। মহাদেব। বহুব্রী। বি; পুং। ৩। যে বংশের সহিত বিবাহসম্বন্ধ নহে। নঞ্‌তৎ বি; পুং। [বি; ক্লীব

অকুলন, অকুলান—অভাব, অনটন

অকুলীন—যে কুলীন নয়; মর্য্যাদাশূন্য নীচবংশোৎপন্ন; কুলবন্ধনবহির্ভূত, তন্ত্রোক্ত কুলাচারহীন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—না।

অকুশল—১। অমঙ্গল; দুর্ভাগ্য। নঞ্‌তৎ বি; ক্লীব। ২। অশুভ, অপকারী প্রতিকূল। বহুব্রী। ৩। অনিপুণ, অপটু নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—লা।

অকুশলী (—লিন্‌)—অমঙ্গলযুক্ত, অসুখী পীড়িত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—লিনী।

অকুস্থল, —স্থান—যেখানে চুরি, দাঙ্গা হাঙ্গামা প্রভৃতি সংঘটিত হইয়াছে, ঘটনাস্থল। বি।

অকূপার—১। সূর্য্য; কচ্ছপ। ন (অ)—কপ—পৃ+ঘণ্‌ কর্ত্তৃবা। ২। সমুদ্র। ন কপার (সমুদ্র), নঞ্‌তৎ (স্বার্থে)। বি; পুং।

অকূবার—সমুদ্র; সূর্য্য; ন—কু—বৃ+ঘণ্‌, উকার দীর্ঘ। বি; পুং।

অকূর্চ্চ—১। কপটতাশূন্য, সরল। বহুব্রী। বিণ। স্ত্রী,—র্চ্চা। ২। বুদ্ধ। বি; পুং।

অকূল—১। কূলহীন, অপার। বিণ। ২। সমুদ্র; বিপদ; সহায়শূন্যতা। বহুব্রী। বি; পুং। **অকূলে ভাসান**—বিপদগ্রস্ত করা। [কর্ম্মধা। বি; পুং।

অকূলপাথার—মহাসাগর; ভয়ানক বিপদ।

অকৃত—১। অননুষ্ঠিত, যাহা করা হয় নাই এরূপ; অনিশ্চিত; অসমাপ্ত; অপরিণত, অপক্ব; অমার্জ্জিত। নঞ্‌তৎ। ২। নিরর্থক, নিষ্প্রয়োজন। ন (নাই) কৃত (কর্ম্ম অর্থাৎ প্রয়োজন) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা। ৩। অকাজ। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অকৃতকর্ম্মা(র্ম্মা) (—কর্ম্মন্‌)—অকর্ম্মণ্য অকেজো; অদক্ষ। ন কৃত কর্ম্ম যৎকর্ত্তৃক, বহুব্রী, অথবা, ন কৃতকর্ম্মা, নঞ্‌তৎ। বিণ; পুং বা স্ত্রী।

অকৃতকার্য্য(র্য্য), অকৃতকৃত্য—বিফল

মনোরথ, ব্যর্থকাম, বিফলচেষ্ট। ন কৃত কার্য্য বা কৃত্য যৎকর্ত্তৃক, বহুব্রী, অথবা নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্য্যা,—ত্যা।

অকৃতঘ্ন—যে কৃতঘ্ন নহে; কৃতজ্ঞ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ঘ্নী।

অকৃতজ্ঞ—যে উপকারীর নিকট বাধ্য থাকে না, বা উপকার স্মরণ রাখে না, কৃতঘ্ন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—জ্ঞা।

অকৃতদার—কুমার, অবিবাহিত। অকৃত (অগৃহীত) হইয়াছে দার যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ; পুং।

অকৃতধী, —বুদ্ধি—অমার্জ্জিতমতি, মলিনবুদ্ধি, অস্থিরবুদ্ধি; অল্পবুদ্ধি। নঞ্‌তৎ। বিণ; পুং বা স্ত্রী।

অকৃতাত্মা (—ত্মন্)—অসংস্কৃতচিত্ত, অবিশুদ্ধমনাঃ। অকৃত আত্মা যাহার, বহুব্রী। বিণ; পুং বা স্ত্রী।

অকৃতাদর—১। অনাদৃত। ন কৃত আদর যৎপ্রতি, বহুব্রী। ২। অনাদরকারী। ন কৃত আদর যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

অকৃতাপরাধ—নিরপরাধ, নির্দ্দোষ। ন কৃত অপরাধ যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ।

অকৃতার্থ—অকৃতকার্য্য, বিফলমনোরথ; নিঃসম্বল, নির্ধন। ন কৃত অর্থ (প্রয়োজন) যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ।

অকৃতাহ্নিক—নিত্যক্রিয়াশূন্য, সন্ধ্যাবন্দনাদির অননুষ্ঠাতা। ন কৃত আহ্নিক যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

অকৃতিত্ব—অযোগ্যতা, অপটুতা, অজ্ঞতা, অকৃতার্থতা। অকৃতিন্ + ত্ব ভাবে। বি; ক্লীব।

অকৃতী (—তিন্)—যোগ্যতাহীন; অযোগ্য; অনিপুণ; মূর্খ; অকৃতকার্য্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তিনী।

অকৃতোদ্বাহ—অবিবাহিত। ন কৃত উদ্বাহ যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ।

অকৃত্য—১। যাহা করা উচিত নয় এরূপ, অকর্ত্তব্য। বিণ। স্ত্রী—ত্যা। ২। অকার্য্য, নিন্দিত কর্ম্ম। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অকৃত্যকারী (—কারিন্)—কুকার্য্যকারী। উপতৎ। অকৃত্য—কৃ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

অকৃত্রিম—ঈশ্বরকৃত, স্বাভাবিক; কাল্পনিক নহে এরূপ; যথার্থ; অকপট, বিশুদ্ধ, অমিশ্রিত। নঞ্‌তৎ। বিণ।

অকৃপ—নির্দ্দয়, নিষ্ঠুর। ন (নাই) কৃপা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—পা।

অকৃপণ—বদান্য; মিতব্যয়ী; অকপট; প্রচুর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণা।

অকৃপা—১। কৃপাহীনতা; নির্দ্দয়তা। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। কৃপাহীনা, নির্দ্দয়া। বহুব্রী। বিণ; স্ত্রী।

অকৃশ—কৃশ অর্থাৎ কাহিল নহে এরূপ; অক্লিষ্ট; স্থূল, মোটা। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—শা। [স্ত্রী,—ষ্টা

অকৃষ্ট—পতিত, আ-চষা। নঞ্‌তৎ। বিণ।

অকৃষ্টপচ্য—কর্ষণাদি বিনা যাহা স্বয়ং ক্ষেত্রে জন্মিয়া পক্ক হয় এরূপ [নীবার ধান্য, তৃণধান্য, উদ্ভিদ]। অকৃষ্ট—পচ + ক্যপ্ কর্ম্মবাচ্য কর্ত্তৃবা। বিণ।

অকৃষ্ণ—১। কাল ভিন্ন অন্য বর্ণের, কৃষ্ণবর্ণশূন্য; শ্বেত; পীত; নির্দ্দোষ। নঞ্‌তৎ। ২। কৃষ্ণবর্জ্জিত। ন (নাই) কৃষ্ণ যেস্থানে, বহুব্রী। বিণ।

অকৃষ্ণকর্ম্মা(র্ম্ম), (—কর্ম্মন্)—নিষ্পাপ সদাচারী। অকৃষ্ণ (অনিন্দিত) হইয়াছে কর্ম্ম যাহার, বহুব্রী। বিণ; পুং বা স্ত্রী।

অকেজুয়া, অকেজো—যাহা কোন কাজের নয়; অকর্ম্মণ্য; বৃথা; নিষ্কর্ম্মা; দেশজ; বিণ।

অকেশ—কেশহীন; টেকো; নেড়া; অল্পকেশযুক্ত। বহুব্রী। বিণ। স্ত্রী,—শা।

অকেশর—কেশরশূন্য। বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

অকেশরপরাগকোষ—কেশরশূন্য পরাগকোষ (Sessile Anther). কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

অকৈতব—১। অকপট, ছলশূন্য; অকৃত্রিম;

সরল; ফলাকাঙ্ক্ষারূপ কপটতাশূন্য। ("অকৈতব কৃষ্ণপ্রেম, যেন জাম্বুনদ হেম।"—চৈতন্যচরিত)। ন (নাই) কৈতব যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা। ২। অকৃত্রিমতা; মিথ্যাভাব; কৈতবের (ফলাভিসন্ধিরূপ কপটতার) অভাব; অকপটতা। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অকোট—গুবাকবৃক্ষ। ন—কুট্ (কৌটিল্য)+অন্ কর্ত্তৃবা. যে কুটিলভাব ধারণ করে না, অর্থাৎ সরলভাবে বর্দ্ধিত হয়। বি; পুং।

অকোপ—১। কোপাভাব, অক্রোধ। নঞ্‌তৎ। বি; পুং। ২। ক্রোধশূন্য, রোষহীন। বহুব্রী। বিণ। স্ত্রী,—পা।

অকোপী (—**পিন্**)—ক্রোধশূন্য; যে সহজে রাগে না। নঞ্‌তৎ। বিণ; পুং। স্ত্রী,—পিনী।

অকৌটিল্য—কৌটিল্যহীনতা, ঋজুতা, সরলতা। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অকৌশল—১। কৌশলাভাব, অপটুতা; মনোমালিন্য, বিরোধ। নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। পটুতাহীন। বহুব্রী। বিণ; পুং বা ক্লীব। ["এইরূপে দুইজনে হ'ল অকৌশল।"—মহা (কাশী)]।

অক্কা—১। মাতা, জননী। অক—কৈ (শব্দ করা)+ড কর্ত্তৃবা+আপ্. অর্থাৎ যিনি প্রসবকালে দুঃখিতা হইয়া শব্দ করেন। বি; স্ত্রী। ২। মৃত্যু। ফার্সী 'আকা' শব্দজ।

অক্কা পাওয়া—মরিয়া যাওয়া।

অক্টোবার—ইংরেজী বৎসরের দশম মাসের নাম (প্রায় আশ্বিনের ১৪।১৫ তারিখ হইতে কার্ত্তিকের ১৪।১৫ তারিখ পর্য্যন্ত)। (October). বি।

অক্ত—১। মিশ্রিত; লিপ্ত; ব্যাপ্ত। অন্জ (ম্রক্ষণ, মাখা)+ক্ত কর্ত্তৃবা। [শব্দটী প্রায় অন্য শব্দের সহিত ব্যবহৃত হইয়া থাকে। যথা, তৈলাক্ত, রক্তাক্ত, ইত্যাদি]। বিণ; ক্রি। স্ত্রী,—ক্তা। ২ সময়, বার। ফার্সী 'বক্ত' শব্দজ। বি।

অক্যি—একতা, মিল। 'ঐক্য' শব্দজ। বি।

অক্রম—১। ক্রমশূন্য, পরম্পরাহীন; বিশৃঙ্খল; নিশ্চেষ্ট। নিশ্চল। বহুব্রী। বিণ। ২। বিশৃঙ্খলা, ব্যতিক্রম। নঞ্‌তৎ। বি; পুং।

অক্রান্ত—অনাক্রান্ত, যাহাকে আক্রমণ করা হয় নাই; অনতিক্রান্ত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ন্তা।

অক্রিয়—১। ক্রিয়ারহিত, নিশ্চেষ্ট, বেকার, অসৎকর্ম্মশীল; দুষ্টস্বভাবসম্পন্ন। ন (নাই বা অপ্রশস্ত) ক্রিয়া যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। ২। কর্ম্মাদিশূন্য পরমাত্মা। বহুব্রী। বি; পুং।

অক্রিয়মাণ—অননুষ্ঠীয়মান, অসম্পদ্যমান। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণা।

অক্রিয়া—১। কার্য্যশূন্য। অক্রিয়+আপ্। বিণ; স্ত্রী। ২। অবৈধ ক্রিয়া; অপ্রশস্ত কর্ম্ম; নিন্দিত কার্য্য; শাস্ত্রবিরুদ্ধ কার্য্য। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অক্রিয়ানিরত, —রত, —সক্ত—১। কু-কার্য্যরত। অক্রিয়াতে নিরত, রত, আসক্ত, ৭মীতৎ। ২। বেকার; অলস; অকার্য্যরত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা, —তা, —ক্তা।

অক্রিয়ান্বিত—সৎকার্য্যবর্জিত; নিন্দিত কর্ম্মকারী; শাস্ত্রবিরুদ্ধকার্য্যকারী। অক্রিয়া দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অক্রিয়ারত—অক্রিয়ানিরত দ্রঃ।

অক্রিয়াসক্ত—অক্রিয়ানিরত দ্রঃ।

অক্রীত—যাহা ক্রয় করা হয় নাই, যাহা কেনা নয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অক্রূর—১। সরল, অকপট; কোমল; দয়ালু। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রা। ২। শ্রীকৃষ্ণের পিতৃব্য। বি; পুং।

অক্রেয়—ক্রয় করিতে পারা যায় না এরূপ; দুর্ম্মূল্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অক্রোধ—১। কোপহীনতা, ক্রোধাভাব। নঞ্‌তৎ। বি; পুং। ২। ক্রোধহীন। বহুব্রী, বিণ।

অক্রোধন—১। কোপহীন; সহজে ক্রুদ্ধ

হন না এরূপ। নঞ্‌তৎ। বিণ। ২। কুরু-বংশীয় অযুতায়ুসের পুত্র। বি; পুং।

অক্রোধী (**—ধিন্‌**)—ক্রোধশূন্য, সামান্য কারণে ক্রুদ্ধ হন না এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ধিনী।

অক্লান্ত ১। ক্লান্তিশূন্য, অশ্রান্ত; যে পরিশ্রম করিয়া কাতর হয় না। ন ক্লান্ত, নঞ্‌তৎ। ২। শান্তিহীন, অবসাদহীন ('—পরিশ্রম')। ন (নাই) ক্লান্ত (ক্লান্তি) যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্তা।

অক্লান্তকর্ম্মা(র্ম্মা) (**—র্ম্মন্‌**)—অতিশয় পরিশ্রমী। অশ্রান্ত কর্ম্ম যাহার, বহুব্রী। বিণ।

অক্লান্তি—শান্তিহীনতা, অশ্রম। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অক্লিন্ন অনার্দ্র, অ-ভিজা; অমলিন; ক্লেদশূন্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ন্না।

অক্লিষ্ট ক্লিষ্টিশূন্য; অম্লান; স্পষ্ট; স্থির; দৃঢ়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অক্লিষ্টকর্ম্মা(র্ম্মা) (**—র্ম্মন্‌**)—১। যে অক্লেশে কার্য্য সম্পাদন করে। নঞ্‌তৎ। ২। যিনি অধিক পরিশ্রম করিয়াও শ্রান্ত হন না, অতিশ্রমপটু; সর্ব্বদা কার্য্যে উৎসাহ-সম্পন্ন। অক্লিষ্ট (ক্লেশবর্জ্জিত) কর্ম্ম যাহার, বহুব্রী। বিণ।

অক্লিষ্টকান্তি—অবিবর্ণ, যাহার কান্তি বিবর্ণ হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ।

অক্লীব বীর; ধীর; সহিষ্ণু, ধৈর্য্যশালী; অবন্ধ্য। নঞ্‌তৎ। বিণ।

অক্লেদ্য যাহা ক্লিন্ন হয় না, অপচ্য; যাহা আর্দ্র বা গলিত হয় না; যাহা মলিন হয় না। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—দ্যা।

অক্লেশ ১। ক্লেশাভাব, দুঃখরাহিত্য। নঞ্‌তৎ। বি; পুং। ২। ক্লেশবর্জ্জিত, দুঃখহীন। বহুব্রী। বিণ। স্ত্রী,—শা।

অক্লেশে বিনাক্লেশে, সহজে, অনায়াসে। ন (নাই) ক্লেশ যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

অক্ষ—১। পাশক, পাশা; (বৈদ্যশাস্ত্রে) এক ভরি, ষোল মাষার ভার; দুই তোলা (সুশ্রুত); (ভূগোলশাস্ত্রে) গোলকপৃষ্ঠে বিষুবরেখার উভয় পার্শ্বের যে কোন স্থানের কৌণিক ব্যবধান (Latitude); মেরু, কেন্দ্ররেখা (Axis); (খগোলে) রবিমার্গ হইতে কোন নক্ষত্র বা গ্রহের দূরত্ব-পরিমাণ; সংঘর্ষিগণ; আত্মা; রথচক্র; ক্রয়-বিক্রয়চিন্তা; বহেড়াগাছ; সর্প; রথ, শকট; চক্র; চক্রদণ্ড (Axle); চক্রের মধ্য মণ্ডল; রুদ্রাক্ষ; ইন্দ্রাক্ষ; জপমালা; জাতাক্ষ; কুম্ভি; গরুড়; রাবণপুত্র; ব্যবহারশাস্ত্র; বিবাদ-বিজ্ঞানতত্ত্ব; গ্রহগণের পরিভ্রমণের পথ; রাশিচক্রের অবয়ব। বি; পুং। ২। ইন্দ্রিয়; চক্ষুঃ; রুদ্রাক্ষবীজ; তুঁতে; রসাঞ্জন। (প্রত্যক্ষ) অক্ষ+অন্‌ কর্ত্তৃবা অথবা অশ+স করণবা। বি; ক্লীব।

অক্ষক—১। অক্ষক্রীড়াকারী, যে পাশা খেলে; ব্যাপক। বিণ; পুং বা ক্লীব। ২। তিনিশ গাছ। অক্ষ+ণক কর্ত্তৃবা। বি; পুং।

অক্ষকর্ণ—সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহু, অতিভুজ (Hypotenuse). বি।

অক্ষকাস্থি কণ্ঠনিম্নস্থ অস্থিদ্বয় (Collar bone). কর্ম্মধা। বি।

অক্ষকিতব অক্ষক্রীড়ায় নিপুণ, দ্যূতকার, জুয়াড়ী। ৭মীতৎ। বি; পুং।

অক্ষকুশল—অক্ষকোবিদ (সকল অর্থে)।

অক্ষকূট—চক্ষুর তারকা, নয়নতারা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অক্ষকোবিদ—অক্ষক্রীড়ায় সুপণ্ডিত, পাশা-খেলায় নিপুণ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—দা।

অক্ষক্রীড়া—দ্যূতক্রীড়া, পাশা খেলা। ৩য়াতৎ। বি; স্ত্রী।

অক্ষচক্র—সহজে অধিক ভারী দ্রব্য উপরে তুলিবার যন্ত্রবিশেষ (কূয়া হইতে জল তুলিতে ও জাহাজের নঙ্গর উঠাইতে এই যন্ত্র ব্যবহৃত হয়—wheel & axle). সমাহার দ্বন্দ্ব। বি; ক্লীব।

অক্ষজ—১। বজ্র; বিষ্ণু; হীরক। উপতৎ; অক্ষ—জন্+ড কর্তৃবা। বি; পুং। ২। ইন্দ্রিয়জাত। বিণ। স্ত্রী,—জা।

অক্ষজন—অম্লজান (Oxygen). বি।

অক্ষটী—শিকারী ("অক্ষটীর ভাস্থা গেল জাতের সাওলা।"—বঙ্গসাহিত্য পরিচয়)। বি। [পুং।

অক্ষণ—অশুভক্ষণ, কুক্ষণ। নঞ্ তৎ। বি;

অক্ষণিক—স্থির, নিশ্চল, চিরস্থায়ী। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—কা।

অক্ষত—১। ক্ষত নয়; অখণ্ডিত; ক্লীব; অনাহত; অবিদারিত; নির্দ্দোষ; নিখুঁত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা। ২। আতপ তণ্ডুল; যব; লাজ, খই। বি; পুং বা ক্লীব। ৩। সমস্ত শস্য। বি; ক্লীব।

অক্ষতত্ত্ব- দ্যূতবিদ্যা, পাশকক্রীড়ার রহস্য, অক্ষশাস্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অক্ষতদেহ—১। ক্ষতশূন্য শরীর; অনাহত কায়। কর্ম্মধা। বি; পুং। ২। ক্ষতশূন্য শরীরবিশিষ্ট, অনাহতকায়, যাহার শরীরে আঘাত লাগে নাই। বহুব্রী। বিণ। স্ত্রী,—হা।

অক্ষতযোনি—১। যে স্ত্রীর পুরুষ-সঙ্গম হয় নাই, কুমারী। বি; স্ত্রী। ২। পুরুষসঙ্গম-রহিত; কুমারী। বহুব্রী। বিণ; স্ত্রী।

অক্ষতা—১। অক্ষত দ্রঃ। অক্ষত+আপ্। বিণ; স্ত্রী। ২। পুরুষসংসর্গরহিতা স্ত্রী, কুমারী; কর্কটশৃঙ্গী, কাঁকড়াশৃঙ্গী। বি; স্ত্রী।

অক্ষত্র—ক্ষত্রিয়হীন, যেখানে ক্ষত্রিয় নাই। ন (নাই) ক্ষত্র যেখানে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্রা।

অক্ষদণ্ড—চক্রধুর, চাকার ধুরো; পৃথিবীর মধ্যদেশভেদী ও উভয় কেন্দ্রসংস্পর্শী কাল্পনিক সরল রেখা (ঐ কল্পিত ব্যাসোপরি পৃথিবীর পশ্চিম হইতে পূর্ব্বাভিমুখে প্রতিদিন আবৃত্তি হয়—Axis). বি; পুং।

অক্ষদর্শক—১। ব্যবহারদ্রষ্টা, বিচারক; পাশকদ্রষ্টা। বি; পুং। ২। ব্যবহার বা পাশকক্রীড়াদর্শনকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—কা।

অক্ষদর্শন—বিবাদমীমাংসাপূর্ব্বক বিচার; ব্যবহার পরিজ্ঞান; পাশাখেলা দেখা। ৬ষ্ঠীতৎ। বি। ক্লীব। [বি; ক্লীব।

অক্ষদ্যূত—পাশা দ্বারা জুয়াখেলা। ৩য়াতৎ।

অক্ষধর—১। চক্রধারী, বিষ্ণু; চক্র; শাখোট বৃক্ষ, আসসেওড়া। বি; পুং। ২। চক্রধারক; পাশক্রীড়ক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ধরী।

অক্ষধুরা, অক্ষধুঃ (—ধুর্)—চক্রাগ্র, চাকার অগ্রভাগ; চাকার ধুরো; রোধ-খিল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অক্ষধূর্ত্ত(র্ত)—পাশক্রীড়ক, জুয়াড়ী। ৭মীতৎ। বি; পুং।

অক্ষপটল—ছানি। অক্ষের (চক্ষুর) পটল (আবরণ), ৬ষ্ঠীতৎ। বি। ক্লীব।

অক্ষপাটি—পাশা, ক্রীড়ার্থ তক্তিপট্ট। ৬ষ্ঠীতৎ। দেশজ। বি; ক্লীব।

অক্ষপাদ—১। ন্যায়দর্শনকার গৌতম মুনি (পুরাণে আছে, ন্যায়তন্ত্রের নিন্দা করায় গৌতম প্রতিজ্ঞা করেন যে, তিনি আর বেদব্যাসের মুখদর্শন করিবেন না। অনন্তর বেদব্যাসের স্তবস্তুতিতে মুনিবর প্রসন্ন হন, কিন্তু প্রতিজ্ঞাভঙ্গভয়ে স্বীয় চরণে চক্ষুর সৃষ্টি করিয়া তদ্দ্বারা বেদব্যাসের মুখদর্শন করেন); তার্কিক, নৈয়ায়িক। অক্ষি পাদে যাহার, অথবা অক্ষ দ্বারা পাদ (গমন) হয় যাহার, বহুব্রী। ২। চক্রাঙ্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অক্ষবতী—১। পাশার অধিকারিণী। বিণ; স্ত্রী। ২। পাশাখেলা। অক্ষ+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

অক্ষবাট—দ্যূতস্থান; পাশার ছক; মল্লভূমি, কুস্তীর আখড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অক্ষবান্ (—বৎ)—অক্ষযুক্ত, অক্ষবিশিষ্ট। অক্ষ+মতুপ্ আছে অর্থে। বিণ; পুং। স্ত্রী,—বতী।

অক্ষবিচলন—চন্দ্রাকর্ষণহেতু পৃথিবীর

মেরুদণ্ডকর্ত্তৃক সৌর অয়নবৃত্তের উপর গঠিত কোণের সাময়িক ও নিয়মিত পরিবর্ত্তন। (Nutation) ৬ষ্ঠীতৎ। পরিভাষা। বি।

অক্ষবিৎ (**–বিদ্**)—পাশাখেলায় নিপুণ; আইনজ্ঞ। উপতৎ। অক্ষ–বিদ্ (জানা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

অক্ষবৃত্ত—নিরক্ষবৃত্তের সমান্তরাল এবং বৃত্ত হইতে ক্রমশঃ দশ দশ অংশ অন্তরে কল্পিত ক্ষুদ্র ক্ষুদ্র বৃত্ত (Parallels of Latitude). অক্ষ নির্ণায়ক বৃত্ত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অক্ষভার—একগাড়ী মাল, শকটপরিমিত ভার। (art load). অক্ষবাহ্য ভার, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অক্ষম—১। ক্ষমতাশূন্য; অকৃতী; অযোগ্য; অপটু; অসমর্থ। নঞ্ তৎ। ২। ক্ষমাহীন। ন (নাই) ক্ষমা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—মা।

অক্ষমতা, অক্ষমত্ব—অসামর্থ্য, অযোগ্যতা; ক্ষমাহীনত্ব, মাফ না করা। অক্ষম+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী ও ক্লীব।

অক্ষমদ—জুয়াখেলার নেশা, দ্যূতক্রীড়ার মত্ততা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অক্ষমা—১। অক্ষম দ্রঃ। বিণ; স্ত্রী। ২। অসহিষ্ণুতা; ক্রোধ; ঈর্ষা। নঞ্ তৎ। বি; স্ত্রী।

অক্ষমালা—১। জপমালা; রুদ্রাক্ষমালা; জপকল্পে বিহিত অ-কারাদি ক্ষ-কারান্ত পঞ্চাশদ্ বর্ণের মালা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। বশিষ্ঠপত্নী অরুন্ধতী। অক্ষ (সপ্তর্ষিগণ) মালা যাহার, বহুব্রী+আপ্ (সপ্তর্ষিমণ্ডল মালার ন্যায় অরুন্ধতীকে বেষ্টন করিয়া আছে)। বি; স্ত্রী।

অক্ষমালী (**–লিন্**)—শিব; রুদ্রাক্ষমালাযুক্ত। অক্ষমালা+ইন্ অস্ত্যর্থে। বি ও বিণ। স্ত্রী,—লিনী।

অক্ষয়—১। ক্ষয়রহিত, অবিনশ্বর, চিরস্থায়ী, সদা বিদ্যমান; অশেষ; গৃহহীন, দরিদ্র। বিণ। স্ত্রী,—য়া। ২। পরমাত্মা; মন্দোদরীর গর্ভজাত রাবণের পুত্র। বহুব্রী। বি; পুং।

অক্ষয়কীর্ত্তি(র্তি)—১। অবিনশ্বর যশ, চিরস্থায়ী খ্যাতি। অক্ষয়া কীর্ত্তি, কর্ম্মধা। বি; স্ত্রী। ২। চিরস্মরণীয়। অক্ষয়া কীর্ত্তি যাহার, বহুব্রী। বিণ।

অক্ষয়তূণ—যাহার শেষ হয় না এমন শরে পূর্ণ বাণাধার (অর্জ্জুন খাণ্ডববন দগ্ধ করিয়া অগ্নির নিকট হইতে গাণ্ডীব ধনু ও অক্ষয়তূণ পাইয়াছিলেন)। কর্ম্মধা। বি; পুং।

অক্ষয়তৃতীয়া—চান্দ্র বৈশাখ মাসের শুক্লপক্ষের তৃতীয়া (এই দিনে সত্যযুগের উৎপত্তি হইয়াছিল)। অক্ষয়া তৃতীয়া, কর্ম্মধা। বি; স্ত্রী।

অক্ষয়বট—প্রয়াগ, ভুবনেশ্বর, জগন্নাথপুরী, বৈতরণীতট, গয়াধাম প্রভৃতি তীর্থক্ষেত্রের অতি প্রাচীন বটবৃক্ষ। কর্ম্মধা। বি; পুং।

অক্ষয়লোক—স্বর্গ। কর্ম্মধা। বি; পুং।

অক্ষয়স্বর্গ, অক্ষয়স্বর্গলোক—নিত্যানন্দধাম, চিরস্থায়ী সুরলোক। কর্ম্মধা। বি; পুং।

অক্ষয়স্বর্গবাস—চিরদিন স্বর্গে থাকা। স্বর্গে বাস, ৭মীতৎ; অক্ষয় স্বর্গবাস, কর্ম্মধা। বি; পুং।

অক্ষয়া—১। অক্ষয় দ্রঃ। অক্ষয়+আপ্। বিণ; স্ত্রী। ২। বার ও তিথি-ঘটিত যোগবিশেষ (সোমবারে অমাবস্যা, রবিবারে সপ্তমী, মঙ্গলবারে চতুর্থী এবং বৃহস্পতিবারে অষ্টমী)। ন (নাই) ক্ষয় (পাপ অথবা পুণ্যের ধ্বংস) যাহা হইতে, বহুব্রী। বি; স্ত্রী।

অক্ষয্য—১। চিরস্থায়ী, অবিনাশী; প্রভূত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য্যা। ২। শ্রাদ্ধাদিতে দেয় ঘৃত-মধুমিশ্রিত জল। অক্ষয় শব্দ+যৎ হিতার্থে। বি; ক্লীব।

অক্ষর—১। ক্ষরণশূন্য; ক্রিয়াশূন্য; অনশ্বর; স্থায়ী; স্থির। বিণ। স্ত্রী,—রা। ২। ব্রহ্ম; পরমেশ্বর; জীবাত্মা; মোক্ষ; জল; শিব; বিষ্ণু; গগন; ধর্ম্ম; তপস্যা; বেদ; আপা:

গাছ। নঞ্—ক্ষর্+অচ্ কর্তৃবা। ৩। শব্দের সর্ব্বাপেক্ষা সূক্ষ্ম ও অখণ্ড অংশ, অকারাদি বর্ণ। অশ্+সর কর্তৃবা। বি; ক্লীব।

অক্ষরে অক্ষরে—হুবহু, ঠিক ঠিক।

অক্ষরচণ, -চুঞ্চু—লিপিকর্ম্মে পটু, সুলেখক, লিপিকর। অক্ষর শব্দ+চণ, চুঞ্চু। বিণ।

অক্ষরজননী—লেখনী, কলম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অক্ষরজীবক—অক্ষরজীবী দ্রঃ। অক্ষর দ্বারা জীবে (বাঁচে) যে এই অর্থে অক্ষর শব্দ—জীব্ ধাতু+ণক কর্তৃবা। বিণ বা বি; পুং।

অক্ষরজীবিক—মসিজীবী, অক্ষরজীবী। অক্ষর জীবিকা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -কা।

অক্ষরজীবিকা—১। লেখিকা, মসিজীবিনী। অক্ষরজীবক বা -জীবিক+আপ্। বিণ; স্ত্রী। ২। লেখকবৃত্তি; কেরাণীগিরি। অক্ষর দ্বারা নির্ব্বাহ্য জীবিকা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অক্ষরজীবী (**-জীবিন্**)—লেখক; মুদ্রাকর। অক্ষর শব্দ-জীব+ণিন্ কর্তৃবা। উপতৎ। বিণ; পুং। স্ত্রী, -বিনী।

অক্ষরতুলিকা—লেখনী, কলম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অক্ষরনিবদ্ধ, -বদ্ধ—লিপিবদ্ধ, লিখিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, -দ্ধা।

অক্ষরন্যাস, -বিন্যাস—১। অক্ষরসংস্থাপন, অক্ষরলিখন। ৬ষ্ঠীতৎ। ২। লিপি। অক্ষরের ন্যাস বা বিন্যাস আছে যাহাতে, বহুব্রী। বি; পুং।

অক্ষরপরিচয়—বর্ণজ্ঞান, অক্ষর জানা; (লাক্ষণিক অর্থে) কোন বিষয়ে শিক্ষারম্ভ, হাতে খড়ি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অক্ষরবন্ধ—অক্ষরনিবদ্ধ দ্রঃ।

অক্ষরবিন্যাস—অক্ষরন্যাস দ্রঃ।

অক্ষরবৃত্ত—অক্ষরসংখ্যা অনুসারে নিরূপিত ছন্দ; অক্ষরাশ্রিত বৃত্ত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অক্ষরভ্রান্তি—এক অক্ষরের স্থানে অন্য অক্ষর সাজান; ঘুণাদি কীট দ্বারা কর্ত্তিত কাষ্ঠের রেখায় অক্ষরভ্রম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অক্ষরমালা—বর্ণমালা, অকারাদি অক্ষরসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অক্ষরমুখ—১। অক্ষরের আদিবর্ণ, অ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। শাস্ত্রাভিজ্ঞ; শিষ্য, ছাত্র। অক্ষর মুখে যাহার, বহুব্রী। বি; পুং বা বিণ।

অক্ষরসংস্থান—১। পত্র, লিখন। অক্ষরের সংস্থান আছে যাহাতে, বহুব্রী। ২। অক্ষর লিখন; অক্ষরের বিন্যাস। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অক্ষরা—১। সাংখ্যকথিতা প্রকৃতি। ন ক্ষরা (ক্রিয়াহীনতা) যাহার, বহুব্রী+আপ্। বি; স্ত্রী। ২। ক্ষরণহীনা; নাশশূন্যা। অক্ষর+আপ্। বিণ; স্ত্রী।

অক্ষরান্তর—এক ভাষার শব্দকে অন্য ভাষার অক্ষর দ্বারা প্রকাশ। অন্য অক্ষর, নিত্য। বি; ক্লীব।

অক্ষরান্তরীকরণ—প্রতিবর্ণীকরণ, লিপ্যন্তরীকরণ (Transliteration). অক্ষরান্তর -চি্—কৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

অক্ষরার্থ—শব্দার্থ, বাক্যার্থ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অক্ষরেখা—বিষুবরেখার উত্তর দক্ষিণে সমদূরবর্ত্তী গোলকের পূর্ব্ব-পশ্চিমে মণ্ডলাকারে বেষ্টিত কতকগুলি রেখা। (Lines of Latitude). অক্ষ নির্ণায়িকা রেখা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অক্ষশক্তি—দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে হিটলারশাসনাধীন জার্ম্মাণী, মুসোলিনী-শাসনাধীন ইটালী ও জাপান (Axis Power). বি।

অক্ষসূত্র—১। উপবীত; জপমালা। ৬ষ্ঠীতৎ। ২। জপমালার অক্ষগ্রথিত সূত্র। অক্ষগ্রথিত সূত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অক্ষহৃদয়—অক্ষশাস্ত্র, পাশকক্রীড়ার তত্ত্ব বা রহস্য, দ্যূতবিদ্যা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অক্ষাংশ—ভৌগোলিকগণ বিষুবরেখার উত্তর-

দক্ষিণ অথবা পূর্ব্ব-পশ্চিম ভূভাগকে যে ৩৬০ ভাগে বিভক্ত করেন, তাহার এক এক ভাগ (Degrees of Latitude). ৬ষ্ঠী,তৎ। বি; পুং। [৬ষ্ঠী,তৎ। বি; পুং।

অক্ষাগ্রকীলক—চাকার খিল, রোঁধাখিল।

অক্ষান্তি—অক্ষমা, অসহিষ্ণুতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অক্ষার—ক্ষারপদার্থশূন্য; লবণহীন। বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

অক্ষারলবণ—সৈন্ধবাদি লবণ (Rocksalt). অশৌচকালীন ভক্ষ্য ঘৃত দুগ্ধ আতপতণ্ডুল মুগ যব তিল প্রভৃতি হবিষ্য দ্রব্য। ন (নাই) ক্ষারলবণ যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

অক্ষি—চক্ষুঃ, নেত্র, দর্শনেন্দ্রিয়। অক্ষ (ব্যাপ্ত) + ই কি অধিবা; যাহাতে রূপাদি বিষয় ব্যাপ্ত হয়। বি; ক্লীব।

অক্ষিকাচ—অক্ষক, পরকলা কাচ (Lens) বি; পুং। পরিভাষা।

অক্ষিকূটক—চক্ষুর তারকা। ৬ষ্ঠী তৎ। বি; ক্লীব।

অক্ষিকোটর, -কোষ—চক্ষুর খোল বা গর্ত্ত। ৬ষ্ঠী তৎ। বি; পুং।

অক্ষিগত—নেত্রগোচর; দৃশ্যমান; শত্রু, দ্বেষ্য। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অক্ষিগোল, -গোলক—চক্ষুর সমস্ত গোল অংশ (Eyeball). ৬ষ্ঠী তৎ। বি; পুং।

অক্ষিজল—অশ্রু। অক্ষিনির্গত জল, মধ্য কর্মধা। বি; ক্লীব।

অক্ষিতারকা, -তারা—চোখের তারা, কনীনিকা। ৬ষ্ঠী তৎ। বি; স্ত্রী।

অক্ষিপক্ষ্ম (-পক্ষ্মন্)—চক্ষুর পাতার লোম। ৬ষ্ঠী,তৎ। বি; ক্লীব।

অক্ষিপট—অক্ষিগোলকের সূক্ষ্ম ঝিল্লি বা পর্দা, যাহার উপর আলোক পড়িলে দৃষ্টির বোধ জন্মে (Retina). ৬ষ্ঠী,তৎ। বি; পুং।

অক্ষিপটল—চক্ষুর ছানি। ৬ষ্ঠী,তৎ। বি, ক্লীব। [বি; পুং।

অক্ষিপাক—চক্ষুর্দ্দাহ, চোখ-জ্বালা। ৬ষ্ঠী,তৎ।

অক্ষিপুট—চোখের পাতা। ৬ষ্ঠী,তৎ। বি; ক্লীব।

অক্ষিব, অক্ষীব—সামুদ্রিক লবণ; শোভাঞ্জন বৃক্ষ বা সজিনা গাছ। ন (অ)—ক্ষিব, অন্ কর্ত্তৃবা। বি; পুং।

অক্ষিবিকূণিত—অপাঙ্গদর্শন, কটাক্ষ, আড়-চোখে দেখা। অক্ষি (চক্ষুঃ) বিকূণিত (সঙ্কুচিত) হয় যাহাতে, বহুব্রী, অথবা অক্ষির বিকূণিত (বিকূণন), ৬ষ্ঠী তৎ। বি; ক্লীব। [পুং।

অক্ষিবিক্ষেপ—দৃষ্টিপাত। ৬ষ্ঠী,তৎ। বি;

অক্ষিভিষক্ (-ভিষজ্)—চোখের ডাক্তার, চক্ষুচিকিৎসক। ৬ষ্ঠী তৎ। বি; পুং।

অক্ষিভেষজ—নেত্রৌষধি, চক্ষুরোগের ঔষধ, অঞ্জন, সুরমা; পাট্টিকালোধ্র, একপ্রকার লোধগাছ। ৬ষ্ঠী,তৎ। বি; পুং।

অক্ষীণ—অকৃশ, ক্ষীণ নয় এরূপ, স্থূল। ন ক্ষীণ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণা।

অক্ষীণব্রত—বেদবিহিত-আচারনিষ্ঠ; চরিত্রবান্। অক্ষীণ (দৃঢ়) হইয়াছে ব্রত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা।

অক্ষীব—অক্ষিব দ্রঃ।

অক্ষুণ্ণ—অদুঃখিত, অক্ষুব্ধ; পূর্ণ; অনালোড়িত; সুস্থ; অকুণ্ঠিত; অক্ষত; অকৃষ্ট; অপবাধিত; অটুট; অনভ্যাসিত; অজিত; অচূর্ণিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণ্ণা।

অক্ষুধ—ক্ষুধাহীন; আহারে স্পৃহাশূন্য। ন (নাই) ক্ষুধা যাহার, বহুব্রী। বিণ।

অক্ষুধা—১। ক্ষুধাহীনা। বহুব্রী। বিণ; স্ত্রী। ২। ক্ষুধার অভাব, ক্ষুধারাহিত্য; আহারে অস্পৃহা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অক্ষুব্ধ—ক্ষোভশূন্য, অদুঃখিত; অব্যাকুল; ধীর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ব্ধা।

অক্ষুভিত—অক্ষুব্ধ (সকল অর্থে)। নঞ্‌তৎ। বিণ।

অক্ষেত্র—অযোগ্য পাত্র; অনুর্ব্বর ভূমি; অযোগ্য স্থান; মরুভূমি। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অক্ষেম—অশুভ, অমঙ্গল। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অক্ষোট,–ক, অক্ষোড়—ফলবিশেষ বা তাহার গাছ, আখরোট (Wall-nut). বি; পুং।

অক্ষোভ—১। ক্ষোভরহিত, ক্ষোভশূন্য। বহুব্রী। বিণ। স্ত্রী,–ভা। ২। ক্ষোভাভাব; হস্তিবন্ধন স্তম্ভ, আলান। নঞ্‌তৎ। বি; পুং।

অক্ষোভণীয়—অক্ষোভ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–য়া।

অক্ষোভিত—অবিচলিত; অনুদ্বেজিত; অনালোড়িত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–তা।

অক্ষোভী (–ভিন্)—অক্ষুব্ধ, অদুঃখিত; অবিষণ্ণ; অনুদ্বেজিত; অনালোড়িত। ন ক্ষোভী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–ভিণী।

অক্ষোভ্য—১। অবিচলনীয়, অধৃষ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–ভ্যা। ২। তারাদেবীর মস্তকস্থিত সর্পবিশেষ; শিব; পঞ্চ ধ্যানী বুদ্ধের অন্যতম। নঞ্‌তৎ। বি; পুং।

অক্ষৌহিণী—অসংখ্য সেনা; ১০৯৩৫০ পদাতি, ৬৫৬১০ অশ্ব, ২১৮৭০ হস্তী, এবং ২১৮৭০ রথ, মোট ২১৮৭০০ সংখ্যক সেনা। একটী হস্তী, একখানি রথ, তিনটি অশ্ব ও পাঁচজন পদাতি লইয়া এক পত্তি হয়, তিন পত্তিতে এক সেনামুখ, তিন সেনামুখে এক গুল্ম, তিন গুল্মে এক গণ, তিন গণে এক বাহিনী, তিন বাহিনীতে এক পৃতনা, তিন পৃতনায় এক চমূ, তিন চমূতে এক অনীকিনী এবং দশ অনীকিনীতে এক অক্ষৌহিণী হয়। উহ (সমূহ)+ইন্ আছে অর্থে+ঈপ্; অক্ষের (রথাদির) উহিনী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অক্সিজেন—অম্লজানবায়ু (Oxygen). বি। ইং।

অখট্টি—মন্দ আচরণ, আব্দার, আখটি বা গোট। ন–খট্+টি ভাবার্থে। বি; পুং।

অখণ্ড—খণ্ডহীন, পূর্ণ, গোটা; সমগ্র, সম্পূর্ণ; নিখুঁত; অক্ষুণ্ণ ('–প্রতাপ'); অবিভক্ত; অক্ষত। ন (নাই) খণ্ড যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ।

অখণ্ডদণ্ড—১। অব্যাহতপ্রভুত্ব, একাধিপত্য; কর্ম্মধা। বি; পুং। ২। যাহার অখণ্ড প্রতাপ, অবাধশাসনকারী। বহুব্রী। বিণ।

অখণ্ডদ্বাদশী—চান্দ্র অগ্রহায়ণের শুক্ল দ্বাদশী। অখণ্ডা দ্বাদশী, কর্ম্মধা। বি; স্ত্রী।

অখণ্ডন—১। ব্রহ্ম, পরমাত্মা; কাল। বহুব্রী। বি; পুং। ২। খণ্ডিত না করা; নঞ্‌তৎ। বি; ক্লীব।

অখণ্ডনীয়—খণ্ডন করিতে পারা যায় না এরূপ, অকাট্য; অলঙ্ঘনীয়; অপরিবর্ত্তনীয়; অবিভাজ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–য়া।

অখণ্ডমণ্ডলাকার—গোটা চাকার মত আকৃতিবিশিষ্ট, সম্পূর্ণ গোল। অখণ্ড যে মণ্ডল, কর্ম্মধা; তাহার ন্যায় আকার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–রা।

অখণ্ডিত—খণ্ডিত নয় এরূপ; অবিভক্ত; অকর্ত্তিত; লিপ্ত, জোড়া; নিরবচ্ছিন্ন; নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–তা।

অখণ্ডিতক্ষুর, –খুর—১। অবিভক্ত ক্ষুর। কর্ম্মধা। বি; পুং। ২। একক্ষুর প্রাণী (অশ্ব, গর্দ্দভ প্রভৃতি)। বহুব্রী। বিণ। স্ত্রী,–রা।

অখণ্ডিতপত্র—১। যাহাদের পত্রগুলি বিভক্ত নহে এরূপ। বহুব্রী। বিণ। স্ত্রী,–ত্রা। ২। যে পত্রের পার্শ্বদেশ খণ্ডিত বা বিভক্ত নহে (আম কাঁঠাল প্রভৃতির পাতা)। কর্ম্মধা। বি; ক্লীব।

অখণ্ডিতবাহু—(জ্যামিতিতে) যে ক্ষেত্রের পার্শ্বরেখা বিভক্ত নহে এরূপ; বহুব্রী। বিণ; ক্লীব।

অখণ্ড্য—অখণ্ডনীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–ণ্ড্যা।

অখদ্যে—ওঁছা, অকর্ম্মণ্য; অসার, তুচ্ছ। 'অখাদ্য' শব্দজ। বিণ। **অখদ্যে অবদ্যে**—ওঁছা, নিন্দনীয় দ্রব্য; অপদার্থ।

অখনন—১। না খোঁড়া। নঞ্‌তৎ। বি;

ক্লীব। ২। যাহা খোঁড়া হয় নাই এরূপ। বহুব্রী। বিণ।

অখর্ব্ব—অবামন, অক্ষুদ্রাকার; দীর্ঘ; লম্বা। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্ব্বা।

অখল—খলতা-রহিত; অক্রূর; অকপট; সরল। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—লা।

অখাত—যাহা খাত নহে; যে জলাশয় খনন করা নহে, দেবখাত, স্বাভাবিক খাত। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অখাদিত—অভুক্ত, অনাস্বাদিত; উপবাসী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অখাদ্য—১। ভোজনের অনুপযুক্ত, অভক্ষ্য। বিণ। স্ত্রী,—দ্যা। ২। কুখাদ্য, নিষিদ্ধ খাদ্য। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অখাদ্য-অবদ্য—আহারের অযোগ্য ও নিন্দনীয়; যাহা কোন কাজেই লাগে না। চলিত কথায় 'অখদ্যে-অবদ্যে' বলে। বিণ।

অখিন্ন—ক্লেশহীন, খেদশূন্য; অশ্রান্ত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ন্না।

অখিল—১। নিঃশেষ, সমস্ত, সমগ্র; কৃষ্ট, উর্ব্বরা ('—ভূমি')। বিণ। স্ত্রী,—লা। ২। আকাঙ্ক্ষা; অভাব; পৃথিবী, জগৎ। বহুব্রী। বি; ক্লীব।

অখিলখণ্ড—ভূখণ্ড ("ঈশান অখিলখণ্ড যদি যাও ভাই।"—ঘনরাম)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অখিলপ্রিয়—সর্ব্বজনপ্রিয়, সকলের আদরের পাত্র। ৬ষ্ঠীতৎ। বি। স্ত্রী,—য়া।

অখিলাত্মা (—ত্মন্)—পরব্রহ্ম, বিশ্বাত্মা। অখিল আত্মা যাহার, বহুব্রী। বি; পুং।

অখেদ—১। খেদাভাব, আক্ষেপরাহিত্য, দুঃখহীনতা। নঞ্‌তৎ। বি; পুং। ২। খেদহীন, আক্ষেপশূন্য, পরিতাপরহিত। বহুব্রী। বিণ। স্ত্রী,—দা। [—তা।

অখ্যাত—অপ্রসিদ্ধ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,

অখ্যাতনামা (—নামন্)—অপ্রসিদ্ধ-নাম-বিশিষ্ট, যাহার নাম প্রসিদ্ধ হয় নাই। নঞ্‌তৎ। বিণ; পুং। স্ত্রী,—নাম্নী।

অখ্যাতি—অপ্রতিষ্ঠা, অপযশঃ, নিন্দা, অপবাদ। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অখ্যাতিকর, —জনক—নিন্দাজনক, দুর্নাম-জনক। উপতৎ। অখ্যাতি—কৃ+ট কর্ত্তৃবা; অখ্যাতির জনক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রী, —নিকা।

অখ্যাতিকারক—নিন্দাজনক; যে নিন্দা করে এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রিকা।

অগ—১। গতিহীন, স্থির। বিণ। ২। বৃক্ষ; পর্ব্বত; সূর্য্য। ন—গম্ (গমন করা)+ড কর্ত্তৃবা; যে গমন করে না। ৩। সর্প। অগ (বক্র গমন করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ৪। অচল, চলচ্ছক্তিহীন। বিণ; ত্রি। স্ত্রী, —গা।

অগঙ্গ—গঙ্গাশূন্য; গঙ্গা হইতে চারি ক্রোশ দূরে অবস্থিত (দেশ)। ন (নাই) গঙ্গা যেখানে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্গা।

অগজ্জিত—অগ্রস্ত; যাহা জিম্মায় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ। দেশজ।

অগজ—১। শিলাজতু। বি; ক্লীব। ২। বৃক্ষজাত; শৈলজাত। অগ শব্দ—জন্ (জন্মা)+ড কর্ত্তৃবা। ৩। যে স্থানে গজ অর্থাৎ হস্তী নাই, হস্তিশূন্য। ন (নাই) গজ (হস্তী) যেখানে, বহুব্রী। বিণ। স্ত্রী,—জা।

অগড়-বগড়, অগড়ম-বগড়ম—বিবিধ-দ্রব্যের সংমিশ্রণ, জগাখিচুড়ি; নানা তুচ্ছ-সামগ্রী, ফটকি-নাটকি; উন্মত্ত প্রলাপ, বাজে বকুনি; ছাইভস্ম, মাথামুণ্ড। প্রাদেশিক। বি।

অগণন—গণনা করা যায় না এরূপ, অগণ্য, অসংখ্য; বহুসংখ্যক। বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

অগণনীয়, অগণ্য—অসংখ্য; অগ্রাহ্য, গ্রাহ্য করিবার যোগ্য নহে এরূপ; তুচ্ছ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া,—ণ্যা।

অগণিত—অসংখ্য; যাহা গণনা করা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। ২। অনেক। বহুব্রী। বিণ। স্ত্রী,—তা।

অগণ্‌তি, অগুণ্‌তি—অগণ্য, অসংখ্য, বেশুমার। 'অগণিত' শব্দজ। বিণ।

অগন্য—অগণনীয় (তাহা দ্রঃ)।

অগতি—১। গতিহীন, অচল; নিরুপায়; অসহায়, নিরাশ্রয়, অনাথ ("অগতির গতি তুমি রহিলে কোথায়?"—কালীপ্রসন্ন)। বহুব্রী। বিণ। ২। গতির অর্থাৎ উপায়ের অভাব। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ৩। মৃতব্যক্তির সৎকারের অভাব। দেশজ। বি।

অগতিক—নিরুপায়; নিরাশ্রয়, অশরণ; গতিহীন। ন (নাই) গতি যাহার, বহুব্রী। (সমাসান্ত 'ক' আগম)। বিণ। স্ত্রী,—কা।

অগত্যা—কোন গতি না থাকাতে, গত্যন্তর অভাবে, অনুপায়ে; সুতরাং, কাজে কাজে। অগতি + হেতু অর্থে (সং) ৩য়া বিভক্তি আ। অব্য; ক্রি-বিণ।

অগদ—১। নীরোগ, সুস্থ। ন (নাই) গদ (রোগ) যাহার, বহুব্রী। ২। গদাবিহীন। ন (নাই) গদা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—দা। ৩। ঔষধ। ন (হয় না) গদ (রোগ) যাহা হইতে, বহুব্রী। বি; পুং। ৪। অরোগিতা, সুস্থভাব। নঞ্‌তৎ। বি; পুং।

অগদতন্ত্র—বিষবিজ্ঞান, বিষক্রিয়া নাশক বা প্রতিষেধক বিদ্যা। অগদবিষয়ক তন্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অগন্তব্য—গমনের অযোগ্য; দুর্গম, যেখানে যাওয়া যায় না। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ব্যা।

অগভীর—যাহা অধিক গভীর নহে; অল্প-গভীর; ভাসা ভাসা; অপ্রগাঢ়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রা।

অগম—১। বৃক্ষ; পর্ব্বত। বি; পুং। ২। গতিশূন্য; দুষ্প্রবেশ; অত্যন্ত গভীর। ন (নাই) গম (গমন) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—মা।

অগমতা—অমর্য্যাদা, অসম্মান, অবমাননা; গতিহীনতা; অপ্রবেশ। অগম + তা ভাবার্থে। বি; স্ত্রী।

অগমনীয়—অগম্য (সকল অর্থে)। নঞ্‌-তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অগম্য—গমনের অযোগ্য, যেখানে যাওয়া যায় না এরূপ, দুর্গম; দুষ্প্রবেশ; যেখানে বা যাহাতে গমন করা উচিত নয়; অপ্রাপ্য; দুর্ব্বোধ, অজ্ঞেয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ম্যা।

অগম্যা—গমনের অযোগ্যা বা অসাধ্যা; যাহার সহিত সঙ্গম নিষিদ্ধ এরূপ (স্ত্রীলোক)। নঞ্‌তৎ। বিণ; স্ত্রী। [আপন বিবাহিতা স্ত্রী ব্যতীত অন্য স্ত্রী মাত্রই অগম্যা। বিশেষতঃ, গুরুপত্নী, রাজপত্নী, মাতা, সুতা, পুত্রবধূ, শ্বশ্রূ, গর্ভবতী রমণী, ভগিনী, সহোদর ভ্রাতার স্ত্রী, ভগিনীর কন্যা, ভ্রাতার কন্যা, শিষ্যা, শিষ্যপত্নী, ভাগিনেয়ের স্ত্রী, ভ্রাতৃপুত্রের পত্নী, শূদ্রের পক্ষে বিপ্রপত্নী, বিপ্রের পক্ষে শূদ্রকামিনী শাস্ত্রে অগম্যা]।

অগম্যাগমন—অগম্যা-স্ত্রী-সম্ভোগ; ব্যভি-চার। অগম্যাতে গমন, ৭মীতৎ। বি; ক্লীব।

অগর—১। অগুরু-নামক গন্ধদ্রব্য। 'অগুরু' শব্দজ। বি। ২। যদি। হিন্দী। অব্য। ৩। বিষনাশক। ন (নাই) গর (বিষ) যাহাতে, বহুব্রী। বিণ।

অগরু—সুগন্ধি কাষ্ঠবিশেষ, বৃক্ষচন্দন। ন—গ্ + উ কর্তৃবা। বি: পুং বা ক্লীব।

অগর্ব্ব(র্ব)—১। গর্ব্বাভাব, অহঙ্কারহীনতা; বিনয়; বিনীতভাব। নঞ্‌তৎ। বি; পুং। ২। অহঙ্কারশূন্য। বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ব্বা।

অগর্ব্বি(র্বি)ত—অহঙ্কারশূন্য, নিরহঙ্কার; অনুদ্ধত; বিনীত, বিনয়ী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অগর্হ—নিন্দাহীন। ন (নাই) গর্হা (নিন্দা) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্হা।

অগর্হিত—অনিন্দিত, প্রশংসাজনক; প্রশস্ত; বৈধ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অগল—অগ্রগণ্য, অগ্রসর; শ্রেষ্ঠ; দক্ষ। 'অগ্রল' শব্দজ। বিণ।

অগস্ট—আগষ্ট (August). ইং। বি।

অগস্তি—অগস্ত্য ঋষি। অগ—অস্ + তি কর্তৃবা। বি; পুং।

অগস্ত্য—বক ফুল বা তাহার গাছ; মুনি-

বিশেষ; নক্ষত্রবিশেষ (Canopus). অগ—স্তৈ+ড কর্তৃবা। বি; পুং।

অগস্ত্যযাত্রা—জন্মের মত যাওয়া, চিরকালের জন্য প্রস্থান করা; ভাদ্র মাসের প্রথম দিনে যাওয়া; অপ্রশস্ত যাত্রা। [ভাদ্র মাসের প্রথম দিনে অগস্ত্য মুনি বিন্ধ্যাচলের নিকট হইতে দক্ষিণাভিমুখে যাত্রা করিয়া আর প্রত্যাবর্তন করেন নাই, সেই জন্য মাসের প্রথম দিন মাত্রই অগস্ত্যযাত্রা বলিয়া কথিত হয়। যাত্রার পক্ষে ঐ দিন অপ্রশস্ত বলিয়া নিষিদ্ধ হইয়াছে]। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অগস্ত্যসংহিতা—অগস্ত্যকর্তৃক সংগৃহীত সংহিতা বা শাস্ত্র। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অগস্ত্যোদয়—অগস্ত্য-নামক নক্ষত্রের উদয়; ভাদ্র মাসের সপ্তদশ বা অষ্টাদশ দিনে অগস্ত্য নক্ষত্রের বা অগস্ত্য মুনির নক্ষত্ররূপে গগনে আবির্ভাব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অগা—১। অচলা ইত্যাদি। অগ দ্রঃ। অগ+আপ্। বিণ; স্ত্রী। ২। অকর্ম্মণ্য; হাঁদা, নির্বোধ, জড়বুদ্ধি, মূর্খ। গ্রাম্য। বিণ।

অগাকান্ত, -চণ্ডী, -চন্দর—(গালাগালি বা স্নেহ তিরস্কারে) নির্বোধ, অপদার্থ, হাঁদা। দেশজ। বিণ।

অগাগ্নি—সজ। প্রাঃ কবিপ্র। বি।

অগাত্মজা—হিমালয়কন্যা, পার্ব্বতী; নদী। অগের (পর্ব্বতের) আত্মজা (কন্যা), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অগাধ—১। অতলস্পর্শ; অতি গভীর; অপরিমেয়, প্রগাঢ়; অসাধারণ; দুর্ব্বোধ; অসীম। ন (নাই) গাধ (তলস্পর্শ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা। ২। গর্ত্ত। ন—গাধ্+ঘঞ্ অধিকা। বি; ক্লীব।

অগাআন্না, অগারাম—অগা, জড়বুদ্ধি, বোকা; অকর্ম্মণ্য। দেশজ (অশিষ্ট)। বিণ।

অগার—গৃহ, আগার। অগ—ঋ+অণ্ কর্তৃবা। বি; ক্লীব।

অগুণ—১। অনিষ্ট, অপকার; দোষ; (ব্যাকরণে) ই ঈ-স্থানে এ, উ ঊ-স্থানে ও এবং ঋ-স্থানে অর্ ইত্যাদি না হওয়া। নঞ্তৎ। বি; পুং। ২। গুণহীন, নির্গুণ; গুণাতীত; ছিলাশূন্য। বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

অগুণতি, অগুনতি—অসংখ্য, বহু, গণনাতীত। 'অগণিত' শব্দজ। বিণ।

অগুরু—১। কৃষ্ণবর্ণ চন্দন; গুগ্গুল। বি; পুং বা ক্লীব। ২। গুরুহীন, উপদেশকশূন্য। ন (নাই) গুরু যাহার, বহুব্রী। ৩। গৌরবশূন্য; লঘু, হাল্কা। নঞ্তৎ। বিণ।

অগুহ্য—অগোপনীয়, অগূঢ়; প্রকাশ্য। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—হ্যা।

অগূঢ়—অগুপ্ত, প্রকাশিত, ব্যক্ত। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ঢ়া।

অগেআন, -য়ান—১। মূর্খ। বিণ। ২। জ্ঞানহীনতা। 'অজ্ঞান' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

অগেয়ানী—জ্ঞানহীন, অজ্ঞান। 'অজ্ঞানী' শব্দজ। প্রাঃ কবিপ্র। বিণ। [অব্য।

অগো—ওগো, হে, সম্বোধন। প্রাঃ কবিপ্র।

অগোচর—বুঝিতে বা গ্রহণ করিতে পারা যায় না এরূপ; অপ্রকাশ্য; অপরিজ্ঞেয়; অজ্ঞাত; অতীন্দ্রিয়। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—রা। ক্রি-বিণ—অগোচরে।

অগোপন—১। প্রকাশ, গোপনাভাব। নঞ্তৎ। বি। ক্লীব। ২। জ্ঞানগোচর, প্রকাশিত। বহুব্রী। বিণ।

অগোপনীয়—প্রকাশযোগ্য; যাহা গোপন করা যায় না। নঞ্তৎ। বিণ।

অগোর—১। অগুরু, কৃষ্ণচন্দন ("'অগোর' ধূপের গন্ধে আমোদিত সবাকার ঘর"—শিবায়ন)। 'অগুরু' শব্দের অপভ্রংশ। বি। ২। মেঘাবৃত ("অহর্নিশি রহত 'অগোর'"—গোবিন্দদাস); মোহিত ("অব তিন ভুবন 'অগোর'"।—বিদ্যাপতি)। প্রাঃ কবিপ্র। বিণ। [স্ত্রী,—রী।

অগৌণ—মুখ্য, প্রধান। নঞ্তৎ। বিণ।

অগৌণে—অবিলম্বে, শীঘ্র। ন (নাই) গৌণ (বিলম্ব) যাহাতে, বহুব্রী। দেশজ। ক্রি-বিণ।

অগৌর—১। গৌরবর্ণ নয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রী। ২। অগুরু। দেশজ। বি।

অগৌরব—১। গৌরবহীনতা, অমর্যাদা, অসম্মান; গুরুত্বহীনতা, অপ্রয়োজনীয়ত্ব। নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। অসম্মানিত, মর্য্যাদাহীন। ন (নাই) গৌরব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা।

অগ্নায়ী—১। অগ্নির স্ত্রী, স্বাহা। অগ্নি+ঈপ্‌, পত্নী অর্থে। ২। ত্রেতাযুগ। বি; স্ত্রী।

অগ্নি—১। অনল, আগুন; (অগ্নি-সংখ্যানুসারে) ৩ তিন এই সংখ্যা; (তন্ত্রে) 'র' এই বীজাক্ষর; পূর্ব্ব-দক্ষিণ কোণ; অগ্নিকোণাধিপতি লোকপালবিশেষ; পিত্ত; স্বর্ণ; রক্তচিত্রক বৃক্ষ; ভল্লাতক, ভেলা; নেবু; সূর্য্য; বিষ্ণু। অনগ্‌+নি কর্ত্তৃবা। বি; পুং।

অগ্নিকণ, –কণা—স্ফুলিঙ্গ, আগুনের ফিন্‌কি। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা স্ত্রী।

অগ্নিকর্ত্তা (র্ত্তা), (–কর্ত্তৃ)—যে আগুন জ্বালে; ঘৃতের মুখে অগ্নিদাতা। ৬ষ্ঠীতৎ। বি, পুং; বা বিণ। স্ত্রী,—ত্রী।

অগ্নিকর্ম্ম (র্ম), (–কর্ম্মন্‌), –কার্য্য (র্য)—হবির্দান; অগ্নিজ্বালন; মৃতব্যক্তির দাহক্রিয়া। অগ্নিসাধ্য কর্ম্ম বা কার্য্য, অথবা অগ্নির প্রীত্যর্থে কর্ম্ম বা কার্য্য, মধ্যপ কর্ম্মধা; কিংবা অগ্নিদ্বারা কর্ম্ম বা কার্য্য, ৩য়াতৎ। বি; ক্লীব।

অগ্নিকলা—ধূম্রার্চ্চিঃ উষ্মা জ্বলিনী জ্বালিনী বিস্ফুলিঙ্গিনী সুশ্রী সুরূপা কপিলা হব্যবহা কব্যবহা—অগ্নির এই দশ অবয়ব। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অগ্নিকল্প—বহ্নিপ্রায়, আগুনের মত; প্রচণ্ড, উগ্র; অতিক্রুদ্ধ। অগ্নি হইতে ঈষৎ ঊন এই অর্থে অগ্নি+কল্প। বিণ। স্ত্রী,—ল্পা।

অগ্নিকাণ্ড—গৃহদাহ; আগ্নেয়াস্ত্রপ্রয়োগ; দহনব্যাপার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অগ্নিকারক ১। বহ্নিজনক; অনলোৎপাদক; পাচক; পরিপাকশক্তি-বর্দ্ধক; মৃতব্যক্তির দাহকারী। বিণ। স্ত্রী,—রিকা। ২। চকমকি পাথর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অগ্নিকার্পাস—আগ্নেয়াস্ত্রে ব্যবহৃত বিস্ফোরণে সহায়তাকারক তুলা (Gun-cotton). অগ্নিগর্ভ কার্পাস, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অগ্নিকার্য্য (র্য) –অগ্নিকর্ম্ম দ্রঃ।

অগ্নিকাষ্ঠ—অগুরুকাষ্ঠ; যে কাষ্ঠের ঘর্ষণে অগ্নি উৎপন্ন হয়, অরণি, ইন্ধন, জ্বালানি কাঠ; অগ্ন্যুৎপাদক কাষ্ঠ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অগ্নিকুক্কুট—জ্বলন্ত তৃণগুচ্ছ, জ্বলন্ত নুড়া। অগ্নি কুক্কুটতুল্য, উপমিত সমাস; অথবা অগ্নিময় কুক্কুট, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অগ্নিকুণ্ড—অগ্ন্যাধানের স্থল; হোম করিবার কুণ্ড; আগুন জ্বালাইবার গর্ত্ত। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অগ্নিকুমার—কার্ত্তিকেয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অগ্নিকুল—রাজপুত জাতির পরমার প্রতিহার সোলাঙ্কি ও চৌহান এই চারি শাখা. অগ্নিজাত কুল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অগ্নিকোণ—পূর্ব্ব ও দক্ষিণ দিকের মধ্যবর্ত্তী কোণ, ঐ কোণের দিক্‌পাল অগ্নি। অগ্নির কোণ, ৬ষ্ঠীতৎ; কিংবা অগ্নিপতিক কোণ মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অগ্নিক্রিয়া—বিধিপূর্ব্বক অগ্নিতে মৃতের দাহকার্য্য, অন্ত্যেষ্টিক্রিয়া। ৩য়াতৎ। বি; স্ত্রী।

অগ্নিক্রীড়া—আগুন লইয়া খেলা করা, বাজী পোড়ান, আতশবাজী। ৩য়াতৎ। বি; স্ত্রী।

অগ্নিগর্ভ—১। অগ্নিজার বৃক্ষ; সূর্য্যকান্ত মণি; আতসী পাথর। বি; পুং। ২। অন্তরে অগ্নিবিশিষ্ট। অগ্নি গর্ভে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ভা।

অগ্নিগর্ভা—১। মহাজ্যোতিষ্মতী লতা, শমীলতা। অগ্নি গর্ভে যাহার, বহুব্রী। বি; স্ত্রী। ২। যাহার ভিতরে অগ্নি আছে এরূপ। অগ্নিগর্ভ+আপ্‌। বিণ; স্ত্রী।

অগ্নিগৃহ—গার্হপত্যাদি অগ্নিত্রয়ের রক্ষার্থ গৃহ, অগ্ন্যাগার; হোমগৃহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অগ্নিচয়ন—অগ্ন্যাধান, অগ্নিস্থাপন; অগ্নিস্থাপনমন্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অগ্নিচিৎ—সাগ্নিক ব্রাহ্মণ। অগ্নি–চি (চয়ন করা)+কিপ্ কর্তৃবা। বি; পুং।

অগ্নি-চূর্ণ, –চূর্ণক—বারুদ। অগ্নিকারক চূর্ণ বা চূর্ণক, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অগ্নিজ—১। অগ্নি হইতে জাত, বহ্নিজাত, অনলোৎপন্ন। বিণ। স্ত্রী,–জা। ২। কার্ত্তিকেয় (অগ্নিকুমার দ্রঃ); ওষধি বৃক্ষবিশেষ। বি; পুং। ৩। স্বর্ণ। উপতৎ। অগ্নি–জন্ (জন্মা)+ড কর্তৃবা। বি; ক্লীব।

অগ্নিজনক—আগুনসৃষ্টিকারী; হজমশক্তিবর্দ্ধক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–নিকা।

অগ্নিজন্মা (–জন্মন্)—কার্ত্তিকেয়। অগ্নি হইতে জন্ম যাহার, বহুব্রী। বি; পুং।

অগ্নিজিহ্ব—বিষ্ণু; দেবতা। অগ্নি জিহ্বা যাহার, বহুব্রী। বি; পুং।

অগ্নিজিহ্বা—অগ্নির সপ্তবিধ শিখা (কালী, করালী, মনোজবা, সুলোহিতা, সুধূম্রবর্ণা, উগ্রা ও প্রদীপ্তা, অগ্নির এই সপ্ত জিহ্বা); লাঙ্গলা বৃক্ষ; জলপিপ্পলী। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অগ্নিজ্বালা—অগ্নিশিখা; জলপিপ্পলী।

অগ্নিতপ্ত—১। আগুনের মত গরম। অগ্নিসদৃশ তপ্ত, মধ্যপ কর্ম্মধা। ২। যাহা আগুনে গরম করা হইয়াছে এমন। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,–প্তা।

অগ্নিতাপ—আগুনের হল্কা, আগুনের তাপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অগ্নিতুল্য—আগুনের মত; অতি দুর্ম্মূল্য, অগ্নিমূল্য আক্রা। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–ল্যা।

অগ্নিতূলা—অগ্নিকার্পাস (তাহা দ্রঃ)। মধ্যপ কর্ম্মধা। বি।

অগ্নিত্রয়—গার্হপত্য, আহবনীয় ও দক্ষিণাগ্নি এই ত্রিবিধ অগ্নি; অগ্নিত্রয়রূপ পিতা, মাতা ও আচার্য্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অগ্নিদগ্ধ—১। (যাহাদিগের দেহ যথাশাস্ত্র অগ্নি দ্বারা দগ্ধ হইয়াছে) পিতৃপুরুষ। বি; পুং। ২। অগ্নি দ্বারা দগ্ধ, আগুনে পোড়া। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,–গ্ধা।

অগ্নিদগ্ধপ্রস্তর—অগ্নিসংযোগে জাত প্রস্তর (Volcanic rocks) [ভূতত্ত্ববিদ্‌গণ বলেন, প্রস্তর দুই প্রকার—(১) অগ্নিদগ্ধ বা আগ্নেয় প্রস্তর এবং (২) বারুণ প্রস্তর। আগ্নেয় প্রস্তরের যে বর্ত্তমান অবস্থা দেখা যায়, উহা অগ্নি দ্বারা দ্রব হইয়া শীতল হইয়া জন্মিয়াছে]। কর্ম্মধা। বি; পুং।

অগ্নিদাতা (–দাতৃ)—অগ্নিদানকারী, অগ্নিসংযোগকর্ত্তা, যে আগুন লাগাইয়া দেয়; মৃতদেহ-দহনকারী, মুখাগ্নিকারী। ৬ষ্ঠীতৎ। বিণ; পুং। স্ত্রী,–ত্রী।

অগ্নিদান—আগুন লাগান; মৃতের মুখাগ্নিকরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অগ্নিদাহ—আগুনে পুড়িয়া যাওয়া। ৩য়াতৎ। বি; পুং।

অগ্নিদাহ্য—যাহাতে সহজে আগুন ধরে, যাহা আগুনে পুড়িয়া যায় (Combustible). ৩য়াতৎ। বিণ। স্ত্রী,–হ্যা।

অগ্নিদীপক, –দীপন—অগ্নি-প্রজ্বলনকারী, অনলোদ্রেচক; জঠরাগ্নির উদ্দীপক, পাচক, পরিপাকশক্তিবর্দ্ধক। ৬ষ্ঠীতৎ। বিণ।

অগ্নিদেব—১। বহ্নিদেবতা, অনলদেব। অগ্নি-নামক যে দেব, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। অগ্নিপূজক। অগ্নি দেব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–বা।

অগ্নিদেবা—১। অগ্নিপূজিকা। বহুব্রী। অগ্নিদেব (তাহা দ্রঃ)। বিণ; স্ত্রী। ২। কৃত্তিকা নক্ষত্র। বি; স্ত্রী।

অগ্নিপক্ক—অগ্নিতে পাক করা (দ্রব্য); দগ্ধ। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,–ক্কা।

অগ্নিপরীক্ষা—অগ্নির মধ্যে নিক্ষেপ করিয়া শুদ্ধাশুদ্ধ স্থিরীকরণ; আগুনে স্বর্ণাদি ধাতুর বিশুদ্ধতা অবিশুদ্ধতার পরখ; কঠোর পরীক্ষা। ৩য়াতৎ। বি; স্ত্রী।

অগ্নিপুরাণ—অষ্টাদশ পুরাণের অন্তর্গত পুরাণবিশেষ। অগ্নি নামক যে পুরাণ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অগ্নিপ্রবেশ—মৃতপতির অনুগমনপূর্ব্বক তাহার চিতানলে সতী স্ত্রীর তনুত্যাগ, সহমরণ। ৭মীতৎ। বি ; পুং।

অগ্নিপ্রভ—আগুনের মত উজ্জ্বল, তেজোময়। অগ্নির প্রভার ন্যায় প্রভা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ভা।

অগ্নিপ্রয়োগ—আগুন লাগানো। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অগ্নিপ্রস্তর—অগ্ন্যুৎপাদক প্রস্তর, চকমকি পাথর। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অগ্নিবর্ণ—১। অনলবৎ বর্ণবিশিষ্ট ; অতি উত্তপ্ত ; জ্বলন্ত। অগ্নির বর্ণের ন্যায় বর্ণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ণা। ২। আগুনের রং। ৬ষ্ঠীতৎ। ৩। সূর্য্যবংশীয় নরপতিবিশেষ। মহারাজ সুদর্শন ইহার পিতা। বি ; পুং।

অগ্নিবর্দ্ধ(র্ধ)ক—পরিপাকশক্তির বৃদ্ধিকারক, পাচক। ৬ষ্ঠীতৎ। বিণ।

অগ্নিবর্দ্ধ(র্ধ)ন—১। অগ্নিবর্দ্ধক, পরি-পাকশক্তির বৃদ্ধিকারক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—না। ২। অগ্নি বৰ্দ্ধিতকরণ, অনলোত্তেজন ; পরিপাকশক্তির বৃদ্ধিসাধন ; পাচক ঔষধ। বি ; ক্লীব।

অগ্নিবল্লভ—অগ্নির মিত্র বা সখা ; সালবৃক্ষ ; সর্জ্জরস, ধূনা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অগ্নিবাণ—পুরাণোক্ত অনলবর্ষী শর ; আগ্নেয়াস্ত্র ; আতসবাজি, হাউইবাজি। অগ্নিবর্ষণকারী বাণ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অগ্নিবাহ—ছাগ ; ধূম। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অগ্নিবাহন—ছাগ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অগ্নিবাহু—১। প্রিয়ব্রত-নামক নৃপতির পুত্র। অগ্নিতুল্য পরাক্রান্ত বাহু যাহার, বহুব্রী। ২। (অগ্নির বাহুস্বরূপ) ধূম। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অগ্নিবীজ—অগ্নিপূজার মূলমন্ত্র 'রং' ; স্বর্ণ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অগ্নিবৃদ্ধি—জঠরাগ্নির বৃদ্ধি, পরিপাকশক্তির বৃদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অগ্নিবৃষ্টি—অনলবর্ষণ ; অনবরত অগ্নিবাণ গোলাগুলি প্রভৃতির বর্ষণ ; আকাশ হইতে জ্বলন্ত অঙ্গার ভস্ম প্রভৃতির বর্ষণ ; অত্যন্ত উষ্মা বা দারুণ তাপ-বিকিরণ ; প্রচণ্ড মার্ত্তণ্ডতাপে উত্তপ্ত বায়ুপ্রবাহ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অগ্নিবেশ্ম (–বেশ্মন্)—অগ্নিগৃহ, যে গৃহে অগ্নি রক্ষা করা হয়। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অগ্নিবেশ্য—জনৈক ঋষি (দ্রোণাচার্য্যের গুরু)। বি : পুং।

অগ্নিভ—১। কৃত্তিকা নক্ষত্র। অগ্নিদেবতার ভ (নক্ষত্র), ৬ষ্ঠীতৎ। ২। স্বর্ণ। অগ্নির ন্যায় ভা (দীপ্তি) যাহার, বহুব্রী। বি ; ক্লীব। ৩। অগ্নিবর্ণ। বহুব্রী। বিণ। স্ত্রী,—ভা।

অগ্নিমণি—সূর্য্যকান্তমণি : আতসী পাথর। অগ্নিজনক মণি, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অগ্নিমন্ত্র—তেজোময় মন্ত্র বা নীতি ; মিথ্যা ও অন্যায় দূরকারী ভাস্বর নীতি। অগ্নিময় বা অগ্নিসদৃশ মন্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অগ্নিমন্থ—শমীবৃক্ষ, গণিকারিকা বৃক্ষ। অগ্নি—মন্থ্ (মন্থন করা)+ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং।

অগ্নিমন্দা—পরিপাকশক্তির ক্ষীণতা, অম্বুধ। ৬ষ্ঠীতৎ। দেশজ। বি।

অগ্নিময়—অগ্নিব্যাপ্ত। অগ্নি+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী,—য়ী।

অগ্নিমান্ (—মৎ)—অগ্নিযুক্ত, অনল-বিশিষ্ট : আগ্নিক, প্রদীপ্ত ; জ্বলন্ত ; প্রচণ্ড। অগ্নি+মতুপ্ অস্ত্যর্থে। বিণ ; পুং। স্ত্রী, —মতী।

অগ্নিমান্দ্য—ক্ষুধামান্দ্য, পরিপাকশক্তির হ্রাস, অজীর্ণ রোগ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অগ্নিমারুতি—অগস্ত্য মুনি। অগ্নিমরুৎ + ই অপত্যার্থে। বি : পুং।

অগ্নিমিত্র—১। অগ্নির মিত্র বা বন্ধু ; বা[য়ু]। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। ২। অনলসখা। অগ্নি মিত্র যাহার, বহুব্রী। ৩। বিদিশার অধীশ্বর

ও পুষ্পমিত্রের বন্ধু নরপতিবিশেষ। বি; পুং।

অগ্নিমুখ—১। দেবতা। অগ্নি মুখ যাঁহাদের, বহুব্রী। ২। ব্রাহ্মণ। অগ্নি মুখে যাঁহাদের, বহুব্রী। বি; পুং। ৩। আগ্নেয় পর্ব্বতের মুখ (Crater). অগ্ন্যুদ্গারী মুখ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অগ্নিমূর্ত্তি(র্তি)—১। অগ্নির ন্যায় আকৃতি-বিশিষ্ট অর্থাৎ অত্যন্ত ক্রোধসম্পন্ন। বহুব্রী। বিণ। ২। অগ্নির মূর্ত্তি বা চেহারা, অগ্নিতুল্য উগ্র মূর্ত্তি বা চেহারা, ক্রোধান্বিতভাব। ৬ষ্ঠিতৎ। বি: স্ত্রী।

অগ্নিমূল্য—১। দুর্ম্মূল্য, মহার্ঘ, অত্যন্ত আক্রা। অগ্নিবৎ (অর্থাৎ ক্লেশকর) মূল্য যাহার, বহুব্রী। বিণ। ২। ভয়ানক চড়া দাম। অগ্নিতুল্য মূল্য, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অগ্নিযন্ত্র—আগ্নেয়াস্ত্র, কামান, বন্দুক। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অগ্নিরক্ষণ—১। অগ্ন্যাধান; অগ্নিস্থাপন। ৬ষ্ঠিতৎ। ২। অগ্নিহোত্র-গৃহ। অগ্নির রক্ষণ হয় যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

অগ্নিলোক—অগ্নিপতিক দেশ। অগ্নি যে দেশের অধিপতি (ইহা সুমেরু পর্ব্বতের অধোভাগে অবস্থিত)। ৬ষ্ঠিতৎ। বি; পুং।

অগ্নিশরণ—অগ্নিশালা, হোমগৃহ। অগ্নির শরণ (গৃহ), ৬ষ্ঠিতৎ। বি; ক্লীব।

অগ্নিশর্ম্মা(র্ম্মা), (—শর্ম্মন্)—১। সাতিশয় ক্রোধসম্পন্ন, মহাক্রোধী। বিণ; পুং। ২। জনৈক ঋষির নাম। অগ্নিবৎ (উগ্রস্বভাব) শর্ম্মা (অর্থাৎ ব্যক্তি), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অগ্নিশিখা—১। আগুনের শীষ। ৬ষ্ঠিতৎ। ২। বিষলাঙ্গলিয়া বৃক্ষ; অনন্তা; ঝুঁয়াড়া শাক। অগ্নির শিখার ন্যায় শিখা যাহার, বহুব্রী। বি; স্ত্রী।

অগ্নিশুদ্ধ—অগ্নি-সংস্পর্শে পবিত্রীকৃত; কঠোর প্রায়শ্চিত্ত দ্বারা শোধিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

অগ্নিশেখর—১। শিব, মহাদেব। অগ্নি শেখরে যাহার, বহুব্রী। বি; পুং। ২। কুসুম্ভ, কুঙ্কুম। অগ্নির ন্যায় শেখর যাহার, বহুব্রী। বি; ক্লীব।

অগ্নিষ্টুৎ—যজ্ঞবিশেষ, বসন্তকালে পঞ্চদিনে সম্পাদ্য যাগবিশেষ [প্রথমে প্রজাপতি এই যজ্ঞ করেন]। অগ্নি—স্তু+কিপ্ কর্ত্তৃবা বা অধিবা। বি; পুং।

অগ্নিষ্টোম—সোম যজ্ঞবিশেষ; চাক্ষুষ মনুর পুত্র। অগ্নি—স্তু+মন্ অধিবা। বি; পুং।

অগ্নিস্ফুলিঙ্গ, —স্ফুলিঙ্গ—অগ্নিকণা, আগুনের ফিন্‌কি। ৬ষ্ঠিতৎ। বি; পুং।

অগ্নিসংযোগ—আগুন লাগান; অনল-সংস্পর্শ। ৬ষ্ঠিতৎ। বি; পুং।

অগ্নিসংস্কার—১। দাহকার্য্য; অগ্নিদ্বারা পরিশুদ্ধীকরণ। ৩য়াতৎ। ২। মন্ত্রপাঠাদি-সহকারে অগ্নির বিশুদ্ধিসম্পাদন। ৬ষ্ঠিতৎ। বি; পুং।

অগ্নিসখা—অনিল, বায়ু; ধূম। অগ্নির সখা, ৬ষ্ঠিতৎ। বি; পুং।

অগ্নিসৎকার—দাহকার্য, শবদাহ। ৩য়াতৎ। বি; পুং।

অগ্নিসন্দীপন—১। জঠরাগ্নিবর্দ্ধক ঔষধ-বিশেষ। অগ্নির সন্দীপন হয় যদ্দারা, বহুব্রী। ২। অগ্নিপ্রজ্বালন। ৬ষ্ঠিতৎ। বি; ক্লীব।

অগ্নিসম্ভব—১। অগ্নিজাত, অনলোৎপন্ন। অগ্নি হইতে সম্ভব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা। ২। স্বর্ণ; বন্য কুসুম্ভ, বুনো কুসুম ফুল। বি; ক্লীব।

অগ্নিসহ—অদাহ্য, যাহা আগুনে পোড়ে না (Fire-proof). অগ্নির সহ (সহকারী, —সহ্+অচ্ কর্তৃবা), ৬ষ্ঠিতৎ। বিণ।

অগ্নিসহায়—১। বায়ু। ৬ষ্ঠিতৎ। বি; পুং। ২। বনকপোত। অগ্নিতুল্য সহায় (অর্থাৎ সহগামী), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অগ্নিসাৎ—অগ্নিতে পরিণত; অনলসাৎ, ভস্মসাৎ। অগ্নি+সাৎ। অব্য।

অগ্নিসার—রসাঞ্জন। বহুব্রী। বি; পুং।

অগ্নিসেবন—অগ্নির উত্তাপ উপভোগ, আগুন পোয়ান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অগ্নিস্তম্ভ—১। স্তম্ভাকার অগ্নি। অগ্নিময় যে স্তম্ভ, মধ্যপ কর্ম্মধা। ২। মন্ত্র বা ঔষধাদি দ্বারা অগ্নির দাহিকাশক্তির নিবারণ। অগ্নির স্তম্ভ (স্তব্ধীভাব) হয় যাহা হইতে, বহুব্রী। বি; পুং।

অগ্নিহোত্র—১। সাগ্নিকের প্রাত্যহিক হোম এবং সে কারণ নিয়ত অগ্নিরক্ষা; অগ্নিকুণ্ড; অগ্ন্যাধান; হোমদ্রব্য; শ্রৌত ও স্মার্ত্ত অগ্নি। ৩য়াতৎ বা ৬ষ্ঠীতৎ। ২। ঘৃত। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অগ্নিহোত্রী (-হোত্রিন্)—অগ্নিহোত্র-যাগকারী; সাগ্নিক। অগ্নিহোত্র শব্দ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

অগ্নীন্ধন—আগুন জ্বালাইবার কাঠ; আগুন জ্বালান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অগ্নীয়—অগ্নিসম্বন্ধীয়, আগ্নেয়; অগ্নির নিকটবর্ত্তী (স্থানাদি)। অগ্নি+ঈয় তৎসম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -য়া।

অগ্নীষোম—অগ্নীষোমীয় যাগবিশেষ; এক হবির্ভোক্তা অগ্নি ও চন্দ্র। দ্বন্দ্ব (ঈৎ আদেশ ও ষত্ব)। বি; পুং।

অগ্ন্যগার, অগ্ন্যাগার—অগ্নিহোত্রীর হোমের ঘর। অগ্নি রক্ষণার্থ অগার বা আগার (গৃহ), মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অগ্ন্যস্ত্র—কামান বন্দুক প্রভৃতি। অগ্নি উদ্গারী অস্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অগ্ন্যাগার—অগ্ন্যগার দ্রঃ।

অগ্ন্যাত্মক—কোপনস্বভাব, অগ্নিতুল্য রুক্ষ-প্রকৃতি। অগ্নি আত্মা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -ত্মিকা।

অগ্ন্যাধান—অগ্নিস্থাপন; শাস্ত্রবিহিত অগ্নি-সংস্কার; অগ্নিহোত্র। অগ্নির আধান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অগ্ন্যাহিত—সাগ্নিক। আহিত অগ্নি যৎকর্তৃক, বহুব্রী; অগ্নি পদের প্রাগ্ভাব। বি; পুং। (পক্ষান্তরে আহিতাগ্নি)।

অগ্ন্যুৎপাত—আগ্নেয় পর্ব্বত হইতে অগ্নি-পতন; উল্কাপাত; যে কোন প্রকারে অগ্নির দ্বারা উপদ্রব। অগ্নিসংক্রান্ত উৎপাত, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অগ্ন্যুৎসব—১। প্রচণ্ড আগুন জ্বালিয়া আমোদকরণ। ২। দোলযাত্রার পূর্ব্বদিন করণীয় উৎসববিশেষ, চাঁচর। অগ্নি দ্বারা উৎসব, ৩য়াতৎ। বি; পুং।

অগ্ন্যুদ্গম—অগ্নির ঊর্দ্ধগমন, আগ্নেয়গিরি হইতে অগ্নির ঊর্দ্ধভাগে গমন। অগ্নির উদ্গম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অগ্ন্যুদ্গার—আগ্নেয়গিরি হইতে অগ্নি-নিঃসরণ। অগ্নির উদ্গার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অগ্ন্যুদ্ধার—স্থাপনার্থ অরণিদ্বয় ঘর্ষণে অগ্ন্যুৎপাদন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অগ্র—১। প্রথম; আদ্য; পুরোবর্ত্তী; প্রাপ্য; অধিক; শ্রেষ্ঠ। বিণ। ২। অগ্রভাগ; উচ্চতম ভাগ, ডগা; শেষভাগ; সমূহ; লক্ষ্য; অবলম্বন; ভিক্ষাপরিমাণবিশেষ, গ্রাসচতুষ্টয়; পূর্ব্ব সময়; পল। অগ্+রক্ কর্ম্মবা। বি; ক্লীব।

অগ্রকর—১। করের প্রথম বা শেষভাগ; করাগ্র, অঙ্গুলি। করের অগ্র, ৬ষ্ঠীতৎ। ২। দক্ষিণ হস্ত। কর্ম্মধা। ৩। অধিশ্রয়ণবিন্দু (Focus). বি; পুং।

অগ্রকায়—দেহের পূর্ব্বভাগ; অর্থাৎ মস্তক হইতে কটিদেশ পর্য্যন্ত অংশ। কায়ের অগ্র, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অগ্রগ—অগ্রগামী। অগ্র-গম্ (যাওয়া) +ড কর্তৃবা। বিণ। স্ত্রী, -গা।

অগ্রগণ্য—প্রধান, যাঁহাকে অগ্রে গণনা করা যায়; শ্রেষ্ঠ। ৭মীতৎ। বিণ। স্ত্রী, -ণ্যা।

অগ্রগতি, -গমন—অগ্রে বা পূর্ব্বে যাওয়া; আগাইয়া যাওয়া; অগ্রবর্ত্তিতা; উন্নতি। ৭মীতৎ। বি; স্ত্রী, ক্লীব।

অগ্রগামী (-গামিন্)—পুরঃসর, অগ্রসর; পুরোগামী। উপতৎ। অগ্র-গম্+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী—মিনী।

অগ্রজ—১। পূর্ব্বজ, জ্যেষ্ঠ ; প্রথমজাত। বিণ। ২। জ্যেষ্ঠ ভ্রাতা ; ব্রাহ্মণ। উপতৎ। অগ্র—জন্+ড কর্তৃবা। বি ; পুং। স্ত্রী,—জা।

অগ্রজন্মা (—**জন্মন্**)—১। ব্রাহ্মণ ; ব্রহ্মা। বি ; পুং। ২। প্রথমোৎপন্ন, জ্যেষ্ঠ। অগ্রে জন্ম যাহার, বহুব্রী। বিণ ; পুং বা স্ত্রী।

অগ্রজা—১। পূর্ব্বজা, জ্যেষ্ঠা। অগ্রজ (তাহা দ্রঃ)। অগ্রজ+আপ্। বিণ ; স্ত্রী। ২। জ্যেষ্ঠা ভগিনী। বি ; স্ত্রী।

অগ্রজাত, অগ্রজাতক—ব্রাহ্মণ। অগ্রে জাত, ৭মীতৎ ; অথবা অগ্র (প্রধান স্থান) হইতে জাত, ৫মীতৎ। বি ; পুং।

অগ্রজাতি- ব্রাহ্মণ। অগ্র (শ্রেষ্ঠ) হইয়াছে জাতি যাহার, কিম্বা অগ্রে জাতি (জন্ম) যাহার, বহুব্রী। বি ; পুং।

অগ্রজিহ্বা অলিজিহ্বা, আলজিভ বা আলজিভ ; রসনাগ্র। অগ্র জিহ্বা, কর্ম্মধা ; অথবা জিহ্বার অগ্র, একদেশী। বি ; স্ত্রী।

অগ্রজ্ঞান পূর্ব্বেই বুঝিতে পারা বা জানা (Anticipation). ৭মীতৎ। বি ; ক্লীব।

অগ্রণী—১। অগ্রগামী নায়ক, নেতা ; প্রথম ; শ্রেষ্ঠ ; অধ্যক্ষ। বিণ। ২। সেনাপতি ; অগ্নি। অগ্র—নী+ক্বিপ্ কর্তৃবা। বি ; পুং।

অগ্রদানী (—**দানিন্**)—প্রেতোদ্দিষ্টদান-গ্রাহী ; দান গ্রহণ দ্বারা পতিত (ব্রাহ্মণ) ; প্রেতকার্য্যের যড়ঙ্গতিলাদি গ্রহণকারী। অগ্রে দান=অগ্রদান, ৭মীতৎ ; অগ্র—দান+ইন্ অস্ত্যর্থে। বিণ ; পুং।

অগ্রদূত—প্রথম সংবাদবহ ; পথপ্রদর্শক। কর্ম্মধা। বি ; পুং।

অগ্রনিরূপণ—অগ্রেই নির্দ্ধারণ, পূর্ব্বাব-ধারণ ; ভবিষ্যৎকথন ; ভবিষ্যদ্বাণী। ৭মীতৎ। বি ; ক্লীব।

অগ্রপশ্চাৎ—পূর্ব্বাপর ; ভূত-ভবিষ্যৎ ; ভালমন্দ। দ্বন্দ্ব। অব্য ; ক্রি-বিণ।

অগ্রপাণি—১। হস্তাগ্র। পাণির অগ্র, ৬ষ্ঠীতৎ। ২। দক্ষিণ হস্ত। অগ্র (প্রধান) যে পাণি, কর্ম্মধা। বি ; পুং।

অগ্রবক্তা (—**বক্তৃ**)—হিতাহিত বিবেচনা না করিয়া প্রথমেই বাক্যোচ্চারণকারী, ধৃষ্ট ব্যক্তি। অগ্রে বক্তা, ৭মীতৎ বা সুপ্সুপা। বি বা বিণ ; পুং।

অগ্রবন—আগ্রা সহরের প্রাচীন নাম। কর্ম্মধা। বি ; ক্লীব।

অগ্রবর্ত্তী(**র্তী**), (—**বর্ত্তিন্**)- পুরোবর্ত্তী, সম্মুখস্থ, পুরোযায়ী, অগ্রসর। অগ্রে বর্ত্তে (থাকে) যে, উপতৎ। অগ্র শব্দ—বৃৎ+ণিন্ কর্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,—র্ত্তিনী।

অগ্রবাল—পশ্চিম-ভারতের হিন্দু-সম্প্রদায়-বিশেষ, আগরওয়ালা। বি।

অগ্রবাহু—বাহুর অগ্রভাগ, ভুজাগ্র। বাহুর অগ্র, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অগ্রবীজ—১। যে বৃক্ষের শাখাগ্র কাটিয়া পুতিলে জীবিত থাকে এবং নূতন বৃক্ষরূপে বৃদ্ধি পায় ; যাহার অগ্রভাগ বা ডগাই বীজ অর্থাৎ উৎপাদক। বিণ। ২। অগ্রবীজ বৃক্ষমাত্র, ইক্ষু প্রভৃতি ; কচুর বা কলমের গাছ। অগ্র বীজ যাহার, বহুব্রী। বি ; পুং।

অগ্রভাগ—প্রথমের ভাগ, অগ্রদেশ, ডগা, চূড়া, প্রান্ত ; শীর্ষদেশ, মাথা, চূড়া, শ্রেষ্ঠ অংশ, সেরা ভাগ ; অবশেষ। কর্ম্মধা। বি ; পুং।

অগ্রভূমি—প্রাপ্যস্থান ; প্রধান স্থান ; প্রধান আশ্রয়। কর্ম্মধা। বি ; স্ত্রী।

অগ্রমহিষী—প্রথমা বা প্রধানা রাজ্ঞী, পাটরাণী। অগ্রা মহিষী, কর্ম্মধা। বি ; স্ত্রী।

অগ্রমাংস—বুকের কলিজার অগ্রভাগের মাংস ; হৃদয় ; যকৃতের রোগবিশেষ (এই রোগে বুক ও উদরের মধ্যস্থিত উপাস্থিখণ্ডের বৃদ্ধি হয়)। অগ্র (শ্রেষ্ঠ) যে মাংস, কর্ম্মধা। বি ; ক্লীব।

অগ্রমাস—অগ্রমাংস শব্দের অপভ্রংশ।

অগ্রযান—১। সৈন্যাগ্রে গমন, (সৈন্যগণের) অগ্রগমন। ৭মীতৎ। ২। সেনাপতির অগ্রগামী সৈন্য। অগ্রে যান (গমন) যাহাদের, বহুব্রী। বি ; ক্লীব।

অগ্রযায়ী (—**যায়িন্**)—অগ্রগ, অগ্রগামী।

অগ্র—যা (যাওয়া)+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—য়িনী। [ক্লীব।

অগ্রসন্ধান—প্রথমে অন্বেষণ। ৭মীতৎ। বি;

অগ্রসন্ধানী (–সন্ধানিন্)—১। পূর্ব্বেই অনুসন্ধানকারী। বিণ; পুং। স্ত্রী,—নিনী। ২। পূর্ব্বে অনুসন্ধানকারী দূত। ৭মীতৎ। বি; পুং।

অগ্রসন্ধানী—যমপঞ্জিকা, চিত্রগুপ্তের খাতা। অগ্র—সম্—ধা+অন করণবা+ঈপ্। বি; স্ত্রী।

অগ্রসন্ধ্যা—ঊষা, ভোর। (সন্ধ্যা তিনটী—প্রাতঃসন্ধ্যা, মধ্যাহ্নসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা)। কর্ম্মধা। বি; স্ত্রী।

অগ্রসর—অগ্রগামী, পুরঃসর। উপতৎ। অগ্র শব্দ—সৃ+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

অগ্রসরণ—অগ্রগমন। অগ্র—সৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

অগ্রসামান্যবন্ধনী—পৃষ্ঠবংশ বা মেরুদণ্ড, ইহা কতকগুলি অঙ্গুরীয়াকার অস্থিপিণ্ড দ্বারা বিনির্ম্মিত। এই অস্থিখণ্ডগুলি পরস্পর উপর্য্যুপরি সংস্থাপিত (Anterior Common Ligament). সামান্য বন্ধনী, কর্ম্মধা; অগ্রস্থা সামান্যবন্ধনী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অগ্রসার—১। অগ্রগমন। অগ্র—সৃ+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। অগ্রগামী। বহুব্রী। বিণ। [৭মীতৎ। বিণ। স্ত্রী,—চিকা।

অগ্রসূচক—প্রথমজ্ঞাপক, পূর্ব্বসূচনাকারী।

অগ্রসূচনা—পূর্ব্বে জ্ঞাপন, আগে জানান; পূর্ব্বজ্ঞান; পূর্ব্বস্বাদ; পূর্ব্বলক্ষণ। ৭মীতৎ। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

অগ্রসূচী—সূচ্যগ্র, সূচের অগ্রভাগ। ৬ষ্ঠীতৎ।

অগ্রস্ত্রী—প্রথম-বিবাহিতা পত্নী। অগ্রে গৃহীতা স্ত্রী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অগ্রহ—১। অনাসক্তি, বানপ্রস্থ। নঞ্তৎ। ২। সংসারত্যাগী, সন্ন্যাসী। ন (নাই) গ্রহ যাহার, বহুব্রী। বি; পুং।

অগ্রহণীয়—গ্রহণাযোগ্য; যাহার গ্রহণ নিষিদ্ধ। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অগ্রহস্ত—দক্ষিণ কর; করিশুণ্ডের অগ্রভাগ। অগ্র হস্ত, কর্ম্মধা; অথবা হস্তের অগ্র, একদেশী। বি; পুং।

অগ্রহায়ণ—হেমন্ত ঋতুর প্রথম মাস। হায়নের (বৎসরের) অগ্র (প্রথম), ৬ষ্ঠীতৎ—অগ্রপদের পূর্ব্বনিপাত। বি; পুং।

অগ্রহার—১। যে অগ্রভাগ গ্রহণ করে। উপতৎ। অগ্র—হৃ+অণ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী। ২। ব্রাহ্মণ-ভোজনার্থ রাজধন হইতে পৃথক্‌কৃত ক্ষেত্রাদি, ব্রহ্মোত্তর ভূমি; ক্ষেত্রোৎপন্ন শস্য হইতে উদ্ধৃত ও ব্রাহ্মণোদ্দেশে রক্ষণীয় ধান্যাদি। অগ্রার্থ যে হার, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অগ্রাক্ষি—কটাক্ষ, অপাঙ্গ, নেত্রাগ্র। ৬ষ্ঠীতৎ বা কর্ম্মধা। বি; ক্লীব।

অগ্রাধিকার—অগ্রে সুবিধালাভের অধিকার (Priority). বি।

অগ্রাহ্য—গ্রাহ্য করিবার উপযুক্ত নয় এরূপ; গ্রহণের অযোগ্য; অশ্রদ্ধেয়, অবজ্ঞেয়। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—হ্যা।

অগ্রিম—প্রথম; পূর্ব্বোৎপন্ন; প্রধান; জ্যেষ্ঠ; শ্রেষ্ঠ; ক্রীত বস্তু লাভের পূর্ব্বে প্রদেয়, আগাম। অগ্র+ডিম ভবার্থে। বিণ। স্ত্রী,—মা।

অগ্রিয়, অগ্রীয়—১। প্রধান; প্রথম; জ্যেষ্ঠ; শ্রেষ্ঠ। বিণ। স্ত্রী,—য়া। ২। জ্যেষ্ঠ ভ্রাতা। অগ্র শব্দ+ইয়, ঈয় ভবার্থে। বি; পুং।

অগ্রেদিধিষু—১। পুনর্ভূ-বিবাহকর্ত্তা, যাহার ভার্য্যার পূর্ব্বে একবার বিবাহ হইয়াছিল; অগ্রে দিধিষু যাহার, বহুব্রী। বি; পুং। ২। অবিবাহিতা জ্যেষ্ঠা বিদ্যমানে বিবাহিতা কনিষ্ঠা সহোদরা। অলুক্ ৭মীতৎ। বি; স্ত্রী। ('অগ্রেদিধিষূ' পদও হয়)।

অগ্রেবণ—১। বনাগ্রভাগ। বনের অগ্র, ৬ষ্ঠীতৎ। ২। আগ্রানগর। বি; ক্লীব।

অগ্রেসর—অগ্রগামী; প্রধান; শ্রেষ্ঠ। অলুক্ উপতৎ। অগ্রে—সৃ+ট কর্ত্তৃবা। বিণ।

অগ্র্য—প্রধান; শ্রেষ্ঠ; জ্যেষ্ঠ; আদ্য। অগ্র শব্দ+য ভবার্থে। বিণ। স্ত্রী,—গ্র্যা।

অগ্লানি—১। গ্লানিহীন ; অক্লান্ত, অশ্রান্ত ; অবিরক্ত। বহুব্রী। বিণ। ২। গ্লানিহীনতা। নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অঘ—পাপ ; দোষ ; দুঃখ ; ব্যসন ; কলঙ্ক। অঘ্‌ + অচ্‌ ভাববা। বি ; ক্লীব।

অঘটন—যাহা ঘটে না ; যাহা ঘটা সম্ভব নয় ; অসম্ভব। ন (অ)—ঘট্‌ (ঘটা) + অন কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

অঘটনঘটন, —ঘটনা—অসম্ভব বিষয়ের সংঘটন। অঘটনের ঘটন বা ঘটনা, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব বা স্ত্রী।

অঘটনঘটনকুশল—অসম্ভব ব্যাপার ঘটাইতে নিপুণ। অঘটনঘটনে কুশল, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—লা।

অঘটনঘটনপটীয়সী—অসম্ভব বিষয়কে সম্ভব করণে সমর্থা ('—মায়া')। ৭মীতৎ। বিণ ; স্ত্রী।

অঘটনীয়—যাহা ঘটিতে পারে না, অসম্ভব। নঞ্‌তৎ। বিণ।

অঘটিত—যাহা ঘটে নাই। নঞ্‌তৎ। বিণ।

অঘনাশক—পাপনাশক। ৬ষ্ঠীতৎ। বিণ ; পুং বা ক্লীব। স্ত্রী,—শিকা।

অঘনাশন—১। পাপ নষ্টকরণ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। ২। পাপনাশকারী। বিণ। ৩। বিষ্ণু। অঘের নাশন (নশ্‌ + ণিচ্‌ + অন কর্তৃবা), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অঘবান্ (—বৎ)—দোষী, পাপী। অঘ + মতুপ্‌ আছে অর্থে। বিণ ; পুং। স্ত্রী,—বতী।

অঘমর্ষণ—১। বেদমন্ত্রবিশেষ। অঘের (পাপের) মর্ষণ (নাশক), ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। ২। তন্মন্ত্রপ্রণেতা ঋষি। বি ; পুং। ৩। পাপনাশক। বিণ। স্ত্রী,—ণী।

অঘর—(বিবাহ বিষয়ে) অনুপযুক্ত ঘর। নঞ্‌তৎ। বি।

অঘা—অগা, নির্বোধ, মূঢ়। দেশজ। বিণ।

অঘাট—যাহা ঘাট নহে ; জলাশয়ের ঘাটহীন পার্শ্ব। দেশজ। বি।

অঘোঃ (অঘোস)—সম্বোধনসূচক শব্দ, হে, ওহে, অরে। অব্য। ইহারই অপভ্রংশে বাঙ্গালা অগো বা ওগো।

অঘোর—১। শিব। ন (নাই) ঘোর (ভয়ানক) যাহা হইতে, বহুব্রী। বি ; পুং। ২। অতি ভয়ানক ; প্রচণ্ড ; দুর্দ্ধর্ষ। বিণ। ৩। অভয়ানক, সৌম্যরূপবিশিষ্ট। ন (নয়) ঘোর (ভয়ানক), নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রা। ৪। ঘোর, গাঢ়, গভীর ; বেহুঁস। গ্রাম্য। বিণ।

অঘোরপন্থী (—পন্থিন্)—১। অঘোরী, শৈব সম্প্রদায়-বিশেষ। অঘোর (অতি ভয়ানক) যে পন্থা সে অঘোরপন্থা, কর্ম্মধা ; তাহা অবলম্বন করে যে এই অর্থে অঘোরপন্থা + ইন্। বি ; পুং। ২। যাহাদের খাদ্যাখাদ্যের বিচার নাই এরূপ, উচ্ছৃঙ্খল। বিণ।

অঘোরা—১। অতি ভয়ানকা ; প্রগাঢ়া ; সুগভীরা। অঘোর + আপ্‌। বিণ ; স্ত্রী। ২। ভাদ্র মাসের কৃষ্ণা চতুর্দ্দশী। অঘোর (শিব) + অ সম্বন্ধার্থে + স্ত্রীলিঙ্গে আ। বি ; স্ত্রী।

অঘোরী (অঘোরিন্)—শৈববিশেষ, অঘোরপন্থী। অঘোর দেবতা ইহার এই অর্থে অঘোর + ইন্। বি ; পুং।

অঘোষ—১। গোপশূন্য (দেশাদি) ; শব্দশূন্য। ন (নাই) ঘোষ (গোপ অথবা শব্দ) যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষা ২। কলাপ ব্যাকরণের সংজ্ঞাবিশেষ। বি ; পুং।

অঘোষবর্ণ—বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ এবং শ ষ স—এই কয়টি। কর্ম্মধা। বি ; পুং।

অঘ্রাণ—১। ঘ্রাণাভাব ; গন্ধ গ্রহণ না করণ, নির্গন্ধ। নঞ্‌তৎ। বি ; ক্লীব। ২। অগ্রহায়ণ মাস। অগ্রহায়ণ মাসের অপভ্রংশ এই অর্থে 'অঘ্রান'ও হয়। বি।

অঘ্রাত—যাহার ঘ্রাণ লওয়া হয় নাই এরূপ, যাহা শোঁকা হয় নাই এরূপ, অনাঘ্রাত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অঙাগি—সঙ্গ। প্রাঃ কবিপ্র। বি।

অঙ্ক—১। চিহ্ন ; কলঙ্ক ; অপরাধ ; বিভূষণ ; সংখ্যাস্থাপন : সংখ্যাজ্ঞাপক চিহ্ন, গণিতের রাশি, যথা—১, ২, ৩ ইত্যাদি। অন্‌ক+ঘঞ্ করণবা। ২। আঁক : রেখা ; ক্রোড় ; চিত্রযুদ্ধ, অস্ত্রশস্ত্র প্রভৃতি সমুদায় যুদ্ধোপকরণ লইয়া কৃত্রিম যুদ্ধ করিয়া প্রকৃত যুদ্ধপ্রণালী-প্রদর্শন ; নাটকের পরিচ্ছেদ বা সর্গ ; দৃশ্যকাব্যবিশেষ ; শরীর ; স্থান ; (দেশভেদে) সিংহাসনাধিরোহণকাল হইতে বর্ষ-গণনা। অন্‌ক+ঘঞ্ অধিবা। বি ; পুং।

অঙ্কগত—ক্রোড়গত, ক্রোড়ে আসীন ; ভাবার্থ হস্তগত, আয়ত্ত। অঙ্ককে গত (প্রাপ্ত). ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অঙ্কতন্ত্র—সংখ্যাশাস্ত্র, গণিতবিদ্যা ; পাটিগণিত বা বীজগণিত। অঙ্কবিষয়ক যে তন্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অঙ্কগর্ভ—উপজঠরী, উদরে শাবক বহিবার থলিযুক্ত (ক্যাঙ্গারু ইত্যাদি, Marsupial). অঙ্ক (ক্রোড়) গর্ভে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ভা।

অঙ্কন—১। সংখ্যালিখন : চিহ্নকরণ ; রেখাপাতন : চিত্রণ, আঁক। অন্‌ক+অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। লক্ষণ, চিহ্ন। অন্‌ক+অনট্ করণবা। বি ; ক্লীব।

অঙ্কন-তূলিকা—ছবি আঁকিবার তূলি। ৬ষ্ঠীতৎ। বি, স্ত্রী।

অঙ্কন-বিদ্যা, —শিল্প—ছবি আঁকিবার কৌশল বা কলা। কর্ম্মধা। বি ; স্ত্রী, ক্লীব।

অঙ্কনীয়—যাহা আঁকিতে হইবে বা আঁকা উচিত ; চিত্রণীয় ; চিহ্নিতব্য, যাহা চিহ্নিত করিতে হইবে বা করা উচিত ; বর্ণনীয়, যাহা সংখ্যাত করিতে হইবে, গণনীয়, গণ্য। অনক+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অঙ্কপরিবর্ত্ত(র্ত)ন—পার্শ্বপরিবর্ত্তন, পাশ ফিরা ; সংখ্যা বা রাশি বদলান ; গণিতের আঁক বদলান। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অঙ্কপাত—অঙ্কসংস্থাপন ; চিহ্নিতকরণ ; আঁক কষা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অঙ্কপাতন—অঙ্কদ্বারা নির্দ্ধারিতকরণ (Notation). ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অঙ্কপালি, —পালী—অঙ্কপালিকা (সকল অর্থে)। বি ; স্ত্রী।

অঙ্কপালিকা—১। আশ্লেষ, আলিঙ্গন। অঙ্ক—পাল (পালন করা)+ণক কর্ত্তৃবা+স্ত্রীলিঙ্গে আ। ২। ধাত্রী। ৩য়াতৎ। বি ; স্ত্রী।

অঙ্কপাশ—অঙ্কপাত ; অঙ্কের পরিবৃত্তি ; অঙ্কের বিবিধ বিন্যাস ('লীলাবতী' অধ্যায়ের পরিভাষা—Permutation of digits). বহুব্রী। বি ; ক্লীব।

অঙ্কপূরণ—১। গণিতসংখ্যার গুণন। ৬ষ্ঠীতৎ। ২। শূন্যস্থানে সংখ্যা বা চিহ্ন স্থাপন। ৩য়াতৎ। বি ; ক্লীব।

অঙ্কবাচক—১, ২ ইত্যাদি সংখ্যার বোধক (Cardinal). ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—চিকা।

অঙ্কবিদ্যা—অঙ্কশাস্ত্র, গণিতবিদ্যা, পাটিগণিতাদি। অঙ্কবিষয়িণী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অঙ্কবিদ্যাবিৎ (—বিদ্)—গণিতশাস্ত্রজ্ঞ ; আঁকে পণ্ডিত, আঁক কষিতে পটু। উপতৎ। অঙ্কবিদ্যা—বিদ্+ক্বিপ্ কর্তৃবা। বিণ।

অঙ্কভাক্ (—ভাজ্)—ক্রোড়ভোগকারী, ক্রোড়স্থ। উপতৎ। অঙ্ক—ভজ+ক্বিপ কর্ত্তৃবা। বিণ ; পুং।

অঙ্কভাগী (—ভাগিন্)—অঙ্কভাক্। উপতৎ। অঙ্ক—ভজ+ঘিনুণ্ কর্ত্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,—গিনী।

অঙ্কমান—অঙ্কের পরিমাণ ; ১, ২, ৩ ইত্যাদি সংখ্যাসমূহের স্থানীয় মান। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অঙ্কলক্ষ্মী—জায়া, পত্নী, স্ত্রী। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অঙ্কলগ্ন—ক্রোড়ে সংলগ্ন বা সংসক্ত ; ক্রোড়স্থ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—গ্না।

অঙ্কশায়ী (—শায়িন্)—ক্রোড়ে শয়ান বা শয়নকারী ; ক্রোড়স্থ ; ভাবার্থ—হস্তগত, আয়ত্ত। অঙ্কে শয়ন করে যে, উপতৎ।

অঙ্ক—শী+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—ঙ্কিনী।

অঙ্কশাস্ত্র—গণিতশাস্ত্র (যথা—বীজগণিত, পাটীগণিত, জ্যামিতি প্রভৃতি)। মধ্যপ কর্মধা। বি; ক্লীব।

অঙ্কস্থ—ক্রোড়স্থ, অঙ্কগত, ক্রোড়ে স্থিতিকারী; ভাবার্থ—হস্তগত, আয়ত্ত; অঙ্কপ্রিয়। অঙ্কে থাকে যে, উপতৎ। অঙ্ক—স্থা+ড কর্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা।

অঙ্কস্থিত—অঙ্কস্থ (সকল অর্থে)। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

অঙ্কহরণ—রাশিসমূহের ভাগক্রিয়া, ভাগহার। ৬ষ্ঠীতৎ বা ২য়াতৎ। বি; ক্লীব।

অঙ্কাগত—অঙ্কগত (সকল অর্থে)। অঙ্ককে আগত, ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অঙ্কিত—লক্ষিত; চিহ্নিত; চিত্রিত; গণিত; গোনিত; বর্ণিত। অন্‌ক (লক্ষ করা)+ক্ত কর্মবা। বিণ।

অঙ্কী (অঙ্কিন্)—১। কলঙ্কিত; চিহ্নবিশিষ্ট; কলঙ্কযুক্ত, কলঙ্কী (চন্দ্র)। বিণ; পুং। স্ত্রী, —ঙ্কিনী। ২। পাশক; অঙ্কে স্থাপনপূর্বক বাদনীয় মৃদঙ্গাদি বাদ্যযন্ত্র। অঙ্ক শব্দ+ইন। বি; পুং।

অঙ্কুর, অঙ্কূর—অচিরজাত উদ্ভিদ, আঁকুর; মুকুল; নবোৎপন্ন বস্তু; অপত্য, আদ, আদি, আরম্ভ; অগ্রভাগ; লোম; জল; রক্ত। অন্‌ক (লক্ষ করা)+উর বা ঊর কর্তৃবা। বি; পুং।

অঙ্কুরক—পক্ষীর কুলায়, নীড়। অন্‌ক+উরন্ অধিবা+কণ্ স্বার্থে। বি; পুং।

অঙ্কুরিত—জাতাঙ্কুর, যা হা র অ ঙ্কু র জন্মিয়াছে এরূপ; মুকুলিত; রোমাঞ্চিত; আবির্ভূত, সদ্য উন্মেষিত। অঙ্কুর শব্দ+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

অঙ্কুরোদয়, অঙ্কুরোদ্গম—মুকুলোৎপত্তি, আঁকরের উদ্ভব। অঙ্কুরের উদয়, উদ্গম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অঙ্কুশ, অঙ্কুষ—লৌ হ নি র্মি ত সূ ক্ষ্মা গ্র হস্তিতাড়নদণ্ড, ডাঙ্গশ; হুক। অন্‌ক (গমন করা)+উশ বা উষ করণবা। বি; পুং বা ক্লীব।

অঙ্কুশগ্রহ—হস্তিচালক, হাতীর মাহুত। উপতৎ। অঙ্কুশ—গ্রহ+অন্ কর্তৃবা। বি; পুং।

অঙ্কুশ-দুর্ধর—অঙ্কুশ প্রহারেও যাহাকে বশীভূত করিতে পারা যায় না, দুষ্ট হস্তী। ৩য়াতৎ। বি; পুং।

অঙ্কুশমুদ্রা—অঙ্কুশাকৃতি মুদ্রাবিশেষ (মুষ্টিবদ্ধ দক্ষিণহস্তের মধ্যমাঙ্গুলি বিস্তৃত ও তর্জনীর মধ্যপর্ব্ব সংযুক্ত করিয়া ঈষৎ কুঞ্চিত করিলে অঙ্কুশমুদ্রা হয়)। মধ্যপ কর্মধা। বি; স্ত্রী।

অঙ্কোট, অঙ্কোঠ, অঙ্কোল—আঁকোড় গাছ, বাঘআঁচড়া গাছ, পীতসার। অন্‌ক+ওট, ওঠ, ওল কর্মবা। বি; পুং।

অঙ্ক্য—বাদ্যযন্ত্রবিশেষ, মৃদঙ্গ, ঢোল। অঙ্ক শব্দ (ক্রোড়)+যৎ। বি; পুং।

অঙ্গ—১। অবয়ব; শরীর; অংশ; মন; উপায়; উপকরণ; দেহের ঊর্দ্ধভাগ; স্ত্রীলোকের বক্ষঃস্থল, স্তন; বেদাঙ্গ; বৌদ্ধধর্ম্মশাস্ত্রবিশেষ; (ব্যাকরণে) প্রত্যয় পরে থাকিলে তৎপূর্ববর্তী প্রকৃতি; (জ্যোতিষে) লগ্ন। বি; ক্লীব। ২। গৌণ, অপ্রধান; অধীন। বিণ।

অঙ্গক—দেহ, শরীর, গাত্র, অবয়ব। অঙ্গ+কণ্ স্বার্থে। বি; পুং।

অঙ্গকর্ম্ম (র্ম), অঙ্গক্রিয়া—১। অঙ্গলেপন মর্দ্দনাদি দৈহিক পরিচর্যা, দেহসংস্কার কার্য; দেববিগ্রহাদির পরিমার্জন। ৬ষ্ঠীতৎ। ২। প্রধান যজ্ঞের অঙ্গীভূত গৌণকর্ম; কার্যের উদ্যোগ-আয়োজনাদি। কর্মধা। বি; ক্লীব, স্ত্রী।

অঙ্গগ্রহ—অঙ্গবিশেষের আক্ষেপ, শরীরের কোন অংশের আকস্মিক কুঞ্চন, খেঁচুনি; গাত্রব্যথা, দেহ-বেদনা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অঙ্গগ্লানি—শরীরের ক্লান্তি বা অবসন্নতা, অবসাদ; দেহের কষ্ট; দেহের মল প্রভৃতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অঙ্গচালন, –চালনা—অবয়বের চালনা, হস্তপদাদির সঞ্চালন, ব্যায়াম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব ও স্ত্রী।

অঙ্গচ্ছেদ, অঙ্গচ্ছেদন—হস্তপদাদি অবয়বের কর্ত্তন; অঙ্গহানিকরণ; কোন অংশবাদ দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

অঙ্গজ—১। শরীরোৎপন্ন; শারীরিক, দেহলিপ্ত। বিণ। উপতৎ। অঙ্গ শব্দ—জন্ (জন্মা)+ড কর্ত্তৃবা। ২। রক্ত। বি; ক্লীব। ৩। পুত্র; কেশ; রোগ; কাম। বি; পুং। স্ত্রী, –জা।

অঙ্গজা—১। অঙ্গজ (তাহা দ্রঃ)। বিণ; স্ত্রী। ২। পুত্রী, তনয়া, কন্যা, দুহিতা। বি; স্ত্রী।

অঙ্গণ—অঙ্গন, চত্বর, উঠান, আঙ্গন বা আঙ্গিনা। অন্গ (গমন করা)+অনট্ অধিবা। বি; ক্লীব।

অঙ্গত্র, অঙ্গত্রাণ—অঙ্গরক্ষক; কবচ, বর্ম্ম, সাঁজোয়া। উপতৎ। অঙ্গ শব্দ—ত্রৈ (ত্রাণ করা)+ড কর্ত্তৃবা; অঙ্গের ত্রাণ হয় যদ্দ্বারা, বহুব্রী। বি; ক্লীব।

অঙ্গদ—১। বাহুভূষণ, বাজু অনন্ত ইত্যাদি। অঙ্গ শব্দ—দে, দো কিংবা দৈ+ক কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। বালিরাজপুত্র। বি; পুং।

অঙ্গন—১। গমন। অন্গ (গমন করা) +অনট্ ভাববা। ২। চত্বর, উঠান, আঙ্গন বা আঙ্গিনা। অন্গ্+অনট্ অধিবা। ৩। যাহার মধ্য দিয়া বৈদ্যুতিক শক্তি চালিত হয় (Dielectric). বি; ক্লীব।

অঙ্গনা—অঙ্গসৌষ্ঠবশালিনী রমণী; ভার্য্যা; নারী; উত্তরদিগ্হস্তিনী। কন্যারাশি। অঙ্গ (দেহ)+ন প্রশস্তার্থে, অস্ত্যর্থে+স্ত্রীলিঙ্গে আপ্। বি; স্ত্রী।

অঙ্গনাজন—নারীজন, স্ত্রীলোক। অঙ্গনাই জন, কর্ম্মধা। বি; পুং।

অঙ্গনাপ্রিয়—১। স্ত্রীলোকের প্রীতিকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—য়া। ২। অশোক-ফুলের গাছ; দক্ষিণদিগ্হস্তিবিশেষ। বি; পুং।

অঙ্গনিগ্রহ—উপবাস তপশ্চর্য্যাদি দ্বারা শরীরকে ক্লেশপ্রদান (Mortification). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অঙ্গন্যাস—যথাবিহিত মন্ত্রোচ্চারণপূর্ব্বক হৃদয়, মস্তক, শিখা, নেত্র, বাহু ও করতলের স্পর্শন। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পুং।

অঙ্গপালি—আলিঙ্গন। ৩য়াতৎ বা ৭মীতৎ।

অঙ্গপালিত—১। কৃতালিঙ্গন। অঙ্গপালি +ইত জাতার্থে। ২। অঙ্গে ধৃত। অঙ্গে পালিত, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

অঙ্গপ্রত্যঙ্গ—সকল অবয়ব (হস্ত, পদ, নাসিকা, কর্ণ ইত্যাদি)। দ্বন্দ্ব। বি; ক্লীব।

অঙ্গপ্রসাধন—অঙ্গসজ্জা, অঙ্গরাগ, দেহের সাজসজ্জা বা তাহার উপকরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অঙ্গপ্রায়শ্চিত্ত—অশৌচকালজাত অঙ্গা-শুদ্ধির শোধনার্থ প্রায়শ্চিত্তবিশেষ। অঙ্গ-শোধক প্রায়শ্চিত্ত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অঙ্গবিকার, অঙ্গবিকৃতি—১। অপস্মার রোগ, মৃগী রোগ। অঙ্গের বিকার, বিকৃতি হয় যাহা হইতে, বহুব্রী। ২। শরীরের বিকৃতি, অবয়ববৈকল্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।

অঙ্গবিক্ষেপ অঙ্গভঙ্গী, নৃত্যাদিকালীন অঙ্গ-চালন; হাত-পা ছোড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অঙ্গবিহীন- বিকলাঙ্গ, অঙ্গহীন; অসম্পূর্ণ; ত্রুটিযুক্ত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

অঙ্গবৈগুণ্য প্রধান কর্ম্মের অঙ্গীভূত অনুষ্ঠানাদির অন্যথাকরণ বা ত্রুটি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অঙ্গভঙ্গ, –ভঙ্গি, –ভঙ্গী অঙ্গমোটন, শরীরের বিকৃতিসাধন; অঙ্গচালনা দ্বারা মনোভাবের প্রকাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।

অঙ্গভঙ্গিমা (–মন্) অঙ্গভঙ্গী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অঙ্গমর্দ্দ (র্দ), অঙ্গমর্দ্দ(র্দ)ক- গাত্র-সংবাহক সেবক, গা-টেপা চাকর। অঙ্গ শব্দ —মৃদ্+অন্, ণক কর্ত্তৃবা। বিণ।

অঙ্গমর্দ্দ(র্দ)ন—গাত্রসংবাহন, গা-টেপা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অঙ্গরক্ষণী, অঙ্গরক্ষিণী—আঙরাখা, কোট্ পিরান ইত্যাদি ; কবচ, বর্ম্ম, সাঁজোয়া। অঙ্গ শব্দ—রক্ষ্ (রক্ষা করা)+অনট্, করণবা, ণিন্ কর্ত্তৃবা+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি ; স্ত্রী।

অঙ্গরক্ষা—১। অঙ্গরক্ষণী, বর্ম্ম। অঙ্গ—রক্ষ্+অচ্ কর্ত্তৃবা+আপ্। ২। দেহরক্ষণ, শরীর বাঁচান। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অঙ্গরাখা—আঙরাখা, অঙ্গরক্ষণী। 'অঙ্গরক্ষ' শব্দজ। বি।

অঙ্গরাগ—১। কুঙ্কুমচন্দনাদি দ্বারা গাত্রবিলেপন, প্রসাধন। ৬ষ্ঠীতৎ। ২। লেপনদ্রব্য। অঙ্গ—রন্জ (রং করা)+ঘঞ্ করণবা। বি ; পুং।

অঙ্গরাজ—অঙ্গদেশের অধিপতি, কর্ণ। অঙ্গের রাজা, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অঙ্গরুহ—লোম, কেশ ; পশম। উপতৎ। অঙ্গ শব্দ—রুহ (জন্মা)+ক কর্ত্তৃবা। বি ; পুং।

অঙ্গলেপ—শরীরে লেপনের উপযুক্ত বস্তু, কুঙ্কুমচন্দনাদি। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অঙ্গসংবাহন—অঙ্গপ্রত্যঙ্গের দলাইমলাই করা (Massage). ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অঙ্গসংস্কার—কুঙ্কুমচন্দনাদি দ্বারা অঙ্গের শোভাসম্পাদন ; শরীরমার্জ্জন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অঙ্গসংস্থান—জীবদেহবিজ্ঞান (Morphology). বহুব্রী। বি ; ক্লীব।

অঙ্গসঙ্গ—দৈহিক সংসর্গ, শারীরিক মিলন বা সংস্পর্শ ; স্ত্রীসঙ্গম, মৈথুন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অঙ্গসঞ্চালন—অঙ্গচালনা, হস্তপদাদি অবয়বের চালনা, ব্যায়াম। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অঙ্গসেবা—কুঙ্কুমচন্দনাদি দ্বারা দেহের শোভাসম্পাদন ; শরীরের পারিপাট্যবিধান। ৬ষ্ঠীতৎ। বি ;-স্ত্রী।

অঙ্গসৌষ্ঠব—দেহের সৌন্দর্য্য ; অঙ্গের সংগঠনে ত্রুটিহীনতা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অঙ্গহানি—অঙ্গের ত্রুটি, কোন একটী অঙ্গ না থাকা ; কার্য্যের অংশবিশেষের অননুষ্ঠান। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অঙ্গহীন—অবয়বহীন, এক বা একাধিক অঙ্গ নাই এরূপ ; হস্তপদাদি অঙ্গপ্রত্যঙ্গের যথোচিত পরিমাণহীন, বিকৃতাঙ্গ ; অসম্পূর্ণ ; ত্রুটিযুক্ত ; দ্রব্যকালাদি উপকরণশূন্য। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

অঙ্গাঙ্গি—১। উভয় পক্ষে অঙ্গ দ্বারা যে যুদ্ধ করা হয় (যথা,—হাতাহাতি, চুলোচুলি) ; ঘনিষ্ঠতা ; ঠেসাঠেসি। অঙ্গে অঙ্গে প্রবৃত্ত যে যুদ্ধ, ব্যতীহার বহুব্রী। বি ; ক্লীব। ২। স্ব স্ব পক্ষের লোকের প্রতি পক্ষপাত বা টান। দেশজ। বি।

অঙ্গাঙ্গিভাব—গৌণ-মুখ্যভাব ; আত্মীয়তা ; অবিচ্ছেদ্য সম্বন্ধ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অঙ্গাবরণ—দেহাচ্ছাদন বস্ত্র ; দেহ ঢাকিয়া রাখা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অঙ্গার—১। কালি ; কলঙ্ক ; আঙ্রা, কয়লা। বি ; পুং বা ক্লীব। ২। মঙ্গলগ্রহ। বি ; পুং। ৩। রক্তবর্ণ। অন্গ (পাওয়া)+আরন্ কতৃবা। বিণ। স্ত্রী,—রা।

অঙ্গারক ১। আঙ্রা, কয়লা ; বিশুদ্ধ অঙ্গার (Carbon). অঙ্গার শব্দ+কণ্ স্বার্থে। বি ; পুং বা ক্লীব। ২। মঙ্গলগ্রহ ; অগ্নিস্ফুলিঙ্গ। অঙ্গার শব্দ+কণ্ স্বার্থে (কয়লা) ; তুল্যার্থে (মঙ্গলগ্রহ) ; অল্পার্থে (অগ্নিস্ফুলিঙ্গ)। বি ; পুং।

অঙ্গারকমণি—প্রবাল, পলা। কর্ম্মধা। বি ; পুং।

অঙ্গারকৃষ্ণ—কয়লার মত কাল। অঙ্গার সদৃশ কৃষ্ণ, উপমান কর্ম্মধা। বিণ। স্ত্রী,—ষ্ণা।

অঙ্গারধানিকা—অঙ্গারধানী (তাহা দ্রঃ)। অঙ্গারধানী+কণ্+আপ। বি ; স্ত্রী।

অঙ্গারধানী—অগ্নিপাত্র, আগুনের মালসা ; ধুনুচী। অঙ্গার শব্দ—ধা (ধারণ করা)+অন অধিবা+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি ; স্ত্রী।

অঙ্গারপরিপাচিত—১। কয়লার আগুনের উপর সিদ্ধ বা ঝলসান মাংস, শূল্যমাংস, শিক-কাবাব। ৭মীতৎ। বি ; ক্লীব। ২। আগুনে সিদ্ধ বা ঝলসান। ৩য়াতৎ। বিণ ; পুং বা ক্লীব।

অঙ্গারপর্ণী—ব্রাহ্মণ-যষ্টিকা, বামনহাটির গাছ। বহুব্রী। বি; স্ত্রী।

অঙ্গারপুষ্প—ইঙ্গুদী বৃক্ষ; জিয়াপুতা। অঙ্গারের ন্যায় পুষ্প যাহার, বহুব্রী। বি; পুং।

অঙ্গারবল্লী—অঙ্গারপর্ণী (তাহা দ্রঃ)।

অঙ্গার-বল্লরী, -বল্লী—গুঞ্জা, কুঁচগাছ, নাটা করঞ্জ; ভার্গী; বামনহাটির গাছ। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

অঙ্গারমঞ্জী—ডহর করঞ্জ, ডাল করমচা।

অঙ্গারমলিন—অঙ্গারের ন্যায় কৃষ্ণবর্ণ। মধ্যপ কর্ম্মধা। বিণ। স্ত্রী,—না।

অঙ্গারশকটী—অগ্নিপাত্র, আগুনের খাপরা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অঙ্গারাম্ল—অঙ্গার ও অম্লজান বাষ্পের রাসায়নিক সংযোগে উৎপন্ন অম্লদ্রব্যবিশেষ (Carbonic acid). অঙ্গারমিশ্রিত অম্ল, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অঙ্গারি—অঙ্গারধানী, অগ্নিপাত্র। অঙ্গার +ইক আছে অর্থে (নিপাতনে ক-লোপ)। বি; স্ত্রী।

অঙ্গারিকা—অগ্নিপাত্র; ইক্ষুকাণ্ড; পলাশ-কলিকা। অঙ্গার শব্দ+ইক বিদ্যমানার্থে +আপ্। বি; স্ত্রী।

অঙ্গারিণী—অগ্নিপাত্র; সূর্য্যত্যক্ত দিক্। অঙ্গার+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বি; স্ত্রী।

অঙ্গারিত—দগ্ধপ্রায়। অঙ্গার+ইত। বিণ। স্ত্রী,—তা।

অঙ্গিরাঃ (অঙ্গিরস্)—সপ্তর্ষির মধ্যে একজন। অঙ্গ (জ্ঞান)+ইরস্ অস্ত্যর্থে; অথবা অন্‌গ (গমন করা)+ইরস্ নামার্থে। বি; পুং।

অঙ্গী (অঙ্গিন্)—দেহী; প্রধান; মুখ্য। অঙ্গ শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী, অঙ্গিনী।

অঙ্গীকরণ—স্বীকারকরণ; প্রতিশ্রবণ। অঙ্গ+চ্বি অভূততদ্ভাবার্থে (=অঙ্গী)—কৃ (করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

অঙ্গীকরণীয়—স্বীকরণীয়, স্বীকারযোগ্য। অঙ্গী (অঙ্গ+চ্বি অভূততদ্ভাবে)—কৃ (করা)+ অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অঙ্গীকার—পূর্ব্বে যাহা ছিল না তাহা স্বীয় অঙ্গকরণ; স্বীকার; প্রতিজ্ঞা, প্রতিশ্রুতি। অঙ্গ+চ্বি অভূততদ্ভাবার্থে (=অঙ্গী)—কৃ (করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

অঙ্গীকৃত—স্বীকৃত; প্রতিশ্রুত। অঙ্গ (স্ব) +চ্বি অভূততদ্ভাবার্থে (=অঙ্গী)—কৃ (করা) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অঙ্গীকৃতি—প্রতিশ্রুতি; স্বীকৃতি। অঙ্গী (অঙ্গ +চ্বি)—কৃ (করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অঙ্গীভূত—অঙ্গত্বপ্রাপ্ত, পূর্ব্বে যাহা অঙ্গ ছিল না এক্ষণে অঙ্গ হইয়াছে এরূপ। অঙ্গ+চ্বি (=অঙ্গী)—ভূ+ক্ত কর্ত্তৃবা। বিণ।

অঙ্গু—হস্ত; অঙ্গ। প্রাঃ কবিপ্র। বি; পুং।

অঙ্গুরি, অঙ্গুরী—অঙ্গুলি; পদবৃদ্ধাঙ্গুলি, অঙ্গুলিভূষণ, আঙটি। অন্‌গ (গমন করা বা পাওয়া)+উরি বা উরী কর্ম্মবা। বি; স্ত্রী।

অঙ্গুরীয়, অঙ্গুরীয়ক—১। অঙ্গুলিভূষণ, আঙটি; শনিগ্রহের বেষ্টনী অর্থাৎ বেড় (Ring of the planet Saturn). অঙ্গুরীয়=অঙ্গুরী শব্দ+ঈয় ইদমর্থে, অঙ্গুরীয়ক=অঙ্গুরীয় শব্দ+কণ্ স্বার্থে। বি, পুং বা ক্লীব।

অঙ্গুল—১। করশাখা, আঙুল; অঙ্গুষ্ঠ, বাৎস্যায়ন মুনি। অন্‌গ (গমন করা)+উল কর্ত্তৃবা। বি; পুং। ২। অষ্টযবোদর পরিমাণ, আটটী যব সারি সারি রাখিলে যে পরিমাণ স্থান অধিকার করে তাহা। বি; ক্লীব।

অঙ্গুলাকার—হাতের আঙুলের মত বিভক্ত। আঙুলের আকারের ন্যায় আকার যাহার, বহুব্রী। বিণ।

অঙ্গুলাঙ্কনিবোধক—যে আঙুলের ছাপ দেখিয়া বুঝিতে পারে (Finger-print expert). বি; পুং

অঙ্গুলি, অঙ্গুলী—করপদশাখা, আঙুল; [অঙ্গুষ্ঠ, তর্জ্জনী, মধ্যমা, অনামিকা এবং

কনিষ্ঠা এই পাঁচটী হস্তাঙ্গুলি]; গজকর্ণিকা (হাতিশুঁড়োর গাছ); করি-শুণ্ডের অগ্রভাগ। অন্‌গ+উলি, উলী কর্ম্মবা। বি; স্ত্রী।

অঙ্গুলিগ্রন্থি—অঙ্গুলিসন্ধি, আঙ্গুলের গাঁইট। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অঙ্গুলি-চালন—মনোভাব প্রকাশার্থ অঙ্গুলিকম্পন; আঙ্গুল ঢুকান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অঙ্গুলিতোরণ—ললাটে অর্দ্ধচন্দ্রাকৃতি তিলক। অঙ্গুলিকৃত তোরণ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অঙ্গুলিত্র, অঙ্গুলিত্রাণ—অঙ্গুলিবন্ধ চর্ম্ম (জ্যাকর্ষণ নিমিত্ত ধানুষ্কেরা ইহা অঙ্গুলিতে ধারণ করেন); অঙ্গুস্তানা; দস্তানা। অঙ্গুলি—ত্রৈ+ড, কর্ত্তৃবা। অঙ্গুলির ত্রাণ যদ্দারা, বহুব্রী। বি; ক্লীব।

অঙ্গুলিধ্বনি—আঙ্গুলের শব্দ, তুড়ি, চুটকি; আঙ্গুল মটকান শব্দ। অঙ্গুলিদ্বারা কৃত ধ্বনি, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অঙ্গুলিনলক—আঙ্গুলের ছোট ছোট হাড় (Phalanges). বি।

অঙ্গুলিনির্দ্দেশ—অঙ্গুলি দ্বারা ভাব-প্রকাশ, আঙ্গুল দিয়া দেখাইয়া দেওয়া। ৩য়াতৎ। বি; পুং।

অঙ্গুলিপঞ্চক, অঙ্গুলীপঞ্চক—পঞ্চাঙ্গুলের সমষ্টি, একসঙ্গে পাঁচ আঙ্গুল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অঙ্গুলিপর্ব্ব(র্ব) (-পর্ব্বন্)—অঙ্গুলি-গ্রন্থি; আঙ্গুলের পাব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অঙ্গুলিমুখ—আঙ্গুলের ডগা, অঙ্গুল্যগ্র।

অঙ্গুলিমুদ্রা—১। দেবারাধনাকালে কর্ত্তব্য অঙ্গুলির এক এক প্রকার ভঙ্গি। অঙ্গুলিকৃতা মুদ্রা, মধ্যপ কর্ম্মধা। ২। নামাঙ্কিত অঙ্গুরীয়ক। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অঙ্গুলিমূল—আঙ্গুলের গোড়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অঙ্গুলিমোটন—আঙ্গুল মটকান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অঙ্গুলিসঙ্কেত (-সংকেত)—অঙ্গুলি দ্বারা ইসারা। ৩য়াতৎ। বি; পুং।

অঙ্গুলিসন্দেশ—অঙ্গুলি দ্বারা ইসারা; অঙ্গুলিমোটন, আঙ্গুল মটকান। ৩য়াতৎ। বি; পুং। [বি; পুং।

অঙ্গুলিসন্ধি—আঙ্গুলের গাঁট। ৬ষ্ঠীতৎ।

অঙ্গুলিস্পর্শ—আঙ্গুল দিয়া ছোঁওয়া। ৩য়াতৎ। বি; পুং।

অঙ্গুলিহেলন—অঙ্গুলিনির্দ্দেশ, আঙ্গুলের ঠার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অঙ্গুলীয়ক—অঙ্গুলিভূষণ, আঙটী। অঙ্গুলি+ঈয় ইদমর্থে+কণ্ স্বার্থে। বি; ক্লীব।

অঙ্গুল্যগ্র—আঙ্গুলের ডগা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অঙ্গুষ্ঠ—হস্তের বৃদ্ধাঙ্গুল। উপতৎ। অঙ্গু (হস্ত)—স্থা (থাকা)+ড কর্ত্তৃবা। বি; পুং।

অঙ্গুষ্ঠপ্রদর্শন—বৃদ্ধাঙ্গুলি দেখান; প্রতারণা; ফাঁকি দিয়া সরিয়া পড়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অঙ্গুষ্ঠানা, অঙ্গুস্তানা—অঙ্গুলিত্র; সেলাই করিবার সময়ে ধারণীয় অঙ্গুলি-রক্ষার্থ ধাতুময় আবরণ, আঙ্গুলের ঠুঁসি বা ঠুলি। ফার্সী। বি।

অঙ্ঘ্রি—১। চরণ, পা; বৃক্ষমূল। অনঘ (যাওয়া)+রি করণবা। ২। শ্লোকের চরণ। অনঘ+রি অধিবা। বি; পুং।

অঙ্ঘ্রিপ—পাদপ, বৃক্ষ। অঙ্ঘ্রি দ্বারা পান করে যে, উপ। অঙ্ঘ্রি—পা+ডক। বি; পুং।

অচকিত—অচমকিত, চমকায় নাই এরূপ; অবিচলিত; অনাতঙ্কিত, অত্রাসিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অচক্র—চক্ররহিত, চাকাশূন্য। ন (নাই) চক্র যাহার, বহুব্রী। বিণ।

অচক্রী (অচক্রিন্)—চক্রী নহে এরূপ; অখল; অকপট; সরল। নঞ্‌তৎ। বিণ; পুং। স্ত্রী,—ক্রিণী।

অচক্ষুঃ (অচক্ষুস্), অচক্ষু—১। কুৎসিত চক্ষু। ন (কুৎসিত) চক্ষুঃ, নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। নেত্রহীন, যাহার দর্শনশক্তি নাই, অন্ধ। ন (নাই) চক্ষুঃ যাহার, বহুব্রী। বিণ।

অচঞ্চল—অচপল; স্থির। ন চঞ্চল, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—লা।

অচণ্ড—ধীর, শান্ত, মৃদু, নম্র। নঞ্‌তৎ। বিণ; পুং। স্ত্রী,—ণ্ডা,—ণ্ডী।

অচতুর—অপটু; সরল, ছলশূন্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রা।

অচন্দ্রিক—জ্যোৎস্নাহীন। ন (নাই) চন্দ্রিকা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

অচপল—অচঞ্চল, স্থির; স্থিরমতি। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—লা।

অচর—অচল, স্থাবর, যাহা একস্থানে স্থির হইয়া থাকে। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রা।

অচরিত—অপূর্ব্ব, অদ্ভুত। নঞ্‌তৎ। প্রাঃ কবিপ্র। বিণ। [নঞ্‌তৎ। বিণ।

অচরিষ্ণু—অচর, অচল, স্থাবর, স্থির।

অচর্ব্ব(র্ব)ণীয়, অচর্ব্ব(র্ব্য)—চর্ব্বণের অসাধ্য বা অযোগ্য। নঞ্‌তৎ। বিণ।

অচর্ব্বি(র্বি)ত—চিবান হয় নাই এরূপ, যাহা চিবান হয় নাই, দন্তদ্বারা অপিষ্ট। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অচল—১। গতিশক্তিহীন, পঙ্গু, যে চলিতে পারে না এরূপ; স্থির, দৃঢ়, অপ্রচলিত; অব্যবহার্য্য; যাহা দ্বারা কাজ চলে না এরূপ; দোষ বা ত্রুটিযুক্ত; নির্ব্বাহের উপায়হীন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—লা। ২। পর্ব্বত; প্রস্তর, পাষাণ; শঙ্কু, গোঁজ, খোঁটা; আত্মা; মহাদেব। বি; পুং। ৩। ব্রহ্ম। বি; ক্লীব।

অচলকন্যা, —নন্দিনী—পর্ব্বতকন্যা, পার্ব্বতী। ৬ষ্ঠিতৎ। বি; স্ত্রী।

অচলজা—অচলজাতা; পার্ব্বতী, দুর্গা। অচল—জন্+ড কর্ত্তৃবা+আপ্ স্ত্রী। বি; স্ত্রী।

অচলতড়িৎ—স্থিরবিদ্যুৎ (Statical electricity); (বিদ্যুতের ন্যায় স্থিরপ্রভাশালিনী) অতি রূপবতী নারী। অচলা তড়িৎ, কর্ম্মধা। বি; স্ত্রী।

অচলন—চলনের অভাব, না চলা; অপ্রচলন; অব্যবহার। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অচলপতি—হিমালয় পর্ব্বত। ৬ষ্ঠিতৎ। বি; পুং।

অচলা—১। অচঞ্চলা; স্থিরা; অটলা। নঞ্‌তৎ। বিণ; স্ত্রী। ২। (কোন কোন প্রাচীন পণ্ডিত পৃথিবীকে স্থিরা মনে করিতেন বলিয়া) পৃথিবী। বি; স্ত্রী।

অচলাধিপ, —ধিপতি—হিমালয় পর্ব্বত। ৬ষ্ঠিতৎ। বি; পুং।

অচলায়তন—অপরিবর্ত্তনীয় প্রতিষ্ঠান, যাহাকে সহজে নড়ান যায় না এমন প্রতিষ্ঠানাদি। অচল আয়তন (আবাস) যাহার, বহুব্রী। বি; ক্লীব।

অচলিত—অপ্রচলিত; অব্যবহৃত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অচলিষ্ণু—অচলনশীল, অচল; স্থির; স্থাবর। নঞ্‌তৎ। বিণ।

অচাঞ্চল্য, অচাপল্য—অচঞ্চলতা, অচপলত্ব, স্থিরতা; স্থিরমতিত্ব। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অচালনীয়, অচাল্য—যাহা চালনা করা যায় না বা করিতে নাই; স্থানান্তরিতকরণের অসাধ্য বা অযোগ্য। নঞ্‌তৎ। বিণ।

অচিকিৎসক—কু-বৈদ্য, আনাড়ী বৈদ্য। নঞ্‌তৎ। বিণ বা বি; পুং।

অচিকিৎসনীয়, অচিকিৎস্য—দুশ্চিকিৎস্য, চিকিৎসা দ্বারা যাহার প্রতিকার হওয়া অসাধ্য বা অসম্ভব এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া,—স্যা।

অচিকিৎসা—চিকিৎসাভাব; কুচিকিৎসা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অচিকিৎসিত—যাহার চিকিৎসা করা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অচিকিৎস্য—অচিকিৎসনীয় (তাহা দ্রঃ)।

অচিৎ—১। সংজ্ঞাহীন, অচেতন; অজ্ঞান,

মূর্খ। ন (নাই) চিৎ (চেতনা) যাহার, বহুব্রী। বিণ। ২। রামানুজসম্প্রদায়ী বৈষ্ণবগণের মতানুসারে পদার্থের প্রকারভেদবিশেষ। তাঁহাদের মতে পদার্থ তিন প্রকার—চিৎ, অচিৎ ও ঈশ্বর। তাঁহারা জীবাত্মাকে ভোক্তা ও নিত্য চেতনস্বরূপ বলিয়া চিৎ, এবং প্রত্যক্ষগোচর যাবতীয় পদার্থকে অচিৎ বলিয়া থাকেন। অচিৎও আবার তিন ভাগে বিভক্ত, যথা—অন্নজলাদি ভোজ্যবস্তু, ভোজনপাত্রাদি ভোগোপকরণ এবং শরীরাদি ভোগায়তন। বি; স্ত্রী।

অচিত্তচিত্ত—অজ্ঞানান্তঃকরণ, যাহার মনে জ্ঞান নাই এরূপ। ন (নাই) চিত্ত যাহাতে, বহুব্রী; অচিত্ত (অজ্ঞান) চিত্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা। ("যে জন অচিত্তচিত্ত সেই সদা দুখী"—ভারতচন্দ্র)।

অচিন—চিহ্নহীন, অপরিচিত, অজ্ঞাত, অজানা। দেশজ। 'অচিনা' শব্দের সংক্ষেপ। বিণ।

অচিনা, অচেনা- অপরিচিত, অজ্ঞাত, না-জানা। দেশজ। বিণ।

অচিন্ত চিন্তারহিত, ভাবনাশূন্য; বিবেচনা-বর্জ্জিত, অবিবেকী; অজ্ঞান; অচেতন; নির্জীব। ন (নাই) চিন্তা যাহার, বহুব্রী। বিণ।

অচিন্তনীয়—অচিন্ত্য, কল্পনাতীত, অভাবনীয়। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অচিন্তিত -অভাবিত, যাহা ঘটিবে বলিয়া মনে করা যায় নাই এরূপ। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তা।

অচিন্তিতপূর্ব্ব(র্ব)—যাহা পূর্ব্বে ভাবা যায় নাই, অভাবিত, অপ্রত্যাশিত। পূর্ব্বে চিন্তিত=চিন্তিতপূর্ব্ব, সুপ্সুপা; ন চিন্তিতপূর্ব্ব, নঞ্তৎ। বিণ। স্ত্রী,—র্ব্বা।

অচিন্ত্য—১। অচিন্তনীয়; চিন্তাতীত, অভাবনীয়। বিণ। স্ত্রী,—ন্ত্যা। ২। পরব্রহ্ম, ঈশ্বর। নঞ্তৎ। বি; পুং।

অচির—১। অল্পকালস্থায়ী; অদীর্ঘ, অল্প। বহুব্রী। বিণ। ২। অল্পকাল। নঞ্তৎ। বি; ক্লীব।

অচিরকারী(-কারিন), অচিরক্রিয়—অদীর্ঘসূত্র, ক্ষিপ্রকারী, যে খুব শীঘ্র শীঘ্র কার্য্য সম্পাদন করে, চটপটে। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—রিণী,—য়া।

অচিরকাল—অল্পকাল, কিছু সময়, শীঘ্র। কর্ম্মধা। বি; পুং।

অচিরগামী (—গামিন্)—শীঘ্রগামী, দ্রুতগমনশীল। অচিরে গমন করে যে, উপতৎ। অচির—গম্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—মিনী।

অচিরদ্যুতি, অচিরপ্রভা, অচিরাংশু—ক্ষণপ্রভা, বিদ্যুৎ। অচির (অল্পকালস্থায়ী) দ্যুতি, প্রভা, অংশু যাহার, বহুব্রী। বি; স্ত্রী।

অচিরস্থায়ী (—স্থায়িন্)—অল্পকালস্থায়ী, অস্থায়ী, ক্ষণিক। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—য়িনী।

অচিরাংশু—অচিরদ্যুতি (তাহা দ্রঃ)।

অচিরাৎ—অবিলম্বে, শীঘ্র। অব্য; ক্রি-বিণ।

অচিরাভা—১। ক্ষণপ্রভা, বিদ্যুৎ। অচিরা আভা যাহার, বহুব্রী। বি; স্ত্রী। ২। অল্পকাল-স্থায়িনী প্রভা। কর্ম্মধা। বি; স্ত্রী।

অচিরে অবিলম্বে, শীঘ্র। ন (নাই) চির (বিলম্ব) যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

অচিহ্ন—১। চিহ্নবিহীন, দাগশূন্য। ন (নাই) চিহ্ন যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—হ্না। ২। সামান্য ক্ষতচিহ্ন। নঞ্তৎ। বি: ক্লীব।

অচিহ্নিত—যাহাতে কোনরূপ চিহ্ন বা দাগ নাই; কোনও চিহ্ন দ্বারা পরিচিত নহে এরূপ। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তা।

অচিহ্নিতকর্ম্মচারী—যে সকল কর্ম্মচারীর সহিত রাজার কোনও নির্ব্বন্ধ নাই (Uncovenanted Servants). বি; পুং।

অচূর্ণনীয়, অচূর্ণ্য—চূর্ণ করিতে অশক্য, যাহা গুঁড়া করিতে পারা যায় না। নঞ্ তৎ। বিণ।

অচূর্ণিত—অপিষ্ট; অপীড়িত; অনভিভূত; সম্যক্ রক্ষিত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –তা।

অচেতন—যাহার চেতনা নাই এরূপ, নির্জ্জীব, জড়; জীবন আছে অথচ চেতনা নাই এরূপ, সংজ্ঞাহীন, অজ্ঞান। ন (নাই) চেতনা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –না।

অচেতাঃ (অচেতস্)—জ্ঞানহীন, তত্ত্বজ্ঞানরহিত; হৃদয়হীন, নিষ্ঠুর। ন (নাই) চেতঃ (জ্ঞান, অন্তঃকরণ) যাহার, বহুব্রী। বিণ।

অচেনা—অচিনা (তাহা দ্রঃ)।

অচেষ্ট—চেষ্টাহীন, নিশ্চেষ্ট, জড়, অলস। ন (নাই) চেষ্টা যাহার, বহুব্রী। বিণ।

অচেষ্টিত—চেষ্টাশূন্য; অলস; নিরীহ; অপ্রস্তুত। নঞ্ তৎ। বিণ।

অচৈতন্য—১। সংজ্ঞাহীনতা, অজ্ঞানতা; সংজ্ঞালোপ, মোহ। নঞ্ তৎ। বি; ক্লীব। ২। সংজ্ঞাহীন, মূর্চ্ছিত, অজ্ঞান। ন (নাই) চৈতন্য যাহার, বহুব্রী। বিণ।

অচ্ছ—নির্ম্মল, পরিষ্কৃত; প্রতিবিম্বজনক। ন—ছো+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –চ্ছা।

অচ্ছত্র—ছত্রহীন, ছাতাশূন্য; রাজশূন্য, অরাজক। ন (নাই) ছত্র যাহার, বহুব্রী। বিণ।

অচ্ছদ—আচ্ছাদনরহিত, অনাবৃত, আঢাকা; ছাদবিহীন; পত্রশূন্য। ন (নাই) ছদ যাহাতে বা যাহার, বহুব্রী। বিণ।

অচ্ছায়—ছায়াবিহীন। ন (নাই) ছায়া যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ।

অচ্ছায়া—হীন ছায়া, আবছায়া। নঞ্ তৎ। বি; স্ত্রী।

অচ্ছিদ্র—ছিদ্রহীন, যাহাতে ছিদ্র নাই এরূপ; নির্দ্দোষ, ত্রুটিশূন্য; অঙ্গহানিশূন্য, সম্পূর্ণ। ন (নাই) ছিদ্র যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী, –দ্রা।

অচ্ছিদ্রাবধারণ—কর্ম্মশেষে তাহার অঙ্গহানির আশঙ্কা নিবারণার্থ বিষ্ণুস্মরণ; "আজ অমুক মাসে, অমুক তিথিতে মৎকৃত এই কর্ম্ম অচ্ছিদ্র হউক" এইরূপ বাক্য কথন। অচ্ছিদ্রের অবধারণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অচ্ছিন্ন—অখণ্ডিত, অবিভক্ত; ছেঁড়া নয় এরূপ; ছেদশূন্য। ন (অ) ছিন্ন, নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –ন্না।

অচ্ছুৎ, অচ্ছুৎ—অস্পৃশ্য, অন্ত্যজ (জাতি)। দেশজ। বিণ।

অচ্ছেদ—১। বিরামহীন; খণ্ডহীন; পরিচ্ছেদশূন্য। ন (নাই) ছেদ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। ২। ছেদাভাব; বিরামাভাব; পরিচ্ছেদহীনতা; খণ্ডহীনতা; নঞ্ তৎ। বি; পুং। [বিণ।

অচ্ছেদিত—অচ্ছিন্ন (তাহা দ্রঃ)। নঞ্ তৎ।

অচ্ছেদ্য—ছেদনের অসাধ্য, ছেদন করিতে পারা যায় না এরূপ; যাহা ছেদন করা উচিত নয় এরূপ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –দ্যা।

অচ্ছোদ—১। স্বচ্ছ সলিল, নির্ম্মল জল; অচ্ছ যে উদ (জল), কর্ম্মধা। ২। হিমালয় প্রদেশস্থ অচ্ছোদ-নামক সরোবর। [ইহার জল অতি নির্ম্মল বলিয়া ইহার এইরূপ নাম করণ হইয়াছে। ইহারই তীরে কাদম্বরী বর্ণিত মহাশ্বেতার আশ্রম ছিল]। অচ্ছ হইয়াছে উদ যাহার বা যাহাতে, বহুব্রী। বি; ক্লীব। ৩। স্বচ্ছসলিল, নির্ম্মল জলবিশিষ্ট (জলাশয়)। অচ্ছ (নির্ম্মল) উদ (জল) যাহার, বহুব্রী। বিণ।

অচ্যুত—১। অচঞ্চল, স্থির; বিনাশশূন্য, অবিনশ্বর। ন (নাই) চ্যুত (ভ্রংশ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –তা। ২। বিষ্ণু, কৃষ্ণ। ন (অ) চ্যুৎ (ক্ষরণ)+ক কর্ত্তৃবা, যিনি ক্ষরিত হন না, অথবা ন (অ)—চ্যু (গমন বা পতন)+ক্ত কর্ত্তৃবা। বি; পুং। ৩। অদ্বৈত প্রভুর কৃষ্ণভক্ত ও সদাচারী কনিষ্ঠ পুত্র। বি; পুং।

অচ্যুতাগ্রজ—কৃষ্ণের জ্যেষ্ঠ ভ্রাতা,

বলদেব ; ইন্দ্র। অচ্যুতের অগ্রজ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অচ্যুতাবাস—বৈকুণ্ঠ ; দ্বারকা ; অশ্বত্থবৃক্ষ। অচ্যুতের (বিষ্ণুর) আবাস, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অছা—থাকা। প্রাচীন বাংলা। ক্রি। [**অছ**-আছ ; আছে। **অছইতে**—থাকিতে। **অছল**, **অছলো**, **অছলোঁ**—ছিল। **অছলিহ**, **অছলোঁ**—ছিলাম। **অছয়**—আছে]।

অছি—১। তত্ত্বাবধায়ক, অভিভাবক, একজিকিউটার (Executor, Trustee)। আরবী 'বসী' শব্দজ। বি। ২। আছি। প্রাঃ কবিপ্র। ক্রি।

অছিয়ৎনামা—ইচ্ছাপত্র, উইল। আরবী 'বসিয়ৎ'+ফার্সী 'নামা'। বি।

অছিলা—ছল, বাপদেশ, ওজর, বাহানা, ছুতা। ফার্সী 'বসিলা' শব্দজ। বি।

অছু—১। ইহার, উহার, সম্ব। ২। এইরূপ। অব্য। প্রাঃ কবিপ্র।

অজ—১। জন্মরহিত। বিণ। স্ত্রী.—জা। ২। ঈশ্বর ; ব্রহ্মা ; বিষ্ণু ; শিব ; জীবাত্মা। জন্মে না যে, উপতৎ। ন (অ)—জন্ (জন্মা)+ড কর্তৃবা। বি ; পুং। ৩। ছাগ, ছাগল ; মেষ [কথিত আছে যে, দক্ষযজ্ঞ ভঙ্গকালে অজ অর্থাৎ ব্রহ্মা মেষের রূপ ধারণ করিয়া পলায়ন করিয়াছিলেন] ; মেষরাশি। অজ্ (গমন করা)+অন্ কর্তৃবা, যে ঘাস খাইতে গমন করে। ৪। কন্দর্প ; চন্দ্র। অ (বিষ্ণু)—জন্+ড কর্তৃবা। [বিষ্ণুর (কৃষ্ণের) ঔরসে কন্দর্পের এবং বিষ্ণুর মন হইতে চন্দ্রের উদ্ভব হওয়াতে এই দুইজনের নাম অজ হইয়াছে]। ৫। রামচন্দ্রের পিতামহ ও দশরথের পিতা। বি ; পুং। ৬। আদৎ, খাঁটি ; ঠিক, আসল। দেশজ। বিণ। **অজ মুর্খ**—নিরেট বোকা। **অজ পাড়াগাঁ**—নেহাৎ বা বেহদ্দ পাড়াগাঁ। **অজ জমা**—আসল জমা।

অজকর্ণ—১। ছাগলের কাণ। ৬ষ্ঠীতৎ। ২। শালবৃক্ষ ; পিয়াশাল গাছ। অজকর্ণ (অর্থাৎ অজকর্ণাকার পত্র) আছে ইহার এই অর্থে অজকর্ণ শব্দ+অচ্। বি ; পুং।

অজকব, অজকাব—১। মহাদেবের ধনু। অজ (বিষ্ণু) ক (ব্রহ্মা) যাহাতে বিদ্যমান সে অজক ; অজক+ব অস্ত্যর্থে। ২। বাবুই গাছ। অজক (ছাগ)—বা (সন্তুষ্ট করা)+অ কর্তৃবা। বি ; পুং বা ক্লীব।

অজগ—১। বিষ্ণু। অজ (ব্রহ্মা)—গৈ (গান করা)+ক কর্তৃবা। বি ; পুং। ২। অগ্নি। বি ; পুং। ৩। মহাদেবের পিনাক, সুপ্রসিদ্ধ শিবধনুঃ। অজ—গম্ (যাওয়া)+ড কর্তৃবা। বি ; ক্লীব।

অজগন্ধা—বনযোয়ান গাছ ; বাবুই তুলসী। অজের গন্ধের ন্যায় গন্ধ যাহার, বহুব্রী+আপ্। বি ; স্ত্রী।

অজগন্ধিকা—বাবুই তুলসী। অজগন্ধা+ক স্বার্থে+আপ্। বি ; স্ত্রী।

অজগব, অজগাব শিবের ধনুক, এই ধনুক দ্বারা শিব ত্রিপুরাসুরকে বধ করিয়াছিলেন। অজ (বিষ্ণু) গো (বাহন) যাহার সে অজগু (মহাদেব), বহুব্রী। বিষ্ণু কোন সময়ে মহাদেবের বাহন হইয়াছিলেন, অথবা বিষ্ণুরূপী বৃষ শিববাহন ; অজগু+অণ ইদমর্থে। বি ; ক্লীব।

অজগর—ছাগভক্ষক একজাতীয় বৃহৎ সর্প, ইহারা এত বড় হয় যে, আস্ত আস্ত ছাগল গিলিয়া ফেলে ; পাহাড়ে বোড়া সাপ। উপতৎ। অজ—গৃ+অন্ কর্তৃবা। বি ; পুং।

অজগরব্রত—নড়িতে চড়িতে অনিচ্ছু, অক্রিপ্রকল্প, আলস্যপরায়ণ, 'গোঁপখেজুরে'। অজগরের ন্যায় ব্রত যাহার, বহুব্রী। বিণ।

অজচ্ছল—অপর্যাপ্ত, অপরিমিত ; নিরন্তর। 'অজস্র' শব্দজ। বিণ।

অজজীবক—ছাগপালক, ছাগ-পালনের দ্বারা জীবিকানির্বাহকারী। অজ (ছাগ)—জীব্ (বাঁচা)+ণক কর্তৃবা। বিণ বা বি ; পুং।

অজজীবিক—ছাগপালক। অজ হইয়াছে জীবিকা যাহার, বহুব্রী। বি; পুং।

অজন—১। নির্জ্জন, জনশূন্য; যাহার জনা (জন্ম) নাই; জন্মরহিত। বহুব্রী। বিণ। স্ত্রী, —না। ২। নারায়ণ, ব্রহ্মা। বহুব্রী। ৩। নিকৃষ্ট ব্যক্তি। নঞ্‌তৎ। বি; পুং।

অজননি, অজনি—জন্মাভাব, অনুৎপত্তি; জন্মরাহিত্য। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অজন্ত—স্বরান্ত, যাহার শেষে স্বরবর্ণ আছে। অচ্‌ অন্তে যাহার, বহুব্রী। বিণ।

অজন্ম (অজন্মন্‌)—জন্মাভাব, অনুৎপত্তি; জন্মরাহিত্য, মোক্ষ। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অজন্মা (অজন্মন্‌)—১। মোক্ষ। বি; পুং। ২। জন্মশূন্য, উৎপত্তির অভাববিশিষ্ট। ন (নাই) জন্ম যাহার, বহুব্রী। ৩। জারজ। ন (কুৎসিত) জন্ম যাহার, বহুব্রী। বিণ; পুং বা স্ত্রী। ৪। (চলিত ভাষায়) শস্যাদির অনুৎপত্তি, দুর্ভিক্ষ। বি।

অজপা—১। প্রাণবায়ু। ন (অ)—জপ্‌+অল্‌ ভাববা+আপ্‌। ২। স্বাভাবিক শ্বাস-প্রশ্বাস-নির্গমন ও প্রবেশ-ক্রিয়া দ্বারা "হং সঃ" মন্ত্র জপ। বি; স্ত্রী।

অজপাদ—১। পূর্ব্বভাদ্রপদ নক্ষত্র। অজের (মেষরাশির) পাদের (চতুর্থাংশের) ন্যায় পাদ যাহার, বহুব্রী। ২। রুদ্রবিশেষ। অজের (ছাগের) পাদের ন্যায় পাদ যাহার, বহুব্রী। বি; পুং।

অজবীথি, —বীথী—আকাশস্থ ছায়াপথ; অমরমার্গ, দেববান। ৬ষ্ঠিতৎ। বি; স্ত্রী।

অজবুক—বে-অকুফ, আনাড়ী, মূর্খ, কাণ্ডজ্ঞানশূন্য। তুর্কী 'উজবেগ্‌' শব্দজ। বিণ।

অজমীঢ়—১। যুধিষ্ঠির। ২। ভারতবর্ষান্তর্গত একটী প্রদেশের নাম, অধুনা আজমীর নামে খ্যাত। ৩। চন্দ্রবংশীয় জনৈক রাজার নাম; হস্তী রাজার পুত্র, ইনি বহু যজ্ঞাদি করিয়া অতিশয় যশস্বী হইয়াছিলেন, ইঁহার পুত্রের নাম সম্বরণ; কৌরবগণ। বি; পুং।

অজমুখ—১। ছাগলের মুখ। ৬ষ্ঠিতৎ। বি; ক্লীব। ২। দক্ষপ্রজাপতি। অজের মুখের ন্যায় মুখ যাহার, বহুব্রী। বি; পুং।

অজয়—১। জয়াভাব, পরাজয়। ন জয়, নঞ্‌-তৎ। ২। অগ্নি। অজ (ছাগ)—যা (গমন করা)+অ কর্তৃবা, যিনি অজবাহনে গমন করেন। বি; পুং। ৩। অজেয়, দুর্জ্জয়। ন (নাই) জয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —য়া। ৪। ভাগীরথীর একটী উপনদের নাম অজয়। বি; পুং।

অজয়া—১। সিদ্ধি, ভাঙ্গ। ন (নাই) জয় (শত্রুকর্তৃক জয়) যাহাতে, বহুব্রী+আপ্‌। বি; স্ত্রী। ২। অপরাজেয়া, দুর্জ্জয়া। বিণ; স্ত্রী।

অজয়ী (অজয়িন্‌)—যে জয়কারী নহে, অবিজেতা। ন জয়ী, নঞ্‌তৎ। বিণ; পুং। স্ত্রী, —য়িনী।

অজয্য—অজেয়, অজয়, দুর্জ্জয়; অদম্য, দুর্দ্দমনীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, —য্যা।

অজর—১। জরাশূন্য, বার্দ্ধক্যহীন; জীর্ণ নয় এরূপ; অত্যন্ত কঠিন। ন (নাই) জরা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —রা। ২। দেবতা [দেবগণ ত্রিদশ অর্থাৎ তিনটী অবস্থাবিশিষ্ট (বাল্য, যৌবন ও প্রৌঢ়-নামক দশাত্রয় আপন্ন), উঁহাদের জরা অর্থাৎ বার্দ্ধক্য নাই]। বি; পুং।

অজরা—১। ঘৃতকুমারী। বি; স্ত্রী। ২। জরা-রহিতা। ন (নাই) জরা যাহার, বহুব্রী+আপ্‌। বিণ; স্ত্রী। ৩। অবার্দ্ধক্য। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অজরামর—জরা ও মৃত্যুশূন্য, বার্দ্ধক্য ও মরণরহিত। অজর অথচ অমর, কর্ম্মধা। বিণ। স্ত্রী, —রা।

অজল-অম্বল—না জল না ডাঙ্গা, নিরালম্ব-ভাব, আশ্রয়হীনতা। বি।

অজস্র—১। নিরন্তর, সর্ব্বদা। ন (অ)—জস্‌ (ত্যাগ করা)+র অধিবা। ২। সততস্থায়ী, নিত্য; প্রচুর। ন—জস্‌+র কর্তৃবা। বিণ।

অজহৎস্বার্থা—যে লক্ষণা স্বীয় অর্থ ত্যাগ

করে না, উপাদানলক্ষণা। অজহৎ (অপরিত্যাগী) স্বার্থকে যে, বহুব্রী। বিণ বা বি ; স্ত্রী। [যে লক্ষণাবৃত্তি দ্বারা স্বীয় অর্থের অপরিত্যাগ হয়, এবং স্বীয় অর্থ উপাদানরূপে থাকে তাহাকে অজহৎস্বার্থা লক্ষণা কহে। যেমন—কুন্তসমূহ প্রবেশ করিতেছে=কুন্তধারী পুরুষগণ প্রবেশ করিতেছে]।

অজহল্লিঙ্গ—যে শব্দ বিশেষণরূপে প্রয়োগেও স্বলিঙ্গ ত্যাগ করে না। যথা—শ্রদ্ধাস্পদ রমণী। 'রমণী' শব্দ স্ত্রীলিঙ্গ হইলেও উহার বিশেষণ শ্রদ্ধাস্পদ (আস্পদ) ক্লীবলিঙ্গ রহিল। অজহৎ (অত্যাগশীল) হইয়াছে লিঙ্গ যাহার, বহুব্রী। বি বা বিণ ; পুং বা ক্লীব।

অজা—১। জন্মরহিতা। অজ+আপ্। বিণ ; স্ত্রী। ২। ছাগী। ৩। মায়া, অবিদ্যা ; আদ্যাশক্তি ; মূলপ্রকৃতি। ৪। ওষধিবিশেষ। বি ; স্ত্রী।

অজাগর—১। জাগরণরহিত, চিরনিদ্রিত। ন (নাই) জাগর (জাগরণ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। পাহাড়িয়া বোড়া সাপ। 'অজগর' শব্দের অপভ্রংশ। ৩। জাগরণের অভাব ; নিদ্রা। নঞ্‌তৎ। বি ; পুং।

অজাগলস্তন—ছাগীকণ্ঠস্থিত স্তন সদৃশ মাংসপিণ্ড ; বিফল বস্তু। (কোন বিষয়ের নিরর্থকতার কথা বলিতে হইলে ইহার সহিত উপমা দেওয়া হয় ; যথা—"অতএব কৃষ্ণ মূল জগৎকারণ। প্রকৃতি কারণ যৈছে অজাগলস্তন॥") ২বার ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অজাজীব—ছাগব্যবসায়ী, ছাগপালক। অজ (ছাগ) হইয়াছে আজীব (জীবিকা) যাহার, বহুব্রী। বি ; পুং।

অজাণ্ড—ব্রহ্মাণ্ড, ভূঃ ভুবঃ ও স্বঃ এই ত্রিলোক বা বিশ্ব। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অজাত—১। জন্মে নাই এরূপ ; অনুৎপন্ন। ন জাত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা। ২। বিজাত, বিজন্মা, বজ্জাত। গ্রাম্য। বিণ। ৩। হীন জাতি, অকুল ; অধম বর্ণ। 'অজাতি' শব্দের অপভ্রংশ। নঞ্‌তৎ। বি।

অজাতব্যবহার—অ প্রা প্ত ব্য ব হা র, অপরিণতবয়স্ক, নাবালক। অজাত ব্যবহার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

অজাতশত্রু, অজাতারি—১। যুধিষ্ঠির ; শিব। ২। মগধের জনৈক রাজা। বি ; পুং। ৩। যাহার শত্রু নাই এরূপ। অজাত (অনুৎপন্ন) হইয়াছে শত্রু বা অরি যাহার, বহুব্রী। বিণ।

অজাতশ্মশ্রু—যাহার দাড়ি উঠে নাই এরূপ, অল্পবয়স্ক। অজাত শ্মশ্রু যাহার, বহুব্রী। বিণ ; পুং।

অজাতি—১। যাহার জন্ম নাই, অজ, নিত্য ; জাতিহীন, যাহার জাতি নাই। বহুব্রী। বিণ। ২। অনুৎপত্তি ; নীচজাতি, ইতরজাতি। অপ্রশস্ত জন্মবান্—বিকলাঙ্গ বা নপুংসক জন। নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অজানত—না জানিয়া, অজ্ঞাতসারে, অজ্ঞভাবে। বাং ; ক্রি-বিণ।

অজানা—অজ্ঞাত, অপরিচিত, অচেনা। বাং ; বিণ। [বাং ; বিণ।

অজানিত—অজানা, অজ্ঞাত, অপরিচিত।

অজান্তে—অজ্ঞানসত্ত্বে, না জানায়। বাং ; ক্রি-বিণ।

অজিজ্ঞাসনীয়, অজিজ্ঞাসিতব্য, অজিজ্ঞাস্য—অপ্রষ্টব্য, জিজ্ঞাসার অযোগ্য ; যাহা জিজ্ঞাসা করিতে পারা যায় না বা জিজ্ঞাসা করা উচিত নয় এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া,—ব্যা,—স্যা।

অজিজ্ঞাসিত—অপৃষ্ট, জিজ্ঞাসা করা হয় নাই এরূপ (প্রশ্ন বা ব্যক্তি)। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অজিজ্ঞাসু—জানিতে অনিচ্ছু : অকৌতুহলী। নঞ্‌তৎ। বিণ।

অজিত—১। অপরাভূত, অপরাজিত ; অনায়ত্ত, অবশ। ন জিত, নঞ্‌তৎ। ২। অতিপরাজিত। ন (নাই) জিত যাহা হইতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা। ৩। বিষ্ণু ; শিব ; বুদ্ধদেব ; ষষ্ঠ মন্বন্তরের

অবতার; ইক্ষ্বাকুপুত্র; দ্বিতীয় অর্হৎ। বি; পুং।

অজিতবল্লভা—লক্ষ্মীদেবী। অজিতের (বিষ্ণুর) বল্লভা (প্রিয়া), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অজিতাত্মা (–ত্মন্)—অসংযতচিত্ত, অজিতেন্দ্রিয়। জিত আত্মা যৎকর্তৃক, বহুব্রী; ন জিতাত্মা, নঞ্‌তৎ। বিণ; পুং বা স্ত্রী।

অজিতেন্দ্রিয়—ইন্দ্রিয়জয় করিতে অক্ষম, ইন্দ্রিয়পরতন্ত্র, অবশেন্দ্রিয়, রিপুপরবশ। ন জিতেন্দ্রিয়, নঞ্‌তৎ; অথবা অজিত ইন্দ্রিয় যৎকর্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,–য়া।

অজিন—১। মৃগচর্ম্ম; পশুচর্ম্ম; চর্ম্ম। অজ (প্রাপ্ত হওয়া)+ইনচ্ কর্ম্মবা [ব্রতাকাঙ্ক্ষী যাহা প্রাপ্ত হন]। বি; ক্লীব।

অজিনধারী (–ধারিন্)—স্বীয় অঙ্গে মৃগচর্ম্মধারণকারী; পশুচর্ম্মপরিহিত। উপতৎ। অজিন–ধৃ+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,–রিণী।

অজিনপত্রা, –পত্রিকা, –পত্রী—চর্ম্মচটিকা, চামচিকা, বাদুড়। অজিনময় পত্র (পাখা) ইত্যাদি যাহার, বহুব্রী+আপ্; ঈপ্=অজিনপত্রী: অজিনপত্রী+ক স্বার্থে+আপ্=অজিনপত্রিকা। বি; স্ত্রী।

অজিনযোনি—মৃগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অজির—১। বায়ু; ভেক। অজ্ (গমন করা)+ইর কর্তৃবা। ২। বিষয়; শরীর; প্রাঙ্গণ, উঠান। অজ্+কির অধিবা। বি; ক্লীব।

অজিহ্ম—১। অবক্র, সরল, ঋজু; অকপট। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–হ্মা।

অজিহ্মগ—১। শর, বাণ। বি; পুং। ২। ঋজুগামী। উপতৎ। অজিহ্ম–গম্ (যাওয়া)+ড কর্তৃবা। বিণ। স্ত্রী,–গা।

অজিহ্ব—১। জিহ্বারহিত, রসনাহীন। ন (নাই) জিহ্বা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–হ্বা। ২। ভেক। বি; পুং।

অজীব—মৃত; নির্জ্জীব; অবসন্ন। ন (নাই) জীব (জীবন) যাহার, বহুব্রী। বিণ।

অজীর্ণ—১। যাহা জীর্ণ হয় নাই এরূপ; অপরিপক্ব; অজরাগ্রস্ত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–র্ণা। ২। মন্দাগ্নি, বদহজম। বি; ক্লীব।

অজীর্ণী (–র্ণিন্)—অজীর্ণরোগী, অজীর্ণরোগগ্রস্ত। অজীর্ণ+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী,–র্ণিনী।

অজু, ওজু—নামাজের পূর্ব্বে অনুষ্ঠেয় হস্ত-পদ-মুখাদি প্রক্ষালন। আরবী 'বজু' শব্দজ। বি।

অজুগুপ্সিত—অনিন্দিত। ন জুগুপ্সিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–তা।

অজুরদার—মজুর, শ্রমিক। ফার্সী। বি।

অজুরা, আজুরা—পারিশ্রমিক, মজুরি, মাহিনা। ফার্সী। বি।

অজুহাত—কারণ, হেতু, যুক্তি, ওজর। ফার্সী। বি।

অজেয়—যাহাকে জয় করা যায় না এরূপ, অজয্য; দুর্জ্জয়, অদম্য, দুর্দ্দমনীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–য়া।

অজৈব—অজীবোৎপন্ন (Inorganic): অজীব-সম্বন্ধীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–বী। **অজৈব অভিব্যক্তি**—জীবভিন্ন বস্তুর ক্রমবিবর্ত্ত (Inorganic evolution).

অজ্ঞ—১। জ্ঞানহীন, মূর্খ, জড়, অচেতন, অল্পজ্ঞ; আত্মজ্ঞানহীন। ন (অ)–জ্ঞা (জানা)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, অজ্ঞা। ২। সর্ব্বজ্ঞ, যাহা হইতে জ্ঞানী নাই। ন (নাই) জ্ঞ (জ্ঞানী) যাহা হইতে, বহুব্রী। বিণ।

অজ্ঞতা, অজ্ঞত্ব—জ্ঞানহীনতা, মূর্খতা। অজ্ঞ+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী।

অজ্ঞতামূলক—মূর্খতাহেতুক, না জানার জন্য সংঘটিত। অজ্ঞতা মূলে যাহার, বহুব্রী+ক সমাসান্ত। বিণ।

অজ্ঞাত—যে জানিতে পারে নাই বা যাহা জানিতে পারা যায় নাই; অবিদিত; অপ্রকাশিত, গুপ্ত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–তা।

অজ্ঞাতকুলশীল—যাহার বংশ বা স্বভাব

জানা নাই, সম্পূর্ণ অচেনা। কুল ও শীল = কুলশীল, দ্বন্দ্ব; অজ্ঞাত হইয়াছে কুলশীল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

অজ্ঞাতনামা (—**নামন্**)—অপ্রসিদ্ধ-নাম-বিশিষ্ট, যাহার নাম জানা নাই এরূপ। অজ্ঞাত হইয়াছে নাম যাহার, বহুব্রী। বিণ; পুং বা স্ত্রী।

অজ্ঞাতপিতৃক—যাহার বাপের ঠিক নাই, জারজাত। অজ্ঞাত পিতা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

অজ্ঞাতপূর্ব্ব (**র্ব**)—যাহা পূর্ব্বে জানা যায় নাই এরূপ। পূর্ব্বে জ্ঞাত = জ্ঞাতপূর্ব্ব, সুপ্ সুপা; ন জ্ঞাতপূর্ব্ব, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—র্ব্বা।

অজ্ঞাতবাস—অপ্রকাশিত বাস, গুপ্তভাবে বা ছদ্মবেশে স্থিতি, লুকাইয়া থাকা। কর্ম্মধা। বি; পুং।

অজ্ঞাতযৌবনা- যাহার যৌবন জানিতে বা বুঝিতে পারা যায় না এরূপ (স্ত্রীলোক); অপ্রকাশিতযৌবনা। [মুগ্ধনায়িকার প্রকারভেদ]। বহুব্রী। বিণ; স্ত্রী।

অজ্ঞাতসারে-- অগোচরে, জানিতে না বুঝিতে না পারা যায় এমন ভাবে। অজ্ঞাত সার (গমন) যাহাতে, বহুব্রী, একপে। ক্রি-বিণ।

অজ্ঞাতি-- ১। জ্ঞাতিসম্পর্কীয় ভিন্ন অন্য, অসগোত্র। নঞ্ তৎ। বি; পুং। ২। জ্ঞাতিহীন। ন (নাই) জ্ঞাতি যাহার, বহুব্রী। বিণ।

অজ্ঞাতে— অজ্ঞাতসারে, গুপ্তভাবে; অ-গোচরে। ক্রি-বিণ।

অজ্ঞান—১। জ্ঞানাভাব: ভ্রান্তি, ভ্রম; মায়া, অবিদ্যা। নঞ্ তৎ। বি; ক্লীব। ২। জ্ঞানহীন, মূঢ়; অচৈতন্য, সংজ্ঞাহীন, মূর্চ্ছিত। ন (নাই) জ্ঞান যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

অজ্ঞানকৃত—১। অজ্ঞাতসারে কৃত; জ্ঞান না থাকায় অনুষ্ঠিত, ভ্রমবশতঃ আচরিত। অজ্ঞান হেতু কৃত, ৫মীতৎ। ২। জ্ঞানহীন জন দ্বারা অনুষ্ঠিত, শৈশবে অনুষ্ঠিত। অজ্ঞান দ্বারা কৃত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অজ্ঞানজনিত—অজ্ঞতা হইতে উৎপন্ন; না জানার জন্য সংঘটিত। অজ্ঞান দ্বারা জনিত, ৩য়াতৎ। বিণ।

অজ্ঞানতঃ (—**তস্**)—জ্ঞানহীনতাবশতঃ, অজ্ঞতাপ্রযুক্ত, মূর্খতাজন্য; অজানতভাবে, না জানিয়া। অজ্ঞান + তস্ (৩য়া বা ৫মী স্থানে)। অব্য।

অজ্ঞানতা, —ত্ব—জ্ঞানহীনতা, মূর্খতা। অজ্ঞান শব্দ + তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী।

অজ্ঞানতিমির—অজ্ঞতারূপ অন্ধকার, মোহান্ধকার। অজ্ঞানরূপ তিমির, রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

অজ্ঞানী (—**নিন্**)—জ্ঞানহীন, মূর্খ, অনাত্মজ্ঞ। ন জ্ঞানী, নঞ্ তৎ। বিণ: পুং। স্ত্রী,—নিনী। [ক্রি-বিণ।

অজ্ঞানে--না জানিয়া, অজ্ঞতাহেতু। বহুব্রী।

অজ্ঞাপনীয়, অজ্ঞাপ্য—অপ্রকাশ্য, জানাইবার অযোগ্য। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া,—প্যা। [নঞ্ তৎ। বিণ।

অজ্ঞাপিত—অনিবেদিত, অপ্রকাশিত।

অজ্ঞেয়--যাহা জানিতে বা বুঝিতে পারা যায় না এরূপ, অবোধ্য, জ্ঞানাতীত। নঞ্ তৎ। বিণ।

অঝর, অঝোর—অবিশ্রান্ত, অজস্র। প্রাদেশিক। বিণ।

অঝরু—১। নির্ঝর, ঝরণা: অশ্রুপ্রবাহ। বি। ২। অবিরলধারায়; প্রচুর পরিমাণে। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

অঝরে- অবিশ্রান্তভাবে, অবিরলধারায়। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

অঝোরনয়ন, —নয়নে, —নয়ান—অবিরলগলদশ্রুনেত্রে। ক্রি-বিণ।

অঝোরে—নিরবচ্ছিন্নভাবে, অবিশ্রান্তভাবে। 'অজস্র' শব্দজ। ক্রি-বিণ।

অঞ্চল—১। বস্ত্রপ্রান্ত, আঁচলা, আঁচল; প্রান্তভাগ। অন্চ (গমন করা) + অল্ কর্ত্তৃবা।

২। দেশাংশ, প্রদেশ। অন্চ+অল্ অধিবা। বি; পুং।

অঞ্চলনিধি—যাহাকে আঁচলে গেরো দিয়া বাঁধিয়া রাখা হয়; অতিপ্রিয়জন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অঞ্চলপ্রভাব—স্ত্রীলোকের প্রভুত্ব বা ক্ষমতা, স্ত্রীর সুপারিশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অঞ্চিত—১। পূজিত; গ্রথিত, ভূষিত, চারু। ২। আকুঞ্চিত, বক্রীকৃত। অন্চ (পূজা করা)+ক্ত কর্ম্মবা। ৩। উত্থিত। অন্চ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা। বি, অঞ্চন।

অঞ্জন—১। যাহা দ্বারা চক্ষু রঞ্জিত করা যায়, কজ্জল, কাজল; সুর্ম্মা; দেবার্চ্চনায় ব্যবহৃত ষট্‌প্রকার অঞ্জনের অন্যতম; মালিন্য, পাপ। অন্জ্ (দীপ্তি পাওয়া)+অনট্ করণবা। ২। গমন; ব্যক্তকরণ; ম্রক্ষণ। অন্জ্+অনট্ ভাববা; বি; ক্লীব। ৩। পশ্চিমদিগ্‌হস্তী; পর্ব্বতবিশেষ। অঞ্জন+অচ্ আছে অর্থে। ৪। জ্যেষ্ঠী, টিক্‌টিকি; আজনাই; অগ্নি। অন্জ্+অন কর্ত্তৃবা। বি; পুং।

অঞ্জনশলাকা—আঁজন কাঠি, চোখে কাজল দিবার শলা। অঞ্জন লেপনী শলাকা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অঞ্জনা—১। (অলঙ্কারশাস্ত্রে) ব্যঞ্জনাবৃত্তি। অন্জ্+অন কর্ত্তৃবা+আপ্। ২। বানরী-বিশেষ, হনুমানের মাতা; উত্তরদিগ্‌হস্তিনী; পশ্চিমদিগ্‌হস্তিনী। অঞ্জন+অচ্+আপ্। বি; স্ত্রী।

অঞ্জনাতনয়, —নন্দন—অঞ্জনা-নাম্নী বানরীর পুত্র, হনুমান্। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অঞ্জনাদ্রি—নীলগিরি। অঞ্জনসদৃশ অদ্রি, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অঞ্জনিকা—১। জ্যেষ্ঠীবিশেষ, আঁজনাই। অঞ্জন+কন্ আছে অর্থে+আ (অক স্থানে ইক)। ২। প্রতীক-নামক দিগ্‌গজের পত্নী। অঞ্জনা+ক স্বার্থে+আ স্ত্রী (অক স্থানে ইক)। বি; স্ত্রী।

অঞ্জনিয়া—কাজল পরিয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

অঞ্জলি—১। করপুট, আঁজল; পরিমাণ-বিশেষ, আঁজলা; অঞ্জলি পরিমিত দ্রব্য। ২। দেবতাকে প্রদানের জন্য অঞ্জলিপূর্ণ পুষ্পরাশি; আরাধনা, পূজা, পরিচর্য্যা। অন্জ্ (প্রকাশ পাওয়া)+অলি করণবা। বি; পুং।

অঞ্জলিকারিকা—১। লজ্জাবতী লতা। বি; স্ত্রী। ২। অঞ্জলিকারিণী, বিনীতা। ৬ষ্ঠীতৎ। বিণ; স্ত্রী। ৩। পুত্তলিকা, পুতুল। অঞ্জলির কার, ৬ষ্ঠীতৎ। অঞ্জলিকার+ইক আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।

অঞ্জলিপুট—পাত্রাকারে হস্তদ্বয়ের একত্র মিলন, অঞ্জলিরূপ পাত্র, মিলিত করদ্বয়, যোড়হাত। অঞ্জলিরূপ পুট, রূপক কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

অঞ্জলিপুটে—কৃতাঞ্জলি হইয়া, হাতযোড় করিয়া, যোড়হাতে। অঞ্জলিরূপ পুট আছে যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

অঞ্জলিবদ্ধ—বদ্ধাঞ্জলি, কৃতাঞ্জলি। বদ্ধ হইয়াছে অঞ্জলি যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ।

অঞ্জলিবন্ধ,—বন্ধন—অঞ্জলি বাঁধা, আঁজলা করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

অঞ্জাম—সরবরাহ, যোগান; সম্পাদন; আয়োজন, উদ্যোগ। ফার্সী। বি।

অঞ্জুমান, আঞ্জুমান—সভা, সমিতি; সঙ্ঘ। ফার্সী। বি।

অটট্ট—অতি উচ্চ শব্দ বা হাস্য। অব্য।

অটন—ভ্রমণ, গমন। অট্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অটনি, অটনী—কোটি, ধনুর প্রান্তভাগ। অট্ (গমন করা)+অনি কর্ত্তৃবা, বিকল্পে ঈপ্। বি; স্ত্রী।

অটবি, অটবী—বন, জঙ্গল। অট্ (গমন করা)+অবি অধিবা, বিকল্পে ঈপ। বি; স্ত্রী।

অটমান—বিচরণশীল, গমনশীল। অট্ (গমন করা)+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

অটমি, (অটমী)—অষ্টমী শব্দের অপভ্রংশ। প্রাঃ কবিপ্র। বি।

অটল—অচঞ্চল, অচল, স্থির; দৃঢ়। ন (অ) —টল্ (টলা) + অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —লা। বি, —তা, —ত্ব।

অটা—ভ্রমণ, পর্য্যটন। অট্ + অ ভাববা + আপ্। বি; স্ত্রী।

অটাট্যমান—পুনঃপুনঃ পর্য্যটনশীল; অনবরত ভ্রমণকারী। অট্ + যঙ্ + শানচ্ কর্ত্তৃবা। বিণ; পুং বা ক্লীব। স্ত্রী, —না।

অটাট্যা—অনবরত ভ্রমণ, পর্য্যটন। অট্ + যঙ্ + অ ভাববা + আপ্। বি; স্ত্রী।

অটুট—ত্রুটিহীন; সম্পূর্ণ, গোটা, অভগ্ন; শক্ত, মজবুত। 'অত্রুটি' শব্দজ। বিণ।

অটো—সুরভিসার, আতর। ইং শব্দ (Otto). বি।

অটোগ্রাফ—নিজের হাতের লেখা। ইং শব্দ (Autograph). বি।

অটোল—নিটোল, টোল পড়া নহে এরূপ; পূর্ণাঙ্গ; পরিপুষ্ট। ন (নাই) টোল (সংস্কৃত তড়্ ধাতুজ) যাহাতে, বহুব্রী। বিণ।

অট্ট—১। অট্টালিকা: প্রাকারসন্নিহিত সৈন্যগৃহ; প্রাসাদোপরিস্থ গৃহ; গুম্‌টি ঘর। বি; পুং। ২। অন্ন, খাদ্য। বি; ক্লীব। ৩। হাট, বাজার, বিপণি। অট্ট + ঘঞ্ করণবা। বি; পুং। ৪। উচ্চ, সমধিক। অট্ + অচ্ কর্ত্তৃবা। বিণ।

অট্ট-অট্ট—১। উচ্চহাস্যে শব্দিত। বিণ। ২। অতি উচ্চ। অব্য।

অট্টুট্ট—অত্যুচ্চ। অব্য।

অট্টনাদ, —নিনাদ—উচ্চশব্দ। কর্ম্মধা। বি; পুং।

অট্টহাস—উচ্চহাস্য, হো হো করিয়া হাসি। কর্ম্মধা। বি; পুং।

অট্টহাসি—উচ্চহাস্য। কর্ম্মধা। বি; ক্লীব।

অট্টহাস্য—উচ্চহাস্য। কর্ম্মধা। বি; ক্লীব।

অট্টাল, অট্টালক—প্রাসাদ; ইষ্টকাদি-নির্ম্মিত হর্ম্ম্য, কোটা-বাড়ী; প্রাসাদোপরিস্থ গৃহ; প্রাকারের উপরিস্থ রণগৃহ বা উচ্চস্থান। অট্ট + অল্ + অচ্ কর্ত্তৃবা; অট্টাল + কন্ স্বার্থে। বি; পুং।

অট্টালিকা—প্রাসাদ; ইষ্টকাদি-নির্ম্মিত উত্তুঙ্গ বাটী, কোটা-বাড়ী, ইমারত। অট্টালক + স্ত্রীলিঙ্গে আপ্। বি; স্ত্রী।

অট্টালিকাকার—১। প্রাসাদ প্রস্তুতকারক, রাজমিস্ত্রী। অট্টালিকা—কৃ + অণ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। অট্টালিকার মত আকার-বিশিষ্ট। অট্টালিকার আকারের ন্যায় আকার যাহার, বহুব্রী। বিণ।

অঠেল—অপর্য্যাপ্ত, প্রচুর। দেশজ। বিণ।

অড়ংবড়ং—বাজে কথা, অসঙ্গত বাক্য; ছাইভস্ম। প্রাদেশিক। বি।

অড়র, অড়হর—কলায়বিশেষ, অড়রদাল। দেশজ। বি।

অডিট্—হিসাবের খাতাপত্র পরীক্ষা। ইং শব্দ (Audit). বি।

অঢেল—অঠেল (তাহা দ্রঃ)। বিণ।

অণি, অণী—১। প্রান্ত, সীমা; সূচী প্রভৃতির অগ্রভাগ; পশুবধস্থান; চাকার ধুরার প্রান্তস্থ খিল। অণ্ (শব্দ করা) + ইন্ কর্ত্তৃবা। বি; পুং ও স্ত্রী।

অণিমা (অণিমন্)—অণুত্ব, সূক্ষ্মত্ব, অতি সূক্ষ্ম পরিমাণ; ঐশ্বর্য্যবিশেষ, অষ্টপ্রকার ঐশ্বর্য্যের অন্যতম [ঐশ্বর্য্য দ্রঃ]; দেবগণের ও সিদ্ধগণের স্বকীয় দেহকে ইচ্ছানুসারে সূক্ষ্ম করিবার ক্ষমতা। অণু শব্দ + ইমন্ (ইমনিচ্) ভাবার্থে। বি; পুং।

অণীয়ান্ (অণীয়স্)—সূক্ষ্মতর, অতিসূক্ষ্ম। অণু + ঈয়স্ অতিশয়ার্থে। বিণ; পুং। স্ত্রী, —য়সী।

অণু—১। ক্ষুদ্র, অল্প, কিঞ্চিৎ; সূক্ষ্ম। বিণ। স্ত্রী, অণু, অণ্বী। ২। সূক্ষ্ম পরমাণু প্রভৃতি (Molecule); কণা, কণিকা। অণ্ + উ কর্ত্তৃবা। বি; পুং। ৩। মাত্রার চতুর্থাংশ; রেণু। বি; স্ত্রী। ৪। ধান্যবিশেষ, চীনাধান। অণ্ (বাঁচা) + উ করণবা। বি; ক্লীব।

অণুক—ক্ষুদ্র ; পটু, নিপুণ। অণু শব্দ+কন্ স্বার্থে। বিণ। স্ত্রী,—কা।

অণুচ্ছেদ—পরিচ্ছেদের ক্ষুদ্র অংশ (Paragraph); ভিন্ন ভিন্ন বিষয়। অণু যে ছেদ, কর্ম্মধা। বি ; পুং।

অণুজীব—অতি সূক্ষ্ম প্রাণী, জীবাণু (Microbe). কর্ম্মধা। বি ; পুং।

অণুতা, —ত্ব—অণিমা, সূক্ষ্মতমতা, অতিক্ষুদ্রতা। অণু+তা, ত্ব ভাবে। বি ; স্ত্রী, ক্লীব।

অণুদর্শন, —দৃষ্টি—১। সূক্ষ্মদর্শন ; অন্তর্দৃষ্টি। ৬ষ্ঠীতৎ। ২। অণুবীক্ষণ যন্ত্র (Microscope). অণু—দৃশ্ (দেখা)+অনট্ ক্তি. করণবা। বি ; ক্লীব, স্ত্রী।

অণুবটিকা—অতি ক্ষুদ্র বটি, খুব ছোট বড়ি (Globule). অণুপরিমিতা বটিকা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

অণুবাদ—বৈশেষিক মতবাদ (Atomic Theory); অণুর সমবায়ে সকল বস্তুর উৎপত্তি এবং অণু অনাদ্যনন্ত এই সিদ্ধান্ত, অণুবিষয়ক মতবাদ। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অণুবীক্ষণ—যে যন্ত্রের সাহায্যে চক্ষুর অগোচর ক্ষুদ্র বস্তুসকল দৃষ্টিগোচর হয় (Microscope). বি—ঈক্ষ্+অনট্ ভাববা =বীক্ষণ ; অণুর বীক্ষণ হয় যদ্দ্বারা, বহুব্রী। বি ; ক্লীব।

অণুভা—বিদ্যুৎ। অণু (সূক্ষ্ম) ভা (দীপ্তি) যাহার, বহুব্রী+আপ্। বি ; স্ত্রী।

অণুমাত্র—সামান্যপরিমাণ, কিঞ্চিন্মাত্র। অণু (ক্ষুদ্র) মাত্রা (পরিমাণ) যাহার, বহুব্রী, অথবা অণু+মাত্রচ্ পরিমাণার্থে। বিণ। স্ত্রী,—ত্রা।

অণুমাত্রিক—কণিকামাত্র ; স্বল্প ; অতি সূক্ষ্ম ; অতি ক্ষুদ্র। অণুই মাত্রা=অণুমাত্রা, কর্ম্মধা ; অণুমাত্রা+ইক (ঠন্)। বিণ। স্ত্রী, —কা। [কর্ম্মধা। বি ; পুং।

অণুরাশি—(বীজগণিতে) ক্ষুদ্র রাশি।

অণুরেণু—অতিসূক্ষ্ম ধূলি ; ধূলিকণা। কর্ম্মধা। বি ; পুং বা স্ত্রী।

অণ্ড—ডিম্ব ; মুষ্ক ; অণ্ডকোষ ; শুক্র মৃগনাভি। অম্+ঔনাদিক ড করণবা। বি ; ক্লীব। [পুং।

অণ্ডক—অণ্ডকোষ। অণ্ড+ক স্বার্থে। বি ;

অণ্ডকটাহ—বিশ্বজনন ডিম্বের অর্দ্ধাংশ ; বিশ্ব, ব্রহ্মাণ্ড। অণ্ড (বিশ্ব) কটাহের ন্যায়, উপমিত কর্ম্মধা (ব্রহ্মাণ্ডই কটাহস্বরূপে জীবগণের পাকস্থান)। বি ; পুং।

অণ্ডকোশ, —কোষ, —কোষক—মুষ্ক, বৃষণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অণ্ডজ—১। ডিম্ব হইতে জন্মগ্রহণ করে এরূপ, ডিম্বজাত। বিণ। স্ত্রী,—জা। ২। যে সকল প্রাণী ডিম্ব হইতে জন্মে, পক্ষী, মৎস্য, সর্প, কৃকলাস প্রভৃতি। উপতৎ। অণ্ড—জন্+ড কর্তৃবা। বি ; পুং।

অণ্ডজা—১। ডিম্বজাতা। অণ্ডজ+আপ্। বিণ ; স্ত্রী। ২। মৃগনাভি, কস্তুরিকা। বি ; স্ত্রী। [স্ত্রী।

অণ্ডপ্রসূ—ডিম্বপ্রসবকারিণী। ৬ষ্ঠীতৎ। বিণ।

অণ্ডবর্দ্ধ(র্ধ)ন, —বৃদ্ধি—অণ্ডকোষবৃদ্ধি, কুরণ্ড (Hydrocele). ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অণ্ডলালা—ডিম্বের মধ্যস্থ শ্বেত অংশ।

অণ্ডাকর্ষণ—মুষ্ক হইতে অণ্ডনিষ্কাশন, দামড়া বা খোজাকরণ ; বিফলীকরণ। অণ্ডের আকর্ষণ, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অণ্ডাকার, অণ্ডাকৃতি—ডিম্বাকৃতি ডিম্বের ন্যায় আকারবিশিষ্ট (Oval). অণ্ডের ন্যায় আকার বা আকৃতি যাহার, বহুব্রী। বিণ।

অণ্ডালু—১। অণ্ডযুক্ত, ডিমওয়ালা। অণ্ড+আলুচ্ বিশিষ্টার্থে। বিণ। ২। ডিম্বযুক্ত মৎস্য। বি ; পুং।

অণ্ডাশয়—স্ত্রীজননযন্ত্রবিশেষ ; ডিম্বাশয় (Ovary). অণ্ডের আশয়, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অণ্ডিল—ডিম্বমধ্যস্থ শ্বেতাংশবৎ পদার্থ (Albumen). বি।

অণ্ডীল—ধনাঢ্য, ঐশ্বর্য্যশালী, সঙ্গতিপন্ন, 'আণ্ডেল'। 'অণ্ডীর' শব্দজ। বিণ।

অণ্বী—১। সূক্ষ্মা, ক্ষুদ্রা, ক্ষীণা। (অণু দ্রঃ)। অণু+স্ত্রীলিঙ্গে ঈপ্। বিণ; স্ত্রী। ২। অঙ্গুলি। বি; স্ত্রী।

অত—১। ঐ পরিমাণ, প্রচুর পরিমাণ। দেশজ। বিণ। ২। ঐ পরিমাণ দ্রব্যাদি। বি।

অতঃপর—অনন্তর, ইহার পর, পশ্চাৎ। অতঃ (ইহা হইতে) পর, সুপ্‌সুপা। ক্রি-বিণ।

অতএ, অতয়ে—অতএব; সুতরাং; অনন্তর। প্রাঃ কবিপ্র।

অতএব—এ নিমিত্ত, এই হেতু, এই কারণ। অতঃ+এব। অব্য।

অতট—১। ভৃগুভূমি, পর্ব্বতাদির উচ্চ পার্শ্বদেশ (Precipice); নদ্যাদির আড়্লি। ন (নাই) তট যাহার বা যেখানে, বহুব্রী। বি; পুং। ২। তটশূন্য, তীরবিহীন, অকূল, পাড়া, উচ্চ; বিপুল, বিশাল। বিণ। স্ত্রী,—টা।

অতথ্য—১। অবাস্তব, মিথ্যা, অলীক। ন (নাই) তথ্য (যাথার্থ্য) যাহাতে, বহুব্রী। বিণ। ২। মিথ্যা বিষয়। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অতদ্‌গুণ—১। যাহাতে সেই গুণ নাই। বহুব্রী। বিণ। ২। অর্থালঙ্কারবিশেষ। বি; পুং।

অতদ্‌গুণসংবিজ্ঞান—(ব্যাকরণে) বহুব্রীহি সমাসের প্রকারভেদ। তদ্‌গুণের সংবিজ্ঞান (বোধন) আছে যাহাতে, বহুব্রী; ন তদ্‌গুণসংবিজ্ঞান, নঞ্‌তৎ। বি; পুং।

অতদবির—অতত্ত্বাবধান, ভাল করিয়া না দেখা শুনা। ন তদ্‌বির (ফাসী), নঞ্‌তৎ। বি।

অতনিমা (—মন্)—অক্ষীণতা, বিশালতা; স্থূলত্ব। নঞ্‌তৎ। বি; পুং।

অতনু—১। অক্ষীণ, অসূক্ষ্ম; স্থূল, পীবর, পীন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—নু বা —ন্বী। ২। অনঙ্গ, মদন, কাম। ন (নাই) তনু যাহার, বহুব্রী। বি; পুং। ৩। দেহহীন, অশরীরী। বহুব্রী। বিণ।

অতন্ত্র—তন্ত্রশূন্য, তারবিহীন (বীণাদি); অকারণ; অপ্রধান। বহুব্রী। বিণ।

অতন্ত্রী—গুণহীনা, তন্ত্রীশূন্যা (বীণা প্রভৃতি)। অতন্ত্র+ঈপ্। বিণ; স্ত্রী।

অতন্দ্র—তন্দ্রাহীন, অনলস; অবহিত, সাবধান, সতর্ক। ন (নাই) তন্দ্রা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্দ্রা।

অতন্দ্রিত—অনলস, অবিরাম; অবহিত। ন তন্দ্রিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অতন্দ্রী (—ন্দ্রিন্)—অনলস; নিদ্রাশূন্য, জিতনিদ্র। নঞ্‌তৎ। বিণ; পুং। স্ত্রী,—ন্দ্রিণী।

অতমিত—অস্তমিত। প্রাঃ কবিপ্র। বিণ।

অতয়ে—অতএ দ্রঃ।

অতরণীয়—অমুত্তার্য্য, যাহা পার হওয়া যায় না এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অতরু—বৃক্ষশূন্য, পাদপহীন; উষর। ন (নাই) তরু যাহাতে, বহুব্রী। বিণ।

অতরুণ—অনবীন, প্রাচীন; প্রবীণ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণী,—ণা।

অতরে—অন্তরে। প্রাঃ কবিপ্র। বি।

অতর্ক—১। অহেতুক; শুষ্কতর্কপরায়ণ। ন (নাই) তর্ক যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্কা। ২। তর্কাভাব, যুক্তিহীনতা; অবিবেচনা; কুতর্ক। ন তর্ক, নঞ্‌তৎ। বি; পুং।

অতর্কণীয়, অতর্ক্য—তর্ক দ্বারা যাহার নির্ণয় হইতে পারে না এরূপ; অসম্ভাব্য, অভাবনীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া, —র্ক্যা।

অতর্কিত—যাহা ঘটিবে বলিয়া ভাবা যায় নাই এরূপ, আকস্মিক, অচিন্তিত; অলক্ষিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অতর্ক্য—অতর্কণীয় (তাহা দ্রঃ)।

অতর্পণীয়—অপরিতোষণীয়, সন্তোষসাধনের

অসাধ্য; দুস্তোষ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্যা।

অতর্পিত—অতোষিত, যাহার সন্তোষসাধন করা হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অতল—১। তলশূন্য, অগাধ। ন (নাই) তল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা। ২। সপ্ত পাতালের মধ্যে প্রথম পাতাল, ভূগর্ভ [পাতাল দ্রঃ]। ইহার (অর্থাৎ পৃথিবীর) তল, ৬ষ্ঠীতৎ (ইদম্ স্থানে অকার আদেশ)। বি; ক্লীব।

অতলস্পর্শ—যাহার তল (অর্থাৎ অধোদেশ) স্পর্শ করা যায় না এরূপ, অগাধ, অতিগভীর। ন (নাই) তলস্পর্শ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্শা।

অতলান্তিক—মহাসাগরবিশেষ (Atlantic Ocean). বি।

অতসী—শণগাছ; মসীনা; পীতবর্ণ পুষ্পবিশেষ ও তাহার বৃক্ষ। অত+অসচ্ অধিবা+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী।

অতসীপুষ্পবর্ণাভা—১। অতসীফুলের মত বর্ণবিশিষ্টা; স্বর্ণবর্ণা। বিণ; স্ত্রী। ২। দুর্গাদেবী। বি; স্ত্রী।

অতি—১। অতিশয়; অতিক্রম; উৎকর্ষ; পূজন; অসম্ভাবন; প্রশংসা; অতীত; অধিক; অসীম। অত্+ই কর্তৃবা। অবা। ২। উৎকৃষ্ট, বিশিষ্ট। প্রাঃ কবিপ্র। বিণ।

অতি-আধুনিক—বর্তমান যুগের সর্ব্বাপেক্ষা নূতন (Ultra-modern). প্রাদিতৎ। বিণ।

অতিকথা—বৃথা কথন, নিষ্ফল বাক্য; অতিরঞ্জিত বাক্য। অতিশয়িতা কথা, প্রাদিতৎ। বি; স্ত্রী।

অতিকথিত—যাহা বাড়াইয়া বলা হইয়াছে এরূপ, অতিরঞ্জিত (Exaggerated). প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—তা। বি,—কথন, —কথা।

অতিকায়—১। প্রকাণ্ডদেহ, বিপুল, বিশাল। অতিশয়িত কায় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। ২। জনৈক রাক্ষসের নাম। বি; পুং।

অতিকৃচ্ছ্র—১। ছয় দিন এক এক গ্রাস অন্নভোজন এবং তিন দিন অনশনরূপ প্রায়শ্চিত্তবিশেষ। অতিশয়িত কৃচ্ছ্র যাহাতে, বহুব্রী। ২। অতিশয় কষ্ট। অতিশয়িত কৃচ্ছ্র, প্রাদিতৎ। বি; ক্লীব।

অতিকৃশ—অত্যন্ত ক্ষীণকায়; অতিদুর্ব্বল দেহ। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—শা।

অতিকেশ—কেশবহুল, অতিশয় দীর্ঘ ও প্রচুর কেশবিশিষ্ট। অতিশয়িত কেশ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—শা,—শী।

অতিক্রম, অতিক্রমণ—উল্লঙ্ঘন, লঙ্ঘন; অধিক হওয়া; বিপর্যয়; অনাদর; অপালন, ভঙ্গ; অভিভব; শত্রুকে আক্রমণ; কর্ম্ম নিষ্পন্ন হইলেও ক্রিয়াপ্রবৃত্তি। অতি—ক্রম্ (গতি)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

অতিক্রমণীয়—যাহা অতিক্রম করিতে পারা যায় বা করা কর্তব্য এরূপ, লঙ্ঘনীয়; পার হইবার যোগ্য। অতি—ক্রম্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অতিক্রমী (-ক্রমিন্)—অতিক্রামক (সকল অর্থে)। অতি—ক্রম্+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—মিণী।

অতিক্রান্ত—অতীত, গত; লঙ্ঘিত; অভিভূত; আক্রান্ত; অনাদৃত। অতি—ক্রম্+ক্ত কর্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্তা।

অতিক্রামক—অতিক্রমকারী (যে ডিঙ্গাইয়া বা ছাড়াইয়া যায়); লঙ্ঘনকর্ত্তা; ক্রমোল্লঙ্ঘনকারী; আধিক্য-প্রাপক; শ্রেষ্ঠতালাভকারী। অতি—ক্রম্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—মিকা।

অতিক্ষেত্র—(জ্যামিতিতে) বক্ররৈখিক ক্ষেত্রবিশেষ, অতিক্ষেপণী (Hyperbola). বি; ক্লীব।

অতিক্ষণ—এতক্ষণ। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

অতিগ—অতিক্রম করিয়া গমনকারী, উত্তীর্ণ,

অতীত। অতি–গম্+ড কর্তৃবা। বিণ। স্ত্রী,–গা।

অতিগন্ধ—১। সাতিশয় গন্ধসম্পন্ন। অতিশয়িত গন্ধ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–ন্ধা। ২। চম্পকবৃক্ষ; গন্ধক; মুদগলতা, ...গ। ৩। অত্যন্ত গন্ধ। প্রাদিতৎ। বি; পুং।

অতিগর্ব্ব(র্ব)—অতিশয় দর্প, অত্যন্ত অহঙ্কার। অতিশয়িত গর্ব্ব, প্রাদিতৎ। বি; পুং।

অতিচর—অতিক্রমকারী, যে ছাড়াইয়া যায়। অতি–চর্+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–রা।

অতিচার—দ্রুতগমন; অতিক্রম, ছাড়াইয়া যাওয়া; (জ্যোতিষে) গ্রহগণের নিজ নিজ রাশি-ভোগকালের অসমাপ্তিতেই অন্য রাশিতে গতি। [মঙ্গলাদি গ্রহ এইরূপে যদি পূর্ব্বরাশিতে গমন করে, তবে তাহাকে বক্রাতিচার, এবং পররাশিতে গমন করিলে তাহাকে অতিচার কহে]। অতি–চর্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অতিচারী (–রিন্)—অতিক্রমশীল; অতিচারযুক্ত। অতি–চর্+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,–রিণী।

অতিজন—১। অ সা ধা র ণ। জ ন কে অতিক্রান্ত, প্রাদিতৎ। ২। বহুজনবিশিষ্ট, জনবহুল (সম্প্রদায়)। অতিরিক্ত জন যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,–না।

অতিজব—১। অতিশয় বেগ। অতিশয়িত জব, প্রাদিতৎ। বি; পুং। ২। অতিশয় বেগযুক্ত। বহুব্রী। বিণ। স্ত্রী,–বা।

অতিজাত—উৎকৃষ্টজন্মা, অভিজাত; পিতা অপেক্ষা অধিকতর গুণশালী, গুণে পিতাকে অতিক্রম করিয়া জাত। অতি (প্রশস্তরূপে) জাত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–তা।

অতিজীবন—অন্যের অপেক্ষা অধিককাল বাঁচা, উদ্বর্ত্তন (Survival). প্রাদিতৎ। বি; ক্লীব।

অতিতর—অত্যন্ত, অধিকতর। অতি+তরপ্ উৎকর্ষার্থে। বিণ। স্ত্রী,–রা।

অতিতিথি—দুই দিনে এক তিথি পড়িলে শেষ দিনের তিথি। প্রাদিতৎ। বি; স্ত্রী।

অতিতীক্ষ্ণ—অত্যন্ত উগ্র; অতিতেজোময়; শাণিত, ধারাল; অসহ্য। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–ক্ষ্ণা।

অতিতীব্র—অতিপ্রখর; দুঃসহ, অসহ্য; অতিশয় বলশালী। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–ব্রা।

অতিথ—অভ্যাগত জন, গৃহাগত ব্যক্তি; ভিক্ষুক, ফকির; পথিক। 'অতিথি' শব্দজাত। বি।

অতিথি—১। আগন্তুক, অভ্যাগত, গৃহাগত। ন (নাই) তিথি (নির্দ্ধারিত দিন) যাহার, বহুব্রী। সাধারণতঃ অতিথিরা কোনও স্থানে এক দিনের অধিক থাকে না এবং তাহাদের আগমনেরও নির্দ্ধারিত দিন নাই। বি; পুং।

অতিথিপূজন, –পূজা—আ তি থ্য, অতিথিসেবা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।

অতিথিবৎসল—অ তি থি দি গে র প্র তি অনুরাগসম্পন্ন, আতিথেয়। অতিথিতে বৎসল, ৭মীতৎ। বিণ। স্ত্রী,–লা।

অতিথিশালা—অভ্যাগতদিগের থাকিবার গৃহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অতিথিসৎকার—অতিথির প রি চ র্যা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অতিথিসেবক—গৃহাগত জনের পরিচর্য্যাকারী; অতিথিসৎকারকর্তা, অতিথিপূজক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–কা।

অতিথিসেবন, –সেবা—অতিথিসৎকার, অতিথিপূজা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।

অতিদর্প—১। অত্যধিক অহঙ্কার, অতিরিক্ত দেমাক। প্রাদিতৎ। বি; পুং। ২। অতি গর্ব্বিত, অতিদৃপ্ত। বহুব্রী। বিণ।

অতিদর্পী (–দ র্পি ন্)—অ ত্য ধি ক

অহঙ্কারী, অতিরিক্ত দেমাককারী। প্রাদিতৎ। বিণ ; পুং। স্ত্রী, –র্পিণী।

অতিদর্শী (–দর্শিন্)—অতি দূরদর্শনক্ষম, বহুদূর পর্য্যন্ত দর্শনসমর্থ। অতি–দৃশ্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ ; পুং। স্ত্রী, –র্শিনী।

অতিদাতা (–দাতৃ)—অতিশয় দানশীল, অত্যন্ত বদান্য। প্রাদিতৎ। বিণ। স্ত্রী, –ত্রী।

অতিদান—অপরিমিত দান। অতিশয়িত দান, প্রাদিতৎ। বি ; ক্লীব।

অতিদাহ—অত্যধিক জ্বলন, খুব বেশী রকমে পোড়া ; অপরিমিত তাপ ; অসহ্য রকমের গা-জ্বালা। প্রাদিতৎ। বি ; পুং।

অতিদিষ্ট—আরোপিত ; অ ন্য থা দি ষ্ট (Overruled) ; ভিন্নবস্তুর ধর্ম্মপ্রাপ্ত; সংযোজিত। অতি–দিশ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –ষ্টা।

অতিদীর্ঘ—অতিশয় দীর্ঘ, খুব লম্বা। প্রাদিতৎ। বিণ। স্ত্রী, –র্ঘা।

অতিদুঃখী (–দুঃখিন্)—নিতান্ত দরিদ্র ; অত্যন্ত ব্যথিত, অতিশয় ক্ষুব্ধ। প্রাদিতৎ। বিণ। স্ত্রী, –খিনী।

অতিদুর্গত—নিতান্ত দুরবস্থাপন্ন ; অত্যন্ত বিপদ্‌গ্রস্ত। প্রাদিতৎ। বিণ। স্ত্রী, –তা।

অতিদেশ—অন্য ধর্ম্মের অন্যত্র আরোপণ, এক বিষয়ে বিহিত ধর্ম্মের বা বিধির অন্যত্র প্রয়োগের আদেশ ; (ব্যাকরণে) সূত্রের ছয় প্রকার লক্ষণের মধ্যে একটি। অতি–দিশ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

অতিদৈব, –দৈবিক—দৈবেরও অনায়ত্ত, দেবতার অসাধ্য। দৈবকে, দৈবিককে অতিক্রান্ত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী, –বী, –কী।

অতনিদ্র—১। নিতান্ত নিদ্রাপ্রিয়, বেজায় ঘুমের ভক্ত। অতি নিদ্রা যাহার, বহুব্রী। ২। নিদ্রাহীন, বিনিদ্র, সজাগ। নিদ্রাকে অতিক্রান্ত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী, –দ্রা।

অতিনিদ্রা—অপরিমিত নিদ্রা, বেজায় বেশী ঘুম। অতিরিক্ত নিদ্রা, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

অতিনিমিষ, –নেমিষ—অপলক, পলকহীন (নেত্র)। অতিক্রান্ত নিমিষকে, নেমিষকে, প্রাদিতৎ। বিণ।

অতিনৈতিক—নীতির প্রতি অতিশয় নিষ্ঠাবান্ (Puritan). প্রাদিতৎ। বিণ।

অতিনৈতিকতা—নীতির প্রতি অত্যন্ত নিষ্ঠা (Puritanism). প্রাদিতৎ। বি ; স্ত্রী।

অতিপতন—অতিক্রম ; অকর্ত্তব্যে আস্থা, কর্ত্তব্যে অনাস্থা ; যাপন, ক্ষেপণ, কাটান ; হানি, ক্ষতি। অতি–পত্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

অতিপত্তি—অনিষ্পত্তি ; অতিক্রম। অতি –পদ্ + ক্তি ভাববা। বি ; স্ত্রী।

অতিপথ—উত্তম পথ। প্রাদিতৎ। বি ; পুং।

অতিপর—১। বি জি ত শ ত্রু, বি জ য়ী। অতিক্রান্ত পর যৎকর্তৃক, বহুব্রী। বিণ। ২। অত্যন্ত পর ; পরম শত্রু ; সম্পর্কহীন ব্যক্তি। প্রাদিতৎ। বি ; পুং।

অতিপাত—অতিপতন (সকল অর্থে)। অতি–পত্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

অতিপাতক—মহাপাপবিশেষ, (পুরুষের পক্ষে) মাতা, দুহিতা ও পুত্রবধূ অভিগমনরূপ পাপ, (স্ত্রীলোকের পক্ষে) পুত্র, পিতা ও শ্বশুর অভিগমনরূপ পাপ। প্রাদিতৎ। বি ; ক্লীব।

অতিপাতকী (–কিন্)—মহাপাপী, উৎকট-পাপাচারী ; অগম্যাগমনরূপ মহাপাপকারী। অতিপাতক + ইন্ আছে অর্থে। বিণ ; পুং। স্ত্রী, –কিনী।

অতিপাতী (–পাতিন্)—অতিক্রমকারী। অতি–পত্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ ; পুং। স্ত্রী, –তিনী।

অতিপৃক্তি—তরল পদার্থে যতটুকু অন্য পদার্থ দ্রব হইতে পারে তদতিরিক্ত হওয়া (Supersaturation) প্রাদিতৎ। বি ; স্ত্রী।

অতিপ্রকৃত—১। অতি যথার্থ, অতিশয় সত্য। প্রাদিতৎ। ২। অস্বাভাবিক, প্রকৃতি-বহির্ভূত। অতিরিক্ত প্রকৃত, প্রাদিতৎ। বিণ ; স্ত্রী, –তা।

অতিপ্রজতা, অতিপ্রজন—জনাধিক্য, জনবাহুল্য (Overpopulation). প্রাদিতৎ। বি ; স্ত্রী, পুং।

অতিপ্রবৃত্তি—অতিশয় প্রবর্তন ; অতি-নিঃস্রব, প্রচুরক্ষরণ। প্রাদিতৎ। বি ; স্ত্রী।

অতিপ্রমাণ—বিশাল, মহাকায় ; বিরাটমূর্ত্তি, বিশ্বরূপ। অতিশয়িত প্রমাণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ণা।

অতিপ্রসক্তি, –প্রসঙ্গ—পুনরুক্তি, বাহুল্য, অত্যুক্তি ; সাতিশয় আসক্তি ; অলক্ষ্যে লক্ষ্য গমন। প্রাদিতৎ। বি ; স্ত্রী, পুং।

অতিপ্রাকৃত—অতি-স্বাভাবিক, অনৈসর্গিক (Supernatural). প্রাকৃতকে (স্বাভাবিককে) অতিক্রান্ত, প্রাদিতৎ। বিণ।

অতিবড়—অতিশয় বৃহৎ ; অত্যধিক, খুব বেশী ; অত্যন্ত ; সর্ব্বশ্রেষ্ঠ ; উৎকৃষ্ট ; খুব কঠিন। প্রাদিতৎ। বিণ।

অতিবয়াঃ (–বয়স্)—বৃদ্ধ। অতিশয়িত হইয়াছে বয়ঃ যাহার, বহুব্রী। বিণ ; পুং বা স্ত্রী।

অতিবর্ত্ত(র্ত)ন—অতিবাহন, অতিপাত ; লঙ্ঘন ; অতিক্রম। অতি – বৃত্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

অতিবর্ত্ত(র্ত)নীয়—অতিবাহনীয় ; লঙ্ঘনীয়, অতিক্রমণীয়। অতি – বৃত্ + অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, –য়া।

অতিবর্ত্তি(র্তি)ত—অতিবাহিত ; লঙ্ঘিত, অতিক্রান্ত। অতি – বর্ত্তি + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

অতিবর্ত্তী(র্তী) (–বর্ত্তিন্)—অতিবাহনকারী ; অতিক্রমকারী। অতি – বৃত্ + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –র্ত্তিনী।

অতিবর্ত্তু(র্তু)ল—১। কলায়বিশেষ, মটর কলায়, বাটুলা কড়াই। বি ; পুং। ২। সম্পূর্ণ গোল। প্রাদিতৎ। বিণ। স্ত্রী, –লা।

অতিবল—অত্যন্ত বলশালী, প্রবল। বহুব্রী। বিণ। স্ত্রী, –লা।

অতিবলা—পীতবলা, হলুদে রঙের বেড়েলা ; একপ্রকার বিদ্যা [বিশ্বামিত্র ঋষি কৃশাশ্ব মুনির নিকট এই বিদ্যা প্রাপ্ত হইয়াছিলেন। পরে তিনি রাক্ষসদিগের অত্যাচার দমনার্থে রাম ও লক্ষ্মণকে এই বিদ্যা প্রদান করিয়া তাড়কা রাক্ষসীর বনমধ্যে প্রবেশ করাইয়াছিলেন]। বহুব্রী + আপ্। বি ; স্ত্রী।

অতিবাড়—অতিরিক্ত বৃদ্ধি ; অত্যন্ত বাড়াবাড়ি ; অধিক অহঙ্কার। দেশজ। বি।

অতিবাত—প্রবল বাত্যা, ঝঞ্ঝা। প্রাদিতৎ। বি ; পুং।

অতিবাদ—অত্যধিক বাক্যকথন, বাচালতা ; অত্যুক্তি ; অতি কঠোর নিন্দোক্তি, অপ্রিয়-বাক্য। প্রাদিতৎ। বি ; পুং।

অতিবাদী (–বাদিন্)—অত্যধিক বাক্য-কথনশীল ; বাচাল ; অত্যুক্তিকারী ; পরুষ-ভাষী। অতি – বদ্ + ণিন্ কর্তৃবা। বিণ ; পুং। স্ত্রী, –দিনী।

অতিবাহ—অতিযাপন ; স্থানান্তরিতকরণ ; মৃত্যুর পর সূক্ষ্মদেহাবচ্ছিন্ন জীবের দেহান্তর প্রাপণার্থ বহন বা নয়ন। অতি – বহ্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

অতিবাহন—যাপন, কাটান ; অতিগুরুভার-বহন ; অতিক্রম। অতি – ণিজন্ত বহ্ বা বাহি + অনট্ ভাববা। বি ; ক্লীব।

অতিবাহিক—দেহান্তর-প্রাপণের যোগ্য (সূক্ষ্মশরীরী)। অতিবাহ + ইকন্। বিণ। স্ত্রী, –কা।

অতিবাহিত—১। যাপিত ; অতিক্রমিত। অতি – ণিজন্ত বহ্ বা বাহি + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা। [বিণ। স্ত্রী, –টা।

অতিবিকট—ভয়ঙ্কর, দুর্দ্ধর্ষ। প্রাদিতৎ।

অতিবিষ—১। বিষাতীত ; বিষপ্রতিষেধক ; বিষক্রিয়ার নিবারক। বিষকে অতিক্রান্ত, প্রাদিতৎ। ২। তীব্র বিষময়। বহুব্রী। বিণ। স্ত্রী, –ষা।

অতিবিষা—১। একপ্রকার বিষাক্ত গাছ, আতৈষ বা আতৈচ, কাঠবিষ। বি ; স্ত্রী। ২। বিষনাশিনী। অতিবিষ + আপ্। বিণ ; স্ত্রী।

অতিবিষাণ—মহিষ। অতি (অতিরিক্ত) বিষাণ (শৃঙ্গ) যাহার, বহুব্রী। বি; পুং।

অতিবৃত্ত—উদ্বৃত্ত; অতিক্রান্ত। অতি–বৃত্ (থাকা)+ক্ত কর্তৃবা বা কর্ম্মবা। বিণ। স্ত্রী,–ত্তা।

অতিবৃত্তি—১। অতিক্রম; অতিনিঃসরণ। অতি–বৃত্+ক্তি ভাববা। ২। অধিক বৃত্তি, প্রচুর জীবিকা। অতিরিক্তা বৃত্তি, প্রাদিতৎ। বি; স্ত্রী।

অতিবৃদ্ধ—অত্যন্ত বর্ষীয়ান্, খুব বুড়া; অত্যধিক বৃদ্ধিপ্রাপ্ত, খুব বাড়িয়াছে এরূপ। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–দ্ধা।

অতিবৃদ্ধি—অতিরিক্ত বৃদ্ধি, খুব বেশী বাড় বা বাড়া; সমৃদ্ধি; অত্যন্ত উন্নতি; অত্যন্ত স্পর্দ্ধা। প্রাদিতৎ। বি; স্ত্রী।

অতিবৃষ্টি—প্রয়োজনাতিরিক্ত বা ক্ষতিকর অধিক বর্ষণ। অতিশয়িতা বৃষ্টি, প্রাদিতৎ। বি; স্ত্রী।

অতিবেগনী, –বেগুনী—সূর্য্যরশ্মিতে যে সাতটি বর্ণ আছে তন্মধ্যে বেগুনী ও নীলের মধ্যবর্ত্তী (Ultra-violet). অতিক্রান্ত বেগুনীকে, প্রাদিতৎ। বাং; বিণ।

অতিবেল—১। অ ধি ক; অ সী ম; মর্য্যাদাতিক্রান্ত; বেলাভূমি অতিক্রমকারী; সীমার বহির্গত। বেলাকে (সীমাকে) অতিক্রান্ত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–লা। ২। বেলাতিক্রম, সময়াতিরেক। বেলার অত্যয় বা অতিক্রম, অব্যয়ী। বি; ক্লীব।

অতিব্যগ্র—অতিশয় ব্যস্ত; অত্যন্ত অধীর; নিতান্ত ব্যাকুল। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–গ্রা।

অতিব্যাপ্তি—অধিক ব্যাপন; অলক্ষ্যে লক্ষ্য গমন, অতিপ্রসঙ্গ। [ইংরাজজাতিকে সুশিক্ষিত বলিতে অভিলাষ করিয়া যদি বলা হয়, "পশ্চিমদেশীয়েরা সুশিক্ষিত," তাহা হইলে ইহাতে অতিব্যাপ্তি দোষ ঘটে, কেননা পশ্চিমদেশে অশিক্ষিত বহু জাতিও আছে]। অতি (অতিশয়) ব্যাপ্তি, প্রাদিতৎ। বি; স্ত্রী।

অতিভক্তি—প্রয়োজনাতিরিক্ত বা অনুচিত অধিক ভক্তি। প্রাদিতৎ। বি; স্ত্রী।

অতিভার—অত্যন্ত ভার, অতি গুরুত্ব। অতিশয়িত ভার, প্রাদিতৎ। বি; পুং।

অতিভুজ—সমকোণী ত্রিভুজে সমকোণের বিপরীত বাহু (Hypotenuse). প্রাদিতৎ। বি।

অতিভূমি—আধিক্য; কুলাতিক্রম; মর্য্যাদা-লঙ্ঘন। প্রাদিতৎ। বি; স্ত্রী।

অতিভোক্তা (–ভোক্তৃ)—পরিমাণাতিরিক্ত ভোজনকারী, পেটুক। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–ক্ত্রী।

অতিভোজন—গুরুতর ভোজন, অপরিমিত আহার। প্রাদিতৎ। বি; ক্লীব।

অতিভোজী (–ভোজিন্)—অতিভোক্তা, পেটুক। অতি–ভুজ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–জিনী।

অতিমন্দা—বাজার-দরের আকস্মিক পতন। প্রাদিতৎ। বি।

অতিমর্ত্ত্য—মানবাতীত, অ তি মা নু ষ, অমানুষিক; লোকাতীত, অলৌকিক। মর্ত্ত্যকে অতিক্রান্ত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–র্ত্ত্যা।

অতিমর্য্যাদ—সীমাতীত; অপরিসীম, অশেষ; অত্যধিক, অতিরিক্ত। মর্য্যাদাকে অতিক্রান্ত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–দা।

অতিমাত্র—অত্যধিক, অতিশয়, অত্যন্ত; সীমাতিক্রান্ত। মাত্রাকে অতিক্রান্ত, প্রাদিতৎ অথবা অতি (অতিশয়িতা) মাত্রা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–ত্রা।

অতিমাত্রা—১। অপরিমিত মাত্রা, অত্যধিক পরিমাণ। প্রাদিতৎ। বি; স্ত্রী। ২। অধিক পরিমাণযুক্তা। বিণ। স্ত্রী।

অতিমান—১। অনুচিত অতিরিক্ত অভিমান। প্রাদিতৎ। বি; পুং। ২। পরিমাণাধিক। মানকে অতিক্রান্ত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–না।

অতিমানব—মহামানব, শ্রেষ্ঠ ব্যক্তি। প্রাদিতৎ। বি; পুং।

অতিমানুষ—১। অমানুষিক, অলৌকিক, লোকাতীত (Superhuman). মানুষকে অতিক্রান্ত, প্রাদিতৎ। বিণ। ২। মহামানব। বি ; পুং। স্ত্রী,–ষী।

অতিমানুষিক—অতিমানুষ (তাহা দ্রঃ)। বিণ। স্ত্রী,–কী।

অতিমায়—মায়াতীত ; মায়া কাটাইয়াছে এরূপ ; মোক্ষপ্রাপ্ত, অবিদ্যামুক্ত। মায়াকে অতিক্রান্ত, প্রাদিতৎ। বিণ।

অতিমিত—১। অনার্দ্র, ভিজা নয়, শুষ্ক ; অস্থির, চঞ্চল। ন তিমিত, নঞ্‌তৎ। ২। অত্যধিকরূপে পরিমিত ; অপরিমিত বা অপরিমেয় ; অতিরিক্ত। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–তা।

অতিমুক্ত—১। নির্ব্বাণমুক্তিপ্রাপ্ত ; নিঃসঙ্গ ; বন্ধ্যা, নিষ্ফল। অতি–মুচ্‌+ক্ত কর্ম্ম-কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ক্তা। ২। মাধবীলতার গাছ ; তিনিশ বৃক্ষ। প্রাদিতৎ। বি ; পুং।

অতিমুক্তক—তিনিশ বৃক্ষ ; মাধবীলতা ; বনমল্লিকা ; গাবগাছ। অতিমুক্ত+কণ্‌ স্বার্থে। বি ; পুং।

অতিমৃত্যু—১। মরণের পারগত, অমৃত। বিণ। ২। মুক্তি, নির্ব্বাণ। মৃত্যুকে অতিক্রান্ত, প্রাদিতৎ। বি ; পুং।

অতিমোদ—অতি সুগন্ধযুক্ত। বহুব্রী। বিণ। স্ত্রী,–দা।

অতিযোগ—অতিশয় যোগ ; অতিনিঃসরণ ; আধিক্য, বাহুল্য। প্রাদিতৎ। বি ; পুং।

অতিরক্ত—অত্যন্ত অনুরক্ত ; অতিশয় লোহিতবর্ণ। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–ক্তা।

অতিরঞ্জন—সত্যাতিরিক্ত বর্ণনা, বাড়াইয়া বলা। প্রাদিতৎ। বি ; ক্লীব।

অতিরঞ্জিত—সত্যাতিরিক্তভাবে বর্ণিত, যাহা বাড়াইয়া বলা হইয়াছে এরূপ। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–তা।

অতিরথ—এক শ্রেণীর যোদ্ধা, যে বীর অসংখ্য শত্রুর সহিত যুদ্ধ করিতে সমর্থ। রথকে (অর্থাৎ রথারোহীদিগকে) অতিক্রান্ত, প্রাদিতৎ। বি ; পুং।

অতিরসা—১। রাস্না ; লতাকটুকী ; শতমূলী। বি ; স্ত্রী। ২। অত্যন্ত রসবিশিষ্টা। বহুব্রী+আপ্‌। বিণ ; স্ত্রী।

অতিরাত্র—এক রাত্রি-সাধ্য যাগবিশেষ। রাত্রিকে অতিক্রান্ত, প্রাদি (সমাসান্ত অচ্‌)। বি ; পুং।

অতিরিক্ত—শ্রেষ্ঠ ; ভিন্ন ; অধিক ; উন্নত। অতি–রিচ্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ক্তা।

অতিরূপ—১। অমূর্ত্ত। প্রাদিতৎ। ২। সুশ্রী, অতি সুন্দর। বহুব্রী। বিণ। স্ত্রী,–পা। ৩। অলৌকিক সৌন্দর্য্য। প্রাদিতৎ। বি : ক্লীব।

অতিরেক—আধিক্য ; প্রাধান্য ; ভিন্নতা। অতি–রিচ্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

অতিরেকী (–রেকিন্‌)—অতিক্রমকারী : অতিরিক্ত, অত্যধিক ; শ্রেষ্ঠ, প্রধান। অতিরেক+ইন্‌ আছে অর্থে। বিণ ; পুং। স্ত্রী,–কিণী।

অতিরোগ—ক্ষয়রোগ। অতি (অত্যুৎকট) রোগ, প্রাদিতৎ। বি ; পুং।

অতিরোমশ—১। অতিশয় রোমযুক্ত। অতি (অতিশয়িত) রোমশ, প্রাদিতৎ। বিণ। ২। বানর ; বন-ছাগল। বি ; পুং।

অতিলঙ্ঘন—অতিক্রম ; অত্যন্ত ব্যতিক্রম ; দীর্ঘ উপবাস। অতি–লঙ্ঘ+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

অতিলাভ—অত্যধিক পরিমাণে লাভ, অস্বাভাবিক লাভ। প্রাদিতৎ। বি ; পুং।

অতিলোভ—প্রবল লোভ। প্রাদিতৎ। বি ; পুং।

অতিলোমা (–লোমন্‌)—লোমশ, অতিলোমযুক্ত। বহুব্রী। বিণ। স্ত্রী,–মা,–মী।

অতিশক্তি—১। অতিশয় সামর্থ্য। প্রাদিতৎ। বি ; স্ত্রী। ২। অত্যন্ত-শক্তি-সম্পন্ন। অতিশয়িত শক্তি যাহার, বহুব্রী। বিণ।

অতিশয়—১। অত্যন্ত, অতিরিক্ত, অধিক; বিলক্ষণ, অসাধারণ। অতি—শী+অচ্ কর্তৃবা। বিণ। ২। আধিক্য; অতিক্রম; উৎকর্ষ; মহত্ত্ব। অতি—শী+অচ্ ভাববা। বি; পুং।

অতিশয়িত—অধিক, অতিরিক্ত; অতিক্রান্ত। অতি—শী+ক্ত কর্তৃবা অথবা, অতিশয় শব্দ+ইত যুক্তার্থে। বিণ। স্ত্রী, —তা।

অতিশয়ী (—শয়িন্)—অতিশয়িত, অত্যধিক, অতিরিক্ত; বর্দ্ধিত। অতিশয়+ইন্ আছে অর্থে। বিণ; পুং। স্ত্রী, —য়িনী।

অতিশয়োক্তি—অতিবর্ণন, অধিক বলা; কাব্যালঙ্কারবিশেষ। উপমেয়ের একবারে উল্লেখ না করিয়া উপমানকেই উপমেয়রূপে নির্দ্দেশ করার নাম অতিশয়োক্তি। যথা—'প্রাণদান দেহ এ প্রসূনে।" এখানে প্রসূন অর্থাৎ পুষ্পরূপ লক্ষ্মণকে বাঁচাও, এই অর্থপ্রকাশার্থে লক্ষ্মণের উল্লেখ না করিয়া উপমান পুষ্পকেই উপমেয়রূপে নির্দ্দেশ করায় অতিশয়োক্তি অলঙ্কার (Hyperbole) হইয়াছে। অতিশয়িত উক্তি, কর্ম্মধা; বা, অতিশয় হইয়াছে উক্তি যাহাতে, বহুব্রী। বি; স্ত্রী।

অতিশায়ন—আতিশয্য, আধিক্য; প্রকর্ষ। অতি—শায়ি+অনট্ ভাববা। বি; ক্লীব।

অতিশায়ী (—শায়িন্)—অধিক হয় এরূপ; সমধিক; অতিক্রমকারী। অতি—শী+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী, —য়িনী।

অতিষ্ঠ—কোন স্থানে থাকিতে অসমর্থ; অস্থির, বিরক্ত, পালাই-পালাই। দেশজ। বিণ।

অতিষ্ঠা—অগ্রগামিতা, প্রাধান্য; পূর্ব্ববর্ত্তিতা (Precedence). অতি—স্থা+ক্বিপ্ কর্তৃবা। বি; স্ত্রী।

অতিসংহিত—বঞ্চিত, প্রতারিত; প্রচারিত, প্রকাশিত। অতি—সম্—ধা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

অতিসন্ধান—প্রবঞ্চনা। অতি—সম্—ধা+অনট্ ভাববা। বি; ক্লীব।

অতিসর্গ—১। উৎসর্গ; ত্যাগ, বিসর্জ্জন অতি—সৃজ্+ঘঞ্ ভাববা। বি; পুং ২। সৃষ্ট্যতিক্রান্ত, নিত্য; মুক্ত। প্রাদিতৎ বিণ। স্ত্রী, —র্গা।

অতিসর্জ্জ(র্জ)ন—দান, উৎসর্গ; ত্যাগ বিসর্জ্জন; বধ; বঞ্চন; নিয়োগ। অতি—সৃজ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অতিসর্পণ—গর্ভস্থ ভ্রূণের সঞ্চলন। অতি—সৃপ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অতিসার, অতীসার—উদরাময়, পেটের অসুখ (Diarrhœa, Cholera). অতি—সৃ+ঘঞ্ ভাববা, বিকল্পে দীর্ঘ বি; পুং।

অতিসারক—সাতিশয় রেচক, অত্যন্ত ভেদজনক। অতি—সৃ+ণিচ্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, —রিকা।

অতিসারিত—সঞ্চালিত। অতি—সৃ+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

অতিসারী (—সারিন্)—১। অতিসাররোগগ্রস্ত, পেটের পীড়াযুক্ত। অতিসার+ইন্ আছে অর্থে। ২। অতিসারক, সাতিশয় রেচক, অত্যন্ত ভেদজনক। অতি—সারি+ণিন্ কর্তৃবা। ৩। অত্যন্ত সারবান্। প্রাদিতৎ। বিণ; পুং। স্ত্রী, —রিণী।

অতিসৃষ্ট—সৃষ্ট, ত্যক্ত; দত্ত; নিযুক্ত। অতি—সৃজ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —ষ্টা।

অতিসৌরভ—১। অতিশয় গন্ধযুক্ত। বিণ। ২। আম্রবৃক্ষ। বহুব্রী। বি; পুং।

অতিসৌহিত্য—অতিভোজন, অতিতৃপ্তি। প্রাদিতৎ। বি; ক্লীব।

অতিস্তুতি—অবিদ্যমানগুণের কীর্ত্তন, অতি প্রশংসা। প্রাদিতৎ। বি; স্ত্রী।

অতিস্রুত—বহমান, যাহা উপচাইয়া পড়িতেছে এমন। অতি—স্রু+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

অতিহসিত, —হাস, —হাস্য—অতিশয়

হাস্য, অশ্বচীৎকারের ন্যায় হাসি। প্রাদিতৎ। বি; পুং, ক্লীব। [অব্য।

অতিহঁ—অতীব, অতিশয়। প্রাঃ কবিপ্র।

অতীক্ষ্ণ—অপ্রখর; ধারাল বা ঝাঁজাল নয়; অতীব্র; অকটু। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্ষ্ণা।

অতীত—১। গত, অতিক্রান্ত, ভূত; মৃত। অতি—ই+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, —তা। ২। ভূত কাল। বি; ক্লীব।

অতীতবেত্তা (—**বেত্তৃ**)—অতীতবেদী (সকল অর্থে)। অতীতের বেত্তা, ৬ষ্ঠীতৎ। বিণ: পুং। স্ত্রী,—ত্রী।

অতীতবেদী (—**বেদিন্‌**)—ভূতদর্শী; প্রাচীন; অভিজ্ঞ, বৃদ্ধ; ইতিহাসবেত্তা। অতীত (ভূত)—বিদ্ (জানা)+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—দিনী।

অতীন্দ্রিয়—১। ইন্দ্রিয়াতীত, চক্ষুকর্ণাদি ইন্দ্রিয়ের অগোচর;, অপ্রত্যক্ষ, পরোক্ষ। ইন্দ্রিয়কে অতিক্রান্ত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী, —য়া। ২। আত্মা: বিষ্ণু। বি; পুং।

অতীব—নিরতিশয়, অত্যন্ত। অতি+ইব অবধারণার্থে। অব্য।

অতীসার—অতিসার (তাহা দ্রঃ)।

অতুঙ্গ—অনুচ্চ, অনুন্নত; নিম্ন; খর্বাকার। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ঙ্গা।

অতুল—১। তুলনারহিত, অনুপম; অপরিমেয়। ন (নাই) তুলা (তুলনা) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা। ২। তিলগাছ। বি; পুং।

অতুলন—তুলনারহিত, অনুপম। ন (নাই) তুলনা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

অতুলনীয়—যাহার তুলনা দেওয়া যায় না এরূপ, অতুল, তুলনারহিত, অনুপম। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অতুলিত—যাহা তৌল করা হয় নাই এরূপ, অমিত; তুলনারহিত, অন্য কিছুর সহিত যাহার তুলনা দেওয়া যায় না এরূপ, অনুপম। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অতুল্য—অসমান, অসদৃশ; তুলনারহিত। ন তুল্য, নঞ্‌তৎ, অথবা ন (নাই) তুল্য (সমান) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ল্যা।

অতৃপ্ত—তৃপ্ত হয় নাই এরূপ, অপরিতুষ্ট; যাহার আশা মিটে নাই এরূপ। ন তৃপ্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—প্তা।

অতৃপ্তি—অপরিতোষ, তৃপ্ত না হওয়া; অসন্তুষ্টি। ন তৃপ্তি, নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অতৈল—১। তিলোৎপন্ন স্নেহদ্রব্যসদৃশ দ্রব্য, সর্ষপাদির রস। "অতৈলং সার্ষপং তৈলং যত্তৈলং পুষ্পবাসিতম্।" অর্থাৎ সর্ষপ তৈল ও ফুলল তৈল অতৈল। যে যে বিষয়ে তৈল সেবন নিষিদ্ধ, তাহাতে সর্ষপ তৈল বা ফুলল তৈল ব্যবহার করিতে পারা যায়। ন তৈল, নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। তৈল-বিহীন, রুক্ষ। বহুব্রী। বিণ।

অত্তা (**অত্তৃ**)—ভোজনকর্তা, ভোক্তা। অদ্ ধাতু+তৃন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—ত্রী।

অত্যতি—অতীব, অত্যন্ত, যারপর নাই। অতি হইতেও অতি, ৫মীতৎ। অব্য; বিণ।

অত্যধিক—অতিরিক্ত অধিক, খুব বেশী, যত বেশী হওয়া আবশ্যক বা উচিত নয়। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—কা।

অত্যন্ত—নিরতিশয়, খুব বাড়াবাড়ি, অতিরিক্ত অধিক, যতটা হওয়া বা করা উচিত নয়; সম্পূর্ণভাবে, একেবারে। অন্তকে অতি অর্থাৎ অতিক্রান্ত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ন্তা।

অত্যন্তগর্হিত—অতিশয় নিন্দনীয়; যাহার পরিণাম খুব খারাপ এমন। অন্তে গর্হিত, ৭মীতৎ; অতি অন্তগর্হিত, প্রাদিতৎ। বিণ।

অত্যন্তসংযোগ—ব্যাপ্তি। কর্মধা। বি; পুং।

অত্যন্তসুকুমার—১। সাতিশয় মৃদু বা নম্র; নিতান্ত অল্পবয়স্ক, অতি শিশু; খুব কচি। কর্মধা। বিণ।

অত্যন্তাভাব—সম্যক্ অভাব; (ন্যায়মতে) নিত্য সংসর্গাভাব। কর্মধা। বি; পুং।

অত্যান্তিক—অত্যন্তগামী, অতিশয় ভ্রমণশীল। অত্যন্ত+ইক। বিণ। স্ত্রী,—কী।

অত্যন্তিম—অতি চরম। সুপ্‌সুপা। বিণ।

অত্যম্ল—১। খুব বেশী টক। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ম্লা। ২। তিন্তিড়ী, তেঁতুল। বহুব্রী। বি; ক্লীব।

অত্যম্লপর্ণী—আমরুল শাক। অত্যম্ল পর্ণ (পত্র) যাহার, বহুব্রী+ঈপ্‌। বি; স্ত্রী।

অত্যয়—বিনাশ; অভাব; মৃত্যু; অপচয়; অতিক্রম; বিলম্ব; অপগম; ধ্বংস; দোষ; দণ্ড; কৃচ্ছ্র; দুঃখ। অতি—ই (গমন করা)+অন্ ভাববা। বি; পুং।

অত্যয়িত—মৃত; অতীত; অতিক্রান্ত। অত্যয়+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

অত্যর্থ—১। আধিক্য। বি; ক্লীব। ২। অতিমাত্র, অতিশয় তীব্র। প্রাদিতৎ। বিণ। [প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ল্পা।

অত্যল্প—অতিশয় অল্প, যৎকিঞ্চিৎ।

অত্যশন—অতি ভোজন, অতিরিক্ত আহার। প্রাদিতৎ। বি; ক্লীব।

অত্যাগসহন—যে বিচ্ছেদ সহ্য করিতে পারে না এরূপ; বন্ধু। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—না।

অত্যাচার—অভদ্র-আচরণ; উপদ্রব, উৎপীড়ন, দৌরাত্ম্য। অতি—আ—চর্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

অত্যাচারিত—উৎপীড়িত, উপদ্রুত। অত্যাচার+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

অত্যাচারী (—চারিন্)—অত্যাচারকারী, উৎপীড়ক। অতি—আ—চর্‌+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—রিণী।

অত্যাজ্য—অপরিহার্য্য; পরিত্যাগের অযোগ্য, যাহা পরিত্যাগ করা যায় না এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—জ্যা।

অত্যাধান—উপশ্লেষ। অতি—আ—ধা+অনট্ ভাববা। বি; ক্লীব।

অত্যাবশ্যক—অতিপ্রয়োজনীয়, অত্যন্ত দরকারী। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—কী।

অত্যায়ত—অতি বিস্তৃত। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—তা।

অত্যারূঢ়—প্রবৃদ্ধ, বৃদ্ধিপ্রাপ্ত, অতি প্রবল। অতি—আ—রুহ্‌+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ঢ়া। বি,—ঢ়ি,—রোহ।

অত্যারূঢ়ি—অতিবৃদ্ধি; সাতিশয় উন্নতি। অতি—আ—রুহ্‌+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অত্যাশা—অতিরিক্ত আশা, অনুচিত প্রত্যাশা; দুরাকাঙ্ক্ষা। অতিরিক্ত আশা, প্রাদিতৎ। বি; স্ত্রী।

অত্যাশ্চর্য্য—অতিশয় বিস্ময়জনক, অত্যদ্ভুত। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—র্য্যা।

অত্যাসক্ত—অতিশয় অনুরক্ত, একান্ত অনুরাগী। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অত্যাসক্তি—অত্যন্ত অনুরক্তি, নিতান্ত আসক্তি; অভিনিবেশ। প্রাদিতৎ। বি; স্ত্রী।

অত্যাসঙ্গ—অতিশয় ঘনিষ্ঠতা, অত্যন্ত অনুরাগ। প্রাদিতৎ। বি; পুং।

অত্যাসন্ন—অত্যন্ত নিকটবর্ত্তী। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ন্না।

অত্যাহার—অতিভোজন; প্রচুর খাদ্যদ্রব্য প্রাদিতৎ। বি; পুং।

অত্যাহারী (—হারিন্)—অতিভোজনকারী, পেটুক। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—রিণী

অত্যাহিত—অশুভ, অমঙ্গল; মহাভয় অতি—আ—ধা+ক্ত অধিবা। বি; ক্লীব।

অত্যুক্তি—অধিক উক্তি, বাড়াইয়া বলা অতিরিক্ত বর্ণনা; অসম্ভব উক্তি; অলঙ্কার-বিশেষ, এই অলঙ্কারে আশ্চর্য্য শৌর্য্য ও ঔদার্য্য প্রভৃতির বর্ণনা থাকে। যেমন—হে রাজেন্দ্র, আপনি দাতা হইলে যাচকের কল্পবৃক্ষ হয়। অতি (অতিরিক্তা) উক্তি প্রাদিতৎ। বি; স্ত্রী।

অত্যুগ্র—অতিশয় উৎকট, অত্যন্ত প্রখর অতিকোপন। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—গ্রা

অত্যুচ্চ—অতিশয় উন্নত; অত্যন্ত অহঙ্কারী প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—চ্চা।

অত্যুচ্ছ্বাস—অত্যন্ত বৃদ্ধি; অতিশয় প্রকোপ; অতিরিক্ত আবেগ। প্রাদিতৎ বি; পুং। [বিণ। স্ত্রী,—লা

অত্যুজ্জ্বল—অতিশয় দীপ্তিমান্। প্রাদিতৎ।

অত্যুৎকট—অতিশয় উগ্র; অতি গুরু; নিদারুণ। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—টা।

অত্যুৎকৃষ্ট—অত্যুত্তম, খুব ভাল। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অত্যুত্তম—অত্যুৎকৃষ্ট, খুব ভাল, সবসেরা। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—মা।

অত্যুষ্ণ—অত্যন্ত গরম, অতিশয় উত্তপ্ত। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ষ্ণা।

অত্যূর্ম্মি—বুদ্বুদান; টগবগানি (Bubbling over). অতিশয়িতা উর্ম্মি, প্রাদিতৎ। বি; স্ত্রী।

অত্র—১। এইস্থানে, এখানে। এতদ্ শব্দ+ত্রল্ সপ্তমী স্থানে। সংস্কৃত; অব্য। ২। এই। বাং; বিণ।

অত্রত্য—এতদ্দেশীয়, এই দেশের, এই স্থানের, এই স্থানসম্বন্ধীয়; এই স্থানে জাত। অত্র (এই স্থানে)+ত্য ভবার্থে। বিণ। স্ত্রী,—ত্যা।

অত্রপ—ত্রপাশূন্য, লজ্জাহীন, নির্লজ্জ, বেহায়া। ন (নাই) ত্রপা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—পা।

অত্রভবান্—সম্মানার্হ, মান্য, পূজ্য। বিণ; পুং। স্ত্রী, অত্রভবতী। [স্ত্রী,—ন্তা।

অত্রস্ত—অভীত; অব্যগ্র। নঞ্ তৎ। বিণ।

অত্রস্থ—এই স্থানে স্থিত; এখানকার। অত্র—স্থা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা।

অত্রি—ঋষিবিশেষ। ন (নাই) ত্রি (সত্ত্ব রজঃ তমঃ তিনগুণ) যাহার, বহুব্রী। বি; পুং। অত্রি ব্রহ্মার মানসপুত্র এবং সপ্তর্ষির অন্যতম। ইনি দক্ষসুতা অনসূয়ার পাণিগ্রহণ করেন। ইঁহার পুত্র—দত্ত, সোম ও দুর্ব্বাসাঃ। ইঁহার নেত্রজল হইতে চন্দ্রের উদ্ভব। বনবাসকালে শ্রীরামচন্দ্র ইঁহার আশ্রমে আতিথ্য স্বীকার করিয়াছিলেন।

অত্রিজাত—চন্দ্র। ৫মীতৎ। বি; পুং।

অত্রিনেত্রজ, —প্রসূত, —ভূ—চন্দ্র। বি; পুং।

অত্রিসংহিতা—অত্রিমুনি-প্রণীত স্মৃতিশাস্ত্র। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অথই—যাহার থই নাই বা পাওয়া যায় না, অতলস্পর্শ, অগাধ ('অথই' জল)। ন (নাই) থই (স্থলী) যেখানে, বহুব্রী। বিণ।

অথচ—আরও; কিন্তু; তাহা সত্ত্বেও। অব্য।

অথবা—কিংবা; পক্ষান্তরে। অব্য।

অথর্ব্ব(র্ব) (**অথর্ব্বন্**)—১। চারি বেদের চতুর্থ বেদ। এই বেদ ব্রহ্মার উত্তর-মুখ হইতে নিঃসৃত। ভাগবতকার বলেন, অথর্ব্ববেদ ব্রহ্মার পূর্ব্ব-মুখ হইতে বিনিঃসৃত। বিষ্ণুপুরাণে দেখিতে পাওয়া যায় যে, প্রথমে এক বেদ ছিল; পরে ব্রহ্মার আদেশে ব্যাসদেব তাহা চারি ভাগে বিভক্ত করিয়া পৈলকে ঋক্‌বেদ, বৈশম্পায়নকে যজুর্ব্বেদ, জৈমিনিকে সামবেদ, এবং সুমন্তকে অথর্ব্ববেদ শ্রবণ করাইতে নিযুক্ত করেন। কাহারও কাহারও মতে অথর্ব্ব বেদমধ্যে গণ্য নহে। মহামতি মনু ঋক্, যজুঃ ও সাম এই তিন বেদের উল্লেখ করিয়াছেন। অমরকোষেও সেইরূপ দেখিতে পাওয়া যায়। সামবেদের ছান্দোগ্য উপনিষদে উক্ত হইয়াছে যে, অথর্ব্ব চতুর্থ বেদ, এবং পুরাণ ও ইতিহাস পঞ্চম বেদ। উইলসন সাহেবের মতে অথর্ব্ব বেদ নহে, বেদের ক্রোড়পত্রমাত্র। অথ শব্দ (মঙ্গল)—ঋ (গমন করা)+বনিপ্, কর্তৃবা। বি; ক্লীব। ২। বার্দ্ধক্য জন্য অসমর্থ বা নড়িতে চড়িতে অশক্ত, জরাগ্রস্ত, স্থবির। দেশজ। বিণ। [স্বার্থে। বি; পুং।

অথর্ব্ব(র্ব)ণ—শিব, মহাদেব। অথর্ব্বন্+ণ

অথর্ব্ব(র্ব)ণি—অথর্ব্ববেদজ্ঞ ব্রাহ্মণ। অথর্ব্বন্+ই জ্ঞাতার্থে। বিণ।

অথর্ব্ব(র্ব)বিৎ—অথর্ব্ববেদজ্ঞ ব্রাহ্মণ। অথর্ব্বন্—বিদ্ (জানা)+কিপ্, কর্তৃবা। বিণ।

অথর্ব্বা(র্বা) (**অথর্ব্বন্**)—১। বেদের ব্রাহ্মণ-ভাগ। ২। বশিষ্ঠ। ৩। জনৈক ঋষির নাম। অথ—ঋ+বনিপ্, কর্তৃবা। বি; পুং।

অথল—স্থলবিহীন, অতলস্পর্শ, অথই। প্রাঃ কবিপ্র। বিণ। [কবিপ্র। বিণ।

অথাই—অগাধ, অথই; সংজ্ঞাহীন। প্রাঃ

অথান্তর—প্রয়াস ; আয়াস, কষ্ট ; অসুবিধা ; সঙ্কট, মুস্কিল। প্রাদেশিক। বি।
অথিক—হয়। প্রাঃ কবিপ্র।
অথির, অথীর—অধীর। 'অস্থির' শব্দজাত। বিণ।
অদক্ষ—দক্ষতাহীন, অপটু, অনিপুণ, অকুশল, আনাড়ি। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ক্ষা।
অদক্ষিণ—১। প্রতিকূল, বাম ; অকর্ম্মণ্য ; অনুদার ; কুটিল। নঞ্তৎ। ২। দক্ষিণা-শূন্য। বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।
অদখিন—প্রতিকূল, বাম। 'অদক্ষিণ' শব্দজাত। প্রাঃ কবিপ্র। বিণ।
অদগ্ধ—আপোড়া ; আধপোড়া ; যথাশাস্ত্র অগ্নিসংস্কার হয় নাই এরূপ, অকৃতাগ্নিসংস্কার। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—গ্ধা।
অদড়—অকঠিন, কোমল ; চঞ্চল ; স্থবির, বৃদ্ধ ; চলচ্ছক্তিহীন। নঞ্তৎ। 'অদৃঢ়' শব্দজ। বিণ।
অদণ্ড—১। দণ্ডাভাব, শাস্তিহীনতা ; অশাসন। নঞ্তৎ। বি ; পুং। দণ্ডরহিত, শাস্তি-শূন্য ; শাসনহীন ; অদণ্ডিত। বহুব্রী। বিণ।
অদণ্ডনীয়—দণ্ডের অযোগ্য, যাহার দণ্ড হওয়া অনুচিত এরূপ, অদণ্ড্য। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—য়া।
অদণ্ড্য—অদণ্ডনীয়, যে দণ্ডযোগ্য নয় এরূপ। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ণ্ড্যা।
অদত্ত—অনর্পিত, যাহা দান করা হয় নাই ; ভয়-ক্রোধাদিহেতু অবৈধভাবে দত্ত বা অর্পিত। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ত্তা।
অদত্তা—১। অনর্পিতা। বিণ ; স্ত্রী। ২। যে কন্যার (বিবাহার্থ) সম্প্রদান হয় নাই, অনূঢ়া, অবিবাহিতা। নঞ্তৎ। বি ; স্ত্রী।
অদন—১। ভক্ষণ। অদ (ভক্ষণ করা)+অনট্ ভাববা। ২। ভক্ষ্যদ্রব্য। অদ্+অনট্ কর্ম্মবা। বি ; ক্লীব।
অদনীয়—ভক্ষণীয় ; আহার্য্যদ্রব্য। অদ্+অনীয় কর্ম্মবা। বিণ বা বি ; ক্লীব।
অদন্ত, অদন্তক—১। দন্তহীন, যাহার দন্ত উঠে নাই বা পড়িয়া গিয়াছে এরূপ ; ফোগলা। ন (নাই) দন্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্তা,—কা। ২। জোঁক, জলৌকা। বি ; পুং।
অদন্তী (—দন্তিন্)—দন্তহীন (প্রাণী)। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ন্তিনী।
অদভুত—অদ্ভুত, আশ্চর্য্য। প্রাঃ কবিপ্র। বিণ।
অদভ্র—অনল্প, বহু, প্রচুর, বিস্তর, অধিক। ন দভ্র, নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ভ্রা।
অদম—১। ইন্দ্রিয়াসক্তি, ইন্দ্রিয়দমনক্ষমতার অভাব। নঞ্তৎ। বি ; পুং। ২। ইন্দ্রিয়াসক্ত, অজিতেন্দ্রিয়। ন (নাই) দম যাহার, বহুব্রী। বিণ।
অদমনীয়, অদম্য—দমনের অসাধ্য, দমন করিতে পারা যায় না এরূপ ; দুর্দ্দান্ত ; অজেয়, দুর্জ্জয়। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—য়া,—ম্যা।
অদমিত—অনিয়মিত ; অশমিত ; অ-নিবারিত। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তা।
অদয়—দয়াহীন, নির্দ্দয়, নিষ্করুণ, নিষ্ঠুর। ন (নাই) দয়া যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।
অদরকারী—অনাবশ্যক, বাজে। নঞ্তৎ। বিণ।
অদরশ—অদর্শন। প্রাঃ কবিপ্র। বি।
অদর্শন—১। দর্শনাভাব ; অন্তর্দ্ধান ; বিনাশ। নঞ্তৎ। বি ; ক্লীব। ২। অদৃশ্য ; দৃষ্টির বহির্ভূত ; অতীন্দ্রিয়। ন (নাই) দর্শন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।
অদল—দলহীন, পত্রশূন্য। ন (নাই) দল (পত্র) যাহার, বহুব্রী। বিণ।
অদলবদল—আদান-প্রদান, বিনিময় (Interchange). আর্ষী। বি।
অদহন—১। দহনের অভাব, পুড়িয়া না যাওয়া। নঞ্তৎ। বি ; ক্লীব। ২। তাপহীন, শীতল। ন দহন (দাহকারী), নঞ্তৎ। বিণ।
অদহনীয়—দহনের অযোগ্য, অদাহ্য। ন দহনীয়, নঞ্তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অদাতা (অদাতৃ)—দানের প্রবৃত্তিহীন, ধনাদি থাকিতেও দান করিতে কাতর, কৃপণ। নীতিশাস্ত্রকারেরা বলেন যে, "অদাতা বংশ-দোষেণ" অর্থাৎ বংশদোষে অদাতা হয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ত্রী।

অদান—দানাভাব, ধনাদির অবিতরণ; অন্যায় দান। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অদান্ত—অদমিত, অশাসিত, অনির্জ্জিত; দুর্দ্দান্ত, অদম্য; অজিতেন্দ্রিয়। ন দান্ত, নঞ্‌তৎ। বিণ।

অদায়—যাহার দায় অর্থাৎ বিভাজ্য পৈতৃক সম্পত্তি নাই; পৈতৃক ধনাদিতে অনধিকারী। বহুব্রী। বিণ।

অদায়িক—উত্তরাধিকারিশূন্য, রিক্‌থহর পুত্রাদিবিহীন; যে দায়ী নহে এমন; যে ঋণী নহে এমন। নঞ্‌তৎ। বিণ।

অদার—স্ত্রীহীন, বিপত্নীক; অবিবাহিত। ন (নাই) দার (পত্নী) যাহার, বহুব্রী। বিণ; পুং।

অদাহ্য—অদহনীয়; অদহনশীল; শাস্ত্রানুসারে অগ্নিসংস্কারের অযোগ্য। ন দাহ্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—হ্যা।

অদিতি—১। দেবমাতা, দক্ষরাজকন্যা ও কশ্যপ মুনির পত্নী। ২। পৃথিবী। ন (অ)—দো (ছেদন করা)+ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী।

অদিতিজ—দেবতা। উপতৎ। অদিতি—জন্‌+ড কর্ত্তৃবা। বি; পুং। [পুং।

অদিতি-নন্দন—দেবতা। ৬ষ্ঠীতৎ। বি;

অদিন—অশুভদিন; অপ্রশস্ত দিবস; অশুভকাল; দুরবস্থার সময়, সঙ্কটকাল, অসময়; দুর্গতি, দুরবস্থা। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অদীক্ষিত—যাহার দীক্ষা হয় নাই এরূপ; অসংস্কৃত; অনুপদিষ্ট; অব্রতী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অদীন—ধনী; উদার, মহান্‌; অকাতর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—না।

অদীনসত্ত্ব—মহাপ্রাণ, মহাশয়; বদান্য; ধর্ম্মশীল। অদীন সত্ত্ব (প্রাণ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্ত্বা।

অদীর্ঘ—দীর্ঘ নহে এরূপ, লম্বা নয়, খর্ব্ব; হ্রস্ব। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্ঘা।

অদীর্ঘসূত্র, —সূত্রী (—সূত্রিন্‌)—ক্ষিপ্রকারী; লঘুহস্ত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ত্রা,—ত্রিণী।

অদূর—১। নিকটবর্ত্তী। নঞ্‌তৎ। বিণ। ২। নিকট, নিকটবর্ত্তিস্থান। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অদূরদর্শিতা—অপরিণামদর্শিতা। অদূর-দর্শিন্‌+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অদূরদর্শী (—দর্শিন্‌)—অপরিণামদর্শী, যে পরিণাম বিবেচনা করে না এরূপ। অদূর—দৃশ্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্শিনী।

অদূরবর্ত্তী(র্ত্তী) (—বর্ত্তিন্‌)—অদূরস্থ, নিকটবর্ত্তী। উপতৎ। অদূর—বৃত্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিনী।বি, অদূরবর্ত্তিতা।

অদূরভবিষ্যৎ—নিকট ভবিষ্যৎ, নিকট-বর্ত্তী আগামী সময়। নঞ্‌তৎ। বিণ; পুং।

অদূরস্থ—সমীপস্থিত, নিকটবর্ত্তী। অদূরে স্থিতি করে (থাকে) যে, উপতৎ। অদূর—স্থা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা।

অদূরস্থিত—নিকটবর্ত্তী। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

অদৃশ্য—দৃষ্টির বহির্ভূত, চক্ষুর অগোচর, দর্শন-পথ হইতে অন্তর্হিত; অজ্ঞেয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—শ্যা।

অদৃষ্ট—১। নিয়তি, ভাগ্য। [ধর্ম্ম ও অধর্ম্ম (পাপ ও পুণ্য) ভেদে অদৃষ্ট দ্বিবিধ; জন্মান্তরীণ সংস্কার। "পূর্ব্বজন্মার্জ্জিতং কর্ম্ম তদ্দৈবমিতি কথ্যতে।" অর্থাৎ পূর্ব্বজন্মে অর্জ্জিত কর্ম্মকেই দৈব বা অদৃষ্ট কহে। পুরুষকার দ্বারা সামান্য অদৃষ্টের প্রতিরোধ হয়, কিন্তু প্রবল অদৃষ্টের নিরোধ হয় না। ভোগ দ্বারা অদৃষ্টের নাশ হয়, আর তত্ত্বজ্ঞান জন্মিলে অদৃষ্টের ধ্বংস হয়]। বি; ক্লীব। ২। দৃষ্টির বহির্ভূত; অনবলোকিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অদৃষ্টক্রমে—ভাগ্যবশতঃ, কপালক্রমে।

অদৃষ্টের ক্রম আছে যাহাতে, বহুব্রী। ত্রি-বিণ।

অদৃষ্টচক্র—ভাগ্যচক্র, চক্রের স্থায় পরিবর্ত্তনশীল ভাগ্য। অদৃষ্ট চক্রের স্থায়, উপমিত কর্ম্মধা। বি; ক্লীব।

অদৃষ্টচর, অদৃষ্টপূর্ব্ব (র্ব)—পূর্ব্বে অনবলোকিত, যাহা পূর্ব্বে কখনও দৃষ্ট হয় নাই এরূপ। অদৃষ্ট+চরট্ ভূতপূর্ব্ব অর্থে=অদৃষ্টচর; পূর্ব্বে অদৃষ্ট=অদৃষ্টপূর্ব্ব, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—রী,—র্ব্বা।

অদৃষ্টপরীক্ষা—ভাগ্যের শুভাশুভ পরখ করিয়া দেখা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অদৃষ্টপুরুষ—ভাগ্যনিয়ামক দেবতা, ভাগ্যের অধিষ্ঠাত্রী দেবতা। অদৃষ্ট নিয়ামক পুরুষ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অদৃষ্টপূর্ব্ব(র্ব)—অদৃষ্টচর (তাহা দ্রঃ)।

অদৃষ্টবাদ—ভাগ্যে যাহা আছে তাহাই হইবে এইরূপ উক্তি। অদৃষ্টাত্মক বাদ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অদৃষ্টবাদী (-বাদিন্)—অদৃষ্টে বিশ্বাসকারী, ভাগ্যে যাহা আছে তাহাই হইবে এইরূপ উক্তিকারী। উপতৎ। অদৃষ্ট—বদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—দিনী।

অদৃষ্টবান্ (-বৎ)—শুভাদৃষ্টযুক্ত, ভাগ্যবান্, সৌভাগ্যশালী। অদৃষ্ট+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—বতী।

অদৃষ্টবিদ্যা—ভাগ্যপরীক্ষাবিষয়িণী বিদ্যা, সামুদ্রিক বিদ্যা। অদৃষ্টবিষয়িণী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অদৃষ্টলিপি—ভাগ্যলিপি, কপালের লেখা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অদৃষ্টাধীন—দৈবাধীন, ভাগ্যায়ত্ত, নিয়তির বশীভূত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—না।

অদৃষ্টায়ত্ত—ভাগ্যাধীন, দৈববশ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ত্তা।

অদেখা—অদৃষ্ট, অলক্ষিত; অদৃষ্টিগোচর, দৃষ্টিপথের বহির্ভূত। ন দেখা, নঞ্‌তৎ। বিণ।

অদেবমাতৃক—দেবমাতৃকভিন্ন, নদীমাতৃক, অবৃষ্টিপ্লাবিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—কা।

অদেয়—দিবার অযোগ্য; যাহা দেওয়া যায় না বা দেওয়া উচিত নয় এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অদোষ—১। দোষশূন্য, নির্দ্দোষ। ন (নাই) দোষ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষা। ২। গুণ। ন দোষ, নঞ্‌তৎ। বি; পুং।

অদ্ধেক—আধা, অর্দ্ধ। 'অর্দ্ধেক' শব্দজ। বিণ।

অদ্বয়—১। দ্বয়হীন, যাহার দ্বিতীয় নাই এরূপ, কেবল, এক। ন (নাই) দ্বয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। ২। ব্রহ্ম, আত্মা। বি; ক্লীব।

অদ্বয়বাদ—অদ্বৈতবাদ, একেশ্বরবাদ, ব্রহ্মাতিরিক্ত আর কিছুই নাই, ব্রহ্ম ও জীব একই—এই মত। অদ্বয়াত্মক বাদ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অদ্বয়বাদী (-বাদিন্)—অদ্বৈতবাদী, যে দ্বিতীয় স্বীকার করে না, একেশ্বরবাদী, বৈদান্তিক। [ইহাদের মতে একমাত্র ব্রহ্মই সত্য এবং এই ব্রহ্মাণ্ড তাহার প্রত্যক্ষ সিদ্ধিস্বরূপ। যেরূপ রজ্জু প্রকৃত সর্প না হইয়াও সর্পবৎ প্রতীয়মান হয়, তদ্রূপ এই বিশ্বের যাবতীয় বস্তু এক ব্রহ্মের আদর্শস্বরূপ, প্রকৃতপক্ষে এই ব্রহ্মাণ্ডের সত্তা নাই]। উপতৎ। অদ্বয় শব্দ—বদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—দিনী।

অদ্বিতীয়—১। দ্বিতীয়রহিত, যাহার দ্বিতীয় বা সমান নাই এরূপ; তুলনারহিত, অতুল। বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। ২। ব্রহ্ম। বি; ক্লীব।

অদ্বেষ্টা (অদ্বেষ্টৃ)- বিদ্বেষহীন; অহিংস; ঈর্ষ্যাশূন্য। নঞ্‌তৎ। বিণ; স্ত্রী।

অদ্বৈত—১। দ্বৈতরহিত, দ্বিতীয়বর্জ্জিত, ভেদহীন। ন (নাই) দ্বৈত (দ্বিতীয়ত্ব) যাহার বা যাহাতে, বহুব্রী। স্ত্রী,—তা। ২। ব্রহ্ম। বি; ক্লীব।

অদ্বৈতবাদ—অদ্বয়বাদ (তাহা দ্রঃ)।

অদ্বৈতবাদী (–বাদিন্)–'অদ্বয়বাদী' দ্রঃ। [আনন্দ। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অদ্বৈতানন্দ—ব্রহ্মানন্দ ; ব্রহ্মজ্ঞানজনিত

অদ্বৈধ—দ্বিধারহিত, নিঃসংশয় ; একাগ্র। ন (নাই) দ্বৈধ যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,–ধা।

অদ্ভুত—১। বিস্ময়, আশ্চর্য্য। অৎ–ভূ+ডুতচ্ কর্ত্তৃবা। বি ; ক্লীব। ২। বিস্ময়জনক ; আকস্মিক ; অপরূপ, উদ্ভট। অদ্ভুত+অচ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,–তা। ৩। (কাব্যে) রসবিশেষ। বি ; পুং।

অদ্ভুত রামায়ণ—ইহা ২৭ সর্গে বিভক্ত, এবং ইহাতে সহস্রস্কন্ধ রাবণ-বধের বর্ণনা আছে। ইহা বাল্মীকির রচনা বলিয়া প্রসিদ্ধ। বি ; ক্লীব।

অদ্য—আজি। ইদম্+দ্য ৭ম্যর্থে। অব্য।

অদ্যকার—বর্ত্তমান দিবসীয়, আজিকার, এই দিনের। অদ্য+কার ৬ষ্ঠী বিভক্তি অর্থে। বিণ।

অদ্যতন—বর্ত্তমান দিবসীয় ; অদ্যকার ; অতীত রাত্রির শেষ প্রহর হইতে আগামিনী রাত্রির প্রথম প্রহর পরিমিত কাল। অদ্য শব্দ+তন ভবার্থে। বিণ। স্ত্রী,–নী।

অদ্যভক্ষ্য—আজিকার আহার্য্য, স্বল্প খাদ্য, এক দিনের খাবার। বি ; ক্লীব।

অদ্যভক্ষ্যধনুর্গুণ—১। অদ্য খাদ্যের অভাব ; খাদ্যাদির অভাব বা দারিদ্র্যসূচক বাক্য। ২। সঞ্চয়শীলতা। ['অদ্য ভক্ষ্যো ধনুর্গুণঃ'—হিতোপদেশের এই সংস্কৃত বাক্যের বাঙ্গালা রূপ]। বি।

অদ্যশ্বীন—যাহা আজি কালি হইবে এরূপ। অদ্য (আজি)+শ্বস্ (কালি)+ঈন ভবার্থে। বিণ। স্ত্রী,–না।

অদ্যশ্বীনা—১। শীঘ্র হইবে বা ঘটিবে এরূপ, আসন্না ; আসন্নপ্রসবা। (অদ্যশ্বীন দ্রঃ)। অদ্যশ্বীন+আপ্। বিণ ; স্ত্রী। ২। আসন্নপ্রসবা গবী। বি ; স্ত্রী।

অদ্যাপি—আজিও, আজ পর্য্যন্ত, এখনও, এখন পর্য্যন্ত। অদ্য+অপি। অব্য।

অদ্যাবধি—আজি হইতে ; আজ পর্য্যন্ত। অদ্য অবধি, সুপ্সুপা। অব্য।

অদ্রব—অগলনশীল, যাহা গলে না এরূপ। ন দ্রব, নঞ্তৎ। বিণ। স্ত্রী,–বা।

অদ্রব্য—১। মন্দ দ্রব্য, খারাপ বস্তু। নঞ্তৎ। বি ; ক্লীব। ২। বস্তুহীন। ন (নাই) দ্রব্য যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–ব্যা।

অদ্রি—পর্ব্বত ; সূর্য্য ; বৃক্ষ ; পরিমাণবিশেষ। অদ্+ক্রিন্ কর্ত্তৃবা। বি ; পুং।

অদ্রিজ—১। শৈলেয় নামক গন্ধদ্রব্য ; গিরিমাটি। বি ; ক্লীব। ২। পর্ব্বতজাত ; পার্ব্বত্য। উপতৎ। অদ্রি–জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–জা।

অদ্রিজা—১। শৈলজা, পর্ব্বতজাতা। (অদ্রিজ দ্রঃ)। অদ্রিজ+আপ্। বিণ ; স্ত্রী। ২। পার্ব্বতী, হর-পত্নী। বি ; স্ত্রী।

অদ্রিতনয়া, –নন্দিনী—পার্ব্বতী, দুর্গা। ৬ষ্ঠতৎ। বি ; স্ত্রী।

অদ্রিভিৎ (–ভিদ্)—গোত্রভিৎ, ইন্দ্র। উপতৎ। অদ্রি–ভিদ্ (ভেদ করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি ; পুং। [পুরাণে এইরূপ বর্ণিত আছে যে, পূর্ব্বে পর্ব্বতসকলের পক্ষ ছিল, তাহারা ইচ্ছামত উড়িয়া লোকালয়ে পতিত হইয়া বহুসংখ্যক প্রাণী সংহার করিত। ইহাতে ইন্দ্র কুপিত হইয়া বজ্রাস্ত্র দ্বারা তাহাদিগের পক্ষ ছেদন করিয়াছিলেন]।

অদ্রিভূ—অদ্রিজ, পর্ব্বতজাত, পার্ব্বত্য। উপতৎ। অদ্রি–ভূ+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

অদ্রিরাজ—গিরিরাজ, হিমালয়। অদ্রির রাজা, ৬ষ্ঠতৎ। বি ; পুং। [হিমালয়ের ন্যায় উন্নত পর্ব্বত পৃথিবীতে আর নাই, এ কারণ ইহাকে অদ্রিরাজ, গিরিরাজ প্রভৃতি বলে]।

অদ্রিশ—গিরিশ, মহাদেব। অদ্রিতে শয়ন করে যে, উপতৎ। অদ্রি–শী (শয়ন করা) +ড কর্ত্তৃবা। বি ; পুং।

অদ্রিশিখর, অদ্রিশৃঙ্গ—পর্ব্বতের চূড়া। ৬ষ্ঠতৎ। বি ; ক্লীব।

অদ্রিসার—১। গিরিসার, লৌহ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। ২। লৌহবৎ কঠিন। অদ্রির স্থায় সার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –রা।

অদ্রীশ—১। হিমালয় পর্ব্বত। অদ্রির ঈশ, ৬ষ্ঠীতৎ। ২। শিব। অদ্রিস্থিত ঈশ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অদ্রোহ—১। দ্রোহাভাব, দ্বেষহীনতা, ঈর্ষ্যা-শূন্যতা ; অবিরোধ ; অহিংসা। নঞ্‌তৎ। বি ; পুং। ২। দ্রোহশূন্য, দ্বেষহীন, নিরীহ, অবিরোধী ; শান্তিময়। ন (নাই) দ্রোহ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –হা।

অদ্রোহী (**অদ্রোহিন্**)—দ্রোহরহিত, দ্বেষহীন, ঈর্ষ্যাশূন্য ; অবিরোধী, শান্ত, শান্তি-প্রিয়, নিরীহ, অহিংস। নঞ্‌তৎ। বিণ ; পুং। স্ত্রী, –হিণী। [অব্য।

অধঃ (**অধস্**)—নিম্নে, নীচে ; পশ্চাৎ।

অধঃকাণ্ড—১। কাণ্ডের অধোভাগ। কাণ্ডের অধঃ, একদেশী। ২। মৃত্তিকানিমগ্ন কাণ্ড। সুপ্‌সুপা। বি ; পুং, ক্লীব।

অধঃকায়—নিম্নাঙ্গ, শরীরের নিম্নভাগ, চরণাদি। কায়ের অধঃ, একদেশী। বি ; পুং।

অধঃকৃত—নিক্ষিপ্ত ; পরাভূত ; নিরস্ত ; অধোনিহিত ; তুচ্ছীকৃত। অধস্ শব্দ–কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

অধঃক্ষিপ্ত—অবক্ষিপ্ত, অধস্ত্যক্ত, নিম্নে নিক্ষিপ্ত, নীচে ফেলিয়া দেওয়া। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, –প্তা। [সুপ্‌সুপা। বি ; পুং।

অধঃক্ষেপ—যাহা তলানিরূপে পড়িয়াছে।

অধঃক্ষেপণ—তলানি পড়া ; নীচে জমা হওয়া। সুপ্‌সুপা। বি ; ক্লীব।

অধঃখনন—নিম্নদেশে খাতকরণ, নীচে খোঁড়া। সুপ্‌সুপা। বি ; ক্লীব।

অধঃখাত—খনিত-ভিত্তি (Undermined). সুপ্‌সুপা। বিণ।

অধঃপতন—নিম্নগতি, অধঃপাত, উচ্ছন্ন যাওয়া। সুপ্‌সুপা। বি ; ক্লীব।

[illegible]তিত—নিম্নগতিপ্রাপ্ত, যে উচ্ছন্ন [illegible] এরূপ। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, –তা।

অধঃপাত—অধঃপতন ; উচ্ছন্ন যাওয়া। সুপ্‌সুপা। বি ; পুং। "অধঃপাতে যাও"—উচ্ছন্ন যাও, গোল্লায় যাও, নাশপ্রাপ্ত হও।

অধঃপাতিয়া, অধঃপেতে—যে অধঃপাতে বা উচ্ছন্নে গিয়াছে ; অধঃপাতে যাইবার যোগ্য ; দুষ্ট ; পাজী। অধঃপাত+ইয়া, এ (বাং প্রত্যয়)। বিণ।

অধঃশিরাঃ (**–শিরস্**)—যাহার মস্তক নিম্নদিকে এরূপ। অধঃ (নিম্নে) শিরঃ (মস্তক) যাহার, বহুব্রী। বিণ ; পুং বা স্ত্রী।

অধঃস্থ, অধস্থ—নিম্নস্থ, নীচের দিকে স্থিত। উপতৎ। অধস্–স্থা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, –স্থা।

অধঃস্থিত, অধস্থিত—অধঃস্থ, নিম্নস্থ, নিম্নে অবস্থিত। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, –তা।

অধন—১। ধনহীন, নির্ধন, দরিদ্র। ন (নাই) ধন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –না। ২। ধনাভাব। নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অধন্য—ভাগ্যহীন, হতভাগ্য। ন ধন্য, নঞ্‌-তৎ। বিণ। স্ত্রী, –ন্যা।

অধম—অপকৃষ্ট, নীচ, জঘন্য, তুচ্ছ ; নিন্দিত ; নির্গুণ। অধস্+ম ভবার্থে (স-লোপ)। বিণ। স্ত্রী, –মা।

অধমর্ণ—ঋণী, ঋণ করিয়াছে এরূপ, দেনদার, খাতক, খেরো। অধম ঋণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –র্ণা।

অধমাঙ্গ—পদ, চরণ। কর্ম্মধা। বি ; ক্লীব।

অধমাধম—অধম হইতেও অধম, হীন হইতেও হীন, অতি হীন, অতি নিকৃষ্ট, নিতান্ত অপকৃষ্ট। ৫মীতৎ। বিণ। স্ত্রী, –মা।

অধর্ম্ম—'অধর্ম্ম' শব্দজ। বি।

অধর্ম্মিয়া, অধর্ম্মে—ধর্ম্মজ্ঞানহীন ; পাতকী ; বঞ্চক ; বিশ্বাসঘাতক ; অন্যায়াচারী। অধর্ম্ম +ইয়া, এ আচরণকারী অর্থে। গ্রাম্য। বিণ।

অধর—১। নিম্নোষ্ঠ, নীচের ঠোঁট ; কখনও কখনও নীচের ও উপরের দুই ঠোঁটকেই বুঝায়। বি ; পুং। ২। অধম, নিম্ন, নীচ। নঞ্‌–ধৃ (ধরা)+অল্ কর্ম্মবা। বিণ।

অধরচুম্বন—অধরে চুম্বনদান, ঠোঁটে চুমো খাওয়া। ৭মীতৎ। বি; ক্লীব।

অধরপল্লব—অধররূপ নবপত্র, অর্থাৎ নবোদ্গত পত্রবৎ কোমল অধর। অধর পল্লবপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; পুং।

অধরপুট—পাতার ঠোঙ্গার মত ঠোঁট দুইটি। রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

অধরপ্রান্ত—ঠোঁটের প্রান্তভাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অধরমদিরা, –মধু—১। বক্ত্রাসব, মুখে গৃহীত সুরা। অধর-স্পৃষ্ট মদিরা, মধু, মধ্যপ কর্ম্মধা। ২। অধরামৃত, অধররস; থুতু। উপমিত কর্ম্মধা। বি; স্ত্রী, ক্লীব। [পুং।

অধর-রস—অধরামৃত, থুতু। ৬ষ্ঠীতৎ। বি;

অধরসুধা, –সীধু—মুখমদ্য; অধররূপ সুধা। অধরস্পৃষ্ট সুধা, সীধু, মধ্যপ কর্ম্মধা; অথবা, অধররূপ সুধা, সীধু, রূপক কর্ম্মধা। বি; স্ত্রী, পুং।

অধরামৃত—অধরসুধা; অধরমধু; অধররস। ৬ষ্ঠীতৎ বা রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

অধরীকৃত—অধঃকৃত; পরাভূত। অধর শব্দ+অভূততদ্ভাবার্থে চি্ব (=অধরী)–কৃ (করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অধরু—১। ধৈর্য্যহারা, অস্থির। 'অধীর' শব্দজ। বিণ। ২। অধরে। প্রাঃ কবিপ্র।

অধরোষ্ঠ, অধরৌষ্ঠ—ওষ্ঠাধর; উপর ও নীচের ঠোঁট। অধর ও ওষ্ঠের সমাহার, সমা-দ্বন্দ্ব। বি; ক্লীব।

অধর্ম্ম(র্ম)—১। ধর্ম্মবিরুদ্ধ কার্য্য, পাপ, দুষ্কৃত। নঞ্‌তৎ। বি; পুং। ২। পুণ্যহীন, পাপী। ন (নাই) ধর্ম্ম যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –র্ম্মা।

অধর্ম্ম(র্ম)চারী (–চারিন্)—অধর্ম্মাচারী (সকল অর্থে)। অধর্ম্ম–চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,–রিণী।

অধর্ম্ম(র্ম)নিষ্ঠ—অধর্ম্মপরায়ণ, অধার্ম্মিক, পাপী। ন ধর্ম্মনিষ্ঠ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–ষ্ঠা।

অধর্ম্মা(র্মা)চরণ, অধর্ম্মা(র্মা)চার—পাপাচরণ, দুষ্কর্ম্মানুষ্ঠান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, পুং।

অধর্ম্মা(র্মা)চারী (–চারিন্)—পাপানুষ্ঠাতা, দুষ্কর্ম্মের অনুষ্ঠানকারী। অধর্ম্ম–আ–চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,–রিণী।

অধর্ম্মা(র্মা)ত্মা (–ত্মন্)—ধর্ম্মহীন মানস-যুক্ত; অধর্ম্মপরায়ণ, অধার্ম্মিক, পাপী। ন ধর্ম্মাত্মা, নঞ্‌তৎ। বিণ।

অধর্ম্মি(র্মি)ষ্ঠ—অধর্ম্মনিষ্ঠ, অধর্ম্মপরায়ণ, অধার্ম্মিক; ধর্ম্মভ্রষ্ট, পাপাচারী, পাপী। ন ধর্ম্মিষ্ঠ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–ষ্ঠা।

অধর্ম্মি(র্মি)য়া, অধর্ম্মে(র্মে)—অধার্ম্মিক, অসাধু, প্রতারক, বিশ্বাসঘাতক। 'অধর্ম্মী' শব্দজ।

অধর্ম্মী(র্মী) (অধর্ম্মিন্)—অধর্ম্মাচারী, অধার্ম্মিক, ধর্ম্মভ্রষ্ট, পাপাচারী, পুণ্যরহিত। অধর্ম্ম+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী, –র্ম্মিণী।

অধর্ম্মে—অধর্ম্মিয়া (তাহা দ্রঃ)।

অধর্ম্ম্য(র্ম্য)—অধর্ম্মযুক্ত, ধর্ম্মবিরুদ্ধ, গর্হিত। ন ধর্ম্ম্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–র্ম্ম্যা।

অধশ্চর—১। অধোগামী। উপতৎ। অধস্–চর্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–রী। ২। চোর। বি; পুং।

অধশ্চৌর—সিঁদেল চোর। অধোভেদক চোর, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অধস্তন—নিম্নগত, নিম্নস্থিত; নিম্নোৎপন্ন। অধস্+তন ভবার্থে। বিণ। স্ত্রী,–নী।

অধস্ত্বক্ (–ত্বচ্)—বহিশ্চর্ম্মের নিম্নস্থ চামড়ার পর্দ্দা। সুপ্‌সুপা। বি; স্ত্রী।

অধাতু—ধাতু ভিন্ন পদার্থ (Non-metal). নঞ্‌তৎ। বি; পুং।

অধার্ম্মি(র্মি)ক—অধর্ম্মাচারী, পাপী, পাপিষ্ঠ। ন ধার্ম্মিক, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –কা,–কী।

অধি—আধিক্য; অধিকার; ঐশ্বর্য্য; উপরি; আধিপত্য; অধীনতা। অব্য। উপসর্গ।

অধিক—১। অতিরিক্ত; অনেক; বেশী;

উত্তম ; বলবান্‌। অধি+ক বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী,—কা। ২। অর্থালঙ্কারবিশেষ, যে স্থলে আধার ও আধেয় এতদুভয়ের মধ্যে একের আধিক্য বর্ণিত হয়। অধি—কৈ (শব্দ করা)+ক কর্ত্তৃবা। বি ; ক্লীব।

অধিকতম—সবচেয়ে বেশী। অধিক+তম উৎকর্ষার্থে। বিণ। স্ত্রী,—মা।

অধিকতর—দুইএর মধ্যে অধিক। অধিক+তর উৎকর্ষার্থে। বিণ। স্ত্রী,—রা।

অধিকন্তু—আরও, অপিচ, বাড়ার ভাগ। অধিকম্‌+তু। অব্য। [বি ; পুং।

অধিকম্প—স্পন্দন (Beat). প্রাদিতৎ।

অধিকরণ—১। (ব্যাকরণে) কারকবিশেষ, বাচ্যবিশেষ ; স্থান ; বিচারালয় ; পাত্র ; আধার ; বিষয়াদি পঞ্চ অবয়বসম্পন্ন গ্রন্থ [বিষয়াদি পঞ্চ যথা—বিষয়, বিশয়, পূর্ব্বপক্ষ, উত্তর ও নির্ণয়। বিচারযোগ্য বাক্যকে বিষয় কহে। ইহার এইরূপ অর্থ কি না এই প্রকার সংশয়কে বিশয় বলে। প্রকৃতার্থ বিরোধী তর্কের উপন্যাসকে পূর্ব্বপক্ষ কহে। সিদ্ধান্তের অনুকূল তর্কের উপন্যাসকে উত্তর কহে, এবং মহাবাক্যার্থ তাৎপর্য্য-নিশ্চয়কে নির্ণয় কহে] ; মীমাংসাদর্শনের গ্রন্থবিশেষ। অধি—কৃ (করা)+অনট্‌ অধিবা। ২। আধিপত্য ; দখল করা। অধি—কৃ+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

অধিকরণিক, —কারণিক—বিচারকর্ত্তা, প্রাড়্‌বিবাক্‌, বিচারপতি। অধিকরণ+ইক (ঠন্‌) অধিকৃতার্থে। বি ; পুং।

অধিকর্ম্ম(র্ম) (—কর্ম্মন্‌)—অধ্যক্ষতা, তত্ত্বাবধান, কর্ত্তৃত্ব। প্রাদিতৎ। বি ; ক্লীব।

অধিকর্ম্মা(র্মা) (—কর্ম্মন্‌)—অধ্যক্ষ (Superintendent). অধি কর্ম্ম যাহার, বহুব্রী। বি ; পুং বা স্ত্রী।

অধিকর্ম্মি(র্মি)ক—হট্টাধ্যক্ষ, হাটের কর্ত্তা, বাজার দারোগা (Foreman). অধিকর্ম্মন্‌ ঠন্‌)। বি ; পুং।

শ—১। বেশীর ভাগ। অধিক অংশ, কর্ম্মধা। বি ; পুং। ২। বেশীর ভাগ-যুক্ত ; অনেক। অধিক অংশ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। [ক্রি।

অধিকায়ল—অধিক হইল। প্রাঃ কবিপ্র।

অধিকার—১। স্বামিত্ব, স্বত্ব ; আধিপত্য ; ক্ষমতা ; সম্পর্ক ; প্রবেশ, নিয়োগ ; আরম্ভ ; অনুষ্ঠান ; স্বীকার ; দখল ; রাজাদের ছত্র-চামরাদি ধারণ ; অভিজ্ঞতা, ব্যুৎপত্তি ; ব্যাকরণপ্রসিদ্ধ অনুবৃত্তি [ইহা তিন প্রকার, যথা—সিংহদৃষ্টি, মণ্ডূকপ্লুতি ও গঙ্গাস্রোতঃ। মতান্তরে গোযূথ নামক আর একটী অধিকার আছে] ; প্রকরণ, বিষয়। অধি—কৃ+ঘঞ্‌ ভাববা। ২। পদ। অধি—কৃ+ঘঞ্‌ কর্ম্মবা। বি ; পুং।

অধিকারগত—অধিকারভুক্ত, দখল-করা। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অধিকারচ্যুত,—ভ্রষ্ট—অধিকার হইতে অপসৃত বা বঞ্চিত ; অনায়ত্ত ; বেদখলী। ৫মীতৎ। বিণ। স্ত্রী,—তা,—ষ্টা।

অধিকারস্থ—অধিকারে স্থিত, যাহা দখলে আছে এরূপ। উপতৎ। অধিকার—স্থা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা।

অধিকারী (—কারিন্‌)—যাহার অধিকার আছে, স্বামী, স্বত্ববান্‌ ; অধ্যক্ষ ; যাত্রাদল থিয়েটার ইত্যাদির মালিক ; অভিজ্ঞ ; যোগ্য ; ব্রাহ্মণের উপাধিবিশেষ। অধিকার শব্দ+ইন্‌ অস্ত্যর্থে। বিণ বা বি ; পুং। স্ত্রী,—রিণী।

অধিকৃত—যাহা অধিকার করা হইয়াছে এরূপ ; নিযুক্ত ; আয়ত্ত ; অভিজ্ঞতা বা শিক্ষা দ্বারা লব্ধ। অধি—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। [ভাববা। বি ; স্ত্রী।

অধিকৃতি—অধিকার। অধি—কৃ+ক্তি

অধিকেশ—পরচুলা। বি।

অধিকোষ—ব্যাঙ্ক। বি। [বি।

অধিকোষ-করণিক—ব্যাঙ্কের কেরাণী।

অধিক্রম—আক্রমণ। অধি—ক্রম্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

অধিক্ষিপ্ত—নিক্ষিপ্ত ; প্রেরিত ; তিরস্কৃত ; নিন্দিত। অধি–ক্ষিপ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–প্তা।

অধিক্ষেপ—নিক্ষেপ ; প্রেরণ ; অবজ্ঞা ; তিরস্কার ; নিন্দা। অধি–ক্ষিপ্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

অধিগত—প্রাপ্ত, লব্ধ ; স্বীকৃত ; জ্ঞাত, অধীত, শিক্ষিত। অধি–গম্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অধিগম—প্রাপ্তি, লাভ ; স্বীকার ; জ্ঞান, শিক্ষা। অধি–গম্‌+অল্‌ ভাববা। বি ; পুং।

অধিগম্য—প্রাপ্য, লভ্য ; স্বীকার্য্য ; জ্ঞেয় ; শিক্ষণীয়। অধি–গম্‌+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,–ম্যা।

অধিজনন—১। জন্ম। অধি–জন্‌+অনট্‌ ভাববা। ২। উৎপাদন, জন্মদান। অধি–ণিজন্ত জন্‌ (=জনি)+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

অধিজানু—হাঁটু গাড়িয়া (On the knees). অব্যয়ী। বিণ বা ক্রি-বিণ।

অধিজিহ্ব—জিহ্বার উপরিভাগে উৎপন্ন স্ফোটকাদি। অধিগত জিহ্বাকে, প্রাদিতৎ। বি ; পুং।

অধিজ্য—জ্যাযুক্ত (ধনুঃ), ছিলে-পরান (ধনুক)। জ্যাকে অধিগত, প্রাদিতৎ। বিণ।

অধিত্বক্‌ (–ত্বচ্‌)—বহিশ্চর্ম্ম, সব উপরের চামড়া। অধিকা ত্বক্‌, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

অধিত্যকা—পর্ব্বতোপরি সমতল ভূমি (Tableland). [পর্ব্বতের আসন্ন ভূমি উপত্যকা, এবং ঊর্দ্ধভূমি অধিত্যকা। কিন্তু অমরকোষের টীকাকার বলেন যে, পর্ব্বত শব্দ উপলক্ষণ মাত্র, সন্নিহিত ঊর্দ্ধভূমি অধিত্যকা]। অধি (উপরি)+ত্যকন্‌ তদ্ধার্থে+আপ্‌। বি ; স্ত্রী।

অধিদন্ত—অতিরিক্ত দশন, বাড়ার ভাগ দাঁত, 'গজদাঁত'। অধিক দন্ত, প্রাদিতৎ। বি ; পুং।

অধিদেব—অধিষ্ঠাত্রী দেবতা ; অন্তর্য্যামী পুরুষ ; পরমেশ্বর। অধিক দেব, প্রাদিতৎ। বি ; পুং। [বি।

অধিদেবা—অধিষ্ঠাত্রী দেবতা। প্রাঃ কবিপ্র।

অধিদেবতা—অধিদেব। বি ; স্ত্রী।

অধিদৈব, অধিদৈবত—অধিদেব। প্রাদিতৎ। বি ; ক্লীব। [সূর্য্যমণ্ডলবর্ত্তী বিরাট্‌ পুরুষ দেবতাদিগের অধিপতি বলিয়া তাঁহাকে অধিদৈবত বলে]।

অধিনায়ক, –নেতা—নেতা ; পরিচালক ; প্রধান ; অধ্যক্ষ। অধি–নী+ণক, তৃন্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী,–য়িকা,–ত্রী।

অধিপ, অধিপতি—রা জা ; প্রভু ; অধিকারী, স্বামী। অধি–পা+ক, ডতি কর্তৃবা। বি ; পুং।

অধিপদ—অধিকার। প্রাঃ কবিপ্র। বি।

অধিপুরুষ—পরমেশ্বর ; স্বয়ম্ভুব মনু ; বিদ্যালয় ইত্যাদির প্রধান কর্ম্মকর্ত্তা (Rector). অধিক (সর্ব্বশ্রেষ্ঠ) পুরুষ, প্রাদিতৎ। বি ; পুং।

অধিবক্তা (–ক্তৃ)—ব্যবহারাজীব (Advocate). বি ; পুং।

অধিবচন—নাম, সংজ্ঞা। অধি–বচ্‌+অনট্‌ করণবা। বি ; ক্লীব।

অধিবর্ষ—যে বৎসরে একটি দিন বাড়ে অর্থাৎ ৩৬৬ দিনে বৎসর হয় (Leap year). প্রাদিতৎ। বি।

অধিবাস—১। নিবাস ; বাসস্থান। অধি–বস্‌+ঘঞ্‌ অধিবা। ২। বাস করা। অধি–বস্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং। ৩। গন্ধ-মাল্যাদি দ্বারা সংস্কার ; কোন পূজার পূর্ব্বদিনে অথবা কোন শুভ কার্য্যের পূর্ব্বদিনে সম্পাদ্য কার্য্যবিশেষ ; বিবাহের পূর্ব্বদিন শেষ রাত্রিতে দধিমঙ্গলাদি সম্পাদন করা, অথবা বিবাহ যে দিবসের রাত্রিতে হইবে, সেই দিবসে বরপক্ষীয়েরা যে বস্ত্র গন্ধদ্রব্যাদি কন্যাপক্ষের নিকট প্রেরণ করে, তাহাই অধিবাস শব্দে কথিত হয়। অধি–বাসি+ঘঞ্‌ ভাববা। ৪। পরিমল, সৌরভ। অধি–বস্‌+ঘঞ্‌ করণবা। ৫। বিধিপূর্ব্বক

স্থাপন। অধি—ণিজন্ত বস্ বা বাসি+ঘঞ্ ভাববা। বি; পুং।

অধিবাসন—অধিবাস, বিবাহাদির পূর্ব্বে গন্ধমাল্যাদি দ্বারা সংস্কারসাধন; সুরভীকরণ, সুবাসিতকরণ: যজ্ঞারম্ভের পূর্ব্বে দেবতা-স্থাপন। অধি—ণিজন্ত বস্ (=বাসি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

অধিবাসিত—গন্ধমাল্যাদি দ্বারা কৃত-সংস্কার; সুরভিত, সুবাসিত, সুগন্ধীকৃত; স্থাপিত। অধি—ণিজন্ত বস্ (=বাসি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অধিবাসী (—বাসিন্)—বাসকারী ব্যক্তি, যে বাস করে, বাসিন্দে। অধি—বস্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—সিনী।

অধিবিদ্য—অতিশয় বিদ্যাবান্ বা পণ্ডিত। অধি (অধিক) বিদ্যা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—দ্যা।

অধিবিদ্যা—১। অতিশয় বিদুষী। অধি-বিদ্যা+আপ্। বিণ; স্ত্রী। ২। পরা বিদ্যা; বাহ্য জগতের অতীত অতীন্দ্রিয় বিষয়ের জ্ঞানজনক শাস্ত্র (Metaphysics). প্রাদিতৎ। বি; স্ত্রী।

অধিবৃত্ত—ক্ষেপণীক্ষেত্র (Parabola). বি।

অধিবেত্তা (—বেত্তৃ)—প্রথমা স্ত্রী সত্ত্বে দ্বিতীয়বার বিবাহকারী। অধি—বিদ্+তৃচ্ কর্ত্তৃবা। বিণ বা বি; পুং।

অধিবেদন—প্রথমা স্ত্রী সত্ত্বে দ্বিতীয় পত্নী-গ্রহণ। অধি—বিদ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অধিবেশন—উপবেশন, বসা; বৈঠক; অধিষ্ঠান। অধি—বিশ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অধিভূ—প্রভু, স্বামী; রাজা; পরমপুরুষ। অধি—ভূ (হওয়া)+কিপ্ কর্ত্তৃবা। বি; পুং।

অধিভূত—যাহা বিনশ্বর দেহাদি পদার্থভূত সকলকে অধিকার করিয়া আছে, ভূতবিষয়ক; পরমপুরুষ। ভূতগণকে অধিগত, প্রাদিতৎ। বি; ক্লীব।

অধিমন্ত্রী (—মন্ত্রিন্)—প্রাদেশিক প্রধান মন্ত্রী। প্রাদিতৎ। বি; পুং।

অধিমাংস—অতিরিক্ত মাংস, মাংসাধিক্য নেত্ররোগবিশেষ, অক্ষিগোলকের অর্ব্বুদ প্রাদিতৎ। বি; ক্লীব।

অধিমাস—বৎসরের বর্দ্ধিত মাস, মলমাস (এই মাসে শুভকার্য্য সম্পন্ন করা বিধেয় নহে)। অধিক মাস, প্রাদিতৎ। বি; পুং।

অধিযজ্ঞ—যজ্ঞাধিষ্ঠাত্রী দেবতা; কৃষ্ণ, বিষ্ণু। যজ্ঞকে অধিগত, প্রাদিতৎ। বি; পুং। [শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে বলিয়াছিলেন, "আমি এই দেহযজ্ঞের অধিষ্ঠাত্রী দেবতারূপে অধিষ্ঠান করিতেছি, এই নিমিত্ত আমি অধিযজ্ঞ বলিয়া অভিহিত হইয়া থাকি"]।

অধিযন্ত্রিক—যে মেসিনের কাজে কারিকর-দিগকে নির্দ্দেশ দেয় (Machine foreman). বি; পুং।

অধিরথ—১। অতিরথ; মহারথ। অধিকৃত রথ যৎকর্ত্তৃক, বহুব্রী। ২। কর্ণের পালক পিতার নাম। অধিশ্রিত রথকে, প্রাদিতৎ। বি; পুং।

অধিরাজ—মহারাজ, সার্ব্বভৌম, সম্রাট্। অধি (অধিক) রাজা, প্রাদিতৎ+সমাসান্ত টচ্ প্রত্যয়। বি; পুং।

অধিরাজ্য—সাম্রাজ্য। অধিরাজ+যৎ অধিকারার্থে। বি; ক্লীব।

অধিরাষ্ট্রীয়—আন্তর্জাতিক, সার্ব্বজাতিক (International). অধিরাষ্ট্র+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

অধিরূঢ়—১। আরূঢ়, অধিষ্ঠিত। অধি—রুহ্+ক্ত কর্ত্তৃবা। ২। আক্রান্ত, আবিষ্ট। অধি—রুহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ঢ়া।

অধিরোপণ—আরোহণ করান; শরাসনে শরযোজনা। অধি—ণিজন্ত রুহ্ (=রোপি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

অধিরোপিত—আরোপিত, কৃতারোহণ, যাহাকে চড়ান হইয়াছে এরূপ; উত্থাপিত;

অধিষ্ঠিত। অধি–ণিজন্ত রুহ্ (=রোপি) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অধিরোহণ—আরোহণ, উপরে উঠা, চড়া। অধি–রুহ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অধিরোহণী—সোপান, সিঁড়ি, মই। অধি–রুহ্+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

অধিরোহিণী—১। আরোহণী, কাষ্ঠ বা ইষ্টকাদিনির্ম্মিত সোপান, সিঁড়ি বা মই। অধি–রুহ্+ণিচ্+ণিন্ কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী। ২। আরোহণকারিণী। আ–রুহ্+ণিন্ কর্তৃবা+ঈপ্। বিণ; স্ত্রী।

অধিরোহী (–রোহিন্)—আরোহী, আরোহণকারী। অধি–রুহ্+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,–হিণী।

অধিলোক—মর্ত্তলোক, ভুবন, জগৎ, বিশ্ব। প্রাদিতৎ। বি; পুং।

অধিশয়ন—আরোহণ; উপরে শোওয়া। অধি–শী+অনট্ ভাববা। বি; ক্লীব।

অধিশয়িত—শয়িত; অধিষ্ঠিত। অধি–শী+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,–তা।

অধিশায়িত—অধিষ্ঠাপিত; সম্যক্ শায়িত; ভাল করিয়া শোওয়ান। অধি–ণিজন্ত শী (=শায়ি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অধিশিক্ষক—অধিপুরুষ (Rector). প্রাদিতৎ। বি; পুং।

অধিশ্রয়—অধিশ্রয়ণ (সকল অর্থে)। অধি–শ্রি+অচ্ ভাববা। বি; পুং।

অধিশ্রয়ণ—পাকার্থ চুল্লীর উপর স্থাপন, উননের উপর চড়ান; পাককরণ, রন্ধন; দূরবীক্ষণযন্ত্রের মুকুরের মধ্য দিয়া যাইয়া আলোকের কিরণরেখাসমূহ যে স্থানে মিলিত হয়, অধিশ্রয়ণ-বিন্দু (Focus). অধি–শ্রি+অনট্ অধিবা। বি; ক্লীব।

অধিশ্রয়ণী, অধিশ্রয়িণী—চুল্লী, উনন। অধিশ্রয়ণী=অধি–শ্রি+অনট্ অধিবা+ঈপ্। অধিশ্রয়িণী=অধিশ্রয়+ইন্ অস্ত্যর্থে+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী।

অধিশ্রিত—আশ্রিত; প্রাপ্ত; স্থাপিত। অধি–শ্রি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অধিষ্ঠাতা (–ষ্ঠাতৃ)—অবস্থিতিকারী; অধিদেবতা; অধ্যক্ষ। অধি–স্থা (থাকা) +তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–ত্রী।

অধিষ্ঠাত্রী—অধিষ্ঠানকারিণী, স্থিতিকারিণী [যে দেবতা যে স্থানে অধিষ্ঠান অর্থাৎ স্থিতি করেন, তাঁহাকে সেই স্থানের অধিষ্ঠাত্রী দেবতা বলে]; আশ্রয়দাত্রী। (অধিষ্ঠাতা দ্রঃ)। অধিষ্ঠাতৃ+ঈপ্। বিণ; স্ত্রী।

অধিষ্ঠান—১। সন্নিধান, স্থিতি; উপবেশন; উপস্থিতি; আশ্রয়; অধিকরণ। অধি–স্থা +অনট্ ভাববা। ২। প্রভাব; চক্র। অধি–স্থা+অনট করণবা। ৩। নগর। অধি–স্থা+অনট্ অধিবা। বি; ক্লীব।

অধিষ্ঠায়ক—শাসক। অধি–স্থা+ণক কর্তৃবা। বি; পুং।

অধিষ্ঠায়কবর্গ—শাসকবর্গ (Governing body). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অধিষ্ঠিত—অবস্থিত; উপস্থিত; আবির্ভূত; আশ্রিত; অধিকৃত; অধ্যুষিত। অধি–স্থা+ক্ত কর্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অধিস্পৃহা—উচ্চাভিলাষ, অত্যধিক আকাঙ্ক্ষা (Aspiration). প্রাদিতৎ। বি; স্ত্রী।

অধিহারে—অতিরিক্ত মূল্যে (Above par). অব্য; ক্রি-বিণ।

অধীক্ষক—উপরিতন তত্ত্বাবধায়ক (Supervisor). অধি–ঈক্ষ্+ণক কর্তৃবা। বি; পুং।

অধীত—১। যাহা অধ্যয়ন করা হইয়াছে এরূপ, পঠিত। অধি–ই+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা। ২। অধ্যয়ন। অধি–ই+ক্ত ভাববা। বি; ক্লীব।

অধীতি—পঠন, অধ্যয়ন। অধি–ই+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অধীতী (–তিন্)—অধ্যয়নকারী; কৃতাধ্যয়ন, যাহার পাঠ সমাপ্ত হইয়াছে। অধীত+ইন্ আছে অর্থে। বিণ; পুং। স্ত্রী,–তিনী।

অধীন—আশ্রিত; আয়ত্ত, বশতাপন্ন, অনুগত। অধিকারী হইয়াছে ইন (প্রভু) যাহার, বহুব্রী; অথবা, ইনকে (প্রভুকে) অধিশ্রিত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—না।

অধীনতা—বশবর্ত্তিতা, আদেশানুবর্ত্তিতা, আনুগত্য, অন্যের বশে থাকা। অধীন শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অধীননদী—করদনদী, উপনদী। অধীন নদী, কর্ম্মধা। বি; স্ত্রী।

অধীয়ান—অধ্যয়নকারী, ছাত্র। অধি—ই+শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

অধীর—ধৈর্য্যহীন, অসহিষ্ণু; অস্থির, চঞ্চল; কাতর; ভীত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—রা।

অধীরতা—চাঞ্চল্য, অস্থিরতা; উদ্বেগ; ধৈর্য্যহীনতা, অসহিষ্ণুতা। অধীর+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অধীরা—১। অস্থিরা, চঞ্চলা; ধৈর্য্যহীনা। ন ধীরা, নঞ্ তৎ। বিণ; স্ত্রী। ২। চপলা, বিদ্যুৎ; নায়িকাবিশেষ। বি; স্ত্রী। [অধীরা নায়িকা দুই প্রকার:—মধ্যা-অধীরা ও প্রৌঢ়া-অধীরা। কঠোরভাষিণী এবং পরুষ-বাক্য দ্বারা কোপ-প্রকাশকারিণী নায়িকা মধ্যা এবং তর্জ্জন ও তাড়নাদি দ্বারা কোপ-প্রকাশকারিণী নায়িকা প্রৌঢ়া। প্রৌঢ়া-অধীরা দুই প্রকার—জ্যেষ্ঠা ও কনিষ্ঠা]।

অধীশ, অধীশ্বর—মহারাজ, রাজচক্রবর্ত্তী, সম্রাট্, সামন্ত রাজগণ যাঁহার নিকট সতত নত বা প্রণতভাবে স্থিত; প্রভু, কর্ত্তা। অধি (অধিক) ঈশ বা ঈশ্বর, প্রাদিতৎ। পুং; বি বা বিণ। স্ত্রী,—শা,—রী।

অধুনা—বর্ত্তমান সময়ে, এক্ষণে; সংপ্রতি, ইদানীং। অব্য।

অধুনাতন—ইদানীন্তন, বর্ত্তমানকালীন, আজকালকার। অধুনা শব্দ+তন ভবার্থে। বিণ। স্ত্রী,—নী।

অধৃতি—১। অধরণ, না ধরা। ২। শৈথিল্য; অধৈর্য্য, অধীরতা; অস্থিরতা; অদার্ঢ্য, চাঞ্চল্য। নঞ্ তৎ। বি; স্ত্রী।

অধৃষ্ট—অপ্রগল্ভ, সলজ্জ, বিনীত। ন ধৃষ্ট, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অধৃষ্য—অপরাজেয়, অনভিভবনীয়; দুর্দ্ধর্ষ, যাহার নিকট যাইতে ভয় হয় এরূপ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ষ্যা।

অধৃষ্যতা—অনভিভবনীয়তা; দুর্দ্ধর্ষত্ব। অধৃষ্য শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অধৈর্য্য(র্য)—১। ধৈর্য্যহীন, অধীর; অসহিষ্ণু; অস্থির, চঞ্চল; উতলা। ন (নাই) ধৈর্য্য যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্য্যা। ২। অধীরতা, ধৈর্য্যহীনতা; অসহিষ্ণুতা; অস্থিরতা, চঞ্চলতা; উদ্বেগ, অশান্তি। নঞ্ তৎ। বি; ক্লীব।

অধোহংশুক—কটিদেশে পরিধেয় বস্ত্র, ধুতি, শাড়ী, ঘাগরা প্রভৃতি। অধঃ (অধোদেশে) ধৃত অংশুক, কর্ম্মধা। বি; ক্লীব।

অধোক্ষজ—বিষ্ণু। অধঃ (নিম্ন) স্থিত যে অক্ষ (ইন্দ্রিয়), ইতি মধ্যপ কর্ম্মধারয় সমাসে অধোক্ষ (পাদ), তদুত্তরে জন্+ড কর্তৃবা (যিনি কোন কল্পে মহাদেবের পাদদেশ হইতে জন্মগ্রহণ করিয়াছিলেন)। বি; পুং।

অধোগত—নিম্নগত, নীচে গিয়াছে এরূপ; অবতীর্ণ, অবরূঢ়; অধঃপতিত; অপকৃষ্ট দশাপ্রাপ্ত; অবমানিত। অধঃ (নিম্নস্থলকে) গত, ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অধোগতি—নিম্নদিকে গতি; অবতরণ, অবরোহণ; অপকৃষ্ট দশাপ্রাপ্তি; দুর্দ্দশা; নরকগমন। অধঃ (নীচে) গতি, সুপ্‌সুপা। বি; স্ত্রী।

অধোগমন—অধোগতি (সকল অর্থে)। অধঃ (নিম্নে) গমন, সুপ্‌সুপা। বি; ক্লীব।

অধোগামী (—গামিন্)—১। নিম্নগামী, নিম্নদিকে গমনশীল; নামিয়া যাইতেছে এরূপ, অবতরণশীল; মজ্জনশীল, বা মজ্জমান; অপকৃষ্ট দশাপ্রাপ্ত। অধস্—গম্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—মিনী।

অধোজিহ্বা, অধোজিহ্বিকা—তালু-মূলস্থিত ক্ষুদ্র জিহ্বা, আলজিভ্। অধঃস্থিতা

জিহ্বা, মধ্যপ কর্ম্মধা; দ্বিতীয় পক্ষে অধোজিহ্বা + কন্ অল্পার্থে + আপ্। বি; স্ত্রী।

অধোদৃষ্টি—১। নিম্নদিকে দৃষ্টি; যোগাভ্যাস সময়ে ভ্রূদ্বয়ের মধ্যভাগে বদ্ধ দৃষ্টি। অধঃ দৃষ্টি, সুপ্‌সুপা; অথবা, অধঃস্থিতা দৃষ্টি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। ২। নিম্নভাগে দর্শনকারী। অধঃ (নিম্নে) দৃষ্টি যাহার, বহুব্রী। বিণ।

অধোবদন—অধোমুখ (তাহা দ্রঃ)।

অধোবায়ু—অপান বায়ু, শরীরস্থ পঞ্চবায়ুর মধ্যে যে বায়ুটি নিম্নদেশে বিচরণশীল। অধঃস্থিত বায়ু, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অধোবিন্দু—নভোমণ্ডলের যে বিন্দু ঠিক আমাদের পদতলের নিম্নে অবস্থিত (Nadir) মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অধোভঙ্গ—(ভূতত্ত্বে) ভূপৃষ্ঠের সঙ্কোচন-হেতু ভূগর্ভের শিলাস্তরে যে তরঙ্গভঙ্গ হয় তাহার নিম্নদিকের ভাঁজ (Downfold). সুপ্‌সুপা। বি।

অধোভাগ—নিম্নভাগ, শরীরের নিম্নাংশ; তলদেশ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অধোভুবন—পাতালদেশ। অধঃস্থিত ভুবন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অধোমুখ, অধোবদন—১। নিম্নমুখ, অবনতানন; যে লজ্জায় মুখ বা মাথা হেঁট করিয়া আছে এরূপ। অধঃ (নিম্নে) মুখ বা বদন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—মুখা, —মুখী,—দনা,—দনী। ২। নক্ষত্রগণবিশেষ। বি; পুং।

অধোলোক—অধোভুবন, পাতাল। অধঃস্থিত লোক, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অধ্ব (অধ্বন্)—১। পথ। অত্ + ক্বনিপ্ অধিবা। ২। অবয়ব; উপায়। অত্ + বন্ করণবা। ৩। কাল, সময়। অদ্ + বন্ কর্ত্তৃবা। বি; পুং।

অধ্বগ—পথিক, পান্থ, পথগামী। অধ্বন্—গম্ + ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—গা।

অধ্বগা—১। পথগামিনী। (অধ্বগ দ্রঃ)। বিণ; স্ত্রী। ২। স্ত্রীপথিক; (নির্দ্ধারিত পথে গমনশীলা বলিয়া) গঙ্গা। বি; স্ত্রী।

অধ্বনীন, অধ্বন্য—পর্য্যটনকারী, যে দেশে দেশে পর্য্যটন করিয়া বেড়ায়; পথিক। অধ্বন্ শব্দ (পথ) + ঈন্, যৎ সাধু অর্থে। বিণ। স্ত্রী,—না,—ন্যা। [বি; পুং।

অধ্বর—যজ্ঞ। অধ্বন্ শব্দ—রা + ক কর্ত্তৃবা।

অধ্বর্যু(র্য্যু)—যজুর্বেদজ্ঞ ঋত্বিক্। অধ্বর—যা + ক্বিপ্ কর্ত্তৃবা। বি; পুং।

অধ্বা (অধ্বন্)—পথ; অঙ্গ; কাল; সংস্থান; স্কন্ধ; শাস্ত্র। (অধ্ব দ্রঃ)। বি; পুং।

অধ্যক্ষ—১। প্রত্যক্ষ, ইন্দ্রিয়গোচর। অক্ষকে (ইন্দ্রিয়কে) অধিগত, প্রাদিতৎ। বিণ। ২। প্রধান কর্ম্মকারক; 'ম্যানেজার'; প্রভু; যাহার হস্তে কোনও কার্য্যের তত্ত্বাবধানের ভার থাকে, তত্ত্বাবধায়ক; নিয়ন্তা। অধি—অক্ষ্ + অচ্ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—ক্ষা।

অধ্যক্ষতা—প্রভুত্ব, কর্ত্তৃত্ব; তত্ত্বাবধান। অধ্যক্ষ + তা ভাবার্থে। বি; স্ত্রী।

অধ্যক্ষর—প্রণব, ওঁকার মন্ত্র। প্রাদিতৎ। বি; পুং।

অধ্যবসায়—অবিচলিত যত্ন, কার্য্যসাধনে দৃঢ়তা, কার্য্যসাধনে অবিচলিত উৎসাহ (Perseverance); নিশ্চয়। অধি—অব—সো + ঘঞ্ ভাববা। বি; পুং।

অধ্যবসায়ী (—সায়িন্)—অধ্যবসায়-বিশিষ্ট, অবিশ্রান্ত যত্নশীল, কার্য্যসম্পাদন-বিষয়ে দৃঢ়ব্রত। অধ্যবসায় শব্দ + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—য়িনী।

অধ্যবসিত—সঙ্কল্পিত; আরব্ধ, অবলম্বিত। অধি—অব—সো + ক্ত কর্ম্মবা। বিণ।

অধ্যয়ন—পঠন, পড়া; বেদপাঠ। অধি—ই + অনট্ ভাববা। বি; ক্লীব।

অধ্যয়ননিরত, —রত—পাঠে নিযুক্ত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

অধ্যয়নীয়—পঠনীয়, পাঠ্য। অধি—ই + অনীয় কর্ম্মবা। বিণ।

অধ্যশন—জীর্ণ না হইলেও ভোজন, অজীর্ণে

ভোজন। অধি (অধিক) অশন (ভোজন), প্রাদিতৎ। বি; ক্লীব।

অধ্যস্ত—আরোপিত। অধি – অস্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—স্তা।

অধ্যাত্ম—আত্মবিষয়ক; পরমাত্মসম্পর্কীয়; চিত্তবিষয়ক; দেহবিষয়ক; ঐহিক; পরব্রহ্ম। আত্মাকে অধিকার করিয়া, অব্যয়ীভাব; অধ্যাত্ম+অচ্ বিশিষ্টার্থে। বি; ক্লীব।

অধ্যাত্মতত্ত্ব—ঈশ্বরবিষয়ক সত্য, পরমেশ্বর-বিষয়ক তত্ত্ব। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অধ্যাত্মা (–ত্মন্)—আত্মা; জীবাত্মা; পরমাত্মা। প্রাদিতৎ। বি; পুং।

অধ্যাত্মিক—আত্মতত্ত্ববিষয়ক। অধ্যাত্ম+ ইক (ঠন্) সম্বন্ধার্থে। বিণ।

অধ্যাত্মীয়—আত্মসম্পর্কিত, নিজসম্বন্ধীয় (Subjective). অধ্যাত্মন্+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

অধ্যাপক—শিক্ষক, শিক্ষাগুরু, আচার্য্য, শিক্ষাদাতা; কলেজের শিক্ষক। অধি–ণিজন্ত ই (=আপি)+ণক কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,–পিকা।

অধ্যাপন—অধ্যয়ন করান, শিক্ষাদান, পড়ান; বেদাদি শাস্ত্র পড়ান। অধি–ণিজন্ত ই (=আপি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

অধ্যাপনা—অধ্যাপন, পড়ান। অধ্যাপন শব্দ+স্ত্রীলিঙ্গে আপ্। বি; স্ত্রী।

অধ্যাপয়িতা (–য়িতৃ)—অধ্যাপক, শিক্ষক, গুরু। অধি–ণিজন্ত ই (=আপি)+তৃচ্ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—ত্রী।

অধ্যাপিকা—মহিলা অধ্যাপক; অধ্যাপক-পত্নী। অধ্যাপক+আপ্। বি; স্ত্রী।

অধ্যাপিত—কৃতাধ্যাপন, পাঠিত, যাহা বা যাহাকে পড়ান হইয়াছে; শিক্ষিত। অধি –ণিজন্ত ই (=আপি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অধ্যায়—গ্রন্থের অংশবিশেষ। সর্গ, বর্গ, পর্ব্ব, পরিচ্ছেদ, স্কন্ধ, কাণ্ড, অঙ্ক, উল্লাস, উচ্ছ্বাস, স্তবক, পটল, প্রকরণ, আহ্নিক ইত্যাদি শব্দ দ্বারা ঐ অংশ প্রকাশিত হয়। অধি–ই+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

অধ্যারূঢ়—কৃতারোহণ, আরোহণ করিয়াছে এতাদৃশ; অধিক। অধি–আ–রুহ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ঢ়া।

অধ্যারোপ, অধ্যারোপণ—স্থাপন; অধিষ্ঠান; বিমোহ অর্থাৎ ভ্রান্তি, একে অন্য জ্ঞান; অতদ্রূপ বস্তুতে তদ্রূপ বস্তু-কল্পনা; বস্তুতে অবস্তুত্বের আরোপ, সচ্চিদানন্দ অদ্বিতীয় ব্রহ্মে অজ্ঞানাদি সকল জড়ের আরোপ, অসর্পভূত রজ্জুতে সর্পারোপ। অধ্যারোপ =অধি–আ –ণিজন্ত রুহ্ (=রোপি)+অচ্ ভাববা। বি; পুং। অ ধ্যা রো প ণ =অ ধি–আ–ণি জ ন্ত রুহ্ (=রোপি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

অধ্যাস—১। উপবেশন; অধিষ্ঠান। অধি –আস্ (উপবেশন করা)+ঘঞ্ ভাববা। ২। আরোপ, এক বস্তুতে অন্য বস্তু জ্ঞান [যেমন পূর্ব্বে সর্প দেখা থাকাতে তাহার অবয়ব সম্বন্ধে মনে যে ধারণা জন্মিয়াছে, তাহা দ্বারা পরে রজ্জু দেখিয়া রজ্জুকে সর্প বলিয়া জ্ঞান]; মায়া; ফাঁকি (Illusion). অধি –অস্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অধ্যাসন—অধিষ্ঠান; উপস্থিতি; উপবেশন, বসা। অধি–আস্+অনট ভাববা। বি; ক্লীব।

অধ্যাসিত—১। অধিষ্ঠিত। অধি–আস্ +ক্ত কর্ত্তৃবা। ২। অধিষ্ঠাপিত; অধিরূঢ়; নিবেশিত। অধি–ণিজন্ত আস্ (=আসি) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা। ৩। যে স্থানে বাস করা যায় সেই স্থান। অধি–আস্+ক্ত অধিবা। বি; ক্লীব।

অধ্যাসীন—উপবিষ্ট, অধিষ্ঠিত। অধি– আস্+শানচ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–না।

অধ্যাহরণ—অধ্যাহার (সকল অর্থে)। অধি–আ–হৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

অধ্যাহার—অসম্পূর্ণ-বাক্য পূরণার্থ পদান্তর-যোজনা, অস্পষ্টার্থের পদান্তর-যোজনা দ্বারা

স্পষ্টীকরণ; আকাঙ্ক্ষা-পূরক পদানুসন্ধান; উহ্য করা; তর্ক। অধি—আ—হৃ+ঘঞ্ ভাববা। বি; পুং।

অধ্যাহার্য্য(র্য)—তর্ক্য; উহ্য; অনুসন্ধেয়। অধি—আ—হৃ+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্য্যা।

অধ্যাহৃত—তর্কিত, বিচারিত; অনুসংহিত; নিবেশিত, অনুপূরিত। অধি—আ—হৃ+ক্ত কর্ম্মবা বিণ। স্ত্রী,—তা।

অধ্যুষিত—১। যে স্থানে বা যে দিকে বাস করা যায় এরূপ; কৃতবাস; লোকের বসবাস-যুক্ত। অধি—বস্+ক্ত কর্ম্মবা। ২। অধিষ্ঠিত; উপবিষ্ট। অধি—বস্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অধ্যেতা (—তৃ)—অধ্যয়নকারী, শিষ্য, ছাত্র, বিদ্যার্থী। অধি—ই+তৃচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

অধ্যেষণ—সবিনয় জিজ্ঞাসা বা প্রবর্ত্তন; প্রার্থনা। অধি—ইষ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অধ্যেষণা—অধ্যেষণ (সকল অর্থে)। অধি—ইষ্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

অধ্রুব—অনিশ্চিত; অস্থির; অনিত্য। ন ধ্রুব, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—বা।

অন্ (নঞ্)—সাদৃশ্য অভাব অন্যত্ব অল্পতা অপ্রাশস্ত্য বিরোধ ইত্যাদি সূচক অব্যয়। (আদিতে স্বরবর্ণযুক্ত পদ পরে থাকিলে নঞ্-স্থানে 'অন্' হয়)।

অন-অন—পরস্পর। প্রাঃ কবিপ্র। সর্ব্বনাম।

অনক—অধম, নীচ। অন্ (শব্দ করা)+অচ্ কর্ত্তৃবা+ক নিন্দার্থে। বিণ। স্ত্রী,—কা।

অনক্ষ—১। নিরিন্দ্রিয়, ইন্দ্রিয়শূন্য; চক্র-হীন। ন (নাই) অক্ষ (ইন্দ্রিয় বা চক্র) যাহার, বহুব্রী। ২। অক্ষিশূন্য, নেত্রহীন, অন্ধ। ন (নাই) অক্ষি যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ক্ষী।

অনক্ষর—১। লুপ্তবর্ণ; অপাঠ্য, দুষ্পাঠ্য; বর্ণজ্ঞানহীন, নিরক্ষর, মূর্খ। ন (নাই) অক্ষর (বর্ণ) যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। অবাচ্য কথন, নিন্দা। ন (অপ্রশস্ত, নাই) অক্ষর যাহার বা যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

অনগনি—অসংখ্য। প্রাঃ কবিপ্র। বিণ।

অনঘ—নিষ্পাপ; নির্ম্মল; সুন্দর; মনোজ্ঞ। ন (নাই) অঘ (পাপ) যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঘা।

অনঙ্গ—১। অঙ্গহীন, নিরবয়ব। ন (নাই) অঙ্গ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্গা। ২। আকাশ; চিত্ত। বি; ক্লীব। ৩। কন্দর্প, মদন, কামদেব। বি; পুং।

অনঙ্গমোহন—১। কামের মোহকারক; অতি সুন্দর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—না। ২। মদনমোহন, শ্রীকৃষ্ণ। বি; পুং।

অনঙ্গলেখ—মদনলিপি, প্রণয়পত্রিকা। অনঙ্গ প্রণোদিত লেখ (লিখন), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অনচ্ছ—অনির্ম্মল, যাহার ভিতর দিয়া আলোকরশ্মি চলে না এরূপ; মলযুক্ত, ঘোলা। ন অচ্ছ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—চ্ছা।

অনছন—আচ্ছন্ন, অধীর। প্রাঃ কবিপ্র। বিণ।

অনঞ্জন—১। অঞ্জনরহিত, কজ্জলহীন, কাজলশূন্য; নির্দ্দোষ, নিষ্পাপ। ন (নাই) অঞ্জন যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। ২। নিরঞ্জন পুরুষ, পরব্রহ্ম; আকাশ। বি; ক্লীব।

অনটন—অচল হওন, গমনে বিরতি; অভাব, অপ্রতুল। ন অটন, নঞ্‌তৎ। বি; ক্লীব। [দেশজ। বিণ।

অনড়—যাহা নড়ে না, অটল, স্থির, অচল।

অনড়ুহী—গবী, গাভী। (অনড্বান্ দ্রঃ)। অনডুহ্+ঈপ্। বি; স্ত্রী।

অনড্বান্ (অনডুহ্)—বৃষ, ষাঁড়, বলদ। অনস্ শব্দ—বহ্+কিপ্ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—ডুহী,—ড্বাহী।

অনড়ুাহী—গবী, গাভী বা গাই। (অনড়ুান্ দ্রঃ।) অনডুহ্ + ঈপ্ নিপাতনে। বি ; স্ত্রী।

অনত—১। যে নত নহে, অনবনত ; অবক্রীভূত ; ঋজু ; উন্নত ; অবিনীত ; গর্ব্বিত, দাম্ভিক। ন নত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা। ২। অন্য স্থানে। 'অন্যত্র' শব্দজ। অব্য। ৩। অবনত। প্রাঃ কবিপ্র। বিণ।

অনতহি—অন্তত্র, অপর স্থানে। প্রাঃ কবিপ্র। অব্য।

অনতি—১। অধিক নয়, মাঝামাঝি রকম। ন অতি, নঞ্ তৎ। অব্য। বিণ। ২। অবিনয়। ন নতি, নঞ্ তৎ। বি ; স্ত্রী।

অনতিকাল—অধিক কাল নহে, অল্পসময়। ন অতিকাল, নঞ্ তৎ। বি ; পুং।

অনতিক্রম, অনতিক্রমণ—অতিক্রম না করণ, অনুল্লঙ্ঘন ; অনতিবর্ত্তন। নঞ্ তৎ। বি ; পুং, ক্লীব।

অনতিক্রমণীয়, অনতিক্রম্য—অনুল্লঙ্ঘনীয় ; অনতিবর্ত্তনীয়। ন অতিক্রমণীয় বা অতিক্রম্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া, —ম্যা।

অনতিক্রান্ত—অনুল্লঙ্ঘিত ; অনতিবর্ত্তিত ; অনতিবাহিত, অযাপিত। ন অতিক্রান্ত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ন্তা।

অনতিতপ্ত—ঈষদুষ্ণ ; যাহা অধিক উত্তপ্ত নয় এরূপ। ন অতিতপ্ত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—প্তা।

অনতিদীর্ঘ—যাহা অধিক দীর্ঘ নয় এরূপ। ন অতিদীর্ঘ, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—র্ঘা।

অনতিদূর—১। যাহা অধিক দূর নয় এরূপ, নিকট। ন অতিদূর, নঞ্ তৎ। বিণ। ২। নিকট, সমীপ। নঞ্ তৎ। বি ; ক্লীব।

অনতিদূরবর্ত্তী(র্তী) (—বর্ত্তিন্)—নিকট, অল্প দূরে অবস্থিত। ন অতিদূর, নঞ্ তৎ ; অনতিদূরে বর্ত্তে (থাকে) যে, উপতৎ। অনতিদূর—বৃৎ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিনী।

অনতিপূর্ব্ব(র্ব)—অতিপূর্ব্বে নয় এরূপ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—র্ব্বা।

অনতিবর্ত্ত(র্ত)ক—অনুল্লঙ্ঘক, যে অতিক্রম করে নাই এরূপ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—কা।

অনতিবর্ত্ত(র্ত)ন—অনতিক্রমণ, অতিক্রম না করা, অনুল্লঙ্ঘন। নঞ্ তৎ। বি ; ক্লীব।

অনতিবর্ত্ত(র্ত)নীয়—অনুল্লঙ্ঘনীয়, অনতিক্রমণীয়। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অনতিবর্ত্তি(র্তি)ত—অলঙ্ঘিত, অনতিক্রান্ত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনতিবিলম্বে—অধিক বিলম্ব ব্যতিরেকে, বেশী দেরী না করিয়া। ন (নাই) অতিবিলম্ব যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

অনতিবিস্তৃত—অল্পপরিসর, অল্পব্যাপী। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনতিরিক্ত—যাহা অতিরিক্ত নহে, অনধিক। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অনত্যয়—যাহার হানি নাই এমন, অনশ্ব। ন (নাই) অত্যয় যাহার, বহুব্রী। বিণ।

অনধিক—অল্প, কিঞ্চিৎ, ঈষৎ, কম। ন অধিক, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—কা।

অনধিকার—১। অধিকারাভাব, স্বত্বহীনতা, অধিকারশূন্যতা। ন অধিকার, নঞ্ তৎ। বি ; পুং। ২। অধিকারশূন্য। ন (নাই) অধিকার যাহাতে, বহুব্রী। বিণ।

অনধিকারচর্চ্চা(র্চা)—যাহাতে অধিকার নাই তাহাতে হস্তক্ষেপ বা তাহা লইয়া আলোচনা। অনধিকারের অর্থাৎ অধিকার-শূন্য বিষয়ের চর্চ্চা, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অনধিকারচর্চ্চী(র্চী) (—চর্চ্চিন্)—যাহাতে অধিকার নাই এরূপ বিষয়ের আলোচনাকারী ; কোন বিষয়ে অযাচিত-ভাবে বা অকারণে হস্তক্ষেপকর্ত্তা। উপতৎ। বিণ। স্ত্রী,—র্চ্চিনী।

অনধিকারপ্রবেশ—যাহাতে অধিকার নাই এমন স্থানে প্রবেশ (Trespass). কর্ম্মধা। বি ; পুং।

অনধিকারী (—কারিন্)—অধিকারশূন্য ;

স্বত্বহীন; অস্বত্ববান্; অস্বামী; দখলিকার নহে এরূপ। ন অধিকারী, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—রিণী।

অনধিকৃত—অধিকৃত নহে এরূপ, অধিকার-ভুক্ত নয় এরূপ, যাহাতে দখল নাই। ন অধিকৃত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনধিগত—অলব্ধ, অপ্রাপ্ত; অবিদিত, অজ্ঞাত; অপঠিত, অনধীত। ন অধিগত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনধিগম্য—অগম্য, যাহার মধ্যে বুদ্ধি প্রবেশ করে না, বুদ্ধির অতীত। ন অধিগম্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ম্যা।

অনধিষ্ঠিত—১। অস্থাপিত; অপ্রতিষ্ঠিত; অনুত্থাপিত; অনারোপিত; অব্যবস্থিত। ২। অনুপস্থিত; অনুপবিষ্ট, অনাসীন। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনধীত—অপঠিত, যাহা অধ্যয়ন করা হয় নাই এরূপ। ন অধীত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনধীন—কাহারও অধীন নহে এরূপ, অপরবশ; স্ববশ, আত্মবশ; স্বাধীন, স্বতন্ত্র। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—না।

অনধ্যক্ষ—অপ্রত্যক্ষ, অদৃষ্টিগোচর, অদৃশ্য; অননুভবনীয়; অতত্ত্বাবধায়ক। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ক্ষা।

অনধ্যায়—১। অধ্যয়নাভাব, পাঠাভাব; রচনাভাব। ন অধ্যায়, নঞ্ তৎ। বি; পুং। ২। যে সময়ে বেদাদি পাঠ নিষিদ্ধ সেই সময়। ন (নাই) অধ্যায় যাহাতে, বহুব্রী। বি; পুং।

অননুকরণীয়—অনুকরণের অসাধ্য বা অযোগ্য, যাহার অনুকরণ করিতে পারা যায় না অথবা করা কর্ত্তব্য নয়। ন অনুকরণীয়, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অননুকূল—প্রতিকূল; বিরুদ্ধ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—লা। [বিণ। স্ত্রী,—তা।

অননুগত—অবাধ্য; অসহগামী। নঞ্ তৎ।

অননুজ্ঞাত—অননুমত, যাহাতে অনুজ্ঞা বা অনুমতি লাভ হয় নাই। ন অনুজ্ঞাত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অননুধ্যাত—অনালোচিত; অচিন্তিত; অস্মৃত। ন অনুধ্যাত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অননুভবনীয়—অনুভবের অতীত, যাহা অনুভব করিয়া পাওয়া যায় না এরূপ; অচিন্তনীয়, ধারণাতীত। ন অনুভবনীয়, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অননুভূত—যাহা অনুভব হয় নাই এরূপ। ন অনুভূত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অননুমত—অননুজ্ঞাত। ন অনুমত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অননুমিত—পূর্ব্বে অনবধারিত, পূর্ব্বে যাহা অনুমান করা যায় নাই এরূপ। ন অনুমিত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অননুমেয়—যাহা অনুমান করিতে পারা যায় না এরূপ; অবোধ্য। ন অনুমেয়, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অননুমোদন—অনুমোদনাভাব, অনুমোদন না করা, আহ্লাদপূর্ব্বক সম্মতি না দেওয়া; অগ্রাহ্য বা বাতিল করা; অসম্মতি, অস্বীকৃতি। নঞ্ তৎ। বি; ক্লীব।

অননুমোদিত—যাহার অনুমোদন করা হয় নাই এরূপ। ন অনুমোদিত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অননুশীলন—অনুশীলনাভাব, আলোচনা না করা। নঞ্ তৎ। বি; ক্লীব।

অননুশীলিত—যাহার অনুশীলন করা হয় নাই এরূপ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অননুষ্ঠান—অকরণ, অবিধান, না করা। ন অনুষ্ঠান, নঞ্ তৎ। বি; ক্লীব।

অননুষ্ঠিত—যাহার অনুষ্ঠান করা হয় নাই এরূপ, অকৃত। ন অনুষ্ঠিত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনন্ত—১। অন্তহীন, অশেষ; অনবধি, অসীম; অনশ্বর, অক্ষয়। ন (নাই) অন্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্তা। ২।

ব্রহ্ম; আকাশ। বি; ক্লীব। ৩। বিষ্ণু; বলদেব; মেঘ; বৃক্ষবিশেষ, নিসিন্দা গাছ; সর্পরাজ, শেষ নাগ। ন (নাই) অন্ত (শেষ বা ক্ষয়) যাহার, বহুব্রী। বি; পুং। ৪। বাহুর অলঙ্কারবিশেষ, তাগা। দেশজ। বি।

অনন্তকাল—অনন্ত সময়, চিরকাল। কর্ম্মধা। বি; পুং।

অনন্তচতুর্দ্দশী—ভাদ্রমাসের শুক্লা চতুর্দ্দশী, এই দিনে অনন্ত ব্রত সম্পাদিত হয়। অনন্ত-প্রাপিকা (ব্রহ্ম-প্রাপিকা) চতুর্দ্দশী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অনন্তদেব—বিষ্ণু; শেষনাগ। কর্ম্মধা। বি; পুং।

অনন্তনিদ্রা—যে নিদ্রার অন্ত নাই অর্থাৎ মৃত্যু। কর্ম্মধা। বি; স্ত্রী।

অনন্তবীর্য্য(র্য)—১। অসীম পরাক্রম। কর্ম্মধা। বি; ক্লীব। ২। অসীমপরাক্রমশালী, অশেষতেজঃসম্পন্ন। অনন্ত বীর্য্য যাঁহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্য্যা।

অনন্তব্রত—ভাদ্রমাসের শুক্লা চতুর্দ্দশীতে করণীয় ব্রতবিশেষ। অনন্ত-প্রাপক ব্রত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অনন্তমূল—ওষধিবিশেষ। অনন্ত মূল যাহার, বহুব্রী। বি; পুং।

অনন্তযাত্রা—যে যাত্রার শেষ হয় না, মৃত্যু। অনন্তা যাত্রা, কর্ম্মধা। বি; স্ত্রী।

অনন্তর—১। পশ্চাদ্বর্ত্তী; সন্নিহিত; অব্যবহিত। ন (নাই) অন্তর (ব্যবধান) যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। অব্যবহিতরূপে, (তাৎপর্য্যার্থ) ঠিক পরে। ন (নাই) অন্তর যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

অনন্তরাশি—(গণিত শাস্ত্রে) যে রাশির বা সংখ্যার শেষ সীমা নাই (Infinity). কর্ম্মধা। বি; পুং।

অনন্তশয়ন—১। অনন্তশয্যা, যে শয্যার অন্ত নাই, বিষ্ণুর শয্যা; অনন্ত-নাগরূপ শয্যা। কর্ম্মধা ও রূপক কর্ম্মধা। ২। অশেষ নিদ্রা, যে ঘুম কখনও ভাঙ্গে না, অর্থাৎ মৃত্যু। কর্ম্মধা। বি; ক্লীব।

অনন্তশয্যা—১। বিষ্ণুর শয্যা। ৬ষ্ঠীতৎ। ২। চিরশয্যা, অনন্তশয়ন, অর্থাৎ মৃত্যু; যে বিছানা চিরকাল পাতা থাকে, কখনও গুটান হয় না। কর্ম্মধা। বি; স্ত্রী।

অনন্তশীর্ষ—১। অসংখ্য মস্তকবিশিষ্ট, বহুমুণ্ড। বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ষা। ২। বাসুকি। বি; পুং।

অনন্তশীর্ষা (—শীর্ষন্)—১। অসংখ্য মস্তকবিশিষ্ট। বহুব্রী। বিণ। ২। বাসুকির পত্নী। বি; স্ত্রী। ৩। বাসুকি। বি; পুং।

অনন্তা—পৃথিবী; দুর্গা; দূর্ব্বা; হরীতকী; আমলকী। ন (নাই) অন্ত যাহার, বহুব্রী +আপ্। বি; স্ত্রী।

অনন্বয়—১। অন্বয়শূন্য, পরস্পর সম্বন্ধরহিত; বংশহীন। ন (নাই) অন্বয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। ২। অর্থালঙ্কারবিশেষ, যে স্থানে একই বস্তুকে একই বাক্যে উপমান ও উপমেয়রূপে নির্দ্দেশ করা হয়। অলঙ্কার (তাহা দ্রঃ)। ৩। সম্বন্ধাভাব; অসঙ্গতি। ন অন্বয়, নঞ্তৎ। বি; পুং।

অনন্বয়ী (—য়িন্)—অন্বয়শূন্য (অনন্বয়ী অব্যয়=হায়, ওহে প্রভৃতি)। নঞ্তৎ। বিণ।

অনন্বিত—সম্বন্ধরহিত, সম্পর্কশূন্য; অসঙ্গত, অসংলগ্ন। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনন্য—১। অভিন্ন; যাহা অন্য নহে; অন্যের সহিত সম্পর্কশূন্য। ন অন্য, নঞ্তৎ। বিণ। ২। অদ্বিতীয়, একমাত্র। বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্যা। ৩। বিষ্ণু। বহুব্রী। বি; পুং।

অনন্যকর্ম্মা(র্মা) (—কর্ম্মন্)—অন্য কার্য্য-শূন্য, যাহার অন্য কর্ম্ম নাই, অর্থাৎ কোনও বিশেষ কার্য্যসাধনার্থ যে অন্য সকল কর্ম্ম পরিত্যাগ করিয়াছে এরূপ। ন (নাই) অন্যকর্ম্ম যাহার, বহুব্রী। বিণ; পুং বা স্ত্রী।

অনন্যগতি—১। গত্যন্তরশূন্য, যাহার অন্য গতি বা উপায় নাই, নিতান্ত নিঃসহায় বা

নিরুপায় ; একাশ্রয়। ন (নাই) অন্যগতি যাহার, বহুব্রী। বিণ। ২। অন্য উপায়ের অভাব। ন অন্যগতি, নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অনন্যগতিক—উপায়ান্তরহীন, গত্যন্তরশূন্য। ন (নাই) অন্যগতি যাহার, বহুব্রী (ক আগম)। বিণ। স্ত্রী,—কা।

অনন্যগামী (—গামিন্)—যে অন্য স্থানাদিতে গমন করে না এরূপ ; একানুরক্ত, একনিবিষ্ট। ন অন্যগামী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—মিনী।

অনন্যচিত্ত—এক বিষয়ে নিবিষ্টচিত্ত, অনন্যমনা, একাগ্রচিত্ত, অভিনিবিষ্ট। অনন্য হইয়াছে চিত্ত যাহার, বহুব্রী ; ন অন্যচিত্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ত্তা।

অনন্যচিন্তা—একই বিষয়ে চিন্তা, অন্য বিষয় না ভাবা। অন্য চিন্তা, কর্ম্মধা ; ন অন্যচিন্তা, নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অনন্যজ—অনঙ্গ, কামদেব। ন অন্যজ, নঞ্‌তৎ। বি ; পুং।

অনন্যতন্ত্র—অপরাধীন, স্বাধীন ; স্বকীয়, নিজ ; অসাধারণ, অসামান্য। অন্যের তন্ত্র (প্রাধান্য) যাহাতে, বহুব্রী ; ন অন্যতন্ত্র, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ন্ত্রী।

অনন্যতন্ত্রতা, অনন্যতন্ত্রত্ব—অপরাধীনতা ; স্বাধীনতা ; স্বকীয়ত্ব, নিজত্ব ; মৌলিকতা। অনন্যতন্ত্র+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

অনন্যদৃষ্টি—অন্য কোন দিকে বা বিষয়ে দৃষ্টিহীন, লক্ষিত বিষয় হইতে ভিন্ন বিষয়ে দৃষ্টিহীন, একমাত্র লক্ষ্যদর্শী। ন (নাই) অন্যতে দৃষ্টি যাহার, বহুব্রী। বিণ।

অনন্যধর্ম্মা(র্ম্মা) (—ধর্ম্মন্)—যাহার অন্য কোনও ধর্ম্ম নাই এরূপ, যে একমাত্র ধর্ম্ম আশ্রয় করিয়া আছে, একধর্ম্মা। ন অন্যধর্ম্মা, নঞ্‌তৎ। [অন্যধর্ম্মা=অন্য ধর্ম্ম যাহার, বহুব্রী, সমাসান্ত অন্ প্রত্যয়]। বিণ ; পুং বা স্ত্রী।

অনন্যপূর্ব্বা(র্বা)—যে স্ত্রীর পূর্ব্বে বিবাহ হয় নাই, অবিবাহিতা বালিকা, কুমারী। বি ; স্ত্রী।

অনন্যবৃত্তি—একমাত্র-বৃত্তি ; অনন্যবিষয়, একাগ্রচিত্ত ; একাগ্র। ন (নাই) অন্যে বৃত্তি (প্রবৃত্তি) যাহার, বহুব্রী। বিণ।

অনন্যব্রত—যাহার অন্য ব্রত নাই। ন (নাই) অন্যব্রত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা।

অনন্যমনস্ক—অনন্যচিত্ত, অনন্যমনাঃ, একাগ্রচিত্ত, একবিষয়ে নিবিষ্ট, অভিনিবিষ্ট। ন অন্যমনস্ক, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—স্কা।

অনন্যমনাঃ (—মনস্)—যাহার অন্য কোনও দিকে বা বিষয়ে মন নাই এরূপ, লক্ষ্য-বিষয়ে একাগ্রচিত্ত। ন (নাই) অন্যতে মনঃ (মনস্) যাহার, বহুব্রী। বিণ ; পুং বা স্ত্রী।

অনন্যশরণ—যাহার অপর আশ্রয় নাই ; যাহার অপর গৃহ নাই। ন (নাই) অন্য শরণ (গৃহ বা আশ্রয়) যাহার, বহুব্রী। বিণ।

অনন্যসহায়—যাহার অপর সাহায্যকারী নাই। ন (নাই) অন্যসহায় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

অনন্যসাধারণ—অন্যের সহিত সমান নয় এরূপ, অসাধারণ ; যাহাতে অন্যের সহিত অংশ বা অধিকার নাই। অন্যের (অপরের) সাধারণ (তুল্য, বা একবিধ)=অন্যসাধারণ, ৬ষ্ঠীতৎ ; ন অন্যসাধারণ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণী।

অনন্যসাপেক্ষ—যে বা যাহা অন্যের উপর নির্ভরশীল নহে এরূপ ; স্বাধীন। ন অন্যসাপেক্ষ, নঞ্‌তৎ। বিণ।

অনন্যসুলভ—১। যাহা অপরাপরে সহজে পাওয়া যায় না বা দৃষ্ট হয় না ; অসামান্য, অসাধারণ ; বিশিষ্ট। অন্যে সুলভ=অন্যসুলভ, ৭মীতৎ ; ন অন্যসুলভ, নঞ্‌তৎ। ২। অন্যদুর্লভ, যাহা অপরে সহজে পাইতে পারে না এরূপ। অন্যকর্তৃক সুলভ, ৩য়াতৎ। ন অন্যসুলভ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ভা।

অনন্যোপায়—অনন্যগতিক, যাহার অন্য উপায় নাই। ন (নাই) অন্যোপায় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

অনপকারক—অনপকারী, যে অপকার করে না; নিরীহ। ন অপকারক, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –রিকা।

অনপকারী (–কারিন্‌)—অনপকারক; নিরীহ। ন অপকারী, নঞ্‌তৎ। বিণ; পুং। স্ত্রী, –রিণী।

অনপত্য—অপত্যশূন্য, নিঃসন্তান; যাহার সন্তান জন্মে নাই; যাহার সন্তান জন্মিয়াছিল বটে, কিন্তু এখন বিদ্যমান নাই। ন (নাই) অপত্য যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ত্যা।

অনপরাধ—১। নির্দ্দোষ। ন (নাই) অপরাধ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ধা। ২। অপরাধাভাব, নির্দ্দোষতা, অপরাধ না থাকা। ন অপরাধ, নঞ্‌তৎ। বি; পুং।

অনপহৃত—অলুণ্ঠিত; অগৃহীত। ন অপহৃত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অনপায়ী (–পায়িন্‌)—অপায়রহিত, অবিনশ্বর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –য়িনী।

অনপেক্ষ—নিরপেক্ষ, কাহারও অপেক্ষা করে না এরূপ। ন (নাই) অপেক্ষা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ক্ষা।

অনপেক্ষিত—অপ্রত্যাশিত, অসম্ভাবিত, অতর্কিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অনপেক্ষী (–পেক্ষিন্‌)—অপেক্ষা-শূন্য, স্বাবলম্বী। ন অপেক্ষী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ক্ষিণী।

অনপেত—যাহা অপেত (অপগত) নহে, বিদ্যমান; যুক্ত, বিশিষ্ট। ন অপেত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অনবকাশ—অবকাশাভাব, অনবসর, অবকাশরাহিত্য। নঞ্‌তৎ। বি; পুং।

অনবগত—অবিদিত, অজ্ঞাত। ন অবগত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অনবগীত—দোষশূন্য, অনিন্দিত। ন অবগীত (নিন্দিত), নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অনবগুণ্ঠিতা—অবগুণ্ঠনশূন্যা, ঘোমটা-না-দেওয়া। ন অবগুণ্ঠিতা, নঞ্‌তৎ। বিণ; স্ত্রী।

অনবচ্ছিন্ন—নিরবচ্ছিন্ন; অবিরাম, ধারাবাহিক। ন অবচ্ছিন্ন, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ন্না।

অনবচ্ছেদ—অবিরতি, ধারাবাহিকতা। ন অবচ্ছেদ, নঞ্‌তৎ। বি; পুং।

অনবদ্য—নির্দ্দোষ, অনিন্দ্য; সুন্দর; অনুমোদনীয়। ন অবদ্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –দ্যা।

অনবদ্যাঙ্গ—সুশ্রী, সুন্দর। অনবদ্য অঙ্গ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ঙ্গী।

অনবধান—১। অমনোযোগী, অযত্নপরায়ণ, উপেক্ষাকারী। ন (নাই) অবধান যাহার, বহুব্রী। বিণ। ২। অমনোযোগ, অযত্ন, উপেক্ষা। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অনবধানতা—উপেক্ষা, অমনোযোগ। অনবধান+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অনবরত—১। নিরন্তর, অবিরাম। ন (নাই) অবরত (বিরাম) যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী, –তা। ২। সতত, অবিশ্রামরূপে। বহুব্রী। ক্রি-বিণ।

অনবরুদ্ধ—অবরোধহীন; যে বা যাহা আটক নহে এরূপ; মুক্ত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –দ্ধা।

অনবরোধ—১। অবরোধহীনতা, আটক না করা; বিঘ্নের অভাব; মুক্তি। ন অবরোধ, নঞ্‌তৎ। বি; পুং। ২। অবরোধহীন, অবাধ; নির্ব্বিঘ্ন; বিপত্তীক। ন (নাই) অবরোধ যাহার, বহুব্রী। বিণ।

অনবলম্ব, অনবলম্বন—১। অবলম্বনশূন্য, নিরাশ্রয়; নিঃসহায়। ন (নাই) অবলম্ব বা অবলম্বন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ম্বা, –না। ২। অবলম্বনহীনতা, অসহায়তা। ন অবলম্ব, অবলম্বন, নঞ্‌তৎ। বি; পুং, ক্লীব।

অনবসর—অবসরাভাব, অনবকাশ; অসময়, অনুপযুক্ত সময়। নঞ্‌তৎ। বি; পুং।

অনবসিত—অসমাপ্ত। ন অবসিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অনবস্থ—অস্থায়ী; অস্থিতিশীল (Unstable). ন (নাই) অবস্থা যাহার, বহুব্রী। বিণ।

অনবস্থা—অবস্থার অভাব; অস্থিরতা; অনিশ্চয়; অবিশ্রান্ত, তর্কের দোষবিশেষ, যে তর্কে উপপাদ্য ও উপপাদকের বিরাম নাই। ন অবস্থা (স্থিরতা), নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনবস্থিত—অব্যবস্থিত, অস্থির, চঞ্চল; অবস্থাহীন, সংস্থানবিহীন, অসচ্ছল। ন অবস্থিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনবস্থিতচিত্ত—অস্থিরচিত্ত, ক্ষণে ক্ষণে যাহার মতের পরিবর্তন হয় এরূপ। অনবস্থিত চিত্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা। বি,—চিত্ততা,—চিত্তত্ব।

অনবস্থিতি—না থাকা; অস্থিরতা, চাঞ্চল্য; ইন্দ্রিয়সংযমাভাব: কামুকতা। ন অবস্থিতি, নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনবহিত—অনবধান, অমনোযোগী, অযত্নশীল, উপেক্ষাপরায়ণ। ন অবহিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনবাপ্ত—অপ্রাপ্ত, অলব্ধ। ন অবাপ্ত, নঞ্‌তৎ। বিণ।

অনভিজাত অসৎকুলোৎপন্ন, অভদ্রবংশজাত, নীচবংশীয়, অকুলীন। ন (নয়) অভিজাত (ভদ্রবংশজাত), নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনভিজ্ঞ—অভিজ্ঞতাশূন্য, অজ্ঞান, মূর্খ; অনিপুণ; অপরিচিত, অনভ্যস্ত। ন অভিজ্ঞ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—জ্ঞা।

অনভিজ্ঞতা—ব্যুৎপত্তির অভাব, অজ্ঞানতা; অপারদর্শিতা। অনভিজ্ঞ+তা ভাবার্থে। বি: স্ত্রী।

অনভিপ্রেত—অনভিমত, অনভীষ্ট, অনাকাঙ্ক্ষনীয়, অনুদ্দিষ্ট। ন অভিপ্রেত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনভিব্যক্ত—অস্পষ্ট-প্রকাশিত, অব্যক্ত, অস্ফুট, অবিস্পষ্ট। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অনভিব্যক্তি—অপ্রকাশ; অস্পষ্টতা। ন অভিব্যক্তি, নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনভিভবনীয়—অনতিক্রমণীয়, অপরাজেয়, অভিভবের অযোগ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অনভিভূত—অব্যাহত; অপরাজিত; অব্যাকুল। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনভিমত—অনভিপ্রেত, অপ্রিয়, অননুমোদিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনভিলষণীয়—অবাঞ্ছনীয়, অস্পৃহণীয়। ন অভিলষণীয়, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অনভিলষিত—অনভিপ্রেত, অবাঞ্ছিত। ন অভিলষিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনভিলাষ—অনিচ্ছা। নঞ্‌তৎ। বি; পুং।

অনভিলাষী (—ষিন্)—অনিচ্ছুক; উদাসীন। ন অভিলাষী, নঞ্‌তৎ। বিণ; পুং। স্ত্রী,—ষিণী।

অনভ্যস্ত—অভ্যাসরহিত, যাহার কোন বিষয়ে অভ্যাস নাই; যাহা অভ্যাস করা হয় নাই; অশিক্ষিত, অকণ্ঠস্থ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—স্তা।

অনভ্যাস—অভ্যাসের অভাব, অভ্যাস না করা, অননুশীলন। নঞ্‌তৎ। বি; পুং।

অনমনীয়, অনম্য—যাহা নমনসাধ্য নহে, যাহা নত করা যায় না এরূপ; অতি কঠিন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া,—ম্যা।

অনমস্য—নমস্কারের অযোগ্য। ন নমস্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—স্যা।

অনমিত—যাহাকে নত করা হয় নাই এরূপ, অপরাজিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনম্বর—১। অম্বরহীন, বিবস্ত্র, নগ্ন। ন (নাই) অম্বর (বসন) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। (আবরণশূন্য বলিয়া) আকাশ। ("অনম্বর পথে সুকেশিনী"—মাইকেল)। বি; ক্লীব।

অনয়—১। নীতিজ্ঞানশূন্য, নীতিবিহীন। ন (নাই) নয় (নীতিজ্ঞান) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। ২। পানস্ত্রীমৃগয়াদি ব্যসন; বিপদ, অশুভ, দৈব; দুর্নীতি। ন (নয়) নয়, নঞ্‌তৎ। বি; পুং।

অনরথ—অনর্থ। প্রাঃ কবিপ্র। বি।

অনর্গল—১। অর্গলহীন, যাহার খিল নাই; স্বেচ্ছাচারী, উচ্ছৃঙ্খল; অবিরত; বিরামহীন; অবাধ (যথা, অনর্গল মুখস্থ বলা); অপ্রতিবন্ধক, যাহার কোনও প্রতিবন্ধক নাই। ন (নাই) অর্গল (খিল বা প্রতিবন্ধক) যাহাতে বা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা। ২। অবিরলভাবে, অবাধে। ন (নাই) অর্গল যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

অনর্ঘ—মূল্যহীন; অমূল্য; অসাধারণ। ন (নাই) অর্ঘ (মূল্য) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ঘা।

অনর্ঘ্য—১। অসম্পূজ্য, অপূজনীয়; অতি-পূজনীয়; অনাদরণীয়। নঞ্‌তৎ। ২। পূজা-দ্রব্যশূন্য। ন (নাই) অর্ঘ্য যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ঘ্যা। [বি; পুং।

অনর্থ—১। অনিষ্ট, অশুভ, বিপদ। নঞ্‌তৎ।

অনর্থক—১। অর্থহীন, ব্যর্থ, নিরর্থক; অহেতুক, নিষ্প্রয়োজন। ন (নাই) অর্থ (প্রয়োজন) যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী—র্থিকা। ২। অপ্রয়োজনে, অকারণে, বৃথা। ন (নাই) অর্থ যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

অনর্থকর—১। অশুভজনক, অহিতকর, অনিষ্টজনক, অপকারী; ক্লেশজনক। উপতৎ। অনর্থ—কৃ+ট কর্ত্তৃবা। বিণ। ২। অর্থাগমহীন, লাভরহিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রী।

অনর্থপাত—অনিষ্টপাত, বিপৎসংঘটন, অশুভ ঘটনা। অনর্থের পাত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অনর্থহেতু—অশুভকারণ, বিপদের মূল। অনর্থের অর্থাৎ অশুভের হেতু, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অনর্হ—১। অনুপযুক্ত, অযোগ্য; বেখাপ, অসদৃশ; অনুচিত; অনভ্যস্ত। ন (নয়) অর্হ (যোগ্য), নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্হা।

অনল—অগ্নি, বহ্নি। ন (নাই) অল (পর্য্যাপ্তি, তৃপ্তি) যাহার, বহুব্রী। বি; পুং।

অনলচূর্ণ—অগ্নিচূর্ণ, বারুদ। অনলপূর্ণ চূর্ণ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অনলদ্যুতি—১। অগ্নিপ্রভ, আগুনের মত দীপ্তিযুক্ত। অনলের দ্যুতির ন্যায় দ্যুতি যাহার, বহুব্রী। বিণ। ২। অগ্নির কিরণ, আগুনের তেজ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অনলপ্রতিম—অগ্নিসদৃশ, আগুনের মত। অনল প্রতিমা (প্রতিকৃতি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—মা।

অনলপ্রভ—অগ্নির ন্যায় প্রভাবিশিষ্ট, বহ্নিতুল্য দীপ্তিমান, আগুনের মত উজ্জ্বল। অনলের প্রভার ন্যায় প্রভা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ভা।

অনলপ্রভা—১। অগ্নিবৎ উজ্জ্বলা। বিণ; স্ত্রী। ২। অগ্নিশিখা, আগুনের দীপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অনলশিখা—অগ্নিশিখা, আগুনের শীষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অনলশিলা—উল্কাপিণ্ড। অনলময়ী শিলা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অনলস—আলস্যশূন্য; শ্রমশীল। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—সা।

অনল্প—অধিক; উদার, মহৎ। ন অল্প, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ল্পা।

অনশন—১। উপবাস, অভোজন, অনাহার। ন অশন, নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। ভোজনশূন্য। ন (নাই) অশন (ভোজন) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

অনশনক্লিষ্ট—উপবাস-কাতর। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অনশন-ধর্ম্ম(র্ম)ঘট—কাহারও কার্য্যের নৈতিক প্রতিবাদস্বরূপ উপবাস দেওয়া (Hunger strike). অনশন দ্বারা ধর্ম্মঘট, ৩য়াতৎ। বি।

অনশন-পীড়িত—অনশনক্লিষ্ট (তাহা দ্রঃ)।

অনশনব্রত—আহার পরিত্যাগরূপ নিয়ম। অনশনরূপ ব্রত, রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

অনশ্বর—অবিনাশশীল, চিরস্থায়ী, অক্ষয়।

ন নশ্বর, নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,—রী। বি, —তা,—ত্ব।

অনসূয়—অসূয়াশূন্য, দোষদৃষ্টিরহিত। ন (নাই) অসূয়া যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

অনসূয়া—১। অসূয়ারহিতা। বহুব্রী। বিণ; স্ত্রী। ২। অসূয়াহীনতা। নঞ্‌ তৎ। বি; স্ত্রী। ৩। অত্রি মুনির পত্নী। ৪। (কালিদাসের 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকে) শকুন্তলার সখী। বি; স্ত্রী।

অনহঙ্কা(ংকা)র—১। অহঙ্কাররহিত, নিরহঙ্কার, গর্ব্বশূন্য। ন (নাই) অহঙ্কার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। অহঙ্কারাভাব, দর্পরাহিত্য, অগর্ব্ব। নঞ্‌ তৎ। বি; পুং।

অনহঙ্কা(ংকা)রী (—রিন্), —কৃত—অহঙ্কাররহিত, দেমাকশূন্য, নিরহঙ্কার, গর্ব্বশূন্য নঞ্‌ তৎ। বিণ; পুং। স্ত্রী,—রিণী, —তা।

অনা—অমঙ্গল, অভাব প্রভৃতি-বাচক বাঙ্গালা উপসর্গ (যথা—'অনামুখো', 'অনাসৃষ্টি' ইত্যাদি)। অব্য।

অনাকর্ণনীয়—অশ্রোতব্য, শুনিবার অযোগ্য। ন (নয়) আকর্ণনীয়, নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অনাকুল—অব্যাকুল, অচঞ্চল, স্থির; অসঙ্কীর্ণ। ন আকুল, নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,—লা।

অনাকুলিত—অব্যগ্র, স্থির, অনাকুল। ন আকুলিত, নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনাকৃষ্ট—অবশীকৃত; যাহা আকৃষ্ট হয় নাই এরূপ; আ-টানা। ন আকৃষ্ট, নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অনাক্রমণ—আক্রমণের অভাব, আক্রমণ না করা; অগ্রহণ; অনভিভব। ন আক্রমণ, নঞ্‌ তৎ। বি; ক্লীব।

অনাক্রম্য—অনাক্রমণীয়, যাহাকে আক্রমণ করা অনুচিত বা অসম্ভব। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,—ম্যা।

অনাক্রান্ত—যাহাকে আক্রমণ করা হয় নাই এরূপ; অনভিভূত; অগৃহীত। ন আক্রান্ত, নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,—ন্তা।

অনাগত—ভবিষ্যৎ; অনায়াত; অনুপস্থিত। ন আগত, নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনাগত-বিধাতা (—বিধাতৃ)—অনাগতের বিধাতা অর্থাৎ বিধানকর্ত্তা, ভবিষ্যতের জন্য সংস্থানকারী; পরিণামদর্শী; ভাবী অনিষ্টের প্রতিকারক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ত্রী।

অনাগতার্ত্ত(র্ত)বা—কুমারী, অজাতরজাঃ কন্যা, যে কন্যার ঋতু হয় নাই। অনাগত (অনুপস্থিত) আর্ত্তব (স্ত্রীরজঃ) যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বিণ; স্ত্রী।

অনাগম—১। অনাগত, অনায়ত্ত; অনুপস্থিত; অপ্রাপ্ত; রিক্ত; আগমবিরুদ্ধ; অশাস্ত্রীয়। ন (নাই) আগম যাহার, বহুব্রী। বিণ। ২। অনাগমন, না আসা; অনুপস্থিতি; অপ্রাপ্তি; অপ্রত্যাবর্ত্তন। ন আগম, নঞ্‌ তৎ। বি; পুং।

অনাগারিক—গৃহত্যাগী। ন আগারিক, নঞ্‌ তৎ। বিণ।

অনাঘ্রাত—অকৃতঘ্রাণ, যাহার ঘ্রাণ লওয়া হয় নাই এরূপ; অনুপভুক্ত। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনাচরণ—অকরণ; কুৎসিত আচরণ, কদাচার; গর্হিত ব্যবহার, অভদ্র আচরণ; শাস্ত্রবিরুদ্ধ আচরণ বা চালচলন। ন আচরণ, নঞ্‌ তৎ। বি; ক্লীব।

অনাচরণীয়—অব্যবহার্য্য; যাহার জলাদি গ্রহণ করা যায় না এরূপ। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অনাচার—১। কদাচার, যথেচ্ছাচার, অভদ্র আচরণ, গর্হিত আচার; শ্রুতিস্মৃতিবিরুদ্ধ আচরণ। ন (কুৎসিত) আচার, নঞ্‌ তৎ। বি; পুং। ২। আচরণহীন; কদাচারী; শ্রুতিস্মৃতিবিরুদ্ধাচারী। ন (কুৎসিত) আচার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

অনাচারী (-চারিন্)—কদাচারী, গর্হিতাচরণকারী, যাহার আচরণ কুৎসিত। অনাচার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -রিণী।

অনাচ্ছন্ন—অনাবৃত; অবিজড়িত; অনভিভূত; অনভিপ্লুত। ন আচ্ছন্ন, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,-ন্না।

অনাচ্ছাদিত—অনাবৃত, উন্মুক্ত, খোলা। ন আচ্ছাদিত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,-তা।

অনাছিষ্টি—সৃষ্টিছাড়া; অদ্ভুত। 'অনাসৃষ্টি' শব্দজ। বিণ।

অনাটন—অনটন, অভাব, টানাটানি, অকুলন। 'অনটন' শব্দজ। বি; ক্লীব।

অনাড়ম্বর—১। আড়ম্বরাভাব, আড়ম্বর-শূন্যতা, জাঁক বা ঘটা না থাকা, সমারোহ-হীনতা; সাদাসিধে রকমের ভাব বা অবস্থা। নঞ্ তৎ। বি; পুং। ২। আড়ম্বরবিহীন, সাদাসিধে। ন (নাই) আড়ম্বর যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,-রা।

অনাঢ্য—ধনহীন, সম্পত্তিশূন্য, অধিকসঙ্গতি-রহিত; নির্ধন, নিঃস্ব, দরিদ্র। ন আঢ্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,-ঢ্যা।

অনাতপ—১। আতপহীন, ছায়াযুক্ত, শীতল। বহুব্রী। বিণ। ২। আতপাভাব, রৌদ্রহীনতা, ছায়া। ন আতপ (রৌদ্র), নঞ্ তৎ। বি; পুং।

অনাতুর—অরোগ, সুস্থ; অক্লিষ্ট; অনুৎকণ্ঠিত। ন আতুর, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,-রা।

অনাত্মজ্ঞ—আত্মবিষয়ে অনভিজ্ঞ, যে আপনাকে জানে না বা বুঝে না এরূপ। ন আত্মজ্ঞ, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,-জ্ঞা।

অনাত্মবান্—অজিতেন্দ্রিয়, অসংযতচিত্ত। নঞ্ তৎ। বিণ।

অনাত্মবেদিতা, -ত্ব—অনাত্মজ্ঞতা, আত্ম-বিষয়ে অজ্ঞান। অনাত্মবেদিন্ শব্দ+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

অনাত্মবেদী (-বেদিন্)—অনাত্মজ্ঞ, মূঢ়, আত্মবিষয়ে (আপনার বিষয়ে বা আত্মার বিষয়ে) অনভিজ্ঞ। আত্মাকে (আপনাকে) বিদিত আছে যে সে আত্মবেদী, উপতৎ। আত্মন্ শব্দ-বিদ্+ণিন্ কর্তৃবা; ন আত্মবেদী, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,-দিনী।

অনাত্মীয়—আত্মীয় নহে এরূপ, পর, বিপক্ষ, বিরুদ্ধ, বিদ্বেষী। ন আত্মীয়, নঞ্ তৎ। বিণ। স্ত্রী, -য়া।

অনাত্মীয়তা, -ত্ব—পরভাব; অসৌহৃদ্য; অসদ্ভাব; বিপক্ষতা; শত্রুতা। অনাত্মীয়+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

অনাথ—নাথহীন, অস্বামিক, অসহায়, নিরাশ্রয়; মাতাপিতা বা পতিবিহীন। বহুব্রী। বিণ। স্ত্রী,-থা।

অনাথনাথ—যাহার অন্য কোন আশ্রয় নাই তাহার আশ্রয়; নিরাশ্রয়ের আশ্রয়; জগদীশ্বর। অনাথের নাথ, ৬ষ্ঠী তৎ। বি; পুং।

অনাথ-নিবাস—অসহায় বা নিরাশ্রয়দিগের বাসস্থান, মাতাপিতৃহীনগণের আশ্রয়স্থল (Orphanage). ৬ষ্ঠী তৎ। বি; পুং।

অনাথপালক—অসহায় বা নিরাশ্রয়দিগের ভরণপোষণকর্তা। ৬ষ্ঠী তৎ। বিণ। স্ত্রী,-লিকা।

অনাথপালন—নিরাশ্রয়ের প্রতিপালন, অসহায়দিগের রক্ষা। ৬ষ্ঠী তৎ। বি; ক্লীব।

অনাথরক্ষণ—১। নিরাশ্রয়ের প্রতিপালন। ৬ষ্ঠী তৎ। বি; ক্লীব। ২। নিরাশ্রয়ের আশ্রয়; জগদীশ্বর। বি; পুং।

অনাথশরণ—নাথহীনের আশ্রয়, অসহায়ের সহায়; জগদীশ্বর। ৬ষ্ঠী তৎ। বি; ক্লীব।

অনাথসহায়—অনাথনাথ, অনাথপালক, অসহায়দিগের রক্ষক, ঈশ্বর। ৬ষ্ঠী তৎ। বি; পুং।

অনাথা—স্বামিহীনা, পতিহীনা, বিধবা; অসহায়া, নিরাশ্রয়া। ন (নাই) নাথ (স্বামী) যে স্ত্রীলোকের, বহুব্রী। বিণ; স্ত্রী।

অনাথাবাস, অনাথাশ্রম—১। অনাথ-নিবাস, মাতাপিতৃহীন বালকবালিকাদিগের আশ্রয়স্থান। অনাথদিগের বাস, আশ্রম, ৬ষ্ঠী তৎ। বি; পুং।

অনাথিনী—স্বামিহীনা, বিধবা; দুঃখিনী বিধবা; অসহায়া; নিরাশ্রয়া; রক্ষকবিহীনা। অনাথ+ইনী (বাঙ্গালা স্ত্রীপ্রত্যয়)। কবিপ্র। বিণ; স্ত্রী। [স্ত্রী।

অনাথী—অনাথা। প্রাঃ কবিপ্র। বিণ;

অনাদর—অনাসক্তি, অসমাদর, অযত্ন, অসম্মান; উপেক্ষা, অবহেলা, তাচ্ছিল্য; অবজ্ঞা, অপমান, তিরস্কার। ন আদর, নঞ্‌তৎ। বি; পুং।

অনাদরণীয়—আদরের অযোগ্য, উপেক্ষণীয়, অবজ্ঞেয়। ন আদরণীয়, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া। [নঞ্‌তৎ। বি।

অনাদায়—অসংগ্রহ, অপ্রাপ্তি। ন আদায়,

অনাদায়ী—অসংগৃহীত, অপ্রাপ্ত; বাকি-পড়া। নঞ্‌তৎ। বিণ।

অনাদি—১। আদিশূন্য, উৎপত্তি-রহিত; অজ, স্বয়ম্ভূ; আরম্ভকালহীন; নিত্য, শাশ্বত। ন (নাই) আদি যাহার, বহুব্রী। বিণ। ২। জগদীশ্বর। বি; পুং।

অনাদিক—১। অনাদিসম্বন্ধীয়, ঐশ্বরিক। অনাদি+কন্ সম্বন্ধার্থে। বিণ। ২। অনাদির; শাশ্বত বস্তুর। অনাদি+ক (=র, ৬ষ্ঠী বিভক্তি)। প্রাঃ কবিপ্র। বি। ("আদি অনাদিক নাথ কহায়সি"—বিদ্যাপতি)। [বহুব্রী। বিণ; পুং।

অনাদিনিধন—জন্মমৃত্যুহীন, নিত্য, শাশ্বত।

অনাদিপরম্পরা—অনাদি কাল পর্যন্ত; অনাদি সংখ্যা পর্যন্ত (Ad infinitum). অব্য।

অনাদিম—অনাদ্য, অপ্রথম, অপ্রথমভব; অপ্রধান; অনাদি, উৎপত্তিরহিত। ন আদিম, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—মা।

অনাদিমধ্যান্ত—যাহার আদি, মধ্য ও অন্ত নাই; উৎপত্তিস্থিতিপ্রলয়রহিত। বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্তা।

অনাদৃত—হতাদর, অবমানিত; নিন্দাস্পদ; তিরস্কৃত; উপেক্ষিত; অবহেলিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনাদেয়—আদানের বা গ্রহণের অযোগ্য, অগ্রাহ্য। ন আদেয়, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অনাদ্য—১। অপ্রথম, অপ্রধান। ন আদ্য, নঞ্‌তৎ। ২। অখাদ্য, খাদ্যভিন্ন। ন—অদ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্যা।

অনাদ্যা—১। অনাদিমা; আদিহীনা, জন্মরহিতা, সনাতনী। ন আদ্যা, নঞ্‌তৎ। ২। অভোজ্যা। অনাদ্য+আপ্। বিণ; স্ত্রী।

অনাপ্ত—অপ্রাপ্ত, অলব্ধ, অসম্পাদিত; অকুশল, অশিক্ষিত; অবন্ধু, পর। ন আপ্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—প্তা।

অনাবশ্যক—অপ্রয়োজনীয়। ন আবশ্যক, নঞ্‌তৎ। বিণ। বি,—তা,—ত্ব।

অনাবাসিক—যে বাস করে না (Non-resident). ন আবাসিক, নঞ্‌তৎ। বিণ

অনাবিদ্ধ—অমুৎকীর্ণ, অবিদ্ধ (রন্ধ্র) অনভিভূত, অনাক্রান্ত। ন আবিদ্ধ, নঞ্‌তৎ বিণ।

অনাবিল—যাহা ঘোলা নয়, অপঙ্কিল নির্ম্মল; অকলুষিত; অসন্দিগ্ধ; রোগাদি রহিত। ন আবিল, নঞ্‌তৎ। বিণ স্ত্রী,—লা। বি,—তা।

অনাবিষ্কৃত—আবিষ্কার করা হয় না এরূপ, অপ্রকাশিত, অজ্ঞাত, অসম্ভাবিত ন আবিষ্কৃত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনাবিষ্কৃতপূর্ব্ব(র্ব)—যাহা পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই এরূপ। পূর্ব্বে আবিষ্কৃত· আবিষ্কৃতপূর্ব্ব, সুপ্‌সুপা; ন আবিষ্কৃতপূ নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্ব্বা।

অনাবিষ্ট—অনবহিত, অমনোযোগী। আবিষ্ট, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অনাবৃত—অনাচ্ছাদিত, মুক্ত, খোলা। আবৃত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনাবৃত্তি—আবৃত্তি না করা, অনভ্যা অপুনরাগমন; পুনর্জ্জন্মাভাব, মোক্ষ অপৌনঃপুন্য। ন আবৃত্তি, নঞ্‌তৎ। বি;

অনাবৃষ্টি—বর্ষণাভাব, পর্য্যাপ্ত বৃষ্টির অভাব, উপযুক্ত কালে বৃষ্টি না হওয়া। ন আবৃষ্টি (সম্যক্ বর্ষণ), নঞ্ তৎ। বি ; স্ত্রী।

অনাবেশ—অমনোযোগ, অযত্ন, উপেক্ষা, তাচ্ছিল্য। ন আবেশ, নঞ্ তৎ। বি ; পুং।

অনাব্য—নৌকাদি দ্বারা পার হওয়ার অযোগ্য ; যাহাতে নৌকা, জাহাজ প্রভৃতি চলে না এরূপ। বিণ। স্ত্রী,—ব্যা (নদী)।

অনামক—নামবিহীন, আখ্যাশূন্য, অবিখ্যাত, অপ্রসিদ্ধ ; যাহার নামগ্রহণ অশুভ। ন (নাই) নাম যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —মিকা।

অনাময়—১। রোগহীনতা, আরোগ্য, সুস্থতা ; কুশল, মঙ্গল। ন আময়, নঞ্ তৎ। বি ; পুং। ২। নিরাময়, নীরোগ ; নির্ব্বিঘ্ন ; দোষহীন ; নিষ্পাপ ; বিশুদ্ধ, অনাবিল, বিমল। ন (নাই) আময় (রোগ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

অনামা (অনামন্)—নামশূন্য ; অখ্যাত। ন (নাই) নাম যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ম্নী।

অনামিকা—১। নামহীনা ইত্যাদি। অনামক (তাহা দ্রঃ)। বিণ ; স্ত্রী। ২। কনিষ্ঠা ও মধ্যমার মধ্যবর্ত্তী অঙ্গুলি (Ring-finger)। (ইহা দ্বারা ব্রহ্মার শিরশ্ছেদন করা হইয়াছিল বলিয়া ইহার নাম গ্রহণ অকর্ত্তব্য)। অনামন্+স্ত্রী আপ্=অনামা ; অনামা+কন্ স্বার্থে+স্ত্রী আপ্। বি ; স্ত্রী।

অনামুখ, অনামুখো—যাহার মুখ দেখিলে অশুভ হয়, পাষণ্ড। গ্রাম্য। বিণ।

অনায়ক—নেতৃহীন ; অরাজক ; সেনাপতি-রহিত। ন (নাই) নায়ক যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

অনায়ত—অবিস্তৃত, অদীর্ঘ ; সন্নিহিত ; অসংযত। ন আয়ত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনায়ত্ত—অনধীন ; যাহা আয়ত্ত করিতে পারা যায় না এরূপ ; অবশ, অবশীভূত, অবাধ্য ; অসংযত। ন আয়ত্ত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ত্তা।

অনায়াস—১। ক্লেশাভাব, অক্লেশ ; অল্প আয়াস, সামান্য পরিশ্রম। ন আয়াস, নঞ্ তৎ। বি ; পুং। ২। প্রযত্নশূন্য ; শিথিলযত্ন ; অক্লেশ ; সহজ। ন (নাই) আয়াস যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—সা।

অনায়াসকৃত—সহজে কৃত, অনায়াসে সাধিত ; যাহা অক্লেশে করা হইয়াছে এরূপ। আয়াস দ্বারা কৃত, ৩য়াতৎ ; ন আয়াসকৃত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনায়াসলব্ধ—অক্লেশে অর্জ্জিত, অল্প-পরিশ্রমে বা সহজে প্রাপ্ত। ন আয়াসলব্ধ, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ব্ধা।

অনায়াসলভ্য—সহজে প্রাপ্য, যাহা পাইতে ক্লেশভোগ করিতে হয় না ; সুলভ। ন আয়াসলভ্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ভ্যা।

অনায়াসসাধ্য—সহজে সম্পাদনীয়, বিনা পরিশ্রমে করণীয়, যাহা সহজে করা যাইতে পারে, সুকর। ন আয়াসসাধ্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ধ্যা।

অনায়াসসিদ্ধ—অক্লেশে নিষ্পন্ন, বিনা কষ্টে সম্পন্ন। ন আয়াসসিদ্ধ, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

অনায়াসে—সহজে, অক্লেশে, ক্লেশ বোধ না করিয়া। ন (নাই) আয়াস যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

অনায়ুষ্য—আয়ুঃক্ষয়কর, প্রাণহর। ন আয়ুষ্য, নঞ্ তৎ। বিণ।

অনার্—গৌরব, সম্মান। ইংরেজী Honour. বি। **অনারে পাশ করা**—Honors course-এর পরীক্ষায় উত্তীর্ণ হওয়া।

অনারব্ধ—যাহা আরম্ভ করা হয় নাই। ন আরব্ধ, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ব্ধা।

অনারম্ভ—আরম্ভাভাব, কোন কাজ আরম্ভ না করা ; প্রারম্ভেই বা গোড়াতেই ত্রুটি। ন আরম্ভ, নঞ্ তৎ। বি ; পুং।

অনারারি, অনরারি—অবৈতনিক ;

কেবল গৌরবার্থ পদবিশেষে নিয়োজিত ('—ম্যাজিষ্ট্রেট')। ইংরেজী Honorary. বিণ।

অনারেবেল্—মাননীয় (হাইকোর্টের জজ, মন্ত্রিসভার সদস্য প্রভৃতির সম্মানজনক উপাধি—নামের পূর্ব্বে বসে)। ইংরেজী Honorable. বিণ।

অনারোগ্য—আরোগ্যাভাব, নীরোগ না হওয়া; স্বাস্থ্যহীনতা, অসুস্থতা। ন আরোগ্য, নঞ্ তৎ। বি; ক্লীব।

অনারোপ্য—আরোপণের অযোগ্য, অপ্রতিষ্ঠেয়, অস্থাপনীয়। ন আরোপ্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—প্যা।

অনার্জ্জব—১। কুটিল, কপট। ন (নাই) আর্জ্জব (ঋজুতা) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা। ২। কুটিলতা, কপটতা। ন আর্জ্জব (ঋজুতা), নঞ্ তৎ। বি; ক্লীব।

অনার্ত্তব—অসাময়িক (Unseasonable). ন আর্ত্তব, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—বা।

অনার্ত্তবা—১। অ-ঋতুকালীনা; অসাময়িকী। নঞ্ তৎ। ২। অজাতরজস্কা, রজস্বলা হয় নাই এরূপ (বালিকা)। ন (হয় নাই) আর্ত্তব (রজঃ) যাহার, বহুব্রী। বিণ; স্ত্রী।

অনার্দ্র—(রসায়নে) জলবিহীন (Anhydrous). ন আর্দ্র, নঞ্ তৎ। বিণ।

অনার্য্য(র্য)—অসৎকুলজাত; অভদ্র; অসাধু; অসচ্চরিত্র; অপ্রধান; আর্য্যজাতি হইতে পৃথগ্ জাতীয়। ন আর্য্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—র্য্যা।

অনার্য্য(র্য)চরিত্র, —শীল—অশিষ্ট, অসাধুস্বভাব। অনার্য্য চরিত্র, শীল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্রা,—লা।

অনার্য্য(র্য)জাতি—আর্য্যগণের ভারতে আগমনের পূর্ব্বকাল হইতে যে সকল অসভ্য জাতি এখানে বাস করিত বা এখন পর্য্যন্ত করিতেছে। বি; স্ত্রী।

অনার্য্যজাতীয়—অনার্য্যজাতি-সম্পর্কীয়; অনার্য্যবংশোৎপন্ন। অনার্য্যজাতি+ঈয় ইদমর্থে। বিণ। স্ত্রী,—য়া।

অনার্য্য(র্য)তা—অশিষ্টতা; অসাধুতা। অনার্য্য+তা ভাবে। বি; স্ত্রী।

অনার্য্য(র্য)শীল—অনার্য্যচরিত্র (তাহা দ্রঃ)।

অনার্য্যো(র্যো)চিত—অনার্য্যের উপযোগী, আর্য্যের অনুপযোগী, নীচ, জঘন্য। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—তা।

অনালম্ব—নিরাশ্রয়; নিরাধার। ন (নাই) আলম্ব যাহার, বহুব্রী। বিণ।

অনালোকিত—অনবলোকিত, অদৃষ্ট, যাহা দেখা হয় নাই এরূপ; অন্ধকারাচ্ছন্ন। ন আলোকিত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনালোচনীয়, অনালোচ্য—আলোচনার অযোগ্য বা অসাধ্য, অনসুশীলনীয়, অতর্ক্য, অবিচার্য্য, অকথ্য। ন আলোচনীয়, আলোচ্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া,—চ্যা।

অনালোচিত—যাহার আলোচনা করা হয় নাই এরূপ, অনসুশীলিত; অপরিদৃষ্ট; অবিবেচিত। ন আলোচিত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনালোড়িত—যাহা আলোড়িত হয় নাই, অমথিত, অনান্দোলিত; অক্ষুব্ধ। ন আলোড়িত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনাশী (—শিন্)—বিনাশরহিত, চিরস্থায়ী। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—শিনী।

অনাশ্য—নাশের অযোগ্য বা অসাধ্য, অবিনাশী, অক্ষয়। ন নাশ্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—শ্যা।

অনাশ্রম—১। আশ্রমহীন; সন্ন্যাসী। ন (নাই) আশ্রম যাহার, বহুব্রী। বিণ। ২। আশ্রমের অভাব। নঞ্ তৎ। বি; পুং।

অনাশ্রমী (—মিন্)—গৃহস্থাদি আশ্রমশূন্য। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—মিনী।

অনাশ্রয়—১। আশ্রয়াভাব, শরণহীনতা আশ্রয়শূন্যতা। ন আশ্রয়, নঞ্ তৎ। বি

পুং। ২। আশ্রয়হীন, নিরাশ্রয়, সহায়শূন্য, অশরণ। ন (নাই) আশ্রয় যাহার, বহুব্রী। বিণ।

অনাসক্ত—আসক্তিহীন, নির্লিপ্ত। ন আসক্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্তা। বি,—ক্তি।

অনাসন্ন—আসন্ন নয় এরূপ, অনিকটস্থ, দূরবর্ত্তী; অপ্রয়োজনীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ন্না।

অনাসাদিত—অনধিগত, অপ্রশস্ত। ন আসাদিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনাসিক—নাসিকাবিহীন, নাসাশূন্য, খাঁদা। ন (নাই) নাসিকা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

অনাসৃষ্টি—সৃষ্টির বহির্ভূত, সৃষ্টিছাড়া, অস্বাভাবিক, অপরূপ, বিচিত্র, অদ্ভুত। বাংলা প্রঃ। বিণ। (ইহারই অপভ্রংশে 'অনাছিষ্টি' হইয়াছে)।

অনাস্থা—অনাদর, উপেক্ষা, অবহেলা, তাচ্ছিল্য, অমনোযোগ; অবিশ্বাস। ন আস্থা, নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনাস্থান—ভিত্তিহীন। ন (নাই) আস্থান যাহার, বহুব্রী। বিণ।

অনাস্বাদিত—যাহা চাকা হয় নাই এরূপ; অভক্ষিত, অখাদিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনাহত—১। অপ্রাপ্তাঘাত, আঘাত পায় নাই এরূপ, অক্ষত; বাদ্যে যাহা বাজে নাই; নূতন। ন আহত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা। ২। তন্ত্রোক্ত হৃদয়স্থিত সুষুম্নামধ্যস্থ দ্বাদশদল পদ্ম [যে স্থানে জীবাত্মা বাস করেন তাহাকে অনাহত বলে]। বি; ক্লীব।

অনাহরণীয়—আহরণের অযোগ্য বা অসাধ্য, অনাহার্য্য, দুঃসংগ্রহ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অনাহার—আহারাভাব, উপবাস, অনশন। ন আহার, নঞ্‌তৎ। বি; পুং।

অনাহারী (-রিন্)—উপবাসী, অনাহারক্লিষ্ট। অনাহার+ইন্ বিশিষ্টার্থে। বিণ; পুং।

অনাহারে—ভোজন না করিয়া। ন (নাই) আহার যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

অনাহার্য্য(র্য)—অভক্ষ্য; অখাদ্য; অনাহরণীয়; অসঙ্কলনীয়; অগ্রহণীয়, দুর্গ্রহ; স্বাভাবিক, সহজ। ন আহার্য্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্য্যা।

অনাহূত—অনিমন্ত্রিত, যাহাকে ডাকা হয় নাই এরূপ; আপনা-আপনি উপস্থিত; স্বেচ্ছায় আগত। ন আহূত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনাহৃত—অসংগৃহীত। ন আহৃত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনাহ্লাদিত—অসন্তুষ্ট, নিরানন্দ, বিমর্ষ। ন আহ্লাদিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনি—অন্য, অপর। প্রাঃ কবিপ্র। সর্ব, বিণ। [ক্লীব।

অনিঃসরণ—অনির্গমন। নঞ্‌তৎ। বি;

অনিঃসৃত—অনির্গত, অবহির্গত, বাহির হয় নাই এরূপ। ন নিঃসৃত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনিঁদ—নিদ্রাহীন। প্রাঃ কবিপ্র। বিণ।

অনিকেত—গৃহহীন। ন (নাই) নিকেত যাহার, বহুব্রী। বিণ।

অনিগ্রহ—১। নিগ্রহাভাব, অপীড়ন, অনুগ্রহ। নঞ্‌তৎ। বি; পুং। ২। অনিয়ন্ত্রিত, অসংযত, অদমিত। ন (হয় নাই) নিগ্রহ যাহার, বহুব্রী। বিণ। ৩। তর্কে অপরাজয়; অখণ্ডন। বি; পুং।

অনিচ্ছা—অনভিলাষ; ঔদাসীন্য। ন ইচ্ছা, নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনিচ্ছাকৃত—ইচ্ছার বিরুদ্ধে সাধিত, যাহা ইচ্ছা করিয়া করা হয় নাই। ন ইচ্ছাকৃত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনিচ্ছাসত্ত্বে—ইচ্ছার অবিদ্যমানতায়, ইচ্ছা না থাকাতে। অনিচ্ছার সত্ত্বে (বিদ্যমানতায়), ৬ষ্ঠীতৎ। ভাবে ৭মী। বি; ক্লীব।

অনিচ্ছুক—অনভিলাষী। নঞ্‌তৎ। বিণ।

অনিট্—(সংস্কৃত ব্যাকরণে) যে সকল ধাতুর পরে ইট্ আগম হয় না এরূপ। ন (নাই) ইট্ যাহাদের, বহুব্রী। বিণ।

অনিত্য—অচিরস্থায়ী, ক্ষণিক; চঞ্চল, বিধ্বংসী, নশ্বর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ত্যা।

অনিদান—অহেতুক, অকারণ। ন (নাই) নিদান যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

অনিদ্র—নিদ্রাহীন, বিনিদ্র, সজাগ, সাবধান, অবহিত। ন (নাই) নিদ্রা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—দ্রা।

অনিদ্রা—১। নিদ্রাহীনা ইত্যাদি। বহুব্রী। অনিদ্র+আপ্। বিণ; স্ত্রী। ২। নিদ্রার অভাব, জাগরণ। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনিন্দনীয়, অনিন্দ্য—নিন্দার অযোগ্য, অনবদ্য, অগর্হিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া,—ন্দ্যা।

অনিন্দিত—অবিগর্হিত, অদূষণীয়; উৎকৃষ্ট; সুন্দর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনিন্দ্য—অনিন্দনীয় (তাহা দ্রঃ)।

অনিন্দ্যসুন্দর—যাহার সৌন্দর্য্যে খুঁত নাই এরূপ; অতিশয় সুন্দর। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—রী।

অনিন্দ্যাঙ্গী—অনবদ্যকায়া, সর্ব্বাবয়বে সুন্দরী, পরম সুন্দরী। অনিন্দ্য অঙ্গ যে স্ত্রীর, বহুব্রী। বিণ; স্ত্রী। পুং,—ঙ্গ।

অনিপুণ—অপটু। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণা।

অনিবদ্ধ—বন্ধনহীন; অসংযত, উদ্দাম; অপ্রথিত; যাহাতে কোন কথা নাই শুধু সুর আছে এরূপ ('—সঙ্গীত')। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

অনিবদ্ধী—বিকৃতাকার; অবয়বশূন্য (Amorphous). বিণ।

অনিবার—১। অনিবারণীয়, অনিবার্য্য; প্রবল; দুরপনেয়। ন (নাই) নিবার (নিবারণ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। নিরন্তর, সর্ব্বদা, অবিরত। ন (নাই) নিবার যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

অনিবারণীয়, অনিবার্য্য—নিবারণের অসাধ্য বা অযোগ্য, অপ্রতিষেধনীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া,—র্য্যা।

অনিবারিত—যাহার নিবারণ করা হয় নাই এরূপ, অপ্রতিষিদ্ধ, অনিষিদ্ধ। ন নিবারিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনিবার্য্য(র্য)—অনিবারণীয় (তাহা দ্রঃ)।

অনিবেদিত—অকথিত; দেবোদ্দেশে অনুৎসর্গীকৃত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনিভৃত—অগুপ্ত; চঞ্চল। ন নিভৃত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনিমন্ত্রিত—অনাহূত, যাহার নিমন্ত্রণ হয় নাই এরূপ। ন নিমন্ত্রিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনিমিক, —মিখ—নিমেষশূন্য, পলকবিহীন, স্থির। 'অনিমিষ' শব্দজ। বিণ।

অনিমিকে (—মিখে)—একদৃষ্টিতে; নির্নিমেষনেত্রে। কবিপ্র। ক্রি-বিণ।

অনিমিত্ত—১। নিমিত্তহীন; অহেতুক (ঘটনা)। বহুব্রী। বিণ। ২। নিমিত্তাভাব, অকারণ; দুর্লক্ষণ। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অনিমিষ, (—মেষ)—১। নিমেষশূন্য, পলকরহিত, যাহার পলক পড়ে না এরূপ; স্থির, স্পন্দনশূন্য। ন (নাই) নিমিষ বা নিমেষ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষা। ২। দেবতা; মৎস্য। বি; পুং।

অনিমিষে, (—মেষে)—একদৃষ্টিতে; সতৃষ্ণনেত্রে। ন (নাই) নিমিষ, নিমেষ যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

অনিয়ত—নিয়ত নহে এরূপ; অনিত্য; অসংযত; অনিয়ন্ত্রিত; অনিয়মিত; অনিশ্চিত, অস্থির। ন নিয়ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনিয়তাকার—অবয়বশূন্য, আকারহীন (Amorphous). বহুব্রী। বিণ।

অনিয়ন্ত্রিত—চালকশূন্য, উচ্ছৃঙ্খল; অনিবারিত; অবাধ। ন নিয়ন্ত্রিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনিয়ম—১। নিয়মরহিত, নিয়মশূন্য ; অনিয়ন্ত্রিত ; অনিয়মিত ; অনিশ্চিত ; অস্থির। ন (নাই) নিয়ম যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—মা। ২। নিয়মাভাব, নিয়ম না থাকা ; নিয়মলঙ্ঘন, উচ্ছৃঙ্খলতা। ন নিয়ম, নঞ্‌তৎ। বি ; পুং।

অনিয়মিত—নিয়মশূন্য, যাহার নিয়ম নাই এরূপ ; অনিশ্চিত, অনিরূপিত, অনির্দ্দিষ্ট, অনির্দ্ধারিত। ন নিয়মিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনিরাকরণ—অনিবারণ ; অখণ্ডন ; অনিরূপণ, অনির্দ্ধারণ। নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অনিরাকরণীয়—যাহার নিবারণ হয় না এরূপ, অনিবার্য্য। ন নিরাকরণীয়, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অনিরাকৃত—অদূরীকৃত ; যাহার নিরাকরণ করা হয় নাই এরূপ, অনিবারিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনিরুদ্ধ—অপ্রতিরুদ্ধ, অবাধ, অনিবারিত, অপ্রতিহত। ন নিরুদ্ধ, নঞ্‌তৎ। বিণ।

অনিরূপণীয়—অনির্ণেয়, অনির্দ্দেশ্য, অনির্দ্ধার্য্য। ন নিরূপণীয়, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অনিরূপিত—অনির্ণীত, অনির্দ্ধারিত, অনির্দ্দিষ্ট। ন নিরূপিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনির্গত—অনিঃসৃত, বাহির হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনির্গম, অনির্গমন—অনিঃসরণ, বাহির না হওয়া। নঞ্‌তৎ। বি ; পুং, ক্লীব।

অনির্ণয়—অনবধারণ, অনিশ্চয় ; অনির্দ্ধারণ। নঞ্‌তৎ। বি ; পুং।

অনির্ণীত—যাহার নির্ণয় হয় নাই এরূপ, অনির্দ্ধারিত ; অনিরূপিত, অনিশ্চিত। ন নির্ণীত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনির্ণেয়—অনির্দ্ধার্য্য ; স্থিরীকরণের অযোগ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অনির্দ্দি(র্দি)ষ্ট—যাহার নির্দ্দেশ করা হয় নাই, অমুক্ত ; অনির্দ্ধারিত, অনিশ্চিত, অনিয়মিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অনির্দ্দে(র্দে)শ—১। নির্দ্দেশাভাব, অনবধারণ, অনিশ্চয় ; অনুল্লেখ। নঞ্‌তৎ। বি ; পুং। ২। নির্দ্দেশহীন। বহুব্রী। বিণ।

অনির্দ্দে(র্দে)শক—অনির্দ্ধারক ; অজ্ঞাপক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—শিকা।

অনির্দ্দে(র্দে)শনীয়, অনির্দ্দে(র্দে)শ্য—যাহা নির্দ্দেশ করা বা সুস্পষ্ট বলা যায় না, অনির্ণেয় ; অনুল্লেখ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া,—শ্যা।

অনির্দ্ধা(র্ধা)রণীয়, অনির্দ্ধা(র্ধা)র্য্য(র্য)—নির্দ্ধারণের অযোগ্য, অনির্ণেয়, অনির্দ্দিষ্ট, অনিরূপণীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া,—র্য্যা।

অনির্দ্ধা(র্ধা)রিত—অনিরূপিত, অনির্ণীত, অনিয়মিত, অনিশ্চিত। ন নির্দ্ধারিত নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনির্দ্ধা(র্ধা)র্য্য(র্য)—অনির্দ্ধারণীয় (তাহা দ্রঃ)।

অনির্ব্বব(র্ব)চনীয়—বচনাতীত, বর্ণনাতীত, অবর্ণনীয়, যাহা বাক্য দ্বারা প্রকাশ করা অসাধ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অনির্ব্বা(র্বা)চ্য—অনির্ব্বচনীয়, অকথ্য ; নির্ব্বাচনের অযোগ্য বা অসাধ্য ; নির্গুণ, গুণাতীত ; অনিরূপণীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—চ্যা।

অনির্ব্বা(র্বা)ণ—১। নির্ব্বাণশূন্য ; অস্নাত (হস্তী) ; যাহা নিবে নাই বা নিবান হয় নাই, অপ্রশমিত ; জ্বলন্ত ; অনিবৃত্ত, অনশ্বর, অনশ্বর। বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা। ২। মুক্তির অভাব ; নাশাভাব ; প্রজ্বলন। নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অনির্ব্বা(র্বা)ত—বায়ুরাহিত্যশূন্য, বায়ুশূন্য নহে এরূপ ; বায়ুপ্রবাহবিশিষ্ট। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনির্ব্বা(র্বা)পিত—যাহা নিবান হয় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনির্ব্বা(র্বা)হ—অভাব; অনিষ্পাদন, অসমাপ্তি; অকরণ। নঞ্‌তৎ। বি; পুং।

অনির্ব্বি(র্বি)ণ্ণ—নির্ব্বাহের উপায়শূন্য; নিঃস্ব, দরিদ্র, দুঃখী; ভয়শোকাদিতে নির্ব্বেদরহিত বা অকাতর; অখিন্ন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণ্ণা।

অনির্ব্বৃ(র্বৃ)তি—অসংস্থান, অভাব; অসন্তোষ; অশান্তি; দারিদ্র্য। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনির্ব্বে(র্বে)দ—অবৈরাগ্য; উৎসাহ; সন্তোষ। নঞ্‌তৎ। বি; পুং।

অনির্ভর—১। সামান্য, অল্প; লঘু; নিরপেক্ষ। ন (নাই) নির্ভর যাহার, বহুব্রী। বিণ। ২। নির্ভরাভাব; কাহারও উপর ভর না করা। নঞ্‌তৎ। বি; পুং।

অনির্ম্ম(র্ম)ল—অপরিষ্কৃত, মলিন। নঞ্‌তৎ। বিণ। করণবা। বি; পুং।

অনিল—বায়ু, পবন। অন্ (বাঁচা)+ইচ্

অনিলসখ—অগ্নি, বহ্নিদেব, হুতাশন। অনিলের (বায়ুর) সখা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অনিলাময়—বাতরোগ, বায়ুজন্য যে রোগ জন্মে। অনিলজনিত আময় অর্থাৎ রোগ, মধ্যপদলোপী কর্ম্মধা। বি; পুং। [পুং।

অনিলাশন—পবনাশন, সর্প। বহুব্রী। বি;

অনিলাশী (–শিন্)—১। বায়ুভক্ষণকারী, বায়ুভক্ষক; অনাহারী, উপবাসী। উপতৎ। অনিল—অশ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—শিনী। ২। অহি, সর্প। উপতৎ। বি; পুং।

অনিশ—সর্ব্বদা, অনবরত; সতত; বিরামহীন। ন (নাই) নিশা (বিরাম) যাহাতে, বহুব্রী। বিণ বা ক্রি-বিণ।

অনিশ্চয়—১। নিশ্চয়ের অভাব। ন নিশ্চয়, নঞ্‌তৎ। বি; পুং। ২। অনিশ্চিত, সন্দেহযুক্ত বা সন্দেহস্থানীয়। ন (নাই) নিশ্চয় যাহাতে, বহুব্রী। বিণ। বি,—তা।

অনিশ্চিত—যাহার নিশ্চয় বা স্থিরতা নাই এরূপ, অস্থির, সন্দেহ-স্থল; অনিয়মিত, অনির্ণীত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনিষ্ট—১। ক্ষতি, হানি, অপকার; দুর্দ্দৈব; পাপ; দুঃখ। ন ইষ্ট, নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। অবাঞ্ছিত, অনভিলষিত; দুঃখকর; নিষিদ্ধ; নিন্দিত; শাস্ত্রবিরোধী; অপকারক; অশুভ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অনিষ্টকর, অনিষ্টকারক, অনিষ্টজনক—অহিতকর, অপকারী। অনিষ্ট করে যাহা, উপতৎ=অনিষ্টকর; অনিষ্ট—কৃ+ট কর্তৃবা; অনিষ্টের কারক, জনক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রী,—রিকা,—নিকা।

অনিষ্টকারী (–কারিন্)—অহিতকারী। উপতৎ। অনিষ্ট—কৃ+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অনিষ্টচিন্তা—অপকার সাধনের চিন্তা।

অনিষ্টপাত—অশুভ সংঘটন, বিপৎপাত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অনিষ্টসম্ভাবনা—অপকারের সম্ভাবনা; ক্ষতি হইতে পারা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অনিষ্টসাধন—ক্ষতি সম্পাদন, অপকার করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অনিষ্টাচরণ—অহিতানুষ্ঠান, অপকারসম্পাদন। অনিষ্টের আচরণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অনিষ্টাশঙ্কা—অহিতাশঙ্কা, অপকার বা অমঙ্গল ঘটনার ভয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অনিষ্ঠ—নিষ্ঠাহীন; আস্থাশূন্য। ন (নাই) নিষ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

অনিষ্ঠা—নিষ্ঠারাহিত্য; অনাস্থা; অপ্রত্যয়, অনির্ভর; অস্থিরতা, চাঞ্চল্য। ন নিষ্ঠা, নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনিষ্ণাত—অপটু, আনাড়ী; অর্ব্বাচীন, অপ্রাজ্ঞ, অনভিজ্ঞ; অকৃতী। ন নিষ্ণাত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনিষ্পন্ন—অনির্ব্বাহিত, অসম্পাদিত; অমীমাংসিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ন্না।

অনীক—১। সৈনিকপুরুষ; সৈন্য; যোদ্ধা। অন্ (বাঁচা)+ঈকন্ করণবা, যাহা দ্বারা (রাজ্য) বাঁচে। বি; পুং। ২। যুদ্ধ, কলহ;

সমূহ ; অগ্র। ন (অ)—নী (লইয়া যাওয়া)+ ক্বিপ্ অপাবা+কণ্ স্বার্থে। বি ; পুং বা ক্লীব।

অনীকিনী—১০,৯৩৫ পদাতি, ৬,৫৬১ অশ্ব, ২,১৮৭ গজ, ২,১৮৭ রথ—সমুদায়ে ২১,৮৭০ সংখ্যক সেনাদল [অক্ষৌহিণী দ্রঃ] ; সেনা। অনীক+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বি ; স্ত্রী।

অনীত—১। যাহা লইয়া যাওয়া হয় নাই। ন নীত, নঞ্‌তৎ। বিণ। ২। দুর্নীতি, অনুচিত কর্ম্ম, অন্যায়। 'অনীতি' শব্দজ। বি।

অনীতি—দুর্নীতি ; নীতিবিরুদ্ধকার্য্যের অনুষ্ঠান। ন নীতি, নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অনীতিজ্ঞ—১। নীতিজ্ঞানহীন, নীতিশাস্ত্র অনভিজ্ঞ। ন নীতিজ্ঞ, নঞ্‌তৎ। বিণ। ২। দুর্নীতিপরায়ণ, অসৎকার্য্যে অভিজ্ঞ। অনীতি জানে যে, উপতৎ ; অনীতি—জ্ঞা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

অনীপ্সিত—অনভীষ্ট, অনিষ্ট, উপেক্ষণীয়, দ্বেষ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনীশ—১। নিরীশ্বর, ঈশ্বরবিহীন ; প্রভু-বিহীন, স্বামিরহিত : অশক্ত ; অনধিকারী। ন (নাই) ঈশ যাহার, বহুব্রী। বিণ। ২। বিষ্ণু ; শিব ; দরিদ্র। ন (নাই) ঈশ যাহা হইতে, বহুব্রী। বি ; পুং।

অনীশ্বর—১। ঈশ্বরহীন, নিয়ন্তৃশূন্য ; নিরীশ্বর ; শিবহীন (যজ্ঞ) ; নাস্তিক : প্রভুহীন। ন (নাই) ঈশ্বর যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। অক্ষম, অসমর্থ, অধীন। ন ঈশ্বর, নঞ্‌তৎ। বিণ।

অনীশ্বরবাদ—পরমেশ্বর না মানা, ঈশ্বরের অস্তিত্বে অবিশ্বাস, নাস্তিক্যবাদ। কর্ম্মধা। বি ; পুং।

অনীশ্বরবাদী (**—বাদিন্**)—যে ঈশ্বর স্বীকার করে না, নাস্তিক। নঞ্‌তৎ। বিণ বা বি ; পুং।

অনীহ—ঈহাশূন্য, চেষ্টারহিত, নিশ্চেষ্ট, নিষ্ক্রিয়, অলস ; উদ্যমবিহীন, নিরুৎসাহ ; নিরীহ ; স্পৃহাশূন্য ; উদাসীন। ন (নাই) ঈহা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—হা।

অনীহা—চেষ্টাভাব, নিশ্চেষ্টতা, আলস্য ; উদ্যমাভাব, যত্নরাহিত্য, অনুৎসাহ ; স্পৃহা-হীনতা ; ঔদাসীন্য। ন ঈহা, নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অনু—পশ্চাৎ ; সদৃশ ; হীন ; বীপ্সা ; সহ ; সমীপ ; ভাগ ; চিহ্ন ; অনুক্রম ; ইত্থম্ভাব ; আয়াস। অব্য ; উপসর্গ।

অনুকথন—পশ্চাদ্ভাষণ, পরে কথা বলা, পুনরুল্লেখ ; কথোপকথন ; যথাক্রমে বর্ণন। অনু—কথ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অনুকম্পনীয়—অনুকম্পার যোগ্য ; কৃপা-পাত্র। অনু—কম্প্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অনুকম্পা—দয়া, করুণা, সহানুভূতি, অন্যের অবস্থা দর্শনে আপনাকে তদবস্থ জ্ঞান করা (Pity). অনু (সহিত)—কম্প (কাঁপা) ভাববা+আপ্ [যে গুণ দ্বারা অপরের দুঃখে অনু (সহ) কাঁপে অর্থাৎ যে গুণ-প্রভাবে অন্যের দুঃখদর্শনে সহানুভূতি দ্বারা আপনার দুঃখ বোধ হয়, সুতরাং অন্যের দুঃখ দূরীভূত করিতে ইচ্ছা হয়]। বি ; স্ত্রী।

অনুকম্পী (**—কম্পিন্**)—অনুকম্পাকারী, সদয়। অনু—কম্প্+ণিন্ কর্ত্তৃবা। বিণ।

অনুকম্পনীয়, —কম্প্য—অনুকম্পার পাত্র, কৃপার্হ। অনু—কম্প্+অনীয়, যৎ কর্ম্মবা অর্হার্থে। বিণ। স্ত্রী,—য়া,—ম্প্যা।

অনুকরণ—প্রতিরূপকরণ, সদৃশীকরণ, অন্যের সম্পাদিত কার্য্য দেখিয়া তদ্রূপকরণ, নকল করা। অনু—কৃ+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অনুকরণপটু—নকল করিতে নিপুণ। ৭মীতৎ। বিণ।

অনুকরণপ্রবৃত্তি—অনুকরণের ইচ্ছা, নকল করিবার ইচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অনুকরণপ্রিয়—সদৃশকর্ম্ম-করণানুরাগী, যে নকল করিতে ভালবাসে। অনুকরণ হইয়াছে প্রিয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। বি,—তা,—ত্ব।

অনুকরণবৃত্তি—প্রাণিগণ যে বৃত্তির দ্বারা

কোনও বিষয় দর্শন বা শ্রবণ করিয়া তদনুরূপ কার্য্য করিতে প্রবৃত্ত হয়। অনুকরণের বৃত্তি, ৬ষ্ঠীতৎ; কিংবা অনুকরণসাধনী বৃত্তি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অনুকরণশব্দ—অনুকার শব্দ; অনুরূপ ধ্বনি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অনুকরণশীল—অনুকরণ-প্রবৃত্তিযুক্ত, অনুকরণপরায়ণ। বহুব্রী। বিণ। স্ত্রী,—লা। বি,—তা,—ত্ব।

অনুকরণীয়—অনুকরণ করিবার উপযুক্ত, যাহার অনুকরণ করা আবশ্যক। অনু—কৃ (করা)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অনুকর্ত্তা(র্তা), —কর্ত্তৃ(র্তৃ)—অনুকারী, অনুকরণকারী, অন্যের অভিনয়কারী, নকুলে। অনু—কৃ (করা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্রী।

অনুকর্ম্ম(র্ম) (—কর্ম্ম(র্ম)ন্)—সদৃশ কার্য্য, অনুকরণ, নকল; পশ্চাদ্বর্ত্তিকার্য্য। অনুরূপ কর্ম্ম, প্রাদিতৎ। বি; ক্লীব।

অনুকর্ষ, —কর্ষণ—১। রথনিম্নস্থ কাষ্ঠ। অনু—কৃষ্ (টানা)+ঘঞ্, অনট্ কর্ম্মবা। ২। অনুবর্ত্তন; (ব্যাকরণে) পূর্ব্বসূত্রোক্ত বিধির পরসূত্রে অনুবর্ত্তন; আকর্ষণ; মন্ত্রোচ্চারণপূর্ব্বক আবাহন; কর্ত্তব্যের বিলম্বিত অনুষ্ঠান। অনু—কৃষ্ (টানা)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

অনুকল্প—গৌণকল্প, মুখ্যের স্থানপ্রাপ্ত প্রতিনিধি (যেমন, 'মধ্বভাবে গুড়ং দদ্যাৎ' অর্থাৎ মধু অভাবে গুড় দিবে। এখানে গুড় মধুর অনুকল্প)। অনু—কল্পি+অচ্ কর্ম্মবা। বি; পুং। বিণ,—ল্পিত।

অনুকামীন—স্বেচ্ছাচারী, যথেচ্ছবিহারী। অনুকাম+ঈন (খ)। বিণ। স্ত্রী,—না। বি,—নতা।

অনুকার—অনুকরণ, অনুরূপকরণ, সদৃশীকরণ, নকল করা। অনু—কৃ (করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

অনুকার-অব্যয়—(ব্যাকরণে) কোন ধ্বনির অনুকরণে গঠিত অব্যয় শব্দ। মধ্যপ কর্ম্মধা। বি।

অনুকারশব্দ—অনুকরণধ্বনি, অন্য শব্দের সদৃশ শব্দ। অনুকারজাত শব্দ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অনুকারী (—কারিন্)—অনুকরণকারী, যে নকল করে। অনু—কৃ (করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

অনুকার্য্য(র্য)—১। অনুকরণীয়। অনু—কৃ+ণ্যৎ কর্ম্মবা। বিণ। ২। পশ্চাৎ করণীয় কর্ম্ম; গৌণকার্য্য। বি; ক্লীব।

অনুকাল—সময়োপযোগী (Opportune). অনুগত কালকে, প্রাদিতৎ। বিণ।

অনুকীর্ণ—বিক্ষিপ্ত; বিস্তৃত; ব্যাপ্ত। অনু—কৄ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্ণা।

অনুকীর্ত্ত(র্ত)ন—ক্রমিক বর্ণন; উচ্চারণ; বিঘোষণ, প্রকটন। অনু—কৄৎ+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুকূল—১। সহায়, সদয়, পোষকতাকারী; সাহায্যকারী; অনুগ্রহকারী; অনুরক্ত; যোগ্য। কূলকে অনুগত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—লা। ২। নায়কবিশেষ, যে নায়ক স্ব-স্ত্রীতে আসক্ত; (কাব্যে) অলঙ্কারবিশেষ। বি; পুং। ভাববাচক। বি,—তা,—ত্ব।

অনুকৃত—অনুসৃত; যাহার অনুকরণ করা হইয়াছে, সদৃশীকৃত। অনু—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অনুক্ত—১। যাহা উক্ত বা কথিত হয় নাই, অকথিত। ২। (ব্যাকরণে) অপ্রধান (কর্ত্তা, কর্ম্ম)। ন উক্ত, নঞ্‌তৎ। বিণ।

অনুক্তকর্ত্তা(র্তা), —কর্ত্তৃ(র্তৃ)—(ব্যাকরণে) কর্ম্মবাচ্যে বা ভাববাচ্যে তৃতীয়ান্ত কর্ত্তৃপদ। কর্ম্মধা। বি; পুং।

অনুক্তি—অভাষণ; গর্হিত উক্তি। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনুক্রকচ—করাতের ন্যায় কাটা। অনুগত ক্রকচকে, প্রাদিতৎ। বিণ।

অনুক্রম—পর্য্যায়; যথাক্রম; ক্রম (Conse-

quence). অনু—ক্রম্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অনুক্রমণ—পশ্চাদ্‌গমন, অনুসরণ, অনুগমন, অনুবর্ত্তন; ক্রমানুসারে গমন বা ক্রিয়াকরণ। অনু—ক্রম্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুক্রমণিকা—গ্রন্থের অবতরণিকা, ভূমিকা, মুখবন্ধ; উপক্রমণিকা; নির্ঘণ্ট। অনু—ক্রম্ (গমন করা)+অনট্ করণবা+কণ্ স্বার্থে +স্ত্রীলিঙ্গে আপ্। বি; স্ত্রী।

অনুক্রমে—ক্রমানুসারে, ক্রমশঃ। ক্রি-বিণ।

অনুক্রোশ—অনুকম্পা, কৃপা, দয়া। অনু—ক্রুশ (দুঃখ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

অনুক্ষণ—প্রতিক্ষণ, সর্ব্বদা, নিরন্তর। ক্ষণে ক্ষণে, বীপ্সার্থে অব্যয়ী। ক্রি-বিণ।

অনুখন—নিরন্তর, সর্ব্বদা। 'অনুক্ষণ' শব্দজ। কবিপ্র। ক্রি-বিণ।

অনুগ—অনুগমনকারী, পশ্চাদ্‌গামী: অনুচর। উপতৎ। অনু—গম্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —গা।

অনুগত—১। বশংবদ; আশ্রিত, অধীন, বশবর্ত্তী, মতানুবর্ত্তী; অতীত; অনুজীবী। অনু—গম্+ক্ত কর্ত্তৃবা। ২। অনুসৃত। অনু—গম্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

অনুগতি—অনুসরণ; স্বীকরণ; অনুকরণ; আনুগত্য। অনু—গম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অনুগন্তব্য—অনুসরণীয়; অনুকরণীয়। অনু—গম্+তব্য কর্ম্মবা। বিণ।

অনুগম—পশ্চাদ্‌গমন; সঙ্গতি; মীমাংসা। অনু—গম্+অল্ ভাববা। বি; পুং।

অনুগমন—পশ্চাদ্‌গমন, সঙ্গে গমন; অনুসরণ; মতানুবর্ত্তিতা। অনু—গম্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুগমনীয়, অনুগম্য—অনুগমনযোগ্য, যাহার পশ্চাতে যাইতে হইবে, অনুসরণীয়; অনুকরণীয়। অনু—গম্+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —য়া, —ম্যা।

অনুগামী (—গামিন্)—পশ্চাদ্‌গামী, অনুগমনকারী; সহচর, সঙ্গে গমনকারী; অধীন; বশংবদ। অনু—গম্+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং।

অনুগুণ—সমগুণযুক্ত; অনুরূপ; অনুকূল। অনু (কৃত) গুণকে, প্রাদিতৎ। বিণ। স্ত্রী, —ণা।

অনুগৃহীত—কৃতানুগ্রহ; যাহার প্রতি অনুগ্রহ করা হইয়াছে, অনুগ্রহপ্রাপ্ত। অনু—গ্রহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

অনুগ্র—উগ্র নহে; অপ্রচণ্ড, অক্রোধী; অক্রূর, অনিষ্ঠুর; অপ্রখর, অতীব্র; মৃদু, ঠাণ্ডা। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, —গ্রা।

অনুগ্রহ—অনিষ্ট বারণ-পূর্ব্বক ইষ্টসাধন, আনুকূল্য; উপকার, দয়া; প্রসাদ, প্রসন্নতা। অনু—গ্রহ্+অল্ ভাববা। বি; পুং।

অনুগ্রহপাত্র, —ভাজন—দয়ার পাত্র, কৃপাভাজন, যাহার প্রতি দয়া করা কর্ত্তব্য। ৬ষ্ঠীতৎ। বিণ; ক্লীব। (পাত্র ও ভাজন শব্দ অজহল্লিঙ্গ বলিয়া বিশেষণ অবস্থায়ও ক্লীবলিঙ্গ হয়)।

অনুগ্রহপ্রার্থী (—প্রার্থিন্)—কৃপাপ্রার্থী, যে দয়া চায় এরূপ। অনুগ্রহ প্রার্থনা করে যে, উপতৎ। অনুগ্রহ—প্র—অর্থ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —র্থিনী।

অনুগ্রহভাজন—অনুগ্রহপাত্র (তাহা দ্রঃ)।

অনুগ্রহাকাঙ্ক্ষী(ঙ্খী), (—কাঙ্ক্ষিন্)—কৃপালাভেচ্ছু, যে দয়া পাইতে চায় এরূপ। অনুগ্রহ আকাঙ্ক্ষা করে যে, উপতৎ। বিণ। স্ত্রী, —ঙ্ক্ষিণী।

অনুগ্রাহক—অনুগ্রহকারী; সদয়। অনু—গ্রহ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —হিকা।

অনুগ্রাহী (—গ্রাহিন্)—অনুগ্রহকারী। অনু—গ্রহ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী, —হিণী।

অনুগ্রাহ্য—অনুগ্রহপাত্র, কৃপার্হ; গ্রহণীয়; গ্রহণযোগ্য। অনু—গ্রহ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —হ্যা।

অনুঘটক—যাহা নিজের বিকৃতি না ঘটাইয়া

কোন রাসায়নিক সংযোগ-বিয়োগাদি সাধন করে (Catalytic). অনু—ঘট+ণিচ্+ণক কর্তৃবা। বি বা বিণ। বি,—টন (Catalysis).

অনুচর—১। অনুগামী, পশ্চাদ্‌গামী, সহচর। বিণ। ২। সেবক, ভৃত্য, যে ব্যক্তি অন্যের আদেশে কার্য্য করে। অনু—চর্+অচ্ কর্তৃবা। বি; পুং। স্ত্রী,—রী।

অনুচরিত—অনুসৃত, অনুগত। অনু—চর্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অনুচরী—১। অনুগামিনী। অনুচর+ঈপ্। বিণ। স্ত্রী। ২। পরিচারিকা, দাসী। বি; স্ত্রী।

অনুচারী (—চারিন্)—১। অনুগামী অনুচর। অনু—চর্ (গমন করা)+ণিন্ কর্তৃবা। বিণ। ২। পরিচারক, ভৃত্য। বি; পুং। স্ত্রী,—রিণী।

অনুচিকীর্ষা—অনুকরণ করিবার ইচ্ছা বা প্রবৃত্তি। অনু—কৃ+সন্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

অনুচিকীর্ষিত—যে বিষয়ে অনুকরণ করিতে ইচ্ছা হইয়াছে। অনু—কৃ+সন্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অনুচিকীর্ষু—অনুকরণেচ্ছু। অনু—কৃ+সন্+উ কর্তৃবা। বিণ।

অনুচিত—অবিহিত, অন্যায্য, অবৈধ, অযোগ্য; অনভ্যস্ত। ন উচিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনুচিন্তন, —চিন্তা—অনুক্ষণ চিন্তন বা আন্দোলন; অনুধ্যান; স্মরণ। অনু—চিন্ত্+অনট্ ভাববা; অ ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

অনুচ্চ—উঁচু নহে এরূপ, অনুন্নত, অনুচ্ছ্রিত; নিম্ন। ন উচ্চ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—চ্চা।

অনুচ্চারণীয়—উচ্চারণের অসাধ্য বা অযোগ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অনুচ্চারিত—অকথিত, যাহা মুখ হইতে বাহির হয় নাই এরূপ ('—কথা')। ন উচ্চারিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনুচ্চার্য্য(র্য)—১। অকথ্য, উচ্চারণের অযোগ্য বা অসাধ্য। ন উচ্চার্য্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্য্যা। ২। অর্দ্ধমাত্রাযুক্ত বর্ণ (অর্দ্ধমাত্রার উচ্চারণ করা যায় না)। বি; পুং।

অনুচ্ছিষ্ট—যাহা এঁটো নয়; অনুপভুক্ত; পবিত্র; অব্যবহৃত। ন উচ্ছিষ্ট, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অনুচ্ছেদ—ক্ষুদ্র পরিচ্ছেদ (Paragraph). প্রাদিতৎ। বি; পুং।

অনুজ—১। পশ্চাজ্জাত, কনিষ্ঠ, কনীয়ান্। অনু—জন্+ড কর্তৃবা। বিণ। ২। কনিষ্ঠ ভ্রাতা। বি; পুং। স্ত্রী,—জা।

অনুজঙ্ঘাস্থি—অন্তর্জঙ্ঘাস্থি, হাঁটু ও গোড়ালির মধ্যস্থ হাড় দুইটির মধ্যে বড়টি (Tibia). বি; ক্লীব।

অনুজন্মা (—জন্মন্)—অনুজ। অনু (পশ্চাৎ) জন্ম যাহার, বহুব্রী। বিণ; পুং বা স্ত্রী।

অনুজা—১। কনিষ্ঠা ভগিনী; দক্ষকন্যা সতী। বি; স্ত্রী। ২। পশ্চাজ্জাতা, পরে উৎপন্না। অনুজ+আপ্। বিণ; স্ত্রী।

অনুজাত—১। পশ্চাজ্জাত, পরে উৎপন্ন। বিণ। স্ত্রী,—তা। ২। কনিষ্ঠ ভ্রাতা। অনু—জন্+ক্ত কর্তৃবা। বি; পুং।

অনুজিঘৃক্ষা—অনুগ্রহ করিতে ইচ্ছা। অ—গ্রহ্+সন্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

অনুজীবী (—জীবিন্)—যে অন্যকে অবলম্বন করিয়া জীবিকা নির্ব্বাহ করে; আশ্রিত, ভৃত্য, পোষ্য; অনুবর্ত্তী, সহচর। অনু—জীব্+ণিন্ কর্তৃবা। বিণ বা বি; পুং। স্ত্রী,—বিনী।

অনুজীব্য—সেবক, আশ্রয়দানের যোগ্য। অনু—জীব্+ণিচ্+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ব্যা।

অনুজ্জ্বল—যাহা উজ্জ্বল নহে, অভাস্বর, দীপ্তিহীন। ন উজ্জ্বল, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—লা।

অনুজ্ঞা—আজ্ঞা, আদেশ, সম্মতি ; ক্রিয়ার নিয়োজক প্রকার (Imperative mood). অনু—জ্ঞা+অঙ্ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

অনুজ্ঞাত—আদিষ্ট, অনুমত, যে বিষয়ে অনুজ্ঞা দেওয়া হইয়াছে ; আদেশপ্রাপ্ত, অনুজ্ঞাপ্রাপ্ত। অনু—জ্ঞা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অনুজ্ঞান—পূর্ব্বাভাষ প্রাপ্তি ; অনুমানপূর্ব্বক বোধ ; চেতনা। অনু—জ্ঞা+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অনুজ্ঞাপত্র—কোন কার্য্য করিবার সরকারী সনন্দ (Licence). অনুজ্ঞাসূচক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অনুজ্যেষ্ঠ—১। জ্যেষ্ঠের পর। জ্যেষ্ঠকে অনুগত, প্রাদিতৎ। বিণ। ২। জ্যেষ্ঠানুক্রমে। অব্যয়ী। অব্য।

অনুতপ্ত—অনুতাপযুক্ত, পরিতপ্ত। অনু—তপ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—প্তা।

অনুতাপ—অনুশোচনা, পশ্চাত্তাপ, কোনও অন্যায় কার্য্য করিয়া তজ্জন্য পশ্চাৎ খেদ। অনু—তপ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

অনুতাপিত—পশ্চাত্তাপগ্রস্ত, অনুশোচনা-প্রাপ্ত। অনুতাপ+ইতচ্ জন্মিয়াছে অর্থে। বিণ। স্ত্রী,—তা।

অনুতাপী (**—তাপিন্**)—অনুতাপযুক্ত, অনুতপ্ত, অনুশোচনাকারী, পরিতপ্ত। অনুতাপ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—পিনী।

অনুৎকর্ষ—অপকর্ষ, নিকৃষ্টতা। ন উৎকর্ষ, নঞ্তৎ। বি ; পুং।

অনুত্তম—১। অধম, নিকৃষ্ট। ন উত্তম, নঞ্তৎ। ২। অত্যুত্তম, সর্ব্বোৎকৃষ্ট ; নিদারুণ ; সর্ব্বাধিক। ন (নাই) উত্তম যাহা হইতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—মা।

অনুত্তর—১। নিরুত্তর, উত্তরদানে অসমর্থ। ন (নাই) উত্তর (প্রতিবচন) যাহার, বহুব্রী। ২। অধম, নিকৃষ্ট। ন উত্তর (শ্রেষ্ঠ), নঞ্তৎ। ৩। অনুত্তম, সর্ব্বশ্রেষ্ঠ। ন (নাই) উত্তর (শ্রেষ্ঠ) যাহা হইতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ৪। উত্তরাভাব, কথার উত্তর না দেওয়া ; অযথা বা অসংলগ্ন উত্তর। নঞ্তৎ। বি ; ক্লীব।

অনুত্তান—অনূর্দ্ধমুখ, যাহা চিৎ নহে, উপুড়। ন উত্তান, নঞ্তৎ। বিণ। স্ত্রী,—না।

অনুত্তোলিত—যাহা উপরে তোলা হয় নাই এরূপ ; যাহাকে জাগান হয় নাই এরূপ ; অনুন্নীত। ন উত্তোলিত, নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনুৎপত্তি—উৎপত্তির অভাব, উৎপন্ন না হওয়া, ন জন্মা ; অজন্মা। ন উৎপত্তি, নঞ্তৎ। বি ; স্ত্রী।

অনুৎপন্ন—অজাত, যাহা জন্মে নাই। ন উৎপন্ন, নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ন্না।

অনুত্রিকাস্থি—মেরুদণ্ডের নিম্নস্থ ত্রিকোণা-কার অস্থির নিম্নভাগ (Coccyx). বি ; ক্লীব।

অনুৎসাহ—১। উৎসাহাভাব, অনুদ্যম। ন উৎসাহ, নঞ্তৎ। বি ; পুং। ২। উৎসাহশূন্য, নিরুৎসাহ, উদ্যমরহিত। ন (নাই) উৎসাহ যাহার, বহুব্রী। বিণ।

অনুৎসাহী (**—সাহিন্**)—উৎসাহরহিত, নিরুৎসাহ, উদ্যমহীন। ন উৎসাহী, নঞ্তৎ ; বিণ। স্ত্রী,—হিনী।

অনুৎসেক—অগর্ব্ব। ন উৎসেক, নঞ্তৎ। বি ; পুং।

অনুদক—নির্জ্জল ('—মরু') ; অল্পজল ('—পল্বল') ; জলদানশূন্য ('—শ্রাদ্ধ')। ন (নাই) উদক যাহাতে, বহুব্রী। বিণ।

অনুদয়—না উঠা, অপ্রকাশ ; সূর্য্যের অপ্রকাশ ; সূর্য্যোদয়ের পূর্ব্বকাল। নঞ্তৎ। বি ; পুং। **অনুদয়ে স্নান**—সূর্য্য উঠিবার আগে স্নান।

অনুদর—ক্ষীণোদর, কৃশোদর, ক্ষীণমধ্য। ন (অল্প) উদর যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা,—রী।

অনুদর্শন—পুনঃ পুনঃ আলোচনা। অনু—দৃশ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অনুদর্শী (**—দর্শিন্**)—আলোচক, (দোষ)

অন্বেষী। অনু—দৃশ্ +ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–র্শিনী। বি,–র্শিতা।

অনুদাত্ত—১। নিম্নস্বর ; বৈদিক মন্ত্রবিশেষ। [উচ্চস্বরকে উদাত্ত, নীচস্বরকে অনুদাত্ত এবং উচ্চনীচ সমাহার স্বরকে স্বরিত কহে। যে স্বরের আদ্য অর্দ্ধ উদাত্ত এবং শেষার্দ্ধ অনুদাত্ত তাহাকে স্বরিত কহে]। ন উদাত্ত, নঞ্ তৎ। বি ; পুং। ২। উদাত্তভিন্ন। বিণ।

অনুদার—নীচ, অসাধু, অসৎ ; ক্ষুদ্র, নীচাশয়। ন উদার, নঞ্ তৎ। বিণ।

অনুদাস—দাসের দাস, একান্ত বশীভূত ভৃত্য। অনুগত দাস, প্রাদিতৎ। বি ; পুং।

অনুদিত—১। অনুক্ত, অকথিত। ন (অন্)–বদ্ (বলা)+ক্ত কর্ম্মবা। ২। অপ্রকাশিত ; অনুদ্গত। ন উদিত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–তা।

অনুদিন—প্রতিদিন, প্রত্যহ ; অনুক্ষণ সর্ব্বদা। দিনে দিনে, বীপ্সার্থে অব্যয়ী। ক্রি-বিণ।

অনুদেশ—উপদেশ ; যথাক্রমোচ্চারণ ; অনুমতি, আদেশ। অনু—দিশ্ +ঘঞ্ ভাববা। বি ; পুং।

অনুদ্গত—উর্দ্ধগত নহে এরূপ, অনুদগ্র ; অনুদ্ভিন্ন ; অপ্রকাশিত। ন উদ্গত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–তা।

অনুদ্ঘাতী (–তিন্)—অনুচ্চাবচ, সমতল। ন উদ্ঘাতী (উন্নতানত), নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–তিনী।

অনুদ্দিষ্ট—যাহার উদ্দেশ নাই এরূপ, যে বিদেশগত ব্যক্তির বহুকাল খোঁজখবর নাই ; অলক্ষিত ; অনভিপ্রেত। ন উদ্দিষ্ট, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–ষ্টা।

অনুদ্দেশ—১। উদ্দেশ না পাওয়া, বিদেশগত ব্যক্তির বহুকাল খোঁজখবর না পাওয়া। ন উদ্দেশ, নঞ্ তৎ। বি ; পুং। ২। নিরুদ্দেশ। ন (নাই) উদ্দেশ যাহার, বহুব্রী। বিণ।

অনুদ্ধত—নম্র, বিনীত। ন উদ্ধত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–তা।

অনুদ্ধরণ, অনুদ্ধার—অনুত্তোলন, না তোলা, না উঠান ; অন্যের লেখা অবিকল না তোলা ; বিপদ্ হইতে মুক্ত না করা ; অপরিত্রাণ। নঞ্ তৎ। বি ; ক্লীব, পুং।

অনুদ্ধৃত—অনুত্তোলিত, যাহা উঠান যায় নাই এরূপ ; অন্যের লেখা হইতে অবিকল তুলিয়া লওয়া হয় নাই এরূপ ; অনপসারিত, অপরিত্রাত। ন উদ্ধৃত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–তা।

অনুদ্বিগ্ন—উদ্বেগরহিত, উৎকণ্ঠাশূন্য, নিশ্চিন্ত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–গ্না।

অনুদ্বেগ—১। উদ্বেগাভাব, উৎকণ্ঠারাহিত্য, দুশ্চিন্তাহীনতা ; দুঃখাভাব। নঞ্ তৎ। বি ; পুং। ২। উদ্বেগশূন্য ; শান্তচিত্ত। ন (নাই) উদ্বেগ যাহার, বহুব্রী। বিণ।

অনুদ্বেগকর—অদুঃখকর (বাক্য)। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–রী।

অনুদ্বেল, অনুদ্বেলিত—অনুচ্ছলিত ; অনুদ্বিগ্ন ; অচঞ্চল। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–লা,–তা।

অনুদ্ভিন্ন—অপ্রকাশিত ; অনুদ্গত ; অপরিপুষ্ট। ন উদ্ভিন্ন, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–ন্না।

অনুদ্ভিন্নদেহ—১। অপুষ্টশরীর, অপরিপুষ্টকলেবর, অপ্রকাশিত-দেহ। অনুদ্ভিন্ন দেহ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–হা। ২। অপ্রকাশিত কলেবর, অপরিপুষ্ট শরীর। নঞ্ তৎ। বি ; পুং বা ক্লীব।

অনুদ্ভূত—অজাত ; অপ্রকাশিত ; প্রচ্ছন্ন। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–তা।

অনুদ্যত—অপ্রস্তুত ; অনুত্থিত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–তা।

অনুদ্যুক্ত—অনুদ্যত, অনুদ্যোগী, অপ্রস্তুত। ন উদ্যুক্ত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–ক্তা।

অনুদ্যোগ—১। উদ্যোগাভাব, আলস্য, অবহেলা, ঔদাস্য। নঞ্ তৎ। বি ; পুং। ২। নিরুদ্যম, অলস। ন (নাই) উদ্যোগ যাহার, বহুব্রী। বিণ।

অনুদ্যোগী (–গিন্)—উদ্যোগবিহীন, অনুদ্যত; অপ্রস্তুত; নিশ্চেষ্ট, অলস। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –গিনী।

অনুদ্রুত—১। অনুসৃত, পশ্চাদ্ধাবিত। অনু–দ্রু (পলায়ন করা)+ক্ত কর্ত্তৃবা বা কর্ম্মবা। বিণ। ২। সূক্ষ্ম কালপরিমাণবিশেষ; সঙ্গীতশাস্ত্রে দ্রুতের অর্দ্ধমাত্রা অর্থাৎ সিকিমাত্রা। বি; ক্লীব।

অনুধর্ম্ম(র্ম্ম)ক—তুলনাযোগ্য, অন্যের সহিত যাহার তুলনা হয় এরূপ (Analogous). অনুগত ধর্ম্ম যাহার, বহুব্রী+স্বার্থে ক। বিণ।

অনুধাই—১। অনুধাবন বা অনুধ্যান করিয়া; চিন্তা করিয়া। ২। অনুধ্যান বা অনুধাবন করি; চিন্তা করি। ক্রি (উত্তম পুরুষ)।

অনুধাবন—পশ্চাদ্‌গমন; অনুসন্ধান; অভিনিবেশ, মনোযোগ; গবেষণা; তত্ত্বনিশ্চয়ানুসরণ; প্রক্ষালন, শোধন। অনু–ধাব + অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুধাবিত—পশ্চাদ্ধাবিত; মনোযোগী; অভিনিবিষ্ট। অনু–ধাব্+ক্ত কর্ত্তৃবা বা কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

অনুধ্যান—মঙ্গলচিন্তা, ইষ্টচিন্তা; গভীর চিন্তা। অনু–ধ্যৈ + অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুধ্যায়ী (–ধ্যায়িন্)—ইষ্টচিন্তাকারী; অনুধ্যানকারী; স্মরণকারী। অনু–ধ্যৈ + ণিন্, কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –য়িনী।

অনুনয়—স্তব, স্তুতি, বিনয়, শিষ্টতা; কাতরোক্তি; ক্রোধাপনয়ন; প্রার্থনা। অনু–নী + অচ্ ভাববা। বি; পুং।

অনুনয়বিনয়—কাতরপ্রার্থনা; স্তবস্তুতি; একান্ত অনুরোধ। দ্বন্দ্ব। ('আত্মীয়স্বজন', 'বন্ধুবান্ধব' ইত্যাদির মত একার্থক শব্দদ্বয়)। বি; পুং।

অনুনাদ—পশ্চাৎ শব্দ, প্রতিধ্বনি। অনুরূপ নাদ, প্রাদিতৎ। বি; পুং।

অনুনাদিত—সম-শব্দবিশিষ্ট, একসঙ্গে শব্দিত; সমকালে ধ্বনিত; প্রতিশব্দিত। অনুনাদ + ইতচ্ জন্মিয়াছে অর্থে। বিণ। স্ত্রী, –তা।

অনুনাসিক—১। নাসিকা-সাহায্যে উচ্চারিত বর্ণ, (যথা ঙ, ঞ, ণ, ন, ম, ং, ঁ)। বি; পুং। ২। নাসিকা দ্বারা উচ্চার্য্য; নাকী সুরযুক্ত; খোনা। নাসিকাকে অনুগত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী, –কা, –কী।

অনুনীত—বিনীত; প্রার্থিত; প্রসাদিত, যাহাকে প্রসন্ন করা হইয়াছে। অনু–নী+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

অনুনেয়—অনুনয়যোগ্য; সান্ত্বনীয়। অনু–নী + যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, –য়া। [বি।

অনুন্নেহ—অনুকূল স্নেহ। প্রাঃ কবিপ্র।

অনুন্নত—অনুচ্ছ্রিত; অনুচ্চ, নিম্ন; অনুদার; হীনসমাজভুক্ত। ন উন্নত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অনুন্নত শ্রেণী, সম্প্রদায়—সভ্যতা ও সমৃদ্ধির পথে অনগ্রসর জনসমূহ (Depressed class).

অনুন্মত্ত—যে মাতে নাই, মাতাল নহে; অনুন্মাদগ্রস্ত, অক্ষিপ্ত, পাগল নহে, প্রকৃতিস্থ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ত্তা।

অনুন্মীলিত—অপ্রকাশিত; মুদিত। ন উন্মীলিত, নঞ্‌তৎ। বিণ।

অনুপ—উপমারহিত, সাদৃশ্যহীন, অতুল, অদ্বিতীয়, অনুপমেয়। ন (নাই) উপ (উপমা) যাহার, বহুব্রী। প্রাঃ কবিপ্র। বিণ।

অনুপকার—অপকার, অনিষ্ট, হানি, ক্ষতি। ন উপকার, নঞ্‌তৎ। বি; পুং।

অনুপকারক—অপকারক, অনুপকারী, অপকারী। ন উপকারক, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –রিকা।

অনুপকারিতা—অপকারিতা; অনিষ্টকারিতা। অনুপকারিন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অনুপকারী (–কারিন্)—অপকারী, অহিতকারী, অনিষ্টকারী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –রিণী।

[অনু]পকৃত—যে উপকার প্রাপ্ত হয় নাই, [য]াহার উপকার করা হয় নাই। নঞ্‌তৎ। [বি]ণ। স্ত্রী,—তা।

[অন]ুপদ—১। অনুগামী, পশ্চাদ্‌গামী; [অ]নুযায়ী (Word for word). পদকে [অ]নুগত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—দা,—দী। [২]। পদে পদে, অনন্তর, পশ্চাৎ। অব্যয়ী। [ক্রি]-বিণ। ৩। যে পদ বা বাক্য পুনঃপুনঃ [উচ্চা]রিত হয়, ধুয়া (Chorus). প্রাদিতৎ। [বি]; ক্লীব।

[অন]ুপদিষ্ট—অশিক্ষিত, যে উপদেশ পায় [না]ই; যে বিষয়ে কিছু বলা হয় নাই। [নঞ]্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

[অ]নুপদী (—দিন্)—অনুগামী, পশ্চাদ্‌গামী; [অ]নুবর্ত্তী; অনুকর্ত্তা; অন্বেষণকারী। অনুপদ [+] ইন্ আছে অর্থে। বিণ।

[অ]নুপদীনা—পদাচ্ছাদন, মোজা জুতা [প্র]ভৃতি; পদায়ত উপানৎ (টাইট্‌ বুট্‌). [পদ]প্রমাণ পাদুকা। অনুপদ (সমগ্র চরণ)+ [ঈন] (খ) ব্যাপ্ত্যর্থে+আপ্। বি; স্ত্রী।

[অ]নুপধি—ছলশূন্য, সরল। ন (নাই) উপধি [য]াহার বহুব্রী। বিণ।

[অ]নুপনীত—যাহার উপনয়ন হয় নাই, [অ]কৃতোপনয়ন; অনুপস্থিত; অশিক্ষিত। ন উপনীত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

[অ]নুপপত্তি—অসঙ্গতি; অসংলগ্নতা; অনুৎ-পত্তি; অযুক্তি; প্রমাণাভাব; অসমাপ্তি; অসিদ্ধি। ন উপপত্তি, নঞ্‌তৎ। বি; স্ত্রী। বিণ,—পন্ন।

অনুপবীতী (—তিন্)—উপবীতভিন্ন, অনুপনীত। ন উপবীতী, নঞ্‌তৎ। বিণ।

অনুপভুক্ত—যাহা ভোগ করা হয় নাই এরূপ; অভক্ষিত; অব্যবহৃত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অনুপম—উপমারহিত, নিরুপম, তুলনাশূন্য, অতুৎকৃষ্ট। ন (নাই) উপমা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—মা।

অনুপমিত—অতুলিত, অতুলনীয়, অনুপম, অতুল; সর্ব্বোৎকৃষ্ট। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনুপমেয়—উপমারহিত; অনুপম, অতুলনীয়, সর্ব্বোৎকৃষ্ট। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অনুপযুক্ত—অযোগ্য; অযুক্ত, অনুচিত। ন উপযুক্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অনুপযোগ—১। অনুপযুক্ততা, অযোগ্যতা; অনশন। নঞ্‌তৎ। বি; পুং। ২। অনুপযুক্ত; উপবাসী। ন (নাই) উপযোগ যাহার, বহুব্রী। বিণ। [নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনুপযোগিতা—অযোগ্যতা, অকর্ম্মণ্যতা।

অনুপযোগী (—গিন্)—অনুপযুক্ত, অযোগ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—গিনী। বি,—গিতা।

অনুপল—কালের ক্ষুদ্রতম বিভাগ, এক বিপলের ষাট ভাগের এক ভাগ, ইংরাজী এক সেকেণ্ডের ১০০ ভাগের এক ভাগ। পলকে অনুগত, প্রাদিতৎ। বি; পুং।

অনুপলক্ষিত—অলক্ষিত, অতর্কিত; অ-নির্দিষ্ট, অযাচিত। ন উপলক্ষিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনুপলব্ধ—অননুভূত; অপ্রাপ্ত; অপ্রত্যক্ষ। ন উপলব্ধ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ব্ধা।

অনুপলব্ধি—অপ্রাপ্তি; অননুভূতি; ধারণার অভাব; প্রত্যক্ষাভাব। ন উপলব্ধি, নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনুপশম—উপশমের অভাব, অনিবৃত্তি; আরোগ্যাভাব। ন উপশম, নঞ্‌তৎ। বি; পুং।

অনুপশমনীয়—উপশমনের অযোগ্য বা অসাধ্য; অদম্য; দুরারোগ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অনুপসর্গ—১। উপসর্গহীন (ধাতু)। বহুব্রী। বিণ। ২। উপসর্গ ভিন্ন শব্দ। নঞ্‌তৎ। বি; পুং।

অনুপস্কৃত—অবিকৃত, অকৃতপাক (খাদ্য), অনিন্দিত। ন উপস্কৃত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনুপস্থান—অনুপস্থিতি, অপূজন। ন উপস্থান, নঞ্‌তৎ। বি; ক্লীব।

অনুপস্থাপক—যে স্থাপন করে না, অস্থাপনকর্তা; যে কোন বিষয় উপস্থিত করে না। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—পিকা।

অনুপস্থাপন—অস্থাপন, স্থাপন না করা; না রাখা; কোন বিষয় উপস্থিত না করা; প্রসঙ্গ না করা। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অনুপস্থাপিত—অস্থাপিত, স্থাপন করা হয় নাই এরূপ, যাহা রাখা হয় নাই; যাহা উপস্থিত করা হয় নাই, অপ্রস্তাবিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনুপস্থিত—উপস্থিত নহে এরূপ, অনাগত। ন উপস্থিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনুপস্থিতি—উপস্থিতির অভাব, না আসা, অবিদ্যমানতা। ন উপস্থিতি, নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অনুপহত—অনাহত; অবিনাশিত; অনিবারিত; বিশুদ্ধ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনুপাত—১। পশ্চাৎ অবতরণ বা পতন; পশ্চাদ্‌গমন। অনু—পত্‌+ঘঞ্‌ ভাববা। ২। (গণিতে) একরাশির সহিত অন্য একরাশির সম্বন্ধ (Ratio); অনুরূপ অঙ্কপাত: ত্রৈরাশিক; একের হ্রাসবৃদ্ধি অনুসারে অন্যের হ্রাসবৃদ্ধি (Proportion). অনু—পত্‌+ঘঞ্‌ করণবা। বি; পুং।

অনুপাতক—মহাপাতকের তুল্য পাতক (পাপ); ব্রহ্মহত্যা, সুরাপান ইত্যাদি ৩৫ প্রকার অনুপাতক। অনুরূপ পাতক, প্রাদিতৎ। বি; ক্লীব। বিণ,—কী।

অনুপান—ঔষধের সহিত বা ঔষধ-সেবনের শেষে পেয় রসাদি, ভোজনানন্তর পেয় দ্রব্য। অনু—পা+অনট্‌ কর্ম্মবা। বি; ক্লীব।

অনুপাম—অনুপম, অতুলনীয়, অতি পরিপাটি। 'অনুপম' শব্দজ। প্রাঃ কবিপ্র। বিণ।

অনুপায়—১। উপায়াভাব, অগতিত্ব; অসঙ্গতি। নঞ্‌তৎ। বি; পুং। ২। নিরুপায়; অবলম্বনহীন। ন (নাই) উপায় যাহার, বহুব্রী। বিণ।

অনুপার্শ্ব—পার্শ্বগত, পার্শ্বিক (Lateral). পার্শ্বকে অনুগত, প্রাদিতৎ। বিণ।

অনুপালন—প্রতিপালন; রক্ষণ; পোষণ। অনু—পা+ণিচ্‌ (=পালি)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অনুপাল্য—সমভাবে প্রতিপাল্য পোষ্য; রক্ষণীয়; আশ্রিত। অনু—পালি+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ল্যা।

অনুপাসিত—অনারাধিত, অপূজিত, অসম্মানিত। ন উপাসিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অনুপূর্ব্ব(র্ব)—১। যথাক্রম, আনুক্রমিক; পশ্চাদ্‌গামী; সৌষ্ঠবসম্পন্ন (Symmetrical). পূর্ব্বকে অনুগত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—র্ব্বা। ২। অনুক্রম। বি; পুং।

অনুপ্ত—যাহা বোনা হয় নাই এরূপ। ন উপ্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—প্তা।

অনুপ্রবিষ্ট—অন্তঃপ্রবিষ্ট, অন্তর্নিবিষ্ট, মধ্যগত; সর্ব্বাঙ্গে পরিব্যাপ্ত; অধিষ্ঠিত; পশ্চাৎ-প্রবিষ্ট। অনু—প্র—বিশ্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

অনুপ্রবেশ—অন্তঃপ্রবেশ; মর্ম্মগ্রহণ; অনুরূপ প্রবেশ; অধিষ্ঠান। অনু—প্র—বিশ্‌ ঘঞ্‌ ভাববা। বি; পুং।

অনুপ্রভা—অন্ধকারে আলোক প্রকাশ বা জ্বলনশীলতা (Phosphorescence). প্রাদিতৎ। বি; স্ত্রী। বিণ,—ভ।

অনুপ্রযাত—অনুগত, অনুসৃত। অনু—প্র—যা+ক্ত কর্ত্তৃবা বা কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অনুপ্রস্থ—চওড়ার দিকের। অনুগত প্রস্থকে, প্রাদিতৎ। বিণ।

অনুপ্রাণন—অনুপ্রাণনা (সকল অর্থে)। অনু—প্র—অন্‌+ণিচ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অনুপ্রাণনা—সঞ্জীবন, জীবনী শক্তির অনু-

প্রবেশ; প্রত্যাদেশপ্রদান; উৎসাহ-জনন, উদ্দীপন; বিষয়ান্তর দ্বারা বর্ণনীয় বিষয়ের দার্ঢ্য-সম্পাদন; অন্য লোক দ্বারা অভীষ্ট ব্যক্তির তেজোবর্দ্ধন। অনু—প্র—অন্+ণিচ্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

অনুপ্রাণিত—সঞ্জীবিত; সবলীকৃত; সমর্থিত; প্রোৎসাহিত; কার্য্যসাধনী শক্তি দ্বারা সংবর্দ্ধিত; নব শক্তি যোগে প্রভাবান্বিত; প্রত্যাদিষ্ট। অনু—প্র—অন্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অনুপ্রাস—শব্দালঙ্কারবিশেষ, স্বরের বৈষম্য হইলেও যে শব্দসাম্য, তাহাকে অনুপ্রাস বলে। অনু—প্র—অস্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অনুপ্রেরণা—অনুপ্রাণনা, উৎসাহদান। অনু—প্র—ঈর্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী। বিণ,—রিত।

অনুবচন—অনুরূপ কথন; পুনরুক্তি; আবৃত্তি; তুল্যবাক্য; অধ্যায়; গৌণবাক্য (Clause). অনু (সদৃশ) বচন, প্রাদিতৎ। বি; ক্লীব।

অনুবৎসর—চান্দ্রবর্ষ, দ্বাদশ চান্দ্রমাস; সংবৎসর, সম্পূর্ণ এক বৎসর। নিত্য। বি; পুং।

অনুবদ্ধ—পশ্চাৎবদ্ধ, পরে বাঁধা বা গাঁথা; গ্রথিত; সম্পৃক্ত, সংশ্লিষ্ট, সংক্রান্ত। অনু—বন্ধ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

অনুবধি—অবধিহীন, সতত। 'অ ন ব ধি' শব্দজ। ক্রি-বিণ।

অনুবন্ধ—বন্ধন; অবিচ্ছেদ; সম্বন্ধ; অনুবৃত্তি; আরোপ; অনুরোধ; উপক্রম, আরম্ভ, উপলক্ষ; প্রযত্ন; বন্ধন; নিমিত্ত; পরিণাম; বিঘ্ন; বিষয়; প্রসঙ্গ; কৌশল; শ্রেণী; রচনা; সম্পর্ক; (প্রাচীন ব্যাকরণে) কোনও কার্য্যের নিমিত্ত গৃহীত বর্ণ, উহা কার্য্যকালে থাকে না; মুগ্ধবোধ ব্যাকরণে যাহাকে "ইৎ" বলে, প্রাচীন ব্যাকরণে উহাকেই "অনুবন্ধ" বলে। অনু—বন্ধ্+ঘঞ্ ভাবাদিবাচ্যে। বি; পুং।

অনুবন্ধী (—বন্ধিন্)—১। অনুবন্ধযুক্ত; সম্বন্ধবিশিষ্ট; সম্বদ্ধ, সম্পৃক্ত; পশ্চাদ্বর্ত্তী, ফলস্বরূপে আগত; অবিচ্ছিন্ন, নিরন্তর; অব্যাহত। অনুবন্ধ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—ন্ধিনী। ২। সঙ্গী, সহচর। বি; পুং।

অনুবর্ত্ত(র্ত)ন—অনুবৃত্তি, সেবা: অনুগমন, পশ্চাদ্গমন; অনুকরণ; পালন (আজ্ঞানুবর্ত্তন শব্দে); অবিচ্ছেদ; পশ্চান্নয়ন; স্থানান্তরে গমন; পূর্ব্বসূত্রস্থ পদের পরসূত্রে উপস্থিতি। অনু—বৃত্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুবর্ত্ত(র্ত)নীয়—অনুসরণীয়; করণীয়। অনু—বৃত্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অনুবর্ত্তি(র্তি)তা—অনুবর্ত্তীর ভাব বা কার্য্য, অনুবর্ত্তন্। অনুবর্ত্তিন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অনুবর্ত্তী(র্তী) (—বর্ত্তিন্)—পশ্চাদ্বর্ত্তী, অনুগামী, অনুযায়ী; অনুসারী; (জ্যেষ্ঠানুবর্ত্তী শব্দে) সহগামী; অনুরক্ত; সদৃশ; যে অন্যের কথামত চলে। অনু—বৃত্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিনী।

অনুবল—১। ক্ষমতানুযায়ী, ক্ষমতানুসারী। বলকে অনুগত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—লা। ২। পৃষ্ঠরক্ষক সৈন্য; সহায়; অনুগ্রহ; প্রভাব; সাহায্য; মায়াবল। অনুগত বল, প্রাদিতৎ। বি; পুং বা ক্লীব।

অনুবশ—১। বশানুগ, বশবর্ত্তী। বশকে অনুগত, প্রাদিতৎ। বিণ। ২। অনুরোধ, অনুবর্ত্তন। বি; পুং।

অনুবাক—১। আবৃত্তি, পুনঃপাঠ; পশ্চাদ্ভাষণ। অনু—বচ্+ঘঞ্ ভাববা। ২। বেদের অধ্যায়; সাম ও যজুর্ব্বেদের অংশবিশেষ। অনু—বচ্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

অনুবাচন—অধ্যাপনা; বেদমন্ত্রের পাঠন। অনু—বচ্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুবাত—অনুকূল বায়ু; শিষ্য হইতে গুরুর দিকে প্রবাহিত বায়ু। প্রাদিতৎ। বি; পুং।

অনুবাদ—১। পশ্চাৎকথন; অনুকীর্ত্তন; পুনঃ পুনঃ কথন, ভাষান্তরকরণ, তরজমা;

অনুকরণ; অপবাদ, নিন্দা; জনশ্রুতি; কুৎসিতার্থ বাক্য; প্রশংসা। অনু—বদ্ +ঘঞ্ ভাববা। বি; পুং। ২। প্রতিকূলতা, শত্রুতা ["বিধি করে অনুবাদ"]। কবিপ্র। বি।

অনুবাদক—ভাষান্তরকারক; পশ্চাৎকথক; পুনঃ পুনঃ কথক; নিন্দক। অনু—বদ্+ ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিকা।

অনুবাদিত—অনুবাদযুক্ত; ভাষান্তরিত: যাহার অনুবাদ করা হইয়াছে—অশুদ্ধ (শুদ্ধ=অনূদিত)। অনুবাদ শব্দ+ইত। বিণ।

অনুবাদী (–দিন্)—অনুবাদকারী; সদৃশ, তুল্য, অনুরূপ; সূচক। অনু—বদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

অনুবাদ্য—অনুবাদযোগ্য, অনুবাদনীয়; অনুকরণীয়: উদ্দেশ্য; অনুকীর্ত্তনীয়; অনু-কথনীয়। অনু—বদ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্যা।

অনুবাস—ধূপাদি দ্বারা সুরভীকরণ; তৈলাদি মাখান; স্নেহ, প্রীতি, ভালবাসা। অনু—বাসি +ঘঞ্ ভাববা। বি; পুং।

অনুবাসন—ধূপন, বস্তিক্রিয়াবিশেষ; তৈলাদি মাখান; সুরভি করা। অনু—ণিজন্ত বস্ (=বাসি)+অনট্ ভাববা। বি; ক্লীব। ['স্নেহাদ্যৈরনুবাসনম্' অর্থাৎ স্নেহাদি পদার্থ দ্বারা বস্তিশোধন ক্রিয়াকে অনুবাসন কহে।]

অনুবিদ্ধ—খচিত; সমুৎকীর্ণ; ছিদ্রিত; যুক্ত; মিশ্রিত; ব্যাপ্ত; গুম্ফিত, গ্রথিত। অনু—ব্যধ্ +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

অনুবিভাগ—বিভাগের বিভাগ (Section). প্রাদিতৎ। বি; পুং।

অনুবিম্ব—প্রতিবিম্ব, ছায়া। অনুরূপ বিম্ব, প্রাদিতৎ। বি; ক্লীব।

অনুবৃত্ত—অনুগত; বশ্য; (ব্যাকরণে) পূর্ব্বসূত্র হইতে অধিকারপ্রাপ্ত; ক্রমে বৃত্তাকার প্রাপ্ত। প্রাদিতৎ। অনু—বৃত্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্তা।

অনুবৃত্তি—পশ্চাদ্গমন; অনুকরণ; অনুবন্ধ; অনুরোধ; অনুরঞ্জন; উচিত কর্ম্মানুষ্ঠান; আবর্ত্তন, অভ্যাস; সেবা; (ব্যাকরণশাস্ত্রে) পূর্ব্বসূত্র হইতে পরসূত্রে বিধির উপস্থিতি। অনু—বৃত্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অনুবেদন—জ্ঞাপন, জানান; জ্ঞানদান; পশ্চাৎ জ্ঞান; সমবেদনা। অনু—বেদি (জানান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুবেল—১। প্রতিক্ষণ, নিরন্তর; সমুদ্রের তীরে তীরে। বেলায় বেলায় (ক্ষণে ক্ষণে অথবা তীরে তীরে), বীপ্সার্থে অব্যয়ী। ক্রি-বিণ। ২। কূলসমীপে, উপকূলে। বেলার সমীপে, সামীপ্যার্থে অব্যয়ী। বি; ক্লীব।

অনুবোধ, –বোধন—১। পশ্চাৎ জ্ঞান। স্মরণ; উদ্বোধন। অনু—বুধ্+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব। ২। গন্ধের উদ্দীপন; ম্লানাস্তে গন্ধদ্রব্যের পুনরুদ্দীপন; পূর্ব্বগৃহীত চন্দনাদির গন্ধ ন্যূন হইলে প্রযত্নবিশেষ দ্বারা পুনর্ব্বার পূর্ব্ব সৌরভ উৎপাদন। অনু—বুধ +ণিচ্+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব। বিণ,—ধিত।

অনুবোল—অনুকূল বা হিতবাক্য। কবিপ্র বি; ক্লীব।

অনুব্যবসায়—(ন্যায়শাস্ত্রে) প্রত্যক্ষাদির জ্ঞান; (বেদান্তে) সিদ্ধান্ত জ্ঞান; তুলা ব্যবসায়। অনু—বি—অব—সো+ঘঞ্ ভাববা। বি; পুং।

অনুব্রজ—অনুব্রজন, পশ্চাদ্গমন; সহ-গমন; প্রত্যুদ্গমন। অনু—ব্রজ (যাওয়া)+ক ভাববা। বি; পুং। **অনুব্রজি**—অনুগমন করিয়া। প্রাঃ কবিপ্র।

অনুব্রজন—অনুগমন; গৃহাগত শিষ্ট ব্যক্তির যখন গমন করেন, তৎকালে কিয়দ্দূর পর্য্যন্ত তাঁহাদিগের পশ্চাৎ পশ্চাৎ গমনরূপ শিষ্টাচার। অনু—ব্রজ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুব্রজে—অনুগমনপূর্ব্বক; সঙ্গে সঙ্গে; প্রত্যুদ্গমনপূর্ব্বক। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

অনুব্রজ্যা—১। পশ্চাদ্গমন, অনুসরণ।

অনু—ব্রজ্ + ক্যপ্ ভাববা + আপ্। বি; স্ত্রী। ২। অনুব্রজিয়া, সঙ্গে লইয়া। প্রাঃ কবিপ্র। অস-ক্রি।

অনুব্রত—১। সদৃশ ব্রত। প্রাদিতৎ। বি; ক্লীব। ২। তুল্যব্রতধারী ব্যক্তি। অনুরূপ ব্রত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা। ৩। অনুক্ষণ, নিরন্তর, সর্ব্বদা। প্রাঃ কবিপ্র। ব্রতে ব্রতে, অব্যয়ী। ক্রি-বিণ।

অনুভব—বোধ, উপলব্ধি, জ্ঞান; ধারাবাহিক জ্ঞান; স্মৃতি ভিন্ন জ্ঞান অর্থাৎ অনুমান প্রভৃতি। অনু—ভূ (হওয়া) + অপ্ ভাববা। বি; পুং।

অনুভাব—প্রভাব, কোবদণ্ডজ মহত্ব; রাজ-শক্তি; মহিমা; তেজঃ; স্বভাব; সামর্থ্য; সংব্যক্তিদিগের অভিপ্রায়ের নিশ্চয়; নিশ্চয়; (অলঙ্কারশাস্ত্রে) মনোগত ভাবপ্রকাশক ভ্রূভঙ্গি প্রভৃতি; অশ্রু, ঘর্ম্ম প্রভৃতি স্থায়ী ভাবের কার্য্য; রত্যাদিসূচক গুণক্রিয়াদি, চক্ষুর চাতুর্য্য, ভ্রূক্ষেপ, মুখরাগ প্রভৃতি। ভূ + ঘঞ্ ভাববা = ভাব; অনুজাত ভাব, প্রাদিতৎ (উপসর্গ পূর্ব্বে থাকিলে ভূ ধাতুর উত্তর ঘঞ্ প্রত্যয় হয় না।) বি; পুং।

অনুভাবি—অনুভব করিয়া বা করাইয়া; ভাব সঞ্চারিত করিয়া। প্রাঃ কবিপ্র। অস-ক্রি।

অনুভাবিত—যাহা অনুভব করান হইয়াছে। অনু—ভূ + ণিচ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অনুভূত—যাহা অনুভব করা হইয়াছে, উপলব্ধ, জ্ঞাত। অনু—ভূ + ক্ত কর্ম্মবা বিণ। স্ত্রী,—তা।

অনুভূতি—অনুভব (তাহা দ্রঃ)। অনু—ভূ + ক্তি ভাববা। বি; স্ত্রী।

অনুভূতিবাহী—যাহা কোন অনুভূতিকে মস্তিষ্কে বহন করে ('—শিরা'—Sensory nerve). অনুভূতি বহন করে যাহা, উপতৎ। অনুভূতি—বহ্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ।

অনুভূমিক—পৃথিবীপৃষ্ঠের সমান্তরাল (Horizontal); জলসম (Level). বিণ।

অনুমগ্ন—নিমগ্ন। 'অনুমগ্ন' শব্দজ। প্রাঃ কবিপ্র। বিণ।

অনুমত—অনুজ্ঞাত, আদিষ্ট; অনুমোদিত; স্বীকৃত; সম্মত; অভিমত; অঙ্গীকৃত; অভীষ্ট; প্রিয়। অনু—মন্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অনুমতি—আদেশ, অনুজ্ঞা, অনুমোদন, সম্মতিপ্রদান। অনু—মন্ + ক্তি ভাববা। বি; স্ত্রী।

অনুমতিপত্র—অনুজ্ঞা-লিপি, হুকুমনামা; যে চিঠিতে হুকুম দেওয়া হয়। অনুমতিসূচক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অনুমনন—অনুমোদন; অনুচিন্তন। অনু—মন্ + অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুমন্তা (—মন্তৃ)—আদেশদাতা, অনুমতি-কারক। অনু—মন্ + তৃচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

অনুমন্ত্রণ—মন্ত্রোচ্চারণ-সহকৃত যজ্ঞীয় সংস্কারবিশেষ। অনু—মন্ত্র্ + ণিচ্ + অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুমন্ত্রিত—মন্ত্রোচ্চারণ-সহকারে যজ্ঞে সংস্কৃত। অনু—মন্ত্র্ + ণিচ্ + ক্ত কর্ম্মবা। বিণ।

অনুমরণ—মৃত পতির অনুগমন, সহমরণ, পতির মৃতদেহ আশ্রয় করিয়া জ্বলন্ত চিতায় পত্নীর জীবনবিসর্জ্জন; মৃত পতির দেহের অপ্রাপ্তিতে পাদুকা গ্রহণপূর্ব্বক জ্বলন্ত চিতানলে পত্নীর দেহত্যাগ। অনু (পশ্চাৎ বা সহিত)—মৃ + অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুমা—অনুমান (সকল অর্থে)। অনু—মা + অঙ্ ভাববা + আপ্। বি; স্ত্রী।

অনুমাতা(-তৃ)—অনুমান-কর্ত্তা। অনু—মা + তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

অনুমান—অনুমিতি, ব্যাপ্য হেতু দ্বারা ব্যাপক বস্তুর নিশ্চয়, কার্য্য দৃষ্টে কারণ বা কারণ দৃষ্টে কার্য্যবোধ, কিংবা কোনও সিদ্ধ বস্তুর জ্ঞান হইতে অনায়াসে যে অন্য কোনও জ্ঞান জন্মে (Inference). [যেমন কোনও

স্থানে ধোঁয়া উঠিতেছে দেখিলে আমাদের পূর্ব্বসংস্কারবশতঃ তথায় আগুন আছে বলিয়া আমরা 'অনুমান' করিয়া লই], আন্দাজ; যুক্তি, বোধ, বিবেচনা; অর্থালঙ্কারবিশেষ, সাধ্য বিষয়ের সাধন হয় বলিয়া যে অনুভব, তাহাকে অনুমান অলঙ্কার কহে; (জ্যামিতিতে) কোন প্রতিজ্ঞার উপপত্তি হইতে প্রতিজ্ঞান্তরের সিদ্ধতা-বোধ, অনুসিদ্ধান্ত (Corollary). অনু—মা+অনট্ ভাববা, কর্ম্মবা, করণবা। বি; ক্লীব। [প্রাঃ কবিপ্র—**অনুমানল**—অনুমান করিল। **অনুমানি**—অনুমান করি। **অনুমানিয়ে**—অনুমান করি। **অনুমানু**—অনুমান করিলাম।]

অনুমানতত্ত্ব—আরোহিক ন্যায়শাস্ত্র; যে তর্কশাস্ত্রে বিশেষ হইতে সামান্যের অনুমান হয় (Inductive Logic). অনুমানবিষয়ক তত্ত্ব, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অনুমানসিদ্ধ—১। অনুমান দ্বারা সাধিত, অনুমিতিলব্ধ, আন্দাজী, আনুমানিক। ৩য়াতৎ। ২। অনুমান বিষয়ে পটু; আন্দাজ করিতে পাকা। ৭মীতৎ। বিণ।

অনুমানোক্তি—অনুমান দ্বারা নিরূপিত বাক্য, আন্দাজী কথা; বাদবিচার, যুক্তিতর্ক। অনুমানসাধিতা উক্তি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অনুমাপক—অনুমানের কারণ, অনুমানজনক। অনু—ণিজন্ত (মা=মাপি ধাতু [— পরিমাণ করান])+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা

অনুমিত—হেতু দ্বারা অবধারিত; বিবেচিত; যে বিষয়ের অনুমান করা হইয়াছে; বিতর্কিত ঊহিত। অনু—মা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অনুমিতি—অনুমান, আন্দাজ; ব্যাপ্তি জ্ঞান দ্বারা লব্ধ জ্ঞান; অনুভূতিবিশেষ। অনু—মা+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অনুমৃতা—পতির মৃতদেহের সহিত চিতানলে দেহত্যাগকারিণী; মৃত পতির পাদুকাদি গ্রহণে চিতানলে শরীর-বিসর্জ্জনকারিণী। অনু—মৃ+ক্ত কর্ত্তৃবা+আপ্। বিণ; স্ত্রী।

অনুমেয়—অনুমান দ্বারা জ্ঞেয়; অনুমানযোগ্য; বিতর্কণীয়। অনু—মা+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অনুমোদক—অনুমোদনকর্ত্তা, আহ্লাদপূর্ব্বক সম্মতিদাতা; সমর্থক, প্রবর্ত্তক; অনু—ণিজন্ত মুদ্ (=মোদি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিকা।

অনুমোদন—আহ্লাদপূর্ব্বক সম্মতিদান; মত প্রদান; প্রবর্ত্তন; প্রবৃত্তিদান। অনু—ণিজন্ত মুদ্ (=মোদি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুমোদিত—যাহা অনুমোদন করা হইয়াছে এরূপ; সম্মত; অনুজ্ঞাত; প্রোৎসাহিত। অনু—ণিজন্ত মুদ্ (=মোদি) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অনুযাত—অনুগত; অনুসৃত, পশ্চাদ্গত; অনুকৃত। অনু—যা+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অনুযাতা (—তৃ)—অনুগন্তা; সহচর। অনু—যা+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

অনুযাত্রা—অনুগমন, পশ্চাদ্গমন, সহগমন। প্রাদিতৎ। বি; স্ত্রী।

অনুযাত্রিক—অনুগামী, সহগামী, অনুচর, সমভিব্যাহারী। অনুযাত্রা+ইক করে অর্থে। বিণ। স্ত্রী,—কী।

অনুযাত্রী (—যাত্রিন্)—অনুগামী, সহগামী, অনুচর, সমভিব্যাহারী। অনুযাত্রা+ইন্ করে অর্থে। বিণ। স্ত্রী,—ত্রিণী।

অনুযান—অনুগমন; সহগমন। অনু—যা +অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুযায়ী (—যায়িন্)—১। অনুগামী; সদৃশ, অনুরূপ; অনুচর। অনু—যা (যাওয়া) +ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী। ২। অনুসারে, অবিকলভাবে। ক্রি-বিণ।

অনুযুক্ত—তিরস্কৃত; জিজ্ঞাসিত। অনু—যুজ্+ক্ত কর্ম্মবা। বিণ।

অনুযোক্তা (-যোক্তৃ)—অনুযোগকারী; প্রশ্নকারী; তিরস্কারকারক। অনু-যুজ্+তৃন কর্তৃবা। বিণ। স্ত্রী,-ক্ত্রী।

অনুযোগ—জিজ্ঞাসা, প্রশ্ন; তিরস্কার; নিন্দা; পরীবাদ; দোষারোপ; প্রযত্ন; অন্যের নিকট প্রাপ্ত অনাদর বা অযত্ন জন্য আক্ষেপ প্রকাশ। অনু-যুজ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অনুযোগী (-গিন্)—অনুযোগকারী, অনুযোক্তা; তিরস্কারকর্ত্তা; নিন্দাকারী; প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসাকারী; সংযোগসাধক। অনু-যুজ্+ঘিনুণ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,-গিনী।

অনুযোজক—অনুযোগকারী। অনু-যুজ্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,-জিকা।

অনুযোজন, -যোজনা—প্রশ্ন; বিসম্বাদ; পশ্চাৎ যোগ-করণ; আক্ষেপ প্রকাশ। অনু-যুজ্+অনট্ ভাববা, অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

অনুযোজ্য—যাহার বিরুদ্ধে অনুযোগ করা যায়, অনুযোগের যোগ্য; নিন্দনীয়; জিজ্ঞাস্য। অনু-যুজ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,-জ্যা।

অনুরক্ত—১। অনুরাগবিশিষ্ট, যাহার অনুরাগ জন্মিয়াছে, আসক্ত, রত, প্রীত, প্রীতিমান্। অনু-রন্জ্+ক্ত কর্তৃবা। ২। রঞ্জিত। অনু-রন্জ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,-ক্তা।

অনুরক্তি—অনুরাগ, আসক্তি। অনু-রন্জ্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অনুরঞ্জক—অনুরঞ্জনকারী, প্রীতিসম্পাদক; রঞ্জনকারক, যে বস্ত্রাদিতে রঙ্ মাখায়। অনু-ণিজন্ত রন্জ্ (=রঞ্জি)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,-ঞ্জিকা।

অনুরঞ্জন—সন্তোষসাধন, প্রীতিসম্পাদন, অনুরাগ জন্মান; প্রীণন, তোষণ; রঞ্জিত-করণ; রঙ করা। অনু-ণিজন্ত রন্জ্ (=রঞ্জি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুরঞ্জিত—প্রসাদিত, সন্তোষিত, যাহাকে সন্তুষ্ট করা হইয়াছে এরূপ; রঙ্-মাখান। অনু-রন্জ্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,-তা।

অনুরণন—অনুগত স্বর; প্রতিশব্দ, প্রতিধ্বনি; আহত বস্তুর বহুক্ষণস্থায়ী শব্দ। অনু-রণ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুরত—অনুরক্ত, প্রীতিমান্, অনুরাগবিশিষ্ট। অনু-রম্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,-তা।

অনুরতি—অনুরাগ, আসক্তি, প্রেম, প্রীতি; ভক্তি, শ্রদ্ধা। অনু-রম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অনুরথ্যা—ক্ষুদ্রমার্গ, গলিপথ (Bye-lane, side-road). অনুগতা রথ্যা, প্রাদিতৎ। বি; স্ত্রী।

অনুরাগ—প্রীতি, স্নেহ, ভালবাসা; আসক্তি, প্রবৃত্তি; আদর, যত্ন; সোহাগ। অনু-রন্জ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অনুরাগানল—প্রেমাগ্নি, প্রবল প্রীতি; কামাগ্নি। অনুরাগরূপ অনল, রূপক কর্ম্মধা। বি; পুং।

অনুরাগী (-গিন্)—অনুরাগবিশিষ্ট, আসক্ত, অনুরক্ত। অনুরাগ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,-গিণী।

অনুরাধা—সপ্তদশ নক্ষত্র; অনুরাধা নক্ষত্র-যুক্ত কাল। অনুগতা রাধাকে (বিশাখাকে), প্রাদিতৎ। বি; স্ত্রী।

অনুরুদ্ধ—যাহাকে অনুরোধ করা হইয়াছে; যে বিষয়ে অনুরোধ করা হইয়াছে; উপরুদ্ধ; প্রার্থিত; নিরুদ্ধ; অপেক্ষিত। অনু-রুধ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,-দ্ধা।

অনুরূপ—১। সদৃশ, তুল্য; অনুযায়ী; যোগ্য। রূপকে অনুগত, প্রাদিতৎ। স্ত্রী,-পা। ২। রূপের যোগ্যত্ব। অব্যয়ী+অচ্ আছে অর্থে। বিণ। ৩। সদৃশমূর্ত্তি, প্রতিরূপ। কবিপ্র। ৪। সাদৃশ্য, তুল্যতা, অনুসার। বি; ক্লীব।

অনুরোধ—উপরোধ, অভীষ্টলাভার্থ প্রবৃত্তি-প্রদান, সুপারিস; খাতির; অভিপ্রায়,

অপেক্ষা, উদ্দেশ্য (প্রয়োজনানুরোধে) প্রতীক্ষা। অনু—রুধ্ (রোধ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং। [অস-ক্রি।

অনুরোধি—অনুরোধ করিয়া। প্রাঃ কবিপ্র।

অনুরোল—কোলাহল, হাহাকার। প্রাঃ কবিপ্র। বি।

অনুলম্ব—লম্বালম্বি; খাড়াইএর দিকে। অব্যয়ী। বিণ বা ক্রি-বিণ।

অনুলাপ—পুনঃ পুনঃ কথন, বার বার বলা। অনু—লপ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অনুলিখন, –লিপি, –লেখ—কোন লেখার অবিকল নকল; শ্রুতবাক্য যথাযথ লিখন। প্রাদিতৎ। বি; ক্লীব, স্ত্রী, পুং।

অনুলিপ্ত—লিপ্ত, যাহা লেপন করা হইয়াছে; অনুরঞ্জিত, যাহা রঙ করা হইয়াছে; পরিব্যাপ্ত। অনু—লিপ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—প্তা।

অনুলেপ—১। লেপন, মাখান। অনু—লিপ্ +ঘঞ্ ভাববা। বি; পুং। ২। অনুলেপ-সাধন চন্দনাদি। অনু—লিপ্+ঘঞ্ করণবা। বি; পুং।

অনুলেপক—লেপনকর্ত্তা, ম্রক্ষণকারী। অনু—লিপ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

অনুলেপন—১। লেপনসাধন দ্রব্য, যথা চন্দন, কুঙ্কুম, পাউডার প্রভৃতি। অনু—লিপ্ +অনট্ করণবা। ২। গন্ধদ্রব্যাদির লেপন। অনু—লিপ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুস্নেহ—স্নেহ, অনুরাগ, প্রণয়, প্রীতি, সদ্ভাব। প্রাঃ কবিপ্র। বি।

অনুলোম—১। প্রতিরোমে। লোমে লোমে, অব্যয়ী। ক্রি-বিণ। ২। অনুকূল; মনঃপূত। অনুগত লোমকে, প্রাদিতৎ। বিণ। ৩। অনুক্রম, ব্রাহ্মণাদি বর্ণের যথাক্রম; দেহের নিম্নাভিমুখ। লোমের অনুসারে, অব্যয়ী+অচ্ (সমাসান্ত)। বি; ক্লীব। ৪। সোজা দিকে (বিপরীত দিকে নয়); প্রকৃত প্রণালীক্রমে (বিপরীত প্রণালীক্রমে নহে); ক্রমানুসারে, বার পর বা এই ভাবে। লোমের অনুক্রমে, অব্যয়ী। ক্রি-বিণ।

অনুলোমবিবাহ—উচ্চবর্ণ পুরুষের সহিত নিম্নবর্ণা কন্যার বিবাহ। কর্ম্মধা। বি; পুং।

অনুলোমজ—ক্রমানুসারে উৎপন্ন; যথাক্রমে জাত, উত্তমবর্ণের ঔরসে অধমবর্ণার গর্ভে জাত। অনুলোম—জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

অনুল্লঙ্ঘন—উল্লঙ্ঘন না করা, অনতিক্রম, অনতিবর্ত্তন। ন উল্লঙ্ঘন, নঞ্তৎ। বি; ক্লীব।

অনুল্লঙ্ঘনীয়—উল্লঙ্ঘনের অসাধ্য বা অযোগ্য, অনতিক্রমণীয়, অনতিবর্ত্তনীয়। ন উল্লঙ্ঘনীয়, নঞ্তৎ। বিণ। স্ত্রী,—য়া। বি,—তা।

অনুশয়—অনুতাপ, অনুশোচন; দ্বেষ, পূর্ব্ববৈর; অনুবন্ধ; অনুধাবন; মনোনিবেশ; অনু—শী+অচ্ ভাববা। বি; পুং।

অনুশয়িত—অনুতপ্ত, দুঃখিত। অনুশয়+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

অনুশয়ী (–য়িন্)—অনুতাপকারী; দণ্ডবৎ প্রণাম করিয়া পাদমূলে শয়নকারী। অনুশয়+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—য়িনী।

অনুশায়ী (–য়িন্)—অনুশোচনপর; অনুরক্ত; দ্বেষী। অনু—শী+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

অনুশাসক, –শাসিতা (–তৃ), –শাস্তা (–স্তৃ)—উপদেষ্টা, দণ্ডয়িতা; নিয়ন্তা। অনু—শাস্+ণক, তৃচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—সিকা,—সিত্রী,—শাস্ত্রী।

অনুশাসন—আজ্ঞা; নিয়োগ; উপদেশ; দণ্ডবিধি; শিক্ষাদান; ব্যুৎপাদন। অনু—শাস্ +অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুশিষ্ট—অনুজ্ঞাত; উপদিষ্ট; দণ্ডিত; ব্যুৎপাদিত। অনু—শাস্+ক্ত কর্ম্মবা। বিণ; স্ত্রী,—ষ্টা।

অনুশিষ্য—শিষ্যের শিষ্য, প্রশিষ্য; শিষ্যের অনুগত বা পরবর্ত্তী শিষ্য। অনু (সদৃশ) শিষ্য, প্রাদিতৎ। বি; পুং।

অনুশীলন—পুনঃ পুনঃ আলোচনা, আন্দোলন, অভ্যাস; পরিচয়; অনুকূল সেবা বা ভজন। অনু—শীল্+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ,—লিত।

অনুশীলনী—(জ্যামিতিশাস্ত্রে) এক বা তদধিক নির্দ্ধারিত প্রতিজ্ঞা দ্বারা সম্পাদ্য বা উপপাদ্য অতিরিক্ত প্রতিজ্ঞা (Rider); (অন্য শাস্ত্রে) অধীত বিষয়ের আলোচনার জন্য প্রদত্ত প্রশ্নোত্তরাদি। অনু—শীল্+অনট্ ভাববা, করণবা+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী।

অনুশীলনীয়—অনুশীলনের যোগ্য, আলোচ্য; যাহার অনুশীলন করা আবশ্যক বা উচিত। অনু—শীল্+অনীয় কর্ম্মবা। বিণ; স্ত্রী,—য়া।

অনুশীলিত—যাহার অনুশীলন করা হইয়াছে; অভ্যস্ত; পুনঃ পুনরালোচিত। অনু—শীল্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অনুশোচন—পশ্চাত্তাপ, যাহা গত হইয়াছে তদ্বিষয়ে চিন্তা ও আক্ষেপ, শোক। অনু—শুচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুশোচনা—পশ্চাত্তাপ, অনুতাপ, পরিতাপ, কোন অন্যায় কার্য্য সম্পাদনের পর যে মনঃক্লেশ জন্মে তাহা; শোক। অনু—শুচ্+অনট্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

অনুষক্ত—প্রসক্ত; আসক্ত; সংসক্ত, সংলগ্ন; সংযুক্ত। অনু—সন্জ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ক্তা।

অনুষঙ্গ—প্রসঙ্গ; সম্বন্ধ; আসক্তি; অনুকম্পা; স্নেহ, প্রীতি, প্রণয়। অনু—সন্জ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অনুষঙ্গী (—ঙ্গিন্)—সম্বন্ধযুক্ত। অনুষঙ্গ+ইন্ আছে অর্থে। বিণ; পুং।

অনুষ্টুপ্ (—ভ্)—অষ্টাক্ষরা বৃত্তি, প্রতি পাদে আট অক্ষরযুক্ত ছন্দোবিশেষ [অনুষ্টুপ্ ছন্দে যে আটটী অক্ষর থাকে, তন্মধ্যে সকল চরণেরই পঞ্চম বর্ণ লঘু ও ষষ্ঠ বর্ণ গুরু হইবে এবং দ্বিতীয় ও চতুর্থ চরণের সপ্তম বর্ণ লঘু ও প্রথম এবং তৃতীয় চরণের সপ্তম বর্ণ গুরু হইবে, অন্য বর্ণ সম্বন্ধে কোন নিয়ম নাই]; সরস্বতী। অনু—স্তুভ্+ক্বিপ্ করণবা। বি; স্ত্রী।

অনুষ্ঠাতব্য—আচরণীয়; অনুষ্ঠেয়। অনু—স্থা+তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ব্যা।

অনুষ্ঠাতা (—ষ্ঠাতৃ)—অনুষ্ঠানকর্ত্তা, কর্ম্মারম্ভকারক; সম্পাদক। অনু—স্থা+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

অনুষ্ঠান—১। আরম্ভ; কর্ম্মারম্ভ; সম্পাদন, নির্ব্বাহ; প্রদান। অনু—স্থা+অনট্ ভাববা। ২। অনুষ্ঠিত কর্ম্ম বা ব্যাপার। বি; ক্লীব।

অনুষ্ঠানপত্র—অনুষ্ঠাতব্য বিষয়সমূহের বর্ণনাপূর্ণ পুস্তিকা (Prospectus). অনুষ্ঠান-বিষয়ক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অনুষ্ঠিত—আরব্ধ; সম্পাদিত, নির্ব্বাহিত। অনু—স্থা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অনুষ্ঠেয়—যাহা আরম্ভ করিতে হইবে বা করা উচিত; সম্পাদনীয়, করণীয়, সম্পাদ্য, কর্ত্তব্য। অনু—স্থা+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অনুষ্ণ—অনুত্তপ্ত, যাহা গরম নহে, শীতল; (কর্ম্মনির্ব্বাহের উপযুক্ত তেজঃশূন্য বলিয়া) আগ্রহশূন্য, উদ্যমহীন, অলস, জড়। ন উষ্ণ, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ষ্ণা।

অনুসংহিত—সত্যানুসন্ধান, যাহার অনুসন্ধান করা হইয়াছে এরূপ; অন্বিষ্ট। অনু—সম্—ধা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অনুসন্ধ—উদ্যম, উদ্যোগ। প্রাঃ কবিপ্র। বি। [বিণ।

অনুসন্ধিয়া—সম্বন্ধযুক্ত। প্রাঃ কবিপ্র।

অনুসন্ধান—অন্বেষণ; চিন্তন; কোনও বিষয়ের নির্ণয়ার্থ চেষ্টা বা যত্ন; তল্লাস; খোঁজখবর। অনু—সম্—ধা+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুসন্ধানী (—নিন্)—অনুসন্ধানপটু; কৌতূহলী; অনুসন্ধানের বিষয়ীভূত। অনুসন্ধান+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—নিনী।

অনুসন্ধায়ী (–য়িন্)—অনুসন্ধানকারী, অনুসন্ধানপটু। অনু–সম্–ধা+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–য়িনী।

অনুসন্ধিত—যাহার অনুসন্ধান করা হইয়াছে, অন্বিষ্ট। ("মধুপ অনুসন্ধিত"–গোবিন্দদাস)। প্রাঃ কবিপ্র। বিণ।

অনুসন্ধিৎসা—অনুসন্ধান করিবার ইচ্ছা, অন্বেষণ করিবার বাসনা; কৌতূহল, ঔৎসুক্য। অনু–সম্–সনন্ত ধা+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

অনুসন্ধিৎসু—অনুসন্ধান করিতে ইচ্ছুক বা ব্যগ্র; অন্বেষণেচ্ছু; কৌতূহলী, উৎসুক। অনু–সম্–সনন্ত ধা+উ কর্ত্তৃবা। বিণ।

অনুসন্ধেয়—অনুসন্ধানের যোগ্য; অন্বেষণীয়; চিন্তনীয়; যাহার অনুসন্ধান করিতে হইবে। অনু–সম্–ধা+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,–য়া।

অনুসরণ—পশ্চাদ্গমন; অনুগমন; অনুবর্ত্তন; অনুকরণ, অনুরূপকরণ; আচার। অনু–সৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুসরণীয়—যাহার অনুসরণ করিতে হইবে বা করা উচিত, অনুগমনীয়, অনুগমনসাধ্য, প্রতিপালনীয়। অনু–সৃ+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,–য়া।

অনুসার—অনুগমন, অনুবর্ত্তন; অনুকরণ; আচার। অনু–সৃ+ঘঞ্ ভাববা। বি; পুং।

অনুসারই, অনুসরই—অনুসরণ করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

অনুসারি, –সরি—অনুসরণ করিয়া। প্রাঃ কবিপ্র। অস-ক্রি।

অনুসারী (–রিন্)—অনুসরণকারী; অনুগামী; অনুযায়ী; অনুরূপ। অনু–সৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–রিণী।

অনুসারে—১। অতিক্রম না করিয়া; অনুকরণ করিয়া; অবলম্বন করিয়া। ক্রি-বিণ। ২। বিস্তার করে, বাড়ায়। প্রাঃ কবিপ্র। ক্রি।

অনুসিদ্ধান্ত—উপপাদ্য হইতে সহজে যে সিদ্ধান্তে আসা যায় (Corollary)। প্রাদিতৎ। বি; পুং।

অনুসৃতি—অনুসরণ; অনুগমন। অনু–সৃ+ক্তি ভাববা। বি; স্ত্রী। বিণ,–সৃত।

অনুস্মরণ, –স্মৃতি—পশ্চাৎস্মৃতি, পরে মনে করা, গত বিষয়ের স্মরণ। অনু–স্মৃ+অনট্, ক্তি ভাববা। বি; ক্লীব, স্ত্রী।

অনুস্যূত—উত্তমরূপে সেলাই করা; সংগ্রথিত; ঘনিষ্ঠভাবে সম্বদ্ধ; সংযুক্ত। অনু–সিব্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অনুস্বর, –স্বার—বিন্দুমাত্র বর্ণ, "ং"। অনু–স্বৃ+অন্, ঘঞ্ ভাববা। বি; পুং।

অনুস্রবণ—ছাঁকা; চুয়াইয়া পড়া; গলন (Percolation). অনু–স্রু+অনট্ ভাববা। বি; ক্লীব।

অনুহরণ, –হার—সদৃশীকরণ; অনুকরণ, তুলনা; সদৃশ গমন। অনু–হৃ+অনট্, ঘঞ্ ভাববা। বি; ক্লীব, পুং।

অনূচান—১। শিক্ষা কল্পাদিযুক্ত সাঙ্গ বেদাধ্যয়নকারী। অনু–বচ্ (বলা)+কান কর্ত্তৃবা। বি; পুং। ২। অতিবিদ্বান্, পণ্ডিত, বিনীত। বিণ। স্ত্রী,–না।

অনূঢ়—অবিবাহিত, অপরিণীত, আইবুড়ো। ন ঊঢ় (বিবাহিত), নঞ্‌তৎ। বিণ।

অনূঢ়া—অবিবাহিতা। অনূঢ়+আপ্। বিণ, স্ত্রী।

অনূঢ়ান্ন—অনূঢ়ান্ন, আইবুড়ো ভাত। অনূঢ়ভোজ্য অন্ন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অনূদিত—১। পশ্চাৎ-কথিত; ভাষান্তরিত যাহার অনুবাদ করা হইয়াছে। অনু–বদ+ক্ত কর্ম্মবা। ২। পশ্চাৎ-উদিত, পরে প্রকাশিত। অনু–উৎ–ই+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–তা।

অনূপ—১। সজল (দেশাদি), জলপ্রায় (স্থানাদি)। অনুগত হইয়াছে অপ্ অর্থাৎ জল যাহাতে বা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–পা। ২। সজল ভূমি, জলা, বিল; মহিষ। বি; পুং।

অনূপদেশ—জলপ্রায় দেশ, জলপ্রধান দেশ, জলবহুল দেশ। কর্ম্মধা। বি ; পুং।

অনূরু—১। অরুণ, সূর্য্যসারথি। ন (নাই) উরু যাহার, বহুব্রী [ইঁহার মাতা অকালে ডিম্ব ভঙ্গ করায় ইঁহার অবয়ব সম্পূর্ণ হয় নাই]। বি ; পুং। ২। উরুশূন্য, সক্থিহীন। বিণ।

অনূরুসারথি—সূর্য্য। অনূরু (অরুণ) সারথি যাহার, বহুব্রী। বি ; পুং।

অনূচ—অনুপনীত বালক, যে বালকের উপনয়নসংস্কার হয় নাই ; সুতরাং যে বেদমন্ত্র লাভ করিতে পারে নাই। অনধিগতা ঋক্ (বেদমন্ত্র) যৎকর্ত্তৃক, বহুব্রী। বি ; পুং।

অনৃজু—কুটিল, বক্র, অসরল ; ধূর্ত্ত। ন ঋজু (সরল), নঞ্‌তৎ। বিণ। বি,—তা,—ত্ব।

অনৃণ—১। অনৃণী, ঋণশূন্য, অ-ঋণী। ন (নাই) ঋণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা। বি,—তা,—ত্ব। ২। দেনা না থাকা। নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অনৃণী (—**ণিন্**)—ঋণশূন্য, অ-ঋণী। ন ঋণী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণিনী।

অনৃত—অসত্য, মিথ্যা। ন ঋত (সত্য), নঞ্‌তৎ। বি ; ক্লীব বা বিণ। স্ত্রী,—তা।

অনৃতবাদী (—**বাদিন্**), **অনৃতভাষী** (—**ভাষিন্**)—মিথ্যাবাদী, অসত্যবাদী। উপতৎ। অনৃত শব্দ—বদ, ভাষ্‌+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী,—ষিণী। বি,—দিতা—ত্ব,—ষিতা,—ত্ব।

অনেক—একাধিক, দুই তিন ইত্যাদি, বহু। ন এক, নঞ্‌তৎ। সর্ব্ব, বিণ। স্ত্রী,—কা। বি,—তা,—ত্ব।

অনেকগ্রথিতপত্র—এক বোঁটায় বহু-ফলকযুক্ত পত্র (Compound leaf). বি।

অনেকধা—নানাপ্রকারে, অনেক দিকে, বহুধা। অনেক+ধাচ্ প্রকারার্থে। অবা।

অনেকপ—হস্তী। অনেক—পা+ক কর্ত্তৃবা। বি ; পুং। স্ত্রী,—পা।

অনেকবিধ—বহুবিধ, অনেক রকম। অনেক বিধ, যাহাদের, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

অনেকাংশ—যথেষ্ট পরিমাণ ; বেশীর ভাগ। কর্ম্মধা। বি ; পুং।

অনেনাঃ (—**নস্**)—পাপরহিত, নিষ্পাপ ; নিষ্কলঙ্ক, নির্দ্দোষ, পবিত্র। ন (নাই) এনঃ (পাপ) যাহার, বহুব্রী। বিণ ; পুং বা স্ত্রী।

অনৈক্য—১। ঐক্যশূন্য, একতারহিত। ন (নাই) ঐক্য যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ক্যা। ২। ঐক্যের অভাব, অমিলন ; বহুত্ব। ন ঐক্য, নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অনৈচ্ছিক—যাহা মনের ইচ্ছাশক্তির প্রভাবে চালিত হয় না এরূপ। ন ঐচ্ছিক, নঞ্‌তৎ। বিণ।

অনৈতিক—নীতিবহির্ভূত, নীতিশাস্ত্র-বিরুদ্ধ ; নীতিজ্ঞানশূন্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—কী।

অনৈতিহাসিক—ইতিহাসবিরুদ্ধ ; যাহা ইতিহাসপ্রসিদ্ধ নহে এরূপ ; ইতিহাস-জ্ঞানশূন্য। ন ঐতিহাসিক, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—কী।

অনৈপুণ্য—অকুশলতা, অপটুতা, আনাড়ি-পনা। ন নৈপুণ্য, নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অনৈসর্গিক—অস্বাভাবিক, কৃত্রিম ; লোকা-তীত, অলৌকিক। ন নৈসর্গিক (স্বাভাবিক), নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—কী।

অনোকহ—বৃক্ষ। অনস্‌এর (শকটের) অক (গতি)=অনোক, ৬ষ্ঠীতৎ। অনোক—হন্‌+ড কর্ত্তৃবা। [যে শকটের গতি রোধ করে]। বি ; পুং। [সর্ব্ব।

অনোঅন—অন্যোন্য, পরস্পর। প্রাঃ কবিপ্র।

অনৌচিত্য—ন্যায়বিরুদ্ধতা, অবৈধতা, অযুক্ততা, অকর্ত্তব্যতা। ন ঔচিত্য, নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অনৌদ্ধত্য—নম্রতা ; বিনীতভাব ; ঔদ্ধত্য-হীনতা ; শান্তভাব। ন ঔদ্ধত্য, নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অন্ত—১। নাশ ; শেষাবয়ব ; প্রান্ত ; সীমা, অবধি ; নিশ্চয়। অম্‌+তন্ ভাববা। বি ; পুং। ২। অবসান, শেষ। বি ; পুং বা ক্লীব।

৩। স্বরূপ; স্বভাব। বি; ক্লীব। ৪। (বাঙ্গালা ব্যাকরণে) শতৃ-শানচের অর্থযুক্ত প্রত্যয় ('ফুটন্ত', 'জ্বলন্ত' ইত্যাদি)। বি। ৫। প্রদেশ; পরাকাষ্ঠা। প্রাঃ কবিপ্র। বি।

অন্তঃ, অন্তর্—মধ্য; চিত্ত। অন্ত—রা + ক্বিপ্ কর্তৃবা। অব্য।

অন্তঃকরণ—অন্তরিন্দ্রিয়, মন। অন্তঃস্থিত (মধ্যস্থিত) করণ (ইন্দ্রিয়), মধ্যপ কর্ম্মধা। বি: ক্লীব।

অন্তঃকেন্দ্র—(জ্যামিতিতে) ত্রিভুজের বাহুগুলিকে স্পর্শ করিয়া গঠিত বৃত্তের কেন্দ্র (In-centre). অন্তঃস্থিত কেন্দ্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অন্তঃকোণ—(জ্যামিতিতে) কোন সরলরৈখিক ক্ষেত্রের মধ্যবর্ত্তী কোণ। অন্তঃস্থিত কোণ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অন্তঃক্ষেপ—সূচের মত সূক্ষ্ম নলের সাহায্যে দেহমধ্যে ঔষধাদি প্রবিষ্ট করান (Injection). সুপ্‌সুপা। বি; পুং।

অন্তঃপট—১। ভিতরের কাপড়, কৌপীন। অন্তঃস্থ (মধ্যস্থিত) পট (বস্ত্র), মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। পর্দ্দা। প্রাঃ কবিপ্র। বি।

অন্তঃপাতিত—মধ্যে স্থাপিত, ভিতরে প্রবিষ্ট করান (Inserted). অন্তঃ পাতিত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, —তা।

অন্তঃপাতী (—তিন্)—মধ্যবর্ত্তী, অন্তর্গত। অন্তর্—পত্ + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —তিনী।

অন্তঃপুর—স্ত্রীগৃহ, বাটীর যে অংশে স্ত্রীলোকেরা থাকে, অন্দরমহল। পুরের অন্তঃ একদেশী; অথবা, অন্তঃস্থ (মধ্যবর্ত্তী) পুর, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অন্তঃপুরচর—যে অন্তঃপুরে বিচরণ করে, অবরোধচারী, অন্তঃপুরস্থ। অন্তঃপুর—চর্ + ট কর্তৃবা। বিণ। স্ত্রী, —রী।

অন্তঃপুরচারী (—রিন্)—স্ত্রীগৃহে বিচরণ করিবার অধিকারী। অন্তঃপুরে চরে যে, উপতৎ। অন্তঃপুর—চর্ + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —রিণী।

অন্তঃপুরিকা—অন্তঃপুরচারিণী স্ত্রী; প্রতিহারী। অন্তঃপুর + ইক (ঠন্) + আপ্। বি; স্ত্রী।

অন্তঃপ্রকোষ্ঠাস্থি—কনুইএর নিম্নে কব্জি পর্য্যন্ত যে অস্থিদ্বয় তাহার অন্যতম (Ulna). বি; ক্লীব।

অন্তঃপ্রবেশন—ভিতরে প্রবেশ করান; কোন রচনার মধ্যে অন্য রচনা সংযোজন (Interpolation). সুপ্‌সুপা। বি; ক্লীব।

অন্তঃশত্রু—অন্তরস্থ শত্রু, অর্থাৎ কামক্রোধাদি রিপুগণ; দেশের মধ্যস্থ বৈরী। অন্তঃস্থিত শত্রু, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অন্তঃশুল্ক—মাদক দ্রব্যাদির উপর ধার্য্য কর (Excise). বি; ক্লীব।

অন্তঃশুল্কসমাহর্ত্তা (—হর্তৃ)—যিনি মাদক দ্রব্যাদির কর আহরণ করেন (Collector of Excise). বি; পুং।

অন্তঃশূন্য—খালি; রিক্তমধ্য। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, —ন্যা।

অন্তঃশ্বসন, —শ্বাস—শ্বাসরূপে গৃহীত বায়ু (Inspiration). বি; ক্লীব, পুং।

অন্তঃসংজ্ঞ—আভ্যন্তরীণ জ্ঞানযুক্ত। অন্তঃ (মধ্যে) সংজ্ঞা (জ্ঞান) আছে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —জ্ঞা।

অন্তঃসংজ্ঞা—চৈতন্য। অন্তঃস্থিতা সংজ্ঞা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অন্তঃসত্ত্বা—গর্ভিণী, গর্ভবতী। অন্তর্ (মধ্যে) সত্ত্ব (জন্তু) যাহার, বহুব্রী। বিণ; স্ত্রী।

অন্তঃসলিল—১। অভ্যন্তরস্থ বারি; ভূতলস্থ বা মৃত্তিকার নিম্নস্থ জল। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। ২। ভূতলে বা মৃত্তিকার নিম্নে জলবিশিষ্ট। অন্তঃ (মধ্যে) সলিল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —লা।

অন্তঃসাগরীয়—সমুদ্রের জলের নীচেকার (Submarine). অন্তঃসাগর + ঈয় সম্বন্ধার্থে। বিণ।

অন্তঃসার—১। অন্তর্গত স্থিরাংশ। মধ্যপ কর্মধা। বি; পুং। ২। অন্তর্গত স্থিরাংশ-বিশিষ্ট। অন্তঃ (মধ্যে) সার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

অন্তঃসারশূন্য, —হীন—যাহার ভিতরে কিছুমাত্র সারাংশ নাই, রিক্তগর্ভ; নির্গুণ; অপদার্থ, অকর্মণ্য। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্যা,—না।

অন্তঃস্থ, অন্তস্থ—১। মধ্যস্থিত। অন্তর্-স্থা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা। ২। য, র, ল, ব—এই বর্ণচতুষ্টয় [কেননা ইহারা স্পর্শবর্ণ ও উষ্মবর্ণের মধ্যে অবস্থিত]। বি; পুং।

অন্তক—১। শমন, যম। ণিজন্ত অন্ত (=অন্তি)+ণক কর্তৃবা। বি; পুং। ২। নাশক; নিহন্তা। বিণ। স্ত্রী,—ন্তিকা বা —ন্তকা।

অন্তকাল—শেষ সময়, চরম কাল, মৃত্যুকাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অন্ততঃ (—তস্)—ন্যূনকল্পে; কমপক্ষে। অন্ত+তস্ পঞ্চমীস্থানে। অব্য।

অন্তবান্ (—বৎ)—অন্তবিশিষ্ট, সান্ত, যাহার শেষ আছে; সসীম। অন্ত+মতুপ আছে অর্থে। বিণ। স্ত্রী,—বতী।

অন্তবাসী (—সিন্)—১। অন্তেবাসী, ছাত্র, শিষ্য। অন্ত-বস্+ণিন্ কর্তৃবা। বি; পুং। ২। নিকটে বাসকারী, সমীপে অবস্থিত; প্রান্তবর্তী, শেষস্থিত। উপতৎ। অন্ত-বস্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—সিনী।

অন্তর্—অন্তঃ দ্রঃ।

অন্তর—১। অবকাশ, ফাঁক; অবসর; মধ্য; অবধি; ছিদ্র; রন্ধ্র। অন্ত শব্দ-রা+ক অধিবা। ২। পরিধান-বস্ত্র। অন্ত-রা+ক করণবা। ৩। অন্তর্দ্ধান; ব্যবধান; বহিঃস্থান; তারতম্য; প্রভেদ; আধিক্য; তাদর্থ্য; ব্যতিরেক। অন্ত-রা+ক ভাববা। ৪। আত্মা, মন, অন্তঃকরণ, চিত্ত, হৃদয়। 'অন্তর' শব্দজ। বি; ক্লীব। ৫। আত্মীয়; সদৃশ; ভিন্ন; অন্য। অন্ত-রা+ক কর্তৃবা। বিণ।

অন্তরক—বিদ্যুতাদির পরিচালক লৌহ তাম্র ইত্যাদির উপর যে অপরিচালক পদার্থের আস্তরণ দেওয়া হয় (Insulator). বি।

অন্তরঙ্গ—১। মধ্যস্থিত। অন্তর্-গম্+খচ্ কর্তৃবা। বিণ। ২। আত্মীয়জন, স্বজন, বান্ধব; (ব্যাকরণে) প্রকৃত্যাশ্রিত কার্য্য। অন্তর্ (সদৃশ) অঙ্গ যাহার, বহুব্রী। বি; পুং। স্ত্রী,—ঙ্গা।

অন্তরঙ্গতা—আত্মীয়তা, ঘনিষ্ঠতা, মাখামাখি। অন্তরঙ্গ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অন্তরজ্ঞ—মর্মজ্ঞ, বিশেষজ্ঞ। অন্তর জানে যে, উপতৎ। অন্তর্-জ্ঞা (জানা)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

অন্তরটিপনি, —টিপুনি, —টিপ্‌পনি—ভিতরে ভিতরে টেপা বা চিমটি কাটা; অলক্ষিতভাবে গলা টিপিয়া ধরা; গুপ্তভাবে বাধা-প্রদান, গূঢ় বিদ্রূপবাক্য। দেশজ। বি।

অন্তরণ—বিদ্যুতাদির অপরিচালক পদার্থ দ্বারা পৃথক্‌করণ (Insulation). বি।

অন্তরতম—ঘনিষ্ঠতম; প্রিয়তম। কবিপ্র। ("ওহে 'অন্তরতম', মিটেছে কি তব সকল তিয়াস আসি অন্তরে মম"—রবীন্দ্রনাথ)। বি বা বিণ।

অন্তরতর—প্রিয়তর, ঘনিষ্ঠতর। কবিপ্র। ("অন্তর মম বিকশিত কর 'অন্তরতর' হে!"—রবীন্দ্রনাথ)। বি বা বিণ।

অন্তরধাম—অন্তর্যামী। প্রাঃ কবিপ্র। বিণ।

অন্তরযামী—অন্তর্যামী, যিনি মনোগত ভাব বুঝিতে পারেন। কবিপ্র। বিণ। স্ত্রী, —মিনী।

অন্তররহস্য—গুপ্তরহস্য, ভিতরের কথা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অন্তরস্থ—মধ্যগত, আন্তরিক, মনোগত। উপতৎ। অন্তর্-স্থা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা।

অন্তরা—গানের মধ্যপদ। বাং প্রঃ। বি।

অন্তরাত্মা (–ত্মন্)—অন্তঃকরণ ; আত্মা ; জীবাত্মা। অন্তঃস্থিত আত্মা, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অন্তরাপত্যা—গর্ভবতী, অন্তঃসত্ত্বা। অন্তঃ অপত্য যাহার, বহুব্রী। বিণ ; স্ত্রী।

অন্তরাবরণ—পুষ্পমধ্যস্থ জননাঙ্গের আচ্ছাদক পাপড়ি ইত্যাদি (Corolla). অন্তঃস্থিত আবরণ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অন্তরায়—বাধা, প্রতিবন্ধ, বিঘ্ন। অন্তর্ শব্দ –ই+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

অন্তরায়ণ—রাজাদেশে নির্দ্দিষ্টস্থানে অবরোধ (Internment). বি ; ক্লীব।

অন্তরায়িত—অন্তরীণ, রাজাদেশে নির্দ্দিষ্টস্থানে অবরুদ্ধ (Interned). বিণ। স্ত্রী,–তা।

অন্তরাল—মধ্যবর্ত্তী স্থান, ব্যবধান, আড়াল। অন্তরা—লা+ক কর্ত্তৃবা। বি ; পুং বা ক্লীব।

অন্তরালবর্ত্তী(র্ত্তী) (–**র্ত্তিন্**)—আড়ালে স্থিত। উপতৎ। অন্তরাল (আড়াল)—বৃত্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–র্ত্তিনী।

অন্তরালস্থিত—মধ্যস্থিত, আড়ালে স্থিত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,–তা।

অন্তরিক্ষ—আকাশ, নভোমণ্ডল, গগন, শূন্য। অন্তর্গত হইয়াছে ঋক্ষ (নক্ষত্র) যাহার, বহুব্রী। বি ; ক্লীব।

অন্তরিক্ষবিদ্যা, অন্তরীক্ষবিদ্যা—যে শাস্ত্রে জ্ঞান থাকিলে আকাশের সমস্ত তত্ত্ব জানা যায়। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

অন্তরিত—ব্যবহিত ; অপসৃত ; মৃত ; অন্তর্গত ; বিদ্যুতাদির অপরিচালক পদার্থ দ্বারা পৃথককৃত (Insulated) ; দূরগত ; লুক্কায়িত ; অপসারিত ; অন্তরায়িত, রাজাদেশে অবরুদ্ধ। অন্তর্—ই+ক্ত কর্ত্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অন্তরিন্দ্রিয়—অন্তঃকরণ, চিত্ত, মন। অন্তর্গত ইন্দ্রিয়, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অন্তরীক্ষ—আকাশ, গগন, নভোমণ্ডল ; শূন্য। অন্তর্—ঈক্ষ্ ধাতু+ঘঞ্ কর্ম্মবা। বি ; ক্লীব।

অন্তরীক্ষচর—১। আকাশে ভ্রমণকারী, শূন্যে বিচরণকারী, খেচর। অন্তরীক্ষে চরে যে, উপতৎ। অন্তরীক্ষ—চর্+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–রী। ২। পক্ষী। বি ; পুং।

অন্তরীক্ষমণ্ডল—নভোমণ্ডল, গোলাকার আকাশ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অন্তরীণ—রাজার আদেশে স্থানবিশেষে অবরুদ্ধ ব্যক্তি। ইং 'Interned' শব্দজ। বি বা বিণ।

অন্তরীপ—যে ভূভাগ ক্রমশঃ সূক্ষ্ম হইয়া জলাভিমুখে গমন করিয়াছে তাহার অগ্রভাগ (Cape). অন্তর্গত অপ্ যাহার, বহুব্রী (সমাসান্ত অ-প্রত্যয়, অপ্-স্থানে ঈপ). বি ; পুং।

অন্তরীয়, অন্তরীয়ক—অধোবস্ত্র ; যথা—ধুতি, ইজের ইত্যাদি। অন্তর+ঈয় (ছ) সম্বন্ধার্থে, পক্ষে তদুত্তরে কণ্ স্বার্থে। বি ; ক্লীব।

অন্তর্গত—মধ্যগত ; মধ্যবর্ত্তী ; অন্তর্ভুক্ত। সুপ সুপা। বিণ। স্ত্রী,–তা।

অন্তর্গূঢ়—মনে গুপ্ত, বাহিরে অপ্রকাশিত। সুপ সুপা। বিণ। স্ত্রী,–ঢ়া।

অন্তর্গৃহ, –গেহ—গৃহের মধ্যস্থিত গৃহ, চোরাকুঠরী। অন্তর্বর্ত্তী গৃহ, গেহ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অন্তর্গেহ-ক্রীড়া—ঘরে বসিয়া যে খেলা করা হয় (Indoor game). ৬ষ্ঠীতৎ। বি।

অন্তর্গ্রহ—ক্ষুদ্রতর গ্রহ। বি ; পুং।

অন্তর্জগৎ—অন্তঃস্থিত জগৎ, মনোজগৎ ; মনোগত ভাবসমূহ। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অন্তর্জঠর—উদরের মধ্যভাগ ; কুক্ষিমধ্য ; পাকাশয় ; কোষ্ঠ। অন্তঃ জঠরের, অব্যয়ী। বি ; ক্লীব।

অন্তর্জল—জলমধ্যে ; স্থল-জলে [মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে মুমূর্ষু ব্যক্তির কিয়দংশ জলে ও কিয়দংশ স্থলে রাখা হয়, ইহাকেই সাধারণতঃ অন্তর্জল বলে]। জলের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অন্তর্জলি, অন্তর্জলী—মুমূর্ষু ব্যক্তিকে মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে গঙ্গাজলে নামান। (ঐ সময়ে মুমূর্ষু ব্যক্তির অর্দ্ধাঙ্গ জলমধ্যে নিমজ্জিত করা হয় ও অপরার্দ্ধ স্থলে রক্ষিত হয়)। দেশজ। বি।

অন্তর্জাত—মধ্যে জাত, অভ্যন্তরে উৎপন্ন ; জন্মগত (Inborn) ; হৃদয়জাত, অন্তঃকরণে উৎপন্ন। অন্তঃ জাত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, —তা।

অন্তর্জাতীয়—সর্ব্বজাতীয়, আন্তর্জাতিক। অন্তর্জাতি+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—য়া।

অন্তর্জ্যোতিঃ (—তিস্)—অন্তরাত্মা। অন্ত (মধ্যে) জ্যোতিঃ যাহার, বহুব্রী অথবা, অন্তঃস্থিত জ্যোতিঃ, মধ্যপ কর্ম্মধা। বি, ক্লীব।

অন্তর্দ্দি(র্দ)র্শন—স্বীয় মনের ব্যাপারসমূহের অবধারণ, আত্মপরীক্ষা (Introspection) : আন্তরিক ভাবাদির প্রতি মনোনিবেশ। সুপ্‌সুপা। বি ; ক্লীব।

অন্তর্দ্দ(র্দ)শা—(জ্যোতিষে) কোন গ্রহের দশাভোগকালের মধ্যে বিভিন্ন গ্রহের অধিপত্যকাল। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

অন্তর্দ্দা(র্দা)হ—অগ্নিদাহের ন্যায় মনের বিষম ক্লেশ, মন পুড়িয়া যাওয়া। সুপ্‌সুপা। বি : পুং।

অন্তর্দুষ্ট—ভিতরে ভিতরে দুরন্ত, মনে মনে দুরভিসন্ধিযুক্ত। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—ষ্টা।

অন্তর্দ্দৃ(র্দৃ)ষ্টি—নিজের ভাব বা অবস্থা বুঝিবার ক্ষমতা ; আত্মদর্শন, আত্মজ্ঞান। অন্তর্—দৃশ্‌+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

অন্তর্দ্দে(র্দে)শ—অভ্যন্তরপ্রদেশ ; দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী স্থান (Valley). অন্তঃস্থিত দেশ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অন্তর্দ্ধা(র্ধা)ন—তিরোধান, অদৃশ্য হওয়া ; ব্যবধান। অন্তর্—ধা+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অন্তর্দ্বার—বাটীর মধ্যবর্ত্তী গুপ্তদ্বার ; খিড়কী দরজা। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অন্তর্দ্বিখণ্ডক—(জ্যামিতিতে) যে সরল রেখা কোন কোণকে ভিতর দিক্ হইতে দ্বিখণ্ডিত করে (Internal bisector). বি।

অন্তর্নিবিষ্ট—মধ্যে স্থাপিত ; মধ্যগত ; অন্তর্গত। অন্তঃ নিবিষ্ট, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—ষ্টা।

অন্তর্নিহিত—মধ্যস্থিত ; যাহা কেবল মনোমধ্যে আছে, কিন্তু বাহিরে অপ্রকাশিত। অন্তঃ নিহিত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

অন্তর্ব্ব(র্ব)ত্নী—গর্ভবতী, গর্ভিণী, অন্তঃসত্ত্বা। অন্তর্+মতুপ্‌+স্ত্রীলিঙ্গে ঈপ্। বিণ ; স্ত্রী।

অন্তর্ব্বর্ত্তী(র্বর্তী) (—বর্ত্তিন্)—মধ্যবর্ত্তী, অন্তর্ভূত, অন্তর্গত। উপগত। অন্তর্—বৃত্‌+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিনী। বি, —র্ত্তিতা।

অন্তর্ব্বা(র্বা)ণিজ্য—দেশের মধ্যে ক্রয়-বিক্রয়। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অন্তর্ব্বা(র্বা)স, অন্তর্বাসঃ (—সস্), অন্তর্ব্ব(র্ব)স্ত্র—অন্তঃপরিধেয় বস্ত্র, বৈষ্ণবদিগের দ্বিবিধ পরিধেয়ের মধ্যে ভিতরের পরিধেয়, কৌপীন ; জাঙ্গিয়া প্রভৃতি (Underwear). মধ্যপ কর্ম্মধা। বি : ক্লীব। বিপরীতার্থক শব্দ—বহির্ব্বাস।

অন্তর্ব্বি(র্বি)গ্রহ—গৃহযুদ্ধ, ঘরোয়া বিবাদ, আত্মকলহ, আপনা আপনির মধ্যে ঝগড়া। অন্তঃকৃত বিগ্রহ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অন্তর্ব্বি(র্বি)প্লব—গৃহবিবাদ, আত্মবিরোধ, স্বদেশের মধ্যে স্বদেশীয়দিগের পরস্পর কলহ। মধ্যপ কর্ম্মধ। বি ; পুং।

অন্তর্ব্বি(র্বি)বাহ—স্বীয় কুলে বা গোত্রে বিবাহ (Endogamy). মধ্যপ কর্ম্মধা, বি ; পুং। [ক্লীব।

অন্তর্ব্বী(র্বী)জ—শাঁস। মধ্যপ কর্ম্মধা। বি ;

অন্তর্ব্বে(র্বে)দনা—মনের যাতনা। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

অন্তর্ব্বে(র্বে)দি, অন্তর্ব্বে(র্বে)দী—দুই নদীর মধ্যস্থ দেশ, দোয়াব। বি।

অন্তর্ব্বে(র্বে)দী, (—দিন্)—অন্তর্বেত্তা ;

অন্তরঙ্গ। উপতৎ। অন্তর্-বিদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-দিনী।

অন্তর্ব্বে(র্বে)শ্ম (-শ্মন্)—অন্তঃপুর, স্ত্রীগৃহ। অন্তর্বর্ত্তী বেশ্ম, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অন্তর্ভাব—অন্তর্নিবেশ, মধ্যে পতন; আন্তরিক ভাব। অন্তর্ (মধ্যে) ভাব, সুপ্‌সুপা। বি; পুং।

অন্তর্ভাবনা—হৃদয়মধ্যে ভাবনা, মনে মনে চিন্তা; দুশ্চিন্তা, উৎকণ্ঠা, উদ্বেগ। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অন্তর্ভুক্ত—অন্তর্গত, মধ্যবর্ত্তী। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,-ক্তা।

অন্তর্ভূত—অন্তর্গত, মধ্যবর্ত্তী, মধ্যস্থিত। অন্তর্-ভূ (হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-তা। **অন্তর্ভূত কোণ**—দুইটি বাহুর সংযোগে উৎপন্ন কোণ (Included angle).

অন্তর্ভূমি—নীচের মাটি (Sub-soil). অন্তঃস্থিতা ভূমি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অন্তর্ভেদ—গৃহবিবাদ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং। [বিণ।

অন্তর্ভৌম--ক্ষিতিতলস্থ (Subterranean).

অন্তর্মুখ—যে বাহিরে যায় না কেবল ভিতরের দিকেই যায়; বাহ্য বস্তু পরিত্যাগপূর্ব্বক পরমাত্ম-বিষয়ে নিবিষ্টমনাঃ। অন্তঃ মুখ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-খা,-খী।

অন্তর্য্যা(র্যা)মী, (-র্য্যামিন্)—১। অন্তরাত্মা; জীবের প্রবৃত্তি-নিবৃত্তির নিয়ামক; জগদীশ্বর। অন্তর্-যম্+ণিন্ কর্ত্তৃবা। বি; পুং। ২। আন্তরিক ভাববেত্তা, অন্তরের কথা যিনি জানিতে পারেন। বিণ। স্ত্রী,-মিনী। [সুপ্‌সুপা। বিণ।

অন্তর্লিখিত—ভিতরে অঙ্কিত (Inscribed).

অন্তর্হাস—গূঢ়হাস্য, চাপা হাসি। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অন্তর্হিত—তিরোহিত, যে অন্তর্দ্ধান করিয়াছে; লুক্কায়িত; ব্যবহিত, অদৃষ্ট। অন্তর্-ধা+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-তা।

অন্তশয্যা—মৃত্যুকালীন ভূমিশয্যা; মৃত্যু; শ্মশান। অন্তকালীনা শয্যা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অন্তস্তল—মধ্যবর্ত্তী স্থান, ভিতর; মনঃ। অন্তঃস্থ তল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অন্তস্তাপ—ভিতরের তাপ, মানসিক জ্বালা। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অন্তস্থ—শেষে অবস্থিত। উপতৎ। অন্ত-স্থা+ক কর্ত্তৃবা। বিণ।

অন্তিক—১। সন্নিহিত, নিকটস্থ। বিণ। স্ত্রী,-কা। ২। সামীপ্য, সন্নিধান। অন্ত+ইক (ঠন্) আছে অর্থে, স্বার্থে। বি; ক্লীব।

অন্তিকতম—অতি নিকট। অন্তিক+তম অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,-মা।

অন্তিম—চরম, শেষ; অন্তকালীন; অতি নিকট। অন্ত+ডিম ভবার্থে। বিণ স্ত্রী,-মা।

অন্তিমকাল, -সময়—চরম সময়, মৃত্যুর সন্নিহিত কাল। কর্ম্মধা। বি; পুং।

অন্তিমশয্যা—মৃত্যুশয্যা, যে শয্যায় শয়ান থাকিতে থাকিতেই মৃত্যু হয়। কর্ম্মধা বি; স্ত্রী।

অন্তেবাসী (-সিন্)—১। সমীপবর্ত্তী অলুক্ উপ। অন্তে-বস্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-সিনী। ২। শিষ্য, ছাত্র চণ্ডালাদি নীচ জাতি। বি; পুং।

অন্ত্য—১। অন্তিম, চরম; অবশিষ্ট; নীচ নীচ জাতীয়। অন্ত+যৎ ভবার্থে। বিণ। ২ ম্লেচ্ছ, চণ্ডাল। বি; পুং। ৩। পরার্দ্ধের দশ ভাগ সংখ্যা। বি; ক্লীব।

অন্ত্যকর্ম্ম(র্ম)—ঔর্দ্ধদেহিক কর্ম্ম; দাহ শ্রাদ্ধাদি। অন্ত্য কর্ম্ম, কর্ম্মধা। বি; ক্লীব।

অন্ত্যজ—১। নীচকুলজাত; অধম, নীচাশয় উপতৎ। অন্ত্য শব্দ-জন্+ড কর্ত্তৃবা। বিণ স্ত্রী,-জা। ২। চতুর্থ বর্ণ, শূদ্র। বি; পুং।

অন্ত্যজন্মা (-জন্মন্)—নীচকুলজাত অধম; নীচাশয়, চতুর্থ বর্ণ, শূদ্র। অন্ত্য হইতে জন্ম যাহার, বহুব্রী। বিণ; পুং বা স্ত্রী।

অন্ত্যজাতি—চণ্ডালাদি নিকৃষ্ট জাতি। অন্ত্যা জাতি, কর্ম্মধা। বি ; স্ত্রী।

অন্ত্যবর্ণ—চতুর্থ বর্ণ, শূদ্র ; শেষ অক্ষর। কর্ম্মধা। বি ; পুং।

অন্ত্যানুপ্রাস—অনুপ্রাস অলঙ্কারের প্রকারভেদ, যে অনুপ্রাস পদ্যের চরণের শেষে ঘটিয়া থাকে। অন্ত্য অনুপ্রাস, কর্ম্মধা। বি ; পুং।

অন্ত্যাশ্রম—আশ্রমচতুষ্টয়ের মধ্যে শেষটি, সন্ন্যাস আশ্রম। অন্ত্য আশ্রম, কর্ম্মধা। বি ; পুং।

অন্ত্যেষ্টি—শবদাহাদি চরম সংস্কার, মৃতসংকার ; চরম যজ্ঞ। অন্ত্যা যে ইষ্টি (যাগ বা সংস্কার), কর্ম্মধা। বি ; স্ত্রী।

অন্ত্যেষ্টিক্রিয়া—শেষ যজ্ঞ ; শবদাহাদি ও পিণ্ডদানাদি কার্য্য। কর্ম্মধা। বি ; স্ত্রী।

অন্ত্র—নাড়ীভুঁড়ি, আঁতড়ি। অন্ত্‌+ ষ্ট্রন্‌ করণবা। বি ; ক্লীব। বিণ, আন্ত্রিক।

অন্ত্রবৃদ্ধি—রোগবিশেষ (Hernia). ষষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অন্দর—ভিতর, মধ্য, অভ্যন্তর ; অন্তঃপুর, জানানা। ফার্সী। বি।

অন্দরমহল—ভিতরবাড়ী, অন্তঃপুর ; বাটীর যে অংশে স্ত্রীলোকেরা থাকে তাহা। ফার্সী। বি।

অন্ধ—১। অন্ধকার ; অজ্ঞান। অন্ধ্‌+ঘঞ্‌ করণবা। বি ; ক্লীব। ২। দৃষ্টিহীন, দর্শন শক্তিহীন, হিতাহিতজ্ঞানশূন্য। অন্ধ্‌+অচ্‌ কর্তৃবা। ৩। অন্ধকারক (স্থানাদি)। অন্ধ্‌ +ঘঞ্‌ অধিবা। বিণ। স্ত্রী,—ন্ধা। **অন্ধের নড়ি বা যষ্টি**—অসহায়ের একমাত্র সহায়।

অন্ধকার—১। তিমির, তমঃ, আঁধার। অন্ধ্‌—কৃ+অণ্‌ কর্তৃবা। বি ; পুং বা ক্লীব। ২। অন্ধকারময়। অন্ধকার+অচ্‌ বিশিষ্টার্থে। বিণ। **অন্ধকারে থাকা**—সম্পূর্ণ অজ্ঞ থাকা। **অন্ধকার দেখা**—হঠাৎ বিপৎপাতে অভিভূত হওয়া। **অন্ধকারে ঢিল মারা**—আন্দাজে কাজ করা।

অন্ধকারময়—তিমিরময়, অন্ধকারপূর্ণ, আলোকশূন্য। অন্ধকার+ময়ট্‌। বিণ। স্ত্রী,—য়ী।

অন্ধকারাচ্ছন্ন, —বৃত—তমসাবৃত, তিমিরাচ্ছন্ন, আঁধারে ঢাকা। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্না,—তা।

অন্ধকূপ—আবৃত অন্ধকারময় কূপ, এঁদো পাতকুয়া ; নরকবিশেষ ; এঁধো ঘর, আলো-বাতাসহীন ঘর। কর্ম্মধা। বি ; পুং।

অন্ধগোলাঙ্গুল-ন্যায়—ন্যায় দ্রঃ।

অন্ধতম—অতিশয় অন্ধকারবিশিষ্ট। অন্ধ শব্দ+তম। বিণ। স্ত্রী,—মা।

অন্ধতমস—গাঢ় অন্ধকার ; ঘোর অজ্ঞতা। কর্ম্মধা (সমাসান্ত অ-প্রত্যয়)। বি ; ক্লীব।

অন্ধতমসাচ্ছন্ন, —বৃত—নিবিড় অন্ধকারে ঢাকা, গাঢ় অন্ধকারে সমাচ্ছন্ন, ঘোর অজ্ঞতা-পূর্ণ। অন্ধতমস দ্বারা আচ্ছন্ন, আবৃত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্না,—তা।

অন্ধতা, অন্ধত্ব—দৃষ্টিহীনতা। অন্ধ+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

অন্ধতামিস্র—১। অন্ধকারময় নরকবিশেষ। অন্ধ (গাঢ়) হইয়াছে তামিস্র (অন্ধকার) যাহাতে, বহুব্রী। ২। ঘন অন্ধকার, ঘোর আঁধার। অন্ধকারক তামিস্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অন্ধনী—দৃষ্টিশক্তিহীনা নারী ("আন্ধার-মাণিক বাছা 'অন্ধনী'র নড়ি।"—ঘনরাম)। কবিপ্র। বি ; স্ত্রী।

অন্ধপঙ্গু-ন্যায়—ন্যায় দ্রঃ।

অন্ধ-পরম্পরান্যায়—ন্যায় দ্রঃ।

অন্ধপ্রায়—অন্ধের তুল্য ; বিবেকহীন ; জ্ঞানশূন্য। প্রায় অন্ধ, সুপ্‌সুপা ; বিণ। স্ত্রী,—য়া।

অন্ধবিশ্বাস—গভীর বিশ্বাস ; বিবেচনাশূন্য দৃঢ় বিশ্বাস। কর্ম্মধা। বি ; পুং।

অন্ধহস্তি-ন্যায়—ন্যায় দ্রঃ।

অন্ধা—১। অন্ধ, দৃষ্টিহীন ; আচ্ছন্ন। হিন্দী। বিণ। ২। আঁধার। 'অন্ধ' শব্দজ। বি।

অন্ধায়ল—অন্ধ হইল। প্রাঃ কবিপ্র। ক্রি।

অন্ধিয়ার, অন্ধিয়ারা—অন্ধকার। প্রাঃ কবিপ্র। বি বা বিণ।

অন্ধি-সন্ধি, অন্ধি-সন্ধি—অলিগলি; রন্ধ্র, অবকাশ, ফাঁক; অনুসন্ধান, তত্ত্ব, উদ্দেশ। সন্ধি + (সহায় শব্দ) অন্ধি। বি।

অন্ধীভূত—যে অন্ধ হইয়া পড়িয়াছে, নষ্টদৃষ্টি। অন্ধ + চি অভূততদ্ভাবার্থে (= অন্ধী) – ভূ + ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অন্ধ্র—ব্যাধ; দক্ষিণ ভারতের প্রদেশ ও তাহার অধিবাসী। বি।

অন্ন—ওদন, ভক্ত, ভাত; প্রধান ভোজ্য-বস্তু। অদ্ + ক্ত কর্ম্মবা। বি; ক্লীব।

অন্নকষ্ট—অন্নের নিমিত্ত ক্লেশ, অন্নাভাবে দুঃখ। অন্ন-নিমিত্তক কষ্ট, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অন্নকূট—১। অন্নস্তূপ, অন্নক্ষেত্র; রাশীকৃত খাদ্যদ্রব্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব। ২। উৎসববিশেষ। অন্নের কূট যাহাতে, বহুব্রী। বি; পুং।

অন্নকোষ্ঠ, –কোষ্ঠক—তণ্ডুলাদি রক্ষা করিবার গৃহ; গোলা। ৬ষ্ঠীতৎ; ২য় পক্ষে + কন্ অল্পার্থে। বি; পুং।

অন্নক্ষেত্র—অন্নসত্র, সদাব্রত। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অন্নগত—অন্নের উপর নির্ভরশীল; অন্নসম্বন্ধীয়। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অন্নগতপ্রাণ—১। যে অন্নাভাবে বাঁচে না এরূপ। অন্নগত হইয়াছে প্রাণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা। ২। যে প্রাণ অন্নাভাবে বাঁচে না। কর্ম্মধা। বি; পুং।

অন্নচিন্তা—জীবিকার্জ্জনের জন্য ভাবনা। অন্ননিমিত্তিকা চিন্তা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অন্নছত্র—অন্নদানক্ষেত্র, সদাব্রত। 'অন্নসত্র' শব্দজ। বি।

অন্নজল—ভাত জল, খাদ্যদ্রব্য ও পানীয় জল। দ্বন্দ্ব। বি; ক্লীব।

অন্নদ—অন্নদাতা। উপতৎ। অন্ন শব্দ – দা + ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

অন্নদা—১। অন্নদাত্রী। অন্নদ + আপ্। বিণ; স্ত্রী। ২। অন্নপূর্ণা, বিশ্বেশ্বরী। বি; স্ত্রী।

অন্নদাতা (–দাতৃ)—যিনি অন্ন দান করেন; প্রতিপালক। ৬ষ্ঠীতৎ; বিণ। স্ত্রী,—দাত্রী (= অন্নদানকারিণী)।

অন্নদান—খাদ্যবিতরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অন্নদাস—যে ব্যক্তি অন্নের নিমিত্ত পরের দাসত্ব করে; যে ব্যক্তি অন্যের গলগ্রহ হইয়া নির্লজ্জভাবে তাহার অন্ন ধ্বংস করে; ভাতমারা। অন্নার্থী দাস, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অন্ননলী, –নালী—ভুক্তদ্রব্যের পরিপাক-যন্ত্রে গমনপথ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অন্নপান—ভোজ্য ও পেয় দ্রব্য। দ্বন্দ্ব। বি; ক্লীব।

অন্নপূর্ণ—প্রচুর অন্নযুক্ত, অন্ন দ্বারা পরিপূর্ণ। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—র্ণা।

অন্নপূর্ণা—১। অন্নদ্বারা পরিপূর্ণা। ৩য়াতৎ। বিণ; স্ত্রী। ২। আদ্যাশক্তি ভগবতীর মূর্ত্তি-বিশেষ। বি; স্ত্রী।

অন্নপ্রাশন—বালকের ষষ্ঠ বা অষ্টম মাসে এবং বালিকার পঞ্চম বা সপ্তম মাসে প্রথম অন্নভোজন সংস্কার। অন্নের প্রাশন (ভোজন), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অন্নবর্জ্জ(র্জ্জ)ন—আহার্য্য পরিত্যাগ; খাদ্য-গ্রহণ না করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অন্নবস্ত্র—ভাতকাপড়। দ্বন্দ্ব। বি; ক্লীব।

অন্নবহ,–বাহী—যে বা যাহা অন্ন বহন করে এরূপ। বিণ।

অন্নবহনালী—যে নালী দিয়া ভুক্তদ্রব্য পাকাশয়ে উপস্থিত হয় ও তাহার অসার ভাগ নির্গত হইয়া যায়। কর্ম্মধা। বি; স্ত্রী।

অন্নব্যঞ্জন—ভাত ও তরকারী; প্রধান খাদ্য ও তাহার উপচার। দ্বন্দ্ব। বি; ক্লীব।

অন্নভোক্তা (–ভোক্তৃ)—অন্নভোজী; পঙ্‌ক্তিভোজী, যাহার সহিত এক সঙ্গে বসিয়া ভোজন করা যায়। বিণ। স্ত্রী,—ক্ত্রী।

অন্নভোজী (–ভোজিন্)—অন্নভোক্তা;

পঙ্‌ক্তিভোজী। উপতৎ। অন্ন—ভুজ্‌+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—জিনী।

অন্নময়—অন্ন দ্বারা রচিত; অন্নপূর্ণ; অন্নজ; অন্নগন্ধ, অন্ন দ্বারা রক্ষিত। অন্ন+ময়ট্। বিণ। স্ত্রী,—য়ী।

অন্নময়-কোষ—অন্ন দ্বারা রক্ষিত কোষ; (বেদান্তে) স্থূলশরীর। কর্ম্মধা। বি; পুং।

অন্নরস—পাকাশয়ের মধ্য দিয়া ভুক্তদ্রব্যের গমনকালে তাহা হইতে উদ্ভূত একপ্রকার দুগ্ধবৎ রস (Chyle). অন্নজাত রস, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অন্নসংস্থান—অন্নের বা আহারের যোগাড়; জীবিকানির্ব্বাহের উপযুক্ত অর্থ-সঙ্গতি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অন্নসত্র—অন্নদানার্থ সদাব্রত, অন্নদানশালা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অন্নসমস্যা—জীবিকানির্ব্বাহের সমস্যা; কিরূপে জীবিকার্জ্জন করা যায় এই চিন্তা। অন্নগতা সমস্যা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অন্নহীন—যাহার অন্নসংস্থান নাই, নিরন্ন, নিঃস্ব। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না। বি, —তা,—ত্ব।

অন্নাভাব—খাদ্যের অভাব, অন্ন না থাকা। অন্নের অভাব, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অন্নার্থী (—র্থিন্)—খাদ্যপ্রার্থী, যে অন্ন চায়। অন্ন—অর্থি+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্থিনী।

অন্নাহার—অন্নভোজন, ভাতরুটি খাওয়া। অন্নের আহার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অন্নাহারী (—রিন্)—অন্নভোজনকারী, অন্নভোক্তা। উপতৎ। অন্ন—আ—হৃ+ণিন কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

অন্বয়—বংশ, কুল; আদিপুরুষ; সন্তান; অনুবৃত্তি; সম্বন্ধ; পদের পরস্পর সম্বন্ধ; ধারা, পরস্পর সম্বন্ধ বাক্য বা পদসমূহের যথারীতি বিন্যাস; অর্থ; বিদ্যমানতা। অনু—ই (গমন করা)+অচ্‌, ভাববা। বি; পুং।

অন্বয়-বোধ—বাক্যস্থ পদ ও পদার্থের পরস্পর সম্বন্ধনিরূপণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অন্বয়ব্যতিরেক—অন্বয়=তৎসত্ত্বে তৎসত্তা অর্থাৎ তাহা থাকিলে তাহা থাকা। ব্যতিরেক =তদসত্ত্বে তদসত্তা অর্থাৎ তাহা না থাকিলে তাহা না থাকা। মূল কথা, অনুগুণ হেতু দ্বারা সাধ্যসাধনকে অন্বয়, এবং বিপরীতভাবে সাধ্যসাধনকে অর্থাৎ যদি ইহা না হয়, তবে এই এই দোষ হইতে পারে, এইরূপ যুক্তিপ্রদর্শনপূর্ব্বক সাধ্যসাধনকে ব্যতিরেক বলে। অন্বয় ও ব্যতিরেক, দ্বন্দ্ব। বি; পুং।

অন্বয়ব্যতিরেকী (—কিন্)—সাধ্য-সাধনহেতু। (যেমন বহ্নিসাধনে ধূম)। অন্বয়-ব্যতিরেক+ইন্ অস্ত্যর্থে। বিণ: পুং।

অন্বয়-যোজনা—বাক্যের অন্তর্গত প্রত্যেক পদের (যথা, কর্ত্তা কর্ম্ম ক্রিয়া প্রভৃতির) পরস্পর সম্বন্ধনিরূপণ (Parsing). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অন্বর্থ—প্রকৃত অর্থযুক্ত; যুক্ত, যথার্থ; সঙ্গত, অর্থানুগত। [শব্দটির যে অর্থ, উহার অভিধেয়ও যদি তাহাই হয়, তবে ঐ শব্দটাকে অন্বর্থ বলা যায়; যেমন একজনের নাম দুর্ম্মুখ। সে যদি কঠোর বাক্য বলে, তবে তাহার নাম অন্বর্থ বলা যায়]। অনু (অনুগত) অর্থ যাহার, বহুব্রী; অথবা, অনুগত অর্থকে, নিত্য। বিণ। স্ত্রী,—র্থা।

অন্বর্থনামা (—নামন্)—যাহার নাম সার্থক হইয়াছে; অর্থাৎ নামের যাহা অর্থ সেও সেই প্রকার। বহুব্রী। বিণ। স্ত্রী,—ম্নী।

অন্বিত—মিলিত; সংলগ্ন; যুক্ত, বিশিষ্ট; অন্বয়বিশিষ্ট, সম্বন্ধবিশিষ্ট। অনু—ই (গমন করা)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অন্বিষ্ট—যাহার অন্বেষণ করা হইয়াছে; আকাঙ্ক্ষিত। অনু—ইষ্‌+ক্ত কর্ম্মবা। বিণ।

অন্বেষক—অন্বেষণকারী, অনুসন্ধানকর্ত্তা। অনু—ইষ্‌ (ইচ্ছা করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—কা।

অন্বেষণ—অনুসন্ধান, গবেষণা ; আকাঙ্ক্ষা। অনু—ইষ্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

অন্বেষণীয়—যাহার অনুসন্ধান করা আবশ্যক বা উচিত অথবা করিতে হইবে, অনুসন্ধেয়। অনু—ইষ্ + অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অন্বেষিত—যাহার অন্বেষণ করা হইয়াছে এরূপ, অন্বিষ্ট, গবেষিত। অনু—ণিজন্ত ইষ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অন্বেষ্টব্য—অন্বেষণীয়, যাহা অন্বেষণ করিতে হইবে। অনু—ইষ্ + তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ব্যা।

অন্বেষ্টা (—ষ্টৃ)—অন্বেষক। অনু—ইষ্ + তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ষ্ট্রী।

অন্য—ভিন্ন, অপর ; সদৃশ। অন্ + য কর্ত্তৃবা। সর্ব্ব ; বিণ। স্ত্রী,—ন্যা।

অন্যকৃত—অপরের দ্বারা নিষ্পন্ন। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অন্যগত—অপরসংক্রান্ত ; অন্যাসক্ত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অন্যগতপ্রাণ—যাহার প্রাণ অন্যকে দিয়াছে, অর্থাৎ সে বাঁচিলে বাঁচে, মরিলে মরে এইরূপ। অন্যগত প্রাণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

অন্যগামী (—মিন্)—অপরের নিকট গমনকারী ; অন্য স্ত্রীলোকের সহিত সঙ্গমকারী, ব্যভিচারী। উপতৎ। অন্য—গম্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—মিনী।

অন্যতম—বহুর মধ্যে একজন বা একটি। অন্য + তম। বিণ। স্ত্রী,—মা।

অন্যতর—দুইএর মধ্যে একজন বা একটি। অন্য + তর। বিণ। স্ত্রী,—রা।

অন্যত্র—অন্যস্থানে ; অন্য বিষয়ে। অন্য শব্দ + ত্রল্ সপ্তম্যর্থে। অব্য।

অন্যথা—অন্যপ্রকারে ; বিনা ; নতুবা ; বিপরীত ; বিরুদ্ধ। অন্য + থাচ্ প্রকারার্থে। অব্য।

অন্যথাকরণ—অন্যপ্রকার করণ, আর এক রকম করা ; রহিতকরণ ; বিপরীতকরণ, উল্টান ; অমান্যকরণ ; উল্লঙ্ঘন। অন্যথা করণ, সুপ্সুপা। বি ; ক্লীব।

অন্যথাচরণ, —চার—অন্যরূপ আচরণ, বিরুদ্ধাচরণ। অন্যথা আচরণ, আচার, সুপ্সুপা। বি ; ক্লীব, পুং।

অন্যথাভাব—অন্যপ্রকার হওয়া, যেরূপ হওয়া উচিত বা আবশ্যক তাহার বিপরীত হওয়া। অন্যথা যে ভাব (সত্তা), সুপ্সুপা। বি ; পুং।

অন্যথাসিদ্ধি—অন্যপ্রকারে সিদ্ধি ; যেরূপ সম্ভাবনা করা যায় না তদ্রূপ ফলের উৎপত্তি ; হেতুর দোষ ; হেত্বাভাসবিশেষ। [কার্য্যের অব্যবহিত পূর্ব্ববর্ত্তিতা থাকিতে কার্য্যের উৎপাদক না হওয়াকে অন্যথাসিদ্ধি কহে। ইহা পাঁচ প্রকার]। সুপ্সুপা। বি ; স্ত্রী।

অন্যদীয়—অন্যসম্বন্ধীয়, অন্যের, অপরের। অন্য + ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—য়া।

অন্যপুষ্ট—১। পরভৃত, কোকিল। অন্য কর্ত্তৃক (অর্থাৎ কাকের দ্বারা) পুষ্ট (পালিত), ৩য়াতৎ। বি ; পুং। ২। অন্য কর্ত্তৃক প্রতিপালিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অন্যপূর্ব্বা(র্বা)—যে কন্যা বাগ্দানাদি দ্বারা পূর্ব্বে অন্যদীয়া হইয়াছিল, বাগ্দানাদির পরে মৃতপতিকা বা অস্বীকৃত-ভর্ত্তৃকা ; অর্থাৎ বাগ্দানাদির পরে যদি বরের মৃত্যু হয় বা বর কোনও কারণে বিবাহ করিতে অস্বীকৃত হয়, তবে ঐ কন্যাকে অন্যপূর্ব্বা বলে। অন্য পূর্ব্ব যাহার, বহুব্রী + আপ্। বি বা বিণ ; স্ত্রী।

অন্যবিধ—অন্যপ্রকার। অন্যা বিধা (প্রকার) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

অন্যভৃৎ—কাক। অন্যকে যে ভরণ (পোষণ) করে, উপতৎ। অন্য—ভৃ + ক্বিপ্ কর্ত্তৃবা। বি ; পুং বা স্ত্রী।

অন্যভৃত—১। কোকিল। বি ; পুং। ২। পরপালিত। অন্য কর্ত্তৃক ভৃত অর্থাৎ পুষ্ট বা পালিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অন্যমত—১। যাহার অভিপ্রায় অন্য প্রকার। অন্য মত যাহার, বহুব্রী। বিণ।

স্ত্রী,—তা। ২। ভিন্ন মত। অন্য যে মত, কর্ম্মধা। বি; ক্লীব।

অন্যমনস্ক—অন্যাসক্তচিত্ত, যাহার মন অন্য বিষয়ে নিবিষ্ট। অন্যে মন যাহার, বহুব্রী, (ক আগম)। বিণ। স্ত্রী,—স্কা।

অন্যমনাঃ (—মনস্)—অন্যমনস্ক, যাহার চিত্ত বিষয়ান্তরে নিবিষ্ট। অন্যে মনঃ যাহার, বহুব্রী। বিণ।

অন্যসাপেক্ষ—অপরের উপর নির্ভরকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। [কবিপ্র

অন্যান্তর—অন্যস্থানে, অন্যত্র। অব্য। প্রাঃ

অন্যান্য—অপরাপর; আর আর, ভিন্ন ভিন্ন। বহুবচনার্থে দ্বিত্ব। সর্ব্ব, বিণ।

অন্যায়—১। অবিচার; অনৌচিত্য। নঞ্‌তৎ। বি; পুং। ২। ন্যায়বিরুদ্ধ, অনুচিত, অন্যায্য। ন (নাই) ন্যায় যাহাতে, বহুব্রী। বি। স্ত্রী,—য়া।

অন্যায়তঃ (—তস্), —ত—অন্যায়পূর্ব্বক, অন্যায়রূপে। অন্যায় শব্দ+৩য়ার্থে তস্ প্রত্যয়। অব্য।

অন্যায়াচরণ—ন্যায়বিরুদ্ধ ব্যবহার, অন্যায্য ব্যবহার। কর্ম্মধা। বি; ক্লীব।

অন্যায়াচারী (—চারিন্)—ন্যায়বিরুদ্ধ আচরণকারী, অনুচিত ব্যবহারকারী। উপতৎ। অন্যায়—আ—চর্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

অন্যায্য—ন্যায়বিরুদ্ধ, অনুচিত; অযোগ্য। ন ন্যায্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য্যা। বি, —তা,—ত্ব।

অন্যাসক্ত—অন্যের প্রতি আসক্ত বা অনুরক্ত; অন্যমনস্ক। অন্যে আসক্ত, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অন্যূন—ন্যূন নহে; অনল্প; সমগ্র। ন ন্যূন, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—না।

অন্যোঢ়া—অন্যের বিবাহিতা; অন্যপরিণীতা। অন্য কর্তৃক ঊঢ়া, ৩য়াতৎ। বিণ; স্ত্রী।

অন্যোন্য—১। ইতরেতর, পরস্পর। কর্ম্মব্যতিহারে অন্য শব্দের দ্বিত্ব পূর্ব্বপদের অন্তে সুট্ (স্) আগম হওয়ায়—অন্যস্ বা অন্যঃ, অন্যঃ+অন্য (সন্ধি)। সর্ব্ব, বিণ। ২। অর্থালঙ্কারবিশেষ। বি।

অন্যোন্যবিরোধী (—ধিন্)—পরস্পরবিরোধী, পরস্পর অনিষ্টাকাঙ্ক্ষী। অন্যোন্যের (পরস্পরের) বিরোধী, ৬ষ্ঠীতৎ। [যেমন অহি ও নকুল]। বিণ। স্ত্রী,—ধিনী।

অন্যোন্যভেদ—পরস্পরের ভিন্নতা বা বিরোধ; পরস্পরের বিদ্বেষ বা শত্রুতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অন্যোন্যসাপেক্ষ—পরস্পরের উপর নির্ভরশীল। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ক্ষা।

অন্যোন্যাভাব—পরস্পরের অভাব। অন্যোন্যের (পরস্পরের) অভাব, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অন্যোন্যাশ্রয়—পরস্পরসাপেক্ষতা, পরস্পরের অবলম্বন; পরস্পর জ্ঞানসাপেক্ষ জ্ঞানাশ্রয়, তর্কদোষবিশেষ। [যেখানে ক-এর জ্ঞান ব্যতীত খ-এর জ্ঞান হয় না, এবং খ-এর জ্ঞান ব্যতিরেকে ক-এর জ্ঞান হয় না, তথায় অন্যোন্যাশ্রয়দোষ হয়]। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অপ্—সলিল, জল, বারি। আপ্ (পাওয়া) +ক্বিপ্, কর্ম্মবা, নিপাতনে। বি; স্ত্রী।

অপ—অপকর্ষ; অপগম; বর্জ্জন; অপমান; অনাদর; অপচয়; বিয়োগ; বৈপরীত্য; বিকৃতি; হর্ষ; নির্দ্দেশ; চৌর্য্য। নঞ্ (অ) —পা (পাওয়া)+ক কর্তৃবা। অব্য, উপসর্গ।

অপকর্ত্তা(র্ত্তা) (—কর্ত্তৃ)—দুষ্কর্ম্মকর্ত্তা, মন্দকার্য্যকারী; অহিতকারী, অনিষ্টকারক, অপকারী। অপ—কৃ+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্রী।

অপকর্ম্ম(র্ম্ম) (—কর্ম্মন্)—কুকর্ম্ম, দুষ্কর্ম্ম। অপ (অপকৃষ্ট) যে কর্ম্ম, প্রাদিতৎ। বি; ক্লীব।

অপকর্ম্মা(র্ম্মা) (—কর্ম্মন্)—দুষ্কর্ম্মকারী। অপ (অপকৃষ্ট) কর্ম্ম, যাহার, বহুব্রী। বিণ।

অপকর্ষ—অপকৃষ্টতা, হীনতা, অপকৃষ্টতা;

নিরাকর্ষণ; অপ্রধানতা; বিহিত কালের পূর্ব্বে শ্রাদ্ধাদিকরণ। অপ্—কৃষ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অপকর্ষণ—অপসারণ; অপহরণ; মোচন। অপ—কৃষ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অপকার—ক্ষতি, হানি, অনিষ্ট; দ্বেষ। অপ—কৃ (করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

অপকারক—অপকারী। অপ—কৃ (করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

অপকারী (—রিন্)—অপকারক, অহিতকারী, অনিষ্টকারক, ক্ষতিজনক। অপ—কৃ+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

অপকীর্ত্তি(র্তি)—অযশঃ, অখ্যাতি, দুর্নাম। অপকৃষ্টা কীর্ত্তি, প্রাদি। বি; স্ত্রী।

অপকৃত—১। যাহার অপকার করা হইয়াছে। অপ—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। অপকার। অপ—কৃ+ক্ত ভাববা। বি; ক্লীব।

অপকৃতি—অপকার। অপ—কৃ (করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অপকৃত্য—অপকৃষ্ট কর্ম্ম। অপকৃষ্ট কৃত্য, প্রাদিতৎ। বি; ক্লীব।

অপকৃষ্ট—নিকৃষ্ট, হীন, অধম, জঘন্য; নিরাকৃষ্ট; অপনীত। অপ—কৃষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা। বি,—তা,—ত্ব।

অপকেন্দ্র—কেন্দ্র হইতে অপসরণশীল (Centrifugal). অপগামী কেন্দ্র হইতে, প্রাদিতৎ। বিণ।

অপক্রম—১। ক্রমহীন। ক্রম হইতে অপগত, প্রাদিতৎ। বিণ। ২। প্রস্থান; পলায়ন। অপ—ক্রম্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অপক্রমণ—অপগম, অপসরণ, পলায়ন। অপ—ক্রম্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অপক্রান্ত—পলায়িত, অপসৃত, অপগত। অপ—ক্রম্ (গমন করা)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ন্তা।

অপক্রিয়া—অপকর্ম্ম, কুকর্ম্ম, অপকৃষ্ট কর্ম্ম, মন্দ কাজ। অপকৃষ্টা ক্রিয়া, প্রাদিতৎ। বি; স্ত্রী।

অপক্রোশ—নিন্দা, তিরস্কার। অপ—ক্রুশ (চীৎকার করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

অপক্ক—অপরিণত, পাকা নয়, কাঁচা; অরঞ্জিত, অ-রাঁধা। ন পক্ক, নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ক্কা।

অপক্ষপাত—পক্ষপাতের অভাব, কোনও দিকে বা কাহারও দিকে না টানা, নিরপেক্ষতা, ন্যায়োচিত ব্যবহার বা কার্য্য। ন পক্ষপাত, নঞ্তৎ। বি; পুং।

অপক্ষপাতী (—তিন্)—নিরপেক্ষ, যে কোনও এক পক্ষের সহায়তা করে না, ন্যায়োচিত কার্য্যকারী। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তিনী। বি,—তিতা—তিত্ব।

অপগত—প্রস্থিত; পলায়িত; অপসৃত; রহিত। অপ—গম্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অপগম—অপগমন; নাশ। অপ—গম্+অল্ ভাববা। বি; পুং।

অপগমন—নাশ; প্রস্থান; পলায়ন। অপ—গম্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অপগুণ—১। গুণহীন, নির্গুণ। অপগত গুণ যাহা হইতে, বহুব্রী। বিণ। ২। দোষ। অপকৃষ্ট গুণ, প্রাদিতৎ। বি; পুং।

অপগ্রহ—প্রতিকূল গ্রহ, বিরুদ্ধ গ্রহ। অপকৃষ্ট গ্রহ, প্রাদিতৎ। বি; পুং।

অপঘন—১। মেঘশূন্য, নির্ম্মেঘ। অপ (অপগত) ঘন (মেঘ) যাহা হইতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—না। ২। শরৎকাল। অপগত হয় ঘন যে সময়ে, বহুব্রী। বি; পুং। ৩। অবয়ব, অঙ্গ। অপ—হন্+অপ্ কর্ম্মবা। প্রাঃ কবিপ্র। বি।

অপঘাত—অপকৃষ্ট মরণ, বিনা রোগে কোনরূপ আকস্মিক কারণে মৃত্যু; অপমৃত্যু। অপ—হন্ (নাশ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

অপঘাতক—অপঘাতকারী। অপ—হন্ (নাশ করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—তিকা।

অপঘাতী (—তিন্)—অপঘাতকারী। অপ—হন্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—তিনী।

অপঘাতিয়া, —ঘেতে—'অপঘাতী' শব্দজ।

অপচয়—নাশ, হ্রাস, ক্ষয়, ক্ষতি; অন্যায় ব্যয়। অপ—চি+অচ্ ভাববা। বি; পুং।

অপচরিত—দুর্বৃত্ত, অসদাচরণ। অপ—চর্ +ক্ত ভাববা। বি; ক্লীব।

অপচার—অহিতাচার; স্বধর্ম্মব্যতিক্রম, স্বীয় ধর্ম্মের অন্যথাচরণ; কুপথ্যসেবন; অজীর্ণ-রোগ, অপাক। অপ—চর্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অপচিকীর্ষা—অপকার করিবার ইচ্ছা। অপ—সনন্ত কৃ+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

অপচিকীর্ষু—অপকার করিতে ইচ্ছু; হিংস্র। অপ—সনন্ত কৃ+উ কর্তৃবা। বিণ।

অপচিত—১। ব্যয়িত; ক্ষীণ। অপ—চি (চয়ন করা)+ক্ত কর্ম্মবা। বিণ; ত্রি। স্ত্রী,—তা। ২। পূজিত। অপ—চায়্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অপচিতি—১। অপচয়; ক্ষয়; ব্যয়। অপ—চি+ক্তি ভাববা। ২। পূজা; নিষ্কৃতি। অপ—চায়্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অপচীয়মান—ক্ষীয়মাণ; নাশশীল; যাহা ব্যয়িত হইতেছে এরূপ। অপ—চি+শানচ্ কর্ম-কর্তৃবা, কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

অপচেতা (—চেতৃ)—অপচয়কর্তা; ক্ষয়-কারী; অপব্যয়কারী। অপ—চি+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

অপচেতাঃ (—চেতস্), **—চেতা**—নীচমনাঃ; দুরাত্মা; অনুদার। অপকৃষ্ট চেতঃ যাহার, বহুব্রী। বিণ।

অপচেষ্টা—বৃথা চেষ্টা; ব্যর্থ যত্ন; হীন উদ্দেশ্যমূলক চেষ্টা। প্রাদিতৎ। বি; স্ত্রী।

অপচ্ছায়—১। ছায়াহীন। অপ (অপগত) ছায়া যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। ২। দেবতা; উপদেবতা। বি; পুং।

অপচ্ছায়া—১। ছায়াহীন। (অপচ্ছায় দ্রঃ)। বিণ; স্ত্রী। ২। অপ্রশস্ত ছায়া; আব্ছায়া; ভূতপ্রেতাদির অস্পষ্ট মূর্ত্তি। অপকৃষ্টা ছায়া, প্রাদিতৎ। বি; স্ত্রী।

অপজাত—অপকৃষ্টজাত, অনভিজাত; কুলোচিত গুণাবলীবিহীন; অধমজন্মা। অপ—জন্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অপঞ্জরী (—রিন্)—পঞ্জরহীন, মেরুদণ্ড-হীন ('—প্রাণী')। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—রিণী।

অপটী—বস্ত্রাবরণ, কানাৎ, পর্দ্দা। ন (অল্প) পট (বস্ত্র) অপট, নঞ্তৎ; তদুত্তরে ঈপ্। বি; স্ত্রী।

অপটীক্ষেপ—(নাট্যে) পটক্ষেপ বিনা সসম্ভ্রমে পাত্রের প্রবেশ। নঞ্তৎ। বি; পুং।

অপটু—অনিপুণ, অক্ষম, অশক্ত, অসমর্থ; রোগী, অসুস্থ। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ট্বী বা —টু। বি,—তা,—ত্ব।

অপঠিত—যাহা পাঠ করা হয় নাই, অনধীত। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপণ্ডিত—শাস্ত্রাদি-জ্ঞানবর্জ্জিত, মূর্খ। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপণ্য অবিক্রেয়। ন পণ্য (বিক্রেয়), নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ণ্যা।

অপত্নীক—মৃতপত্নীক; অকৃতদার। ন (নাই) পত্নী যাহার, বহুব্রী (ক আগম)। বিণ।

অপত্য—সন্তান, সন্ততি, পুত্র বা কন্যা। নঞ্ (অ)—পত্ (পতিত হওয়া)+যৎ করণবা (যাহার জন্মহেতু বংশ পতিত অর্থাৎ লুপ্ত হয় না)। বি; ক্লীব।

অপত্যঘাতক, অপত্যঘাতী (—ঘাতিন্)—আত্মসন্তান-নাশক, আপনার পুত্রকন্যা-বধকারী। অপত্যের ঘাতক, ৬ষ্ঠীতৎ; উপতৎ। অপত্য—হন্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—তিকা,—তিনী।

অপত্যনির্ব্বি(র্বি)শেষে—পুত্র কন্যার সহিত প্রভেদ না করিয়া, সন্তানতুল্যরূপে।

বিশেষের (প্রভেদের) অভাব—নির্ব্বিশেষ, অব্যয়ী; অপত্য হইতে নির্ব্বিশেষ আছে যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

অপত্যস্নেহ—সন্তানবাৎসল্য, পুত্রকন্যার প্রতি স্বাভাবিক অনুরাগ বা ভালবাসা। অপত্যে স্নেহ, ৭মীতৎ। বি; পুং।

অপত্যহীন—সন্তানরহিত, নিঃসন্তান, অনপত্য। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

অপত্র—১। অঙ্কুর। বি; পুং। ২। পত্রহীন। ন (নাই) পত্র যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্রা।

অপত্রপ—লজ্জাহীন, নির্লজ্জ। অপ (অপগতা) ত্রপা (লজ্জা) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—পা।

অপত্রী (—পত্রিন্)—পক্ষহীন; মাকড়সা প্রভৃতি (Aptera). নঞ তৎ। বি বা বিণ।

অপথ—১। কুপথ, কুৎসিত পথ। নঞ্ তৎ। ২। পথাভাব। পথের অভাব, অব্যয়ী। বি; ক্লীব। ৩। পথশূন্য। ন (নাই) পথ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—থা।

অপথ্য—কুপথ্য, রোগীর ভোজনের অযোগ্য; যাহা ভোজন বা সেবন করিলে অপকার হয়। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—থ্যা।

অপদ—পদহীন। ন (নাই) পদ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—দা।

অপদস্থ—পদচ্যুত, অপমানিত, অনাদৃত, পরাজিত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—স্থা।

অপদার্থ—১। পদার্থহীন, যাহাতে কোনও পদার্থ নাই; অসার, অযোগ্য, অকর্ম্মণ্য। ন (নাই) পদার্থ যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্থা। ২। কুৎসিত পদার্থ; তুচ্ছ বস্তু। নঞ্ তৎ। বি; পুং।

অপদী (—দিন্)—১। অপদ, পদহীন। বিণ। স্ত্রী,—দিনী। ২। পদহীন প্রাণী, সরীসৃপ। নঞ্ তৎ। বি; পুং।

অপদেবতা—ভূত, প্রেত, পিশাচাদি। অপকৃষ্টা দেবতা, প্রাদিতৎ। বি; স্ত্রী।

অপদেশ—১। নির্দ্দেশ। অপ—দিশ্ + ঘঞ্ ভাববা। ২। ছল; চিহ্ন; নাম; নিমিত্ত। অপ—দিশ্ + ঘঞ্ করণবা। ৩। লক্ষ্য; স্থান। অপ—দিশ্ + ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

অপনয়, অপনয়ন—দূরীকরণ; পরিত্যাগ; অপনোদন, নিবারণ; মোচন, খণ্ডন; প্রমার্জ্জন, মোছা; অপহরণ; অপকার। অপ—নী + অচ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

অপনয়ন—কোন সংখ্যাকে বাদ দেওয়া বা তুলিয়া দেওয়া (Elimination). অপ—নী + অনট্ ভাববা। বি; ক্লীব।

অপনীত—দূরীকৃত; নিবারিত; খণ্ডিত; প্রমার্জ্জিত; অপহৃত; অপচিত। অপ—নী + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অপনেয়—অপসারণীয়; দূরীকরণীয়; অপনোদ্য; খণ্ডনীয়; নিরাকরণীয়; মোচ্য। অপ—নী + যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অপনোদ, অপনোদন—দূরীকরণ, অপসারণ; খণ্ডন, মোচন; অপচয়। অপ—নুদ্ + ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

অপনোদিত—দূরীকৃত, অপসারিত; মোচিত; খণ্ডিত; অপচিত। অপ—নুদ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অপপাঠ—অযথা পাঠ, অন্যায় পাঠ; অশুদ্ধ পাঠ। অপকৃষ্ট পাঠ, প্রাদিতৎ। বি; পুং।

অপপ্রয়োগ—অযথা ব্যবহার, অশুদ্ধ প্রয়োগ, ব্যাকরণ-বিরুদ্ধ প্রয়োগ। অপকৃষ্ট (অর্থাৎ সদোষ) প্রয়োগ, প্রাদিতৎ। বি; পুং।

অপবর্গ—মুক্তি, সংসারবন্ধনমোচন, জীবাত্মা-পরমাত্মার মিলন; দান; ত্যাগ; নিষ্পত্তি; ফলসিদ্ধি; সমাপ্তি; (সংস্কৃত ব্যাকরণে) ক্রিয়াসমাপ্তি ও ফলপ্রাপ্তি। অপ—বৃজ + ঘঞ্ ভাববা। বি; পুং।

অপবর্গদ—মুক্তিদায়ক, মোক্ষপ্রদ। অপবর্গ—দা + ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

অপবর্জ্জ(র্জ)ন—ত্যাগ, দান; ছেদন মুক্তি। অব—বৃজ্ + অনট্ ভাববা। বি; ক্লীব

অপবর্জি(র্জি)ত—ত্যক্ত ; পরিহৃত ; দত্ত ; অপচিত। অপ—বৃজ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অপবর্ত্ত(র্ত)ক—নিরবশেষরূপে ভাজক, শুদ্ধ ভাজক (Measure), যে রাশি দ্বারা অন্য একটী রাশিকে ভাগ করিলে ভাগশেষ থাকে না, তাহাকে ঐ রাশির অপবর্ত্তক কহে। (যথা—৪,১৬-র অপবর্ত্তক)। অপ—বৃত্‌+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিকা।

অপবর্ত্ত(র্ত)ন—১। সংক্ষিপ্ত করণ ; বক্রীকরণ ; তুল্যরূপ অঙ্কদ্বারা ভাজ্য-ভাজকের বিভাজন। অপ—বৃৎ+অনট্‌ ভাববা। ২। পরিবর্ত্তন, বিচালন। অপ—বৃৎ+ণিচ্‌+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

অপবর্ত্তি(র্তি)ত—বিভক্ত ; পরিবর্ত্তিত ; অল্পীকৃত ; বক্রীকৃত। অপ—বৃৎ (বা বৃৎ+ণিচ্‌)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অপবর্ত্ত্য(র্ত্য)—কোন রাশির শুদ্ধ ভাজ্য (Multiple). (যথা—১৬, ৪-এর অপবর্ত্ত্য, কারণ ১৬কে ৪ দিয়া ভাগ করিলে ভাগশেষ থাকে না)। অপ—বৃৎ+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্ত্ত্যা।

অপবাদ—নিন্দা, দোষারোপ, দুর্নাম ; অপহ্নব ; কুৎসিত বাক্য ; (ব্যাকরণে) বিশেষ বিধি ; আজ্ঞা, নিয়ম। অপ—বদ্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

অপবাদক—অপবাদকারী, দুর্নামঘোষক, কুৎসাকারক, নিন্দক। অপ—বদ্‌+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—দিকা।

অপবাদী (—বাদিন্‌)—১। নিন্দক, কুৎসাকারী। অপ—বদ্‌+ণিন্‌ কর্তৃবা। ২। দুর্নামগ্রস্ত। অপবাদ+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী,—দিনী।

অপবারণ—বর্জ্জন ; ব্যবধান ; অন্তর্দ্ধান। অপ—বারি+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

অপবারিত—আচ্ছাদিত ; বর্জ্জিত ; দূরে নিহিত। অপ—বারি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অপবাহিত—তাড়িত, স্থানান্তরপ্রাপিত, অপসারিত। অপ—বাহি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অপবিত্র—অশুদ্ধ, অশুচি, অপূত। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,—ত্রা। বি,—তা।

অপবিদ্ধ—১। পরিত্যক্ত ; প্রক্ষিপ্ত ; প্রত্যাখ্যাত, নিরস্ত ; চূর্ণিত ; প্রেরিত। অপ—ব্যধ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা। ২। পুত্রবিশেষ, মাতাপিতা-কর্ত্তৃক পরিত্যক্ত অপরগৃহীত পুত্র। বি ; পুং।

অপবৃত্ত—বিপর্য্যস্ত, উল্‌টান, ঘুরান, ফিরান ; অনাবৃত ; উদ্ঘাটিত, উন্মোচিত ; বিরহিত। অপ—বৃত্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ত্তা।

অপব্যয়—অপকৃষ্ট ব্যয়, অকারণ অর্থের অপচয় ; বৃথা ব্যয়। অপকৃষ্ট ব্যয়, প্রাদিতৎ। বি ; পুং।

অপব্যয়িত—অসৎকার্য্যে ব্যয়িত, বৃথা নষ্ট। অপকৃষ্টভাবে ব্যয়িত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—তা।

অপব্যয়িতা—অযথা ব্যয়শীলতা ; বৃথা ব্যয় করার স্বভাব। অপব্যয়িন্‌+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

অপব্যয়ী (—য়িন্‌)—অপব্যয়কারী, অযথোচিত ব্যয়শীল, অসদ্ব্যয়ী। অপব্যয় শব্দ+ইন্‌ শীলাদ্যর্থে। বিণ। স্ত্রী,—য়িনী।

অপব্যবহার—অন্যায়রূপে ব্যবহার, অযথা প্রয়োগ, অনুচিতভাবে কার্য্যে নিয়োজন ; দুর্ব্ব্যবহার, দুরাচরণ। অপকৃষ্ট ব্যবহার, প্রাদিতৎ। বি ; পুং।

অপভাষ—অসাধু বাক্য, গর্হিত কথা, নিন্দা। অপ—ভাষ্‌ (বলা)+ঘঞ্‌ কর্ম্মবা। বি ; পুং।

অপভাষা—অপকৃষ্ট ভাষা, অসাধু বাক্য, সংস্কৃতেতর ভাষা, কটু কথা ; ইতর ভাষা, নিম্নশ্রেণীর লোকের ভাষা। অপকৃষ্টা ভাষা, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

অপভ্রংশ—অপভাষা ; ব্যাকরণদুষ্ট পদ, অশুদ্ধ কথা ; শব্দের প্রকৃত আকারের পরিবর্ত্তে ব্যবহৃত তাহার বিকৃত অংশ

করা যায় না, পরিবর্ত্তনের অযোগ্য বা অসাধ্য। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া। বি,—য়তা, —ত্ব।

অপরিবর্ত্তি(র্তি)ত—যাহার কোন পরিবর্ত্তন হয় নাই, যথাযথ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপরিবাহী (–হিন্)—অপরিচালক। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—হিনী।

অপরিবৃত—অপরিবেষ্টিত, অ-ঘেরা; অনাবৃত, অনাচ্ছাদিত, অপ্রচ্ছন্ন। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপরিমিত—পরিমাণাতিরিক্ত, প্রচুর, অত্যন্ত অধিক। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপরিমিতভোজী (–জিন্)—অতিভোজী, পরিমাণাতীত ভোজনকারী; উদরসর্ব্বস্ব, পেটুক। অপরিমিত ভোজন করে যে, উপতৎ। অপরিমিত—ভুজ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জিনী।

অপরিমেয়—যাহার পরিমাণ করা যায় না, পরিমাণাতিরিক্ত, অসীম, অত্যন্ত অধিক। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া। বি,—তা, —ত্ব।

অপরিম্লান—ম্লানিশূন্য, নির্ম্মল। ন পরিম্লান, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—না।

অপরিশীলন—অননুশীলন, চর্চ্চা না করা। নঞ্ তৎ। বি; ক্লীব।

অপরিশীলিত—অননুশীলিত, অচর্চ্চিত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপরিশুদ্ধ—অবিশুদ্ধ, সম্যক্ শুদ্ধ নয়, একেবারে নির্দ্দোষ নয়। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

অপরিশোধনীয়, অপরিশোধ্য—পরিশোধের অযোগ্য, যাহা পরিশোধ করা অসাধ্য। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া,—ধ্যা।

অপরিশোধিত—যাহা শোধ করা হয় নাই এরূপ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপরিষ্কার—১। পরিচ্ছন্নতার অভাব, পরিষ্কৃতিরাহিত্য। ন পরিষ্কার, নঞ্ তৎ। বি; পুং। ২। অপরিষ্কৃত। নঞ্ তৎ। দেশজ প্রঃ। বিণ।

অপরিষ্কৃত—অপরিচ্ছন্ন, সমল, মলিন। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপরিসর—অবিস্তৃত, বিস্তারবিহীন। ন (নাই) পরিসর (বিস্তার) যাহাতে বা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

অপরিসীম—যাহার সীমা নাই, অসীম, অনন্ত, অশেষ। ন (নাই) পরিসীমা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—মা।

অপরিস্ফুট—যাহা পরিস্ফুট নহে, অস্পষ্ট। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—টা।

অপরিহরণীয়—অপরিহার্য্য; অনিবার্য্য, অখণ্ডনীয়। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অপরিহার্য্য(র্য)—যাহা পরিহার করিবার নহে, যাহা এড়াইবার যো নাই, অত্যাজ্য। ন পরিহার্য্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য্যা।

অপরীক্ষিত—অপর্য্যবেক্ষিত, অনালোচিত, যাহার পরীক্ষা বা পরখ করা হয় নাই এরূপ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপরুব—অপরূপ। 'অপূর্ব্ব' শব্দজ। প্রাঃ কবিপ্র। বিণ।

অপরূপ—আশ্চর্য্য, বিস্ময়জনক, অপূর্ব্ব। অপ (অপগত) হইয়াছে রূপ (স্বরূপ) যাহার, বহুব্রী। অথবা, 'অপূর্ব্ব' শব্দজ। বিণ। স্ত্রী,—পা। [বিণ।

অপরোক্ষ—সাক্ষাৎ, প্রত্যক্ষ। নঞ্ তৎ।

অপর্ণ—পত্রহীন, নিষ্পত্র। ন (নাই) পর্ণ (পত্র) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ণা।

অপর্ণা—১। পত্রহীনা। বহুব্রী। (অপর্ণ দ্রঃ)। বিণ; স্ত্রী। ২। উমা, দুর্গা, পার্ব্বতী। ন (ভুক্ত নয়) পর্ণ (বৃক্ষপত্র) যৎকর্ত্তৃক, বহুব্রী। বি; স্ত্রী।

অপর্ব্ব(র্ব)—পর্ব্বহীন, পর্ব্বশূন্য; সন্ধিরহিত। ন (নাই) পর্ব্ব যাহার, বহুব্রী। বিণ।

অপর্য্যা(র্যা)প্ত—১। পর্য্যাপ্তাধিক, অসীম, প্রচুর। ন (নাই) পর্য্যাপ্ত (প্রচুর) যাহা হইতে, বহুব্রী। ২। অপ্রচুর; অসম্পূর্ণ;

অসমর্থ। ন পর্য্যাপ্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –প্তা। বি, –প্তি।

অপলক—পলক-রহিত, যাহা পলক ফেলে না, নিমেষশূন্য, নির্নিমেষ। ন (নাই) পলক যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ।

অপলপন—অযথা ভাষণ, গোপন, অসত্য-ভাষণ। অপ–লপ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অপলপিত—যাহার অপলাপ করা হইয়াছে, অপহ্নুত, অস্বীকৃত। অপ–লপ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

অপলাপ—অপহ্নব, অস্বীকার, মিথ্যা-ভাষণ, গোপন, ভাঁড়ান। অপ–লপ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং। বিণ, –লপিত, –লাপী।

অপলিখন—চাঁচিয়া তুলিয়া ফেলা (Scraping off). অপ–লিখ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অপল্‌কা—ভঙ্গুর, জীর্ণ। দেশজ। বিণ।

অপশঙ্ক—শঙ্কারহিত, নির্ভয়। অপ (অপগতা) শঙ্কা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ঙ্কা।

অপশব্দ—নিকৃষ্ট শব্দ, অসংস্কৃত শব্দ; ব্যাকরণদুষ্ট শব্দ, অপভ্রংশ শব্দ। প্রাদিতৎ। বি; পুং।

অপশোক—শোকশূন্য। অপ (অপগত) হইয়াছে শোক যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –কা।

অপসর, অপসরণ—অপগমন; পলায়ন; স্থানান্তরে গমন, সরিয়া যাওয়া। অপ–সৃ+অপ্‌, অনট্‌ ভাববা। বি; পুং, ক্লীব।

অপসর্জ্জ(র্জ)ন—বিসর্জ্জন, দান, ত্যাগ; মারণ; মুক্তি। অপ–সৃজ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অপসর্প—১। অপসর্পণ, পলায়ন। অপ–সৃপ্‌ (গমন করা)+অচ্‌ ভাববা। ২। গুপ্তচর, গোয়েন্দা; দূত, বার্ত্তাবাহক, হরকরা। অপ–সৃপ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

অপসর্পক—গুপ্তচর, গোয়েন্দা; দূত, বার্ত্তাবাহক, হরকরা। অপ–সৃপ্‌ (গমন করা)+ণক; কর্ত্তৃবা। অথবা, অপসর্প+কণ্‌ স্বার্থে। বি; পুং।

অপসর্পণ—স্থানান্তর গমন, পলায়ন। অপ–সৃপ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অপসার—১। নির্গমপথ। অপ–সৃ+ঘঞ্‌ করণবা। ২। পলায়ন। অপ–সৃ+ঘঞ্‌ ভাববা। ৩। দূরীকরণ। অপ–সৃ+ণিচ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

অপসারণ—দূরীকরণ, নিষ্কাশন, চালন, সরান। অপ–ণিজন্ত সৃ (=সারি)+অনট্‌ ভাববা। বি; ক্লীব। বিণ, –সারিত।

অপসারিত—চালিত; দূরীকৃত, নিষ্কাশিত, তাড়িত; বিবৃত; খোলা; বিস্তারিত। অপ–ণিজন্ত সৃ (=সারি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

অপসারী (–রিন্‌)—দূরে গমনশীল (Divergent). অপ–সৃ+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

অপসিদ্ধান্ত—ভ্রান্তিযুক্ত সিদ্ধান্ত। প্রাদিতৎ। বি; পুং।

অপসৃত—অপগত, অপক্রান্ত, পলায়িত। অপ–সৃ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অপসৃতি—অপসরণ। অপ–সৃ+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অপস্মার—মূর্চ্ছারোগবিশেষ, মৃগীরোগ (Epilepsy). অপ (অপগত) স্মার (স্মরণ-শক্তি) যদ্দ্বারা, বহুব্রী। বি; পুং।

অপহত—বিনষ্ট। অপ–হন্‌ (বধ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

অপহতা—১। বিনষ্টা। অপহত দ্রঃ। অপহত+আপ্‌। বিণ; স্ত্রী। ২। হতভাগ্য, অনাথ, অসহায়। গ্রাম্য। বিণ।

অপহরণ—অন্যায়রূপে গ্রহণ, চুরি, চৌর্য্য; কাড়িয়া লওয়া। অপ–হৃ (হরণ করা)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অপহর্ত্তা(র্তা) (–হর্ত্তৃ)—অপহরণকর্ত্তা, অপহারক, চোর। অপ–হৃ (হরণ করা)+তৃন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –র্ত্রী।

অপহসিত—উপহসিত, উপহাসপ্রাপ্ত। অপ—হস্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অপহার—ক্ষতি, অপচয়; চুরি যাওয়া, অপহরণ; সঙ্গোপন; অপনয়ন। অপ—হৃ (হরণ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

অপহারক—অপহরণকারক, চোর; ক্ষতিকারক। অপ—হৃ (হরণ করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

অপহারিত—যাহা হারাইয়া গিয়াছে; নাশিত। অপ—ণিজন্ত হৃ (=হারি)+ক্ত কর্ম্মবা। বিণ।

অপহারী (—রিন্)—অপহরণকারী, অপহারক। অপ—হৃ+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

অপহাস—বৃথা হাস্য। প্রাদিতৎ। বি; পুং।

অপহৃত—চোরিত; অপচিত। অপ—হৃ (হরণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অপহ্নব—অপহ্নুতি, জানিয়া গোপন করা, ভাঁড়ান; অপলাপ; অস্বীকার; চৌর্য্য; স্নেহ, প্রেম। অপ—হ্নু (গোপন করা)+অপ্ ভাববা। বি; পুং।

অপহ্নুত—অপলাপিত, অস্বীকৃত। অপ—হ্নু (গোপন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অপহ্নুতি—অপহ্নব, জানিয়া গোপন করা, ভাঁড়ান; অপলাপ, অস্বীকার; অর্থালঙ্কারবিশেষ। অপ—হ্নু+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অপাংক্তেয়, অপাঙ্‌ক্তেয়—এক পংক্তিতে বসিবার অযোগ্য; জাতিচ্যুত; একঘরে। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অপাক—১। অজীর্ণরোগ, অপচার; অপকাবস্থা। ন পাক, নঞ্ তৎ। বি; পুং। ২। অজীর্ণ; অপক্ব। ন (হয় নাই) পাক যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

অপাকরণ—অপসারণ; নিরাকরণ; প্রশমন; বিকৃতি, প্রকৃতির অন্যথাভাব; পরিশোধ। অপ—আ—কৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

অপাকীর্ণ—দূরীকৃত, ত্যক্ত। অপ—আ—কৄ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্ণা।

অপাকৃত—নিরাকৃত; প্রশমিত। অপ—আ—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অপাকৃতি—অপাকরণ (সকল অর্থে)। অপ—আ—কৃ+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অপাঙ্গ—চক্ষুর প্রান্তভাগ; কটাক্ষ; তিলক। অপ (অপকৃষ্ট)—অনগ্ (গমন করা)+ঘঞ্ অধিবা। বি; ক্লীব।

অপাঙ্গদর্শন,—দৃষ্টি—কটাক্ষপাত, আড়চোখে চাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।

অপাচ্য—পাকের অযোগ্য, যাহা জীর্ণ হয় না। ন পাচ্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—চ্যা। বি,—তা,—ত্ব।

অপাটব—অপটুতা, অনৈপুণ্য; জড়তা: অক্ষমতা। নঞ্ তৎ। বি; ক্লীব।

অপাঠ্য—দুষ্পাঠ্য, যাহা পড়িতে পারা যায় না: পাঠের অযোগ্য, অশ্লীল। ন পাঠ্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ঠ্যা।

অপাত্র—কুপাত্র, অধম পাত্র; অযোগ্য পাত্র। ন (অপ্রশস্ত) পাত্র, নঞ্ তৎ। বি; ক্লীব।

অপাদান—(ব্যাকরণে) কারকবিশেষ; যাহা হইতে কিছু হয়। অপ—আ—দা+অনট্ অপাবা। বি: ক্লীব।

অপান—গুহ্যদেশস্থ বায়ু; বাতকর্ম্ম। অপ—অন্ (বাঁচা)+অচ্ কর্তৃবা। বি; পুং।

অপাপ—নিষ্পাপ, পাপশূন্য। ন (নাই) পাপ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—পা।

অপাপবিদ্ধ—যে বা যাহা পাপকলুষিত নহে, পাপ যাহাকে স্পর্শ করিতে পারে নাই, নিষ্পাপ, নির্দ্দোষ। পাপ দ্বারা বিদ্ধ, পাপবিদ্ধ, ৩য়াতৎ; ন পাপবিদ্ধ, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

অপাপী (—পিন্)—অপাপ, নিষ্পাপ, নির্দ্দোষ। ন পাপী, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—পিনী।

অপাবরণ—উদ্‌ঘাটন; প্রকাশ। অপ—আ—বৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

অপাবর্ত্ত(র্ত্ত)ন—প্রত্যাবর্ত্তন, ফিরিয়া আসা; ভূমিতে লুণ্ঠন। অপ—আ—বৃত্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অপাবৃত—অনাবৃত, অনাচ্ছাদিত; প্রকাশিত; উদ্ঘাটিত। অপ—আ—বৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অপাবৃত্ত—প্রত্যাবৃত্ত, প্রতিনিবৃত্ত; ভূলুণ্ঠিত। অপ—আ—বৃত্‌+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ত্তা।

অপামার্গ—আপাঙ্‌ গাছ। অপ—আ—মৃজ্‌+ঘঞ্‌ করণবা। বি; পুং।

অপায়—নাশ; অপগম, চলন; প্রতিবন্ধ, বিঘ্ন। অপ—ই+অচ্‌ অথবা অপ—অয়+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

অপায়ী (—য়িন্‌)—নাশশীল; অপগমনশীল। অপায়+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী,—য়িনী।

অপার—অকূল; অসীম; অত্যন্ত অধিক, অপার। ন (নাই) পার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

অপারক—অক্ষম, অসমর্থ, অশক্ত। ন পারক, নঞ্‌তৎ। বিণ।

অপারগ—যে কোন বিষয়ের পার গমন করে নাই, অপারদর্শী; অনিপুণ; অপারক, অক্ষম, অসমর্থ। ন পারগ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—গা।

অপার্থিব—অলৌকিক; স্বর্গীয়। ন পার্থিব, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—বী,—বা। বি,—তা,—ত্ব।

অপার্য্য(র্য)মাণে—না-পারৎ পক্ষে, নেহাৎ না পারিলে। বাং। ক্রি-বিণ।

অপালন—পালনাভাব, পালন বা রক্ষা না করা, অপোষণ, অরক্ষণ। ন পালন, নঞ্‌তৎ। বি; ক্লীব।

অপাশ্রয়—১। আশ্রয়হীন, নিরাশ্রয়। অপগত হইয়াছে আশ্রয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। ২। চন্দ্রাতপ, চাঁদোয়া, সামিয়ানা। অপকৃষ্ট আশ্রয়, প্রাদিতৎ। বি; পুং।

অপাসন—অপসারণ, দূরীকরণ; মারণ; বধ। অপ—অস্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অপাস্ত—নিরস্ত; অপসারিত; দূরীকৃত; অগ্রাহ্য; অপগত; খণ্ডিত। অপ—অস্‌+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—স্তা।

অপাহরণ—অপনোদন; আকর্ষণ। অপ—আ—হৃ+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অপি—সম্ভাবনা; নিন্দা; সমুচ্চয়; অবধারণ; প্রশ্ন; শঙ্কা; অনুজ্ঞা; যুক্তপদার্থ; কামচার; অল্পতা; সন্দেহ; পুনঃ। অব্য; উপসর্গ।

অপিচ—আরও, কিন্তু, অপরন্তু। অব্য।

অপিচ্ছল, অপিচ্ছিল—পিচ্ছলতারহিত, যাহা পিছল নহে বা পিছলায় না। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—লা।

অপিতৃক—পিতৃহীন। ন (নাই) পিতা যাহার, বহুব্রী (ক আগম)। বিণ। স্ত্রী,—কা।

অপিধান—তিরোধান; আচ্ছাদন। অপি—ধা+অনট ভাববা। বি; ক্লীব।

অপিনদ্ধ—অঙ্গে বদ্ধ বা ধৃত, পরিহিত। অপি—নহ্‌ (বন্ধন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

অপিনিহিতি—শব্দমধ্যে পরবর্ত্তী ইকার বা উকারের পূর্ব্বে উচ্চারণ (যথা—'রাখিয়া' স্থানে 'রাইখ্যা')। অপি—নি—ধা+ক্তি ভাববা। বি; স্ত্রী। বিণ,—নিহিত।

অপুচ্ছাঙ্কুর—যাহাদের মুখগহ্বর ও মস্তক বৃহৎ; পুচ্ছ নাই এবং অগ্রপাদ পশ্চাৎ পাদের অপেক্ষা খর্ব্ব ও উল্লম্ফনশীল, (মণ্ডূকাদি প্রাণী)। পুচ্ছের অঙ্কুর=পুচ্ছাঙ্কুর, ৬ষ্ঠীতৎ; ন (নাই) পুচ্ছাঙ্কুর যাহার, বহুব্রী। বি; পুং।

অপুচ্ছী (অপুচ্ছিন্‌)—পুচ্ছহীন, লেজশূন্য, মণ্ডূকাদি প্রাণী। ন পুচ্ছী, নঞ্‌তৎ। বিণ বা বি; পুং। স্ত্রী,—চ্ছিনী।

অপুণ্য—১। পুণ্যরহিত, ধর্ম্মকর্ম্মশূন্য, অধার্ম্মিক। ন (নাই) পুণ্য যাহার, বহুব্রী। ২। অপবিত্র। ন পুণ্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণ্যা। ৩। পুণ্যাভাব, অধর্ম্ম, পাপাচরণ। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অপুত্র, অপুত্র—পুত্রহীন। ন (নাই) পুত্র, পুত্র যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্রা,—ত্রা।

অপুত্রক, অপুত্রক—পুত্রহীন। ন (নাই) পুত্র, পুত্র যাহার, বহুব্রী (ক আগম)। বিণ। স্ত্রী,—ত্রিকা,—ত্রিকা।

অপুত্রী (—ত্রিন্)—পুত্রসন্তান যাহার নাই; অজাতপুত্র, অপুত্রক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ত্রিণী।

অপুনরাবৃত্তি—পুনর্জ্জন্ম না হওয়া, নির্ব্বাণ-মুক্তি, অপুনরাগমন, ফিরিয়া না আসা। ন পুনরাবৃত্তি, নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অপুনর্ভব—১। পুনর্জ্জন্ম না হওয়া, নির্ব্বাণ-মুক্তি; মোক্ষ। নঞ্‌তৎ। বি; পুং। ২। পুনর্জ্জন্মরহিত। ন (নাই) পুনর্ভব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা।

অপুরোদন্তী (—দন্তিন্)—যাহাদের মুখের সম্মুখভাগে দন্ত নাই; (পিপীলিকা-ভোজী, বজ্রকীট প্রভৃতি—Edentate). পুরঃ (সম্মুখে) দন্ত আছে যাহার সে পুরোদন্তী, পুরোদন্ত+ইন্; ন পুরোদন্তী, নঞ্‌তৎ। বিণ বা বি; পুং। স্ত্রী,—ন্তিনী।

অপুষ্ট—অপরিণত, অপরিপক্ব, কৃশ। ন পুষ্ট, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অপুষ্প, অপুষ্পক—পুষ্পহীন, কুসুমরহিত, যাহাদের ফুল হয় না। ন (নাই) পুষ্প যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্পা,—ষ্পিকা।

অপূত—অপবিত্র, অশুচি; সংস্কারবিহীন; ব্রাত্য। ন পূত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপূপ—পিষ্টক, পিঠা, রুটি। ন—পূয়্+প কর্ত্তৃবা। বি; পুং।

অপূর্ণ—অসম্পূর্ণ, অসমাপ্ত; যাহা পূর্ণভাব প্রাপ্ত নহে; অচরিতার্থ; অসফল। ন পূর্ণ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্ণা।

অপূর্ব্ব(র্ব)—যাহা পূর্ব্বে হয় নাই; আশ্চর্য্য; অভূতপূর্ব্ব, অদৃষ্টপূর্ব্ব; অত্যুত্তম। যাহা পূর্ব্বে ন অর্থাৎ হয় নাই, সুপ্‌সুপা সমাস। বিণ। স্ত্রী,—র্ব্বা। বি—তা,—ত্ব।

অপৃষ্ট—অজিজ্ঞাসিত। ন পৃষ্ট, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অপৃষ্ঠবংশী (—বংশিন্)—পৃষ্ঠাস্থিরহিত, মেরুদণ্ড-বিহীন জন্তু। ন পৃষ্ঠবংশী, নঞ্‌তৎ। বিণ বা বি; পুং। স্ত্রী,—শিনী।

অপেক্ষক—অপেক্ষাকারী, প্রতীক্ষাকারী; প্রত্যাশী। অপ—ঈক্ষ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ক্ষিকা।

অপেক্ষণ—পরিদর্শন, তত্ত্বাবধান, রক্ষণা-বেক্ষণ; অপেক্ষা, প্রতীক্ষা। অপ—ঈক্ষ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অপেক্ষণীয়—অপেক্ষার যোগ্য, প্রতীক্ষা করিবার উপযুক্ত; যাহার অপেক্ষা বা প্রতীক্ষা করিতে হইবে; যাহার আশা করা যাইতে পারে; অভিলষণীয়, বাঞ্ছনীয়। অপ—ঈক্ষ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অপেক্ষমাণ—প্রতীক্ষাকারী। অপ—ঈক্ষ+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ণা।

অপেক্ষা—১। প্রতীক্ষা; অনুরোধ; সমাদর্শন; বিবেচনা; সম্বন্ধ; আকাঙ্ক্ষা। অপ—ঈক্ষ্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী। ২। তুলনায়, চাইতে বা চেয়ে। অব্য।

অপেক্ষাকৃত—তুলনাকৃত; সম্যগ্ দর্শন দ্বারা সম্পাদিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অপেক্ষাবাদ—জগতের সকল ব্যাপার স্থান-কালাদির অপেক্ষা করে—এই মতবাদ (Theory of relativity). বি; পুং।

অপেক্ষিত—প্রতীক্ষিত; অনুরুদ্ধ; পর্যবেক্ষিত; সম্বদ্ধ; আকাঙ্ক্ষিত। অপ—ঈক্ষ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অপেক্ষী (—ক্ষিন্)—নির্ভরশীল, অপেক্ষা-কারী। অপ—ঈক্ষ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ক্ষিণী।

অপেত—১। অপগত; নির্গত। অপ—ই+ক্ত কর্ত্তৃবা। ২। ত্যক্ত। অপ—ই+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অপেয়—পানের অযোগ্য, যাহা পান করিতে নাই। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অপেরণ—(জ্যোতিষে) দর্শকের দৃষ্টিতে গ্রহাদির স্থানচ্যুতি (Abberation). অপ–ঈর্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অপেশল—মৃদু নহে, অকোমল; অচতুর; অনিপুণ, অপটু। ন পেশল, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–লা।

অপোগণ্ড—শিশু, নাবালক, অপ্রাপ্তবয়স্ক; বিকলাঙ্গ; ভীরু; বলিযুক্ত। অপ–গম্+ড কর্তৃবা। বিণ। স্ত্রী,–ণ্ডা।

অপোষ্য—পোষণের অযোগ্য। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–ষ্যা।

অপোহ—অপনোদন; তর্ক। অপ–উহ্+ঘঞ্ করণবা বা ভাববা। বি; পুং।

অপোহিত—অপনোদিত; তর্কিত। অপ–উহ্+ক্ত কর্মবা। বিণ। স্ত্রী,–তা।

অপৌরুষ—১। অগৌরব, পুরুষত্বহীনতা, কাপুরুষতা। ন পৌরুষ, নঞ্ তৎ। বি; ক্লীব। ২। পুরুষকার-রহিত, পুরুষত্বহীন। ন (নাই) পৌরুষ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। ৩। অমানবরচিত, অকৃত্রিম। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–ষী।

অপৌরুষেয়—যাহা পুরুষের অর্থাৎ মানুষের কৃত নহে এরূপ; অমানুষিক, অলৌকিক, অমানবরচিত; স্বাভাবিক। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–য়ী। [শব্দজ। বি।

অপ্চ—অপব্যয়, লোকসান, নাশ। 'অপচয়'

অপ্লেয়ে—অলপ্লেয়ে (তাহা দ্রঃ)।

অপ্রকট—অপ্রকাশ, অব্যক্ত, অবিস্পষ্ট, অপ্রত্যক্ষ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–টা।

অপ্রকম্প—কম্পন-রহিত, অকম্পিত, অটল, স্থির, দৃঢ়; অনুত্তর। ন (নাই) প্রকম্প যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–ম্পা।

অপ্রকাশ—১। প্রকাশাভাব, অনুদয়; গোপন। নঞ্ তৎ। বি; পুং। ২। অ-প্রকাশিত, গুপ্ত। বহুব্রী। বিণ। স্ত্রী,–শা।

অপ্রকাশিত—গুপ্ত, অপ্রকাশ। ন প্রকাশিত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–তা।

অপ্রকাশ্য—যাহা প্রকাশযোগ্য নয়, যাহা প্রকাশ করা নিষিদ্ধ বা কর্তব্য নয়, গোপনীয়। ন প্রকাশ্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–শ্যা।

অপ্রকৃত—অযথার্থ, মিথ্যা, কল্পিত। ন প্রকৃত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–তা। **অপ্রকৃত ভগ্নাংশ**—(গণিতে) যে ভগ্নাংশে লব হরের সমান বা হর অপেক্ষা গুরু তাহা (Improper factor).

অপ্রকৃতিস্থ—অস্বাভাবিক-অ ব স্থা প ন্ন; পীড়িত; অসুস্থ, রুগ্ণ; বিকৃত, বিকল। ন প্রকৃতিস্থ, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–স্থা।

অপ্রগল্ভ—অধৃষ্ট; অনুদ্ধত; বিনীত। ন প্রগল্ভ, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–ভা।

অপ্রচলিত—অব্যবহৃত; যাহা জনসমাজে চলে না এরূপ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–তা।

অপ্রচুর—সামান্য, অল্পপরিমাণ, কম। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–রা।

অপ্রজাঃ (–**প্রজস্**), –**প্রজা**—১। প্রজারহিতা; সন্তানহীনা, বন্ধ্যা; পুত্রহীন, নির্বংশ; অধিবাসিহীন। ন (নাই) প্রজা (সন্ততি বা জন) যাহাতে বা যাহার, বহুব্রী (সমাসান্ত অসিচ্ প্রত্যয়) বিণ। ['অপ্রজ' শব্দ অশুদ্ধ]।

অপ্রণয়—অসদ্ভাব, বিরোধ, প্রণয়ভঙ্গ। ন প্রণয়, নঞ্ তৎ। বি; পুং। [ক্লীব।

অপ্রণিধান—অমনোযোগ। নঞ্ তৎ। বি;

অপ্রণিহিত—অমনোযোগী। ন প্রণিহিত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–তা।

অপ্রতর্ক্য—তর্কের অতীত; অতর্কণীয়। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–র্ক্যা।

অপ্রতিকার, অপ্রতীকার—প্রতিকারাভাব, প্রতিবিধানরাহিত্য, অপ্রতিবিধান; কোন অশুভের প্রতিকার না করা; প্রতিফল না দেওয়া। নঞ্ তৎ। বি; পুং।

অপ্রতিকার্য্য(র্য), অপ্রতীকার্য্য(র্য)—প্রতিকারের অসাধ্য, অচিকিৎস্য, অপ্রতিবিধেয়। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–র্য্যা।

অপ্রতিকূল—অনুকূল; অবিরোধী। ন প্রতিকূল, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,–লা।

অপ্রতিগ্রহ, –গ্রহণ—(দানাদি) না লওয়া, অস্বীকার। নঞ্‌ তৎ। বি; পুং।

অপ্রতিদ্বন্দ্বী (–দ্বিন্‌)—১। প্রতিদ্বন্দ্বি-বিহীন; শত্রুরহিত; অদ্বিতীয়; একমাত্র। ন (নাই) প্রতিদ্বন্দ্বী যাহার, বহুব্রী। ২। অবিপক্ষ. অশত্রু। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী, –ন্দ্বিনী।

অপ্রতিপক্ষ—১। অবিপক্ষ, সপক্ষ। নঞ্‌ তৎ। বি বা বিণ; পুং। ২। প্রতিপক্ষ-রহিত, বিপক্ষশূন্য, প্রতিদ্বন্দ্বিহীন। ন (নাই) প্রতিপক্ষ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ক্ষা।

অপ্রতিপত্তি—অপ্রতিষ্ঠা, অগৌরব; অ-স্বীকার; অনিশ্চয়; জড়তা; কর্তব্যজ্ঞান-শূন্যতা। ন প্রতিপত্তি, নঞ্‌ তৎ। বি; স্ত্রী।

অপ্রতিপন্ন—অপ্রতিষ্ঠান্বিত, অপ্রতিষ্ঠ, অসম্মানিত, অগৌরবান্বিত; যুক্ত্যাদিদ্বারা অসমর্থিত, অপ্রমাণিত। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী, –ন্না।

অপ্রতিবদ্ধ—অব্যাহত, প্রতিবন্ধকশূন্য, অপ্রতিহত। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী, –দ্ধা।

অপ্রতিবন্ধ—১। প্রতিবন্ধরহিত, ব্যাঘাত-শূন্য, অবাধ। ন (নাই) প্রতিবন্ধ যাহার বা যাহা হইতে, বহুব্রী। বিণ। স্ত্রী, –ন্ধা। ২। প্রতিবন্ধহীনতা, অব্যাঘাত। নঞ্‌ তৎ। বি; পুং।

অপ্রতিবিধান—প্রতিবিধান না করা, অপ্রতিকার। ন প্রতিবিধান, নঞ্‌ তৎ। বি; ক্লীব।

অপ্রতিবিধেয়—যাহার প্রতিবিধান বা প্রতিকার করা অসাধ্য, অপ্রতিকার্য্য। ন প্রতিবিধেয়, নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী, –য়া।

অপ্রতিবিহিত—যাহার প্রতিবিধান করা হয় নাই, অকৃত-প্রতীকার; যাহার প্রতিফল দেওয়া হয় নাই। ন প্রতিবিহিত, নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী, –তা।

অপ্রতিভ—প্রতিভাশূন্য, হতবুদ্ধি, লজ্জিত, অপ্রস্তুত; দীপ্তিহীন, নিষ্প্রভ। ন (নাই) প্রতিভা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ভা।

অপ্রতিভাত—অপ্রকাশিত; অপ্রতীত, অ-জ্ঞানগোচর। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী, –তা।

অপ্রতিম—তুলনারহিত, অনুপম, নিরুপম, অতুল। ন (নাই) প্রতিমা (তুলনা) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –মা।

অপ্রতিযোগী (–যোগিন্‌)—১। শত্রু-হীন, যাহার প্রতিযোগী নাই, অতুল, অনুপম। ন (নাই) প্রতিযোগী যাহার, বহুব্রী। ২। যে প্রতিযোগী নহে এরূপ। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী, –গিনী।

অপ্রতিরথ—১। প্রতিদ্বন্দ্বিশূন্য, প্রতিযোদ্ধ-হীন, যাহার সমকক্ষ যোদ্ধা আর নাই। ন (নাই) প্রতিরথ (প্রতিযোদ্ধা) যাহার, বহুব্রী। বিণ। ২। অতুলনীয় যোদ্ধা। বি; পুং। ৩। সামবেদ-কথিত মন্ত্রবিশেষ; যুদ্ধার্থ যাত্রা; যুদ্ধার্থ যাত্রাকালীন অনুষ্ঠিত মঙ্গল-কার্য্য। ন (নাই অর্থাৎ থাকে না) প্রতিরথ যাহা দ্বারা, বহুব্রী। বি; ক্লীব।

অপ্রতিরুদ্ধ—যাহার প্রতিরোধ করিতে পারা যায় নাই, অনিবারিত, অবাধিত। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী, –দ্ধা।

অপ্রতিরূপ—যাহার সমকক্ষ নাই; যাহার দ্বিতীয় নাই, অদ্বিতীয়। ন (নাই) প্রতিরূপ (সদৃশ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –পা। বি, –তা, –ত্ব।

অপ্রতিষিদ্ধ—অনিষিদ্ধ, অনিবারিত। ন প্রতিষিদ্ধ, নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী, –দ্ধা।

অপ্রতিষেধ—১। অ-নিষেধ, অ-নিবারণ। নঞ্‌ তৎ। বি; পুং। ২। অনিবারিত, অনিষিদ্ধ। বহুব্রী। বিণ। স্ত্রী, –ধা।

অপ্রতিষেধনীয়—নিষেধের অযোগ্য, অনিবার্য্য। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী, –য়া।

অপ্রতিষ্ঠ—প্রতিষ্ঠাহীন, যশোহীন; অ-নির্ণীত, স্থিতিশূন্য। ন (নাই) প্রতিষ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ষ্ঠা।

অপ্রতিষ্ঠা—প্রতিষ্ঠাভাব, যশোহীনতা, অ-প্রসিদ্ধি; অখ্যাতি, অপযশঃ; অসম্মান অস্থিতি, না থাকা। নঞ্‌ তৎ। বি; স্ত্রী।

অপ্রতিষ্ঠিত—প্রতিষ্ঠাহীন, অপ্রতিষ্ঠ, অপ্রসিদ্ধ; অবিখ্যাত, অসম্মানিত, অগৌরবান্বিত অস্থাপিত, যাহা স্থাপন করা হয় নাই; অস্থিত; অবদ্ধমূল। ন প্রতিষ্ঠিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপ্রতিসম—যাহার উভয় দিক্ সমান নহে (Asymmetric). ন প্রতিসম, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—মা। বি,—সাম্য।

অপ্রতিহত—অব্যাহত, যাহাতে কেহ বিঘ্ন উৎপাদনে সমর্থ হয় নাই। ন প্রতিহত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপ্রতীক—যাহার অবয়ব নাই, নিরবয়ব। বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

অপ্রতীত—যাহার প্রতীতি বা জ্ঞান হয় নাই; অজ্ঞাত; অস্পষ্ট। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপ্রতুল—১। প্রকৃষ্টপরিমাণাভাব; অভাব, অনটন; অনিবৃত্তি; অসঙ্গতি। ন প্রতুল, নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। প্রকৃষ্টপরিমাণরহিত; ন্যূন; সামান্য। ন (নাই) প্রকৃষ্টা তুলা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

অপ্রত্যক্ষ—১। যাহা প্রত্যক্ষ নয়, ইন্দ্রিয়ের অগোচর, অতীন্দ্রিয়; পরোক্ষ। ন প্রত্যক্ষ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্ষা। ২। প্রত্যক্ষজ্ঞানাভাব। ন (নাই) প্রত্যক্ষ যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

অপ্রত্যক্ষবাদ—১। পরোক্ষবাদ, পরোক্ষে নানা কথা বলা। কর্ম্মধা। ২। অতীন্দ্রিয়বাদ, ইন্দ্রিয়াতীত বিষয় স্বীকার করা। অপ্রত্যক্ষবিষয়ক বাদ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অপ্রত্যয়—অবিশ্বাস। ন প্রত্যয়, নঞ্‌তৎ। বি; পুং।

অপ্রত্যয়ী (—য়িন্)—প্রত্যয়রহিত, বিশ্বাসবিহীন, অবিশ্বাসী, সন্দিগ্ধ। ন প্রত্যয়ী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়িনী।

অপ্রত্যাখ্যাত—যাহার প্রত্যাখ্যান করা হয় নাই, স্বীকৃত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপ্রত্যাখ্যেয়—প্রত্যাখ্যানের অযোগ্য, যাহাকে প্রত্যাখ্যান করা যায় না বা করা উচিত নয়। ন প্রত্যাখ্যেয়, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অপ্রত্যাশিত—যাহার প্রত্যাশা করা হয় নাই, অভাবিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপ্রথিত—অপ্রসিদ্ধ, অবিখ্যাত, অপ্রতিষ্ঠ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপ্রদীপ—১। আলোকশূন্য; অন্ধকারময়। ন (নাই) প্রদীপ যাহাতে, বহুব্রী। বিণ। ২। অন্ধকার (Black out). ("অপ্রদীপে হইবে প্রদীপ"—ভারতচন্দ্র)। নঞ্‌তৎ। বি।

অপ্রধান—যাহা প্রধান নয়, অনুৎকৃষ্ট; গৌণ। নঞ্‌তৎ। বিণ।

অপ্রধৃষ্য—অধৃষ্য, যাহাকে পরাভূত করা যায় না, অপরাভবনীয়, অজেয়, দুর্দ্দমনীয়, দুর্জ্জয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্যা।

অপ্রফুল্ল—অপ্রসন্ন, বিষণ্ণ, ম্লান; অপ্রকাশিত, অবিকসিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ল্লা। বি,—তা।

অপ্রবাস—নিজ দেশে বাস; আপন গৃহে অবস্থান; বিদেশে বাস না করা। নঞ্‌তৎ। বি; পুং।

অপ্রবাসী (—বাসিন্)—নিজ দেশে বাসকারী, নিজ গৃহে অবস্থানকারী, অভিন্নদেশবাসী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—সিনী।

অপ্রবীণ—প্রবীণতাশূন্য, অর্ব্বাচীন। ন প্রবীণ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণা।

অপ্রবৃত্ত—কার্য্যে অনিযুক্ত, অব্যাপৃত, নিষ্ক্রিয়, নিশ্চেষ্ট; প্রবৃত্তিহীন, অনিচ্ছুক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ত্তা।

অপ্রবৃত্তি—কার্য্যে অনিয়োগ, নিষ্ক্রিয়তা; অনিচ্ছা, অরুচি, বিতৃষ্ণা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অপ্রবেশ্য—প্রবেশের অযোগ্য; যাহার মধ্যে প্রবেশ করা যায় না এরূপ। নঞ্‌তৎ। বিণ। **অপ্রবেশ্য শিলা**—যে পাথরের মধ্যে জল প্রবেশ করিতে পারে না (Impervious rock).

অপ্রভ—প্রভাহীন, নিষ্প্রভ, অনুজ্জ্বল; অতীক্ষ্ণ,

অপ্রখর; অধম। ন (নাই) প্রভা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ভা।

অপ্রমত্ত—অবহিত, সাবধান, সতর্ক। ন প্রমত্ত (প্রমাদযুক্ত), নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ত্তা। বি,—তা।

অপ্রমা—প্রমার অর্থাৎ নিশ্চয় জ্ঞানের অভাব, অনিশ্চয়জ্ঞান, ভ্রমজ্ঞান। নঞ্ তৎ। বি; স্ত্রী।

অপ্রমাণ—১। প্রমাণশূন্য, অপ্রামাণিক, অগ্রাহ্য, বিশ্বাসের অযোগ্য। ন (নাই) প্রমাণ যাহার, বহুব্রী। বিণ। ২। পরিমাণে অল্প; অপ্রশস্ত; ছোট, খাটো। ('—বস্ত্রাদি')। ন (নাই) প্রমাণ (উপযুক্ত পরিমাণ) যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা। ৩। প্রমাণাভাব। নঞ্ তৎ। বি; ক্লীব।

অপ্রমাদ—১। প্রমাদহীনতা, অবধান। নঞ্ তৎ। বি; পুং। ২। অপ্রমত্ত, অবহিত; প্রমাদশূন্য। ন (নাই) প্রমাদ (অনবধানতা) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—দা।

অপ্রমাদী (—মাদিন্)—প্রমাদরহিত, ভ্রমশূন্য; অপ্রমত্ত, অবহিত, সাবধান, সতর্ক। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—দিনী।

অপ্রমিত—অপরিমিত, অপর্য্যাপ্ত; অগণিত, অসংখ্য। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপ্রমেয়—১। অপরিমেয়, যাহার পরিমাণ করা অসাধ্য; অগণনীয়; অপরিজ্ঞেয়; প্রমাণের অযোগ্য। নঞ্ তৎ। বিণ। ২। ব্রহ্ম। বি; ক্লীব।

অপ্রযুক্ত—অব্যবহৃত; অসঙ্গত; অন্যায়; অযোগ্য। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অপ্রযুক্ততা—ব্যবহারের অভাব; অনুপযুক্ততা, অযোগ্যতা; অসঙ্গতি; (অলঙ্কারশাস্ত্রে) দোষবিশেষ; অপ্রচলিত কোন শব্দের প্রয়োগরূপ দোষ। অপ্রযুক্ত+তা ভাবার্থে। বি; স্ত্রী। [পুং।

অপ্রয়োগ—অব্যবহার। নঞ্ তৎ। বি;

অপ্রয়োজন—প্রয়োজনহীনতা, অনাবশ্যকতা। নঞ্ তৎ। বি; ক্লীব।

অপ্রয়োজনীয়—অনাবশ্যক, নিষ্প্রয়োজনীয়। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া। বি,—তা,—ত্ব।

অপ্রশংসা—প্রশংসাভাব, অসুখ্যাতি; অখ্যাতি; নিন্দা। নঞ্ তৎ। বি; স্ত্রী।

অপ্রশস্ত—১। অপকৃষ্ট, খারাপ, প্রতিকূল, অশুভ; নিন্দিত; অস্বচ্ছন্দ। ন প্রশস্ত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—স্তা। ২। অল্পপ্রস্থ, কম চওড়া, অনতিবিস্তৃত। দেশজ প্রঃ। বিণ।

অপ্রসক্ত—অনভিনিবিষ্ট; অনাসক্ত; প্রসঙ্গরহিত; অসংবদ্ধ; অসংলগ্ন। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অপ্রসন্ন—অসন্তুষ্ট, বিরক্ত; বিষণ্ণ, দুঃখিত, ক্ষুব্ধ; ম্লান। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ন্না। বি,—তা।

অপ্রসিদ্ধ—অবিখ্যাত, নগণ্য; ভিত্তিহীন; অপ্রামাণিক; কাল্পনিক। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

অপ্রসিদ্ধি—প্রসিদ্ধিহীনতা, অপ্রতিপত্তি, অবিখ্যাতি, অপ্রতিষ্ঠা। নঞ্ তৎ। বি; স্ত্রী।

অপ্রস্তুত—অকৃত; অনিষ্পন্ন; অপ্রাসঙ্গিক; অপ্রতিভ, লজ্জিত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা। [স্ত্রী।

অপ্রস্তুতপ্রশংসা—অর্থালঙ্কারবিশেষ। বি;

অপ্রহত—অক্ষুণ্ণ; খিল, অকৃষ্ট; অনাহত; লোকের গমনাগমনবিরহিত; অপদদলিত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অপ্রাকরণিক যাহা প্রস্তাবিত নয়, অপ্রাসঙ্গিক। ন প্রাকরণিক, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—কী।

অপ্রাকৃত—অসাধারণ; অলৌকিক; অস্বাভাবিক, অনৈসর্গিক, কৃত্রিম। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তী।

অপ্রাচীন—অপুরাতন; অর্ব্বাচীন, নবীন। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—না।

অপ্রাচুর্য্য(র্য)—অপর্য্যাপ্তি; অল্পতা। নঞ্ তৎ। বি; ক্লীব। [স্ত্রী,—জ্ঞা।

অপ্রাজ্ঞ—জ্ঞানশূন্য, মূর্খ। নঞ্ তৎ। বিণ।

অপ্রাণী (–ণিন্)—১। প্রাণহীন, জীবনশূন্য ; নির্জীব, অচেতন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ণিনী। ২। প্রাণী ভিন্ন অন্য বস্তু, অচেতন পদার্থ। বি ; পুং।

অপ্রাপ্ত—যাহা পাওয়া যায় নাই, অনধিগত, অলব্ধ ; প্রাপ্ত হয় নাই এরূপ (ব্যক্তি); যে পায় নাই। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –প্তা।

অপ্রাপ্তকাল—১। অনুপযুক্ত সময়, অনবসর ; অকাল। ন প্রাপ্ত, নঞ্‌তৎ ; অপ্রাপ্ত কাল, কর্ম্মধা। বি ; পুং। ২। অনাসন্ন মৃত্যু, যাহার মরণকাল এখনও আসে নাই ; অপ্রাপ্তবয়স্ক, অপ্রাপ্তব্যবহার, নাবালক ; অযথাকালীন, অসাময়িক ; যথাকালের পূর্ব্ববর্ত্তী। প্রাপ্ত হইয়াছে কাল যৎকর্ত্তৃক সে প্রাপ্তকাল, বহুব্রী : ন প্রাপ্তকাল, নঞ্‌তৎ। অথবা, অপ্রাপ্ত কাল যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী, –লা।

অপ্রাপ্তযৌবন—যে এখনও যৌবনপ্রাপ্ত হয় নাই ; অল্পবয়স্ক বালক বা কিশোর। ন প্রাপ্ত যৌবন যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী, –না।

অপ্রাপ্তবয়স্ক—যে দায়াধিকারাদি বিষয়ে উপযুক্ত বয়স প্রাপ্ত হয় নাই, অপ্রাপ্তব্যবহার, নাবালক (Minor). প্রাপ্ত হইয়াছে বয়ঃ যৎকর্ত্তৃক সে প্রাপ্তবয়স্ক, বহুব্রী ; ন প্রাপ্তবয়স্ক, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –স্কা।

অপ্রাপ্তব্যবহার—যে ব্যবহারযোগ্য কাল (বয়স) প্রাপ্ত হয় নাই, দায়াধিকারাদি বিষয়ে উপযুক্ত বয়স যে পায় নাই, নাবালক, অপ্রাপ্তবয়স্ক। অপ্রাপ্ত (অলব্ধ) হইয়াছে ব্যবহার (অর্থাৎ ঋণদানাদি অষ্টাদশ প্রকার ব্যাপার) যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী, –রা।

অপ্রাপ্তি—প্রাপ্তিরাহিত্য, না পাওয়া ; অসদ্ভাব, অভাব, অসম্ভব ; অনুপপত্তি। নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অপ্রাপ্য—যাহা পাওয়া অসাধ্য, সুদুষ্প্রাপ্য, সুদুর্লভ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –প্যা।

অপ্রামাণিক, অপ্রামাণ্য—অপ্রমাণসিদ্ধ, অশ্রদ্ধেয়, হেয়, অগ্রাহ্য, অবিশ্বাসযোগ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –কী, –ণ্যা।

অপ্রাসঙ্গিক—প্রাসঙ্গিকবিষয়াতিরিক্ত, আলোচ্যবিষয়বহির্ভূত ; অবান্তর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –কী।

অপ্রিয়—অপ্রীতিকর ; অশুভ ; অনিষ্ট। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –য়া।

অপ্রিয়কারী (–কারিন্)—অপ্রীতিকর কার্য্যকারক ; অনিষ্টকারী, ক্ষতিকারক ; বৈরী। ন প্রিয়কারী, নঞ্‌তৎ ; অথবা, অপ্রিয় করে যে, উপতৎ। অপ্রিয়–কৃ (করা) + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –রিণী।

অপ্রিয়বাদী (–দিন্)—অপ্রিয়কথনশীল, কর্কশভাষী, রূঢ়ভাষী ; যে মর্ম্মান্তিক কথা কয়। উপতৎ। অপ্রিয়–বদ্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –দিনী।

অপ্রিয়ভাষ—অপ্রীতিকর বাক্য ; পরুষবচন, কটুকথা। অপ্রিয় যে ভাষ, কর্ম্মধা। বি ; পুং।

অপ্রিয়ভাষী (–ষিন্)—যে অপ্রীতিকর কথা বলে, পরুষভাষী, কর্কশবাদী, কটুভাষী। উপতৎ। অপ্রিয়–ভাষ্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –ষিণী।

অপ্রীত—অসন্তুষ্ট, বিরক্ত। ন প্রীত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অপ্রীতি—প্রীতির অভাব ; অপ্রণয়, বিবাদ ; বিরোধ ; অসন্তোষ, বিরক্তি। নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অপ্রীতিকর, –জনক—অসন্তোষজনক, বিরক্তিকর। উপতৎ। অপ্রীতি–কৃ + ট কর্ত্তৃবা ; ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, –রী, –নিকা।

অপ্রীতিপাত্র, –ভাজন—অসন্তোষের পাত্র, যাহার প্রতি অসন্তোষ জন্মিয়াছে। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি ; ক্লীব।

অপ্সরা, অপ্সরাঃ (অপ্সরস্)—স্বর্বেশ্যা, স্বর্গকামিনী ; পরী। অপ্ (জল)–সৃ + অচ্ কর্ত্তৃবা + আপ্, পক্ষে অপ্ (জল)–সৃ + অস্ কর্ত্তৃবা। বি ; স্ত্রী।

অপ্সরী, অপসরী—অপ্সরা। 'অপ্সরা' শব্দজ। বি ; স্ত্রী।

অপ্সরোনিন্দিত—অপ্সরাঃ অপেক্ষাও উৎকৃষ্ট। অপ্সরাঃ নিন্দিতা যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা।

অফল—১। ফলহীন, যাহার ফল হয় না, বন্ধ্য ; নিষ্ফল, বিফল। বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

অফলদর্শী (—দর্শিন্)—অফলাকাঙ্ক্ষী ; অফলোপধায়ক, বিফল, ব্যর্থ। ন ফলদর্শী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্শিনী। বি,—র্শিতা, —র্শিত্ব। [বিণ।

অফলন্ত—ফলশূন্য। ন ফলন্ত, নঞ্‌তৎ।

অফলা—১। ফলরহিতা, নিষ্ফলা। বহুব্রী+ আপ্। বিণ ; স্ত্রী। ২। ভূমি আমলকী, ভুঁই আমলা ; ঘৃতকুমারী। বি ; স্ত্রী।

অফলাকাঙ্ক্ষী (—কাঙ্ক্ষিন্)—ফলপ্রাপ্তির আকাঙ্ক্ষারহিত, যে ফল পাইবার ইচ্ছা রাখে না, কামনাশূন্য, নিষ্কাম। ন ফলাকাঙ্ক্ষী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ঙ্ক্ষিণী।

অফলোপধায়ক—নিষ্ফল, বিফল, ব্যর্থ, মোঘ। ন ফলোপধায়ক, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়িকা। বি,—তা।

অফিস, আপিস—কাছারি, কেরাণীর কাজ করিবার বা বিষয়কর্ম্ম সম্পাদনের স্থান, দপ্তর-খানা, সেরেস্তা। ইংরাজী শব্দ (Office). বি ; পুং।

অফুটন্ত—অপ্রস্ফুটিত ; অর্দ্ধস্ফুটিত, অ-প্রকাশিত। ন ফুটন্ত, নঞ্‌তৎ। বিণ।

অফুরন্ত—ফুরায় না এরূপ, অক্ষয়, অশেষ। ন ফুরন্ত, নঞ্‌তৎ। বিণ।

অফুরান—যাহা ফুরায় না, অফুরন্ত, অশেষ। ন (নাই) ফুরান যাহার, বহুব্রী। বিণ।

অফুল্ল—অপ্রস্ফুটিত, অবিকসিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ল্লা।

অফেন—ফেনশূন্য। ন (নাই) ফেন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

অফেরু—পেয়ারা। প্রাঃ কবিপ্র। বি।

অব—১। ন্যূনতা ; নিম্নতা ; অনাদর ; নিশ্চয় ; পরিভব ; আদেশ ; বিয়োগ ; আলম্বন ; ব্যাপ্তি ; বিশ্রাম ; শুদ্ধি ; হীনতা ; বিজ্ঞান ; পুষ্টি। অব্‌+অচ্‌ কর্ত্তৃবা। অব্য, উপসর্গ। ২। এক্ষণে, এখনই। হিন্দিমূলক। প্রাঃ কবিপ্র। অব্য। ৩। রক্ষা করা। ("অপরাধ ক্ষম মাগো অব গো অব্যয়া"—ভারতচন্দ্র)। প্রাঃ কবিপ্র। ক্রি।

অবইতে—আসিতে। প্রাঃ কবিপ্র। ক্রি।

অবংশ—অপ্রশস্ত বংশ, নীচ কুল। নঞ্‌তৎ। বি ; পুং।

অবকর্ষণ—বলপূর্ব্বক আকর্ষণ ; অধোনয়ন। অব—কৃষ্‌+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অবকলিত—সংকলিত, সমাহৃত ; বদ্ধ ; জ্ঞাত। অব—কল্ (শব্দ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবকাশ—অবসর ; ফাঁক ; কাযা হইতে বিরাম, ছুটী ; দুই ঘটনার মধ্যবর্ত্তী কাল ; স্থান ; অবস্থান। অব—কাশ্‌+ঘঞ্‌ অধিব'। বি ; পুং।

অবকীর্ণ—ইতস্ততঃ বিক্ষিপ্ত ; বিধ্বস্ত ; চূর্ণিত ; খণ্ডিত (ব্রহ্মচর্য্যাদি) ; ধ্বস্ত। অব —কৄ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্ণা।

অবকীর্ণী (—কীর্ণিন্)—ক্ষতব্রত, ব্রত-লঙ্ঘনকারী। অবকীর্ণ শব্দ+ইন্। বিণ।

অবকুঞ্চন—কুঞ্চন, কোঁকড়ান ; নমন, নত-করণ, নোয়ান। অব—কুন্‌চ্‌+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অবকৃষ্ট—অপসারিত ; নিষ্কাশিত ; বহিষ্কৃত, তাড়িত ; আকৃষ্ট ; অধম, হেয়। অব-কৃষ্‌ (কর্ষণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

অবকে—এক্ষণে, এখনই, অতঃপর। হিন্দী-মূলক। প্রাঃ কবিপ্র। অব্য।

অবক্তব্য—যাহা বলা উচিত নয় এরূপ, অকথ্য, অকথনীয় ; অনির্ব্বচনীয়, বাক্যে প্রকাশ করিবার নহে এরূপ। ন বক্তব্য নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ব্যা।

অবক্রুষ্ট—তিরস্কৃত, ভৎর্সিত ; অভিশপ্ত। অব–ক্রুশ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–ষ্টা।

অবক্রোশ—ভৎর্সনা, তিরস্কার ; চীৎকার ; শাপ। অব–ক্রুশ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

অবক্ষিপ্ত—অধঃক্ষিপ্ত, যাহাকে নীচে ফেলা হইয়াছে ; উপহাসের সহিত উক্ত ; যাহাকে নিন্দা করা হইয়াছে এরূপ। অব–ক্ষিপ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–প্তা।

অবক্ষীণ—ক্ষীণ, ক্ষয়প্রাপ্ত, কৃশীভূত। অব–ক্ষি+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,–ণা।

অবক্ষেত্র—অণ্ডাকার ক্ষেত্র (Ellipse) ; বৃত্তাভাস। বি ; ক্লীব।

অবক্ষেপ—১। অধঃক্ষেপণ ; শ্লেষোক্তি ; তিরস্কার ; বিক্ষেপ। অব–ক্ষিপ্+ঘঞ্ ভাববা। ২। তলানি সঞ্চয় (Deposition). অব–ক্ষিপ্+ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং।

অবক্ষেপক—তিরস্কারকারী ; বিক্ষেপকারী ; যে শ্লেষোক্তি করে। অব–ক্ষিপ্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,–পিকা।

অবক্ষেপণ—অধঃক্ষেপণ, নীচে ফেলা ; নিক্ষেপণ, ছড়ান, নিন্দা, অপবাদ ; শ্লেষোক্তি ; তিরস্কার। অব–ক্ষিপ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অবক্ষেপণী—রশ্মি, লাগাম। অব–ক্ষিপ্+অন করণবা+ঈপ্। বি ; স্ত্রী।

অবখণ্ডন—অবচ্ছেদ, ভেদন ; বিনাশ, ধ্বংস। অব–খণ্ড্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অবগণিত—অবমানিত, উপেক্ষিত, অনাদৃত, অবজ্ঞাত, তিরস্কৃত ; পরাজিত। অব–গণ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অবগণ্ড—গণ্ডস্থ ব্রণ, বরণ্ড, বয়স-ফোড়া। অব–গম্+ড কর্তৃবা (নিপা)। বি ; পুং।

অবগত—১। জ্ঞাত, বিদিত ; পরিজ্ঞাত। অব–গম্+ক্ত কর্ম্মবা। ২। প্রস্থিত ; অধোগত ; নিম্নগত ; যে জানিয়াছে এরূপ। অব–গম্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,–তা।

অবগতি—বোধ, জ্ঞান ; প্রস্থান, অপসরণ ; জ্ঞানার্থে অবধান বা মনোনিবেশ ("বচনে কর অবগতি" ইত্যাদি বাক্যে)। অব–গম্+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

অবগম, –গমন—অবগতি, জ্ঞান ; প্রস্থান, অপসরণ ; অধোগমন। অব–গম্+অপ্, অনট্ ভাববা। বি ; পুং, ক্লীব।

অবগর—১। আবর্জ্জনাতুল্য কলুষ, পাপ। ২। এতদ্ব্যতীত, ইহা ভিন্ন। প্রাঃ কবিপ্র। ৩। বিলম্ব ; বিলম্বের হেতু। প্রাদে। বি।

অবগাই—১। বাক্যের বা কার্য্যের বিরাম। প্রাঃ কবিপ্র। বি। ২। অবগাহন করিয়া বা করিতেছে ; ডুবিয়া বা ভোর হইয়া থাকে ; প্রশমন করিয়া, শান্ত করিয়া ; এড়াইয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

অবগাঢ়—নিবিড়, নিশ্ছিদ্র ; ক্ষত ; নিমগ্ন ; নিম্ন ; অন্তঃপ্রবিষ্ট ; পরাভূত ; আলোড়িত ; স্নাত। অব–গাহ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,–ঢ়া।

অবগাঢ়ি—নিমগ্ন ; অভিভূত। প্রাঃ কবিপ্র। বিণ। [বি।

অবগান—স্নান। 'অবগাহন' শব্দজ। কবিপ্র।

অবগাহ—১। অবগাহন (সকল অর্থে) ; অধিগম, অধিকার। অব–গাহ্+ঘঞ্ ভাববা। ২। স্নানের ঘাট। অব–গাহ্+ঘঞ্ অধিবা। বি ; পুং। ৩। মগ্ন। প্রাঃ কবিপ্র। বিণ।

অবগাহক—স্নানকারী। অব–গাহ্+ণক কর্তৃবা। বিণ বা বি। স্ত্রী,–হিকা।

অবগাহন—স্নান, জলে নামিয়া স্নান ; জলমধ্যে গমন ; নিমজ্জন ; অন্তঃপ্রবেশ, (শাস্ত্রাদি) অধিগম। অব–গাহ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অবগাহি—অবগাহন করিয়া ; অন্তঃপ্রবিষ্ট হইয়া, তলাইয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

অবগাহিত—জলমধ্যে নীত ; মজ্জিত ; অন্তঃপ্রবেশিত ; যাহাকে জলে নামাইয়া স্নান করান হইয়াছে এরূপ ; স্নাপিত। অব–ণিজন্ত গাহ্ (–গাহি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অবগাহ্য—অবগাহনযোগ্য (জলাদি); অন্তঃপ্রবেশযোগ্য। অব—গাহ্‌+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—হ্যা।

অবগীত—১। নিন্দিত; গীত; দুষ্ট; মুহুর্দৃষ্ট; বেসুরা-গাওয়া (গান)। অব—গৈ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। অপবাদ; মন্দ গীত, কুৎসিত গান। অব—গৈ+ক্ত ভাববা। বি; ক্লীব। [বি; পুং।

অবগুণ—অগুণ, অপগুণ; দোষ। প্রাদিতৎ।

অবগুণ্ঠন—১। স্ত্রীলোকদিগের মুখাচ্ছাদন বস্ত্র; ঘোমটা। অব—গুন্ঠ্‌ (বেষ্টন করা)+অনট্‌ করণবা। ২। মুখাচ্ছাদন; মুখ ঢাকা দেওয়া। অব—গুন্ঠ্‌ (বেষ্টন করা)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অবগুণ্ঠনবতী—অবগুণ্ঠনবস্ত্রে আবৃতমুখী। অবগুণ্ঠন+মতুপ্‌ আছে অর্থে+ঈপ্‌। বিণ; স্ত্রী।

অবগুণ্ঠিকা—মুখাচ্ছাদন-বস্ত্র, ঘোমটা; আবরণ; যবনিকা। অব—গুন্ঠ্‌+ণক কর্ত্তৃবা+আপ্‌। বি; স্ত্রী।

অবগুণ্ঠিত—কৃতাবগুণ্ঠন, ঘোমটা-দেওয়া; আচ্ছাদিত, আবৃত। অব—গুন্ঠ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবগ্রহ, অবগ্রাহ—অবরোধ; প্রতিবন্ধ; অনাবৃষ্টি; গ্রহণ; স্বীকার; হরণ, অপসারণ; তিরস্কার; শাপ; নিগ্রহ; অনাদর; হস্তি-ললাট; অঙ্কুশ; গজসমূহ; ভ্রমজ্ঞান; অর্দ্ধ-মাত্রা-কাল; বিচ্ছেদ; বিরামকাল। অব—গ্রহ্‌+অপ্‌, ঘঞ্‌ ভাববা। বি; পুং।

অবগ্রহণ—অবজ্ঞা, অনাদর; প্রতিরোধ; অপাকরণ। অব—গ্রহ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অবগ্রাহ্য—অবজ্ঞেয়; দূরীকরণযোগ্য। অব—গ্রহ্‌+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—হ্যা।

অবঘর্ষণ—অধঃস্থাপনপূর্ব্বক ঘর্ষণ, মার্জ্জন, ঘর্ষণ, রগড়ান। অব—ঘৃষ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অবঘাত—সাঙ্ঘাতিক প্রহার; দারুণ আঘাত; তাড়ন; অপহত্যা; অপমৃত্যু; চাউল কাঁড়া। অব—হন্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

অবঘাতন—কোন সংখ্যার যে কোন মূল নির্ণয় (Evolution). বি; ক্লীব।

অবঘাতী (—ঘাতিন্‌)—অবঘাতকারক। অব—হন্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তিনী।

অবঘুষ্ট, —ঘোষিত—প্রতিধ্বনিত, শব্দিত; শব্দ দ্বারা আহূত; ঘোষণাদ্বারা প্রচারিত। অব—ঘুষ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা, —তা।

অবঘূর্ণ, —ঘূর্ণন—ঘূর্ণন, চক্রাকারে ভ্রমণ; আবর্ত্তন, ঘোরা। অব—ঘূর্ণ+অচ্‌, অনট্‌ ভাববা। বি; পুং, ক্লীব।

অবঘূর্ণিত—চক্রাকারে ঘূর্ণিত। অব—ঘূর্ণ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অবঘোষণা—প্রচার (Announcement). অব—ঘুষ্‌+অন ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

অবচনীয়—অকথ্য, অশ্লীল; অবক্তব্য; অনিন্দনীয়। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অবচয়—চয়ন, ফলাদি ছেদন; অপচয়; কোন বস্তুর মূল্য কমিয়া যাওয়া বা কম করিয়া ধরা (Depreciation). অব—চি+অচ্‌ ভাববা। বি; পুং। [কবিপ্র। ক্রি

অবচয়ি—(পুষ্পাদি) চয়ন করিয়া, তুলিয়া।

অবচায়ী (—চায়িন্‌)—চয়নকারী। অব—চি+ণিন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

অবচিত—যাহা চয়ন করা হইয়াছে, চিত সঞ্চিত; আহৃত; অপব্যয়িত; যাহার মূল্য কমিয়া গিয়াছে বা কম করিয়া ধরা হইয়াছে। অব—চি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবচূড়—মাল্য; চামর; ধ্বজার অগ্রভাগে বদ্ধ অধোলম্বিত বস্ত্র। অবনতা চূড়া যাহার বহুব্রী। বি; পুং।

অবচূর্ণন—চূর্ণন, পেষণ; গুঁড়া করা। অব—চূর্ণ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অবচূর্ণিত—চূর্ণীকৃত, পিষ্ট; ক্ষিপ্ত। অব—চূর্ণ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবচ্ছায়া—আব্‌ছায়া, অস্পষ্ট ছায়ামূর্তি; জলে প্রতিবিম্বিত ছায়া। অব (অবকৃষ্টা) ছায়া, প্রাদিতৎ। বি; স্ত্রী।

অবচ্ছিন্ন—বিশিষ্ট, যুক্ত; মিশ্রিত; ছিন্ন; বিভক্ত; বিশ্লিষ্ট; ইতরব্যাবৃত্ত; সীমাবদ্ধ; সঙ্কুচিত; বিলুপ্ত (সূত্র)। অব—ছিদ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্না।

অবচ্ছেদ—পরিচ্ছেদ, সীমা; একদেশ; বিচ্ছেদ; খণ্ড; ছিন্নাংশ; কর্ত্তন; বিরাম; নিবারণ। অব—ছিদ্+ঘঞ্ করণবা, কর্ম্মবা, ভাববা। বি: পুং।

অবচ্ছেদক—পরিচ্ছেদক: বিভাজক; নিয়ামক; ব্যাপক; নির্দ্ধারক। অব—ছিদ্+ণক কর্ত্তৃবা। বি বা বিণ। স্ত্রী,—দিকা।

অবচ্ছেদন—ছেদন, কর্ত্তন, কাটা; বিভজন, ভাগ করা; বিশ্লেষণ, পৃথক্‌করণ। অব—ছিদ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবচ্ছেদাবচ্ছেদ—১। প্রভেদ নিবারণপূর্ব্বক সামঞ্জস্যাপন। অবচ্ছেদের (বিচ্ছেদের) অবচ্ছেদ (কর্ত্তন), ষষ্ঠীতৎ। ২। ব্যাপকত্ব, সমসাকল্য। অবচ্ছেদ এবং অবচ্ছেদ, দ্বন্দ্ব। বি; পুং।

অবজয়—পরাজয়; বিজয়; জয়লাভ। অব—জি+অচ্ ভাববা। বি; পুং।

অবজান—প্রণিধান; অবজ্ঞা; অনাদর। প্রাঃ কবিপ্র। বি।

অবজিত—পরাজিত; বিজিত। অব—জি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবজ্ঞা—অবমানন, অনাদর, হেয়জ্ঞান। অব—জ্ঞা+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

অবজ্ঞাত—অবমানিত, অনাদৃত; উপেক্ষিত, নিন্দিত। অব—জ্ঞা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবজ্ঞাতা (—জ্ঞাতৃ) অবজ্ঞাকর্ত্তা, অনাদরকারী; উপেক্ষাকারক, অবহেলাকারী। অব—জ্ঞা+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

অবজ্ঞান—অবজ্ঞা। অব—জ্ঞা+অনট্ [ভাববা। বি; ক্লীব।

অবজ্ঞিল—অবজ্ঞা করিল। কবিপ্র। ক্রি।

অবজ্ঞেয়—অবজ্ঞার যোগ্য, অশ্রদ্ধেয়; হেয়, অনাদরণীয়। অব—জ্ঞা+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অবতংস—ভূষণ; গৌরব; কর্ণভূষণ; শিরোভূষণ; কিরীট। অব—তন্স্+ঘঞ্ করণবা। বি; পুং।

অবতর—১। অবতরণ (সকল অর্থে)। অব—তৃ (পার হওয়া)+অপ্ ভাববা। বি; পুং। ২। অবতীর্ণ হও। কবিপ্র। ক্রি।

অবতরণ—১। অবরোহণ, নীচে নামা; উত্তরণ, পার হইয়া যাওয়া; উল্লিখন; উৎপত্তি, অবতার; অপসারণ; আকস্মিক তিরোভাব। অব—তৃ+অনট্ ভাববা। ২। অবরোহণসাধন বা নদী প্রভৃতির অবতরণপথ, তীর্থসোপান। অব—তৃ+অনট্ করণবা। বি; ক্লীব।

অবতরণিকা—ভূমিকা, গ্রন্থের প্রস্তাবনা। অবতরণ+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

অবতরি—অবতীর্ণ হইয়া। কবিপ্র। ক্রি।

অবতরী—অবতার। প্রাঃ কবিপ্র। বি।

অবতরু—অবতীর্ণ। প্রাঃ কবিপ্র। বিণ।

অবতল—নতোদর; যাহার উপরিভাগ গর্ত্তযুক্ত (Concave). অবনত তল যাহার, বহুব্রী। বিণ।

অবতান—বিস্তার, সস্তান; লতাপ্রতান, লতাশাখাপত্রচয়; অধোমুখ; আবরণ; আচ্ছাদন। অব—তন্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অবতার—১। উৎপত্তি; প্রাদুর্ভাব; (গঙ্গার) অবতরণ, অবরোহণ, নামা; দেবগণের ভূলোকে আবির্ভাব। অব—তৃ+ঘঞ্ ভাববা। ২। মর্ত্ত্যলোকে আবির্ভূত দেবতা। [বিষ্ণুর দশ অবতার, যথা—(১) মৎস্য, (২) কূর্ম্ম, (৩) বরাহ, (৪) নৃসিংহ, (৫) বামন, (৬) পরশুরাম, (৭) রামচন্দ্র, (৮) বলরাম, (৯) বুদ্ধ, (১০) কল্কি]। অবতার (প্রাদুর্ভাব)+অচ্ বিশিষ্টার্থে। ৩। নদ্যাদির ঘাট;

তীর্থ; প্রস্তাবনা; উপক্রমণিকা। অব–তৃ + ঘঞ্‌ করণবা। বি; পুং।

অবতারণ—অবরোপণ, নামান; (ভূভার) হরণ; প্রস্তাবন; উৎপত্তি; ভূতাদি-গ্রহ; বস্ত্রাঞ্চল; (বেশ) উন্মোচন। অব–ণিজন্ত তৃ=তারি (পার করান)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অবতারণা—অবতারণ (সকল অর্থে); ভূমিকা, প্রস্তাবনা। অব–তারি+অন ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

অবতারণিকা, অবতারণী—উপক্রমণিকা; সোপান; সিঁড়ি, ক্রম। অবতারণী=অব–ণিজন্ত তৃ (=তারি)+অন করণবা+ঈপ্‌। অবতারণিকা=অবতারণী+কণ্‌ স্বার্থে+আপ্‌। বি; স্ত্রী।

অবতারিত—অবরোপিত, যাহা নামান হইয়াছে এরূপ। অব–ণিজন্ত তৃ (=তারি) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অবতারী (–রিন্‌)—১। অবতারণকারক; আবির্ভাবক। অব–তৃ+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–রিণী। ২। অবতারগণের আশ্রয়, যাঁহার দেহে সকল অবতারের স্থিতি। প্রাঃ কবিপ্র। বিণ।

অবতীর্ণ—আবির্ভূত; সমাগত; মূর্ত্তিগ্রহণ-পূর্ব্বক অবতাররূপে ভূমণ্ডলে আবির্ভূত; নির্গত, অবরূঢ়; উত্তীর্ণ বা অতিক্রান্ত (বেলা); অবগাঢ়; প্রবিষ্ট; প্রাপ্ত। অব–তৃ (উত্তীর্ণ হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–র্ণা। [দুর্ব্বল। প্রাদে। বিণ।

অবথব—অবসাদযুক্ত; স্ফূর্ত্তিহীন; জড়সড়;

অবদংশ—সুরাপানানুষঙ্গিক চর্ব্বণদ্রব্য, চাট্‌। অব–দন্‌শ্‌+ঘঞ্‌ কর্ম্মবা। বি; পুং।

অবদত্ত—প্রদত্ত, বিতীর্ণ; বিলীন; সম্পাদিত। অব–দা+ক্ত কর্ম্মবা, কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ত্তা।

অবদমন—উৎপাত থামান; শায়েস্তা করা (Repression). অব–দমি+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অবদাত—১। নির্ম্মল; (কুলেশীলে) অকলঙ্ক; মনোজ্ঞ; পুণ্য; সুন্দর; শুক্লগুণবিশিষ্ট, শ্বেত। অব–দৈ (শুদ্ধ হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–তা। ২। শ্বেতবর্ণ; পীতবর্ণ। বি; পুং।

অবদান—১। সম্পাদিত কর্ম্ম; পরাক্রম, বিক্রমপ্রকাশ; সর্ব্বজনপ্রশংসনীয় বা মহৎ কর্ম্ম; কীর্ত্তি। অব–দা+অনট্‌ কর্ম্মবা। ২। ছেদন; ছেদ, খণ্ড, অতিক্রম। অব–দো+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অবদারক—১। খননাস্ত্র, খন্তা, শাবল প্রভৃতি। অব–ণিজন্ত দৃ=দারি (বিদীর্ণ করা)+ণক কর্ত্তৃবা। বি; পুং। ২। বিদারণকারী; খনক। বিণ। স্ত্রী,–রিকা।

অবদারণ—১। বিদারণ, ফাটান, চিরা, খনন, খোঁড়া। অব–ণিজন্ত দৃ (=দারি) +অনট্‌ ভাববা। ২। খননাস্ত্র, কোদাল, খন্তা, শাবল ইত্যাদি। অব–দারি+অনট্‌ করণবা। বি; ক্লীব।

অবদারিত—বিদারিত; কৃতখনন; বিচ্ছিন্ন। অব–দারি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অবদাহ—প্রদাহ, জ্বরাদিজনিত দাহ। অব–দহ্‌ (তাপিত করা)+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

অবদীর্ণ—বিদীর্ণ; ভিন্ন; গলিত, দ্রবীভূত, অনাচ্ছাদিত; অভিভূত; জীর্ণ। অব–দৄ (বিদীর্ণ হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–র্ণা।

অবদ্য—১। অকথ্য; নিন্দনীয়; অধম, নীচ। ন (অ)–বদ্‌+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,–দ্যা। ২। অনিষ্ট; দোষ, পাপ, নিন্দা। বি; ক্লীব।

অবদ্রব—জলীয় ও তৈলময় পদার্থের মিশ্রণে প্রস্তুত ঔষধবিশেষ (Emulsion). বি; পুং।

অবধান—১। প্রণিধান, মনোযোগ, অভিনিবেশ, সাবধানতা। অব–ধা+অনট্‌ ভাববা। বি; ক্লীব। ২। অভিভাষণবিশেষ, শুনিতে আজ্ঞা হোক। কবিপ্র। অব্য।

অবধানপর—সাবধান, অবহিত, মনো-

যোগী ; সাবধানে দর্শনশীল, সতর্ক, সজাগ। অবধান পর (প্রধান) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। বি,—তা,—ত্ব।

অবধায়ক—পর্য্যবেক্ষক ; যে দেখাশুনা করে (Care-taker). অব—ধা+ণক কর্ত্তৃবা। বি ; পুং।

অবধারক—নিরূপক। অব—ধারি+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

অবধারণ—স্থিরীকরণ, নির্ণয়, নিরূপণ, নিশ্চয় ; সীমানির্দ্ধারণ, পরিমাণ নির্ণয়। অব—ণিজন্ত ধৃ (=ধারি)+অনট্ ভাববা। বি ; ক্লীব। **অবধারল**—নিশ্চয় বা নিরূপণ করিল। **অবধারলুঁ**—নিরূপণ করিলাম। **অবধারি**—নিরূপণ করিয়া। প্রাঃ কবিপ্র।

অবধারণীয়, অবধার্য্য(র্য)—যাহা অবধারণ করিতে হইবে, যাহা স্থির করা আবশ্যক বা উচিত, নিরূপণীয়, নির্ণেয়, নিশ্চয়। অব—ণিজন্ত ধৃ (=ধারি)+ অনীয়, ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া,—র্য্যা।

অবধারিত স্থিরীকৃত, নির্ণীত, নিরূপিত, নির্দ্ধারিত। অব—ণিজন্ত ধৃ (=ধারি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবধাবন—অনুসরণ ; পশ্চাদ্ধাবন। অব—ধাব্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অবধি ১। সীমা, ইয়ত্তা ; অবসান ; অন্ত। ২। অবধারণ ; নিয়ম। অব—ধা+কি কর্ত্তৃবা, ভাববা। বি ; পুং। ৩। প্রথম আরম্ভ, হইতে ; পর্য্যন্ত। অব্য। ৪। প্রতিশ্রুত কাল ; প্রতীক্ষা, শেষ। প্রাঃ কবিপ্র। বি।

অবধীরণ, অবধীরণা—অবমাননা, হেয়জ্ঞান, অবজ্ঞা। অবধীর+অনট্ ভাববা, ২য় পক্ষে অন ভাববা+আপ্। বি ; ক্লীব, স্ত্রী।

অবধীরণীয়—অবজ্ঞেয়, অনাদরণীয়, উপেক্ষণীয়। অবধীর+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অবধীরিত—অবজ্ঞাত, অনাদৃত, উপেক্ষিত। অবধীর+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবধূত ১। কম্পিত, আন্দোলিত ; বিক্ষিপ্ত, চালিত ; দূরীকৃত ; তিরস্কৃত ; অনাদৃত ; অভিভূত ; ত্যক্ত ; সংসারমায়ামুক্ত। অব—ধূ (কম্পিত হওয়া)+ক্ত কর্ত্তৃবা বা কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। শৈব বা বৈষ্ণব সম্প্রদায়ের সন্ন্যাসিবিশেষ ; সদাশিব। বি ; পুং। স্ত্রী,—ধূতী (সংস্কৃত), —ধূতানী (দেশজ)।

অবধূতানী—'এদেশীয় স্ত্রীলোকবিশেষে যেমন ভেক লইয়া বৈষ্ণবী হয়, সেইরূপ পশ্চিমোত্তর প্রদেশীয় কোন স্ত্রীলোক সন্ন্যাস গ্রহণ করিয়া অবধূতানী নাম প্রাপ্ত হয়।' বি।

অবধূতী—শিবাদেবী, ভগবতী ; একপ্রকার সন্ন্যাসিনী। অবধূত+ঈপ্। বি ; স্ত্রী।

অবধূনন—কম্পন ; চালন। অব—ধূ+ণিচ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অবধৃত—অবধারিত, নিশ্চিত ; শ্রুত। অব—ধৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবধেয়—অবধানযোগ্য, যে বিষয়ে অবধান করা কর্ত্তব্য ; শ্রদ্ধেয় ; স্থাপনীয় ; জ্ঞেয়। অব—ধা+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অবধৌত—১। যাহা ধোয়া হইয়াছে, প্রক্ষালিত। অব—ধাব্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। অবধূত-সম্বন্ধীয়। অবধূত শব্দ+ষ্ণ সম্বন্ধার্থে। বিণ।

অবধৌতিক—অবধূত-সম্বন্ধীয়, অবধৌত। অবধূত শব্দ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

অবধ্য—বধের বা বধদণ্ডের অযোগ্য, যাহাকে বধ করা বিধেয় নয় বা অসম্ভব। ন বধ্য নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ধ্যা।

অবনত—আনত, নিম্নদিকে নত ; পতিত (জাতি) ; প্রণত ; নম্র ; ন্যস্ত। অব—নম্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অবনতমস্তক—১। অধোগত মস্তক, হেঁট মাথা। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। অধোগত মস্তকবিশিষ্ট, যে মাথা নোয়াইয়াছে, হেঁট মুণ্ড। অবনত মস্তক যাহার, বহুব্রী। বিণ স্ত্রী,—কা।

অবনতমস্তকে—হেঁটমুণ্ডে, মাথা নোয়াইয়া; অতি বিনীতভাবে; শিরোধার্য্য করিয়া। অবনত মস্তক যাহাতে এরূপে, বহুব্রী। ত্রি-বিণ।

অবনতি—নমন; অধোনমন; প্রণতি; বিনয়; অধোগমন, অস্তগমন। অব—নম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অবনমন—নীচের দিকে বাঁকান বা হেলান; দমন; হীন দশায় আনয়ন। অব—নম্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবনমিত—নিম্নাভিমুখে আনীত; বক্রীকৃত; দমিত। অব—ণিজন্ত নম্ (=নমি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবনয়, অবনায়—নিম্নাভিমুখে আনয়ন, নোয়ান, অধঃপাতন, নিপাতন। অব—নী (লওয়া)+অচ্, ঘঞ্ ভাববা। বি; পুং।

অবনয়ন—অধঃপাতন, অবনমন, নিপাতন; অবনতি। অব—নী+অনট্ ভাববা। বি; ক্লীব।

অ-বনাবনি—মনের অমিল, বিরোধ, খটমটি। নঞ্তৎ। দেশজ। বি।

অবনাম—নতভাব; প্রণতি; অধোনয়ন। অব—নম্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অবনি, অবনী—পৃথিবী, ভূমি; দেশ; ত্রায়মাণ লতা। অব্+অনি কর্তৃবা, বিকল্পে ঈ। বি; স্ত্রী।

অবনিতল, অবনীতল—ধরাতল, ভূপৃষ্ঠ; পৃথিবী, ধরাধাম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অবনিপতি, অবনীপতি—ভূপতি, মহীপাল, পৃথ্বীশ্বর, রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অ-বনিবনাও—পরস্পর অনৈক্য বা অসদ্ভাব, অসৌহৃদ্য। নঞ্তৎ। দেশজ। বি।

অবনিমণ্ডল, অবনীমণ্ডল—ভূমণ্ডল, গোলাকার পৃথিবী। অবনি বা অবনী মণ্ডল-প্রায়, উপমিত কর্ম্মধা। বি; ক্লীব।

অবনীশ, অবনীশ্বর—ভূপতি, রাজা। অবনির বা অবনীর ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অবন্তি—১। মালবদেশ; প্রাচীন উজ্জয়িনী নগর; জাতিবিশেষ (বোধ হয় ইহারা মালবদেশের অধিবাসী ছিল)। অব্ (রক্ষা করা)+অন্তি কর্তৃবা সংজ্ঞার্থে। বি; স্ত্রী। ২। অ-বনিবনাও, পরস্পর অনৈক্য বা অসদ্ভাব। নঞ্তৎ। দেশজ। বি।

অবন্তিকা, অবন্তী—উজ্জয়িনী নগরীর প্রাচীন নাম,—বিক্রমাদিত্যের রাজধানী। ইহা অবন্তী নদীর কূলে অবস্থিত। অবন্তীর বর্ত্তমান নাম উজিন,—উজ্জয়িনী শব্দের অপভ্রংশ। অবন্তি+কন্ স্বার্থে+আপ্; অবন্তি+ঈপ্। বি; স্ত্রী।

অবন্ধুর—অনুন্নতানত, অনুচ্চাবচ, সমতল, মসৃণ, অকর্কশ; অরমণীয়, অমনোরম, অপ্রীতিকর। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—রা। বি,—তা,—ত্ব।

অবন্ধ্য—ফলবান্; সফল, সার্থক। ন (নয়) বন্ধ্য (বিফল), নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ন্ধ্যা।

অবপতন—অবনতি; অধঃপতন; অধোগমন, অবতরণ। অব—পত্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবপতিত—১। অধোগত, অবতীর্ণ, অবনত; অস্ফুট (স্বর)। অব—পত্+ক্ত কর্তৃবা। ২। অবপন্ন, সংসর্গদূষিত। অব—পত্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবপাত—১। অধঃপতন; অবতরণ, নীচে নামা; নাট্যে—ভয়াদিহেতু পলায়নাদি দ্বারা প্রস্তুত বিষয়ের পরিবর্ত্তন। অব—পত্+ঘঞ্ ভাববা। ২। হস্তী প্রভৃতি ধরিবার জন্য প্রস্তুত তৃণাচ্ছন্ন গর্ত্ত। অব—পত্+ঘঞ্ অধিবা। বি; পুং।

অবপাতন—(বৃক্ষাদি) ছেদন; (প্রতিযোদ্ধা মল্লকে) ভূতলে পাতিত করা। অব—পাতি+অনট্ ভাববা। বি।

অবপ্লুত—১। সহসা অবতীর্ণ, ভ্রষ্ট। অব—প্লু+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা। ২। সহসা অবতরণ, লম্ফ। অব—প্লু+ক্ত ভাববা। বি; ক্লীব।

অববাহিকা—কোন নদীর দুই পারের যতদূর হইতে জল আসিয়া সেই নদীতে পড়ে, ততদূর পর্য্যন্ত ভূভাগকে ঐ নদীর অববাহিকা (Basin) বলে। 'অব্বাহিকা' শব্দের অশুদ্ধ রূপ। বি ; স্ত্রী।

অববিন্দু—গ্রহকক্ষ ও ক্রান্তিবৃত্তের নিম্নতর ছেদবিন্দু (Descending node). বি।

অববুদ্ধ—জ্ঞাত ; জাগরিত ; অনুভূত। অব—বুধ্+ক্ত কর্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

অববোধ—১। জ্ঞান, পরিজ্ঞান ; বিবেক ; বিচারণা ; অনুভব ; জাগরণ, জাগা। অব—বুধ্+ঘঞ্ ভাববা। ২। জ্ঞাপন, নিবেদন, জানান, উদ্বোধন ; জাগরণ, জাগান। অব—ণিজন্ত বুধ্ (=বোধি)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

অববোধক—১। সূচক ; জাগরয়িতা ; উপদেশক। অব—বোধি+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—ধিকা। ২। সূর্য্য ; উপদেষ্টা ; বেতালিক। বি ; পুং।

অববোধন—জ্ঞাপন, জানান ; শিক্ষণ ; বিনিদ্রকরণ, জাগান। অব—ণিজন্ত বুধ্ (=বোধি)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অববোধিত—জাগরিত, প্রবোধিত। অব—বোধি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবভাষণ—বিরুদ্ধভাষণ, নিন্দন ; অকথ্য কথন। অব—ভাষ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অবভাস—স্ফুরণ, প্রকাশ ; ভান ; অধ্যাস ; জ্ঞান ; আরোপ ; সাক্ষাৎকার। অব—ভাস্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

অবভৃথ—যজ্ঞান্তে স্নান ; স্নান ; প্রধান যজ্ঞের অঙ্গীভূত যজ্ঞ। অব—ভৃ (পোষণ করা)+কথন্ কর্ম্মবা। বি ; পুং।

অবম—ন্যূন ; নিকৃষ্ট ; অধম ; সর্ব্বাপেক্ষা কম (Minimum) ; (জ্যোতিষে) এক দিনে তিন তিথির যোগ। অব্+অম অপাবা। বিণ।

অবমত—অবজ্ঞাত, অনাদৃত, তিরস্কৃত। অব—মন্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবমতি—অবজ্ঞা, অশ্রদ্ধা, হেয়জ্ঞান। অব—মন্+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

অবমন্তব্য—অবজ্ঞেয়, হেয়, তিরস্করণীয়। অব—মন্+তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ব্যা।

অবমন্তা (-মন্তৃ)—অবজ্ঞাকারী, বিষয়-গৌরব-জ্ঞানহীন ; হেয়জ্ঞানকারী, তিরস্কারক। অব—মন্+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

অবমর্দ্দ(র্দ)—১। দলন, পীড়ন ; শত্রুকৃত গুরু প্রহার। অব—মৃদ্+ঘঞ্ ভাববা। ২। সংমর্দ্দ, সঙ্ঘ, ভিড়। অব—মৃদ্+ঘঞ্ করণবা। বি ; পুং।

অবমর্দ্দ(র্দ)ন—১। পীড়নকারী, ধ্বংস-কারক। অব—মৃদ্+অন কর্তৃবা। বিণ। স্ত্রী,—না। ২। দলন, পীড়ন ; অঙ্গমর্দ্দন, সংবাহন ; ধ্বংস, উচ্ছেদ। অব—মৃদ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অবমর্দ্দি(র্দি)ত—পীড়িত ; বিদলিত, বিধ্বস্ত। অব—মর্দ্দি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবমর্দ্দী (-র্দ্দিন্)—প্রমার্থী, নিপীড়ক। অব—মর্দ্দি+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্দ্দিনী।

অবমান—অপমান, অবজ্ঞা। অব—মন্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

অবমানন, অবমাননা—অপমান, অবজ্ঞা। অব—মন্+ণিচ্+অন ভাববা, পক্ষে+আপ্। বি ; ক্লীব, স্ত্রী।

অবমাননীয়—অবজ্ঞেয়, অনাদরণীয়, উপেক্ষণীয়। অব—মন্+ণিচ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অবমানয়িতা (-য়িতৃ)—অন্তের অবমাননাকারক ; যে অন্তের দ্বারা অপমান করায়। অব—মন্+ণিচ্+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

অবমানিত—অবজ্ঞাত, অনাদৃত, অপমানিত। অব—মন্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবমান্য—অবমাননীয়, অবজ্ঞেয়। অব—মন্+ণিচ্+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্যা।

অবমার্জ্জ(র্জ)ন—শোধন, প্রক্ষালন। অব—মৃজ্‌+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবমোচন—ত্যাগ; উন্মোচন; মুক্তি; ছাড়িয়া দেওয়া। অব—মুচ্‌+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবমোটন—মোচড়ান, মটকান। অব—মুট্+ণিচ্‌+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবয়ব—দেহ; অঙ্গ, হস্তপদাদি; উপকরণ; অংশ; আকৃতি, মূর্ত্তি; (ন্যায়ে) প্রতিজ্ঞাদিপঞ্চক; দ্রব্যের সমবায়িকারণ। অব—যু (মিশ্রিত করা)+অপ্‌ কর্ম্মবা। বি; পুং।

অবয়বী (—**বিন্‌**)—অবয়ববিশিষ্ট, সাকার, দেহী, অঙ্গী; উপকরণযুক্ত; অংশবিশিষ্ট। অবয়ব+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—বিনী।

অবর—১। অশ্রেষ্ঠ, নিকৃষ্ট, অধম; অপর, পশ্চাদ্বর্ত্তী (Junior); পশ্চিম, কনিষ্ঠ; ন্যূন, আসন্ন। ন বর (শ্রেষ্ঠ), নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রা। ২। মেঘ (অভ্র)। কবিপ্র। বি।

অবর-কর্ম্ম(র্ম)সচিব—নিম্নতন কর্ম্মকর্ত্তা (Under-secretary). কর্ম্মধা। বি; পুং।

অবরজ—১। পশ্চাজ্জাত, কনিষ্ঠ; হীনবংশজাত, নিকৃষ্ট। অবর—জন্‌+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা। ২। কনিষ্ঠভ্রাতা; অবরবর্ণ, শূদ্র। বি; পুং। স্ত্রী,—জা।

অবরত—বিরত, নিবৃত্ত, ক্ষান্ত। অব—রম্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অবরতি—নিবৃত্তি, বিরাম, বিশ্রাম; ত্যাগ। অব—রম্‌+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অবরপুরুষ—সন্তান-সন্ততি (Descendant). কর্ম্মধা। বি; পুং।

অবরবর্ণ—চতুর্থ বর্ণ; শূদ্র। অবর (শেষ) যে বর্ণ (জাতি), কর্ম্মধা। বি; পুং।

অবরার্দ্ধ(র্ধ)—শেষার্দ্ধ। কর্ম্মধা। বি; পুং।

অবরুদ্ধ—আচ্ছাদিত; আবৃত; পরিবৃত, গুপ্ত, অজ্ঞাত; স্বীকৃত; বেষ্টিত; বদ্ধ, আবদ্ধ; প্রতিরুদ্ধ, ব্যাহত; বন্দী, কয়েদী। অব—রুধ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

অবরূঢ়—অবতীর্ণ; নিম্নাগত। অব—রুহ্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ঢ়া।

অবরেণ্য—অশ্রেষ্ঠ; অপ্রার্থনীয়। ন বরেণ্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণ্যা।

অবরে-সবরে—দায়ে-দৈবে, অসময়ে দরকার হইলে, কদাচিৎ, সময়-সিরে, আবশ্যকমত। হিন্দিমূলক। ক্রি-বিণ।

অবরোধ—১। আবরণ, আচ্ছাদন; বেষ্টন, পরিবৃতি; আলি; নিরোধ, আটকান; তিরোধান; প্রতিরোধ; প্রতিবন্ধ। অব—রুধ্‌+ঘঞ্‌ ভাববা। ২। অন্তঃপুর; রাজগৃহ। অব—রুধ্‌+ঘঞ্‌ অধিবা। ৩। অন্তঃপুর-স্ত্রী। অব—রুধ্‌+ঘঞ্‌ কর্ম্মবা। বি; পুং। প্রাঃ কবিপ্র। **অবরোধল**—অবরুদ্ধ করিল। **অবরোধে**—আক্রমণ করে।

অবরোধক—১। অবরোধকারী, নিরোধকারী। অব—রুধ্‌+ণক কর্ত্তৃবা। বিণ; স্ত্রী,—কা। ২। বৃতি, বেড়া। বি; ক্লীব।

অবরোধন—প্রতিবন্ধ; নিরোধ; বন্দীকরণ; অন্তঃপুর। অব—রুধ্‌+অনট্ ভাববা, অধিবা। বি; ক্লীব।

অবরোধ-প্রথা—স্ত্রীলোকদিগকে অন্তঃপুরমধ্যে আবদ্ধ রাখিবার রীতি, যেন তাহারা অনাত্মীয়ের সহিত মিলিতে মিশিতে না পারে। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অবরোধিক—অন্তঃপুররক্ষক। অবরোধ শব্দ+ইক নিযুক্তার্থে। বি; পুং।

অবরোধী (—**রোধিন্‌**)—অবরোধক, অবরোধকারী। অব—রুধ্‌+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ধিনী।

অবরোপণ—অবতারণ, নামান; উৎপাটন; অপনয়ন। অব—ণিজন্ত রুহ্‌ (=রোপি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবরোপিত—অবতারিত, যাহা নামান হইয়াছে এরূপ, উৎপাটিত; অপসারিত। অব—ণিজন্ত রুহ্‌ (=রোপি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবরোহ—১। অবতরণ, নামা;

নতোন্নাম। ২। (দর্শনে) কারণ হইতে কার্য্য অনুমান (Deduction). অব—রুহ্+ ঘঞ্ ভাববা। ৩। লম্বমান শাখারূঢ় শিকড়, নামনা, ঝুরি। অব—রুহ্+অচ্, কর্ত্তৃবা। ৪। স্বর্গ। অব—রুহ্+ঘঞ অপাবা। বি; পুং।

অবরোহক—অবরোহণকারী। অব—রুহ্ +ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—কা।

অবরোহণ—অবতরণ, নামা; অধিরোহণ। অব রুহ্+অনট ভাববা। বি; ক্লীব।

অবরোহী (—হিন্)—১। অবতরণকারী। অব- রুহ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হিণী। ২। বটবৃক্ষ। অবরোহ্+ইন্। বি; পুং।

অবর্জ্জ(র্জ)নীয়, অবর্জ্জ্য(র্জ্য)—অ-পরিহার্য্য। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া,—র্জ্যা।

অবর্ণ—১। অপবাদ, নিন্দা। ন বর্ণ, নঞ তৎ। ২। 'অ' এই অক্ষর। অও যে বর্ণও সে, কর্ম্মধ। বি; পুং। ৩। বর্ণহীন। ন (নাই) বর্ণ যাহার, বহুব্রী। ৪। নীচ (জাতি)। অপ্রশস্য বর্ণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ণা।

অবর্ণনীয়—বর্ণনাতীত, বর্ণনের অসাধ্য, অনির্বচনীয়; বর্ণনার অযোগ্য, অকথ্য। ন বর্ণনীয়, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অবর্ণ্য—অনির্ব্বাচ্য। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—র্ণ্যা।

অবর্ত্ত(র্ত)মান—অবিদ্যমান, যাহা নাই; অনুপস্থিত; গত, মৃত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—না। **অবর্ত্তমানে**—(কাহারও) মৃত্যুর পর, অনুপস্থিতিতে।

অবল—১। বলহীন, অশক্ত। ন (নাই) বল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা। ২। বলহীনতা; অপকর্ষ; অপরাধশূন্যতা। নঞ তৎ। বি; ক্লীব।

অবলগ্ন—১। সংলগ্ন, সংযুক্ত, মিলিত। অব —লগ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—গ্না। ২। কটিদেশ, মাজা, কোমর, কাঁকাল। অব —লগ্+ক্ত অধিবা। বি; পুং বা ক্লীব।

অবলম্ব—১। অবলম্বন, আশ্রয়; উপায়। অব —লন্ব্+ঘঞ্ ভাববা। ২। আশ্রয়স্থান। অব—লন্ব্+ঘঞ্ অধিবা। ৩। আশ্রয়সাধন যষ্ট্যাদি। অব—লন্ব্+ঘঞ্ করণবা। বি; পুং।

অবলম্বন—আশ্রয়; উপলক্ষ; নিরোধ; ধারণ; ভর; নির্ভর; গতি, উপায়; ঝুলন। অব—লন্ব্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবলম্বিত—১। লম্বমান; অবনত; অধোগত; আশ্রিত; অবিলম্বিত। অব— লন্ব্+ক্ত কর্ত্তৃবা। ২। ধৃত; আশ্রয়রূপে গৃহীত; আশ্রিত; রক্ষিত, পালিত। অব— লন্ব্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবলম্বী (—লম্বিন্)—অবলম্বনকারী, আশ্রয়কারী; নির্ভরশীল, অধোবিলম্বী, যে ঝুলিতেছে। অব—লন্ব্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ম্বিনী।

অবলা—১। বাক্‌শক্তিহীন (জীব), কথা বলিতে অক্ষম। প্রাঃ কবিপ্র। বিণ; স্ত্রী। ২। কান্তা, পত্নী; বলহীনা; (লজ্জাহেতু মৌনা) নারী। বহুব্রী। বি; স্ত্রী।

অবলিখন—নিম্নে লিখন; স্বাক্ষরকরণ। অব—লিখ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবলিপ্ত—১। গর্ব্বিত। অব—লিপ্+ক্ত কর্ত্তৃবা। ২। প্রলিপ্ত; দূষিত; সমল (জিহ্বা)। অব—লিপ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—প্তা।

অবলীঢ়—লেহন করা (অর্থাৎ চাটা) হইয়াছে এরূপ; আস্বাদিত, ভক্ষিত; বিনাশিত; ব্যাপ্ত; দগ্ধ; দষ্ট; ছিন্ন। অব— লিহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ঢ়া।

অবলীলা—যাহা ক্রীড়া অপেক্ষা সহজ, অনায়াস, হেলা; অক্লেশ; অনাদর; অসঙ্কোচ। অবরা লীলা, প্রাদিতৎ। বি; স্ত্রী।

অবলীলাক্রমে—অনায়াসে, অক্লেশে, খেলিতে খেলিতে। অবলীলার ক্রম আছে যাহাতে এরূপে, বহুব্রী। ক্রি-বিণ।

অবলুণ্ঠন—ভূমিতে লোঠা অর্থাৎ গড়াগড়ি দেওয়া; অপহরণ। অব—লুণ্ঠ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবলুণ্ঠিত—যে অবলুণ্ঠন করে বা করিয়াছে এরূপ। অব—লুণ্ঠ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অবলুপ্ত—লোপপ্রাপ্ত; অন্তর্হিত (তারা)। অব—লুপ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—প্তা।

অবলেখ—উল্লেখন, আঁচড়ান। অব—লিখ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অবলেখন—কেশ-সংস্কার, চুল আঁচড়ান। অব—লিখ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবলেখনী—কেশপ্রসাধনী; কঙ্কতিকা, চিরুণী। অব—লিখ্+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

অবলেপ—অহঙ্কার, গর্ব্ব, দর্প; দূষণ, নিন্দন; অপমান; ক্ষেপণ; পরাভব; আক্ষেপ; প্রলেপ; ভূষণ; সঙ্গ, সম্বন্ধ। অব—লিপ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অবলেপন—গর্ব্বপ্রকাশ; প্রলেপন, ম্রক্ষণ, মাখা; ক্ষেপণ; সম্বন্ধ; সঙ্গ। অব—লিপ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবলেহ—১। জিহ্বা দ্বারা লেহন, চাটা; আস্বাদন। অব—লিহ্+ঘঞ্ ভাববা। ২। লেহ্য ঔষধাদি (Electuary). অব—লিহ্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

অবলেহন—জিহ্বা দ্বারা আস্বাদন, চাটা। অব—লিহ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবলেহ্য—লেহনীয়, যাহা চাটিয়া খাইতে হইবে, চাটিবার উপযুক্ত। অব—লিহ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—হ্যা। [ক্রি।

অবলোকই—দেখে, তাকায়। প্রাঃ কবিপ্র।

অবলোকন—১। দর্শন, দেখা; কটাক্ষ, অনুসন্ধান। অব—লোক্+অনট্ ভাববা। ২। নয়ন, চক্ষুঃ; আলোক। অব—লোক্+অনট্ করণবা। বি; ক্লীব।

অবলোকনীয়—নিরীক্ষণীয়, দর্শনযোগ্য। অব—লোক্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অবলোকয়িতা (—তৃ)—দর্শক। অব—লোকি+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

অবলোকিত—১। দৃষ্ট, নিরীক্ষিত। অব—লোক্ (দর্শন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। দর্শন, নিরীক্ষণ। অব—লোক্+ক্ত ভাববা। বি; ক্লীব।

অবলোপ—বিনাশ; অন্তর্দ্ধান; ছেদন; দংশন। অব—লুপ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অবলোহিত—সূর্য্যরশ্মির লালের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী বা নিম্নবর্ত্তী (Infra-red). প্রাদিতৎ। বিণ।

অবশ—অনায়ত্ত, অসংযত; ইন্দ্রিয়পরতন্ত্র; অনধীন, অবাধ্য, অবশীভূত; দুর্ব্বল, অবসন্ন, শিথিল, নিস্তেজ, বিকল, অসাড়। ন (নাই) বশ যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—শা।

অবশাঙ্গ—১। অসাড় অঙ্গ বা অবয়ব। অবশ অঙ্গ, কর্ম্মধা। বি; ক্লীব। ২। যাহার শরীরের কোন অঙ্গ বা অবয়ব অসাড় হইয়াছে, অবসন্নদেহ। অবশ অঙ্গ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্গী,—ঙ্গা।

অবশাতন—ছেদন; নাশন; শীর্ণতাকরণ। অব—শদ্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবশায়িত—অবশীকৃত। প্রাঃ কবিপ্র। বিণ।

অবশিষ্ট—১। যাহা শেষ থাকে এরূপ, পরিশিষ্ট, বাকি, উদ্বৃত্ত। অব-শিষ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষ্টা। ২। বাকি, বিয়োগফল, ভাগশেষ। বি; ক্লীব।

অবশী (—শিন্)—ইন্দ্রিয়পরতন্ত্র। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—শিনী।

অবশীকৃত—যাহাকে বশ করা হয় নাই, অনির্জিত, অদমিত, অশাসিত। ন বশীকৃত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অবশীভাব—বশীভূত না হওয়া, বশীভূত না থাকা, অবশতা, অবাধ্যতা। ন বশীভাব, নঞ্‌তৎ। বি; পুং।

অবশীভূত—যে বশ হয় নাই বা বশে আসে নাই এরূপ, উচ্ছৃঙ্খল, অনায়ত্ত, অবাধ্য। ন বশীভূত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অবশীর্ণ—জীর্ণ; ছিন্ন; ভগ্ন। অব—শৄ+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্ণা।

অবশীর্ষ, -র্ষক—অবনতমস্তক। অবনত শীর্ষ যাহার, বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক'। বিণ। স্ত্রী, -র্ষা, -র্ষিকা।

অবশেন্দ্রিয়—যাহার ইন্দ্রিয়সকল অবশীভূত, অজিতেন্দ্রিয়। অবশ ইন্দ্রিয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -য়া।

অবশেষ ১। পরিশেষ, অবসান, অন্ত; নিঃশেষ; যাহা অবশিষ্ট থাকে, বাকি। অব -শিষ্ +ঘঞ্ ভাববা। বি; পুং। ২। অবশিষ্ট, পরিশিষ্ট, বাকী। অব-শিষ্ +অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, -ষা।

অবশ্য—১। অবশ, অবাধ্য, অনায়ত্ত। ন বশ্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী, -শ্যা। ২। নিশ্চিত, নিঃসন্দেহ, নিশ্চয়; অনিবার্য। সংস্কৃত 'অবশ্যম্' শব্দজ। অব্য। ত্রি-বিণ।

অবশ্যকরণীয় অবশ্যকর্তব্য। অবশ্য যথা তথা করণীয়, সুপ্সুপা। বিণ। স্ত্রী, -য়া।

অবশ্যম্ভাবিতা, অবশ্যম্ভাবিত্ব—নিশ্চিত-সাধ্যত্ব; অনিবার্যতা। অবশ্যম্ভাবিন্+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী ও ক্লীব।

অবশ্যম্ভাবী (-বিন্), অবশ্যম্ভাব্য—যাহা নিশ্চয়ই হইবে এরূপ, অনিবার্য। অবশ্যম্ শব্দ-ভূ+ণিন্, ণ্যৎ কর্তৃবা। বিণ। স্ত্রী, -বিনী, -ব্যা।

অবশ্যম্ভাব্যতা অবশ্যম্ভাবিতা, অনিবার্যতা। অবশ্যম্ভাব্য+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অবষ্টব্ধ—১। আরব্ধ; রক্ষিত; বদ্ধ; প্রতিরুদ্ধ; অবিবর্তিত; অভিভূত; আক্রান্ত; অবলম্বিত, ঝুলান, টাঙ্গান; (বাহু দ্বারা) সংবেষ্টিত, আবৃত। অব-স্তন্ভ্+ক্ত কর্মবা। ২। গর্বিত; আশ্রিত; নিকট। অব-স্তন্ভ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, -ব্ধা।

অবষ্টম্ভ—প্রারম্ভ; স্থিরসঙ্কল্প; সূচনা; রোধ। অবলম্বন; আক্রমণ; আশ্রয়; স্বর্ণ; সৌষ্ঠব; স্তম্ভ; স্তব্ধীভাব, নিশ্চলতা; গর্ব, অহঙ্কার। অব-স্তন্ভ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অবষ্টম্ভন অবলম্বন; প্রারম্ভ; প্রতিরোধ; অব-স্তন্ভ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবসথ, অবসথ্য—আবাস; গ্রাম; আড্ডা; মঠ, পাঠশালা। অব-সো+কথন্ অধিবা, পক্ষে তদুত্তরে যৎ স্বার্থে। বি; পুং।

অবসন্ন—বিষণ্ণ; ক্লান্ত; ম্রিয়মাণ; অবনত; বলহীন; নিরুৎসাহ; অবসাদগ্রস্ত, শ্রান্ত; বিনষ্ট; বিগত, অবসিত; ক্ষয়প্রাপ্ত, নিঃশেষিত, সমাপ্ত। অব-সদ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, -ন্না।

অবসন্নতা—অবসাদ। অবসন্ন শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অবসর—১। যোগ্যকাল; অবকাশ, ফুরসৎ (Leisure), সময়; সুযোগ; ফাঁক; ছুটি, কার্য বা অধিকার হইতে অপসৃত হওয়া বা বিদায় লওয়া; প্রবেশ; প্রারম্ভ; প্রস্তাব; পর্যায়, বার; বৃষ্টি; গুপ্ত মন্ত্রণা। অব-সৃ +অপ্ ভাববা। ২। বৎসর; ক্ষণ। অব-সৃ+অপ্ অধিবা। বি; পুং।

অবসাই—শেষ করিল; শেষ করিয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

অবসাদ—অবসন্নতা, শ্রান্তি; বিষাদ; অশান্তি; পরাজয়; জড়তা, স্ফূর্তিহীনতা; উৎসাহহীনতা; বিনাশ; বিরাম; ভ্রংশ; অবসান, শেষ। অব-সদ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অবসাদক—অবসাদজনক, শ্রান্তিজনক, ক্লান্তিকর; জড়ভাবোৎপাদক; স্ফূর্তিনাশক, উৎসাহনাশক। অব-ণিজন্ত সদ্ (=সাদি) +ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, -দিকা।

অবসাদন—অবসন্নকরণ, হীনবলকরণ, স্ফূর্তিনাশন; সমাপন, নিঃশেষকরণ; বিনাশন। অব-সাদি+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবসাদিত—অবসন্নতাপ্রাপিত; কুণ্ঠিত; জড়ীকৃত; বিষাদিত; হৃত; ক্ষয়িত; নাশিত। অব-সাদি+ক্ত কর্মবা। বিণ। স্ত্রী, -তা।

অবসান—১। শেষ, সমাপ্তি; বিরাম; ক্ষয়; অপগম; মৃত্যু; সীমা; নিশ্চয়। অব

–সো+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। অবসিত, গত; অবসন্ন, নিষ্পন্ন। কবিপ্র। বিণ।

অবসারণ—দূরীকরণ, বহিষ্করণ। অব–ণিজন্ত সৃ (=সারি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবসারিত—দূরীকৃত, বহিষ্কৃত। অব–ণিজন্ত সৃ (=সারি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অবসিত—১। বদ্ধ। অব–সো+ক্ত কর্ম্মবা। ২। সমাপ্ত; অবসানপ্রাপ্ত; অতিক্রান্ত; অপগত; পরিণত। অব–সো+ক্ত কর্ত্তৃবা। ৩। জ্ঞাত; সঞ্চিত; পরিপক্ক, রাশীকৃত (ধান্যাদি); বর্দ্ধিত; নিশ্চিত। অব–সো+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অবসৃত—অপসৃত, স্থানান্তরগত; অবসর-প্রাপ্ত; দূরীভূত। অব–সৃ (=সরা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–তা।

অবসৃষ্ট—১। সমর্পিত; ত্যক্ত; অধঃক্ষিপ্ত। অব–সৃজ্+ক্ত কর্ম্মবা। ২। নিঃসৃত; গলিত। অব–সৃজ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ষ্টা।

অবসেক—সেক, সর্ব্বত্র সেচন, জলে ভিজান বা জল ছিটান। অব–সিচ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অবসেচন—অবসেক; (জলৌকাদি দ্বারা) শোণিত নিঃসারণ। অব–সিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবস্কন্দ—১। সৈন্যাবাস, শিবির, ছাউনি। অব–স্কন্দ্ (গমন করা)+ঘঞ্ অধিবা। ২। অবতরণ; অবগাহন; আক্রমণ। অব–স্কন্দ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অবস্কন্দন—আক্রমণ; অবরোধ; অবগাহন; অবতরণ। অব–স্কন্দ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অবস্কন্দিত—১। আক্রান্ত। অব–স্কন্দ্+ক্ত কর্ম্মবা। ২। অধোগত, অবরূঢ়; অবতীর্ণ; অবগাঢ়, স্নাত। অব–স্কন্দ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–তা।

অবস্কন্দী (–ন্দিন্)—আক্রমণকারী; ধর্ষিতা, বলাৎকারকারক। অব–স্কন্দ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ন্দিনী।

অবস্কর—১। আবর্জ্জনা, ওঁচ্‌লা; ঝাঁটার ধূলি; বিষ্ঠা, ময়লা। অব–কৃ (নিক্ষেপ করা)+অপ্ কর্ম্মবা (নিপাতনে সুট-আগম)। ২। আবর্জ্জনার স্থান, আঁস্তাকুড়, পায়খানা। অব–কৃ+অপ্ অধিবা। ৩। গুহ্যদেশ। অব–কৃ+অপ্ অপাবা। বি; পুং।

অবস্তু—১। অপদার্থ, অসার; যাহার সত্তা নাই। ন (নাই) বস্তু যাহাতে, বহুব্রী। বিণ। ২। অপকৃষ্ট পদার্থ; ব্রহ্ম ভিন্ন যাহা কিছু সব; মিথ্যাবস্তু। নঞ্ তৎ। বি; ক্লীব।

অবস্থা—১। ভাব, লক্ষণ, প্রকাশ; প্রতিষ্ঠা; সঙ্গতি, ধন; আকারধর্ম্মাধিকরণে উপস্থিতি; বিরতি; দশা, গতি, কালকৃত বৈলক্ষণ্য, অবস্থান, স্থিতি; কালকৃত দেহবৈলক্ষণ্য, ইহা বৈদ্যশাস্ত্রমতে চারিপ্রকার, যথা—১৫ বৎসর বয়ঃক্রম পর্য্যন্ত বাল্য, ৩০ বৎসর পর্য্যন্ত কৌমার, ৫০ বৎসর পর্য্যন্ত যৌবন, তাহার পর বার্দ্ধক্য, এবং স্মৃতিশাস্ত্রমতে, ৫ বৎসর বয়ঃক্রম পর্য্যন্ত কৌমার, ১০ বৎসর পর্য্যন্ত পৌগণ্ড, ১৫ বৎসর পর্য্যন্ত কৈশোর, তাহার পর ৭০ বৎসর পর্য্যন্ত যৌবন, (মতান্তরে ১৬ বৎসর পর্য্যন্ত বাল্য, তাহার পর তরুণ, তাহার পর যৌবন, ৭০ হইতে ৯০ বৎসর পর্য্যন্ত বার্দ্ধক্য, তাহার পর বর্ষীয়ান্)। অব–স্থা+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী। ২। দুর্গতি; নরকভোগরূপ দুর্দ্দশা। প্রাঃ কবিপ্র। বি। **অবস্থা ফিরান**—অবস্থা উন্নত করা।

অবস্থাচতুষ্টয়—বৈদ্যশাস্ত্রমতে মানুষের চারি অবস্থা বা কালকৃত দেহবৈলক্ষণ্য, যথা—(১) বাল্য, (২) কৌমার, (৩) যৌবন, (৪) বার্দ্ধক্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অবস্থাত্রয়—(বেদান্তে) মানুষের জাগ্রৎ-স্বপ্ন-সুষুপ্তি এই তিন অবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অবস্থাদশক—(অলঙ্কারশাস্ত্রে) অভিলাষ,

...স্তা, স্মৃতি, গুণকথন, উদ্বেগ, প্রলাপ, উন্মাদ, ...াধি, জড়তা, মৃত্যু—পূর্ব্বরাগে কামজ এই ...দশা। বি ; ক্লীব।

...বস্থান—১। প্রতিষ্ঠা, স্থিতি, থাকা ; ...রীর সংস্থান (Posture) ; বাস, বসতি, ...বস্থা, দশা। অব—স্থা+অনট্ ভাববা। ...। অবস্থিতিস্থান (Site) ; আবাস। অব—...+অনট্ অধিবা। বি ; ক্লীব।

...বস্থান-ধর্ম্মঘট—কর্ম্মীরা কর্ম্মস্থলে বসিয়া ...কিয়া যে ধর্ম্মঘট করে তাহা। অবস্থানসাধ্য ...ঘট, মধ্যপ কর্ম্মধা। বি।

...বস্থান্তর—অন্য অবস্থা, ভাবান্তর, ...শান্তর। অন্যা অবস্থা, নিত্য। বি ; ক্লীব। ...বণ,—রিত।

...বস্থাপক—স্থাপনকর্ত্তা, স্থাপয়িতা, যে ...পিত করে। অব—ণিজন্ত স্থা (=স্থাপি) ...পক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

...বস্থাপন—রক্ষণ, সন্নিবেশ, সংস্থাপন, ...স্থিরীকরণ, নির্দ্ধারণ। অব—ণিজন্ত স্থা (=স্থাপি)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

...বস্থাপন্ন—সঙ্গতিশালী, আঢ্য, ধনবান্। ...অবস্থাকে আপন্ন, ২য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্না।

...বস্থাপিত—রক্ষিত ; স্থিরীকৃত ; নির্দ্ধারিত। ...অব—স্থা+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। ...স্ত্রী,—তা।

...বস্থায়ী (—য়িন্)—অবস্থানকারী, স্থিতি-...শীল, অবস্থিত ; স্থায়ী। অব—স্থা+ণিন্ ...কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

...বস্থাষট্ক—জীবের জন্ম, স্থিতি, বৃদ্ধি, ...বিপরিণাম, অপক্ষয়, নাশ—এই ষড়্‌বিধ দশা। ...৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

...বস্থাহীন—সঙ্গতি-রহিত, নির্ধন, দরিদ্র। ...৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

...বস্থিত—বিদ্যমান ; সমীপস্থ ; অধিকারী, ...িত ; সুস্থির, অচঞ্চল ; অবিচলিত ; আশ্রিত ; নিবিষ্ট। অব—স্থা+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

...বস্থিতি—অবস্থান, স্থিতি, থাকা ; অনুসরণ, অভ্যাস, বাস। অব—স্থা+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

অবহত—আহত, প্রহৃত ; থেঁতলান ; আছড়ান ; অল্পাঘাতে বিতুষীকৃত (শস্য)। অব—হন্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবহতি—বিতুষীকরণার্থ অবঘাত (Threshing) ; বিনাশ। অব—হন্+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

অবহন—এমন। প্রাঃ কবিপ্র। অব্য।

অবহনন—১। আঘাতকরণ, তাড়ন ; থেঁতলান। অব—হন্+অনট্ ভাববা। ২। যে স্থানে রক্ত আঘাত করে ; ফুস্‌ফুস্। অব—হন্+অনট্ অধিবা। বি ; ক্লীব।

অবহসিত—১। উচ্চহাস্য। অব—হস্+ক্ত ভাববা। বি ; ক্লীব। ২। উপহসিত। অব—হস্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবহস্ত—হস্তপৃষ্ঠ, হাতের অপর পিঠ। অবনত (উপুড়) হস্ত, প্রাদি। বি ; পুং।

অবহার—১। আহ্বান, নিমন্ত্রণ ; অপনয়ন ; বিরাম ; প্রত্যর্পণ ; অন্য ধর্ম্মগ্রহণ। অব—হৃ+ঘঞ্ ভাববা। ২। পাশা ; সমীপ ; দেয় বস্তু। অব—হৃ+ঘঞ্ করণবা, কর্ম্মবা। ৩। চৌর ; হাঙ্গর ; জলহস্তী। অব—হৃ+ণ কর্ত্তৃবা। বি ; পুং।

অবহাস—উপহাস ; পরিহাস। অব—হস্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

অবহি—এখনই, অবিলম্বে। হিন্দীমূলক। প্রাঃ কবিপ্র। অব্য।

অবহিত—১। অবধানযুক্ত, সাবধান ; মনোযোগী, নিবিষ্ট ; অপ্রমত্ত। অব—ধা+ক্ত কর্ত্তৃবা। ২। জ্ঞাত, বিদিত। অব—ধা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অবহিঁ—এখনই। প্রাঃ কবিপ্র। অব্য।

অবহুঁ—এক্ষণে, এখন বা এখনই, এখনও। হিন্দীমূলক। প্রাঃ কবিপ্র। অব্য।

অবহেল, অবহেলন—অবহেলা, অবজ্ঞা, উপেক্ষা, অযত্ন, অনাদর। অব—হেড্+ক ঘঞর্থে, অনট্ ভাববা। বি ; পুং, ক্লীব।

অবহেলনীয়—অনাদরণীয়, উপেক্ষণীয়, অবজ্ঞেয়। অব–হেড্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,–য়া।

অবহেলা—অবজ্ঞা, অনাদর, অযত্ন, অমনোযোগ, উপেক্ষা; অনায়াস; অবলীলা। অব–হেড্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

অবহেলিত—অনাদৃত, উপেক্ষিত, অবজ্ঞাত। অব–হেড্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

অবাক্ (অবাচ্)—১। বাক্যরহিত, বাক্‌শক্তিহীন, মূক; অত্যন্ত বিস্ময়হেতু বাক্যস্ফুরণশূন্য, বিস্ময়-বিহ্বল; অদ্ভুত, অত্যাশ্চর্য্য, বিস্ময়জনক (কাণ্ড)। ন (নাই) বাক্ (বাক্য) যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। ২। অবাঙ্মুখ, নতানন, অধোবদন, হেঁটমুখ। অব–অন্চ্ (গমন করা)+ক্বিপ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–চী। ৩। নিম্নপ্রদেশ, অধোদেশ; পশ্চাৎকাল। অব্য। **অবাক্ কারখানা**—অদ্ভুত ব্যাপার।

অবাক্-জলপান—অতি আশ্চর্য্য রকমের জলপান, যাহা খাইলে অবাক্ অর্থাৎ বিস্ময়-বিহ্বল হইতে হয়। (ইহা তৈল-লবণ-লঙ্কা-সংযুক্ত চাউল ছোলা চিনাবাদাম প্রভৃতি নানাবিধ মুখরোচক ভর্জ্জিত দ্রব্যের সংমিশ্রণে প্রস্তুত হয়)। দেশজ। বি।

অবাঙ্ (অবাঞ্চ্)—নতানন, অধোবদন। অব–অন্চ্+ক্বিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–চী।

অবাঙ্মনসগোচর—বাক্য ও মনের অবিষয়; অনির্ব্বাচ্য ও অচিন্তনীয়; বাক্য ও মনের বহির্ভূত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–রা।

অবাঙ্মুখ—অধোবদন, লজ্জাদিবশতঃ হেঁটমুখ। অবাক্ (নিম্নপ্রদেশগত) মুখ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–খা,–খী।

অবাচিকা—কুমেরুপ্রদেশ (Antarctica). অবাচী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

অবাচী—১। নতাননা, ইত্যাদি। অবাক্ ও অবাঙ্ দ্রঃ। বিণ; স্ত্রী। ২। অধোদেশ; দক্ষিণ দিক্। বি; স্ত্রী।

অবাচীন—অধঃস্থ, অধোগত; দক্ষিণদেশীয়; অধোমুখ। অবাচ্ শব্দ+ঈন ভবার্থে। বিণ। স্ত্রী,–না।

অবাচ্য—১। নিন্দিত বাক্য, অকথা, গালিগালাজ। ন (অপ্রশস্ত) বাচ্য (বাক্য), নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। অকথ্য, অবক্তব্য; অগ্রহণীয় (গুরুনামাদি); অনির্ব্বচনীয়; নিন্দার্হ। ন (না) বাচ্য (কথ্য), নঞ্‌তৎ। ৩। দক্ষিণদেশীয়। অবাচ্ শব্দ+যৎ ভবার্থে। বিণ। স্ত্রী,–চ্যা।

অবাঞ্চই- বাঁকা করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

অবাত—নির্ব্বাত, বায়ুবিহীন। ন (নাই) বাত (বায়ু) যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,–তা।

অবাধ—বাধাহীন, ব্যাঘাতরহিত; নির্ব্বিঘ্ন; পীড়াশূন্য। ন (নাই) বাধা (পীড়া) যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,–ধা।

অবাধ-গতি—কোনরূপ বাধাহীন গমনাগমন। কর্ম্মধা। বি; স্ত্রী।

অবাধ-নীতি—ব্যক্তিবিশেষের কাজে সরকারের হস্তক্ষেপ না করার নীতি (Laissez-faire). কর্ম্মধা। বি; স্ত্রী।

অবাধ-বাণিজ্য—প্রতিবন্ধক-শূন্য বাণিজ্য; যে বাণিজ্যে আমদানি বা রপ্তানি করিবার জন্য শুল্ক প্রদান করিতে হয় না (Free trade). কর্ম্মধা। বি; ক্লীব।

অবাধিত—অরোধিত, অব্যাহত; অপ্রতিরুদ্ধ, অপ্রতিহত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–তা।

অবাধে—বাধাশূন্যরূপে, অবিরোধে; অনায়াসে, নির্ব্বিঘ্নে। ন (নাই) বাধা যাহাতে এরূপে, বহুব্রী। ক্রি-বিণ।

অবাধ্য—বাধা দিবার অযোগ্য বা অশক্য; বাধ্য নয় এরূপ, অবশীভূত, স্বেচ্ছাচারী, অবশ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–ধ্যা।

অবাধ্যতা—অবশীভূততা; ঔদ্ধত্য। অব... +তা ভাবার্থে। বি; স্ত্রী।

অবান্তর—অন্তঃপাতী; প্রধানের অন্তর্... বা মধ্যগত, আনুষঙ্গিক; গৌণ; ব...

ান্তরের বহির্ভূত, অপ্রাসঙ্গিক। অব
অবগত) অন্তরকে (মধ্যকে), প্রাদিতৎ।
ণ। স্ত্রী,–রা।

ান্তর-বিভাগ—ভেদের ভেদ, বিভাগের
ভাগ। অবান্তরগত বিভাগ, মধ্যপ কর্ম্মধা।
; পুং।

ান্ধব—১। বান্ধবশূন্য, বন্ধুহীন, অনাথ;
ত্রহীন। ন (নাই) বান্ধব (বন্ধু) যাহার
যেখানে, বহুব্রী। বিণ। ২। বান্ধবভিন্ন জন,
বন্ধু। নঞ্‌তৎ। বি; পুং।

াপ্ত—প্রাপ্ত, লব্ধ, অধিগত। অব–আপ্‌
ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–প্তা।

াপ্তি—প্রাপ্তি, লাভ। অব–আপ্‌+ক্তি
াববা। বি; স্ত্রী।

ার—১। অবারণীয়, অনিবার্য্য। ন (অ)
-বৃ+ণিচ্‌+ঘঞ্‌ কর্ম্মবা। বিণ। স্ত্রী,
-রা। ২। (নদ্যাদির) নিকটবর্ত্তী তীর,
পার। অব–বৃ+ঘঞ্‌ অধিবা। বি;
াব। ৩। অপ্রশস্ত বার, খারাপ দিন।
ঞ্‌তৎ। বি; পুং।

বারণীয়, অবার্য্য(র্য)—বারণ অশক্য,
র্ব্বার, অনিবার্য্য, অপ্রতিকার্য্য। নঞ্‌তৎ।
ণ। স্ত্রী,–য়া,–র্য্যা।

বারপার—সমুদ্র। অবার হইয়াছে পার
াহার, বহুব্রী। বি; পুং।

বারপারীণ—পারগত, পরপারে উত্তীর্ণ।
াবারপার শব্দ+ীন্‌ কুশলার্থে। বিণ।
ী,–ণা।

বারিত—অনিবারিত, অপ্রতিষিদ্ধ, অরুদ্ধ,
ানিষিদ্ধ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–তা।

বারীণ—পারগত, পরপারে উত্তীর্ণ। অবার
শব্দ+ীন কুশলার্থে। বিণ। স্ত্রী,–ণা।

বার্য্য(র্য)—অবারণীয় দ্রঃ।

বাস্তব, অবাস্তবিক—অযথার্থ, অ-
াকৃত, অমূলক, অলীক; ন্যায়বিরুদ্ধ;
াময়াত্মক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী–বী,–কী।

বাহ্য—১। অবহনীয়; আভ্যন্তর। নঞ্‌তৎ।
। বহির্ভাগরহিত। বহুব্রী। বিণ। স্ত্রী,–হ্যা।

অবিকম্প—অচল; নির্ব্বিকল্পক; নিঃসংশয়।
বহুব্রী। বিণ। স্ত্রী,–ম্পা।

অবিকল—১। কোন অংশে অঙ্গহীন নয়
এরূপ, সম্পূর্ণ; যাহার কল বিগড়ায় নাই,
অবিকৃত; ঠিকঠাক; অখণ্ড, অভগ্ন;
অবিসংবাদী। ন বিকল, নঞ্‌তৎ। বিণ।
স্ত্রী,–লা। ২। ঠিক ঠিক ভাবে, হুবহু।
ক্রি-বিণ।

অবিকল্প—নিঃসংশয়; পক্ষান্তর-রহিত।
বহুব্রী। বিণ। স্ত্রী,–ল্পা।

অবিকার—১। বিকার-রহিত, নির্ব্বিকার;
অটল, স্থির, অপরিবর্ত্তিত। ন (নাই) বিকার
যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–রা। ২। বিকার-
রাহিত্য; একরূপতা; স্থিরতা। ন বিকার,
নঞ্‌তৎ। বি; পুং।

অবিকারী (–রিন্‌)—অবিকারসাধক,
যাহা বিকৃত করে না, যে বিকার জন্মাইতে
পারে না, অপরিবর্তনসাধক; নিত্য; অ-
ব্যভিচারী, বিকাররহিত, নির্ব্বিকার। ন
বিকারী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–রিণী।

অবিকার্য্য(র্য)—অবিকারসাধ্য, বিকার-
সাধনের অযোগ্য, যাহা বিকৃত করা যায় না,
নির্ব্বিকার; নিত্য; অপরিবর্ত্তনীয়। নঞ্‌তৎ।
বিণ। স্ত্রী,–র্য্যা।

অবিকৃত—যাহা পচে নাই; বিশুদ্ধ;
ভাবান্তরপ্রাপ্ত হয় নাই এরূপ, বিকাররহিত,
অপরিবর্ত্তিত; অচঞ্চল। ন বিকৃত, নঞ্‌তৎ।
বিণ। স্ত্রী,–তা।

অবিক্রম—১। বিক্রমরহিত, অপরাক্রান্ত,
ভীরু। ন (নাই) বিক্রম যাহার, বহুব্রী।
বিণ। স্ত্রী,–মা। ২। বিক্রমাভাব, ভীরুতা।
নঞ্‌তৎ। বি; পুং।

অবিক্রয়—বিক্রয়াভাব, বিক্রয় না হওয়া,
না বেচা। ন বিক্রয়, নঞ্‌তৎ। বি; পুং।

অবিক্রিয়—১। নির্ব্বিকার; একরূপ। ন
(নাই) বিক্রিয়া যাহার, বহুব্রী। বিণ। ২।
ব্রহ্ম। বি; ক্লীব।

অবিক্রিয়া—১। অবিকৃতি, একরূপতা;

ভাবান্তরহীনতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। বিকারশূন্যা। অবিক্রিয় (১)+আপ্‌। বিণ; স্ত্রী। [দেশজ। বিণ।

অবিক্রী—অবিক্রীত, বিক্রয়ের অযোগ্য।

অবিক্রীত—বিক্রীত হয় নাই এরূপ, যাহা বেচা হয় নাই। ন বিক্রীত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অবিক্রেয়—বিক্রয়ের অযোগ্য; যাহা বিক্রয় করা যায় না বা করা অকর্ত্তব্য; (লাক্ষা-লবণাদি) যাহা বেচা স্মৃতিনিষিদ্ধ। ন বিক্রেয়, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অবিক্ষত—অক্ষত, অনাহত, আঘাতপ্রাপ্ত নয় এরূপ; অখণ্ডিত; সম্পূর্ণ; অদূষিত। ন বিক্ষত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অবিক্ষিপ্ত—অবিকীর্ণ, যাহা ছড়ান হয় নাই; অচঞ্চল, স্থির; সাবধান। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—প্তা।

অবিক্ষুব্ধ—অচঞ্চল; অব্যাকুল; প্রশান্ত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ব্ধা।

অবিগ্রহ—বিগ্রহরহিত, মূর্ত্তিহীন, নিরাকার, অশরীরী; (ব্যাকরণে) ব্যাসবাক্যশূন্য। বহুব্রী। বিণ। স্ত্রী,—হা।

অবিঘ্ন—১। বিঘ্নাভাব। নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। নিরাপদ, নির্বিঘ্ন। বহুব্রী। বিণ। স্ত্রী,—ঘ্না।

অবিচক্ষণ—অদক্ষ, আনাড়ী; অবিবেচক; জ্ঞানহীন, মূর্খ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণা।

অবিচল—অবিচলিত, স্থির। ন—বি—চল্‌+অচ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লা।

অবিচলিত—স্থির; দৃঢ়, অব্যাকুল; সংযত; নিস্পন্দ; স্থিরসঙ্কল্প। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অবিচার—অন্যায় বিচার; অবিবেচনা; অহিতাচার; অত্যাচার। নঞ্‌তৎ। বি; পুং।

অবিচারক—যে (যথোচিত) বিচার করে না, অনুচিত বিচারকর্ত্তা; অবিবেচক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রিকা।

অবিচারণীয়, অবিচার্য্য(র্য)—বিচারান (গুরুর আজ্ঞা)। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী—য়া,—র্য্যা।

অবিচারিত—বিচাররহিত; অবিবেচিত নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অবিচ্ছিন্ন—বিচ্ছেদশূন্য, অবাধ, অবিরা ধারাবাহিক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ন্না।

অবিচ্ছেদ—১। বিচ্ছেদশূন্যতা, অখণ্ড সম্পূর্ণতা; সঙ্গতি, সংশ্লেষ, সম্বন্ধ। নঞ্‌তৎ বি; পুং। ২। বিচ্ছেদশূন্য, অবিচ্ছি অখণ্ডিত; ধারাবাহিক। বহুব্রী। বিণ স্ত্রী,—দা।

অবিচ্ছেদে—বিচ্ছেদ ব্যতিরেকে, একাদি ক্রমে, ধারাবাহিকরূপে। ন (নাই) বিচ্ছে যাহাতে এরূপে, বহুব্রী। ক্রি-বিণ।

অবিচ্ছেদ্য—বিচ্ছেদের অযোগ্য বা অসাধ অপরিত্যাজ্য; অখণ্ডনীয়। নঞ্‌তৎ। বিণ স্ত্রী,—দ্যা। [বিণ। স্ত্রী,—তা

অবিচ্যুত—অস্খলিত; সংলগ্ন। নঞ্‌তৎ

অবিজ্ঞাত—অপরিজ্ঞাত, অবিদিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অবিজ্ঞেয়—১। অনবগম্য, অপরিজ্ঞে জ্ঞানাতীত, স্থূলদৃষ্টির অবিষয়। নঞ্‌তৎ বিণ। স্ত্রী,—য়া। ২। পরমেশ্বর। বি; পু

অবিতথ—১। অমিথ্যা, অমোঘ, সত যথার্থ, সফল। ন বিতথ, নঞ্‌তৎ। বিণ স্ত্রী,—থা। ২। যাথার্থ্য; সত্য কথা। বি ক্লীব।

অবিতর্কিত—অচিন্তিত, অভাবিত (U foreseen). নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অবিতৃষ্ণ—বিতৃষ্ণারহিত; সতৃষ্ণ, সাকাঙ সাভিলাষ। ন (নাই) বিতৃষ্ণা যাহা বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্ণা।

অবিতৃষ্ণা—১। বিতৃষ্ণারহিতা। বহুব্রী অবিতৃষ্ণ দ্রঃ। বিণ; স্ত্রী। ২। বিতৃষ্ণা অভাব, রুচি, স্পৃহা, ইচ্ছা। ন বিতৃষ্ণা নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অবিত্ত—বিত্তহীন, সম্পত্তিরহিত, নির্ধ

রিদ্র। ন (নাই) বিত্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা।

অবিদিত—অপরিচিত, অজ্ঞাত। ন বিদিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অবিদ্ধ—যাহা ফোঁড়া হয় নাই, অবেঁধা; অচ্ছিদ্রিত; অপ্রোথিত; অবাধিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

অবিদ্য—১। বিদ্যাশূন্য, শাস্ত্রজ্ঞানশূন্য, মূর্খ। ২। বিদ্যা বা জ্ঞানের অবিষয়ীভূত। ন (নাই) বিদ্যা যাহার, যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—দ্যা।

অবিদ্যমান—অবর্ত্তমান, অনুপস্থিত; সত্তাশূন্য, অস্তিত্ববিহীন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—না। বি,—তা,—ত্ব।

অবিদ্যা—১। বিদ্যাহীনা। বহুব্রী। অবিদ্য দ্রঃ। বিণ; স্ত্রী। ২। মূর্খতা; (বিদ্যা ভিন্ন) কৃষিবাণিজ্যাদি কার্য্য; অজ্ঞান, মায়া,—'দেহই আমি' এইরূপ যে জ্ঞান তাহাকেই অবিদ্যা বলে; তমঃ, মোহ, মহামোহ, তামিস্র ও অন্ধতামিস্র, এই পাঁচ প্রকার অবিদ্যা; প্রকৃতি। ন বিদ্যা, নঞ্‌তৎ। ৩। (বাঙলায়) উপপত্নী, বেশ্যা। বি: স্ত্রী।

অবিধান—অব্যবস্থা, অবিধি, অন্যায় বিধি; অবৈধকার্য্য। ন বিধান, নঞ্‌তৎ। বি; ক্লীব।

অবিধি—অব্যবস্থা, অনিয়ম, অশাস্ত্র। ন বিধি, নঞ্‌তৎ। বি; পুং।

অবিধেয়—অনুচিত, অকর্ত্তব্য; অযোগ্য, প্রতিকূল। ন বিধেয়, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অবিনয়—১। বিনয়াভাব; গর্ব্ব; অশিষ্টতা, ঔদ্ধত্য, অসম্মান। নঞ্‌তৎ। বি; পুং। ২। বিনয়শূন্য, অবিনীত; অশিষ্ট, উদ্ধত। ন (নাই) বিনয় যাহার, বহুব্রী। বিণ।

অবিনয়ী (—য়িন্)—বিনয়হীন; উদ্ধত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়িনী।

অবিনশ্বর—অবিনাশী, নাশহীন, অমর, অক্ষয়, শাশ্বত। ন বিনশ্বর, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রী।

অবিনাভাব—অবিয়োগ; (দর্শনশাস্ত্রে) ব্যাপ্তি, তদসত্তায় তদসত্তা, অর্থাৎ না থাকিলে না থাকা (ধূম থাকিলে বহ্নি থাকিবেই—এরূপ বিচার)। নঞ্‌তৎ। বি; পুং।

অবিনাশিতা—অবিনশ্বরত্ব; সংরক্ষণ (Conservation). অবিনাশিন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অবিনাশী (—শিন্)—নাশশীল নয় এরূপ, অবিধ্বংসী, অবিনশ্বর, অক্ষয়, শাশ্বত। ন বিনাশী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—শিনী।

অবিনীত—অশিষ্ট, উদ্ধত, দুর্বিনীত, বিনয়রহিত; অশিক্ষিত; অসংযত; অসৎ; অদমিত (বা unbroken অশ্বাদি), যাহাকে 'ব্রেক্' করা হয় নাই। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অবিন্ধন—বাড়বানল; বজ্রাগ্নি। অপ্ (জল) হইয়াছে ইন্ধন যাহার, বহুব্রী। বি; পুং।

অবিন্যস্ত—যাহার বিন্যাস করা হয় নাই; বিশৃঙ্খলভাবে স্থাপিত; অসজ্জিত, অগোছাল। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—স্তা।

অবিন্যাস—বিশৃঙ্খলভাবে স্থাপন। নঞ্‌তৎ। বি; পুং।

অবিবক্ষা—বলার অনিচ্ছা (ব্যাকরণের কারকাদি প্রয়োগে)। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অবিবক্ষিত—বিবক্ষাবিরহিত, যাহা বলা অভিপ্রেত নয় এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অবিবাদী (—দিন্)—অবিরোধী, অবিবাদপ্রিয়, নিরীহ, শান্তিপ্রিয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—দিনী।

অবিবাহিত—অপরিণীত, অকৃতদার, অনূঢ়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অবিবেক—১। বিবেকাভাব, সদসদ্বিবেচনাহীনতা, অবিমৃষ্যকারিতা; সাহসিকতা (Rashness); ভ্রম। নঞ্‌তৎ। বি; পুং। ২। বিবেকরহিত, বিবেচনাশূন্য, অবিমৃষ্যকারী। ন (নাই) বিবেক যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

অবিবেকিতা, -ত্ব—বিবেকরাহিত্য, অবিবেচনা; অজ্ঞতা, মূঢ়তা। অবিবেকিন্ শব্দ+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

অবিবেকী (-কিন্)—অবিবেচক, অবিমৃষ্যকারী; বিমূঢ়ভাবে কার্য্যকারী। ন বিবেকী, নঞ্ তৎ। বিণ। স্ত্রী, -কিনী।

অবিবেচক—বিবেচনাশূন্য, অবিবেকী। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, -চিকা।

অবিবেচনা—বিবেচনাভাব; অবিচারণা; অন্যায় বিবেচনা, অবিচার। নঞ্ তৎ। বি; স্ত্রী।

অবিবেচনীয়, অবিবেচ্য—বিবেচনার অযোগ্য। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, -য়া, -চ্যা।

অবিবেচিত—বিবেচনা করা হয় নাই এরূপ; অবিচারিত; অনালোচিত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অবিবেচ্য—অবিবেচনীয় দ্রঃ।

অবিভক্ত—ভাগ করা হয় নাই এরূপ, অপৃথককৃত; ভাগ করিয়া লওয়া হয় নাই এরূপ; অভিন্ন, সর্ব্বত্র বর্ত্তমান; সমগ্র; পৃথক হয় নাই এরূপ, অপৃথগ্‌ভূত; সম্মিলিত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, -ক্তা।

অবিভাজ্য—বিভাগানর্হ, অবণ্টনীয়, যাহা ভাগ করা যায় না বা করা উচিত নয় এরূপ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, -জ্যা।

অবিভাতি, অবিভাই—অবিবাহিত বা অবিবাহিতা। প্রাঃ কবিপ্র। বিণ।

অবিভাবনীয়, অবিভাব্য—অবিতর্ক্য, অচিন্তনীয়; অবোধ্য। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, -য়া, -ব্যা।

অবিভাবিত—অচিন্তিত, অবিতর্কিত; অলক্ষিত; অনুদ্ভাবিত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, -তা।

অবিভ্রম—ধীরতা। নঞ্ তৎ। বি; পুং।

অবিমিশ্র—যাহার মিশ্রণ করা হয় নাই, বিশুদ্ধ, ভেজালশূন্য; খাঁটি। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, -শ্রা।

অবিমৃশ্য, -মৃষ্য—অবিচার্য্য, সন্দেহের অযোগ্য; অবিবেচক। বহুব্রী। বিণ। স্ত্রী, -শ্যা, -ষ্যা।

অবিমৃষ্য(শ্য)কারিতা, -ত্ব—হঠকারিতা; গোঁয়ারতুমি, অবিবেকিতা। অবিমৃষ্য(শ্য)-কারিন্+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

অবিমৃষ্য(শ্য)কারী (-রিন্)—পূর্ব্বাপর না ভাবিয়া চিন্তিয়া সহসা কার্য্যকারী, হঠকারী, অবিবেকী। অবিমৃষ্য(শ্য) -কৃ (করা) +ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, -রিণী।

অবিমৃষ্য(শ্য)বাদী (-বাদিন্)—যে বিবেচনা না করিয়া কথা বলে, অবিবেচ্যভাষী। অবিমৃষ্য(শ্য) -বদ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, -দিনী। বি, -দিতা, -দিত্ব।

অবিমৃষ্য(শ্য)ভাষী (-ভাষিন্)—বিবেচনা না করিয়া যে কথা বলে। অবিমৃষ্য(শ্য) -ভাষ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, -ষিণী।

অবিযুক্ত—অবিচ্ছিন্ন; সংযুক্ত, মিলিত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, -ক্তা।

অবিরত—১। অবিশ্রান্ত, ক্রমাগত; অনিবৃত্ত; অনবরত, সতত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, -তা। ২। অনবরত। ক্রি-বিণ।

অবিরতি—অনিবৃত্তি; অসংযম; বিরামাভাব। নঞ্ তৎ। বি; স্ত্রী।

অবিরল—সান্দ্র, নিবিড়, ঘন; নিরন্তর। ন বিরল, নঞ্ তৎ। বিণ। স্ত্রী, -লা।

অবিরাম—বিরামশূন্য, ক্রমিক, অবিশ্রান্ত। ন (নাই) বিরাম যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ বা ক্রি-বিণ।

অবিরুদ্ধ—বিরুদ্ধ নয় এরূপ, অবিপরীত, অনুযায়ী; অপ্রতিকূল; অনুকূল; অনুরক্ত; সংলগ্ন, সঙ্গতিবিশিষ্ট; অনিবারিত; নির্দ্দোষ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, -দ্ধা।

অবিরোধ—১। বিরোধাভাব, বিবাদহীনতা; সম্মতি; অব্যাঘাত; ঐকমত্য; সহাবস্থান; সমন্বয়। নঞ্ তৎ। বি; পুং। ২। বিরোধবিরহিত। ন (নাই) বিরোধ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী, -ধা।

অবিরোধী (–ধিন্)—কাহারও বিরোধী নয় এরূপ; অবিরুদ্ধ; অপ্রতিকূল, অনুযায়ী। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –ধিনী।

অবিরোধে—নির্ব্বিরোধে, নির্ব্বিবাদে, বিনা বাধায়, বিনা আপত্তিতে। ন (নাই) বিরোধ যাহাতে এরূপে, বহুব্রী। ক্রি-বিণ।

অবিলম্ব—১। বিলম্বাভাব, ত্বরা। নঞ্ তৎ। বি; পুং। ২। বিলম্বশূন্য, ত্বরিত। ন (নাই) বিলম্ব যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী, –ম্বা।

অবিলম্বিত—ত্বরিত, ত্বরায় সম্পন্ন, শীঘ্র নিষ্পন্ন; অলম্বমান, যাহা ঝুলিতেছে না; ঝুলান বা টাঙ্গান হয় নাই এরূপ। ন বিলম্বিত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –তা।

অবিলম্বে—বিলম্বব্যতিরেকে, সত্বর, শীঘ্র, তৎক্ষণাৎ। ন (নাই) বিলম্ব যাহাতে এরূপে, বহুব্রী। ক্রি-বিণ।

অবিলাসী (–সিন্)—বিলাসরহিত, অভোগাসক্ত, অসৌখীন, যে বাবুগিরি করিতে ভালবাসে না। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –সিনী। বি, –সিতা, –সিত্ব।

অবিলুপ্ত—বিনাশরহিত; অবিকৃত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –প্তা।

অবিলোল—অচঞ্চল; শান্ত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –লা।

অবিশঙ্ক—নির্ভীক; নিঃসন্দেহ। বহুব্রী। বিণ। স্ত্রী, –ঙ্কা।

অবিশঙ্কিত—অসন্ত্রস্ত, ভয়রহিত, শঙ্কাশূন্য; অসন্দিগ্ধ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –তা।

অবিশীর্ণ—অক্ষীণ; অম্লান। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –র্ণা।

অবিশুদ্ধ—অনির্ম্মল, সমল, সদোষ, অপবিত্র; মিশ্রিত, খাঁটি নয়; দুষ্ট, অধার্ম্মিক, অস্পষ্ট; অব্যক্ত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –দ্ধা। বি, –তা, –ত্ব।

অবিশেষ—১। বিশেষাভাব, ভেদরাহিত্য, অভেদ; (দর্শনে) সামান্য, সমগ্রতা, যাহাতে সুখ-দুঃখ-মোহরূপ বিশেষ নাই। নঞ্ তৎ। বি; পুং। ২। বিশেষবিরহিত, তুল্য, অভিন্ন। ন (নাই) বিশেষ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ষা।

অবিশেষজ্ঞ—১। বিশেষ জ্ঞানরহিত, অনভিজ্ঞ; সূক্ষ্মতত্ত্বের জ্ঞানহীন, যে মর্ম্মকথা জানে না; ভেদজ্ঞানরহিত। ন বিশেষজ্ঞ, নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –জ্ঞা।

অবিশ্বসনীয়, অবিশ্বাস্য—বিশ্বাসের অযোগ্য, অপ্রত্যয়যোগ্য। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –য়া, –স্যা।

অবিশ্বস্ত—যাহাকে বিশ্বাস করিয়া প্রতারিত হওয়া গিয়াছে এরূপ, অবিশ্বাসী, অবিশ্বাস-যোগ্য, প্রত্যয়ের অযোগ্য। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –স্তা।

অবিশ্বাস—বিশ্বাসাভাব, অপ্রত্যয়। ন বিশ্বাস, নঞ্ তৎ। বি; পুং।

অবিশ্বাসী (–সিন্)—অবিশ্বাসযোগ্য, অ-বিশ্বস্ত; বিশ্বাসবিহীন। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –সিনী।

অবিশ্বাস্য—অবিশ্বসনীয় দ্রঃ।

অবিশ্রান্ত—১। অকৃতবিশ্রাম; অক্লিষ্ট; ধারাবাহিক। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –ন্তা। ২। অনবরত; বিশ্রাম ব্যতিরেকে। ক্রি-বিণ।

অবিশ্রাম—অবিরাম। ন (নাই) বিশ্রাম যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –মা।

অবিষম—সম; জোড়; তুল্য; সুখবোধ্য; সুগম; অকুটিল। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –মা।

অবিষয়—১। বিষয়াতীত; অজ্ঞাত; অপ্রতিপাদ্য; ইন্দ্রিয়জ্ঞানহীন; বিষয়বিরক্ত। বহুব্রী। বিণ স্ত্রী, –য়া। ২। অপ্রকাশ, অদর্শন; (সূর্য্যাদির) অনুদয়। নঞ্ তৎ। বি; পুং।

অবিষয়ী (–য়িন্)—অবিষয়াসক্ত; অ-ভোগাসক্ত; অসংসারাসক্ত, বিষয়কর্ম্মে অব্যাপৃত; ধনহীন; সম্পত্তিরহিত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী, –য়িণী।

অবিষহ্য—অসহনীয়; দুর্ব্বিষহ; অতিদারুণ; প্রখর; দুর্দ্ধর্ষ; মহাবেগবান্; মর্ম্মভেদী;

অগোচর ; অসাধ্য, দুষ্কর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ধ্যা।

অবিসংবাদ—অবিতণ্ডা, অবিবাদ ; অ-বিরোধ। নঞ্‌তৎ। বি ; পুং।

অবিসংবাদিত—অবিরোধিত ; যাহাতে মতভেদ নাই (Undisputed) ; অপ্রতি-রোধিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অবিসংবাদিতভাবে, –রূপে—নির্ব্বি-রোধে, সর্ব্বসম্মতিক্রমে। অবিসংবাদিত ভাব, রূপ যাহাতে এরূপে, বহুব্রী। ক্রি-বিণ।

অবিসংবাদী (–দিন্)—অবিবাদী, অ-বিরোধী, সর্ব্বসম্মত। ন বিসংবাদী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –দিনী।

অবিস্তীর্ণ, অবিস্তৃত—স্বল্পায়তন ; বিস্তার-শূন্য ; সামান্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –র্ণা, –তা।

অবিস্মৃত—যাহা ভোলা যায় নাই এরূপ ; যে ভুলে নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অবিহিত—বিধিবিরুদ্ধ, অবৈধ ; অন্যায্য, অনুচিত, অকর্ত্তব্য ; অব্যবস্থিত ; নিষিদ্ধ ; অসম্পাদিত, অননুষ্ঠিত। ন বিহিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অবীক্ষণ—১। অদর্শন ; দৃষ্টিহীনতা। নঞ্‌তৎ। বি ; ক্লীব। ২। দৃষ্টিহীন। বহুব্রী। বিণ। স্ত্রী, –ণা।

অবীক্ষিত—১। অদৃষ্ট। বিণ। স্ত্রী, –তা। ২। অদর্শন। নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অবীজ—বীজশূন্য ; অল্পবীজযুক্ত ; নপুংসক। ন (নাই) বীজ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –জা।

অবীজপত্রী (–পত্রিন্)—বীজপত্রহীন উদ্ভিদ্ (Acotyledon). নঞ্‌তৎ। বি বা বিণ ; পুং।

অবীরা—১। বীররহিতা। ২। পতিপুত্রহীনা, ক'ড়ে রাঁড়ী ; অনাথা, অসহায়া। ন (নাই) বীর যাহার, বহুব্রী+আপ্। বিণ ; স্ত্রী।

অবুঝ—যে বুঝে না বা বুঝিতে পারে না ; যে বুঝিয়াও বুঝে না ; অবিবেচক ; অসাধ্যনীয়, যে প্রবোধ মানে না। ন (নাই) বুঝ যাহার, বহুব্রী। বিণ।

অবুথবু—জড়বৎ, নিশ্চেষ্ট, আড়ষ্ট, জবুথবু। দেশজ। বিণ।

অবুদ্ধি—১। বুদ্ধিহীন, নির্ব্বোধ ; অবোধ। ন (নাই) বুদ্ধি যাহার, বহুব্রী। বিণ। ২। বুদ্ধিহীনতা, নির্ব্বুদ্ধিতা ; কুবুদ্ধি। নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অবুধ—১। অপণ্ডিত, অবিবেচক। নঞ্‌তৎ। বিণ বা বি ; পুং। ২। অবোধ, অবুঝ। প্রাঃ কবিপ্র। বিণ।

অবুরে-সবুরে—অবরে-সবরে (তাহা দ্রঃ)।

অবৃদ্ধ—অবৃদ্ধিপ্রাপ্ত ; অপ্রাচীন ; অর্ব্বাচীন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –দ্ধা।

অবৃদ্ধিক—বৃদ্ধিহীন ; কুসীদরহিত, সুদশূন্য। ন (নাই) বৃদ্ধি যাহার, বহুব্রী। বিণ।

অবেকত—অব্যক্ত, অস্ফুট। প্রাঃ কবিপ্র। বিণ।

অবেক্ষক—নিরীক্ষণকর্ত্তা, দ্রষ্টা, দর্শক ; অনু-সন্ধানকারী, পরীক্ষক ; আয়ব্যয়াদির অধ্যক্ষ। অব–ঈক্ষ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –ক্ষিকা।

অবেক্ষণ—দর্শন, নিরীক্ষণ ; আলোচনা ; বিচার ; মনোযোগ ; পালন ; অনুসন্ধান ; অনুরোধ ; প্রতীক্ষা। অব–ঈক্ষ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অবেক্ষণীয়—দর্শনীয়, অবলোকনীয় ; রক্ষ-ণীয়। অব—ঈক্ষ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, –য়া।

অবেক্ষমাণ—নিরীক্ষমাণ, দর্শনকারী ; অনু-সন্ধানপর। অব–ঈক্ষ্+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –ণা।

অবেক্ষা—অবেক্ষণ (সকল অর্থে)। অব –ঈক্ষ্+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

অবেক্ষিত—দৃষ্ট, অবলোকিত ; আলোচিত ; পালিত। অব–ঈক্ষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

অবেদনীয়—অবেদ্য, অজ্ঞেয়, দুর্ব্বোধ; অননুভবনীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অবেদ্য—দুর্জ্ঞেয়, অজ্ঞেয়, জ্ঞানাতীত; অবিবাহ্য। ন বেদ্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—দ্যা।

অবেভার—অভদ্র আচরণ, অন্যায় কার্য্য, অসামাজিক ভাব। 'অব্যবহার' শব্দজ। কবিপ্র। বি।

অবেলা—অসময়; অপগত সময়; দিনের শেষ বেলা। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অবৈতনিক—অবেতনগ্রাহী, বিনা বেতনে কর্ম্মচারী (Honorary); যাহাতে বেতন পাওয়া যায় না বা লওয়া হয় না এরূপ (Free school &c.). ন বৈতনিক, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—কী।

অবৈদিক—বেদবিরুদ্ধ; যাহা বেদোক্ত নহে এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—কী।

অবৈদ্য—অপকৃষ্ট বৈদ্য, কুচিকিৎসক, আনাড়ী বা হাতুড়িয়া কবিরাজ। নঞ্‌তৎ। বি; পুং।

অবৈধ—বিধিবিরুদ্ধ, অবিহিত; অনুচিত, অকর্ত্তব্য; বে-আইনী (জনতা ইত্যাদি)। ন বৈধ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ধী।

অবোধ—১। বোধহীন, অজ্ঞান। ন (নাই) বোধ যাহার, বহুব্রী। বিণ। ২। জ্ঞানাভাব, বোধহীনতা। নঞ্‌তৎ। বি; পুং।

অবোধগম্য—অবোধ, দুর্ব্বোধ, বোধাতীত, জ্ঞানের অগোচর। ন বোধগম্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ম্যা।

অবোধ্য—অবোধগম্য, দুর্ব্বোধ, বোধাতীত; যাহা বুঝিতে পারা যায় না। ন বোধ্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ধ্যা।

অবোল, অবোলা—১। বাক্‌শক্তিহীন, মূক, নির্ব্বাক্, নীরব; নিরীহ। ন (নাই) বোল (ভাষা) যাহার, বহুব্রী। বিণ। ২। নারী। প্রাঃ কবিপ্র। বি।

অব্জ—১। পদ্ম, কমল; সংখ্যাবিশেষ, শত কোটি। অপ্ (জল) হইতে জন্মে যে এই বাক্যে উপতৎ; অপ্‌—জন্‌+ড কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। (জলোৎপন্ন বলিয়া) শঙ্খ, শাঁক। বি; পুং বা ক্লীব। ৩। (সমুদ্রের জল হইতে জাত বলিয়া) চন্দ্র; ধন্বন্তরি। বি; পুং। ৪। জলজ। বিণ। স্ত্রী,—জা।

অব্জযোনি—ব্রহ্মা। অব্জ (বিষ্ণুর নাভিপদ্ম) হইয়াছে যোনি (উৎপত্তিস্থান) যাহার, বহুব্রী। বি; পুং।

অব্জিনী—কমলিনী, পদ্মলতা, পদ্মিনী, পদ্মসমূহ। অব্জ শব্দ+ইন্ সমূহার্থে+ঈপ্। বি; স্ত্রী।

অব্দ—১। জলদ, মেঘ; মুস্তক, মুথা; পর্ব্বতবিশেষ। উপতৎ; অপ্‌—দা (দান করা) +ক্ত কর্ত্তৃবা। ২। বর্ষ, বৎসর। অব্ (রক্ষা করা)+দ সংজ্ঞার্থে। বি; পুং।

অব্দুর্গ—জলদুর্গ, জলবেষ্টিত কেল্লা। অপ্‌বেষ্টিত দুর্গ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অব্ধি—সমুদ্র, জলধি। অপ্‌—ধা (ধারণ করা) +কি কর্ত্তৃবা। বি; পুং।

অব্‌ভ্র(অভ্র)—জলধর, মেঘ; আকাশ; মুথা; ধাতুবিশেষ। উপতৎ; অপ্‌—ভৃ (ধারণ করা)+ক কর্ত্তৃবা। বি; ক্লীব।

অব্যক্ত—১। অপ্রকাশিত; ব্যক্তিহীন, অবয়বরহিত; অস্পষ্ট; অজ্ঞাত; অতিসূক্ষ্ম; অদৃশ্য। ন ব্যক্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্তা। ২। বিষ্ণু; শিব; কন্দর্প; মূর্খ ব্যক্তি। বি; পুং। ৩। ব্রহ্ম; প্রকৃতি; কারণ। বি; ক্লীব।

অব্যক্তবেদনা—যাহার বেদনা ভাষায় প্রকাশিত হয় নাই এরূপ (স্ত্রী)। ("হায় 'অব্যক্তবেদনা' দেবী উর্ম্মিলা"—রবীন্দ্রনাথ)। অব্যক্তা বেদনা যাহার, বহুব্রী+আপ্। বিণ; স্ত্রী।

অব্যক্তরাশি—(গণিতশাস্ত্রে) অজ্ঞাতরাশি (Unknown quantity). কর্ম্মধা। বি; পুং।

অব্যক্তিক—ব্যক্তিশূন্য; যাহার কর্ত্তা নাই (Impersonal). ন (নাই) ব্যক্তি যাহাতে, বহুব্রী+ক সমাসান্ত। বিণ।

অব্যগ্র—শান্ত, ধীর ; উদাসীন ; অব্যাপৃত ; অভিনিবিষ্ট। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—গ্রা।

অব্যবধান—১। ব্যবধানশূন্য, সন্নিকৃষ্ট, অ-ব্যবহিত ; প্রমত্ত ; অনবহিত। বহুব্রী। বিণ। স্ত্রী,—না। ২। ব্যবধানহীনতা, সান্নিধ্য, অদূরত্ব ; আসক্তি ; অনবধান ; অভেদ। ন ব্যবধান, নঞ্ তৎ। বি ; ক্লীব।

অব্যবসায়—ব্যবসায়াভাব ; অননুশীলন, উদ্যোগাভাব, অনধিকার ; চেষ্টাশূন্যতা। নঞ্ তৎ। বি ; পুং।

অব্যবসায়ী (—য়িন্)—ব্যবসায়ী নয় এরূপ ; যে পেশাদার নয় ; অননুশীলনশীল, ক্রিয়াশূন্য, চেষ্টাবিরহিত ; অনভিজ্ঞ, আনাড়ী, ব্যবসায়-বুদ্ধিহীন। ন ব্যবসায়ী, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়িনী।

অব্যবস্থ—ব্যবস্থারহিত ; অস্থির, অনিশ্চিত ; বিধিহীন ; শৃঙ্খলাশূন্য। ন (নাই) ব্যবস্থা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—স্থা।

অব্যবস্থা—১। ব্যবস্থারহিতা, ইত্যাদি। (অব্যবস্থ দ্রঃ)। বহুব্রী। বিণ ; স্ত্রী। ২। অবিধি ; অনিয়ম ; বে-বন্দোবস্ত ; অস্থৈর্য্য। নঞ্ তৎ। বি ; স্ত্রী।

অব্যবস্থিত—অস্থির, পরিবর্ত্তনশীল ; অ-নিয়মিত ; বিশৃঙ্খল, অগোছালো। ন ব্যবস্থিত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অব্যবস্থিত-চিত্ত—১। অস্থিরচিত্ত, যাহার কোনও বিষয়ে চিত্তের স্থিরতা নাই, চঞ্চলমতি। অব্যবস্থিত চিত্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা। ২। অস্থির মন, চঞ্চলা মতি। কর্ম্মধা। বি ; ক্লীব।

অব্যবহার—ব্যবহারাভাব, ব্যবহার না করা ; অপ্রয়োগ ; দুর্ব্ব্যবহার ; অত্যাচার। ন ব্যবহার, নঞ্ তৎ। বি ; পুং।

অব্যবহার্য্য(র্য)—ব্যবহারের বা প্রয়োগের অযোগ্য, অকর্ম্মণ্য ; অনাচরণীয় ; পতিত, সমাজচ্যুত ; নালিশের অযোগ্য ; অকথ্য (গালি প্রভৃতি) ; অনুপভোগ্য। ন ব্যবহার্য্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—র্য্যা।

অব্যবহিত—ব্যবধানবিরহিত, সংলগ্ন, নিকটস্থ, সন্নিহিত। ন ব্যবহিত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অব্যবহৃত—যাহা কেহ ব্যবহার করে নাই এরূপ, অনাচরিত ; অনুপভুক্ত ; অপ্রচলিত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অব্যভার, অব্যাভার—'অব্যবহার' শব্দজ। বি।

অব্যভিচার—ব্যভিচারাভাব ; অনতিক্রম : অকদাচার ; অবাধা ; অচঞ্চলতা, স্থিরতা। ন ব্যভিচার, নঞ্ তৎ। বি ; পুং।

অব্যভিচারী (—রিন্)—অপরিবর্ত্তনশীল, স্থির ; ব্যভিচাররহিত ; অবিচল ; ধর্ম্ম হইতে অবিচলিত ; অবিসংবাদী। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—রিণী।

অব্যয়—১। ব্যয়রহিত ; অবিনাশী, নিত্য : অব্যয়ফলদ, মোক্ষদ ; অবিকৃত। ন (নাই) ব্যয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। ২। ব্রহ্ম। বি ; ক্লীব। ৩। বিষ্ণু ; শিব। বি ; পুং। ৪। (ব্যাকরণে) সর্ব্ববিভক্তিতে, সকল বচনে ও তিন লিঙ্গে একরূপ শব্দ। বি ; পুং বা ক্লীব।

অব্যয়া—১। দুর্গা। বি ; স্ত্রী। ২। ব্যয়শূন্যা। অব্যয়+আপ্। বিণ ; স্ত্রী।

অব্যয়ীভাব—ব্যয়শূন্যতা, অক্ষয়ত্ব, অ-বিনাশিত্ব, মরণ-ধর্ম্মরাহিত্য ; যাহা দ্বারা অনব্যয় অব্যয় হয় ; সমাসবিশেষ। অব্যয় শব্দ+চি্ব অভূততদ্ভাবার্থে (=অব্যয়ী)—ভূ+ঘঞ্ ভাববা। বি ; পুং।

অব্যর্থ—সার্থক, অন্বর্থ, সফল, অমোঘ। ন ব্যর্থ, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—র্থা।

অব্যসন—১। মৃগয়াদি ব্যসনরহিত : নির্দ্দোষ ; বিপত্তিহীন। ন (নাই) ব্যসন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না। ২। ব্যসনা-ভাব ; কামজ-কোপজ দোষশূন্যতা ; অবিপত্তি। নঞ্ তৎ। বি ; ক্লীব।

অব্যসনী (—নিন্)—অব্যসনাসক্ত, ব্যসন-রহিত, অদুষ্ক্রিয়ারত। ন ব্যসনী, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—নিনী।

অব্যাকুল—ব্যাকুলতাশূন্য, চিত্তের চঞ্চলতা-শূন্য; আগ্রহশূন্য। ন ব্যাকুল, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—লা।

অব্যাকৃত—১। (বেদান্তে)—ব্রহ্ম ব্যতীত জগতের উৎপত্তির বীজ; (সাংখ্যে)—অব্যক্ত। নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। অবিভক্ত; অভিন্ন; অপ্রকটীভূত। বিণ। স্ত্রী,—তা।

অব্যাখ্যাত—অবর্ণিত; যাহার অর্থ প্রকাশ করা হয় নাই, যাহা বুঝান হয় নাই। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অব্যাখ্যেয়—দুর্ব্বোধ্য, যাহা ব্যাখ্যা করা যায় না এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অব্যাজ—১। অকপট; অমায়িক; বাধা-রহিত; শীঘ্র, সত্বর। ন (নাই) ব্যাজ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—জা। ২। অকপটতা, সরলতা; অবিলম্ব, ত্বরা। নঞ্‌তৎ। বি; পুং।

অব্যাজে—অকপটে, সরলমনে; অগৌণে, অবিলম্বে, সত্বর; নির্লজ্জভাবে। ন (নাই) ব্যাজ যাহাতে, এরূপে, বহুব্রী। ক্রি-বিণ।

অব্যাপক—অবিস্তীর্ণ; সঙ্কীর্ণ; সীমাবদ্ধ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—পিকা।

অব্যাপনীয়, অব্যাপ্য—ব্যাপ্তির অযোগ্য, যাহা ব্যাপ্ত করা যাইতে পারে না এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া,—প্যা।

অব্যাপার—১। ব্যাপাররহিত; নিষ্কর্ম্মা; অভ্যাসহীন। ন (নাই) ব্যাপার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। ব্যাপারাভাব, কার্য্যবিরতি; অব্যবসায়; অপ্রশস্ত ব্যাপার; অনভ্যাস; পরাধিকার। নঞ্‌তৎ। বি; পুং।

অব্যাপ্তি—ব্যাপনাভাব, ব্যাপ্তিরাহিত্য, না থাকা; (ন্যায়মতে) লক্ষ্য বিষয়ে লক্ষণের অপ্রাপ্তি। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অব্যাভার—অবৈধ অনুষ্ঠান; অসামাজিক কার্য্য। 'অব্যবহার' শব্দজ। দেশজ। বি।

অব্যাহত—ব্যাঘাতশূন্য, অপ্রতিহত (গতি); অকুণ্ঠিত, অব্যর্থ। ন ব্যাহত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অব্যাহতগতি—১। অবাধগতি; স্বচ্ছন্দ-চারী; সর্ব্বত্রসঞ্চারী। অব্যাহতা গতি যাহার, বহুব্রী। বিণ। ২। অবাধ গমন; স্বচ্ছন্দ সঞ্চার। অব্যাহতা গতি, কর্ম্মধা। বি; স্ত্রী।

অব্যাহতি—অব্যাঘাত; মঙ্গল, অবিঘ্ন; মুক্তি, নিষ্কৃতি, রেহাই, নিস্তার, পরিত্রাণ। ন (অ)—বি—আ—হন্‌+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অব্যাহৃত—অকথিত, অনুক্ত, অনুচ্চারিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অব্যুৎপন্ন—ব্যুৎপত্তিহীন, প্রকৃতিপ্রত্যয়শূন্য; অনভিজ্ঞ, অজ্ঞান; অবৈয়াকরণ; অবিবেকী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ন্না।

অব্যূঢ়—অনূঢ়, অবিবাহিত, অপরিণীত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ঢ়া।

অব্যূঢ়ান্ন—আইবুড়ো ভাত। অব্যূঢ়ভোজ্য অন্ন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অব্রণ—ব্রণরহিত, অক্ষত; অচ্ছিদ্র; অখণ্ডিত। ন (নাই) ব্রণ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

অব্রত—ব্রতরহিত, শাস্ত্রবিহিত নিয়মশূন্য; অনুপনীত; গায়ত্রী প্রভৃতি ব্রহ্মচারিব্রতহীন। ন (নাই) ব্রত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা।

অব্রতী (—তিন্‌)—ব্রতাচরণবিহীন; ব্রতা-নুষ্ঠানপরাঙ্মুখ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তিনী।

অব্রাহ্মণ—১। অপকৃষ্ট ব্রাহ্মণ, আচারভ্রষ্ট ব্রাহ্মণ। ন (অপ্রশস্ত বা অপকৃষ্ট) ব্রাহ্মণ, নঞ্‌তৎ। ২। ব্রাহ্মণেতর জাতি; ব্রাহ্মণ-সদৃশ ক্ষত্রিয় ও বৈশ্য। ন ব্রাহ্মণ, নঞ্‌তৎ। বি; পুং।

অভক্ত—অভক্তিমান্‌, ভক্তিহীন; অনুরাগ-বিহীন, বিরাগী; বিতৃষ্ণ; অবিভক্ত; সংলগ্ন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অভক্তি—অশ্রদ্ধা, অবজ্ঞা; অবিশ্বাস; অনাদর, অসম্মান। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অভক্ষণীয়—অভক্ষ্য, অখাদ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অভক্ষিত—অখাদিত; অভুক্ত। ন ভক্ষিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অভক্ষ্য—অখাদ্য, অভোজ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্ষ্যা। বি,—তা,—ত্ব।

অভক্ষ্যভক্ষণ—নিষিদ্ধ খাদ্য বা কুখাদ্য ভোজন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অভগ্ন—যাহা ভাঙ্গে নাই এমন; সম্পূর্ণ, অটুট, গোটা। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—গ্না।

অভঙ্গ—না ভাঙ্গা, গোটা থাকা। নঞ্‌তৎ। বি; পুং।

অভঙ্গুর—অপলকা, অভঙ্গপ্রবণ, যাহা সহজে ভাঙ্গে না; অবিনাশী, অবিধ্বংসী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রা।

অভদ্র—১। অসাধু, অশিষ্ট, অসভ্য। নঞ্‌তৎ। স্ত্রী,—দ্রা। ২। অশুভ, অমঙ্গল; দুঃখ। বি; ক্লীব।

অভদ্রতা—অসাধুতা, অশিষ্টতা, অসভ্যতা; অসাধু ব্যবহার। অভদ্র+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অভয়—১। ভয়শূন্য, নির্ভয়। ন (নাই) ভয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। ২। সাহস, ভরসা, ভয়শূন্যতা। নঞ্‌তৎ। বি; ক্লীব। ৩। পরমাত্মা। বি; পুং। ৪। অভয়জ্ঞান; অভয়মুদ্রা। ন (নাই) ভয় যাহা হইতে, বহুব্রী। বি; ক্লীব।

অভয়দক্ষিণা—অভয়দান। অভয়রূপা দক্ষিণা, রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

অভয়দাতা (—দাতৃ)—অভয়দানকারী, ভয়দূরীকরণার্থ আশ্বাসদানকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ত্রী।

অভয়দান, —প্রদান—অভয় দেওয়া, আশ্বাস বা সাহস দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অভয়বাক্য, অভয়বাণী—ভয় নাই এরূপ কথা, আশ্বাসবাক্য; সাহসপ্রদ বচন। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, স্ত্রী।

অভয়া—১। ভয়রহিতা। বহুব্রী। (অভয় দ্রঃ)। বিণ; স্ত্রী। ২। হরীতকী; আদ্যা-শক্তি, ভগবতীর মূর্ত্তিবিশেষ, এই মূর্ত্তি অষ্টভুজা ও সিংহবাহিনী। ন (নাই) ভয় যাহা হইতে, বহুব্রী। বি; স্ত্রী।

অভরস—অভরসা; অবিশ্বাস। প্রাঃ কবিপ্র। বি।

অভব—১। অজন্ম; প্রলয়; বিনাশ; মোক্ষ। নঞ্‌তৎ। বি; পুং। ২। উৎপত্তি-হীন; অস্থায়ী। ন (নাই) ভব (জন্ম) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা।

অভব্য—১। অশুভ; দুর্ভাগ্য; অমঙ্গল, অশুভ। নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। অসাধু; অসভ্য, অভদ্র; দুর্ভাগ্য। বিণ। স্ত্রী,—ব্যা।

অভাগা—দুরদৃষ্ট, হতভাগ্য; দীন, দুঃখী। ন (নাই) ভাগ (সৌভাগ্য) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—গী,—গিনী।

অভাগি—দুর্ভাগ্য, দুরদৃষ্ট ("সখি কি পুছসি হামারি অভাগি"—গোবিন্দদাস)। প্রাঃ কবিপ্র। বি।

অভাগিনী—১। হতভাগ্যা; দীনা। অভাগা+ইনী। ২। ভাগে অনধিকারিণী। নঞ্‌তৎ। বিণ; স্ত্রী।

অভাগী—অভাগিনী, হতভাগ্যা; পতিতা; পাপিষ্ঠা। অভাগা+ঈ। বিণ; স্ত্রী।

অভাগ্য—১। হতভাগ্য, দুর্ভাগ্য। ন (অপ্রশস্ত) ভাগ্য যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—গ্যা। ২। মন্দভাগ্য, অশুভাদৃষ্ট, দুরদৃষ্ট। ন (অপ্রশস্ত) ভাগ্য, নঞ্‌তৎ। বি; ক্লীব।

অভাজন—১। আধার-রহিত; নিরাশ্রয়। ন (নাই) ভাজন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না। ২। অপাত্র, অযোগ্য পাত্র; দুর্ভাগ্য জন, দুঃস্থ ব্যক্তি। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অভাব—অবিদ্যমানতা, অসত্তা, না থাকা; মৃত্যু। নঞ্‌তৎ। বি; পুং।

অভাবগ্রস্ত—অভাবে পতিত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—স্তা।

অভাবনীয়—অচিন্তনীয়, অননুমেয়;

অবোধ্য, দুর্ব্বোধ ; অপ্রত্যাশিত, অসম্ভব। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ম্ভা। [বিণ।

অভাবপক্ষে—কমপক্ষে, ন্যূনকল্পে। ক্রি-

অভাবপূরণ—যাহা নাই তাহা দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অভাবমুক্ত—যাহার অভাব দূর হইয়াছে এরূপ। ৫মীতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অভাবমোচন—অভাব ঘুচান। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অভাবিত—অচিন্তিত, অসম্ভাবিত। ন ভাবিত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অভাষণ—১। কথা না বলা, মৌন। নঞ্ তৎ। বি ; ক্লীব। ২। নির্ব্বাক্। বহুব্রী। বিণ।

অভি- সমন্তাৎ ; বীপ্সা ; ইত্থম্ভাব ; চিহ্ন ; নিকট ; আভিমুখ্য ; অভিলাষ ; সাদৃশ্য ; উৎকর্ষ। অব্য ; উপসর্গ।

অভিকর্ষ—পৃথিবীর মধ্যবিন্দুর দিকে জড় পদার্থের আকর্ষণ (Gravity). অভি—কৃষ্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

অভিকেন্দ্র—কেন্দ্রের অভিমুখে গমনকারী বা আকর্ষণকারী (Centripetal). অভিগত কেন্দ্রকে, প্রাদিতৎ। বিণ।

অভিক্রম—আরম্ভ ; আক্রমণ ; আরোহণ ; যুদ্ধযাত্রা, ভয়শূন্য হইয়া যুদ্ধে শত্রুর সমীপে গমন ; স্থানচ্যুতি (Displacement). অভি—ক্রম্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

অভিক্রমণ, —ক্রান্তি—অভিক্রম। অভি —ক্রম্ + অনট্, ক্তি ভাববা। বি ; ক্লীব, স্ত্রী।

অভিক্রোশ—আক্রোশ ; নিন্দা। অভি—ক্রুশ্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

অভিক্ষেপ—পরাজয়, অভিভব ; বহির্গত অংশ (Projection). অভি—ক্ষিপ্ + ঘঞ্ ভাববা, কর্ম্মবা। বি ; পুং।

অভিখ্যা—১। শোভা ; খ্যাতি, কীর্ত্তি, সুনাম। অভি—খ্যা + অঙ্ ভাববা + আপ্। ২। নাম, সংজ্ঞা। অভি—খ্যা + অঙ্ করণবা + আপ্। বি ; স্ত্রী।

অভিগত—সমীপস্থ, সন্নিহিত ; দর্শনার্থ নিকটে আগত ; সঙ্গমরত। অভি—গম্ + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অভিগম—প্রত্যুদ্গমন ; প্রাপ্তি ; আশ্রয় ; সেবা। অভি—গম্ + অপ্ ভাববা, অধিবা। বি ; পুং।

অভিগমন—প্রত্যুদ্গমন ; প্রাপ্তি ; আশ্রয় ; সেবা। অভি—গম্ + অনট্ ভাববা, অধিবা। বি ; ক্লীব।

অভিগামী (—মিন্)—নিকটে গমনকারী। অভি—গম্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —মিনী।

অভিগ্রস্ত—আক্রান্ত ; কবলিত। অভি—গ্রস্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—স্তা।

অভিগ্রহ—স্পর্দ্ধা ; আক্রমণ ; অভিযোগ ; লুণ্ঠন ; গৌরব ; সাহস ; বলপরীক্ষার্থ আহ্বান। অভি—গ্রহ্ + অপ্ ভাববা। বি ; পুং।

অভিগ্রহণ—চৌর্য্য, লুণ্ঠন, লুঠ ; যুদ্ধ করিয়া অধিকার করা। অভি—গ্রহ্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

অভিঘাত—আঘাত, দণ্ডাদি দ্বারা প্রহার ; যন্ত্রণা ; ক্ষয় ; ঘর্ষণ ; প্রতিকার ; তাড়না ; বিনাশ। অভি—হন্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

অভিঘাতী (—ঘাতিন্)—১। শত্রু। বি ; পুং। ২। আঘাতকারী, পীড়াকারক ; নাশক ; প্রতিকারক। অভি—হন্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তিনী।

অভিচর—পরিচারক, সেবক, ভৃত্য। অভি —চর্ + অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

অভিচার—অন্যের অনিষ্টসাধনের উদ্দেশে কৃত তান্ত্রিক প্রক্রিয়াবিশেষ ; ইহা ছয় প্রকার, যথা—মারণ, মোহন, স্তম্ভন, বিদ্বেষণ, উচ্চাটন, বশীকরণ ; পরহিংসা। অভি—চর্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

অভিচারক—অভিচারী, অভিচারকর্ত্তা। অভি—চর্ + ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

অভিচারমন্ত্র—পরহিংসা-সাধক তান্ত্রিক প্রক্রিয়ার মন্ত্র। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অভিচারী (-রিন্)—অভিচারকারী। অভিচার দ্রঃ। অভি—চর্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, -রিণী।

অভিজন—১। পূর্ববন্ধু ; পিত্রাদি ; কুল-শ্রেষ্ঠ। অভি—জন্ (জন্ম)+অচ্ কর্তৃবা। ২। বংশ ; জন্মভূমি। অভি—জন্+ঘঞ্ অধিবা। ৩। খ্যাতি, প্রসিদ্ধি। অভি—জন্+ঘঞ্ করণবা। বি ; পুং।

অভিজাত—সদ্বংশজাত, সংকুলোদ্ভব, কুলীন (Aristocrat) ; জ্ঞানী ; পণ্ডিত ; বুধ ; শ্লাঘ্য ; শ্রেষ্ঠ ; সুন্দর ; মনোহর ; মধুর। অভি (অভিমত) জাত (জন্ম) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -তা।

অভিজাততন্ত্র—রাজ্যের প্রধান ব্যক্তিদের দ্বারা রাজ্যশাসন (Aristocracy). অভি-জাত-চালিত তন্ত্র, মধ্যপ কর্মধা। বি ; ক্লীব।

অভিজাতত্ব—অভিজাতের ভাব বা ধর্ম ; আভিজাত্য, কৌলীন্য ; পাণ্ডিত্য। অভিজাত +ত্ব ভাবার্থে। বি ; ক্লীব।

অভিজিৎ—১। (জ্যোতিষে) নক্ষত্রবিশেষ (Vega), এই নক্ষত্র খ-গোলকের দক্ষিণ দিকে নিরীক্ষিত হয় ; প্রায়শ্চিত্তবিশেষ। অভি—জি+ক্বিপ্ করণবা। ২। কুতপ-লগ্ন, দিবামানকে পঞ্চদশ ভাগে বিভক্ত করিলে তাহার অষ্টম ভাগ বা মুহূর্ত। অভি—জি+ক্বিপ্ অধিবা। বি ; ক্লীব। ৩। শত্রু-জয়কারী। অভি—জি+ক্বিপ্ কর্তৃবা। বিণ।

অভিজ্ঞ—ভূয়োদর্শন দ্বারা লব্ধজ্ঞান, বহুদর্শী (Experienced) ; জ্ঞানী, বিজ্ঞ ; বিদ্বান্, পণ্ডিত ; নিপুণ। অভি—জ্ঞা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, -জ্ঞা।

অভিজ্ঞতা—ভূয়োদর্শন দ্বারা লব্ধ জ্ঞান, বহু-দর্শন দ্বারা যে জ্ঞান লাভ করা যায় ; জ্ঞানবত্তা, বিজ্ঞতা ; বিদ্যাবত্তা, পাণ্ডিত্য ; নৈপুণ্য। অভিজ্ঞ+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

অভিজ্ঞা—১। অভিজ্ঞ দ্রঃ। বিণ ; স্ত্রী। ২। প্রথমসঞ্জাত জ্ঞান, আদ্য জ্ঞান। অভি—জ্ঞা+অঙ্ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

অভিজ্ঞাত—১। চিহ্ন দ্বারা জ্ঞাত। অভি—জ্ঞা+ক্ত কর্মবা। ২। অনুসন্ধান দ্বারা বিদিত। অভি—জ্ঞা+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, -তা।

অভিজ্ঞান—১। স্মৃতিকারক চিহ্ন, স্মরণের উদ্রেকার্থে প্রদত্ত বস্তু। অভি—জ্ঞা+অনট্ করণবা। ২। নিশ্চিত জ্ঞান। অভি—জ্ঞা +অনট্ ভাববা। বি ; ক্লীব।

অভিজ্ঞান-পত্র, -লিপি—ব্যক্তি-বিশেষের পরিচয়জ্ঞাপক পত্র, পরিচয়-নিদর্শন-লিপি (Certificate). অভিজ্ঞানসূচক পত্র, লিপি, মধ্যপ কর্মধা। বি ; ক্লীব, স্ত্রী।

অভিতপ্ত—অগ্নিদ্বারা সন্তপ্ত ; দুঃখিত, শোকাদি দ্বারা পীড়িত, উদ্বিগ্ন। অভি—তপ্ +ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, -প্তা।

অভিতাপ—সন্তাপ, প্রবল উত্তাপ ; মনস্তাপ, দুঃখ, শোক ; উদ্বেগ। অভি—তপ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

অভিদ্যোতন, -দ্যোতনা—প্রকটন, প্রকাশ, অভিব্যক্তি। অভি—দ্যুৎ+অনট্, অন ভাববা+আপ্ (২য় পক্ষে)। বি ; ক্লীব, স্ত্রী। বিণ, -দ্যোতিত, -দ্যোতক।

অভিদ্যোতিত—প্রকাশিত ; উল্লসিত ; শোভিত ; কৃতপ্রমাণারম্ভ ; প্রকাশিত হইতে আরম্ভকারী। অভি—দ্যুত্ (দীপ্তি পাওয়া)+ ক্ত কর্তৃবা। বিণ ; ত্রি। স্ত্রী, -তা।

অভিদ্রবণ—বেগে গমন, দ্রুত যাওয়া। অভি—দ্রু (গমন করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অভিদ্রুত—বেগে পলায়িত, দ্রুতপ্রস্থিত। অভি—দ্রু+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, -তা।

অভিদ্রোহ—অপকার ; আক্রোশ, অনিষ্ট-চিন্তা। অভি—দ্রুহ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

অভিধা—১। নাম, সংজ্ঞা। অভি—ধা +অঙ্ করণবা+আপ্। ২। শব্দের শক্তি-বিশেষ (শব্দের যে অভিধা, লক্ষণা ও ব্যঞ্জনা নামে তিনটি শক্তি আছে, তন্মধ্যে প্রথম

শক্তি। এই শক্তি দ্বারা শব্দের মুখ্যার্থের জ্ঞান হয়)। ব্যাকরণ, অভিধান, উপমান, আপ্তবাক্য, ব্যবহার ও সিদ্ধপদসান্নিধ্য দ্বারা মুখ্যার্থ বা অভিধাশক্তি প্রকাশিত হয়। অভি—ধা+ক্বিপ্ কর্তৃবা। ৩। কথন। অভি—ধা+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

অভিধান—১। কথন। অভি—ধা+অনট্ ভাববা। ২। নাম, সংজ্ঞা। অভি—ধা+অনট্ করণবা। ৩। শব্দার্থকোষ। (Dictionary). অভি—ধা+অনট্ অধিবা। বি; ক্লীব।

অভিধাবন—পশ্চাদ্ধাবন, অনুসরণ। অভি—ধাব্+অনট্ ভাববা। বি; পুং।

অভিধেয়—১। বাচ্য, প্রতিপাদ্য; শব্দার্থবোধক; বক্তব্য। অভি—ধা+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া। ২। নাম; অর্থ। অভি—ধা+যৎ করণবা। ৩। শব্দের উচ্চারণমাত্র যে অর্থের প্রতীতি হয় তাহা; প্রতিপাদ্য বিষয়। অভি—ধা+যৎ কর্ম্মবা। বি; ক্লীব।

অভিধ্যান—চিন্তা; সাভিনিবেশ চিন্তা; অভিলাষ; পরস্বে স্পৃহা। অভি—ধ্যৈ+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভিনন্দন—সন্তোষপূর্ব্বক প্রশংসা, সন্তোষসহকারে গুণকীর্ত্তন; কোন বিষয়ে হর্ষপ্রদর্শন; অন্যের মঙ্গলদর্শনে আহ্লাদপ্রকাশ; অনুমোদন। অভি—নন্দ্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভিনন্দনপত্র—সন্তোষসহকারে গুণকীর্ত্তনাদি-সংবলিত পত্র বা লিপি। অভিনন্দনসূচক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অভিনন্দিত—সম্যক্ তোষিত; সসন্তোষে প্রশংসিত; যাহার অভিনন্দন করা হইয়াছে বা যাহাকে অভিনন্দনপত্র দেওয়া হইয়াছে। অভি—নন্দ্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভিনয়—শরীরের চেষ্টাদি দ্বারা অবস্থানুকরণ; রঙ্গভূমিতে নাট্যোল্লিখিত ব্যক্তিগণের ভাবভঙ্গী, কার্য্যকলাপ, কথোপকথনাদি অবস্থার অনুকরণ, অর্থাৎ তাহাদের মত সাজিয়া ঠিক সেই ভাব দেখান; রসভাবাদিব্যঞ্জক চেষ্টাবিশেষ, সঙ্ সাজিয়া তাহার অনুকরণ; প্রসাধন। অভি—নী+অচ্ ভাববা। বি; পুং।

অভিনব—১। নূতন, নবীন। অভি—নু+অপ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—বা। ২। স্তব। অভি—নু+অপ্ ভাববা। বি; পুং।

অভিনিবিষ্ট—অন্তঃপ্রবিষ্ট; মধ্যগত; আগ্রহযুক্ত; শাস্ত্রাদিতে তন্ময়চিত্ত; অত্যন্ত মনোযোগী। অভি—নি—বিশ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

অভিনিবেশ—প্রবেশ; আগ্রহ; আবেশ; প্রণিধান; মনোযোগ; সবিশেষ যত্ন; আবেগ; (যোগশাস্ত্রমতে)—মরণজন্য ভয়জনক অবিদ্যাবিশেষ। অভি—নি—বিশ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অভিনিবেশশালী (—**লিন্**)—অভিনিবেশবিশিষ্ট, মনোযোগী। অভিনিবেশ দ্বারা শালিত (শোভিত) হয় যে, উপতৎ; অভিনিবেশ—শাল্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—লিনী।

অভিনিষ্ক্রমণ—বহির্গমন, প্রস্থান; দ্রুতবেগে নির্গম। অভি—নির্—ক্রম্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভিনিষ্ক্রান্ত—সবেগে নির্গত; বহির্গত। অভি—নির্—ক্রম্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ন্তা।

অভিনিষ্পত্তি—নির্ব্বাহ; সমাপ্তি। অভি—নির্—পদ্+ক্তি ভাববা। বি; স্ত্রী। বিণ—ন্ন।

অভিনীত—কৃতাভিনয়, যাহার অভিনয় করা হইয়াছে; সজ্জিত; অনুকৃত; বিনীত। অভি—নী+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভিনেতা (—**নেতৃ**)—নট, অভিনয়কারী, যে অভিনয় করে; সজ্জাকারী, সংওয়ালা। অভি—নী+তৃন্ কর্তৃবা। বি; পুং।

অভিনেত্রী—নটী, অভিনয়কারিণী। অভিনেতৃ+ঈপ্। বি; স্ত্রী।

অভিনেয়—অভিনয়ের বিষয়ীভূত, অভিনয়ের যোগ্য, যাহার অভিনয় করিতে হইবে এরূপ। অভি—নী+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অভিন্ন—ভেদরহিত, অনন্য, একই; অবিদারিত; অভগ্ন; অবিদলিত; একীভূত; মিশ্রিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ন্না।

অভিন্নহৃদয়—একচিত্ত, সমপ্রাণ। অভিন্ন হইয়াছে হৃদয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

অভিপন্ন—১। বিপন্ন; শরণাগত; স্বীকৃত; অপরাধী; সরল; পলায়িত। অভি—পদ্‌+ক্ত কর্ত্তৃবা। ২। অভিগ্রস্ত; শত্রুকর্ত্তৃক আক্রান্ত। অভি—পদ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্না।

অভিপ্রণীত—বেদমন্ত্রদ্বারা সংস্কৃত; সম্যগ্‌ রচিত; আরাধিত। অভি—প্র—নী+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভিপ্রয়াণ—অভিমুখে গমন; দেশান্তরগমন (Migration). অভি—প্র—যা+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অভিপ্রায়—আশয়, উদ্দেশ্য, অভিসন্ধি; তাৎপর্য্য, অর্থ, মনোভাব; মত। অভি—প্র—ই বা অয়্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

অভিপ্রায়সিদ্ধি—অভীষ্টসাধন, উদ্দেশ্যসাধন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অভিপ্রেত—১। অভীষ্ট, বাঞ্ছিত; উদ্দিষ্ট; সম্মত। অভি—প্র—ই+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। অভিপ্রায়। অভি—প্র—ই+ক্ত ভাববা। বি; ক্লীব।

অভিবন্দন—সম্যক্‌ বন্দনা, আরাধনা, পূজা, উপাসনা; অভিবাদন। অভি—বন্দ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অভিবর্ষণ—সর্ব্বত্রবর্ষণ, প্রচুর বৃষ্টিপাত। অভি—বৃষ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অভিবাদ—১। অপবাদ, অখ্যাতি। অভি—বদ্‌+ঘঞ্‌ ভাববা। ২। বন্দনা। অভি—বদ্‌+ণিচ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

অভিবাদক—১। অভিবাদনকারী, বন্দনশীল। অভি—বদ্‌+ণিচ্‌+ণক কর্ত্তৃবা। ২। নিন্দক, অপ্রিয়কথক, অপবাদক। অভি—বদ্‌+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিকা।

অভিবাদন—নামোচ্চারণপূর্ব্বক নমস্কার; পাদস্পর্শপূর্ব্বক প্রণাম, বন্দনা। অভি—বদ্‌+ণিচ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অভিবাদ্য—অভিবাদনযোগ্য, নমস্য, বন্দ্য। অভি—বাদি+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্যা।

অভিবিধি—অভিব্যাপ্তি; সর্ব্বতোভাবে ব্যাপ্তি। অভি—বি—ধা+কি ভাববা। বি; পুং।

অভিব্যক্ত—প্রকাশিত; স্পষ্ট। অভি—বি—অন্‌জ্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ক্তা।

অভিব্যক্তি—প্রকাশ; স্পষ্টতা; ক্রমবিবর্ত্তন (Evolution). অভি—বি—অন্‌জ্‌+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অভিব্যঞ্জক—প্রকাশক, দ্যোতক। অভি—বি—অন্‌জ্‌+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ঞ্জিকা।

অভিব্যঞ্জন—সম্যক্‌রূপে প্রকাশ। অভি—বি—অন্‌জ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অভিব্যাপক—সর্ব্বব্যাপী; ত্রিবিধ আধারের অন্যতম। অভি—বি+আপ্‌+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

অভিব্যাপ্ত—সর্ব্বতোভাবে ব্যাপ্ত, সর্ব্বত্র বর্ত্তমান। অভি—বি—আপ্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—প্তা।

অভিব্যাপ্তি—সর্ব্বতোভাবে ব্যাপ্তি, সকল দিকে ব্যাপন, বিস্তৃতি। অভি—বি—আপ+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অভিভব—পরাভব, অবমান, অনাদর; তিরস্কার, আকুলীভাব; আক্রমণ। অভি—ভূ+অপ্‌ ভাববা। বি; পুং।

অভিভবনীয়—পরাভবনীয়, দমনীয়। অভি—ভূ+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অভিভাব—অভিভব (সকল অর্থে)। অভিভূত ভাব, প্রাপ্তি। [সোপসর্গ ভূ ধাতুর উত্তর ঘঞ্‌ হয় না]। বি; পুং।

অভিভাবক—রক্ষক, তত্ত্বাবধারক; আশ্রয়-দাতা; অভিভবকারক। অভি—ভূ+ণক কর্ত্তৃবা। বিণ বা বি; পুং। স্ত্রী,—বিকা।

অভিভাষণ—আলাপন, সম্ভাষণ; বক্তৃতা (Address); অনুকূলে কথন; সম্বোধন। অভি—ভাষ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভিভূত—পরাভূত, পরাজিত; তিরস্কৃত; আবৃত; বিহ্বল; আকুল; অবশ; অজ্ঞান। অভি—ভূ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভিভূতি—অভিভব; অনাদর, অবজ্ঞা। অভি—ভূ (হওয়া)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অভিমত—১। সম্মত, স্বীকৃত; অভিপ্রেত; মনোমত, প্রিয়। অভি—মন্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। মত, অভিপ্রায়। অভি—মন্+ক্ত ভাববা। বি; ক্লীব।

অভিমন্ত্রণ—আমন্ত্রণ, সম্বোধন, আহ্বান; অভিপ্রণয়ন; উপদেশদান; মন্ত্রপাঠপূর্ব্বক সংস্কারকরণ। অভি—মন্ত্র্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভিমান—গর্ব্ব, দর্প, অহঙ্কার; প্রণয়ী, স্নেহভাজন ইত্যাদির প্রতি মনোদুঃখজনিত ক্রোধ; প্রণয়, প্রেম-প্রার্থনা; প্রতীতি, জ্ঞান; হিংসা। অভি—মন্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অভিমানী (—মানিন্)—গর্ব্বিত, দর্পিত, অহঙ্কৃত; অনাদর জন্য অপমানবোধে ক্রোধা-বিষ্ট। অভিমান শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—নিনী।

অভিমুখ—১। সম্মুখ, সমক্ষ; উদ্দেশ; দিক্। মুখের সমীপ, অব্যয়ী। বি; ক্লীব। ২। সম্মুখবর্ত্তী; কোনও কাজ করিতে উদ্যত; অনুকূল; সদয়; ঊর্দ্ধমুখ। অভিগত মুখকে, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—খী।

অভিমুখী (—খিন্)—অভিমুখ (২য় অর্থে)। অভিমুখ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—খিনী।

অভিমুখীন—সম্মুখবর্ত্তী। অভিমুখ+ঈন্ স্বার্থে। বিণ। স্ত্রী,—না।

অভিযাচিত—সমক্ষে প্রার্থিত। অভি—যাচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভিযাত—১। আক্রান্ত; অভিযুক্ত; ভর্ৎসিত, আবিষ্ট। অভি—যা+ক্ত কর্ম্মবা। ২। গত। অভি—যা+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অভিযান—যুদ্ধযাত্রা, আক্রমণার্থ গমন; অভিগমন; আবিষ্কারাদির উদ্দেশ্যে যাত্রা ('মেরু অভিযান', 'এভারেষ্ট অভিযান' প্রভৃতি)। অভি—যা+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভিযুক্ত—আক্রান্ত, শত্রুকর্ত্তৃক অবরোধিত; যাহার বিরুদ্ধে অভিযোগ উপস্থিত করা হইয়াছে, আসামী, প্রতিবাদী; ভর্ৎসিত; কথিত; আবিষ্ট। অভি—যুজ্ (যোগ করা) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ক্তা।

অভিযোক্তা (—যোক্তৃ)—আক্রমণ-কারী; অভিযোগকারী, যে নালিশ করে, বাদী। অভি—যুজ্+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ক্ত্রী।

অভিযোগ—১। আক্রমণ; যুদ্ধার্থ আহ্বান; যুদ্ধ; বিচারকের নিকট কাহারও বিরুদ্ধে দোষারোপপূর্ব্বক বিচার প্রার্থনা, নালিশ, অভিনিবেশ; উদ্যোগ; শপথ, দিব্য; ভর্ৎসনা, দোষারোপ। অভি—যুজ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অভিযোজন—কোন উদ্দেশ্য সাধনের বা অবস্থার উপযোগী করা (Adaptation). অভি—যুজ্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ,—যোজিত,—যোজ্য।

অভিরক্ষণ, অভিরক্ষা—বিপদাদি হইতে রক্ষণ; রক্ষণ, সকল দিক্ বা বিষয় রক্ষা করা; সুরক্ষণ। অভি—রক্ষ্+অনট্, (২য় পক্ষে) অ ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

অভিরক্ষিত—সম্পূর্ণরূপে রক্ষিত; সর্ব্বতো-ভাবে গুপ্ত। অভি—রক্ষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভিরত—অনুরক্ত, আসক্তিযুক্ত; নিযুক্ত;

প্রীত। অভি—রম্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অভিরতি—অনুরাগ, আসক্তি; প্রীতি। অভি—রম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অভিরাম—রমণীয়, সুন্দর, প্রীতিকর, মনোহর। অভি—রম্+ঘঞ্ অধিবা। বিণ। স্ত্রী,—মা।

অভিরুচি—অভিলাষ, প্রবৃত্তি, ইচ্ছা, স্পৃহা; দীপ্তি। অভি—রুচ্+কি ভাববা। বি; স্ত্রী।

অভিরূপ—১। অনুরূপ; প্রিয়, মনোহর। অভিমত রূপ যাহার, বহুব্রী। ২। পণ্ডিত; বিদ্বান্। অভি—রূপ্+ণিচ্+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—পা।

অভিলক্ষিত—উদ্দিষ্ট; জ্ঞাত; দৃষ্ট, লক্ষিত। অভি—লক্ষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভিলম্ব—সরকলা ইত্যাদি বস্তুর পৃষ্ঠস্থিত কোন বিন্দুর উপর অঙ্কিত লম্ব (Normal). বি; পুং।

অভিলষণীয়—বাঞ্ছনীয়, আকাঙ্ক্ষণীয়, স্পৃহণীয়। অভি—লষ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অভিলষিত—১। বাঞ্ছিত, ঈপ্সিত, অভীষ্ট। অভি—লষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। ইচ্ছা, বাঞ্ছা। অভি—লষ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

অভিলাষ—বাঞ্ছা, স্পৃহা, ইচ্ছা; অনুরাগ; লোভ। অভি—লষ্+ঘঞ্ ভাববা। বি; পুং। বিণ,—ষী,—ষিত।

অভিলাষই—আকাঙ্ক্ষা করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

অভিলাষী (—লাষিন্)—ইচ্ছুক; লোভী। অভি—লষ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষিণী।

অভিলাষুক—অভিলাষী। অভি—লষ্+উকঞ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—কা।

অভিলাস—অভিলাষ, ইচ্ছা। অভি—লস্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অভিলিখিত—লিখিত; ক্ষোদিত। অভি—লিখ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভিলেখন—খোদাই করা; পুস্তকের পৃষ্ঠায় সন্নিবেশন। অভি—লিখ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভিশংসক—অপরাধীর বিপক্ষে কার্য্যকারী সরকারী উকিল (Public Prosecutor). অভি—শনস্+ণক কর্তৃবা। বি; পুং।

অভিশংসন—আক্রোশ; মিথ্যা অভিযোগ বা অপবাদ, অথবা কুৎসা। অভি—শনস্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভিশঙ্কা—সর্ব্বথা আশঙ্কা; সংশয়; ভ্রান্তি। অভি—শন্ক্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

অভিশঙ্কিত—অতিশয় শঙ্কাযুক্ত, সন্ত্রস্ত, ভীত; সন্দেহযুক্ত, সন্দিগ্ধ, সন্দিহান। অভিশঙ্কা শব্দ+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

অভিশঙ্কী (—শঙ্কিন্)—অভিশঙ্কাযুক্ত; সন্দিহান। অভিশঙ্কা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—ঙ্কিনী।

অভিশপ্ত—অভিশাপগ্রস্ত, যাহাকে অভিসম্পাত করা হইয়াছে। অভি—শপ্+ক্ত কর্ম্মবা। বিণ; স্ত্রী,—প্তা।

অভিশাপ—অভিসম্পাত, কোনও কারণে কাহারও প্রতি কুপিত হইয়া তাহার অমঙ্গল-প্রার্থনা। অভি—শপ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অভিষঙ্গ, অভীষঙ্গ—অপবাদ; অভিশাপ; ব্যসন; শোক, দুঃখ; পরাভব; আক্রোশ; শপথ; হিংসা; আসক্তি; আলিঙ্গন; মৈথুন। অভি—সনজ্+ঘঞ্ ভাববা (বিকল্পে উপসর্গের 'ই' দীর্ঘ)। বি; পুং।

অভিষব, অভিষবণ—১। যজ্ঞাঙ্গ স্নান; সোমরস পান; মদ্যসন্ধান, মদ প্রস্তুত করা। অভি—সু+অপ্, অনট্ ভাববা। ২। কাঁজি। অভি—সু+অপ্, অনট্ কর্ম্মবা। ৩। যজ্ঞ। অভি—সু+অপ্, অনট্ সম্প্রবা। বি; পুং, ক্লীব।

অভিষিক্ত—স্নাত, মন্ত্রপূত বা পবিত্র সলিল

দ্বারা স্নাপিত, যাহার অভিষেক সম্পন্ন হইয়াছে; নিযুক্ত। অভি—সিচ্+ক্ত কর্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ক্তা।

অভিষিক্তই—অভিষিক্ত করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

অভিষেক—১। স্নান; কোন দেবমূর্ত্তি ও বিগ্রহকে মন্ত্রপূত পবিত্র জলে বা পঞ্চগব্য দ্বারা স্নান করান; কর্ম্মে নিয়োগ; রাজ্যাধিকারার্থ মন্ত্রপূত পবিত্র সলিলদ্বারা অভিষেচন (সমুদ্র ও পবিত্রতোয়া নদীর অর্থাৎ গঙ্গা, যমুনা, গোদাবরী, সরস্বতী, নর্ম্মদা, সিন্ধু ও কাবেরী প্রভৃতির জল সংগ্রহ করিয়া রাজ্যাভিষেক-সময়ে যে স্নান করান হয়, উহাকে অভিষেক বলে)। অভি—সিচ্+ঘঞ্ ভাববা। ২। স্নাপন। অভি—ণিজন্ত সিচ্ (=সেচি)+ঘঞ্ ভাববা। বি; পুং।

অভিষেচন—জলাদি দ্বারা সম্যক্ সেচন, স্নান; অভিষেক; স্নাপন; কর্ম্মে নিয়োগ। অভি—সিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভিষঙ্গ—আসক্তি, অনুরাগ; আলিঙ্গন। অভি—স্বন্জ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অভিষ্যন্দ, অভিস্যন্দ—১। অতিবৃদ্ধি, স্ফীতি, নেত্ররোগবিশেষ; ক্ষরণ; অতিরেক। অভি—স্যন্দ্+ঘঞ্ ভাববা (বিকল্পে ষত্ব)। বি; পুং। ২। অধিক; উদ্বৃত্ত। অভি—স্যন্দ্+ঘঞ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্দা।

অভিষ্যন্দী, —স্যন্দী (—ন্দিন্)—১। ক্ষরণশীল, ঝরিতেছে বা চুয়াইতেছে এরূপ; যাহার চক্ষু দিয়া জল ঝরিতেছে বা শ্লেষ্মা নির্গত হইতেছে এরূপ। অভি—স্যন্দ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ন্দিনী। ২। কোন স্থানের উদ্বৃত্ত লোক; জন-বাহুল্য। অভিষ্যন্দ+ইন্ আছে অর্থে। বি; পুং।

অভিসংহিত—বঞ্চিত; প্রতারিত; উদ্দিষ্ট, অভিপ্রেত, অভীষ্ট। অভি—সম্—ধা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভিসন্তাপ—১। তাপ; মনস্তাপ, দুঃখ; অভিশাপ। অভি—সম্—তপ্+ঘঞ্ ভাববা। ২। যুদ্ধ। অভি—সম্—তপ্+ঘঞ্ অধিবা। বি; পুং।

অভিসন্ধান—প্রবঞ্চনা; সম্মিলন, সন্ধি; সমুদ্যোগ; অভিসন্ধি, উদ্দেশ। অভি—সম্—ধা+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভিসন্ধি—১। উদ্দেশ্য, অভিপ্রায়; সম্ভাবনা; বঞ্চনা; সমুদ্যোগ; সন্ধি। অভি—সম্—ধা+কি ভাববা। বি; পুং। ২। উপায়; কৌশল; চক্রান্ত। দেশজ প্রঃ। বি।

অভিসম্পাত—১। যুদ্ধ। অভি—সম্—পত্+ঘঞ্ অধিবা। ২। অভিশাপ। অভি—সম্—পত্+ঘঞ্ করণবা। ৩। সম্পূর্ণরূপে পতন। অভি—সম্—পত্+ঘঞ্ ভাববা। বি; পুং।

অভিসরণ—অনুসরণ, অনুগমন; অভিসার, নায়ক-নায়িকাদের সঙ্কেত-স্থানে গমন। অভি—সৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভিসর্জ্জ(র্জ)ন—দান, বিসর্জ্জন, ত্যাগ; বধ। অভি—সৃজ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভিসার—১। যুদ্ধ; সম্ভোগাভিলাষে নায়ক-নায়িকাদের সঙ্কেত-স্থানে গমন। অভি—সৃ+ঘঞ্ ভাববা। ২। বল; সাধন। অভি—সৃ+ঘঞ্ করণবা। ৩। সহায়। অভিসার+অচ্ আছে অর্থে। বি; পুং। (প্রাঃ কবিপ্র—**অভিসারই**—অভিসারে যায়। **অভিসারবি**—অভিসারে যাইবি বা পাঠাইবি। **অভিসারল**—অভিসারে গেল।)

অভিসারক—কান্তার্থে সঙ্কেত-স্থানে গমনকারী (পুরুষ); অভিমুখে গমনকারী। অভি—সৃ+ণক কর্তৃবা। বিণ বা বি; পুং।

অভিসারিকা—কান্তার্থে সঙ্কেত-স্থানে গমনকারিণী (নারী)। অভিসারক+আপ্। বিণ বা বি; স্ত্রী।

অভিসারিণী—অভিসারিকা। অভি—সৃ+ণিন্ কর্তৃবা+ঈপ্। বিণ বা বি; স্ত্রী।

অভিসারী (—সারিন্)—কান্তার্থে সঙ্কেত-স্থানে গমনকারী (পুরুষ), অভিসারক। অভি—সৃ+ণিন্ কর্তৃবা। বিণ বা বি; পুং।

অভিসৃষ্ট—দত্ত, পরিত্যক্ত, বিসৃষ্ট। অভি—সৃজ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

অভিস্যন্দ—অভিষ্যন্দ দ্রঃ।

অভিহত—আহত, আঘাত-প্রাপ্ত; বিনষ্ট; পরাজিত; তাড়িত; গুণিত। অভি—হন্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভিহরণ—অপহরণ, চৌর্য্য; আহরণ; বিবাহকালীন যৌতুকদান। অভি—হৃ+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

অভিহার—আক্রমণ; লুণ্ঠন; বর্ম্মধারণ; অভিযোগ; পৌনঃপুন্য। অভি—হৃ+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

অভিহিত—কথিত, উক্ত, উল্লিখিত; আখ্যাত। অভি—ধা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভী—নির্ভীক, ভয়রহিত, নিঃশঙ্ক; সাহসী। ন (নাই) ভী (ভয়) যাহার, বহুব্রী। বিণ।

অভীক—১। নির্ভীক, ভয়রহিত, নির্ভয়; খল, ক্রূর। ন (নাই) ভী (ভয়) যাহার, বহুব্রী। ২। ইচ্ছুক, কামুক। অভি+কন্‌ কামুকার্থে (নিপাতনে)। বিণ। স্ত্রী,—কা। ৩। স্বামী, পতি, নায়ক, প্রণয়ী; কবি। ন (নাই) ভী যাহার বা যাহা হইতে, বহুব্রী (ক আগম)। বি; পুং। ৪। গৃহসমীপ। অভি—কম্‌+ড অধিবা। বি; ক্লীব। [স্ত্রী।

অভীতি—অভয়, ভয়রাহিত্য। নঞ্‌তৎ। বি;

অভীপ্সা—পাইবার ইচ্ছা, আকাঙ্ক্ষা, কামনা। অভি—আপ্‌+সন্‌ ইচ্ছার্থে+অ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

অভীপ্সিত—অভিলষিত, বাঞ্ছিত, আকাঙ্ক্ষিত। অভি—আপ্‌+সন্‌ ইচ্ছার্থে+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভীপ্সু—অভিলাষুক, ইচ্ছুক। অভি—আপ্‌+সন্‌ ইচ্ছার্থে+উ কর্তৃবা। বিণ।

অভীর—১। আভীর, গোপজাতি, গোয়ালা। অভি—ঈর্‌+অচ্‌ কর্তৃবা। ২। দাক্ষিণাত্য-দেশবিশেষ। অভি—ঈর্‌+ঘঞ্‌ অধিবা। বি; পুং।

অভীষঙ্গ—অভিষঙ্গ (তাহা দ্রঃ)।

অভীষ্ট—অভিলষিত, বাঞ্ছিত; প্রিয়। অভি—ইষ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

অভীষ্টদেব, —দেবতা—ইষ্টদেবতা, আরাধ্যদেব; দীক্ষাগুরু। কর্ম্মধা। বি; পুং, স্ত্রী।

অভীষ্টপ্রদ—আকাঙ্ক্ষিত ফলদানকারী। উপতৎ। অভীষ্ট—প্র—দা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

অভীষ্টলাভ, —সিদ্ধি—অভিলষিতপ্রাপ্তি, ইষ্টলাভ। ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।

অভুক্ত—যাহার ভোজন হয় নাই, উপবাসী, অনাহারী; অভক্ষিত, অখাদিত, যাহা খাওয়া হয় নাই; যাহা ভোগ করা হয় নাই। ন ভুক্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অভুগ্ন—অকুব্জীকৃত, অনবনত; অবক্র, অকুটিল, ঋজু, সরল, সোজা; অরুগ্‌ণ, অপীড়িত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—গ্না।

অভূত—যাহা হয় নাই বা জন্মে নাই; অবিদ্যমান; অনতীত, যাহা গত হয় নাই। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অভূতপূর্ব্ব(র্ব)—যাহা পূর্ব্বে কখনও হয় নাই; অভিনব। পূর্ব্বে ভূত—ভূতপূর্ব্ব, সুপ্‌সুপা; ন ভূতপূর্ব্ব, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্ব্বা।

অভেদ—১। ভেদাভাব, অবিশেষ, অভিন্নতা। একতা। ন ভেদ, নঞ্‌তৎ। বি; পুং। ২। ভেদরহিত, নির্ব্বিশেষ, অভিন্ন, এক। ন (নাই) ভেদ যাহার, যাহাতে বা যাহা হইতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—দা।

অভেদজ্ঞান—১। পৃথক্‌ মনে না করা; একরূপ ভাবা। অভেদের জ্ঞান, ৬ষ্ঠীতৎ; অথবা, ন ভেদজ্ঞান, নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। ভেদজ্ঞানরহিত; সমদর্শী। ন (নাই) ভেদজ্ঞান যাহার, বহুব্রী। বিণ।

অভেদাত্মা (—ত্মন্‌)—অভিন্নহৃদয়, একবিধ-মনোভাব-বিশিষ্ট, সমপ্রাণ। অভেদ আত্মা যাহার, বহুব্রী। বিণ।

ভেদ্য—১। ভেদাসাধ্য, যাহা ভেদ করিতে ারা যায় না। ন ভেদ্য, নঞ্ তৎ। স্ত্রী,—দ্যা। ।হীরক। নঞ্ তৎ। বি ; ক্লীব।

ভেদ্যতা—একাধিক পদার্থের একই ময়ে একই স্থান অধিকারে অক্ষমতা mpenetrability). অভেদ্য+তা ভাবার্থে। ; স্ত্রী।

ভোক্তা (—ক্তৃ)—অভোজনকারী, যে য় না ; অনাহারী, উপবাসী ; যে ভোগ করে । নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ক্ত্রী।

ভোগ্য—ভোগের অযোগ্য ; যাহা ভোগ রা উচিত নয়। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—গ্যা।

ভোজন—না খাওয়া, অনাহার, উপবাস ; জন। নঞ্ তৎ। বি ; ক্লীব।

ভোজ্য—অভক্ষ্য, অখাদ্য, অভক্ষণীয়। ঞ্ তৎ। বিণ। স্ত্রী,—জ্যা।

ভ্যক্ত—আপাদমস্তক তৈলাক্ত, সর্বাঙ্গে তল মাখিয়াছে এরূপ। অভি—অন্জ্+ক্ত র্তৃবা। বিণ। স্ত্রী,—ক্তা।

ভ্যঙ্গ, অভ্যঞ্জন—১। তৈলাদি দ্বারা অঙ্গমর্দ্দন, আভাঙ্ করিয়া গায়ে (তেল) াখা। অভি—অন্জ্+ঘঞ্, অনট্ ভাববা। । যাহা আভাঙ্ করিয়া মাখা যায়, তৈলাদি। অভি—অন্জ্+ঘঞ্, অনট্ করণবা। বি ; পুং, ক্লীব।

ভ্যধিক—অতিশয় অধিক ; সর্ব্বাপেক্ষা উত্তম। অভিতঃ অধিক, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—কা।

অভ্যনুজ্ঞা—অনুমতি, আদেশ, এই কার্য্য কর এইরূপ আজ্ঞা ; সম্মতি। অভি—অনু—জ্ঞা+অঙ্ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

অভ্যনুজ্ঞাত—অনুজ্ঞাত, আদিষ্ট। অভি—অনু—জ্ঞা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভ্যন্তর—১। অন্তরাল, ভিতর, মধ্যস্থান। বি ; ক্লীব। ২। অন্তর্গত, মধ্যবর্ত্তী। অভিগত অন্তরকে, ২য়াতৎ। বিণ। স্ত্রী,—রা।

অভ্যন্তরীণ—অন্তর্বর্ত্তী, মধ্যবর্ত্তী, ভিতরের। অভ্যন্তর+ঈন্ ভবার্থে। বিণ। স্ত্রী,—ণা।

অভ্যর্থন—যাচ্ঞা, প্রার্থনা ; সম্ভাষণ ; সংবর্দ্ধনা, অভ্যাগত ব্যক্তির সৎকার ও সমাদর। অভি—অর্থি+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অভ্যর্থনা—অভ্যর্থন (সকল অর্থে)। অভি—অর্থি+অন ভাববা+আপ্। বি ; স্ত্রী।

অভ্যর্থনা-সমিতি—অভ্যাগত ব্যক্তির সংবর্দ্ধনা ও সৎকারের নিমিত্ত সভা (Reception Committee). অভ্যর্থনাকারিণী সমিতি, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

অভ্যর্থনীয়—প্রার্থনীয়, যাচনীয়, সংবর্দ্ধনীয়। অভি—অর্থি+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অভ্যর্থিত—যাচিত, প্রার্থিত, সংবর্দ্ধিত। অভি—অর্থি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভ্যসন—অভ্যাস, বারংবার আলোচনা। অভি—অস্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অভ্যসনীয়—অভ্যাস করিবার যোগ্য, অনুশীলনীয় ; পুনঃ পুনঃ আলোচনীয়। অভি—অস্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অভ্যস্ত—১। যাহা অভ্যাস করা হইয়াছে এরূপ, মুখস্থ ; শিক্ষিত, কণ্ঠস্থ ; অভ্যাসানুরূপ ; (ব্যাকরণে) দ্বিরুক্ত। অভি—অস্+ক্ত কর্ম্মবা। বিণ। ২। কৃতাভ্যাস ; যে কোন কার্য্য অভ্যাস দ্বারা প্রকৃতিগত করিয়াছে এরূপ। অভি—অস্+ক্ত ভাববা+অ আছে অর্থে। বিণ। স্ত্রী,—স্তা।

অভ্যাগত—১। গৃহাগত ব্যক্তি, অতিথি। বি ; পুং। ২। সম্মুখাগত। অভি—আ—গম্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অভ্যাগম, অভ্যাগমন—১। বিবাদ, বিরোধ ; মারণ ; সমীপাগমন ; স্বীকার : ফলপ্রাপ্তি ; অভ্যুত্থান ; সমীপ, নিকট। অভি—আ—গম্+অপ্, অনট্ ভাববা। ২। যুদ্ধ। অভি—আ—গম্+অপ্, অনট্ অধিবা। বি ; পুং, ক্লীব।

অভ্যাদান—সম্মুখস্থ হইয়া গ্রহণ ; আরম্ভ। অভি—আ—দা+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অভ্যাশ—১। আবৃত্তি। অভি—অশ্+ঘঞ্ ভাববা। ২। নিকট। অভি—অশ্+ঘঞ্ করণবা। বি; পুং।

অভ্যাস—১। আবৃত্তি, পুনঃ পুনঃ কথন, কোনও কার্য্য পুনঃ পুনঃ করণ; বাণক্ষেপ; (ব্যাকরণে) দ্বিত্ব; (গণিতে) গুণন। অভি—অস্+ঘঞ্ ভাববা। ২। নিকট; (ব্যাকরণে) দ্বিরুক্ত ধাতুর পূর্ব্বভাগ। অভি—অস্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

অভ্যাসগত—অভ্যস্ত; স্বাভাবিক; সমীপে প্রাপ্ত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অভ্যাসসাপেক্ষ—অভ্যাসের অধীন, যাহা অভ্যাসের উপর নির্ভর করে। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ক্ষা।

অভ্যাহার—দস্যুতা, অপহরণ, ডাকাতি; আক্রমণ; ভোজন; পৌনঃপুন্য। অভি—আ—হৃ+ঘঞ্ ভাববা। বি; পুং।

অভ্যুক্ষণ—জলসেচন, প্রোক্ষণ, জল ছিটান। অভি—উক্ষ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভ্যুক্ষিত—প্রোক্ষিত, যাহার উপর জল সেচন করা হইয়াছে। অভি—উক্ষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভ্যুত্থান—উদয়; উদ্যম; উন্নতি; অভ্যুদয়, সমৃদ্ধি; সুখ্যাতি; প্রত্যুদ্গমন, অভ্যাগত ব্যক্তির গৌরবার্থে আসন হইতে উত্থান কাহারও বিরুদ্ধে অস্ত্রধারণ। অভি—উৎ—স্থা+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভ্যুত্থায়ী (—য়িন্)—অভ্যুত্থানকারী, প্রত্যুদ্গামী। অভি—উৎ—স্থা+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

অভ্যুত্থিত—উদিত; প্রজ্বলিত; প্রবৃত্ত; কাহারও সম্মানার্থ আসন হইতে উত্থিত; কাহারও প্রতিকূলে ধৃতাস্ত্র। অভি—উৎ—স্থা+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অভ্যুদয়—উত্থান, উদয়; উন্নতি, শ্রীবৃদ্ধি, সমৃদ্ধি; মঙ্গল; উৎসব; বৃদ্ধিশ্রাদ্ধ। অভি—উৎ—ই+অচ্ ভাববা। বি; পুং।

অভ্যুদয়হেতু—সমৃদ্ধির কারণ; যজ্ঞাদির অনুষ্ঠান দ্বারা যে ধর্ম্মসঞ্চয় হয়, দর্শনশাস্ত্রে তাহাকে অভ্যুদয়হেতু বলে, কারণ এই পুণ্য দ্বারা ইহলোকে ও পরলোকে সুখলাভ হয়।' ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অভ্যুদাহরণ—প্রতিকূল উদাহরণ, বিপরীত দৃষ্টান্ত। অভি—উৎ—আ—হৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

অভ্যুদিত—উদিত, উত্থিত; সূর্য্যোদয়কাল-শায়ী, সূর্য্যোদয়েও নিদ্রিত; উন্নত; সমৃদ্ধ; প্রকাশিত; মঙ্গলার্থ প্রবৃত্ত। অভি—উৎ—ই+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অভ্যুদ্ধৃত—সম্যগ্‌রূপে উদ্ধৃত। অভি—উৎ—হৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভ্যুদ্যত—সম্যক্ উদ্যুক্ত; উত্থিত; উদিত; প্রবৃত্ত। অভি—উৎ—যম্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অভ্যুপগত—১। নিকটাগত; উপস্থিত। অভি—উপ—গম্+ক্ত কর্তৃবা। ২। নির্ণীত; প্রতিজ্ঞাত, প্রতিশ্রুত; স্বীকৃত; প্রাপ্ত। অভি—উপ—গম্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভ্যুপগম—নিকটে গমন; নির্ণয়; প্রতিজ্ঞা, স্বীকার; প্রাপ্তি; আসক্তি; মত। অভি—উপ—গম্+অপ্ ভাববা। বি; পুং।

অভ্যুপপত্তি—অনুগ্রহ; উপকার; রক্ষণ; স্বীকার; অঙ্গীকার; সান্ত্বনা। অভি—উপ—পদ্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

অভ্যুপপন্ন—স্বীকৃত, অঙ্গীকৃত। অভি—উপ—পদ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্না।

অভ্যুপায়ন—উপহার, উপঢৌকন, ভেট। অভি—উপ—ই+অনট্ করণবা। বি; ক্লীব।

অভ্যুপেত—১। উপগত। অভি—উপ—ই+ক্ত কর্তৃবা। ২। প্রাপ্ত; অঙ্গীকৃত, স্বীকৃত, প্রতিজ্ঞাত। অভি—উপ—ই+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অভ্র—১। আকাশ। ন—ভৃ+ক কর্তৃবা। ২। মেঘ। অপ্—ভৃ+ক কর্তৃবা। ৩। ধাতু-বিশেষ, অভ্রক; স্বর্ণ; মুস্তক, মুথা। বি; ক্লীব।

অভ্রংলিহ—১। গগনস্পর্শী, অভ্রলিহ, আকাশচুম্বী, অত্যুচ্চ। অভ্র (আকাশ)—লিহ্ + খ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হা। ২। বায়ু। বি; পুং।

অভ্রক—অভ্রধাতু, আভ্, অভ্ভ্র (Mica). অভ্র শব্দ + কন্ স্বার্থে। বি; ক্লীব।

অভ্রভেদী (—দিন্)—অভ্রকষ, মেঘলোকভেদকারী, গগনস্পর্শী, অত্যুচ্চ; তারস্বরে গীত; অতি স্ফীত। অভ্রকে (মেঘকে) ভেদ করে যে এই বাক্যে উপতৎ; অভ্র—ভিদ্ + গিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

অভ্রান্ত—ভ্রান্তিশূন্য, ভ্রমহীন; নির্ভুল। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ন্তা।

অভ্রান্তলক্ষ্য—লক্ষ্যবিষয়ে ভ্রমহীন। অভ্রান্ত লক্ষ্য যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ক্ষ্যা।

অমঙ্গল—১। মঙ্গলাভাব, অশুভ, অকল্যাণ, দুর্লক্ষণ, বিপদ। নঞ্তৎ। বি; ক্লীব। ২। মঙ্গলশূন্য, অশুভযুক্ত; দুর্লক্ষণাক্রান্ত। ন (নাই) মঙ্গল যাহা হইতে, যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

অমঙ্গলজনক—অশুভকর, অনিষ্টকারক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—নিকা।

অমঙ্গলসূচক—অকল্যাণ-জ্ঞাপক, অশুভ সঙ্ঘটনের লক্ষণ-প্রকাশক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—চিকা।

অমঙ্গল্য—অমঙ্গলজনক, অলক্ষণযুক্ত, লক্ষ্মীছাড়া। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ল্যা।

অমণ্ডিত—অনলঙ্কৃত, অশোভিত, অসজ্জিত; অনাবৃত। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তা।

অমত—১। অসম্মত; অনভীষ্ট; অজ্ঞাত। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তা। ২। মতের অভাব, অসম্মতি; অন্যমত; অননুমোদন। বি; ক্লীব।

অমতি—১। দুর্ম্মতি, দুর্ব্বুদ্ধি, বুদ্ধিহীন। ন (অপ্রশস্ত) মতি যাহার, বহুব্রী। বিণ। ২। অভিপ্রায়াভাব; দুষ্ট বুদ্ধি; অজ্ঞানতা; অপ্রবৃত্তি, অরুচি, বিতৃষ্ণা। ন মতি, নঞ্তৎ। বি; স্ত্রী।

অমন—ঐ রকম, ঐরূপ। ও + মন সাদৃশ্যার্থে। বিণ।

অমনস্ক, অমনাঃ (—নস্)—অমনোযোগী, মনোবৃত্তিহীন, নিরুদ্ধচিত্তবৃত্তি (যোগী); অন্যমনস্ক; অসংযতমনাঃ; স্নেহহীন। ন (নাই অর্থাৎ অপ্রকৃতিস্থ বা অপ্রশস্ত) মনঃ যাহার, বহুব্রী, বিকল্পে সমাসান্ত ক। বিণ। ১ম পক্ষে স্ত্রী,—স্কা।

অমনি—সেই প্রকার, ঐ রকম, ভালও নয় মন্দও নয়; শুদ্ধ, কেবল; রিক্ত; শূন্য, অনাবৃত, আদুড় (গা); খালি (বাড়ী); খোলা; রিক্তহস্তে, বিনা সম্বলে; বিনা আয়াসে, বিনা মূল্যে; অকারণে, অনর্থক; সদ্যঃ, তৎক্ষণাৎ। অমন + ই নিশ্চয়াদি অর্থে। বিণ বা ক্রি-বিণ। **অমনি মুখে যাওয়া**—জলগ্রহণ পর্য্যন্ত না করিয়া বা শুধুমুখে চলিয়া যাওয়া।

অমনুষ্য—১। মনুষ্যহীন, বিজন। বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্যা। ২। মনুষ্যভিন্ন প্রাণী, রাক্ষসাদি; মনুষ্যোচিত কর্ত্তব্যহীন মানুষ, অমানুষ। নঞ্তৎ। বি; পুং।

অমনোনীত—অননুমোদিত; অসম্মত; অমনোজ্ঞ। ন মনোনীত, নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তা।

অমনোযোগ—মনোযোগের অভাব, অপ্রণিধান, অনভিনিবেশ। নঞ্তৎ। বি; পুং।

অমনোযোগী (—গিন্)—যাহার মনোযোগ নাই, অনভিনিবিষ্ট, অন্যমনস্ক। ন মনোযোগী, নঞ্তৎ। বিণ। স্ত্রী, —গিনী।

অমন্ত্রক—মন্ত্রহীন; অদীক্ষিত। ন (নাই) মন্ত্র যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্ত্রিকা।

অমন্দ—১। অমন্থর, দ্রুত, ত্বরিত, ক্ষিপ্র; প্রবল, প্রচণ্ড; অমূঢ়, পণ্ডিত। ন মন্দ, নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ন্দা। ২। মাঝারি রকমের। বাং প্রঃ।

অমর—১। মরণহীন, চিরজীবী, অবিনশ্বর, অক্ষয়; যে নানাপ্রকার ভাল কাজ করিয়া

চিরস্মরণীয় নাম রাখিয়া গিয়াছে ; অব্যর্থ (সন্ধান) ; অফুরন্ত। ন (নাই) মর (মৃত্যু) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। দেবতা [মৃত্যুহীন বলিয়া দেবতাদের এই নাম হইয়াছে]। বি ; পুং। [অভিধান।

অমরকোষ—অমরসিংহ-রচিত সংস্কৃত

অমরতরু—পারিজাতাদি পঞ্চ দেবতরু ; দেবদারু। বি ; পুং।

অমরতা, –ত্ব—মরণহীনতা, মৃত্যুর অনধীনত্ব, অবিনশ্বরত্ব ; দেবত্ব ; সৎকার্য্যাদির দ্বারা চির-স্মরণীয়ত্ব। অমর+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

অমরদারু—দেবদারু। অমরপ্রিয় দারু, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অমরনগর—স্বর্গ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অমরনাথ, –পতি—দেবরাজ ; ইন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অমররত্ন—স্ফটিক ; কাচ। অমরপ্রিয় রত্ন, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অমরলোক—দেবলোক, ব্রহ্মলোক, স্বর্গ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অমরস্ত্রী—দিব্যাঙ্গনা, দেবী ; স্বর্বেশ্যা, অপ্সরা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অমরা—১। মরণহীনা। ন মরা, নঞ্‌তৎ। বিণ ; স্ত্রী। ২। দেবনগরী, ইন্দ্রের পুরী ; গুড়ূচী ; দূর্ব্বা ; বিছাটি ; ঘৃতকুমারী ; বটবৃক্ষ ; জরায়ু ; নাভিনাল ; সন্তানপ্রসবের পর নির্গত ফুল (Placenta). ন (নাই) মর যাহা হইতে, বহুব্রী। বি ; স্ত্রী।

অমরাঙ্গনা—অমরস্ত্রী, দেবী ; অপ্সরা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অমরাত্মা (–ত্মন্)—১। যশস্বী ; ধার্ম্মিক। অমর আত্মা যাহার, অথবা অমরের আত্মার ন্যায় আত্মা যাহার, বহুব্রী। বিণ। ২। অবিনশ্বর আত্মা। কর্ম্মধা। বি ; পুং।

অমরাদ্রি—সুমেরুপর্ব্বত (কথিত আছে, ইহাই দেবগণের বাসস্থান)। অমরাধ্যুষিত অদ্রি, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অমরাধিপ, অমরাধীশ—সুরপতি, ইন্দ্র ; শিব। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অমরাপতি—ইন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অমরাপুরী—ইন্দ্রপুরী, দেবনগরী, স্বর্গ। অমরাই পুরী, কর্ম্মধা। বি ; স্ত্রী।

অমরাবতী—ইন্দ্রালয়, স্বর্গ। অমর+মতুপ্‌ +ঈপ্‌। (অকার দীর্ঘ হইয়াছে)। বি ; স্ত্রী।

অমরালয়—দেবপুরী, স্বর্গ। অমরদিগের আলয় (বাসস্থান), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অমরী—দেবনারী, দেবকন্যা ("অমরী আমরা দেব বরিনু তোমারে।" মাইকেল) বি ; স্ত্রী।

অমরেন্দ্র—ইন্দ্র ; শিব ; বিষ্ণু। অমরমধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি ; পুং।

অমরেশ, অমরেশ্বর—ইন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অমর্ত—সুধা। 'অমৃত' শব্দজ। বি।

অমর্ত্ত্য(ত্য)—১। অমর, দেবতা। ন মর্ত্ত্য, নঞ্‌তৎ। বি ; পুং। ২। দিব্য, অমর, মরণরহিত, স্বর্গীয়। বিণ। স্ত্রী,—র্ত্ত্যা।

অমর্দ্দি(র্দি)ত—অনিষ্পীড়িত, যাহা মাড়ান হয় নাই এরূপ ; অক্ষুণ্ণ ; অপরাজিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অমর্য্যা(র্যা)দ—সীমারহিত, অসীম ; মর্য্যাদারহিত, সম্ভ্রমহীন, অপ্রকৃতিস্থ ; অশিষ্ট ; কৃষ্ট। ন (নাই) মর্য্যাদা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—দা।

অমর্য্যা(র্যা)দা—অসম্মান, অগৌরব, অব-মাননা, অনাদর ; সীমালঙ্ঘন। নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অমর্ষ—১। অক্ষমা, অসহিষ্ণুতা ; পরলাভ অসহন ; ক্রোধ। ন—মৃষ্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং। ২। অক্ষমী, অসহিষ্ণু, ক্রোধী। ন (নাই) মর্ষ (ক্ষমা) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ষা।

অমর্ষণ—১। অক্ষমাপরায়ণ, অসহনশীল ; ক্রোধী। ন (নাই) মর্ষণ (ক্ষমা) যাহার,

বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা। ২। অক্ষমা, ক্রোধ। নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অমর্ষপরায়ণ—অক্ষমাশীল ; অত্যন্ত কোপন-স্বভাব। অমর্ষ (ক্রোধ) হইয়াছে পর (শ্রেষ্ঠ) অয়ন (গতি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

অমর্ষবান্ (—বৎ), অমর্ষী (—র্ষিন্)—কোপযুক্ত, ক্রোধী ; অসহিষ্ণু, অধীর। অমর্ষ+মতুপ্, ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—বতী,—র্ষিণী।

অমর্ষিত—অমর্ষযুক্ত, ক্রোধান্বিত, ক্ষমাশূন্য। অমর্ষ (ক্রোধ) শব্দ+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

অমর্ষী (অমর্ষিন্)—অমর্ষবান্ দ্রঃ।

অমল—নির্ম্মল, পরিষ্কৃত ; সরল ; পবিত্র ; জ্ঞানগোচর ; সমুজ্জ্বল ; শুভ্র। ন (নাই) মল যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

অমলক—অধিত্যকাস্থিত বাসভূমি ; আমলকী। অম—ল্+ড কর্ত্তৃবা+কন্ স্বার্থে। বি ; পুং বা ক্লীব।

অমলধবল—অতি শুভ্র, অত্যন্ত সাদা। অমল যাহা ধবলও তাহা, কর্ম্মধা। বিণ। স্ত্রী,—লা।

অমলা—১। মলরহিতা, নির্ম্মলা। বহুব্রী। অমল দ্রঃ। বিণ ; স্ত্রী। ২। লক্ষ্মী ; নাভি-নাড়ী ; ভূমি আমলকী ; আমলা, আমলকী। ন (নাই) মল যাহা হইতে, বহুব্রী+আপ্। বি ; স্ত্রী।

অমলিন—শুদ্ধ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—না।

অমসৃণ—অসমতল ; কর্কশ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ণা।

অমা—অমাবস্যা ; চন্দ্রের কলাবিশেষ। ন—মা+ক্বিপ্ কর্ম্মবা। বি ; স্ত্রী।

অমাতৃক—মাতৃহীন। ন (নাই) মাতা যাহার, বহুব্রী (ক আগম)। বিণ। স্ত্রী,—কা।

অমাত্য—মন্ত্রী, সভাসদ্ ; সেনাপতি ; সহচর। অমা (নিকট)+ত্যপ্ থাকে অর্থে। বি ; পুং।

অমানন, —না—না মানা, অসম্মান, অনাদর, উপেক্ষা ; বিতৃষ্ণা, বিরাগ। নঞ্‌তৎ। বি ; ক্লীব, স্ত্রী।

অমানব—১। অমানুষিক ; পাশব ; অলৌকিক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—বী। ২। মনুষ্যভিন্ন জীব ; কুৎসিত মানব। বি ; পুং। ৩। মনুষ্যহীন। ন (নাই) মানব যেখানে, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা।

অমানিশা—অমাবস্যা রজনী। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী। (অমানিশি—অশুদ্ধ প্রয়োগ)।

অমানী (—নিন্)—গর্ব্বশূন্য, নম্র, নিরভিমান ; অশ্রদ্ধাভাজন, নীচ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—নিনী। বি,—নিত্ব।

অমানুষ—১। মানুষ ভিন্ন অন্য কোন জন্তু ; মন্দ মানুষ, খারাপ লোক, দুর্জ্জন। ন মানুষ, নঞ্‌তৎ। বি ; পুং। ২। অমানুষিক, অলৌকিক, অসামান্য ; অমনুষ্যোচিত ; পশুবৎ, মানুষ ভিন্ন। বিণ। স্ত্রী,—ষী।

অমানুষিক—মানুষাতীত, অলৌকিক, অসামান্য ; অমনুষ্যোচিত, পাশব, নিষ্ঠুর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—কী।

অমান্য—অসম্মানার্হ, অবমাননীয়, অনাদরণীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ন্যা। **অমান্য করা**—উপেক্ষা করা, না মানা।

অমাবস্যা, অমাবাস্যা—কৃষ্ণপক্ষের পঞ্চদশী বা শেষ তিথি, যে তিথিতে চন্দ্র অদৃশ্য থাকে। অমাবস্যা=অমা (সহ)—বস্+যৎ অধিবা +আপ্। অমাবাস্যা=অমা (সহ)—বস্ +ণ্যৎ অধিবা+আপ্। (যে তিথিতে পৃথিবী চন্দ্র ও সূর্য্যের সহিত সমসূত্রে বাস করেন, ইহাই ব্যুৎপত্তিলভ্য অর্থ)। বি ; স্ত্রী।

অমাবস্যার চাঁদ—অদর্শনীয় দ্রব্য ; অসম্ভব বস্তু (—"ডুমুরের ফুল")।

অমায়া—মায়াহীনতা, সরলতা। নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অমায়িক—সরল, অকপট ; স্নেহশীল, নিরহঙ্কার ; সরলান্তঃকরণ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—কী।

অমায়িকতা—অকপট আচরণ। অমায়িক +তা ভাবার্থে। বি ; স্ত্রী।

অমার্জ্জি(র্জি)ত—যাহা মাজাঘষা হয় নাই, অপরিষ্কৃত ; অসংস্কৃত ; অনলঙ্কৃত। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,–তা। [অস-ক্রি।

অমিখিয়া—দেখিয়া। প্রাঃ কবিপ্র।

অমিঞা, অমিঞা—অমৃত। প্রাঃ কবিপ্র। বি।

অমিত—১। অপরিমিত, অসীম। ন মিত, নঞ্‌ তৎ। ২। পীড়িত, রুগ্‌ণ ; গত। অম্‌ + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–তা।

অমিততেজাঃ (–জস্‌), –তেজা—অপরিমিত শক্তিশালী, যাহার ক্ষমতার ইয়ত্তা নাই, অসীম প্রভাবসম্পন্ন। অমিত তেজঃ যাহার, বহুব্রী। বিণ।

অমিতবল—১। অপরিমিত-শক্তিশালী, সর্ব্ব-শক্তিমান। বহুব্রী। বিণ। স্ত্রী,–লা। ২। অপরিমিত শক্তি, সমধিক সামর্থ্য। কর্ম্মধা। বি ; ক্লীব। [কর্ম্মধা। বি ; পুং।

অমিতব্যয়—অযথা অতিরিক্ত খরচ।

অমিতব্যয়িতা—অপরিমিত ব্যয়শীলতা, অযথা অধিক ব্যয় করা। অমিতব্যয়িন্‌ + তা ভাবার্থে। বি ; স্ত্রী।

অমিতব্যয়ী (–য়িন্‌)—আয়ের অনুপাতে অত্যন্ত অধিক ব্যয়শীল ; অপরিমিত ব্যয়শীল। অমিতব্যয় + ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী,–য়িনী।

অমিতাচার—১। (পানভোজনাদি বিষয়ে) অযথা আচরণ ; আহারবিহারে অসংযম। অমিত আচার, কর্ম্মধা। বি ; পুং। ২। অমিতাচারী। অমিত আচার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–রা।

অমিতাচারী (–চারিন্‌)—অপরিমিত-ভাবে ভক্ষ্যপানীয়াদির ব্যবহারকারী ; আহারবিহারে অসংযমী। উপতৎ। অমিত –আ–চর্‌ + ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –রিণী।

অমিতাভ—১। মহাপ্রভ। অমিতা আভা (তেজঃ) যাহার, বহুব্রী। বিণ ; পুং। ২। বুদ্ধদেব ; সাবর্ণি মন্বন্তরের দ্বিতীয় শ্রেণীর ও রৈবত মন্বন্তরের প্রথম শ্রেণীর দেবতা। বি ; পুং।

অমিতাশন—সর্ব্বভক্ষক ; অমিতাহারী বিষ্ণু। বহুব্রী। বি ; পুং।

অমিতৌজাঃ (–জস্‌)—অপরিমিত ক্ষমতাশালী, অতিশয় বলবান্‌। অমিত হইয়াছে ওজঃ (বল) যাহার, বহুব্রী। বিণ।

অমিত্র—১। শত্রু। অম্‌ + ইত্র কর্ত্তৃবা। বি ; পুং। ২। বন্ধুহীন, শত্রুভাবাপন্ন। বহুব্রী। বিণ। স্ত্রী,–ত্রা।

অমিত্রজিৎ—শত্রুজয়ী, অরিন্দম। উপতৎ। অমিত্র – জি + ক্বিপ্‌ কর্ত্তৃবা। বিণ।

অমিত্রাক্ষর—যাহাতে চরণ দুইটির শেষ বর্ণের মিল থাকে না এরূপ ('–ছন্দঃ')। অমিত্র (পরস্পর-বিসদৃশ) অক্ষর যাহাতে, বহুব্রী। বিণ।

অমিময়—অমৃতময়। প্রাঃ কবিপ্র। বিণ।

অমিয়, অমিয়া—১। সুধা। বি। ২। সুধাতুল্য মিষ্ট। 'অমৃত' শব্দজ। বিণ।

অমিয়াদিঠি—অমৃতবর্ষী দৃষ্টি, মৃতসঞ্জীবন দৃষ্টিপাত। অমিয়াসদৃশ দিঠি, মধ্যপ কর্ম্মধা। প্রাঃ কবিপ্র। বি।

অমিয়ামিঠি—অমৃতবৎ মিষ্ট, সুধাস্বাদ (বচন)। অমিয়াসদৃশ মিঠি, উপমান কর্ম্মধা। প্রাঃ কবিপ্র। বিণ।

অমিল—১। দুর্লভ (পয়সাতে কিছুই অমিল হয় না) ; অমূল্য। বহুব্রী। বিণ। ২। অনৈক্য (মনের অমিল) ; পার্থক্য, বিরোধ ; গরমিল। নঞ্‌ তৎ। বি।

অমিশ্র—১। যাহা মিশ্র নয়, বিশুদ্ধ, খাঁটি, সরল। ২। একজাতীয় ও একশ্রেণীস্থ (রাশি)। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,–শ্রা।

অমিশ্রণীয়—মিশ্রণের অযোগ্য। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,–য়া।

অমিশ্রিত—যাহা মিশ্রিত নয়, বিশুদ্ধ, পৃথক্‌। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী,–তা।

অমীমাংসা—অনিষ্পত্তি; সিদ্ধান্তের অভাব। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অমীমাংসিত—যাহার মীমাংসা বা সিদ্ধান্ত হয় নাই; অবিচারিত; অনিষ্পাদিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অমীমাংস্য—মীমাংসার অযোগ্য, প্রতিকূল তর্ক দ্বারা অবিচার্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—স্যা।

অমুক—অজ্ঞাতনামা, অনির্দ্দিষ্ট কিছু; ঐ, সে, তিনি। অদস্‌+কন্‌ স্বার্থে, নিপাতনে। সর্ব্ব। স্ত্রী,—কী।

অমুক্ত—মোক্ষরহিত; বদ্ধ (জীব); অনুদ্‌ঘাটিত; অপরিত্যক্ত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অমুক্তহস্ত—সঞ্চয়ী; কৃপণ; মিতব্যয়ী। বহুব্রী। বিণ। স্ত্রী,—স্তা।

অমুখ্য—অপ্রধান; গৌণ; অপ্রশস্ত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—খ্যা।

অমূর্ত্ত(র্ত)—১। মূর্ত্তিহীন, আকৃতিশূন্য, নিরাকার। বিণ। স্ত্রী,—র্ত্তা। ২। (ন্যায়ে) আকাশ; কাল প্রভৃতি: (বেদান্তে) বায়ু, অন্তরীক্ষ। ৩। শিবের নাম। বি; পুং।

অমূর্ত্ত(র্ত)গুণ—(ন্যায়মতে) আকাশের বিশেষ গুণ শব্দ; কাল এবং দিকের কোন বিশেষ গুণহীনতা; আত্মার বিশেষ গুণ। অমূর্ত্তাশ্রিত গুণ, যথাপ কর্ম্মধা। বি; পুং।

অমূল—মূলশূন্য, অমূল্য (রতন); অপ্রামাণিক, অনাদি; ভিত্তিহীন, কল্পিত। বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

অমূলক—মূলশূন্য, আদিকারণশূন্য; অপ্রামাণিক; কাল্পনিক, মিথ্যা। বহুব্রী। বিণ। স্ত্রী,—লিকা।

অমূলদ—যাহার মূল নির্ণীত হয় না (Irrational). নঞ্‌তৎ। বিণ।

অমূলপ্রত্যক্ষ—ভ্রমাত্মক বা কাল্পনিক দর্শন (Hallucination). বি; ক্লীব।

অমূলে—মূল্যহীন করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

অমূল্য—মহার্ঘ; বহুমূল্য; মূল্য দিয়া যাহা পাওয়া যায় না এরূপ; মূল্যহীন। বহুব্রী। বিণ। স্ত্রী,—ল্যা।

অমৃত—১। পীযূষ, সুধা; যজ্ঞশেষ; অন্ন; জল; ঘৃত; দুগ্ধ; পারদ; স্বর্ণ; বিষ; নবনীত; তক্র, ঘোল; মুক্তি; অমৃতবৎ প্রীতিকর বিষয়; পরমানন্দ, ব্রহ্মানন্দ যোগবিশেষ। ন (নাই) মৃত (মরণ) যাহা হইতে, বহুব্রী। বি; ক্লীব। ২। অমর, দেবতা; স্বর্গ; ধন্বন্তরি। ন (নাই) মৃত (মরণ) যাহার, বহুব্রী। বি; পুং। ৩। মরণশূন্য, অমর; যে মৃত নয় অর্থাৎ জীবিত; প্রীতিকর, প্রিয়; সুন্দর। বিণ। স্ত্রী,—তা। [বি; স্ত্রী।

অমৃতকণা—সুধাকণা, পীযূষবিন্দু। ৬ষ্ঠীতৎ।

অমৃতকর—সুধাংশু, চন্দ্র। অমৃততুল্য কর যাহার, বহুব্রী। বি; পুং।

অমৃতকল্প—সুধাতুল্য, পীযূষবৎ। অমৃত+কল্প ঈষদূনার্থে। স্ত্রী,—ল্পা।

অমৃতকুণ্ড—সুধাকূপ, সুধাভাণ্ড; দেবতার চরণামৃতের আধারকুণ্ড। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অমৃতকেলি, —কেলিকা—একপ্রকার লাড়ু। প্রাঃ কবিপ্র। বি।

অমৃততরঙ্গিণী—চন্দ্রিকা, জ্যোৎস্না। অমৃততরঙ্গ+ইন্‌ আছে অর্থে+ঈপ্‌। বি; স্ত্রী।

অমৃতদীধিতি—সুধাকর, চন্দ্র। অমৃততুল্য দীধিতি (কিরণ) যাহার, বহুব্রী। বি; পুং।

অমৃতদ্রব—সুধাধারা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অমৃতধারা—সুধাপ্রবাহ; নিরবচ্ছিন্ন সুখস্রোত। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অমৃতনালিকা—পকান্নবিশেষ, 'অমৃতি'। অমৃতসদৃশী নালিকা যাহার, বহুব্রী+আপ্‌। বি; স্ত্রী।

অমৃতনির্ঝর—সুধাপ্রস্রবণ; সুধার ধারা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অমৃতনিষ্যন্দী (—ন্দিন্‌)—সুধাস্রাবী, সুধাবর্ষী; অনবরত তৃপ্তিদায়ক। অমৃতনিষ্যন্দ+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী,—ন্দিনী।

অমৃতপ্রাশ—১। কাশ প্রভৃতি নানা রোগের মহৌষধ ঘৃতবিশেষ। অমৃততুল্য প্রাশ (ভক্ষ্য)

মধ্যপ কর্ম্মধা। ২। অমৃতভোজন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অমৃতফল—আম, নাসপাতি, পেঁপে। অমৃততুল্য ফল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অমৃতফলা—আমলকীবৃক্ষ; দ্রাক্ষালতা। অমৃতবৎ ফল যাহার, বহুব্রী+আপ্। বি; স্ত্রী।

অমৃতবর্ষ, -বর্ষণ—সুধাবৃষ্টি; সুধার ছড়াছড়ি। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

অমৃতবর্ষী (-বর্ষিন্)—অমৃতবর্ষণকারী, সুমিষ্ট। উপতৎ। অমৃত-বৃষ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,-র্ষিণী।

অমৃতবল্লী—গুড়ূচী, গুলঞ্চ। অমৃতপূর্ণা বল্লী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অমৃতভাষী (-ষিন্)—যাহার কথা অতি সুমিষ্ট, মধুরভাষী। উপতৎ। অমৃত-ভাষ্ (কথা বলা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,-ষিণী।

অমৃতমণি—অমৃতস্রাবী মৃতসঞ্জীবন মণিবিশেষ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং বা স্ত্রী।

অমৃতমধুর—সুধাবৎ অতীব সুখকর। অমৃতবৎ মধুর, উপমান কর্ম্মধা। বিণ। স্ত্রী,-রা।

অমৃতময়—সুধাময়; অতি মিষ্ট। অমৃত শব্দ+ময়ট্ পূর্ণার্থে। বিণ। স্ত্রী,-য়ী।

অমৃতযোগ—(জ্যোতিষশাস্ত্রে) বার ও তিথি বা নক্ষত্র যোগে উৎপন্ন যোগবিশেষ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অমৃতরস—১। সুধারস, মধুরদ্রব্য। কর্ম্মধা। ২। পরমাত্মা। বি; পুং। ৩। সুধাতুল্য স্বাদু, অত্যন্ত মিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী,-সা।

অমৃতলোক—দেবলোক, স্বর্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অমৃতস্রাব—সুধাক্ষরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অমৃতস্রাবী (-বিন্)—সুধাক্ষরণকারী, অমৃতনিষ্যন্দী (বচন)। অমৃত শব্দ-স্রু+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,-বিণী।

অমৃতা—১। মরণরহিতা। বহুব্রী। অমৃত ত্বঃ। বিণ; স্ত্রী। ২। অতিবিষা; জ্যোতিষ্মতী লতা; হরীতকী; আমলকী; ইন্দ্রবারুণী; তুলসী; পিপ্পলী; গুড়ূচী; মদিরা, সুরা; আনন্দা মেধ্যা ভূতনা পূতনা—এই চারিটি জলবাহী সূর্য্যরশ্মি। বি; স্ত্রী।

অমৃতায়মান—অমৃততুল্য, প্রীতিকর, সুধোপম; সুমধুর। অমৃত+ক্যঙ্ (=অমৃতায় নাম ধাতু)+শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,-না।

অমৃতাশন দেবতা; বিষ্ণু। অমৃত অশন (ভোজন) যাহার, বহুব্রী। বি; পুং।

অমৃতাষ্টক—হরীতকী প্রভৃতি অষ্টদ্রব্যের সমবায়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অমৃতি, অমৃতী—একপ্রকার বহু পাকবিশিষ্ট জিলাপী। অমৃত+ই, ঈ যুক্তার্থে। বি; স্ত্রী।

অমৃতোদ্ভব—১। অমৃতোৎপন্ন, সুধাজাত। অমৃত হইতে উদ্ভব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-বা। ২। তুথ, তুঁতে। বি; ক্লীব।

অমৃতোপম—অমৃতের ন্যায় মধুর ও সুখদ, সুধাসদৃশ, অমৃতায়মান। অমৃত উপমা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-মা।

অমেধ্য—১। অপবিত্র বস্তু; পুরীষ, বিষ্ঠা; অশুচিস্থান। নঞ্তৎ। বি; ক্লীব। ২। অপবিত্র, অযজ্ঞিয়। বিণ। স্ত্রী,-ধ্যা।

অমেয়—অপরিমেয়, যাহার পরিমাণ করা যায় না, ইয়ত্তাশূন্য, অসীম, মহান্। নঞ্তৎ। বিণ। স্ত্রী,-য়া।

অমেরুদণ্ডী (-দণ্ডিন্)— মেরুদণ্ডবিহীন, কশেরুকাশূন্য (Invertebrate). নঞ্তৎ। বিণ। স্ত্রী,-ণ্ডিনী।

অমোঘ—১। অব্যর্থ, সফল, সার্থক; অভ্রান্ত। ন মোঘ (নিষ্ফল), নঞ্তৎ। বিণ। স্ত্রী-ঘা। ২। বিষ্ণু; শিব; কার্ত্তিকের; পরমেশ্বর। বি; পুং।

অমোঘবীর্য্য(র্য)—যাহার বীর্য্য নিষ্ফল হয় না। বহুব্রী। বিণ।

অমোচ্য—মোচন করিতে অসাধ্য, বা যাহা মোচন করা উচিত নয়, দুর্ম্মোচ্য; অত্যাজ্য;

অবিলোপনীয়। নঞ্‌ তৎ। বিণ। স্ত্রী, —চ্যা।

অম্‌নি—অমনি (তাহা দ্রঃ)।

অম্বক—১। নেত্র, নয়ন ; তাম্র। অম্ব্‌+ণক কর্তৃবা। বি ; ক্লীব। ২। পিতা। অম্ব্‌+ঘঞ্‌ কর্ম্মবা+কন্‌ স্বার্থে। বি ; পুং।

অম্বর—আকাশ ; অভ্র ; বস্ত্র, স্বনামখ্যাত সুগন্ধি দ্রব্যবিশেষ (Ambergris); কার্পাস। অম্ব্‌—রা+ক কর্তৃবা। বি ; ক্লীব।

অম্বরচর—নভশ্চর, গগনবিহারী। অম্বর—চর্‌+ট কর্তৃবা। বিণ। স্ত্রী, —রী।

অম্বরচারী (—চারিন্‌)—আকাশবিহারী, নভশ্চর। অম্বর—চর্‌+ণিন্‌ কর্তৃবা। বিণ ; পুং।

অম্বরমণি—সূর্য্য। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অম্বরলেখী (—লেখিন্‌)—গগনস্পর্শী, অভ্রংকষ, অত্যুচ্চ। অম্বর—লিখ্‌+ণিন্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী, —খিনী।

অম্বরি, অম্বরী—সুগন্ধি তামাকবিশেষ। আরবী 'অম্বর' শব্দজ। বি।

অম্বরিষ, —রীষ—ভর্জ্জনপাত্র, ভাজনা-খোলা। অম্ব্‌ ধাতু+ইষন্‌, ঈষন্‌ কর্তৃবা (নিপাতনে অরট্‌ আগম)। বি ; ক্লীব।

অম্বরীষ—১। ভর্জ্জনপাত্র, ভাজনাখোলা ; যুদ্ধ ; অন্তরীক্ষ, আকাশ। অন্ব্‌+ঈষন্‌ কর্তৃবা, নিপাতনে। বি ; ক্লীব। ২। সূর্য্য ; শিব ; বিষ্ণু ; বালক ; অনুতাপ ; নরকবিশেষ ; আম্রাতক বৃক্ষ, আমড়া গাছ ; সূর্য্যবংশীয় দুই জন রাজার নাম। ৩। জনৈক ঋষি, ইনি পুলহ নামক ব্রহ্মর্ষির পুত্র। ৪। মান্ধাতার ঔরসে বিন্দুমতীর গর্ভজাত পুত্র ; তাঁহার অপর নাম ধর্ম্মসেন। বি ; পুং।

অম্বল—১। অম্লরসবিশিষ্ট, টক। 'অম্ল' শব্দজ। বিণ। ২। অম্লরসবিশিষ্ট ব্যঞ্জন ; অম্লরোগ। বাং প্রঃ। বি।

অম্বলে—অম্লরসবিশিষ্ট ; অজীর্ণতারোগগ্রস্ত। অম্বল+এ (ইয়া) যুক্তার্থে। বিণ।

অম্বষ্ঠ—ব্রাহ্মণ কর্তৃক বিবাহিতা বৈশ্যা কন্যার গর্ভে জাত দ্বিজাতিবিশেষ ; বৈদ্য ; হস্তিপক, মাহুত। অম্ব—স্থা+ক কর্তৃবা। বি ; পুং।

অম্বা—মাতা ; দুর্গা ; অপ্সরোবিশেষ ; মহাভারতে বর্ণিত কাশীরাজের জ্যেষ্ঠা কন্যা। অন্ব্‌+ঘঞ্‌ কর্ম্মবা+আপ্‌। বি ; স্ত্রী।

অম্বালিকা—মাতা ; কাশীরাজের তৃতীয়া কন্যা বা পাণ্ডুর মাতা ; দুর্গা। অম্বালা+কন্‌ স্বার্থে+আপ্‌। বি ; স্ত্রী।

অম্বিকা—মাতা ; দুর্গা ; কাশীরাজের দ্বিতীয়া কন্যা বা ধৃতরাষ্ট্রের মাতা ; দেবমাতা ; জৈন-দেবীবিশেষ ; অম্বষ্ঠা। অম্বা (মাতা)+কন স্বার্থে+আপ্‌। বি ; স্ত্রী।

অম্বিকানাথ, অম্বিকাপতি—মহাদেব। অম্বিকার নাথ, পতি, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অম্বু—জল, বারি ; রস। অন্ব্‌+উণ কর্তৃবা। বি ; ক্লীব। [কর্তৃবা। বিণ। স্ত্রী, —রী।

অম্বুচর—জলচর। উপতৎ। অম্বু—চর্‌+ট

অম্বুচারী (—চারিন্‌)—অম্বুচর, জলচর। উপতৎ ; অম্বু—চর্‌+ণিন্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী, —রিণী।

অম্বুজ—১। জলজাত। উপতৎ। অম্বু—জন্‌+ড কর্তৃবা। বিণ। স্ত্রী, —জা। ২। পদ্ম ; বজ্র। বি ; ক্লীব। ৩। চন্দ্র ; কর্পূর ; সারস পক্ষী ; নিচুলবৃক্ষ ; হিজল গাছ। বি ; পুং। ৪। শঙ্খ। বি ; পুং, ক্লীব। [বি ; স্ত্রী।

অম্বুজা—পদ্মিনী ; লক্ষ্মী। অম্বুজ+আপ্‌।

অম্বুজাসন—ব্রহ্মা। বহুব্রী। বি ; পুং।

অম্বুজাসনা—পদ্মাসনা, লক্ষ্মী। বহুব্রী। বি ; স্ত্রী।

অম্বুদ—১। জলদানকারী। উপতৎ। অম্বু—দা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, —দা। ২। জলদ, মেঘ ; মুস্তক বা মুথা ; অভ্র। বি ; পুং।

অম্বুধর—জলধর, মেঘ ; মুথা ; অভ্রধাতু ; জলাশয়। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অম্বুধি—জলধি, সমুদ্র ; জলপাত্র ; ৪ বা ৭ সংখ্যা। উপতৎ। অম্বু—ধা+কি অধিবা। বি ; পুং। [৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অম্বুনিধি, —নাথ—জলধি, সমুদ্র, সাগর।

অম্বুপতি—বরুণ ; সমুদ্র । ৬ষ্ঠীতৎ । বি ; পুং ।

অম্বুপায়ী (**–পায়িন্**)—জলপানশীল ; যে জলপান করে এরূপ । অম্বু পান করে যে, উপতৎ । অম্বু–পা+ণিন্ কর্তৃবা । বিণ । স্ত্রী, –য়িনী ।

অম্বুবাচি, অম্বুবাচী—মি থু ন রা শি স্থ সূর্য্যের আর্দ্রানক্ষত্রের প্রথম পাদ ভোগকাল । (এই স্থিতিকাল তিন দিন কুড়ি দণ্ড । ইহা আষাঢ় মাসের প্রথম ভাগে ঘটিয়া থাকে । এই সময়ে পৃথিবী ভিতরে ভিতরে রজস্বলা হন । এই সময় হইতে বর্ষার সূচনা হয় বলিয়া ইহাকে অম্বুবাচী বলে । এই তিন দিন বেদবেদাঙ্গের অধ্যয়ন ও ভূমিকর্ষণ নিষিদ্ধ । এই কালে যতি, বিধবা, ব্রহ্মচারী ও ব্রাহ্মণের পক্ষে স্বপাক বা পরপাক অন্ন ভোজন চণ্ডালান্ন ভোজনের তুল্য । অম্বুবাচীতে দুগ্ধপান করিলে সর্পভয় থাকে না, ইহাই স্মৃতির মত) । অম্বু–বচ্+ণি কর্তৃবা, ২য় পক্ষে+ঈপ্ । বি ; স্ত্রী ।

অম্বুবাসী (**–বাসিন্**)—জলে বাসকারী । উপতৎ । অম্বু–বস্+ণিন কর্তৃবা । বিণ । স্ত্রী, –সিনী ।

অম্বুবাহ—১ । জলবহনকারী । উপতৎ । অম্বু –বহ্+অণ্ কর্তৃবা । বিণ । স্ত্রী, –হী । ২ । মেঘ ; মুথা ; অভ্রধাতু । বি ; পুং ।

অম্বুবাহনী—জল-সেচনী, সিউনী । উপতৎ । অম্বু–ণিজন্ত বহ্+অনট্ করণবা+ঈপ্ । বি ; স্ত্রী ।

অম্বুবাহিনী—১ । জলবহনকারিণী । অম্বু-বাহী দ্রঃ । অম্বুবাহিন্+ঈপ্ । বিণ ; স্ত্রী । ২ । কাষ্ঠাদি-নির্ম্মিত জল-সেচন-পাত্র, জল-সেচনী, সেঁউতি । বি ; স্ত্রী ।

অম্বুবাহী (**–হিন্**)—জলবহনকারী ; মেঘ ; মুথা । উপতৎ । অম্বু–বহ্+ণিন্ কর্তৃবা । বিণ বা বি ; পুং । স্ত্রী, –হিনী ।

অম্বুবিম্ব—জলবিম্ব, জলবুদ্বুদ । ৬ষ্ঠীতৎ । বি ; পুং, ক্লীব ।

অম্বুরাশি—১ । জলধি, সমুদ্র । অম্বুর রাশি যাহাতে, বহুব্রী । ২ । জলরাশি । ৬ষ্ঠীতৎ । বি ; পুং ।

অম্বুরী—অম্বরী দ্রঃ । 'অম্বর' শব্দজ ।

অম্বুরুহ—জলজ, পদ্ম । উপতৎ । অম্বু–রুহ্ +ক কর্তৃবা । বি ; ক্লীব ।

অম্বুরুহা—পদ্মিনী । উপতৎ । অম্বু–রুহ্+ক কর্তৃবা+আপ্ । বি ; স্ত্রী ।

অম্বুরোহিণী—নলিনী, পদ্মিনী । উপতৎ । অম্বু–রুহ্+ণিন্ কর্তৃবা+ঈপ্ । বি ; স্ত্রী ।

অম্বুসেচনী—জল-সেচনী, সিউনী । ৬ষ্ঠীতৎ । বি ; স্ত্রী ।

অম্ভঃ (**অম্ভস্**), **অম্ভ**—জল ; (জলহেতু) দেব ; মেঘ ; আকাশ ; (জলময় চন্দ্রলোকস্থ) পিতৃলোক ; (অঙ্কশাস্ত্রে) চতুর্থ সংখ্যা ; (জ্যোতিষে) লগ্নাদি হইতে চতুর্থ রাশি ; (সাংখ্যমতে) নববিধ তুষ্টির মধ্যে প্রকৃত্যাখ্য আধ্যাত্মিক তুষ্টি ; বৈদিক ছন্দোবিশেষ । অম্ভি (শব্দ করা) + অসুন্ কর্তৃবা । বি ; ক্লীব ;

অম্ভোজ—১ । জলজাত । উপতৎ । অম্ভস্ (জল)–জন্+ড কর্তৃবা । বিণ । স্ত্রী, –জা (=লক্ষ্মী) । ২ । জলজ, পদ্ম । বি ; ক্লীব । ৩ । (সমুদ্র হইতে উৎপন্ন বলিয়া) চন্দ্র, শঙ্খ । ৪ । বকবিশেষ । বি ; পুং ।

অম্ভোধর—জলধর, মেঘ ; সমুদ্র ; মুথা । অম্ভের ধর, ৬ষ্ঠীতৎ । বি ; পুং ।

অম্ভোধি—জলনিধি, সমুদ্র । উপতৎ । অম্ভস্ –ধা+কি অধিবা । বি ; পুং । [পুং ।

অম্ভোনিধি—জলধি, সমুদ্র । ৬ষ্ঠীতৎ । বি ;

অম্ভোরাশি—১ । অম্বুরাশি । অম্ভের রাশি, ৬ষ্ঠীতৎ । ২ । সমুদ্র । অম্ভের রাশি যাহাতে, বহুব্রী । বি ; পুং ।

অম্ভোরুহ—১ । জলজ, পদ্ম । অম্ভস্–রুহ্ +ক কর্তৃবা । বি ; ক্লীব । ২ । জলজ, জলজাত । বিণ । স্ত্রী, –হা ।

অম্রাত, অম্রাতক—১ । আমড়া ফল । অম্র –অত্+অণ্ কর্তৃবা ; ২য় পক্ষে তদুত্তরে +কন্ স্বার্থে । বি ; ক্লীব । ২ । আমড়াগাছ । বি ; পুং ।

অম্ল—১। টক রস; রোগবিশেষ। অম্‌+ল করণবা। বি; পুং। ২। দধ্যম্ল, তক্র, ঘোল। বি; ক্লীব। ৩। অম্লরসযুক্ত, টক। বিণ। স্ত্রী,—ম্লা।

অম্লজনক—১। অম্লোৎপাদক; যাহাতে অম্বল রোগ জন্মে। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—নিকা। ২। অম্লজান বাষ্প। বি; পুং।

অম্লজম্বীর—গোঁড়ালেবু ও গাছ। কর্ম্মধা। বি; পুং।

অম্লজান—বায়ুর উপাদানভূত বাষ্পসমূহের অন্যতম অদৃশ্য-বাষ্প (Oxygen). অম্ল হইতে জান (জন্ম) যাহার, বহুব্রী। বি।

অম্লপিত্ত—ব্যাধিবিশেষ, অম্বলরোগ। অম্ল-দূষিত পিত্ত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অম্লফল—১। তিন্তিড়ী, তেঁতুল। কর্ম্মধা। বি; ক্লীব। ২। আম্রবৃক্ষ, আমগাছ। অম্ল ফল যাহার, বহুব্রী। বি; পুং।

অম্লবীজ—তিন্তিড়ী, তেঁতুল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অম্লবৃক্ষ—তেঁতুল গাছ। অম্লজনক বৃক্ষ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

[অম্ল]বেতস—আমলকুচি গাছ; চুকাপালঙ্‌। [অম্ল] বেতস সদৃশ, উপমিত কর্ম্মধা। বি; পুং।

[অম্ল]মধু—গুড়-টক, অম্ল ও মিষ্ট ব্যঞ্জন। [অম্ল]যুক্ত মধু যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

[অম্ল]মধুর—ঈষৎ অম্লরসযুক্ত ও মিষ্টতাপ্রধান [ল্যা]নংড়া আম প্রভৃতি)। অম্ল অথচ মধুর, [কর্ম্ম]ধা। বিণ। স্ত্রী,—রা।

[অম্ল]রস—১। অম্ল আস্বাদ, টক রস। কর্ম্মধা। [বি]; পুং। ২। অম্লস্বাদযুক্ত, টক। অম্ল রস [যাহা]র বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—সা।

[অম্ল]শাক—তেঁতুল, চুক্র, চুকাপালঙ্‌ শাক। [অ]ম্ল শাক যাহার, বহুব্রী। বি; পুং।

[অম্ল]হরিদ্রা—শটী; আম আদা। কর্ম্মধা। [বি]; স্ত্রী।

[অম্ল]ান—বিমল, উজ্জ্বল, পরিষ্কার, প্রফুল্ল, [প্রস]ন্ন, অবিষণ্ণ, অকুণ্ঠিত, দ্বিধাহীন। নঞ্‌-[তৎ]। বিণ। স্ত্রী,—না।

অম্লান-কুসুম—অবিশুষ্ক পুষ্প; যে পুষ্প কখনও মলিন হয় না। কর্ম্মধা। বি; ক্লীব।

অম্লানমুখে—অসঙ্কোচে, কিছুমাত্র সঙ্কোচ না করিয়া। অম্লান হইয়াছে মুখ যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

অম্লানবদনে—প্রফুল্লমুখে, অসঙ্কোচে। অম্লান বদন যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

অম্লোদগার—অম্বল ঢেকুর, চোঁয়া ঢেকুর। অম্ল যে উদ্গার, কর্ম্মধা। বি; পুং।

অয়ঃ (**অয়স্‌**), **অয়**—লৌহ, লোহা; ইস্পাত; লৌহনির্ম্মিত দ্রব্য। ই+অসুন্‌ কর্ম্মবা। বি; ক্লীব।

অযজ্ঞ—১। যজ্ঞহীন, যাগরহিত। ন (নাই) যজ্ঞ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—জ্ঞা। ২। অঙ্গহীন বা অসম্পূর্ণ যজ্ঞ। নঞ্‌তৎ। বি; পুং।

অযজ্ঞিয়, অযজ্ঞীয়—অযাজ্ঞিক, যাহা যজ্ঞ-সম্বন্ধীয় নহে; যাহা যজ্ঞের উপযুক্ত নহে, অপবিত্র। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অযতী (**—তিন্‌**), **অযতি**—অসংযতেন্দ্রিয়; কামুক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তিনী।

অযত্ন—১। যত্নাভাব, অবহেলা, অনাদর; অনায়াস। নঞ্‌তৎ। বি; পুং। ২। যত্নহীন। অবিদ্যমান যত্ন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্না।

অযত্নকৃত—বিনা চেষ্টায় সম্পাদিত; অনায়াস-সম্পন্ন। ন যত্নকৃত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অযত্নজাত, —সম্ভূত—স্বভাবজ। ৩য়াতৎ ও নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অযত্নলব্ধ—অনায়াস-লব্ধ; যাহা বিনা চেষ্টায় পাওয়া গিয়াছে এরূপ। অযত্ন দ্বারা লব্ধ, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ব্ধা।

অযত্নলভ্য—সুলভ, অনায়াসপ্রাপ্য। ৩য়া-তৎ। বিণ। স্ত্রী,—ভ্যা।

অযথা—১। অনুপযুক্তরূপে, অন্যায়রূপে। নঞ্‌তৎ। অব্য, ক্রি-বিণ। ২। অপ্রকৃত, মিথ্যা; অমূলক। অব্য, বিণ।

অযথাকৃত—অযোগ্যভাবে সম্পাদিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অযথাভূত—যেরূপ হওয়া উচিত সেরূপ নহে, অংশতঃ হীন বা ত্রুটিবিশিষ্ট। ন যথা-ভূত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অযথার্থ—অপ্রকৃত, মিথ্যা, অলীক ; অন্যায্য, অনুচিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্থা।

অয়ন—১। স্থান, ভূমি ; গৃহ, বাসস্থান ; আশ্রয়, বিশ্রামস্থান ; যুদ্ধভূমি। অয়্ বা ই + অনট্ অধিবা। ২। পথ ; সাধনার মার্গ ; শাস্ত্র। অয়্ বা ই + অনট্ করণবা। ৩। গমন, গতি ; জন্ম ; সূর্য্যের উত্তর হইতে দক্ষিণে এবং দক্ষিণ হইতে উত্তরে গমন ; যথাক্রমে দক্ষিণায়ন ও উত্তরায়ণ নামে কথিত হইয়া থাকে [১১ই পৌষ হইতে ৬ মাস উত্তরায়ণ এবং অবশিষ্ট ৬ মাস দক্ষিণায়ন]। অয় বা ই + অনট্ ভাববা। বি ; ক্লীব।

অয়নকাল—সূর্য্যের উত্তর ও দক্ষিণ দিকে গমনের সময়। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অয়নবিন্দু—অয়নমণ্ডলের যে বিন্দু বিষুব-রেখা হইতে চরম দূরবর্ত্তী। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অয়নবৃত্ত—অয়নমণ্ডল ; সূর্য্যসংক্রমণের গোলাকার পথ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অয়নমণ্ডল—রাশিচক্র ও রাশিচক্রস্থিত সূর্য্যগমনের দৃশ্যমান পথ (Zodiac). অয়নের মণ্ডল, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অয়নাংশ, —ভাগ—প্রাচীনেরা বলেন, সূর্য্যের গতিবিশেষের ভাগ। (বিষুবরেখা হইতে সুমেরু পর্য্যন্ত ৯০ এবং কুমেরু পর্য্যন্ত ৯০ ভাগে বিভক্ত করিলে এক এক ভাগকে এক এক অংশ বলে। অয়নের অর্থাৎ সূর্য্য-গতির প্রকাশক অংশকে অয়নাংশ বলে)। বি ; পুং।

অয়নান্ত—সূর্য্যের উত্তর বা দক্ষিণ দিকে গতির চরম সীমা ; ক্রান্তি। অয়নের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অয়নান্ত-প্রদেশ—অয়নান্তবৃত্তের মধ্যবর্ত্তী ভূভাগ (Tropical region). মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অয়নান্তবৃত্ত—সূর্য্যের উত্তর ও দক্ষিণ দিকে গমনের সীমানির্দ্ধারক কল্পিত গোলাকার রেখা (Tropics) [এই দুই বৃত্ত বিষুব রেখার সার্দ্ধ ২৩ অক্ষাংশ উত্তরে ও দক্ষিণে কল্পিত হইয়া থাকে। উত্তরের রেখাটিকে কর্কটক্রান্তি (Tropic of Cancer) এবং দক্ষিণেরটাকে মকরক্রান্তি (Tropic of Capricorn) বলে]। অয়নের (সূর্য্য-গমনের) অন্ত = অয়নান্ত, ৬ষ্ঠীতৎ ; অয়নান্ত-সূচক বৃত্ত, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অযন্ত্রিত—অনিয়মিত, স্বেচ্ছাচারী, শাস্ত্রাচার-হীন ; অবাধ, অব্যাহত ; অনর্গল। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অযশঃ (অযশস্), অযশ—অপযশ, অখ্যাতি ; দুর্নাম, নিন্দা। নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অযশস্কর—অকীর্ত্তিকর, অখ্যাতিজনক। ন যশস্কর, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রী।

অযশস্য—অকীর্ত্তিকর, দুর্নামজনক। ন (নয়) যশস্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—স্যা।

অযশস্বী (—স্বিন্)—অপ্রসিদ্ধ, কীর্ত্তিহীন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—স্বিনী।

অয়স্কঙ্কণ—লোহার বালা ; হাতকড়া (Hand-cuff). মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অয়স্কান্ত—১। লৌহাকর্ষক মণি, চুম্বক পাথর। অয়সের কান্ত (প্রিয়), ৬ষ্ঠীতৎ। ২। কান্তলৌহ, কান্তিলোহা, সর্ব্বোত্তম লৌহ। অয়োমধ্যে কান্ত, ৭মীতৎ। বি ; পুং।

অয়স্কার—১। লৌহকার, কর্ম্মকার, কামার। উপপদ তৎ। অয়স্ শব্দ—কৃ + অণ্ কর্ত্তৃবা। ২। জঙ্ঘার উপরিভাগ। অয়ঃ সদৃশ কায় অর্থাৎ গঠন যাহার, বহুব্রী। বি ; পুং।

অয়স্কুম্ভ—লৌহ-ঘট, লোহার কলসী বা হাঁড়ি। অয়োনির্ম্মিত কুম্ভ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অয়স্পাত্র—লৌহপাত্র, কটাহ প্রভৃতি। অয়োনির্ম্মিত পাত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অযাচক—যে যাচ্ঞা করে না, অপ্রার্থী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—চিকা।

অযাচনীয়—অযাচ্য, অপ্রার্থনীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অযাচিত—অপ্রার্থিত, যাহা চাওয়া হয় নাই, যাচ্ঞা বিনা লব্ধ। ন যাচিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অযাচ্য—অপ্রার্থনীয়, যাহা প্রার্থিতব্য নহে। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—চ্যা।

অযাজ্য, অযাজনীয়—যাহা যাজনীয় নয়, পতিত (জাতি) ; যাহার পৌরোহিত্য করা উচিত নহে এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—জ্যা,—য়া।

অযাজ্যযাজন—পতিত ব্যক্তির যাজন ; নিষিদ্ধ যজ্ঞের অনুষ্ঠান। অযাজ্যের যাজন, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অযাজ্যযাজী (—যাজিন্)—অযাজ্য-যাজনকারী, পতিত ব্যক্তির যাজনাকারী ; নিষিদ্ধপৌরোহিত্যকারী। উপতৎ। অযাজ্য শব্দ—যজ্‌+ণিচ্‌+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জিনী।

অযাত্রা অশুভ যাত্রা ; যাত্রাকালে অশুভ লক্ষণ। নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অযাথার্থ্য—অবাস্তবিকতা, অযথার্থতা, অসত্যতা। অযথার্থ+ষ্যঞ্‌ ভাবার্থে। বি ; ক্লীব।

অয়ি, অয়ে—সানুরাগ সম্বোধন ; জিজ্ঞাসা অনুনয় উৎসাহ ইত্যাদিসূচক শব্দ। অব্য।

অযুক্ত—যুক্তিবিরুদ্ধ, অসঙ্গত, অনুচিত ; সংযোগরহিত, অসংযুক্ত, পৃথক্ ; অনিয়োজিত ; অনবহিত। ন যুক্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অযুক্তি—অন্যায়, অনৌচিত্য ; অসৎ যুক্তি, অপরামর্শ ; অসংযোগ, বিয়োগ, অসঙ্গতি। ন যুক্তি, নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অযুক্তিযুক্ত, অযুক্তিসিদ্ধ—অযৌক্তিক, যুক্তিবিরুদ্ধ, অসঙ্গত ; অনুচিত ; অপরামর্শ-সিদ্ধ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্তা,—দ্ধা।

অযুগ, অযুগ্ম—যুগ্ম ভিন্ন, বিষম, বিযোড়, যেমন ৩, ৫, ৭ ইত্যাদি ; পৃথক্, একক। ন (নাই) যুগ বা যুগ্ম যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—গা,—গ্মা।

অযুগল—অযুগ্ম, বিষম, বিযোড়। ন (নাই) যুগল যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

অযুগ্ম—বিজোড় ; একক। অযুগ দ্রঃ।

অযুগ্মচ্ছদ,—পত্র,—পর্ণ—সপ্তপর্ণ বৃক্ষ ; ছাতিম গাছ। বহুব্রী। বি ; পুং।

অযুগ্মবাণ,—শর—পঞ্চবাণ, কাম। বহুব্রী। বি ; পুং। [বি ; পুং।

অযুগ্মবাহ,—সপ্তি—সপ্তাশ্ব, সূর্য্য। বহুব্রী।

অযুত—১। অসংযুক্ত। নঞ্‌তৎ। বিণ। ২। দশসহস্র সংখ্যা, ১০,০০০। বি ; ক্লীব।

অয়েল—তেল, তৈল (Oil). ইংরাজী শব্দ। বি।

অয়েল ক্লথ্—রঙিল ও মসৃণ কাপড়বিশেষ (Oil cloth). ইংরাজী শব্দ। বি ; ক্লীব।

অযোগ—১। যোগাভাব, বিচ্ছেদ, বিশ্লেষ ; ধ্যানাভাব ; যোগ্যতাভাব, অনুপযোগিতা ; অননুরাগ ; বিরহ ; অসম্বদ্ধতা ; কঠিনোদ্যম ; কষ্ট ; (জ্যোতিষশাস্ত্রে) অশুভযোগ, কুযোগ ; দুর্যোগ ; বিরাগ, বিদ্বেষ। ন যোগ, নঞ্‌তৎ। বি ; পুং। ২। যোগরহিত, বিযুক্ত। ন (নাই) যোগ যাহাতে, বহুব্রী। বিণ। ৩। স্বর্ণকারের কূট, নাভি (নাই)। অয়স্—গম্+ড অধিবা। বি ; পুং।

অযোগবাহ—অনুস্বার ও বিসর্গ এই দুইটী বর্ণ। অযোগ (সূত্রে অনুল্লিখিত) অথচ বাহ (কর্ম্মনিষ্পাদক), কর্ম্মধা। বি ; পুং।

অযোগ্য—অনুপযুক্ত, অনুপযোগী ; অক্ষম, অকর্ম্মণ্য ; অনুচিত ; (বেদাধ্যয়নাদিতে) অপাত্রীভূত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—গ্যা।

অযোগ্যতা, অযোগ্যত্ব—যোগ্য না হওয়া, যোগ্যতার অভাব, অনুপযুক্ততা, গুণহীনতা, নির্গুণত্ব ; অনুপযোগিতা। অযোগ্য+তা, ত্ব ভাবার্থে। বি ; যথাক্রমে স্ত্রী ও ক্লীব।

অয়োগ্র—লৌহবদ্ধ লগুড়; লোহার মুষল; হাতুড়ি। অয়ঃ (লৌহ) অগ্রে যাহার, বহুব্রী। বি; ক্লীব।

অয়োঘন—লৌহপিণ্ড, হাতুড়ি, মুদ্গর। অয়স্—হন্+অপ্ করণবা। বি; পুং।

অযোত্র—১। যোত্রাভাব, ধনহীনতা, দৈন্য; যোতদড়ি না থাকা। ন যোত্র, নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। যোত্রহীন, নিঃস্ব, নির্ধন; দেউলিয়া; যোতদড়িশূন্য ('—বলদ প্রভৃতি')। ন (নাই) যোত্র যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্রা।

অযোদ্ধা(—দ্ধৃ)—অযোধ, অকুশল যোদ্ধা। নঞ্‌তৎ। বি; পুং।

অযোধ্য—যাহার সহিত যুদ্ধ অনুচিত, যুদ্ধে অশক্য, দুর্দ্ধর্ষ, অজেয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ধ্যা।

অযোধ্যা—১। যুদ্ধের অযোগ্যা। বিণ; স্ত্রী। ২। প্রাচীন কোশলরাজগণের রাজধানী। বি; স্ত্রী।

অযোধ্যা-নাথ, —পতি—অযোধ্যার রাজা; শ্রীরামচন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অযোনি—১। অজন্ম, অনাদিকারণ, জন্মরহিত; হীনযোনিজাত; অগর্ভসম্ভূত (সীতা প্রভৃতি); আদিম; নিত্য। ন (নাই) যোনি (উৎপত্তিস্থান) যাহার, বহুব্রী। বিণ। ২। পদ্মযোনি ব্রহ্মা; স্বয়ম্ভু শিব; মুষল। বি; পুং।

অযোনিজ—১। অগর্ভজাত, যাহা যোনি হইতে জন্মে নাই, (যেমন উদ্ভিদ্ ও কৃমিদংশাদি)। ন যোনিজ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—জা। ২। পরমেশ্বর; ব্রহ্মা; শিব; বিষ্ণু; ব্রহ্মার মানসপুত্র, মনু, নারদাদি। বি; পুং।

অযোনিজা—১। আদ্যাশক্তি; (লাঙ্গলপদ্ধতি হইতে অর্থাৎ ভূমি হইতে উৎপন্না বলিয়া) সীতা; (যজ্ঞ হইতে উৎপন্না বলিয়া) দ্রৌপদী। বি; স্ত্রী। ২। অযোনিসম্ভূতা। অযোনিজ+আপ্। বিণ; স্ত্রী।

অযোনিসম্ভব—অযোনিসম্ভূত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—বা।

অযোনিসম্ভবা—১। সীতা; দ্রৌপদী। বি; স্ত্রী। ২। অগর্ভজাতা। নঞ্‌তৎ। বিণ; স্ত্রী।

অযোনিসম্ভূত—অগর্ভজাত, যোনি হইতে যাহার উৎপত্তি হয় নাই। যোনি হইতে সম্ভূত=যোনিসম্ভূত, ৫মীতৎ; ন যোনিসম্ভূত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অয়োময়—লৌহময়, লৌহনির্ম্মিত বা লৌহপূর্ণ, আয়স। অয়স্+ময়ট্ বিকারার্থে। বিণ। স্ত্রী,—য়ী। [৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অয়োমল—লৌহমল, লোহার মরিচা।

অয়োমুখ—১। লৌহাগ্র বাণ। বি; পুং। ২। লৌহমুখবিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী,—খা।

অযৌক্তিক—যুক্তিবিরুদ্ধ, যুক্তিবহির্ভূত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—কী।

অযৌগিক—প্রকৃতিপ্রত্যয়যোগে অসিদ্ধ, অব্যুৎপন্ন, রূঢ়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—কী।

অর—১। চাকার পাখি (Spoke); ব্যাসার্দ্ধ (Radius). ঋ+আপ্ করণবা। বি; ক্লীব। ২। শীঘ্র। ক্রি-বিণ। ৩। শীঘ্রগামী। ঋ+অচ্ কর্ত্তৃবা। বিণ।

অরক্ষণীয়—যাহা রক্ষা করা অসাধ্য বা অনুচিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অরক্ষণীয়া—যে কন্যার বিবাহ না দিয়া আর রাখা চলে না এরূপ। নঞ্‌তৎ। বিণ; স্ত্রী।

অরক্ষিত—যাহা রক্ষা করা হয় নাই; অপালিত; অসঞ্চিত, অগচ্ছিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অরক্ষিতা (—তৃ)—অপালক (রাজা)। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ত্রী।

অরক্ষ্য—যাহা রাখা যায় না। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্ষ্যা।

অরগুণ—সদ্গুণ, ভাল গুণ। দেশজ। বি। [**অরগুণ নাই বরগুণ আছে**—অমঙ্গল নাশ করিবার ক্ষমতা না থাকিলেও তাহা সৃষ্টি করিবার ক্ষমতা আছে]।

অরঘট্ট, অরঘট্টক—কূপ, ইঁদারা, পাতকুয়া ; কূপ হইতে জলোত্তোলন যন্ত্র। অর—ঘট্ট+ ঘঞ্ কর্ম্মবা বা করণবা ; ২য় পক্ষে তদুত্তরে কন্ স্বার্থে। বি ; পুং।

অরজস্কা, অরজস্বলা—অনার্ত্তবা, যাহার ঋতু হয় নাই এরূপ বালিকা ; নিবৃত্তরজস্কা, (বেশী বয়স হেতু) যে রমণীর ঋতু বন্ধ হইয়াছে এরূপ। ন (নাই) রজঃ যাহার, বহুব্রী (ক আগম)+আপ্ ; ন রজস্বলা, নঞ্তৎ। বিণ ; স্ত্রী।

অরজাঃ (অরজস্), —রজা—১। অনার্ত্তবা স্ত্রী, যে স্ত্রী ঋতুমতী হয় নাই, কন্যা। বহুব্রী। বি ; স্ত্রী। ২। রজোগুণরহিত। বহুব্রী। ৩। ধূলিশূন্য। বহুব্রী। বিণ ; পুং বা স্ত্রী। ক্লীব—অরজঃ।

অরণি—১। ঘর্ষণ দ্বারা অগ্নি জ্বালিবার কাষ্ঠ, অগ্নিমন্থনকাষ্ঠ। ঋ (গমন করা)+অনি কর্তৃবা। বি ; পুং বা স্ত্রী। ২। গণিকারিকা বৃক্ষ ; চকমকি পাথর। বি ; পুং। ৩। সূর্য্য ; অগ্নি। ঋ+অনি কর্তৃবা। বি ; পুং। ৪। মার্গ, সরণি। ঋ+অনি করণবা। বি ; স্ত্রী।

অরণী—অরণি, ঘর্ষণ দ্বারা অগ্নি জ্বালিবার কাষ্ঠ। অরণি+ঈপ্। বি ; স্ত্রী।

অরণ্য—১। বন। ঋ (গমন করা)+অন্য অধিবা। বি ; ক্লীব। ২। কট্ফলবৃক্ষ, কয়াফলের গাছ ; রৈবত মনুর পুত্র ; শঙ্করাচার্য্যকৃত ব্রহ্মচারী পরিব্রাজকের দশ উপাধির একতম। ঋ+অন্য কর্তৃবা। বি ; পুং। ৩। (বাঙলায়) অরণ্যষষ্ঠী। কবিপ্র। বি। **অরণ্যে রোদন** —হৃদয়হীনের নিকট দুঃখজ্ঞাপন ; নিষ্ফল ক্রন্দন ; ব্যর্থ আবেদন।

অরণ্যচন্দ্রিকা—বনের জ্যোৎস্না ; দর্শকাভাবে বন-জ্যোৎস্নাশোভার ন্যায় ব্যর্থ ভূষণাদি জন্য শোভা, নিষ্ফল ভূষণ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অরণ্যচর, অরণ্যচারী (—চারিন্)—বনচর, যাহারা বনে বনে ভ্রমণ করে। উপতৎ। অরণ্য—চর্+ট, ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রী,—রিণী।

অরণ্যজ—বনজাত, বন্য, বুনো। অরণ্য—জন্+ড কর্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

অরণ্যজাত—বনজাত, বন্য। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

অরণ্যধর্ম্ম(র্ম)—বানপ্রস্থধর্ম্ম ; বন্যভাব, অশান্তপ্রকৃতি। অরণ্যোচিত ধর্ম্ম, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অরণ্যধান্য—নীবার, উড়িধান। অরণ্যজ ধান্য, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অরণ্যবহ্নি—দাবানল। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অরণ্যবায়স—দ্রোণকাক, দাঁড়কাক। অরণ্যবিহারী বায়স, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অরণ্যবাস—১। বনবাস, বনে থাকা। ৭মীতৎ। ২। বনমধ্যস্থ আশ্রম। অরণ্যমধ্যস্থ বাস, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অরণ্যবাসী (—বাসিন্)—বনবাসী। উপতৎ। অরণ্য—বস্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—সিনী। [স্ত্রী,—বা।

অরণ্যভব—বনজ, বন্য। ৭মীতৎ। বিণ।

অরণ্যমক্ষিকা—দংশ, ডাঁশ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অরণ্যময়—বনবহুল, বনে পরিপূর্ণ। অরণ্য +ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী,—য়ী।

অরণ্যরক্ষক—বনরক্ষক, বনরক্ষাকারী কর্ম্মচারী। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি ; পুং।

অরণ্যষষ্ঠী—জ্যৈষ্ঠমাসের শুক্লষষ্ঠী ; জামাইষষ্ঠী ; বাঁটাষষ্ঠী। অরণ্যপূজ্যা ষষ্ঠী, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

অরণ্যানী—বৃহদ্বন, মহাবন ; অতি বিস্তৃত অটবী। অরণ্য শব্দ+আনীপ্ মহদর্থে। বি ; স্ত্রী।

অরত—অপ্রবৃত্ত, অনিযুক্ত ; অনাসক্ত ; অননুরক্ত ; অসন্তুষ্ট, বিরক্ত ; বিতৃষ্ণ ; বিরাগী, উদাসীন (Apathetic). নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তা।

অরতি—১। অস্থিরচিত্ত ; মনের ব্যাকুলতাব ; অনুরাগের অভাব, বিরাগ ; রতিবিরহ ; উদ্বেগ ; ইষ্টবিয়োগ ; নিশ্চেষ্টতা ; অসন্তোষ।

নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। উদ্বেগ; ক্রোধ। ঋ (গমন করা)+অতি ভাববা। বি; পুং। ৩। রতিহীন, আসক্তিহীন; নিরুদ্যম; প্রীতিরহিত। বহুব্রী। বিণ।

অরত্নি—কফোণি, কূর্পর, কনুই; কনুই হইতে বিস্তৃত কনিষ্ঠাঙ্গুলির অগ্রভাগ পর্যন্ত হস্তপরিমাণ; কনিষ্ঠাঙ্গুলি ভিন্ন মুষ্টি। ন (নাই) রত্নি যাহাতে, বহুব্রী। বি; পুং।

অরন্ধন—১। পাকাভাব, রান্না না হওয়া। ন রন্ধন, নঞ্‌তৎ। ২। পর্ব্ববিশেষ, 'আরন্ধ'। ন (নাই) রন্ধন যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

অরব—১। শব্দহীনতা। নঞ্‌তৎ। বি; পুং। ২। নীরব, মূক। বহুব্রী। বিণ। স্ত্রী,—বা। ক্রি-বিণ—অরবে ("বসিছে 'অরবে' শাখে পাখী।"—মাইকেল)।

অরবিন্দ—পদ্ম; নীলোৎপল; রক্তকমল; সারস পক্ষী; তাম্র। অর—বিদ্+শ কর্ত্তৃবা। বি; ক্লীব।

অরমণীয়, অরম্য—অমনোরম, অপ্রীতিকর, অসুন্দর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া,—ম্যা।

অরক্ষ—১। শক্র; অস্ত্রবিশেষ। ঋ (বধ করা)+অক্ষ কর্ত্তৃবা। বি; পুং। ("কে আছে সীতার আর এ 'অরক্ষ'-পুরে?"—মাইকেল)। ২। চলিষ্ণু, গমনশীল। বিণ।

অরস—রসহীন, বিরস, নীরস; নিরানন্দ, কর্কশ, অরসিক; স্বাদহীন, বিস্বাদ, বেতার। ন (নাই) রস যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—সা।

অরসজ্ঞ—রসবোধহীন, অরসিক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—জ্ঞা।

অরসিক—রসবোধহীন, বেরসিক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—কা।

অরহর—শাইল বিশেষ, অড়হর ডাল। দেশজ। বি।

অরাজক—রাজশূন্য, যে দেশে রাজা নাই ...াসনশূন্য, যে দেশে রাজা ...জার তেমন শাসন নাই। ন (নাই) রাজা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—জিকা।

অরাতি—শত্রু, অরি, রিপু। ন (অ)—রা (দান করা)+ক্তিচ্ কর্ত্তৃবা। বি; পুং।

অরাবণ—রাবণশূন্য; যেখানে লঙ্কেশ্বর রাবণ নাই এমন। ন (নাই) রাবণ যেখানে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

অরাম—শ্রীরামচন্দ্রশূন্য। বহুব্রী। বিণ। স্ত্রী,—মা। ("অরাবণ বা অরাম হবে ভব আজি"—মাইকেল)।

অরি—অরাতি, শত্রু, বিপক্ষ; কামক্রোধাদি ষড়্‌রিপু; রথচক্র; ৬ সংখ্যা; (জ্যোতিষে) লগ্ন হইতে ষষ্ঠস্থান; বিট্‌খদির। ঋ (বধ করা)+ইন্ কর্ত্তৃবা। বি; পুং।

অরিত্র—নৌকার কর্ণ, হাল বা দাঁড়; গমনসাধন বাহনাদি। ঋ (গমন করা)+ইত্র করণবা। বি; ক্লীব।

অরিনন্দন—১। শত্রুর আনন্দজনক, বিপক্ষের হর্ষবর্দ্ধক। ষষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—না। ২। শত্রুতনয়। বি; পুং।

অরিন্দম—শত্রুদমনকারী। অরি (শত্রু)—দম্ (দমন করা)+খ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—মা।

অরিমর্দ্দ(র্দ)—১। কালকাসন্দা গাছ। অরি+মৃদ্ (মর্দ্দন করা)+অণ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। শত্রুনাশক। বিণ।

অরিমর্দ্দ(র্দ)ন—১। শত্রুদমনকারক, অরাতিনাশক। ষষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—না। ২। শত্রুদলন। ষষ্ঠীতৎ। বি; ক্লীব।

অরিষ্ট—১। সূতিকাগৃহ, আঁতুড় ঘর, অন্তঃপুর; শুভ বা অশুভ অদৃষ্ট। ন (নাই) রিষ্ট (অমঙ্গল) যাহাতে, বহুব্রী। ২। মৃত্যুচিহ্ন; মদ্য; তক্র, ঘোল; অনিষ্টসূচক উৎপাত; গুড়মিশ্রিত ঔষধবিশেষ। ন (হয় না) রিষ্ট (অশুভ) যাহা হইতে, বহুব্রী। বি; ক্লীব। ৩। নিম্ববৃক্ষ; লশুনবৃক্ষ। ন (নাই) রিষ্ট (অনিষ্ট) যাহা হইতে, বহুব্রী। ৪। কাক; কঙ্কপক্ষী, কাক। ন (নাই)

রিষ্ট (অকালমৃত্যু) যাহার, বহুব্রী। বি; পুং। ৫। মৃত্যুহীন, অবিনশ্বর; অক্ষত, অহিংসিত; কুশল, নিপুণ। ন (নাই) রিষ্ট যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্টা।

অরিষ্টসূদন—১। অরিষ্টনাশক। অ-রিষ্টের সূদন, ৬ষ্ঠীতৎ। বিণ। ২। শ্রীকৃষ্ণ। বি; পুং।

অরিহা (–হন্)—১। শত্রুহননকারী, রিপু-নাশক। উপতৎ। অরি—হন্+ক্বিপ্, কর্তৃবা। বিণ। স্ত্রী, অরিঘ্নী। ২। সূর্য্য। বি; পুং।

অরিহিংসক—শত্রুনাশক, বৈরিঘাতক; শত্রুর অপকারকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—সিকা।

অরু—১। রক্তবর্ণ। 'অরুণ' শব্দজ। ২। আর; অন্য। প্রাঃ কবিপ্র। বিণ।

অরুঃ (অরুস্), অরু—১। সূর্য্য; রক্ত-খদির। ঋ+উস্ কর্তৃবা। বি; পুং। ২। ব্রণ, স্ফোটক; ক্ষত, ঘা। বি; পুং বা ক্লীব। ৩। মর্ম্ম, সন্ধিস্থান। বি; ক্লীব।

অরুচি—১। বিরাগ, অনভিলাষ, অপ্রীতি; অতৃষ্ণা, অশ্রদ্ধা; আহারে অনিচ্ছারূপ রোগবিশেষ। ন রুচি, নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। ইচ্ছাহীন; দীপ্তিশূন্য। ন (নাই) রুচি যাহার, বহুব্রী। বিণ।

অরুচি-কর, —জনক—অপ্রীতিদায়ক, অসন্তোষজনক, বিরক্তিকর; বিতৃষ্ণাজনক, অশ্রদ্ধাকর, অভক্তিজনক; ঘৃণাজনক। উপতৎ, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রী,—নিকা।

অরুচির—অমধুর, অপ্রীতিকর; অমনোজ্ঞ, অসুন্দর; অনুজ্জ্বল। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রা।

অরুঝিহ—বেড়িয়া, জড়াইয়া। প্রাঃ কবিপ্র। অসম-ক্রি।

অরুণ—১। রক্তবর্ণযুক্ত। ঋ (গমন করা)+উনন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ণা। ২। কুঙ্কুম; সিন্দূর। বি; ক্লীব। ৩। নবোদিত সূর্য্য; অল্পলোহিত বর্ণ; অব্যক্ত রক্তবর্ণ; কপিলবর্ণ; সন্ধ্যারাগ; কুষ্ঠবিশেষ; নিঃশব্দ ব্যক্তি, মূক, বোবা; আকন্দ গাছ; গুড়। বি; পুং। ৪। বিনতানন্দন বা সূর্য্যের সারথি। বি; পুং। [ক্লীব।

অরুণকমল—রক্তোৎপল। কর্ম্মধা। বি; ক্লীব।

অরুণজ্যোতিঃ (–তিস্), –জ্যোতি—সূর্য্য-সারথির দীপ্তি; প্রভাতসূর্য্যের দীপ্তি; প্রভাতের আলো। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অরুণ-নয়ন,–নেত্র—১। রক্তবর্ণ চক্ষু। কর্ম্মধা। বি; ক্লীব। ২। আরক্তলোচন, রাঙ্গা চক্ষুবিশিষ্ট। অরুণ নয়ন বা নেত্র যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না,—ত্রা।

অরুণলোচন—১। রক্তবর্ণ নেত্র। কর্ম্মধা। বি; ক্লীব। ২। আরক্তনয়ন, রক্তবর্ণ নেত্র-বিশিষ্ট। অরুণ লোচন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না। ৩। পারাবত, পায়রা। বি; পুং।

অরুণবসন—১। রক্তবস্ত্র, লাল কাপড়। কর্ম্মধা। বি; ক্লীব। ২। রক্তবস্ত্রপরিহিত। বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

অরুণসারথি—সূর্য্য। অরুণ সারথি যাহার, বহুব্রী। বি; পুং।

অরুণা—১। রক্তবর্ণা। অরুণ দ্রঃ। অরুণ+আপ্। বিণ; স্ত্রী। ২। মঞ্জিষ্ঠা; শ্যামা ঘাস; অতিবিষা; কদম্ব পুষ্প; ইন্দ্রবারুণী; গুঞ্জা; অপ্সরোবিশেষ। বি; স্ত্রী।

অরুণাত্মজ—অরুণ-তনয়, জটায়ু পক্ষী। অরুণের আত্মজ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অরুণানুজ, অরুণাবরজ—গরুড় পক্ষী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অরুণিত—লোহিতবর্ণপ্রাপ্ত। অরুণ শব্দ+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

অরুণিম—রক্তাভ, আরক্তবর্ণ। প্রাঃ কবিপ্র। বিণ।

অরুণিমা (–মন্)—রক্তিমা, গোলাপী আভা। অরুণ শব্দ+ইমন্ ভাবার্থে। বি; পুং।

অরুণোদয়—সূর্য্যোদয়ের পূর্ব্ববর্ত্তী দুই মুহূর্ত্ত অর্থাৎ চারি দণ্ড কাল, ঊষাকাল। অরুণের উদয় যৎকালে, বহুব্রী। বি; পুং।

অরুণোপল—পদ্মরাগমণি, চুণী। অরুণ (রক্তবর্ণ) উপল (প্রস্তর), কর্ম্মধা। বি; পুং।

অরুন্তুদ—মর্ম্মপীড়াদায়ক, মর্ম্মভেদী, অত্যন্ত ক্লেশদায়ক, পরুষ, কঠোর। অরুস্—তুদ্ (পীড়া দেওয়া) + খশ্ কর্ত্তৃবা নিপাতনে। বিণ। স্ত্রী,—দা।

অরুন্ধতী—১। মহামুনি বশিষ্ঠের পত্নী। ন (অ)—রুধ্ (রোধ করা) + শতৃ কর্ত্তৃবা + ঈপ্ নিপাতনে। ২। দক্ষ প্রজাপতির অন্যতমা কন্যা। ৩। সপ্তর্ষিমণ্ডলের ক্ষীণ নক্ষত্র-বিশেষ। বি; স্ত্রী।

অরূপ—রূপহীন, মূর্ত্তিশূন্য, নিরাকার; বিরূপ, কুরূপ, বেঢপ, কদাকার, কুৎসিত। ন (নাই বা কুৎসিত) রূপ যাহার, বহুব্রী। বিণ; স্ত্রী,—পা।

অরূপরাশি—যে রাশির বর্গমূল, ঘনমূল ইত্যাদি ঠিক বাহির করা যায় না, করণী (Surds). কর্ম্মধা। বি; পুং।

অরে, অরেরে—ক্রোধ বা অবজ্ঞাসূচক সম্বোধন, ওরে। অব্য।

অরোগ—১। রোগাভাব, সুস্থতা। নঞ্ তৎ। বি; পুং। ২। রোগহীন, নীরোগ; আরোগ্য-প্রাপ্ত, রোগমুক্ত। ন (নাই) রোগ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—গা।

অরোগী (—গিন্)—রোগহীন, নীরোগ, সুস্থদেহ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—গিণী।

অরোচক—অরুচিজনক; রোগবিশেষ, অরুচি। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—চিকা।

অরোধ্য—যাহা রোধ করা দুঃসাধ্য, অবাধ্য; দুর্দ্দমনীয়। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ধ্যা।

অরোষ—ক্রোধহীন। বহুব্রী। বিণ। স্ত্রী,—ষা।

অরৌদ্র—১। যাহা ভয়ানক নহে, অভীষণ, অভয়ঙ্কর। ন রৌদ্র, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—দ্রী। ২। রৌদ্রাভাব, অনাতপ, ছায়া। নঞ্ তৎ। বি; ক্লীব।

অর্ক—১। সূর্য্য; রবিবার; আকন্দগাছ। অর্ক (তাপ দেওয়া) + অচ্ কর্ত্তৃবা। ২। ইন্দ্র; বিষ্ণু; পণ্ডিত; স্ফটিক; তাম্র; আলোক, কিরণ; জ্যেষ্ঠভ্রাতা। অর্চ্চ্ + ঘঞ্ কর্ম্মবা। বি; পুং। ৩। নির্য্যাস, আরক। অর্ক + অচ্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

অর্ক-চন্দন—রক্তচন্দন। অর্কপ্রিয় চন্দন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অর্কতনয়, —নন্দন—সূর্য্যপুত্র; কর্ণ; যম; সুগ্রীব; শনি; মনু; অশ্বিনীকুমারদ্বয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অর্কপত্র, —পর্ণ—১। আকন্দগাছের পাতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। আকন্দগাছ। অর্কের ন্যায় (তীক্ষ্ণ) পত্র যাহার, বহুব্রী। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

অর্কবৎসর, —বর্ষ—সৌরাব্দ, সৌরবৎসর।

অর্কব্রত—১। মাঘমাসের শুক্লা সপ্তমী প্রভৃতি তিথিতে কর্ত্তব্য ব্রতবিশেষ, অর্কোদ্দিষ্ট ব্রত, কর্ম্মধা। ২। প্রজাদিগের করাদানরূপ রাজগণের ব্রত। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [(Orchid). বি

অর্কিড—মনোরম পুষ্পবিশেষ। ইংরাজী শব্দ

অর্কোপল—সূর্য্যকান্তমণি, চুণী। অর্কপ্রিয় উপল, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অর্গল, —লা—খিল, হুড়কা; গোঁজ; প্রতিবন্ধক, অন্তরায়; দেবীমাহাত্ম্যের স্তোত্রবিশেষ। অর্জ্জ্ (উপার্জ্জন করা) + কলচ্ করণবা; স্ত্রী পক্ষে + আপ্। বি; পুং, স্ত্রী।

অর্গলিকা, অর্গলী—ক্ষুদ্র অর্গল, হুড়কা। অর্গলী + কন্ স্বার্থে + আপ্; অর্গল + ঈপ্ ক্ষুদ্রার্থে। বি; স্ত্রী।

অর্গলিত—অর্গলযুক্ত, খিল-দেওয়া। অর্গল + ইত যুক্তার্থে। বিণ। স্ত্রী,—তা।

অর্গ্যান—বাদ্যযন্ত্রবিশেষ। ইং Organ. বি

অর্ঘ—১। মূল্য, দাম। অর্ঘ্ + ঘঞ্ করণবা। ২। পূজা; পূজাবিধি। বি; পুং।

অর্ঘ্য—১। পূজ্য, মান্য। অর্ঘ (পূজা) + যৎ অর্হার্থে। বিণ। স্ত্রী,—র্ঘ্যা। ২। পূজাসামগ্রী-বিশেষ, মান্য ব্যক্তিকে প্রদেয় মাল্যাদি উপহার; বস্ত্র মধু। বি; ক্লীব (যজুর্ব্বেদমতে পুং)।

অর্চ্চ(র্চ)ক—পূজক, উপাসক, পূজাকারী। অর্চ্চ্ + ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —র্চ্চিকা।

অর্চ্চ(র্চ)ন, অর্চ্চ(র্চ)না—পূজন, পূজা। অর্চ্চন = অর্চ্চ্ + অনট্ ভাববা। বি; ক্লীব। অর্চ্চনা = অর্চ্চ্ + অন ভাববা + আপ্। বি; স্ত্রী।

অর্চ্চ(র্চ)নীয়—পূজনীয়, মাননীয়। অর্চ্চ (পূজা করা) + অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, —য়া।

অর্চ্চা(র্চা)—পূজা। অর্চ্চ্ + অ ভাববা + আপ্। বি; স্ত্রী।

অর্চ্চি(র্চি)—অর্চ্চিঃ (সকল অর্থে)। অর্চ্চ্ + ই করণবা বা ভাববা। বি; স্ত্রী।

অর্চ্চিঃ (অর্চ্চিস্), অর্চ্চি (অর্চি)—বহ্নিশিখা, জ্বালা; কিরণ; দীপ্তি। অর্চ্চ্ + ইস্, ইন্ কর্ত্তৃবা, ভাববা। বি; ক্লীব বা স্ত্রী।

অর্চ্চি(র্চি)ত—পূজিত, উপাসিত; মান্য; দীপ্ত। অর্চ্চ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

অর্চ্চি(র্চি)ষ্মান্ (—ষ্মৎ)—১। দীপ্তিমান্; প্রজ্বলিত। অর্চ্চিস্ + মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —ষ্মতী। ২। অগ্নি; সূর্য্য; দেবর্ষিবিশেষ। বি; পুং।

অর্চ্চ্য(র্চ্য)—পূজ্য, আরাধ্য; মান্য। অর্চ্চ্ + ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —র্চ্চ্যা।

অর্জ্জ(র্জ)ক—উপার্জ্জনকর্ত্তা, যে উপার্জ্জন করে, যে রোজগার করে, রোজগেরে। অর্জ্জ্ + ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —র্জ্জিকা।

অর্জ্জ(র্জ)ন—উপার্জ্জন, লাভ, রোজগার; উপায়। অর্জ্জ্ + অনট্ ভাববা। বি; ক্লীব।

অর্জ্জ(র্জ)য়িতা (—তৃ)—উপার্জ্জনকর্ত্তা, রোজগেরে। অর্জ্জ্ ধাতু + তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —য়িত্রী।

অর্জ্জি(র্জি)ত—উপার্জ্জিত, লব্ধ। অর্জ্জ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

অর্জ্জু(র্জু)ন—১। শ্বেতবর্ণ, শুক্ল, সাদা। অর্জ্জ্ (সংস্কার বা পরিষ্কার করা) + উনন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —না, —নী। ২। তৃণ; নেত্ররোগবিশেষ, আঞ্জনি। বি; ক্লীব। ৩। শ্বেত বর্ণ, সাদা রঙ্গ; বৃক্ষবিশেষ; তৃতীয় পাণ্ডব; ময়ূর। বি; পুং।

অর্ণব—১। জলধি, সমুদ্র; বিপুল দুস্তর বিষয়মাত্র। অর্ণস্ শব্দ + ব অস্ত্যর্থে, সকারের লোপ। বি; পুং। ২। জলযুক্ত। বিণ।

অর্ণব-তরণি, —তরণী—অর্ণব-তরি (তাহা দ্রঃ)।

অর্ণব-তরি, —তরী—সমুদ্রে গমনযোগ্য তরণী, জাহাজ। অর্ণবগামিনী তরি বা তরী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

অর্ণবনেমি—পৃথিবী; সাগরপ্রান্ত। ৬ষ্ঠীতৎ।

অর্ণবপোত, অর্ণবযান—অর্ণবতরি, জাহাজ। অর্ণবগামী পোত বা যান, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অর্থ—১। প্রার্থনা; প্রয়োজন। অর্থ (যাচ্ঞা করা) + অচ্ ভাববা। ২। বিত্ত, ধন, ঐশ্বর্য্য; কাম্য বা প্রয়োজনীয় বস্তু; পদার্থ, ধনাদি দ্রব্য। অর্থ + অচ্ কর্ম্মবা। ৩। শব্দের অভিধেয় বা প্রতিপাদ্য; মানে; রাজ্যের স্বরাষ্ট্র ও পররাষ্ট্র-সম্বন্ধীয় রাজনীতি; উদ্দেশ্য, অভিপ্রায়, অভিসন্ধি। ঋ (গমন করা) + থন্ কর্ম্মবা সংজ্ঞার্থে। ৪। কারণ, হেতু। ঋ + থন্ করণবা। ৫। প্রকার, প্রণালী, রীতি; নিবৃত্তি, নিষেধ। ঋ + থন্ ভাববা। ৬। বিষয়; ফল; সৌভাগ্য; কার্য্য। অর্থ + অচ্ বিশিষ্টার্থে। বি; পুং।

অর্থকর—ফলজনক, ফলোপধায়ক, সফল; বিত্তোৎপাদক, ধনলাভজনক। অর্থ—কৃ + ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —রী।

অর্থকরী—ধনাগমসাধিকা, ধনপ্রদা। অর্থকর + ঈপ্। বিণ; স্ত্রী।

অর্থকষ্ট—ধনক্লেশ, অর্থকৃচ্ছ্র। অর্থ-বিষয়ক কষ্ট, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অর্থকাম—১। অর্থলাভের বাসনা, ধনলিপ্সা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। অর্থাভিলাষী; ধনলোভী। অর্থে কাম যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —মা।

অর্থকামী (—কামিন্)—বিত্তাভিলাষী,

ধনলোভী। উপতৎ। অর্থ—কম্+ণিন্ কর্তৃবা। বিণ; । স্ত্রী,—মিনী।

অর্থকৃচ্ছ্র—দারিদ্র্য, ধনকষ্ট। অর্থ-বিষয়ক কৃচ্ছ্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অর্থগৃধ্নু—অর্থলোলুপ, ধনলোভী, কৃপণ। ৭ম্যাতৎ। বিণ। বি,—তা।

অর্থগৌরব—তাৎপর্য্যের গুরুত্ব, ভাবাতিশয্য; ধনগর্ব্ব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অর্থগ্রহ—অর্থবোধ, অভিধেয়জ্ঞান, তাৎপর্য্যাবধারণ, মানে বুঝা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অর্থচিন্তন, -চিন্তা—উপার্জ্জনচিন্তা: স্বপররাষ্ট্রচিন্তা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।

অর্থজ্ঞ—অভিধেয়বিৎ, ভাববেত্তা; প্রাজ্ঞ, বিজ্ঞ। অর্থ জানে যে এই বাক্যে উপতৎ। অর্থ শব্দ—জ্ঞা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

অর্থতঃ (-তস্)—ফলতঃ, বস্তুতঃ; কার্য্যতঃ; অর্থাৎ। অর্থ শব্দ+তস্ ৩য়া স্থানে। অব্য।

অর্থতত্ত্ব—প্রকৃত বিষয়; স্বরূপ, যাথার্থ্য; ধনবিজ্ঞান, অর্থনীতি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অর্থদ—ধনপ্রদ, বিত্তপ্রদানকারী, অর্থকর, ধনজনক; ধনবিতরণকারী, বদান্য; অনুকূল, অনুগ্রহপরায়ণ। অর্থ দেয় যে, উপতৎ। অর্থ—দা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

অর্থদণ্ড—টাকাকড়ি জরিমানা করা। অর্থসংক্রান্ত দণ্ড, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

অর্থদাতা (-দাতৃ)—বিত্তপ্রদানকারী, ধনবিতরণকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ত্রী।

অর্থদায়ক—অর্থদ (সকল অর্থে)। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—য়িকা।

অর্থদূষণ—অষ্টবিধ ব্যসন মধ্যে একতম ব্যসনবিশেষ; অপব্যয়, বাজে খরচ; পরস্বাপহরণ; ঋণ অস্বীকার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অর্থদোষ—শব্দপ্রতিপাদ্যের হীনতা; (অলঙ্কারশাস্ত্রে) কাব্যের অপকর্ষসাধক অপুষ্টতা, দুষ্ক্রমতা ইত্যাদি দোষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অর্থনীতি—ধনের ব্যবহার-বিষয়ক নিয়ম, ধনবিজ্ঞান, অর্থতত্ত্ব (Economics). অর্থবিষয়িণী নীতি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অর্থনীতিজ্ঞ, -নীতিবিদ্—অর্থশাস্ত্রে পণ্ডিত। উপতৎ। অর্থনীতি—জ্ঞা+ক, বিদ্+ক্বিপ্ কর্তৃবা। বিণ।

অর্থপতি—ধনাধিপতি; কুবের; রাজা, ধনী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অর্থপর—অর্থলোভী, ধনার্জ্জনে আসক্ত; কৃপণ। অর্থ পর (প্রধান বস্তু) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। বি,—তা,—ত্ব।

অর্থপরায়ণ—অর্থপর (সকল অর্থে)। অর্থ হইয়াছে পর (প্রধান) অয়ন (আশ্রয়) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

অর্থপিপাসা—ধনলিপ্সা, ধনলোভ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অর্থপিপাসু—অত্যন্ত অর্থলোভী। ৭ম্যাতৎ। বিণ।

অর্থপিশাচ—যে ব্যক্তি ন্যায়ান্যায় ধর্ম্মাধর্ম্মবিচারবিমুখ হইয়া কেবল অর্থোপার্জ্জনেই আত্মনিয়োগ করে; যৎপরোনাস্তি ধনলোভী ব্যক্তি, কৃপণ। ৭মীতৎ। বি; পুং।

অর্থপ্রদ—অর্থদ (সকল অর্থে)। উপতৎ। অর্থ—প্র—দা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

অর্থপ্রয়োগ—বৃদ্ধিলাভার্থ ধনের বিনিয়োগ, টাকাকড়ি সুদে বা ব্যবসায়ে খাটান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অর্থপ্রাপ্তি—ধনলাভ, টাকাকড়ি পাওয়া; প্রয়োজনলাভ, অভীষ্টসিদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অর্থবল—ধনবল। অর্থজাত বল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অর্থবাদ—স্তুতিবাদ; প্রশংসা, গুণকীর্তন; নিন্দাবাদ; সাভিপ্রায় বা বিশেষ তাৎপর্য্যযুক্ত উক্তি, আবেদন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অর্থবান্ (-বৎ)—অর্থযুক্ত; ধনশালী; সার্থক; অভিপ্রায়যুক্ত, উদ্দেশ্যবিশিষ্ট। অর্থ শব্দ+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—বতী।

অর্থবিজ্ঞান—শব্দশক্তিগ্রহ, শব্দার্থজ্ঞান; ধনবিজ্ঞান, অর্থশাস্ত্র, অর্থতত্ত্ব, অর্থনীতি। অর্থবিষয়ক বিজ্ঞান, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অর্থবিৎ (-বিদ্)—অর্থজ্ঞ ; শব্দার্থ-পণ্ডিত ; জ্ঞানী, তত্ত্বজ্ঞ ; কার্য্যাভিজ্ঞ। উপতৎ। অর্থ—বিদ্+কিপ্ কর্তৃবা। বিণ।

অর্থবিদ্যা—ধনের উৎপত্তি রক্ষা প্রসার ইত্যাদি বিষয়ক বিদ্যা। অর্থবিষয়িণী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

অর্থবিনিয়োগ—অর্থপ্রয়োগ ; কুসীদ-ব্যবহার ; ব্যবসায়ে বা সুদে টাকাকড়ি খাটান। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অর্থবৃদ্ধি—ধনের আধিক্য। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অর্থবেত্তা (-বেত্তৃ)—অর্থবিৎ (সকল অর্থে)। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ত্রী।

অর্থবোধ—তাৎপর্য্য হৃদয়ঙ্গম করা, অর্থের উপলব্ধি। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অর্থব্যবহার—ধনের যথোচিত প্রয়োগ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অর্থব্যবহারশাস্ত্র—শাস্ত্রবিশেষ, এই শাস্ত্রে জ্ঞান থাকিলে কিরূপে অর্থের উপার্জ্জন, রক্ষণ ও ব্যয় করিতে হয়, তদ্বিষয়ে জ্ঞান জন্মে ; অর্থনীতিশাস্ত্র। অর্থ-ব্যবহার-বিষয়ক শাস্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অর্থব্যয়—ধনব্যয়। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অর্থভাগী (-গিন্)—ধনের অংশ পাইবার অধিকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -গিনী।

অর্থভাগ্য—ধনলাভের সৌভাগ্য। অর্থ-বিষয়ক ভাগ্য, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অর্থভাণ্ডার—ধনাগার ; তহবিল। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অর্থভেদ—অর্থের বিভিন্নতা, অর্থবৈলক্ষণ্য ; তাৎপর্য্যের ভেদ বা মীমাংসা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অর্থমন্ত্রক—সরকারী ধনের ব্যবস্থাকারী মন্ত্রি-দপ্তর (Finance Ministry). বি ; ক্লীব।

অর্থলাভ—ধনপ্রাপ্তি, টাকাকড়ি পাওয়া, অর্থোপার্জ্জন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অর্থলালসা—অর্থলিপ্সা, ধনলোভ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অর্থলিপ্সু—ধনলাভেচ্ছু। ২য়াতৎ। বিণ।

অর্থলুব্ধ—ধনলোভী, অর্থগৃধ্নু। ৭মীতৎ। বিণ। স্ত্রী, -ব্ধা।

অর্থলোভ—ধনস্পৃহা। ৭মীতৎ। বি ; পুং।

অর্থলোভী (-ভিন্)—ধনলিপ্সু, অর্থ-পিপাসু। অর্থলোভ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, -ভিনী।

অর্থলোলুপ—ধনপিপাসু ; অর্থগৃধ্নু। ৭মীতৎ। বিণ। স্ত্রী, -পা।

অর্থশালী (-লিন্)—সম্পত্তিপন্ন, ধনী। উপতৎ। অর্থ—শাল্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, -লিনী।

অর্থশাস্ত্র—অর্থোৎপাদক শাস্ত্র, নীতিশাস্ত্র ; কৃষিশাস্ত্র ; অর্থতত্ত্ব, ধনবিজ্ঞান, অর্থনীতি, শিল্প, রাজনীতি ও ধনাদি বিষয়ক চাণক্য-প্রণীত শাস্ত্র। অর্থবিষয়ক শাস্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অর্থশাস্ত্রঘটিত—অর্থনীতি-সংক্রান্ত। ৩য়া-তৎ। বিণ। স্ত্রী, -তা।

অর্থশূন্য—অর্থহীন, আবোল-তাবোল, তাৎপর্য্যবিহীন ; অনর্থক, নিরর্থক, বৃথা ; ধনহীন, নিঃস্ব, দরিদ্র ; অকৃতকার্য্য। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, -ন্যা।

অর্থসংগ্রহ—ধনসঞ্চয়। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অর্থসংস্থান—ধনসঞ্চয়, অর্থসঙ্গতি, টাকা-কড়ির সচ্ছলতা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অর্থসঙ্গ(ংগ)ত—অর্থপূর্ণ, যাহার মানে হয় এরূপ। ২য়াতৎ। বিণ। স্ত্রী, -তা।

অর্থসঙ্গ(ংগ)তি—অভিধেয়ের উপযোগিতা, অর্থের মিল, মানে খাটা ; ধনের সংস্থান, টাকাকড়ির সচ্ছলতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অর্থসঞ্চয়—ধনসংগ্রহ, টাকাকড়ি জমান। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অর্থসাপেক্ষ—ধনাপেক্ষ, যাহাতে ধনের অপেক্ষা বা দরকার আছে। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ক্ষা।

অর্থসাহায্য—ধন দ্বারা সহায়তা, টাকাকড়ি দিয়া উপকার করা। ৩য়াতৎ। বি ; ক্লীব।

অর্থসিদ্ধ—১। সিদ্ধমনোরথ, সফলকাম, কৃতকার্য্য। ৭মীতৎ। ২। ধন দ্বারা সম্পন্ন বা সাধিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

অর্থসিদ্ধি—প্রয়োজনসিদ্ধি, ইষ্টসিদ্ধি, উদ্দেশ্য-সিদ্ধি, সাফল্য। ৭মীতৎ। বি ; স্ত্রী।

অর্থহর—১। ধনভাগী, দায়াধিকারী। অর্থ হরণ করে যে, উপতৎ। অর্থ—হৃ+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রা। ২। ধনাপহারক, তস্কর। বি ; পুং। [বি ; স্ত্রী।

অর্থহানি—ধনহানি, ধনক্ষয়। ৬ষ্ঠীতৎ।

অর্থহীন—নিরর্থক, ব্যর্থ ; দুর্ব্বোধ্য ; ধনহীন। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

অর্থাগম—ধনাগম, উপার্জ্জন, আয় ; আয়ের উপায় ; ক্রয়-বিক্রয়াদি ; বাচ্যাদি অর্থের বোধ। অর্থের আগম, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অর্থাৎ—অর্থবশতঃ, তাৎপর্য্যবশতঃ ; বস্তুতঃ, ফলতঃ। অর্থ শব্দ+আৎ ৫মীস্থানে। অব্য।

অর্থাধিকার—ধনের অধিকার, টাকাকড়ি থাকা ; ধনাধ্যক্ষত্ব। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অর্থাধিকারী (—কারিন্)—ধনবান্, ধনী ; ধনরক্ষক, ধনাধ্যক্ষ (Cashier). ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রিণী।

অর্থান্তর—অন্য অর্থ, অপর অর্থ ; বিষয়ান্তর ; অর্থভেদ ; অভিপ্রায়ভেদ। অন্য অর্থ, নিত্য। বি ; ক্লীব। [৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অর্থান্তরন্যাস—কাব্যের অলঙ্কারবিশেষ।

অর্থান্তরাক্ষেপ—অর্থালঙ্কারবিশেষ। অর্থান্তর দ্বারা আক্ষেপ, ৩য়াতৎ। বি ; পুং।

অর্থান্বিত—অর্থযুক্ত, অভিধেয়বিশিষ্ট, সার্থক ; প্রয়োজনযুক্ত, উদ্দেশ্যবিশিষ্ট ; অর্থশালী, ধনী। অর্থ দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অর্থাপত্তি—(মীমাংসামতে) সুতরাং প্রাপ্তি, অনুমানবিশেষ ; (কাব্যে) অলঙ্কারবিশেষ ; অর্থের (অমুক বিষয়ের) আপত্তি (সিদ্ধি), ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অর্থারি—দরিদ্র ; অর্থের অরিতুল্য পরিহার্য্য। কবিপ্র। বিণ।

অর্থার্থী (অর্থার্থিন্)—ধনযাচী, ধন-প্রার্থনাকারী, ধনান্বেষী, ধনের অন্বেষণকর্ত্তা। অর্থ (ধন)—অর্থ (চাওয়া)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্থিনী।

অর্থিত—প্রার্থিত, যাচিত ; জিজ্ঞাসিত, পৃষ্ট। অর্থ (প্রার্থনা করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অর্থী (অর্থিন্)—১। যাচক, ভিক্ষুক, প্রার্থী, অভিলাষী ; অভিযোগকারী, বাদী, বিবাদী, সেবক, ভৃত্য ; সহায়, সহচর। অর্থ+ণিন্ কর্তৃবা। ২। অর্থবান্, অর্থশালী, ধনী। অর্থ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—র্থিনী।

অর্থোপার্জ্জ(র্জ)ন—ধনসংগ্রহ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অর্থ্য—১। ন্যায্য, সঙ্গত, যুক্তিযুক্ত। অর্থ+যৎ সাধু অর্থে। ২। সার্থক ; অর্থযুক্ত, সপ্রয়োজন। অর্থ+যৎ অনপেত অর্থে। ৩। প্রার্থনীয়, প্রার্থনাযোগ্য ; জিজ্ঞাস্য, জিজ্ঞাসা-যোগ্য। অর্থ+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্থ্যা।

অর্দ্দ(র্দ)ন—প্রার্থনা, যাচ্ঞা ; পীড়া ; বধ, হিংসা, হনন। অর্দ্দ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

অর্দ্দি(র্দি)ত—১। প্রার্থিত, যাচিত, পীড়িত ; হিংসিত, হত। অর্দ্দ্+ক্ত কর্ম্মবা। ২। গত। অর্দ্দ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা। ৩। পীড়া ; বায়ুরোগবিশেষ, মুখমণ্ডলের পক্ষাঘাত। অর্দ্দ্+ক্ত ভাববা। বি ; ক্লীব।

অর্দ্ধ(র্ধ)—১। অংশ ; একদেশ। ঋধ্ (বৃদ্ধি পাওয়া)+ঘঞ্ করণবা। বি ; পুং। ২। সমান অর্দ্ধাংশ, ঠিক অর্দ্ধেক। বি ; ক্লীব। ৩। দ্বিধাকৃত, দুই ভাগ করা ; অসম্পূর্ণ, অসমান (অর্দ্ধাশনাদি শব্দে)। ঋধ্+ঘঞ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্দ্ধা।

অর্দ্ধ(র্ধ)কথিত—অর্দ্ধোক্ত, অসম্পূর্ণভাবে কথিত। অর্দ্ধ যথা তথা কথিত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

অর্দ্ধ(র্ধ)কৃত—দ্বিধা বিভক্ত, দ্বিখণ্ডিত, দুই ভাগে বিভক্ত। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

র্দ্ধ(র্ধ)গঙ্গা—কাবেরী নদী (ইহাতে স্নান রিলে গঙ্গাস্নানের অর্দ্ধেক ফল লাভ হয়)। র্দ্ধ গঙ্গা যাহাতে, বহুব্রী+আপ্। বি; স্ত্রী।

র্দ্ধ(র্ধ)গ্রস্ত—গ্রহণ-সময়ে অর্দ্ধভাবে আবৃত সূর্য্য বা চন্দ্র)। অর্দ্ধভাবে গ্রস্ত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, –স্তা।

র্দ্ধ(র্ধ)গ্রাস—আধ গাল পরিমাণ; অর্দ্ধ-বল; আধ-খাওয়া; আধখানা খাওয়া; াহণকালে চন্দ্র বা সূর্য্যের অর্দ্ধাংশের ন্তর্দ্ধান। গ্রাসের অর্দ্ধ, একদেশিসমাস। ; পুং।

র্দ্ধ(র্ধ)ঘটিকা—আধঘণ্টা। ঘটিকার অর্দ্ধ, কদেশিসমাস। বি; স্ত্রী।

র্দ্ধ(র্ধ)চন্দ্র—চন্দ্রখণ্ড; গলহস্ত, যাহা াহারও গলদেশে অর্পণ করিয়া তাহাকে রীকৃত করা হয়, গলাধাক্কা; অর্দ্ধচন্দ্রাকার াগ্রভাগবিশিষ্ট বাণ; গজাভরণবিশেষ; ময়ূর-ুচ্ছের অর্দ্ধচন্দ্রাকৃতি চন্দ্রক; ললনাদিগের লাটদেশে অর্দ্ধচন্দ্রাকার তিলক; অর্দ্ধ-ন্দ্রাকার নখক্ষত। চন্দ্রের অর্দ্ধ, একদেশি মাস। বি; পুং। **অর্দ্ধচন্দ্র প্রদান** করা—গলাধাক্কা দিয়া তাড়াইয়া দেওয়া।

র্দ্ধ(র্ধ)চন্দ্র-তারকা—তুরস্কের জাতীয় তাকার চিহ্ন; ইসলামের প্রতীক। বি।

র্দ্ধ(র্ধ)চন্দ্রাকার, –চন্দ্রাকৃতি—অর্দ্ধ-ালাকার। অর্দ্ধচন্দ্রের আকারের, আকৃতির ায় আকার, আকৃতি যাহার, বহুব্রী। বিণ। া, (২য় পক্ষে) –রা।

র্দ্ধ(র্ধ)জরতীয়-ন্যায়—বাদী ও প্রতি-াদীর উক্তিসকলের কিছু অংশ গ্রহণ এবং কছু অংশ অগ্রহণ করিবার বিষয়ে যুক্তিমূলক ষ্টান্তবিশেষ (ফলতঃ সম্পূর্ণ উক্তিটি অর্থহীন য়)। কর্ম্মধা। বি; পুং।

র্দ্ধ(র্ধ)জীবিত—প্রায় মরণাপন্ন; আধ-রা। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, –তা।

র্দ্ধ(র্ধ)নারীশ, অর্দ্ধ(র্ধ)নারীশ্বর—মাহেশ্বর, হরগৌরীরূপে মহাদেবের র্ত্তিভেদ, এই মূর্ত্তিতে মহেশ্বর অর্দ্ধেক নারী ও অর্দ্ধেক পুরুষ হইয়া আছেন। নারী সহিত ঈশ বা ঈশ্বর, মধ্যপ কর্ম্মধা; অর্দ্ধ এমন নারীশ বা নারীশ্বর, কর্ম্মধা। বি; পুং।

অর্দ্ধ(র্ধ)নিমীলিত—আংশিকভাবে মুদ্রিত, কিছু অংশ বোজা ও কিছু অংশ খোলা এরূপ; আধ-বোজা; আধ-ফোটা। অর্দ্ধ নিমীলিত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, –তা। **অর্দ্ধনিমীলিতনেত্রে দেখা**—চোখ পিট্‌ পিট্‌ করিয়া দেখা, ঢুলুঢুলু চাহনিতে দেখা।

অর্দ্ধ(র্ধ)পথ—আধা বা মধ্য পথ। পথের অর্দ্ধ, একদেশী (সমাসান্ত অচ্)। বি; পুং।

অর্দ্ধ(র্ধ)পরিস্ফুট—অসম্যক্‌স্ফুট, অংশতঃ ব্যক্ত, আধফুটন্ত; অর্দ্ধোচ্চারিত; আধ আধ। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, –টা।

অর্দ্ধ(র্ধ)বয়স্ক—সচরাচর লোক যতদিন বাঁচে তাহার অর্দ্ধেক পরিমাণে যে ব্যক্তির বয়ঃক্রম হইয়াছে, প্রৌঢ়, আধাবয়সী (Middle-aged). অর্দ্ধ হইয়াছে বয়ঃ যাহার, বহুব্রী+ক সমাসান্ত। বিণ। স্ত্রী, –স্কা।

অর্দ্ধ(র্ধ)বৃত্ত—ব্যাস দ্বারা কর্ত্তিত বৃত্তের অর্দ্ধাংশ (Semi-circle). একদেশী। বি; ক্লীব।

অর্দ্ধ(র্ধ)ব্যক্ত—অর্দ্ধোচ্চারিত; অংশতঃ প্রকাশিত; অসম্যক্‌স্ফুট, অপরিস্ফুট, অস্পষ্ট, আধ আধ। অর্দ্ধ যথা তথা ব্যক্ত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, –ক্তা।

অর্দ্ধ(র্ধ)ভাগ—অর্দ্ধেক অংশ; কিয়দংশ। কর্ম্মধা। বি; পুং।

অর্দ্ধ(র্ধ)ভূমণ্ডল—ভূমণ্ডলের অর্দ্ধাংশ; ইউরোপীয়েরা ভূপৃষ্ঠকে দুই ভাগে বিভক্ত করিয়াছেন—এক পৃষ্ঠে এসিয়া, ইউরোপ, আফ্রিকা, এবং অপর পৃষ্ঠে আমেরিকা—এবং এই দুই ভাগের প্রত্যেকটীকে এক একটী অর্দ্ধভূমণ্ডল (Hemisphere) নাম দিয়াছেন। ভূমণ্ডলের অর্দ্ধ, একদেশী। বি; ক্লীব।

অর্দ্ধ(র্ধ)মাত্র—১। কেবল অর্দ্ধাংশ, শুধু

আধখানি। কেবল অৰ্দ্ধ, নিত্য। ২। অৰ্দ্ধ-মাত্রাবিশিষ্ট ব্যঞ্জনবর্ণ। অৰ্দ্ধ মাত্রা যাহার, বহুব্রী। বি ; ক্লীব।

অৰ্দ্ধ(র্ধ)মাত্রা—অৰ্দ্ধপরিমাণ ; (সঙ্গীতে এবং ছন্দে) মাত্রার অৰ্দ্ধভাগ। মাত্রার অৰ্দ্ধ, একদেশী। বি ; স্ত্রী।

অৰ্দ্ধ(র্ধ)মূর্চ্ছি(র্ছি)ত—অৰ্দ্ধ-অচৈতন্য ; মূৰ্চ্ছা-হেতু যাহার জ্ঞান অৰ্দ্ধলুপ্ত হইয়াছে এরূপ। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

অৰ্দ্ধ(র্ধ)মৃত—আধমরা, মৃতকল্প, মৃতপ্রায় (Half-dead). অৰ্দ্ধ মৃত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

অৰ্দ্ধ(র্ধ)রথ—যে রথারোহী যোদ্ধা অন্য রথীর সহযোগিতায় যুদ্ধ করে ; নিকৃষ্ট যোদ্ধা। অৰ্দ্ধ হইয়াছে রথ যাহার, বহুব্রী। বি ; পুং।

অৰ্দ্ধ(র্ধ)রাত্র—নিশীথ, মধ্যরাত্র ; মহানিশা, রাত্রির অষ্টম মুহূর্ত। রাত্রির অৰ্দ্ধ, একদেশী (সমাসান্ত অচ্)। বি ; পুং।

অৰ্দ্ধ(র্ধ)শত—আধ-শ, পঞ্চাশ। শতের অৰ্দ্ধ, একদেশী। বি ; ক্লীব।

অৰ্দ্ধ(র্ধ)সিক্ত—আধ-ভিজা। অৰ্দ্ধ সিক্ত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—ক্তা।

অৰ্দ্ধ(র্ধ)স্ফুট—আধফুটন্ত, অস্পষ্টভাবে উচ্চারিত, আধ আধ। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—টা।

অৰ্দ্ধা-অৰ্দ্ধি, অর্ধা-অর্ধি—আধা-আধি। সুপ্‌সুপা। ক্রি-বিণ। [বি ; পুং।

অৰ্দ্ধা(র্ধা)ংশ—অৰ্দ্ধভাগ। অৰ্দ্ধ অংশ, কৰ্ম্মধা।

অৰ্দ্ধাংশী (—শিন্), অর্ধাংশী—অৰ্দ্ধভাগী, অৰ্দ্ধেক ভাগ পাইবার অধিকারী। অৰ্দ্ধাংশ + ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—শিনী।

অৰ্দ্ধা(র্ধা)ঙ্গ—দেহের অৰ্দ্ধ। অঙ্গের অৰ্দ্ধ, একদেশী। বি ; ক্লীব।

অৰ্দ্ধা(র্ধা)ঙ্গিনী—পত্নী। অশুদ্ধ প্রয়োগ।

অৰ্দ্ধা(র্ধা)চ্ছাদিত—অৰ্দ্ধাবগুণ্ঠিত, আধ-ঢাকা। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

অৰ্দ্ধা(র্ধা)বৃত—অৰ্দ্ধাচ্ছাদিত, আধ-ঢাকা। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

অৰ্দ্ধাৰ্দ্ধ, অর্ধার্ধ—এক-চতুর্থাংশ, সিকি। অৰ্দ্ধের অৰ্দ্ধ, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অৰ্দ্ধা(র্ধা)শন—অৰ্দ্ধভোজন, আধপেটা খাওয়া ; অৰ্দ্ধাংশ ব্যাপ্তি। অৰ্দ্ধ অশন, কৰ্ম্মধা। বি ; ক্লীব।

অৰ্দ্ধে(র্ধে)ক—সমান দুই ভাগের এক, আধ। 'অৰ্দ্ধক' শব্দজ। বি।

অৰ্দ্ধে(র্ধে)ন্দু—অৰ্দ্ধচন্দ্র ; নখচিহ্ন ; গলহস্ত, গলাধাক্কা ; অৰ্দ্ধচন্দ্রাকার বাণ। ইন্দুর অৰ্দ্ধ, একদেশী। বি ; পুং।

অৰ্দ্ধে(র্ধে)ন্দু-মৌলি, —শেখর—চন্দ্র-শেখর, শিব। অৰ্দ্ধেন্দু মৌলিতে, শেখর যাহার, বহুব্রী। বি ; পুং।

অৰ্দ্ধো(র্ধো)ক্ত—অৰ্দ্ধ-কথিত, অসম্পূর্ণরূপে কথিত। অৰ্দ্ধ উক্ত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—ক্তা।

অৰ্দ্ধো(র্ধো)ক্তি—অৰ্দ্ধ বা অস্ফুটকথন, অসম্পূর্ণ বাক্য, সমুদয় কথা না বলা। অৰ্দ্ধ উক্তি, কৰ্ম্মধা। বি ; স্ত্রী।

অৰ্দ্ধো(র্ধো)চ্চারিত—অৰ্দ্ধকথিত ; যাহার অৰ্দ্ধ-ভাগমাত্র উচ্চারণ করা হইয়াছে বা যাহা বলিতে বলিতে অসমাপ্ত রহিয়া গিয়াছে। অৰ্দ্ধ উচ্চারিত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

অৰ্দ্ধো(র্ধো)দয়—১। আধখানা উদয়, অৰ্দ্ধেক প্রকাশ। অৰ্দ্ধ এমন উদয়, কৰ্ম্মধা। ২। যোগবিশেষ [পৌষ কিংবা মাঘ মাসে অমাবস্যায় রবিবার, ব্যতীপাত যোগ, এবং শ্রবণা নক্ষত্র একত্র মিলিত হইলে অৰ্দ্ধোদয় যোগ হয়, ইহা কোটি সূর্য্যগ্রহণের সমান। এরূপ সম্মিলন ক্বচিৎ ঘটিয়া থাকে। এই যোগ দিবাভাগেই প্রশস্ত, রাত্রিতে কদাচ প্রশস্ত নহে। এই যোগ আধুনিক কালে ১২৭০, ১২৯৭, ১৩০৯, ১৩১৪ এবং ১৩৪১ বঙ্গাব্দে ঘটিয়াছিল]। অৰ্দ্ধের (অর্থাৎ সমৃদ্ধপুণ্যের) উদয় যাহাতে, বহুব্রী। বি ; পুং।

অৰ্দ্ধো(র্ধো)দিত—অৰ্দ্ধোত্থিত ; অৰ্দ্ধ প্রকাশিত ; অৰ্দ্ধকথিত। অৰ্দ্ধ উদিত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

অর্পণ—দান, দেওয়া ; স্থাপন, ন্যাস;

নিক্ষেপ। ণিজন্ত ঋ (=অর্পি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

অর্পণীয়—দানীয়, দেয়; ত্যাজ্য; ন্যস্ত করিবার যোগ্য। ণিজন্ত ঋ (=অর্পি)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অর্পয়িতা (–য়িতৃ)—অর্পণকারী, দাতা। ণিজন্ত ঋ (=অর্পি)+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

অর্পিত—যাহা অর্পণ করা হইয়াছে এরূপ; দত্ত; স্থাপিত, ন্যস্ত; লিখিত, অঙ্কিত (চিত্রার্পিতাদি শব্দে); ধৃত; পাতিত; ক্ষিপ্ত; নিক্ষিপ্ত। ণিজন্ত ঋ (=অর্পি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অর্ব্বা(র্বা)চীন—পশ্চাদ্বর্ত্তী; বিপরীত; অধম; অপ্রবীণ, আধুনিক, নবীন; যাহার বয়স হইয়াছে অথচ বুদ্ধির পরিপক্বতা জন্মে নাই এরূপ, অবিবেচক। অর্ব্বাচ্ শব্দ+ঈন (খ) ভবার্থে। বিণ। স্ত্রী,—না।

অর্ব্বু(র্বু)দ—১। দশকোটি সংখ্যা। ২। রোগবিশেষ, আব (Tumour); গর্ভস্থ শুক্রশোণিতাত্মক বস্তু, গর্ভের দ্বিতীয় মাসে ইহাকে অর্ব্বুদ বলে। বি; ক্লীব। ৩। পর্ব্বতবিশেষ, আবু পাহাড় [ইহা রাজপুতানার অন্তর্গত আরাবলি শৈলশ্রেণীভুক্ত এবং প্রসিদ্ধ তীর্থ; এখানে বশিষ্ঠের আশ্রম ছিল, অদ্যাপি তাহার চিহ্ন বিদ্যমান; এখানে উপবাস করিলে অশ্বমেধ যজ্ঞের ফল পাওয়া যায়]। অর্ব্ব—উৎ—ই+ড কর্তৃবা। বি; পুং।

অর্ভক—১। শিশু, বালক; পশুশাবক; অজ্ঞ, মূর্খ। অর্ভ শব্দ+কন্ স্বার্থে। বি; পুং। ২। স্বল্প; ক্ষীণ; তুল্য, সদৃশ। বিণ। স্ত্রী,—কা।

অর্য্য(র্য)মা (–মন্)—সূর্য্য; পিতৃলোকবিশেষ; বেদমন্ত্রবিশেষ; উত্তরফল্গুনী নক্ষত্র; অর্কবৃক্ষ। ঋ+য্যণিন্ কর্তৃবা। বি; পুং।

অর্শ—স্বনামখ্যাত গুহ্যদেশের রোগবিশেষ (Piles); এই রোগ সরলান্ত্রের নিম্নে মলদ্বারের বাহিরে ও ভিতরে জন্মে। ঋ+অসুন্ কর্তৃবা (নিপাতনে), পক্ষে স-লোপ। বি; ক্লীব।

অর্শঃ (অর্শস্), অর্শ—অর্শ বা মলদ্বারের রোগ। ঋ+অসুন কর্তৃবা। বি; ক্লীব।

অর্শা, অর্শান—বর্ত্তান; যাওয়া; পাওয়া; প্রাপ্য হওয়া; (দোষ) স্পর্শ করা বা লাগা; ভাগ্যে ঘটা বা সম্ভব হওয়া। ফার্সী 'উস' ধাতুজ। ক্রি।

অর্শী (অর্শিন্)—অর্শোরোগগ্রস্ত। অর্শ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—র্শিনী।

অর্হ—১। পূজ্য; মান্য। অর্হ্ (পূজা করা)+ঘঞ্ কর্ম্মবা। ২। যোগ্য; উপযুক্ত। অর্হ্ (যোগ্য হওয়া)+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, অর্হা। ৩। পরমেশ্বর; ইন্দ্র। বি; পুং।

অর্হণ—পূজা; সম্মান; যোগ্যতা। অর্হ্+অনট ভাববা। বি; ক্লীব।

অর্হণা—অর্হণ (সকল অর্থে)। অর্হ্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

অর্হণীয়—পূজনীয়, সম্মাননীয়। অর্হ্ (পূজা করা)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

অর্হৎ—বৌদ্ধ বা জৈন সন্ন্যাসী। অর্হ্+শতৃ কর্তৃবা। বি; পুং।

অলক—১। চূর্ণকুন্তল, স্ত্রীলোকের গণ্ডদেশে লম্বিত কেশ, ঝাপটা; কুন্তল; চূর্ণকুন্তলাকার মেঘ; অঙ্গে বিলেপিত কুঙ্কুম। অল্+অক কর্তৃবা। বি; ক্লীব। ২। ক্ষিপ্ত কুক্কুর। বি; পুং।

অলকদাম (–দামন্)—চূর্ণকুন্তলসমূহ, কবরীবন্ধনের পর যে কেশগুলি আলুগা থাকে। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অলকনন্দা—১। কুমারী, বালিকা। অলক—নন্দ্+অচ্ কর্তৃবা+আপ্। ২। স্বর্গগঙ্গা, মন্দাকিনী; ভারতবর্ষের গঙ্গা; শ্রীনগরের অদূরে গঙ্গার সহিত মিলিতা নদী। অলকা—নন্দি (আনন্দিত করা)+অচ্ কর্তৃবা; স্ত্রীলিঙ্গে আপ্ (পূর্ব্বপদ হ্রস্ব)। বি; স্ত্রী।

অলকবন্ধন—ক্ষিপ্তকুক্কুর বাঁধা; চূর্ণকুন্তল-

বন্ধন ; কুন্তলবন্ধন, চুলবাঁধা ; চুল বাঁধিবার দড়ি বা ফিতা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অলকমেঘ—যে সকল মেঘ আকাশে চূর্ণ-কুন্তলের বা বিক্ষিপ্ত কার্পাসের ন্যায় দৃশ্যমান হয় (Cirrus). অলকাকার মেঘ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অলকরাজি—চূর্ণকুন্তলসমূহ, ঝাপ্‌টাসকল ; চূর্ণকুন্তলাকার মেঘসমূহ ; ক্ষিপ্ত কুক্কুরনিচয়। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অলকসংহতি—চূর্ণকুন্তল-সমষ্টি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অলকস্তর—যে সকল মেঘ প্রথমতঃ চূর্ণ-কুন্তলের আকারে উৎপন্ন হইয়া ছাড়া ছাড়া মেঘের সহিত মিশ্রিত হয় (Cirro-stratus). অলকসদৃশ স্তর যাহাদের, বহুব্রী। বি ; পুং।

অলকস্তূপ—যে সকল মেঘ প্রথমতঃ চূর্ণ-কুন্তলের আকারে উৎপন্ন হইয়া স্তূপমেঘের সহিত মিশ্রিত হয় (Cirro-cumulus). ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অলকস্পর্শী (-স্পর্শিন্)—চূর্ণকুন্তল-স্পর্শ-কারী ; মেঘস্পর্শকারী, গগনচুম্বী, অভ্রংলিহ। উপতৎ। অলক—স্পৃশ্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্শিনী।

অলকা—কুবেরপুরী [হিমালয়ের উপরিভাগে অলকনন্দাতটে অবস্থিত] ; আট হইতে দশ বৎসর বয়স্কা বালিকা ; শ্বেত আকন্দ। অলক + স্ত্রীলিঙ্গে আপ্। বি ; স্ত্রী।

অলকা-তিলকা—অঙ্গলিপ্ত কুঙ্কুম, পত্রলেখা, তিলপুষ্পাকৃতি চিহ্নবিশেষ। দেশজ। বি।

অলকাধিপ, অলকাধিপতি—কুবের। অলকার অধিপ বা অধিপতি, ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [প্রাঃ কবিপ্র। বি।

অলকাবলকা—ললাটস্থ চন্দনতিলকসমূহ।

অলকাবলী—অলকসমূহ। অলকের আবলী, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অলক্ত—লাক্ষা ; লাক্ষারস, আল্‌তা। ন (নাই) রক্ত (লোহিতবর্ণ) যাহা হইতে, বহুব্রী ; (র-স্থানে ল)। বি ; পুং।

অলক্তক—লাক্ষা, অলক্ত, আল্‌তা। অলক্ত শব্দ + কন্ স্বার্থে। বি ; পুং।

অলক্তক-রস—আল্‌তাভিজান জল। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [বি ; পুং।

অলক্তকরাগ—আল্‌তার রঙ্। ৬ষ্ঠীতৎ।

অলক্তক-লাঞ্ছিত, অলক্তকাঞ্ছিত—আল্‌তা-পরা। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অলক্ষণ—১। কুলক্ষণ, অশুভ চিহ্ন ; দুরদৃষ্ট, দুর্ভাগ্য। ন (অপ্রশস্ত) লক্ষণ, নঞ্‌তৎ। বি ; ক্লীব। ২। কুলক্ষণাক্রান্ত, অশুভচিহ্ন-যুক্ত ; দুর্ভগ ; লক্ষণহীন। ন (অপ্রশস্ত) লক্ষণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

অলক্ষণে, অলক্ষুণে—দুর্লক্ষণাক্রান্ত, অশুভ নিদর্শনযুক্ত ; অপয়া ; অমঙ্গলসূচক ; অশুভ। অলক্ষণ + এ (< ইয়া) বিশিষ্টার্থে। বিণ।

অলক্ষিত—লক্ষিত হয় নাই এরূপ, অ-নিরীক্ষিত, অদৃষ্ট ; অজ্ঞাত ; অতর্কিত, অকৃতলক্ষণ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অলক্ষিতে—অদৃশ্যভাবে, আড়ালে থাকিয়া, অজ্ঞাতসারে, অলক্ষিতভাবে। ক্রি-বিণ।

অলক্ষ্মী—লক্ষ্মীর বিরোধিনী দেবতা, দুঃ-লক্ষ্মী, দুর্ভাগ্যের অধিষ্ঠাত্রী দেবী ; দুঃখ, দুর্দ্দশা। নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অলক্ষ্মীক—লক্ষ্মীছাড়া ; হতভাগ্য ; ধনহীন ; অপ্রিয়দর্শন ও অপ্রিয়ভাষী। ন (নাই) লক্ষ্মী যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

অলক্ষ্য—১। অদৃশ্য, অনুদ্দেশ্য ; অচিহ্নিত, অনির্ণেয় ; অকপট, অসমকক্ষ, যাহাকে প্রতিযোগী বলিয়া গ্রাহ্য করা যায় না এরূপ। ন লক্ষ্য, নঞ্‌তৎ। ২। অর্থহীন, যাহাতে লক্ষ্য বা উদ্দেশ্য নাই। বহুব্রী। বিণ। স্ত্রী,—ক্ষ্যা। ৩। অদৃশ্য অবস্থা, আড়াল। দেশজ প্রঃ। বি।

অলখি—অলক্ষ্মী। প্রাঃ কবিপ্র। বি।

অলখিতে—অলক্ষ্যে, অদৃশ্যভাবে, গোপনে। 'অলক্ষিতে' শব্দজ। কবিপ্র। ক্রি-বিণ।

অলগর্দ্দ(র্দ), অলগর্দ্দ (র্দ)—জলঢোঁড়া

সাপ; কেউটে সাপ। অলক্ শব্দ—অর্দ্দ্ (গমন করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

অলগ্ন—১। অসঙ্গত, অসংযুক্ত, অসংসক্ত, অব্যক্ত, বিচ্ছিন্ন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—গ্না। ২। অশুভ-লগ্ন। বি; ক্লীব।

অলঘু—গুরু; ভারী; দীর্ঘ; অশীঘ্র; প্রবল; সারবিশিষ্ট, গম্ভীর। নঞ্‌তৎ। বিণ। বি,—তা,—ত্ব।

অলঙ্ক(ংক)রণ—ভূষিতকরণ, সজ্জিতকরণ, সাজান। অলম্—কৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

অলঙ্ক(ংক)র্ত্তা(র্তা) (—র্ত্তৃ)—প্রসাধনকর্ত্তা যে সাজায়। অলম্ শব্দ—কৃ+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

অলঙ্কা(ংকা)র—১। আভরণ, ভূষণ, গহনা। অলম্—কৃ+ঘঞ্ করণবা। ২। প্রসাধন, ভূষিতকরণ। অলম্—কৃ+ঘঞ্ ভাববা। ৩। সাহিত্যবিষয়ক দোষগুণপ্রতিপাদক শাস্ত্র; শব্দ ও অর্থের শোভাবর্দ্ধক রচনা (হার বলয় প্রভৃতি যেরূপ মানব-শরীরের শোভা সম্পাদন করে বলিয়া উহাদিগকে অলঙ্কার বলে, সেইরূপ অনুপ্রাস উপমা প্রভৃতি কাব্যের অঙ্গস্বরূপ শব্দ ও অর্থের শোভাসম্পাদন করে বলিয়া উহাদিগকে অলঙ্কার বলে। অলঙ্কার প্রধানতঃ দুই ভাগে বিভক্ত, যথা—শব্দালঙ্কার ও অর্থালঙ্কার। অনুপ্রাস, যমক, শ্লেষ, কাকু ও বক্রোক্তি, এই কয়েকটী শব্দালঙ্কার এবং উপমা, রূপক, উৎপ্রেক্ষা প্রভৃতি বহুবিধ অর্থালঙ্কার প্রচলিত আছে)। অলম্—কৃ+ঘঞ্ করণবা। বি; পুং। **অলঙ্কার হওয়া**—'গা সওয়া' হওয়া, লজ্জার বা অপমানের বিষয় বলিয়া মনে না হওয়া।

অলঙ্কা(ংকা)রশাস্ত্র—যে শাস্ত্রে শব্দের ও অর্থের অলঙ্কারসকল আলোচিত হইয়াছে; শব্দালঙ্কার ও অর্থালঙ্কারবিষয়ক গ্রন্থ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অলঙ্কৃ(ংকৃ)ত—অলঙ্কার দ্বারা প্রসাধিত, কাব্যালঙ্কার বিশিষ্ট, সজ্জিত, ভূষিত। অলম্—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

অলঙ্কৃ(ংকৃ)তি—অলঙ্কার, ভূষণ। অলম্—কৃ+ক্তি করণবা। বি; স্ত্রী।

অলঙ্ক্রি(ংক্রি)য়া—১। অলঙ্করণ, ভূষিতকরণ, সাজান। অলম্—কৃ+শ ভাববা+আপ্। ২। অলঙ্কার, ভূষণ। অলম্ শব্দ—কৃ+শ করণবা+আপ্। বি; স্ত্রী।

অলঙ্ঘন—অনতিক্রম, অনতিবর্ত্তন, লঙ্ঘন না করা, পালন; অনুপবাস। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অলঙ্ঘনীয়, অলঙ্ঘ্য—যাহা লঙ্ঘন করিবার নহে এরূপ, লঙ্ঘনের অসাধ্য বা অযোগ্য, অনতিক্রমণীয়; দুর্দ্ধর্ষ; অব্যর্থ (বাক্য)। বিণ। স্ত্রী,—য়া,—ঙ্ঘ্যা।

অলঙ্ঘনীয় শাস্ত্রবাক্য—অবশ্য প্রতিপাল্য শাস্ত্রের অনুশাসন বা নির্দ্দেশ।

অলজ্জ—লজ্জাহীন, বেহায়া, যাহার লজ্জা নাই। ন (নাই) লজ্জা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—জ্জা।

অলজ্জা—১। লজ্জাভাব, লজ্জাহীনতা, নির্লজ্জতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী। ২। লজ্জাহীনা। অলজ্জ+আপ্। বিণ; স্ত্রী।

অলত,—তক—অলক্তক, আল্‌তা। 'অলক্ত' ও 'অলক্তক' শব্দজ। বি।

অলপ—সামান্য, কম। 'অল্প' শব্দজ। বিণ।

অলপেয়ে, অল্পেয়ে—অল্পকাল জীবনধারণকারী, অচিরজীবী; অপয়া; ভাগ্যহীন। 'অল্পায়ুঃ' শব্দজ। প্রাঃ কবিপ্র। বিণ।

অলবড্ডে, অলবড্ড্যে—শৃঙ্খলারহিত; অগোছাল; অল্পবুদ্ধি, অসাবধান, আনাড়ি, হাবাগোবা। দেশজ। বিণ।

অলব্ধ—অপ্রাপ্ত, অনধিগত। ন লব্ধ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ব্ধা।

অলভ্য—অপ্রাপ্য, অনধিগম্য, সুদুষ্প্রাপ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ভ্যা।

অলর্ক—১। ক্ষিপ্ত কুকুর; শ্বেত আকন্দ। অলম্—অর্ক্+ঘঞ্ কর্ম্মবা, নিপাতনে।

২। অষ্টপাদ তীক্ষ্ণদন্ত কৃমিবিশেষ। বি; পুং।

অলস, আলস—১। শ্রমকাতর; অবশ্য-কর্ত্তব্য কর্ম্ম করিতে অনিচ্ছুক; ক্লান্ত, দীর্ঘসূত্র, কুড়ে। ন (অ)—লস্+অচ্ কর্ত্তৃবা. অলস+অন্ স্বার্থে। বিণ। স্ত্রী,—সা। ২। পাদরোগবিশেষ, পাঁকুই; বৃক্ষবিশেষ। ৩। আলস্য; তন্দ্রাজড়িমা। প্রাঃ কবিপ্র। বি।

অলসতা,—ত্ব—আলস্য, শ্রমকাতরতা, দীর্ঘসূত্রতা, কুড়েমি। অলস শব্দ+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

অলসপ্রকৃতি—১। স্বভাবতঃ অলস, অত্যন্ত কুড়ে। অলস প্রকৃতি যাহার, বহুব্রী। বিণ। ২। কুড়ে স্বভাব। কর্ম্মধা। বি; স্ত্রী।

অলস-বিন্যস্ত—অযত্ন-সজ্জিত; শিথিলভাবে স্থাপিত। অলস ভাবে বিন্যস্ত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—স্তা।

অলসল—আলস্যপূর্ণ। প্রাঃ কবিপ্র। বিণ।

অলসাই—আলস্য করিয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

অলসিত—নিদ্রালস, অলস, তন্দ্রাজড়িত। কবিপ্র। বিণ।

অলা,—লো—সখী ও সমবয়স্কার সম্বোধন। 'হলা' শব্দজ। অব্য।

অলাত, আলাত—জ্বলন্ত অঙ্গার; অঙ্গার, কয়লা। ন (অ)—লা+ক্ত কর্ম্মবা। অলাত+অন্ স্বার্থে। বি; ক্লীব।

অলাতচক্র—অঙ্গার-চক্র, চক্রাকার বহ্নি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অলাত-শিলা—মৃদঙ্গার, পাথুরে কয়লা। অলাত শিলা সদৃশ, উপমিত কর্ম্মধা। বি; স্ত্রী।

অলাবু, অলাবূ—তুম্বী, লাউ, কদু; যতির অলাবুনির্ম্মিত ভিক্ষাপাত্র। ন (অ)—লম্ব্+উ, ঊ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

অলাভ—ক্ষতি, অপগম, নাশ; অভাব; অপ্রাপ্তি, অনধিগম। নঞ্‌তৎ। বি; পুং।

অলি—১। ভ্রমর; কাক; কোকিল; বৃশ্চিক বা বিছা; বৃশ্চিকরাশি; মদ্য। অল্+ইন্ কর্ত্তৃবা। বি; পুং। ২। অভিভাবক, তত্ত্বাবধায়ক, রক্ষক। আর্বী 'বলি' শব্দজ। বি।

অলি-অছি—[নাবালকের] মাতা, অভিভাবিকা; অভিভাবক ও সম্পত্তিরক্ষক; অভিভাবক জ্যেষ্ঠ ভ্রাতা। আর্বী 'বলি-বসি' শব্দজ। বি। **অলি মাতা**—অভিভাবিকা মাতা।

অলিক—ললাট, কপাল। প্রাঃ কবিপ্র। বি।

অলিকুল—ভ্রমরসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অলিগর্দ্দ(র্দ), অলিগর্দ্ধ(র্ধ)—অলগর্দ্দ দ্রঃ।

অলিগলি—সঙ্কীর্ণ পথ, সরু রাস্তা, সুঁড়ি পথ; অন্ধিসন্ধি; অপ্রকাশিত স্থান; আনাচ-কানাচ। অলি (সহচর শব্দ)+গলি। বি।

অলিজিহ্বা—জিহ্বামূলের উপরিভাগে সংলগ্ন উপজিহ্বা, আলজিভ্। অলিতুল্য জিহ্বা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অলিজিহ্বিকা—অলিজিহ্বা, আলজিভ। অলিজিহ্বা+কন স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

অলিঞ্জর—মৃন্ময় জলপাত্র, জালা, কলসী। অলি—জৄ (জীর্ণ হওয়া)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

অলিন—অলি, ভ্রমর। কবিপ্র। বি।

অলিনী—ভৃঙ্গবধূ, ভ্রমরী। কবিপ্র। বি; স্ত্রী।

অলিন্দ—হৃৎপিণ্ডের উপরের প্রকোষ্ঠ (Auricle). বি; পুং।

অলিন্দ, আলিন্দ—দ্বারের বহিঃস্থিত বক, বারান্দা, চাতাল। অল্+কিন্দচ্ করণবা সংজ্ঞার্থে; অলিন্দ+অন্ স্বার্থে। বি; পুং।

অলিপক, অলিম্পক—ভ্রমর; কোকিল; শ্বা, কুকুর। ন (অ)—লিপ্+অক কর্ত্তৃবা, পক্ষে ম আগম। বি; পুং।

অলী (অলিন্)—১। অলযুক্ত, হুলবিশিষ্ট। অল শব্দ+ইন্ আছে অর্থে। বিণ। ২। ভ্রমর; বৃশ্চিক, বিছা। বি; পুং। স্ত্রী,—লিনী।

অলীক—১। অসত্য, মিথ্যা; ললাট; আকাশ, স্বর্গ। অল+ঈকন্ করণবা, অপাবা। বি; ক্লীব। ২। অসত্য, মিথ্যা, অপ্রামাণিক, অমূলক; অসুখজনক; অপ্রীতিকর, অপ্রিয়;

ক্ষুদ্র, অল্প। অল্+ঈকন্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—কা।

অলুক্ (অলুচ্)—১। যাহার লোপ হয় না, লোপরহিত। ন (নাই) লুক্ (লোপ) যাহার, বহুব্রী। বিণ। ২। লোপ না হওয়া। নঞ্ তৎ। বি ; পুং।

অলুক্ সমাস—যে সমাসে পূর্ব্বপদের বিভক্তির লোপ হয় না। (যথা—তেলে-ভাজা, পায়ে-চলা, যুধিষ্ঠির ইত্যাদি)। কর্ম্মধা। বি ; পুং।

অলুপ্ত—অলোপ-প্রাপ্ত ; অক্ষুণ্ণ, অব্যাহত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—প্তা।

অলুব্ধ—লোভশূন্য, নির্লোভ। ন লুব্ধ, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ব্ধা। [বিণ।

অলেখি—অগণিত, অসংখ্য। প্রাঃ কবিপ্র।

অলোক—১। লোকনাশ, সৃষ্টিধ্বংস। নঞ্ তৎ। ২। পাতাল। নঞ্ তৎ। বি ; পুং। ৩। নির্জ্জন। বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

অলোকদৃষ্টি—অদৃশ্য বস্তুর তথাকথিত দর্শন (Clairvoyance). বি ; স্ত্রী।

অলোকসাধারণ—অলোকসামান্য, যাহা সাধারণ লোকে নাই, অলৌকিক। লোকে সাধারণ=লোকসাধারণ, ৭মীতৎ ; ন লোক-সাধারণ, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ণী।

অলোকসামান্য—অলোকসাধারণ, মহৎ, অসাধারণ, অলৌকিক। লোকে সামান্য= লোকসামান্য, ৭মীতৎ ; ন লোকসামান্য, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ন্যা।

অলোকসুন্দর—জগতে যেরূপ সৌন্দর্য্য দৃষ্ট হয় না তাদৃশ সৌন্দর্য্যবিশিষ্ট। লোকে সুন্দর=লোকসুন্দর, ৭মীতৎ ; ন লোকসুন্দর, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—রী।

অলোকিত—অনিরীক্ষিত, অদৃষ্ট। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অলোভ—১। লোভশূন্য। ন (নাই) লোভ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ভা। ২। লোভের অভাব, লোভহীনতা। নঞ্ তৎ। বি ; পুং।

অলোভী (–ভিন্)—লোভরহিত, নির্লোভ, অলিপ্সু, নিরাকাঙ্ক্ষ। ন লোভী, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ভিনী।

অলোমক, —লোমা (–মন্)—লোম-হীন। বহুব্রী। বিণ।

অলোল—অশিথিল, অশ্লথ, যাহা আল্গা বা ঢিল নহে, আঁট, টান টান ; অবিচলিত, স্থির, শান্ত। ন লোল, নঞ্ তৎ। বিণ। স্ত্রী, —লা। বি,—তা,—ত্ব।

অলৌকিক—১। লোকাতীত, অপার্থিব ; লোকে অবিদিত ; অসাধারণ, অসামান্য ; লোকের সহিত কিরূপ ব্যবহার করিতে হয় সে বিষয়ে অজ্ঞ, অসামাজিক। ন লৌকিক, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—কী। ২। লোক-বিগর্হিত অপরাধ, গুরুতর দোষ। কবিপ্র। বি।

অল্প—ক্ষুদ্র ; তুচ্ছ ; ঈষৎ, কম, অগভীর ; নীচ ; অতি সামান্য ; যৎকিঞ্চিৎ, কিছু ; মন্দ (বুদ্ধি), হীন (জাতি)। অল্+প কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ল্পা। **অল্প জলের মাছ**—অল্প জ্ঞান বা ধনের অধিকারী অথচ বাগাড়ম্বরকারী ব্যক্তি। **অল্পে অল্পে**—ক্রমে ক্রমে ; সংক্ষেপে ; সামান্যভাবে ; অল্পের উপর দিয়া ; কম কম করিয়া।

অল্পকাল—সামান্য সময়, কিয়ৎকাল ; অল্প-বয়স। কর্ম্মধা। বি ; পুং। [বি ; পুং।

অল্পক্ষণ—সামান্য সময়, মুহূর্ত্তকাল। কর্ম্মধা।

অল্পজীবী (–বিন্)—যে অল্পকাল বাঁচে। উপতৎ। অল্প—জীব্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী।

অল্পজ্ঞ—সামান্য জ্ঞানবিশিষ্ট, অবহুজ্ঞ ; কোনও বিষয়ে সবিশেষ অবগত নহে এরূপ, অপারদর্শী। উপতৎ। অল্প শব্দ—জ্ঞা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

অল্পতনু—খর্ব্বদেহ, বামন ; দুর্ব্বল, ক্ষীণকায়। অল্পা (ক্ষুদ্র) তনু যাহার, বহুব্রী। বিণ।

অল্পতা, অল্পত্ব—সামান্যতা, ক্ষুদ্রতা ; হীনতা ; অজ্ঞানত্ব। অল্প+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

অল্পদর্শিতা, -ত্ব—অবহুদর্শিতা, অবিচক্ষণতা, অবিজ্ঞতা। অল্পদর্শিন্+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

অল্পদর্শী (-দর্শিন্)—অবহুদর্শী, অবিজ্ঞ, অনভিজ্ঞ, অদূরদর্শী, অবিচক্ষণ। উপতৎ। অল্প শব্দ—দৃশ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্শিনী।

অল্পধী—১। অল্পবুদ্ধি, মূঢ়। অল্পা ধী (বুদ্ধি) যাহার, বহুব্রী। বিণ। ২। সামান্য বুদ্ধি। অল্পা ধী, কর্ম্মধা। বি ; স্ত্রী।

অল্পপ্রাণ—১। ক্ষুদ্রপ্রাণ, অনুদার, ক্ষীণ-জীবী ; যাহার সামর্থ্য বা ক্ষমতা অল্প এরূপ। বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা। ২। (ব্যাকরণে) বর্ণ-ভেদ, যাহাদের উচ্চারণে অল্প প্রাণবায়ুর কার্য্য হয় এরূপ বর্ণ ; (বর্গের প্রথম, তৃতীয় ও পঞ্চম বর্ণ, এবং য র ল ব, ইহারা অল্পপ্রাণ বর্ণ)। বহুব্রী। বি ; পুং।

অল্পবয়সী—অল্পবয়স্কা, কম-বয়সী। দেশজ প্রঃ। বিণ ; স্ত্রী।

অল্পবয়স্ক—অনধিকবয়স্ক, কম বয়সের। অল্প বয়স যাহার, বহুব্রী (ক আগম)। বিণ। স্ত্রী,—স্কা।

অল্পবয়াঃ (-বয়স্), -বয়া—অল্পবয়স্ক, কম-বয়সী। অল্প বয়ঃ যাহার, বহুব্রী। বিণ।

অল্পবল—১। সামান্য শক্তি, কমজোর। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। সামান্য সামর্থ্যসম্পন্ন, কিঞ্চিৎ শক্তিশালী, দুর্ব্বল। অল্প বল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

অল্পবাদিতা, -ত্ব—অল্পভাষিতা। অল্পবাদিন্ +তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

অল্পবাদী (-দিন্)—অল্পভাষী, মিতবাক্। উপতৎ। অল্প শব্দ—বদ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

অল্পবিৎ (-বিদ্)—অল্পজ্ঞ। উপতৎ। অল্প শব্দ—বিদ্+ক্বিপ্ কর্তৃবা। বিণ।

অল্পবিদ্য—যে অল্প পরিমাণে লেখাপড়া জানে, অজ্ঞ। অল্পা বিদ্যা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—দ্যা।

অল্পবিদ্যা—১। অল্পবিদ্য দ্রঃ। বিণ ; স্ত্রী। ২। সামান্য লেখাপড়ার জ্ঞান। কর্ম্মধা। বি ; স্ত্রী।

অল্পবুদ্ধি—১। অল্পধী, ক্ষীণমতি, জড়বুদ্ধি। অল্পা বুদ্ধি যাহার, বহুব্রী। বিণ। ২। সামান্য বুদ্ধি, বুদ্ধির ন্যূনতা। অল্পা যে বুদ্ধি, কর্ম্মধা। বি ; স্ত্রী।

অল্পভাষিতা, -ত্ব—মিতভাষিতা, কম কথা বলার স্বভাব। অল্পভাষিন্+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী।

অল্পভাষী (-ষিন্)—যে অল্প কথা কয়, মিতভাষী। উপতৎ। অল্প—ভাষ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষিণী।

অল্পমতি—১। সামান্য বুদ্ধি। অল্পা মতি, কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। মন্দবুদ্ধিসম্পন্ন। অল্পা মতি যাহার, বহুব্রী। বিণ।

অল্পমাত্র—সামান্যপরিমিত, যৎসামান্য, যৎ-কিঞ্চিৎ, স্বল্প। অল্পা মাত্রা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্রা।

অল্পমাত্রা—কম পরিমাণ। কর্ম্মধা। বি ; স্ত্রী।

অল্পমূল্য—১। সামান্য মূল্য, কম দাম। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। সামান্য মূল্যের, কমদামী। অল্প হইয়াছে মূল্য যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ল্যা।

অল্পমেধাঃ (-ধস্)—অল্পধী, অল্পবুদ্ধি। অল্পা মেধা যাহার, বহুব্রী। বিণ।

অল্পশক্তি—১। যৎকিঞ্চিৎ সামর্থ্য, কম-জোর, সামান্য ক্ষমতা। অল্পা শক্তি, কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। অল্পবল, কমজুরী, সামান্য-ক্ষমতাপন্ন। অল্পা শক্তি যাহার, বহুব্রী। বিণ।

অল্পসল্প—একটু আধটু, যৎসামান্য। অল্প+সল্প (সহগ শব্দ)। বিণ। [শব্দজ। বিণ।

অল্পাই—অচিরজীবী ; আসন্নমৃত্যু। 'অল্পায়ুঃ'

অল্পাকাঙ্ক্ষী (-কাঙ্ক্ষিন্)—অল্পাশয়, যে অধিক আকাঙ্ক্ষা করে না ; অল্পে সন্তুষ্ট। উপতৎ। অল্প—আ—কাঙ্ক্ষ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ঙ্ক্ষিণী।

অল্পাধিক—কম বেশী। অল্প বা অধিক যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

অল্পাধিকপরিমাণ—১। কিছু কম বা কিছু বেশী মাত্রাবিশিষ্ট। অল্পাধিক হইয়াছে পরিমাণ যাহার, বহুব্রী। বিণ। ২। কিছু কম বা কিছু বেশী মাত্রা। কর্ম্মধা। বি; ক্লীব।

অল্পায়ত—অল্পবিস্তৃত, কম চওড়া, সঙ্কীর্ণ। অল্প আয়ত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

অল্পায়ুঃ (—য়ুস্), **অল্পায়ু**—যাহার আয়ুকাল অল্প, অদীর্ঘজীবী, অল্পজীবী। অল্প আয়ুঃ বা আয়ু যাহার, বহুব্রী। বিণ।

অল্পাশয়—অনধিক আশয়বিশিষ্ট, অল্পাকাঙ্ক্ষী, নীচমনাঃ, হীনমতি। অল্প হইয়াছে আশয় (মনোগত ভাব) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

অল্পাহার—১। সামান্য আহার, পরিমিত ভোজন। অল্প যে আহার, কর্ম্মধা। বি; পুং। ২। সামান্য আহারকারী, পরিমিতভোজী। অল্প হইয়াছে আহার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

অল্পাহারী (—রিন্)—অল্পাহার, পরিমিতভোজী। উপতৎ। অল্প শব্দ—আ—হৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

অল্পিষ্ঠ—অতি অল্প, স্বল্প, যৎসামান্য। অল্প+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

অল্পীয়ান্ (—য়স্)—অত্যল্প, স্বল্প। অল্প+ঈয়স্ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—য়সী।

অল্পেয়ে, অলপ্পেয়ে—অল্পজীবী, অচিরায়ুঃ, গালিবিশেষ। 'অল্পায়ুঃ' শব্দজ। বিণ।

অশক্ত—শক্তিহীন, অক্ষম, অসমর্থ, অপটু, অপারগ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অশক্তি—শক্তিহীনতা, অসামর্থ্য। বি; স্ত্রী।

অশক্য—শক্তিবহির্ভূত, সাধ্যাতীত, অসাধ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্যা।

অশঙ্ক—শঙ্কাহীন, নিঃশঙ্ক, নির্ভয়, নিঃসংশয়, নিশ্চিত। বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্কা।

অশঙ্কনীয়—যাহাতে কোন ভয় নাই। ন শঙ্কনীয়, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অশঙ্কিত—অভীত, নিঃশঙ্ক; নিরুদ্বেগ, নিশ্চিন্ত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অশত্থ, আশথ, অশোত্থ—অশ্বত্থ বৃক্ষ। 'অশ্বত্থ' শব্দজ। বি।

অশন—১। ভোজন, ভক্ষণ। অশ্+অনট্ ভাববা। ২। ভক্ষ্যবস্তু, খাদ্য। অশ্+অনট্ কর্ম্মবা। বি; ক্লীব।

অশন-বসন—খাদ্য ও পরিধেয়; খাওয়া-পরা, অন্নবস্ত্র, ভাতকাপড়। দ্বন্দ্ব। বি; ক্লীব।

অশনি—বজ্র; বিদ্যুৎ। অশ্+অনি কর্ত্তৃবা সংজ্ঞার্থে। বি; পুং বা স্ত্রী। [ক্লীব।

অশনিপতন—বজ্রপাত। ৬ষ্ঠীতৎ। বি;

অশনিপাত,—সম্পাত—বজ্রপতন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশস্ত—অশান্ত। প্রাঃ বাংলা। বিণ।

অশবার—অশ্বারোহী। 'অশ্ববার' শব্দজ। বি।

অশব্দ—১। শব্দহীন। বহুব্রী। বিণ। স্ত্রী,—ব্দা। ২। শব্দগুণহীন ব্রহ্ম। বহুব্রী। বি; ক্লীব।

অশম—অশান্তি, ক্ষোভ। নঞ্‌তৎ। বি; পুং।

অশরণ—অনাথ, অসহায়, নিরাশ্রয়, গৃহশূন্য। বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

অশরীর—১। শরীরহীন, দেহহীন, জীবন্মুক্ত, আকাশসম্ভব, দৈব। ন (নাই) শরীর যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। কন্দর্প; পরমাত্মা। বহুব্রী। বি; পুং। ৩। দেহের অবিদ্যমানতা। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অশরীরী (—রিন্)—শরীরহীন, দেহশূন্য, নিরবয়ব, নিরাকার। ন শরীরী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রিণী।

অশর্ম্ম (**অশর্ম্মন্**), **অশর্ম**—অসুখ, দুঃখ, কষ্ট। ন শর্ম্ম (সুখ), নঞ্‌তৎ। বি; ক্লীব।

অশান্ত—শমগুণরহিত, অসৌম্য; উদ্বিগ্ন; অজিতেন্দ্রিয়; হিংস্র, বন্য; অশিষ্ট, চঞ্চল, দুরন্ত, দুর্বৃত্ত, দুর্দ্দান্ত। ন শান্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ন্তা।

অশান্তি—শান্তির অভাব; শমরাহিত্য; অস্থিরতা; উপদ্রব, উৎপাত। ন শান্তি, নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অশারীরিক—অকায়িক, অদৈহিক। নঞ্-তৎ। বিণ। স্ত্রী,—কী।

অশাশ্বত—অসনাতন, অনিত্য, অচিরস্থায়ী, ক্ষণিক। ন শাশ্বত, নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তী।

অশাসন—শাসনাভাব, অরাজকতা; কু-শাসন। ন শাসন, নঞ্তৎ। বি; ক্লীব।

অশাসনীয়—অদমনীয়, উদ্দাম, যাহাকে শাসন করা যায় না। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অশাসিত—যাহাকে শাসন করা হয় নাই বা করিতে পারা যায় নাই এরূপ, অদমিত। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তা।

অশাস্ত্র—১। বেদাদিবিরুদ্ধ শাস্ত্র; শাস্ত্রাভাব; অবিধি। ন শাস্ত্র, নঞ্তৎ। বি; ক্লীব। ২। বেদাদি শাস্ত্রবিরুদ্ধ; শাস্ত্রবহির্ভূত; অবিহিত। ন (নাই) শাস্ত্র যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—স্ত্রা।

অশাস্ত্রীয়—অশাস্ত্রবিহিত; অশাস্ত্রসিদ্ধ, শাস্ত্রবিরুদ্ধ, শাস্ত্রবহির্ভূত। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অশিক্ষা—শিক্ষার অভাব; কুশিক্ষা। নঞ্-[তৎ। বি; স্ত্রী।

অশিক্ষিত—অবিদ্য, অজ্ঞ, মূর্খ; অসভ্য, অভব্য। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তা।

অশিত—১। তৃপ্ত। অশ্+ক্ত কর্তৃবা। ২। ভক্ষিত। অশ্+ক্ত কর্ম্মবা। ৩। অশাণিত। ন শিত, নঞ্তৎ। বিণ। স্ত্রী,—তা।

অশিব—১। অমঙ্গল। ন শিব, নঞ্তৎ। বি; ক্লীব। ২। অশুভ, অনিষ্টকর, উৎপাত-সূচক; উগ্র। ন (নাই) শিব (মঙ্গল) যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা।

অশিরস্ক—মস্তকবিহীন। ন (নাই) শিরঃ (মস্তক) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—স্কা।

অশিরাঃ(—রস), —শিরা—মস্তকহীন। ন (নাই) শিরঃ যাহার, বহুব্রী। বিণ।

অশিশির—অশীতল, তপ্ত। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—রা।

অশিষ্ট—অশান্ত, দুরন্ত; দুর্বৃত্ত, দুর্দ্দান্ত; অকৃতশাসন, অনুপদিষ্ট; অসাধু; অশিক্ষিত; নাস্তিক; অপ্রামাণিক, ব্যভিচারবান্; অসভ্য, অভব্য। ন শিষ্ট, নঞ্তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা। বি,—তা।

অশিষ্টাচরণ—অভদ্রব্যবহার, অশিষ্টতা; দুর্বৃত্ততা, দুরাচরণ। অশিষ্ট আচরণ, কর্ম্মধা। বি; ক্লীব।

অশিষ্টাচার—১। অভদ্রব্যবহার, অশিষ্টতা; দুর্বৃত্ততা, দুরাচরণ। অশিষ্ট আচার, কর্ম্মধা। বি; পুং। ২। অভদ্রব্যবহারকারী, দুরাচার, দুর্বৃত্ত। অশিষ্ট আচার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

অশীত—শৈত্যরহিত, অশীতল, উষ্ণ। নঞ্-তৎ। বিণ। স্ত্রী,—তা।

অশীতি—১। ৮০ সংখ্যা। অষ্টগুণিতা দশতি (দশক), মধ্যপ কর্ম্মধা (নিপাতনে)। বি; স্ত্রী। ২। ৮০ সংখ্যক। বিণ; স্ত্রী।

অশীতিতম—আশী এই সংখ্যার পূরণ, উন আশীর পরবর্ত্তী। অশীতি শব্দ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

অশীতিপর—আশীর অধিক; আশীর অধিকবয়স্ক। ৫মীতৎ। বিণ। স্ত্রী,—রা।

অশীল—দুঃশীল, দুষ্টস্বভাব, দুশ্চরিত্র, দুর্বৃত্ত, দুরাচার; অভদ্র, অশিষ্ট, অসভ্য। ন (অপ্রশস্ত) শীল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

অশুচ—১। আত্মীয়ের জন্মমৃত্যুহেতু অশুদ্ধি। 'অশৌচ' শব্দজ। বি। ২। অপবিত্র। 'অশুচি' শব্দজ। বিণ।

অশুচি—অশুদ্ধ, অপবিত্র; সমল; কপট। নঞ্তৎ। বিণ।

অশুদ্ধ—অশুচি, অপবিত্র, অবিশুদ্ধ; অশুভ (কাল); অসংশোধিত, ভুলযুক্ত। নঞ্তৎ। বিণ। স্ত্রী,—দ্ধা। বি,—তা।

অশুদ্ধা—অশুচি, ঋতুমতী (স্ত্রীভাষায়)। বিণ; স্ত্রী।

অশুদ্ধি—১। অপবিত্রতা, অশৌচ; ভুল।

নঞ্‌তৎ। বি ; স্ত্রী। ২। শুদ্ধিবিরহিত, অশুচি, অপবিত্র। ন (নাই) শুদ্ধি যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ।

অশুদ্ধিপত্র—ভ্রমনির্দ্দেশক পত্র, যে পাতায় পুস্তকাদির সমস্ত ভুল একসঙ্গে লিখা থাকে। অশুদ্ধি প্রদর্শক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অশুদ্ধিশোধন, -সংশোধন—ভ্রম-সংশোধন, ভুল সারা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অশুভ—১। অমঙ্গল, দুর্দ্দৈব। নঞ্‌তৎ। ২। পাপ। ন (নাই) শুভ যাহা হইতে, বহুব্রী। বি ; ক্লীব। ৩। অমঙ্গলজনক, অহিতকর ; অসাধু ; কুৎসিত, প্রতিকূল। ন (নাই) শুভ যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ভা।

অশুভক্ষণ—যে সময়ে যাত্রাদি করিলে অমঙ্গল হয়। কর্ম্মধা। বি ; পুং।

অশেষ—১। শেষাভাব, সম্পূর্ণতা। নঞ্‌তৎ। বি ; পুং। ২। শেষহীন ; সম্পূর্ণ ; সমুদায় ; অসীম ; অনন্ত, অসংখ্য। ন (নাই) শেষ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষা।

অশেষবিধ—অসংখ্য-প্রকার ; বহুপ্রকার ; নানারকম। অশেষা বিধা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

অশোক—১। শোকহীন, বিগতশোক। ন (নাই) শোক যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা। ২। বিষ্ণু ; স্বনামখ্যাত বৃক্ষবিশেষ ; বকুল বৃক্ষ। ৩। বিখ্যাত মৌর্য্যসম্রাট্‌। বি ; পুং।

অশোকপূর্ণিমা—ফাল্গুনের পূর্ণিমা ; ফাল্গুন-পূর্ণিমায় কর্ত্তব্য ব্রতবিশেষ। বি ; স্ত্রী।

অশোকবন, অশোকবনিকা—১। রাবণের লঙ্কাপুরীস্থ বিহারকানন। ২। অযোধ্যায় রামচন্দ্রেরও এই নামে একটি প্রমোদ-উদ্যান ছিল। ৬ষ্ঠীতৎ ; অশোকবন + কন্‌ স্বার্থে + আপ্‌। বি ; ক্লীব, স্ত্রী।

অশোকমঞ্জরী—অশোকের মুকুল ; অশোকের পল্লবাঙ্কুর। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অশোকষষ্ঠী—চৈত্র মাসের শুক্লষষ্ঠী। অশোকদায়িনী ষষ্ঠী, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

অশোকা—১। শোকহীনা। বহুব্রী। অশোক দ্রঃ। বিণ ; স্ত্রী। ২। কটকী। ন (নাই) শোক যাহা হইতে, বহুব্রী। বি ; স্ত্রী।

অশোকাষ্টমী—চৈত্র মাসের শুক্লা অষ্টমী। অশোকদায়িনী অষ্টমী, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

অশোচনীয়, অশোচ্য—শোকের অযোগ্য ; যে বিষয়ে শোক করিতে নাই এইরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া, —চ্যা।

অশোচিত—যাহার জন্য শোক করা হয় নাই ; অবিলপিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অশোধন—শোধনাভাব, শোধন না করা ; অনির্ম্মলীকরণ, অপরিষ্করণ ; অমার্জ্জন ; অসংশোধন, না সারা ; অপরিশোধ, ঋণাদি না শোধা। নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অশোধনীয়, অশোধ্য—শোধনের অশক্য ; অসংশোধ্য, যাহা সারিতে পারা যায় না বা সারিবার নহে ; অপরিশোধ্য, যাহা শোধ দিতে পারা যায় না। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া,—ধ্যা।

অশোধিত—অনির্ম্মলীকৃত, অপরিষ্কৃত, অমার্জ্জিত ; অসংশোধিত ; অপরিশোধিত। ন শোধিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অশোভন—শোভাহীন, বেমানান, কুৎসিত, অসুন্দর, অপরিপাটী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—না।

অশোষ্য—শোষণের অযোগ্য, অশোষণীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্যা।

অশৌচ—অশুদ্ধি, অপবিত্রতা ; (অশৌচ নানাপ্রকার, যথা—জননাশৌচ, মরণাশৌচ, কালাশৌচ, ইত্যাদি)। ন শৌচ, নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অশৌচসঙ্কর—অশৌচদ্বয়ের মিশ্রণ ; জনন ও মরণজনিত অশৌচের মধ্যে পুনর্জ্জনন-মরণা-

শৌচের সঙ্ঘটন হেতু শাস্ত্রবিহিত অশুদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশৌচান্ত—অশৌচসমাপ্তি, অশৌচের শেষ। অশৌচের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশ্ব—ঘোটক, হয়, বাজি; অশ্বজাতীয় পুরুষ; নৃপতিবিশেষ; বৃষ্ণিবংশীয় চিত্রকের পুত্র; অশ্বারূঢ়; ধনুঃ রাশি। অশ্‌+ব কর্তৃবা সংজ্ঞার্থে। বি; পুং। স্ত্রী, অশ্বা।

অশ্বকোবিদ—অশ্বতত্ত্বে পণ্ডিত ব্যক্তি; সুদক্ষ অশ্বারোহী। ৭মীতৎ। বি; পুং।

অশ্বগতি—১। ঘোটকের গমন। ৬ষ্ঠীতৎ। ২। ছন্দোবিশেষ। বি; স্ত্রী। ৩। অশ্বের ন্যায় গতিবিশিষ্ট; অতি দ্রুতগামী। অশ্বের গতির ন্যায় গতি যাহার, বহুব্রী। বিণ।

অশ্বগন্ধা—স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ। অশ্বের গন্ধের ন্যায় গন্ধ যাহার, বহুব্রী+আপ্‌। বি; স্ত্রী।

অশ্বচক্র—১। অশ্বসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। দাবা খেলায় অশ্বের চা'লের ক্রীড়াকৌশল। দেশজ প্রঃ। বি।

অশ্বচালনা—অশ্বকে চালিত করা, ঘোড়াকে ছুটান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অশ্বচিকিৎসক—ঘোটকরোগের প্রতিকারক, ঘোড়ার ডাক্তার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশ্বডিম্ব—ঘোড়ার ডিম, তত্তুল্য অলীক বস্তু, আকাশকুসুম। দেশজ প্রঃ। বি।

অশ্বতর—১। ঘোটকের ঔরসে গর্দ্দভীর গর্ভে বা গর্দ্দভের ঔরসে ঘোটকীর গর্ভে জাত পশু, খচ্চর। অশ্ব শব্দ+ষ্টরচ্‌ (তর) অল্প বা অপ্রশস্ত অর্থে। ২। পুংবৎস, পশুশাবক; গন্ধর্ব্ববিশেষ; নাগবিশেষ। অশ্ব শব্দ+তর অল্পার্থে। বি; পুং। স্ত্রী,—রী।

অশ্বত্থ—স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ; অশ্বিনী নক্ষত্র ও তাহার কাল। ন (অ)—শ্বঃ (কল্য) [কল্য নয় অর্থাৎ বহুকাল]—স্থা (থাকা)+ক কর্তৃবা; যে বহুকাল ধরিয়া আছে। বি; পুং।

অশ্বত্থা—পূর্ণিমা তিথি। অশ্বত্থ (জল অর্থাৎ সমুদ্রজলোচ্ছ্বাস)+অচ্‌ আছে অর্থে +আপ্‌। বি; স্ত্রী।

অশ্বত্থামা (—মন্‌)—দ্রোণাচার্য্যের পুত্র। উপতৎ। অশ্ব শব্দ—স্থা (থাকা)+মনিন্‌ কর্তৃবা। বি; পুং।

অশ্বপতি—১। ঘোটকস্বামী; অশ্বপাল, ঘোটকরক্ষক। ৬ষ্ঠীতৎ। ২। কেকয় দেশের রাজা, কৈকেয়ীর পিতা। ৩। মদ্র দেশের রাজা, সাবিত্রীর পিতা। বি; পুং।

অশ্বপাল, অশ্বপালক—অশ্বরক্ষক, ঘোটকপালনকর্তা, ঘোড়ার সহিস। (১ম পক্ষে) উপতৎ; অশ্ব—পা+ণিচ্‌ (=পালি) +অণ্‌ কর্তৃবা; (২য় পক্ষে) অশ্বের পালক, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশ্ববহ, অশ্ববাহ, অশ্ববাহন—ঘোটকবাহন, অশ্বারোহী, সাদী। অশ্ব হইয়াছে বহ, বাহ, বাহন যাহার, বহুব্রী। বি; পুং।

অশ্ববার—অশ্বারোহী। অশ্ব—বৃ+ণিচ্‌+অণ্‌ কর্তৃবা। বি; পুং।

অশ্ববৈদ্য—অশ্বচিকিৎসক, ঘোড়ার ডাক্তার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশ্বমুখ,—বদন—কিন্নর, কিম্পুরুষ। অশ্বের মুখের বা বদনের ন্যায় মুখ বা বদন যাহার, বহুব্রী। বি; পুং। স্ত্রী,—খী,—খা; —নী,—না।

অশ্বমেধ—পূর্ব্বকালের প্রধান যজ্ঞবিশেষ (এই যজ্ঞে বিশেষ লক্ষণযুক্ত ঘোটক বলি দিয়া হোম করা হইত)। অশ্বের মেধ (বলি) যাহাতে, বহুব্রী। বি; পুং।

অশ্বমেধিক—মেধাশ্ব, অশ্বমেধের যোগ্য অশ্ব; মহাভারতের পর্ব্ববিশেষ। অশ্বমেধ শব্দ+ইক হিতার্থে, অধিকৃতার্থে। বি; পুং।

অশ্বমেধীয়—১। অশ্বমেধ যজ্ঞ-সম্বন্ধীয়। অশ্বমেধ শব্দ+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—য়া। ২। অশ্বমেধিক, অশ্বমেধ যজ্ঞসম্বন্ধীয় অশ্ব। অশ্বমেধ+ঈয় সম্বন্ধার্থে। বি; পুং।

অশ্বরক্ষক—অশ্বপাল, ঘোড়ার সহিস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশ্বরজ্জু, -রশ্মি—ঘোড়ার রাশ, লাগাম। অশ্বনিয়ামক রজ্জু, রশ্মি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী, পুং।

অশ্বশাখোট—বৃক্ষবিশেষ, আশ্‌শেওড়া গাছ। বি; পুং।

অশ্বশাব, -শাবক—ঘোটকশিশু, ঘোড়ার বাচ্চা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশ্বশালা—মন্দুরা, ঘোড়া থাকিবার ঘর, আস্তাবল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অশ্বসাদী (-সাদিন্)—অশ্বারোহী, ঘোড়-সওয়ার। অশ্ব-সদ্+ণিন্ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী, -দিনী।

অশ্বা—ঘোটকী। অশ্ব+আপ্। বি; স্ত্রী।

অশ্বাধ্যক্ষ—অশ্বপরিচালক; অশ্বের তত্ত্বাবধায়ক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশ্বারূঢ়—ঘোটকে আরোহণ করিয়াছে এরূপ; অশ্বাসীন। অশ্বকে আরূঢ়, ২য়াতৎ। বিণ। স্ত্রী, -ঢ়া।

অশ্বারোহণ—ঘোড়ায় চড়া। অশ্বে আরোহণ, ৭মীতৎ। বি; ক্লীব।

অশ্বারোহী (-হিন্)—অশ্বারোহণকারী, ঘোড়সওয়ার, সাদী। অশ্বে আরোহণ করে যে, উপতৎ। অশ্ব-আ-রুহ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -হিণী।

অশ্বিদ্বয়—অশ্বিনীকুমারদ্বয়; স্বর্গবৈদ্যদ্বয়; কাহারও কাহারও মতে শুকতারা ও সন্ধ্যাতারা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অশ্বিনী—দক্ষ প্রজাপতির কন্যা, চন্দ্রের পত্নী; সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে প্রথম নক্ষত্র। অশ্ব (অশ্বাকার)+ইন্ অস্ত্যর্থে+স্ত্রীলিঙ্গে ঈপ। বি; স্ত্রী।

অশ্বিনীকুমার, -সুত—স্বর্বৈদ্য, দেবচিকিৎসক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অশ্বী (অশ্বিন্)—অশ্বিনীকুমার, স্বর্গ-বৈদ্য। অশ্ব+ইন্ আছে অর্থে। বি; পুং।

অশ্ম—প্রস্তর, শিলা, পাথর; পর্ব্বত; মেঘ। অশ্ (ব্যাপ্ত হওয়া)+ম কর্ত্তৃবা। বি; পুং।

অশ্মজ—১। লৌহ; শিলাজতু; শৈলেয়; গিরিমাটী। বি; পুং। ২। শিলাজাত। উপতৎ। অশ্মন্-জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -জা।

অশ্মজতু, অশ্মজতুক—শিলাজতু। অশ্মজাত জতু, জতুক, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অশ্মদারণ—১। প্রস্তর-বিদারণ, পাথর কাটান বা ভাঙ্গা। অশ্মের দারণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। পাষাণভেদকারী অস্ত্র, টঙ্ক, টাঙ্গি। অশ্ম-দৃ+ণিচ্+অন কর্ত্তৃবা। বি; পুং।

অশ্মর—প্রস্তরযুক্ত; প্রস্তরময়; প্রস্তরসম্বন্ধীয়। অশ্ম+র বিকার বা স্বরূপ অর্থে। বিণ। স্ত্রী, -রা।

অশ্মরী—মূত্রকৃচ্ছ্র রোগ; পাথরীরোগ (Stone). অশ্ম বা অশ্মন্ (প্রস্তর)+র অস্ত্যর্থে+ঈপ্। বি; স্ত্রী।

অশ্মা (-শ্মন্)—প্রস্তর; অগ্নিজনক প্রস্তর; চকমকি পাথর; করকা; পর্ব্বত; মেঘ। অশ্+মন্ কর্ত্তৃবা সংজ্ঞার্থে। বি; পুং।

অশ্মীভবন—বৃক্ষ অস্থি প্রভৃতির প্রস্তরে পরিণতি (Fossilisation). অশ্মন্+চ্বি-ভূ+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, অশ্মীভূত।

অশ্রদ্ধ—শ্রদ্ধাহীন, ভক্তিরহিত; আস্থাশূন্য, বিশ্বাসহীন, আস্তিক্যবুদ্ধিরহিত। ন (নাই) শ্রদ্ধা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -দ্ধা।

অশ্রদ্ধা—১। শ্রদ্ধাহীনা, ইত্যাদি। বহুব্রী। অশ্রদ্ধ দ্রঃ। বিণ; স্ত্রী। ২। অভক্তি; ঘৃণা; অনাদর; অযত্ন; অনাস্থা, অবিশ্বাস। ন শ্রদ্ধা, নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অশ্রদ্ধিত—ঘৃণিত; অনাদৃত। ন শ্রদ্ধিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -তা।

অশ্রদ্ধেয়—শ্রদ্ধার অযোগ্য; অবিশ্বাস্য; ঘৃণ্য; হেয়। ন শ্রদ্ধেয়, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, -য়া।

অশ্রম—শ্রমাভাব, অনায়াস, নিশ্চেষ্টতা, আলস্য; অশ্রান্তি, অক্লান্তি, স্ফূর্ত্তি। ন শ্রম, নঞ্‌তৎ। বি; পুং।

অশ্রান্ত—১। অক্লান্ত ; অবিরত। ক্রি-বিণ। ২। শ্রান্তিহীন ; ক্রমিক, ধারাবাহিক। ন শ্রান্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ন্তা।

অশ্রাব্য—শ্রবণের অযোগ্য ; অশ্লীল ; কুৎসিত ; কটু। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ব্যা।

অশ্রি—অস্ত্রপ্রান্ত, খড়্গাদির ধার ; কোণ (Angle). । অশ+ক্রি কর্ত্তৃবা। বি ; স্ত্রী।

অশ্রীক—শ্রীহীন, শোভাশূন্য ; সমৃদ্ধিহীন। ন (নাই) শ্রী যাহার, বহুব্রী, সমাসান্ত ক। বিণ। স্ত্রী,—কা। [বি ; ক্লীব।

অশ্রু—চক্ষুর্জল, নয়নবারি। অশ্‌+রু কর্ত্তৃবা।

অশ্রু-আঁখি—অশ্রুপূর্ণনেত্রা ("অশ্রু-আঁখি বিধুমুখী ভ্রমে ফুলবনে"—মাইকেল)। অশ্রু আঁখিতে যাহার, বহুব্রী। বিণ ; স্ত্রী।

অশ্রু-কণা—অশ্রু-বিন্দু, চোখের জলের ফোঁটা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অশ্রুগদগদ—বাষ্পজড়িত ; বাষ্পের আতিশয্য হেতু রুদ্ধকণ্ঠ। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—দা।

অশ্রুগদগদকণ্ঠ—বাষ্পহেতু রুদ্ধকণ্ঠ বা অপরিস্ফুট-বাক্। অশ্রুগদগদ হইয়াছে কণ্ঠ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণ্ঠা,—ণ্ঠী।

অশ্রুজল—অশ্রুবারি, নয়নজল ; বাষ্পবারি। অশ্রুই জল, কর্ম্মধা। বি ; ক্লীব।

অশ্রুত—১। যাহা শুনা যায় নাই এরূপ। ২। শ্রুতিবিরুদ্ধ, বেদবিরুদ্ধ। ন শ্রুত, নঞ্‌তৎ। ৩। শাস্ত্রজ্ঞানশূন্য, মূর্খ। ন (নাই) শ্রুত (শাস্ত্রজ্ঞান) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা।

অশ্রুতচর—যাহা পূর্ব্বে কখনও শুনা যায় নাই এরূপ, অশ্রুতপূর্ব্ব। অশ্রুত+চরট্ ভূতপূর্ব্ব অর্থে। বিণ। স্ত্রী,—রী।

অশ্রুতপূর্ব্ব(র্ব)—যাহা পূর্ব্বে কখনও শুনা যায় নাই এরূপ, অশ্রুতচর। পূর্ব্বে শ্রুত, =শ্রুতপূর্ব্ব, সুপ্‌সুপা ; ন শ্রুতপূর্ব্ব, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্ব্বা।

অশ্রুতি—১। শ্রুতিহীন, বধির। বহুব্রী। বিণ। ২। অশ্রবণ, না শোনা। নঞ্‌তৎ। বি ; স্ত্রী।

অশ্রুধারা—অশ্রুপ্রবাহ, অশ্রুর অবিশ্রান্ত পতন। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অশ্রুপাত—নয়নবারিপতন, চক্ষু হইতে বারিধারার নির্গম, ক্রন্দন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অশ্রুপূর্ণ—নেত্রজলে পূর্ণ ; জলভরা। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—র্ণা। [পুং।

অশ্রুপ্রবাহ—অশ্রুধারা। ৬ষ্ঠীতৎ। বি ;

অশ্রুপ্লাবিত—চক্ষের জলে ভাসিতেছে এরূপ ; অশ্রুসিক্ত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —তা।

অশ্রুপ্লুত—অশ্রুসিক্ত, চোখের জলে ভিজা। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা। [বি ; ক্লীব।

অশ্রুবারি—নেত্রজল। অশ্রুই বারি, কর্ম্মধা।

অশ্রুবিন্দু—অশ্রু-কণা, চোখের জলের ফোঁটা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অশ্রুবিমোচন, -বিসর্জ্জ(র্জ)ন—নেত্রজল পরিত্যাগ ; চোখের জল ফেলা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। [বিণ।

অশ্রুভরা—চোখের জলে ভরা। ৩য়াতৎ।

অশ্রুভারাক্রান্ত—অশ্রুরাশিতে রুদ্ধ ; অশ্রুপূর্ণ। অশ্রুর ভার, ৬ষ্ঠীতৎ ; তদ্দ্বারা আক্রান্ত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্তা।

অশ্রুময়—অশ্রুপূর্ণ, চোখের জলে ভরা। অশ্রু+ময়ট্ পূর্ণার্থে। বিণ। স্ত্রী,—য়ী।

অশ্রুমান্ (-মৎ)—অশ্রুযুক্ত, অশ্রুপূর্ণ, সাশ্রু ; অশ্রুবিমোচনকারী, যে চোখের জল ফেলিতেছে। অশ্রু+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—মতী।

অশ্রুমুখ—১। নয়নজলে প্লাবিত বদন। অশ্রুযুক্ত মুখ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব। ২। নয়নজলাপ্লুত-বদন-বিশিষ্ট। অশ্রু মুখে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—খী।

অশ্রুমোচন—নয়নবারিত্যাগ, চোখের জল ফেলা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অশ্রুরুদ্ধ—বাষ্পরুদ্ধ ; অশ্রুদ্বারা অস্পষ্টীকৃত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

অশ্রুসংবরণ—রোদন বন্ধকরণ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অশ্রুসিক্ত—অশ্রু দ্বারা আর্দ্র ; চোখের জলে ভিজা। অশ্রুদ্বারা সিক্ত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অশ্রেয়ঃ (—য়স্), অশ্রেয়—১। অমঙ্গল, অশুভ, অনিষ্ট, অনর্থ। ন শ্রেয়ঃ, নঞ্‌তৎ। বি ; ক্লীব। ২। অত্যুৎকৃষ্ট ; অনিষ্টকর ; অধম। ন (নাই) শ্রেয়ঃ যাহাতে বা যাহা হইতে, বহুব্রী। বিণ।

অশ্রেয়স্কর—অমঙ্গলজনক ; অবিধেয়, অনুচিত ; অপ্রশস্ত। ন শ্রেয়স্কর, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রী।

অশ্রেষ্ঠ—অপ্রধান ; অনুৎকৃষ্ট। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

অশ্রোতব্য—শ্রবণের অযোগ্য, অশ্রাব্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ব্যা।

অশ্লাঘনীয়, অশ্লাঘ্য—অপ্রশংসার্হ, প্রশংসার অযোগ্য, অপ্রশংসনীয়, অধন্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া,—ঘ্যা।

অশ্লিষ্ট—১। অসম্বন্ধ ; অসঙ্গত ; অপ্রাসঙ্গিক। ২। শ্লেষহীন (কাব্যাদি)। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অশ্লীল—বিশ্রী, জঘন্য, কুৎসিত, লজ্জাজনক, কটু, অভদ্র, কুরুচিপূর্ণ, অসাধু। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—লা।

অশ্লীলতা, —ত্ব—জঘন্যতা, লজ্জাকরত্ব ; কুরুচিপূর্ণতা ; অভদ্রতা, অসাধুতা, অভব্যতা ; কাব্যদোষবিশেষ। অশ্লীল শব্দ+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

অশ্লীলভাষী (—ভাষিন্)—অশ্লীলবাদী, যে অশ্লীল কথা বলে। অশ্লীল—ভাষ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষিণী।

অশ্লেষা—সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে নবম নক্ষত্র। ন (নাই) শ্লেষ যাহাতে, বহুব্রী+আপ্। বি ; স্ত্রী।

অষুদ, —ধ—ঔষধ। 'ঔষধ' শব্দজ। বি।

অষ্ট (অষ্টন্)—আট, ৮ ; আট সংখ্যক। অশ্+কনিন্ কর্তৃবা (প্রত্যয়ের পূর্বে তুট্ বা ত আগম)। বি বা বিণ।

অষ্টক—১। অষ্ট, আটটি। অষ্টন্+কন্ পরিমাণার্থে। বিণ। স্ত্রী,—কা। ২। অষ্ট অধ্যায়বিশিষ্ট বা অষ্ট শ্লোকাত্মক গ্রন্থ ; (সঙ্গীতে) এক ষড়্‌জ হইতে তৎপরবর্তী ষড়্‌জ পর্য্যন্ত আটটি স্বরের সমষ্টি (Octavo). বি ; ক্লীব। ৩। ঋগ্বেদসূত্রবিশেষ ; প্রত্যেক অষ্টাধ্যায়াত্মক ঋগ্বেদাংশ। বি ; পুং। ৪। গানবিশেষ। দেশজ প্রঃ। বি।

অষ্টকা—১। আট। অষ্টক দ্রঃ। বিণ ; স্ত্রী। ২। শ্রাদ্ধবিশেষ ; পৌষ, মাঘ এবং ফাল্গুন মাসের কৃষ্ণাষ্টমীতে কর্তব্য পুপাষ্টকা, মাংসাষ্টকা এবং শাকাষ্টকা নামক শ্রাদ্ধ। অশ্+তকন্ অধিবা+স্ত্রীলিঙ্গে আপ্। বি ; স্ত্রী।

অষ্টকাঙ্গ—পাশার ছক। অষ্টক অঙ্গ যাহার, বহুব্রী। বি ; ক্লীব।

অষ্টকুলাচল—মহেন্দ্র, মলয়, সহ্য, শক্তিমান্, ঋক্ষ, বিন্ধ্য, পারিযাত্র, হিমালয়—এই আট কুলপর্বত। কর্মধা। বি ; পুং।

অষ্টক্ষীর—গাভী, মেষ, ছাগ, মহিষ, মনুষ্য, হস্তী, অশ্ব ও উষ্ট্রের দুগ্ধ। অষ্ট ক্ষীরের সমাহার, সমাহার দ্বিগু। বি ; ক্লীব।

অষ্টগুণ—অষ্টাবৃত্ত (অন্নপিষ্টাদি) ; দয়া, ক্ষান্তি, অনসূয়া, শৌচ, অনায়াস, মঙ্গল, অকার্পণ্য ও অস্পৃহা এই অষ্টগুণান্বিত (ব্রাহ্মণ)। বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

অষ্টচণ্ডী—মঙ্গলা, বিমলা, সর্বমঙ্গলা, কালী, রাত্রিকালিকা, বিকটা, কামাখ্যা ও ভবানী —চণ্ডীর এই অষ্টমূর্তি। বি ; স্ত্রী।

অষ্টচত্বারিংশ—৪৮এর পূরণ। অষ্টচত্বারিংশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী।

অষ্টচত্বারিংশৎ—আটচল্লিশ, ৪৮। অষ্টাধিকা চত্বারিংশৎ, মধ্যপ কর্মধা। বিণ বা বি ; স্ত্রী।

অষ্টচত্বারিংশত্তম—আটচল্লিশের পূরক, ৪৭এর পরবর্তীটি। অষ্টচত্বারিংশৎ শব্দ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

অষ্টতলক—আটটি পৃষ্ঠযুক্ত ঘনক্ষেত্র

(Octahedron). অষ্ট তল যাহার, বহুব্রী। বি; ক্লীব।

অষ্টদল—অষ্টপত্রকমল, আটটি পাপড়িযুক্ত পদ্ম। বহুব্রী। বি; ক্লীব।

অষ্টদিক্ (-দিশ্)—পূর্ব্ব, ঈশান, উত্তর, বায়ু, পশ্চিম, নৈর্ঋত, দক্ষিণ, অগ্নি এই আট দিক্। কর্ম্মধা। বি; স্ত্রী।

অষ্টদিক্‌পাল—আট দিকের পালনকর্ত্তা অর্থাৎ রক্ষক দেবতা; [যথা—ইন্দ্র পূর্ব্বদিকের, বহ্নি অগ্নিকোণের, যম দক্ষিণদিকের, নির্ঋতি নৈর্ঋতকোণের, বরুণ পশ্চিমের, মরুৎ বায়ুকোণের, কুবের উত্তরের, ঈশ ঈশানকোণের রক্ষক]। অষ্ট দিক্‌পাল, কর্ম্মধা। বি; পুং।

অষ্টদিগ্‌গজ—পূর্ব্বাদি আট দিকের রক্ষক হস্তী—ঐরাবত, পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, পুষ্পদন্ত, সার্ব্বভৌম, সুপ্রতীক এই আটটী হস্তী। দিকের গজ = দিগ্‌গজ, ৬ষ্ঠীতৎ; অষ্ট দিগ্‌গজ, কর্ম্মধা। বি; পুং।

অষ্টধা—আট প্রকার; আট বার। অষ্টন্ শব্দ + ধাচ্ প্রকারার্থে। অব্য।

অষ্টধাতু—সুবর্ণ (সোণা), রজত (রূপা), তাম্র (তামা), সীসক (সীসা), কান্তিক (কান্তি লোহ), রঙ্গ (রাঙ), লৌহ (লোহা), তীক্ষ্ণ লৌহ (ইস্পাত), এই আট প্রকার ধাতু। অষ্ট ধাতুর সমাহার, সমাহার দ্বিগু। বি; ক্লীব।

অষ্টনবতি—আটানব্বই, ৯৮। অষ্টাধিকা নবতি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অষ্টনবতিতম—৯৮এর পূরক, ৯৭এর পরবর্ত্তীটি। অষ্টনবতি শব্দ + তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

অষ্টনাগ—অনন্ত, বাসুকি, পদ্ম, মহাপদ্ম, তক্ষক, কুলীর, কর্কট, শঙ্খ—এই আটটি সর্প। কর্ম্মধা। বি; পুং।

অষ্টনায়িকা—উগ্রচণ্ডা, প্রচণ্ডা, চণ্ডোগ্রা, চণ্ডনায়িকা, অতিচণ্ডা, চামুণ্ডা, চণ্ডা, চণ্ডবতী—দুর্গার এই অষ্টশক্তি; মঙ্গলা, বিজয়া, ভদ্রা, জয়ন্তী, অপরাজিতা, নন্দিনী, নারসিংহী ও কৌমারী—এই আটটি নায়িকা; (রসশাস্ত্রে) অভিসারিকা, বাসকসজ্জা, উৎকণ্ঠিতা, বিপ্রলব্ধা, খণ্ডিতা, কলহান্তরিতা, স্বাধীনভর্ত্তৃকা ও প্রোষিতভর্ত্তৃকা—এই আট প্রকার নায়িকা। কর্ম্মধা। বি; স্ত্রী।

অষ্টনিধি—পদ্মমহাপদ্ম প্রভৃতি কুবেরের অষ্টরত্ন। কর্ম্মধা। বি; পুং।

অষ্টপঞ্চাশ—অষ্টপঞ্চাশত্তম (তাহা দ্রঃ)। অষ্টপঞ্চাশৎ + ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী।

অষ্টপঞ্চাশৎ—আটান্ন, ৫৮। অষ্টাধিকা পঞ্চাশৎ, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অষ্টপঞ্চাশত্তম—আটান্নর পূরক, ৫৭এর পরবর্ত্তীটি। অষ্টপঞ্চাশৎ + তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -মী।

অষ্টপাৎ (-পাদ্)—শরভ; উর্ণা; লূতা, মাকড়সা। অষ্ট পাদ্ যাহার, বহুব্রী। বি; পুং। [বহুব্রী। বি; পুং।

অষ্টপাদ—মাকড়সা। অষ্ট পাদ যাহার,

অষ্টপাশ—মায়াবন্ধন; ঘৃণা, অপমান, লজ্জা, মান, মোহ, দম্ভ, দ্বেষ ও পৈশুন্য। কর্ম্মধা। বি; পুং।

অষ্টপ্রহর—১। আট প্রহরের সমষ্টি, সমস্ত দিবারাত্র। সমাহার দ্বিগু। বি; ক্লীব। ২। সমস্ত দিন রাত ব্যাপিয়া, ২৪ ঘণ্টাই। ক্রি-বিণ। ৩। সমস্ত দিবারাত্র-ব্যাপী হরিনাম সংকীর্ত্তন। দেশজ প্রঃ। বি।

অষ্টবজ্র—বজ্রবৎ অমোঘ অষ্ট দেবাস্ত্র—বিষ্ণুর সুদর্শন, শিবের ত্রিশূল, ব্রহ্মার অক্ষমালা, ইন্দ্রের বজ্র, বরুণের পাশ, যমের দণ্ড, কার্ত্তিকেয়ের শক্তি ও দুর্গার অসি। কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

অষ্টবজ্রমিলন—অষ্ট দেবাস্ত্রের মিলন (ইহাদের মিলনে উর্ব্বশীর অষ্টজন্ম হইতে মুক্তি হয়); কার্য্যসিদ্ধির অনুকূল কারণসমূহের সমবায়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অষ্টবর্গ—(জ্যোতিষে) জন্মকালীন শুভাশুভ ফলসূচক আটটী গ্রহের সমবায়; জীবকাদি অষ্ট প্রকার ঔষধবিশেষ—জীবক, ঋষভ,

মেদ, মহামেদ, ঋদ্ধি, বৃদ্ধি, কাকোলী, এবং ক্ষীর-কাকোলী। সমাহার দ্বিগু। বি; ক্লীব।

অষ্টবসু—আপ, ধ্রুব, সোম, অনল, অনিল, ধর, প্রত্যুষ, প্রভাব—এই আট বসু। বি; পুং।

অষ্টবিধ—আট প্রকারের। অষ্ট বিধা (প্রকার) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

অষ্টভুজ—১। অষ্টবাহু; (পরিমাণে) আট হাত। মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। অষ্টবাহু-বিশিষ্ট, আটহাতযুক্ত; আট রেখা-দ্বারা বেষ্টিত। অষ্ট ভুজ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—জা। ৩। (জ্যামিতিতে) আট রেখাদ্বারা বেষ্টিত ক্ষেত্র (Octagon). বি; ক্লীব।

অষ্টভুজা—১। দুর্গার মূর্ত্তি-ভেদ, মহা-সরস্বতী। বি; স্ত্রী। ২। অষ্টবাহুবিশিষ্টা। বহুব্রী। বিণ; স্ত্রী।

অষ্টভৈরব—অসিতাঙ্গ, রুরু, চণ্ড, ক্রোধো-ন্মত্ত, ভয়ঙ্কর, কপালী, ভীষণ, সংহার—এই আট ভৈরব। কর্ম্মধা। বি; পুং।

অষ্টম—১। আটের পূরক, আটেরটি। অষ্টন্ +মট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মা। ২। বাকী খাজনার জন্য পত্তনী তালুকের নিলাম। দেশজ প্রঃ। বি।

অষ্টমঙ্গলা—বিবাহের পর হইতে আট দিন পর্য্যন্ত সময়। দেশজ প্রঃ। বি।

অষ্টমতঃ (—তস্), **অষ্টমত**—আটের স্থানে, আটের দফায়। অষ্টম শব্দ+তস্ ৭মী স্থানে। অব্য।

অষ্টমবর্ষীয়, —বার্ষিক—অষ্টম বৎসর সম্বন্ধীয়; অষ্টম বৎসরে কর্ত্তব্য; আট বছর বয়সের। অষ্টমবর্ষ+ঈয়, ইক ইদমর্থে, ভবার্থে বা বয়স্ক অর্থে। বিণ। স্ত্রী,—য়া, —কী। [বি; পুং।

অষ্টমাংশ—আট ভাগের একভাগ। কর্ম্মধা।

অষ্টমান—(বৈদ্যকশাস্ত্রে) পরিমাণবিশেষ, ৩২ তোলা; অষ্টমুষ্টি বা আধশরা। বহুব্রী। বি; ক্লীব।

অষ্টমিকা—(বৈদ্যকশাস্ত্রে) পরিমাণবিশেষ, ৪ তোলা। অষ্টম+কন্ অল্পার্থে+আপ্। বি; স্ত্রী।

অষ্টমী—১। আটের। অষ্টম দ্রঃ। বিণ; স্ত্রী। ২। তিথিবিশেষ, যে তিথিতে চন্দ্রের অষ্টকলা পূর্ণ হয়। বি; স্ত্রী।

অষ্টমূত্র—গো মেষ ছাগ মহিষ হস্তী ঘোটক গর্দ্দভ উষ্ট্র,—ইহাদের মূত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অষ্টমূর্ত্তি(র্তি)—১। আটমূর্ত্তি বা আকার। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। ২। আটমূর্ত্তি-বিশিষ্ট। অষ্ট মূর্ত্তি যাহার, বহুব্রী। বিণ। ৩। শঙ্কর, শিব। বি; পুং। [শিবের আটমূর্ত্তি এই,—সর্ব্বনামে ক্ষিতিমূর্ত্তি, ভবনামে জলমূর্ত্তি, রুদ্রনামে অগ্নিমূর্ত্তি, উগ্রনামে বায়ুমূর্ত্তি, ভীমনামে আকাশমূর্ত্তি, ঈশাননামে সূর্য্য-মূর্ত্তি, মহাদেবনামে চন্দ্রমূর্ত্তি, এবং পশুপতি-নামে যজমানমূর্ত্তি]।

অষ্টমূর্ত্তি(র্তি)ধর—শঙ্কর, শিব। অষ্টমূর্ত্তির ধর (ধারণকর্ত্তা), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অষ্টযোগিনী—শৈলপুত্রী, চণ্ডঘণ্টা, স্কন্দ-মাতা, কালরাত্রি, চণ্ডিকা, কুষ্মাণ্ডী, কাত্যায়নী, মহাগৌরী—দুর্গার এই অষ্ট সখী। কর্ম্মধা। বি; স্ত্রী।

অষ্টরম্ভা—(দেশজ) আটটা কলা, অর্থাৎ শূন্য, ফাঁকি। বি; স্ত্রী।

অষ্টরস—শৃঙ্গার, বীর, করুণ, অদ্ভুত, হাস্য, ভয়ানক, বীভৎস ও রৌদ্র—এই অষ্ট রস। কর্ম্মধা। বি; পুং।

অষ্টলোকপাল—ইন্দ্রাদি অষ্ট দিক্পাল। কর্ম্মধা। বি; পুং।

অষ্টলোহক—স্বর্ণ, রজত, তাম্র, রঙ্গ, সীস, কান্তলোহ, মুণ্ডলোহ, তীক্ষ্ণলোহ—এই আট ধাতু। অষ্ট লোহের (অর্থাৎ ধাতুর) সমাহার, সমাহার দ্বিগু। বি; ক্লীব।

অষ্টষষ্টি—আটষট্টি, ৬৮। অষ্টাধিকা ষষ্টি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

অষ্টষষ্টিতম—আটষট্টির পূরক, ৬৮এর

পরবর্ত্তীটি। অষ্টষষ্টি+তমট্‌ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

অষ্টসপ্ততি—আটাত্তর, ৭৮। অষ্টাধিকা সপ্ততি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

অষ্টসপ্ততিতম—আটাত্তরের পূরক, ৭৭এর পরবর্ত্তীটি। অষ্টসপ্ততি+তমট্‌ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

অষ্টসিদ্ধি—অণিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিতা, বশিতা, কামাবসায়িতা, এই আট প্রকার সিদ্ধি। বি; স্ত্রী।

অষ্টাকষ্টে—কড়ি লইয়া একপ্রকার খেলা। দেশজ। বি।

অষ্টাঙ্গ—১। যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা, সমাধি—এই আট প্রকার যোগ; অষ্টাঙ্গে প্রণাম, যথা—জানু, পদ, হস্ত, উরঃ, বুদ্ধি, শিরঃ, বাক্য, চক্ষুঃ। অষ্ট অঙ্গ আছে যাহাতে, বহুব্রী। বি; পুং। ২। দেহের আটটি অবয়ব, যথা—দুই হস্ত, হৃদয়, কপাল, দুই চক্ষু, কণ্ঠ ও মেরুদণ্ড; কিংবা দুই হস্ত, হৃদয়, কপাল, দুই জানু ও দুই চরণ; অথবা দুই হস্ত, হৃদয়, কপাল, দুই চক্ষু, মন, এবং বাক্য; রাজনীতির অঙ্গভূত আট প্রকার উপায়। ৩। জলক্ষীরাদি পূজার অষ্ট উপচার। বি; ক্লীব।

অষ্টাত্রিংশ—অষ্টাত্রিংশত্তম, ৩৮ সংখ্যার পূরক। অষ্টাত্রিংশৎ+ডট্‌ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী।

অষ্টাত্রিংশৎ—আটত্রিশ, ৩৮। অষ্টাধিকা ত্রিংশৎ, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

অষ্টাত্রিংশত্তম—অষ্টাত্রিংশ, আটত্রিশের পূরক, ৩৭এর পরবর্ত্তীটি। অষ্টাত্রিংশৎ শব্দ+তমট্‌ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

অষ্টাদশ—আঠার সংখ্যার পূরক, আঠারটি। অষ্টাদশন্‌ শব্দ+ডট্‌ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী।

অষ্টাদশ (-দশন্‌)—আঠার, ১৮। অষ্টাধিক দশ, মধ্যপ কর্ম্মধা। বিণ বা বি।

অষ্টাদশ পুরাণ—ব্রাহ্ম, পাদ্ম, বৈষ্ণব, শৈব, ভাগবত, নারদীয়, মার্কণ্ডেয়, আগ্নেয়, ভবিষ্য, ব্রহ্মবৈবর্ত্ত, লৈঙ্গ, বারাহ, স্কান্দ, বামন, কৌর্ম্ম, মৎস্য, গারুড়, ব্রহ্মাণ্ড—এই আঠারটি। বি।

অষ্টাদশ বিদ্যা—শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ, জ্যোতিষ—এই ষড়ঙ্গ, এবং চতুর্ব্বেদ, মীমাংসা, ন্যায়, ধর্ম্মশাস্ত্র, পুরাণ, আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গন্ধর্ব্ব, অর্থশাস্ত্র—সকলশুদ্ধ এই আঠার প্রকার বিদ্যা। বি; স্ত্রী।

অষ্টাদশভুজা—দুর্গামূর্ত্তিবিশেষ। অষ্টাদশ ভুজ যাহার, বহুব্রী+আপ্‌। বি; স্ত্রী।

অষ্টাপদ—১। সারি-ফলক, সতরঞ্চ-ফলক, পাশার ছক্‌। অষ্ট (আট প্রকার) পদ (স্থান) আছে যাহার, বহুব্রী। ২। স্বর্ণ। অষ্ট মধ্যে (অষ্টপ্রকার ধাতুর মধ্যে) পদ (প্রতিষ্ঠা) যাহার, বহুব্রী। বি; ক্লীব। ৩। ধুস্তুর, ধুতুরা। বি; পুং বা ক্লীব। ৪। শরভ; মর্কট; কীট, কীলক, লূতা, মাকড়সা; বনমল্লিকা; কৈলাস-পর্ব্বত। অষ্ট পদ (স্থান বা চরণ) যাহার, বহুব্রী। বি; পুং।

অষ্টাবক্র—জনৈক মুনি। পিতৃশাপে ইঁহার দেহের অষ্টস্থান বক্র হইয়াছিল, এই জন্য ইনি অষ্টাবক্র নামে খ্যাত হন। অষ্ট (অষ্ট অঙ্গ) বক্র যাহার, বহুব্রী। বি; পুং।

অষ্টাবিংশ—অষ্টাবিংশতিতম, ২৮ সংখ্যার পূরক। অষ্টাবিংশতি+ডট্‌ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী।

অষ্টাবিংশতি—আটাশ, ২৮। অষ্টাধিকা বিংশতি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

অষ্টাবিংশতিতম—অষ্টাবিংশ, ২৮ সংখ্যার পূরক, ২৭এর পরেরটি। অষ্টাবিংশতি শব্দ+তমট্‌ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

অষ্টাশি, অষ্টাশী—৮৮ সংখ্যা। 'অষ্টাশীতি' শব্দজ। বি বা বিণ; স্ত্রী।

অষ্টাশীতি—অষ্টাশী, ৮৮। অষ্টাধিকা অশীতি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

অষ্টাশীতিতম—৮৮ সংখ্যার পূরক, ৮৭এর

পরবর্ত্তীটি। অষ্টাশীতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

অষ্টাহ—আট দিন। অষ্ট অহের (অহন্ শব্দ) সমাহার, সমাহার দ্বিগু। বি ; পুং।

অষ্টোত্তর—অষ্টাধিক। অষ্ট উত্তরে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

অষ্টোত্তরশত—একশত আট, অষ্টাধিক শতসংখ্যক। কর্ম্মধা। বি বা বিণ ; ক্লীব।

অষ্টোত্তরী—(জ্যোতিষে) ১০৮ বৎসরে সমগ্র দশার ভোগকাল পূর্ণ হয় এই হিসাবে গণনীয়া (দশা)। বিণ ; স্ত্রী।

অষ্ঠি—আঁটি, ফলের বীচি। ন (অ)—স্থা+ক্তিচ্ কর্তৃবা। বি ; স্ত্রী। [পুং।

অসংক্রান্ত-মাস—মলমাস। কর্ম্মধা। বি ;

অসংখ্য, অসঙ্খ্য—সংখ্যাতীত, অগণ্য। ন (নাই) সংখ্যা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—খ্যা, —ঙ্খ্যা।

অসংখ্যাত, অসঙ্খ্যাত—অগণিত, অসংখ্য, অগণ্য। ন সংখ্যাত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অসংখ্যেয়, অসঙ্খ্যেয়—সংখ্যাতীত, অগণ্য। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অসংজ্ঞ—সংজ্ঞাহীন, চেতনাশূন্য, অচেতন। ন (নাই) সংজ্ঞা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—জ্ঞা।

অসংবদ্ধ—যাহা ভাল করিয়া বাঁধা হয় নাই এরূপ ; অসংলগ্ন। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

অসংবরণীয়, অসংবার্য্য—অনিবার্য্য ; সংবরণের অসাধ্য বা অযোগ্য। ন সংবরণীয়, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অসংবৃত—অনাচ্ছাদিত, অনাবৃত, আবরণশূন্য ; অসংযত, অনিবারিত, অনিরুদ্ধ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অসংযত—বন্ধনবিহীন, অবদ্ধ, অরুদ্ধ ; অনিয়মিত ; অদমিত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অসংযম—সংযমাভাব, অজিতেন্দ্রিয়তা। নঞ্ তৎ। বি ; পুং।

অসংযমী (—মিন্)—ইন্দ্রিয়-সংযমরহিত, অজিতেন্দ্রিয়, ইন্দ্রিয়বশ, রিপুপরতন্ত্র, কামুক ; ক্রোধপরবশ। ন সংযমী, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—মিনী।

অসংযুক্ত—বিযুক্ত, বিচ্ছিন্ন। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অসংযোগ—সংযোগাভাব, বিচ্ছেদ, বিশ্লেষ। নঞ্ তৎ। বি ; পুং।

অসংলগ্ন—অসংবদ্ধ, অসংসক্ত, যাহা লাগিয়া নাই ; সম্বন্ধবিরহিত, পূর্ব্বাপরবিরুদ্ধ, অসঙ্গত। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—গ্না।

অসংশয়—১। সংশয়াভাব, সন্দেহ না থাকা। নঞ্ তৎ। বি ; পুং। ২। সংশয়শূন্য, সন্দেহহীন, নিঃসন্দেহ, নিশ্চিত। বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

অসংশয়িত—অসন্দিগ্ধ। ন সংশয়িত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অসংশোধন—শুদ্ধি না করা ; না শোধরান। নঞ্ তৎ। বি ; ক্লীব।

অসংশোধিত—যাহার সংশোধন করা হয় নাই এরূপ ; যাহার দোষ দূর করা হয় নাই এরূপ। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অসংশ্লিষ্ট—অসম্বদ্ধ, অসংযুক্ত, অসম্পৃক্ত, পরস্পরবিচ্ছিন্ন। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অসংসক্ত—সংসর্গবিরহিত, অসংশ্লিষ্ট, বিচ্ছিন্ন। ন সংসক্ত, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অসংসৃষ্ট—অসম্পৃক্ত, অসংশ্লিষ্ট ; বিচ্ছিন্ন। ন সংসৃষ্ট, নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অসংস্কৃত—সংস্কারবিহীন, যাহার রীতিমত সংস্কার হয় নাই এরূপ ; অপরিষ্কৃত, অপরিচ্ছন্ন। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অসংস্থান—সংস্থানাভাব, অপ্রতুল, অনটন ; অসঙ্গতি। নঞ্ তৎ। বি ; ক্লীব।

অসংস্থিত—পৃথগবস্থিত ; বিযুক্ত ; বিশৃঙ্খল ; অস্থির, চঞ্চল। নঞ্ তৎ। বিণ। স্ত্রী,—তা।

অসংস্থিতি—বিশৃঙ্খলা, অব্যবস্থা। নঞ্ তৎ। বি ; স্ত্রী।

অসংহত—১। ব্যূহবিশেষ। বি; পুং। ২। অসংযুক্ত, ইতস্ততোবিক্ষিপ্ত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা। [প্রাঃ কবিপ্র। বিণ।

অসঁভার—অবলম্বনশূন্য। 'অসম্ভার' শব্দজ।

অসকতি—অনাসক্ত। প্রাঃ কবিপ্র। বিণ।

অসকাল—বিকাল, সন্ধ্যা; শেষ, অবসান; অকাল, অসময়; বিলম্ব, গৌণ, দেরী। প্রাঃ কবিপ্র। বি।

অসক্ত—অনাসক্ত, অপ্রতিবন্ধ; বিষয়বিরাগী; অসংলগ্ন। ন সক্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

অসগোত্র—ভিন্নগোত্রীয়, অন্যবংশোদ্ভব। ন সগোত্র, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ত্রা।

অসঙ্কল্পিত, অসংকল্পিত—যাহার সঙ্কল্প করা হয় নাই; অনভিপ্রেত; অনভিলষিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অসঙ্কীর্ণ, অসংকীর্ণ—অসঙ্কুল, বিস্তৃত; উদার; প্রসারিত; অসঙ্কুচিত; অমিশ্রিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্ণা।

অসঙ্কুচিত, অসংকুচিত—সঙ্কোচশূন্য; অকুণ্ঠিত; অকুঞ্চিত, কোঁকড়ান নয়, জড়সড় নয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অসঙ্কুল, অসংকুল—বিস্তীর্ণ; অমিলিত; পরস্পর অবিরুদ্ধ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—লা।

অসঙ্কোচ, অসংকোচ—১। সঙ্কোচরাহিত্য, দ্বিধাহীনতা, সঙ্কোচ না করা। নঞ্‌তৎ। বি; পুং। ২। সঙ্কোচবিহীন। ন (নাই) সঙ্কোচ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—চা।

অসঙ্গ, অসংগ—১। সঙ্গরহিত, নির্লিপ্ত; অপ্রতিহত। ন (নাই) সঙ্গ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্গা। ২। বৈরাগ্য, ভোগাভিলাষরাহিত্য। বহুব্রী। বি; পুং।

অসঙ্গত, অসংগত—অসংলগ্ন; পূর্ব্বাপরবিরুদ্ধ; অযৌক্তিক, যুক্তিবিরুদ্ধ; অনুচিত। ন সঙ্গত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অসঙ্গতি, অসংগতি—অসংলগ্নতা; সংসর্গাভাব; অসংস্থান, অপ্রতুল; অর্থালঙ্কারবিশেষ। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অসঙ্গম, অসংগম—অমিলন; মৈথুনাভাব। নঞ্‌তৎ। বি; পুং।

অসচ্চরিত্র—১। দুশ্চরিত্র, দুরাচার, দুর্বৃত্ত। অসৎ চরিত্র যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্রা। ২। মন্দ চরিত্র, অসাধু স্বভাব। অসৎ চরিত্র, কর্ম্মধা। বি; ক্লীব।

অসচ্ছল—অভাবযুক্ত, অনটনবিশিষ্ট। নঞ্‌তৎ। বিণ। [বি; পুং।

অসজ্জন—অসাধু লোক। ন সজ্জন, নঞ্‌তৎ।

অসৎ—অসাধু; গর্হিত, নিন্দিত, কু, খারাপ; অবিদ্যমান। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তী। [স্ত্রী।

অসততা—অসাধুতা। অশুদ্ধ প্রঃ শব্দ। বি;

অসতর্ক—অসাবধান, সতর্কতারহিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্কা। বি,—তা।

অসতী—গর্হিতা, নিন্দিতা; দুশ্চরিত্রা; অসাধ্বী; কুলটা, ব্যভিচারিণী, ধৃষ্টা। নঞ্‌তৎ। বিণ; স্ত্রী।

অসৎকর্ম্মা (-কর্ম্মন্), -কর্ম্মা—দুষ্কর্ম্মকারী, দুষ্ক্রিয়ান্বিত, দুশ্চরিত্র। বহুব্রী। বিণ।

অসৎকৃত—যাহার সংকার করা হয় নাই, অপুরস্কৃত; অসমাদৃত, অনাদৃত, অসম্মানিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অসত্তা—অবিদ্যমানতা, অনস্তিত্ব, না থাকা, অসতের ভাব, অসাধুতা, দুষ্টতা। অসৎ শব্দ +তা ভাবার্থে। বি; স্ত্রী।

অসত্ত্ব—১। সত্ত্বহীন, নির্ব্বীর্য্য; প্রাণিহীন; সত্ত্বগুণশূন্য; সাধুতাবর্জ্জিত। ন (নাই) সত্ত্ব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্ত্বা। ২। অপ্রাণী; অচেতন পদার্থ; অদ্রব্য; সত্ত্ব ভিন্ন গুণ। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অসৎপ্রতিগ্রহ—১। দানস্বরূপে অযোগ্য বা অনুচিত বস্তু লওয়া। ৬ষ্ঠীতৎ। ২। অযোগ্য ব্যক্তির নিকট হইতে দান গ্রহণ। ৫মীতৎ। বি; পুং।

অসত্য—১। মিথ্যা, অনৃত; অলীক। ন সত্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ত্যা। ২। অলীক বাক্য, মিথ্যা কথা। বি; ক্লীব।

অসত্যবাদী (-বাদিন্), -**ভাষী** (-**ভাষিন্**)—মিথ্যাবাদী। উপতৎ। অসত্য-বদ্-ভাষ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,-দিনী,-ষিণী।

অসত্যসন্ধ—প্রতিজ্ঞাভঙ্গকারী; কপটাচার; কৃতঘ্ন। ন সত্যসন্ধ, নঞ্তৎ; কিংবা অসত্যে সন্ধা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-ন্ধা।

অসৎ-সংসর্গ,-সঙ্গ—অসজ্জনের সহবাস, কুসঙ্গ, দুষ্টলোকের সঙ্গে থাকা। অসৎ যে সংসর্গ বা সঙ্গ, কর্ম্মধা; কিংবা অসতের সংসর্গ বা সঙ্গ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অসদাচরণ—অভদ্র ব্যবহার, দুর্ব্যবহার, দুশ্চরিত্রতা, দুর্বৃত্ততা। অসৎ যে আচরণ, কর্ম্মধা। বি; ক্লীব।

অসদাচার—১। কদাচরণ, দুর্ব্যবহার, অসদাচরণ। অসৎ যে আচার, কর্ম্মধা। বি; পুং। ২। কদাচারী, দুর্ব্যবহারকারী, দুরাচার, দুশ্চরিত্র, দুর্বৃত্ত। অসৎ আচার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-রা।

অসদাচারী (-**চারিন্**)—কদাচারী, দুর্ব্যবহারকারী, দুরাচার, দুশ্চরিত্র, দুর্বৃত্ত। ন সদাচারী, নঞ্তৎ। বিণ। স্ত্রী,-রিণী।

অসদৃশ—বিসদৃশ, বিরুদ্ধ; অনুপযুক্ত; বিষম; অনুপম, অসাধারণ। নঞ্তৎ। বিণ। স্ত্রী,-শী।

অসদ্বৃত্তি—১। অসদাচরণ, দুর্ব্যবহার, দুরাচরণ, দুর্বৃত্ততা; নিন্দিত ব্যবহার। অসতী বৃত্তি, কর্ম্মধা। বি; স্ত্রী। ২। দুরাচার, দুর্বৃত্ত। অসতী বৃত্তি যাহার, বহুব্রী। বিণ।

অসদ্ব্যবহার—দুর্ব্যবহার, অসাধু আচরণ। কর্ম্মধা বা নঞ্তৎ। বি; পুং।

অসদ্ভাব—অসত্তা, অবিদ্যমানতা; অভাব, অসংস্থান; অপ্রণয়; দুষ্টভাব, মন্দভাব। ন সদ্ভাব, নঞ্তৎ। বি; পুং।

অসন—ক্ষেপণ। অস্ (ক্ষেপণ করা)+ অনট্ ভাববা। বি; ক্লীব।

অসন্তুষ্ট—অপরিতুষ্ট, অতৃপ্ত; বিরক্ত। ন সন্তুষ্ট, নঞ্তৎ। বিণ। স্ত্রী,-ষ্টা।

অসন্তুষ্টি—অসন্তোষ, অতৃপ্তি; বিরক্তি। নঞ্তৎ। বি; স্ত্রী।

অসন্তোষ—অসন্তুষ্টি, অতৃপ্তি; বিরক্তি। নঞ্তৎ। বি; পুং।

অসন্দিগ্ধ—সন্দেহশূন্য, নিঃসন্দেহ, অসংশয়িত; নিশ্চিত, অবধারিত, স্থির। ন সন্দিগ্ধ, নঞ্তৎ। বিণ। স্ত্রী,-গ্ধা।

অসন্দিহান—অসন্দেহকারী, সন্দেহশূন্য। ন সন্দিহান, নঞ্তৎ। বিণ। স্ত্রী,-না।

অসন্নিকর্ষ—অসান্নিধ্য, দূরত্ব। ন সন্নিকর্ষ, নঞ্তৎ। বি; পুং। বিণ,-কৃষ্ট।

অসন্নিধান—অসন্নিকর্ষ, অসামীপ্য, অনৈকট্য, দূরত্ব; অনুপস্থিতি, নিকটে না থাকা। নঞ্তৎ। বি; ক্লীব।

অসন্নিহিত—অসন্নিকৃষ্ট, অসমীপস্থ, দূরবর্ত্তী। নঞ্তৎ। বিণ। স্ত্রী,-তা।

অসপত্ন—শত্রুহীন, অরিশূন্য। ন (নাই) সপত্ন (শত্রু) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-ত্না।

অসপিণ্ড—সপ্তমপুরুষেতর, সাতপুরুষের বহির্ভূত; অসগোত্র। ন সপিণ্ড, নঞ্তৎ। বিণ। স্ত্রী,-ণ্ডা।

অসবর্ণ—ভিন্নজাতীয়; অন্য রঙের। নঞ্তৎ। বিণ। স্ত্রী,-র্ণা।

অসবর্ণ-বিবাহ—বিভিন্ন জাতীয় বরকন্যার বিবাহ; ব্রাহ্মণ, শূদ্র প্রভৃতি ভিন্ন বর্ণের মধ্যে বিবাহ (Intercaste marriage). কর্ম্মধা। বি; পুং।

অসভ্য—ভদ্রসমাজের অযোগ্য, বন্য; অভদ্র, অশিষ্ট। ন সভ্য, নঞ্তৎ। বিণ। স্ত্রী,-ভ্যা।

অসভ্যতা—ভদ্রসমাজের অযোগ্যতা; অশিষ্টতা, অভব্যতা, অভদ্রতা। অসভ্য+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অসম—অসমান; অসদৃশ; অসমঞ্জস; অনুপম; বিষম, বিযোড়। ন সম, নঞ্তৎ। বিণ। স্ত্রী,-মা।

অসমক্ষ—অপ্রত্যক্ষ, পরোক্ষ। ন সমক্ষ, নঞ্তৎ। বিণ।

অসমগ্র—অসম্যক্‌, অসমস্ত, অসম্পূর্ণ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–গ্রা।

অসমঞ্জস—অসদৃশ; অসঙ্গত; অনুপযুক্ত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–সা।

অসমতল—যাহা সমতল নহে, যাহার পৃষ্ঠদেশ সম নহে, উঁচুনীচু, বন্ধুর। ন সমতল, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–লা।

অসমতা,–ত্ব—অসমানত্ব; বৈষম্য; বিযোদৃত্ব; বৈসাদৃশ্য, ভিন্নতা; অনুপমত্ব। নঞ্‌তৎ; অথবা অসমের ভাব এই অর্থে অসম+তা, ত্ব। বি; স্ত্রী, ক্লীব।

অসমতি—অসম্মতি। প্রাঃ কবিপ্র। বি।

অসমদর্শী (দর্শিন্‌)—যে সকলকে সমান দেখে না এরূপ; পক্ষপাতী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–শিনী।

অসমবায়িকারণ—(ন্যায়মতে) সমবায়িকারণের আসন্নতর কারণ, সমবায়িকারণের প্রত্যাসন্ন হইয়া যাহা কারণ হয়; আগন্তুক বা নৈমিত্তিক হেতু। কর্ম্মধা। বি; ক্লীব।

অসমবায়ী (–বায়িন্‌)—অসম্বদ্ধ, অসম্পৃক্ত; নৈমিত্তিক, আগন্তুক। ন সমবায়ী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–য়িনী।

অসময়—অপ্রকৃত সময়; অযোগ্য কাল; দুঃসময়। ন (অপ্রশস্ত) সময়, নঞ্‌তৎ। বি; পুং। [নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–র্থা।

অসমর্থ—অশক্ত, অপারগ, অক্ষম, দুর্ব্বল।

অসমর্থন—অননুমোদন, পোষকতা না করা। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অসমর্পিত—অনর্পিত, . অপ্রদত্ত; যাহা সঁপিয়া দেওয়া হয় নাই। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–তা।

অসমশীর্ষ—যাহাদিগের শীর্ষ (যে সকল বর্ণের উপরিভাগ) সম অর্থাৎ একরেখাস্থ নহে, যাহা সমশীর্ষ নহে। অসম শীর্ষ (মস্তক) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–র্ষা।

অসমসত্ত্ব—বিরুদ্ধপ্রকৃতিবিশিষ্ট; ভিন্নজাতীয় (Heterogeneous). অসম সত্ত্ব যাহাতে, বহুব্রী। বিণ।

অসমসাময়িক—যাহা এককালে উৎপন্ন বা বর্ত্তমান নহে এরূপ। ন সমসাময়িক, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–কী।

অসমসাহস—অতুলনীয় সাহস, দুঃসাহস। কর্ম্মধা। বি; পুং।

অসমসাহসিক—দুঃসাহসান্বিত; যে বিপজ্জনক কার্য্য করিতে ভয় পায় না বা সঙ্কোচ করে না। অসম সাহসিক, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,–কী। বি,–তা,–ত্ব।

অসমসাহসী (–সিন্‌)—অতিশয় সাহসী, দুঃসাহসযুক্ত। অসমসাহস+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী,–সিনী।

অসমস্ত—(ব্যাকরণে) সমাসরহিত, ব্যস্ত; অসমগ্র, অসমাপ্ত, অসম্পূর্ণ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–স্তা।

অসমান—অসম; অসদৃশ; ভিন্নজাতীয়। ন সমান, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–না।

অসমাপক—অসমাপ্তিসাধক, কার্য্যাদি যে সমাপ্ত করে না; অসম্পাদক। ন সমাপক, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–পিকা।

অসমাপিত—যাহা সমাপ্ত করা হয় নাই; অসম্পাদিত; অনিষ্পন্ন। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–তা।

অসমাপ্ত—অসম্পূর্ণ, অনবসিত। ন সমাপ্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,–প্তা।

অসমাপ্তি—অসম্পূর্ণতা, শেষ না করা। ন সমাপ্তি, নঞ্‌তৎ। বি; স্ত্রী। [বিণ।

অসমিয়া—আসামপ্রদেশবাসী। দেশজ।

অসমীক্ষ্যকারিতা, –ত্ব—অবিমৃষ্যকারিতা, পূর্ব্বাপর বিবেচনা না করিয়া কার্য্যকরণ। অসমীক্ষ্যকারিন্‌+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

অসমীক্ষকারী (–কারিন্‌)—সম্যক্‌ বিবেচনা না করিয়া কার্য্যকারী, হঠকারী, অবিমৃষ্যকারী। ন (অ)–সম্‌–ঈক্ষ্‌+ল্যপ্‌ =অসমীক্ষ্য=সম্যক্‌ দর্শন অর্থাৎ বিবেচনা না করিয়া; অসমীক্ষ্য—কৃ (করা)+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–রিণী।

অসমীচীন—অনুপযোগী; অসঙ্গত; অনুত্তম, নিকৃষ্ট। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—না।
অসমীয়া—আসামপ্রদেশবাসী বা তাহাদের ভাষা বা তৎসংক্রান্ত। দেশজ। বি বা বিণ।
অসম্পর্ক—১। সম্বন্ধাভাব, সম্পর্ক না থাকা। ন সম্পর্ক, নঞ্‌তৎ। বি; পুং। ২। সম্পর্করহিত, নিঃসম্বন্ধ। ন (নাই) সম্পর্ক যাহার, বহুব্রী। বিণ।
অসম্পর্কীয়—সম্পর্কশূন্য, যাহার সহিত কোন সম্বন্ধ নাই। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।
অসম্পূর্ণ—অসমাপ্ত; অপূর্ণাঙ্গ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—র্ণা।
অসম্পৃক্ত—সম্পর্কশূন্য, সম্বন্ধবিহীন, অ-সংশ্লিষ্ট। ন সম্পৃক্ত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ক্তা।
অসম্বদ্ধ, অসংবদ্ধ—অবদ্ধ, যাহা বাঁধা নয়; সম্বন্ধশূন্য, অসংলগ্ন; অসঙ্গত। ন সম্বদ্ধ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।
অসম্বদ্ধপ্রলাপ—সম্বন্ধশূন্য বাক্যকথন, অসঙ্গত উক্তি, আবল-তাবল বকা। কর্ম্মধা। বি; পুং।
অসম্বর, অসংবর—অধৈর্য্য, অধীর, অস্থির, অসামাল। প্রাঃ কবিপ্র। বিণ। স্ত্রী,—রা।
অসম্বীত—অচেতন। প্রাঃ কবিপ্র। বিণ।
অসম্ভব—১। সম্ভব নয় এরূপ, যাহা ঘটিতে পারে না। ন (নাই) সম্ভব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা। ২। সম্ভবরাহিত্য; অলৌকিক ঘটনা। নঞ্‌তৎ। বি; পুং।
অসম্ভাবনীয়—সম্ভাবনাশূন্য, যাহা ঘটিবার সম্ভাবনা নাই এরূপ। ন সম্ভাবনীয়, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।
অসম্ভাবিত—অতর্কিত, যাহা ঘটিবে বলিয়া মনে করা যায় নাই এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।
অসম্ভাব্য—অসম্ভাবনীয়, যাহা সম্ভাবনা-যোগ্য নহে এরূপ। ন সম্ভাব্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ব্যা। বি,—তা,—ত্ব।
অসম্ভূত—অসমুদ্ভূত, অনুৎপন্ন, অজাত। ন সম্ভূত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।
অসম্ভ্রম—১। অসম্মান, অমর্য্যাদা, অনাদর; চাঞ্চল্যাভাব, স্থিরতা। নঞ্‌তৎ। বি; পুং। ২। অচঞ্চল, স্থির; মর্য্যাদাশূন্য। ন (নাই) সম্ভ্রম যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—মা।
অসম্ভ্রান্ত—সম্ভ্রমহীন, মর্য্যাদাশূন্য; অচঞ্চল, ধীর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ন্তা।
অসম্মত—অননুমত, অনভিমত; অস্বীকৃত; যে বিষয়ে সম্মতি নাই এরূপ; বিরোধী; প্রতিকূল; অপ্রিয়। ন সম্মত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।
অসম্মতি—সম্মতির অভাব, অমত। নঞ্‌তৎ। বি; স্ত্রী।
অসম্মান—অমর্য্যাদা, অবমাননা, অনাদর। ন সম্মান, নঞ্‌তৎ। বি; পুং।
অসম্মোহ—অব্যাকুলতা, উৎসাহ; যথার্থ জ্ঞান, ভ্রান্তিশূন্যতা। নঞ্‌তৎ। বি; পুং। বিণ, অসম্মূঢ়।
অসম্যক্ (অসম্যচ্)—অস্পষ্ট, অসুন্দর; অসমস্ত; অসম্পূর্ণ, অপর্য্যাপ্ত, অপ্রচুর। নঞ্‌তৎ। বিণ।
অসরল—বক্র, বাঁকা, কুটিল। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—লা।
অসহ—১। অসহিষ্ণু, ক্ষমাশূন্য। ন সহ, নঞ্‌তৎ। ২। অসহনীয়, দুঃসহ, অসহ্য। বিণ। স্ত্রী,—হা।
অসহনীয়—অসহ্য, দুঃসহ, সহ্য করা যায় না এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।
অসহমান—অসহিষ্ণু, ক্ষমাশূন্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—না।
অসহযোগ—সহযোগের অভাব, সহযোগিতা না করা (Non-co-operation). নঞ্‌তৎ। বি; পুং।
অসহযোগী (-যোগিন্)—সহযোগিতা-হীন, যে সহযোগ করে না এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—গিনী।
অসহায়—সহায়হীন; সঙ্গশূন্য, একাকী। ন

(নাই) সহায় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –য়া।

অসহিষ্ণু—অসহনশীল; সহিষ্ণুতাশূন্য, সহ্য করিতে অশক্ত; ধৈর্য্যহীন, অধৈর্য্য। নঞ্‌তৎ। বিণ।

অসহিষ্ণুতা—সহিষ্ণুতারাহিত্য, অসহনশীলতা; ধৈর্য্যহীনতা, অধৈর্য্য। অসহিষ্ণু+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অসহ্য—অসহনীয়, সহা যায় না এরূপ, দুঃসহ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –হ্যা।

অসাক্ষাৎ—অগোচর, অপ্রত্যক্ষ; দর্শনের অভাব। নঞ্‌তৎ। অব্য।

অসাক্ষাৎকার—দেখা না হওয়া; পরোক্ষজ্ঞান; প্রত্যক্ষাভাব। নঞ্‌তৎ। বি; পুং।

অসাজন্ত—সাজন্ত নহে এরূপ, যাহার সঙ্গে সাজে না, বেমানান, অশোভন। নঞ্‌তৎ। বিণ।

অসাড়—(অঙ্গাদির পক্ষে) অবশ; অনুভূতিশূন্য, বোধরহিত, নিঃশব্দ; নিষ্পন্দ। ন (নাই) সাড়া যাহার, বহুব্রী। দেশজ। বিণ।

অসাড়তা—অসাড় হওয়া। অসাড়+তা ভাবার্থে। দেশজ। বি; স্ত্রী।

অসাড়ে—অজ্ঞানে, বোধশূন্যভাবে; অজ্ঞাতে; অগোচরে। বহুব্রী। দেশজ। ক্রি-বিণ।

অসাত্ত্বিক—সত্ত্বগুণরহিত; ধর্ম্মরহিত; অধার্ম্মিক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –কী।

অসাদৃশ্য—অমিল, পার্থক্য। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অসাধ—অনিচ্ছা। নঞ্‌তৎ। 'অশ্রদ্ধা' [শব্দজ। বি।

অসাধনীয়—অসাধ্য, অকর্ত্তব্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –য়া।

অসাধারণ—যাহা সকলের নাই এরূপ; সচরাচর যাহা দেখিতে পাওয়া যায় না; অসামান্য, অলৌকিক; বিশেষ। ন সাধারণ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ণী। বি, –তা, –ত্ব।

অসাধারণত্ব—অসামান্যতা, অলৌকিকত্ব; বিশিষ্টতা, বিশেষত্ব। অসাধারণ+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

অসাধিত—অকৃত, অসম্পাদিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অসাধু—অসৎ; দুশ্চরিত্র; দূষণীয়, নিন্দার্হ, গর্হিত; অপ্রিয়; অশিষ্ট; ব্যাকরণদুষ্ট। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, অসাধু বা অসাধ্বী। বি, –তা, –ত্ব।

অসাধ্বী—অসতী, কুলটা। নঞ্‌তৎ। বিণ; [স্ত্রী।

অসাধ্য, অসাধনীয়—অসম্পাদ্য, যাহা সম্পন্ন করিতে পারা যায় না এরূপ; দুষ্কর, দুঃসাধ্য, সাধ্যাতীত; অনায়ত্ত; অপ্রতিকার্য্য, অচিকিৎস্য; প্রমাণদ্বারা অনির্ণেয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ধ্যা, –য়া। বি, –তা, –ত্ব।

অসাধ্যসাধন—যাহা অপরে করিতে পারে না এরূপ বিষয়ের সম্পাদন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অসান—অসাড়, সংজ্ঞাহীন, বোধরহিত, অনুভূতিশূন্য। বহুব্রী। প্রাদেশিক। বিণ।

অসাবধান—অসতর্ক, অনবহিত, প্রমাদী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –না।

অসাবধানতা—অসাবধানের ভাব, সাবধান না হওয়া, অসতর্কতা। অসাবধান+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অসামঞ্জস্য—অসমঞ্জসের ভাব, অসঙ্গতি; অসৌষ্ঠব, অপারিপাট্য; অসদৃশতা; অনুপযুক্ততা, অযোগ্যতা। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অসাময়িক—যাহা সময়োপযোগী নহে, কালানুপযুক্ত। ন সাময়িক, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –কী।

অসামর্থ্য—অসমর্থের ভাব, অসমর্থ হওয়া, শক্তিহীনতা, অক্ষমতা। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অসামাজিক—যাহা সমাজ-সম্বন্ধীয় নহে; সমাজের সহিত সম্পর্কশূন্য; অসাম্প্রদায়িক; সমাজের অনুপযুক্ত, অসমাজপ্রিয়, অসভ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –কী।

অসামান্য—অসাধারণ, যাহা সচরাচর ঘটে না এরূপ; লোকাতীত; অলৌকিক; অনুপম। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ন্যা।

অসামাল—যে সামলাইয়া উঠিতে পারে না, অসুবিধার অবস্থায় প্রতিকার-সাধনে অসমর্থ; আত্মরক্ষায় অপারগ, অসহায়, বিব্রত; পরিধেয়াদি সম্বন্ধে অসাবধান; মলমূত্রের বেগধারণে অসমর্থ। ন (নাই) সামাল যাহার, বহুব্রী। বিণ।

অসাম্প্রদায়িক—যাহা কোন বিশেষ সম্প্রদায়ভুক্ত নহে এরূপ, সর্ব্বজনীন; যাহা কোন দলবিশেষের নহে এরূপ; সাম্প্রদায়িকতা-দোষরহিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—কী।

অসাম্য—অসমতা, অসমানত্ব; অসাদৃশ্য; পার্থক্য; বিভিন্নতা; অনুপযুক্ততা। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অসার—সারহীন; আসল বস্তুশূন্য; অপদার্থ; দুর্ব্বল। ন (নাই) সার যাহাতে বা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

অসারতা—সারশূন্যতা; দুর্ব্বলতা। অসার+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অসি—খড়্গ, তরবারি, কৃপাণ, করবাল। অস্ (ক্ষেপণ করা)+ই কর্ম্মবা সংজ্ঞার্থে। বি; পুং।

অসিচর্ম্ম(র্ম)—তরবারি ও ফলক, ঢাল-তলওয়ার। সমাহার-দ্বন্দ্ব। বি; ক্লীব।

অসিচর্য্যা(র্যা)—অসির ব্যবহার; অসি-চালনা, তলোয়ার খেলা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অসিচালন,-চালনা—তলোয়ার চালান, তলোয়ার খেলা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।

অসিত—১। কৃষ্ণবর্ণ, শ্যামল, কাল। ন সিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা। ২। কৃষ্ণ বর্ণ, কাল রঙ্গ; কৃষ্ণপক্ষ; শনিগ্রহ; পর্ব্বতবিশেষ। বি; পুং।

অসিতোৎপল—নীলোৎপল, নীলপদ্ম। অসিত (নীল) উৎপল, কর্ম্মধা। বি; ক্লীব।

অসিতোপল—নীলকান্তমণি। অসিত উপল, কর্ম্মধা। বি; পুং।

অসিদ্ধ—অসম্পন্ন, অনিষ্পন্ন; অসম্পূর্ণ; অসিদ্ধিপ্রাপ্ত, যে সাধনায় কৃতকার্য্য হয় নাই; সফলতাশূন্য; সিদ্ধিরহিত, অকৃতকার্য্য; অপ্রামাণিক; অপক্ব, অরন্ধিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—দ্ধা। বি,—তা।

অসিদ্ধি—অনিষ্পত্তি; অসম্পূর্ণতা; সফলতা-রাহিত্য; অপ্রামাণিকতা। নঞ্‌তৎ। বি; স্ত্রী। [স্ত্রী।

অসিধারা—অসির অগ্রভাগ। ৬ষ্ঠীতৎ। বি;

অসিধারা-ব্রত—সঙ্গম-নিবারণার্থে স্ত্রী-পুরুষের মধ্যস্থলে উন্মুক্ত অসি স্থাপনপূর্ব্বক এক শয্যায় শয়ন; যুবক-যুবতীর অবিকৃত-চিত্তে একত্র অবস্থানরূপ ব্রত। অসিধারাসাধ্য ব্রত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অসিপত্র—১। খড়্গাবৎ পত্রযুক্ত বৃক্ষ, ইক্ষু-বৃক্ষ; নরকবিশেষ। অসির ন্যায় পত্র যাহার, বহুব্রী। বি; পুং। ২। খড়্গাকোষ, তরওয়ালের খাপ; ইক্ষুপত্রের ন্যায় উভয়দিকে ধারবিশিষ্ট খড়্গা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অসিপুত্রিকা, -পুত্রী—ছুরিকা, ছুরী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অসিলতা—তরবারি, অসিফলক। অসি লতাতুল্য, উপমিত কর্ম্মধা। বি; স্ত্রী।

অসীম—১। সীমাশূন্য, অনন্ত, অশেষ। ন (নাই) সীমা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—মা। ২। অনন্ত ব্রহ্ম। বি; ক্লীব।

অসু—১। প্রাণ, অপান, সমান, উদান, ব্যান,—শরীরস্থ এই পঞ্চ বায়ু। অস্+উ করণবা, সংজ্ঞার্থে। ২। চিত্ত; চিন্তা। অস্+উ কর্ম্মবা। ৩। উপতাপ। অস্+উ কর্তৃবা। বি; পুং।

অসুখ—১। দুঃখ, কষ্ট, সন্তাপ; পীড়া, রোগ। নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। দুঃখজনক, ক্লেশ-কর। ন (নাই) সুখ যাহাতে বা যাহা হইতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—খা।

অসুখড়—অসুখপ্রদ, দুঃখদায়ক, অপ্রীতি-জনক। 'অসুখদ' শব্দজ। বিণ।

অসুখদ—ক্লেশপ্রদ; কষ্টকর। উপতৎ। অসুখ—দা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

অসুখাবহ—অসুখজনক, দুঃখদায়ক, ক্লেশ-কর। ন সুখাবহ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—হা।

অসুখী (–খিন্)—অসুখিত, দুঃখিত, পীড়িত। ন সুখী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –খিনী।

অসুন্দর—কুৎসিত, কুরূপ; অনুচিত। ন সুন্দর, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –রী।

অসুবিধা—বাধাবিঘ্ন, বেবাগ, অন্তরায়। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অসুমার—অগণিত, অসংখ্য, অশেষ, অত্যধিক। ন (নাই) সুমার (গণনা) যাহার, বহুব্রী। বিণ।

অসুর—১। সুরবিরোধী, দৈত্য, দানব। ন সুর, নঞ্‌তৎ। বি; পুং। ২। দানববিশেষ, ময়দানবের পুত্র। বি; পুং।

অসুরা—রাত্রি; রাশি; বেশ্যা। ন (অ) –সু–রা+ক কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

অসুরী—১। অসুরপত্নী, দানবী। অসুর+ঈপ্। ২। রাজিকা, রাইসরিষা। অস্ (ক্ষেপণ করা)+উর কর্ম্মবা+ঈপ্। বি; স্ত্রী।

অসুলভ—দুষ্প্রাপ্য, দুর্লভ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ভা। [দেশজ। বি।

অসুসার—অসঙ্গতি, অসচ্ছল অবস্থা; দৈন্য।

অসুস্থ—রুগ্‌ণ, পীড়িত। ন সুস্থ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –স্থা। বি, –তা।

অসূক্ষ্ম—সূক্ষ্ম নয়, অক্ষুদ্র; স্থূল, মোটা; সহজবোধ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ক্ষ্মা।

অসূক্ষ্মদর্শী (–দর্শিন্)—তীক্ষ্ণবুদ্ধিহীন; স্থূলবুদ্ধি; যে অতিশয় বুদ্ধিমান্ নয় এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –র্শিনী।

অসূয়ক—অসূয়াকারী, পরগুণে দোষাবিষ্কারক; বিশ্বনিন্দুক (Cynic). অসূ+যক্ (কণ্ড্বাদি)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, –য়িকা।

অসূয়া—পরগুণে দোষারোপ, অযথা নিন্দা, ঈর্ষা, দ্বেষ; ক্রোধ; স্পর্দ্ধা। অসূ+যক্ (কণ্ড্বাদি)+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

অসূয়া-পর, –পরতন্ত্র, –পরবশ, –পরায়ণ—পরগুণে দোষাবিষ্কারক; ঈর্ষাপরায়ণ। অসূয়া পর (প্রধান) যাহার, বহুব্রী; অসূয়ার পরতন্ত্র, ৬ষ্ঠীতৎ; অসূয়ার পরবশ, ৬ষ্ঠীতৎ; অসূয়া হইয়াছে পর (প্রধান) অয়ন (আশ্রয়) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –রা, –ন্ত্রা, –শা, –ণা।

অসূর্য্য(র্য)ম্পশ্যা—সূর্য্যকেও দেখিতে পায় না এরূপ—অন্তঃপুরচারিণী (নারী), অথবা যে স্থানে সূর্য্যকিরণ প্রবেশ করে না এরূপ। ন—সূর্য্য–দৃশ্ (দেখা)+খশ্ কর্তৃবা+আপ্। বিণ; স্ত্রী।

অসৃক্ (–সৃজ্)—শোণিত, রক্ত, রুধির; কুঙ্কুম, জাফরান; (জ্যোতিষে) সপ্তবিংশতি যোগের মধ্যে ষোড়শ যোগ। ন (অ)–সৃজ্ (ত্যাগ করা)+ক্বিপ্ কর্ম্মবা সংজ্ঞার্থে। বি; ক্লীব।

অসেচনক—সৌম্যদর্শন, যাহাকে দেখিয়া তৃপ্তির শেষ হয় না, অতি প্রিয়দর্শন। ন (নাই) সেচন (তৃপ্তিলাভ) যাহা হইতে, বহুব্রী। বিণ। স্ত্রী, –নিকা।

অসেবন—অশুশ্রূষা, সেবা না করা; অনাদর; বিষয়াদি ভোগ না করা; ঔষধাদি গ্রহণ না করা। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অসেবনীয়, অসেব্য—সেবনের অযোগ্য বা অসাধ্য; যাহার সেবা করা অনুচিত বা অনাবশ্যক; অনারাধ্য; অসমাদরণীয়; অনুপভোগ্য; অভক্ষ্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –য়া, –ব্যা।

অসেবিত—যাহার সেবা করা হয় নাই; অসমাদৃত, অনাদৃত, অবজ্ঞাত; অপালিত; অনারাধিত; অনুপভুক্ত; অভক্ষিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অসেব্য—অসেবনীয় দ্রঃ।

অসৈরণ—যাহা সহা যায় না, অসহ্য ব্যাপার, অন্যায় বিষয়। দেশজ। বি।

অসৌজন্য—সৌজন্যাভাব, অসুজনতা, দৌর্জন্য, অশিষ্টতা, অসদ্ব্যবহার, অভদ্রতা। ন সৌজন্য, নঞ্‌তৎ। বি; ক্লীব।

অসৌম্য—অশান্ত; অসুন্দর, কদাকার, কুৎসিত; অকমনীয়; অপ্রীতিকর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ম্যা।

অসৌষ্ঠব—১। সৌষ্ঠব না থাকা, অপারি-

পাট্য, অসৌন্দর্য্য ; অরস, অকৌশল, অমনোমিলন ; (অলঙ্কারে) স্মরদশাবিশেষ। ন সৌষ্ঠব, নঞ্‌তৎ। বি ; ক্লীব। ২। সুষ্ঠুতা-শূন্য, সৌন্দর্য্যহীন, কদাকার। ন (নাই) সৌষ্ঠব যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা।

অসৌহার্দ্দ(র্দ), অসৌহার্দ্দ্য(র্দ্য), অসৌহৃদ, অসৌহৃদ্য—অসখ্য, অমিত্রতা, বন্ধুতা না থাকা, অসদ্ভাব, বৈর, শত্রুতা। নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অস্খলিত—স্খলনরহিত ; অপ্রতিহত ; অ-ব্যাহত ; অবিচলিত, অচঞ্চল। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অস্ত—১। পশ্চিমাচল ; (রাশিচক্রে) লগ্ন হইতে সপ্তম স্থান। অস্+ক্ত অধিবা। বি ; পুং। ২। (চন্দ্রসূর্য্যগ্রহাদির) অস্তগমন ; অবসান ; মৃত্যু। অস্+ক্ত ভাববা। বি ; ক্লীব। ৩। নিক্ষিপ্ত ; প্রেরিত ; চালিত ; ত্যক্ত ; অবসানপ্রাপ্ত। অস্+ক্ত কর্ম্মবা। বিণ।

অস্তগত—পশ্চিমাচলপ্রাপ্ত, অস্তমিত ; দৃষ্টি-বহির্ভূত। অস্তকে গত (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

অস্তগমন—পশ্চিমাচলপ্রাপ্তি, অস্তমিত হওয়া ; অদৃশ্য হওয়া, ডুবিয়া যাওয়া। অস্তে গমন, ৭মীতৎ। বি ; ক্লীব।

অস্তগমনোন্মুখ—অস্তমিতপ্রায়, যাহা একটু পরেই অদৃশ্য হইবে এরূপ। অস্তগমনে উন্মুখ, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—খী।

অস্তগামী (—গামিন্)—অস্তাচলে গমন-শীল, অস্ত যাইতেছে এরূপ ; অস্তম্রিয়মাণ, বিলীয়মান। উপতৎ। অস্ত—গম্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—মিনী।

অস্তগিরি—সূর্য্যের অস্তগমনের পর্ব্বত, অস্তাচল, পশ্চিমাচল। অস্ত নামক গিরি, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অস্তপ্রায়—প্রায় অস্তমিত। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—য়া।

অস্তব্যস্ত—অত্যন্ত ব্যস্ত, ব্যতিব্যস্ত, অস্থির, ব্যাকুল। অস্ত অথচ ব্যস্ত, কর্ম্মধা। বিণ। স্ত্রী,—স্তা।

অস্তব্যস্তে, অস্তেব্যস্তে—ব্যস্তসমস্ত হইয়া, অত্যন্ত ব্যাকুলভাবে, খুব তাড়াতাড়ি। ক্রি-বিণ।

অস্তমন—অস্তগমন। অস্তম্ (অদর্শনে) অন (গতি), সুপ্‌সুপা। বি ; ক্লীব।

অস্তমিত—অস্তগত ; বিলুপ্ত ; নষ্ট। অস্তম্—ই+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

অস্তর—১। যন্ত্র, হাতিয়ার, অস্ত্র ; চিকিৎসার্থ দেহে অস্ত্রপ্রয়োগ। 'অস্ত্র' শব্দজ। বি। ২। জামা প্রভৃতির ভিতরকার কাপড় ; রঙ্গের প্রথম লেপ (Priming) ; পলস্তারা, চূণ-সুরকি-বালি প্রভৃতির প্রলেপ। ফার্সী। বি।

অস্তরীভূত—যাহা স্তরে পরিণত হয় নাই এরূপ (Unstratified). নঞ্‌তৎ। বিণ।

অস্তশিখরী (—শিখরিন্)—অস্তগিরি। অস্ত-নামক শিখরী, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অস্তাচল—অস্তগিরি, পশ্চিম পর্ব্বত। অস্ত-নামক অচল, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অস্তাচলগত—অস্তমিত ; তিরোহিত। ২য়া-তৎ। বিণ। স্ত্রী,—তা।

অস্তাচলগামী (—গামিন্)—অস্ত-গমনোদ্যত ; অস্তমিত হইতেছে এরূপ। উপতৎ। অস্তাচল—গম্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—মিনী।

অস্তাচলচূড়া—অস্তপর্ব্বতের শিখর। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অস্তাচলচূড়াবলম্বী (—ম্বিন্)—অস্ত-গিরিশিখরারূঢ় ; অস্তপর্ব্বতের শীর্ষদেশে উপনীত ; অস্তগমনোদ্যত। উপতৎ। অস্তাচল-চূড়া—অব—লম্ব্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ম্বিনী।

অস্তায়মান—অস্তগমনোদ্যত। অস্ত+ক্যঙ্ (=অস্তায় নামধাতু)+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

অস্তি—১। বিদ্যমানতা ; স্থিতি। অব্য। ২।

আছে ; হইতেছে। অস্ (থাকা)+তিপ্। সংস্কৃত ক্রিয়া।

অস্তিত্ব—বিদ্যমানতা, সত্তা, স্থিতি, স্থায়িত্ব। অস্তি+ত্ব ভাবার্থে। বি ; ক্লীব।

অস্তেব্যস্তে—অস্তব্যস্তে দ্রঃ।

অস্তেয়—অচৌর্য্য, চৌর্য্যাভাব, চুরি না করা। ন স্তেয়, নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অস্তোদয়—১। সূর্য্যের অস্ত হইতে উদয় পর্য্যন্ত নিয়মপূর্ব্বক কার্য্যকরণ ; অস্ত হইতে উদয় পর্য্যন্ত কাল। অস্তাবধিক উদয়, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং। ২। অস্ত হইতে উদয় পর্য্যন্ত। ক্রি-বিণ।

অস্তোন্মুখ—অস্তগমনোদ্যত। অস্তে উন্মুখ, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—খী।

অস্ত্যর্থ—আছে এই অর্থ। অস্তির অর্থ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অস্ত্যর্থক—'আছে' অর্থবোধক। অস্তি অর্থ যাহার, বহুব্রী (ক আগম)। বিণ।

অস্ত্র—১। ক্ষেপণীয় প্রহারসাধনদ্রব্য, যেমন বাণ। অস্+ত্র কর্ম্মবা সংজ্ঞার্থে। ২। খড়্গ ; শস্ত্রমাত্র, আয়ুধ, প্রহরণ। অস্ (ক্ষেপণ করা) +ষ্ট্রন্ করণবা। বি ; ক্লীব।

অস্ত্রকার, —কারক—অস্ত্রনির্ম্মাতা, আয়ুধপ্রস্তুতকারক। অস্ত্র করে যে এই বাক্যে উপতৎ। অস্ত্র—কৃ+অণ, কর্তৃবা ; অস্ত্রের কারক, ৬ষ্ঠীতৎ। বি বা বিণ ; পুং।

অস্ত্রক্ষত—অস্ত্রাঘাতজনিত ক্ষত, অস্ত্রের আঘাত লাগিয়া যে ঘা হয়। অস্ত্রকৃত ক্ষত, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

অস্ত্রক্ষেপ, —ক্ষেপণ—অস্ত্র নিক্ষেপ করা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং, ক্লীব।

অস্ত্রক্ষেপক—শরাদি নিক্ষেপকারী। ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী,—পিকা।

অস্ত্রক্ষেপণ—অস্ত্রক্ষেপ দ্রঃ।

অস্ত্রগুরু—ধনুর্ব্বেদাচার্য্য, অস্ত্রবিদ্যাশিক্ষক। অস্ত্রশিক্ষক গুরু, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অস্ত্রচালনা—অস্ত্র-সঞ্চালন। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অস্ত্রচিকিৎসক—অস্ত্রদ্বারা চিকিৎসাকারী, যিনি ছুরিকাদি দ্বারা ব্রণাদি রোগের প্রতিকার করেন (Surgeon). অস্ত্র-ব্যবহারী চিকিৎসক, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অস্ত্রচিকিৎসা—ছুরিকাদি অস্ত্রের প্রয়োগ দ্বারা ব্রণাদি রোগের প্রতিকারসাধন (Surgery). ৩য়াতৎ। বি ; স্ত্রী।

অস্ত্রজীব, অস্ত্রাজীব—অস্ত্রব্যবসায়ী ; বেতনভোগী সৈনিক বা যোদ্ধা। উপতৎ। অস্ত্র —জীব্+অচ্ কর্তৃবা ; অস্ত্র আজীব যাহার, বহুব্রী। বি বা বিণ ; পুং।

অস্ত্রজ্ঞ—শস্ত্রবিৎ, আয়ুধবেত্তা, অস্ত্রের ব্যবহারে পারদর্শী। অস্ত্র—জ্ঞা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

অস্ত্রত্যাগ—অস্ত্রপরিহার ; অস্ত্রাদি নিক্ষেপ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অস্ত্রধারণ—আয়ুধ-গ্রহণ, খড়্গাদি লওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অস্ত্রধারী (—রিন্)—অস্ত্রধারণকারী, ধৃতাস্ত্র। উপতৎ। অস্ত্র শব্দ—ধৃ (ধরা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

অস্ত্রনিবারণ—শত্রুপ্রেরিত অস্ত্র প্রতিহত করা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অস্ত্রবর্জ্জ(র্জ)ন—অস্ত্রত্যাগ (Disarmament). ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

অস্ত্রবিৎ (—বিদ্)—অস্ত্রজ্ঞ, অস্ত্রবিদ্যায় পারদর্শী ; অস্ত্রপ্রয়োগকুশল। উপতৎ। অস্ত্র— বিদ্+কিপ্ কর্তৃবা। বিণ।

অস্ত্রবিদ্যা—অস্ত্রসংক্রান্ত বিদ্যা ; অস্ত্রনির্ম্মাণ বিদ্যা ; অস্ত্রক্ষেপ-বিদ্যা। মধ্যপ কর্ম্মধা বি ; স্ত্রী।

অস্ত্রবৃষ্টি—অস্ত্রবর্ষণ, নিরন্তর অস্ত্রক্ষেপণ ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

অস্ত্রবেদ—অস্ত্রবিদ্যা ; ধনুর্ব্বেদ ; সমরবিজ্ঞান যুদ্ধশাস্ত্র। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

অস্ত্রবৈদ্য—অস্ত্রচিকিৎসক। ৬ষ্ঠীতৎ। বি [পুং

অস্ত্রযুদ্ধ—অস্ত্রশস্ত্রাদি লইয়া সংগ্রাম। অস্ত্র দ্বারা যুদ্ধ ৩য়াতৎ। বি ; ক্লীব।

অস্ত্রযোদ্ধা (-যোদ্ধৃ)—অস্ত্রদ্বারা যুদ্ধকারী। অস্ত্রব্যবহারী যোদ্ধা, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; পুং। স্ত্রী,-দ্ধ্রী।

অস্ত্রলেখা—অস্ত্রদ্বারা লিখন; অস্ত্রের দ্বারা আঘাতের চিহ্ন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অস্ত্রশস্ত্র—ক্ষেপণীয় ও ধারণীয় যুদ্ধোপকরণ; সর্ব্ববিধ প্রহরণ। সমা-দ্বন্দ্ব। বি; ক্লীব।

অস্ত্রশালা—আয়ুধাগার, অস্ত্রশস্ত্র রাখিবার ঘর (Armoury). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অস্ত্রাগার—অস্ত্রশালা, আয়ুধালয়, অস্ত্রশস্ত্র রাখিবার ঘর। অস্ত্রের আগার, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অস্ত্রাঘাত—অস্ত্রদ্বারা প্রহার। ৩য়াতৎ। বি; পুং।

অস্ত্রাহত—অস্ত্রাঘাতপ্রাপ্ত, যে অস্ত্রের আঘাত পাইয়াছে এরূপ। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,-তা। [৩য়াতৎ। বি; পুং।

অস্ত্রোপচার—চিকিৎসার জন্য অস্ত্রপ্রয়োগ।

অস্থান—কুস্থান; অযোগ্য স্থান, অমুচিত স্থান; অপবিত্র দেশ; অযোগ্য পাত্র, অপাত্র; শরীরের গুহ্যস্থান (Private parts). নঞ্‌তৎ। বি; ক্লীব।

অস্থানিক—বহিরাগত; বৃক্ষকাণ্ডে জাত ('-মূল') (Adventitious). নঞ্‌তৎ। বিণ।

অস্থাবর—১। অস্থিতিশীল, গমনশীল, জঙ্গম, যাহা এক স্থানে নিবদ্ধ থাকে না এরূপ। ন স্থাবর, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,-রী। ২। স্থাবর ভিন্ন ধন; যাহাকে স্থানান্তরিত করা যায় এরূপ দ্রব্য; অলঙ্কার, তৈজসপত্র, টাকাকড়ি প্রভৃতি (Movable property). নঞ্‌তৎ। বি; ক্লীব।

অস্থায়িতা, অস্থায়িত্ব—স্থিতিরাহিত্য, ভঙ্গুরতা, নশ্বরত্ব। অস্থায়িন্+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

অস্থায়ী (-য়িন্)—চিরদিন থাকে না এরূপ, ভঙ্গুর, নশ্বর। ন স্থায়ী, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,-য়িনী।

অস্থি—হাড় (Bone); বীজ, অষ্টি, আঁটি। অস্+কথিন্ কর্ম্মবা। বি; ক্লীব।

অস্থিগ্রন্থি—হাড়ের গাঁট, যে স্থলে অস্থিদ্বয় মিলিয়া একটি সন্ধিদ্বারা বদ্ধ আছে। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অস্থিচর্ব্ব(র্ব)ণ—হাড় চিবান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অস্থিচর্ম্ম (-চর্ম্মন্), -চর্ম্ম—অস্থি ও ত্বক্, হাড় ও চামড়া। সমা-দ্বন্দ্ব। বি; ক্লীব।

অস্থিচর্ম্ম(র্ম)বিশিষ্ট—হাড়চামড়ামাত্রধারী, মাংসহীন, অতি কৃশকায়। অস্থিচর্ম্মদ্বারা বিশিষ্ট, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,-ষ্টা।

অস্থিচর্ম্ম(র্ম)সার—কঙ্কালসার, যাহার কেবল হাড় আর চামড়া আছে, মাংসহীন, শীর্ণকায়। অস্থিচর্ম্ম সার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-রা।

অস্থিচর্ম্মা(র্মা)বশিষ্ট—যাহার শরীরে কেবল চামড়া ও হাড় কয়খানি আছে—রক্তমাংসাদি কিছু নাই এরূপ, কঙ্কালাবশেষ, অত্যন্ত কৃশ। অস্থিচর্ম্ম হইয়াছে অবশিষ্ট যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-ষ্টা।

অস্থিচর্ম্মা(র্মা)বশেষ—অস্থিচর্ম্মাবশিষ্ট, হাড়চামড়াসার। অস্থিচর্ম্ম হইয়াছে অবশেষ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-ষা।

অস্থিত—স্থিতিরহিত, অবিদ্যমান, যাহা নাই; অস্থির, অনিশ্চিত। ন স্থিত, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,-তা।

অস্থিতন্ত্র—জীবদেহে অস্থিসন্নিবেশ-প্রণালী (Skeleton system). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অস্থিত-পঞ্চক, -পঞ্চম—অস্থির-পঞ্চক দ্রঃ।

অস্থিত পাটীগণিত—অঙ্কশাস্ত্রবিশেষ (Arithmetic of infinites). বি।

অস্থিতি—না থাকা; অস্থিরতা; অসঙ্গতি। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অস্থিতিস্থাপক—যাহা আকারের পরিবর্ত্তন করিলে আর পূর্ব্বাবস্থা প্রাপ্ত হয় না এরূপ।

(Non-elastic). নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, —পিকা।

অস্থিনিক্ষেপ—মৃত ব্যক্তির সদ্‌গতির জন্য গঙ্গাজলে তাহার ললাটের অস্থিবিসর্জ্জন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অস্থিপঞ্জর—চর্ম্মরক্তমাংসাদিশূন্য শরীরের অস্থিসমূহ, অস্থিমাত্রাকার শরীর, কঙ্কাল। অস্থি পঞ্জর (পিঞ্জর) সদৃশ, উপমিত কর্ম্মধা। বি; পুং।

অস্থিবিজ্ঞান—অস্থিবিদ্যা, অস্থিতত্ত্ব। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

অস্থিবিদ্যা—অস্থিবিষয়ক বিদ্যা, যে বিদ্যা শিক্ষা করিলে অস্থির অবস্থান ও অঙ্গাদির সংস্থানবিষয়ক জ্ঞান জন্মে (Anatomy). অস্থিবিষয়িণী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অস্থিবিসর্জ্জ(র্জ)ন—অস্থিনিক্ষেপ, মৃতদেহের দগ্ধাবশিষ্ট অস্থি গঙ্গায় নিক্ষেপ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অস্থিভেদ—অস্থিভঙ্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অস্থিভেদী (-ভেদিন্‌)—অস্থিভঙ্গকারী, যে বা যাহা হাড় ভাঙ্গিয়া দেয় এরূপ; হাড়ভাঙ্গা। উপতৎ। অস্থি—ভিদ্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —দিনী।

অস্থিমজ্জা—অস্থি ও তাহার মধ্যস্থ সার পদার্থ; হাড় ও মজ্জা। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

অস্থিময়—অস্থ্যাত্মক; অস্থিনির্ম্মিত; অস্থিরূপ অবয়ববিশিষ্ট; অস্থিপূর্ণ; অস্থিবহুল। অস্থি+ময়ট্‌ ব্যাপ্ত্যর্থে বা অবয়বার্থে। বিণ। স্ত্রী, —য়ী।

অস্থিমান্‌ (-মৎ)—অস্থিবিশিষ্ট, যাহার শরীরে হাড় আছে; মেরুদণ্ডী। অস্থি+মতুপ্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী, —মতী।

অস্থিমালা—অস্থিরাশি; হাড়ের মালা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

অস্থিমালী (-মালিন্‌)—১। অস্থিমালাধারী, যে হাড়ের মালা পরে। অস্থিমালা+ইন্‌ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —লিনী। ২। শিব। বি; পুং।

অস্থির—চঞ্চল, চপলস্বভাব; ব্যাকুল, উৎকণ্ঠিত; অনিশ্চিত; অধীর; অস্থায়ী, নশ্বর। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, —রা।

অস্থিরচিত্ত—১। চঞ্চল মন, যে মন স্থির থাকে না। কর্ম্মধা। বি; ক্লীব। ২। চঞ্চলমনাঃ, যাহার মনের স্থিরতা নাই; অব্যবস্থিতচিত্ত, যাহার মন একটী নির্দ্দিষ্ট পথে চলে না। অস্থির চিত্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —ত্তা। বি, —ত্তা।

অস্থিরতা, —ত্ব—চাঞ্চল্য; ব্যাকুলতা; অধীরতা, অনিশ্চয়তা; অস্থায়িত্ব। অস্থির+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

অস্থির-পঞ্চক, —পঞ্চম—১। পাটীগণিতের অঙ্কবিশেষ (Indeterminative Equation); বিষম সঙ্কটের বিষয়। অস্থির পঞ্চক, পঞ্চম যাহাতে, বহুব্রী। বি; ক্লীব। ২। অত্যন্ত অধীর। দেশজ প্রঃ। বিণ।

অস্থিরপ্রকৃতি—চঞ্চলস্বভাব। বহুব্রী। বিণ।

অস্থিরবুদ্ধি, —মতি—১। চঞ্চল মন, অব্যবস্থিত চিত্ত। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। চঞ্চলমনাঃ, চপলবুদ্ধি; অব্যবস্থিতচিত্ত। অস্থিরা বুদ্ধি, মতি যাহার, বহুব্রী। বিণ।

অস্থিরমনাঃ (-মনস্‌), —মনা—চঞ্চলমতি; অব্যবস্থিতচিত্ত। অস্থির মনঃ যাহার, বহুব্রী। বিণ।

অস্থিশেষ—অস্থিমাত্রাবশেষ, রক্তমাংসশূন্য, কঙ্কালসার। অস্থি হইয়াছে শেষ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —ষা।

অস্থিসংযোগ—অস্থিসন্নিবেশ, হাড় জোড়া দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অস্থিসঞ্চয়—মৃত্যুর চতুর্থ দিবসে দগ্ধ দেহের অস্থিসংগ্রহরূপ কার্য্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অস্থিসন্ধি—অস্থিদ্বয়ের সংযোগস্থল, হাড়ের জোড়ের জায়গা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অস্থিসমর্পণ—গঙ্গায় মৃতদেহের অস্থিনিক্ষেপ। অস্থির সমর্পণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

অস্থিসার—১। মজ্জা। ৬ষ্ঠীতৎ। বি;

পুং। ২। কঙ্কালাবশেষ, রক্তমাংসশূন্য। অস্থি মাত্র সার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

অস্থূল—স্থূলতাশূন্য, সূক্ষ্ম। ন স্থূল, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—লা।

অস্থৈর্য্য(র্য)—অস্থিরতা, চাঞ্চল্য; অধীরতা; ব্যাকুলতা; অনিশ্চয়ত্ব; অস্থায়িত্ব, নশ্বরত্ব। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অস্নাত—স্নানরহিত, যে স্নান করে নাই। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অস্নাতক—স্নাতক ভিন্ন অন্য ব্যক্তি, যে ব্যক্তি ব্রহ্মচর্য্যসমাপনপূর্ব্বক গৃহস্থাশ্রমে প্রবেশকালীন নিয়মিত স্নান করে নাই, অর্থাৎ যাহার ব্রহ্মচর্য্য সমাপ্ত হয় নাই; যে বিশ্ববিদ্যালয় হইতে গ্র্যাজুয়েট হয় নাই অর্থাৎ উপাধি লাভ করে নাই। নঞ্‌তৎ। বি; পুং।

অস্নিগ্ধ—স্নেহদ্রব্যরহিত, তৈলপদার্থবিহীন; অতেলা, অমসৃণ, কর্কশ; অশীতলকারক; অমধুর, অপ্রীতিকর। ন স্নিগ্ধ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—গ্ধা।

অস্নেহ—১। স্নেহাভাব, না ভালবাসা; তৈলদ্রব্যরাহিত্য; অমসৃণতা, অচিক্কণতা। নঞ্‌তৎ। বি; পুং। ২। স্নেহশূন্য, যাহার ভালবাসা নাই; তৈলদ্রব্যরহিত, অস্নিগ্ধ, অমসৃণ, অচিক্কণ। ন (নাই) স্নেহ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—হা।

অস্পন্দ—১। স্পন্দনশূন্য, কম্পনরহিত, অচল, অনড়, স্থির; অবশ, অসাড়। ন (নাই) স্পন্দন যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্দা। ২। স্পন্দনরাহিত্য; সংজ্ঞাহীনতা। নঞ্‌তৎ। বি; পুং।

অস্পন্দিত—অকম্পিত, কম্পনরহিত, অচল, স্থির। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—তা।

অস্পর্শ, অস্পর্শন—১। স্পর্শাভাব, স্পর্শ না করা, না ছোঁয়া; অশুচিসংস্রব ত্যাগ। নঞ্‌তৎ। বি; পুং, ক্লীব। ২। স্পর্শশূন্য; যাহাকে স্পর্শ করা যায় না; অপবিত্র। ন (নাই) স্পর্শ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্শা।

অস্পর্শনীয়, অস্পর্শ্য—স্পর্শের অযোগ্য, অশুচি; অত্যন্ত পাপিষ্ঠ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া,—র্শ্যা।

অস্পষ্ট—অস্ফুট, অব্যক্ত; অপরিষ্কার, ভাল শুনিতে বা বুঝিতে পারা যায় না এরূপ; ঝাপসা। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অস্পষ্টতা,—ত্ব—অব্যক্ততা; অস্ফুটতা; অপরিস্ফুট ভাব বা অবস্থা; অপরিষ্কার। অস্পষ্ট+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

অস্পষ্টবাক্ (—বাচ্)—অস্ফুটবাক্। বহুব্রী। বিণ।

অস্পষ্টবাদী (—বাদিন্)—অস্পষ্টভাষী, যে অস্পষ্টভাবে কথা বলে। উপতৎ। অস্পষ্ট—বদ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

অস্পষ্টভাষী (—ভাষিন্)—অস্পষ্টবাদী, যে অস্পষ্ট কথা বলে। উপতৎ। অস্পষ্ট—ভাষ্ +ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষিণী।

অস্পৃশ্য—স্পর্শের অযোগ্য, অস্পর্শনীয়, অশুচি। ন স্পৃশ্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—শ্যা।

অস্পৃশ্যতা—অপবিত্রতা; সামাজিক হীনাবস্থাদি কারণে স্পর্শের অযোগ্যতা (Untouchability). অস্পৃশ্য+তা ভাবার্থে। বি; স্ত্রী।

অস্পৃশ্যতাবর্জ্জ(র্জ)ন—সামাজিক ঐক্য স্থাপনের জন্য কাহাকেও অস্পৃশ্য করিয়া না রাখা; ছুঁৎমার্গ-পরিহার। ৬ষ্ঠীতৎ। বি;ক্লীব।

অস্পৃশ্যা—১। স্পর্শের অযোগ্যা। বিণ; স্ত্রী। ২। রজস্বলা নারী। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অস্পৃষ্ট—স্পর্শশূন্য, যাহাকে স্পর্শ করা হয় নাই এরূপ। ন স্পৃষ্ট, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

অস্পৃহ—স্পৃহাশূন্য, বিগতস্পৃহ; নির্লোভ; উদাসীন। ন (নাই) স্পৃহা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—হা।

অস্পৃহণীয়—অনভিলষণীয়, অবাঞ্ছনীয়। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—য়া।

অস্পৃহা—স্পৃহাভাব, অনভিলাষ, অনিচ্ছা; অপ্রবৃত্তি; অরুচি; বিতৃষ্ণা; লোভাভাব, নির্লোভত্ব; ঔদাসীন্য। নঞ্‌তৎ। বি; স্ত্রী।

অস্ফুট—অস্পষ্ট; অব্যক্ত; অপ্রকাশিত; অবিকসিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –টা।

অস্ফুটকণ্ঠ—১। অস্পষ্ট বাণী, যে কণ্ঠস্বর স্পষ্টরূপে উচ্চারিত নহে। কর্ম্মধা। বি; পুং। ২। অস্পষ্ট কণ্ঠস্বরবিশিষ্ট। অস্ফুট কণ্ঠ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ণ্ঠী, –ণ্ঠা।

অস্ফুটতা, –ত্ব—অস্পষ্টতা; অব্যক্ততা। অস্ফুট+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

অস্ফুটবাক্ (–বাচ্)—১। অস্পষ্ট বাক্য। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। অস্পষ্ট বাক্যবিশিষ্ট, অস্পষ্টভাষী, যে আধ আধ কথা বলে। অস্ফুটা বাক্ (বাণী) যাহার, বহুব্রী। বিণ।

অস্বচ্ছ—অনচ্ছ, প্রতিবিম্বধারণাক্ষম, যাহাতে প্রতিবিম্ব পড়ে না, বা যাহার মধ্য দিয়া দেখা যায় না; অনির্ম্মল, আবিল। ন স্বচ্ছ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –চ্ছা।

অস্বচ্ছন্দ—অস্বায়ত্ত, পরাধীন; অসুখী। ন স্বচ্ছন্দ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ন্দা। বি, –তা।

অস্বতন্ত্র—পরাধীন, পরবশ। ন স্বতন্ত্র, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –ন্ত্রা। বি, –তা, –ত্ব।

অস্বত্ব—১। স্বত্বাভাব, অনধিকার। নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। স্বত্বহীন, স্বামিত্বরহিত। ন (নাই) স্বত্ব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ত্বা।

অস্বপ্ন—১। নিদ্রাশূন্য, বিনিদ্র। ন (নাই) স্বপ্ন (নিদ্রা) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –প্না। ২। সুর, দেবতা। বি; পুং। ৩। স্বপ্নাভাব, নিদ্রারাহিত্য, না ঘুমান, জাগরণ। নঞ্‌তৎ। বি; পুং।

অস্বরস—অকৌশল, অপ্রণয়, অসদ্ভাব, মনোমালিন্য; অপছন্দ, অরুচি। নঞ্‌তৎ। বি; পুং।

অস্বর্গ্য—স্বর্গপ্রাপ্তির প্রতিবন্ধক, অধোগতিবিধায়ক। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –র্গ্যা।

অস্বস্তি—অশান্তি, অমঙ্গল; অস্বচ্ছন্দতা, অসুখ। নঞ্‌তৎ। অব্য।

অস্বস্থ—অপ্রকৃতিস্থ, অসুস্থ। ন স্বস্থ, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –স্থা।

অস্বাতন্ত্র্য—পরাধীনতা, পরবশতা; অপার্থক্য। নঞ্‌তৎ। বি; ক্লীব। [বিণ।

অস্বাদু—স্বাদহীন; বিস্বাদ। নঞ্‌তৎ।

অস্বাভাবিক—স্বভাববিরুদ্ধ; অপ্রাকৃতিক, অনৈসর্গিক; লোকাতীত, অলৌকিক, অসাধারণ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –কী। বি, –তা।

অস্বামিক—যাহার স্বামী অর্থাৎ প্রভু বা অধিকারী নাই এরূপ, স্বামিহীন, বেওয়ারিস। ন (নাই) স্বামী যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –কা।

অস্বামী (–মিন্)—১। স্বামী ভিন্ন অন্য, যাহার কোন স্বত্ব নাই এরূপ, স্বত্বহীন; অনধিকারী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –মিনী। বি, –মিতা, –মিত্ব। ২। স্বামী ভিন্ন অন্য ব্যক্তি, যাহার কোন স্বত্ব নাই এরূপ লোক; পতি ভিন্ন অন্য পুরুষ, পর পুরুষ। বি; পুং।

অস্বাম্য—স্বত্বাভাব, অনধিকার। নঞ্‌তৎ। বি; ক্লীব।

অস্বার্থ—স্বার্থহীন; উদ্দেশ্যশূন্য; ভিন্নার্থক। ন (নাই) স্বার্থ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ।

অস্বাস্থ্য—১। অসুস্থতা, পীড়া; উপদ্রব। ন স্বাস্থ্য, নঞ্‌তৎ। বি; ক্লীব। ২। স্বাস্থ্যহীন, অসুস্থ। বহুব্রী। বিণ।

অস্বীকার—অপলাপ, অপহ্নব; অসম্মতিপ্রকাশ, অনভিমতজ্ঞাপন। নঞ্‌তৎ। বি; পুং। [নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –র্য্যা।

অস্বীকার্য্য(র্য)—স্বীকারের অযোগ্য।

অস্বীকৃত—অসম্মত; অননুমোদিত; অপহ্নুত; অপলপিত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা। [বি; স্ত্রী।

অস্বীকৃতি—অসম্মতি, অস্বীকার। নঞ্‌তৎ।

অস্বৈরী (–রিন্)—অস্বাধীন, পরবশ; অস্বেচ্ছাচারী। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –রিণী।

অস্মদীয়—অস্মৎসম্বন্ধী, আমাদিগের, আমাদের। অস্মদ্+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, –য়া।

অস্মরণ—স্মরণাভাব, মনে না রাখা বা না করা ; বিস্মরণ। নঞ্‌তৎ। বি ; ক্লীব।

অস্মরণীয়—যাহা স্মরণ রাখিতে হইবে না, যাহা স্মরণ করা যায় না, স্মরণের অযোগ্য বা অসাধ্য ; স্মরণাতীত। ন স্মরণীয়, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –য়া।

অস্মার—স্মৃতিবিলোপ (Amnesia). নঞ্‌তৎ। বি ; পুং।

অস্মিতা—ব্যক্তিত্ব (Personality) ; অহং-জ্ঞান, অহঙ্কার, অভিমান (Egoism). অস্মি শব্দ+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

অস্মৃত—যাহা স্মরণ রাখা হয় নাই ; বিস্মৃত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা। [বি ; স্ত্রী।

অস্মৃতি—অস্মরণ (সকল অর্থে)। নঞ্‌তৎ।

অস্র—১। বস্ত্র বা গৃহাদির কোণ ; কেশ। অস্+র কর্ম্মবা। বি ; পুং। ২। রক্ত ; অশ্রু। বি ; ক্লীব।

অহঃ (অহন্), অহ—দিন, দিবা। ন (অ)–হা (ত্যাগ করা)+কনিন্ কর্ত্তৃবা। বি ; ক্লীব। [বি ; পুং।

অহঃপতি—সূর্য্য। অহনের পতি, ৬ষ্ঠীতৎ।

অহঃশেষ—দিবাবসান, সায়াহ্ন, সন্ধ্যাকাল। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

অহঙ্কা(ংকা)র—আত্মাভিমান, গর্ব্ব, অভিমান ; নিজেকে বড় মনে করা। অহম্–কৃ +ঘঞ্ ভাববা। বি ; পুং।

অহঙ্কা(ংকা)রী (–রিন্)—আত্মাভিমানী, গর্ব্বিত, অভিমানী। অহঙ্কার শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –রিণী।

অহঙ্কৃ(ংকৃ)ত—অহঙ্কারী, গর্ব্বিত। অহম্–কৃ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –তা।

অহঙ্কৃ(ংকৃ)তি—অহঙ্কার। অহম্–কৃ+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

অহদ—চুক্তি ; প্রতিশ্রুতি। আর্বী। বি।

অহদনামা—লিখিত চুক্তি ; চুক্তিপত্র ; উইল। আর্বী অহদ+ফার্সী নামা। বি।

অহমিকা—অহঙ্কার, গর্ব্ব, আত্মাভিমান। অহম্+ইকন্ আছে অর্থে+আপ্। বি ; স্ত্রী।

অহম্পূর্ব্বিকা—'আমি পূর্ব্বে আমি পূর্ব্বে' বলিয়া আগ্রহপ্রকাশ ; 'আমিই সর্ব্বশ্রেষ্ঠ বা সকলের অগ্রে' এইরূপ ধারণা বা উক্তি। অহম্ পূর্ব্ব যাহাতে, বহুব্রী+ক সমাসান্ত+আপ্। বি ; স্ত্রী।

অহম্বুদ্ধি—'আমিই বড়' এইরূপ জ্ঞান, অহঙ্কার। 'অহম্' এই বুদ্ধি, কর্ম্মধা। বি ; স্ত্রী।

অহরহঃ, অহরহ—দিন দিন, প্রতিদিন, সর্ব্বদা। অহঃ+অহঃ বীপ্সার্থে দ্বিরুক্তি। ক্রি-বিণ। [দ্বন্দ্ব। ক্রি-বিণ।

অহর্নিশ—দিবারাত্র। অহঃ ও নিশা, সমা-

অহহ—আঃ ; খেদ, আনন্দ, সম্বোধন, প্রকর্ষ প্রভৃতি প্রকাশক উক্তি। অহম্ শব্দ–হা (ত্যাগ করা)+ক কর্ত্তৃবা। অব্য।

অহার্য্য(র্য)—১। হরণের অযোগ্য বা অসাধ্য, যাহা হরণ করিতে পারা যায় না বা করা উচিত নয়, অহরণীয় ; অভেদ্য। ন হার্য্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –র্য্যা।

অহি—১। সর্প ; বৃত্রাসুর ; সূর্য্য ; রাহু ; পথিক ; খল ; বঞ্চক ; অশ্লেষানক্ষত্র। আ –হন্+ইন্ কর্ত্তৃবা, নিপাতনে। ২। প্রত্যাদেশ। আর্বী। বি।

অহিংস—হিংসারহিত, অপীড়ক, নিরুপদ্রব, বলপ্রয়োগে অপ্রবৃত্ত। ন (নাই) হিংসা যাহাতে বা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –সা।

অহিংসক—অহিংস্র, হিংসাবর্জ্জিত। ন হিংসক, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –কা।

অহিংসনীয়—অহিংস্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –য়া।

অহিংসা—১। হিংসার অভাব ; কাহাকেও পীড়া না দেওয়া। নঞ্‌তৎ। বি ; স্ত্রী। ২। হিংসাশূন্যা। অহিংস+আপ্। বিণ ; স্ত্রী।

অহিংসিত—যাহার হিংসা করা হয় নাই ; অহত ; অনাহত, অক্ষত। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –তা।

অহিংস্য—অহিংসনীয়, অবধ্য ; যাহার হিংসা করা উচিত নয় এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী, –স্যা।

অহিংস্র—অহিংসক, যে কাহারও হিংসা করে না এরূপ। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—স্রা।

অহিত—১। শত্রু। নঞ্‌তৎ। বি; পুং। ২। অমঙ্গল। বি; ক্লীব। ৩। অমঙ্গল-জনক, অনিষ্টকর; অযোগ্য। বহুব্রী। বিণ। স্ত্রী,—তা।

অহিতকর—অনিষ্টকর, অমঙ্গলজনক, অপ-কারী। ন হিতকর, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—রী।

অহিতকারী (—রিন্)—অনিষ্টকারক, অমঙ্গলসাধক, অপকারক, ক্ষতিজনক। উপতৎ। অহিত—কৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

অহিতাচারী (—রিন্)—অহিতকর, অনিষ্টকারী, অপকারী। উপতৎ। অহিত—আ—চর্+ণিন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

অহিতুণ্ডিক—ব্যালগ্রাহী, সর্পধারক, সাপুড়ে। অহিতুণ্ড (সর্পমুখ)+ইক (ঠন্) ক্রীড়কার্থে। বি; পুং।

অহিনকুল—সাপ ও বেজি; যাহাদের মধ্যে স্বাভাবিক বিদ্বেষ আছে। সমা-দ্বন্দ্ব। বি; ক্লীব।

অহিপূতন—শিশুদিগের গুহ্যদেশে জাত রোগবিশেষ, ব্রণরোগ (Intertrigo). অহি-পূতি (নামধাতু)+অন কর্ত্তৃবা। বি; পুং।

অহিফেন—সর্প-গরল, সাপের লাল; আফিঙ্। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অহিভয়—সর্পভীতি; রাজাদিগের বিপক্ষভয়। ৫মীতৎ। বি; ক্লীব।

অহিভুক্ (—ভুজ্)—১। সর্পভোজী, সাপখেকো। উপতৎ। অহি—ভুজ্+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ। ২। গরুড়; ময়ূর; নকুল, বেজি। বি; পুং।

অহিভূষণ—শিব, মহাদেব। অহি হইয়াছে ভূষণ যাঁহার, বহুব্রী। বি; পুং।

অহিরাজ—সর্পশ্রেষ্ঠ। অহিদিগের রাজা (রাজন্) ৬ষ্ঠীতৎ+টচ্ সমাসান্ত। বি; পুং।

অহিলতা—গন্ধনাকুলী লতা; পাণ গাছ। অহিতুল্যা লতা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

অহীন্দ্র—সর্পরাজ বাসুকি; শেষ নাগ। অহিদিগের ইন্দ্র, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি।

অহীর—আভীর; গোয়ালা। প্রাঃ কবিপ্র।

অহীশ, অহীশ্বর—সর্পরাজ বাসুকি; অনন্ত নাগ। অহিদিগের ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

অহৃদ্য—অকমনীয়, অপ্রীতিকর। ন হৃদ্য, নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—দ্যা।

অহে—সমবয়স্ক বা আপনার অপেক্ষা ন্যূন ব্যক্তিদিগের সম্বোধনসূচক শব্দ—ওহে। ন—হা+ডে করণবা। অব্য:

অহেতু—১। হেতুশূন্য, কারণহীন। ন (নাই) হেতু যাহার, বহুব্রী। বিণ। ২। কারণশূন্যতা। নঞ্‌তৎ। বি; পুং।

অহেতুক—হেতুশূন্য, অকারণ; মূলহীন; আকস্মিক; অনর্থক। বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

অহেরা—শিকার। সংস্কৃত 'আখেটক' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

অহৈতুক—স্বভাবজ, অকারণ; নিঃস্বার্থ; ফলাকাঙ্ক্ষারহিত; কপটতাশূন্য। নঞ্‌তৎ। বিণ। স্ত্রী,—কী।

অহো—সম্বোধন, শোক, অনুতাপ, নিন্দা, দয়া, বিষাদ, আশ্চর্য্য, প্রশংসা, বিতর্ক, দ্বৈধ, অসূয়া, অতএব, পাদপূরণ ইত্যাদি বাচক শব্দ। ন—হা+ডো কর্ত্তৃবা। অব্য।

অহোরাত্র—১। দিবারাত্র, সূর্য্যের এক উদয়কাল হইতে অন্য উদয়কাল পর্য্যন্ত সময়। অহঃ ও রাত্রি, দ্বন্দ্ব (সমাসান্ত অচ্)। বি; পুং। ২। নিরন্তর, সর্ব্বদা, অবিরত। ক্রি-বিণ।

অ্যা

অ্যা—(কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রবর্ত্তিত নূতন নিয়ম অনুসারে) বাঙ্গালা ভাষার দ্বিতীয় স্বরবর্ণ। ইহার উচ্চারণ বক্র 'আ' বা বিকৃত 'এ'র মত। ইহার সংক্ষিপ্ত রূপ 'যা'। সাধারণতঃ ইংরাজী শব্দ লিখিতে ইহার

সাহায্য লইতে হয় ; যথা—ব্যাট্ (Bat), অ্যাসিড্ (Acid) প্রভৃতি।

অ্যাক্সিস্—অক্ষশক্তি (Axis) দ্রঃ। বি।

অ্যাটল—(ভূগোলে) বলয় অথবা অশ্বক্ষুরের আকারবিশিষ্ট এবং মধ্যভাগে উপহ্রদযুক্ত প্রবালদ্বীপ (Atoll). বি।

অ্যাড্ভোকেট—উচ্চ আদালতের উকিল (Advocate). বি।

অ্যামোনিয়া—একপ্রকার বাষ্পীয় দ্রব্য (Amonia). বি।

অ্যাঁ—সম্বোধনের উত্তরসূচক শব্দ ; বিস্ময়জ্ঞাপক শব্দ। অব্য।

অ্যালিউমিনিয়ম—একপ্রকার ধাতু। ইং Aluminium. বি।

অ্যাসিড্—দ্রাবক, রাসায়নিক অম্লদ্রব্যবিশেষ ('এসিড্' বানানও লেখা হয়)। ইং Acid. বি।

আ

আ—১। দ্বিতীয় স্বরবর্ণ, ইহার উচ্চারণস্থান কণ্ঠ। ২। শিব ; ব্রহ্মা ; অনন্ত। আপ্ (ব্যাপা) + ডা কর্তৃবা। বি ; পুং। ৩। স্মরণ, নিশ্চয় জ্ঞান, স্বীকার, স্পর্দ্ধা, কোপ, পীড়া ইত্যাদি সূচক শব্দ। অব্য। ৪। ঈষৎ ; সম্যক্ ; সীমা ; ব্যাপ্তি ; (ক্রিয়াযোগে) বিস্তৃতি, বৈপরীত্য। সংস্কৃত আঙ্। উপসর্গ। ৫। বাঙ্গালা বিভক্তিবিশেষ (প্রাচীন বাঙ্গালায় করুক + আ = করুকা ; অসমা-ক্রি—চিন্তিআ ; মৈথিলী বাঙ্গালার কথার মাত্রা—নয়না, কজলা ইত্যাদি)। ৬। বাঙ্গালা প্রত্যয়বিশেষ (স্বার্থে—গোয়ালা ; সাদৃশ্যার্থে—(জামার) হাতা ; সম্বন্ধার্থে—ঘরোয়া ; বিশিষ্টার্থে—লোণা ; বৃহদর্থে—কাঁড়া ; অবজ্ঞায়—পটলা ; বিশেষণে—আধা)। অব্য।

আই—১। মাতা ; মাতামহী, দিদিমা। 'আর্য্যিকা' শব্দজ। বি ; স্ত্রী। ২। ছি, ধিক্। বাঙ্গালা অব্যয়। ৩। জীবিতকাল, পরমায়ু। 'আয়ুঃ' শব্দজ। বি। ৪। বাঙ্গালা প্রত্যয় (স্নেহ অর্থে—মাধাই ; তদ্ভাব অর্থে—বড়াই, খাড়াই ; ক্রিয়াবাচক অর্থে—যাচাই ; বস্তু অর্থে—মিঠাই প্রভৃতি)।

আইও, আইয়ো, এয়ো—এয়োতী বা এয়োনারী, সধবা রমণী। 'আয়ুষ্মতী' শব্দজ। বি। ['আদিত্য' শব্দজ। বি।

আইচ—আ'চফুলের গাছ, আ'চফুল।

আইড়, আড়—১। ক্ষেতের আইল, সীমা, বাঁধ ; মৎস্যবিশেষ। গ্রাম্য। বি। ২। আড়, বাঁকা, কাত। বিণ।

আইঢাই—১। অস্থির, আকুল, কাতর, ছট্‌ফট্। বিণ। ২। অস্থির ভাব। দেশজ। বি।

আইন—রাজবিধি, ব্যবহারশাস্ত্র। ফার্সী। বি।

আইন-কানুন—বিধিব্যবস্থা। ফার্সী। বি।

আইনজীবী (—**জীবিন্**)—ব্যবহারাজীব, আইনব্যবসায়ী। উপতৎ। আইন—জীব্ + ণিন্ কর্তৃবা। বিণ।

আইনজ্ঞ—ব্যবহারশাস্ত্রবিৎ ; আইনে জ্ঞানসম্পন্ন। উপতৎ। আইন—জ্ঞা + ক কর্তৃবা। বিণ। স্ত্রী.—জ্ঞা। [তস্। অব্য।

আইনতঃ—আইন অনুসারে। আইন +

আইন-পেশা—ওকালতী, আইন ব্যবসায়। আইনবিষয়ক পেশা, মধ্যপ কর্ম্মধা। ফার্সী। বি।

আইনবাজ—আইনপটু, ব্যবহারতত্ত্বজ্ঞ। আইন + বাজ জ্ঞাত অর্থে। ফার্সী। বিণ।

আইনব্যবসায়—আইনবিষয়ক পেশা ; ওকালতী, ব্যারিষ্টারী প্রভৃতি। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

আইনব্যবসায়ী (—**সায়িন্**)—ব্যবহারাজীব, আইনজীবী। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ ; পুং। স্ত্রী,—য়িনী।

আইনমত—আইন অনুযায়ী। ৬ষ্ঠীতৎ। বিণ বা ক্রি-বিণ।

আইনমাফিক—আইন অনুযায়ী, বিধিসঙ্গত। বিণ বা ক্রি-বিণ।

আইন-সঙ্গ(ংগ)ত, —সম্মত—বিধিসঙ্গত। ৭মীতৎ। বিণ।

আইনসচিব—আইন বিষয়ে মন্ত্রণাদাতা (Law Member). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আইনা, আয়না—কাচ; দর্পণ, আর্সী। ফার্সী। বি।

আইবড়, আইবুড়ো—অবিবাহিত। 'অব্যূঢ়' শব্দজ। বিণ।

আইবড়ভাত—অব্যূঢ়ান্ন, বিবাহের পূর্ব্বে বরকন্যার স্বীয় পিত্রালয়ে অন্নভক্ষণরূপ সংস্কার-বিশেষ। দেশজ। বি।

আইমা—মাতামহী, দিদিমা। 'আর্য্যমাতা' শব্দজ। বি; স্ত্রী।

আইল—১। ক্ষেত্রাদির সীমা বা বাঁধ। 'আলি' শব্দজ। বি। ২। 'আসিল' এই বাঙ্গালা ক্রিয়ার অপভ্রংশ। ক্রি। [ক্রি।

আইলা—আসিল, আসিলে। প্রাঃ কবিপ্র।

আইলাম—আসিলাম। কবিপ্র। প্রাদে। ক্রি; উত্তম পুরুষ।

আইশাশ—শাশুড়ীর মাতা, দিদি-শাশুড়ী। 'আর্য্যশ্বশ্রূ' শব্দজ। বি; স্ত্রী। [পুরুষ।

আইস—আগমন কর, এস। ক্রি। মধ্যম

আইসে—আসে, আছে; হয়। বাং ক্রি।

আউওল, আওল—উত্তম, উৎকৃষ্ট; প্রথম শ্রেণীর ('—জমি')। আর্বীমূলক। বিণ।

আউচালি—উতলা, অশান্ত। গ্রাম্য। কবিপ্র। বিণ।

আউজান, আওজান—অধিক পরিমাণে সঞ্চয় করা; বেশী করিয়া যোগান; (কপাটাদি) ভেজাইয়া দেওয়া। প্রাদে। ক্রি।

আউট—উত্তীর্ণ, বাহির; সর্ব্ববিদ্যায় নিপুণ; ফাজিল। ইং Out. বিণ।

আউটান, আওটান—আবর্ত্তন করা; (দুগ্ধাদি) জ্বাল দেওয়া বা ফুটাইয়া গাঢ় করা। গ্রাম্য। ক্রি।

আউড়—১। খড়ের আঁটি, বিচালি। প্রাদে। বি। ২। আড়, কুটিল, বাঁকা, অপাঙ্গ। 'আবৃত্ত' শব্দজ। বিণ।

আউড়ি—১। ধান রাখিবার ছোট গোলা। বি। ২। ফিরিয়া। 'আবৃত্তি' শব্দজ। গ্রাম্য। অস-ক্রি।

আউতি—আগমন, আসা। প্রাদে। বি।

আউতি-যাউতি—[লোকজনের] আসা-যাওয়া। প্রাদে। বি।

আউদড়, আউদর, আহুদ—অসংবদ্ধ, অবদ্ধ, আলুলায়িত, অসামলান; শিথিল, আল্‌গা। 'অদৃঢ়' বা 'অর্দ্ধাবৃত' শব্দজ। বিণ।

আউন্স্—পরিমাণবিশেষ, প্রায় অর্দ্ধ ছটাক। ইং Ounce. বি।

আউমাউ—দুঃখাদিসূচক অব্যক্ত শব্দ; উচ্চ ক্রন্দনধ্বনি। প্রাদে। বি।

আউয়ল—উৎকৃষ্ট; প্রথম; ষোলআনা। বৈদেশিক। বিণ।

আউর—১। আউড়, বিচালি। প্রাদে। বি। ২। আর। হিন্দীমূলক। বিণ।

আউরৎ, আওরৎ—স্ত্রীলোক, মেয়েমানুষ। আর্বী। বি। [ক্রি।

আউরান—টাটান; ব্যথা হওয়া। প্রাদে।

আউল—১। বৈষ্ণব-সম্প্রদায়-বিশেষ। ইহাদের আর একটী নাম সহজ কর্ত্তাভজা। বি। ২। উদ্দাম, উচ্ছৃঙ্খল; ব্যাকুল, অস্থির। 'আকুল' শব্দজ। বিণ।

আউলঝাউল—এলোমেলো। প্রাদে। বিণ।

আউলান—আলুলায়িত করা; বিশৃঙ্খল করা; বন্ধনমুক্ত করা, খুলিয়া ফেলা। প্রাঃ কবিপ্র। ক্রি।

আউলিয়া, আউলী—আউল সম্প্রদায়-ভুক্ত; উচ্ছৃঙ্খল; বাতুল; অল্পবুদ্ধি; বিকৃত-মস্তিষ্ক। আউল+ইয়া, ঈ। বিণ।

আউলী—১। শৃঙ্খলাশূন্য; অস্থির, ব্যাকুল। প্রাদে। বিণ। ২। বিশৃঙ্খলা। বি।

আউশ—বর্ষাকালজাত ধান্য। 'আশু' শব্দজ। বি।

আএমা—আয়মা, পুরস্কাররূপে প্রাপ্ত নিষ্কর বা স্বল্পকর জমি। আর্বী। বি।

আএমাদার—আয়মা জমির মালিক।

আর্বী আএমা+ফার্সী দার (অধিকারী) অর্থে। বি।

আও—আইস বা এস, আগমন কর। প্রাঃ কবিপ্র। হিন্দী। ক্রি। **আওই**—আসে। **আওত**—এস, আসিতেছে। **আওলু, আওলুঁ**—আসিলাম। **আওব**—আসিবে। **আওয়ে**—আসে। **আওল**—আসিল। **আওলি**—আসিলি।

আওজ—বদলি, প্রতিভূ; পুরস্কার; শব্দ। বি।

আওজান—আউজান দ্রঃ।

আওটান—আউটান দ্রঃ।

আওড়—স্রোতের জল যে স্থলে পাক মারিয়া বিপরীত মুখে প্রবাহিত হয়, আবর্ত্ত। 'আবর্ত্ত' শব্দজ। বি।

আওড়ান, -নো—আবৃত্তি করা; তোতা-পাখীর মত মুখস্থ বলিয়া যাওয়া, মুখস্থ করিবার জন্য পুনঃ পুনঃ বলা বা পাঠ করা। বাং ক্রি।

আওত—এস; আসিতেছে। প্রাঃ কবিপ্র। ক্রি।

আওতা—১। অনাতপ, ছায়া। 'আবৃত' শব্দজ। বি। ২। আতপরহিত ('—স্থান')। বিণ।

আওভাও—অভ্যর্থনা, সাদরে গ্রহণ। প্রাদে। বি।

আওয়াজ—শব্দ, রব। ফার্সী। বি।

আওরং—আউরং দ্রঃ।

আওরান, -নো—টাটান, ফুলিয়া যন্ত্রণা-প্রদ হওয়া। প্রাদে। ক্রি।

আওল—১। আসিল, আগমন করিল। প্রাঃ কবিপ্র। ক্রি। ২। আর্দ্র নিম্ন ভূমি; আলোকহীন অপরিচ্ছন্ন স্থল; বন, জঙ্গল। প্রাদে। বি। ৩। সর্ব্বশ্রেষ্ঠ; সর্ব্বোত্তম। বৈদে। বিণ।

আওলাৎ, আওলাদ—১। উচ্চতর ভূস্বামীর অধীন জমা; স্থাবর ও অস্থাবর সম্পত্তি; বাগান, বাগিচা; ফলকর বৃক্ষাদি; বংশের সন্তান। আর্বী। বি। ২। উচ্চতরের অধীন। আর্বী। বিণ।

আওসৎ—বড় জমিদারীর অধীন খাজনা-করা জমিজমা। আর্বী। বি।

আওসান—কিয়দংশে শুকাইয়া দেওয়া বা যাওয়া; ভেজান। প্রাদে। ক্রি।

আওসানি—গরুর মুখে আওসা হইলে মুখ ফুলিয়া লালা নির্গত হওয়া। প্রাদে। বি।

আওহাল—দশা, অবস্থা; বিষয়সম্পত্তি। আর্বী। বি।

আংটা, আঙ্টা—অঙ্গুরীয়, বলয়াকার ধাতুদ্রব্য, অঙ্গুরীয়। আংটি, অঙ্টি+আ বৃহদর্থে। বি।

আংটি, আঙ্টি, আংটী—ছোট আংটা, অঙ্গুরী। 'অঙ্গুরী' শব্দজ। বি।

আংরা, আঙ্রা—অঙ্গার, কয়লা। 'অঙ্গার' শব্দজ। বি।

আংরাখা, আঙ্রাখা—অঙ্গরক্ষক, চাপকান, আলখিল্লা, কামিজ প্রভৃতি জামা। 'অঙ্গরক্ষক' শব্দজ। বি।

আংশিক—অংশ-সম্বন্ধীয়; একদেশ-সম্বন্ধীয়; কতক। অংশ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

আঃ (আস্)—ক্রোধ, বিরক্তি, ক্লেশ, স্মরণ, তর্জ্জন, স্পর্দ্ধা ইত্যাদি বাচক শব্দ। আস্+কিপ্ ভাববা। অব্য।

আঁঃ—প্রশ্ন, সম্মতি, ভয়প্রদর্শন ইত্যাদি সূচক শব্দ। দেশজ। অব্য।

আঁ-আঁ—ক্রন্দন-ধ্বনি। দেশজ। অব্য।

আঁই-আঁই—ক্রন্দনধ্বনি, বিরক্তি-উৎপাদক কান্না। অব্য।

আঁইশ—শক্ত; আঁশ; বৃক্ষের ফলপত্র বঙ্কলাদির সূক্ষ্ম সূত্রবৎ অংশ। 'অংশু' শব্দজ। বি।

আঁইষ, আঁইস—মৎস্যের শক্ত বা গাত্রের উপরিস্থ ছালের প্রকারভেদ। 'আমিষ' শব্দজ। বি।

আঁওত, আঁওদ, আওদ—যে রজ্জু দ্বারা বৃষকে লাঙ্গল ও জোয়ালের সহিত আবদ্ধ করা হয়। প্রাঃ কবিপ্র। বি।

আঁক—চিহ্ন ; অঙ্ক ; সংখ্যাসংস্থাপন। 'অঙ্ক' শব্দজ। বি।

আঁকড়ষী—আঁকশি বা আঁকুশি, লগি বা লগা। 'আকর্ষী' শব্দজ। বি।

আঁকড়া—যে বলয়াকার বস্তুদ্বারা কোন দ্রব্য ধরা যায় বা ঝুলাইয়া রাখা যায়, অঙ্কুশ ; কড়া, আংটা ; বাঙ্গালা 'ক' 'ফ' অক্ষরের মস্তকস্থ বক্রাকার চিহ্ন। 'আকর্ষ' শব্দজ। বি।

আঁকড়ান,-নো—জড়াইয়া ধরা, আলিঙ্গন করা। 'অঙ্কোলন' শব্দজ। ক্রি।

আঁকড়ি—ছোট আঁকড়া (সকল অর্থে)। 'আকর্ষী' শব্দজ। বি।

আঁকবাড়ি—মাপকাঠি ; দোকানদারের জিনিসপত্র বিক্রয়ের দাগ-দেওয়া কাঠি, যাহারা লেখাপড়া জানে না তাহারা যে কাঠিতে দাগ দিয়া হিসাব রাখে। ৬ষ্ঠীতৎ। দেশজ। বি।

আঁকশলা, আঁকশলি (-শলী), আঁকসলি (-সলী)—যে দণ্ড ঢেঁকি ভেদ করিয়া উভয় পার্শ্বে পোয়ার উপর থাকে, ঢেঁকির তসিল। 'অঙ্কশলাকা' শব্দজ। বি।

আঁকশি,-শী,-ষি,-ষী,-সি,-সী—যে বক্রাগ্র দীর্ঘ দণ্ড দ্বারা কোন বস্তু উচ্চ হইতে পাড়া যায় ; লগা বা লগি, আঁকড়ষী, অঙ্কুশ, ডাঙ্গস। 'আকর্ষী' শব্দজ। বি।

আঁকা—১। অঙ্কিত করা ; রেখাদি টানা। ক্রি। ২। অঙ্কিত, যাহাতে দাগ হইয়াছে এরূপ ; যাহা চুঁইয়া বা ধরিয়া গিয়াছে এরূপ। 'অনক্' ধাতুজ। বিণ।

আঁকাড়, আঁকাড়ি—যে পরিমাণ দুই বাহু দ্বারা জড়াইয়া ধরা যায় ; রাশি ; বেষ্টন, জড়াইয়া ধরণ। দেশজ। বি।

আঁকাড়ি—১। রাশি ; বেষ্টন। বি। ২। জড়াইয়া ধরিয়া। অস-ক্রি।

আঁকান—১। অঙ্কিত করান। ২। অগ্নির উত্তাপে ধরাইয়া বা চুঁয়াইয়া ফেলা। দেশজ। ক্রি।

আঁকাবাঁকা—(দীর্ঘ বস্তু) একাধিক স্থলে বক্র ; ফিরান ঘুরান। দেশজ। বিণ।

আঁকুড়—১। আঁকুর ফল। 'অঙ্কুর' শব্দজ। বি। ২। কাষ্ঠাদির বোঝা ; স্তূপ ; রাশি। প্রাদে। বি।

আঁকুড়ি—১। আঁকড়া বা আঁকড়ি। বি। ২। আঁকড়াইয়া ধরিয়া। অস-ক্রি।

আঁকুপাঁকু, আঁকুবাঁকু—১। ব্যাকুল ; ব্যস্ত। বিণ। ২। অস্থিরতা। দেশজ। বি।

আঁকুর—অঙ্কুর, কল, কোঁড় ; প্রথমবিকাশ। 'অঙ্কুর' শব্দজ। বি।

আঁকুশি—আঁকশি দ্রঃ।

আঁখ—আঁখি, চক্ষু। 'অক্ষি' শব্দজ। বি।

আঁখর—বর্ণ। 'অক্ষর' শব্দজ। বি।

আঁখরিয়া- লিখিয়ে, লেখক ; কীর্ত্তনগানে আঁখর যোজনায় পটু। আঁখর+ইয়া নিপুণার্থে। বি বা বিণ।

আঁখি—চক্ষু। 'অক্ষি' শব্দজ। বি।

আঁখিআড়—অদৃশ্য, চোখের আড়াল। ৬ষ্ঠীতৎ। বি।

আঁখিঠার—নেত্রদ্বারা ইঙ্গিত, চক্ষুর ইসারা অপাঙ্গ দৃষ্টি। ৬ষ্ঠীতৎ। বি।

আঁচ—১। অগ্নির তাপ, উষ্ণতা, উত্তাপ। 'অর্চিঃ' শব্দজ। ২। অনুমান ; আন্দাজ, ইঙ্গিত, আভাস। 'অনচ্' ধাতুজ। বি।

আঁচড়—রেখাকার চিহ্ন ; দাগ ; নখাঘাত, ছড় ; হিজিবিজি বা তাড়াতাড়ি লেখা। দেশজ। বি।

আঁচড়া—ভূমিকর্ষণের নিমিত্ত একপ্রকার বহু দীর্ঘ দন্তযুক্ত যন্ত্র ; বিদে। দেশজ। বি।

আঁচড়া-আঁচড়ি—পরস্পর পরস্পরের গায়ে আঁচড়ান। ব্যতিহার বহুব্রী। বি।

আঁচড়ান,-নো—আঁচড় পাড়া, দাগ কাটা ; নখাঘাত করা, ছড়িয়া দেওয়া ; কেশ-সংস্কার করা। বাং ক্রি।

আঁচর, আঁচোর—আঁচল, বস্ত্রপ্রান্ত। কবিপ্র। বি।

আঁচল—বস্ত্রপ্রান্ত। 'অঞ্চল' শব্দজ। বি।

আঁচলা—আঁচল, অঞ্চল ; ফুলতোলা বা নকাসি করা বস্ত্রপ্রান্ত ; দেবপ্রতিমার

রাংতার ঐরূপ সাজ। আঁচল+আ সাদৃশ্যার্থে। বি।

আঁচা—সামান্য পুড়িয়া যাওয়া, ধরিয়া বা চুঁইয়া যাওয়া; অনুমান বা আন্দাজ করা। 'অন্চ্' ধাতুজ। বিণ।

আঁচা-আঁচি—পরস্পর অনুমান বা আন্দাজ-করণ; পরস্পর দোষানুসন্ধান। ব্যতিহার বহুব্রী। বি।

আঁচান—১। ধরাইয়া বা চুঁয়াইয়া ফেলা। ২। খাওয়ার পর হাত মুখ ধোয়া। 'আচমন' শব্দজ। ক্রি।

আঁচিল, আঁচীল—শরীরস্থ স্থায়ী ক্ষুদ্র ব্রণবিশেষ। দেশজ। বি।

আঁচোট—পতিত, অকৃষ্ট, আ-চষা ('—জমি')। প্রাদে। বিণ। [বি।

আঁজন—কজ্জল, কাজল। 'অঞ্জন' শব্দজ।

আঁজনাই—চক্ষুর পাতার প্রদাহরূপ রোগ, আঁজিনা; জেঠি। 'অঞ্জনা' বা 'অঞ্জনিকা' শব্দজ। বি।

আঁজল, আঁজলা—অঞ্জলি পরিমাণ; কর-পুট। 'অঞ্জলি' শব্দজ। আঁজল+আ স্বার্থে। বি।

আঁজি—সূক্ষ্ম দীর্ঘ রেখা; বস্ত্রপ্রান্তের সূক্ষ্ম সূত্র; পাতলা প্রলেপ; জমি প্রভৃতির খণ্ড। দেশজ। বি।

আঁজুল—অঞ্জলি পরিমাণ; অল্প, সামান্য-মাত্র। দেশজ। বিণ।

আঁট—১। কসা, খাট, টান টান। দেশজ। বিণ। ২। টান; অধ্যবসায়, যত্ন; আগ্রহ; হাট, ব্যাপারীদের মালপত্রসহ থাকিবার আড্ডা, চটি। বি।

আঁটকুড়া, -কুড়ো—নিঃসন্তান। দেশজ। বি বা বিণ; পুং।

আঁটকুড়ি, -কুড়ী—নিঃসন্তানা। দেশজ। বি বা বিণ; স্ত্রী।

আঁটন—কসিয়া বাঁধন, দৃঢ়করণ। বি।

আঁটনি, আঁটুনি—কস্নি, কসা, টান; বাঁধুনি। দেশজ। বি। [বি।

আঁটসাট—দৃঢ়তা; কষাকষি; মনোযোগ।

আঁটা—১। কসা, টান, শক্ত, দৃঢ়। দেশজ। বিণ। ২। কুলান; ধরা; সংযুক্ত করা; আটা দিয়া লাগান। বাং ক্রি।

আঁটাআঁটি—টানাটানি, কসাকসি; কৃপণতা; দৃঢ়তা; কঠিন নিয়ম। ব্যতিহার বহুব্রী। বি। [দেশজ। ক্রি।

আঁটান—ধরান, কুলান, যোগাইতে পারা।

আঁটাল—আঁটযুক্ত, কসা; শক্ত, কঠিন; বদ্ধহস্ত, কৃপণ; হিসাবী। আঁট+আল। বিণ।

আঁটি, আঁঠি—১। বীজ; আটি, তাড়া, গোছা। দেশজ। বি। ২। 'আঁটিয়া' ক্রিয়ার সংক্ষেপ। অস-ক্রি।

আঁটিসাঁটি, আঁটিসুঁটি—কষাকষি; হাতটান; আপনার স্বার্থ বুঝিয়া লইতে কড়াকড়ি। বি।

আঁটু, আঁঠু—হাটু, জানু। গ্রাম্য। বি।

আঁটুনি—আঁটনি দ্রঃ।

আঁটুনিয়া, আঁটুনে, আঁটুন্যা—সঙ্কয়ী, হিসাবী, মিতব্যয়ী; শক্ত, কঠিন, দৃঢ়। আঁটান+ইয়া করে অর্থে। বিণ।

আঁটুপাটু, আঁটুবাটু—আগ্রহ, প্রযত্ন, সবিশেষ চেষ্টা। গ্রাম্য। বি।

আঁটুল-বাঁটুল—শিশুদিগের পরস্পরের আঁটু বা হাঁটু স্পর্শ করিয়া ক্রীড়াবিশেষ। দেশজ। বি।

আঁটুলি, এঁটুলি—একপ্রকার লোমকীট (ইহা গরু, কুকুর প্রভৃতি প্রাণীর গায়ে শক্ত করিয়া কামড়াইয়া লাগিয়া থাকে)। দেশজ। বি। [বিণ।

আড়া—নিষ্ফল, বন্ধ্য (বৃক্ষাদি)। প্রাদে।

আঁড়িয়া, এঁড়ে—১। পুং (বৎসাদি)। আঁড় (∠অণ্ড)+ইয়া যুক্তার্থে। বিণ। ২। পুংবৎস; ষণ্ড, বৃষ। বি। ৩। মাতা পুনরায় অন্তঃসত্ত্বা হইলে স্তন্যাভাবে শিশুর কৃশতা রোগ; উক্ত কারণে কৃশ শিশু। প্রাদেশিক। বি। [প্রাদে। বি।

আঁড়ুল-বাঁড়ুল—বমনেচ্ছা, গা-বমিবমি।

আঁত—জঠর, উদর, পেট, গর্ভ ; নাড়ী ; অন্তর ; আত্মা। 'অন্ত্র' বা 'আত্মন্' শব্দজ। বি।

আঁতকান,-নো—চমকিয়া বা শিহরিয়া উঠা ; সহসা ভয়কম্পিত হওয়া। 'আ-তনক্' ধাতুজ। ক্রি।

আঁতড়ি, -ড়ী, আঁতুড়ী—অন্ত্র, নাড়ী-ভুঁড়ি। 'অন্ত্র' শব্দজ। বি।

আঁতপুত—পিতাপুত্র। দেশজ। বি।

আঁতর—অন্তর, ব্যবধান ; অভ্যন্তর, ভিতর। 'অন্তর' শব্দজ। বি।

আঁতাত—পরস্পর সম্প্রীতিবিশিষ্ট একাধিক রাষ্ট্র ; একাধিক রাষ্ট্রের পারস্পরিক সম্প্রীতি (Entente). বি।

আঁতি—বুকো, শসা কাঁকুড় প্রভৃতির মধ্যস্থ সবীজ অংশ। দেশজ। বি।

আঁতিপাঁতি—বিছানার মাথার দিক্ ও পায়ের দিক্ ; সর্ব্বত্র। দেশজ। অব্য ; ক্রি-বিণ। [শব্দজ। বি।

আঁতুড়—প্রসবগৃহ, সূতিকাগার। 'আতুর'

আঁতেপুতে—জনকজননী ও সন্তানে ; পিতা-পুত্রে। গ্রাম্য। বি।

আঁদি—১। আঁধার, তিমির ; ঘূর্ণি, ঝড় ; পাকজল ; লুকোচুরি খেলায় যাহার চক্ষু বাঁধিয়া দেওয়া হয়। 'অন্ধিকা' শব্দজ। বি। ২। মূল, গোড়া ; কেন্দ্র ; সর্দ্দার। 'আদি' শব্দজ। বি।

আঁদি-আঁদি—অন্ধিসন্ধি (তাহা দ্রঃ) ; অবকাশ, ফাঁক ; প্রবেশপথ ; পারিপাট্য, শৃঙ্খলা। 'অন্ধিসন্ধি' শব্দজ। বি।

আঁধল, আঁধলা—অন্ধ, দৃষ্টিহীন, নেত্রহীন। প্রাঃ কবিপ্র। বি বা বিণ।

আঁধা—দৃষ্টিশক্তিহীন। 'অন্ধ' শব্দজ। বিণ।

আঁধায়ল—অন্ধকার করিল ; অন্ধ করিল। প্রাঃ কবিপ্র। ক্রি। **আঁধায়লু**—অন্ধ করিলাম।

আঁধার—১। অন্ধকার। বি। ২। অন্ধকার-ময় ; শূন্য। 'অন্ধকার' শব্দজ। বিণ।

আঁধারি—১। অস্পষ্ট অন্ধকার ; খড়ের চালে মটকার নীচের খড় ; তক্তা জুড়িবার জন্য দ্বিসূচ্যগ্র পেরেক। বি। ২। অন্ধকার-ময়, কৃষ্ণ ('-পক্ষ')। বিণ। ৩। অন্ধকার করিয়া। কবিপ্র। অস-ক্রি।

আঁধারিয়া, আঁধারে—পুলিশপ্রহরী বা রেলষ্টেশনের কর্ম্মচারীদের ব্যবহার্য্য লণ্ঠন-বিশেষ। [ইহার নামান্তর 'আলো-আঁধারী'। ইহা ঘুরাইয়া ইচ্ছামত আলো ও আঁধার করা যায়।] আঁধার+ইয়া, এ। বি।

আঁধি, আঁধী—যে ঝড় উঠিয়া চারিদিক্ ধূলিসমাচ্ছন্ন ও অন্ধকার করিয়া ফেলে ; যে চোরাই মাল গচ্ছিত রাখে ; 'কানামাছি' খেলায় যাহার চোখ বাঁধা হয়। দেশজ। বি।

আঁধিয়ার, -য়ারা—অন্ধকারময় ("আজু আঁধিয়ারা শাঙন রাতিয়া"—শ্যামাদাস)। প্রাঃ কবিপ্র। বিণ। [বি।

আঁধি-সাঁধি—আঁদিসাঁদি (সকল অর্থে)।

আঁধী—আঁধি দ্রঃ।

আঁধুয়া, -এঁধো—১। আঁধার, তিমিরাচ্ছন্ন ; জঙ্গলাকীর্ণ। 'অন্ধক' শব্দজ। বিণ। ২। পঙ্কিল পল্বল, জঙ্গলময় ডোবা। বি।

আঁধুল—আঁধুয়া, অন্ধকারময় ; ঘনকৃষ্ণ, ঘোর কাল ; অত্যন্ত মলিন। গ্রাম্য। বিণ।

আঁবুই—ভ্রাতা বা ভগ্নীর শাশুড়ী। প্রাদে। বি। পুং, তালুই।

আঁশ, আঁস—শল্ক ; আমিষ ; ফলাদির ভিতরের ছোবড়া। 'অংশু' শব্দজ। বি।

আঁশ-ফল, আঁষ-ফল—দেখিতে লিচুর মত কিন্তু মৎস্যগন্ধ ফলবিশেষ। আঁষগন্ধি ফল, মধ্যাপ কর্ম্মধা। বি।

আঁশান—ফেঁশো তোলা ; কতকটা শুকাইয়া লওয়া। বাং ক্রি।

আঁশাল,-লো—আঁশযুক্ত ; ফেঁশোওয়ালা। 'অংশুল' শব্দজ। বিণ।

আঁষ, আঁইষ—১। আমিষ ; শল্ক। বি। ২। আমিষ-সংক্রান্ত। 'আমিষ' শব্দজ। বিণ।

আঁষজল—মাছ-ধোওয়া জল ; যে জলে মাছ জীয়ান থাকে। কর্ম্মধা। বি।

আঁষটিয়া—আমিষযুক্ত ; আমিষগন্ধযুক্ত। বিণ। [কর্ম্মধা। বি।

আঁষবঁটি—যে বঁটিতে মাছ কুটা হয় তাহা।

আঁষহাঁড়ি—মাছ রাঁধিবার হাঁড়ি, যে ভাতের হাঁড়ির সহিত আমিষ তরকারির ছোঁওয়াছুঁয়ি হয় তাহা। কর্ম্মধা। বি।

আঁষহেঁসেল—যে রান্নাঘরে মাছ রাঁধা হয়। কর্ম্মধা। বি।

আঁটে—আমিষযুক্ত ; আমিষগন্ধবিশিষ্ট। আঁষ (আমিষ) + টে (∠ টিয়া) যুক্তার্থে। বিণ।

আঁস্তাকুড়—এঁচলাকুড়, বাড়ীর যে স্থানে আবর্জ্জনা ফেলা হয় বা হাত-মুখ ধোওয়া প্রভৃতি করা হয় তাহা। 'আবর্জ্জনাকুণ্ড', 'আচমনকুণ্ড' বা 'উচ্ছিষ্টকুল' শব্দজ। বি।

আক, আখ—ইক্ষু। 'ইক্ষু' শব্দজ। বি।

আককাটা—চাষা, অভদ্র ; নীরেট বোকা ; গোঁয়ার। ৬ষ্ঠীতৎ। প্রাদে। বিণ।

আককুটে, –খুটে, আখুটে—উড়নচণ্ডে, অপব্যয়ী। দেশজ। বিণ।

আকচ, আকজ—বিবাদ, শত্রুতা। আর্বী 'আখজ' শব্দজ। বি।

আকচার, আকছার—প্রায়ই, হামেশা, সর্ব্বদা। আর্বীমূলক। ক্রি-বিণ।

আকট—কঠিন, নিষ্ঠুর, দুঃসাধ্য। দেশজ। বিণ।

আকড়িয়া, আকড়ে—মূল্যহীন, বিনা দামের ; এককড়া দামের ; সামান্য দামের। আ (না, এক) + কড়ি + ইয়া, এ মূল্যার্থে। বিণ।

আক'ড়ে-দোক'ড়ে—দুইহাতে ; বিনা বিবেচনায়। দেশজ। ক্রি-বিণ।

আকণ্ঠ—কণ্ঠ পর্য্যন্ত, গলদেশ পর্য্যন্ত। অব্যয়ী। ক্রি-বিণ।

আকণ্ঠভোজন—কণ্ঠ পর্য্যন্ত ভক্ষণ, অতিরিক্ত আহার, অতিভোজন। সুপ্সুপা। বি ; ক্লীব।

আকণ্ঠমগ্ন—যাহার কণ্ঠদেশ পর্য্যন্ত জলমগ্ন হইয়াছে। আকণ্ঠ মগ্ন, সুপ্সুপা। বিণ। স্ত্রী, –গ্না।

আকতা—১। খাসি, মুষ্কহীন। বিণ। ২ খাসি ঘোড়া। ফার্সী 'আখ্তা' শব্দজ। বি।

আকথা—কুকথা, নিন্দা, গালি। বি।

আক-থু—সশব্দে থুতু ফেলা ; ঘৃণা বা নিন্দা-সূচক শব্দ। অনুকার শব্দ। অব্য।

আকন্দ—অর্কবৃক্ষ বা তাহার ফল। 'অর্কমন্দার' শব্দজ। বি।

আকপিল—ঈষৎ কপিলবর্ণ, আপিঙ্গল। আ (ঈষৎ) কপিল, প্রাদিতৎ। বিণ। স্ত্রী, –লা।

আকপিশ—ঈষৎ কপিশবর্ণ। প্রাদিতৎ। বিণ। স্ত্রী, –শা।

আকবর—সর্ব্বশক্তিমান্, শক্তিশালী, মহত্তর। আর্বী। বিণ। **আল্লা হো আকবর**—ঈশ্বর সর্ব্বশক্তিমান্।

আকবরি, আকবরী—আকবর বাদশাহের বা তাঁহার আমলের ; আকবর-প্রবর্ত্তিত। আর্বী আকবর + ই, ঈ সম্বন্ধার্থে। বিণ।

আকম্প, আকম্পন—ঈষৎকম্প, সামান্য বিচলিত হওয়া, অল্প কাঁপা বা নড়া। আ–কম্প্ + ঘঞ্, অনট্ ভাববা। বি ; পুং, ক্লীব।

আকম্পিত—ঈষৎ কম্পিত ; সামান্য বিচলিত। প্রাদিতৎ। বিণ। স্ত্রী, –তা।

আকম্প্র—ঈষৎ কম্পবিশিষ্ট, কম্পমান। আ–কম্প্ + র কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –প্রা।

আকর—১। খনি ; উৎপত্তিস্থান ; আদি, মূল ; আধার, আস্পদ ; সমূহ। আ–কৃ + ঘ অধিবা। বি ; পুং। ২। আখর। দেশজ। ৩। দ্রব্যসামগ্রী, যৌতুক। ফার্সী। বি।

আকরজ, –জাত—খনিজ, আকরোৎপন্ন, আকরিক। আকরজ—উপতৎ। আকর–জন্ + ড কর্ত্তৃবা। আকরজাত – আকর হইতে জাত, ৫মীতৎ। বিণ। স্ত্রী, –জা, –তা।

আকরিক—১। খনিজ, খনিজাত ; খনিতে নিযুক্ত। বিণ। ২। খনিখনক, খনক। আকর

+ ইক জাতার্থে, নিযুক্তার্থে, খনকার্থে। বি; পুং। স্ত্রী,—কী।

আকরীয়—আকর-সম্বন্ধীয়, খনি-ঘটিত; আকরজাত, খনিজ। আকর+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—য়া।

আকর্ণ—কর্ণপর্য্যন্ত। অব্যয়ী। ক্রি-বিণ।

আকর্ণপূরিত—কর্ণ পর্য্যন্ত আকৃষ্ট, কর্ণ পর্য্যন্ত যাহাকে আকর্ষণ করা হইয়াছে। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

আকর্ণবিশ্রান্ত, —বিস্তৃত—কর্ণপ্রান্ত পর্য্যন্ত ব্যাপ্ত, সুদীর্ঘ, আয়ত। আকর্ণ বিশ্রান্ত, বিস্তৃত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—ন্তা,—তা।

আকর্ণ-সন্ধান—ধনুকের ছিলা কান পর্য্যন্ত টানিয়া লক্ষ্য করা। আকর্ণপূরক সন্ধান, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আকর্ষ—১। আকর্ষণ; পাশক্রীড়া। আ—কৃষ্‌+ঘঞ্‌ ভাববা। ২। অক্ষ, পাশা; ইন্দ্রিয়। আ—কৃষ্‌+ঘঞ্‌ কর্ম্মবা। ৩। আঁকুশি; লাউ প্রভৃতি লতানে গাছের শুঁয়া (Tendril). আ—কৃষ্‌+ঘঞ্‌ করণবা। ৪। চুম্বক পাথর। আ—কৃষ্‌+অচ্‌ কর্ত্তৃবা। ৫। কষ্টিপাথর। আ—কৃষ্‌+ঘঞ্‌ অধিবা। বি; পুং।

আকর্ষক—১। আকর্ষণকারী। আ—কৃষ্‌+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ষিকা। ২। চুম্বক পাথর। বি; পুং।

আকর্ষণ—১। টানিয়া আনা বা লওয়া; জড় পদার্থের যে গুণ থাকাতে পরমাণু সকল পরস্পরকে স্ব স্ব অভিমুখে আনয়ন করিবার চেষ্টা করে সেই গুণ (Attraction). আ—কৃষ্‌+অনট্‌ ভাববা, করণবা। বি; ক্লীব। ২। বাণ। আ—কৃষ্‌+অনট্‌ কর্ম্মবা। বি; ক্লীব।

আকর্ষণী—১। আঁকুশি। আ—কৃষ্‌+অনট্‌ করণবা+ঈপ্‌। বি; স্ত্রী। ২। আকর্ষণকারিণী। আ—কৃষ্‌+অনট্‌ কর্ত্তৃবা +ঈপ। বি; স্ত্রী।

আকর্ষিক—১। আকর্ষক। আকর্ষ+ইক। বিণ। স্ত্রী,—কা। ২। অয়স্কান্ত, চুম্বক লৌহ। বি; পুং।

আকর্ষিণী—১। আঁকুশি। বি; স্ত্রী। ২। আকর্ষণকারিণী। বিণ; স্ত্রী।

আকর্ষিত—আকর্ষণকারিত বা আকর্ষণ-প্রাপিত, (অন্যের দ্বারা) টানান। আ—ণিজন্ত কৃষ্‌ (=কর্ষি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আকর্ষী (—র্ষিন্‌)—১। আকর্ষণকারী। আ—কৃষ্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ষিণী। ২। আঁকুশি। বি; পুং।

আকলন—আকর্ষণ, অভিলাষ, আকাঙ্ক্ষা; বন্ধন; গণন; সংগ্রহ; অনুসন্ধান; ধারণ। আ—কল+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

আকলিত—আকৃষ্ট; অভিলষিত, আকাঙ্ক্ষিত; বদ্ধ; গণিত; সংগৃহীত; গ্রথিত। আ—কল+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আকল্প—১। ভূষণ, আভরণ; বেশ, সজ্জা। আ—কৃপ্‌+ণিচ্‌+ঘঞ্‌ করণবা। ২। কল্পনা; উন্নতি; ব্যাধি, পীড়া। আ—কৃপ্‌+ণিচ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং। ৩। কল্পান্ত পর্য্যন্ত। অব্য। ক্রি-বিণ।

আকস্মিক—অহেতুক, অচিন্ত্যনিমিত্তক, কারণ জানা যায় না অথচ কোথা হইতে আবির্ভূত; অকস্মাদুৎপন্ন, সহসা উপস্থিত বা উদ্ভূত। অকস্মাৎ শব্দ+ইক জাতার্থে। বিণ। স্ত্রী,—কী। **আকস্মিকতা**—দৈবযোগ; অনিশ্চয়তা (Chance). [বি।

আকা, আখা—চুল্লী, চুলা, উনান। প্রাদে।

আকাঁড়া—যাহা কাঁড়া হয় নাই, অনিস্তুষী-কৃত, অপরিষ্কৃত; আঝাড়া; আস্ত, আদত, গোটা; অপরিমিত; রূঢ়; অন্তর্ভেদী। নঞ কাঁড়া, নঞ্‌তৎ। বিণ।

আকাঙ্ক্ষণীয়—বাঞ্ছনীয়, অভিলষণীয়; প্রার্থনীয়। আ—কাঙ্ক্ষ্‌+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া। বি,—তা,—ত্ব।

আকাঙ্ক্ষা—অভিলাষ, বাঞ্ছা, ইচ্ছা; স্পৃহা; অনুসন্ধান, জিজ্ঞাসা; (ব্যাকরণে) বাক্যের

অর্থগ্রহজন্য এক পদ শ্রবণের পরেই অন্য পদ শ্রবণের যে ইচ্ছা হয়; যথা,—"রাম বনে" বলিবামাত্র "গমন করিয়াছিলেন" বা ঐরূপ কোন ক্রিয়া শ্রবণের ইচ্ছাকে আকাঙ্ক্ষা বলে। আ–কাঙ্ক্ষ্ (আকাঙ্ক্ষা করা)+অ ভাববা +আপ্। বি; স্ত্রী।

আকাঙ্ক্ষিত—বাঞ্ছিত, অভিলষিত, অভীষ্ট; প্রার্থিত; জিজ্ঞাসিত; আবশ্যক। আ–কাঙ্ক্ষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

আকাঙ্ক্ষী (–ঙ্ক্ষিন্)—অভিলাষী, ইচ্ছু; প্রার্থী; জিজ্ঞাসু। আ–কাঙ্ক্ষ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ঙ্ক্ষিণী।

আকাট—১। জড়বৎ, নিশ্চল, আড়ষ্ট, অসাড়; নিরেট, নেহাত। দেশজ। বিণ। ২। নিরেট মূর্খ। বি।

আকাটা—যাহা কাটা নহে, অকর্ত্তিত। নয় কাটা, নঞ্‌তৎ। বিণ।

আকাঠা—অকেজো কাঠ, যে কাঠে কোন ভাল কাজ হয় না; অন্তঃসারশূন্য কাষ্ঠ। দেশজ। বি।

আকার—১। 'আ' এই বর্ণ মাত্র। আ+কার স্বার্থে। ২। আকৃতি, মূর্ত্তি; দেহ; গঠন। আ–কৃ (করা)+ঘঞ্ কর্ম্মবা। ৩। ইঙ্গিত, হৃদ্গতভাব; শোকহর্ষাদিসূচক মুখভঙ্গ্যাদি চিহ্ন। আ–কৃ+ঘঞ্ করণবা। বি; পুং। [গোপন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আকারগুপ্তি—মুখবিকৃতি বা হৃদ্গতভাবের

আকার-গোপন—যাহাতে আকার (অর্থাৎ আকৃতি) দর্শন করিয়া অপরে মনোগত অভিসন্ধি বোধ করিতে সমর্থ না হয় এরূপ কার্য্য করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আকারণ, –ণা—সম্বোধন, আহ্বান। আ–ণিজন্ত কৃ (=কারি)+অনট্ ভাববা, পক্ষে+অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

আকারপ্রকার—আকৃতি ও প্রকৃতি; অঙ্গবৈলক্ষণ্য ও প্রকার; চেহারা ও ভাবভঙ্গী। দ্বন্দ্ব। বি; পুং।

আকারবান্ (–বৎ)—আকৃতিবিশিষ্ট, সাকার, মূর্ত্তিমান্; সুগঠিত, সৌষ্ঠবসম্পন্ন, সুন্দর। আকার+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী,–বতী।

আকারান্ত—শেষে আকারবিশিষ্ট; যাহার শেষে 'আ' আছে এরূপ ('–শব্দ')। আকার অন্তে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ন্তা।

আকারিক—সমন জারি করার জন্য নিযুক্ত পেয়াদা (Summons Bailiff). বি; পুং।

আকারিত—আহূত; অনুমোদিত, অনুজ্ঞাত; জিজ্ঞাসিত। আ–ণিজন্ত কৃ (=কারি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

আকাল—দুঃসময়; দুর্ভিক্ষ। 'অকাল' শব্দজ। বি।

আকালিক—অসময়োৎপন্ন, অকালে জাত বা উদ্ভূত; ক্ষণবিধ্বংসী, অচিরস্থায়ী। অকাল শব্দ+ইক ভবার্থে। বিণ। স্ত্রী,–কী।

আকালিকী—১। বিদ্যুৎ। বি; স্ত্রী। ২। অকালোৎপন্না। অকাল+ইক ভবার্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

আকাশ—গগন, শূন্যদেশ, অন্তরীক্ষ, নভঃস্থল। আ–কাশ্+ঘঞ্ অধিবা। বি; পুং বা ক্লীব। [আকাশ প্রথম ভূত; উহা হইতেই অন্যান্য ভূতসকল উৎপন্ন, অর্থাৎ আকাশ হইতে বায়ু, বায়ু হইতে তেজঃ, তেজঃ হইতে জল, এবং জল হইতে ভূমি উৎপন্ন হয়]। **আকাশ হইতে পড়া**—আকস্মিক বিপদে আঁতকাইয়া উঠা; অজ্ঞতার ভাণ করিয়া চমকাইয়া উঠা। **আকাশ (বা আকাশের চাঁদ) হাতে পাওয়া**—অপ্রত্যাশিত বস্তু লাভ করা। **আকাশে তোলা**—অতিরিক্ত আশা দেওয়া; অতিরিক্ত প্রশংসা করা। **আকাশ ভাঙ্গিয়া পড়া**—দারুণ বিপৎপাত।

আকাশকক্ষা—বৃত্তাকার গগনস্থ গোলক্ষেত্র, চক্রবাল (Horizon). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আকাশকুসুম—খ-পুষ্প, অলীক কল্পনা। আকাশজাত কুসুম, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আকাশগ—১। আকাশগামী, ব্যোমচারী। উপতৎ। আকাশ—গম্+ড কর্তৃবা। বিণ। স্ত্রী,—গা। ২। খেচর জীব, পক্ষী। বি; পুং।

আকাশগঙ্গা—স্বর্গঙ্গা, মন্দাকিনী। আকাশ-বাহিনী গঙ্গা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

আকাশচর—১। গগনবিহারী, খেচর। উপতৎ। আকাশ—চর্+ট কর্তৃবা। বিণ। স্ত্রী,—রী। ২। পক্ষি-প্রভৃতি। বি; পুং।

আকাশ-চাওয়া—আকাশের দিকে চাহিয়া যাহার অপেক্ষা করা হইয়াছে এরূপ ("আমার অনেক দিনের আকাশ-চাওয়া আসবে ছুটে দখিন হাওয়া।"—রবীন্দ্রনাথ)। বিণ।

আকাশচিত্র—আকাশের চিত্র, আকাশের মানচিত্র; আকাশের কোথায় কোন্ গ্রহ-উপগ্রহাদি আছে, তন্নিরূপক চিত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আকাশচুম্বী (—ম্বিন্)—গগনস্পর্শী; অতি উচ্চ। উপতৎ। আকাশ—চুম্ব্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ম্বিনী।

আকাশজ, —জাত—গগনোৎপন্ন। উপতৎ। আকাশ—জন্+ড কর্তৃবা; ২য় পক্ষে ৫মীতৎ বা ৭মীতৎ। বিণ। স্ত্রী,—জা,—তা।

আকাশদীপ, আকাশপ্রদীপ—লক্ষ্মী-নারায়ণের উদ্দেশে কার্ত্তিক মাসে উঁচু বাঁশ প্রভৃতির উপর শূন্যদেশে যে প্রদীপ দেওয়া হয়; ফানুস। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

আকাশদুহিতা (—হিতৃ)—প্রতিধ্বনি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আকাশপট—১। গগনরূপ পট, নভঃস্থল, শূন্যদেশ। রূপক কর্ম্মধা। বি; পুং। ২। আকাশের প্রতিচ্ছবি। ৬ষ্ঠীতৎ। বি।

আকাশপথ—গগনমার্গ, নভঃস্থল, শূন্যদেশ। আকাশই পন্থা (পথিন্), কর্ম্মধা (সমাসান্ত অ প্রত্যয়)। বি; পুং।

আকাশপরমাণু, আকাশাণু—আণবিক ব্যূহ, অণুসমষ্টি (Ether atom, groups of atom). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আকাশ-পাতাল—১। আশমান-জমিন, বিস্তর, খুব, অনন্তপ্রকার। দেশজ। বিণ। ২। অন্তরীক্ষ ও পৃথিবীর অধোভাগ। সমাহন্দ্ব। বি; ক্লীব।

আকাশপ্রদীপ—আকাশদীপ দ্রঃ।

আকাশপ্রান্ত—আকাশের শেষভাগ, যে-স্থানে পৃথিবী ও আকাশ মিলিত হইয়াছে বলিয়া বোধ হয়, চক্রবাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আকাশবচন, আকাশবাণী—দৈববাণী, অশরীরিবাক্য। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, স্ত্রী।

আকাশভাঙ্গা, —ভাঙা—অত্যধিক ('—বৃষ্টি'); ভীষণ ('—বিপদ')। আকাশ ভাঙ্গিয়াছে যাহাতে, বহুব্রী। বিণ।

আকাশভাষিত—আকাশবাণী, দৈববাণী; (নাট্যোক্তিতে) কথিত বাক্য না শুনিয়াও 'কি বলিতেছ' ইত্যাদি উক্তি। আকাশস্থিত ভাষিত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আকাশমণ্ডল—গগনমণ্ডল, নভোমণ্ডল। আকাশ মণ্ডলসদৃশ, উপমিত কর্ম্মধা। বি; পুং।

আকাশযন্ত্র, —যান—ব্যোমযান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আকাশস্থ, —স্থিত—গগনে স্থিতিশীল, যাহা আকাশে থাকে বা আছে। উপতৎ, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—স্থা,—তা।

আকিঞ্চন—১। নির্ধনতা, দারিদ্র্য, দৈন্য, দীনতা। অকিঞ্চন+অণ্ ভাবার্থে। বি; ক্লীব। ২। যত্ন, চেষ্টা, আগ্রহ; প্রার্থনা। দেশজ। বি।

আকীর্ণ—বিক্ষিপ্ত; ব্যাপ্ত, বিস্তৃত। আ—কৃ+ক্ত কর্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্ণা।

আকুঞ্চন—সঙ্কোচন, কোঁকড়ান; বক্রণ, বাঁকিয়া যাওয়া। আ—কুন্চ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

আকুঞ্চনীয়—কুঞ্চনসাধ্য, যাহাকে কুঞ্চিত করিতে (কোঁকড়াইতে) পারা যায়; কুঞ্চনশীল। আ—কুন্চ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

আকুঞ্চিত—সঙ্কুচিত; ঈষৎ বক্রীকৃত; সঙ্কো-

চিত, নমিত। আ—কুন্চ্+ক্ত কর্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আকুড়া—আঁকড়া, বক্রাগ্র দণ্ডযন্ত্র, যেমন লাঙ্গলদণ্ডের সহিত যুগ আবদ্ধ করিবার বক্রাগ্র দণ্ড; বঁড়শীর ন্যায় বক্রমুখ অস্ত্রবিশেষ; আকর্ষী, লতার শুঁয়া। 'আকর্ষী' শব্দজ। বি।

আকুড়ী—অঙ্কুর; শুঁয়া; লতাতন্তু; 'ক'এর আঁকড়ী। আকুড়া+ঈ স্বার্থে বা ক্ষুদ্রার্থে। বি।

আকুল—১। ব্যাকুল, অস্থিরচিত্ত; ব্যগ্র; বিহ্বল; চকিত, ভীত; চলিত; সঙ্কুল; সঙ্কীর্ণ; পূর্ণ; সন্দিহান; অস্বস্থ; অস্পষ্ট। আ—কুল্+ক কর্তৃবা। ২। ব্যাপ্ত; বিপর্য্যস্ত, বিক্ষিপ্ত। আ—কুল্+ক কর্ম্মবা। বিণ। স্ত্রী,—লা। [স্ত্রী।

আকুলি—ব্যাকুলা। প্রাঃ কবিপ্র। বিণ;

আকুলিত—ব্যাকুলিত, অস্থির; বিপর্য্যস্ত; বিক্ষিপ্ত; উদ্‌ভ্রান্ত; সঞ্চালিত, আন্দোলিত। আ—কুল্+ক্ত কর্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আকুলি-বিকুলি—১। আকুলভাবে, ব্যস্ত-সমস্ত হইয়া, তাড়াতাড়ি। দেশজ। ক্রি-বিণ। ২। ব্যাকুলতা, ব্যগ্রতা, ব্যস্ততা, কাতরতা, বিহ্বলতা; অনুনয়-বিনয়। বি।

আকুলীকৃত—ব্যাকুলীকৃত, বিক্ষোভিত। আকুল শব্দ+চ্বি অভূততদ্ভাবার্থে (=আকুলী) —কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আকূত—মনোভাব; তাৎপর্য্য; ইচ্ছা, আশয়। আ—কূ+ক্ত ভাববা। বি; ক্লীব।

আকৃতি—অবয়বসংস্থান, আকার, মূর্ত্তি; বপুঃ, শরীর; প্রকার; রূপ; দ্বাবিংশতি অক্ষরযুক্ত ছন্দোবিশেষ। আ—কৃ (করা) +ক্তি করণবা। বি; স্ত্রী।

আকৃতিগত—দৈহিক, আকারসম্বন্ধী, বাহ্য। ৭য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

আকৃষ্ট—যাহাকে আকর্ষণ করা হইয়াছে এরূপ, টানা; বশীকৃত; গৃহীত; প্রলোভিত। আ—কৃষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

আকৃষ্যমাণ—বলপূর্ব্বক আনীয়মান, যাহাকে আকর্ষণ করা হইতেছে, টানা হইতেছে এরূপ। আ—কৃষ্+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ণা। [বিণ।

আক্কারা—আক্রা, মহার্ঘ। 'অক্রেয়' শব্দজ।

আক্কুটে, আখুটে—হতভাগ্য, দীনহীন। দেশজ। বিণ।

আক্কেল—বুদ্ধি, বোধ, বিবেচনা, জ্ঞান। আর্বী 'অক্‌ল্' শব্দজ। বি।

আক্কেল-গুড়ুম—১। হতবুদ্ধি, বিহ্বল, স্তম্ভিত। বিণ। ২। বিহ্বলতা; বুদ্ধিভ্রংশ। আর্বীমূলক। বি।

আক্কেল-দাঁত—বুদ্ধিদন্ত, যে দাঁত পূর্ণবয়সে ওঠে, বুড়োদাঁত (Wisdom-tooth). বি।

আক্কেল-সেলামি—নির্ব্বুদ্ধিতা জন্য কৃত-কর্ম্মের দণ্ড, আহাম্মুকীর শাস্তি। বি।

আক্‌চা-আক্‌চি, আখ্‌চা-আখ্‌চি—রেষারেষি, শত্রুতা। দেশজ। বি।

আক্রম—অতিক্রম; অভিভব, পরাভব; অধিকার, প্রাপ্তি; বিক্ষেপ; আক্রমণ; অধিষ্ঠান; উদয়; পরাক্রম; বিক্রম। আ—ক্রম্+ঘঞ্ ভাববা। বি; পুং।

আক্রমণ—অন্যায়পূর্ব্বক অন্যের প্রতি বল-প্রকাশ, চড়াও হওয়া, জোর করিয়া ধরণ; [অন্যান্য অর্থের জন্য আক্রম দ্রঃ]। আ—ক্রম্+অনট্ ভাববা। বি; ক্লীব।

আক্রমণীয়—আক্রমণের যোগ্য, যাহা বা যাহাকে আক্রমণ করা আবশ্যক বা উচিত এরূপ। আ—ক্রম্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া। বি,—তা,—ত্ব।

আক্রা—দুর্ম্মূল্য, মহার্ঘ, মাগ্‌গি। 'অক্রেয়' শব্দজ। বিণ।

আক্রান্ত—যাহাকে আক্রমণ করা হইয়াছে এরূপ; অতিক্রান্ত; অভিভূত; অধিষ্ঠিত; অধিগত; গ্রস্ত; পীড়িত; ব্যাপ্ত। আ—ক্রম্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্তা।

আক্রীড়—১। ক্রীড়া, খেলা। আ—ক্রীড়্+ঘঞ্ ভাববা। ২। রাজার সাধারণ উদ্যান,

কেলিকানন ; ক্রীড়াস্থান (Gymnasium). আ—ক্রীড়্ + ঘঞ্ অধিবা। বি ; পুং।
আক্রীড়ন—ক্রীড়া বা কেলিকরণ, খেলা করা। আ—ক্রীড্ + অনট্ ভাববা। বি; ক্লীব।
আক্রুষ্ট—নিন্দিত ; অভিশপ্ত ; তিরস্কৃত ; আহূত। আ—ক্রুশ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।
আক্রোশ, আক্রোশন—ভৎর্সনা ; শাপ, অভিসম্পাত ; গালিদান ; নিন্দা, অভিযোগ ; ক্রোধ ; আহ্বান। আ—ক্রুশ্ + ঘঞ্, অনট্ ভাববা। বি ; পুং, ক্লীব।
আক্রোশক—তিরস্কারক, নিন্দক, অভিযোক্তা। আ—ক্রুশ্ + ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—শিকা।
আক্রোশনীয়—নিন্দনীয়, ভৎর্সনীয়, তিরস্কার্য্য ; অভিশপ্তব্য, শাপ দিবার যোগ্য। আ—ক্রুশ্ + অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।
আক্লান্ত—১। নিরতিশয় ক্লান্ত। আ—ক্লম্ + ক্ত কর্ত্তৃবা। বিণ। ২। ঈষৎ শ্রান্ত। আ (ঈষৎ) ক্লান্ত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ন্তা।
আক্ষরিক—অক্ষরসম্বন্ধীয়, বর্ণঘটিত ; অক্ষররচিত, বর্ণাত্মক ; অক্ষরানুযায়ী, অক্ষরে অক্ষরে, বর্ণে বর্ণে। অক্ষর শব্দ + ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী। **আক্ষরিক অনুবাদ**—সম্পূর্ণরূপে মূলানুযায়ী অনুবাদ ; সম্যক্ ভাষান্তর (Literal translation).
আক্ষিপ্ত—আক্ষেপযুক্ত, দুঃখিত, ক্ষুব্ধ ; ভৎর্সিত ; নিন্দিত ; বিক্ষিপ্ত ; আকৃষ্ট ; অবসিত। আ—ক্ষিপ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—প্তা।
আক্ষেপ—ভৎর্সনা, নিন্দা ; ক্ষোভ, মনস্তাপ ; বিক্ষেপ ; আকর্ষণ ; অবসান ; হাত পা খেঁচা (Convulsion) ; কাব্যের অলঙ্কারবিশেষ। আ—ক্ষিপ্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।
আক্ষেপক—১। ভৎর্সনাকারী, নিন্দক। আ—ক্ষিপ্ + ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা। ২। বাতরোগবিশেষ। বি ; পুং।
আক্ষোট, আক্ষোড়—আখরোট গাছ অথবা ফল। অক্ষোট, অক্ষোড় + অণ্ স্বার্থে। বি ; পুং।
আখ—১। খননাস্ত্র, খনিত্র, খন্তা। আ—খন্ + ড করণবা। বি ; পুং। ২। ইক্ষু। 'ইক্ষু' শব্দজ। বি।
আখজ, আখেজ, আখোজ—শক্রতা ; দ্বেষ, হিংসা ; বিরোধ, কলহ। আর্বী 'অখেজ' শব্দজ। বি।
আখট, আখটি, আখুটি, আখট্টি—শিশুর আব্দার বা বায়না, খোট, জেদ। 'অখট্টি' শব্দজ। বি।
আখড়বাজ—উগ্রপ্রকৃতি, রুক্ষস্বভাব ; একগুঁয়ে ; গোঁয়ার-গোবিন্দ। দেশজ। বিণ।
আখড়া—মঠ ; সাধুসন্ন্যাসীর আশ্রম, কলাবিদ্যা বা মল্লবিদ্যা অভ্যাসের স্থান, আড্ডা। 'অক্ষবাট' শব্দজ। বি। **আখড়া দেওয়া**—গানবাজনার মহলা দেওয়া।
আখড়াই—যাত্রাগান প্রভৃতির প্রারম্ভিক অনুষ্ঠান ; অভিনয়াদি শিক্ষার নিমিত্ত প্রাথমিক অভ্যাস ; অনুক্রমণিকা ; সূত্রপাত ; গৌরচন্দ্রিকা ; মহলা (Rehearsal). হিন্দী। বি।
আখড়াধারী (—ধারিন্)—মঠাধিকারী বা মঠাধ্যক্ষ। দেশজ। বি বা বিণ ; পুং।
আখণ্ডল—ইন্দ্র। আ—খন্ড্ (ভগ্ন করা) ডল কর্ত্তৃবা, সংজ্ঞার্থে। বি ; পুং।
আখণ্ডলধনুঃ (—ধনুস্), —ধনু—ইন্দ্রধনু। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।
আখনিক—খননকারক, খনক। আ—খন্ + ই কর্ত্তৃবা + কন্ স্বার্থে। বি ; পুং।
আখম্বা, আখাম্বা—দীর্ঘাকৃতি, অতিদীর্ঘ, বিশালকায় ; আছোলা। বৈদেশিক। বিণ।
আখর—কীর্ত্তন গানের সময়ে গায়ক-গায়িকা কর্ত্তৃক সময়োপযোগী দুই চারিটি শ্রুতিমধুর অতিরিক্ত শব্দের প্রয়োগ ; অক্ষর, বর্ণ। দেশজ। 'অক্ষর' শব্দজ। বি।
আখরিয়া—অক্ষর-জ্ঞান-বিশিষ্ট ; অক্ষর-

বিন্যাসকারক, লিপিকর, লেখক; উত্তম হস্তাক্ষর-লেখক, কীর্ত্তনের পদে 'আখর' দানে নিপুণ। আখর+ইয়া নিপুণার্থে। দেশজ। বিণ বা বি।

আখরোট—বাদামের মত একপ্রকার ফল। 'আক্ষোট' শব্দজ। বি।

আখা—চুল্লী, উনান। 'অস্থিকা' শব্দজ। বি।

আখাড়া—১। আখড়া (সকল অর্থে)। বি। ২। যাহা খাড়া নহে এরূপ। নয় খাড়া, নঞ্‌ তৎ। বিণ।

আখির, আখের—অন্ত, অবসান, শেষ; পরিণাম, শেষ দশা। আর্বী। বি।

আখিরী, আখেরী—১। বৎসরের হিসাব-নিকাশের শেষ সময়; জমিদারদের পুণ্যাহের পূর্ব্বদিন পর্য্যন্ত সময়। আর্বী। বি। ২। অন্তিম, শেষ, ধতম। বিণ।

আখু—মূষিক; শূকর; সিঁদেল চোর; কৃপণ-বিশেষ। আ—খন্‌+ডু কর্ত্তৃবা। বি; পুং।

আখুটি, আখুটী—১। আখজ, শত্রুতা, দ্বেষ, নষ্টামি; আক্রোশ। প্রাঃ কবিপ্র। ২। শিশুদের বায়না বা আব্দার। 'অথট্টি' শব্দজ। বি।

আখুটে (আক্‌খুটে)—আবদেরে, উড়নচড়ে, অপব্যয়ী। আখুটি+এ (∠ইয়া)। বিণ।

আখেজ—আখজ দ্রঃ।

আখেট, আখেটন—ত্রাস, ভয়; মৃগয়া। আ—খিট্‌+ঘঞ্‌, অনট্‌ ভাববা। বি; পুং, ক্লীব।

আখেটক—১। মৃগয়াশীল, শিকারী, ত্রাস-জনক। আ—খিট্‌+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —টিকা। ২। মৃগয়া। বি; পুং।

আখেটি, —টী—ব্যাধ, শিকারী। বি।

আখের—আখির দ্রঃ।

আখেরী—আখিরী দ্রঃ।

আখোট—১। আখরোট গাছ। বি; পুং। ২। আখরোট ফল। বি; ক্লীব।

আখ্যা—১। নাম, সংজ্ঞা, অভিধা। আ—খ্যা+অঙ্‌ করণবা+আপ্‌। ২। কথন। আ—খ্যা+অঙ্‌ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

আখ্যাত—১। কথিত, উল্লিখিত; অভিহিত; সূচিত; প্রকাশিত; বাখ্যাত; প্রসিদ্ধ। আ—খ্যা (বলা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা। ২। (ব্যাকরণে), তিঙন্তপদ, তি প্রভৃতি বিভক্তিযুক্ত পদ। বি; ক্লীব।

আখ্যাতব্য—আখ্যেয় দ্রঃ। স্ত্রী, —ব্যা।

আখ্যান—১। কথন; নামোল্লেখ; বর্ণন। আ—খ্যা+অনট্‌ ভাববা। ২। ইতিহাস; উপন্যাস, কল্পিত আখ্যায়িকা; আর্ষ মহাকাব্যের (রামায়ণ মহাভারতাদির) সর্গ। আ—খ্যা+অনট্‌ কর্ম্মবা। বি; ক্লীব। ৩। নাম, পরিচয়। প্রাঃ কবিপ্র। বি।

আখ্যাপত্র—পুস্তকের প্রথমে যে পৃষ্ঠায় পুস্তকের নাম, গ্রন্থকর্ত্তার নাম প্রভৃতি থাকে (Title-page). আখ্যাযুক্ত পত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আখ্যায়ক—কথক, প্রচারক; প্রকাশক; বার্ত্তাহর। আ—খ্যা (বলা)+ণক কর্ত্তৃবা। বিণ বা বি; পুং। স্ত্রী, —য়িকা।

আখ্যায়িকা—১। আখ্যায়ক দ্রঃ। বিণ; স্ত্রী। ২। ইতিহাস বা উপন্যাসবিষয়ক প্রবন্ধ-বিশেষ, বৃত্তান্ত, কথা। বি; স্ত্রী।

আখ্যায়ী (—য়িন্‌)—কথক, বক্তা। আ—খ্যা+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —য়িনী।

আখ্যেয়, আখ্যাতব্য—কথনীয়, বক্তব্য। আ—খ্যা (বলা)+যৎ, তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী, —য়া, —ব্যা।

আগ—১। অগ্র, পূর্ব্ব; অগ্রভাগ; স্ত্রীলোক-দিগের একপ্রকার শুভাশুভ গণনা। বি। ২। আদি, প্রথম; চরম, উচ্চতম; অগ্রগামী, অগ্রবর্ত্তী। 'অগ্র' শব্দজ। বিণ। ৩। অগ্নি, আগুন। হিন্দীমূলক। বি। **আগ তোলা** —দেবপূজার উদ্দেশে কোন কিছু তুলিয়া রাখা। **আগ বাড়ান**—অগ্রসর হওয়া।

আগড়—প্রবেশদ্বারাদির অপসারণীয় আটক বা বেড়া, ঝাঁপ, টাটি। 'অর্গল' শব্দজ। বি।

আগড়-বাগড়, আগড়ম-বাগড়ম—এটা সেটা, ফটকি নাটকি, তুচ্ছ বা অকেজো নানারকম জিনিস; বিবিধ বস্তু; অনর্থক বাক্য, প্রলাপ। দেশজ। বি।

আগড়ম-বাগড়ম—১। নগণ্য, বাজে, তুচ্ছ। বিণ। ২। আবোল-তাবোল; বড় বড় কথা; চাল। দেশজ। বি। [বি।

আগড়া—তুষ ধান্য, শস্যহীন ধান; তুষ, ভুষি।

আগড়ি, আগড়ী, আগুড়ি—১। অগ্র-ভাগ বা অগ্রদেশ, সম্মুখ; ঘোটকাদির অগ্র-পদবন্ধনরজ্জু। হিন্দী 'আগাড়ী' শব্দজ। বি। ২। অগ্রবর্ত্তী। বিণ।

আগডোম-বাগডোম—শিশুক্রীড়ায় নিরর্থক শব্দ; অসংলগ্ন কথা; ঘোড়ার সাজ। দেশজ। বি।

আগত—১। আসিয়াছে এরূপ; আয়াত, উপস্থিত। আ—গম্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —তা। ২। আগমন। আ—গম্+ক্ত ভাববা। বি; ক্লীব।

আগতপ্রায়—প্রায় আগত, অল্প সময়ের মধ্যেই যে আগমন করিতেছে; আসন্ন। প্রায় আগত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, —য়া।

আগদড়ি—ঘোড়ার সম্মুখের পায়ে বন্ধ দড়ি। ৬ষ্ঠীতৎ। বি।

আগদান—অগ্নিতপ্ত লৌহাদি ধাতু পিটিয়া বড় করা বা জোড়া দেওয়া; পেটা; মারা; প্রহার করা। ক্রি।

আগন্তু, আগন্তুক—১। অতিথি, অভ্যাগত ব্যক্তি; নবাগত অপরিচিত ব্যক্তি। আগন্তু =আ—গম্+তু কর্ত্তৃবা; আগন্তুক=আগন্তু +কন্ স্বার্থে। বি; পুং। ২। আগমনশীল; বাহির হইতে আগত; অচিরস্থায়ী, নৈমিত্তিক। বিণ। স্ত্রী, —কা।

আগম—১। বেদাদিশাস্ত্র; তন্ত্রশাস্ত্র; শাস্ত্র-জ্ঞান। [যাহা শিবমুখ হইতে নিঃসৃত, পার্ব্বতী কর্ত্তৃক আকর্ণিত, এবং বাসুদেবের অনুমোদিত, তাহাই আগম নামে কথিত হয়]। আ—গম্+অপ্ করণবা। বি; পুং বা ক্লীব। ২। লেখ্যাদি প্রমাণ। ৩। আগমন; আমদানী; উপদেশ; আশ্রয়; উপার্জ্জন; আরম্ভ; উপক্রম; প্রাপ্তি; উৎপত্তি। আ—গম্+অপ্ ভাববা। ৪। (ব্যাকরণে) প্রকৃত্যাদি অবিকৃত রাখিয়া উপস্থিত বর্ণ, প্রকৃতি বা প্রত্যয়ের মধ্যে কাহারও বিনাশ না করিয়া তন্মধ্যে বর্ণবিশেষের উপস্থিতি। আ—গম্+অচ্ কর্ত্তৃবা। বি: পুং। ৫। অগাধ, অথই, ডুবন (জল)। দেশজ। বিণ।

আগমন—উপস্থিতি, আসা। আ—গম্+ অনট্ ভাববা। বি; ক্লীব।

আগম-নিয়ামক—যে রাজকর্ম্মচারী বিদেশ হইতে পণ্য আমদানী নিয়ন্ত্রণ করেন (Controller of Import). ৬ষ্ঠীতৎ। বি।

আগম-নিরপেক্ষ—যাহা লেখ্যাদি প্রমাণের উপর নির্ভর করে না। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —ক্ষা।

আগমনী—আগমন-গাথা, বিশেষতঃ পার্ব্ব-তীর পিত্রালয়ে আগমনের গান; উদ্বোধন-গাথা; অভ্যর্থনা-সঙ্গীত। আগমন+ঈ। বি; স্ত্রী।

আগমবাগীশ—তন্ত্রশাস্ত্রজ্ঞ পণ্ডিতদের উপাধিবিশেষ; তন্ত্রশাস্ত্রে ব্রহ্মা বা বৃহস্পতির তুল্য। ৭মীতৎ। বি; পুং।

আগমবিরোধ—শ্রুতিবিরোধ; (অলঙ্কার-শাস্ত্রে) কাব্যের অর্থদোষবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আগমবেদী (´ —বেদিন্)—শাস্ত্রজ্ঞ, পণ্ডিত। উপতৎ। আগম শব্দ—বিদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —দিনী।

আগম-সাপেক্ষ—যাহা লেখ্যাদি প্রমাণের উপর নির্ভর করে। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —ক্ষা।

আগম-শুল্ক-সমাহর্ত্তা (—র্ত্তৃ), —র্ত্রী—বিদেশাগত পণ্যের উপর ধার্য্য শুল্ক আদায়-কারী (Collector of Customs). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আগয়ান, আগেয়ান, আগোয়ান—

অজ্ঞান, নির্ব্বোধ। প্রাঃ কবিপ্র। বিণ। স্ত্রী,—নী।

আগর—১। সম্বোধন-শব্দ হে। দেশজ। অব্য। ২। অগ্রণী, অগ্রগণ্য, শ্রেষ্ঠ; নিপুণ, দক্ষ; অগ্রসর। 'অগ্র' শব্দজ। বিণ। স্ত্রী,—রী। ৩। আগার, গৃহ, আলয়; খনি; আধার। 'আগার' বা 'আকর' শব্দজ। ৪। কাষ্ঠাদি ছিদ্র করিবার একপ্রকার তুরপুন বা ভ্রমরযন্ত্র। ইং Auger শব্দজ। ৫। ডালা। 'আগল' শব্দজ। বি।

আগরি—১। আগার, গৃহ; আধার। 'আগার' শব্দজ। বি। ২। অগ্রণী; অগ্রসর। 'অগ্রণী' শব্দজ। প্রাঃ কবিপ্র। বিণ।

আগরী—১। অঘোর, অচেতন। 'অঘোর' শব্দজ। প্রাঃ কবিপ্র। বিণ। ২। আগর (২) দ্রঃ।

আগল—১। আগর, অগ্রণী, অগ্রবর্ত্তী; মজবুত; কাতর। প্রাঃ কবিপ্র। 'অগ্র' শব্দজ। বিণ। ২। আগড়, আটক, বেড়া, ঝাঁপ; রক্ষণাবেক্ষণের ভার। 'অর্গল' শব্দজ। বি।

আগলা, আগলান,—নো—রক্ষণাবেক্ষণ করা; রক্ষা করা; আবৃত করা, ঢাকা। 'অর্গল' শব্দজ। বি।

আগলি, আগলী—১। অগ্রগামী, অগ্রবর্ত্তী সুনিপুণ, দক্ষ, প্রথম, প্রধান; পরিপূর্ণ। 'অগ্রণী' শব্দজ। বিণ। ২। আগার, আলয়; প্রাঃ কবিপ্র। ৩। প্রথম স্থান, সর্ব্বাগ্রবর্ত্তিতা; সকলকে পশ্চাতে ফেলা। 'অগ্র' শব্দজ। বি। ৪। আগুলাইয়া, রক্ষা করিয়া। কবিপ্র। অস-ক্রি।

আগা—১। অগ্রভাগ, ডগা; প্রান্তভাগ, অন্ত, মস্তক; শেষ ভাগ, মুড়া। 'অগ্র' শব্দজ। ২। মুসলমান ওমরাহবিশেষ। আর্বী। বি।

আগাও—আগাম, অগ্রিম। 'অগ্রিম' শব্দজ। বিণ।

আগাকার, আগেকার—ডগার, অগ্রভাগের, পূর্ব্বের। আগা+কার সম্বন্ধার্থে। বিণ।

আগাগোড়া—আদ্যন্ত, প্রথম হইতে শেষ পর্য্যন্ত, সমুদায়। আগা অবধিক গোড়া, মধ্যপ কর্ম্মধা। ক্রি-বিণ।

আগাছা—হীনবৃক্ষ, অপ্রয়োজনীয় বা অনিষ্টকর ছোট গাছ। আ (সদৃশ) গাছের, অব্যয়ী+আ তুচ্ছার্থে। বি।

আগাড়—অগ্রবর্ত্তী, আগের, সম্মুখের; অগ্রপদ বন্ধনের (দড়ি); অগ্রপদের (লাথি); অগ্রিম। হিন্দীমূলক। বিণ।

আগাড়ি, আগাড়ী—১। আগেকার, পূর্ব্ববর্ত্তী। 'অগ্রণী' শব্দজ। বিণ। ২। ঘোড়ার সম্মুখের পায়ে বাঁধা দড়ি। বি। ৩। অগ্রিম হিসাবে, আগাম। ক্রি-বিণ।

আগান,—নো—অগ্রসর হওয়া; এগনো। দেশজ। ক্রি।

আগা-পাছতলা, আগা-পান্তলা, আগা-পাস্তাড়া—আপাদমস্তক, পা হইতে মাথা পর্য্যন্ত, আগাগোড়া, সর্ব্বাঙ্গে। 'অগ্রপদতল' শব্দজ। ক্রি-বিণ।

আগাম—১। অগ্রিম, আগাড়ি বা আগুড়ি, দাদনস্বরূপ। 'অগ্রিম' শব্দজ। বিণ। ২। অগ্রে, প্রথমে। ক্রি-বিণ।

আগামিক—আগামী (In-coming). বিণ। বিপরীতার্থক শব্দ—নির্গামিক।

আগামী (-মিন্)—পরে আসিবে বা হইবে এরূপ, ভাবী, ভবিষ্যৎ। আ—গম্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—মিনী।

আগার—আলয়, গৃহ। অগার শব্দ+অন্ স্বার্থে। বি; ক্লীব।

আগাল—অগ্রভাগ, আগা বা ডগা; অবশিষ্ট; খুদ। আগ+আল স্বার্থে বা জাতার্থে। বি।

আগালি, আগালে—১। আগাল, ডগা; খুদ; অগ্রবর্ত্তী পশু বা পশুযুগল; শিবিকার অগ্রবাহক; আগাড়ি, আগদড়ি। বি। ২। অগ্রবর্ত্তী। বিণ।

আগি—১। আগুন। হিন্দীমূলক। বি। ২। অগ্নিতুল্য, বিষম ক্রুদ্ধ; ঘোর রাগী। বিণ।

আগিলা—অগ্রবর্তী, আগের ; প্রথমে জাত। প্রাঃ কবিপ্র। বিণ।

আগু—১। অগ্রে, আগে। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ। ২। অগ্রগামী, অগ্রবর্ত্তী। অগ্রিম, আগাম। 'অগ্র' শব্দজ। বিণ। ৩। অগ্র ; প্রথম। বি।

আগুগুড়ি—অগ্রসর হইয়া ("কৃপা কর আগুগুড়ি এজনার কেশে ধরি"—নরোত্তম দাস)। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

আগুড়ি, আগুড়ী—১। আগাড়ি, আগাম, অগ্রিম ; অগ্রগামী, পুরোবর্ত্তী। প্রাদে। বিণ। ২। নিয়মিত সময়ের অগ্রে। ক্রি-বিণ।

আগুন—১। অগ্নি, অনল। বি। ২। অগ্নিতুল্য উত্তপ্ত, ক্রুদ্ধ। 'অগ্নি' শব্দজ। বিণ।

আগুন-কপালে—যাহার অদৃষ্টে আগুন অর্থাৎ অগ্নিজনিত কষ্টের ন্যায় মহাকষ্ট এরূপ, দুরদৃষ্ট। আগুনদগ্ধ কপাল, মধ্যপ কর্ম্মধা+এ (∠ইয়া) যুক্তার্থে। বিণ।

আগুনখাগী—অতিশয় ক্রোধান্বিতা ; অতি ব্যস্তসমস্তা ও উদ্বিগ্না। দেশজ। বিণ।

আগুনি—আগুন, অগ্নি ; জ্বালা। প্রাঃ কবিপ্র। বি।

আগুপাছু, আগপাছু—১। অগ্রপশ্চাৎ। ক্রি-বিণ। ২। ভূতভবিষ্যৎ ; বর্ত্তমান ও ভাবী অবস্থা ; কারণ ও কার্য্যের বিষয়। 'অগ্রপশ্চাৎ' শব্দজ। বি। [বিণ।

আগুয়ান—অগ্রসর। 'অগ্রবান্' শব্দজ।

আগুরি, আগরি, আগুরী—হিন্দুজাতি-বিশেষ, উগ্রক্ষত্রিয়। 'উগ্র' শব্দজ। বি।

আগুলা, আগুলান—আগলান (তাহা দ্রঃ)। গ্রাম্য ; ক্রি।

আগুলি—১। আগুলিয়া, আগলাইয়া, আট্‌কাইয়া। কবিপ্র। অস-ক্রি। ২। অগ্রগণ্যা, শ্রেষ্ঠা, প্রধানা। প্রাঃ কবিপ্র। বিণ ; স্ত্রী। [ক্রি-বিণ।

আগুলফ—গোড়ালি পর্য্যন্ত। অব্যয়ী।

আগুলফলম্বিত—গুল্ফ পর্য্যন্ত লম্বমান। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

আগুসর—আগুয়ান। 'অগ্রসর' শব্দজ। কবিপ্র। বিণ।

আগুসরি, আগুসরে—অগ্রসর হইয়া। প্রাঃ কবিপ্র। অস-ক্রি।

আগুসার—অগ্রসর, আগুয়ান। 'অগ্রসর' শব্দজ। প্রাঃ কবিপ্র। বিণ। [ক্রি।

আগুসারে—অগ্রসর হয়। প্রাঃ কবিপ্র।

আগে—অগ্রে ; পূর্ব্বে ; প্রথমে ; আদিতে। 'অগ্রে' শব্দজ। ক্রি-বিণ। **আগে পাছে**—পূর্ব্বে ও পরে ; সম্মুখে ও পশ্চাতে। **আগে-ভাগে**—প্রথমেই, অগ্রেই।

আগেকার—পূর্ব্বের ; পূর্ব্ব সময়ের ; প্রথম। আগে+কার সম্বন্ধার্থে। বিণ।

আগেয়ান—আগয়ান দ্রঃ।

আগোড়—ঝাঁপ, আবরণ, টাটি। 'অর্গল' শব্দজ। বি।

আগোর—অঘোর ; অচেতন। প্রাঃ কবিপ্র। বিণ। স্ত্রী,—রী।

আগোরল—আগুলিল বা আগলাইল ; অধিকার বা ভোগ করিল ; প্রকাশ করিল। প্রাঃ কবিপ্র। ক্রি।

আগোরি—১। আগার, আলয় ; ডালি ; আধার। 'আগার' শব্দজ। বি। ২। আগুলিয়া বা আগলাইয়া ; ঢাকিয়া ; আটকাইয়া। প্রাঃ কবিপ্র। অস-ক্রি। ৩। অগ্রগণ্যা, শ্রেষ্ঠা। বিণ ; স্ত্রী।

আগ্নেয়—১। অগ্নিসম্বন্ধীয় ; অগ্নিবিশিষ্ট ; অগ্নিধর, অগ্নিগর্ভ ; অগ্নিসংযোগে ক্রিয়াশীল ; অগ্নিজনক ; অগ্নির বৃদ্ধিকারী ; দীপ্তিমান্। অগ্নি শব্দ+এয়, উৎপন্নার্থে, সম্বন্ধীয়ার্থে, বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী,—য়ী। ২। অগ্নিপুরাণ। অগ্নি+এয় দেবতা ইহার এই অর্থে। বি ; ক্লীব।

আগ্নেয়গিরি,—পর্ব্বত(র্ব)ত—যে পর্ব্বতের শিখরদেশ হইতে সময়ে সময়ে ধূম, অগ্নিশিখা, ভস্ম, ধাতুনিঃস্রব প্রভৃতি নির্গত হয় তাহা (Volcano). কর্ম্মধা। বি ; পুং।

আগ্নেয়প্রস্তর,—শিলা—যে সকল প্রস্তর অগ্নির সাহায্যে তাহাদের বর্ত্তমান অবস্থা

প্রাপ্ত হইয়াছে, অর্থাৎ প্রথমে অগ্নিতাপে দ্রব হইয়া পরে বর্ত্তমান আকার প্রাপ্ত হইয়াছে। (Volcanic rock); চকমকি পাথর। কর্ম্মধা। বি; পুং, স্ত্রী।

আগ্নেয়াস্ত্র—যে সকল অস্ত্র অগ্নি উদ্গিরণ করে, যথা—কামান, বন্দুক প্রভৃতি। কর্ম্মধা। বি; ক্লীব।

আগ্নেয়ী—আগ্নেয় দ্রঃ। বিণ; স্ত্রী।

আগ্রহ—অতিযত্ন; অতিব্যগ্রতা; অভিনিবেশ, আসক্তি; গ্রহণ; অনুগ্রহ; আক্রমণ; অতিক্রম, অতিবর্ত্তন। আ—গ্রহ্+অপ্ ভাববা। বি; পুং।

আগ্রহান্বিত—আগ্রহযুক্ত, অতি যত্নশীল, ব্যগ্র। আগ্রহ দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

আগ্রহায়ণ, আগ্রহায়ণিক—অগ্রহায়ণ মাস। অগ্রহায়ণ+অণ্ স্বার্থে; অগ্রহায়ণী+ +ইক তদ্‌যুক্তার্থে। বি; পুং।

আগ্রহায়ণী—অগ্রহায়ণ মাসের পূর্ণিমা তিথি; মৃগশিরানক্ষত্র। অগ্রহায়ণ+অণ্ যুক্তার্থে+ঈপ্। বি; স্ত্রী।

আঘট্টন—ঘর্ষণ, সংঘর্ষ; স্পর্শ; আলোড়ন, ঝাঁকি দেওয়া। আ—ঘট্ট্+অনট্ ভাববা। বি; ক্লীব।

আঘট্টিত—ঘৃষ্ট; স্পৃষ্ট; আলোড়িত। আ—ঘট্ট্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আঘাট—১। অপামার্গ বৃক্ষ, আপাঙ্ গাছ; সীমা। আ—ঘাটি (হিংসা করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। অঘাট; ঘাট ভিন্ন অন্য স্থান। 'অঘট্ট' শব্দজ। বি।

আঘাটা—ঘাট ভিন্ন অন্য স্থান, আঘাট বা অঘাট। 'অঘট্ট' শব্দজ। বি।

আঘাত—প্রহার; তাড়ন; আঘট্টন; বধ; ছেদন। আ—হন্ (বধ করা)+ঘঞ্ ভাববা।

আঘাতক—আঘাতকারী। আ—হন্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তিকা।

আঘাতন—আঘাত, প্রহার, মারা; বধ। বধসম্পাদন। আ—ণিজন্ত হন্ (=ঘাতি) +অনট্ ভাববা। বি; ক্লীব।

আঘাতসহ—প্রহারসহনক্ষম, মার বা পিটন সহ্য করিতে পারে এরূপ; আঘাত পাইলেও না ভাঙ্গিয়া বিস্তৃত হইতে পারে এরূপ গুণবিশিষ্ট; ঘাতসহ (Malleable—ধাতু প্রভৃতি)। উপতৎ। আঘাত—সহ্+অচ্ কর্ত্তৃবা, বিণ। স্ত্রী,—হা। [কবিপ্র। অস-ক্রি।

আঘাতি—আঘাত করি বা করিয়া।

আঘাতিয়া—১। আঘাত করিয়া। অস-ক্রি। ২। আঘাতকারী; দারুণ। আঘাত +ইয়া করে অর্থে। বিণ।

আঘাবিঘা—বিঘ্ন, ব্যাঘাত, বাধা। আঘা ('আঘাত' শব্দজ) এবং বিঘা ('বিঘ্ন' শব্দজ)। দ্বন্দ্ব। বি।

আঘাসা,—সি—দেখিতে ঘাসের মত কিন্তু প্রকৃতপক্ষে ঘাস নহে এরূপ আগাছা। আ (সদৃশ) ঘাসের, অব্যয়ী+আ তুচ্ছার্থে। বি।

আঘূর্ণন—১। চক্রের ন্যায় ভ্রমণ, ঘুরা। আ—ঘূর্ণ (ভ্রমণ করা)+অনট্ ভাববা। ২। পরিভ্রামণ; ঘুরান। আ—ণিজন্ত ঘূর্ণ (=ঘূর্ণি—ভ্রমণ করান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

আঘূর্ণিত—ঈষদ্‌ঘূর্ণিত; ঈষদ্ ভ্রামিত, ঘুরান। আ—ণিজন্ত ঘূর্ণ [=ঘূর্ণি (ভ্রমণ করা)] +ক্ত কর্ত্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আঘোষিত—যাহার ঘোষণা করা হইয়াছে, প্রচারিত। আ—ঘোষি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আঘ্রাণ—১। গন্ধগ্রহণ; শোঁকা। আ—ঘ্রা+ অনট্ ভাববা। ২। গন্ধ; সৌরভ। আ—ঘ্রা+অনট্ কর্ম্মবা। বি; ক্লীব।

আঘ্রাত—১। যাহার ঘ্রাণ লওয়া হইয়াছে এরূপ; আক্রান্ত। আ—ঘ্রা+ক্ত কর্ম্মবা। ২। তৃপ্ত। আ—ঘ্রা+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা। [কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িকা।

আঘ্রায়ক—আঘ্রাণকারী। আ—ঘ্রা+ণক

আঙ্—১। আ এই উপসর্গ। অব্য। ২। অঙ্গ, অঙ্গার। 'অঙ্গ' বা 'অঙ্গার' শব্দজ।

বি। ৩। আধপোড়া, কাঁচা। 'আম' শব্দজ। বিণ।

আঙট, আঙ্গট—১। আদত, গোটা, অখণ্ডিত। দেশজ। বিণ। ২। স্ত্রীলোকদিগের পাদাঙ্গুরীয়। 'অঙ্গুষ্ঠী' শব্দজ। বি।

আঙটা—আংটা দ্রঃ। [বি।

আঙন—আঙ্গিনা, উঠান। 'অঙ্গন' শব্দজ।

আঙরা, আঙার, আঙ্গরা—জলন্ত কয়লা। বি। ২। রক্তবর্ণ, লাল। 'অঙ্গার' শব্দজ। বিণ।

আঙরাখা, আঙ্গরাখা—গাত্রাবরণ, ছোট জামা; তনুত্রাণ, কবচ। 'অঙ্গরক্ষণী' শব্দজ। বি।

আঙলান, আঙ্গলান—আঙ্গুল দিয়া নাড়াচাড়া করা বা ঘাঁটা। 'আঙ্গুলন' নাম-ধাতুজাত। ক্রি।

আঙা—আমা, অর্দ্ধদগ্ধ। বিণ।

আঙার—আঙরা দ্রঃ।

আঙিনা, আঙ্গিনা—চত্বর, উঠান। 'অঙ্গন' শব্দজ। বি। [শব্দজ। বি।

আঙিয়া—ছোট জামা; কাঁচুলী। 'অঙ্গিকা'

আঙুর, আঙ্গুর—দ্রাক্ষা। ফার্সী। বি।

আঙুল, আঙ্গুল—অঙ্গুলি। 'অঙ্গুল' শব্দজ। বি।

আঙুলহাড়া—অঙ্গুলির অগ্রভাগে ব্যথা বা ব্রণ। উপতৎ। আঙুল—হাড় (ব্যাপ্ত কর.) + আ কর্ত্তৃবা। বি।

আঙেঠী—অগ্ন্যাধার, আগুন রাখিবার লৌহ-পাত্র; তোলা লৌহচুল্লী; কর্ম্মশালার অগ্নি। হিন্দীমূলক। বি। [অর্থে। বি; পুং।

আঙ্কুশিক—আঁকুশি। অঙ্কুশ + ইক আছে

আঙ্গট—আঙট দ্রঃ।

আঙ্গটা—আংটা দ্রঃ।

আঙ্গটী—আংটী দ্রঃ।

আঙ্গরা—আঙরা দ্রঃ।

আঙ্গরাখা—আঙরাখা দ্রঃ।

আঙ্গলান—আঙলান দ্রঃ।

আঙ্গারাখি—একপ্রকার লৌহময় অস্ত্র। প্রাঃ কবিপ্র। বি।

আঙ্গারি—অঙ্গার, কয়লা; সন্তান-প্রসবের পর জল ও রক্তস্রাব। হিন্দীমূলক। বি।

আঙ্গিক—১। অঙ্গসম্বন্ধীয়; অঙ্গজাত; দৈহিক, কায়িক; অঙ্গভঙ্গী দ্বারা সূচিত। অঙ্গ—ইক সম্বন্ধীয়ার্থে, উৎপন্নার্থে, কৃতার্থে। বিণ। স্ত্রী, —কী। ২। মৃদঙ্গবাদক। অঙ্গ + ইক চালন করে অর্থে। বি। ৩। মৃদঙ্গবাদ্য। অঙ্গ + ইক যুক্তার্থে। বি; ক্লীব।

আঙ্গিনা—আঙিনা দ্রঃ।

আঙ্গিয়া—১। আঙিয়া (তাহা দ্রঃ)। ২। আঙ্গিনা, উঠান। প্রাঃ কবিপ্র। বি।

আঙ্গুটী—আংটী। 'অঙ্গুরী' শব্দজ। বি।

আঙ্গুঠী—অঙ্গুলিত্রাণ, আঙ্গুলঠুলি। 'অঙ্গুলিত্র' শব্দজ। বি।

আঙ্গুর—আঙুর, দ্রাক্ষালতা, দ্রাক্ষা ফল। ফার্সী। বি।

আঙ্গুল—আঙুল দ্রঃ।

আঙ্গুলহাড়া—আঙুলহাড়া (তাহা দ্রঃ)।

আঙ্গোট—আঙ্গট বা আঙট (তাহা দ্রঃ)।

আচকা—আচমকা, আচম্বিতে; হঠাৎ; আজগুবি; অনর্থক, অকারণে; আনুমানিক। দেশজ। অব্য।

আচকান—বক্ষোবস্ত্রহীন চাপকান। ফার্সী-মূলক। বি।

আচকিত—ভীত; বিহ্বল; অতর্কিত। আ —চক্ + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

আচঞ্চল—ঈষৎ চঞ্চল। আ (ঈষৎ) চঞ্চল, প্রাদিতৎ। বিণ। স্ত্রী, —লা।

আচমকা—অতর্কিতভাবে, সহসা, আচম্বিতে। হিন্দী 'অচানক্' শব্দজ। ক্রি-বিণ।

আচমন—পূজাদির পূর্ব্বে জল দ্বারা বিধি-পূর্ব্বক দেহ-শুদ্ধি; সন্ধ্যাবন্দনাদির পূর্ব্বে হস্ত-দ্বারা মুখে বারত্রয় জলপ্রদানপূর্ব্বক নাসিকাদি অষ্টাঙ্গে হস্তস্পর্শ; ভোজনের অব্যবহিত পূর্ব্বে ও পরে হস্ত দ্বারা স্বল্প জল পান; ভোজনান্তে হস্তমুখ প্রক্ষালন; আঁচান। আ—চম্ + অনট্ ভাববা। বি; ক্লীব।

আচমনক—নিষ্ঠীবনপাত্র, পিকদানি, ডাবর।

আচমনের ক (জল) থাকে যাহাতে, বহুব্রী। বি ; পুং।

আচমনীয়—আচমনার্থ বারি, মুখপ্রক্ষালনের জল ; ভক্ষ্যদ্রব্য। আ—চম্+অনীয় করণবা, কর্ম্মবা। বি ; ক্লীব।

আচম্বা—আচমকা, সহসা, অতর্কিতভাবে, হঠাৎ। 'অসম্ভব' শব্দজ। ক্রি-বিণ।

আচম্বিত—অতর্কিত ; চঞ্চল। 'অসম্ভাবিত' শব্দজ। বিণ।

আচম্বিতে—হঠাৎ, সহসা। ক্রি-বিণ।

আচরণ—আচার, ব্যবহার ; রীতি ; অনুষ্ঠান। আ—চর্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

আচরণীয়—ব্যবহারযোগ্য, যাহা ব্যবহার করা যাইতে পারে, ব্যবহার্য্য ; যাহার সহিত চলা যাইতে পারে ; যাহা করিতে হইবে বা করা আবশ্যক, অনুষ্ঠেয়। আ—চর্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

আচরা—১। আচরণ করা। কবিপ্র। ক্রি। ২। আঁচড়া, বিদে। আচর্+আ করণবা। বি।

আচরি—আচরণ করিয়া। কবিপ্র। অস-ক্রি।

আচরিত—১। ব্যবহৃত ; অনুষ্ঠিত। আ—চর্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। আচরণ। আ—চর্+ক্ত ভাববা। বি ; ক্লীব।

আচাভুয়া—বিস্ময়াবিষ্ট, বিস্ময়-বিহ্বল, হতবুদ্ধি ; নির্ব্বোধ ; অদ্ভুত, অপূর্ব্ব, কিম্ভূত-কিমাকার। 'আশ্চর্য্যভূত' শব্দজ। বিণ।

আচার—১। আচরণ ; ব্যবহার ; প্রথা ; রীতি। আ—চর্+ঘঞ্ ভাববা। বি ; পুং। ২। তৈল মসলা যোগে প্রস্তুত মুখরোচক অম্লদ্রব্য ; কাসুন্দি : চাটনি। পোর্ত্তুগীজ achar—শব্দজ। বি।

আচারনিষ্ঠ—শাস্ত্রবিহিত আচরণে শ্রদ্ধাভক্তিসমন্বিত, সদাচারপরায়ণ। আচারে নিষ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্ঠা। বি,—ষ্ঠতা।

আচারবান্ (—বৎ)—আচারবিশিষ্ট, সদাচারী ; নিয়মবান্। আচার শব্দ+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—তী।

আচারবিরুদ্ধ, —বিরোধী—প্রচলিত প্রথার বা রীতির বিপরীত, নিয়মবিরুদ্ধ, প্রচলিত নিয়মের বিপরীত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—দ্ধা,—ধিনী।

আচারবিহীন, —হীন—সদাচারশূন্য, সদাচারবর্জ্জিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

আচারব্যবহার—রীতিনীতি ; আচার-পদ্ধতি। দ্বন্দ্ব। বি ; পুং।

আচারভ্রষ্ট—সদাচারবর্জ্জিত। ৫মীতৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

আচারী (—রিন্)—১। আচারবিশিষ্ট, আচারপূত। আচার শব্দ+ইন্ অস্ত্যর্থে। ২। আচরণকারী, অনুষ্ঠাতা। আ—চর্ +ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

আচার্য্য(র্য)—বেদাধ্যাপক ; শিক্ষাগুরু ; যজ্ঞাদি কার্য্যের প্রধান সম্পাদক ; দ্রোণাচার্য্য ; একজাতীয় ব্রাহ্মণ, দৈবজ্ঞ ব্রাহ্মণ, গ্রহবিপ্র। আ—চর্+ণ্যৎ কর্ত্তৃবা। বি ; পুং। স্ত্রী, —র্য্যা, (পত্নী অর্থে)—র্য্যানী।

আচার্য্যা(র্যা)—ব্যাখ্যাকারিণী, শিক্ষাদাত্রী ; বেদমন্ত্রাদির উপদেষ্ট্রী। আচার্য্য+আপ্। বি ; স্ত্রী।

আচার্য্যা(র্যা)নী—আচার্য্যপত্নী, গুরুপত্নী। আচার্য্য+আনীপ্ [ণত্ব হইবে না]। বি ; স্ত্রী।

আচালা—অচালা, যাহা চালা হয় নাই ; অপরিষ্কৃত। নঞ্তৎ। বিণ।

আচিত—ব্যাপ্ত, আকীর্ণ ; একত্র সন্নিবেশিত, রাশীকৃত ; একত্রিত। আ—চি+ক্ত কর্ত্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আচির, আচীর—অনুচ্চ বা ক্ষুদ্র প্রাচীর ; বৃতি, বেড়া। প্রাঃ কবিপ্র। বি।

আচোট—অনাহত, অক্ষত ; অকর্ষিত, অচষা। গ্রাম্য। বিণ।

আচ্ছন্ন—আবৃত ; অভিভূত। আ—ছদ্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্না।

আচ্ছা—১। উত্তম, ভাল। হিন্দী। বিণ। ২। সম্মতি অঙ্গীকার প্রভৃতি সূচক শব্দ। 'অচ্ছ' শব্দজ। অব্য।

আচ্ছাদক—আচ্ছাদনকারী, আবরক; তিরোধায়ক। আ—ণিজন্ত ছদ্ (=ছাদি) +ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—দিকা।

আচ্ছাদন—১। আবরণ। আ—ণিজন্ত ছদ্ (=ছাদি)+অনট্ ভাববা। ২। আচ্ছাদনবস্ত্র; ঢাকনি। আ—ছাদি+অনট্ কর্ম্মবা। বি; ক্লীব।

আচ্ছাদনীয়—আচ্ছাদনযোগ্য; যাহা আবৃত করা আবশ্যক এরূপ। আ—ছাদি+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

আচ্ছাদিত—আবৃত, যাহা ঢাকা গিয়াছে এরূপ। আ—ণিজন্ত ছদ্ (=ছাদি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আচ্ছিন্ন—যাহা ছিঁড়িয়া লওয়া হইয়াছে এরূপ; অস্ত্রাদি দ্বারা ছেদিত। আ—ছিদ্ (ছেদন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্না।

আছইতে, আছিতে—১। থাকিতে; বিদ্যমানে; বর্ত্তমানে; সত্ত্বে। অস-ক্রি। ২। অগ্রে, পূর্ব্বে; প্রথমে। প্রাঃ কবিপ্র। বি।

আছড়া-আছড়ি—পুনঃ পুনঃ আছাড়; আছাড়-পাছাড়। দেশজ। বি।

আছড়ান,—নো—সবলে নিক্ষেপ; ভূমিতে নিক্ষেপ করা; পিটা বা পেটা। বাং ক্রি।

আছয়, আছয়ে, আছএ, আছিয়ে, আছিএ—আছে। প্রাঃ কবিপ্র। ক্রি।

আছল—ছিল। প্রাঃ কবিপ্র। ক্রি।

আছা—থাকা; হওয়া; হাজির থাকা; বাস করা। আছ্ (∠অস্ ধাতু+আ)। বাং ক্রি।

আছাঁকা—যাহা ছাঁকিয়া লওয়া হয় নাই এরূপ; অপরিস্কৃত। নঞ্ তৎ। বিণ।

আছাঁটা—অকর্ত্তিত; অপরিস্কৃত; যাহা কাঁড়া বা ছাঁটা হয় নাই এরূপ। নঞ্ তৎ। বিণ। [নিক্ষেপ। দেশজ। বি।

আছাড়—সবলে পতন; সজোরে ভূমিতে

আছাড়-কাছাড়,—পাছাড়,—পিছাড়, —বিছাড়—পুনঃপুনঃ আছড়ান বা আছাড় খাওয়া; আছড়া-আছড়ি; মাটিতে পড়িয়া ছট্‌ফট্ করা। দেশজ। ক্রি।

আছানা—যাহা ছাঁকিয়া লওয়া হয় নাই এরূপ; অপরিস্কৃত। নঞ্ তৎ। বিণ।

আছাপা—যাহা ছাপা হয় নাই এরূপ; অমুদ্রিত। নঞ্ তৎ। বিণ।

আছিদ্র—নির্দ্দোষ; ধূর্ত্ত, দুষ্ট। 'অচ্ছিদ্র' শব্দজ। বিণ।

আছিল—ছিল। ক্রি।

আছোলা—যাহা ছোলা বা চাঁচা নহে, অমসৃণ, কর্কশ; গাঁটযুক্ত। নঞ্ তৎ। বিণ।

আজ—অদ্য, আজি; অধুনা, বর্ত্তমানে। 'অদ্য' শব্দজ। অব্য। **আজ নয় কাল**—দেরী, দীর্ঘসূত্রতা। **আজ বাদে কাল**—শীঘ্র, নিকট ভবিষ্যতে।

আজকার—অদ্যদিবসের। আজ+কার সম্বন্ধার্থে। বিণ।

আজকাল—অদ্য বা কল্য; অধুনা, এক্ষণে, ইদানীং, সম্প্রতি। দ্বন্দ্ব। অব্য।

আজকালকার, আজকালের—বর্ত্তমান সময়ের, ইদানীন্তন কালের। আজকাল+কার সম্বন্ধার্থে। বিণ। [ক্রি-বিণ।

আজকে—অদ্য, আজকার দিনে। দেশজ।

আজগবি(বী), আজগুবি(বী)—অদ্ভুত, বিস্ময়জনক, অপূর্ব্ব; অবিশ্বাস্য, অসম্ভব, গুলিখুরি; দৈব, আকস্মিক। ফার্সী 'অজগয়ের' শব্দজ। বিণ।

আজড়া, আজড়ান—(পাত্রাদি) শূন্য করা; পাত্র হইতে পাত্রান্তরে রাখা বা ঢালা; (বস্ত্রাদি) ত্যাগ করা, পরিবর্ত্তন করা বা খুলিয়া ফেলা। বাং ক্রি।

আজন—অঞ্জন, কাজল; আজনাই, চক্ষুরোগবিশেষ। 'অঞ্জন' শব্দজ। বি।

আজনই, আজনাই—সরীসৃপবিশেষ, একপ্রকার গিরগিটী; চক্ষুর ব্রণরোগ; আঞ্জনী। 'অঞ্জনিকা' শব্দজ। বি।

আজন্ম—জন্মাবধি; যাবজ্জীবন। অব্যয়ী। ক্রি-বিণ। [আর্বী। বিণ।

আজব—তাজ্জব, আশ্চর্য্য, অদ্ভুত, বিচিত্র।

আজব-ঘর—আশ্চর্য্য দ্রব্যশালা, চিত্রশালিকা, যাদুঘর (Museum). কর্ম্মধা। বি।

আজবোঝ—অবুঝ; নির্ব্বোধ, বোকা। 'অবোধ' শব্দজ। বিণ।

আজল, আজলি—অজ্ঞ; নেকা-বোকা; হাবা-গোবা। প্রাদেশিক। বিণ।

আজা—মাতামহ। 'আর্য্য' শব্দজ। বি।

আজাড়—১। শূন্য, রিক্ত, খালি; নিঃশেষ, উজাড়। দেশজ। বিণ। ২। মোচন, ত্যাগ; গুরুত্ব; অবসর। বি।

আজাড়ান—১। আজড়ান দ্রঃ। ২। পালের কাপড়। প্রাদে। বি।

আজাদ—১। স্বাধীন ব্যক্তি। বি। ২। স্বাধীন; মুক্ত। ফার্সী। বিণ।

আজাদী—স্বাধীনতা। ফার্সী। বি।

আজান, আযান—মুসলমানদিগকে নমাজ পড়িবার নিমিত্ত উচ্চৈঃস্বরে আহ্বান। আর্বী। বি। [নঞ্‌তৎ। ক্রি-বিণ।

আজানত—অজ্ঞাতসারে, না জানিয়া।

আজানা—অজ্ঞাত, অবিদিত, অপরিচিত। নঞ্‌তৎ। বিণ।

আজানী—অল্পবুদ্ধি স্ত্রীলোক, আজুলী। প্রাঃ কবিপ্র। বি। [ক্রি-বিণ।

আজানু—জানু পর্য্যন্ত, হাঁটু পর্য্যন্ত। অব্যয়ী।

আজানুলম্বিত—জানুদেশ পর্য্যন্ত লম্বমান, হাঁটু পর্য্যন্ত বিস্তৃত। সুপ্‌ সুপা। বিণ। স্ত্রী,—তা।

আজানুলম্বিতবাহু—যাহার বাহু জানুদেশ পর্য্যন্ত লম্বমান এরূপ, দীর্ঘবাহু। আজানুলম্বিত বাহু যাহার, বহুব্রী। বিণ।

আজামৌজা—যথেচ্ছ; খামখেয়ালী। ইচ্ছামূলক। বিণ।

আজার—ব্যাধি, রোগ। বৈদেশিক। বি।

আজারে—রোগী; অলস, অকর্ম্মণ্য। বৈদেশিক। বিণ।

আজি—১। অদ্য। 'অদ্য' শব্দজ। অব্য। ২। নানী, দাদী, মাতামহী। বৈদেশিক। বি; স্ত্রী।

আজিকার—অদ্যদিনের; আজকার (তাহা দ্রঃ)।

আজিকালি—আজকাল (তাহা দ্রঃ)।

আজিকে—অদ্য, আজ। 'অদ্য' শব্দজ। ক্রি-বিণ।

আজিমা—আইমা, দিদিমা, মাতামহী, নানী। 'আর্য্যিকা' শব্দজ। বি; স্ত্রী।

আজীব—জীবিকা, প্রাণধারণোপায়। আ—জীব্‌+ঘঞ্‌ করণবা। বি; পুং।

আজীবন—১। জীবিকা। আ—জীব্‌+অনট্‌ করণবা। বি; ক্লীব। ২। যাবজ্জীবন, মরণকাল পর্য্যন্ত। অব্যয়ী। ক্রি-বিণ।

আজীব্য—১। উপজীব্য; সহায়, আশ্রয়, অবলম্বন। আ—জীব্‌+ণৎ করণবা, অধিবা। বিণ। স্ত্রী,—ব্যা। ২। জীবিকা, জীবনোপায়। আ—জীব্‌+ণ্যৎ করণবা। বি; ক্লীব।

আজীর—গোলাম, ক্রীতদাস। বৈদেশিক। বি। বিণ, আজীরী।

আজু—১। অবৈতনিক কার্য্য বা কার্য্যকারী ব্যক্তি; বেগার। 'আজুঃ' শব্দজ। বি। ২। আজি, অদ্য, আজ। প্রাঃ কবিপ্র। অব্য।

আজুক—১। আজিকে, অদ্য। ক্রি-বিণ। ২। আজিকার, অদ্য দিবসের ("কি কহব রে সখি আজুক বিচার"—বিদ্যাপতি)। প্রাঃ কবিপ্র। বিণ।

আজুর—বিনাবেতনে কাজ; পণ্ডশ্রম। বৈদেশিক। বি।

আজুরা—মজুরি, বেতন। বৈদেশিক। বি।

আজুল, আজুলি(লী)—নেকা; আজল (তাহা দ্রঃ); আউল বা বাউল; বাতুল। প্রাঃ কবিপ্র। বি বা বিণ।

আজুলে—আজুল (তাহা দ্রঃ)। বি বা বিণ।

আজে—শব্দিত হয়; ডাকে, কূজন করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

আজেবাজে—তুচ্ছ, বিভিন্ন। দেশজ। বিণ।

আজা—বপন বা রোপণ করা, গাছপালা লাগান, বীজ বা চারা বসান। বাং ক্রি।

আজার—উচ্চভূমি, যাহা জলপ্লাবিত হয় না। বৈদেশিক। বি।

আজ্ঞপ্ত—যাহার প্রতি আজ্ঞা করা হইয়াছে এরূপ, আদিষ্ট; অনুমতিপ্রাপ্ত। আ—ণিজন্ত জ্ঞা (=জ্ঞাপি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—প্তা।

আজ্ঞপ্তি—আজ্ঞা, আদেশ, অনুমতি। আ—ণিজন্ত জ্ঞা (=জ্ঞাপি)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

আজ্ঞা—আদেশ, নিদেশ, হুকুম; অনুমতি। আ—জ্ঞা+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

আজ্ঞাকর্ত্তা (—কর্ত্তৃ), —কর্ত্তা—নিদেশপ্রদানকারী, আদেশদাতা, আদেষ্টা, যে হুকুম করে। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—র্ত্রী।

আজ্ঞাকারী (—কারিন্)—অন্যের আদেশানুসারে কার্য্যকারী, আজ্ঞাবহ, আদেশানুবর্ত্তী। উপতৎ। আজ্ঞা শব্দ—কৃ (করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী। বি,—কারিতা।

আজ্ঞাক্রমে—আদেশ অনুসারে, হুকুম অনুযায়ী। আজ্ঞার ক্রম, ৬ষ্ঠীতৎ, তাহাতে। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।

আজ্ঞাধীন—আদেশানুবর্ত্তী, আজ্ঞাবহ। আজ্ঞার অধীন, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—না। বি,—তা,—ত্ব।

আজ্ঞানুবর্ত্ত(র্ত্তে)ন—হুকুম মানিয়া চলা, আদেশমত চলা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আজ্ঞানুবর্ত্তী (—বর্ত্তিন্), —বর্ত্তী—আজ্ঞাকারী, নিদেশানুসারী, আজ্ঞাধীন, আদেশপালক, হুকুম মান্যকারী। আজ্ঞার অনুবর্ত্তী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—র্ত্তিনী। বি,—র্ত্তিতা,—ত্ব।

আজ্ঞানুযায়ী (—যায়িন্)—নিদেশানুসারী; আদেশানুরূপ। আজ্ঞার অনুযায়ী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—য়িনী।

আজ্ঞানুরূপ—আদেশানুরূপ, অনুমত্যানুযায়ী। আজ্ঞার অনুরূপ, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—পা।

আজ্ঞানুসারী (—সারিন্)—আজ্ঞানুযায়ী, আদেশানুবর্ত্তী, অনুমত্যনুযায়ী। আজ্ঞার অনুসারী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রিণী।

আজ্ঞাপক—আজ্ঞাকর্ত্তা, আদেষ্টা, অনুমতিকারক; নিয়োগকর্ত্তা। আ—ণিজন্ত জ্ঞা (=জ্ঞাপি—জানান)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

আজ্ঞাপত্র—আদেশপত্র, হুকুমনামা; সরকার-নিয়ন্ত্রিত বস্তু ক্রয়ের অনুমতিপত্র (Permit). আজ্ঞাসূচক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আজ্ঞাপিত—আজ্ঞপ্ত, আদিষ্ট। আ—জ্ঞাপি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আজ্ঞাপিতে—আজ্ঞা দিতে, হুকুমজারি করিতে, আদেশ দিবার জন্য। কবিপ্র। অস-ক্রি।

আজ্ঞাবহ— আজ্ঞাকারী, আদেশপালক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—হা।

আজ্ঞাভঙ্গ, —লঙ্ঘন—আজ্ঞাতিক্রম, আদেশাতিবর্ত্তন, হুকুম না মানা, কথা না শুনা। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

আজ্ঞে—গুরুজনের ডাকে বিনীত উত্তরসূচক শব্দ, সম্মতিসূচক শব্দ। অব্য।

আজ্য—হবিঃ, ঘৃত; শ্রীবাস, টার্পিন্। আ—অন্জ্ (মাখান)+ক্যপ্ করণবা। বি; ক্লীব।

আজ্যপ—১। ঘৃতপায়ী। উপতৎ। আজ্য (ঘৃত)—পা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—পা। ২। পিতৃলোকবিশেষ; ইঁহারা পুলস্ত্যের সন্তান এবং বৈশ্যজাতির পিতা। বি; পুং।

আজ্যভুক্ (—ভুজ্)—১। ঘৃতভোজী। উপতৎ। আজ্য (ঘৃত)—ভুজ্+ক্বিপ্ কর্তৃবা। বিণ। ২। হুতাশন, অগ্নি। বি; পুং।

আঝাড়া—অপরিষ্কৃত, আবর্জ্জনাযুক্ত। বিণ।

২। সাংঘাতিক (সর্প, বিষ)। যাহার বিষ নামান যায় না এরূপ। নঞ্-তৎ। বিণ বা বিণ। [বিণ।

আঝালা—ঝালশূন্য, লঙ্কাবর্জ্জিত। নঞ্-তৎ।

আঝোড়া—যাহার ডালপালা কাটা হয় নাই এরূপ, যাহার ঝাড় কাটা হয় নাই এরূপ; যাহার হাড় হইতে মাংস টানিয়া জড় করা হয় নাই এরূপ। নঞ্-তৎ। বিণ।

আঞ্জনি, আঞ্জুনি—চোখের পাতায় ব্রণরোগবিশেষ, আজনাই। 'অঞ্জনিকা' শব্দজ। বি।

আঞ্জনেয়—অঞ্জনা-তনয়, হনুমান্। অঞ্জনা শব্দ+এয় অপত্যার্থে। বি; পুং।

আঞ্জা—এক সন্তানের জন্মকাল হইতে পরবর্ত্তী সন্তানের জন্ম-সময়ের অন্তর্ব্বর্ত্তী কাল, আঁড়ি। প্রাদে। বি।

আঞ্জাম—সরবরাহ, যোগাড়; বন্দোবস্ত; নির্ব্বাহ; সমাধা। ফার্সী। বি।

আঞ্জীর—খোবানী খর্জ্জুর। ফার্সী। বি।

আঞ্জুমন, আঞ্জুমান—মুসলমান সভা। ফার্সী। বি। [বা বি।

আট—অষ্টসংখ্যক, ৮। 'অষ্টন্' শব্দজ। বিণ

আটক, আটকা—১। আবরণ; বাধা; প্রতিবন্ধক; রোধ; অবরোধ। দেশজ। বি। ২। বদ্ধ, অবরুদ্ধ। বিণ।

আটকড়াই, -কলাই—আট রকম কলাইএর সমষ্টি; শিশুর জন্মের অষ্টম দিবসে অনুষ্ঠিত অষ্টবিধ কলাইভাজা বিতরণরূপ ব্যাপার। দেশজ। বি।

আটকপালিয়া, -কপালে—অতি ভাগ্যবান্; ভাগ্যহীন, হতভাগ্য, দুরদৃষ্ট, পোড়াকপালিয়া। আটকপাল+ইয়া, এ বিশিষ্টার্থে। বিণ।

আটকা—বদ্ধ, বাঁধা। দেশজ। বিণ।

আটকাট, -কাঠ—আটদিক্, সকল দিক্; সর্ব্ববিষয়। দেশজ। বি।

আটকান, -নো—১। আটক দেওয়া, আগলান, রোধ করা, বদ্ধ করা। বাং ক্রি। ২। রুদ্ধ। আটকা+আন কর্ম্মবা। বিণ।

আটকাল—অনুমান, আন্দাজ। গ্রাম্য। বি।

আটকে—১। পুরীধামে জগন্নাথদেবের প্রসাদ বা খিচুড়ীভোগ। প্রাদেশিক। বি। ২। আটকাইয়া। বাং অস-ক্রি।

আটকৌড়ে—আটকড়াই বা আটকলাই, সন্তান জন্মগ্রহণের পর জাতকের মঙ্গল কামনায় অষ্টম দিবসে যে শুভ অনুষ্ঠান করা হয়, তাহাকেই "আটকৌড়ে" বলে। উক্ত শুভ অনুষ্ঠানে আট রকম ভাজা কলাই আত্মীয়-স্বজনকে বিতরণ করিতে হয়। প্রাদে। বি।

আটঘাট—সতার বাদ্যযন্ত্রের স্বরগ্রাম-নির্দ্দেশক সমস্ত পরদা; চারিদিকের সমুদায় অবস্থা; সকল পথ বা উপায়; সমস্ত কৌশল। দেশজ। বি। **আটঘাট বাঁধা**—সকল প্রকার বাধা দূর করা; বিপদের সকল সম্ভাবনা দূর করা।

আটচল্লিশ—৪৮ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'অষ্টচত্বারিংশৎ' শব্দজ। বি বা বিণ।

আটচাল—আটখানি চালযুক্ত উন্মুক্ত ঘর; প্রকাণ্ড সংসার। বহুব্রী। প্রাদে। বিণ।

আটচালা—বংশাদিনির্ম্মিত ছাদবিশিষ্ট প্রাচীরবিহীন ঘেরা জায়গা, বড় চালা; দেবমন্দিরের সম্মুখস্থ নৃত্যগীতাদির স্থান, নাটমন্দির। বহুব্রী। বি।

আটত্রিশ—৩৮ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'অষ্টাত্রিংশৎ' শব্দজ। বি বা বিণ।

আটন—১। বেদী। প্রাঃ কবিপ্র। ২। আলি; সীমা। দেশজ। বি। [দ্রঃ)।

আটপর, -পহর—আটপ্রহর (তাহা

আটপলিয়া, -পইলে—৮টী পল তোলা; অষ্টকোণ, অষ্টপৃষ্ঠবিশিষ্ট। আটপল+ইয়া, এ বিশিষ্টার্থে। বিণ।

আটপিটে, -পিঠে—সকল বিষয়ে পটু; ক্লেশসহিষ্ণু; শ্রমশীল; ডাংপিটে, দুরন্ত, অবাধ্য; গোঁয়ার। আটপিট, -পিঠ+এ (∠ইয়া) বিশিষ্টার্থে। বিণ।

আটপৌরে—বাটীতে পরিধের; সর্ব্বদা ব্যবহার্য্য; সাধারণ; চলিত ('—ভাষা')। 'অষ্টপ্রহর' শব্দজ। বিণ।

আটপ্রহর—অষ্টপ্রহর, দিবারাত্র, দিনরাত; সমস্ত সময়; দিবারাত্র হরিনামসঙ্কীর্ত্তন। কর্ম্মধা। বি।

আটবিক—১। অটবী-সম্বন্ধীয়; আরণ্য, বন্য। অটবী শব্দ+ইক ভবার্থে। বিণ। স্ত্রী, —কী। ২। বন্য জন, অরণ্যচর ব্যাধাদি; আরণ্যক সেনা। বি; পুং।

আটলা—আঁটি, তাড়া; ভারবাহকাদির মাথায় দিবার বিঁড়ি বা বিঁড়ে। 'অষ্ঠীরা' শব্দজ। প্রাদেশিক। বি।

আটষট্টি—৬৮ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'অষ্টষষ্টি' শব্দজ। বি বা বিণ।

আটসটা—হিসাব, গণনা; আস্ফালন ("আটসটা মারা")। প্রাদেশিক। বি।

আটসটানবীশ—মুহুরী, হিসাবরক্ষক। প্রাদেশিক। বি।

আটা—১। স্থূল গোধূমচূর্ণ-বিশেষ; অপেক্ষাকৃত মোটা ময়দা। হিন্দী। ২। ৮টী বিন্দু চিহ্নযুক্ত তাস। আট+আ আছে অর্থে। ৩। বৃক্ষাদির নির্য্যাস, আঠা; যত্ন, মনোযোগ। আঁট্ ধাতুজ। বি।

আটাইশ—২৮ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'অষ্টাবিংশতি' শব্দজ। বি বা বিণ।

আটাকাটি, —কাঠি—পাখী ধরিবার জন্য আঠামাখান কাটি বা শলা; ফন্দী; ফাঁদ; দৃঢ় প্রবন্ধ; পুনঃপুনঃ জেদ, নাছোড়বান্দা ভাব। আঠাযুক্ত কাটি, কাঠি, মধ্যপ কর্ম্মধা। বি।

আটাত্তর—৭৮ এই সংখ্যা বা তৎসংখ্যক। বি বা বিণ।

আটানব্বই—৯৮ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'অষ্টনবতি' শব্দজ। বি বা বিণ।

আটান্ন—৫৮ এই সংখ্যা বা তৎসংখ্যক। বি বা বিণ।

আটাপেষা—১। আটা চূর্ণ করিবার যন্ত্র। উপপদ। আটা—পেষ্+আ করণবা। বি। ২। ভীষণভাবে প্রহৃত। আটার ন্যায় পেষা, উপমান কর্ম্মধা। বিণ।

আটাফাঁদ, —জাল—আটাকাটি। মধ্যপ কর্ম্মধা। বি।

আটাল—আটাযুক্ত, আঠাল, চট্‌চটে; আঁট, কসা। আটা+ল যুক্তার্থে। বিণ।

আটালি, —লী—আটুলি, এঁটুলি। প্রাদেশিক। বি।

আটাশ—আটাইশ (তাহা দ্রঃ)।

আটাশী—৮৮ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'অষ্টাশীতি' শব্দজ। বি বা বিণ।

আটাশিয়া, আটাশে—১। গর্ভের অষ্টম মাসে প্রসূত (সন্তান), দুর্ব্বল, ভীরু। বিণ। ২। মাসের অষ্টাবিংশ (দিন)। দেশজ। বি।

আটি—শস্যাদির তাড়া, বিঁড়া। 'অষ্টী' শব্দজ। বি।

আটুলি, —লী—যে চর্ম্মকীট শক্ত করিয়া কামড়াইয়া থাকে, এঁটুলি। প্রাদে। বি।

আটোপ—গর্ব্ব, দেমাক, অহঙ্কার; সংরম্ভ; সম্ভ্রম। আ—তুপ্+ঘঞ্ ভাববা (নিপা)। বি; পুং।

আটোপটঙ্কার—দৃপ্তবাক্য, দম্ভোক্তি, জাঁকজারি, বড়াই, আস্ফালন। দেশজ। বি।

আঠা—আটা; বৃক্ষনির্য্যাস। দেশজ। বি।

আঠার—১৮ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'অষ্টাদশ' শব্দজ। বি বা বিণ।

আঠারই—মাসের অষ্টাদশ তারিখ। দেশজ। বি।

আঠাল—আঠাযুক্ত, চট্‌চটে; যত্নশীল। আঠা+ল যুক্তার্থে। বিণ।

আঠাশ—আটাশ (তাহা দ্রঃ)।

আঠি—বীজ, বীচি। 'অষ্ঠি' শব্দজ। বি।

আঠিয়া—আটিযুক্ত। আঠি+ইয়া যুক্তার্থে। প্রাদেশিক। বি।

আড়—১। বক্র, তির্য্যক্, বাঁকা, টেরচা; আংশিক, অর্দ্ধ। বিণ। ২। পার্শ্বভাগ, পাশ; অন্তরাল, আড়াল; বক্রতা; জড়তা; অনায়ত্ত মৎস্য; প্রস্থ, বিস্তার; বাঁশ প্রভৃতির

আলনা, সাজা। দেশজ। বি। ৩। দশমাত্রিক তালবিশেষ। বি; পুং।

আড়ওড়—বাঁকচোর; আড়াল-বিড়াল; অন্তরাল; ঘাঁতঘোঁত; গুপ্তস্থল। বি।

আড়ৎ—ব্যবসায়ের কেন্দ্র; মেলা; গঞ্জ; গোলা। বি।

আড়ৎধোপ, -ধোলাই—বাজারে বিক্রয়ার্থ নূতন কাপড়ের ধোপ। দেশজ। বি।

আড়ৎবাড়ৎ—বাঁকাচোরা; বাজে। প্রাদেশিক। বিণ।

আড়কাটি, -কাঠি—চা-বাগান প্রভৃতির জন্য মজুর-সংগ্রহকর্ত্তা; সৈনিক-সংগ্রাহক; জাহাজের যে কর্ম্মচারী জল মাপে; জাহাজের পথপ্রদর্শক; কাণ্ডারী, কর্ণধার। দেশজ। বি।

আড়কাঠ, -কাঠা—ঘরের উপরিভাগে আড়দিকের মোটা কাঠ বা বাঁশ, আড়া, কড়ি। ৬ষ্ঠীতৎ। বি।

আড়ক্ষেপা—আধক্ষেপা, পাগলের মত। সুপ্‌সুপা। দেশজ। বিণ।

আড়খেমটা—সঙ্গীতের দ্বাদশমাত্রিক তালবিশেষ। কর্ম্মধা। বি।

আড়গড়া—কাঠের বেড়া; কাষ্ঠবেষ্টিত স্থল; ঘোড়া রাখিবার স্থান, অশ্বশালা। দেশজ। বি।

আড়ঘোমটা—অর্দ্ধাবগুণ্ঠন। কর্ম্মধা। বি।

আড়ঙ্গ—বহুদ্রব্য বিক্রয়ের বা নির্ম্মাণের স্থান, গঞ্জ, থটি, হাট, বাজার; গোলা। দেশজ। বি।

আড়চা—১। ঈষৎ বড় বা কুটিল। দেশজ। বিণ। ২। সামান্য সঙ্কেত বা ইঙ্গিত, ঠার, ইসারা; লালসা, লোভ। বি।

আড়চাল—গৃহের আড়দিকের চাল; কাজলা; ছেনি; কুটিল ব্যবহার। কর্ম্মধা। বি।

আড়চোক, -চোখ—১। বাঁকা চোখ। কর্ম্মধা। বি। ২। টেরা; অপহারক। বহুব্রী। বিণ।

আড়ত—পাইকারী বিক্রয়ের স্থান বা দোকান; গঞ্জ; গুদাম। হিন্দী। বি।

আড়তদার—আড়তের মালিক, আড়তরক্ষক। আড়ত+দার স্বামী অর্থে। বি বা বিণ।

আড়তদারি—অন্যের মাল নিজের গোলায় রাখা ও বিক্রয় করার কাজ; অন্যের মাল বেচিয়া দিবার জন্য আড়তদারের প্রাপ্য অর্থ। আড়তদার+ই কর্ম্মার্থে। বি।

আড়ন—ক্ষেপণ; বাঁকান; বাঁকিয়া যাওয়া। দেশজ। বি।

আড়পাগল, -পাগলা—অর্দ্ধোন্মাদ, আংশিক বাতুল, আধ-খেপা। সুপ্‌সুপা। বিণ।

আড়পার—ওপার, পরপার, অপর তীর। দেশজ। বি। [দেশজ। বি।

আড়বাড়—আশপাশ; সকলস্থানে, সর্ব্বত্র।

আড়মাতলা—আধমাতলা, অর্দ্ধ-মত্ত। সুপ্‌সুপা। বিণ।

আড়মাদলা—যাহার দৈর্ঘ্যের অনুপাতে বিস্তার বেশী এরূপ; আড়ভাবাপন্ন, আড়াআড়ি। দেশজ। বিণ।

আড়মোড়া—শরীরের বক্রতা বা আড়ষ্টভাব দূরীকরণ, আলস্যভঙ্গ; নিদ্রাদির পর আলস্য দূর করিবার জন্য হাত-পা মোড়া। 'অর্দ্ধমোটন' শব্দজ। বি।

আড়ম্বর—তূর্য্যধ্বনি, রণবাদ্য; হস্তিধ্বনি; মেঘধ্বনি; আরম্ভ; বাহুল্য; গর্ব্ব; জাঁক; সমারোহ, ঘটা; হর্ষ; ক্রোধ। আ—ডম্ব্‌+অরন্‌ ভাববা। বি; পুং।

আড়ম্বরী (-রিন্)—সমারোহযুক্ত, ঘটাবিশিষ্ট, জাঁকাল; গর্ব্বিত, অহঙ্কারী, দেমাকযুক্ত। আড়ম্বর শব্দ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -রিণী।

আড়রি—আড়ুরি (তাহা দ্রঃ)।

আড়ষ্ট—অবশ; অসাড়; অবশাঙ্গ; জড়সড়, সঙ্কুচিত। 'অঙ্গাকৃষ্ট' শব্দজ। বিণ।

আড়া—১। খোড়ো ঘরের স্থূল অবলম্বন-দণ্ড; কড়ি; বর্ষাকালে মাঠ হইতে পুষ্করিণীতে প্রবাহিত জলের সহিত আগত ক্ষুদ্র মৎস্য ধরিবার নিমিত্ত গর্ত্ত ও তাহার আনুষঙ্গিক

সংগ্রাম ; আয়তন ; আকার। দেশজ। ২। ধান্যাদির পরিমাণবিশেষ। 'আঢ়ক' শব্দজ। বি। ৩। অর্দ্ধ, বাঁকা। বিণ।

আড়াআড়ি—১। আড়ভাবে, টেরাভাবে, চওড়ার দিকে ; কোণাকুণি। দেশজ। ক্রি-বিণ। ২। শত্রুতা ; রেষারেষি ; প্রতিদ্বন্দ্বিতা। দেশজ। বি।

আড়াই—সার্দ্ধদ্বি, দুই এবং আধ। 'সার্দ্ধদ্বয়' শব্দজ। বিণ।

আড়াইয়া—আড়াইএর সহিত গুণনের আখ্যা। দেশজ। বি।

আড়াখেমটা—বার (কাহারও মতে সাড়ে তের) মাত্রার তাল। কর্ম্মধা। বি।

আড়াচৌতাল—সাত মাত্রার তাল। কর্ম্মধা। বি। [বি।

আড়াঠেকা—ষোল মাত্রার তাল। কর্ম্মধা।

আড়ানা—রাগিণীবিশেষ। বি।

আড়াভাঙ্গা, -ভাঙা, আড়ামোড়া—আড়মোড়া (তাহা দ্রঃ)।

আড়ারি—আড়্‌রি (তাহা দ্রঃ)।

আড়াল—অন্তরাল ; ব্যবধান ; বেড়া। 'অন্তরাল' শব্দজ। বি।

আড়ি—১। পরিমাণবিশেষ। 'আঢ়ক' শব্দজ। ২। অসদ্ভাব, অপ্রণয়, অসৌহৃদ্য ; শিশুদের আবদার ; পণ, প্রতিজ্ঞা ; মৎস্য-বিশেষ ; দ্বেষ। দেশজ। বি। **আড়ি পাতা**—গোপনে থাকিয়া অন্য লোকদিগের কথোপকথন শুনা।

আড়ি-উড়ি—উঁকিঝুঁকি। দেশজ। বি।

আড়ি-পাতুনে—যে গোপনে অপরের কথা শুনে এরূপ। দেশজ। বিণ।

আড়ুবাড়ু, -ঝাড়ু—গা-বমি বমি, পেটের ভিতর পাকাইয়া উঠা। দেশজ। বি।

আড়ুরি, আড়ুলি—নদ্যাদির উচ্চতীর ; নদীতীরস্থ উচ্চস্থান বা ভৃগু ; কাছাড় ; নদী-গর্ভ ; ঢালু, গড়ানিয়া জায়গা। দেশজ। বি।

আড়ে-দীঘে—লম্বায় চওড়ায় ; সকল দিকে। দেশজ। ক্রি-বিণ।

আড়ে-পাতালে—অত্যন্ত তাড়াতাড়ি ; কোন বস্তুর রসাস্বাদ না করিয়া ('খাওয়া')। দেশজ। ক্রি-বিণ।

আড়েহাতে—বিষমভাবে, সজোরে ; সোদ্যমে, উঠিয়া পড়িয়া। দেশজ। ক্রি-বিণ।

আড্ডা—অবস্থিতিস্থান, বাসা ; গাড়ী প্রভৃতি থাকিবার বা থামিবার স্থান, ষ্টেশন ; আখড়া ; অনেকে জটলা করিবার স্থান ; জটলা ; আমোদ-প্রমোদের বৈঠক। দেশজ। বি। **আড্ডা দেওয়া, আড্ডা মারা**—আড্ডায় গিয়া অনর্থক সময় কাটান।

আড্ডাধারী—আড্ডার সর্দ্দার বা প্রধান ব্যক্তি ; আড্ডায় গমনকারী। উপতৎ। দেশজ। বি বা বিণ।

আঢ়ক—ধান্যাদির পরিমাণবিশেষ, চতুঃপ্রস্থ পরিমাণ, আড়ি ; দুই মণ ; (জ্যোতিষে) পরিমাণবিশেষ, আড়া। আ—ঢৌক্‌+অচ্‌ কর্ত্তৃবা (নিপা)। বি ; পুং বা ক্লীব।

আঢাকা—অনাবৃত, অনাচ্ছাদিত, খোলা। নঞ্‌তৎ। বিণ।

আঢ়ি—আড়া, আড়ি। 'আঢ়ক' শব্দজ। বি।

আঢ্য—ধনী, ঐশ্বর্য্যশালী ; যুক্ত, বিশিষ্ট ; পূর্ণ ; সম্পন্ন। আ—ধ্যৈ (ধ্যান করা)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, আঢ্যা। বি, —তা, —ত্ব।

আণব—১। অণুবিষয়ক। অণু+অণ সম্বন্ধীয়ার্থে। বিণ। স্ত্রী, —বী। ২। সর্ষপ প্রভৃতি ক্ষুদ্র শস্য বপনের ক্ষেত্র ; ডাঙ্গাজমি। অণু+অণ্‌ যোগ্যার্থে। বি ; ক্লীব।

আণবিক—অণুসম্বন্ধীয় ; অণুমধ্যে সংঘটিত ; অণু দ্বারা সাধিত। অণু+ইক সম্বন্ধীয়ার্থে। বিণ। স্ত্রী, —কী। **আণবিক বোমা**—একপ্রকার ভীষণ বোমা (Atom bomb).

আণবিক-বিপ্রকর্ষণ—অণুসকলের পরস্পরকে দূরীকরণের এবং পরস্পর হইতে বিক্ষিপ্ত হওয়ার চেষ্টা (Molecular repulsion). কর্ম্মধা। বি ; ক্লীব।

আণবিকাকর্ষণ—জড় পদার্থের অণুসকলের পরস্পরকে আত্মসংলগ্ন করিবার চেষ্টা

(Molecular attraction). কর্ম্মধা। বি; ক্লীব।

আণ্টাল, আণ্ডাল—বর্ত্তুল, গুলি, সাহেবদের বিলিয়ার্ড খেলা। দেশজ। বি।

আণ্ডা—ডিম্ব, ডিম। 'অণ্ড' শব্দজ। বি।

আণ্ডাবাচ্চা—ছেলেপুলে, ছানাপোনা। দেশজ। বি।

আণ্ডিল, আণ্ডীল—ধনাঢ্য, অতি ধনী। 'আণ্ডীর' শব্দজ। বিণ।

আণ্ডীর—বহু-ডিম্ববিশিষ্ট। অণ্ড+অণ্ স্বার্থে (=আণ্ড)+ঈর অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—রা।

আণ্ডেল—আণ্ডিল (তাহা দ্রঃ)।

আত—আতপ ("প্রেমক অঙ্কুর জাত আত ভেল"—বিদ্যাপতি)। প্রাঃ কবিপ্র। বি।

আতঙ্ক—১। শঙ্কা, ভয়; রোগ, পীড়া; জ্বর; সন্তাপ; যাতনা। আ—তনক্+ঘঞ্ ভাববা। ২। মুরজধ্বনি, ঢোলের শব্দ। আ—তনক্+ঘঞ্ অপাবা। বি; পুং।

আতঙ্কিত—শঙ্কিত, ভীত, সন্তপ্ত; রুগ্ণ। আতঙ্ক+ইত যুক্তার্থে। বিণ। স্ত্রী,—তা।

আতঞ্চন—নিক্ষেপ, ক্ষেপণ; গলিত দ্রব্যে চূর্ণ নিক্ষেপ; দুগ্ধে দম্বল দেওয়া; উপদ্রব; বেগ; আপ্যায়ন, তুষ্টিসাধন। আ—তনচ্ +অনট্ ভাববা। বি; ক্লীব।

আতত—১। বিস্তৃত; আরোপিত; প্রসারিত। আ—তন্+ক্ত কর্ম্মবা। বিণ। ২। বীণাদি বাদ্য, মুরজধ্বনি। আ—তন্+ক্ত কর্তৃবা। বি; ক্লীব।

আততায়ী (—য়িন্)—বধোদ্যত; অনিষ্টকারী; আক্রমণকারী। শাস্ত্রে ছয় প্রকার আততায়ীর উল্লেখ আছে, যথা—গৃহে অগ্নিদাতা, বিষপ্রয়োগকর্ত্তা, শস্ত্রপাণি (অর্থাৎ প্রাণঘাতক), ধনাপহারী, ভূম্যপহারী এবং দারাপহারী। আতত শব্দ—ই+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

আতন্তর—দুরবস্থা, অপ্রস্তুত অবস্থা। 'অত্রাস্ত' শব্দজ। বি।

আতপ—১। রবিকর, রৌদ্র। আ—তপ্ +অচ্ কর্তৃবা। বি; পুং। ২। ধান সিদ্ধ না করিয়া কেবল রৌদ্রে শুকাইয়া ঢেঁকিতে ভানিয়া যে চাউল প্রস্তুত হয় তাহা। দেশজ। বি।

আতপ-তণ্ডুল—আলো চা'ল। আতপকৃত তণ্ডুল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আতপত্র,—ত্রক—ছত্র, ছাতা। উপতৎ। আতপ—ত্রৈ+ক কর্তৃবা; আতপত্র+কন্ স্বার্থে। বি; ক্লীব।

আতপবারণ—আতপত্র, ছত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আতর—১। তরপণ্য, খেয়ার কড়ি, নদীপারার্থ নৌকাভাড়া। আ—তৃ+অপ্ করণবা। বি; পুং। ২। সুগন্ধি দ্রব্যবিশেষ। আর্বী 'ইত্‌র্' শব্দজ। ৩। অন্তর; অন্ত্র। প্রাঃ কবিপ্র। বি।

আতলাস—১। রেশমী কাপড়বিশেষ। আর্বী। ২। ভূচিত্র। ইং Atlas. বি।

আতস—১। বায়বীয়। অতস্+অণ্ সম্বন্ধার্থে। ২। অতসীসম্বন্ধীয়; শণঘটিত; মসীনা-সূত্রনির্ম্মিত। অতসী শব্দ+অণ্ বিকারার্থে। বিণ। স্ত্রী,—সী। ৩। আগুনের আঁচ, উত্তাপ, আতপ; অনল। 'আতপ' শব্দজ। ৪। সূর্য্যরশ্মি কেন্দ্রীভূত করিবার শক্তিসম্পন্ন কাচ; আতসী। ফার্সী। বি।

আতসবাজি,—বাজী—অনলক্রীড়াবিশেষ, তুবড়ি হাউই প্রভৃতি বাজি। ফার্সী। বি।

আতসী—আতস কাচ। ফার্সী। বি।

আতা—সুখাদ্য ফলবিশেষ। পোর্ত্তুগীজমূলক। বি।

আতাম্র—ঈষৎ তাম্রবর্ণ, রক্তাভ; পাটল; অত্যন্ত লোহিত। আ (ঈষৎ বা সম্যক্) তাম্র (রক্তবর্ণ), প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ম্রা।

আতারিকাতারি—যাতনা, কাতরতা, ছট্‌ফট্ করা। দেশজ। বি।

আতালি—মঞ্চ, মাচা, তারা; ছাদের নীচের কার্ণিশ; আলিপনা। প্রাদে। বি।

আতালিক—আচার্য্য, নীতিশিক্ষার গুরু। তুর্কী। বি।

আতালিপাতালি—সর্ব্বত্র, চারিদিকে; সর্ব্বাঙ্গে। দেশজ। ক্রি-বিণ।

আতি—এত, এই পরিমাণ। প্রাঃ কবিপ্র। বিণ।

আতিক্ত—ঈষৎ তিক্ত, সামান্য তিত, আতিত। আ (ঈষৎ) তিক্ত, প্রাদিতৎ। বিণ।

আতিথেয়—অতিথির উপযুক্ত; অতিথি-সেবার উপযোগী; অতিথিসেবাপরায়ণ। অতিথি শব্দ+এয় সাধু অর্থে। বিণ। স্ত্রী,—য়ী।

আতিথ্য—অতিথিসেবা। অতিথি+য্যঞ্ প্রয়োজনার্থে। বি; ক্লীব।

আতিদেশিক—অতিদেশপ্রাপ্ত, অন্যত্র আ-রোপিত (যেমন—গুরুপুত্রকে গুরুবৎ পূজা করিবে। এখানে গুরুপুত্রের পূজার বিধান আতিদেশিক। কারণ, উহাতে গুরুপূজার বিধান আরোপিত হইয়াছে)। অতিদেশ+ইক ভবার্থে। বিণ। স্ত্রী,—কী।

আতিপাতি—পুঙ্খানুপুঙ্খরূপে, তন্ন তন্ন করিয়া। দেশজ। ক্রি-বিণ।

আতিবিতি—আস্তেব্যস্তে, শশব্যস্তে, সসম্ভ্রমে, ক্ষিপ্রতার সহিত, তাড়াতাড়ি। 'অতিব্যস্ত' শব্দজ। ক্রি-বিণ।

আতিশয্য—আধিক্য; প্রাবল্য। অতিশয় +ষ্যঞ্ স্বার্থে। বি; ক্লীব।

আতু—১। উড়ুপ, ভেলা। আ—তৃ+ডু করণবা। বি; পুং। ২। কুকুরকে ডাকিবার শব্দ। অব্য।

আতুথাতু, —পুতু—অতিশয় স্নেহ, অতি-রিক্ত যত্ন। দেশজ। বি।

আতুর—রোগী, পীড়িত; কাতর, অভিভূত। আ—অত্+উরচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রা।

আতুরনিবাস, আতুরালয়, আতুরা-বাস—চিকিৎসার্থী পীড়িত ব্যক্তিদিগের থাকিবার স্থান, দাতব্যচিকিৎসালয়, হাস-পাতাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আতেলা—তৈলবিহীন; রুক্ষ; শুষ্ক। নাই তেল যাহাতে, বহুব্রী। বিণ।

আতোদ্য—তত (বীণাদি বাদ্য), আনদ্ধ (মুরজাদি বাদ্য), শুষির (বংশাদি বাদ্য), ঘন (কাংস্যতালাদি বাদ্য), এই চতুর্ব্বিধ বাদ্য; বাদ্যমাত্র, বাজনা; বাদ্যযন্ত্র। আ—তুদ্+ণ্যৎ কর্ম্মবা। বি; ক্লীব।

আত্ত—গৃহীত; স্বীকৃত; হৃত, ধৃত; প্রাপ্ত। আ—দা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, আত্তা।

আত্তি—১। অন্তর, মন; মনের সাধ: আকাঙ্ক্ষা। 'আত্মন্' শব্দজ। ২। স্বজন, আপন লোক। 'আত্মীয়' শব্দজ। ৩। বশ, অধীনতা। 'আয়ত্ততা' বা 'আয়ত্তি' শব্দজ। বি। [বি বা বিণ।

আত্ম—স্বয়ং, আপনার। 'আত্মন্' শব্দজ।

আত্মকরণ—নিজের করিয়া লওয়া (Assimilation). আত্মন্—কৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

আত্মকর্ম্ম (—**কর্ম্মন্**), —**কর্ম্ম**—স্বকীয় কর্ম্ম, স্বজাতির করণীয় কার্য্য। আত্মকৃত বা আত্মকর্ত্তব্য কর্ম্ম, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আত্মকলহ—আপনা আপনির মধ্যে ঝগড়া, স্বজনবিরোধ, গৃহবিবাদ, অন্তর্বিগ্রহ। আত্ম-জাত কলহ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

আত্মকৃত—স্বকৃত, নিজের অনুষ্ঠিত। আত্ম-কর্তৃক কৃত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

আত্মগত—১। আত্মনিষ্ঠ; নিজ আয়ত্ত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা। ২। (নাট্যে) স্বগত, মনে মনে। ক্রি-বিণ।

আত্মগরিমা (—**গরিমন্**)—নিজগৌরব। আত্মার গরিমা (গৌরব), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মগুণ—বুদ্ধি হর্ষ অভিলাষ চেষ্টা ঘৃণা, পরিমাণ সংখ্যা মিলন বিচ্ছেদ বিরহ গুণরাহিত্য ধারণা মেধা স্মৃতি—আত্মার এই চতুর্দ্দশ প্রকার গুণ; আত্মোৎকর্ষ; আপনার বিদ্যাবিনয়াদি গুণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মগুপ্ত—১। আপনাতে লুক্কায়িত;

অপ্রকাশিতভাবে অবস্থিত। ৭মীতৎ। ২। স্বরক্ষিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—প্তা।

আত্মগোপন—মনোগত ভাবাদির অ-প্রকাশ; যাহাতে মনের ভাব প্রকাশিত না হয়, এরূপভাবে কার্য্য করা; লুকাইয়া থাকা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মগ্লানি—কোনও অন্যায্য কার্য্যের অনুষ্ঠান করিলে মনোমধ্যে যে গ্লানি জন্মে তাহা; অনুতাপ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মঘাত—১। আত্মহত্যা। আত্মার ঘাত (হনন), ৬ষ্ঠীতৎ। ২। অজ্ঞানতা। আত্মার ঘাত (নাশ) হয় যদ্দারা, বহুব্রী। বি; পুং।

আত্মঘাতক—স্বহন্তা, নিজ প্রাণনাশকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—তিকা।

আত্মঘাতী (—তিন্)—আত্মহত্যাকারী, নিজজীবন-নাশক। উপতৎ। আত্মন্—হন্ +ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—তিনী।

আত্মজ—১। সন্তান, পুত্র। উপতৎ। আত্মন্ —জন্+ড কর্তৃবা। বি; পুং। ২। নিজ হইতে জাত; স্বয়ং সঞ্জাত, আপনিই উৎপন্ন, স্বয়ম্ভূ। বিণ। স্ত্রী,—জা।

আত্মজন্ম (—জন্মন্)—আপনার উৎপত্তি, পুত্ররূপে আত্মোৎপত্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মজন্মা (—জন্মন্)—পুত্র বা কন্যা। আত্মা হইতে জন্ম যাহার, বহুব্রী। বি; পুং বা স্ত্রী।

আত্মজা—১। নিজদেহ হইতে জাতা; স্বয়মুৎপন্না। আত্মজ দ্রঃ। আত্মজ+আপ্। বিণ; স্ত্রী। ২। কন্যা, দুহিতা। বি; স্ত্রী।

আত্মজ্ঞ—পণ্ডিত, বুধ; আপনার অবস্থা জানে অর্থাৎ বুঝিতে পারে এরূপ; পরমাত্ম-জ্ঞানবিশিষ্ট, তত্ত্বজ্ঞানবিশিষ্ট। উপতৎ। আত্মন্ —জ্ঞা (জানা)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, —জ্ঞা।

আত্মজ্ঞান—আপনাকে জানা, নিজে কি তাহা বুঝা; পরমাত্মজ্ঞান, ব্রহ্মস্বরূপপরিজ্ঞান। আত্মবিষয়ক জ্ঞান, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আত্মতত্ত্ব—আত্মযাথার্থ্য, আত্মার স্বরূপ, আত্মার প্রকৃত অবস্থা; আত্মরহস্য, আপনার স্বরূপ, নিজের প্রকৃত অবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মতত্ত্বজ্ঞ—পরমাত্মযাথার্থ্যজ্ঞানী, ব্রহ্ম-স্বরূপজ্ঞানী। উপতৎ। আত্মতত্ত্ব—জ্ঞা (জানা) +ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

আত্মতুল্য—নিজতুল্য, আপনার সমান, স্বসদৃশ, নিজের মত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —ল্যা।

আত্মত্যাগ—জগতের উপকারার্থে আপনার সমস্ত পরিহার; স্বার্থ-বিসর্জ্জন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মত্যাগী (—ত্যাগিন্)—আত্ম-বিসর্জ্জনকারী, স্বার্থবর্জ্জনকারী। আত্মন্—ত্যজ্+ঘিনুণ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—গিনী।

আত্মত্রাণ—আত্মরক্ষা, আপনাকে বাঁচান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মদমন—আত্মসংযম, কামক্রোধাদি রিপু-গণের শাসন; ইন্দ্রিয়নিরোধ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মদর্শন—পরমাত্ম-সাক্ষাৎকার; ঈশ্বর-লাভ; জীবাত্মাকে দেখা; আপনার দোষ-গুণের প্রতি লক্ষ্য রাখা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মদর্শী (—দর্শিন্)—আপনাকে ভাল করিয়া দেখে এরূপ, স্বকীয় দোষগুণের প্রতি লক্ষ্যকারী; আত্মতত্ত্ববিষয়ে অনুসন্ধান-শীল। উপতৎ। আত্মন্ (আপনাকে)—দৃশ্ (দেখা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্শিনী। বি,—র্শিতা।

আত্মদান—আত্মোৎসর্গ, অন্যের উপকারার্থ আপনার সর্ব্বস্ব অর্পণ; (রমণীদিগের) সম্ভোগার্থ নিজদেহ সমর্পণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মদোষ—নিজদোষ, স্বকৃত অপরাধ। আত্মার দোষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মদোষ-ক্ষালন, —খণ্ডন—স্বকৃত দোষ খণ্ডন; নিজের নির্দ্দোষতাজ্ঞাপন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মদ্রোহ—নিজের অনিষ্টাচরণ; আপনাকে কষ্ট দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মদ্রোহী (–দ্রোহিন্)—আত্মপীড়নকারী; নিজের অনিষ্টকারী; আত্মঘাতী; সদাবিষণ্ণ। উপতৎ। আত্মন্–দ্রুহ্ (পীড়ন করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–হিণী। বি,–হিতা,–হিত্ব।

আত্মনাশ—স্বহস্তে আপনার প্রাণবধ, আত্মহত্যা; আত্মদ্রোহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মনিগ্রহ—আত্মদমন, ইন্দ্রিয়সংযম; তপস্যাদি দ্বারা নিজেকে ক্লেশপ্রদান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মনিবিষ্ট—আপনাতে নিমগ্ন, আত্মচিন্তায় বিভোর; পরমাত্মধ্যানপরায়ণ। আত্মাতে নিবিষ্ট, ৭মীতৎ। বিণ। স্ত্রী,–ষ্টা।

আত্মনিবেদন—আপনার বিষয় বিনীতভাবে জ্ঞাপন; আত্মোৎসর্গ, স্বার্থবিসর্জ্জন; নিজদেহ সমর্পণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মনিমগ্ন—আপনার ধ্যানে নিবিষ্ট, আত্মচিন্তায় তৎপর; আপনার কাজে ব্যস্ত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,–গ্না।

আত্মনির্ভর—অন্যের প্রতি নির্ভর না করা, স্বাবলম্বন। ৭মীতৎ। বি; পুং।

আত্মনির্ভরশীল—আত্মনির্ভরকারী, স্বাবলম্বী। আত্মনির্ভর শীল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–লা। বি,–শীলতা।

আত্মনিষ্ঠ—১। আত্মদর্শী; আত্মজ্ঞানান্বেষী; ব্রহ্মনিষ্ঠ। ২। আপনাতে আস্থাবান্, আত্মগত। আত্মাতে নিষ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–ষ্ঠা।

আত্মনিষ্ঠা—১। আত্মদর্শিতা, নিজের উপর শ্রদ্ধা; ভগবানে বিশ্বাস। আত্মাতে নিষ্ঠা, ৭মীতৎ। বি; স্ত্রী। ২। আত্মগতা; আত্মপরায়ণা। আত্মনিষ্ঠ+আপ্। বিণ; স্ত্রী।

আত্মনীন—আত্মসম্বন্ধীয়, নিজস্ব; যৌগিক। আত্মন্+ঈন সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,–না।

আত্মনেপদ—(সংস্কৃত ব্যাকরণে) যে তিঙ আত্মফলতাগিত্ব প্রকাশ করে। আত্মনে পদ, অলুক্ ৪র্থীতৎ। বি; ক্লীব।

আত্মপর—১। আপন জন ও অপর। দ্বন্দ্ব। ২। স্বার্থপরায়ণ; আত্মনিষ্ঠ। আত্মা পর (প্রধান) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–রা। বি,–তা,–ত্ব।

আত্মপরায়ণ—অতিশয় স্বার্থপর। আত্মা পর (শ্রেষ্ঠ) অয়ন (গতি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–ণা। বি,–তা।

আত্মপরিচয়—নিজের নাম ধাম; নিজ বংশাদির বিবরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মপরিজন—১। স্বয়ং এবং আত্মীয়গণ। আত্মা ও পরিজন, দ্বন্দ্ব। ২। আপনার লোকসকল। আত্মার পরিজন, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মপরীক্ষা—নিজ বিচারবুদ্ধি বা সামর্থ্যাদি ভাল করিয়া জানা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মপীড়ন,–পীড়া—আত্মনিগ্রহ; কঠোর তপস্যাদি দ্বারা আপনাকে ক্লেশপ্রদান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।

আত্মপোষক—যে নিজে নিজের পোষণ করে; স্বপালক; যে আপনার পেট ভরায়, আত্মম্ভরি। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–ষিকা।

আত্মপোষণ—নিজে নিজের পুষ্টিসাধন করা; কেবল আপনার পেট ভরান, আত্মম্ভরিতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মপ্রকাশ—স্বরূপ প্রকটন; নিজমূর্ত্তি প্রদর্শন; আপনার পরিচয় প্রদান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মপ্রতারক—আত্মবঞ্চনাকারী; যে নিজ বিবেকের বা মনোবৃত্তির বিরুদ্ধে কথা বলে বা কার্য্য করে এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–রিকা।

আত্মপ্রতারণা—আত্মবঞ্চন; দানভোগহীন জীবন-যাপন; মনকে ভুল বুঝান, কোন পাপকার্য্য করিয়া "ইহা এ অবস্থায় পাপ নহে" বলিয়া মনে প্রবোধদান। আত্মার প্রতারণা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মপ্রতিষ্ঠা—নিজের প্রতিপত্তি, প্রাধান্ত বা গৌরব। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

আত্মপ্রত্যয়—নিজশক্তিতে বিশ্বাস ; নিজের উপরে বিশ্বাস। ৭মীতৎ। বি ; পুং।

আত্ম-প্রবঞ্চন, -প্রবঞ্চনা—আত্মপ্রতারণা (সকল অর্থে)। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব, স্ত্রী।

আত্মপ্রশংসা—আত্মশ্লাঘা, নিজেই নিজের সুখ্যাতিকরণ, 'আপনার ঢাক আপনি বাজান'। আত্মার প্রশংসা, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

আত্মপ্রসাদ—কোন সৎকর্ম্ম করিলে নিজ মনে যে আনন্দ হয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আত্মপ্রাধান্য—স্বীয় শ্রেষ্ঠতা ; নিজ কর্ত্তৃত্ব। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

আত্মবঞ্চক—আত্মবঞ্চনাকারী ; দায়ভোগহীন-জীবনযাপক ; যে আপনার মনকে ভুল বুঝায়, পাপকার্য্য করিয়া তাহা পাপ নয় বলিয়া যে মনকে প্রবোধ দেয়। আত্মার বঞ্চক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ঞ্চিকা।

আত্ম-বঞ্চন, -বঞ্চনা—আত্মপ্রতারণা (সকল অর্থে)। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব, স্ত্রী।

আত্মবৎ—আপনার ন্যায়, নিজের মত। আত্মন্ শব্দ + বতিচ্ তুল্যার্থে। অব্য।

আত্মবন্ধু—১। আপনার বন্ধু, নিজের মিত্র ; স্বজন, আত্মীয় ; (দায়ভাগে) নিজের পিতৃষস্‌পুত্র, মাতৃষস্‌পুত্র, এবং মাতুলপুত্র, এই তিনপ্রকার আত্মবন্ধু। ৬ষ্ঠীতৎ। ২। স্বজন ও বান্ধব। 'আত্মীয়-বন্ধু' শব্দজ। বি।

আত্মবর্গ—স্বজনগণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আত্মবলি—আপনাকে বলি দেওয়া, অর্থাৎ আত্মোৎসর্গ, স্বার্থত্যাগ ; নিজ সুখ বিসর্জ্জন ; কোন মহদুদ্দেশ্যে জীবনদান (Martyrdom). আত্মার বলি, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আত্মবশ—১। আপনার বশ, স্বায়ত্ত, স্বাধীন। আত্মার বশ, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -শা। ২। মনোজয় ; আপন ইন্দ্রিয়াদির নিগ্রহ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং বা ক্লীব।

আত্মবান্ (-বৎ)—যত্নবান্ ; মনস্বী ; জিতেন্দ্রিয় ; উদারচিত্ত। আত্মন্ + মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, -বতী।

আত্মবিকাশ—আত্মোন্নতি, নিজ বিদ্যাবুদ্ধি প্রভৃতির উৎকর্ষ ; আত্মপ্রকাশ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আত্মবিক্রয়—আপনাকে বেচা, অর্থাৎ অর্থলোভে অন্যের হীনানুগত্য ; নিতান্ত চাটুকারিতা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আত্মবিগ্রহ—আপনা আপনি লোকের মধ্যে বিরোধ, গৃহবিবাদ, অন্তর্বিচ্ছেদ। আত্মসংঘটিত বিগ্রহ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

আত্মবিচ্ছেদ—আপনা আপনি লোকের মধ্যে অপ্রণয় বা বিবাদ, গৃহবিবাদ, অন্তর্বিগ্রহ। আত্মসংঘটিত বিচ্ছেদ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

আত্মবিৎ (-বিদ্)—আত্মজ্ঞ ; পরমার্থতত্ত্বজ্ঞ, ব্রহ্মবিৎ ; সুধী। উপতৎ। আত্মন্-বিদ্ + ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

আত্মবিদ্যা—ব্রহ্মবিদ্যা ; অধ্যাত্মবিদ্যা। আত্মবিষয়িণী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

আত্মবিনাশ—আত্মনাশ, আত্মহত্যা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আত্মবিরোধ—আপনার লোকের সহিত কলহ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আত্মবিশুদ্ধি—চিত্তশুদ্ধি ; প্রায়শ্চিত্ত দ্বারা পাপক্ষয় ; স্বদোষ-নিরাকরণ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

আত্মবিলোপ—আত্মগোপন ; নিজ প্রাধান্যের চিহ্ন লোপ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আত্মবিশুদ্ধি—আত্মশুদ্ধি, আপন নির্দ্দোষতা ; চিত্তশুদ্ধি, প্রায়শ্চিত্ত দ্বারা স্বকৃত পাপের নিরাকরণ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

আত্মবিশ্বাস—নিজ শক্তিতে বিশ্বাস, আত্মপ্রত্যয়। আত্মাতে বিশ্বাস, ৭মীতৎ। বি ; পুং।

আত্মবিসর্জ্জ(র্জ)ন—আত্মত্যাগ ; স্বার্থত্যাগ ; জীবনত্যাগ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

আত্মবিস্মরণ, -বিস্মৃতি—নিজের প্রকৃত অবস্থা ভুলিয়া যাওয়া, আপনার দোষ-

গুণাদির প্রতি লক্ষ্য না করা ; তন্ময়ভাব। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব, স্ত্রী।

আত্মবিস্মৃত—নিজের প্রকৃত অবস্থা ভুলিয়া গিয়াছে এরূপ ; আপনার দোষগুণাদির প্রতি লক্ষ্যহীন বা তাহা বুঝিতে অক্ষম ; তন্ময়। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

আত্মবিহ্বল—আপনার বিষয়ে একান্ত অভিভূত। আত্মাতে বিহ্বল, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—লা। বি,—তা,—ত্ব।

আত্মবুদ্ধি—স্বকীয় বোধশক্তি, নিজধী ; আত্মবোধ, আত্মজ্ঞান। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

আত্মবেদী (-দিন্)—আত্মবিৎ, আত্মজ্ঞ ; স্বরূপজ্ঞ, আপনার প্রকৃত অবস্থা বুঝিতে সমর্থ। উপতৎ। আত্মন্—বিদ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

আত্মবোধ—ব্রহ্মস্বরূপজ্ঞান, আত্মসাক্ষাৎকার, আত্মবিষয়ক জ্ঞান। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আত্মভব—১। মনোজাত, মানসজন্মা। আত্মা হইতে ভব (জন্ম) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা। ২। কামদেব, কন্দর্প। বি। ৩। আত্মবিদ্যমানতা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আত্মভূ—১। স্বয়ং উৎপন্ন। আত্মন্ শব্দ—ভূ+ক্বিপ্ কর্তৃবা। বিণ। ২। ব্রহ্মা ; বিষ্ণু ; শিব ; কন্দর্প। বি ; পুং।

আত্মমর্য্যা(র্যা)দা, -মান, -সম্ভ্রম, -সম্মান—নিজের সম্ভ্রম, আপনার মান ; আত্মসমাদর, আত্মগৌরব। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী, পুং, পুং, পুং।

আত্মমর্য্যা(র্যা)দাজ্ঞান—আত্মসম্মানবোধ ; নিজ সম্ভ্রমসম্বন্ধে ধারণা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

আত্মম্ভরি—স্বোদরমাত্রপূরক ; স্বার্থপর। উপতৎ। আত্মন্—ভৃ+ইন্ কর্তৃবা (নিপাতনে)। বিণ। বি,—তা,—ত্ব।

আত্মযোনি—ব্রহ্মা ; বিষ্ণু ; শিব ; কামদেব। আত্মাই যোনি যাহার, বহুব্রী। বি ; পুং।

আত্মরক্ষা—আত্মত্রাণ, আপনাকে বাঁচান, নিজের অনিষ্ট নিবারণ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

আত্মরূপ—১। আপনার সাদৃশ্য ; নিজের শ্রী। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। ২। আপনার রূপে আপনি প্রকাশমান। আত্মাই রূপ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—পা।

আত্মলাভ—নিজের লাভ ; তত্ত্বজ্ঞান। আত্মার লাভ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আত্মলীন—আপনাতে লয়প্রাপ্ত, আত্মনিমগ্ন, আত্মনিবিষ্ট। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—না।

আত্মশক্তি—নিজ সামর্থ্য, স্বকীয় বল, আপনার ক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

আত্মশাসন—১। মনঃ ও বহিরিন্দ্রিয়ের দমন। ২। স্বায়ত্তশাসন (Self-government) ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

আত্মশুদ্ধি, -শোধন—নিজের পবিত্রতা, আপনার নির্দ্দোষতা ; চিত্তশোধন, প্রায়শ্চিত্ত দ্বারা স্বকৃত পাপের খণ্ডন। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী, ক্লীব।

আত্মশ্লাঘা—আত্মপ্রশংসা, স্বকীয় সুখ্যাতি। আত্মার শ্লাঘা, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

আত্মশ্লাঘী (-ঘিন্)—আত্মপ্রশংসাকারী, আপনাকে খুব বড় বা ভাল বলিয়া বর্ণনাকারী, যে নিজের বড়াই করে। উপতৎ। আত্মন্—শ্লাঘ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ঘিনী।

আত্মসংক্রান্ত—স্বসম্বন্ধীয়, আপনার, নিজের। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্তা।

আত্মসংবরণ—উপস্থিত স্বীয় দুঃখাদির সংগোপন ; আত্মদমন, চিত্তনিরোধ। আত্মার সংবরণ, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

আত্মসংযম—আত্মদমন, ইন্দ্রিয়াদির নিগ্রহ, জিতেন্দ্রিয়তা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আত্মসংযমী (-মিন্)—ইন্দ্রিয়নিগ্রহকারী, জিতেন্দ্রিয়। আত্মসংযম শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—মিনী।

আত্মসংশয়, -সন্দেহ—১। আত্মার

অস্তিত্বে সন্দেহ বা অবিশ্বাস; প্রাণসংশয়। ৬ষ্ঠীতৎ। ২। আপনার শক্তিতে বিশ্বাসের অভাব; মনে মনে সন্দেহ। ৭মীতৎ। বি; পুং।

আত্মসমর্থন—আপনাকে সমর্থিত করা; স্বমত পোষণ। আত্মার সমর্থন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মসমর্পণ—আপনাকে দান করা; নিজেকে কাহারও হাতে সঁপিয়া দেওয়া; আপনাকে ও আপনার লোকদিগকে নিরস্ত্র করিয়া বিপক্ষের অধীনতা স্বীকার করা। আত্মার সমর্পণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মসমাহিত—বাহ্যজ্ঞানশূন্য। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

আত্মসম্ভব—কামদেব, কন্দর্প; পুত্র। আত্মা হইতে সম্ভব যাহার, বহুব্রী। বি; পুং।

আত্মসম্ভ্রম, -সম্মান—আত্মমর্যাদা দ্রঃ।

আত্মসম্মানজ্ঞান, -বোধ—আত্মমর্যাদাজ্ঞান দ্রঃ।

আত্মসাৎ—আত্মাধীন, আপনার আয়ত্ত, নিজের হস্তগত। আত্মন্ শব্দ+চসাৎ। অব্য।

আত্মসার—আত্মম্ভরি, স্বার্থপর। আত্মা সার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

আত্মসুখ—নিজ সুখ, স্বীয় স্বাচ্ছন্দ্য; আপনার দুঃখনিবৃত্তি। আত্মার সুখ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মস্তুতি—আত্মার স্তুতি, স্বীয় গুণকীর্তন, আত্মশ্লাঘা। আত্মার স্তুতি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মস্থ—প্রকৃতিস্থ; আত্মারাম, আত্মনিষ্ঠ; মুক্ত। উপতৎ। আত্মন্—স্থা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা।

আত্মহত্যা—আত্মনাশ, স্বহস্তে আপনার বধ সাধন। আত্মার হত্যা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মহনন—স্বহস্তে নিজ প্রাণনাশ, আত্মহত্যা। আত্মার হনন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মহন্তা (-হন্তৃ)—আত্মহা, আত্মবিনাশী, আত্মঘাতী। আত্মার হন্তা, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ত্রী।

আত্মহা (-হন্)—আত্মঘাতী, আত্মবিনাশী, আত্মহত্যাকারী; আত্মজ্ঞানবিরহিত, অজ্ঞ। উপতৎ। আত্মন্—হন্+ক্বিপ্ কর্তৃবা। বিণ।

আত্মহারা—আত্মসংযমশূন্য, বিহ্বল; আত্মবিস্মৃত। আত্মাকে হারাইয়াছে যে, উপতৎ। বিণ।

আত্মহিত—নিজের ইষ্ট, আপনার মঙ্গল। আত্মার হিত, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মা (আত্মন্)—ব্রহ্ম; জীব; স্বয়ং; আপনি; স্বরূপ; দেহ; হৃদয়; মনঃ; স্বভাব; যত্ন; বুদ্ধি; ধৈর্য্য; সূর্য্য; বহ্নি; বায়ু; অধিষ্ঠাত্রী দেবতা। (আত্মা দ্বিবিধ, জীবাত্মা ও পরমাত্মা)। অত্+মনিণ্ কর্তৃবা। বি; পুং।

আত্মাদর—আত্মসমাদর, আত্মগৌরব, নিজের সম্মানের প্রতি সতর্ক দৃষ্টি, আপনাকে নীচ মনে না করা। আত্মার আদর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মাদর্শ—নিজ দৃষ্টান্ত। আত্মার আদর্শ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মানন্দ—১। নিজানন্দে বিভোর, আত্মারাম। আত্মায় আনন্দ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্দা। ২। নিজের আনন্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মানুশাসন—আত্মতত্ত্বোপদেশ, আত্মার সম্বন্ধে উপদেশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মানুসন্ধান, আত্মান্বেষণ—আত্মপরীক্ষা, আত্মদর্শন, আত্মদর্শিতা; আত্মার স্বরূপনির্ণয়ের চেষ্টা; ব্রহ্মজ্ঞান-লাভের প্রয়াস। আত্মার অনুসন্ধান, অন্বেষণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মান্বেষী (-ষিন্)—আত্মপরীক্ষাকারী, আত্মদর্শী; আত্মার স্বরূপ নির্ণয়ে চেষ্টিত; ব্রহ্মজ্ঞান লাভের প্রয়াসী। উপতৎ; আত্মন্—অনু—ইষ্ (অন্বেষণ করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষিণী।

আত্মাপরাধ—স্বকৃত দোষ, নিজের কৃত অপরাধ। আত্মার অপরাধ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মাপুরুষ—জীবাত্মা, প্রাণ। 'আত্মপুরুষ' শব্দজ। বি।

আত্মাবমাননা—আত্মার অবমাননা, আপনাকে নীচ ভাবিয়া গ্লানিভোগ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মাবলম্বন—স্বাবলম্বন, আত্মনির্ভর, কোনও বিষয়ের জন্য অপরের সাহায্য-প্রত্যাশী না হইয়া স্বয়ং তাহার সাধন বা সাধনচেষ্টা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আত্মাভিমান—আপনাকে শ্রেষ্ঠ ভাবিয়া অভিমান বা গর্ব্ব, অহমিকা, অহঙ্কার। আত্মার অভিমান, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মাভিমানী (-মানিন্)—আত্মাভিমানবিশিষ্ট, আপনাকে শ্রেষ্ঠ ভাবিয়া গর্ব্বিত, অহমিকাযুক্ত, অহঙ্কারী। আত্মাভিমান+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,-মিনী।

আত্মারাম—১। আত্মস্বরূপজ্ঞানহেতু সদা পরমানন্দে মগ্ন, সন্তুষ্টচিত্ত। আত্মাতে আরাম যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-মা। ২। এদেশে যাহারা নানাজাতীয় শুক পক্ষী পুষিয়া তাহাদিগকে রাধাকৃষ্ণ প্রভৃতি নাম বলিতে শিক্ষা দেয়, তাহারা সাধারণতঃ ঐ সকল পক্ষীকে 'আত্মারাম' নামে সম্বোধন করিয়া থাকে। ৩। অন্তরাত্মা; প্রাণ; জীব; মন; প্রাণপাখী। বি; পুং।

আত্মার্থ—১। নিজ প্রয়োজন বা ইষ্ট, স্বার্থ। আত্মার অর্থ, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। নিজ নিমিত্ত, আপনার জন্য। আত্মার নিমিত্ত ইদম্, নিত্য সমাস। ক্রি-বিণ।

আত্মাশ্রয়—আত্মাবলম্বন, স্বাবলম্বন। আত্মার আশ্রয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মাশ্রয়ী (-শ্রয়িন্)—আত্মাবলম্বী, স্বাবলম্বী। উপতৎ। আত্মন্-আ-শ্রি+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,-য়িণী।

আত্মাহুতি—আপনাকে আহুতিদান, আত্মবলি, আত্মোৎসর্গ, আত্মবিসর্জ্জন। আত্মার আহুতি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মীয়—১। আত্মসম্পর্কীয়, আপন। বিণ। স্ত্রী,-য়া। ২। বান্ধব, স্বজন। আত্মন্+ঈয় সম্বন্ধার্থে। বি; পুং।

আত্মীয়তা—স্বকীয়ত্ব; অন্তরঙ্গতা, বন্ধুত্ব, স্বজনত্ব। আত্মীয়+তা ভাবার্থে। বি; স্ত্রী।

আত্মীয়স্বজন—আপনার লোক। দ্বন্দ্ব। উভয় শব্দই তুল্যার্থক। বি; পুং।

আত্মোৎকর্ষ—নিজ উৎকৃষ্টতা, আত্মোন্নতি, আপনার শ্রীবৃদ্ধি। আত্মার উৎকর্ষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মোৎসর্গ—আত্মত্যাগ, আত্মবিসর্জ্জন, স্বার্থবর্জ্জন; জগতের হিতের জন্য আত্মসুখ এমন কি আত্মজীবন পর্য্যন্ত পরিত্যাগ। আত্মার উৎসর্গ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আত্মোন্নতি—স্বীয় উৎকর্ষ সাধন, আত্মোৎকর্ষ, আপনার শ্রীবৃদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আত্মোপকার, -কৃতি—স্বহিতসাধন, আপনার মঙ্গল করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।

আত্মোপকারক,-কারী (-কারিন্)-আপনার মঙ্গলজনক; স্বার্থপর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-রিকা,-রিণী।

আত্মোপম—স্বসদৃশ, আত্মতুল্য। আত্মা হইয়াছে উপমা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-মা।

আত্যন্তিক—অতিশয়িত, অতিরিক্ত; অসীম, যৎপরোনাস্তি; অনন্ত, অশেষ। অত্যন্ত শব্দ+ইক ভবার্থে, ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী,-কী। বি,-তা।

আত্যয়িক—১। নাশ-সম্বন্ধীয়; অশুভনিমিত্তক; দুঃখজনক; বিপৎসূচক। অত্যয় শব্দ+ইক সম্বন্ধীয়ার্থে। বিণ। স্ত্রী,-কী। ২। জরুরি (Urgent). বিণ। ৩। কোন জরুরী কাজের জন্য নিযুক্ত ঊর্দ্ধতন কর্ম্মচারী (Emergency Officer). বি; পুং।

আথান্তর—দুর্দ্দশা; বিপত্তি। 'অবস্থান্তর' শব্দজ। বি।

আথাল—গোশালা, গোয়ালঘর; আল্পিনা। প্রাদেশিক। বি।

আথালপাথাল, আথালিপাথালি—

আতালি-পাতালি, এলোধাবাড়ি; সমস্তাৎ, চতুর্দ্দিকে; সর্ব্বত্র। দেশজ। ক্রি-বিণ।

আথিবিথি, আথেব্যথে—আস্তেব্যস্তে, শশব্যস্তে, সসম্ভ্রমে, তাড়াতাড়ি। দেশজ। ক্রি-বিণ।

আদ—১। আধ, অর্দ্ধেক; খণ্ড। 'অর্দ্ধ' শব্দজ। ২। মূল, গোড়া। 'আদি' শব্দজ। বি। ৩। আদ্য, প্রথম, গোড়ার। 'আদ্য' শব্দজ। বিণ। [দ্রঃ)।

আদ-কপালিয়া—আধ-কপালিয়া (তাহা

আদড়া, আদরা—খসড়া, কোন কার্য্যের প্রথম চেষ্টা; মুসাবিদা; চিহ্ন; সাদৃশ্য। 'আদর্শ' শব্দজ। বি।

আদৎ, আদত—১। সমগ্র, প্রকৃত, খাঁটি। 'আদিতঃ' শব্দজ। ২। মোট, সাকল্য। আর্বী 'আদদ্' শব্দজ। বিণ।

আদত্ত—আত্ত, গৃহীত। আ—দা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ত্তা। [বি।

আদদ—সংখ্যাগণনা, অঙ্ক, বার, দফা। আর্বী।

আদপে, —বে—স্বাভাবিকরূপে; আদৌ, মোটেই; গোড়াতেই। দেশজ। ক্রি-বিণ।

আদব—ভদ্রতা; শিষ্টাচার; রীতি। আর্বী। বি।

আদব-কায়দা—রীতিনীতি; শিষ্টাচার-পদ্ধতি; ভদ্রব্যবহার। আর্বী। বি।

আদম—মনুষ্য; খ্রীষ্টিয়ানদিগের মতে প্রথমসৃষ্ট পুরুষ (Adam), ইহার স্ত্রীর নাম ইভ্ (Eve). বি; পুং।

আদম-শুমারী, —সুমারী—মনুষ্যগণনা (Census). আর্বী। বি।

আদমি, আদমী—মানুষ, লোক; পুরুষ; স্বামী, পতি। আদম+ই, ঈ জাতার্থে। বি।

আদর—যত্ন; সম্মান; স্নেহ, প্রীতি; ভক্তি, স্পৃহা; আসক্তি; আরম্ভ। আ—দৃ+অপ্ ভাববা। বি; পুং।

আদরণীয়—আদরের যোগ্য; মাননীয়; গ্রহণীয়। আ—দৃ+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া। বি,—তা,—ত্ব।

আদরা—আদড়া দ্রঃ।

আদরিণী—(আদরী দ্রঃ); সোহাগিনী; পতিপ্রিয়া; অভিমানিনী। আদরিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

আদরী (—রিন্)—আদরপ্রাপ্ত; অতিরিক্ত আদর পাইয়া নষ্ট হইয়া যাইতেছে এরূপ; আদুরে। আদর শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—রিণী।

আদর্শ—১। দর্পণ, মুকুর; যাহা দেখিয়া অন্য কিছু লেখা বা করা যায়, দৃষ্টান্ত, নমুনা, অনুকরণীয় ব্যক্তি বা বস্তু। বি; পুং। ২। অনুকরণযোগ্য; শ্রেষ্ঠ, মহৎ। আ—দৃশ্+ঘঞ্ অধিবা। বিণ।

আদর্শস্থানীয়—আদর্শ হইবার যোগ্য; আদর্শস্বরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—য়া।

আদর্শস্বভাব—১। যে প্রকৃতি দর্শন করিয়া স্বীয় স্বভাবের দোষ সংশোধন ও গুণোন্নতি সম্পাদন করিতে হয়। কর্ম্মধা। বি; পুং। ২। অত্যুৎকৃষ্ট স্বভাববিশিষ্ট। আদর্শ স্বভাব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা।

আদল—ভাব, আকৃতি; সাদৃশ্য, আভাস। 'আদর্শ' শব্দজ। বি।

আদা—মূলবিশেষ। 'আর্দ্রক' শব্দজ। বি। ২। আধা, অর্দ্ধেক। 'অর্দ্ধ' শব্দজ। বিণ।

আদাজল খেয়ে লাগা—দৃঢ়সঙ্কল্প করিয়া কাজে লাগা; অতিশয় অধ্যবসায়ের সহিত কার্য্যে প্রবৃত্ত হওয়া। **আদায় কাঁচ-কলায়**—পরস্পরের প্রতি অত্যধিক বিদ্বেষ-যুক্ত; বিরুদ্ধস্বভাবযুক্ত। **আদার ব্যাপারী**—নগণ্য লোক, সামান্য কাজের লোক।

আদাগা—অচিহ্নিত; দাগা হয় নাই এরূপ (কামান প্রভৃতি)। নঞ্তৎ। বিণ।

আদাঙ্গা, আদেঙ্গা—অর্দ্ধ; অসম্পূর্ণ। 'অর্দ্ধাঙ্গ' শব্দজ। বিণ।

আদাড়—আঁস্তাকুড়, জলা জায়গা। 'আর্দ্র' শব্দজ। বি।

আদাড়-পাঁদাড়—আনাচ-কানাচ; গৃহের পার্শ্বস্থ অপরিষ্কৃত স্থান। দেশজ। বি।

আদাড়িয়া, আদাড়ে—আদাড়-সংক্রান্ত ; আদাড়ে উৎপন্ন ; বুনো ; দুরন্ত, ধৃষ্ট, অশান্ত, অবাধ্য ; অৰ্দ্ধসম্পন্ন। আদাড়+ইয়া, এ জাতার্থে। বিণ।

আদান—গ্রহণ, প্রতিগ্রহ ; স্বীকার। আ—দা+অনট্ ভাববা। বি ; ক্লীব।

আদানপ্রদান—দেওয়া লওয়া ; বিনিময় ; বিবাহসম্বন্ধে কন্যার সম্প্রদান ও প্রতিগ্রহ ; সামাজিক ব্যবহার। দ্বন্দ্ব। বি ; ক্লীব।

আদাব—বন্দেগি, সেলাম। আর্বী। বি।

আদায়—গ্রহণ, লওয়া ; সংগ্রহ, উশুল। আর্বীমূলক। বি।

আদালত—বিচারালয়, ধৰ্ম্মাধিকরণ (Court of Justice) ; কাছারী। আর্বী। বি।

আদি—১। প্রথম ; অবয়ব ; প্রারম্ভ ; কারণ, উৎপত্তি, হেতু ; মূল। আ—দা (দেওয়া)+কি কৰ্ম্মবা। ২। আদিম, প্রাথমিক, সৰ্ব্বপ্রথম। আ—দা+কি কৰ্ম্মবা। বিণ।

আদিকবি—প্রথম কবি ; ব্রহ্মা ; বাল্মীকি। কৰ্ম্মধা। বি ; পুং।

আদিকর্ত্তা (—কর্তৃ), —কর্তা—প্রথম স্রষ্টা, ব্রহ্মা। কৰ্ম্মধা। বিণ বা বি ; পুং। স্ত্রী, —র্ত্রী।

আদিকাণ্ড—রামায়ণের বালকাণ্ড। কৰ্ম্মধা। বি ; পুং বা ক্লীব।

আদিকাব্য—প্রথম কাব্য, রামায়ণ। কৰ্ম্মধা। বি ; ক্লীব।

আদিকারণ—প্রথম কারণ, মূলকারণ ; (কণাদমতে) সমবায়ি কারণ ; (অপর দর্শনের মতে) উপাদান কারণ ; (বৈদান্তিকমতে) কারণের কারণ। কৰ্ম্মধা। বি ; ক্লীব।

আদিকাল—প্রথম কাল ; সৃষ্টির প্রারম্ভ সময় ; সত্যযুগ। কৰ্ম্মধা। বি ; পুং।

আদিক্যেতা—বাড়াবাড়ি। অশুদ্ধ 'আধিক্যতা' শব্দজ। বি।

আদিজ, —জাত—প্রথমোৎপন্ন ; জ্যেষ্ঠ। উপতৎ। আদি—জন্+ড কর্তৃবা ; ২য় পক্ষে, ৭মীতৎ। বিণ। স্ত্রী, —জা, —তা।

আদিতেয়—অদিতি-তনয়, দেবতা। অদিতি+এয় অপত্যার্থে। বি ; পুং।

আদিত্য—অদিতি-তনয়, দেবতা ; সূর্য্য ; পুনর্ব্বসু নক্ষত্র। অদিতি শব্দ+ণ্য অপত্যার্থে। বি ; পুং। অদিতির গর্ভে কশ্যপের ঔরসে দ্বাদশ আদিত্যের উৎপত্তি হয়, যথা—ধাতা, মিত্র, অর্য্যমা, রুদ্র, বরুণ, সূর্য্য, ভগ, বিবস্বান্, পূষা, সবিতা, ত্বষ্টা, বিষ্ণু। মতান্তরে, সূর্য্যপত্নী সংজ্ঞা সূর্য্যের তাপ সহ্য করিতে অসমর্থ হইলে তাঁহার পিতা বিশ্বকৰ্ম্মা সূর্য্যকে দ্বাদশ খণ্ড বিভক্ত করেন ; সেই দ্বাদশ খণ্ড ভিন্ন ভিন্ন নামে দ্বাদশ মাসে উদিত হইয়া থাকে ; ইঁহারাই কশ্যপ-তনয় দ্বাদশ আদিত্য নামে প্রকীর্ত্তিত। ঋগ্বেদে আদিত্যের সংখ্যা ছয়, —মিত্র, অর্য্যমা, ভগ, বরুণ, দক্ষ, এবং অংশু। তৈত্তিরীয়ে আট,—মিত্র, বরুণ, ধাতা, অর্য্যমা, অংশু, ভগ, ইন্দ্র এবং বিবস্বান্।

আদিদেব—বিষ্ণু ; শিব ; ব্রহ্মা ; সূর্য্যের নামবিশেষ। কৰ্ম্মধা। বি ; পুং।

আদিপর্ব্ব (—পর্ব্বন্), —পর্ব—মহাভারতের প্রথম পর্ব্ব। কৰ্ম্মধা। বি ; ক্লীব।

আদিপুরাণ—ব্রহ্মপুরাণ। কৰ্ম্মধা। বি ; ক্লীব।

আদিপুরুষ—প্রথমপুরুষ, যাহা হইতে কোনও বংশের গণনা আরম্ভ হয় ; বিষ্ণু। কৰ্ম্মধা। বি ; পুং।

আদিবরাহ—নারায়ণ, বিষ্ণু [বিষ্ণু প্রথমে বরাহরূপ ধারণ করিয়া প্রলয়জলধিজলে নিমগ্ন ধরিত্রীকে উদ্ধার করিয়াছিলেন]। কৰ্ম্মধা। বি ; পুং।

আদিভূত—১। আদিম, প্রথমোৎপন্ন আদ্য। আদি শব্দ—ভূ+ক্ত কর্তৃবা। বিণ স্ত্রী, —তা। ২। পঞ্চভূতের মধ্যে সর্ব্বপ্রথম ভূত, পৃথিবী। আদি যে ভূত, কৰ্ম্মধা। বি ; ক্লীব। ৩। ব্রহ্মা। বি ; পুং।

আদিম—আদ্য ; প্রথম, প্রথমভব। আদি+ম ভবার্থে। বিণ। স্ত্রী, —মা।

আদিমনিবাসী (—সিন্)—কোন দেশে

প্রাচীনতম অধিবাসী, প্রথম বাসিন্দা (Aborigines). কর্ম্মধা। বি ; পুং।

আদিমানব—আদম, বাইবেল অনুসারে প্রথমসৃষ্ট মনুষ্য। কর্ম্মধা। বি ; পুং।

আদিরস—শৃঙ্গাররস। কর্ম্মধা। বি ; পুং।

আদিরসাত্মক, -রসাশ্রিত—শৃঙ্গাররস-প্রধান, শৃঙ্গারভাবোদ্দীপক। আদিরস আত্মা যাহার, বহুব্রী (ক আগম) ; (২য় পক্ষে) আদিরসকে আশ্রিত, ২য়াতৎ। বিণ। স্ত্রী, -ত্মিকা, -তা।

আদিষ্ট—আজ্ঞপ্ত ; অনুমত ; নিযুক্ত ; উপদিষ্ট ; কথিত ; (ব্যাকরণে) আদেশপ্রাপ্ত। আ-দিশ্ +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, -ষ্টা।

আদীপন—১। উদ্দীপন, প্রজ্বালন। আ-দীপ্ +অনট্ ভাববা। ২। আলিপনা। আ-দীপ্ +অন কর্তৃবা। বি ; ক্লীব।

আদুড়—অনাবৃত, অবদ্ধ, খোলা, মুক্ত, আলুলায়িত। 'উদার' শব্দজ। বিণ।

আদুড়চুলী—যে স্ত্রীর মাথার চুল ঢাকা নহে, অনাবৃতমস্তকা, অবগুণ্ঠনহীনা ; যাহার মাথায় কাপড় নাই এরূপ (স্ত্রী) ; মুক্তকেশী। বহুব্রী। প্রাঃ কবিপ্র। বিণ ; স্ত্রী।

আদুরে—অতিশয় আদরের পাত্র, যে সর্ব্বদা আদর পাইয়া নষ্ট হইয়া যায়। আদর+এ (∠ইয়া) ভাজনার্থে। বিণ। **আদুরে গোপাল**—অত্যধিক আদরের সহিত পালিত বালক।

আদুল—অনাবৃত। দেশজ। বিণ।

আদৃত—১। যাহাকে আদর করা হইয়াছে ; সম্মানিত ; পূজিত। আ-দৃ+ক্ত কর্ম্মবা। ২। আদর। আ-দৃ+ক্ত ভাববা। বি ; ক্লীব।

আদেখা—অপরিদৃষ্ট, অলক্ষিত। নঞ্ তৎ। বিণ।

আদেখ্লা, আদেখ্লে—যে কখনও কোন ভাল জিনিস দেখে নাই বা ভোগ করে নাই ; উদরম্ভরি, ঔদরিক, পেটুক ; হ্যাংলা ; লালুচে। নঞ্ তৎ। বিণ। বি, -পনা।

আদেয়—গ্রহণীয়, হরণীয় ; আদানযোগ্য, যাহা আদায় করা যাইতে পারে। আ-দা+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, -য়া।

আদেশ—১। আজ্ঞা, অনুমতি ; উপদেশ ; কথন। আ-দিশ্ +ঘঞ্ ভাববা। ২। (ব্যাকরণে) বর্ণস্থানে বর্ণান্তরোৎপত্তি, প্রকৃতি বা প্রত্যয়ের অথবা ঐ উভয়ের বিনাশ করিয়া অন্য কোন বর্ণের বা বর্ণসমূহের উৎপত্তি। আ-দিশ্ +ঘঞ্ ভাববা। বি ; পুং।

আদেশকর্ত্তা (-কর্ত্তৃ), কর্তা—হুকুমকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—র্ত্রী।

আদেশক্রমে—আজ্ঞাক্রমে, আদেশানুসারে, হুকুমমতে। আদেশের ক্রম আছে যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

আদেশদাতা (-দাতৃ)—হুকুমকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ত্রী।

আদেশপত্র—আজ্ঞালিপি, হুকুমনামা। আদেশযুক্ত পত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

আদেশপালক—আজ্ঞাবহ, হুকুমমত কার্য্যকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -লিকা।

আদেশপালন—হুকুমমত কাজ করা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

আদেশলঙ্ঘন—আদেশ পালন না করা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

আদেশানুবর্ত্ত(র্ত)ন—হুকুমমত চলা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

আদেশানুবর্ত্তী (-বর্ত্তিন্), -বর্তী—আদেশমত কার্য্যকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -র্ত্তিনী। বি,—বর্ত্তিতা, -ত্ব।

আদেশানুযায়ী (-য়িন্)—১। আজ্ঞানুযায়ী, আজ্ঞানুবর্ত্তী, আজ্ঞাকারী। আদেশের অনুযায়ী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -য়িনী। ২। আজ্ঞানুসারে। ক্রি-বিণ।

আদেশানুসারে—আজ্ঞাক্রমে। আদেশের অনুসার আছে যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

আদেশী (-শিন্)—১। আদেশকর্ত্তা, আদেষ্টা, হুকুমকারী ; উপদেশক। আ-দিশ

+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—শিনী। ২। দৈবজ্ঞ, গণক। বি; পুং।

আদেষ্টা (আদেষ্টৃ)—আদেশকর্ত্তা; উপদেশক। আ—দিশ্+তৃন্ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—ষ্ট্রী।

আদোবে—আদতে, আদৌ। 'আদৌ' শব্দজ। অব্য। ক্রি-বিণ।

আদৌ—অগ্রে, প্রথমে; মোটেই। আদি+৭মী, একব। বাং অব্য, ক্রি-বিণ।

আদ্দাশ, আদ্দাস—সন্ধান, খোঁজ; আবেদন, নিবেদন; অভিযোগ, নালিশ; আক্ষেপ, পরিতাপ, আপশোষ। ফার্সী 'আজদাশ্ত্' শব্দজ। বি।

আদ্দি, আদ্ধি—কার্পাসসূত্রনির্ম্মিত সূক্ষ্মবস্ত্রবিশেষ। 'আর্দ্ধিক' শব্দজ। বি।

আদ্য—১। আদিম, প্রথম; শ্রেষ্ঠ, প্রধান। আদি শব্দ+যৎ ভবার্থে। বিণ। স্ত্রী, আদ্যা।

আদ্যঋতু—স্ত্রীলোকের প্রথম রজোনির্গম। কর্ম্মধা। বি।

আদ্যকবি—বাল্মীকি। কর্ম্মধা। বি; পুং।

আদ্যকৃত্য—আদ্যশ্রাদ্ধ। কর্ম্মধা। বি; ক্লীব।

আদ্যন্ত—১। আদি ও অন্ত, প্রথম ও শেষ; আগাগোড়া, সমস্ত। আদি ও অন্ত, দ্বন্দ্ব। বি; পুং। ২। প্রথম হইতে শেষ পর্য্যন্ত। আদি হইতে এই অর্থে আ আদি=আদি, অব্যয়ী; আদি অন্ত, সুপ্সুপা। বি বা ক্রি-বিণ। ৩। প্রথমাবধি শেষ পর্য্যন্ত সমাপ্ত। আদি—অন্ত=আদ্যন্ত, সুপ্সুপা; আদ্যন্ত+অচ্ বিশিষ্টার্থে। বি; ক্লীব।

আদ্যপ্রাণী (—প্রাণিন্)—যে অবস্থায় জীবের উন্মেষমাত্র হয়; জীবরাজ্যের নিম্নতম বিভাগীয় জন্তু (Amœba). কর্ম্মধা। বি; পুং।

আদ্যবীজ—আদিকারণ, মূল কারণ; (সাংখ্যে) প্রধান। কর্ম্মধা। বি; ক্লীব।

আদ্যরস—আদিরস, শৃঙ্গাররস; কুলীনদিগের বৈবাহিক ক্রিয়াবিশেষ; বিবাহ। কর্ম্মধা। বি; পুং।

আদ্যলীলা—প্রথম অবস্থার কেলি; ভগবানের অবতারের বাল্যক্রীড়া; ছেলেখেলা। কর্ম্মধা। বি; স্ত্রী।

আদ্যশ্রাদ্ধ—মরণাশৌচান্তের পরদিনে করণীয় শ্রাদ্ধ, প্রথম কৃত্য। কর্ম্মধা। বি; ক্লীব।

আদ্যা—১। আদিভূতা; প্রথমা। আদ্য+স্ত্রীলিঙ্গে আপ্। বিণ; স্ত্রী। ২। প্রকৃতি; প্রধানা শক্তি, ভগবতী, মহাদুর্গা, কালী। বি; স্ত্রী।

আদ্যাশক্তি—মহামায়া, কালী, ভগবতী দুর্গা। অসমস্ত পদদ্বয়। বি; স্ত্রী।

আদ্যিকাল—প্রাচীনকাল, সেকাল। 'আদ্যকাল' শব্দজ। বি।

আদ্যোপলীয়—প্রস্তরযুগের আগেকার (Eolithic). বিণ।

আদ্যোপান্ত—১। আদ্যন্ত, প্রথম হইতে শেষ পর্য্যন্ত, আগাগোড়া। অন্তের উপ (সমীপ)=উপান্ত, অব্যয়ী; আদ্যাবচ্ছিন্ন উপান্ত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। ২। প্রথম হইতে শেষ পর্য্যন্ত। ক্রি-বিণ।

আদ্রিয়মাণ—যাহাকে আদর করা হইতেছে এরূপ; পূজ্যমান, আরাধ্যমান। আ—দৃ+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ণা।

আধ—অদ্ধেক; আংশিক। 'অর্দ্ধ' শব্দজ। বি বা বিণ। [বিণ।

আধ-আধ—অস্ফুট, অসম্যক। দেশজ।

আধ-কপালি,—কপালিয়া,—কপালে—কপালের একদিকের ব্যথা বা কামড়ানি; অর্দ্ধ-শিরঃশূল। দেশজ। 'অর্দ্ধকপালী' শব্দজ। বি।

আধ-কাণা—অন্ধপ্রায়, আংশিক দৃষ্টিহীন। আধ এইরূপ কাণা, সুপ্সুপা। বিণ।

আধ-ক্ষেপা,—খেপা—অর্দ্ধোন্মাদ, মাথা-পাগলা, খেপাটিয়া। সুপ্সুপা। বিণ।

আধখানা—অর্দ্ধখণ্ড, কিছুপরিমাণ; অর্দ্ধাবশিষ্ট শরীর। 'অর্দ্ধখণ্ড' শব্দজ। বিণ।

আধখেঁচড়া—আধাখেঁচড়া দ্রঃ।

আধদিঠি—অর্দ্ধদৃষ্টি, কটাক্ষ। কর্ম্মধা। কবিপ্র। বি।

আধখেচড়ে—আধবুড়ো ; সাবালক। সুপ্-সুপা। বিণ।

আধন—১। আধুনিক ; অসম্ভ্রান্ত। 'আধুনিক' শব্দজ। বিণ। ২। নগণ্য, তুচ্ছ। 'অধন্ত' শব্দজ। প্রাঃ কবিপ্র। বিণ।

আধপাকা—অর্দ্ধপক্ব। সুপ্ সুপা। বিণ।

আধ-পাগল, -পাগলা—আধ ক্ষেপা, অর্দ্ধোন্মাদ। সুপ্ সুপা। বিণ।

আধ-পেটা—অর্দ্ধোদরপূরক, যাহাতে সম্পূর্ণ পেট ভরে না এরূপ বা এরূপে। আধপেট + আ পরিমাণার্থে। বিণ বা ক্রি-বিণ।

আধপোড়া—অর্দ্ধদগ্ধ ; আংশিকভাবে দগ্ধ। সুপ্ সুপা। বিণ।

আধবয়সী, আধাবয়সী, আধ-বুড়া, -বুড়ো—অর্দ্ধবৃদ্ধ, বৃদ্ধপ্রায়, প্রৌঢ়, মধ্যবয়স্ক। 'অর্দ্ধবয়স্ক' শব্দজ। বিণ।

আধমণ—অর্দ্ধমণ, কুড়ি সের। একদেশী। বি।

আধমণী—২০ সের ওজনের ('-পাথর')। আধমণ + ঈ পরিমাণার্থে। বিণ।

আধমরা—মৃতপ্রায় ; শুষ্কপ্রায়। সুপ্ সুপা। বিণ।

আধলা—আধ পয়সা মূল্যের মুদ্রা ; অর্দ্ধাংশ ; আধখানা ; আধেলা ; ইষ্টকার্দ্ধ। আধ + লা। বি বা বিণ।

আধলি, আধুলি—অর্দ্ধমুদ্রা, আধটাকা। আধ + অলি, উলি। বি।

আধা—আধ, অর্দ্ধেক। 'অর্দ্ধ' শব্দজ। বি বা বিণ।

আধা-আধি—অর্দ্ধা-অর্দ্ধি, দুই সমান ভাগ। 'অর্দ্ধার্দ্ধি' শব্দজ। বিণ বা ক্রি-বিণ।

আধা-খেঁচড়া, আধখেঁচড়া—অসম্পূর্ণ বা অসম্পূর্ণভাবে, যেমন তেমন করিয়া। দেশজ। বিণ বা ক্রি-বিণ।

আধাঙ্গা, আধেঙ্গা—অসম্পূর্ণ ; কিয়দংশ। 'অর্দ্ধাঙ্গ' শব্দজ। বিণ।

আধান—স্থাপন ; সম্পাদন ; গ্রহণ ; উৎপাদন ; গর্ভাধান ; সঞ্চার ; আধার, পাত্র ; বন্ধক দেওয়া ; বিদ্যুৎ-পূর্ণ করণ (Charge) ; যজন, হোম। আ—ধা + অনট্ ভাববা। বি ; ক্লীব। বিণ, আহিত।

আধানিক—গর্ভাধানসংস্কার। আধান + ইক হিতার্থে। বি ; ক্লীব।

আধার—১। স্থান ; পাত্র ; আলয় ; আলবাল ; বাঁধ ; (ব্যাকরণে) অধিকরণকারক। আ—ধৃ + ঘঞ্ অধিবা। ২। গ্রহণ ; আশ্রয় ; স্থাপন ; জলধারণ। আ—ধৃ + ঘঞ্ ভাববা। বি ; পুং। ৩। পক্ষিশাবকের খাদ্য। বি।

আধাসরকারী—সম্পূর্ণরূপে সরকারী নহে এমন (Demi-official). বিণ।

আধাসার, -সারি—অর্দ্ধাবশেষ ; যাহার অর্দ্ধেক মাত্র বাকি আছে এরূপ। 'অর্দ্ধসার' শব্দজ। বিণ।

আধি—১। মনঃপীড়া, মনোবেদনা ; বিপদ্। আ—ধা + কি করণবা। ২। স্থাপন ; বন্ধক দেওয়া। আ—ধা + কি ভাববা। বি ; পুং।

আধিকরণিক—বিচারকর্ত্তা, ম্যাজিষ্ট্রেট্ প্রভৃতি। অধিকরণ + ইক নিযুক্তার্থে। বি ; পুং।

আধিকারিক—১। অধিকারসংক্রান্ত, স্বত্ববিষয়ক। অধিকার + ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী। ২। কোন আফিসের কোন বিভাগের ভারপ্রাপ্ত কর্ম্মচারী (Officer-in-charge). বি ; পুং।

আধিক্য—অধিকতা, আতিশয্য ; শ্রেষ্ঠতা, প্রাধান্য, উৎকর্ষ। অধিক + ষ্ণ্য ভাবার্থে। বি ; ক্লীব।

আধিক্যেতা, -খ্যেতা—বাহুল্য ; বেশী দরদ। অশুদ্ধ 'আধিক্যতা' শব্দজ। বি।

আধিদৈবিক—দেবতাকে অধিকার করিয়া প্রবৃত্ত, দেবতা হইতে উৎপন্ন, দৈবজাত, অতিবাত, বজ্রপাতাদিজনিত (দুঃখ)। অধিদেব শব্দ + ইক নির্বৃত্তার্থে। স্ত্রী, -কী।

আধিপত্য—প্রভুত্ব, কর্তৃত্ব ; রাজ্যশাসন প্রজাপালনাদি রাজকার্য্য। অধিপতি শব্দ + ষ্ণ্য ভাবার্থে। বি ; ক্লীব।

আধিবিদ্যক—অধিবিদ্যাসংক্রান্ত (Meta-

physical). অধিবিদ্যা+অক (বুঞ্) সম্বন্ধার্থে। বিণ।

আধিবেদনিক—অধিবেদনকালে প্রাপ্ত, দ্বিতীয় বিবাহকালে প্রথমা স্ত্রীকে সন্তুষ্ট করিবার জন্য প্রদত্ত (ধনাদি)। অধিবেদন শব্দ+ইক দেয়ার্থে। বিণ। স্ত্রী,—কী।

আধিব্যাধি—মনঃপীড়া ও শারীর রোগ। দ্বন্দ্ব। বি; পুং।

আধিভৌতিক—ভূতকে অধিকার করিয়া প্রবৃত্ত, প্রাণিগণ হইতে উৎপন্ন, ভূতজাত (দুঃখ)। ভূতকে অধি (অধিকার করিয়া) অধিভূত, অব্যয়ী। অধিভূত+ইক ভবার্থে। বিণ। স্ত্রী,—কী।

আধিরাজ্য—আধিপত্য; রাজ্যাধিকারিত্ব। অধিরাজ শব্দ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

আধিশ্রয়ণ, —শ্রয়ণিক—অধিশ্রয়ণ-সংক্রান্ত; পাককার্য্যসম্বন্ধীয়। অধিশ্রয়ণ+অণ্, ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—ণী,—কী।

আধিশ্রয়ণ-ব্যবধি—মুকুরের সর্ব্বাপেক্ষা উচ্চাংশ ও অধিশ্রয়ণ এতদুভয়ের অন্তর, আলোকরশ্মিসকল দর্শনী কাচ হইতে প্রতিফলিত হইয়া নিজ নিজ পথে সঞ্চরণ-কালে যে বিন্দুতে মিলিত হয় দর্শনী কাচ হইতে সেই বিন্দুর আঙ্কিক দূরত্ব (Focal length). কর্ম্মধা। বি; পুং।

আধুত, আধূত—ঈষৎ কম্পিত; ব্যাকুলিত, অভিভূত। আ—ধু, ধূ (কম্পিত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

আধুনিক—সাম্প্রতিক, ইদানীন্তন, নব্য। অধুনা শব্দ+ইক ভবার্থে। বিণ। স্ত্রী,—কী।

আধুনিকতা—নব্যধরণের চালচলন; হাল-ফেসানের রীতিনীতি। আধুনিক+তা ভাবার্থে। বি; স্ত্রী।

আধুলি, আধুলী—আধটাকা, আট আনা মূল্যের মুদ্রা, আটানি। আধ+উলি, উলী। বি।

আধৃত—গৃহীত, আদৃত। আ—ধৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আধেক—একার্দ্ধ। 'অর্দ্ধেক' শব্দজ। বি বা বিণ।

আধেক্সা—আধাক্সা দ্রঃ।

আধেয়—১। ধারণীয়, আধারস্থিত; স্থাপনীয়; উৎপাদনীয়, উৎপাদ্য; বন্ধক দিবার যোগ্য। আ—ধা+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া। ২। আধারস্থিত দ্রব্য; আধারে স্থাপনযোগ্য দ্রব্য। বি; ক্লীব।

আধেলা—আধপয়সা। আধ+এলা। বি।

আধোয়া—অধৌত, অপ্রক্ষালিত; আন-কোরা, কোরা। নঞ্তৎ। বিণ।

আধ্মাত—১। শব্দিত। আ—ধ্মা+ক্ত কর্ম্মবা। ২। বায়ুপূরিত; স্ফীত; দগ্ধ। আ—ধ্মা+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা। ৩। শব্দ; স্ফীতি; আধ্মান, ফুলা রোগ; দাহ। আ—ধ্মা+ক্ত ভাববা। বি; ক্লীব।

আধ্মান—শব্দিতকরণ, বাদন, বাজান; উচ্চা-রণ; স্ফীত হওয়া; স্ফীতি; বৃদ্ধি; উদরাধ্মান, পেট-ফাঁপা। আ—ধ্মা+অনট্ ভাববা। বি; ক্লীব।

আধ্যাত্মিক—মানসিক (দুঃখ); আত্ম-সম্বন্ধীয়, ব্রহ্মবিষয়ক, ঈশ্বরসংক্রান্ত। অধ্যাত্ম+ইক ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

আধ্যান—ধ্যান, চিন্তা; স্মরণ; উৎকণ্ঠাযুক্ত চিন্তা, দুশ্চিন্তা। আ—ধ্যৈ+অনট্ ভাববা। বি; ক্লীব।

আন—১। শ্বাস; প্রশ্বাস। অন্+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। অন্য, অপর; অন্যথা। 'অন্য' শব্দজ। সর্ব্ব, বিণ। ৩। আনিয়া, আন-য়ন করিয়া। প্রাঃ কবিপ্র। অস-ক্রি। ৪। আনয়ন কর। দেশজ। ক্রি। ৫। বহুবচনার্থক প্রত্যয় ('শরিকান', 'মালিকান' ইত্যাদি)।

আনক—১। শব্দায়মান; উৎসাহজনক। অন্+ণিচ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—নিকা। ২। ভেরী; পটহ, ঢাক; মৃদঙ্গ; শব্দযুক্তমেঘ। বি; পুং।

আনকদুন্দুভি—১। বসুদেব, শ্রীকৃষ্ণের জনক। বি; পুং। [ইঁহার জন্মকালে আনক

এবং দুন্দুভির বাদ্য হইয়াছিল বলিয়া আনক-দুন্দুভি নাম হইয়াছে]। ২। বৃহৎ পটহ, বড় ঢাক। আনক দুন্দুভিসদৃশ, উপমিত কর্ম্মধা। বি; পুং।

আনকরা, -কোরা—আধোয়া, কোরা; অব্যবহৃত, সম্পূর্ণ নূতন; অসভ্য, দুর্ব্বিনীত; অবশীভূত, বন্য। দেশজ। বিণ।

আনখ—নখ পর্য্যন্ত। অব্যয়ী। ক্রি-বিণ।

আন্খা, আনখা—অভিনব; অজ্ঞাত, অবিদিত, অজানা। 'অনীক্ষিত' শব্দজ। বিণ।

আনচান—অস্থির, আকুল। দেশজ। বিণ।

আনত—নম্রীভূত, অবনত; বিনীত; পতিত। আ-নম্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -তা।

আনতি—প্রণাম; অবনতি; নম্রতা। আ-নম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

আনদ্ধ—১। বদ্ধ; গ্রথিত; বস্ত্রাদি দ্বারা সজ্জিত। আ-নহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, -দ্ধা। ২। মৃদঙ্গাদি বাদ্যযন্ত্র। আ-নহ্+ক্ত কর্ম্মবা। ৩। বেশভূষাদি। আ-নহ্+ক্ত করণবা। বি; ক্লীব।

আনদ্ধযন্ত্র—চর্ম্মাবৃত বাদ্যযন্ত্র, মৃদঙ্গ ঢাক ঢোল টিকারা তবলা ইত্যাদি। কর্ম্মধা। বি; ক্লীব।

আনন—বদন, মুখ। আ-অন্+অনট্ [করণবা। বি; ক্লীব।

আনন্তর্য্য(র্য)—অনন্তরতা, পরে হওয়া বা থাকা; অব্যবধান। অনন্তর+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

আনন্ত্য—অসীমত্ব; বাহুল্য। অনন্ত শব্দ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

আনন্দ—১। হর্ষ। আ-নন্দ্+ঘঞ্ ভাববা। ২। মদ্য। আ-নন্দ্+ঘঞ্ করণবা। ৩। আত্মা; পরমাত্মা; ব্রহ্ম। আ-নন্দ্+ণিচ্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ৪। আনন্দিত, আহ্লাদিত, হৃষ্ট, সুখী। আনন্দ্+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

আনন্দকর, -জনক, -দায়ক—হর্ষজনক, প্রীতিপ্রদ, আহ্লাদজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -রী, -দিকা, -য়িকা।

আনন্দধাম (-ধামন্)—সুখময় গৃহ, প্রীতিজনক স্থান; স্বর্গ। আনন্দপূর্ণ ধাম, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আনন্দন—১। আনন্দোৎপাদন; সংবর্দ্ধন; স্বাগত জিজ্ঞাসা; গমনাগমন সময়ে সুহৃৎ প্রভৃতির আলিঙ্গন, আরোগ্য ও স্বাগতাদি প্রশ্ন দ্বারা আনন্দোৎপাদন। আ-ণিজন্ত নন্দ্-(নন্দি—হৃষ্ট করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। আনন্দজনক, সুখজনক। আ-নন্দি+অন কর্ত্তৃবা। বিণ।

আনন্দনাড়ু, -লাড়ু—গুড় তিল চাউলের গুঁড়া প্রভৃতি সংযোগে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। মধ্যপ কর্ম্মধা। বি।

আনন্দপট—নবোঢ়ার বস্ত্র। আনন্দজনক পট, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আনন্দবর্দ্ধ(র্ধ)ন—১। আনন্দ বাড়াইয়া দেওয়া। বি; ক্লীব। ২। প্রীতিবর্দ্ধক। ৬ষ্ঠীতৎ। বিণ।

আনন্দবিহ্বল—আনন্দে অভিভূত, আহ্লাদে আটখানা। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, -লা।

আনন্দময়—১। আনন্দপূর্ণ, সদানন্দ। আনন্দ শব্দ+ময়ট্ পূর্ণার্থে। বিণ। স্ত্রী, -য়ী। ২। পরব্রহ্ম, পরমাত্মা। আনন্দ+ময়ট্ স্বরূপ অর্থে। বি; ক্লীব।

আনন্দময়কোষ—(বেদান্তে) পঞ্চ কোষের মধ্যে পঞ্চম কোষ, কারণশরীর; সত্ত্বপ্রধান অজ্ঞান; সুষুপ্তি। কর্ম্মধা। বি; পুং।

আনন্দময়ী—১। দুর্গা। বি; স্ত্রী। ২। নিয়ত আনন্দযুক্তা। আনন্দময়+ঈপ্। বিণ; স্ত্রী।

আনন্দলহরী—একপ্রকার একতন্ত্রী বাদ্যযন্ত্র, গাব্গুপাগুব্ নামক বাদ্যযন্ত্র। আনন্দের লহরী, ৬ষ্ঠীতৎ (লাক্ষণিক অর্থে)। বি; স্ত্রী।

আনন্দলাড়ু—আনন্দনাড়ু দ্রঃ।

আনন্দলোক—আনন্দময় ভুবন; সুখকর স্থান, স্বর্গ। আনন্দপূর্ণ লোক, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

আনন্দসাগর—সুগভীর আনন্দ। আনন্দ সাগরপ্রায়, উপমিত কর্ম্মধা; অথবা, আনন্দরূপ সাগর, রূপক কর্ম্মধা। বি; পুং।

আনন্দাশ্রু—সুখাশ্রু, আহ্লাদজনিত অশ্রু। আনন্দজনিত অশ্রু, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আনন্দিত—হৃষ্ট, আহ্লাদিত। আনন্দ শব্দ +ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

আনন্দী (আনন্দিন্)—আনন্দযুক্ত, হৃষ্ট, আহ্লাদিত। আনন্দ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—ন্দিনী।

আনমন—নতকরণ, নোয়ান, বাঁকান। আ—নম্+অনট্ ভাববা। বি; ক্লীব।

আনমন, আনমনা—অন্যমনস্ক। আন (অন্য বিষয়ে) মন যাহার, বহুব্রী। বিণ।

আনমনীয়—যাহা বাঁকান বা নোয়ান যায় এরূপ। আ—নম্+ণিচ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

আনমিত—যাহাকে নোয়ান হইয়াছে, বক্রীকৃত, বাঁকান, নোয়ান। আ—নম্+ণিচ্ +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আনম্য—নমনযোগ্য, যাহাকে নোয়াইতে পারা যায়। আ—নম্+ণিচ্+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ম্যা।

আনম্র—ঈষৎনম্র; অল্প নমনশীল। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ম্রা।

আনয়ন—স্থানান্তরপ্রাপণ, আনা। আ—নী +অনট্ ভাববা। বি; ক্লীব।

আনর্ত্ত(র্ত)ন—নৃত্য। আ—নৃত্+অনট্ ভাববা। বি; ক্লীব।

আনর্ত্তি(র্তি)ত—কম্পিত; নর্ত্তিত, নাচান। আ—নৃত্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আনা—১। এক টাকার ১৬ ভাগের এক ভাগ; কোন দ্রব্য বা বিষয়ের ১৬ ভাগের এক ভাগ; পরিমাণবিশেষ, ছয় রতি পরিমাণ; অতি সামান্য পরিমাণ। 'আনক' শব্দজ। বি। ২। আনয়ন করা। 'আ—নী' ধাতুজ। বাং ক্রি। ৩। আনীত। আন্+আ কর্ম্মবা। বিণ। ৪। আসা ('আনা'-গোনা—'আসা'-যাওয়া)। হিন্দী। বি। ৫। ব্যবহার কর্ম্ম অনুকরণ প্রভৃতি সূচক ফার্সী প্রত্যয় ('নবাবী-আনা', 'মুনশী-আনা' 'গরীবানা' প্রভৃতি)।

আনাগোনা—গমনাগমন, যাতায়াত। দ্বন্দ্ব। বি।

আনাচ-কানাচ—আঁদাড়-পাঁদাড়; গৃহের পার্শ্বস্থ অপরিষ্কৃত স্থান, গলি-ঘুঁজি। দ্বন্দ্ব। বি।

আনাজ—কাঁচা তরকারি, শাকসবজি। 'অন্নাদ্য' শব্দজ। বি।

আনাড়—১। গুপ্তস্থান, অজ্ঞাত স্থান। বি ২। গোপন। দেশজ। বিণ।

আনাড়ি, আনাড়ী—অজ্ঞ, অপটু, অনিপুণ; হাতুড়ে ('—বৈদ্য')। 'অজ্ঞানী' শব্দজ। বিণ।

আনাড়িপনা, আনাড়ীপনা—অনভিজ্ঞতা, বোকামি। আনাড়ি, আনাড়ী+পনা ভাবার্থে। বি।

আনামৎ—১। যেমন ছিল তেমনি, হুবহু। প্রাদে। ২। গচ্ছিত। আর্বী 'অমানৎ' শব্দজ। বিণ। [করণবা। বি; পুং।

আনায়—জাল, ফাঁদ। আ—নী+ঘঞ্

আনায়ী (—য়িন্)—জালিক, ধীবর; ব্যাধ। আনায় শব্দ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

আনারস—অম্লমধুর রসবিশিষ্ট স্বনামখ্যাত ফল। পোর্ত্তুগীজ 'ananas' শব্দজ। বি।

আনারসী—আনারসের ন্যায় স্বাদবিশিষ্ট, অম্লমধুর। আনারস+ঈ তুল্যার্থে। বিণ।

আনি, আনী—১। এক আনা মূল্যের মুদ্রা; ষোড়শ ভাগের এক ভাগ। আনা+ই, ঈ মুদ্রা অর্থে। বি। ২। প্রত্যয়বিশেষ। (—বাবু'আনি')। ফার্সী 'আনা' শব্দজ।

আনিল—১। পবনপুত্র, হনুমান্ বা ভীম। অনিল (বায়ু)+অণ্ অপত্যার্থে। বি; পুং। ২। বায়বীয়। অনিল+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—লী। ৩। আনয়ন করিল, লইয়া আসিল। বাং ক্রি।

আনী—আনি, এক আনা মূল্যের মুদ্রা। আনা+ঈ মুদ্রা অর্থে। বি।

আনীত—উপস্থাপিত, আনা হইয়াছে এরূপ। আ—নী+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আনীল—ঈষৎ নীলবর্ণ। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—লা।

আনুকূল্য—সাহায্য; পোষকতা; উপকার; অনুগ্রহ। অনুকূল+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

আনুগত্য—অনুগতভাবে থাকা, অনুবৃত্তি, অনুগ্রহলাভাশায় অন্যের তোষামোদ বা উপাসনা। অনুগত+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

আনুপদিক—পশ্চাদ্গামী। অনুপদ+ইক। বিণ। স্ত্রী,—কী।

আনুপাতিক—অপর কোন পরিবর্ত্তনশীল রাশির সহিত স্থিরসম্বন্ধযুক্ত (Proportional). অনুপাত+ইক সম্বন্ধার্থে। বিণ।

আনুপূর্ব্ব(র্ব), আনুপূর্ব্ব্য(র্ব্য)—অগ্র-পশ্চাদ্ভাবরূপ ক্রম, যথাক্রম; অনুলোম; পরিপাটী। অনুপূর্ব্ব শব্দ+অণ্, ষ্যঞ্ ভাবে। বি; ক্লীব।

আনুপূর্ব্বি(র্বি)ক—যথাক্রমে অবস্থিত, যার পর যা এরূপ ক্রমে স্থিত, কৃত বা নিষ্পন্ন, আগাগোড়া ঠিক ঠিক, পর পর। অনুপূর্ব্ব শব্দ+ইক স্থিতার্থে বা নির্বৃত্তার্থে। বিণ। স্ত্রী,—কী।

আনুপূর্ব্বী(র্বী)—অনুক্রম, যথাক্রম; পরিপাটী। অনুপূর্ব্ব+ষ্যঞ্ ভাবে+ঈপ্। বি; স্ত্রী।

আনুমানিক—অনুমানবিষয়ীভূত, অনুমানসিদ্ধ; আন্দাজী। অনুমান+ইক আগতার্থে। বিণ। স্ত্রী,—কী।

আনুরূপ্য—সাদৃশ্য; তুল্যতা। অনুরূপ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

আনুলোম্য—বর্ণানুক্রম, যথাক্রম, পারিপাট্য। অনুলোম+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

আনুশাসনিক—১। রাজনীতির অনুশাসন-বিষয়ক। বিণ। স্ত্রী,—কী। ২। মহাভারতের অন্তর্গত পর্ব্ববিশেষ। অনুশাসন+ইক সম্বন্ধার্থে। বি; ক্লীব।

আনুষঙ্গিক—যাহা অন্য কিছুর সঙ্গে সঙ্গে ঘটে এরূপ, সংসর্গীয়; অপ্রধান; আবশ্যক। অনুষঙ্গ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

আনুষ্ঠানিক—অনুষ্ঠান-সম্বন্ধীয়, অনুষ্ঠানীয়, আচারঘটিত; আরম্ভসম্বন্ধীয়, প্রাথমিক, আদ্য। অনুষ্ঠান শব্দ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী। [কবিপ্র। বিণ।

আনুসঙ্গ—অপ্রধান; আনুষঙ্গিক। প্রাঃ

আনৃণ্য—ঋণরাহিত্য, ঋণ হইতে মুক্তি, প্রত্যুপকার দ্বারা অন্যকৃত উপকারের প্রতিশোধ। অনৃণ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

আনে—১। অন্যে, অপরে। সর্ব্ব। ২। অন্য, আর আর। প্রাঃ কবিপ্র। বিণ। ৩। আনয়ন করে, লইয়া আসে। বাং ক্রি। ৪। অন্যত্র। প্রাঃ কবিপ্র। সর্ব্ব, অধি-৭মী।

আনেতা (আনেতৃ)—আনয়নকর্ত্তা, যে আনে, আহর্ত্তা। আ—নী (লইয়া যাওয়া) +তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

আনোট, আনোটা—পায়ের আঙ্গুলের অঙ্গুরী বা আংটি। 'অঙ্গুরীয়ক' শব্দজ। বি।

আন্তঃপুরিক—অন্তঃপুরের অধ্যক্ষ। অন্তঃ-পুর+ইক নিযুক্তার্থে। বি; পুং।

আন্তঃপ্রাদেশিক—বিভিন্ন প্রদেশের পরস্পরের মধ্যে সংগতি। বিণ।

আন্তর—অন্তর্গত; মনোগত; আন্তরিক। অন্তর শব্দ+অণ্ সম্বন্ধার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী,—রী।

আন্তরযন্ত্র—জীবদেহের অভ্যন্তরভাগের যন্ত্র (Viscera). কর্ম্মধা। বি; ক্লীব।

আন্তরিক—অন্তর্গত; হৃদ্গত, মনোগত; আভ্যন্তরীণ; প্রকৃত; অন্তরের সহিত; অকপট; ঐকান্তিক। অন্তর শব্দ+ইক ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

আন্তরিকতা—আভ্যন্তরীণতা; হৃদ্গতত্ব

অকপটতা ; ঐকান্তিকতা ; মনোগত ভাব। আন্তরিক+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

আন্তরীক্ষ—অন্তরীক্ষজাত ; আকাশ-সম্বন্ধীয়। অন্তরীক্ষ শব্দ+অণ্ ভবার্থে বা সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—ক্ষী।

আন্তর্জাতিক—বিভিন্ন জাতিসম্বন্ধীয় ; বিভিন্ন জাতির মধ্যে পারস্পরিক (International). আন্তর্জাতি+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

আন্ত্রিক—অন্ত্রসম্বন্ধীয়। অন্ত্র+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

আন্দাজ—১। অনুমান ; অনুভব : পরিমাণ। বি। ২। আনুমানিক ; অনুরূপ, অনুযায়ী। ফার্সী। বিণ। [নিষ্পন্নার্থে। বিণ।

আন্দাজী—আনুমানিক। আন্দাজ+ঈ

আন্দোলন—১। দোলন, কম্পন ; অনুশীলন, আলোচনা। আন্দোলি+অনট্ ভাববা। ২। দোলনা, দোলা। আন্দোলি +অনট্ করণবা। বি ; ক্লীব।

আন্দোলনীয়—আন্দোলনের যোগ্য, যাহার আন্দোলন কর্ত্তব্য, যে বিষয়ের আন্দোলন করা আবশ্যক। আন্দোলি+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

আন্দোলিত—১।দোলিত, ইতস্ততঃ চালিত, কম্পিত। ২। অনুশীলিত, আলোচিত। আন্দোলি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আন্ধ, আন্ধা—অন্ধ, দৃষ্টিহীন, কাণা। 'অন্ধ' শব্দজ। বিণ।

আন্ধল—অন্ধ ; দুঃখবিহ্বল ; হিতাহিতজ্ঞানশূন্য। প্রাঃ কবিপ্র। বিণ।

আন্ধার, আঁধার—তিমির। 'অন্ধকার' শব্দজ। বি।

আন্ধারমাণিক—দুঃখময় জীবনের অন্ধকারে আনন্দের আলোকদায়ক পুত্রাদি। প্রাঃ কবিপ্র। বি।

আন্ধারিয়া—১। আঁধার, অন্ধকার। প্রাঃ কবিপ্র।বি।২।তিমিরাচ্ছন্ন, প্রায় অন্ধকারময়। আন্ধার+ইয়া বিশিষ্টার্থে। বিণ।

আন্ধিয়ার—অন্ধকার, আঁধার। প্রাঃ কবিপ্র। বি।

আন্বীক্ষিকী—অধ্যাত্মবিদ্যা ; তর্কবিদ্যা, ন্যায়শাস্ত্র। অনু—ঈক্ষ্ (দেখা)+অ ভাববা +আপ্ (=অন্বীক্ষা)+ইক জাতার্থে+ ঈপ্। বি ; স্ত্রী।

আপক্ক—ঈষৎ পক্ক, অর্দ্ধপক্ক ; আধপাকা ; ডাঁসা। আ (ঈষৎ) পক্ক, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ক্কা।

আপগা—নদী। আপ—গম্+ড কর্তৃবা+ আপ্। বি ; স্ত্রী।

আপণ—১। হট্ট, হাট, বাজার ; বিক্রয়-স্থান, দোকান। আ—পণ্ (বাণিজ্য করা)+ ঘ অধিবা। ২। বাণিজ্য। আ—পণ্+ঘ ভাববা। বি ; পুং।

আপণিক—১। বিক্রেতা, ব্যবসায়ী, দোকানদার। আপণ+ইক তাহা দ্বারা জীবন ধারণ করে অর্থে। বি ; পুং। ২। দোকানসম্বন্ধীয়। আপণ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী। ৩। বাণিজ্যহেতু দেয় কর শুল্ক প্রভৃতি। আপণ+ইক সম্বন্ধার্থে। বি ; পুং।

আপৎ, আপদ—বিপদ, বিপত্তি, সঙ্কট, দায় ; দুর্ভাগ্য ; দুর্দ্দৈব, দুর্ঘটনা। আ—পদ্+ ক্বিপ্ ভাববা। বি ; স্ত্রী।

আপতন—পতন, পড়া ; আগমন ; অভিধাবন ; অবরোহণ ; ঘটন ; আকস্মিক ঘটনা (Accident) ; রেখার উপর বিন্দুর বা সমতল ক্ষেত্রের উপর রেখার পতন ; আলোক-রশ্মি বা তাপরেখার কোন বস্তুর পৃষ্ঠোপরি পতন (Incidence). আ—পত্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

আপতিক—১। অকস্মাৎ উপস্থিত ; দৈবাৎ সংঘটিত (Casual). আ—পত্+ইক কর্তৃবা+কন্ স্বার্থে। বিণ। স্ত্রী,—কী। ২। শ্যেন, বাজপাখী। বি ; পুং।

আপতিত—পতিত ; আগত ; অবরূঢ় ; ঘটিত, যাহা ঘটিয়াছে এরূপ। আ—পত্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

আপৎকাল—বিপদের সময়, সঙ্কটকাল ; দুঃসময়। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আপত্তি—১। আপদ্ ; প্রাপ্তি ; অসম্মতি ; বাধকতা ; তর্কদোষ ; ভর্ৎসনা। আ—পদ্+ক্তি ভাববা। ২। তিরস্কার। আ—পদ্+ক্তি করণবা। বি ; স্ত্রী।

আপত্তিকর, —জনক—আপত্তির উৎপাদক ; আপত্তিযোগ্য। উপতৎ। আপত্তি—কৃ+ট কর্ত্তৃবা ; ২য় পক্ষে ৬ষ্ঠীতৎ। বিণ। ।,—রী,—নিকা।

আপদ্—আপৎ দ্রঃ।

আপদুদ্ধার—বিপদ্ হইতে পরিত্রাণ। আপৎ হইতে উদ্ধার, ৫মীতৎ। বি ; পুং।

আপদ্গ্রস্ত—বিপদ্গ্রস্ত, বিপন্ন। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—স্তা।

আপদ্ধর্ম্ম(র্ম)—বিপদ্কালীন কর্ত্তব্য। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

আপদ্বিপদ্—নানাভাবের বিপত্তি, বিপৎসমূহ। দ্বন্দ্ব। বি ; স্ত্রী। [বিণ।

আপন—স্বকীয়, নিজের। 'আত্মন্' শব্দজ।

আপনক, আপন-কি—আপনার, স্বকীয়। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

আপনা-আপনি—নিজে নিজে ; স্বগত ; স্বভাবতঃ ; পরস্পর। দেশজ। ক্রি-বিণ।

আপনার—১। ভবদীয় ; নিজের। সর্ব্ব ; সম্ব-৬ষ্ঠী। ২। আত্মীয়। সর্ব্ব ; বিশেষণার্থে ৬ষ্ঠী। [স্বতঃ। দেশজ। সর্ব্ব।

আপনি—তুমি (সম্মানার্থে) ; স্বয়ং, নিজে,

আপন্ন—১। বিপন্ন, বিপদ্গ্রস্ত। আ—পদ্+ক্ত কর্ত্তৃবা। ২। প্রাপ্ত। আ—পদ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্না।

আপন্নসত্ত্বা—অন্তঃসত্ত্বা, গর্ভিণী। আপন্ন সত্ত্ব যৎকর্ত্তৃক, বহুব্রী+আপ্। বিণ ; স্ত্রী।

আপরাহ্ণিক—অপরাহ্ণসম্বন্ধীয় ; অপরাহ্ণে করণীয় ; বৈকাল-সংক্রান্ত। অপরাহ্ণ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

আপরুচি—নিজের রুচিমত ; নিজের ইচ্ছানুযায়ী। হিন্দীমূলক। বিণ বা ক্রি-বিণ।

আপশান, আফসান—আস্ফালন করা ; আছড়ান ; অনুতাপ বা দুঃখ প্রকাশ করা। ফার্সী 'আফশান' শব্দজ। বাং ক্রি।

আপশানি, আফসানি—আস্ফালন ; আফসোস্, অনুতাপ। আপশা, আফসা+আনি ভাববা। বি।

আপশোস, আপসোস, আফশোস, আফসোস—আক্ষেপ, পরিতাপ, মনস্তাপ। ফার্সী। বি।

আপস, আপোস—আপনা-আপনি, পরস্পর ; আপনা-আপনি বা পরস্পরে বিবাদ মিটাইয়া লওয়া। হিন্দীমূলক। বি।

আপাং, আপাঙ্গ—অপামার্গ, চিড়চিড়ে গাছ। 'অপামার্গ' শব্দজ। বি।

আপাকা—অপক্ব ; ঈষৎ পক্ব ; আধপাকা, ডাঁসা, কাঁচা। নঞ্ তৎ। বিণ।

আপাটল—ঈষৎ পাটলবর্ণ। আ (ঈষৎ) পাটল, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—লা।

আপাণ্ডর, আপাণ্ডুর—ঈষৎ পাণ্ডুবর্ণ। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—রা।

আপাত—১। পতন ; ঘটন ; আগমন, উপস্থিতি। আ—পত্+ঘঞ্ ভাববা। ২। তৎকাল, প্রথম সময়, কোন কিছু ঘটিবার সময়। আ—পত্+ঘঞ্ অধিবা। বি ; পুং। ৩। প্রকৃত না হইলেও প্রতীয়মান (Apparent). বিণ।

আপাতকঠিন, —কঠোর—যাহা প্রথমে কঠিন, কিন্তু পরিণামে কঠিন নয়। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—না,—রা।

আপাতগতি—প্রথম দৃষ্টিতে যাহা গতি বলিয়া মনে হয় তাহা (Apparent motion). আপাতদৃষ্ট গতি, মধ্যপ কর্ম্মধা। বি।

আপাততঃ (—তস্), —তত—প্রথমতঃ ; সম্প্রতি, এক্ষণে। আপাত+তস্ ৭মী স্থানে। অব্য।

আপাতদৃষ্টি—প্রথম দর্শন ; হঠাৎ দর্শন। আপাতে দৃষ্টি, ৭মীতৎ। বি ; স্ত্রী।

আপাতমধুর—প্রথমতঃ মধুময়, আপাততঃ মধুর কিন্তু পরিণামে নয়। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—রা।

আপাতমনোরম, —মনোহর—আপাতরমণীয়, প্রথমে ভাল। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—মা, —রা।

আপাতরমণীয়,—রম্য—প্রথমে মনোহর, গোড়ায় সুন্দর কিন্তু পরিণামে নয় এরূপ। ৭মীতৎ। বিণ।

আপাতসুন্দর—গোড়ায় ভাল, আপাততঃ রমণীয়। ৭মীতৎ। বিণ।

আপাতিক-পরিচর—সহসা উপস্থিত প্রয়োজনের জন্য নিযুক্ত ভৃত্য (Contingency menial). বি; পুং।

আপাদ—পা হইতে, বা পা পর্য্যন্ত। অব্যয়ী। ক্রি-বিণ।

আপাদমস্তক—পা হইতে মাথা পর্য্যন্ত। সুপ্‌সুপা। ক্রি-বিণ।

আপাদিত—সম্পাদিত, নির্ব্বাহিত, অনুষ্ঠিত। আ—ণিজন্ত পদ্ বা পাদি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আপান—সুরাপানগোষ্ঠী; মদের চক্র বা জটলা; যে স্থানে অনেকে একত্র বসিয়া সুরাপান করে; সুরাবিক্রয়স্থান। আ—পা +অনট্ অধিবা। বি; ক্লীব।

আপামর—পামর পর্য্যন্ত, সর্ব্বসাধারণে। অব্যয়ী। ক্রি-বিণ।

আপামরসাধারণ—সর্ব্বসাধারণ, সকল লোক। সুপ্‌সুপা। বি বা বিণ।

আপি—অর্পণ করিয়া; রাখিয়া। প্রাঃ কবিপ্র। অস-ক্রি।

আপিঙ্গ, আপিঙ্গল—ঈষৎ পিঙ্গলবর্ণ। আ (ঈষৎ) পিঙ্গ, পিঙ্গল, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ঙ্গা,—লা।

আপিল, আপীল—উচ্চতর আদালতে পুনর্ব্বিচার প্রার্থনা। ইংরাজী শব্দ (Appeal). বি।

আপিস, আপীস, আফিস—কার্য্যালয়, কর্ম্মস্থান; দপ্তরখানা। ইংরাজী শব্দ (Office). বি।

আপিসওয়ালা—আপিসের কর্ম্মচারী। আপিস+ওয়ালা নিযুক্তার্থে। বি।

আপিসার—উচ্চ কর্ম্মচারী, কেরাণী। ইংরাজী শব্দ (Officer). বি।

আপীড়—কিরীট, শিরোভূষণ; শিখাস্থ মাল্য। আ—পীড়্+ঘঞ্ করণবা। বি; পুং।

আপীড়ন—গাঢ় আলিঙ্গন; সম্যক্ পীড়ন; দৃঢ় বন্ধন। আ—পীড়্+অনট্ ভাববা। বি; ক্লীব।

আপীড়িত—গাঢ়ালিঙ্গিত; নিষ্পীড়িত; বেদনাপ্রাপ্ত; দৃঢ়বদ্ধ; শোভিত; ভূষিত। আ—পীড়্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আপীত—ঈষৎ পীতবর্ণ, পিঙ্গলবর্ণ; সম্যক্ পীত। প্রাদিতৎ। বিণ।

আপীন—১। গবাদির স্তন, গরুর পালান। আ—প্যায়্+ক্ত কর্তৃবা। বি; ক্লীব। ২। ঈষৎ স্থূল; সম্যক্ স্থূল, সুপুষ্ট। আ—প্যায়্ +ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

আপীল—আপিল দ্রঃ।

আপেক্ষিক—অপেক্ষাকৃত, তুলনাকৃত; সাপেক্ষ, নির্ভরশীল। অপেক্ষা শব্দ+ইক নিষ্পন্নার্থে। বিণ। স্ত্রী,—কী।

আপেক্ষিক-গুরুত্ব—সমায়তন-সম্পন্ন ভিন্ন ভিন্ন বস্তুর গুরুত্বের বা ওজনের সম্বন্ধ, সমায়তন-বিশিষ্ট জলের সহিত কোন দ্রব্যের তুলনাকৃত ওজন (Specific gravity). বি।

আপেল—স্বনামখ্যাত ফল। ইংরাজী apple শব্দজ। বি।

আপোড়া—কাঁচা, যাহা পোড়া নয় এরূপ। নঞ্‌তৎ। বিণ।

আপোশ, আপোস, আপোষ—পরস্পর, আপনা-আপনি; আপনা-আপনি নিষ্পত্তি, রফা। হিন্দীমূলক। বি।

আপ্ত—১। বিশ্বস্ত; প্রত্যায়িত; সন্নিকৃষ্ট, আত্মীয়; অভিযুক্ত, দূষিত; অভ্রান্ত,

প্রামাণিক; হিতোপদেষ্টা, ভ্রমাদিশূন্ত তত্ত্বার্থবেদী। আপ্ + ক্ত কর্তৃবা। ২। প্রাপ্ত, লব্ধ, অধিগত। আপ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, আপ্তা। ৩। ভ্রমপ্রমাদ-বিপ্রলিপ্সা-কপট-প্রকৃতিবর্জ্জিত মুনি প্রভৃতি; বন্ধু। আপ্ + ক্ত কর্তৃবা। ৪। (গণিতে) ভাগফল প্রভৃতি। আপ্ + ক্ত কর্ম্মবা। বি; ক্লীব। ৫। আপন, আত্মীয়, মিত্র। 'আত্মন্' শব্দজ। বিণ।

আপ্তকরণিক—গোপনীয় বিষয়ে সাহায্যকারী কেরাণী (Confidential clerk). বি; পুং।

আপ্তকাম—পূর্ণাভিলাষ, সফলমনোরথ। আপ্ত হইয়াছে কাম যৎকর্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী, -মা।

আপ্তগরজী—যে আপন গরজটাই বেশী দেখে; স্বার্থপর। দেশজ। বিণ।

আপ্তদূতী—নায়ক বা নায়িকার নিকট পরস্পরের প্রণয়-নিবেদনে নিযুক্তা স্ত্রী। কর্ম্মধা। বি; স্ত্রী।

আপ্তবন্ধু—১। আত্মবন্ধু, আত্মীয় ও বন্ধু-বান্ধব, স্বজনবর্গ। কর্ম্মধা। বি। ২। বিশ্বস্ত সুহৃৎ। কর্ম্মধা। বি; পুং।

আপ্তবাক্য, -বচন—বিশ্বস্ত বাক্য, দোষগুণের বিচার না করিয়া যে বাক্য প্রামাণিক বলিয়া স্বীকার করিয়া লওয়া যাইতে পারে। কর্ম্মধা। বি; ক্লীব।

আপ্তি—প্রাপ্তি, লাভ; ব্যাপ্তি; সম্বন্ধ; উপযোগিতা; যোগ্যতা। আপ্ + ক্তি ভাববা। বি; স্ত্রী।

আপ্যায়ন—১। বৃদ্ধি; উন্নতি; পুষ্টি; তৃপ্তি; তর্পণ; প্রীতি। আ—প্যায়্ + অনট্ ভাববা। বি; ক্লীব। ২। পুষ্টিকর; বৃদ্ধিকর; তৃপ্তিকর; প্রীতিজনক। আ--প্যায়্ + ণিচ্ অন কর্তৃবা। বিণ। স্ত্রী, -না।

আপ্যায়িত—১। প্রবৃদ্ধ; তৃপ্ত; প্রীত। আ—প্যায়্ + ক্ত কর্তৃবা। ২। পরিতোষিত। আ—প্যায়্ + ণিচ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, -তা।

আপ্রাণ—প্রাণপণ। দেশজ প্রঃ। বিণ বা ক্রি-বিণ।

আপ্লব, আপ্লাব—স্নান; জলপ্লাবন; উল্লম্ফন; গতি; সম্যক্ আবরণ। আ—প্লু (প্লুত হওয়া) + অপ্, ঘঞ্ ভাববা। বি; পুং।

আপ্লাবন—প্লাবন। আ—ণিজন্ত প্লু বা প্লাবি + অনট্ ভাববা। বি; ক্লীব।

আপ্লুত—১। সিক্ত; স্নাত; উৎপতিত। আ—প্লু + ক্ত কর্তৃবা। বিণ। ২। স্নান; উল্লম্ফন। আ—প্লু + ক্ত ভাববা। বি; ক্লীব।

আফগান, -স্থান—১। আফগানিস্থানের অধিবাসী; আফগানিস্তানসম্বন্ধীয়। ফার্সী। বিণ।

আফলা—অফলন্ত, যাহাতে ফল ধরে না বা ধরে নাই; বাঁজা ('-গাছ')। না ফলে যাহা, উপতৎ। বিণ।

আফসান, -নো—আপশান দ্রঃ।

আফ্‌সোস—আপশোস দ্রঃ।

আফিং, আফিম—অহিফেন, পোস্ত-ফলের রস হইতে প্রস্তুত মাদকদ্রব্য। সংস্কৃত 'অফেন' বা আর্বী 'অফিয়ুন' শব্দজ। বি।

আফিমখোর—যে আফিংএর নেশা করে। বি বা বিণ।

আব—অর্ব্বুদ, রোগজনিত মাংসপিণ্ড (Tumour). 'অর্ব্বুদ' শব্দজ। বি।

আবওয়াব, আববাব—নির্দ্দিষ্ট খাজানার অতিরিক্ত প্রজার নিকট জমিদারের বাজে আদায়। ফার্সী। বি।

আবকার, আবগার—মদ্য প্রভৃতি মাদক-দ্রব্য প্রস্তুতকারক বা বিক্রয়কারী। ফার্সী। বি।

আবকারি, -কারী, আবগারি, -গারী—মাদকদ্রব্যের ব্যবসায়-সংক্রান্ত রাজকীয় কর বা বিভাগ (Excise). ফার্সী। বি বা বিণ।

আবকাশিক—কেহ ছুটি লইলে তাহার স্থলে কাজ করিবার জন্ত যে নিযুক্ত থাকে (Leave reservist). অবকাশ + ইক। বি।

আবছা, আবছা(য়া)—অস্পষ্ট আকার; ভূতপ্রেতাদির ভীতিজনক ছায়ামূর্ত্তি। 'অপচ্ছায়া' শব্দজ। বি।

আবজান—ভেজাইয়া দেওয়া, (দুয়ার) বন্ধ করা। প্রাদে। ক্রি।

আবড়া-খাবড়া, এবড়ো-খেবড়ো—অসমতল, উঁচুনীচু, বন্ধুর। দেশজ। বিণ।

আবডাল—আড়াল, অন্তরাল। 'অন্তরাল' শব্দজ। প্রাদে। বি।

আবদার—বায়না, উৎকট বাসনা; সনির্ব্বন্ধ অনুরোধ; অযথা জেদ। দেশজ। বি।

আবদারে, আবদেরে—উৎকট বাসনা-যুক্ত, খেয়ালী; অযথা জেদী। আবদার+এ (∠ইয়া) যুক্তার্থে। বিণ।

আবদ্ধ—বদ্ধ, যাহা বা যাহাকে বদ্ধ করা হইয়াছে; প্রতিরুদ্ধ, আটকান; যাহা বন্ধক দেওয়া হইয়াছে এরূপ; সংলগ্ন; সংশ্লিষ্ট; প্রাপ্ত; ব্যাপৃত। আ—বন্ধ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

আবন্ধ—১। দৃঢ়বন্ধন। আ—বন্ধ্+ঘঞ্ ভাববা। ২। যোক্ত্র, যোতদড়ি; যোয়াল; প্রেম; ভূষণ। আ—বন্ধ্+ঘঞ্ করণবা। বি; পুং।

আবপন—১। ধান্যস্থাপন পাত্র; আধার, পাত্র, ভাণ্ড। আ—বপ্+অনট্ অধিবা। ২। রোপণ, বীজবপন; মুণ্ডন, কেশাদির সমূলে ছেদন। আ—বপ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

আবরক—আচ্ছাদক; ঢাকনি। আ—বৃ (ঘেরা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

আবরণ—১। আচ্ছাদন, বেষ্টন, অবরোধ। আ—বৃ+অনট্ ভাববা। ২। আচ্ছাদন-সাধন, ঢাকনি; ঢাল। আ—বৃ+অনট্ করণবা। বি; ক্লীব।

আবরণশক্তি—যে শক্তিদ্বারা বস্তুর স্বরূপ তিরোহিত হইয়া অন্যরূপ প্রতীতি হয়, মায়া-শক্তি। আবরণকারিণী শক্তি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। [যেমন একখণ্ড ক্ষুদ্র মেঘ বহু-বিস্তৃত সূর্য্যমণ্ডলকে মনুষ্যের দৃষ্টি হইতে আবৃত রাখিতে সমর্থ হয়, সেইরূপ অতি সামান্য অজ্ঞতাও পরমাত্মাকে মনুষ্যের মনশ্চক্ষু হইতে আবরণ করিয়া রাখিয়াছে]।

আবরণী—খোল; ঢাকনি। আ—বৃ+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

আবরা—১। আবরণ, খোল, ওয়াড়। প্রাদে। বি। ২। আবরণ করা, ঢাকা, গোপন করা। কবিপ্র। ক্রি।

আবরি—আবরণ করিয়া, ঢাকিয়া। 'আবরিয়া' ক্রিয়ার সংক্ষেপ। কবিপ্র।

আবরিত—ঢাকা। 'আবৃত' শব্দজ। বিণ।

আবরু—পর্দ্দা, যবনিকা, আবরণ; স্ত্রী-লোকের সম্ভ্রম বা লজ্জাশীলতা, সতীত্ব; সম্মান, মর্য্যাদা। ফার্সী। বি।

আবর্জ্জ(র্জ)ন—ত্যাগ; নিক্ষেপ, ফেলিয়া দেওয়া। আ—বর্জ্জি+অনট্ ভাববা। বি; ক্লীব।

আবর্জ্জ(র্জ)না—১। আবর্জ্জন, ত্যাগ, নিক্ষেপ। আ—বর্জ্জি+অন ভাববা+আপ্। ২। ত্যক্ত বা নিক্ষিপ্ত বস্তু, যাহা ফেলিয়া দেওয়া যায়, জঞ্জাল। আ—বর্জ্জি+অন কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

আবর্জ্জি(র্জি)ত—ত্যক্ত; প্রক্ষিপ্ত; দত্ত; আহৃত; সংযমিত; আনমিত। আ—বর্জ্জি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আবর্ত্ত(র্ত)—১। জলভ্রম, জলের পাক, ঘূর্ণি জল; মেঘবিশেষ। আ—বৃত্+অচ্ কর্ত্তৃবা। ২। বিবেচনা; চিন্তা; পরিবর্ত্তন; ঘূর্ণন; ধাতু গলান। আ—বৃত্+ণিচ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

আবর্ত্ত(র্ত)ক—১। আবরক; আবৃত্তি-কারক। আ—বৃত্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিকা। ২। জলভ্রম, পাকজল; মেঘবিশেষ। আবর্ত্ত+কন্ স্বার্থে। বি; পুং।

আবর্ত্ত(র্ত)ন—প্রত্যাবর্ত্তন; ঘূর্ণন; আলো-ড়ন, ঘোঁটা, আওটান; গুণন; দ্রবীকরণ

গলান ; পুনঃপুনঃ করণ। আ—বৃত্‌+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

আবর্ত্ত(র্ত)নী—আবর্ত্তনযষ্টি, মন্থনদণ্ড, আলোড়নদণ্ড, ঘুঁটিবার কাঠি, আওটাইবার হাতা ; মুষ, ধাতু গলাইবার মুচি। আ—বৃত্‌+ণিচ্‌+অনট্‌ ভাববা, করণবা+ঈপ্‌। বি ; স্ত্রী।

আবর্ত্ত(র্ত)বাত্যা—ঘূর্ণিবায়ু। আবর্ত্তাকারা বাত্যা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

আবর্ত্ত(র্ত)মান—ফিরিয়া আসিতেছে এরূপ ; পুনঃপুনঃ আবর্ত্তনশীল। আ—বৃত্‌+শানচ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

আবর্ত্তি(র্তি)ত—প্রত্যাবর্ত্তিত ; ঘূর্ণিত ; আলোড়িত ; দ্রবীকৃত ; গুণিত ; অভ্যস্ত। আ—বৃত্‌+ণিচ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আবলি, আবলী—শ্রেণী, পঙ্‌ক্তি, সারি ; সমূহ। আ—বল্‌+ই ভাববা পক্ষে ঈপ্‌। বি ; স্ত্রী।

আবলুস—ঘোর কৃষ্ণবর্ণ কঠিন গুরুভার কাষ্ঠবিশেষ। আর্বী 'আবনুস্‌' শব্দজ। বি।

আবশ্যক—১। প্রয়োজনীয়, দরকারী ; অবশ্যকর্ত্তব্য। অবশ্যম্‌+অক (বুঞ্‌) ভবার্থে। বিণ। ২। অবশ্যম্ভাব ; দরকার। অবশ্যম্‌+অক (বুঞ্‌) ভাবার্থে। বি ; ক্লীব।

আবশ্যকতা—প্রয়োজনীয়তা, প্রয়োজন, দরকার। আবশ্যক+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

আবশ্যকীয়—প্রয়োজনীয়। আবশ্যক+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—য়া।

আবশ্যিক—অবশ্যকরণীয় বা গ্রহণীয় ; বাধ্যতামূলক (Compulsory). বিণ। অবশ্য+ইক। নবগঠিত শব্দ। বিণ।

আবহ—১। বহনকারী ; জনক, উৎপাদক। আ-বহ্‌ (বহন করা)+অচ্‌ কর্ত্তৃবা। বিণ। ২। জনক ; দাতা ; বায়ুবিশেষ। বি ; পুং।

আবহন—বহন ; উৎপাদন ; আনয়ন। আ—বহ্‌+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

আবহবিদ্যা—বায়ুমণ্ডলসংক্রান্ত বিদ্যা (Meteorology). মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

আবহমণ্ডল—বায়ুমণ্ডল ; পৃথিবীর বায়বীয় আবরণ (Atmosphere). ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

আবহমান—ক্রমাগত, যাহা বরাবর চলিয়া আসিতেছে এরূপ। আ—বহ্‌+শানচ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

আবহাওয়া—জলবায়ু ; জলবায়ু জন্য স্থানবিশেষের অবস্থা (Climate). আব্‌ (ফার্সী =জল) ও হাওয়া (আর্বী=বায়ু), দ্বন্দ্ব। বি। [হিন্দীমূলক। অব্য।

আবহি, আবি—এখনই, অবিলম্বে।

আবাঁধা—অবদ্ধ, অনাবদ্ধ, আলুলায়িত। নঞ্‌তৎ। বিণ।

আবা—আজানুবিলম্বিত ঢিলা ও বুকখোলা জামাবিশেষ, আলখেল্লা। আর্বী। বি।

আবাগী—অভাগা নারী, হতভাগিনী, পোড়াকপালী। 'অভাগিনী' শব্দজ। বিণ ; স্ত্রী।

আবাগে—হতভাগ্য, দুরদৃষ্ট, দুরন্ত। 'অভাগা' শব্দজ। বিণ ; পুং।

আবা-থাবা—সত্বর, তাড়াতাড়ি ; যেমন তেমন করিয়া ; মুখচাপা ; অবিস্তীর্ণ। 'অবিস্তারতা' শব্দজ। বিণ বা ক্রি-বিণ।

আবাদ—চাষ, কৃষিকর্ম্ম ; কৃষ্টভূমি ; লোকের বসতি সহিত নবকর্ষিত ভূমি ; আবাস, বাসস্থান ; লোকালয়, গ্রাম, নগর, জনপদ। ফার্সী। বি।

আবাদী—আবাদের উপযুক্ত, কর্ষণযোগ্য ; কৃষ্ট। আবাদ+ঈ কৃতার্থে, যোগ্যার্থে। বিণ।

আবান্তর—তাবৎ বৃত্তান্ত, সমস্ত কথা, ইতিহাস। প্রাঃ কবিপ্র। 'অবান্তর' শব্দজ। বি।

আবাপন—নাটাই বা চরকায় সূতা জড়ান (Reeling). বি ; ক্লীব।

আবাপনিক—যে নাটাই বা চরকায় সূতা জড়ায় (Reeler). বি ; পুং।

আবার—পুনর্ব্বার, ফের ; অধিকন্তু ; আরও, পুনশ্চ ; সন্দেহে। 'অপর' শব্দজ। অব্য।

আবাল—১। বালক পর্য্যন্ত ; বালক হইতে আরম্ভ করিয়া। অব্যয়ী। ক্রি-বিণ। ২। আলবাল। আ—বল্+ঘঞ্ করণবা। বি ; ক্লীব।

আবালবৃদ্ধ—বালক হইতে বৃদ্ধ পর্য্যন্ত। আবাল বৃদ্ধ, সুপ্‌সুপা। বি ; পুং।

আবালবৃদ্ধবনিতা—বালক, বৃদ্ধ ও বনিতা পর্য্যন্ত সকলেই। আবালবৃদ্ধ বনিতা, সুপ্‌-সুপা। বি ; স্ত্রী। [অব্যয়ী। ক্রি-বিণ।

আবাল্য—বাল্যকাল হইতে, আশৈশব।

আবাস—১। বাসস্থান ; গৃহ। আ—বস্+ঘঞ্ অধিবা। ২। থাকা। আ—বস্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

আবাসিক—অধিবাসী, বাসকারী (Resident). আবাস+ইক আছে অর্থে। বিণ।

আবাহন—আহ্বান ; আমন্ত্রণ ; মন্ত্রোচ্চারণ-পূর্ব্বক দেবতাহ্বান। আ—ণিজন্ত বহ্ (=বাহি)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

আবাহনী—আবাহনের জন্য মন্ত্র বা গীত ; দেবতার আহ্বানার্থ মুদ্রাবিশেষ। আ—বহ্+(ণিচ্)+অনট্ করণবা+ঈপ্। বি ; স্ত্রী।

আবাহিত—আহূত, আমন্ত্রিত। আ—ণিজন্ত বহ্ (=বাহি)+ক্ত কর্ম্মবা। ণিণ। স্ত্রী,—তা। [শব্দজ।

আবির—আবীর (তাহা দ্রঃ)। 'আবীর'

আবির্ভবন—আবির্ভাব (সকল অর্থে)। আবিস্—ভূ+অনট্ ভাববা। বি ; ক্লীব।

আবির্ভাব—প্রকাশ ; উদ্ভব ; অধিষ্ঠান ; প্রাদুর্ভাব। আবিস্ (প্রকাশ)—ভূ (হওয়া)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

আবির্ভূত—প্রকাশিত ; উদ্ভূত ; অবতীর্ণ ; অধিষ্ঠিত, প্রাদুর্ভূত। আবিস্—ভূ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

আবিল—কলুষিত ; পঙ্কিল, ঘোলা ; আকুল ; সন্দিগ্ধ। আ—বিল্+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লা।

আবিলতা—আবিলের ভাব, পঙ্কিলতা ইত্যাদি। আবিল+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

আবিষ্করণ—আবিষ্কার, নূতন প্রকাশ। আবিস্—কৃ+অনট্ ভাববা। বি ; ক্লীব।

আবিষ্করণীয়, —ষ্কার্য্য(র্য)—আবিষ্কার-যোগ্য, যাহা আবিষ্কার করিতে হইবে বা করা উচিত এরূপ। আবিস্—কৃ (করা)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া,—র্য্যা।

আবিষ্কর্ত্তা(—ষ্কর্তৃ), —ষ্কর্তা—আবিষ্কারক, নূতন প্রকাশক। আবিস্—কৃ+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্রী।

আবিষ্কার—নূতন প্রকাশ, আবিষ্করণ। আবিস্—কৃ+ঘঞ্ ভাববা। বি ; পুং।

আবিষ্কারক—আবিষ্কারকর্ত্তা, আবিষ্কর্ত্তা, নূতন প্রকাশক। আবিস্—কৃ+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

আবিষ্কৃত—নূতন প্রকাশিত। আবিস্—কৃ (করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আবিষ্ক্রিয়া—আবিষ্কার। আবিস্ শব্দ-কৃ+শ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

আবিষ্ট—১। [ভূতাদিদ্বারা] গ্রস্ত ; ব্যাপ্ত। আ—বিশ্+ক্ত কর্ম্মবা। ২। অভিনিবিষ্ট, মনোযোগী ; প্রবিষ্ট। আ—বিশ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

আবিস্—প্রকাশ, প্রকটন ইত্যাদি সূচক শব্দ। আ—উ+ইস্ কর্ত্তৃবা। অব্য।

আবীর—রঞ্জনকারী দ্রব্যবিশেষ, ফাগ। আ—বি—ঈর+ঘঞ্ কর্ম্মবা। বি ; ক্লীব।

আবুড়া-খাবুড়া—আবড়ো-খাবড়ো, উঁচু-নীচু, বন্ধুর। হিন্দীমূলক। বিণ।

আবৃত—বেষ্টিত ; আচ্ছাদিত ; ব্যাপ্ত ; পূরিত। আ—বৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আবৃতবীজ—(উদ্ভিদতত্ত্বে) ১। আচ্ছাদন-যুক্ত বীজ। কর্ম্মধা। বি। ২। যাহার বীজ আচ্ছাদনযুক্ত থাকে। বহুব্রী। বিণ।

আবৃতি—১। বেষ্টন ; আচ্ছাদন। আ—বৃ+ক্তি ভাববা। ২। আবরণ ; প্রাচীর।

আ—বৃ+ক্তি করণবা। ৩। বেষ্টিত স্থান। আ—বৃ+ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী।

আবৃত্ত—১। পঠিত; অভ্যস্ত; গুণিত; পৌনঃপুনিক (Recurring). আ—বৃত্‌+ক্ত কর্ম্মবা। ২। আগত; প্রত্যাবৃত্ত, নিবৃত্ত। আ—বৃত্‌+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, —ত্তা।

আবৃত্তি—পঠন; গুণন; অভ্যাস; আলোচনা; প্রত্যাগমন। আ—বৃত্‌+ক্তি ভাববা। বি; স্ত্রী।

আবে—এখনই। প্রাঃ কবিপ্র। অব্য।

আবেগ—ত্বরা; সম্ভ্রম; ব্যাকুলতা, চিত্তচাঞ্চল্য। আ—বিজ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

আবেদক—বিজ্ঞাপক; প্রার্থক; অভিযোক্তা। আ—ণিজন্ত বিদ্‌=(বেদি—জানান)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, —দিকা।

আবেদন—নিবেদন, বিজ্ঞাপন; প্রার্থনা; দরখাস্ত; নালিশকরণ। আ—ণিজন্ত বিদ্‌=বেদি)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

আবেদনপত্র—লিখিত প্রার্থনা; বিচারালয়ে উপস্থাপিত অভিযোগপত্র; আর্জ্জি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আবেদনীয়, আবেদ্য—নিবেদনীয়, যে বিষয়ের আবেদন করিতে হইবে। আ—বেদি (জানান)+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —য়া, —দ্যা।

আবেদিত—নিবেদিত, বিজ্ঞাপিত; প্রার্থিত। আ—ণিজন্ত বিদ্‌=(বেদি—জানান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

আবেধ্য—বেধনযোগ্য, ছিদ্রীকরণীয়। আ—বিধ্‌+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —ধ্যা।

আবেশ—প্রবেশ; অভিনিবেশ, মনোযোগ; অধিষ্ঠান; গর্ব্ব; অনুরাগ; অপস্মার রোগ; ভূতাদির আবেশরূপ রোগ; সঞ্চার; বিহ্বলতা; আবেগ; চিত্ত অধিকার; বিপরীত তাড়িত পদার্থদ্বয়ের দ্বারা তড়িৎসঞ্চার (Induction). আ—বিশ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

আবেশন—১। প্রবেশ। আ—বিশ্‌+অনট্‌ ভাববা। ২। শিল্পশালা; সূর্য্যাদির পরিধি। আ—বিশ্‌+অনট্‌ অধিবা। বি; ক্লীব।

আবেষ্টক—বৃতি, প্রাচীর, বেড়া; পরিবেষ্টক। আ—বেষ্ট্‌+ণক কর্তৃবা। বি; পুং।

আবেষ্টন—ঘেরাওকরণ; পরিবেষ্টন; পারিপার্শ্বিক বিষয়। আ—বেষ্ট্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

আবেষ্টনী—পারিপার্শ্বিক অবস্থা; পরিধি; বৃত্ত; ঘেরা, বেড়া। আবেষ্টন+ঈপ্‌ স্ত্রী। বি; স্ত্রী।

আবোধন—১। বোধ, বুদ্ধি, জ্ঞান। আ—বুধ্‌+অনট্‌ ভাববা। ২। বোধন, জানান। আ—বুধ্‌+ণিচ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

আবোল-তাবোল—এলোমেলো কথা, অসংলগ্ন প্রলাপ, যা তা বকা, অর্থহীন বাক্য। দেশজ। বি।

আব্রহ্মস্তম্ব—ব্রহ্ম হইতে আরম্ভ করিয়া সৃষ্টির অতি হীন পদার্থ পর্য্যন্ত; মহত্তম বস্তু হইতে আরম্ভ করিয়া নিকৃষ্টতম বস্তু পর্য্যন্ত। ব্রহ্ম অবধি, এই বাক্যে আব্রহ্ম, অব্যয়ী; আব্রহ্ম স্তম্ব, সুপ্‌সুপা। বি; পুং।

আভ্রু—আবরু দ্রঃ।

আভরণ—১। ভূষণ, অলঙ্কার। আ—ভৃ+অনট্‌ কর্ম্মবা। ২। সম্যগ্‌ভরণ, পোষণ। আ—ভৃ+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

আভা—দীপ্তি, প্রভা; শোভা, কান্তি; সাদৃশ্য। আ—ভা+অঙ্‌ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

আভাং, আভাঙ্গ—ভাল করিয়া তেল মাখা। 'অভ্যঙ্গ' শব্দজ। বি।

আভাঙ্গা, আভাঙা—অভগ্ন; অটুট, সমগ্র। নঞ্‌তৎ। বিণ।

আভাষ—মুখবন্ধ, ভূমিকা; প্রবেশিকা; অনুষ্ঠান; আলাপ। আ—ভাষ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং। দেশজ।

আভাষণ—আলাপ, পরস্পর কথোপকথন; উক্তি। আ—ভাষ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

আভাষিত—কথিত, উক্ত। আ—ভাষ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আভাস—দীপ্তি; প্রতিবিম্ব; অভিপ্রায়; সাদৃশ্য; ইঙ্গিত; (ন্যায়শাস্ত্রে) প্রতিবিম্বাদির ন্যায় অবাস্তবস্বরূপ অবিদ্যাকার্য্য, মৃষাবুদ্ধি; ফাঁকি, কুতর্ক; অবতারণা। আ—ভাস্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

আভাসমান—দীপ্যমান; প্রকাশমান; প্রতীয়মান। আ—ভাস্‌+শানচ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

আভিজন—কৌলীন্য; পদবী, মর্য্যাদা-পরিচয়। অভিজন (কুলীন)+অণ্‌ ভাবার্থে। বি; ক্লীব।

আভিজাতিক—অভিজাতসম্বন্ধীয়; বংশ-পরিচায়ক। অভিজাত শব্দ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

আভিজাত্য—কৌলীন্য, সদ্বংশে জন্ম, বংশ-মর্য্যাদা; লজ্জা; পাণ্ডিত্য। অভিজাত (কুলীন)+ষ্যঞ্‌ ভাবার্থে। বি; ক্লীব।

আভিধানিক—অভিধানসংক্রান্ত, কোষ-সম্বন্ধীয়। অভিধান+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

আভিমুখ্য—সাম্মুখ্য, সম্মুখীনতা; আনু-কূল্য। অভিমুখ শব্দ+ষ্যঞ্‌ ভাবার্থে। বি; ক্লীব।

আভিষেচনিক—১। রাজাদিগের অভি-ষেক-সম্বন্ধীয়, বা তদর্থে প্রয়োজনীয়, অথবা সেই কার্য্যের উপযুক্ত। অভিষেচন+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী। ২। মহাভারতের পর্ব্ববিশেষ। অভিষেচন+ইক আছে অর্থে। বি; ক্লীব।

আভীর—গোপ, গোয়ালা, আহীর; (পৌরাণিক) দেশবিশেষ; আভীরদেশবাসী লোক। আ—অভি—ঈর্‌+অচ্‌ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—রী। [পাড়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আভীরপল্লি,—পল্লী—ঘোষপল্লী, গোয়ালা-

আভীরী—আহীরিণী, গোয়ালিনী; রাগিণী-বিশেষ। আভীর+ঈপ্‌। বি; স্ত্রী।

আভুগ্ন—ঈষদ্বক্র, আকুঞ্চিত; চারি ধারে ভগ্ন। আ—ভুজ্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—গ্না।

আভূতল—মাটি পর্য্যন্ত, মাটি স্পর্শ করিয়া। অব্যয়ী। ক্রি-বিণ।

আভোগ—পরিপূর্ণতা; উপভোগ; বিস্তার; প্রয়াস; বিমর্দ্দ; বরুণচ্ছত্র, সর্পফণা; সঙ্গীতের চারি চরণের চতুর্থ চরণ। আ—ভুজ্‌ (ভোগ করা)+ঘঞ্‌ ভাববা। বি; পুং। [কবির নামযুক্ত গীতসমাপিকা কবিতা, চলিত কথায় ইহাকে "ভণিতা" কহে। যেমন—"দ্বিজ রামপ্রসাদ বলে।"

"যত্রৈব কবিনাম স্যাৎ
স আভোগ ইতীরিতঃ।"

অর্থাৎ যেখানেই কবির নাম থাকে, তাহাকেই 'আভোগ' কহে]।

আভ্যন্তর—অভ্যন্তরসম্বন্ধীয়, মধ্যের, ভিতরের। অভ্যন্তর+অণ্‌ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—রী।

আভ্যন্তরিক—অভ্যন্তরসম্বন্ধীয়, অভ্যন্তর-জাত; মানসিক। অভ্যন্তর+ইক ভবার্থে। বিণ। স্ত্রী,—কী।

আভ্যন্তরীণ—অভ্যন্তরসম্বন্ধীয়; মধ্যস্থ, ভিতরের। অভ্যন্তর+ঈন ভবার্থে (ব্যাকরণ-মতে 'অভ্যন্তরীণ')। বিণ। স্ত্রী,—ণা।

আভ্যুদয়িক—১। মাঙ্গলিক; শুভকার্য্য-নিমিত্তক; উন্নতিপ্রদ। অভ্যুদয়+ইক জন-নার্থে। বিণ। স্ত্রী,—কী। ২। বিবাহাদি-কালীন কর্ত্তব্য শ্রাদ্ধবিশেষ। বি; ক্লীব।

আম—১। অপক্ব, কাঁচা; অরন্ধিত, পাক করা নয় এরূপ। আ—অম্‌+ঘঞ্‌ কর্ম্মবা। বিণ। স্ত্রী, আমা। ২। অজীর্ণ রোগ; রোগ, পীড়া। বি; পুং। ৩। স্বনামখ্যাত ফল। 'আম্র' শব্দজ। বি। ৪। সাধারণ; সাধারণের ব্যবহার্য্য। [Public. ইহার বিপরীত খাস]। আর্বী। বিণ।

আম-আচার—সর্ষপাদিসংযোগে প্রস্তুত আমের চাটনী, কাসুন্দী। ৬ষ্ঠীতৎ। বি।

আমআদা—আম্রগন্ধি আর্দ্রক বা শঠী-বিশেষ, আমহলুদী। আমসদৃশ আদা, মধ্যপ কর্ম্মধা। বি।

আমগন্ধি—দুর্গন্ধবিশিষ্ট, অপক্ব দ্রব্যের গন্ধের স্থায় গন্ধবিশিষ্ট। আমের (অপক্ব মাংসাদির) গন্ধের স্থায় গন্ধ যাহার, বহুব্রী। বিণ।

আমচুর—শুকনা কাঁচা আমের ফালি; আমশী। 'আম্রচূর্ণ' শব্দজ। বি।

আমজ—আমজনিত, অপক্বরসজনিত; ব্যাধি-জনিত। উপতৎ। আম—জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

আমড়া—একপ্রকার অম্ল ফল। 'আম্রাতক' শব্দজ। বি।

আমড়াগাছি, —গেছে—তোষামোদ, স্তুতি। দেশজ। বি।

আমতা-আমতা—অস্পষ্ট স্বীকারোক্তি, ইতস্ততঃকরণ, হাঁ কি না খোলসা করিয়া না বলা। দেশজ। বি।

আমদরপ্ত, —রপ্তি, —রফ্ত—আমদানি ও রপ্তানি। ফার্সী 'আমদরফ্‌ত্‌' শব্দজ। বি।

আমদা—সুলভ; প্রচুর, অধিক। ফার্সী। বিণ।

আমদানি, —দানী—আসা; আয়; বাণিজ্য-দ্রব্য স্থানান্তর হইতে আনয়ন। ফার্সী 'আমদন' শব্দজ। বি।

আমদানি-রপ্তানি, আমদানী-রপ্তানী—বাণিজ্য-দ্রব্য আনয়ন ও প্রেরণ, মাল লইয়া আসা এবং চালান দেওয়া। ফার্সী 'আমদরফ্‌ত্‌' শব্দজ। বি।

আমন—হৈমন্তিক ধান্য, শালি ধান্য। 'হৈমন' শব্দজ। বি।

আমন্ত্রণ, আমন্ত্রণা—সম্বোধন, আহ্বান; নিমন্ত্রণ; অভিনন্দন, সংবর্দ্ধনা; নিয়োজন; যাহার অকরণে প্রত্যবায় নাই; পরামর্শ; বিদায়দান। আ—মন্ত্রি+অনট্ ভাববা,; (২য় পক্ষে) আ—মন্ত্রি+অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

আমন্ত্রয়িতা (—য়িতৃ)—আমন্ত্রণকারক; আহ্বানকারী; পরামর্শকারক; বিদায়-দানকারী। আ—মন্ত্রি+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

আমন্ত্রিত—সম্বোধিত, আহূত; নিমন্ত্রিত; অভিনন্দিত; নিয়োজিত। আ—মন্ত্রি (মন্ত্রণা করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আমবাত—বাতরোগবিশেষ (Nettlerash). আমজনিত বাত, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

আমবিকার—উদরাময়, অজীর্ণরোগ, আমা-শয়। আমজনিত বিকার, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

আমমোক্তার—বিষয়-সম্পত্তিঘটিত সর্ব্ব-প্রকার কার্য্য নির্ব্বাহার্থে নিযুক্ত প্রতিনিধি (Attorney). আর্বী। বি।

আমমোক্তারনামা—আমমোক্তার-নিয়ো-গের দলিল; যে দলিল দ্বারা আমমোক্তারকে ক্ষমতা অর্পণ করা হয় তাহা (Power of Attorney). আর্বী 'আম্‌মুখ্‌তার'+ফার্সী 'নামা' লিপি অর্থে। বি।

আময়—রোগ, ব্যাধি। আম—যা+ক ঘঞর্থে করণবা। বি; পুং।

আময়দা—অপর্য্যাপ্ত; অপরিমিত; অগাধ। প্রাদে। বিণ।

আময়িক—রোগসম্বন্ধীয়; রোগ-প্রতিকার-সংক্রান্ত। আময়+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

আমরক্ত—রোগবিশেষ, রক্তমলস্রাবরূপ পীড়া। আমজনিত রক্ত যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

আমরণ—মরণকাল পর্য্যন্ত; যাবজ্জীবন। অব্যয়ী। ক্রি-বিণ। [পুং।

আমরস—অপক্বরস, কাঁচারস। কর্ম্মধা। বি;

আমরা—১। 'আমি' শব্দের বহুবচন। সর্ব্ব। ২। গরমে ঝলসিয়া যাওয়া, তাপে মরার মত হওয়া। বাং ক্রি।

আ-মরি, আহা-মরি—প্রশংসা-বিদ্রূপাদি সূচক শব্দ। অব্য।

আমরুত, আমরুত—পেয়ারা ফল। 'অমৃত' শব্দজ। বি।

আমরুল—অম্লরস শাকবিশেষ। 'অম্ললোনী' শব্দজ। বি।

আমর্দ (র্দ), –র্দ(র্দ)ন—পীড়ন; সম্যক্ মর্দন। আ–মৃদ্+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

আমর্ষ, আমর্ষন—স্পর্শ; ধর্ষণ; পরামর্শ; ভক্ষণ; চিন্তা। আ–মৃশ্+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

আমল—সময়; শাসনকাল; অধিকারকাল; অধিকার; প্রশ্রয়। আর্বী। বি।

আমলক—১। বনামধ্যাত বৃক্ষবিশেষ, আমলকী গাছ। আ–মল্ (ধারণ করা)+অক কর্ম্মবা। বি; পুং। ২। ফলবিশেষ। বি; ক্লীব।

আমলকী—১। বনামধ্যাত বৃক্ষবিশেষ। আমলক+ঈপ্। বি; স্ত্রী। ২। আমলকী ফল। বি; ক্লীব।

আমলদস্তক—আমলনামা। আর্বী 'আমল' +ফার্সী 'দস্তক'। বি।

আমলনামা—ভূম্যাদি সম্পত্তি ভোগদখল করিবার মালিকের আদেশপত্র; কর্ম্মচারীর নিয়োগপত্র। আর্বী 'আমল'+ফার্সী 'নামা'। বি।

আমলা—১। আমলকী ফল। 'আমলক' শব্দজ। ২। কেরাণী প্রভৃতি লেখক-কর্ম্মচারী; রাজকর্ম্মচারী, রাজপুরুষ। আর্বীমূলক। বি।

আমলাতন্ত্র—আমলাদিগের শাসন, শাসনকার্য্যে আমলাদিগের প্রভুত্ব, আমলা-সম্প্রদায় (Bureaucracy). আমলা-পরিচালিত তন্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আমলাতি—আমলা, আমলক; হাই আমলা। প্রাঃ কবিপ্র। বি।

আমলান—ক্রমে ব্যথাযুক্ত হওয়া; টাটান; টক হইয়া যাওয়া। বাং ক্রি।

আমলা-কয়লা—কর্ম্মচারিবৃন্দ; বিভিন্ন বিভাগের কর্ম্মচারী। আর্বী। বি।

আমশূল—আমজনিত উদরের বেদনা, শূলরোগ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

আমসত্ত, আমসত্ত্ব—রৌদ্রে শুকান আম্ররস। 'আম্রসত্ত' বা 'আম্রাবর্ত্ত' শব্দজ। বি।

আমসরুরি—পেয়ারা। প্রাদে। বি।

আমসি, –সী—আমচুর (তাহা দ্রঃ)। 'আম্রপেষী' শব্দজ। বি।

আমহরিদ্রা—আমআদা। আমসদৃশী হরিদ্রা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

আমাতিসার, আমাতীসার—উদরাময়বিশেষ, অতিশয় আম রেচন, রক্তামাশয়। আমযুক্ত অতি(তী)সার, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

আমানৎ—গচ্ছিত, জমা (Deposit). [আর্বী। বি।

আমানি, –নী—পান্তা ভাতের জল; কাঁজি। দেশজ। বি।

আমান্ন—অপক্ব ভক্ষ্য; আতপ তণ্ডুল; তণ্ডুল, চাল। কর্ম্মধা। বি; ক্লীব।

আমামা—একপ্রকার পাগড়ি। আর্বী। বি।

আমার—নিজের; নিজ অধিকৃত; আত্মীয়। 'আমি' শব্দের ৬ষ্ঠীর একবচন। সর্ব্ব।

আমাশয়—১। আমস্থলী; উদরমধ্যস্থ আমরসের স্থান। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। রোগবিশেষ (Dysentery). দেশজ প্রঃ। বি।

আমি—বক্তা স্বয়ং, আত্মা, অহঙ্কার। সংস্কৃত 'অস্মদ্' শব্দজ। সর্ব্ব, উত্তম পুরুষ।

আমিক্ষা, আমীক্ষা—দুগ্ধবিকার, ছানা। আ–মিষ্+সক্ কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

আমিত্ব—'আমি করি' বা 'আমি প্রধান'—এইরূপ ভাব; অহঙ্কার। আমি+ত্ব ভাবে। বি।

আমিত্ববোধ—আমিত্বের জ্ঞান; নিজের মধ্যে কি আছে তাহা বিশেষভাবে জানা; অহঙ্কার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আমিন—আমীন দ্রঃ।

আমিনী—১। কামিনী; সেবিকা। 'কামিনী' শব্দজ। প্রাঃ কবিপ্র। ২। আমিনের

পদ বা কাজ। বি। আমিন+ই কর্ম্মার্থে। বি।

আমির, আমীর—মুসলমান রাজা, জমিদার, সম্ভ্রান্তব্যক্তি, বা বড়লোক; নবাব। আর্বী। বি।

আমি(মী)রি—বড়মানুষি, নবাবি। আমির, আমীর+ই কর্ম্মার্থে, ভাবার্থে। বি।

আমিষ—মাংস; ভোগ্যবস্তু; সুন্দর বস্তু; উৎকোচ; কামগুণ, অভিলাষ; ভোজন; লোভ; লোভ্য বস্তু; রূপাদি বিষয়। আ—মিষ্+ক কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

আমিষপ্রিয়—মাংসলোলুপ। আমিষ হইয়াছে প্রিয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

আমিষভোজী (—ভোজিন্)—মৎস্য-মাংসভক্ষণকারী; মাংসলোভী। উপতৎ। আমিষ—ভুজ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জিনী।

আমিষাশী (—শিন্)—আমিষভোজী, মৎস্যমাংসভক্ষণকারী; মাংসলোভী। উপতৎ। আমিষ—অশ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—শিনী।

আমীন, আমিন—১। তত্ত্বাবধায়ক; তদারককারী; জমি-জরিপের জন্য নিযুক্ত ব্যক্তি; সত্যবাদী; সাধু। বি। ২। স্বস্তিবচন (উপাসনার শেষে ইহা উচ্চারিত হয়)। আর্বী। অব্য।

আমীর-ওমরাহ্—আমীর ও তাদৃশ বড়লোক; আঢ্য-সম্প্রদায়; সম্ভ্রান্ত ব্যক্তিবর্গ। দ্বন্দ্ব। আর্বী। বি।

আমুদিয়া, আমুদে—আমোদপ্রিয়, রঙ্গপ্রিয়, কৌতুকপ্রিয়। আমোদ+এ (∠ইয়া) শীলার্থে। বিণ।

আমূল—মূল পর্য্যন্ত, প্রথমাবধি, গোড়া হইতে। অব্যয়ী। ক্রি-বিণ।

আমৃষ্ট—মর্দ্দিত; মাজ্জিত; উচ্ছিন্ন। আ—মৃজ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

আমেজ—ঈষৎবিকাশ, আভাস; ভাব; আভা; কিঞ্চিদংশ, লেশ। ফার্সী। বি।

আমোদ—১। দূরগামী সুগন্ধ। আ—মুদ্ (হৃষ্ট হওয়া)+ঘঞ্ করণবা। ২। হর্ষ, আনন্দ। আ—মুদ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

আমোদ-আহ্লাদ, —প্রমোদ—বহু লোকের মিলিত উৎসব। দ্বন্দ্ব। বি; পুং।

আমোদপ্রিয়—কৌতুকপ্রিয়, যে আমোদ ভালবাসে এরূপ। বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

আমোদিত—সুরভিত; হৃষ্ট, আনন্দিত। আমোদ শব্দ+ইত যুক্তার্থে, জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

আমোদিয়া—১। আমোদিত করিয়া; আনন্দিত করিয়া; আমোদ বা আনন্দ করিয়া। কবিপ্র। অস-ক্রি। ২। আমুদে, আমোদপ্রিয়। আমোদ+ইয়া শীলার্থে। বিণ।

আমোদী (—দিন্)—আমোদযুক্ত, সদগন্ধ-বিশিষ্ট; হর্ষযুক্ত, সানন্দ; সদানন্দ; আমোদ-প্রমোদ করা যাহার স্বভাব এরূপ। আমোদ শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—দিনী।

আস্পা—উচ্চাভিলাষ, দুরাকাঙ্ক্ষা; স্পর্দ্ধা, অভিমান, আস্ফালন; জাঁকজারি, বড়াই; আড়ম্বর, চোট; সামর্থ্য, শক্তি, বল, ক্ষমতা; বিক্রম, বীর্য্য। প্রাঃ কবিপ্র। বি।

আম্বিয়া—মুসলমানধর্ম্মের প্রচারক; নবী। বৈদেশিক। বি।

আম্মা—মাতা, মা। সংস্কৃত 'অম্বা' শব্দমূলক। উর্দ্দ্ শব্দ। বি।

আম্র—১। আমগাছ। অম্র+অণ্ স্বার্থে। বি; পুং। ২। আমফল। বি; ক্লীব।

আম্রকানন, —বণ—আম্রোদ্যান, আমগাছের বাগান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আম্রকুঞ্জ—আম্রবৃক্ষতলস্থিত ছায়াময় স্থান। আম্রমধ্যস্থ কুঞ্জ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

আম্রমুকুল—চূতমঞ্জরী; আমের বোল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আম্রাত, আম্রাতক—১। আমড়াগাছ। উপতৎ। আম্র—অত্+অণ্, শক কর্ত্তৃবা।

রি; পুং। ২। আমড়া ফল। আম্রাত, আম্রাতক+অণ্ জাতার্থে। বি; ক্লীব।

আম্ল—অম্লরসযুক্ত, টক। আ (সম্যক্) অম্ল যাহাতে, বহুব্রী। বিণ।

আয়—ধনাগম; প্রাপ্তি; রোজগার, লাভ; অন্তঃপুররক্ষক; (জ্যোতিষে) লগ্নের একাদশ স্থান। আ—ই বা অয়্+ঘঞ্ ভাববা। বি; পুং।

আয়কর—১। ধনাগমজনক, লাভজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রী। ২। প্রজার আয়ের উপর নির্দ্ধারিত রাজকর (Income-tax). আয়-নিমিত্তক কর, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

আয়ত—১। দীর্ঘ; বিস্তৃত; বিশাল। আ—যম্+ক্ত কর্ত্তৃবা। ২। আকৃষ্ট; প্রসারিত; সংযত। আ—যম্+ক্ত কর্ম্মবা। ৩। সম্যক্ যত্নশীল। আ—যত্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা। ৪। (জ্যামিতি, পরিমিতি প্রভৃতি শাস্ত্রে) যে চতুর্ভুজ ক্ষেত্রের অভিমুখীন ভুজ দুইটী পরস্পর সমান, কিন্তু সকল ভুজ সমান নহে, এবং চারিটী কোণের প্রত্যেকটাই সমকোণ, তাহাকে আয়ত কহে (Rectangle). আ—যম্+ক্ত কর্ম্মবা। বি; ক্লীব।

আয়তন—যজ্ঞস্থান; আলয়; স্থান; দেবাদি বন্দন স্থান, পুণ্যতীর্থাদি; ভদ্রাসন; সম্যক্ যত্ন; বিস্তার; পরিসর; পরিমাণ। আ—যত্+অনট্ অধিবা। বি; ক্লীব।

আয়তলোচন—১। দীর্ঘনেত্র, আকর্ণবিস্তৃত-চক্ষুঃ। বহুব্রী। বিণ। স্ত্রী,—না। ২। দীর্ঘ চক্ষুঃ। কর্ম্মধা। বি; ক্লীব।

আয়তি, -ত্তী—১। উত্তরকাল, ভবিষ্যৎ-কাল, বর্ত্তমানকাল; প্রভাব, গৌরব। আ—যা (যাওয়া)+ক্তি কর্ত্তৃবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী। ২। আয়তী, সধবা; সধবাত্ব; সধবার লক্ষণ। আয়ত (∠অবিধবত্ব)+ই, ই আছে অর্থে, স্বার্থে। কবিপ্র। বি।

আয়ত্ত—বশীভূত, অধীন। আ—যত্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্তা।

আয়না—আরসি, দর্পণ, কাচ। ফার্সী 'আইনা' শব্দজ। বি।

আয়ন্দা, আয়েন্দা—আগামী, ভাবী, ভবিষ্যৎ। ফার্সী 'আমদন্' শব্দজ। বিণ।

আয়ব—আসিবে। প্রাঃ কবিপ্র। ক্রি।

আয়বড়, -বুড়—অবিবাহিত। 'অবূঢ়' শব্দজ। বিণ।

আয়ব্যয়—জমা ও খরচ; অর্থের আগম ও অপগম। দ্বন্দ্ব। বি; পুং।

আয়ব্যয়ক—সরকারী আয়ব্যয়ের বার্ষিক হিসাব (Budget). বি।

আয়মা, আয়েমা—মুসলমান রাজাদিগের প্রদত্ত নিষ্কর ভূমি। আর্বী। বি।

আয়মাদার—আয়মাজমি ভোগকারী আর্বী। বি বা বিণ।

আয়মাদারী—আয়মাজমীর ভোগদখল আয়মাদার+ঈ অধিকারার্থে। বি।

আয়মাল—গ্রাম ও পরগণা। আর্বী। বি।

আয়ল—আইল, আসিল। প্রাঃ কবিপ্র ক্রি।

আয়লু—আসিলাম। প্রাঃ কবিপ্র। ক্রি।

আয়স—১। লৌহ। অয়স্+অণ্ স্বার্থে বি; ক্লীব। ২। লৌহময়, লৌহনির্ম্মিত অয়স্+অণ্ সম্বন্ধার্থে বা বিকারার্থে। বিণ স্ত্রী,—সী।

আয়সী—১। লৌহময়ী, লৌহনির্ম্মিতা আয়স দ্রঃ। আয়স্+ঈপ্। বিণ; স্ত্রী ২। বর্ম্ম, লৌহময় কবচ। অয়স্+অ বিকারার্থে+ঈপ্। বি; স্ত্রী।

আয়স্ত্রী—সধবা। কর্ম্মধা। বি।

আয়া—ধাত্রী, ধাই বা দাই, মেমদের শিশু পালিকা দাসী; পরিচারিকা। পোর্তুগী Aya. বি।

আয়াত—১। আগত। আ—যা (যাওয়া) +ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা। ২ আগমন। আ—যা+ক্ত ভাববা। বি; ক্লীব

আয়াপান—ঔষধ গুল্মবিশেষ; বিশল্য করণী। দেশজ। বি।

আয়াম—১। বিস্তার; লম্বতা, দৈর্ঘ্য। আ—যম্+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। সময়, কাল; উপযুক্ত অবসর। আরবী 'আইয়াম' শব্দজ। বি।

আয়াস—১। অতি যত্ন; শ্রম, শ্রান্তি; পীড়া, ক্লেশ। আ—যস্+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। আয়েস, আরাম, বিশ্রাম, সুখ। আর্বী 'আএশ' শব্দজ। বি।

আয়াসসাধ্য—কষ্টসাধ্য, অত্যন্ত শ্রমসাধ্য; দুষ্কর, দুরূহ। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ধ্যা।

আয়াসী (—সিন্)—আয়াসকারী, পরিশ্রমী; শ্রান্ত; ক্লান্ত। আয়াস+ইন অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—সিনী।

আয়াসে—আরামকারী, আরামপ্রিয়। আর্বীমূলক আয়াস্+এ (∠ইয়া)। বিণ।

আয়ি, আয়ী—মাতামহী, নানী। 'আর্যিকা' শব্দজ। বি; স্ত্রী।

আয়ু—জীবিতকাল, যতদিন বাঁচিয়া থাকা যায়; জীবন। ই বা অয়্+উন্ কর্ত্তৃবা। বি; পুং।

আয়ুঃ (আয়ুস্)—জীবিতকাল, যতদিন বাঁচা যায়; বয়স; স্থিতিকাল। ই+উস্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

আয়ুঃক্ষয়—পরমায়ুনাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আয়ুঃপ্রদ—আয়ুর্ব্বৃদ্ধিকর। উপতৎ। আয়ুস্—প্র—দা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

আয়ুঃশেষ—জীবনকালের পরিসমাপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আয়ুক্তক,, আয়ুক্ত আধিকারিক—আফিসের কোন বিভাগের ভারপ্রাপ্ত উচ্চ কর্ম্মচারী (Officer in charge). বি।

আয়ুধ—অস্ত্র, শস্ত্র, প্রহরণ। আ—যুধ্+ক ঘঞর্থে করণবা। বি; ক্লীব।

আয়ুধাগার—অস্ত্রাগার, শস্ত্রশালা (Armoury). আয়ুধের অগার বা আগার, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আয়ুধিক, আয়ুধীয়—শস্ত্রধারী; শস্ত্রজীবী; যোদ্ধা। আয়ুধ+ইক, ঈয় তাহা দ্বারা জীবন ধারণ করে অর্থে। বিণ।

আয়ুর্ব্বৃ(র্বৃ)দ্ধি—আয়ুকালের বৃদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আয়ুর্ব্বৃ(র্বৃ)দ্ধিকর—পরমায়ুবর্দ্ধক, আয়ুষ্য। উপতৎ। আয়ুর্বৃদ্ধি—কৃ+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

আয়ুর্ব্বৃ(র্বৃ)দ্ধ্যন্ন—বিবাহের পূর্ব্বে আয়ুর্বৃদ্ধিকল্পে মাঙ্গলিক অন্নগ্রহণ, অবূঢ়ান্ন, আইবুড়োভাত। আয়ুর্বৃদ্ধিকর অন্ন, মধ্যপদলোপী কর্ম্মধা। বি; ক্লীব।

আয়ুর্ব্বে(র্বে)দ—(হিন্দুমতের) চিকিৎসাশাস্ত্র; বৈদ্যকশাস্ত্র। আয়ুর্বিষয়ক বেদ, মধ্যপদলোপী কর্ম্মধা। বি; পুং।

আয়ুর্ব্বে(র্বে)দজ্ঞ—চিকিৎসাশাস্ত্রে পারদর্শী, আয়ুর্ব্বেদবিৎ। উপতৎ। আয়ুর্ব্বেদ—জ্ঞা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

আয়ুর্ব্বে(র্বে)দবিৎ,(—বিদ্)—চিকিৎসাশাস্ত্রে অভিজ্ঞ। উপতৎ। আয়ুর্ব্বেদ—বিদ্+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

আয়ুর্ব্বে(র্বে)দিক—১। আয়ুর্ব্বেদীয়। আয়ুর্ব্বেদ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী। ২। বৈদ্য। আয়ুর্ব্বেদ+ইক জানে অর্থে। বি; পুং।

আয়ুর্ব্বে(র্বে)দী (—দিন্)—চিকিৎসক, কবিরাজ; আয়ুর্ব্বেদজ্ঞ। আয়ুর্ব্বেদ শব্দ+ইন্ জানে অর্থে। বিণ। স্ত্রী,—দিনী।

আয়ুর্ব্বে(র্বে)দীয়—আয়ুর্ব্বেদ-সম্বন্ধীয়, চিকিৎসা-শাস্ত্রসংক্রান্ত। আয়ুর্ব্বেদ শব্দ+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—য়া।

আয়ুষ্কর—আয়ুর্ব্বৃদ্ধিকারক, পরমায়ুবর্দ্ধক। উপতৎ। আয়ুস্—কৃ+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

আয়ুষ্কাম—আয়ুকালের বৃদ্ধি অভিলাষী; দীর্ঘজীবনাকাঙ্ক্ষী। আয়ুস্—কামি+অণ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—মা।

আয়ুষ্মান্ (আয়ুষ্মৎ)—১। দীর্ঘায়ুঃ, চিরজীবী। আয়ুস্+মতুপ্ অস্ত্যর্থে। বিণ

স্ত্রী,—মতী। বি,—মত্তা। ২। তিথিনক্ষত্রের যোগবিশেষ। বি; পুং।
আয়ুষ্য—১। আয়ুর্বৃদ্ধিকারক। আয়ুস্ +যৎ হিতার্থে। বিণ। স্ত্রী,—ষ্যা। ২। অন্ন। বি; ক্লীব। [বি।
আয়েত—কোরাণের অংশবিশেষ। আর্বী।
আয়েন্দা—১। ভবিষ্যৎ। বি। ২। আগামী, ভাবী। বিণ।
আয়েব—ত্রুটী, দোষ। আর্বী 'আইব' শব্দজ। বি।
আয়েমা—আয়মা দ্রঃ।
আয়েশ—স্বাচ্ছন্দ্য, আরাম, সুখভোগ; বিলাস। আর্বী। বি।
আয়েশী—আরামপ্রিয়, সুখবিলাসী। আর্বী 'আএশ্'+ঈ। বিণ।
আয়োজক—আয়োজনকারী, সংগ্রহকারক, যে যোগাড় করে; উদ্যোগী। আ—যুজ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জিকা।
আয়োজন—উদ্যোগ; আহরণ, সংগ্রহ। আ—যুজ্+অনট্ ভাববা। বি; ক্লীব।
আয়োজিত—যাহার আয়োজন করা হইয়াছে এরূপ; আহৃত, সংগৃহীত। আ—যোজি+ক্ত কর্ম্মবা। বিণ।
আযোধন—১। যুদ্ধ; বধ। আ—যুধ্ +অনট্ ভাববা। ২। যুদ্ধক্ষেত্র। আ—যুধ্ +অনট্ অধিবা। বি; ক্লীব।
আর—এবং, অপি, ও; অন্য, অপর; অতঃপর; পুনর্ব্বার; ইহার অধিক; অথবা; পক্ষান্তরে; বিগত; কখন; এখন। 'অপর' শব্দজ। সর্ব্ব। অব্য।
আর-আর—অপরাপর। সর্ব্ব-বিণ।
আরও, আরো—অধিকন্ত, ইহা ভিন্ন; বেশী। বিণ।
আরক—তরলনির্য্যাস বা ঔষধ; আসব, মদিরা; রস। আর্বী 'আরক্' শব্দজ। বি।
আরকূট—পিত্তলাভরণ; পিত্তলরাশি। প্রাদেশিক। বি; ক্লীব।
আরক্ত—১। ঈষৎ রক্তবর্ণ, আ-লোহিত; গাঢ় রক্তবর্ণ। আ—রন্জ্+ক্ত কর্ম্মবা। ২। সম্যক্ বা ঈষৎ অনুরক্ত। আ—রন্জ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ক্তা।
আরক্তিম—ঈষৎ রক্তবর্ণ। আ (ঈষৎ) রক্তিমা=আরক্তিমা, প্রাদি। [আরক্তিমা এই পদটী বাঙ্গালায় "আরক্তিম" আকারে বিশেষণরূপে ব্যবহৃত হয়]।
আরক্ষা—নগরশাসন; শান্তিরক্ষা। আ—রক্ষ্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।
আরক্ষাধ্যক্ষ—শান্তিরক্ষাবিভাগের উচ্চ-পদস্থ কর্ম্মচারী (Police Superintendent).
আরজ—প্রার্থনা, আবেদন, নিবেদন, দরখাস্ত। আর্বী 'অর্জ্' শব্দজ। বি।
আরজবেগ—যে কর্ম্মচারী বিচারপতির নিকট দরখাস্ত দেয়, পেস্কার, আধুনিক 'বেঞ্চ-ক্লার্ক' (Bench-clerk). আর্বী। বি।
আরজি, আরজী—বিচারপতির নিকট উপস্থাপিত আবেদনপত্র বা দরখাস্ত। আর্বী। বি। [অণি কর্ত্তৃবা। বি; পুং।
আরণি—জলাবর্ত্ত, ঘূর্ণিত জল। আ—ঋ+
আরণ্য—অরণ্যসম্বন্ধীয়; বন্য; বনজাত। অরণ্য শব্দ+অণ্ ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—ণ্যা।
আরণ্যক—১। বনজাত, বন্য। অরণ্য+ অক (বুঞ্) ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী,—কা। ২। বনপথ; হস্তী; অধ্যায়; গোময়। বি; পুং। ৩। বেদাংশবিশেষ; ব্রাহ্মণগ্রন্থের উপসংহারভাগ। বি; ক্লীব।
আরতি—১। বিরতি, নিবৃত্তি। আ—রম্ +ক্তি ভাববা। বি; স্ত্রী। ২। আসক্তি, অনুরাগ; আহ্বান, আজ্ঞা, নিয়োগ, আদেশ; আরাধনা, সম্মাননা; আকুলতা; আগ্রহ; আকাঙ্ক্ষা। প্রাঃ কবিপ্র। ৩। দেবতার নীরাজন, প্রতিমার সম্মুখে দীপাদি সঞ্চালন। 'আরাত্রিক' শব্দজ। বি।
আরদালী(লি), আর্দালী(লি)—চাপরাসী; পত্রবাহক; ভৃত্য; পেয়াদা, বার্ত্তাবাহক। ইংরাজী orderly শব্দজ। বি।

আরজ—হরিদ্রা, হলুদ। প্রাঃ কবিপ্র। বি।

আরন্দ, আরন্ধ—অরন্ধন পর্ব্ব। 'অরন্ধন' শব্দজ। বি।

আরব—১। শব্দ, ধ্বনি। আ–রু+অপ্ ভাববা। বি; পুং। ২। দেশবিশেষ; ঐ দেশের অধিবাসী। আর্বী। বি।

আরবী—১। আরবদেশীয়। বিণ। ২। আরবদেশের ভাষা। আরব+ঈ। বি।

আরব্ধ—যাহার আরম্ভ করা হইয়াছে এরূপ, কৃতারম্ভ, উপক্রান্ত; অনুষ্ঠিত। আ–রভ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–ব্ধা।

আরভমাণ—যে আরম্ভ করিতেছে, আরম্ভকারী। আ–রভ্+শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–ণা।

আরমানি, আরমানী—আর্মিনিয়া দেশবাসী বা তদ্দেশসম্বন্ধীয় (Armenian). বি বা বিণ।

আরম্ভ—সূত্রপাত; উপক্রম; উদ্যোগ; প্রস্তাবনা; অনুষ্ঠান; উৎপত্তি; ত্বরা; গর্ব্ব; বধ। আ–রভ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

আরশ—রাজতক্ত, সিংহাসন; ভগবানের আসন। আর্বী 'আর্শ্' শব্দজ। বি।

আরশি, –শী, আরসি, –সী—দর্পণ, আয়না। 'আদর্শিকা' শব্দজ। বি।

আরশুলা, –শোলা, –সুলা, –সোলা—তৈলপায়িকা, তেলাপোকা। 'অগ্রপদা' শব্দজ। বি। [বিণ।

আরা—আর, অপর; স্বতন্ত্র। প্রাঃ কবিপ্র।

আরাত্রিক—নীরাজন, আরতি। আ–রাত্রি+ইক নিষ্পন্ন হয় এই অর্থে। বি; ক্লীব।

আরাধক—আরাধনাকারী, উপাসক, পূজক, সেবক। আ–রাধ্+ণিচ্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,–ধিকা।

আরাধন, –না—অর্চ্চনা, পূজা; উপাসনা; সেবা, পরিচর্য্যা; অভ্যাস; সাধ; প্রার্থনা। আ–রাধ্+অনট্ ভাববা, পক্ষে অন ভাববা +আপ্। বি; ক্লীব, স্ত্রী।

আরাধনীয়—পূজনীয়, উপাস্য, আরাধ্য। আ–রাধ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,–য়া।

আরাধিত—অর্চ্চিত, পূজিত, উপাসিত; সেবিত; অভ্যস্ত; প্রাপ্ত। আ–ণিজন্ত রাধ্ (=রাধি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

আরাধ্য—উপাস্য, পূজ্য। আ–রাধ্+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,–ধ্যা।

আরাধ্যমান—পূজ্যমান; সেব্যমান; উপাস্যমান; সাধ্যমান। আ–রাধ্+ণিচ্+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,–না।

আরাব—রব, শব্দ, ধ্বনি। আ–রু+ঘঞ্ ভাববা। বি; পুং।

আরাবী (–বিন্)—নাদকারী, শব্দকারী। আরাব+ইন্ আছে অর্থে। বিণ।

আরাম—১। উপবন, উদ্যান, বাগান। আ–রম্+ঘঞ্ অধিবা। ২। বিশ্রাম, বিরাম; প্রীতি; স্বাচ্ছন্দ্য, সুখ। ফার্সী। বি।

আরামকেদারা, –চৌকি—আসন্দী, অর্দ্ধশয়ানভাবে থাকিবার চেয়ার বা কেদারা (Easy-chair). আরামদায়ক কেদারা (পোর্তুগীজ Cathedra), চৌকি (সংস্কৃত চতুষ্কী), মধ্যপ কর্ম্মধা। বি। (বস্তুতঃ 'Arm-chair' হইতে জাত)।

আরামপ্রিয়—সুখপ্রিয়, যে সুখভোগ করিতে ভালবাসে এরূপ। বহুব্রী। বিণ। স্ত্রী,–য়া।

আরাশ—চূণকামের উপর মাজিয়া ঘষিয়া সৌন্দর্য্যবিধান। ফার্সী 'আরারেশ' শব্দজ। বি।

আরি—১। ক্ষুদ্র করাত। ফার্সী 'আর্র' শব্দজ। ২। আলি বা আইল; আলবাল। প্রাঃ কবিপ্র। বি।

আরিন্দা—পেয়াদা, নগদী; বার্ত্তাবাহক, যে পত্র বা খাজানা প্রভৃতি লইয়া যায়। ফার্সী। বি।

আরূঢ়—আরোহণ করিয়াছে এরূপ, কৃতারোহণ; সওয়ার। আ–রুহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–ঢ়া।

আরূঢ়যৌবনা—যৌবনপ্রাপ্তা, নবযুবতী ; পতিপ্রসঙ্গ-প্রিয়া। আরূঢ় যৌবন যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ ; স্ত্রী।

আরে—১। বিস্ময় ঘৃণা ক্রোধ সম্বোধন প্রভৃতি সূচক শব্দ। অব্য। ২। অপরে, অন্যে, অন্যজনে। 'অপরে' শব্দজ। কবিপ্র। সর্ব্ব।

আরোগ্য—রোগাভাব, নীরোগতা, সুস্থতা ; রোগোপশম। আরোগ্য+ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

আরোগ্যপ্রাপ্তি, —লাভ—সুস্থতালাভ, নীরোগ হওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী, পুং।

আরোগ্যশালা—চিকিৎসালয়, হাসপাতাল। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

আরোগ্যসত্র—চিকিৎসালয় ; হাসপাতাল। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

আরোগ্যসাধক—রোগনাশক, সুস্থতাজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ধিকা।

আরোগ্যাশ্রম—হাসপাতাল। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আরোপ—মিথ্যাজ্ঞান ; কোন বস্তুতে অন্য ধর্ম্মের স্থাপন ; অধ্যাস ; উদ্ভাবন, কল্পনা। আ—ণিজন্ত রুহ্ (=রোপি)+অচ্ ভাববা (হ-স্থানে প)। বি ; পুং।

আরোপক—আরোপকর্ত্তা, যে আরোপ করে। আ—রোপি+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

আরোপণ—আরোপকরণ ; আরোহণ করান ; সংস্থাপন ; শরাসনে জ্যা-সংযোজন, শস্যাদির রোপণ। আ—ণিজন্ত রুহ্ (=রোপি) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

আরোপিত—অন্য পদার্থে স্থাপিত ; কল্পিত ; স্থাপিত ; গচ্ছিত। আ—ণিজন্ত রুহ্ (=রোপি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আরোপ্য—আরোপযোগ্য ; স্থাপনীয় ; কল্পনীয় ; উদ্ভাবনীয়। আ—রুহ্+ণিচ্+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—প্যা।

আরোপ্যমাণ—আরোহ্যমাণ, যাহাকে আরোহণ করান হইতেছে। আ—ণিজন্ত রুহ্ (=রোপি)+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ণা।

আরোহ—১। উচ্চতা ; দৈর্ঘ্য ; আরোহণ ; ভার ; পরিমাণবিশেষ ; (দর্শনশাস্ত্রে) কার্য্য হইতে কারণ বা বিশেষ হইতে সামান্যের অনুমান (Induction). আ—রুহ্+ঘঞ্ ভাববা। ২। স্ত্রীনিতম্ব। আ—রুহ্+ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং।

আরোহক—আরোহণকারী। আ—রুহ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হিকা।

আরোহণ—উপরে উঠা, চড়া। আ—রুহ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

আরোহণী—সোপান, সিঁড়ি, মই। আ—রুহ্+অনট্ করণবা+ঈপ্। বি ; স্ত্রী।

আরোহণীয়—আরোহণযোগ্য। আ—রুহ্ + অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

আরোহিত—যাহাকে আরোহণ করান হইয়াছে এরূপ। আ—ণিজন্ত রুহ্ (=রোহি) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আরোহী (—হিন্)—১। আরোহণকারী, চড়নদার, সওয়ার। আ—রুহ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হিণী। ২। সঙ্গীতে উপরের দিকে গমনকারী স্বরের ক্রম। বি ; পুং।

আর্কফলা—রেফ (´) ; (বিদ্রূপার্থে) ক্ষুদ্র কেশ-গুচ্ছ, শিখা, চৈতন, টিকী। দেশজ। বি।

আর্জ্জ(র্জ)ব—ঋজুতা, সরলতা, অকাপট্য। ঋজু শব্দ+অণ্ ভাবার্থে। বি ; ক্লীব।

আর্ট্—কলা, প্রয়োগকৌশল ; রসসৃষ্টি ; রসাত্মক রচনা ; কাব্য চিত্রভাস্কর্য্য অলঙ্করণ নাট্য প্রভৃতিতে যে গুণাবলীর দ্বারা সুধীজনের চিত্ত আকৃষ্ট হয়। ইং Art. বি।

আর্ট্ স্কুল—চিত্রাঙ্কনাদি কলাবিদ্যা শিক্ষালয়। ইং Art School. বি।

আর্টিষ্ট—চিত্রশিল্পী ; রূপদক্ষ ; সুরশিল্পী ; সঙ্গীতজ্ঞ, গায়ক। ইং Artist. বি।

আর্ত্ত(র্ত)—পীড়িত ; দুঃখিত ; ক্লিষ্ট ; উৎপীড়িত ; বিপন্ন। আ—ঋ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, আর্ত্তা।

আর্ত্ত(র্ত)নাদ—পীড়িতের চীৎকার, কাতর-ধ্বনি। ৬ষ্ঠীতৎ বা কর্ম্মধা। বি ; পুং।

আর্ত্ত(র্ত)ব—১। স্ত্রীরজঃ। ঋতু শব্দ+অণ্ আগতার্থে। বি ; ক্লীব ; ২। স্ত্রীরজঃসংক্রান্ত ; গ্রীষ্মাদি ঋতুসংক্রান্ত। ঋতু+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—বী।

আর্ত্ত(র্ত)স্বর—কাতরধ্বনি ; পীড়িতের চীৎকার। কর্ম্মধা বা ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আর্ত্তি(র্তি)—পীড়া, রোগ ; ক্লেশ, মনোব্যথা। আ—ঋ+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

আর্থিক—তাৎপর্য্যগ্রাহী ; অর্থের নিয়োগ-কারী, মহাজন ; অর্থসম্বন্ধীয় ; শব্দার্থবিষয়ক। অর্থ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

আর্দালি,—লী—আরদালি দ্রঃ।

আর্দ্দা(র্দা)শ—অভিযোগ, নালিশ ; প্রার্থনা। প্রাঃ কবিপ্র। আরবী 'আরজ্‌দাস্ত' শব্দজ। বি।

আর্দ্ধ(র্ধ)মাসিক—অর্দ্ধমাসসম্বন্ধীয়, মাসার্দ্ধে করণীয় বা দেয় ; পাক্ষিক ; অর্দ্ধমাসস্থায়ী। অর্দ্ধমাস+ইক দেয়ার্থে। বিণ। স্ত্রী,—কী।

আর্দ্র—সজল, ভিজা ; মৃদু ; নূতন ; শিথিল ; কোমল ; কাঠিন্যশূন্য, তরল। অর্দ্দ্+রক্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, আর্দ্রা।

আর্দ্রক—আদা। আর্দ্র শব্দ+কন্ স্বার্থে। বি ; ক্লীব।

আর্দ্রতা,—ত্ব—সিক্ততা, ভিজে ভাব। আর্দ্র+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

আর্দ্রা—১। সপ্তবিংশতি নক্ষত্রের ষষ্ঠ নক্ষত্র। বি ; স্ত্রী। ২। সিক্তা। আর্দ্র+আপ্। বিণ ; স্ত্রী।

আর্বী—১। আরবদেশসম্বন্ধীয়। বিণ। ২। তদ্দেশীয় ভাষা। আরব্+ঈ সম্বন্ধার্থে। বি।

আর্য্য(র্য)—মানী ; জ্যেষ্ঠ ; শ্রেষ্ঠ ; গুরু ; শ্বশুর ; সজ্জন ; সদ্বংশোদ্ভব ; উচ্চগুণশালী ; উচিত, সঙ্গত। ঋ (গমন করা)+ণ্যৎ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, আর্য্যা।

আর্য্য(র্য)ক—১। পিতামহ ; মাতামহ ; পূজ্য ব্যক্তি। আর্য্য শব্দ+কন্ প্রশস্তার্থে। বি ; পুং। ২। শ্রেষ্ঠ ; মানী। আর্য্য শব্দ+কন্ স্বার্থে। বিণ। স্ত্রী,—কা,—র্য্যিকা।

আর্য্য(র্য)চরিত—সদাচারসম্পন্ন। আর্য্যো-চিত চরিত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা।

আর্য্য(র্য)জাতি—ব্রাহ্মণ-ক্ষত্রিয়াদি ভারতের প্রাচীন জাতি। আর্য্যনামক জাতি, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

আর্য্য(র্য)তা—সদাচার, ধর্ম্মশীলতা। আর্য্য+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

আর্য্য(র্য)ধর্ম্ম(র্ম)—আর্য্যদিগের ধর্ম্মবিশ্বাস বা ধর্ম্মানুষ্ঠানপদ্ধতি ; হিন্দুধর্ম্ম। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আর্য্য(র্য)পুত্র, —পুত্র—গুরুপুত্র ; পতি, স্বামী। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আর্য্য(র্য)বৃত্ত—সদাচারসম্পন্ন, সাধুশীল। আর্য্যোচিত বৃত্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা।

আর্য্য(র্য)ব্রত—১। আর্য্যের কর্ত্তব্য নিয়ম-বিশেষ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। বিণ, —ব্রতী। ২। শ্রেষ্ঠব্রতধারী। বহুব্রী। বিণ। স্ত্রী,—তা।

আর্য্য(র্য)ভট্ট—স্বনামখ্যাত সুপ্রসিদ্ধ সংস্কৃত [জ্যোতির্ব্বিদ্। বি

আর্য্য(র্য)ভাষা—প্রাচীন আর্য্যজাতির ভাষা ; আর্য্যবংশীয়দিগের ভাষা ; সংস্কৃত ভাষা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

আর্য্য(র্য)সমাজ—হিন্দু সম্প্রদায়বিশেষ (ইহা দয়ানন্দ সরস্বতী কর্ত্তৃক প্রতিষ্ঠিত আধুনিক ধর্ম্মসম্প্রদায় ; ইঁহারা বৈদিক ধর্ম মানেন, কিন্তু মূর্ত্তিপূজাদি করেন না ও জাতি ভেদ স্বীকার করেন না)। ৬ষ্ঠীতৎ। বি ; পুং

আর্য্য(র্য)সমাজী—আর্য্যসমাজভুক্ত ; আর্য্য সমাজের নিয়মানুসারে চলিত। বিণ।

আর্য্য(র্য)সিদ্ধান্ত—আর্য্যভট্ট-প্রণীত জ্যোতি গ্রন্থবিশেষ। বি ; পুং।

আর্য্যা(র্যা)—১। মান্যা, ইত্যাদি। আর্ দ্রঃ। আর্য্য+আপ্। বিণ ; স্ত্রী। ২ ভগবতী, পার্ব্বতী ; ছন্দোবিশেষ। বি ; স্ত্রী ৩। ছড়া ; শুভঙ্কর দাস কর্ত্তৃক গণ্ডুকে

রচিত গণিতসম্বন্ধীয় নিয়মাবলী। দেশজ প্রঃ। বি ; স্ত্রী।

আর্য্যা(র্যা)বর্ত্ত(র্ত)—উত্তরে হিমালয় ও দক্ষিণে বিন্ধ্যাচল এতদুভয়ের মধ্যবর্ত্তী এবং পূর্ব্ব ও পশ্চিমে আসমুদ্র ব্যাপ্ত দেশ। আর্য্যদিগের আবর্ত্ত (বাসস্থান), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

আর্শি, আর্সি—আরসি, আয়না। 'আদর্শিকা' শব্দজ। বি।

আর্ষ—১। ঋষিসম্বন্ধীয় ; ঋষিপ্রণীত ; (ব্যাকরণবিরুদ্ধ) ঋষিপ্রযুক্ত। ঋষি+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, আর্ষী। ২। বিবাহবিশেষ। বি ; পুং।

আর্হত—১। জৈন সম্প্রদায়বিশেষ। অর্হৎ +অণ্ সম্বন্ধার্থে। বি ; পুং। ২। জৈনসম্বন্ধীয়। আর্হত+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—তী।

আল—১। আলি, আইল ; বেড়া। 'আলি' শব্দজ। ২। হুল ; সূক্ষ্মমুখ বেধনাস্ত্র ; কাঠের সরু মুখ যাহা অন্য কাষ্ঠখণ্ডের খাঁজে জুড়িয়া দেওয়া হয়। ইং Awl শব্দজ। বি। ৩। রৌদ্রশুষ্ক, আতপ ('—চাল')। 'আলোক' শব্দজ। বিণ।

আলওয়ান—পশমী চাদর বা ওড়না, পাড়শূন্য শাল। আর্বী 'আলবান্' শব্দজ। বি।

আলকাতরা—পাথুরিয়া কয়লা চুয়াইলে যে কৃষ্ণবর্ণ পদার্থ নিঃসৃত হয়। পোর্তুগীজ Alcatrao বা আর্বী 'আর্কৎরাহ্' শব্দজ। বি।

আলকুশী—জ্বালাজনক শূকবিশিষ্ট এক প্রকার লতা বা তাহার ফল। দেশজ। বি।

আলখাল্লা, —খিল্লা—পা পর্য্যন্ত ঝুলান লম্বা ঢিলা জামা। আর্বী 'আল্‌খালিক' শব্দজ।

আলগছে, —গোছে—দূর হইতে ; তফাত থেকে ; স্পর্শ না করিয়া। হিন্দীমূলক। ক্রি-বিণ।

আলগা—শিথিল, ঢিলা, ফস্কা ; অসংযত ; অসাবধান। 'অলগ্ন' শব্দজ। বিণ।

আলগুছী, —গোছী—শিশুদিগের প্রথম হাঁটিতে শিখিবার সময় নিরবলম্বে দাঁড়াইবার প্রয়াস। প্রাদেশিক। বি।

আলঙ্কা(ংকা)রিক—অলঙ্কারসম্বন্ধীয় ; অলঙ্কারশাস্ত্রজ্ঞ ; অলঙ্কারশাস্ত্রের লেখক ; অলঙ্কারযুক্ত। অলঙ্কার+ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী,—কী।

আলচা—আড়চাহনি ; অলক্ষ্যে দর্শন। 'আড়চাহনি' শব্দজ। বি।

আলজিব, —জিভ—টাকরার ছোট জিভ ; জিহ্বার মূলস্থিত ক্ষুদ্র মাংসখণ্ড। 'আলজিহ্বা' শব্দজ। বি।

আলটপ্‌কা, —টপ্পা—আলগোছে ; বিনা আয়াসে ; অক্লেশে ; হঠাৎ, সহসা, আচম্বিতে। দেশজ। ক্রি-বিণ।

আলণ—লবণহীন, যাহাতে লবণ নাই। 'অলবণ' শব্দজ। বিণ।

আলতা—অলক্তক ; সধবা ও কুমারীদিগের পায়ে দিবার একপ্রকার লাল রঙ্গ। 'অলক্ত' শব্দজ। বি।

আলতারাফ—আলমারি প্রভৃতি বন্ধ করিবার খিলবিশেষ। আর্বী 'আল্‌তফ' শব্দজ। বি।

আলতো—অতি সন্তর্পণে ; প্রায় না ছুঁইয়া। দেশজ। ক্রি-বিণ।

আলনা—বস্ত্রাদি রাখিবার কাষ্ঠাধার দণ্ড বা দড়ি। 'আলম্বন' শব্দজ। বি।

আলপনা—আলিপনা, মঙ্গলালেপন। 'আলিম্পন' শব্দজ। বি।

আলপাকা—পশমী বস্ত্রবিশেষ ; প্রাণিবিশেষ। স্পেনীয় Alpaca. বি।

আলপিন—পিন, ক্ষুদ্র পেরেক। পোর্তুগীজ Alfinette শব্দজ। বি।

আলবৎ, —বত্তা, —বাৎ—অবশ্য ; নিশ্চয়, নিঃসন্দেহ। আর্বী 'আলবাৎ' শব্দজ। অব্য।

আলবলা, —বোলা—ফর্সি, সট্‌কা, তামাকু সেবনার্থ গুড়গুড়ি। ফার্সী। বি।

আলবাটি,–টী—পিকদানী। দেশজ। প্রাঃ কবিপ্র। বি।

আলবাল—বৃক্ষমূলে বেষ্টিত জলাধার। আ–ল্+আল কর্ম্মবা সংজ্ঞার্থে। বি; ক্লীব।

আলমারি,–রী—দ্রব্যাদি রাখিবার জন্য দণ্ডায়মান কাষ্ঠাধারবিশেষ। পোর্ত্তুগীজ Almario শব্দজ। বি।

আলম্ব—অবলম্বন, আধার। আ–লম্ব্‌+ঘঞ্‌ কর্ম্মবা। বি; পুং।

আলম্বন—১। অবলম্বন, আশ্রয়করণ। আ–লম্ব্‌ (লম্বিত হওয়া)+অনট্‌ ভাববা। ২। শৃঙ্গারাদি রসের বিভাববিশেষ, নাটকাদি। আ–লম্ব্‌+অনট্‌ কর্ম্মবা। বি; ক্লীব।

আলম্বিত—ধৃত, আশ্রিত; ঝোলা, লম্বমান। আ–লম্ব্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

আলম্বী (–ম্বিন্‌)—অবলম্বনকারী, আশ্রয়ী, লম্বমান। আ–লম্ব্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ম্বিনী।

আলয়—১। গৃহ; আবাস, বাসস্থান। আ–লী+অচ্‌ অধিবা। বি; পুং। ২। লয় পর্য্যন্ত। অব্যয়ী। ক্রি-বিণ।

আলস—১। অলস, কুঁড়ে। অলস+অন্‌ স্বার্থে। বিণ। ২। আলস্য। অলস+অণ্‌ ভাবার্থে। প্রাঃ কবিপ্র। বি; ক্লীব।

আলসহি—আলস্যে। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

আলসে—১। অলস, শ্রমকাতর। আলস্য+এ আছে অর্থে। বিণ। ২। ছাদের পার্শ্বস্থ অনুচ্চ প্রাচীর। দেশজ। বি।

আলস্য—অলসতা, সামর্থ্য-সত্ত্বেও কর্ম্মে অনুৎসাহ, শ্রমবিমুখতা, শ্রমকাতরতা, কুড়েমি। অলস শব্দ+ষ্যঞ্‌ ভাবার্থে। বি; ক্লীব।

আলস্যত্যাগ—আড়মোড়া ভাঙ্গা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আলস্য-পরতন্ত্র, –পরবশ—অত্যন্ত অলস। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–ন্ত্রা,–শা।

আলস্যপরায়ণ—অত্যন্ত অলস। আলস্য পর (শ্রেষ্ঠ) অয়ন (গতি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–ণা।

আলা—১। আলোকিত, আলোময়। 'আলোক' শব্দজ। ২। প্রধান, শ্রেষ্ঠ, প্রথম। আর্বীমূলক। ৩। ক্লান্ত; অবসন্ন; বিনাশ্রমে লব্ধ। 'আলুলায়িত' শব্দজ। বিণ। [বি।

আলাই—আপদ্‌, কণ্টক, অমঙ্গল। দেশজ।

আলাই-বালাই—আপদ্‌-বিপদ্‌, বিষম উৎপাত, অমঙ্গল, অশুভ। দেশজ। বি।

আলাইয়া—এলাইয়া, আলুলায়িত করিয়া, খুলিয়া। প্রাঃ কবিপ্র। দেশজ। অস-ক্রি। [আলান (৪) দ্রঃ।]

আলাএ্যা—এলাইয়া, আলুলায়িত করিয়া, খুলিয়া। প্রাঃ কবিপ্র। অস-ক্রি।

আলাত—জ্বলন্ত অঙ্গার। অলাত+অণ স্বার্থে। বি; ক্লীব। [শব্দজ। বি।

আলাদ—জাহাজের কাছি। 'অলগর্দ্দ'

আলাদা—পৃথক্‌, স্বতন্ত্র। আর্বী। বিণ।

আলান—১। গজবন্ধন-স্তম্ভ, বন্ধনের খোঁটা। আ–লী+অনট্‌ অধিবা। ২। গজবন্ধনরজ্জু; রজ্জু। আ–লী+অনট্‌ করণবা। ৩। বন্ধন। আ–লী+অনট্‌ ভাববা। বি; ক্লীব। ৪। এলান, আলুলায়িত করা, খুলা; বিরক্ত করিয়া তুলা; বিরক্ত করিয়া কর্ম্ম ত্যাগ করান। দেশজ। ক্রি।

আলাপ—কথোপকথন; পরিচয়; জানা-শুনা; উচ্চারণ; রাগরাগিণীর স্বর-সাধন। আ–লপ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

আলাপচারী—গানের পূর্ব্বে স্বর ভাঁজা। দেশজ। বি।

আলাপন—কথোপকথন, সম্ভাষণ। আ–লপ্‌+ণিচ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

আলাপনীয়, আলাপ্য—আলাপযোগ্য। আ–ণিজন্ত লপ্‌ (=লাপি)+অনীয়, য কর্ম্মবা। বিণ। স্ত্রী,–য়া,–প্যা।

আলাপ-পরিচয়—পরস্পর কথাবার্ত্তা ও জানাশুনা। দ্বন্দ্ব। বি; পুং।

আলাপী (-পিন্)—পরিচিত; আলাপপ্রিয়। আলাপ শব্দ+ইন্; বা আ—লপ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিনী।

আলাভোলা—নেহাৎ ভালমানুষ, অনবহিত, অসতর্ক, আত্মবিস্মৃত; সরল, সাদাসিদে। দেশজ। বিণ।

আলায়—১। আলোকিত করে; এলায়; আলাতন করে। বাং ক্রি। ২। আলোকে। দেশজ। বি; অধি।

আলায়-আলায়—আলো থাকিতে থাকিতে, দিনের ভাগে; যথাকালে; নির্ব্বিঘ্নে; অধিক আপদ না ঘটাইয়া। প্রাদেশিক। [হিন্দীমূলক। বি বা বিণ।

আলাল—ঐশ্বর্য্যশালী, ধনী, আঢ্য, বড়মানুষ।

আলালচক্র—অলাতচক্র; কুলালচক্র, কুমারের চাক। কবিপ্র। বি।

আলাহিদা—আলাদা, পৃথক্, স্বতন্ত্র। আর্বীমূলক। বিণ।

আলি—১। সখী। আ—লী+কি অধিবা। ২। ক্ষেত্রের আলি, ভূমির বাঁধ। আ—অল্+ইন্ কর্ত্তৃবা সংজ্ঞার্থে। ৩। শ্রেণী; রেখা। অল্+ইঞ্ করণবা। বি; স্ত্রী। ৪। ভ্রমর; বৃশ্চিক। আ—অল্+কি কর্ত্তৃবা। বি; পুং। ৫। ত্যাগ করি; ক্লান্ত হই। প্রাঃ কবিপ্র। ক্রি।

আলিখিত—যাহা লেখা হইয়াছে এরূপ; অঙ্কিত; বর্ণিত। আ—লিখ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আলিঙ্গন—পরস্পর আশ্লেষ, প্রীতিপূর্ব্বক পরস্পর বাহু ও বক্ষঃ মধ্যে সংযোজন, কোলাকুলি। আ—লিন্‌গ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

আলিঙ্গিত—যাহাকে আলিঙ্গন করা হইয়াছে এরূপ, আশ্লিষ্ট। আ—লিন্‌গ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আলিঞ্জর—মৃত্তিকানির্ম্মিত জলপাত্র, জালা। অলিঞ্জর+অণ্ স্বার্থে। বি; পুং।

আলিন্দ—অলিন্দ, বারান্দা। অলিন্দ+অণ্ স্বার্থে। বি; পুং।

আলিপন, -পনা—পিটালিগোলাদ্বারা চিত্রণ। 'আলিম্পন' শব্দজ। বি।

আলিম্পন,-না—আলিপনা। আ—লিপ্+অনট্ ভাববা, পক্ষে অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

আলিস—১। অলস। বিণ। ২। আলস্য। প্রাঃ কবিপ্র। বি।

আলিসা—১। আল্‌সে, ছাদের প্রান্ত বা প্রান্তস্থ অনুচ্চ প্রাচীর, কার্নিস। আলি+সা সদৃশার্থে। বি। ২। অলস। 'অলস' শব্দজ। বিণ। ৩। আলস্য। প্রাঃ কবিপ্র। বি।

আলিসান—মহৎ, শ্রেষ্ঠ। আর্বী। বিণ।

আলী—সখী; পঙ্‌ক্তি, শ্রেণী, সারি; সেতু; বৃশ্চিক, বিছা। আলি+ঙীপ্। বি; স্ত্রী।

আলীঢ়—১। আস্বাদিত, ভক্ষিত; যাহা লেহন করা হইয়াছে এরূপ, চাটা; ক্ষত। আ—লিহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ঢ়া। ২। শরাদি ক্ষেপণকালে উপবেশনবিশেষ; দক্ষিণজানু পশ্চাদ্‌ভাগে ও বামজানু সম্মুখভাগে স্থাপনপূর্ব্বক উপবেশন। আ—লিহ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

আলীন—লয়প্রাপ্ত; প্রসৃত, ব্যাপ্ত। আ—লী+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

আলু—১। মূল বা কন্দবিশেষ। ফার্সী। বি। ২। ভেলা। ঋ+উণ্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব। ৩। নরম; শিথিল; এলোমেলো। প্রাঃ কবিপ্র। বিণ। ৪। শীলার্থক বা বিশিষ্টার্থক প্রত্যয় (কৃপালু, দয়ালু প্রভৃতি)। ৫। পেচক; চন্দ্র। ঋ+উণ্ কর্ত্তৃবা। বি; পুং।

আলুইয়া, আলুয়ে—এলাইয়া, আলুলায়িত করিয়া বা হইয়া। প্রাঃ কবিপ্র। অস-ক্রি। [দেশজ। বিণ।

আলুথালু—বিশৃঙ্খল, অসংযত, অবদ্ধ।

আলুদোষ—লাম্পট্য। গ্রাম্য। বি।

আলুনি, আলুনী, আলুনো—যাহাতে যথোচিত মাত্রায় নুণ নাই, আনোণা, লবণহীন। 'অলবণ' শব্দজ। বিণ।

আলুফা—আলুপো, বিনা ঝক্কিতে বা অনায়াসে প্রাপ্ত; বিনা ব্যয়ে প্রাপ্ত; উপরিপাওনা। আর্বী 'আলুফ্‌ফা' শব্দজ। বিণ।

আলুবখরা, আলুবোখারা—বদরীজাতীয় ঈষদম্ল ফলবিশেষ। ফার্সী। বি।

আলুলায়িত—অসংযত, অবদ্ধ, উন্মুক্ত, খোলা। আ—লুল+ক কর্তৃবা=আলুল; আলুল শব্দ+ক্যঙ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আলুলায়িতকুন্তলা, —কেশা, —কেশী—অবদ্ধকবরীকা, উন্মুক্তকেশা, এলোকেশী। আলুলায়িত কুন্তল, কেশ যাহার, বহুব্রী+আপ্‌, ৩য় পক্ষে ঈপ্‌। বিণ; স্ত্রী।

আলেকম, আলেকোম, আলায়কোম—মুসলমানদিগের অভিবাদনসূচক শব্দ (অর্থ—'আপনি শান্তিলাভ করুন')। আর্বী। অব্য।

আলেখ্য—১। চিত্র, চিত্রময় প্রতিমূর্ত্তি, ছবি। আ—লিখ্‌+ণ্যৎ কর্ম্মবা। বি; ক্লীব। ২। লেখনীয়, চিত্রণীয়। বিণ। স্ত্রী,—খ্যা। ৩। লিখন; চিত্রকরণ। আ—লিখ্‌+ণ্যৎ ভাববা। বি; ক্লীব।

আলেপ, আলেপন—লেপন; আলিপনা। আ—লিপ্‌+ঘঞ্‌, অনট্‌ ভাববা। বি; পুং, ক্লীব।

আলেম—বিদ্বান্‌, পণ্ডিত। আর্বী। বিণ।

আলেয়া—১। গলিত পদার্থাদি হইতে উৎপন্ন বাষ্পোদ্ভূত আলোক, জলাভূমিতে দৃষ্ট আলোক। 'আলো' শব্দজ। বি। ২। রাগিণীবিশেষ। বি; স্ত্রী।

আলো—১। আলোক; প্রকাশ। 'আলোক' শব্দজ। বি। ২। আলোকিত; আলোকময়; অসিদ্ধ, অফুটান আতপ (তণ্ডুলাদি)। 'আতপ' শব্দজ। বিণ। ৩। ওলো, ও সই। 'ওলো' শব্দজ। কবিপ্র। অব্য।

আলো-আঁধারি—আলোক ও অন্ধকারের মিশ্রণ; অস্পষ্ট আলোক। বি।

আলোক—১। অবলোকন, দর্শন। আ—লোক্‌+ঘঞ্‌ ভাববা। ২। দীপ্তি, আলো; দৃষ্টিপথ; জয়ধ্বনি; স্তুতি। আ—লোক্‌+ঘঞ্‌ কর্ম্মবা। বি; পুং।

আলোকগৃহ, আলোকস্তম্ভ—অর্ণবপোতের পথপ্রদর্শক আলোকাধার (Light-house). আলোকরক্ষক গৃহ, স্তম্ভ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, পুং।

আলোকচিত্র—আলোর সাহায্যে তোলা ছবি, 'ফটোগ্রাফ'। আলোকলব্ধ চিত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আলোকন—১। দর্শন, দেখা। আ—লোক্‌+অনট্‌ ভাববা। ২। প্রদর্শন, দেখান। আ—ণিজন্ত লোক(=লোকি)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

আলোকনিয়ন্ত্রণ—আলোকরশ্মি সংযতকরণ; গৃহের বাহিরে যাহাতে দীপালোক না যাইতে পারে তাহার ব্যবস্থাকরণ (Black out). [যুদ্ধকালে নৈশ বিমান আক্রমণ রোধকল্পে 'আলোকনিয়ন্ত্রণ' করা হয়]। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আলোকনীয়—অবলোকনীয়, দর্শনীয়। আ—লোক্‌+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

আলোক-বৎসর, —বর্ষ—(জ্যোতিষে) আলোক এক বৎসরে যত পথ যায় তাহার দৈর্ঘ্য (Light year). [আলোক প্রতি সেকেণ্ডে ১৮৬০০০ মাইল যায়]। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আলোক-বিচ্ছুরণ—রশ্মিবিকিরণ; আলো ছড়ান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আলোক-বিজ্ঞান—আলোক ও দর্শনবিষয়ক বিদ্যা (Optics). আলোকবিষয়ক বিজ্ঞান, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আলোকমণ্ডল—সূর্য্যের উপরিস্থিত যে আবরণ হইতে আলোক বিচ্ছুরিত হয় তাহা (Photosphere). ৬ষ্ঠীতৎ। বি।

আলোকময়—আলোকিত, অতিশয় আলোকযুক্ত। আলোক+ময়ট্‌ ব্যাপ্ত্যর্থে, স্বরূপার্থে। বিণ। স্ত্রী,—য়ী।

আলোক-রশ্মি, —শিখা—আলোর দীপ্তিরেখা। ৬ষ্ঠীতৎ। বি।

আলোকশক্তি—আলোকস্বরূপ ওজনশূন্য অনুভূতিসাপেক্ষ বিষয় (Light-energy). কর্ম্মধা। বি ; স্ত্রী।

আলোক-শিখা—আলোক-রশ্মি দ্রঃ।

আলোকস্তম্ভ—আলোকগৃহ দ্রঃ।

আলোকিত—১। আলোকবিশিষ্ট, দীপ্তিমান্। আলোক+ইত জাতার্থে। ২। অবলোকিত, দৃষ্ট। আ—লোক্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আলোচন, —না—দর্শন, অবলোকন, দেখা; আন্দোলন, চর্চ্চা, অনুশীলন। আ—লোচ্+অনট্ ভাববা, পক্ষে অন ভাববা+আপ্। বি ; ক্লীব, স্ত্রী।

আলোচনীয়—অনুশীলনীয়, আলোচনার যোগ্য। আ—লোচ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

আলো-চাল—আতপ চাউল, অসিদ্ধ চাউল, রৌদ্রে শুষ্ক ধান্য হইতে প্রস্তুত চাউল। আলোশুকান চাল, মধ্যপ কর্ম্মধা। বি।

আলোচিত—দৃষ্ট ; আন্দোলিত, চর্চ্চিত, অনুশীলিত ; নিরূপিত, অবধারিত। আ—লোচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আলোচ্য—আলোচনাযোগ্য, আলোচনার বিষয়ীভূত, অনুশীলনীয়। আ—লোচ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—চ্যা।

আলোড়ন—মন্থন ; ঘোঁটা ; আন্দোলন ; বিলোড়ন ; আলোচনা ; সম্মেলন। আ—লুড়্+ণিচ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

আলোড়িত—মথিত ; আলোচিত ; সম্মিলিত। আ—লুড়্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ['অলবণ' শব্দজ। বিণ।

আলোণা, আলুনো—লবণহীন, আলুনী।

আলোয়-আলোয়—আ লা য় - আ লা য় (তাহা দ্রঃ)।

আলোয়ান—পশমী গাত্রবস্ত্র, পাড়হীন শাল। আর্বী 'আলবান়' শব্দজ। বি।

আলোল—ঈষৎ চঞ্চল। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—লা।

আলোহিত—ঈষৎ লোহিতবর্ণ, আরক্ত। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—তা। [ক্রি।

আল্যায়—এলাইয়া পড়ে। প্রাঃ কবিপ্র।

আল্লা—ঈশ্বর, খোদাতায়ালা। আর্বী। বি।

আশ—১। ভোজন, আহার। অশ্+ঘঞ্ ভাববা। বি ; পুং। ২। প্রত্যাশা ; আকাঙ্ক্ষা, অভিলাষ, সাধ ; ভরসা। 'আশা' শব্দজ। বি। ৩। (সঙ্গীতশাস্ত্রে) ঘর্ষণ। আ—অশ্+ণিচ্+ঘঞ্ ভাববা।

আশংসন, আশংসা—আশা ; ইচ্ছা ; কথন ; সম্ভাবনা। আ—শন্স্+অনট্ ভাববা, পক্ষে+আপ্। বি ; ক্লীব, স্ত্রী।

আশংসিত—১। বাঞ্ছিত ; কথিত ; সম্ভাবিত। আ—শন্স্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। আশা ; ইচ্ছা ; কথন। আ—শন্স্+ক্ত ভাববা। বি ; ক্লীব।

আশংসিতা (—সিতৃ)—আশংসাকারী, প্রত্যাশী ; আকাঙ্ক্ষী, ইচ্ছু। আ—শন্স্+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

আশংসী (—সিন্)—আশংসিতা (তাহা দ্রঃ)। আ—শন্স্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—সিনী।

আশক, আসক—১। অনুরক্ত। বিণ। ২। অনুরাগ। আর্বী 'আশিক্' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

আশকারা, আসকারা—প্রশ্রয়, নাই ; রহস্যোদ্ভেদ, অনুসন্ধান দ্বারা সত্য আবিষ্কার ; প্রকাশ। ফার্সী। বি।

আশঙ্কনীয়—আশঙ্কাযোগ্য। আ—শঙ্ক্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

আশঙ্কা—ত্রাস, ভয় ; সন্দেহ ; সঙ্কোচ ; বিতর্ক। আ—শঙ্ক্+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

আশঙ্কিত—১। ত্রস্ত, ভীত ; সন্দিগ্ধ ; সংশয়িত। আশঙ্কা+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা। ২। যাহার আশঙ্কা করা

হইয়াছে এরূপ। আ—শন্‌ক্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আশনা, আসনা—বন্ধু, প্রণয়ী। ফার্সী। বি।

আশনাই—আসনাই (তাহা দ্রঃ)।

আশপাশ—এদিক্ ওদিক্, এধার ওধার, আনাচ-কানাচ; চতুষ্পার্শ্ব বা চতুষ্পার্শ্বে, চারিদিক্ বা চারিদিকে। পাশ (পার্শ্ব)+ পূর্ব্বগামী সহচর শব্দ 'আশ'। বি।

আশমান, আসমান—গগন, আকাশ; স্বর্গ। ফার্সী। বি।

আশমানী, আসমানী—আকাশসম্বন্ধীয়, গাগনিক, আকাশতুল্য (বর্ণ); স্বর্গীয়; অহেতুক; আজগুবী; অকস্মাৎ সংঘটিত। আশমান, আসমান+ঈ সম্বন্ধাদ্যর্থে। বিণ।

আশয়—১। অভিপ্রায়; ইচ্ছা। আ—শী+ অচ্ ভাববা। ২। বিভব; মনঃ, অদৃষ্ট; অভ্যন্তর। আ—শী+অচ্ অধিবা। ৩। কর্ম্মজনিত বাসনারূপ সংস্কার। আ—শী+ অ্ কর্ত্তৃবা। বি; পুং।

আশর, আসর—সভা, মজলিস; সভাস্থল। ফার্সী। বি।

আশরফী, আসরফী—স্বর্ণমুদ্রা, মোহর। ফার্সী। বি। [কবিপ্র। ক্রি।

আশল—আশা করিল; আশা দিল। প্রাঃ

আশা—১। আকাঙ্ক্ষা; প্রত্যাশা; ভরসা; দিক্; দৈর্ঘ্য। আ—অশ্+অচ্ কর্ত্তৃবা+ আপ্; দিকের পক্ষে অধিকরণবাচ্যে। বি; স্ত্রী। ২। দণ্ডবিশেষ, আশাসোঁটা নামধেয় দুই প্রকারের দণ্ডের অন্যতর; যোগীদিগের দণ্ডবিশেষ, এই দণ্ড কুক্ষিতলে স্থাপনপূর্ব্বক তদবলম্বনে কোন কোন যোগী যোগসাধন করেন। আর্বী। বি।

আশাতিরিক্ত, আশাতীত—বাসনাতীত, আশার অধিক, যতদূর বাসনা করা হইয়াছে তাহা অপেক্ষাও অধিক। আশা হইতে অতিরিক্ত, ৫মীতৎ; আশাকে অতীত, ২য়াতৎ। বিণ। স্ত্রী,—ক্তা,—তা।

আশান—আসান (তাহা দ্রঃ)।

আশানুরূপ—আশানুযায়ী, যেমন আশা করা যায় সেইরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—পা।

আশান্বিত—আশাযুক্ত, আশাবান্। আশা দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

আশাপথ—আকাঙ্ক্ষিত ব্যক্তির আগমনপথ। রূপক কর্ম্মধা। বি; পুং।

আশাবরী—রাগিণীবিশেষ, আশোয়ারী। বি; স্ত্রী।

আশাবান্ (—বৎ)—আশান্বিত। আশা +মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—বতী।

আশাভঙ্গ—প্রত্যাশা-নাশ, যাহা পাইব বলিয়া বিশ্বাস হইয়াছিল তাহা না পাওয়া; নৈরাশ্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আশাভরসা—আকাঙ্ক্ষা ও সাহস, আশা ও নির্ভরতা। দ্বন্দ্ব। বি।

আশামরীচিকা—মৃগতৃষ্ণিকার মত অলীক মোহকারিণী আশা। রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

আশালতা—আশারূপ লতা। রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

আশাসোঁটা—রাজনিদর্শন দণ্ড। আশা (আর্বী) ও সোঁটা (হিন্দী), দ্বন্দ্ব। বি।

আশাহত—নষ্টাশ, হতাশ। আশা হতা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা।

আশি, আশী—৮০ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'অশীতি' শব্দজ। বি বা বিণ।

আশিস্—আশীঃ দ্রঃ। বি; স্ত্রী।

আশী—১। সর্পের বিষদন্ত; সর্পবিষ। আ—শৄ+ক্বিপ্ করণবা (নিপাতনে)। বি; স্ত্রী। ২। ৮০ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'অশীতি' শব্দজ। বি বা বিণ।

আশীঃ (আশিস্), আশী—১। শুভকামনা, মঙ্গল-প্রার্থনা, আশীর্ব্বাদ; বাসনা, অভিলাষ। আ—শাস্+ক্বিপ্ ভাববা। ২। সর্পের বিষদন্ত। আ—শাস্+ক্বিপ্ করণবা। বি; স্ত্রী।

আশীবিষ—সর্প। আশীতে (বিষদন্তে) বিষ যাহার, বহুব্রী। বি; পুং।

আশীর্ব্ব(র্ব)চন, **–র্ব্বা(র্বা)দ**—শুভা-কাঙ্ক্ষাসূচক বাক্য, বাক্য দ্বারা মঙ্গলকামনা। আশীঃসূচক বচন, বাদ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, পুং।

আশীর্ব্বা(র্বা)ণী—আশীর্ব্বাদ। আশীঃসূচিকা বাণী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

আশীর্ব্বা(র্বা)দ—আশীর্ব্বচন দ্রঃ।

আশীর্ব্বা(র্বা)দক—আশীর্ব্বাদকারী, শুভ-প্রার্থক। আশিস্ (আশীঃ)–বদ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–দিকা।

আশীষ—আশীর্ব্বাদ। 'আশিস্' শব্দজ। বি।

আশু—১। আউশ ধান। অশ্ (ব্যাপা) +উণ্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। দ্রুত। বিণ। ৩। সত্বর। ক্রি-বিণ।

আশুকারী (–কারিন্)—ক্ষিপ্রকারী, চট্‌পটে, যে শীঘ্র কার্য্য সম্পাদন করিতে পারে। আশু–কৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–রিণী।

আশুগতি—১। শীঘ্রগামী। আশু (শীঘ্র) গতি যাহার, বহুব্রী। বিণ। ২। বায়ু। বি; পুং। ৩। শীঘ্র গমন। কর্ম্মধা। বি; স্ত্রী। ৪। সত্বর গমনে। আশু গতি যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

আশুগামী (–গামিন্)—শীঘ্রগামী। উপতৎ। আশু–গম্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–মিনী।

আশুতোষ—১। সহজে সন্তুষ্ট। বহুব্রী। বিণ। ২। মহাদেব, শিব। বি; পুং।

আশুধান্য—আউশ ধান। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

আশুমৃত-পরীক্ষক—অপঘাত মৃত্যুর কারণ অনুসন্ধান এবং শব পরীক্ষাকারী কর্ম্মচারী (Coroner). সুপ্‌সুপা ও ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আশৈশব—আবাল্য; বাল্যকাল হইতে আরম্ভ করিয়া। অব্যয়ী। অব্য, ক্রি-বিণ।

আশোয়াস—আশা, ভরসা, প্রবোধ। 'আশ্বাস' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

আশ্চর্য্য(র্য)—১। বিস্ময়জনক, অপূর্ব্ব, অদ্ভুত; বিস্মিত, চমৎকৃত। আ–চর্+যৎ কর্ম্মবা (স–আগম)। বিণ। স্ত্রী,–র্য্যা। ২। বিস্ময়। বি; ক্লীব। ৩। বিস্মিত। অশুদ্ধ প্রঃ। বিণ।

আশ্চর্য্য(র্য)জনক—বিচিত্র, বিস্ময়কর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–নিকা।

আশ্চর্য্যা(র্যা)ন্বিত—বিস্মিত, বিস্ময়যুক্ত, জাতবিস্ময়। আশ্চর্য্য দ্বারা অন্বিত, ৩য়াতৎ। স্ত্রী,–তা।

আশ্বমেধিক—অশ্বমেধসম্বন্ধীয়; মহা-ভারতের অন্তর্গত অশ্বমেধাদিকৃত (পর্ব্ব-বিশেষ)। অশ্বমেধ শব্দ+ইক সম্বন্ধার্থে, অধিকৃতার্থে। স্ত্রী,–কী।

আশ্বস্ত—আশ্বাসপ্রাপ্ত। আ–শ্বস্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–স্তা।

আশ্বাস—আশাপ্রদান; প্রবোধন; সান্ত্বনা; অনুনয়; বিশ্রাম; নিশ্বাস। আ–শ্বস্+ঘঞ্ ভাববা। বি; পুং।

আশ্বাসন—আশ্বাসপ্রদান; আশাদান। আ–ণিজন্ত শ্বস্ (=শ্বাসি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

আশ্বাসনীয়—যাহাকে আশ্বাস দেওয়া উচিত বা আবশ্যক এরূপ। আ–শ্বস্+ণিচ+ অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,–য়া।

আশ্বাসিত—আশ্বাস-প্রাপিত; প্রবোধিত; অনুনীত। আ–ণিজন্ত শ্বস্ (=শ্বাসি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

আশ্বিক—১। অশ্বসম্বন্ধীয়, ঘোটকীয়; অশ্ব-বাহ্য, ঘোটকাকৃষ্ট। অশ্ব+ফিক ইদমর্থে। বিণ; ত্রি। ২। অশ্বারোহী। বি; পুং।

আশ্বিন—স্বনামখ্যাত মাস। অশ্বিনী+অণ্ যুক্তার্থে। বি; পুং।

আশ্বিনী—অশ্বিনী নক্ষত্রযুক্তা পূর্ণিমা, আশ্বিন মাসের পূর্ণিমা। অশ্বিনী+অণ্ যুক্তার্থে+ ঈপ্। বি; স্ত্রী।

আশ্রব—আজ্ঞানুবর্ত্তী, অনুগত (Obedient). আ–শ্রু+অচ্ কর্ত্তৃবা। বিণ।

আশ্রম—ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও ভৈক্ষ্য, শাস্ত্রোক্ত এই চতুর্ব্বিধ অবস্থা; তাপসাদির আবাস, তপোবন; বন; আশ্রয়স্থান; মঠ। আ—শ্রম্+ঘঞ্ অধিবা। বি; পুং।

আশ্রমগুরু—আশ্রমবিশেষের ধর্ম্মাচার্য্য; মঠাধ্যক্ষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আশ্রমতরু—তপোবনের বৃক্ষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আশ্রমধর্ম্ম(র্ম)—ব্রহ্মচর্য্যাদি আশ্রমসমূহের কর্ত্তব্যসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

আশ্রমবাসী (—বাসিন্)—আশ্রমে বাসকারী; তপোবনে বাসশীল। উপতৎ। আশ্রম—বস্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—সিনী।

আশ্রমস্থ, —স্থিত—আশ্রমে অবস্থিত, তপোবনে স্থিত। উপতৎ। আশ্রম—স্থা+ক কর্তৃবা; ২য় পক্ষে ৭মীতৎ। বিণ। স্ত্রী, —স্থা,—তা।

আশ্রমিক—আশ্রমী, আশ্রমবাসী। আশ্রম শব্দ+ইক নিবাসার্থে। বিণ। স্ত্রী,—কা।

আশ্রমী (—মিন্)—আশ্রমবিশিষ্ট; আশ্রমস্থ। আশ্রম শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—মিণী।

আশ্রয়—১। অবলম্বন; ব্যপদেশ; সামীপ্য। আ—শ্রি+অচ্ ভাববা। ২। গৃহ; আধার; বিষয়; কারণ; রক্ষক; সহায়। আ—শ্রি+অচ্ কর্ম্মবা। বি; পুং।

আশ্রয়ণীয়—আশ্রয়যোগ্য, যাহাকে আশ্রয় করা যায় এরূপ। আ—শ্রি+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

আশ্রয়দাতা (—দাতৃ)—আশ্রয়দানকর্ত্তা, যিনি আশ্রয় দান করেন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

আশ্রয়দান—থাকিবার স্থান দেওয়া।

আশ্রয়প্রার্থী (—প্রার্থিন্), আশ্রয়ার্থী (—য়ার্থিন্)—যে আশ্রয় প্রার্থনা করে, শরণার্থী। ১ম পক্ষে ৬ষ্ঠীতৎ; ২য় পক্ষে উপতৎ। আশ্রয়—অর্থি+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—প্রার্থিনী,—য়ার্থিনী।

আশ্রিত—আশ্রয়প্রাপ্ত; শরণাগত; সেবক; স্থিত। আ—শ্রি+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

আশ্রিতপালক—শরণাগতরক্ষক, যিনি শরণাগত ব্যক্তিকে পোষণ করেন এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—লিকা।

আশ্রিতবৎসল—শরণাগতের প্রতি স্নেহপরায়ণ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—লা।

আশ্রিতবাৎসল্য—শরণাগত লোকের প্রতি স্নেহ। ৭মীতৎ। বি; ক্লীব।

আশ্লিষ্ট—আলিঙ্গিত; ব্যাপ্ত; সংযুক্ত; সংবদ্ধ; শ্লেষোক্তিবিশিষ্ট। আ—শ্লিষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

আশ্লেষ—আলিঙ্গন; মিলন; একদেশ-সম্বন্ধ; শ্লেষ। আ—শ্লিষ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

আষাঢ়—১। স্বনামপ্রসিদ্ধ মাস, বাঙ্গালা বৎসরের তৃতীয় মাস। আষাঢ়ী+অণ্ তদ্‌যুক্তার্থে। ২। দণ্ড; পলাশদণ্ড। আষাঢ় +অণ্ প্রয়োজনার্থে। বি; পুং।

আষাঢ়া—নক্ষত্রবিশেষ, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়া নক্ষত্র। আ—সহ্+অচ্ কর্তৃবা+আপ্ (নিপাতনে)। বি; স্ত্রী।

আষাঢ়িয়া, আষাঢ়ে—আষাঢ়মাসীয়, আষাঢ়ঘটিত, আষাঢ়-জাত; নিতান্ত অবিশ্বাস্য ও অসম্ভব ('—গল্প')। আষাঢ়+ইয়া, এ। বিণ।

আষাঢ়ী—আষাঢ়া নক্ষত্রযুক্তা পূর্ণিমা, আষাঢ় মাসের পূর্ণিমা। আষাঢ়া+অণ্+ঈপ্। বি; স্ত্রী। [দিকে। সর্ব্বাঙ্গে। দেশজ। অব্য।

আষ্টেপৃষ্ঠে,—পিষ্ঠে—অষ্টেপৃষ্ঠে, সকল

আসওয়ার—আসবার দ্রঃ।

আসকান্না—আশকান্না দ্রঃ।

আসক্ত—অনুরক্ত; সংসক্ত; লগ্ন; আবিষ্ট, যত্নবান্। আ—সন্জ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ক্তা।

আসক্তি—অনুরাগ; সঙ্গ; অভিনিবেশ; ভোগাভিলাষ। আ—সন্জ্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

আসঙ্গ—আসক্তি (সকল অর্থে)। আ—সন্‌জ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

আসঙ্গলিপ্সা—সহবাস-স্পৃহা; অন্যের সহিত একত্র বা সমাজবদ্ধ হইয়া থাকিবার ইচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

আসছে—আগামী ('—বছর')। বিণ।

আসঞ্জন—১। সংসক্তি; লাগিয়া থাকা; বস্ত্রাদি পরিধান। আ—সন্‌জ্‌+অনট্‌ ভাববা। ২। উৎপাদন; লাগান। আ—সন্‌জ্‌+ণিচ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

আসত্তি—সন্নিধি, নৈকট্য; মিলন; লাভ; বুদ্ধির অবিচ্ছেদ; (ব্যাকরণে) বাক্যবিন্যাসে যোগ্য ও সাকাঙ্ক্ষ পদসমূহের অব্যবধানে বিদ্যমানতা। আ—সদ্‌+ক্তি ভাববা। বি; স্ত্রী।

আসন—১। বসিবার স্থান বা আধার,—যেমন পিঁড়ি, কম্বল, চৌকি, চেয়ার, বেঞ্চ, ইত্যাদি। আস্‌+অনট্‌ অধিবা। ২। উপবেশন, বসা; জিগীষু ও শত্রুর পরস্পর কালপ্রতীক্ষার্থ অবস্থান; পদ্মাসনাদি উপবেশন-বিশেষ, ইহা অষ্টাঙ্গ যোগের তৃতীয় যোগ এবং পঞ্চ প্রকার। আস্‌+অনট্‌ ভাববা, করণবা। বি; ক্লীব।

আসনপীঁড়ি—উপবেশন-পীঠ, বসিবার কাষ্ঠাসন; পায়ের উপর পা মুড়িয়া আরামে উপবেশন। 'আসনপীঠ' শব্দজ। বি।

আসনা—আশনা দ্রঃ।

আসনাই—বন্ধুত্ব, প্রেম, প্রীতি, প্রণয়; স্ত্রী-পুরুষের অবৈধ প্রণয়। ফার্সী। বি।

আসনাঙ্গুরি—দেবারাধনার নিমিত্ত রূপার ক্ষুদ্র আসন এবং আঙ্‌টি। আসন ও অঙ্গুরি, দ্বন্দ্ব। বি; স্ত্রী।

আসন্ন—নিকটস্থ, সন্নিহিত; আগতপ্রায়; উপস্থিত; কাছাকাছি (Approximate). আ—সদ্‌+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ন্না।

আসন্ন-কর্মণিক—খাস কামরার কেরাণী (Chamber Clerk).

আসন্নকাল—মুমূর্ষু সময়, মৃত্যুকাল; বিপৎ-কাল। কর্মধা। বি; পুং।

আসন্নপ্রসবা—যাহার সন্তান প্রসবের সময় নিকটবর্তী হইয়াছে। আসন্ন হইয়াছে প্রসব যাহার (যে স্ত্রীর), বহুব্রী+আপ্‌। বিণ; স্ত্রী।

আসন্নমান—নির্ণেয় রাশির প্রায় কাছাকাছি রাশি (Approximate value). কর্মধা। বি; ক্লীব।

আসন্নমৃত্যু—১। যাহার মরণকাল নিকট-বর্তী। আসন্ন মৃত্যু যাহার, বহুব্রী। বিণ। ২। নিকটবর্তী মরণ। আসন্ন মৃত্যু, কর্মধা। বি; পুং।

আসব—১। চোয়ান মাদকদ্রব্য, মদিরা, মদ্য; মধু। আ—সু+অপ্‌ কর্মবা। ২। মদ্যপাত্র। আ—সু+অপ্‌ অধিবা। বি; পুং।

আসবপায়ী (—**পায়িন্‌**)—মদ্যপান-কারী। উপতৎ। আসব—পা+ণিন্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

আসবসেবী (—**সেবিন্‌**)—সুরাপায়ী, যে নিরন্তর সুরা পান করে। আসব—সেব্‌+ণিন্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী।

আসবাব—গৃহসামগ্রী, গৃহসজ্জার জিনিষ। আর্বী। বি।

আসবাবপত্র—গৃহসামগ্রী প্রভৃতি ঘরের সাজসরঞ্জাম ও অন্যান্য জিনিষ। আসবাব+পত্র ইত্যাদি অর্থে। বি। [বি।

আসবার—যানারোহী; অশ্বারোহী। ফার্সী।

আসমান—আশমান দ্রঃ।

আসমানী—আশমানী দ্রঃ।

আসমুদ্র—সমুদ্র পর্যন্ত; সমুদ্র হইতে। অব্যয়ী। ক্রি-বিণ।

আসমুদ্রহিমাচল, —**হিমালয়**—সাগর হইতে আরম্ভ করিয়া হিমালয় পর্যন্ত বা ততদূর বিস্তৃত। আসমুদ্র হিমাচল, হিমালয়, সুপ্‌সুপা। বিণ বা ক্রি-বিণ।

আসর—১। সভা, মজলিস। ফার্সী। ২। সূর্যাস্তের পূর্বকাল; সন্ধ্যার পূর্বের নামাজ। আর্বী। বি।

আসরফী—স্বর্ণমুদ্রা, মোহর। ফার্সী। বি।

আসল—১। প্রকৃত, মূল, খাঁটি। আর্বী। বিণ। ২। বাণিজ্যাদির মূলধন; মহাজন-কর্তৃক ঋণস্বরূপ প্রদত্ত অর্থ। বি।

আসলে—প্রকৃতপক্ষে; আদৌ। আর্বীমূলক। ক্রি-বিণ।

আস্‌শেওড়া—আস্তশাখোট; বস্তবৃক্ষবিশেষ। 'আস্তশাখোট' শব্দজ। বি।

আসা—আগমন করা; অভ্যাস থাকা; যোগানো; উপযোগী হওয়া, লাগা; পরিণত হওয়া; আমদানী হওয়া; উদয় হওয়া; পতিত হওয়া। 'আ–বিশ্‌' ধাতুজ। বাং ক্রি।

আসাদিত—প্রাপিত বা প্রাপ্ত; সংস্থাপিত; সম্পাদিত; কৃত। আ–ণিজন্ত সদ্‌ (=সাদি) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

আসান—লাঘব, বিরাম, রেহাই; নিস্তার, নিষ্কৃতি, উদ্ধার; প্রতীকার। ফার্সী। বি।

আসাপ, আসাপা—বিষহীন সর্প; তীব্র-বিষধর সঙ্করজাতীয় সর্প। নয় (বিষহীন, অতিবিষধর) সাপ, নঞ্‌তৎ। বি।

আসাবরী—আশাবরী দ্রঃ।

আসাম—ভারতের উত্তর-পূর্ব্ব সীমাস্থিত প্রদেশ। বি।

আসামী—১। আসামদেশীয়; আসাম-বাসী। বিণ। ২। আসামের ভাষা। আসাম +ঈ নিবাসাদি অর্থে। বি। ৩। প্রজা, রাইয়ত; ঋণী; কৃষক; বন্দী; অভিযুক্ত ব্যক্তি, প্রতিবাদী (Defendant or Accused). আর্বী 'অস্‌মা' শব্দজ। বি বা বিণ।

আসা-যাওয়া—১। যাতায়াত, গমনাগমন, আনাগোনা। দ্বন্দ্ব। বি। ২। যাতায়াত করা; ক্ষতিবৃদ্ধি হওয়া, ইতরবিশেষ হওয়া। ক্রি।

আসার—১। মুষলধার বৃষ্টি; বৃষ্টিপাত; প্রবেশ; প্রসরণ; শত্রুকে বেষ্টন; বিস্তার। আ–সৃ+ঘঞ্‌ ভাববা। ২। জলকণা; সুহৃদ্‌সেম্পদ্‌। আ–সৃ+ঘঞ্‌ করণবা। বি; পুং। ৩। জমির নিশানা। আর্বী। বি।

আসি—আগমন করি; [বিদায় লইবার সময়ে] এখন যাই। বাং ক্রি।

আসিক্ত—ঈষৎ সিক্ত, কিঞ্চিৎ বা আংশিক আর্দ্র, কিছু ভিজা; সম্যক্‌ সিক্ত, সম্পূর্ণ আর্দ্র, খুব বেশী ভিজা। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–ক্তা।

আসীন—উপবিষ্ট; উদ্যোগশূন্য, অনুদ্যোগী। আস্‌+শানচ্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী,–না।

আসুর—১। অসুরসম্বন্ধীয়; নিন্দিত, গর্হিত; অপবিত্র; ভয়ঙ্কর। অসুর+অণ্‌ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,–রী। ২। বিবাহবিশেষ, কন্যাকে ও কন্যার আত্মীয়স্বজনকে অর্থপ্রদানপূর্ব্বক কন্যাপরিণয়। বি; পুং।

আসুরিক—অসুরসম্বন্ধীয়। অসুর শব্দ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,–কী।

আসুরী—১। অসুরসম্বন্ধীয়া ইত্যাদি (আসুর দ্রঃ)। আসুর+ঈপ্‌। বিণ; স্ত্রী। ২। শুক্ল যজুর্ব্বেদীয় বাজসনেয়ি সংহিতান্তর্গত ছন্দো-বিশেষ; রাজিকা, রাইসরিষা; ত্রিবিধ চিকিৎসান্তর্গত ছেদনভেদনাদিরূপ চিকিৎসা-বিশেষ (Surgery). বি; স্ত্রী।

আসেচন—১। সম্যক্‌ সেক। প্রাদিতৎ। বি; ক্লীব। ২। অতি তৃপ্তিকর, যাহাকে দেখিয়া তৃপ্তির শেষ হয় না। অসেচন+অণ্‌ স্বার্থে। বিণ। স্ত্রী,–নী।

আসেচনক—অসেচনক; অতি তৃপ্তি-কারক। আসেচন+কন্‌ স্বার্থে। বিণ। স্ত্রী,–কা।

আসেচনী—ক্ষুদ্র সেচনপাত্র। আ–সিচ্‌ +অনট্‌ করণবা+ঈপ্‌। বি; স্ত্রী।

আসেধক—১। অবরোধকারক। আ–সিধ্‌ +ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,–কা। ২। যে পেয়াদা গ্রেফ্‌তারী পরওয়ানা লইয়া যায় (Warrant Bailiff). বি; পুং।

আসেসার—বিচারকের সহকারী। ইং Assessor. বি।

আসোয়ার, আসোবার—সওয়ার, অশ্বারোহী, গজারোহী। ফার্সী। বি।

আসোয়ারী—১। অশ্বারোহী সেনা-সম্বন্ধীয়। বিণ। ২। অশ্বারোহী সেনার কাজ। আসকার+ঈ সম্বন্ধার্থে, কর্ম্মার্থে। বি।

আস্কন্দন—আক্রমণ; আস্ফালন; যুদ্ধ; তিরস্কার; শোষণ; হনন; ধাবন; অশ্বের গতিবিশেষ। আ—স্কন্দ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

আস্কারা—আশকারা (তাহা দ্রঃ)।

আস্কিয়া, আস্কে—পিষ্টকবিশেষ, তণ্ডুলচূর্ণ জলে গুলিয়া অগ্নিতাপে শরায় ঢালিয়া চাপা দিয়া ইহা প্রস্তুত করা হয়, স্থানবিশেষে ইহাকে চিতই পিঠাও বলে। প্রাদেশিক। বি।

আস্ত—আদত, অখণ্ড, গোটা, পূর্ণ, নীরেট; প্রকৃত। 'অস্তি' শব্দজ। বিণ বা ক্রি-বিণ।

আস্তব্যস্ত—অতিশয় ব্যস্ত, শশব্যস্ত'। 'আস্ত' সহচর শব্দ। বিণ।

আস্তর—১। আস্তরণ (সকল অর্থে)। আ—স্তৃ+অপ্ কর্ম্মবা, করণবা, অধিবা। বি; পুং। ২। জামা প্রভৃতির ভিতরের আবরণ-বস্ত্র; রঙের প্রথম পোঁচ; দেওয়ালে প্রলেপ দেওয়ার পলেস্তার। ফার্সী। বি।

আস্তরণ—শয্যা; শয্যার উত্তরচ্ছদ, বিছানার চাদর; কম্বল; হস্তিপৃষ্ঠস্থ কম্বলাদি; উত্তরীয়-বস্ত্র। আ—স্তৃ+অনট্ কর্ম্মবা, করণবা, অধিবা। বি; ক্লীব।

আস্তান, আস্তানা—আড্ডা; আশ্রম; আস্তাবল। ফার্সী। বি।

আস্তাবল—অশ্বশালা; মন্দুরা। ইং Stable শব্দজ। বি।

আস্তিক, আস্তীক—১। ঈশ্বরবাদী; পরলোকবাদী। অস্তি+ইক পরলোকে মতি আছে ইহার এই অর্থে (বিকল্পে ইকার দীর্ঘ)। বিণ। স্ত্রী,—কী। ২। জনৈক মুনি। বি; পুং।

আস্তিকতা, আস্তিকত্ব, আস্তিক্য—আস্তিকের ভাব, পরমেশ্বরে বা পরলোকে বিশ্বাস, ঈশ্বরবাদিত্ব। আস্তিক+তা, ত্ব, ষ্যঞ্ ভাবার্থে। বি; যথাক্রমে স্ত্রী, ক্লীব, ক্লীব।

আস্তিন, আস্তীন—জামার হাতা। ফার্সী। বি।

আস্তীক—আস্তিক দ্রঃ।

আস্তীর্ণ—বিস্তীর্ণ; বিস্তারিত; আচ্ছাদিত; পীড়িত। আ—স্তৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্ণা।

আস্তৃত—বিস্তৃত; প্রীণিত; রক্ষিত, আচ্ছাদিত। আ—স্তৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আস্তে—ধীরপদে, মৃদুগতিতে, সন্তর্পণে; ধীরে, মৃদুস্বরে, চুপে, নিঃশব্দে। ফার্সী 'আহিস্তা' শব্দজ। ক্রি-বিণ।

আস্তেব্যস্তে—শশব্যস্ত হইয়া, সসম্ভ্রমে, তাড়াতাড়ি। ক্রি-বিণ।

আস্থা—স্থিতি; অবলম্বন; শ্রদ্ধা; বিশ্বাস; অপেক্ষা; আদর; মনোযোগ। আ—স্থা+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

আস্থান—১। আস্থা; স্থিতি। আ—স্থা+অনট্ ভাববা। ২। স্থান; সভা। আ—স্থা+অনট্ অধিবা। বি; ক্লীব।

আস্থানিক—অস্থানজাত। অস্থান+ইক ভবার্থে। বিণ। **আস্থানিক মূল**—শাখা প্রভৃতিতে উৎপন্ন শিকড়।

আস্থায়ী (—য়িন্)—সঙ্গীতের মুখবন্ধ, সঙ্গীতের প্রথম চরণ। আ—স্থা+ণিন্ কর্তৃবা। বি; পুং।

আস্থিত—১। অধিষ্ঠিত; আক্রান্ত; ব্যাপ্ত। আ—স্থা+ক্ত কর্ম্মবা। ২। আশ্রিত; প্রাপ্ত; আরূঢ়। আ—স্থা+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

আস্পদ—১। স্থান; আধার, পাত্র। আ—পদ্+ঘ অধিবা (স আগম)। ২। প্রতিষ্ঠা; প্রভুত্ব; কার্য্য। আ—পদ্+ঘ ভাববা। বি; ক্লীব।

আস্পর্দ্ধা(—র্ধা)—আস্ফালন; পরাভিভবেচ্ছা; মাৎসর্য্যপ্রকাশ; অহঙ্কার, দেমাক; প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা। আ—স্পর্দ্ধ্+অ

ভাববা + আপ্ অথবা বাংলা উচ্চারণে 'স্পর্দ্ধা' শব্দের পূর্ব্বে 'আকার' আগম। বি; স্ত্রী।
আস্ফালন—তাড়ন; ধুনন; সংঘর্ষ; আস্ফোৎকর্ষখ্যাপন, গর্ব্বপ্রকাশ; কোপপ্রকাশ। আ–স্ফালি + অনট্ ভাববা। বি; ক্লীব।
আস্ফালিত—চালিত; তাড়িত। আ–ণিজন্ত স্ফল্ (=স্ফালি) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।
আস্ফোট—মল্লদিগের তালঠোকা; সংঘর্ষজনিত শব্দ; আঘাত; বিকাশ; ধান আছড়ান; আন্দোলন। আ–স্ফুট্ + ঘঞ্ ভাববা। বি; পুং।
আস্ফোটন—আস্ফোট (সকল অর্থে)। আ–স্ফুট্ + অনট্ ভাববা। বি; ক্লীব।
আস্বাদ—১। মধুরাদি রস, তার। আ–স্বদ্ + ঘঞ্ কর্ম্মবা। ২। আস্বাদন; পান; ভোজন। আ–স্বদ্ + ঘঞ্ ভাববা। বি; পুং।
আস্বাদক—স্বাদগ্রহণকারী। আ–স্বদ্ + ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, –দিকা।
আস্বাদন—স্বাদগ্রহণ, রসানুভব, চাকা; পান; ভোজন। আ–ণিজন্ত স্বদ্ (=স্বাদি) + অনট্ ভাববা। বি; ক্লীব।
আস্বাদনীয়—স্বাদগ্রহণযোগ্য। আ–ণিজন্ত স্বদ্ (=স্বাদি) + অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, –য়া।
আস্বাদিত—যাহার স্বাদ গ্রহণ করা হইয়াছে এরূপ; পীত; ভুক্ত। আ–ণিজন্ত স্বদ্ (=স্বাদি) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।
আস্বাদ্য—আস্বাদনীয়, স্বাদগ্রহণযোগ্য। আ–ণিজন্ত স্বদ্ (=স্বাদি) + যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, –দ্যা।
আস্য—বক্ত্র, মুখ; মুখমধ্য (Mouth). অস্ + ণ্যৎ অধিবা। বি; ক্লীব।
আস্‌শাওড়া, আস্‌শেওড়া—ক্ষুদ্র বন্য-বৃক্ষবিশেষ। 'আস্যশাখোট' শব্দজ।
আহড়—আড়াল, অন্তরাল। প্রাঃ কবিপ্র। বি।
আহড়-বিহড়—আড়াল, আনাচ-কানাচ; এদিক্-ওদিক্। প্রাঃ কবিপ্র। বি।
আহত—আঘাতপ্রাপ্ত; প্রহৃত; তাড়িত; গুণিত; জাত; দগ্ধ; বাদিত, ধ্বনিত। আ–হন্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।
আহতি—আঘাত; তাড়ন; গুণন; বাদন। আ–হন্ + ক্তি ভাববা। বি; স্ত্রী।
আহব—১। যুদ্ধ, সংগ্রাম। আ–হ্বে + অপ্ অধিবা। ২। যজ্ঞ। আ–হু + অপ্ অধিবা। বি; পুং।
আহবনীয়—১। যজ্ঞ বা হোম করিবার যোগ্য। আ–হু + অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, –য়া। ২। যজ্ঞাগ্নিবিশেষ। আ–হু + অনীয় অধিবা। বি; পুং।
আহরণ—সংগ্রহ, সঞ্চয়; আনয়ন; আয়োজন। আ–হৃ + অনট্ ভাববা। বি; ক্লীব।
আহরণী—সংগ্রহগ্রন্থ; সমষ্টি; দ্রব্যাদির চয়নমালা। আ–হৃ + অনট্ অধিবা + ঈপ; বি; স্ত্রী।
আহরণীয়, আহর্ত্ত(র্ত)ব্য—আহরণযোগ্য। আ–হৃ + অনীয়, তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী, –য়া, –ব্যা।
আহরিৎ—সামান্য সবুজ, সবুজের আভাযুক্ত। আ (ঈষৎ) হরিৎ, প্রাদিতৎ। বিণ।
আহর্ত্তা (আহর্ত্তৃ), আহর্তা—আহরণকর্ত্তা, সংগ্রাহক, সঙ্কলয়িতা। আ–হৃ + তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –ত্রী।
আহল—আড়াল। প্রাঃ কবিপ্র। বি।
আহল-বাহল, –বিহল—এপাশ-ওপাশ, এদিক্-সেদিক্, আনাচ-কানাচ, আড়াল-বিড়াল। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।
আহা—খেদ, আক্ষেপ, আনন্দাদিসূচক শব্দ। 'অহহ' শব্দজ। অব্য।
আহাব—১। গবাদি পশুর জলপানার্থ চৌবাচ্চা বা কেটো; কূপসমীপবর্ত্তী ক্ষুদ্র জলাশয়; যুদ্ধ; বহ্নি। আ–হ্বে + ঘঞ্ অধিবা। ২। আহ্বান। আ–হ্বে + ঘঞ্ ভাববা। বি; পুং।
আহামরি—বিস্ময়-প্রশংসা-বিদ্রূপাদিসূচক শব্দ। দেশজ। অব্য।

আহাম্মক, আহাম্মুক—নির্ব্বোধ, বোকা, বেকুব। আর্বী 'আহ্‌মক' শব্দজ। বিণ।

আহার—১। ভোজন; সংগ্রহ, আহরণ; বহন। আ—হৃ+ঘঞ্ ভাববা। ২। ভক্ষ্যবস্তু। আ—হৃ+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

আহারবিহার—ভোজন ও ক্রীড়া; ভোজনাদি কার্য্য। দ্বন্দ্ব। বি; পুং।

আহারার্থী (আহারার্থিন্)—ভোজন-প্রার্থী, ভোজনাভিলাষী। উপতৎ। আহার—অর্থি+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্থিনী।

আহার্য্য—১। আহরণীয়; ভোজ্য; যত্নসাধ্য; কৃত্রিম, অস্বাভাবিক (শোভা); আরোপিত। আ—হৃ+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্য্যা। ২। খাদ্যবস্তু। আ—হৃ+ণ্যৎ কর্ম্মবা। বি; ক্লীব। ৩। ভণ্ডামি। প্রাঃ কবিপ্র। বি।

আহিত—স্থাপিত; ন্যস্ত; নিষিক্ত; আরোপিত; কৃতাধানসংস্কার; সম্পাদিত; অনুভূত; যাহাতে বিদ্যুৎ সঞ্চারিত করা হইয়াছে (Charged). আ—ধা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আহিতাগ্নি—অগ্নিহোত্রী, সাগ্নিক। আহিত (স্থাপিত) অগ্নি যৎকর্ত্তৃক, বহুব্রী। বি বা বিণ; পুং।

আহিতুণ্ডিক—সর্পখেলক, সাপুড়ে। অহিতুণ্ড (সর্পমুখ)+ইক ক্রীড়কার্থে। বি; পুং।

আহির, আহীর—গোপ, গোয়ালা। 'আভীর' শব্দজ। বি।

আহীরণী, আহীরিণী—গোয়ালিনী। প্রাঃ কবিপ্র। বি।

আহীরী—গোয়ালিনী। 'আভীরী' শব্দজ। বি; স্ত্রী।

আহুড়ি, আহুড়ী—ধাবক; দ্রুতগামী বার্ত্তাবাহক। প্রাঃ কবিপ্র। বি।

আহুত—সম্যগ্‌রূপে হৃত। আ—হৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আহুতি—১। হোম, দেবোদ্দেশে অগ্নিতে ঘৃতাদি নিক্ষেপ। আ—হু+ক্তি ভাববা। ২। আহবনীয় দ্রব্য। আ—হু+ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী।

আহূত—যাহাকে আহ্বান করা হইয়াছে, আমন্ত্রিত। আ—হ্বে+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আহূতি—আহ্বান, নিমন্ত্রণ, আমন্ত্রণ। আ—হ্বে+ক্তি ভাববা। বি; স্ত্রী।

আহৃত—সংগৃহীত, সঙ্কলিত, সঞ্চিত; আনীত; আরোপিত। আ—হৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

আহেড়িয়া, -ড়িয়া—১। রাজপুতানার প্রসিদ্ধ মৃগয়াক্রীড়া; মৃগয়া। আহেড় (∠আখেট=মৃগয়া)+ইয়া স্বার্থে। বি। ২। শিকারী। আহেড়+ইয়া করে অর্থে। বি বা বিণ।

আহেল, আহেলা, আহেলী—আসল, খাঁটী, খাস, নূতন, নবীন; আনকোরা। আর্বী 'আহ্‌ল্' শব্দজ। বিণ।

আহেলবেলাত, আহেলিবিলাত—বিদেশ হইতে নবাগত লোক; নূতন দেশসম্বন্ধে অনভিজ্ঞ ব্যক্তি; নূতন দেশ; ভারতবর্ষ। আর্বী 'আহলবিলায়েৎ' শব্দজ। বি।

আহোয়াল—অবস্থা, দশা; যোত্র, সঙ্গতি। আর্বী 'আহ্‌বাল' শব্দজ। বি।

আহ্নিক—১। দিনকৃত্য; দৈনিক। অহন্ (দিন)+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী। ২। দৈনিক করণীয় সন্ধ্যাবন্দনাদি কার্য্য, নিত্যক্রিয়া; গ্রন্থের অংশবিশেষ। অহন্+ইক নির্বৃত্তার্থে। বি; ক্লীব।

আহ্নিকগতি—পৃথিবী আপনার মেরুদণ্ডের চতুর্দ্দিকে সমস্ত দিবারাত্রে অর্থাৎ ২৪ ঘণ্টায় পশ্চিম হইতে পূর্ব্বাভিমুখে আপনার দেহকে একবার আবর্ত্তন করে; এই আবর্ত্তনকে পৃথিবীর আহ্নিকগতি (Diurnal rotation বলে। আহ্নিকী গতি, কর্ম্মধা। বি; স্ত্রী।

আহ্বান—আমন্ত্রণ, ডাকা; সম্বোধন আ—হ্বে+অনট্ ভাববা। বি; ক্লীব।

আহ্বায়ক—১। আহ্বানকারী। আ-

হ্লে+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হ্লিকা। ২। দূত। বি ; পুং।

আহ্লাদ—আনন্দ, হর্ষ। আ—হ্লাদ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

আহ্লাদক—আহ্লাদজনক, আনন্দকর। আ—ণিজন্ত হ্লাদ্ (=হ্লাদি)+ণক কর্ত্তৃবা। বিণ।

আহ্লাদজনক—আনন্দদায়ক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—নিকা।

আহ্লাদন—প্রীণন, আহ্লাদজনন। আ—ণিজন্ত হ্লাদ্ (=হ্লাদি)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

আহ্লাদিত—আনন্দিত, হৃষ্ট, হর্ষযুক্ত। আহ্লাদ শব্দ+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

আহ্লাদিয়া, আহ্লাদে, আহ্লেদে—সর্ব্বদা আহ্লাদমত্ত, সদানন্দ ; আদুরে। আহ্লাদ+ইয়া, এ যুক্তার্থে। বিণ।

আহ্লাদী (—দিন্)—সানন্দস্বভাব, সতত আনন্দ করাই যাহার প্রকৃতি। আহ্লাদ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—দিনী।

আহ্লাদী—সদা আহ্লাদিতা নারী ; আদুরে মেয়ে, ন্যাকা। আহ্লাদ+ঈ স্ত্রী। বিণ বা বি ; স্ত্রী।

ই

ই—১। বাঙ্গালা বর্ণমালায় তৃতীয় স্বরবর্ণ, ইহার উচ্চারণস্থান তালু। ২। নিরাকরণ ; নিন্দা ; খেদ ; কোপ ; বিস্ময় ; সম্বোধন। অব্য। ৩। কেবলার্থক ; নিশ্চয়ার্থক ; খেদ-প্রকাশক শব্দ। দেশজ। অব্য। ৪। এই, ইহা। সর্ব্ব। ৫। বাঙ্গালা প্রত্যয়। (ভাবার্থে—হাসি ; যুক্তার্থে—দাগি ; ধর্ম্ম-অর্থে—খাড়াই ; দক্ষ-অর্থে—হিসাবি ; তদুৎপন্নার্থে—ঢাকাই, পাটনাই ; সম্বন্ধার্থে—সরকারি ; ক্ষুদ্রার্থে—হাঁড়ি ; দিন নির্দ্ধারণার্থে—পাঁচই, দশই ইত্যাদি)।

ইউনানী, য়ুনানী—গ্রীক, যাবনিক ; হাকিমী চিকিৎসাবিষয়ক। আর্বী য়ুনান+ঈ সম্বন্ধার্থে। বিণ।

ইউরেশিয়ান, ইউরেশীয়—ইউরোপ ও এশিয়ার অধিবাসী হইতে উৎপন্ন সঙ্কর জাতি-বিশেষ ; ফিরিঙ্গী। ইং Eurasian. বি বা বিণ।

ইউরোপীয়, য়ুরোপীয়—য়ুরোপ মহাদেশ-সম্বন্ধীয়, য়ুরোপজাত ; য়ুরোপের অধিবাসী। ইউরোপ+ঈয় সম্বন্ধাদি অর্থে। বিণ।

ইংরাজ, ইংরেজ—ইংলণ্ডদেশীয় লোক। পোর্ত্তুগীজ 'Ingles' বা ফরাসী 'Anglaise' শব্দজ। বি।

ইংরাজী, ইংরেজী—ইংরাজজাতীয় ; ইংরাজের ভাষা। ইংরাজ, ইংরেজ+ঈ সম্বন্ধার্থে। বি।

ইংলিশ, ইংলিস—১। ইংলণ্ড দেশসংক্রান্ত বা তন্নিকটস্থ। বিণ। ২। হরপ বিশেষের নাম (English Type). ৩। কর্ম্মে অসমর্থ সিপাহীদিগকে প্রদত্ত নিষ্কর জমি। ইং English. বি।

ইংলিশ(স)দার—পেনসনের স্থলে নিষ্কর জমিলাভকারী ব্যক্তি। ইংলিশ(স)+দার আছে অর্থে। বি। [অব্য।

ইঃ (ইস্)—খেদ, ক্রোধ বা বিস্ময়সূচক শব্দ।

ইঁচড়—ইচড়, এঁচড় ; কাঁচা কাঁটাল। দেশজ। বি।

ইঁট—ইট, ইষ্টক। বি।

ইঁদারা—বৃহৎ বা গভীর কূপ ; পাতকুয়া। 'ইন্দ্রাগার' শব্দজ। বি।

ইঁদুর—মূষিক। 'উন্দুর' শব্দজ। বি।

ইকতিয়ার—শক্তি, অধিকার। আর্বী। বি।

ইকরার—স্বীকার, কবুল। আর্বী 'একরার' শব্দজ। বি। [বি ; পুং।

ইকার—ই এই বর্ণ মাত্র। ই+কার স্বার্থে।

ইকারাদি—আদিতে 'ই' এই অক্ষরবিশিষ্ট ; ইকার হইতে আরম্ভ করিয়া অন্ত। ইকার আদি বা আদিতে যাহার, বহুব্রী। বিণ।

ইকারান্ত—যাহার শেষে ই এই অক্ষর আছে। ইকার অন্তে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্তা। [+ফার্সী নামা। বি।

ইকরারনামা—স্বীকৃতিপত্র। আর্বী ইকরার

ইক্ষু—স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, আক। ইষ্‌+ক্সু কর্ম্মবা। বি; পুং।

ইক্ষুকাণ্ড—১। আকের ডাটা, অর্থাৎ আসল আক। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব। ২। কাশতৃণ; শরতৃণ। ইক্ষুর ন্যায় কাণ্ড যাহার, বহুব্রী। বি; পুং।

ইক্ষুদণ্ড—ইক্ষুকাণ্ড, আকের ডাঁটা অর্থাৎ আসল আক। ইক্ষুই দণ্ড, কর্ম্মধা। বি; পুং।

ইক্ষুরস—আকের রস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ইখ্‌তিয়ার—এখ্‌তিয়ার দ্রঃ।

ইঙ্গ-বঙ্গ—ইংরাজী ও বাঙ্গালা উভয় (ভাষাদি); ইংরাজী-ভাবাপন্ন বাঙ্গালী; সাহেবী সাজ ও চালচলনের অনুকারী বাঙ্গালী। 'Anglo-Bengali' শব্দজ। বিণ বা বি।

ইঙ্গ-ভারতীয়—ইংরেজ ও ভারতীয়ের সংমিশ্রণে উৎপন্ন জাতি (Anglo-Indian). বি।

ইঙ্গিত—চেষ্টা; হৃদ্গতভাব; হৃদ্গতভাব-প্রকাশক ভঙ্গি, ইসারা। ইন্‌গ্‌+ক্ত ভাববা। বি; ক্লীব।

ইঙ্গিতজ্ঞ—ইঙ্গিত বুঝিতে সমর্থ, ইসারায় মনের কথা বুঝিয়া লইতে পারে এরূপ। ইঙ্গিত—জ্ঞা (জানা)+ক কর্তৃবা। বিণ।

ইঙ্গুদ—তৈলপ্রদ তাপস তরু (ইহার ফলের তৈল ঋষিরা ব্যবহার করিতেন); এরণ্ডগাছ। ইঙ্গু—দো+ক কর্তৃবা। বি; পুং।

ইঙ্গুদী—তৈলপ্রদ বৃক্ষবিশেষ, ইঙ্গুদ। ইঙ্গুদ+ঈপ্‌। বি; স্ত্রী।

ইচড়—ছোট কাঁচা কাঁটাল (ইহা তরকারি-রূপে ব্যবহৃত হয়)। দেশজ। বি।

ইচড়ে-পাকা—অকালপক্ব, জেঠা (Precocious). অলুক্‌ ৭মীতৎ। বিণ।

ইচলা, ইচলি, ইচলী—১। চিঙ্গট বা চিংড়ীমাছ, চুণামাছ। বি। ২। ইতরলোক, ছেব্‌লা, ফচ্‌কে। প্রাদে। বিণ।

ইচ্ছ—ইচ্ছা কর ("তবে যদি ইচ্ছ রণ তার পক্ষ হ'য়ে"—মাইকেল)। কবিপ্র। ক্রি।

ইচ্ছা—বাঞ্ছা, অভিলাষ; স্পৃহা। ইষ্‌+শ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

ইচ্ছাকৃত—যাহা ইচ্ছা করিয়াই করা হইয়াছে, জ্ঞানকৃত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

ইচ্ছাধীন—ইচ্ছার বশীভূত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—না।

ইচ্ছানুগামী (—গামিন্‌)—ইচ্ছানুযায়ী; ইচ্ছাধীন; যথেচ্ছ; স্বেচ্ছাচারী। ইচ্ছার অনুগামী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—মিনী।

ইচ্ছানুযায়ী (—যায়িন্‌)—১। ইচ্ছামত কার্য্যকারী, ইচ্ছাধীন; যথেচ্ছ। ইচ্ছার অনুযায়ী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—য়িনী। ২। ইচ্ছামত। ক্রি-বিণ।

ইচ্ছানুরূপ—ইচ্ছামত; যথেচ্ছ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—পা।

ইচ্ছাপত্র—নিজ ইচ্ছানুসারে সম্পত্তির বিনি-য়োগপত্র, 'উইল'। ইচ্ছাকৃত পত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ইচ্ছাপূর্ব্ব(র্ব)ক—বাসনাপুরঃসর, অভিলাষ বা অভিপ্রায় করিয়া। ইচ্ছা পূর্ব্বে যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ। [স্ত্রী।

ইচ্ছাবরী—স্বয়ংবরা। প্রাঃ কবিপ্র। বিণ;

ইচ্ছাবসন্ত—খাঁটি বা আসল বসন্ত, মসুরিকারোগ (Small-pox). দেশজ। বি।

ইচ্ছামত—ইচ্ছানুরূপ। ৬ষ্ঠীতৎ। দেশজ। বিণ বা ক্রি-বিণ।

ইচ্ছাময়—১। ইচ্ছাত্মক, অভিলাষযুক্ত। বিণ। ২। যাঁহার ইচ্ছায় সব হয়, ভগবান্‌। ইচ্ছা+ময়ট্‌ পূর্ণার্থে। বি; পুং। স্ত্রী,—য়ী।

ইচ্ছামরণ, —মৃত্যু—১। যিনি স্বেচ্ছায় দেহত্যাগ করিতে পারেন এরূপ। ইচ্ছানুগত মরণ, মৃত্যু যাহার, বহুব্রী। বিণ। ২। ইচ্ছানুসারে মরণ; আত্মহত্যা। ইচ্ছানুগত

মরণ, মৃত্যু, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব, পুং। ৩। ভীষ্ম। বহুব্রী। বি ; পুং।

ইচ্ছায়ত্ত—বাসনার বশীভূত ; বাসনানুসারে সংঘটনযোগ্য। ৬ষ্ঠীতৎ। বিণ।

ইচ্ছি—ইচ্ছা করি। ("তব বাক্যে ইচ্ছি মরিবারে"—মাইকেল)। কবিপ্র। ক্রি।

ইচ্ছু, ইচ্ছুক—ইচ্ছাযুক্ত, অভিলাষী ; সম্মত। ইষ্‌+উ, উক কর্ত্তৃবা। বিণ।

ইচ্‌লা—মৎস্যবিশেষ, চিংড়িমাছ। প্রাদে। বি।

ইজমালী—এজমালী দ্রঃ।

ইজলাস—এজলাস দ্রঃ।

ইজা—হিসাবে জমার বা খরচের সমষ্টি এক ফর্দ্দের তলা হইতে অন্য ফর্দ্দের মাথায় লইয়া যাওয়া, জের। ফার্সী। বি।

ইজার, ইজের—১। পাজামা, প্যাণ্ট বা প্যাণ্টালুন। ফার্সী। ২। জোতজমি, অধিকার, স্বত্ব। 'ইজারা' শব্দজ। বি।

ইজারদার—ইজারাদার (তাহা দ্রঃ)।

ইজারা—মেয়াদী বন্দোবস্ত, নির্দ্ধারিত খাজনায় নির্দ্দিষ্ট সময়ের জন্য সম্পত্তি ভোগের অধিকার ; ঠিকা বন্দোবস্ত। আর্বী। বি।

ইজারাদার—যে ইজারা লয়, ইজারা সম্পত্তি ভোগকারী, ঠিকাদার। আর্বী ইজারা+ফার্সী দার। বি। [বি।

ইজারামহল—ইজারা জমিজমা। আর্বী।

ইজাহার—এজাহার দ্রঃ।

ইজ্জত—মান, সম্ভ্রম, মর্য্যাদা ; উদারতা ; আবরু ; সতীত্ব। আর্বী। বি।

ইজ্যা—পূজা ; যজ্ঞ ; দান। যজ্‌+ক্যপ্‌ ভাববা+আপ্‌। বি ; স্ত্রী।

ইঞ্চ, ইঞ্চি—এক ফুটের ১২ ভাগের ১ ভাগ। ইং Inch. বি।

ইঞ্জিন, এঞ্জিন—বাষ্পচালিত যন্ত্রবিশেষ, কল। ইং Engine. বি।

ইঞ্জিনিয়ার—যন্ত্রতত্ত্বজ্ঞ, স্থপতি, পূর্ত্তকার্য্য, গৃহনির্ম্মাণ প্রভৃতি বিষয়ে অভিজ্ঞ ব্যক্তি। ইং Engineer. বি।

ইঞ্জিনিয়ারি,–রী—যন্ত্রবিজ্ঞান, ইঞ্জিনিয়ারের কার্য্য। ইঞ্জিনিয়ার+ই, ঈ ভাবার্থে, কর্ম্মার্থে। বি।

ইট—অট্টালিকাদি নির্ম্মাণের উপাদান চতুষ্কোণাকার দগ্ধমৃত্তিকা। 'ইষ্টক' শব্দজ। বি।

ইটখোলা—ইট গড়িয়া পোড়াইবার জায়গা ; ইষ্টকক্ষেত্র। ৬ষ্ঠীতৎ। বি।

ইটচূর—সুরকী, ইটের গুঁড়া। 'ইষ্টকচূর্ণ' শব্দজ। বি।

ইটা—ইট, ইষ্টক ; আড় মৎস্যের ন্যায় মৎস্যবিশেষ, ইহাকে রিটাও বলে। দেশজ। বি।

ইড়কি, ইড়িক—ঠোকর ; গুঁতা ; অশ্বারোহী কর্ত্তৃক অশ্বের উদরে পদাঘাত দ্বারা সঙ্কেত। প্রাঃ কবিপ্র। বি।

ইড়া—পৃথিবী ; গবী, ধেনু ; ত্বরা ; শীঘ্রতা ; বাক্য ; বাণী বা বাগ্দেবী ; স্বর্গ ; ইক্ষ্বাকু-কন্যা, বুধপত্নী, ইঁহার অপর নাম ইলা [ইলা দ্রঃ] ; দক্ষকন্যা, কশ্যপপত্নী ; মনুকন্যা ; শরীরস্থ শাস্ত্রোক্ত নাড়ীবিশেষ (ইহা মেরুদণ্ডের বামপার্শ্বে অবস্থিত)। ইড়্‌+অচ্‌ কর্ত্তৃবা+স্ত্রীলিঙ্গে আপ্‌। বি ; স্ত্রী।

ইৎ—(ব্যাকরণে) কোন কার্য্যের নিমিত্ত উচ্চার্য্যমাণ অতিরিক্ত বর্ণ, কার্য্যকালে তাহা পরিত্যাজ্য (যেমন—'ট' প্রত্যয় ; ইহার 'ট' বর্ণটি ইৎ, কেবল 'অ' থাকে। ট-বর্ণের প্রয়োজনীয়তা স্ত্রীলিঙ্গে ঈ প্রত্যয়ের জন্য)। ই+ক্বিপ্‌ কর্ত্তৃবা। বি ; পুং।

ইত—১। গত ; প্রাপ্ত। ই+ক্ত কর্ত্তৃবা। ২। জ্ঞাত ; লব্ধ। ই+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ইতা। [ক্রি-বিণ।

ইতঃপর—ইহার পর, অনন্তর। সুপ্‌সুপা।

ইতঃপূর্ব্বে(র্বে)—ইহার পূর্ব্বে, অগ্রে বা আগে। সুপ্‌সুপা। ক্রি-বিণ।

ইতর—১। নীচ ; পামর ; নিম্নশ্রেণীস্থ ; পশুশ্রেণীস্থ ; অধম। ই শব্দ—তৃ+অচ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রা। ২। অন্য, ভিন্ন। সর্ব্ব।

ইতরজাতীয়—নিকৃষ্টজাতীয়; মনুষ্য ভিন্ন অন্য প্রাণীদিগের অন্তর্গত। ইতরজাতি+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—য়া।

ইতরতা—নীচতা, পামরতা, ছোট লোকের মত ব্যবহার। ইতর+তা ভাবার্থে। বি; স্ত্রী।

ইতরবিশেষ—১। নিকৃষ্ট-উৎকৃষ্টভেদ, ভিন্নতা। দ্বন্দ্ব। ২। তুলনা দ্বারা এক হইতে অন্যের পার্থক্য। ৫মীতৎ। বি; পুং।

ইতরভাষা—অপভাষা; নীচ লোকের ভাষা; অকথ্য বাক্য। কর্ম্মধা বা ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ইতরাম, ইতরামি—ইতরতা (তাহা দ্রঃ)। ইতর+আম, আমি ভাবার্থে। বি।

ইতরেতর—অন্যোন্য; পরস্পর। ইতর+ইতর (কর্ম্মব্যতীহারে দ্বিরুক্তি, সমাসবদ্ভাব)। সর্ব্ব।

ইতরেতরযোগ—দ্বন্দ্বসমাসবিশেষ। ইতরেতরের যোগ হয় যদ্দ্বারা বা যাহাতে, বহুব্রী। বি; পুং।

ইতস্ততঃ (–তস্), ইতস্তত—১। এদিক্-সেদিক্; চারিদিকে। ইতঃ+ততঃ। অব্য। ২। দ্বিধা, করিব কি না করিব এইরূপ ভাব। বাং প্রঃ। বি।

ইতি—এই হেতু, এই প্রকার; ইহা; সমাপ্তি; প্রকরণ; উপক্রম; প্রকাশ; প্রকর্ষ। ই+ক্তি ভাববা। অব্য। **ইতি করা**—শেষ করা, ক্ষান্ত হওয়া।

ইতিউতি—এদিক্-সেদিক্, ইতস্ততঃ। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

ইতিকথা—ইহা কথা মাত্র; নিরর্থক কথন; উপকথা। ইতি (ইহাই) কথা, সুপ্‌সুপা। বি; স্ত্রী।

ইতিকর্ত্ত(র্ত)ব্য—ইহাই কর্ত্তব্য, ইহাই করা উচিত বা আবশ্যক অথবা করার যোগ্য; কার্য্য সম্পাদনে আনুষঙ্গিকভাবে প্রয়োজনীয়। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—ব্যা।

ইতিকর্ত্ত(র্ত)ব্যতা—'ইহাই কর্ত্তব্য' এইরূপ জ্ঞান। ইতিকর্ত্তব্য+তা ভাবার্থে। বি; স্ত্রী।

ইতিকাহিনী—ইতিবৃত্ত, ইতিহাস। ইতি (এই) কাহিনী (হিন্দী 'কহনিয়া' শব্দজ), সুপ্‌সুপা। বি।

ইতিপূর্ব্বে(র্বে)—ইহার পূর্ব্বে, ইহার আগে। সুপ্‌সুপা। ক্রি-বিণ।

ইতিবৃত্ত—পূর্ব্ববৃত্তান্ত, ইতিহাস। সুপ্‌সুপা। বি; ক্লীব।

ইতিবৃত্তকথা—প্রাচীন ঘটনার বিবরণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ইতিবৃত্তকার—ইতিহাসলেখক, পুরাবৃত্তরচয়িতা। উপতৎ। ইতিবৃত্ত—কৃ+অণ্ কর্ত্তৃবা। বি বা বিণ; পুং।

ইতিবৃত্তলেখক—ইতিহাসরচয়িতা। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; পুং। স্ত্রী,—খিকা।

ইতিমধ্যে—ইহার মধ্যে, এমন সময়ে। সুপ্‌সুপা। বি, অধি-৭মী (ক্রি-বিণরূপে প্রযুক্ত)।

ইতিলা—এতলা বা এত্তেলা (তাহা দ্রঃ)।

ইতিহাস—পুরাবৃত্ত; প্রাচীন আখ্যান; ইতিবৃত্ত; অষ্টাদশ শাস্ত্রান্তর্গত শাস্ত্রবিশেষ। ইতিহ—অস্+ঘঞ্ অধিবা। বি; পুং।

ইতিহাসকার—পুরাবৃত্তরচয়িতা। উপতৎ। ইতিহাস—কৃ+অণ্ কর্ত্তৃবা। বি বা বিণ; পুং।

ইতিহাসজ্ঞ—ইতিহাস শাস্ত্রে পণ্ডিত, পুরাবৃত্ত-বিষয়ে জ্ঞানী; ইতিহাস-গ্রন্থের লেখক। উপতৎ। ইতিহাস—জ্ঞা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

ইতিহাসবিৎ (–বিদ্), –বেত্তা (–তৃ), –বেদী (–দিন্)—ইতিহাসজ্ঞ (সকল অর্থে)। উপতৎ। ইতিহাস—বিদ্+ক্বিপ্, তৃন্, ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—বেত্রী,—দিনী।

ইতু—কার্ত্তিক মাসের সংক্রান্তিতে (শেষ দিবসে) ঘট স্থাপনা করিয়া অগ্রহায়ণের সংক্রান্তি (শেষ দিবস) পর্য্যন্ত প্রত্যেক রবিবারে সেই ঘটে পূজ্য দেবতা। 'মিত্র' শব্দজ। বি; পুং।

ইতোমধ্যে—ইতিমধ্যে, ইহার মধ্যে। ইতঃ

(ইহার) মধ্য, সুপ্‌সুপা, তাহাতে। বি; অধি-৭মী।

ইতিলা—এত্তেলা দ্রঃ। [বি।

ইত্তিহাদ—সঙ্ঘ, সভা, সমন্বয়; সন্ধি। বৈদে।

ইত্যবসরে—এই অবসরে, এই সুযোগে, এমন সময়ে, ইতোমধ্যে। ইতি অবসর, সুপ্‌সুপা, তাহাতে। বি; অধি-৭মী।

ইত্যাকার—এবম্প্রকার, সদৃশ, এইরূপ। ইতি (এইরূপ) আকার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

ইত্যাদি—এবং এইরূপ, এইরূপ আরও। ইতি (ইহা) আদি বা আদিতে যাহাদের, বহুব্রী। বিণ (অব্যয়রূপে প্রযুক্ত)।

ইথে—ইহাতে; এ বিষয়ে; এই হেতু; এতদ্দারা। কবিপ্র। অব্য।

ইদানীন্তন—অধুনাতন, বর্ত্তমানকালীন; আধুনিক, সাম্প্রতিক, অনতিপূর্ব্বকালীন, নব্য, এখনকার। ইদানীম্ শব্দ+তন ভবার্থে। বিণ। স্ত্রী,—নী।

ইদানীম্—সম্প্রতি, অধুনা, বর্ত্তমান সময়ে, এক্ষণে। ইদম্ (এই)+দানীম্ কালার্থে। অব্য।

ইদ্‌গাহ—ইদের ঘর; ইদের দিনে একসঙ্গে উপাসনা করিবার ঘর। আর্বী। বি।

ইদ্দৎ—মুসলমান বিধবার বিবাহ-নিষেধের নির্দ্দিষ্টকাল। আর্বী। বি।

ইন্‌কম—আয়। ইং Income. বি।

ইন্‌কম-টেক্স—আয়কর। ইং Income-tax. বি।

ইনাম—দান, বখশিষ; উপকারের পুরস্কার-স্বরূপ প্রাপ্ত ভূমি বা অর্থ প্রভৃতি। আর্বী। বি।

ইনামেল—এনামেল দ্রঃ।

ইনি—এই ব্যক্তি। 'ইদম্' শব্দজ। সর্ব্ব।

ইন্তাকাল—ক্রোক; মাল ক্রোক; হস্তান্তর; পরলোকগমন। 'ইন্তকাল' শব্দজ। বি।

ইন্দারা—কূপ, ইঁদারা। 'ইন্দ্রাগার' শব্দজ। বি।

ইন্দিবর, ইন্দীবর—নীলোৎপল, নীলপদ্ম। ইন্দির বা ইন্দীর (লক্ষ্মীর) বর (প্রিয়), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ইন্দিরা—লক্ষ্মী, কমলা; শোভা। ইন্দি (শোভা)—রা+ক কর্তৃবা+স্ত্রীলিঙ্গে আপ্‌। বি; স্ত্রী।

ইন্দু—চন্দ্র, শশী; মৃগশিরা নক্ষত্র, কারণ ঐ নক্ষত্রের দেবতা চন্দ্র; কর্পূর। উন্দ+উ কর্তৃবা। বি; পুং।

ইন্দুকলা—চন্দ্রের ষোল ভাগের এক এক ভাগ। ইন্দুর কলা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ইন্দুকলিকা—১। কেতকী। ইন্দুপ্রায় (শ্বেতা) কলিকা যাহার, বহুব্রী+আপ্‌। ২। চন্দ্রকলা। ইন্দুকলা+কন্ স্বার্থে। বি; স্ত্রী।

ইন্দুকান্ত—চন্দ্রকান্ত-মণি (চন্দ্রোদয়ে এই মণি অতি উজ্জ্বল শোভা ধারণ করে)। ইন্দু (চন্দ্র) কান্ত (প্রিয়) যাহার, বহুব্রী। বি; পুং।

ইন্দুতিলকা—চন্দ্রালোকশোভিতা। ইন্দু তিলক যাহার, বহুব্রী+আপ্‌। বিণ; স্ত্রী।

ইন্দুনিভ—চন্দ্রতুল্য, চন্দ্রের ন্যায় শুভ্র ও উজ্জ্বল। ইন্দুর সদৃশ, নিত্য। বিণ। স্ত্রী,—ভা।

ইন্দুনিভানন—চন্দ্রবদন। ইন্দুনিভ আনন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

ইন্দুপুত্র—বুধ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ইন্দুভূষণ—মহাদেব। বহুব্রী। বি; পুং।

ইন্দুমতী—১। পূর্ণিমা। ইন্দু+মতুপ্‌ অস্ত্যর্থে +ঈপ্‌। ২। সূর্য্যবংশীয় অজনামক রাজার পত্নী; দশরথের মাতা, সুতরাং রামচন্দ্রের পিতামহী। বি; স্ত্রী।

ইন্দুমুখী—চন্দ্রবদনা, চন্দ্রমুখী। ইন্দুর সদৃশ মুখ যাহার (যে স্ত্রীর), বহুব্রী+ঈপ্‌। বিণ; স্ত্রী।

ইন্দুমৌলি—শিব, মহাদেব। ইন্দু মৌলিতে (মস্তকে) যাঁহার, বহুব্রী। বি; পুং।

ইন্দুয়া—ইন্দু, চন্দ্র। প্রাঃ কবিপ্র। বি।

ইন্দুর—মূষিক, আখু। উন্দ+উর কর্তৃবা (সংজ্ঞার্থে)। বি; পুং।

ইন্দুরকানি, –কানী—একরকম পানা; মুষাকানী লতা। 'উন্দুরকর্ণী' শব্দজ। বি।

ইন্দুরেখা, –লেখা—চন্দ্রকলা; সোমলতা; গুলঞ্চ; যমানী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ইন্দুশেখর—মহাদেব। ইন্দু শেখর যাঁহার, বহুব্রী। বি; পুং।

ইন্দ্র—দেবরাজ, বাসব; সূর্য্য; আত্মা; রাজা; যোগবিশেষ; অধিপ, প্রভু; ইন্দ্রিয়; ঐশ্বর্য্য; পরমেশ্বর; ঐশ্বর্য্যশালী ব্যক্তি; শ্রেষ্ঠ ব্যক্তি। ইন্দ্‌+র কর্তৃবা। বি; পুং।

ইন্দ্রকল্প—ইন্দ্রতুল্য। ইন্দ্র+কল্পপ্‌ ঈষদূনার্থে। বিণ।

ইন্দ্রগোপ—রক্তবর্ণ কীটবিশেষ, মখমলী পোকা। ইন্দ্র গোপ (রক্ষক) যাহার, বহুব্রী। বি; পুং।

ইন্দ্রচাপ—ইন্দ্রধনু, রামধনু। ৬ষ্ঠীতৎ। বি; [পুং।

ইন্দ্রজাল—ভোজবাজী, ভেল্কি, কুহক; মায়া। ইন্দ্রগণের (ইন্দ্রিয়গণের) জাল (আবরক), বা ইন্দ্রের জাল (মায়া), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ইন্দ্রজালিক—ইন্দ্রজাল-সম্বন্ধীয়, ইন্দ্রজাল-সম্ভূত; বাজীকর, কুহকী। ইন্দ্রজাল+ইক জাতার্থে, জ্ঞাতার্থে। বিণ। স্ত্রী, –কা।

ইন্দ্রজিৎ—রাবণের পুত্র (ইঁহার অপর নাম মেঘনাদ, ইন্দ্রকে জয় করিয়া ইনি ইন্দ্রজিৎ নাম প্রাপ্ত হন)। উপতৎ। ইন্দ্র–জি+ক্বিপ্‌ কর্তৃবা। বি.; পুং।

ইন্দ্রত্ব—ইন্দ্রের ভাব বা পদ; প্রাধান্য; রাজত্ব। ইন্দ্র+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

ইন্দ্রদ্যুম্ন—১। ইনি সূর্য্যবংশীয় এবং অবন্তীর (মালবের) রাজা। ইন্দ্রের ন্যায় দ্যুম্ন (ধন) যাহার, বহুব্রী। ২। ইন্দ্রদ্যুম্ন নামে আর একজন রাজার পরিচয় পাওয়া যায়। তিনি ১১৯৪ খৃষ্টাব্দে জগন্নাথদেবের মন্দির পুনঃসংস্কার করান। ৩। একজন অসুরের নাম, শ্রীকৃষ্ণ ইহাকে বিনাশ করেন। ৪। জনৈক ঋষির নাম, শতপথব্রাহ্মণে ইনি ভাল্লবেয় বলিয়া উল্লিখিত হইয়াছেন। ৫। জনৈক রাজর্ষির নাম। ৬। মগধের পাল-বংশীয় শেষ রাজার নামও ইন্দ্রদ্যুম্ন। ৭। একটী সরোবরের নাম। বি; পুং।

ইন্দ্রধনুঃ (–ধনুস্‌), –ধনু—শক্রধনু, রামধনু। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ইন্দ্রধ্বজ—ভাদ্র-শুক্লা দ্বাদশীতে প্রজাবৃদ্ধি-কল্পে রাজগণ কর্তৃক পুরদ্বারে উচ্ছ্রিত ইন্দ্র-দেবতাক ধ্বজ। ইন্দ্র প্রীত্যর্থক ধ্বজ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং, ক্লীব।

ইন্দ্রনীল—নীলকান্তমণি, মরকত (Emerald), পান্না; (দুধে নীল গুলিলে যে রঙ্‌ হয়, তাহাকেও ইন্দ্রনীল বলে)। ইন্দ্র (উত্তম) নীল (নীলবর্ণ) যাহার, বহুব্রী। বি; পুং।

ইন্দ্রনীলমণি—মরকতমণি, পান্না। কর্ম্মধা। বি; পুং।

ইন্দ্রপাত—ইন্দ্রের নাশ; প্রসিদ্ধ লোকের মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ইন্দ্রপুর, –পুরী—অমরাবতী। ইন্দ্রের (দেবরাজের) পুর, পুরী (নগরী), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।

ইন্দ্রপ্রস্থ—যুধিষ্ঠিরের রাজধানী, প্রাচীন দিল্লী। (এই স্থানে পূর্ব্বকালে ইন্দ্র বিষ্ণুর পূজা করিয়াছিলেন, তদনুসারে ইহার নাম ইন্দ্রপ্রস্থ হয়)। বি; ক্লীব।

ইন্দ্রবজ্রা—সংস্কৃত ছন্দোবিশেষ। বি; স্ত্রী।

ইন্দ্রবারুণী—রাখাল শসা। বি; স্ত্রী।

ইন্দ্রলুপ্ত, –লুপ্তক—কেশনাশক শিরোরোগবিশেষ, টাক। ইন্দ্রগণের (ইন্দ্র-নীলবর্ণ কেশসমূহের) লুপ্ত (লোপ) হয় যদ্দ্বারা, বহুব্রী; ২য় পক্ষে তদুত্তরে কন্‌ স্বার্থে। বি; ক্লীব। [বি; পুং।

ইন্দ্রলোক—সুরপুরী, অমরাবতী। ৬ষ্ঠীতৎ।

ইন্দ্রশত্রু—বৃত্রাসুর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ইন্দ্রসুত—জয়ন্ত; তৃতীয় পাণ্ডব অর্জ্জুন; বানররাজ বালী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ইন্দ্রাগার—ইঁদারা, বৃহৎ কূপ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ইন্দ্রাণী—১। ইন্দ্রপত্নী, শচী। ইন্দ্র + আনীপ্ পত্নী অর্থে। ২। শিবা, দুর্গা; অষ্টমাতৃকার একমাতৃকা। ইন্দ্র – অন্ + ণিচ্ + অচ্ কর্তৃবা + ঈপ্ সংজ্ঞার্থে। বি; স্ত্রী।

ইন্দ্রানুজ, ইন্দ্রাবরজ—উপেন্দ্র, বামনদেব। ইন্দ্রের অনুজ বা অবরজ, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ইন্দ্রের জন্মের পর কশ্যপের ঔরসে অদিতির গর্ভে বামনদেবের জন্ম হইয়াছিল]। [বি; ক্লীব।

ইন্দ্রায়ুধ—ইন্দ্রধনু, রামধনু; বজ্র। ৬ষ্ঠীতৎ।

ইন্দ্রারি—দৈত্য, অসুর। ইন্দ্রের অরি (শত্রু), ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পুং।

ইন্দ্রালয়—স্বর্গ, অমরাবতী। ৬ষ্ঠীতৎ। বি;

ইন্দ্রিয়—১। জ্ঞানসাধন, যাহা দ্বারা পদার্থের জ্ঞান জন্মে [ইন্দ্রিয় সমুদায়ে চতুর্দ্দশটী:— চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্, এই পাঁচটি জ্ঞানেন্দ্রিয়; বাক, পাণি, পাদ, পায়ু, উপস্থ, এই পাঁচটি কর্ম্মেন্দ্রিয়; এবং মন, বুদ্ধি, অহঙ্কার, চিত্ত, এই চারিটি অন্তরিন্দ্রিয়; মন সকল ইন্দ্রিয়ের নিয়ামক]; অন্তরিন্দ্রিয়, মনঃ; শুক্র; বীর্য্য; বল; কাম, লালসা, দৈহিক ভোগ। ইন্দ্র + ঈয় সৃষ্টার্থে। বি; ক্লীব।

ইন্দ্রিয়ক্ষোভ—ইন্দ্রিয়ের বিক্ষেপ বা চাঞ্চল্য; চিত্তবিভ্রম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ইন্দ্রিয়গম্য—ইন্দ্রিয়গোচর, জ্ঞানগম্য; ইন্দ্রিয়গ্রাহ্য। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ম্যা।

ইন্দ্রিয়গোচর—ইন্দ্রিয়গ্রাহ্য, জ্ঞানগম্য। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রা। [পুং।

ইন্দ্রিয়গ্রাম—ইন্দ্রিয়নিচয়। ৬ষ্ঠীতৎ। বি;

ইন্দ্রিয়গ্রাহ্য—ইন্দ্রিয়দ্বারা গ্রহণীয় অর্থাৎ অনুভবনীয়, জ্ঞানগম্য। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—হ্যা।

ইন্দ্রিয়চরিতার্থতা—ভোগের দ্বারা সমস্ত ইন্দ্রিয়ের সম্পূর্ণ তৃপ্তিসাধন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ইন্দ্রিয়চাঞ্চল্য—অজিতেন্দ্রিয়তা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ইন্দ্রিয়জয়—ইন্দ্রিয়নিগ্রহ, ইন্দ্রিয়সমূহকে বশ করা। ইন্দ্রিয়ের জয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ইন্দ্রিয়জয়ী (–জয়িন্)—ইন্দ্রিয়দমনকারী; ইন্দ্রিয়সংযমী। উপতৎ। ইন্দ্রিয় – জি + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

ইন্দ্রিয়তৃপ্তি, –পরিতৃপ্তি—ইন্দ্রিয়সমূহের তুষ্টিসাধন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ইন্দ্রিয়দমন—ইন্দ্রিয়সংযম; ইন্দ্রিয় বশে রাখা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ইন্দ্রিয়দোষ—ইন্দ্রিয়ের উচ্ছৃঙ্খলতা; লাম্পট্য। ইন্দ্রিয়ের দোষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ইন্দ্রিয়নিগ্রহ—ইন্দ্রিয়ের দমন, ইন্দ্রিয়সংযম, জিতেন্দ্রিয়তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ইন্দ্রিয়-নিরোধ—ইন্দ্রিয়সংযম, জিতেন্দ্রিয়তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ইন্দ্রিয়পর—ইন্দ্রিয়াসক্ত, ভোগপ্রবণ। বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

ইন্দ্রিয়পরতন্ত্র, –পরবশ—অত্যন্ত ইন্দ্রিয়সেবী; ভোগপরায়ণ; অসংযত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ন্ত্রা,—শা।

ইন্দ্রিয়পরায়ণ—ইন্দ্রিয়সেবায় তৎপর ভোগসুখাদিতে রত। ইন্দ্রিয় হইয়াছে পর (শ্রেষ্ঠ) অয়ন (আশ্রয়) যাহার, বহুব্রী বিণ। স্ত্রী,—ণা। বি,—তা,—ত্ব।

ইন্দ্রিয়বশ—ইন্দ্রিয়ের বশীভূত, অজিতেন্দ্রিয়। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—শা।

ইন্দ্রিয়বিষয়—ইন্দ্রিয়গ্রাহ্য, ইন্দ্রিয়গোচর ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—য়া।

ইন্দ্রিয়বৃত্তি—ইন্দ্রিয়ের ব্যাপার, দর্শন শ্রবণ প্রভৃতি ইন্দ্রিয়ের বৃত্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী

ইন্দ্রিয়লালসা—প্রবল ভোগবাসনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ইন্দ্রিয়সংযম—ইন্দ্রিয়ের দমন, ইন্দ্রিয়নিগ্রহ জিতেন্দ্রিয়তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ইন্দ্রিয়সেবা—ইন্দ্রিয়সমূহের তৃপ্তিসাধন ভোগসুখাদিতে অনুরক্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী

ইন্দ্রিয়সেবী (–সেবিন্)—ভোগাসক্ত

বিলাসী ; কামুক। উপতৎ। ইন্দ্রিয়—সেব্ +ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী।

ইন্ধন—১। জ্বালানি কাঠ ; অধুনা জ্বালানি দ্রব্যমাত্রকে (অর্থাৎ কাঠ, ঘুঁটে, পাথুরে কয়লা প্রভৃতিকে) ইন্ধন বলা যায়। ইন্ধ্+ অনট্ করণবা। ২। উদ্দীপন। ইন্ধ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

ইন্‌টরপ্রেটর্—আদালতের ভাষান্তরকারী কর্ম্মচারী, দোভাষী। ইং Interpreter. বি।

ইন্‌ফসলী—মুক্তিপত্র ; ছাড়চিঠি। বৈদেশিক। বি। [Insolvent. বি।

ইন্‌সলভেন্ট—দেউলিয়া, যোত্রহীন। ইং

ইন্‌সাফ—ন্যায়বিচার, সুবিচার। আর্বী। বি।

ইন্‌স্পেক্টর—পরিদর্শক, তত্ত্বাবধায়ক। ইং Inspector. বি।

ইব—ক্রিয়াবিভক্তি বিশেষ ('করিব')।

ইবা—১। এই। প্রাঃ কবিপ্র। সর্ব্ব। ২। ক্রিয়াবিভক্তি ('করিবা')।

ইবে—১। এখন, এবে। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ। ২। ক্রিয়াবিভক্তি ('করিবে')।

ইভ—১। হস্তী ; নাগকেশর বৃক্ষ। ই+ভক কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী, ইভী। ২। সমাসে উত্তরপদস্থ হইলে শ্রেষ্ঠতাবাচক।

ইমন—রাগিণীবিশেষ। বি।

ইমন কল্যাণ—মিশ্র রাগিণীবিশেষ। বি।

ইমন কেদারা—মিশ্র রাগিণীবিশেষ। বি।

ইমান, ঈমান—ধর্ম্ম ; বিশ্বাস ; সাধুতা। আর্বী। বি।

ইমানদার—ধর্ম্মশীল ; বিশ্বাসী ; সাধু। আর্বী 'ইমান'+ফার্সী 'দার'। বিণ।

ইমাম—খোদার প্রেরিত ব্যক্তি বা দূত ; মসজিদের যে কর্ম্মচারী নামাজের সময় হইলে উচ্চৈঃস্বরে লোকদিগকে তাহা জানাইয়া দেয় ; ধর্ম্মগুরু। আর্বী। বি।

ইমামবারা, —বাড়া—মহরম পর্ব্বের তাজিয়া রাখিবার স্থান। আর্বী। বি।

ইমারত, এমারত—অট্টালিকা, পাকা বাড়ী, দালান। আর্বী। বি।

ইয়ৎ—এই পরিমাণ। ইদম্+বতুপ্ পরিমাণার্থে। বিণ ; ক্লীব। পুং, ইয়ান্। স্ত্রী, ইয়তী।

ইয়ত্তা—এতাবত্তা, এতাবৎ পরিমাণ, এতখানি ; সীমা ; সংখ্যা। ইয়ৎ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

ইয়া—১। এরকম ; এত বড়। 'ইয়ান্ (ইয়ৎ)' শব্দজাত। ২। অসমাপিকা-ক্রিয়া-বিভক্তি (করিয়া, খাইয়া ইত্যাদি)।

ইয়ার, এয়ার—১। সখা, বয়স্য, সুহৃদ্। (Boon companion). ফার্সী। বি। ২। রহস্যপ্রিয়, রসিকতাপ্রিয়। বিণ।

ইয়ারকি, এয়ারকি—রহস্যপ্রিয়তা, অসার আমোদ-প্রমোদ, ফাজলামি ; বন্ধুতা। ইয়ার, এয়ার+কি ভাবে। বি।

ইয়ারবক্সী—ইয়ারবন্ধু, বন্ধুবান্ধব। ফার্সী। বি।

ইয়ারিং—মাকড়ি, দুল, কুণ্ডল। ইং Earring. বি।

ইয়ুনানী, য়ুনানী—গ্রীসদেশীয়, আইওনিয়ার অধিবাসী। ইং Ionian শব্দজ। বিণ।

ইয়ে—১। নাম মনে পড়িতেছে না এমন কিছু, তার নাম কি ঐ যে। দেশজ। অব্য। ২। বাংলা কৃৎপ্রত্যয়বিশেষ (যেমন 'বলিয়ে' 'খাইয়ে' ইত্যাদি)।

ইরম্মদ—হস্তী ; বজ্রাগ্নি, বিদ্যুৎ, বাজ ; বাড়বানল। ইরা (জল)—মদ্+খশ্ কর্ত্তৃবা। জলের সহিত বা মেঘের সহিত যে ক্রীড়া করে, উপতৎ। বি; পুং।

ইরশাল, ইরসাল—প্রজাদিগের নিকট হইতে আদায় করা খাজানা জমিদারের নিকট বা সদর কাছারিতে প্রেরণ। আর্বী। বি।

ইরা—ভূমি, পৃথিবী ; রাত্রি ; জল ; অন্ন ; সুরা ; বাণী, বাক্য ; সরস্বতী। ই+রক্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

ইরাচর—১। ভূচর ; জলচর। উপতৎ। ইরা শব্দ—চর+টক্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী। ২। করকা, শিল। বি; ক্লীব।

ইরাজ—মদন, কামদেব। উপতৎ। ইরা (পৃথিবী)—জন্+ড কর্ত্তৃবা। বি; পুং।

ইরান—দেশবিশেষ; পারস্য। বি।

ইরাণী, ইরানী—১। পারস্যদেশীয়। বিণ। ২। পারস্যদেশের লোক। ফার্সী ইরান (=পারস্য)+ঈ সম্বন্ধার্থে, নিবাসার্থে। বি।

ইরাবতী—১। জলযুক্তা, জলময়ী। ইরাবান্ দ্রঃ। ইরাবৎ+ঈপ্। বিণ; স্ত্রী। ২। পাঞ্জাবের অন্তর্গত নদীবিশেষ। বি; স্ত্রী।

ইরাবান্ (ইরাবৎ)—১। জলযুক্ত, জলময়। ইরা+মতুপ্ অস্ত্যর্থে। স্ত্রী,—বতী। ২। সমুদ্র। বি; পুং।

ইলশা—মৎস্যবিশেষ, ইলিশ মাছ। 'ইলীশ' শব্দজ। বি। **ইলশা গুঁড়ি, ইলসা গুঁড়ুনি**—গুঁড়ি গুঁড়ি বৃষ্টি (ইহাতে ইলিশ মাছ ধরার সুবিধা হয়)।

ইলা—পৃথিবী; ধেনু, গবী; বাণী; মদ্য; জল। ইল্+ক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

ইলাকা—এলাকা (তাহা দ্রঃ)।

ইলাহি, এলাহি—১। আল্লা, খোদা, ঈশ্বর, ভগবান্। আর্বী। বি। ২। অত্যধিক, অপর্য্যাপ্ত, অপরিমিত; রাজোচিত; বিরাট্, দীর্ঘ। বিণ। **ইলাহী গজ**—আকবর-প্রবর্ত্তিত ৪১ ইঞ্চি পরিমিত গজ। **ইলাহী রাত**—মহরমের জাগরণ-রাত্রি। **ইলাহি সন**—আকবর তাঁহার রাজত্বের চতুর্ব্বিংশ বৎসরে যে সালের প্রবর্ত্তন করেন তাহা।

ইলিবিলি—১। আঁকাবাঁকা, এলোমেলো। বিণ। ২। কিলবিল, কীটাদির ইতস্ততঃ সঞ্চারবোধক শব্দ। দেশজ। অব্য।

ইলিশ, ইলীশ—স্বনামখ্যাত মৎস্যবিশেষ। ইলি, ইলী—শুভ্+ড কর্ত্তৃবা। বি; পুং।

ইলেক—'১' এইরূপ বাঁকা রেখা; চিহ্ন; আঁক; কাহন বা টাকার অঙ্কের পর পণ বা আনা না থাকিলে '৲' এইরূপ চিহ্ন, এবং গণ্ডার পূর্ব্বে পণ বা আনা না থাকিলে '৲' এইরূপ চিহ্ন দিতে হয়; মণ ও বিঘার পর এবং সের ও কাঠার পূর্ব্বে '/' এইরূপ চিহ্ন থাকিলে এই সকল চিহ্নকে ইলেক বলে। দেশজ। বি।

ইলেকট্রিক—বৈদ্যুতিক। ইং Electric. বিণ। **ইলেকট্রিক লাইট**—বৈদ্যুতিক আলোক, তাড়িতালোক, বিজলী বাতি (Electric light).

ইল্লৎ—মল, ময়লা; মালিন্য, অপরিচ্ছন্নতা, নোংরাম। আর্বী। বি।

ইল্লৎখানা—পায়খানা; আঁস্তাকুড়। আর্বী ইল্লৎ+ফার্সী খানা। বি।

ইল্লতিয়া, ইল্লুতে—মলযুক্ত, অপরিচ্ছন্ন, নোংরা। ইল্লৎ+ইয়া, এ যুক্তার্থে। বিণ।

ইল্লিশ, ইল্লীশ—মৎস্যবিশেষ, ইলীশ মাছ। ইল্—লিশ্ বা লীশ্+ক কর্ত্তৃবা। বি; পুং।

ইশকাপন, —বন—ইস্কাপন (তাহা দ্রঃ)।

ইশপিশ, ইসপিস—অস্থিরতা বা চাঞ্চল্য প্রকাশ; নিশপিশ, আগ্রহের ভাব প্রদর্শন। দেশজ। অব্য।

ইশাদী, ইসাদি—সাক্ষী। ফার্সী। বি।

ইশারা, ইসারা—ইঙ্গিত, সঙ্কেত। আর্বী। বি।

ইশ্‌তিহার, ইস্তেহার—ইস্তাহার, বিজ্ঞাপনপত্র। আর্বী। বি।

ইষু—বাণ, তীর; পঞ্চম সংখ্যার চিহ্ন। ইষ +উ কর্ত্তৃবা। বি; পুং বা স্ত্রী।

ইষুধি—শরধি, তূণ। উপতৎ। ইষু—ধা+কি কর্ত্তৃবা। বি; স্ত্রী।

ইষ্ট—১। বাঞ্ছিত, অভিলষিত; অভিপ্রেত প্রার্থিত; প্রিয়; প্রশংসিত। ইষ্ (ইচ্ছা করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ইষ্টা। ২ অভিলাষ; প্রার্থনা। ইষ্+ক্ত ভাববা ৩। যজ্ঞাদি কর্ম্ম। যজ্ (পূজা করা)+ক্ত ভাববা। বি; ক্লীব। ৪। পূজিত। যজ +ক্ত কর্ম্মবা। বিণ।

ইষ্টক, ইষ্টকা—দগ্ধ মৃত্তিকাখণ্ড, ইট ইষ্+তকক্ কর্ম্মবা, পক্ষে আপ্। বি পুং, স্ত্রী। [ষষ্ঠীতৎ। বি; পুং

ইষ্টকখণ্ড—একখানি ইট; ইটের টুকরা

ইষ্টকবচ—ইষ্টমন্ত্রসংবলিত কবচ বা মাদুলী। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং বা ক্লীব।

ইষ্টকর্ম্ম (-কর্ম্মন্),-**কর্ম্ম**—অভিলষিত কার্য্য ; যাগ ; (গণিতশাস্ত্রে) ইষ্টফল বা নির্ণেয় রাশি বাহির করিবার নিমিত্ত প্রতিক্রিয়াবিশেষ। কর্ম্মধা। বি ; ক্লীব।

ইষ্টকা—ইষ্টক দ্রঃ।

ইষ্টকামনা—আশীর্ব্বাদ ; হিতাকাঙ্ক্ষা ; অভিলষিত বিষয় প্রাপ্তির জন্য বাসনা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

ইষ্টকালয়—ইষ্টকনির্ম্মিত গৃহ, পাকাবাড়ী, কোঠাঘর। ইষ্টক নির্ম্মিত আলয়, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

ইষ্টতম—সর্ব্বাপেক্ষা অভিলষিত ; প্রিয়তম। ইষ্ট+তম অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—মা।

ইষ্টদেব, -তা—অভীষ্ট বা উপাস্য দেবতা ; দীক্ষাগুরু, মন্ত্রদাতা। কর্ম্মধা। বি ; পুং, স্ত্রী।

ইষ্টবিয়োগ, -বিয়োজন—প্রিয়বিরহ, আত্মীয়বিচ্ছেদ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং, ক্লীব।

ইষ্টসাধন—অভিলষিত বিষয়ের সম্পাদন। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ইষ্টসিদ্ধি—অভিলষিত বিষয়ে সাফল্য। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

ইষ্টানিষ্ট—হিতাহিত ; লাভ বা ক্ষতি ; উপকার ও অপকার। ইষ্ট ও অনিষ্টের সমাহার, সমা-দ্বন্দ্ব। বি ; ক্লীব।

ইষ্টাপত্তি—ইষ্টলাভ, অভিলষিত প্রাপ্তি ; উপকার ; (দর্শনশাস্ত্রে) অনুকূল বা স্বীকার্য্য আপত্তি। ইষ্টের আপত্তি, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

ইষ্টাপূর্ত্ত(র্ত)—অগ্নিহোত্রাদি যজ্ঞ ; বাপীকূপ-তড়াগাদি খনন এবং দেবালয় নির্ম্মাণ। ইষ্ট ও পূর্ত্তের সমাহর, সমাহার দ্বন্দ্ব। বি ; ক্লীব।

ইষ্টি—১। অভিলাষ। ইষ্+ক্তি ভাববা। ২। যাগ। যজ্+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

ইষ্টিকবচ—ইষ্টদেবতার নামোদ্দিষ্ট মাদুলি। 'ইষ্টকবচ' শব্দজ। বি। [অব্য।

ইস্—খেদ, ক্রোধ, বিস্ময়াদিসূচক শব্দ। দেশজ।

ইসপ্‌গুল, ইসবগুল—ঔষধবীজবিশেষ। ফার্সী 'অসপ্‌গুল' শব্দজ। বি।

ইসপিস—ইশপিশ (তাহা দ্রঃ)।

ইসরমূল, ইসেরমূল—সর্প-বিষ-নাশক মূলবিশেষ। দেশজ। বি।

ইসলাম—মুসলমানধর্ম্ম। আর্বী। বি।

ইসাদ, ইসাদী—সাক্ষী। ফার্সী। বি।

ইসারা—সঙ্কেত, ইঙ্গিত। আর্বী। বি।

ইস্তাপন, -বন—তাসের চিহ্নবিশেষ ; কালরঙের পানপত্রসদৃশ চিহ্নযুক্ত তাস (Spade). ডাচ্ Schopen শব্দজ। বি।

ইস্কুল—বিদ্যালয়। ইং School. শব্দজ। বি।

ইস্ক্রুপ—পেঁচ, পেঁচের গজাল। ইং Screw শব্দজ। বি। **ইস্ক্রুপের পাক, ইস্ক্রুপের পেঁচ**—কুটিল মনোভাব ; কুটিল লোকের চক্রান্ত।

ইস্টাকিং, ইস্টাকিন—মোজা। ইং Stocking. শব্দজ। বি।

ইস্টাট, ইস্টেট—জমিদারী ; পরিমিত ভূ-সম্পত্তি। ইং State বা Estate শব্দজ। বি।

ইস্টাম্প—রাজমুদ্রাঙ্কিত পত্র ; দলিলপত্র লিখিবার কাগজ ; মুদ্রাচিহ্ন ; ডাকঘরের টিকিট প্রভৃতি। ইং Stamp শব্দজ। বি। **ইস্টাম্প কাগজ**—আদালতের গ্রাহ্য ন্যায্য মূল্যের স্ট্যাম্প-দেওয়া কাগজ।

ইস্টিক—ছড়ি ; পরিমাণমত টাইপ রাখিয়া কম্পোজ করিবার লম্বা আধারবিশেষ। ইং Stick শব্দজ। বি।

ইস্টিম—বাষ্প। ইং Steam শব্দজ। বি।

ইস্টিমার—বাষ্পচালিত জলযান। ইং Steamer শব্দজ। বি।

ইস্টিশন, -শান, -শেন, ইস্টেশান—থাকিবার স্থল ; আস্তানা ; রেলগাড়ী বা স্টীমার দাঁড়াইবার নির্দ্দিষ্ট স্থান ; থানা। ইং Station শব্দজ। বি।

ইস্টুপিড্—নির্ব্বোধ, বোকা (তিরস্কার অর্থে)। ইং Stupid শব্দজ। বি বা বিণ।

ইস্তক—১। অবধি, হইতে, পর্য্যন্ত। অব্য।

২। তাসখেলায় রঙ্গের সাহেব বিবির এক-হাতে মিলন। হিন্দী। ইস্ (এই)+তক (পর্য্যন্ত)। বি।

ইস্তফা—পদত্যাগ, চাকরি ছাড়িয়া দেওয়া; অবসান, শেষ; ক্ষমা; মাফ। আর্বী। বি।

ইস্তমুকরারি, ইস্তিম্‌রারি, ইস্তি-মুরারি, ইস্তিমোরারি—কায়েমী বা চিরস্থায়ী (জমিজমার বন্দোবস্ত)। আর্বী 'ইস্তিম্‌রার' শব্দজ। বিণ।

ইস্তমুরারদার—চিরস্থায়ী বন্দোবস্তে জমি-গ্রহণকারী প্রজা। আর্বী 'ইস্তিম্‌রার'+ফার্সী 'দার'। বি।

ইস্তামাল, ইস্তেমাল—আদবকায়দা; চালচলন; রীতি। আর্বী। বি।

ইস্তাহার—ঘোষণাপত্র, বিজ্ঞাপন। আর্বী 'ইশ্‌তিহার' শব্দজ। বি।

ইস্তিরি, ইস্ত্রি—১। কোঁচকান কাপড় সোজা ও মসৃণ করিবার যন্ত্র। পোর্ত্তুগীজ Estirar শব্দজ। ২। পত্নী। 'স্ত্রী' শব্দজ। বি।

ইস্পাত—তীক্ষ্ণ লৌহ; কঠিন বিশুদ্ধ লোহা। পোর্ত্তুগীজ Espada শব্দজ। বি।

ইস্প্রিং—স্থিতিস্থাপক ইস্পাত প্রভৃতির কুণ্ডলী হাল তার ইত্যাদি; কামানি (ঘড়ির)। ইং Spring শব্দজ। বি।

ইহ—১। এই স্থানে, এই সময়ে, এই জগতে। ইদম্ শব্দ+হ ৭মীস্থানে। অব্য। বিণ, ঐহিক। ২। এই। ("ইহ নব যৌবন বিরহে গমাওব"—বিদ্যাপতি)। প্রাঃ কবিপ্র। বিণ।

ইহকাল—এই সংসারে যতদিন বাঁচিয়া থাকা যায়, ইহজীবন। সুপ্‌সুপা। বি; পুং।

ইহজগৎ—এই পৃথিবী, মর্ত্ত্যলোক। সুপ্‌-সুপা। বি; ক্লীব। [বি; ক্লীব।

ইহজন্ম (-জন্মন্)—এই জন্ম। সুপ্‌সুপা।

ইহজীবন—এই জন্ম। সুপ্‌সুপা। বি; ক্লীব।

ইহলোক, ইহসংসার—এই জগৎ; পৃথিবী। সুপ্‌সুপা। বি; পুং।

ইহা—এই বস্তু। বহুবচনে ইহারা। 'ইদম্' শব্দজ। সর্ব্ব।

ইহুদি, -দী—প্রাচীন জুডিয়া দেশের লোক; 'জু'-নামক জাতি (Jew). আর্বী 'য়হূদ্' শব্দজ। বি।

ঈ

ঈ—১। চতুর্থ স্বরবর্ণ; ইহার উচ্চারণস্থান তালু। ২। লক্ষ্মী, কমলা। অ (বিষ্ণু)+ঈপ্ স্ত্রীলিঙ্গে। বি; স্ত্রী। ৩। বিষাদ; অনুকম্পা; কোপ; দুঃখ; প্রত্যক্ষ; নিকট। ঈ+কিপ্ কর্ত্তৃবা। অব্য। ৪। বাঙ্গালা প্রত্যয় (পদ বা কায্য অর্থে—উজিরতী; সম্বন্ধার্থে—জমিদারী; ব্যবসায় অর্থে—ডাক্তারী; তন্নির্ম্মিত অর্থে—পশমী; ভাবার্থে—নবাবী; বিশেষণার্থে—সরকারী ইত্যাদি)। [দেশজ। অব্য।

ঈঃ—যন্ত্রণা, ক্রোধ, সন্দেহাদি প্রকাশক শব্দ।

ঈকার—ঈ এই বর্ণ মাত্র। ঈ+কার স্বার্থে। বি; পুং।

ঈকারাদি—আদিতে 'ঈ'-বর্ণবিশিষ্ট; ঈকার হইতে আরম্ভ করিয়া অন্ত্য। ঈকার আদি বা আদিতে যাহার, বহুব্রী। বিণ।

ঈকারান্ত—অন্তে ঈকার-বিশিষ্ট। ঈকার অন্তে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -ন্তা।

ঈক্ষণ—১। দর্শন, দেখা। ঈক্ষ্+অনট্ ভাববা। ২। নেত্র, নয়ন, চক্ষুঃ। ঈক্ষ্+অনট্ করণবা। বি; ক্লীব।

ঈক্ষণীয়—দর্শনীয়; পর্য্যবেক্ষণযোগ্য। ঈক্ষ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, -য়া।

ঈক্ষমাণ—দর্শনকারী, দেখিতেছে এরূপ। ঈক্ষ্+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -ণা।

ঈক্ষা—দর্শন। ঈক্ষ্+অ ভাববা+আপ। বি; স্ত্রী।

ঈক্ষিত—১। দৃষ্ট। ঈক্ষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, -তা। ২। দর্শন, দেখা। ঈক্ষ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

ঈক্ষিতা (ঈক্ষিতৃ)—দ্রষ্টা, দর্শক। ঈক্ষ্+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -ত্রী।

ঈগল—প্রকাণ্ড শিকারী পক্ষিবিশেষ। ইং Eagle. বি।

ঈতি—অতিবৃষ্টি, অনাবৃষ্টি, পতঙ্গ, মূষিক, পক্ষী, অতিসন্নিহিত শত্রু রাজা,—শস্যহানিকর এই ছয় প্রকার উপদ্রব। ঈ+ক্তি করণবা। বি ; স্ত্রী।

ঈদ—মুসলমান পর্ব্ববিশেষ। আর্বী। বি।

ঈদগা, ঈদ্‌গা—ঈদের দিনে ইসলাম ধর্ম্মাবলম্বীদিগের সাধারণ ভজনার স্থান। আর্বী 'ঈদ্‌গাহ্' শব্দজ। বি।

ঈদলফেতর—ঈদ, মুসলমানদের পর্ব্ববিশেষ। আর্বী 'ঈদ্-উল্-ফিৎর্' শব্দজ। বি।

ঈদুজ্জোহা—মুসলমান পর্ব্ব বিশেষ ; বকরীদ। আর্বী। বি।

ঈদৃশ—এতাদৃশ, এইরূপ, এই প্রকার। ইদম্ —দৃশ্+ষঞ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—শী।

ঈপ্সা—পাইবার ইচ্ছা ; বাসনা। আপ্+সন্ ইচ্ছার্থে (=ঈপ্স্ ধাতু)+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

ঈপ্সিত—১। বাঞ্ছিত, অভিলষিত। আপ্ +সন্ ইচ্ছার্থে (=ঈপ্স্ ধাতু)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। মনোরথ ; স্পৃহা। ঈপ্স্ +ক্ত ভাববা। বি ; ক্লীব।

ঈপ্সু—প্রাপ্তীচ্ছু, পাইতে অভিলাষী ; ইচ্ছুক। ঈপ্স্+উ কর্ত্তৃবা। বিণ।

ঈমান—ইমান দ্রঃ।

ঈরিত—১। উচ্চারিত, কথিত ; প্রেরিত ; ক্ষিপ্ত ; বিক্ষিপ্ত ; বিসৃষ্ট ; কম্পিত। ঈর্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। উক্তি, কথন। ঈর+ক্ত ভাববা। বি ; ক্লীব।

ঈর্ষা ঈর্ষ্যা—পরশ্রীকাতরতা, হিংসা, অন্যের সুখসৌভাগ্যাদি দর্শনে অসুখানুভব ; দ্বেষ ; পতির অন্য-স্ত্রী-সহবাস-চিহ্ন দর্শনে স্ত্রীর অভিমানবিশেষ ; (বৌদ্ধশাস্ত্রে) চালচলন ; স্বভাব। ঈর্ষ্, ঈর্ষ্য্+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী। [কর্ম্মধা। বি ; পুং।

ঈর্ষা(র্ষ্যা)নল—হিংসার আগুন। রূপক

ঈর্ষান্বিত, ঈর্ষ্যান্বিত—ঈর্ষাযুক্ত। ঈর্ষা (ঈর্ষ্যা) দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

ঈর্ষা(র্ষ্যা)পরবশ, –পরায়ণ—ঈর্ষাযুক্ত, হিংসার বশবর্ত্তী, বিদ্বেষপরায়ণ। ৬ষ্ঠীতৎ, বহুব্রী। বিণ। স্ত্রী,—শা,—ণা।

ঈর্ষা(র্ষ্যা)বশতঃ (–তস্), –বশত—পরশ্রীকাতরতা হেতু। অব্য।

ঈর্ষা(র্ষ্যা)মূলক—ঈর্ষা হইতে উৎপন্ন। ঈর্ষা, ঈর্ষ্যা মূল যাহার, বহুব্রী (ক আগম)। বিণ।

ঈর্ষালু, ঈর্ষ্যালু—পরশ্রীকাতর, হিংসাযুক্ত। ঈর্ষা (বা ঈর্ষ্যা) শব্দ+আলু যুক্তার্থে। বিণ।

ঈর্ষী, (ঈর্ষিন্), ঈর্ষ্যী (ঈর্ষ্যিন্)—ঈর্ষ্যাযুক্ত, পরশ্রীকাতর। ঈর্ষা, ঈর্ষ্যা শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, ঈর্ষিণী, ঈর্ষ্যিণী।

ঈশ—১। ঈশ্বর ; শিব। ঈশ্+ক কর্ত্তৃবা। বি ; পুং। ২। স্বামী ; নিয়ন্তা ; শ্রেষ্ঠ ; সমর্থ। বিণ। স্ত্রী, ঈশা।

ঈশা—১। হলদণ্ড, লাঙ্গলের ঈষ্ ; শিবপত্নী, দুর্গা ; ঈশ্বরী। ঈশ+আপ্। বি ; স্ত্রী। ২। স্বামিনী ইত্যাদি। ঈশ দ্রঃ। বিণ ; স্ত্রী। ৩। খৃষ্টিয়ানদিগের যিশু। হিব্রু 'যীশু' শব্দজ। বি।

ঈশান—মহেশ্বর, শিব ; একাদশ রুদ্রমধ্যে রুদ্রবিশেষ ; শিবের অষ্টমূর্ত্তি মধ্যে সূর্য্যমূর্ত্তি। ঈশ্+শানচ্ কর্ত্তৃবা। বি ; পুং। স্ত্রী,—নী।

ঈশানকোণ—পূর্ব্ব ও উত্তর দিকের মধ্যবর্ত্তী কোণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ঈশানী—মহেশ্বরী, দুর্গা। ঈশান+ঈপ্। বি ; স্ত্রী।

ঈশিতা, ঈশিত্ব—ঈশ্বরত্ব ; প্রভুত্ব ; সামর্থ্য ; অণিমাদি অষ্ট ঐশ্বর্য্যের অন্যতম ; যথা—"অণিমা লঘিমা ব্যাপ্তিঃ প্রাকাম্যং মহিমা তথা। ঈশিত্বঞ্চ বশিত্বঞ্চ তথা কামাবসায়িতা।" ঈশিন্+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

ঈশী (ঈশিন্)—ঈশ্বর ; প্রভু ; পতি। ঈশ্ (প্রভুত্ব করা)+ণিন্ কর্ত্তৃবা। বি ; পুং। স্ত্রী,—শিনী।

ঈশ্বর—১। স্বামী ; সমর্থ ; শ্রেষ্ঠ ; ৺চিহ্ন (মৃত ব্যক্তির নাম, দেবতার নাম বা তীর্থক্ষেত্রের

নামের পূর্ব্বে ব্যবহৃত হয়)। ঈশ্ (আধিপত্য করা)+বরচ্ কর্তৃবা। বিণ। ২। শিব; ব্রহ্মা; পরমেশ্বর, ভগবান্; কামদেব; রাজা; প্রভু। বি; পুং। স্ত্রী,—রা,—রী।

ঈশ্বরকৃপা—ভগবানের অনুগ্রহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ঈশ্বরতত্ত্ব—ভগবত্তত্ত্ব; ভগবানের মহিমা।

ঈশ্বরত্ব—ঈশ্বরভাব, ভগবানের আকৃতি, দেবত্ব; প্রভুত্ব; আধিপত্য; রাজত্ব। ঈশ্বর+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

ঈশ্বরদত্ত—১। জগদীশ্বর কর্তৃক অর্পিত, যাহা ঈশ্বর দিয়াছেন। ৩য়াতৎ। বিণ। ২। ঈশ্বরে অর্পিত। ৪র্থীতৎ। বিণ। স্ত্রী,—ত্তা।

ঈশ্বরনিষ্ঠ—ঈশ্বরপরায়ণ। ঈশ্বরে নিষ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

ঈশ্বরনিষ্ঠা—১। ঈশ্বরপরায়ণতা। ৭মীতৎ। বি; স্ত্রী। ২। ঈশ্বরপরায়ণা। ঈশ্বরনিষ্ঠ +আপ্। বিণ; স্ত্রী।

ঈশ্বরপরায়ণ—একান্ত ঈশ্বরবিশ্বাসী। ঈশ্বর পর (শ্রেষ্ঠ) অয়ন (গতি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা। বি,—তা।

ঈশ্বরপ্রসাদাৎ—ঈশ্বরানুগ্রহবশতঃ। ঈশ্বর-প্রসাদ শব্দ+সংস্কৃত ৫মীর ১বচন। অব্য।

ঈশ্বর-প্রেমিক—জগদীশ্বরের প্রতি প্রীতি-মান্, ভগবদ্ভক্ত। ঈশ্বর প্রেমন্+ইক যুক্তার্থে। বিণ। স্ত্রী,—কা।

ঈশ্বরবাদ—ঈশ্বরের অস্তিত্ব-সংস্থাপক মত, আস্তিক্য। ঈশ্বরস্বীকারী বাদ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ঈশ্বরবাদী (—বাদিন্)—ঈশ্বরবিশ্বাসী, আস্তিক। উপতৎ। ঈশ্বর—বদ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

ঈশ্বরবৃত্তি—ব্যবসায়ীদের হিসাবে দেব-সেবাদি সৎকর্ম্মের নিমিত্ত নির্দ্দিষ্ট অর্থ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ঈশ্বরাধীন, ঈশ্বরায়ত্ত—ঈশ্বরের ক্ষমতার বশবর্ত্তী; ভগবানের ইচ্ছার উপর নির্ভর-কারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—না,—ত্তা।

ঈশ্বরাবতার—ভূমণ্ডলে ভগবানের নশ্বর জীবের আকারে আবির্ভাব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঈশ্বরারাধনা—ভগবানের উপাসনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ঈশ্বরী—১। স্বামিনী, ইত্যাদি। ঈশ্বর দ্রঃ। ঈশ্বর+ঈপ্। বিণ; স্ত্রী। ২। দেবী; দুর্গা; লক্ষ্মী; সরস্বতী; সমস্ত আদি শক্তি। বি; স্ত্রী।

ঈশ্বরেচ্ছা—ভগবানের অভিপ্রায়; প্রভুর ইচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ঈশ্বরোপাসনা—ভগবানের আরাধনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ঈষৎ—অল্প, কিঞ্চিৎ। ঈষ্+অতি কর্তৃবা। অব্য। বিণ।

ঈষদচ্ছ—অল্পস্বচ্ছ (Transluscent). সুপ্সুপা। বিণ।

ঈষদুষ্ণ—অল্প উষ্ণ, কবোষ্ণ, সামান্য গরম। ঈষৎ উষ্ণ, সুপ্সুপা। বিণ। স্ত্রী,—ষ্ণা।

ঈষদূন—কিঞ্চিৎ ন্যূন, কিছু কম। ঈষৎ উন, সুপ্সুপা। বিণ। স্ত্রী,—না।

ঈষদ্বিকশিত, —সিত—আধ ফোটা। সুপ্সুপা। বিণ। স্ত্রী,—তা।

ঈষদ্ভিন্ন—অল্পরূপে পৃথক্; আধফোটা। সুপ্সুপা। বিণ। স্ত্রী,—ন্না।

ঈষন্মাত্র—অল্পমাত্র। ঈষৎ মাত্রা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্রা।

ঈষা—লাঙ্গলদণ্ড, লাঙ্গলের ঈষ। ঈষ্+ক কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

ঈষিকা, ঈষীকা—তূলিকা; কাশতৃণ; শরের মাজা; অস্ত্রবিশেষ। ঈষ্+ইকক্, ঈকক্ কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

ঈস্—আশ্চর্য্য বৈপরীত্যাদিসূচক শব্দ; অ-বিশ্বাসসূচক শব্দ। অব্য

ঈসা—খৃষ্টানদিগের ত্রাণকর্ত্তা। হিব্রু 'যীশু' শব্দজ। বি।

ঈহা—চেষ্টা; ইচ্ছা; উদ্যোগ, উদ্যম। ঈহ্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী। বিণ, ঈহিত।

উ

উ—১। উ-কার, পঞ্চম স্বরবর্ণ, ইহার উচ্চারণ-স্থান ওষ্ঠ। ২। শিব ; ব্রহ্মা ; বিষ্ণু ; বিশ্বকর্ম্মা। অত্‌+ডু কর্ত্তৃবা। বি ; পুং। ৩। সম্বোধন বিতর্ক ক্রোধোক্তি দয়া বিস্ময় নিয়োগ পাদপূরণ ইত্যাদিবাচক শব্দ। উ+ক্বিপ্‌ ভাববা। অব্য। ৪। বাঙ্গালা প্রত্যয়বিশেষ (আদর অর্থে—নিমু ; বিশিষ্টার্থে—ঢালু)।

উই—একপ্রকার কীট, বল্মীক। 'উপদিকা' শব্দজ। বি।

উইচিংড়া—কীটবিশেষ, ঝিঁঝিঁপোকা। 'উচ্চিঙ্গট' শব্দজ। বি। [বি।

উইঢিপি, -ঢিবি—বল্মীকস্তূপ। ৬ষ্ঠীতৎ।

উইধরা, উয়েধরা—উইপোকায় কাটা। ৩য়াতৎ ; ২য় পক্ষে অলুক্‌। বিণ।

উইল—চরমপত্র, ইচ্ছানুসারে সম্পত্তির শেষ বিনিয়োগপত্র (Will). বি।

উঃ—বিস্ময়যন্ত্রণাদুঃখক্রোধাদিসূচক শব্দ। অব্য।

উঁ—ডাকের উত্তরে সাড়া। অব্য।

উঁকি—আড়াল হইতে বা ফাঁক দিয়া সামান্য দৃষ্টি, উকি, গোপনে দেখা। 'উদক্ষ' বা 'উদীক্ষণ' শব্দজ। বি।

উঁকিঝুঁকি—গোপনে এদিক্‌-সেদিক্‌ কটাক্ষ-পাত। উঁকি+ঝুঁকি (সহগ)। বি।

উঁচ, উঁচা, উঁচু—উচ্চ, উন্নত। 'উচ্চ' শব্দজ। বিণ। ' ; স্ত্রী। পুং, —লে।

উঁচকপালী—উচ্চ কপালযুক্তা। বহুব্রী।

উঁচট, উঁচোট—চলিতে চলিতে পদে বা পদাঙ্গুলিতে ঠোকর, হুঁচোট। 'উচ্চাটন' শব্দজ। বি।

উঁচন, উঁচান—১। উত্থাপন। বি। ২। উত্তোলন করা ; উদ্যত করা ; অতিক্রম করা ; টেকা দেওয়া ; অগ্রাহ্য করা ; অবস্থার অতি-রিক্তভাবে চলা। 'উত্তোলন' শব্দজ। ক্রি।

উঁচনীচ, উঁচুনীচু—১। উচ্চনীচ, উন্নতা-বনত ; অসমতল ; প্রধান ও অপ্রধান। বিণ। ২। উপরিভাগ ও অধোভাগ। 'উচ্চনীচ' শব্দজ। বি।

উঁচলা, উঁচলান—চালা, ঝাড়া, তৃণাদি পরিত্যাগপূর্ব্বক শস্য একত্র জমা করা। 'উঞ্ছন' শব্দজ। ক্রি।

উঁছন—উত্তোলন করা ; উঁছাইয়া লওয়া, উঁচলান। 'উচ্চয়ন' বা 'উঞ্ছন' শব্দজ। ক্রি।

উঁহুঁ—অসম্মতি-সূচক শব্দ, না। দেশজ। অব্য।

উক, উকা—লৌহময় ঘর্ষণ-যন্ত্র ; দগ্ধ তৃণাদি ; উল্কা ; অগ্নিস্ফুলিঙ্গ ; মশাল। 'উল্কা' শব্দজ। বি। [হওয়া। বাং ক্রি।

উকড়ান—উপড়ান, উৎপাটিত করা বা

উকার—১। উ এই বর্ণ। উ+কার স্বার্থে। ২। শিব। উ+কার স্বরূপার্থে। বি ; পুং।

উকারাদি—আদিতে 'উ'-বর্ণবিশিষ্ট ; উকার ও উহা হইতে আরম্ভ করিয়া অন্য বর্ণ। উকার আদি বা আদিতে যাহার, বহুব্রী। বিণ।

উকারান্ত—যাহার শেষে 'উ'-বর্ণ আছে এরূপ। উকার অন্তে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —ন্তা।

উকি—উঁকি, আড়াল হইতে বা ফাঁক দিয়া দেখা ; বমন-চেষ্টা, উদ্গার, হিক্কা। 'হিক্কা' শব্দজ। বি।

উকিঝুঁকি—উঁকিঝুঁকি (তাহা দ্রঃ)।

উকিল, উকীল—ব্যবহারাজীব ; আদালতে মোকদ্দমা চালাইবার জন্য আইনজ্ঞ কর্ম্মচারী। আর্বী 'বকীল্' শব্দজ। বি।

উকিল-সরকার—সরকারী উকিল। আর্বী-মূলক। বি। [বি।

উকুণ, উকুন—কেশকীট। 'উৎকুণ' শব্দজ।

উক্ত—১। কথিত ; উল্লিখিত। বচ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, উক্তা। ২। কথন। ক্ত বা বচ্‌+ক্ত ভাববা। বি ; ক্লীব।

উক্তকর্ত্তা (-কর্ত্তৃ), -কর্ত্তা—কর্ত্তৃবাচ্যের ক্রিয়ার প্রথমান্ত কর্ত্তৃপদ। কর্ম্মধা। বি ; পুং।

উক্তকর্ম্ম (-কর্ম্মন্‌), -কর্ম্ম—কর্ম্মবাচ্যের ক্রিয়ার প্রথমান্ত কর্ম্মপদ। কর্ম্মধা। বি ; ক্লীব।

উক্তি—কথন; বাক্য, উল্লেখ। বচ্ বা বচ্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

উক্ষণ—সেচন; প্রোক্ষণ। উক্ষ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উখ—১। ইক্ষু, আক। হিন্দীমূলক। ২। লৌহময় ঘর্ষণ-যন্ত্র, উখা। 'উৎকর্ষণ' শব্দজ। বি।

উখড়ন, উখড়ান—উপড়ান, উৎপাটিত করা বা হওয়া; ঠিকরান। 'উৎখোড়ন' শব্দজ। বাং ক্রি।

উখন—ঘর্ষণ, মার্জ্জন। প্রাঃ কবিপ্র। 'উক্ষণ' শব্দজ। বি।

উখা, উখা—১। পাকস্থালী; হাঁড়ী; আখা, উনান। উখ্+ক অথিবা+আপ্। বি; স্ত্রী। ২। লৌহময় ঘর্ষণ-যন্ত্রবিশেষ, রেতি। 'উৎকর্ষ' শব্দজ। বি। [কবিপ্র। বিণ।

উগ—রুক্ষ, তীব্র, প্রখর। 'উগ্র' শব্দজ। প্রাঃ

উগরন, উগরান—উদ্গিরণ করা, বমন করা, ঢালিয়া দেওয়া, ফিরিয়া দেওয়া। "উদ্গিরণ' শব্দজ। ক্রি।

উগা—বলা; উৎকীর্ণ করা; গজান; উদয় হওয়া। দেশজ। ক্রি।

উগারই—উদ্ঘাটন করে, খুলিয়া রাখে; প্রকাশ করে; বমন করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

উগারা—১। উদ্গিরণ করা; প্রকাশ করা। ক্রি। ২। উৎকীর্ণ। 'উদ্গার' শব্দজ। প্রাঃ কবিপ্র। বিণ।

উগ্র—১। ক্রুদ্ধ; তীব্র, প্রখর; প্রচণ্ড; উৎকট; ক্রূর, নিষ্ঠুর। উচ্+রক্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, উগ্রা। ২। শিব; শিবের অষ্ট-মূর্ত্তির মধ্যে বায়ুমূর্ত্তি; পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, মঘা ও ভরণীনক্ষত্র; কেরল দেশ; শোভাঞ্জন বৃক্ষ, সজিনা গাছ; ক্ষত্রিয়ের ঔরসে শূদ্রার গর্ভে জাত জাতিবিশেষ, আগুরি। বি; পুং।

উগ্রকর্ম্মা (–কর্ম্মন্), –কর্ম্মা—যে অনায়াসে ভয়ানক বা নিষ্ঠুর কর্ম্ম করে, ভীষণ-কর্ম্মকারী। উগ্র কর্ম্ম যাহার, বহুব্রী। বিণ।

উগ্রক্ষত্রিয়, –ক্ষত্রিয়—আগুরিজাতি। কর্ম্মধা। বি; পুং।

উগ্রগন্ধ—১। তীব্র গন্ধ। কর্ম্মধা। বি; পুং। ২। তীব্রগন্ধবিশিষ্ট। উগ্র গন্ধ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ন্ধা। ৩। লশুন; চম্পক, চাঁপা; কট ফল। বি; পুং। ৪। হিঙ্গু, হিং। বি; ক্লীব।

উগ্রচণ্ডা—চণ্ডিকাদেবী, ভগবতীর মূর্ত্তি-বিশেষ, এই মূর্ত্তি অষ্টাদশভুজা, ভগবতী এই মূর্ত্তিতে মহিষাসুরের প্রথম মূর্ত্তি বিনষ্ট করেন, দক্ষযজ্ঞ বিনাশহেতু আশ্বিন মাসের কৃষ্ণা নবমীতে কোটি যোগিনীর সহিত এই মূর্ত্তি প্রথম আবির্ভূতা হইয়াছিলেন; অতি কোপনা ভয়ঙ্করী নারী (এই অর্থে 'উগ্রচণ্ডী'ও হয়)। বি; স্ত্রী।

উগ্রতা, উগ্রত্ব—উগ্রের ভাব বা কর্ম্ম; তীব্রতা, ক্রূরতা, ইত্যাদি। উগ্র শব্দ+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব। [বি; স্ত্রী।

উগ্রতারা—ভগবতীর মূর্ত্তিবিশেষ। কর্ম্মধা।

উগ্রদর্শন—১। ভয়ঙ্করী মূর্ত্তি, ভয়ানক চেহারা। কর্ম্মধা। বি; ক্লীব। ২। দেখিতে ভয়ঙ্কর, ভীষণমূর্ত্তি, ভয়াবহ। উগ্র দর্শন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –না।

উগ্রপ্রকৃতি—১। রুক্ষস্বভাব; কড়ামেজাজী। বহুব্রী। বিণ। ২। কড়া মেজাজ। কর্ম্মধা। বি; স্ত্রী।

উগ্রবীর্য্য(র্য)—তীব্র বীরত্বসম্পন্ন; মহা-তেজস্বী; তেজাল বা ঝাঁজাল। উগ্র বীর্য্য যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –র্য্যা।

উগ্রমূর্ত্তি(র্তি)—১। বিকট মূর্ত্তি বা আকার; কুপিত চেহারা। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। বিকটাকার। উগ্রা মূর্ত্তি যাহার, বহুব্রী। বিণ।

উগ্রসেন—১। পরীক্ষিৎপুত্র, জনমেজয়ের ভ্রাতা। ২। ধৃতরাষ্ট্রের এক পুত্রের নাম। ৩। মথুরার যাদববংশীয় একজন রাজা, কংসের পিতা এবং শ্রীকৃষ্ণের মাতামহ দেবকের ভ্রাতা। উগ্রা সেনা যাহার, বহুব্রী। বি; পুং।

উগ্রস্বভাব—১। ক্রোধশীল প্রকৃতি, রুক্ষ স্বভাব, কড়া বা চটা মেজাজ। কর্ম্মধা। বি; পুং। ২। কোপনস্বভাব, রুক্ষমেজাজী। বহুব্রী। বিণ। স্ত্রী,—বা।

উগ্রা—১। ক্রুদ্ধা, ইত্যাদি। উগ্র+আপ্। বিণ; স্ত্রী। ২। উগ্রজাতীয়া স্ত্রী; যোগিনী-বিশেষ; কোপনা নারী; যমানী; বচ। বি; স্ত্রী। [প্রাঃ কবিপ্র। বিণ।

উঘাড়, উঘার—উদ্ঘাটিত, প্রকাশিত, ব্যক্ত।

উঘারয়ে—উদ্ঘাটন করে, নগ্ন করে। প্রাঃ কবিপ্র। ক্রি। [স্ত্রী।

উঘারী—বিবস্ত্রা, নগ্না। প্রাঃ কবিপ্র। বিণ;

উঙানি—রোয়ানি বা ওয়ানি, অতি সূক্ষ্ম মশকবিশেষ। প্রাদে। বি।

উচ, উচল—উচ্চ, উন্নত, উঁচু। 'উচ্চ' শব্দজ। প্রাঃ কবিপ্র। বিণ।

উচকই—১। উচ্চ করিয়া, উঠাইয়া, তুলিয়া। অস-ক্রি। ২। চমকিয়া উঠে। প্রাঃ কবিপ্র। ক্রি।

উচক্ক, উচক্কা—১। অপরিণত, যৌবনোন্মুখ, উঠ্তি (বয়স)। দেশজ। বিণ। ২। চোর, তস্কর। বি। ৩। সহসা। হিন্দীমূলক। ক্রি-বিণ।

উচট—উচাট (তাহা দ্রঃ)।

উচর, উচল—উচ্চ। প্রাঃ কবিপ্র। বিণ।

উচা—উচ্চ। 'উচ্চ' শব্দজ। বিণ।

উচাই—উচ্চতা, উন্নতি, খাড়াই। উচা+ই ভাবার্থে। বি।

উচাট, উচাটন—১। অন্যমনস্ক; অধীর, অস্থির, চঞ্চল; ব্যাকুল, উৎকণ্ঠিত। বিণ। ২। ব্যাকুলতা, উৎকণ্ঠা। 'উচ্চাটন' শব্দজ। বি।

উচান, ওচানো—১। উচ্চ করা, (প্রহরণ) উদ্যত করা, উম্বানো। বাং ক্রি। ২। উচ্চ; উদ্যত। উচা+আ (ণিচ্ অর্থে নামধাতু)+ন কর্ম্মবা। বিণ।

উচানীচা, উচুনীচু—উচ্চনীচ; ঊর্দ্ধ অধঃ; বন্ধুর, অসমান, আবুড়া-খাবুড়া। 'উচ্চনীচ' শব্দজ। বিণ।

উচিঙ্গা—উইচিংড়া। 'উচ্চিঙ্গট' শব্দজ। বি।

উচিত—ন্যায়ানুগত, ন্যায্য; বৈধ; বিহিত, কর্ত্তব্য, বিধেয়; উপযুক্ত; পরিচিত; অভ্যস্ত। উচ্+ক্ত কর্ম্মবা অথবা বচ্+ক্তিচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উচিতবক্তা (—বক্তৃ)—উচিতভাষী, ন্যায্যবাক্যকথক, যে উচিত কথা বলে, স্পষ্ট-বাদী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ক্ত্রী।

উচু—উচ্চ। 'উচ্চ' শব্দজ। বিণ।

উচুর—উচ্চ; অধিক। প্রাঃ কবিপ্র। বিণ।

উচোট—হুঁচট, চলিতে চলিতে পদে বা পদাঙ্গুলিতে ঠোকর। 'উচ্চাটন' শব্দজ। বি।

উচ্চ—উন্নত, তুঙ্গ, উচ্ছ্রিত, উঁচু; চড়া; জোরাল। উৎ—চি+ড কর্ম্মবা। বিণ। স্ত্রী, উচ্চা।

উচ্চ-ইংরাজী, —ইংরেজী—যেখানে উচ্চতর ইংরেজী ভাষা ও সাহিত্য শিক্ষা দেওয়া হয় ('—বিদ্যালয়')। বিণ।

উচ্চকথা—উচ্চশব্দ; জোর কথা; কড়া কথা। কর্ম্মধা। বি; স্ত্রী।

উচ্চকিত—উৎকণ্ঠিত। উৎ (অতি) চকিত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—তা।

উচ্চকুল—সম্ভ্রান্ত বংশ, মর্য্যাদাশালী বংশ। কর্ম্মধা। বি; ক্লীব। [চিত। বিণ।

উচ্চক্রমিক—উপরিতন, বিশেষভাবে নির্ব্বা-

উচ্চণ্ড—অতিকোপন; উদ্দাম, দুর্দ্দান্ত; ত্বরান্বিত। উৎ (অধিক) চণ্ড, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ণ্ডা।

উচ্চতম—সাতিশয় উচ্চ, সর্ব্বাপেক্ষা উচ্চ। উচ্চ শব্দ+তম অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—মা।

উচ্চতর—দুইএর মধ্যে অধিক উচ্চ। উচ্চ+তরপ্ দুইএর মধ্যে একের উৎকর্ষ অর্থে বিণ। স্ত্রী,—রা।

উচ্চতা—ঔন্নত্য, খাড়াই, উন্নতি; উচ্চ্যার তীব্রতা, উঁচুভাব। উচ্চ+তা ভাবার্থে বি; স্ত্রী।

উচ্চনীচ—উন্নতাবনত, অসমতল; ভদ্র এবং

ইতর ; প্রধান ও অপ্রধান। দ্বন্দ্ব। বিণ। স্ত্রী,—চা।

উচ্চপদ—উঁচু পদ, উন্নত মর্য্যাদা, প্রধান কর্ম্ম, বড় চাকরি। কর্ম্মধা। বি ; ক্লীব।

উচ্চপদস্থ—প্রধান কার্য্যকারী, রাজকার্য্য-সমূহের মধ্যে অতি প্রধান কার্য্যসম্পাদক ; বড় চাকুরিয়া। উপতৎ। উচ্চপদ—স্থা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা।

উচ্চ-প্রাথমিক—প্রাথমিক শিক্ষণীয় বিষয়-গুলির মধ্যে উচ্চতরগুলি যেখানে শিক্ষা দেওয়া হয় এমন ('—বিদ্যালয়')। সুপ্‌সুপা। বিণ।

উচ্চবাচ্য—উঁচুকথা ; কথাটামাত্র ; প্রতি-বাদ। দেশজ। বি।

উচ্চভাষী (—ভাষিন্)—তারস্বরে বাক্য-কথনশীল, যে চেঁচাইয়া কথা বলে ; কঠোর-বাদী, রূঢ়বাক্ ; স্পষ্টবাদী। উপতৎ। উচ্চ—ভাষ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ষিণী।

উচ্চমনাঃ (—মনস্), —মনা—উন্নতচিত্ত, মহাশয়। উচ্চ মনঃ যাহার, বহুব্রী। বিণ।

উচ্চয়, উচ্চায়—১। চয়ন। উদ্—চি+অচ্, ঘঞ্ ভাববা। ২। পুঞ্জ, রাশি ; নারী-কটি-বস্ত্র-গ্রন্থি, নীবি। উদ্—চি+অচ্, ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং। **উচ্চয় অবচয়**—উন্নতি-অবনতি, উত্থানপতন।

উচ্চরায়—উচ্চকণ্ঠে, তারস্বরে, চীৎকার-পূর্ব্বক। কবিপ্র। ক্রি-বিণ।

উচ্চরিত—উচ্চৈঃস্বরে কীর্ত্তিত ; শব্দিত। উদ্—চর্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উচ্চরোল—উচ্চরব, তুমুল চীৎকার। কর্ম্মধা। দেশজ। বি।

উচ্চলিত—নির্গত ; প্রস্থিত। উদ্—চল্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উচ্চশিক্ষা—উন্নত ধরণের লেখাপড়া। কর্ম্মধা। বি ; স্ত্রী।

উচ্চশিক্ষিত—উচ্চশিক্ষাপ্রাপ্ত। উচ্চশিক্ষা+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

উচ্চশিরঃ (—শিরস্), —শির—১। উন্নত মস্তক, উঁচু মাথা। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। গর্ব্বোন্নত মস্তক, অহঙ্কারী। বহুব্রী। কবিপ্র। বিণ।

উচ্চহাস্য—উচুগলায় হাসি, চীৎকার করিয়া হাসা। কর্ম্মধা। বি ; ক্লীব।

উচ্চহৃদয়—১। উন্নত মনঃ, প্রশান্ত চিত্ত, মহৎ অন্তঃকরণ ; উদার স্বভাব। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। উন্নতমনাঃ, মহৎ অন্তঃকরণবিশিষ্ট, প্রশস্তচিত্ত ; উদার-প্রকৃতি, মহাশয়, মহাত্মা। উচ্চ হৃদয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

উচ্চাকাঙ্ক্ষা—উচ্চাভিলাষ ; প্রধানত্ব লাভের বাসনা, বড় হইবার প্রবল ইচ্ছা। উচ্চ আকাঙ্ক্ষা, কর্ম্মধা। বি ; স্ত্রী।

উচ্চাকাঙ্ক্ষী (—কাঙ্ক্ষিন্)—উচ্চাভি-লাষী, প্রধানত্বলাভের বাসনাযুক্ত, বড় হইতে ইচ্ছুক। উচ্চাকাঙ্ক্ষা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—ঙ্ক্ষিণী।

উচ্চাটন—উন্মূলন, উৎপাটন ; চঞ্চলকরণ ; উৎকণ্ঠা ; বিষাদ ; ব্যাকুলতা ; তন্ত্রশাস্ত্রোক্ত অভিচারবিশেষ। উদ্—ণিজন্ত চট্ বা চাটি+ অনট্ ভাববা। বি ; ক্লীব।

উচ্চাবচ—ভালমন্দ ; বিবিধ, নানাপ্রকার ; উচ্চনীচ ; উন্নতানত, উঁচুনীচু, অসমতল। উদক্ (উৎকৃষ্ট) ও অবাক্ (নিকৃষ্ট), নিপাতনে। বিণ। স্ত্রী,—চা।

উচ্চাভিলাষ—উচ্চাকাঙ্ক্ষা, প্রধানত্বলাভের বাসনা, বড় হইবার ইচ্ছা। উচ্চ অভিলাষ, কর্ম্মধা। বি ; পুং।

উচ্চাভিলাষী (—লাষিন্)—উচ্চা-কাঙ্ক্ষী, প্রধানত্বলাভের প্রয়াসী, বড় হইতে ইচ্ছুক। উচ্চাভিলাষ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—ষিণী।

উচ্চায়—উচ্চয় দ্রঃ।

উচ্চারণ—কীর্ত্তন, কথন, শব্দপ্রয়োগ ; কহিবার ভঙ্গী। উদ্—ণিজন্ত চর্ (—চারি)+ অনট্ ভাববা। বি ; ক্লীব।

উচ্চারণস্থান—কণ্ঠ প্রভৃতি যে স্থান হইতে শব্দের উচ্চারণ সম্পন্ন হয়। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

উচ্চারণীয়—উচ্চারণযোগ্য। উদ্—ণিজন্ত চর্ (=চারি)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

উচ্চারিত—কীর্ত্তিত, কথিত, শব্দিত। উদ্—ণিজন্ত চর্ (=চারি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উচ্চার্য্য(র্য)—উচ্চারণযোগ্য, কথনীয়। উদ্—ণিজন্ত চর্ (=চারি)+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্য্যা।

উচ্চার্য্য(র্য)মাণ—যাহা উচ্চারণ করা যাইতেছে এরূপ। উদ্—ণিজন্ত চর্ (=চারি) +শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ণা।

উচ্চালন—উত্তোলন; উপরে নিক্ষেপ; উৎকম্পন। উৎ—চল্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উচ্চাশয়—উদারচিত্ত, উচ্চমনাঃ। উচ্চ আশয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

উচ্চাশা—উঁচু আশা, উচ্চাভিলাষ, উচ্চাকাঙ্ক্ষা। কর্ম্মধা। বি; স্ত্রী।

উচ্চিংড়া, —ড়ে—উইচিংড়ে। 'উচ্চিঙ্গট' শব্দজ। বি।

উচ্চিঙ্গট—উইচিংড়া বা উচিঙ্গা, পতঙ্গবিশেষ। উৎ (ঊর্দ্ধগামী) চিঙ্গট, প্রাদিতৎ। বি; পুং।

উচ্চে—১। উঁচুতে, উচু জায়গায়, ঊর্দ্ধে; উপরে। বি। ২। উচ্চৈঃস্বরে, উচ্চগলায়। ক্রি-বিণ।

উচ্চৈঃ(উচ্চৈস্), উচ্চৈ—উন্নত, উচ্চ; প্রচুর; অধিক। উৎ—চি (চয়ন করা)+ডৈস্ কর্ম্মবা। অব্য।

উচ্চৈঃশ্রবাঃ (—শ্রবস্), —শ্রব,—১। ইন্দ্রের ঘোটক। উচ্চৈঃ শ্রবঃ (কর্ণ) যাহার, বহুব্রী। বি; পুং। ২। উচ্চকর্ণযুক্ত; বধির; অধিক খ্যাতিসম্পন্ন। বিণ।

উচ্চৈঃস্বরে—জোরগলায়, উচ্চরবে। উচ্চৈঃ স্বর যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

উচ্ছন্ন—উৎসন্ন, নষ্ট। 'উৎসন্ন' শব্দজ। বিণ। স্ত্রী,—ন্না।

উচ্ছল—সর্ব্বতঃ ব্যাপ্ত, উচ্ছলিত। উদ্—শল্ +অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লা।

উচ্ছলন—উদ্গমন; উৎক্ষেপ; উছলিয়া উঠা বা উথলিয়া পড়া। উদ্—শল্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উচ্ছলযৌবনা—পূর্ণযুবতী। উচ্ছল যৌবন যাহার, বহুব্রী+আপ্। বিণ; স্ত্রী।

উচ্ছলিত—উদ্গত; উৎক্ষিপ্ত; উত্থিত; স্ফীত, উথলিয়া উঠিয়াছে এরূপ। উদ্—শল্+ক্ত কর্ত্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উচ্ছিদ্যমান—যাহার উচ্ছেদ করা হইতেছে এরূপ। উৎ—ছিদ্+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

উচ্ছিন্ন—উৎপাটিত, উন্মূলিত; বিনাশিত। উৎ—ছিদ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্না।

উচ্ছিষ্ট—১। ভুক্তাবশিষ্ট, খাওয়ার পর যাহা পাতে পড়িয়া থাকে, এঁটো; পরিত্যক্ত; রক্ষিত অন্নাদির সংস্পর্শ জন্য অপবিত্র; ভোজনান্তে অসংস্কৃত বা অপরিষ্কৃত। উৎ—শিষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

উচ্ছিষ্টভোজন—১। দেবনৈবেদ্যবলিভোজনকারী। বহুব্রী। বিণ। ২। অন্যের ভুক্তাবশেষভক্ষণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

উচ্ছিষ্টভোজী (—ভোজিন্)—অন্যের ভুক্তাবশেষ ভক্ষণকারী, পরের এঁটো খেকো; অতি হীন। উচ্ছিষ্ট ভোজন করে যে, উপতৎ। উচ্ছিষ্ট—ভুজ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জিনী।

উচ্ছূন—স্ফীত; বর্দ্ধিত; উন্নত; উচ্চ। উদ্—শ্বি+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

উচ্ছৃঙ্খল—বিশৃঙ্খল, অনিয়মিত; স্বেচ্ছাচারী, যথেচ্ছাচারী, উদ্দাম। উৎক্রান্ত শৃঙ্খলকে, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—লা।

উচ্ছৃঙ্খলতা—উচ্ছৃঙ্খলের ভাব; উদ্দামতা। উচ্ছৃঙ্খল+তা ভাবার্থে। বি; স্ত্রী।

উচ্ছে—করেলাজাতীয় ক্ষুদ্র তিক্ত ফলবিশেষ। দেশজ। বি।

উচ্ছেত্তা (উচ্ছেতৃ)—উচ্ছেদকারক;

বিনাশক। উদ্‌–ছিদ্‌+তৃন্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী,–ত্রী।
উচ্ছেদ—উৎপাটন, উন্মূলন ; বিনাশ, ধ্বংস। উৎ–ছিদ্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।
উচ্ছেদক—উচ্ছেদকর্ত্তা, উচ্ছেত্তা, বিনাশক। উৎ–ছিদ্‌+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,–দিকা।
উচ্ছেদন—বিনাশ, উৎপাটন। উৎ–ছিদ্‌ +অনট্‌ ভাববা। বি ; ক্লীব।
উচ্ছেদনীয়—উৎপাটনীয় ; ধ্বংসযোগ্য, বিনাশ্য। উদ্‌–ছিদ্‌+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,–য়া।
উচ্ছ্বসন—উচ্ছ্বাস ; প্রকাশ ; প্রাণন। উৎ –শ্বস্‌+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।
উচ্ছ্বসিত—কম্পিত ; বিকসিত ; জীবিত ; ত্রুটিত ; বিশ্লিষ্ট ; শিথিলীভূত ; স্ফীত ; উচ্ছলিত। উদ্‌–শ্বস্‌+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,–তা।
উচ্ছ্বাস—স্ফীতি ; উচ্ছলন ; নিশ্বাস ; প্রাণ ; ভাবের আবেগ ; উল্লাস ; বিশ্লেষ ; বিকাশ ; আশ্বাস ; গ্রন্থ-পরিচ্ছেদ। উদ্‌–শ্বস্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।
উচ্ছ্বাসিত—উন্মেষিত ; বিশ্লেষিত। উৎ– ণিজন্ত শ্বস্‌ (=শ্বাসি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।
উচ্ছ্রয়, উচ্ছ্রায়—উচ্চতা, উন্নতি ; উৎকর্ষ। উৎ–শ্রি+অচ্‌, ঘঞ্‌ ভাববা। বি ; পুং।
উচ্ছ্রিত—উন্নত ; উদিত ; উৎপন্ন ; প্রবৃদ্ধ। উদ্‌–শ্রি+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,–তা।
উছট—হুঁচট, চলিতে চলিতে হঠাৎ পদাঙ্গুলিতে ঠোকর। 'উচ্চাটন' শব্দজ। বি।
উছর—উচ্চ ; অধিক ; উচ্ছৃঙ্খল। প্রাঃ কবিপ্র। বিণ। [শব্দজ। বিণ।
উছল—উচ্ছলিত, উচ্ছ্বসিত ; উদ্বেল। 'উচ্ছল'
উছলন, উছলান—উথলিয়া উঠা। বাং ক্রি। [শব্দজ। বিণ।
উছলিত—উথলিত, উদ্বেলিত। 'উচ্ছলিত'
উছিলা—অছিলা, ওজর, ছুতা, ব্যপদেশ, ছল। ফার্সী 'বসীলাহ্‌' শব্দজ। বি।

উজড়, উজাড়—নির্ম্মূল, সমূলে বিনষ্ট ; শূন্য, খালি ; লোকশূন্য। দেশজ। বিণ।
উজন, উজান—১। স্রোতের বিপরীত দিক্‌। দেশজ। বি। ২। স্রোতের বিপরীতে গমন করা। ক্রি। ৩। বিপরীত দিকে। ক্রি-বিণ।
উজবক, উজবুক,–বুগ—বেকুব, বোকা, আহাম্মক। আর্বী 'উজবেক' শব্দজ। বিণ।
উজর, উজোর—উজ্জ্বল ; দীপ্যমান ; ভাস্বর। প্রাঃ কবিপ্র। 'উজ্জ্বল' শব্দজ। বিণ।
উজরোল—১। প্রদীপ্ত, আলোকিত ; উজ্জ্বল। 'উজ্জ্বল' শব্দজ। বিণ। ২। প্রদীপ্ত হইল, উজ্জ্বল হইল। প্রাঃ কবিপ্র। ক্রি।
উজল—উজ্জ্বল। কবিপ্র। বিণ। 'উজ্জ্বল' শব্দজ। [পালট। দেশজ। বি।
উজল-পাঁজল—উপর নীচে হওয়া ; উলট-
উজলা, উজলান—উজ্জ্বল করা ; উৎক্ষেপণ করা, উলট-পালট করিয়া ঝাড়া ; উথলান। কবিপ্র। ক্রি।
উজলি—১। উজ্জ্বল। প্রাঃ কবিপ্র। বিণ। ২। উজ্জ্বল করিয়া। কবিপ্র। অস-ক্রি।
উজাগর—জাগরণ ; কোজাগরী পূর্ণিমা। প্রাঃ কবিপ্র। বি।
উজাড়—উজড় দ্রঃ।
উজাড়া—উজাড় করা ; আজাড় করা ; খালি করা ; নিঃশেষ করা। প্রাদে। ক্রি।
উজান—উজন দ্রঃ।
উজানভাটি,–ভাটী—স্রোতের প্রতিকূল ও অনুকূল দিক্‌ ; জীবনের দুর্ভাগ্য ও সৌভাগ্য। দ্বন্দ্ব। বি।
উজানিবেলা—মধ্যাহ্নের পূর্ব্ব সময়, পূর্ব্বাহ্ণ। কর্ম্মধা। বি। [বিণ।
উজালা—উজ্জ্বল, আলোকময়। প্রাঃ কবিপ্র।
উজির, উজীর—রাজার মন্ত্রী, সচিব, অমাত্য। ফার্সী 'বজীর্‌' শব্দজ। বি।
উজিরালী, উজীরালী, উজিরী, উজীরী—উজিরের কাজ, মন্ত্রিত্ব। উজির, উজীর+আলি, ই কর্ম্মার্থে। বি।

উজোড়—১। উজ্জ্বল। প্রাঃ কবিপ্র। ২। উজাড়, নির্ম্মূল; শূন্য, খালি। দেশজ। বিণ।

উজোর—উজ্জ্বল; আলোকিত। প্রাঃ কবিপ্র। বিণ।

উজ্জয়িনী, –য়নী—প্রাচীন নগরীবিশেষ, আধুনিক উজ্জৈন (গোয়ালিয়র রাজ্যে)। বি; স্ত্রী।

উজ্জাগর—জাগরিত; উত্তেজিত; অনুপ্রাণিত। উৎ–জাগৃ+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–রা।

উজ্জীবন—১। মূর্চ্ছা বা অচৈতন্যের পর চৈতন্য লাভ। উদ্–জীব্+অনট্ ভাববা। ২। চৈতন্য দান; বাঁচাইয়া তোলা; শক্তিমান্ করা। উৎ–জীব্+ণিচ+অনট্ ভাববা। বি; ক্লীব।

উজ্জীবিত—১। মূর্চ্ছা বা অচৈতন্যের পর চৈতন্যপ্রাপ্ত। উদ্–জীব্+ক্ত কর্ত্তৃবা। ২। যাহাকে জীবন দান করা হইয়াছে এমন; যাহাকে শক্তিমান্ করা হইয়াছে এমন। উৎ–জীব্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

উজ্জুগ, উজ্জোগ—আয়োজন; যোগাড়। 'উদ্যোগ' শব্দজ। বি।

উজ্জুগী, উজ্জোগী—আয়োজক, অনুষ্ঠানকারী। 'উদ্যোগী' শব্দজ। বিণ।

উজ্জ্বল—১। নির্ম্মল; ভাস্বর, দীপ্ত; শোভমান। উৎ–জ্বল্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–লা। ২। শৃঙ্গাররস। বি; পুং। ৩। স্বর্ণ। বি; ক্লীব।

উজ্জ্বলতা, উজ্জ্বলত্ব—নির্ম্মলতা; দীপ্তি। উজ্জ্বল+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

উজ্জ্বলন—১। জ্বলিয়া উঠা, প্রদীপ্ত হওয়া; ভাস্বর হওয়া, ঝক্‌মক্ করা। উৎ–জ্বল্+অনট্ ভাববা। ২। প্রজ্বলিত করা। উৎ–জ্বল্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উজ্জ্বলিত—১। প্রদীপ্ত, জ্বলিয়া উঠিয়াছে এরূপ। উদ্–জ্বল্ (জ্বলা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। ২। যাহা উজ্জ্বল করা হইয়াছে এমন। উৎ–জ্বল্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

উঝালা—উদ্ধার করা; তোলা; ছাড়াইয়া দেওয়া। প্রাঃ কবিপ্র। বি।

উঞ্ছ—বৃত্তিবিশেষ, উপেক্ষিত ধান্যাদি খুঁটিয়া লওয়া। উন্‌ছ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উঞ্ছবৃত্তি—১। উপেক্ষিত ধান্যাদি খুঁটিয়া লওয়া রূপ জীবিকা, হীন বা তুচ্ছ জীবিকা। উঞ্ছই যে বৃত্তি, কর্ম্মধা। বি; স্ত্রী। ২। উঞ্ছশীল, উঞ্ছজীবী। উঞ্ছ বৃত্তি যাহার, বহুব্রী। বিণ।

উট—১। তৃণ, পর্ণ, কুটা। উ+ট কর্ত্তৃবা। বি; পুং। ২। উষ্ট্র। দেশজ। 'উষ্ট্র' শব্দজ। বি। স্ত্রী, উটনী।

উটকন, উটকান—অন্বেষণ করা, খোঁজা, তল্লাস করা; ঘাঁটিয়া দেখা। প্রাদে। ক্রি।

উট-কপালী—উটের ন্যায় উচ্চ কপালবিশিষ্টা; উঁচকপালী। উটের কপাল (সদৃশার্থে), ৬ষ্ঠীতৎ+এ (∠ইয়া) বিশিষ্টার্থে =উটকপালে+ঈ। বিণ; স্ত্রী। পুং, উটকপালে।

উটকা, উটকো—নবাগত; অপরিচিত; অস্থিরচিত্তা, পতিগৃহ হইতে সতত পলায়মানা। প্রাদে। বিণ।

উটকান-পাটকান—উলট-পালট করিয়া অন্বেষণ করা; তন্ন তন্ন করিয়া খোঁজা। প্রাদে। ক্রি।

উটক্করা, উটক্কা—উটকা বা উটকো; আচমকা; নবাগত, অপরিচিত। প্রাদে। বিণ।

উটজ—তৃণকুটীর, পর্ণশালা, কুঁড়েঘর। উপতৎ। উট–জন্+ড কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

উটজ-শিল্প—কুটীরশিল্প, বিনা কলকারখানায় গৃহে বসিয়া অনায়াসে নিষ্পাদিত শ্রমসাধ্য কারুকার্য্য। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

উটপক্ষী—উষ্ট্রের ন্যায় উন্নতগ্রীব আফ্রিকা-

দেশীয় দ্রুতগামী পক্ষিবিশেষ; ইংরাজীতে ইহাকে Ostrich বলে। মধ্যপ কর্ম্মধা। বি।

উটপেন্সিল—কাগজে লিখিবার জন্ম কাঠ-নির্ম্মিত সীসার পেন্সিল। ইং Wood pencil. বি।

উটমুখো—যে নিম্নে না তাকাইয়া চলে। উটের মুখ (সদৃশার্থে), ৬ষ্ঠীতৎ+ও (∠উয়া) বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী,—খী। [ক্রি।

উঠই—উঠিতে, উত্থিত হইতে। প্রাঃ কবিপ্র।

উঠকিস্তি—দাবাখেলায় কোন বল বা বড়ে উঠিলেই যে কিস্তি পড়ে। দেশজ। বি।

উঠতি—১। উত্থিতি; উন্নতি; বৃদ্ধি। উঠ্+তি ভাববা। বি। ২। উন্নতিশীল; বৰ্দ্ধমান, বৃদ্ধিশীল। উঠ্+তি কর্তৃবা। বিণ।

উঠতি-পড়তি—উত্থান-পতন; উঠা-নামা; হ্রাস-বৃদ্ধি; লাভ-লোকসান। দ্বন্দ্ব। বি।

উঠতিমুখ—উন্নতির সূত্রপাত, বৃদ্ধিমুখ। ৬ষ্ঠীতৎ। বি।

উঠন—উত্থান, উঠা; অঙ্গন, আঙ্গিনা, উঠান। 'উত্থান' শব্দজ। বি।

উঠনা, উট্‌ন—একটা নির্দ্দিষ্ট সময়ে দাম শোধ করিবার করারে ধারে জিনিসপত্র খরিদ, ধারে ক্রয়। দেশজ। বি।

উঠলু—উত্থিত হইলাম, উঠিলাম। প্রাঃ কবিপ্র। ক্রি।

উঠন্ত—যাহা উঠিতেছে; বৃদ্ধিশীল; উন্নতিশীল। উঠ্+অন্ত কর্তৃবা। দেশজ। বিণ।

উঠবন্দী—কৃষিভূমির এক প্রকার অস্থায়ী বন্দোবস্ত। দেশজ। বি।

উঠবোস—উঠা বসা, উঠিয়া দাঁড়ান ও তৎক্ষণাৎ পুনরায় উপবেশন। দ্বন্দ্ব। বি।

উঠয়ে—উঠে, উত্থিত হয়; জন্মে। প্রাঃ কবিপ্র। ক্রি। [ক্রি।

উঠল—উঠিল, উত্থিত হইল। প্রাঃ কবিপ্র।

উঠলু, উঠলুঁ—উঠিলাম। প্রাঃ কবিপ্র। ক্রি।

উঠা—১। উত্থিত হওয়া; উপরে যাওয়া; আরোহণ করা; স্থান ত্যাগ করা; বমন হওয়া; জাগরিত হওয়া; উদগত হওয়া; স্খলিত হওয়া; ক্ষয় পাওয়া; লোপ পাওয়া; উল্লিখিত বা উত্থাপিত হওয়া; অবস্থান্তর প্রাপ্ত হওয়া। 'উৎ—স্থা' ধাতুজ। ক্রি। ২। উত্থান, দাঁড়ান; উন্নতি; উৎসাহ; বৃদ্ধি; উদ্যম। বি। **অন্ন উঠা**—চাকরি যাওয়া; আয়ু ফুরানো। **অন্নজল উঠা**—কোন স্থানে অবস্থানের কাল শেষ হওয়া। **উঠে প'ড়ে লাগা**—উৎসাহের সহিত কার্য্যসাধনের জন্য যত্নবান্ হওয়া। **কথা উঠা**—উল্লেখ হওয়া; আপত্তি হওয়া। **গলা উঠা**—গলার স্বর জোর হওয়া; গানের সুর চড়া হওয়া। **চোখ উঠা**—চোখের একপ্রকার রোগ হওয়া। **জাতে উঠা**—সমাজে চলিত হওয়া; শুদ্ধি দ্বারা পুনরায় পূর্ব্ব ধর্ম্ম গ্রহণ করা। **দর উঠা**—পণ্যদ্রব্যের দাম বেশী হওয়া। **নাম উঠা**—সুনাম নষ্ট হওয়া; নামের উল্লেখ হওয়া। **ফাঁপিয়া উঠা**—সমৃদ্ধ হওয়া। **বাজার উঠা**—দ্রব্যাদির মূল্য বৃদ্ধি পাওয়া; বাজার শেষ হওয়া। **ভোগ উঠা**—সুখের কাল ফুরানো; মৃত্যু হওয়া। **মন উঠা**—(মনের) সন্তুষ্ট হওয়া। **রব উঠা**—গুজব রটা। **উঠি তো পড়ি**—অতি দ্রুত; ঊর্দ্ধশ্বাসে।

উঠাউঠি—১। পুনঃ পুনঃ উত্থান; বার বার উপর নীচে করা বা উঠা বসা; স্কুলে ছাত্রদিগের নিম্নশ্রেণী বা নিম্নস্থান হইতে তদূর্দ্ধ শ্রেণীতে বা স্থানে গমন। দেশজ। বি। ২। ঠিক পর পর। প্রাদে। ক্রি-বিণ।

উঠান—১। উত্থাপন করা; খাড়া করা; উত্তোলন করা, তুলা; স্থানচ্যুত করা, উচ্ছেদ করা; উৎপাটন করা, উপড়ান; বমন করান। বাং ক্রি। ২। অঙ্গন, আঙ্গিনা, গৃহচত্বর। 'উত্থান' শব্দজ। বি।

উঠানামা—ঊর্দ্ধে গমন ও নিম্নে আগমন, আরোহণ ও অবতরণ; উত্থান-পতন; উন্নতি-অবনতি; ভেদবমি, ওলাউঠা। দ্বন্দ্ব। বি।

উঠা-পড়া—উঠ্‌তি পড়্‌তি (সকল অর্থে)। দ্বন্দ্ব। বি। [বিণ।

উঠিত—কর্ষিত, চাষকরা, আবাদী। প্রাদে।

উঠিত-পতিত—কর্ষিত ও অকর্ষিত, আবাদী ও অনাবাদী। দ্বন্দ্ব। বিণ।

উঠ্‌তি—১। দ্রব্যাদি বিক্রয়; উন্নতি; বৃদ্ধি। উঠ্‌+তি ভাববা। বি। ২। উঠন্ত, বর্দ্ধমান, বৃদ্ধিশীল। উঠ্‌+তি কর্ত্তৃবা। বিণ। **উঠ্‌তি বয়স**—যৌবনের প্রারম্ভ। **উঠ্‌তির মুখ, উঠ্‌তির সময়**—প্রথম পণ্য আমদানীর সময়; উন্নতির সূত্রপাত।

উঠ্‌তি-পড়্‌তি—উত্থান-পতন; হ্রাস-বৃদ্ধি; লাভ-ক্ষতি। দ্বন্দ্ব। বি।

উড়, উড়ো—উড়ন্ত, যাহা উড়িতেছে বা উড়িয়া যায়; অমূলক; বেনামী। দেশজ। বিণ। **উড় উড় শোনা**—গুজব শোনা। **উড়ো খবর**—গুজব। **উড়ো চিঠি**—লেখকের পরিচয়শূন্য চিঠি।

উড়কি, উড়কী—উড়িধান; নারিকেল মালার বা কাঠের একপ্রকার হাতা বা পলা; খই; মঞ্চ; উঞ্চী। দেশজ। বি।

উড়কুড়—উলকুল, কূলকিনারা, ঠাঁইঠিকানা, সন্ধান, নির্দ্দশন; পরিসীমা, শেষ। দেশজ। বি।

উড়ন—উড্ডয়ন, নভোগমন; ফুর ফুর করিয়া বেড়ান, অস্থিরতা; অঙ্গে ধারণ, পরিধান; উপরিভাগে আবরণ। 'উড্ডয়ন' শব্দজ। বি।

উড়ন-চড়িয়া, -চড়ে—অপব্যয়ী; অযথা-ব্যয়ে সঞ্চিত ধননাশক। দেশজ। বিণ।

উড়ন-চণ্ডী, -চণ্ডে—উড়ন-চড়িয়া (তাহা দ্রঃ)।

উড়ন-পেকে—উড়ন-চড়িয়া (তাহা দ্রঃ)।

উড়নি, উড়নী, উড়ানী—ওড়না, চাদর, কোর্ত্তা। 'অববেষ্টন' শব্দজ। বি।

উড়ন্ত—উড্ডীয়মান, যাহা উড়িতেছে; উড়িতে সমর্থ; অপব্যয়ী। উড়্‌+অন্ত কর্ত্তৃবা। বিণ। [কবিপ্র। ক্রি।

উড়ব—উড়িয়া যাইবে; উড়িবে। প্রাঃ

উড়া—১। উড্ডীন হওয়া, নভোগমন করা; উঠিয়া যাওয়া, অদৃশ্য হওয়া। 'উৎ-ডী' ধাতুজ। ২। ওড়া, পরিধান করা। প্রাঃ কবিপ্র। ক্রি। ৩। উড্ডীন, উড্ডীয়মান; বাতাসে আগত; জনরবে শ্রুত; অনিশ্চিত, উট্‌কা। বিণ।

উড়া-উড়া—ভাসাভাসা; পলায়নপর; উড্ডয়নোন্মুখ; অস্থায়ী; অনিশ্চিত। দেশজ। বিণ।

উড়াকল—ব্যোমযান। কর্ম্মধা। বি।

উড়াজাহাজ—আকাশযান, বিমানপোত (Aeroplane). কর্ম্মধা। বি।

উড়াতাড়, -তাড়া—অস্থিরতা প্রকাশ। দেশজ। বি।

উড়ান—১। উড়াইয়া দেওয়া; ফুঁকিয়া দেওয়া; অপব্যয়ে নষ্ট করা। দেশজ। ক্রি। ২। অনাদর, উপেক্ষা। প্রাঃ কবিপ্র। বি। ৩। যাহা উড়াইয়া দেওয়া হইয়াছে; এরূপ; অপব্যয়িত। বিণ। **উড়াইয়া পুড়াইয়া দেওয়া**—অযথা অপব্যয় করা।

উড়ানিয়া—যে উড়াইয়া দেয় এরূপ; অযথা অপব্যয়কারী। উড়ান+ইয়া কর্ত্তা অর্থে। বি বা বিণ।

উড়ানী—উড়নি দ্রঃ।

উড়াপাক—মল্ল ও যোদ্ধাদিগের শূন্যে লম্ফ-দানপূর্ব্বক আস্ফালন সহকারে মাথার উপর দিয়া হাত ঘুরাইতে ঘুরাইতে চক্রাকারে ভ্রমণ; শূন্যে লম্ফপ্রদান, উল্লম্ফন। প্রাঃ কবিপ্র। বি।

উড়াশালি, -শালী, -সালি, -সালী—ধান্যবিশেষ; নীবার। দেশজ। বি।

উড়ি, উড়ী—ধান্যবিশেষ, নীবার। দেশজ। বি। [৬ষ্ঠীতৎ। বি।

উড়িচূর্ণ—উড়ি ধানের চালের গুঁড়া।

উড়িয়া—১। উড্ডীন হইয়া; ভাসিয়া। বাং অস-ক্রি। ২। উড়িষ্যাবাসী; উড়িষ্যার ভাষা। 'ওড্র' শব্দজ। বি।

উড়িষ্যা—দেশবিশেষ, ওড্র। বি।

উড়ী—উড়ুক ধান। 'ওড়ী' শব্দজ। বি।

উড়ু-উড়ু—উড়িতে উদ্যত ; অস্থির, পালাই-পালাই। দেশজ। বিণ।

উড়ুক্কু—উড্ডয়নক্ষম, যে উড়িতে পারে। দেশজ। বিণ।

উড়ুক্কু-মৎস্য—একজাতীয় মাছ, ইহারা সময়ে সময়ে জল ছাড়িয়া ২০।২৫ হাত উর্দ্ধে উঠিতে পারে বলিয়া ইহাদের এইরূপ নাম হইয়াছে (Flying fish). বি।

উড়ুপ, উড়ূপ—১। ভেলা, ডোঙ্গা। উড়ু বা উড়ূ—পা (পালন করা)+ক কর্ত্তৃবা। বি ; পুং বা ক্লীব। ২। নক্ষত্রপতি, চন্দ্র। বি ; পুং।

উড়ুপতি—চন্দ্র ; বরুণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

উড়ুম্বর—যজ্ঞডুমুর গাছ। উ—দৃ+খ কর্ত্তৃবা =উম্বর ; উৎকৃষ্ট উম্বর, প্রাদিতৎ। বি ; পুং।

উড়ূপ—উড়ুপ দ্রঃ।

উড়ে—উড়িষ্যাবাসী। বি।

উড়ো—উড় দ্রঃ।

উড়োকল—উড়োজাহাজ। কর্ম্মধা। বি।

উড়োজাহাজ—ব্যোমযান। কর্ম্মধা। বি।

উড্ডয়ন—নভোগতি, উড়া। উদ্—ডী+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উড্ডীন—১। নভোগত, উড়িয়াছে এরূপ, উড্ডস্থ। উৎ—ডী+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না। ২। নভোগতি, উড়া। উৎ—ডী+ক্ত ভাববা। বি ; ক্লীব।

উড্ডীয়মান—আকাশগামী, উড়ন্ত। উৎ—ডী+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

উৎ (উদ্)—প্রশ্ন ; বিতর্ক ; সন্দেহ। অব্য।

উতর—১। জবাব ; কাটান, খণ্ডন। 'উত্তর' শব্দজ। বি। ২। উত্তীর্ণ হও। কবিপ্র। ক্রি।

উতরখানা—নামিবার স্থান ; সরাই, পান্থশালা। ৬ষ্ঠীতৎ। বি।

উতরভাঙ্গা, —ভাঙা—মাছ ধরিবার জায়গা। দেশজ। বি।

উতরা—উত্তীর্ণ হওয়া, পার হওয়া ; অতিক্রম করা, কাটান ; অবতীর্ণ হওয়া, নামা। কবিপ্র। ক্রি।

উতরাই—পার্ব্বত্যপথে উচ্চস্থান হইতে নিম্নে গমন। দেশজ। বি।

উতরান, —নো—নামা, অবতরণ করা ; সফলকাম হওয়া। 'উত্তরণ' শব্দজ। বাং ক্রি।

উতরোল—১। উচ্চরব, তুমুলনাদ, সোরগোল ; ঝঙ্কার। বি। ২। উচ্চরব করিল। প্রাঃ কবিপ্র। ক্রি। ৩। উৎকণ্ঠিত, বিহ্বল। দেশজ। বিণ।

উতরোলী—উৎকণ্ঠিতা, বিহ্বলা। প্রাঃ কবিপ্র। বিণ ; স্ত্রী।

উতলপাতল—তোলপাড় ; উচ্চনীচ। দেশজ। বি বা বিণ।

উতলা—১। ব্যাকুল, অস্থির, চঞ্চল ; উৎকণ্ঠিত, উদ্বিগ্ন ; কাতর। দেশজ। বিণ। ২। উথলিয়া উঠা, উচ্ছ্বসিত হওয়া। কবিপ্র। ক্রি।

উতা, উতো—ঘুঁটে প্রভৃতি শুকাইয়া লইবার জন্য তপ্ত উনানের উপর সাজাইয়া রাখা। দেশজ। ক্রি।

উতাপ—উত্তাপ, উষ্ণতা। 'উত্তাপ' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

উতোর—উত্তর, জবাব, কাটান, খণ্ডন ; উপযুক্ত উত্তর, মুখের মত জবাব। 'উত্তর' শব্দজ। বি।

উৎকট—অধিক ; দুঃসাধ্য ; উগ্র, তীব্র ; উদগ্র ; বিষম। উৎ—কট্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—টা।

উৎকটতা, —ত্ব—আধিক্য ; দুঃসাধ্যতা, কাঠিন্য ; বিষমত্ব ; তীব্রতা ; উদগ্রতা। উৎকট+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী ও ক্লীব।

উৎকণ্ঠ—উদগ্রীব, উদ্বিগ্ন। উদ্গত কণ্ঠ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণ্ঠা,—ণ্ঠী।

উৎকণ্ঠা—১। ঔৎসুক্য ; উদ্বেগ ; বেদনা। উৎ—কন্ঠ্+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী। ২। উৎসুকা ; উদ্বিগ্না। উৎকণ্ঠ+আপ্। বিণ ; স্ত্রী।

উৎকণ্ঠিত—উদ্বিগ্ন; উৎসুক। উৎকণ্ঠা শব্দ +ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

উৎকণ্ঠিতা—১। নায়িকাবিশেষ; সঙ্কেতস্থানস্থিতা যে নায়িকা নায়কের অনাগমনজন্য ব্যাকুলা হয় সে; নির্দিষ্ট সময়ে বাসস্থানে স্বামীর অনাগমনজন্য নানা কারণ চিন্তা করিয়া যে নারী অতিশয় শোকযুক্তা হয় সে। বি; স্ত্রী। ২। উদ্বিগ্না; অতিশয় উৎসুকা। উৎকণ্ঠিত+আপ্। বিণ; স্ত্রী।

উৎকর্ণ—শুনিতে ব্যগ্র, কান খাড়া করিয়া আছে এরূপ; শ্রবণোৎসুক, অবহিত। উৎ (উত্থিত) কর্ণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ণা।

উৎকর্ত্ত(র্ত)ন—খণ্ড খণ্ড করিয়া ছেদন। উৎ—কৃত্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উৎকর্ষ—অতিশয়; আধিক্য; উন্নতি; শ্রেষ্ঠতা। উৎ—কৃষ্+ঘঞ্ ভাববা। বি: পুং।

উৎকর্ষক—উৎকর্ষণকারী; অপসারক; উৎপাটয়িতা। উৎ—কৃষ্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্ষিকা।

উৎকর্ষণ—আকর্ষণ, অপসারণ, টানিয়া লওয়া। উৎ—কৃষ্+অনট্ ভাববা। বি: ক্লীব।

উৎকল—উড়িষ্যা দেশ। উৎ—কল+ক ঘঞর্থে অধিবা। বি; পুং।

উৎকলিকা—১। উৎকণ্ঠা; গদ্যরচনাবিশেষ। উৎ—কল+অক ভাববা+আপ্। ২। পুষ্পমুকুল, ফুলের কুঁড়ি; ঊর্মি। উদ্—কল+অচ্ কর্তৃবা+কন্ স্বার্থে আপ্। বি; স্ত্রী।

উৎকলিকাকুল, —কুলিত—উদ্বেগহেতু অত্যন্ত ব্যাকুল, অতিশয় উৎকণ্ঠিত। উৎকলিকা দ্বারা আকুল, আকুলিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—লা,—তা।

উৎকলিত—উৎকণ্ঠিত; তরঙ্গিত; প্রবৃদ্ধ। উদ্—কল+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উৎকিরণ—খোদন; অক্ষরাঙ্কন (Engraving). উৎ—কৄ+অনট্ ভাববা। বি; ক্লীব।

উৎকীর্ণ—উল্লিখিত; বিদ্ধ; ক্ষোদিত; চিত্রিত; উৎক্ষিপ্ত; বিক্ষিপ্ত। উদ্—কৄ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্ণা।

উৎকীর্ত্ত(র্ত)ন—বর্ণন; প্রচার। উদ্—কৄৎ+অনট্ ভাববা। বি; ক্লীব।

উৎকীর্ত্তি(র্তি)ত—বর্ণিত; প্রচারিত; ঘোষিত। উৎ—কৄৎ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা। [কর্তৃবা। বি; পুং।

উৎকুণ—কেশকীট, উকুণ। উৎ—কুণ্+ক

উৎকূলিত—কূলপ্রাপ্ত; তীরে উত্তোলিত। উৎকূল+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উৎকৃষ্ট—শ্রেষ্ঠ; উত্তম; সম্যক্ আকৃষ্ট; ঊর্দ্ধে কৃষ্ট। উদ্—কৃষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

উৎকেন্দ্রতা—পরাবৃত্ত বা অধিবৃত্তের নাভি হইতে তাহার পরিসীমার দূরত্ব (Eccentricity). বি; স্ত্রী। [বি; পুং।

উৎকোচ—ঘুষ। উৎ—কুচ+ঘঞ্ ভাববা।

উৎকোচগ্রাহী (-গ্রাহিন্)—ঘুষখোর, যে সতত উৎকোচ গ্রহণ করে। উপতৎ। উৎকোচগ্রহ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—হিণী।

উৎক্রম—ব্যতিক্রম; বিপর্য্যয়; লঙ্ঘন; উচ্চলন; নির্গমন; মরণ। উৎ—ক্রম্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উৎক্রান্ত—অতিক্রান্ত; উদ্গত; বিপর্য্যস্ত; মৃত। উদ্—ক্রম্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ন্তা।

উৎক্রান্তি—উৎক্রম; ক্রমোন্নতি; মরণ। উৎ—ক্রম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

উৎক্রোশ—চীৎকার। উৎ—ক্রুশ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উৎক্ষিপ্ত—ঊর্দ্ধে ক্ষিপ্ত; উৎপাটিত। উৎ—ক্ষিপ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—প্তা।

উৎক্ষেপ—ঊর্দ্ধে ক্ষেপণ; উদ্গিরণ, বমন। উৎ—ক্ষিপ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উৎক্ষেপক—ঊর্দ্ধে ক্ষেপণকারী। উৎ—ক্ষিপ্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

উৎক্ষেপণ—ঊর্দ্ধে ক্ষেপণ ; উদ্গিরণ, বমন। উৎ—ক্ষিপ্‌+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উৎখাত—১। উৎপাটিত, উন্মূলিত ; বিদারিত ; অবদারিত। উৎ—খন্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। গর্ত্ত, বন্ধুরভূমি। উৎ—খন্‌+ক্ত কর্ম্মবা। ৩। উৎখনন। উৎ—খন্‌+ক্ত কর্ম্মবা। বি ; ক্লীব।

উৎখাতকেলি—বৃষাদির শৃঙ্গ দ্বারা মৃত্তিকা খনন, বপ্রক্রীড়া। কর্ম্মধা। বি ; পুং।

উত্তপ্ত—১। উষ্ণ ; দগ্ধ ; ক্রুদ্ধ ; পরিপ্লুত, স্নাত। উৎ—তপ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—প্তা। ২। শুষ্ক মাংস। বি ; ক্লীব।

উত্তম—উৎকৃষ্ট, ভাল ; শ্রেষ্ঠ ; চরম। উৎ—তম্‌+অচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—মা।

উত্তমপুরুষ—১। উৎকৃষ্ট পুরুষ, ভাল লোক ; জগদীশ্বর। কর্ম্মধা। ২। (ব্যাকরণে) 'অস্মদ্' শব্দজাত পদসমূহ (আমি, আমরা প্রভৃতি)। বি ; পুং।

উত্তমমধ্যম—মারপিট করা ও কানমলা প্রভৃতি দেওয়া ; বিলক্ষণ প্রহার। দেশজ বি।

উত্তমর্ণ—ঋণদাতা, মহাজন ; উত্তম (প্রধান) ঋণ যাহার, বহুব্রী। বি ; পুং।

উত্তমাঙ্গ—প্রধান অঙ্গ, মস্তক। কর্ম্মধা। বি ; ক্লীব।

উত্তমোত্তম—অতিশয় উত্তম, সর্ব্বোৎকৃষ্ট। উত্তম হইতে উত্তম, ৫মীতৎ। বিণ। স্ত্রী,—মা।

উত্তর—১। জিজ্ঞাসিত বিষয়ে স্বীয় অভিমত প্রকাশ, প্রতিবচন, জবাব ; দোষভঞ্জন বাক্য ; সিদ্ধান্ত ; প্রতিকার। উৎ—তৃ+অপ্ ভাববা, করণবা। বি ; ক্লীব। ২। দক্ষিণের বিপরীত (দিক্)। 'উত্তরা' শব্দজ। বি। ৩। উত্তীর্ণ ; অসাধারণ ; উত্তম, শ্রেষ্ঠ ; ঊর্দ্ধ ; উচ্চ ; পরবর্ত্তী, ভবিষ্যৎ ; অনন্তর ; উত্তরদিকে অবস্থিত ; শেষ। উৎ—তৃ+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রা। ৪। অব্যবহিত পরবর্ত্তী দেশ বা কাল। বি ; পুং। ৫। অনন্তর। ক্রি-বিণ।

উত্তরকাণ্ড—রামায়ণের শেষ কাণ্ড। কর্ম্মধা। বি ; পুং।

উত্তরকাল—ভবিষ্যৎকাল ; পরবর্ত্তী সময় ; গৌণকাল। কর্ম্মধা। বি ; পুং।

উত্তরকালীন—ভবিষ্যৎকাল-সংক্রান্ত ; যাহা পরবর্ত্তী কালে ঘটিবে এরূপ। উত্তরকাল+ঈন ; সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—না।

উত্তরকেন্দ্র—পৃথিবীর উত্তর প্রান্ত, সুমেরু (North Pole). কর্ম্মধা। বি ; ক্লীব।

উত্তরকোশল, —লা—প্রাচীন অযোধ্যা, বর্ত্তমান অযোধ্যা প্রদেশের উত্তরাংশ। কর্ম্মধা। বি।

উত্তরঙ্গ—তরঙ্গসঙ্কুল, তরঙ্গিত। উৎ (উত্থিত) তরঙ্গ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্গা।

উত্তরচ্ছদ—আস্তরণবস্ত্র, বিছানার চাদর ; উত্তরীয়। উত্তর (উপরিস্থিত) ছদ, কর্ম্মধা। বি ; পুং।

উত্তরণ—পার হওয়া ; নির্গমন। উদ্—তৃ+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উত্তরণস্থান—(নদ্যাদি হইতে) নামিবার জায়গা বা ঘাট ; পান্থশালা, সরাই, আড্ডা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

উত্তরণীয়—যাহা পার হইতে হইবে ; অতিক্রমণীয় ; গম্য ; প্রাপ্য। উৎ—তৃ+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

উত্তরদাতা (—দাতৃ)—জবাবদানকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ত্রী।

উত্তরদান—জবাব দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

উত্তরদায়ক—যে জবাব দেয় এরূপ ; সঙ্গে সঙ্গে কথার উত্তরদানকারী, অবাধ্য। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—য়িকা।

উত্তরদিক্ (—দিশ্)—উদীচী, দিগ্-বিশেষ। উত্তরা দিক্, কর্ম্মধা। বি ; স্ত্রী।

উত্তরপক্ষ—বিচারপক্ষ, পূর্ব্বপক্ষের নিরাসক সিদ্ধান্তপক্ষ, প্রশ্নের উত্তর ; উত্তরবিকল্প ; কৃষ্ণপক্ষ। কর্ম্মধা। বি ; পুং।

উত্তরপত্র—প্রশ্নের উত্তর লিখিবার কাগজ

বা খাতা (Answer paper). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [ক্লীব।

উত্তরপদ—সমাসের শেষপদ। কর্ম্মধা। বি;

উত্তরপুরুষ—পরবর্ত্তী বংশধর; পরে জাত ব্যক্তি। কর্ম্মধা। বি; পুং।

উত্তরপূর্ব্ব(র্ব)কোণ—ঈশানকোণ, উত্তর এবং পূর্ব্ব এই দুই দিকের মধ্যবর্ত্তী কোণ। কর্ম্মধা। বি; পুং।

উত্তর-প্রত্যুত্তর—প্রতিবচন এবং তাহার প্রতিবাক্য, জবাব এবং তাহার কাটান জবাব; বাদানুবাদ, তর্ক-বিতর্ক। দ্বন্দ্ব। বি; ক্লীব।

উত্তরফল্গুনী, উত্তরফাল্গুনী—অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের দ্বাদশ নক্ষত্র। কর্ম্মধা। বি; স্ত্রী।

উত্তরবর্ত্তী (–বর্ত্তিন্), –বর্ত্তী—উত্তর-দেশস্থিত; পরবর্ত্তী। উপতৎ। উত্তর–বৃৎ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–র্ত্তিনী।

উত্তরবাদী (–বাদিন্)—প্রতিবাদী; আসামী। উপতৎ। উত্তর–বদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–দিনী।

উত্তরভাদ্রপদ, উত্তরভাদ্রপদা—সপ্তবিংশতি নক্ষত্রের ষড়্বিংশ নক্ষত্র। কর্ম্মধা। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

উত্তর-মীমাংসা—বেদান্ত শাস্ত্র। কর্ম্মধা।

উত্তরমেরু—পৃথিবীর উত্তর প্রান্ত, সুমেরু (North Pole). কর্ম্মধা। বি; পুং।

উত্তরমেরুবৃত্ত—উদীচ্যবৃত্ত; সুমেরুর দক্ষিণ-সীমানির্দ্দেশক ২৩½° ডিগ্রি অন্তরে কল্পিত বৃত্তরেখা (ইহা প্রায় ১৫০০ মাইল বিস্তৃত—Arctic Circle). উত্তর মেরুবৃত্ত, কর্ম্মধা। বি; ক্লীব।

উত্তরযোগ্য—উত্তরের উপযুক্ত, জবাব দিবার মত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–গ্যা। **উত্তর-যোগ্য প্রশ্ন**—সাক্ষীকে জেরা করিবার সময় জিজ্ঞাসাকালেই কিরূপ উত্তর দিতে হইবে তাহা যদ্দারা বুঝা যায় এরূপ প্রশ্ন (Leading question).

উত্তর-সন্ধানী—চুম্বকের যে মুখ উত্তরদিকে ঘুরিয়া থাকে। বিণ।

উত্তরসাধক—সাহায্যকারী; কার্য্যসম্পাদন-বিষয়ে উত্তরকালে সহায়; তান্ত্রিক সাধনায় সাধককে যে সাহায্য করে; উত্তেজক, উৎ-সাহদাতা। কর্ম্মধা। বিণ। স্ত্রী,–ধিকা।

উত্তরা—১। উত্তীর্য্যা, ইত্যাদি। উত্তর দ্রঃ। বিণ; স্ত্রী। ২। উত্তরদিক্; বিরাটরাজের কন্যা। বি; স্ত্রী। ৩। পার হওয়া; অবতীর্ণ হওয়া; উপস্থিত হওয়া। কবিপ্র। ক্রি।

উত্তরাকাণ্ড—রামায়ণের সপ্তম কাণ্ড। উত্তরাবর্ত্তী কাণ্ড, মধ্যপ কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

উত্তরাখণ্ড—ভারতের উত্তর সীমাস্থিত হিমালয় অঞ্চলের অন্তর্গত গাড়োয়াল প্রভৃতি প্রদেশ। উত্তরাস্থিত খণ্ড, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

উত্তরাধিকার—উত্তরকালের অধিকার, মৃত ব্যক্তির ত্যক্ত ধনে অধিকার। কর্ম্মধা। বি; পুং।

উত্তরাধিকারী (–কারিন্)—উত্তর-কালে অর্থাৎ ভবিষ্যতের ধনাধিকারী, কাহারও মৃত্যুর পর তাহার সহিত সম্পর্ক-নিবন্ধন তাহার ত্যক্ত সম্পত্তি পাইবার স্বত্ব-বিশিষ্ট, ওয়ারিশ, দায়াদ। উত্তরাধিকার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,–রিণী।

উত্তরাপথ—উত্তরদেশ; আর্য্যাবর্ত্ত। উত্তরা-বর্ত্তী পন্থা (পথিন্), মধ্যপ কর্ম্মধা (অ সমাসান্ত)। বি; পুং।

উত্তরায়ণ—যে সময়ে সূর্য্যের উত্তরে গতি হয়, মাঘাদি ছয় মাস। উত্তরে অয়ন হয় যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

উত্তরায়ণান্তবৃত্ত—বিষুবরেখার ২৩½° অক্ষাংশ উত্তরে সূর্য্যগমনের সীমানিরূপক কল্পিত বৃত্তাকার রেখা, কর্কটক্রান্তি (Tropic of Cancer). উত্তরায়ণের অন্ত (শেষ) হয় যেখানে, বহুব্রী; সেই বৃত্ত, কর্ম্মধা। বি; ক্লীব।

উত্তরার্দ্ধ(র্ধ)—১। শেষার্দ্ধ, পরার্দ্ধ। বি; ক্লীব। ২। পুস্তকাদির শেষ খণ্ড। কর্ম্মধা। বি; পুং।

উত্তরাষাঢ়া—সপ্তবিংশতি নক্ষত্রের এক-বিংশ নক্ষত্র। কর্ম্মধা। বি; স্ত্রী।

উত্তরাস্য—উত্তরমুখী। উত্তরে আস্য যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—স্যা।

উত্তরী—দ্বিতীয় বস্ত্র, দোছুট, চাদর; উপ-বীতের ভাবে ধৃত বস্ত্র; গাজনের সন্ন্যাসী প্রভৃতির চিহ্নস্বরূপ ধৃত গলসূত্র। 'উত্তরীয়' শব্দজ। বি।

উত্তরীয়—ঊর্দ্ধদেহধারণীয় বস্ত্র, চাদর, উড়ানী। উত্তর+ ঈয় ভবার্থে। বি; ক্লীব।

উত্তরোত্তর—ক্রমশঃ, পর পর। উত্তর হইতে উত্তর, ৫মীতৎ। ক্রি-বিণ।

উত্তল—ন্যুব্জপৃষ্ঠ, উন্নতপৃষ্ঠ (Convex). উন্নত তল যাহার, বহুব্রী। বিণ।

উত্তান—ঊর্দ্ধমুখ, চিৎ; ঊর্দ্ধতল; অগভীর। উৎ—তন্+ণ কর্ত্তৃবা। বিণ।

উত্তানপাদ—১। ঊর্দ্ধমুখ চরণবিশিষ্ট। উত্তান পাদ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—দা। ২। ঊর্দ্ধমুখ চরণ। কর্ম্মধা। ৩। অনেক প্রাচীন রাজা, ইঁহার চরণ ঊর্দ্ধমুখ ছিল বলিয়া এই নাম হইয়াছিল। বি; পুং।

উত্তাপ—উষ্ণতা; তেজঃ, সন্তাপ। উৎ—তপ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উত্তাপন—তপ্ত বা তাপিত করণ। উৎ—ণিজন্ত তপ্ (=তাপি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

উত্তাপিত—উষ্ণীকৃত; সন্তাপিত; উত্তাপযুক্ত। উৎ—ণিজন্ত তপ্ (=তাপি)+ক্ত কর্ম্মবা; অথবা উত্তাপ+ইত যুক্তার্থে। বিণ। স্ত্রী,—তা।

উত্তাল—উন্নত; উৎকট; শ্রেষ্ঠ, মহৎ; ত্বরিত; বিকটশব্দকারী। উৎ—তল্+ণ কর্ত্তৃবা। বিণ।

উত্তিষ্ঠমান—উঠিতেছে এরূপ, উত্থানশীল; বর্দ্ধমান, বর্দ্ধনশীল; উদ্যোগশীল। উৎ—স্থা+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

উত্তীর্ণ—পারগত; উত্থিত; নির্গত; অতি-ক্রান্ত; উপস্থিত। উৎ—তৃ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ণা।

উত্তুঙ্গ—উন্নত, অত্যুচ্চ। উৎ (অতিশয়) তুঙ্গ (উচ্চ), প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ঙ্গা।

উত্তেজক—তীক্ষ্ণকারক, তীব্রতাসাধক; উদ্দীপক; প্রবর্ত্তক; প্রোৎসাহক, উৎসাহজনক, উৎসাহদাতা; তেজস্কর, তেজোজনক; জীবনী-শক্তির বর্দ্ধক বা সঞ্চারক। উৎ—তিজ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জিকা।

উত্তেজন—তীক্ষ্ণীকরণ, ধার দেওয়া; উদ্দী-পন; বর্দ্ধিতকরণ; প্রবর্ত্তন; প্রোৎসাহন, উৎসাহদান; তেজোজনন, তেজঃপ্রদান। উৎ—তিজ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উত্তেজনা—উত্তেজন (সকল অর্থে)। উৎ—তিজ্+ণিচ্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

উত্তেজিত—শাণিত, তীক্ষ্ণীকৃত; উদ্দীপিত; প্রোৎসাহিত; প্রবর্ত্তিত। উৎ—তিজ্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উত্তোলক—উত্তোলনকর্ত্তা, উত্থাপক, যে তুলে বা উঠায়। উৎ—তুল্+ণিচ্ স্বার্থে+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লিকা।

উত্তোলন—উত্থাপন, উপরে উঠান, তুলা। উৎ—তুল্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উত্তোলিত—উত্থাপিত; উন্নমিত; উৎক্ষিপ্ত। উৎ—তুল্+ণিচ্ স্বার্থে+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উত্ত্যক্ত—পরিত্যক্ত; উৎক্ষিপ্ত; বিরক্ত; ব্যতিব্যস্ত, অস্থির। উৎ—ত্যজ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ক্তা।

উত্থান—১। উত্থিতি, উঠা; উদয়; উন্নতি; উৎপত্তি। মলবেগ। উৎ—স্থা+অনট্ ভাববা। ২। উদ্যম; উৎসাহ; হর্ষ। উৎ—স্থা+অনট্ করণবা। ৩। রাজ্য-চিন্তা; পৌরুষ; বিদ্রোহ, রণ; পুস্তক। উৎ—স্থা+অনট্ অধিবা। বি; ক্লীব। ৪। বরণ; বরণডালা। প্রাদে। বি।

উত্থানকড়ি, -কৌড়ি—বাসরঘরে বরবধূর উত্থানের পর বিছানা তোলার জন্য বরপক্ষের দেয় অর্থ, শেজ-তুলুনী। উত্থানপ্রাপ্য কড়ি, কৌড়ি, মধ্যপ কর্ম্মধা। বি।

উত্থানপতন—উন্নতি ও অধোগমন ; উঠা-পড়া ; হ্রাস-বৃদ্ধি। দ্বন্দ্ব। বি ; ক্লীব।

উত্থানশক্তি—উন্নতিলাভের ক্ষমতা, যে শক্তিদ্বারা উন্নত হইতে পারা যায় ; (শয্যাদি হইতে) উঠিবার ক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

উত্থানশক্তিবিহীন, -রহিত, -শূন্য, -হীন—(শয্যাদি হইতে) উঠিবার সামর্থ্য-হীন। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না, —তা, —ন্যা, —না।

উত্থানৈকাদশী—কার্ত্তিক মাসের শুক্লা একাদশী। উত্থানের (শ্রীহরির নিদ্রা হইতে জাগরণের) একাদশী, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

উত্থাপক—উত্থাপনকর্ত্তা, যে উঠায়, উত্তো-লক ; প্রস্তাবকারী। উৎ—ণিজন্ত স্থা (=স্থাপি) +ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

উত্থাপন—উত্তোলন, উঠান ; প্রেরণ ; প্রবো-ধন, উত্তেজন ; প্রস্তাবন ; ক্ষোভণ। উৎ—ণিজন্ত স্থা (=স্থাপি)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উত্থাপনীয়, উত্থাপ্য—ঊর্দ্ধে স্থাপনীয় ; উত্থাপনযোগ্য ; যাহাকে উঠাইতে হইবে ; উত্তোলনীয় ; প্রসঙ্গরূপে উপস্থাপনীয়। উৎ—স্থাপি+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া, —প্যা।

উত্থাপিত—উত্তোলিত ; প্রেরিত ; প্রস্তাবিত ; উত্তেজিত ; প্রবোধিত ; ক্ষোভিত। উৎ—ণিজন্ত স্থা (=স্থাপি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উত্থিত—কৃতোত্থান, উঠিয়াছে এরূপ ; উদ্যত ; উৎপন্ন ; উদ্গত ; বর্দ্ধিত। উদ্—স্থা+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উত্থিতি—উত্থান (সকল অর্থে)। উৎ—স্থা +ক্তি ভাববা। বি ; স্ত্রী।

উৎপতন—ঊর্দ্ধগমন ; উড্ডয়ন, উড়া ; উত্থান ; উৎপ্লবন ; উদয় ; উৎপত্তি। উৎ—পত্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উৎপতিত—উত্থিত ; উড্ডীন ; উদ্গত ; উদিত। উৎ—পত্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উৎপতিষ্ণু—উৎপতনশীল ; ঊর্দ্ধগমনশীল। উৎ—পত্+ইষ্ণু কর্ত্তৃবা, শীলার্থে। বিণ।

উৎপত্তি—আবির্ভাব ; উদ্ভব, জন্ম। উৎ—পদ্+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

উৎপথ—কুপথ, অসৎপথ। উৎ (মন্দ) পন্থা, প্রাদিতৎ (অ সমাসান্ত)। বি ; পুং।

উৎপথগামী (-গামিন্)—উন্মার্গগামী, উচ্ছৃঙ্খল। উপতৎ। উৎপথ—গম্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—মিনী।

উৎপদ্যমান—জায়মান, যাহা জন্মিতেছে। উৎ—পদ্+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

উৎপন্ন—জাত ; উদ্ভূত ; আবির্ভূত ; উত্থিত। উৎ—পদ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —ন্না।

উৎপল—পদ্ম ; নীলপদ্ম ; কুবলয়। উৎ—পল্+অচ্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।

উৎপলনয়ন, -নেত্র, -লোচন—১। পদ্মপলাশনেত্র, পদ্মপত্রের ন্যায় দীর্ঘ অর্থাৎ আকর্ণ-নেত্রবিশিষ্ট। উৎপলের ন্যায় নয়ন, নেত্র, লোচন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না, —ত্রা,—না। ২। পদ্মের পাপড়ির ন্যায় চক্ষু। উৎপলসদৃশ নয়ন, নেত্র, লোচন, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

উৎপলপত্র—পদ্মের পাপড়ি। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

উৎপলাক্ষ—পদ্মপলাশনেত্র, কমললোচন। উৎপলের ন্যায় অক্ষি যাহার, বহুব্রী (ষচ্ সমাসান্ত)। বিণ। স্ত্রী,—ক্ষী।

উৎপাটক—উৎপাটনকারী, উন্মূলক। উৎ—ণিজন্ত পট্ (=পাটি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—টিকা।

উৎপাটন—উন্মূলন, উপাড়িয়া ফেলা। উৎ—পট্+ণিচ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উৎপাটনীয়—উন্মূলনযোগ্য, যাহার উৎপাটন করা কর্ত্তব্য বা করিতে হইবে। উৎ—পট্+ণিচ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

উৎপাটিত—উন্মূলিত, উপড়ান। উৎ—পট্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উৎপাত—উৎপতন; উপদ্রব; দৈব অমঙ্গল (ইহা দিব্য, আন্তরীক্ষ্য ও ভৌম ভেদে তিন প্রকার। চন্দ্রসূর্য্যগ্রহণাদি দিব্য, উল্কাপাতাদি আন্তরীক্ষ্য, ভূকম্পাদি ভৌম)। উৎ—পত্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উৎপাতক—উৎপাতকারী; ঊর্দ্ধগামী। উৎ—পত্+ণিচ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তিকা।

উৎপাতকেতু—উল্কাপাতাদি অমঙ্গল-চিহ্ন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উৎপাদ—উৎপাদিত বস্তু (Yield). বি।

উৎপাদক—উৎপাদনকারী, জনক, জন্মদাতা; (গণিতে) গুণনীয়ক (Factor, Divisor). উদ্—ণিজন্ত পদ্ (=পাদি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিকা।

উৎপাদন—জনন, উৎপত্তিকরণ, জন্মান। উৎ—ণিজন্ত পদ্ (=পাদি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

উৎপাদনীয়, উৎপাদ্য—জননীয়, উৎপাদন করিবার যোগ্য। উৎ—ণিজন্ত পদ্ (=পাদি)+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া,—দ্যা।

উৎপাদয়িতা (—দয়িতৃ)—উৎপাদক, জনক; নির্ম্মাতা। উৎ—ণিজন্ত পদ্ (=পাদি)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

উৎপাদিত—জনিত, যাহাকে জন্মান হইয়াছে। উৎ—পদ্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উৎপাদ্য—উৎপাদনীয় দ্রঃ।

উৎপাদ্যমান—যাহার উৎপাদন করা হইতেছে। উৎ—পদ্+ণিচ্+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

উৎপীড়—উৎপীড়ন; বাধা; সংঘর্ষণ; আধিক্য, ছাপাছাপি। উৎ—পীড়্+ক ঘঞর্থে ভাববা। বি; পুং।

উৎপীড়ক—উৎপীড়নকারী, উপদ্রবকারক, অন্যের উপর পীড়নকর্ত্তা, অত্যাচারী। উৎ—পীড়্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ড়িকা।

উৎপীড়ন—বাধা; সংঘর্ষণ; উপদ্রব, পীড়াপীড়ি; উত্তেজন; প্রবর্ত্তন; আধিক্য, ছাপাছাপি। উৎ—পীড়্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উৎপীড়নকারী (—কারিন্)—উৎপীড়ক, পরের উপর পীড়নকর্ত্তা; অত্যাচারী। উপতৎ। উৎপীড়ন—কৃ (করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

উৎপীড়িত—উপদ্রুত, ক্লিষ্ট; উত্তেজিত; প্রবর্ত্তিত। উৎ—পীড়্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উৎপেতে—উৎপাতকারী, জ্বালাতনকারী; দুষ্ট। উৎপাত+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

উৎপ্রেক্ষণ—উৎপ্রেক্ষা (সকল অর্থে)। উৎ—প্র—ঈক্ষ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উৎপ্রেক্ষা—উদ্ভাবন; বিতর্ক; অনুমান; উপেক্ষা; অনবধান; অর্থালঙ্কারবিশেষ, প্রকৃত বস্তুতে অন্যপ্রকার সম্ভাবনা। উৎ—প্র—ঈক্ষ্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

উৎপ্লব, উৎপ্লবন—উল্লম্ফন; উন্মজ্জন, ভাসা; সন্তরণ; উদ্রেক। উৎ—প্লু+অপ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

উৎফুল্ল—বিকসিত; প্রফুল্ল, হৃষ্ট; স্ফূর্ত্তিযুক্ত। উৎ—ফুল্ল+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ল্লা।

উৎরাই, উতরাই—নিম্নতা; পাহাড়ের উপর হইতে নীচে নামিবার পথ। হিন্দী-মূলক। বি।

উৎরান—উত্তীর্ণ হওয়া; পার হওয়া। উৎ—তৃ ধাতুজ। ক্রি।

উৎলন, উৎলান—উথলিয়া উঠা; বৃদ্ধি পাওয়া; উন্নতিলাভ করা। বাং ক্রি।

উৎস—প্রস্রবণ, যেখানে মন্দবেগে অজস্র জল

প্রবাহিত হয়, নির্ঝর, ফোয়ারা। উন্দ্ (আর্দ্র হওয়া)+স কর্ত্তৃবা সংজ্ঞার্থে। বি; পুং।

উৎসঙ্গ—মধ্যভাগ; উরু; ঊর্দ্ধদেশ; শৈল-কটক; অঙ্ক, ক্রোড়। উৎ—সনজ্+ঘঞ্ অধিবা। বি; পুং।

উৎসঞ্জন—উৎক্ষেপণ; উত্তোলন। উৎ—সনজ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উৎসন্ন—নষ্ট, বিধ্বস্ত, উচ্ছন্ন; উত্থিত; অধঃপতিত। উৎ—সদ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ন্না।

উৎসব—প্রসব; আনন্দ; আনন্দজনক ব্যাপার; উৎসেক; কোপ; ইচ্ছা; উন্নতি; অভ্যুদয়। উৎ—সূ+অপ্ ভাববা। বি; পুং।

উৎসবময়—আনন্দপরিপূর্ণ; উৎসবে ভরা। উৎসব+ময়ট্ পূর্ণার্থে। বিণ। স্ত্রী,—য়ী।

উৎসর্গ—ত্যাগ; দান; দেবোদ্দেশে দান; পুরীষ ত্যাগ; যাগবিশেষ; (ব্যাকরণে) সামান্য বিধি। উৎ—সৃজ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উৎসর্গপত্র—(পুস্তকাদির) যে পত্রে কোন স্নেহভাজন বা সম্মানভাজনের নামে দানের কথা লিখিত থাকে। উৎসর্গসূচক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

উৎসর্জ্জ(র্জ)ন—উৎসর্গ; ত্যাগ; দান। উৎ—সৃজ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উৎসর্প, উৎসর্পণ—উল্লঙ্ঘন; পরিত্যাগ; ঊর্দ্ধগমন। উৎ—সৃপ্ (যাওয়া)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

উৎসর্পী (—র্পিন্)—উল্লঙ্ঘনশীল; ঊর্দ্ধগামী; পরিত্যাগকারী। উৎ—সৃপ্+ণিন্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্পিণী।

উৎসাদ—উচ্ছেদ; বিনাশ; ধ্বংস। উৎ—সদ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উৎসাদক—উৎসাদনকর্ত্তা, সর্ব্বনাশকারী, উচ্ছেদকারী। উৎ—সদ্+ণিচ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিকা।

উৎসাদন—বিনাশন, উৎসন্নকরণ; উন্মূলন; তৈল-চন্দনাদিদ্বারা পরিশোধন। উৎ—ণিজন্ত সদ্ (=সাদি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

উৎসাদনীয়, উৎসাদ্য—বিনাশযোগ্য, উন্মূলনীয়। উৎ—ণিজন্ত সদ্ (=সাদি)+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া,—দ্যা।

উৎসাদিত—বিনাশিত; উন্মূলিত, উৎপাটিত, নির্ম্মূলীকৃত। উৎ—ণিজন্ত সদ্ (=সাদি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উৎসার—স্ফীতি, ফাঁপিয়া উঠা (Inflation). উৎ—সৃ+ঘঞ্ ভাববা। বি।

উৎসারক—উৎসারণকর্ত্তা, অপসারক, যে দূর করিয়া দেয়। উৎ—ণিজন্ত সৃ (=সারি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

উৎসারণ—নিরাকরণ, দূরীকরণ। উৎ—ণিজন্ত সৃ (=সারি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

উৎসারণীয়—নিরাকরণীয়, নিরসনযোগ্য। উৎ—ণিজন্ত সৃ (=সারি)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

উৎসারিত—নিরাকৃত, অপসারিত; দূরীকৃত; স্থানান্তরিত। উৎ—ণিজন্ত সৃ (=সারি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উৎসাহ—অগ্লানি; আগ্রহ; উদ্যম; উদ্যোগ, অধ্যবসায়; স্থিরযত্ন; উত্তেজনা; বীররসের স্থায়িভাব; হর্ষ। উৎ—সহ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উৎসাহক—উৎসাহদাতা, উৎসাহজনক, উত্তেজক। উৎ—সহ্+ণিচ্ (=সাহি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হিকা।

উৎসাহজনক—উৎসাহক, আগ্রহোৎপাদক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—নিকা।

উৎসাহদাতা (—দাতৃ)—প্রোৎসাহক, উৎসাহপ্রদানকর্ত্তা; প্রেরয়িতা। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ত্রী।

উৎসাহদান, —প্রদান—প্রোৎসাহন; আগ্রহান্বিতকরণ; প্রবর্ত্তন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

উৎসাহবর্দ্ধ(র্ধ)ক—অন্যের উৎসাহবৃদ্ধিকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—র্দ্ধিকা।

উৎসাহবর্দ্ধ(র্ধ)ন—১। উৎসাহবর্দ্ধক। উৎসাহ—ণিজন্ত বৃধ্ (=বর্দ্ধি)+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না। ২। বীররস। বি; পুং। ৩। কাহারও উৎসাহ বাড়ান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

উৎসাহভঙ্গ—উদ্যমনাশ, আগ্রহলোপ।

উৎসাহশীল—উৎসাহবিশিষ্ট, উৎসাহী, আগ্রহান্বিত, উদ্যোগী। উৎসাহই শীল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা। বি,—তা।

উৎসাহিত—১। উৎসাহযুক্ত, উত্তেজিত। উৎসাহ শব্দ+ইত যুক্তার্থে। ২। যাহাকে উৎসাহ দেওয়া হইয়াছে এরূপ, প্রণোদিত, প্রবর্ত্তিত, উত্তেজিত। উৎ—ণিজন্ত সহ্ (=সাহি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উৎসাহী (—সাহিন্)—উৎসাহশীল, উৎসাহান্বিত, আগ্রহী। উৎসাহ শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—হিনী।

উৎসিক্ত—সিক্ত; আর্দ্রীকৃত; উদ্ধত, অবিনীত; গর্ব্বিত; বর্দ্ধিত; উদ্রিক্ত। উৎ—সিচ্+ক্ত কর্ত্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ক্তা।

উৎসুক—অভীষ্টবিষয়ে উদ্যুক্ত, ইচ্ছুক; কৌতূহলী; উৎকণ্ঠিত, উন্মনাঃ; ব্যগ্র; অনুরক্ত। উৎ—সু+কিপ্ কর্ত্তৃবা+কন্ স্বার্থে। বিণ। স্ত্রী,—কা।

উৎসৃষ্ট—ত্যক্ত, বিসৃষ্ট; দত্ত; উৎসর্গীকৃত; নিবেদিত; প্রযুক্ত। উৎ—সৃজ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

উৎসৃষ্টার্থ—১। উৎসৃষ্ট অর্থ বা বস্তু। কর্ম্মধা। বি; পুং। ২। যিনি ধনদান করিয়াছেন এরূপ। উৎসৃষ্ট অর্থ যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্থা।

উৎসেক—উদ্রেক; গর্ব্ব, অভিমান; দর্প। উৎ—সিচ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উৎসেচন—উত্তেজন; উপরিসেক, উপচান, বা উথলান। উৎ—সিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উৎসেধ—১। উচ্চতা; ঔদ্ধত্য; হনন, বধ। উৎ—সিধ্+ঘঞ্ ভাববা। ২। দেহ, উপরিভাগ। উৎ—সিধ্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

উৎসেধজীবী (—জীবিন্)—যে খাটিয়া খায় এরূপ; শ্রমজীবী। উপতৎ। উৎসেধ—জীব্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী।

উথল—১। উদ্বেল অবস্থা বা ভাব; উচ্ছলন; উচ্ছ্বাস; স্ফীতি। দেশজ। বি। ২। উত্তুঙ্গ; উচ্ছলিত। প্রাঃ কবিপ্র। বিণ। [বি।

উথলন—উচ্ছ্বাস, উপচিয়া উঠা। করিপ্র।

উথলান—উথলা, উথলিয়া উঠা; উদ্বেল হওয়া; উচ্ছলিত বা উচ্ছ্বসিত করা। দেশজ। বি বা ক্রি।

উথলিত—যাহা উথলিয়া উঠিয়াছে; উচ্ছলিত বা উচ্ছ্বসিত; পরিপ্লাবিত; উদ্বেল। কবিপ্র। বিণ।

উথাল—১। উথলন, উচ্ছ্বাস, উদ্বেলভাব; উত্তাল তরঙ্গ বা স্রোত। বি। ২। উত্তুঙ্গ; উচ্ছলিত। প্রাঃ কবিপ্র। বিণ।

উদ্ (উৎ)—উৎকর্ষ প্রকাশ ঔদ্ধত্য বৈপরীত্য উচ্চতা বিভাগ লাভ প্রাবল্য প্রাধান্য সামর্থ্য বন্ধন নৈকট্য মোচন ইত্যাদি বাচক উপসর্গ উ+কিপ্ কর্ত্তৃবা (নিপাতনে)। অব্য।

উদক্ (উদচ্)—উত্তরদিগ্‌বর্ত্তী, উত্তরাভিমুখ; ঊর্দ্ধস্থিত। উৎ—অন্চ্+কিন্ কর্ত্তৃবা। বিণ; ক্লীব। পুং, উদঙ্; স্ত্রী, উদীচী।

উদক—সলিল, জল। উন্দ্+ণক কর্ত্তৃবা। বি; ক্লীব।

উদকক্রিয়া—প্রেতের উদ্দেশে জলদান তর্পণাদি। ৩য়াতৎ। বি; স্ত্রী।

উদকুম্ভ—জলপূর্ণ কলস; কমণ্ডলু। উদপূর্ণ কুম্ভ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

উদগ্রীব—উদ্‌গ্রীব। প্রাঃ কবিপ্র। বিণ।

উদগ্র—ঊর্দ্ধাভিমুখ; উন্নত; উচ্চ, উন্নত উচ্ছ্রিত; বৃহৎ। উন্নত অগ্র যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—গ্রা।

উদগ্রহ—জলকণা শোষণপূর্ব্বক ক্রমে গলিত দ্রব পদার্থে পরিণত হওয়া। (Deliquescence

উদকের গ্রহ, ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ, —গ্রাহী।

উদঞ্চ্ (উদচ্)—১। উত্তর; উর্দ্ধ; অনন্তর; পরবর্ত্তী। উদ্—অন্চ্+কিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, উদীচী। ২। উত্তরবর্ত্তী দেশ; ভবিষ্যৎ-কাল। বি; পুং। [gen). বি।

উদজান—জলজান-নামক বাষ্প (Hydro-

উদড়া, উদড়ান—খুলিয়া ফেলা, উন্মোচন করা; অনাবৃত করা। 'উদার' শব্দজ। ক্রি।

উদত্যাগ—উপরিভাগে শ্বেতচূর্ণদ্বারা আবৃত হওয়া, দানায় পরিণত হওয়া (Efflorescence). উদকের ত্যাগ, ৬ষ্ঠীতৎ (ক-লোপ)। বি; পুং।

উদধি—জলধি, সমুদ্র। উদক—ধা+কি অধিবা (ক-লোপ)। বি; পুং।

উদধিমল—সমুদ্রফেন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উদধিমেখলা—ধরণী, পৃথিবী। উদধি মেখলা যাহার, বহুব্রী। বি; স্ত্রী।

উদধিসুতা—লক্ষ্মীদেবী; দ্বারকাপুরী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

উদবাস—জলে বাস করা; জলের মধ্যস্থ বা সমীপস্থ গৃহ। ৭মীতৎ। বি; পুং।

উদবাহক—জলবহনকর্ত্তা, জলের ভারী। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ। স্ত্রী, —হিকা।

উদম, উদাম—১। উদ্যম; ধুমধাম, গোল-যোগ; উচ্ছৃঙ্খলতা; উপদ্রব। 'উদ্যম' ও 'উদ্দাম' শব্দজ। বি। ২। উদ্দাম, উচ্ছৃঙ্খল; নগ্ন, নেংটা, উলঙ্গ; আবরণশূন্য, উন্মুক্ত, আঢাকা, খোলা। 'উদ্দাম' শব্দজ। বিণ।

উদমাদা—নির্ব্বোধ; আতুর; মাথাপাগলা। 'উন্মাদ' শব্দজ। বিণ।

উদয়—১। পূর্ব্ব পর্ব্বত। উদ্—ই+অচ্ অপাবা। ২। উৎপত্তি; উত্থান; আবির্ভাব; সঞ্চার; প্রথমপ্রকাশ; প্রাদুর্ভাব; বৃদ্ধি; লাভ; উৎকর্ষ; ফলসিদ্ধি; পরাভব; সামর্থ্য। উদ্—ই+অচ্ ভাববা। ৩। লগ্ন। উদ্—ই+অচ্ অধিবা। বি; পুং। ৪। উদিত হয়। -প্রাঃ কবিপ্র। ক্রি।

উদয়কাল—সূর্য্য-চন্দ্রাদির উঠিবার সময়, আবির্ভাবকাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উদয়গিরি—উদয়াচল, যে পর্ব্বতে সূর্য্য ও চন্দ্রকে প্রথমে উদিত দেখা যায়। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ভাববা। বি; ক্লীব।

উদয়ন—উত্থান, উদয়। উদ্—ই+অনট্

উদয়পর্ব্ব(র্ব)ত, —শিখরী (—রিন্), —শৈল—যে পর্ব্বতে সূর্য্যের উদয় হয় (বলিয়া মনে হয়), পূর্ব্বদিকের পর্ব্বত। ৬ষ্ঠীতৎ; মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

উদয়াচল, উদয়াদ্রি—উদয়পর্ব্বত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উদযান—জলযান, পোত, নৌকা, জাহাজ ইত্যাদি। উদকের (জলের) যান, ৬ষ্ঠীতৎ (ক-লোপ)। বি; ক্লীব।

উদয়াস্ত—১। উদয় হইতে অস্ত পর্য্যন্ত সময়। উদয়াবধিক অস্ত, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। চন্দ্র-সূর্য্যের প্রকাশ এবং অন্তর্দ্ধান। সমাহৃন্দ্ব। বি; ক্লীব। ৩। উদয় হইতে অস্ত পর্য্যন্ত। ক্রি-বিণ।

উদয়োন্মুখ—উদিত হইবার উপক্রম করিয়াছে এরূপ। উদয়ে উন্মুখ, ৭মীতৎ। বিণ। স্ত্রী, —খী, —খা।

উদর—জঠর, পেট; মধ্যভাগ, অভ্যন্তর। উৎ —দৄ+অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

উদরপরায়ণ—উদরসর্ব্বস্ব, ঔদরিক, পেটুক। বহুব্রী। বিণ। স্ত্রী, —ণা। বি, —তা।

উদরভঙ্গ—উদরাময়, ভেদ হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উদরম্ভরি—ঔদরিক, পেটুক, আত্মম্ভরি। উপপতৎ। উদর শব্দ—ভৃ (ভরণ করা)+ইন্ কর্ত্তৃবা (নিপাতনে)। বিণ। বি, —তা।

উদররস—পাকস্থলীর রসবিশেষ (Gastric juice). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উদররোগ—উদরাময়, পেটের পীড়া; জলোদরী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উদরসর্ব্ব(র্ব)স্ব—ঔদরিক, উদরম্ভরি, পেটুক। উদরই সর্ব্বস্ব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —স্বা।

উদরসাৎ—উদরে দেয়; উদরস্থ, ভক্ষিত, গ্রস্ত। উদর শব্দ + সাতি। অব্য। বিণ।
উদরাধ্মান—পেট কাঁপা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
উদরান্ন—আহার্য্যবস্তু, পেটের ভাত। উদর-পূরক অন্ন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।
উদরান্নসংস্থান—আহার্য্যবস্তুর আহরণ, পেটের ভাতের যোগাড়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
উদরাবর্ত্ত(র্ত)—নাভি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
উদরাময়—উদরের রোগ, পেটের অসুখ। উদরের আময়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
উদরী—উদরস্ফীতি রোগবিশেষ (Dropsy). উৎ—দৃ + অচ্ কর্ত্তৃবা + ঈপ্। বি; স্ত্রী।
উদলা—আদুড়, অনাবৃত, উন্মুক্ত; আবরণ-হীন, নগ্ন, উলঙ্গ। প্রাদে। বিণ।
উদসল—উদ্ঘাটিত করিল, খুলিল। প্রাঃ কবিপ্র। ক্রি।
উদস্থিতিবিদ্যা—তরল পদার্থের স্থিরত্ব-বিষয়ক বিজ্ঞান (Hydrostatics). উদকের স্থিতি, ৬ষ্ঠীতৎ; তৎসম্বন্ধিনী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।
উদা—১। আর্দ্র, ভিজা, ওদা। হিন্দীমূলক। বিণ। ২। উদয় হওয়া; উঠা। কবিপ্র। ক্রি।
উদাত্ত—১। উচ্চস্বরবিশেষ; মুখের ভিতর তালু প্রভৃতি উর্দ্ধভাগ হইতে যে স্বর উচ্চারিত হয়, তাহাই উদাত্ত। উদ্—আ—দা + ক্ত কর্ম্মবা। বি; পুং। ২। দাতা; মহৎ; সমর্থ। উদ্—আ—দা + ক্ত অপাবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী, —ত্তা। ৩। অর্থালঙ্কারবিশেষ। বি; ক্লীব।
উদান—কণ্ঠদেশস্থিত বায়ু; নাভি। উৎ—অন্ + ঘঞ্ করণবা। বি; পুং।
উদাবর্ত্ত(র্ত)—মলমূত্রাদি-রোধক রোগ-বিশেষ। উৎ—আ—বৃত্ + ঘঞ্ করণবা। বি; পুং।
উদাম—উদম দ্রঃ।
উদার—১। দানশীল, দাতা; গভীর; দক্ষিণ; সরল; মহাত্মা; উচ্চ, মহৎ, বিশাল; অসংকীর্ণ; উৎকৃষ্ট। উদ্—আ—রা + ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —রা। ২। কাব্যগুণবিশেষ। বি।
উদারচরিত, —চরিত্র—১। উদারস্বভাব, মহানুভাব; রাগদ্বেষাদিশূন্য। উদার হইয়াছে চরিত বা চরিত্র যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —তা, —ত্রা। ২। উদার আচরণ, উন্নত সরল ব্যবহার। কর্ম্মধা। বি; ক্লীব।
উদারচিত্ত—১। উদারহৃদয়, মহাপ্রাণ, সরল-মনাঃ। উদার চিত্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —ত্তা। ২। উদার হৃদয়, সরল মন। কর্ম্মধা। বি; ক্লীব।
উদারচেতাঃ (—চেতস্), —চেতা—উন্নত-মনাঃ। উদার চেতঃ যাহার, বহুব্রী। বিণ।
উদারতন্ত্র—উদারশাস্ত্র, উদার নীতি, উন্নত ভাবের মত। কর্ম্মধা। বি; ক্লীব।
উদারতন্ত্রী (—তন্ত্রিন্)—উদারমতাবলম্বী; যিনি সর্ব্বপ্রকার ভিন্ন মত গ্রহণে প্রস্তুত এরূপ। উদারতন্ত্র + ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, —ন্ত্রিনী।
উদারতা, —ত্ব—দানশীলতা, দাতৃত্ব, বদান্যতা; মহত্ত্ব, মহানুভাবতা, মহাশয়ত্ব; দাক্ষিণ্য, সরলতা; ভদ্রতা। উদার + তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।
উদারনীতিক—উদারমতাবলম্বী, পরমত-সহিষ্ণু; (রাজনীতি প্রভৃতি বিষয়ে) স্বাতন্ত্র্য-বাদী; উদারমতপ্রকাশকারী (Liberal). উদার নীতি যাহার, বহুব্রী (ক—আগম)। বিণ। স্ত্রী, —কা।
উদারনৈতিক—উদারনীতিক (সকল অর্থে)। দেশজ। বিণ।
উদার-প্রকৃতি, —স্বভাব—১। উন্নত স্বভাব, মহৎ চরিত্র। কর্ম্মধা। বি; স্ত্রী, পুং। ২। উন্নত স্বভাববিশিষ্ট, মহানুভব; বদান্য; দক্ষিণ। বহুব্রী। বিণ। ২য় পক্ষে স্ত্রী, —বা।
উদারপ্রাণ—১। সদাশয়, মহানুভব। বহুব্রী। বিণ। স্ত্রী, —ণা। ২। উন্নত চিত্ত। কর্ম্মধা। বি; পুং। [বিণ।
উদারমতি—উচ্চমনাঃ, মহাশয়। বহুব্রী।

উদারমনাঃ (-মনস্), **-মনা**—উদার-চিত্ত। বহুব্রী। বিণ।

উদারসত্ত্ব—উদারহৃদয়, মহামনাঃ, মহাশয়, প্রশস্তচিত্ত। বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্বা।

উদারা—১। দানশীলা ইত্যাদি। উদার দ্রঃ। উদার+আপ্। বিণ; স্ত্রী। ২। স্বরবিশেষ, নিম্ন সপ্তকের সুর। দেশজ। বি।

উদাস—১। উদাসীন, বিরাগী; নির্লিপ্ত; উদ্দেশ্যহীন, শূন্য; ফাঁকা; বিষন্ন; এলোমেলো। উৎ—আস্+অচ্ কর্ত্তৃবা। ২। উৎক্ষেপ; উচ্চতা; সংসারবিরাগ, ঔদাসীন্য, বিষয়বাসনাপরিত্যাগ। উৎ—আস্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উদাসিতা—উদাসভাব, বৈরাগ্য। উদাসিন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

উদাসিনী—বিরাগিণী, সংসারত্যাগিনী, সন্ন্যাসিনী ইত্যাদি (উদাসী দ্রঃ); অনাথা, নিরাশ্রয়া, অসহায়া। উদাসিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

উদাসী (উদাসিন্)—১। বৈরাগ্যযুক্ত, সংসারবিরাগী, সন্ন্যাসী; নিরপেক্ষ, পক্ষপাতশূন্য। উদাস শব্দ+ইন্। বিণ। স্ত্রী,—সিনী। ২। সন্ন্যাসি-সম্প্রদায়বিশেষ। উৎ—আস্+ণিন্ কর্ত্তৃবা। বি; পুং।

উদাসীন—বিরাগী, সংসারত্যাগী; মধ্যস্থ, স্বতন্ত্র, উপস্থিত বিষয়ে নির্লিপ্ত; নিরপেক্ষ; নিঃসম্পর্ক, যাহার সহিত আলাপ-পরিচয় নাই এরূপ; তটস্থ। উদ্—আস্+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না। বি,—তা,—ত্ব।

উদাহরণ—দৃষ্টান্ত, নিদর্শন; উল্লেখ; বর্ণন; কথাপ্রসঙ্গ। উদ্—আ—হৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

উদাহরণস্থল—উদাহরণের ক্ষেত্র; দৃষ্টান্তের বিষয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

উদাহৃত—যাহার উদাহরণ দেওয়া হইয়াছে এরূপ; দৃষ্টান্তরূপে উল্লিখিত; কথিত। উদ্—আ—হৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উদিত—১। উত্থিত; উদগত; উন্নত; উৎপন্ন; প্রাদুর্ভূত, প্রথম প্রকাশিত। উদ্—ই+ক্ত কর্ত্তৃবা। ২। উক্ত, কথিত; নির্দ্দিষ্ট। বদ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ৩। বলা, কথন। বদ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

উদীচী—১। পরবর্ত্তিনী, ভাবিনী। উদয়+ঈপ্। বিণ; স্ত্রী। ২। উত্তরদিক্। বি; স্ত্রী।

উদীচীন—উত্তরদিক্ সম্বন্ধীয়; উত্তরদেশীয়। উদীচী+ঈন ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী,—না।

উদীচ্য—উত্তরদেশীয়। উদীচী+যৎ ভবার্থে। বিণ। স্ত্রী,—চ্যা।

উদীচ্যবৃত্ত—পৃথিবীর উত্তর মেরুর ২৩½° অক্ষাংশ দক্ষিণে যে বৃত্তাকার রেখা কল্পিত হয় (Arctic Circle), ইহাকে উত্তর মেরুবৃত্তও বলে। বি; ক্লীব।

উদীচ্যেতরবৃত্ত—পৃথিবীর দক্ষিণ মেরুর ২৩½° অক্ষাংশ উত্তরে যে বৃত্তাকার রেখা কল্পিত হয় (Antarctic Circle), ইহাকে দক্ষিণ মেরুবৃত্তও বলে। বি; ক্লীব

উদীয়মান—উদিত হইতেছে এরূপ, যাহা উঠিতেছে বা প্রতিষ্ঠালাভ করিতেছে। উৎ—ই+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

উদীরণ—উচ্চারণ; কথন; উদ্দীপন; বিজৃম্ভন; প্রেরণ; প্রকাশন; উৎক্ষেপণ। উদ্—ঈর্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উদীরিত—উচ্চারিত; কথিত; প্রেরিত; বিজৃম্ভিত; উদ্দীপিত; প্রকাশিত; উৎক্ষিপ্ত। উৎ—ঈর্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উদুম—উদাম, অনাবৃত, খোলা; নগ্ন, উলঙ্গ। 'উদাম' শব্দজ। বিণ।

উদুম-থুমা, -থুম, -থুমো—নগ্ন, উলঙ্গ; অধিক বয়স পর্য্যন্ত বস্ত্রধারণে অনিচ্ছুক; গণ্ডগোলপ্রিয়; একগুঁয়ে, গোঁয়ার। গ্রাম্য। বিণ।

উদুম্বর—উড়ুম্বর দ্রঃ। (ড স্থানে দ বৈকল্পিক)।

উদূখল—ধান্যাদি কণ্ডনার্থ পাত্রবিশেষ, এই পাত্রে তণ্ডুলাদি রাখিয়া মুষলপ্রহারে পরিষ্কা

করা হয়, উথলি; গড়। উৎ—খ—লা+ক কর্ত্তৃবা। বি; ক্লীব।

উদ্দেশ—উদ্দেশ, অনুসন্ধান, খোঁজ; লক্ষ্য; কারণ, হেতু। 'উদ্দেশ' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি। [বিণ।

উদেস—উদাস; অনাবৃত। প্রাঃ, কবিপ্র।

উদো—১। অনির্দ্দিষ্ট ব্যক্তি। দেশজ। বি। ২। নির্ব্বোধ; বোকা। বিণ।

উদ্গত—ঊর্দ্ধগত; উদিত; বহির্গত; উত্থিত; উৎপন্ন। উদ্—গম্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উদ্গম, উদ্গমন—উপরদিকে ঠেলিয়া উঠা; উত্থান; উদয়; উৎপত্তি। উৎ—গম্+অপ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

উদ্গলিত—বহিরাগত, নিঃসৃত। উৎ—গল্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উদ্গাতা (উদ্গাতৃ)—১। উচ্চৈঃস্বরে গানকর্ত্তা। উৎ—গৈ+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী। ২। সামবেদপাঠক। বি; পুং।

উদ্গার—বমন; মুখ হইতে বায়ুনির্গম, ঢেঁকুর; উচ্চারণ। উৎ—গৄ+ঘঞ্ ভাববা। বি; পুং।

উদ্গারী (—রিন্)—বমনকারী; বর্ষণকারী; উচ্চারণকারী; ঊর্দ্ধে ক্ষেপণকারী। উৎ—গৄ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

উদ্গিরণ—উদ্গার, বমন, ঊর্দ্ধে নিক্ষেপ। উৎ—গৄ+অনট্ ভাববা। বি; ক্লীব।

উদ্গীত—উচ্চৈঃস্বরে গীত। উৎ—গৈ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উদ্গীতি—উচ্চৈঃস্বরে গান; আর্য্যা-ছন্দোবিশেষ। উদ্—গৈ+ক্তি ভাববা, করণবা। বি; স্ত্রী।

উদ্গীথ—সামগান; সামবেদধ্বনি; সামবেদের অংশবিশেষ; প্রণব। উৎ—গৈ+থক্ কর্ম্মবা। বি; পুং।

উদ্গীর্ণ—যাহা 'উদ্গিরণ করা হইয়াছে এরূপ; বান্ত, বমিত; নির্গত; উৎসৃষ্ট; উচ্চারিত; প্রতিবিম্বিত। উৎ—গৄ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্ণা।

উদ্গ্রীব—আগ্রহান্বিত; ব্যগ্র; উৎসুক; ব্যাকুল। উৎ (উন্নত) গ্রীবা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা।

উদ্ঘট্টন—আঘাত, ধাক্কা মারা; উন্মোচন। উৎ—ঘট্ট্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উদ্ঘট্টিত—আহত; উন্মোচিত। উৎ—ঘট্ট্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উদ্ঘাটক—১। প্রকাশক, উন্মোচনকারী, যে খুলে; উত্তোলনকারী। উৎ—ণিজন্ত ঘট্ (=ঘাটি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—কা। ২। কূপের জল তুলিবার যন্ত্রবিশেষ, ঘটি; চাবি। বি; পুং বা ক্লীব।

উদ্ঘাটন—১। উন্মোচন, খুলা; উল্লেখ। উৎ—ণিজন্ত ঘট্ (=ঘাটি)+অনট্ ভাববা। ২। কূপের জল তুলিবার যন্ত্র। উৎ—ণিজন্ত ঘট্ (=ঘাটি) +অনট্ করণবা। বি; ক্লীব।

উদ্ঘাটিত—উন্মোচিত; প্রকাশিত। উৎ—ণিজন্ত ঘট্ (=ঘাটি)+ক্ত, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উদ্ঘাত—১। প্রতিঘাত, ঠোকর লাগা; পাদস্খলন; উপক্রম; কুম্ভক। উৎ—হন্+ঘঞ্ ভাববা। ২। অস্ত্রবিশেষ, মুদ্গর প্রভৃতি; গ্রন্থপরিচ্ছেদ; অরঘট্ট। উৎ—হন্+ঘঞ্ করণবা। বি; পুং।

উদ্ঘাতন—কোন রাশির বর্গ ঘন প্রভৃতি নির্ণয় (Involution). উৎ—হন্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উদ্ঘাতী (—তিন্)—উদ্ঘাতকারী; উঁচুনীচু। উৎ—হন্+ণিচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তিনী।

উদ্ঘোষ—উচ্চশব্দ। উদ্—ঘুষ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উদ্দণ্ড—১। উন্নতদণ্ডধারী, লাঠি তুলিয়াই আছে এরূপ; উৎকটদণ্ডকারী; প্রচণ্ড প্রতাপান্বিত; উদ্যত, উপক্রান্ত। উৎ (উন্নত) দণ্ড যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণ্ডা। ২। উন্নত দণ্ড, উত্তোলিত লাঠি। প্রাদিতৎ। বি; পুং।

উদ্দণ্ডনৃত্য—শরীর লাঠির মত সোজা

রাখিয়া হাত তুলিয়া নাচা। উদ্দণ্ডবৎ নৃত্য, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

উদ্দাম—দুর্দ্দমনীয় ; উচ্ছৃঙ্খল ; স্বেচ্ছাচারী ; বন্ধনভ্রষ্ট ; উৎকট। উৎ—দম্+ঘঞ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—মা।

উদ্দামা (—মন্)—উচ্ছৃঙ্খল ; উৎকট ; স্বেচ্ছাচারী ; বন্ধনরহিত। উৎক্রান্ত দামকে (বন্ধনকে), প্রাদিতৎ। বিণ ; স্ত্রী।

উদ্দিষ্ট—উপদিষ্ট ; লক্ষ্যীকৃত ; অভিপ্রেত ; যাহার অনুসন্ধান করা হইয়াছে বা উদ্দেশ পাওয়া গিয়াছে এরূপ। উৎ—দিশ্+ক্ত কর্ম্মবা। স্ত্রী,—ষ্টা।

উদ্দীপক—প্রকাশক, উদ্ভাবক ; উত্তেজক, বৃদ্ধিকারক। উৎ—দীপ্+ণিচ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

উদ্দীপন—১। প্রকাশ ; উত্তেজন ; উৎসাহ ; প্রজ্বলন ; বর্দ্ধিতকরণ ; প্রবলকরণ। উৎ—দীপ্+ণিচ্+অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। উদ্দীপক, উত্তেজক। উৎ—দীপ্+ণিচ্+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

উদ্দীপনবিভাব—শৃঙ্গাররসের বিভাববিশেষ ; নায়ক-নায়িকার চেষ্টাদি ও স্রক্-চন্দন-ভ্রমরগুঞ্জনাদি। উদ্দীপনজনক বিভাব, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

উদ্দীপনা—উদ্দীপন (সকল অর্থে)। উৎ—দীপ্+ণিচ্+অন ভাববা+আপ্। বি ; স্ত্রী।

উদ্দীপনাময়—উত্তেজক ; উৎসাহজনক ; তেজস্কর। উদ্দীপনা+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী,—য়ী।

উদ্দীপিত—প্রকাশিত ; উত্তেজিত ; প্রজ্বলিত ; বর্দ্ধিত। উৎ—ণিজন্ত দীপ্ (=দীপি) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উদ্দীপ্ত—প্রকাশপ্রাপ্ত ; বৃদ্ধিপ্রাপ্ত ; আলোকিত ; প্রজ্বলিত, জ্বলিয়া উঠিয়াছে এরূপ। উৎ—দীপ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—প্তা।

উদ্দেশ—১। প্রদেশ। উৎ—দিশ্+ঘঞ্ কর্ম্মবা। ২। অন্বেষণ, অনুসন্ধান ; অভিসন্ধি ; উল্লেখ ; নাম দ্বারা কথন ; কারণ ; সন্ধান ; লক্ষ্য ; সংবাদ। উৎ—দিশ্+ঘঞ্ ভাববা। বি ; পুং। [সন্ধানার্থে। ক্রি-বিণ।

উদ্দেশে—মনে করিয়া, নির্দ্দেশানুযায়ী ;

উদ্দেশক—লক্ষ্যকারী, উদ্দেশকারী। উৎ—দিশ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—শিকা।

উদ্দেশ্য—প্রয়োজন, তাৎপর্য্য, অভিপ্রায়, অভিসন্ধি। উৎ—দিশ্+ণ্যৎ কর্ম্মবা। বি ; ক্লীব।

উদ্দেশ্যবিহীন,—শূন্য,—হীন—লক্ষ্যহীন ; তাৎপর্য্যরহিত ; নিষ্প্রয়োজন ; বৃথা। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না,—ন্যা,—না।

উদ্দেশ্যানুরূপ—অভিপ্রায়ানুরূপ, মতলবমত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—পা।

উদ্দ্যোত—দ্যুতি ; প্রকাশ ; আতপ, রৌদ্র। উৎ—দ্যুত্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

উদ্দ্যোতক—প্রকাশকারী ; উদ্দীপক। উৎ—দ্যুৎ+ণিচ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তিকা।

উদ্দ্যোতন—প্রকাশকরণ ; উদ্দীপ্তকরণ। উৎ—দ্যুৎ+ণিচ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উদ্ধত—অবিনীত, গোঁয়ার, দুরন্ত ; ধৃষ্ট ; উৎক্ষিপ্ত ; উৎকট। উৎ—হন্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উদ্ধতচারিতা—অবিনীত আচরণ, ঔদ্ধত্য। উদ্ধতচারিন্+তা ভাবে। বি ; স্ত্রী।

উদ্ধতচারী (—চারিন্)—উদ্ধতকার্য্যকারী, অবিনীত, ধৃষ্ট। উপতৎ। উদ্ধত—চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

উদ্ধতপ্রকৃতি—উদ্ধতস্বভাব (সকল অর্থে)। বিণ বা বি।

উদ্ধতভাষী (—ভাষিন্)—দাম্ভিকবক্তা ; যে অবিনীতভাবে কথা বলে। উপতৎ। উদ্ধত—ভাষ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ষিণী।

উদ্ধতস্বভাব—১। দুর্ব্বিনীত চরিত্র ; ধৃষ্টা প্রকৃতি। কর্ম্মধা। বি ; পুং। ২। দুর্ব্বিনীত-প্রকৃতিবিশিষ্ট ; ধৃষ্টচরিত্র ; দাম্ভিক। উদ্ধত স্বভাব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা।

উদ্ধরণ—উদ্ধার ; ঋণশোধ ; উত্তোলন ; অন্যের বাক্য অবিকল তোলা। উৎ—হৃ বা ধৃ+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উদ্ধরণীয়—উৎপাটনীয় ; উত্তোলনীয় ; উদ্ধরণযোগ্য ; দূরীকরণীয়। উৎ—হৃ বা ধৃ +অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

উদ্ধর্ত্তা, (—র্ত্তৃ), —র্তা—উদ্ধারকর্ত্তা ; উত্তোলনকারী ; ঋণশোধকারী ; পৃষ্ঠপোষক। উৎ—হৃ বা ধৃ+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্রী।

উদ্ধার—মোচন, মুক্তি : ঋণপরিশোধ; উত্তোলন : অন্যের বাক্য অবিকল তোলা। উৎ—হৃ বা ধৃ+ঘঞ্ ভাববা। বি ; পুং।

উদ্ধারক—উদ্ধারকর্ত্তা, মোচক, পরিত্রাতা ; ঊর্দ্ধে ধারণকর্ত্তা ; উত্তোলক। উৎ—হৃ বা ধৃ +ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

উদ্ধারকর্ত্তা (—কর্ত্তৃ), —কর্তা—উদ্ধর্ত্তা, মোচনকারী, পরিত্রাতা, মুক্তিসাধক, বিপন্নি-বারক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—র্ত্রী।

উদ্ধার-চিহ্ন—অন্যের বাক্য অবিকল তুলিলে তাহার উভয় পার্শ্বে যে চিহ্ন ব্যবহৃত হয় (“ ”) ; ইং Quotation marks. উদ্ধারসূচক চিহ্ন, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

উদ্ধারণ—১। ঊর্দ্ধে ধারণ ; উত্তোলন ; পরিত্রাণ করান। উদ্—ণিজন্ত হৃ (=হারি) +অনট ভাববা। বি ; ক্লীব।

উদ্ধারার্থ,—র্থে—পরিত্রাণের নিমিত্ত, মুক্তির জন্য। উদ্ধারের নিমিত্ত ইহা, এই বাক্যে নিত্য। ক্রি-বিণ।

উদ্ধৃত—মোচিত ; উত্তোলিত, যাহা তুলা হইয়াছে ; অপরের লেখা হইতে গৃহীত ; উল্লিখিত ; সংগৃহীত। উৎ—হৃ বা ধৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উদ্ধৃতাংশ—১। উত্তোলিতভাগ, যাহার কোন অংশ তুলিয়া লওয়া হইয়াছে এরূপ। উদ্ধৃত অংশ যাহার বা যাহা হইতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—শা। ২। গৃহীত ভাগ। কর্ম্মধা। বি ; পুং।

উদ্ধৃতি—উত্তোলন, মোচন, উৎক্ষেপণ ; উদ্ধৃত অংশ। উৎ—হৃ বা ধৃ+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

উদ্বন্ধন—১। গলে রজ্জু দিয়া ঊর্দ্ধে বন্ধন ; গলায় দড়ি দিয়া মরা, ফাঁসি। উৎ—বন্ধ্ +অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। বন্ধন-মুক্ত। উৎ (উৎক্রান্ত) বন্ধনকে, প্রাদিতৎ। বিণ।

উদ্বমন—উদ্গিরণ, বমন, বমি করা। উৎ—বম্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উদ্বর্ত্ত(র্ত)—১। অতিরেক, আধিক্য। উৎ—বৃত্+ঘঞ্ ভাববা। বি ; পুং। ২। অতিরিক্ত ; ব্যয়াবশিষ্ট। উৎ—বৃৎ+অচ্ কর্ত্তৃবা। বিণ।

উদ্বর্ত্ত(র্ত)ক—বর্দ্ধক ; গাত্রমার্জ্জনকারী। উৎ—বৃৎ+ণিচ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিকা।

উদ্বর্ত্ত(র্ত)ন—চন্দনাদি দ্বারা মলশোধন ; ঘর্ষণ ; উৎপতন ; উল্লুণ্ঠন ; জীবনসংগ্রাম বা প্রাকৃতিক নির্ব্বাচনের ফলে টিকিয়া থাকা (Survival). উদ্—ণিজন্ত বৃত্ (=বর্ত্তি)+ অনট্ ভাববা। বি ; ক্লীব।

উদ্বান্ত—১। উদ্গীর্ণ, বমিত, যাহা বমি করা হইয়াছে এরূপ। উৎ—বম্+ক্ত কর্ম্মবা। ২। উদ্গত। উৎ—বম্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ন্তা।

উদ্বায়ী (—য়িন্)—যাহা উবিয়া যায় (Volatile). উৎ—বা+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

উদ্বাসন—বিসর্জ্জন ; নির্ব্বাসন ; বধ। উৎ—ণিজন্ত বস্ (=বাসি)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উদ্বাসিত—নির্ব্বাসিত ; বিসর্জ্জিত (Deported). উৎ—বস্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উদ্বাস্তু—১। বাসভূমির সংলগ্ন ভূখণ্ড। বি ; পুং। ২। বাস্তুচ্যুত, ভিটাছাড়া। উদ্বাস্ত (দূরীভূত) বাস্তু হইতে, প্রাদিতৎ। বিণ।

উদ্বাহ—বিবাহ। উৎ—বহ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

উদ্বাহন—বিবাহদান; উদ্ধারসাধন। উৎ—ণিজন্ত বহ্‌ (=বাহি)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

উদ্বাহিত—বিবাহিত। উৎ—ণিজন্ত বহ্‌ (=বাহি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উদ্বাহী (উদ্বাহিন্‌)—ঊর্দ্ধে বহনকারী; বহনকর্ত্তা, বাহক; উত্তোলক; বিবাহকারী। উৎ—বহ্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হিনী।

উদ্বাহু—ঊর্দ্ধবাহু, উপরদিকে হাত তুলিয়া রাখিয়াছে এরূপ; অনায়ত্ত বস্তুতে লোভ-কারী। উন্নমিত বাহু যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ।

উদ্বিগ্ন—ভীত; উদ্বেগযুক্ত, উৎকণ্ঠিত; কুণ্ঠিত। উদ্‌—বিজ্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—গ্না।

উদ্বুদ্ধ—১। বিকসিত; প্রবুদ্ধ। উৎ—বুধ্‌+ক্ত কর্ত্তৃবা। ২। অনুস্মৃত, যাহা মনে পড়িয়াছে এরূপ। উৎ—বুধ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

উদ্বৃত্ত—উৎক্ষিপ্ত; উদ্‌ঘূর্ণিত; উত্থিত; অতিরিক্ত, বাড়তি। উৎ—বৃত্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্তা।

উদ্বেগ—১। উৎকণ্ঠা; ভয়; ত্বরা; উদ্‌গমন। উৎ—বিজ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং। ২। বেগবান্‌; বেগহীন। উৎ (উৎকৃষ্ট বা উদ্গত) বেগ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—গা।

উদ্বেজক—উদ্বেগজনক। উৎ—বিজ্‌+ণিচ্‌+অক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জিকা।

উদ্বেজন—১। উৎকণ্ঠা, ভয়, উদ্বেগ; কম্পন; ক্লেশ। উৎ—বিজ্‌+অনট্‌ ভাববা। ২। উদ্বেগ জন্মান। উৎ—বিজ্‌+ণিচ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

উদ্বেজয়িতা (—য়িতৃ)—উদ্বেগজনক। উৎ—বিজ্‌+ণিচ্‌+তৃচ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

উদ্বেজিত—ভয়প্রাপিত; ক্লেশিত; উত্যক্ত। উৎ—ণিজন্ত বিজ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উদ্বেল—কূলাতিক্রান্ত; সীমাতিক্রান্ত; উচ্ছলিত। উৎক্রান্ত বেলাকে, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—লা।

উদ্বেলিত—১। উদ্বেল (তাহা দ্রঃ)। ২। উদ্বেলীকৃত; চরমসীমায় উপস্থাপিত; ব্যাকুলীকৃত। উদ্বেল+ণিচ্‌ (=উদ্বেলি নামধাতু)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উদ্বেষ্টন—১। উষ্ণীষ, পাগড়ী। উৎ—বেষ্ট্‌+অনট্‌ করণবা। ২। আবরণ; বন্ধন; বন্ধনমোচন। উৎ—বেষ্ট্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব। ৩। বেষ্টনরহিত; বন্ধনমুক্ত। উৎক্রান্ত বেষ্টনকে, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—না।

উদ্বোধ—কিঞ্চিৎ বোধ; স্মরণ। উৎ—বুধ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

উদ্বোধক—উদ্দীপক; প্রকাশক: উদ্বোধকারক, স্মারক। উৎ—ণিজন্ত বুধ্‌ (=বোধি)+ণক কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ধিকা।

উদ্বোধন—বোধোৎপাদন, জ্ঞাপন; জাগান; চেতনা সম্পাদন। উৎ—ণিজন্ত বুধ (=বোধি)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

উদ্ভট—১। প্রসিদ্ধ; উৎকট; শ্রেষ্ঠ; মহাশয়, মহাত্মা; গ্রন্থবহির্ভূত। উৎ—ভট্‌+অচ্‌ কর্ত্তৃবা। স্ত্রী,—টা। ২। আজগুবি, অদ্ভুত। দেশজ। বিণ।

উদ্ভট্টি,—ট্টী—গ্রন্থবহির্ভূত, পুস্তকে অপ্রাপ্য, যাহা বাহির হইতে পাওয়া যায় এরূপ; অদ্ভুত, আজগুবি। 'উদ্ভট' শব্দজ। বিণ।

উদ্ভব—১। উৎপত্তি, জন্ম। উদ্‌—ভূ+অপ্‌ ভাববা। ২। জন্মস্থান; যাহা হইতে কোন কিছু উৎপন্ন হয়। উৎ—ভূ+অপ্‌ অপাবা। বি; পুং।

উদ্ভাবক—উদ্ভাবনকর্ত্তা; আবিষ্কারক; পরিকল্পক। উৎ—ণিজন্ত ভূ+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—বিকা।

উদ্ভাবন, —না—কল্পনা, চিন্তন; বিরচন; আবিষ্কার; অজ্ঞাত বিষয় প্রকাশকরণ;

উৎপাদন। উৎ—ভাবি+অনট্ ভাববা, পক্ষে +আপ্। বি; ক্লীব, স্ত্রী।

উদ্ভাবনীয়, উদ্ভাব্য—উদ্ভাবনযোগ্য; কল্পনীয়; চিন্তনীয়; সম্পাদনীয়। উদ্—ণিজন্ত ভূ+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —য়া, —ব্যা।

উদ্ভাবয়িতা (—য়িতৃ)—উদ্ভাবক (তাহা দ্রঃ)। উৎ—ভূ+ণিচ্+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —য়িত্রী।

উদ্ভাবিত—কল্পিত; চিন্তিত; রচিত; উৎপাদিত। উৎ—ণিজন্ত ভূ (=ভাবি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

উদ্ভাসক—উদ্দীপক, দীপ্তিকারক। উৎ—ভাস্ +ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, —সিকা।

উদ্ভাসন—উদ্দীপন, আলোকিতকরণ। উৎ—ভাস্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উদ্ভাসিত—দীপ্ত; আলোকিত; প্রকাশিত; শোভিত। উৎ—ভাস্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

উদ্ভিজ্জ—১। উদ্ভিদ্ হইতে জাত, যাহা গাছপালা হইতে জন্মে। উপতৎ। উদ্ভিদ্—জন্+ড কর্তৃবা। বিণ। স্ত্রী, —জ্জা। ২। উদ্ভিদ্, গাছপালা। বি; ক্লীব।

উদ্ভিজ্জবিদ্যা, উদ্ভিদ্বিদ্যা—যে শাস্ত্রের দ্বারা উদ্ভিদ্বিষয়ক সকল তত্ত্ব জানা যায় (Botany). মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

উদ্ভিজ্জভোজী (—জিন্), উদ্ভিদ্ভোজী (—ভোজিন্)—তৃণভোজী; নিরামিষাশী। উপতৎ। উদ্ভিজ্জ, উদ্ভিদ্—ভুজ্ +ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —জিনী।

উদ্ভিজ্জাণু—দৃষ্টির অগোচর ক্ষুদ্র ক্ষুদ্র উদ্ভিদ্। উদ্ভিজ্জের অণু, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উদ্ভিজ্জাশী (—শিন্)—তৃণভোজী, ফলমূলাদিভোজী; নিরামিষভোজী। উপতৎ। উদ্ভিজ্জ—অশ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —শিনী।

উদ্ভিৎ (উদ্ভিদ্), উদ্ভিদ—১। ভূমি ভেদপূর্ব্বক জননশীল, যাহা মৃত্তিকা ভেদ করিয়া জন্মে। উৎ—ভিদ্+কিপ্, ক কর্তৃবা। বিণ। ২। গাছপালা ঘাস ছাতা শেওলা প্রভৃতি যে সমস্ত পদার্থ মাটিতে জন্মে। বি; পুং।

উদ্ভিদ্তত্ত্বজ্ঞ—উদ্ভিদ্বেত্তা, তরুলতাবিষয়ে অভিজ্ঞ (Botanist). । উপতৎ। উদ্ভিদ্তত্ত্ব—জ্ঞা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, —জ্ঞা।

উদ্ভিদোদ্যান—উদ্ভিদ্বিদ্যার অনুশীলনার্থ কৃত উদ্যান, যে উদ্যানে নানাবিধ বৃক্ষলতাদি রোপিত হইয়াছে তাহা (Botanical garden). উদ্ভিদ্বিষয়ক উদ্যান, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

উদ্ভিদ্বিদ্যা—উদ্ভিদ্বিজ্ঞান, তরুলতাপুষ্পাদিবিষয়িণী বিদ্যা (Botany). উদ্ভিদ্বিষয়িণী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

উদ্ভিদ্বেত্তা (—বেত্তৃ)—উদ্ভিদ্তত্ত্বজ্ঞ (Botanist). উপতৎ। উদ্ভিদ্—বিদ্+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —ত্রী।

উদ্ভিদ্ভোজী (—ভোজিন্)—উদ্ভিজ্জভোজী দ্রঃ।

উদ্ভিন্ন—১। উৎপন্ন; উত্থিত; প্রকাশিত। উৎ—ভিদ্+ক্ত কর্তৃবা। ২। দলিত; বহুধা বিভক্ত। উৎ—ভিদ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —ন্না।

উদ্ভূত—উৎপন্ন; সংঘটিত; উদিত; উন্নত; প্রত্যক্ষযোগ্য। উৎ—ভূ+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

উদ্ভেদ—উৎপত্তি; প্রকাশ; উদ্গম; স্ফুরণ; রোমাঞ্চ; পৃথিবীর উপরে স্তরবিশেষের উদ্ভব (Outcrop). উৎ—ভিদ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উদ্‌ভ্রম—ঊর্দ্ধভ্রমণ; উদ্বেগ, উৎকণ্ঠা; আকুলতা; উন্মাদ, বুদ্ধিলোপ। উৎ—ভ্রম্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উদ্‌ভ্রান্ত—ভ্রান্ত; আকুলিত; বিহ্বল, হতবুদ্ধি; পাগল; ব্যস্ত; আঘূর্ণিত; উচ্ছৃঙ্খলভাবে ভ্রমণশীল। উৎ—ভ্রম্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, —ন্তা।

উদ্‌ভ্রান্তহৃদয়—১। আকুলিত চিত্ত, বিহ্বল

মন। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। আকুলচিত্ত, ব্যাকুলমনাঃ। উদ্‌ভ্রান্ত হৃদয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্না।

উদ্যত—উদ্‌যুক্ত, উন্মুখ ; প্রবৃত্ত ; উত্থিত ; উত্তোলিত। উৎ—যম্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উদ্যতদণ্ড—দণ্ডদানে উদ্যত ; উদ্দণ্ড, লাঠি তুলিয়া (বা উঁচাইয়া) আছে এরূপ। উদ্যত দণ্ড যাহার বা যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণ্ডা।

উদ্যতবাহু—১। উন্নত হস্ত। কর্ম্মধা। বি ; পুং। ২। উত্তোলিতবাহু, যে হাত তুলিয়াছে এরূপ। উদ্যত বাহু যৎ কর্ত্তৃক, বহুব্রী। বিণ।

উদ্যম—উদ্যোগ, উৎসাহ, প্রয়াস ; উত্থান ; উপক্রম। উদ্—যম্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

উদ্যমন—উত্তোলন ; উৎসাহদান ; উৎক্ষেপণ। উৎ—যম্‌+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

উদ্যমশীল—উৎসাহশীল, উদ্যোগী। উদ্যম শীল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

উদ্যমী (উদ্যমিন্)—উদ্যোগযুক্ত, চেষ্টাবান্। উদ্যম শব্দ+ইন্‌ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —মিনী।

উদ্যান—উপবন, বাগান। উদ্—যা (যাওয়া) +অনট্‌ অধিবা। বি ; ক্লীব।

উদ্যানকুসুম,—পুষ্প—উপবনজাত পুষ্প, বাগানের ফুল ; আরামলভ্য উৎকৃষ্ট বস্তু। উদ্যানজাত কুসুম, পুষ্প, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

উদ্যানগৃহ,—বাটিকা, —বাটী—উপবনমধ্যস্থ গৃহ, বাগানবাড়ী। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব, স্ত্রী। [গাছ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

উদ্যানতরু—উপবনজাত বৃক্ষ, বাগানের

উদ্যানপাল—উদ্যানরক্ষক, বাগানের মালী। উপতৎ। উদ্যান—পালি+অণ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লী।

উদ্যানপালক, —রক্ষক—উপবনরক্ষক ; বাগানের মালী। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। স্ত্রী, —লিকা,—রক্ষিকা।

উদ্যান-সম্মিলন, —সম্মেলন—উদ্যানে প্রীতিভোজ ; আমোদের জন্য বাগানে বন্ধুবান্ধবের সমাবেশ (Garden-party). ৭মীতৎ। বি ; ক্লীব।

উদ্‌যাপন—ব্রতাদি সমাপন, নির্ব্বাহ। উৎ—ণিজন্ত যা (=যাপি)+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

উদ্‌যাপিত—যাহার উদ্‌যাপন করা হইয়াছে এরূপ, সমাপিত। উৎ—ণিজন্ত যা (=যাপি) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উদ্‌যুক্ত—উদ্যোগবিশিষ্ট, চেষ্টিত ; উদ্যত ; উৎসাহিত। উৎ—যুজ্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ক্তা।

উদ্যোক্তা (—ক্তৃ)—আয়োজনকারী, উৎসাহী ; উদ্যোগী। উৎ—যুজ্‌+তৃন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ক্ত্রী।

উদ্যোগ—উদ্যম ; চেষ্টা ; যত্ন ; উৎসাহ ; আয়োজন। উৎ—যুজ্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

উদ্যোগী (উদ্যোগিন্)—চেষ্টিত, যত্নশীল, উদ্যমপরায়ণ ; উৎসাহী। উদ্যোগ+ইন্‌ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—গিনী।

উদ্‌যোজক—প্রবর্ত্তক, উদ্যোগী। উৎ—যুজ্‌ +ণিচ্‌+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জিকা।

উদ্রিক্ত—উত্তেজিত, অতিশয়িত ; স্ফুট ; সঞ্চারিত। উৎ—রিচ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ক্তা।

উদ্রেক—বৃদ্ধি ; অতিশয় ; সঞ্চার, উপক্রম ; উদয় ; উত্তেজন। উৎ—রিচ্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

উধাও—ঊর্দ্ধমুখে ধাবিত ; অদৃশ্য, ঊর্দ্ধে উঠিয়া অদৃশ্য ; নিরুদ্দেশ। 'ঊর্দ্ধাবুক' বা 'উদ্ধাবন' শব্দজ। বিণ।

উধার—১। উদ্ধার। বি। ২। উদ্ধার কর। প্রাঃ কবিপ্র। ক্রি। ৩। ধার, দেনা, কর্জ্জ। হিন্দীমূলক। বি।

উন—১। অল্প। 'ঊন' শব্দজ। বিণ। ২। পশম। 'ঊর্ণা' শব্দজ। বি।

উনকুটি, উনকুটি-চৌষট্টি—খুঁটিনাটি কিছুই প্রায় বাদ না দিয়া, প্রায় সম্পূর্ণ, খুঁটাইয়া; তন্ন তন্ন। গ্রাম্য। বিণ।

উনন, উনান, উনুন—রন্ধনচুলী, চুলা, আকা। 'উদধ্মান' শব্দজ। বি।

উননমুখী—উনানমুখী (তাহা দ্রঃ)।

উননমুখো—পোড়ারমুখো। উনন মুখে যাহার, বহুব্রী। গ্রাম্য গালি। বিণ; পুং।

উনপাঁজুরে—ন্যূনপঞ্জরাস্থিবিশিষ্ট, দুর্ব্বল; অভাগা। বিণ।

উনান—উনন দ্রঃ।

উনানমুখী—(স্ত্রীলোকদিগের গালিতে) যাহার গণ্ডস্থলদ্বয় এবং ললাটদেশ উচ্চ এরূপ নারী; পোড়ারমুখী। উনানের ন্যায় মুখ যাহার, বহুব্রী+ঈ। বিণ; স্ত্রী।

উনি—(সম্মানসূচক) ঐ বা সেই ব্যক্তি, সম্মুখস্থ জন; পতি, ভর্ত্তা। 'অদস্' শব্দজ। সর্ব্ব।

উনিশ, উনিশে—ঊনিশ, ঊনিশে দ্রঃ।

উনুন—উনন দ্রঃ।

উন্দুর, উন্দুরু—মূষিক, ইঁদুর। উন্দ্+উর, উর কর্তৃবা সংজ্ঞার্থে। বি; পুং।

উন্নত—উচ্ছ্রিত, উচ্চ; মহৎ, উদার, উৎকৃষ্ট; গৌরবান্বিত; স্ফীত। উৎ—নম্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উন্নতচিত্ত—উদারহৃদয়, মহাশয়। উন্নত চিত্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা।

উন্নতচেতাঃ (—চেতস্), —চেতা, —মনাঃ (—মনস্), —মনা—উদারহৃদয়। বহুব্রী। বিণ।

উন্নতশীর্ষ—উচ্চমস্তক; সর্ব্বাধিক মাননীয়, গণনীয়। বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ষা।

উন্নতানত—উচ্চাবচ, উচ্চনীচ, বন্ধুর, উঁচু-নীচু। যে উন্নত সেই আনত, কর্ম্মধা। বিণ। স্ত্রী,—তা।

উন্নতি—১। উচ্ছ্রায়, উচ্চতা; বৃদ্ধি; সমৃদ্ধি; শ্রীবৃদ্ধি; অভ্যুদয়; ঔদ্ধত্য। উৎ—নম্+ক্তি ভাববা। বি; স্ত্রী। ২। (জ্যামিতিতে) ত্রিভুজের শীর্ষকোণ হইতে ভূমির উপর পাতিত লম্ব বা তাহার দৈর্ঘ্য (Altitude). উৎ—নম্+ক্তি করণবা। বি; স্ত্রী।

উন্নতিশীল—বৃদ্ধিশীল; যে বা যাহা নিত্য উন্নতিপ্রাপ্ত হইতেছে এরূপ; উদীয়মান। বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

উন্নতিসাধক—শ্রীবৃদ্ধিসম্পাদনকারী। ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী,—ধিকা।

উন্নতিসাধন—শ্রীবৃদ্ধিসম্পাদন, উৎকর্ষবিধান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

উন্নদ্ধ—উদ্বদ্ধ, ঊর্দ্ধে সংযত; স্ফীত; উৎকট; বন্ধনমুক্ত, উন্মোচিত। উৎ—নহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

উন্নমন—উত্থাপন, উত্তোলন, উন্নতি। উৎ—ণিজন্ত নম্ (=নমি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

উন্নমিত—উচ্চীকৃত; উত্তোলিত। উদ্—ণিজন্ত নম্ (=নমি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উন্নয়ন—ঊর্দ্ধে নয়ন; উত্তোলন; উন্নতি; উন্নতিসাধন; অনুমান; বিতর্ক। উৎ—নী+অনট্ ভাববা। বি; ক্লীব।

উন্নিদ্র—নিদ্রাহীন। উত্থিত নিদ্রা হইতে, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—দ্রা।

উন্নীত—ঊর্দ্ধে নীত; উন্নতিপ্রাপিত; বিতর্কিত; অনুমিত। উৎ—নী+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উন্নেতা (উন্নেতৃ)—যে উপরদিকে লইয়া যায়; উত্তোলক, উত্থাপক; উন্নতিসাধক, শ্রীবৃদ্ধিসম্পাদক, পরিবর্দ্ধক। উৎ—নী+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

উন্নেয়—উন্নয়নযোগ্য; উত্থাপনীয়; ঊর্দ্ধে স্থাপনীয়। উৎ—নী+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

উন্মজ্জন—জলাদির মধ্য হইতে উত্থান, ভাসা। উদ্—মস্জ্+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, উন্মগ্ন।

উন্মত্ত—১। উন্মাদগ্রস্ত, ক্ষিপ্ত, পাগল; বাহ্-

জ্ঞানশূন্য, তন্ময়; মাতাল। উদ্—মদ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ত্তা। ২। ভৈরববিশেষ। বি; পুং।

উন্মত্ততা—রোগবিশেষ, উন্মাদ, বুদ্ধিভ্রংশ, ক্ষিপ্ততা; আত্মবিস্মৃতি, তন্ময়তা। উন্মত্ত +তা ভাবার্থে। বি; স্ত্রী।

উন্মত্তপ্রায়—ক্ষিপ্তপ্রায়, পাগলের মত। প্রায় উন্মত্ত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—য়া।

উন্মত্তবৎ—পাগলের মত। উন্মত্ত+বতিচ তুল্যার্থে। অব্য।

উন্মথন—অতিমন্থন, আলোড়ন; মর্দ্দন; হনন, বধসাধন, নাশন। উৎ—মন্থ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উন্মথিত—মর্দ্দিত; বিলোড়িত; নিহত; ব্যথিত; অভিভূত। উৎ—মন্থ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উন্মদ—উন্মাদগ্রস্ত, পাগল; জ্ঞানশূন্য। উদ্গত মদ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—দা।

উন্মনাঃ (উন্মনস্), উন্মনা—উৎকণ্ঠিত; ব্যাকুল; উৎসুক; অন্যমনস্ক। উৎকণ্ঠিত হইয়াছে মনঃ যাহার, বহুব্রী। বিণ।

উন্মন্থ,—ন—আলোড়ন, আন্দোলন, আবর্ত্তন, ঘাঁটা বা ঘোঁটা; বধ, মারণ। উৎ—মন্থ্ +ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

উন্মাদ—১। চিত্তবিভ্রম; বায়ুরোগবিশেষ; বাতুলতা; বুদ্ধিভ্রংশ; পাগলামি। উৎ—মদ্ +ঘঞ্ ভাববা। বি; পুং। ২। উন্মত্ত, ক্ষিপ্ত; বাতুল, পাগল। উন্মাদ+অচ্ অস্ত্যর্থে। বিণ।

উন্মাদক—উন্মাদজনক, উন্মত্ততাকারক। উদ্—ণিজন্ত মদ্ (=মাদি)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—দিকা।

উন্মাদকর—উন্মত্ততাজনক; মাদক; যাহা হিতাহিতজ্ঞান নষ্ট করিয়া দেয় এরূপ। উপতৎ। উন্মাদ—কৃ+ট কর্তৃবা। বিণ। স্ত্রী,—রী। [বিণ। স্ত্রী,—স্তা।

উন্মাদগ্রস্ত—ক্ষিপ্ত; জ্ঞানশূন্য। ৩য়াতৎ।

উন্মাদন—১। উন্মত্তকরণ, পাগল করা। উৎ—ণিজন্ত মদ্ (=মাদি)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। কন্দর্পের বাণবিশেষ। উৎ—ণিজন্ত মদ্ (=মাদি)+অন কর্তৃবা। বি; পুং। ৩। উন্মত্ততাকারক। উৎ—মদ্+ণিচ্+অনট্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—নী।

উন্মাদনা—উন্মাদন; উন্মাদক প্রবল উত্তেজনা। উৎ—মাদি+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

উন্মাদপ্রায়—পাগলের মত। প্রায় উন্মাদ, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—য়া।

উন্মাদাগার—পাগলা-গারদ (Lunatic asylum). উন্মাদদিগের আগার, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

উন্মাদিত—যাহাকে উন্মত্ত করা হইয়াছে এরূপ। উদ্—ণিজন্ত মদ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উন্মাদী (উন্মাদিন্)—১। উন্মাদযুক্ত, উন্মত্ত। উন্মাদ+ইন্ অস্ত্যর্থে। ২। উন্মাদক, উন্মাদজনক, মত্ততাকারক। উদ্—মাদি+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

উন্মার্গ—১। উৎপথ, কুপথ; গর্হিত আচরণ। উৎসৃষ্ট অর্থাৎ পরিত্যক্ত মার্গ, প্রাদিতৎ। বি; পুং। ২। কুপথগামী; ভ্রষ্টাচারী। উৎসৃষ্ট হইয়াছে মার্গ যৎকর্তৃক, বহুব্রী। বিণ।

উন্মার্গগামী (—গামিন্)—কুপথগামী, ভ্রষ্টাচার, অসৎপথাবলম্বী। উপতৎ। উন্মার্গ—গম্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—মিনী,—গা।

উন্মিষিত—বিকশিত, প্রফুল্ল; উন্মীলিত। উৎ—মিষ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উন্মীলন—উন্মেষ, বিকাশ; (চক্ষু) খোলা। উৎ—মীল্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উন্মীলিত—বিকশিত, উন্মিষিত; প্রকাশিত খোলা হইয়াছে এরূপ (চক্ষু)। উৎ—মীল্ +ক্ত কর্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উন্মুক্ত—মুক্ত, খোলা হইয়াছে এরূপ, খালাস; খোলসা, সরল। উৎ—মুচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ক্তা।

উন্মুখ—ঊর্দ্ধমুখ ; উৎসুক ; উদ্যুক্ত, উদ্যত। উন্নমিত মুখ যৎকর্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী, —খা,—খী। বি,—তা।

উন্মূলন—উৎপাটন, উপাড়িয়া ফেলা ; সমূলে বিনাশন। উৎ—মূলি (নামধাতু)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উন্মূলয়িতা (—য়িতৃ)—উন্মূলনকর্ত্তা, উন্মূলক, উৎপাটক। উৎ—মূলি+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

উন্মূলিত—উৎপাটিত ; সমূলে বিনাশিত। উৎ—মূলি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উন্মেষ—উন্মীলন, বিকাশ ; উদ্রেক, প্রকাশ, উদয়। উৎ—মিষ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

উন্মেষিত—উন্মীলিত, প্রকাশিত। উন্মেষ+ইতচ্ বিশিষ্টার্থে। বিণ।

উন্মোচন—মোচন, উদ্ঘাটন, খুলা ; বন্ধন-মুক্ত করণ ; ছিনিয়া লওয়া। উৎ—মুচ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উন্মোচিত—উদ্ঘাটিত ; যাহা মোচন করা হইয়াছে এরূপ। উৎ—ণিজন্ত মুচ্ (=মোচি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপ—আধিক্য হীনতা সামীপ্য আসন্নতা সামর্থ্য ভূষণ সাদৃশ্য আরম্ভ দোষাখ্যান দান মারণ ইচ্ছা ব্যাপ্তি আশ্চয্যকরণ পূজা উদ্যোগ নিদর্শন তিরস্কার আনুকূল্য প্রভৃতি জ্ঞাপক উপসর্গ। বপ্+ক কর্তৃবা। অব্য।

উপকণ্ঠ—১। সমীপ, নিকট। উপগত কণ্ঠ (সামীপ্য) যৎকর্তৃক, বহুব্রী। বিণ। ২। গ্রামান্ত ; নগরান্ত। বি ; ক্লীব। ৩। কণ্ঠসমীপে। অব্যয়ী। ক্রি-বিণ।

উপকণ্ঠীয়—সমীপস্থ ; গ্রামের সীমান্তীয়। উপকণ্ঠ+ঈয় ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী,—য়া।

উপকথা—কল্পিত গল্প ; উপন্যাস ; আখ্যায়িকা। উপ (উপমিতা) কথা, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

উপকরণ—সামগ্রী ; অঙ্গদ্রব্য, উপাদান ; কোনও কার্য্যে যে দ্রব্যটি নিতান্ত প্রয়োজনীয়—যেমন, আহারে ব্যঞ্জনাদি, পূজায় পুষ্পাদি ; ছত্র-চামরাদি রাজচিহ্ন ; পরিচ্ছদ। উপ—কৃ (করা)+অনট্ করণবা। বি ; ক্লীব।

উপকর্ত্তা (—কর্তৃ), **কর্ত্তা**—উপকারী, হিতকারক। উপ—কৃ+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী—র্ত্রী।

উপকল্পন—সম্পাদন ; আয়োজন। উপ—কল্পি+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উপকল্পনা—পরিবেষণ ; খাদ্য রাখা। উপ—কল্পি+অন ভাববা+আপ্। বি ; স্ত্রী।

উপকল্পিত—সম্পাদিত ; পরিবেশিত ; আহৃত ; ন্যস্ত ; উপহৃত ; ভূষিত। উপ—কল্পি+ক্ত কর্ম্মবা। স্ত্রী,—তা।

উপকার—উপকৃতি, হিত, ইষ্ট, মঙ্গল ; সাহায্য, আনুকূল্য ; অনুগ্রহ ; উপকরণ। উপ—কৃ+ঘঞ্ ভাববা। বি ; পুং।

উপকারক—উপকারকর্ত্তা, হিতকারী বা হিতকর, মঙ্গলজনক। উপ—কৃ+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

উপকারিতা—উপযোগিতা ; হিতকরত্ব। উপকারিন্+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

উপকারী (—কারিন্)—উপকারক, হিতকারী ; আনুকূল্যকারী, ইষ্টসাধক, হিতকর। উপ—কৃ+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

উপকার্য্য(র্য)—উপকারসাধ্য, উপকার-যোগ্য, যাহার উপকার করিতে হইবে বা করা উচিত। উপ—কৃ+ণ্যৎ কর্ম্মবা যোগ্যার্থে। বিণ। স্ত্রী,—র্য্যা।

উপকার্য্যা(র্যা)—উপকারিকা ; রাজভবন, প্রাসাদ ; কৃত্রিম গৃহ ; তাঁবু। বি ; স্ত্রী।

উপকূপ—পশুগণের জলপানার্থে নির্ম্মিত চৌবাচ্চা। উপমিত কূপসহ, প্রাদিতৎ। বি ; পুং।

উপকূল—বেলাভূমি, সমুদ্র ও নদ্যাদির তীরবর্ত্তী ভূভাগ। উপগত কূলকে, প্রাদিতৎ। বি ; ক্লীব।

উপকূলবাণিজ্য—একই উপকূলে অবস্থিত

বিভিন্ন বন্দরের মধ্যে বাণিজ্য (Coasting trade). ৬ষ্ঠীতৎ। বি।

উপকৃত—যাহার উপকার করা হইয়াছে এরূপ, কৃতোপকার; অনুগৃহীত। উপ—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। বি,—তি।

উপকেশ—কৃত্রিম কেশ, পরচুলা। উপ (সদৃশ) কেশ, প্রাদিতৎ। বি; পুং।

উপক্রম—আরম্ভ; উদ্যম, উদ্যোগ; সম্যক্ বিবেচনাপূর্ব্বক আরম্ভ। উপ—ক্রম্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উপক্রমণিকা—ভূমিকা, অনুক্রমণিকা, প্রথম সূত্রপাত, পরে বাহুল্য-রূপে যে বিষয়ের বর্ণনা করা হইবে, সংক্ষেপে তাহার পূর্ব্বাভাস (Introduction). উপ—ক্রম্+অনট্ ভাববা (=উপক্রমণ)+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

উপক্রমণীয়—যাহা উপক্রম বা আরম্ভ করিতে হইবে এরূপ। উপ—ক্রম্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

উপক্রান্ত—যাহার উপক্রম করা হইয়াছে এরূপ, আরব্ধ। উপ—ক্রম্+ক্ত কর্ম্মবা। স্ত্রী,—ন্তা।

উপক্রিয়া—উপকৃতি, উপকার। উপ—কৃ+শ ভাববা+আপ্। বি; স্ত্রী।

উপক্রোশ—অপবাদ, নিন্দা। উপ—ক্রুশ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উপক্ষয়—ক্ষয়, অপচয়, হানি। উপ—ক্ষি+অচ্ ভাববা। বি; পুং।

উপক্ষার—ক্ষারযুক্ত, উদ্ভিদ্-পদার্থবিশেষ (Alkaloid). উপমিত ক্ষারসহ, প্রাদিতৎ। বি; পুং।

উপগত—১। স্বীকৃত, অঙ্গীকৃত; প্রাপ্ত; জাত। উপ—গম্+ক্ত কর্ম্মবা। ২। উপস্থিত; নিকটে গত, সন্নিহিত; মৈথুনে যুক্ত, আসক্ত, অনুরক্ত। উপ—গম্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উপগম—প্রাপ্তি; জ্ঞান; স্বীকার, অঙ্গীকার; উপস্থিতি; নিকটে গমন; আসক্তি, অনুরক্তি; সংগম; বিশেষ হইতে সামান্ত সিদ্ধান্তে গমন (Induction). উপ—গম্+অপ্ ভাববা। বি; পুং।

উপগমন—নিকটে গমন; লাভ; জ্ঞান; মৈথুন। উপ—গম্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উপগম্য—লভ্য; নিকটে গন্তব্য। উপ—গম্+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ম্যা।

উপগিরি—ক্ষুদ্রগিরি, ছোট পাহাড়; কৃত্রিম পাহাড়। উপ (হীন) গির, প্রাদিতৎ। বি; পুং। [কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপগীত—স্তুত; কীর্ত্তিত। উপ—গৈ+ক্ত

উপগুপ্ত—সুরক্ষিত; গূঢ়। উপ—গুপ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—প্তা।

উপগুরু—প্রতিনিধি গুরু; গৌণ বা পরোক্ষ গুরু; গুরুতুল্য বা গুরুস্থানীয় ব্যক্তি। উপ (সদৃশ) গুরু, প্রাদিতৎ। বি; পুং।

উপগূঢ়—গূঢ়, গুপ্ত, প্রচ্ছন্ন, লুক্কায়িত; আলিঙ্গিত। উপ—গুহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ঢ়া।

উপগূহন—আলিঙ্গন; বিস্ময়, আশ্চর্য্যবোধ। উপ—গুহ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উপগ্রহ—১। রোধ, কারাবন্ধন; অনুরোধ; প্রার্থনা; আনুকূল্য। উপ—গ্রহ্+অপ্ ভাববা। ২। অনুষঙ্গী গ্রহ, প্রধান গ্রহের সহিত সম্পৃক্ত অপেক্ষাকৃত ক্ষুদ্র গ্রহ,—যেমন পৃথিবী-গ্রহের উপগ্রহ চন্দ্র। উপ (অর্থাৎ হীন) গ্রহ, প্রাদিতৎ। বি; পুং।

উপগ্রহণ—সংস্কারপূর্ব্বক বেদপাঠ; গুরুর নিকট হইতে পাঠগ্রহণ। উপ—গ্রহ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উপগ্রাহ্য—উপহার, উপঢৌকন, ভেট, ডালি, নজর। উপ—গ্রহ্+ণ্যৎ কর্ম্মবা। বি; ক্লীব।

উপঘাত—আঘাত; ক্ষতি; বিকলতা; বিকৃতি; রোগ। উপ—হন্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উপচক্ষুঃ (—চক্ষুস্), **—চক্ষু**—উপনেত্র, চশমা। উপমিত চক্ষুর সহিত, প্রাদিতৎ। বি; ক্লীব।

উপচয়—১। বৃদ্ধি ; পুষ্টি ; উন্নতি ; সংগ্রহ ; সমূহ। উপ—চি+অচ্ ভাববা। ২। (জ্যোতিষে) লগ্নের ৩য়, ৬ষ্ঠ, ১০ম ও ১১শ স্থান। উপ—চি+অচ্ অধিবা। বি ; পুং।

উপচর—১। উন্নতি, বৃদ্ধি ; পুষ্টি ; সমূহ। উপ—চর্+ক ঘঞর্থে ভাববা। ২। (জ্যোতিষশাস্ত্রে) লগ্নের ৩য়, ৬ষ্ঠ, ১০ম ও ১১শ স্থান। উপ—চর্+ক ঘঞর্থে অধিবা। বি ; পুং।

উপচরিত—সেবিত ; আরাধিত ; লক্ষণা দ্বারা বোধিত। উপ—চর্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপচর্ম্ম (—র্ম্মন্), —চর্ম্ম—মূল চর্ম্মের উপর অবস্থিত সূক্ষ্ম চর্ম্ম, সুনছাল (Epidermis). প্রাদিতৎ। বি ; ক্লীব।

উপচর্য্যা, —র্যা—পরিচর্য্যা, সেবা ; চিকিৎসা। উপ—চর্+ক্যপ্ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

উপচা, উপচান, উবচান—উচ্ছ্বসিত বা উচ্ছলিত হওয়া, ছাপিয়া উঠা বা পড়া ; উদ্বেল হওয়া ; অতিরিক্ত হওয়া। 'উপ—চি' ধাতুজ। ক্রি।

উপচার—সেবা ; চিকিৎসা ; উপকরণ ; সজ্জা ; উৎকোচ, ঘুষ ; ব্যবহার ; ধর্ম্মানুষ্ঠান ; লক্ষণা দ্বারা অর্থবোধ। উপ—চর্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

উপচারশালা—শুশ্রূষা চিকিৎসা বা অস্ত্রোপচারের গৃহ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

উপচারী (—চারিন্)—পরিচারক। উপ—চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী

উপচিকীর্ষা—উপকার করিবার ইচ্ছা, পরোপকারপ্রবৃত্তি ; দুঃখীর দুঃখ বিমোচনের প্রবৃত্তি। উপ—সনন্ত কৃ (=চিকীর্ষ)+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

উপচিকীর্ষু—পরের উপকার করিতে অভি-লাষী, পরহিতাকাঙ্ক্ষী। উপ—সনন্ত কৃ (=চিকীর্ষ)+উ কর্ত্তৃবা। বিণ।

উপচিত—পুষ্ট ; সঞ্চিত ; রচিত ; প্রবৃদ্ধ। উপ—চি+ক্ত কর্ত্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপচিতি—উৎকর্ষ ; বৃদ্ধি ; সঞ্চয় ; নির্ম্মাণ ; জীবকোষের অভ্যন্তরস্থ গঠনমূলক প্রক্রিয়া-বিশেষ (Anabolism). উপ—চি+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

উপচীয়মান—বর্দ্ধমান, বর্দ্ধনশীল ; সঞ্চীয়-মান ; সঞ্চয় হইতেছে এরূপ। উপ—চি+শানচ্ কর্ম্ম-কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

উপচেয়—চয়নীয় (পুষ্পাদি)। উপ—চি+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

উপচ্ছন্দ, —চ্ছন্দন—যাচ্ঞা, প্রার্থনা ; অনুরোধ ; মন্ত্রণাদান, পরামর্শ দেওয়া, ফুসলান। উপ—ছন্দ্+ঘঞ্, অনট্ ভাববা। বি ; পুং, ক্লীব।

উপচ্ছন্ন—আবৃত ; আস্তৃত। উপ—ছদ্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্না।

উপচ্ছায়া—আবছায়া, খণ্ডচ্ছায়া ; নিবিড় ছায়াময় স্থানের পার্শ্বস্থ অনিবিড় ছায়া (Penumbra). উপমিতা ছায়ার সহিত, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

উপজ—গায়ক বা বাদকদিগের ইচ্ছাধীন রাগ-অনুযায়ী ক্ষুদ্র ক্ষুদ্র তান। দেশজ। বি।

উপজঠরী—দ্বিতীয় গর্ভযুক্ত প্রাণী, ক্যাঙ্গারু ওপসাম ইত্যাদি (Marsupial). উপ (হীন) জঠর আছে যাহার, বহুব্রী+ঈপ্। বি ; স্ত্রী।

উপজনন—১। উৎপত্তি, উদ্ভব। উপ—জন্+অনট্ ভাববা। ২। উৎপাদন। উপ—ণিজন্ত জন্ (=জনি)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উপজয়, উপজয়ে—জন্মে ; উত্থিত হয় ; উপস্থিত করে। কবিপ্র। 'উপজাত হয়' ক্রিয়ার সংক্ষেপ।

উপজল—উদিত বা আবির্ভূত হইল ; উপস্থিত হইল ; জন্মিল ; ঘটিল। প্রাঃ কবিপ্র। ক্রি।

উপজাত—১। অনন্তর জাত ; উৎপন্ন ; অনুজ ; অন্য কোন পদার্থ হইতে বা তৎসংস্রবে উদ্ভূত। উপ—জন্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

২। প্রধান রাসায়নিক দ্রব্য উৎপাদনে প্রাপ্ত অন্ত দ্রব্য (By-product). বি ; ক্লীব ।

উপজাতি—অনন্তর উদ্ভব, পরে জন্ম ; শাখা জাতি, কোন প্রধান জাতির অঙ্গীভূত ক্ষুদ্র-জাতি, গণ, বর্ণ ; ছন্দোবিশেষ। উপমিতা জাতিসহ, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

উপজায়ন—উপস্থিত হইল ; উৎপন্ন হইল ; ঘটিল ; জন্মাইল। কবিপ্র। ক্রি।

উপজিল—জন্মিল, ঘটিল, উপস্থিত হইল ; জন্মাইল। প্রাঃ কবিপ্র। ক্রি।

উপজিহ্বা—আলুজিভ। উপমিতা জিহ্বা-সহ, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

উপজীবক—জীবিকানির্ব্বাহকারী ; অবলম্বী, আশ্রয়ী। উপ—জীব্‌+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—বিকা। [করণবা। বি ; ক্লীব।

উপজীবন—জীবিকা। উপ—জীব্‌+অনট্

উপজীবিকা—আজীব, জীবিকা, জীবনো-পায়। উপ—জীব্‌+ণিচ্‌+ণক করণবা+ আপ্‌। বি ; স্ত্রী।

উপজীবী (—**জীবিন্‌**)—জীবিকাশ্রয়ী, আশ্রিত, প্রতিপাল্য। উপ—জীব্‌+ণিন্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী।

উপজীব্য—১। জীবিকানির্ব্বাহার্থ অবলম্ব-নীয়। উপ—জীব্‌+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —ব্যা। ২। জীবিকা, আজীব, বৃত্তি, ব্যবসায় আশ্রয়। বি ; ক্লীব।

উপজ্ঞা—আদ্য বা সহজাত জ্ঞান (Instinct). উপ—জ্ঞা+অ ভাববা+আপ্‌। বি ; স্ত্রী।

উপড়ন, উপড়ান—উৎপাটন করা, সমূলে তুলিয়া ফেলা, উচ্ছিন্ন করা। 'উৎপাটন' শব্দজ। ক্রি।

উপঢৌকন—উপহার, উপায়ন, ভেট, ডালি, নজর ; উৎকোচ, ঘুষ। উপ—ঢৌক্‌+অনট্ করণবা। বি ; ক্লীব।

উপতপ্ত—দুঃখিত ; পীড়িত ; উষ্ণ। উপ— তপ্‌+ক্ত কর্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—প্তা।

উপতাপ—সন্তাপ ; ক্লেশ, পীড়া ; অশুভ। উপ—তপ্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

উপতাপক—দুঃখকর, ক্লেশকর ; উত্তাপজনক। উপ—তপ্‌+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

উপতাপিত—সন্তাপিত। উপ—তপ্‌+ণিচ্‌ +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপত্যকা—পর্ব্বতের সন্নিহিত স্থল ; (ভূগোলে) দুই পর্ব্বতের মধ্যবর্তী বিস্তীর্ণ সমতল নিম্নভূমি (Valley). উপ+ত্যকন্‌ ভবার্থে+আপ্‌। বি ; স্ত্রী।

উপদংশ—মেঢ্রুরোগবিশেষ, গর্ম্মিরোগ (Syphilis). উপ—দন্‌শ্‌+অচ্‌ কর্তৃবা। বি ; পুং।

উপদংশী (—**দংশিন্‌**)—উপদংশরোগগ্রস্ত। উপদংশ+ইন্‌ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—শিনী।

উপদর্শক—১। পথপ্রদর্শক। উপ—দৃশ্‌+ ণিচ্‌+ণক কর্তৃবা। ২। তত্ত্বাবধায়ক (Overseer). ৩। দ্বারবান, দ্বারী, দ্বার-রক্ষক। বি ; পুং। স্ত্রী,—র্শিকা।

উপদর্শন—প্রদর্শন। উপ —দর্শি+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উপদর্শিত—প্রদর্শিত। উপ—দৃশ্‌+ণিচ্‌+ ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপদিশ্যমান—যাহাকে বা যে বিষয় উপদেশ দান করা হইয়াছে। উপ—দিশ্‌+ শানচ্‌ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

উপদিষ্ট—যাহাকে উপদেশ দেওয়া হইয়াছে ; শিক্ষিত ; আদেশপ্রাপ্ত, আদিষ্ট ; কথিত। উপ—দিশ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

উপদেব—উপদেবতা ; যক্ষভূতাদি দেব-যোনি। উপ (অর্থাৎ হীন) দেব, প্রাদিতৎ। বি ; পুং।

উপদেবতা—দেবযোনি, ভূত, প্রেত, যক্ষ প্রভৃতি। প্রাদিতৎ। বি ; স্ত্রী।

উপদেশ—১। প্রবর্তনবাক্য, শিক্ষাবাক্য। উপ—দিশ্‌+ঘঞ্‌ কর্ম্মবা। ২। শিক্ষা-দান ; উদ্দেশ ; আদেশ, অনুশাসন ; মন্ত্র-, দান ; দীক্ষা। উপ—দিশ্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

উপদেশক—উপদেশকর্তা, উপদেষ্টা ; শিক্ষা-

দাতা, শিক্ষক। উপ—দিশ্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—শিকা।

উপদেশ-গর্ভ—শিক্ষাত্মক; উপদেশপূর্ণ। উপদেশ গর্ভে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —র্ভা।

উপদেশনীয়—উপদেশের যোগ্য, উপদেশ্য, শিক্ষণীয়। উপ—দিশ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

উপদেশমূলক—শিক্ষামূলক। উপদেশ মূলে যাহার, বহুব্রী (ক-আগম)। বিণ। স্ত্রী,—লিকা।

উপদেশ্য, উপদেষ্টব্য—যাহাকে উপদেশ দেওয়া আবশ্যক, উপদেশ লাভের যোগ্য, শিক্ষণীয়, শিষ্য। উপ—দিশ্+যৎ, তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী,—শ্যা,—ব্যা।

উপদেষ্টা (—দেষ্টৃ)—১। উপদেশদাতা, উপদেশক; শিক্ষাদাতা। উপ—দিশ্+তৃন্ কর্তৃবা। বিণ। ২। গুরু। বি; পুং। স্ত্রী,—ষ্ট্রী।

উপদ্বীপ—ক্ষুদ্রদ্বীপ; দ্বীপসদৃশ স্থান; যে ভূভাগের প্রায় চারিদিক্ জলদ্বারা বেষ্টিত (Peninsula). উপমিত দ্বীপের সহিত, প্রাদিতৎ। বি; ক্লীব।

উপদ্রব—উৎপাত, দৌরাত্ম্য; রোগবিকার-বিশেষ। উপ—দ্রু+অপ্ ভাববা। বি; পুং।

উপদ্রবকারী (—কারিন্)—অত্যাচারী; উৎপীড়নকারী। উপতৎ। উপদ্রব—কৃ+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

উপদ্রবসূচক—অত্যাচারপ্রকাশক, উৎপীড়নজ্ঞাপক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—চিকা।

উপদ্রুত—যাহার উপর উপদ্রব করা হইয়াছে, উৎপীড়িত, উপদ্রবগ্রস্ত। উপ—দ্রু+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপধর্ম্ম(র্ম)—হীনধর্ম্ম, কাল্পনিক ধর্ম্ম; সংস্কার। উপ (হীন) ধর্ম্ম, প্রাদিতৎ। বি; পুং।

উপধা—(ব্যাকরণে) অন্ত্যবর্ণের পূর্ব্ব বর্ণ। উপ—ধা+অঙ্ কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

উপধাতু—ধাতুজাতীয় পদার্থ,—স্বর্ণমাক্ষিক, তারমাক্ষিক, তুথ, কাংস্য, পিত্তল, সিন্দূর ও শৈলেয়; শরীরস্থ ধাতুসদৃশ দ্রব্য, স্বেদাদি; স্তনদুগ্ধাদি। উপমিত ধাতুর সহিত, প্রাদিতৎ। বি; পুং।

উপধান—১। শিরোধান, বালিশ। উপ—ধা+অনট্ অধিবা। ২। ধারণ। উপ—ধা+অনট্ ভাববা। বি; ক্লীব।

উপধানীয়—উপাধান, বালিশ। উপ—ধা+অনীয় অধিবা। বি; ক্লীব।

উপধারা—আইনের কোন ধারার অন্তর্গত বিধান। প্রাদিতৎ। বি; স্ত্রী।

উপধি—১। প্রতারণা; ছল। উপ—ধা+কি ভাববা। ২। রথচক্র। উপ—ধা+কি অধিবা। বি; পুং।

উপনগর—১। নগরের নিকটবর্ত্তী স্থান, নগরোপকণ্ঠ (Suburb). উপগত নগরকে, প্রাদিতৎ। ২। ক্ষুদ্র নগর, ছোট সহর। উপমিত নগরসহ, প্রাদিতৎ। বি; ক্লীব।

উপনত—উপস্থিত; প্রাপ্ত; অবগত; শরণাগত। উপ—নম্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উপনতি—উপস্থিতি; নমন। উপ—নম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

উপনদ—ক্ষুদ্র নদ; এক নদের সহিত মিলিত অপর নদ। উপগত নদকে, প্রাদিতৎ। বি; পুং।

উপনদী—ক্ষুদ্র নদী, শাখা নদী; (ভূগোলে) যে নদী পর্ব্বতাদি হইতে নির্গত হইয়া অন্য কোন নদীতে পড়িয়াছে, করদনদী (Tributary). উপ (হীন) নদী, প্রাদিতৎ। বি; স্ত্রী।

উপনদ্ধ—খচিত। উপ—নহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

উপনয়ন—১। দ্বিজাতির যজ্ঞসূত্রধারণরূপ সংস্কার। উপ—নী+অনট্ করণবা। ২। উপস্থিতি; আনয়ন; প্রাপ্তি। উপ—নী+অনট্ ভাববা। ৩। উপনেত্র, উপচক্ষু, চশমা। উপগত নয়নকে, প্রাদিতৎ। বি; ক্লীব।

উপনাম (–নামন্)—১। কল্পিত নাম (Nickname). উপকল্পিত নাম, প্রাদিতৎ। ২। উপাধি। উপগত নামকে, প্রাদিতৎ। বি ; ক্লীব।

উপনায়ক—১। নায়কের গুণোৎকর্ষ-কথক। নায়ককে উপগত, প্রাদিতৎ। ২। হীননায়ক ; উপপতি। উপ (হীন) নায়ক, প্রাদিতৎ। বি ; পুং। স্ত্রী, –য়িকা।

উপনাহ—১। বন্ধন। উপ–নহ্+ঘঞ্ ভাববা। ২। বীণার তন্ত্রিবন্ধনস্থান। উপ –নহ্+ঘঞ্ অধিবা। ৩। প্রলেপ, পুল্টিস্ প্রভৃতি। উপ–নহ্+ঘঞ্ করণবা। বি ; পুং।

উপনিবেশ—কৃষিবাণিজ্যাদির নিমিত্ত যে দূরদেশে লোক বসান যায়, বা লোকে স্বতঃ-প্রবৃত্ত হইয়া বাস করে (Colony). উপ–নি–বিশ্+ঘঞ্ অধিবা। বি ; পুং।

উপনিবেশিত—যেখানে উপনিবেশ স্থাপিত হইয়াছে, দূরদেশে নিবাসিত, উপনিবেশে স্থিত বা স্থাপিত। উপ–নি–ণিজন্ত বিশ্ (=বেশি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

উপনিষৎ, উপনিষদ্—১। বেদশিরো-ভাগ, জ্ঞানকাণ্ড, বেদান্ত ; ব্রহ্মবিদ্যা ; বিদ্যা ; ধর্ম্ম। উপ–নি–সদ্+ক্বিপ্ করণবা। ২। সমীপস্থান ; বিজন স্থান। উপ–নি–সদ্+ক্বিপ্ অধিবা। বি ; স্ত্রী।

উপনিহিত—স্থাপিত, রক্ষিত ; ন্যস্ত, গচ্ছিত। উপ–নি–ধা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

উপনীত—১। উপনয়নসংস্কৃত, ধৃত-যজ্ঞসূত্র, যাহার উপনয়ন সংস্কার হইয়াছে এরূপ ; আনীত ; উপায়নীকৃত ; প্রাপিত। উপ–নী +ক্ত কর্ম্মবা। ২। উপস্থিত, আগত। উপ –নী+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, –তা।

উপনীতি—উপনয়ন ; উপস্থিতি, আগমন। উপ–নী+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

উপনেতা (–নেতৃ)—উপনয়নকর্ত্তা ; আন-য়নকারী ; উপায়নদাতা ; উপনায়ক ; প্রাপক। উপ–নী+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –ত্রী।

উপনেত্র—নেত্রপ্রতিনিধি, চশমা। নেত্রকে উপগত, অথবা উপমিত নেত্রের সহিত, প্রাদিতৎ। বি ; ক্লীব।

উপন্যস্ত—বিন্যস্ত ; আবদ্ধ ; উল্লিখিত ; ন্যস্ত, গচ্ছিত ; দত্ত। উপ–নি–অস্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –স্তা।

উপন্যাস—১। বাক্যারম্ভ ; উল্লেখ ; দান। উপ–নি–অস্+ঘঞ্ ভাববা। ২। প্রস্তাব ; পাঠক বা শ্রোতার মনোরঞ্জনার্থ কল্পিত গল্প, উপকথা। উপ–নি–অস্+ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং।

উপন্যাসকার—উপন্যাসরচয়িতা, উপকথার লেখক। উপতৎ। উপন্যাস শব্দ–কৃ+অণ্ কর্তৃবা। বিণ বা বি ; পুং।

উপন্যাসরচয়িতা (–য়িতৃ), –লেখক—উপন্যাসের রচনাকর্ত্তা ; গল্পলেখক। ৬ষ্ঠী-তৎ। বি বা বিণ ; পুং। স্ত্রী, –ত্রী, –খিকা।

উপপতি—স্ত্রীলোকের বিবাহিত ভিন্ন অন্য পতি, অধর্ম্মপতি, জার। উপ (হীন) পতি, প্রাদিতৎ। বি ; পুং।

উপপত্তি—যুক্তি ; সঙ্গতি ; উৎপত্তি ; সিদ্ধি ; কারণ ; মীমাংসা, সিদ্ধান্ত ; (গণিতে) সপ্রমাণকরণ (Proof). উপ–পদ্+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

উপপত্নী—বিবাহিতা ভার্য্যা ভিন্ন অন্য বা অবৈধ প্রণয়িনী ; রক্ষিতা বেশ্যা। উপ (হীনা) পত্নী, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

উপপত্র—(উদ্ভিদতত্ত্বে) মটর প্রভৃতি গাছের প্রত্যেকটি পাতার গোড়ায় বোঁটার দুই দিকে ফলকের মত যে একজোড়া পাতা থাকে তাহা (Stipule). উপ (হীন) পত্র, প্রাদিতৎ। বি ; ক্লীব।

উপপথ—১। অপ্রসিদ্ধ পথ, অজানা রাস্তা, গুপ্তপথ। উপেক্ষিত পথ, প্রাদিতৎ। ২। শাখাপথ, কেঁকড়া রাস্তা। পথকে উপগত, প্রাদিতৎ। বি ; পুং।

উপপদ—পদসমীপস্থ পদ ; পূর্ব্বপদ ; অপ্রধান পদ ; জাতীয় বা বংশগত উপাধি। উপোচ্চারিত পদ, প্রাদিতৎ। বি ; ক্লীব।

উপপদ-সমাস—উপপদতৎপুরুষ সমাস, কৃদুৎপত্তির নিমিত্তীভূত উপপদের সহিত কৃৎ-প্রত্যয়ান্ত পদের সমাস (যথা,—কুম্ভকার, পঙ্কজ ইত্যাদি)। ৩য়াতৎ। বি ; পুং।

উপপন্ন—যুক্তিযুক্ত ; সম্ভাবিত ; সিদ্ধ ; সপ্রমাণীকৃত ; সম্পন্ন ; উৎপন্ন ; মিলিত ; আগত। উপ—পদ্+ক্ত কর্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্না।

উপপাত—হঠাৎ আগমন ; আকস্মিক দুর্ঘটনা ইত্যাদি (Accident) ; ফলোন্মুখতা। উপ—পত্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

উপপাতক, উপপাপ—পাপবিশেষ, পরদারগমন গোবধাদি উনপঞ্চাশৎ প্রকার পাপ। উপমিত পাতক, পাপ-সহ, প্রাদিতৎ। বি ; ক্লীব।

উপপাতকী (—কিন্)—উপপাতকগ্রস্ত ; গোবধাদি পাপে পাপী। উপপাতক+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—কিনী।

উপপাদক—সম্পাদক ; মীমাংসক। উপ—ণিজন্ত পদ্ (=পাদি)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—দিকা।

উপপাদন—সম্যক্ প্রতিপাদন, মীমাংসা ; যুক্তি দ্বারা সমর্থন ; সম্পাদন। উপ—ণিজন্ত পদ্ (=পাদি)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উপপাদনীয়—যুক্তি দ্বারা সমর্থনীয়, প্রামাণ্য ; সম্পাদ্য। উপ—ণিজন্ত পদ্ (=পাদি)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

উপপাদিত—যুক্তি দ্বারা সমর্থিত ; সপ্রমাণীকৃত ; কৃত ; উৎপাদিত। উপ—ণিজন্ত পদ্ (=পাদি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপপাদ্য—১। (জ্যামিতিতে) মীমাংসনীয় প্রতিজ্ঞা (Theorem). বি ; ক্লীব। ২। নির্ব্বাহণীয় ; যুক্তি দ্বারা সমর্থনীয় ; মীমাংসাযোগ্য। উপ—পদ্+ণিচ্+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্যা।

উপপীড়ন—বেদনা, পীড়া ; অতিপীড়ন। উপ—পীড়্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উপপুর—উপনগর, শাখানগর, বৃহৎ নগরের উপকণ্ঠস্থ ক্ষুদ্রনগর। পুরকে উপগত, প্রাদিতৎ। বি ; ক্লীব।

উপপুরাণ—বিষ্ণু ভাগবত ইত্যাদি পুরাণের অতিরিক্ত অষ্টাদশ ক্ষুদ্র পুরাণ, যথা—আদি, নৃসিংহ, বায়ু, শিবধর্ম্ম, দুর্ব্বাসঃ, নারদ, নন্দিকেশ্বর, উশনঃ, কপিল, বরুণ, শাম্ব, কালিকা, মহেশ্বর, পদ্ম, দেব, পরাশর, মরীচি, ভাস্কর। উপ (ক্ষুদ্র) যে পুরাণ, প্রাদিতৎ। বি ; ক্লীব।

উপপ্লব—উল্কাপাতাদি প্রাকৃতিক উপদ্রব ; বিপত্তি ; রাষ্ট্রবিপ্লব, প্রভুশক্তির প্রতিকূল প্রজাবর্গের অভ্যুত্থান ; চন্দ্রগ্রহণ, সূর্য্যগ্রহণ ; প্রতিবন্ধ ; ভয়। উপ—প্লু+অপ্ ভাববা। বি ; পুং।

উপপ্লুত—উপদ্রুত ; পীড়িত ; রাহুগ্রস্ত ; ভীত। উপ—প্লু+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপবঙ্গ—বঙ্গদেশের সমীপস্থ দেশ। উপগত বঙ্গকে, প্রাদিতৎ। বি ; পুং।

উপবন—উদ্যান, বৃক্ষবাটিকা, বাগান। উপমিত বনসহ, প্রাদিতৎ। বি ; ক্লীব।

উপবর্ত্ত(র্ত)ন—১। দেশ ; জনপদ ; জনপদসমূহ ; দেশের একাংশ, প্রদেশ। উপ—বৃৎ+অনট্ অধিবা। ২। অবস্থান ; উপস্থিতি। উপ—বৃৎ+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উপবাস—অনাহার, অনশন। উপ—বস্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

উপবাসী (—বাসিন্)—কৃতোপবাস, অনাহারী। উপবাস+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—সিনী।

উপবাহী (—বাহিন্)—নিকটে বহমান ('—নদ')। উপ—বহ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—হিনী।

উপবিদ্যা—হীন বিদ্যা, অপবিদ্যা ; শিল্পবিদ্যা ; বেদাঙ্গবিদ্যা। উপ (হীনা) বিদ্যা, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

উপবিধি—গৌণ বা অপ্রধান বিধি, অধীন

বিধান, শাখা নিয়ম। উপ (হীন) বিধি, প্রাদিতৎ। বি ; পুং।

উপবিষ—বিষবিশেষ, কৃত্রিম বিষ ; উপবিষ সাত প্রকার, যথা—আকন্দ, সেহুণ্ড, ধুতুরা, বিষলাঙ্গলা, করবীর, গুঞ্জা (কুঁচ) ও অহিফেন। উপমিত বিষসহ, প্রাদিতৎ। বি ; পুং।

উপবিষয়—কোন বিভাগের অন্তর্গত ক্ষুদ্র বিভাগ ; মহকুমা (Sub-division). বি।

উপবিষা—অতিবিষা ; আতৈষ বা আতৈচ। উপগত হয় বিষ যাহা হইতে, বহুব্রী + আপ্। বি ; স্ত্রী।

উপবিষ্ট—আসীন, বসিয়াছে এরূপ।। উপ – বিশ্ + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, – ষ্টা।

উপবীত—বামাংসস্থাপিত যজ্ঞসূত্র, পৈতা। উপ – অজ্ + ক্ত কর্ম্মবা (অজ্ স্থানে বী)। বি ; ক্লীব।

উপবীতী (– **বীতিন্**)—যজ্ঞসূত্রধারী। উপবীত + ইন্ অস্ত্যর্থে। বিণ।

উপবৃক্ষ—পরগাছা। উপ (হীন) বৃক্ষ, প্রাদিতৎ। বি ; পুং।

উপবৃত্ত—ডিম্বাকৃতি ক্ষেত্র (Ellipse). উপমিত বৃত্তসহ, প্রাদিতৎ। বি ; ক্লীব।

উপবেদ—বেদসদৃশ বিদ্যা, যথা—আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গন্ধর্ব্ববেদ, স্থাপত্যবেদ। উপমিত বেদসহ, প্রাদিতৎ। বি ; পুং।

উপবেশন—১। আসনগ্রহণ, বসা। উপ – বিশ্ + অনট্ ভাববা। ২। বসান, স্থাপন। উপ – ণিজন্ত বিশ্ (= বেশি) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

উপবেশয়িতা (– **য়িতৃ**)—যে বসাইয়া দেয়। উপ – ণিজন্ত বিশ্ (= বেশি) + তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, – ত্রী।

উপবেশিত—যাহাকে বসান হইয়াছে এরূপ, স্থাপিত। উপ – ণিজন্ত বিশ্ (= বেশি) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, – তা।

উপব্যাঘ্র—চিত্রক, চিতাবাঘ ; বৃক, নেকড়ে ; কণ্টিকারী গাছ। উপমিত ব্যাঘ্রসহ, প্রাদিতৎ। বি ; পুং। স্ত্রী, – ঘ্রী।

উপভাষা—হীনভাষা, অপভাষা ; প্রদেশবিশেষের ভাষা বা বুলি (Dialect). ভাষাকে উপগতা, প্রাদিতৎ, অথবা উপেক্ষিতা (হীনা) ভাষা, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

উপভুক্ত—যাহা ভোগ করা হইয়াছে এরূপ ; ভক্ষিত ; ব্যবহৃত। উপ – ভুজ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, – ক্তা।

উপভুজ্যমান—যাহা উপভোগ করা হইতেছে। উপ – ভুজ্ + শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী, – না।

উপভোক্তা (– **ভোক্তৃ**)—উপভোগকারী ; উপযোগী। উপ – ভুজ্ + তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, – ক্ত্রী।

উপভোগ—সুখাদিভোগ ; ভক্ষণ ; ব্যবহার। উপ – ভুজ্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

উপভোগী (– **ভোগিন্**)—উপভোগকারী। উপভোগ + ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, – গিনী।

উপভোগ্য—উপভোগযোগ্য ; যাহা উপভোগ করিতে হইবে এরূপ। উপ – ভুজ্ + ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, – গ্যা।

উপম—(অন্ত শব্দের পরবর্ত্তী হইলে) তুল্য বা সদৃশ (দেবোপম)। বিণ। স্ত্রী, – মা।

উপমন্ত্রী (– **মন্ত্রিন্**)—অপ্রধান মন্ত্রী, সহকারী মন্ত্রী। প্রাদিতৎ। বি ; পুং।

উপমর্দ্দ(র্দ)—নিষ্পীড়ন, নিঙড়ান ; আলোড়ন ; হিংসা। উপ – মৃদ্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

উপমা—১। সাদৃশ্য ; অর্থালঙ্কারবিশেষ (Simile). উপ – মা + অঙ্ ভাববা + আপ্। ২। উপমান। উপ – মা + অঙ্ করণবা + আপ্। বি ; স্ত্রী।

উপমাংস—আঁচিল। উপ (অধিক) মাংস, প্রাদিতৎ। বি ; ক্লীব।

উপমাতা (– **মাতৃ**)—১। উপমাকর্ত্তা, তুলনাকারী। উপ – মা + তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, – ত্রী। ২। মাতৃস্থানীয়া স্ত্রী ; ধাত্রী, ধাই ; মাতৃসদৃশী স্ত্রী, যথা—মাসী, পিসী

ইত্যাদি। উপমিতা মাতৃসহ, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

উপমান—১। উপমা, সাদৃশ্য। উপ—মা +অনট্ ভাববা। ২। যাহার সহিত উপমা দেওয়া যায়। উপ—মা+অনট্ করণবা। বি ; ক্লীব।

উপমালঙ্কা(ংকা)র—অর্থালঙ্কারবিশেষ, এক ধর্ম্মবিশিষ্ট ভিন্ন জাতীয় বস্তুদ্বয়ের সাদৃশ্য-কথনকে উপমালঙ্কার বলে। উপমানামক অলঙ্কার, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

উপমিত—তুলিত ; সদৃশ, অনুরূপ। উপ—মা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপমিত-সমাস—কর্ম্মধারয় সমাসবিশেষ [সাধর্ম্ম্যবাচক পদের প্রয়োগ না থাকিলে পরবর্ত্তী উপমানবাচক পদের সহিত উপমেয়ের যে কর্ম্মধারয় সমাস হয়, তাহার নাম উপমিত সমাস। যথা,—পুরুষব্যাঘ্র]। ৬ষ্ঠী,তৎ। বি ; পুং।

উপমিতি—উপমা ; সাদৃশ্য-জ্ঞান। উপ—মা +ক্তি ভাববা। বি ; স্ত্রী।

উপমেয়—উপমার বিষয়ীভূত : যাহার উপমা দেওয়া হয়। উপ—মা+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া। [যাহার উপমা দেওয়া যায়, তাহাকে উপমেয়, এবং যাহার সহিত উপমা দেওয়া যায়, তাহাকে উপমান বলে। চন্দ্রের ন্যায় মুখ, এখানে চন্দ্র উপমান, এবং মুখ উপমেয়]।

উপমেয়োপমা—অর্থালঙ্কারবিশেষ, (যেখানে উপমান ও উপমেয় উভয়েরই পর্য্যায়ক্রমে উপমান-উপমেয় ভাব লক্ষিত হয়, তথায় এই অলঙ্কার হয়। যেমন মতির ন্যায় কমলা এবং কমলার ন্যায় মতি)। বি ; স্ত্রী।

উপযাচক—স্বয়ং যাচক, যে নিজে কাহারও নিকট যাইয়া যাচ্ঞা করে, প্রার্থী। উপ—যাচ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—চিকা।

উপযাচন—স্বয়ং উপস্থিত হইয়া ভিক্ষা করণ ; প্রার্থনা, চাওয়া। উপ—যাচ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উপযাচিকা—স্বয়ং যাচিকা বা ভিক্ষা-কারিণী ; স্বয়ং পরপুরুষের নিকট যাইয়া সম্ভোগ প্রার্থনা করে এরূপ (স্ত্রী)। উপযাচক +স্ত্রীলিঙ্গে আপ্। বিণ ; স্ত্রী।

উপযাচিত—প্রার্থিত ; নিজ ইষ্টলাভের নিমিত্ত দেবোদ্দেশে প্রদত্ত। উপ—যাচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপযাত—উপগত, সমীপাগত ; প্রাপ্ত। উপ—যা+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উপযান—নিকটে গমন ; প্রাপ্তি। উপ—যা +অনট্ ভাববা। বি ; ক্লীব।

উপযায়ী—নিকটগামী। উপ—যা+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

উপযুক্ত—ন্যায্য ; যোগ্য, উপযোগী ; ভুক্ত। উপ—যুজ্+ক্ত কর্ত্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ক্তা।

উপযুক্ততা—উপযোগিতা ; ঔচিত্য ; কার্য্য-দক্ষতা ; অনুরূপতা। উপযুক্ত+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

উপযোগ—১। আনুকূল্য ; প্রয়োগ (Application) ; উপকার ; ব্যয় ; ভোজন ; ভোগ ; উপযোগিতা (Utility) ; নৈকট্য। উপ—যুজ্+ঘঞ্ ভাববা। ২। কারণ। উপ—যুজ্+ঘঞ্ করণবা। বি ; পুং।

উপযোগিতা,—ত্ব—উপযুক্ততা, যোগ্যতা ; উপকারিতা ; হিতকরত্ব ; প্রয়োজনীয়তা, প্রয়োজন, আনুকূল্য। উপযোগিন্ শব্দ+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

উপযোগী (—যোগিন্)—উপযুক্ত, যোগ্য ; হিতকর, উপকারী ; অনুকূল। উপযোগ+ ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—গিনী।

উপযোজন—সামঞ্জস্যবিধান ; অনুরূপ-করণ (Adjustment). উপ—যুজ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

উপর, ওপর—উপরে, ঊর্দ্ধে ; অতিরিক্ত ; প্রতি। 'উপরি' শব্দজ। অব্য। বিণ।

উপর-আলা—উপরিতন (কর্ম্মচারী) ;

ভগবান্। উপর+আলা (∠ওয়ালা)। বি বা বিণ।

উপর-উপর—ভাসা-ভাসাভাবে। ক্রি-বিণ।

উপরওয়ালা—উপর-আলা (তাহা দ্রঃ)।

উপর-চড়া—বহির্ভাগ হইতে আক্রমণ, বিবদমান দুই পক্ষের মধ্যে সহসা উপস্থিত হইয়া আক্রমণ। দেশজ। বি।

উপরচাপ—১। উর্দ্ধস্থিত বস্তুর ভারপ্রদান। ৫মীতৎ। ২। অতিরিক্ত পীড়ন; যাহা বলা বা করা উচিত তাহা অপেক্ষা বাড়াইয়া অধিক বলা বা করা। কর্ম্মধা। বি।

উপর-চাল—অবস্থার অতিরিক্ত আড়ম্বর প্রদর্শন; শতরঞ্চ খেলায় চালের উপর চাল। কর্ম্মধা। বি।

উপর-চালাক—প্রয়োজনাতিরিক্ত চতুর; যতটুকু চালাক হওয়া উচিত তদপেক্ষা বেশী চালাক। উপর চালাক, সুপ্ সুপা। বিণ।

উপর-চালাকি, -চালাকী—প্রয়োজনাতিরিক্ত চাতুর্য্য, অতিশয় ধূর্ত্ততা। উপর-চালাক+ই, ঈ ভাবার্থে। বি।

উপরঞ্জক—যে উপরে রঙ্ করে; চিত্রকর। উপ—রন্জ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -ঞ্জিকা।

উপরঞ্জন—উপরে রঙ্ করা; রঙ্ মাখান, চিত্রণ। উপ—রন্জ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উপরত—নিবৃত্ত; মৃত, মৃত্যুপ্রাপ্ত। উপ—রম্ +ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -তা।

উপরতি—ক্ষান্তি; নিবৃত্তি; মৃত্যু; বৈরাগ্য। উপ—রম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

উপরত্ন—রত্নসদৃশ চাক্‌চিক্যময় বস্তু (কাচ, কর্পূর, প্রস্তর, মুক্তা, শুক্তি, শঙ্খ ইত্যাদি)। উপ (নিকৃষ্ট) রত্ন; প্রাদিতৎ। বি; ক্লীব।

উপর-নজর—উর্দ্ধদৃষ্টি; স্বীয় পত্নী ভিন্ন অন্য নারীর প্রতি সাভিলাষ দৃষ্টি; অভদ্রভাবে অবলোকন। কর্ম্মধা। বি।

উপরন্ত, উপরন্তু—অধিকন্তু; তদ্ব্যতীত। দেশজ; অব্য।

উপর-পড়া—বিনানুরোধে উপস্থিত; প্রার্থিত না হইয়াও কার্য্যে হস্তক্ষেপকারী। উপরে পড়ে যে, উপপদতৎ। বিণ বা বি।

উপরম—নিবৃত্তি; মৃত্যু; বৈরাগ্য। উপ—রম্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উপরা-উপরি—অব্যবহিত পরে পরে পিঠাপিঠি। বিণ বা ক্রি-বিণ।

উপরাগ—সূর্য্যগ্রহণ; চন্দ্রগ্রহণ; বিপদ্ অপবাদ; বিরাগ; প্রবৃত্তি; সম্বন্ধ। উপ—রন্জ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উপরাজ—রাজপ্রতিনিধি। উপমিত রাজা সহিত, প্রাদিতৎ (টচ্ সমাসান্ত)। বি; পুং

উপরাণী, -রানি, -রানী—রাজা রক্ষিতা নারী বা উপপত্নী। প্রাদিতৎ। দেশজ বি; স্ত্রী।

উপরি—১। উর্দ্ধে, উপরে; অনন্তর, পরে অব্য। ২। অধিক, অতিরিক্ত; বেতনে অতিরিক্ত। দেশজ। বিণ। ৩। উপরি পাওনা নির্দ্দিষ্ট বেতনের অতিরি লাভ। বি।

উপরি-উপরি—উপর্য্যুপরি, ক্রমাগত ভাসা-ভাসা, অগভীর (Superficial). বি বা ক্রি-বিণ।

উপরিক—উর্দ্ধতন (Superior). বিণ।

উপরিগত—উর্দ্ধস্থ, উচ্চস্থানস্থিত। উপরি (উচ্চস্থানকে) গত, সুপ্ সুপা। বিণ। স্ত্রী, -তা

উপরিচর—উর্দ্ধে বিচরণকারী। উপতৎ উপরি—চর্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -রী।

উপরিতন—উর্দ্ধতন; পদমর্য্যাদায় উচ্চতর উপরি+তন ভবার্থে। বিণ। স্ত্রী, -নী।

উপরিতল—গৃহের ছাদ; উপরতলা; উর্দ্ধ পৃষ্ঠ, উপরপিঠ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

উপরি-দেবতা—অপদেবতা, ভূত প্রভৃতি দেশজ প্রঃ। বি।

উপরিপাত—উপরে স্থাপন বা স্থাপি হওয়া (Superposition). উপরি পা সুপ্ সুপা। বি; পুং।

উপরিভাগ—উপরের অংশ; তল; পৃ (Surface). মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

উপরিলিখিত—উল্লিখিত, উপরিভাগে যাহা লেখা হইয়াছে এরূপ। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

উপরিস্থ—ঊর্দ্ধে অবস্থিত, যাহা উপরে আছে। উপতৎ। উপরি—স্থা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা।

উপরিস্থিত—উপরিস্থ; ঊর্দ্ধে অবস্থিত। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

উপরুদ্ধ—অনুরুদ্ধ; প্রতিবদ্ধ; প্রতিষিদ্ধ; আবৃত; উৎপীড়িত। উপ—রুধ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

উপরোক্ত—উপরি-কথিত; পূর্ব্বোক্ত। 'উপরি-উক্ত' বা 'উপর্য্যুক্ত' স্থানে অশুদ্ধ প্রঃ। বিণ।

উপরোধ—অনুরোধ; সুপারিস, প্রতিবন্ধ; আবরণ; পীড়া। উপ—রুধ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

উপরোধক—১। উপরোধকর্ত্তা, অনুরোধকারী। উপ—রুধ্‌+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ধিকা। ২। অন্তর্গৃহ, ভিতরের ঘর; বাসগৃহ। বি; ক্লীব।

উপরোধন—অবরোধ; প্রতিবন্ধ। উপ—রুধ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

উপর্য্যু(র্যু)ক্ত—উপরি-কথিত, পূর্ব্ববর্ণিত। উপরি উক্ত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—ক্তা।

উপর্য্যু(র্যু)পরি—ক্রমাগত, পর পর। উপরি+উপরি। অব্য।

উপল—প্রস্তর; রত্ন। উপ—লা (গ্রহণ করা) +ড কর্ত্তৃবা। বি; পুং।

উপলক্ষ, উপলক্ষ্য—অবলম্বন; প্রয়োজন; উদ্দেশ্য। উপ—লক্ষ্‌+ঘঞ্‌, ণ্যৎ কর্ম্মবা। বি; পুং।

উপলক্ষক—উদ্ভাবক; লক্ষণা দ্বারা অধিকার্থবোধক। উপ—লক্ষ্‌+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ক্ষিকা।

উপলক্ষণ—সূচনা, চিহ্ন; উপক্রম; লক্ষণা-দ্বারা অধিকার্থবোধন। উপ—লক্ষ্‌+অনট্‌ করণবা। বি; ক্লীব।

উপলক্ষিত—সূচিত; অনুমিত; যুক্ত, বিশিষ্ট। উপ—লক্ষ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। [বি; পুং।

উপলখণ্ড—প্রস্তরখণ্ড, নুড়ি। ৬ষ্ঠীতৎ।

উপলব্ধ—অনুভূত, জ্ঞাত; প্রাপ্ত। উপ—লভ্‌+ক্ত কর্ম্মবা।। বিণ। স্ত্রী,—ব্ধা।

উপলব্ধি—জ্ঞান, অনুভূতি; প্রাপ্তি। উপ—লভ্‌+ক্তি ভাববা। বি; স্ত্রী।

উপলভোগ—শর্করাভোগ, চিনির নৈবেদ্য; জগন্নাথদেবের প্রাতর্ভোগ। উপলযুক্ত ভোগ, মধ্যপ কর্ম্মধা। প্রাঃ কবিপ্র। বি।

উপলভ্য—অনুভবনীয়, জ্ঞেয়; প্রাপ্য; সাধ্য। উপ—লভ্‌+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ভ্যা।

উপলম্ভ—উপলব্ধি; তিরস্কার। উপ—লভ্‌ +ঘঞ্‌ ভাববা। বি; পুং।

উপলা—পাষাণময়ী ভূমি, প্রস্তরাকীর্ণ মৃত্তিকা; শর্করা। উপল+অব্‌ বিশিষ্টার্থে+আপ্‌। বি; স্ত্রী।

উপলিপ্ত—উপরিভাগে কৃতলেপন, উপরে মাখান। উপ—লিপ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—প্তা।

উপলেপ, উপলেপন—এক বস্তুর দ্বারা অন্য বস্তুর উপরিভাগে লেপ দেওয়া, মৃন্ময় গৃহাদিতে গোময়াদি লেপন। উপ—লিপ্‌ +ঘঞ্‌, অনট্‌ ভাববা। বি; পুং, ক্লীব।

উপশম—শান্তি; নিবৃত্তি; লাঘব; ইন্দ্রিয়নিগ্রহ। উপ—শম্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

উপশমক—উপশমকারক। উপ—ণিজন্ত শম্‌ (=শমি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—মিকা।

উপশমন—১। উপশম (তাহা দ্রঃ)। উপ—শম্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব। ২। উপশমক। উপ—শম্‌+ণিচ্‌+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

উপশমনীয়—উপশমের যোগ্য, যাহার উপশম করিতে হইবে। উপ—ণিজন্ত শম্‌ (=শমি)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

উপশমিত—কৃতোপশম, যাহার উপশম করা হইয়াছে। উপ—ণিজন্ত শম্ (=শমি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপশয়—১। নিকটে শয়ন; পথ্যাদি দ্বারা রোগের প্রশমন। উপ—শী+অচ্ ভাববা। ২। মৃগমারণার্থ ব্যাধের গুপ্তভাবে শয়নস্থান, গর্ত্তবিশেষ। উপ—শী+অচ্ অধিবা। বি; পুং।

উপশাখা—শাখার শাখা, শাখা হইতে বহির্গত শাখা। উপ (হীনা) শাখা, প্রাদিতৎ। বি; স্ত্রী।

উপশান্ত—উপশমপ্রাপ্ত, নিবৃত্ত। উপ—শম্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ন্তা।

উপশান্তি—উপশম, নিবৃত্তি। উপ—শম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

উপশিরা—ক্ষুদ্র শিরা, শাখা-শিরা। প্রাদিতৎ। বি; স্ত্রী।

উপশিষ্য—শিষ্যের শিষ্য। উপ (হীন) শিষ্য, প্রাদিতৎ। বি; পুং।

উপশ্লেষ—আশ্লেষ, আলিঙ্গন; একদেশসম্বন্ধ; বঞ্চনা। উপ—শ্লিষ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উপষ্টম্ভ—১। উপক্রম, আরম্ভ; স্তম্ভন; আড়ম্বর; উপলক্ষ। উপ—স্তন্ভ্+ঘঞ্ ভাববা। ২। স্তম্ভ। উপ—স্তন্ভ্+ঘঞ্ করণবা। বি; পুং।

উপসংখ্যান, উপসঙ্খ্যান—১। গণনা; সংগ্রহ। উপ—সম্—খ্যা+অনট্ ভাববা। ২। (ব্যাকরণে) সমানার্থক পদ; বিশেষণ। উপ—সম্—খ্যা+অনট্ করণবা। বি; ক্লীব।

উপসংহরণ, উপসংহার—সমাপ্তি; মৃত্যু; নিবর্ত্তন; সংগ্রহ; আক্রমণ; সঙ্কোচন। উপ—সম্—হৃ+অনট্, ঘঞ্ ভাববা। বি; ক্লীব, পুং।

উপসংহৃত—যাহার উপসংহার করা হইয়াছে এরূপ, সমাপিত। উপ—সম্—হৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপসংহৃতি—শেষ; বিনাশ; সঙ্কোচ। উপ—সম্—হৃ+ক্তি ভাববা। বি; স্ত্রী।

উপসর্গ—১। বিঘ্ন; উপদ্রব, উৎপাত; ব্যাধি; রোগবিকার, রোগের লক্ষণ (Symptoms). উপ—সৃজ্+ঘঞ্ ভাববা। ২। (ব্যাকরণে) প্র, পরা প্রভৃতি বিংশতি অব্যয় শব্দ (Prefix). উপ—সৃজ্+ঘঞ্ করণবা। বি; পুং।

উপসর্জ্জ(র্জ)ন—১। সমীপে গমন; বর্জ্জন, পরিহার; অতিক্রমণ; উপসর্গ, উৎপাত, উপদ্রব। উপ—সৃজ্+অনট্ ভাববা। ২। অপ্রধান ব্যক্তি বা বস্তু, প্রতিনিধি; বিশেষণ। উপ—সৃজ্+অনট্ করণবা। বি; ক্লীব।

উপসর্পক—সমীপগামী, নিকটবর্ত্তী; অনুসরণকর্ত্তা, পশ্চাদ্গামী। উপ—সৃপ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্পিকা।

উপসর্পণ—সমীপে গমন; উপস্থিতি; আস্তে আস্তে সরিয়া পড়া; তোষামোদ; উপাসনা; অনুসরণ। উপ—সৃপ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উপসাগর—সাগরসদৃশ জলাংশ, যে সাগরাংশ প্রায় চতুর্দ্দিকে স্থলদ্বারা বেষ্টিত। উপমিত সাগরসহ, প্রাদিতৎ। বি; পুং।

উপসৃষ্ট—১। উপসর্গযুক্ত; উৎপাতগ্রস্ত; যুক্ত; ব্যাপ্ত; বিসৃষ্ট; আক্রান্ত; কামুক। উপ—সৃজ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

উপসেক,—সেচন—জলসেচনপূর্ব্বক মৃদুতাসম্পাদন, জল দিয়া নরম করা। উপ—সিচ্+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

উপসেবন, —সেবা—সেবা, পরিচর্য্যা; উপাসনা, আরাধনা; সম্ভোগ; আসক্তি। উপ—সেব্+অনট্ ভাববা, অ ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

উপসেবিত—সেবিত; আরাধিত, উপাসিত, পূজিত; উপভুক্ত; সংযুক্ত। উপ—সেব্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপসেবী (—সেবিন্)—সেবাকারী। উপ—সেব্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী।

উপস্কর, উপস্কার—১। রন্ধনার্থ পিষ্ট সর্ষপাদি, বাটা মসলা, বাটনা; অসম্পূর্ণ বাক্যের অর্থবোধের নিমিত্ত অন্য শব্দের অধ্যাহার; উদূখল প্রভৃতি; যন্ত্রাদি (Apparatus). উপ—কৃ+অপ্, ঘঞ্ করণবা। ২। গুণান্তরাধান; অধ্যাহার; যত্ন করা; পরিষ্কার করা। উপ—কৃ+অপ্, ঘঞ্ ভাববা। বি; পুং। [তৎ। বি; স্ত্রী।

উপস্ত্রী—উপপত্নী। উপমিতা স্ত্রীসহ, প্রাদি-

উপস্থ—১। পুংচিহ্ন, শিশ্ন; স্ত্রীচিহ্ন, যোনি; ক্রোড়। উপ—স্থা (থাকা)+ক কর্তৃবা। বি; পুং। ২। উপরিস্থ; সমীপস্থ। বিণ। স্ত্রী,—স্থা। [পুং।

উপস্থনিগ্রহ—ইন্দ্রিয়সংযম। ৬ষ্ঠীতৎ। বি;

উপস্থান—উপস্থিতি; উপাসনা। উপ—স্থা+অনট্ ভাববা। বি; ক্লীব।

উপস্থাপক—উপস্থাপনকর্তা, যে উপস্থিত করে; প্রস্তাবকর্তা; আনেতা। উপ—ণিজন্ত স্থা (=স্থাপি)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

উপস্থাপন—উপস্থিতকরণ; প্রস্তাব করা; আনয়ন; অবতারণা। উপ—ণিজন্ত স্থা (=স্থাপি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

উপস্থাপয়িতা (—য়িতৃ)—উপস্থাপক (সকল অর্থে)। উপ—ণিজন্ত স্থা (=স্থাপি)+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

উপস্থাপিত—কৃতোপস্থাপন, সমীপে স্থাপিত; আনীত; প্রস্তাবিত। উপ—ণিজন্ত স্থা (=স্থাপি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপস্থিত—আগত; উপনীত; নিকটস্থিত; প্রক্রান্ত। উপ—স্থা+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উপস্থিতবক্তা (—বক্তৃ)—কোন কথার উল্লেখমাত্র বিনা চিন্তায় সেই বিষয় সম্বন্ধে মতপ্রকাশ করিতে সমর্থ। উপস্থিত—বচ্+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ক্ত্রী।

উপস্থিতবুদ্ধি—১। প্রত্যুৎপন্নমতি। বহুব্রী। বিণ। ২। প্রত্যুৎপন্নমতিত্ব; প্রতিভা। কর্ম্মধা। বি; স্ত্রী।

উপস্থিতি—নিকটাগমন; আগমন; হাজিরি; অবগতি; প্রাপ্তি। উপ—স্থা+ক্তি ভাববা। বি; স্ত্রী।

উপস্বত্ব—ভূমিপ্রভৃতি সম্পত্তি হইতে যাহা পাওয়া যায়, আয়, লাভ। উপমিত স্বত্বসহ, প্রাদিতৎ। বি; ক্লীব।

উপহত—আহত, নষ্ট; বিঘ্নিত; দূষিত; বিঘট্টিত; তিরস্কৃত। উপ—হন্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপহতি—উপদ্রব; আঘাত; বিনাশ। উপ—হন্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

উপহন্তা (—হন্তৃ)—নাশকারী, অহিতকারী। উপ—হন্+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ন্ত্রী।

উপহর্তা (—হর্তৃ), —হর্ত্রী—উপহারদাতা; বলিপ্রদানকারী; পূজক; খাদ্যবণ্টক। উপ—হৃ+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্রী।

উপহসিত—যাহাকে উপহাস করা হইয়াছে এরূপ। উপ—হস্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপহার—১। উপায়ন, উপঢৌকন, নজর, ভেট, ডালি। উপ—হৃ+ঘঞ্ কর্ম্মবা। ২। প্রদান; সমর্পণ; ভেট দেওয়া। উপ—হৃ+ঘঞ্ ভাববা। বি; পুং।

উপহাস—বিদ্রূপ; পরিহাস, ঠাট্টা। উপ—হস্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উপহাসাস্পদ—পরিহাসের পাত্র। উপহাসের আস্পদ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

উপহাস্য—উপহসনীয়, উপহাসাস্পদ। উপ—হস্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—স্যা।

উপহাস্যতা—উপহাসের ভাব, হাস্যাস্পদত্ব। উপহাস্য+তা ভাবার্থে। বি; স্ত্রী।

উপহিত—নিহিত; স্থাপিত; ন্যস্ত; মিলিত, সঙ্গত; মিশ্রিত। উপ—ধা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপহৃত—আহৃত; আনীত; উৎসৃষ্ট;

অর্পিত। উপ—হৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপহ্রদ—সমুদ্রের খাড়ি হইতে জাত জলাশয় (Lagoon). উপমিত হ্রদসহ, প্রাদিতৎ। বি; পুং।

উপা, উবা, উভা—কর্পূরাদির মত বাষ্পীভূত অবস্থায় অন্তর্হিত হওয়া; অদৃশ্য হওয়া। বাং ক্রি।

উপাকরণ, উপাকর্ম্ম (—কর্ম্মন্), —কর্ম—সংস্কারপূর্ব্বক বেদাধ্যয়নারম্ভ; সংস্কারপূর্ব্বক পশুবধ, বলিদান; আরম্ভ। উপ্—আ—কৃ+অনট্, মনিন্ ভাববা, কর্ম্মবা। বি; ক্লীব।

উপাকৃত—উপদ্রুত; আরব্ধ; যজ্ঞার্থে হত বা হন্তব্য পশু; বলি। বি; পুং।

উপাক্ষ—১। উপনেত্র, চসমা। উপমিত অক্ষিসহ, প্রাদিতৎ (সমাসান্ত অচ্)। ২। উপবৃত্তের ক্ষুদ্রতর অক্ষ (Minor axis). উপ (হীন) অক্ষ, প্রাদিতৎ। বি; ক্লীব।

উপাখ্যান—১। ইতিবৃত্ত; কল্পিত গল্প বা বৃত্তান্ত, উপন্যাস। উপ—আ—খ্যা+অনট্ কর্ম্মবা। ২। কথন, বর্ণন। উপ—আ—খ্যা +অনট্ ভাববা। বি; ক্লীব।

উপাগত—১। নিকটাগত; উপস্থিত। উপ —আ—গম্+ক্ত কর্ত্তৃবা। ২। স্বীকৃত; প্রাপ্ত; অনুভূত। উপ—আ—গম্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপাগম—উপস্থিতি; স্বীকৃতি; প্রাপ্তি; অনুভূতি। উপ—আ—গম্+অপ্ ভাববা। বি; পুং।

উপাঙ্গ—অঙ্গের অঙ্গ, প্রত্যঙ্গ; দেহের লাঙ্গুলাদি অংশ (Appendage); পরিশিষ্ট। উপমিত অঙ্গসহ, প্রাদিতৎ। বি; ক্লীব।

উপাচার্য্য(র্য)—সহকারী আচার্য্য। উপমিত আচার্য্যসহ, প্রাদিতৎ। বি; পুং। স্ত্রী,—র্য্যা, —র্য্যানী।

উপাঞ্জন—গোময় প্রভৃতি দ্বারা লেপন। উপ —অন্জ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উপাড়া—উৎপাটিত করা, ব্যাকুল করা। 'উৎপাটন' শব্দজ। প্রাঃ কবিপ্র। ক্রি।

উপাত্ত—১। গৃহীত; প্রাপ্ত; স্বীকৃত। উপ —আ—দা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ত্তা। ২। যে স্বীকৃত বিষয় হইতে সিদ্ধান্ত করা যায় (Datum). বি; পুং।

উপাদান—১। গ্রহণ: স্বীকার; প্রত্যাহার। উপ—আ—দা+অনট্ ভাববা। ২। সমবায়িকারণ, যে বস্তু অবস্থান্তর প্রাপ্ত হইয়া অন্য বস্তু উৎপাদন করে অথবা যে বস্তুদ্বারা কোনও পদার্থ নির্ম্মিত হয়, যেমন—ঘটের উপাদান মৃত্তিকা। উপ—আ—দা+অনট্ করণবা। বি; ক্লীব।

উপাদেয়—গ্রহণীয়, গ্রাহ্য; উৎকৃষ্ট, উত্তম। উপ—আ—দা+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া। বি,—তা,—ত্ব।

উপাধান—১। শিরোধান, বালিশ, উপধান। উপ—আ—ধা+অনট্ অধিবা। ২। বিধি, বিধান। উপ—আ—ধা+অনট্ ভাববা। বি; ক্লীব।

উপাধি—১। ধর্ম্মচিন্তা। উপ—আ—ধা+কি ভাববা। ২। সমৃদ্ধি। উপ—আ—ধা+কি কর্ম্মবা। ৩। আধার। উপ—আ—ধা+কি অধিবা। ৪। ভেদক-ধর্ম্ম, গুণ; ছল; কারণ; উপনাম, জাতি-বংশ-বিদ্যা প্রভৃতির পরিচায়ক শব্দ, খেতাব, যথা—শর্ম্মা, মুখোপাধ্যায়, রায় বাহাদুর,. বি. এ ইত্যাদি। উপ—আ—ধা+কি করণবা। বি; পুং।

উপাধিক—১। উপাধিধারী, উপাধিবিশিষ্ট আগন্তুক, আরোপিত। উপাধি+ক যুক্তার্থে। বিণ। স্ত্রী,—কা। ২। বিশিষ্ট বিশেষ; উপাদেয়। প্রাঃ কবিপ্র। বিণ।

উপাধিধারী (—ধারিন্)—উপাধিবিশি উপাধিশোভিত, খেতাবওয়ালা। উপতৎ উপাধি—ধৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী

উপাধিপত্র—যে প্রশংসাপত্রে বিদ্যার পরি চায়ক উপাধি লিখিয়া দেওয়া হয় তা

(Certificate, Diploma). উপাধিজ্ঞাপক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

উপাধিপ্রাপ্ত—উপাধিধারী; যিনি উপাধি পাইয়াছেন এরূপ। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—প্তা।

উপাধিভূষিত—উপাধি দ্বারা অলঙ্কৃত; উপাধি দ্বারা সম্মানিত। উপাধি দ্বারা ভূষিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

উপাধেয়—অভিনিবেশনীয়; আরোপ্য; উপাধির যোগ্য; অভিহিত। উপ—আ—ধা +যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

উপাধ্যক্ষ—উপদেষ্টা; বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যক্ষ (Vice-Chancellor); কলেজের সহকারী অধ্যক্ষ (Vice-Principal). প্রাদিতৎ। বি; পুং।

উপাধ্যায়—অধ্যাপক; বেদের একদেশাধ্যাপক। উপ—অধি—ই+ঘঞ্ অপাবা। বি; পুং বা বিণ। স্ত্রী,—(১)—য়া,—য়ী (শিক্ষয়িত্রী), (২)—য়ী,—য়ানী (উপাধ্যায়-পত্নী)।

উপানৎ (—নহ্)—চর্ম্মপাদুকা, জুতা; বিনামা। উপ—আ—নহ্+ক্বিপ্ করণবা। বি; স্ত্রী।

উপানৎকার—চর্ম্ম-পাদুকা-প্রস্তুতকারক, জুতানির্ম্মাতা (Shoe-maker). উপানৎ করে যে, উপতৎ। উপানৎ—কৃ (করা)+অণ্ কর্তৃবা। বি; পুং।

উপান্ত—১। সমীপ; প্রান্ত; পরিসর; শেষ। উপগত অন্তকে, প্রাদিতৎ। বি; পুং। ২। (ব্যাকরণে) অন্তের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী (Penultimate) (বর্ণ)। বিণ। স্ত্রী,—ন্তা।

উপান্ত্য—১। সমীপস্থ; প্রান্তবর্ত্তী; (ব্যাকরণে) অন্তের অব্যবহিত পূর্ব্ব (বর্ণ)। উপান্ত+যৎ ভবার্থে। বিণ। স্ত্রী,—ন্ত্যা।

উপাবর্ত্ত(র্ত)ন—পার্শ্বপরিবর্ত্তন, ঘূর্ণন; প্রত্যাগমন। উপ—আ—বৃত্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উপাবৃত্ত—আবর্ত্তমান, ঘূর্ণিত; ভূলুণ্ঠিত, মাটিতে গড়াগড়ি দিতেছে এরূপ; প্রত্যাবৃত্ত, প্রত্যাগত; নিবৃত্ত, বিরত, ক্লান্ত। উপ—আ—বৃৎ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্তা।

উপায়—১। সাম, দান, ভেদ, দণ্ড,—রাজাদিগের এই চতুর্ব্বিধ সাধন; প্রতিকার; সাধন; কৌশল; গতি; পথ। উপ—ই বা অয়্+ঘঞ্ করণবা। ২। উপাগমন; ধনাগম, আয়, উপার্জ্জন। উপ—ই বা অয়্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উপায়ক্ষম—উপার্জ্জনসমর্থ, রোজগারী। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—মা।

উপায়জ্ঞ—কার্য্যসাধনের ও অনিষ্টনিবারণের উপায়বিৎ। উপায়—জ্ঞা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

উপায়ন—১। উপঢৌকন, উপহার; পারিতোষিক। উপ—ই বা অয়্+অনট্ করণবা। ২। সমীপগমন। উপ—ই বা অয়্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উপায়ান্তর—অন্য উপায়, গত্যন্তর। অন্য উপায়, নিত্যসমাস। বি; ক্লীব। [পুং।

উপায়াভাব—উপায় না থাকা। ৬ষ্ঠীতৎ। বি;

উপায়ী (উপায়িন্)—উপায়যুক্ত; উপায়বিধানে কুশল, প্রতিকার উদ্ভাবনে পটু; কৌশলী; উপার্জ্জনক্ষম, রোজগেরে। উপায়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—য়িনী।

উপারম্ভ—প্রারম্ভ, সূত্রপাত; উপক্রম। উপ—আ—রভ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উপার্জ্জ(র্জ)ক—উপার্জ্জনকর্ত্তা, উপায়ী, রোজগেরে। উপ—অর্জ্জ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্জ্জিকা।

উপার্জ্জ(র্জ)ন—উপায়, অর্জ্জন, অর্থাহরণ, রোজগার; প্রাপ্তি। উপ—অর্জ্জ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উপার্জ্জি(র্জি)ত—অর্জ্জিত, আহৃত, সংগৃহীত, প্রাপ্ত, লব্ধ। উপ—অর্জ্জ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপালব্ধ—তিরস্কৃত; প্রাপ্ত। উপ—আ—লভ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ব্ধা।

উপালম্ভ—তিরস্কার; সরোষবাক্য; প্রাপ্তি। উপ—আ—লভ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

উপাশ্রয়—১। জৈন মঠ। বি; পুং। ২। আশ্রয়যোগ্য। উপ—আ—শ্রি+অচ্‌ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া। ৩। আশ্রয়কর্ত্তা। উপ—আ—শ্রি+অচ্‌ কর্ত্তৃবা। ৪। আশ্রয়-গ্রহণ; অবলম্বন। উপ—আ—শ্রি+অচ্‌ ভাববা। বি; পুং।

উপাশ্রিত—১। আশ্রিত, অবলম্বিত, ধৃত। উপ—আ—শ্রি+ক্ত কর্ম্মবা। ২। আশ্রয়কারী; প্রাপ্ত; গত। উপ—আ—শ্রি+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উপাস, উপোস—অনাহার। 'উপবাস' শব্দজ। বি।

উপাসক—উপাসনাকারক, আরাধক, পূজক, সেবক। উপ—আস্‌+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—সিকা।

উপাসঙ্গ—১। বাণাধার, তূণ। উপ—আ—সন্‌জ্‌+ঘঞ্‌ অধিবা। ২। আসক্তি। উপ—আ—সন্‌জ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

উপাসন—১। নিকটে উপবেশন; সেবা, পরিচর্য্যা; আরাধনা, পূজা। উপ—আস্‌+অনট্‌ ভাববা। ২। আসন। উপ—আস্‌+অনট্‌ অধিবা। বি; ক্লীব।

উপাসনা—সেবা, পূজা, আরাধনা, অর্চ্চনা। উপ—আস্‌+অন ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

উপাসনীয়—উপাস্য, আরাধ্য, পূজ্য। উপ—আস্‌+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

উপাসিকা—পূজারিণী। উপাসক+আপ্‌। বিণ; স্ত্রী।

উপাসিত—সেবিত, পূজিত, আরাধিত। উপ—আস্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপাসিতা (—তৃ)—উপাসক; শুশ্রূষাকারী। উপ—আস্‌+তৃন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

উপাসী—অনাহারী, অভুক্ত; অপরিতৃপ্ত। 'উপবাসী' শব্দজ। বিণ।

উপাস্থি—শরীরের অভ্যন্তরস্থ অস্থির ন্যায় পদার্থবিশেষ (Cartilage). উপমিত অস্থি-সহ, প্রাদিতৎ। বি; ক্লীব।

উপাস্য—সেব্য, আরাধ্য, পূজনীয়। উপ—আস্‌+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—স্যা।

উপাস্যমান—যাহার উপাসনা করা হইতেছে এরূপ, সেব্যমান, আরাধ্যমান। উপ—আস্‌+শানচ্‌ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

উপাহরণ—সংগ্রহ; কল্পনা। উপ—আ—হৃ+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

উপাহিত—১। আরোপিত; যোজিত। উপ—আ—ধা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। উল্কাপাতাদি উপদ্রব। উপস্থিত হয় অহিত যাহা হইতে, বহুব্রী। বি; পুং।

উপাহৃত—সংগৃহীত, আনীত; কল্পিত। উপ—আ—হৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপুড়, উবুড়—অধোমুখ; উপর মুখ নীচের দিকে উলটান। 'অবমূর্দ্ধা' শব্দজ। বিণ।

উপুড়হস্ত—দানপরায়ণ [কোন কিছু দান করিবার সময় লোকে করতল উপুড় করিয়া দান করে বলিয়া]। বহুব্রী। বিণ।

উপুড়হস্ত করা—গৃহীত অর্থাদি ফেরৎ দেওয়া।

উপুসী, উপোসী—উপবাসী। 'উপবাসী' শব্দজ। বিণ।

উপেক্ষণ—উপেক্ষা (সকল অর্থে)। উপ—ঈক্ষ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

উপেক্ষণীয়, উপেক্ষ্য—উপেক্ষার যোগ্য। উপ—ঈক্ষ্‌+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া,—ক্ষ্যা।

উপেক্ষা—ঔদাসীন্য; অবহেলা, অনাদর, অবজ্ঞা, ত্যাগ; অস্বীকার। উপ—ঈক্ষ্‌+অ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

উপেক্ষিত—অনাদৃত, অবজ্ঞাত; ত্যক্ত; অস্বীকৃত। উপ—ঈক্ষ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উপেখা—১। উপেক্ষা। বি। ২। উপেক্ষা করা। প্রাঃ কবিপ্র। ক্রি। [উপেখবি—

উপেক্ষা করিবি বা করিবে। **উপেখি**—উপেক্ষা করিয়া। **উপেখিয়ে**—উপেক্ষা করিয়া]।

উপেত—উপাগত; সমীপগত; উপস্থিত; প্রাপ্ত; মিলিত, যুক্ত; গর্ভাধানের নিমিত্ত স্ত্রীতে উপগত। উপ—ই+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উপেন্দ্র—ইন্দ্রের কনিষ্ঠ, বামন, বিষ্ণু [বামনাবতারে বিষ্ণু অদিতির গর্ভে ইন্দ্রের পরে জন্মগ্রহণ করেন]। উপাগত ইন্দ্রকে, প্রাদিতৎ। বি; পুং।

উপেন্দ্র-বজ্রা—একাদশাক্ষর সংস্কৃত ছন্দোবিশেষ। বি; স্ত্রী।

উপোঢ়—১। বিবাহিত; শ্রেণীবদ্ধ। উপ—বহ্+ক্ত কর্তৃবা। বিণ। ২। ব্যূহ; সৈন্যনিবেশ; নিকট। উপ—বহ্+ক্ত অধিবা। বি; ক্লীব।

উপোদ্ঘাত—উপক্রম, আরম্ভ; উপক্রমণিকা, ভূমিকা; উদাহরণ, দৃষ্টান্ত। উপ—উৎ—হন্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উপোষিত—কৃতোপবাস, উপবাসী। উপ—বস্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উপোষী,—সী—উপবাসী। 'উপবাসী' শব্দজ। বিণ।

উপোস—উপবাস, উপাস (তাহা দ্রঃ)। 'উপবাস' শব্দজ। বি।

উপ্ত—কৃতবপন, যাহা বোনা হইয়াছে এরূপ; বিক্ষিপ্ত। বপ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, উপ্তা।

উপ্তি—বপন, বোনা। বপ্+ক্তি ভাববা। বি; স্ত্রী। [স্ত্রী, উপ্যা।

উপ্য—বপনীয়। বপ্+ক্যপ্ কর্ম্মবা। বিণ।

উবচান—উপচাইয়া পড়া; অতিক্রম করা। 'উপ—চি' ধাতুজ। বাং ক্রি।

উবটন—ময়লা তোলার জন্য গা ঘষা; ময়লা-পরিষ্কারক হরিদ্রাকুঙ্কুমাদি। 'উদ্বর্ত্তন' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

উবরান, উবরানো—উদ্বৃত্ত হওয়া, কাজিল হওয়া। 'উদ্বর্ত্তন' শব্দজ। প্রাদে। ক্রি।

উবা, উবে, ওবা—বায়ুর আকারে অদৃশ্য হওয়া (Evaporate). 'উৎ—বা' ধাতুজ। বাং ক্রি।

উবু—১। পদের উপর ভর দিয়া উপবেশন। বি। ২। পদের উপর ভর দিয়া উপবিষ্ট। প্রাদে। বিণ।

উবুড়—উপুড় দ্রঃ।

উভ—১। উভয়, যুগল, দুইজন। উভ্+অচ্ কর্তৃবা। সর্ব্ব। ২। উচ্চ। 'ঊর্দ্ধ' শব্দজ। বিণ।

উভচর—জল ও স্থল এই উভয় স্থানে বিচরণ করে এরূপ (Amphibious) (জন্তু)। উপতৎ; উভ—চর্+ট কর্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

উভয়—উভ, দুই (জন)। উভ+অয়ট্ অবয়বার্থে। সর্ব্ব, বিণ। স্ত্রী,—য়ী।

উভয়তঃ (—তস্), উভয়ত—দুই দিকে; দুই পক্ষে; দুই দিক্ হইতে। উভয়+তস্ ৫মী বা ৭মী-স্থানে। অব্য। [অব্য।

উভয়ত্র—দুই স্থানে। উভয় ত্রল্ ৭মী-স্থানে।

উভয়পদী (—পদিন্)—(সংস্কৃত ব্যাকরণে) আত্মনেপদ-পরস্মৈপদ-যুক্ত (ধাতু)। উভয়পদ+ইন আছে অর্থে। বিণ। স্ত্রী—দিনী।

উভয়বিধ—দুইপ্রকার। উভয়া বিধা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

উভয়সঙ্কট—দুই দিকেই বিপদ; এটা করিলেও অমঙ্গল ওটা করিতে গেলেও অমঙ্গল। (Dilemma). ৭মীতৎ। বি; ক্লীব।

উভয়সম্মত—দুই পক্ষেরই অনুমোদিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

উভয়ানুমত—দুই পক্ষেরই অনুমোদিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

উভরড়ে—ত্বরিত গমনে, দ্রুতবেগে। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

উভরায়—উচ্চরবে, চীৎকার করিয়া। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ। [দেশজ। বি।

উভরোল—উচ্চরব, তুমুল শব্দ, সোরগোল।

উভলিঙ্গ—স্ত্রী-পুং-স্বভাববিশিষ্ট (Bi-sexual, Hermaphrodite). বহুব্রী। বিণ।

উভে—গভীরতায়; খাড়াভাবে; উচ্চতায়। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

উম্—কোপ স্বীকার প্রশ্ন আমন্ত্রণ ইত্যাদি-সূচক শব্দ। উ+ডুম্ অধিবা। অব্য।

উম—১। তাপ, উষ্ণতা। বি। ২। তপ্ত, উষ্ণ। প্রাদে। বিণ।

উমড়য়ে—বিদীর্ণ করে; মোচড় দেয়; আঘাত দেয়; কষ্ট পায়। প্রাঃ কবিপ্র। হিন্দীমূলক। ক্রি।

উমড়া—উথলন; উন্মত্ত হওয়া; মোচড় দেওয়া; আহত করা; বিদীর্ণ করা; কষ্ট পাওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

উমড়ি—হুমড়িয়া; উথলিয়া; স্ফীত হইয়া। প্রাঃ কবিপ্র। অস-ক্রি। [কবিপ্র। বিণ।

উমত—উন্মত্ত, পাগল। 'উন্মত্ত' শব্দজ। প্রাঃ

উমতায়—উন্মত্ত করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

উমতায়ল—উন্মত্ত করিল। প্রাঃ কবিপ্র। ক্রি।

উমতি—১। উন্মত্তভাবে, অন্যমনস্কভাবে। ক্রি-বিণ। ২। উন্মত্ত; অজ্ঞান। প্রাঃ কবিপ্র। বিণ। [কবিপ্র। বিণ; স্ত্রী।

উমতিনী—উন্মাদিনী, পাগলিনী। প্রাঃ

উমদা—দামী; উৎকৃষ্ট; উদার। আর্বী। বিণ।

উমর, উমির—বয়ঃক্রম, বয়স। আর্বী। বি।

উমরভোর, উমিরভোর—যতখানি বয়স, যাবজ্জীবন। আর্বীমূলক। ক্রি-বিণ।

উমরা, উমরাহ্—সম্ভ্রান্ত ব্যক্তি, বড়লোক, ধনী। আর্বী। বি।

উমা—১। শিবপত্নী, দুর্গা, পার্ব্বতী। 'উ'র (শিবের) মা (লক্ষ্মী অর্থাৎ লক্ষ্মীস্বরূপা), ৬ষ্ঠীতৎ; অথবা 'উ' (অয়ি পার্ব্বতি!) 'মা' (না, অর্থাৎ তপস্যা করিও না), পার্ব্বতীর মাতা মেনকার এই কথায় পার্ব্বতীর এক নাম 'উমা' হইয়াছে। "উমেতি মাত্রা তপসো নিষিদ্ধা পশ্চাদুমাখ্যাং সুমুখী জগাম।" [কুমারসম্ভব]। ২। অতসী; মসীনা; হরিদ্রা। বে (বয়ন করা)+মক্ কর্ম্মবা+ আপ্। ৩। কীর্ত্তি; কান্তি; শান্তি। উ—মা (পরিমাণ করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

উমাকান্ত—শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উমাগুরু—হিমালয় পর্ব্বত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উমান—১। পরিমাণ, মাপ; গাম্ভীর্য্য। 'উন্মান' শব্দজ। বি। ২। তাপ দেওয়া, তাতান, গরম করা। 'উষ্ণাপন' শব্দজ। প্রাদে। ক্রি। ৩। পরিমাণ করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

উমানিয়া—পরিমাণ করিয়া, মাপিয়া। প্রাঃ কবিপ্র। অস-ক্রি।

উমাপতি—শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উম্মিদ—আশা, আকাঙ্ক্ষা। ফার্সী 'উম্‌মেদ' শব্দজ। বি।

উম্মির—বয়স। আর্বী। বি।

উম্মিরভোর—উমরভোর দ্রঃ।

উম্মেদ—আশা, আকাঙ্ক্ষা, প্রার্থনা। ফার্সী 'উম্‌মেদ' শব্দজ। বি।

উম্মেদার (উম্মেদওয়ার)—আশাপোষক; আকাঙ্ক্ষী; কর্ম্মপ্রার্থী। ফার্সী 'উম্মেদ্‌বার' শব্দজ। বি।

উম্মেদারি (উম্মেদওয়ারি)—আশা বা আকাঙ্ক্ষা পোষণ; কর্ম্ম প্রাপ্তির চেষ্টা বা তজ্জন্য অন্যের তোষামোদ। উম্মেদার (উম্মেদওয়ার)+ঈ ভাবার্থে। বি।

উমেশ—শিব। উমার ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উয়ল—১। উজ্জ্বল। 'উজ্জ্বল' শব্দজ। বিণ। ২। উদিত হইল; প্রকাশ পাইল। প্রাঃ কবিপ্র। ক্রি।

উয়ানি, উয়ানী, উয়ান্নি—রোঁয়ানি, অতি সূক্ষ্ম মশক। প্রাদে। বি।

উয়াড়—ওয়াড়। প্রাদে। বি।

উয়ারি—দ্বারদেশ; রাজবাড়ী; প্রতিবাসীর বাড়ী; ধনাগার। প্রাঃ কবিপ্র। বি।

উর, উরহ—অবতীর্ণ হও, আবির্ভূত হও। কবিপ্র। ক্রি।

উরঃ (উরস্), উর—১। বক্ষঃ, হৃদয়। বি;

ক্লীব। ২। প্রধান ; উত্তম। ঋ+অস্ কর্ত্তৃবা সংজ্ঞার্থে। বিণ।

উরঃফলক—বক্ষোগহ্বরের সম্মুখে যাহাতে পঞ্জরাস্থিসমূহ মিলিত থাকে সেই অস্থিফলক (Sternum). মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

উরঃস্থল—বক্ষঃস্থল, বুক। কর্ম্মধা। বি ; ক্লীব।

উরগ, উরঙ্গ(ংগ), উরঙ্গ(ংগ)ম—সর্প ; অশ্লেষানক্ষত্র। উরস্ (বক্ষঃ)—গম্+ড, ড্ (খচ্), খচ্ কর্ত্তৃবা (নিপাতনে)। বি ; পুং।

উরগরাজ—সর্পগণের রাজা, বাসুকি। উরগদিগের রাজা, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

উরগারি—গরুড় ; ময়ূর ; নকুল। উরগের (সর্পের) অরি (শত্রু), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

উরগাশন—গরুড় ; ময়ূর ; নকুল। উরগ অশন যাহার, বহুব্রী। বি ; পুং।

উরগেন্দ্র—সর্পরাজ, বাসুকি। উরগের (সর্পের) ইন্দ্র (শ্রেষ্ঠ), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

উরজ—১। বক্ষঃ হইতে উৎপন্ন। বিণ। স্ত্রী,—জা। ২। কুচ, স্তন। 'উরোজ' শব্দজ। কবিপ্র। বি।

উরত—উরু, জঙ্ঘা। 'উরু' শব্দজ। বি।

উরল—উদিত হইল। প্রাঃ কবিপ্র। ক্রি।

উরশ্ছদ—কবচ, বর্ম্ম, সাঁজোয়া। উরস্—ণিজন্ত ছদ্ (=ছাদি)+ঘ করণবা। বি ; পুং।

উরস—বক্ষঃ, বুক। 'উরস্' শব্দজ। বি।

উরসান—চুয়ান, ঝরা, ক্ষরিত হওয়া। 'বর্ষণ' শব্দজ। ক্রি।

উরসিজ—কুচ, স্তন। অলুক্ উপতৎ। উরসি—জন্+ড কর্ত্তৃবা। বি ; পুং।

উরস্থনি—ছাঁচের জল ; চালের ছিদ্র দিয়া জল পড়া। প্রাদে। বি।

উরস্ত্র, উরস্ত্রাণ—কবচ, বর্ম্ম, সাঁজোয়া ; বক্ষোবস্ত্র। ১ম পক্ষে উপতৎ ; উরস্—ত্রৈ+ক কর্ত্তৃবা ; ২য় পক্ষে উরস্—ত্রৈ+অনট্ করণবা। বি ; ক্লীব।

উরহ—উর, উদিত হও, অবতীর্ণ হও, অধিষ্ঠান কর। কবিপ্র। ক্রি।

উরা—উদিত হওয়া, আবির্ভূত হওয়া, উপস্থিত হওয়া, অধিষ্ঠান করা। কবিপ্র। ক্রি।

উরু—মহৎ, বড়। ঊর্ণু+কু কর্ত্তৃবা, নিপাতনে। বিণ। স্ত্রী, উর্ব্বী, উরু।

উরুত, উরুত—উরত, উরু, জঙ্ঘা, দাবনা। 'উরু' শব্দজ। বি।

উরোজ—১। বক্ষোজাত। উপতৎ। উরস্ (বক্ষঃ)—জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা। ২। কুচ, স্তন। বি ; পুং।

ঊর্ণনাভ—মাকড়সা। ঊর্ণা (সূত্র) নাভিতে যাহার, বহুব্রী (অচ্ সমাসান্ত)। বি ; পুং।

ঊর্ণা—পশুলোম, পশম ; ললাটস্থ লোমসমূহাত্মক চিহ্নবিশেষ। ঊর্ণ+ড করণবা+আপ্ (আন্তস্বর হ্রস্ব)। বি ; স্ত্রী।

উর্দি—কর্ম্মচারীদের নির্দ্দিষ্ট পোষাক (Uniform). তুর্কী। বি।

উর্দু—আরবী, পারসী ও হিন্দী এই তিন ভাষার মিশ্রণে উৎপন্ন ভাষা। তুর্কী। বি।

উর্দুবাজার—সেনানিবেশের মধ্যস্থিত বাজার। তুর্কী উর্দু+ফার্সী বাজার। বি।

উর্ব্ব(র্ব)র—সর্ব্বশস্যোৎপাদক (ভূমিক্ষেত্রাদি) ; সমধিক শস্যোৎপাদন শক্তিবিশিষ্ট। উরু—ঋ+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রা। বি,—তা।

উর্ব্ব(র্ব)রা—১। সর্ব্বশস্যোৎপাদিকা। উর্ব্বর+আপ্। বিণ ; স্ত্রী। ২। সর্ব্বশস্যোৎপাদিকা ভূমি। বি ; স্ত্রী।

উর্ব্ব(র্ব)শী—স্বনামখ্যাতা স্বর্বেশ্যা। উরু—অশ্+ক কর্ত্তৃবা+ঙীপ্। বি ; স্ত্রী।

উর্ব্বা(র্বা)রু—কাঁকুড়। বি ; পুং।

উর্ব্বী(র্বী)—১। মহতী, বৃহতী, বিপুলা। উরু+ঙীপ্। বিণ ; স্ত্রী। ২। পৃথিবী। বি ; স্ত্রী।

উর্ব্বী(র্বী)ধর—ভূধর, মহীধর, পর্ব্বত ; সর্পরাজ বাসুকি। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

উর্সনি, উর্ছনি—(বর্ষার জল) যাহা চালের ছাঁচ বাহিয়া পড়ে, রংধরা জল। দেশজ। বি।

উসা—চালের ছিদ্র দিয়া জল পড়া। 'বৃষ্' ধাতুজ। প্রাদে। ক্রি।

উল—পশুলোম, পশম। ইং Wool. বি।
উলকি—উল্কি (তাহা দ্রঃ)।
উলঙ্গ—নগ্ন ; বিবস্ত্র, বিবসন। 'উল্লগ্ন' শব্দজ। বিণ। স্ত্রী, –ঙ্গিনী।
উলঙ্গা—উলঙ্গ করা ; অনাবৃত করা ; নিষ্কোষিত করা। কবিপ্র। ক্রি।
উলঙ্গিনী—বিবস্ত্রা। উলঙ্গ + ইনী (বাং)। বিণ ; স্ত্রী।
উলট, ওলট—বিপরীত, বিপর্য্যস্ত ; অধোমুখ। প্রাঃ কবিপ্র। 'উল্লোঠ' শব্দজ। বিণ।
উলট (ওলট)-কম্বল—একপ্রকার ঔষধ-বৃক্ষ। দেশজ। বি।
উলট-পালট—১। সম্পূর্ণ বিপর্য্যস্ত ; উপর নীচে করা। দেশজ। ২। বিশৃঙ্খলা, গোলমাল ; ব্যতিক্রম ; ঘোরাফেরা। বি।
উলটা—১। বিপরীত ; বিরুদ্ধ ; অনাকাঙ্ক্ষিত ; ঘোরান। বিণ। ২। উল্টান। দেশজ। ক্রি।
উলটান—বিপর্য্যস্ত করা ; উবুড় করা ; ঘুরাইয়া দেওয়া। 'উল্লুণ্ঠন' শব্দজ। বাং ক্রি।
উলটা-পালটা—১। উলট-পালট করা ; বিপর্য্যস্ত করা। দেশজ। ক্রি। ২। বিপর্য্যস্ত। বিণ।
উলটি—বিপরীত দিকে মুখ করিয়া, ঘুরিয়া। প্রাঃ কবিপ্র। অস-ক্রি।
উলমা, উলেমা—পণ্ডিত, উপাধ্যায়, আচার্য্য। আর্বী 'ইল্ম্' শব্দজ। বি।
উলসি—উল্লসিত হইয়া। কবিপ্র। অস-ক্রি।
উলসিত—আহ্লাদিত, পুলকিত। 'উল্লসিত' শব্দজ। বিণ।
উলসুতা—পশমের সূতা। উল নামক সূতা, মধ্যপ কর্ম্মধা। বি।
উলা—অবতরণ করা, নামা। কবিপ্র। ক্রি।
উলান—নামান। কবিপ্র। ক্রি।
উলু—১। হুলুধ্বনি, জিহ্বা দ্বারা মঙ্গল শব্দ। 'উলুলু' শব্দজ। ২। তৃণবিশেষ, ঘর ছাইবার একরকম খড়। দেশজ। বি।
উলুই—১। অলক্ষ্মী, উড়নচণ্ডী, অপব্যয়ী। প্রাদে। বিণ। ২। উলুধ্বনি ; ঢোড়া সাপের অনুকরণ-শব্দ। প্রাদে। বি।
উলুকা—উল্কা ; মশাল, অগ্নিশিখা। 'উল্কা' শব্দজ। বি। [কর্ম্মধা। বি।
উলুখড়—ঘর ছাইবার একরকম খড়।
উলুতপুলুত—বিশেষরূপে অনুসন্ধান। প্রাদে। বি।
উলুপী (–পিন্), উলূপী (–পিন্)—শিশুমার, শুশুক ; কদাকার মৎস্য। বি ; পুং।
উলুঢোড়া—সর্পবিশেষ, ভয়ানক বিষধর সর্প। দেশজ। বি। [প্রাদে। বি।
উলু-লু—হুলুধ্বনি ; (পূর্ব্ববঙ্গের) জোকার।
উলূক—১। পেচক, পেঁচা। বি ; পুং। স্ত্রী, –কী। ২। উলপ, উলুখড়। বল্ ধাতু + উক কর্ত্তৃবা। বি ; পুং।
উলূখল—উদূখল, গড় ('উদূখল' দ্রঃ ; 'দ' স্থানে 'ল')। বি ; ক্লীব।
উলূপী—ঐরাবত-কুলসম্ভূত কৌরব্য-নামক নাগ-রাজের কন্যার নাম উলূপী। অর্জ্জুন একাকী দ্বাদশ বৎসর বনবাসে ভ্রমণকালে এই নাগকন্যা দ্বারা আকর্ষিত হইয়া নাগ-লোকে গমন করেন, এবং তথায় ইঁহার প্রার্থনামতে ইঁহাকে বিবাহ করেন। বি ; স্ত্রী। [আর্বী। বি।
উলেমা—মুসলমান পণ্ডিত বা পণ্ডিতমণ্ডলী।
উল্কা—আকাশে ভ্রাম্যমাণ অগ্নিপিণ্ড (Meteor) ; তেজঃপুঞ্জ ; অগ্নিময় প্রস্তর ; মশাল। উষ্ + ক কর্ত্তৃবা + আপ্ (ষ-স্থানে ল)। বি ; স্ত্রী।
উল্কাপাত—আকাশ হইতে উল্কার পৃথিবীতে পতন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।
উল্কাপিণ্ড—আকাশচারী জ্যোতিঃপদার্থ বিশেষ ; গোলাকায় উল্কাপ্রস্তর। উল্কা পিণ্ড প্রায়, উপমিত কর্ম্মধা। বি ; পুং।
উল্কাপ্রস্তর—উল্কাখণ্ড, আকাশ হইতে পতিত জলন্ত প্রস্তর। কর্ম্মধা। বি ; পুং।

উল্কামুখী—১। রাক্ষসী; শৃগালীবিশেষ, খ্যাঁকশিয়ালী। উল্কার ন্যায় মুখ যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বি; স্ত্রী। ২। প্রচণ্ড ক্রোধ-পরায়ণা (নারী)। বিণ; স্ত্রী।

উল্কি, উল্কী—সূচিবেধ দ্বারা কৃত গাত্রস্থ চিহ্নবিশেষ। দেশজ। বি।

উলটন, উল্টান—বিপরীত করা বা হওয়া; বদলান; ফিরান, ঘুরান। দেশজ। ক্রি।

উল্টা—বিপরীত, বিপর্যস্ত; পরিবর্ত্তিত; অধোমুখ; ফিরান, ঘুরান; খণ্ডিত; কাটান। 'উৎসৃত' শব্দজ। বিণ।

উল্টান—উল্টা করা; অধোমুখ হওয়া; অস্বীকার করা; গত হওয়া; প্রত্যাবর্ত্তন করা; বদলান, ঘুরান, ফিরান। বাং ক্রি।

উল্টাপাল্টা—ওলট-পালট। দেশজ। বিণ।

উল্টাবুঝ—১। যে ভুল বুঝে এরূপ। বহুব্রী। বিণ। ২। ভ্রান্ত ধারণা। কর্ম্মধা। বি।

উল্টারথ—জগন্নাথদেবের পুনর্যাত্রা। কর্ম্মধা। বি।

উল্টিয়া, উল্টে—পালটিয়া, ফিরিয়া, ঘুরিয়া; বিপক্ষে; পাল্টে; বিপরীত করিয়া বা হইয়া। বাং ক্রি।

উল্বণ—১। ব্যক্ত; স্ফুট; তীক্ষ্ণ। উৎ—বণ্+অচ্ কর্ত্তৃবা। বিণ। ২। বায়ুরোগবিশেষ। উৎ—ব্রী+অনট্ ভাববা। বি; ক্লীব।

উল্লঙ্ঘন—অতিক্রম; লঙ্ঘন, ডিঙ্গান; লাফাইয়া পার হওয়া। উৎ—লনঘ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উল্লঙ্ঘনীয়, উল্লঙ্ঘ্য—অতিক্রমণীয়; উল্লঙ্ঘনযোগ্য; লঙ্ঘনীয়। উৎ—লনঘ্+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া,—ঙ্ঘ্যা।

উল্লঙ্ঘিত—অতিক্রান্ত; লঙ্ঘিত। উৎ—লনঘ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উল্লম্ফ, উল্লম্ফন—লাফান; অতিক্রমকরণ; লাফাইয়া পার হওয়া। উৎ—লনফ্+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

উল্লম্ব—খাড়া (Vertical). উৎ—লনব্+অচ্ কর্ত্তৃবা। বিণ।

উল্লসিত—প্রফুল্ল; আনন্দিত; শোভিত, উজ্জ্বল; উদ্গত; স্ফুরিত। উদ্—লস্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

উল্লাস—প্রফুল্লতা; আহ্লাদ; গ্রন্থপরিচ্ছেদ; ঔজ্জ্বল্য; প্রকাশ; উত্তোলন। উদ্—লস্+ঘঞ্ ভাববা, করণবা। বি; পুং।

উল্লাসিত—১। উল্লাসযুক্ত, হৃষ্ট, আহ্লাদিত। উল্লাস+ইত যুক্তার্থে। ২। হর্ষিত, যাহার আনন্দ জন্মান হইয়াছে। উদ্—ণিজন্ত লস্ (=লাসি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উল্লাসী (উল্লাসিন্)—উল্লাসযুক্ত; আনন্দিত, আহ্লাদিত; প্রভাবসম্পন্ন; দীপ্তিযুক্ত। উল্লাস+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—সিনী।

উল্লিখিত—চিত্রিত; উৎকীর্ণ; কুন্দিত; চাঁচাছোলা; বর্ণিত, কথিত, উক্ত। উৎ—লিখ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উল্লুক—নীল বানর (Gibbon); নির্ব্বোধ, বোকা (গালি)। দেশজ। বি।

উল্লুণ্ঠ, উল্লুণ্ঠন—লুটপাট; ভূমিতে লুটাইয়া গড়াগড়ি; গাত্রাবর্ত্তন; কৌতুক, পরিহাস, তামাসা। উৎ—লুন্ঠ্+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

উল্লেখ—বর্ণন, কথন; খনন; অর্থালঙ্কার-বিশেষ। উৎ—লিখ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উল্লেখন—বমন; কোঁদা; চাঁচা, বর্ণন, কথন; খনন। উৎ—লিখ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

উল্লেখনীয়, উল্লেখ্য—উল্লেখযোগ্য। উৎ—লিখ্+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া,—খ্যা।

উল্লেখযোগ্য—বলিবার উপযুক্ত, বর্ণন-যোগ্য। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—গ্যা।

উল্লোল—১। দুলিতেছে এরূপ, দোদুল্য-মান। উদ্—লোড্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লা। ২। কল্লোল, বড় ঢেউ। বি; পুং।

উশীর—বীরণমূল, বেণার মূল, খস্‌খস্। বশ+ঈরক্ কর্ম্মবা সংজ্ঞার্থে। বি; পুং ব ক্লীব।

উশুল, উসুল—আদায়। আর্বী 'ৰসীল' শব্দজ। বি।
উষসী—সন্ধ্যাকাল, প্রদোষ। উষ্+অস্ কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।
উষা—রাত্রি; প্রভাত; ব্রাহ্মমুহূর্ত; অরুণোদয়ের পূর্ব্বকাল; গবী। উষ্+ক কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।
উষীর—বেণার মূল, খশ্‌খশ। উষ্+ঈরক্ কর্ম্মবা। বি; পুং বা ক্লীব।
উস্ক-খুস্ক, উস্ক-খুস্ক—রুক্ষ; শুষ্ক; মলিন। দেশজ। বিণ।
উষ্‌খুষ—অস্থিরতা প্রকাশ, চঞ্চলতা। দেশজ। বি।
উষ্ট্র—উট। উষ্+ট্রন্ কর্তৃবা, সংজ্ঞার্থে। বি; [পুং। স্ত্রী, উষ্ট্রী।
উষ্ট্রকণ্টকভোজন-ন্যায়—ন্যায়বিশেষ [উষ্ট্র যেমন কাঁটাগাছের কাঁটায় ক্ষতবিক্ষত হইয়াও কিঞ্চিৎ সুখকর সেই গাছের পাতা ভক্ষণ করে, মানুষও সেইরূপ সাংসারিক কিঞ্চিৎ সুখের জন্য নানা ক্লেশ ভোগ করিয়া থাকে]। উষ্ট্রের কণ্টকভোজন, ৬ষ্ঠীতৎ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।
উষ্ট্রপক্ষী (—পক্ষিন্)—উটপাখী (Ostrich). উষ্ট্রাকার পক্ষী, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। স্ত্রী, —ক্ষিণী।
উষ্ট্রযান—উটের গাড়ী। উষ্ট্রবাহিত যান, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।
উষ্ট্রী—মেয়ে উট। উষ্ট্র+ঈপ্। বি; স্ত্রী।
উষ্ণ—১। গ্রীষ্মকাল; উষ্মা; পলাণ্ডু; রৌদ্র। উষ্+নক্ কর্তৃবা। বি; পুং। ২। তপ্ত, গরম; তীব্র; ক্রুদ্ধ; ক্ষিপ্রকর্ম্মা, চতুর, দক্ষ, পটু। বিণ। স্ত্রী, উষ্ণা। বি, উষ্ণতা, উষ্ণত্ব।
উষ্ণকটিবন্ধ—কর্কটক্রান্তি ও মকরক্রান্তির মধ্যবর্ত্তী ভূভাগ (Torrid Zone). বি; পুং।
উষ্ণকর—১। উষ্ণকারক, উষ্ণতাজনক। উপতৎ। উষ্ণ—কৃ+ট কর্তৃবা। বিণ। স্ত্রী, —রী। ২। উষ্ণকিরণ-বিশিষ্ট। উষ্ণ কর যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —রা। ৩। সূর্য্য; অগ্নি। বি; পুং।
উষ্ণকাল—গ্রীষ্মঋতু। কর্ম্মধা। বি; পুং।
উষ্ণতা—তাপ; তীব্রতা; তাপের পরিমাণ (Temperature). উষ্ণ+তা ভাবার্থে। বি; স্ত্রী।
উষ্ণপ্রধান—গ্রীষ্মপ্রধান, যেখানে গরম বেশী। উষ্ণ প্রধান যেখানে, বহুব্রী। বিণ। স্ত্রী, —না।
উষ্ণপ্রস্রবণ—যে স্বাভাবিক বিবর দিয়া ভূগর্ভস্থ উষ্ণ জল ঊর্দ্ধে উত্থিত হয়, অথবা যেখানে জল সর্ব্বদাই উষ্ণ থাকিয়া প্রবাহিত হয়, তাহাকে উষ্ণপ্রস্রবণ বলে। কর্ম্মধা। বি; ক্লীব।
উষ্ণবারণ—ছত্র, ছাতা। উষ্ণের বারণ হয় যদ্দ্বারা, বহুব্রী। বি; ক্লীব।
উষ্ণবীর্য্য(র্য)—উগ্রবীর্য্য, তীক্ষ্ণ তেজোযুক্ত, তীব্র, খর, উত্তেজক। উষ্ণ বীর্য্য যাহার, বহুব্রী। বিণ।
উষ্ণমণ্ডল—উষ্ণকটিবন্ধ (তাহা দ্রঃ)।
উষ্ণরশ্মি—সূর্য্য। বহুব্রী। বি; পুং।
উষ্ণীষ—শিরস্ত্রাণ, পাগড়ি; কিরীট। উষ্ণ+ঈষ+ক কর্তৃবা। বি; পুং বা ক্লীব।
উষ্ণীষধারী (—ধারিন্)—উষ্ণীষধারণকারী, যাহার মাথায় পাগড়ি আছে এরূপ। উপতৎ। উষ্ণীষ—ধৃ+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —রিণী।
উষ্ণীষী (—ষিন্)—উষ্ণীষধারী। উষ্ণীষ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, —ষিণী।
উষ্ণোদক—গরম জল। উষ্ণ উদক, কর্ম্মধা। বি; ক্লীব।
উষ্ম—গ্রীষ্মকাল; ক্রোধ; উত্তাপ; তীব্রতা; শ ষ স হ, এই চারি বর্ণ। উষ্ (দগ্ধ করা) +মক্ কর্তৃবা। বি; পুং।
উষ্মক—গ্রীষ্মকাল। উষ্ম+কণ্ সংজ্ঞার্থে। বি; পুং।
উষ্মবর্ণ—শ ষ স হ, এই চারি বর্ণ। বি; পুং।
উষ্মস্বেদ—গরম ভাপরা। উষ্মকর স্বেদ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।
উষ্মা (উষ্মন্)—গ্রীষ্মঋতু, নিদাঘ, উত্তাপ

(Temperature); তীব্রতা; ক্রোধ। উষ্ + মন্ অধিবা। বি; পুং।

উষ্মাগম—উষ্ণাগম, গ্রীষ্মকাল। উষ্মের বা উষ্মার আগম হয় যাহাতে, বহুব্রী। বি; পুং।

উসাশ, উসাস—১। আরাম, বিশ্রাম; অবকাশ, ফাঁক। দেশজ। বি। ২। শিথিল, ঢিলা; উলঙ্গ; অনাবৃত; মুক্ত। প্রাঃ কবিপ্র। বিণ।

উস্কন, উস্কান—উত্তেজিত করা; বাড়াইয়া দেওয়া; খোঁটান বা খোঁটরান, খোঁচা দেওয়া। দেশজ। ক্রি।

উস্খ, উস্খা—রুক্ষ, তৈলহীন; শিথিল, আলুগা। দেশজ। বিণ।

উস্খুস্—অধীরতার লক্ষণ প্রকাশ। দেশজ। বি।

উস্খ-খুস্খ—আলুথালু, অবিন্যস্ত, রুক্ষ, তৈলহীন। দেশজ। বিণ।

উসুল—আদায়; জমা। আর্বী। বি।

উস্কখুস্ক—রুক্ষ; অচিক্কণ; এলোমেলো। দেশজ। বিণ। [সর্ব।

উহা—ঐ বস্তু বিষয় বা প্রাণী। 'অদস্' শব্দজ।

উহু, উহুহু—যাতনাসূচক শব্দ। অব্য।

উহ্যমান—যাহা বহন করা হইতেছে; আকৃষ্যমাণ; নীয়মান। বহ্ + শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —না।

ঊ

ঊ—১। ষষ্ঠ স্বরবর্ণ, ইহার উচ্চারণস্থান ওষ্ঠ। বি। ২। শোকদুঃখাদিসূচক সম্বোধন; রক্ষা; দয়া। অব্ + কিপ্ ভাববা। অব্য।

ঊঃ—যাতনা বিক্রমাদিসূচক শব্দ। দেশজ। অব্য। [বি; পুং।

ঊকার—ঊ এই বর্ণ মাত্র। ঊ + কার স্বার্থে।

ঊকারাদি—আদিতে 'ঊ'বর্ণবিশিষ্ট। ঊকার আদিতে যাহার, বহুব্রী। বিণ।

ঊকারান্ত—অন্তে 'ঊ'বর্ণবিশিষ্ট, যাহার শেষে 'ঊ' আছে এরূপ। ঊকার অন্তে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —ন্তা।

ঊখলি—উদুখল; গড়। 'উদুখল' শব্দজ। বি।

ঊঢ়—যাহা বহন করা হইয়াছে, বাহিত; বিবাহিত, পরিণীত; ধৃত; অঙ্গীকৃত। বহ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —ঢ়া।

ঊন—ন্যূন, কম; হীন; দুর্ব্বল। ঊন্ + অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, ঊনা।

ঊন-আশী, ঊনাশী, ঊনাশি—৭৯ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'ঊনাশীতি' শব্দজ। বি বা বিণ।

ঊনকোটি, —টী, ঊনকোটি—কিছু কম প্রায় এককোটি; অসংখ্য। বহুব্রী। দেশজ।

ঊনকোটি চৌষট্টি—অসংখ্য; প্রায় সম্পূর্ণ।

ঊনচত্বারিংশ, ঊনচত্বারিংশত্তম—ঊনচল্লিশের পূরক, আটত্রিশের পরবর্ত্তীটি, ঊনচল্লিশেরটী। ঊনচত্বারিংশৎ + ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, —শী, —মী।

ঊনচত্বারিংশৎ—ঊনচল্লিশ সংখ্যা (৩৯)। ঊনা (এক কম) যে চত্বারিংশৎ, কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী। [দেশজ। বি বা বিণ।

ঊনচল্লিশ—৩৯ এই সংখ্যা বা তৎসংখ্যক।

ঊনত্রিংশ, ঊনত্রিংশত্তম—ঊনত্রিংশতের পূরক; আটাশের পরবর্ত্তীটি, ঊনত্রিশেরটি। ঊনত্রিংশৎ শব্দ + ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, —শী, —মী।

ঊনত্রিংশৎ—ঊনত্রিশ (২৯)। ঊনা (এক কম) যে ত্রিংশৎ, কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

ঊনত্রিশ, ঊনত্রিশ—২৯ এই সংখ্যা বা তৎসংখ্যক। দেশজ। 'ঊনত্রিংশৎ' শব্দজ। বি বা বিণ। [দেশজ। বি।

ঊনত্রিশা, —শে—মাসের ২৯ দিনের দিন।

ঊননবতি—ঊননব্বই (৮৯)। ঊনা (এক কম) যে নবতি, কর্ম্মধা। বি বা বিণ।

ঊননবতিতম—ঊননবতির পূরণ, আটানব্বইএর পরবর্ত্তীটি, ঊননব্বইএরটি। ঊননবতি + তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, —মী।

উনআশি—৭৯ এই সংখ্যা বা তৎসংখ্যক। দেশজ। বি বা বিণ।

উনপঞ্চাশ—১। উনপঞ্চাশতের পূরণ, ৪৮এর পরবর্ত্তীটি। উনপঞ্চাশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী। ২। বাঙ্গালায় ৪৯ এই সংখ্যা বা তৎসংখ্যক। বি বা বিণ।

উনপঞ্চাশৎ—উনপঞ্চাশ (৪৯)। বি বা বিণ; স্ত্রী।

উনপঞ্চাশত্তম—উনপঞ্চাশতের পূরণ, আটচল্লিশের পরবর্ত্তীটি, উনপঞ্চাশেরটি। উনপঞ্চাশৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

উনপাঁজুরে—উনপাজুরে দ্রঃ।

উনবিংশ, উনবিংশতিতম—উনবিংশতির পূরণ, আঠারোর পরবর্ত্তীটি, উনিশেরটি। উনবিংশতি+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী,—মী।

উনবিংশতি—উনিশ (১৯)। উনা (এক কম) যে বিংশতি, কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

উনষাট্টি—৫৯ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'উনষষ্টি' শব্দজ। বি বা বিণ।

উনষষ্টি—উনষাইট (৫৯)। উনা (এক কম) যে ষষ্টি, কর্ম্মধা। বি বা বিণ।

উনষষ্টিতম—উনষষ্টির পূরণ, আটান্নর পরবর্ত্তীটি, উনষাটেরটি। উনষষ্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

উনষাট, —ষাটি—উনষষ্টি বা উনষাট্টি (৫৯)। 'উনষষ্টি' শব্দজ। বি বা বিণ।

উনসত্তর—৬৯ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'উনসপ্ততি' শব্দজ। বি বা বিণ।

উনসপ্ততি—উনসত্তর (৬৯)। উনা (এক কম) যে সপ্ততি, কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

উনসপ্ততিতম—উনসপ্ততির পূরণ, আটষট্টির পরবর্ত্তীটি, উনসত্তরেরটি। উনসপ্ততি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

উনহার—নির্দ্ধারিত মূল্যের কমে (Below par). ক্রি-বিণ।

উনাশী, উনআশী—৭৯ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'উনাশীতি' শব্দজ। বি বা বিণ।

উনাশীতি—উনআশী (৭৯)। উনা (এক কম) যে অশীতি, কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

উনাশীতিতম—উনাশীতির পূরণ, আটাত্তরের পরবর্ত্তীটি, উনআশীরটি। উনাশীতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

উনিশ—১৯ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'উনবিংশতি' শব্দজ। বি বা বিণ।

উনিশ-বিশ—উনিশ ও কুড়ি সংখ্যাদ্বয়ের মধ্যে যতটুকু তফাৎ, একটু কম বা বেশী; প্রায় সমান। উনিশ বা বিশ যাহাতে, বহুব্রী। বি বা বিণ।

উনিশা, —শে—মাসের উনবিংশদিবস। দেশজ। বি।

ঊরু—জানুর উপরিভাগ, সক্থি, উরত, দাবনা। ঊর্ণু+কু কর্ম্মবা। বি: পুং।

ঊরুজ—বৈশ্য। উপতৎ। ঊরু—জন্+ড কর্তৃবা। বি; পুং। স্ত্রী,—জা।

ঊরুপা—ইউরোপ মহাদেশ। ইং 'Europe' শব্দজ। কবিপ্র। বি।

ঊরুভঙ্গ—ঊরুর হাড় ভাঙ্গিয়া দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঊরুস্তম্ভ—ঊরুরোগবিশেষ, ঊরুতে একপ্রকার ফোটক। ঊরুর স্তম্ভ হয় যদ্দারা, বহুব্রী। বি; পুং।

ঊর্জ্জ(র্জ)—বল, শক্তি, সামর্থ্য; উৎসাহ, উদ্যম। ঊর্জ্জ্+ঘঞ্ ভাববা। বি; ক্লীব।

ঊর্জ্জ(র্জ)স্বল—বলবান, বলিষ্ঠ, ক্ষমতাশালী, তেজস্বী। ঊর্জ্জস্+বলচ্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—লা।

ঊর্জ্জ(র্জ)স্বান্—ঊর্জ্জস্বল (সকল অর্থে)। ঊর্জ্জস্+মতুপ্ আছে অর্থে। বিণ; পুং। স্ত্রী,—বতী।

ঊর্জ্জ(র্জ)স্বী (—স্বিন্)—ঊর্জ্জস্বল (সকল অর্থে)। ঊর্জ্জস্+বিন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—স্বিনী।

ঊর্ণনাভ, ঊর্ণনাভি—লূতা, মাকড়সা। ঊর্ণা নাভিতে যাহার, বহুব্রী। বি; পুং।

ঊর্ণা—মেষাদির লোম, পশম; মাকড়সার

সূতা; ভ্রূদ্বয়মধ্যস্থ রোমাবর্ত্ত। উর্ণ্+ড করণবা+আপ্। বি; স্ত্রী।

উর্দি—উর্দি (তাহা দ্রঃ)। তুর্কী। বি।

উর্দ্দু—উর্দ্দু ভাষা। তুর্কী। বি।

উর্দ্ধ, ঊর্ধ্ব—১। উপর, উন্নত, উচ্চ; অনন্তর; ত্যক্ত; উক্ত; উপরিস্থ, উৎকৃষ্ট। উৎ—হা+ড কর্ত্তৃবা (নিপাতনে)। বিণ। স্ত্রী, ঊর্দ্ধা। ২। উচ্চতা; উপরদিক্, ঊর্দ্ধদেশ। উৎ—হা+ব ভাববা, অধিবা। বি; ক্লীব।

ঊর্দ্ধ(র্ধ্ব)কায়—১। পূর্ব্বকায়, নাভির উপরের শরীরাংশ। কায়ের ঊর্দ্ধ, একদেশী। বি; পুং। ২। উন্নতশরীর। ঊর্দ্ধ কায় যাহার, বহুব্রী। বিণ।

ঊর্দ্ধ(র্ধ্ব)গ—ঊর্দ্ধগামী; সৎপথাবলম্বী; ধার্ম্মিক। উপতৎ। ঊর্দ্ধ—গম্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —গা।

ঊর্দ্ধ(র্ধ্ব)গতি—১। উপরদিকে গমন; স্বর্গারোহণ; উন্নত স্থানে আরোহণ। ৭মীতৎ। বি; স্ত্রী। ২। উচ্চাভিমুখে গমনশীল; স্বর্গারূঢ়। ঊর্দ্ধে গতি যাহার, বহুব্রী। বিণ।

ঊর্দ্ধ(র্ধ্ব)গামী (—গামিন্)—উপরদিকে গমনশীল, উত্থায়ী, আরোহণকারী; স্বর্গগমনশীল। ঊর্দ্ধ—গম্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —মিনী।

ঊর্দ্ধ(র্ধ্ব)টান—মৃত্যুকালীন উপরমুখী নিশ্বাস। ঊর্দ্ধ টান, কর্ম্মধা। বি।

ঊর্দ্ধ(র্ধ্ব)তন—ঊর্দ্ধস্থিত; উপরিস্থ, পদমর্য্যাদায় শ্রেষ্ঠ। ঊর্দ্ধ+তন ভবার্থে। বিণ। স্ত্রী, —নী।

ঊর্দ্ধ(র্ধ্ব)দৃষ্টি—১। ঊর্দ্ধদেশে দৃষ্টিক্ষেপকারী; ঊর্দ্ধনেত্র। ঊর্দ্ধে দৃষ্টি যাহার, বহুব্রী। বিণ। ২। ভ্রূযুগলের মধ্যবর্ত্তী দৃষ্টি; ঊর্দ্ধে নিক্ষিপ্ত দৃষ্টি; মৃত্যুকালে শিবনেত্র হওয়া; যোগবিশেষ। কর্ম্মধা। বি; স্ত্রী।

ঊর্দ্ধ(র্ধ্ব)দেহ—মরণান্তে প্রাপ্ত দেহ, লিঙ্গদেহ। ঊর্দ্ধ (উত্তরকালীন) দেহ, কর্ম্মধা। বি; পুং।

ঊর্দ্ধ(র্ধ্ব)পাতন—একপ্রকার রাসায়নিক চোলাই (Sublimation). ৭মীতৎ। বি; ক্লীব।

ঊর্দ্ধ(র্ধ্ব)পাদ—ঊর্দ্ধচরণ, উত্তানপাদ; উন্নতিলাভেচ্ছু। ঊর্দ্ধে পাদ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —দা।

ঊর্দ্ধ(র্ধ্ব)পুণ্ড্র—চন্দনাদি দ্বারা ললাটে কৃত ঊর্দ্ধমুখ ফোঁটা, লম্বা ফোঁটা। কর্ম্মধা। বি; পুং। [বহুব্রী। বিণ। স্ত্রী, —ণা।

ঊর্দ্ধ(র্ধ্ব)ফণ—উদ্যতফণ; উদ্যতফণাযুক্ত।

ঊর্দ্ধ(র্ধ্ব)বায়—উদ্বাহু, উত্তোলিতহস্ত। 'ঊর্দ্ধবাহু' শব্দজ। প্রাঃ কবিপ্র। বিণ।

ঊর্দ্ধ(র্ধ্ব)বাহু—১। উত্তোলিত হস্ত। কর্ম্মধা। বি; পুং। ২। ঊর্দ্ধদিকে বাহু উত্তোলিত করিয়া আছে এরূপ। ঊর্দ্ধে বাহু যাহার, বহুব্রী। বিণ। ৩। শৈব সন্ন্যাসিসম্প্রদায়বিশেষ। ইঁহারা এক বা উভয় বাহু ঊর্দ্ধে উত্তোলন করিয়া রাখেন, এইজন্যই ইঁহাদিগকে ঊর্দ্ধবাহু বলে। বি; পুং।

ঊর্দ্ধ(র্ধ্ব)ভাগ—উপরের অংশ; উপরদিক্; শ্রেষ্ঠ অংশ। কর্ম্মধা। বি; পুং।

ঊর্দ্ধ(র্ধ্ব)মুখ—১। মুখের উপরিভাগ। ঊর্দ্ধ মুখের, একদেশী। বি; ক্লীব। ২। উন্নতবদন, উপরদিকে মুখ করিয়া আছে এরূপ। বহুব্রী। বিণ। স্ত্রী, —খা, —খী।

ঊর্দ্ধ(র্ধ্ব)রেতাঃ (—রেতস্), —রেতা—শুক্রসংযমকারী; যোগী। ঊর্দ্ধ (ঊর্দ্ধগত) রেতঃ (শুক্র) যাহার, বহুব্রী। বিণ।

ঊর্দ্ধ(র্ধ্ব)লোক—আকাশ, স্বর্গ। কর্ম্মধা। বি; পুং।

ঊর্দ্ধ(র্ধ্ব)শায়ী (—শায়িন্)—১। উত্তানশায়ী, চিৎ হইয়া শয়ন করে এরূপ (যেমন শিশু)। উপতৎ। ঊর্দ্ধ—শী+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —য়িনী। ২। মহাদেব, শিব। বি; পুং।

ঊর্দ্ধ(র্ধ্ব)শ্বাস—১। দীর্ঘশ্বাস; মৃত্যুকালীন শ্বাস। ঊর্দ্ধ (ঊর্দ্ধগত) শ্বাস, কর্ম্মধা। বি; পুং। ২। যে হাঁপাইতেছে এরূপ; মুমূর্ষু। বহুব্রী। বিণ। স্ত্রী, —সা।

উর্দ্ধ(র্ধ্ব)শ্বাসে—হাঁপাইতে হাঁপাইতে, দ্রুতগতিতে। বহুব্রী। ক্রি-বিণ।

উর্দ্ধ(র্ধ্ব)স্থ—উপরিস্থিত। উপতৎ। উর্দ্ধ—স্থা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা।

উর্দ্ধ(র্ধ্ব)স্থিত—উপরে বর্ত্তমান। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

উর্ব্বর(র্ব)র—শস্যশালী; শস্যোৎপাদনশক্তিবিশিষ্ট ('—ক্ষেত্র')। উরু—ঋ+অচ্ কর্তৃবা (নিপাতনে আদ্য উকার দীর্ঘ)। বিণ। স্ত্রী,—রা। বি,—তা।

উর্ব্ব(র্ব)শী, উর্ব্ব(র্ব)সী—স্বর্বেশ্যাবিশেষ। (উর্ব্বশী দ্রঃ)। বি; স্ত্রী।

উর্ব্ব(র্ব)স্থি—দাবনার হাড় (Fumur). উরুর অস্থি, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

উর্ম্মি(র্মি)—১। তরঙ্গ। ঋ+মি কর্তৃবা। ২। স্রোত; আংটি; কাপড় কোঁচান; বেগ; ত্বরা; উৎকণ্ঠা; সঙ্গ; প্রকাশ; কোষ; সমূহ; পীড়া; ভ্রান্তি; দেহের ছয় প্রকার ধর্ম্ম, যথা—শোক, মোহ, জরা, মৃত্যু, ক্ষুধা, পিপাসা; অশ্বের গতিবিশেষ। ঋ+মি করণবা। ৩। সমূহ। ঋ+মি কর্ম্মবা। বি; স্ত্রী।

উর্ম্মি(র্মি)মান্ (—মৎ)—তরঙ্গিত; বক্র; ঢেউখেলানো। উর্ম্মি+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—মতী। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

উর্ম্মি(র্মি)মালা—লহরীমালা, তরঙ্গশ্রেণী।

উর্ম্মি(র্মি)মালী (—মালিন্)—সমুদ্র। উর্ম্মিমালা+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

উর্ম্মি(র্মি)ল—ঢেউখেলানো (Undulating). উর্মি—লা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—লা।

উর্ম্মি(র্মি)লা—মিথিলাধিপতি রাজর্ষি জনকের কন্যা। রামানুজ লক্ষ্মণের সহিত ইঁহার বিবাহ হয়। ইঁহার গর্ভে অঙ্গদ ও চন্দ্রকেতু নামে লক্ষ্মণের দুই পুত্র জন্মে। উর্ম্মি—লা (গ্রহণ করা)+ক কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

উর্ম্মি(র্মি)লা-বিলাসী (—বিলাসিন্)—রামানুজ লক্ষ্মণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

উল—১। ধারা, পদ্ধতি; কিনারা। দেশজ। ২। পশম। ইং Wool. বি।

উলূক—উলুক, পেচক। বি; পুং।

উষ—ক্ষার মৃত্তিকা; প্রত্যূষ, প্রভাত; গর্ত্ত; চন্দনাদি; মলয়পর্ব্বত। উষ্+ক কর্তৃবা। বি; পুং।

উষর—ক্ষারময়; লবণাক্ত; অনুর্ব্বর, বন্ধ্য, অনুৎপাদক (ভূমি)। উষ শব্দ+র অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—রা।

উষসী—১। উষা। বি; স্ত্রী। ২। প্রভাতী; সুন্দরী। কবিপ্র। বিণ; স্ত্রী।

উষা—প্রত্যূষ; উষা। উষ্ শব্দ+স্ত্রীলিঙ্গে আপ্। বি; স্ত্রী।

উষাকাল—প্রভাত। কর্ম্মধা। বি; পুং।

উষাচর—প্রভাতে ভ্রমণকারী। উপতৎ। উষা—চর্+ট কর্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

উষাপান—প্রভাতে জলপান। ৭মীতৎ। বি; ক্লীব।

উষ্মা (উষ্মন্)—গ্রীষ্ম; (ব্যাকরণে) শ ষ স হ—এই চারি বর্ণ। উষ্+মনিন্ কর্তৃবা। বি; পুং।

উষ্মবর্ণ—শ ষ স হ—এই চারি বর্ণ। উষ্মাখ্য বর্ণ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

উহ—বিতর্ক; অনুমান; অধ্যাহার, যুক্তি দ্বারা দুরূহ বা অজ্ঞাত বিষয়ের নির্ণয়চেষ্টা। উহ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

উহিত—তর্কিত; অনুমিত; অধ্যাহৃত; সম্ভাবিত। উহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

উহ্য—অধ্যাহার্য্য; তর্কনীয়, তর্ক দ্বারা নির্ণেয়; ব্যবহার্য্য, আকাঙ্ক্ষা পূর্ণ বা অর্থসঙ্গতি করিবার জন্য যে অনুপস্থিত বাক্য বা পদের উল্লেখ আবশ্যক, অনুক্ত। উহ্+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—হ্যা।

উহ্যমান—১। সামগান গ্রন্থবিশেষ। বি; পুং। ২। তর্ক্যমাণ, যাহার তর্ক করা যাইতেছে। উহ্+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

ঋ

ঋ—১। সপ্তম স্বরবর্ণ (ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা); স্বর্গ। বি; পুং।

ঋক্ (ঋচ্)—ঋগ্বেদ, ইহার একবিংশতি শাখা; ঋগ্বেদোক্ত মন্ত্র; স্তুতি; পূজা। ঋচ্ + কিপ্ করণবা। বি; স্ত্রী।

ঋকার—'ঋ' এই অক্ষরমাত্র। ঋ + কার স্বার্থে। বি; পুং।

ঋকারাদি—ঋ হইতে আরম্ভ করিয়া অন্যান্য (বর্ণ); আদিতে ঋ-বর্ণবিশিষ্ট। ঋকার আদি বা আদিতে যাহার, বহুব্রী। বিণ।

ঋকারান্ত—অন্তে ঋবর্ণবিশিষ্ট। ঋকার অন্তে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্তা।

ঋক্থ—দায়, ধন; উত্তরাধিকারসূত্রে প্রাপ্তব্য সম্পত্তি; স্বর্ণ। ঋচ্ + থক্ কর্ম্মবা। বি; ক্লীব।

ঋক্ষ—১। ভল্লুক; গণ্ডোয়ানা প্রদেশস্থ পর্ব্বত-বিশেষ; পুরুবংশীয় আজমীঢ় রাজার পুত্র; পৌরব বিদূরথের পুত্র; পুরুবংশীয় অরিহ রাজার পুত্র। ঋষ্ + সক্ কর্ত্তৃবা সংজ্ঞার্থে। ২। নক্ষত্র; রাশি। বি; পুং বা ক্লীব।

ঋক্ষমণ্ডল—সপ্তর্ষিমণ্ডল, নক্ষত্রবিশেষ (Great Bear). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ঋক্ষরাজ, ঋক্ষেশ—ভল্লুকেশ্বর জাম্ববান্; চন্দ্র। ঋক্ষদিগের রাজা, ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঋক্সংহিতা—ঋগ্বেদসংহিতা। ঋক্সম্বন্ধিনী সংহিতা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ঋগ্বেদ—প্রথম বেদ; ইহা সংহিতা, ব্রাহ্মণ, আরণ্যক ও সূত্রভেদে চারিপ্রকার। উহা সকল বেদ এবং পৃথিবীর সকল শাস্ত্র অপেক্ষা প্রাচীন। ঋক্ নামক বেদ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ঋগ্বেদী (—দিন্)—ঋগ্বেদবিৎ; ঋগ্বেদের অনুসরণকারী; ঋগ্বেদযাজী। ঋগ্বেদ + ইন্ আছে অর্থে। বি বা বিণ; পুং। স্ত্রী,—দিনী।

ঋগ্বেদীয়—ঋগ্বেদবিহিত; ঋগ্বেদসম্বন্ধীয়। ঋগ্বেদ + ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—য়া।

ঋঙ্মন্ত্র—ঋগ্বেদের পদ্যচ্ছন্দে গ্রথিত মন্ত্র। কর্ম্মধা। বি; পুং।

ঋজু—সরল, অবক্র, সোজা, প্রাঞ্জল, সহজ; সুবোধ্য; সুন্দর। ঋজ্ + কু কর্ত্তৃবা। বিণ।

ঋজুকায়—১। সরল শরীর। কর্ম্মধা। বি; পুং। ২। সরল শরীরবিশিষ্ট। ঋজু কায় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। ৩। কশ্যপ মুনি। বি; পুং।

ঋজুতা,—ত্ব—সরলতা; প্রাঞ্জলতা; সৌন্দর্য্য। ঋজু + তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

ঋজুরেখ—সরলরৈখিক (Rectilinear), এক সরল রেখায় অবস্থিত। ঋজু রেখা যাহাতে, বহুব্রী। বিণ।

ঋজুরেখা—(জ্যামিতিশাস্ত্রে) দুই বিন্দুর মধ্যবর্ত্তী ক্ষুদ্রতম দূরত্ব, সরলরেখা (Straight line). কর্ম্মধা। বি; স্ত্রী।

ঋণ—১। কর্জ্জ, ধার, দেনা। [মিতাক্ষরার মতে, মানবগণ ত্রিবিধ ঋণ লইয়া জন্মগ্রহণ করে, যথা—ঋষি-ঋণ, দেব-ঋণ, ও পিতৃ-ঋণ; পুরাণাদি পাঠ দ্বারা ঋষি-ঋণ, যজ্ঞকর্ম্ম দ্বারা দেব-ঋণ ও পুত্রোৎপাদন দ্বারা পিতৃ-ঋণ হইতে মুক্তিলাভ করা যায়]। ঋ + ক্ত কর্ম্মবা। ২। দুর্গ; (গণিতে) ব্যবকলিত সংখ্যা। ঋ + ক্ত করণবা। বি; পুং বা ক্লীব।

ঋণকর্ত্তা(র্ত্তী) (—কর্তৃ)—অধমর্ণ, খাতক। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ।

ঋণগ্রস্ত—ঋণাভিভূত, দেনায় ডুবিয়া আছে এরূপ, ঋণী। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—স্তা।

ঋণগ্রহণ—ধার লওয়া, কর্জ্জ করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ঋণগ্রহীতা (—গ্রহীতৃ)—ঋণগ্রহণকারী, যে কর্জ্জ লয় বা লইয়াছে, অধমর্ণ, খাতক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ত্রী। [স্ত্রী,—হিকা।

ঋণগ্রাহক—অধমর্ণ, খাতক। ৬ষ্ঠীতৎ। বিণ।

ঋণচিহ্ন—(গণিতে) ব্যবকলন বা বিয়োগ-চিহ্ন ('—'Minus). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ঋণজাল—ঋণবন্ধন, দেনার দায়। রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

ঋণদাতা (-দাতৃ)—ঋণদানকর্তা, যে কর্জ্জ দেয়, উত্তমর্ণ, মহাজন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-ত্রী।

ঋণদান—ধার দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ঋণদাস—দাসবিশেষ, যে ব্যক্তি ঋণ পরিশোধের বিনিময়ে দাসত্ব স্বীকার করে। ৩য়াতৎ। বি; পুং।

ঋণপত্র—ঋণগ্রহণের স্বীকারলিপি, খত, তমসুক (Bond). ঋণজ্ঞাপক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। [পুং।

ঋণপরিশোধ—ধারশোধ। ৬ষ্ঠীতৎ। বি;

ঋণপ্রার্থী (-প্রার্থিন্)—ধার করিতে ইচ্ছুক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-র্থিনী।

ঋণমুক্ত—ঋণদায় হইতে বিমুক্ত, ঋণপরিশোধ করিয়াছে এরূপ। ৫মীতৎ। বিণ। স্ত্রী,-ক্তা।

ঋণলেখ, -লেখ্য—ঋণপত্র, খত, তমসুক। ঋণজ্ঞাপক লেখ, লেখ্য (পত্র), মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। [বি; পুং।

ঋণশেষ—ঋণের অবশিষ্ট অংশ। ৬ষ্ঠীতৎ।

ঋণশোধ—ধার মিটাইয়া দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঋণাত্মক—ঋণসূচক; অভাববোধক (Negative). ঋণ আত্মা (স্বরূপ) যাহার, বহুব্রী (ক-আগম)। বিণ। স্ত্রী,-ত্মিকা।

ঋণী (ঋণিন্)—ঋণগ্রস্ত, দেনাদার, অধমর্ণ; উপকাররূপ ঋণে আবদ্ধ, বাধ্য, কৃতজ্ঞ। ঋণ শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, ঋণিনী।

ঋত—১। পরব্রহ্ম, সত্য; জল, উঞ্ছ। ঋ+ক্ত কর্ম্মবা। বি; ক্লীব। ২। পূজিত; পীড়িত। ঋ+ক্ত কর্ম্মবা। বিণ। ৩। দীপ্ত; গত। ঋ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ঋতা।

ঋতু—হিম, শিশির, বসন্ত, গ্রীষ্ম, বর্ষা, শরৎ, এই ছয় কাল; স্ত্রীরজঃ, স্ত্রীলোকের মাসিক শোণিতস্রাব; দীপ্তি। ঋ+তুক্ কর্ত্তৃবা। বি; পুং।

ঋতুকাল—স্ত্রীলোকের রজোদর্শনের প্রথম রাত্রি হইতে ষোড়শ রাত্রি পর্য্যন্ত, রজস্বলা অবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঋতুকালীন—ঋতুকাল-সম্বন্ধীয়; ঋতুকাল-সম্ভব। ঋতুকাল+ঈন সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,-নী।

ঋতুধর্ম্ম(র্ম)—১। স্ত্রীজাতির রজোদর্শন। ঋতুরূপ ধর্ম্ম, কর্ম্মধা। ২। বসন্তাদি ঋতুতে সংঘটিত ভাব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঋতুনাথ, -পতি, -রাজ—বসন্তকাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঋতুপরিবর্ত্ত(র্ত), -বর্ত্ত(র্ত)ন—এক ঋতুর পর অন্য ঋতুর আগমন; ঋতুপর্য্যায়। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

ঋতুবিপর্য্য(র্য)য়—ঋতুসমূহের বৈপরীত্য; যে ঋতুর পর যে ঋতু আসা উচিত তাহার অন্যথাভাব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঋতুমতী—রজস্বলা, স্ত্রীধর্ম্মিণী, পুষ্পবতী। ঋতু (স্ত্রীরজঃ)+মতুপ্ অস্ত্যর্থে+ঈপ্। বিণ; স্ত্রী। [বি; স্ত্রী।

ঋতুরক্ষা—ঋতুকালে স্ত্রীসঙ্গম। ৬ষ্ঠীতৎ।

ঋতুরাজ—ঋতুনাথ দ্রঃ।

ঋতুসংহার—মহাকবি কালিদাস-প্রণীত ষড় ঋতুবর্ণনাত্মক ক্ষুদ্র কাব্যগ্রন্থ। বি; পুং।

ঋতুস্নাতা—ঋতুর চতুর্থ দিবসে শুচি হইবার নিমিত্ত স্নান করিয়াছে এরূপ (নারী); ঋতুস্নানকারিণী। ঋতুতে স্নাতা, ৭মীতৎ। বিণ; স্ত্রী।

ঋতুস্নান—রজস্বলা স্ত্রীর রজঃ অবসানে ঋতুর চতুর্থ দিবসে শুচি হইবার জন্য করণীয় বা কৃত স্নানরূপ সংস্কার। ঋতুতে স্নান, ৭মীতৎ। বি; ক্লীব।

ঋতুহরীতকী—ঋতুভেদে দ্রব্যবিশেষ সহযোগে ব্যবহার্য্য হরীতকী। ঋতুসেবনীয় হরীতকী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ঋত্বিক্ (ঋত্বিজ্)—পুরোহিত [যজ্ঞকার্য্যে চারিজন মুখ্য পুরোহিত নিযুক্ত হন,—হোতা, অধ্বর্য্যু, ব্রহ্মা ও উদ্গাতা; ইঁহাদের প্রত্যেকের অধীনে তিনজন করিয়া বারজন

ঋত্বিক্ নিযুক্ত হইয়া থাকেন]; ঋতুযাজক। ঋতুতে যাগ করেন যিনি, উপতৎ। ঋতু শব্দ—যজ্ + ক্বিপ্ কর্ত্তৃবা। বি ; পুং।

ঋদ্ধ—১। সমৃদ্ধিযুক্ত, সমৃদ্ধ। ঋধ্ + ক্ত কর্ত্তৃবা। ২। সঞ্চিত ; প্রচুর। ঋধ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ঋদ্ধা। ৩। বিষ্ণু। ঋধ্ + ক্ত কর্ত্তৃবা। বি ; পুং।

ঋদ্ধি—১। বৃদ্ধি ; সমৃদ্ধি ; সৌভাগ্য ; মাঙ্গলিক কার্য্য। ঋধ্ + ক্তি ভাববা। ২। মাতৃকাবিশেষ ; লক্ষ্মী ; পার্ব্বতী। ঋধ্ + ক্তি কর্ত্তৃবা। ৩। সিদ্ধি, ভাঙ্। ঋধ্ + ক্তি করণবা। বি ; স্ত্রী।

ঋদ্ধিমান্ (—মৎ)—সমৃদ্ধ ; ভাগ্যবান্ ; ধনবান্। ঋদ্ধি + মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, —মতী। [দেশজ। বি।

ঋ-ফলা—ব্যঞ্জনবর্ণে যুক্ত ঋকার (ৃ)।

ঋভু—১। দেবতা। ঋ শব্দ—ভূ + ডু কর্ত্তৃবা। বি ; পুং। ২। দেবগণবিশেষ ; পতিনিন্দা শ্রবণে সতী দেহত্যাগ করিলে যৎকালে প্রমথগণ দক্ষযজ্ঞ ভঙ্গ করে, সেই সময় ভৃগু অগ্নিকুণ্ড হইতে ঋভু-নামক সৈন্যের সৃষ্টি করেন ; ইঁহারা বৈবস্বত মন্বন্তরের দেবতা। ৩। ব্রহ্মার মানসপুত্র। ৪। নিকৃষ্ট জাতি-বিশেষ। বি ; পুং।

ঋষভ—বৃষ, ষাঁড় ; কর্ণরন্ধ্র ; কুম্ভীরপুচ্ছ ; (সমাসে উপমেয়বাচক শব্দের পরবর্ত্তী হইলে তাহার) শ্রেষ্ঠতাবোধক, যথা—পুরুষর্ষভ, দেবর্ষভ ; ঔষধবিশেষ। স্বরগ্রামের দ্বিতীয় স্বর 'রে' ; পর্ব্বতবিশেষ। ঋষ্ + অভক্ কর্ত্তৃবা সংজ্ঞার্থে। বি ; পুং।

ঋষি—১। মন্ত্রদ্রষ্টা মুনি, যোগী, শাস্ত্রজ্ঞ তপস্বী। [ঋষি সাত প্রকার,—শ্রুতর্ষি, কাণ্ডর্ষি, পরমর্ষি, মহর্ষি, রাজর্ষি, ব্রহ্মর্ষি, দেবর্ষি] ; বেদ ; দীধিতি, কিরণ। ঋষ্ + কি কর্ত্তৃবা সংজ্ঞার্থে। ২। শাস্ত্রপ্রণেতা ; সূত্রকৃৎ ; আচার্য্য ; গোত্রপ্রবর্ত্তক মুনি ; দীধিতি ; বেদাংশবিশেষ। ঋষ্ + কি অধিবা, করণবা। বি ; পুং। [কর্ম্ম। ষষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ঋষি-ঋণ—ঋষিগণকে প্রদাতব্য ঋণ ; দান-

ঋষিকল্প—ঋষিতুল্য। ঋষি + কল্পপ্ ঈষদূনার্থে। বিণ। স্ত্রী, —ল্পা।

ঋষিতুল্য, —সদৃশ—ঋষির মত, ঋষি-স্বরূপ। ষষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —ল্যা, —শী।

ঋষিপ্রোক্ত—ঋষি-কথিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —ক্তা।

ঋষিলোক—যে লোকে ঋষিগণ বাস করেন তাহা, উহা শনিলোকের ঊর্দ্ধে এবং ধ্রুব-লোকের অধোদেশে অবস্থিত। ষষ্ঠীতৎ। বি ; পুং।

ঋষ্টি—গ্রহদোষ, অশুভ। ঋষ্ + ক্তি ভাববা। বি ; স্ত্রী।

ঋষ্য—শ্বেতপাদ মৃগ। ঋষ্ + ক্যপ্ কর্ম্মবা। বি ; পুং।

ঋষ্যমূক—ভারতবর্ষের দক্ষিণভাগস্থিত পর্ব্বত-বিশেষ। এই পর্ব্বত পূর্ব্বঘাট ও নীলগিরি-নামক পর্ব্বতশ্রেণীর মধ্যবর্ত্তী। ঋষ্য (শ্বেতপাদ মৃগ) হয় মূক (নীরব) যেস্থানে, বহুব্রী ; যেস্থানে মৃগসমূহ নির্ভয়ত্বহেতু নীরব থাকে ; কিংবা ঋষিগণ হইয়াছেন অমূক (বহুভাষী) যেস্থানে, যেস্থানে ঋষিগণ বিবিধ প্রসঙ্গের কথোপকথনে কালাতিপাত করিতেন। বি ; পুং।

ঋষ্যশৃঙ্গ—জনৈক মুনি, কশ্যপবংশীয় বিভাণ্ডক ঋষির পুত্র এবং অযোধ্যাধিপতি রাম-পিতা দশরথের জামাতা। ঋষ্যের (শ্বেতপাদ মৃগের) শৃঙ্গের ন্যায় শৃঙ্গ যাঁহার, বহুব্রী। বি ; পুং।

ৠ

ৠ—১। অষ্টম স্বরবর্ণ, ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা। ইহা বাংলায় প্রায় অপ্রচলিত। ২। শিব ; দৈত্য ; স্বর্গ ; বাক্যারম্ভ। বি ; পুং। ৩। দেবমাতা, অদিতি ; দৈত্যমাতা, দিতি ; দনু ; গতি ; রক্ষা ; স্মৃতি ; মাতা ; অষ্টমী ; বাম নাসা। বি ; স্ত্রী। ৪। ভয় ; নিন্দা। ঋ + ক্বিপ্ কর্ত্তৃবা। অব্য।

ঌ

ঌ—১। নবম স্বরবর্ণ, ইহার উচ্চারণস্থান দন্ত। ইহা বাংলায় সম্পূর্ণরূপে অপ্রচলিত। ২। পর্ব্বত; শ্রীধর; বিশ্বেশ্বর; মহেন্দ্র। বি; পুং। ৩। কুণ্ডলিনী শক্তি; দেবমাতা, অদিতি; নবমী; পৃথিবী। বি; স্ত্রী।

এ

এ—১। দশম স্বরবর্ণ, ইহার উচ্চারণস্থান কণ্ঠ ও তালু। ২। বিষ্ণু। ই+বিচ্ কর্ত্তৃবা। বি; পুং। ৩। পৃথিবী। বি; স্ত্রী। ৪। স্মৃতি; দয়া; অসুর; আহ্বান; আমন্ত্রণ। অব্য। ৫। এই। 'ইদম্' শব্দজ। বিণ। ৬। এই ব্যক্তি বা বস্তু। সর্ব্ব। ৭। উত্তরাদিসূচক শব্দ। অব্য। ৮। বাঙ্গালা শব্দবিভক্তি ('লোকে' 'হস্তে' প্রভৃতি) ও ধাতুবিভক্তি ('করে' 'দেখে' প্রভৃতি)। ৯। বাঙ্গালা প্রত্যয়বিশেষ ['ইয়া' প্রত্যয়ের সংক্ষিপ্ত রূপ; যথা—প্রকারার্থে—মিটমিটে; তন্নির্ম্মিত অর্থে—মেটে; দেশবাসি-অর্থে—উড়ে; ব্যবসায়ি-অর্থে—জেলে; আছে অর্থে—লালপেড়ে; সংখ্যার পুরণবাচক—বাইশে; তারিখ অর্থে—পঁচিশে, সাতাশে ইত্যাদি]।

এই—১। নিকটস্থ, সম্মুখস্থ, দৃশ্যমান। বিণ। ২। ইহা, এ ব্যক্তি বা বস্তু। সর্ব্ব। ৩। এখনই; সম্বোধনসূচক শব্দ; বিস্ময়, বিরক্তি বা ভয়সূচক শব্দ। অব্য।

এউটেউ—১। খুব বেশী (খাওয়া)। ক্রি-বিণ। ২। খুব বেশী খাওয়ার জন্য উদ্গারের শব্দ; হাঁসফাঁস। দেশজ। বি।

এও—১। ইনিও; ইহাও। এ+ও সমুচ্চয়ার্থে। সর্ব্ব। ২। সধবা। 'অবিধবা' শব্দজ। বি বা বিণ; স্ত্রী।

এওজ, এয়োজ—প্রতিনিধি, পরিবর্ত্ত, বদল। আর্বী 'এবজ' শব্দজ। বি।

এওজি, -জী, এওয়াজি, -জী—পরিবর্ত্তে প্রাপ্ত। এওজ, এওয়াজ+ই, ঈ। বিণ।

এওজে—পরিবর্ত্তে। আর্বীমূলক। বি।

এওত, এওতি—সধবাত্ব, স্বামী বর্ত্তমান থাকা। এও+ত, তি ভাবে। বি।

এ-ও-তা—নানাবিধ বস্তু, এটা ওটা সেটা। দেশজ। সর্ব্ব।

এ-ও-সে—একথা-সেকথা; বহু ছোটখাট বিষয়। দেশজ। সর্ব্ব।

এঃ—বিস্ময়-ঘৃণা-দুঃখাদিসূচক শব্দ। দেশজ। অব্য। [দেশজ। অব্য।

এঁ—উত্তরসূচক ও বিস্ময়-স্পর্দ্ধাদিসূচক শব্দ।

এঁচড়—ইঁচড় দ্রঃ।

এঁটিয়া, এঁটে—রস্তাতরু কচুগাছ প্রভৃতির কঠিন মূলাংশ। দেশজ। বি।

এঁটুলী—আঁটুলী দ্রঃ।

এঁটেল—আঠাল; শুষ্ক অবস্থায় খুব শক্ত অথচ ভিজিলে আঠাল এরূপ (মাটি)। প্রাদে। বিণ।

এঁটো—উচ্ছিষ্ট; ভুক্তাবশেষ; রন্ধিত বা ভুক্ত দ্রব্যের সংস্পর্শে অশুচি, সকড়ি। প্রাদে। বিণ।

এঁটোকাঁটা—ভুক্তাবশেষ এবং ভোজনকালে বর্জ্জিত মৎস্যকণ্টকাদি বস্তু; অন্নাদি ভোজনজন্য অশুচি স্থান বা ভোজনপাত্রাদি। কর্ম্মধা। প্রাদে। বি।

এঁড়িয়া, এঁড়ে—১। পুং গোবৎস; ষণ্ড, বৃষ। বি। ২। পুংজাতীয়; সাহসী। 'আঁড়িয়া' শব্দজ। বিণ। ৩। স্তন্যপায়ী শিশুর ঠিক পূর্ব্বজাত শিশুর কৃশতা প্রভৃতি রোগ। প্রাদে। বি।

এঁড়ে-গলা—ষাঁড়ের মত উচ্চ ডাক বা চীৎকার; বিকট কণ্ঠস্বর। ৬ষ্ঠীতৎ। প্রাদে। বি।

এঁড়ে-লাগা—১। শিশুর / কম বয়সে জননীর পুনরায় সন্তান অথবা/তাহার সম্ভাবনা হইলে উপযুক্ত স্তন্যের অভাবে এবং নবজাত শিশুর প্রতি হিংসাবশতঃ /সেই শিশুর যে

খাদ্যহানি হয় তাহা। বি। ২। মাতার পুনরায় সন্তান হইলে বা তাহার সম্ভাবনাকালে স্তনে দুগ্ধাদির অভাবে খাদ্যহীন (পূর্বজাত শিশু)। দেশজ। বিণ।

এঁথো—অন্ধকারময়; বনজঙ্গলে ভরা; অতি পুরাতন; পরিত্যক্ত। 'অন্ধ' শব্দজ। বিণ।

এঁষানি, এঁসানি—আঁষ্টে গন্ধ, আমিষ গন্ধ। 'আমিষ' শব্দজাত। বি।

এঁষো—আঁইষবিশিষ্ট, আঁইষে ভরা, আমিষগন্ধি। 'আমিষ' শব্দজাত। বিণ।

এক—১। এক সংখ্যা। সর্ব্ব; ক্লীব। ২। কেবল, একাকী, অদ্বিতীয়; তুল্য; অন্য; শ্রেষ্ঠ; প্রথম; কোন; পূর্ণ, ভরা; মিলিত। ই + কন্ কর্ত্তৃবা। বিণ।

এক-আধ—সামান্য কিছু; কয়েক। এক বা আধ যাহাতে, বহুব্রী। বিণ।

একই—কেবল একটি; একপ্রকারই, সমানই। এক + ই অবধারণার্থে। দেশজ। বিণ।

একক—১। একাকী, একলা। এক + কন্ স্বার্থে। বিণ। ২। সংখ্যা বা পরিমাণ নির্দ্ধারণের জন্য গৃহীত লঘিষ্ঠ পূর্ণরাশি (Unit). বি; ক্লীব। [প্রাদে। বিণ।

এককাঁড়ি—একগাদা (তাহা দ্রঃ)। বহুব্রী।

এককাট্টা—একই উদ্দেশ্যে মিলিত, একজোট, সঙ্ঘবদ্ধ। প্রাদে। বিণ।

এককালীন—১। সমকালীন; এক সময়ে বা একবারে উৎপন্ন অথবা কৃত। এককাল শব্দ + ঈন ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী,—না। ২। এককালে, একযোগে। দেশজ প্রঃ। ক্রি-বিণ।

এককেন্দ্রীয়—অন্যের সহিত এক কেন্দ্রবিশিষ্ট (Concentric). এককেন্দ্র + ঈয় বিশিষ্টার্থে। বিণ।

একক্রিয়—এককর্ম্মা, একবৃত্তি, সমব্যবসায়ী। একা ক্রিয়া যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

একগঙ্গা—রাশীকৃত, বহুল, প্রভূত, প্রচুর, অপর্য্যাপ্ত। পরিমাণার্থে বহুব্রী। বিণ।

এক-গা—গাত্রময়, সর্ব্বাঙ্গব্যাপী। ব্যাপ্তি-অর্থে বহুব্রী। বিণ।

একগাদা—একরাশি, এককাঁড়ি, প্রচুর, বিস্তর। পরিমাণার্থে বহুব্রী। বিণ।

একগাল—একগ্রাস পরিমাণ; গালভরা, মুখভরা। ব্যাপ্তি-অর্থে বহুব্রী। বিণ।

একগুঁয়ে—যে এক বিষয়েই জিদ ধরিয়া থাকে, একরোখা, গোঁয়ার, অবাধ্য। এক গোঁ, কর্ম্মধা + এ (∠ইয়া) বিশিষ্টার্থে। বিণ।

একগুরু—সতীর্থ, একগুরুর শিষ্য; সমপাঠী। বহুব্রী। বি; পুং। **একগুরুর শিষ্য**—গুরুভাই; একই রকম স্বভাবের লোক; সমান দুষ্ট প্রকৃতির লোক।

একগ্রামীণ—একগ্রামবাসী। একগ্রাম + ঈন ভবার্থে। বিণ। স্ত্রী,—ণা।

একঘরে—জাতিচ্যুত; সমাজভ্রষ্ট। একঘর + এ (∠ইয়া)। বিণ।

একঘেয়ে—একই প্রকারের, সকল স্থানে বা সব সময়ে এক রকম, পরিবর্ত্তনবিহীন, বৈচিত্র্যহীন (Monotonous). এক ঘা, কর্ম্মধা + এ (∠ইয়া) বিশিষ্টার্থে। বিণ।

একঘ্নী—একজনকে হত্যা করার মত অস্ত্র; কর্ণের অস্ত্রবিশেষ। এক—হন্ + টক্ কর্ত্তৃবা + ঈপ্। বি; স্ত্রী।

একচক্ষুঃ (—চক্ষুস্), —চক্ষু—১। শুক্রাচার্য্য। বি; পুং। ২। একনেত্রযুক্ত, কাণা। বহুব্রী। বিণ।

একচত্বারিংশ, একচত্বারিংশত্তম—একচত্বারিংশতের পূরণ, চল্লিশের পরবর্ত্তীটি, একচল্লিশেরটি। একচত্বারিংশৎ + ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী,—মী।

একচত্বারিংশৎ—একচল্লিশ (৪১) সংখ্যা, ৪১ সংখ্যক। একাধিকা চত্বারিংশৎ, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

একচর—একাকী; বিজনবাসী; একাকী বিচরণকারী। উপপদং। এক—চর্ + অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

একচল্লিশ—৪১ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'একচত্বারিংশৎ' শব্দজ। বি বা বিণ।

একচারী (–চারিন্)—একাকী বিচরণ-কারী; বিজনবাসী। উপতৎ। এক—চর্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–রিণী।

একচালা—১। একটি মাত্র চালবিশিষ্ট; চালনি দ্বারা একবার মাত্র ছাঁকা। একচাল +আ যুক্তার্থে। বিণ। ২। একটি মাত্র চাল-বিশিষ্ট কুটীর। বি।

একচিত্ত—১। অনন্যচিত্ত। একে চিত্ত যাহার, বহুব্রী। ২। অভিন্নহৃদয়। এক (অভিন্ন) চিত্ত (মনোভাব) যাহাদের, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা।

একচুল—অতি সূক্ষ্ম বা সামান্য; একসুতা। এক চুল যাহাতে, পরিমাণার্থে বহুব্রী। বিণ।

একচেটিয়া, একচেটে—সম্পূর্ণরূপে একের অধীন বা অধিকারভুক্ত (Monopolistic). দেশজ। বিণ।

একচোখো—একাক্ষ, কাণা; পক্ষপাতী (Partial). একচোখ+ও (∠উয়া) বিশিষ্টার্থে। বিণ। [বি।

একচোট—একবার; এক ঘা। কর্মধা।

একচ্ছত্র—একমাত্র প্রভুশক্তির অধীন, রাজ-চক্রবর্তী কর্তৃক শাসিত; নিরঙ্কুশ প্রভুশক্তি-সম্পন্ন, রাজচক্রবর্তী। এক ছত্র (ছাতা—রাজচিহ্ন) যাহাতে বা যাঁহার, বহুব্রী (এক+ছত্র)। বিণ। স্ত্রী,—ত্রা।

একছুট, –ছোট—একদমে লম্বা দৌড়; এক বস্ত্র, পরিধানে কেবল একখানি কাপড়, উত্তরীয়বিহীন। কর্মধা। বি।

একজাই—১। তালিকাবদ্ধ; একত্র মিলিত। দেশজ। বিণ। ২। মোট হিসাব। ৩। জনতা। বি। ৪। নিয়ত, বার বার, ক্রমাগত। ক্রি-বিণ।

একজাই-নবিশ—যিনি সব বিষয়ের একসঙ্গে হিসাব করিয়া খাতা ঠিক করেন। একজাই+নবিশ লেখক অর্থে। বি।

একজাত—এক মাতাপিতা হইতে উৎপন্ন; পুরুষ সংসর্গ ব্যতীত স্ত্রীলোকের গর্ভে উৎপন্ন (কুমারী মেরীর একজাত সন্তান—যীশুখ্রীষ্ট)। ৫মীতৎ। বিণ। স্ত্রী,–তা।

একজাতি—একবর্ণ, একজাতীয় সম-শ্রেণীস্থ; একপ্রকার, একবিধ। বহুব্রী। বিণ।

একজাতীয়—এক প্রকার, তুল্যরূপ; একবর্ণ; একজাতির অন্তর্ভুক্ত। বিণ। স্ত্রী,–য়া।

একজায়—একজাই, বার বার, নিরত; একসঙ্গে, একত্র। দেশজ। ক্রি-বিণ।

একজোট—মিলিত, দলবদ্ধ, একত্রীভূত; একমতাবলম্বী। বহুব্রী। বিণ।

একজোটে—একত্র মিলিত হইয়া, দল বাঁধিয়া, একসঙ্গে। বহুব্রী। ক্রি-বিণ।

একজ্বর—অবিরাম জ্বর, যে জ্বর ছাড়ে না। কর্মধা। বি; পুং।

একজ্বরী (–রিন্)—অবিরাম জ্বরভোগী। একজ্বর+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, –রিণী। [তুচ্ছার্থে। বিণ।

একটা—কোনও এক; একমাত্র। এক+টা

একটানা—বরাবর একই দিকে বহমান; অবিরাম, নিরন্তর; একঘেয়ে; বরাবর একই হারে বা নিয়মে প্রচলিত। একটান +আ বিশিষ্টার্থে। বিণ।

একটিন—স্থায়ী কর্মচারীর পরিবর্তে কিছুদিনের জন্য কার্যকারী; প্রতিনিধি। ইং Acting শব্দজ। বি। কর্মবাচক বি—একটিনি।

একটী, একটি—একমাত্র, একবস্তু। এক +টী, টি আদরার্থে। বিণ।

একটু, –টুক, –টুকু—অল্প, কিছু, সামান্য। এক+টু, টুক্, টুকু অল্পার্থে। বিণ।

একঢোল, একঢল—এক সমান, একাকার। বহুব্রী। বিণ।

একতঃ (–তস্), একত—এক দিকে বা পক্ষে; এক দিক্ হইতে। এক+তস্ ৭মী বা ৫মী-স্থানে। অব্য।

একতৎপর—একটি মাত্র বিষয়ে আসক্ত;

একাগ্রচিত্ত। ৭মীতৎ। বিণ। স্ত্রী, —রা। বি, —তা।

একতন্ত্রী (—তন্ত্রিন্)—১। একপ্রকার বাদ্যযন্ত্র, একতারা। একতন্ত্র + ইন্ আছে অর্থে। বি; পুং। ২। একমতাবলম্বী। বিণ। স্ত্রী, —ন্ত্রিণী।

একতম—অনেকের মধ্যে এক। এক + তমপ্ নির্দ্ধারণার্থে। বিণ। স্ত্রী, —মা।

একতর—দুইএর মধ্যে এক; অন্ত, ভিন্ন। এক + তরপ্। বিণ। স্ত্রী, —রা।

একতরফ—এক পার্শ্ব; এক দিক্; এক পক্ষ। কর্ম্মধা। বি।

একতরফা—একদিক্ সম্বন্ধীয়; একপক্ষ-সংক্রান্ত; একপক্ষ অবলম্বনে অনুষ্ঠিত; (মোকদ্দমায়) কেবল একপক্ষের উপস্থিতিতে মীমাংসিত (Ex parte). একতরফ + আ সম্বন্ধার্থে। বিণ।

একতলা—১। একতলবিশিষ্ট। একতল + আ বশিষ্টার্থে। বিণ। ২। নীচুতলা। এক প্রথম) তলা, কর্ম্মধা। বি।

কতলীয়—একই সমতলে বিদ্যমান (Co-planar). একতল + ঈয় বিদ্যমানার্থে। বিণ।

কতা, একত্ব—ঐক্য; সংহতি; মিল; সাম্য; মুক্তিবিশেষ; অভেদ; অভিন্নতা। এক + তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

একতান—১। একাগ্রচিত্ত, একবিষয়াসক্ত, তদ্গতচিত্ত। একে (এক বিষয়ে) তান যাহার, বহুব্রী। বিণ। ২। একঘেয়ে স্বর, সমস্বর, বহুযন্ত্রের এক সুরে ও এক তালে লয় (Concert). কর্ম্মধা। বি; পুং।

একতাপন্ন—একতাপ্রাপ্ত, ঐক্যবদ্ধ। একতাকে আপন্ন (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ। স্ত্রী, —ন্না।

একতার—১। একটী মাত্র নক্ষত্রবিশিষ্ট (আকাশ)। একা তারা যাহাতে, বহুব্রী। ২। সমান স্বাদযুক্ত; একটি মাত্র তারযুক্ত (বাদ্যযন্ত্র)। এক তার যাহার, বহুব্রী। বিণ।

একতারা—একতারযুক্ত বীণাজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। এক তার, কর্ম্মধা; একতার + আ যুক্তার্থে। বি।

একতাল—১। সমন্বিত লয়; অবিচ্ছিন্ন স্বর। কর্ম্মধা। বি; পুং। ২। একস্বরযুক্ত যন্ত্র। বহুব্রী। বি; পুং।

একতালা—১। দ্বাদশমাত্রাত্মক বাদ্যতাল-বিশেষ। বি। ২। একতালবিশিষ্ট। বহুব্রী। বিণ। ৩। সকলের নীচের তলা। কর্ম্মধা। বি।

একত্র—একস্থানে; একদিকে; এক বিষয়ে। এক + ত্রল্ ৭মী-স্থানে। অব্য।

একত্রিংশ, একত্রিংশত্তম—একত্রিশ সংখ্যার পূরণ; একত্রিশেরটি। একত্রিংশৎ শব্দ + ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, —শী, —মী।

একত্রিংশৎ—একত্রিশ (৩১) সংখ্যা, ৩১ সংখ্যক। একাধিকা ত্রিংশৎ, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

একত্রিত—একস্থানে জাত বা স্থিত; মিলিত; সংগৃহীত। একত্র + ণিচ্ (=একত্রি নামধাতু) + ক্ত কর্ম্মকর্ত্তৃবা, কর্ম্মবা। বিণ।

একত্রিশ—৩১ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'একত্রিংশৎ' শব্দজ। বি বা বিণ।

একথা-ওকথা, একথা-সেকথা—নানা কথা; বাজে কথা। দ্বন্দ্ব। বি।

একথোকে—একেবারে, একসঙ্গে, সমষ্টি-গতভাবে। এক থোক যাহাতে এরূপে, বহুব্রী। ক্রি-বিণ।

একদংষ্ট্র, একদন্ত—লম্বোদর, গণেশ। এক দংষ্ট্রা বা দন্ত যাঁহার, বহুব্রী। বি; পুং।

একদম—১। পুরা। বিণ। ২। একেবারেই, মোটেই, আদৌতেই, মূলেই। হিন্দী। ক্রি-বিণ।

একদল—(উদ্ভিদ্তত্ত্বে) যে সকল বীজের একটি করিয়া দল থাকে এমন (Monocot). বহুব্রী। বিণ।

একদা—এককালে, এক সময়ে; যুগপৎ, সমকালে। এক শব্দ + দা কালার্থে। অব্য।

একদাপটে—একদৌড়ে, একছুটে ; একবারে, একদমে। এক দাপট যাহাতে এরূপে, বহুব্রী। ক্রি-বিণ।

একদিঠে—একদৃষ্টে। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ। [বিণ।

একদিল—অভিন্নহৃদয়, অভেদাত্মা। বহুব্রী।

একদৃষ্টি—১। অনন্যদৃষ্টি, এক বিষয়েই যাহার দৃষ্টি। একে দৃষ্টি যাহার, বহুব্রী। বিণ। ২। কাক। বি ; পুং। ৩। কাণা। এক দৃষ্টি (নেত্র) যাহার, বহুব্রী। বিণ। ৪। একদিকে দৃষ্টিপাত, এক বিষয় দর্শন। একে দৃষ্টি, ৭মীতৎ। বি ; স্ত্রী।

একদৃষ্টে—স্থিরনেত্রে, অবিচলিত নয়নে, একাগ্রলোচনে। এক হইয়াছে দৃষ্ট (দৃষ্টি) যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

একদেশ—একস্থান ; একদিক্ ; এক অংশ ; কোন অংশ। কর্ম্মধা। বি ; পুং।

একদেশদর্শী (–দর্শিন্)—একটীমাত্র দিক্‌দর্শনকারী, একপক্ষদ্রষ্টা, একচোখো, অযথা পক্ষপাতী ; সঙ্কীর্ণচেতা, অনুদার ; অদূরদর্শী। উপতৎ। একদেশ–দৃশ্ + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –র্শিনী। বি, –র্শিতা।

একদেশীয়—একদেশের অধিবাসী ; একদেশজাত। একদেশ + ঈয় তবাদ্যর্থে। বিণ। স্ত্রী, –য়া।

একদেহ—১। অভিন্নশরীর ; একাত্মা। এক দেহ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –হা। ২। এক শরীর। কর্ম্মধা। বি ; পুং বা ক্লীব।

একধর্ম্মা (–ধর্ম্মন্), **–ধর্ম্মা**—একই ধর্ম্মবিশ্বাসযুক্ত ; যাহাদিগের ধর্ম্ম এক, তুল্যধর্ম্মবিশিষ্ট। এক (তুল্য) ধর্ম্ম যাহার, বহুব্রী। (সমাসান্ত অনিচ্)। বিণ।

একধর্ম্মী (–ধর্ম্মিন্), **–ধর্ম্মী**—একধর্ম্মা। একধর্ম্ম + ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, –র্ম্মিণী।

একধা—একপ্রকার ; একপ্রকারে ; একগুণ। এক + ধাচ্ প্রকারার্থে। অব্য ; বিণ বা ক্রি-বিণ।

একনবতি—একানব্বই (৯১) সংখ্যা বা তৎসংখ্যক। একাধিকা নবতি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী।

একনবতিতম—একনবতির পূরণ, নব্বইএর পরেরটি। একনবতি + তমট্ পূরণ অর্থে। বিণ। স্ত্রী, –মী।

একনাগাড়, –নাগাড়ে—একাদিক্রমে, ধারাবাহিক, ক্রমাগত, অবিরাম। বহুব্রী। ক্রি-বিণ।

একনায়ক—১। অদ্বিতীয় পরিচালক বা শাসনকর্ত্তা, সর্ব্বময় প্রভু (Autocrat). কর্ম্মধা। বি ; পুং। ২। অদ্বিতীয় পরিচালকের বা শাসনকর্ত্তার অধীন, নিরঙ্কুশ প্রভু কর্তৃক শাসিত (Autocratic). একই নায়ক যাহার বা যথায়, বহুব্রী। বিণ। স্ত্রী, –কা।

একনায়ক-রাজ্যতন্ত্র—নিরঙ্কুশ রাজাপতির শাসনপ্রণালী (Autocracy). রাজ্যের তন্ত্র = রাজ্যতন্ত্র, ৬ষ্ঠীতৎ ; একনায়কের রাজ্যতন্ত্র, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

একনিষ্ঠ—একের প্রতি আস্থাসম্পন্ন বা অনুরাগী ; একবিশ্বাসী ; বিশ্বস্ত ; একাগ্র। একে নিষ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ষ্ঠা। বি, –তা, –ত্ব।

একনিষ্ঠা—১। একনিষ্ঠ দ্রঃ। বিণ ; স্ত্রী। ২। একের প্রতি আস্থা বা অনুরাগ ; একাগ্রতা। ৭মীতৎ। বি ; স্ত্রী।

একপক্ষ—১। কোন বিশেষ দল বা দিকের আশ্রয়কারী। বহুব্রী। বিণ। স্ত্রী, –ক্ষা। ২। একদল ; একদিক্ ; শুক্ল বা কৃষ্ণপক্ষ। বি ; পুং।

একপঞ্চাশ—১। একপঞ্চাশত্তম (তাহা দ্রঃ)। একপঞ্চাশৎ + ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, –শী। ২। একান্ন (৫১) সংখ্যা বা তৎসংখ্যক। প্রাদে। বি বা বিণ।

একপঞ্চাশৎ—একান্ন (৫১) সংখ্যা বা তৎসংখ্যক। একাধিকা পঞ্চাশৎ, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী।

একপঞ্চাশত্তম—৫১ সংখ্যার পূরণ, পঞ্চাশের পরবর্ত্তী। একপঞ্চাশৎ + তমট্ পূরণার্থে। বি। স্ত্রী, –মী।

একপত্নী—পতিব্রতা ; সতী, সাধ্বী। এক পতি যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বিণ ; স্ত্রী।

একপত্নীক—একভার্য্য, একটীমাত্র স্ত্রীবিশিষ্ট। একা পত্নী যাহার, বহুব্রী। বিণ ; পুং।

একপদীকরণ—অনেকগুলি পদ মিলাইয়া একপদ করা ; সমাসকরণ। একপদ + চ্বি অভূততদ্ভাবার্থে (=একপদী)—কৃ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

একপদীভাব—বহুপদের এক পদ হওয়া, সমাস। একপদ + চ্বি অভূততদ্ভাবার্থে (=একপদী) + ভূ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

একপাদ—একচরণ ; এক-চতুর্থাংশ ; শ্লোকের চারি চরণের এক চরণ। কর্ম্মধা। বি ; পুং।

একপাল—একদল ; একসঙ্গে অনেকগুলি। কর্ম্মধা বা বহুব্রী। বি বা বিণ।

একপাশ—১। একদিক, একধার। কর্ম্মধা। বি। ২। কাৎ, একপেশে। বহুব্রী। বিণ।

একপুরুষ—১। পরমেশ্বর। কর্ম্মধা। বি ; পুং। ২। এক ব্যক্তির জীবনকাল (One generation). কর্ম্মধা। দেশজ প্রঃ। বি। ৩। একপুরুষযুক্ত, একপুরুষ। এক পুরুষ যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষা।

একপুরুষিয়া, —পুরুষে—এক পুরুষের জীবনকালীন। একপুরুষ + ইয়া, এ। বিণ।

একপেট—পেট ভরিয়া। এক (সম্পূর্ণ) পেট যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

একপেশে—একদিকে ভারী ; একধারে অবস্থিত ; কোণঠাসা ; পক্ষপাতী। একপাশ + এ (∠ ইয়া)। প্রাদে। বিণ।

একপ্রাণ—১। সমপ্রাণ। বিণ। স্ত্রী,—ণা। ২। সখা। বহুব্রী। বি ; পুং।

একফের, একফেরতা—একবারমাত্র ঘোরান (রজ্জু বা হার প্রভৃতি)। বহুব্রী। বিণ।

একবংশীয়—একবংশোদ্ভব, সগোত্র। এক-বংশ + ঈয় ভবার্থে। বিণ। স্ত্রী,—য়া।

একবচন—ব্যাকরণশাস্ত্রোক্ত একত্ব-সংখ্যা-বোধক বিভক্তি। এক সূচক বচন, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

একবস্ত্র—১। একখানি মাত্র কাপড়, উত্তরীয় বা অঙ্গাবরণ-বিহীন পরিধেয় মাত্র। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। একমাত্র বসনধারী, যাহার পরিধানে একখানি মাত্র কাপড়, উত্তরীয় বা অঙ্গাবরণবিহীন ; তুল্যরূপ বস্ত্রবিশিষ্ট। এক বস্ত্র যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—স্ত্রা।

একবাক্যে—একটীমাত্র কথায়, বেশী কথা না বলিয়া ; সমস্বরে, সকলে একমত হইয়া। বহুব্রী। ক্রি-বিণ।

একবাদ—একমাত্র ব্রহ্মের কথন, অর্থাৎ একমাত্র ব্রহ্মব্যতিরেকে আর কিছুই নাই, বেদান্তের এই মত। একের বাদ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

একবার—এক সময় ; এক দফা। কর্ম্মধা। বি।

একেবারে—এক দফায় ; সম্পূর্ণরূপে। ক্রি-বিণ।

একবিংশ, একবিংশতিতম—২১ সংখ্যার পূরণ, ২১ সংখ্যক। একবিংশতি + ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী,—মী।

একবিংশতি—একুশ (২১) সংখ্যা বা তৎসংখ্যক। একাধিকা বিংশতি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী।

একবীজপত্রী (—পত্রিন্)—একদল দ্রঃ।

একমত—১। অভিন্ন মত, তুল্য অভিপ্রায়। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। একপ্রকার মত-বিশিষ্ট, একবাক্য। একই মত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা। বি—তা,—ত্ব।

একমতাবলম্বী (—লম্বিন্)—একমত, একপ্রকার মতধারী, একবাক্য। উপতৎ। একমত—অব—লম্ব্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ম্বিনী।

একমনাঃ (—মনস্), —মনা—একপ্রকার চিত্তবিশিষ্ট ; একাসক্ত, একাগ্রচিত্ত। একে মনঃ যাহার, বহুব্রী। বিণ।

একমনে—অনন্যমনে, একাগ্রচিত্তে, নিবিষ্ট-ভাবে। এক হইয়াছে মন যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

একমাতৃক—এক মাতার গর্ভসম্ভূত, সোদর। এক মাতা যাহাদের, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

একমাত্র—১। কেবল একটি, অদ্বিতীয়। একই এই বাক্যে, নিত্য। বিণ। ২। হ্রস্বস্বর, অ ই উ ঋ ৯—এই কয়টি স্বর। এক মাত্রা যাহার বা যাহাতে, বহুব্রী। বি; পুং।

একমাত্রা—১। একটিমাত্র হ্রস্বস্বরের উচ্চারণকাল; (সঙ্গীতে) ছন্দঃপরিমাপক কালবিভাগের একটি বিভাগ। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। এক পরিমাণ, একবার সেবনীয় (ঔষধাদি), একদাগ। একা মাত্রা, কর্ম্মধা। দেশজ প্রঃ। বি বা বিণ।

একমুঠো—মুষ্টিপরিমিত, যাহা মুঠার মধ্যে থাকে এরূপ (তণ্ডুলাদি)। পরিমাণার্থে বহুব্রী। বিণ।

একমুষ্টি—মুষ্টিপরিমিত, একমুঠো। পরিমাণার্থে বহুব্রী। বিণ।

একমেটে—প্রথম মাটি ধরান (প্রতিমাদি); আংশিকভাবে কৃত, আরব্ধমাত্র, অসম্পূর্ণ। এক মাটি, কর্ম্মধা+এ (∠ইয়া) যুক্তার্থে। বিণ।

একযোট—মিলিত, সমবেত, দলবদ্ধ; এক-ঝাঁক; অনেকগুলি। দেশজ। বিণ।

একরত্তি—একরতি পরিমাণ, একটি কুচফলের সমান ভারবিশিষ্ট; অত্যল্প; ছোট্ট। পরিমাণার্থে বহুব্রী। বিণ। [বি।

একরার—অঙ্গীকার, স্বীকার, কবুল। আর্বী।

একরারনামা—অঙ্গীকারপত্র, স্বীকারপত্র, চুক্তিপত্র (Agreement). আর্বী একরার +ফার্সী নামা। বি। [বহুব্রী। বিণ।

একরূপ—একপ্রকার, অমনি একরকম।

একরূপে—একপ্রকারে; কোনও রকমে। বহুব্রী। ক্রি-বিণ।

একরেখীয়—এক সরলরেখায় অবস্থিত (Collinear). একরেখা+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

এক-রোকা, -রোখা—ক্রোধী, একগুঁয়ে; কথায় অবশ, অবাধ্য; কেবল একভাবে বোনা (কাপড়), যাহার একপৃষ্ঠে মাত্র নক্সা আছে। একরোক, রোখ+আ বিশিষ্টার্থে। বিণ। [অসহায়ার্থে। বিণ। স্ত্রী,—লা।

একল—একক, একাকী, একলা। এক+ল

একলব্য—নিষাদরাজ হিরণ্যধনুর পুত্র। অলৌকিক গুরুভক্তি প্রদর্শন দ্বারা একলব্য অক্ষয়কীর্ত্তি প্রতিষ্ঠিত করিয়া এই মরজগতে অমরত্ব লাভ করিয়াছেন। বি; পুং।

একলষেঁড়ে—অমিশুক; অত্যন্ত হিংসুক, স্বার্থপর। বিণ। [বিণ বা ক্রি-বিণ।

একলা—একাকী, একক। 'একল' শব্দজ।

একলা-দুকলা, -দোকলা—একজন বা দুইজন; সঙ্গিহীন। হিন্দীমূলক। বিণ।

একলি—একাকিনী। প্রাঃ কবিপ্র। বিণ; স্ত্রী। [কবিপ্র। বিণ।

একলে—একলা, একক, একাকী। প্রাঃ

একশ—১০০ সংখ্যা বা তৎসংখ্যক। 'একশত' শব্দজ। বি বা বিণ।

একশত—১। ১০০ সংখ্যা; কোন দ্রব্যের ১০০টি। কর্ম্মধা। বি; ক্লীব। ২। শত-সংখ্যক। বহুব্রী। বিণ।

একশা, একসা—একসঙ্গে, একজাই; মিশ্রিত; একাকার। 'একসাৎ' শব্দজ। বিণ। [দেশজ। বি।

একশিরা—একটী অণ্ডকোষের স্ফীতি রোগ।

একশেষ—১। সমাসের মত বৃত্তিবিশেষ। এক শেষ যাহাতে, বহুব্রী। বি; পুং। ২। পরাকাষ্ঠা, চরম সীমা; প্রাবল্য। দেশজ প্রঃ। বি।

একষট্টি—৬১ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'একষষ্টি' শব্দজ। বি বা বিণ।

একষষ্টি—৬১ সংখ্যা বা তৎসংখ্যক; একাধিকা ষষ্টি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

একষষ্টিতম—একষষ্টির পূরণ; একষট্টিরটি। একষষ্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

একসপ্ততি—একাত্তর (৭১) সংখ্যা বা তৎসংখ্যক। একাধিকা সপ্ততি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

একসপ্ততিতম—৭১এর পূরণ, সত্তরের পরবর্ত্তীটি। এক সপ্ততি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

একহাত—একবারে প্রচুর প্রহার ('—লওয়া')। দেশজ। বি।

একহারা—কৃশকায়, ছিপছিপে; একমাত্র। হিন্দীমূলক। বিণ।

একা—১। অদ্বিতীয়া; একাকিনী। এক+আপ্। বিণ; স্ত্রী। ২। একক, একাকী; একমাত্র; শুদ্ধ, কেবল। 'একাকিন্' শব্দজ। বিণ।

একাকার—১। তুল্যাকৃতি; বিচার-আচার-শূন্য। এক (সমান) আকার যাহাদের, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। একই রকমের আকৃতি। এক আকার, কর্ম্মধা। বি; পুং।

একাকী (একাকিন্)—একক, অসহায়; একলা। এক+আকিন্ অসহায় অর্থে। বিণ। স্ত্রী,—কিনী।

একাক্ষ—১। একচক্ষুঃ, কাণা। এক অক্ষি যাহার, বহুব্রী (সমাসান্ত ষচ্)। বিণ। স্ত্রী,—ক্ষী। ২। কাক। বি; পুং।

একাগ্র—এক বিষয়ে আসক্ত, একনিষ্ঠ; অনাকুল। এক অগ্রে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—গ্রা।

একাগ্রচিত্ত—একমনাঃ, অনন্যমনাঃ, এক-বিষয়েই আসক্তহৃদয়। একাগ্র চিত্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা। বি,—তা।

একাগ্রতা—একবিষয়ে আসক্তি, ঐকান্তিকতা। একাগ্র শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

একাঘ্নী—কর্ণের সাংঘাতিক অস্ত্রবিশেষ, একপ্রকার অব্যর্থ শর। এককে বধ করে যে, উপপদ। এক—আ—হন্+টক্ কর্তৃবা+ঙীপ্। বি; স্ত্রী।

একাত্তর—৭১ এই সংখ্যা বা তৎসংখ্যক। হিন্দীমূলক। বি বা বিণ।

একাত্মতা—অভিন্নহৃদয়ত্ব, সখ্য, সৌহৃদ্য; পরমাত্মার একীভাব বা ঐক্য; একাত্মবাদ। একাত্মন্ শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

একাত্মবাদ—অদ্বৈতবাদ; ঈশ্বর এক এরূপ উক্তি। একাত্মবিষয়ক বাদ (উক্তি), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

একাত্মবাদী (—বাদিন্)—এক ব্রহ্মমাত্র স্বীকারকারী, বেদান্তমতাবলম্বী; বেদান্ত-শাস্ত্রজ্ঞ। উপপদ। একাত্মন্—বদ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

একাত্মা (একাত্মন্)—১। একই প্রকারের মন, অভিন্ন চিত্ত; পরব্রহ্ম। এক আত্মা, কর্ম্মধা। বি; পুং। ২। একমনাঃ, একরূপ অন্তঃকরণবিশিষ্ট; অভিন্নহৃদয়। এক আত্মা যাহার, বহুব্রী। বিণ।

একাদশ—এগার সংখ্যার পূরণ, ১১ সংখ্যক। একাদশন্ শব্দ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী।

একাদশ (—দশন্)—এগার (১১) সংখ্যা বা তৎসংখ্যক। একাধিক দশ, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ।

একাদশী—১। এগার সংখ্যার পূরিকা। একাদশ দ্রঃ। বিণ; স্ত্রী। ২। তিথিবিশেষ; হরিদিন, হরিবাসর। বি; স্ত্রী।

একাদিক্রমে—এক হইতে আরম্ভ করিয়া বরাবর, পূর্ব্বাপর, আনুপূর্ব্বিকরূপে। এক হইয়াছে আদি যাহার সে একাদি, বহুব্রী; একাদি হইয়াছে ক্রম যাহাতে, এরূপে, বহুব্রী। ক্রি-বিণ।

একাধার—একই পাত্র; একাশয়; একই ব্যক্তি বা বস্তু। এক আধার, কর্ম্মধা। বি; পুং।

একাধিক—১। একের বেশী। এক হইতে অধিক, ৫মীতৎ। ২। যাহা হইতে এক বেশী। এক দ্বারা অধিক, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—কা।

একাধিপ, একাধিপতি—অদ্বিতীয় অধীশ্বর, সর্ব্বময় প্রভু, একেশ্বর। এক অধিপ, অধিপতি, কর্ম্মধা। বি বা বিণ; পুং।

একাধিপত্য—অদ্বিতীয় প্রভুত্ব, সর্ব্বময় কর্তৃত্ব। এক আধিপত্য, কর্ম্মধা। বি ; ক্লীব।

একানব্বই,—নব্বুই—৯১ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'একনবতি' শব্দজ। বি বা বিণ।

একান্ত—১। অতিশয়, অত্যন্ত, নিতান্ত ; মনুষ্যসমাগমশূন্য, নির্জ্জন ; অবধারিত। এক হইয়াছে অন্ত (নিশ্চয়) যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্তা। ২। নির্জ্জন স্থান। কর্ম্মধা। ৩। একের অবধারণ। একের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

একান্তর—মধ্যে এক ব্যবধানতার পর অবস্থিত, একমধ্যক, তৃতীয়-স্থানবর্ত্তী (Alternate). এক অন্তর যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

একান্তরিত—একব্যবহিত, তৃতীয়-স্থানবর্ত্তী। এক দ্বারা অন্তরিত (ব্যবহিত), ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

একান্তসচিব—কাহারও ব্যক্তিগত কার্য্যে সহায়ক এবং পরামর্শদাতা বা ভারপ্রাপ্ত কর্ম্মচারী (Private Secretary). বি ; পুং।

একান্ন—১। একত্র অন্নভোক্তা, সহভোজী ; একভোজী। এক হইয়াছে অন্ন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্না। ২। দিবারাত্রে একবার-মাত্র ভোজন ; এক আহার। এক অন্ন, কর্ম্মধা। বি ; ক্লীব। ৩। ৫১ সংখ্যা বা তৎসংখ্যক। দেশজ। বি বা বিণ।

একান্নবর্ত্তী(র্ত্তী) (—বর্ত্তিন্)—এক পরিবারভুক্ত, অবিভক্ত ; একান্নভোজী। একান্নে বর্ত্তে (থাকে) যে, উপতৎ। একান্ন—বৃত্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিনী। বি,—র্ত্তিতা।

একান্নভুক্ত—এক পরিবারের অন্তর্গত ; একান্নভোজী। একান্ন দ্বারা ভুক্ত (অধিকৃত), ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

একান্বয়—একমাত্র বস্তু বা বিষয়ের সহিত বিভিন্ন বস্তুর সম্বন্ধ ; একঘেঁয়েমি (Monotony). ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

একাবলী—একনর মালা বা হার ; অর্থালঙ্কারবিশেষ। একা আবলী (শ্রেণী) যাহার বা যাহাতে, বহুব্রী। বি ; স্ত্রী।

একার—এ এই বর্ণ মাত্র। এ+কার স্বার্থে। বি ; পুং।

একারাদি—যাহার প্রথম বর্ণে একার আছে এরূপ শব্দ। বহুব্রী। বিণ।

একারান্ত—অন্তে 'এ'-বর্ণবিশিষ্ট, যাহার শেষে 'এ' আছে এরূপ। একার অন্তে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্তা।

একার্থ—১। এক অভিধেয় শব্দ ; অভিন্ন তাৎপর্য্য ; এক প্রয়োজন। এক অর্থ, কর্ম্মধা। বি ; পুং। ২। একরূপ অর্থবিশিষ্ট ; অন্যের সহিত অভিন্ন উদ্দেশ্য বা প্রয়োজনবিশিষ্ট। একই অর্থ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্থা।

একার্থক—একরূপ অভিধেয়যুক্ত, এক অর্থের বোধক, অভিন্নার্থ, একরূপ উদ্দেশ্য বা প্রয়োজনবিশিষ্ট। এক অর্থ যাহার, বহুব্রী। বিণ।

একার্থতা—সমার্থতা ; উদ্দেশ্য বা অভিপ্রায়ের অভিন্নতা। একার্থ+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

একার্থপ্রতিপাদক, —বোধক—একই অর্থের প্রকাশক, একার্থক। একার্থের প্রতিপাদক, বোধক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—দিকা, —ধিকা।

একাল-ওকাল—ইহকাল ও পরকাল। দ্বন্দ্ব। বি। [দ্বন্দ্ব। বি।

একাল-সেকাল—বর্ত্তমান ও অতীত।

একাশী—৮১ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'একাশীতি' শব্দজ। বি বা বিণ।

একাশীতি—একাশী (৮১) সংখ্যা বা তৎসংখ্যক। মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী।

একাশীতিতম—একাশীতি সংখ্যার পূরণ, ৮১ সংখ্যক, একাশীরটী। একাশীতি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

একাশ্রয়—১। অনন্যগতি ; একের আশ্রিত। এক আশ্রয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। ২। এক আধার। এক আশ্রয়, কর্ম্মধা। বি ; পুং।

একাশ্রিত—একের শরণাগত ; অনন্যগতি। এককে আশ্রিত, ২য়াতৎ। বিণ। স্ত্রী, —তা।

একাসন—১। একমাত্র বসিবার স্থান, অভিন্ন আসন। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। এক আসনে উপবিষ্ট। এক আসন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —না।

একাহার—১। অহোরাত্রে একবারমাত্র ভোজন। এক আহার, কর্ম্মধা। বি ; পুং। ২। অহোরাত্রে একবারমাত্র ভোজনকারী। এক আহার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —রা।

একাহারী (—হারিন্)—অহোরাত্রে একবার মাত্র ভোজনকারী। একাহার শব্দ+ ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —রিণী।

একীকরণ—একত্রীকরণ, অনেক বস্তু একত্র করা ; সমান করা। এক শব্দ+চি্ অভূততদ্ভাবার্থে (=একী)—কৃ+অনট্ ভাববা। বি ; ক্লীব। বিণ, —কৃত।

একীভবন—একাকার হওয়া, সমান হওয়া ; একত্র মিলিত হওয়া। এক+চি্ অভূততদ্ভাবার্থে (=একী)—ভূ+অনট্ ভাববা। বি ; ক্লীব।

একীভাব—এক হওয়া, একতা, মিলন। এক শব্দ+চি্ অভূততদ্ভাবার্থে (=একী)—ভূ +ঘঞ্ ভাববা। বি ; পুং।

একীভূত—এক হইয়াছে এরূপ, সমত্বপ্রাপ্ত, মিলিত। এক শব্দ+চি্ অভূততদ্ভাবার্থে (=একী)—ভূ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

একুন—সমষ্টি ; মোট। দেশজ। বিণ।

একুনে—সমষ্টিতে, মোটে, সমুদায়ে, সর্ব্ব-সাকল্যে। দেশজ। ক্রি-বিণ।

একুরাব—একরব, একতান, সমস্বর। প্রাঃ কবিপ্র। বি।

একুল-ওকুল—শ্বশুরকুল ও পিতৃকুল ; ইহকাল ও পরকাল ; উভয় অবলম্বন। দ্বন্দ্ব। বি।

একুশ—২১ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'এক-বিংশতি' শব্দজ। বি বা বিণ।

একুশে—মাসের ২১ দিনের দিন। দেশজ। বি বা বিণ।

একূল-ওকূল—উভয় তীর ; উভয় অবলম্বন। দ্বন্দ্ব। বি।

একেবারে—সম্পূর্ণরূপে ; নিতান্ত। ক্রি-বিণ।

একেশ্বর—১। একক বা একাকী ; একাধিপতি। বিণ। স্ত্রী, —রী। ২। একমাত্র পরমেশ্বর, অদ্বিতীয় ভগবান্। কর্ম্মধা। বি ; পুং।

একেশ্বরবাদ—পরমেশ্বর এক ভিন্ন দ্বিতীয় নাই এরূপ মত। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

একেশ্বরবাদী (—বাদিন্)—পরমেশ্বর একাধিক নাই এইরূপ মতাবলম্বী, অদ্বিতীয় ব্রহ্মবাদী। একেশ্বরবাদ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, —দিনী।

একৈক—এক একজন, বা এক একটি। এক +এক (বীপ্সার্থে দ্বিরুক্তি, সমাসবৎ)। বিণ। স্ত্রী, —কা।

একোদ্দিষ্ট—এক ব্যক্তির উদ্দেশে বার্ষিক শ্রাদ্ধ ; প্রেতোদ্দেশে কৃত শ্রাদ্ধ। এক উদ্দিষ্ট যাহাতে, বহুব্রী। বি ; ক্লীব।

একোন—এক কম। এক দ্বারা উন, ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —না।

এক্কা—দ্বিচক্রবিশিষ্ট এক ঘোড়ার গাড়ী-বিশেষ। হিন্দী। বি।

এক্‌তার, এখতিয়ার—পরাক্রম, ক্ষমতা ; সাধ্য ; অধিকার, দখল ; ইচ্ছা ; খুসী। আর্বী। বি।

এক্ষণ—এখন, বর্ত্তমান সময় ; এই দণ্ড, এই মুহূর্ত্ত। এই ক্ষণ, কর্ম্মধা। বি।

এখন—এক্ষণে, সম্প্রতি ; বর্ত্তমান কালে ; এই অবস্থায়। এ (∠এই) খন (∠ক্ষণ), কর্ম্মধা। অব্য।

এখনই—এই দণ্ডে, শীঘ্র। ক্রি-বিণ।

এখনও—আজও ; এ অবস্থাতেও। ক্রি-বিণ।

এখনকার—এই সময়ের, বর্ত্তমান, উপস্থিত, আধুনিক, ইদানীন্তন। এখন+কার সম্বন্ধার্থে। বিণ।

এখান—এই স্থান। এ খান (স্থান), কর্ম্মধা। বি। [সম্বন্ধার্থে। বিণ।

এখানকার—এই স্থানের। এখান+কার

এগন, এগান, এগোনো—অগ্রসর হওয়া, অগ্রগামী হওয়া, আগাইয়া যাওয়া। 'অগ্রগমন' শব্দজ। বাং ক্রি।

এগার—১১ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'একাদশন্' শব্দজ। বি বা বিণ।

এগুতে, এগুনে, এগোনে—অগ্রে, পূর্ব্বে, পূর্ব্বকালে; অগ্রভাগে, পুরোদেশে। গ্রাম্য। ক্রি-বিণ। [বি।

এগ্‌জামিন—পরীক্ষা। ইং Examination.

এগ্‌জিবিশন্—প্রদর্শনী, মেলা। ইং Exhibition. বি।

এজন, এজনা—এই ব্যক্তি। কর্ম্মধা। কবিপ্র। বি।

এজন্য—এই হেতু, একারণে। বাং অব্য।

এজমালি, -লী—একাধিক ব্যক্তির একসঙ্গে উপভুক্ত, সরিকী (Joint). আর্বী এজমাল (যৌথ অধিকার)+ই, ঈ বিশিষ্টার্থে। বিণ।

এজলাস—আদালত, বিচারালয়; বিচারাসন (Bench). ফার্সী 'ইজ্‌লাস্' শব্দজ। বি।

এজাহার, এজেহার—ব্যক্তকরণ, খুলিয়া বলা; উক্তি; সাক্ষ্যপ্রদান; জবানবন্দী; জানান; বিজ্ঞপ্তি। আর্বী 'ইজ্‌হার' শব্দজ। বি।

এজেন্ট—প্রতিনিধি; গোমস্তা; কার্য্য-নির্ব্বাহক। ইং Agent. বি।

এজেন্সি—এজেন্টের কার্য্য বা কার্য্যস্থান; গোমস্তাগিরি। ইং Agency. বি।

এটর্নী—ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মচারী; মোকদ্দমার তদ্বিরকারক ব্যবহারাজীব। ইং Attorney. বি।

এটা, এটি—এই বস্তু বিষয় বা ব্যক্তি। এ+টা তুচ্ছার্থে, টি আদরার্থে। সর্ব্ব।

এটা-ওটা-সেটা—নানা জিনিস। দ্বন্দ্ব। বি।

এটে, এঁটে—কদলীর মূল, কলাগাছের গোড়া। আটি, আঁটি (অষ্টি)+এ (ইয়া) স্বার্থে। বি। [দেশজ। বিণ।

এটেল, এঁটেল—আঠাল, চট্‌চটে।

এড়া, এড়ান—১। পরিহার করা, বর্জ্জন করা, ছাড়া বা ছাড়ান; নিক্ষেপ করা; অতিক্রম করা; উপেক্ষা করা; রক্ষা পাওয়া। বাং ক্রি।

এড়াকানি—অবহেলা। প্রাদে। বি।

এড়াটিয়া, এড়াটে, এড়া—পরিহৃত, বর্জ্জিত; বাতিল; অকর্ম্মণ্য। দেশজ। বিণ।

এডিটর্—গ্রন্থ-সংস্কারক; সংবাদপত্র-সম্পাদক। ইং Editor. বি।

এড়িল—ত্যাগ করিল, ক্ষেপণ করিল। কবিপ্র। ক্রি।

এডিশন—সংস্করণ; সম্পাদন; একদা মুদ্রিত গ্রন্থাবলী। ইং Edition. বি।

এড়ো—আড়, কাত, একপেশে; চওড়ার দিকে স্থিত। আড়+ও (∠উয়া) বিশিষ্টার্থে। বিণ। [ইং Advocate. বি।

এড্‌ভোকেট—উচ্চ আদালতের উকীল।

এণ্ডা—ডিম্ব, অণ্ড; কচি ছেলে, শিশু। 'অণ্ড' শব্দজ। বি। [দ্বন্দ্ব। বি।

এণ্ডা-বাচ্চা—ছোট ছোট ছেলেমেয়ের দল।

এণ্ডী—আসাম প্রদেশের তসরবিশেষ। এণ্ড (∠এরণ্ড)+ঈ উৎপন্নার্থে। বিণ।

এত—এতৎপরিমিত, এই সংখ্যক; এমন বেশী। 'এতাবৎ' শব্দজ। বিণ।

এতৎ (এতদ্)—এই, ইহা, ইনি। ই+তদ্ কর্ত্তৃবা। সর্ব্ব, বিণ।

এতত্তুল্য, এতৎসম—এতাদৃশ, ইহার মত। ইহার তুল্য, সম, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —ল্যা, —মা।

এতদতিরিক্ত—ইহার বেশী; ইহা ভিন্ন। ইহা হইতে অতিরিক্ত, ৫মীতৎ। বিণ। স্ত্রী, —ক্তা।

এতদ্দেশীয়—এদেশে উৎপন্ন, এদেশবাসী, এই দেশের। এতদ্দেশ+ঈয় জাতার্থে, সম্বন্ধার্থে বিণ। স্ত্রী, —য়া।

এতদ্ব্যতিরিক্ত, এতদ্ব্যতীত—এতদতিরিক্ত, এই ভিন্ন, ইহার অধিক, ইহা ছাড়া। ৫মীতৎ ও ২য়াতৎ। বিণ। স্ত্রী,—ক্তা, —তা।

এতদ্ভিন্ন—ইহা (বা এই সকল) ব্যতীত, ইহা ছাড়া। ৫মীতৎ। বিণ। স্ত্রী,—ন্না।

এতলা, এত্তালা, এত্তেলা, এস্তেলা—সংবাদ দেওয়া; জানান; বিজ্ঞাপন। আর্বী 'ইৎলা' শব্দজ। বি।

এতলানামা—বিজ্ঞপ্তিপত্র। আর্বী ইৎলা+ফার্সী নামা। বি।

এতহি—এইখানে; এই দিকে; এই। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

এতহুঁ—এত; এই সমস্ত; এই পর্য্যন্ত। প্রাঃ কবিপ্র। বিণ।

এতাদৃশ—ঈদৃশ, এই প্রকার, এইরূপ। এতদ্—দৃশ্+কঞ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—শী।

এতাবৎ—এতৎপরিমিত, এতটুকু, এতখানি। এতদ্+বতুপ্ পরিমাণার্থে। বিণ; ক্লীব। পুং, এতাবান্। স্ত্রী, এতাবতী।

এতাবৎকাল—এতৎপরিমিত সময়; একাল পর্য্যন্ত। এতাবান্ (এতাবৎ) কাল, কর্ম্মধা। বি: পুং।

এত্তালা—এতলা দ্রঃ।

এতীম—মাতাপিতৃহীন। আর্বী। বিণ।

এতেক—এতৎপরিমিত, এত; এতদূর; এই অবধি; এ পর্য্যন্ত; এই সমুদায়; ইহা, এই কথা। কবিপ্র। বি বা বিণ।

এত্তেলা, এস্তেলা—এতলা দ্রঃ।

এদিক-ওদিক—দুই দিক্; দুই পথ; চারি দিক, সকল দিক। দ্বন্দ্ব। বি।

এদ্দিন—এতদিন, এতকাল, এত দিনের মধ্যে। 'এতদিন' শব্দের সংক্ষেপ। দেশজ। বি।

এধ—ইন্ধন, জ্বালানি কাষ্ঠ; তৃণ। এধ্+ঘঞ্ করণবা। বি; পুং।

এধ-অধিকর্ত্তা(র্ত্তা) (-কর্তৃ)—ইন্ধন কাষ্ঠ সরবরাহ বিভাগের ঊর্দ্ধতম কর্ম্মচারী (Director of Fuel). বি; পুং।

এনামেল—মিনা, ধাতু প্রভৃতির উপর কাচের ন্যায় কলাই। ইং Enamel. বি।

এনায়েৎ—সম্মতি; সমর্থন; অনুগ্রহ। আর্বী। বি।

এঞ্জিন—যন্ত্র; ইঞ্জিন; যে যন্ত্র স্বয়ং চলিয়া অন্য যন্ত্রাদি চালায়। ইং Engine. বি।

এণ্ট্রান্স, এন্‌ট্রান্স—বিশ্ববিদ্যালয়ের প্রথম পরীক্ষা, প্রবেশিকা পরীক্ষা (এখন ম্যাট্রিকুলেশান বলা হয়)। ইং Entrance. বি।

এন্তাকাল—১। হস্তান্তর, ক্রোক। ফার্সী 'ইন্তকাল' শব্দজ। ২। মৃত্যু। আর্বী 'ইন্তকাল' শব্দজ। বি।

এন্তাজার, এন্তেজার—অধীন, আয়ত্ত, বশ। আর্বী 'ইন্‌ত্‌জার' শব্দজ। বিণ।

এন্তাজারি, এন্তেজারি—অধীনতা, বশ্যতা, আনুগত্য; অপেক্ষা, প্রতীক্ষা; ভরসা। এন্তাজার, এন্তেজার+ই ভাবে। বি।

এন্তার—প্রচুর, অজস্র; বিরামহীন। পোর্ত্তুগীজ 'Entar' শব্দজ। বিণ।

এন্তেকাল—এন্তাকাল দ্রঃ।

এন্তেজার, এন্তেজারি—এন্তাজার ও এন্তাজারি দ্রঃ।

এপাশ-ওপাশ—উভয় দিক্, সকল দিক্। দ্বন্দ্ব। বি। **এপাশ-ওপাশ করা**—বিছানার এক পাশ হইতে অন্য পাশ পর্য্যন্ত গড়াগড়ি দেওয়া; যন্ত্রণায় ছটফট্ করা।

এপিঠ-ওপিঠ—দুই দিক্; উপর-নীচ। দ্বন্দ্ব। বি।

এপ্রিল—ইংরাজী বৎসরের চতুর্থ মাস (বাংলা চৈত্র-বৈশাখ)। ইং April. বি।

এবংবাদী (-বাদিন্)—যে এইরূপ বলে এমন। উপতৎ। এবং—বদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

এফিডেভিট—শপথপূর্ব্বক বর্ণনা; হলফি এজাহার। ইং Affidavit. বি।

এবং (এবম্)—১। এইপ্রকার; এতাদৃশ। ই+বম্ কর্ত্তৃবা। অব্য। ২। ও, আরও। দেশজ প্রঃ। অব্য।

একোঁড়-ওকোঁড়—একদিক্ হইতে অপর দিক্ পর্য্যন্ত ফোঁড়া ; একদিক্ দিয়া প্রবেশ করিয়া অপর দিক্ দিয়া বাহির হওয়া। দ্বন্দ্ব। বি।

এবংবিধ—এই প্রকার, ঈদৃশ। এবং (ঈদৃশী) বিধা (প্রকার) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

এবড়োখেবড়ো—অসমতল, উঁচুনীচু, বন্ধুর। দেশজ। বিণ।

এবম্প্রকার—এবংবিধ, এইরূপ, এই রকমের, ঈদৃশ, এতাদৃশ। এবম্ প্রকার যাহার, বহুব্রী। বিণ।, স্ত্রী,—রা।

এবম্ভূত—ঈদৃশ। এবম্—ভূ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

এবরা—ইস্তফা, ত্যাগ; বাতিল, নামঞ্জুর; নিষ্কৃতি, অব্যাহতি। আর্বী 'ইব্‌রা' শব্দজ। বি।

এবাদৎ—উপাসনা। আর্বী। বি।

এবাদৎখানা, —গাহ্—উপাসনাগৃহ, মসজিদ। আর্বী। ৬ষ্ঠীতৎ। বি।

এবার—এবৎসর; এসময়; এদফা, এপালার; এজন্মে। দেশজ। বি।

এবারকার—এই বারের, এই সময়ের। এবার+কার। বিণ।

এবারৎ—বাক্‌প্রণালী, পদবিন্যাস, ভাষার সঙ্কেত, রচনাপ্রণালী। আর্বী। বি।

এবে—এই সময়ে। কবিপ্র। অব্য।

এমত—এমন, এরূপ। এ+মত সদৃশার্থে। বিণ।

এমতি—এমন, এরূপ। প্রাঃ কবিপ্র। বিণ।

এমন—এরূপ, এপ্রকার। এ+মন সদৃশার্থে। বিণ।

এমনতর, এমনিতর—এইপ্রকার, এরকম। এমন, এমনি+তর প্রকারার্থে। বিণ।

এমনি, এমনই—১। এইরকম, এই প্রকার, এই ভাবের; এতই। বিণ। ২। অমনি, শুধুশুধু; বিনামূল্যে, বিনাব্যয়ে। ক্রি-বিণ।

এমান—ঈমান, বিশ্বাস, ধর্ম্ম। আর্বী 'ঈমান্' শব্দজ। বি।

এমারৎ—অট্টালিকা, দালান; কোঠাবাড়ী। আর্বী 'আমারৎ' শব্দজ। বি।

এমুড়ো-ওমুড়ো—এক ধার হইতে অপর ধার পর্য্যন্ত; সমস্তটা। দেশজ। বি বা ক্রি-বিণ। [বি।

এয়ারিং—কর্ণকুণ্ডল, মাকড়ি। ইং Ear-ring.

এযাত্রা—এইবার। কর্ম্মধা। বি।

এযাবৎ—এপর্য্যন্ত। সুপ্‌সুপা। অব্য।

এয়ো—সধবা নারী। 'অবিধবা' শব্দজ। বি; স্ত্রী।

এয়োত, এয়োতি—সধবার অবস্থা বা লক্ষণ। এয়ো+ত, তি ভাবে। বি।

এয়োতি, এয়োতী—সধবা। এয়োত+ই, ঈ বিশিষ্টার্থে। বি বা বিণ; স্ত্রী।

এর—১। ইহার, এই ব্যক্তির বা বস্তুর। 'ইহার' শব্দের সংক্ষেপ। সর্ব্ব, সম্বন্ধে ৬ষ্ঠী। ২। সম্বন্ধ বিভক্তির চিহ্ন।

এরকা—গ্রন্থিহীন তৃণবিশেষ; নলখাগড়া; শরগাছ। ই+রক্ কর্ত্তৃবা+স্ত্রীলিঙ্গে আপ্। বি; স্ত্রী।

এরঙ্গ, এলঙ্গ—মৎস্যবিশেষ, রায়খাঁড়া মাছ। বি; পুং।

এরণ্ড—ভেরেণ্ডা গাছ, রেড়ি। আ—ঈর্+অণ্ডচ্ কর্ত্তৃবা, সংজ্ঞার্থে। বি; পুং।

এরণ্ডক—এরণ্ড, ভেরেণ্ডা গাছ। এরণ্ড+কন্ স্বার্থে। বি; পুং।

এরণ্ডতৈল—এরণ্ড ফল হইতে উৎপন্ন তৈল; রেড়ির তৈল (Castor oil). এরণ্ডজাত তৈল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

এরারুট, এরোরুট—পালোবিশেষ (রোগীর পথ্য)। ইং Arrowroot. বি।

এরূপ—এপ্রকার, এমন। এ (এই) রূপ যাহার, বহুব্রী। বিণ।

এরোপ্লেন—ব্যোমযান, উড়োজাহাজ। ইং Aeroplane. বি।

এলঙ্গ—এরঙ্গ দ্রঃ।

এলবাস, এলাবাস—বস্ত্র, পোষাক। আর্বী 'ইল্‌বাস' শব্দজ। বি।

এলা—১। এলাচি (ফল বা গাছ)। ইল্+অচ্ কর্তৃবা+আপ্। ২। শিথিল; অলস; অকেজো। 'আকুল' শব্দজ। বিণ। ৩। ত্যাগ করা; ফেলা। বাং ক্রি।

এলাকা—অধিকার; আয়ত্ততা; সীমা; সংস্রব, সম্পর্ক। আর্বী 'ইলাকা' শব্দজ। বি।

এলাচ, এলাচি—বড় বা ছোট এলাচ। 'এলা' শব্দজ। বি।

এলাচদানা—এলার বীজ; একপ্রকার চিনির গুলি। ৬ষ্ঠীতৎ। বি।

এলান—১। আলুলায়িত হওয়া, খুলিয়া যাওয়া; অনেক পূর্ব্বে রন্ধনজন্য বিকৃত হওয়া, থস্‌থসে হইয়া পড়া বা নষ্ট হওয়া; শয়িত বা অবসন্ন হওয়া। বাং ক্রি। ২। আলুলায়িত, এলো, প্রসারিত। বিণ।

এলাম—আসিলাম। প্রাদে। ক্রি।

এলালতা—এলাচির গাছ। কর্ম্মধা বা ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

এলাহি—ইলাহি দ্রঃ।

এলাহিকাণ্ড, এলাহিকারখানা—বিস্তৃত আয়োজন, ফালাও কারবার, খুব বড় রকমের বন্দোবস্ত। মিশ্র শব্দ। বি।

এলুমিনিয়ম (অ্যালু—)—পাতলা শ্বেতবর্ণ ধাতুবিশেষ। ইং Aluminium. বি।

এলেকা—এলাকা (তাহা দ্রঃ)।

এলেক্কা—সম্পর্ক, সংস্রব; দখল, অধিকার। আর্বী। বি।

এলেম—বিদ্যা, জ্ঞান; বুদ্ধিমত্তা, চাতুর্য্য। আর্বী 'ইল্‌ম্' শব্দজ। বি।

এলেমবাজ—বিদ্যাবান্, বিদ্বান্, পণ্ডিত, জ্ঞানী; বুদ্ধিমান্, চতুর; দক্ষ। আর্বী ইল্‌ম্+ফার্সী বাজ। বিণ।

এলো—আলুলায়িত, শিথিল, আলগা; অসংযত, অসম্বদ্ধ, গোলমেলে। 'আকুল' শব্দজ। বিণ। [কর্ম্মধা। বি।

এলোকেশ—উন্মুক্ত কেশ, খোলা চুল।

এলোকেশী—যে রমণীর কেশপাশ অবদ্ধভাবে চারিদিকে ছড়ান আছে; শ্যামা-মা। বহুব্রী। বিণ বা বি; স্ত্রী।

এলোচুলী—আলুলায়িতকুন্তলা, এলোকেশী। বহুব্রী। বিণ; স্ত্রী।

এলোথেলো—আলুলায়িত, শিথিল, আলগা; বিশৃঙ্খল, অবিন্যস্ত। দেশজ। বিণ।

এলোধাবাড়ি, —ড়ে—লক্ষ্যহীনভাবে, যথেচ্ছভাবে, বিশৃঙ্খলভাবে; যেমন তেমন করিয়া। দেশজ। ক্রি-বিণ।

এলো-পাতাড়ি, —পাতালি—এলোধাবাড়ি (তাহা দ্রঃ)। দেশজ। ক্রি-বিণ।

এলোমেলো—বিশৃঙ্খল; অবিন্যস্ত; অসংযত; আবলতাবল। দেশজ। বিণ।

এষণা—অন্বেষণ; ইচ্ছা। ইষ্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী। বিণ, এষণীয়।

এসিটিলিন, (অ্যাসি —)—গ্যাসবিশেষ (ইহা জ্বালাইলে উজ্জ্বল আলোক হয়)। ইং Acetylene. বি।

এসিড্, অ্যাসিড্—দ্রাবক, রাসায়নিক অম্লপদার্থ। ইং Acid. বি।

এসেন্স—পুষ্পাদির সুগন্ধি নির্য্যাস। ইং Essence. বি।

এসেসার—যিনি দায়রার মোকদ্দমায় জজকে বিচারে সাহায্য করেন; যিনি কর নির্দ্ধারণ করেন। ইং Assessor. বি।

এস্তমাল, এস্তেমাল—অভ্যাস; ব্যবহার, প্রচলন। আর্বী 'ইস্ত্-আমাল' শব্দজ। বি।

এস্তাহার—ইস্তাহার (তাহা দ্রঃ)। [বি।

এস্‌পার—এই দিক্, এই পার। হিন্দীমূলক।

এস্‌পার-ওস্‌পার—চরমনিষ্পত্তি, সিদ্ধি কিংবা বৈফল্য। হিন্দীমূলক। বি।

এস্‌রাজ, এস্‌রার—সেতার ও সারঙ্গের মিশ্র-জাত সতার বাদ্যযন্ত্রবিশেষ। বি।

এহনি—এমন। প্রাঃ কবিপ্র। বিণ।

এহি—এই, ইহা, এ। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

এহেন—এমন, এরূপ। কবিপ্র। বিণ।

এহো—এই; ইহাও। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

ঐ

ঐ—১। একাদশ স্বরবর্ণ, ইহার উচ্চারণস্থান কণ্ঠ ও তালু; শিব। বি; পুং। ২। সম্বোধন, আমন্ত্রণ, স্মরণ ইত্যাদি সূচক শব্দ। অব্য। ৩। দূরস্থ পদার্থ বা পূর্ব্বোল্লিখিত শব্দবোধক, সম্মুখবর্ত্তী, ওই, সেই। 'অদস্' শব্দজ। সর্ব্ব। বিণ।

ঐকতান—বাদ্যবিশেষ, কতকগুলি বিভিন্ন-জাতীয় বাদ্যযন্ত্র একস্বরে বাদিত হইলে তাহাকে ঐকতান (Concert). বলে। একতান+অণ্ ভাবার্থে। বি; ক্লীব।

ঐকতানবাদন,—বাদ্য—কতকগুলি ভিন্ন ভিন্ন জাতীয় বাদ্যযন্ত্র এক সুরে বাঁধিয়া বাজান। ঐকতানযুক্ত বাদন, বাদ্য, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ঐকপদিক—এক বিভক্ত্যন্ত পদোৎপন্ন। একপদ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

ঐকপদ্য—বহু পদের একার্থবোধকত্ব। এক-পদ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

ঐকবাক্য—একবাক্যতা, একমতাবলম্বন, অভিন্ন মত। একবাক্য+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

ঐকমত্য—মতের ঐক্য, একই প্রকার মত। একমত+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

ঐকরাজ্য—একরাজত্ব, একাধিপত্য, সার্ব্ব-ভৌমত্ব। একরাজ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

ঐকাগ্র—একাগ্রচিত্ত, অভিনিবিষ্ট, একই বিষয়ে আসক্ত। একাগ্র+অণ্ স্বার্থে। বিণ। স্ত্রী,—গ্রী। [ভাবার্থে। বি; ক্লীব।

ঐকাগ্র্য—একাগ্রতা। একাগ্র+ষ্ণ্য

ঐকাত্ম্য—একাত্মতা, আত্মার একতা, এক-প্রাণতা; ঐক্য, অভেদ। একাত্মন্+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

ঐকান্তিক—নিশ্চিত; দৃঢ়; প্রগাঢ়; আত্যন্তিক; একনিষ্ঠ। একান্ত শব্দ+ইক ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী,—কী।

ঐকান্তিকতা—নিশ্চয়; প্রগাঢ়তা; একাগ্রতা, সাতিশয় মনঃসংযোগ। ঐকান্তিক+তা ভাবার্থে। বি; স্ত্রী।

ঐকার—ঐ এই অক্ষর মাত্র; বাঙ্গালার 'ৈ' এই চিহ্ন। ঐ+কার স্বার্থে। বি; পুং।

ঐকারান্ত—যাহার শেষে ঐকার আছে এরূপ শব্দ। বহুব্রী। বিণ।

ঐকার্থ্য—একার্থতা, সমপ্রয়োজন। একার্থ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

ঐকাহিক—একদিনসম্বন্ধীয়; একদিনসাধ্য; যাহা একদিন অন্তর হয় এরূপ। একাহ+ইক ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী,—কী।

ঐক্য—একতা, মিল; অবিরোধ; এক-রূপতা। এক+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

ঐক্যতান—ঐকতান (তাহা দ্রঃ)।

ঐক্ষব—ইক্ষুসম্বন্ধীয়; ইক্ষুজাত, একো (গুড়, চিনি প্রভৃতি)। ইক্ষু+অণ্ ভাবার্থে। বিণ। স্ত্রী,—বী।

ঐচ্ছিক—ইচ্ছাসম্বন্ধীয়; ইচ্ছানুযায়ী, ইচ্ছানু-রূপ; ইচ্ছাধীন (Voluntary, optional). ইচ্ছা+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

ঐছন—ঐরূপ, ঐরকম। প্রাঃ কবিপ্র। বিণ।

ঐছনে—ঐরূপে। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

ঐছে—ঐরূপে; ঐরূপ; উহাতে, ঐ কারণে। প্রাঃ কবিপ্র। অব্য।

ঐতরেয়—উপনিষদ্‌বিশেষ, ব্রাহ্মণগ্রন্থবিশেষ। ইতর (মুনিবিশেষ)+এয় প্রণীতার্থে। বি; ক্লীব।

ঐতিহাসিক—ইতিহাসসম্বন্ধীয়; ইতি-হাসোক্ত; ইতিহাসজ্ঞ। ইতিহাস+ইক সম্বন্ধার্থে, জাতার্থে। বিণ। স্ত্রী,—কী।

ঐতিহাসী—ইতিহাসসম্বন্ধীয়া। ইতিহাস+অণ্ সম্বন্ধার্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

ঐতিহ্য—ইতিহ, কিংবদন্তী, পরম্পরাগত উপদেশ; ঐতিহাসিক কথা; যাহা বরাবর

চলিয়া আসিতেছে এরূপ কাহিনী (Tradition). ইতিহ+ষ্ণ্য স্বার্থে। বি; ক্লীব।

ঐন্দ্রজালিক—কুহকসম্বন্ধীয়; কুহকী, মায়াবী, বাজিকর (Magician). ইন্দ্রজাল+ইক সম্বন্ধার্থে, ব্যবহার করে অর্থে। বিণ বা বি। স্ত্রী,—কী।

ঐন্দ্রিয়ক—১। ইন্দ্রিয়সম্বন্ধীয়; ইন্দ্রিয়-গোচর, প্রত্যক্ষ। বিণ। স্ত্রী,—কী। ২। প্রত্যক্ষাত্মক জ্ঞান। ইন্দ্রিয়+ অক্ (বুঞ্) সম্বন্ধার্থে, ভবার্থে। বি; ক্লীব।

ঐরাবত—ইন্দ্রহস্তী; নাগরঙ্গ বৃক্ষ; সর্প-বিশেষ। ইরাবৎ শব্দ (সমুদ্র)+অন্ ভবার্থে। (প্রসিদ্ধি আছে যে, সমুদ্রমন্থনে ঐরাবত হস্তীর উৎপত্তি)। বি; পুং।

ঐরাবতী—১। ঐরাবতপত্নী, অভ্রমু; বিদ্যুৎ; নদীবিশেষ, ইহার আধুনিক নাম রাবি। ঐরাবত+ঈপ। বি; স্ত্রী। ২। সমুদ্রসম্বন্ধিনী। ইরাবৎ+অণ্ সম্বন্ধার্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

ঐশ—ঈশ্বরসম্বন্ধীয়; ঐশ্বরিক। ঈশ্+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, ঐশী।

ঐশশক্তি—ঈশ্বরসম্বন্ধীয় ক্ষমতা। ঐশী শক্তি, কর্ম্মধা। বি; স্ত্রী।

ঐশিক—ঈশ্বরসম্বন্ধীয়। ঈশ্ শব্দ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

ঐশী—ঈশ্বরসম্বন্ধিনী, দৈবী। বিণ; স্ত্রী। ঐশ দ্রঃ।

ঐশ্বর—ঈশ্বরসম্বন্ধীয়। ঈশ্বর শব্দ+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—রী।

ঐশ্বরিক—ঈশ্বরসম্বন্ধীয়। ঈশ্বর শব্দ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

ঐশ্বর্য্য(র্য)—প্রভুত্ব; সম্পত্তি; ধন; অণিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িতা,—এই অষ্টবিধ শক্তি। ঈশ্বর শব্দ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

ঐশ্বর্য্য(র্য)গর্ব্ব(র্ব)—সম্পদ্ বা প্রভুত্বজন্য অহঙ্কার। ঐশ্বর্য্যজনিত গর্ব্ব, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ঐশ্বর্য্য(র্য)গর্ব্বি(র্বি)ত—সম্পদ্ বা প্রভুত্ব-হেতু দর্পিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

ঐশ্বর্য্য(র্য)বান্ (—বৎ)—ধনবান্; প্রভুত্ব-সম্পন্ন। ঐশ্বর্য্য+মতুপ্ প্রাশস্ত্যার্থে। বিণ। স্ত্রী,—বতী।

ঐশ্বর্য্য(র্য)মত্ত—ঐশ্বর্য্যহেতু মোহগ্রস্ত; অত্যধিক সম্পদ্ থাকায় জ্ঞানশূন্য। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ত্তা।

ঐশ্বর্য্য(র্য)শালী (—শালিন্)—ঐশ্বর্য্য-বিশিষ্ট; ধনবান্; আঢ্য। উপতৎ। ঐশ্বর্য্য —শাল্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লিনী।

ঐষীক—মহাভারত গ্রন্থের পর্ব্ববিশেষ। ঈষীকা+অণ্ সম্বন্ধার্থে। বি; ক্লীব।

ঐসে—ঐরূপে, ঐভাবে, ঐপ্রকারে। হিন্দী-মূলক। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

ঐহলৌকিক—ইহলোকসম্বন্ধীয়, ঐহিক। ইহলোক শব্দ+ইক সম্বন্ধার্থে, ভবার্থে। স্ত্রী, —কী।

ঐহিক—ইহলোকসম্বন্ধীয়; ইহকালসংক্রান্ত, এই কালের। ইহ+ইক ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

ঐহিকদর্শী (—দর্শিন্)—সংসারাসক্ত; সাংসারিক ভোগাম্বেষী। উপতৎ। ঐহিক —দৃশ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্শিনী। বি,—র্শিতা,—র্শিত্ব।

ও

ও—১। দ্বাদশ স্বরবর্ণ, ইহার উচ্চারণস্থান কণ্ঠ ও ওষ্ঠ। ২। সম্বোধন, অভিপ্রায় স্মরণ দয়া ইত্যাদি সূচক শব্দ। অব্য। ৩। ব্রহ্মা। বি; পুং। ৪। সে, ঐ ব্যক্তি, উনি, তাহা, ঐ বস্তু প্রাণী বা বিষয়। 'অদস্' শব্দজ। সর্ব্ব। ৫। বাংলা 'উয়া' প্রত্যয়ের সংক্ষিপ্ত রূপ (ব্যবসায় অর্থে—মেছো; আছে অর্থে—টেকো; যুক্ত অর্থে—জ'লো ইত্যাদি)।

ওআড়—ওয়াড় (তাহা দ্রঃ)।

ওই—অই, ঐ, সম্মুখবর্তী। বিণ।

ওঃ—ক্রোধ-ক্লেশ-ভয়াদিসূচক শব্দ। অব্য।
ওঁ (ওঁম্)—ওঙ্কার, প্রণব, আদ্যবীজ। ওম্ দ্রঃ। অব্য।
ওঁকার—প্রণব; ওঁ এই শব্দ। ওঁ+কার স্বার্থে। বি।
ওঁকে—উঁহাকে, উক্ত সম্ভ্রান্ত ব্যক্তিকে। সর্ব্ব।
ওঁচলা—আবর্জ্জনা, জঞ্জাল। 'উঞ্ছন' শব্দজ। বি।
ওঁচা, ওঁছা—উচ্ছিষ্ট; বর্জ্জিত; উপেক্ষিত; হেয়, ঘৃণিত; হীন, অধম, নীচ। 'উঞ্ছ' শব্দজ। বিণ।
ওঁচান—উঁচু হইয়া উঠা, অতিক্রম করা; (অস্ত্রাদি) উত্তোলন করা, উদ্যত করা। 'উঞ্ছ' শব্দজ। বাং ক্রি।
ওঁদের—উঁহাদের। সর্ব্ব।
ওঁরা—উঁহারা। সর্ব্ব।
ওকড়া—১। মুড়কি। হিন্দীমূলক। ২। সকণ্টক ক্ষুদ্র গোল ফল (ইহা কাপড়ে লাগিয়া যায়), তাহার গাছ; পাঁচনবিশেষ। দেশজ। বি।
ওকার—'ও' এই অক্ষর মাত্র; বাঙ্গালায় 'ো' এই চিহ্ন। ও+কার স্বার্থে। বি; পুং।
ওকালৎ, -লতী—উকিলের কর্ম্ম বা ব্যবসায়; আইন ব্যবসায়। আর্বী 'বকালৎ' শব্দজ। বি।
ওকালৎনামা—উকিলকে ক্ষমতাদানের পত্র। আর্বী বকালৎ+ফার্সী নামা। বি।
ওকু—ঘটনা। আর্বী 'বকু' শব্দজ। বি।
ওক্ত—সময়, বেলা; সুযোগ। আর্বী 'বখৎ' শব্দজ। বি।
ওখদ—ঔষধ। প্রাঃ কবিপ্র। বি।
ওখানকার—ঐস্থানের। ওখান (ঐ স্থান) +কার সম্বন্ধার্থে। বিণ।
ওগরান—উগরান, বমি করিয়া তুলিয়া ফেলা। 'উদ্গিরণ' শব্দজ। ক্রি।
ওগো—সম্বোধনার্থক শব্দ। দেশজ। অব্য।
ওঘ—সমূহ; বেগ, প্রবাহ; পরম্পরা। উচ্ +ঘঞ্ কর্ম্মবা বি; পুং।
ওঙ্কা(ংকা)র—প্রণব, ওঁ। ওম্ শব্দ+কার স্বরূপার্থে। বি; পুং।
ওছাওল—বিছানা। প্রাঃ কবিপ্র। বি।
ওছিয়তনামা—চরমপত্র, উইল। আর্বী ওছিয়ৎ+ফার্সী নামা। বি।
ওজঃ (ওজস্), ওজ—১। তেজঃ; বল; দর্প; কাব্যগুণবিশেষ। ওজ্+অস্ করণবা। ২। দীপ্তি; শোভা; অবষ্টম্ভ। ওজ্+অস্ ভাববা। বি; ক্লীব।
ওজন—দ্রব্যাদির গুরুত্বের পরিমাণ-নির্ণয়, তৌল; গুরুত্বের পরিমাণ, মর্য্যাদা। আর্বী 'বজন' শব্দজ। বি।
ওজন-করা—পরিমিত, স্বল্প। বিণ।
ওজনদর—তুলাদণ্ডে পরিমাণহিসাবে মূল্য-নির্দ্ধারণ। ওজননির্দ্দিষ্ট দর, মধ্যপ কর্ম্মধা। বি। [আর্বী 'উজর' শব্দজ। বি।
ওজর—হেতুপ্রদর্শন; ব্যপদেশ, ছল; আপত্তি।
ওজরদার—আপত্তিকারী। ওজর+দার যুক্তার্থে। বিণ।
ওজস্বল—তেজস্বী; বলবান্। ওজস্+বল বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী,-লা।
ওজস্বিতা—তেজস্বিতা, ওজঃ, তেজঃ; বলবত্তা, বল; দীপ্তি। ওজস্বিন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।
ওজস্বী (ওজস্বিন্)—ওজোগুণবিশিষ্ট; তেজস্বী, বলবান্, দীপ্ত। ওজস্+বিন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,-স্বিনী।
ওজু—মুসলমানদিগের নামাজের পূর্ব্বে হস্ত-পদাদি প্রক্ষালন। আর্বী 'বুজ্' শব্দজ। বি।
ওজুহাৎ—হেতুবাদ, কারণসমূহ (Grounds); ওজর; আপত্তি। আর্বী 'বজুহাৎ' শব্দজ। বি।
ওজোগুণ—কাব্যের গুণবিশেষ। কর্ম্মধা। বি; পুং।
ওজোন—বায়ুরাশির অম্লজান-নামক বাষ্পের রূপভেদবিশেষ। ইং Ozone. বি।
ওঝা—১। উপাধ্যায়; ব্রাহ্মণের উপাধি-বিশেষ। ২। রোজা, মন্ত্রচিকিৎসক, ভূতাবেশ-সর্পদংশনাদির প্রতিকারক, বিষবৈদ্য। ৩।

কুহকী, মায়াবী, যাদুকর। 'উপাধ্যায়' শব্দজ। বি। [শব্দজ। ক্রি।

ওটকান—উটকান, খোঁজা। 'উদ্ঘাটন'

ওটকিস্তি, ওটসাকিস্তি—দাবা খেলায় অপর পক্ষের বল উঠায় যে কিস্তি পড়ে তাহা। দেশজ। বি। [হও, উঠ। বাং ক্রি।

ওঠ—১। ওষ্ঠ। প্রাঃ কবিপ্র। বি। ২। উত্থিত

ওঠবন্দী—উঠবন্দী দ্রঃ।

ওঠা, ওঠান—উঠা, উঠান (তাহা দ্রঃ)।

ওড়-আড়—বাঁকচোর, আঁকবাঁক; অন্ধি-সন্ধি, গলিঘুঁজি। প্রঃ কবিপ্র। বি।

ওড়ন-পাড়ন—পাতিবার ও ঢাকা দিবার বস্ত্র; তোলা ও পাতা; উঠান ও নামান; উপাদান; উপায়। দ্বন্দ্ব। বি।

ওড়না—স্ত্রীলোকের গাত্রাবরণ বা চাদর। হিন্দীমূলক। বি।

ওড়নী—উড়ানি, চাদর। প্রাঃ কবিপ্র। বি।

ওড়পুষ্প, ওড়ফুল—জবাকুসুম। 'ওড্র-পুষ্প' শব্দজ। বি।

ওড়া—১। ঝুড়ি, ধামা। প্রাঃ কবিপ্র। বি। ২। উড়া (তাহা দ্রঃ)। বাং ক্রি।

ওড্র—১। জবাফুল। আ—উন্দ্‌ + রক্‌ কর্তৃবা সংজ্ঞার্থে। বি; ক্লীব। ২। জবা গাছ; উৎকলদেশ, উড়িষ্যা। বি; পুং।

ওৎ—উদ্যোগ; প্রতীক্ষা; ঘাঁটি। দেশজ। বি।

ওত—১। যাহা বয়ন করা হইয়াছে এরূপ (বস্ত্র); প্রোত, অন্তর্ব্যাপ্ত। আ—বে (বয়ন করা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ওতা। ২। বস্ত্রের দীর্ঘতন্তু, টানা। বি; ক্লীব।

ওতপ্রোত—সর্ব্বস্থানব্যাপ্ত; পরস্পর মিশ্রিত। ওত অথচ প্রোত, কর্ম্মধা। বিণ। স্ত্রী,—তা।

ওথা—১। ওখানে; ওদিকে, কিছুদূরে; পক্ষান্তরে। অব্য। ২। ওখান; ওদিক্। 'অমুত্র' শব্দজ। সর্ব্ব।

ওদন—সিদ্ধান্ন; ভাত। উন্দ্‌ + অন কর্তৃবা। বি; পুং।

ওদন-প্রাশন—অন্নপ্রাশন (তাহা দ্রঃ)। ("করাইল সবাকার ওদন-প্রাশন"—কৃত্তিবাস)।

ওদা, ওদী—আর্দ্র, ভিজা। হিন্দীমূলক। বিণ।

ওধার—ঐ পার্শ্ব, ঐ দিক্, ঐ কিনারা। দেশজ। বি।

ওপর—উপর (তাহা দ্রঃ)।

ওপার—অপর পার; অন্য দিক্; দেশান্তর; সমুদ্রের পরবর্ত্তী দেশ। ও (অপর) পার, কর্ম্মধা। বি।

ওম্—প্রণব, বিষ্ণুশিবব্রহ্মাত্মক বীজমন্ত্র; ব্রহ্ম; স্বীকার; মঙ্গল; আরম্ভ; অপাকরণ। অব্‌ (রক্ষা করা) + মন্‌ কর্তৃবা; অথবা অ (বিষ্ণু) + উ (শিব) + ম্‌ (ব্রহ্মা), সন্ধি করিয়া পদটি নিষ্পন্ন হইয়াছে। অব্য।

ওম—তাপ, গরম; উষ্ণতা। 'উষ্ণ' শব্দজ। বি।

ওমরাহ্‌ (ওমরা)—আমীর শ্রেণীর লোক, সম্ভ্রান্ত ব্যক্তি, অভিজাত। আর্বী 'আমির' শব্দের বহুবচন। বি।

ওয়াক—বমন-চেষ্টা; বমির বেগ বা শব্দ। অনুকরণ শব্দ। অব্য।

ওয়াকফ—ইস্‌লাম ধর্ম্মমূলক দান, ইস্‌লাম ধর্ম্মসম্বন্ধীয় বৃত্তি। আর্বী। বি।

ওয়াকফনামা—দানপত্র। আর্বী ওয়াকফ + ফার্সী নামা। বি।

ওয়াকিফ—জ্ঞাত, বিদিত, জ্ঞানবান্। আর্বী 'ব্যাকিয়া' শব্দজ। বিণ।

ওয়াকিফহাল (-বহাল)—অবস্থা বিষয়ে জ্ঞানবান্ বা বিদিত; অভিজ্ঞ। আর্বী ওয়া-কিফ্‌ (অভিজ্ঞ) + হাল (অবস্থা)। বিণ।

ওয়াক্ত, ওয়াক্তি—সময়, বেলা। আর্বী-মূলক। বি।

ওয়াড়, ওড়—লেপ বালিশাদির আবরণ, খোল। 'অববেষ্ট' শব্দজ। বি।

ওয়াদা—মিয়াদ, নির্দ্ধারিত সময়; অঙ্গী-কার, প্রতিশ্রুতি। আর্বী 'বাদাহ্‌' শব্দজ। বি।

ওয়াপস—ফেরত, প্রত্যর্পণ। ফার্সী 'বাপ্‌স্‌'

শব্দজ। বি। **ওয়াপস করা**—ফেরৎ দেওয়া।

ওয়ারিন্‌—সনদ; গ্রেপ্তারি পরওয়ানা, হুকুমনামা। ইং 'Warrant' শব্দজ। বি।

ওয়ারিশ, -রিস—উত্তরাধিকারী। আর্বী 'ৱারিস্‌' শব্দজ। বিণ।

ওয়ারিশান—উত্তরাধিকারিগণ। আর্বী-মূলক। বি।

ওয়ালা, ওলা—ব্যবসায় স্বামিত্ব নিবাস প্রভৃতি সূচক বাংলা তদ্ধিত প্রত্যয়। (যেমন—পাণওয়ালা, শালওয়ালা, পাহারাওয়ালা, বাড়ীওয়ালা ইত্যাদি)। হিন্দী 'বালা' শব্দজ। [-দা।

ওয়ালেদ—পিতা। আর্বী। বি; পুং। স্ত্রী,

ওয়াশীল, ওয়াসিল—উশুল, আদায়; বাকী আদায়। আর্বী 'বাসিল্‌' শব্দজ। বি।

ওয়াশীলাত—ন্যায়তঃ প্রাপ্য সম্পত্তি পরহস্তে থাকার সময়ের আয় বা তাহার ক্ষতিপূরণ। আর্বী 'বাসীলাৎ' শব্দজ। বি।

ওয়াস্তা—হেতু, কারণ; মুখাপেক্ষা, খাতির। আর্বী 'বাস্‌তাহ্‌' শব্দজ। বি।

ওয়াস্তে—কারণে, নিমিত্তে; খাতিরে। বি।

ওর—১। উহার, ঐ ব্যক্তির। 'অদস্‌' শব্দজ। সর্ব্ব। ২। সীমা, অবধি, শেষ সংখ্যা; কূল, পরিমাণ। প্রাঃ কবিপ্র। বি। ৩। বটগাছের ঝুরি। দেশজ। বি।

ওরফে—নামান্তরে, বনাম (Alias). আর্বী 'উর্ফ' শব্দজ। ক্রি-বিণ।

ওরে—১। উহারে, উহাকে। 'অদস্‌' শব্দজ। সর্ব্ব। ২। সম্বোধন শব্দ। অব্য।

ওল—স্বনামখ্যাত মূলবিশেষ, শূরণ। আ-উন্দ্‌+ল কর্ত্তৃবা (নিপা)। বি; ক্লীব।

ওলট—উলট (তাহা দ্রঃ)।

ওলটকম্বল—উলটকম্বল (তাহা দ্রঃ)।

ওলটপালট—উলটপালট (তাহা দ্রঃ)।

ওলটান—উল্টা বা উল্টান (তাহা দ্রঃ)।

ওলতলা—হাঁইচতলা। প্রাদে। বি।

ওলন—১। নামা, অবতরণ। ২। ওলনদড়ির প্রান্তলগ্ন ভার; ওলনদড়ি। 'অবলম্ব' শব্দজ। বি।

ওলনদড়ি—প্রান্তভাগে ভারযুক্ত যে দড়ি বা সুতা নামাইয়া গাঁথনির সমতা বা জলের গভীরতা পরীক্ষা করা যায়। কর্ণধা। বি।

ওলন্দা—একপ্রকার বড় মটর, বিলাতী মটর। পর্তুগীজমূলক। বি।

ওলন্দাজ—১। ইউরোপের অন্তঃপাতী হল্যাণ্ড দেশের অধিবাসী। বি। ২। হল্যাণ্ড-দেশজাত; হল্যাণ্ডসম্বন্ধীয় (Dutch). ফরাসী 'Hollandaise' শব্দজ। বিণ।

ওলা—১। মিছরিগুঁড়ার মোয়া বা লাড়ু। প্রাদে। বি। ২। ভেদ, দাস্ত; নামা; অবরোহণ; ওলাদেবী, বিসূচিকারোগের দেবী। দেশজ। বি। ৩। নামা। প্রাদে। বি।

ওলাইচণ্ডী—ওলাউঠার দেবী, বিসূচিকা-রোগের দেবী। দেশজ। বি।

ওলাউঠা—রোগবিশেষ, ভেদবমন, বিসূচিকা, কলেরা (Cholera). ওলা (নামা, দাস্ত) এবং উঠা (বমন), দ্বন্দ্ব। বি।

ওলান—১। গোস্তন, গাইগরুর পালান। দেশজ। বি। ২। নামান। প্রাদে। ক্রি।

ওলাহন—গঞ্জনা, খোঁটা; দোষারোপ, নিন্দা। 'উপালম্ভন' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

ওলো—স্ত্রীলোকগণের পরস্পর প্রীতিসূচক সম্বোধন। সংস্কৃত 'হলা' শব্দজ। অব্য।

ওশ, ওস—হিম, শিশির। প্রাদে। বি।

ওশার, ওসার—বহর, বিস্তার, প্রস্থ; বাড়, বৃদ্ধি, স্পর্দ্ধা। দেশজ। বি।

ওশোরা, ওসোরা—ঘরের বারান্দা, রান্নাঘর। 'উপশালা' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

ওষধি, ওষধী—জ্যোতির্লতা, যে সকল লতাগুল্ম হইতে রাত্রিকালে উজ্জ্বল কিরণ নিঃসৃত হয়; ফলপাকান্ত উদ্ভিদ্‌, যে সকল উদ্ভিদের ফল পাকিলে গাছ মরিয়া যায়, যেমন কদলী, ধান্য ইত্যাদি। ওষ (উষ)—ধা +কি অধিবা। বি; স্ত্রী।

ওষধিনাথ, ওষধিপতি, ওষধীপতি, ওষধীশ—চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ওষুদ, ওষুধ—ঔষধ, তুকতাক, বশীকরণ। 'ঔষধ' শব্দজ। বি।

ওষ্ঠ—উপর ঠোঁট, ঠোঁট। উষ্ +ঠন্ কর্ম্মবা কর্ত্রার্থে। বি; পুং।

ওষ্ঠপল্লব—নবপত্রসদৃশ কোমল ও আরক্ত ওষ্ঠ। ওষ্ঠ পল্লবপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; পুং।

ওষ্ঠপুট—ওষ্ঠদ্বয় দ্বারা কৃত পাত্র বা ঠোঙ্গা; ওষ্ঠদ্বয়, ওষ্ঠাধর। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

ওষ্ঠপুষ্প—১। বাঁধুলি ফুল। ওষ্ঠতুল্য পুষ্প, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। ২। ঐ ফুলের গাছ। ওষ্ঠতুল্য পুষ্প যাহার, বহুব্রী। বি; পুং।

ওষ্ঠব্রণ—ওষ্ঠজাত ফোটক, ঠোঁটের ফোড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

ওষ্ঠাকার—ঠোঁটের মত আকৃতিবিশিষ্ট (Labiate). বহুব্রী। বিণ।

ওষ্ঠাগত—যাহা ওষ্ঠ পর্য্যন্ত আসিয়াছে, বহির্গতপ্রায়। ওষ্ঠকে আগত, ২য়াতৎ। বিণ। স্ত্রী,–তা।

ওষ্ঠাগতপ্রাণ—যাহার প্রাণ যাইবার উপক্রম হইয়াছে এরূপ। ওষ্ঠাগত প্রাণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–ণা।

ওষ্ঠাধর—ওষ্ঠ এবং অধর, উপরের ও নীচের ঠোঁট। দ্বন্দ্ব। বি; পুং।

ওষ্ঠ্য—ওষ্ঠ দ্বারা উচ্চার্য্য (বর্ণ)। ওষ্ঠ+যৎ ভবার্থে। বিণ; পুং।

ওসা—হিম, শিশির। হিন্দীমূলক। বি।

ওস্তাগর—শিক্ষক, গুরু; সুনিপুণ দরজী; উচ্চশ্রেণীর শিল্পী। ফার্সী 'উস্‌তাগর' শব্দজ। বি।

ওস্তাদ—গুরু, শিক্ষক, উপদেষ্টা; কলাবিদ্যায় সুপণ্ডিত; সঙ্গীতবিশারদ। আর্বী 'উস্‌তাদ' শব্দজ।

ওস্তাদি,–দী—১। ওস্তাদের কার্য্য বা ব্যবহার, শিক্ষকতা; গুরুগিরি; (ব্যঙ্গার্থে) বাহাদুরি, চালাকি। ওস্তাদ+ই, ঈ ভাবে। বি। ২। নিপুণ; প্রকৃত গায়কের যোগ্য; উৎকৃষ্ট সঙ্গীতের সুরতালসমন্বিত। ওস্তাদ +ই, ঈ যোগ্যার্থে। বিণ।

ওহী—প্রেরণা, বাণী। আর্বী। বি।

ওহে—সম্বোধনসূচক শব্দ। 'অহে' শব্দজ। অব্য। [শব্দজ। অব্য।

ওহো—খেদ-বিস্ময়াদি-সূচক শব্দ। 'অহো'

ঔ

ঔ—১। ত্রয়োদশ স্বরবর্ণ, ইহার উচ্চারণস্থান ওষ্ঠ ও কণ্ঠ। বি। ২। সম্বোধন; নির্ণয়; বিরোধ। অব্য। ৩। পৃথিবী। বি; স্ত্রী। ৪। অনন্ত শব্দ। বি; পুং।

ঔঁ—শূদ্রের প্রণব, শূদ্রের জপযোগ্য মন্ত্র-বিশেষ। অব্য।

ঔকার—'ঔ' এই বর্ণ মাত্র, বাঙ্গালায় 'ৌ' এই চিহ্ন। ঔ+কার স্বার্থে। বি; পুং।

ঔখদ—ঔষধ; সান্ত্বনা; প্রতিকার। প্রাঃ কবিপ্র। বি।

ঔচিত্য—উপযুক্ততা; কর্ত্তব্যতা; ন্যায্যতা। উচিত+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

ঔজ্জ্বল্য—উজ্জ্বলতা; দীপ্তি। উজ্জ্বল শব্দ+ ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

ঔৎপাতিক—উৎপাতসম্বন্ধীয়; অশুভসূচক। উৎপাত+ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী,–কী।

ঔৎসুক্য—উৎসুকতা; উৎকণ্ঠা; আগ্রহ। উৎসুক শব্দ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

ঔদক—উদকসম্বন্ধীয়, জলীয়; জলময়; জলের গতি বা চাপ দ্বারা চালিত (Hydraulic). উদক+অণ্ সম্বন্ধাদ্যর্থে। বিণ।

ঔদরিক—উদরম্ভরি, পেটুক। উদর+ইক আসক্ত্যর্থে। বিণ। স্ত্রী,–কী।

ঔদার্য্য(র্য)—উদারতা, মহত্ত্ব; বদান্যতা, দাতৃত্ব; বিশালতা। উদার+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

ঔদাসীন্য—উদাসীনতা, বৈরাগ্য; সম্পর্ক

বিপদে উপেক্ষা; অবজ্ঞা, উপেক্ষা। উদাসীন +ষ্যঞ্‌ ভাবার্থে। বি; ক্লীব।

ঔদাস্য—উদাসীনতা, বৈরাগ্য; অমনোযোগ; অবজ্ঞা, উপেক্ষা। উদাস+ষ্যঞ্‌ ভাবার্থে। বি; ক্লীব।

ঔদ্ধত্য—বিনয়াভাব; অবিনয়; দম্ভ, দেমাক; ধৃষ্টতা, অশিষ্টতা। উদ্ধত+ষ্যঞ্‌ ভাবার্থে। বি; ক্লীব।

ঔদ্বাহিক—বিবাহসম্বন্ধীয়; বিবাহকালে কৃত; বিবাহকালে লব্ধ (যৌতুক)। উদ্বাহ (বিবাহ)+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

ঔদ্ভিজ্জ—উদ্ভিজ্জ, উদ্ভিদজাত, ঔদ্ভিদ। উদ্ভিজ্জ+অণ্‌ সম্বন্ধার্থে। বিণ।

ঔদ্ভিদ—১। উদ্ভিদসম্বন্ধীয়, গাছপালা-সংক্রান্ত; উদ্ভিজ্জ, উদ্ভিদ্‌জাত। উদ্ভিদ্‌+অণ্‌ সম্বন্ধার্থে। বিণ। [ভাবার্থে। বি; ক্লীব।

ঔন্নত্য—উন্নতি, উচ্চতা। উন্নত+ষ্যঞ্‌

ঔপকূলিক—উপকূলসম্বন্ধীয়; উপকূলস্থিত; উপকূলজাত। উপকূল+ইক সম্বন্ধার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী,—কী।

ঔপদেশিক—উপদেশসম্বন্ধীয়; উপদেশলব্ধ; উপদেশাজীব। উপদেশ+ইক সম্বন্ধার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী,—কী।

ঔপনিবেশিক—উপনিবেশসম্বন্ধীয়; উপনিবেশকারী; উপনিবেশবাসী। উপনিবেশ +ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী,—কী।

ঔপনিষদ—উপনিষৎসম্বন্ধীয়; ব্রহ্মবিদ্যা-সংক্রান্ত; উপনিষদ্‌ শাস্ত্র-নির্ণীত। উপনিষদ্‌+অণ্‌ সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী,—দী।

ঔপন্যাসিক—উপন্যাস-সম্বন্ধীয়; উপন্যাসাত্মক; উপন্যাসতুল্য; উপন্যাসকার। উপন্যাস+ইক সম্বন্ধার্থে, নিপুণার্থে। বিণ। স্ত্রী,—কী।

ঔপপত্তিক—উপপত্তিসম্বন্ধীয়; যুক্তিদ্বারা সমর্থিত; প্রামাণিক, প্রতিপাদক। উপপত্তি+ইক প্রতিপাদিতাদি অর্থে। বিণ। স্ত্রী,—কী।

ঔপমিক—উপমাসম্বন্ধীয়; উপমা দ্বারা কল্পিত বা নির্দ্দিষ্ট। উপমা+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

ঔপম্য—সাদৃশ্য, তুল্যতা। উপমা+ষ্যঞ্‌ স্বার্থে। বি; ক্লীব।

ঔপয়িক—১। উচিত, ন্যায্য, উপযুক্ত। উপায়+ইক সম্বন্ধার্থে, লব্ধার্থে। বিণ। স্ত্রী, —কী। ২। উপায়; যুক্তি। উপায়+ইক স্বার্থে। বি; ক্লীব।

ঔপসর্গিক—১। উপসর্গসম্বন্ধীয়। উপসর্গ +ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী। ২। সন্নিপাতরোগবিশেষ। উপসর্গ+ইক নিষ্পন্ন অর্থে। বি; পুং।

ঔপাধিক—উপাধিসম্বন্ধীয়; উপাধিমাত্র-ধারী, নামমাত্র; অবাস্তব। উপাধি+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

ঔরগ—উরগসম্বন্ধীয়, সর্পসংক্রান্ত। উরগ+অণ্‌ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—গী।

ঔরৎ—স্ত্রীলোক, জেনানা। আর্বী। বি।

ঔরস—১। ধর্ম্মপত্নীজাত স্বয়মুৎপাদিত (সন্তান)। উরস্‌+অণ্‌ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—সী। ২। ঔরসপুত্র; বীর্য্য। উরস্‌+অণ্‌ ভবার্থে। বি; পুং।

ঔর্ণ—ঊর্ণাসম্বন্ধীয়; ঊর্ণাময়, ঊর্ণানির্ম্মিত, পশমী। ঊর্ণা+অণ্‌ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, ঔর্ণী।

ঔর্দ্ধ(র্ধ্ব)দেহিক, —দৈহিক—১। অন্ত্যেষ্টিসম্বন্ধীয়। ঊর্দ্ধদেহ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী,—কী। ২। প্রেতকৃত্য, অন্ত্যেষ্টি, অগ্নি-সংস্কার-তর্পণাদি ক্রিয়া। ঊর্দ্ধদেহ+ইক হিতার্থে বা দেয়ার্থে। বি; ক্লীব।

ঔর্ব্ব(র্ব)—১। পার্থিব। উর্ব্বী+অণ্‌ জাতার্থে। বিণ। স্ত্রী, ঔর্ব্বী। ২। বাড়বানল; সামুদ্রিক অগ্নি। ঊর্ব্ব+অণ্‌ সম্বন্ধার্থে। বি; পুং।

ঔলূক্য—১। বৈশেষিক দর্শন। উলূক+ষ্যঞ্‌ সাদৃশ্যার্থে। বি; ক্লীব। ২। উলূক দর্শন-প্রণেতা মুনি; কণাদমুনি। বি; পুং।

ঔশনস—১। শুক্রাচার্য্যসম্বন্ধীয়। উশনস্‌+অণ্‌ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—সী। ২। শুক্রাচার্য্য-প্রণীত গ্রন্থ; শুক্রনীতিশাস্ত্র। উশনস্‌ +অণ্‌ প্রোক্ত অর্থে। বি; ক্লীব।

ঔষধ—ওষধিজাত রোগনাশক দ্রব্য, ভেষজ। ওষধি+অণ্ স্বার্থে। বি; ক্লীব।

ঔষধসেবন—ওষুধ খাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [যাহার, বহুব্রী। বি; পুং।

ঔষধাজীব—ঔষধব্যবসায়ী। ঔষধ আজীব

ঔষধালয়—যেখানে ঔষধ থাকে বা পাওয়া যায়, ডাক্তারখানা। ঔষধের আলয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি।

ঔষধি—ঔষধ; ভেষজ উদ্ভিদ্। প্রাঃ কবিপ্র।

ঔষ্ঠ্য—১। ওষ্ঠদ্বারা উচ্চার্য্য। ওষ্ঠ+ষ্যঞ্ উৎপন্নার্থে। বিণ। ২। ওষ্ঠোচ্চার্য্য বর্ণ, উ ঊ ও প-বর্গ। বি; পুং।

ঔষ্ণ, ঔষ্ণ্য—উষ্ণতা, উত্তাপ। উষ্ণ+অণ্, ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

ঔষ্ম, ঔষ্ম্য—উষ্মা, উষ্ণতা, উত্তাপ। উষ্মন্ +অণ্, ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

ক

ক—১। প্রথম ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণস্থান কণ্ঠ)। ২। আত্মা ; ব্রহ্মা ; বিষ্ণু ; সূর্য্য ; অগ্নি ; বায়ু ; যম ; দক্ষ ; কন্দর্প ; কাল ; রাজা ; পক্ষী ; ময়ূর ; দেহ ; শব্দ ; দীপ্তি। কৈ (শব্দ করা) অথবা কচ্ (দীপ্তি পাওয়া)+ড কর্ত্তৃবা। বি ; পুং। ৩। মস্তক ; কেশ ; জল ; সুখ ; মনঃ ; ধন ; রোগ। বি ; ক্লীব। ৪। কত, কয়টা (ক'জন, ক'বার)। দেশজ। বিণ। ৫। প্রত্যয়বিশেষ ; প্রাচীন বাঙ্গালার ৬ষ্ঠী বিভক্তি (নয়নক অঞ্জন—নয়নের অঞ্জন)।

কই—১। কহি, বলি। কবিপ্র। ক্রি। ২। অসম্মতি বিস্ময়াদিসূচক শব্দ ; কোথায়। অব্য। ৩। মৎস্যবিশেষ। 'কবয়ী' শব্দজ। বি।

কইয়ে—বক্তা, বচন-বাগীশ ('বলিয়ে-কইয়ে')। ক (✓কহ, ধাতু)+ইয়ে কর্ত্তৃবা। বিণ।

কইল—কহিল, বলিল। কবিপ্র। ক্রি।

কইলা—১। কহিল, বলিল ; কহিলে, বলিলে। কবিপ্র। ক্রি। ২। শস্কজাত বকনা বা বৈ-বাছুর। 'কপিলা' শব্দজ। বি।

কইলে—১। কহিলে, বলিলে। কবিপ্র। ক্রি। ২। বকনা বা বৈ-বাছুর। 'কপিলা' শব্দজ। বি।

কইসর—সম্রাট্, বাদশা ; ভূতপূর্ব্ব জার্ম্মাণ সম্রাটের উপাধি। লাটিন 'Caesar' শব্দজ। বি।

কইসে—কিরূপে, কেমনে ("কইসে গোঙায়ব হরি বিনু দিন রাতিয়া"—বিদ্যাপতি)। প্রাঃ কবিপ্র। অব্য।

কএক, কয়েক—কতিপয় ; কতকগুলি। 'কয় এক' এই পদদ্বয়ের দ্রুতোচ্চারিত রূপ। বিণ।

কএদ, কয়েদ—অবরোধ, বন্ধ, আটক। আর্বী। বি।

কএদী, কয়েদী—বদ্ধ, অবরুদ্ধ, আটকান। কএদ, কয়েদ+ঈ প্রাপ্ত অর্থে। বিণ।

কংগ্রেস—ভারতবাসিগণ কর্ত্তৃক প্রতিষ্ঠিত রাজনৈতিক মহাসভা ; আমেরিকার যুক্তরাষ্ট্রের ব্যবস্থাপরিষদ্। ইং Congress. বি।

কংগ্রেসওয়ালা—কংগ্রেসের লোক, যে কংগ্রেসের কাজ করে। কংগ্রেস+ওয়ালা। বি।

কংগ্রেসী—কংগ্রেস-সংক্রান্ত ; কংগ্রেসের ; কংগ্রেস-অধিকৃত। কংগ্রেস+ঈ সম্বন্ধার্থে। বিণ।

কংস, কংশ—১। কাংস্য, কাঁসা ; কাংস্য-পাত্র। কম্ (কামনা করা)+স কর্ম্মবা (নিপাতনে ম-স্থানে ং)। বি ; পুং। ২। যথাসখ্যাত কৃষ্ণদ্বেষী অসুর, কৃষ্ণজননী দেবকীর পিতৃব্য উগ্রসেনের পুত্র। বি ; পুং।

কংসকার—কাংস্যবণিক্, কাঁসারি। উপতৎ। কংস—কৃ (করা)+অণ্ কর্ত্তৃবা। বি ; পুং।

কংসজিৎ—শ্রীকৃষ্ণ। কংস শব্দ—জি+ক্বিপ্ কর্ত্তৃবা। বি ; পুং।

কংসবণিক্ (—বণিজ্)—কাঁসারি। ৬ষ্ঠী-তৎ। বি ; পুং। [বি ; পুং।

কংসারি—শ্রীকৃষ্ণ। কংসের অরি, ৬ষ্ঠীতৎ।

ককান—কাতরান, কাতরতা প্রকাশ করা; কাঁদিতে কাঁদিতে দম আটকাইয়া যাওয়া। বাং ক্রি।

ককানি—কাতরধ্বনি; কাতরতাপ্রকাশ; রোদনশব্দ। ককা+আনি ভাববা। বি।

ককার—'ক' এই অক্ষর। ক+কার স্বার্থে। বি; পুং।

ককুৎ (ককুদ্)—বৃষস্কন্ধের ঝুঁটি (Hump); ছত্রচামরাদি রাজচিহ্ন; পর্ব্বতের অগ্রভাগ, গিরিশিখর; শ্রেষ্ঠ। ক (সুখ)–কু (শব্দ করা) +ক্বিপ্ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

ককুৎস্থ—সূর্য্যবংশীয় জনৈক নরপতি। ককুদ –স্থা+ক কর্ত্তৃবা। বি; পুং।

ককুদ—ককুৎ (সকল অর্থে)। ক (সুখ)– কু (পৃথিবী)–দা+ক কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

কক্কোল,–ক—গন্ধদ্রব্যবিশেষ, কাঁকলা। বি; পুং বা ক্লীব। [প্রাদে। অব্য।

কক্‌খন, কক্ষণ—কখনই, কোন কালেই।

কক্ষ—১। প্রকোষ্ঠ; বাহুমূল, বগল, কোমর, কাঁখ; পার্শ্ব; তৃণ; শুষ্ক বন; লতা; স্পর্দ্ধাস্পদ, প্রতিযোগী; কচ্ছ, কাছা; বস্ত্রাঞ্চল। কষ্+স করণবা। বি; পুং। ২। নক্ষত্র; গ্রহগণের পরিভ্রমণ-পথ (Orbit). বি; ক্লীব। ৩। পার্শ্বভাগ, রাজান্তঃপুর। কষ্+স অধিবা। বি; পুং।

কক্ষতল—বগল; ঘরের মেজে। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কক্ষপুট—বগল, কাঁখ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কক্ষভ্রষ্ট—কক্ষচ্যুত। ৫মীতৎ। বিণ। স্ত্রী,–ষ্টা।

কক্ষস্থ—প্রকোষ্ঠস্থিত, কুঠরীর মধ্যে অবস্থিত; পার্শ্বস্থ; ক্রোড়স্থ। উপতৎ। কক্ষ–স্থা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–স্থা।

কক্ষা, কক্ষ্যা—হস্তীর কক্ষ-বন্ধন-রজ্জু; কটিবন্ধ; বাহুমূল, বগল, কাঁখ; কাঞ্চী, চন্দ্রহার, গোট; কচ্ছ, কাছা; বস্ত্রাঞ্চল; গৃহ-প্রকোষ্ঠ; গৃহভিত্তি, দেওয়াল; রথান্তর্গত স্থানবিশেষ; স্পর্দ্ধাস্থান, প্রতিযোগিতা; কক্ষরোগবিশেষ, কাঁকবেরালী; বিচারে পূর্ব্বপক্ষ; রাজান্তঃপুর; চিকিৎসালয় প্রভৃতি প্রতিষ্ঠানের বিভাগ (Ward). কক্ষ+আপ্; কক্ষ+যৎ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কক্ষাধিপাল—কক্ষার উর্দ্ধতন কর্ম্মচারী বা তত্ত্বাবধায়ক (Ward master). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কক্ষান্তর—অন্য প্রকোষ্ঠ। অন্য কক্ষ, নিত্য। বি; ক্লীব।

কক্ষাপট—কৌপীন। কক্ষার পট (বস্ত্র), ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পুং।

কক্ষাপাল—কক্ষার রক্ষী (Warder).

কক্ষাবৃত্ত—কক্ষা, গ্রহ উপগ্রহ প্রভৃতির গোলাকার ভ্রমণপথ। কর্ম্মধা। বি; ক্লীব।

কক্ষীকৃত—আয়ত্তীকৃত। কক্ষ+অভূত-তদ্ভাবার্থে চি্ব (=কক্ষী)–কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

কক্ষ্যা—১। কক্ষা (সকল অর্থে)। কক্ষ+ আপ্। বি; স্ত্রী। ২। কক্ষোৎপন্না, কক্ষজাতা। কক্ষ+যৎ ভবার্থে+আপ্। বিণ; স্ত্রী।

ক-খ—বর্ণমালা; প্রাথমিক পাঠ; লেখা-পড়ার সূত্রপাত। দ্বন্দ্ব। বি।

কখন্—কোন্ সময়ে, কোন্‌কালে। কোন্ খন (ক্ষণ), কর্ম্মধা। অব্য।

কখনও, কখনো—কোন কালে। অব্য।

কখন-কখন—সময়ে সময়ে; মধ্যে মধ্যে। বাং অব্য। [অব্য।

কখন-সখন—দৈবাৎ কোন সময়ে। বাং

কঙ্ক—কাঁকপক্ষী; যম; কংসের ভ্রাতা; যম, ক্ষত্রিয়; দ্বিজবেশী ব্যক্তি। কন্‌ক্+অচ্ কর্ত্তৃবা সংজ্ঞার্থে। বি; পুং।

কঙ্কণ—১। করভূষণ, কাঁকন, বলয়; বিবাহসূত্র; শেখর। যঙ্‌লুগন্ত কণ্ (পুনঃ পুনঃ শব্দ করা)+অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

কঙ্কণী—কিঙ্কিণী, ক্ষুদ্র ঘণ্টিকা। কঙ্কণ+ ঙীপ্। বি; স্ত্রী।

কঙ্কত—১। বৃক্ষ। বি; পুং। ২। কাঁকুই

চিরুণী। কন্‌ক্ (গমন করা)+অতচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব। স্ত্রী,-তী, -তিকা।

কঙ্কতিকা, কঙ্কতী—কাঁকুই, চিরুণী। কঙ্কত+কন্ স্বার্থে+আপ্, কঙ্কত+ঈপ্। বি; স্ত্রী।

কঙ্কর—১। কাঁকর; তক্র, ঘোল। ক—কৃ (করা)+থ কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। কর্কশ; কুৎসিত। বিণ। স্ত্রী,-রা।

কঙ্করোল—১। কাঁকরোল গাছ। বি; পুং। ২। কাঁকরোল ফল। বি; ক্লীব।

কঙ্কাল—অস্থিপঞ্জর (Skeleton); অস্থি; কটি। কন্‌ক্+কালন্ কর্ত্তৃবা। বি; পুং।

কঙ্কালমালিনী—রুদ্রাণী। কঙ্কালমালা+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

কঙ্কালমালী (-মালিন্)—অস্থিমালাধারী, রুদ্র, শিব। কঙ্কালমালা+ইন্ আছে অর্থে। বি; পুং।

কঙ্কালসার—কঙ্কালমাত্রে পর্য্যবসিত, যাহার কেবল হাড় কয়খানি সার হইয়াছে, অস্থিচর্ম্মাবশেষ, মাংসহীন, কৃশ। কঙ্কালই সার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-রা।

কঙ্কালাবশিষ্ট, কঙ্কালাবশেষ—অস্থিমাত্রাবশিষ্ট, যাহার কেবল হাড় কয়খানি আছে, অস্থিচর্ম্মসার, মাংসহীন, কৃশ। কঙ্কালই অবশিষ্ট বা অবশেষ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-ষ্টা,-ষা।

কঙ্গু, কঙ্গুকা—ধান্যবিশেষ, কাঙ্গনি। কন্‌ক্+উ কর্ত্তৃবা (নিপা), কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। [অনুকরণ-শব্দ। দেশজ। অব্য।

কচ্—তীক্ষ্ণধার অস্ত্র বা দন্ত দ্বারা কর্ত্তনের

কচ—১। বন্ধ। কচ্+অচ্ ভাববা। ২। কেশ। কচ্+অচ্ কর্ম্মবা। ৩। মেঘ; শুষ্ক ব্রণ; বৃহস্পতির পুত্র, শুক্রের শিষ্য। কচ্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

কচ্‌কচানি, কচ্‌কচি—নানাপ্রকার অনুকরণশব্দ, ক্যাচ-কোঁচ বা ক্যাচর-কোঁচর ধ্বনি; বকাবকি, কলহ; গণ্ডগোল। দেশজ। বি।

কচ্‌কচিয়া, কচ্‌কচে—কচ্‌কচ্ শব্দকারী; অপক্ব বা কাঁচা (ফলাদি)। বিণ।

কচটান—চটকান। বাং ক্রি।

কচড়া—হিসাব, হিসাববহি; মোটা দড়ি, কাছি; কাঁকড়ার মাটি; জঞ্জাল; পাঁক; মহুয়া ফল। দেশজ। বি।

কচর্-কচর্, -মচর্—অব্যক্ত শব্দ; পক্ষীর ধ্বনি; অনর্থক গোলমাল; ঝগড়া। দেশজ। অব্য।

কচলা, কচলান—রগড়ান; রগড়াইয়া ধৌত করা; রগড়ারগড়ি করা; চটকান। বাং ক্রি।

কচলা-কচলি—রগড়ারগড়ি; চটকাচটকি; বকাবকি; দর কষাকষি। ব্যতিহার বহুব্রী। দেশজ। বি।

কচা—ছোট গাছের সরু ডাল; দেশী ভেরেণ্ডা; খুদ, আগালে। দেশজ। বি।

কচাৎ—নরম জিনিষ কাটিবার শব্দ। দেশজ। অনুকার অব্য।

কচাল—বিতর্ক, বিতণ্ডা; চটকান; রগড়ান; মাছ ধরিবার একপ্রকার জাল; কাদা। দেশজ। বি।

কচালিয়া, কচালে—কলহকারী, কলহপ্রিয়, ঝগড়াটিয়া; মর্দ্দনকারী; মর্দ্দিত; রগড়ান। প্রাঃ কবিপ্র। বিণ।

কচালিয়ে—রগড়াই। প্রাঃ কবিপ্র। ক্রি।

কচি—শিশু, ছোট; অপক্ব, কাঁচা; কোমল, নম্র, নরম। দেশজ। বিণ।

কচু—কচু গাছ; তাহার মূল। বি; স্ত্রী।

কচুকাটা—কচুর ন্যায় অনায়াসে কর্ত্তিত। কচুর ন্যায় কাটা, উপমান কর্ম্মধা। বিণ।

কচুপোড়া—গালিবিশেষ; কিছুই নয়। (অবজ্ঞার্থে) গ্রাম্য। বিণ।

কচুয়া—সেতারযন্ত্রবিশেষ (কচ্ছপী দ্রঃ)। বি।

কচুরি—মাখা ময়দার ভিতর ডালবাটার পূর দেওয়া ও তৈল-ঘৃতাদিতে ভাজা একপ্রকার খাবার। হিন্দীমূলক। বি।

কচুরি-পানা—জলজ উদ্ভিদবিশেষ (ইহার ফুল হয়), বিলাতী পানা (Water-

hyacinth). কচুরি (কচুর মত) যে পানা, কর্ম্মধা। বি।

কচ্‌কচানি, কচ্‌কচি—কচ্‌কচ্‌ শব্দ; কোনপ্রকার শব্দের অনুকরণশব্দ; কলহ; গণ্ডগোল; শ্রুতিকটু; নীরস আলোচনা। কচ্‌কচ্‌ (বাং ক্রি)+আনি, ই ভাববা। বি।

কচ্‌কচে—কচ্‌কচ্‌ শব্দকারী; আধসিদ্ধ (ব্যঞ্জনাদি); কাঁচা (ফল প্রভৃতি)। কচ্‌কচ্‌+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

কচ্ছ—১। একপ্রকার বৃক্ষ, তুঁত গাছ; নৌকার পশ্চাদ্ভাগ; জলময় দেশ; নদ্যাদির প্রান্তভাগ, কাছাড়; বস্ত্রাঞ্চল, কাছা। কচ্‌+ছ কর্তৃবা। বি; পুং। ২। জলপ্রান্তস্থিত। বিণ। স্ত্রী, কচ্ছা।

কচ্ছপ—কূর্ম্ম, কাছিম; বিষ্ণুর অবতারবিশেষ; নিধিবিশেষ; মল্লযুদ্ধ-বন্ধবিশেষ। উপতৎ। কচ্ছ শব্দ—পা+ক কর্তৃবা। বি; পুং। স্ত্রী, -পী।

কচ্ছপী—কচ্ছপ-স্ত্রী, কূর্ম্মী, স্ত্রী কাছিম; সরস্বতীর বীণা; ব্রণরোগবিশেষ। কচ্ছপ+ঈপ্‌। বি; স্ত্রী।

কচ্ছা—কচ্ছ, কাছা; ঝিঁঝিপোকা। কচ্ছ+আপ্‌। বি; স্ত্রী। [বি।

কজ্জম—প্রকার, রকম। ফার্সী কিস্‌ম্‌ শব্দজ।

কজ্জল—১। অঞ্জন, কাজল; মসী। কুৎসিত জল যাহা হইতে, বহুব্রী। বি; ক্লীব। ২। মেঘ। বি; পুং।

কঞ্চি, কঞ্চী—কঞ্চিকা (তাহা দ্রঃ)। বি; স্ত্রী।

কঞ্চিকা—বেণুশাখা, বাঁশের গ্রন্থিমূল হইতে শাখা। কন্‌চ্‌+ণক কর্তৃবা+স্ত্রীলিঙ্গে আপ্‌। বি; স্ত্রী।

কঞ্চু—নির্ম্মোক, সাপের খোলস। কন্‌চ্‌+উ কর্তৃবা। বি; পুং।

কঞ্চুক—কবচ, বর্ম্ম, সাঁজোয়া; কাঁচুলি; জামা; বস্ত্র; নির্ম্মোক, সাপের খোলস। কন্‌চ্‌+উক কর্তৃবা। বি; পুং।

কঞ্চুকী (কঞ্চুকিন্‌)—কবচধারী; অন্তঃপুরের বৃদ্ধ নপুংসক রক্ষক; সর্প। কঞ্চুক শব্দ+ইন্‌ অস্ত্যর্থে। বি বা বিণ; পুং। স্ত্রী, -কিনী।

কঞ্চুলিকা—স্ত্রীলোকের স্তনাবরণবিশেষ, কাঁচুলি। কঞ্চুলী+কন্‌ স্বার্থে+আপ্‌। বি; স্ত্রী।

কঞ্চুলী—কাঁচুলি। কন্‌চ্‌ (বন্ধন করা)+উল করণবা+ঈপ্‌। বি; স্ত্রী। [বিণ।

কঞ্জুষ, কঞ্জুস—অতি কৃপণ। হিন্দীমূলক।

কঞ্জুসি—কার্পণ্য। কঞ্জুস+ই ভাবে। বি।

কট্‌—নানাপ্রকার অনুকরণ-শব্দ। অব্য।

কট—১। হস্তীর গণ্ড; তৃণ; তৃণাসন, মাদুর; শব; তক্তা। কট্‌+ঘ করণবা। ২। শবরথ; কটি; তৃণ-রজ্জুবিশেষ, ধানের মরাই বেষ্টন করিবার বড়্‌। কট্‌+ঘ কর্ম্মবা। ৩। শ্মশান। কট্‌+ঘ অধিবা। ৪। অতিশয়; সময়বন্ধ (-কোবালা)। কট্‌+ঘ ভাববা। বি; পুং। ৫। ক্রিয়াকারী, কারক। কট্‌+অচ্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী, কটা।

কটক—১। সানু, গিরিনিতম্ব; বলয়; সেনানিবেশ; সৈন্য; সেনারক্ষিত রাজধানী; নগর; চক্র; গজদন্তমণ্ডল; সৈন্ধব লবণ। কট্‌+অক কর্তৃবা। বি; পুং বা ক্লীব।

কটকটিয়া, কটকটে—১। কঠিন, শক্ত; কঠোর; নীরস; রূঢ়; উৎকট, দারুণ, তীব্র; বাচাল, স্পষ্টভাষী। বিণ। ২। পতঙ্গভুক্‌ পক্ষিবিশেষ; একজাতীয় ভেক; জগন্নাথদেবের এক প্রকার ভোগ। কটকট+ইয়া, এ করে অর্থে। বি।

কট-কবালা, -কোবালা—এক প্রকার বন্ধকী তমসুক। (ইহাতে সর্ত্ত থাকে যে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে দেনা পরিশোধ না করিলে আবদ্ধ সম্পত্তি মহাজনের হস্তগত হইবে)। আর্বী। বি।

কটকিনা, কটকেনা—কঠোরতা, কাঠিন্য, কড়াকড়ি; জেদ, কোট, দৃঢ় প্রতিজ্ঞা; মেয়াদী ইজারা। দেশজ। বি।

কটকিনাদার—মেয়াদী ইজারাদার। কটকিনা+দার গ্রহীতা অর্থে। বি।

কটকী (কটকিন্)—পর্ব্বত। কটক+ইন্ আছে অর্থে। বি ; পুং।

কটকী—১। কটকদেশীয়, কটকের। কটক +ঈ জাতার্থে। ২। পিঙ্গলবর্ণ ; ফিকা সাদা। দেশজ। বিণ। ৩। ফলবিশেষ। বি ; স্ত্রী। ৪। হিমালয়জাত একপ্রকার শাকের কন্দ বা মূল। 'কটুকা' শব্দজ। বি।

কটমট—১। ভীষণ ; শক্ত। বিণ। ২। কঠোরতাপ্রকাশ ; ক্রোধপ্রকাশ। অব্য। ৩। তীব্রভাবে ; কঠোরভাবে ; ক্রুদ্ধভাবে। কবিপ্র। দেশজ। ক্রি-বিণ।

কটমটে—১। দুর্ব্বোধ্য বিষয়। বি। ২। কঠোর ; দুর্ব্বোধ্য ; ভয়ানক। কটমট+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

কটরা, কটোরা—বাটি, পেয়ালা ; মাটির খুরি। হিন্দী। বি।

কটা—আপিঙ্গল, খড়ের মত বর্ণবিশিষ্ট ; শেতাভ ; রুক্ষ ; কঠিন ; কড়া। দেশজ। বিণ।

কটাক্ষ—অপাঙ্গদৃষ্টি, আড়চোখে দেখা ; বক্র ইঙ্গিত ; প্রতিকূল সমালোচনা। কট—অক্ষ্ +অণ্ কর্ত্তৃবা। বি ; পুং।

কটাক্ষজাল—১। বক্রদৃষ্টিপাতরূপ ফাঁদ, বাঁকা চাহনির ফাঁস। রূপক কর্ম্মধা। ২। অনেকের অপাঙ্গদৃষ্টি। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কটাক্ষদৃষ্টি—বক্রদৃষ্টিপাত, আড়চোখে চাওয়া। কর্ম্মধা। বি ; স্ত্রী।

কটাক্ষপাত—আড়ভাবে দৃষ্টিনিক্ষেপ ; ঈষৎ বিরুদ্ধ সমালোচনা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কটাখ—কটাক্ষ। প্রাঃ কবিপ্র। বি।

কটাচুলে,-চুলো—যাহার চুলের রঙ্ কটা এমন। কটাচুল+এ (∠ইয়া), ও (∠উয়া) যুক্তার্থে। বিণ।

কটাৎ, কটাস্—অনুকরণ-শব্দ ; তীক্ষ্ণধার অস্ত্র দ্বারা কঠিন দ্রব্য কর্ত্তনের বা তীব্র দংশনের শব্দ। দেশজ। অব্য।

কটান—কটা করা বা হওয়া। বাং ক্রি।

কটাল—১। কোটাল, অমাবস্যা ও পূর্ণিমার জোয়ার। বি। ২। স্ফীত ; উচ্চ ; বৃহৎ। 'করাল' শব্দজ। বিণ।

কটাস্—১। বন্য বিড়াল। বি। ২। দংশনাদির অনুকরণ-শব্দ। দেশজ। অব্য।

কটাসিয়া, কটাসে—কটা ভাবের, ঈষৎ কটা, আপিঙ্গল। কটা+সিয়া, সে ঈষদর্থে। বিণ।

কটাহ—পাত্রবিশেষ, কড়া ; কচ্ছপের খোলা ; দ্বীপবিশেষ ; মহিষশিশু ; নরক-বিশেষ। কট—আ—হন্+ড কর্ত্তৃবা। বি ; পুং।

কটি, কটী—শ্রোণিদেশ, কোমর, মাজা, কাঁকাল। কট্+ই কর্ত্তৃবা ; কটি+ঈপ্ (বিকল্পে)। বি ; স্ত্রী।

কটিতট, কটীতট—কটিদেশ, কোমর, মাজা, কাঁকাল। কর্ম্মধা। বি ; পুং বা ক্লীব।

কটিদেশ—কটিতট। কর্ম্মধা। বি ; পুং।

কটিবন্ধ—কোমরবন্ধ ; মেখলা ; (ভূগোলে) ভূপৃষ্ঠের বিভাগসূচক ভূগোলকের চতুর্দ্দিকে বেষ্টনকারী রেখাবিশেষ (Zone). ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কটিবন্ধনী—কটিবন্ধ, কোমরবন্ধ ; মেখলা ; ঘুনসি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

কটিভূষণ—কাঞ্চী, মেখলা, চন্দ্রহার, গোট। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কটিমণ্ডল—মণ্ডলাকার কটিদেশ। কটি মণ্ডলপ্রায়, উপমিত কর্ম্মধা। বি ; ক্লীব।

কটিশূল—কোমরের বেদনা (Lumbago). ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কটিসূত্র—কটিতন্তু, কোমরের সূতা, ঘুনসি ; কটিবন্ধ ; কটিভূষণ, মেখলা, চন্দ্রহার, গোট। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কটু—১। তীব্র, তীক্ষ্ণ, ঝাল ; বিস্বাদ, বোদা ; কর্কশ ; রূঢ় ; মৎসর ; উগ্র ; কুৎসিত। কট্+উ কর্ত্তৃবা। বিণ। ২। অকার্য্য। কট্+উ কর্ম্মবা। বি ; ক্লীব। ৩। কটুকী ; রাজিকা, রাইসরিষা ; প্রিয়ঙ্গুবৃক্ষ। কট্+উ কর্ত্তৃবা। বি ; স্ত্রী। ৪। চীনকর্পূর ; পটোল। বি ; পুং।

কটুকাটব্য—কড়া কথা, রূঢ় বাক্য, দুর্ব্বাক্য, গালিগালাজ। দ্বন্দ্ব। বি।

কটুতা, কটুত্ব—তিক্ততা; উগ্রতা; তীব্রতা; কার্কশ্য, রূঢ়তা। কটু শব্দ+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

কটুতুম্বী—তিতলাউ। কর্ম্মধা৹। বি; স্ত্রী।

কটুতৈল—সর্ষপতৈল। কর্ম্মধা। বি; ক্লীব।

কটুত্রয়—ত্রিকটু;—শুঁঠ, পিপুল ও মরিচ। ষষ্ঠীতৎ। বি; ক্লীব।

কটুপাক—যাহা রন্ধন করিলে খাইতে কটু বোধ হয়; লবণাক্ত। কটু পাক যাহার, বহুব্রী। বিণ। [বি; ক্লীব।

কটুবাক্য—কুবাক্য; কর্কশ বাক্য। কর্ম্মধা।

কটুভাষ, –ভাষণ—কুবাক্য, কর্কশ কথা। কর্ম্মধা। বি; পুং, ক্লীব।

কটুভাষী (–**ভাষিন্**)—কটুবাক্য-প্রয়োগকারী, অপ্রিয়বাদী। উপতৎ। কটু–ভাষ্+ণিন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –ষিণী।

কটুয়া—কৌটা। প্রাঃ কবিপ্র। বি।

কটূক্তি—কটু কথা, রূঢ় বচন, দুর্ব্বাক্য, গালাগালি। কটু উক্তি, কর্ম্মধা। বি; স্ত্রী।

কটোরা—মাটির বাটি, খুরী; বাটিমাত্র। কট্+ওরন্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

কটোরি, কটোরী—ছোট বাটি; খুরী। 'কটোরা' শব্দজ। বি।

কট্ কট্—তীব্র বেদনার অনুভূতিসূচক অনুকার-শব্দ। অব্য।

কট্ কটে—কটকটে দ্রঃ।

কটকিনা—কঠিনা, বাঁধাধরা শক্ত নিয়ম; এক বৎসরের জন্য জমি ইজারা দেওয়া। দেশজ। বি।

কট্টার—অস্ত্রবিশেষ, কাটারি। বি; পুং।

কট্ মট্—কঠোরতা বা ক্রোধের লক্ষণ-প্রকাশক শব্দ। দেশজ। অব্য।

কট্ মটে—কঠোর; দুর্ব্বোধ্য। কটমট্+এ যুক্তার্থে। বিণ। [ভাবার্থে। বি।

কট্ মটি—দুর্ব্বোধ্য বিষয়। কটমট্+ই

কঠ—১। জনৈক মুনি, ইনি বৈশম্পায়নের শিষ্য; কঠশাখাধ্যায়ী। কঠ+অচ্ কর্ত্তৃবা। ২। বেদাংশবিশেষ, উপনিষদ্ বিশেষ। বি; পুং।

কঠিন—দৃঢ়, শক্ত; নিষ্ঠুর, নির্দ্দয়; দুর্ব্বোধ; দুঃসহ। কঠ+ইনচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –না।

কঠিনতম—দৃঢ়তম, অতিশয় কঠিন। কঠিন+তম অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, –মা।

কঠিনতর—দুইটির মধ্যে অধিকতর দৃঢ়; অপেক্ষাকৃত দৃঢ়। কঠিন+তর অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, –রা।

কঠিনতা, কঠিনত্ব—কাঠিন্য (সকল অর্থে)। কঠিন+তা, ত্ব ভাবার্থে। বি; যথাক্রমে স্ত্রী, ক্লীব।

কঠিনহৃদয়—১। কঠোর মন, নির্ম্মম চিত্ত। কর্ম্মধা। বি; ক্লীব। ২। পাষাণহৃদয়, নিষ্ঠুর-মনাঃ। বহুব্রী। বিণ। স্ত্রী, –য়া।

কঠিনিকা—খটী, খড়ী। কঠিনী+কন্ স্বার্থে +আপ্। বি; স্ত্রী।

কঠিনী—খটী, খড়ী। কঠিন+ঈপ্। বি; স্ত্রী।

কঠোপনিষৎ (–**নিষদ্**)—উপনিষদ্-বিশেষ। কর্ম্মধা। বি; স্ত্রী।

কঠোর—কঠিন; দৃঢ়; কর্কশ; দুঃসহ। কঠ্ +ওরন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –রা। বি, –তা।

কড়ই—১। কড়াই, কটাহ। 'কটাহ' শব্দজ। ২। যে মুরগীর ডিম পাড়ার সময় হইয়াছে তাহা। প্রাঃ কবিপ্র। প্রাদে। বি।

কড়কড়—ঢক্কাদির বাদ্যধ্বনি, বজ্রধ্বনি প্রভৃতির অনুকরণ-শব্দ, হাড় বা মুড়ি চিবাইবার শব্দ। অব্য।

কড়কড়া, কড়কড়ে—শুষ্ক, ভঙ্গুর; যাহা চিবাইলে কড়কড় শব্দ করে। কড়কড়+আ, এ করে অর্থে। বিণ।

কড়কান—ধমকান, বাক্যে তাড়না করা, শাসন করা। বাং ক্রি।

কড়ঙ্গ—তুম্বীপাত্র, ভিক্ষাপাত্র। 'করঙ্ক' শব্দজ। বি।

কড়চা—শ্লোকাকারে রচিত বৃত্তান্ত; শ্লোক; সংক্ষিপ্ত জীবন-কথা; বিবরণ; জমিদারী

হিসাবের কাগজ ; জমা-ওয়াশীল-বাকির হিসাব। 'কারিকা' শব্দজ। বি।

কড়ছ—কোঁচড়। প্রাঃ কবিপ্র। বি।

কড়তা, করতা—বিক্রেয় দ্রব্যের আধারের ওজন। দেশজ। বি।

কড়মড়—দন্তে দন্তে ঘর্ষণ করা বা কঠিন দ্রব্য চর্ব্বণের অনুকরণ-শব্দ। দেশজ। অব্য।

কড়মড়ান—কড়মড় শব্দ করা; বিরক্তি-ক্রোধাধি প্রকাশ করা। বাং ক্রি।

কড়মড়ে—কঠিন, শুষ্ক, যাহা চিবাইলে কড়মড় করে। কড়মড়+এ করে অর্থে। বিণ।

কড়ম্ব—১। শাকাদির ডাঁটা। কড়্+অম্বচ্ কর্ম্মবা। ২। কদম্ব; বাণ; অগ্রভাগ; অঙ্কুর; কুঁড়ি; কোঁড়া; কোণ; প্রান্তভাগ; অব্যক্ত শব্দ; মেঘগর্জ্জন। কড়্+অম্বচ্ কর্ত্তৃবা। বি; পুং। ৩। যে শিশুর মৃত্যু হইলে বংশ-রক্ষার আর উপায় থাকে না সে। দেশজ। বি। স্ত্রী,—ম্বী (কলমী শাক)।

কড়া—১। কঠিন, শক্ত; কঠোর; রূঢ়; খর, তীব্র, উগ্র, রুক্ষ; নির্ম্মম, নিষ্ঠুর; চড়া; উচ্চ, অধিক; অলঙ্ঘনীয়। 'কঠোর' শব্দজ। বিণ। ২। কড়াই, কটাহ। 'কটাহ' শব্দজ। ৩। শ্রমসাধ্য কর্ম্মকরণজন্য অঙ্গবিশেষের শক্ত দাগ। ৪। ধাতুবলয়, লোহার বালা; বালার মত হাতল; আংটা। 'কটক' শব্দজ। ৫। কড়ি, কপর্দ্দক; সামান্য পরিমাণ; অতি ক্ষুদ্রাংশ। 'কপর্দ্দক' শব্দজ। বি।

কড়াই—১। কড়া, কটাহ; কলাই; হাতের কড়া, লৌহাদির বলয় বা বালা। 'কটাহ' শব্দজ। বি।

কড়াকড়, কড়াক্কর—১। উচ্চধ্বনির অনু-করণ-শব্দ। অব্য। ২। কঠিন, শক্ত; ভয়ঙ্কর, ভীষণ। বিণ।

কড়াকড়ি—দৃঢ় বন্ধন; কঠোর নিয়ম; কঠিন পরীক্ষা। দেশজ। বি।

কড়াকিয়া, কড়াকে, কড়ানিয়া—ধারাপাতে কড়ার আর্য্যা। দেশজ। বি।

কড়াক্রান্তি—মুদ্রার অতি ক্ষুদ্র ক্ষুদ্র সংখ্যা; সূক্ষ্ম হিসাব। দ্বন্দ্ব। বি।

কড়াৎ—কঠিন বস্তুর বিদারণধ্বনি, বজ্রনাদ প্রভৃতির অনুকরণ-শব্দ। দেশজ। অব্য।

কড়ার—অঙ্গীকার; সর্ত্ত; নিয়ম। সময়-নিরূপণ। আর্বী 'করার্' শব্দজ। বি।

কড়ারি, কড়ারী—প্রতিশ্রুত; চুক্তিমতে নির্দ্ধারিত। কড়ার+ই, ঈ বিশিষ্টার্থে। বিণ।

কড়াল—বড় বড় দাড়াবিশিষ্ট ('—চিংড়ী-মাছ')। 'করাল' শব্দজ। বিণ।

কড়ি—১। কপর্দ্দক, বরাটক; অর্থ, ধন। 'কপর্দ্দক' শব্দজ। ২। ছাদের স্থূল অবলম্বন-কাষ্ঠ, আড়া (Beam). 'কাণ্ড' শব্দজ। ৩। (সঙ্গীতে) নির্দ্দিষ্ট স্বরের উচ্চতর স্বর, অথচ পরবর্ত্তী নির্দ্দিষ্ট স্বর অপেক্ষা নিম্নতর। দেশজ। বি।

কড়িকষা—কড়ির মূল্যসম্বন্ধীয় অঙ্ক। দেশজ। বি।

কড়ি-কপালিয়া, -কপালে—অর্থ-ভাগ্যবান্। বহুব্রী। বিণ; পুং। স্ত্রী,—কপালি।

কড়িচণ্ডাল—অর্থপিশাচ। ৭মীতৎ। বিণ।

কড়িপাতি—পয়সাকড়ি, খরচপত্র। দেশজ। প্রাঃ কবিপ্র। বি।

কড়ি-প্রত্যাশী (-শিন্)—অর্থলোভী। ৬ষ্ঠীতৎ। দেশজ। বিণ। স্ত্রী,—শিনী।

কড়িয়া, কড়ে—১। ধনী। কড়ি+ইয়া আছে অর্থে। ২। চঞ্চল; কনিষ্ঠ; ক্ষুদ্রতম; বালিকা; অল্পবয়স্কা। 'কনীয়স্' শব্দজ। বিণ। ৩। কনিষ্ঠ আঙ্গুলের স্পর্শ বা ঐরূপ স্পর্শজন্য চাঞ্চল্য; ছোট লাঠি দ্বারা স্পর্শ। দেশজ। বি।

কড়েরাঁড়ী—বালবিধবা। কর্ম্মধা। বি বা বিণ। [বিণ।

কড়িয়াল—ধনী। কড়ি+আল আছে অর্থে।

কড়ী—১। কড়া; আংটা; কপর্দ্দক; আড়া। বি। ২। উচ্চ, তীব্র। বিণ।

কড়ুয়া—১। কড়া, তীব্র। হিন্দীমূলক। বিণ। ২। আঁকশী। প্রাদে। বি।

কড়েল—ধনী। 'কড়িয়াল' শব্দজ। বিণ।

কণ—সূক্ষ্মাংশ; অত্যল্পভাগমাত্র; ধান্যাংশ। কণ্‌+অল্‌ কর্ম্মবা। বি; পুং। [বি; স্ত্রী।

কণা—সূক্ষ্মাংশ; স্ফুলিঙ্গ। কণ+আপ্‌।

কণাদ—বৈশেষিক দর্শনপ্রণেতা উলূক মুনির নামান্তর; স্বর্ণকার; চটক। উপতৎ। কণ—অদ্‌+অন্‌ কর্ত্তৃবা। বি; পুং।

কণিকা—কণা, অণু; তণ্ডুলকণা, চালের খুদ। কণা+কন্‌ স্বার্থে+আপ্‌। বি; স্ত্রী।

কণীনিকা—চক্ষুর তারকা। বি; স্ত্রী।

কণ্টক—১। গাছের কাঁটা; মৎস্যাদির অস্থি. মাছের কাঁটা; বিঘ্ন; ক্লেশদায়ক বস্তু; ক্ষুদ্র শত্রু; নখ; রোমাঞ্চ; কেন্দ্র; (ন্যায়ে) দোষোক্তি। কন্‌ট্‌+ণক কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। সূচ্যগ্র; কর্ম্মস্থান; দোষ; মকর; রেণু; ক্ষতিকর বা বিরক্তিজনক বস্তু। বি; পুং। ৩। ক্লেশকর। কন্‌ট্‌+ণক কর্ত্তৃবা। বিণ।

কণ্টকদ্রুম—শাল্মলী তরু, শিমুল গাছ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কণ্টকফল—১। পনসফল, কাঁটাল। কণ্টক-যুক্ত ফল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। ২। পনস বৃক্ষ, কাঁটাল গাছ; ধুতুরা গাছ; গাব-ভেরাণ্ডা গাছ; বেগুন গাছ। কণ্টক ফলে যাহার, বহুব্রী। বি; পুং।

কণ্টকময়—কাঁটায় ভরা; বিঘ্নবহুল। কণ্টক+ময়ট্‌ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী,—য়ী।

কণ্টকশয়ন, কণ্টকশয্যা—কণ্টকাকীর্ণ শয়ন, কাঁটা-ছড়ান বিছানা; অর্থাৎ যে অবস্থায় বিছানায় থাকা অতীব ক্লেশজনক; ঘোর বিপদের অবস্থা। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, স্ত্রী।

কণ্টকাকীর্ণ—কণ্টকবিক্ষিপ্ত, কাঁটা-ছড়ান; বিঘ্নসঙ্কুল। কণ্টক দ্বারা আকীর্ণ, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—র্ণা।

কণ্টকারী—বনামধ্যাত ক্ষুদ্র কণ্টকবৃক্ষ; কণ্টিকারী; কণ্টিকারীর ফল; বৈঁচি গাছ; শাল্মলী তরু, শিমূল গাছ। কণ্টক—ঋ+অণ্‌ কর্ত্তৃবা+ঈপ্‌। বি; স্ত্রী।

কণ্টকিত—কণ্টকযুক্ত; রোমাঞ্চিত। কণ্টক+ইতচ্‌ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

কণ্টকিনী—১। বার্ত্তাকু; শোণঝিণ্টী; মধুখর্জ্জুরী। কণ্টকিন্‌+ঈপ্‌। বি; স্ত্রী। ২। কণ্টকবিশিষ্টা, কাঁটাযুক্তা। কণ্টক+ইন্‌ আছে অর্থে+ঈপ্‌। বিণ; স্ত্রী।

কণ্টকিফল, কণ্টকীফল—১। কাঁটাল গাছ। কণ্টকী ফল যাহার, বহুব্রী। বি; পুং। ২। কাঁটালফল। কণ্টকী ফল, কর্ম্মধা। বি; ক্লীব। [কর্ম্মধা। বি; স্ত্রী।

কণ্টকিলতা—শসা গাছ। কণ্টকিনী লতা,

কণ্টকী (কণ্টকিন্‌)—১। কণ্টকযুক্ত। কণ্টক শব্দ+ইন্‌ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—কিনী। ২। মৎস্য; খর্জ্জুরাদি কণ্টকযুক্ত বৃক্ষ; বেঁউড় বাঁশ; কাঁটাল গাছ; মদন বৃক্ষ, ময়না গাছ; বদর বৃক্ষ; কুল গাছ; খদির বৃক্ষ। বি; পুং।

কণ্টকী—বার্ত্তাকুবিশেষ, কাঁটা বেগুন। কণ্টক+অচ্‌ আছে অর্থে+ঈপ্‌। বি; স্ত্রী।

কণ্টকোত্তোলন, কণ্টকোদ্ধার—কণ্টক নিষ্কাশন, অর্থাৎ কাঁটা তুলিয়া ফেলা; বিঘ্ন দূরীকরণ; ক্লেশ-হেতুর অপসারণ; শত্রুনাশ। কণ্টকের উত্তোলন, উদ্ধার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কণ্ট্রাক্ট, কন্‌ট্রাক্ট—চুক্তি, কোন কার্য্য নির্দ্দিষ্ট ব্যয়ে করিয়া দিবার জন্য অঙ্গীকার বা প্রতিশ্রুতি। ইং Contract. বি।

কণ্ট্রাক্টর, কন্‌ট্রাক্টর—ঠিকাদার; নির্দ্দিষ্ট সর্ত্তে চুক্তিকারী। ইং Contractor. বি।

কণ্ট্রোল—সরকার কর্তৃক মূল্যনিয়ন্ত্রণ; নিয়ন্ত্রিত মূল্যে বিক্রেয় পদার্থের দোকান। ইং Control. বি।

কণ্ঠ—গলদেশ; কণ্ঠধ্বনি; নিকট; হোম-কুণ্ডের বাহিরে অঙ্গুলিপরিমিত স্থান। কন্‌+ঠ কর্ম্মবা। বি; পুং।

কণ্ঠগত, কণ্ঠাগত—গলব্যাপী; কণ্ঠপর্য্যন্ত উপস্থিত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

কণ্ঠগতপ্রাণ, কণ্ঠাগতপ্রাণ—যাহার প্রাণ বহির্গত হইবার উপক্রম করিয়াছে এরূপ, মৃতপ্রায়। বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

কণ্ঠনলী, কণ্ঠনালী—গলনালী, গলার নল বা চোঙ্গ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কণ্ঠপাশক—হস্তীর গলবন্ধন-রজ্জু বা শৃঙ্খল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কণ্ঠবন্ধন—রজ্জুদ্বারা গলদেশবেষ্টন; কণ্ঠদেশে আলিঙ্গন। ৭মীতৎ। বি; ক্লীব।

কণ্ঠবেষ্টন—গলা জড়াইয়া ধরা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কণ্ঠভূষণ, কণ্ঠভূষা—গলদেশের অলঙ্কার; মাল্য, মালা; হার; চিক। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।

কণ্ঠমণি—কণ্ঠে ধারণীয় রত্ন। ৬ষ্ঠীতৎ। বি; [পুং।

কণ্ঠমালা—কণ্ঠহার, গলদেশের হার। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; পুং।

কণ্ঠরব—কণ্ঠস্বর, গলার আওয়াজ। ৬ষ্ঠীতৎ।

কণ্ঠরোধ—কণ্ঠস্বর বন্ধ হওয়া; বাক্য বন্ধ হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কণ্ঠলগ্ন—গললগ্ন, যাহা গলায় লাগিয়া আছে; কণ্ঠবদ্ধ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—গ্না।

কণ্ঠলম্বিত—গলদেশে লম্বমান, গলায় ঝুলান। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

কণ্ঠলম্বী (-লম্বিন্)—গলদেশে লম্বমান, গলায় ঝুলান। উপতৎ। কণ্ঠ—লম্ব্‌+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ম্বিনী।

কণ্ঠশ্বাস—গলদেশ হইতে আগত নিশ্বাস; মুমূর্ষু অবস্থা। মধ্যপ কর্মধা। বি; পুং।

কণ্ঠসূত্র—মাল্য, মালা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কণ্ঠস্থ—গলস্থিত; অভ্যস্ত, মুখস্থ। উপতৎ। কণ্ঠ—স্থা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা।

কণ্ঠস্বর—গলার আওয়াজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কণ্ঠহার—গলদেশে পরিহিত হার নামক অলঙ্কার। কণ্ঠের হার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কণ্ঠা—গলদেশ, গলা; কণ্ঠরব; নিকট; গলার নীচে দুই পাশের হাড় (Collar-bone). 'কণ্ঠ' শব্দজ। বি।

কণ্ঠাগত—কণ্ঠগত দ্রঃ।

কণ্ঠাগতপ্রাণ—কণ্ঠগতপ্রাণ দ্রঃ।

কণ্ঠাগতপ্রায়—যাহা প্রায় কণ্ঠদেশে আসিয়াছে এরূপ, বহির্গমনোন্মুখ ('—প্রাণ')। প্রায় কণ্ঠাগত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—য়া।

কণ্ঠাভরণ—কণ্ঠের অলঙ্কার, হার প্রভৃতি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কণ্ঠাস্থি—গলার পাশের হাড় (Collar-bone). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কণ্ঠি—বৈষ্ণবদের তুলসীর মালা; ছোট হার। 'কণ্ঠী' শব্দজ। বি।

কণ্ঠিকা, কণ্ঠী—কণ্ঠ, গলা; একনর হার বা মালা; ঘোটকের গ্রীবাবেষ্টক রজ্জুচর্ম্মাদি। কণ্ঠী+কন্ স্বার্থে+আপ্; কণ্ঠ+ঈপ্ অল্পার্থে। বি; স্ত্রী।

কণ্ঠিবদল, কণ্ঠীবদল—বৈষ্ণবদের মালা বদল করিয়া বিবাহ। ৬ষ্ঠীতৎ। বি।

কণ্ঠীধারী (-ধারিন্)—গলায় মালাপরা বৈষ্ণব বা বৈরাগী; বৈষ্ণব মঠাধিকারী। উপতৎ। কণ্ঠী—ধৃ+ণিন্ কর্তৃবা। বি; পুং।

কণ্ঠ্য—কণ্ঠ দ্বারা উচ্চার্য্য (বর্ণ); কণ্ঠসম্বন্ধীয়। কণ্ঠ+যৎ ভবার্থে। বিণ। স্ত্রী, কণ্ঠ্যা।

কণ্ডূ—চুলকানি, খোসপাঁচড়া। কন্‌ড্ (ভেদ করা)+উ ভাববা। বি; স্ত্রী।

কণ্ডূ, কণ্ডূতি—চুলকানি, কুটকুটুনি; কিছু করিবার জন্য ঔৎসুক্য। কণ্ডূ (চুলকান)+ক্বিপ্, ক্তি ভাববা। বি; স্ত্রী।

কণ্ডূয়ন—চুলকান; চুলকনা, খোস, পাঁচড়া। কণ্ডূ+যক্ স্বার্থে+অনট্ ভাববা। বি; ক্লীব।

কণ্ব—জনৈক মুনি, পুরুবংশীয় অপ্রতিরথের পুত্র এবং কণ্বমুনির জনক। মালিনী নদীর তীরে ইঁহার আশ্রম ছিল। ইনিই দুষ্মন্ত-মহিষী শকুন্তলার পালকপিতা। বি; পুং।

কণ্বসুতা—দুষ্মন্ত-মহিষী শকুন্তলা [শকুন্তলা দ্রঃ]। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কত—কি পরিমাণ বা সংখ্যা; অনেক, বহু। 'কতি' শব্দজ। বিণ। [শব্দজ। বিণ।

কতক—কতিপয়, কিঞ্চিৎ, কিছু। 'কতি'

কতকটা—১। কিয়ৎপরিমাণে; সামান্য মাত্রায়। কতক+টা পরিমাণার্থে। ক্রি-বিণ। ২। ঈষৎ; আংশিক, কিয়দংশ। বিণ।

কতক্ষণ—কিছুকাল; অনেকক্ষণ। কর্ম্মধা। দেশজ। বি। [পরিমাণার্থে। বিণ।

কতটা—কয়েক; কতখানি। কত+টা

কতমত, কতমতে—১। কতরকমে, নানা-প্রকারে, বিবিধভাবে। কত+মত প্রকারার্থে। ক্রি-বিণ। ২। কতরকম; অনেকরকমের। বিণ।

কতল, কোতল—খড়্গাঘাতে প্রাণবধ; শিরশ্ছেদন; নরহত্যা, খুন। আর্বী 'কৎল' শব্দজ। বি।

কতহুঁ—কতই। প্রাঃ কবিপ্র। বিণ।

কতি—১। কিয়ৎপরিমিত, কত। কিম্+ডতি পরিমাণার্থে। বিণ। ২। কতিপয়, কয়জন। প্রাঃ কবিপ্র। বিণ। ৩। কোথায়। সর্ব্ব। ৪। কিজন্য, কিসের জন্য। অব্য।

কতিক্ষণে,-খনে—কতক্ষণে, কত পরে, কোন্ সময়ে, কখন। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

কতিপয়—কিয়ৎ, কত, কতকগুলি। কতি+অয়চ্ স্বার্থে (প—আগম)। বিণ। স্ত্রী,—য়া। [অব্য।

কতিসঞে—কোথা হইতে। প্রাঃ কবিপ্র।

কতিহু—কোথাও। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

কতিহুঁ—কিজন্য, কেন; কোথাও। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

কত্তেক—কত, কত অধিক, বিস্তর; কতক-গুলি, কতিপয়, কয়েক। দেশজ। বিণ।

কত্তা—'কর্ত্তা' শব্দজ। কর্ত্তা দ্রঃ।

কৎবেল—কপিত্থ, বেলজাতীয় অম্লফল-বিশেষ। 'কপিত্থবিল্ব' শব্দজ। বি।

কথক—বক্তা; কথোপজীবী, সর্ব্বজনসমক্ষে পুরাণ-ব্যাখ্যাকারী। কথ+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, কথিকা। বি,—তা।

কথকতা—কথকের কার্য্য বা ব্যবসায়, বহুজন-সমক্ষে ভাবভঙ্গীগীতাদি সহ পুরাণাদি পাঠ ও ব্যাখ্যা। কথক+তা কর্ম্মার্থে। বি; স্ত্রী।

কথঞ্চন—কোনও প্রকারে, কোনও রূপে। কথম্+চন অনিশ্চয়ার্থে। অব্য।

কথঞ্চিৎ—১। কথঞ্চন (তাহা দ্রঃ)। কথম্+চিৎ অনিশ্চয়ার্থে। অব্য। ২। কিঞ্চিৎ, কিছু। দেশজ। বিণ।

কথন—উক্তি, বলা। কথ+অনট্ ভাববা। বি; ক্লীব।

কথনীয়, কথ্য—বক্তব্য, বাচ্য। কথ+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া, কথ্যা।

কথা—উক্তি; উচ্চারণ; সত্যমিশ্রিত গল্পগ্রন্থ; উপাখ্যান; কথকতা; বিবরণ; প্রসঙ্গ; বিষয়; বাধ্যতা; অঙ্গীকার, প্রতিশ্রুতি; অভিপ্রায়, চিন্তা; প্রবাদ। কথ+অ ভাববা+আপ্। বি; স্ত্রী। **কথার কথা**—অবিবেচিত উক্তি। [বি।

কথাকলি—দক্ষিণ ভারতীয় নৃত্যবিশেষ।

কথান্তর—১। কথার অবসর। কথার অন্তর, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। অন্য কথা। অন্যা কথা, নিত্য। ৩। বিবাদ, কথা-কাটাকাটি। দেশজ। বি।

কথাপ্রসঙ্গ—কথোপকথন; কথাবার্ত্তা; কথার অবতারণা বা ক্রম। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [দ্বন্দ্ব। দেশজ। বি।

কথাবার্ত্তা(র্তা)—আলাপ; কথোপকথন।

কথামুখ—গ্রন্থপ্রারম্ভ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কথায় কথায়—কথা বলিতে বলিতে; কথাপ্রসঙ্গে, প্রসঙ্গক্রমে; প্রতি কথায়। দেশজ। ক্রি-বিণ। [পুং।

কথারম্ভ—কথার আরম্ভ। ৬ষ্ঠীতৎ। বি;

কথাসাহিত্য—উপন্যাস; কল্পিত কাহিনী-মূলক গল্পকাব্য। কর্ম্মধা। বি; ক্লীব।

কথাসাহিত্যিক—ঔপন্যাসিক। কথা-সাহিত্য+ইক করে অর্থে। বি; পুং। স্ত্রী,—কী। [তৎ। বি; ক্লীব।

কথাশিল্প—গল্পরচনারূপ কলাবিদ্যা। ৬ষ্ঠী-

কথাশিল্পী (-শিল্পিন্)—গল্পকার; ঔপ-ন্যাসিক। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [অব্য।

কথি—কোথায়, কোন্ স্থানে। প্রাঃ কবিপ্র।

কথিত—উক্ত ; বর্ণিত ; উচ্চারিত। কথ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা। [অব্য।

কথিলাগি—কিসের জন্য। প্রাঃ কবিপ্র।

কথোদ্‌ঘাত—কথার উপক্রম বা আরম্ভ ; প্রস্তাবনা ; উপক্রমণিকা। কথার উদ্‌ঘাত, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কথোপকথন—কথাবার্ত্তা, পরস্পর আলাপ ; উক্তিপ্রত্যুক্তি ; বাদানুবাদ। কথা ও উপকথন, দ্বন্দ্ব। বি ; ক্লীব।

কথ্য—বক্তব্য, বাচ্য ; চলিত কথায় ব্যবহৃত (Colloquial). কথ + যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, কথ্যা।

কদক্ষর—১। কুৎসিত অক্ষর, খারাপ লেখা। কু (কুৎসিত) অক্ষর, নিত্য। বি ; ক্লীব। ২। কুৎসিত লেখক, যাহার হাতের লেখা ভাল নয় এরূপ। কু (কুৎসিত) অক্ষর যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –রা।

কদগ্নি—১। মন্দাগ্নি, অগ্নিমান্দ্য। কু (কুৎসিত) অগ্নি, নিত্য। বি ; পুং। ২। অজীর্ণরোগী, মন্দাগ্নিযুক্ত। কু (মন্দ) অগ্নি যাহার, বহুব্রী। বিণ।

কদন—মারণ, পীড়ন ; মর্দ্দন ; অবসাদ ; যুদ্ধ ; পাপ। ণিজন্ত কদ্ (=কদি) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

কদন্ন—কুৎসিত অন্ন ; জঘন্য ভক্ষ্য। কুৎসিত অন্ন, নিত্য (কু-স্থানে কৎ)। বি ; ক্লীব।

কদভ্যাস—কু অভ্যাস, মন্দ অভ্যাস। কুৎসিত অভ্যাস, নিত্য। বি ; পুং।

কদম—১। কদম গাছ ; কদমফুল। 'কদম্ব' শব্দজ। বি। ২। পদক্ষেপ ; পদক্ষেপদূরত্ব ; ঘোটকের গতিবিশেষ। আর্ব্বী। বি।

কদমা—মিষ্টান্নবিশেষ, চিনির এক প্রকার ফাঁপা লড্ডুক বা লাড়ু। কদম + আ সদৃশার্থে। বি।

কদমী—সঙ্গী ; ভৃত্য। প্রাঃ কবিপ্র। বি।

কদম্ব—১। বৃক্ষবিশেষ, কদমফুলের গাছ ; সর্ষপ ; দেবতাড়ক তৃণ। কদ্ + অম্বচ্ কর্ত্তৃবা। বি ; পুং। ২। পুষ্পবিশেষ, কদম্বফুল ; সমূহ। বি ; ক্লীব।

কদম্বক—কদম্ববৃক্ষ ; কদম্বপুষ্প ; সমূহ ; সর্ষপ। কদম্ব + কন্ স্বার্থে। বি ; ক্লীব।

কদম্বগোলক-ন্যায়—ন্যায়বিশেষ। [কদমফুল গোল। উহার উপরের কেশরগুলি ছোট অবস্থায় গোল থাকে এবং গোল অবস্থাতেই ক্রমশঃ বাড়িয়া থাকে। সেইরূপ যদি কোন বস্তু বা বিষয় গোড়া হইতে শেষ পর্য্যন্ত একই অবস্থায় থাকে তবে সেই সম্বন্ধে 'কদম্ব-গোলক-ন্যায়' বলা হয়]। কদম্বই গোলক, কর্ম্মধা ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

কদর—মূল্য, আদর, যত্ন, খাতির, সমাদর, সম্মান। আর্ব্বী। বি।

কদর্থ—১। কুৎসিত অর্থ, বিকৃত অর্থ ; কুৎসিত তাৎপর্য্য। কু (কুৎসিত) অর্থ, নিত্য। বি ; পুং। ২। ব্যর্থ, নিরর্থক। কু অর্থ (প্রয়োজন) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –র্থা।

কদর্থন—কদর্থকরণ ; বিড়ম্বনা ; অবমাননা ; যাতনাদান ; পীড়ন। কদর্থ + ণিচ্ (=কদর্থি নামধাতু) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

কদর্থিত—দূষিত ; বিড়ম্বিত ; ক্লেশিত। কদর্থ + ণিচ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

কদর্য্য(র্য)—কুৎসিত ; জঘন্য ; কৃপণ ; লোভী ; ক্ষুদ্র ; নীচ। কু – ঋ + যৎ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –র্য্যা।

কদর্য্য(র্য)তা—জঘন্যতা, অপকৃষ্টতা। কদর্য্য + তা ভাবার্থে। বি ; স্ত্রী।

কদলক—কলা। প্রাঃ কবিপ্র। বি।

কদলী—কলাগাছ ; কলা ; পতাকা ; মৃগীবিশেষ ; হাতীর উপরের নিশান। ক – দল্ + অ কর্ম্মবা + ঈপ্। বি ; স্ত্রী।

কদলীকুসুম, কদলীপুষ্প—কলার ফুল, মোচা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কদশ্ব—কুৎসিত অশ্ব, দুষ্ট ঘোটক, মন্দ ঘোড়া। কুৎসিত অশ্ব, নিত্য। বি ; পুং।

কদাকার—১। কুৎসিত আকৃতি, বিশ্রী

চেহারা। কুৎসিত আকার, নিত্য। বি; পুং। ২। কুৎসিতাকার; বিশ্রী। কু আকার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

কদাচ—কখনই; কখনও। 'কদাচন' শব্দজ। অব্য।

কদাচন, কদাচিৎ—কোনও সময়ে, কখনও; দৈবাৎ কখনও। কদা+চন, চিৎ অনির্দিষ্ট অর্থে। অব্য।

কদাচরণ, কদাচার—কুৎসিত আচরণ, অভদ্র ব্যবহার; কদর্য্য অনুষ্ঠান। কুৎসিত আচরণ, আচার, নিত্য। বি; ক্লীব, পুং।

কদাচারী (–চারিন্)—কুৎসিতাচরণকারী, অভদ্রাচারী। কদাচার+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—রিণী।

কদাপি—কখনই, কোনও এক কালে। কদা+অপি। অব্য।

কদাহার—কুৎসিত ভোজন, কুখাদ্য। কুৎসিত আহার, নিত্য। বি; পুং।

কদাহারী (–হারিন্)—অখাদ্যগ্রহণকারী, কুৎসিতভোজনকারী। কদাহার+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—রিণী। [বি।

কদ্দু—তুম্বী, লাউ; ঘাসবিশেষ। হিন্দীমূলক।

কদুক্তি—কুৎসিত উক্তি, কটুবাক্য; গালিগালাজ। কু (কুৎসিত) উক্তি, নিত্য। বি; স্ত্রী।

কদুত্তর—কুৎসিত উত্তর, কদর্য্য জবাব। কু (কুৎসিত) উত্তর, নিত্য। বি; ক্লীব।

কদুষ্ণ—কবোষ্ণ, ঈষদুষ্ণ, অল্প গরম। কু (ঈষৎ) উষ্ণ, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—ষ্ণা।

কনক—১। স্বর্ণ। কন্+অক কর্তৃবা। বি; ক্লীব। ২। কিংশুক বৃক্ষ; ধুস্তূর বৃক্ষ; নাগকেশর; কোবিদার; কালীয় বৃক্ষ; চম্পক; কাসমর্দ্দ; লাক্ষাতরু। বি; পুং।

কনকচম্পক, –চাঁপা—হরিদ্রাবর্ণ চাঁপাফুল। কনকবর্ণ চম্পক, চাঁপা, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কনকচূড়, –চূর—ধান্যবিশেষ (ইহার উত্তম খৈ হয়)। (১ম) বহুব্রী; (২য়) ৬ষ্ঠী-তৎ। বি।

কনকচ্ছত্র—রাজচ্ছত্র, নৃপতিচিহ্নস্বরূপ ছত্র। কনকদণ্ড ছত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কনকদণ্ড—১। স্বর্ণনির্ম্মিত দণ্ড। কনকনির্ম্মিত দণ্ড, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। রাজচ্ছত্র। কনকময় দণ্ড যাহার, বহুব্রী। বি; ক্লীব।

কনকধুস্তূর—স্বর্ণবর্ণ ধুতূরা ফল। কনকবর্ণ ধুস্তূর, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কনকন—ব্যথা, শীতলতা বা শীতের লক্ষণপ্রকাশক শব্দ। অব্য।

কনকনান—ব্যথা করা। দেশজ। ক্রি।

কনকনানি—ঠাণ্ডা; ব্যথা, বেদনা। দেশজ। বি।

কনকনে—তীব্র স্বরবিশিষ্ট, থনথনে; অত্যন্ত ঠাণ্ডা। কনকন+এ (∠ইয়া) করে অর্থে। বিণ। [মধ্যপ কর্ম্মধা। বি: স্ত্রী।

কনকপুরী—স্বর্ণময় পুরী। কনকময়ী পুরী,

কনকপ্রভ—সুবর্ণবৎ দীপ্তিশালী, স্বর্ণের ন্যায় উজ্জ্বল। কনকের প্রভার ন্যায় প্রভা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ভা।

কনকমুকুট—স্বর্ণকিরীট। কনকনির্ম্মিত মুকুট, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কনকমেখলা—সুবর্ণকটিভূষণ। কনকরচিতা মেখলা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কনকরঞ্জিত—সোণার গিল্‌টী করা। ৩য়া-তৎ। বিণ। স্ত্রী,—তা।

কনকরম্ভা—সুবর্ণ কদলী, চাঁপা কলা। কনকবর্ণা রম্ভা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কনকরস—হরিতাল। কনকবর্ণ রস যাহার, বহুব্রী। বি; পুং।

কনকলতা—সুবর্ণ লতা, সোনা লতা। কনকবর্ণা লতা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কনকসূত্র—সুবর্ণসূত্র, সোনার তার; সোনার হার। কনকনির্ম্মিত সূত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কনকহার—সুবর্ণহার। কনকনির্ম্মিত হার, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কনকাঙ্গদ—স্বর্ণকেয়ূর, সোনার বাজু ব

ভাগা। কনকনির্ম্মিত অঙ্গদ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

কনকাচল—হেমাদ্রি, সুমেরু পর্ব্বত ; অস্ত-গিরি। কনকময় অচল, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

কনকাঞ্জলি—কনকপূর্ণ অঞ্জলি ; মাঙ্গলিক ক্রিয়াবিশেষ [বঙ্গদেশে কোন দেবপ্রতিমা বিসর্জ্জনকালে সধবা গৃহস্বামিনী অন্যান্য বেশভূষাসমন্বিতা রমণীগণে বেষ্টিত হইয়া প্রতিমা বরণ করিয়া স্বীয় বস্ত্রাঞ্চল প্রসারিত করেন, এবং সেই সময়ে গৃহস্বামী প্রতিমার পশ্চাদ্ভাগ হইতে অলক্ষিতভাবে মুদ্রাসমন্বিত তণ্ডুলপূর্ণ পাত্র প্রতিমার উপর দিয়া গৃহ-স্বামিনীর প্রসারিত বস্ত্রাঞ্চলে নিক্ষেপ করেন। ইহাকেই কনকাঞ্জলি বলে। গৃহস্বামিনী সেই কনকাঞ্জলি স্বীয় মস্তকে ধারণপূর্ব্বক জলধারা দিয়া গৃহপ্রবেশ করেন। বিবাহান্তে বরকন্যার বিদায়কালেও এইরূপ কনকাঞ্জলিদানের প্রথা প্রচলিত আছে]। কনকপূর্ণা অঞ্জলি, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

কনভয়—যুদ্ধ-জাহাজের রক্ষণায় পরিচালিত বাণিজ্য-জাহাজসমূহ (Convoy). বি।

কনস্টবল, কনেস্টবল—পুলিশ প্রহরী। ইং Constable বি।

কনিষ্ঠ—অনুজ ; বয়সে ছোট ; অতিক্ষুদ্র। যুবন্ বা অল্প+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, —ষ্ঠা।

কনিষ্ঠা—১। কনিষ্ঠাঙ্গুলি, ক'ড়ে আঙুল। বি ; স্ত্রী। ২। সর্ব্বাপেক্ষা অল্পা বা ক্ষুদ্রা। কনিষ্ঠ+আপ্। বিণ ; স্ত্রী।

কনীনিকা—অক্ষিতারা ; কনিষ্ঠা ভগিনী ; কনিষ্ঠাঙ্গুলি। কন্+ঈন কর্ত্তৃবা+কন্ স্বার্থে+আপ্। বি ; স্ত্রী।

কনীয়ান্ (কনীয়স্)—কনিষ্ঠ ; অতি ক্ষুদ্র ; অল্পতর, ক্ষুদ্রতর। যুবন্ বা অল্প শব্দ+ঈয়স্ অপেক্ষার্থে। বিণ। স্ত্রী,—য়সী।

কনুই—কূর্পর ; কফোণি (Elbow). 'কফোণি' শব্দজ। বি।

কনে—অচিরবিবাহিতা বালিকা ; বিবাহের পাত্রী ; নববধূ। 'কন্যা' শব্দজ। বি।

কনে বউ—নববধূ ; বালিকাবধূ ; কনিষ্ঠা বধূ। কর্ম্মধা। বি ; স্ত্রী।

কন্থা—কাঁথা ; মৃন্ময়ভিত্তি ; মাটির দেওয়াল। কন্থ্+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

কন্দ—১। মূল,—যথা আলু প্রভৃতি। কন্দ্+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং বা ক্লীব। ২। মেঘ, যোনিরোগবিশেষ। কম্—দা+ক কর্ত্তৃবা। বি ; পুং।

কন্দর—১। গিরিগুহা। কম্—দৃ+অপ্ কর্ম্মবা। ২। অঙ্কুশ। কম্—দৃ+অপ্ করণবা। বি ; পুং। ৩। আদা। কম্—দৃ+অচ্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।

কন্দর্প—কামদেব (ইনি ব্রহ্মার মানসপুত্র ; ইঁহার পত্নীর নাম রতি)। কম্—দৃপ্+ণিচ্+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

কন্দর্পকূপ—স্ত্রীচিহ্ন, যোনি, ভগ। কন্দর্পের কূপ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কন্দর্প-কেলি—কামজন্য ক্রীড়া। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কন্দর্পজয়ী (—জয়িন্)—১। কামজয়ী ; জিতেন্দ্রিয়। বিণ। স্ত্রী,—য়িনী। ২। শিব। উপতৎ। কন্দর্প—জি+ণিন্ কর্ত্তৃবা। বি ; পুং।

কন্দর্পজ্বর—কামজ্বর, কামজ্বালা, শৃঙ্গারা-ভিলাষ। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

কন্দল—১। কলধ্বনি ; উপরাগ। কম্—দল্+অচ্ কর্ত্তৃবা। ২। খর্পর, কপাল ; নবাঙ্কুর ; অপযশঃ। বি ; ক্লীব। ৩। যুদ্ধ, কলহ, বিবাদ ; স্বর্ণ। কন্দ—লা+ক কর্ত্তৃবা। বি ; পুং।

কন্দলিয়া, কুঁদুলে—কলহপ্রিয়, ঝগড়াটে। কন্দল+ইয়া, এ করে অর্থে। বিণ।

কন্দলী—ভূমিকদলী ; মৃগীবিশেষ ; গুল্ম-বিশেষ ; পদ্মবীজ ; পতাকা। কন্দ্+কলচ্ কর্ত্তৃবা+ঈপ্। বি ; স্ত্রী।

কন্দু—লৌহময় পাকপাত্র, কড়া, তাওয়া, চাটু ইত্যাদি। কন্দ্+উ অধিবা। বি ; পুং বা স্ত্রী।

কন্দুক, কন্দূক—গেণ্ডুক, খেলিবার গোলা; ভাঁটা, 'বল্'। কন্দ্+উক, উক কর্ত্তৃবা। বি; পুং।

কন্দুকক্রীড়া—গেণ্ডুক-কেলি, ভাঁটা লইয়া খেলা, বল খেলা। ৩য়াতৎ। বি; স্ত্রী।

কন্ধ—১। মেঘ। উপতৎ। কম্—ধা+ক কর্ত্তৃবা। বি; পুং। ২। কাঁধ, গ্রীবা। 'স্কন্ধ' শব্দজ। বি।

কন্ধকাটা—কবন্ধ; মাথাকাটা ভূতবিশেষ। বহুব্রী। বি। [বি।

কন্ধর,–রা—গ্রীবা; কাঁধ। প্রাঃ কবিপ্র।

কন্যকা—কন্যা; কুমারী, অবিবাহিতা স্ত্রী; নায়িকাবিশেষ; ঘৃতকুমারী। কন্যা+কন্ স্বার্থে। বি; স্ত্রী।

কন্যা—১। নারী; গৌরী; পুত্রী, তনয়া; দশমবর্ষবয়স্কা কুমারী; মেয়ে, বিয়ের কনে; কন্যারাশি; ঘৃতকুমারী; বন্ধ্যাকর্কোটকী; বারাহীকন্দ; স্থূল এলা, বড় এলাচ। কন্+য কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী। ২। মেষাদি দ্বাদশ রাশির অন্তর্গত ষষ্ঠ রাশি। বি; স্ত্রী।

কন্যাকর্ত্তা(র্তা) (–কর্ত্তৃ)—বালিকা কুমারীর তত্ত্বাবধায়ক বা অভিভাবক; বিবাহার্থে কন্যা সম্প্রদাতা বা কন্যাপক্ষীয় প্রধান ব্যক্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, –ত্রী।

কন্যাকাল—অবিবাহিতা বালিকার দশম বৎসর পর্য্যন্ত বয়ঃক্রম; কুমারী অবস্থা। বি; পুং।

কন্যাদান—যথাবিধি বরের হস্তে কন্যা-সম্প্রদান; কন্যার বিবাহ দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কন্যাদায়—কন্যার বিবাহদানরূপ দুরূহ কার্য্য; কন্যার বিবাহদানে অক্ষমতা। কন্যা নিমিত্তক দায়, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কন্যাদায়গ্রস্ত—কন্যাদায়ে পীড়িত, মেয়ের বিবাহ জন্য ব্যতিব্যস্ত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –স্তা।

কন্যাধন—১। কুমারী অবস্থায় লব্ধ ধন, ইহা একপ্রকার স্ত্রীধন, এই ধনে ভ্রাতা অধিকারী হয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। কন্যারত্ন; অতি আদরের কন্যা। কর্ম্মধা। বি; ক্লীব।

কন্যাপক্ষ—(বিবাহে) কন্যার অভিভাবক এবং তাহার আত্মীয় বন্ধুবান্ধবগণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কন্যাপণ—বিবাহার্থ কন্যাগ্রহণের নিমিত্ত কন্যার অভিভাবককে দেয় অর্থ, কন্যাশুল্ক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কন্যাযাত্রী (–যাত্রিন্)—কন্যাপক্ষীয় লোকসকল। কন্যাপক্ষীয় যাত্রী, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কন্যারত্ন—অতিশয় রূপবতী ও গুণবতী কন্যা; অতি আদরের মেয়ে। কন্যারূপ রত্ন, রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

কন্যাশুল্ক—বিবাহার্থে কন্যার নিষ্ক্রয়, কন্যাপণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

কন্সার্ট্—ঐকতান বাদ্য, নানা যন্ত্রের একসুরে বাদন। ইং Concert. বি।

কপচান—শেখা বুলি আওড়ান; পাখী কর্ত্তৃক বাঁধা বুলি আওড়ান। বাং ক্রি।

কপট—১। ছল; বঞ্চনা, প্রতারণা; শঠতা, মায়া। কপট্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। ছদ্ম; ভণ্ড; শঠ। কপট্+অচ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, –টা।

কপটচারী (–চারিন্)—কপটব্যবহারী; ছদ্মবেশী। উপতৎ। কপট—চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –রিণী।

কপটতা—কপটভাব, প্রতারণা, শঠতা। কপট শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

কপটপ্রণয়—ছলনাময় অনুরাগ; অযথার্থ ভালবাসা; মৌখিক ভালবাসা। কর্ম্মধা। বি; পুং।

কপটবেশ—১। ছদ্মবেশ। কপট বেশ, কর্ম্মধা। বি; পুং। ২। ছদ্মবেশী। বহুব্রী। বিণ। স্ত্রী, –শা।

কপটবেশী (–বেশিন্)—ছদ্মবেশী,

কপটাচারী। কপটবেশ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—শিনী।

কপটমতি—১। অসরলচিত্ত, কুটিলমনাঃ। কপটা মতি যাহার, বহুব্রী। বিণ। ২। কপট চিত্ত, কুটিল মন। কর্ম্মধা। বি; স্ত্রী।

কপটাচরণ—কপট ব্যবহার, অসরল ব্যবহার। কপট আচরণ, কর্ম্মধা। বি; ক্লীব।

কপটাচার—১। কপট ব্যবহার। কর্ম্মধা। বি; পুং। ২। কপটব্যবহারকারী, কুটিল। বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

কপটাচারী (—চারিন্)—কপটাচরণ-কারী; প্রতারক; বঞ্চক। উপতৎ। কপট—আ—চর্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

কপটী (কপটিন্)—কপটাচারী, বঞ্চক, প্রতারক। কপট+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—টিনী।

কপর্দ্দ(র্দ), কপর্দ্দ(র্দ)ক—শিবজটা; বরা-টক, কড়ি। ক—পৃ+দ কর্ম্মবা; কপর্দ্দ+কণ্ স্বার্থে। বি; পুং।

কপর্দ্দ(র্দ)ক-বিহীন,—শূন্য, —হীন—অতি নিঃস্ব, সম্পূর্ণ নিঃসম্বল। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না,—ন্যা,—না।

কপাট, কবাট—দরজার পাল্লা; আবরণ। ক—ণিজন্ত পট্ (—পাটি)+অণ্ কর্তৃবা। বি; পুং।

কপাট-সন্ধি—কপাটের সংযোগস্থল, কপাটের যোড়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কপাটিকা—(দেহতত্ত্বে) হৃদয়ের দক্ষিণ অলিন্দ (Auricle) হইতে দক্ষিণ নিলয়ে (Ventricle) এবং বাম অলিন্দ হইতে বাম নিলয়ে রক্ত আসিবার দ্বারপথে স্থাপিত যন্ত্র-বিশেষ (Valve). বি।

কপাটী, কবাটী—১। হাডু-ডু খেলা; দাঁতে দাঁতে খিল ধরিয়া আটকাইয়া যাওয়া। দেশজ। বি। ২। কপাট, কবাট। কপাট, কবাট+ঈপ্। বি; স্ত্রী।

কপাল—১। খর্পর, মাথার খুলি; ললাট; ভিক্ষাপাত্র; কলসের অর্দ্ধাংশ; খাপ্‌রা, খোলা। ক—পালি+অচ্ কর্তৃবা। ২। ললাট; অদৃষ্ট। দেশজ। বি।

কপালক্রমে—অদৃষ্টবশতঃ। কপালের ক্রম আছে যাহাতে, এরূপে, বহুব্রী। ক্রি-বিণ।

কপালজোর—সৌভাগ্য। ৬ষ্ঠীতৎ। বি।

কপাল-ঠুকি—কপালে যাহা থাকে হইবে বলিয়া দুঃসাহসে ভর করিয়া কোন বিষয়ে প্রবৃত্ত হওয়া। দেশজ। বি।

কপালমালা—করোটিসমূহ; শিরোস্থি-সমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কপালমালিনী—কালী। কপালমালিন্ +ঈপ্। বি; স্ত্রী।

কপালমালী (—মালিন্)—শিব। কপালমালা+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

কপালি—কপাটের চৌকাঠের মাথার কাঠ, ঝাঁকাট; সরদাল; নিম্নশ্রেণীর হিন্দুজাতি-বিশেষ; কপালী। দেশজ। বি।

কপালিকা—ক্ষুদ্র কপাল; খাপ্‌রা; দন্ত-রোগবিশেষ, দাঁতের পাথরি। কপাল শব্দ+কন্ অল্পার্থে+আপ্। বি; স্ত্রী।

কপালিনী—১। খর্পরধারিণী; ভাগ্যবতী। কপাল+ইন্ আছে অর্থে+ঈপ্। বিণ; স্ত্রী। ২। কালী। বি; স্ত্রী।

কপালিয়া—ভাগ্যবান্; (অন্য শব্দ পূর্ব্বে থাকিলে) শুভ বা অশুভ অদৃষ্টবিশিষ্ট, যেমন জোর-কপালিয়া, পোড়াকপালিয়া। কপাল+ইয়া বিশিষ্টার্থে। বিণ।

কপি—১। বানর; বিষ্ণু; কপিলবর্ণ; করঞ্জবিশেষ; আমলকী; সিহ্লনামক গন্ধ-দ্রব্য; গন্ধর্ব্ববিশেষ। কপ্+ই কর্তৃবা। বি; পুং। ২। কপিকল। দেশজ। ৩। নকল; ছাপিবার জন্য পাণ্ডুলিপি বা হস্ত-লিখিত বিষয়। ইং Copy. বি; পুং।

কপিকল—ভারোত্তোলনার্থ রজ্জু-সংলগ্ন ক্ষুদ্র যন্ত্রবিশেষ (Pulley). দেশজ। বি।

কপিকেতন, কপিধ্বজ—অর্জুন। কপি হইয়াছে কেতন বা ধ্বজ যাহার, বহুব্রী। বি; পুং।

কপিত্থ, কবিত্থ—১। কয়েতবেলের গাছ। কপি—স্থা+ক অধিবা। বি; পুং। ২। কয়েতবেল। বি; ক্লীব।

কপিধ্বজ—কপিকেতন দ্রঃ।

কপিল, কবিল—১। পিঙ্গলবর্ণ। কপ্ বা কব্+ইলচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—পিলা, —বিলা। ২। অগ্নি; বিষ্ণু; পিঙ্গলবর্ণ; কুক্কুর; গন্ধর্ব্ববিশেষ। ৩। সাংখ্যদর্শন প্রণেতা মুনি, সগরবংশ ধ্বংসকারী মুনিবিশেষ। বি; পুং।

কপিলা—১। পিঙ্গলবর্ণা। (কপিল দ্রঃ) কপিল+আপ্। বিণ; স্ত্রী। ২। ধেনু; কামধেনু; অগ্নিকোণের হস্তিনী; শিংশপা; রাজরীতি; নদীবিশেষ; জলৌকা। বি; স্ত্রী।

কপিলাশ্রম—মহর্ষি কপিলের আশ্রম, ইহা সাগর-সঙ্গমে অবস্থিত। যে দ্বীপের উপর কপিলাশ্রম অবস্থিত, তাহাকে এক্ষণে সাগর-দ্বীপ বলে। ঐ স্থানে প্রত্যেক বৎসরে পৌষসংক্রান্তির সময়ে অনেক যাত্রীর সমাগম হয়। কপিলের আশ্রম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কপিশ—১। কৃষ্ণপীতমিশ্র বর্ণ, পিঙ্গলবর্ণ। কপি+শ আছে অর্থে। বি; পুং। ২। পাঁশুটে বর্ণযুক্ত, মেটে রঙের। বিণ। স্ত্রী,—শা।

কপীন্দ্র—সুগ্রীব; হনুমান। কপি ইন্দ্রপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; পুং।

কপুর—কর্পূর। প্রাঃ কবিপ্র। বি। বিণ—কপুরিত (কর্পূরমিশ্রিত)।

কপোত—পারাবত, পায়রা; পক্ষী; বন-কপোত, ঘুঘু। ক'র (বায়ুর) পোত, ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী,—তী।

কপোত-পালিকা, —পালী—কাষ্ঠাদি-নির্ম্মিত পারাবতগৃহ, পায়রার খোপ। কপোত—পালি+ণক কর্তৃবা+আপ্; (২য় পক্ষে) কপোত—পালি+অন্ কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

কপোতবৃত্তি—১। সঞ্চয়বিহীন জীবিকা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। সঞ্চয়রহিতভাবে জীবিকানির্ব্বাহকারী। কপোতের বৃত্তির ন্যায় বৃত্তি যাহার, বহুব্রী। বিণ।

কপোল—গণ্ড, গাল। ক (মুখ) পোলি (বৃহৎ হওয়ান)+অণ্ কর্তৃবা। বি; পুং।

কপোলকল্পনা—বিনা কারণে কোন অবাস্তবিক বিষয়ের কল্পনা; গালগল্প। কপোলকৃত কল্পনা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। বিণ,—কল্পিত।

কপোলকল্পিত—বিনা কারণে যে অ-বাস্তবিক বিষয়ের কল্পনা করা হয় তাহা, মনগড়া। ৩য়াতৎ। বিণ; স্ত্রী,—তা।

কপোলদেশ—গণ্ডদেশ; গাল। কর্ম্মধা। বি; পুং।

কপ্ কপ্—ভক্ষ্য বস্তু দ্রুত গিলিবার অনু-করণ-শব্দ। দেশজ। অব্য।

কপ্ চান—পক্ষীর বুলি শিখিবার উপক্রমে অস্ফুট শব্দ করা; শেখা কথা বলিয়া যাওয়া; কিয়দংশ কর্ত্তন করা, ছাঁটা। দেশজ। ক্রি।

কপ্ নি—কৌপীন, ল্যাঙ্গট। 'কৌপীন' শব্দজ। বি।

কফ—১। শরীরস্থ ধাতুবিশেষ, শ্লেষ্মা। কফল্+ড কর্ম্মবা। বি; পুং। (ত্রিদোষ দ্রঃ)। ২। জামার হাতা; আস্তিনের প্রান্তভাগ। ইং 'Cuff' শব্দজ। বি।

কফঘ্ন—শ্লেষ্মনাশক। উপতৎ। কফ—হন্ +টক্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ঘ্নী।

কফজ—কফ হইতে উৎপন্ন। উপতৎ। কফ—জন্+ড কর্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

কফণি, কফোণি—কূর্পর, কনুই। ক (সুখ) —ফণ্+ই কর্তৃবা। বি; পুং বা স্ত্রী।

কফণী, কফোণী—কনুই। কফণি, কফোণি +ঈপ্। বি; স্ত্রী।

কফবর্দ্ধ(র্ধ)ন—কফবর্দ্ধক, শ্লেষ্মবৃদ্ধিকারক। কফের বর্দ্ধন হয় যদ্দারা, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

কফান্তক—কফঘ্ন, শ্লেষ্মনাশক। কফের অন্তক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ন্তিকা।

কফি, কফী—একপ্রকার গাছ (ইহার বীজ চূর্ণ করিয়া চা প্রভৃতির ন্যায় পানীয়

প্রস্তুত করিয়া পান করা হয়)। ইং Coffee. বি।

কফিন—শবাধার (Coffin). বি।

কবচ—১। বর্ম্ম, সাঁজোয়া; বিঘ্ননিবারক মন্ত্রবিশেষ, এই মন্ত্র ভূর্জ্জপত্রে লিখিয়া শরীরে ধারণ করিলে নানাপ্রকার বিঘ্ন নিবারিত হয়। কু (শব্দ করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। নাগরা নামধেয় বাদ্যযন্ত্র; বৃক্ষবিশেষ। বি; পুং। ৩। কর প্রদানের নিদর্শনপত্র, খাজানা আদায় দিবার রসিদ, দাখিলা। ফার্সী 'কব্‌জ্‌' শব্দজ। বি।

কবচপত্র—১। ভূর্জ্জপত্র, যাহাতে কবচ লিখিত হয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। খাজানার রসিদ, দাখিলা। কবচই পত্র, কর্ম্মধা। বি।

কবচী (কবচিন্)—কবচধারী; বর্ম্মধারী। কবচ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—চিনী।

কবজ—১। করাদি প্রদানের নিদর্শনপত্র, রসিদ; খত। ফার্সী 'কব্‌জ্‌' শব্দজ। ২। অধিকার বা অধিকারকাল, আমল; কোষ্ঠকাঠিন্য। বি।

কবন্ধ—১। কন্ধকাটা (ভূত)। ক—বন্ধ্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। রাহু, ধূমকেতু; উদর। ক—বন্ধ্+ঘঞ্ কর্ম্মবা। ৩। রুদ্র। ক—বন্ধ্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

কবয়ী—মৎস্যবিশেষ, কই মাছ। ক—বয়্+অচ্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

কবর—সমাধি, গোর। আর্বী 'কব্‌র্‌' শব্দজ। বি।

কবরী—কেশবিন্যাস; খোঁপা। কবর+ঈপ্ সংজ্ঞার্থে। বি; স্ত্রী।

কবরীভূষণ—কেশপাশের অলঙ্কার, খোঁপার গহনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কবর্গ—ক, খ, গ, ঘ, ঙ, এই পাঁচ বর্ণ। ক-আদিক বর্গ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কবর্গীয়, কবর্গ্য—কবর্গান্তর্গত ('—বর্গ')। কবর্গ+ঈয়, যৎ ভবার্থে। বিণ। স্ত্রী, —য়া, —র্গ্যা।

কবল—গ্রাস; মৎস্যবিশেষ, বেলেমাছ। ক—বল্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

কবলই—গ্রাস করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

কবলান—স্বীকার করা; বলিয়া ফেলা; প্রতিশ্রুতি দেওয়া। আর্বীমূলক। ক্রি।

কবলিত—গ্রস্ত; ভক্ষিত; ব্যাপ্ত। কবলি নামধাতু+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

কবলীকৃত—গ্রস্ত, ভক্ষিত। কবল+চি্ব অভূততদ্ভাবার্থে (=কবলী)—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। [অব্য।

কবহি—কখনও। হিন্দীমূলক। প্রাঃ কবিপ্র।

কবহু, কবহুঁ—কখনও। প্রাঃ কবিপ্র। অব্য।

কবাট—কপাট দ্রঃ।

কবাটী—কপাটী দ্রঃ।

কবালা—বিক্রয়-পত্র, খরিদ বিক্রয়ের দলিল, কোবালা। আর্বী। বি।

কবি—১। কাব্যকার, কাব্যরচয়িতা; গায়ক বিশেষ; পণ্ডিত; বাল্মীকি; শুক্রাচার্য্য; সূর্য্য; ব্রহ্মা। কব+ইন্ কর্ত্তৃবা। বি; পুং। ২। কবিগান। দেশজ প্রঃ। বি।

কবিওয়ালা—কবিগান-ব্যবসায়ী। কবি+ওয়ালা ব্যবসায় অর্থে। বি; পুং। স্ত্রী,—লী।

কবিকঙ্কণ—কবিভূষণ, কবিদিগের অলঙ্কারস্বরূপ; চণ্ডীকাব্য-প্রণেতা মুকুন্দরামের উপাধি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কবিকল্পনা—কাব্যলেখকগণের কল্পনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কবিকল্পিত—কাব্যলেখকদিগের উদ্ভাবিত; অবাস্তব। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

কবিগান—কবির রচিত বা গীত গাথা; প্রচলিত কবির গান বা তর্জ্জাগান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কবিগুরু—কবিদিগের গুরু, আদিম কবি; কবিশ্রেষ্ঠ বাল্মীকি। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; পুং।

কবিতা—কবিত্ব; কাব্য; শ্লোক। কবি+তা কর্ম্ম অর্থে। বি; স্ত্রী।

কবিতাকুঞ্জ,—নিকুঞ্জ—কাব্যরূপ কুঞ্জবন; কুঞ্জবনের ন্যায় প্রীতিদায়ক কাব্যসমূহ। কবিতারূপ কুঞ্জ, নিকুঞ্জ; রূপক কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

কবিত্ব—কবির ভাব বা গুণ, কাব্য; কাব্য-মাধুর্য্য। কবি+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

কবিত্বপূর্ণ, —ময়—কবিজনোচিত কল্পনায় পূর্ণ। কবিত্ব দ্বারা পূর্ণ, ৩য়াতৎ; কবিত্ব+ ময়ট্ পূর্ণার্থে। বিণ।

কবিত্বশক্তি—কাব্যরচনার ক্ষমতা। কবিত্বই শক্তি, কর্ম্মধা। বি; স্ত্রী।

কবিত্থ—কপিত্থ দ্রঃ।

কবিপ্রতিভা—কাব্যকারের তীক্ষ্ণবুদ্ধি; কাব্যসৃষ্টির যোগ্য অসাধারণ বুদ্ধি। ৬ষ্ঠীতৎ অথবা মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কবিবর, —শ্রেষ্ঠ—কবিদিগের মধ্যে প্রধান। কবিমধ্যে বর, শ্রেষ্ঠ, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—রা, —ষ্ঠা।

কবিরাজ—১। কবিবর, কবিশ্রেষ্ঠ। কবি-দিগের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। আয়ুর্ব্বেদীয় চিকিৎসক, বৈদ্য। দেশজ। বি; পুং। বিণ,—জী।

কবিরাজি—কবিরাজের কর্ম্ম বা ব্যবসায়; আয়ুর্ব্বেদমতে চিকিৎসা। কবিরাজ+ই কর্ম্মার্থে। দেশজ। বি।

কবিসময়প্রসিদ্ধি—প্রাচীনকাল হইতে কবিরা যে কতকগুলি কাল্পনিক ও অস্বাভাবিক ব্যাপারকে সত্যবৎ বর্ণনা করিয়া তাহার শোভা সম্পাদন করিয়া আসিতেছেন সেইগুলি। কবিদিগের সময় (আচার), ৬ষ্ঠীতৎ; তাহার প্রসিদ্ধি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কবীর—মহান্, সুপ্রসিদ্ধ। আর্বী। বিণ।

কবীরপন্থী (—পন্থিন্)—বৈষ্ণবসম্প্রদায়-বিশেষ। কবীরের পন্থা, ৬ষ্ঠীতৎ; কবীরপন্থা +ইন্ আছে অর্থে। বি; পুং। [বি।

কবুতর—পারাবত, পায়রা। হিন্দীমূলক।

কবুল—স্বীকার, অঙ্গীকার। আর্বী। বি।

কবুলতি, কবুলিয়ৎ—জমি বন্দোবস্ত করিয়া লইয়া প্রজা ভূস্বামীকে যে চুক্তিপত্র প্রদান করে। আর্বী। বি।

কবে—১। কহিবে, বলিবে। প্রাদে। ক্রি। ২। কোন্ দিনে, কখন্। হিন্দীমূলক। অব্য।

কবোষ্ণ—ঈষদুষ্ণ, অল্প তপ্ত। কু (ঈষৎ) উষ্ণ, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—ষ্ণা।

কব্‌জা—কপাটাদির ধাতুময় বন্ধনী; মণি-বন্ধ। আর্বী। বি।

কব্‌জি, কব্‌জী—মণিবন্ধ (Wrist). আর্বীমূলক। বি।

কভু—কোন সময়ে, কখন। কবিপ্র। অব্য।

কম—১। কান্ত, কমনীয়, বাঞ্ছনীয়; রমণীয়, সুন্দর। কম্+ক যঞর্থে কর্ম্মবা। বিণ। স্ত্রী, কমা। ২। ন্যূন; অল্প; হীন। ফার্সী। বিণ। ৩। সম, সমান, সদৃশ, তুল্য। প্রাঃ কবিপ্র। বিণ। ৪। কমনীয় গুণ। বি; পুং।

কমঠ—কূর্ম্ম, কচ্ছপ। বি; পুং। স্ত্রী,—ঠী।

কমণ্ডলু—সন্ন্যাসীদিগের জলপাত্রবিশেষ; পাকুড় গাছ। ক—মণ্ড—লা+ডু কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

কমতি—১। ন্যূনতা, অল্পতা। কম+তি ভাবে। বি। ২। ন্যূন, অল্প, কম। কম+ তি স্বার্থে। হিন্দীমূলক। বিণ।

কমনীয়—মনোহর, সুন্দর; স্পৃহণীয়, বাঞ্ছনীয়। কম্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

কমনীয়তা, —ত্ব—মনোহরত্ব, সৌন্দর্য্য; স্পৃহণীয়তা। কমনীয় শব্দ+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী. ক্লীব।

কমবক্‌ত, —বখৎ—দুর্ভগ, হতভাগ্য, দুরদৃষ্ট; আহাম্মক। আর্বী। বিণ।

কমবেশ,—বেশী—ন্যূনাধিক, অল্পাধিক। দ্বন্দ্ব। ফার্সী। বিণ।

কমল—১। পদ্ম। কম্—অল্+অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। তাম্র; আশ্রয়; ঔষধ; জল। কম্+কল কর্ম্মবা সংজ্ঞার্থে। বি; ক্লীব। [পদ্মের কুঁড়ি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কমলকলি, —কলিকা—পদ্মকোরক,

কমলকোমল—পদ্মের মত কোমল। কমলবৎ কোমল, উপমান কর্ম্মধা। বিণ। স্ত্রী,—লা। [৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
কমলদল, –পত্র—পদ্মপত্র, পদ্মের পাপড়ি।
কমলনয়ন, –নেত্র, –লোচন—১। পদ্মপত্রের ন্যায় বিশাল বা সুন্দর চক্ষু। কমল-সদৃশ নয়ন, নেত্র, লোচন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। ২। পদ্মপত্রের ন্যায় বিশাল বা সুন্দর চক্ষুবিশিষ্ট, কমলাক্ষ। কমলতুল্য নয়ন, নেত্র, লোচন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –না, –ত্রা, –না।
কমলযোনি—পদ্মযোনি, ব্রহ্মা। কমল (বিষ্ণুর নাভিপদ্ম) যোনি (জন্মস্থান) যাঁহার, বহুব্রী। বি; পুং।
কমলা—লক্ষ্মী; বরস্ত্রী; সম্পত্তি; সুরস লেবু-বিশেষ, কমলালেবু। কমল+অচ্ আছে অর্থে+আপ্। বি; স্ত্রী।
কমলাকর—পদ্মসরোবর। কমলের আকর, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পুং।
কমলাকান্ত—লক্ষ্মীকান্ত, বিষ্ণু। ৬ষ্ঠীতৎ।
কমলাক্ষ—পদ্মপলাশনেত্র, পদ্মপত্রের ন্যায় আয়তনয়নবিশিষ্ট। কমলের (কমলদলের) ন্যায় অক্ষি যাহার, বহুব্রী (ষচ্ সমাসান্ত)। বিণ। স্ত্রী,–ক্ষী।
কমলানেবু, –লেবু—একজাতীয় মিষ্ট নেবুবিশেষ। দেশজ। বি।
কমলাপতি—নারায়ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কমলালয়—১। লক্ষ্মীর মন্দির। কমলার আলয়, ৬ষ্ঠীতৎ। ২। পুকুর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কমলালয়া—পদ্মাসনা, লক্ষ্মী। কমল আলয় যাঁহার, বহুব্রী। বি; স্ত্রী।
কমলাসন—১। ব্রহ্মা। কমল আসন যাঁহার, বহুব্রী। বি; পুং। ২। পদ্মাসন। কমলতুল্য আসন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।
কমলাসনা—লক্ষ্মী। বহুব্রী। বি; স্ত্রী।
কমলিনী—পদ্মিনী, পদ্মের ঝাড়। কমল+ইন্ সমূহার্থে+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী।

কমা—১। প্রথম যতি চিহ্ন (,)। ইংরাজী শব্দ। বি। ২। হ্রাস পাওয়া। ফার্সীমূলক। বাং ক্রি।
কমান, –নো—কম করা, ছোট করা; হীন করা। ফার্সীমূলক। বাং ক্রি।
কমি—অল্পতা। কম্+ই ভাবে। বি।
কমিটি—মন্ত্রণাসভা; কর্ম্মনির্ব্বাহক সমিতি। ইং Committee. বি।
কমিশন—দালালি, দস্তুরি; তদন্ত করিবার জন্য নিযুক্ত সমিতি। ইং Commission. বি।
কমিশনর—ম্যাজিষ্ট্রেটের ঊর্দ্ধতন রাজ-কর্ম্মচারী; সাধারণতঃ বিভাগীয় শাসক; পৌরসভা প্রভৃতির সভ্য (Commissioner). বি।
কম্প—সঞ্চালন, কাঁপুনি। কম্প্+ঘঞ্ ভাববা। বি; পুং। [প্রাঃ কবিপ্র—**কাঁপই**--কাঁপে। **কম্পিয়া**—কম্পিত।]
কম্পন—কাঁপুনি; শিহরণ। কম্প্+অনট্ ভাববা। বি; ক্লীব।
কম্পমান—কাঁপিতেছে এরূপ, কম্পান্বিত। কম্প্+শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–না।
কম্পাউণ্ডার—ডাক্তারখানার ঔষধ মিশ্রণ-কারক কর্ম্মচারী। ইং Compounder. বি।
কম্পাউণ্ডারি—কম্পাউণ্ডারের পেশা বা কাজ। কম্পাউণ্ডার+ই ভাবার্থে। বি।
কম্পান্বিত—কম্পনযুক্ত, কম্পিত, যাহা কাঁপিতেছে এরূপ। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,–তা।
কম্পাস—দিঙ্ নিরূপণ যন্ত্র; (জ্যামিতিতে) বৃত্তাদি অঙ্কনের কাঁটা যন্ত্র। ইং Compass. বি।
কম্পিত—১। কম্পান্বিত; ভীত। কম্প্ +ক্ত কর্তৃবা। ২। চালিত। ণিজন্ত কম্প্ (=কম্পি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।
কম্পোজ—ছাপার অক্ষর বিন্যাস করা। ইং Compose. ক্রি।
কম্পোজিটার—যে ছাপার অক্ষর সাজায়। ইং Compositor. বি।

কম্পোজিটারি—কম্পোজিটারের কাজ বা পেশা। কম্পোজিটার+ই ভাবার্থে। বি।

কম্র—কম্পিত; ভীত। কম্প্+র কর্তৃবা শীলার্থে। বিণ। স্ত্রী, কম্প্রা।

কম্ফর্টার—পশমী গলবেষ্টনী; গলাবন্ধ। ইং 'Comforter' শব্দজ। বি।

কম্বল—১। মেষাদির লোমের আসন বা আচ্ছাদ-বস্ত্র (Blanket). কম্ব্+কলচ্ কর্ম্মবা (নিপাতনে)। বি; ক্লীব। ২। গলকম্বল; উত্তরীয়বস্ত্র; কৃমি। বি; পুং।

কম্বু—১। শঙ্খ, শাঁখ। বি; পুং বা ক্লীব। ২। শম্বুক, শামুক; গজ। ৩। গ্রীবা; বলয়; অঙ্গুরীয়। কম্+বুক্ কর্ম্মবা। বি; পুং।

কম্বুকণ্ঠ—১। শঙ্খের স্থায় মধুর অথচ গম্ভীর কণ্ঠস্বর; শঙ্খের ন্যায় রেখাত্রয়যুক্ত কণ্ঠ। কম্বুসদৃশ কণ্ঠ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। শঙ্খবৎ-রেখাত্রয়যুক্ত-কণ্ঠবিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী, –ণ্ঠা, –ণ্ঠী।

কম্বুগ্রীব—শঙ্খবৎ-রেখাত্রয়যুক্ত-গ্রীবাবিশিষ্ট। কম্বুর ন্যায় গ্রীবা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –বা।

কম্র—১। অভিলাষী, কামুক। কম্+র কর্তৃবা শীলার্থে। ২। কমনীয়, মনোহর। কম্+র কর্ম্মবা। বিণ। স্ত্রী, কম্রা।

কয়—১। কতগুলি (সংখ্যাবোধক)। 'কিয়ৎ শব্দজ। বিণ। ২। কহে, বলে। কবিপ্র। ক্রি।

কয়ল—করিল, কহিল। প্রাঃ কবিপ্র। ক্রি।

কয়লা—১। অঙ্গার, আঙ্‌রা; কাষ্ঠাঙ্গার। প্রাকৃত 'কোইলা' শব্দজ। বি। ২। করিল; কহিল। প্রাঃ কবিপ্র। ক্রি।

কয়লু—করিলাম। প্রাঃ কবিপ্র। ক্রি।

কয়া—১। পতঙ্গবিশেষ, একপ্রকার ফড়িঙ্; জলক্রীড়া। প্রাদে। বি। ২। কহা, বলা; করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

কয়াধু—প্রহ্লাদের মাতা। বি; স্ত্রী।

কয়াল—মাল মাপিয়া বা ওজন করিয়া দেওয়া যাহার ব্যবসায়, মাপনদার, তৌলিক। দেশজ। বি।

কয়ালি, –লী—কয়ালের কাজ বা পারিশ্রমিক। কয়াল+ই, ঈ ভাবার্থে, বেতন অর্থে। বি।

কয়েক, কতক—কতিপয়। দেশজ। বিণ।

কয়েতবেল—কপিত্থবিল্ব, বেলজাতীয় অম্লফলবিশেষ। 'কপিত্থবিল্ব' শব্দজ। বি।

কয়েদ—কএদ দ্রঃ।

কয়েদী—কএদী দ্রঃ।

কর—১। বর্ষোপল, করকা, শিলা; রাজস্ব; শুল্ক, টেক্‌স। কৃ+অপ্ কর্ম্মবা। ২। হস্ত; শুণ্ড, শুঁড়। কৃ+অপ্ করণবা। ৩। কিরণ। কৄ+অপ্ কর্ম্মবা। বি; পুং। ৪। কর্ত্তা। কৃ+ট কর্তৃবা। বিণ। স্ত্রী, করী। ৫। করে; করি। প্রাঃ কবিপ্র। ক্রি। [বি; পুং।

করক—বর্ষোপল, শিলা। কর+কন্ স্বার্থে।

করকচ—সামুদ্রিক লবণ। 'কড়ক' শব্দজ। বি।

করকচা, –কচে—অপক্ব, কাঁচা; অপুষ্ট; শক্ত। প্রাদে। বিণ।

করকচি—নেয়াপাতি নারিকেলের অপুষ্ট নরম শাঁস। দেশজ। বি।

করকঞ্জ—করপদ্ম ("চুড়ি কনক করকঞ্জে" —বিদ্যাপতি)। প্রাঃ কবিপ্র। বি।

করকটি—কাঁকুড়। প্রাঃ কবিপ্র। বি।

করকটিয়া, করকটে—খর্ব্বাকার, যাহা আর বাড়িবে না এরূপ; কুঁজা; শক্ত। প্রাদে। বিণ।

করকণ্ডূতি, –কণ্ডূয়ন—হাত চুলকান, হাত সুড়সুড় করা; কোন কাজ করিবার জন্য প্রবল ঝোঁক; (ব্যঙ্গার্থে) কিছু লিখিবার ইচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, ক্লীব।

করকবলিত—হস্তগত; অধিকৃত; বশীকৃত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –তা।

করকমল—পদ্মের মত রক্তবর্ণ এবং কোমল হস্ত। কর কমলপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; ক্লীব।

করকম্পন—করমর্দ্দন, শিষ্টাচার দেখাইবার জন্য পরস্পরের হস্তধারণপূর্ব্বক সঞ্চালন (Hand shake). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

করকর—চক্ষুর যন্ত্রণাসূচক শব্দ। দেশজ। অব্য।

করকরে—বালির মত খরখরে, পীড়াদায়ক; কর্কশ। করকর+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

করকরান—করকর করা। দেশজ। ক্রি।

করকলিত—হস্ত দ্বারা গৃহীত; হস্তধৃত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

করকা—বর্ষোপল, শিলা। করক+স্ত্রীলিঙ্গে আপ্। বি; স্ত্রী।

করকাপাত—শিলাবৃষ্টি, বৃষ্টিসময়ে আকাশ হইতে শিল পড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

করকূর্চাস্থি—কব্জির হাড় (Carpal). বি; ক্লীব।

করকোষ্ঠী—হস্তরেখা; হস্তস্থিত রেখাদ্বারা ভাগ্যগণনা। করনির্দ্দিষ্ট কোষ্ঠী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

করকৌশল—(যাদুকর প্রভৃতির) হস্ত-কৌশল, হস্তপ্রয়োগ-নৈপুণ্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

করগ্রহ—১। করগ্রহণ, হস্তধারণ; রাজস্ব-গ্রহণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। বিবাহ। করের গ্রহ (গ্রহণ) আছে যাহাতে, বহুব্রী। বি; পুং।

করগ্রাহ—পাণিগ্রহণকর্ত্তা, পতি; রাজস্ব আদায়কারী। উপতৎ। কর—গ্রহ্+অণ্ কর্তৃবা। বি; পুং।

করগ্রাহক—রাজস্বগ্রহণকর্ত্তা, রাজস্বসংগ্রহ-কারী, খাজানা-আদায়কারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—হিকা।

করগ্রাহী (–গ্রাহিন্)—রাজস্বগ্রহণকারী, খাজানা-আদায়কারী। উপতৎ। কর—গ্রহ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—হিণী।

করঙ্ক—কমণ্ডলু; খুঙ্গি, ডিপে, কৌটা; নারিকেলের মালা; ভিক্ষাপাত্র; মাথার খুলি; ইক্ষুবিশেষ; শরীরাস্থি। কৃ+অঙ্ক অধিবা। বি; পুং। [বি।

করঙ্ক—জলাধার, জলপাত্র। 'করঙ্ক' শব্দজ।

করচা, কড়চা—(বৈষ্ণব সাহিত্যে) পদ্যে লিখিত ইতিবৃত্তবিশেষ; খাজনার হিসাবপত্র। 'কারিকা' শব্দজ। বি।

করজ—১। নখ; পুষ্পবিশেষ। উপতৎ। কর্—জন্+ড কর্তৃবা। বি; পুং। ২। ধার, দেনা, ঋণ। 'কর্জ্জ' শব্দজ। বি।

করজোড়—১। যোড়হাত, যুক্তহস্ত, অঞ্জলি। ৬ষ্ঠীতৎ। বি। ২। কৃতাঞ্জলি। কর জোড় যাহার, বহুব্রী। বিণ।

করজোড়ে—হাত যোড় করিয়া; কৃতাঞ্জলি-পুটে। কর জোড় আছে যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

করঞ্জ, করঞ্জক—করমচা ফল বা গাছ। ক—রন্জ্+ণিচ্+অচ্ কর্তৃবা; করঞ্জ+কন্ স্বার্থে। বি; পুং।

করট—কাক; করিগণ্ড; কুসুম্ভ বৃক্ষ, কুসুম ফুলের গাছ; বাদ্যযন্ত্রবিশেষ; আদ্যশ্রাদ্ধ। ক—রট্ (রটনা করা)+অচ্ কর্তৃবা। বি; পুং। [পুং।

করটক—কাক। করট+কণ্ স্বার্থে। বি;

করটী (করটিন্)—হস্তী। করট+ইন্ আছে অর্থে। বি; পুং। স্ত্রী,—টিনী।

করণ—১। কারণ; প্রধান কারণ; উপকরণ, সাধনোপায়; ইন্দ্রিয়; (ব্যাকরণে) কারক-বিশেষ; বাদ্যবিশেষ; (জ্যোতিষে) তিথির ভাগবিশেষ। কৃ+অনট্ করণবা। ২। কার্য্য; শরীর। কৃ+অনট্ কর্ম্মবা। ৩। ক্ষেত্র, স্থান। কৃ+অনট্ অধিবা। ৪। করা; হস্তদ্বারা লেপন; নৃত্যগীতে করাভিনয়। কৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

করণকারণ—১। স্বয়ং অনুষ্ঠান করা এবং অন্যের দ্বারা করান। দ্বন্দ্ব। বি; ক্লীব। ২। আদান-প্রদান; আচারব্যবহার; বিবাহাদি সম্বন্ধ। দেশজ। বি।

করণতা—উপায়; সহায়তা; কর্তৃত্ব; সাধকত্ব (Instrumentality). করণ+তা ভাবে। বি; স্ত্রী।

করণা—রতিবন্ধ। প্রাঃ কবিগ্র। বি।

করণাধ্যক্ষ—কোন অফিসের রেজিষ্ট্রার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
করণি—কার্য্য। প্রাঃ কবিপ্র। বি।
করণিক—কেরাণী। বি; পুং।
করণী—(বীজগণিতে) যে রাশির বর্গমূলাদি সূক্ষ্মরূপে নির্ণয় করা যায় না (Surds). করণ+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী।
করণীয়—কর্ত্তব্য, করিবার উপযুক্ত; যাহা করিতে হইবে বা করা উচিত; বিবাহাদি সম্বন্ধ স্থাপনের যোগ্য (ঘর)। কৃ (করা) + অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।
করণ্ড—১। মধুচক্র; খড়্গ; পেটারি; খুঙ্গি, ঝাঁপি, সাজি, কৌটা, মাদুলি প্রভৃতি। কৃ +অণ্ডচ্ কর্ম্মবা। ২। হংসবিশেষ; শৈবাল-বিশেষ। কৃ+অণ্ডচ্ কর্তৃবা। বি: পুং।
করণ্ডিক—উদরে করণ্ডবৎ চর্ম্মময় স্থালীবিশিষ্ট (প্রাণী)। করণ্ড+ইক আছে অর্থে। বিণ। স্ত্রী,—কা।
করতঃ, করত—করিয়া। দেশজ। অব্য।
করতল—হস্ততল, হাতের তেলো; হস্ত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
করতলশিরা—(উদ্ভিদ্‌তত্ত্বে) যে সকল পত্রশিরা পত্রমধ্যে করতলের আকারে সজ্জিত থাকে (Palmate venation). বি।
করতলামলক—হস্ততলস্থিত আমলকীফল, সেইরূপ সহজলভ্য বস্তু। করের তল, ৬ষ্ঠীতৎ; তৎস্থিত আমলক, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।
করতা—১। ওজনের পাষাণ। দেশজ। বি। ২। কর্ত্তা, প্রভু, স্বামী। 'কর্ত্তা' শব্দজ। বি।
করতাল—১। কাংস্যনির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ; কর্তাল। করে তাল যাহার, বহুব্রী। বি; ক্লীব। ২। দুই হাতে তালি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
করতালি, —লী—হাততালী। বি; স্ত্রী।
করদ—কর দেয় এরূপ, রাজস্ব-প্রদানকারী; শুল্কপ্রদ। উপতৎ। কর—দা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—দা।
করদনদী—উপনদী, যে নদী পর্ব্বতাদি হইতে নির্গত হইয়া অন্য নদীতে আসিয়া মিলিত হয় (Tributary). করদা নদী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।
করদরাজ—সম্রাট্‌কে করদানকারী নৃপতি, সামন্ত রাজা (Tributary Prince). কর্ম্মধা। বি; পুং।
করদরাজ্য—সামন্ত রাজার অধিকৃত স্থান, যাহার শাসনকর্ত্তা সম্রাট্‌কে কর দান করিয়া স্বয়ং রাজ্যশাসন করেন এরূপ রাজ্য (Tributary State). কর্ম্মধা। বি; ক্লীব।
করদাতা (—দাতৃ)—করদ, রাজস্বপ্রদ, শুল্কপ্রদানকারী (Rate-paying or rate-payer). ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ত্রী।
করদায়ী (—দায়িন্)—করদানকারী, যে খাজনা বা ট্যাক্স দেয় এরূপ। উপতৎ। কর—দা+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।
করধৃত—হস্তস্থিত; হস্তগত; যাহা হাত দিয়া ধরিয়া রাখা হইয়াছে। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।
করনির্দ্ধা(র্দ্ধা)র, —নির্দ্ধা(র্দ্ধা)রণ—খাজনার হার নির্ণয়; ট্যাক্স ধার্য্য করা (Assessment). ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।
করন্তি—করেন বা করে। প্রাঃ কবিপ্র। ক্রি।
করন্যাস—তন্ত্রোক্ত ন্যাসবিশেষ, মন্ত্রোচ্চারণ-পূর্ব্বক হস্তের বিভিন্ন অংশ স্পর্শ। করে ন্যাস, ৭মীতৎ। বি; পুং।
করপত্র—ক্রকচ, করাত। করসদৃশ পত্র যাহার, বহুব্রী। বি; ক্লীব।
করপদ্ম—পদ্মতুল্য হস্ত, পদ্মহস্ত। কর পদ্ম-প্রায়, উপমিত কর্ম্মধা। বি; ক্লীব।
করপল্লব—১। পল্লবতুল্য কর, কিশলয়সদৃশ কোমল ও লোহিত আভাযুক্ত সুন্দর হস্ত। কর পল্লবপ্রায়, উপমিত কর্ম্মধা। ২। করশাখা, অঙ্গুলি। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।
করপাত্র—করপুট, অঞ্জলি। করকৃত পাত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।
করপাল—খড়্গ; হস্তযষ্টি; সোঁটা। কর-পালি+অণ কর্তৃবা। বি; পুং। স্ত্রী,—লী।

করপালিকা, -পালী—ক্ষুদ্র খড়্গ, ছোরা ; ক্ষুদ্র গদা, হ্রস্ব দণ্ড, সোঁটা। কর-পালি+ণক কর্তৃবা+আপ্, (২য় পক্ষে) করপাল+ঈপ্। বি ; স্ত্রী।

করপীড়ন—পাণিগ্রহণ, বিবাহ। করের পীড়ন আছে যাহাতে, বহুব্রী। বি ; ক্লীব।

করপুট—যোড়হাত। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

করপুটে—হাতযোড় করিয়া। বহুব্রী। ক্রি-বিণ।

করপৃষ্ঠ—হাতের পিঠ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

করবাল—করপাল, খড়্গ, তরবারি। কর-বল্+ণ কর্তৃবা। বি ; পুং।

করবী—১। হিঙ্গুপত্র, হিঙ্গের পাতা। বি ; স্ত্রী। ২। স্বনামখ্যাত পুষ্পবিশেষ। 'করবীর' শব্দজ। বি।

করবীর—১। পুষ্পবৃক্ষবিশেষ, করবী ফুলের গাছ ; খড়্গ। কর-বীর্+অচ্ কর্তৃবা। ২। শ্মশান। কর-বীর্+ক ঘঞর্থে অধিবা। ৩। স্বনামপ্রসিদ্ধ পুষ্প, করবীফুল। করবীর+অচ্ ভবার্থে। বি ; ক্লীব।

করভ—১। মণিবন্ধ হইতে কনিষ্ঠা পর্য্যন্ত করবহির্ভাগ। কর-ভা+ক কর্তৃবা। ২। হস্তিশাবক ; উষ্ট্র ; উষ্ট্রশাবক ; অশ্বতর। কৄ+অভচ্ কর্ম্মবা। বি ; পুং। স্ত্রী,-ভী।

করভোরু—করভসদৃশ উরুযুক্তা। করভ-সদৃশ উরু যাহার, বহুব্রী। বি বা বিণ ; স্ত্রী।

করম—১। কার্য্য, ক্রিয়া। ২। ভাগ্য, অদৃষ্ট, কপাল। 'কর্ম্ম' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

করমর্দ্দন—১। উভয়ের বন্ধুত্বসূচক পরস্পরের হাত ধরিয়া নাড়া (Handshake). ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। ২। করঞ্জ বৃক্ষ। কর-মৃদ্+ণিচ্+অন কর্তৃবা। বি ; পুং।

করমালা—জপসংখ্যা-নিরূপক করাঙ্গুলি-পর্ব্ব ; কিরণরাজি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

করম্চা—করঞ্জবৃক্ষ বা তাহার ফল, অম্লফল-বিশেষ। দেশজ। বি।

করম্বিত—সম্মিলিত। প্রাঃ কবিপ্র। বিণ।

করযষ্টি—করধৃত যষ্টি, হাতের ছড়ি বা লাঠি। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

কররুহ—অঙ্গুলি ; নখ ; তরবারি। উপতৎ। কর (হস্ত)-রুহ্+ক কর্তৃবা। বি ; পুং।

করলা, করোলা—বড় উচ্ছে। 'কারবেল্ল' শব্দজ। বি।

করশাখা—করাঙ্গুলি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

করশুদ্ধি—মন্ত্রবিশেষ দ্বারা হস্তশোধন। অগ্রে ঋষ্যাদি ন্যাস করিয়া পরে "ফট্" এই মন্ত্র দ্বারা করের শোধন করিতে হয়। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

করষব—আকর্ষণ করিব। প্রাঃ কবিপ্র। ক্রি।

করষয়ে—আকর্ষণ করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

করসূত্র—বিবাহাদি মাঙ্গলিক কার্য্য উপলক্ষে হস্তে ধারণীয় সূত্র। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

করহ, করোহ—কর। প্রাঃ কবিপ্র। ক্রি।

করা—১। নির্ম্মাণ বা উৎপাদন করা ; হওয়া (যেমন 'অসুখ করা') ; তৎসংক্রান্ত কার্য্য করা (তীর্থাদি) ; তদন্বিত বা যুক্ত হওয়া ; লওয়া (যেমন—মনে, কাঁধে) ; নিয়োগ করা। ক্রি। ২। কৃত। কৃ+আ কর্ম্মবা। বিণ। ৩। প্রতি ('মণ-করা', 'শত-করা')। অব্য। [ব্রজবুলি—**করল**—করিল। **করব**—করিবে, করিব। **করবি**—করিবে। **করহুঁ**—করিলাম। **করয়ে, করত**—করে। **করতহি**—করে। **করগি**—করিতেছ। **করহ**—কর। **করাওল**—করাইল। **করায়ত**—করায়।]

করাঘাত—হস্তদ্বারা প্রহার বা তাড়না চপেটাঘাত, চড় মারা। করকৃত আঘাত মধ্যপ কর্ম্মধা। বি ; পুং। [বি

করাত—করপত্র, ক্রকচ। 'করপত্র' শব্দজ

করাতি, করাতী—১। করাত-চালক করাত+ই, ঈ তদ্দারা জীবিকা নির্ব্বাহ ক অর্থে। বি। ২। নাশক। প্রাঃ কবিপ্র। বিণ

করান—অপরের দ্বারা সম্পাদন করা দেশজ। ক্রি।

করায়ত্ত—করতলগত, হস্তগত, অধীন। করের আয়ত্ত, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ত্তা।

করার—অঙ্গীকার, চুক্তি, সর্ত্ত। আর্বী। বি।

করার-দাদ—অঙ্গীকার-পত্র, চুক্তি-নামা। আর্বী। বি।

করারী—অঙ্গীকৃত, স্থিরীকৃত; চুক্তিমত। করার+ঈ সম্বন্ধার্থে। বিণ।

করাল—১। বৃহৎ; উচ্চ; দন্তুর; ভয়ঙ্কর। কর—অল্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লা। ২। তৈলবিশেষ, কাল তুলসী; গর্জ্জন তৈল। বি; ক্লীব। ৩। অনন্তমূল-বৃক্ষ। বি; পুং।

করালবদন—১। ভীষণ আনন, ভয়ঙ্কর মুখ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। ভীষণ আনন-বিশিষ্ট, ভীমমুখ, যাহার মুখ দেখিলেই ভয় হয়। করাল বদন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না,—নী (বাংলা)।

করালবদনা—১। ভীমমুখী, যে রমণীর মুখ অতি ভীষণ। করাল বদন যে স্ত্রীর, বহুব্রী। বিণ; স্ত্রী। ২। কালীমূর্ত্তি। বহুব্রী। বি; স্ত্রী।

করাস্ফোট—তাল ঠুকা। করের অস্ফোট, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পুং।

করিকর—হস্তিশুণ্ড। করীর কর, ৬ষ্ঠীতৎ।

করিকুম্ভ—হস্তীর মস্তকস্থ কুম্ভ। করীর কুম্ভ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

করিগা—করিয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

করিণী—হস্তিনী। করিন্+ঈপ্। বি; স্ত্রী।

করিতকর্ম্মা(র্ম্মা)—যে নিজে অনেক কর্ম্ম কাজ করিয়াছে, বহুদর্শী, অভিজ্ঞ। 'কৃতকর্ম্মা' শব্দজ। বিণ।

করিতু—করিতাম। প্রাঃ কবিপ্র। ক্রি।

করিপোত—হস্তিশাবক। করীর পোত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

করিবর—হস্তিশ্রেষ্ঠ। করিমধ্যে ('করিন্' শব্দ) বর (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি; পুং।

করিম, করীম—১। দয়াময়। বিণ। ২। ভগবান্, ঈশ্বর। আর্বী। বি।

করিমুখ—১। গণেশ। করীর মুখের ন্যায় মুখ যাহার, বহুব্রী। বি; পুং। ২। হস্তীর মুখ। করীর মুখ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

করিয়া, ক'রে—১। করিবার পর। বাং অস-ক্রি। ২। দ্বারা; লইয়া; প্রকারে, উপায়ে; ক্রমে; হেতুসূচক। অব্য।

করিয়ে—করিতে সমর্থ, কার্য্যনিপুণ। কর্+ইয়ে (∠ইয়া) কর্ত্তৃবা। বিণ।

করী (করিন্)—হস্তী। কর (শুণ্ড)+ইন্ অস্ত্যর্থে। বি; পুং। স্ত্রী,—রিণী।

করীন্দ্র—গজশ্রেষ্ঠ; ঐরাবত হস্তী। করি-মধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি; পুং।

করীষ—শুষ্ক গোময়, ঘুঁটে। কৃ+ঈষন্ কর্ম্মবা। বি; পুং বা ক্লীব। [ক্রি।

করু—করে; করুক; করিও। প্রাঃ কবিপ্র।

করুই—শস্যাগার, গোলা। প্রাদে। বি।

করুগেট—দস্তার কলাই-করা ঢেউ-তোলা লোহার চাদর, ঢেউ-টিন। ইং 'Corrugated' শব্দজ। বি।

করুণ—১। দীন; দুঃখিত; শোকার্ত্ত; শোক-জনক; শোকসম্বন্ধীয়; দয়ালু। কৃ+উনন্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ণা। ২। রসবিশেষ [কাব্যরস দ্রঃ]; বৃক্ষবিশেষ, করুণা লেবুর গাছ। কৃ+উনন্ কর্ত্তৃবা। বি; পুং।

করুণা—১। দীনা, ইত্যাদি। (করুণ দ্রঃ)। বিণ; স্ত্রী। ২। দয়া, কৃপা; কাতর উক্তি; কাকুতি। বি; স্ত্রী।

করুণাকর—কৃপানিধি, অতিশয় দয়াবান্। করুণার আকর, ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; পুং।

করুণানিদান—কৃপানিধি, করুণাময়, দয়াময়। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; ক্লীব।

করুণানিধান, —নিধি—করুণাকর, কৃপাসাগর, দয়াময়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, পুং।

করুণাপারাবার—দয়ার সাগর, অতিশয় দয়াবান্। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

করুণাময়—কৃপাপূর্ণ, কৃপানিধি, দয়াময়। করুণা+ময়ট্ পূর্ণার্থে। বিণ। স্ত্রী,—য়ী।

করেণু, করেণুকা—হস্তিনী। বি; স্ত্রী।

করেলা—করলা, বড় উচ্ছে। হিন্দীমূলক। বি।

করোট—মস্তকের অস্থি, করোটি, মাথার খুলি। ক—রুট্+অচ কর্তৃবা। বি; পুং বা ক্লীব।

করোটি, করোটী—মাথার খুলি। ক—রুট্+ইন কর্তৃবা; ২য় পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

করোটিকা—(শারীরবিদ্যায়) মাথার খুলি (Cranium). বি। [বি।

কর্ক—শিশি বা বোতলের ছিপি। ইং Cork.

কর্কট, কর্কটক—কুলীরক, কাঁকড়া; চতুর্থ রাশি; কাঁকুড় গাছ; তুম্বী, লাউ; করকটিয়া পাখী; পদ্মমূল; (আয়ুর্বেদে) স্ফোটকবিশেষ। কর্ক্+অটন্ কর্তৃবা সংজ্ঞার্থে, ২য় পক্ষে কন্ স্বার্থে। বি; পুং।

কর্কটক্রান্তি, —বৃত্ত—বিষুব রেখার ২৩½ অক্ষাংশ উত্তরে কল্পিত রেখা, উত্তরায়ণ বৃত্ত (Tropic of Cancer). কর্কটের ক্রান্তি যাহাতে, বহুব্রী; সেই বৃত্ত, কর্মধা। বি; স্ত্রী।

কর্কট-শৃঙ্গিকা, —শৃঙ্গী—কাঁকড়াশিঙ্গী-গাছ। বি; স্ত্রী।

কর্কটি, কর্কটিকা—কাঁকুড়; কলসী; সর্পী-বিশেষ; কাঁকড়াশিঙ্গী; শিমূলগাছ। কর্ক্—অট্+ইন্ কর্তৃবা; কর্কট+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কর্কটী—কর্কট, কাঁকুড়; কর্কটশৃঙ্গী; সর্পী; শিমূল ফল; কুম্ভ, কলস। কর্কট+ঈপ্। বি; স্ত্রী।

কর্কটু—করেটুপক্ষী, করকটিয়া। কর্ক্+অটু কর্তৃবা। বি; পুং।

কর্কটে—১। করকটিয়া পাখী। 'কর্কটু' শব্দজ। বি। ২। কুঁজো; কর্কশ শব্দকারী; খর্ব। দেশজ। বিণ।

কর্কন্ধু, কর্কন্ধূ—বদরীবৃক্ষ, কুলগাছ। কর্ক—ধা+ডু, ডূ কর্তৃবা। বি; পুং বা স্ত্রী।

কর্কর—১। দর্পণ; কঙ্কর, কাঁকর। বি; পুং। ২। কর্কশ; কঠিন। উপতৎ। কর্ক+রা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—রা।

কর্করী—নলযুক্ত জলপাত্র, গাড়ু, বদনা; কুঁজা। উপতৎ। কর্ক—রা+ক কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

কর্কশ—১। কঠিন; রূঢ়; পরুষ; খরস্পর্শ-বিশিষ্ট, খশ্‌খশে; অমসৃণ; সাহসী; নির্দ্দয়; ক্রূর; কৃপণ; শ্রুতিকটু। কর্ক+শ আছে অর্থে। বিণ। স্ত্রী,—শা। ২। ইক্ষু; খড়্গ; খরস্পর্শ। বি; পুং।

কর্কশতা,—ত্ব—কার্কশ্য, কাঠিন্য; রূঢ়ত্ব, পরুষতা; খরস্পর্শতা; অমসৃণত্ব; নির্দ্দয়তা, ক্রূরতা; কার্পণ্য। কর্কশ+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

কর্চ্চ(র্চ)রিকা, কর্চ্চ(র্চ)রী—পিষ্টক-বিশেষ, কচুরী। ক—চুর্+ক কর্তৃবা+ঈপ্=কর্চ্চরী (১ম পক্ষে), তদুত্তরে কন্ স্বার্থে+আপ্ (নিপা)। বি; স্ত্রী।

কর্জ্জ(র্জ)—ধার, ঋণ, দেনা। আর্বী 'কর্জ্' শব্দজ। বি।

কর্জ্জা—ঋণস্বরূপ গৃহীত। আর্বীমূলক। বিণ।

কর্ণ—১। শ্রবণেন্দ্রিয়; কান। কর্ণি+অচ্ করণবা। ২। নৌকার হাল। ৩। সমকোণী ত্রিভুজের সমকোণের সম্মুখীন বাহু (Hypotenuse); চতুর্ভুজ ও বহুভুজ ক্ষেত্রের কোন এক কোণ হইতে তাহার অব্যবহিত কোণ ভিন্ন অন্য কোণ পর্য্যন্ত অঙ্কিত সরলরেখা (Diagonal). কৃ+নন্ কর্ম্মবা। ৪। (মহাভারতে) কুন্তীর কানীন পুত্র। বি; পুং।

কর্ণকুহর, —কূপ—কর্ণরন্ধ্র, শ্রবণবিবর, কানের ছিদ্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কর্ণগত—শ্রুত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

কর্ণগোচর—শ্রবণেন্দ্রিয়ের বিষয়ীভূত, শ্রবণ-গোচর, শ্রুতিসাধ্য; শ্রুত। কর্ণের গোচর, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রা।

কর্ণচ্ছিদ্র—কর্ণকুহর; শ্রবণবিবর; অলঙ্কা-রাদি ধারণ জন্য কানের ছেঁদা বা ফুটা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কর্ণধার—নাবিক, কাণ্ডারি, মাঝি। উপতৎ। কর্ণ—ধৃ+অণ্ কর্তৃবা। বি; পুং।

কর্ণপটহ—কর্ণমধ্যস্থ শব্দগ্রাহক সূক্ষ্ম চর্ম্ম-বিশেষ; কর্ণপট। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কর্ণপথ—কর্ণকুহর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কর্ণপাত—কান দেওয়া, শোনা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কর্ণবিলম্বী (-লম্বিন্)—কর্ণে লম্বমান বা দোদুল্যমান, কানে ঝুলান। কর্ণে বিলম্বী, ৭মীতৎ। বিণ। স্ত্রী, -ম্বিনী।

কর্ণবেধ—কানবিঁধান, সংস্কারবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কর্ণ-বেধনিকা, -বেধনী—কর্ণ বিদ্ধ করিবার অস্ত্র (ছুঁচ বা ফলা); হাতীর কান বিঁধিবার লৌহ-শলাকা। কর্ণবেধনী+কন্ স্বার্থে+আপ্; (২য় পক্ষে) কর্ণ-বিধ্+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

কর্ণভূষণ—কর্ণের অলঙ্কার, কানের গহনা। কর্ণের ভূষণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কর্ণমদ্গুর—মৎস্যবিশেষ, কাণমাগুর। কর্ণাখ্য মদ্গুর, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কর্ণমল—কাণের ময়লা, খৈল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কর্ণমূল—কর্ণের নিম্নভাগ; রোগবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [বি; ক্লীব।

কর্ণরন্ধ্র—কর্ণকুহর, শ্রবণবিবর। ৬ষ্ঠীতৎ।

কর্ণরোগ—কাণের পীড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

কর্ণশূল—কানের যাতনা, কানকামড়ানি।

কর্ণাকর্ণি—কানাকানি, পরস্পর ফিস্ ফিস্ করিয়া কথা বলা। কর্ণে কর্ণে এই মন্ত্রণা হয় এই বাক্যে বহুব্রী (সমাসান্ত ইচ্ প্রত্যয়)। বি; স্ত্রী।

কর্ণাটী—কর্ণাটদেশীয় স্ত্রী; কর্ণাটরাজমহিষী; রাগিণীবিশেষ। কর্ণাট+অন্ ভবাদ্যর্থে (প্রত্যয়ের লোপ)+ঈপ্। বি; স্ত্রী।

কর্ণাভরণ—কাণের গহনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কর্ণিক—১। কর্ণধার, নৌকার মাঝি। কর্ণ+ইকন্ ব্যবহার করে অর্থে। বি; পুং। ২। রাজমিস্ত্রীর যন্ত্রবিশেষ (Trowel). দেশজ। বি।

কর্ণিকা—১। করিশুণ্ডের অগ্রভাগস্থ অঙ্গুলি-বৎ সূক্ষ্মাংশ; হস্ত-মধ্যাঙ্গুলি; পদ্মমধ্যস্থ বীজ-কোষ; বৃন্ত, বোঁটা; কানতড়কা, কেয়াপাত; লেখনী, কলম; অগ্নিমন্থ; অজশৃঙ্গী বৃক্ষ। কর্ণ+শক কর্ত্তৃবা+আপ্। ২। কর্ণভূষণ, কাণ-তড়কা। কর্ণ+ইকন্ ভূষণার্থে+আপ্। বি; স্ত্রী।

কর্ণিকার—১। বৃক্ষবিশেষ, গণিয়ারী গাছ; ছোট সোঁদালি গাছ। কর্ণিকা-ঋ+অন্ কর্ত্তৃবা। বি; পুং। ২। পুষ্পবিশেষ; পদ্মের বীজকোষ। কর্ণিকার+অচ্। বি; ক্লীব।

কর্ণিল—কর্ণযুক্ত, দীর্ঘকর্ণ। কর্ণ+ইল যুক্তার্থে। বিণ। স্ত্রী, -লা।

কর্ণী (কর্ণিন্)—১। কর্ণবিশিষ্ট; দীর্ঘকর্ণ; কর্ণসম্বন্ধীয়; শূকযুক্ত; হাইলবিশিষ্ট। কর্ণ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, কর্ণিনী। ২। কর্ণধার; একপ্রকার বাণ; বর্ষপর্ব্বতবিশেষ [বর্ষপর্ব্বত সমুদায়ে সাতটি—হিমালয়, হেমকূট, নিষধ, মেরু, চৈত্র, কর্ণী, শৃঙ্গী]। বি; পুং।

কর্ণীরথ—স্কন্ধবাহ্য যান, ক্রীড়ারথ, ছোট পাল্কি, ডুলি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কর্ণেজপ—সূচক, খল; অন্যের দোষোদ্ঘা-টক, গোয়েন্দা; কুপরামর্শদাতা। অলুক্ উপতৎ। কর্ণে-জপ্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

কর্ণোপকর্ণিকা—কর্ণাকর্ণি, কানাকানি; জনপ্রবাদ, জনশ্রুতি। কর্ণ ও উপকর্ণ লইয়া সংঘটিত যাহা, বহুব্রী+ইচ্ সমাসান্ত+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কর্ণ্য—কর্ণজাত। কর্ণ+যৎ ভবার্থে। বিণ। স্ত্রী, কর্ণ্যা।

কর্ত্ত(র্ত)ন—ছেদন, কাটা; সূত্রনির্ম্মাণ, কাট্না কাটা। কৃত্+অনট্ ভাববা। বি; ক্লীব।

কর্ত্ত(র্ত)নী—কর্ত্তরিকা, ছুরি, কাঁচি। কৃত্+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

কর্ত্ত(র্ত)ব, কর্‌তব্—সুর ভাঁজা, গানে কেরামতি করা। হিন্দীমূলক। বি।

কর্ত্ত(র্ত)ব্য—১। যাহা করিতে হইবে; করণীয়, করার যোগ্য; উচিত, বিধেয়। কৃ +তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ব্যা। ২। করণীয় কার্য্য। বি; ক্লীব।

কর্ত্তব্যকর্ম্ম (—কর্ম্মন্), কর্তব্যকর্ম—করণীয় কাজ। কর্ম্মধা। বি; ক্লীব।

কর্ত্ত(র্ত)ব্যজ্ঞান—করণীয় কার্য্যের বোধ, কি করিতে হইবে বা করা উচিত তাহা বুঝা। কর্ত্তব্যবিষয়ক জ্ঞান, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কর্ত্ত(র্ত)ব্যনিষ্ঠ—কর্ত্তব্যপরায়ণ, করণীয় কার্য্যের প্রতি আস্থাবান্। কর্ত্তব্যে নিষ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

কর্ত্ত(র্ত)ব্যনিষ্ঠা—১। কর্ত্তব্যপরায়ণতা, করণীয় কার্য্যের প্রতি আস্থা বা আসক্তি। ৭মীতৎ। বি; স্ত্রী। ২। কর্ত্তব্যপরায়ণা। কর্ত্তব্যনিষ্ঠ+আপ্। বিণ; স্ত্রী।

কর্ত্ত(র্ত)ব্যপরায়ণ—কর্ত্তব্যনিষ্ঠ, করণীয় কার্য্য সম্পাদনে একান্ত যত্নশীল। কর্ত্তব্যই পর (প্রধান) অয়ন (গতি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা। বি,—তা,—ত্ব।

কর্ত্ত(র্ত)ব্যবিমুখ—করণীয় কার্য্য সম্পাদনে অনিচ্ছুক। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—খা,—খী।

কর্ত্ত(র্ত)ব্যবিমূঢ়—করণীয় কার্য্যনির্দ্ধারণে অসমর্থ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ঢ়া।

কর্ত্ত(র্ত)ব্যাকর্ত্ত(র্ত)ব্য—কার্য্যা কার্য্য, করণীয় ও অকরণীয় কার্য্য। কর্ত্তব্য ও অকর্ত্তব্য, দ্বন্দ্ব। বি; ক্লীব।

কর্ত্ত(র্ত)রিকা—ছুরি, কাঁচি, দা, কাটারি। কর্ত্তরী+কন্ অল্পার্থে+আপ্। বি; স্ত্রী।

কর্ত্ত(র্ত)রী—কাটারি, দা, ছুরি, কাঁচি। কৃত্+অরন্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

কর্ত্তা (কর্ত্তৃ), কর্তা—কার্য্যকারক; ক্রিয়ার সাধক; প্রণেতা; বিধাতা; প্রভু; অধ্যক্ষ; প্রধান ব্যক্তি; (ব্যাকরণে) কারকবিশেষ, ক্রিয়াসম্পাদক বা প্রয়োজক পদ। কৃ+তৃচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, কর্ত্রী।

কর্ত্তি(র্তি)ত—ছেদিত, কাটা। কৃত্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

কর্ত্তৃ(র্তৃ)ক—কর্ত্তৃত্বে; দ্বারা। সংস্কৃত বহুব্রীহি সমাসের অন্তস্থিত 'কর্ত্তৃ' শব্দ হইতে আগত। বাং অব্য।

কর্ত্তৃ(র্তৃ)কারক—ক্রিয়াসম্পাদক; প্রয়োজক। কর্ম্মধা। বি; ক্লীব।

কর্ত্তৃ(র্তৃ)ত্ব—কার্য্যকারকত্ব; ক্রিয়াসাধকত্ব, প্রভুত্ব; আধিপত্য; অধ্যক্ষতা। কর্ত্তৃ+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

কর্ত্তৃ(র্তৃ)পক্ষ—কর্ত্তৃবর্গ, কর্ত্তাদের দল। কর্ত্তাদিগের পক্ষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কর্ত্তৃ(র্তৃ)বাচ্য—যে বাচ্যে কর্ত্তৃপদ বাচ্য (উক্ত) হয়। কর্ত্তা বাচ্য যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

কর্ত্রী(র্ত্রী)—১। কার্য্যকারিকা; অধ্যক্ষা; রচয়িত্রী; প্রধানা স্ত্রী, গৃহিণী। কর্ত্তৃ+ঈপ্। বি বা বিণ; স্ত্রী। ২। কর্ত্তরী, কাটারি। কৃত্+তৃচ্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

কর্দ্দ(র্দ)ম—১। পঙ্ক, পাঁক, কাদা। বি; পুং।

কর্দ্দ(র্দ)মাক্ত—কর্দ্দমযুক্ত, পঙ্কলিপ্ত, কাদা-মাখান। কর্দ্দম দ্বারা অক্ত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

কর্দ্দ(র্দ)মিত—পঙ্কিল, কর্দ্দমযুক্ত। কর্দ্দম+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

কর্পট—১। মলিন ছিন্নবস্ত্র, ময়লা নেকড়া; ন্যাতা। কর্ (ক্ষেপণযোগ্য) পট (বস্ত্র), কর্ম্মধা। ২। গামছা বা তোয়ালে; কষায়রক্ত বস্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

কর্পটী (কর্পটিন্)—কর্পটধারী। কর্পট+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—টিনী।

কর্পর—মাথার খুলি; কটাহ; কূর্ম্মের পৃষ্ঠাস্থি; খাপ্‌রা; অস্ত্রবিশেষ; উড়ুম্বর, যজ্ঞডুমুর। কৃপ্+অরন্ কর্ত্তৃবা। বি; পুং।

কর্পূর—বনামখ্যাত গন্ধদ্রব্যবিশেষ। কৃপ্+উর কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

কর্পূরতৈল—কর্পূরস্নেহ। কর্পূরজাত তৈল, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব। [বি ; পুং।

কর্পূররস—রসকর্পূর, পারদ। কর্ম্মধা।

কর্ব্বু(র্বু)র, কর্ব্বু(র্বু)র—১। বিবিধবর্ণ। বিণ। ২। রাক্ষস ; ধান্য ; পাপ ; শঠী। কর্ব্ব্ + উর, উর কর্ত্তৃবা। বি ; পুং। ৩। জল ; স্বর্ণ ; হরিতাল ; ধুস্তুর। কর্ব্ব্ + উর, উর কর্ম্মবা। বি ; ক্লীব।

কর্ম্ম (কর্ম্মন্), কর্ম—কার্য্য, উৎক্ষেপণ-অবক্ষেপণাদি ক্রিয়া ; পেশা, চাকরি ; অনুষ্ঠান, উৎসব ; যোগ্যতা, দক্ষতা ; পাপপুণ্য—যাহার ফল জন্মান্তরে বা ইহজন্মে ভোগ্য ; (ব্যাকরণে) কারকবিশেষ। কৃ + মন্ কর্ম্মবা। বি ; ক্লীব। বিণ, কর্ম্মী।

কর্ম্ম(র্ম)কর্ত্তা (–কর্ত্তৃ), কর্মকর্তা—১। কর্ম্মের (বিবাহাদি শুভ কার্য্যের বা শ্রাদ্ধাদি কর্ম্মের) কর্ত্তা অর্থাৎ অধ্যক্ষ, কর্ম্মীদিগের নেতা। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ ; পুং। স্ত্রী,—র্ত্রী। ২। ব্যাকরণশাস্ত্রে যে কর্ম্ম স্বয়ং কর্ত্তা হয় তাহা। ["কাষ্ঠ ভিন্ন হইল"—এখানে কাষ্ঠ আপনাকে আপনি ভিন্ন করিল—বুঝাইতেছে, একারণ "ভিন্ন হইল" ক্রিয়ার কর্ম্মও কাষ্ঠ এবং কর্ত্তাও কাষ্ঠ, এজন্য কাষ্ঠ কর্ম্মকর্ত্তা হইল]। স্ত্রী,—র্ত্রী।

কর্ম্ম(র্ম)কর্ত্তৃ(র্তৃ)বাচ্য—যে বাচ্যে কর্ম্মকর্ত্তা উক্ত হয় তাহা। ["কাষ্ঠ ভিন্ন হইল," এখানে ভিদ্ ধাতুর উত্তর ক্ত-প্রত্যয় হইয়া কর্ম্মকর্ত্তা কাষ্ঠ উক্ত হইতেছে]। কর্ম্মকর্ত্তা বাচ্য যাহাতে. বহুব্রী। বি ; ক্লীব।

কর্ম্ম(র্ম)কাণ্ড—১। কর্ম্মসমূহ। কর্ম্মন্ + কাণ্ডচ্ সমূহার্থে। ২। বেদাংশবিশেষ, যাহাতে যজ্ঞাদির ব্যবস্থা আছে। কর্ম্মকাণ্ড + অচ্ আছে অর্থে। বি ; পুং।

কর্ম্ম(র্ম)কার—১। কার্য্যকারক, ভৃত্য। উপতৎ। কর্ম্মন্—কৃ + অণ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী। ২। লৌহকার, কামার। বিং ; পুং।

কর্ম্ম(র্ম)কারক—১। কার্য্যের অনুষ্ঠাতা ; কার্য্যনির্ব্বাহক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রিকা। ২। (ব্যাকরণে) কর্ত্তা ক্রিয়া দ্বারা যাহাকে সর্ব্বাপেক্ষা অধিক ইচ্ছা করে তাহা। কর্ম্মধা। বি ; ক্লীব।

কর্ম্ম(র্ম)কারী(–কারিন্)—যে কার্য্য করে, কর্ম্মী। উপতৎ। কর্ম্ম—কৃ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

কর্ম্ম(র্ম)কুণ্ঠ—কার্য্যবিমুখ ; অলস। কর্ম্মে কুণ্ঠা (সঙ্কোচ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণ্ঠা।

কর্ম্ম(র্ম)কুশল—কার্য্যপটু, কাজ করিতে দক্ষ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—লা। বি,—তা।

কর্ম্ম(র্ম)কেন্দ্র—কাজের জায়গা (Centre of activity). ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কর্ম্ম(র্ম)ক্লান্ত—কার্য্যকরণে শ্রান্ত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্তা।

কর্ম্ম(র্ম)ক্ষম—কার্য্য করিতে সমর্থ ; কার্য্যদক্ষ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—মা।

কর্ম্ম(র্ম)ক্ষেত্র—কর্ম্মানুষ্ঠানের স্থান, সংসার, পৃথিবী। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কর্ম্ম(র্ম)খালি—শূন্য পদ (Vacant post). কর্ম্ম + খালি। বি।

কর্ম্ম(র্ম)গত—১। কার্য্যসংক্রান্ত। ২য়াতৎ। ২। কার্য্যানুসারে সংঘটিত, কার্য্যক্রমে উপস্থিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

কর্ম্ম(র্ম)চারী (–চারিন্)—বেতন গ্রহণে অন্যের কার্য্যকারী, আমলা। উপতৎ। কর্ম্মন্—চর্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

কর্ম্ম(র্ম)জ—কর্ম্মজাত, কার্য্য হইতে উৎপন্ন ; ক্রিয়াজন্য। উপতৎ। কর্ম্মন্—জন্ + ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

কর্ম্ম(র্ম)জ্ঞ—কার্য্যসাধনের কৌশলাদি বিষয়ে সম্যক্ অভিজ্ঞ। উপতৎ। কর্ম্মন্—জ্ঞা + ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

কর্ম্ম(র্ম)ঠ—কর্ম্মক্ষম, কার্য্যকুশল। কর্ম্মন্ + ঠ কুশলার্থে। বিণ। স্ত্রী,—ঠা।

কর্ম্ম(র্ম)ণ্য—কর্ম্মযোগ্য, কার্য্যের উপযুক্ত ; কাজের ; কেজো ; কার্য্যপটু। কর্ম্মন্ + যৎ সাধু অর্থে। বিণ। স্ত্রী,—ণ্যা। বি,—তা।

কর্ম্ম(র্ম)ত্যাগ—চাকুরী ছাড়া ; কাজ কর্ম্ম না

করা ; বিষয় হইতে বিরতি। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কর্ম্ম(র্ম)ত্যাগী (-ত্যাগিন্)—যিনি পদত্যাগ করিয়াছেন এরূপ ; বিষয়কর্ম্মবিরত ; সংসারবিরাগী ; নিষ্কর্ম্মা। উপতৎ। কর্ম্মন্—ত্যজ্+ণিমুণ্, কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -গিনী।

কর্ম্ম(র্ম)দক্ষ—কার্য্যপটু। ৭মীতৎ। বিণ। স্ত্রী, -ক্ষা।

কর্ম্ম(র্ম)দোষ—পাপ ; নিজ অসৎকার্য্যজনিত দোষ ; অদৃষ্টের দোষ। কর্ম্মের দোষ, ৬ষ্ঠীতৎ, অথবা কর্ম্মজনিত দোষ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

কর্ম্ম(র্ম)ধারয়—সমাসবিশেষ ; (সাধারণতঃ) একবিভক্তিযুক্ত বিশেষণ ও বিশেষ্যপদের ঘটিত সমাস। বি ; পুং।

কর্ম্ম(র্ম)নাশা—১। নদীবিশেষ। বি ; স্ত্রী। ২। যে কর্ম্ম নষ্ট করে, কর্ম্ম পণ্ডকারী। উপতৎ। কর্ম্ম—নাশ্+আ কর্ত্তৃবা। দেশজ। বিণ।

কর্ম্ম(র্ম)নিকাশ, -নিকেশ—কর্ম্ম-শেষ, কার্য্যের অবসান, ক্রিয়াসমাপ্তি ; সর্ব্বনাশ ; দফারফা। ৬ষ্ঠীতৎ। বি।

কর্ম্ম(র্ম)নিষ্ঠ—কর্ম্মপরায়ণ, কার্য্যে আস্থাযুক্ত; শ্রমশীল, পরিশ্রমী ; কর্ত্তব্যপরায়ণ। কর্ম্মে নিষ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -ষ্ঠা।

কর্ম্ম(র্ম)নিষ্ঠা—১। কর্ম্মে আসক্তি, কার্য্যে একান্ত অনুরাগ। ৭মীতৎ। বি ; স্ত্রী। ২। কার্য্যপরায়ণা। কর্ম্মনিষ্ঠ+আপ্। বিণ ; স্ত্রী। [বি ; স্ত্রী।

কর্ম্ম(র্ম)নীতি—কার্য্যের নিয়ম। ৬ষ্ঠীতৎ।

কর্ম্ম(র্ম)পঞ্জী—মামলা-মোকদ্দমা ইত্যাদির নির্ঘণ্ট-পুস্তক, ডায়েরী (Case book). বি ; স্ত্রী। [বি ; পুং।

কর্ম্ম(র্ম)পথ—কর্ম্মের পদ্ধতি। ৬ষ্ঠীতৎ।

কর্ম্ম(র্ম)পদ্ধতি—কার্য্যক্রম ; কার্য্যের নিয়ম। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

কর্ম্ম(র্ম)ফল—স্বকৃত কর্ম্মের উপযুক্ত ফল, সুখ বা দুঃখ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কর্ম্ম(র্ম)বন্ধ, -বন্ধন—ক্রিয়াজন্ত বন্ধন, কাজের বাঁধন ; কর্ম্মফল ভোগের অনবসান হেতু পুনঃ পুনঃ জন্মগ্রহণ ; নিয়তি। কর্ম্মজনিত বন্ধ বা বন্ধন, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং, ক্লীব।

কর্ম্ম(র্ম)বাচ্য—যে বাক্যে কর্ম্মপদ বাচ্য হয়, অর্থাৎ কর্ম্মপদ উক্ত হওয়ায় তাহাতে প্রথমা ও কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয় এবং ক্রিয়া কর্ম্মের অনুগামিনী হয়। কর্ম্ম বাচ্য যাহাতে, বহুব্রী। বি ; ক্লীব।

কর্ম্ম(র্ম)বাড়ী—যে গৃহে শ্রাদ্ধ-বিবাহাদি কোন ক্রিয়া বা উৎসব অনুষ্ঠিত হয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি।

কর্ম্ম(র্ম)বাদ—কর্ম্মই মুক্তির সোপান এইরূপ মত। কর্ম্মই বাদ, কর্ম্মধা। বি ; পুং।

কর্ম্ম(র্ম)বাদী (-বাদিন্)—কর্ম্মই মুক্তির সোপান এইরূপ মতধ্যাপনকারী। উপতৎ। কর্ম্মন্—বদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -দিনী।

কর্ম্ম(র্ম)বিপাক—স্বকৃত কর্ম্ম জন্য ফলভোগ ; অনুষ্ঠিত শুভাশুভ কর্ম্মের পরিণাম। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কর্ম্ম(র্ম)বীর—অক্লান্তকর্ম্মী, যে প্রভূত পরিশ্রম করিয়াও অবসন্ন হয় না এরূপ লোক ; অতীব কার্য্যপ্রিয়, কর্ম্মশূর। ৭মীতৎ। বি ; পুং।

কর্ম্ম(র্ম)ব্যতীহার, কর্ম্ম(র্ম)ব্যতিহার—পরস্পর একজাতীয় ক্রিয়াসম্পাদন (হাতা-হাতি, লাঠালাঠি)। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কর্ম্ম(র্ম)ভূমি—কর্ম্মক্ষেত্র, কার্য্যক্ষেত্র ; সংসার ; আর্য্যাবর্ত্ত ; ভারতবর্ষ ; কৃষ্টভূমি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

কর্ম্ম(র্ম)ভোগ—কৃত কর্ম্মের ফলভোগ ; অনর্থক কষ্টপাওয়া, পণ্ডশ্রম। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কর্ম্ম(র্ম)যোগ—১। বেদবিহিত কর্ম্মে কৌশল ; চিত্তশুদ্ধিজনক বৈদিক কর্ম্ম। ৭মীতৎ। ২। গীতায় বর্ণিত কর্ম্মরূপ যোগসাধন, ক্রিয়াযোগ, নিষ্কাম কর্ম্ম দ্বারা আত্মোন্নতি। কর্ম্মরূপ যোগ, রূপক কর্ম্মধা। বি ; পুং।

কর্ম্ম(র্ম)যোগী (-যোগিন্)—কর্ম্মযোগে রত ; ব্রহ্মজ্ঞান ও তদ্দারা ব্রহ্মলাভের নিমিত্ত

কর্ম্মযোগপরায়ণ। কর্ম্মযোগ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—গিনী।
কর্ম্ম(র্ম)শালা—কাজ করিবার ঘর, কার্য্যালয়, কারখানা (Workshop). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [স্ত্রী,—ন্তা।
কর্ম্ম(র্ম)শ্রান্ত—কর্ম্মক্লান্ত। ৩য়াতৎ। বিণ।
কর্ম্ম(র্ম)সচিব—কর্ম্মসম্পাদনে সহায়তা-কারী (Secretary). ৭মীতৎ। বি; পুং।
কর্ম্ম(র্ম)সন্ন্যাস—কর্ম্মফলত্যাগ; কর্ম্মত্যাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কর্ম্ম(র্ম)সিদ্ধি—কার্য্যসিদ্ধি; কার্য্যের সফলতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কর্ম্ম(র্ম)সূত্র—কর্ম্মরূপ রজ্জু, কর্ম্মবন্ধন; কর্ম্ম ও ফলের অচ্ছেদ্য সম্বন্ধ; কার্য্যানুরোধ। রূপক কর্ম্মধা। বি; ক্লীব।
কর্ম্ম(র্ম)স্থল, কর্ম্ম(র্ম)স্থান—কর্ম্মক্ষেত্র, যেখানে কাজ করিতে হয়; কার্য্যালয় (Office). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
কর্ম্মা(র্মা)কর্ম্ম(র্ম)—কার্য্যাকার্য্য, শুভ ও অশুভ কার্য্য, সৎ ও অসৎ কর্ম্ম। কর্ম্ম ও অকর্ম্ম, দ্বন্দ্ব। বি; ক্লীব।
কর্ম্মা(র্মা)ঙ্গ—শাস্ত্রনির্দ্দিষ্ট যাগাদি কর্ম্মের অঙ্গ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
কর্ম্মা(র্মা)ধীন—কার্য্যের বশীভূত, অদৃষ্টের বশীভূত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—না।
কর্ম্মা(র্মা)ধ্যক্ষ—কার্য্যের অধ্যক্ষ, কৃতাকৃত বিষয়ের পর্য্যবেক্ষক। কর্ম্মের অধ্যক্ষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী,—ক্ষা।
কর্ম্মা(র্মা)নুবন্ধ—কর্ম্মবন্ধন, কর্ম্মসূত্র; কার্য্যের সহিত সম্বন্ধ; কার্য্যের উপর নির্ভর। কর্ম্মের অনুবন্ধ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কর্ম্মা(র্মা)নুবন্ধী (-বন্ধিন্)—যাহাতে বহু কর্ম্মের সমাবেশ আছে এরূপ; কর্ম্মসম্বদ্ধ; কর্ম্মসাপেক্ষ। উপতৎ। কর্ম্মন্—অনু—বন্ধ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ন্ধিনী।
কর্ম্মা(র্মা)নুরূপ—কার্য্যের উপযুক্ত, কার্য্য-সদৃশ। কর্ম্মের অনুরূপ, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—পা।
কর্ম্মা(র্মা)নুষ্ঠান—কর্ম্ম নিষ্পাদন, কার্য্যের সূচনা। কর্ম্মের অনুষ্ঠান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
কর্ম্মা(র্মা)ন্তর—১। কার্য্যের অবকাশ; কাজের ফাঁক। কর্ম্মের অন্তর, ৬ষ্ঠীতৎ। ২। অন্য কার্য্য। নিত্য। বি; ক্লীব।
কর্ম্মা(র্মা)ন্বিত—সক্রিয়, ক্রিয়াশীল। ৩য়া-তৎ। বিণ। স্ত্রী,—তা।
কর্ম্মা(র্মা)র—১। কামার। কর্ম্মন্—ঋ+অণ্ কর্ত্তৃবা। ২। কামরাঙ্গা গাছ; বেউড় বাঁশ। কর্ম্মন্—ঋ+ঘঞ্ করণবা। বি; পুং।
কর্ম্মি(র্মি)ষ্ঠ—কর্ম্মঠ, কার্য্যদক্ষ; ক্রিয়াশীল। কর্ম্মিন্+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—ষ্ঠা। বি,—তা।
কর্ম্মী (কর্ম্মিন্), কর্মী—কর্ম্মকারী; কর্ম্মযুক্ত; কর্ম্মক্ষম। কর্ম্মন্+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—র্ম্মিণী।
কর্ম্মে(র্মে)ন্দ্রিয়—কর্ম্মনির্ব্বাহের ইন্দ্রিয়, যে সকল ইন্দ্রিয়ের সাহায্যে কার্য্যনির্ব্বাহ হয় (বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ—এই পঞ্চপ্রকার বাহ্যেন্দ্রিয়)। কর্ম্মসাধক ইন্দ্রিয়, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।
কর্ষ—১। কর্ষণ, ভূমি চষা। কৃষ্+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। এক তোলা পরিমাণ, (বৈদ্যমতে) দুই তোলা; ষোল মাষা; তৎপরিমিত সুবর্ণ। কৃষ্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং বা ক্লীব।
কর্ষক—১। কর্ষণকারী, কৃষক, চাষী। কৃষ্+ণক কর্ত্তৃবা। বি বা বিণ; পুং। স্ত্রী,—র্ষিকা। ২। যে পাখী নখ দিয়া মাটি আঁচড়ায়। বি; পুং।
কর্ষণ—কৃষিকর্ম্ম, চাষ; আকর্ষণ, টানা। কৃষ্+অনট্ ভাববা। বি; ক্লীব।
কর্ষণীয়—চাষের উপযুক্ত, কর্ষণযোগ্য। কৃষ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।
কর্ষহ—আকর্ষণ করে। প্রাঃ কবিপ্র। ক্রি।
কর্ষাপণ—ষোল (১৬) পণ, এক কাহন। বি; পুং।
কর্ষিত—যাহাতে চাষ দেওয়া হইয়াছে এরূপ,

চবা; যাহাকে আকর্ষণ করা হইয়াছে। ণিজন্ত কৃষ্ বা কর্ষি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

কল—১। মধুরাস্ফুট (ধ্বনি); স্রোতের অব্যক্ত ধ্বনি; সালবৃক্ষ। কল+ঘঞ্ ভাববা। পুং। ২। কবল, গ্রাস। 'কবল' শব্দজ। বি। ৩। আহ্বান; চিকিৎসার্থ ডাক্তারকে আহ্বান। ইং Call. ৪। অঙ্কুর; কৌশল, ফন্দি, ফিকির; কৌশলযন্ত্র; মহাযন্ত্র; তালা (Lock). দেশজ। বি। **কল টেপা**—গোপনে শিক্ষা, পরামর্শ বা প্ররোচনা দেওয়া।

কলই—মধুর অস্ফুট শব্দ করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

কলকণ্ঠ—১। কোকিল; হংস; কপোত। কল (মধুরাস্ফুটধ্বনি) কণ্ঠে যাহার, বহুব্রী। বি; পুং। ২। মধুরাস্ফুটধ্বনিযুক্ত; সুস্বর; সুগায়ক। বহুব্রী। বিণ। স্ত্রী, —ণ্ঠা,—ণ্ঠী।

কলকল—কোলাহল, সমবেত বহু লোকের মিশ্রধ্বনি। কল শব্দের প্রকারার্থে দ্বিত্ব। অব্য।

কলকলান—কলকল করা, মধুরাস্ফুট ধ্বনি করা; কপচান; কলরব করা; অনর্থক অধিক বকা, বাচালতা করা। বাং ক্রি। বি,—নি।

কলগী—শিরোভূষণ, কিরীট ("মাণিক কলগী তোর চক্‌মকে হীরা"—ভারতচন্দ্র)। আর্বী। বি।

কলঘোষ—কোকিল। কল হইয়াছে ঘোষ (রব) যাহার, বহুব্রী। বি; পুং।

কলঙ্ক—চিহ্ন, তাম্রাদি পাত্রের দাগ, মরিচা; অযশঃ; অখ্যাতি, দুর্নাম, কেলেঙ্কারি। কলু এমন অঙ্ক, কর্ম্মধা। বি; পুং।

কলঙ্ককালিমা (—কালিমন্)—কলঙ্কের কাল দাগ, দারুণ দুর্নাম, বিষম অখ্যাতি। রূপক কর্ম্মধা। বি; পুং।

কলঙ্কভঞ্জন—অপবাদ-নিরসন, অখ্যাতি অপনোদন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কলঙ্কলেপন—দুর্নামযুক্ত করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কলঙ্কিত—কলঙ্কযুক্ত; অযশোভাগী; অপবাদগ্রস্ত। কলঙ্ক+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

কলঙ্কী (কলঙ্কিন্)—চিহ্নযুক্ত, দাগ-বিশিষ্ট; অযশোভাগী; অপবাদগ্রস্ত। কলঙ্ক+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—ঙ্কিনী।

কলতানি—ক্ষতাদি হইতে নির্গত রস, ক্লেদ, পুঁয; মৎস্যমাংসাদি হইতে নিঃসৃত রস; কফ, শ্লেষ্মা। প্রাদে। বি।

কলত্র—ভার্য্যা, পত্নী; জঘন, নিতম্ব। কল—ত্রৈ+ক কর্ত্তৃবা অথবা গড্ (ক্ষরিত হওয়া)+অত্রন্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

কলধূত, কলধৌত—স্বর্ণ; রৌপ্য। ৩য়া-তৎ। বি; ক্লীব।

কলধ্বনি—১। মধুরাস্ফুট শব্দ। কর্ম্মধা। ২। কোকিল; হংস; পারাবত; ময়ূর। কল হইয়াছে ধ্বনি যাহার, বহুব্রী। বি; পুং।

কলন—১। গণন, গণনা; বিবেচনা, বিচার, জ্ঞান; গ্রহণ; ধারণ, পরিধান; দর্শন; গ্রসন, গ্রাস। কল+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। চিহ্ন; দোষ; শব্দকরণ; ব্রণ। কল+অনট্ কর্ম্মবা। বি; ক্লীব। ৩। বেতসবৃক্ষ। কল+অন কর্ত্তৃবা। বি; পুং।

কলনা—১। কলন (সকল অর্থে)। কল+অন ভাববা+আপ্। বি; স্ত্রী। ২। বিনিময়, আদান-প্রদান। প্রাঃ কবিপ্র। বি।

কলনাদ—কলধ্বনি, মধুরাস্ফুট শব্দ। কর্ম্মধা। বি; পুং।

কলনাদী (—নাদিন্)—মধুরাস্ফুটধ্বনি-কারক। উপতৎ। কল—নদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী। [বি।

কলন্তর—বৃদ্ধি, সুদ, কুসীদ। প্রাঃ কবিপ্র।

কলপ—১। অনুষ্ঠান। 'কল্প' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি। ২। কাপড়ে মাখাইবার মাড়; সাদা চুল কাল করিবার আরক বা ঔষধ। আর্বী 'কলফ্' শব্দজ। বি।

কলবলান—কলবল শব্দ করা। বাং ক্রি।

কলবলানি—কলবল শব্দ। কলবল+আনি ভাববা। বি।

কলভ—হস্তিশাবক ; উষ্ট্রশিশু ; ধুতুরাগাছ। 'করভ' শব্দজ। বি ; পুং।

কলম—১। ধান্যবিশেষ ; লেখনী ; পলওয়ালা লম্বা স্ফটিক বা কাচখণ্ড ; চোর। কল্+অম কর্ত্তৃবা। বি ; পুং। ২। রোপণার্থে কর্ত্তিত বৃক্ষশাখা। দেশজ। বি।

কলম-তরাশ—কলম কাটিবার অস্ত্র, ছুরী। ফার্সী। বি।

কলম-দান, -দানী—কলম রাখিবার আধার। ফার্সী। বি।

কলমপেশা—কেরাণীগিরি, মসীজীবীর বৃত্তি। কলমসম্পাদ্য পেশা, মধ্যপ কর্ম্মধা। বি।

কলমবাজ—লিপিপটু, সুন্দর লেখক ; লেখক কর্ম্মচারী, মুহুরি, মুন্সি। কলম+বাজ পটু অর্থে। বি বা বিণ।

কলমবাজি, -বাজী—লেখকত্ব, লেখকের কর্ম্ম বা ব্যবসায়, মুন্সিগিরী ; লেখালেখি। কলমবাজ+ই, ঈ ভাবার্থে। বি।

কলময়—পাপ। প্রাঃ কবিপ্র। বি।

কলমা—১। শালিধান্যবিশেষ। 'কলম' শব্দজ। ২। ইসলাম ধর্ম্মের কোরাণোক্ত আত্মশুদ্ধি-সাধক ভজনবিশেষ [অন্য ধর্ম্মাবলম্বী মুসলমান হইলে অগ্রে ইহা পাঠ করিতে হয়]। আর্বী। বি।

কলমি, কলমী—১। জলজ শাকবিশেষ। 'কলম্বী' শব্দজ। বি। ২। কলম করিয়া কাটা ডাল হইতে উৎপন্ন, কলমে ; কলমের মত লম্বা। দেশজ। বিণ।

কলম্ব—শাকের ডাঁটা ; বাণ ; কদম্ববৃক্ষ। কড্+অম্বচ্ কর্ম্মবা। বি ; পুং।

কলম্বিকা—কলম্বী, কলমী শাক। কলম্ব+ইক (ঠন্)+আপ্। বি ; স্ত্রী।

কলম্বী—কলমী শাক। কলম্ব+ঈপ্ সংজ্ঞার্থে। বি ; স্ত্রী।

কলরব—কলকলধ্বনি ; গোলমাল। কর্ম্মধা। বি ; পুং।

কলস, কলসী—বৃহৎ জলপাত্র, ঘট, কুম্ভ। ক—লস্+অচ্ কর্ত্তৃবা, পক্ষে ঙীপ্। বি ; পুং, স্ত্রী।

কলস্বন,-স্বর—১। কলনাদী। বহুব্রী। বিণ। স্ত্রী,—না,—রা। ২। কলধ্বনি। কর্ম্মধা। বি ; পুং। [ড কর্ত্তৃবা। বি ; পুং বা ক্লীব।

কলহ—বিবাদ, ঝগড়া ; যুদ্ধ। কল—হন্+

কলহংস—১। মরাল, কাদম্ব, বালিহাঁস ; রাজহংস। কলনাদী হংস, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং। ২। ব্রাহ্মণ ; রাজশ্রেষ্ঠ ; ব্রহ্ম, পরমাত্মা ; রাগিণীবিশেষ। বি ; পুং।

কলহপ্রিয়—১। বিবাদানুরাগী, ঝগড়া করিতে ভালবাসে এরূপ। কলহ প্রিয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। ২। নারদ ঋষি, (কারণ ইনি দ্বন্দ্বপ্রিয় বলিয়া প্রবাদ আছে)। বি ; পুং।

কলহান্তরিতা—নায়িকাবিশেষ, যে নায়িকা মানভরে নায়কের সহিত কলহ করিয়া পশ্চাৎ অনুতপ্তা হয়। কলহ দ্বারা অন্তরিতা (ব্যবহিতা), ৩য়াতৎ। বি ; স্ত্রী।

কলা—১। মধুরাস্ফুটা, ইত্যাদি। কল দ্রঃ। বিণ ; স্ত্রী। ২। চন্দ্রের ষোড়শাংশ ; অংশ ; লেশ ; কালপরিমাণবিশেষ ; স্ত্রীরজঃ ; কপট ; নৃত্যগীতাদি চতুঃষষ্টি (৬৪) বিদ্যা ; সুদ ; শৌর্য্যাদি গুণ ; কল্পনা ; সামর্থ্য ; বিভূতি ; শরীরের যে সকল অংশ স্নায়ুসমূহ দ্বারা আচ্ছাদিত, জলবায়ু দ্বারা পরিব্যাপ্ত এবং শ্লেষ্মা দ্বারা পরিবেষ্টিত তাহাদিগকে 'কলা' বলে। কল+অচ্ কর্ম্মবা+আপ্। ৩। মরীচিপত্নী ; বিভীষণের জ্যেষ্ঠা কন্যা। কল+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি ; স্ত্রী। ৪। কদলী, রম্ভা ; হস্তের বৃদ্ধাঙ্গুলি ; মেঢ্র, শিশ্ন ; অশ্বডিম্ব, ঘোড়ার ডিম, কিছুই নয়। দেশজ। বি।

কলা দেখান—বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন, অগ্রাহ্য বা অমান্য করা ; প্রতারিত করা।

কলাই—১। ডাল; বিউলিডাল। 'কলায়' শব্দজ। ২। এনামেল; ধাতুপাত্রে রূপার বা রূপালি রঙের প্রলেপ (Enamel); মিনা। আর্বী। বি।

কলাকুশল—নৃত্যগীতবাদ্যাদিতে নিপুণ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—লা। [বি।

কলাঝাড়—কদলীবৃক্ষের গুচ্ছ। ৬ষ্ঠীতৎ।

কলাতলা—কদলীবৃক্ষের তল; বিবাহকালে কদলীবৃক্ষ-বেষ্টিত স্ত্রী-আচারের স্থান, ছাঁদনাতলা। ৬ষ্ঠীতৎ। বি।

কলান—অঙ্কুরিত হওয়া, গজান; যোগ করা। বাং ক্রি।

কলানিধি—চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কলাপ—সমূহ; ময়ূরপুচ্ছ; ভূষণ; কাঞ্চী; তূণ; চন্দ্র; বিদগ্ধ ব্যক্তি; অর্দ্ধচন্দ্রাকার অস্ত্রবিশেষ; শর; স্বনামখ্যাত সংস্কৃত ব্যাকরণ। কলা—আপ্+অচ্ কর্তৃবা। বি; পুং।

কলাপী (**কলাপিন্**)—ময়ূর; পাকুড়গাছ; কোকিল। কলাপ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং। স্ত্রী,—পিনী।

কলাপোড়া—(গালিবিশেষ) মৃত্যু, (আদ্যশ্রাদ্ধে ও চতুর্দ্দশমাসিক শ্রাদ্ধে মৎস্যের পরিবর্ত্তে দগ্ধ কদলী দিবার রীতি হইতে) শ্রাদ্ধের ইঙ্গিত। কর্ম্মধা। বি।

কলাবউ (**কলাবধূ**)—সপ্তমী পূজার প্রারম্ভে অর্চ্চিত ভগবতীমূর্ত্তি, নবপত্রিকা (কদলী, কচু, হরিদ্রা, জয়ন্তী, বিল্ব, দাড়িম্ব, অশোক, মান এবং ধান্য—এই নয়টি বৃক্ষের সমবায়ে নবপত্রিকা গঠিত হয়। এই নয়টি বৃক্ষের মধ্যে কদলীবৃক্ষই প্রধান এবং তাহাকে বধূর আকারে সাজানো হয় বলিয়া নবপত্রিকার নাম কলাবউ। দুর্গাপূজার সময় নবপত্রিকারূপিণী দুর্গাদেবীতে তাহার আবাহন ও অধিবাস করা হয়); (ব্যঙ্গার্থে) দীর্ঘাবগুণ্ঠনবতী বধূ, অতি লজ্জাশীলা বউ। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কলাবৎ—কালোয়াৎ, সঙ্গীতবিশারদ। 'কালোয়াত্ত' শব্দজ। বি।

কলাবতী—১। কলাবিশিষ্টা। কলাবান্ দ্রঃ। বিণ; স্ত্রী। ২। নৃত্যগীতাদিনিপুণা রমণী। কলা+মতুপ্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী। ৩। সঙ্গীতাঙ্গের উপযুক্ত। কলাবৎ +ঈ যোগ্যার্থে। বিণ।

কলাবান্ (**—বৎ**)—১। কলাবিশিষ্ট। কলা+মতুপ্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী, —বতী। ২। চন্দ্র। বি; পুং।

কলাবিৎ (**—বিদ্**)—শিল্পজ্ঞ। উপতৎ। কলা —বিদ্+ক্বিপ্ কর্তৃবা। বিণ।

কলাবিদ্যা—শিল্পসম্বন্ধীয় জ্ঞান। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কলাভবন—শিল্পাগার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কলায়—কড়াই, কলাই। কল—অয়্+অন্ কর্তৃবা। বি; পুং।

কলালাপ—১। মধুরালাপ; মধুরাস্ফুট ধ্বনি। কল আলাপ, কর্ম্মধা। ২। ভ্রমর; কোকিল। কল হইয়াছে আলাপ যাহার, বহুব্রী। বি; পুং।

কলি—১। কলিকা, কুট্মল, কোরক, কুঁড়ি; পদাবলীযুক্ত রচনাবিশেষ, গানের পদ; বৈষ্ণবের তিলক। বি; স্ত্রী। ২। কলহ; যুদ্ধ; দ্বেষ; শূর; চতুর্থ যুগ; এই যুগের অধিষ্ঠাতা দেব। কল+ইন্ কর্তৃবা। বি; পুং। ৩। চূণ; চূণকাম। আর্বী। বি।

কলি ধরান, কলি ফেরান—চূণকাম করা।

কলিকা—১। কলি, কোরক, কুঁড়ি, অপ্রস্ফুটিত পুষ্প; পদসমূহযুক্ত রচনাবিশেষ। কলি+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। ২। কল্কে, ছিলিম। বি।

কলিকাল—চতুর্থ যুগ, কলিযুগ; সম্পূর্ণ অধর্ম্মের যুগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কলিঙ্গ—১। দেশবিশেষ। কলি—গম্+(ড) খচ্ কর্তৃবা। বি; পুং। ২। কলিঙ্গদেশজাত। বিণ। স্ত্রী,—ঙ্গা।

কলিচুণ—ঝিনুক শামুক প্রভৃতি পোড়াইয়া

যে চূণ প্রস্তুত হয়। কলি-নামক চূণ, মধ্যপ কর্ম্মধা। বি।

কলিজা—বক্ষোদেশ, হৃৎপিণ্ড; হৃদয়; বুক; সাহস। হিন্দী। বি।

কলিত—গণিত; জ্ঞাত; প্রাপ্ত; অনুগত; গৃহীত; আশ্রিত; উক্ত; উচ্চারিত; বদ্ধ; দৃষ্ট; পৃথক্‌কৃত। কল + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

কলিযুগ—চতুর্থ যুগ অর্থাৎ সত্য, ত্রেতা ও দ্বাপরের পরবর্ত্তী যুগ। কলি নামক যুগ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কলিযুগাদ্যা—মাঘী পূর্ণিমা। কলিযুগের আদ্যা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কলু—তৈলকার জাতিবিশেষ। দেশজ। বি; পুং। স্ত্রী, —নী। **কলুর বলদ**—বোকা, অকেজো লোক; নির্ব্বিচারে পরিশ্রমকারী লোক।

কলুঙ্গী, কুলুঙ্গী—দেওয়ালের গায়ে [নির্ম্মিত গর্ত্ত। বি।

কলুষ—১। পাপ; মালিন্য। কল্ + উষচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। মহিষ। বি; পুং। ৩। মলিন, পঙ্কিল, ঘোলা; কষায়িত; দুঃখিত; অসমর্থ; গর্হিত; ক্ষুব্ধ। কলুষ + অচ্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, —ষা।

কলুষিত—পাপযুক্ত; দূষিত; মলিন, পঙ্কিল। কলুষ + ইত জাতার্থে। বিণ। স্ত্রী, —তা।

কলেক্টার—আদায়কারী; জেলার রাজস্ব আদায়ের প্রধান কর্ম্মচারী (Collector). বি।

কলেজ—উচ্চশিক্ষার বিদ্যাপীঠ। ইং [College. বি।

কলেবর—দেহ, শরীর। কলে বর (শ্রেষ্ঠ), অলুক্ ৭মীতৎ। বি; ক্লীব।

কলেরা—ওলাউঠা, ভেদবমি, বিসূচিকা। ইং Cholera. বি।

কল্ক—খইল, খোল; কর্ণমল; কাইট; মল; শিটে; পাপ। কল্ + ক কর্ম্মবা। বি; পুং বা ক্লীব।

কল্কন—কাথ; শিটে। কল্ক + ণিচ্ + অনট্ কর্ম্মবা। বি; ক্লীব।

কল্কা—বস্ত্রাদিতে সোণালি রূপালি নানাপ্রকার ফুল ও নক্সা; কুঞ্জ। তুর্কী 'কল্‌গা' শব্দজ। বি।,

কল্কাদার—নক্সা-কাটা, কল্কা-তোলা। কল্কা + দার বিশিষ্টার্থে। বিণ।

কল্কি—১। বিষ্ণুর দশম অবতার, ভাগবতের মতে দ্বাবিংশ অবতার। কল্ + কি কর্ত্তৃবা। বি; পুং। ২। তামাক সেবন করিবার কলিকা। 'কলিকা' শব্দজ। বি।

কল্কিয়া, কল্কে—ছিলিম, তামাক সাজিবার মৃৎপাত্র; (ব্যঙ্গার্থে) স্থান, পদ। 'কলিকা' শব্দজ। বি। **কল্কে পাওয়া**—সভায় বা সমাজে আদর পাওয়া; বিশ্বাসভাজন হওয়া।

কল্কী (কল্কিন্)—১। কল্কযুক্ত, কাইট-বিশিষ্ট, পঙ্কিল, আবিল, ঘোলা, মলিন; পাপী, দুষ্ট, দুর্ব্বৃত্ত। কল্ক + ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, কল্কিনী। ২। কল্কি অবতার। বি; পুং।

কল্প—১। বেদাঙ্গ গ্রন্থবিশেষ; ব্রহ্মার এক অহোরাত্র; (পুরাণ মতে,—আমাদের ৪৩২ কোটি বৎসরে ব্রহ্মার এক দিন, ও সেই পরিমাণ কালে তাঁহার এক রাত্রি হয়, দিবাভাগে ব্রহ্মাণ্ডের সৃষ্টি ও রক্ষা, এবং রাত্রিতে উহার লয় হয়); বিধি; শাস্ত্র; নিয়ম; ন্যায়; প্রলয়; সঙ্কল্প; অভিপ্রায়; বিকল্প। কৃপ্ + ঘঞ্ কর্ম্মবা। ২। কল্পবৃক্ষ। কৃপ্ + অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ৩। (কোনও শব্দের পরবর্ত্তী হইলে) ঈষদূন; তৎসদৃশ, তাহার তুল্য। বিণ। স্ত্রী, কল্পা।

কল্পক্ষয়--প্রলয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কল্পতরু, কল্পদ্রুম, কল্পপাদপ, কল্পবৃক্ষ—অভীষ্ট ফলদায়ক বৃক্ষ; কথিত আছে যে, এই বৃক্ষের নিকট যে যাহা প্রার্থনা করে, সে তাহাই পায়; অতিশয় দাতা। কল্পদায়ক যে তরু ইত্যাদি, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কল্পন, কল্পনা—১। রচনা; আরোপ;

বাস্তবিক যাহার সত্তা নাই এমন বিষয়ে সত্তা ঘটাইয়া লওয়া বা দেওয়া; মনন; উদ্ভাবনা; সামর্থ্য; পর্য্যাপ্তি; ছেদন। কৃপ্‌+ণিচ্‌+অনট্‌ ভাববা, পক্ষে অন ভাববা+আপ্‌। বি; ক্লীব, স্ত্রী।

কল্পনাপ্রবণ—কল্পনায় উন্মুখ, অবাস্তব বিষয়ের চিন্তায় তৎপর। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ণা।

কল্পনাপ্রিয়—কল্পনানুরাগী, যে অবাস্তব বিষয় চিন্তা করিতে ভালবাসে এরূপ। বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

কল্পনাশক্তি—যে বৃত্তির প্রভাবে নূতন নূতন বিষয় উদ্ভাবিত করা যায় তাহা; উদ্ভাবনক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কল্পপাদপ—কল্পতরু দ্রঃ।

কল্পবৃক্ষ—কল্পতরু দ্রঃ।

কল্পলতা—অভীষ্টপূরণকারিণী স্বর্গীয় লতা; মহাদানের অন্তর্গত স্বর্ণকল্পিত লতাকার দানীয় দ্রব্যবিশেষ। কল্পপূরণী লতা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কল্পসূত্র—বৈদিক ক্রিয়াপদ্ধতিবিষয়ক সূত্ররাজি। কল্পবিষয়ক সূত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কল্পান্ত—ব্রহ্মার দিবাভাগের অবসান; প্রলয়। কল্পের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কল্পিত—রচিত; আরোপিত; উদ্ভাবিত; মনগড়া; সজ্জিত; দত্ত; সম্পাদিত; নিশ্চিত। ণিজন্ত কৃপ্‌ (=কল্পি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

কল্মষ—১। পাপ। কশ্মন্‌—সো+ক কর্তৃবা। বি; পুং। ২। মলিন; পাপিষ্ঠ। কল্মষ+অচ্‌ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী,—ষা।

কল্মা—কলমা (তাহা দ্রঃ)।

কল্মাষ—১। কৃষ্ণবর্ণ; শ্বেত-কৃষ্ণ-মিশ্রবর্ণ। কল্‌—মষ্‌+অণ্‌ কর্তৃবা। বি; পুং। ২। নানাবর্ণ, কর্ব্বুর। বিণ। স্ত্রী,—ষী।

কল্মাষকণ্ঠ—নীলকণ্ঠ, শঙ্কর, মহাদেব। কল্মাষ হইয়াছে কণ্ঠ যাঁহার, বহুব্রী। বি; পুং।

কল্মাষপাদ—সূর্য্যবংশীয় জনৈক নরপতি (ইঁহার প্রকৃত নাম সৌদাস)। বি; পুং।

কল্য—১। প্রত্যূষ; গত বা আগামী দিন। দেশজ। বি। ২। সুস্থ; দক্ষ; সজ্জিত; সমর্থ; শুভকর; মূক-বধির। কলা+যৎ সাধু প্রভৃতি অর্থে। বিণ। স্ত্রী, কল্যা। ৩। প্রত্যূষ; মধু; জ্যোতিষোক্ত লগ্নবিশেষ। কল+যৎ কর্ম্মবা। বি; ক্লীব।

কল্যাণ—১। মঙ্গল; সুখ; স্বর্ণ; স্বর্গ; রাগিণীবিশেষ। কল্য—অণ্‌+ঘঞ্‌ কর্ম্মবা। বি; ক্লীব। ২। সুখী, সাধু; শুভদায়ী; শুভযুক্ত। কল্যাণ+অচ্‌ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী,—ণী।

কল্যাণকর, —জনক—শুভজনক, মঙ্গলদায়ক, হিতসাধক। কল্যাণ করে যে, উপতৎ। কল্যাণ—কৃ+ট কর্তৃবা; ২য় পক্ষে, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রী,—নিকা।

কল্যাণভাজন—কল্যাণ-কামনার পাত্রীভূত, মঙ্গলাস্পদ। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ। অজহল্লিঙ্গ (ক্লীব)।

কল্যাণময়—মঙ্গলজনক। কল্যাণ+ময়ট্‌ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী,—য়ী।

কল্যাণী (কল্যাণিন্‌)—মঙ্গলযুক্ত; সুখী; সুস্থ; নীরোগ। কল্যাণ+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী,—ণিনী। [বিণ; স্ত্রী।

কল্যাণী—শুভা, শুভযুক্তা। কল্যাণ+ঈপ।

কল্যাণীয়—কল্যাণযোগ্য, মঙ্গলাস্পদ। কল্যাণ+ঈয় যোগ্যার্থে। বিণ। স্ত্রী,—য়া।

কল্লা—১। বধিরা। কল্ল+আপ্‌। বিণ; স্ত্রী। ২। ছলনাময়ী; মুখরা, কলহপ্রিয়া। দেশজ। বিণ; স্ত্রী। ৩। ছল, ছলাকলা। ফার্সীমূলক। বি।

কল্লোল—মহাতরঙ্গ; কলরব; হর্ষ। কল্ল+ওল কর্তৃবা। বি; পুং। বিণ,—লিত।

কল্লোলিনী—নদী; কলরবকারিণী। কল্লোল+ইন্‌ অস্ত্যর্থে+ঈপ্‌। বি; স্ত্রী।

কশ, কস—১। স্বক্কণী, ওষ্ঠপ্রান্ত। 'সৃক' শব্দজ। ২। নিঃসৃত রস। 'কষ' শব্দজ। বি।

কশা, কষা, কসা—চাবুক, কোড়া। কশ্, কষ্ বা কস্+অচ্ করণবা+আপ্।বি;স্ত্রী।

কশা—১। বল্গা, লাগাম। বি। ২। চাবুক মারা, প্রহার করা; আঁটা, টানিয়া বাঁধা; মৎস্য-মাংসাদি আধ-ভাজা করা। ক্রি। ৩। আঁট, শক্ত, টানটান। দেশজ। বিণ।

কশাকশি—টানাটানি; মূল্যের হ্রাসবৃদ্ধির জন্য তর্কবিতর্ক। ব্যতীহার বহুব্রী। বি।

কশাঘাত—চাবুক মারা; দোষাদি সংশোধনের জন্য তিরস্কার দ্বারা সতর্কীকরণ। ৩য়াতৎ। বি; পুং।

কশাড়, কশার—কাশতৃণ। দেশজ। বি।

কশি, কষি, কসি—রেখাচিহ্ন, লম্বা দাগ; কাপড়ের যে অংশ কোমরে বাঁধা থাকে; কাঁচা আমের আঁটি; কচি ফল। ফার্সী 'কশীশ' শব্দজ। বি।

কশুর, কসুর—অপরাধ, দোষ, ত্রুটি; চুক; বিলম্ব, অপেক্ষা। আর্বী। বি।

কশেরু, কসেরু—পৃষ্ঠাস্থি, মেরুদণ্ড। কশেরু =ক–শৄ+উ কর্তৃবা, কসেরু=কস্+উ কর্তৃবা। বি; পুং বা ক্লীব।

কশেরুকা, কসেরুকা—মেরুদণ্ড। কশেরু, কসেরু+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কষ—১। কষ্টিপাথর। কষ্+ঘ অধিবা। বি; পুং। ২। কষায় দ্রব্য; কষায় রসের দাগ। 'কষায়' শব্দজ। বি।

কষণ—১। ঘর্ষণ; কষ্টিপাথরে পরীক্ষা করা; চামড়ায় কষ দেওয়া। কষ্+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। কষ্টিপাথর। কষ্+অনট্ অধিবা। বি; ক্লীব।

কষণকল্পিকা—চুম্বকপাথর; কষ্টিপাথর। প্রাঃ কবিপ্র। বি।

কষা—১। কশা (১) তাহা দ্রঃ। ২। কষায় রসযুক্ত; বিস্বাদ। 'কষায়' শব্দজ। বিণ। ৩। কষ্টিপাথরে ঘষিয়া পরখ করা; পরীক্ষা করা; অঙ্ক প্রভৃতির সমাধান করা; শক্ত করা; আঁটা; অল্প আঁচে ভাজা; দমন করা। দেশজ। ক্রি। ৪। কৃপণ, শক্ত। দেশজ। বিণ।

কষাকষি—বাঁধাবাঁধি, কড়াকড়ি; দর কমাইবার জন্য জেদ; বিরোধ। ব্যতীহার বহুব্রী। বি।

কষানি—কষধোয়া জল; ক্লেদ; পুঁয। দেশজ। বি।

কষায়—১। রসবিশেষ, কষা রস; কাথ; নির্য্যাস; বিলেপনদ্রব্য; সৌরভ। কষ্+আয় কর্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। কষা; রঞ্জিত; লোহিত; সুশ্রাব্য; সুরভি; অপটু। বিণ। স্ত্রী,–য়া। ৩। রক্তপীতমিশ্রিত বর্ণ; অনুজ্জ্বল রক্তবর্ণ। বি; পুং।

কষায়িত—রঞ্জিত, ছোবান; বিলেপিত। কষায়ি নামধাতু+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

কষি—কশি দ্রঃ।

কষিত—কষ্টিপাথরে পরীক্ষিত। কষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

কষুটী—অপুষ্ট ফল; অপরিণত ফল। দেশজ। বি।

কষ্ট—১। ক্লেশ, দুঃখ, আয়াস। কষ্+ক্ত ভাববা। বি; ক্লীব। ২। ক্লিষ্ট; দুঃখকর, গহন। কষ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, কষ্টা।

কষ্টকর—ক্লেশজনক। কষ্ট করে যাহা. উপতৎ। কষ্ট–কৃ+ট কর্তৃবা। বিণ। স্ত্রী,–রী।

কষ্টকল্পনা—দুর্বোধ্য কল্পনা; আয়াসসাধ্য অনুমান। কষ্টকৃতা কল্পনা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কষ্টকল্পিত—বহু কষ্টে যাহার কল্পনা করা হয়, বহু আয়াসে অনুমিত ((Far-fetched). কষ্টে কল্পিত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,–তা।

কষ্টজনক—ক্লেশকর, দুঃখদায়ক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–নিকা।

কষ্টদায়ক—ক্লেশজনক, দুঃখপ্রদ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–য়িকা।

কষ্টসহ—ক্লেশসহিষ্ণু, দুঃখসহনক্ষম। উপতৎ। কষ্ট–সহ্+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–হা।

কষ্টসহিষ্ণু—ক্লেশসহনশীল, যে নিরন্তর ক্লেশ সহ্য করিতে পারে। ২য়াতৎ। বিণ।

কষ্টসাধ্য—অতিক্লেশে সম্পাদনীয়। কষ্টে সাধ্য, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—ধ্যা।

কষ্‌টা, কষ্টা—কষাটে, ঈষৎ কষায়; অল্প কষা বা বিস্বাদ। 'কষাটিয়া' শব্দের সংক্ষেপ। বিণ।

কষ্টার্জ্জি(র্জি)ত—বহু ক্লেশে উপার্জ্জিত, অনেক দুঃখে লব্ধ বা প্রাপ্ত। কষ্টদ্বারা অর্জ্জিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

কষ্টি—১। কষণপ্রস্তর (Touchstone). কষ্‌+ক্তি অধিবা। ২। কষা, পরীক্ষা করা। কষ্‌+ক্তি ভাববা। বি; স্ত্রী।

কষ্টিপাথর—কষণপ্রস্তর। কষ্টি-নামক পাথর, মধ্যাপ কর্ম্মধা। বি।

কষ্টেসৃষ্টে—অতি ক্লেশে; অতি ক্লেশ সহ্য করিয়া। ক্রি-বিণ।

কস—ওষ্ঠপ্রান্ত। 'সৃক্ক' শব্দজ। বি।

কসবী—বেশ্যা; শহরের বেশ্যা। আর্বী। বি; স্ত্রী।

কসম—শপথ, দিব্য। আর্বী। বি।

কসরৎ—অভ্যাস; অঙ্গচালনা; ব্যায়াম; কৌশল, কায়দা। আর্বী। বি।

কসা—১। কশা (১) দ্রঃ। বি; স্ত্রী। ২। আঁট, টান টান; কড়া, চড়া; কৃপণ; কষিত; খচিত। বিণ। ৩। আঁটা, টানিয়া বাঁধা; কষা, কষিয়া দেখা, পরীক্ষা করা; অঙ্কাদির সমাধান করা। দেশজ। ক্রি।

কসাই—পশুবধকারী, মাংসবিক্রেতা। আর্বী 'কস্‌সাব' শব্দজ। বি।

কসুর, কশুর—দোষ, অন্যায়, ত্রুটি। আর্বী। বি।

কসেরু—কশেরু দ্রঃ।

কসেরুকা—কশেরুকা দ্রঃ।

কস্ত—কৌশল, হস্তকৌশল; অভ্যাস; শিক্ষা; চেষ্টা, প্রয়াস। আর্বী 'কসরৎ' শব্দজ। বি। [বিণ।

কস্তা—আলোহিত, রাঙ্গা, লালচে। দেশজ।

কস্তাকস্তি—পাল্লাপাল্লি; দুই মল্লের পরস্পর ঝাপ্‌টাঝাপ্‌টি। আর্বী। বি।

কস্তাপাড়—চওড়া লাল পাড়। দেশজ। বি।

কস্তাপেড়ে—লাল চওড়া পাড়যুক্ত। দেশজ। বিণ।

কস্তরিকা, কস্তূরিকা—মৃগনাভি। কস্তরী বা কস্তূরী+কন্‌ স্বার্থে+আপ্‌। বি; স্ত্রী।

কস্তরী, কস্তূরী—মৃগনাভি। কস্‌+উর, উর কর্ত্তৃবা+ঈপ্‌। বি; স্ত্রী।

কস্ত(স্তূ)রীমৃগ—মৃগনাভিযুক্ত হরিণ-বিশেষ। কস্ত(স্তূ)রীপ্রদ মৃগ, মধ্যাপ কর্ম্মধা। বি; পুং।

কস্মিন্‌কালেও—কোন সময়েও, কখনও। কস্মিন্‌+কালে (দুইটি পৃথক্‌ সংস্কৃত পদ)। বি; অধি-৭মী।

কহ—১। কও, বল। কবিপ্র। ২। কহে, বলে। প্রাঃ কবিপ্র। ক্রি।

কহইত—কহিতেছে, বলিতেছে; কহে, বলে। প্রাঃ কবিপ্র। ক্রি।

কহইতে—কহিতে, বলিতে। প্রাঃ কবিপ্র। ক্রি।

কহত—কহ, বল; কহিল, বলিল। প্রাঃ কবিপ্র। ক্রি।

কহতই—কহিতেছে, বলিতেছে। প্রাঃ কবিপ্র। ক্রি।

কহতব্য—বক্তব্য, বলিবার, কথনীয়, কথন-যোগ্য। (বাং) কহ্‌+তব্য কর্ম্মবা। বিণ।

কহতহি—কহিতেছে, বলিতেছে; কহিতেই, বলিবামাত্র। প্রাঃ কবিপ্র।

কহন—১। কথন, বচন, ভাষণ, বলা। 'কথন' শব্দজ। বি। ২। কথনীয়, বাচ্য, বলিবার যোগ্য। প্রাঃ কবিপ্র। বিণ।

কহয়ে—কহে, বলে। প্রাঃ কবিপ্র। ক্রি।

কহল—কহিল, বলিল। প্রাঃ কবিপ্র। ক্রি।

কহলহি—কহিলাম। প্রাঃ কবিপ্র। ক্রি।

কহলি—কহিলি, বলিলি। প্রাঃ কবিপ্র। ক্রি। [ক্রি।

কহলু, কহলুঁ—কহিলাম। প্রাঃ কবিপ্র।

কহব—কহিব, বলিব; কহিবে, বলিবে। প্রাঃ কবিপ্র। ক্রি।

কহসি—কহিতেছ; কহিতেছে। প্রাঃ কবিপ্র। ক্রি। [ক্রি।
কহহি—কহিতে, বলিতে। প্রাঃ কবিপ্র।
কহা—বলা। দেশজ। ক্রি।
কহাকহি—১। বলাবলি। বি। ২। বাগ্‌দত্ত; প্রতিশ্রুত। প্রাঃ কবিপ্র। বিণ।
কহান—বলান। বাং ক্রি।
কহায়সি—কহাও, বলাও; বলিতে দাও। প্রাঃ কবিপ্র। ক্রি।
কহি—কোথাও। প্রাঃ কবিপ্র। অব্য।
কহিয়ে—বাক্যকথনে পটু, বাক্‌কুশল, বাগ্মী, বক্তা। কহ্‌+ইয়ে কর্তৃবা। বিণ।
কহির—কোথাকার। প্রাঃ কবিপ্র। বিণ।
কহু—কহে, বলে। প্রাঃ কবিপ্র। ক্রি।
কহোঁ—কহি, বলি। প্রাঃ কবিপ্র। ক্রি।
কহ্লার—শ্বেতপদ্ম, কুমুদ, শুঁদি। ক—হ্লাদ্‌ +অচ্‌ কর্তৃবা। বি; ক্লীব।
কা—কাকের ডাক; অনুকরণ-শব্দ। অব্য।
কাই—লেই, আঠা। 'কাথ' শব্দজ। বি।
কাইট, কাইঠ—তলানি, শিঠা, গাদ, হুঁকার নলিচার মধ্যস্থ আঠাল মল। 'কিট্ট' শব্দজ। বি।
কাইত, কা'ত—একপেশে; হেলান; অর্দ্ধশয়ান, আড়। দেশজ। বিণ।
কাইয়াঁ, কৈঁয়ে—মাড়ওয়ারী ব্যবসায়ী; কৃপণ; একগুঁয়ে; ধূর্ত্ত। দেশজ। বি বা বিণ।
কাউর—১। চর্ম্মরোগবিশেষ, বহুস্থানব্যাপী একপ্রকার চুলকণা বা দাদ। ২। জলাদি বহনের বাঁক বা ভার। প্রাদে। বি।
কাওত, কায়েত—কায়স্থজাতি। 'কায়স্থ' শব্দজ। বি।
কাওয়াজ—যুদ্ধকৌশল শিক্ষা (Drill). আর্বী 'কবায়দ্‌' শব্দজ। বি।
কাওয়ালী—বাদ্যতালবিশেষ। আর্বী। 'কৌবালী' শব্দজ। বি।
কাওরা—অন্ত্যজ হিন্দুজাতিবিশেষ। 'কিরাত' শব্দজ। বি; পুং। স্ত্রী, —রানী।
কাংস, কাংস্য—১। তাম্ররঙ্গমিশ্রিত ধাতু, কাঁসা। কংস+অণ্‌, স্বার্থে। ২। বাদ্যযন্ত্রবিশেষ, কাঁসী; পানপাত্র। কংস+অণ্‌, ষ্ণ্য বিকারার্থে। বি; ক্লীব।
কাংস্যকার—কাংস্যবণিক্‌, কাঁসারি। উপ-তৎ। কাংস্য—কৃ+অণ্‌ কর্তৃবা। বি; পুং।
কাঁই—কাই দ্রঃ।
কাঁইবীচি—তিন্তিড়ীবীজ, তেঁতুলের বীচি। কাঁই-উৎপাদক বীচি, মধ্যপ কর্ম্মধা। বি।
কাঁইমাই—অস্পষ্ট ভাষা, দুর্বোধ ভাষা; অনেকগুলি শিশুর মিশ্রিত ক্রন্দনধ্বনি। দেশজ। অব্য।
কাঁওল, কাঁওলা—পাণ্ডুরোগ, নেবা (Jaundice). 'কামলা' শব্দজ। বি।
কাঁক—১। কক্ষ, বগল। 'কক্ষ' শব্দজ। ২। কঙ্কপক্ষী। 'কঙ্ক' শব্দজ। বি।
কাঁকই, কাঁকুই—কঙ্কত, চিরুণী। 'কঙ্কতিকা' শব্দজ। বি।
কাঁকড়া—কুলীর, কর্কট। 'কর্কট' শব্দজ। বি।
কাঁকড়া-বিছা—লম্বা লেজবিশিষ্ট অষ্টপদ বিছা, বৃশ্চিক। কাঁকড়াসদৃশ বিছা, মধ্যপ কর্ম্মধা। বি।
কাঁকণ, কাঁকণি—বলয়, বালা। 'কঙ্কণ' শব্দজ। বি।
কাঁকবিড়াল, —বিড়ালী—বগলের ফোড়া। 'কক্ষবিড়ালিকা' শব্দজ। বি।
কাঁকর—প্রাথরের টুকরা। 'কর্কর' শব্দজ। বি। [শব্দজ। বি।
কাঁকরোল—ফলবিশেষ। 'কর্কোটক'
কাঁকলাস—গিরগিটী; বহুরূপীনামক সরীসৃপ (Chameleon). 'কৃকলাস' শব্দজ। বি।
কাঁকাল—মাজা, কোমর, কটি। 'কঙ্কাল' শব্দজ। বি। [বি।
কাঁকুড়—অপক্ক ফুটি। 'কর্কোটিকা' শব্দজ।
কাঁখ—কক্ষ, বগল; কাঁক, কাঁকাল। 'কক্ষ' শব্দজ। বি।
কাঁচ—কাচ, স্ফটিক। 'কাচ' শব্দজ। বি।
কাঁচকড়া—তিমি মৎস্যের দন্তস্থানে এক-

প্রকার কোমলাস্থি থাকে, তাহাই কাঁচকড়া নামে খ্যাত, শিঙের ন্যায় পদার্থ (Vulcanite). হিন্দীমূলক। বি।

কাঁচকলা—অপক্ব অবস্থায় ব্যঞ্জনে ব্যবহার্য্য একপ্রকার বৃহৎ কদলী। দেশজ। বি।

কাঁচড়া—একপ্রকার জলজ ঘাস বা দাম। প্রাঃ কবিপ্র। বি।

কাঁচপোকা—উজ্জ্বল হরিদ্বর্ণ পতঙ্গবিশেষ (ইহার ডানায় কপালে পরিবার টিপ হয়)। দেশজ। বি।

কাঁচর—কঞ্চুক, কাঁচুলি। প্রাঃ কবিপ্র। বি।

কাঁচল, কাঁচলক, কাঁচলা, কাঁচলি, কাঁচুলি—স্ত্রীলোকের স্তনাচ্ছাদক বস্ত্রবিশেষ। 'কঞ্চুলী' ও 'কঞ্চুলিকা' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

কাঁচা—অপক্ব, অপাকা; অরক্ষিত, আরাঁধা; অনভিজ্ঞ, অনিপুণ, অপটু, আনাড়ী; প্রাথমিক (–খাতা); অস্থায়ী (–রং)। হিন্দীমূলক। বিণ।

কাঁচা, কাঁচান—আয়োজন পণ্ড করিয়া পূর্ব্বাবস্থায় আনা; আয়োজন পণ্ড হওয়া; নূতন করিয়া আরম্ভ করা। দেশজ। ক্রি।

কাঁচাগোল্লা—একপ্রকার নরম পাকের সন্দেশ। কর্ম্মধা। বি।

কাঁচাটিয়া, কাঁচাটে—কতকটা কাঁচা, কাঁচা ভাবের; সম্পূর্ণ পাকে নাই এরূপ। কাঁচা+টিয়া, টে সদৃশার্থে বা ঈষদর্থে। বিণ।

কাঁচাপয়সা—নিত্য সহজলভ্য অর্থ। কর্ম্মধা। বি।

কাঁচামিঠা—অপক্ব অবস্থাতেই মিষ্ট বা সুস্বাদ। কাঁচা অথচ মিঠা, কর্ম্মধা। বিণ।

কাঁচারাস্তা—মেটে রাস্তা। দেশজ। বি।

কাঁচি, কাঁচী—১। স্থূল, খাপি, মোটা সুতায় বোনা (কাপড়); কম ওজনের। দেশজ। বিণ। ২। কর্ত্তরিকাবিশেষ, কাপড় কাগজ ইত্যাদি কাটিবার দু'ফলা অস্ত্র। তুর্কী 'কয়ঞ্চী' শব্দজ। বি।

কাঁচুমাচু—১। সঙ্কোচপ্রকাশ। বি। ২। অতিশয় সঙ্কুচিত, ভীত। দেশজ। বিণ।

কাঁচুয়া—১। কাঁচুলি। প্রাঃ কবিপ্র। ২। কেঁচো। হিন্দীমূলক। বি।

কাঁচ্চা—সিকি ছটাক ওজন। দেশজ। বি।

কাঁজি—আমানি, পান্তাভাতের জল। 'কাঞ্জিক' শব্দজ। বি।

কাঁটা—বৃক্ষকণ্টক; মৎস্যকণ্টক, মাছের হাড়; লৌহকণ্টক, ধাতুময় কীলক, প্রেক, গজাল; ঘড়ির কাঁটা; তুলাদণ্ড; লোমাঞ্চ, শিহরণ; খোঁপার কাঁটা; সাহেবদের ভোজনকালে ব্যবহৃত চিমটা। 'কণ্টক' শব্দজ। বি।

কাঁটায়-কাঁটায়—ঠিক নির্দ্দিষ্ট সময়ে; ঠিক ওজনে; ঠিক মাত্রায়। দেশজ। ক্রি-বিণ।

কাঁটাকুড়—কণ্টকরাশি; কণ্টকবন, কাঁটার ঝোপ।। দেশজ। বি।

কাঁটাচুয়া—শজারু। দেশজ। বি।

কাঁটাতার—সূক্ষ্মাগ্র কণ্টকবিশিষ্ট লৌহাদিনির্ম্মিত তার। কাঁটাযুক্ত তার, মধ্যপ কর্ম্মধা। বি।

কাঁটা-নটিয়া,–নটে—কাঁটায় ভরা নটে শাক। মধ্যপ কর্ম্মধা। বি।

কাঁটাপ্রেক—কাঁটার ন্যায় সরু ছোট প্রেক। কাঁটাসদৃশ প্রেক, মধ্যপ কর্ম্মধা। বি।

কাঁটাবন—কাঁটাগাছে ভরা বন। মধ্যপ কর্ম্মধা। বি।

কাঁটাল, কাঁঠাল—১। কণ্টকী ফল, পনস। বি। ২। কণ্টকময়, কাঁটাওয়ালা। কাঁটা+আল আছে অর্থে, ২য় পক্ষে বিকল্পে ট-স্থানে ঠ। বিণ।

কাঁঠী—জাল ভারী করিবার জন্য তৎসংলগ্ন লৌহগোলক; গলার মালা; মালার এক এক নর; কণ্ঠমালার এক একটি দানা; সাপের গলার দাগ। 'কণ্ঠী' শব্দজ। বি।

কাঁড়—তীরবিশেষ; রাশি; স্তূপ। 'কাণ্ড' শব্দজ। বি।

কাঁড়ন—পরিষ্কারকরণ, তুষ বাহির করা; ধমকান, শাসান। 'কণ্ডন' শব্দজ। বি।

কাঁড়বাঁশ—তীর-ধনুক। প্রাদে। বি।

কাঁড়া—১। পটহবিশেষ। বি। ২। নিস্তুষ করা, ছাঁটিয়া পরিষ্কার করা। ক্রি। ৩। নিস্তুষীকৃত, ছাঁটা। কাঁড়্+আ কর্ম্মবা। বিণ।

কাঁড়াদাস—অতি স্থূলদেহ ও অলস; মূর্খ ও গোঁয়ার। দেশজ। বিণ।

কাঁড়ান—নিস্তুষ করান, ছাঁটান; নিস্তুষ করা। বাং ক্রি।

কাঁড়ি, কাঁড়—রাশি, স্তূপ, পুঞ্জ। বি।

কাঁত, কাঁথ—১। মাটির প্রাচীর বা দেওয়াল; ভিত্তি। 'কন্থা' শব্দজ। বি।

কাঁতড়া, কাঁথড়া—কাঁথ; ভগ্ন মৃৎপ্রাচীর; মাটির ঘরের চালবিহীন ভাঙ্গা দেওয়াল। দেশজ। বি।

কাঁতি—১। কাঁথি, মাটির প্রাচীর বা দেওয়াল। প্রাদে। বি। ২। শোভা। 'কান্তি' শব্দজ। কবিপ্র। বি।

কাঁতিয়া—কান্তি, শোভা। প্রাঃ কবিপ্র। বি।

কাঁথা—জীর্ণবস্ত্ররচিত আস্তরণ। 'কন্থা' শব্দজ। বি।

কাঁথি—অনুচ্চ প্রাচীর বা দেওয়াল, কাঁতি; নদীর উচ্চতট। দেশজ। বি। [বিণ।

কাঁদকাঁদ—রোদনোন্মুখ; ছলছল। দেশজ।

কাঁদন—রোদন, বিলাপ। 'ক্রন্দন' শব্দজ। বি।

কাঁদনি, কাঁদুনি—ক্রন্দন, রোদন; বিলাপ; শোকবাক্য; বিলাপগাথা। কাঁদ্+অনি, উনি ভাববা। বি।

কাঁদা—ক্রন্দন করা, রোদন করা। 'ক্রন্দ্' ধাতুজ। বাং ক্রি।

কাঁদা, কাঁধা—কূল, তীর ('পুকুরের—')। 'স্কন্ধ' শব্দজ। বি।

কাঁদাকাটি, —কাটা—ক্রন্দন ও খেদোক্তি। দেশজ। বি। [দেশজ। বি।

কাঁদাকাঁদি—পরস্পর ক্রন্দন; তুমুল রোদন।

কাঁদান—ক্রন্দন করান, রোদন করিতে বাধ্য করা। বাং ক্রি।

কাঁদি, কাঁদী—(কলা প্রভৃতির) গুচ্ছ বা স্তবক। দেশজ। বি।

কাঁদুনি—কাঁদনি দ্রঃ।

কাঁদুনিয়া, কাঁদুনে—যে সহজেই কাঁদিয়া ফেলে, ক্রন্দনশীল; যাহা কাঁদায় ('—গ্যাস')। কাঁদন+ইয়া, এ শীলার্থে। বিণ।

কাঁধ—স্কন্ধ। 'স্কন্ধ' শব্দজ। বি।

কাঁধা—কাঁদা দ্রঃ।

কাঁধাকাঁধি—পরস্পরে স্কন্ধ সংলগ্ন করিয়া, পাশাপাশি হইয়া। দেশজ। ক্রি-বিণ।

কাঁপ—১। কম্প, কাঁপনি। 'কম্প' শব্দজ। বি। ২। কাঁপে। প্রাঃ কবিপ্র। ক্রি।

কাঁপন, কাঁপনি—কম্পন, কম্প। কাঁপ +অন, অনি ভাববা। বি।

কাঁপা—কম্পিত হওয়া, নড়া। 'কম্প্' ধাতুজ। বাং ক্রি। [করা। বাং ক্রি।

কাঁপান—কম্পিত করা, কাঁপিতে বাধ্য

কাঁসর—কাংস্যনির্ম্মিত চক্রাকার বাদ্যযন্ত্র, ঝাঁজ; রোগবিশেষ। হিন্দীমূলক। বি।

কাঁসা—মিশ্র ধাতুবিশেষ; রাং-তামামিশ্রিত ধাতু। 'কাংস্য' শব্দজ। বি।

কাঁসারি, —রী—কাংস্যকার; কাংস্যবণিক্। কাঁসা+রি, রী বণিক্ বা শিল্পী অর্থে। বি।

কাঁসি, কাঁসী—একপ্রকার উচ্চপ্রান্ত-বিশিষ্ট কাঁসার থালা; ঢাকঢোলের সঙ্গে বাজাইবার একপ্রকার ছোট কাংস্যনির্ম্মিত বাদ্যযন্ত্র। কাঁসা+ই, ঈ নির্ম্মিত অর্থে। বি।

কাঁসিদার, কাঁসীদার—কাঁসী-নামক বাদ্যযন্ত্রবাদক। দেশজ। বি।

কাঁহা—কোথায়। হিন্দী। অব্য।

কাঁহাতক—কোন্ স্থান পর্য্যন্ত, কতদূর পর্য্যন্ত; কোন্ সময় পর্য্যন্ত, কতকাল, কতক্ষণ। হিন্দীমূলক। অব্য।

কাক—১। স্বনামখ্যাত পক্ষী, বায়স; বরাটকের চতুর্থাংশ, এক কড়ার চারি ভাগের এক ভাগ। কৈ+ক কর্ত্তৃবা। ২। দ্বীপবিশেষ; তিলক। ক—অক্+অচ্ কর্ত্তৃবা। ৩। খঞ্জ, খোঁড়া। কু—অক্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ৪। শিশি বা বোতলের ছিপি। ইং 'Cork' শব্দজ। বি।

কাকচক্ষু—১। কাকের চোখের মত স্বচ্ছ কালো ('—জল')। দেশজ। বিণ। ২। কাকের স্বচ্ছ কালো চোখ। ৬ষ্ঠীতৎ। বি।

কাকজ্যোৎস্না—রাত্রিশেষের ম্লান জ্যোৎস্না; যে জ্যোৎস্নায় কাক দিনের আলো ভাবিয়া জাগিয়া উঠে তাহা। দেশজ। বি ; স্ত্রী।

কাকতন্দ্রা, কাকনিদ্রা—কাকের মত অতি সতর্ক নিদ্রা। সদৃশার্থে ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

কাকতালীয়—১। ন্যায়বিশেষ। কাক ও তাল = কাকতাল, দ্বন্দ্ব ; কাকতাল শব্দ + ঈয় তুল্যার্থে। বি ; পুং। ২। হঠাৎকৃত, অকস্মাৎ অনুষ্ঠিত। বিণ। স্ত্রী, —য়া।

কাকতিমিনতি—কাতরস্বরে ও বিনীতভাবে প্রার্থনা। দ্বন্দ্ব। বি।

কাকনিদ্রা—কাকতন্দ্রা দ্রঃ।

কাকপক্ষ—শিখণ্ডক ; মস্তকের উভয় পার্শ্বে কেশরচনাবিশেষ ; কাকের পক্ষের ন্যায় উভয় গণ্ডে লম্বমান অনতিদীর্ঘ সামান্য কেশগুচ্ছ, জুল্পী, কানপাটা। বি ; পুং।

কাকপদ—মস্তকের কাকপদাকার দীর্ঘ কেশ ; লিখিবার সময়ে অক্ষর পড়িয়া গেলে তুলিয়া লিখিবার সময় ব্যবহৃত চিহ্ন, ক্যারেট্ (^) ; মাথার শিখা ; কাকের পা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কাকপুষ্ট—কোকিল। কাকের দ্বারা পুষ্ট (পালিত), ৩য়াতৎ। বি ; পুং।

কাকফল—নিম্ববৃক্ষ, নিমগাছ। কাকপ্রিয় ফল যাহার, বহুব্রী। বি ; পুং।

কাকবন্ধ্যা—একমাত্র সন্তান প্রসবিনী, যে স্ত্রীর একবার সন্তান প্রসবের পর আর গর্ভ হয় না। কাকতুল্যা বন্ধ্যা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী। [৪র্থীতৎ। বি ; পুং।

কাকবলি—কাকের ভোজনার্থ প্রদত্ত খাদ্য।

কাকর—কাহার। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

কাকলাস—গিরগিটি, বড়জেঠী। 'কৃকলাস' শব্দজ। বি।

কাকলি, কাকলী—১। সূক্ষ্ম মধুরাস্ফুটধ্বনি, পক্ষীর মধুর কূজন। কু কলি, নিত্য ; পক্ষে কাকলি + ঈপ্। ২। যন্ত্রবিশেষ ; রন্ধ্রবিশেষ। কু কলি যাহার, বহুব্রী ; পক্ষে কাকলি + ঈপ্। বি ; স্ত্রী।

কাকা—খুল্লতাত, খুড়া। ফার্সী। বি। স্ত্রী, কাকী।

কাকাক্ষিগোলক-ন্যায়—ন্যায়বিশেষ (কাকের একমাত্র চক্ষু যেরূপ উভয় গোলকেই চক্ষুর কার্য্য সম্পাদন করে, সেইরূপ এক বিষয়ের সহিত উভয়ের সম্বন্ধ থাকিলে কাকাক্ষিগোলক-ন্যায় হয়)। কাকের অক্ষিগোলক, ৬ষ্ঠীতৎ ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

কাকাতুয়া—শুকজাতীয় পক্ষিবিশেষ। 'মালয়ী' শব্দ। বি।

কাকী—১। বায়সী, স্ত্রী-কাক। কাক + স্ত্রীলিঙ্গে ঈপ্। ২। পিতৃব্যপত্নী, খুড়ী। কাকা + ঈ। বি ; স্ত্রী।

কাকু—শোকভয়াদি দ্বারা বিকৃত কণ্ঠধ্বনি ; দৈন্যোক্তি ; বক্রোক্তি। কক্ (চঞ্চল হওয়া) + উণ্, কর্ত্তৃবা। বি ; স্ত্রী।

কাকুতি—খেদোক্তি, আক্ষেপ, অনুনয়। 'কাকুক্তি' শব্দজ। বি।

কাকুতি-মিনতি—অনুনয়-বিনয়। কাকতিমিনতি (তাহা দ্রঃ)। বি।

কাকূক্তি—কাতরবাক্য, কাকুতি ; বক্রোক্তি। কাকু দ্বারা উক্তি, ৩য়াতৎ। বি ; স্ত্রী।

কাকূতি—কাতরোক্তি, খেদোক্তি। 'কাকূক্তি' শব্দজ। বি।

কাকোদর—সর্প। কাক (বক্রগামী) উদর যাহার, বহুব্রী। বি ; পুং।

কাগ—কাক, বায়স। 'কাক' শব্দজ। বি ; পুং।

কাগজ—লেখ্যপত্র, লিপিসাধন দ্রব্য। আর্বী। বি।

কাগজী—১। কাগজনির্ম্মাতা ; কাগজ ব্যবসায়ী। বি। ২। কাগজতুল্য ; কাগজে লিখিত। কাগজ + ঈ সদৃশার্থে, লিখিত অর্থে। বিণ। ৩। লেবুবিশেষ। দেশজ। বি।

কাগাবগা—কাক ও বক সকল ; যা'-তা' ; হিজিবিজি লেখা ; বিশৃঙ্খলভাবে কার্য্য-সম্পাদন। দেশজ। বি।

কাঙলা, কাঙ্গালা—ভিখারী, অন্নার্থী। দেশজ। বি।

কাঙাল, কাঙালী—দীন-দুঃখী, ভিখারী, যাচক, অন্নার্থী, অনশনক্লিষ্ট। দেশজ। বি বা বিণ ; পুং। স্ত্রী, —লিনী।

কাঙ্ক্ষণীয়—বাঞ্ছনীয়, অভিলষণীয় ; স্পৃহণীয়। কাঙ্ক্ষ্‌+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

কাঙ্ক্ষা—বাঞ্ছা, ইচ্ছা। কাঙ্ক্ষ্‌+অ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

কাঙ্ক্ষিত—১। বাঞ্ছিত, অভিলষিত। কাঙ্ক্ষ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। বাঞ্ছা, অভিলাষ। কাঙ্ক্ষ্‌+ক্ত ভাববা। বি ; ক্লীব।

কাঙ্গাল, কাঙ্গালী—কাঙাল (তাহা দ্রঃ)।

কাচ—১। বালি ও ক্ষারের সংযোগে উৎপন্ন স্বনামখ্যাত বস্তুবিশেষ, কাঁচ ; লবণবিশেষ ; নেত্ররোগবিশেষ ; শিক্য, শিকে। কচ্‌+ঘঞ্‌ করণবা। বি ; পুং। ২। বেশ, সজ্জা, পরিচ্ছদ, ছদ্মবেশ ; কপট, ভাণ, ছল ; কাছুটী, লাঙ্গোট ; বাঁধন। প্রাঃ কবিপ্র। বি। [বি।

কাচকূপী—শিশি, বোতলবিশেষ। ৬ষ্ঠীতৎ।

কাচমণি—স্ফটিক, কাঁচ। কাচ-নামক মণি, মধ্যপ কর্ম্মধা। বি।

কাচনি—সজ্জা, সাজ। প্রাঃ কবিপ্র। বি।

কাচা—১। গুরুজনের মৃত্যুতে অশৌচকালে পরিধেয় বস্ত্র বা দ্বিতীয় উত্তরীয়। দেশজ। বি। ২। ক্ষুদ্র বস্ত্রখণ্ড, ছোট কাপড়। প্রাঃ কবিপ্র। বি। ৩। প্রক্ষালিত, ধৌত ; শুচি, পবিত্র। কাচ্‌+আ কর্ম্মবা। বিণ। ৪। ধৌত করা, ধোয়া ; ভাণ করা ; ছলনা করা। বাং ক্রি। ৫। দীপ্তি পাওয়া, শোভা পাওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

কাচান—ধোয়ান। দেশজ। ক্রি।

কাচ্চাবাচ্চা—শিশুসন্তানসমূহ, ছোট ছোট ছেলেমেয়ে। দেশজ। বি।

কাছ—সন্নিধান, সমীপ, নিকট। 'কক্ষ' শব্দজ। বি।

কাছছাড়া—দূরবর্ত্তী, সমীপ হইতে গত। কাছ ছাড়িয়াছে যে, উপতৎ। বিণ।

কাছট, কাছটি, কাছুটি—কাছা ; মালকোঁচা ; লাঙ্গোট। দেশজ। বি।

কাছটিয়া—মালকোঁচা মারিয়া ("ধনুক তুলিতে যায় বস্ত্র কাছটিয়া"—কৃত্তিবাস)।

কাছা—১। পুরুষের কটিবস্ত্রের যে অংশ পশ্চাদ্ভাগে থাকে। 'কচ্ছ' শব্দজ। বি। ২। বন্ধন করা, যোগ করা, যোজনা করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

কাছাকাছি—পাশাপাশি ; সন্নিকট ; প্রায় সমান। দেশজ। বিণ।

কাছাড়—নদ্যাদির উচ্চতীরভূমি বা ভূখণ্ড-দেশ। 'কচ্ছ' শব্দজ। বি।

কাছান—নিকটবর্ত্তী হওয়া ; প্রায় সমান হওয়া। বাং ক্রি।

কাছারি, কাছারী—বিচারালয়, আদালত ; কার্য্যালয়, আফিস ; জমিদারের কার্য্যালয়। 'কৃত্যগৃহ' শব্দজ। বি।

কাছি, কাছী—স্থূল রজ্জু, খুব মোটা দড়ি। 'কক্ষা' শব্দজ। বি। [শব্দজ। বি।

কাছিম, কাছীম—কচ্ছপ, কূর্ম্ম। 'কচ্ছপ'

কাছুটি—কাছট দ্রঃ।

কাছে—১। নিকটে ; সঙ্গে ; তুলনায় ; বিবেচনায়। 'কক্ষ' শব্দজ। বি। ২। বন্ধন করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

কাছে কাছে—সাথে সাথে। ক্রি-বিণ।

কাছে পিঠে—খুব নিকটে। ক্রি-বিণ।

কাজ—কর্ম্ম, কার্য্য ; কৃতবিষয় ; জীবিকা ; প্রয়োজন ; ঔচিত্য ; কলাকৌশল ; নির্ম্মাণ-পদ্ধতি। সংস্কৃত 'কার্য্য' (প্রাকৃতে 'কজ্জ') হইতে জাত। বি।

কাজকর্ম্ম(র্ম)—ক্রিয়াকলাপ ; শ্রাদ্ধবিবাহাদি সাংসারিক অনুষ্ঠান ; বিষয় ব্যাপার ; জীবিকা-নির্ব্বাহের উপযুক্ত কার্য্য। একার্থক শব্দদ্বয়ের যুগ্মপ্রয়োগ। দেশজ। বি।

কাজর—কাজল, কজ্জল, অঞ্জন। প্রাঃ কবিগ্র। বি।

কাজল—অঞ্জন। 'কজ্জল' শব্দজ। বি।

কাজললতা—কাজল করিবার ও রাখিবার আধার। দেশজ। বি।

কাজলা—তণ্ডুলবিশেষ; ইক্ষুবিশেষ; গোঁজ; গুরুভার উপরদিকে তুলিবার নিমিত্ত কাষ্ঠ-নির্ম্মিত যন্ত্রবিশেষ। দেশজ। বি।

কাজি, কাজী—মুসলমান বিচারক। আর্বী। বি। **কাজির বিচার**—গোঁজামিল দিয়া বিচার।

কাজিয়া—বিবাদ। আর্বী 'কজিয়া' শব্দজ। বি। [অব্য।

কাজে-কাজেই—অতএব, এইজন্য, সুতরাং।

কাঞ্চন—১। স্বর্ণ; কাঞ্চনপুষ্প; চম্পক-পুষ্প; ধান্যবিশেষ; ধন; হরিতাল। কান্চ্ + অন কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। কোবিদার বৃক্ষ; চম্পকবৃক্ষ; নাগকেশরবৃক্ষ বি; পুং। ৩। স্বর্ণনির্ম্মিত, স্বর্ণময়। কাঞ্চন (স্বর্ণ) + অণ্ বিকারার্থে। বিণ। স্ত্রী,—নী। ৪। দীপ্তি। কান্চ্ + অনট্ ভাববা। বি; ক্লীব।

কাঞ্চনজঙ্ঘা—সিকিম ও নেপাল রাজ্যের সীমার মধ্যবর্ত্তী স্থলে অবস্থিত হিমালয় পর্ব্বতের শৃঙ্গবিশেষ। বি।

কাঞ্চনদ্যুতি—১। স্বর্ণের দীপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। সুবর্ণকান্তিসম্পন্ন। কাঞ্চনের দ্যুতির ন্যায় দ্যুতি যাহার, বহুব্রী। বিণ।

কাঞ্চনপ্রভ—সুবর্ণের ন্যায় প্রভাসম্পন্ন। কাঞ্চনের প্রভার ন্যায় প্রভা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ভা।

কাঞ্চি, কাঞ্চী—১। মেখলা, চন্দ্রহার, গোট্। কান্চ্ + ই করণবা, পক্ষে ঈপ্। ২। গুঞ্জা, কুঁচ। কান্চ্ + ই কর্ত্তৃবা, পক্ষে ঈপ্। ৩। পুরীবিশেষ [ইহার আধুনিক নাম কঞ্জিভেরাম্ বা কাঞ্চীপুরম্]। বি; স্ত্রী।

কাঞ্চীপদ—নিতম্ব, পাছা। কাঞ্চীর (চন্দ্রহারের) পদ (স্থান), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কাঞ্জি—কাঁজি, আমানি। 'কাঞ্জিক' শব্দজ। বি।

কাঞ্জিক—কাঁজি, আমানি। কু (কুৎসিত) অঞ্জিকা (ব্যক্তি) যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

কাঞ্জিকা, কাঞ্জী—কাঞ্জিক, কাঁজি। কাঞ্জিক + আপ্। বি; স্ত্রী।

কাট—১। কর্ত্তন, ছেদন; খনন; কর্ত্তনভঙ্গী, কাটিবার ভাব; গঠন; খননজনিত গভীরতা বা আয়তন। ইং 'Cut' শব্দজ। বি। ২। তেলের গাদ, কাইট। 'কিট্ট' শব্দজ। বি।

কাটকুট—টুক্‌রা টুক্‌রা করিয়া কাটা, কুচান; একটু একটু কাটা। দেশজ। বি।

কাটকুয়া,—কুয়া—কাষ্ঠপাত্রবিশেষ, কাঠুয়া, কেটো; পাতকুয়া, কূপ। 'কাষ্ঠকূপ' শব্দজ। বি।

কাটখোট্টা—উগ্র, রুক্ষ, গোঁয়ার; কোমলতাশূন্য, লালিত্যহীন। দেশজ। বিণ।

কাটখোলা, কাঠখোলা—বালিবিহীন খালি ভাজনাখোলা। দেশজ। বি।

কাটছাঁট—কাটিবার ও ছাঁটিবার পর পরিত্যক্ত অংশ; কাটিবার ও ছাঁটিবার ভাব; গঠনভঙ্গী, আকারপ্রকার। দ্বন্দ্ব। বি।

কাট্‌তি—বিক্রয়, বাজারে চলন। কাট্ + তি ভাববা। বি।

কাটনা—সুতা কাটা, তুলা পাকাইয়া সূত্র করণ; তুলা পাকাইয়া প্রস্তুত সুতা; চরকা। কাট্ + না কর্ম্মবা, করণবা। বি।

কাটনী—তুলা হইতে সূত্র প্রস্তুতকারিণী। দেশজ। বি; স্ত্রী।

কাটব্য—কটুতা; কার্কশ্য। কটু + ষ্যঞ্ ভাবার্থে। 'কটু' শব্দের সহচর শব্দ। বি; ক্লীব।

কাটরা, কাঠরা—কাঠের বেড়া বা ঘের; কাষ্ঠবেষ্টিত স্থল; কাঠের ঘর। দেশজ। বি।

কাটলেট—ভাজিয়া তৈয়ারী মাংস প্রভৃতির খণ্ড। ইং Cutlet. বি।

কাটা—১। কর্ত্তিত, ছেদিত, ছিন্ন; খাজ

খনিত। কাট্‌+আ কর্ম্মবা। বিণ। ২। কর্ত্তন বা ছেদন করা; খনন করা; খোদা; অঙ্কন করা; বিন্যস্ত করা; বিক্রীত হওয়া; দূরীভূত হওয়া; কাটিবার ভঙ্গী করা (যেমন 'জিভ কাটা'); খণ্ডন করা; অতীত হওয়া, চলা, যাওয়া। 'কৃৎ' ধাতুজ। ক্রি।

কাটাই—১। কাটিবার; কর্ত্তনসম্বন্ধীয়, খাত। কাটা+আই। বিণ। ২। কাটিবার দাম। কাটা+আই সম্বন্ধার্থে। বি।

কাটাকাটি—খুনোখুনি, পরস্পর অস্ত্রাঘাত। পরস্পরকে কাটা, ব্যতীহার বহুব্রী। বি।

কাটাকুটা, কাটাকুটি—নানাপ্রকার বস্তু বা নানা ভাবের কর্ত্তন, লেখা ইত্যাদির সংশোধন। দেশজ। বি।

কাটান—১। অস্ত্রের দ্বারা কর্ত্তিত বা খনিত; অতিবাহিত। কাটা+আন কর্ম্মবা। দেশজ। বিণ। ২। অস্ত্রের দ্বারা কর্ত্তন বা খনন, অতিবাহন, যাপন। কাটা+আন ভাববা। বি। ৩। কর্ত্তন বা ছেদন করান; খনন করান; মুক্ত হওয়া; বিক্রয় করা; অতিবাহিত করা, যাপন করা, গুজরান করা। ক্রি। ৪। বশীকরণাদি মন্ত্রের প্রতিপ্রসব মন্ত্র; কীর্ত্তনে মূলপদ এবং সুরের উপর অতিরিক্ত পদ ও সুরের অলঙ্কারপ্রয়োগ। কাটা+আন করণবা। বি।

কাটানি, কাটানী—কাটাই (তাহা দ্রঃ)।

কাটা-পোষাক—ইউরোপীয় পরিচ্ছদ, সাহেবী বেশ। কর্ম্মধা। বি।

কাটারি, কাটারী—দাত্র, দা। 'কর্ত্তরী' শব্দজ। বি।

কাটি, কাটী—১। ক্ষুদ্র সূক্ষ্ম কাষ্ঠখণ্ড; কাষ্ঠশলাকা; ক্ষুদ্র পাচন দণ্ড। 'কাষ্ঠিকা' শব্দজ। ২। দংশন, কামড়ান। কাট্‌+ই ভাববা। বি। [দেশজ। বি।

কাটি-ঘা—সর্পদংশনজনিত ক্ষত, সর্পাঘাত।

কাটিম—কাঠিম দ্রঃ।

কাঠ—১। কাষ্ঠ, দারু। 'কাষ্ঠ' শব্দজ। ২। তৈলাদির কাইট। 'কিট্ট' শব্দজ। বি। ৩। কাঠের মত নীরস ও স্বাদহীন; কাঠের মত অচল। বিণ।

কাঠখড়—মাল-মশলা; উপাদান। দ্বন্দ্ব। দেশজ। বি। **কাঠখড় পোড়ান**—অনেক উদ্যোগ-আয়োজন করা।

কাঠখোলা—কাটখোলা দ্রঃ।

কাঠগড়া—কাঠের বেড়া বা ঘের; (এজলাসে) আসামীদের বা সাক্ষীদের দাঁড়াইবার স্থান। ৬ষ্ঠীতৎ। বি।

কাঠগোলা—নানাবিধ গড়নকাঠের গুদাম বা আড়ৎ। দেশজ। বি। [বি।

কাঠগোলাপ—একপ্রকার গোলাপ ফুল।

কাঠঠোকরা—স্বনামখ্যাত পক্ষিবিশেষ (Wood-pecker). কাঠে ঠোকরায় যে, উপতৎ। বি।

কাঠনেকার, কাঠবমি—শুষ্ক ঢেকার বা বমন। কাঠসদৃশ নেকার, মধ্যপ কর্ম্মধা। বি।

কাঠপিঁপড়া—কাষ্ঠবিহারী তীব্র বিষধর পিপীলিকা। মধ্যপ কর্ম্মধা। বি।

কাঠবিড়াল—কাষ্ঠমার্জ্জার (Squirrel). কাঠবিহারী বিড়াল, মধ্যপ কর্ম্মধা। বি।

কাঠমল্লিকা—বনমল্লিকা ফুল। বি; স্ত্রী।

কাঠমাণ্ডু—নেপালের রাজধানী। বি।

কাঠরা—কাষ্ঠ দ্বারা বেষ্টিত স্থান; কাষ্ঠময় গৃহ। 'কাষ্ঠাগার' শব্দজ। বি।

কাঠরিয়া, কাঠুরিয়া—কাষ্ঠচ্ছেদক, যে কাষ্ঠচ্ছেদন ও কাষ্ঠ বিক্রয় করিয়া জীবিকা নির্ব্বাহ করে। কাঠ+অরিয়া, উরিয়া কাটে অর্থে। বি।

কাঠা—বঙ্গদেশীয় পরিমাণবিশেষ, ৩২০ বর্গ-হস্ত পরিমাণ ভূমি; ধান্যাদির পরিমাণ-পাত্র। 'কাষ্ঠা' শব্দজ। বি।

কাঠাকালি—কাঠায় নির্ণীত ক্ষেত্রফল; ঐ ক্ষেত্রফল বাহির করিবার আর্য্যা বা নিয়ম কাঠা-নির্ণীত কালি, মধ্যপ কর্ম্মধা। বি।

কাঠাকিয়া—১০০ কাঠা পর্য্যন্ত গণনা দেশজ। বি।

কাঠাম, কাঠামো—বংশাদিরচিত আকার

ঠাট ; শরীরের গঠনভঙ্গী ; আদর্শ। কাঠের কাম (কর্ম্ম), ৬ষ্ঠীতৎ। বি। **এ কাঠামে, এ কাঠামোয়**—এ শরীরে ; এ জন্মে।

কাঠি, কাঠী—ক্ষুদ্র সূক্ষ্ম কাষ্ঠখণ্ড ; কাষ্ঠের বা তৃণের শলাকা। 'কাষ্টিকা' শব্দজ। বি।

কাঠিন্য—কঠিনতা, দৃঢ়তা ; দুর্ভেদ্যতা ; নির্দ্দয়তা ; অকোমলত্ব ; জড় বস্তুর পরমাণু-সকল দৃঢ়রূপে পরস্পরের সন্নিবদ্ধ হইলে যে গুণ প্রাপ্ত হয়। কঠিন+ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

কাঠিম, কাটিম—সূতা জড়াইবার কাষ্ঠময় ক্ষুদ্র আবর্ত্তনদণ্ড। দেশজ। বি।

কাঠুরিয়া, কাঠুরে—কাঠরিয়া (তাহা দ্রঃ)

কাড়া—১। একমুখ চর্ম্মাচ্ছাদিত পটহ-বিশেষ। বি। ২। ছিনাইয়া লওয়া ; টানিয়া লওয়া ; টানা, আকর্ষণ করা ; ব্যক্ত করা, প্রকাশ করা ; শব্দ করা ; নূতন ব্যাপার করিতে আরম্ভ করা, ব্যবহারে আনা। বাং ক্রি। ৩। বলপূর্ব্বক গৃহীত, লুণ্ঠিত ; আকৃষ্ট। কাড়্+আ কর্ম্মবা। বিণ।

কাড়াকাড়ি—পরস্পর ছিনাইয়া লইবার চেষ্টা বা টানাটানি ; ধ্বস্তাধ্বস্তি। ব্যতীহার বহুব্রী। বি।

কাড়ান—১। ধান রুইবার উপযুক্ত প্রচুর বৃষ্টিপাত, ধান আবাদের উপযোগী বর্ষণ বা তৎকালীন প্রথম চাষ। প্রাদে। বি।

কাড়ানকড়া, -নাগড়া—কাড়া ও নাগড়া নামক বাদ্যযন্ত্র। দ্বন্দ্ব। বি।

কাণ—কর্ণ, শ্রবণেন্দ্রিয়। 'কর্ণ' শব্দজ। বি।

কাণকাটা—যাহার কাণ কাটা হইয়াছে সে ; (আলঙ্কারিক অর্থে) বেহায়া, নির্লজ্জ। বহুব্রী। বি বা বিণ।

কাণকুয়া—মাছের ফুল্কা। দেশজ। বি।

কাণকোটারি—কীটবিশেষ। দেশজ। বি।

কাণখড়কিয়া, -খড়কে—শ্রবণে সতর্ক ; কুমন্ত্রণাদাতা। দেশজ। বি বা বিণ।

কাণখুস্কী, -খুস্কী—কর্ণশোধনী, কর্ণমল বাহির করিবার যন্ত্র। ৬ষ্ঠীতৎ। বি।

কাণপাটা—কর্ণের পার্শ্বস্থ বা নিম্নস্থ স্থান ; কর্ণের নিকট লম্বিত কেশগুচ্ছ, জুল্পী। 'কর্ণপট্ট' শব্দজ। বি।

কাণপাতলা—যে একের কথা অন্যের নিকট বলে ; যে সহজেই অন্যের কথা বিশ্বাস করে এরূপ। বহুব্রী। বিণ।

কাণপাতা—কর্ণাভরণবিশেষ, একপ্রকার কাণের গহনা। 'কর্ণপত্র' শব্দজ। বি।

কাণমলা—কর্ণমর্দ্দন, কাণ মলিয়া দেওয়া। কাণের মলা (মলিয়া দেওয়া), ৬ষ্ঠীতৎ। বি।

কাণা—১। একচক্ষুবিহীন, একচোখো। 'কাণ' শব্দজ। বিণ। ২। ধার, কিনারা। 'কর্ণ' শব্দজ। বি।

কাণাকাণি—গোপনে পরামর্শকরণ। 'কর্ণা-কর্ণি' শব্দজ। বি।

কাণাঘুষা—গোপনে আলোচনা, কাণে কাণে বলাবলি। দেশজ। বি।

কাণাচ, কাণাচি—গৃহের পশ্চাদ্ভাগ ; ছাঁচতলা। তুর্কী 'কণাৎ' শব্দজ। বি।

কাণাৎ—তাঁবু ; কাপড়ের ঘর। তুর্কী। বি।

কানি—জীর্ণ বস্ত্রখণ্ড, নেকড়া। দেশজ। বি।

কাণী—১। দৃষ্টিহীনা, অন্ধা, দুইচক্ষুহীনা বা একচক্ষুহীনা। কাণা+ঈ। বিণ ; স্ত্রী। ২। নেকড়া। দেশজ। বি।

কাণ্ড—১। নল ; নাল ; গ্রন্থপরিচ্ছেদ, সর্গ ; বাণ ; গুচ্ছ ; গাছের গুঁড়ি বা ডাঁটা ; বৃন্ত, বোঁটা ; পর্ব্ব, পাব ; ঘটনা ; অবসর ; প্রকরণ ; প্রস্তাব ; ব্যাপার ; বিষম ব্যাপার ; সমূহ ; অশ্ব ; রহঃ ; নিভৃতস্থল ; শ্লাঘা, প্রশংসা। কণ্+ড কর্তৃবা। বি ; পুং বা ক্লীব। ২। নির্জ্জন ; নীচ ; পাপিষ্ঠ। বিণ। স্ত্রী, কাণ্ডা।

কাণ্ডকারখানা—ভীষণ কাণ্ড, ভয়ানক ব্যাপার ; বহু ঘটনা। দেশজ। বি।

কাণ্ডজ্ঞান—বিবেচনা ; মোটামুটি জ্ঞান ; সাধারণ বুদ্ধি (Common sense). ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কাণ্ডজ্ঞানরহিত, -শূন্য, -হীন—

প্রকরণবোধরহিত, স্থূলবোধবর্জ্জিত, যাহার মোটামুটি বোধ নাই, মূর্খ। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা,—ন্তা,—না।

কাণ্ডাকাণ্ড—কর্ত্তব্যাকর্ত্তব্য; হিতাহিত; ভালমন্দ। ন কাণ্ড=অকাণ্ড, নঞ্‌তৎ; কাণ্ড ও অকাণ্ড, দ্বন্দ্ব। বি; পুং।

কাণ্ডাকাণ্ডজ্ঞান—কার্য্যাকার্য্যজ্ঞান, হিতাহিতবোধ, ভালমন্দ বিবেচনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কাণ্ডার—১। নৌকার কর্ণ বা হাইল। 'কর্ণধার' শব্দজ। বি। ২। বস্ত্রাবাস, তাম্বু, পর্দ্দা। কবিপ্র। বি।

কাণ্ডারি, কাণ্ডারী—কর্ণধার, মাঝি। 'কর্ণধারী' শব্দজ। বি।

কাণ্ডীর—তীরন্দাজ; নিন্দুক; আপাং গাছ। বি; পুং, ক্লীব।

কাত—১। একপেশে, হেলান, আড়। বিণ। ২। এক পাশ; ক্ষেত্রখণ্ড, মুস্কিল, দায়; বহুক্রীড়ক, সাপেক্ষ ক্রীড়ার এক এক পক্ষ; হিসাব, হার। বি। ৩। জন্য, দরুণ; হারে। আর্বী। অব্য।

কাতর—দুঃখিত; ভীত, অধীর, ব্যাকুল; চঞ্চল; বিবশ; বিহ্বল। কু—তৃ+অচ্‌ কর্ত্তৃবা (কু-স্থানে কা)। বিণ। স্ত্রী,—রা।

কাতরকণ্ঠ—১। কাতরতা-প্রকাশক কণ্ঠধ্বনি, দুঃখার্ত্ত স্বর। কর্ম্মধা। বি; পুং। ২। যাহার কণ্ঠ অর্থাৎ কণ্ঠস্বর কাতরতা-প্রকাশক। কাতর কণ্ঠ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণ্ঠা।

কাতরতা—কাতর্য্য, ব্যাকুলতা, অধীরতা, অস্থিরতা। কাতর+তা ভাবার্থে। বি; স্ত্রী।

কাতরা, কাৎরা—বিন্দু, কৌটা; ভাঁড়। আর্বী। বি।

কাতরান—যন্ত্রণাসূচক শব্দ করা। বাং ক্রি।

কাতরানি—কাতরতা প্রকাশ, কাতরোক্তি, যন্ত্রণাপ্রকাশ; গোঙানি। কাতর+আনি ভাববা। বি। ['কর্ত্তরী' শব্দজ। বি।

কাতরী—কর্দ্দকার বা স্বর্ণকারের ছেদনাস্ত্র।

কাতরোক্তি—কাতরতা-প্রকাশক বাক্য। কর্ম্মধা। বি; স্ত্রী।

কাতর্য্য(র্য)—কাতরতা, দুঃখ; ভীরুতা। কাতর+ষ্যঞ্‌ ভাবার্থে। বি; ক্লীব।

কাতল, কাতলা—মাছবিশেষ। বি।

কাতা—১। সরু দড়ি, সুতা; নারিকেল দড়ি; নাপিতের ক্ষুর ইত্যাদি রাখিবার আধার। হিন্দীমূলক। বি। ২। কর্ত্তা। প্রাঃ কবিপ্র। বি।

কাতান—১। খাঁড়া, বলিদানের খড়্গ; কর্ত্তরী, কাটারী, দা। 'কর্ত্তন' শব্দজ। বি। ২। কাত হওয়া। বাং ক্রি।

কাতার—শ্রেণী, পঙ্‌ক্তি, সারি। আর্বীমূলক। বি।

কাতারি, কাতারী—১। জাঁতি, সোনা-রূপা প্রভৃতি কাটিবার জাঁতি বা কাঁচি। 'কর্ত্তরী' শব্দজ। বি। ২। ছোট হাঁড়ি, তিজেল। আর্বীমূলক। বি।

কাতি—১। ছেদনাস্ত্র, জাঁতি; শাঁখ কাটিবার করাত; ক্ষুর। 'কর্ত্তরিকা' শব্দজ। ২। কাতান, খাঁড়া। প্রাঃ কবিপ্র। বি।

কাতুকুতু, কাতুর-কুতুর—কুতু-কুতু, হাসাইবার জন্য বগলে শুড়শুড়ি। প্রাদে। বি। [বি; স্ত্রী।

কাত্যায়নী—দুর্গা। কাত্যায়ন+অন্‌+ঈপ্‌।

কাত্যায়নীব্রত—কাত্যায়নী দেবীর উদ্দেশে কর্ত্তব্য ব্রতবিশেষ। কাত্যায়নীতোষক ব্রত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কাদম্ব—কলহংস, বালিহাঁস। বি; পুং। স্ত্রী,—ম্বা।

কাদম্বরী—১। সরস্বতী; কোকিলা; শারিকা। কাদম্বর+ঈপ্‌। ২। গুড় হইতে উৎপন্ন সুরাবিশেষ, গৌড়ী মদিরা। কদম্বর (বলরাম)+অণ্‌ প্রিয়ার্থে+ঈপ্‌। বি; স্ত্রী। ৩। বাণভট্টপ্রণীত সংস্কৃত গদ্যকাব্য-বিশেষ। বি।

কাদম্বা—কলহংসী। কাদম্ব+আপ্‌। বি; স্ত্রী।

কাদম্বিনী—মেঘমালা। কাদম্ব+ইন্+ঈপ্। বি; স্ত্রী।

কাদা—কর্দ্দম, পাক। 'কর্দ্দম' শব্দজ। বি।

কাদাখোঁচা—একরকম পাখী, ইহারা ঠোঁট দিয়া কাদা হাঁটকাইয়া মাছ খায়। কাদা খোঁচায় যে, উপপদ তৎ। বি।

কাদাচিৎক—কদাচিদুৎপন্ন; যাহা কখনও কখনও ঘটে এরূপ (Occasional). কদাচিৎ (কখনও)+কণ্ ভবার্থে। বিণ। স্ত্রী,–কী।

কাদাটিয়া (কাদাটে)—কর্দ্দমাক্ত, পঙ্কিল, ঘোলা। কাদা+টিয়া, (টে) ঈষৎ যুক্তার্থে। বিণ।

কান—১। কর্ণ; কানের গহনাবিশেষ। 'কর্ণ' শব্দজ। বি। ২। সঙ্গীতব্যবসায়ী জাতি-বিশেষ, গায়ক। 'কিন্নর' শব্দজ। বি। ৩। কানু, কানাই, শ্রীকৃষ্ণ। প্রাঃ কবিপ্র। বি।

কানকাটা—১। কীট বিশেষ। বি। ২। নির্লজ্জ। বিণ। [বি।

কানকো—মাছের ফুলুকা। 'কর্ণকূপ' শব্দজ।

কানকোটারি—কেন্নো। দেশজ। বি।

কানটি (টা), কানুটি (টা)—কর্ণমর্দ্দন, কানমলা। হিন্দীমূলক। বি।

কানড়—১। সবিষ সর্পবিশেষ। দেশজ। বি। ২। বেণীবন্ধবিশেষ, চুলের একরকম খোঁপা। প্রাদে। বি। ৩। কানন, বন। 'কানন' শব্দজ। ৪। নীলোৎপল। প্রাঃ কবিপ্র। বি।

কানন—১। বন; উপবন, উদ্যান; গৃহ। ণিজন্ত কন+অন্ কর্ত্তৃবা সংজ্ঞার্থে। বি; ক্লীব।

কাননকুন্তলা—অরণ্যরূপ কেশদামবিশিষ্টা (ভূমিবিশেষের বর্ণনায় ব্যবহৃত হয়)। কানন (বন) হইয়াছে কুন্তল যাহার, বহুব্রী+আপ্। বিণ; স্ত্রী।

কাননারি—শমীবৃক্ষ, শাঁই গাছ। কাননের অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কানা—১। কাণা (তাহা দ্রঃ)। ২। তীর, প্রান্ত, ধার, কিনারা; উপরিভাগ। দেশজ। বি। ৩। ফুটা বা ভুয়া, পোকালাগা। বিণ।

কানাই—কানু, কৃষ্ণ। সংস্কৃত 'কৃষ্ণ' (প্রাকৃত 'কাণ্হ') শব্দজ। বি।

কানাই-বলাই—কৃষ্ণ-বলরাম; অভিন্নহৃদয় ব্যক্তিদ্বয়। দ্বন্দ্ব। বি।

কানাইয়া (কানায়ে)—১। বৃহৎ রন্ধন-পাত্র, বড় হাঁড়ি; বড় হাতা। প্রাদে। বি। ২। শ্রীকৃষ্ণ। বি।

কানাকানি—কাণাকাণি (তাহা দ্রঃ)।

কানাঘুষা—কাণাঘুষা (তাহা দ্রঃ)।

কানাচ, কানাচি—গৃহের পশ্চাৎ বা পার্শ্ব-দেশ; ছাঁচতলা। তুর্কী 'কণাৎ' শব্দজ। বি।

কানাড়া—১। রাগিণীবিশেষ। দেশজ। বি। ২। কর্ণাটদেশীয় কবরীবন্ধনবিশেষ, কানড় খোঁপা। প্রাঃ কবিপ্র। বি।

কানাৎ—তাঁবুর দেওয়াল বা পর্দ্দা। তুর্কী 'কনাৎ' শব্দজ। বি।

কানামাছি—ছোট ছেলেমেয়েদের চোখ বাঁধিয়া খেলাবিশেষ। দেশজ। বি।

কানাসি—মাছের মাথার ফুলুকার আচ্ছাদন-স্বরূপ দুই পাশের দুইটি বড় হাড়। দেশজ। বি।

কানি—১। ছিন্ন বস্ত্রখণ্ড, নেকড়া; ছোট কাপড়। দেশজ। বি। ২। প্রান্ত, ধার; কাত। 'কর্ণ' শব্দজ। বি।

কানী—কাণী (তাহা দ্রঃ)।

কানীন—অবিবাহিতা কুমারীর গর্ভজাত। বিণ। স্ত্রী,–নী। [বি।

কানু—কানাই, কৃষ্ণ। কানাই+উ আদরার্থে।

কানুটি (–টা)—কানটি দ্রঃ।

কানুন—নিয়ম, ব্যবস্থা; কায়দা; রাজ-বিধান। আর্বী। বি।

কানুনগো—রাজস্ব-কর্ম্মচারীবিশেষ, ভূমির পরিমাণ ও তাহার করনির্দ্ধারক কর্ম্মচারী। আর্বী কানুন+কার্সী গোয়। বি।

কানেস্তারা, কানেস্ত্রা—বড় টিনের পাত্র। ইং 'Canister' শব্দজ। বি।

কান্ত—১। কমনীয়; মনোরম; শোভন।

কম্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, কান্তা। ২। স্বামী। বি; পুং।

কান্তলৌহ—অয়স্কান্ত; চুম্বক; ঢালাই বা পেটা লোহা; ইস্পাত। বি; পুং।

কান্তা—১। কমনীয়া ইত্যাদি। কান্ত দ্রঃ। বিণ; স্ত্রী। ২। ভার্য্যা, পত্নী; সুন্দরী স্ত্রী। বি; স্ত্রী।

কান্তার—মহারণ্য, গহন বন; দুর্গম পথ; উপদ্রব। কান্ত–ঋ+অণ্ কর্তৃবা। বি; পুং।

কান্তি—১। কামনা; শোভা; সৌন্দর্য্য; দীপ্তি। কম্+ক্তি ভাববা। ২। কমনীয়া স্ত্রী, চন্দ্রকলা; দুর্গা। কম্+ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী।

কান্তিদ—শোভাদায়ক। উপতৎ। কান্তি–দা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,–দা।

কান্তিবিদ্যা—সৌন্দর্য্যজ্ঞানের চর্চ্চা (Aesthetics). বি; স্ত্রী।

কান্তিভৃৎ—১। চন্দ্র। বি; পুং। ২। কান্তিধারী; শোভাশালী। উপতৎ। কান্তি–ভৃ+ক্বিপ্ কর্তৃবা। বিণ।

কান্তিমান্ (–মৎ)—১। কান্তিযুক্ত, শোভাশালী। কান্তি+মতুপ্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী,–মতী। ২। চন্দ্র। বি; পুং।

কান্দড়—কানড় সাপ। দেশজ। বি।

কান্দন—ক্রন্দন। কবিপ্র। বি।

কান্দা—কাঁদা, ক্রন্দন করা। কবিপ্র। ক্রি।

কান্দায়সি—কাঁদাইতেছে; কাঁদাইতেছ। প্রাঃ কবিপ্র। ক্রি।

কান্দাহার—প্রাচীন গান্ধার দেশ, অধুনা ইহা আফগানিস্তানের অন্তর্গত। বি।

কান্না—ক্রন্দন, রোদন। দেশজ। বি।

কান্না-কাটি,–হাটি—উচ্চৈঃস্বরে রোদন ও বিলাপ; ক্রন্দন ও আছাড়বিছাড়। দেশজ। বি।

কান্যকুব্জ—কনৌজ দেশ। কন্যাকুব্জ শব্দ+অণ্ স্বার্থে। বি; পুং।

কাপ—১। কৌতুককারী, সং; কপট। 'কপট' শব্দজ। বি বা বিণ। ২। ছদ্মবেশ; শঠতা, ছল; কৌতুকজনক দ্রব্য; ভঙ্গকুলীন; বংশজ; বারেন্দ্র ব্রাহ্মণের শ্রেণীবিশেষ। দেশজ। বি। ৩। বাটি, পেয়ালা। ইং Cup. বি।

কাপটিক—কপটী, বঞ্চক, শঠ। কপট+ইক ব্যবহারার্থে। বিণ। স্ত্রী,–কী।

কাপটিয়া, কাপটে—১। কপট, ধূর্ত্ত, শঠ। 'কপট' শব্দজ। ২। কৃপণ। 'কৃপণ' শব্দজ। বিণ।

কাপট্য—কপটতা; কুটিলতা; শাঠ্য। কপট+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

কাপড়—বস্ত্র, বসন, পরিচ্ছদ। 'কর্পট' শব্দজ। বি।

কাপড়চোপড়—পরিধেয় বস্ত্র ও অন্যান্য পরিচ্ছদ; বস্ত্রাদি। দেশজ। বি।

কাপড়িয়া, কাপড়ে—কাপড়ব্যবসায়ী। কাপড়+ইয়া, এ পণ্য অর্থে। বি।

কাপালি, কাপালী—কপালী জাতি। 'কাপালিক' শব্দজ। বি।

কাপালিক—১। বর্ণসঙ্করজাতিবিশেষ; কপালী। বি; পুং। ২। নরকপালধারী তান্ত্রিক সাধকবিশেষ। কপাল+ইক ব্যবহার করে অর্থে। বি; পুং।

কাপালিনী—১। কাপালী দ্রঃ। বিণ; স্ত্রী। ২। বেশ্যা; নাপিতস্ত্রী। বি; স্ত্রী।

কাপালী (কাপালিন্)—১। শিব। বি; পুং। ২। ব্রতের নিমিত্ত ব্রহ্মকপাল ধারণকারী। কাপাল+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী,–লিনী।

কাপাস—তুলা। 'কার্পাস' শব্দজ। বি।

কাপিল—১। কপিলমুনি-প্রণীত সাঙ্খ্যশাস্ত্র। কপিল+অণ্ কৃতার্থে। ২। সাঙ্খ্যমতাবলম্বী। কাপিল+অণ্ জানে অর্থে। ৩। পিঙ্গলবর্ণ। কপিল শব্দ+অণ্ স্বার্থে। বি; পুং। ৪। পিঙ্গলবর্ণযুক্ত। বিণ। স্ত্রী,–লী।

কাপুড়িয়া, কাপুড়ে—বস্ত্রব্যবসায়ী, কাপড়ের দোকানদার। কাপড়+ইয়া, এ পণ্য অর্থে। বি।

কাপুরুষ—ভীরু ব্যক্তি; বীর্য্যহীন পুরুষ;

অসার ব্যক্তি। কু (কুৎসিত) পুরুষ, নিন্দ্য (কু-স্থানে কা)। বি; পুং। ভাববাচক বিশেষ্যে কাপুরুষত্ব, কাপুরুষতা।

কাপোত—১। কপোতসমূহ, পারাবতগণ। কপোত+অণ্ সমূহার্থে। ২। কপোতবৃত্তি, উঞ্ছবৃত্তি। কপোত+অণ্ যোগ্যার্থে। বি; ক্লীব। ৩। কপোতবর্ণ, কর্ব্বুর; পারাবত-সংক্রান্ত। কপোত+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,-তী।

কাপ্তেন—জাহাজের অধ্যক্ষ; খেলার দলের সর্দ্দার; সৈন্যাধ্যক্ষ; যাহার টাকায় ইয়ার-বন্ধুগণ আমোদ-প্রমোদ করে। ইং 'Captain' শব্দজ। বি।

কাফন—শবাধার, শবদেহবহনপাত্র; শবাচ্ছাদনবস্ত্র। আর্বী। বি।

কাফরী (**কাফ্রী**)—আফ্রিকার কৃষ্ণকায় অধিবাসী ও তাহাদের ভাষা। পোর্ত্তুগীজ 'Cafre' শব্দজ। বি।

কাফি—কফি (তাহা দ্রঃ); রাগিণীবিশেষ। আর্বী। বি।

কাফির, কাফের—বিধর্ম্মী, নাস্তিক, পৌত্তলিক; ইসলাম ধর্ম্মে অবিশ্বাসী। আর্বী। বি।

কাবলীওয়ালা—আফগানিস্তানের অধিবাসী, কাবুলের লোক। কাবুল+ওয়ালা নিবাসার্থে। বি।

কাবা—মুসলমান তীর্থবিশেষ; মক্কাস্থ তীর্থমন্দির; উক্ত মন্দিরস্থ কৃষ্ণপ্রস্তর; বক্ষের আবরণবিহীন একপ্রকার ঢিলা চাপকান বা আলখিল্লা। আর্বী। বি।

কাবাব—শূলবিদ্ধ অগ্নিপক্ব মাংস, আগুনের উপর ঝলসান মাংস। আর্বী। বি।

কাবাবচিনি—সুগন্ধি মসলারূপে ব্যবহৃত গোলমরিচাকার ক্ষুদ্র কাল বীজবিশেষ। আর্বী কাবাব+হিন্দী চিনি। বি।

কাবার—অবসান, শেষ, সমাপ্তি বা সমাপ্ত। পোর্ত্তুগীজ 'Acabar' শব্দজ। বি বা বিণ।

কাবারী—১। শেষে দেয়; শেষের। কাবার+ই। বি বা বিণ। ২। বাখারি, বাঁশের চটা। দেশজ। বি।

কাবিন—মুসলমানদের বিবাহের চুক্তিপত্র। আর্বী। বি।

কাবিল—১। যোগ্য, উপযুক্ত, লায়েক। বিণ। ২। বিবাহের যৌতুক। আর্বী। বি।

কাবিলনামা—বিবাহের যৌতুকাদি দিবার চুক্তিপত্র। আর্বী কাবিল+ফার্সী নামা। বি।

কাবিলা—স্ত্রী, পত্নী। আর্বী। বি; স্ত্রী।

কাবু—আয়ত্ত, অভিভূত, অধীন; কায়দায় পতিত, জব্দ; রুগ্ণ, শক্তিহীন, দুর্ব্বল। তুর্কী। বিণ।

কাবুলীওয়ালা—কাবলীওয়ালা (তাহা দ্রঃ)।

কাবেরী—১। বেশ্যা; হরিদ্রা। কু (কুৎসিত) বের (শরীর) যাহার, বহুব্রী+ঈপ্। বি; স্ত্রী। ২। দক্ষিণ-ভারতের সর্ব্বপ্রধান নদী। বি; স্ত্রী।

কাব্য—পদ্যে বা গদ্যে কবিপ্রণীত গ্রন্থবিশেষ; কবিতা; রসাত্মক বাক্য। বি; ক্লীব। (কাব্য দুই প্রকার,—দৃশ্যকাব্য ও শ্রব্যকাব্য।)

কাব্যকার—রসাত্মকবাক্য-রচয়িতা, কবিতা-লেখক, কবি। উপতৎ। কাব্য-কৃ+অণ্ কর্ত্তৃবা। বি বা বিণ; পুং।

কাব্যকুঞ্জ—কুঞ্জবনের ন্যায় অতিমনোরম কার্য্যাবলী। কাব্যরূপ কুঞ্জ, রূপক কর্ম্মধা। বি; পুং, বা ক্লীব।

কাব্যগোষ্ঠী—পদ্যাদি আলোচনা; কাব্য আলোচনার মজলিস। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কাব্যগ্রন্থ—কবিতাপুস্তক। কাব্যবিষয়ক গ্রন্থ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কাব্যরস—কোন বর্ণনা শ্রবণ বা পাঠ করিলে অথবা নাটকাভিনয় দর্শন করিলে মনে যে স্থিরতর অপূর্ব্ব ভাবের উদয় হয়, সেই স্থায়ী ভাবের নাম কাব্যরস। কাব্যের রস, ৬ষ্ঠীতৎ। বি; পুং। (কাব্যরস নয় প্রকার; যথা—আদি, বীর, করুণ, অদ্ভুত, হাস্য, ভয়ানক, বীভৎস, রৌদ্র ও শান্ত)।

কাব্যরসিক—কাব্যরসজ্ঞ, কাব্যরসের

মর্ম্মজ্ঞ। কাব্যরস+ইক নিপুণার্থে। বিণ। স্ত্রী,—কা।

কাব্যলিঙ্গ—অর্থালঙ্কারবিশেষ (যে স্থলে বাক্যার্থ অথবা পদার্থ অপরার্থের হেতুস্বরূপে প্রতিপাদিত হয়)। বি; ক্লীব।

কাব্যবিশারদ—কাব্যশাস্ত্রে সুপণ্ডিত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—দা।

কাব্যানুশীলন—কাব্যচর্চ্চা, সাহিত্যালোচনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কাব্যিক—কাব্যসম্বন্ধীয়। কাব্য+ইক সম্বন্ধীয়ার্থে। বিণ।

কাম—১। কন্দর্প, মদন। ণিজন্ত কম্ (=কামি) +অচ্ কর্তৃবা। বি; পুং। ২। রেতঃ, শুক্র। বি; ক্লীব। ৩। ইচ্ছা, বাঞ্ছা, অভিলাষ; স্ত্রী-পুরুষের সম্ভোগপ্রবৃত্তি। কম্+ঘঞ্ কর্ম্মবা, ভাববা। বি; পুং। ৪। ক্রিয়া, কার্য্য, কাজ। 'কর্ম্ম' শব্দজ। বি।

কামকলা—১। কামপত্নী, রতি। ৬ষ্ঠীতৎ। ২। রতিশাস্ত্র। কামবিষয়িণী কলা (বিদ্যা), মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কামকূট—বেশ্যার ঠাট বা হাবভাব। কামবিষয়ক কূট, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কামকূপ—যোনিরন্ধ্র, ভগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কামকেলি—সুরতক্রিয়া, রতিক্রীড়া। কামজনিত কেলি, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কামগন্ধ—কামের গন্ধ অর্থাৎ লেশ, অত্যন্ত অল্প কামভাব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কামচর—স্বেচ্ছাবিহারী; ইচ্ছানুসারে সর্ব্বত্রগামী। কাম—চর্+ট কর্তৃবা। বিণ। স্ত্রী, —রী।

কামচার—১। স্বেচ্ছাচার। উপতৎ। কাম—চর্+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। স্বেচ্ছাচারী। কামচার+অচ্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী,—রা।

কামচারী (—চারিন্)—স্বেচ্ছাচারী; লম্পটস্বভাব; ইচ্ছামাত্র সর্ব্বত্র গমনসমর্থ (ব্যক্তি)। উপতৎ। কাম—চর্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

কামজ—সম্ভোগেচ্ছাজনিত, কামোৎপন্ন, বাসনাসম্ভূত। উপতৎ। কাম—জন্+ড কর্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

কামজিৎ—১। কার্ত্তিকেয় (ইনি রূপে কামজয়ী); বুদ্ধ (ইনি কামকে জয় করিয়াছিলেন); মহাদেব (ইনি কামকে ভস্ম করিয়াছিলেন, সুতরাং তাঁহার জেতা)। উপতৎ। কাম—জি+ক্বিপ্ কর্তৃবা। বি; পুং। ২। জিতেন্দ্রিয়। বিণ।

কামজ্বর—মদনতাপ, প্রবল কামপ্রবৃত্তি। কামজনিত জ্বর, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কামঠ—হাঙ্গরবিশেষ। বি।

কামড়—দংশন, দন্তাঘাত; কামড়ানি, কটকটানি। দেশজ। বি।

কামড়া-কামড়ি—পরস্পর দংশন বা দন্তাঘাত; পরস্পর গ্রহণ-চেষ্টা। ব্যতীহার বহুব্রী। বি। [বাং ক্রি।

কামড়ান—দংশন করা, দন্তাঘাত করা।

কামড়ানি—কামড়, দংশন, দন্তাঘাত; কটকটানি, যন্ত্রণা; প্রদাহ; উদ্দীপনা, উত্তেজনা। কামড়া+আনি ভাববা। বি।

কামড়ি—ধাতুর পাত্রের কিনারা মুড়িয়া জোড়; কামড়, দংশন। দেশজ। বি।

কামতন্ত্র—১। কামশাস্ত্র, রতিশাস্ত্র। কামবিষয়ক তন্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। ২। কামবশ, অজিতেন্দ্রিয়। বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্ত্রা।

কামদ—অভীষ্টদাতা; ইষ্টসিদ্ধিপ্রদ। উপতৎ। কাম শব্দ—দা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, —দা।

কামদার—১। কার্য্যবিশিষ্ট, শিল্পকর্ম্মশোভিত। বিণ। ২। ভৃত্য। হিন্দী। বি।

কামদুঘা—কামধেনু। উপতৎ। কাম—দুহ্ +কপ্ কর্ম্মবা (হ—স্থানে ঘ)+আপ্। বি; স্ত্রী।

কামদেব—মদন, কন্দর্প, ইনি ব্রহ্মার মানস পুত্র। কর্ম্মধা। বি; পুং।

কামধেনু—অভীষ্টদায়িনী গবী, নন্দিনী

সুরভি, দেবগবী [কথিত আছে যে, এই গবীর নিকট যে যাহা প্রার্থনা করে, সে তাহাই প্রাপ্ত হয়]। কামদায়িনী ধেনু, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

কামনা—বাসনা, ইচ্ছা, অভিলাষ। ণিজন্ত কম্ (=কামি) + অন ভাববা + আপ্। বি ; স্ত্রী।

কামপত্নী—রতি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

কামপ্রদ—১। অভীষ্টদাতা। উপতৎ। কাম—প্র—দা + ক কর্তৃবা। বিণ। স্ত্রী, —দা। ২। পরমেশ্বর। বি ; পুং।

কামবাণ—কামশর ; প্রবল কামপ্রবৃত্তি। কামের বাণ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কামমোহিত—শৃঙ্গারাভিলাষ জন্য অভিভূত বা বিহ্বল। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —তা।

কাময়িতা (—য়িতৃ)—বাসনাকারী ; কামুক। কামি + তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —ত্রী।

কামরঙ্গ—কামরাঙ্গা ফল। কাম—রন্জ্ + ঘঞ্ করণবা। বি ; পুং।

কামরা—কক্ষ, প্রকোষ্ঠ, ঘর, কুঠারী। পোর্তুগীজ 'Camara' শব্দজ। বি।

কামরাঙ্গা, —রাঙা—শিরাল অম্লফল-বিশেষ। 'কামরঙ্গ' শব্দজ। বি।

কামরূপ—১। স্বেচ্ছাক্রমে রূপধারী ; সুরূপ, সুন্দর। কামানুসারী রূপ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —পা। ২। স্বেচ্ছানুযায়ী মূর্ত্তি, ইচ্ছামত রূপ। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং। ৩। আসাম প্রদেশের জেলাবিশেষ, কামাখ্যা। (ব্রহ্মপুত্র নদ এই জেলাটিকে দুই অংশে বিভক্ত করিয়াছে)। বি।

কামরূপী (—রূপিন্)—১। স্বেচ্ছাক্রমে রূপধারী ; সুরূপ। কামরূপ + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —পিণী। ২। বিদ্যাধর। বি ; পুং।

কামল—১। বসন্তকাল। উপতৎ। কাম—লা + ড কর্তৃবা। বি ; পুং। ২। কামী, কামুক। কাম + লচ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —লা। ৩। কামলারোগ। কাম—লূ + ড কর্তৃবা। বি ; পুং।

কামলতা—১। কামুকত্ব। কামল + তা ভাবার্থে। ২। শিশ্ন, পুরুষাঙ্গ। কামপুরিকা লতা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

কামলা—১। কামুকী। কামল দ্রঃ। বিণ ; স্ত্রী। ২। রোগবিশেষ, কাঁওল (এই রোগে চক্ষু ও অন্যান্য অবয়ব হরিদ্রাবর্ণ হয় এবং রোগীও সমস্তই হরিদ্রাবর্ণ দেখে) ; ন্যাবা। কাম—লূ + ড কর্তৃবা + আপ্। বি ; স্ত্রী।

কামশক্তি—কামপত্নী, রতি ; কামক্রিয়া সম্পাদনের ক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

কামশর—কামদেবের বাণ [কামদেবের পঞ্চবাণ ; যথা,—সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন, স্তম্ভন]। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কামশাস্ত্র—রতিশাস্ত্র। কামপ্রতিপাদক শাস্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

কামাই—১। নিয়মিত কর্ম্মে অনুপস্থিতি ; অবকাশ, অবসর, বিশ্রাম, ছুটী। ফার্সী 'কমাই' শব্দজ। বি। ২। উপার্জ্জন। হিন্দী। বি।

কামাগ্নি—কামানল, প্রবল শৃঙ্গারাভিলাষ। কামরূপ অগ্নি, রূপক কর্ম্মধা। বি ; পুং।

কামাচার—১। স্বেচ্ছাচার, উচ্ছৃঙ্খলতা। কামানুরূপ আচার, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং। ২। স্বেচ্ছাচারী, উচ্ছৃঙ্খল। কামানুরূপ আচার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —রা।

কামাতুর—কামার্ত্ত, কাম-প্রভাবে অতি কাতর। কাম দ্বারা আতুর, ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —রা।

কামান—১। সুবৃহৎ আগ্নেয়াস্ত্র, তোপ। ইং 'Cannon' শব্দজ। ২। উপার্জ্জন ; ক্ষৌর-কর্ম্মসাধন। কামা + আন ভাববা। বি। ৩। কৃতক্ষৌরকার্য্য ; উপার্জ্জিত। কামা + আন কর্ম্মবা। বিণ। ৪। ক্ষৌর করা ; উপার্জ্জন করা। বাং ক্রি।

কামানল—অত্যন্ত প্রবল কামাভিলাষ। কামরূপ অনল, রূপক কর্ম্মধা। বি ; পুং।

কামানি, —নী—১। ক্ষৌরকারের বেতন ; যে কোন কর্ম্মের বেতন। কামা + আনী

বেতনার্থে। ২। স্থিতিস্থাপক গুণোপেত লৌহাদি, যেমন ছাতার শিক, গাড়ীর স্প্রীঙ, ইত্যাদি। ফার্সী 'কমানি' শব্দজ। বি।

কামানিয়া—কামান দাগিবার কর্ম্মচারী, গোলন্দাজ। কবিপ্র। বি।

কামান্ধ—কামবশতঃ হিতাহিতজ্ঞানশূন্য, কামমুগ্ধ। কাম দ্বারা অন্ধ, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্ধা। বি,—তা,—ত্ব।

কামাবশায়িতা, কামাবসায়িতা—অণিমাদি অষ্টবিধ ঐশ্বর্য্যের মধ্যে ইচ্ছানুসারিত্বরূপ ঐশ্বর্য্য; ইন্দ্রিয়নিগ্রহশক্তি। কামাবশায়িন্, সায়িন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

কামায়ল—নির্ম্মাণ করিল। প্রাঃ কবিপ্র। ক্রি।

কামায়ুধ—কামদেবের অস্ত্র—অরবিন্দ, অশোক, আম্র, নবমল্লিকা ও নীলোৎপল। কামের আয়ুধ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কামার—লৌহকার, কর্ম্মকার। 'কর্ম্মকার' শব্দজ। বি; পুং। স্ত্রী,—রনী।

কামারি—মহেশ্বর, মহাদেব। কামের অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কামার্ত্ত(র্ত)—কামপীড়িত, নিতান্ত কামাভিলাষী। কাম দ্বারা আর্ত্ত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—র্ত্তা।

কামাসক্ত—কামানুরক্ত, বিষয়ানুরাগী শৃঙ্গারানুরক্ত, সম্ভোগপ্রিয়। কামে আসক্ত, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ক্তা। [বি।

কামিজ—একরকম জামা (Shirt). আর্বী।

কামিত—ঈপ্সিত; প্রার্থিত। ণিজন্ত কম্ (=কামি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

কামিতা—কামপ্রবণতা (Sexuality). কামিন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

কামিনা—কার্য্যকারী; শিল্পী; কর্ম্মকার; কারিকর। হিন্দী। বি।

কামিনী—১। কামুকা; কামনাযুক্তা। কামী দ্রঃ। বিণ; স্ত্রী। ২। অতিশয় কামুকা স্ত্রী; ভীরু স্ত্রী; নারী, রমণী; নামখ্যাত পুষ্প ও পুষ্পবৃক্ষবিশেষ। বি; স্ত্রী।

কামিনীসুলভ—স্ত্রীজনোচিত, যাহা সকল স্ত্রীলোকেই দেখা যায় এরূপ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ভা।

কামিল—কাজের লোক, কর্ম্মপটু, সুদক্ষ, ওস্তাদ; স্বর্ণকার; কলহপ্রিয়। পার্সিমূলক। বি বা বিণ।

কামী (কামিন্)—কামবিশিষ্ট, কামুক; কামনাযুক্ত। কাম+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, কামিনী।

কামুক—রমণাভিলাষী; অভিলাষী। কম্+ণিচ্+উক কর্তৃবা। বিণ। স্ত্রী,—কা,—কী।

কামেশ্বর—পরমেশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কামেশ্বরী—কামাখ্যাস্থিতা দেবীবিশেষ; ভৈরবীবিশেষ। কামদায়িকা ঈশ্বরী, মধ্যপদলোপী কর্ম্মধা। বি; স্ত্রী।

কামোদ—সঙ্গীতের রাগবিশেষ। বি; পুং।

কামোপহত—কামপীড়িত, কামার্ত্ত। কাম দ্বারা উপহত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

কাম্য—১। ভোগ্য; অভিলষণীয়; কমনীয় সুন্দর; অভীষ্ট; ফলাকাঙ্ক্ষায় অনুষ্ঠেয় ণিজন্ত কম্+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, কাম্যা। ২। অভীষ্ট কর্ম্ম। বি; ক্লীব।

কায়—১। দেহ, শরীর; সমূহ; লক্ষ্য স্বভাব; গৃহ। চি+ঘঞ্ কর্ম্মবা। ২। করতলস্থ কনিষ্ঠা ও অনামিকা অঙ্গুলির মূলদেশ, মনুষ্যতীর্থ। বি; ক্লীব। ৩। কাহাকে। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

কায়কল্প—দীর্ঘায়ু হইবার ও যৌবন ফিরিয়া পাইবার আয়ুর্ব্বেদোক্ত চিকিৎসাপদ্ধতিবিশেষ। বি; পুং।

কায়ক্লেশ—শরীরের কষ্ট, উপবাসাদি কায়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কায়ক্লেশে—উপবাস বা একাহার করিয়া, অতিকষ্টে। ক্রি-বিণ।

কায়দা—নিয়ম; কৌশল, দক্ষতা; আয়ত্তি বশবর্ত্তিতা। আর্বী 'কাইদাহ্' শব্দজ। বি।

কায়মন—দেহ এবং অন্তঃকরণ। দেশজ দ্বন্দ্ব। বি।

কায়মনোবাক্যে—শরীর, অন্তঃকরণ ও বচন দ্বারা অর্থাৎ সম্পূর্ণভাবে ; অকপটভাবে। কায় ও মনঃ ও বাক্য=কায়মনোবাক্য, দ্বন্দ্ব, তাহাতে। বি ; করণে বা ক্রি-বিণ অর্থে ৭মী।

কায়স্থ—১। শরীরস্থিত, দেহস্থ। উপতৎ। কায়—স্থা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা। ২। জীবাত্মা ; জাতিবিশেষ ; লেখক, রাজ-কর্ম্মচারী। বি ; পুং।

ায়া—শরীর, দেহ। 'কায়' শব্দজ। বি।

ায়িক—শারীরিক, দৈহিক। কায়+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

ায়েত—কায়স্থজাতি। 'কায়স্থ' শব্দজ। বি।

ায়েম—১। দৃঢ়তা, স্থিরতা, স্থায়িত্ব। বি। ২। দৃঢ়, মজবুত, স্থির, স্থায়ী। আরবী 'কায়িম্' শব্দজ। বিণ।

ায়েমি, কায়েমী—সুদৃঢ়, মজবুত, চির-স্থায়ী, পাকা। কায়েম+ই, ঈ। বিণ।

কায়েমী জমা—চিরস্থায়ী জমা, পাকা জমা।

ার—১। কার্য্য। কৃ+ঘঞ্ কর্ম্মবা। ২। করণ, করা। কৃ+ঘঞ্ ভাববা। ৩। বধ ; ধ্বংস। কৄ+ঘঞ্ ভাববা। ৪। নিশ্চয় ; যত্ন। ?+ঘঞ্ করণবা। বি। ৫। (কোনও কর্ম্ম-পদের পরবর্ত্তী হইলে তাহার) কর্ত্তা, শিল্পী। ?(করা)+অণ্ কর্ত্তৃবা। বি ; পুং। ৬। গলায় বা কোমরে পরিবার একরকম কাল সুতা। ইং 'Cord' শব্দজ। বি। ৭। কাহার, ান্ ব্যক্তির। 'কাহার' শব্দজ। সর্ব্ব। ৮। (অ-কার, ক-কার ইত্যাদি)। বি। ৯। ষষ্ঠীবিভক্তির চিহ্নবিশেষ (আজ'কার', ে'কার')। হিন্দীমূলক।

রক—১। কর্ম্ম-সম্পাদক, যে করে। কৃ ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা। ২। (ব্যাকরণে) ক্রিয়ার সহিত অন্বয়বিশিষ্ট পদ। কারক ছয় প্রকার ; যথা—কর্ত্তৃকারক, কর্ম্মকারক, করণকারক, সম্প্রদানকারক, অপাদানকারক ও অধিকরণকারক।) বি ; ।

কারকিত—কারিগরী, কর্ম্মকুশলতা ; জমির পাট, জমিতে ফসল লাগাইবার পূর্ব্ববর্ত্তী সর্ব্ববিধ কার্য্য। প্রাদে। বি।

কারকুন—বিষয়সম্পত্তির তত্ত্বাবধায়ক ; প্রজার নিকট খাজানা আদায় উসুলের হিসাবরক্ষক কর্ম্মচারী। ফার্সী। বি।

কারখানা—কর্ম্মশালা, দ্রব্যনির্ম্মাণশালা ; ব্যাপার, কাণ্ড। ফার্সী। বি।

কারচুপি, –চুপী, –চুবি—বস্ত্রের উপর নানাপ্রকার সূচিশিল্প ; চাতুরী, কপটতা, চালাকি, ধূর্ত্ততা। ফার্সী 'কারচোব' শব্দজ। বি।

কারণ—১। হেতু, মূল ; সাধন ; উপাদান ; উদ্দেশ্য ; প্রয়োজন। কৃ+ণিচ্+অনট্ করণবা। ২। ইন্দ্রিয় ; দেহ। করণ (ইন্দ্রিয়) +অণ্ স্বার্থে। ৩। বধ। কৄ+ণিচ্ স্বার্থে+অনট্ ভাববা। বি ; ক্লীব। ৪। গীতবিশেষ ; বাদ্যবিশেষ। কৃ+ণিচ্+অনট্ কর্ম্মবা। বি ; ক্লীব। ৫। তান্ত্রিকগণ কর্ত্তৃক ব্যবহৃত মদ্য। দেশজ। বি।

কারণজল, কারণবারি—ব্রহ্মাণ্ড সৃষ্টির মূলস্বরূপ জল, জীবসৃষ্টির আদিম বারি। কারণভূত জল, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

কারণমালা—অর্থালঙ্কারবিশেষ (পূর্ব্ব পূর্ব্ব পদার্থ যদি পর পর পদার্থের কারণরূপে বর্ণিত হয়, তবে তথায় কারণমালা অলঙ্কার হয়)। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

কারণশরীর—সত্ত্বপ্রধান অজ্ঞান। কর্ম্মধা। বি ; ক্লীব।

কারণাভাব—হেতুশূন্যতা ; হেতু না থাকা। কারণের অভাব, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কারণিক—কারণসম্বন্ধীয় ; পরীক্ষক। কারণ +ইক সম্বন্ধার্থে, মীমাংসা অর্থে। বিণ। স্ত্রী,—কী।

কারণীভূত—হেতুভূত ; পূর্ব্বে যাহা কারণ ছিল না, এক্ষণে কারণ হইয়াছে এরূপ। কারণ+চ্বি, অভূততদ্ভাবার্থে—ভূ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

কারণ্ডব—হংসবিশেষ, বালিহাঁস। কারণ্ড (জল)—বা+ক কর্ত্তৃবা। বি; পুং।

কারদানি, কেরদানি—কৃতিত্ব, কার্য্য-কুশলতা, কেরামতি; পৌরুষ; কায়দা। ফার্সী। বি।

কারপরদাজ—কর্ম্মচারী, পরিচারক, চাকর। ফার্সী। বি।

কারবাইড—চূণ-অঙ্গার-ঘটিত পদার্থবিশেষ; [ইহাতে জল দিলে এসিটিলিন গ্যাস উৎপন্ন হয়, উহা লোকে জ্বালাইয়া থাকে। 'ক্যাল-সিয়াম্ কারবাইড'এর সংক্ষেপ]। ইং Carbide. বি।

কারবার—কর্ম্ম, কার্য্য; বৈষয়িক ব্যাপার, বিষয়কর্ম্ম; ব্যবসায়; বৃত্তি, পেশা; আদান-প্রদান, লেন-দেন; সম্পর্ক, ব্যবহার। ফার্সী। 'কারওয়ার' শব্দজ। বি।

কারবারী—বিষয়কর্ম্মে ব্যাপৃত, ব্যবসায়ী। কারবার+ঈ আছে অর্থে। বিণ।

কারবেল্ল, কারবেল্লক—১। করলা গাছ। কার—বেল্ল্+অণ্ কর্ত্তৃবা, ২য় পক্ষে কন্ স্বার্থে। বি; পুং। ২। করলা ফল। বি; ক্লীব।

কারয়িতা (—য়িতৃ)—যে অন্যকে দিয়া কোন কর্ম্ম করায়। ণিজন্ত কৃ বা কারি (করান)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

কারসাজ—সৃষ্টিকর্ত্তা; যে ভাঙ্গাগড়া করে; ফন্দিবাজ, চতুর, কপটী, কূটকৌশলী। ফার্সী। বিণ।

কারসাজি (—জী)—ফন্দিবাজি, কপটতা, চাতুরী, কূটকৌশল; কুহক, ভেল্কি। কার-সাজ+ই, ঈ ভাবে। বি।

কারা—কারাগার; জেলখানা। ক+অণ্ অথবা+আপ্ (নিপাতনে দীর্ঘ)। বি; স্ত্রী।

কারাক্লেশ—কারাবাসের যন্ত্রণা। ৬ষ্ঠীতৎ। বি।

কারাগার, —গৃহ—বন্দনালয়, গারদঘর, জেলখানা। কারাই আগার, গৃহ, কর্ম্মধা। বি; ক্লীব।

কারাদণ্ড—জেলভোগরূপ শাস্তি। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কারাধ্যক্ষ,—পাল—জেলের তত্ত্বাবধায়ক ঊর্দ্ধতন কর্ম্মচারী (Jailor). কারার অধ্যক্ষ, ৬ষ্ঠীতৎ। কারা—পা+ণিচ্+অণ্ কর্ত্তৃবা। বি; পুং। [বি।

কারাবরণ—স্বেচ্ছায় জেলে যাওয়া। ৬ষ্ঠীতৎ।

কারাবাস—১। কারাবরোধ, কারাগারে অবরুদ্ধ থাকা, কয়েদ। কারাতে বাস, ৭মীতৎ। ২। কারাগার। কারাই আবাস, কর্ম্মধা। বি; পুং।

কারি—১। শিল্পী। কৃ+ইঞ্ কর্ত্তৃবা। বিণ। ২। কার্য্য; শিল্প। কৃ+ইঞ্ কর্ম্মবা। বি; স্ত্রী। ৩। কালিয়া, অত্যধিক মসলাসংযোগে রন্ধিত মাংসাদি। তামিল। বি।

কারিকর,—গর—শিল্পী, শিল্পকর্ম্মকারক। ফার্সী। বি বা বিণ; পুং।

কারিকরি, কারিকুরি,—গরি—কারু-কার্য্য; শিল্পচাতুর্য্য। কারিকর+ই কর্ম্মার্থে। বি।

কারিত—যাহা করান হইয়াছে এরূপ। ণিজন্ত কৃ বা কারি (করান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

কারী (কারিন্)—কারক, কর্ত্তা, কর, যে করে। কৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

কারী—কোরাণ-পাঠক। আর্বী। বি।

কারু—১। কর্ত্তা; নির্ম্মাতা; শিল্পকর। কৃ (করা)+উণ্ কর্ত্তৃবা। বিণ। ২। বিশ্বকর্ম্মা। বি; পুং। ৩। কাহারও। কবিপ্র। সর্ব্ব।

কারুক—শিল্পকর, শিল্পী। কারু+কন্ স্বার্থে। বি বা বিণ। স্ত্রী,—কা।

কারুকর্ম্ম(র্ম), কারুকার্য্য(র্য)—শিল্পকর্ম্ম; নক্সা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কারুজ—শিল্পজাত বস্তু; চিত্র; করভ; গাত্রস্থ তিলাদি চিহ্ন; গিরিমাটি; বল্মীক। উপতৎ। কারু—জন্+ড কর্ত্তৃবা। বি; পুং।

কারুণিক—করুণাময়, দয়ালু। করুণা+ইক শীলার্থে। বিণ। স্ত্রী,—কী।

কারুণ্য—করুণা, দয়া। করুণা+ষ্যঞ্ স্বার্থে। বি ; ক্লীব।

কারুশিল্প—কারুকার্য্য, নক্সাদার কার্য্য। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। বিণ —স্ত্রী।

কারোয়া—একপ্রকার শাকের ফল ; কারোয়াফলজাত জল (সাধারণতঃ ইহা কওরা বা কাওড়া নামে প্রসিদ্ধ)। আর্বী। বি।

কার্কশ্য—কাঠিন্য ; পরুষতা, রূঢ়তা ; কঠোরতা ; নির্দ্দয়তা। কর্কশ+ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

কার্ড—পুরু কাগজখণ্ড ; পোষ্টকার্ড। ইং Card. বি।

কার্নিস, কার্ণিস—প্রাচীর-স্তম্ভাদির মস্তকের বা ছাদের বহিঃপ্রসৃত অংশ। ইং 'Cornice' শব্দজ। বি।

কার্ত্তবীর্য্য, কার্ত্তবীর্য—ইনি সাধারণতঃ কার্ত্তবীর্য্যার্জ্জুন নামে খ্যাত। কৃতবীর্য্য + অণ্ অপত্যার্থে। বি ; পুং।

কার্ত্তি(র্তি)ক—১। পার্ব্বতীতনয় ষড়ানন। কৃত্তিকা+অণ্ প্রতিপালিতার্থে। (কথিত আছে যে, ষড়ানন কৃত্তিকা-কর্ত্তৃক পালিত হইয়াছিলেন)। ২। বাঙ্গালা বৎসরের সপ্তম মাস, এই মাসের পূর্ণিমা কৃত্তিকানক্ষত্রযুক্ত। কার্ত্তিকী+অণ্ তদ্যুক্ত মাসার্থে। বি ; পুং।

কার্ত্তি(র্তি)কী—কৃত্তিকানক্ষত্রযুক্ত পূর্ণিমা, চান্দ্রকার্ত্তিক মাসের পূর্ণিমা। কৃত্তিকা+অণ্ যুক্তার্থে+ঈপ্। বি ; স্ত্রী।

কার্ত্তি(র্তি)কেয়—কার্ত্তিক, ষড়ানন। কৃত্তিকা +এয় প্রতিপালিতার্থে। বি ; পুং।

কার্ত্তু(র্তু)জ—বন্দুকের টোটা। ফরাসী 'Cartouche' শব্দজ। বি।

কাৎস্ন্য—সম্পূর্ণতা ; সামগ্র্য, সাকল্য। কৃৎস্ন+ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

কার্পণ্য—কৃপণতা, ব্যয়কুণ্ঠতা ; দৈন্য। কৃপণ+ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

কার্পাস—কাপাস গাছ। কৃ+পাস কর্ত্তৃবা। বি ; পুং। ২। কাপাস তুলা। কার্পাস+অণ্ ফলার্থে। বি ; ক্লীব। ৩। কার্পাসজাত, কার্পাসনির্ম্মিত। কার্পাস+অণ্ বিকারার্থে। বিণ। স্ত্রী,—সী।

কার্পাসধেনু—মহাদানবিশেষ, কার্পাসসূত্র-নির্ম্মিত ধেনাকার পদার্থ ; ইহা দান করিলে ইন্দ্রলোক লাভ হয়। কার্পাস-নির্ম্মিতা ধেনু, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

কার্পাসী—১। কার্পাস গাছ। কার্পাস (১) +ঈপ্। বি ; স্ত্রী। ২। কার্পাস-নির্ম্মিতা। কার্পাস (৩)+ঈপ্। বিণ।

কার্পেট—গালিচা, পুরু সতরঞ্চ। ইং Carpet. বি।

কার্ব্ব(র্ব)ন—অঙ্গার, কয়লা ; একপিঠে কালিমাখান কাগজ। ইং Carbon. বি।

কার্ম্ম(র্ম)ক—১। কর্ম্মক্ষম। কর্ম্মন্+উকঞ্ নিপুণার্থে। বিণ। স্ত্রী,—কা। ২। ধনুঃ। কর্ম্মন্ শব্দ+উকঞ্ সমর্থার্থে। বি ; ক্লীব। ৩। বংশ, বাঁশ। বি ; পুং।

কার্য্য(র্য)—১। কর্ম্ম, কাজ ; হেতু ; ফল ; প্রয়োজন। কৃ+ণ্যৎ কর্ম্মবা। বি ; ক্লীব। ২। করণীয়, কর্ত্তব্য। বিণ। স্ত্রী, কার্য্যা।

কার্য্য(র্য)কর—কার্য্যনির্ব্বাহক ; কাজের উপযুক্ত, কর্ম্মণ্য ; ফলোপধায়ক। উপপদ। কার্য্য—কৃ+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

কার্য্য(র্য)কলাপ—কর্ম্মসমূহ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কার্য্য(র্য)কারণ—হেতু এবং ফল, উপায় এবং কার্য্য। দ্বন্দ্ব। বি ; ক্লীব।

কার্য্য(র্য)কারণভাব—সম্বন্ধ বিশেষ ; কার্য্যের (ফলের) সহিত কারণের (হেতুর) ও কারণের সহিত কার্য্যের সম্বন্ধ। কার্য্য ও কারণ, দ্বন্দ্ব, তাহাদের ভাব, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কার্য্য(র্য)কাল—কর্ম্ম করিবার সময়, কাজের উপযুক্ত সময়, প্রয়োজনের সময়। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কার্য্য(র্য)কুশল—কর্ম্মদক্ষ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—লা। বি,—তা।

কার্য্য(র্য)ক্রম-আধিকারিক—যে অফিসার বা কর্ম্মকর্ত্তা কর্ম্মচারীদের কার্য্যের পদ্ধতি

নির্ণয় করেন (Working plan officer). বি ; পুং।

কার্য্য(র্য)ক্ষম—কার্য্যসম্পাদনে সমর্থ, কর্ম্মক্ষম। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—মা। বি,—তা।

কার্য্য(র্য)গ্রাহী—জেলে কয়েদীদের নিকট হইতে যে কাজ বুঝিয়া লয় (Task taker). কার্য্য—গ্রহ্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বি ; পুং।

কার্য্য(র্য)চ্যুত—কর্ম্ম বা চাকুরী হইতে বরখাস্ত। ৫মীতৎ। বিণ।

কার্য্য(র্য)ঞ্চাগে—ইহাই অগ্রে কর্ত্তব্য। কার্য্যম্‌+চ+আগে। অব্য। (বাঙ্গালা দলিলপত্রাদি লিখিবার সময় প্রথমে এই কথাটি লেখা হয়)।

কার্য্যতঃ (**কার্য্যতস্‌**), **কার্যত**—কাজের বেলায় ; ফলতঃ ; বস্তুতঃ ; প্রকৃতপক্ষে। কার্য্য+তস্‌ (৭মীস্থানে)। অব্য।

কার্য্য(র্য)তৎপর—কার্য্যকুশল, কর্ম্মপটু, ক্রিয়ানিপুণ ; ক্ষিপ্রকারী, চট্‌পটে। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—রা। বি,—পরতা,—ত্ব।

কার্য্য(র্য)দক্ষ—কর্ম্মপটু, ক্রিয়াকুশল। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ক্ষা। বি,—তা।

কার্য্য(র্য)নির্ব্বা(র্বা)হ—কর্ম্মসাধন, কার্য্যনিষ্পত্তি। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কার্য্য(র্য)নির্ব্বা(র্বা)হক—কর্ম্মসম্পাদক, কার্য্যকারক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—হিকা।

কার্য্য(র্য)পদ্ধতি, —প্রণালী—কর্ম্মসম্পাদনের রীতি, কাজের নিয়ম। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

কার্য্য(র্য)বশ—১। কার্য্যের বশীভূত, কার্য্যনির্ব্বাহ জন্য আবদ্ধ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—শা। ২। কার্য্যের অনুরোধ। বি ; পুং।

কার্য্য(র্য)বশতঃ, —বশত—কর্ম্মপ্রযুক্ত, প্রয়োজন হেতু, কাজের জন্য। কার্য্যবশ+তস্‌ পঞ্চম্যর্থে। অব্য।

কার্য্য(র্য)ভার—কাজের দায়িত্ব। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কার্য্য(র্য)শেষ—কর্ম্মসমাপন ; কাজের অবশিষ্ট অংশ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কার্য্য(র্য)সম্পাদন, —সাধন—কর্ম্মসম্পাদন, কার্য্যনির্ব্বাহ ; আপনার কাজ হাঁসিলকরণ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কার্য্য(র্য)সিদ্ধি—কার্য্যের সাফল্য, কৃতকার্য্যতা ; অভিপ্রেতসাধন, কাজ হাঁসিল। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

কার্য্য(র্য)হন্তা (**—হন্তৃ**)—কর্ম্মপণ্ডকারী ; অনিষ্টকারী। ৬ষ্ঠীতৎ। বিণ ; পুং। স্ত্রী,—ন্ত্রী।

কার্য্যা(র্যা)কার্য্য(র্য)—কর্ত্তব্যাকর্ত্তব্য ; ভালমন্দ কাজ। ন কার্য্য=অকার্য্য, নঞ্‌তৎ ; কার্য্য ও অকার্য্য, দ্বন্দ্ব। বি ; ক্লীব।

কার্য্যা(র্যা)গার—কার্য্যালয়, আফিস ; কারখানা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কার্য্যা(র্যা)ধিপ—১। কার্য্যাধ্যক্ষ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—পা। ২। (জ্যোতিষে) লগ্ন হইতে দশম স্থানের অধিপতি গ্রহ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কার্য্যা(র্যা)ধ্যক্ষ—কর্ম্মের তত্ত্বাবধারক, প্রধান কর্ম্মনির্ব্বাহক ; কার্য্যসম্পাদক। কার্য্যের অধ্যক্ষ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কার্য্যা(র্যা)নুরোধ—কার্য্যের বশবর্ত্তিতা, কাজের খাতির। কার্য্যের অনুরোধ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কার্য্যা(র্যা)ন্তর—১। অন্য কার্য্য, অপর কর্ম্ম। নিত্য। ২। কর্ম্মদ্বয়ের মধ্যবর্ত্তী অবকাশ ; কর্ম্মের পার্থক্য। কার্য্যের অন্তর, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কার্য্যা(র্যা)রম্ভ—কর্ম্মারম্ভ, কর্ম্মের সূত্রপাত। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কার্য্যা(র্যা)র্থী (**কার্য্যার্থিন্‌**)—কর্ম্মপ্রার্থী, উমেদার। উপতৎ। কার্য্য—অর্থ+ণিচ্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্থিনী।

কার্য্যা(র্যা)লয়—আফিস। কার্য্যের আলয়, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কার্য্যো(র্যো)ৎসুক—কার্য্যসম্পাদনে ব্যগ্র বা যত্নশীল। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—কা।

কার্য্যো(র্যো)দ্ধার—সম্পূর্ণরূপে কার্য্যসিদ্ধি। কার্য্যের উদ্ধার, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কার্য্যো(র্য্যৌ)ৎসুক্য—কর্ম্মোৎসাহ, কর্ম্ম-সম্পাদনের নিমিত্ত আগ্রহ। ৭মীতৎ। বি; ক্লীব। [ভাবার্থে। বি; স্ত্রী।

কার্শ্য—কৃশতা, ক্ষীণতা। কৃশ+ষ্যঞ্

কার্ষাপণ—১৬ পণ, ১ কাহন। কার্ষ—আ—পণ্+ঘ অধিবা। বি; পুং বা ক্লীব।

কার্ষ্ণ্য—কৃষ্ণতা, কালবর্ণ। কৃষ্ণ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

কাল—১। কৃষ্ণবর্ণ, কাল রঙ্গ। কু—অল্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। সময়; অবসর; শিব; যম; শনি; মৃত্যু; কোকিল। কল+ণিচ্+অচ্ স্বার্থে কর্ত্তৃবা। বি; পুং। ৩। কৃষ্ণবর্ণবিশিষ্ট; কাল রঙের; মৃত্যুসদৃশ বা মৃত্যুসূচক। কাল+অচ্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, কালা। ৪। শ্রীকৃষ্ণ (কাল ছিলেন বলিয়া)। কবিপ্র। বি। ৫। কল্য, আগামী দিন; পূর্ব্বদিন। 'কল্য' শব্দজ। বি।

কালকণ্ঠ—নীলকণ্ঠ, শিব; ময়ূর; খঞ্জন; দাত্যূহপক্ষী; চটকপক্ষী। কাল কণ্ঠ যাহার, বহুব্রী। বি; পুং।

কালকবল, —গ্রাস—যমের মুখ। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব। **কালকবলে পতিত হওয়া**—মরা।

কালকবলিত—মৃত্যুগ্রস্ত, মৃত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —তা।

কালকরণ—সময় নির্দ্ধারণ (Appointing time). কালের করণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কালকাসুন্দা—স্বনামপ্রসিদ্ধ বৃক্ষবিশেষ; কাসমর্দ্দ। কর্ম্মধা। বি।

কালকুষ্টি—ঘোর কাল, মসীকৃষ্ণ, বিশ্রী কাল। প্রাদে। বিণ।

কালকূট—তীব্র বিষবিশেষ। উপতৎ। কাল—কূট্+অণ্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

কালকৃত—১। সময়ে কৃত; যথাসময়ে সম্পাদিত। ৩য়া বা ৭মীতৎ। বিণ। স্ত্রী, —তা। ২। সূর্য্য। কাল কৃত হয় যৎকর্ত্তৃক, বহুব্রী। ৩। রোগবিশেষ। কাল (মৃত্যু) কৃত হয় যৎকর্ত্তৃক, বহুব্রী। বি; পুং।

কালকেতু—ব্যাধবিশেষ (ইন্দ্রতনয় নীলাম্বর শিবের শাপে ভূর্লোকে ধর্ম্মকেতু-নামক ব্যাধের ঔরসে নররূপে জন্মগ্রহণ করেন, তাঁহারই নাম কালকেতু)। বি; পুং।

কালক্রমে—সময়ের গতিতে, কিছুকাল গত হইলে। কালের ক্রম আছে যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

কালক্ষেপ, —ক্ষেপণ—কালাতিবর্ত্তন, সময়াতিবাহন, দিনযাপন, সময় কাটান। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

কালগ্রাস—মৃত্যুর কবল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কালঘাম—মৃত্যুকালীন ঘর্ম্ম; অত্যধিক ঘর্ম্ম, প্রবল স্বেদনির্গম। মধ্যপ কর্ম্মধা। বি।

কালঘুম—অতিদীর্ঘ নিদ্রা; মৃত্যু। মধ্যপ কর্ম্মধা। বি।

কালচক্র—চক্রবৎ ভ্রাম্যমাণ কাল। কাল চক্রপ্রায়, উপমিত কর্ম্মধা; অথবা কালরূপ চক্র, রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

কালচিটা, —চিটে—কাল দাগ, ময়লা। দেশজ। বি।

কালচিয়া, কাল্চে—১। কালভাবাপন্ন, ঈষৎ কৃষ্ণ, সামান্য মলিন। দেশজ। বিণ। ২। কাল ভাবের চিহ্ন, কালসিটে দাগ। বি।

কালচিহ্ন—মৃত্যুর লক্ষণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কালজাম—একজাতীয় জাম। কর্ম্মধা। বি।

কালজ্ঞ—১। দৈবজ্ঞ; কুক্কুট। উপতৎ। কাল—জ্ঞা+ক কর্ত্তৃবা। বি; পুং। ২। সময়বিৎ; অবসরজ্ঞ। বিণ। স্ত্রী, —জ্ঞা।

কালজ্ঞান—১। জ্যোতিষশাস্ত্র। কালের জ্ঞান হয় যাহা হইতে, বহুব্রী। ২। সময়ের বোধ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কালঞ্জর—মৃত্যুঞ্জয়, শিব; পর্ব্বতবিশেষ, যোগিচক্র; দেশবিশেষ, কালিঞ্জর। কাল—জৄ+খচ্ কর্ত্তৃবা। বি; পুং।

কালত্রয়—ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই তিন কাল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কালত্রয়বেদী (—বেদিন্)—ত্রিকালজ্ঞ।

উপতৎ। কালজ্ঞ—বিদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী। [বি ; পুং।

কালদণ্ড—শিবের দণ্ড ; যমদণ্ড। ৬ষ্ঠীতৎ।

কালধর্ম্ম(র্ম)—কালের ধর্ম্ম, সময়ের স্বভাব অর্থাৎ যে সময়ে যাহা হওয়া প্রকৃতিসিদ্ধ নিয়ম ; মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কালনাগ—কালসাপ, কেউটে সাপ। কর্ম্মধা। বি ; পুং।

কালনাগিনী—স্ত্রী-জাতীয় সাপবিশেষ ; তীব্রবিষধারিণী একপ্রকার সর্পী। দেশজ। বি ; স্ত্রী। [বি ; ক্লীব।

কালনিরূপণ—সময়নির্দ্ধারণ। ৬ষ্ঠীতৎ।

কালপর্য্য(র্য)য়—কালের বিপরীত ভাব বা গতি, শুভ কালের অশুভদায়কত্ব অশুভ কালের শুভদায়কত্ব ; ঋতুর ক্রমাবর্ত্তনের ব্যতিক্রম। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কালপাশ—যমের পাশ-নামক অস্ত্র ; মৃত্যু-বন্ধন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কালপুরুষ—১। পুরুষাকৃতি নক্ষত্রপুঞ্জ (Orion). কাল (কালচক্র) পুরুষপ্রায়, উপমিত কর্ম্মধা। বি ; পুং। ২। যমরাজের অনুচরবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কালপৃষ্ঠ—১। কর্ণের ধনু ; কার্ম্মুকমাত্র। কাল হইয়াছে পৃষ্ঠ যাহার, বহুব্রী। বি ; ক্লীব।

কালপেঁচা—কৃষ্ণমস্তক পেচকবিশেষ [ইহার রব অশুভসূচক]। কর্ম্মধা। বি।

কালপ্রবাহ—সময়ের স্রোত, কালরূপ প্রবাহ, অবিচ্ছিন্ন কালের গতি। কালের প্রবাহ, ৬ষ্ঠীতৎ ; অথবা কালরূপ প্রবাহ, রূপক কর্ম্মধা। বি ; পুং।

কালপ্রভাব—সময়ের প্রভাব, সময়ের শক্তি। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কালপ্রেরিত—মৃত্যুপ্রেরিত ; মরণ কর্ত্তৃক আদিষ্ট ; মরণাক্রান্ত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

কালফণী (—ফণিন্)—কেউটে সাপ ; যাহার দংশনে মৃত্যু নিশ্চিত এরূপ সর্প। কর্ম্মধা। বি ; পুং।

কালবিলম্ব—অল্প দেরী। ৬ষ্ঠীতৎ। বি।

কালবীক্ষক—যে আগমনকারীদের সময়ের খতিয়ান রাখে (Time-keeper). ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কালবুদ—খিলান গাঁথিবার কর্মা ; জুতা নির্ম্মাণের কর্মা (Last) ; খিলান-করা পুল বা সাঁকো (Culvert). ফার্সী। বি।

কালবেলা—জ্যোতিষশাস্ত্রানুসারে দিনের অশুভ সময়বিশেষ। কালের (শনির) বেলা, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

কালবৈশাখী—চৈত্র ও বৈশাখ মাসের অপরাহ্ণে বা সন্ধ্যার সময়ের প্রচণ্ড ঝড়বৃষ্টি। দেশজ। বি।

কালবোস—রোহিত মৎস্যবৎ মৎস্যবিশেষ। দেশজ। বি।

কালভুজঙ্গ—কৃষ্ণসর্প, কেউটে সাপ। কর্ম্মধা। বি ; পুং। স্ত্রী,—ঙ্গী।

কালভুজঙ্গিনী—কালসর্পী, কালনাগিনী। কালভুজঙ্গ + ইনী (বাংলা প্রত্যয়)। বি ; স্ত্রী।

কালভৈরব—শিবাংশজাত ভৈরববিশেষ। কাল ভৈরব, কর্ম্মধা। বি ; পুং।

কালমান—সময়ের পরিমাণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কালমাহাত্ম্য—সময়ের প্রাধান্য বা প্রভাব। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কালমেঘ—১। কৃষ্ণবর্ণ জলদ। কর্ম্মধা। বি ; পুং। ২। উদ্ভিদ্‌বিশেষ। দেশজ। বি।

কালযাপন—সময়ক্ষেপণ, সময়াতিবাহন, সময় কাটান। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কালরাত্রি—সংহাররাত্রি, কল্পান্ত রাত্রি ; বিবাহরজনীর পরবর্ত্তী রজনী ; ভগবতীর শক্তিবিশেষ ; রাত্রিকালীন অশুভ সময় (কালবেলা দ্রঃ)। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

কালরুদ্র—মহারুদ্র ; মহাকাল। কর্ম্মধা। বি ; পুং।

কাললবণ—বিট্‌লবণ। কর্ম্মধা। বি ; ক্লীব।

কালশশী (—শশিন্)—কৃষ্ণবর্ণ হইয়াও যে চন্দ্রের ন্যায় আনন্দদায়ক ; শ্রীকৃষ্ণ

(আদরার্থে, কোন কোন স্থলে ব্যঙ্গার্থে ব্যবহৃত হয়)। কর্ম্মধা। বি বা বিণ; পুং।

কালশিরা—আঘাত জন্য গাত্রে কৃষ্ণবর্ণ রেখাচিহ্ন, কালসিটা। দেশজ। বি।

কালশুদ্ধি—শাস্ত্রোক্ত কর্ম্মের উপযোগী সময়ের পবিত্রতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কালসমুদ্র, –সাগর—সময়সাগর, সাগরের ন্যায় নিরবচ্ছিন্ন বা অনন্ত কাল। কালরূপ সমুদ্র, সাগর, রূপক কর্ম্মধা; অথবা কাল সমুদ্রপ্রায়, সাগরপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; পুং।

কালসর্প—কৃষ্ণসর্প, কেউটে সাপ। কর্ম্মধা। বি; পুং।

কালসহ—সময়ের ক্রিয়াসহনক্ষম, স্থায়ী, টেকসহি, মজবুত। কাল–সহ্+অচ্ কর্ত্তৃবা°। বিণ। স্ত্রী, –হা।

কালসিটা, –সিটে—আঘাত জন্য গায়ে কাল দাগ; কালশিরা। দেশজ। বি।

কালস্বরূপ—যমতুল্য। কালের (কৃতান্তের) স্বরূপ, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, –পা।

কালস্রোত, কালস্রোতঃ (–স্রোতস্)—কালপ্রবাহ, নিরন্তর গমনশীল কাল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কালা—১। কৃষ্ণবর্ণা। কাল দ্রঃ। বিণ; স্ত্রী। ২। বধির। 'কল্ল' শব্দজ। ৩। অতিশীতল, হিম; কলঙ্কিত; কৃষ্ণ, কালো। কাল+আ যুক্তার্থে। বিণ। ৪। শ্রীকৃষ্ণ। কবিপ্র। বি; পুং।

কালাকাল—ভাল ও মন্দ সময়, উপযুক্ত ও অনুপযুক্ত সময়। দ্বন্দ্ব। বি; পুং।

কালাগুরু—কৃষ্ণচন্দন। কাল অগুরু, কর্ম্মধা। বি; ক্লীব।

কালাগ্নি—১। সর্ব্বসংহারক অনল, প্রলয়ানল। কালজনক অগ্নি, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। পঞ্চমুখ রুদ্রাক্ষ। বি; পুং।

কালাচাঁদ—কালশশী (তাহা দ্রঃ)। (এই পদটী কৃষ্ণের প্রকাশার্থেই প্রায় ব্যবহৃত হয়)। কর্ম্মধা। বি; পুং।

কালাজ্বর—একপ্রকার মারাত্মক জ্বর। অসমীয়ামূলক। বি।

কালাতিক্রম, –ক্রমণ—সময়লঙ্ঘন। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

কালাতিপাত—সময়ক্ষেপণ, কালযাপন, দিন কাটান। কালের অতিপাত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কালাত্যয়—সময় বহিয়া যাওয়া, সময়ক্ষয়, কালক্ষেপ। কালের অত্যয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কালান—কালা হওয়া, খুব ঠাণ্ডা হইয়া যাওয়া। বাং ক্রি।

কালানল—কালাগ্নি। কালজনক অনল, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কালানুবর্ত্তী (–বর্ত্তিন্), –বর্ত্তী—সময়ানুযায়ী, সময় বুঝিয়া কার্য্যকারী। উপতৎ। কাল–অনু–বৃৎ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –ৰ্ত্তিনী।

কালানুসারী (–সারিন্)—সময়ানুযায়ী, কালানুবর্ত্তী। উপতৎ। কাল–অনু–সৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –রিণী।

কালান্তক—১। যম। যিনি কাল তিনিই অন্তক (অন্তকারী), কর্ম্মধা। বি; পুং। ২। সর্ব্বসংহারক। বিণ। স্ত্রী, –ন্তিকা।

কালান্তর—১। অন্য সময়, সময়ান্তর। অন্য কাল, নিত্য। ২। মধ্যবর্ত্তী সময়; অবকাশ। কালের অন্তর, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কালান্তরবিষ—কাল ব্যবধানে যাহার বিষক্রিয়া প্রকাশ পায় এরূপ (জন্তু—মূষিক প্রভৃতি)। কালান্তরে বিষ যাহার, বহুব্রী। বিণ।

কালাপাতি—নৌকার তলার ফাঁক বন্ধ করিবার জন্য পুরাতন রজ্জু প্রভৃতি যাহা গুঁজিয়া দেওয়া হয়। দেশজ। বি।

কালাপানি—সমুদ্রের কাল জল; সমুদ্রপার; (লাক্ষণিক অর্থে) দ্বীপান্তর দণ্ড। বহুব্রী। বি।

কালাপাহাড়—১। দেবদ্বেষী জনৈক মুসলমান সেনাপতি। বি। ২। প্রচলিত রীতিনীতি নাশকারী। দেশজ। বি।

কালাপাহাড়ী—কালাপাহাড়ের ন্যায় আচরণকারী; ধর্ম্মদ্বেষী। কালাপাহাড়+ঈ সদৃশার্থে। বিণ। **কালাপাহাড়ী কাণ্ড**—কালাপাহাড়ের ন্যায় ধর্ম্মের হিংসা বা ধর্ম্মের উপর অত্যাচার।

কালামুখ—নির্লজ্জ, বেহায়া। বহুব্রী। বিণ। স্ত্রী,—খী।

কালায়স—কৃষ্ণবর্ণ লৌহবিশেষ, কান্তিলৌহ। কাল আয়স, কর্ম্মধা। বি; ক্লীব।

কালাশুদ্ধি—ব্রতনিয়ম কন্যাদানাদি কার্য্যের জন্য প্রশস্ত সময় না থাকা, অকাল। কালের অশুদ্ধি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কালাশৌচ—শুভকর্ম্ম-ব্যাঘাতক শরীরের অপবিত্রতা; মহাগুরু-নিপাত জন্য সংবৎসর-কাল অশৌচ। কালব্যাপী অশৌচ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কালি—১। লিখনার্থে জলীয় দ্রব্য, মসী; কলঙ্ক, কালিমা, ভুসা; ছাপার কালি; ক্ষেত্রফল, ভূম্যাদির পরিমাণফল (বর্গফল বা ঘনফল); মাছ মারিবার কোঁচ বা টেঁটা। দেশজ। বি। ২। কল্য, কা'ল, গত দিবস বা আগামী দিবস। 'কল্য' শব্দজ। অব্য।

কালিক—কালসম্বন্ধীয়; সময়োচিত। কাল শব্দ+ইক ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী,—কী।

কালিকা—১। কৃষ্ণবর্ণা। কালক দ্রঃ। বিণ; স্ত্রী। ২। চণ্ডিকা, কালী; যোগিনী-বিশেষ; অসুরমাতাবিশেষ; ঘনাবলী, মেঘমালা; কুজ্ঝটিকা; কৃষ্ণবর্ণ; কলঙ্ক; রোমাবলী; কাকী; শ্যামাপাখী; শৃগালী; বিচুটি; পটোল শাখা; কিস্তিবন্দী। বি; স্ত্রী।

কালিঝুলি—কালি ও ঝুল, নানাপ্রকার মলিন বস্তু। দ্বন্দ্ব। বি।

কালিদাস—ভারতের স্বনামখ্যাত সংস্কৃত-কবি।

কালিন্দী—যমুনা নদী। কলিন্দ (সূর্য্য)+অণ্ অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী।

কালিমময়—কৃষ্ণবর্ণবিশিষ্ট, কলঙ্কিত। কালিমন্+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী,—য়ী।

কালিমা (কালিমন্)—কৃষ্ণতা; কলঙ্ক; মালিন্য। কাল+ইমন্ ভাবার্থে। বি; পুং।

কালিয়দমন—১। কালিয় সর্পের সংহার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কালিয়া—১। কালা, কৃষ্ণ। কবিপ্র। ২। মৎস্য বা মাংসের ব্যঞ্জনবিশেষ। আর্বী। বি।

কালী—১। আদ্যাশক্তি ভগবতীর মূর্ত্তিবিশেষ; মাতৃকাবিশেষ; শান্তনু-পত্নী; নবমেঘশ্রেণী; কৃষ্ণপক্ষের রাত্রি; অগ্নিজিহ্বাবিশেষ; স্বনাম-খ্যাত লিখনের উপাদান, মসী; অযশঃ। কাল+ঈপ্। বি; স্ত্রী। ২। কৃষ্ণবর্ণা। বিণ; স্ত্রী।

কালীয়—১। কালসম্বন্ধীয়। কাল+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—য়া। ২। কালিয়-নামক নাগ। বি; পুং। ৩। কৃষ্ণচন্দন। বি; ক্লীব।

কালীয়দমন—কালিয়দমন (তাহা দ্রঃ)।

কালেক্টর—জেলার রাজস্ব আদায়ের প্রধান কর্ম্মচারী; খাজনা আদায়কারী। ইং Collector. বি।

কালো—কৃষ্ণবর্ণ। 'কাল' শব্দজাত। বিণ। **কালো বাজার**—চোরা বাজার (Black market).

কালোচিত—সময়োপযোগী; মরণাশৌচ বা শ্রাদ্ধকালের উপযুক্ত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

কালোয়াৎ—ওস্তাদী গায়ক, গীতবাদ্যাদি বিদ্যায় বিশেষ পারদর্শী ব্যক্তি। 'কলাবৎ' শব্দজ। বি।

কালোয়াতি, -তী—১। কালোয়াতের নৈপুণ্য বা পেশা। কালোয়াৎ+ই, ঈ কর্ম্মার্থে। বি। ২। কালোয়াৎ-সম্বন্ধীয়। কালোয়াৎ+ই, ঈ সম্বন্ধার্থে। বিণ।

কাল্পনিক—কল্পনাজনিত ; আরোপিত ; কল্পিত, অবাস্তব, মিথ্যা। কল্পনা শব্দ+ইক আগতার্থে। বিণ। স্ত্রী,—কী।

কাশ, কাস—১। রোগবিশেষ, কাশি। উপতৎ। ক—অশ, অস্+অণ্ কর্তৃবা। ২। তৃণবিশেষ; কেসে ঘাস; মুবিক। কাশ্ বা কাস্+অচ্ কর্তৃবা। বি ; পুং। ৩। প্রকাশ ; গতি। কাশ্ বা কাস্+ঘঞ্ ভাববা। বি ; পুং। ৪। শোভমান। বিণ। ৫। কাশফুল। কাশ্, কাস্+অচ্ কর্তৃবা। বি ; ক্লীব।

কাশন্দি—আমের আচারবিশেষ। 'কাসমর্দ্দ' শব্দজ। বি।

কাশমর্দ্দ(র্দ), কাসমর্দ্দ(র্দ)—কাশুন্দি ; কালকাসুন্দা গাছ। উপতৎ। কাশ, কাস—মৃদ্+অণ্ কর্তৃবা। বি ; পুং।

কাশি—কাশ রোগ। 'কাশ' শব্দজ। বি।

কাশিকা—১। বারাণসী। কাশী+কন্ স্বার্থে+আপ্। ২। পাণিনি ব্যাকরণের সূত্রব্যাখ্যান গ্রন্থবিশেষ। কাশ্+ণিচ্+ণক কর্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

কাশী—বারাণসী, হিন্দুদিগের পবিত্র তীর্থভূমি। কাশ্+অচ্ কর্তৃবা+স্ত্রীলিঙ্গে ঙীপ্। বি ; স্ত্রী।

কাশীধাম (—ধামন্)—পবিত্র বারাণসী, কাশীক্ষেত্র। কর্ম্মধা। বি ; ক্লীব।

কাশীনাথ—শিব। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কাশীপ্রাপ্তি, —লাভ—কাশীতে মৃত্যু ; স্বর্গলাভ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী, পুং।

কাশীশ—শিব ; কাশীর রাজা। কাশীর ঈশ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কাশীশ্বর—মহাদেব ; কাশীর রাজা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কাশ্মীর—১। কুঙ্কুম, জাফরান ; টঙ্কণ, সোহাগা। কাশ্মীর শব্দ+অণ্। বি ; ক্লীব। ২। পাঞ্জাবের উত্তরে হিমালয় পর্ব্বতের অন্তর্গত উপত্যকাভূমি। বি। বিণ,—রী।

কাশ্যপ—১। কশ্যপসম্বন্ধীয় ; কশ্যপবংশীয়। কশ্যপ+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—পী। ২। জনৈক মুনি ; গোত্রবিশেষ ; অরুণ। কশ্যপ+অণ্ অপত্যার্থে। বি ; পুং।

কাশ্যপেয়—সূর্য্য ; গরুড়। কশ্যপ+এয় অপত্যার্থে। বি ; পুং।

কাষায়—১। গৈরিক, অনুজ্জ্বল রক্তবর্ণ। কষায়+অণ্ রঞ্জিতার্থে। বিণ। স্ত্রী,—য়ী। ২। কষায়। কষায়+অণ্ স্বার্থে। বি ; পুং।

কাষ্ঠ—দারু, কাঠ। কাশ্+ক্থন্ কর্তৃবা। বি ; ক্লীব।

কাষ্ঠকীট—ঘুণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কাষ্ঠকুট্ট—কাঠঠোকরা পাখী। উপতৎ। কাষ্ঠ—কুট্+অণ্ কর্তৃবা। বি ; পুং।

কাষ্ঠতক্ষ, —তক্ষক—সূত্রধর, ছুতার ; যে কাঠ খোদাই করিয়া কারুকার্য্য করে। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কাষ্ঠপাদুকা—খড়ম। কাষ্ঠ-নির্ম্মিতা পাদুকা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

কাষ্ঠপিপীলিকা—কাঠপিঁপড়া। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

কাষ্ঠপুত্তলিকা—কাঠের পুতুল ; (তদ্বৎ) নীরব এবং নিশ্চল ব্যক্তি। কাষ্ঠ-নির্ম্মিতা পুত্তলিকা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

কাষ্ঠফলক—কাষ্ঠনির্ম্মিত ফলক, বোর্ড প্রভৃতি। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

কাষ্ঠমঞ্চ—কাঠের মাচান ; চৌকী, চেয়ার, কেদারা ; সোপানমঞ্চ, গ্যালারি ; খাট ; বেদি। কাষ্ঠ-নির্ম্মিত মঞ্চ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

কাষ্ঠময়—দারুময়, কাষ্ঠপূর্ণ, কাষ্ঠনির্ম্মিত ; নির্ম্মম, নির্দ্দয়। কাষ্ঠ+ময়ট্ বিকারার্থে। বিণ। স্ত্রী,—য়ী।

কাষ্ঠমার্জ্জা(র্জা)র—কাঠবিড়াল। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

কাষ্ঠলেখক—যে ব্যক্তি কাঠ খুদিয়া লেখে ; কাষ্ঠকীট, ঘুণ। ৭মীতৎ। বি ; পুং।

কাষ্ঠলৌকিকতা—মৌখিক শিষ্টাচার, লোক-দেখান ভদ্রতা বা খাতির ; কপট বন্ধুত্ব।

কাষ্ঠনীরস লৌকিকতা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কাষ্ঠহাসি—নীরস হাস্য, মনে প্রফুল্লতা না থাকিলে যে হাস্য করা হয় তাহা; কপট হাসি। কাষ্ঠনীরস হাসি, মধ্যপ কর্ম্মধা। বি।

কাষ্ঠা—দিক্, সীমা; কালপরিমাণবিশেষ, অষ্টাদশনিমেষাত্মক কাল। কাশ্ + ক্থন্ কর্ত্তৃবা + আপ্। বি; স্ত্রী।

কাষ্ঠাসন—চৌকী, কেদারা, পিঁড়ি প্রভৃতি। কাষ্ঠ-নির্ম্মিত আসন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কাষ্ঠিকা—ক্ষুদ্র কাষ্ঠখণ্ড, কাঠি। কাষ্ঠ + কন্ অল্পার্থে + আপ্। বি; স্ত্রী।

কাস—কাশ দ্রঃ।

কাসঘ্ন—যাহা কাসি রোগ ভাল করে। কাস্ —হন্ + টক্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ঘ্নী।

কাসন্দি, কাসুন্দি—সর্ষপচূর্ণাদি মসলা-যুক্ত আমের আচার। 'কাসমর্দ্দ' শব্দজ। বি।

কাসমর্দ্দ(র্দ)—কাশমর্দ্দ দ্রঃ।

কাসমর্দ্দ(র্দ)ন—কালকাসুন্দি গাছ; পটোল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কাসাভা—বৃক্ষবিশেষ, কেশুয়া গাছ। ইং Cassava. বি। [বি।

কাসি—কাশি, কাশরোগ। 'কাস' শব্দজ।

কাসীস—উপধাতুবিশেষ, হিরাকস। কাস্ + ঈসন্ কর্ত্তৃবা। বি; পুং।

কাসুন্দি—কাসন্দি দ্রঃ।

কাস্তিয়া, কাস্তে—শস্যকর্ত্তরিকা, ধান্য-চ্ছেদনার্থ অস্ত্রবিশেষ। দেশজ। বি।

কাহণ, কাহন—১৬ পণ। 'কার্ষাপণ' শব্দজ। বি।

কাহা—কে; কোন্; কি। দেশজ। সর্ব্ব।

কাহাঁ—কোন্ স্থানে, কোথায়। হিন্দীমূলক। অব্য। [করিয়া। হিন্দী। অব্য।

কাহাঁতক—কোন্ পর্য্যন্ত, কি পর্য্যন্ত, কেমন

কাহার—১। কোন্ জনের। দেশজ। সর্ব্ব। ২। শিবিকাবাহক জাতি; বেহারা। 'স্কন্ধাবার' শব্দজ। বি। [বি।

কাহারবা—সঙ্গীতের তালবিশেষ। হিন্দী।

কাহিনী—কথা, গল্প; বিবরণ; প্রস্তাব। হিন্দী 'কহনিয়া' শব্দজ। বি।

কাহিল—শীর্ণ, কৃশ, রোগা, দুর্ব্বল। আর্বী। বিণ।

কাহু—কাহাকেও। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

কাহুক—কাহাকেও, কাহারও, কাহাতে। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

কাহে—১। কারে, কাহাকে; কাহার। প্রাঃ কবিপ্র। সর্ব্ব। ২। কেন, কিজন্য। হিন্দী-মূলক। অব্য।

কি—১। কোন্ বস্তু বা বিষয়। 'কিম্' শব্দজ। সর্ব্ব। ২। সংশয়সূচক প্রশ্নে; বিস্ময় বিরক্তি ইত্যাদিসূচক; কিংবা; কিছু নয় (যেমন—'বেল পাকিলে কাকের কি')। অব্য।

কিংকর্ত্তব্য(র্তব্য)বিমূঢ়, কিঙ্কর্ত্তব্য(র্তব্য)বিমূঢ়—কর্ত্তব্যাবধারণে অসমর্থ, কি করা উচিত বা আবশ্যক তাহা বুঝিতে অক্ষম। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ঢ়া। বি,—তা।

কিংখাপ, কিংখাব—ফুলদার বা সোণালি জরিদার রেশমী কাপড়। ফার্সী 'কম্‌খোয়াব্' শব্দজ। বি।

কিংবদন্তি, কিংবদন্তী—জনশ্রুতি, লোক-পরম্পরাগত কথা; লোকাপবাদ। কিম্ (কি) —বদ্ (বলা) + অন্তি ভাববা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী। [**কিম্বদন্তি, কিম্বদন্তী** অশুদ্ধ প্রয়োগ]।

কিংবা—বিকল্প; বা, অথবা, পক্ষান্তরবোধক শব্দ। কিম্ + বা। অব্য।

কিংশুক—১। পলাশ পুষ্প। বি; ক্লীব। ২। পলাশবৃক্ষ। কিম্ (কি) + শুক (পক্ষিবিশেষ). [ইহা কি শুকপক্ষী হইবে, এইরূপ বিতর্ক হইতে কিংশুক নামের উদ্ভব হইয়াছে]। বি; পুং।

কিঙ্কর(ংকর)—ভৃত্য, সেবক, পরিচারক। কিম্ (কি) —কৃ (করা) + অচ্ কর্ত্তৃবা। বি বা বিণ। স্ত্রী,—রী (ভৃত্যাপত্নী),—রা (ভৃত্যা)।

কিঙ্কিণী, কিংকিণী—বিকঙ্কত বৃক্ষ; ক্ষুদ্র ঘণ্টিকা, ছোট ঘণ্টা; কটিভূষণবিশেষ;

(ভু)র। কিম্ (অনুকরণ-শব্দ)—কিণ+পিচ্ +অচ্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

(কি)চ্‌কিচ্, কিচ্‌কিচানি—অস্পষ্ট তীব্র শব্দ; কলহ; ঝগড়া; ইন্দুর, ছুঁচা প্রভৃতির শব্দ। দেশজ। অব্য।

(কি)চ্‌মিচ্, কিচিরমিচির—অব্যক্ত শব্দ, পাখীর কলরব। দেশজ। অব্য।

(কি)ঞ্চু—১। কিঞ্চিৎ, কিয়ৎ, অল্প। 'কিঞ্চিৎ' শব্দজ। বিণ। ২। কোন বস্তু বা বিষয়। সর্ব্ব।

(কি)ঞ্চন—ধনী। প্রাঃ কবিপ্র। বিণ।

(কি)ঞ্চিৎ—অল্প কিছু; কোনও বস্তু। কিম্+চিৎ অল্পার্থে, অসাকল্যার্থে। অব্য।

কিঞ্চিৎকর—কিঞ্চিৎকার্য্যকর, সামান্য-প্রয়োজনসাধক। উপতৎ। কিঞ্চিৎ—কৃ+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

কিঞ্চিদধিক—কিছু বেশী। কিঞ্চিৎ অধিক, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—কা।

কিঞ্চিদূন—কিছু কম। কিঞ্চিৎ উন, সুপ্‌-সুপা। বিণ। স্ত্রী,—না।

কিঞ্চিন্মাত্র—কিছু, কিছুমাত্র। কিঞ্চিৎ+মাত্র পরিমাণার্থে। বিণ। স্ত্রী,—ত্রা।

কিঞ্চিলিক, কিঞ্চুলক—কেঁচো। কিম্—চুলুম্প+ডু কর্ত্তৃবা+কন্। বি; পুং।

কিঞ্জল্ক—কেশর; পুষ্পরেণু; ফুলের পরাগ। কিম্—জল্+ক (উণাদি) কর্ত্তৃবা। বি; ক্লীব।

কিট্‌কিটা, —টে—কিট্টযুক্ত, খুব ময়লা। 'কিট্ট' শব্দজ। বিণ।

কিড়মিড়, —মিড়ি—দন্তে দন্তে ঘর্ষণের শব্দ, কড়মড় শব্দ। দেশজ। অব্য।

কিতব—১। খল; শঠ, বঞ্চক; মত্ত, ক্ষিপ্ত। উপতৎ। কিত—বা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —বা। ২। অক্ষক্রীড়ক, জুয়াবাজ, জুয়াড়ী। বি; পুং।

কিতা, কেতা—ভূম্যাদির খণ্ড; প্রণালী, ধারা; শৃঙ্খলা; পঙ্‌ক্তি, সারি। আর্বী। বি।

কিতাওয়ারী, কিতাবরী—কিতায় কিতায়, খণ্ডে খণ্ডে। আর্বীমূলক। বিণ বা ক্রি-বিণ।

কিতা(কেতা)দুরস্ত—সুব্যবস্থিত; শৃঙ্খলা-যুক্ত। আর্বী কিতা+ফার্সী দুরস্ত্। বিণ। [আর্বী। বি।

কিতাব, কেতাব—গ্রন্থ, পুস্তক, বহি।

কিনা—সংশয়ে বা বিতর্কে (Or not); যেহেতু। অব্য।

কিনা, কেনা—১। ক্রয় করা। ক্রী ধাতুজ। বাং ক্রি। ২। ক্রীত। কিন্+আ কর্ম্মবা। বিণ।

কিনার, কিনারা—প্রান্ত, ধার, কানা; কূল, তীর, তট; পার্শ্ব; উপায়; উদ্ধার। ফার্সী। বি। কিনারা করা—তদন্ত করা; নিষ্পত্তি করা; ব্যবস্থা করা; উপায় করা।

কিন্তু—১। প্রথমোক্তির বৈপরীত্য বা সঙ্কোচ-সূচক, পরন্তু। কিম্+তু। অব্য।

কিন্নর—দেবযোনিবিশেষ, কিম্পুরুষ, যক্ষ, স্বর্গীয় গায়ক। কিম্ (কুৎসিত) নর, কর্ম্মধা। (কিন্নরদিগের মুখ অশ্বমুখসদৃশ ও অন্যান্য অবয়ব মনুষ্যের তুল্য, এই জন্যই উহাদিগকে কিন্নর, কিম্পুরুষ, তুরঙ্গবদন, ইত্যাদি বলে।) বি; পুং। স্ত্রী,—রী। [বিণ।

কিপ্‌টে—ব্যয়কুণ্ঠ, কৃপণ। 'কৃপণ' শব্দজ।

কিমতে—কিপ্রকারে, কিরূপে। ক্রি-বিণ।

কিমাকার—কি আকারের, কি প্রকার; কুৎসিত আকৃতিবিশিষ্ট। কিম্ (কি) আকার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

কিমিতি—রসায়ন শাস্ত্র (Chemistry). পরিভাষা। বি।

কিমিয়া—প্রাচীন রসায়ন-বিদ্যা (Alchemy). আর্বী। বি।

কিম্পুরুষ, কিম্পূরুষ—কিন্নর [কিন্নর দ্রঃ]; জম্বুদ্বীপের নয় খণ্ডের এক খণ্ড। কিম্ (কুৎসিত) পুরুষ বা পুরুষ, কর্ম্মধা। বি; পুং।

কিম্বদন্তি, কিম্বদন্তী—'কিংবদন্তি (স্ত্রী)' স্থানে অশুদ্ধ প্রয়োগ।

কিম্বা—'কিংবা' স্থানে অশুদ্ধ প্রয়োগ।

কিম্ভূত—কীদৃশ, কি প্রকার। কিম্—ভূ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

কিম্ভূত-কিমাকার—অপরূপ, অস্বাভাবিক রকমের, বিকটাকার, বিশ্রী, কুৎসিত। দেশজ। বিণ।

কিম্মৎ—সার, উৎকর্ষ; দাম, মূল্য। আর্বী 'কীমৎ' শব্দজ। বি।

কিম্মতী—উৎকৃষ্ট; দামী। কিম্মৎ+ঈ বিশিষ্টার্থে। বিণ।

কিয়ৎ—কি পরিমাণ, কত; কিছু। কিম্+বতুপ্ পরিমাণার্থে। বিণ; ক্লীব। পুং, কিয়ান্; স্ত্রী, কিয়তী।

কিয়দ্দিন, কিয়দ্দিবস—কতদিন, কিছুদিন, কিছুকাল। কর্ম্মধা। বি; ক্লীব, পুং বা ক্লীব। [শব্দজ। বি।

কিয়া—প্রতিফল। প্রাঃ কবিপ্র। 'ক্রিয়া'

কিয়ারি, কেয়ারি—১। বাগানের ছোট ছোট গাছপালা কাটিয়া ছাঁটিয়া তাহাদের পারিপাট্যবিধান; ঐরূপে সাজান গাছের বেড়া। 'কেদারিকা' শব্দজ। ২। গবাদি পশুর ক্ষতাদিতে পোকা হইলে তাহার প্রতিকারক প্রক্রিয়া। প্রাদে। বি।

কিয়ে—কি জন্য, কেন; কি; কেমন; বিতর্কবাচক শব্দ; অথবা। প্রাঃ কবিপ্র। অব্য।

কির—কিরণ, জ্যোতিঃ, দ্যুতি; পাখী, টিয়া পাখী। প্রাঃ কবিপ্র। বি।

কিরকিরে—বালির মত; খরখরে; দানাদার। বিণ।

কিরঘিজ—মধ্য-এশিয়ার তৃণময় অঞ্চলের অধিবাসী মঙ্গোলীয় জাতিবিশেষ। বি।

কিরণ—১। অংশু, রশ্মি, চন্দ্র ও সূর্য্যের বিভা বা দীপ্তি। কৄ+অন (ক্যু) কর্ম্মবা। ২। সূর্য্য। কৄ+অন (ক্যু) কর্ত্তৃবা। বি; পুং।

কিরণজাল—রশ্মিসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কিরণপাত—রশ্মিসম্পাত; রশ্মিবিকিরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কিরণময়—আলোকময়; আলোকাত্মক। কিরণ+ময়ট্ ব্যাপ্ত্যর্থে, স্বরূপার্থে। বিণ। স্ত্রী,—য়ী।

কিরণমালা—রশ্মিসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কিরণমালী (—মালিন্)—সূর্য্য। কিরণমালা+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

কিরণসম্পাত—আলোকপাত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কিরা—শপথ, দিব্য। হিন্দী। বি।

কিরাট, কীরাট—কৃপণ; লোভী; ব্যাপারী। 'কিরীত' শব্দজ। বি।

কিরাত—বন্যজাতিবিশেষ; ব্যাধ; খর্ব্বকায় পুরুষ; ভূনিম্ব; অশ্বপাল, সহিস। কির—অত্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

কিরিচ, কিরীচ—একপ্রকার বক্রাগ্র ছুরিকা বা ছোরা। পোর্ত্তুগীজ 'Cris' শব্দজ। বি।

কিরিয়া—শপথ, দিব্য। হিন্দীমূলক। বি।

কিরীট—মুকুট, শিরোভূষণ। কৄ+কীটন্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

কিরীটী (কিরীটিন্)—১। অর্জ্জুন; রাজা। কিরীট+ইন্ অস্ত্যর্থে। বি; পুং। ২। মুকুটধারী। বিণ। স্ত্রী,—টিনী।

কিরূপ—কি রকম, কেমন। বহুব্রী। বিণ।

কিরে—১। নীচ সম্বোধন। দেশজ। অব্য। ২। কিরা, দিব্য, শপথ। হিন্দীমূলক। বি।

কিল—মুষ্টি, মুষ্টিপ্রহার; ঘুসি। দেশজ। বি।

কিলকিল, কিলকিলা—বানরাদির হর্ষধ্বনি; অব্যক্ত শব্দ। দেশজ। অব্য।

কিলবিল—সাপ ক্রিমি প্রভৃতির অঙ্গসঞ্চালন-সূচক আঁকাবাঁকা গতি। দেশজ। অব্য।

কিলাকিলি—ঘুসাঘুসি। ব্যতীহার বহুব্রী। বি।

কিলান—কিল মারা, ঘুসি মারা। বাং ক্রি।

কিল্লা, কেল্লা—দুর্গ, গড়; দুর্গমস্থান। আর্বী। বি।

কিল্লাদার—দুর্গরক্ষক। কিল্লা+দার। বি।

কিল্বিষ—পাপ; রোগ; দোষ। কিল্+বিষ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

কিশমিশ—শুষ্ক আঙ্গুরফল। ফার্সী। বি।

কিশল, কিসল—নবপল্লব। কিম্—শল্, সল্+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং বা ক্লীব।

কিশলয়, কিসলয়—নবপল্লব। কিম্—শল্, সল্+কয়ন্ কর্ত্তৃবা। বি ; পুং বা ক্লীব।

কিশোর—১। বালক ; ১১ হইতে ১৫ বৎসর পর্য্যন্ত বয়স্ক ; নবযুবক। কিম্—শৃ+ওরন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী। ২। শ্রীকৃষ্ণ। বি ; পুং।

কিষ্কিন্ধা, কিষ্কিন্ধ্যা—কিষ্কিন্ধ পর্ব্বতের গুহা, বালি রাজার রাজ্য (অনেকের মতে এই পুরী মহীশূরের উত্তরে ছিল)। বি ; স্ত্রী।

কিষ্কিন্ধ্যাধিপ, কিষ্কিন্ধ্যাধিপতি—কপিরাজ বালি ; সুগ্রীব। কিষ্কিন্ধ্যার অধিপ, অধিপতি, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কিসল, কিসলয়—কিশল, কিশলয় দ্রঃ।

কিসে—কি হইতে ; কোন্ উপায়ে ; কোন্ বিষয়ে বা বস্তুতে ; কাহার (কোন্ জিনিষের) মধ্যে। 'কিম্' শব্দজ। সর্ব্ব।

কিস্তি, কিস্তী—আংশিকভাবে খাজনা দিবার নির্দ্দিষ্ট সময় ; ঋণাদি এককালে পরিশোধ করিতে না পারিলে সময়ে সময়ে দিবার নির্দ্দিষ্ট দফা ; পণ্যবাহিনী নৌকা ; দাবা খেলায় বিপক্ষের রাজাকে কোন বলের দ্বারা আক্রমণ। আর্বী 'কিশ্‌ত্' শব্দজ। বি।

কিস্তিখেলাপ—কিস্তিমত টাকা পরিশোধ না দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি।

কিস্তিবন্দী—ঋণাদি সময়ে সময়ে শোধ দিবার অঙ্গীকার বা অঙ্গীকারপত্র। আর্বী-মূলক। বি।

কিস্তিমাত—দাবা খেলায় বিপক্ষের রাজাকে এমনভাবে আক্রমণ যে তাহার পলাইবার উপায় থাকে না এইরূপ অবস্থা ; প্রতিপক্ষের সম্পূর্ণ নাশপূর্ব্বক নিজের সম্পূর্ণ ইষ্টসিদ্ধি। আর্বী। বি। [বি।

কিস্‌ম্, কিস্তিম—প্রকার, রকম। আর্বী।

কিস্‌মৎ, কিস্‌মিৎ—ভাগ্য, অদৃষ্ট, কপাল। আর্বী। বি। [ফার্সী। বি।

কিস্‌মিস্—শুষ্ক দ্রাক্ষা ; আঙ্গুর বা মনাক্কা।

কী—'কি'এর রূপভেদ (আধুনিক)। সর্ব্ব ; বিণ।

কীচক—১। বায়ুসংযোগে শব্দকারক বাঁশ, তল্‌তাবাঁশ ; নলখাগড়া। কী—চক্+অচ্ কর্ত্তৃবা। ২। কেকয়রাজের পুত্র এবং বিরাট-রাজের শ্যালক। বি ; পুং।

কীচকজিৎ—ভীমসেন। কীচককে জয় করিয়াছেন ইনি ইতি উপতৎ। কীচক—জি+কিপ্ কর্ত্তৃবা। বি ; পুং।

কীট—কৃমি, পোকা। কীট্+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

কীটজ—১। রেশম। উপতৎ। কীট—জন্+ড কর্ত্তৃবা। বি ; পুং। ২। কীটজাত, কৃমি হইতে উৎপন্ন। বিণ। স্ত্রী,—জা।

কীটদষ্ট—পোকায় খাওয়া। ৩য়াতৎ। বিণ।

কীটপোষ-সহায়ক—গুটিপোকার চাষ-কার্য্যে যিনি সহায়তা করেন (Sericultural Assistant). বি।

কীটভুক্ (—ভুজ্)—কীটভক্ষণকারী, পোকাখেকো। উপতৎ। কীট—ভুজ্+কিপ্ কর্ত্তৃবা। বি বা বিণ।

কীটাণু—চক্ষুর অগোচর অতি ক্ষুদ্র কীট, যে সকল কীট অণুবীক্ষণের সাহায্য ব্যতিরেকে দৃষ্টিগোচর হয় না (Animalculæ). কীটমধ্যে অণু, ৭মীতৎ। বি ; পুং।

কীটাণ্ড—কীটের ডিম্ব। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কীড়া—কৃমি, পোকা। 'কীট' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

কীদৃশ—কীদৃক্, কি প্রকার, কেমন। কিম্—দৃশ্+কঞ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—শী।

কীর্ণ—বিক্ষিপ্ত ; আচ্ছন্ন ; ব্যাপ্ত। কৄ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, কীর্ণা।

কীর্ত্ত(র্ত)ন—১। গুণকথন ; বর্ণন, কথন ; যশোগান। কৃত্+অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। কৃষ্ণলীলাবিষয়ক সঙ্গীত। কৃত্+অনট্ কর্ম্মবা। বি ; ক্লীব।

কীর্ত্ত(র্ত)নিয়া, কীর্ত্ত(র্ত)নে—কীর্ত্তন-

গায়ক। কীর্ত্তন+ইয়া, এ গায়ক অর্থে। বি বা বিণ।

কীর্ত্ত(র্ত)নীয়—বর্ণনীয়; কথনীয়; গণনীয়। কৃত্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

কীর্ত্তি(র্তি)—১। যশঃ, সুখ্যাতি; প্রসাদ; মৃত ব্যক্তির খ্যাতি। কৃত্+ক্তি ভাববা। বি; স্ত্রী। ২। সুখ্যাতিজনক কার্য্য বা বস্তু। কৃত্+ক্তি করণবা। বি; স্ত্রী।

কীর্ত্তি(র্তি)কর, কীর্ত্তি(র্তি)জনক—যশস্কর, সুখ্যাতিজনক, গৌরবোৎপাদক। উপতৎ। কীর্ত্তি—কৃ+ট কর্ত্তৃবা; ২য় পক্ষে ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রী,—নিকা।

কীর্ত্তি(র্তি)কলাপ—যশঃসমূহ; নানাপ্রকার সুখ্যাতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কীর্ত্তি(র্তি)ত—খ্যাত, কথিত, বর্ণিত। কৃত্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

কীর্ত্তি(র্তি)ধ্বজা—যশঃপতাকা, সুখ্যাতির নিশান। রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

কীর্ত্তি(র্তি)নাশ—কীর্ত্তির ধ্বংস, সুখ্যাতির হানি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কীর্ত্তি(র্তি)নাশা—কীর্ত্তিনাশকারিণী পদ্মা-নদী। কীর্ত্তি নাশ করিয়াছে যে, বাং উপতৎ। বি; স্ত্রী।

কীর্ত্তি(র্তি)বাস—অতিশয় কীর্ত্তিমান্, মহাযশস্বী। কীর্ত্তি (বা কীর্ত্তিতে) বাস যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—সা।

কীর্ত্তি(র্তি)মান্ (—মৎ)—কীর্ত্তিবিশিষ্ট, যশস্বী। কীর্ত্তি+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,-মতী।

কীর্ত্তি(র্তি)স্তম্ভ—ঘটনাবিশেষের স্মরণার্থ অথবা কোন প্রসিদ্ধ ব্যক্তির নাম চিরস্মরণীয় করিবার নিমিত্ত নির্ম্মিত স্তম্ভাদি, স্মৃতিস্তম্ভ, স্মৃতিমন্দির (Monument). মধ্যপ. কর্ম্মধা। বি; পুং।

কীল—১। খিল, হুড়কা; শঙ্কু, গোঁজ; কনুই; লেশ। কীল্+ঘঞ্ করণবা। বি; পুং। ২। কিল, মুষ্টি, ঘুঁসি। দেশজ। বি।

কীলক—শঙ্কু, গোঁজ, খোঁটা। কীল্ শব্দ+কন্ স্বার্থে। বি; পুং।

কু—১। অশুভ; নিবারণ; পাপ; ঈষৎ; মন্দ, কুৎসিত; নিন্দা। কু+ডু কর্ত্তৃবা। অব্য। ২। পৃথিবী; (মতান্তরে) আগমনিগমাদি বেদাঙ্গ ব্যাখ্যা। বি; স্ত্রী।

কুইনাইন, কুইনীন—সিঙ্কোনাবৃক্ষের ত্বক্ হইতে প্রস্তুত জ্বরের ঔষধবিশেষ (Quinine). বি।

কু-উ—কুহুধ্বনি, কোকিলের শব্দ। অব্য।

কুঁকড়া—কুক্কুট, মোরগ। 'কুক্কুট' শব্দজ। বি।

কুঁকড়ান—সঙ্কোচন, জড়সড় হওয়া; কুণ্ঠিত হওয়া। 'কুঞ্চ্' ধাতুজ। বাং ক্রি।

কুঁকড়ি—সঙ্কুচিত; লজ্জিত। বিণ।

কুঁকড়ি-মুঁকড়ি—বেশীরকম কোঁকড়ান; অতিশয় লজ্জিত; জড়সড়। দেশজ। বিণ।

কুঁচ—গুঞ্জাফল; গুঞ্জাপরিমাণ। 'গুঞ্জা' বা 'কুঞ্চিকা' শব্দজ। বি।

কুঁচা, কুঁচি, কুঁচী—ক্ষুদ্র কাষ্ঠখণ্ড; মার্জ্জনী, ঝাঁটাবিশেষ; মুড়ি প্রভৃতি ভাজিবার জন্য সম্মিলিত কাষ্ঠিকাসমূহ; শূকর ইত্যাদির শক্ত লোম; বুরুশ। 'কূর্চ্চ' শব্দজ। বি।

কুঁচকি, কুচকি—উরুসন্ধি, উরুদেশ ও কটি-তটের সংযোগস্থল; উক্ত সন্ধিস্থলের স্ফীতি রোগ, বাগি। দেশজ। বি।

কুঁচান—খুব ছোট ছোট করিয়া কাটা; কুঞ্চিত করা, কোঁকড়ান। 'কুন্চ্' ধাতুজ। বাং ক্রি।

কুঁচিয়া, কুঁচে—সর্পাকৃতি মৎস্যবিশেষ; মহীলতা, কেঁচো। 'কুচিকা' শব্দজ। বি।

কুঁচিকা, কুচিকা—বিষাক্ত বন্যবৃক্ষ তাহার ফলবিশেষ। দেশজ। বি।

কুঁজ, কুঁজো—১। কুব্জপৃষ্ঠ। বিণ। ২। পৃষ্ঠের কুব্জ বা বক্রভাবে উন্নতি। 'কুব্জ' শব্দজ। বি।

কুঁজড়া,—ড়ো—কুটিলচিত্ত, খল, দুরন্ত, দুষ্ট, অকারণে কোন্দলকারী; কলহপ্রিয়। দেশজ। বিণ। স্ত্রি,—ড়ি।

কুঁজা—১। জলপাত্রবিশেষ। কার্সী। বি। ২। কুব্জদেহ। 'কুব্জ' শব্দজ। বিণ।

কুঁজি, কুঁজী—১। কুব্জা, কুব্জপৃষ্ঠা। দেশজ। বিণ ; স্ত্রী। ২। চাবী। 'কুঞ্চী' শব্দজ। বি।

কুঁড়া, কুঁড়ো—চাউল ছাঁটিলে তাহা হইতে যে সূক্ষ্ম গুঁড়া ময়লা বাহির হয় ; তুষ। 'কণ্ডন' শব্দজ। বি।

কুঁড়াজালি, কুঁড়োজালি—চিংড়ি প্রভৃতি মাছ ধরিবার কাপড়ের ছোট জাল-বিশেষ ; বৈষ্ণবের জপমালার থলি (ব্যঙ্গার্থে)। দেশজ। বি।

কুঁড়ি—১। কোরক, কুট্মল, কলি। 'কুট্মল' শব্দজ। বি। ২। কুণ্ড। 'কুণ্ড' শব্দজ। বি।

কুঁড়িয়া, কুঁড়ে—পর্ণশালা, কুটীর। 'কুটীর' শব্দজ। বি।

কুঁতান, কুঁথান—কোঁত দেওয়া, কোঁত পাড়া। 'কুন্থন' শব্দজ। বাং ক্রি।

কুঁদ—কুন্দ পুষ্প ; সূত্রধরের যন্ত্রবিশেষ। 'কুন্দ' শব্দজ। বি। [বি।

কুঁদল, কোঁদল—কলহ। 'কন্দল' শব্দজ।

কুঁদলি, কুঁদুলী—কোন্দলকারিণী, কলহ-প্রিয়া, ঝগড়াটিয়া। কন্দল+এ (∠ইয়া)= কুঁদলে, কুঁদুলে+ঈ। বিণ ; স্ত্রী। পুং,—লে, —লে।

কুঁদা—১। কুর্দ্দন করা ; লাফান। 'কুর্দ্দন' শব্দজ। ক্রি। ২। কুঁদযন্ত্রে কাঠ পালিশ করা বা তাহাকে সাজান। 'কুন্দন' শব্দজ। বাং ক্রি।

কুঁদো—কাষ্ঠখণ্ড ; ভারী মোটা কাঠ ; বন্দু-কাদির কাষ্ঠময় অংশ বা কাঠের হাতল ; কলসাকারে জমান একপ্রকার মিছরী। 'স্কন্ধ' শব্দজ। বি।

কুকথা—১। কুৎসিত বাক্য, দুর্ব্বাক্য ; মন্দ বিষয়ের আলাপ। কুৎসিত কথা, নিত্য। ২। পৃথিবীর কথা, জগৎ সম্বন্ধে আলাপ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

কুকরী—ক্ষুদ্র অস্ত্রবিশেষ। বি।

কুকর্ম্ম (কুকর্ম্মন্), কুকর্ম্ম—অসৎকার্য্য, দুষ্ক্রিয়া, মন্দ কাজ। কুৎসিত কর্ম্ম, নিত্য। বি : ক্লীব।

কুকর্ম্মা (কুকর্ম্মন্), কুকর্ম্মা—কুৎসিত কার্য্যনির্ব্বাহকারী ; সতত মন্দকর্ম্মকারী। কু কর্ম্ম যাহার, বহুব্রী। বিণ।

কুকর্ম্মা(র্ম্মা)ন্বিত—কুক্রিয়াসক্ত। কুকর্ম্ম দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

কুকশিমা, -সিমা—কুকুর-শোঁকা গাছ। দেশজ। বি।

কুকার্য্য(র্য)—অসৎকর্ম্ম, মন্দ কাজ। কুৎসিত কার্য্য, নিত্য। বি ; ক্লীব।

কুকুড়া—মুরগী। 'কুক্কুট' শব্দজ। বি।

কুকুন্দর—নিতম্বস্থিত আবর্ত্তাকার গর্ত্তদ্বয়। কু কন্দর যাহাতে, বহুব্রী। বি ; পুং।

কুকুর—কুক্কুর, সারমেয়, কুত্তা। কুক্+উরচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

কুকুরছড়ি—কুকুরলেজা (তাহা দ্রঃ)।

কুকুরমণ্ডল—(জ্যোতিষে) নক্ষত্রপুঞ্জবিশেষ। মধ্যপ কর্ম্মধা। বি। [ইহা দুই ভাগে বিভক্ত—ক্ষুদ্র (Canis Minor) ও বৃহৎ (Canis Major)].

কুকুরমাছি—একপ্রকার বড় মাছি (কুকুরের গায়েই বেশী বসে, ইহার দংশন অতি তীব্র)। মধ্যপ কর্ম্মধা। বি।

কুকুরলেজা—একপ্রকার ছোট বুনো গাছ (ইহার ফুল কুকুরের লেজের মত)। দেশজ। বি।

কুকুর-শোঁকা—কুকশিমা (তাহা দ্রঃ)।

কুকুরে—অল্প, সচেতন ('—ঘুম') ; তীক্ষ্ণ ('—গোঁ')। কুকুর+এ (∠ইয়া) সদৃশার্থে। বিণ।

কুক্কুট,—ক—কুঁকড়া, মোরগ ; স্ফুলিঙ্গ। কু—কুট্+ক কর্ত্তৃবা.(ক—আগম), পক্ষে কন্ স্বার্থে। বি ; পুং। [স্ত্রী।

কুক্কুটী—স্ত্রী-কুক্কুট, মুরগী। কুক্কুট+ঈপ্। বি ;

কুক্কুর—কুকুর, কুত্তা। কুক্+উরচ্, কর্ত্তৃবা। বি ; পুং। স্ত্রী,—রী।

কুক্রিয়—দুষ্ক্রিয়ান্বিত, অসৎকার্য্যকারক। কু (কুৎসিত) ক্রিয়া (কার্য্য) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

কুক্রিয়া—অসৎকার্য্য, দুষ্কর্ম্ম। কুৎসিত ক্রিয়া, নিত্য। বি ; স্ত্রী।

কুক্রিয়াসক্ত,—য়ান্বিত—মন্দ কার্য্যে রত। ৭মীতৎ, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ক্তা,—তা।

কুক্ষণ—মন্দ মুহূর্ত্ত, অশুভ সময়। কুৎসিত ক্ষণ, নিত্য। বি ; পুং।

কুক্ষি—উদরগহ্বর, জঠর, কোঁক ; মধ্য, অভ্যন্তর, গুহা। কুষ্‌+ক্সি কর্ত্তৃবা। বি ; পুং।

কুক্ষিগত—উদরপ্রবিষ্ট ; অভ্যন্তরপ্রাপ্ত ; গর্ভাশয়স্থিত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

কুক্ষিম্ভরি—উদরম্ভরি, পেটুক। উপতৎ। কুক্ষি—ভৃ+ই কর্ত্তৃবা। বিণ।

কুখ্যাত—দুর্নামযুক্ত, যাহার সম্বন্ধে দুর্নাম আছে। নিত্য। বিণ।

কুখ্যাতি—অখ্যাতি, অপযশঃ, অযশঃ, নিন্দা। নিত্য। বি ; স্ত্রী।

কুগ্রহ—মন্দগ্রহ, অনিষ্টকর গ্রহ। কুৎসিত গ্রহ, নিত্য। বি ; পুং।

কুঙ্কুম—কাশ্মীরদেশজাত স্বনামখ্যাত গন্ধদ্রব্য-বিশেষ, জাফরান ; কুসুমফুল। কুক্‌+উমক্‌ কর্ম্মবা। বি ; ক্লীব।

কুঙ্গী—ঝাঁপি। প্রাঃ কবিপ্র। বি।

কুচ—১। যুবতীর স্তন, পয়োধর। কুচ্‌+ক কর্ত্তৃবা। বি ; পুং। ২। সৈন্যদিগের এক স্থানে সমাবেশ বা সমানে পা ফেলিয়া শ্রেণীবদ্ধভাবে গমন ; যুদ্ধযাত্রা। ফার্সী। বি।

কুচকাওয়াজ—সৈন্যদিগের সমাবেশ ও যুদ্ধশিক্ষার্থে অভ্যাস (Parade). ফার্সী কুচ্‌+আর্বী কাবাইদ। বি।

কুচকাচা—কাঠ প্রভৃতির কুচা, টুকরা-টাকরা। দেশজ। বি।

কুচক্কুরে—কুচক্রী ; কুঁজড়া, কুটিল। কুচক্কর (∠কুচক্র)+এ (∠ইয়া) লিপ্ত অর্থে। বিণ।

কুচক্র—চক্রান্ত, ষড়্‌যন্ত্র, কুমন্ত্রণা। কুৎসিত চক্র, নিত্য। বি ; ক্লীব।

কুচক্রী (কুচক্রিন্‌)—চক্রান্তকারী, ষড়্‌যন্ত্র-কারী, কুমন্ত্রণাদাতা। কুচক্র+ইন্‌ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—ক্রিণী।

কুচটিয়া, কুচুটিয়া—কুৎসিত ; কুটিল ; কুচক্রী ; কণ্টকাকীর্ণ। দেশজ। বিণ।

কুচনী—কোচজাতীয়া স্ত্রী ; বেশ্যা। দেশজ। বি ; স্ত্রী।

কুচরিত্র—১। মন্দ চরিত্র, কুৎসিত আচরণ ; কদাচার। নিত্য। বি ; ক্লীব। ২। দুশ্চরিত্র, দুঃশীল, কদাচারী ; অসৎ, অসাধু। কু চরিত্র যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্রা।

কুচা, কুচো—ছোট টুক্‌রা। দেশজ। বি।

কুচাগ্র—পয়োধরের অগ্রভাগ, চুচুক, স্তনবৃন্ত, স্তনের বোঁটা। কুচের অগ্র, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কুচান—ছোট ছোট করিয়া কাটা, টুক্‌রা টুক্‌রা করিয়া ফেলা। বাং ক্রি।

কুচাল—মন্দ ব্যবহার। নিত্য। দেশজ। বি।

কুচি—১। ছোট টুক্‌রা। বি। ২। ক্ষুদ্র, সামান্য। দেশজ। বিণ।

কুচিকিৎসক—মন্দচিকিৎসাকারী, হাতু-ড়িয়া। নিত্য। বি বা বিণ ; পুং।

কুচিকিৎসা—মন্দ চিকিৎসা। নিত্য। বি ; স্ত্রী।

কুচিন্তা—অসৎ ভাবনা ; মন্দ বিষয়ের কল্পনা। নিত্য। বি ; স্ত্রী।

কুচুটে, কুচুণ্ডে—হিংসুটে, কুটিলপ্রকৃতি, কুচক্কুরে ; কুচল, কষ্টদায়ক। দেশজ। বিণ।

কুচুৎ—জাঁতি কর্ত্তরি প্রভৃতি দ্বারা কোন ছোট জিনিষ কাটিয়া দুই খণ্ড করার শব্দ. (বড় হইলে 'কচাৎ' হয়)। দেশজ। অব্য।

কুচুর-মুচুর—কচ্‌কচে ও মচ্‌মচে খাদ্য চর্ব্বণের শব্দ। দেশজ। অব্য।

কুচ্ছা—অখ্যাতি, অপযশঃ, অপবাদ, নিন্দা। 'কুৎসা' শব্দজ। বি।

কুচ্ছিত—বিশ্রী, বিরূপ ; হীন, নিন্দিত, অপকৃষ্ট ; অশ্লীল। 'কুৎসিত' শব্দজ। বিণ।

কুজন—অসজ্জন, দুর্জ্জন, দুষ্ট ব্যক্তি। নিত্য। বি ; পুং।

কুজড়া, কুজুড়িয়া—ঝগড়াটে ; কড়িয়া কুজড়+আ শীলার্থে। প্রাদে। বিণ।

কুজ্ঝটি, -ঝটী, -ঝটিকা—কুহেলিকা, কুয়াসা। কু+ক্বিপ্ কর্ত্তৃবা=কুৎ; কুৎ—ঝট্ +ইন্ কর্ত্তৃবা, ২য় পক্ষে+ঈপ্, ৩য় পক্ষে কুজ্ঝটি+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কুঞ্চন—বক্রণ; সঙ্কোচন; অনাদর। কুন্চ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

কুঞ্চি, কুঞ্চী—মানপাত্রবিশেষ, খুঁচি; আট মুঠা; কুঞ্চিকা। কুন্চ্+ই কর্ত্তৃবা, ২য় পক্ষে ঈপ্। বি; স্ত্রী। [স্ত্রী।

কুঞ্চিকা—কুঞ্চী; গুঞ্জা, কুঁচ; চাবি। বি;

কুঞ্চিত—বক্রীকৃত; সঙ্কুচিত; অবজ্ঞাত, অনাদৃত। কুন্চ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

কুঞ্জ—১। লতাগৃহ, লতাদি দ্বারা আচ্ছন্ন স্থান; বৈষ্ণবের আখড়া; হস্তিহনু; হস্তিদন্ত। কু—জন্+ড কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। বস্ত্রাদির কল্কা বা নক্সা। প্রাদে। বি।

কুঞ্জকানন, কুঞ্জবন—লতাগৃহপূর্ণ উপবন। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কুঞ্জকুটীর—১। লতাগৃহ, নিকুঞ্জ। কুঞ্জই কুটীর, কর্ম্মধা। ২। কুঞ্জমধ্যস্থ ক্ষুদ্র গৃহ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কুঞ্জদার—কল্কাদার, নক্সাযুক্ত। দেশজ। বিণ। [বি; ক্লীব।

কুঞ্জদ্বার—লতাগৃহের প্রবেশপথ। ৬ষ্ঠীতৎ।

কুঞ্জর—হস্তী। কুঞ্জ+র অস্ত্যর্থে। বি; পুং। স্ত্রী,—রী।

কুট—১। পর্ব্বতশৃঙ্গ; দুর্গ; বৃক্ষ; শিলা-কুট, পাথর ভাঙ্গা হাতুড়ি। কুট্+ক কর্ত্তৃবা। বি; পুং। ২। কলস। বি; পুং বা ক্লীব। ৩। কুষ্ঠরোগ। 'কুষ্ঠ' শব্দজ। বি। ৪। পিপীলিকাদির দংশনজ্ঞাপক শব্দ। অব্য। ৫। কুটিল; অসরল। কুট্+ক কর্ত্তৃবা। বিণ। ৬। কুটিলতা। কুট্+ক ঘঞর্থে ভাববা। বি; পুং। ৭। তৃণ, খড়। দেশজ। বি।

কুটকুট—পিপীলিকাদির পুনঃ পুনঃ কামড়; চুলকানি। দেশজ। বি।

কুটকুটান—সামান্য চুলকান। বাং ক্রি।

কুটকুটানি—চুলকানি; বুনা ওল প্রভৃতি মুখে ধরা; কামড়ানি। কুটকুটা+নি ভাববা। বি।

কুটজ—গিরিমল্লিকা বৃক্ষ, কুড়চিগাছ। উপ-তৎ। কুট—জন্+ড কর্ত্তৃবা। বি; পুং।

কুটন—চূর্ণন, গুঁড়ান। 'কুট্টন' শব্দজ। বি।

কুটনা—১। সুরতদূত; কোটনা; পরোক্ষে নিন্দা বা অভিযোগকারী। কুটনী+পুং আ। বি। ২। রন্ধনের জন্য কোটা তরকারী। 'কুট্টন' শব্দজ। বি।

কুটনী—সুরতদূতী; পরোক্ষে নিন্দাকারিণী বা অভিযোগকারিণী। 'কুট্টনী' শব্দজ। বি; স্ত্রী।

কুটপাট, কুটিপাটি—গদ্‌গদ, হাস্য বা আহ্লাদে আটখানা, বিহ্বল। দেশজ। বিণ।

কুটা—১। তৃণাদির ক্ষুদ্র খণ্ড, কুচি, কণা। বি। ২। ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে কর্ত্তন করা; (তণ্ডুলাদি) চূর্ণ করা, গুঁড়ান। 'কুট্ট' ধাতুজ। বাং ক্রি।

কুটান, কোটান—কাটান; ছেঁচান; খোদান। বাং ক্রি।

কুটি—১। কুটিলতা, বক্রতা। কুট্+ইন্ ভাববা। বি; পুং বা ক্লীব। ২। গৃহ, ঘর; কুটীর, কুঁড়ে। কুট্+ইন্ অধিবা। বি; স্ত্রী। ৩। শরীর; বৃক্ষ। কুট্+ইন্ কর্ত্তৃবা সংজ্ঞার্থে। বি; পুং। ৪। কুটা; তৃণখণ্ড; ব্যবসার স্থল, মহাজনের গদি; কর্ম্মশালা, কারখানা। দেশজ। বি।

কুটিকুটি—অস্থির, গদ্‌গদ, টুক্‌রা টুক্‌রা। দেশজ। বিণ।

কুটিয়া, কুটে—কুষ্ঠরোগগ্রস্ত। কুট+ইয়া, এ আছে অর্থে। বিণ।

কুটিয়াল, কুটেল—কুঠিয়াল (তাহা দ্রঃ)।

কুটির—বাসস্থান; পর্ণশালা, কুঁড়ে। কুটি+র অস্ত্যর্থে। বি; পুং।

কুটিরশিল্প—দরিদ্র শিল্পীদের গৃহজাত হস্ত-নির্ম্মিত দ্রব্য (Cottage Industry). মধ্যপদ কর্ম্মধা। বি; ক্লীব।

কুতুকী (–কিন্)—কৌতুহলী ; আনন্দিত। কুতুক+ইন্ আছে অর্থে। বিণ ; পুং। স্ত্রী, –কিনী।

কুতূহল—১। কৌতূহল, কোন নূতন বিষয় দেখিবার বা শুনিবার বা জানিবার নিমিত্ত আগ্রহ ; ঔৎসুক্য। কুতু–হল্+ক ঘঞর্থে ভাববা। বি ; ক্লীব। ২। অদ্ভুত, আশ্চর্য্য। কুতু–হল্+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–লা।

কুতূহলী (–লিন্)—কৌতুহলবিশিষ্ট, নূতন-জ্ঞান-লাভেচ্ছু, উৎসুক ; আমোদে রত। কুতূহল+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,–লিনী।

কুত্তা, কুত্তো—কুকুর। হিন্দীমূলক। বি ; পুং। স্ত্রী, কুত্তী।

কুত্র—কোথায়, কোন্ স্থানে ; কোন্ বিষয়ে। কিম্ (কি)+ত্র ৭মীস্থানে। অব্য।

কুত্রাপি—কোথাও ; কোনও স্থানে। কুত্র+অপি। অব্য। [ভাববা। বি ; ক্লীব।

কুৎসন—নিন্দা, দোষকীর্ত্তন। কুৎস+অনট্

কুৎসা—নিন্দা, দোষকীর্ত্তন। কুৎস+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

কুৎসিত—নিন্দিত ; দোষযুক্ত ; হেয়, জঘন্য, বিশ্রী। কুৎস+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

কুদরৎ—মহত্ব, মহিমা, গরিমা ; ক্ষমতা, শক্তি, সামর্থ্য ; বাহাদুরি। আর্বী। বি। বিণ, কুদরতী।

কুদিন—সাবনদিন, দিবারাত্র ; অশুভ দিন ; দুর্দ্দিন ; বৃষ্টিবাদলার দিন ; দুর্ভাগ্যের কাল। কুৎসিত দিন, নিত্য। বি ; ক্লীব।

কুদৃষ্টি—১। মন্দদৃষ্টি, কুৎসিতদর্শন। কু হইয়াছে দৃষ্টি যাহার, বহুব্রী। বিণ। ২। অশুভদৃষ্টি, ঈর্ষ্যান্বিত দর্শন, খারাপ নজর ; নাস্তিক মত, বেদবিরুদ্ধ জ্ঞান ; ভ্রান্ত বা মিথ্যা দৃষ্টি। কুৎসিতা দৃষ্টি, নিত্য। বি ; স্ত্রী।

কুদ্দাল—১। কোদালি। বি ; ক্লীব। ২। কোবিদার বৃক্ষ, কাঞ্চন গাছ। কু–উৎ–দল্ +অণ্ কর্তৃবা। বি ; পুং বা ক্লীব।

কুনকী, কুনকে—যে পোষা হস্তিনীর সাহায্যে অন্য হস্তী ধরা হয়। দেশজ। বি।

কুনান—কন্‌কন্ করা, বেদনা করা। বাং ক্রি। [নি ভাববা। বি।

কুনানি—কামড়ানি, বেদনা অনুভব। কুনা+

কুনাম (কুনামন্)—দুর্নাম, নিন্দা ; অসৎনাম। কুৎসিত নাম, নিত্য। বি ; ক্লীব।

কুনি—নখের ভিতরে প্রবিষ্ট বাঁকা নখ, নখের কোণে প্রদাহ। 'কোণ' শব্দজ। বি।

কুনিকা, কুন্‌কে—শস্যাদি মাপিবার বেত প্রভৃতি দ্বারা নির্ম্মিত পাত্রবিশেষ, ছোট কাঠা, রেক, মাপবিশেষ। 'কুঞ্চী' শব্দজ। বি।

কুনীতি—কুপ্রথা ; অসদাচরণ। কুৎসিতা নীতি, নিত্য। বি ; স্ত্রী। [বি।

কুনুই—কফোণি, কনুই। 'কফোণি' শব্দজ।

কুনুয়া, কুনো—কোণভক্ত, যে ঘরের কোণে লুকাইয়া থাকিতে ভালবাসে, অসঙ্গপ্রিয়, অনালাপী, লাজুক। কোণ+উয়া স্থিতার্থে। বিণ।

কুন্ত—প্রাস অস্ত্র ; ভল্ল ; পক্ষযুক্ত বাণ। কু –উন্দ্+অচ্ কর্তৃবা। বি ; পুং।

কুন্তল—কেশপাশ ; পানপাত্র ; যব ; হস্ত ; লাঙ্গল ; ধ্রুবক তালবিশেষ। উপতৎ। কুন্ত–লা+ক কর্তৃবা। বি ; পুং।

কুন্তলপেড়ী—কেশপ্রসাধনের দ্রব্য রাখিবার আধার। 'কুন্তলপেটিকা' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

কুন্তি, কুন্তী—পাণ্ডুরাজার জ্যেষ্ঠা মহিষী এবং যুধিষ্ঠির-ভীমার্জ্জুনের জননী। বি ; স্ত্রী।

কুন্থন—ক্লেশপ্রকাশ, কোঁথান। কুন্থ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

কুন্দ—১। কুঁদফুল। কু–উন্দ্+অচ্ কর্তৃবা। বি ; ক্লীব। ২। ভ্রমিযন্ত্র, কুঁদ ; কুঁদফুল-গাছ। কুঁ–দো (ছেদন করা)+ক কর্তৃবা। বি ; পুং।

কুন্দকার—যে কুঁদযন্ত্রে কাজ করে বা তাহা ঘুরায় (Turner). কুন্দ–কৃ+অণ্ কর্তৃবা। বি ; পুং।

কুন্দদন্ত—১। কুন্দপুষ্পের ন্যায় শুভ্র দন্ত। কুন্দসদৃশ দন্ত, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং। ২।

কুন্দপুষ্পের ন্যায় শুভ্র দন্তবিশিষ্ট। কুন্দসদৃশ দন্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্তী,—ন্তা।
কুন্দল—উজ্জ্বল। প্রাঃ কবিপ্র। বি।
কুন্দায়ল—কুঁদযন্ত্রে নির্ম্মিত। প্রাঃ কবিপ্র। বিণ।
কুন্দার—কুন্দকার। প্রাঃ কবিপ্র। বি।
কুন্দিল—কুঁদযন্ত্রে নির্ম্মাণ করিল। প্রাঃ কবিপ্র। ক্রি।
কুপথ—কুৎসিত পথ; অন্যায় পথ। কুৎসিত পন্থা, নিত্য (অচ্ সমাসান্ত)। বি; পুং।
কুপথগামী (–গামিন্)—অসৎ-পথাবলম্বী, ভ্রষ্টাচার, অসচ্চরিত্র। কুপথে গমন করে যে, উপতৎ। কুপথ–গম্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–মিনী।
কুপথ্য—অপথ্য, অহিতকর ভক্ষ্য, যাহা ভক্ষণ করিলে রোগ জন্মিতে বা বৃদ্ধি পাইতে পারে। কুৎসিত পথ্য, নিত্য। বি; ক্লীব।
কুপন—মনি অর্ডার ফরমে সংযুক্ত পত্রাংশ। ইং Coupon. বি।
কুপরামর্শ—অসদুপদেশ; অসৎকার্য্য করিবার সলা বা যুক্তি। কুৎসিত পরামর্শ, নিত্য। বি; পুং।
কুপরিবাহী (–হিন্)—(পদার্থবিদ্যায়) মন্দ পরিচালক (Bad conductor). নিত্য। বিণ।
কুপা—১। কোপা, মুলা, হাতঠোঁটা। 'কুপাণি' শব্দজ। বিণ। ২। তৈলাদি রাখিবার চর্ম্মাধার, মসক; নাদাপেট; বেশী মোটা। দেশজ। বি। ৩। কুপিত হওয়া, রাগ করা, রাগিয়া উঠা। কবিপ্র। ক্রি।
কুপাত্র—অযোগ্য ব্যক্তি; অনুপযুক্ত বা মন্দ পাত্র। নিত্য। বি; ক্লীব। (বাংলায় পুং, স্ত্রী,–ত্রী)।
কুপি—১। ছোট কুপা বা মসক; বাঁশের চোঙ্গা; কেরোসিন তেল জ্বালিবার ল্যাম্প বা ডিবে। 'কূপিকা' শব্দজ। বি। ২। মুষ্টি, ঘাট, হাতল। 'কূর্পর' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি। ৩। কুপিত হইয়া, রাগিয়া। কবিপ্র। অব্য। ক্রি।
কুপিত—ক্রুদ্ধ, রাগান্বিত, রুষ্ট; দূষিত (দেহস্থ ধাতু)। কুপ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–তা।
কুপিতা (**কুপিতৃ**)—যে পিতা স্বীয় কর্ত্তব্য পালন না করে, যে পিতা সন্তানের প্রতি অসদ্ব্যবহার করে। নিত্য। বি; পুং।
কুপুত্র, কুপুত্র—যে পুত্র আপনার কর্ত্তব্য পালন না করে, যে পুত্র মাতাপিতার প্রতি অসদ্ব্যবহার করে, অসৎপুত্র। নিত্য। বি; পুং।
কুপুরুষ—কুৎসিত পুরুষ। নিত্য। বি; পুং।
কুপেকে—কুচক্রী, কুমন্ত্রণাকারী; কুটিল। প্রাদে। বিণ।
কুপো—১। কুপা, মসক, চর্ম্মাধার। 'কুতুপ' শব্দজ। বি। ২। স্থূলকায়। বিণ।
কুপোকাত—১। মসক কাত হইয়া পড়া। বি। ২। (ব্যঙ্গার্থে) ধরাশায়ী, ভূপতিত, নাশপ্রাপ্ত। দেশজ। বিণ।
কুপোষ্য—নিকট সম্পর্কীয় নিরাশ্রয় নরনারী-গণ; উপার্জ্জনে অসমর্থ পরিবারস্থ লোক, গলগ্রহ। কুৎসিত পোষ্য, নিত্য। বি বা বিণ। স্ত্রী,–ষ্যা।
কুপ্য—স্বর্ণ রৌপ্য ভিন্ন অন্য ধাতু (Base-metal). গুপ্+ক্যপ্ কর্ম্মবা (নিপাতনে)। বি; ক্লীব। [বি; স্ত্রী।
কুপ্রবৃত্তি—কুরুচি, খারাপ ইচ্ছা। নিত্য।
কুফল—মন্দ ফল, অশুভ পরিণাম। নিত্য। বি; ক্লীব।
কুবচন—১। কুকথা, দুর্ব্বাক্য; নিন্দা; তিরস্কার, ভর্ৎসনা; অশ্লীল বাক্য। কুৎসিত বচন, নিত্য। বি; ক্লীব। ২। কটুভাষী, নিন্দক। বহুব্রী। বিণ। স্ত্রী,–না।
কুবলয়—উৎপল, পদ্ম; নীলোৎপল; শ্বেতোৎপল। কু–বল্+অয় কর্ত্তৃবা সংজ্ঞার্থে। বি; ক্লীব।
কুবাক্য—অসৎ কথা, কটু কথা। কুৎসিত বাক্য, নিত্য। বি; ক্লীব।

কুবুদ্ধি—১। মন্দবুদ্ধি, দুর্ব্বুদ্ধি, দুষ্টা মতি; দুরভিসন্ধি; মূর্খতা। নিত্য। বি; স্ত্রী। ২। মন্দবুদ্ধি-বিশিষ্ট, দুর্ব্বুদ্ধি, দুর্ম্মতি। কু বুদ্ধি যাহার, বহুব্রী। বিণ।

কুবৃত্তি—১। মন্দ বৃত্তি; নিকৃষ্ট প্রবৃত্তি, মন্দ ব্যবসায়। নিত্য। বি; স্ত্রী। ২। কুৎসিত বৃত্তিসম্পন্ন; কুব্যবসায়ী। কুৎসিতা বৃত্তি যাহার, বহুব্রী। বিণ।

কুবের—১। যক্ষরাজ, ধনাধিপ; মহাধনী। বি; পুং। ২। অলস; কুৎসিত শরীরবিশিষ্ট। কু (কুৎসিত) বের (শরীর) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

কুব্জ—উন্নতপৃষ্ঠ, কুঁজো। কু—উব্জ্+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, কুব্জা।

কুভোজন—মন্দ দ্রব্য ভক্ষণ; কুৎসিত আহার। নিত্য। বি; ক্লীব।

কুভোজ্য—কুখাদ্য, অপবিত্র বা অনিষ্টকর আহার্য্য। নিত্য। বি; ক্লীব।

কুমকুম—কুঙ্কুম; জাফরান। 'কুঙ্কুম' শব্দজ। বি। [শব্দজ। বি।

কুমড়া, কুমড়ো—কুষ্মাণ্ড; কুমুড়ো। 'কুষ্মাণ্ড'

কুমতি—১। দুষ্টা বুদ্ধি, দুরভিসন্ধি। নিত্য। বি; স্ত্রী। ২। দুর্ম্মতি, দুর্ব্বুদ্ধি, দুষ্ট অভিসন্ধিযুক্ত। কু মতি যাহার, বহুব্রী। বিণ।

কুমন্ত্রণা—দুষ্ট মন্ত্রণা, অসৎ পরামর্শ; কুচক্র। কুৎসিতা মন্ত্রণা, নিত্য। বি; স্ত্রী।

কুমন্ত্রী (**কুমন্ত্রিন্**)—দুষ্ট মন্ত্রণাপ্রদানকারী, অসৎপরামর্শদাতা; কুচক্রী; দুষ্ট সচিব। নিত্য। বি; পুং। স্ত্রী,—ন্ত্রিণী।

কুমাতা (**কুমাতৃ**)—১। বাৎসল্যরহিতা জননী, যে মাতার সন্তানবাৎসল্য নাই। কু (কুৎসিত) মাতা, নিত্য। ২। জগজ্জননী। কুর (পৃথিবীর) মাতা, ৬তৎ। বি; স্ত্রী। ৩। জননীরূপা পৃথিবী। কুই (পৃথিবীই) মাতা, কর্ম্মধা। বি; স্ত্রী।

কুমার—১। কার্ত্তিকেয়; যুবরাজ; রাজপুত্র; আইবুড়ো ছেলে; পঞ্চম হইতে দশম বা ষোড়শবর্ষীয় বালক; পুত্র; অশ্বচালক, সহিস; শুকপক্ষী। কু (কুৎসিত) হইয়াছে মার (কন্দর্প) যাহা হইতে, বহুব্রী। বি; পুং। স্ত্রী,—রী। ২। কুম্ভকার, যাহারা মাটির পাত্র ইত্যাদি তৈয়ার করে, জাতিবিশেষ। 'কুম্ভকার' শব্দজ। বি; পুং।

কুমারঘাতী (—ঘাতিন্)—শিশুহত্যাকারী। উপতৎ। কুমার—হন্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তিনী।

কুমারচার—বালকদের চরিত্রগঠন এবং শারীরিক ও মানসিক শিক্ষার প্রতিষ্ঠানের সভ্য (Boy scout). বি; পুং।

কুমারভৃত্যা—ধাত্রীবিদ্যা (Midwifery). কুমার—ভৃ+ক্যপ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

কুমারসম্ভব—মহাকবি কালিদাস-প্রণীত কুমারের (কার্ত্তিকেয়ের) জন্মবিবরণ-বিষয়ক কাব্যগ্রন্থ। কুমারের সম্ভব (জন্ম) [বর্ণিত হইয়াছে] যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

কুমারিকা—কুমারী, দ্বাদশবর্ষীয়া কন্যা; অনূঢ়া কন্যা; নবমল্লিকা; বড় এলাচ; ভারতবর্ষের দক্ষিণপ্রান্তস্থ অন্তরীপবিশেষ (Cape Comorin). কুমারী+কন্ স্বার্থে +আপ্। বি; স্ত্রী।

কুমারী—দ্বাদশবর্ষীয়া অবিবাহিতা কন্যা (তন্ত্রমতে ষোড়শবর্ষীয়া পর্য্যন্ত); অনূঢ়া কন্যা; রাজকন্যা; দুর্গা; ঘৃতকুমারী; নবমল্লিকা। কুমার+ঈপ্। বি; স্ত্রী।

কুমির, কুমীর—হিংস্র জলজন্তুবিশেষ, নক্র। 'কুম্ভীর' শব্দজ। বি।

কুমুড়ো—কুমড়া, কুষ্মাণ্ড। প্রাঃ কবিপ্র। বি।

কুমুদ—১। কৈরব, শ্বেতোৎপল, সুঁদি; রক্তোৎপল; রৌপ্য। কু—মুদ্+ক কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। নৈর্ঋত কোণের হস্তী; রামচন্দ্রের সেনানায়ক একটী বানর; কার্ত্তিকমাস; কর্পূর; বাদ্যতালবিশেষ। বি; পুং।

কুমুদনাথ, —**বন্ধু**, —**বান্ধব**—চন্দ্র। ৬তৎ। বি; পুং।

কুমুদবতী—কুমুদের ঝাড়, কুমুদসমূহ। কুমুদ+মতুপ্‌ সমূহার্থে+ঈপ্‌। বি; স্ত্রী।

কুমুদাকর—হ্রদ প্রভৃতি। কুমুদের আকর (উৎপত্তিস্থান), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুমুদিনী—কুমুদসমূহ, কুমুদের ঝাড়; কুমুদ-বহুল জলাশয়; কুমুদলতা; উৎপলিনী, শুঁদি বা নাল ফুল। কুমুদ+ইন্‌ আছে অর্থে, সমূহার্থে+ঈপ্‌। বি; স্ত্রী।

কুমুদ্বতী—১। কুমুদবহুলা। কুমুদ্বান্‌ দ্রঃ। বিণ; স্ত্রী। ২। কুমুদিনী, কুমুদের ঝাড়; কুমুদশোভিত সরোবর। বি; স্ত্রী।

কুমুদ্বান্‌ (কুমুদ্বৎ)—কুমুদবহুল (স্থান)। কুমুদ+মতুপ্‌ প্রাশস্ত্যার্থে+ঈপ্‌। বিণ। স্ত্রী, —দ্বতী।

কুমেরু, কুমেরুকেন্দ্র—পৃথিবীর দক্ষিণ প্রান্ত (Antarctic Pole). বি; পুং, ক্লীব।

কুমেরুবৃত্ত—কুমেরুর ২৩½ অক্ষাংশ উত্তরে যে বৃত্তাকার রেখা কল্পিত হয় তাহা (Antarctic Circle). কুমেরু-সন্নিহিত বৃত্ত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কুম্ভ—ঘট, কলস; গজকুম্ভ; মেষাদি দ্বাদশ রাশির একাদশ রাশি; পরিমাণপাত্রবিশেষ; নিশ্বাসরোধক চেষ্টাবিশেষ, কুম্ভক। কু—উন্‌ভ্‌+অচ্‌ কর্তৃবা। বি; পুং।

কুম্ভক—নিশ্বাসরোধক চেষ্টা, প্রাণবায়ু নিঃসারণ বা আকর্ষণ না করিয়া অন্তরে ধারণ, মুখ ও নাসারন্ধ্র বন্ধ করিয়া শ্বাসরোধ। উপতৎ। কুম্ভ—কৈ+ক কর্তৃবা। বি; পুং।

কুম্ভকর্ণ—জনৈক রাক্ষস, লঙ্কেশ্বর রাবণের অনুজ। কুম্ভতুল্য কর্ণ যাহার, বহুব্রী। বি; পুং।

কুম্ভকার—মৃৎপাত্রকার জাতিবিশেষ, কুলাল জাতি; কুমার। উপতৎ। কুম্ভ—কৃ+অণ্‌ কর্তৃবা। বি; পুং।

কুম্ভজ—অগস্ত্যমুনি। কুম্ভ হইতে জন্মিয়াছেন যিনি, উপতৎ। কুম্ভ—জন্‌+ড কর্তৃবা। বি; পুং।

কুম্ভজন্মা (—জন্মন্‌), কুম্ভযোনি কুম্ভসম্ভব—অগস্ত্যমুনি; দ্রোণাচার্য্য বশিষ্ঠ ঋষি। কুম্ভ হইতে জন্ম যাহার, বহুব্রী বি; পুং।

কুম্ভমেলা—নাসিকাদি দ্বাদশ তীর্থের বিশেষতঃ প্রয়াগ ও হরিদ্বারের বিখ্যাত মেলা। [মকররাশিতে বৃহস্পতি এবং সূর্য্য মিলিত হইলে রবিবারে যদি পূর্ণিমা হয়, তাহা হইলে প্রয়াগ ও হরিদ্বারে গঙ্গা পুষ্করতুল্য হয়। ইহাকেই কুম্ভযোগ বলে। এই যোগে উক্ত স্থানদ্বয়ে গঙ্গাস্নান করিলে জীব মুক্তিলাভ করে। প্রয়াগে প্রতি দ্বাদশ বৎসরে মাঘ মাসে এবং হরিদ্বারে দ্বাদশ বৎসরান্তে মহাবিষুব সংক্রান্তিতে পূর্ণকুম্ভ ও প্রতি বৎসর অর্দ্ধকুম্ভ মেলা হয়। এই মেলায় বহু সাধু-সমাগম হইয়া থাকে]। দেশজ। বি।

কুম্ভশাল, কুম্ভশালা—কুম্ভনির্ম্মাণালয়, কুমারশাল, কুমারের হাঁড়ি গড়া ঘর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুম্ভা—বেশ্যা। কু উম্ভা (বৃত্তি) যাহার, বহুব্রী+আপ্‌। বি; স্ত্রী।

কুম্ভিকা—ক্ষুদ্র কলসী; শৈবাল; জলের পানা; নেত্ররোগবিশেষ। কুম্ভ+কণ্‌ অল্পার্থে+আপ্‌। বি; স্ত্রী।

কুম্ভিল, কুম্ভিলক—শ্লোকার্থ-চোর, যে ব্যক্তি অপরের রচনার ভাব ও অভিপ্রায় বা কোনও অংশ লইয়া স্বকীয় রচনা বলিয়া প্রচার করে (Plagiarist); শাল মাছ; চোর; শ্যালক। কুম্ভ+ইলচ্‌ আছে অর্থে, কুম্ভিল+কন্‌ স্বার্থে। বি; পুং।

কুম্ভী (কুম্ভিন্‌)—১। কুম্ভযুক্ত। কুম্ভ+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী, —ম্ভিনী। ২। হস্তী; কুম্ভীর; গুগ্‌গুল; কুম্ভকার। বি; পুং।

কুম্ভী—ক্ষুদ্র কলসী; জলের পানা; উখা। কুম্ভ+স্ত্রীলিঙ্গে ঈপ্‌। বি; স্ত্রী।

কুম্ভীপাক—নরকবিশেষ, (যে সকল পাপী অন্য প্রাণিগণকে বধ করিয়া ভক্ষণ করে, সেই সকল পাপীকে যমানুচরেরা এইখানে কুম্ভস্থ

তেবে নিক্ষেপ করিয়া যাতনা দেয়)। কুম্ভীর স্তায় পাক যে স্থানে, বহুব্রী। বি; পুং।

কুম্ভীর—অতি বলবান্ জলজন্তুবিশেষ, নক্র, কুমীর; চোর। উপতৎ। কুম্ভিন্—ঈর্+অণ্ কর্ত্তৃবা। বি; পুং।

কুম্ভীরমক্ষিকা—কুমীর পোকা। কুম্ভীরাখ্যা মক্ষিকা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কুয়ৎ—শক্তি, সামর্থ্য, বল। আর্বী 'কুবৎ' শব্দজ। বি। [বি।

কুয়া, কুয়ো—কূপ, ইন্দারা। 'কূপ' শব্দজ।

কুযাত্রা—অশুভ যাত্রা; অশুভক্ষণে গমন। নিত্য। বি; স্ত্রী। [দেশজ। বি।

কুয়াশা, কুয়াসা—কুহেলিকা, কুজ্ঝটিকা।

কুয়িলি—কোকিল। প্রাঃ কবিপ্র। বি।

কুযুক্তি—অসদ্যুক্তি, কুমন্ত্রণা। নিত্য। বি; স্ত্রী।

কুরঙ্গ, কুরঙ্গক, কুরঙ্গম—মৃগ, হরিণ। কু—রন্গ্+অচ্ কর্ত্তৃবা, কুরঙ্গ+কন্ স্বার্থে, কুরঙ্গ—মা+ক কর্ত্তৃবা। বি; পুং।

কুরঙ্গনয়না—মৃগনেত্রা, হরিণের স্থায় আয়ত-লোচনা, সুন্দরী। কুরঙ্গের নয়নের স্থায় নয়ন যাহার, বহুব্রী+আপ্। বিণ; স্ত্রী।

কুরঙ্গিণী—হরিণী। কবিপ্র। বি; স্ত্রী।

কুরঙ্গী—মৃগী, হরিণী। কুরঙ্গ+ঈপ্। বি; স্ত্রী।

কুরণ্ড—বিবৃদ্ধ অণ্ডকোষ, কোরণ্ড (Hydrocele) কুর্+অণ্ডক্ কর্ত্তৃবা। বি; পুং।

কুরনি, কুরুনি—নারিকেলাদি কুরিবার যন্ত্র। কুর্+অনি, উনি করণবা। বি।

কুরব—১। কুৎসিত শব্দ; দুর্নাম। নিত্য। বি; পুং। ২। কুৎসিত কণ্ঠধ্বনিবিশিষ্ট। কু রব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী—বা। ৩। দুর্নাম; কুরুবক বৃক্ষ; রক্তঝিণ্টী। বি; পুং।

কুরবক—ঝিণ্টিবৃক্ষ, ঝাঁটাফুলের গাছ। কুরব+কন্ স্বার্থে। বি; পুং।

কুরর—উৎক্রোশ পক্ষী, কুরল পাখী (Osprey); মেষ, ভেড়া। কু+রু+অল্ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—রী।

কুরীতি—মন্দ প্রথা বা আচার-ব্যবহার। নিত্য। বি; স্ত্রী।

কুরু—১। বর্ষবিশেষ; দেশবিশেষ। কৃ+কু অধিবা। ২। চন্দ্রবংশীয় জনৈক নরপতি। বি; পুং।

কুরুকুল—কুরুবংশ, কৌরবগণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কুরুক্ষেত্র—পঞ্জাব প্রদেশে অম্বালা ও কর্ণাল জেলাস্থ ভূমিখণ্ডবিশেষ; কুরুপাণ্ডবের যুদ্ধক্ষেত্র (দিল্লীর নিকট); তুমুল কলহ (ব্যঙ্গে)। দেশজ প্রঃ। বি।

কুরুক্ষেত্রকাণ্ড, —ব্যাপার—কুরুক্ষেত্রের যুদ্ধ; ভীষণ ব্যাপার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুরুক্ষেত্রযোগ, কুরুক্ষেত্রী-যোগ—সূর্য্যোদয় হইতে পরদিন সূর্য্যোদয় পর্য্যন্ত তিন তিথি তিন নক্ষত্র ও তিন যোগের স্পর্শ। ৬ষ্ঠীতৎ; ২য় পক্ষে অসমস্ত পদদ্বয়। বি; পুং।

কুরুচি—১। মন্দ স্পৃহা। নিত্য। বি; স্ত্রী। ২। কুৎসিতাভিলাষী। কু (কুৎসিতা) রুচি যাহার, বহুব্রী। বিণ।

কুরুচিপূর্ণ, —সম্পন্ন—মন্দ বা অশ্লীল প্রবৃত্তিযুক্ত; অমার্জ্জিত রুচিপূর্ণ। ৩য়াতৎ। বিণ।

কুরুচিসম্ভূত—অমার্জ্জিত বা অশ্লীল বিষয়ে প্রবৃত্তি হইতে জাত। ৫মীতৎ। বিণ।

কুরুনি—কুরনি দ্রঃ।

কুরুবংশ—কুরুবংশীয় শাখাবিশেষ (কুরু দ্রঃ)। ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ, কুরুবংশীয়।

কুরুবক—ঝিণ্টিবৃক্ষ, ঝাঁটাফুলের গাছ। কু—রু+অক (ক্ন্) কর্ত্তৃবা। বি; পুং।

কুরুবর্ষ—জম্বুদ্বীপের বর্ষবিশেষ। (ইহাকে উত্তর কুরুও বলে)। কুরু নামক বর্ষ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কুরুবিন্দ—রত্নবিশেষ (Corundum). (ইহা দ্বারা রত্নাদি পালিশ করা হয়)। কুরু—বিদ্+শ কর্ত্তৃবা। বি; পুং।

কুরুবৃদ্ধ—ভীষ্ম। কুরুদিগের মধ্যে বৃদ্ধ, ৭মীতৎ। বি; পুং।

কুরুরাজ—দুর্য্যোধন। কুরুদিগের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুরূপ—১। কুৎসিত রূপ। নিত্য। বি; ক্লীব। ২। কুৎসিত রূপবিশিষ্ট। কু (কুৎসিত) রূপ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—পা।

কুর্নিস—সেলাম, অভিবাদন। ফার্সী 'কোর্নিশ' শব্দজ। বি।

কুর্তা—লম্বা জামা বা পিরাণ; পুলিশ প্রভৃতি বিভাগের কর্ম্মচারীদের একপ্রকার পোষাক। তুর্কী। বি। [তুর্কী। বি।

কুর্তি, কুর্তী—ছোট জামা বা পিরাণ।

কুর্দ্দ(র্দ)ন, কূর্দ্দ(র্দ)ন—ক্রীড়া; লম্ফন; আস্ফালন, কুঁদুনি। কূর্দ্দ্ বা কুর্দ্দ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

কুর্বানি, কোর্বানি—মুসলমানদিগের দেবোদ্দেশে বলিদান। আর্বী। বি।

কুর্মি, কুর্মী—পশ্চিমের হিন্দুজাতিবিশেষ। দেশজ। বি।

কুর্সি—কেদারা, চেয়ার, টুল, চৌকি। আর্বী 'কর্‌সি' শব্দজ। বি।

কুল—১। বংশ; জাতি; গোষ্ঠী; সমূহ; গৃহ; দেহ; দেশ; ক্ষেত্রবিশেষ; রাজা বল্লাল সেনের প্রবর্ত্তিত বংশমর্য্যাদা। উপতৎ। কু—লা+ক কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। ফলবিশেষ, বদরী। 'কোলি' শব্দজ। বি।

কুলকণ্টক—বংশের কণ্টক-স্বরূপ ব্যক্তি, গোষ্ঠীর বালাই, কুলকলঙ্ক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুলকন্যা, কুলকামিনী, কুলনারী—সদ্বংশোৎপন্না রমণী, কুলস্ত্রী। কুলজাতা কন্যা, কামিনী, নারী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কুলকর্ম্ম (-কর্ম্মন্), -কর্ম, -ক্রিয়া—বংশানুগত কার্য্য; বংশের নিয়মানুসারে সন্তানদিগের বিবাহাদি কার্য্যসম্পাদন; কুলীনে কন্যাদান; কুলীন কন্যার পাণিগ্রহণ। কুলানুগত কর্ম্ম বা ক্রিয়া, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, স্ত্রী।

কুলকলঙ্ক—১। বংশের নিন্দা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। কুলের গ্লানিকর। কুলের কলঙ্ক যাহা হইতে, বহুব্রী। বিণ।

কুলকলঙ্কিনী—যে নারীর ব্যভিচার-দোষে কুলে কলঙ্ক জন্মে, কুলদূষিকা। কুল-কলঙ্ক+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বিণ; স্ত্রী। পুং, কুলকলঙ্কী।

কুলকুচা—কুলি, মুখের ভিতর জল পুরিয়া সজোরে নাড়া-চাড়া করা। দেশজ। বি।

কুলকুণ্ডলিনী—তন্ত্রপ্রসিদ্ধ মূলাধারস্থ সর্পাতুল্যা শক্তিবিশেষ। কুলোপাস্যা (কুলাচারীদের উপাস্যা) কুণ্ডলিনী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কুলকুল—স্রোতোজলাদির বহিয়া যাইবার শব্দ; তরল পদার্থের প্রবাহের শব্দ; মৃদু কলকল শব্দ। দেশজ। অব্য।

কুলক্রম—বংশের রীতি, বংশের ধারা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুলক্রিয়া—কুলকর্ম্ম দ্রঃ।

কুলক্ষণ—১। মন্দ চিহ্ন; অশুভ চিহ্ন। কুৎসিত লক্ষণ, নিত্য। বি; ক্লীব। ২। মন্দ চিহ্নবিশিষ্ট; অশুভ লক্ষণাক্রান্ত। কু (কুৎসিত) লক্ষণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুলক্ষয়—বংশনাশ; কুলমর্য্যাদানাশ।

কুলগর্ব্ব(র্ব)—বংশগৌরব; উচ্চবংশে জন্ম জন্য অহঙ্কার। কুলজনিত গর্ব্ব, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কুলগুরু—বংশের গুরু; অভীষ্টদেব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুলগৌরব—বংশগরিমা, বংশের মর্য্যাদা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [ক্লীব।

কুলগ্ন—অশুভলগ্ন, অশুভক্ষণ। নিত্য। বি;

কুলঘ্ন—কুলক্ষয়কারী, বংশনাশক। উপতৎ। কুল—হন্+টক্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ঘ্নী।

কুলচ্যুত—কুলভ্রষ্ট; স্বকীয় বংশ হইতে চ্যুত। ৫মীতৎ। বিণ; পুং। স্ত্রী,—তা।

কুলজ—সদ্বংশজাত, কুলীন। উপতৎ। কুল—জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

কুলজি, কুলজী—বংশতালিকা; বংশের পরিচয়। 'কুলপঞ্জী' শব্দজ। বি।

কুলজিনামা, কুলজীনামা—বংশের পুরুষপরম্পরার নাম, বংশতালিকা। 'কুরসিনামার' অনুকরণে গঠিত শব্দ। দেশজ। বি।

কুলজ্ঞ—ঘটক, বংশের দোষগুণবিৎ। উপতৎ। কুল—জ্ঞা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

কুলটা—কুলত্যক্তা; অসতী, ব্যভিচারিণী; ভিক্ষুকী। কুল—অট্+অচ্ কর্তৃবা+আপ্। বিণ; স্ত্রী।

কুলতিলক—বংশের গৌরববর্দ্ধক ব্যক্তি; বংশের চূড়ামণি। কুলের তিলক (শ্রেষ্ঠ), ৬ষ্ঠীতৎ। বি বা বিণ।

কুলত্যাগ—কুল হইতে নির্গমন। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [রমণীরা ভ্রষ্টা হইলে তাহাদিগের কুলত্যাগ ঘটে।]

কুলত্যাগী (—ত্যাগিন্)—বংশ হইতে নির্গত, যে কুলের বাহির হইয়া গিয়াছে। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —গিনী।

কুলদূষক, কুলদূষণ—বংশের কলঙ্কস্বরূপ, কুলাঙ্গার। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ষিকা, —ণা।

কুলদেবতা—বংশানুক্রমে পূজনীয় দেবতা, বংশ বা পরিবারবিশেষে যে দেবতার আরাধনা করে; ষোড়শমাতৃকার মধ্যে মাতৃকাবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুলধর্ম্ম(র্ম)—বংশানুক্রমে আচরিত ধর্ম, বংশ বা পরিবারবিশেষের চিরাচরিত আচার বা ক্রিয়ানুষ্ঠান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুলন—সঙ্কুলান হওয়া; প্রয়োজন পূর্ণ হওয়া; নির্ব্বাহ হওয়া; অভাব মেটা। বাং ক্রি।

কুলনায়িকা—তান্ত্রিক মতে পঞ্চ-মকার যজনে পূজনীয়া স্ত্রী। [কুলনায়িকা নয় প্রকার, যথা—নটী, কাপালিকী, বেশ্যা, রজকী, নাপিতাঙ্গনা, ব্রাহ্মণী, শূদ্রকন্যা, গোপালকন্যা, মালাকার-কন্যা।] বি; স্ত্রী।

কুলনারী—কুলকন্যা, গৃহস্থঘরের স্ত্রীলোক। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুলনাশ—১। বংশলোপ; বংশমর্য্যাদানাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। বংশনাশক; পতিত। কুলের নাশ যাহা হইতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—শা।

কুলনাশক—কুলনাশকারক, বংশধ্বংসকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —শিকা।

কুলনাশন—বংশধ্বংসকারক। কুল—ণিজন্ত নশ্ (=নাশি)+অন কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

কুলপঞ্জী—কুলজীনামা, বংশবৃত্তান্ত (Genealogy). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুলপতি—কুলশ্রেষ্ঠ, বংশের মধ্যে সর্ব্বপ্রধান ব্যক্তি; আশ্রমের মধ্যে সর্ব্বপ্রধান মুনি; যিনি দশসহস্র শিষ্যকে অন্নদান করিয়া শিক্ষাদান করেন এরূপ ঋষি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুলপর্ব্ব(র্ব)ত—মহেন্দ্র, মলয়, সহ্য, শুক্তিমান্, ঋক্ষ, বিন্ধ্য, পারিযাত্র, এই সাতটি কুলপর্ব্বত, [কেহ কেহ বলেন, হিমালয়ও কুলপর্ব্বত, সুতরাং তাঁহাদের মতে কুলপর্ব্বত আটটি।] কর্ম্মধা। বি; পুং।

কুলপাংশুল—কুলদূষক, কুলকলঙ্ক, কুলাঙ্গার। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—লা।

কুলপাংশুলা—কুলকলঙ্কিনী, কুলটা, ভ্রষ্টা, অসতী। কুলপাংশুল+আপ্। বিণ; স্ত্রী।

কুলপাংসন—কুলদূষক, কুলকলঙ্ক; কুলাঙ্গার। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—না।

কুলপালক—বংশরক্ষক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—লিকা।

কুলপালিকা—১। বংশরক্ষাকারিণী। ৬ষ্ঠীতৎ। বিণ; স্ত্রী। ২। কুলস্ত্রী; সাধ্বী স্ত্রী। বি; স্ত্রী।

কুলপি, কুলফি—নলের আকারে জমান বরফ; বরফ জমাইবার নল। আর্বী। বি।

কুলপুরোহিত—বংশপরম্পরায় পৌরোহিত্যকারী। কুল-ক্রমাগত পুরোহিত, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

লপ্রথা—বংশপরম্পরাক্রমে আগত প্রথা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

লপ্রদীপ—বংশের প্রদীপস্বরূপ, বংশের গৌরববর্দ্ধক। ৬ষ্ঠীতৎ। বি ; পুং বা বিণ।

লফি—কুলপি দ্রঃ।

লবতী—কুলানুসারিণী, যে স্ত্রী বংশের নিয়মানুসারে চলে ; কুলকামিনী, সাধ্বী স্ত্রী। কুল+মতুপ্ অস্ত্যর্থে+ঈপ্। বি বা বিণ ; স্ত্রী।

কুলবধূ, —বালা—কুলস্ত্রী, কুলকামিনী, সাধ্বী স্ত্রী। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

কুলবিদ্যা—কুলক্রমাগতা বিদ্যা, বংশ-পরম্পরায় শিক্ষণীয়া বিদ্যা। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

কুলব্রত—কুলক্রমাগত ব্রত ; বংশানুক্রমে আচরিত ধর্ম্ম। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কুলভূষণ—যাহা দ্বারা বংশের গৌরববৃদ্ধি হয়। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ।

কুলভ্রষ্ট—বংশ হইতে চ্যুত ; কুলমর্য্যাদা-রহিত। ৫মীতৎ। বিণ। স্ত্রী, —ষ্টা।

কুলমর্য্যা(র্যা)দা—বংশগৌরব ; কৌলীন্য-জনিত সম্মান। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

ললক্ষণ—বল্লাল সেনের প্রবর্ত্তিত কৌলীন্যের নয় প্রকার লক্ষণ [যথা—আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, আবৃত্তি, তপস্যা, দান]। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কুললক্ষ্মী—ভদ্রলোকের গৃহস্থিতা রমণী, সাধ্বী স্ত্রী। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

কুলশীল—বংশ ও স্বভাব ; সদ্বংশ ও সৎ-স্বভাব। দ্বন্দ্ব। বি ; ক্লীব।

কুলস্ত্রী—কুলনারী, কুলকামিনী, কুলবধূ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

লা—শস্যাদি ঝাড়িবার পাত্র বা যন্ত্র, কুলো, শূর্প ; কুলি, কুলকুচা। 'কুল্য' শব্দজ। বি।

লাঙ্গা(ঙ্গা)র—যাহা হইতে কুল মলিন বা হীন হয়, কুলকলঙ্ক। কুলের অঙ্গার (অর্থাৎ অঙ্গারতুল্য), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

লাচল—কুলপর্ব্বত (তাহা দ্রঃ)। কুল এমন অচল, কর্ম্মধা। বি ; পুং।

কুলাচার—১। বংশানুক্রমে আচরিত ধর্ম্ম। কুলের আচার, ৬ষ্ঠীতৎ। ২। তন্ত্রোক্ত আচার-বিশেষ। বি ; পুং।

কুলাচার্য্য(র্য)—১। কুলগুরু ; কুলপুরোহিত। কুলের আচার্য্য, ৬ষ্ঠীতৎ। ২। ঘটক। কুলজ্ঞ আচার্য্য, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

কুলাধম—কুলাঙ্গার। কুলে অধম, ৭মীতৎ। বিণ। স্ত্রী, —মা।

কুলান—পর্য্যাপ্ত পরিমাণে সংস্থান করা বা হওয়া ; কম না পড়া। বাং ক্রি।

কুলাভিমান—সদ্বংশে জন্মগ্রহণের অভি-মান ; কুলগর্ব্ব। কুলজনিত অভিমান, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

কুলায়—১। পক্ষীর বাসা, নীড় ; বাসস্থান। কুল—অয়্+ঘঞ্ অধিবা। বি ; পুং। ২। কুলান হয়, পর্য্যাপ্ত হয়। বাং ক্রি।

কুলায়িকা—পক্ষিশালা, চিড়িয়াখানা। কুলায়+ইক (ঠন্) আছে অর্থে+আপ্। বি ; স্ত্রী। [বি ; পুং।

কুলাল—কুম্ভকার। কু—লাল্+অচ্ কর্ত্তৃবা।

কুলালচক্র—কুমারের চাক। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

কুলি—১। শ্রমিক ; মজুর ; ভারবাহী, মুটে। তুর্কিমূলক। ২। কুলকুচা। দেশজ। ৩। সরু রাস্তা, গলি। 'কুল্যা' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

কুলিক—১। কুলসত্তম ; শিল্পিকুলপ্রধান। কুল+ইক (ঠন্) আছে অর্থে। বিণ ; স্ত্রী, —কা। ২। অষ্ট মহানাগের অন্তর্গত নাগ-বিশেষ ; শাকবিশেষ, কুলেখাড়া। (জ্যোতিষে) দিবা ও রাত্রির নির্দ্দিষ্ট যাম। বি ; পুং।

কুলিনী—কুলী-রমণী, কুলীর পত্নী ; মেয়ে মজুর বা মুটে। কুলি+নী। বি ; স্ত্রী।

কুলিয়া(কুলে)-খাড়া—ক্ষুদ্রাকার কণ্টক-বৃক্ষবিশেষ, (ইহা সময়বিশেষে ঔষধার্থে ব্যবহৃত হয়)। দেশজ। বি।

কুলির, কুলীর—কর্কট, কাঁকড়া ; কর্কট-রাশি। কুল+ইরক্, ঈরক্ কর্ত্তৃবা। বি ; পুং।

কুলিশ—১। বজ্র। (যে পর্ব্বত বিদীর্ণ করে এই অর্থে) উপতৎ। কুলি (পর্ব্বত)—শো +ড কর্ত্তৃবা। ২। মৎস্যবিশেষ; অগ্রভাগ। কু—লিশ্+ক কর্ত্তৃবা। বি; পুং।

কুলী—১। কুলি (তাহা দ্রঃ)। ২। কণ্টকারী। উপতৎ। কু—লী+ড কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

কুলীন—১। সদ্বংশীয়; বল্লাল-প্রবর্ত্তিত নবগুণবিশিষ্ট কুলগৌরবশালী, কুলমর্য্যাদাসম্পন্ন; তন্ত্রোক্ত কুলাচারপরায়ণ (কুলাচার দ্রঃ)। কুল+ঈন ভবার্থে। বিণ। স্ত্রী,—না। ২। ভূমিলগ্ন। কুতে (পৃথিবীতে) লগ্ন, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—না।

কুলীনতা, —ত্ব—কৌলীন্য, কুলমর্য্যাদা; সদ্বংশে জন্ম। কুলীন+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

কুলীর—কুলির দ্রঃ।

কুলীরক—কর্কট, কাঁকড়া; কর্কটরাশি। কুলীর+কন্ স্বার্থে। বি; পুং।

কুলীশ—কুলিশ, বজ্র। কুলিশ দ্রঃ। বি; পুং বা ক্লীব।

কুলুঙ্গ, কুলুঙ্গি—দ্রব্যাদি রাখিবার নিমিত্ত ভিত্তিগাত্রের গহ্বর বা খোপ। দেশজ। বি।

কুলুজি, -জী—কুলজি, বংশতালিকা। 'কুলপঞ্জী' শব্দজ। বি।

কুলুপ—(আটকাইবার) তালা; আলগা তালা। ফার্সী 'কুলুফ্' শব্দজ। বি।

কুলুপ-কাটি, —কাঠী—তালার চাবি। ৬ষ্ঠীতৎ। বি।

কুলেশ্বর—কুলপতি, গোষ্ঠীপতি; মহাদেব, শিব। কুলের ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুলো—কুলা, সূর্প। 'কুল্য' শব্দজ। বি।

কুলোৎপন্ন, কুলোদ্ভব—বংশ হইতে উদ্ভূত; সদ্বংশজাত। ৫মীতৎ। বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্না, —বা।

কুশ—১। স্বনামখ্যাত তৃণবিশেষ। কুশ্+ক কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। সপ্তদ্বীপা পৃথিবীর অন্তর্গত দ্বীপবিশেষ। বি; পুং। ৩। যোতদড়ি। বি; পুং। ৪। শ্রীরামচন্দ্রের জ্যেষ্ঠ পুত্র। কুশ+অণ্ ভবার্থে। বি; পুং।

কুশাই, কুশুই—একপ্রকার সরু শক্ত আখ। প্রাদে। বি।

কুশণ্ডিকা—বিবাহকালের ধর্ম্মকার্য্যবিশেষ; সর্ব্বহোমার্থক অগ্নিসংস্কার-ক্রিয়া। কুশ্+অণ্ডচ্ কর্ত্তৃবা +কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কুশপুত্তলিকা, —পুত্তলী—কুশতৃণদ্বারা নির্ম্মিত মানবমূর্ত্তি, (মৃত ব্যক্তির শব পাওয়া না গেলে এইরূপ মূর্ত্তি নির্ম্মাণ করিয়া তাহারই দাহাদি অন্ত্যেষ্টিক্রিয়া নিষ্পন্ন করা হইয়া থাকে)। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কুশমুদ্রা—কুশাঙ্গুরী। কুশনির্ম্মিতা মুদ্রা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কুশল—১। কল্যাণ, মঙ্গল। কুশ্+ +কলন্ কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। মঙ্গলবিশিষ্ট, কল্যাণযুক্ত। কুশল+অচ্ আছে অর্থে। ৩। সমর্থ, দক্ষ, নিপুণ। উপতৎ। কুশ—লা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লা।

কুশলতা—নিপুণতা, পারদর্শিতা। কুশল+তা ভাবার্থে। বি; স্ত্রী। [ক্লীব।

কুশল-প্রশ্ন—মঙ্গল-জিজ্ঞাসা। ৬ষ্ঠীতৎ। বি;

কুশল-সংবাদ, —সমাচার—মঙ্গলবার্ত্তা, ভাল থাকার খবর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুশলী (কুশলিন্)—কল্যাণযুক্ত। কুশল+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—লিনী।

কুশস্তম্ব—কুশগুচ্ছ, কুশঘাসের ঝাড়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুশহস্ত—হস্তে কুশধারী; পরিহিত কুশাঙ্গুরীয়। কুশ হস্তে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—স্তা।

কুশাগ্র—কুশের অগ্রভাগ। কুশের অগ্র, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কুশাগ্রধী, কুশাগ্রবুদ্ধি—১। কুশের অগ্রভাগের ন্যায় অতি তীক্ষ্ণ বুদ্ধি। কুশাগ্রতুল্যা ধী, বুদ্ধি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। ২। কুশের অগ্রভাগের ন্যায় সূক্ষ্মবুদ্ধিবিশিষ্ট, অতি

তীক্ষ্ণধী। কুশাগ্রের ন্যায় ধী, বুদ্ধি যাহার, বহুব্রী। বিণ। [তৎ। বি; পুং।

কুশাঙ্কুর—কুশের অঙ্কুর (অগ্রভাগ)। ৬ষ্ঠী-

কুশাঙ্গুরীয়—কুশের আংটি। কুশনির্ম্মিত অঙ্গুরীয়, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কুশারি—ইক্ষু, আখ। প্রাঃ কবিপ্র। বি।

কুশাসন—১। কুশনির্ম্মিত বসিবার আসন। মধ্যপ কর্ম্মধা। ২। মন্দ শাসন, অনুচিত শাসন। কু (কুৎসিত) শাসন, নিত্য। বি; ক্লীব। ৩। মন্দ শাসনযুক্ত। বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

কুশাস্তরণ—কুশতৃণের আচ্ছাদন; হোমার্থে কুশাচ্ছাদিত স্থান। কুশের আস্তরণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কুশি, কুশী—ক্ষুদ্র কোষা, কোষা হইতে জল তুলিবার ছোট পাত্র; কচি ফল। 'কোষী' শব্দজ। বি।

কুশীদ, কুষীদ, কুসীদ—১। সুদ; বৃদ্ধি-জীবিকা। কুশ্, কুষ্, কুস্+ঈদ কর্ম্মবা। বি; ক্লীব। ২। বৃদ্ধিজীবী, সুদখোর। কুশীদ, কুষীদ, কুসীদ+অচ্ প্রয়োগকারী অর্থে। বিণ। স্ত্রী,—দা।

কুশীদজীবী (—জীবিন্)—বৃদ্ধিজীবী, টাকা সুদে খাটান যাহার ব্যবসায়। কুশীদ দ্বারা জীবে (বাঁচে) যে এই বাক্যে, উপতৎ। কুশীদ—জীব্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী।

কুশীদব্যবহার—সুদকষা; সুদ লইয়া টাকা ধার দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুশীলব—অভিনেতা; নাটকের পাত্রপাত্রী; গায়ক। 'কুশলব' শব্দজ। বি।

কুষীদ—কুশীদ দ্রঃ।

কুষ্টি—জন্মপত্রিকা। 'কোষ্ঠী' শব্দজ। বি।

কুষ্ঠ—মহাব্যাধি, স্বনামখ্যাত রোগবিশেষ, কুঠ; ধবলরোগ; ঔষধদ্রব্যবিশেষ, কুড়; বিষবিশেষ। কুষ্+ক্থন্ কর্ত্তৃবা। বি; পুং।

কুষ্ঠঘ্ন—কুষ্ঠব্যাধিনাশক। উপতৎ। কুষ্ঠ—হন্ +টক্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ঘ্নী।

কুষ্ঠী (কুষ্ঠিন্)—কুষ্ঠরোগী। কুষ্ঠ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—ষ্ঠিনী।

কুষ্মাণ্ড, কুষ্মাণ্ড—গণদেবতাবিশেষ; জরায়ু; কুমড়া; কাঁকুড়। কু (ঈষৎ) উষ্মা অণ্ডে যাহার, বহুব্রী (শকন্ধ্বাদি)। বি; পুং।

কুসংসর্গ—কুসঙ্গ, অসৎসঙ্গ, দোষীর সংস্রব। কু (কুৎসিত) সংসর্গ, নিত্য। বি; পুং।

কুসংস্কার—ভ্রান্তসংস্কার, ভ্রান্তিমূলক ধারণা বা বোধ। কুৎসিত সংস্কার, নিত্য। বি; পুং।

কুসংস্কারমূলক—ভ্রান্ত ধারণা হইতে উদ্ভূত। কুসংস্কার মূলে যাহার, বহুব্রী (ক-আগম)। বিণ। স্ত্রী,—লিকা।

কুসংস্কারাচ্ছন্ন, —বিষ্ট—ভ্রান্ত সংস্কার জন্য অন্ধীভূত, কুসংস্কারে পরিপূর্ণ। কুসংস্কার দ্বারা আচ্ছন্ন, আবিষ্ট, ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —ন্না,—ষ্টা।

কুসঙ্গ—অসৎ সঙ্গ, মন্দ লোকের সংসর্গ। কুৎসিত সঙ্গ, নিত্য। বি; পুং।

কুসম—ঈষৎ ('—গরম')। দেশজ। বিণ-বিণ।

কুসীদ—কুশীদ দ্রঃ। [দ্রঃ)।

কুসীদব্যবহার—কুশীদব্যবহার (তাহা

কুসুম—১। পুষ্প, ফুল; ফল; স্ত্রীরজঃ; নেত্ররোগবিশেষ। কুস্+উম কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। ডিমের ভিতরের হরিদ্রাংশ। দেশজ। বি।

কুসুমকলি, —কলিকা—পুষ্পকোরক, ফুলের কুঁড়ি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কুসুম-কুন্তলা—পুষ্পকেশী। কুসুম কুন্তলে যাহার, বহুব্রী+আপ্। বিণ; স্ত্রী।

কুসুমকোমল—পুষ্পবৎ নম্র, ফুলের মত নরম। কুসুমবৎ কোমল, উপমান কর্ম্মধা। বিণ। স্ত্রী,—লা।

কুসুমধন্বা (—ধন্বন্)—পুষ্পধন্বা, কন্দর্প। কুসুম ধনুঃ যাহার, বহুব্রী। বি; পুং।

কুসুমপেলব—পুষ্পকোমল। কুসুমবৎ পেলব, উপমান কর্ম্মধা। বিণ। স্ত্রী,—বা।

কুসুম-শয়ন, —শয্যা—পুষ্পকোমল শয্যা;

ফুলের বিছানা। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, স্ত্রী।

কুসুমস্তবক—পুষ্পগুচ্ছ; ফুলের তোড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুসুমাকর—বসন্তকাল। কুসুমের আকর (খনি), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুসুমাঞ্জন—পিত্তলমলজাত পুষ্পাকার অঞ্জনবিশেষ। কুসুমাকার অঞ্জন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কুসুমাঞ্জলি—পুষ্পাঞ্জলি; অঞ্জলিপূর্ণ পুষ্প, আঁজলা-ভরা ফুল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কুসুমায়ুধ, কুসুমেষু—কন্দর্প। কুসুম আয়ুধ, ইষু (বাণ) যাহার, বহুব্রী। বি; পুং।

কুসুমাসব—পুষ্পমধু, মকরন্দ। কুসুমের আসব, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কুসুমিত—পুষ্পিত, ফুলযুক্ত। কুসুম+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

কুসুমেষু—কুসুমায়ুধ দ্রঃ।

কুসুম্ভ—১। কুসুম ফুল; স্বর্ণ। কুস্+উম্ভক্ কর্তৃবা। বি; ক্লীব। ২। কমণ্ডলু। বি; পুং।

কুসুম্ভা—কুসুম ফুলের রঙ; সিদ্ধি-সংযোগে প্রস্তুত খাদ্যবিশেষ। প্রাঃ কবিপ্র। বি।

কুস্তি, কুস্তী—মল্লযুদ্ধ, কসরৎ, ব্যায়াম। ফার্সী। বি।

কুস্তিগীর, কুস্তিবাজ—মল্লযোদ্ধা, পালোয়ান। ফার্সীমূলক। বি।

কুস্বভাব—১। অসৎ প্রকৃতি। নিত্য। বি; পুং। ২। যাহার স্বভাব মন্দ এরূপ; দুঃশীল। কু স্বভাব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা।

কুহক—ইন্দ্রজাল, ভেল্কি; মায়া; ছল, প্রতারণা। কুহ্+অক (কুন্) কর্তৃবা। বি; ক্লীব।

কুহকী (কুহকিন্)—ঐন্দ্রজালিক, বাজিকর, যাদুকর; মায়াবী; প্রতারক। কুহক+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—কিনী।

কুহর—গহ্বর; ছিদ্র; সমীপ; কণ্ঠধ্বনি; কুহুধ্বনি, পিকরব, কোকিলের ডাক। কুহ—রা+ক কর্তৃবা। বি; ক্লীব।

কুহরণ—কোকিলের ডাক; কুহুরব। দেশজ। বি।

কুহরয়—কুহু শব্দ করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

কুহরা—১। কুহেলিকা, কুয়াসা। হিন্দী। বি। ২। কুহু কুহু রবে ডাকা। কবিপ্র। ক্রি।

কুহরিত—১। ধ্বনিত। কুহরি নামধাতু+ক্ত কর্ম্মবা। বিণ। ২। কোকিলধ্বনি; ধ্বনি। কুহরি নামধাতু+ক্ত ভাববা। বি; ক্লীব। ৩। কুহরব করিত। কবিপ্র। ক্রি।

কুহরিল—কুহুরব করিল। কবিপ্র। ক্রি।

কুহু, কুহূ—অমাবস্যা; কোকিলধ্বনি। কুহ্+কু কর্তৃবা (বিকল্পে উ)। বি; স্ত্রী।

কুহুকণ্ঠ, কুহূকণ্ঠ—কোকিল। কুহু বা কুহূ কণ্ঠে যাহার, বহুব্রী। বি; পুং।

কুহুতান, কুহূতান—কুহু ইত্যাকার তান (ধ্বনি); কোকিলের রব। কর্ম্মধা। বি; পুং।

কুহুরব, কুহূরব—১। কুহুধ্বনি; কোকিলধ্বনি। কর্ম্মধা। ২। কোকিল। কুহু, কুহূ রব যাহার, বহুব্রী। বি; পুং।

কুহেলিকা—কুজ্ঝটিকা, কুয়াসা। কু (পৃথিবী)—হেড়্+ণক কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

কূচিকা—তূলি। কুচ্+ণক কর্তৃবা (উ-স্থানে ঊ)+আপ্। বি; স্ত্রী।

কূজন—পক্ষিধ্বনি, পাখীর শব্দ; অস্ফুট ধ্বনি, অব্যক্ত শব্দ। কূজ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

কূজিত—১। ধ্বনিত, শব্দিত। কূজিত+অচ্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী,—তা। ২। পক্ষিধ্বনি; অব্যক্ত শব্দ। কূজ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

কূট—১। লৌহপিণ্ডবিশেষ, ঘুণা, নেয়াই; গিরিশৃঙ্গ; স্তূপ; কলস; দম্ভ; কপট; জাল, মায়া; লাঙ্গলবিশেষ; তুচ্ছ; নিশ্চল; বন্ধন; ফাঁদ। কূট্+অচ্ কর্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। গৃহ, অগস্ত্য ঋষি। বি;

পুং। ৩। কপটতাময়, কৃত্রিম, কল্পিত, মিথ্যা। বিণ। স্ত্রী, কূটা।

কূটক—১। লাঙ্গলের ফাল; সাল। কূট্ + কন্ স্বার্থে। বি; ক্লীব। ২। কবরী। কূট্ + কন্ সংজ্ঞার্থে। বি; পুং।

কূটকচাল—কূটতর্ক, অনর্থক বকাবকি; বাধাবিঘ্ন। দ্বন্দ্ব। দেশজ। বি।

কূটকচালিয়া, -কচালে—কূটতার্কিক, অনর্থক বাগ্‌বিতণ্ডাকারী; বাধাবিঘ্নসমাকুল। কূটকচাল + ইয়া, এ লিপ্তার্থে, করে অর্থে। বিণ।

কূটজ—কুটজ, কুড়চি গাছ। বি; পুং।

কূটতর্ক—কপট তর্ক, জটিল তর্ক, মিথ্যা যুক্তি। কর্ম্মধা। বি; পুং।

কূটনীতি—কপট নীতি, কুটিল নীতি বা উপায়। কর্ম্মধা। বি; স্ত্রী।

কূটনৈতিক—রাজনীতিসম্বন্ধীয়, রাজনীতিজ্ঞ। কূটনীতি + ইক সম্বন্ধার্থে। বিণ।

কূটপ্রশ্ন—লোককে ঠকাইবার জন্য যে কথা জিজ্ঞাসা করা যায়; জটিল প্রশ্ন, যাহার উত্তর দেওয়া দুষ্কর এরূপ প্রশ্ন। কর্ম্মধা। বি; পুং।

কূটবুদ্ধি—১। কপট বুদ্ধি, কুটিল বুদ্ধি, দুষ্ট বুদ্ধি। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। কুটিলবুদ্ধিযুক্ত, দুষ্টবুদ্ধিবিশিষ্ট, দুর্ব্বুদ্ধি। কূটা বুদ্ধি যাহার, বহুব্রী। বিণ।

কূটস্থ—একভাবে চিরস্থায়ী; গূঢ়; নির্ব্বিকার; উদাসীন; মূল পুরুষ। কূট—স্থা + ক কর্ত্তৃবা। বিণ।

কূটাভাস—অসম্ভব বা বিরুদ্ধ মনে হইলেও সত্য বিষয়ের উপস্থাপন (Paradox). কূটের আভাস, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কূটার্থ—দুর্ব্বোধ্য অর্থ, লুক্কায়িত অর্থ, অপ্রকাশিত অর্থ। কর্ম্মধা। বি; পুং।

কূটী—গৃহ, কুঠী। কূট + ঈপ্। বি; স্ত্রী।

কূড়—গুচ্ছীকৃত সূত্রাদির প্রান্ত বা সীমা; রাশি, সমূহ। দেশজ। বি।

কূণি—কুঞ্চিতকর, কোপা; নখরোগী। কূণ্ + ইন্ কর্ত্তৃবা। বিণ।

কূণিকা—পরিমাণবিশেষ, কুনকে। কূণ্ + ইন্ কর্ত্তৃবা + কন্ স্বার্থে + আপ্। বি; স্ত্রী।

কূণিত—সঙ্কুচিত। কূণ্ + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -তা।

কূতঘর—নৌকাদির মাশুল আদায় করিবার স্থান। ৬ষ্ঠীতৎ। বি।

কূপ—কূয়া, পাতকূয়া; গর্ত্ত, ছিদ্র। কু (ঈষৎ) অপ্ (জল) যাহাতে, বহুব্রী। বি; পুং।

কূপদণ্ড—নৌকার মাস্তুল; গুণবৃক্ষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কূপমণ্ডূক—১। কূয়ার ব্যাঙ্। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। কূয়ার ব্যাঙের মত যাহার অভিজ্ঞতা অতি সামান্য, অল্পজ্ঞ; কূপো। বিণ। স্ত্রী, -কী।

কূপার—সমুদ্র। কু—পৄ + অণ্ কর্ত্তৃবা (নিপা)। বি; পুং।

কূপিকা, কূপী—কূপো; গর্ত্ত; জলমধ্যস্থ প্রস্তরস্তূপ; চর্ম্মময় তৈলপাত্র। কূপিকা—কূপী + কন্ স্বার্থে + আপ্। কূপী—কূপ্ + অচ্ বিশিষ্টার্থে + ঈপ্। বি; স্ত্রী।

কূপোকাৎ—ভূমিসাৎ; সম্পূর্ণরূপে পরাভূত। দেশজ। বিণ।

কূপোদক—কূপবারি, কূপজল, কূয়ার জল। কূপের উদক, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কূবর—১। যুগন্ধর; বর্ম্ম। কূ + বরচ্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। কুব্জ, কুঁজো। বিণ। স্ত্রী, -রা।

কূয়া—কূপ, ইন্দারা। 'কূপ' শব্দজ। বি।

কূর্চ্চ(র্চ)—ভ্রূদ্বয়মধ্যস্থান; ছল; তূলি; কঠিন শ্মশ্রু, দাড়ি; তৃণগুচ্ছ; কুশমুষ্টি; আসনবিশেষ; ময়ূরপুচ্ছ; মস্তক; চরণ। কূর্ + চট্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

কূর্চ্চি(র্চি)কা—তূলি; পেন্‌সিল্; বুরুষ; তৃণগুচ্ছ; কুঁচি; সূচিকা; কুট্‌মল, কুঁড়ি; গাঢ়দুগ্ধ। কূর্চ্চ + ইক আছে অর্থে + আপ্। বি; স্ত্রী।

কূর্দ্দ(র্দ)ন—কুর্দ্দন দ্রঃ।

কূর্ম্ম(র্ম)—কচ্ছপ; ভগবান্ বিষ্ণুর দ্বিতীয়

অবতার [ভাগবতের মতে একাদশ অবতার]; দেহস্থ বায়ুবিশেষ। কু (কুৎসিত) ঊর্ম্মি (বেগ) যদ্দারা, বহুব্রী। বি; পুং।

কূর্ম্ম(র্ম)কায়—১। কচ্ছপের ন্যায় দেহবিশিষ্ট। বিণ। স্ত্রী,—য়া। ২। বিষ্ণু। কূর্ম্মসদৃশ কায় যাহার, বহুব্রী। বি; পুং।

কূর্ম্ম(র্ম)পৃষ্ঠ—১। কচ্ছপের পৃষ্ঠ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। কচ্ছপের পৃষ্ঠের ন্যায় পৃষ্ঠবিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

কূর্ম্মা(র্মা)কার—১। কচ্ছপের দেহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। কূর্ম্মের ন্যায় আকৃতিবিশিষ্ট। কূর্ম্মের আকারের ন্যায় আকার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

কূর্ম্মী(র্মী)—১। কচ্ছপী, স্ত্রী-কচ্ছপ। কূর্ম্ম+ঙীপ্। বি; স্ত্রী। ২। হিন্দুস্থানের জাতিবিশেষ। দেশজ। বি।

কূল—নদ্যাদির তীর, তট; স্তূপ; শৈলপৃষ্ঠ; তড়াগ, পুষ্করিণী। কূল্+ক কর্ত্তৃবা। বি; ক্লীব। [বি।

কূলকিনারা—সমাধান; নিষ্পত্তি। দেশজ।

কূলঙ্কষা—যাহা তীর ভাঙ্গিয়া দেয় এরূপ (নদী)। কূল—কষ্+খ কর্ত্তৃবা+আপ্। বিণ; স্ত্রী।

কূলপ্লাবন—তীরভূমি ডুবাইয়া দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কূলপ্লাবী (–প্লাবিন্)—তটভূমিপ্লাবনকারী, তীরদেশ সমাচ্ছন্নকারী। উপতৎ। কূল—প্লু+ণিচ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী।

কৃকলাশ, কৃকলাস—সরীসৃপবিশেষ, সরট, কাঁকলাস। উপতৎ। কৃক—লশ্ বা লস্+অণ্ কর্ত্তৃবা। বি; পুং।

কৃচ্ছ্র—কষ্ট; পাপ; সান্তপন-প্রাজাপত্যাদি ব্রত; মূত্রকৃচ্ছ্র রোগ। কৃত্+রক্ কর্ত্তৃবা (নিপা)। বি; ক্লীব।

কৃচ্ছ্রসাধ্য—অতিকষ্টে সম্পাদনীয়। কৃচ্ছ্রে সাধ্য, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—ধ্যা।

কৃচ্ছ্রাতিকৃচ্ছ্র—অতিকষ্টসাধ্য ব্রতবিশেষ। কৃচ্ছ্র হইতে অতিকৃচ্ছ্র, ৫মীতৎ। বি; ক্লীব।

কৃৎ—(ব্যাকরণে) ধাতুর উত্তর বিহিত প্রত্যয়। কৃ+কিপ্ কর্ম্মবা। বি; পুং।

কৃত—সম্পাদিত; বিহিত; অভ্যস্ত; রচিত; উপযুক্ত। কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, কৃতা।

কৃতকপুত্র—কৃত্রিম বা কল্পিত পুত্র, যে পুত্র জনকজননী কর্ত্তৃক গোপনে পরিত্যক্ত হইয়া কোন দয়াবান্ ব্যক্তির দ্বারা গৃহীত ও পালিত হয়। কর্ম্মধা। বি; পুং।

কৃতককন্যা—মাতাপিতা ব্যতীত অন্যপালিতা কন্যা, পালিতা কন্যা। কর্ম্মধা। বি; স্ত্রী।

কৃতকর্ম্ম (–কর্ম্মন্), –কর্ম্ম—বিহিত কার্য্য; অনুষ্ঠিত কার্য্য। কর্ম্মধা। বি; ক্লীব।

কৃতকর্ম্মা (–কর্ম্মন্), –কর্ম্মা—কার্য্যক্ষম; কৃতকার্য্য; কর্ম্মসম্পাদন করিয়াছে এরূপ। কৃত হইয়াছে কর্ম্ম যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ।

কৃতকার্য্য(র্য)—সিদ্ধমনোরথ, চরিতার্থ; সফলচেষ্ট। কৃত হইয়াছে কার্য্য যৎকর্ত্তৃক বা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্য্যা।

কৃতকার্য্য(র্য)তা—চরিতার্থতা, সাফল্য। কৃতকার্য্য+তা ভাবার্থে। বি; স্ত্রী।

কৃতকৃত্য—কৃতকার্য্য; সফলমনোরথ, কৃতার্থ, চরিতার্থ; বিদ্বান্। কৃত হইয়াছে কৃত্য যৎকর্ত্তৃক বা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্যা; বি,—তা।

কৃতক্রিয়—কৃতকৃত্য। কৃতা ক্রিয়া যৎকর্ত্তৃক বা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

কৃতঘ্ন—উপকারকের অপকারক; প্রাপ্ত উপকার মানে না এরূপ, অকৃতজ্ঞ, নিমকহারাম। উপতৎ। কৃত—হন্+টক্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ঘ্না।

কৃতঘ্নতা—উপকারীর অপকার চেষ্টা, অকৃতজ্ঞতা, নিমকহারামি। কৃতঘ্ন+তা ভাবার্থে। বি; স্ত্রী।

কৃতজ্ঞ—প্রত্যুপকারক; উপকারস্বীকর্ত্তা; যে

উপকারীর উপকার মনে রাখে এবং তাহার প্রত্যুপকারের চেষ্টা করে এরূপ। কৃত (কৃত উপকার) জানে যে এই বাক্যে উপতৎ। কৃত—জ্ঞা (জানা)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

কৃতজ্ঞচিত্ত, —হৃদয়—১। কৃতজ্ঞতাপূর্ণ অন্তঃকরণ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। কৃতজ্ঞতাপূর্ণ অন্তঃকরণবিশিষ্ট, যাহার মন কৃতজ্ঞতার ভাবে পরিপূর্ণ। কৃতজ্ঞ হইয়াছে চিত্ত, হৃদয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা,—য়া।

কৃতজ্ঞতা—উপকারীর নিকট বিনীতভাবে উপকারস্বীকার; প্রত্যুপকার সাধনের চেষ্টা বা প্রবৃত্তি। কৃতজ্ঞ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

কৃতজ্ঞতাভাজন—কৃতজ্ঞতার পাত্র, যাঁহার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা যায় বা যাইতে পারে এরূপ। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; ক্লীব (অজহল্লিঙ্গ)।

কৃতজ্বর—মহাদেব। কৃত (সৃষ্ট বা ব্যাহত) হইয়াছে জ্বর যৎকর্ত্তৃক, বহুব্রী। বি; পুং।

কৃততীর্থ—যিনি তীর্থদর্শন করিয়াছেন এরূপ; যে পুষ্করিণী প্রভৃতির ঘাট প্রস্তুত করিয়াছে এরূপ; যে উপায় নির্দ্ধারণ করিয়াছে এরূপ; যে গুরু বরণ করিয়াছে এরূপ। কৃত হইয়াছে তীর্থ যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্থা।

কৃতদার—বিবাহিত। কৃত দার (পত্নী) যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ; পুং।

কৃতধী—শিক্ষিতবুদ্ধি; স্থিরচিত্ত। কৃতা ধী (বুদ্ধি) যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ।

কৃতনিশ্চয়—স্থিরসঙ্কল্প; দৃঢ়প্রতিজ্ঞ; সিদ্ধিলাভবিষয়ে অসংশয়িত। কৃত নিশ্চয় যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

কৃতপূর্ব্ব(র্ব)—অগ্রে নিষ্পাদিত, যাহা আগে করা হইয়াছে। পূর্ব্বে কৃত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—র্ব্বা।

কৃতবিদ্য—বিদ্বান্, সুপণ্ডিত। কৃতা (অধিগতা) বিদ্যা যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—দ্যা। বি,—তা।

কৃতবেদী (—বেদিন্)—কৃতজ্ঞ। উপতৎ; কৃত—বিদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

কৃতব্রত—যে ব্যক্তি ব্রত অনুষ্ঠান করিয়াছে এরূপ। বহুব্রী। বিণ। স্ত্রী,—তা।

কৃতসঙ্কল্প(ক)ল্প—সঙ্কল্পকারী; স্থিরনিশ্চয়। কৃত হইয়াছে সঙ্কল্প যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—ল্পা।

কৃতাকৃত—১। কিয়দংশে কৃত অবশিষ্টাংশে অকৃত, আরব্ধ কিন্তু অসমাপ্ত। অগ্রে কৃত পশ্চাৎ অকৃত, কর্ম্মধা। ২। যাহা করা হইয়াছে এবং যাহা করা হয় নাই। কৃত ও অকৃত, দ্বন্দ্ব। বিণ। স্ত্রী,—তা। ৩। কার্য্যকারণ। কৃত (কার্য্য) এবং অকৃত (কারণ) এই উভয়ের সমাহার, সমা-দ্বন্দ্ব। বি; ক্লীব।

কৃতাঞ্জলি—১। বিহিতাঞ্জলি, যোড়হাত। কৃত অঞ্জলি, কর্ম্মধা। বি; স্ত্রী। ২। বদ্ধাঞ্জলি, যে হাতযোড় করিয়াছে। কৃত হইয়াছে অঞ্জলি যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ।

কৃতাঞ্জলিপুট—১। বদ্ধাঞ্জলি, যুক্তকরপুট। কৃত হইয়াছে অঞ্জলিপুট যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। ২। যুক্ত করপুট, বদ্ধ অঞ্জলি। কর্ম্মধা। বি; ক্লীব।

কৃতান্ত—যম; সিদ্ধান্ত; দৈব। কৃত অন্ত (বিনাশ) যৎকর্ত্তৃক, বহুব্রী। বি; পুং।

কৃতান্তক—যম। কৃতের অন্তক (নাশক), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কৃতাপকার—১। অপকার করিয়াছে এরূপ; অপকারক, অহিতকারী। কৃত হইয়াছে অপকার যৎকর্ত্তৃক, বহুব্রী। ২। যাহার অপকার করা হইয়াছে এরূপ, অপকৃত। কৃত হইয়াছে অপকার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

কৃতাপরাধ—অপরাধী, দোষী। কৃত হইয়াছে অপরাধ যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

কৃতাতিরেক—অতিরিক্ত। কৃত হইয়াছে অতিরেক যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

কৃতাভ্যাস—শিক্ষিত (Trained). কৃত হইয়াছে অভ্যাস যৎকর্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—সা।

কৃতার্থ—কৃতকার্য্য, চরিতার্থ, কৃতকৃত্য। কৃত হইয়াছে অর্থ (প্রয়োজন) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্থা।

কৃতার্থতা—কৃতকার্য্যতা, চরিতার্থতা, মনোরথসিদ্ধি। কৃতার্থ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

কৃতার্থম্মন্য—যে আপনাকে কৃতার্থ জ্ঞান করে এরূপ। কৃতার্থ—মন্+খশ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ন্যা।

কৃতি—১। যত্ন; চেষ্টা। কৃ (করা)+ক্তি করণবা। ২। রচনা; নির্ম্মিতি; হিংসা। কৃ+ক্তি ভাববা। বি। ৩। কার্য্য; ছন্দোবিশেষ। কৃ+ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী।

কৃতিত্ব—কুশলতা, নৈপুণ্য; কৃতকার্য্যতা, কৃতার্থতা; কার্য্যক্ষমতা; পাণ্ডিত্য; ধার্ম্মিকতা; কর্ম্মকর্তৃত্ব। কৃতিন্+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

কৃতী (কৃতিন্)—কুশল, নিপুণ; কৃতকার্য্য; কৃতার্থ; কর্ম্মকর্তা; কার্য্যক্ষম, উপযুক্ত; পণ্ডিত; পুণ্যবান্, ধার্ম্মিক। কৃত (কার্য্য)+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—তিনী।

কৃতোপকার—১। উপকারী। কৃত হইয়াছে উপকার যৎকর্তৃক, বহুব্রী। ২। উপকৃত। কৃত হইয়াছে উপকার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। [কর্ম্মবা। বি; স্ত্রী।

কৃত্তি—চর্ম্ম, ত্বক্; ভূর্জপত্র। কৃত্+ক্তি

কৃত্তিক—(শারীরবিদ্যায়) উপরিস্থ চর্ম্ম (Cuticle). কৃত্তি+কন্ স্বার্থে। বি; ক্লীব।

কৃত্তিকা—অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের তৃতীয় নক্ষত্র; কার্ত্তিকপালিকা, কার্ত্তিকের পালয়িত্রী ধাত্রী [কার্ত্তিকেয় তাহা দ্রঃ]। কৃৎ+ক্তি কর্ম্মবা+কন্ সংজ্ঞার্থে+আপ্। বি; স্ত্রী। [বি; পুং।

কৃত্তিকাসুত—কার্ত্তিকেয়, ষড়ানন। ৬ষ্ঠীতৎ।

কৃত্তিবাস—শিব, মহাদেব; বাঙ্গালা পদ্য রামায়ণ-রচয়িতা। কৃত্তি (চর্ম্ম) হইয়াছে বাস (বস্ত্র) যাঁহার, বহুব্রী। বি; পুং।

কৃত্তিবাসাঃ (—বাসস্), —বাসা—শিব। কৃত্তি (মৃগাদিচর্ম্ম) বাস (পরিধেয়) যাঁহার, বহুব্রী। বি; পুং।

কৃত্তিবাসী—কৃত্তিবাস-সম্বন্ধীয়; কৃত্তিবাস-রচিত ('—রামায়ণ')। কৃত্তিবাস+ঈ রচিতার্থে। বিণ।

কৃত্য—১। কার্য্য। কৃ+ক্যপ্ কর্ম্মবা। বি; ক্লীব। ২। তব্য, অনীয়, ণ্যৎ, যৎ, ক্যপ্, কেলিম, এই ছয়টি কৃৎপ্রত্যয়। বি; পুং। ৩। করণীয়, কর্তব্য। কৃ+ক্যপ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী, কৃত্যা।

কৃত্যক—চাকুরী (Service). বি; ক্লীব।

কৃত্যা—১। করণীয়া, কর্তব্যা। কৃত্য+আপ্। বিণ; স্ত্রী। ২। দেবতাবিশেষ; তুকতাক মন্ত্র ইত্যাদি। কৃ+ক্যপ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

কৃত্রিম—ক্রিয়াদ্বারা নিষ্পন্ন; কল্পিত; অমূলক; অবাস্তবিক; নকল; অপ্রকৃত; কপট; ভেজাল; অবিশুদ্ধ। কৃ (করা)+ত্রিমপ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—মা। বি,—তা।

কৃত্রিমতা—অস্বাভাবিকতা, কপটতা, কাল্পনিকতা। কৃত্রিম+তা ভাবে। বি; স্ত্রী।

কৃত্রিম রাশি—(গণিতে) যে রাশি অন্য দুই রাশির গুণন দ্বারা উৎপন্ন হয় তাহা। কর্ম্মধা। বি; পুং।

কৃৎস্ন—১। সর্ব্ব, সমস্ত, সকল; সম্পূর্ণ। কৃত্+কৃস্ন কর্তৃবা। বিণ। স্ত্রী,—স্না। বি, কাৎস্ন্য। ২। কুক্ষি; উদক, জল। বি; ক্লীব।

কৃদন্ত—(ব্যাকরণে) কৃৎপ্রত্যয়ান্ত। কৃৎ অন্তে যাহার, বহুব্রী। বিণ।

কৃন্তন—ছেদন, কর্তন, কাটা। কৃত্+অনট্ ভাববা। বি; ক্লীব।

কৃন্তনিকা, কৃন্তনী—ছেদনী, ছুরি-কাচি প্রভৃতি। কৃন্তনিকা=কৃন্তনী+কন্ স্বার্থে+আপ্। কৃন্তনী=কৃত্+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

কৃপ—১। গৌতম ঋষির পুত্র। মহারাজ শান্তনু কৃপাপূর্ব্বক ইঁহাকে প্রতিপালন করায় ইঁহার নাম কৃপ রক্ষিত হয়। কৃপ ধনুর্ব্বিদ্যায় বিশেষ পারদর্শী হইলে কুরু-পাণ্ডবগণের অস্ত্র-শিক্ষক নিযুক্ত হন। এইজন্যই ইনি সাধারণতঃ কৃপাচার্য্য নামে পরিচিত। কৃপ্‌+ক কর্ত্তৃবা। বি; পুং।

কৃপণ—অদাতা, ব্যয়কুণ্ঠ, অর্থাদি ব্যয় করিতে কাতর; কিপ্‌টে; নীচ; দীন; কুৎসিত। কৃপ্‌+অন (ক্যন্) কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ণা।

কৃপণতা,—ত্ব—কার্পণ্য, ব্যয়কুণ্ঠতা; হীনতা; দৈন্য। কৃপণ+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী ও ক্লীব।

কৃপা—দয়া, করুণা। কৃপ্‌+অঙ্‌ ভাববা+[আপ্‌। বি; স্ত্রী।

কৃপাকটাক্ষ—সামান্য কৃপাদৃষ্টি, যৎকিঞ্চিৎ দয়া। কৃপাপূর্ণ কটাক্ষ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কৃপাকণা—সামান্যমাত্র কৃপা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কৃপাণ—খড়্গ। উপতৎ। কৃপা—নুদ্‌+ড [কর্ত্তৃবা। বি; পুং।

কৃপাণপাণি—খড়্গহস্ত। কৃপাণ পাণিতে যাহার, বহুব্রী। বিণ।

কৃপাণিকা, কৃপাণী—ক্ষুদ্র কৃপাণ বা খড়্গ, ছুরিকা, ছোরা। কৃপাণ+কন্‌ অল্পার্থে+আপ্‌; কৃপাণ+ঈপ্‌। বি; স্ত্রী।

কৃপাদৃষ্টি—করুণাকটাক্ষ, কৃপাবলোকন। কৃপাপূর্ণা দৃষ্টি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কৃপানিধি—দয়ার সাগর, অতিশয় দয়ালু। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা বিণ।

কৃপানেত্র—দয়াপূর্ণ দৃষ্টি। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কৃপাপাত্র—করুণাভাজন, দয়ার আস্পদ। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; ক্লীব।

কৃপাবান্ (-বৎ)—করুণাময়। কৃপা+মতুপ্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী,—বতী।

কৃপাময়—করুণাময়, দয়ালু। কৃপা+ময়ট্‌ পূর্ণার্থে। বিণ। স্ত্রী,—য়ী।

কৃপালু—দয়াশীল, দয়ালু। কৃপা—লা+ডু কর্ত্তৃবা। বিণ।

কৃপালেশ,—বিন্দু—বিন্দুমাত্র কৃপা, অত্যল্প করুণা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কৃপাসিন্ধু—দয়ার সাগর; অসীম দয়াবান্। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কৃমি, ক্রিমি—কীট, পোকা; উদরজাত কীটরোগ; লাক্ষা। ক্রম্‌+ইন্‌ কর্ত্তৃবা। বি; পুং।

কৃমিকোশ,—কোষ—কীটের গুটিকা, রেশমের গুটি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কৃমিঘ্ন—১। কৃমিনাশক, কীটমারক। উপতৎ। কৃমি—হন্‌+টক্‌ কর্ত্তৃবা। বিণ। ২। বিড়ঙ্গ; পলাণ্ডু; ভল্লাতক। বি; পুং।

কৃমিজ—কীটজাত, কীটোদ্ভব। উপতৎ। কৃমি—জন্‌+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

কৃমিদানা—লোহিত বর্ণের উৎপাদক শুষ্ক লাক্ষাকীট। দেশজ। বি।

কৃমিনাশক—কৃমিঘ্ন; কীটনাশকারী; কৃমি-রোগনাশকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—শিকা।

কৃমিল—কৃমিযুক্ত, কৃমিরোগগ্রস্ত, কৃমিরোগ-প্রবণ। কৃমি—লা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লা।

কৃমিশৈল—বল্মীকস্তূপ, উইঢিপি। কৃমি-রচিত শৈল, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কৃশ—ক্ষুদ্র; অল্প; ক্ষীণ, দুর্ব্বল, শীর্ণ, কাহিল। কৃশ্‌+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, কৃশা।

কৃশর, কৃসর, কৃশরান্ন, কৃসরান্ন—দ্বিদলান্ন, খিচুড়ী। ক্‌+শর, সর কর্ম্মবা; ৩য়, ৪র্থ পক্ষে কর্ম্মধা। বি; ক্লীব।

কৃশাঙ্গ(ঙ্গ)—১। ক্ষীণ দেহ, শীর্ণ কলেবর, কাহিল শরীর। কৃশ অঙ্গ, কর্ম্মধা। বি; ক্লীব। ২। ক্ষীণদেহ, শীর্ণ-কলেবর-বিশিষ্ট। কৃশ অঙ্গ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্গী,—ঙ্গা।

কৃশাঙ্গী(ঙ্গী)—১। প্রিয়ঙ্গুলতা। বি; স্ত্রী। ২। ক্ষীণকায়া। কৃশাঙ্গ+ঈপ্‌। বিণ; স্ত্রী।

কৃশানু—অনল, অগ্নি। কৃশ্‌+আনুক্‌ কর্ত্তৃবা। বি; পুং।

কৃশোদর—১। ক্ষীণ উদর; ক্ষীণ কটি। কৃশ উদর, কর্ম্মধা। বি; ক্লীব। ২। ক্ষুদ্র উদরযুক্ত,

কৃশোদর। কৃশ উদর যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –রা, –রী।

কৃশ্চান—খ্রীষ্টান জাতি বা ধর্ম্ম। ইং 'Christian' শব্দজ। বি।

কৃষক—১। কর্ষক, ভূমিকর্ষণকারী, চাষী। কৃষ্‌+অক কর্ত্তৃবা। বি বা বিণ; পুং। স্ত্রী, –ষিকা। ২। সময়; বৃষ। বি; পুং।

কৃষাণ—১। ভূমিকর্ষণকারী, কৃষক। কৃষ্‌+আন কর্ত্তৃবা। বিণ। ২। কৃষিভৃত্য, কৃষিমজুর। দেশজ। বি; পুং। স্ত্রী, –ণী।

কৃষাণি—কৃষাণের কর্ম্ম; কৃষিভৃত্যের বা কৃষিমজুরের বেতন। কৃষাণ+ই কর্ম্মার্থে, বেতনার্থে। বি। [ভাববা। বি; স্ত্রী।

কৃষি—ভূমিকর্ষণকার্য্য, চাষ। কৃষ্‌+ইক্

কৃষিক, কৃষিকা—লাঙ্গলের ফাল। কৃষ্‌+কিকণ্‌ করণবা, পক্ষে আপ্‌। বি; পুং, স্ত্রী।

কৃষিকর্ম্ম (–কর্ম্মন্), –কর্ম, –কার্য্য, –কার্য—ভূমিকর্ষণক্রিয়া, চাষের কাজ। কৃষিই কর্ম্ম বা কার্য্য, কর্ম্মধা। বি; ক্লীব।

কৃষিজ—কৃষিকার্য্য হইতে উৎপন্ন। উপ-তৎ। কৃষি–জন্‌+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –জা।

কৃষিজাত—কৃষিকার্য্যোৎপন্ন। কৃষি হইতে জাত, ৫মীতৎ। বিণ। স্ত্রী, –তা।

কৃষিজীবী (–জীবিন্)—কৃষিব্যবসায়ী, কৃষক, চাষী। উপতৎ। কৃষি–জীব্‌+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –বিনী।

কৃষ্ট—কর্ষণ করা হইয়াছে এরূপ, চষা (ক্ষেত্রাদি); আকৃষ্ট। কৃষ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, কৃষ্টা।

কৃষ্টি—কর্ষণ; কৃষি; শিক্ষা দ্বারা লব্ধ উৎকর্ষ, সংস্কৃতি (Culture). কৃষ্‌+ক্তি ভাববা। বি; স্ত্রী।

কৃষ্ণ—১। বিষ্ণুর অবতারবিশেষ, শ্রীকৃষ্ণ; বেদব্যাস; অর্জ্জুন; নীলবর্ণ, কাল রঙ্গ। কৃষ্‌+নক্ কর্ত্তৃবা। বি; পুং। ২। কালাগুরু; অশুভকর্ম্ম; পাপ। বি; ক্লীব। ৩। নীলবর্ণ-যুক্ত, কাল। কৃষ্ণ+অচ্‌ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, কৃষ্ণা।

কৃষ্ণকথা—কৃষ্ণলীলা; কৃষ্ণসম্বন্ধীয় কথা, শ্রীকৃষ্ণ-প্রচারিত ধর্ম্মকথা। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

কৃষ্ণকলি—১। স্বনামখ্যাত পুষ্পবৃক্ষবিশেষ। বি; পুং। ২। কৃষ্ণকলি ফুল। কৃষ্ণচূড়ার ন্যায় কলি যাহার, বহুব্রী। বি; ক্লীব।

কৃষ্ণকায়—১। কাল শরীর। কর্ম্মধা। বি; পুং। ২। কৃষ্ণবর্ণদেহবিশিষ্ট। কৃষ্ণ কায় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –য়া। ৩। মহিষ। বহুব্রী। বি; পুং।

কৃষ্ণচতুর্দ্দ(দ)শী—কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী তিথি। কৃষ্ণা চতুর্দ্দশী, কর্ম্মধা। বি; স্ত্রী।

কৃষ্ণচন্দন—হরিচন্দন। কর্ম্মধা। বি; ক্লীব।

কৃষ্ণচূড়া—১। পুষ্পবৃক্ষবিশেষ। কৃষ্ণের চূড়ার ন্যায় চূড়া যাহার, বহুব্রী। ২। কৃষ্ণচূড়া ফুল। সদৃশার্থে ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কৃষ্ণজীরক, –জীরা—কালজীরা। কর্ম্মধা। বি; পুং, স্ত্রী।

কৃষ্ণতা, –ত্ব—নীলবর্ণত্ব, কাল রঙ্গ। কৃষ্ণ+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

কৃষ্ণদ্বেষী (–দ্বেষিন্)—কৃষ্ণের প্রতি বৈরভাবসম্পন্ন, শ্রীকৃষ্ণের বিরোধী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, –ষিণী। [পুং।

কৃষ্ণদ্বৈপায়ন—বেদব্যাস। কর্ম্মধা। বি;

কৃষ্ণনাম (–নামন্)—কৃষ্ণের অর্থাৎ ভগবানের নাম; কৃষ্ণ এই নাম বা শব্দ। ৬ষ্ঠীতৎ বা কর্ম্মধা। বি; ক্লীব।

কৃষ্ণপক্ষ—যে পক্ষে চন্দ্রকলার ক্ষয় হয়, অন্ধকার পক্ষ। কর্ম্মধা। বি; পুং। বিণ, –ক্ষীয়।

কৃষ্ণপ্রাপ্তি—মৃত্যু; স্বর্গ বা বৈকুণ্ঠলাভ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কৃষ্ণবর্ণ—১। নীল বর্ণ, অসিত বর্ণ, কাল রঙ। কর্ম্মধা। বি; পুং। ২। অসিতবর্ণযুক্ত, কাল। কৃষ্ণ বর্ণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –র্ণা।

কৃষ্ণবর্ত্মা (–বর্ত্মন্)—অগ্নি; রাহু। কৃষ্ণ বর্ত্ম যাহার, বহুব্রী। বি; পুং।

কৃষ্ণভক্ত—শ্রীকৃষ্ণে ভক্তিযুক্ত, কৃষ্ণের উপাসক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

কৃষ্ণভক্তি—শ্রীকৃষ্ণে শ্রদ্ধা। ৭মীতৎ। বি; স্ত্রী।

কৃষ্ণলোহ, কৃষ্ণলৌহ—অয়স্কান্ত, চুম্বক। কর্ম্মধা। বি; ক্লীব।

কৃষ্ণশার, কৃষ্ণসার—কালসার, মৃগ-বিশেষ। কৃষ্ণ অথচ শার, সার, কর্ম্মধা। বি; পুং। [বি; পুং।

কৃষ্ণসখ—অর্জ্জুন। কৃষ্ণের সখা, ৬ষ্ঠীতৎ।

কৃষ্ণসর্প—কালভুজঙ্গ, কেউটে সাপ। নিত্য। বি; পুং।

কৃষ্ণসার—কৃষ্ণশার দ্রঃ।

কৃষ্ণসারথি—১। কৃষ্ণের রথচালক, দারুক। ৬ষ্ঠীতৎ। ২। তৃতীয় পাণ্ডব অর্জ্জুন। কৃষ্ণ সারথি যাঁহার, বহুব্রী। বি; পুং।

কৃষ্ণা—১। নীলবর্ণযুক্তা, অসিতবর্ণা। কৃষ্ণ দ্রঃ। বিণ; স্ত্রী। ২। দ্রৌপদী। কৃষ্ণ+আপ। বি; স্ত্রী।

কৃষ্ণাগুরু—কাল অগুরু, কৃষ্ণচন্দন। কৃষ্ণ অগুরু, কর্ম্মধা। বি; ক্লীব।

কৃষ্ণাজিন—কৃষ্ণসার মৃগের চর্ম্ম। কৃষ্ণ অজিন, কর্ম্মধা। বি; ক্লীব।

কৃষ্ণাভ—কৃষ্ণ আভাযুক্ত, আকৃষ্ণ, ঈষৎ কাল। কৃষ্ণের আভার ন্যায় আভা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ভা। [বি; ক্লীব।

কৃষ্ণায়স—চুম্বক। কৃষ্ণ আয়স, কর্ম্মধা।

কৃষ্ণাশ্রিত—শ্রীকৃষ্ণের রক্ষিত; কৃষ্ণপরায়ণ; কৃষ্ণভক্ত। কৃষ্ণকে আশ্রিত, ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

কৃষ্য—কর্ষণযোগ্য; কৃষির উপযুক্ত। কৃষ্‌+ক্যপ্‌, কর্ম্মবা। বিণ। স্ত্রী, কৃষ্যা।

কৃসর—কৃশর দ্রঃ।

কে—১। কোন্‌ ব্যক্তি, কোন্‌ জন। 'কিম্‌' শব্দজ। সর্ব্ব। ২। (ব্যাকরণে) কর্ম্ম ও সম্প্রদান কারকের একবচনের বিভক্তি।

কেউ—কেহ, কোন লোক। বাংলা 'কেহ' শব্দজ। সর্ব্ব।

কেউটিয়া, কেউটে—কৃষ্ণসর্প, তীব্র বিষধর সর্পবিশেষ। দেশজ। বি।

কেওট, কেঅট—কৈবর্ত্ত, ধীবর; মাহিষ্য। ঘৃণাসূচক শব্দ। 'কৈবর্ত্ত' শব্দজ। বি।

কেওড়া—কেয়া ফুল হইতে জাত সুগন্ধি দ্রব্য। 'কেবিকা' শব্দজ। বি।

কেওরা—জাতিবিশেষ, কাওরা। দেশজ। বি।

কেঁইয়া—কেঁয়ে (তাহা দ্রঃ)। [অব্য।

কেঁউ-কেঁউ—কুকুরের কাতর শব্দ। দেশজ।

কেঁক, ক্যাঁক—পদাঘাতাদির অনুকার-শব্দ। দেশজ। অব্য।

কেঁচকা—একপ্রকার ঘাস; রজ্জু প্রভৃতিতে সহসা উৎপন্ন গ্রন্থি। প্রাদে। বি।

কেঁচা, ক্যাঁচা—মুখে অনেকগুলি শলাযুক্ত মাছ মারিবার অস্ত্রবিশেষ। দেশজ। বি।

কেঁচুয়া, কেঁচো—কিঞ্চুলুক; কৃমিবিশেষ, মহীলতা। 'কিঞ্চুলুক' শব্দজ। বি।

কেঁড়ে—দুগ্ধাদির ভাণ্ড; তৈলাদি রাখিবার জন্য বাঁশের চোঙা। 'কুণ্ড' শব্দজ। প্রাদে। বি।

কেঁড়েলি—জ্যাঠামি; বৃথা বাহাদুরি, চালাকি। দেশজ। বি।

কেঁদো—১। মোটা; প্রকাণ্ড। দেশজ। বিণ। ২। একপ্রকার বাঘ। বি।

কেঁয়ে—১। কেঁইয়া, ঝগড়াটে; স্বার্থপর; জেদী; কৃপণ। বিণ। ২। মাড়োয়ারী ব্যবসায়ী। দেশজ। বি।

কেক—ময়দা ডিম প্রভৃতির যোগে প্রস্তুত পিষ্টকবিশেষ। ইং Cake. বি।

কেকয়—দেশবিশেষ, পঞ্জাবের অন্তর্গত বিপাসা নদীর পশ্চিমভাগস্থ পর্ব্বতময় দেশ; সূর্য্যবংশীয় জনৈক নৃপতি। বি; পুং।

কেকয়ী, কৈকয়ী, কৈকেয়ী—কেকয়-বংশজা, দশরথ রাজার মধ্যমা পত্নী, ভরতের জননী। কেকয়+অণ্‌, অপত্যার্থে+ঈপ্‌ বি; স্ত্রী।

কেকা—ময়ূরধ্বনি। কে—কৈ+ক কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

কেকী (**কেকিন্**)—ময়ূর। কেকা+ইন্ অস্ত্যর্থে। বি; পুং। স্ত্রী,—কিনী।

কেচ্ছা—১। উপন্যাস, গল্প, কাহিনী, বিবরণ। আর্বী 'কিস্সা' শব্দজ। ২। কুৎসা, নিন্দা, অপযশ, কেলেঙ্কারী। 'কুৎসা' শব্দজ। বি।

কেজো—কাজের উপযোগী। কাজ+ও (∠উয়া) যোগ্যার্থে। বিণ।

কেটে—১। মোটা তসরে নির্ম্মিত বস্ত্রাদি। প্রাদে। বি। ২। কাটিয়া। দেশজ। অস-ক্রি।

কেট্লি—জল গরম করিবার নলযুক্ত পাত্র-বিশেষ, চায়ের কেট্লি। ইং 'Kettle' শব্দজ। বি।

কেঠুয়া, কেঠো—১। কাষ্ঠপাত্র, কাঠের গামলা প্রভৃতি। দেশজ। বি। ২। কাঠের তৈয়ারী। কাঠ+উয়া, ও নির্ম্মিতার্থে। বিণ।

কেতক—১। কেয়াফুলের গাছ। কিৎ+ণক কর্ত্তৃবা। বি; পুং। ২। কেয়াফুল। বি; ক্লীব।

কেতকী—কেয়াফুলের গাছ, কেয়াফুল। কেতক+ঈপ্। বি; স্ত্রী।

কেতন—১। গৃহ; স্থান। কিত্+অনট্ অধিবা। ২। পতাকা; চিহ্ন। কিত্+অনট্ করণবা। ৩। কার্য্য। কিত্+অনট্ কর্ম্মবা। বি; ক্লীব।

কেতা—কিতা; খণ্ড; ধারা; গোছা; শৃঙ্খলা। আর্বী 'কিতহ্' শব্দজ। বি।

কেতাদুরস্ত—কিতাদোরস্ত্ দ্রঃ।

কেতাব—পুস্তক, পুঁথি। আর্বী 'কিতাব' শব্দজ। বি; ক্লীব।

কেতাবৎ—পুঁথিগত বিদ্যা। আর্বী। বি।

কেতাবতী—কিতাবী। কেতাবৎ+ঈ সম্বন্ধার্থে। বিণ।

কেতাবি, —বী—পুস্তকসম্বন্ধীয়, পুস্তক-ব্যবসায়ী। কেতাব+ঈ সম্বন্ধার্থে। বিণ।

কেতু—নবম গ্রহ; উৎপাতবিশেষ; ধূমকেতু; পতাকা; চিহ্ন; শত্রু; রোগ। কিত্+উ কর্ত্তৃবা সংজ্ঞার্থে। বি; পুং।

কেদার—১। ক্ষেত্র। কে—দ্+ঘঞ্ কর্ম্মবা। ২। হিমালয়স্থ তীর্থ, শৃঙ্গবিশেষ; ক্ষেত্রের আলি; আলবাল; শিব; পর্ব্বতবিশেষ। কে দার যাহার, অলুক্ বহুব্রী। বি; পুং।

কেদারখণ্ড—ক্ষেত্রৈকদেশ, ক্ষেতের এক ভাগ বা টুকরা; সামান্য আলবাল; ক্ষেত্রের আলি। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

কেদারবাহিনী, —নী—ক্ষেত্রমধ্য দিয়া প্রবাহিতা; সমতলভূমির উপর দিয়া প্রবাহিতা। উপতৎ। কেদার—বহ্+ণিন্ কর্ত্তৃবা+ঈপ। বিণ; স্ত্রী।

কেদারা—রাগিণীবিশেষ; কাষ্ঠাসনবিশেষ, চেয়ার। পোর্ত্তুগীজ 'Cadeira' শব্দজ। বি।

কেদারিকা—ক্ষেত্র, ক্ষেতের আলি। কেদার+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

কেন—১। (সংস্কৃতে) কাহার বা কিসের দ্বারা। 'কিম্' শব্দের ৩য়া একবচন। সর্ব্ব। ২। (বাঙ্গালায়) কি-হেতু, কিজন্য। অব্য।

কেন-না—কারণ, যেহেতু। দেশজ। অব্য।

কেনা—১। ক্রয় করা। ক্রি। ২। ক্রীত। দেশজ। বিণ।

কেন্দ্র—বৃত্তাদি গোল বস্তুর ঠিক মধ্যস্থল (Centre); সূর্য্য হইতে গ্রহাদির দূরত্ব; লগ্ন; লগ্ন হইতে চতুর্থ সপ্তম ও দশম স্থান; মেরু, পৃথিবীর উত্তর ও দক্ষিণ প্রান্ত; প্রধান ও মূলস্থান। ক-মধ্যে ইন্দ্র, ৭মীতৎ। বি; ক্লীব।

কেন্দ্রগত—কেন্দ্রস্থ, কেন্দ্রে অবস্থিত। ২য়া-তৎ। বিণ। স্ত্রী,—তা।

কেন্দ্রবিমুখবল—যে বলে বস্তু সকল কেন্দ্রাভিমুখ হইতে অন্তরিত হয় তাহা (Centrifugal force). কেন্দ্র হইতে বিমুখ, ৫মীতৎ; সেরূপ বল, কর্ম্মধা। বি; ক্লীব। [বি; ক্লীব।

কেন্দ্রস্থল—মধ্যবিন্দু; কেন্দ্র। কর্ম্মধা।

কেন্দ্রস্রোতঃ (−স্রোতস্), −স্রোত—মেরুর নিকট হইতে আগত স্রোতঃ (Polar Current). কেন্দ্রাগত স্রোতঃ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

কেন্দ্রাতিগ—(বলবিদ্যায়) কেন্দ্র হইতে বহির্মুখী (Centrifugal). কেন্দ্র হইতে অতিগ, ৫মীতৎ। বিণ।

কেন্দ্রাপসারী (−সারিন্)—কেন্দ্র হইতে দূরে গমনশীল (Centrifugal). উপতৎ। কেন্দ্র − অপ − সৃ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, −রিণী।

কেন্দ্রাভিকর্ষী (−কর্ষিন্)—কেন্দ্রাভিমুখে আকর্ষণক্ষম (Centripetal). কেন্দ্র − অভি − কৃষ্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, −র্ষিণী।

কেন্দ্রাভিগ, কেন্দ্রাভিগামী (−গামিন্), **কেন্দ্রাভিমুখ**—কেন্দ্রের অভিমুখে গমনশীল (Centripetal). উপতৎ। কেন্দ্র − অভি − গম্ + ড, ণিন্ কর্ত্তৃবা ; ৩য় পক্ষে, কেন্দ্র অভিমুখে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, −গা, −মিনী, −খা, −খী।

কেন্দ্রাভিমুখবল—যে বলে বস্তু সকল কেন্দ্রাভিমুখে আকৃষ্ট হয় তাহা (Centripetal force). কেন্দ্রাভিমুখ বল, কর্ম্মধা। বি ; ক্লীব।

কেন্দ্রী (**কেন্দ্রিন্**)—কেন্দ্রযুক্ত, কেন্দ্র-বিশিষ্ট ; (জ্যোতিষে) কেন্দ্রস্থলে অবস্থিত গ্রহ ; মধ্যস্থ, প্রধান, চাঁই। কেন্দ্র + ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, −ন্দ্রিণী।

কেন্দ্রীভূত—যাহা কেন্দ্র ছিল না এক্ষণে কেন্দ্র হইয়াছে ; কেন্দ্রে পরিণত। কেন্দ্র + চি্ব অভূততদ্ভাবার্থে (=কেন্দ্রী) − ভূ + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, −তা।

কেন্দ্রীয়—কেন্দ্রসম্বন্ধীয় ; কেন্দ্রে অবস্থিত (Central). কেন্দ্র + ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, −য়া।

কেন্নৃ, কেন্নুই, কেন্নো—কীটবিশেষ, কানকোটারি। দেশজ। বি।

কেবট—ধীবরজাতি। 'কৈবর্ত্ত' শব্দজ। বি।

কেবল—১। একমাত্র ; অদ্বিতীয়, অসহায়, শুদ্ধ ; অবিকারী ; কৃৎস্ন ; নিরবচ্ছিন্ন। কেব্ + কলচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, −লা। বি, কৈবল্য। ২। নিশ্চয় ; তত্ত্বজ্ঞান। বি ; ক্লীব।

কেবলজ্ঞানী (−জ্ঞানিন্)—তত্ত্বজ্ঞানী, ঈশ্বরজ্ঞানসম্পন্ন। কেবলজ্ঞান + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, −নিনী।

কেমত, কেমন—কিরূপ, কিপ্রকার। কি + মত, মন সদৃশার্থে। বিণ।

কেমন-কেমন—কেমন যেন ; সন্দেহজনক ; খারাপ ; অস্বস্থ, অপটু। দেশজ। বিণ।

কেমনতর—কিরকম ; অদ্ভুত। দেশজ। বিণ।

কেমনে—কেমন করিয়া, কিরূপে, কি প্রকারে। কবিপ্র। ক্রি-বিণ।

কেমিকেল, −ক্যাল—রাসায়নিক ; কৃত্রিম ; নকল। ইং Chemical, বিণ।

কেম্বিশ, ক্যাম্বিশ—মোটা কাপড় ; চট। ইং 'Canvas' শব্দজ। বি। [বি।

কেয়া—কেতকী ফুলবিশেষ। 'কেতক' শব্দজ।

কেয়াফুল—কেতকী পুষ্প। ৬ষ্ঠীতৎ। বি।

কেয়াবাৎ—সাবাস, বাহবা, তারিফ। হিন্দী। অব্য।

কেয়ার—যত্ন, তত্ত্বাবধান ; গ্রাহ্যকরণ, খাতির, সমীহ। ইং Care. বি।

কেয়ারি—'কিয়ারি' দ্রঃ। 'কেদারিকা' শব্দজ। বি।

কেয়াল—গোছান, সুশৃঙ্খল ; হাসিল ; সিদ্ধ, সমাপ্ত, শেষ। দেশজ। বিণ।

কেয়ূর—অঙ্গদ, বাহুভূষণ, বাজু, অনন্ত, তাগা, ইত্যাদি। কে − যা + উরক্ কর্ত্তৃবা। বি ; পুং।

কেয়ূরবন্ধ—অঙ্গদপরিধানস্থান। কেয়ূর (অঙ্গদ) − বন্ধ্ + ঘঞ্ অধিবা। বি ; পুং।

কেরদানি, কের্দা(র্দা)নি—শক্তি, সামর্থ্য ; ক্ষমতা ; কেরামতি, বাহাদুরি। ফার্সী 'কারদানি' শব্দজ। বি।

কেরয়াল, কেরোয়াল—নৌকার কর্ণ বা হাল; দাঁড়। প্রাঃ কবিপ্র। বি।
কেরল—দেশবিশেষ, অধুনা ইহা মালওয়ার বা মালবার নামে খ্যাত। বি; পুং।
কেরাণী—লেখক-কর্ম্মচারী, মুহুরি, মুন্সি (Clerk). 'করণিক' শব্দজ। বি।
কেরাণীখানা—লেখক-কর্ম্মচারীদের গৃহ, আফিসঘর (Office). ৬ষ্ঠীতৎ। বি।
কেরাণীগিরি—কেরাণীত্ব, কেরাণীর কর্ম্ম, মুহুরিগিরি। কেরাণী+গিরি কর্ম্মার্থে। বি।
কেরামত, কেরামতি, —তী—দৈবশক্তি, অলৌকিক ক্ষমতা; মাহাত্ম্য; শক্তি, সামর্থ্য, ক্ষমতা; বাহাদুরি, সাহস। আর্বী 'করামৎ' শব্দজ। বি।
কেরায়া—যানাদি বাহকের পারিশ্রমিক, ভাড়া। আর্বী 'কিরায়া' শব্দজ। বি।
কেরাসিন, কেরোসিন—খনিজ জ্বালানি তৈলবিশেষ। ইং 'Kerosene' শব্দজ। বি।
কেরিয়াল—কর্ণধার, মাঝি। প্রাঃ কবিপ্র। বি।
কেরোয়াল—কেরয়াল দ্রঃ।
কের্দা(র্দা)নি—কেরদানি দ্রঃ।
কেলাস—১। স্ফটিক, দানা (Crystal). কে (জলে) লাস যাহার, অলুক্ বহুব্রী। ২। (স্ফটিকবর্ণত্বহেতু) কৈলাস। কেলাস+অচ্ আছে অর্থে। বি; পুং। ৩। শ্রেণী। ইং 'Class' শব্দজ। বি। [বি; ক্লীব।
কেলাসন—দানা বাঁধা (Crystallisation).
কেলাসিত—দানাদার, নিয়তাকার দানায় পরিণত ('—রাসায়নিক পদার্থ'—Crystalline). কেলাস+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। বি,—সন।
কেলি—১। ক্রীড়া; রমণ; পরিহাস; কৌতুক। কেল্+ইন্ ভাববা। বি; পুং বা স্ত্রী। ২। করিলি; করিল। প্রাঃ কবিপ্র। ক্রি।
কেলিকদম্ব—স্বনামপ্রসিদ্ধ কদম্ববিশেষ। কেলীসাধক কদম্ব, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।
কেলিকমল—লীলাপদ্ম, বিলাসের জন্য হস্তে গৃহীত পদ্ম। প্রাঃ কবিপ্র। বি; ক্লীব।
কেলিকলা—পরিহাসবিদ্যা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
কেলিকুঞ্জ—প্রণয়িযুগলের বিহারের নিমিত্ত লতাদিদ্বারা আচ্ছাদিত স্থান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কেলিগৃহ—রতিমন্দির; ক্রীড়াগৃহ; থিয়েটার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
কেলিসচিব—ক্রীড়াকৌতুকবিষয়ে মন্ত্রী, বিদূষকাদি। ৭মীতৎ। বি; পুং।
কেলে—'কাল' শব্দের বিকৃত উচ্চারণ। বিণ।
কেলেঙ্কা(ঙ্কা)র—কলঙ্কজনক, লজ্জাকর, কুৎসাজনক। 'কলঙ্ককর' শব্দজ। বিণ।
কেলেঙ্কা(ঙ্কা)রি, —রী—কলঙ্কজনক ব্যাপার, কুৎসার বা লজ্জার বিষয়, লজ্জার কথা। কেলেঙ্কার+ই, ঈ ভাবে। বি।
কেলেগোপালী—তোষামোদ; কপট আত্মীয়তা দেখান; মাতব্বরী। দেশজ। বি। (কোন জমিদারের কালী ও গোপাল নামে দুইজন কর্ম্মচারী ছিল। তাহাদের তোষামোদ না করিলে জমিদারের দেখা পাওয়া যাইত না। ইহা হইতে তোষামোদ অর্থে 'কেলেগোপালী' শব্দের প্রচলন হইয়াছে)।
কেলেমাণিক—কালমণি, কৃষ্ণবর্ণ রত্ন; কালো হইলেও সুন্দর; কৃষ্ণ; (ব্যঙ্গার্থে) কাল ব্যক্তি। দেশজ। বি।
কেলেসোণা—কেলেমাণিক (তাহা দ্রঃ)।
কেল্লা—সৈন্যাবাস, দুর্গ, গড়। আর্বী 'কিলাহ্' শব্দজ। বি।
কেশ—১। চুল। কে (মস্তকে) শয়ন করে যে, অলুক্ উপতৎ। কে—শী+ড কর্ত্তৃবা। ২। বরুণ। 'ক'র (জলের) ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পুং।
কেশকলাপ—কেশসমূহ। ৬ষ্ঠীতৎ। বি;
কেশকীট—উকুন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
কেশগুচ্ছ—চুলের গোছা; ভূষিত কেশ, বাঁধা চুল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেশতৈল—কেশবর্দ্ধক সুগন্ধ তৈল। কেশ-বর্দ্ধক তৈল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কেশদাম (-দামন্)—১। কেশের দাম (সূত্র), চুল বাঁধার দড়ি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। কবরীতে ধারণযোগ্য মাল্য। কেশধার্য্য দাম, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কেশপাশ—উৎকৃষ্ট কেশরাশি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ক্লীব।

কেশপ্রসাধন—চুল বাঁধা। ৬ষ্ঠীতৎ। বি;

কেশব—বিষ্ণু। ক (ব্রহ্মা)+ঈশ (রুদ্র) =কেশ; কেশ—বা+ক কর্তৃবা, কিংবা কে (জলে) শব (শবৎ ভাসমান), অলুক্ ৭মীতৎ। বি; পুং। [তৎ। বি; পুং।

কেশবিন্যাস—কেশরচনা, কবরীবন্ধন। ৬ষ্ঠী-

কেশবেশ—কেশের সজ্জা, কেশবিন্যাস; কবরী, খোঁপা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেশমার্জ্জ(র্জ)নী—চিরুণী, কাঁকই। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।

কেশ-মুণ্ডন—চুল মুড়ান, মাথা নেড়া করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কেশর, কেসর—১। কিঞ্জল্ক; পুষ্পরেণু। কেশর=কে—শ্+অপ্ কর্ম্মবা; কেসর= কে—সৃ+অচ্ কর্তৃবা। বি; পুং। ২। অশ্বসিংহাদির স্কন্ধস্থ কেশ; বকুলগাছ; নাগ-কেশর বৃক্ষ। বি; পুং।

কেশরচনা—কেশবিন্যাস; চুলবাঁধা। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।

কেশরঞ্জন—ভৃঙ্গরাজবৃক্ষ। কেশ—রন্জ্ +ণিচ্+অন কর্তৃবা। বি; পুং।

কেশরাজ—ভৃঙ্গরাজ। কেশ—রাজ্+ঘঞ্ করণবা। বি; পুং।

কেশরী (কেশরিন্), কেসরী (কেস-রিন্)—১। কেশরবিশিষ্ট, যাহার ঘাড়ে লম্বা লোম আছে। কেশর বা কেসর+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, কেশরিণী, কেস-রিণী। ২। সিংহ; অশ্ব; নাগকেশর বৃক্ষ; (কোন শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। বি; পুং।

কেশসংস্কার—চুল আঁচড়ান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেশস্পর্শ—চুল ছোঁওয়া; সামান্যমাত্রও ক্ষতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেশাকর্ষণ—চুল ধরিয়া টানা। কেশের আকর্ষণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কেশাকেশি—পরস্পর কেশাকর্ষণপূর্ব্বক যুদ্ধ, চুলাচুলি। কেশে কেশে গ্রহণ করিয়া যে যুদ্ধ হয় এই অর্থে ব্যতীহার বহুব্রী। ক্রি-বিণ।

কেশাগ্রস্পর্শ—চুলের ডগা ছোঁওয়া; সামান্য ক্ষতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কেশুর, কেশুর—কশেরু, তৃণবিশেষ; উক্ত তৃণের মূল। 'কশেরু' শব্দজ। বি।

কেশে—কাশ তৃণ। 'কাশ' শব্দজ। বি।

কেস—১। আবরণ; ঢাকনি। ২। ঘটনা; মোকদ্দমা। ইং Case. বি।

কেসর—কেশর দ্রঃ।

কেসরী(-রিন্)—কেশরী দ্রঃ।

কেহ—কেউ; কোন ব্যক্তি। দেশজ। সর্ব্ব।

কেহু—কোন্ জন, কেহ। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

কৈ—১। মৎস্যবিশেষ। 'কবয়ী' শব্দজ। বি। ২। কোন্ স্থানে, কোথায়। 'কিম্' শব্দজ। অব্য।

কৈকয়ী—কেকয়ী এবং কৈকেয়ী দ্রঃ।

কৈকসী—রাক্ষসীবিশেষ, রাবণাদির মাতা। বি; স্ত্রী।

কৈকেয়—কেকয়দেশের রাজা। কেকয়+ অণ্ অধিপতি অর্থে। বি; পুং।

কৈকেয়ী—কেকয়দেশের রাজকন্যা, অযোধ্যানাথ দশরথের মধ্যমা মহিষী, এবং ভরতের জননী। কৈকেয়+অণ্ অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী।

কৈছন, কৈসন—কেমন, কিরূপ। প্রাঃ কবিপ্র। বিণ।

কৈছনে, কৈসনে—কিরূপে। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

কৈছে—১। কহিতেছে, বলিতেছে। প্রাদে।

ক্রি। ২। কেমনে, কিরূপে। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

কৈটভ—জনৈক দৈত্য। কীট শব্দ—ভা+ড কর্তৃবা—কীটভ; কীটভ+ষ্ণ। বি; পুং।

কৈটভারি—বিষ্ণু। কৈটভের অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কৈতব—ছল, কপটতা; অনৃত, মিথ্যা; দ্যূত, পাশক্রীড়া, পাশাখেলা। কিতব (ধূর্ত্ত, দ্যূতকর)+অণ্ কর্ম্মার্থে। বি; ক্লীব।

কৈতবিনী—কপটতাযুক্তা। প্রাঃ কবিপ্র। বিণ; স্ত্রী।

কৈনু—১। কহিনু, কহিলাম। ২। করিনু, করিলাম। প্রাঃ কবিপ্র। ক্রি।

কৈন্দ্রিক—কেন্দ্রসম্বন্ধীয়; কেন্দ্রাভিমুখী। কেন্দ্র+ইক সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, —কী।

কৈফিয়ৎ, কৈফিয়ত—কোন বিষয়ের কারণ প্রদর্শন; দোষারোপের কাটান, জবাব; হিসাবনিকাশ; হিসাবে জমা হইতে খরচ বাদ দিয়া যে তহবিল মজুত থাকে তাহার মিলসূচক জায়। আরবী। বি।

কৈফিয়ৎ কাটা—জমা-খরচের বাকি দেখান; কোন বিষয়ে দোষারোপ করিলে তাহা কাটাইবার জন্য উত্তর দেওয়া। **কৈফিয়ৎ তলব করা**—কারণ দেখাইতে বলা; জবাব চাওয়া।

কৈফিয়তি, —তী—কৈফিয়ৎসম্বন্ধীয়, কারণ-প্রদর্শক, জবাবী; হিসাবনিকাশী। কৈফিয়ৎ +ই, ঈ করে অর্থে। বিণ।

কৈবর্ত্ত(র্ত)—ধীবর, জেলে। কৈবর্ত্ত+অণ্ স্বার্থে। বি; পুং।

কৈবল্য—মোক্ষ, সংসারমুক্তি; জীবের নিখিল ব্রহ্মাণ্ডে ব্রহ্মজ্ঞানসহকারে সচ্চিদানন্দ পরাৎপর পরমাত্মাতে বিলয়। কেবল+ষ্ণ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

কৈবল্যদাতা (—দাতৃ)—মোক্ষদ, মুক্তি-প্রদানকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —ত্রী।

কৈবল্যদায়ী (—দায়িন্)—মুক্তিদাতা, মোক্ষদ। উপতৎ। কৈবল্য—দা+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —য়িনী।

কৈমিতিক—রাসায়নিক; রসায়নশাস্ত্রবিৎ। কিমিতি+ইক সম্বন্ধার্থে, বিদিতার্থে। বিণ। স্ত্রী, —কী।

কৈমুতিক—ন্যায়বিশেষ। কিমুত শব্দ+ইক সম্বন্ধার্থে। বি; ক্লীব।

কৈরব—১। কিতব; শত্রু। বি; পুং। ২। কুমুদ। কেরব+অণ্ প্রিয়ার্থে। বি; ক্লীব।

কৈরবিণী—কুমুদিনী (সকল অর্থে)। কৈরব +ইন আছে অর্থে, সমূহার্থে+ঈপ্। বি; স্ত্রী।

কৈরবী (কৈরবিন্)—জ্যোৎস্না; মেথি। কৈরব+অণ্ হিতার্থে+ঈপ্। বি; স্ত্রী।

কৈল, কৈলা—১। কহিল। ২। করিল। প্রাঃ কবিপ্র। ক্রি।

কৈলাস—পর্ব্বতবিশেষ, মহাদেব ও কুবেরের বাসস্থান; হিমালয়ের একটি শৃঙ্গ। কেল (কেলিসমূহ)—আস্+ঘঞ্ অধিবা। বি; পুং।

কৈলাসনাথ, —পতি—শিব; কুবের। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কৈলাসশিখরী (—শিখরিন্)—১। কৈলাসপর্ব্বত। কৈলাস-নামক শিখরী. মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। শিব; কুবের। কৈলাসশিখর+ইন্ বাস করেন অর্থে। বি; পুং।

কৈশিক—১। কেশসমূহ। কেশ+ইক সমূহার্থে। বি; ক্লীব। ২। শৃঙ্গাররস; কাম। বি; পুং। ৩। কেশসম্বন্ধীয়; কেশের ন্যায় সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট (Capillary). কেশ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, —কী।

কৈশিকতা—একটি কেশসদৃশ সূক্ষ্ম ছিদ্র-বিশিষ্ট নলকে জলাদি তরল দ্রব্যে নিমগ্ন করিলে যে অন্তঃ ও বহিঃপ্রবাহের ব্যাপার দৃষ্ট হয়, তাহা (Capillarity). কৈশিক +তা ভাবার্থে। বি; স্ত্রী।

কৈশিকাকর্ষণ—যে শক্তিপ্রভাবে কেশ-সদৃশ সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট নল বা তত্তুল্য বস্তু দিয়া জলাদি তরল দ্রব্য সঞ্চারিত হয় (Capillary Attraction). কৈশিক আকর্ষণ, কর্ম্মধা। বি; ক্লীব।

কৈশিকাবনতি—কেশসদৃশ সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট নলের অভ্যন্তরে তরল পদার্থের অবনতি (Capillary Depression). কৈশিকী অবনতি, কর্ম্মধা। বি; স্ত্রী।

কৈশিকোন্নতি—কেশসদৃশ সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট নলের অভ্যন্তরে তরল পদার্থের উন্নতি (Capillary Elevation). কৈশিকী উন্নতি, কর্ম্মধা। বি; স্ত্রী।

কৈশোর—বাল্যকাল; শিশু অবস্থা, দশম বয় হইতে পঞ্চদশ বয় পর্য্যন্ত কাল। কিশোর + অণ্ ভাবার্থে। বি; ক্লীব।

কো—১। কে; কেহ। প্রাঃ কবিপ্র। সর্ব্ব। ২। দ্বিতীয়া বিভক্তির চিহ্ন (কে, রে)। ব্রজবুলি।

কোই—কেহ; কাহাকেও, কোন ব্যক্তি। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

কোইল—কোকিল। কবিপ্র। বি।

কোং—দল, সম্প্রদায়; ব্যবসায়িবৃন্দ, সওদাগর-সম্প্রদায়। ইং Company শব্দের সংক্ষেপ। বি।

কোঁক, কোঁখ—উদর, জঠর। 'কুক্ষি' শব্দজ। বি।

কোঁকড়া—কুঞ্চিত। বিণ।

কোঁকড়ান—১। কুঞ্চিত করা বা হওয়া, গুটান, জড়সড় করা বা হওয়া। প্রাদে। ক্রি। ২। কুঞ্চিত; বক্র; কুণ্ঠিত। কোঁকড়া + আন্ কর্ম্মবা, কর্ত্তৃবা। বিণ।

কোঁকান—যন্ত্রণাদিতে কোঁ কোঁ শব্দ করা, গোঙান। বাং ক্রি।

কোঁচ—১। মাছ-ধরা টেঁটাবিশেষ। প্রাদে। বি। ২। কুচবিহার রঙ্গপুর প্রভৃতি অঞ্চলের রাজবংশীজাতি। দেশজ। বি; পুং। ৩। সঙ্কোচন, গুটানভাব। 'কোচন' শব্দজাত। বি।

কোঁচকান—১। কোঁকড়ান। বাং ক্রি। ২। সঙ্কুচিত। কোঁচকা + আন কর্ম্মবা। বিণ।

কোঁচড়—পরিহিত বস্ত্রের সম্মুখভাগ; ঐ ভাগ দ্বারা রচিত থলির মত আধার। 'ক্রোড়' শব্দজ। বি।

কোঁচা—ধুতির কুঞ্চিত অগ্রভাগ। 'কুন্‌চ্' ধাতুজ। বি।

কোঁচান—১। কোঁচা করা; কুঞ্চিত করা। বাং ক্রি। ২। কুঞ্চিত। কোঁচা + আন কর্ম্মবা। বিণ।

কোঁড়, কোঁড়া—নবাঙ্কুর; কুঁড়ি, কোরক। 'অঙ্কুর' শব্দজ। বি।

কোঁত, কোঁথ—কুন্থন। 'কুন্থন' শব্দজ। বি।

কোঁতকা, কোঁৎকা—লগুড়, মোটা লাঠি। তুর্কী 'কুৎকা' শব্দজ। বি।

কোঁতান, কোঁথান—কোঁত পাড়া; অব্যক্ত কাতর ধ্বনি করা; কোঁকান। 'কুন্থ্' ধাতুজ। বাং ক্রি।

কোঁদল—কোন্দল, ঝগড়া, কলহ। 'কন্দল' শব্দজ। বি।

কোঁদা—১। কুঁদযন্ত্রে প্রস্তুত। দেশজ। বিণ। ২। কুঁদযন্ত্রে প্রস্তুত করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

কোক—১। ভেক; তরক্ষু, নেকড়ে বাঘ; বিষ্ণু; খর্জ্জুর বৃক্ষ; জ্যেষ্ঠী, টিকটিকী; চক্রবাক। কুক্ + অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। পোড়া পাথুরিয়া কয়লা, কোক কয়লা। ইং Coke. বি।

কোকনদ—রক্তপদ্ম; রক্তকুমুদ, রাঙ্গা শাঁদি, নালফুল। কোক (চক্রবাক)–শিজন্ত নদ্ + অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

কোকিল—স্বনামখ্যাত পক্ষী, পিক। কুক্ + ইলচ্ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী, –লা।

কোকিলকণ্ঠ—১। কোকিলের গলা কিংবা স্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। কোকিলতুল্য কণ্ঠধ্বনিবিশিষ্ট, মধুরস্বর। কোকিলের ন্যায় কণ্ঠ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ণ্ঠা, –ণ্ঠী।

কোকেন—মাদকদ্রব্য বা ঔষধবিশেষ। ইং Cocaine. বি।

কোঙর, কোঙার—কুমার ; তনয়, সন্তান। 'কুমার' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি; পুং। স্ত্রী,—ঙরী,—ঙারী।

কোচ—১। সঙ্কোচ। কুচ্‌+ঘঞ্‌ ভাববা। ২। তিওর, মালো ; কুচবিহার অঞ্চলের রাজবংশীজাতি। কুচ্‌+অচ্‌ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী, কোচনী, কুচনী। ৩। শকট, অশ্বযান। ইং 'Coach' শব্দজ। বি। ৪। খট্বা, খাট, পালঙ্ক। ইং 'Couch' শব্দজ। বি।

কোচওয়ান, কোচোয়ান—শকট-চালক, ঘোড়ার গাড়ীর গাড়োয়ান। ইং 'Coach man' শব্দজ। বি।

কোজাগর—আশ্বিনী পূর্ণিমা। কঃ (কে) +জাগর্ত্তি (জাগিয়া আছ) ইহাতে, বহুব্রী (পৃষোদরাদি)। বি; পুং। স্ত্রী,—রী।

কোট—১। কুটীর ; কেল্লা। কুট্‌+ঘঞ্‌ কর্ম্মবা। ২। কুটিলতা ; বক্রতা। কুট্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং। ৩। আপনার স্থান, গণ্ডী, সীমা ; জিদ, গোঁ, পণ, সঙ্কল্প, প্রতিজ্ঞা ; জনপদ, গ্রাম, নগর। 'কোট্ট' শব্দজ। বি। ৪। একরকম জামা। ইং Coat. ৫। আদালত। ইং 'Court' শব্দজ। বি।

কোটন—কুট্টন, চূর্ণন ; খণ্ডশঃ কর্ত্তন, ছোট ছোট করিয়া কাটা। 'কুট্ট' ধাতুজ। বি।

কোটনা—১। সুরতদূত, স্ত্রীপুরুষের অবৈধ মিলনসাধক ; কর্ণেজপ, পরনিন্দক, যে অন্যের নামে লাগায়। দেশজ। বি; পুং। স্ত্রী, কুটনী। ২। তরকারি কাটা বা কুচান ; কাটা তরকারি। 'কুট্‌' ধাতুর সমানার্থক কর্ম্মরূপে প্রযুক্ত। বি।

কোটনাগিরি, -পণা, কোটনাম, -নামি—কোটনার কার্য্য, সুরতদৌত্য ; পরনিন্দা, অন্যের বিরুদ্ধে লাগান। কোটনা +গিরি, পণা, ম, মি ভাবার্থে, কর্ম্মার্থে। বি।

কোটর—বৃক্ষগহ্বর, গাছের খোঁড়ল। উপতৎ। কোট-রা+ক কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

কোটরগত—বৃক্ষগহ্বরপ্রাপ্ত ; গহ্বরমধ্যে প্রবিষ্ট। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

কোটরপ্রবিষ্ট—বৃক্ষগহ্বরের অন্তর্গত ; গহ্বরমধ্যে গত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

কোঠা—১। ইষ্টকালয়, পাকাবাড়ী, দালান, ইমারত ; ঘর ; কক্ষ, প্রকোষ্ঠ ; শালা ; স্থান ; তল বা তলা। 'কোষ্ঠ' শব্দজ। বি। ২। কুট্টিত করা, গুঁড়ান, চূর্ণ করা ; খণ্ডশঃ কর্ত্তন করা, ছোট ছোট করিয়া কাটা ; পুনঃ পুনঃ আঘাত করা, ঠোকা। 'কুট্ট' ধাতুজ। ক্রি।

কোটাল—১। কোতওয়াল ; নগররক্ষক প্রহরী, চৌকিদার ; নিম্নশ্রেণীর জাতিবিশেষ। সংস্কৃত 'কোঠপাল' বা ফার্সী 'কোতোয়াল' শব্দজ। বি। ২। অমাবস্যা ও পূর্ণিমার প্রবল জোয়ার। 'কটাল' শব্দজ। বি।

কোটালিয়া—প্রহরী, পাহারাওয়ালা। প্রাঃ কবিপ্র। বি।

কোটালী—থানা, ফাঁড়ি। কোটাল+ঈ স্থানার্থে। বি।

কোটি, কোটী—১। উৎকর্ষ ; খড়্গাদির অগ্রভাগ ; ধনুকের কোণ ; সমকোণী ত্রিভুজের সমকোণের পার্শ্বস্থ লম্বরেখা ; পিড়িঙ্‌ শাক ; শতলক্ষ সংখ্যা, ক্রোর, ১,০০,০০,০০০। বি; স্ত্রী। ২। কোটি সংখ্যা-পরিমিত। বিণ; স্ত্রী। [বিণ।

কোটি-কোটি—অগণ্য, অসংখ্য। দেশজ।

কোটিকল্প, কোটীকল্প—ব্রহ্মার শতলক্ষ দিবস, অর্থাৎ বহুবৎসর, অনন্তকাল। কোটি (টী) সংখ্যক কল্প, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

কোটিপতি, কোটীপতি—যাহার শতলক্ষ টাকা আছে ; অতিশয় ধনী লোক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কোটী—কোটি দ্রঃ।

কোটীশ—১। চাষের মই ; নাগবিশেষ। কোটী-শো+ক কর্ত্তৃবা। বি; পুং। ২। কোটিপতি, ক্রোরপতি। কোটির বা কোটীর ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কোটীশ্বর—ক্রোরপতি, কোটি টাকার মালিক। ৬ষ্ঠীতৎ। বি। স্ত্রী,—রী।

কাটেশন—উদ্ধারচিহ্ন, শব্দ বা বাক্য অন্তকথিত—ইহা দেখাইবার জন্ত ব্যবহৃত চিহ্ন (" ") ; মূল্যতালিকার নির্দ্দিষ্ট মূল্য। ইং Quotation. বি।

কাঠা—কোটা, দালান, ইত্যাদি (কোটা দ্রঃ)।

কাঠাবাড়ী—পাকাবাড়ী, ইষ্টকালয়। দেশজ। বি।

কাড়া—১। কশা, চাবুক, বেত ; জাতি-বিশেষ, ধাঙ্গড়, কুলি। হিন্দীমূলক। বি। ২। মূল ; অঙ্কুর। প্রাঃ কবিপ্র। বি। ৩। খোঁড়া, খনন করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

কাণ—১। মঙ্গল গ্রহ ; শনি। কুণ্‌ + অচ্‌ কর্ত্তৃবা। ২। গৃহাদির বিদিক্‌ ; কোটি ; (জ্যামিতিতে) যে স্থানে দুইটি সরলরেখা পরস্পর মিলিত হয় তাহা (Angle) ; সূক্ষ্ম-প্রান্ত ; গৃহাভ্যন্তর। কুণ্‌ + ঘঞ্‌ অধিবা। ৩। অস্ত্রের ধার ; বীণাদিবাদনদণ্ড ; লগুড়, লাঠি। কুণ্‌ + ঘঞ্‌ করণবা। বি ; পুং।

কাণকানাচ—অন্ধিসন্ধি, গলিঘুঁজি, আঁদাড়-পাঁদাড়। দ্বন্দ্ব। বি।

কাণগাদা, -ঠাসা—যাহাকে এক কোণে চাপিয়া ধরা বা ঠেলিয়া ফেলা হইয়াছে ; পরাভূত ; অবহেলিত, উপেক্ষিত। ৭মীতৎ। বিণ।

কাণবীক্ষণ—কোণনিরূপণ যন্ত্র, কোণ-পরিমাপক যন্ত্র। কোণের বীক্ষণ হয় যদ্দারা, বহুব্রী। বি ; ক্লীব।

কাণা—১। কোণ। কোণ + আ স্বার্থে। ২। প্রান্ত ; ধান্যাদির কণিকা। প্রাঃ কবিপ্র। ৩। পাণের সংখ্যা, ৩০০টা ; এক-চতুর্থাংশ, সিকিভাগ, পোয়া। প্রাদে। বি। ৪। কোণবিশিষ্ট ; যে গৃহকোণে থাকিতে ভালবাসে এরূপ। কোণ + আ আসক্ত্যর্থে। বিণ।

কোণাকুণি, -কোনি—১। এক কোণ হইতে অপর কোণ পর্য্যন্ত বিস্তৃত, টেরচা। দেশজ। বিণ। ২। কোণে কোণে, কোণে কোণ মিলাইয়া, এক কোণ হইতে সোজা অপর কোণ অভিমুখে। ক্রি-বিণ।

কোণাচ, কোণাচি—মেটে ঘরের চালের কাঠামোর কোণস্থিত কাঠ বা বাঁশ। প্রাদে। বি।

কোণানুপাত—সমকোণী ত্রিভুজের বাহু-সমূহের বা কোণসমূহের আপেক্ষিক পরিমাপ (Trigonometrical ratio). কোণ-সম্বন্ধীয় অনুপাত, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

কোতওয়াল, কোতোয়াল—পুলিস-কর্ম্মচারী, চৌকিদার, প্রহরী, নগররক্ষক, কোটাল। ফার্সী। বি।

কোতরা—মাতগুড়, ঝোলা, কালগুড় ; তামাক-মাখা চিটা। প্রাদে। বি।

কোতোয়ালি, -লী—কোতোয়ালের কাজ ; থানা। ফার্সী। বি।

কোথলী—বৈষ্ণবের ভিক্ষাঝুলি। প্রাঃ কবিপ্র। বি।

কোথা—কোন্‌ স্থানে, কোন্‌ থানে ; কোন্‌ স্থান। 'কুত্র' শব্দজ। অব্য।

কোথাকার—কোন্‌ স্থানের। কোথা + কার সম্বন্ধার্থে। অব্য। বিণ।

কোথায়—কোন্‌ স্থানে। 'কুত্র' শব্দজ। অব্য।

কোদণ্ড—১। ধনুক ; ভ্রূ। কুণ্‌ + অণ্ডচ্‌ কর্ত্তৃবা। বি ; ক্লীব। ২। ধনুরাশি ; দেশ-বিশেষ। বি ; পুং।

কোদণ্ডটঙ্কার—ধনুষ্টঙ্কার, ধনুকে ছিলা দিয়া শব্দ করা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

কোদলান—কোদাল দিয়া মাটি কোপান। বাং ক্রি।

কোদাল, কোদালি—ভূমিখননের অস্ত্র-বিশেষ। 'কুদ্দাল' শব্দজ। বি।

কোদালিয়া, কোদালে—কোদাল দ্বারা ভূমি খননকারী। কোদাল + ইয়া, এ। বি।

কোন্‌—নির্দ্ধারণ-প্রশ্নবাচক শব্দ ; কিসে, কি ; কেন। 'কিম্‌' শব্দজ। বিণ বা ক্রি-বিণ।

কোন—অনির্দ্দিষ্ট ব্যক্তি বা বস্তু ; কেহ। 'কিম্‌' শব্দজ। বিণ।

কোনও, কোনো—অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু; কেহ কেহ। 'কিম্' শব্দজ। বিণ।

কোনাচ—কোণাচ (তাহা দ্রঃ)।

কোন্দল—কোঁদল, কলহ, ঝগড়া, বিবাদ। 'কন্দল' শব্দজ। বি।

কোন্দলিয়া—কলহপ্রিয়, ঝগড়াটে। কোন্দল + ইয়া শীলার্থে। বিণ।

কোন্‌সুলি, কৌন্‌সুলি—ব্যবহারাজীব; হাইকোর্টের উকিল। ইং 'Counsel' শব্দজ। বি।

কোপ—১। ক্রোধ; বিরক্তি, অসন্তোষ। কুপ্ + ঘঞ্ ভাববা। বি; পুং। ২। খড়্গাদির আঘাত, চোট। দেশজ। বি।

কোপকটাক্ষ—ক্রুদ্ধ হইয়া বক্রভাবে দৃষ্টি করা। কোপজনিত কটাক্ষ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কোপজ্বলিত, কোপদীপ্ত—ক্রোধে অগ্নিতুল্য, অতিশয় ক্রুদ্ধ। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –তা, –প্তা।

কোপন—ক্রুদ্ধস্বভাব, রাগী। কুপ্ + অন কর্তৃবা। বিণ। স্ত্রী, –না।

কোপনপ্রকৃতি, –স্বভাব—ক্রোধশীল। বহুব্রী। বিণ।

কোপপরবশ, কোপবশ—ক্রোধের অধীন, ক্রোধে অভিভূত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী., –শা। [অর্থে। বিণ। স্ত্রী, –বতী।

কোপবান্—ক্রুদ্ধ। কোপ + মতুপ্ আছে

কোপান—কোদাল প্রভৃতি দ্বারা পুনঃ পুনঃ কোপ মারা, চোটান; ছেদন করা, কাটিয়া ফেলা। বাং ক্রি।

কোপানল—ক্রোধরূপ অগ্নি। কোপরূপ অনল, রূপক কর্ম্মধা। বি; পুং।

কোপাবিষ্ট—ক্রুদ্ধ। কোপ দ্বারা আবিষ্ট, ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –ষ্টা।

কোপিত—জাতকোপ, রোষযুক্ত। কোপ + ইতচ্ যুক্তার্থে। বিণ। স্ত্রী, –তা।

কোপী (কোপিন্)—ক্রোধী, রোষাবিষ্ট। কোপ + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –পিনী।

কোপ্তা—ভর্জ্জিত মাংস। ফার্সী 'কোফ্‌তাহ্' শব্দজ। বি। [বি।

কোবালা—বিক্রয়পত্র, কবালা। আর্বী।

কোবিদ—১। পণ্ডিত লোক, জ্ঞানিজন; দক্ষ ব্যক্তি। কো–বিদ্ + ক কর্তৃবা। বি; পুং। ২। জ্ঞানী, পণ্ডিত; দক্ষ; পারদর্শী, নিপুণ। বিণ। স্ত্রী, –দা।

কোবিদার—রক্তকাঞ্চন গাছ; মন্দার; পারিজাত। উপতৎ। কু–বি–দৄ + অণ্ কর্তৃবা। বি; পুং।

কোমর—কটিদেশ, মাজা। ফার্সী 'কমর্' শব্দজ। বি। [৬ষ্ঠীতৎ। বি।

কোমরপাটা—শিশুদের কটিভূষণবিশেষ।

কোমরবন্দ—কোমরের পেটী, কটিবন্ধ (Belt). ফার্সী 'কমর্‌বন্দ্' শব্দজ। বি।

কোমল—মনোহর, মৃদু, পেলব, নম্র, নরম। কু + মল্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –লা।

কোমলচিত্ত—যাহার মন নরম ও দয়াপ্রবণ। বহুব্রী। বিণ। স্ত্রী, –ত্তা।

কোমলতা, কোমলত্ব—মনোহরত্ব; মৃদুতা, নম্রতা; অকঠিনত্ব। কোমল + তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

কোমলপ্রাণ, –মতি, –হৃদয়—১। করুণার্দ্রহৃদয়, দয়ালু। বহুব্রী। বিণ। স্ত্রী, –ণা, –হৃদয়া। ২। দয়ার্দ্র মন। কর্ম্মধা। বি; পুং, স্ত্রী, ক্লীব।

কোমলাঙ্গ(ঙ্গ)—১। মৃদু দেহ, নম্রগাত্র, নরম গা। কোমল অঙ্গ, কর্ম্মধা। বি; ক্লীব। ২। সুকুমার দেহযুক্ত, নরম দেহ-বিশিষ্ট। কোমল অঙ্গ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ঙ্গী, –ঙ্গা।

কোমলায়ন—তাপ ও শৈত্য দ্বারা কাচ বা ধাতু মিশ্রণ করা (Annealing). বি; ক্লীব।

কোমলাস্থি—নরম হাড়, নরম মাংসবৎ হাড় (Cartilege). কর্ম্মধা। বি; ক্লীব।

কোম্পানি, কম্পানি—একসঙ্গে বাণিজ্য করণার্থে মিলিত বণিকসম্প্রদায়; যৌথ-কারবারে মিলিত ব্যবসায়িগণ; ইংরাজ

গভর্ণমেণ্ট বা রাজ-সরকার (কারণ ইষ্ট্ ইণ্ডিয়া কোম্পানি-নামক বণিক্‌সম্প্রদায় একযোগে বাণিজ্য করিতে আসিয়া রাজত্ব লাভ করেন)। ইং Company. বি।

কোম্পানির কাগজ—গভর্ণমেণ্ট কর্ত্তৃক গৃহীত ঋণেরস্বীকারপত্র (Government Paper). বি।

কোম্পানির মুলুক—ইষ্ট্ ইণ্ডিয়া কোম্পানির অধিকৃত দেশ বা রাজ্য; ইংরাজ রাজত্ব। বি।

কোয়লা, কোয়েল, কোয়েলা—কোকিল। 'কোকিলা' শব্দজ। হিন্দী। বি।

কোয়া—কোষ (কাঁঠাল বা রেশমাদির)। 'কোষ' শব্দজ। বি।

কোয়িল—কোকিল। প্রাঃ কবিপ্র। বি।

কোর—১। বক্রতা, বাঁক; কুটিলতা, ক্রূরতা; কলপ, মাড়। দেশজ। ২। ক্রোড়, কোল। প্রাঃ কবিপ্র। বি।

কোরক—পুষ্পমুকুল, কুট্মল, কুঁড়ি; মৃণাল। কুর্+অক (বুন্) কর্ম্মবা। বি; পুং বা ক্লীব।

কোরকোদ্গম—কলি ধরা, কুঁড়ি হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কোরণ্ড—কুরণ্ড, কোষবৃদ্ধি-রোগ (Hydrocele). 'কুরণ্ড' শব্দজ। বি।

কোরফা, কোর্ফা—জমাইস্বত্বধারী প্রজার অধীন ও অস্থায়ী ('—প্রজা')। ফার্সী। বিণ।

কোরবাণি, কোর্ব্বা(র্বা)নি—ধর্ম্মোদ্দেশে মুসলমানদিগের পশু বলিদান। আর্বী। বি।

কোরমা, কোর্ম্মা(র্মা)—বিনা জলে শুদ্ধ মসলা ও দধি প্রভৃতির সংযোগে রন্ধিত মাংস। তুর্কী। বি।

কোরস, কোরাস—গানের ধূয়া; একসঙ্গে বহু লোকের গান। ইং Chorus. বি।

কোরা—১। নূতন, অব্যবহৃত, আধোয়া ('—কাপড়')। দেশজ। বিণ। ২। রজ্জু, দড়া। প্রাদে। বি। ৩। কুরুনি দিয়া চাঁচা। বাং ক্রি।

কোরান—আরবী ভাষায় লিখিত মুসলমানদিগের ধর্ম্মগ্রন্থ। (মোহাম্মদ নামক এক মহাপুরুষ এই গ্রন্থের রচয়িতা। ইহাতে একেশ্বরবাদ প্রকটিত হইয়াছে। এতদ্দ্বারা প্রচারিত ধর্ম্মের নাম ইসলাম ধর্ম্ম)। আর্বী। বি।

কোরাস—কোরস দ্রঃ।

কোরোক, ক্রোক—আটক, হস্তান্তর বন্ধকরণ। তুর্কী। বি।

কোর্তা—একপ্রকার লম্বা জামা। তুর্কী 'কুর্তা' শব্দজ। বি।

কোর্ফা—কোরফা দ্রঃ।

কোর্ব্বা(র্বা)নি—কোরবাণি দ্রঃ।

কোর্ম্মা(র্মা)—কোরমা দ্রঃ।

কোল—১। ক্রোড়; অঙ্ক; আলিঙ্গন; সম্মুখ; তীর; কিনারা। মাছের পেটি। 'ক্রোড়' শব্দজ। বি। **কোল দেওয়া**—আলিঙ্গন করা। **কোল পাওয়া**—আদর পাওয়া। ২। অনার্য্য জাতিবিশেষ। বি।

কোল-আঁকড়া—যে ছেলে বা মেয়ে কোল ছাড়িতে চায় না এরূপ; যে সন্তান আদর চায় এরূপ। কোল আঁকড়ায় যে, উপতৎ। বিণ।

কোল-আঁধার—নিজের ছায়ার জন্য সম্মুখে অন্ধকার। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

কোল-কুঁজা, –কুঁজো—কোলের দিকে ঈষৎ আনতদেহ। ৭মীতৎ। বিণ।

কোলজমা—গরকায়েমী বা কোর্ফা জমা। ফার্সী। বি।

কোলজুড়ান—যে অতি আদরের ধন বলিয়া মাতার কোল স্নিগ্ধ করে এমন। কোল জুড়ায় যে, উপতৎ। বিণ।

কোলনচিহ্ন—যতিচিহ্নবিশেষ (:)। ইং Colon. বি।

কোলপোঁছা—জননীর সর্ব্বশেষ (সন্তান), যাহার পর আর সন্তান হয় নাই। দেশজ। বিণ।

কোলা—১। বদরবৃক্ষ, কুলগাছ; পিপ্পলী; চবিকা, চই; দেশবিশেষ, কলিঙ্গ; কোলাহল।

কুল্+অচ্ কর্তৃবা+আপ্। বি; স্ত্রী। ২। বৃহৎ অলিঞ্জর, বড় জালা, একপ্রকার বৃহৎ ভেক। প্রাদে। বি। ৩। মোটা। দেশজ। বিণ।

কোলাকুলি, -কোলি—পরস্পর আলিঙ্গন। ব্যতীহার বহুব্রী। বি।

কোলাব্যাঙ্—বড় ভেক। দেশজ। বি।

কোলাহল—কল কল ধ্বনি, কলরব, গোলমাল। কোল—আ—হল্+অচ্ কর্তৃবা। বি; পুং।

কোশ, কোষ—১। কুট্মল, কুঁড়ি। কুশ্ বা কুষ্+অচ্ কর্তৃবা। ২। আবরণ; খড়্গাদির আবরণ, খাপ; পানপাত্র; অভিধান; মঞ্জুষা; ধনাগার; পোকার গুটি; প্রাণী বা উদ্ভিদ্-দেহের সূক্ষ্ম অংশবিশেষ (Cell); কাঁটালাদির কোয়া। কুশ্ বা কুষ্+ঘঞ্ অধিবা। ৩। যোনি; মুষ্ক; ডিম্ব। কুশ্ বা কুষ্+ঘঞ্ অপাবা। বি; পুং বা ক্লীব। ৪। ক্রোশ; ৮০০০ হস্তপরিমিত ব্যবধান বা দূরত্ব। 'ক্রোশ' শব্দজ। বি।

কোশকার, কোষকার—গুটিপোকা; অভিধানকর্তা; ইক্ষু, আক। কোশ, কোষ—কৃ (করা)+অণ্ কর্তৃবা। বি; পুং।

কোশা—১। পূজাদি কার্য্যে ব্যবহার্য্য তাম্র-নির্ম্মিত জলপাত্রবিশেষ; অঞ্জলি, করকুণ্ড। 'কোষক' শব্দজ। বি। ২। ছোট নৌকা, ডিঙ্গী। প্রাঃ কবিপ্র। বি।

কোশাকুশি, -ষী—কোশা এবং তাহা হইতে জল তুলিবার জন্য ক্ষুদ্র পাত্র। দ্বন্দ্ব। বি।

কোশাতকী, কোষাতকী—ঝিঙ্গা; ঝিঙ্গাগাছ। কোশ, কোষ—অত্+ণক কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

কোশী, কোষী—ক্ষুদ্র কোষা; জুতা; শস্যের শুঁয়া; শিম্বিকা। কুশ্, কুষ্+ঘঞ্ অপাবা, করণবা+ঈপ্। বি; স্ত্রী।

কোষ—কোশ দ্রঃ।

কোষকাব্য—কবিতাবলী; বিবিধ কবিতা-সম্বলিত কাব্যগ্রন্থ; পরস্পর-নিরপেক্ষ শ্লোক-সমূহ। কোষতুল্য কাব্য, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

কোষকার—কোশকার দ্রঃ।

কোষপাল—সরকারী ধনাগারের ঊর্দ্ধতন কর্ম্মচারী, খাজাঞ্চি (Treasurer). কোষ—পালি+অণ্ কর্তৃবা। বি; পুং।

কোষবৃদ্ধি—অণ্ডকোষ স্ফীত হওয়া; ধনের বৃদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কোষমুক্ত—নিষ্কোশিত, যাহা খাপ হইতে বাহির করা হইয়াছে এরূপ। ৫মীতৎ। বিণ।

কোষা—১। কোশা (সকল অর্থে)। কোশা দ্রঃ। ২। কাঁটাল প্রভৃতি ফলের কোয়া। 'কোষক' শব্দজ। বি।

কোষাগার—ধনাগার। কোষই আগার, কর্ম্মধা। বি; ক্লীব।

কোষাধ্যক্ষ—ধনাগারের তত্ত্বাবধায়ক, ধন-রক্ষক (Treasurer); কুবের। কোষের অধ্যক্ষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কোষী—কোশী দ্রঃ।

কোষ্টা—একপ্রকার পাট। দেশজ। বি।

কোষ্ঠ—১। গৃহমধ্য; উদরমধ্য, মলাশয় (Bowels); শস্যাগার। কুষ্+থন্ অপাবা। বি, পুং। ২। আত্মীয়; স্বকীয়, স্বীয়, নিজ। বিণ। স্ত্রী, কোষ্ঠা।

কোষ্ঠকাঠিন্য—মলাশয়ের দৃঢ়তা, সহজে মল নির্গত না হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

কোষ্ঠবদ্ধ—কোষ্ঠকাঠিন্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কোষ্ঠশুদ্ধি—উত্তমরূপ মলনির্গম; মলাধারের শোধন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

কোষ্ঠিকা, কোষ্ঠী—জন্মপত্রিকা, ঠিকুজি (Horoscope); পাশকাদি ক্রীড়াপাত্র। কোষ্ঠ+কন্ স্বার্থে+আপ্; কোষ্ঠ+ঈপ্। বি; স্ত্রী।

কোষ্ণ—কবোষ্ণ, ঈষদুষ্ণ, অল্প গরম। কু (ঈষৎ) উষ্ণ, নিত্য। বিণ। স্ত্রী, কোষ্ণা।

কোহল—মদ্যবিশেষ (Alcohol); বাদ্যবিশেষ। কু—হল্+অচ্ কর্তৃবা। বি; পুং।

কোহিনুর—জগদ্বিখ্যাত ও ইতিহাসপ্রসিদ্ধ একখানি হীরক। ফার্সী কোহ (পর্ব্বত)+ ই+আর্বী নূর (আলোক)। বি।

কৌন্সুলি—উচ্চ আদালতের ব্যবহারাজীব, ব্যারিষ্টার। ইং 'Counsel' শব্দজ। বি।

কৌচ—পর্য্যঙ্ক, পালং, খাট। ইং 'Couch' শব্দজ। বি।

কৌটা—টিন-কাষ্ঠাদি-নির্ম্মিত ক্ষুদ্র পুট বা আধার। দেশজ। বি।

কৌটিল্য—১। কুটিলতা; ক্রূরতা। কুটিল+ ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব। ২। চাণক্য পণ্ডিত। কৌটিল্য+অচ্ আছে অর্থে। বি; পুং।

কৌণিক—কোণ-সম্বন্ধীয়; কোণে অবস্থিত (Angular). কোণ+ইক সম্বন্ধার্থে। বিণ।

কৌতুক—কুতূহল, ঔৎসুক্য; ইচ্ছা; উৎসব; ভয়; মজা, আমোদ; পরিহাস, তামাসা। কুতুক+অণ্ স্বার্থে। বি; ক্লীব।

কৌতুকপ্রিয়—যে হাস্যপরিহাস ভালবাসে এরূপ; আমোদপ্রিয়। বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

কৌতুকাবহ—কৌতুকজনক, মজার। কৌতুকের আবহ (বহনকারী), ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—হা।

কৌতুকাবিষ্ট—কৌতূহলযুক্ত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

কৌতুকিনী—কৌতুককারিণী; কৌতূহল-যুক্তা। কৌতুকিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

কৌতুকী (কৌতুকিন্)—কৌতুকযুক্ত; কৌতুককারী, পরিহাসকর্ত্তা। কৌতুক+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—কিনী।

কৌতূহল—ঔৎসুক্য, কৌতুক, নূতন বিষয় জানিবার ইচ্ছা; অভিলাষ। কুতূহল+অণ্ স্বার্থে। বি; ক্লীব।

কৌতূহলজনক—কৌতুককর, ঔৎসুক্য-জনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—নিকা।

কৌতূহলপরবশ—অত্যন্ত কুতূহলী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—শা।

কৌতূহলাক্রান্ত,—বিষ্ট—অত্যন্ত কৌতূ-হলী, উৎসুক। কৌতূহল দ্বারা আক্রান্ত, আবিষ্ট, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্তা,—ষ্টা।

কৌতূহলী (—হলিন্)—উৎসুক, নূতন জ্ঞানলাভেচ্ছু। কৌতূহল+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—লিনী।

কৌতূহলোদ্দীপক—ঔৎসুক্যবর্দ্ধক, অত্যন্ত ঔৎসুক্যজনক। কৌতূহলের উদ্দীপক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—পিকা।

কৌন্তিক—প্রাস অস্ত্রধারী যোদ্ধা। কুন্ত+ ইক আছে অর্থে। বি; পুং।

কৌন্তেয়—কুন্তিপুত্র, যুধিষ্ঠিরাদি। কুন্তী+ এয় অপত্যার্থে। বি; পুং।

কৌন্সিলী, কৌঁসিলী—কৌন্সুলি (তাহা দ্রঃ)।

কৌপীন—১। চীরবসন, কপ্নি, ল্যাঙোট; গুহ্যদেশ; দুষ্কার্য্য; পাপ। কূপ+ঈন (খঞ্) তৎপ্রবেশযোগ্য অর্থে। বি; ক্লীব। ২। পাপ-যুক্ত। কৌপীন+অচ্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—না।

কৌমার—১। কুমারসম্বন্ধীয়। কুমার শব্দ+ অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—রী। ২। কুমারা-বস্থা, বাল্যকাল, জন্মাবধি পঞ্চম বর্ষ পর্য্যন্ত, (ভন্ত্রমতে) ষোড়শ বর্ষ পর্য্যন্ত। কুমার+অণ্ ভাবার্থে। বি; ক্লীব।

কৌমুদী—কার্ত্তিকী পূর্ণিমা; কার্ত্তিকোৎসব; উৎসব; আশ্বিনী পূর্ণিমা; জ্যোৎস্না। কুমুদ+ অণ্ বিকাশার্থে+ঈপ্। বি; স্ত্রী।

কৌমুদীপতি—চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

কৌমুদীবসনা—জ্যোৎস্নাধবলিতা ('—নিশা')। কৌমুদী বসন যাহার, বহুব্রী+ আপ্। বিণ; স্ত্রী।

কৌরব, কৌরবেয়, কৌরব্য—কুরু-বংশীয় ব্যক্তি। কুরু+অণ্, এয়, ণ্য অপত্যার্থে। বি বা বিণ।

কৌল—১। সদ্বংশসম্ভূত, কুলীন; তন্ত্রে কথিত কুলাচারপরায়ণ, দিব্য বীর ও পশু এই ভাবত্রয়ের মধ্যে দিব্যভাবাক্রান্ত। কুল+অণ্

ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, কৌলী। ২। তন্ত্রোক্ত আচারাদি। বি; ক্লীব। ৩। কোল, আলিঙ্গন। প্রাঃ কবিপ্র। বি।

কৌলিক—১। তাঁতি। বি; পুং। ২। কুলসম্বন্ধীয়; বংশীয়; কুলপরম্পরাগত; কুলধর্ম্মাচারী; বামাচারী। কুল+ইক আগতার্থে। বিণ। স্ত্রী, –কী।

কৌলীন—১। কৌলীন্য, কুলীনত্ব; উচ্চবংশে জন্ম। কুলীন+অণ্ ভাবার্থে। ২। গুহ্যদেশ; দুষ্কর্ম্ম; পাপ; জনরব; ইতর প্রাণীর যুদ্ধ। কু-তে লীন, ৭মীতৎ; কুলীন+অণ্ স্বার্থে। বি; ক্লীব। ৩। গোপনীয় দুষ্টকার্য্য; লোকনিন্দা। কুলীন+অণ্ স্বার্থে। বি; ক্লীব।

কৌলীন্য—কুলীনত্ব, কুলমর্য্যাদা; বল্লাল সেনপ্রবর্ত্তিত বংশমর্য্যাদা। কুলীন+ষ্যঞ ভাবার্থে। বি; ক্লীব।

কৌশল—১। নৈপুণ্য, দক্ষতা; উপায়, যুক্তি; চাতুরী, চালাকি, ফন্দি, ফিকির। কুশল+অণ্ ভাবার্থে। বি; ক্লীব। ২। মঙ্গল। কুশল+অন্ স্বার্থে। বি; ক্লীব।

কৌশলী (**কৌশলিন্**)—কৌশলযুক্ত; কুশল, নিপুণ, দক্ষ; উপায়পটু, চতুর, ফন্দিবাজ,; মঙ্গলযুক্ত, শুভ। কৌশল+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, –লিনী।

কৌশল্যা, কৌসল্যা—অযোধ্যাপতি দশরথের প্রধানা মহিষী, রামচন্দ্রের জননী। কোশল, কোসল+ষ্যঞ্ ভবার্থে+আপ্। বি; স্ত্রী।

কৌশিক—১। কৌষেয়, ক্ষৌম, রেশমী। কোশ+ইক্ ভবার্থে। বিণ। স্ত্রী, –কী। ২। কৌষেয় সূত্র, রেশম। বি; ক্লীব। ৩। দেবরাজ, ইন্দ্র; আহিতুণ্ডিক, সাপুড়িয়া; পেচক; গুগ্‌গুল; কোষকার, অভিধানকর্ত্তা; কোষাধ্যক্ষ; নকুল, নেউল; শৃঙ্গাররস; কাম; মজ্জা। ৪। বিশ্বামিত্র ঋষি। কুশিক+অঞ্ অপত্যার্থে। বি; পুং।

কৌশিকী—১। কৌষী, রেশমী। কৌশিক দ্রঃ। বিণ; স্ত্রী। ২। (নাট্যে) রচনাপদ্ধতিবিশেষ; রাগিণীবিশেষ; দুর্গা, জগদ্ধাত্রীমূর্ত্তি। কৌশিক+ঈপ্। বি; স্ত্রী।

কৌশেয়, কৌষেয়—রেশমী (বস্ত্রাদি)। কোশ বা কোষ+এয় ভবার্থে। বিণ। স্ত্রী, –শেয়ী, –ষেয়ী।

কৌষিক—১। কৌষেয়, ক্ষৌম, রেশমী। কোষ+ইক ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী, –কী। ২। দেবরাজ, ইন্দ্র; ব্যালগ্রাহী, সাপুড়িয়া; পেচক; নকুল, নেউল; কোষকার, অভিধানবিৎ; কোষাধ্যক্ষ; শৃঙ্গাররস; কাম; মজ্জা। বি; পুং।

কৌষিকী—কালীর দেহকোষ হইতে নির্গত দেবীবিশেষ। কোষ+ইক ভবার্থে+ঈপ্। বি; স্ত্রী।

কৌষেয়—কৌশেয় দ্রঃ।

কৌসল্যা—কৌশল্যা দ্রঃ।

কৌস্তুভ—বিষ্ণুর বক্ষঃস্থ মণি; মুদ্রাবিশেষ। কুস্তুভ+অণ্ ভবার্থে। বি; পুং।

ক্কচিৎ—১। কোন স্থানে; কোথাও; কখনও। কিম্ শব্দের ৭মীতে ক্ব+তদুত্তরে চিৎ অসাকল্যার্থে। অব্য। ২। প্রায় না, খুব কম। দেশজ প্রঃ। অব্য।

ক্কণ—বীণা ঘণ্টা ইত্যাদির ধ্বনি; শব্দ। ক্বণ্+অপ্ ভাববা। বি; পুং।

ক্কণন—১। ধ্বনি, শব্দ; বীণাধ্বনি। ক্বণ্+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। ছোট হাঁড়ি। ক্বণ্+অন কর্ত্তৃবা। বি; পুং।

ক্কণিত—১। ধ্বনিত। ক্বণ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –তা। ২। ধ্বনি। ক্বণ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

ক্কথন—জলে সিদ্ধ করিয়া নির্য্যাস বাহির করা (Decoction). ক্বথ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

ক্কাথ—১। নির্য্যাস, দশমূল পাচন্যাদি। ক্বথ্+ঘঞ্ কর্ম্মবা। ২। দুঃখ, ব্যসন। ক্বথ্+ণঞ্ করণবা। বি; পুং।

ক্যাঁক্—খ্যাঁক্, অনুকার শব্দ। দেশজ।

অব্য। **ক্যাঁক্ করিয়া উঠা**—চটিয়া বা হঠাৎ ক্রুদ্ধ হইয়া উঠা।

ক্যাঁচ্—তীরাদি বিদ্ধ হওয়ার অনুকার শব্দ; গরুর গাড়ীর চাকার শব্দ। দেশজ। অব্য।

ক্যাঁচ্‌ক্যাঁচানি—গরুর গাড়ীর চাকার শব্দের ন্যায় শব্দ। দেশজ। অব্য।

ক্যাঁচর-ক্যাঁচর—আধসিদ্ধ তরকারিতে কামড় দেওয়ার মত শব্দ; গরুর গাড়ীর চাকার শব্দ। দেশজ। অব্য।

ক্যাঁট্‌ক্যাঁট্—প্যাট্ প্যাট্ করিয়া বিঁধিবার শব্দ। দেশজ। অব্য।

ক্যাঁটকেঁটে—স্পষ্ট ও রূঢ় (কথা)। ক্যাঁট-ক্যাঁট+এ (∠ইয়া) করে অর্থে। দেশজ। বিণ।

ক্যাঙ্গারু, ক্যাঙারু—জানোয়ারবিশেষ। [বি।

ক্যাটালগ—বিবরণপত্রিকা। ইং Catalogue. বি।

ক্যানসার, ক্যান্সার—কর্কটরোগ। ইং [Cancer. বি।

ক্যানাস্তারা—টিনের পাত্র। ইং 'Canister' শব্দজ। বি।

ক্যানেল—জলস্রোত; কাটাখাল। ইং Canal. বি।

ক্যানেস্তারা—ক্যানাস্তারা (তাহা দ্রঃ)।

ক্যাবলা, ক্যাবলাকান্ত—মূর্খ ও স্থূলবুদ্ধি লোক। বি।

ক্যাবাৎ—সাবাস, কেয়াবাৎ। 'কেয়াবাৎ'এর সংক্ষিপ্ত উচ্চারণ। বৈদে। অব্য।

ক্যাবিন—রেলগাড়ী বা ষ্টীমারের কামরা। ইং Cabin. বি।

ক্যামেরা—আলোকচিত্র গ্রহণের যন্ত্র। ইং Camera. বি।

ক্যাম্বিস্—মোটা কাপড়; চট্। ইং 'Canvas' শব্দজ। বি।

ক্রকচ—করপত্র, করাত। ক্র—কচ্+অচ্ কর্তৃবা। বি; পুং বা ক্লীব।

ক্রতু—সোমরসসাধ্য যজ্ঞ; পূজা; সর্ব্বযজ্ঞস্বরূপ বিষ্ণু; ইন্দ্রিয়। কৃ+কতু কর্ম্মবা। বি; পুং।

ক্রথন—হনন, মারণ। ক্রথ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

ক্রন্দ, ক্রন্দন—রোদন, কান্না; আহ্বান। ক্রন্দ্+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

ক্রন্দনধ্বনি—কান্নার শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্রন্দসী—১। আকাশ (Firmament); আকাশ ও পৃথিবী; রোরুদ্যমানা নারী। ক্রন্দ্+অস্ (অসুন্)=ক্রন্দস্+ঈপ্। বি; স্ত্রী। ২। রোরুদ্যমানা। কবিপ্র। বিণ; স্ত্রী।

ক্রব্য—কাঁচা মাংস। ক্লব্+ণ্যৎ কর্ম্মবা (নিপা)। বি; ক্লীব।

ক্রব্যাদ—১। মাংসাশী। উপতৎ। ক্রব্য—অদ্+অণ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —দা। ২। মাংসাশী জন্তু; রাক্ষস; সিংহ; শ্যেনপক্ষী; শবদাহক অগ্নি, চিতানল। বি; পুং।

ক্রম—আক্রমণ; অনুসরণ; অতিক্রম; বিক্রম; অনুক্রম; পর্য্যায়, যার পর যা এইরূপ নিয়ম; পদ্ধতি, প্রণালী; বিধি, নিয়ম; অবিচ্ছেদ; সঙ্কল্প; পাদক্ষেপ; ব্যবহার; হোমিওপ্যাথিক ঔষধের তরলীকরণ (Dilution). ক্রম্+ঘঞ্ ভাববা। বি; পুং।

ক্রমণ—১। পাদক্ষেপ, চলন। ক্রম্+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। পাদ, চরণ। ক্রম্+অনট্ করণবা। বি; পুং।

ক্রমনিম্ন—ক্রমশঃ নীচু, ঢালু, গড়ানিয়া (Sloping). সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, —ম্না।

ক্রমবর্দ্ধ(র্ধ)মান—ক্রমশঃ বর্দ্ধনশীল (যেমন উচ্চস্থান হইতে নিক্ষিপ্ত বস্তুর বেগ)। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, —না।

ক্রমবিকাশ—১। ক্রমানুসারে প্রকাশ। ক্রমানুগত বিকাশ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। ক্রমানুসারে বিকাশশীল। ক্রমে বিকাশ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —শা।

ক্রমবিকাশনিয়ম, —পদ্ধতি—অল্পে অল্পে প্রকাশিত হইবার রীতি [ডারুইন প্রভৃতি পাশ্চাত্ত্য পণ্ডিতগণ বলেন, পৃথিবী প্রথমে বর্ত্তমানকালের ন্যায় প্রাণী-উদ্ভিদাদি

ছিল না। প্রথমে জল, পরে স্থল, তারপর অতিক্ষুদ্র উদ্ভিদ্ হইতে বৃহৎ বৃক্ষলতাদি এবং ক্রমশঃ অন্যান্য জন্তু এবং সর্ব্বশেষে মানবের সৃষ্টি হইয়াছে। এই নিয়মের নাম ক্রমবিকাশ-নিয়ম]। ৬ষ্ঠীতৎ। বি ; পুং, স্ত্রী।

ক্রমভঙ্গ(ঙ্গ্)—পর্য্যায়ের ব্যতিক্রম ; ধারা বা পদ্ধতির অন্যথাচরণ ; নিয়মলঙ্ঘন ; বিশৃঙ্খলা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ক্রমশঃ (ক্রমশস্), ক্রমশ—ক্রমে ক্রমে। ক্রম+শস্ প্রকারার্থে। অব্য ; ক্রি-বিণ।

ক্রমসঙ্কো(ঙ্কো)চ—পৌষ্টিকনালীর ক্রমে ক্রমে সঙ্কুচিত হইয়া মলদ্বারের দিকে মল-চালনা (Peristalsis). ৩য়াতৎ। বি ; পুং।

ক্রমসূক্ষ্ম—ক্রমশঃ সরু। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—ক্ষ্মা।

ক্রমাগত—১। ক্রমানুসারে উপস্থিত ; কুল-পরম্পরাক্রমে আগত ; পিতৃপিতামহাদিক্রমে আগত ; ধারাবাহিক, অবিচ্ছেদী, অ-বিশ্রান্ত। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা। ২। অনবরত। ক্রি-বিণ।

ক্রমাঙ্ক(ঙ্ক)ন—কোন গর্ত্তমুখের পরিধিনির্ণয় (Calibration). বি ; ক্লীব।

ক্রমানুযায়ী (–যায়িন্)—অনুক্রম বা পর্য্যায়ের অনুগামী ; যাহার পর যেটি ঠিক সেইরূপ ধারার অনুসারী ; ধারাবাহিক, অবিচ্ছেদী, অবিশ্রান্ত। ক্রমের অনুযায়ী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—য়িনী।

ক্রমানুসারে—অনুক্রমের অনুগমনে, পর্য্যায়-ক্রমে, যাহার পর যেটি ঠিক সেই ভাবে। ক্রমের অনুসার আছে যাহাতে, এরূপে, বহুব্রী। ক্রি-বিণ।

ক্রমান্বয়—ক্রমের অনুসরণ ; ক্রমে সংঘটন। ক্রমের অন্বয়, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ক্রমান্বয়ে—ক্রমে ক্রমে ; পর পর ; যার পর বা এই নিয়মে। ক্রমের অন্বয় আছে যাহাতে, এরূপে, বহুব্রী। ক্রি-বিণ।

ক্রমায়াত—পূর্ব্বপরম্পরাক্রমে আগত ; পর পর (Successive). ক্রম দ্বারা আয়াত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

ক্রমিক—১। ক্রমাগত, ধারাবাহিক ; ক্রমশঃ ঘটিত (Gradual) ; অবিশ্রান্ত। ক্রম +ইক আগতার্থে। বিণ। স্ত্রী,—কা। ২। অনবরত, অবিশ্রান্তভাবে। ক্রি-বিণ।

ক্রমেল, ক্রমেলক—উষ্ট্র, উট। ক্রম—ইল্ +ক কর্ত্তৃবা=ক্রমেল ; ক্রমেলক=ক্রমেল+ কন্ স্বার্থে। বি ; পুং।

ক্রমোচ্চ, ক্রমোন্নত—ক্রমশঃ উচ্চ। ক্রম দ্বারা উচ্চ, উন্নত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—চ্চা, —তা। বি,—তা,—তি।

ক্রয়—মূল্য দিয়া বস্তু গ্রহণ, কেনা, খরিদ। ক্রী+অচ্ ভাববা। বি ; পুং।

ক্রয়বিক্রয়—কেনা-বেচা ; ব্যবসায়, বাণিজ্য। দ্বন্দ্ব। বি ; পুং।

ক্রয়লেখ্য—ক্রয়ের নিদর্শনপত্র ; কোবালা। ক্রয়সূচক লেখ্য, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

ক্রয়ী (ক্রয়িন্)—ক্রয়কারী, ক্রেতা, খরিদ-দার। ক্রী+ণিন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িণী।

ক্রান্ত—আক্রান্ত ; সংক্রান্ত ; অতিক্রান্ত ; ব্যাপ্ত। ক্রম্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ক্রান্তা।

ক্রান্তি—১। আক্রমণ ; গতি ; সংক্রমণ ; পাদক্ষেপ। ক্রম্+ক্তি ভাববা। ২। খগোলের মধ্যবর্ত্তী ঈষদ্বক্র গোল রেখা ; যেখান দিয়া সূর্য্য গমন করেন। ক্রম্+ক্তি করণবা। ৩। বিষুবরেখার ২৩½ অক্ষাংশ উত্তরে ও ২৩½ অক্ষাংশ দক্ষিণে কল্পিত রেখা, সূর্য্যের গমনের সীমাসূচক কল্পিত বৃত্তাকার রেখা। ক্রম্+ ক্তি অধিবা। বি ; স্ত্রী। ৪। এক কড়ার তিন ভাগের এক ভাগ। দেশজ। বি।

ক্রান্তিপাত—বিষুবরেখা ও অয়নমণ্ডলের বা ক্রান্তিবৃত্তের সংযোগস্থল (Equinox) [ইহা দুইটি—বাসন্ত (Vernal) ও শারদ (Autumnal) ; পৃথিবী এই সংযোগস্থলে উপস্থিত হইলে বৎসরে দুইবার—যথাক্রমে চৈত্র ও আশ্বিন মাসে—দিবামান ও রাত্রিমান সমান

হয়]। ক্রান্তির পাত যেখানে, বহুব্রী। বি ; পুং।

ক্রান্তিবলয়—ক্রান্তিবৃত্ত (Ecliptic). ক্রান্তি-সূচক বলয়, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

ক্রান্তিবৃত্ত—যে কল্পিত বৃহৎ রেখা ভূমণ্ডলকে বেষ্টন করিয়া বিষুবরেখার মধ্য দিয়া তির্য্যগ্‌ভাবে কর্কট ও মকরক্রান্তির সহিত সংলগ্ন হইয়াছে তাহার নাম ক্রান্তিবৃত্ত বা রবিমার্গ ; পৃথিবীর বার্ষিক ভ্রমণকক্ষ (Ecliptic). ক্রান্তি (সূর্য্যের গতি)-সূচক বৃত্ত, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

ক্রান্তিমণ্ডল—ক্রান্তিবৃত্ত (Ecliptic). মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব। [বি।

ক্রিকেট—ব্যাট্‌বল খেলা। ইং Cricket.

ক্রিমি—কীট। কৃমি দ্রঃ।

ক্রিয়মাণ—যাহা করা হইতেছে এরূপ, অনুষ্ঠীয়মান, সম্পাদ্যমান। কৃ+শানচ্‌ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ণা।

ক্রিয়া—শ্রাদ্ধ ; অনুষ্ঠান ; কর্ম্ম, কার্য্য ; গর্ভাধানাদি সংস্কার ; সামাদি প্রয়োগ ; চেষ্টা ; পূজা ; (ব্যাকরণে) ধাত্বর্থ। কৃ+শ ভাববা+আপ্‌। বি ; স্ত্রী।

ক্রিয়াকর্ম্ম (—কর্ম্মন্‌), —কর্ম—শাস্ত্রীয় বা সামাজিক অনুষ্ঠান, পূজাপার্ব্বণ ইত্যাদি। দ্বন্দ্ব। বি ; ক্লীব।

ক্রিয়াকলাপ—কার্য্যসমূহ, অনুষ্ঠানসমূহ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ক্রিয়াকাণ্ড—১। ক্রিয়াকলাপ, কার্য্যসমূহ। ৬ষ্ঠীতৎ। ২। ক্রিয়াবিষয়ক শাস্ত্রপরিচ্ছেদ। ক্রিয়াসম্বন্ধীয় কাণ্ড, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

ক্রিয়াকুশল—কার্য্যদক্ষ, কার্য্যনিপুণ। ৭মী-তৎ। বিণ। স্ত্রী,—লা। বি,—তা,—ত্ব।

ক্রিয়াঙ্গ—১। প্রধান অনুষ্ঠানের অঙ্গীভূত অনুষ্ঠান। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। ২। কর-ক্রিয়া-সাধিত যন্ত্র, তবলা তানপুরা প্রভৃতি যে যন্ত্র কর দ্বারা বাদিত হয়। ক্রিয়া (হস্ত-তাড়নাদি কর্ম্ম) অঙ্গ যাহার, বহুব্রী। বি ; ক্লীব।

ক্রিয়াদ্বেষী (—দ্বেষিন্‌)—কর্ম্মকাণ্ডের বিদ্বেষ্টা ; বিবাদস্থলে সাক্ষ্য ও দলিলাদি যে মানিতে চাহে না এরূপ। ক্রিয়া—দ্বিষ্‌+ণিন্‌ণ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ষিণী।

ক্রিয়ান্বিত—কার্য্যযুক্ত ; কর্ম্মসমন্বিত ; ধর্ম্ম-কর্ম্মসম্পাদনকারী ; (ব্যাকরণে) ক্রিয়াপদযুক্ত। ক্রিয়া দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

ক্রিয়াফল—কর্ম্মফল ; ক্রিয়াজন্য পাপপুণ্যাদি ফল ; (দর্শনমতে) উৎপত্তি আপ্তি বিকৃতি ও সংস্কৃতি—এই চতুর্ব্বিধ কর্ম্মফল। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ক্রিয়াবাচক—ক্রিয়ার অর্থপ্রকাশক ; যাহাতে কোন কাজ করা বুঝায় এমন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—চিকা।

ক্রিয়াবান্‌ (—বৎ)—ক্রিয়াযুক্ত ; কর্ম্মো-দ্যত ; সৎকার্য্যনিরত। ক্রিয়া+মতুপ্‌ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—বতী।

ক্রিয়া-বিশেষণ—যে পদ দ্বারা ক্রিয়ার ভাব পদ্ধতি ইত্যাদি প্রকাশিত হয় তাহা। ৬ষ্ঠী-তৎ। বি ; ক্লীব।

ক্রিয়াযোগ—১। পূজাদি ক্রিয়ারূপ যোগ, কার্য্যানুষ্ঠান। কর্ম্মধা। বি ; পুং। ২। ক্রিয়ার সহিত অন্বয় ; শত্রুদমনার্থ সামাদি উপায়ের প্রয়োগ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ক্রিয়ারত—কার্য্যাসক্ত ; সৎকর্ম্মপ্রবৃত্ত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

ক্রিয়ালোপ—কার্য্যধ্বংস ; ধর্ম্মকর্ম্মের বিনাশ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ক্রিয়াশক্তি—কর্ম্মক্ষমতা ; জগদুৎপত্তিবিষয়ে পরমেশ্বরের ক্ষমতাবিকাশ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

ক্রিয়াশীল—নিরন্তর কার্য্যকারী (Active) ; সৎকর্ম্মপরায়ণ। ক্রিয়াই শীল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

ক্রিয়াসক্ত—কর্ম্মে লিপ্ত ; কার্য্যানুরাগী ; শাস্ত্রীয় অনুষ্ঠানে আসক্ত। ক্রিয়াতে আসক্ত, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

ক্রিয়াসিদ্ধ—ক্রিয়া দ্বারা সিদ্ধিপ্রাপ্ত; হাতে কলমে কাজ করিতে পটু, ব্যবহারের অনুযায়ী কার্য্যসম্পাদনে নিপুণ (Practical). ৭মীতৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

ক্রিয়াসিদ্ধি—১। কার্য্যের সাফল্য; উদ্দেশ্যসাধন। ৬ষ্ঠীতৎ। ২। কর্ম্মানুষ্ঠান দ্বারা সফলতা। ক্রিয়াজন্যা সিদ্ধি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ক্রীড়ক—ক্রীড়াকারী বা যে খেলা দেখায়। ক্রীড়্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ড়িকা।

ক্রীড়ন—১। ক্রীড়া, খেলা। ক্রীড়্+অনট্ ভাববা। ২। খেলনা। ক্রীড়্+অনট্ করণবা। বি; ক্লীব।

ক্রীড়নক—ক্রীড়াসাধন, খেলনা। ক্রীড়ন (ক্রীড়াসাধন)+কন্ স্বার্থে। বি; ক্লীব।

ক্রীড়া—কেলি, খেলা; তামাসা, পরিহাস। ক্রীড়্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

ক্রীড়াকন্দুক—কেলিগেণ্ডুক, খেলিবার ভাঁটা বা গোলা। ক্রীড়ানিমিত্তক কন্দুক, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ক্রীড়াকৌতুক—খেলা ও হাস্য-পরিহাস; আমোদপ্রমোদ। দ্বন্দ্ব। বি; ক্লীব।

ক্রীড়াকৌশল—খেলার নৈপুণ্য, খেলার কসরৎ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ক্রীড়াচ্ছল—ক্রীড়াব্যপদেশ; খেলার ছল। ৬ষ্ঠীতৎ বা কর্ম্মধা। বি; ক্লীব।

ক্রীড়াজয়ী (—জয়িন্)—খেলায় জয়লাভকারী। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—য়িনী।

ক্রীড়াজিত—খেলায় পরাজিত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

ক্রীড়াভূমি—খেলার স্থান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্রীড়াশীল—ক্রীড়াপরায়ণ, নিরত খেলা করাই যাহার স্বভাব এরূপ। বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

ক্রীড়াসক্ত—খেলায় অত্যন্ত রত। ক্রীড়াতে আসক্ত, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

ক্রীত—মূল্য দিয়া গৃহীত, কেনা (বস্তু)। ক্রী+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ক্রীতা।

ক্রীতক—ক্রীতপুত্র, মূল্য দিয়া মাতাপিতার নিকট হইতে গৃহীত সন্তান। ক্রীত+কন্ স্বার্থে। বি; পুং।

ক্রীতদাস—কেনা গোলাম (Slave). কর্ম্মধা। বি; পুং।

ক্রীশ্চান—যীশু খৃষ্টের ধর্ম্ম অবলম্বনকারী। ইং Christian. বি বা বিণ।

ক্রুইজার, ক্রুজার—পাহারাদার যুদ্ধজাহাজ (Cruiser). বি।

ক্রুদ্ধ—কুপিত, রুষ্ট। ক্রুধ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ক্রুদ্ধা।

ক্রুশ—যোগচিহ্নের (+) আকারে আবদ্ধ কাষ্ঠখণ্ডদ্বয়; যে কাষ্ঠখণ্ডে বিদ্ধ করিয়া যীশু খৃষ্টকে হত্যা করা হইয়াছিল। ইং 'Cross' শব্দজ। বি।

ক্রুশবিদ্ধ—লৌহকীলক দ্বারা ক্রুশকাষ্ঠে বিদ্ধ। ৭মীতৎ। বিণ। **ক্রুশবিদ্ধ মহাপুরুষ**—যীশু খৃষ্ট।

ক্রুশাকার—ক্রুশকাষ্ঠের ন্যায় আকারযুক্ত (Cruciform). বহুব্রী। বিণ।

ক্রুষ্ট—১। আহূত, শব্দিত; অভিশপ্ত। ক্রুশ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ক্রুষ্টা। ২। রোদন, রব। ক্রুশ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

ক্রূর—নির্দ্দয়, নিষ্ঠুর, হিংসক; পরদ্রোহী; নৃশংস; ঘোর; কঠিন। কৃৎ+রক্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রা। বিশেষ্যে ক্রূরতা,—ত্ব।

ক্রূরকর্ম্মা (—কর্ম্মন্),—কর্ম্মা—নৃশংস; ঘাতক; নিষ্ঠুর, নির্দ্দয়। ক্রূর হইয়াছে কর্ম্ম যাহার, বহুব্রী। বিণ।

ক্রূরমতি—১। নিষ্ঠুর, যাহার মনে দয়ার লেশ নাই। ক্রূরা মতি যাহার, বহুব্রী। বিণ। ২। দুষ্ট বুদ্ধি; নিষ্ঠুর হৃদয়। ক্রূরা মতি, কর্ম্মধা। বি; স্ত্রী।

ক্রেতব্য, ক্রেয়—ক্রয়ের যোগ্য, যাহা কিনিতে হইবে এরূপ। ক্রী+তব্য, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ব্যা, ক্রেয়া।

ক্রেতা (ক্রেতৃ)—ক্রয়কারক, খরিদদার। ক্রী+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ক্রেত্রী।

ক্রোক—ধৃতি, আটক, দেনার দায়ে সম্পত্তি প্রভৃতি আটক (Attachment). তুর্কী। বি। [ইং Croton. বি।

ক্রোটন—জয়মাল; পাতাবাহারের গাছ।

ক্রোড়—অঙ্ক, কোল; বক্ষঃ; বৃক্ষকোটর। ক্রুড়্+ঘঞ্ অধিবা। বি; পুং বা ক্লীব।

ক্রোড়পত্র—অতিরিক্ত পত্র, পুস্তকাদিতে কোন বিষয় পরিত্যক্ত বা পতিত হইলে যে পত্রে তাহা লিখিয়া যোজনা করিয়া দেওয়া হয় তাহা। ক্রোড়বদ্ধ পত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। [বি; পুং।

ক্রোধ—কোপ, রাগ। ক্রুধ্+ঘঞ্ ভাববা।

ক্রোধজ—১। ক্রোধজাত। উপতৎ। ক্রোধ—জন্+ড কর্তৃবা। বিণ। স্ত্রী,—জা। ২। মোহ; অষ্টবিধ বাসন। বি; পুং।

ক্রোধন—কোপন, ক্রুদ্ধ-স্বভাব, ক্রোধী। ক্রুধ্+অন কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

ক্রোধপরায়ণ—অত্যন্ত ক্রোধী। ক্রোধ হইয়াছে পর (শ্রেষ্ঠ) অয়ন (আশ্রয়) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

ক্রোধবহ্নি, ক্রোধাগ্নি, ক্রোধানল—কোপাগ্নি, রোষানল। ক্রোধরূপ বহ্নি, অগ্নি, অনল, রূপক কর্ম্মধা; অথবা ক্রোধ বহ্নি, অগ্নি, অনল সদৃশ, উপমিত। বি; পুং।

ক্রোধাগার—গোসাঘর, (প্রাচীনকালে ক্রুদ্ধা রাণী প্রভৃতির আশ্রয়ের জন্য নির্দ্দিষ্ট কক্ষ)। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ক্রোধাগ্নি—ক্রোধবহ্নি দ্রঃ।

ক্রোধানল—ক্রোধবহ্নি দ্রঃ।

ক্রোধান্ধ—ক্রোধ হেতু অন্ধপ্রায়, ক্রোধে জ্ঞানশূন্য, অর্থাৎ অত্যন্ত ক্রুদ্ধ। ক্রোধ দ্বারা অন্ধ, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্ধা।

ক্রোধান্বিত—ক্রোধযুক্ত, রোষাবিষ্ট, কুপিত। ক্রোধ দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

ক্রোধী (ক্রোধিন্)—ক্রুদ্ধস্বভাব, যে অল্পে ক্রুদ্ধ হয়, রাগী। ক্রোধ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—ধিনী।

ক্রোধোদ্দীপক—রোষবর্দ্ধক; কোপজনক ক্রোধের উদ্দীপক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী—পিকা।

ক্রোধোদ্দীপন—১। রোষবর্দ্ধন, রাগ বাড়ান। বি; ক্লীব। ২। ক্রোধোদ্দীপক ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—না।

ক্রোধোদ্রেক—ক্রোধসঞ্চার। ৬ষ্ঠীতৎ বি; পুং।

ক্রোধোন্মত্ত—ক্রোধ দ্বারা উন্মত্ত, অতি ক্রোধে হিতাহিত বিবেচনাশূন্য। ৩য়াতৎ বিণ। স্ত্রী,—ত্তা।

ক্রোধোপশম—কোপের শান্তি। ক্রোধের উপশম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্রোর—কোটি, শতলক্ষ সংখ্যা। 'কোটি' শব্দজ। বি বা বিণ।

ক্রোরপতি—কোটিপতি, লক্ষপতি, অতি ধনী। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ।

ক্রোশ—১। রোদন; আহ্বান; আক্রোশ। ক্রুশ্+ঘঞ্ ভাববা। ২। ৮০০০ হাত পরিমাণ দূরত্ব। ক্রুশ্+ঘঞ্ অপাবা। বি; পুং।

ক্রৌঞ্চ—পর্ব্বতবিশেষ; দৈত্যবিশেষ; বকবিশেষ, কোঁচবক; সপ্তদ্বীপের মধ্যে দ্বীপবিশেষ। ক্রুঞ্চ+অণ্ স্বার্থে। বি; পুং। স্ত্রী, ক্রৌঞ্চী। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্রৌঞ্চবধূ—বকের স্ত্রী; স্ত্রীজাতীয় বক।

ক্রৌঞ্চমিথুন—বকদম্পতি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [বি; পুং।

ক্লম—শ্রম; ক্লান্তি। ক্লম্+ঘঞ্ ভাববা।

ক্লান্ত—শ্রান্ত, অবসন্ন; ম্লান। ক্লম্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, ক্লান্তা।

ক্লান্তি—শ্রম, শ্রান্তি, অবসাদ। ক্লম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

ক্লান্তিকর,-জনক—অবসাদজনক, ক্লেশকর। উপতৎ। ক্লান্তি—কৃ+ট কর্তৃবা; ২য় পক্ষে ৬ষ্ঠীতৎ। বিণ।

ক্লান্তিনাশ—শ্রান্তিহরণ, শ্রম দূর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্লান্তিনাশক, **-হর**—শ্রান্তিহারক, অবসাদনাশক। ৬ষ্ঠীতৎ। ক্লান্তি-হৃ+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-শিকা,-হরা।

ক্লাব—আমোদপ্রমোদাদি করিবার জন্য সঙ্ঘ বা সমিতি। ইং Club. বি।

ক্লাস—বিদ্যালয়ের বা রেলগাড়ী প্রভৃতির শ্রেণী। ইং Class. বি।

ক্লিন্ন—আর্দ্র; ক্লেদযুক্ত। ক্লিদ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ক্লিন্না।

ক্লিষ্ট—দুঃখিত, ক্লেশপ্রাপ্ত। ক্লিশ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ক্লিষ্টা।

ক্লীব—১। নপুংসক, হিজড়ে। ক্লীব্+অচ কর্ত্তৃবা। বি; পুং। ২। বিক্রমহীন, পুরুষত্ব-হীন; নিষ্ফল; অক্ষম, কাপুরুষ। বিণ। স্ত্রী, ক্লীবা।

ক্লীবতা, ক্লীবত্ব—ক্লীবের ভাব, নপুংসকত্ব; পুরুষত্বহীনতা; বিক্রমশূন্যতা; অক্ষমতা; নিষ্ফলত্ব। ক্লীব+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

ক্লীবলিঙ্গ(ংগ)—স্ত্রী-পুরুষ ভিন্নবাচক, নপুংসক লিঙ্গ। মধ্যপ কর্ম্মধা বা বহুব্রী। বি; পুং বা বিণ।

ক্লেদ—১। আর্দ্রতা, সমলতা, ক্লিন্নতা। ক্লিদ্ +ঘঞ্ ভাববা। ২। মলযুক্ত জল; পুঁযাদি। ক্লিদ্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

ক্লেদার্দ্র—ক্লেদপূর্ণ; ক্লিন্ন; পিচ্ছিল। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,-র্দ্রা।

ক্লেশ—দুঃখ, কষ্ট; অবিদ্যা অস্মিতা রাগ দ্বেষ অভিনিবেশ—এই পঞ্চবিধ যন্ত্রণা। ক্লিশ্ +ঘঞ্ ভাববা। বি; পুং।

ক্লেশকর, -জনক, -দায়ক—কষ্টকর, পীড়াদায়ক। উপতৎ। ক্লেশ-কৃ+ট কর্ত্তৃবা; ২য় ও ৩য় পক্ষে ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-রী, -নিকা,-য়িকা।

ক্লেশিত—ক্লেশপ্রাপিত, যাহাকে কষ্ট দেওয়া হইয়াছে এরূপ। ণিজন্ত ক্লিশ্ (=ক্লেশি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,-তা।

ক্লৈব্য—ক্লীবতা, পৌরুষহীনতা, বিক্রম-হীনতা; নিষ্ফলত্ব। ক্লীব+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

ক্লোম (ক্লোমন্)—পিত্তকোষ; ফুসফুস; মূত্রাধার। ক্লু ঙ্+মনিন্ সংজ্ঞার্থে। বি; ক্লীব।

ক্লোমনালিকা—শ্বাসনালী (Trachea). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্ষ—১। প্রলয়। ক্ষি+ড অধিবা। ২। ক্ষত্রিয়; রাক্ষস; নৃসিংহ। ক্ষি+ড করণবা। বি; পুং।

ক্ষণ—কালের অংশবিশেষ, ১০ পল বা ৪ মিনিট; অতি সূক্ষ্ম কাল, মুহূর্ত্ত; অবকাশ; সময়; পর্ব্ব; উৎসব। ক্ষণ্+অণ্ কর্ত্তৃবা। বি; পুং।

ক্ষণকাল—অত্যল্পকাল। ক্ষণই কাল, কর্ম্মধা। বি; পুং।

ক্ষণজন্মা (-জন্মন্)—শুভক্ষণে জাত, সর্ব্বসুলক্ষণাক্রান্ত, অসামান্য ক্ষমতাশালী; ভাগ্যবান্। ক্ষণে জন্ম যাহার, বহুব্রী। বিণ।

ক্ষণদা—রাত্রি, নিশা; হরিদ্রা। ক্ষণ-দা +ক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

ক্ষণদ্যুতি—বিদ্যুৎ। ক্ষণস্থায়িনী দ্যুতি যাহার, বহুব্রী। বি; স্ত্রী।

ক্ষণধ্বংসী, ক্ষণবিধ্বংসী (-ধ্বংসিন্)—অত্যল্পকালমধ্যে বিনাশশীল, ক্ষণ-ভঙ্গুর; অত্যল্পকালস্থায়ী। উপতৎ। ক্ষণ-ধ্বনস্+ণিন্ কর্ত্তৃবা; ক্ষণ-বি-ধ্বনস্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-সিনী।

ক্ষণপ্রভা—বিদ্যুৎ। ক্ষণস্থায়িনী প্রভা যাহার, বহুব্রী+আপ্। বি; স্ত্রী।

ক্ষণবিধ্বংসী (-সিন্)—ক্ষণধ্বংসী দ্রঃ।

ক্ষণভঙ্গু(ংগু)র—ক্ষণধ্বংসী, ক্ষণস্থায়ী, যাহা অল্পকাল পরে নষ্ট হয় এরূপ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,-রা।

ক্ষণমাত্র—অত্যল্প কালমাত্র। কেবল ক্ষণ, নিত্য। বি; ক্লীব।

ক্ষণস্থায়ী (-স্থায়িন্)—ক্ষণকাল স্থিতি-শীল, যাহা অত্যল্পমাত্র কাল থাকে। উপতৎ। ক্ষণ-স্থা+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-য়িনী।

ক্ষণিক—ক্ষণমাত্রস্থায়ী। ক্ষণ+ইক স্থায়ী অর্থে। বিণ। স্ত্রী,—কা।

ক্ষণেক—অত্যল্পকাল। এক ক্ষণ, কর্ম্মধা ('এক' শব্দের পরনিপাত ও বাংলা নিয়মে সন্ধি)। বি।

ক্ষত—১। বিদ্ধ; দষ্ট; নষ্ট; ভগ্ন; বিদারিত; আহত; নিষ্পিষ্ট; ব্যথিত। ক্ষণ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ক্ষতা। ২। ব্রণ, ঘা; আহত স্থল। বি; ক্লীব।

ক্ষতচিহ্ন—কাটা ইত্যাদির দাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ক্ষতবিক্ষত—দেহের বহুস্থানে ক্ষতযুক্ত। যাহা ক্ষত তাহাই বিক্ষত, কর্ম্মধা। বিণ। স্ত্রী, —তা। [বি; ক্লীব।

ক্ষতস্থান—কর্ত্তিত বা ছিন্ন অংশ। ৬ষ্ঠীতৎ।

ক্ষতি—১। ক্ষয়; হানি; অর্থনাশ। ক্ষণ্+ক্তি ভাববা ২। অস্ত্রাদিচিহ্ন; ক্ষত। ক্ষণ্ +ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী।

ক্ষতিকর—অপকারক, অনিষ্টকর। উপতৎ। ক্ষতি—কৃ+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

ক্ষতিকারক—অনিষ্টকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রিকা।

ক্ষতিগ্রস্ত—যাহার ক্ষতি হইয়াছে এরূপ। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—স্তা।

ক্ষতিজনক—অনিষ্টকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—নিকা।

ক্ষতিপূরণ—হানির পরিপোষণ, খেসারৎ, লোকসান পোষাইয়া দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ক্ষতিবৃদ্ধি—১। হানি বা লাভ। দ্বন্দ্ব। বি; স্ত্রী। ২। অপচয়ের আধিক্য, বেশী নষ্ট হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্ষত্র, ক্ষত্ত্র—ক্ষত্রিয়, দ্বিতীয় বর্ণ। ক্ষদ্+ত্র কর্ত্তৃবা অথবা উপতৎ। ক্ষৎ—ত্রৈ+ক কর্ত্তৃবা। বি; পুং।

ক্ষত্রধর্ম্ম(র্ম), ক্ষত্ত্রধর্ম্ম(র্ম)—ক্ষত্রিয়ের ধর্ম্ম, সাহসপুরুষকারাদি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্ষত্রিয়, ক্ষত্ত্রিয়—দ্বিতীয় বর্ণ, রাজ্যরক্ষাদি কার্য্যে নিযুক্ত ব্রাহ্মণের অব্যবহিত পরবর্ত্তী আর্য্য জাতি; ক্ষেত্রী বা ছত্রী জাতি। ক্ষত্র বা ক্ষত্ত্র শব্দ+ইয় স্বার্থে। বি; পুং।

ক্ষত্রি(ত্ত্রি)য়া, ক্ষত্রি(ত্ত্রি)য়াণী—ক্ষত্রিয়-জাতীয়া স্ত্রী। ক্ষত্রিয়, ক্ষত্রিয়+আপ্, আনীপ্। বি; স্ত্রী।

ক্ষত্রি(ত্ত্রি)য়ী—ক্ষত্রিয়ের ভার্য্যা। ক্ষত্রিয়, ক্ষত্রিয়+ঈপ্। বি; স্ত্রী।

ক্ষন্তব্য—ক্ষম্য, সহনীয়, ক্ষমা করিবার যোগ্য। ক্ষম্+তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী, —ব্যা।

ক্ষপণক—বৌদ্ধসন্ন্যাসী; নির্লজ্জ ব্যক্তি; কবিবিশেষ, বিক্রমাদিত্যের সভাস্থ নবরত্নের অন্যতম রত্ন। ক্ষপ্+অন কর্ত্তৃবা+কন্ স্বার্থে। বি; পুং।

ক্ষপণী—ক্ষেপণী, দাঁড়। ক্ষপ্+অনট্ কর্ম্মবা +ঈপ্। বি; স্ত্রী।

ক্ষপা—রাত্রি, নিশা। ক্ষৈ+ণিচ্+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

ক্ষম—১। সমর্থ; যোগ্য; ক্ষমতাশীল, দক্ষ; হিত; ক্ষমাপরায়ণ; সহিষ্ণু। ক্ষম্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ক্ষমা। ২। যোগ্যতা। ক্ষম্+ঘঞ্ ভাববা। বি; ক্লীব। ৩। ক্ষমা কর, মাফ কর। কবিপ্র। ক্রি।

ক্ষমতা—সামর্থ্য, শক্তি; প্রভাব; যোগ্যতা, পটুতা, উপযুক্ততা। ক্ষম+তা ভাবার্থে। বি; স্ত্রী।

ক্ষমতাপন্ন—শক্তিমান্। ক্ষমতাকে আপন্ন (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্না।

ক্ষমতাবান্ (—বৎ)—সামর্থ্যসম্পন্ন; সমর্থ, শক্তিমান্। ক্ষমতা শব্দ+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—বতী।

ক্ষমতাশালী (—শালিন্)—শক্তিমান্, সামর্থ্যযুক্ত, সমর্থ, ক্ষম। উপতৎ। ক্ষমতা—শাল্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লিনী।

ক্ষমা—১। সমর্থা, ইত্যাদি (ক্ষম দ্রঃ)। বিণ; স্ত্রী। ২। শান্তি, নিবৃত্তি; সহিষ্ণুতা; তিতিক্ষা; মার্জ্জনা, অপকারীর অপকার

করিবার অনিচ্ছা, অন্তকৃত অপরাধের প্রতি উপেক্ষা, মাফ। ক্ষম্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী। ৩। পৃথিবী; দুর্গা। ক্ষম্+অচ্ কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

ক্ষমাগুণ—মার্জ্জনাগুণ, অন্তকৃত দোষসহনরূপ সৎপ্রবৃত্তি। কর্ম্মধা। বি; পুং।

ক্ষমাপর—সহনশীল; যিনি সহজেই অন্তের দোষ ক্ষমা করেন এরূপ। ক্ষমা পর (প্রধান) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —রা।

ক্ষমাপরায়ণ—ক্ষমাশীল; সহিষ্ণু। ক্ষমা পর (শ্রেষ্ঠ) অয়ন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —ণা।

ক্ষমাপ্রার্থনা,—ভিক্ষা—মার্জ্জনা যাচ্ঞা, মাফ চাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্ষমাপ্রার্থী (—প্রার্থিন্)—যে ক্ষমা প্রার্থনা করে, যে মাফ চায়। ক্ষমার প্রার্থী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —র্থিনী।

ক্ষমাভিক্ষা—ক্ষমাপ্রার্থনা দ্রঃ।

ক্ষমাশীল—ক্ষমাপরায়ণ, সহিষ্ণু। ক্ষমাই শীল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —লা।

ক্ষমী (ক্ষমিন্)—ক্ষমাশীল, ক্ষমাপরায়ণ; সহিষ্ণু। ক্ষমা+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —মিণী।

ক্ষম্য—ক্ষন্তব্য, মার্জ্জনীয়; ক্ষমাযোগ্য। ক্ষম্+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, ক্ষম্যা।

ক্ষয়—১। হ্রাস; নাশ, ধ্বংস; অবসান; ক্রমশঃ ক্ষীণতাপ্রাপ্তি; অন্ত। ক্ষি+অচ্ ভাববা। ২। রোগবিশেষ, ক্ষয়কাস। ক্ষি+অচ্ করণবা। ৩। গৃহ; প্রলয়; বৎসরবিশেষ; মাসবিশেষ। ক্ষি+অচ্ অধিবা। বি; পুং।

ক্ষয়কর,—কারক—ক্ষতিকারক; নাশক। উপতৎ। ক্ষয়—কৃ+ট, ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, —রী, —রিকা।

ক্ষয়কাশ, —কাস—যক্ষ্মারোগ। ক্ষয়কারক কাশ, কাস, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ক্ষয়মাস—সংক্রমণদ্বয়বিশিষ্ট চান্দ্র মাস, মলমাস [এক সৌর মাসের মধ্যে দুইটী অমাবস্যা এবং তিনটী প্রতিপদ হইলে তাহাকে ক্ষয়মাস বা মলমাস বলা হয়]। বি; পুং।

ক্ষয়রোগ—যে রোগে শরীর ক্রমশঃ ক্ষয় প্রাপ্ত হয়, যক্ষ্মা। ক্ষয়জনক রোগ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ক্ষয়রোগী (—রোগিন্)—ক্ষয়কাসরোগগ্রস্ত ব্যক্তি। ক্ষয়রোগ+ইন্ আছে অর্থে। বি বা বিণ। স্ত্রী, —গিণী।

ক্ষয়শীল—ক্ষয়িষ্ণু; ক্রমশঃ ক্ষয়প্রাপ্তিস্বরূপ স্বভাববিশিষ্ট। ক্ষয় শীল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —লা।

ক্ষয়া, ক্ষয়ান—১। ক্ষয়িত। দেশজ। বিণ। ২। নাশ করা, ক্ষীণ করা। বাং ক্রি।

ক্ষয়িত—১। ক্ষয়প্রাপ্ত; নাশিত; হ্রাসিত। ণিজন্ত ক্ষি (=ক্ষয়ি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

ক্ষয়িষ্ণু—ক্ষয়শীল, যাহা ক্রমাগত ক্ষয় পাইতেছে এরূপ। ক্ষয়+ইষ্ণু (বাংলা প্রত্যয়) শীলার্থে। বিণ।

ক্ষয়ী (ক্ষয়িন্)—ক্ষয়শীল, নশ্বর; ক্ষয়রোগগ্রস্ত। ক্ষয়+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —য়িণী।

ক্ষর—১। নাশশীল, যাহা ক্ষরিত হয়; নশ্বর। ক্ষর্+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, ক্ষরা। ২। স্পন্দন, ক্ষরণ; নাশ। ক্ষর্+ক ঘঞর্থে ভাববা। বি; পুং।

ক্ষরণ—ধারাকারে বা বিন্দু বিন্দু করিয়া পতন; চুয়াইয়া পড়া; মদ্যাদিস্রবণ; দ্রব দ্রব্যের পতন; নাশ; নিঃসরণ। ক্ষর্+অনট্ ভাববা। বি; ক্লীব।

ক্ষরিত—বিগলিত; বিন্দু বিন্দু করিয়া পতিত; নিঃসৃত; চোয়ান। ক্ষর্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

ক্ষরী (ক্ষরিন্)—ক্ষরণবিশিষ্ট। ক্ষর (জল)+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, —রিণী।

ক্ষাত্র(ত্র)—১। ক্ষত্রিয়সম্বন্ধীয়। ক্ষত্র, ক্ষত্র+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, ক্ষত্রী, ক্ষাত্রী। ২।

ক্ষত্রিয়ত্ব ; ক্ষত্রিয়কর্ম্ম, ক্ষত্রিয়ধর্ম্ম। ক্ষত্র, ক্ষত্র+অণ্ ভাবার্থে। বি ; ক্লীব।

ক্ষান্ত—ক্ষমাপরায়ণ ; বিরত, নিবৃত্ত। ক্ষম্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ক্ষান্তা।

ক্ষান্তি—ক্ষমা ; নিবৃত্তি ; প্রতীক্ষা। ক্ষম্+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

ক্ষাম—বলহীন, দুর্ব্বল ; নীরস ; শুষ্ক ; ক্ষীণ ; রুক্ষ। ক্ষৈ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ক্ষামা।

ক্ষার—১। লবণ, সোডা, চূণ ইত্যাদি (Alkali). বি ; ক্লীব। ২। গাড়গুড় ; ভস্ম ; কাচ ; লবণরস ; ধূর্ত্ত ব্যক্তি। ক্ষর্+ণ কর্ত্তৃবা। বি ; পুং।

ক্ষারক—১। রজক। ণিজন্ত ক্ষর্ (=ক্ষারি)+ণক কর্ত্তৃবা। বি ; পুং। স্ত্রী, -রিকা। ২। অম্লজানের সহিত কোন ধাতুর সংযোগে উৎপন্ন পদার্থ (Base). ক্ষার+কন্ সদৃশার্থে। বি ; ক্লীব।

ক্ষারকীয়—ক্ষারকসম্বন্ধীয়, ক্ষারকঘটিত (Basic). ক্ষারক+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

ক্ষারভূমি—লবণমৃত্তিকান্বিত দেশ, লোণা জায়গা। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

ক্ষারমৃত্তিকা—সাজিমাটি। ক্ষারমিশ্রিতা মৃত্তিকা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

ক্ষারমেহ—পিত্তজ মেহরোগ। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

ক্ষারিত—স্রাবিত, গলিত। ণিজন্ত ক্ষর্ (=ক্ষারি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, -তা।

ক্ষারীয়—ক্ষারজাতীয়, ক্ষারধর্ম্মী (Alkaline). ক্ষার+ঈয় জাতার্থে। বিণ।

ক্ষারোদক—১। লোণা জল। ক্ষারযুক্ত উদক, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব। ২। লবণসমুদ্র। ক্ষারযুক্ত উদক (জল) যাহার, বহুব্রী। বি ; পুং।

ক্ষালন, -না—ধৌতকরণ, ধোয়া ; মোচন। ণিজন্ত ক্ষল্ (=ক্ষালি)+অনট্ ভাববা, পক্ষে অন ভাববা+আপ্। বি ; ক্লীব, স্ত্রী।

ক্ষালিত—ধৌত, পরিষ্কৃত। ণিজন্ত ক্ষল্ (=ক্ষালি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, -তা।

ক্ষিতি—১। বিনাশ ; ক্ষয়। ক্ষি+ক্তি ভাববা। ২। পৃথিবী ; বাসস্থান। ক্ষি+ক্তি অধিবা। বি ; স্ত্রী।

ক্ষিতিজ—১। ভূমি হইতে জাত। উপতৎ। ক্ষিতি-জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -জা। ২। কেঁচো ; বৃক্ষ ; মঙ্গলগ্রহ ; নরকাসুর ; দিগন্ত (Horizon). বি ; পুং বা ক্লীব।

ক্ষিতিজ-রেখা—দিগন্ত-রেখা (Horizontal line). বি ; স্ত্রী।

ক্ষিতিতল—ধরাপৃষ্ঠ ; ভূগর্ভ ; পাতাল। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ক্ষিতিনাথ, -পতি, -পাল—ভূপতি, মহীপাল, নৃপতি, রাজা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ক্ষিতিপ—রাজা। উপতৎ। ক্ষিতি-পা+ক কর্ত্তৃবা। বি ; পুং।

ক্ষিতিভৃৎ—ক্ষিতিধর ; পর্ব্বত ; নৃপতি ; অনন্তদেব। উপতৎ। ক্ষিতি-ভৃ+ক্বিপ্ কর্ত্তৃবা। বি ; পুং।

ক্ষিতিরুহ—বৃক্ষ। ক্ষিতি-রুহ্+ক কর্ত্তৃবা। বি ; পুং।

ক্ষিতীশ, ক্ষিতীশ্বর—নৃপতি, রাজা। ক্ষিতির ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ক্ষিপ্ত—১। অত্যাসক্ত ; উন্মত্ত ; পাগল। ক্ষিপ্+ক্ত কর্ত্তৃবা। ২। নিক্ষিপ্ত, প্রেরিত ; হৃত ; বিকীর্ণ। ক্ষিপ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ক্ষিপ্তা।

ক্ষিপ্তনিবাস, ক্ষিপ্তাবাস—উন্মাদরোগগ্রস্তদিগের আশ্রম, পাগলা গারদ (Lunatic Asylum). ক্ষিপ্তদিগের নিবাস, আবাস, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ক্ষিপ্যমাণ—যাহা ক্ষেপণ করা হইতেছে এরূপ। ক্ষিপ্+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী, -ণা।

ক্ষিপ্র—শীঘ্র, দ্রুত। ক্ষিপ্+রক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ক্ষিপ্রা।

ক্ষিপ্রকারিতা—শীঘ্রকরণ, শীঘ্র কার্য্য করা। ক্ষিপ্রকারিন্+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

ক্ষিপ্রকারী (-কারিন্)—শীঘ্রকারী,

দ্রুতকার্য্যসাধক, চট্‌পটে। উপতৎ। ক্ষিপ্র—কৃ+ণিন্‌, কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

ক্ষিপ্রগতি—১। ত্বরিত বা দ্রুতগমন। ক্ষিপ্রা গতি কর্ম্মধা। বি; স্ত্রী। ২। দ্রুতগামী। ক্ষিপ্রা গতি যাহার, বহুব্রী। বিণ। ৩। ত্বরিত গমনে; অতিশীঘ্র। ক্ষিপ্রা গতি যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

ক্ষিপ্রগামী (—গামিন্‌)—শীঘ্র গমনশীল, দ্রুতগমনকারী, বেগবান্‌। উপতৎ। ক্ষিপ্র—গম্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—মিনী।

ক্ষিপ্রহস্ত—লঘুহস্ত, দ্রুতকার্য্যকারী, কার্য্যতৎপর। ক্ষিপ্র হস্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—স্তা।

ক্ষিপ্রহস্ততা—কার্য্যতৎপরতা, দ্রুতকার্য্যকারিতা। ক্ষিপ্রহস্ত+তা ভা[illegible] বি; স্ত্রী।

ক্ষীণ—জীর্ণ; শীর্ণ; সূক্ষ্ম; [illegible]; শুষ্ক। ক্ষি+ক্ত কর্ত্তৃবা। [illegible]।

ক্ষীণকণ্ঠ—১। সরু গলা; [illegible]। কর্ম্মধা। বি; পুং বা ক্লীব। ২। কৃশগলযুক্ত; দুর্ব্বল কণ্ঠধ্বনিবিশিষ্ট, অতিমৃদুস্বরযুক্ত। ক্ষীণ কণ্ঠ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণ্ঠা,—ণ্ঠী।

ক্ষীণকায়—১। কৃশ দেহ, দুর্ব্বল শরীর। কর্ম্মধা। বি; পুং। ২। দুর্ব্বল শরীরবিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

ক্ষীণচন্দ্র—কৃষ্ণপক্ষের শেষভাগের চন্দ্র। কর্ম্মধা। বি; পুং।

ক্ষীণজীবী (—জীবিন্‌)—অল্পপ্রাণ, অতি অল্পে বিনাশশীল; ভঙ্গুর। উপতৎ। ক্ষীণ—জীব্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী।

ক্ষীণতা—কৃশতা; দুর্ব্বলতা; সূক্ষ্মতা; শুষ্কতা। ক্ষীণ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

ক্ষীণদৃষ্টি—১। যাহার দর্শনশক্তি প্রবল নহে। ক্ষীণা দৃষ্টি যাহার, বহুব্রী। বিণ। ২। অল্প দৃষ্টি, ভাল দেখিতে না পাওয়া। কর্ম্মধা। বি; স্ত্রী।

ক্ষীণদেহ—ক্ষীণকায় দ্রঃ।

ক্ষীণপ্রকৃতি—১। মৃদুস্বভাব; দুর্ব্বল স্বভাব। ক্ষীণা প্রকৃতি, কর্ম্মধা। বি; স্ত্রী। ২। মৃদুস্বভাবসম্পন্ন। বহুব্রী। বিণ।

ক্ষীণপ্রাণ—ক্ষীণজীবী; সঙ্কীর্ণহৃদয়। বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

ক্ষীণবল, —শক্তি—যাহার বল ক্ষয় হইয়াছে এরূপ, হীনবল, দুর্ব্বল। ক্ষীণ হইয়াছে বল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা,—ক্তি।

ক্ষীণবুদ্ধি, —মতি—স্বল্পবুদ্ধি, নির্ব্বোধ। বহুব্রী। বিণ।

ক্ষীণমধ্য—যাহার কটিদেশ ক্ষীণ এরূপ। বহুব্রী। বিণ। স্ত্রী,—ধ্যা।

ক্ষীণশ্বাস—১। অতি সামান্য শ্বাস। কর্ম্মধা। বি; পুং। ২। যাহার অল্পমাত্র শ্বাস বহিতেছে, মুমূর্ষু। ক্ষীণ হইয়াছে শ্বাস যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—সা।

ক্ষীণস্বর—১। মৃদু কণ্ঠস্বর। কর্ম্মধা। বি; পুং। ২। অস্ফুটকণ্ঠস্বরবিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

ক্ষীণাঙ্গ(ঙ্গ)—১। কৃশাঙ্গ, শীর্ণ। বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্গী। ২। শীর্ণ দেহ। কর্ম্মধা। বি; ক্লীব।

ক্ষীণালোক—অস্পষ্ট আলোক। ক্ষীণ আলোক, কর্ম্মধা। বি; পুং।

ক্ষীয়মাণ—যাহার ক্ষয় করা হইতেছে এরূপ; অপচীয়মান। ক্ষি+শানচ্‌, কর্ম্মবা, কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ণা।

ক্ষীর—১। জল; দুগ্ধ; জ্বাল-দেওয়া ঘন দুধ। উপতৎ। ক্ষী—ঈর্‌+অণ্‌ কর্ত্তৃবা। বি; ক্লীব।

ক্ষীরধেনু—১। ক্ষীররচিতা ধেনু [দুগ্ধ ঘন করিয়া তদ্দ্বারা ধেনুর আকার নির্ম্মাণপূর্ব্বক দান করা হয়]। মধ্যপ কর্ম্মধা। ২। বহুদুগ্ধদাত্রী ধেনু। ক্ষীরপ্রধানা ধেনু, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ক্ষীরপুলি—ক্ষীরের পুর দেওয়া পুলিপিঠা, একপ্রকার সন্দেশ। ক্ষীরমিশ্রিত পুলি, মধ্যপ কর্ম্মধা। বি।

ক্ষীরপুরিয়া, ক্ষীরপুরী—ঘনীকৃত দুগ্ধ ও শর্করা ইত্যাদির সাহায্যে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। দেশজ। বি।

ক্ষীরমোহন—ক্ষীরের পুর দেওয়া উপরে মিছরি ছিটান একপ্রকার রসগোল্লা। দেশজ। বি।

ক্ষীরশর—ছানা। ক্ষীর—শৃ+অচ্ কর্তৃবা। বি; পুং।

ক্ষীরশর্করা—দুগ্ধশর্করা (Sugar of Milk). মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ক্ষীরশা, ক্ষীরসা—ক্ষীরের তৈয়ারী মিষ্টান্নবিশেষ। দেশজ। বি।

ক্ষীরসমুদ্র—পুরাণোক্ত দুগ্ধময় সাগরবিশেষ। ক্ষীরপূর্ণ সমুদ্র, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ক্ষীরসর—১। দুধের সর। ৬ষ্ঠীতৎ। ২। দুধ ও সর। দ্বন্দ্ব। বি।

ক্ষীরসার—নবনীত, ননি, মাখন; আমিক্ষা, ছানা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্ষীরস্বামী (—স্বামিন্)—অমরটীকাকার শাব্দিক জনৈক পণ্ডিত। অনুমান, খৃষ্টীয় ৭ম শতাব্দীতে কাশ্মীররাজ জয়াপীড়ের সময়ে ইনি প্রাদুর্ভূত হন। বি; পুং। [বি।

ক্ষীরা, ক্ষীরাই—শসা। 'ক্ষীরিকা' শব্দজ।

ক্ষীরাব্ধি—পুরাণোক্ত দুগ্ধময় সাগরবিশেষ; ক্ষীরসমুদ্র। ক্ষীরময় অব্ধি (সমুদ্র), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ক্ষীরিকা—ক্ষীরা, শসা। ক্ষীর শব্দ+ইক (উক্) অস্ত্যর্থে+আপ্। বি; স্ত্রী।

ক্ষীরী (ক্ষীরিন্)—১। দুগ্ধবিশিষ্ট। ক্ষীর+ইন্ আছে অর্থে। স্ত্রী,—রিণী। ২। বট, অশ্বত্থ, ডুমুর, আকন্দ, শসা, সোমলতা প্রভৃতি বৃক্ষ, যাহাদের ক্ষীর (অর্থাৎ আঠা) আছে। ক্ষীর+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

ক্ষীরোদ, —ক—ক্ষীরসমুদ্র। ক্ষীর উদক (জল) যাহার, বহুব্রী (বিকল্পে ক-লোপ)। বি; পুং।

ক্ষুঁয়া—ক্ষুমা, রেশম বা রেশমী কাপড়; পাট বা পাটের কাপড়, চট। 'ক্ষুমা' শব্দজ। বি।

ক্ষুঁয়া-তাঁতি, —তাঁতী—যে তাঁতি চট প্রভৃতি মোটা কাপড় বুনে। মধ্যপ কর্ম্মধা। বি।

ক্ষুণ্ণ—আহত; অভ্যস্ত; কুণ্ঠিত; ক্ষুব্ধ, দুঃখিত; চূর্ণীকৃত; প্রহৃত, মাড়ান; নিপুণ; দক্ষ। ক্ষুদ্—ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ক্ষুণ্ণা।

ক্ষুণ্ণমনাঃ (—মনস্)—মনে মনে দুঃখিত। বহুব্রী। বিণ।

ক্ষুৎ—হাঁচি। ক্ষু+ক্বিপ্ ভাববা। বি; স্ত্রী।

ক্ষুৎ (ক্ষুধ্)—ক্ষুধা, ভোজনেচ্ছা। ক্ষুধ্+ক্বিপ্ ভাববা। বি; স্ত্রী।

ক্ষুত—হাঁচি। ক্ষু+ক্ত ভাববা। বি; ক্লীব।

ক্ষুৎক্ষাম—ক্ষুধায় ক্ষীণ বা কাতর। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—মা। [স্ত্রী।

ক্ষুৎপিপাসা—ক্ষুধা ও তৃষ্ণা। দ্বন্দ্ব। বি;

ক্ষুৎপীড়িত—ক্ষুধার্ত্ত, ক্ষুধাতুর, ক্ষুধিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

ক্ষুদ—১। তণ্ডুল-কণা, ভাঙ্গা চাউল। বি। ২। ক্ষুদ্র, ছোট। 'ক্ষুদ্র' শব্দজ। বিণ।

ক্ষুদ-কুঁড়া—অনাড়ম্বর খাদ্য; শাক-ভাত। দ্বন্দ্ব। বি। [দেশজ। বিণ।

ক্ষুদিয়া, ক্ষুদে—ক্ষুদ্র, ছোট, সামান্য।

ক্ষুদ্র—ছোট; অল্প; নীচ; দরিদ্র। ক্ষুদ্+রক্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—দ্রা। বি,—তা, —ত্ব।

ক্ষুদ্রকায়—১। খর্ব্ব আকৃতি; কৃশ শরীর। কর্ম্মধা। বি; পুং। ২। খর্ব্বাকৃতিবিশিষ্ট; ক্ষীণশরীর। বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

ক্ষুদ্রচেতা, —চেতাঃ (—চেতস্)—ক্ষুদ্রাশয়, নীচমনা। বহুব্রী। বিণ।

ক্ষুদ্রবুদ্ধি—সঙ্কীর্ণ বুদ্ধি; নীচতা। কর্ম্মধা। বি; স্ত্রী।

ক্ষুদ্রপ্রাণ—অল্পশক্তি; যাহার প্রাণ অল্প এরূপ; যে সহজেই মারা পড়ে এরূপ; সঙ্কীর্ণচিত্ত। বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

ক্ষুদ্রপ্রাণী (—প্রাণিন্)—১। ক্ষুদ্রচেতাঃ; ক্ষণভঙ্গুর; দরিদ্র। বিণ। ২। ছোট

ক্লীব; দরিদ্র ব্যক্তি; ক্ষুদ্রাশয় ব্যক্তি। কর্ম্মধা। বি।

ক্ষুদ্রবুদ্ধি, —মতি—১। সামান্য বুদ্ধি; অজ্ঞতা; সহজ বুদ্ধির ধারণা। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। জড়বুদ্ধি, আহাম্মক; সরল। বহুব্রী। বিণ।

ক্ষুদ্রবৃহৎ—ছোটবড়। দ্বন্দ্ব। বিণ।

ক্ষুদ্রান্ত্র—অন্ত্রদ্বয়ের মধ্যে যেটি স্থূল এবং হ্রস্ব সেইটি (Small Intestine). কর্ম্মধা। বি; ক্লীব।

ক্ষুদ্রায়তন—স্বল্পপরিসর; ক্ষুদ্রগৃহযুক্ত। ক্ষুদ্র আয়তন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

ক্ষুদ্রাশয়—নীচাশয়; কৃপণ। ক্ষুদ্র হইয়াছে আশয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। বি,—তা,—ত্ব।

ক্ষুধা—বুভুক্ষা, ভোজনেচ্ছা; লালসা, ইচ্ছা। ক্ষুধ্+কিপ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

ক্ষুধাজনক—ক্ষুধাকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—নিকা।

ক্ষুধাতুর—ক্ষুধাপীড়িত, অত্যন্ত ক্ষুধিত। ক্ষুধা দ্বারা আতুর, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—রা।

ক্ষুধাতৃষ্ণা—ক্ষুৎপিপাসা। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

ক্ষুধানিবৃত্তি—ক্ষুধার উপশম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্ষুধামান্দ্য—ক্ষুধার অল্পতা, ক্ষুধা না হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ক্ষুধার্ত্ত(র্ত)—ক্ষুধায় কাতর, অত্যন্ত ক্ষুধিত। ক্ষুধা দ্বারা ঋত (যুক্ত) বা আর্ত্ত (পীড়িত), ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—র্ত্তা।

ক্ষুধাশান্তি—ক্ষুন্নিবৃত্তি; ক্ষুধার উপশম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ক্ষুধিত—বুভুক্ষিত, ভোজনের ইচ্ছাযুক্ত, ক্ষুধার্ত্ত। ক্ষুধা+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

ক্ষুন্নিবৃত্তি—ক্ষুধার শান্তি। ক্ষুধের (ক্ষুধ্ শব্দ) নিবৃত্তি, ৬ষ্ঠীতৎ। (ক্ষুৎ+নিবৃত্তি)। বি; স্ত্রী।

ক্ষুপ—ক্ষুদ্র শাখাযুক্ত বৃক্ষ, গুল্ম। ক্ষু+পক্ কর্ত্তৃবা। বি; পুং।

ক্ষুব্ধ—ভয়প্রাপ্ত; ক্ষোভপ্রাপ্ত; দুঃখিত, কাতর; বিচলিত। ক্ষুভ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ক্ষুব্ধা।

ক্ষুভিত—দুঃখিত; ক্ষোভপ্রাপ্ত; বিচলিত; আলোড়িত, মথিত; ক্রুদ্ধ; ত্রস্ত; ব্যাকুল। ক্ষুভ্+ক্ত কর্ত্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

ক্ষুমা—অতসীবৃক্ষ, মসীনা গাছ; শণ; পাট; নীলগাছ; রেশম। ক্ষু+মক্ অপাবা+আপ্। বি; স্ত্রী।

ক্ষুর—নাপিতাস্ত্র, কামাইবার অস্ত্র; অশ্ব-গবাদির পায়ের খুর; খট্বাদির পায়া। ক্ষুর্+ক কর্ত্তৃবা। বি; পুং।

ক্ষুরকর্ম্ম (—কর্ম্মন্), —কর্ম্ম—ক্ষৌর, কামান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ক্ষুরধান—ক্ষুরপাত্র, ক্ষুর রাখিবার আধার বা খাপ। ক্ষুর—ধা+অনট্ অধিবা। বি; ক্লীব। [বি; স্ত্রী।

ক্ষুরধানী—ক্ষুর রাখিবার পাত্র। ৬ষ্ঠীতৎ।

ক্ষুরধার—১। ক্ষুরের ধার। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। ক্ষুরের ন্যায় তীক্ষ্ণ, ধারাল। ক্ষুরের ধারের ন্যায় ধার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

ক্ষুরপা, ক্ষুরপো—ঘাস তুলিবার যন্ত্র। 'ক্ষুরপ্র' শব্দজ। বি।

ক্ষুরপ্র—ক্ষুরপা, ঘাসচ্ছেদনাস্ত্র; অর্দ্ধচন্দ্রা-কৃতি বাণ। ক্ষুর—প্+ক কর্ত্তৃবা। বি; পুং।

ক্ষুরী (ক্ষুরিন্)—নাপিত; ক্ষুরবিশিষ্ট পশু। ক্ষুর+ইন্ অস্ত্যর্থে। বি; পুং। স্ত্রী,—রিণী।

ক্ষেউরি—১। ক্ষৌরকর্ম্ম (Shaving). 'ক্ষৌর' শব্দজ। বি। ২। যাহার ক্ষৌরক সম্পন্ন হইয়াছে এমন। 'ক্ষৌরী' শব্দজ। বিণ

ক্ষেত—ভূমি, জমি। 'ক্ষেত্র' শব্দজ। বি।

ক্ষেত-খামার, —খোলা—চাষ-আবাদে জমি-জায়গা। দ্বন্দ্ব। বি।

ক্ষেতপাপড়া—ওষধিবিশেষ। 'ক্ষেত্রপর্পটি শব্দজ। বি।

ক্ষেত্র—ক্ষেত, ভূমি; মাঠ, ময়দান; স্থল

অবস্থা ; ইন্দ্রিয় ; শরীর ; কলত্র ; সিদ্ধস্থান ; সভা, বৈঠক ; যুদ্ধক্ষেত্র ; মেষাদিরাশি ; বিষ্ণুক্ষেত্রসমূহ ; (জ্যামিতিতে) রেখাবেষ্টিত স্থান, ত্রিভুজ, চতুর্ভুজ প্রভৃতি। ক্ষি+ষ্ট্রন্ অধিবা। বি ; ক্লীব।

ক্ষেত্রকর্ম (-কর্ম্মন্), -কর্ম্ম—কৃষিকার্য্য ; বিশেষ বিশেষ স্থানের ভিন্ন ভিন্ন কার্য্য। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ক্ষেত্রজ—১। স্বপত্নীতে অন্য পুরুষ দ্বারা উৎপাদিত পুত্র। বি ; পুং। ২। ক্ষেত হইতে উৎপন্ন ; নিজ স্ত্রীর গর্ভে অন্য পুরুষ দ্বারা উৎপাদিত। উপতৎ। ক্ষেত্র—জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

ক্ষেত্রজ্ঞ—১। জীবাত্মা ; পরমাত্মা ; কামুক জন ; স্থান বা অবস্থা অনুসারে কর্ত্তব্যনির্ণয়ে সমর্থ ব্যক্তি। উপতৎ। ক্ষেত্র—জ্ঞা+ক কর্ত্তৃবা। বি ; পুং। ২। কৃষক ; বিদগ্ধ, নিপুণ। বিণ। স্ত্রী,—জ্ঞা।

ক্ষেত্রতত্ত্ব, -মিতি—ক্ষেত্রসমূহের প্রকৃতি ও পরিমাণ-বিষয়ক শাস্ত্র, জ্যামিতি (Geometry). ক্ষেত্রের তত্ত্ব, মিতি যাহাতে, বহুব্রী। বি ; ক্লীব, স্ত্রী। [বি ; পুং।

ক্ষেত্রপতি—কৃষক ; ক্ষেত্রপাল ; রুদ্র। ৬ষ্ঠীতৎ।

ক্ষেত্রপর্প্পট, -পর্প্পটী—ক্ষেতপাপড়া গাছ। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং, স্ত্রী।

ক্ষেত্রপাল—ক্ষেত্রের রক্ষক ; দেবতাবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ক্ষেত্রফল—ক্ষেত্রের ফল (শস্যাদি) ; ক্ষেত্রান্তর্গত স্থানের পরিমাণফল, ভূমির কালি (Area). ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ক্ষেত্রমিতি—ক্ষেত্রতত্ত্ব দ্রঃ।

ক্ষেত্রসম্ভব, -সম্ভূত—ক্ষেত্রোৎপন্ন, ভূমিজাত। ক্ষেত্র হইতে সম্ভব যাহার, বহুব্রী ; ক্ষেত্র হইতে সম্ভূত, ৫মীতৎ। বিণ। স্ত্রী,—বা, —তা।

ক্ষেত্রস্বামী (—স্বামিন্)—ক্ষেত্রের অধিকারী, জমির মালিক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—মিনী।

ক্ষেত্রাজীব—কৃষিজীবী, কৃষক। ক্ষেত্র হইয়াছে আজীব (জীবিকা) যাহার, বহুব্রী। বি ; পুং বা বিণ। স্ত্রী,—বা।

ক্ষেত্রাধিকারী (-কারিন্)—জমির মালিক। ক্ষেত্রের অধিকারী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রিণী।

ক্ষেত্রাধিদেবতা—ক্ষেত্রের অধিদেবতা, তীর্থবিশেষের অধিষ্ঠাত্রী দেবতা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

ক্ষেত্রাধিপ—ভূম্যধিকারী ; ক্ষেত্রাধিষ্ঠাত্রী দেবতা ; মেষাদি দ্বাদশ রাশির অধিপতি মঙ্গলাদি গ্রহ। ক্ষেত্রের অধিপ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ক্ষেপ—১। চালন ; লঙ্ঘন ; গর্ব্ব ; বিলম্ব ; যাপন ; লেপন ; নিক্ষেপ ; প্রেরণ ; ফেলা (পদক্ষেপে)। ক্ষিপ্+ঘঞ্ ভাববা। বি ; পুং। ২। বার, দফা ; স্থানান্তর হইতে ক্রয়-বিক্রয়ের কারবার। দেশজ। বি।

ক্ষেপক—১। ক্ষেপণকারী। ক্ষিপ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা। ২। গ্রন্থমধ্যে ক্ষিপ্ত পাঠ ; গুচ্ছ ; অঙ্কবিশেষ। ক্ষিপ্+ঘঞ্ কর্ম্মবা+কন্ স্বার্থে। বি ; পুং।

ক্ষেপণ—যাপন ; প্রেরণ ; নিক্ষেপ ; ফেলা (পটক্ষেপণে)। ক্ষিপ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

ক্ষেপণি, ক্ষেপণিকা—একপ্রকার ক্ষেপণীয় অস্ত্র ; ক্ষেপলা জাল ; দাঁড় ; ধ্বজি। ক্ষেপণি—ক্ষিপ্+অনি কর্ম্মবা ; ক্ষেপণিকা—ক্ষেপণি+কন্ স্বার্থে+আপ্। বি ; স্ত্রী।

ক্ষেপণিক—দাঁড়ী। ক্ষেপণি (দাঁড়)+ইক (ঠন্) ব্যবহার করে অর্থে। বি ; পুং।

ক্ষেপণী—১। একপ্রকার ক্ষেপণীয় অস্ত্র ; ক্ষেপলা জাল ; দাঁড় ; ধ্বজি। ক্ষিপ্+অনট্ কর্ম্মবা+ঈপ্। ২। বন্দুকের গুলি, বাঁটুল, ঢিল প্রভৃতি ক্ষিপ্ত হইলে যে বক্রপথে গমন করে (Parabola). ক্ষিপ্+অনট্ করণবা+ঈপ্। বি ; স্ত্রী।

ক্ষেপণীয়—১। ক্ষেপণযোগ্য ; ক্ষেপ্য—

সাধ্য। ক্ষিপ্ + অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, —য়া। ২। ভিন্দিপাল; খড়্গ; ক্ষেপণের অস্ত্র; বাণ। বি; ক্লীব।

ক্ষেপলা—যাহা ছড়াইয়া ফেলিতে হয় এরূপ (জাল)। দেশজ। বিণ।

ক্ষেপা—১। ক্ষিপ্ত, উন্মাদ, বাতুল, পাগল বা পাগলা; অবোধ, অজ্ঞান। বিণ। ২। ক্ষিপ্ত হওয়া, পাগল হওয়া। বাং ক্রি।

ক্ষেপান—পাগল করা; অত্যন্ত বিরক্ত করা; রাগান। দেশজ। বাং ক্রি।

ক্ষেপিষ্ঠ—ক্ষিপ্রতম, অতি ক্ষিপ্রগামী। ক্ষিপ্র + ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, —ষ্ঠা।

ক্ষেপীয়ান্ (ক্ষেপীয়স্)—অতি ক্ষিপ্রগামী। ক্ষিপ্র + ঈয়স্ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, —য়সী।

ক্ষেপ্তা (ক্ষেপ্তৃ)—ক্ষেপণকর্ত্তা, ক্ষেপক, নিক্ষেপকারী। ক্ষিপ্ + তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ক্ষেপ্ত্রী।

ক্ষেম—১। কল্যাণ, মঙ্গল, শুভ। ক্ষি + ম কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। লব্ধবস্তু রক্ষা। ক্ষি + ম ভাববা। বি; ক্লীব। ৩। শুভকর, মঙ্গলদায়ক। ক্ষেম + অচ্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, ক্ষেমা।

ক্ষেমঙ্ক(ংক)র—মঙ্গলজনক, সুখদায়ক। উপভৎ। ক্ষেম — কৃ + খচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —রী।

ক্ষেমঙ্ক(ংক)রী—মঙ্গলদায়িকা দেবীবিশেষ; ভগবতীর শঙ্খচিল্লীমূর্ত্তি। ক্ষেমকর + ঈপ্। বি; স্ত্রী।

ক্ষেমা—১। কাত্যায়নী। ক্ষেম + অচ্ বিশিষ্টার্থে + আপ্। বি; স্ত্রী। ২। সহ; কান্তি। প্রাঃ কবিপ্র। বি।

ক্ষেমাস্পদ—কল্যাণভাজন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, বা বিণ।

ক্ষৈরেয়—দুগ্ধজাত, ক্ষীরের তৈয়ারী। ক্ষীর + এয় জাতার্থে, বিকারার্থে। বিণ। স্ত্রী, —য়ী।

ক্ষোণি, ক্ষোণী, ক্ষৌণি, ক্ষৌণী—পৃথিবী। ক্ষু + নি অধিকা, স্ত্রীলিঙ্গে বিকল্পে ঈপ্। (বিকল্পে বৃদ্ধিজন্ত রূপচতুষ্টয় হইয়াছে)। বি; স্ত্রী।

ক্ষোদ—১। পেষণপাত্র। ক্ষুদ্ + ঘঞ্ অধিবা। ২। ক্ষুদ; চূর্ণ, গুঁড়া। ক্ষুদ্ + ঘঞ্ কর্ম্মবা। ৩। পেষণ; চূর্ণন। ক্ষুদ্ + ঘঞ্ ভাববা। বি; পুং।

ক্ষোদক—ক্ষোদাইকারী, ভাস্কর। ক্ষুদ্ + ণক কর্ত্তৃবা। বি; পুং।

ক্ষোদন—চূর্ণন, পেষণ; উৎকীর্ণকরণ, খোদাই করা। ক্ষুদ্ + অনট্ ভাববা। বি; ক্লীব।

ক্ষোদিত—চূর্ণিত; পিষ্ট; উৎকীর্ণ, খোদাই করা হইয়াছে এরূপ। ণিজন্ত ক্ষুদ্ (= ক্ষোদি) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

ক্ষোভ—আঘাত; স্খলন; বাধা; ধর্ষণ; উদ্বেগ; দুঃখ, মনস্তাপ। ক্ষুভ্ + ঘঞ্ ভাববা। বি; পুং।

ক্ষোভণ—ক্ষোভকারক। ণিজন্ত ক্ষুভ্ (= ক্ষোভি) + অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —ণা।

ক্ষোভিত—চালিত; আন্দোলিত; আলোড়িত; ধর্ষিত; ভীত, শঙ্কিত, ত্রাসিত। ণিজন্ত ক্ষুভ্ (= ক্ষোভি) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

ক্ষৌণি, ক্ষৌণী—ক্ষোণি দ্রঃ।

ক্ষৌণীবিদ্যা—ভূতত্ত্ববিদ্যা (Geology). ক্ষৌণীবিষয়িণী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ক্ষৌদ্র—১। মধু; জল। ক্ষুদ্রা (মধুমক্ষিকা) + অণ্ ভবার্থে। বি; ক্লীব। ২। মৌমাছি হইতে প্রাপ্ত বা জাত। বিণ। স্ত্রী, ক্ষৌদ্রী।

ক্ষৌম—১। মসীনাসূত্রনির্ম্মিত; ক্ষুমানির্ম্মিত, রেশমী। ক্ষুমা + অণ্ ভবার্থে। বিণ। স্ত্রী, ক্ষৌমী। ২। দুকূল, রেশমী বস্ত্র; পট্টবস্ত্র; শণ। বি; পুং বা ক্লীব। ৩। প্রাসাদের উপরিভাগস্থ গৃহ; অট্টালিকা। ক্ষু (হাঁচা) + মন্ কর্ত্তৃবা — ক্ষুম; ক্ষুম + অণ্ স্বার্থে। বি; ক্লীব।

ক্ষৌর—ক্ষুরকর্ম্ম, কামান। ক্ষুর + অণ্ নিষ্পন্নার্থে। বি; ক্লীব।

ক্ষৌরকর্ম্ম (-কর্ম্মন্), -কর্ম—ক্ষুরকর্ম্ম, কামান। কর্ম্মধা। বি ; ক্লীব।

ক্ষৌরি, ক্ষৌরী—ক্ষুরকর্ম্ম, কামান। ক্ষৌর +ই, ঈ নিষ্পন্নার্থে। বি।

ক্ষৌরিক—ক্ষুরকর্ম্মকারক, নাপিত। ক্ষুর+ ইক আছে অর্থে। বি ; পুং।

ক্ষ্বেড়া—অশ্লীল গীত, খেঁউড় ; ধ্বনি ; সিংহনাদ ; বংশশলাকা। ক্ষ্বিড্+অ ভাববা +আপ্। বি ; স্ত্রী।

ক্ষ্মা—সর্ব্বংসহা, পৃথিবী। ক্ষম্+অচ্ কর্ত্তৃবা +আপ্ (নিপা)। বি ; স্ত্রী।

খ

খ—১। দ্বিতীয় ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণ-স্থান কণ্ঠ)। খন্+ড কর্ত্তৃবা। বি ; ক্লীব। ২। আকাশ ; শূন্য ; স্বর্গ ; সুখ। খর্ব্ব্ (ত্যস্ত করা)+ড অধিবা। বি ; ক্লীব।

খই—লাজ, ভৃষ্ট ধান্য, ভাজা ধান। 'খদিকা' শব্দজ। বি।

খইচুর—খই বা শস্যচূর্ণ ; চিনির রসে পাক করা খইয়ের মিষ্টান্নবিশেষ। 'খদিকাচূর্ণ' শব্দজ। বি।

খই-ঢেকুর—চোঁয়া ঢেকুর ; উদ্গার। দেশজ। [বি।

খইনি—চূণমাখান তামাক। হিন্দী। বি।

খইয়ে, খ'য়ে—খইয়ের ন্যায় ; খইএর মত সাদা দাগযুক্ত। খই+ইয়া, এ সদৃশার্থে। বিণ।

খইল, খৈল—তৈলকল্ক, তৈলনিষ্কাশনের পর তিলসর্ষপাদির যাহা অবশিষ্ট থাকে। 'খলি' শব্দজ। বি।

খএর, খয়ের—বৃক্ষবিশেষের নির্য্যাস। 'খদির' শব্দজ। বি। [অব্য।

খক্, খক্ খক্—কাসির শব্দ। দেশজ।

খকার—খ্ এই বর্ণমাত্র। খ+কার স্বার্থে। বি ; পুং।

খগ—১। আকাশগামী ; শূন্যে বিচরণশীল। বিণ। স্ত্রী, খগা। ২। গ্রহ ; পক্ষী ; বাণ ; সূর্য্য ; বায়ু ; দেবতা। উপতৎ। খ—গম্+ড কর্ত্তৃবা। বি ; পুং।

খগপতি, খগরাজ, খগেন্দ্র, খগেশ্বর—পক্ষিরাজ, গরুড়। ষষ্ঠীতৎ। বি ; পুং।

খগোল—আকাশমণ্ডল ; তৎপ্রতিরূপক কৃত্রিম গোলক। খ-রূপ গোল, রূপক কর্ম্মধা। বি ; পুং।

খগোলবিদ্যা—যে বিদ্যা শিক্ষা করিলে আকাশস্থ গ্রহনক্ষত্রাদির বিষয়ে জ্ঞান জন্মে (Astronomy). খগোলবিষয়িণী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

খচ্—কোন কিছু সহসা বা একচোটে কাটিয়া ফেলা প্রভৃতির শব্দ। দেশজ। অব্য।

খচখচ—ক্ষিপ্রগতিতে লিখিয়া যাওয়ার অনুকরণ-শব্দ। দেশজ। অব্য।

খচমচ—খঞ্জনী করতাল প্রভৃতি তাড়াতাড়ি বাজাইবার শব্দ ; অপরিপাটী, বিশৃঙ্খলা, গোলযোগ ; ঝঞ্ঝাট। দেশজ। অব্য।

খচর—১। আকাশে বিচরণশীল ; গগনগামী। উপতৎ। খ—চর্+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —রী। ২। রাক্ষস ; মেঘ ; সূর্য্য ; বায়ু ; গ্রহ ; নভশ্চর উপদেবতা ; পক্ষী। বি ; পুং।

খচাখচ—খচখচ (তাহা দ্রঃ)।

খচিত—রচিত ; জড়িত ; অন্তর্নিবেশিত, মধ্যে মধ্যে স্থাপিত ; বদ্ধ ; ব্যাপ্ত। খচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

খচ্চর—অশ্বতর ; দো-আঁশলা ; সঙ্করজাতীয় ; জারজ ; কুলটাপুত্র ; দুষ্ট ; বজ্জাত, দুর্বৃত্ত। 'খেসর' শব্দজ। বি বা বিণ।

খঞ্চা, খঞ্চে—বৃহৎ কাষ্ঠপাত্রবিশেষ ; বার-কোশ ; বড় থালা। ফার্সী। বি।

খঞ্জ—বিকলপদ, খোঁড়া। খন্জ্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, খঞ্জা।

খঞ্জকারি—সুমা, খেঁসারী। ষষ্ঠীতৎ। বি ; পুং।

খঞ্জন—১। স্বনামখ্যাত প্রসিদ্ধ পক্ষী। খন্জ্+অন কর্ত্তৃবা। বি ; পুং। ২।

খোঁড়াইয়া চলা; গমন। খন্জ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

খঞ্জন-নয়ন—মধুর নয়ন-ভঙ্গিমাবিশিষ্ট বা চটুলনয়ন। বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

খঞ্জনিকা—খঞ্জনাকার পক্ষিবিশেষ। খঞ্জন+কন্ সদৃশার্থে+আপ্। বি; স্ত্রী।

খঞ্জনী, খঞ্জরী—ক্ষুদ্র গোলাকার বাদ্যযন্ত্রবিশেষ। দেশজ। বি। [বি।

খঞ্জর—কামানের গোলা; ছোরা। ফার্সী।

খঞ্জরী—খঞ্জনী দ্রঃ।

খট—১। প্রহারবিশেষ, ঘুসি; লাঙ্গল; কফ; তৃণ; খড়। খট্+ক ঘঞর্থে কর্ম্মবা। ২। অন্ধকূপ। খট্+ক ঘঞর্থে অধিবা। বি; পুং।

খট্কা—সংশয়, সন্দেহ; আশঙ্কা। দেশজ। বি।

খটখটি—১। কঠিন ব্যাপার, লেঠা, ঝঞ্ঝাট। বি। ২। কঠিন, শক্ত। দেশজ। বিণ।

খটখটিয়া, খটখটে—সম্পূর্ণ শুষ্ক, নীরস, কঠিন। দেশজ। বিণ।

খটমট—জুতা পায়ে চলার ন্যায় শব্দ; দুরূহ, কঠিন। দেশজ। অব্য। [অব্য।

খটাখট্—পুনঃ পুনঃ খট্ খট্ শব্দ। দেশজ।

খটাশ—শক্ত জিনিস ঠোকাঠুকির শব্দ। দেশজ। অব্য।

খটি, খটী—আড়ত, বন্দর; রাশি, স্তূপ, পুঞ্জ; আখটি, ছেলেদের বাহানা বা আব্দার। দেশজ। বি।

খটিকা—খড়ী; মুষ্টি। খটী বা খট+কন স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

খটিনী—খড়ী। খট+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

খটিয়াল, খটেল—সর্ব্বদা খটি বা বাহানা করে এরূপ, আব্দারে; খুঁতখুঁতে; জেদবাজ। খটী (আব্দার)+আল, এল আছে অর্থে। বিণ।

খটী—খটি দ্রঃ।

খট্টা—খট্বা, খাট, পর্য্যঙ্ক। খট্ট+ঘঞ্ কর্ম্মবা +আপ্। বি; স্ত্রী।

খট্টাশ, খট্টাস—জন্তুবিশেষ, খাটাশ, গন্ধগোকুলা। উপতৎ। খট্ট—অশ্, অস্+অন্ কর্তৃবা। বি; পুং।

খট্টি, খট্টী—শববাহনার্থ খাট, মড়ার খাট, খাটিয়া। খট্ট+ই কর্ম্মবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

খট্বিকা, খটি্বকা—শয়নার্থ ক্ষুদ্র খাট, খাটিয়া। খট্বা+কন্ অল্পার্থে+আপ্, বিকল্পে অ-কার স্থানে ই-কার। বি; স্ত্রী।

খট্বা—শয়নার্থ খাট, পর্য্যঙ্ক। খট্+ব কর্ম্মবা +আপ। বি; স্ত্রী।

খট্বাঙ্গ(২গ)—খট্বার অঙ্গ; খাটের পায়ার মত মুদ্গর; খাটের পায়া; নরকপালাগ্র লগুড়; শিবের অস্ত্রবিশেষ। খট্বার অঙ্গ, ৬ষ্ঠিতৎ। বি; ক্লীব।

খট্বারূঢ়—খট্বাস্থিত, খট্বায় শয়িত; অনবহিত, প্রমত্ত; উচ্ছৃঙ্খল; অলস; দুর্বৃত্ত, পামর। খট্বাতে আরূঢ়, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ঢ়া।

খটি্বকা—খট্বিকা দ্রঃ।

খড্ড, খড্ড—দুই পাহাড়ের মধ্যস্থ গভীর গহ্বর বা নিম্নভূমি। হিন্দী। বি।

খড়—তৃণবিশেষ, শুষ্ক ধান্য বৃক্ষ, বিচালি। খড়+ক ঘঞর্থে কর্ম্মবা। বি; ক্লীব।

খড়কি, খড়ক্কী—খড়ক্কিকা (তাহা দ্রঃ)।

খড়কিয়া, খড়কে—উলুখড়ের স্থূল কাণ্ড; দন্ত পরিষ্কারের জন্য সূক্ষ্ম শলাকা বা কাঠি। দেশজ। বি।

খড়কুটা, খড়কুটি—খড় ও শুষ্ক তৃণাদি; পোড়াইবার পাতালতা। দ্বন্দ্ব। বি।

খড়ক্কিকা, খড়ক্কী—খিড়কী দরজা; খড়খড়ি। খড়ক্ (অব্যক্ত শব্দ)—কৃ+ড কর্তৃবা +ঈপ্=খড়ক্কী; খড়ক্কী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

খড়খড়—শুষ্কপত্রাদি সঞ্চালনের অনুকরণশব্দ। দেশজ। অব্য।

খড়খড়ি—দুয়ার জানালা প্রভৃতির সঞ্চালনযোগ্য আবরণ, ঝিলমিলি। দেশজ। বি।

খড়ম—কাষ্ঠপাদুকা। হিন্দীমূলক। বি।
খড়ি, খড়ী—১। শিশুদের প্রথম লিখিবার প্রস্তরবিশেষ ; একরকম সাদা মাটি ; তিলক-মাটি ; গণনা ; অঙ্ক ; গাত্রের সাদা মরামাস, খুসকি। 'খটিকা' শব্দজ। বি। ২। জ্বালানি কাষ্ঠ। প্রাদে। বি। ৩। কর্ম্ম, কার্য্য ; চাতুর্য্য, কৌশল, শিল্পনৈপুণ্য ; অঙ্ক, চিহ্ন, দাগ। প্রাঃ কবিপ্র। বি।
খড়ি পাতা—অঙ্কপাত করা ; মাটিতে খড়ির আঁক কাটিয়া ভাগ্য নির্ণয় করিয়া বলা। দেশজ। ক্রি।
খড়িমাটি—খটী, ফুলখড়ি বা চা-খড়ি। মধ্যপ কর্ম্মধা। বি।
খড়িয়া, খ'ড়ে—খড়ির মত, শাদা ; ফ্যাকাসে। খড়ি+ইয়া এ সদৃশার্থে। বিণ।
খড়ী—খড়ি দ্রঃ।
খড়ুয়া, খড়ো—তৃণনির্ম্মিত ; তৃণাচ্ছাদিত, খড় দিয়া ছাওয়া। খড়+উয়া, ও নির্ম্মিতার্থে। বিণ।
খড়্গ—১। গণ্ডারের শৃঙ্গ ; অসি, তরবাল ; খাঁড়া। খড্‌+গন্‌ করণবা। বি ; পুং। ২। লৌহ। বি ; ক্লীব।
খড়্গচর্ম্ম(র্ম)—ঢাল-তরোয়াল। দ্বন্দ্ব। বি ; ক্লীব। [তৎ। বি ; পুং।
খড়্গধর—খড়্গপাণি, তরোয়ালধারী। ৬ষ্ঠী-
খড়্গপাণি—খড়্গহস্ত, খড়্গধারী ; প্রহারোদ্যত। খড়্গ পাণিতে যাহার, বহুব্রী। বিণ।
খড়্গপিধান—খড়্গকোষ, তরবালের খাপ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।
খড়্গহস্ত—প্রহারোদ্যত ; বিরুদ্ধাচারী ; খড়্গপাণি, খড়্গধারী ; একান্ত বিপক্ষ। খড়্গ হস্তে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —স্তা।
খড়্গী (খড়্গিন্)—১। খড়্গধারী। খড়্গ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, খড়্গিনী। ২। গণ্ডার। বি ; পুং।
খণ্ড—১। অংশ ; টুকরা ; পরিচ্ছেদ ; প্রদেশ। বি ; পুং বা ক্লীব। ২। ভেদ ; ছেদ ; মণিদোষ। খন্ড্‌+ঘঞ্‌ ভাববা। ৩। খাঁড় গুড়। খন্ড্‌+ঘঞ্‌ কর্ম্মবা। বি ; ক্লীব। ৪। বিটলবণ। বি ; ক্লীব। ৫। আংশিক ('—প্রলয়')। খণ্ড+অচ্‌ বিশিষ্টার্থে। বিণ।
খণ্ডকাব্য—একবিষয়াত্মক ক্ষুদ্র কাব্য। কর্ম্মধা। বি ; ক্লীব।
খণ্ডখণ্ড, খণ্ডবিখণ্ড—টুকরা টুকরা ; ছিন্নবিচ্ছিন্ন। কর্ম্মধা। বিণ।
খণ্ডন—নিরাকরণ, অপনয়ন ; ভঞ্জন ; কর্ত্তন ; ছেদন। খন্ড্‌+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।
খণ্ডনীয়, খণ্ড্য—নিরাকরণীয় ; খণ্ডনযোগ্য ; খণ্ডনসাধ্য ; ভঞ্জনীয় ; ছেদ্য। খন্ড্‌+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —য়া, —ণ্ড্যা।
খণ্ডপ্রলয়—১। ক্ষুদ্র প্রলয়, ব্রহ্মা তাঁহার দিবাভাগে সৃষ্টি করিয়া সায়ংকালে যে লয় করেন, তাহারই নাম খণ্ডপ্রলয়। কর্ম্মধা। বি ; পুং। ২। ঘোর বিবাদ, তুমুল কলহ। দেশজ। বি।
খণ্ডবাক্য—(ব্যাকরণে) জটিল বাক্যের অন্তর্গত ক্ষুদ্রবাক্য (Clause). কর্ম্মধা। বি ; ক্লীব।
খণ্ডশঃ (খণ্ডশস্‌), খণ্ডশ—খণ্ড খণ্ড রূপে, ভাগ ভাগ করিয়া বা ভাগে ভাগে, টুকরা টুকরা করিয়া। খণ্ড+শস্‌ বীপ্সার্থে। অব্য। ক্রি-বিণ।
খণ্ডা—১। খাঁড়া, খড়্গ। খন্ড্‌+ঘঞ্‌ করণবা+আপ্‌। বি ; স্ত্রী। ২। খণ্ডন হওয়া, কাটিয়া যাওয়া, লঙ্ঘন হওয়া, অন্যথা হওয়া। বাং ক্রি।
খণ্ডাখণ্ডি—পরস্পর খণ্ডন ; কলহ, বিরোধ ; পরস্পর বৈরিতা। ব্যতীহার বহুব্রী। বি।
খণ্ডাতি—খড়্গী, খড়্গধারী। প্রাঃ কবিপ্র। বি।
খণ্ডান—খণ্ডন করা বা হওয়া, কাটান বা কাটিয়া যাওয়া, লঙ্ঘন করা বা হওয়া, অন্যথা করা বা হওয়া, মোচন করা বা হওয়া ; গাভীর ঋতুমতী হওয়া। বাং ক্রি।
খণ্ডিত—কর্ত্তিত ; নিরাকৃত ; দ্বিধাকৃত ; ভিন্ন ; ভগ্ন ; ছিন্ন। খন্ড্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

খণ্ডিতক্ষুর—১। চেরা খুর (যেমন গরুর)। কর্ম্মবা। বি; পুং। ২। চেরাখুরযুক্ত (পশু)। খণ্ডিত হইয়াছে ক্ষুর যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

খণ্ডিতা—১। দ্বিধাকৃতা; ছিন্না; ভিন্না; নিরাকৃতা। খণ্ডিত দ্রঃ। খণ্ডিত+আপ্। বিণ; স্ত্রী। ২। স্বামীর পরনারী-সহবাস-চিহ্নাদিদর্শনে কুপিতা ও ঈর্ষ্যাযুক্তা স্ত্রী। খণ্ড+ক্ত কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

খণ্ড্য—খণ্ডনীয় দ্রঃ।

খত, খৎ—লেখ্য, পত্র, চিঠি; ঋণলেখ্য, তমসুক, চিঠা; লেখনীর সূক্ষ্ম অগ্রভাগ, কলমের মোচ; চিহ্ন, দাগ, টান, কষি; স্বীকারপত্র (যথা দাসখত); ভূমিতে ঘর্ষণ বা ঘেঁসড়া (যথা, নাকে খৎ)। আর্বী। বি।

খতবা—রাজার কুশলকামনায় অনেকের মিলিতভাবে নমাজ পাঠ, রাজার মঙ্গল-প্রার্থনা। আর্বী। বি।

খতম—সমাপ্তি, অবসান, শেষ; দফারফা; মরণ। আর্বী। বি।

খতান—খতিয়ানে তোলা, গণনা করা, হিসাব-নিকাশ করিয়া দেখা। বাং ক্রি।

খতিয়ান, খতেন—প্রজাদিগের বা দেনা-দারদিগের কিংবা পণ্যদ্রব্যের নামওয়ারী হিসাব। আর্বীমূলক। বি।

খতী—খতসংক্রান্ত, বন্ধকী (দেনা)। খত+ঈ সম্বন্ধার্থে। বিণ।

খতুয়া, খত্তো—জীর্ণ; ভগ্ন (কাষ্ঠাদি)। 'ক্ষত' শব্দজ। বিণ।

খতেন—খতিয়ান দ্রঃ।

খদির—১। খয়ের গাছ। খদ্+কিরণ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। খয়ের। খদির+অণ্ (লুক্) ভবার্থে। বি; ক্লীব।

খদ্দর—চরকা-কাটা সূতার হাতের তাঁতে বোনা একরকম মোটা কাপড়, খাদি। গুজরাটি। বি।

খদ্দের—খরিদদার, ক্রেতা। 'খরিদ্দার' শব্দজ। বি।

খদ্যোত—জ্যোতিরিঙ্গণ, জোনাকি; সূর্য্য খ—দ্যুত্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

খদ্যোতমালা—জোনাকিসকল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

খদ্যোতিকা—জ্যোতিরিঙ্গণ, জোনাকি খদ্যোত+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

খধূপ—হাউই, তারা-বাজি ইত্যাদি। খ—ধূপ্+অন্ কর্ত্তৃবা। বি; পুং।

খনক—১। খননকারী। খন্+অক (খন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—কী। ২। সিঁদেল চোর; ইন্দুর; খনি হইতে ধাতু মণি প্রভৃতি উত্তোলনকারী ব্যক্তি। বি; পুং।

খন্ খন্—মাটির হাঁড়ি বা ভাঙ্গা বাসন ইত্যাদিতে আঘাতজনিত শব্দ। দেশজ অব্য।

খন্‌খনিয়া, খন্‌খনে—খন্ খন্ আওয়াজ-বিশিষ্ট। দেশজ। বিণ।

খনন—মৃত্তিকাদি বিদারণ, খোঁড়া। খন্+অনট্ ভাববা। বি; ক্লীব।

খননীয়—খননযোগ্য, খননসাধ্য। খন্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

খনয়িত্রী—অস্ত্রবিশেষ, খুন্তী। ণিজন্ত খন (=খনি)+তৃন্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

খনা—১। জনৈকা প্রাচীনা বিদুষী রমণী। বি; স্ত্রী। ২। যে নাকে কথা বলে এরূপ। দেশজ। বিণ।

খনা-খনা—ঈষৎ খনা; আংশিক নাসিকা হইতে উচ্চারিত। দেশজ। বিণ।

খনি, খনী—আকর, যাহা খনন করিয়া ধাতু প্রভৃতি পাওয়া যায়; গর্ত্ত; উৎস, উৎপত্তিস্থল। খন্+ইন্ কর্ম্মবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

খনিজ—খনি হইতে উৎপন্ন। উপতৎ। খনি—জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

খনিত—খনন করা হইয়াছে এরূপ, খাত। দেশজ। বিণ।

খনিত্র—খননাস্ত্র, খন্তা, শাবল। খন্+ইত্র করণবা। বি; ক্লীব।

খন্তা, খোন্তা—খননাস্ত্র, খনিত্র। 'খনিত্র' শব্দজ। বি। [ক্ষুদ্রার্থে। বি।

খন্তি—রন্ধনকার্য্যে ব্যবহৃত খুন্তি। খন্তা+ই

খন্দ—১। রবিশস্য। 'কন্দ' শব্দজ। বি। ২। খানা, নিম্নভূমি। আর্বী। বি।

খন্দক—খানা, নালা, গর্ত্ত। আর্বী। প্রাঃ কবিপ্র। বি। [উৎপাদকার্থে। বি।

খন্দকার—শস্যসঞ্চয়ী ; কৃষক। খন্দ+কার

খপ্—ঝটিতি, শীঘ্র ; সহসা ; হঠাৎ ; সহসা পতনাদির অনুকরণ-শব্দ। দেশজ। অব্য।

খপর—সংবাদ। আর্বী 'খব্‌র্' শব্দজ। বি।

খপরা—১। খোলা, মৃৎপাত্রখণ্ড। 'খর্পর' শব্দজ। বি। ২। কুটীর। প্রাঃ কবিপ্র। বি।

খপুষ্প—আকাশকুসুম। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

খপোত—ব্যোমযান, এরোপ্লেন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [ক্রি-বিণ।

খপ্‌খপ্—শীঘ্র শীঘ্র। 'ক্ষিপ্র' শব্দজ।

খপ্পর—খর্পর, খোলা, খাপরা ; কৌশল, ফন্দি, কবল, ফাঁদ ; কোপ, কায়দা। 'খর্পর' শব্দজ। বি।

খপ্‌সুরৎ, খাপ্‌সুরৎ—সুশ্রী, সুন্দর। ফার্সী 'খুবসুরৎ' শব্দজ। বিণ। [বি।

খবর—সংবাদ, বার্ত্তা ; সন্ধান ; যত্ন। আর্বী।

খবরগীর—সংবাদদাতা ; সংবাদগ্রাহক ; বার্ত্তাবাহক ; গোয়েন্দা। আর্বী খবর+ফার্সী গীর। বি। [ভাবে। বি।

খবরগীরি—খবরগীরের কর্ম্ম। খবরগীর+ই

খবরদার—সাবধান, সতর্ক, হুঁসিয়ার। ফার্সী। বিণ।

খবরদারি, -দারী—সাবধানতা, সতর্কতা, হুসিয়ারী। খবরদার+ই, ঈ ভাবে। বি।

খবরাখবর—পরস্পর সংবাদ বিনিময় ; খোঁজখবর ; তত্ত্বাবধান। আর্বীমূলক। বি।

খবিশ, খবিস—১। [মুসলমান] ভূত বা প্রেত ; মামদো ভূত। বি। ২। অপরিচ্ছন্ন, নোংরা ; দুর্ব্বুদ্ধি, খল, দুষ্ট, কুচক্রী। আর্বী। বিণ।

খমধ্য—আকাশস্থ যে বিন্দু দর্শকের ঠিক মাথার উপর থাকে (Zenith). ৬ষ্ঠীতৎ। বি ; পুং বা ক্লীব।

খয়র-খাঁ, খয়ের-খাঁ—তোষামুদে, মোসাহেব। ফার্সী 'খয়ের-খোঁআ' শব্দজ। বিণ।

খয়রা—১। (পশ্চিমবঙ্গে) একপ্রকার তেলাল ক্ষুদ্র শুভ্র মৎস্য ; (পূর্ব্ববঙ্গে) খলিশা মাছ। বি। ২। খয়ের রঙের। দেশজ। বিণ।

খয়রাৎ, খয়রাত—বিনামূল্যে দান বা বিতরণ। আর্বী। বি।

খয়রাতী—দানঘটিত ; বিনামূল্যে লব্ধ। খয়রাত+ঈ সম্বন্ধার্থে। বিণ।

খয়া—১। ক্ষয়িত, ক্ষয়প্রাপ্ত। ক্ষয়্+আ কর্ত্তৃবা। বিণ। ২। ক্ষয়প্রাপ্ত হওয়া, ক্ষীণ হওয়া, ক্ষয় পাওয়া। 'ক্ষয়' শব্দজ। বাং ক্রি।

খয়ের—খদির। 'খদির' শব্দজ। বি।

খয়ের-খাঁ—খয়র-খাঁ দ্রঃ।

খর—১। শীঘ্র, ত্বরিত ; কঠোর, কঠিন ; উষ্ণ ; তীক্ষ্ণ ; তীক্ষ্ণস্পর্শ ; কর্কশ। খ+র আছে অর্থে। বিণ। স্ত্রী, খরা। ২। গর্দ্দভ ; অশ্বতর, খচ্চর ; কাক ; কুররপক্ষী ; কঙ্কপক্ষী ; কণ্টকি-বৃক্ষবিশেষ ; পশ্চিমদ্বার গৃহ ; ঘর্ম্ম। বি ; পুং।

খরজল—যে জলে সাবান গুলিলে ফেনা হয় না (Hard water).

খরকর—১। প্রখর কিরণ। কর্ম্মধা। ২। সূর্য্য। খর হইয়াছে কর যাহার, বহুব্রী। বি ; পুং।

খর-খর—তাড়াতাড়ি, দ্রুত ; বেশী ভাজা ; অতিরিক্ত লবণাক্ত ; বেশী শুক্‌না। দেশজ। বিণ।

খর-খরে—চঞ্চল ; প্রগল্‌ভ ; চালাক ; প্রখর। দেশজ। বিণ।

খরগ—খড়্গ। প্রাঃ কবিপ্র। বি।

খরগোশ, -গোস—শশক। ফার্সী। বি।

খরচ, খরচা—ব্যয়, অর্থ ; ধার, দেনা, কর্জ্জ। ফার্সী 'খর্‌চ্' শব্দজ। বি।

খরচপত্র, -পাতি—নানাপ্রকার ব্যয়। আর্বীমূলক। বি।

খরচান্ত—প্রায় নিঃশেষে খরচ ; অত্যধিক ব্যয়, বিস্তর খরচ। ৬ষ্ঠীতৎ। বি।

খরচিয়া, খরচী, খরচে—অকাতরে ব্যয়শীল ; মুক্তহস্ত ; অমিতব্যয়ী। খরচ+ইয়া, ঈ, এ শীলার্থে। বিণ।

খরতর—প্রখর, অত্যন্ত তীক্ষ্ণ। খর+তর অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—রা।

খরদূষণ—স্বনামখ্যাত রাক্ষসযুগল, রাবণের বৈমাত্রেয় ভ্রাতৃদ্বয়। খর ও দূষণ, দ্বন্দ্ব। বি।

খরধার—তীক্ষ্ণধার, খুব ধারাল। খর হইয়াছে ধার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

খরমুজ, খরমুজা—একপ্রকার সুগন্ধি ক্ষুদ্রকায় তরমুজ বা ফুটিজাতীয় ফলবিশেষ। ফার্সী 'খরবুজ্' শব্দজ। বি।

খরশর—১। তীক্ষ্ণ বাণ। কর্ম্মধা। বি ; পুং। ২। তীক্ষ্ণবাণবিশিষ্ট। খর হইয়াছে শর যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

খরশাণ—১। তীক্ষ্ণস্পর্শ শাণযন্ত্র। কর্ম্মধা। বি ; পুং। ২। তীক্ষ্ণধার, শাণিত, খুব ধারাল। বহুব্রী। বিণ।

খরশাল—১। রাসভশালা, গর্দ্দভালয়। 'খরশালা' শব্দজ। বি। ২। উগ্র, তীব্র ; উচ্চ। প্রাঃ কবিপ্র। বিণ।

খরশুলা, খরস্থলা—ক্ষুদ্রকায় মৎস্যবিশেষ খলসে মাছ। দেশজ। বি।

খরস্পর্শ—১। কঠোর স্পর্শ, তীব্র স্পর্শ। কর্ম্মধা। বি ; পুং। ২। তীব্রস্পর্শবিশিষ্ট ; অতি কঠিন। বহুব্রী। বিণ। স্ত্রী,—র্শা।

খরস্রোতঃ (—স্রোতস্), —স্রোত—অতি উৎকট প্রবাহ। কর্ম্মধা। বি ; ক্লীব।

খরস্রোতাঃ (—স্রোতস্), —স্রোতা—অত্যুৎকৃষ্ট স্রোতোবিশিষ্ট। খর হইয়াছে স্রোতঃ যাহার, বহুব্রী। বিণ।

খরা—১। খরিতা ইত্যাদি। খর দ্রঃ। খর+আপ্। বিণ ; স্ত্রী। ২। খরগোস, শশক ; আতপ, রৌদ্র ; গ্রীষ্ম ; সন্ধান, খোঁজ। প্রাদে। বি। '

খরাদ—কুঁদযন্ত্রে কাটিয়া গড়া। আর্বী। বি।

খরান—চুঁইয়া যাওয়া, পোড়া-পোড়া হওয়া ; অত্যধিক শুষ্ক হওয়া। বাং ক্রি।

খরিদ—ক্রয়, কেনা। ফার্সী। বি।

খরিদা—ক্রীত, কেনা। খরিদ+আ প্রাপ্ত অর্থে। বিণ।

খরিদদার, খরিদ্দার—ক্রেতা, ক্রয়কারী। ফার্সী খরিদ+দার করে অর্থে। বি।

খর্চা—খরচা (তাহা দ্রঃ)।

খর্জ্জ(র্জ)ন—কণ্ডূয়ন, চুলকান। খর্জ্জ+ +অনট্ ভাববা। বি ; ক্লীব।

খর্জু, খর্জূ—১। খেজুর গাছ ; একপ্রকার কীট। খর্জ+উ, উ কর্ত্তৃবা। ২। চুলকান। খর্জ +উ, উ ভাববা। বি ; স্ত্রী।

খর্জ্জু(র্জু)র, খর্জ্জূ(র্জূ)র—১। খেজুর গাছ ; বৃশ্চিক। খর্জ্জু, খর্জ্জূ—রা+ক কর্ত্তৃবা। বি ; পুং। ২। খেজুর ফল। বি ; ক্লীব।

খর্জ্জু(র্জু)রী, খর্জ্জূ(র্জূ)রী—খেজুর গাছ। খর্জ্জুর, খর্জ্জূর+ঈপ্। বি ; স্ত্রী।

খর্পর—১। কপাল, মাথার খুলি ; চোর ; ধূর্ত্ত ; শঠ ; ভিক্ষাপাত্র ; খাপরা। কৃপ্+অরন্ কর্ত্তৃবা (ক-স্থানে খ)। বি ; পুং। ২। কাজল। বি ; ক্লীব।

খর্ব্ব(র্ব)—১। কুবেরের নিধিবিশেষ। বি ; পুং। ২। বামন, বেঁটে। খর্ব্ব্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, খর্ব্বা।

খর্ব্ব(র্ব)কায়—১। ক্ষুদ্র দেহ, খাট শরীর। কর্ম্মধা। বি ; পুং। ২। বামনাকার, বেঁটে। খর্ব্ব কায় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

খর্ব্বা(র্বা)কার, খর্ব্বা(র্বা)কৃতি—১। বামনবৎ আকারবিশিষ্ট, বেঁটে। খর্ব্ব হইয়াছে আকার বা আকৃতি যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—(১ম পক্ষে)-রা। ২। বেঁটে চেহারা। খর্ব্ব আকার বা আকৃতি, কর্ম্মধা। বি ; পুং, স্ত্রী।

খল—১। হিংস্র, পরশ্রীকাতর ; দুর্জ্জন ; অন্ত্যজ, নীচ ; নিষ্ঠুর, ক্রুর। খল্+অচ্ কর্ত্তৃবা।

বিণ। স্ত্রী, খলা। ২। ভূমি, মৃত্তিকা, স্থান; ধান মাড়িবার খামার। খল্+অচ্ অধিবা। ৩। তৈলের কল্ক বা সিটা; মল; জঞ্জাল। খল্+ক ঘঞর্থে কর্ম্মবা। বি; ক্লীব। ৪। ঔষধমর্দ্দনার্থ পাত্র। 'খল্ল' শব্দজ। বি।

খলখল—হাস্যধ্বনি প্রভৃতির অনুকরণ-শব্দ। দেশজ। অব্য।

খলখলা—খলখল শব্দ করা; উচ্চ শব্দে হাস্য করা। কবিপ্র। ক্রি।

খলতা—নীচতা; ক্রূরতা; হিংসা; দুর্জ্জনতা। খল+তা ভাবার্থে। বি; স্ত্রী।

খলতি—১। টাকবিশিষ্ট। খল্+অতি কর্ত্তৃবা। বিণ। ২। মাথার টাক। খল্+অতি ভাববা। বি; পুং।

খলপা—চাঁচ, দরমা; শস্যাধারবিশেষ; গুলফসন্ধি। প্রাদে। বি।

খলশিয়া (খলশে)—ক্ষুদ্র মৎস্যবিশেষ, খলশে মাছ। 'খলিশ' শব্দজ। বি।

খলি—খইল, তৈলাদির শিটে। খল্+ইন্ কর্ম্মবা। বি; পুং।

খলিত—১। টাকবিশিষ্ট। স্খল্+ক্ত কর্ত্তৃবা (নিপা)। বিণ। স্ত্রী,—তা। ২। স্খলিত। প্রাঃ কবিপ্র। বিণ।

খলিফা—মুসলমানদিগের প্রধান ধর্ম্মগুরু, তুরস্কের সুলতানের উপাধি; সুনিপুণ শিল্পী; ওস্তাদ; দর্জি। আরবী। বি।

খলিশ—খলিশা মাছ। খ—লিশ্+ক কর্ত্তৃবা। বি; পুং।

খলীন—অশ্বের মুখরজ্জু, বল্গা। খে (মুখে) লীন, ৭মীতৎ। বি; ক্লীব।

খলেকপোত—ন্যায়বিশেষ। বি; পুং।

খলেকপোতিকা—ন্যায়বিশেষ। ন্যায় দ্রঃ। বি; স্ত্রী।

খল্ল—চর্ম্ম; চাতক; ঔষধ মাড়িবার খল। খল্—লা+ক কর্ত্তৃবা। বি; পুং।

খশখশ, খসখস—১। পোস্তগাছ। বি; পুং। ২। বেণার মূল; কাগজ খড় প্রভৃতি ঘষার শব্দ; একপ্রকার তৃণের তৈয়ারী পর্দ্দা [ইহা গ্রীষ্মকালে জলে ভিজাইয়া টাঙ্গানো হয়]। দেশজ। বি; ক্লীব।

খসখসানি—খসখস শব্দ। দেশজ। বি।

খসখসে—অমসৃণ, বন্ধুর। খসখস+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

খসড়া—পাণ্ডুলিপি; প্রথম লিপি; মুসাবিদা। আরবী। বি।

খসত—১। স্খলিত, গলিত। বিণ। ২। স্খলিত হয়; গলিয়া পড়ে। প্রাঃ কবিপ্র। ক্রি। [ভাববা। বি।

খসন—ক্ষরণ, পৃথক্ হওয়া। [illegible]+অন

খসম—ভর্ত্তা, পতি। আরবী। বি।

খসা—স্খলিত হওয়া, চ্যুত হওয়া, খুলিয়া পড়িয়া যাওয়া, নির্গত হওয়া, বাহির হইয়া পড়া (যেমন মুখ থেকে কথা); (অর্থ) খরচ হওয়া। বাং ক্রি।

খসান—স্খলিত করা, চ্যুত করা, খুলিয়া ফেলা, নির্গত করা। বাং ক্রি।

খাই—১। খাল, গর্ত্ত, গভীরতা। 'খাত' শব্দজ। ২। সূতার গুণ বা এক এক গাছি; সূতার মুখ। 'ক্ষেপ' শব্দজ। ৩। খাওয়া। বাং 'খা' ধাতুজ। বি। ৪। ভক্ষণ করি। ক্রি। [৬ষ্ঠীতৎ। বি।

খাই-খরচ—খাওয়ার খরচ, খোরাকি।

খাই-খাই করা—সর্ব্বদা খাইবার জন্য ব্যগ্রতা প্রকাশ করা। ক্রি।

খাই-খালাসী—জমির ফসল হইতে ঋণ-শোধের শর্ত্তবিশিষ্ট। ৩য়াতৎ। বিণ।

খাইদ, খাদ—মল, শিটা, কাইট; উৎকৃষ্ট ধাতুর সহিত মিশ্রিত নিকৃষ্ট ধাতু; পাথুরিয়া কয়লা প্রভৃতির খনি। দেশজ। বি।

খাইয়ে—ভোজনে পটু, যে খুব খাইতে পারে এমন। খা+ইয়ে (∠উইয়া) নিপুণার্থে। বিণ।

খাওয়া—ভোজন বা ভক্ষণ করা, আহার করা; সেবন করা; ভোগ করা। বাং ক্রি।

খাওয়া-দাওয়া—আহারাদি ক্রিয়া। দ্বন্দ্ব। বি।

খাওয়ান—ভোজন করান ; খাইতে দেওয়া। বাং। ক্রি।

খাংরা, খেংরা—ঝাঁটা। দেশজ। বি।

খাংরান, খেংরান—ঝাঁটা মারা। বাং ক্রি।

খাঁ—জ্ঞানী, পণ্ডিত, শিক্ষিত ব্যক্তি ; মুসলমান-দিগের সম্মানসূচক উপাধি। তুর্কী 'খান' শব্দজ। বি। [দেশজ। বি।

খাঁই, খাঁক—আকাজ্ঞা, লোভ ; দাবী।

খাঁকতি—অনটন, অপ্রতুলতা, অভাব ; লোভ। খাঁই। দেশজ। বি।

খাঁকার, খাঁকারি—১। গলা ঝাড়ার শব্দ ; কৃত্রিম কাশি। দেশজ। বি। ২। নিন্দা, অখ্যাতি, অপযশ, দুর্নাম, কলঙ্ক। প্রাঃ কবিপ্র। বি। [অব্য।

খাঁ-খাঁ—শূন্যতাপ্রকাশ ; ভীতিপ্রকাশ। দেশজ।

খাঁখার—কলঙ্ক ; নিন্দা। প্রাঃ কবিপ্র। বি।

খাঁখারী—কলঙ্কিনী। প্রাঃ কবিপ্র। বিণ ; স্ত্রী। [বি।

খাঁচা—পিঞ্জর, পিঁজরা। 'কক্ষিকা' শব্দজ।

খাঁজ—কাটা দাগ ; করাতের দাঁতের মত গহ্বর ; রেখা ; বহির্গত অংশ। 'খাত' শব্দজ। বি।

খাঁটি, খাঁটী—প্রকৃত, আসল ; অবিমিশ্র, বিশুদ্ধ ; ন্যায়বান্ (লোক) ; সার ; মূল্যবান্ (কথা)। দেশজ। বিণ। [বি।

খাঁড়—খণ্ড, শক্ত দানাদার গুড়। 'খণ্ড' শব্দজ।

খাঁড়া—খড়্গ। 'খড়্গ' শব্দজ। বি।

খাঁড়াতী—খড়্গী, খড়্গের আঘাতে পশুবধ-কারী। 'খণ্ডাতি' শব্দজ। বি।

খাঁড়ি—খাঁটি, আদত, গোটা, আস্ত। হিন্দী। বিণ। [বিণ। স্ত্রী; খাঁদী।

খাঁদা—নতনাসিক, চেপ্টা-নেকো। দেশজ।

খাক—ভস্ম, ছাই। ফার্সী। বি।

খাকি, খাকী—১। ছাইয়া রঙ, ভস্মবর্ণ ; ঐ রঙের বা ঘোর বাদামী, পিঙ্গল বা কপিশ কাপড় বা পোষাক। ফার্সী। বি। ২। ভক্ষণকারিণী। (নিন্দা অর্থে উপপদ সমাসে প্রযুক্ত—ভালো'খাকি', ভাতার'খাকী'।) দেশজ। বিণ ; স্ত্রী।

খাকসার—অধম ; সেবক। আর্বী। বিণ।

খাগ—শর, নল ; শরের কলম। দেশজ। বি।

খাগড়া—১। শর, নল। দেশজ। বি। ২। মুর্শিদাবাদ জেলার অন্তর্গত একটী স্থান, (ইহা উৎকৃষ্ট কাঁসার বাসনের জন্য প্রসিদ্ধ)। বি। বিণ. খাগড়াই।

খাগড়াই—মুর্শিদাবাদের খাগড়ায় উৎপন্ন। খাগড়া+ই উৎপন্নার্থে। বিণ।

খাগী—খাকি:(২য় অর্থে) (তাহা দ্রঃ)।

খাঙরা, খেঙরা—সম্মার্জ্জনী, ঝাঁটা। দেশজ। বি।

খাজনা—খাজানা দ্রঃ।

খাজা—১। মিষ্টান্নবিশেষ। 'খাজ্জিক' শব্দজ। বি। ২। শক্ত, কচ্‌কচে কোষযুক্ত (যেমন কাঁঠাল) ; নিরেট, আকাট, কঠিন। দেশজ। বিণ।

খাজাঞ্চি, খাজাঞ্চী, খাতাঞ্চী—খাজনার জিম্মাদার, কোষাধ্যক্ষ, ধনরক্ষক:(Treasurer, Cashier). আর্বী খাজানাহ্+তুর্কী চী। বি।

খাজানা, খাজনা—ভূমির রাজস্ব, প্রজার দেয় কর। আর্বী 'খাজানাহ্' শব্দজ। বি।

খাজানাখানা—খাজানা জমা রাখিবার স্থান ; কোষাগার। ৬ষ্ঠীতৎ। বি।

খাজুর—খর্জ্জুর। 'খর্জ্জুর' শব্দজ। বি।

খাওা—খাইয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

খাঞ্জা-খাঁ—খুব চা'লবাজ, যে বেজায় নবাবী চা'ল দেখায়। ফার্সী 'খানজাহান খাঁ' হইতে উৎপন্ন। বি।

খাট—১। খট্বা, পর্য্যঙ্ক, খাটিয়া। 'খট্বা' শব্দজ। বি। ২। ছোট, খর্ব্ব, ন্যূন, হীন। দেশজ। বিণ। ৩। পরিশ্রম কর, কাজ কর। বাং ক্রি।

খাটনি, খাটুনি—পরিশ্রম, মেহনত। খাট্+অনি, উনি ভাববা। বি।

খাটলি, খাটুলি—ছোট খাট ; ডুলি,

শিবিকা ; শববান, মড়ার খাট। খাট+অলি, উলি ক্ষুদ্রার্থে। বি।

খাটা—১। পরিশ্রম করা, মেহনত করা, কর্ম্ম করা ; যত্ন বা চেষ্টা করা ; মাপসই হওয়া ; ব্যবসা ইত্যাদিতে লাগান। বাং ক্রি। ২। অম্ল, টক। হিন্দী। বিণ। **খাটা পায়খানা** —যে পায়খানায় মেথর খাটে।

খাটাই—অম্ল, টক। হিন্দী। বিণ।

খাটান—পরিশ্রম করান, কর্ম্ম করান ; টাঙ্গান, টাঙানো। বাং ক্রি।

খাটাল—১। গহ্বর, গর্ত্ত ; অবকাশ ; মধ্যস্থল, অন্তর। দেশজ। বি। ২। পশুশালা। হিন্দী। বি।

খাটি, খাটী—শবদেহ বহন করিবার খাট। 'খট্টা' শব্দজ। বি।

খাটিয়া—ছোট খাট ; মড়ার খাট। 'খট্টিকা' শব্দজ। বি। [বিণ।

খাটিয়ে—পরিশ্রমী। খাট্+ইয়ে কর্ত্তৃবা।

খাটুনি—খাটনি দ্রঃ।

খাটুলি—খাটলি দ্রঃ।

খাটো—বেঁটে ; নীচু (গলা) ; হীন (হওয়া)। দেশজ। বিণ।

খাট্টা—খাটা, অম্ল, টক। হিন্দী। বিণ।

খাড়া—১। দণ্ডায়মান, সরলোন্নত ; সোজা ; পুরা ; দর্শনমাত্রে বা তৎক্ষণাৎ পরিশোধ্য (যেমন, 'খাড়া হুণ্ডি')। হিন্দীমূলক। বিণ। ২। ডাঁটা। দেশজ। বি। [বি।

খাড়াই—উচ্চতা। খাড়া+ই পরিমাণার্থে।

খাড়ি—যে সঙ্কীর্ণ সাগরাংশ উপকূলভাগে প্রবেশ করিয়াছে তাহা। দেশজ। বি।

খাড়্গিক—খড়্গধারণকারী। খড়্গ+ইক ধারণকারী অর্থে। বি। স্ত্রী,—কী।

খাণ্ডব—মহাভারতোক্ত ইন্দ্রপ্রস্থ-সন্নিহিত প্রদেশ। [এইখানে খাণ্ডববন নামে প্রসিদ্ধ অরণ্য ছিল]। খণ্ড+অণ্ স্বার্থে+ব আছে অর্থে। বি ; পুং।

খাণ্ডবদাহন—খাণ্ডব-নামক প্রসিদ্ধ বন দগ্ধ করান। ৬ষ্ঠীতৎ ; বি ; ক্লীব।

খাণ্ডবারণ্য—খাণ্ডববন। খাণ্ডব-নামক অরণ্য, মধ্যপ কর্ম্মধা। ত্রি ; ক্লীব।

খাণ্ডা—খাঁড়া, খড়্গ। প্রাঃ কবিপ্র। বি।

খাণ্ডার—১। কলহ, ঝগড়া, কোন্দল। প্রাদে। বি। ২। কলহপ্রিয়, উগ্রপ্রকৃতি। দেশজ। বিণ।

খাত—১। পুষ্করিণী ; গর্ত্ত। খন্+ক্ত কর্ম্মবা। বি ; ক্লীব। ২। খনন করা হইয়াছে এরূপ, খনিত। বিণ। স্ত্রী, খাতা।

খাতক—১। গর্ত্ত ; পরিখা, খানা। খাত+কন্ সংজ্ঞার্থে। বি ; ক্লীব। ২। অধমর্ণ, ঋণী। 'খাদক' শব্দজ। বি ; পুং। ৩। খনক ; পরসৈন্যবিদারক। খাত—কৃ+ড কর্ত্তৃবা। বি ; পুং।

খাতকী—ঋণদানসংক্রান্ত, তেজারতী। খাতক+ঈ সম্বন্ধার্থে। বিণ।

খাতকী-কারবার—লগ্নী-কারবার, তেজারতী বা মহাজনী ব্যবসা। কর্ম্মধা। বি।

খাতা—একত্র গ্রথিত কাগজখণ্ডসমূহ, বহি, হিসাব-বহি ; একখানা লাঙ্গলে চষিবার উপযুক্ত জমি ; কিতা ; ভূমিখণ্ড। ফার্সী। বি।

খাতাঞ্চী—খাজাঞ্চী দ্রঃ।

খাতাপত্র—পাঁজিপুঁথি ; হিসাবের বই প্রভৃতি। ফার্সীমূলক। বি।

খাতাবন্দী—১। খাতা দ্বারা করনির্দ্ধারণ প্রণালী। বি। ২। খাতায় লিখিত, খাতায় নির্দ্দিষ্ট। ফার্সীমূলক। বিণ।

খাতির—সমাদর, সম্ভ্রম, সম্মান ; অনুরোধ ; নিমিত্ত ; ইচ্ছা। আর্বী। বি।

খাতিরজমা—১। নিশ্চিন্ত। আর্বীমূলক। বিণ। ২। নিশ্চিন্তভাব ; নির্ভীকতা। বি।

খাতিরদারি—সমাদর করা, শ্রদ্ধাপ্রদর্শন। আর্বীমূলক। বি।

খাতুন, খানাম, খানুম—মুসলমান মহিলার নামান্ত বা পদবীবিশেষ। তুর্কী। বি।

খাদ—১। খাত ; নালা, গহ্বর, গভীরতা ;

নিম্ন সুর। 'খাত' শব্দজ। বি। ২। পা'ন; এক ধাতুর সহিত মিশ্রিত অন্য ধাতু। হিন্দী। বি।

খাদক—১। ভক্ষক। বিণ। স্ত্রী, –দিকা। ২। অধমর্ণ, ঋণী। খাদ্+ণক কর্তৃবা। বি; পুং।

খাদন—১। ভক্ষণ। খাদ্+অনট্ ভাববা। ২। দন্ত। খাদ্+অনট্ করণবা। বি; ক্লীব।

খাদা—এক লাঙ্গলে চষিবার উপযুক্ত ভূমি, প্রায় ১৬ বিঘা। * প্রাদে। বি।

খাদি—অতি ছোট কাপড়; বস্ত্রখণ্ড; ন্যাকড়া; খদ্দর। 'ক্ষুদ্র' শব্দজ। বি।

খাদিত—ভক্ষিত। খাদ্+ক্ত কর্মবা। বিণ। স্ত্রী, –তা।

খাদিম, খাদেম—সেবক, ভৃত্য; ঈশ্বর-সেবক, দেবতার সেবাইত। আর্বী। বি বা বিণ।

খাদ্য—১। ভোজ্য, ভক্ষ্য, খাওয়ার যোগ্য। খাদ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। ২। আহার্য্য বস্তু। বি; ক্লীব।

খাদ্যখাদক—১। খাদ্যভোজনকারী। ৬ষ্ঠী-তৎ। বি; পুং। ২। আহার্য্য বস্তু বা প্রাণী ও তাহার ভক্ষক। দ্বন্দ্ব। বি; পুং।

খাদ্যপ্রাণ—খাদ্যবস্তুতে বর্ত্তমান জীবনীশক্তি-বিধায়ক পদার্থ (Vitamin). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

খাদ্যভাণ্ডার—যে স্থানে আহারের দ্রব্য সঞ্চিত থাকে। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

খাদ্যমন্ত্রক—খাদ্য উৎপাদন সরবরাহ ইত্যাদির ভারপ্রাপ্ত সরকারী মন্ত্রিবিভাগ (Food Ministry). খাদ্যবিষয়ক মন্ত্রক, মধ্যপ কর্ম্মধা। বি।

খাদ্যশস্য—খাবার ফসল প্রভৃতি, কৃষিজাত আহার্য্যসামগ্রী (Food-grains). কর্ম্মধা। বি; ক্লীব।

খাদ্যাখাদ্য—খাইবার যোগ্য ও অযোগ্য বস্তু। দ্বন্দ্ব। বি; ক্লীব।

খান—১। খণ্ড; টুকরা; সংখ্যাপরিমাণ। 'খণ্ড' শব্দজ। ২। মুসলমানী উপাধিবিশেষ, খাঁ। তুর্কী। বি। ৩। স্থান। ফার্সী। বি।

খানকতক—কয়েকটা, কয়েক খণ্ড। দেশজ। বিণ।

খানকা, খানাকা—১। অনর্থক, অ-হেতুক; বৃথা; হঠাৎ, আচম্বিতে। ফার্সী 'খানখোরা' শব্দজ। ক্রি-বিণ।

খানকি, খানকী—বেশ্যা। ফার্সী। বি; স্ত্রী।

খানকীপনা—বেশ্যার হাবভাব। খানকী+পনা ভাবার্থে। বি।

খানদান—বংশ; উচ্চবংশ। ফার্সী। বি।

খানদানী—উচ্চবংশীয়। খানদান+ঈ জাতার্থে। বিণ।

খানসামা—সামান্য ভৃত্য, খিদমৎগার, কিঙ্কর, দাস। ফার্সী 'খান-ই-সামন্' শব্দজ। বি।

খানা—১। গর্ত্ত, গহ্বর; নালা। পোর্তুগীজ 'Cana' শব্দজ। বি। ২। ভোজন, আহার; ভোজ; স্থান, গৃহ। ফার্সী। বি। ৩। (সংখ্যাবাচক শব্দের বা বিশেষ্যের পরে বসিলে) টি, টা। 'খণ্ড' শব্দজ। বি।

খানাতল্লাস—বাসস্থানে কি কি দ্রব্য আছে, কোনও বিরুদ্ধ বা অপরাধজনক দ্রব্যাদি আছে কি না, ইত্যাদি বিষয়ের অনুসন্ধান। ৬ষ্ঠীতৎ। বি।

খানাতল্লাসী—খানাতল্লাসসংক্রান্ত, খানাতল্লাসবিষয়ক। খানাতল্লাস+ঈ সম্বন্ধার্থে। বিণ।

খানাপিনা—ভোজন ও পান, পান-ভোজন, খাওয়া-দাওয়া। দ্বন্দ্ব। ফার্সী। বি।

খানাবাড়ী—বসতবাটী, বাসভবন। ফার্সী। বি।

খানি, খানী—১। খনি, আকর। খন্+ইন্ অধিবা; পক্ষে তদুত্তরে ঈ। বি; স্ত্রী। ২। খণ্ড, খান, খানা। 'খণ্ড' শব্দজ। বি।

খানিক—১। কতকটা, কিঞ্চিৎ, কিছু। দেশজ। বিণ। ২। অল্পকাল, কিছু সময় 'ক্ষণেক' শব্দজ। বি।

খানুম—খাঁ-পত্নী; মুসলমান মহিলার উপাধি। তুর্কী। বি।

খাপ—অস্ত্রাদির কোষ বা আবরণ; ঠাস-বুনন; ঐক্য, মিল, সামঞ্জস্য, (যেমন খাপ-ছাড়া, খাপ-খাওয়া)। দেশজ। বি।

খাপছাড়া—সামঞ্জস্যরহিত, মিলশূন্য, বে-মানান; অসংলগ্ন, অপ্রাসঙ্গিক। খাপ ছাড়িয়াছে যাহা, উপতৎ। বিণ।

খাপরা, খাবরা—ভগ্ন-ভাণ্ড-খণ্ড, খোলা; ঘর-ছাওয়া খোলা। 'খর্পর' শব্দজ। বি।

খাপা—খাপ খাওয়া, মিলিয়া যাওয়া। বাং ক্রি। [গছান। বাং ক্রি।

খাপান—খাপ খাওয়ান, মানান; কাটান;

খাপি, খাপী—পুরু, মোটা, ঠাসবোনা (বস্ত্রাদি)। দেশজ। বিণ।

খাপ্পা—ক্রুদ্ধ। ফার্সী। বিণ।

খাবল—গ্রাস; দংশন; থাবা, মুষ্টি, মুঠা। 'কবল' শব্দজ। বি।

খাবলা—থাবা, মুষ্টি, মুঠা; থাবার পরিমাণ। 'কবল' শব্দজ। বি।

খাবলান—খাবল দেওয়া, হাত দিয়া তুলিয়া লইতে যাওয়া; খাবল মারা, ছোবলান। বাং ক্রি।

খাবার—১। খাইবার, ভোজনযোগ্য, খাদ্য। বিণ। ২। খাদ্যদ্রব্য; মিষ্টান্নাদি জলখাবার দ্রব্য। 'খাইবার' শব্দের সংক্ষেপ। বি।

খাবি—মৎস্যদিগের জলপানকালীন বদন-ব্যাদান; মনুষ্যদিগের মৃত্যুকালে তদাকার মুখব্যাদান, অন্তঃশ্বাস। দেশজ। বি।

খাম—১। অপক্ব, কাঁচা, অপুষ্ট; অপকৃষ্ট, মন্দ। দেশজ। বিণ। ২। ঘরের খুঁটি, থাম। 'স্তম্ভ' শব্দজ। ৩। পত্রাদির আবরণ, লেফাফা; আবরণমাত্র। ফার্সী। বি। ৪। আলুবিশেষ, মেটে আলু। প্রাদে। বি।

খামকা, খামখা—অনর্থক; সহসা। ফার্সী 'খো-আম-খোয়া' শব্দজ। ক্রি-বিণ।

খামখেয়াল—ইচ্ছামত কার্য্য করা; চঞ্চল-চিত্ততা। ফার্সী। বি।

খামখেয়ালী—চঞ্চলচিত্ত, ইচ্ছামত কার্য্য-কারী। ফার্সীমূলক। বিণ।

খামচা-খামচি—পরস্পর নখাঘাত। দেশজ। বি।

খামচান—খামচা দেওয়া, নখাঘাত করা, চিমটান। বাং ক্রি।

খামটি, খামাটি, খামুটি—দন্তে দন্তে সংযোগ, দন্তদ্বারা অধরপীড়ন; মালসাট, মাল-কোঁচা। দেশজ। বি।

খামার—শস্যাঙ্গন, মাঠ হইতে শস্য আনিয়া রাখিবার ও ঝাড়ামাড়া করিবার স্থান। হিন্দী। বি।

খামারজমি, —জমী—ভূস্বামীর নিজ আবাদী জমি। ৬ষ্ঠীতৎ। বি।

খামিরা—গুড় দিয়া পচান তামাক, মশলা-দার তামাক; গাঁজ, খামি, পচাইবার বীজ। দেশজ। বি। [বি।

খাম্বা—স্তম্ভ; খুঁটি। 'স্তম্ভ' শব্দজ। হিন্দী।

খাম্বাজ—রাগিণী-বিশেষ। বি।

খাম্বিরা—মসলাযুক্ত ও সুবাসিত (তামাক)। আর্বী 'খমীর্' শব্দজ। বি।

খারাপ, খারাব—মন্দ, নিকৃষ্ট, নোঙরা; দূষিত, পচা; মূল্যহীন, অকিঞ্চিৎকর; অশ্লীল; কর্কশ; অসুস্থ (দেহ, মন ইত্যাদি); অশুভ। আর্বী 'খরাব্' শব্দজ। বিণ।

খারি, খারী—ধান্যাদি শস্যের পরিমাণ-বিশেষ; চারি দ্রোণ পরিমাণ। খ—আ—রা+ক কর্তৃবা+স্ত্রীলিঙ্গে ঈপ্ (বিকল্পে ঈকার হ্রস্ব)। বি; স্ত্রী।

খারিজ—১। ত্যাগ, বর্জ্জন, পরিবর্ত্তন; বাদ; এক প্রজার নাম হইতে অন্য প্রজার নামে জমিজমার পরিবর্ত্তন। আর্বী। বি। ২। বাতিল। বিণ।

খারিজ-দাখিল—এক প্রজার জমিজমা অন্য প্রজার নামে পরিবর্ত্তন। আর্বী। বি।

খারিজা—খারিজ করা হইয়াছে এরূপ। খারিজ্+আ কৃতার্থে। বিণ।

খারিজী—খারিজসম্বন্ধীয়; খারিজ করিবার জন্য দেয়। খারিজ+ঈ সম্বন্ধার্থে। বিণ।

খারুয়া—রঞ্জিন ও মোটা কার্পাস বস্ত্র, গদি

বালিশ ইত্যাদির খোল তৈয়ারী করিবার কাপড়। দেশজ। বি।

খাল—১। খাত, খানা, গহ্বর, নিম্নভূমি; পরিখা; পয়োনালী (Canal). 'খল্ল' শব্দজ। ২। চামড়া; খিল, খালি বা অঙ্গের আড়ষ্ট ভাব (Cramp). দেশজ। বি।

খালই, খালুই—মৎস্যাদি ধুইবার বা রাখিবার ছিদ্রময় পাত্র। প্রাদে। বি।

খাল খেঁচা—১। চামড়া ছাড়ান। ২। উত্তমমধ্যম প্রহার দেওয়া (ব্যঙ্গোক্তি)। দেশজ। ক্রি।

খালসা—খাস-মহাল; রাজস্ববিভাগের দপ্তর; শিখ সম্প্রদায়বিশেষ। বৈদে। বি।

খালা—পিতৃব্যপত্নি, পিশা। বৈদে। বি।

খালাস—১। মুক্তি, নিস্তার, অব্যাহতি, ছাড়, রেহাই; স্বস্তি, আরাম, আয়েস; সন্তান-প্রসব। বি। ২। মুক্ত, দায়মুক্ত, নিস্তার-প্রাপ্ত; শূন্য (যেমন, ঘর খালাস করা)। আর্বী 'আখ্‌লাস' শব্দজ। বিণ।

খালাসপত্র—মুক্তিপত্র, ছাড়পত্র। খালাস-জ্ঞাপক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি।

খালাসী—১। মুক্তিদত্ত, ছাড়-দেওয়া, রেহাই-দেওয়া। বিণ। ২। খালাস, মুক্তি। বি। ৩। ভারতীয় নাবিক, লস্কর; কুলী ইত্যাদি। 'আর্বীমূলক'। বি।

খালি—শূন্য, রিক্ত; শুধু। আর্বী। বিণ।

খালি খালি—অকারণ, অনর্থক। দেশজ। ক্রি-বিণ। [বি; ক্লীব।

খালিত্য—টাক। খলিত + ষ্ণ্য ভাবার্থে।

খালুই—খালই দ্রঃ।

খাস—নিজ, স্বকীয়, আপনার অধিকারভুক্ত; বিশিষ্ট (Special). আর্বী। বিণ।

খাস আপীল—বিশেষ (Special) আপীল। কর্ম্মধা। বি।

খাসকামরা—আদালতে বিচারক ইত্যাদির নিভৃত বিশ্রামাগার। কর্ম্মধা। বি।

খাস-খামার—ভূস্বামীর নিজ আবাদী জমি। কর্ম্মধা। বি।

খাস-তহশীল—জমিদার প্রভৃতির নিজ তত্ত্বাবধানে খাজানা আদায়। কর্ম্মধা। বি।

খাস-নবীশ—ব্যক্তিগত কার্য্যপরিচালক (Private-Secretary). আর্বীমূলক। বি।

খাস-মহল, -মহাল—যে মহাল বা মৌজা প্রজাবিলি হয় নাই, ভূস্বামীর বা রাজ-সরকারের নিজ জিম্মায় আছে এরূপ জমি। কর্ম্মধা। বি। [বিণ।

খাসা—উত্তম, উৎকৃষ্ট, উপাদেয়। আর্বী।

খাসি, খাসী—১। ছিন্নমুষ্ক। বিণ। ২। ছিন্নমুষ্ক জন্তু। আর্বী 'খস্‌সী' শব্দজ। বি।

খাস্ত—বিরত, নষ্ট, মন্দ; অশ্লীল; বিলুপ্ত। ফার্সী। বিণ।

খাস্তা—খাস্ত, বিকৃত, নষ্ট; উৎকৃষ্ট, উত্তম, খাসা; প্রচুর ঘিয়ের ময়ান দেওয়া, মচ্‌মচে (যেমন, 'খাস্তা কচুরি')। ফার্সীমূলক। বিণ।

খিঁচ—গোশালার তরল মল; কাঁকর; অসম্পূর্ণতা, ত্রুটি; মনোমালিন্য। দেশজ। বি।

খিঁচা—আকর্ষণ করা, টানা। বাং ক্রি।

খিঁচান—১। টানান। হিন্দী। ২। (দাঁত) বাহির করিয়া ভ্রুকুটী করা। দেশজ। ক্রি।

খিচ—খিঁচ (তাহা দ্রঃ)।

খিচ-খিচ—অস্বস্তিবোধ, ভর্ৎসনা, বিরক্তি ইত্যাদিসূচক শব্দ। দেশজ। অব্য।

খিচড়ান—খিচুড়ি পাকান; বিগড়াইয়া যাওয়া; নষ্ট করিয়া ফেলা বা নষ্ট হইয়া যাওয়া। বাং ক্রি।

খিচড়ি, খিচুড়ি—১। খেচরান্ন, খিচরান্ন, চাউল ও ডাল মিশ্রিত অন্নবিশেষ। 'কৃশর' শব্দজ। ২। নানা বস্তুর বা বিষয়ের বিশৃঙ্খল সংমিশ্রণ। বি।

খিচনি, খিচুনি—ভেংচানি। দেশজ। বি।

খিচনি, খেঁচুনি—আক্ষেপ (Convulsion). দেশজ। বি।

খিচিখিচি, খিচিমিচি—কচকচি, নিরন্তর বকাবকি ভর্ৎসনা বিরক্তিপ্রকাশক শব্দ। দেশজ। অব্য।

খিট্‌কাল—ব্যাঘাত, বিঘ্ন; ঝঞ্ঝাট, লেঠা, গোলযোগ। প্রাঃ কবিপ্র। বি।

খিট্‌খিট্—বকা ধমকান ভর্ৎসনা বিরক্তি বা ক্রোধ প্রকাশক শব্দ। দেশজ। অব্য।

খিট্‌খিটে—সর্ব্বদা খিট্‌খিট্‌কারী; নিয়ত অসন্তোষ প্রকাশকারী; বদ্‌মেজাজী। খিট্‌খিট্‌+এ (∠ইয়া) শীলার্থে। বিণ।

খিড়কী—পশ্চাৎদ্বার, গুপ্তদ্বার; খড়খড়ি; জানালা; বাতায়ন। 'খড়কী' শব্দজ। বি।

খিতাব, খেতাব—উপাধি। আর্বী। বি।

খিদমৎ, খেদমৎ—পরিচর্য্যা, সেবা। আর্বী। বি।

খিদমদ্‌গার, খেদমদ্‌গার—পরিচারক, সেবক, ভৃত্য। আর্বী। বি বা বিণ।

খিদমদ্‌গারী, খেদমদ্‌গারী—সেবকত্ব, ভৃত্যত্ব, খানসামাগিরি, পরিচর্য্যা, পরসেবা। খিদমদ্‌গার, খেদমদ্‌গার+ঈ কর্ম্মার্থে। বি।

খিদ্যমান—খেদ বা দুঃখ প্রকাশ করিতেছে এরূপ, দুঃখিত। খিদ্‌+শানচ্ কর্ত্তৃবা। বিণ।

খিন্ন—পরিশ্রান্ত; দুঃখিত; অলস। খিদ্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী. খিন্না। [ক্রি।

খিমচান—খিমচি বা চিমটি কাটা। বাং

খিমচি—চিম্‌টি। দেশজ। বি।

খিরকিচ—লেঠা, ঝঞ্ঝাট, দায়, মুস্কিল, গোলযোগ, ব্যাঘাত। প্রাদে। বি। [বি।

খিরাজ, খেরাজ—কর, খাজানা। আর্বী।

খিল—১। দুর্গম, অকৃষ্ট (ক্ষেত্রাদি); পরিশিষ্ট। খিল্‌+ক কর্ত্তৃবা। বিণ। ২। কপাটাদির অর্গল, হুড়কা; হাত-পায়ের আড়ষ্টভাব। 'কীল' শব্দজ। বি।

খিলখিল—হাসির শব্দ। দেশজ। অব্য।

খিলাৎ, খেলাৎ—সম্মানসূচক পোষাক; পারিতোষিক। আর্বী। বি।

খিলান—১। খিল কলযুক্ত, কজা আঁটা। বিণ। ২। নীচে ফাঁকবিশিষ্ট অর্দ্ধচন্দ্রাকার গাঁথনি। বি। ৩। খিলকলযুক্ত করা; অর্দ্ধচন্দ্রাকারে গাঁথা বা তদাকার নির্ম্মাণ করা। দেশজ। ক্রি।

খিলি, খিলী—তাম্বূল-পেটিকা, পাণের বীড়া, সাজা পাণ। দেশজ। বি।

খিলোদ্ধার—পতিত বা নষ্ট জলা জমির পঙ্কোদ্ধার এবং তাহা বসবাস ও চাষের উপযোগী করা (Waste land reclamation). খিলের উদ্ধার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

খিস্তি—অশ্লীল বাক্যে গালি। প্রাদে। বি।

খুঁচা—খোঁচা মারার মত ব্যথা করা, বিঁধা। দেশজ। ক্রি।

খুঁচান—খোঁচা মারা। দেশজ। ক্রি।

খুঁচি—তণ্ডুলাদি মাপিবার পাত্র, কুণিকা। 'কুঞ্চি' শব্দজ। বি।

খুঁজা—অনুসন্ধান করা। বাং ক্রি।

খুঁট—বস্ত্রাদির কোণপ্রান্ত; সূতার প্রান্ত; দোষ। দেশজ। বি।

খুঁট-আখরিয়া (—**আখরে** বা —**আখুরে**)—সামান্য লেখাপড়া জানা বা কায়ক্লেশে নাম সহি করার মত ক্ষমতাবিশিষ্ট (লোক)। দেশজ। বিণ।

খুঁটরান—নখ প্রভৃতি দ্বারা খোঁটা বা আঘাত করা। দেশজ। ক্রি।

খুঁটা—১। গোঁজ, কাষ্ঠদণ্ড, দারুস্তম্ভ। দেশজ। বি। ২। মৃত্তিকাদি হইতে এক একটি করিয়া কুড়াইয়া তুলা, বাছিয়া লওয়া; নখাঘাত করা। বাং ক্রি। [থাম। বি।

খুঁটা, খোঁটা—কীলক, গোঁজ; কাঠের

খুঁটি, খুঁটী—কাষ্ঠস্তম্ভ; অবলম্বন, ঠেকনো। দেশজ। বি।

খুঁটিনাটি—সামান্য সামান্য বিষয় বা ব্যাপার; ক্ষুদ্রবৃহৎ সকল বিষয়। দেশজ। বি।

খুঁটুর-মুটুর—সামান্য বিবাদ বা কলহ; সামান্য বচসা। দেশজ। বি।

খুঁড়া—খনন করা; ভূমিতে (মাথা) ঠোকা; প্রশংসা দ্বারা সুস্থ বা ভাগ্যবান্ ব্যক্তির অমঙ্গল করা। বাং ক্রি।

খুঁড়ান, খোঁড়ান—খনন করান; খঞ্জের ন্যায় চলা, নেংচাইয়া নেংচাইয়া চলা; পদাঙ্গুলির উপর ভর করা। দেশজ। ক্রি।

খুঁত—১। ক্ষতচিহ্ন; কলঙ্ক; ত্রুটি, দোষ; ছল। বি। ২। ক্ষতচিহ্নযুক্ত; দোষযুক্ত। 'কূট' শব্দজ। বিণ।

খুঁতখুঁত—অব্যক্ত শব্দে অসন্তোষ বা বিরক্তি প্রকাশ। দেশজ। অব্য।

খুঁতখুঁতিয়া, খুঁতখুঁতে—যে খুঁত ধরে বা অসন্তোষ প্রকাশ করে। খুঁতখুঁত+ইয়া, এ শীলার্থে। বিণ।

খুকখুক—অল্প কাসির শব্দ। দেশজ। অব্য।

খুকি, খুকী—ছোট মেয়ে। দেশজ। বি; স্ত্রী।

খুকু—খুকী (আদরে)। দেশজ। বি।

খুঙ্গি, খুঙ্গী, খুঙি—ক্ষুদ্র পেটিকা, ঝাঁপি। প্রাঃ কবিপ্র। বি।

খুঙ্গীপুঁথি—ঝাঁপির মধ্যস্থ পুস্তক; পুস্তক সহিত ঝাঁপি; ঝাঁপি ও পুস্তক। প্রাঃ কবিপ্র। বি।

খুচ্—ধারাল ছুরি ইত্যাদি দ্বারা সহজে কুচ্ করিয়া কাটার শব্দ। দেশজ। অব্য।

খুচরা, খুজরা—১। অল্প, ক্ষুদ্র, ছোট; সামান্য। দেশজ। বিণ। ২। ভাঙানো টাকা পয়সা ইত্যাদি। 'ক্ষুদ্র' শব্দজ। বি।

খুজলি—চুলকানি, খোস। হিন্দীমূলক। বি।

খুঞ্চি--কাঠ ইত্যাদির বারকোশ (Tray). ফার্সী 'খঞ্চই' শব্দজ। বি।

খুঞ্চিপোষ—খুঞ্চি ঢাকিবার কাপড়। ফার্সী। বি।

খুট্—অনুকরণ শব্দবিশেষ। দেশজ। বি।

খুড়তত, খুড়তুত, খুড়াত—খুল্লতাত হইতে জাত; খুড়ার সম্বন্ধে সম্বন্ধবিশিষ্ট। দেশজ। বিণ।

খুড়শ্বশুর—পত্নীর বা স্বামীর খুড়া। দেশজ। বি। স্ত্রী,—শাশুড়ী।

খুড়া, খুড়ো—খুল্লতাত, কাকা। 'খুল্ল' শব্দজ। বি; পুং। [স্ত্রী।

খুড়ী—খুল্লতাতপত্নী, কাকী। দেশজ। বি;

খুদা—ক্ষোদিত করা, উৎকীর্ণ করা। বাং ক্রি।

খুদিয়া, খুদে—ক্ষুদ্র, ছোট। 'ক্ষুদ্র' শব্দজ। বিণ।

খুন—১। লহু, রুধির, রক্ত। আর্বী। বি। ২। হত্যা, নরহত্যা। দেশজ। বি।

খুন-খারাপি, –খারাবী, –খরাবী—খুনাখুনি, হত্যাকাণ্ড; গাঢ় রক্তবর্ণ রঞ্জনদ্রব্য, ঘোরলাল রঙ্গ। আর্বীমূলক। বি।

খুনখুনি, খুনাখুনি, খুনোখুনি—হত্যা-করণ; রক্তারক্তি; মারামারি কাটাকাটি; ঘোর বিবাদ ও দাঙ্গা; প্রবল প্রয়াস; দারুণ পরিশ্রম। আর্বীমূলক। বি।

খুন চড়া—ক্রোধে জ্ঞানশূন্য বা উন্মত্ত হওয়া; হত্যা করিবার প্রবৃত্তি হওয়া। দেশজ। ক্রি।

খুনশী—বিবাদ। দেশজ। বি।

খুনসুড়ি—ছেলেমানুষী ঝগড়াঝাঁটি ও উপদ্রব। দেশজ। বি।

খুনিয়া, খুনে—হত্যাপ্রিয়, নরহত্যাকারী; দাঙ্গাবাজ; বিবাদপ্রিয়। খুন+ইয়া, এ করে অর্থে। বিণ। [বি বা বিণ।

খুনী—নরহত্যাকারী। খুন+ঈ করে অর্থে।

খুন্তি, খুন্তী—রন্ধনকার্য্যে ব্যবহৃত ছোট খন্তা। 'খনিত্র' শব্দজ। বি।

খুপরি, খুবরি—সামান্য বা ক্ষুদ্র কুটীর; ছোট ঘর, খোপ। দেশজ। বি।

খুপসুরৎ, খুবসুরৎ—অতি সুন্দর বা সুশ্রী। ফার্সী। বিণ।

খুপী—খোপের সদৃশ, খোপযুক্ত, খোপের ন্যায় নক্সাযুক্ত (যথা, চৌখুপী)। দেশজ। বিণ।

খুব—অতিশয়, অত্যন্ত; নিশ্চয়; বেশ, ভাল। ফার্সী। বিণ। [বি।

খুবানি—বিদেশজাত ফলবিশেষ। ফার্সী।

খুমখুমনি—বিদ্বেষভাব; আন্তরিক ক্রোধ; বিরক্তি প্রকাশ। দেশজ। বি। [ক্রি।

খুয়ান—হারান, নষ্ট করা; ক্ষয় করা। বাং

খুয়ার, খোয়ার—অপযশ, নিন্দা; লাঞ্ছনা; অনিষ্টকারী গবাদি পশু আবদ্ধ করিয়া রাখিবার স্থান। প্রাদে। বি।

খুর—কামাইবার অস্ত্র, ক্ষুর; খুরা বা পায়া; ঘোটকাদির পায়ের খুর। খুর্+ক করণবা। বি; পুং।

খুরপা, -পী—অর্দ্ধচন্দ্রাকার বাণবিশেষ; দূর্ব্বাদি তুলিবার যন্ত্রবিশেষ। 'খুরপ্র' শব্দজ। বি।

খুরপ্র—অর্দ্ধচন্দ্রাকৃতি বাণবিশেষ; ঘাস কাটিবার অস্ত্রবিশেষ, খুরপো। খুর—প্রথ্ + ড কর্ত্তৃবা। বি; পুং।

খুরসি, -সী—১। গোবৎসাদির পদবন্ধন-রজ্জু। দেশজ। ২। কুর্সি, চেয়ার, টুল। আর্বী 'কুরসী' শব্দজ। বি।

খুরা, খুরো—খট্বাদির পদ বা পায়া। 'খুর' শব্দজ। বি।

খুরি, খুরী—মাটির কটোরা; ছোট বাটি; মৃৎকটাহ; পাথরের ছোট খোরা। দেশজ। বি।

খুলা—উন্মুক্ত করা, উদ্ঘাটিত করা, বাঁধন ছাড়া, শিথিল করা। বাং ক্রি।

খুলি, খুলী—খর্পর, কপাল, করোটী; মৃৎকটাহ; খোলবাদক। দেশজ। বি।

খুল্ল—ক্ষুদ্র, ছোট; অল্প; লঘু; কনিষ্ঠ। খুদ—লা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, খুল্লা।

খুল্লতাত—পিতার কনিষ্ঠ ভ্রাতা, খুড়া, কাকা। কর্ম্মধা। বি; পুং।

খুশ—১। প্রীতিপ্রদ, আনন্দজনক; শুভ, ভাল। বিণ। ২। খুসি, ইচ্ছা, মর্জি। ফার্সী। বি।

খুশ্কি, খুস্কি—মরামাস (Scurf). [ফার্সী। বি।

খুশখবর—আনন্দজনক সংবাদ, সুসংবাদ। কর্ম্মধা। বি।

খুশনাম, -নামী—সুনাম, সুখ্যাতি, প্রশংসা, যশ। কর্ম্মধা। বি।

খুশমেজাজ—প্রীতিপূর্ণ প্রবৃত্তি; প্রফুল্ল মনোভাব। কর্ম্মধা। বি।

খুশমেজাজী, খোশমেজাজী—প্রফুল্লচিত্ত। খুশমেজাজ, খোশমেজাজ+ঈ যুক্তার্থে। বিণ।

খুশামদ, খুশামোদ—তোষামোদ, চাটুকারিতা, খোষামুদি। ফার্সী। বি।

খুশী, খুসি, খুসী—১। প্রীত, আহ্লাদিত, আনন্দিত। বিণ। ২। প্রীতি, আনন্দ, আহ্লাদ, সন্তোষ; ইচ্ছা, মর্জি। ফার্সী। বি।

খুস্কি—মরামাস। ফার্সী। বি।

খৃষ্ট, খৃস্ট—খৃষ্টধর্ম্মের প্রবর্ত্তক যিশু (Christ). বি; পুং।

খৃষ্টধর্ম্ম(র্ম), খৃস্টধর্ম্ম(র্ম)—যিশু-প্রবর্ত্তিত ধর্ম্মমত। মধ্যপ কর্ম্মধা। বি।

খৃষ্ট(স্ট)পূর্ব্বা(র্বা)ব্দ—খৃষ্টের জন্ম হইতে গণিত পূর্ব্ববর্ত্তী বৎসর (B. C.). কর্ম্মধা। বি।

খৃষ্টা(স্টা)ব্দ—খৃষ্টের জন্মাবধি গণিত বৎসর (A. D.). খৃষ্টসংক্রান্ত অব্দ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

খৃষ্টি(স্টি)য়ান, খৃষ্টা(স্টা)ন—খৃষ্টধর্ম্মাবলম্বী (Christian). বি বা বিণ।

খৃষ্টি(স্টি)য়ানী, খৃষ্টা(স্টা)নী—খৃষ্টধর্ম্ম; খৃষ্টানের মত আচরণ। বি।

খৃষ্টী(স্টী)য়—যিশুখৃষ্টসম্বন্ধীয়। খৃষ্ট+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -য়া।

খেঁই—খাই, সুতার গুছি বা মুখ; সূত্রগুটিকা; সন্ধান; (গল্পের) ধারা। 'ক্ষেপ' শব্দজ। বি।

খেঁউড়, খেউড়—অশ্লীল গান বা কবিতা, ইতর ভাষায় কবির লড়াই; কবিগান। 'ক্ষেড়া' শব্দজ। বি।

খেঁকশিয়াল, -শিয়ালী—যে ছোট শিয়াল খেঁক খেঁক করিয়া ডাকে, শৃগালিকা, খেঁকু। দেশজ। বি।

খেঁকানো—খেঁক করা, মুখভঙ্গীর সহিত তীব্রস্বরে ক্রোধ প্রকাশ করা। বাং ক্রি।

খেঁকারি—গলা খাঁক্রি দেওয়া, কাশিয়া গলা পরিষ্কার করা। দেশজ। বি।

খেংরা—খেঙরা দ্রঃ।

খেংরান—খেঙরান দ্রঃ।

খেঁকি, খেঁকী—১। খেঁক খেঁক শব্দকারী; রুক্ষস্বভাব, কোপনস্বভাব, সহজ-ক্রোধী। বিণ। ২। যে মন্দজাতীয় কুকুর সহজেই খেঁক করিয়া উঠে। দেশজ। বি।

খেঁচকা—টান; অভাব; যখন তখন চাওয়া; বিরক্তিকর তাগাদা। দেশজ। বি।

খেঁচকান—টানা; বারংবার অনুরোধ দ্বারা উত্যক্ত করা। বাং ক্রি।

খেঁচুনি—রোগাদিতে হাত পা প্রভৃতি খেঁচা বা খিল ধরা; আক্ষেপ। খেঁচ্+উনি ভাববা। বি।

খেঁসারি, খেসারি—কলায়বিশেষ, তেওড়া। দেশজ। বি।

খেকো, খেগো—যে খায়, ভক্ষক; ভক্ষিত; খানিকটা খাওয়া। দেশজ। বিণ।

খেঙরা, খেংরা—সম্মার্জ্জনী, ঝাঁটা, ঝাড়ু। দেশজ। বি।

খেঙরান, খেংরান—ঝাঁটান; খেঙরা-পিটা করা, ঝাঁটা বা ঝাড়ু মারা। বাং ক্রি।

খেচর—১। গগনে বিচরণকারী। অলুক্ উপতৎ। খে—চর্+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —রী। ২। সূর্য্যাদি গ্রহ; পক্ষী; শিব। বি; পুং।

খেচরান্ন—দ্বিদলান্ন, খিচুড়ী। 'কৃশরান্ন' শব্দজ। বি; ক্লীব।

খেচাখিচি, —খেচি—বকাবকি, বাক্-কলহ; লেঠা, ঝঞ্ঝাট; বিব্রত। দেশজ। বি।

খেজুর—ফলবিশেষ। 'খর্জ্জুর' শব্দজ। বি।

খেজুরছড়ি—কতকটা খেজুরের থকার মত একপ্রকার ফুল; একরকম শাড়ী কাপড়। দেশজ। বি।

খেজুরমাথি, —মেথি—খেজুর গাছের মাথার শাঁস। দেশজ। বি।

খেট—১। ভোজন, আহার। খিট্+ঘঞ্ ভাববা। ২। খাদক, ভক্ষক; ঘোটক। খিট্+অচ্ কর্ত্তৃবা। ৩। পল্লীগ্রাম, পাড়া গাঁ; ফলক, চর্ম্ম, ঢাল। খিট্+ঘঞ্ অপাবা। ৪। সূর্য্যাদি গ্রহ। খে—অট্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ৫। তৃণ। খেট্+ঘঞ্ কর্ম্মবা। বি; ক্লীব। ৬। মৃগয়া। খেট্+ঘঞ্ করণবা। বি; পুং বা ক্লীব। ৭। অধম, নীচ। খিট্+অচ্ কর্ত্তৃবা। বিণ।

খেটে—১। খর্ব্ব মুদ্গর, খর্ব্বাকার স্থূল লগুড়, * খাট মোটা লাঠি; শাকবিশেষ। বি। ২। খাটিয়া, মেহনত করিয়া, পরিশ্রম করিয়া। 'খাটিয়া' শব্দের সংক্ষেপ। অস-ক্রি।

খেটেল—শ্রমিক, মজুর; সামান্য ভৃত্য। প্রাঃ কবিপ্র। বি। [দেশজ। বি।

খেড়ি—খেলোয়াড়; খেলার সহকারী।

খেত—ক্ষেত। 'ক্ষেত্র' শব্দজ। বি।

খেতাব—উপাধি, পদবী; সংজ্ঞা, নাম। আর্বী। বি।

খেদ—শোক; দুঃখ; শ্রম, শ্রান্তি; অবসন্নতা। খিদ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

খেদমৎ—খিদমৎ দ্রঃ।

খেদান—১। তাড়ান, বিতাড়িত করা, দূর করিয়া দেওয়া। বাং ক্রি। ২। কাটিয়া তুলা, খনন করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

খেদিত—১। বিতাড়িত, যাহাকে খেদান হইয়াছে। খিদ্+ণিচ্+ক্ত কর্ম্মবা। ২। খেদ-যুক্ত, দুঃখিত। খেদ (দুঃখ)+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী, —তা।

খেদোক্তি—বিলাপ। খেদসূচিকা উক্তি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

খেপ—বার, দফা; স্থানান্তরে গমনাগমন-পূর্ব্বক সামান্য বাণিজ্য বা ব্যবসায়, ঐরূপ ব্যবসায়ের দফা। দেশজ। নি।

খেপলা, খেপলা-জাল—মাছ ধরিবার যে জাল ছুড়িয়া ফেলা হয়। দেশজ। বি।

খেপা—ক্ষেপা (তাহা দ্রঃ)। [ক্রি।

খেপান—পাগল করা; বিরক্ত করা। বাং

খেপাম, খেপামি—পাগলামি। খেপা+ম, মি ভাবে। বি। [বি।

খেমটা—তালবিশেষ; নৃত্যবিশেষ। দেশজ।

খেমটাওয়ালী, খেমটী—নর্ত্তকী, খেমটা গান সহযোগে নৃত্যকারিণী রমণী। খেমটা+ওয়ালী, ঈ প্রযোক্ত্রী অর্থে। বি।

খেমা—১। মার্জ্জনা, মাফ। 'ক্ষমা' শব্দজ। বি। ২। ক্ষমা করা। কবিপ্র। ক্রি।

খেয়া—১। খননযোগ্যা। খন্+যৎ কর্ম্মবা+আপ্। বিণ; স্ত্রী। ২। নদ্যাদিতে পারাপার (Ferry). 'ক্ষেপ' শব্দজ। বি।

খেয়াকড়ি—তরপণ্য, নদী পার হইবার জন্য দেয় অর্থাদি। ৬ষ্ঠীতৎ। বি।

খেয়াঘাট—নৌকাযোগে পারাপার হইবার স্থান। ৬ষ্ঠীতৎ। বি।

খেয়ান—১। খেয়া দেওয়া, নৌকাযোগে পারাপার করা; নৌকা চালান। বাং ক্রি। ২। ভাসান। প্রাঃ কবিপ্র। ক্রি।

খেয়া-নৌকা—নদ্যাদিতে পারাপার করিবার নৌকা (Ferry-boat). ৬ষ্ঠীতৎ। বি।

খেয়াপার—নৌকাযোগে নদ্যাদির পরপারে গমন। ৬ষ্ঠীতৎ। বি।

খেয়ারি, খেয়ারী—যে মাঝি নদ্যাদিতে পারাপার করে (Ferry-man). খেয়া+রি, রী অধিকৃতার্থে। বি।

খেয়াল—সঙ্গীতবিশেষ; অলীক কল্পনা, স্বপ্ন; মর্জি; নিজের গোঁ বা জেদ; স্বভাব, জ্ঞান; প্রলাপ। আর্বী। বি।

খেয়ালী—খেয়ালগানকারী; কল্পনাপ্রিয়; স্বেচ্ছাচারী। খেয়াল+ঈ যুক্তার্থে। বিণ।

খেরাজ—কর, খাজানা। আর্বী। বি।

খেরুয়া, খেরো—একরকম মোটা সূতার কাপড়, ইহাতে তোষক-বালিশের খোল হয়। হিন্দীমূলক। বি।

খেল—১। খেলা। খেল্+অপ্ ভাববা। ২। মন্দ, অপকৃষ্ট। বিণ। [কবিপ্র। ক্রি।

খেলত—খেলা করে বা করিতেছে। প্রাঃ

খেলন—খেলা, পরিহাস। খেল্+অনট্ ভাববা। বি; ক্লীব।

খেলনা, খেলানা—খেলার বস্তু, ক্রীড়নক। খেল্+না, আনা করণবা। বি।

খেলা—১। ক্রীড়া; লীলা। খেল্+অ ভাববা +আপ্। বি; স্ত্রী। ২। খেলা করা। বাং ক্রি।

খেলা-ঘর—শিশুদিগের ক্রীড়াস্থান; ছেলেখেলার ঘরকন্না; কৃত্রিম সংসার। ৬ষ্ঠীতৎ। বি।

খেলাত—সম্মানসূচক পরিচ্ছদ; ইনাম, বকসিস, পুরস্কার। আর্বী। বি।

খেলা-ধুলা—ক্রীড়াকৌতুক, শিশুর খেলা। দেশজ। বি।

খেলান—খেলা করা; খেলা করান; খেলা দেখান; কৌতুক প্রদর্শন করা, তামাসা দেখান। বাং ক্রি।

খেলাপ, খেলাফ—১। বিপরীত। বিণ। ২। বৈপরীত্য, ব্যতিক্রম, অন্যথা, ত্রুটি। আর্বী। বি।

খেলাপি, খেলাপী—১। বৈপরীত্য, ব্যতিক্রম। বি। ২। খেলাপ জন্য, ব্যতিক্রমজনিত, ত্রুটিহেতুক। আর্বীমূলক। বিণ।

খেলু, খেলুয়া—খেলোয়াড়, ক্রীড়াকারী। প্রাঃ কবিপ্র। বি।

খেলুড়িয়া, খেলুড়ে—ক্রীড়াকারী, খেলার সাথী। দেশজ। বি।

খেলো—নিকৃষ্ট; নীচ; অপদস্থ (হওয়া)। দেশজ। বিণ।

খেলোয়াড়—ক্রীড়াপটু; চতুর, চালাক, ফন্দিবাজ, কূটকৌশলী। খেলা+ওয়াড় নিপুণার্থে। বিণ।

খেসারৎ, খেসারত—ক্ষতি; ক্ষতিপূরণ। আর্বী 'খসারা' শব্দজ। বি।

খেসারতি—ক্ষতিপূরণের জন্য প্রদত্ত অর্থাদি। খেসারৎ+ই দেয়ার্থে। বি।

খৈ—খই, লাজ। 'খদিকা' শব্দজ। বি।

খৈল—খইল, খলি। দেশজ। বি।

খো—১। খোয়া, আকের ছিবড়া, শক্ত ক্ষীর। দেশজ। ২। মেচেতা। প্রাঃ কবিপ্র। বি।

খোঁচ, খোঁচা—সূচির ন্যায় মুখ; তীক্ষাগ্র বস্তু; তীক্ষাগ্র শলাকার বেধ; বিঘ্ন; ত্রুটি, দোষ; কলঙ্ক। দেশজ। বি।

খোঁচান—তীক্ষাগ্র বস্তুদ্বারা বিদ্ধ করা; উত্তেজিত করা; কোন কথা পুনঃ পুনঃ স্মরণ করাইয়া দেওয়া। বাং ক্রি।

খোঁজ—অন্বেষণ, তল্লাস; সন্ধান, উদ্দেশ; তত্ত্ব, খবর। দেশজ। বি।

খোঁজখবর—সংবাদ, তত্ত্ব, সন্ধান, উদ্দেশ, তত্ত্ব-তল্লাস। দ্বন্দ্ব। বি।

খোঁজা—খোঁজ করা, অন্বেষণ করা, তল্লাস করা, সন্ধান করা। বাং ক্রি।

খোঁটা—১। কীলক, গোঁজ, সূক্ষ্মাগ্র দণ্ড, খুঁটি, স্তম্ভ, ঠেকনো, অবলম্বন; ত্রুটি, দোষ; কলঙ্ক; ভর্ৎসনা, লাঞ্ছনা, গঞ্জনা; কৃতকর্ম্ম স্মরণ করাইয়া গঞ্জনা বা লজ্জা প্রদান। বি। ২। খুঁটা, নখাঘাত করা। দেশজ। ক্রি।

খোঁড়—খাত, খনন। দেশজ। বি।

খোঁড়ল, খোঁদল—কোটর, গহ্বর, বিবর, গর্ত্ত। দেশজ। বি।

খোঁড়া—১। পঙ্গু, খঞ্জ। 'খঞ্জ' শব্দজ। বিণ। স্ত্রী; খুঁড়ী। ২। খুঁড়া, খনন করা। বাং ক্রি।

খোঁড়ান—খোঁড়ার মত নেঙচান; খনন করান। বাং ক্রি।

খোঁদল—খোঁড়ল দ্রঃ।

খোঁপা—কবরী, স্ত্রীলোকদের মস্তকের পশ্চাতে কেশবন্ধন। 'ক্ষুপ্' শব্দজ। বি।

খোঁয়াড়—গোমেষাদি পশু আটকাইয়া রাখিবার স্থান; শূকর-কুটীর, শোরকুঁড়ে। দেশজ। বি।

খোঁয়াড়ি, খোঁয়ারি—মদের নেশা কাটিবার পর শরীরের অবসন্ন অবস্থা; অবসাদ, গ্লানি। দেশজ। বি।

খোঁয়ারি ভাঙা—মদের নেশার অবসাদ দূর করিবার জন্য পুনরায় অল্প মদ খাওয়া। দেশজ। ক্রি।

খোকন—খোকা (আদরার্থে)। দেশজ। বি।

খোকা—ছোট ছেলে; পুত্রসন্তান। দেশজ। বি। স্ত্রী, খুকী।

খোক্কশ, খোক্কস—রাক্ষসের মত এক কাল্পনিক জীব। দেশজ। বি।

খোজা—নপুংসক, ক্লীব, ছিন্নমুষ্ক পুরুষ; কঞ্চুকী। ফার্সী 'খো-আজা' শব্দজ। বি।

খোট—আখট্টি, শিশুর আব্দার বা বাহানা। দেশজ। বি।

খোটিয়াল, খোটেল—খোটজক, যে সর্ব্বদা খোট করে, আব্দারে, বাহানাবাজ; দুরন্ত, দুষ্ট; খল, ক্রূর, ধূর্ত্ত। খোট+ইয়াল, এল আসক্ত অর্থে। বিণ।

খোট্টা—উত্তর-পশ্চিমবাসী, হিন্দুস্থানী। দেশজ। বি।

খোদ—১। স্বয়ং, নিজে। ফার্সী 'খুদ' শব্দজ। সর্ব্ব। ২। ক্ষোদন, ক্ষোদাই কাজ। 'ক্ষোদ' শব্দজ। বি।

খোদকস্তা—স্বাধিকারস্থ যে প্রজা নিজ গ্রামে জমি করে। ফার্সী। বি।

খোদকার—ক্ষোদক, ভাস্কর। উপতৎ। বিণ।

খোদকারি, -রী—ক্ষোদনকর্ম্ম, ভাস্কর্য্য। খোদকার+ই, ঈ কর্ম্মার্থে। বি।

খোদা—১। আল্লা, ভগবান, ঈশ্বর। আবী 'খদা-তা-আলা' শব্দজ। বি। ২। খোদাই করা। বাং ক্রি।

খোদাই—ক্ষোদিতকরণ। দেশজ। বি।

খোদাতালা—জগদীশ্বর, আল্লাহ্। আর্বী। বি।

খোদান—১। ক্ষোদিত বা অঙ্কিত করান, উৎকীর্ণ করান। বাং ক্রি। ২। খুঁড়ান, খনন করান। প্রাঃ কবিপ্র। ক্রি।

খোদাবন্দ্—প্রভু, দিন্ দুনিয়ার মালিক, হুজুর। ফার্সী। বি। [বিণ।

খোনা—খনা, যে নাকে কথা বলে। দেশজ।

খোপ, খোপর—ছোট কুঠারি বা কামরা; খুবরি; পারাবতাদি পক্ষীর গৃহ; গৃহের পার্শ্বদেশ। 'ক্ষুপ্' শব্দজ। বি।

খোবরাল—গর্ত্তবিশিষ্ট (থালা প্রভৃতি)। দেশজ। বিণ। [ফার্সী। বি।

খোবানি—খুবানি, ফলবিশেষ (Apricot).

খোয়া—১। শক্ত ক্ষীর; আকের ছিবড়া; ভগ্ন ইষ্টক বা প্রস্তরের খণ্ডসকল। দেশজ। বি। ২। নিখোঁজ, হারান, নষ্ট। বিণ।

খোয়ান—ক্ষয় করা, নষ্ট করা, হারান। বাং ক্রি।

খোয়াব—স্বপ্ন। ফার্সী। বি।

খোয়ার—কেলেঙ্কারী, কলঙ্ক, কুৎসা; দুর্দ্দশা; অপমান, লাঞ্ছনা। দেশজ। বি।

খোর—(কোন শব্দের পরবর্তী হইলে) অত্যন্ত আসক্ত (যেমন, সুদখোর, গাঁজাখোর ইত্যাদি)। ফার্সী। বিণ।

খোরপোশ, -পোষ—খোরাক-পোষাক, গ্রাসাচ্ছাদন, ভরণপোষণ। 'খোরাক-পোষাক' শব্দের সংক্ষেপ। বি।

খোরা—পাথরের বড় বাটি। দেশজ। বি।

খোরাক—খাদ্য, খাবার; ভোজন, আহার; আহার্য্যের পরিমাণ (Meal). ফার্সী। বি।

খোরাক-পোষাক—খোরপোষ, অন্নবস্ত্র, গ্রাসাচ্ছাদন, ভরণপোষণ। ফার্সী। বি।

খোরাকি, খোরাকী—১। ভোজন-নিমিত্তক; খাইবার জন্য আবশ্যক: খাইবার উপযুক্ত; ভরণপোষণের ব্যয়স্বরূপ। বিণ। ২। আহার্য্যপরিমাণ; আহারের মূল্য; ভরণ-পোষণের জন্য আবশ্যক বস্তু বা ব্যয়। খোরাক + ই, ঈ যোগ্যার্থে, মূল্যার্থে। বি।

খোল—১। বাহ্য আবরণ; খইল। দেশজ। বি। ২। মৃদঙ্গ। খু + ল কর্ত্তৃবা। বি; পুং।

খোলক—শামুক; নারিকেল ইত্যাদির কঠিন আবরণ। খোল + কন্ স্বার্থে। বি; ক্লীব।

খোলকী (-কিন্)—(প্রাণিতত্ত্বে) যাহাদের দেহ কঠিন আবরণে আবৃত থাকে (Crustacean). খোলক + ইন্ আছে অর্থে। বিণ।

খোলতা, খোলতাই—ঔজ্জ্বল্য, দীপ্তি, শোভা; পরিষ্কার। দেশজ। বি।

খোলস—বহিরাবরণ, আচ্ছাদন; নির্ম্মোক, সর্পত্বক্। দেশজ। বি।

খোলসা, খোলাসা—পরিষ্কৃত, সাফ; স্পষ্ট (বলা); মুক্ত, খালাস; নির্মেঘ; খালি; অমায়িক, অকপট। বিণ।

খোলা—১। খপ্পা। খোল দ্রঃ। খোল + আপ। বিণ; স্ত্রী। ২। অণ্ড-শম্বুকাদির কঠিন বহিরাবরণ; ভাজিবার পাত্র; ত্বক, ছাল, ছিলকা। 'খোলক' শব্দজ। বি। ৩। উদ্ঘাটিত, উন্মুক্ত, অবারিত; ফাঁকা; স্পষ্ট; অমায়িক। খুল্ + আ কর্ম্মবা। বিণ। ৪। উন্মুক্ত করা বা হওয়া; স্পষ্ট হওয়া; আরম্ভ করা; (বিদ্যালয়াদি) ছুটির পর আরম্ভ হওয়া। বাং ক্রি।

খোলাখুলি—১। সকল কথা খুলিয়া বলিয়া; সমুদায় ব্যক্ত করিয়া; পরস্পর সরল-প্রাণে বা অকপটে। দেশজ। ক্রি-বিণ। ২। মুড়ি ভাজিবার মাটির পাত্রদ্বয়। খোলা ও খুলি, দ্বন্দ্ব। বি।

খোলামকুচি—ভাঙ্গা মাটির কলসী প্রভৃতির টুকরা। দেশজ। বি।

খোশ, খোষ, খোস—১। খুশ (তাহা দ্রঃ)। ফার্সী 'খুশ্' শব্দজ। ২। পাঁচড়া। 'কচ্ছ্' শব্দজ। বি।

খোস(শ)কবালা, -কোবালা—সাফ কবালা, সম্পূর্ণ স্বত্ব বিক্রয়পত্র। বৈদে। বি।

খোস(শ)খবর—সুসংবাদ। খুশখবর (তাহা দ্রঃ)।

খোস(শ)-খোরাক—সৌখিন আহার। কর্ম্মধা। বি।

খোস(শ)গল্প—আনন্দজনক গল্পগুজব বা কথাবার্ত্তা। কর্ম্মধা। বি।

খোস(শ)-নবীশ—যাহার হাতের লেখা সুন্দর। কর্ম্মধা। বি।

খোস(শ)নাম—সুখ্যাতি। খুশনাম (তাহা দ্রঃ)।

খোস(শ)বই, -বয়, -বাই—সদ্গন্ধ, সৌরভ। ফার্সী 'খোশবু' শব্দজ। বি।

খোস(শ)বুদার—সৌরভিত। ফার্সী খোশবু + দার বিশিষ্টার্থে। বিণ।

খোস(শ)মেজাজ—প্রফুল্ল মন। কর্ম্মধা। বি।

খোসা—১। ত্বক্, ছাল, ছিলকা। কোষ শব্দজ। বি। ২। শ্মশ্রুবিহীন, মাকুন্দা। দেশজ। বিণ।

খোসামদ, খোসামুদি, খোসামোদ—তোষামোদ। খুশামদ (তাহা দ্রঃ)। বি। বিণ, -মুদে।

খ্যাঁক—শেয়াল কুকুর প্রভৃতির ডাক। দেশজ। অব্য।

খ্যাঁট—ভোজন। 'খেট' শব্দজ। বি।

খ্যাত—কথিত ; বিশ্রুত ; প্রসিদ্ধ, খ্যাতিযুক্ত। খ্যা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, খ্যাতা।

খ্যাতনামা (–নামন্)—যাহার নাম প্রসিদ্ধ, যাহাকে দশজনে জানে। খ্যাত হইয়াছে নাম যাহার, বহুব্রী। বিণ।

খ্যাতি—প্রসিদ্ধি ; লোকবিশ্রুতি ; যশঃ ; জ্ঞান। খ্যা+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

খ্যাতিপ্রতিপত্তি—সুখ্যাতি ও প্রতিষ্ঠা বা সম্মান। দ্বন্দ্ব। বি ; স্ত্রী।

খ্যাত্যাপন্ন—লব্ধখ্যাতি, প্রসিদ্ধ, বিখ্যাত। খ্যাতিকে আপন্ন, ২য়াতৎ। বিণ। স্ত্রী, –ন্না।

খ্যাপক—কথক, প্রচারক, ঘোষক। ণিজন্ত খ্যা (–খ্যাপি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –পিকা।

খ্যাপন—ঘোষণা, প্রচার ; কথন ; জ্ঞাপন। ণিজন্ত খ্যা+অনট্ ভাববা। বি ; ক্লীব।

খ্রীষ্ট, খ্রীস্ট—খৃষ্ট (তাহা দ্রঃ)। [দ্রঃ)।

খ্রীষ্ট(স্ট)পূর্ব্বা(র্বা)ব্দ—খৃষ্টপূর্ব্বাব্দ (তাহা

খ্রীষ্টান, খ্রীস্টান—খৃষ্টান (তাহা দ্রঃ)।

খ্রীষ্টাব্দ, খ্রীস্টাব্দ—খৃষ্টাব্দ (তাহা দ্রঃ)।

গ

গ—১। তৃতীয় ব্যঞ্জনবর্ণ, ইহার উচ্চারণস্থান কণ্ঠ (মতান্তরে জিহ্বামূল)। ২। (সমাসে অন্তপদের পরে থাকিলে) গামী, গমনকারী (যথা—ভুজগ, আশুগ ইত্যাদি)। গম্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, গা।

গইবী—গৈবী, দাবা খেলার ছক না দেখিয়াই চা'লবাজ। দেশজ। বিণ।

গইবী-চা'ল—আড়াল হইতে চা'ল চালা বা কল টেপা। কর্ম্মধা। বি।

গঁজ—বাবলার আঠা। হিন্দীমূলক। বি।

গঁদান—গন্ধযুক্ত হওয়া, গন্ধ ছড়ান ; সম্পর্ক পাতান বা পাতাইবার চেষ্টা করা। বাং ক্রি।

গকার—গ এই অক্ষর মাত্র। গ+কার স্বার্থে। বি ; পুং। [ক্লীব।

গগন—আকাশ। গম্+অন কর্ত্তৃবা। বি ;

গগনচর—আকাশগামী। উপতৎ। গগন–চর্+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –চরী।

গগনচারী (–চারিন্)—আকাশবিহারী, আকাশগামী। গগনে চরে যে, উপতৎ। গগন–চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –রিণী।

গগনচুম্বী (–চুম্বিন্)—আকাশ চুম্বনকারী, মেঘস্পর্শী, অভ্রংলিহ, অত্যুন্নত। উপতৎ। গগন–চুম্ব্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –ম্বিনী।

গগনতল—আকাশতল ; আকাশপট ; পৃথিবী। ৬ষ্ঠিতৎ। বি ; পুং বা ক্লীব।

গগনপট—আকাশপট, আকাশরূপ বস্ত্র ; নভোমণ্ডল। গগনরূপ পট, রূপক কর্ম্মধা। বি ; ক্লীব।

গগনপথ—আকাশমার্গ, আকাশ, শূন্য, নভোদেশ। গগনই পথ, কর্ম্মধা। বি ; পুং।

গগনপ্রান্ত—আকাশের প্রান্তভাগ, আকাশের যে অংশ পৃথিবীর পরিধির সহিত সংযুক্ত বলিয়া বোধ হয়, দিগন্ত, চক্রবাল। ৬ষ্ঠিতৎ। বি ; পুং।

গগনবিহারী (–বিহারিন্)—আকাশগামী, খেচর, ব্যোমচারী। গগনে বিহার করে যে, উপতৎ। গগন–বি–হৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –রিণী।

গগনমণ্ডল—নভোমণ্ডল, গোলাকার সমস্ত আকাশ। গগন মণ্ডলপ্রায়, উপমিত কর্ম্মধা। বি ; ক্লীব।

গগনযান—১। আকাশে গমন, উড্ডয়ন। ৭মীতৎ। ২। ব্যোমযান, আকাশযান, (Aeroplane). ৬ষ্ঠিতৎ। বি ; ক্লীব।

গগনস্পর্শী (–স্পর্শিন্)—আকাশস্পর্শকারী, মেঘচুম্বী, অতি উচ্চ। গগন স্পর্শ করে যে, উপতৎ। গগন–স্পৃশ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –র্শিনী।

গগনাঙ্গন—আকাশতট, আকাশমণ্ডল। কর্ম্মধা। বি ; ক্লীব।

গগান—গগ গগ শব্দ করা, গোঙান ;

মরণোন্মুখ ব্যক্তির কাতরধ্বনি করা, কাতরান। বাং ক্রি।

গঙ্গা(ংগা)—১। স্বনামপ্রসিদ্ধা নদী, ভাগীরথী, জাহ্নবী। গম্+গন্ কর্তৃবা+আপ্। বি; স্ত্রী। ২। গাঙ্গ বা গাঙ্, নদীমাত্র। দেশজ প্রঃ। বি।

গঙ্গা(ংগা)চিল্লী—গাংচিল। 'গাংচিল' শব্দের মার্জ্জিতরূপ। বি; স্ত্রী।

গঙ্গা(ংগা)জল—গঙ্গার সলিল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গঙ্গা(ংগা)জলি—মুমূর্ষু ব্যক্তির অন্তর্জ্জলি; গঙ্গাজল স্পর্শপূর্ব্বক শপথ; মিথ্যাশপথ। গঙ্গাজল+ই সম্বন্ধাদ্যর্থে। বি।

গঙ্গা(ংগা)তট—গঙ্গার সৈকতভূমি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গঙ্গা(ংগা)তীর—গঙ্গার তটভূমি; নারায়ণক্ষেত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গঙ্গা(ংগা)দ্বার—গঙ্গা যে স্থান দিয়া ভূতলে অবতীর্ণ হইয়াছেন। ৬ষ্ঠীতৎ। বি: ক্লীব। [ইহা হরিদ্বার, মোক্ষদ্বার, গঙ্গাদ্বার, মায়াপুরী প্রভৃতি নানা নামে অভিহিত।]

গঙ্গা(ংগা)ধর—শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গঙ্গা(ংগা)পুত্র—ভীষ্ম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গঙ্গা(ংগা)প্রাপ্ত—সজ্ঞানে গঙ্গাগর্ভে ত্যক্তপ্রাণ; মৃত। ২য়াতৎ। বিণ। স্ত্রী, —প্তা।

গঙ্গা(ংগা)প্রাপ্তি—সজ্ঞানে গঙ্গাগর্ভে প্রাণত্যাগ, মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গঙ্গা(ংগা)ফড়িং—সবুজ পতঙ্গবিশেষ। দেশজ। বি।

গঙ্গা(ংগা)বতার, —বতরণ—১। স্বর্গ হইতে পৃথিবীতে গঙ্গার অবতরণ। ৬ষ্ঠীতৎ। ২। গঙ্গার অবতরণ-স্থান, হরিদ্বার। গঙ্গার অবতার, অবতরণ যেখানে, বহুব্রী। বি; পুং, ক্লীব।

গঙ্গা(ংগা)বাসী (—বাসিন্)—গঙ্গাতীরে বাসকারী; গঙ্গাতীরস্থ। উপতৎ। গঙ্গা—বস্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —সিনী।

গঙ্গা(ংগা)যমুনা—১। দুই রঙা; সোনা-রূপা-নির্ম্মিত। দেশজ। বিণ। ২। গঙ্গা ও যমুনা নদী। দ্বন্দ্ব। বি।

গঙ্গা(ংগা)যাত্রা—মুমূর্ষুর গঙ্গাতীরে গমন [মরণকালে "এই গঙ্গা, আমি মরিতেছি" এইরূপ জ্ঞান থাকিলে স্বর্গলাভ হয়, শাস্ত্রকারেরা এইরূপ নির্দ্দেশ করিয়াছেন, তদনুসারে আসন্নমৃত্যু ব্যক্তি যে গঙ্গাতীরে গমন করে, তাহাকে গঙ্গাযাত্রা কহে]। গঙ্গার নিমিত্ত যাত্রা, ৪র্থীতৎ। বি; স্ত্রী।

গঙ্গা(ংগা)যাত্রী (—যাত্রিন্)—যোগাদি উপলক্ষে স্নানার্থ গঙ্গাযাত্রাকারী। গঙ্গাযাত্রা+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —ত্রিণী।

গঙ্গা(ংগা)লাভ—গঙ্গাপ্রাপ্তি; গঙ্গাতীরে মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গঙ্গা(ংগা)সাগর—গঙ্গা ও সাগরের সঙ্গম-স্থান। গঙ্গাসঙ্গত সাগর, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। [গঙ্গাসাগর হিন্দুদিগের একটি প্রধান তীর্থ। মকরসংক্রান্তির সময়ে বহু যাত্রী এই স্থানে গমন করিয়া থাকে]।

গঙ্গা(ংগা)স্রোতোন্যায়—ন্যায় বিশেষ (ন্যায় দ্রঃ)। গঙ্গার স্রোতঃ, ৬ষ্ঠীতৎ; তৎসহ তুলিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গঙ্গো(ংগো)ত্তরী—হিমালয়ের অন্তর্গত গড়বাল প্রদেশস্থ গঙ্গার অবতরণ-স্থান। 'গঙ্গোত্রী' শব্দজ। বি; স্ত্রী।

গঙ্গো(ংগো)দক—গঙ্গা নদীর সলিল, গঙ্গাজল। গঙ্গার উদক, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গঙ্গো(ংগো)পাধ্যায়—বাঙ্গালী ব্রাহ্মণের উপাধিবিশেষ, গাঙ্গুলী। বি; পুং।

গচ্চা—গোঁজা, দাঁড়, অনর্থক ক্ষতিপূরণস্বরূপ দণ্ড, গুনাগার। দেশজ। বি।

গচ্ছিত—রক্ষিত, ন্যস্ত (Deposited). দেশজ। বিণ।

গছা—১। গহ্বরাদির মধ্যে বসিয়া বা মিলিয়া যাওয়া, খাপিয়া যাওয়া। বাং ক্রি। ২। গাছা, গোছা, গুচ্ছ। প্রাঃ কবিপ্র। বি।

গছান—গহ্বরাদির মধ্যে বসান, খাপান;

গুঁজিয়া দেওয়া, কোন প্রকারে গ্রহণ করান; গতাইয়া দেওয়া, ঘাড়ে চাপান। বাং ক্রি।

গজ—১। পরিমাণবিশেষ, দুই হস্ত পরিমাণ। ফার্সী। ২। হস্তী; বানরবিশেষ; দাবা-খেলার বলবিশেষ; কীটবিশেষ। গজ্ + অচ্ কর্তৃবা। বি; পুং।

গজকচ্ছপীয়—হস্তী ও কূর্ম্মের সম্বন্ধযুক্ত; গজকচ্ছপের ব্যাপারসদৃশ, ভীষণ ('—কাণ্ড'); বহুকালস্থায়ী। গজ ও কচ্ছপ, দ্বন্দ্ব; গজ-কচ্ছপ + ঈয় সম্বন্ধার্থে, সদৃশার্থে। বিণ। স্ত্রী,—য়া।

গজকর্ণিকার—হাতিশুঁড়োর গাছ। গজা-কার কর্ণিকার, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গজকাঠী—দুই হাত মাপের মানদণ্ড। দেশজ। মধ্যপ কর্ম্মধা। দেশজ। বি।

গজকুম্ভ—হস্তীর মস্তকস্থ কুম্ভ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গজগজ—বাহির হওয়ার জন্য অস্থিরতা; ঠেলাঠেলি; বিরক্তিসূচক শব্দ। দেশজ। বি।

গজগামী (–গামিন্)—হস্তীর উপর আরোহণপূর্ব্বক গমনশীল; গজের ন্যায় সুন্দর মন্থরগমনশীল। উপতৎ। গজ – গম্ + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–মিনী।

গজগিরি, গজগীর, গজগীরি—১। কূপাদির চতুষ্পার্শ্বস্থ পাকা গাঁথনির উচ্চ বেষ্টনী। বি। ২। শান-বাঁধান, পাকা। হিন্দীমূলক। বিণ।

গজঘণ্টা—হস্তীর গলদেশে শোভমান ঘণ্টা। গজগলস্থা ঘণ্টা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গজচক্ষু—হাতীর চোখ; ছোট চোখ, গজা বা টেরা চোখ। দেশজ। বি।

গজদন্ত—১। হাতীর দাঁত; দন্তের উপর উদ্গত দন্ত; উঁচু দাঁত; নাগদন্তক, দ্রব্যাদি স্থাপনার্থ ভিত্তিগাত্রস্থ দণ্ডযুগল। ৬ষ্ঠীতৎ। ২। গণেশ। গজের দন্তের ন্যায় দন্ত যাহার, বহুব্রী। বি; পুং।

গজদাঁত—হস্তিদন্ত; দন্তের উপরিস্থ দন্ত; পার্শ্বদন্ত। ৬ষ্ঠীতৎ। বি।

গজপতি, গজরাজ—করিবর, শ্রেষ্ঠ হস্তী; ঐরাবত। গজদিগের পতি বা রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গজপিপ্পলী—গজপিপুল, মোটাপিপুল; চই। গজাখ্যা পিপ্পলী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গজবন্ধনী—হস্তিবন্ধনস্তম্ভ; হস্তিবন্ধন গৃহ বা স্থান, হাতীশালা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গজভুক্ত—মাতঙ্গকর্তৃক ভক্ষিত, হাতীর খাওয়া; একপ্রকার কীটকর্তৃক ভক্ষিত। ৩য়াতৎ। বিণ।

গজভুক্তকপিত্থ—গজ-নামক পোকায় খাওয়া কৎবেল। কর্ম্মধা। বি; ক্লীব।

গজভুক্তকপিত্থবৎ—গজপোকায় খাওয়া কয়েতবেলের মত (অন্তঃসারশূন্য)। গজ-ভুক্তকপিত্থ + বতিচ্ তুল্যার্থে। অব্য।

গজমতি—গজমুক্তা। ৬ষ্ঠীতৎ। বি।

গজমুক্তা—হস্তিকুম্ভজাত মুক্তা। মধ্যপ কর্ম্মধা। বি: স্ত্রী।

গজমোতি, –মোতিম—গজমুক্তা। প্রাঃ কবিপ্র। বি। [ক্লীব।

গজযূথ—হাতীর পাল। ৬ষ্ঠীতৎ। বি;

গজর-গজর—বকর-বকর, গুনর-গুনর, অব্যক্ত শব্দে বিরক্তিপ্রকাশ। দেশজ। অব্য।

গজরা, গজরান—গর্জ্জন করা। বাং ক্রি।

গজরাজ—গজপতি দ্রঃ।

গজল—প্রণয়সঙ্গীতবিশেষ। আর্বী। বি।

গজহুঁগামিনী—গজগামিনী। প্রাঃ কবিপ্র। বিণ; স্ত্রী।

গজা—১। গজ-পরিমিত, দুইহাতী; বক্র, বাঁকা, টেরা। হিন্দী। বিণ। ২। ময়দা শর্করাযোগে তৈল-ঘৃতাদিতে ভর্জ্জিত মিষ্টান্ন-বিশেষ। বি।

গজাজীব—হস্তিপালক, মাহুত। গজ হইয়াছে আজীব (জীবিকা) যাহার, বহুব্রী। বি; পুং।

গজাধ্যক্ষ—গজরক্ষক, হস্তিশালার তত্ত্বা-বধায়ক। গজদিগের অধ্যক্ষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গজান—অঙ্কুরিত হওয়া, উৎপন্ন হওয়া, নূতন জন্মান। বাং ক্রি।

গজানন, গজাস্য—১। হাতীর মুখ। গজের আনন বা আস্য, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। গণেশ। গজের আননের বা আস্যের ন্যায় আনন বা আস্য যাহার, বহুব্রী। বি; পুং।

গজার—শাল মাছ, শোল মাছের মত একরকম মাছ। প্রাদে। বি।

গজারি—১। সিংহ; গজাসুরদ্বেষী মহাদেব। গজের অরি (শত্রু), ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। একপ্রকার বৃক্ষ। বি।

গজারূঢ়, গজারোহী (–হিন্)—হস্তিপৃষ্ঠে উপবিষ্ট। গজে আরূঢ়, ৭মীতৎ; গজ–আ–রুহ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –ঢ়া, –হিণী।

গজাল—লৌহ-কন্টক, প্রেক; গজার মাছ। ফার্সীমূলক। বি। [বিণ।

গজী—গজপরিমিত; দুই হাত বহরের।

গজেন্দ্র—করিশ্রেষ্ঠ, হস্তিরাজ; ঐরাবত। গজমধ্যে ইন্দ্র (প্রধান), ৭মীতৎ। বি; পুং।

গজেন্দ্রগমনে—গজরাজের ন্যায় পরম সুন্দর ধীরমন্থর গতিতে। গজেন্দ্রের গমনের ন্যায় গমন যাহাতে, এরূপে বহুব্রী.। ক্রি-বিণ।

গজেন্দ্রগামী (–গামিন্)—গজরাজের ন্যায় ধীরমন্থর সুন্দরভাবে গমনকারী। গজেন্দ্রের ন্যায় গমন করে যে, উপতৎ। গজেন্দ্র –গম্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –মিনী।

গঞ্জ—ধনাগার; ভাণ্ডারগৃহ; শস্যাদির বিক্রয়-স্থান, হট্ট। গন্জ্+ঘঞ্ অধিবা। বি; পুং। (মতান্তরে ফার্সী শব্দ)। [বি; ক্লীব।

গঞ্জন—তিরস্করণ। গন্জ্+অনট্ ভাববা।

গঞ্জনা—লাঞ্ছনা; গ্লানিসূচক বাক্য, তিরস্কার, ভর্ৎসনা। গন্জ্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

গঞ্জা—১। মদিরাগৃহ, শুঁড়িখানা; মদ্যপাত্র; হাট। গন্জ্+ঘঞ্ অধিবা+আপ্। বি; স্ত্রী। ২। তিরস্কার করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

গঞ্জি, গেঞ্জি—একরকম ছোট আঁট জামা। ইং Guernsey. বি।

গঞ্জিকা—১। মদিরাগৃহ, যে স্থানে মদ্য প্রস্তুত বা বিক্রীত হয়। গঞ্জা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। ২। গাঁজা। দেশজ। বি।

গঞ্জিকাসেবী (–সেবিন্)—গাঁজাখোর। উপতৎ। গঞ্জিকা–সেব্+ণিন্ কর্তৃবা। বি; পুং বা বিণ।

গট, গ্যাঁট—স্থির, ধীর, প্রশান্ত, অব্যাকুল, নিশ্চিন্ত। দেশজ। বিণ।

গট্ গট্—চলিবার শব্দ। দেশজ। অব্য।

গঠন—আকার, আকৃতি; নির্ম্মাণ, রচন, গড়া। 'ঘটন' বা 'গ্রথন' শব্দজ। বি।

গঠনপ্রণালী, –ভঙ্গী—নির্ম্মাণপদ্ধতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গঠিত—নির্ম্মিত; রচিত। 'ঘটিত' শব্দজ। বিণ। স্ত্রী, –তা।

গড়—১। পরিখা; দুর্গ; বাধা; পর্দা; গড়ুই মাছ। গড্+অচ্ কর্তৃবা। বি; পুং। ২। প্রণাম, দণ্ডবৎ হওয়া; স্থূল গণনা; মাঝামাঝি হিসাব; ঢেঁকির মুষলপতনের গর্ত্ত। দেশজ। বি। [মধ্যপ কর্ম্মধা। বি।

গড়খাই, –খাত, –খানা—পরিখা।

গড়গড়—শকটচক্রগমন মেঘধ্বনি প্রভৃতির অনুকরণ-শব্দ; দ্রুততাবোধক। দেশজ। অব্য।

গড়গড়া—গড়গড় শব্দ; তামাক খাইবার আলবোলা। গড়গড়+আ করে অর্থে। বি।

গড়ন—গঠন, নির্ম্মাণ; নির্ম্মাণভঙ্গি, দেহ-ভঙ্গিমা; সৌষ্ঠব। 'গঠন' শব্দজ। বি।

গড়নদার—গঠনকর্ত্তা, নির্ম্মাতা; অলঙ্কারাদি প্রস্তুতকারক। গড়ন+দার কর্ত্তা অর্থে। বি।

গড়নপিটন—আকারপ্রকার; আকার ও নির্ম্মাণপদ্ধতি। দেশজ। বি।

গড়পড়তা—গড়ে, গড়হিসাবে; মোটামুটি। দেশজ। ক্রি-বিণ।

গড়া—১। রঙ্গিন পাড়বিহীন ছোট কাপড়, খাদি; গোঁজ, খুঁটা; খুঁটার বেড়া; সন্নিহিত স্থান, গোড়া। বি। ২। গঠন করা, নির্ম্মাণ

করা; শিক্ষিত করা। বাং ক্রি। ৩। কল্পিত; গঠিত; কৃত্রিম। গড়্+আ কর্ম্মবা। বিণ।

গড়াগড়ি—মাটিতে লুটালুটি, অবলুণ্ঠন। দেশজ। বি।

গড়ান—গঠন করান, অন্যের দ্বারা প্রস্তুত করান; ভূমিতে আবর্ত্তিত করা, ঘুরাইতে ঘুরাইতে চালান; পাত্র হইতে জলাদি ঢালা; বহিয়া যাওয়া; শুইয়া বিশ্রাম করা। বাং ক্রি।

গড়ানিয়া, গড়ানে—ঢালু, ক্রমনিম্ন। গড়া +নিয়া, নে প্রবণার্থে। বিণ।

গড়ি—১। গ'ড়ে (গবাদি পশু); অলস। গড়্+ইন্ কর্ত্তৃবা। বিণ। ২। গড়াগড়ি। প্রাঃ কবিপ্র। বি।

গড়িমসি, –মিসি—১। যাই যাই করিয়া বিলম্ব করা; গয়ংগচ্ছ করা; অনর্থক কালহরণ, দীর্ঘসূত্রতা। প্রাদে। বি। ২। অলস। বিণ।

গড়িয়া, গ'ড়ে—১। যে পড়িলে আর উঠিতে চায় না, আলস্যপ্রবণ (পশু)। বিণ। ২। ফুলের মোটা মালা। দেশজ। বি।

গড্ডর, গড্ডল—মেষ, ভেড়া, গাড়ল। গড্ +ডর, ডল কর্ত্তৃবা। বি; পুং।

গড্ডরিকা, গড্ডলিকা—একটি মেষের অনুসরণকারী মেষশ্রেণী; প্রস্রবণ। গড্ডল (মেষ)+কন্ অনুধাবন করে অর্থে+আপ্। বি; স্ত্রী।

গড্ডরি(লি)কাপ্রবাহ—অগ্রবর্ত্তী মেষের পশ্চাতে অন্যান্য মেষের গমন; সবিশেষ বিবেচনা না করিয়া অপরের দেখাদেখি কোনও মত বা প্রথার অনুবর্ত্তন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গড্‌ডুক, গড্‌ড্‌ক—ভৃঙ্গার, গাড়ু, ঝারি। গড্+ডুক, ড্ক সংজ্ঞার্থে। বি; পুং।

গণ—শিবের অনুচরবৃন্দ; প্রমথগণ; সমূহ; দল; সজাতীয়; হস্তী ২৭, রথ ২৭, অশ্ব ৮১, পদাতি ১৩৫, এতৎসংখ্যক সৈন্য; (জ্যোতিষে) নক্ষত্র অনুসারে জাতকের দেব, নর, রাক্ষসাদি ভেদ। গণ্+ঘঞ্ কর্ম্মাদিবাচ্যে। বি; পুং।

গণক—১। গণনাকারক; গণিতজ্ঞ। গণ+ণক কর্ত্তৃবা। বিণ। ২। দৈবজ্ঞ। বি; পুং।

গণকার—গণক। গণ–কৃ (করা)+অণ্ কর্ত্তৃবা। বি; পুং। [ঈপ্। বি; স্ত্রী।

গণকী—গণকপত্নী, দৈবজ্ঞভার্য্যা। গণক+

গণতন্ত্র—প্রজাবর্গের মতানুসারে রাজ্যশাসন (Democracy). গণনিয়ন্ত্রিত তন্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গণতি—গণনা, সংখ্যা। দেশজ। বি।

গণৎকার—গণকার (তাহা দ্রঃ)।

গণদেব—গণেশ, গজানন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গণদেবতা—আদিত্য বার (১২), বিশ্ব দশ, বসু আট, তুষিত ছত্রিশ, আভাস্বর চৌষট্টি, বায়ু উনপঞ্চাশ, মহারাজিক দুইশত কুড়ি, সাধ্য বার, রুদ্র এগার, এই সকল দেবতা। গণাখ্যা দেবতা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গণন—বার, তিথি ও গ্রহনক্ষত্রাদির স্থিতি ও সঞ্চার অনুসারে শুভাশুভ নিরূপণ; সংখ্যা-করণ; গ্রাহ্যকরণ; অবধারণ। গণ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

গণনা—গণন (সকল অর্থে)। গণ্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

গণনাথ, গণনায়ক, গণপতি, গণাধিপ—গণেশ; শিব। গণদিগের নাথ, নায়ক, পতি, অধিপ, ৬ষ্ঠীতৎ। বি; পুং;

গণনীয়—গণ্য, সংখ্যেয়; গ্রাহ্য। গণ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, –য়া।

গণপরিষদ্—জনসাধারণের নির্ব্বাচিত সভা-গণকর্ত্তৃক গঠিত সভা (Constituent Assembly). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গণভোট—সর্ব্বসাধারণকর্ত্তৃক মত প্রদান। ৬ষ্ঠীতৎ। বি।

গণশক্তি—সাধারণ জনমণ্ডলীর ক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গণা—১। গণনা করা, গণ্য করা, সংখ্যা করা, ইয়ত্তা করা; জ্ঞান করা, বিবেচনা করা; মনে করা, স্মরণ করা; ঠিক করা,

ঠাওরান। বাং ক্রি। ২। গণিত। গণ+আ কর্ম্মবা। বিণ।

গণাগাথা—যাহা গণিয়া ঠিক করিয়া রাখা হইয়াছে; পূর্ব্ব হইতে নির্দ্ধারিত। বিণ।

গণাগোষ্ঠী—সমগ্র পরিবার, পরিবারের সকল লোক। প্রাদে। বি।

গণান—গণনা করান, দৈবজ্ঞদ্বারা শুভাশুভাদি নির্দ্ধারণ করান। বাং ক্রি।

গণিকা—বেশ্যা। গণ+ইক আছে অর্থে +আপ্। বি; স্ত্রী।

গণিত—১। সংখ্যাত, গণনা করা হইয়াছে এরূপ। গণ+ক্ত কর্ম্মবা। বিণ। ২। অঙ্কশাস্ত্র। গণ+ক্ত করণবা। ৩। গণন। গণ +ক্ত ভাববা। বি; ক্লীব।

গণিতজ্ঞ—অঙ্কশাস্ত্রবেত্তা; গণনবিষয়ে পণ্ডিত। উপতৎ। গণিত—জ্ঞা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

গণেশ—শিব; গজানন। গণদিগের ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গণ্ড—১। হস্তিকপোল; গণ্ডার; কপোল, গাল; সপ্তবিংশতি যোগের অন্তর্গত দশম যোগ; অশ্বিন্যাদি নক্ষত্রের অংশবিশেষ। গন্ড্+অচ্ কর্ত্তৃবা। বি। ২। প্রধান, বৃহৎ। গম্+ড কর্ত্তৃবা। বিণ।

গণ্ডকী—নদীবিশেষ,—নেপাল হইতে উৎপন্ন হইয়া ও গণ্ডক নদের পূর্ব্বদিক্ দিয়া প্রায় সমান্তরালভাবে প্রবাহিত হইয়া মুঙ্গেরের অপর পারে গঙ্গার সহিত মিলিত হইয়াছে। গণ্ডক+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী।

গণ্ডকী-শিলা—শালগ্রাম-শিলা। গণ্ডকীস্থা শিলা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গণ্ডকূপ—গণ্ডস্থলের কূপ; সমতল পর্ব্বতশিখর; অধিত্যকা (Tableland). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গণ্ডগোল—বিবাদ, কলহ, ঝগড়া; অত্যন্ত কোলাহল। দেশজ। বি।

গণ্ডগ্রাম—বৃহৎগ্রাম, বহুজনাকীর্ণ গ্রাম। গণ্ড (প্রধান, বৃহৎ) গ্রাম, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গণ্ডদেশ—গণ্ডস্থল, কপোল, গাল। গণ্ডই দেশ, কর্ম্মধা। বি; পুং।

গণ্ডমালা—গলদেশের স্ফোটকসমূহ; শিশুর মাল্যবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গণ্ডমূর্খ—মহামূর্খ, অতিশয় নির্ব্বোধ। গণ্ড (প্রধান) মূর্খ, কর্ম্মধা। বিণ। স্ত্রী,—র্খা।

গণ্ডশৈল—পাহাড়; পর্ব্বত হইতে বিচ্যুত বৃহৎ প্রস্তর। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গণ্ডস্থল, গণ্ডস্থলী—গণ্ডদেশ, কপোল, গাল। গণ্ড স্থলপ্রায়, স্থলীপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; ক্লীব, স্ত্রী।

গণ্ডা—১। চারি কড়ার সমষ্টি; ৪ এই সংখ্যা; পাওনা টাকা। 'গণ্ডক' শব্দজ। বি। ২। গণ্ড, গণ্ডার। প্রাঃ কবিপ্র। বি।

গণ্ডাকিয়া, গণ্ডাকে—ধারাপাতের ১ হইতে ১০০ গণ্ডার সারণী। দেশজ। বি।

গণ্ডার—স্বনামপ্রসিদ্ধ জন্তুবিশেষ, গণ্ডক। গণ্ড—ঋ+অণ্ কর্ত্তৃবা। বি; পুং।

গণ্ডি, গণ্ডী—১। বৃক্ষকাণ্ড, গাছের গুঁড়ি। গণ্ড্+ই অধিবা সংজ্ঞার্থে, পক্ষে ঈপ্। বি; পুং, স্ত্রী। ২। সীমা, সীমারেখা; বেষ্টনী, বেষ্টনীরেখা। 'গণ্ড' শব্দজ। বি।

গণ্ডূষ—এক কোষ; এক কোষ জল; ব্রাহ্মণাদি দ্বিজবর্ণত্রয়ের ভোজনের অগ্রে ও পশ্চাতে মন্ত্রোচ্চারণপূর্ব্বক কিঞ্চিৎ জলপান। গন্ড্+উষন্ করণবা। বি; পুং।

গণ্ডে-পিণ্ডে, গাণ্ডে-পিণ্ডে—কুঁচকিকণ্ঠা ঠাসিয়া, আকণ্ঠ, অত্যধিকরূপে (খাওয়া)। দেশজ। ক্রি-বিণ।

গণ্য—গণনীয়, গ্রহণীয়; বিবেচ্য। গণ+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, গণ্যা।

গণ্যমান্য—সম্রান্ত এবং মাননীয়। গণ্য অথচ মান্য, কর্ম্মধা। বিণ। স্ত্রী,—ন্যা।

গৎ—বাজনার রকম রকম বোল; গানের নির্দ্দিষ্ট সুর। 'গতি' শব্দজ। বি।

গত—১। চলিয়া গিয়াছে এরূপ, প্রস্থিত; পূর্ব্ববর্ত্তী; অতীত; মৃত; পতিত। গম্+ক্ত

কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, গতা। ২। গমন, যাওয়া। গম্+ক্ত ভাববা। বি; ক্লীব।

গতকল্য—গতদিবস, অদ্যকার পূর্ব্বদিন। কর্ম্মধা। দেশজ। বি।

গতজীবন—১। ত্যক্তপ্রাণ, মৃত। গত হইয়াছে জীবন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না। ২। জীবনের যে অংশ অতীত হইয়াছে। কর্ম্মধা। বি; ক্লীব।

গতনিদ্র—নিদ্রারহিত, জাগরিত, যাহার ঘুম ভাঙ্গিয়াছে। গতা নিদ্রা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—দ্রা।

গতপ্রাণ—মৃত। গত হইয়াছে প্রাণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

গতযৌবন—১। অতীত তারুণ্য। কর্ম্মধা। বি; ক্লীব। ২। যৌবনাতিক্রান্ত, বৃদ্ধ। গত হইয়াছে যৌবন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

গতর—শরীর, দেহ; দেহের আয়তন বা স্থূলতা; পরিশ্রমশক্তি; সামর্থ্য; স্বাস্থ্য। 'গাত্র' শব্দজ। বি।

গতরখেকো—সামর্থ্য সত্ত্বেও যে শ্রম করিতে নারাজ। বিণ। স্ত্রী,—খাকী,—খাগী।

গতরিয়া, গতুরে—যাহার গতর আছে, পরিশ্রমী, কর্ম্মক্ষম। গতর+ইয়া, এ। বিণ।

গতশোক—বীতশোক, শোকহীন, শোক হইতে মুক্ত। গত শোক যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

গতাগত—যাতায়াত, যাওয়া আসা, গমনাগমন। গত ও আগত, দ্বন্দ্ব। বি; ক্লীব।

গতাগতি—গমনাগমন, যাতায়াত। গত ও আগতি, দ্বন্দ্ব। বি; স্ত্রী।

গতান—অনিচ্ছাসত্ত্বেও গ্রহণ করান, গছাইয়া দেওয়া। বাং ক্রি।

গতানুগতিক—গতানুযায়ী, অন্যের অনুকারী, লোকদৃষ্টান্তের অনুবর্ত্তী। গতানুগতি +কন্ স্বার্থে+অচ্ আছে অর্থে। বিণ।

গতানুশোচন, গতানুশোচনা—অতীত বিষয়ের নিমিত্ত পরিতাপ। গতের অনুশোচন বা অনুশোচনা, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।

গতায়াত—গমনাগমন, যাওয়া আসা। গত ও আয়াত, দ্বন্দ্ব। বি; ক্লীব।

গতায়ুঃ (গতায়ুস্), গতায়ু—আসন্নমৃত্যু; মৃত। গত হইয়াছে আয়ুঃ যাহার, বহুব্রী। বিণ।

গতাসু—বিগতপ্রাণ, মৃত। গত হইয়াছে অসু (প্রাণ) যাহার, বহুব্রী। বিণ।

গতি—১। পথ; আশ্রয়; গম্যস্থান। গম্ +ক্তি অধিবা। ২। উপায়; নাড়ীব্রণ; ভাগ্য। গম্+ক্তি করণবা। ৩। গমন, যাওয়া; জীবনযাত্রা নির্ব্বাহ; সঞ্চার; যাত্রা; প্রাপ্তি; অবস্থা; প্রকার; গমনবেগ, চলন; সৎকার, অন্ত্যেষ্টিক্রিয়া; পরিণাম। গম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

গতিক—উপায়, প্রকার; দশা, ভাব, অবস্থা। গতি+কন্ স্বার্থে। বি; পুং বা ক্লীব।

গতিবিজ্ঞান—পদার্থবিজ্ঞানের শাখাবিশেষ; যাহাতে গতিবিষয়ক সমস্ত তত্ত্ব আছে এরূপ শাস্ত্র (Dynamics). গতিবিষয়ক বিজ্ঞান, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গতিবিদ্যা—গতিবিজ্ঞান (Dynamics). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গতিবিধি—১। গমনবিষয়ক নিয়ম। মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। গমনাগমন, যাওয়া আসা। দেশজ। বি। [স্ত্রী।

গতিরোধ—গমনের বাধা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গতিশক্তি—চলিবার ক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি;

গতিহীন—গমনাগমনশূন্য, অচল; উপায়শূন্য, নিরুপায়। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

গতুয়া, গতো—কুঁড়ে, দীর্ঘসূত্রী। দেশজ। বিণ। [বি; ক্লীব।

গত্যন্তর—অন্য উপায়। অন্যা গতি, নিত্য।

গত্বর—অচিরস্থায়ী, অস্থায়ী; গমনশীল। গম্ +করপ্ শীলাদ্যর্থে। বিণ। স্ত্রী,—রী।

গদ—১। কথন। গদ্+ক ঘঞর্থে ভাববা।

বি। ২। রোগ, পীড়া। গদ্+অচ্ কর্ম্মবা। বি। ৩। বিষ। গদ্+ক ষঅর্থে করণবা। বি; পুং। ৪। গানের সুর, গৎ। 'গৎ' শব্দজ। ৫। গুরুভোজনের ভাব। দেশজ। বি।

গদগদ—গদ্গদ (তাহা দ্রঃ)।

গদা—লৌহাদিনির্ম্মিত মুদ্গর; মোটা লাঠি। গদ্+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

গদাইন(ল)স্করী—দীর্ঘসূত্রতা; বিলম্বে কার্য্য করার অভ্যাস [গদাই নামক জনৈক লস্কর প্রতিকার্য্যেই মন্থরতা অবলম্বন করিত। তাহারই নাম হইতে এই শব্দটির উৎপত্তি হইয়াছে]। দেশজ। বি।

গদাধর—শ্রীকৃষ্ণ, বিষ্ণু। গদার ধর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গদাপাণি—বিষ্ণু, কৃষ্ণ। গদা পাণিতে (হস্তে) যাঁহার, বহুব্রী। বি; পুং।

গদাযুদ্ধ—উভয় পক্ষে গদা অস্ত্র লইয়া সংগ্রাম বা লড়াই। ৩য়াতৎ। বি; ক্লীব।

গদি, গদী—আসন, সিংহাসন; মোটা তোষক; তুলাভরা আসন; মোহান্ত প্রভৃতির আসন বা পদ; বণিকের বা মহাজনের বসিবার স্থান; ব্যবসায়ের স্থান; বাণিজ্যাগার। হিন্দী 'গদ্দী' শব্দজ। বি।

গদিয়ান—১। গদির অধিকারী, মহাজনের দেওয়ান বা প্রধান কর্ম্মচারী। গদি+আন মালিক অর্থে। ২। সর্ব্বময়কর্ত্তা, প্রধান। প্রাঃ কবিপ্র। বি।

গদী (গদিন্)—১। রোগী, পীড়িত। গদ (রোগ)+ইন্ অস্ত্যর্থে। ২। গদাধারী। গদা+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—দিনী। ৩। বিষ্ণু, কৃষ্ণ। বি; পুং।

গদগদ—১। হর্ষশোকাদির আতিশয্যবশতঃ বাক্যরোধজন্য অব্যক্ত কণ্ঠধ্বনি। গদ্+ক্বিপ্ কর্ম্মবা (=গৎ); গৎ—গদ্+ক কর্ম্মবা। বি; পুং। ২। অব্যক্ত কণ্ঠধ্বনিযুক্ত; হর্ষশোকাদি-দ্বারা বিহ্বল; ভাবাতিশয্যে জড়িত। গদ্গদ+অচ্ বিশিষ্টার্থে। স্ত্রী, গদ্গদা।

গদ্গদকণ্ঠ—অস্পষ্ট কণ্ঠধ্বনিবিশিষ্ট। গদ্গদ হইয়াছে কণ্ঠ (কণ্ঠস্বর) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণ্ঠা,—ণ্ঠী।

গদ্য—১। ছন্দোরহিত বাক্য, সাধারণ ভাষা। গদ্+যৎ কর্ম্মবা। বি; ক্লীব। ২। কথনীয়। বিণ। [অব্য।

গন্‌গন্—অগ্নির সমুজ্জ্বল অবস্থা। দেশজ।

গন্‌গনিয়া, গন্‌গনে—সমুজ্জ্বল, দীপ্তিপ্রভ। গন্‌গন+ইয়া, এ করে অর্থে। বিণ।

গন্তব্য—গম্য, যেথানে যাওয়া আবশ্যক বা উচিত অথবা যাইতে হইবে এরূপ; প্রাপ্য; জ্ঞেয়। গম্+তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ব্যা।

গন্তা (গন্তৃ)—গমনশীল; প্রাপ্তিশীল। গম্+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, গন্ত্রী।

গন্ধ—বস্তুর যে গুণ নাসিকা দ্বারা অনুভব করা যায়; আমোদ, বাস; ঘ্রাণ; ঘৃষ্টচন্দনাদি; সম্পর্ক; লেশ। গন্ধ্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

গন্ধক—স্বনামখ্যাত উপধাতু। গন্ধ+কন্ স্বার্থে। বি; পুং।

গন্ধকচূর্ণ—১। গন্ধকের গুঁড়া। ৬ষ্ঠীতৎ। ২। বারুদ। গন্ধক-প্রধান চূর্ণ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গন্ধকাম্ল—অ্যাসিড্-বিশেষ (Sulphuric acid). ৬ষ্ঠীতৎ। বি।

গন্ধগোকুল, গন্ধগোকুলা—গন্ধগাত্র নকুলজাতীয় জন্তুবিশেষ। দেশজ। বি।

গন্ধজল—সুবাসিত জল। গন্ধযুক্ত জল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গন্ধতণ্ডুল—চাউলবিশেষ; গন্ধমালতী, কামিনী প্রভৃতি ধান্যের চাউল। গন্ধযুক্ত তণ্ডুল, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গন্ধতুলসী—১। বাবুই তুলসী। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। ২। সুগন্ধি ধান্যবিশেষ। দেশজ। বি।

গন্ধতৃণ—একপ্রকার উগ্রগন্ধি ঘাস, বেণা ঘাস। গন্ধযুক্ত তৃণ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গন্ধতৈল—যন্ত্রপাকজনিত তৈলবিশেষ, সুগন্ধি

তৈল; চন্দনী আতর। গন্ধযুক্ত তৈল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গন্ধদ্রব্য—গন্ধযুক্ত বস্তু, বেণেতি মসলা (Spices); সুগন্ধি সামগ্রী (Aromatics); নাগকেশর। গন্ধপ্রধান দ্রব্য, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গন্ধন—১। সূচন; প্রকাশন; উৎসাহ; উত্তেজন। গন্ধ্ + অনট্ ভাববা। বি; ক্লীব।

গন্ধনকুল, গন্ধমূষিক—ছুছুন্দরী, ছুঁচা। গন্ধযুক্ত নকুল, মূষিক, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গন্ধপুষ্প—১। চন্দন ও ফুল। দ্বন্দ্ব। ২। চন্দনমাখান ফুল। গন্ধমিশ্রিত পুষ্প, মধ্যপ কর্ম্মধা। ৩। সুগন্ধি ফুল। গন্ধপ্রধান পুষ্প, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। ৪। বেতসবৃক্ষ; অশোক বৃক্ষ; অক্ষোটবৃক্ষ; গন্ধযুক্তবৃক্ষমাত্র। গন্ধযুক্ত পুষ্প যাহার, বহুব্রী। বি; পুং।

গন্ধবণিক্ (—বণিজ্)—বাণিজ্যোপজীবী হিন্দুজাতিবিশেষ; গন্ধবেণিয়া। গন্ধোপজীবী বণিক্, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গন্ধবতী—১। সুরা; পুরীবিশেষ; পৃথিবী; মৎস্যগন্ধা, ব্যাসদেবের জননী। বি; স্ত্রী। ২। গন্ধবিশিষ্টা, গন্ধযুক্তা। গন্ধ + মতুপ্ আছে অর্থে + ঈপ্। বিণ; স্ত্রী। পুং, গন্ধবান্।

গন্ধবহ—বায়ু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গন্ধবহা—১। নাসিকা, নাক। বি; স্ত্রী। ২। গন্ধবহনকারিণী। গন্ধবহ + আপ্। বিণ; স্ত্রী।

গন্ধবান্ (—বৎ)—গন্ধযুক্ত, ঘ্রাণবিশিষ্ট। গন্ধ + মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—বতী।

গন্ধভাদাল, —ভাদুলী—গাঁধাল বা গাঁদাল লতা। দেশজ। বি।

গন্ধমাদন—১। পর্ব্বতবিশেষ; গন্ধক; ভ্রমর। গন্ধ—মাদি + অন কর্তৃবা। বি; পুং বা ক্লীব।

গন্ধমালতী—সুরভি পুষ্পবিশেষ; সুগন্ধি ধান্যবিশেষ। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গন্ধমূষিক—গন্ধনকুল দ্রঃ।

গন্ধমৃগ—কস্তুরীমৃগ। গন্ধদায়ী মৃগ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গন্ধরাজ—চন্দন; স্বনামখ্যাত পুষ্প। গন্ধ—রাজ্ + অচ্ কর্তৃবা। বি; পুং।

গন্ধর্ব্ব(র্ব)—১। স্বর্গগায়ক, দেবযোনিবিশেষ। ২। গায়ক; কোকিল; মৃগবিশেষ। গন্ধে অর্ব্ব (বোধ) যাহাদের, বহুব্রী। ৩। যুদ্ধের ঘোটক। গন্ধ—অর্ব্ব্ + অণ্ কর্তৃবা। বি; পুং।

গন্ধর্ব্ব(র্ব) ছুটান—ভীষণভাবে প্রহার করা (এমন মার মারা যে স্বর বদলাইয়া যায় অর্থাৎ সঙ্গীতের স্থলে আর্ত্তনাদ করিতে হয়, অথবা মারের চোটে গন্ধর্ব্ব অর্থাৎ অশ্বের ন্যায় ছুটিয়া বেড়াইতে হয়)। দেশজ। ক্রি।

গন্ধর্ব্ব(র্ব)বিদ্যা, গন্ধর্ব্ব(র্ব)বেদ—সঙ্গীতবিদ্যা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, পুং।

গন্ধর্ব্ব(র্ব)বিবাহ—স্ত্রী ও পুরুষের পরস্পর সম্মতিপূর্ব্বক বিবাহ। গন্ধর্ব্বোচিত বিবাহ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গন্ধর্ব্ব(র্ব)বেদ—গন্ধর্ব্ববিদ্যা দ্রঃ।

গন্ধর্ব্ব(র্ব)লোক—গন্ধর্ব্বগণের আবাসস্থান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গন্ধশালি—সুরভি ধান্যবিশেষ। গন্ধযুক্ত শালি, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গন্ধসার—চন্দনবৃক্ষ। গন্ধ সার যাহার, বহুব্রী। বি; পুং।

গন্ধা—চাঁপাফুলের কুঁড়ি; প্রিয়ঙ্গু; শটী; বনতুলসী; বংশলোচন। গন্ধ্ + ণিচ্ + অচ্ কর্তৃবা + আপ্। বি; স্ত্রী।

গন্ধাজীব—গন্ধবণিক্। গন্ধ হইয়াছে আজীব (জীবিকা) যাহার, বহুব্রী। বি; পুং।

গন্ধার—স্বরবিশেষ; গান্ধার; সিন্দূর। গন্ধ—ঋ + অণ্ কর্তৃবা। বি; পুং।

গন্ধেন্দ্রিয়—ঘ্রাণেন্দ্রিয়, নাসিকা। গন্ধগ্রাহক ইন্দ্রিয়, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গন্ধেশ্বরী—গন্ধবণিক্ জাতির আরাধ্যা দেবী। গন্ধের ঈশ্বরী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গন্নাকাটা—নাককাটা, নাসিকাহীন; খোনা; কন্ধকাটা, কবন্ধ; যাহার উপরের ঠোঁট কাটা (Harelipped) বহুব্রী। বিণ।

গপ্‌গপ্‌, গব্‌গব্‌—গ্রাসের শব্দ। দেশজ। (তাড়াতাড়ি হইলে 'গপাগপ্‌', 'গবাগব্‌' বলে)। অব্য।

গবচন্দ্র, গবুচন্দ্র—গোবুদ্ধি, জড়বুদ্ধি, নির্ব্বোধ। দেশজ। বিণ।

গবয়—বনগব, গলকম্বলশূন্য গোতুল্য পশু; একটী বানরের নাম। গু+অয়চ্‌ কর্তৃবা। বি; পুং। স্ত্রী,–য়ী।

গবর্ণমেণ্ট—গভর্ণমেণ্ট (তাহা দ্রঃ)।

গবর্ণর—গভর্ণর (তাহা দ্রঃ)। [(তাহা দ্রঃ)।

গবর্ণর-জেনারেল—'গভর্ণর-জে না রে ল'

গবা, গবাকান্ত, গবারাম—গোতুল্য, নির্ব্বোধ, স্থূলবুদ্ধি, হাঁদা। দেশজ। বিণ।

গবাক্ষ—জানালা। গোর (গোরুর) অক্ষি (চক্ষুতুল্য), ৬ষ্ঠীতৎ (অচ্‌ সমাসান্ত)। বি; পুং।

গবাশ্ব—গরু এবং ঘোড়া। গো এবং অশ্ব, এই উভয়ের সমাহার, সমা-দ্বন্দ্ব। বি; ক্লীব।

গবী—স্ত্রী-গো, গাভী, গাই; বাণী। গো+স্ত্রীলিঙ্গে ঈপ্‌। বি; স্ত্রী।

গবেষণ, গবেষণা—কোন বিষয়ের তত্ত্ব-নিরূপণার্থ অন্বেষণ, সবিশেষ অনুসন্ধান (Research, Investigation). গবেষ্‌ (অন্বেষণ করা)+অনট্‌, পক্ষে অন ভাববা+আপ্‌। বি; ক্লীব, স্ত্রী।

গবেষিত—যাহার গবেষণা করা হইয়াছে এরূপ, অন্বেষিত। গবেষ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

গবদা—মোটা ও অপরিপাটী; স্থূল ও অমার্জ্জিত; স্থূলবুদ্ধি। দেশজ। বিণ।

গব্য—গোসম্বন্ধীয় (দুগ্ধ-ঘৃতাদি)। গো+যৎ ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী, গব্যা।

গব্যঘৃত—গাওয়া ঘি। কর্ম্মধা। বি; ক্লীব।

গভর্ণমেণ্ট—শাসন; শাসন-প্রণালী; শাসনকর্তৃপক্ষ; শাসকসম্প্রদায়; রাজশক্তি বা রাজসরকার; সরকার। ইং Government. বি।

গভর্ণর—শাসনকর্ত্তা; [এদেশে] প্রাদেশিক শাসনকর্ত্তা বা লাট সাহেব। ইং Governor. বি।

গভর্ণর-জেনারেল—সর্ব্বপ্রধান শাসন-কর্ত্তা, বড়লাট। ইং Governor-General. বি।

গভস্তি—১। অগ্নিদেবপত্নী স্বাহা। বি; স্ত্রী। ২। কিরণ; সূর্য্য। গ–ভস্‌+ক্তি কর্তৃবা। বি; পুং।

গভীর—দুর্গম; দুষ্প্রবেশ; জটিল; দুর্ব্বার; গম্ভীর; অতিশয় নিম্ন; নিবিড়, ঘন, দুর্দ্ধর্ষ। গম্‌+ঈরন্‌ অথবা (ম-স্থানে ভ)। বিণ। স্ত্রী,–রা।

গভীরতা, গভীরত্ব—গভীরের ভাব; গাম্ভীর্য্য। গভীর+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

গম—১। গমন, যাওয়া। গম্‌+অপ্‌ ভাববা। ২। পথ। গম্‌+ঘ করণবা। বি; পুং। ৩। শস্যবিশেষ। 'গোধূম' শব্দজ। বি।

গমক—১। গময়িতা; জ্ঞাপক; বোধক; প্রেরক। ণিজন্ত গম্‌ (=গমি)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,–মিকা। ২। (সঙ্গীতে) স্বরের কম্পন। বি; পুং।

গমগম—১। পুনঃ পুনঃ আঘাতধ্বনি, বিশেষতঃ মুষ্টিপ্রহারের শব্দ; গম্ভীর শব্দ। দেশজ। অব্য। ২। কোলাহলমুখর, শব্দময়। দেশজ। বিণ।

গমন—গতি, চলন, যাওয়া; প্রস্থান। গম্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

গমনাগমন—যাতায়াত, যাওয়া আসা। গমন ও আগমন, দ্বন্দ্ব। বি; ক্লীব।

গমনীয়—গম্য দ্রঃ।

গমনোদ্যত, গমনোন্মুখ—যাইতে উদ্যত, যাইবার জন্য ব্যস্ত। গমনে উদ্যত, উন্মুখ, ৭মীতৎ। বিণ। স্ত্রী,–তা,–খী,–খা।

গমাগম—১। চরাচর, সংসার; গমনাগমন। দ্বন্দ্ব। বি; পুং। ২। প্রহারাদির অনুকরণ-শব্দ, গমগম। দেশজ। অব্য।

গমিত—অতিবাহিত, যাপিত; জ্ঞাপিত;

প্রাপিত। ণিজন্ত গম্ (=গমি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

গম্বুজ—গুম্বজ (তাহা দ্রঃ)।

গম্ভীর—গভীর; নিবিড়; অগাধ; ভারী; উদার; পূর্ণ। গম্+ঈরন্ অধিবা। বিণ। স্ত্রী,—রা।

গম্ভীরতা, গম্ভীরত্ব—গভীরতা, গাম্ভীর্য্য। গম্ভীর+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লীব।

গম্ভীরনাদী (—নাদিন্)—গম্ভীরধ্বনিকারী। উপতৎ। গম্ভীর—নদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

গম্ভীরপ্রকৃতি,—স্বভাব—১। দুর্জ্ঞেয় স্বভাব; ভারী মেজাজ। কর্ম্মধা। বি; স্ত্রী, পুং। ২। যাহার মেজাজ বোঝা কঠিন এরূপ; ভারী মেজাজের। বহুব্রী। বিণ। ২য় পক্ষে স্ত্রী,—স্বভাবা।

গম্ভীরমুখ—১। ভারী মুখ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। গম্ভীরমুখবিশিষ্ট, যাহার মুখ দেখিয়া কিছু বুঝা যায় না এরূপ। বহুব্রী। বিণ। স্ত্রী,—খী,—খা।

গম্ভীরা—১। গভীরা, অগাধা। বিণ; স্ত্রী। ২। গাজনের উৎসববিশেষ। দেশজ। বি।

গম্য, গমনীয়—যেখানে যাইতে কোন কষ্ট নাই; গমনযোগ্য, গন্তব্য; গমনীয়; প্রাপ্য; সাধ্য; নিস্তীর্য্য; উহ্য; অনুমেয়, জ্ঞেয়; উত্তরণযোগ্য। গম্+যৎ, অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, গম্যা,—য়া।

গয়ংগচ্ছ—গড়িমসি, দীর্ঘসূত্রতা, কুঁড়েমি, হচ্ছে-হবে যাচ্ছি-যাব এরূপ ভাব। দেশজ। বি। ['গ্রহণ' শব্দজ। বি।

গয়না, গহনা—আভরণ, ভূষণ, অলঙ্কার।

গয়না-নৌকা—যাত্রিবাহী দ্রুতগামী নৌকাবিশেষ। দেশজ। বি।

গয়বি,—বী—গৈবি (তাহা দ্রঃ)।

গয়রহ—দিগর, অস্ত, আর আর, ইত্যাদি। আর্বী 'বগইরহ' শব্দজ। অব্য।

গয়লা—গোপ, গোয়ালা। 'গোয়ালা' শব্দজ। বি; পুং। স্ত্রী,—লানী।

গয়া—বিহার প্রদেশের মধ্যবর্ত্তী পাটনা বিভাগের অন্তর্গত একটী জেলা ও তাহার প্রধান নগর। (ইহা হিন্দুর একটী পরম পবিত্র তীর্থস্থান, এখানে বিষ্ণুপদে পিণ্ডদান করা হয়)। বি; স্ত্রী।

গয়ার—গয়ের, কণ্ঠশ্লেষ্মা। প্রাদে। বি।

গয়ালি, গয়ালী—গয়াতীর্থের প্রধান পাণ্ডা; গয়াবাসী। গয়া+লি, লী অধিবাসী অর্থে। বি। [বি; পুং।

গয়াসুর—গয়-নামক অসুর। মধ্যপ কর্ম্মধা।

গয়েশ্বরী—১। গয়ার পীঠশক্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। গয়া শহরে প্রস্তুত (থালা ইত্যাদি)। দেশজ। বিণ।

গর—১। ববাদিকরণের পঞ্চম করণ। ২। বিষ; উপবিষ; রোগ। গৄ+অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব। ৩। বৈপরীত্য বা নিষেধার্থক উপপদ বা উপসর্গ (যেমন, গরমিল=অমিল, অনৈক্য)। আর্বীমূলক। অব্য।

গরকায়েম, গরকায়েমী—অস্থায়ী; অপাকা; অমজবুত। আর্বী। বি।

গরগর—১। অস্থির, ব্যাকুল; উল্লসিত। প্রাঃ কবিপ্র। বিণ। ২। গদগদ; ক্রোধাদি হেতু মনে মনে গর্জ্জন; ঘোর বর্ণ বা স্বাদ সঞ্চার। দেশজ। অব্য।

গরগরে—ঘোরবর্ণ বা স্বাদবিশিষ্ট; ক্রোধান্বিত। দেশজ। বিণ।

গরজ—প্রয়োজন, অর্থ; স্বার্থ; যত্ন; দায়। আর্বী। বি।

গরজা, গর্জ্জা(র্জ্জা)ন—গর্জ্জন করা; গজরান। বাং ক্রি।

গরজী, গরুজে—নিজপ্রয়োজনে ব্যস্ত; স্বার্থপর। আর্বী। বিণ।

গরণ—১। সেচন; ভক্ষণ। গৄ+অনট্ ভাববা। ২। বিষ। গৄ+অনট্ কর্ম্মবা। বি; ক্লীব।

গরদ—১। বিষপ্রদানকারী; রোগজনক। উপতৎ। গর—দা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দা। ২। রেশমী বস্ত্রবিশেষ। দেশজ। বি।

গরপছন্দ—অপছন্দ, অমনোনীত। আর্বী। বিণ। [শব্দজ। বি।
গরব—দেমাক, অহঙ্কার; গৌরব। 'গর্ব্ব'
গরবিনী—গর্ব্বিতা, অহঙ্কৃতা, মদমত্তা; আদরিণী। 'গর্ব্বিণী' শব্দজ। বিণ; স্ত্রী।
গরবী—গর্ব্বিত, অহঙ্কৃত, অহঙ্কারী, দেমাকী। 'গর্ব্বী' শব্দজ। বিণ। স্ত্রী,–বিনী।
গরম—উষ্ণ বা উষ্ণতা, তপ্ত বা তাপ; গ্রীষ্ম; গর্ব্বিত বা গর্ব্ব; বিকার; রোগ; উষ্ণবীর্য্য, উত্তেজক; উদ্ধত। 'ঘর্ম্ম' শব্দজ। বি বা বিণ।
গরমাই—১। গরম, গ্রীষ্ম, উত্তাপ। 'গরম' শব্দজ। বি। ২। উপদংশ রোগ। ফার্সীমূলক। বি।
গরমি—১। গ্রীষ্ম, উত্তাপ; গ্রীষ্মকাল; অহঙ্কার। 'গরম' শব্দজ। বি। ২। উপদংশ-রোগ। ফার্সী। বি।
গরমিল—অমিল, অনৈক্য। গর (নয়) মিল, সুপ্‌সুপা; অথবা মিলের অভাব, অব্যয়ী। বি।
গররাজি, –রাজী—অসম্মত, অনিচ্ছুক। গর (নয়) রাজি, রাজী, সুপ্‌সুপা। বিণ।
গরল—বিষ। গৃ+অলচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।
গরহাজির—অনুপস্থিত। গর (নয়) হাজির, সুপ্‌সুপা। বিণ।
গরা—গড়া, মোটাকাপড়, খাদি; খুঁটার বেড়া। দেশজ। বি।
গরাণ, গরান—বন্যবৃক্ষবিশেষ বা তাহার কাঠ। দেশজ। বি।
গরাদে—খুঁটা; খুঁটার বেড়া; জানালার মধ্যে মধ্যে সন্নিবেশিত শিক বা দণ্ড। পার্তুগীজমূলক। বি।
গরাস—গ্রাস, কবল। 'গ্রাস' শব্দজ। বি।
গরিব, গরীব—নির্ধন, দরিদ্র, দীনহীন, কাঙ্গাল; বেচারা; অসহায়, নিরুপায়। আর্বী। বিণ।
গরি(রী)বানা, গরিবী—১। গরিবের ভাব; দরিদ্রতা। গরিব (গরীব)+আনা, ঈ ভাবার্থে। বি। ২। গরিবের মত, দরিদ্রবৎ। গরিব (গরীব)+আনা, ঈ যোগ্যার্থে। বিণ।
গরি(রী)বখানা—গরীবের ঘর (বিনয় করিয়া বলা হয়)। ৬ষ্ঠীতৎ। আর্বী। বি।
গরিমা (গরিমন্)—১। গুরুত্ব; গৌরব; মহিমা; মাহাত্ম্য। গুরু+ইমন্ ভাবার্থে। বি; পুং। ২। অহঙ্কার, গর্ব্ব। দেশজ প্রঃ। বি।
গরিলা—বৃহদাকার বানরবিশেষ (Gorilla); গুপ্তযোদ্ধা (Guerilla). বি।
গরিষ্ঠ—গুরুতম; পূজ্যতম; অতি গৌরবান্বিত; অতি মহান্; সর্ব্বাপেক্ষা বড়; অর্থবান্। গুরু+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,–ষ্ঠা। [ঈপ্। বিণ; স্ত্রী।
গরীয়সী—গরীয়ান্ (তাহা দ্রঃ)। গরীয়স্+
গরীয়ান্ (গরীয়স্)—গুরুতর; পূজ্যতর; অতি গৌরবান্বিত; অতি মহান্; অর্থবান্। গুরু+ঈয়স্ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,–য়সী।
গরু—১। গো, বৃষ বা গবী, বলদ বা গাভী। 'গোরূপ' শব্দজ। বি। ২। (বিদ্রূপার্থে) মূর্খ। বিণ।
গরুজে—গরজী দ্রঃ।
গরুড়—পক্ষিরাজ (ইনি মহর্ষি কশ্যপের ঔরসে তৎপত্নী বিনতার গর্ভে জন্মগ্রহণ করেন); ঈগলপক্ষী; ব্যূহবিশেষ; গরুড়সদৃশ বলবান্ ব্যক্তি। গরুৎ (পক্ষ)—ডী+ড কর্ত্তৃবা। বি; পুং। [বহুব্রী। বি; পুং।
গরুড়ধ্বজ—বিষ্ণু, কৃষ্ণ। গরুড় ধ্বজ যাঁহার,
গরুড়পুরাণ—অষ্টাদশ পুরাণান্তর্গত পুরাণ-বিশেষ। বি; ক্লীব।
গরুড়াগ্রজ—সূর্য্যসারথি অরুণ। গরুড়ের অগ্রজ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
গরুৎ—পক্ষ, পাখা; নৌকার পাল। গৃ (আর্দ্র করা) বা গৄ (শব্দ করা)+উৎ কর্ত্তৃবা। বি; পুং।

গর্গর—ঘট, কলস; দধিমন্থনপাত্র; গাগর-মাছ; ঘূর্ণিজল, জলাবর্ত (Whirlpool). বি; পুং। [বি; স্ত্রী।

গর্গরী—কলসী, গাগরী। গর্গর+ঈপ্।

গর্জ্জ(র্জ)—গর্জন (সকল অর্থে)। গর্জ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

গর্জ্জ(র্জ)ন—মেঘ সিংহাদির উচ্চ শব্দবিশেষ; নাদ; তর্জ্জন; ভর্ৎসন। গর্জ্জ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

গর্জ্জ(র্জ)ন-তৈল—বার্ণিশের নিমিত্ত ঘাসতেল; বৃক্ষবিশেষের তরল নির্য্যাস। দেশজ। বি।

গর্জ্জ(র্জ)মান—গর্জ্জনশীল, গর্জ্জন করিতেছে এরূপ। গর্জ্জ্+চানশ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

গর্জ্জ(র্জ)র—গাজর, কন্দবিশেষ (Carrot). উপতৎ। গর্জ্জ্—রা+ক কর্ত্তৃবা। বি; ক্লীব।

গর্জ্জা(র্জা), গর্জ্জা(র্জা)ন—গর্জ্জন করা। কবিপ্র। ক্রি।

গর্জ্জি(র্জি)ত—১। নাদিত, শব্দিত। গর্জ্জ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা। ২। গর্জ্জন। গর্জ্জ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

গর্ত্ত(র্ত)—রোগবিশেষ; স্ত্রীনিতম্বের কূপাকার অংশ; ছিদ্র, রন্ধ্র; চারি ক্রোশের ন্যূন বিস্তৃত গহ্বর; গহ্বরমাত্র; ত্রিগর্ত্ত দেশ (আধুনিক কাঙ্গড়া)। গৄ+তন্ কর্ত্তৃবা। বি; পুং।

গর্দ্দ(র্দ)ভ—রাসভ, গাধা; গন্ধবিশেষ। গর্দ্দ্+অভচ্ কর্ত্তৃবা। বি; পুং বা স্ত্রী।

গর্দ্দা(র্দা)—ধূলি, মাটি, ময়লা। ফার্সী। বি।

গর্দ্দা(র্দা)ন—ঘাড়, গলা; শির। ফার্সী। বি।

গর্দ্দা(র্দা)নি—ঘাড়ধাক্কা, গলাধাক্কা। ফার্সী। বি।

গর্ব্ব(র্ব)—দর্প, অহঙ্কার, দেমাক। গর্ব্ব্+ঘঞ্ ভাববা। বি; পুং।

গর্ব্বি(র্বি)ত—অহঙ্কৃত, দেমাকী। গর্ব্ব+ইতচ্ যুক্তার্থে। বিণ। স্ত্রী,—তা।

গর্ব্বী (গর্ব্বিন্), গর্বী—গর্ব্বযুক্ত, অহঙ্কৃত, দর্পিত, দেমাকী। গর্ব্ব+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, গর্ব্বিণী।

গর্ব্বো(র্বো)দ্ধত—অত্যন্ত গর্ব্বিত, অহঙ্কারে উন্মত্ত। গর্ব্বদ্বারা উদ্ধত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

গর্ভ—১। গর্ভাশয়গত শুক্রশোণিতময় পিণ্ড, ভ্রূণ; শিশু; অগ্নি। গৄ+ভন্ কর্ত্তৃবা, কর্ম্মবা। ২। কুক্ষি ও পেট; অভ্যন্তর; নদীগর্ভ; পনস-কণ্টক; অপারগ; অন্ন; পুত্র; (নাট্যে) সন্ধিবিশেষ। গৄ+ভন্ কর্ম্মবা। বি; পুং।

গর্ভকেশর—পুষ্পের কেশরসমূহের মধ্যে যেটি সর্ব্বাপেক্ষা স্থূল তাহা। গর্ভজনক কেশর, মধ্যপ কর্ম্মধা। বি; পুং বা ক্লীব। [পুং।

গর্ভকোষ—গর্ভাশয়, জরায়ু। ৬ষ্ঠীতৎ। বি;

গর্ভগৃহ—১। অন্তর্গৃহ, ভিতরের ঘর। গর্ভ-সদৃশ গৃহ, মধ্যপ কর্ম্মধা। ২। সূতিকাগার, আঁতুড় ঘর। বি; ক্লীব।

গর্ভঘাতিনী—গর্ভনাশিকা। উপতৎ। গর্ভ—হন্+ণিন্ কর্ত্তৃবা+ঈপ্। বিণ; স্ত্রী।

গর্ভজ—গর্ভে উৎপন্ন। গর্ভ—জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

গর্ভতন্তু—গর্ভকেশরের উপরিস্থ সূত্রবৎ অংশ। গর্ভাচ্ছাদক তন্তু, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গর্ভদণ্ড—(উদ্ভিদ্‌তত্ত্বে) গর্ভকেশরের মধ্য-স্থূল (Style). ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

গর্ভদোহদ—গর্ভাবস্থায় স্ত্রীলোকের রুচিকর বস্তু; গর্ভিণীর অভিলষিত দ্রব্য; সাধ। গর্ভকালীন দোহদ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গর্ভধারণ—গর্ভে সন্তান গ্রহণ, অন্তঃসত্ত্বা হওয়া। গর্ভের (ভ্রূণের) ধারণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গর্ভধারিণী—যিনি গর্ভে ধারণ করেন, জননী। উপতৎ। গর্ভ—ধৃ+ণিন্ কর্ত্তৃবা+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

গর্ভনাড়ী—সদ্যঃপ্রসূত শিশুর নাভি-সংলগ্ন নাড়ী, নাভিরজ্জু। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গর্ভপত্র—(উদ্ভিদ্তত্ত্বে) গর্ভকেশরের অংশ-বিশেষ (Carpal). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গর্ভপরিস্রব—সন্তান-প্রসবের পর তাহার সহিত যে চর্ম্ম-পটোলিকা অর্থাৎ ফুল নির্গত হয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গর্ভপাত—গর্ভস্রাব, কোনও কারণে অকালে ভ্রূণের পতন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গর্ভপাতন—গর্ভস্রাব করান, ভ্রূণহত্যা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গর্ভবতী—গর্ভিণী, অন্তঃসত্ত্বা। গর্ভ+মতুপ্ অস্ত্যর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

গর্ভবাস—১। গর্ভরূপ বাসস্থান। কর্ম্মধা। ২। গর্ভে অবস্থান। ৭মীতৎ। বি; পুং।

গর্ভমাস—গর্ভারম্ভ মাস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গর্ভমুণ্ড—(উদ্ভিদ্তত্ত্বে) গর্ভকেশরের চূড়া (Stigma). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গর্ভমোচন—প্রসব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গর্ভযন্ত্রণা,-যাতনা—গর্ভাবস্থায় গর্ভিণীর ক্লেশভোগ; প্রসব-ব্যথা; দারুণ বেদনা বা ভাবনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গর্ভলক্ষণ—গর্ভসূচক চিহ্ন (যথা—উদরের স্ফীতি, মুখের পাণ্ডুরতা, চুচুকের শ্যামিকা, অরুচি, ইত্যাদি)। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গর্ভশয্যা—গর্ভাশয়, জরায়ু। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গর্ভসঞ্চার—জঠরমধ্যে ভ্রূণের জন্ম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গর্ভসময়—ঋতুস্নানের পর গর্ভাধানযোগ্য কাল; গর্ভধারণের সময়, প্রায় দশ মাস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গর্ভস্থ—গর্ভের মধ্যস্থিত, গর্ভবাসী। উপতৎ। গর্ভ—স্থা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা।

গর্ভস্রাব—১। গর্ভপাত, গর্ভস্থ ভ্রূণের অকালে পতন, গর্ভ নষ্ট হইয়া পড়িয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি। ২। গালিবিশেষ। দেশজ প্রঃ। বি।

গর্ভাগার—১। বাসগৃহ; অন্তর্গৃহ, ভিতরের ঘর; সূতিকাগৃহ। গর্ভ-সদৃশ আগার, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। ২। গর্ভস্থান, কুক্ষি। কর্ম্মধা। বি; ক্লীব।

গর্ভাঙ্ক(ক)—নাটকের অঙ্কের অন্তর্গত ক্ষুদ্র অঙ্ক। গর্ভস্থিত অঙ্ক, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গর্ভাধান—নিষেকক্রিয়া, সংস্কারবিশেষ, স্ত্রীলোকের দ্বিতীয় বিবাহরূপ সংস্কার। গর্ভের আধান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গর্ভাশয়—গর্ভকোষ, জরায়ু। গর্ভের আশয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গর্ভিণী—গর্ভবতী, অন্তঃসত্ত্বা। গর্ভ (ভ্রূণ)+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

গর্ভিত—গর্ভযুক্ত, অন্তর্গত। গর্ভ+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

গর্‌রা—উচ্চরোল, তুমুল শব্দ, কোলাহল। প্রাদে। বি।

গর্হণ—নিন্দা; তিরস্কার। গর্হ্ (নিন্দা করা) + অনট্ ভাববা। বি; ক্লীব।

গর্হণা, গর্হা—কুৎসা, নিন্দা; তিরস্কার, ভৎসনা। গর্হ্ (নিন্দা করা)+অন, অ ভাববা +আপ্। বি; স্ত্রী।

গর্হিত—নিন্দিত, দূষণীয়; জঘন্য, কুৎসিত; নিষিদ্ধ, অনুচিত। গর্হ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

গল—১। কণ্ঠ, গলা। গল্+অচ্ করণবা। ২। ধুনা; গালা; একপ্রকার বাদ্য। গল্+অচ্ কর্তৃবা। বি; পুং।

গলই, গলুই—নৌকার দুই প্রান্ত। দেশজ। বি।

গলকম্বল—সাস্না, গরুর গলদেশে লম্বিত কম্বলাকার মাংস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গলগণ্ড—১। রোগবিশেষ, গলদেশে মাংস-পিণ্ড। ৬ষ্ঠীতৎ। ২। হাড়গিলা পাখী। গলে গণ্ড যাহার, বহুব্রী। বি; পুং।

গলগল—তরল বস্তুর পতনের বা কথনের ক্ষিপ্রতাবোধক শব্দ। অব্য।

গলগ্রহ—কণ্ঠগ্রহ, গলার ভার; অকারণে ও অনিচ্ছার সহিত যাহার ভরণপোষণের ভার লইতে হয়, যে নির্গুণ অক্ষম ব্যক্তি কেবল

বসিয়া বসিয়া অন্তের অন্ন-ধ্বংস করে; যে কর্ম্মের আরম্ভ হইয়াছে কিন্তু সমাপ্তি হয় নাই, অসমাপ্ত কর্ম্ম; তিথিবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গলঘণ্টা—হস্তী ও বৃষ প্রভৃতির গলে আবদ্ধ ঘণ্টা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গলৎ, গলদ—১। যাহা গলিয়া পড়িতেছে এমন। গল্+শতৃ কর্ত্তৃবা। বিণ; ক্লীব। ২। দোষ, ত্রুটি; ভ্রম, ভুল। আর্বী। বি।

গলতি—দোষ, ত্রুটি; কমতি; গরমিল; বাড়তি। আর্বীমূলক। বি।

গলৎকুষ্ঠ—যাহা হইতে পূঁয ও রক্তস্রাব হয় এমন কুষ্ঠ। কর্ম্মধা। বি; ক্লীব।

গলদ—দোষ; শৈথিল্য; অঙ্গহীনতা; অল্পতা; ভ্রান্তি। আর্বী 'গলৎ' শব্দজ। বি।

গলদশ্রু—যাহার চক্ষু হইতে অশ্রুপাত হইতেছে এরূপ (ব্যক্তি)। গলৎ অশ্রু যাহার বা যাহা হইতে, বহুব্রী। বিণ।

গলদশ্রুলোচন—১। যে চক্ষু দিয়া জল পড়িতেছে। গলদশ্রু যে লোচন, কর্ম্মধা। বি; ক্লীব। ২। যাহার চক্ষু দিয়া জল পড়িতেছে, সাশ্রুনেত্র। গলদশ্রু হইয়াছে লোচন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না। [বি।

গলদা—একপ্রকার মোটা চিংড়ী। দেশজ।

গলদেশ—কণ্ঠ ও তৎসন্নিহিত স্থল, গলা। গলই দেশ, কর্ম্মধা। বি; পুং।

গলদ্ঘর্ম্ম(র্ম)—১। শ্রমহেতু যাহার সর্ব্বাঙ্গ হইতে বা যে শরীর হইতে ঘাম ঝরিতেছে এমন। বিণ। স্ত্রী,—র্ম্মা। ২। অত্যধিক শ্রম বা ক্লান্তি। গলদ্ ঘর্ম্ম যাহার বা যাহা হইতে, বহুব্রী। বি; ক্লীব।

গলদ্ঘর্ম্ম(র্ম)কলেবর—যাহার শরীর হইতে ঘাম ঝরিয়া পড়িতেছে এমন। গলদ্ঘর্ম্ম কলেবর যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

গলন—ক্ষরণ; দ্রব হওয়া, গলিয়া যাওয়া, গলিয়া পড়া, স্রাব। গল্+অনট্ ভাববা। বি; ক্লীব।

গলনাঙ্ক(হুক)—যাহাতে কোন বস্তু গলিয়া যায় এরূপ তাপমান (Melting point). ৬ষ্ঠীতৎ। বি।

গলনালী—কণ্ঠনালী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গলন্তিকা—ঝারা; ঝারী; গাড়ু; কুঁজা। গলন্তী+কন্ স্বার্থে+আপ্ (ঈকার হ্রস্ব)। বি; স্ত্রী।

গলবস্ত্র—অনুরোধ বা বিনয় প্রকাশ করিবার জন্য যে গলায় কাপড় জড়াইয়াছে। গলে বস্ত্র যাহার, বহুব্রী। বিণ।

গলরজ্জু—গলার দড়ি, গলবন্ধনী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গলরন্ধ্র—গলার ছিদ্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গললগ্নীকৃত—যাহা গলায় লাগান হইয়াছে, গলে দেওয়া হইয়াছে এরূপ। গলে লগ্নীকৃত, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা

গললগ্নীকৃতবাস—গলদেশে বস্ত্র সংলগ্ন করিয়াছে এরূপ, আপনার গলায় কাপড় দিয়াছে এরূপ। গললগ্নীকৃত হইয়াছে বাস যৎকর্ত্তৃক, বহুব্রী; (ব্যাকরণমতে,—বাসাঃ)। বিণ। স্ত্রী,—সা।

গলহস্ত—অর্দ্ধচন্দ্র, গলাধাক্কা; তর্জ্জনী ও অঙ্গুষ্ঠ বিস্তার। গলে হস্ত, ৭মীতৎ। বি; পুং।

গলা—১। গল, কণ্ঠ; গ্রীবা, ঘাড়; কণ্ঠধ্বনি, স্বর। 'গল' শব্দজ। বি। ২। ক্ষরিত হওয়া, ক্ষরা, দ্রব হওয়া; ঝরা, ঝরিয়া পড়া; ফাঁক দিয়া চলিয়া যাওয়া; ফসকিয়া যাওয়া; পচিয়া যাওয়া; পচিয়া যাওয়ার মত নরম হওয়া; অতিসিদ্ধ হওয়া। বাং ক্রি। ৩। গলিত; জীর্ণ; পচা। গল্+আ কর্ত্তৃবা। বিণ।

গলাকাটা—১। মুণ্ডচ্ছেদ করা; ডাকাতি করা; ঠকান। দেশজ। ক্রি। ২। স্কন্ধকাটা, কবন্ধ। গলা কাটা যাহার, বহুব্রী। বি। ৩। যে গলা কাটে; ডাকাত; প্রবঞ্চক। গলা কাটে যে, উপতৎ। বিণ।

গলা-গলা—গলাপর্য্যন্ত, আকণ্ঠ; গলাপর্য্যন্ত ভরা, পরিপূর্ণপ্রায়; গলিতপ্রায়; অতিসিদ্ধ খুব নরম। দেশজ। বিণ।

গলাগলি—১। পরস্পরের কণ্ঠধারণ-পূর্ব্বক; পরস্পরের স্কন্ধে হস্তার্পণ-পূর্ব্বক। ব্যতীহার বহুব্রী। ক্রি-বিণ। ২। অতি ঘনিষ্ঠ বা প্রগাঢ়। দেশজ। বিণ।

গলাধঃকরণ—পান; ভোজন; গিলিয়া ফেলা। গলের অধঃ, ৬ষ্ঠীতৎ; গলাধঃ—কৃ + অনট্ ভাববা। বি; ক্লীব।

গলাধাক্কা—গলহস্ত, অর্দ্ধচন্দ্র, ঘাড়ধাকা; অপমান করিয়া বিদায়। ৭মীতৎ। বি।

গলান—গলিত বা ক্ষরিত করা, ঝরান; দ্রবীভূত করা; ফাঁক দিয়া ঢুকান; যেন গলিয়া যায় এমন নরম করা; পচান। বাং ক্রি।

গলাবন্দ, —বন্ধ—গ্রীবাবন্ধনী, কম্ফর্টার। ফার্সী 'গুলূবন্দ্' শব্দজ। বি।

গলাবন্ধ—কণ্ঠস্বরের বদ্ধতা। ৬ষ্ঠীতৎ। বি।

গলাবাজি—চীৎকার। গলাবাজ + ই কর্ম্মার্থে। বি। [দেশজ। বিণ।

গলায় গলায়—আকণ্ঠ; অতি ঘনিষ্ঠ।

গলাসি, —সী—গবাদির গলরজ্জু। 'গলরসি' শব্দজ। বি।

গলি, গলী—সঙ্কীর্ণ পথ, সরু রাস্তা; অবকাশ; ছিদ্র, ত্রুটি। হিন্দী। বি।

গলিঘুঁজি—গলি এবং তাহার বাঁক, অন্ধিসন্ধি; ফাঁক, ছিদ্র, দোষ, ত্রুটি। দেশজ। বি।

গলিত—ক্ষরিত, স্রুত; দ্রবীভূত, গলিয়া গিয়াছে এরূপ; পতিত; জীর্ণ; শিথিল। গল্ + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

গলিতকুষ্ঠ—গলৎকুষ্ঠ (তাহা দ্রঃ)। কর্ম্মধা। বি; ক্লীব।

গলুই—নৌকার দুই প্রান্ত—আগা ও পাছা; দুই আঙ্গুলের ফাঁক। দেশজ। বি।

গলদা—(গল্লা) চিংড়ি, মোটা দাড়াওয়ালা বড় চিংড়ি, মোচা চিংড়ি। দেশজ। বি।

গল্প—উপকথা, উপন্যাস; কাহিনী; কথোপকথন, কথাবার্ত্তা। 'জল্প' ধাতুজ। বি।

গল্পগুজব, —সল্প—অপ্রয়োজনীয় কথোপকথন, বাজে কথাবার্ত্তা। দেশজ। বি।

গল্পিয়া, গল্পে—গল্পপ্রিয়, যে গল্প করিতে ভালবাসে; মিথ্যাগল্পরচনাকারী। গল্প + ইয়া, এ আসক্ত বা পটু অর্থে। বিণ।

গল্ল—গণ্ড, কপোল, গাল। গল্ + ল কর্ত্তৃবা সংজ্ঞার্থে। বি; পুং।

গল্লা—শস্যের আঁটি। দেশজ। বি।

গল্লা চিংড়ি—গল্দা (তাহা দ্রঃ)।

গল্লান—আটি বাঁধা, গুচ্ছ করা। বাং ক্রি।

গস্ গস্—ক্রোধের লক্ষণ প্রকাশ। দেশজ। অব্য।

গস্ত—পরিভ্রমণ; হাটবাজারে ঘুরিয়া বেড়ান; বিক্রয়ের জন্য মাল খরিদ। ফার্সী 'গশ্ৎ' শব্দজ। বি।

গস্তদার, গস্তিদার—গস্তকারী, যে ব্যবসায়ের মাল কিনিবার জন্য বাজারে ঘুরিয়া বেড়ায়। ফার্সী 'গশ্ৎদার' শব্দজ। বি।

গস্তানী—কুলটা, বেশ্যা। গস্তান + ঈ স্বার্থে। বি; স্ত্রী।

গহন—১। অরণ্য, বন। গাহ্ (নিবিড় হওয়া) + অন কর্ম্মবা। ২। যাতনা; দুঃখ; গহ্বর। গাহ্ + অনট্ অধিবা। বি; ক্লীব। ৩। দুর্গম; দুষ্প্রবেশ; দুরূহ; দুর্ব্বোধ। গাহ্ + যুচ্ (অন) কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —না। ৪। পরমেশ্বর (দুর্ব্বোধ বলিয়া)। গহ্ + অন কর্ম্মবা। বি; পুং।

গহনা—গয়না দ্রঃ।

গহীর—গভীর; গহন। 'গভীর' শব্দজ। বিণ।

গহ্বর—১। দেবখাত; গর্ত্ত; গুহা; গহন। গাহ্ + ষ্বরচ্ অধিবা। বি; ক্লীব। ২। লতাগৃহ। বি; পুং।

গা—১। গাত্র, অঙ্গ, দেহ; যত্ন, গরজ। 'গাত্র' শব্দজ। বি। ২। গ্রাম্য সম্বোধন (হ্যাগা)। অব্য। ৩। [তুই] গান কর্। ক্রি। ৪। স্বরসপ্তকের তৃতীয় স্বর। 'গান্ধার' শব্দজ। বি।

গাই—১। ধেনু, গাভী। 'গবী' শব্দজ। বি; স্ত্রী। ২। গান করি। বাং ক্রি।

গাইয়ে—গায়ক, গাথক; গানপটু, সুগায়ক। গা+ইয়ে কর্ত্তৃবা। বি বা বিণ।

গাউন—মেমদের জামা; উকীল প্রভৃতির চোগা। ইং Gown. বি।

গাএন, গায়েন—গাথক, গায়ক। 'গায়ন' শব্দজ। বি।

গাওন, গাওনা—গানকরণ। গা+ওন, ওনা ভাববা। প্রাঃ কবিপ্র। বি।

গাওয়া—১। সাক্ষী। হিন্দী। বি। ২। গান করা। বাং ক্রি। ৩। গব্য। গাই+ওয়া জাতার্থে। বিণ।

গাওয়ান—গান করান। বাং ক্রি।

গাং, গাঙ—ভাগীরথী; নদীমাত্র; জলস্রোত। 'গঙ্গা' শব্দজ। বি।

গাংচিল—সামুদ্রিক পক্ষিবিশেষ (Sea-gull); একপ্রকার চিল। গাংবিহারী চিল, মধ্যপ কর্ম্মধা। বি।

গাংদাড়া—বকঠুঁটো বা বগো মাছ। দেশজ। [বি।

গাংশালিক—নদীতীরস্থ গর্ত্তে বাসকারী শালিকজাতীয় পক্ষিবিশেষ। গাংবাসী শালিক, মধ্যপ কর্ম্মধা। বি।

গাঁ—১। পল্লী। 'গ্রাম' শব্দজ। বি। ২। গবাদি পশুর উচ্চ চীৎকার। দেশজ। অব্য।

গাঁই, গাঞী—রাঢ়ী ব্রাহ্মণদিগের পূর্ব্ববাস-গ্রাম অনুসারে শ্রেণীবিভাগ। 'গ্রামীণ' শব্দজ। বি।

গাঁইট, গাঁট, গাঁটি, গাঁঠি—গ্রন্থি; গিরা বা গেরো; বড় বস্তা। 'গ্রন্থি' শব্দজ। বি।

গাঁইয়া, গেঁয়ে, গেঁয়ো—গ্রাম্য, পল্লী-বাসী; গ্রামজাত; অভব্য, অভদ্র, অমার্জ্জিত। গাঁ+ইয়া, এ, ও নিবাসার্থে। বিণ।

গাঁ-গাঁ, গাঁক্ গাঁক্—ষাঁড় প্রভৃতির ডাক; অনুকরণ-শব্দ। দেশজ। অব্য।

গাঁজ—জলজ উদ্ভিদ্‌বিশেষ; পচা গুড় প্রভৃতির ফেনা; খামি (Yeast). দেশজ। বি। [করণ। 'গর্জ্জন' শব্দজ। বি।

গাঁজন—মাতিয়া উঠা; দ্রব দ্রব্যের বিকৃতি-

গাঁজলা—ফেন বা ফেনা; যে গাদ উপরে ভাসিয়া উঠে। গাঁজ+লা যুক্তার্থে। বি।

গাঁজা—১। ভাঙ্গ বা সিদ্ধিগাছের জটা, গঞ্জিকা। 'গঞ্জা' শব্দজ। বি। ২। মাতিয়া বা পচিয়া ফেনাইয়া উঠা। বাং ক্রি।

গাঁজাখুরি, -রী, -খোরী—অসম্ভব, অলীক, বাজে (কথা)। গাঁজাখোর+ই, ঈ যোগ্যার্থে। বিণ।

গাঁজাখোর—গঞ্জিকাসেবী, গাঁজিয়াল। গাঁজা+খোর আসক্তার্থে। বিণ।

গাঁজান—মাতাইয়া বা পচাইয়া ফেনাইয়া তুলা। বাং ক্রি।

গাঁজিয়াল, গেঁজেল—গঞ্জিকাসেবী, গাঁজাখোর। দেশজ। বিণ।

গাঁট—গাঁইট দ্রঃ।

গাঁটকাটা—জুয়াচোর; যে অলক্ষিতভাবে পথিকগণের অর্থ অপহরণ করে এমন। গাঁট কাটে যে, উপতৎ। বি বা বিণ।

গাঁটছড়া—বিবাহে বরের উত্তরীয়ের সহিত কন্যার অঞ্চলপ্রান্ত বন্ধন। দেশজ। বি।

গাঁটরি, গাঁঠরি—পুঁটলি; বস্তা। 'গ্রন্থি' শব্দজ। বি।

গাঁটি—গাঁইট দ্রঃ।

গাঁটিয়া, গাঁঠিয়া, গেঁটে, গেঁঠে—গ্রন্থিল, গ্রন্থিযুক্ত; সবল, বলবান্, বলিষ্ঠ। গাঁট (ঠ)+ইয়া, এ যুক্তার্থে। বিণ।

গাঁট্টা—বদ্ধমুষ্টি, মুষ্ট্যাঘাত। দেশজ। বি।

গাঁতি—বড় জোত, ছোট তালুক; রাস্তা প্রভৃতি খুঁড়িবার একপ্রকার সূক্ষ্মাগ্র যন্ত্র (Pickaxe). 'গ্রন্থন' শব্দজ। বি।

গাঁতিদার—বড় জোতদার; সামান্ত তালুকদার। দেশজ। বি।

গাঁথন—গঠন, রচন। 'গ্রন্থন' শব্দজ। বি।

গাঁথনি, গাঁথনী—গ্রন্থন-ভঙ্গী, গাঁথিবার ভাব; গ্রন্থন। গাঁথ্+অনি, অনী ভাববা, করণবা। বি।

গাঁথা—১। গ্রথিত; রচিত। গাঁথ্+আ কর্ম্মবা। বিণ। ২। গ্রন্থন। গাঁথ্+আ

ত্থাবরা। বি। ৩। গ্রন্থন করা ; গ্রথিত করা ; রচনা করা। বাং ক্রি। [বি।

গাঁদা—হরিদ্রাবর্ণ পুষ্পবিশেষ। পোর্তুগীজ।

গাঁদাল, গাঁধাল—গন্ধভাদুলিয়া লতা, দুর্গন্ধ ঔষধলতাবিশেষ। 'গন্ধালী' শব্দজ। বি।

গাঁদি—ঝাঁক, দল ; গান্ধিপোকা। 'গন্ধ' শব্দজ। বি।

গাঁধি, গাঁধী—গন্ধী বা গান্ধী ; গাঁদি, দল ; গান্ধিপোকা। দেশজ। বি।

গাগরা, গাগরি, গাগরী—কলসী, ঘড়া। 'গর্গরী' শব্দজ। বি।

গাঙ, গাঙ্গ—গাং দ্রঃ।

গাঙ্গ—১। ভীষ্ম ; কার্ত্তিকেয়। বি ; পুং। ২। গঙ্গাসম্বন্ধীয় ; গঙ্গাজাত। গঙ্গা + অণ্ সম্বন্ধীয়ার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী. গাঙ্গী।

গাঙ্গিনী—গঙ্গার শাখানদী-বিশেষ (মুর্শিদাবাদের কিছু উত্তরে গঙ্গানদী দুই ভাগে বিভক্ত হইয়াছে। উহার যে অংশ পূর্ব্বদিকে গিয়া ব্রহ্মপুত্রের শাখা যমুনা (কনাই) নদীর সহিত মিশিয়াছে, তাহারই অন্য নাম গাঙ্গিনী)। বি ; স্ত্রী। [বি।

গাঙ্গুলি, —লী—গঙ্গোপাধ্যায়। দেশজ।

গাঙ্গেয়—১। ভীষ্ম, কার্ত্তিকেয়। গঙ্গা + এয় অপত্যার্থে। বি ; পুং। ২। গঙ্গাসম্বন্ধীয়। গঙ্গা + এয় সম্বন্ধীয়ার্থে। বিণ। স্ত্রী, —য়ী।

গাছ—১। বৃক্ষ, তরু। 'গচ্ছ' শব্দজ। বি। ২। গাছা বা গাছি (তাহা দ্রঃ)। বিণ।

গাছ-গাছড়া—বৃক্ষলতাদি ; ভৈষজ্য উদ্ভিদ্। দ্বন্দ্ব। বি। [৭মীতৎ। বিণ।

গাছপাকা—যাহা গাছেই পাকিয়াছে এমন।

গাছ-পালা—বৃক্ষাদি ; বৃক্ষ ও পল্লব প্রভৃতি। দ্বন্দ্ব। বি।

গাছা—গাছ, বৃক্ষ ; টা, টী, খানা, খানি ইত্যাদি (সংখ্যাবোধক) ; প্রদীপাদির দণ্ডাধার ; পিলসুজ। গাছ + আ সদৃশার্থে। বি।

গাছান—গাছ লাগান, ক্ষেত্রে ধান্যাদির চারা পাতলা হইলে ঘন করিয়া লাগান ; গাছে উঠা ; বৃক্ষে আরোহণ করা। বাং ক্রি।

গাছি, গাছী—সংখ্যাবোধক 'টা' অর্থে, গাছা ; ছড়া। দেশজ। বিণ।

গাছুয়া—গাছে চড়িতে ওস্তাদ ; গেছো। গাছ + উয়া। বিণ।

গাজন—চৈত্র মাসের শেষে শিবের পার্ব্বণ। 'গর্জ্জন' শব্দজ। বি।

গাজর, গাজোর—খাদ্যমূলবিশেষ, গৃঞ্জন (Carrot). 'গর্জ্জর' শব্দজ। বি।

গাজি, গাজী—মুসলমান যোদ্ধা বা বীর ; মুসলমানদিগের পদবীবিশেষ। আর্বী। বি।

গা-জুরি, গা-জোরি—শারীরিক বলপ্রয়োগ ; জবরদস্তিযুক্ত। গায়ের জোর, ৬ষ্ঠী-তৎ + ই জাতার্থে, যুক্তার্থে। বি বা বিণ।

গাত্রি, গাত্রী—গাঁই দ্রঃ।

গাট্টা—আঁটি, তাড়া। গাঁট্টা (তাহা দ্রঃ)। দেশজ। বি।

গাড়ওয়ান, গাড়োয়ান—শকটচালক ; গাড়ীওয়ালা। গাড়ী + ওয়ান চালকার্থে। বি।

গাড়র, গাড়ল—১। ভেড়া, মেষ। 'গড্ডল' শব্দজ। বি। ২। (ব্যঙ্গার্থে) নির্ব্বোধ ; ভাড়ুয়া, স্ত্রীনির্জ্জিত পুরুষ। 'গাড়োয়াল' শব্দজ। বিণ।

গাড়া—১। গর্ত্ত, ডোবা। দেশজ। বি। ২। প্রোথিত করা, পোতা। বাং ক্রি। ৩। গাঢ়, ঘন। গাড়্ + আ কর্ম্মবা। বিণ।

গাড়ি, গাড়ী—স্যন্দন, রথ, শকট। 'গন্ত্রী' শব্দজ। বি।

গাড়ী-বারাণ্ডা, —বারান্দা—যাহার নীচে গাড়ী দাঁড়ায় দোতলার এরূপ বারান্দা। গাড়ী দাঁড়াইবার বারাণ্ডা, বারান্দা, মধ্যপ কর্ম্মধা। বি।

গাড়ু—ঝারী, নল-লাগান জলপাত্রবিশেষ। 'গড্ডুক' শব্দজ। বি।

গাড়োল—গাড়র দ্রঃ।

গাঢ়—১। আক্রান্ত ; সেবিত। গাহ্ + ক্ত কর্ম্মবা। ২। দৃঢ় ; ঘন, পাতলা নয় ; অতিশয়। গাহ্ + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, গাঢ়া।

গাঢ়তা,—ত্ব—দার্ঢ্য, কাঠিন্য, ঘনত্ব; আতিশয্য। গাঢ়+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

গাঢ়া, গাঢ়ি—গাঢ়, ঘন। প্রাঃ কবিপ্র। বিণ।

গা-ঢাকা—১। অঙ্গ আবৃত বা লোকচক্ষুর অগোচর করা। দেশজ। ক্রি। ২। অদৃশ্য, লুকায়িত। দেশজ। বিণ।

গা-ঢালা—শয়ন করা, যত্নচেষ্টা ছাড়িয়া দেওয়া। দেশজ। ক্রি।

গাণনিক—হিসাব-রক্ষা বিভাগের উর্দ্ধতন কর্ম্মচারী (Accountant). গণনা+ইক জাতার্থে। বি।

গাণপত্য—১। গণেশসম্বন্ধীয়। গণপতি+ষ্ণ্য সম্বন্ধার্থে। বিণ। ২। গণেশোপাসক। গণপতি (গণেশ)+ণ্য উপাস্য ইহার এই অর্থে। বি।

গাণিতিক—গণিত-সম্বন্ধীয়; গণিতশাস্ত্র-ঘটিত; গণিতবিদ্যাবিৎ। গণিত+ইক জাতার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

গাণ্ডিব, গাণ্ডীব—অর্জ্জুনের ধনুক; কার্ম্মুক, ধনুক। গাণ্ডি (গ্রন্থি)+ব অস্ত্যর্থে (বিকল্পে পূর্ব্বপদ দীর্ঘ)। বি; পুং বা ক্লীব।

গাণ্ডীবধন্বা (-ধন্বন্)—গাণ্ডীবধনুর্দ্ধারী, অর্জ্জুন। গাণ্ডীব হইয়াছে ধনুঃ যাহার, বহুব্রী। বি; পুং।

গাণ্ডীবী (গাণ্ডীবিন্)—অর্জ্জুন; ধানুষ্ক। গাণ্ডীব+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

গাতা (গাতৃ)—গায়ক। গৈ+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, গাত্রী।

গাত্র—দেহ, শরীর, অঙ্গ; গজের অগ্রজঙ্ঘার আদিভাগ। গা+ত্রন্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

গাত্রদাহ—গাত্রজ্বালা, গায়ের জ্বালা; অত্যন্ত বিরক্তি; ঈর্ষ্যা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গাত্রমার্জ্জ(র্জ)নী—গামছা, তোয়ালে। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গাত্রশূল—শরীরবেদনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গাত্রহরিদ্রা—বিবাহের পূর্ব্বে গাত্রে হরিদ্রা-লেপনরূপ সংস্কারবিশেষ, গায়ে-হলুদ। ত্রি; স্ত্রী।

গাত্রানুলেপনী—অঙ্গরাগসাধনের তূলিকা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গাত্রাবরণ—গাত্রাচ্ছাদন; বর্ম্ম, সাঁজোয়া; চাদর প্রভৃতি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গাত্রোত্থান—শয্যা হইতে শরীর উত্তোলন; উঠিয়া দাঁড়ান। গাত্রের উত্থান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [স্ত্রী,—থিকা।

গাথক—গায়ক। গৈ+থকন্ কর্ত্তৃবা। বিণ।

গাথা—১। শ্লোক, পদ্য, কবিতা; গান, গীত; আর্য্যাচ্ছন্দঃ। গৈ+থন্ কর্ম্মবা+আপ্। ২। বর্ণনা। গৈ+থন্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

গাদ—১। ময়লা, শিঠা, কাইট, গাজলা। 'কর্দ্দ' শব্দজ। বি। ২। পূর্ণ কর, ভর। বাং ক্রি। [অন ভাববা। বি।

গাদন—পোতা; পূর্ণকরণ; ভোজন। গাদ্+

গাদা—১। রাশি, পুঞ্জ, স্তূপ; মাছের পিঠ। দেশজ। বি। ২। ঠাসা, ভরা, বোঝাই করা। বাং ক্রি। [বিণ।

গাদাগাদি—ঠাসাঠাসি, ফাঁকশূন্য। দেশজ।

গাদাবন্দুক—একপ্রকারের বন্দুক। কর্ম্মধা। বি।

গাদি, গাদী—রাশি, স্তূপ। দেশজ। বি।

গাধ—১। লোভ, লালসা। গাধ্+ঘঞ্ ভাববা। ২। আধার, স্থান। গাধ্+ঘঞ্ অধিবা। বি; পুং। ৩। তলস্পর্শযোগ্য; অনতিগভীর। গাধ্+ঘঞ্ কর্ম্মবা। বিণ।

গাধা—১। গর্দ্দভ, রাসভ। বি। ২। নির্ব্বোধ, বোকা। 'গর্দ্দভ' শব্দজ। বিণ।

গাধাবোট—ধীরগামী মালবাহী নৌকা। গাধাসদৃশ বোট, মধ্যপ কর্ম্মধা। বি।

গাধামি—বোকামি। গাধা+মি ভাবে। বি।

গান—গীতি; ধ্বনি। গৈ+অনট্ ভাববা। বি; ক্লীব।

গান্ধর্ব্ব(র্ব)—১। গান। গন্ধর্ব্ব+অণ্ বিশ-ষ্টার্থে। বি; ক্লীব। ২। গন্ধর্ব্বসম্বন্ধীয়। গন্ধর্ব্ব +অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—র্ব্বী। ৩।

অশ্ব ; বিবাহবিশেষ (এই বিবাহে বরকন্যা পরস্পরের প্রতি অনুরক্ত হইয়া গোপনে পরিণয়পাশে আবদ্ধ হয়) ; দ্বীপবিশেষ। বি ; পুং।

গান্ধার—১। গন্ধক ; সিন্দূর। গন্ধ—ঋ+অণ্ কর্তৃবা—গন্ধার, গন্ধার+অণ্ স্বার্থে। বি ; ক্লীব। ২। স্বরবিশেষ ; সঙ্গীতে 'গা' সুর। বি ; পুং। ৩। দেশবিশেষ। বি ; পুং। ৪। গান্ধার দেশের রাজা। গান্ধার+অণ্ অধিপতি অর্থে। বি ; পুং। ৫। গান্ধার-দেশস্থ। গান্ধার+অণ ভবার্থে। বিণ।

গান্ধারী—দুর্য্যোধনাদির জননী (ইনি গান্ধারদেশাধিপতি সুবল রাজার তনয়া)। গান্ধার+অণ্ অপত্যার্থে+ঈপ্। বি ; স্ত্রী।

গাপ—১। অদৃশ্য ; লুক্কায়িত। বিণ। ২। গোপন, আত্মসাৎকরণ। আর্বী 'গায়িব' শব্দজ। বি।

গাফিলতি, গাফিলি, –লী—আলস্য, কুঁড়েমি ; হেলা ; ত্রুটি ; অমনোযোগ। গাফিল+তি, ই, ঈ ভাবে। বি।

গাব—১। স্বনামখ্যাত ফল বা তাহার গাছ ; ঐ ফলের রস ; কষায় রঙ্ ; মৃদঙ্গাদি আনদ্ধ যন্ত্রের চর্ম্মের উপরিস্থ গোলাকার আঠাল দ্রব্য। 'গালব' শব্দজ। ২। গর্ভ ; গর্ভস্থ ভ্রূণ। 'গর্ভ' শব্দজ। বি। ৩। গাহিব, গান করিব। বাং ক্রি।

গাবগুবাগুব—একপ্রকার একতারা, আনন্দলহরী-নামক বাদ্যযন্ত্র। দেশজ। বি।

গাবড়া—গর্ভ, ভ্রূণ ; গর্ভপাত করিয়াছে এরূপ গবী ; সদ্যঃপ্রসূতা গাভীর দুধ। 'গর্ভ' শব্দজ। বি।

গাবা, গাভা—কলঙ্কযুক্ত হওয়া ; গাবিয়া যাওয়া, পাঁকেজলে আলোড়িত হওয়া। বাং ক্রি।

গাবান—পাঁকেজলে আলোড়িত করা ; নিষ্ফল আলোচনা করা ; রঙে চুবান ; বস্ত্রাদি রঙ্ করা। বাং ক্রি।

গাভী—ধেনু, গাই। 'গবী' শব্দজ। বি।

গাভীন—গর্ভিণী, গর্ভবতী। 'গর্ভিণী' শব্দজ। বিণ ; স্ত্রী।

গামছা, গামোছা—গাত্রমার্জনী, তোয়ালে। গা—মোছ্+আ করণবা। বি।

গাময়—সমস্ত দেহ ভরিয়া। গা+ময় ব্যাপ্ত্যর্থে। ক্রি-বিণ।

গামলা—গহ্বরবিশিষ্ট পাত্র, ডাবা। পোর্ত্তুগীজ 'Gamella' শব্দজ। বি।

গামার—গোঁয়ার ; মূর্খ ; অবিবেচক। হিন্দীমূলক। বিণ।

গামারি—গাম্ভারী বৃক্ষ।। প্রাঃ কবিপ্র। বি।

গাম্ভারী—১। পরাখত ও ধানশ্রী যোগে উৎপন্ন রাগিণীবিশেষ। বি ; স্ত্রী। ২। গামার গাছ। প্রাঃ কবিপ্র। বি।

গাম্ভীর্য্য(র্য)—গম্ভীরতা, গভীরতা, অচাঞ্চল্য ; হর্ষক্রোধভয়াদিভাবহেতু মনের অবিকারিত্ব। গম্ভীর+ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

গায়ক—গানকারী। গৈ+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, –য়িকা।

গায়ত্রী, গায়ত্রী—ত্রিপদাদেবী, ত্রিপাদ-মন্ত্রবিশেষ, বেদমাতা ; ব্রহ্মার পত্নী ; বৈদিক ছন্দোবিশেষ। গায়ৎ, গায়—ত্রৈ+ক কর্তৃবা+ঈপ্। বি ; স্ত্রী।

গায়ন—১। গায়ক, সঙ্গীতব্যবসায়ী। গৈ+অনট্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –নী। ২। গান। প্রাঃ কবিপ্র। বি।

গায়ব, গায়বী—গান করিবে, গাহিবে। প্রাঃ কবিপ্র। ক্রি।

গায়িকা—গানকারিণী। গায়ক+ঈপ্। বি বা বিণ ; স্ত্রী।

গায়েন—গায়ক। 'গায়ন' শব্দজ। বি বা বিণ।

গায়ে-পড়া—অনাহূতভাবে কৃত, অযাচিত, সেধো। অলুক্ ৭মীতৎ। বিণ।

গায়েব, গায়েবী—অদৃশ্য, লুক্কায়িত, গুপ্ত, নামশূন্য। আর্বী 'গায়িব্' শব্দজ। বিণ।

গায়ে-মাখা—১। নিজের গায়ে পাতিয়া লওয়া ; গ্রাহ্য করা ; মনোযোগ দেওয়া।

দেশজ। ক্রি। ২। গায়ে মাখিবার উপযুক্ত। বিণ।

গায়ে-হলুদ—গাত্রহরিদ্রা (তাহা দ্রঃ)। গায়ে হলুদ (দেওয়া হয়) যাহাতে (যে অনুষ্ঠানে), অলুক্ বহুব্রী। বি।

গারদ—কয়েদখানা, আটক রাখিবার স্থান; জেল। ইং 'Guard' শব্দজ। বি।

গারুড়—১। গরুড়সম্বন্ধীয়। গরুড়+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—ড়ী। ২। পুরাণ-বিশেষ; স্বর্ণ; বিষশাস্ত্র, বিষমন্ত্র; মরকতমণি; ব্যূহবিশেষ। গরুড়+অণ্ দেবতা ইহার ইত্যাদি অর্থে। বি; ক্লীব।

গার্গী—জনৈকা প্রাচীন বিদুষী ভারত-মহিলা, গর্গমুনির তনয়া। গর্গ+অণ্ অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী।

গার্জেন(জে´)ন—অভিভাবক। ইং 'Guardian' শব্দজ। বি।

গার্টার—মোজাবন্ধনী, মোজা বাঁধিবার রজ্জু প্রভৃতি। ইং Garter. বি।

গার্হপত্য—১। গৃহপতিসম্বন্ধীয়; গৃহস্থের কর্তব্য। গৃহপতি+ণ্য সম্বন্ধার্থে। বিণ। ২। সাগ্নিক গৃহীর যজ্ঞাগ্নি। বি; পুং।

গার্হস্থ, গার্হস্থ্য—১। গৃহস্থসম্বন্ধীয়। গৃহস্থ+অণ্, ষ্যঞ্ সম্বন্ধার্থে। বিণ। ২। গৃহস্থধর্ম, দ্বিতীয় আশ্রম। বি; ক্লীব। স্ত্রী (১ম পক্ষে),—স্থী।

গাল—১। গণ্ডদেশ, কপোল। 'গল্ল' শব্দজ। ২। গালি, কটূক্তি; অভিশাপ। 'গালি' শব্দজ। বি। ৩। গ্রাস, কবল। দেশজ। বি। ৪। কল্পিত, অলীক, মিথ্যা। বিণ।

গালগল্প—গল্পগুজব, বন্ধুভাবে আলাপ, অকেজো কথাবার্তা। কর্মধা। বি।

গালপাট্টা—কেবল দুই গালের উপর যে দাড়ি রাখা হয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি।

গালবাদ্য—বম্ বম্ শব্দসহকারে গাল বাজান। গালের বাদ্য (বাদন), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [গালি। দেশজ। বি।

গালমন্দ, গালাগালি—কটুবাক্য বলা,

গালা—লাক্ষা, লা। দেশজ। বি।

গালান—গলিত করা; গলান, দ্রব করা। বাং ক্রি।

গালি—অভিসম্পাত, কটু কথা। গল্+ণিচ্+ইন্ ভাববা। বি; পুং।

গালিগালাজ, গালমন্দ—গালি ও তদ্রূপ দুর্বাক্যকথন। দ্বন্দ্ব। বি।

গালিচা—পশমী বা সূতী একপ্রকার মোটা কম্বল। তুর্কী। বি।

গাসহা—যাহা গায়ে সহ্য হয় এমন; অভ্যস্ত। ৭মীতৎ। বিণ।

গাহ্—১। ভবন, ঘর। 'গৃহ' শব্দজ। বি। ২। গান কর। কবিপ্র। ক্রি।

গাহক—১। গ্রহণকারী, গ্রহীতা; ক্রেতা, খরিদদার। 'গ্রাহক' শব্দজ। বি। ২। গাথক, গায়ক। প্রাঃ কবিপ্র। বি।

গাহন—বিলোড়ন; মজ্জন; স্নান। গাহ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

গাহা—গাওয়া, গান করা; (নৌকাদি) মেরামত করা। বাং ক্রি।

গিঁট, গিঁটে, গিঁঠ, গিঁঠা—গ্রন্থি, গেরো, গাঁইট। 'গ্রন্থি' শব্দজ। বি।

গিঁটান, গিঁঠান—গ্রন্থি দেওয়া; গ্রন্থি দিয়া সংযুক্ত করা। বাং ক্রি।

গিজগিজ—স্থানাভাবে ঠেলাঠেলি। দেশজ। অব্য।

গিটকিরি—গানের মধ্যে মধ্যে রাগিণী ছাড়া। হিন্দী। বি।

গিধড়—অর্থলোভী; অত্যন্ত মোটা; দুর্দম; স্বেচ্ছাচারী; শকুন। 'গৃধ্র' শব্দজ। বি বা বিণ।

গিনি—২১ শিলিং মূল্যের বিলাতী স্বর্ণমুদ্রা-বিশেষ। ইং Guinea. বি।

গিনিসোনা—গিনিতে যে প্রকার সোনা আছে তাহা (সোনা ২৬ ভাগ, তামা ২ ভাগ)। ৬ষ্ঠীতৎ। বি।

গিন্নি, গিন্নী—গৃহকর্ত্রী, গৃহস্বামিনী, সংসারের সর্বপ্রধান স্ত্রীলোক। 'গৃহিণী' শব্দজ। বি; স্ত্রী।

গিন্নীপনা—গিন্নম, গিন্নীর কার্য্য। গিন্নী+পনা কার্য্যার্থে। বি।

গিন্নীবান্নী—বয়স্কা অভিজ্ঞা গৃহিণী। দেশজ। বি। [শব্দজ। বি।

গিমা—তিক্তস্বাদ ক্ষুদ্রপত্র শাকবিশেষ। 'গ্রীষ্ম'

গিরগিটি—বৃহদাকার জ্যেষ্ঠি, একপ্রকার গৃহগোধিকা, আজনাই। হিন্দী। বি।

গিরা—রজ্জু প্রভৃতির গ্রন্থি বা গাঁইট; এক গজের ১৬ ভাগের ১ ভাগ। দেশজ। বি।

গিরি—১। পর্ব্বত; সন্ন্যাসিবিশেষ; পরিব্রাজকদিগের উপাধিবিশেষ; চক্ষুর রোগবিশেষ; গেণ্ডুক, ভাঁটা। গৄ+কি কর্ত্তৃবা। বি; পুং। ২। ভাবকর্ম্মাদিবোধক প্রত্যয় (যেমন, গুরু'গিরি', কেরাণী'গিরি' ইত্যাদি)। ফার্সীমূলক।

গিরিকন্দর—পর্ব্বতগুহা। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব। [বি; স্ত্রী।

গিরিকন্যা—পার্ব্বতী; নদী। ৬ষ্ঠীতৎ।

গিরিকুমারী—পার্ব্বতী, উমা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিকূট—১। পর্ব্বতশৃঙ্গ। ৬ষ্ঠীতৎ। বি। ২। পর্ব্বতের উপরিস্থ গৃহ। গিরিস্থিত কূট, মধ্যপ কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

গিরিক্রম—পর্ব্বত-সন্নিবেশ-প্রণালী (Mountain system). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গিরিখাত—সংকীর্ণ পার্ব্বত্য পথ (Gorge). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গিরিগুহা—পর্ব্বতগহ্বর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিজা—১। দুর্গা। বি; স্ত্রী। ২। পর্ব্বতজাতা। উপতৎ। গিরি—জন্+ড কর্ত্তৃবা+আপ্। বিণ; স্ত্রী। [বি; পুং।

গিরিজানাথ, —পতি—শিব। ৬ষ্ঠীতৎ।

গিরিজায়া—হিমালয়-পত্নী মেনকা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিণ(ন)দী, —তরঙ্গিণী—পার্ব্বত্য নদী। গিরিনির্গতা নদী, তরঙ্গিণী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। [বি; পুং বা ক্লীব।

গিরিতল—পর্ব্বতের উপরিভাগ। ৬ষ্ঠীতৎ।

গিরিদরী—পর্ব্বতগুহা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিদুর্গ—পর্ব্বতের উপরিস্থ দুর্গ; পর্ব্বতবেষ্টিত স্থান। গিরিস্থিত দুর্গ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গিরিধাতু—গিরিমাটি। গিরিজাত ধাতু, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গিরিনদী—গিরিণদী দ্রঃ।

গিরিনন্দিনী—পার্ব্বতী, দুর্গা; গঙ্গা; নদী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিনালা—পর্ব্বতনিঃসৃত জলস্রোত। দেশজ। বি।

গিরিপথ—গিরিবর্ত্ম (তাহা দ্রঃ)।

গিরিবর—পর্ব্বতশ্রেষ্ঠ, হিমালয়। ৭মীতৎ। বি; পুং।

গিরিবর্ত্ম (—বর্ত্মন্)—পার্ব্বত্য পথ; গিরিসঙ্কট; দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী পথ। গিরিমধ্যস্থ বর্ত্ম, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গিরিবালা—পর্ব্বতদুহিতা, পার্ব্বতী, উমা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিবাসী—পর্ব্বতবাসী। উপতৎ। গিরি—বস্+ণিন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —সিনী।

গিরিমল্লিকা—কুটজ বৃক্ষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিমাটি—গৈরিক মৃত্তিকা, একপ্রকার রক্তবর্ণ পার্ব্বত্য মৃত্তিকা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিমালা—পর্ব্বতশ্রেণী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [স্ত্রী।

গিরিমৃত্তিকা—গিরিমাটি। ৬ষ্ঠীতৎ। বি;

গিরিরাজ—পর্ব্বতশ্রেষ্ঠ, হিমালয়। গিরিদিগের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গিরিরাণী—হিমালয়-মহিষী মেনকা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরিশ—শিব, মহাদেব। গিরিতে শয়ন করেন যিনি, উপতৎ। গিরি—শী+ড কর্ত্তৃবা। বি; পুং।

গিরিশৃঙ্গ—পর্ব্বতশিখর, পাহাড়ের চূড়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [স্ত্রী।

গিরিশ্রেণী—পর্ব্বতমালা। ৬ষ্ঠীতৎ। বি;

গিরিসঙ্ক(ঙ্ক)ট—দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী সঙ্কীর্ণ পথ, গিরিবর্ত্ম (Pass). গিরিমধ্যবর্ত্তী সঙ্কট (সঙ্কীর্ণ পথ), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গিরিসার—লৌহ; রাং; মলয়পর্ব্বত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গিরিসুত—মৈনাক পর্ব্বত [ইনি হিমালয়ের পুত্র বলিয়া কথিত]। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গিরিসুতা—পার্ব্বতী, দুর্গা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গিরীন্দ্র—পর্ব্বতশ্রেষ্ঠ, হিমালয়। গিরিমধ্যে ইন্দ্র (প্রধান), ৭মীতৎ। বি; পুং।

গিরীশ—১। মহাদেব; হিমালয় পর্ব্বত। গিরির ঈশ, ৬ষ্ঠীতৎ। ২। বৃহস্পতি। গিরের (বাক্যের) ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গির্জ্জা(র্জা), গাজ্জা—খৃষ্টানদিগের ভজনালয় (Church). পোর্ত্তুগীজ 'Igreja' শব্দজ। বি।

গিলটি, গিল্‌টি—সোণারূপা ইত্যাদির সূক্ষ্ম প্রলেপ। ইং 'Gild' শব্দজ। বি।

গিলন—গ্রাসকরণ, ভক্ষণ। গৄ+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

গিলা—১। গলাধঃকরণ করা, কবলিত করা, গ্রাস করা। বাং ক্রি। ২। চেপ্টা শক্ত মসৃণ বীজবিশেষ, তেলা ফল। দেশজ। বি। [ক্রি।

গিলান—খাওয়ান; কবলিত করান। বাং

গিলিত—গ্রস্ত, ভক্ষিত। গৄ+ক্ত ভাববা=গিল; গিল+ইতচ্‌ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

গিলিতচর্ব্ব(র্ব)ণ—রোমন্থন, জাবর কাটা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গিলে—তেলার মত ফলবিশেষ। বি।

গিল্‌টি—গিলটি দ্রঃ।

গিস্‌গিস্‌—১। ঘেঁষাঘেঁষি, বহুজনসমাগম। বি। ২। বিরক্তি বা ক্রোধাদিতে দেহের অস্থিরতাব্যঞ্জক শব্দ। দেশজ। অব্য।

গীত—১। গান; কথন। গৈ+ক্ত ভাববা। বি; ক্লীব। ২। গান করা হইয়াছে এরূপ; বর্ণিত; উচ্চারিত। গৈ+ক্ত কর্ম্মবা। বিণ।

গীতগোবিন্দ—কবি জয়দেব-কৃত গ্রন্থবিশেষ। গীত হইয়াছে গোবিন্দ যাহাতে, বহুব্রী। বি।

গীতবাদ্য—গানবাজনা। দ্বন্দ্ব। বি; ক্লীব।

গীতা—ভগবান্‌ ও ভক্ত অথবা গুরুশিষ্যের প্রশ্নোত্তরচ্ছলে আত্মতত্ত্বের উপদেশবিষয়ক গ্রন্থ; ভগবদ্গীতা। বি; স্ত্রী।

গীতি—গান; ছন্দোবিশেষ। গৈ+ক্তি ভাববা। বি; স্ত্রী।

গীতিকবিতা—গাহিতে পারা যায় এরূপ কবিতা বা পদ্য, গীতিকাব্য। গীতিযোগ্যা কবিতা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গীতিকা—গাথা। গীতি—কৈ+ক কর্ত্তৃবা +আপ্‌। বি; স্ত্রী।

গীতিকাব্য, —কবিতা—যে সকল কাব্য এরূপভাবে রচিত হয় যে, তালমানাদি রক্ষা করিয়া গান করা যায়। গীতিযোগ্য কাব্য, কবিতা, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, স্ত্রী।

গীতিনাট্য—গানবহুল নাটক বা নাটিকা; যাত্রার পালা। গীতিপূর্ণ নাট্য, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গীরা—১। পতিত হওয়া, পড়া। হিন্দী মূলক। ক্রি। ২। এক গজের ১৬ ভাগের ১ ভাগ। 'গ্রন্থি' শব্দজ। বি।

গীর্ণ—স্বীকৃত; প্রশংসিত; গিলিত; কথিত। গৄ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, গীর্ণা।

গীষ্পতি—বৃহস্পতি; পণ্ডিত। 'গির্'এর (বাক্যের) পতি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গু—বিষ্ঠা, পুরীষ, মল। দেশজ। বি।

গুআ—সুপারি। 'গুবাক' শব্দজ। বি।

গুঁই—উপাধিবিশেষ। বি।

গুঁজা, গোঁজা—১। ভিতরে ঠেলিয়া বা পুরিয়া দেওয়া, ঢুকান, প্রবেশিত করা; পুঁতা বা পোতা। বাং ক্রি। ২। যাহা কিছু অন্য বস্তুর ভিতরে ঠেলিয়া পুরিয়া দেওয়া হয়; খড়ের চালে ফাঁক জায়গায় যে খড় ঠেলিয়া দেওয়া হয়। গুঁজ্‌+আ কর্ম্মবা। বি।

গুঁজি—যাহা অন্য বস্তুর মধ্যে গুঁজিয়া বা

ঠেলিয়া দেওয়া হয়; কীলক। গুঁজ্+ই কর্ম্মবা। বি।

গুঁজি-কাটি, -কাঠি—মাথার কাঁটা; ঝাঁটার গোঁজ। কর্ম্মধা। বি।

গুঁড়, গুঁড়া, গুঁড়ি—১। চূর্ণ, কাঁকি, ধূলি; কণিকা, কণা। 'গুণ্ডিকা' শব্দজ। বি। ২। চূর্ণ, পিষ্ট। বিণ।

গুঁড়ান—গুণ্ডিত করা, চূর্ণ করা। বাং ক্রি।

গুঁড়ি—১। তণ্ডুলাদি চূর্ণ। 'গুণ্ডিকা' শব্দজ। ২। গাছের কাণ্ড। 'গণ্ডি' শব্দজ। বি।

গুঁতা, গুঁতো—শৃঙ্গাঘাত; ঠেলা, ধাক্কা। আর্বীমূলক। বি।

গুঁতাগুঁতি—পরস্পর শৃঙ্গাঘাত; ঠেলাঠেলি, ধাক্কাধাক্কি। ব্যতীহার বহুব্রী। বি।

গুঁতান—শৃঙ্গাঘাত করা; ঠেলা মারা; ধাক্কা দেওয়া। বাং ক্রি। [বি।

গুগ্‌লি—অতি ক্ষুদ্র শম্বুক, গেঁড়ি। দেশজ।

গুগ্‌গুল, গুগ্‌গুলু—স্বনামখ্যাত গন্ধনিয্যাস। গুজ্ (শব্দ করা)+ক্বিপ্ কর্তৃবা= গুক্—গুড়্+ক কর্তৃবা, পক্ষে উ কর্তৃবা সংজ্ঞার্থে। বি; পুং।

গুচান, গুছান—সুশৃঙ্খল করা, সাজান, পরিপাটী করা। বাং ক্রি।

গুচি(চী), গুছি(ছী)—ক্ষুদ্র গুচ্ছ। 'গুচ্ছ' শব্দজ। প্রাদে। বি।

গুচ্চের, গুচ্ছের—অনেক, প্রয়োজনাতিরিক্ত (বিরক্তিপ্রকাশক)। প্রাদে। বিণ।

গুচ্ছ, গুচ্ছক—বত্রিশনর হার; ময়ূরপুচ্ছ; স্তবক, থোলো; তৃণ প্রভৃতির গোছা। গুৎ—ছো+ক কর্তৃবা সংজ্ঞার্থে, পক্ষে+কন্ স্বার্থে। বি; পুং। [যাহার, বহুব্রী। বি; পুং।

গুচ্ছপত্র—তালগাছ। গুচ্ছাকার পত্র

গুচ্ছপুষ্প—ছাতিমগাছ। গুচ্ছবদ্ধ পুষ্প যাহার, বহুব্রী। বি; পুং।

গুচ্ছমূল—গোছা শিকড়। গুচ্ছাকার মূল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গুজগুজ, গুজগুজানি—চুপে চুপে কথা বলা, ফিস্‌ফিস্; গুপ্ত পরামর্শ। দেশজ। বি।

গুজব—জনরব, রটনা। দেশজ। বি।

গুজর—ভাবনা; অতিক্রম। ফার্সী 'গুজারা' শব্দজ। বি।

গুজরৎ, গুজরাৎ—মারফতে, দ্বারা বা দিয়া। ফার্সী। অব্য। **গুজরৎ খোদ**—কোন ব্যক্তির নিজ দ্বারা।

গুজরাট—গুর্জ্জর দেশ। বি।

গুজরাটী—গুজরাটসম্বন্ধীয়; তদ্দেশবাসী বা তথাকার ভাষা। গুজরাট+ঈ। বি বা বিণ।

গুজরান—অতিবাহন, যাপন, কাটান; জীবিকা-নির্ব্বাহ। ফার্সী 'গুজারা' শব্দজ। বি।

গুজরি, গুজরী—পদাভরণবিশেষ (ইহা ঝুমঝুম করিয়া বাজে); চরণাঙ্গুরী। 'গুঞ্জরণ' শব্দজ। বি।

গুজরিপঞ্চম—পায়ের গহনাবিশেষ। বি।

গুজস্তা—অতীত, গত, পূর্ব্ব, সাবেক। ফার্সী। বিণ।

গুজারা—নির্ব্বাহ; আদায়। ফার্সী। বি।

গুজিয়া—ছোট গজা, ক্ষীরের মিষ্টান্ন বিশেষ। দেশজ। বি।

গুঞ্জ—১। গুচ্ছ; স্তবক। গুন্‌জ্+ঘঞ্ অধিবা। ২। গুঞ্জন। গুন্‌জ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

গুঞ্জন—ভ্রমরাদির কূজন, গুন্ গুন্ শব্দ। গুন্‌জ্+অনট্ ভাববা। বি; ক্লীব। [পুং।

গুঞ্জনধ্বনি—গুন্ গুন্ শব্দ। কর্ম্মধা। বি;

গুঞ্জমালা, গুঞ্জামালা, -হার—কুঁচফলের মালা বা হার। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, পুং।

গুঞ্জর, গুঞ্জরণ—গুন্ গুন্ শব্দকরণ। দেশজ। বি। [ক্রি।

গুঞ্জরা—গুন্ গুন্ শব্দ করা। কবিপ্র।

গুঞ্জরিত—গুন্ গুন্ শব্দবিশিষ্ট। গুঞ্জর+ইত যুক্তার্থে। বিণ।

গুঞ্জা—কুঁচ; পরিমাণবিশেষ; সুমধুর ধ্বনি; পটহ, ঢাক। গুন্‌জ্+অচ্ কর্তৃবা, ঘঞ্ অধিবা+আপ্। বি; স্ত্রী।

গুঞ্জার—গুন্ গুন্ ধ্বনি। প্রাঃ কবিপ্র। বি।

গুঞ্জিকা—গুঞ্জা, কুঁচ; তিন যব পরিমাণ। গুঞ্জা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

গুঞ্জিত—মধুর অস্ফুটধ্বনি, গুঞ্জন, গুন্ গুন্ শব্দ। গুন্জ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

গুটলি, গুটলে—গুটি, ডেলা, গুটির মত মল। দেশজ। বি।

গুটান—নাটাই প্রভৃতিতে জড়ান; টানিয়া লওয়া; কুঞ্চিত বা সঙ্কুচিত করা; বন্ধ করা, তুলিয়া দেওয়া। দেশজ। ক্রি।

গুটি, গুটিকা, গুটী—ঘুঁটি; পোকার গুটি; বটিকা; গুলি; বসন্তাদি রোগের ব্রণ। গু+টিক্ কর্ম্মবা=গুটি; গুটি+কন্ স্বার্থে+আপ্=গুটিকা; গুটি+ঈপ্=গুটী। বি; স্ত্রী।

গুটিক—দুই-একটি; এক-একটি। প্রাঃ কবিপ্র। বিণ।

গুটিগুটি, গুড়িগুড়ি—ধীরপদক্ষেপে, আস্তে আস্তে। দেশজ। ক্রি-বিণ।

গুটিপোকা—রেশমকীট। গুটিনির্ম্মাতা পোকা, মধ্যপ কর্ম্মধা। বি।

গুড়—ইক্ষুর বা খর্জ্জুরের রস হইতে উৎপন্ন মিষ্ট দ্রব্য; হাতীর সাজ; বর্ত্তুল, গোলাকার বস্তু। গুড্+ক কর্ত্তৃবা। বি; পুং। **গুড়ে বালি**—আশায় নৈরাশ্য।

গুড়গুড়—অনুকার-শব্দ; গম্ভীর শব্দ; মেঘগর্জ্জন; ভাঁটা গড়াইবার শব্দ; হুঁকা বা গুড়গুড়িতে ধূমপানের শব্দ। দেশজ। অব্য।

গুড়গুড়ি—দীর্ঘনলযুক্ত তাম্রকূটসেবনযন্ত্র, একপ্রকার গড়গড়া, আলবলা। দেশজ। বি।

গুড়গুড়িয়া, গুড়গুড়ে—গুড়গুড় শব্দকারী; গোলকতুল্য; খর্ব্বাকার, বেঁটে। গুড়গুড়+ইয়া, এ করে অর্থে। বিণ।

গুড়মুড়ো—গুল্ফ, গোড়ালি। দেশজ। বি।

গুড়া—স্নুহীবৃক্ষ; গুঁড়া। গুড় শব্দ+আপ্। বি; স্ত্রী।

গুড়াকা—তন্দ্রা, নিদ্রা; কর্ম্মে অনুৎসাহ, আলস্য। গুড্+আকন্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

গুড়াকেশ—কৃষ্ণ, বিষ্ণু। গুড়াকার (নিদ্রার) ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গুড়ান—গুটান (তাহা দ্রঃ)।

গুড়ুক—তাম্রকূট; মাখা তামাক। হিন্দী 'গুড়াকু' শব্দজ। বি। [বি; স্ত্রী।

গুড়ুচী, গুড়ূচী—একপ্রকার লতা, গুলঞ্চ।

গুড়ুম—মেঘগর্জ্জন, তোপধ্বনি। দেশজ। বি। **আক্কেল গুড়ুম**—বুদ্ধিলোপ।

গুড়োদক—গুড়ের সরবৎ। গুড়মিশ্রিত উদক, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গুঢ়া, গুড়া—নৌকার পার্শ্বস্থিত বসিবার পুরু তক্তা। প্রাঃ কবিপ্র। বি।

গুণ—১। অধিক ফল; সত্ত্ব রজঃ তমঃ; বিদ্যা বিনয় শৌর্য্যাদি; পদার্থের ধর্ম্ম; সূত্র, রজ্জু; ধনুকের ছিলা; ইন্দ্রিয়; মালা; অপ্রধান; (অলঙ্কারে) ওজঃ প্রসাদাদি; (ন্যায়ে) রূপাদি চতুর্বিংশতি; (দণ্ডনীতিতে) সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ, আশ্রয়—এই ছয়। গুণ+ঘঞ্ ভাববা, করণবা। বি; পুং। ২। উৎকর্ষ; আবৃত্তি; উপকার, ফায়দা; বৃদ্ধি; (গণিতে) পূরণ; বার; ত্যাগ; (ব্যাকরণে) স্বরের পরিবৃত্তি-বিশেষ, যথা—ই-ঈ স্থানে এ, উ-ঊ স্থানে ও ইত্যাদি। গুণ্+ঘঞ্ ভাববা। বি; পুং। ৩। থলিয়া। 'গোণী' শব্দজ। বি।

গুণক—১। গুণকারী। বিণ। স্ত্রী,—ণিকা। ২। যে অঙ্ক দ্বারা গুণ করা যায়। গুণ+ণক কর্ত্তৃবা। বি; পুং।

গুণকারী (—কারিন্)—উপকারক, হিতকর; আরোগ্যজনক। উপপদতৎ। গুণ—কৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

গুণকীর্ত্ত(র্ত্ত)ন—গুণবর্ণন, গুণের পুনঃ পুনঃ উল্লেখ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গুণগরিমা (—গরিমন্)—১। গুণের গৌরব। ৬ষ্ঠীতৎ। ২। গুণ ও গৌরব। দ্বন্দ্ব। বি; পুং।

গুণগ্রাম—গুণসকল, গুণাবলী। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

গুণগ্রাহিতা—অন্যের গুণ গ্রহণের অর্থাৎ বুঝিবার শক্তি বা প্রবৃত্তি, গুণজ্ঞতা। গুণ-গ্রাহিন্ + তা ভাবার্থে। বি ; স্ত্রী।

গুণগ্রাহী (–গ্রাহিন্)—অন্যের গুণ গ্রহণে অর্থাৎ বুঝিতে সমর্থ বা তৎপর, গুণজ্ঞ। গুণ গ্রহণ করে যে, উপতৎ। গুণ – গ্রহ্ + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –হিণী।

গুণচট—গোণীবস্ত্র, বস্তা বা থলি প্রস্তুত করিবার মোটা চট ; খুব মোটা কাপড়। দেশজ। বি।

গুণছুঁচ—চট প্রভৃতি সেলাই করিবার বড় সূচবিশেষ। গুণচালক ছুঁচ, মধ্যপ কর্ম্মধা। বি।

গুণজ্ঞ—গুণগ্রাহী। গুণ জানে যে, উপতৎ। গুণ – জ্ঞা + ক কর্তৃবা। বিণ। স্ত্রী, –জ্ঞা। বি, –তা।

গুণত্রয়—সত্ত্ব রজঃ তমঃ—এই তিন গুণ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

গুণধর—গুণবান্, গুণী ; (ব্যঙ্গার্থে) নানাদোষাধার, দোষী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, –রা।

গুণধাম (–ধামন্)—বহুগুণসম্পন্ন, গুণের গৃহস্বরূপ। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ ; ক্লীব।

গুণন—আবৃত্তি ; বর্ণন ; পূরণ, এক অঙ্ক দ্বারা অন্য অঙ্ককে গুণ করা। গুণ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

গুণনিকা—১। শূন্যাঙ্ক, ০। গুণ + অনট্ করণবা + কন্ স্বার্থে + আপ্। বি ; স্ত্রী। ২। পুনঃ পুনঃ অনুশীলন ; অভ্যাস ; পাঠস্থিরীকরণ ; নৃত্য। গুণ + অনট্ ভাববা + কন্ স্বার্থে + আপ্। বি ; স্ত্রী।

গুণনিধি—গুণের আধারস্বরূপ, প্রভূতগুণ-সম্পন্ন ; গুণধর ; বিবিধ দোষাশ্রয় (ব্যঙ্গার্থে)। ৬ষ্ঠীতৎ। বিণ।

গুণনীয়—যাহাকে গুণ করিতে হইবে এরূপ, গুণ্য। গুণ + অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, –য়া।

গুণনীয়ক—অপবর্তক, যে রাশি দ্বারা গুণ করিলে কোন নির্দ্দিষ্ট গুণফল উৎপন্ন হয় (Measure). গুণনীয় + কন্ স্বার্থে। বি ; পুং।

গুণপনা—নৈপুণ্য ; গুণবত্তা, গুণশালিতা। গুণী + পনা ভাবে (ঈকার লোপ)। বি।

গুণফল—(গণিতে) গুণন দ্বারা লব্ধ ফল। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

গুণবতী—গুণশালিনী। গুণবান্ দ্রঃ। গুণবৎ + ঈপ্। বিণ ; স্ত্রী।

গুণবত্তা—গুণশালিতা। গুণবৎ + তা ভাবার্থে। বি ; স্ত্রী।

গুণবাচক, –বোধক—যাহা কোন ব্যক্তি বা বস্তুর গুণ ব্যক্ত করে এরূপ, গুণপ্রকাশক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, –চিকা, –ধিকা।

গুণবাদ—১। গুণসূচক বাক্য, সুখ্যাতি-প্রকাশক বাক্য। মধ্যপ কর্ম্মধা। ২। প্রশংসাকথন, গুণকীর্তন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

গুণবান্ (–বৎ)—গুণযুক্ত, গুণশালী, গুণী। গুণ + মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –বতী।

গুণবৃক্ষ—নৌকা-জাহাজাদির মাস্তুল। গুণা-ধার বৃক্ষ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

গুণবৈষম্য—বিরুদ্ধগুণের সমাবেশ, গুণের ব্যতিক্রম। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

গুণমণি—নানাগুণবিশিষ্ট বলিয়া রত্নস্বরূপ। গুণে মণি (তৎসদৃশ), ৭মীতৎ। বি ; পুং।

গুণময়—প্রভূত গুণসম্পন্ন, অতিশয় গুণী। গুণ + ময়ট্ প্রাচুর্য্যার্থে। বিণ। স্ত্রী, –য়ী।

গুণলুব্ধ—গুণগ্রাহী। ৭মীতৎ। বিণ। স্ত্রী, –ব্ধা। [ভাবার্থে। বি ; স্ত্রী।

গুণশালিতা—গুণবত্তা। গুণশালিন্ + তা

গুণশালী (–শালিন্)—গুণযুক্ত, গুণবান্। উপতৎ। গুণ – শাল্ + ণিন্ কর্তৃবা। স্ত্রী, –লিনী।

গুণস্তম্ভ—গুণবৃক্ষ (তাহা দ্রঃ)।

গুণহীন—গুণশূন্য, নির্গুণ, যাহার কোন গুণ নাই। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –না।

গুণা—গণা, গণনা করা। বাং ক্রি।

গুণাকর—যাহার অসংখ্য গুণ আছে এরূপ, গুণাধার। ৬ষ্ঠীতৎ। বিণ।

গুণাগুণ—গুণদোষ। গুণ ও অগুণ, দ্বন্দ্ব। বি; পুং।

গুণাতীত—সত্ত্ব রজঃ তমঃ—এই তিন গুণের উপর, ত্রিগুণাতীত। গুণকে অতীত, ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা। [৬ষ্ঠীতৎ। বিণ।

গুণাধার—বহুগুণসম্পন্ন। গুণের আধার,

গুণানুকরণ—অন্যের গুণ দেখিয়া তাহা আয়ত্ত করিবার চেষ্টা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গুণানুবাদ, গুণানুকীর্ত্ত(র্ত)ন—পুনঃ পুনঃ গুণকীর্ত্তন, প্রশংসা। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

গুণান্বিত—গুণযুক্ত, গুণী, গুণবান্। গুণদ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

গুণাবলী—গুণসমূহ। গুণের আবলী (শ্রেণী), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গুণিত—যাহাকে গুণ করা হইয়াছে এরূপ, পূরিত। গুণ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

গুণিতক—যে রাশিকে অন্য রাশি দ্বারা ভাগ করিলে কিছুই ভাগশেষ থাকে না তাহা (Multiple). গুণিত+কন্ স্বার্থে। বি; পুং।

গুণিন—মন্ত্রবিদ্যাবিৎ, কুহকী; মন্ত্রবৈদ্য, রোজা; গণৎকার। 'গুণিন্' শব্দজ। বি।

গুণী (গুণিন্)—১। ধনুঃ। গুণ অর্থাৎ ছিলা আছে ইহার এই অর্থে গুণ+ইন্। বি; পুং। ২। গুণবান্, গুণশালী; কলাবিৎ; তন্ত্রমন্ত্রজ্ঞ। গুণ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—ণিনী।

গুণীভূত—অপ্রধানীভূত, গৌণ; অপ্রধান-ভাবে অবস্থিত। গুণ+চি্ব অভূততদ্ভাবার্থে (=গুণী)—ভূ+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

গুণোৎকর্ষ—১। গুণের উৎকর্ষ, উৎকৃষ্ট গুণ। গুণের উৎকর্ষ, ৬ষ্ঠীতৎ। ২। গুণ-জনিত শ্রেষ্ঠতা। গুণজনিত উৎকর্ষ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গুণোত্তর—নির্দ্দিষ্ট সংখ্যার দ্বারা গুণিত হইয়া বৃদ্ধিশীল (Geometric). বিণ।

গুণোপেত—গুণযুক্ত, গুণশালী, গুণবান্। গুণ দ্বারা উপেত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

গুণ্ঠন—বেষ্টন; আবরণ; ঘোমটা। গুন্ঠ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

গুণ্ঠিত—বেষ্টিত; আবৃত। গুন্ঠ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

গুণ্ড, গুণ্ডক—চূর্ণ, গুঁড়া; কলধ্বনি। গুন্ড্+অচ্ কর্তৃবা=গুণ্ড; গুণ্ড+কন্ স্বার্থে=গুণ্ডক। বি; পুং। [দেশজ। বি।

গুণ্ডা—দুর্জ্জন, পরপীড়ক; ঠেঙ্গাড়ে, দস্যু।

গুণ্ডাগিরি, গুণ্ডাম, গুণ্ডামি—গুণ্ডার আচরণ বা কার্য্য, দৌর্জ্জন্য, পরপীড়ন, দস্যুতা। গুণ্ডা+গিরি, ম, মি কর্ম্মার্থে। বি।

গুণ্ডি—দোক্তা, পানের সহিত খাইবার মাদকদ্রব্যবিশেষ। দেশজ। বি।

গুণ্ডিত—১। চূর্ণিত। গুন্ড্+ক্ত কর্ম্মবা। ২। চূর্ণবিশিষ্ট। গুণ্ড+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

গুণ্য—যাহাকে গুণ করিতে হইবে এরূপ, গুণনীয়। গুণ+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, গুণ্যা।

গুদম, গুদাম—পণ্যভাণ্ডার, মালখানা। ইং 'Godown' শব্দজ। বি।

গুন—গুণচট, থলে। 'গোণী' শব্দজ। বি।

গুনাগার, গুনোগার—গচ্চা, ত্রুটি-বিচ্যুতির জন্য দেয় দণ্ড; ক্ষতিপূরণ। ফার্সী-মূলক। বি।

গুন্‌গুন্—গুঞ্জনধ্বনি; অস্ফুটস্বরে গানের আলাপ। দেশজ। অব্য।

গুন্তি—গণনা। গুন্+তি ভাববা। বি।

গুপা, গুপো—গুপ্ত আঘাত। প্রাদে। বি।

গুপ্ত—রক্ষিত; গূঢ়, অদৃশ্য; লুক্কায়িত; অলক্ষিত; সংবৃত। গুপ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, গুপ্তা।

গুপ্তচর—গুপ্তভাবে বিচরণকারী; গুপ্ত সংবাদসংগ্রাহক, গোয়েন্দা। কর্ম্মধা। বি; পুং।

গুপ্তধন—১। লুকান ধন। কর্ম্মধা। বি; ক্লীব। ২। যাহার ধনের কোন সন্ধান পাওয়া যায় না। বহুব্রী। বিণ। স্ত্রী,—না। ৩। নারীদের ব্রতবিশেষ। বি; ক্লীব।

গুপ্তপুলিশ—পুলিশের যে বিভাগ গোপনে অপরাধাদির তথ্য সংগ্রহ করে (Special Branch of Police). বি।

গুপ্তবেশ—ছদ্মবেশ। কর্ম্মধা। বি; পুং।

গুপ্তমন্ত্র—গোপনমন্ত্রণা; অন্যের অজ্ঞাত মন্ত্র। কর্ম্মধা। বি; পুং।

গুপ্তরহস্য—লুক্কায়িত বিষয়, গোপনীয় বিষয়। কর্ম্মধা। বি; ক্লীব। [স্ত্রী।

গুপ্তহত্যা—গোপনে খুন। কর্ম্মধা। বি;

গুপ্তি—১। শমন, যম। গুপ্‌+ক্তি কর্ত্তৃবা। বি; পুং। ২। রক্ষা; গোপন; সংবরণ। গুপ্‌+ক্তি ভাববা। ৩। ভূগর্ত্ত; কারাগার; অবকরস্থান; নৌকাদির গর্ত্ত। গুপ্‌+ক্তি অধিবা। বি; স্ত্রী। ৪। যষ্টি প্রভৃতির মধ্যে লুক্কায়িত ছোরা। দেশজ প্রঃ। বি।

গুবাক, গূবাক—১। সুপারিগাছ। গু +আক করণবা। বি; পুং। ২। সুপারি। বি; ক্লীব।

গুবরে—একপ্রকার পোকা। গোবর+এ (∠ইয়া) জাতার্থে। বি।

গুম—১। গোপন; গুপ্ত। হিন্দীমূলক। বিণ। ২। ভারী বস্তু পড়ার শব্দ। দেশজ। অব্য। ৩। ক্রোধাদিহেতু নির্ব্বাক অবস্থা। বি। ৪। গম্ভীর। দেশজ। বিণ।

গুমখুন—গুপ্তহত্যা। কর্ম্মধা। বি।

গুমগুম—কিল মারিবার শব্দ; গোড়ালি ঠুকিয়া চলিবার শব্দ। দেশজ। অব্য।

গুমট—নির্ব্বাত গ্রীষ্ম; বাতাসশূন্য অবস্থায় গরম, 'পচাগরম'। দেশজ। বি।

গুমটি—প্রহরীর আশ্রয়গৃহ, খোপ। হিন্দী। বি।

গুমর, গুমার—অহঙ্কার, দেমাক। ফার্সী 'গুমান' শব্দজ। বি।

গুমরা, গুমরান—মনে মনে গজরান; ঈর্ষা দুঃখ প্রভৃতির আবেগ রোধ করিয়া কষ্ট ভোগ করা। বাং ক্রি।

গুমসা—গুমট। দেশজ। বি।

গুমসান—নির্ব্বাত উত্তাপে ভাপ্‌সাইয়া উঠা। দেশজ। বাং ক্রি। বি,—সানি,—সনি।

গুমা—অল্প আগুনে ধীরে ধীরে দগ্ধ বা সিদ্ধ হওয়া; ভাপ্‌সান বা গরমে পচিয়া দুর্গন্ধযুক্ত হওয়া; ছাতা পড়া। দেশজ। ক্রি।

গুম্ফ—শ্মশ্রু, গোঁফ। গুম্ফ্‌+ঘঞ্‌ কর্ম্মবা। বি; পুং।

গুম্ফন—গ্রন্থন, গাঁথা; দলবন্ধন (Grouping). গুম্ফ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

গুম্ফা—পর্ব্বতের গুহা। বি।

গুম্ফিত—গ্রথিত। গুম্ফ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

গুম্বজ—সমতল ছাদের উপরিস্থ ক্ষুদ্র গৃহের গোলাকার ছাদ, বুরুজ। ফার্সী। বি।

গুয়া—সুপারি। 'গুবাক' শব্দজ। বি।

গুরু—১। ধর্ম্মোপদেষ্টা; মন্ত্রোপদেষ্টা; আচার্য্য; অধ্যাপক; বৃহস্পতি; দ্রোণাচার্য্য; জনক প্রভৃতি পূজ্য ব্যক্তি; দীর্ঘ স্বরবর্ণ। গৄ +কু কর্ত্তৃবা। বি; পুং। ২। প্রয়োজনীয়; পূজ্য; শ্লাঘ্য; উৎকট; দুর্ব্বহ; দুর্জ্জয়; কঠিন; ভারী; দুষ্পাচ্য। বিণ। স্ত্রী, গুরু, গুর্ব্বী।

গুরুকুল—ধর্ম্মোপদেষ্টার বা শিক্ষকের বংশ; গুরুগৃহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গুরুগিরি—অধ্যাপনা; মন্ত্রদান-ব্যবসায়। গুরু+গিরি ব্যবসায় অর্থে। বি। [ক্লীব।

গুরুগৃহ—আচার্য্যের নিবাস। ৬ষ্ঠীতৎ। বি;

গুরুচণ্ডাল—সাধু ও প্রচলিত শব্দের একত্র প্রয়োগ। দেশজ। বি। বিণ,—লী।

গুরুজন—ভক্তিভাজন ব্যক্তি, মাতা পিতা পিতামহ পিতামহী প্রভৃতি। কর্ম্মধা। বি; পুং।

গুরুজল—ধরজল (তাহা দ্রঃ)।

গুরুঠাকুর—গুরুদেব, মন্ত্রদাতা গুরু। কর্ম্মধা। বি; পুং।

গুরুতর—দুইএর মধ্যে অধিক গুরু। গুরু +তর অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—রা।

গুরুতা, গুরুত্ব—মহত্ব; পূজ্যত্ব; অধ্যাপকত্ব; মন্ত্রোপদেষ্টৃত্ব; ধর্ম্মোপদেষ্টৃত্ব; ভারবত্ব; ভারিত্ব, ভার; প্রয়োজনীয়তা; আধিক্য, আতিশয্য; কাঠিন্য। গুরু+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

গুরুদক্ষিণা—পাঠান্তে গুরুকে দেয় দক্ষিণা। গুরুপ্রদেয়া দক্ষিণা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গুরুদত্ত—১। গুরুর দেওয়া। ৬ষ্ঠীতৎ। ২। গুরুকে প্রদত্ত। ৪র্থীতৎ। বিণ। স্ত্রী,—ত্তা।

গুরুদশা—মাতাপিতৃবিয়োগের অবস্থা; বৃহস্পতির দশা। গুরুঘটিত দশা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গুরুদার—গুরুপত্নী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গুরুদেব—দেবতুল্য গুরু; পূজনীয় ধর্ম্মোপদেষ্টা বা শিক্ষক। গুরুই দেব, কর্ম্মধা। বি; পুং।

গুরুদ্বার—শিখদিগের ধর্ম্মমন্দির। বি।

গুরুনিতম্বা—বিপুলনিতম্বা, যাহার কটিপশ্চাদ্ভাগ স্থূল এরূপ। গুরু নিতম্ব যাহার, বহুব্রী+আপ্। বিণ; স্ত্রী।

গুরুপত্নী— আচার্য্যপত্নী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গুরুপাক—দুষ্পাচ্য, যাহা সহজে পরিপাক করা যায় না এরূপ। গুরু পাক যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

গুরুবন্ধনী—(গণিতে) বন্ধনীরেখাবিশেষ, তৃতীয় বন্ধনী, [ ] এই চিহ্নদ্বয়। কর্ম্মধা। বি; স্ত্রী।

গুরুবরণ—বস্ত্রালঙ্কার দ্বারা গুরুর পূজন; গুরুর নিয়োগ; গুরু বলিয়া মানিয়া লওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গুরুবল—গুরুদেবের কৃপা বা শিক্ষার শক্তি। গুরুদত্ত বল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গুরুবার—বৃহস্পতিবার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গুরুভক্ত—গুরুর প্রতি ভক্তিমান্। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

গুরুভক্তি—গুরুর প্রতি ঐকান্তিকী শ্রদ্ধা। ৭মীতৎ। বি; স্ত্রী।

গুরুভাই—একই গুরুর শিষ্যসম্পর্কে ভাই। দেশজ। বি।

গুরুভার—১। খুব ভারী বোঝা; অতিশয় দায়িত্ব। গুরু (ভারী) ভার, কর্ম্মধা। বি; পুং। ২। অত্যন্ত ভারী। গুরু (অধিক) ভার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

গুরুমশায়, —মহাশয়—পাঠশালার শিক্ষক মহাশয়। কর্ম্মধা। বি; পুং।

গুরুমস্তিষ্ক—মস্তিষ্কের অংশবিশেষ (Cerebrum). বি।

গুরুমা—গুরুপত্নী; বালিকা-বিদ্যালয়ের শিক্ষয়িত্রী। বি; স্ত্রী।

গুরুমারা—গুরুর নিকট হইতে লব্ধ অথচ সেই গুরুরই বিরুদ্ধে প্রযুক্ত ('—বিদ্যা')। গুরু —মার্+আ করণবা। বিণ।

গুরুমুখী—১। শিখদিগের বর্ণমালা বা ভাষা। বি। ২। গুরুর মুখ হইতে প্রাপ্ত, যাহার জন্য সম্পূর্ণরূপে গুরুর উপর নির্ভর করিতে হয় এমন ('—বিদ্যা')। গুরুমুখ+ঈ প্রাপ্ত অর্থে। বিণ।

গুরুশিষ্য—আচার্য্য ও ছাত্র; দীক্ষাদাতা ও দীক্ষাগ্রহীতা। দ্বন্দ্ব। বি; পুং।

গুরুসেবা—গুরুর শুশ্রূষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বিণ। স্ত্রী,—য়া।

গুরুস্থানীয়—গুরুসদৃশ পূজ্য। ৬ষ্ঠীতৎ।

গুরুহন্তা (—হন্তৃ)—গুরুঘাতক, গুরুবধকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—হন্ত্রী।

গুরূপদেশ—গুরুদত্ত শিক্ষা। গুরুর উপদেশ, ৬ষ্ঠীতৎ বা গুরুদত্ত উপদেশ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। [পুং।

গুর্জ্জ(র্জ)র—দেশবিশেষ, গুজরাট। বি;

গুর্জ্জ(র্জ)রী—রাগিণীবিশেষ; গুর্জ্জরদেশীয়া স্ত্রী। বি; স্ত্রী।

গুর্ব্বি(র্বি)ণী—গর্ভিণী, সসত্ত্বা। গুরু (গর্ভস্থ সত্ত্ব)+ইন্ আছে অর্থে (ণিনি)+ঈপ্। বিণ; স্ত্রী।

গুর্ব্বী(র্ব্বী)—১। গুরুত্বযুক্তা, গৌরববতী। গুরু+ঈপ্। বিণ; স্ত্রী। ২। গুরুপত্নী; গর্ভিণী স্ত্রী। বি; স্ত্রী।

গুল—১। গুড়। গুড়্+ক কর্ত্তৃবা (ড়-স্থানে ল)। বি; পুং। ২। অঙ্গার; অঙ্গারচূর্ণের গোলক; ভঁাটা; পোড়া তামাক। দেশজ। বি। ৩। ফুল; গোলাপফুল; সূচিকর্ম্ম-রচিত ফুল। ফার্সী। বি।

গুলজার—শোভান্বিত, শোভন; চমকদার, জমকাল; উজ্জ্বল, দেদীপ্যমান; কোলাহলময়। ফার্সী। বিণ।

গুলঞ্চ—১। ভেষজলতাবিশেষ, গুড়্চী। 'গুড়্চী' শব্দজ। ২। টগরজাতীয় পুষ্পবৃক্ষ-বিশেষ। দেশজ। বি।

গুলতান—জটিলতা, কুচক্র; পেঁচ; বহুজনের আলোচনা; জটলা। ফার্সী 'গলতান' শব্দজ। বি।

গুলতি—ছোট গুলি, বাঁটুল; বাঁটুল ছুড়িবার [ধনুক। হিন্দী। বি।

গুলদার—ফুলদার, ফুলকাটা, ফুলতোলা। ফার্সী। বিণ। [ফার্সী। বি।

গুলবাহার—গুলদার, ফুলতোলা শাড়ী।

গুলা—১। জলদুগ্ধাদি তরল দ্রব্যে মিশ্রিত করা। বাং ক্রি। ২। বহুত্ববোধক প্রত্যয়। অব্য।

গুলান—গোলা করা, আলোড়িত করা; গোল পাকান, বিশৃঙ্খল করা, এলোমেলো করা; জটিল করা। বাং ক্রি।

গুলাব—গোলাপ। ফার্সী। বি।

গুলাবী—গোলাপী। গুলাব+ঈ সদৃশার্থে। বিণ।

গুলি, গুলী—১। বটিকা; গুটিকা; বর্ত্তুল, বাঁটুল; বন্দুকের গুলি, ছর্‌রা; অহিফেন হইতে প্রস্তুত একপ্রকার মাদকদ্রব্য।। হিন্দীমূলক। বি। ২। বহুবচনসূচক প্রত্যয়। দেশজ। অব্য।

গুলিকা—গুলি, বটিকা, গুটিকা। গুলী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

গুলিখুরি, —খুরী—গুলিখোরের যোগ্য; আজগুবী। গুলিখোর+ই, ঈ যোগ্যার্থে। বিণ।

গুলিখোর—গুলি-নামক মাদকদ্রব্য সেবন-কারী; মিথ্যাভাষী; অতিকল্পনাপ্রিয়। গুলি+খোর আসক্তার্থে। বি বা বিণ।

গুলিডাণ্ডা, গুলিডাং—ডাংগুলি, বালকদের ক্রীড়াবিশেষ। দেশজ। বি।

গুলিবাঁট—সুরতিখেলা; গুণদোষাদি বা অংশ নিরূপণের জন্য গুলি বাঁট করা। দেশজ। বি।

গুলী—গুলি, বটিকা; বসন্তরোগ। গুড়্+ক কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

গুলেল—গুলতি দ্বারা গুলি বা বাঁটুল নিক্ষেপকারী। গুলি+এল (∠আল)। বি বা বিণ।

গুল্তি—গুলতি (তাহা দ্রঃ)।

গুল্ফ—পাদগ্রন্থি, গোড়ালি। গল্+ফক্ কর্ত্তৃবা। বি; পুং।

গুল্ম—১। স্তম্ব, তৃণাদির ঝাড়; ছোট ছোট ঝোপাল গাছ; থানা, ঘাঁটি; হস্তী ৯, রথ ৯, অশ্ব ২৭, পদাতি ৪৫, এতৎসংখ্যক সৈন্য। গুড়্+মক্ কর্ত্তৃবা। বি; পুং। ২। উদরমধ্যস্থ রোগবিশেষ; প্লীহাবৃদ্ধি রোগ। গুড়্+মক্ অপাবা। বি; পুং।

গুষ্টি, গুষ্ঠী—গোত্র, বংশ, কুল। 'গোষ্ঠী' শব্দজ। বি।

গুহ—১। দ্রুতগামী অশ্ব; কায়স্থদের পদবী-বিশেষ। গুহ্+ক কর্ম্মবা। ২। .কার্ত্তিকেয়; বিষ্ণু; গর্ত্ত, গহ্বর। গুহ্+ক কর্ত্তৃবা। বি; পুং।

গুহক—একজন নিষাদপতি। ইনি রামচন্দ্রের মিত্র ছিলেন। ভাগীরথীতীরে শৃঙ্গবের পুরে ইহার বাসস্থান ছিল। বি; পুং।

গুহষষ্ঠী—অগ্রহায়ণ মাসের শুক্লা ষষ্ঠী। গুহ-প্রিয়া ষষ্ঠী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গুহা—পর্ব্বতাদির গহ্বর; গর্ত্ত; ভিতর, অভ্যন্তর। গুহ্+ক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

গুহাবাসী (-সিন্)—গুহাতে বাসকারী লোক (Caveman); যে গুহাতে বাস করে এমন। উপতৎ। গুহা-বস্+ণিন্ কর্তৃবা। বি বা বিণ; পুং। স্ত্রী,-সিনী।

গুহ্য—১। গোপনীয়, অপ্রকাশ্য; দুর্ব্বোধ্য। গুহ্+ক্যপ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী, গুহ্যা। ২। জনশূন্য স্থান; মলদ্বার; উপস্থ। বি; ক্লীব। ৩। কচ্ছপ; পরমেশ্বর; দম্ভ, অহঙ্কার। বি; পুং।

গুহ্যক—যক্ষ। বি; পুং। [পুং।

গুহ্যদেশ--পায়ু, মলদ্বার। ৬ষ্ঠীতৎ। বি;

গূঢ়—১। গুপ্ত; প্রচ্ছন্ন; লুক্কায়িত; সংবৃত; গহন; দুর্ব্বোধ। গুহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, গূঢ়া। ২। নির্জ্জনস্থান। বি; ক্লীব।

গূঢ়জ—গুপ্তভাবে উৎপন্ন পুত্র; জারজ সন্তান। গূঢ়-জন্+ড কর্তৃবা। বি; পুং। স্ত্রী,-জা।

গূঢ়োৎপন্ন—গোপনে জাত ('-পুত্র')। গূঢ়রূপে উৎপন্ন, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,-ন্না।

গূবাক—গুবাক দ্রঃ।

গৃধিনী—স্ত্রী-গৃধ্র, শকুনিজাতীয়া পক্ষিণী। সংস্কৃত 'গৃধ্র' শব্দের বাঙ্গালা স্ত্রীলিঙ্গ। বি; স্ত্রী। [বি,-তা।

গৃধ্নু—লুব্ধ, লোলুপ। গৃধ্+ক্নু কর্তৃবা। বিণ।

গৃধ্র—শকুনিপক্ষী। গৃধ্+র কর্তৃবা সংজ্ঞার্থে। বি; পুং।

গৃধ্ররাজ—সম্পাতি; জটায়ু; গরুড়। গৃধ্রদিগের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গৃহ—ঘর; গৃহস্থাশ্রম; কলত্র, ভার্য্যা; মেষাদি রাশি। গ্রহ্+ক কর্ম্মবা। বি; ক্লীব।

গৃহকপোত--পোষা পায়রা। গৃহবাসী কপোত, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গৃহকর্ত্তা (-কর্ত্তৃ),-কর্তা—বাটীর কর্ত্তা, গৃহস্বামী, গৃহস্থ। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; পুং। স্ত্রী,-কর্ত্রী।

গৃহকর্ত্রী,-কর্ত্রী—বাটীর কর্ত্রী, গৃহিণী, গৃহস্বামিনী, গিন্নী। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; স্ত্রী।

গৃহকর্ম্ম (-কর্ম্মন্),-কর্ম—ঘরসংসারের কাজ, ঘরের কাজ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গৃহকলহ—গৃহবিবাদ (তাহা দ্রঃ)।

গৃহগোধা, গৃহগোধিকা—জেঠী, টিকটিকী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গৃহচ্যুত—গৃহভ্রষ্ট, গৃহ হইতে বহির্গত। ৫মী-তৎ। বিণ। স্ত্রী,-তা।

গৃহজন—ঘরের লোক, পরিজন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গৃহজাত—গৃহে উৎপন্ন, বাটীতে প্রস্তুত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,-তা।

গৃহতল—ঘরের মেঝে। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গৃহত্যাগ—গৃহপরিবার, বাটী হইতে চলিয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গৃহত্যাগী (-ত্যাগিন্)—যে গৃহ পরিত্যাগ করিয়াছে; সন্ন্যাসী। গৃহ ত্যাগ করে যে, উপতৎ। গৃহ-ত্যজ্ (ত্যাগ করা) +ঘিনুণ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,-গিনী।

গৃহদাহ—ঘরপোড়া, ঘরে আগুন লাগা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গৃহদেবতা—গৃহের অধিষ্ঠাত্রী দেবতা, বাস্তু-দেবতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গৃহধর্ম্ম(র্ম)—গৃহে অবস্থানপূর্ব্বক শাস্ত্রবিহিত অনুষ্ঠান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গৃহপতি—গৃহস্বামী; গৃহস্থাশ্রমী; মন্ত্রী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গৃহপালিত—গৃহে পোষিত, ঘরে পোষা। ৭মীতৎ। বিণ। স্ত্রী,-তা।

গৃহপ্রবেশ—নবনির্ম্মিত ঘরে প্রথম গমনরূপ অনুষ্ঠান। ৭মীতৎ। বি; পুং।

গৃহবাটিকা—গৃহসংলগ্ন উদ্যান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গৃহবাসী (-বাসিন্)—গৃহস্থ; সংসারী। উপতৎ। গৃহ-বস্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,-সিনী।

গৃহবিচ্ছেদ—আত্মবিবাদ; আত্মীয়জনের সহিত মনোবাদ; ঘরোয়া ঝগড়া। গৃহ-সংক্রান্ত বিচ্ছেদ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গৃহবিবাদ, -বিরোধ, -যুদ্ধ—ঘরোয়া বিরোধ; অন্তর্বিবাদ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং, ক্লীব।

গৃহভেদী (-ভেদিন্)—গৃহবিচ্ছেদকারী, কুমন্ত্রণা দ্বারা পরিবারের লোকজনের মনোভঙ্গ করিয়া পরস্পর বিচ্ছেদ ঘটাইয়া দেয় এরূপ, ঘরভাঙানে। গৃহ ভেদ করে যে, উপতৎ। গৃহ-ভিদ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, -দিনী।

গৃহলক্ষ্মী—গৃহের লক্ষ্মীস্বরূপা স্ত্রী, সুশীলা সচ্চরিত্রা রমণী; কুলবধূ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গৃহশিক্ষক—যিনি ছাত্রের গৃহে আসিয়া তাহাকে শিক্ষাদান করেন এরূপ শিক্ষক (Private tutor). ৬ষ্ঠীতৎ। বি: পুং।

গৃহশূন্য—১। ভবনরহিত, যাহার ঘর-বাড়ী নাই। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, -ন্যা। ২। বিপত্নীক, যাহার স্ত্রী মরিয়াছে এরূপ। বিণ।

গৃহসজ্জা-ঘরের সাজ, আসবাবপত্র। গৃহ-শোভিনী সজ্জা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গৃহস্থ—১। সংসারী, দ্বিতীয়াশ্রমী; মধ্য-বিত্ত লোক। গৃহে স্থিতি করে (থাকে) যে, উপতৎ। গৃহ-স্থা+ক কর্তৃবা। বি; পুং। ২। গৃহে স্থিত। বিণ। স্ত্রী, -স্থা।

গৃহস্থালি, -স্থালী—ঘরকন্না; সংসারা-শ্রম। গৃহস্থ+আলি, আলী কর্ম্মার্থে। বি।

গৃহস্থাশ্রম—গার্হস্থ্য, সংসারাশ্রম, বিবাহ করিয়া স্ত্রীপরিজন সহিত গৃহবাসরূপ ধর্ম্ম। গৃহস্থের আশ্রম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গৃহস্থিত—নিজ ভবনে অবস্থিত। ৭মীতৎ। বিণ। স্ত্রী, -তা।

গৃহস্বামী (-স্বামিন্)—গৃহপতি, বাটীর কর্ত্তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, -মিনী।

গৃহহারা—গৃহশূন্য; যে গৃহ হইতে বাহির হইয়া ঘুরিতেছে এমন। গৃহ হারাইয়াছে যে, উপতৎ। বিণ। [বিণ।

গৃহহীন—গৃহশূন্য; বিপত্নীক। ৩য়াতৎ।

গৃহাগত—১। বাটীতে আগত। গৃহকে আগত, ২য়াতৎ। বিণ। স্ত্রী, -তা। ২। অতিথি, আগন্তুক, অভ্যাগত। বি; পুং।

গৃহান্তর—১। গৃহের মধ্যভাগ, ঘরের ভিতর। গৃহের অন্তর, ৬ষ্ঠীতৎ। ২। অন্য গৃহ। নিত্য। বি; ক্লীব।

গৃহিণী—১। গৃহকর্ত্রী, গিন্নী; পত্নী, ভার্য্যা। গৃহী দ্রঃ। গৃহিন্+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী। ২। গ্রহণীরোগ। দেশজ। বি।

গৃহিণীপনা—গিন্নীর কাজ; গৃহিণীর মত চালচলন। গৃহিণী+পনা কর্ম্মাদ্যর্থে। বি।

গৃহী (গৃহিন্)—গৃহস্থাশ্রমী, গৃহস্থ; গৃহকর্ত্তা। গৃহ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং। স্ত্রী, -হিণী।

গৃহীত—গ্রহণ করা হইয়াছে এরূপ; লওয়া হইয়াছে এরূপ; সাক্ষাৎকৃত; ধৃত; আত্ম-সাৎকৃত; স্বীকৃত; প্রাপ্ত, অভ্যস্ত; জ্ঞাত। গ্রহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, -তা।

গে—বাঙ্গালা 'গিয়া' ক্রিয়ার সংক্ষেপ।

গে-আন, গেয়ান—জ্ঞান, বোধ, বুদ্ধি। প্রাঃ কবিপ্র। বি।

গেও—গমন করিল। প্রাঃ কবিপ্র। ক্রি।

গেঁজ—অঙ্কুর, কল, ওলের গাত্রলগ্ন মুখী; গোদের উপরিস্থ ক্ষুদ্র ক্ষুদ্র অর্ব্বুদ। দেশজ। বি।

গেঁজলা—গাঁজলা (তাহা দ্রঃ)। গেঁজা, নবপ্রসূতা গাভীর ফেনময় দুগ্ধ। দেশজ। বি।

গেঁজা—গাঁজা (তাহা দ্রঃ)। গেঁজলা, নব-প্রসূতা গাভীর ফেনময় দুগ্ধ। দেশজ। বি।

গেঁজিয়া, গেঁজে—জালের মত বুনানি কিংবা কাপড়ের লম্বা সরু থলি। দেশজ। বি।

গেঁজেল—গাঁজাখোর, গঞ্জিকাসেবী। গাঁজা +এল (∠ইয়াল) আসক্তার্থে। প্রাদে। বিণ।

গেঁটে—গাঁইটযুক্ত; গাঁটের; গাঁইটসম্বন্ধীয়। গাঁট+এ (∠ইয়া) সম্বন্ধার্থে। বিণ।

গেঁড়া—১। খর্ব্বাকার, বেঁটে। দেশজ। বিণ। ২। অপহরণ, চুরি; গোপনে সরান। বি।

গেঁড়ি—গুগ্‌লি, ছোট শামুক। দেশজ। বি।

গেঁতো—অলস, দীর্ঘসূত্রী, ঢিমে। দেশজ। বিণ।

গেঁদা—গাঁদা, স্বনামখ্যাত পুষ্পবিশেষ ও তাহার গাছ (Marigold). দেশজ। বি।

গেঁয়ে, গেঁয়ো—গ্রাম্য, গ্রামসম্বন্ধীয়। গাঁ+এ (∠ইয়া), ও (∠উয়া) সম্বন্ধার্থে। বিণ।

গেঙান, গেঙ্গান—গোঁ গোঁ শব্দে কাতরতা প্রকাশ করা। বাং ক্রি। বি, গেঙ্গানি।

গেছে, গেছো—বৃক্ষবাসী; গাছে উঠিতে পটু; ধিঙ্গি, দজ্জাল (মেয়ে)। গাছ+এ (∠ইয়া), ও (∠উয়া) সম্বন্ধার্থে। বিণ।

গেজেট—সংবাদপত্র; ইস্তাহার। ইং Gazette. বি।

গেঞ্জি—জালবোনার মত বুনানির টাইট বা আঁট ছোট জামাবিশেষ। ইং 'Guernsey' শব্দজ। বি। [বি।

গেট—তোরণ, ফটক, বহির্দ্বার। ইং Gate.

গেণ্ডু, গেণ্ডুক, গেন্দুক—কন্দুক, ক্রীড়া-গোলক, গোলা, ভাঁটা, বল্। গম্+ড কর্তৃবা =গ; গ এমন ইন্দু (ইন্দুতুল্য), কর্ম্মধা, স্বার্থে কন্ (নিপাতনে 'ন্দ'-স্থানে ণ্ড)। বি; পুং।

গেণ্ডুয়া—কন্দুক, ভাঁটা। প্রাঃ কবিপ্র। বি।

গেয়—১। যাহা গাহিতে হইবে, গান করিবার যোগ্য। গৈ+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, গেয়া।

গেয়ান--গে-আন দ্রঃ।

গেরো, গেরো—১। কুগ্রহ, দুর্দৈব, বালাই। 'গ্রহ' শব্দজ। ২। গ্রন্থি, গাঁইট। দেশজ। বি।

গেরিলা—গুপ্তযোদ্ধা (Guerilla). বি।

গেরিলা-যুদ্ধ—গুপ্তভাবে যুদ্ধ করা। ৬ষ্ঠীতৎ। বি।

গেরুয়া—১। গৈরিকবর্ণে রঞ্জিত। বিণ। ২। গৈরিক, গিরিমাটি; গৈরিক বসন। 'গৈরিক' শব্দজ। বি।

গেরেফতার, গ্রেপ্তার--১। রাজাদেশে ধৃত। বিণ। ২। রাজাদেশে ধৃতকরণ। ফার্সী। বি।

গের্দ্দ(র্দ)—১। চতুঃসীমা, হদ্দ। বি। ২। আটক; সিজিল, গোছ; আয়ত্ত। ফার্সী। বিণ।

গেল—১। গত, অতীত। বিণ। ২। গমন করিল, যাইল। বাং ক্রি। [ক্রি।

গেলা—গ্রাস করা, খাওয়া। 'গৄ' ধাতুজ। বাং

গেলান—খাওয়ান (বিরক্তিসূচক); প্রবেশ করাইয়া দেওয়া। বাং ক্রি। [বি।

গেলাস—জলপানপাত্র। ইং 'Glass' শব্দজ।

গেলি—১। [তুই] যাইলি বা গমন করিলি। বাং ক্রি। ২। গেল, যাইল। প্রাঃ কবিপ্র। ক্রি। ৩। ছাপাখানার মুদ্রণার্থ সজ্জিত অক্ষর-সমূহের আধার। ইং Galley. বি।

গেহ—গৃহ, সভা। গ (গণেশ) ঈহ (ঈপ্সিত) যেখানে, বহুব্রী। বি; ক্লীব।

গেহী (গেহিন্)—গৃহী, গৃহস্থ। গেহ+ইন্ অস্ত্যর্থে। বি বা বিণ; পুং। স্ত্রী,—হিনী।

গৈবি, গৈবী—গোপন; গুপ্ত; প্রেরকের নামবিহীন; দাবা ক্রীড়ার ছক না দেখিয়া অন্তরাল হইতে চা'ল বলিয়া দিয়া অন্যের দ্বারা খেলা। আর্বী 'গয়েব' শব্দজ। বি।

গৈরিক—১। গিরিজাত; গিরিমৃত্তিকা-রঞ্জিত। গিরি+ইক ভবার্থে। বিণ। স্ত্রী, —কী। ২। গিরিমাটি; স্বর্ণ। বি; ক্লীব।

গৈরিকবসন—গিরিমাটিতে রঙান কাপড়। কর্ম্মধা। বি; ক্লীব।

গৈরেয়—গিরিসম্বন্ধীয়, গিরিজাত, পার্ব্বত্য। গিরি+এয় ভবার্থে। বিণ। স্ত্রী,—য়ী।

গো—১। বৃষ, গরু; পশু; স্বর্গ; রশ্মি; বজ্র; চন্দ্র; জল; সূর্য্য; গোমেধ যজ্ঞ; ঋষভ-নামক ঔষধ; লোম; ছবিবিশেষ। গম্+ডো কর্তৃবা। বি; পুং। ২। ধেনু, গাভী; চক্ষু; বাণ; দিক্; বাণী, বাক্য; পৃথিবী; মাতা। বি; স্ত্রী। ৩। বাঙ্গালা সম্বোধন বা জিজ্ঞাসা-সূচক শব্দ। অব্য।

গো-আলা, গোয়ালা—গোপ, দুগ্ধ-বিক্রেতা। গো+আলা রক্ষকার্থে। বি।

গোঁ—১। অনুকরণ-শব্দ। অব্য। ২। রোক, জিদ। দেশজ। বি।

গোঁআন, গোঁয়ান, গোঙান—গমন করা, অনুগমন করা ; যাপন করা, কাটান। প্রাঃ কবিপ্র। ক্রি। [বি।

গোঁজ—কীলক, খোঁটা। গুঁজ্ + অ কর্ম্মবা।

গোঁজা—যাহা কিছু অন্য বস্তুর মধ্যে ঠেলিয়া দেওয়া হয় ; ঘরের চালের ফাঁকা জায়গায় যে খড় গুঁজিয়া দেওয়া যায় তাহা। গুঁজ্ + আ কর্ম্মবা। বি।

গোঁজামিল—হিসাব মিলাইতে না পারিলে অন্যত্র হইতে কিছু আনিয়া বা যা-তা ভাবে মিল করা ; ফাঁকি দেওয়া। ৩য়াতৎ। বি। [শব্দজ। বি।

গোঁড়—উদ্গত নাভি, মাংসপিণ্ড। 'গোণ্ড'

গোঁড়া—১। গোঁড়যুক্ত, উদ্গতনাভিবিশিষ্ট ; কঠোর শাস্ত্রবিশ্বাসী, নৈষ্ঠিক, নিষ্ঠাবান্ ; অযৌক্তিক অন্ধবিশ্বাসী ; অত্যধিক পক্ষপাতী; অতি ভক্ত বা অনুরক্ত ; স্তাবক, চাটুকার। বিণ। ২। একপ্রকার লেবু। দেশজ। বি।

গোঁড়াম, গোঁড়ামি—গোঁড়ার ভাব বা কার্য্য। গোঁড়া + ম, মি ভাবে। বি।

গোঁপ, গোঁফ—পুরুষের ওষ্ঠের উপরিস্থ লোমরাশি, মোচ। 'গুম্ফ' শব্দজ। বি।

গোঁপ (গোঁফ)-খেজুরে—একান্ত অলস, গোঁফের উপর পতিত খেজুরটাও যে হাতে করিয়া মুখের ভিতর দিতে নারাজ। গোঁপে খেজুর, ৭মীতৎ + এ (∠ ইয়া) যুক্তার্থে। বিণ।

গোঁয়া, গোঙা, গোঙ্গা—বাক্‌শক্তিহীন, মূক, বোবা। দেশজ। বিণ।

গোঁয়ান—গোঁআন দ্রঃ।

গোঁয়ার—১। অবিবেকী, কাণ্ডজ্ঞানহীন, হঠকারী, দুর্দ্ধর্ষ ; একরোখা, একগুঁয়ে। গোঁ + আর যুক্তার্থে। বিণ। ২। গ্রাম্য ; অরসিক, লম্পট ; দস্যু। প্রাঃ কবিপ্র। বিণ। স্ত্রী,—রী।

গোঁয়ার-গোবিন্দ—অবিবেকী, কাণ্ডা-কাণ্ডজ্ঞানশূন্য, অতি দুঃসাহসিক। দেশজ। বি বা. বিণ।

গোঁয়ারতুমি—হঠকারিতা ; কাণ্ডজ্ঞান-হীনতা ; নিষ্ঠুরতা ; একগুঁয়েমি। গোঁয়ার + তুমি ভাবে। বি।

গোঁসা—ক্রোধ, রাগ, অভিমান। আর্বী-মূলক। বি।

গোঁসাই, গোসাঞি, গোসাঞী—প্রভু, ঠাকুর ; সম্প্রদায়গত বা বংশগত পদবী। 'গোস্বামী' শব্দজ। বি।

গোঁসাঘর—ক্রোধাগার। মধ্যপ কর্ম্মধা। বি।

গোকুল—১। গোসমূহ ; গোষ্ঠ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। ২। উত্তর প্রদেশস্থ মথুরা জেলায় অবস্থিত পুরাণ-প্রসিদ্ধ নগর, বৃন্দাবন। গোর কুল যাহাতে, বহুব্রী। বি ; ক্লীব।

গোক্ষুর, গোখুর—১। গোরুর খুর। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। ২। স্বনামখ্যাত ওষধি-বিশেষ ; সর্পবিশেষ, গোখুরা সাপ। গোর ক্ষুর, খুর (খুরবৎ চিহ্ন) যাহাতে, বহুব্রী। বি ; পুং।

গোখাদক—গোমাংসভোজী, গরুখেকো। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—দিকা।

গোখুর—গোক্ষুর দ্রঃ। [স্বার্থে। বি।

গোখুরা—বিষধর সর্পবিশেষ। গোখুর + আ

গোগ্রাস—১। প্রায়শ্চিত্তানন্তর গোজাতির তৃপ্ত্যর্থক প্রদত্ত ঘাস ; গোরুর ন্যায় গ্রাস গ্রহণ অর্থাৎ এক এক গ্রাসে অধিক ভক্ষণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

গোঘাতক—১। গোহত্যাকারী, গরুর প্রাণ-নাশক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—তিকা। ২। কসাই। বি ; পুং।

গোঘ্ন—১। গোহত্যাকারী। গো হনন করে যে, উপতৎ। গো—হন্ + ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, গোঘ্নী। ২ অতিথি। গো—হন্ + ক সম্প্রবা। বি ; পুং।

গোঙান, গোঙ্গান—১। গোঙান, গোঁ গোঁ শব্দ করা, কাতরান। বাং ক্রি। ২। গোঁয়ান, যাপন করা, কাটান ; গমন করা, অনুগমন করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

গোচ, গোছ—আয়োজন ; শৃঙ্খলা ; পারিপাট্য ; আঁটি। 'গুচ্ছ' শব্দজ। বি।

গোচর—১। ইন্দ্রিয়ের বিষয়; আশ্রয়; গোচারণস্থান। গো—চর্+ঘ অধিবা। বি; পুং। ২। ইন্দ্রিয়ের বিষয়ীভূত; স্থিত, আশ্রিত। বিণ; স্ত্রী।

গোচর্ম্ম (—চর্ম্মন্),—চর্ম—গরুর চামড়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গোচা, গোছা—গুচ্ছ, স্তবক, আঁটি, তাড়া, তল্লা, বাণ্ডিল। 'গুচ্ছ' শব্দজ। বি।

গোচারণ—গরুকে ঘাস খাওয়ান, গরু চরান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গোচিকিৎসক—গো-বৈদ্য, গরুর রোজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোছ—১। গুচ্ছ, আঁটি, তাড়া; পাণের নির্দ্দিষ্ট সংখ্যা; পায়ের গোড়ালি ও ডিমার মধ্যভাগ; অবস্থা; প্রকার। বি। ২। সুবিন্যস্ত, সিজিল। দেশজ। বিণ।

গোছ-গাছ—গোছান, শৃঙ্খলা, সুব্যবস্থা। দেশজ। বি।

গোছা—গোচা দ্রঃ।

গোছান—গোছ করা, সাজান, যথাস্থানে দ্রব্যাদি রক্ষিত করা। বাং ক্রি।

গোছাল—সুবিন্যস্ত, সুশৃঙ্খল; বিন্যাসপটু; চতুর, নিপুণ; সঞ্চয়ী, মিতব্যয়ী, হিসাবী; সঙ্গতিশালী। গোছ+আল যুক্তার্থে। বিণ।

গোটা—১। সমগ্র, অখণ্ড, আস্ত। বিণ। ২। কাপড়ে লাগাইবার জরি বা ঝালর; বিবিধ মসলার চূর্ণবিশেষ। বি। ৩। সংখ্যা-বোধক শব্দ। দেশজ। বি।

গোটাসিদ্ধ—আ-কাটা তরকারিসহ সিদ্ধ আস্ত মাষকলাই। সুপ.সুপা। বি।

গোঠ—১। গরুর থাকিবার স্থান; গরু চরিবার স্থান। 'গোষ্ঠ' শব্দজ। ২। নারীদিগের কটিভূষণবিশেষ। দেশজ। বি।

গোড়—চালচলন, ভঙ্গি, ভাব; অভিপ্রায়, মতলব, মত; গোড়া; পা। দেশজ। বি।

গোড়া—মূল, শিকড়; আদি; সূত্রপাত। দেশজ। বি।

গোড়ান—গোড়ায় আসিয়া দাঁড়ান, পরিণত হওয়া, পরিণামে দাঁড়ান, ফলে হওয়া; নিকটবর্ত্তী হওয়া। বাং ক্রি।

গোড়ালি, —লী—পাদমূল; গুল্‌ফদেশ। দেশজ। বি।

গোডিম—জন্মকালে পক্ষীর গুহ্যদেশস্থিত অণ্ডাকার মাংসপিণ্ড; নিতান্ত শৈশব অবস্থা। দেশজ। বি। [দেশজ। বি।

গোড়ে—মোটা করিয়া গাঁথা ফুলের মালা।

গোণা—১। গণিত, নির্দ্দিষ্ট। গুণ্+আ কর্ম্মবা। বিণ। ২। গণনা করা। বাং ক্রি।

গোণী—থলিয়া, বস্তা; দুইখারী পরিমাণ। গুণ্+ঘঞ্ কর্ত্তৃবা (নিপা)+ঈপ্। বি; স্ত্রী।

গোত্তা—ঘুড়ির পাক দিয়া সবেগে পতন; আঘাত করা। আরবী 'গউতাহ্' শব্দজ। বি।

গোত্র—১। কুল, বংশ; কুলপ্রবর্ত্তক ঋষি, যথা—ভরদ্বাজ, কশ্যপ ইত্যাদি; বন; ক্ষেত্র; পথ; ছত্র; গোগৃহ। গু+ত্র কর্ত্তৃবা সংজ্ঞার্থে। বি; ক্লীব। ২। পর্ব্বত। গো (পৃথিবী)—ত্রৈ+ক কর্ত্তৃবা। বি; পুং। ৩। কুৎসিত। বিণ।

গোত্রজ—বংশোদ্ভূত; একবংশীয়, সগোত্র। গোত্র হইতে জন্মে যে, উপতৎ। গোত্র—জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

গোদ—শ্লীপদ, পাদশোথ। দেশজ। বি।

গোদা ১। অতি স্থূল, মোটা; গোদরোগী; পদস্ফীতি রোগাক্রান্ত। গোদ+আ আছে অর্থে। বিণ। ২। সর্দ্দার, নায়ক, দলপতি; বানর-যুথপতি। বি।

গোদান—১। গরুপ্রদান। ৬ষ্ঠীতৎ। ২। কেশান্তসংস্কার, কেশচ্ছেদনরূপ সংস্কার। গো (কেশ)—দো (ছেদন করা)+অনট্ অধিবা। বি; ক্লীব।

গোদাবরী—১। দক্ষিণাপথের প্রসিদ্ধ নদী। গো—দা+বনিপ্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

গোদুগ্ধ—গাভীর দুধ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গোদোহন—গরু দোওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [বি; ক্লীব।

গোধন—গাভীরূপ ধন। রূপক কর্ম্মধা।

গোধা, গোধিকা—গোসাপ। গুধ্ + অচ্ কর্ত্তৃবা + আপ্। গোধা + কন্ স্বার্থে + আপ্। বি ; স্ত্রী। [বি ; পুং।
গোধূম—গম-শস্য। গুধ্ + উম্ কর্ম্মবা।
গোধূমচূর্ণ—ময়দা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।
গোধূমসার—গমের পালো। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।
গোধূলি—যে সময়ে গোসকল ধূলি উড়াইয়া গৃহে প্রত্যাগত হয় ; সন্ধ্যার প্রাক্কাল। গোর (গরুর) ধূলি যাহাতে (যে সময়ে), বহুব্রী। বি ; পুং।
গোধূলিলগ্ন—গোধূলিসময়ে বিবাহের জন্য নিরূপিত লগ্ন। গোধূলিই লগ্ন, কর্ম্মধা। বি ; ক্লীব।
গোনা গোণা দ্রঃ। [দেশজ। বিণ।
গোনাগাথা—গণিত ; নির্দ্দিষ্ট ; পরিমিত।
গোনাহ্—পাপ। আর্বী। বি।
গোপ—১। গোরক্ষক ; গোয়ালাজাতি ; ভূপতি। উপতৎ। গো—পা + ক কর্ত্তৃবা। ২। রক্ষাকারী ; উপকারক। গুপ্ + অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—গোপা (গোপকন্যা), গোপী (গোপস্ত্রী)।
গোপন—১। লুক্কায়িত করা ; রক্ষণ। গুপ্ + অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। অপ্রকাশিত ; গোপনীয়। দেশজ প্রঃ। বিণ।
গোপনারী—গোপের স্ত্রী, গোয়ালিনী বা গয়লানী। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।
গোপনীয়—গুহ্য, অপ্রকাশ্য ; রক্ষণীয়। গুপ্ + অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।
গোপবধূ—গোপভার্য্যা ; গোপজাতীয়া স্ত্রী। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।
গোপাঙ্গ(ঙ্গ)না—গোপবধূ ; গোপরমণী। গোপের অঙ্গনা, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।
গোপাল—১। ভূপতি, রাজা ; বালক কৃষ্ণ ; গোপ ; রাখাল ; সোহাগের সন্তান। গো (গরু, পৃথিবী)—ণিজন্ত পা (=পালি) + অণ্ কর্ত্তৃবা। বি ; পুং। ২। গরুর পাল বা দল। ৬ষ্ঠীতৎ। বি।
গোপালক—গোরক্ষক ; গোপ ; শ্রীকৃষ্ণ ; শিব। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ ; পুং। স্ত্রী,—লিকা।
গোপালন—গরুকে খাইতে দেওয়া ও যত্ন করা ; গরু পোষা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।
গোপালভোগ—একপ্রকার কদলী ; ধান্যবিশেষ ; একপ্রকার আম। দেশজ। বি।
গোপিকা—গোপবালা, গোয়ালিনী ; রক্ষিকা। গোপী, গোপা + কন্ স্বার্থে + আপ্। বি ; স্ত্রী।
গোপিত—রক্ষিত ; লুক্কায়িত। গোপি + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।
গোপিনী—গোপী, গোপিকা, গোয়ালিনী। গোপ + ইনী (বাংলা স্ত্রীপ্রত্যয়)। বি ; স্ত্রী।
গোপী—গোপস্ত্রী, গোয়ালিনী। গোপ + ঙীপ্। বি ; স্ত্রী।
গোপীচন্দন—বৈষ্ণবদিগের ব্যবহার্য্য তিলকমাটি। গোপীসম্ভূত চন্দন, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।
গোপীজনবল্লভ—শ্রীকৃষ্ণ। গোপীই জন= গোপীজন, কর্ম্মধা ; তাহার বল্লভ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [বি ; পুং।
গোপীনাথ,—মোহন—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ।
গোপীযন্ত্র—বাদ্যযন্ত্রবিশেষ, একতারা। গোপী-নামক যন্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।
গোপুর—পুরদ্বার ; নগরের কটক, তোরণ। গুপ্ + উর কর্ম্মবা। বি ; ক্লীব।
গোপেন্দ্র—শ্রীকৃষ্ণ। গোপমধ্যে ইন্দ্র, ৭মীতৎ। বি ; পুং।
গোপ্তব্য—রক্ষণীয়, গোপনীয়, অপ্রকাশ্য, গুহ্য। গুপ্ + তব্য কর্ম্মবা। বিণ।
গোপ্তা—উড্ডীয়মান ঘুড়ির উল্টাইয়া অধোমুখে সবেগে কিয়দ্দূরে পতন। আর্বীমূলক। বি।
গোপ্তা (গোপ্তৃ)—আশ্রয়দাতা ; রক্ষক। গুপ্ + তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, গোপ্ত্রী।
গোপ্য—অপ্রকাশ্য ; রক্ষণীয় ; গোপনীয়। গুপ্ + ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, গোপ্যা।

গোবৎস—গরুর বাছুর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোবধ—গোহত্যা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোবর—গোময়, গোপুরীষ। 'গোবিট্' শব্দজ। বি।

গোবরগণেশ—গোবরনির্ম্মিত গণেশ, অর্থাৎ তাহার ন্যায় কদাকার ও অকর্ম্মণ্য ব্যক্তি; হাঁদা; বোকা ভালমানুষ। মধ্যপ কর্ম্মধা। বি।

গোবরা—গোবরতুল্য, নির্ব্বোধ, হাঁদা, অকর্ম্মা। দেশজ। বিণ।

গোবরাট—কপাটের ঝন্‌কাঠ। 'গর্ভাধার-কাষ্ঠ' শব্দজ। বি।

গোবরাপোকা—একপ্রকার কীট। দেশজ। বি।

গোবর্দ্ধ(র্ধ)ন,-ধারী (-ধারিন্)—শ্রীকৃষ্ণ। উপতৎ। গোবর্দ্ধন—ধৃ+ণিন্ কর্ত্তৃবা। বি; পুং। [কথিত আছে যে, শ্রীকৃষ্ণ ইন্দ্রের কোপ হইতে ব্রজবাসীদিগকে রক্ষা করিবার নিমিত্ত একাঙ্গুলি দ্বারা গোবর্দ্ধন পর্ব্বত উত্থাপনপূর্ব্বক গোপালগণকে আশ্রয় দিয়া রক্ষা করিয়াছিলেন]। বি; পুং।

গো-বলীবর্দ্দ(র্দ)ন্যায়—ন্যায়বিশেষ ['বলীবর্দ্দ' শব্দে মহাবৃষভ বুঝাইলেও 'গো' শব্দ পূর্ব্বে থাকায় তদ্দ্বারা অনায়াসে 'মহাবৃষভকে' বুঝায়। ইহার অনুরূপ বিষয়ে এই উপমার অবতারণাকে 'গো-বলীবর্দ্দন্যায়' বলে]। গোই বলীবর্দ্দ, কর্ম্মধা; তদাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গোবাঘ, গোবাঘা—গরুমারা বাঘ; নেকড়ে, বৃক, তরক্ষু। গোখাদক বাঘ, বাঘা, মধ্যপ কর্ম্মধা। বি।

গোবিন্দ—১। শ্রীকৃষ্ণ; বৃহস্পতি। গো—বিদ্+শ কর্ত্তৃবা। বি; পুং। ২। গোপালক। বিণ। স্ত্রী,—ন্দা।

গোবেচারা,—রী—নিরীহ ভালমানুষ, নেহাৎ ঠাণ্ডা প্রকৃতির লোক। গোসদৃশ বেচারা, বেচারী, উপমান কর্ম্মধা। বি বা বিণ।

গোবেড়েন—রাখাল বা গাড়োয়ান গরুকে যেরূপ নির্দ্দয়ভাবে প্রহার করে সেইরূপ গুরুতর প্রহার। দেশজ। বি।

গোবৈদ্য—১। গোচিকিৎসক। ৬ষ্ঠীতৎ। ২। অনভিজ্ঞ বৈদ্য, মূর্খ বা আনাড়ি চিকিৎসক, হাতুড়িয়া। গো-তুল্য (নির্ব্বোধ) বৈদ্য, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গোব্দা—বিশ্রী রকম মোটা বা পুরু; খুব মাংসল। দেশজ। বিণ।

গো-ভাগাড়—গরুর মৃতদেহ ফেলিবার স্থান। ৬ষ্ঠীতৎ। বি।

গোমতী—১। নদীবিশেষ। বি; স্ত্রী। ২। বহু গোসম্পন্না। গো+মতুপ্+ঈপ্। বিণ। ৩। (ব্যঙ্গার্থে) গো-ভাগাড়। বি।

গোময়—গোবর। গো+ময়ট পুরীষার্থে। বি; পুং বা ক্লীব।

গোমসূরিকা, গোমসূরী—গোবসন্ত; গোবসন্তের বীজ। গোজাতা মসূরিকা, মসূরী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গোমসূর্য্যা(র্যা)ধান—গোবীজের টীকা দেওয়া (Vaccination). গোমসূরীর আধান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গোমসূর্য্যা(র্যা)হিত—গোবীজে যাহার টীকা দেওয়া হইয়াছে। গোমসূরী আহিত যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা।

গোমস্তা, গোমাস্তা—প্রতিনিধি, কর্ম্মচারী (Agent); জমিদারের কর-সংগ্রাহক কর্ম্মচারী, তহশিলদার; মহাজনের গদির হিসাব-রক্ষক। ফার্সী 'গুমাশ্‌তাহ্' শব্দজ। বি।

গোমাংস—গরুর মাংস। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [বি; পুং।

গোমায়ু—শৃগাল। গো—মা+উণ্ কর্ত্তৃবা।

গোমুখী—হিমালয়ের গোমুখাকার গঙ্গাপাত-গুহা; নদীবিশেষ; জপমালার থলি। গোর মুখের ন্যায় মুখ যাহার, বহুব্রী+ঈপ্। বি; স্ত্রী।

গোমূত্র—গরুর প্রস্রাব, চোনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গোমূর্খ—গরুর মত মূর্খ, গণ্ডমূর্খ, নিতান্ত

নির্ব্বোধ বা জ্ঞানহীন। গোসদৃশ মূর্খ, উপমান কর্ম্মধা। বিণ। স্ত্রী, -র্খা।

গোমেদ—দ্বীপবিশেষ; মণিবিশেষ। গো—মিদ্+ঘঞ্ করণবা। বি; পুং।

গোমেধ—যজ্ঞবিশেষ। গো—মেধ্+ঘঞ্ অধিবা। বি; পুং।

গোযান—গো-শকট, গরুর গাড়ী। গো-বাহিত যান, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

গোয়াল, গোহাল—গোগৃহ, গরুর থাকিবার ঘর। 'গোশালা' শব্দজ। বি।

গোয়ালা—গোপ, গয়লা। 'গোপালক' শব্দজ। বি; পুং। স্ত্রী, গোয়ালিনী।

গোয়েন্দা—গুপ্তচর; পুলিশের গুপ্ত সংবাদ-বাহক। ফার্সী। বি।

গোর—কবর, শবসমাধি। ফার্সী। বি।

গোরক্ষক—১। গোপালনকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ক্ষিকা। ২। ভূপ, রাজা; গোপালক, রাখাল। বি; পুং।

গোরস—দুগ্ধ। গোজাত রস, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গোরস্থান—কবর দিবার জায়গা, সমাধি-ক্ষেত্র। ৬ষ্ঠীতৎ। বি।

গোরা—১। গৌরবর্ণ, ফরসা, সাদা। 'গৌর' শব্দজ। বিণ। ২। গৌরাঙ্গ, চৈতন্যদেব; ইউরোপীয় সৈনিক। বি।

গোরাচাঁদ—গৌরচন্দ্র, চৈতন্যদেব। গোরা চাঁদের মত, উপমিত কর্ম্মধা। বি।

গোরি, গোরী—গৌরবর্ণা; সুন্দরী। প্রাঃ কবিপ্র। বিণ; স্ত্রী।

গোরু—গবী; বৃষ। 'গোরূপ' শব্দজ। বি।

গোরোচনা—গরুর মস্তকজাত পীতবর্ণ দ্রব্য। গো-জাতা রোচনা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গোল—১। গোলাকার বস্তু; ভূগোল; খগোল; একরাশি; ষড়্গ্রহযোগ। গুড়্+ঘঞ্ কর্ম্মবা (ড়-স্থানে ল)। বি; পুং। ২। মণ্ডল। বি; পুং বা ক্লীব। ৩। বর্ত্তুলাকার। উপতৎ। গো—লা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, গোলা। ৪। কোলাহল; জটিলতা, ফ্যাসাদ। ফার্সী। বি। ৫। ফুটবল হকি প্রভৃতি খেলায় বল প্রেরণের নির্দ্দিষ্ট স্থান। ইং Goal. বি।

গোলক—মণ্ডল; ভূপৃষ্ঠের প্রতিরূপক কাষ্ঠময় বর্ত্তুল। গোল+কন। বি; ক্লীব।

গোলকধাঁধা—জটিল পথ, যাহার ভিতর যাইলে বাহির হইবার পথ খুঁজিয়া পাওয়া ভার; ক্রীড়াবিশেষ; জটিল সমস্যা (Puzzle). হিন্দী 'গোরকধন্দা' শব্দজ। বি।

গোলগাল—সুগোল, গোলালো; সুপুষ্ট, নধর। দেশজ। বিণ।

গোলদার—খুচরা ও পাইকারী ব্যবসাদার, আড়তদার; মহাজন। গোলা+দার মালিক অর্থে (আকার-লোপ)। বি।

গোলদারি, -দারী—আড়তদারি; মহাজনী। গোলদার+ই, ঈ কর্ম্মার্থে। বি।

গোলন্দাজ—গোলানিক্ষেপক, কামান-চালক। উর্দু। বি।

গোলপাতা—নারিকেলপাতার মত এক-রকম লম্বা পাতা (ইহা দিয়া ঘর ছাওয়া যায়)। দেশজ। বি।

গোলমরিচ—কাল মরিচ (রাঁধিবার মশলা)। কর্ম্মধা। বি।

গোলমাল—গণ্ডগোল, কোলাহল, তুমুল শব্দ, হট্টগোল; বিশৃঙ্খলা, এলোমেলো ভাব। ফার্সীমূলক। বি।

গোলমেলে—গণ্ডগোলপ্রিয়; বিশৃঙ্খল, এলোমেলো; জটিল। গোলমাল+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

গোলযোগ—ফ্যাসাদ; গোলমাল; বিশৃঙ্খলা, মুস্কিল, বিঘ্ন। ফার্সীমূলক। বি।

গোলা—১। বর্ত্তুলাকার ক্রীড়নক; সীসকের বা লৌহের বর্ত্তুলাকার পিণ্ড, গোলক। 'গোলক' শব্দজ। বি; স্ত্রী। ২। ধান্যাদির আগার। দেশজ। বি। ৩। গোলাকারা। গোল+আপ্। বিণ; স্ত্রী। ৪। তরলীকৃত; সরল, নির্ব্বোধ ('—লোক')। বিণ। ৫।

তরলীকৃত দ্রব্য। গুল্+আ কর্ম্মবা। বি। ৬। তরল করা, জলাদির সহিত মিশান। বাং ক্রি।

গোলাঙ্গু(ংগ)ল—১। গরুর লেজ। ৬ষ্ঠীতৎ। বি: ক্লীব। ২। বানরবিশেষ। বি; পুং।

গোলাজাত—গোলাতে সঞ্চিত বা রক্ষিত। গোলায় জাত (নিহিত), ৭মীতৎ। বিণ।

গোলান—গুলান; গোলাকার করা। বাং ক্রি।

গোলাপ, গোলাব—স্বনামখ্যাত সুগন্ধি-পুষ্প। ফার্সী 'গুলাব' শব্দজ। বি।

গোলাপ-জল—গোলাপপুষ্প দ্বারা সুরভী-কৃত জল। মধ্যপ কর্ম্মধা। বি।

গোলাপদান, –দানী—গোলাপপুষ্প রাখিবার পাত্রবিশেষ। ফার্সী। বি।

গোলাপপাশ, গোলাবপাশ—গোলাপ-জল ছিটাইবার সচ্ছিদ্র পাত্র। ফার্সী-মূলক। বি।

গোলাপী, গোলাবী—১। গোলাপতুল্য; গোলাপবর্ণ বা তদ্গন্ধবিশিষ্ট। গোলাপ, গোলাব+ঈ তুল্যার্থে। বিণ। ২। ঈষৎ ('–নেশা')। দেশজ। বিণ।

গোলাবাড়ী—যে বাড়ীতে গোলাসকল সাজান থাকে; খামারবাড়ী। কর্ম্মধা। বি।

গোলাম—ক্রীতদাস, ভৃত্য, চাকর; ভৃত্যের ছবিযুক্ত তাসবিশেষ। আর্বী। বি।

গোলামখানা—গোলামের আড্ডা; গোলাম তৈয়ারীর স্থান। ৬ষ্ঠীতৎ। বি।

গোলামি, গোলামী—দাসত্ব, পরসেবা, চাকুরী। গোলাম+ই, ঈ কর্ম্মার্থে। বি।

গোলার্দ্ধ(র্ধ)—গোলাকার পৃথিবীর অর্দ্ধ-ভাগ। গোলের অর্দ্ধ, একদেশী। বি; পুং।

গোলোক—পরমধাম, স্বর্গ, বৈকুণ্ঠ। গোই (স্বর্গই) লোক, কর্ম্মধা। বি; পুং।

গোলোকধাঁধা—গোলকধাঁধা দ্রঃ।

গোলোকধাম (–ধামন্)—১। বৈকুণ্ঠ; স্বর্গ। গোলোক-নামক ধাম, মধ্যপ কর্ম্মধা। ২। ক্রীড়াবিশেষ। দেশজ। বি।

গোলোকনাথ, –পতি—বৈকুণ্ঠপতি, বিষ্ণু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোলোকবিহারী (–বিহারিন্)—১। বিষ্ণু। বি; পুং। ২। গোলোকে বিহরণশীল। গোলোকে বিহার করে যে, উপতৎ। গোলোক–বি–হৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–রিণী।

গোল্লা—ছানাযুক্ত মিষ্টান্ন, রসগোল্লা; ক্ষুদ্র গোলাকার বস্তু; শূন্য, "০"। দেশজ। বি।

গোল্লায় যাওয়া—অধঃপাতে যাওয়া, চূড়ান্তভাবে খারাপ হওয়া।

গোশাল, গোশালা—গোগৃহ, গোয়াল। ৬ষ্ঠীতৎ (১ম পক্ষে আ-স্থানে অ)। বি; ক্লীব, স্ত্রী।

গোষ্ঠ—গোস্থান, গোঠ। গো–স্থা+ক ঘঞর্থে অধিবা। বি; পুং বা ক্লীব।

গোষ্ঠলীলা—শ্রীকৃষ্ণকৃত লীলাবিশেষ, শ্রীকৃষ্ণের গোচারণাদি কার্য্য। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গোষ্ঠাগার—সভাগৃহ। গোষ্ঠের আগার, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গোষ্ঠী—যেখানে অনেক লোক সমবেত হয়. সভা; পরিবার; সংলাপ; জ্ঞাতি; দৃশ্যকাব্যবিশেষ। গো–স্থা+ক ঘঞর্থে অধিবা+ঈপ্। বি; স্ত্রী।

গোষ্ঠীপতি—পরিবার বা বংশের প্রধান ব্যক্তি; সমবেত লোকসমূহের প্রধান ব্যক্তি, সভাপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোষ্পদ—গোখুরচিহ্নের পরিমিত স্থান; গরুর পদচিহ্ন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোসর্প—গোধা, গোসাপ। গো–সৃপ্+অণ্ কর্ত্তৃবা। বি; পুং।

গোসল—স্নান। আর্বী। বি।

গোসলখানা—স্নানাগার (Bath-roon). ৬ষ্ঠীতৎ। বি।

গোসা—ক্রোধ, অভিমান। আর্বী 'গুস্সাহ' শব্দজ। বি।

গোসাঘর—ক্রোধাগার; প্রাচীনকালে নারীর

ক্রোধপ্রকাশের জন্য নির্দ্দিষ্ট গৃহ। ৬ষ্ঠীতৎ। বি। [শব্দজ। বি।

গোসাঁই, গোসাঞী—প্রভু। 'গোস্বামী'

গোসাপ—গোধা। 'গোসর্প' শব্দজ। বি; পুং।

গোস্ত—মাংস। ফার্সী 'গোশৎ' শব্দজ। বি।

গোস্তাকি, গোস্তাখী—দেমাক, গর্ব্ব, অশিষ্টতা, ঔদ্ধত্য; ধৃষ্টতা। আর্বী। বি।

গোস্বামী (গোস্বামিন্)—১। গোঁসাই; বাচস্পতি; উপাধিবিশেষ। গোর (বাক্যের) স্বামী, ৬ষ্ঠীতৎ। ২। গরুর অধিকারী বা মালিক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গোহত্যা—গোবধ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গোহাইল, গোহাল—গোয়াল, গোশালা। 'গোশালা' শব্দজ। বি।

গোহালা—গোপজাতি। দেশজ। বি।

গৌড়—বাঙ্গালা দেশ; প্রাচীন নগরবিশেষ। গুড় + অণ্ উৎপন্নার্থে। বি; পুং।

গৌড়জন—বঙ্গদেশবাসী লোক। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গৌড়ী—১। গুড় দ্বারা প্রস্তুত সুরা। গুড় + অণ্ বিকারার্থে + ঈপ্। ২। সঙ্গীতের রীতিবিশেষ; কাব্যের রীতিবিশেষ; রাগিণীবিশেষ। গৌড় + অণ্ ভবার্থে + ঈপ্। বি; স্ত্রী।

গৌড়ীয়—গৌড়সম্বন্ধীয়, গৌড়বাসী, বাঙ্গালী। গৌড় + ঈয় সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী, —য়া।

গৌণ—১। গুণসম্বন্ধীয়; অপ্রধান। গুণ + অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, গৌণী। ২। বিলম্ব; অপেক্ষা। দেশজ। বি।

গৌতম—বুদ্ধদেব। গোতম + অণ্ গোত্রাপত্য অর্থে। বি; পুং।

গৌর—১। পরিষ্কৃত; বিশুদ্ধ; পীত; শ্বেত; লোহিত; স্বর্ণকান্তি। গু + রন্ অধিবা। বিণ। স্ত্রী, গৌরী। ২। শ্বেত সর্ষপ; চন্দ্র; ঘুঁটে; অরুণবর্ণ; শ্বেতবর্ণ; শ্রীচৈতন্যদেব। বি; পুং।

গৌরচন্দ্র—গৌরাঙ্গ, চৈতন্যদেব। গৌর চন্দ্রপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; পুং।

গৌরচন্দ্রিকা—মূল গানের পূর্ব্বে মঙ্গলাচরণস্বরূপ চৈতন্যদেবের বন্দনা; ভূমিকা; মুখবন্ধ। গৌরচন্দ্র + ইক (ঠন্) সম্বন্ধার্থে + আপ্। বি; স্ত্রী।

গৌরব—মহিমা; সম্মান; মর্য্যাদা; আদর; গুরুত্ব, ভার; মহত্ব; উৎকর্ষ; আবশ্যকতা। গুরু + অণ্ ভাবার্থে। বি; ক্লীব।

গৌরবান্বিত—গৌরববিশিষ্ট, সম্মানিত। গৌরব দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —তা।

গৌরবিত—গৌরবযুক্ত, আদরযুক্ত; সম্মানিত। গৌরব + ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী, —তা।

গৌরাঙ্গ(ংগ)—১। গৌরবর্ণ অঙ্গবিশিষ্ট। গৌর অঙ্গ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —ঙ্গী। ২। চৈতন্যদেব। বি; পুং।

গৌরী—১। পরিষ্কৃতা, ইত্যাদি। গৌর দ্রঃ। গৌর + ঈপ্। ২। অষ্টমবর্ষীয়া অনূঢ়া কন্যা; পার্ব্বতী; পৃথিবী; হরিদ্রা; গৌরবর্ণা স্ত্রী; গোরোচনা; বরুণপত্নী; নদীবিশেষ; রাগিণীবিশেষ। বি; স্ত্রী।

গৌরীগুরু—হিমালয়। গৌরীর (ভগবতীর) গুরু (পিতা), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গৌরীশঙ্ক(ংক)র—১। পার্ব্বতী ও মহাদেব। দ্বন্দ্ব। ২। হিমালয়ের এক শৃঙ্গের নাম। গৌরীশঙ্কর + অচ্ বিশিষ্টার্থে। বি; পুং। [Gas. বি।

গ্যাস—বাষ্প, বায়বীয় পদার্থবিশেষ। ইং

গ্যাসীয়—গ্যাসজাত বা গ্যাসাকার। গ্যাস + ঈয়। বিণ।

গ্রথন—গাঁথা, রচনা। গ্রন্থ্ + অনট্ ভাববা। বি; ক্লীব।

গ্রথিত—গাঁথা হইয়াছে এরূপ; নির্ম্মিত; রচিত; খচিত; আক্রান্ত। গ্রন্থ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

গ্রন্থ—১। গাঁথুনি; সম্পর্ক। গ্রন্থ্ (গাঁথা) + ঘঞ্ ভাববা। ২। সন্দর্ভ; পুস্তক;

শাস্ত্র; সম্পত্তি। গ্রন্থ্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

গ্রন্থকর্ত্তা(র্ত্তা) (-কর্তৃ), **-কার**—পুস্তক-রচয়িতা। ৬ষ্ঠীতৎ; (২য় পক্ষে) উপতৎ। গ্রন্থ—কৃ+অণ্ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—কর্ত্রী, —কারী (অপ্রচলিত)।

গ্রন্থকীট—পুস্তকের পোকা; সর্ব্বদা গ্রন্থপাঠে নিবিষ্টচিত্ত, যে কেবল পুস্তক লইয়া থাকে। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গ্রন্থন, গ্রন্থনা—গাঁথনি; রচনা। গ্রন্থ্+অনট্ ভাববা; গ্রন্থ্+অন ভাববা+আ। বি; ক্লীব, স্ত্রী।

গ্রন্থস্বত্ব—পুস্তকের স্বত্ব; কোন পুস্তক প্রকাশ করিবার অধিকার (Copyright). ৬ষ্ঠী-তৎ। বি; ক্লীব।

গ্রন্থাগার—পুস্তকালয়, লাইব্রেরী। গ্রন্থের আগার, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গ্রন্থাগারিক—গ্রন্থাগারের রক্ষক (Librarian). গ্রন্থাগার+ইক (ঠন্) নিযুক্তার্থে। বি; পুং।

গ্রন্থাবলী—পুস্তকসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গ্রন্থি—বন্ধ; বংশ প্রভৃতির সন্ধি; দেহসন্ধি; শিরা, গাঁইট। গ্রন্থ্+ইন্ ভাববা। বি; পুং।

গ্রন্থিচ্ছেদক—গাঁটকাটা (চোর)। গ্রন্থির [ছেদক, ৬ষ্ঠীতৎ। বি।

গ্রন্থিত—রচিত, যাহা গাঁথা হইয়াছে। গ্রন্থ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

গ্রন্থিবদ্ধ—গাঁইট-বাঁধা; গেরো-দেওয়া। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

গ্রন্থিবন্ধন—গাঁইট কসা, গেরো দেওয়া; বিবাহকালে বর-কন্যার বস্ত্রে বস্ত্রে বন্ধন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গ্রন্থিল—সন্ধিবিশিষ্ট; বহু গ্রন্থিযুক্ত। গ্রন্থি+লচ্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী,—লা।

গ্রসন—গ্রাসকরণ, গিলিয়া ফেলা। গ্রস্+অনট্ ভাববা। বি; ক্লীব।

গ্রসমান—গ্রাস করিতেছে এরূপ। গ্রস্+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

গ্রস্ত—১। গিলিত, ভক্ষিত; আচ্ছাদিত; অভিভূত; আক্রান্ত। গ্রস্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, গ্রস্তা। ২। লুপ্তবর্ণপদ বাক্য। বি; ক্লীব।

গ্রস্তাস্ত—গ্রহণকালে চন্দ্র-সূর্য্যের অস্তগমন। গ্রস্তের অস্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গ্রস্তোদয়—রাহুগ্রস্ত অবস্থায় চন্দ্র-সূর্য্যের উদয়। গ্রস্তের উদয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গ্রহ—১। সূর্য্যাদি নয়টি [প্রাচীন পণ্ডিতগণের মতে সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু এই নয়টী গ্রহ; আধুনিক মতে সূর্য্য স্বয়ং গ্রহ নহে; উহার চতুর্দ্দিকে যে সকল জ্যোতিষ্ক ভ্রমণ করে তাহারা গ্রহ, এবং গ্রহের চতুর্দ্দিকে যাহারা ভ্রমণ করে তাহারা উপগ্রহ; অতএব পৃথিবী, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, হর্শেল ও নেপচুন—গ্রহ, চন্দ্র—উপগ্রহ, এবং রাহু ও কেতু পৃথিবীর ছায়া মাত্র]। গ্রহ্+অচ্ কর্ত্তৃবা। ২। সূর্য্যাদির গ্রাস; স্বীকার, গ্রহণ; ধারণ; উপরাগ; নির্বন্ধ; অধ্যবসায়; আগ্রহ; রণোদ্যম; জ্ঞান; সন্নিকর্ষ; দায়; লেঠা; সঙ্গীতের আরম্ভ। গ্রহ্+অপ্ ভাববা। বি; পুং।

গ্রহকণিকা—খণ্ডগ্রহ, মঙ্গল ও বৃহস্পতির মধ্যস্থলে অবস্থিত ক্ষুদ্র ক্ষুদ্র গ্রহখণ্ড (Asteroids). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গ্রহকোপ—গ্রহদুষ্টি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গ্রহচক্র—গ্রহমণ্ডল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গ্রহণ—১। লওয়া; স্বীকার; ধারণ; অবলম্বন; অনুভব; অঙ্গীকার; বশীকরণ; বন্ধন; সূর্য্যাদির গ্রাস। গ্রহ্+অনট্ ভাববা। ২। ইন্দ্রিয়; আদর; হস্ত। গ্রহ্+অনট্ করণবা। বি; ক্লীব।

গ্রহণি, গ্রহণী—নাড়ীবিশেষ; উদরাময় রোগ। গ্রহ্+অনি কর্ত্তৃবা পক্ষে ঙীপ্। বি; স্ত্রী।

গ্রহণীয়—১। গ্রহণযোগ্য, গ্রাহ্য। গ্রহ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

গ্রহতত্ত্ব—গ্রহগণের যথাযথ বৃত্তান্ত, কোন্

গ্রহ কোন্ স্থানে আছে তাহার বিবরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গ্রহদেবতা—সূর্য্যাদি গ্রহের অধিষ্ঠাত্রী দেবতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গ্রহদোষ—বিরুদ্ধ গ্রহের অশুভফল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গ্রহনীহারিকা—যে সকল নীহারিকা গ্রহের লক্ষণযুক্ত বলিয়া বোধ হয় (Planetary Nebula). গ্রহাকারা নীহারিকা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। [বি; পুং।

গ্রহপতি—সূর্য্য; চন্দ্র; আকন্দগাছ। ৬ষ্ঠীতৎ।

গ্রহপীড়া—গ্রহবৈগুণ্য-জন্য মানবের আধি-ব্যাধি। গ্রহজনিতা পীড়া, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

গ্রহপূজা—নবগ্রহের বৈগুণ্যশান্তির নিমিত্ত তাহাদের আরাধনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গ্রহবহ্নি—সূর্য্যাদি গ্রহের অগ্নি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গ্রহবিপাক—কুগ্রহের অপ্রসন্নতা, বিরুদ্ধ গ্রহের দৃষ্টিজন্য বিপৎপাত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গ্রহবিপ্র—দৈবজ্ঞ, গ্রহাচার্য্য। গ্রহ-পূজক বিপ্র, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গ্রহবৈগুণ্য—গ্রহের অপ্রসন্নতা; গ্রহের প্রতিকূলতাজনিত অশুভফল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গ্রহমণ্ডল—গ্রহজগৎ, সৌরজগৎ (Planetary System). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

গ্রহযাগ—গ্রহগণের বৈগুণ্যশান্তির নিমিত্ত কৃত যজ্ঞ। গ্রহনিবারক যাগ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গ্রহাচার্য্য(র্য)—দৈবজ্ঞ, গণক। গ্রহজ্ঞ আচার্য্য, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গ্রহাবিষ্ট—গ্রহদশাগ্রস্ত, গ্রহদোষে বিপন্ন। গ্রহ দ্বারা আবিষ্ট, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

গ্রহীতব্য—গ্রহণযোগ্য। গ্রহ্ + তব্য কর্ম্মবা। বিণ।

গ্রহীতা (গ্রহীতৃ)—গ্রহণকর্ত্তা, গ্রাহক। গ্রহ্ + তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

গ্রাম—বহুলোকের বাসস্থান, গাঁ; সমূহ; ষড়্‌জ মধ্যম গান্ধার—এই তিন স্বরসংঘাত; স্বরাবয়ববিশেষ। গ্রস্ + মন্ কর্ত্তৃবা (নিপা)। বি; পুং।

গ্রামণী—১। গ্রামের নায়ক (অর্থাৎ প্রধান লোক), মণ্ডল; অধিপতি। গ্রাম—নী + ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ। ২। নাপিত; বিষ্ণু; যক্ষ। বি; পুং। ৩। বেশ্যা। বি; স্ত্রী।

গ্রামবাসী (—বাসিন্)—গ্রামে বাস করে এরূপ, অ-নাগরিক, গ্রাম্য। গ্রামে বাস করে যে, উপতৎ। গ্রাম—বস্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—সিনী।

গ্রামভাটি—গ্রাম খরচা বা বৃত্তি, বিবাহাদি ব্যাপারে সংগৃহীত অর্থ যাহা বারোয়ারি প্রভৃতি উৎসবে ব্যয়িত হয়। দেশজ। বি।

গ্রামস্থ—গ্রামে স্থিত, একগ্রামবাসী। গ্রাম—স্থা + ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা।

গ্রামান্ত—গ্রামের প্রান্তভাগ, গাঁয়ের সীমা। গ্রামের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

গ্রামান্তর—১। গ্রামের মধ্যভাগ, গাঁয়ের ভিতর। গ্রামের অন্তর, ৬ষ্ঠীতৎ। ২। অন্য গ্রাম। নিত্য। বি; ক্লীব।

গ্রামিক—গ্রাম-রক্ষায় নিযুক্ত; গ্রামের প্রধান বা অধ্যক্ষ। গ্রাম + ইক রক্ষকার্থে। বিণ। স্ত্রী,—কা।

গ্রামীণ—গ্রামে উৎপন্ন; গ্রামনিবাসী। গ্রাম + ঈন ভবার্থে। বিণ। স্ত্রী,—ণা।

গ্রামোফোন—কলের গান। ইং Gramophone. বি।

গ্রাম্য—গ্রামোদ্ভূত; গ্রামসম্বন্ধীয়; গ্রাম-জাত; প্রাকৃত; অশ্লীল; নীচ, জঘন্য। গ্রাম + যৎ ভবার্থে। বিণ। স্ত্রী, গ্রাম্যা।

গ্রাম্যতা—জঘন্যতা; অশ্লীলতা; কাব্যের দোষবিশেষ। গ্রাম্য + তা ভাবার্থে। বি; স্ত্রী।

গ্রাস—১। গিলন, ভক্ষণ। গ্রস্ + ঘঞ্ ভাববা। ২। একবারে যত অন্নাদি মুখে দিয়া গিলিতে পারা যায়, কবল। গ্রস্ + ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

গ্রাসনালী—অন্ননালী, মুখ হইতে পাকস্থলীতে খাদ্য যাইবার পথ (Gullet). ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।

গ্রাসাচ্ছাদন—অন্নবস্ত্র, অশন ও বসন, খাওয়া-পরা। গ্রাস ও আচ্ছাদন, দ্বন্দ্ব। বি; ক্লীব।

গ্রাহ—১। গ্রহণ; জ্ঞান; আগ্রহ; নির্বন্ধ। গ্রহ্+ঘঞ্ ভাববা। ২। গ্রাহক, গ্রহীতা, গ্রহণকর্ত্তা। গ্রহ্+অণ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, গ্রাহী।

গ্রাহক—গ্রহণকর্ত্তা, গ্রহীতা; ক্রেতা, খরিদ্দার। গ্রহ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -হিকা।

গ্রাহিত—যাহা গ্রহণ করান হইয়াছে এরূপ; স্বীকারিত। ণিজন্ত গ্রহ্ (=গ্রাহি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, -তা।

গ্রাহী (গ্রাহিন্)—যে গ্রহণ করে, গ্রহণকারী, গ্রাহক, গ্রহীতা; আকর্ষক; নির্বন্ধপরায়ণ। গ্রহ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -হিণী।

গ্রাহ্য—জ্ঞেয়; উপাদেয়; গণ্য; গ্রহণীয়, স্বীকার্য্য; গ্রহণযোগ্য; আদরণীয়। গ্রহ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, গ্রাহ্যা।

গ্রীক—১। গ্রীসদেশীয়; গ্রীসবাসী। বিণ। ২। গ্রীসের লোক বা ভাষা। ইং Greek. বি।

গ্রীবা—কন্ধরা, ঘাড়। গৄ+বন্ করণবা+আপ্। বি; স্ত্রী।

গ্রীবাদেশ—স্কন্ধদেশ। গ্রীবাই দেশ, কর্ম্মধা। বি; পুং। [বি; পুং।

গ্রীবাভঙ্গ(ঙ্গ)—ঘাড় বাঁকান। ৬ষ্ঠীতৎ।

গ্রীবাভঙ্গি(ঙ্গি), গ্রীবাভঙ্গী(ঙ্গী)—গ্রীবাভঙ্গ, ঘাড় নাড়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

গ্রীষ্ম—১। উষ্ণ ঋতু, গ্রীষ্মকাল; উত্তাপ, উষ্মা। গ্রস্+মক্ কর্ত্তৃবা। বি; পুং। ২। উত্তপ্ত, উষ্ণ। বিণ। স্ত্রী, গ্রীষ্মা।

গ্রীষ্মকাল—আতপ কাল, বৈশাখ জ্যৈষ্ঠ মাস। কর্ম্মধা। বি; পুং।

গ্রীষ্মকালীন—উষ্ণঋতুজাত। গ্রীষ্মকাল+ঈন ভবার্থে। বিণ। স্ত্রী, -না।

গ্রীষ্মপ্রধান—গ্রীষ্মবহুল, যেস্থানে গ্রীষ্মঋতুই অধিক কাল স্থায়ী। গ্রীষ্ম প্রধান যেখানে, বহুব্রী। বিণ।

গ্রীষ্মমণ্ডল—কর্কটক্রান্তি ও মকরক্রান্তির অন্তর্বর্ত্তী ভূভাগ (Torrid Zone). কর্ম্মধা। বি; ক্লীব।

গ্রীষ্মাবকাশ—গরমের ছুটী, গ্রীষ্মকালে বিদ্যালয়ের ছুটি। গ্রীষ্মহেতুক অবকাশ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

গ্রীসীয়—১। গ্রীসদেশীয়, গ্রীসসংক্রান্ত। বিণ। ২। গ্রীসবাসী, গ্রীক। গ্রীস+ঈয় সম্বন্ধার্থে, নিবাসার্থে। বি।

গ্রেণ, গ্রেন—ইংরাজী পরিমাণবিশেষ, এক যবোদর পরিমাণ। ইং Grain. বি।

গ্রেপ্তার, গ্রেফ্তার—রাজাদেশে ধরা, আটক করা। ফার্সী 'গিরিফ্তার' শব্দজ। বি।

গ্রেপ্তারি, গ্রেফ্তারি—গ্রেপ্তারসম্বন্ধীয়। গ্রেপ্তার, গ্রেফ্তার+ই সম্বন্ধার্থে। বিণ।

গ্লান—গ্লানিযুক্ত, শ্রান্ত, ক্লান্ত। গ্লৈ+ক্ত কর্ত্তৃবা। বিণ।

গ্লানি—শ্রান্তি, ক্লান্তি; অবসন্নতা; অস্বাস্থ্য; নিন্দা। গ্লৈ+নি ভাববা। বি; স্ত্রী।

গ্লাস—পানপাত্রবিশেষ; গেলাস। ইং Glass. বি।

গ্লিসারিণ—তৈলবৎ পদার্থবিশেষ। ইং Glycerine. বি।

ঘ

ঘ—চতুর্থ ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণস্থান কণ্ঠ)। বি; পুং।

ঘকার—ঘ এই বর্ণমাত্র। ঘ+কার স্বার্থে। বি; পুং।

ঘট—১। কুম্ভ, কলস; ভাণ্ড; গজকুম্ভ; কুম্ভক, শ্বাসরোধ; কুম্ভরাশি; পরিমাণ

বিশেষ। ঘট্‌+অচ্‌ কর্ত্তৃবা। বি; পুং। ২। মস্তিষ্ক; মূর্ত্তি; দেহ। দেশজ। বি।

ঘটক—দূত; যোজক; যে ব্যক্তি মধ্যবর্ত্তী হইয়া বিবাহসম্বন্ধ ঘটাইয়া দেয়; যে জাতি বল্লাল সেন-প্রতিষ্ঠিত কুলমর্য্যাদার বিষয় সমস্ত অবগত আছে। ঘট্‌+ণিচ্‌+ণক কর্ত্তৃবা। বি; পুং।

ঘটকর্পর—১। জনৈক কবি, বিক্রমাদিত্যের সভার নবরত্নের অন্যতম রত্ন। ২। কলসীর টুকরা; খাবরা। বি; পুং।

ঘটকালি—ঘটকের কার্য্য, বিবাহসম্বন্ধ; বিবাহ সঙ্ঘটনের পারিশ্রমিক। ঘটক+আলি কর্ম্মাদ্যর্থে। বি।

ঘটকী—বিবাহসম্বন্ধ-যোজিকা; দূতী; কুট্টনী। দেশজ। বি; স্ত্রী।

ঘটঘট—অনুকার-শব্দ। দেশজ। অব্য।

ঘটন—যোজনা; সঙ্ঘটন, মেলন। ঘট্‌+ণিচ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

ঘটনা—যোজনা; সঙ্ঘটন, মেলন; ব্যাপার; আকস্মিক ব্যাপার। ঘট্‌+ণিচ্‌+অন ভাববা+আপ্‌। বি; স্ত্রী

ঘটনাক্রমে—ব্যাপারবশতঃ; দৈবাৎ, হঠাৎ। ঘটনার ক্রম যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

ঘটনাচক্র—ঘটনাবলী, ব্যাপারসমূহ, আকস্মিক-ব্যাপার-পরম্পরা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [তৎ। বি; স্ত্রী।

ঘটনাবলি, -বলী—ব্যাপারসমূহ। ৬ষ্ঠী-

ঘটনাস্থল—যে স্থানে কোন ব্যাপার ঘটে, অকুস্থল, ঘটনার জায়গা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ঘটনাস্রোতঃ (-স্রোতস্‌), -স্রোত—ধারাবাহিক ঘটনা। ঘটনার স্রোতঃ, ৬ষ্ঠীতৎ। বি: ক্লীব।

ঘটনীয়—সম্ভাব্য; যাহা ঘটিতে পারে এরূপ। ঘট্‌+ণিচ্‌+অনীয় কর্ত্তৃবা। বিণ।

ঘটমান—যাহা ঘটিতেছে বা চলিতেছে এরূপ। ঘট্‌+শানচ্‌ কর্ত্তৃবা। বিণ।

ঘটস্থাপন—কোন দেবতার পূজারম্ভের পূর্ব্বে প্রতিমার সম্মুখে ঘট বসান; কোন দেবতার প্রতিমা না করিয়া তাহার স্থলে ঘট বসাইয়া তাহাতে সেই দেবতার আহ্বান ও পূজন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ঘটা—১। সঙ্ঘটন; সভা; সমূহ; আড়ম্বর। ঘট্‌+অঙ্‌ ভাববা+আপ্‌। বি; স্ত্রী। ২। ঘটিয়া উঠা, হইয়া পড়া। বাং ক্রি।

ঘটাঘট—অনুকরণ-শব্দ; জিনিসপত্র নাড়াচাড়ার শব্দ; যোগাযোগ। দেশজ। অব্য; বি।

ঘটান—সঙ্ঘটিত করান, হওয়ান, জন্মান। বাং ক্রি।

ঘটি, ঘটী—সময়নিরূপণ-যন্ত্র, ঘড়ি। বি; স্ত্রী।

ঘটিকা—১। কলসী; ঘটী; দণ্ডাত্মক কাল; মুহূর্ত্ত; দিবাভাগের বা রাত্রির দ্বাদশ ভাগ, আড়াই দণ্ড, এক ঘণ্টা; গুল্‌ফ, পাদগ্রন্থি। ঘটী+কন্‌ স্বার্থে+আপ্‌। ২। দূতী; যোজন-কারিণী। ঘট্‌+ণিচ্‌+ণক কর্ত্তৃবা+আপ্‌। বি; স্ত্রী।

ঘটিকাযন্ত্র—ঘড়ী। ঘটিকা-নির্ণায়ক যন্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ঘটিত—সংঘটিত; যোজিত; রচিত; সংক্রান্ত; জনিত। ঘট্‌+ক্ত কর্ত্তৃবা, বা ঘট্‌+ণিচ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

ঘটী—ক্ষুদ্র জলপাত্র; ঘড়ি; দণ্ডাত্মক কাল; মুহূর্ত্ত। ঘট+ই অল্পার্থে+ঙীপ্‌। বি; স্ত্রী।

ঘটীযন্ত্র—কূপ পুষ্করিণী প্রভৃতি হইতে জল তুলিবার যন্ত্র, অরঘট্ট; কালনিরূপক যন্ত্র, ঘড়ি। কর্ম্মধা। বি; ক্লীব।

ঘটোৎকচ—একজন রাক্ষস। (মধ্যম পাণ্ডব ভীমের ঔরসে হিড়িম্বা রাক্ষসীর গর্ভে ইহার জন্ম হয়)। বি; পুং।

ঘট্ট—জলাবতরণিকা, ঘাট, তীর্থ। ঘট্ট্‌+ঘঞ্‌ অধিবা। বি; পুং।

ঘট্টন—ঘোটন; সঙ্ঘটন; গঠন; আঘাত; ঘর্ষণ। ঘট্ট্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

ঘট্টনা—চালনা, ইতস্ততঃ নাড়াচাড়া। ঘট্ট্‌+অন ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

ঘট্টিত—সঙ্ঘটিত; নির্ম্মিত, চালিত; যাহা

ঘোটা হইয়াছে এরূপ। ঘট্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। [অব্য।

ঘড়্ঘড়—শ্লেষ্মাজন্য গলার শব্দ। দেশজ।

ঘড়া—তৈজস কুম্ভ, পিতলের কলসী। 'ঘট' শব্দজ। বি।

ঘড়ি, ঘড়ী—ক্ষুদ্রাকার পিত্তল কলস; চক্রাকার কাংস্যময় বাদ্যযন্ত্র; ঘটিকাযন্ত্র, সময়নিরূপক যন্ত্র। 'ঘটী' শব্দজ। বি।

ঘড়িয়াল, ঘড়ীয়াল, ঘড়েল—১। ঘড়িবাদক, ঘণ্টাবাদক; ঘড়িমেরামতকারক। ঘড়ি, ঘড়ী+আল কর্ম্মাদ্যর্থে। ২। পক্ষিবিশেষ; একজাতীয় কুম্ভীর, মেছো কুমীর। বি। ৩। ধূর্ত্ত, ধড়িবাজ। দেশজ। বিণ।

ঘণ্ট—মৎস্যাদির ব্যঞ্জনবিশেষ। হন্‌+ট কর্ম্মবা সংজ্ঞার্থে (নিপা)। বি; পুং।

ঘণ্টা—১। একপ্রকার বাদ্যযন্ত্র। হন্‌+ট কর্ম্মবা+আপ্‌ (নিপা)। বি; স্ত্রী। ২। হোরা, আড়াই দণ্ড পরিমিত কাল। দেশজ। বি; স্ত্রী। **ঘণ্টা করা**—কিছু করিতে না পারা।

ঘণ্টাকর্ণ—জনৈক শিবানুচর, ঘেঁটু; জনৈক পণ্ডিত; জনৈক পিশাচ। ঘণ্টার ন্যায় কর্ণ যাহার, বহুব্রী। বি; পুং।

ঘণ্টানাদ—ঘণ্টাধ্বনি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঘণ্টিকা, ঘণ্টী—ক্ষুদ্র ঘণ্টা; আলজিভ। ঘণ্টা+কন্‌ ক্ষুদ্রার্থে, সদৃশার্থে+আপ্‌; পক্ষে ঘণ্টা+ঈপ্‌। বি; স্ত্রী।

ঘণ্টু—প্রতাপ; উগ্রতা, আত্মম্ভরিতা; হস্তীর গলদেশে লম্বমান ঘণ্টা। ঘণ্ট্‌+উ কর্ত্তৃবা। বি; পুং।

ঘন—১। নিবিড়; কঠিন; দুর্ভেদ্য; পুষ্ট; স্থায়ী; অধিক; গুরু। হন্‌+অপ্‌ করণবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী, ঘনা। ২। মেঘ; কাঠিন্য; জমাট; বেধ; মুস্তা; সমান তিন অঙ্কের গুণফল; বিস্তার। হন্‌+অপ্‌ ভাববা, কর্ম্মবা। বি; পুং। ৩। কাংস্যতালাদি বাদ্যযন্ত্র, যথা—করতাল, মন্দিরা, ঘণ্টা প্রভৃতি; মধ্যম নৃত্য; লৌহ। বি; ক্লীব।

ঘনকৃষ্ণ—মেঘশ্যাম, মেঘের ন্যায় কৃষ্ণবর্ণ। ঘনবৎ কৃষ্ণ, উপমান কর্ম্মধা। বিণ। স্ত্রী,—ষ্ণা।

ঘনক্ষেত্র—যে ক্ষেত্রের দৈর্ঘ্য, বিস্তার ও বেধ তিনই পরস্পর সমান। ঘন দ্বারা প্রাপ্ত ক্ষেত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ঘনঘটা—মেঘাড়ম্বর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ঘনঘন—পুনঃপুনঃ, বারবার, বহুবার; ঘেঁসাঘেঁসি, কাছাকাছি; বেশ একটু ঘন বা গাঢ়। দেশজ। বিণ বা ক্রি-বিণ।

ঘনঘোর—মেঘবৎ ভীষণ। ঘনবৎ ঘোর, উপমান কর্ম্মধা। বিণ। স্ত্রী,—রা।

ঘনচতুষ্কোণ—দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ—এই তিনটি পরিমাণবিশিষ্ট চতুষ্কোণ। ঘন-পরিমাপক চতুষ্কোণ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ঘনতা, ঘনত্ব—গাঢ়তা; কাঠিন্য; নিবিড়ত্ব। ঘন+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

ঘননীল—গাঢ় নীলবর্ণ (Indigo). সুপ্‌সুপা। বিণ।

ঘনপল্লব—পরস্পরসংশ্লিষ্ট পত্রসমূহ। কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

ঘনফল, —মান—দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ—এই তিনের গুণনদ্বারা প্রাপ্ত পরিমাণফল বা কালি; কোন রাশিকে সেই রাশি দ্বারা উপর্য্যুপরি দুইবার গুণ করিলে যে ফল হয় তাহা। ঘনলব্ধ ফল, মধ্যপ কর্ম্মধা; ঘনের মান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, পুং।

ঘনবসতি—বহুলোকের অল্প জায়গায় ঘন ঘন বসবাস। কর্ম্মধা। বি।

ঘনবস্তু—যাহার দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ—এই তিনটিই আছে এরূপ দ্রব্য। কর্ম্মধা। বি; ক্লীব।

ঘনবিন্যস্ত—অবিরল সন্নিবিষ্ট, ঘেঁসাঘেঁসিভাবে স্থাপিত। ঘনভাবে বিন্যস্ত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—স্তা।

ঘনমান—দৈর্ঘ্য, প্রস্থ ও বেধের সমষ্টিগত পরিমাপ (Volume). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঘনমূল—যে সমান তিনটি রাশি পরস্পর গুণ করিলে একটি গুণফল পাওয়া যায়, তাহাদের

প্রত্যেকটি সেই গুণফলের ঘনমূল, যেমন ২, ৮এর ঘনমূল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ঘনশ্যাম—মেঘের ন্যায় শ্যামবর্ণ। ঘনবৎ শ্যাম, উপমান কর্ম্মধা। বিণ। স্ত্রী,—মা।

ঘনসন্নিবিষ্ট—ঘনবিন্যস্ত; মধ্যে প্রায় ফাঁক-শূন্য। ঘনভাবে সন্নিবিষ্ট, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—ষ্টা।

ঘনসার—কর্পূর। প্রাঃ কবিপ্র। বি।

ঘনাগম—বর্ষাকাল। ঘনের (মেঘের) আগম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঘনাঙ্ক(ংক)—কোন বস্তুর নির্দ্দিষ্ট আয়তনের ভিতর যতটা পদার্থ থাকে তাহার পরিমাণ (Density). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঘনাত্যয়, ঘনান্ত—শরৎকাল। ঘনের অত্যয়, অন্ত যাহাতে, বহুব্রী। বি; পুং।

ঘনান—ঘন হইয়া আসা, নিকটবর্ত্তী হওয়া; গাঢ় করা। বাং ক্রি।

ঘনান্ধকার—ঘোর অন্ধকার। ঘন অন্ধকার, কর্ম্মধা। বি; পুং। [স্ত্রী,—তা।

ঘনাবৃত—মেঘাচ্ছাদিত। ৩য়াতৎ। বিণ।

ঘনায়মান—যাহা ঘন হইতেছে। ঘন+ক্যঙ্‌+শানচ্‌ কর্ত্তৃবা। বিণ।

ঘনিষ্ঠ—১। অতিশয় ঘন। ঘন+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—ষ্ঠা। ২। অতি নিকট, আসন্ন; বিশেষ আত্মীয়। দেশজ। বিণ।

ঘনিষ্ঠতা—নিকট সম্বন্ধ; সতত আনুগত্য। ঘনিষ্ঠ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

ঘনীভূত—পূর্ব্বে ঘন ছিল না এক্ষণে ঘন হইয়াছে এরূপ, সান্দ্রীভূত, নিবিড়ীভূত। ঘন+অভূততদ্ভাবার্থে চ্বি (=ঘনী)—ভূ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

ঘনোপল—করকা, শিল। ঘনের (মেঘের) উপল (প্রস্তর), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঘর—গৃহ, ভবন, আলয়, আবাস, নিবাস, দেশ; বংশ; খোপ। 'গৃহ' শব্দজ। বি।

ঘরকন্না, —করণা—গৃহস্থালী; সংসারাশ্রম। বি। [দেশজ। বি।

ঘরখরচ—সংসারের নিত্যনৈমিত্তিক ব্যয়।

ঘরজামাই—শ্বশুরের আশ্রয়ে বাসকারী জামাই। ঘরবাসী জামাই, মধ্যপ কর্ম্মধা। বি।

ঘরট্ট—পেষণযন্ত্র, জাঁতা। ঘর (প্রদীপ্ত, অত্যধিক) অট্ট যাহা হইতে, বহুব্রী। বি; পুং। [বি; স্ত্রী।

ঘরণী—পত্নী, ভার্য্যা; গিন্নী। 'গৃহিণী' শব্দজ।

ঘরপোড়া—১। যাহার ঘর পুড়িয়া গিয়াছে এমন; গোশালা পুড়িয়া যাওয়ায় তাহাতে অভিজ্ঞ ('—গরু')। ৭মীতৎ। বিণ। ২। লঙ্কাদাহকারী হনুমান্‌। উপতৎ। বি।

ঘরপোষা—গৃহপালিত। ৭মীতৎ। বিণ।

ঘরমুখো—গৃহাভিমুখ, গৃহগমনে উৎসুক। ঘরমুখ+ও (∠উয়া) আছে অর্থে। বিণ।

ঘরসংসার—সংসারযাত্রা, গৃহস্থালী। দ্বন্দ্ব। বি।

ঘরসন্ধান—ঘরের কোথায় কি আছে তাহার তত্ত্ব; ঘরের গুপ্ত বিষয় জানা। ৬ষ্ঠীতৎ। বি।

ঘরসন্ধানী—ঘরের কোথায় কি আছে তাহার তত্ত্বাভিজ্ঞ; যে ঘরের দোষগুণ প্রভৃতি জানে, গৃহচ্ছিদ্রজ্ঞ। ঘরসন্ধান+ঈ জানে অর্থে। বিণ।

ঘরাঘরি—গৃহসংক্রান্ত; নিকট আত্মীয়ের মধ্যে সংঘটিত। দেশজ। বিণ।

ঘরাণা, ঘরানা—পারিবারিক; বংশগত; সদ্বংশজাত। ঘর+আনা সম্বন্ধার্থে। বিণ।

ঘরামি, ঘরামী—খড়ো ঘর প্রস্তুতকারক, কুটীরনির্ম্মাতা। ঘর+আমি, আমী নির্ম্মাতা অর্থে। বি।

ঘরোয়া—ঘরের, গৃহসম্বন্ধীয়; পারিবারিক, সাংসারিক; আপনাআপনি। ঘর+ওয়া সম্বন্ধার্থে। বিণ।

ঘর্ঘর—১। ঘর্‌ঘর্‌ শব্দ; পেচক; নদবিশেষ; পর্ব্বতবিশেষ; দ্বারবিশেষ। যঙ্‌লুগন্ত ঘৃ+অচ্‌ কর্ত্তৃবা, অধিবা, ভাববা। বি; পুং। ২। ঘর্ঘরশব্দবিশিষ্ট। ঘর্ঘর+অচ্‌ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী,—রা।

ঘর্ঘরিকা, ঘর্ঘরী—ক্ষুদ্র ঘণ্টিকা; নদী-বিশেষ, ঘর্ঘরা; বীণাবিশেষ। ঘর্ঘরী—ঘর্ঘর+ঈপ্। ঘর্ঘরিকা—ঘর্ঘরী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

ঘর্ম্ম(র্ম)—১। স্বেদ, ঘাম; গ্রীষ্ম; রৌদ্র। ঘৃ+ম করণবা। বি; পুং। ২। গ্রীষ্ম, উষ্ণ। ঘৃ+ম কর্তৃবা। বিণ। স্ত্রী, ঘর্ম্মা।

ঘর্ম্ম(র্ম)চর্চ্চি(র্চি)কা, -বিচর্চ্চি(র্চি)কা—ঘামাচি। ঘর্ম্ম জাতা চর্চ্চিকা বা বিচর্চ্চিকা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ঘর্ম্মা(র্মা)ক্ত—স্বেদজলে সিক্ত। ঘর্ম্ম দ্বারা অক্ত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী, -ক্তা।

ঘর্ম্মা(র্মা)ক্তকলেবর—স্বেদজলার্দ্রশরীর; যাহার দেহ ঘামে ভিজিয়া গিয়াছে এরূপ। বহুব্রী। বিণ। স্ত্রী, -রা।

ঘর্ম্মা(র্মা)প্লুত, ঘর্ম্মা(র্মা)র্দ্র—স্বেদজলে অভিষিক্ত, ঘামে ভিজা। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, -তা, -র্দ্রা।

[স্ত্রী, -র্ষিকা।

ঘর্ষক—ঘর্ষণকারী। ঘৃষ্+ণক কর্তৃবা। বি।

ঘর্ষকপদী—যে সকল পাখী নখ দিয়া মাটি আঁচড়ায় (কুক্কুট, ময়ূর প্রভৃতি)। ঘর্ষক পদ, কর্ম্মধা; তদুত্তরে ইন্ আছে অর্থে। বি; পুং।

[বি; ক্লীব।

ঘর্ষণ—ঘষা; মার্জ্জন। ঘৃষ্+অনট্ ভাববা।

ঘর্ষবিদ্যুৎ—দুই পদার্থের ঘর্ষণদ্বারা উৎপাদিত বিদ্যুৎ (Frictional Electricity). ঘর্ষণজাতা বিদ্যুৎ, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ঘর্ষিত—যাহা ঘর্ষণ করা হইয়াছে এরূপ। ঘৃষ্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, -তা।

ঘষা, ঘসা—১। ঘর্ষণ করা, ঘর্ষণদ্বারা ক্ষয় করা, রগড়ান, মাজা। বাং ক্রি। ২। ঘৃষ্ট, ঘর্ষিত; ক্ষয়িত, ক্ষয়প্রাপ্ত। ঘষ্+আ কর্ম্মবা। বিণ।

ঘষি—শুষ্ক গোময়চূর্ণ; ঘুঁটে। দেশজ। বি।

ঘষ্টান, ঘষ্ড়ান—রগড়ান; আনাড়ী লোকের পুনঃ পুনঃ চেষ্টা করা। বাং ক্রি।

ঘা—আঘাত, প্রহার; ক্ষত; দুঃখ; ক্ষতি; ধাক্কা। 'ঘাত' শব্দজ। বি।

ঘাই—ক্ষেত্রের আইলে কর্ত্তন; ভাসা মৎস্যের ডুবিয়া গভীর জলে প্রবেশ; ধাপ্পা। 'ঘাত' বা 'ঘাতি' শব্দজ। বি।

ঘাইট, ঘাটি—অপরাধ, কসুর। 'ঘট্ট' শব্দজ। বি।

ঘাইল, ঘায়েল—আহত; বিনষ্ট; কায়দা, জব্দ। ঘা+ইল, এল যুক্তার্থে। বিণ।

ঘাউয়া, ঘেয়ো—ক্ষমতাসম্পন্ন; ঘা-যুক্ত; দুষ্ট। ঘা+উয়া, ও যুক্তার্থে। বিণ।

ঘাঁইত, ঘাঁত, ঘাইত—কায়দা, বাগ, সুবিধা, সুযোগ, ফন্দি, চাতুরী। দেশজ। বি।

ঘাঁট—ঘাঁটা তরকারী, মিশ্রিত ব্যঞ্জন; বহু দ্রব্যের বিশৃঙ্খল মিশ্রণ, জগা-খিচুড়ি। 'ঘণ্ট' শব্দজ। বি।

ঘাঁটন—আলোড়ন; মিশ্রীকরণ; চট্কান। 'ঘট্টন' শব্দজ। বি।

ঘাঁটা—১। আবর্ত্তন করা, আলোড়িত করা, খুব বেশীরকম বা ঘন ঘন নাড়া; নাড়াচাড়া করা। বাং ক্রি। ২। পুনঃ পুনঃ আঘাত-জনিত চর্ম্মের কাঠিন্য, কড়া, কিণাঙ্ক। দেশজ। বি।

ঘাঁটাঘাঁটি—বারংবার নাড়াচাড়া; আন্দোলন। দেশজ। বি।

ঘাঁটান—নাড়ান; বিরক্ত বা উত্তেজিত করা। বাং ক্রি।

ঘাঁটি, ঘাটি—চৌকি, থানা, আড্ডা। 'ঘট্ট' শব্দজ। বি।

ঘাঁতঘোঁত—অন্ধিসন্ধি; সকল বিষয়; মতলব। প্রাদে। বি।

ঘাগরা, ঘাগরি, ঘাঘরা—স্ত্রীলোকদিগের পরিধেয় কুঞ্চিত বসন। হিন্দীমূলক। বি।

ঘাগি, ঘাগী—ভুক্তভোগী; ফন্দিবাজ, চতুর, ধূর্ত্ত। ঘা+ই, ঈ যুক্তার্থে (গ-আগম)। বিণ।

ঘাঘর—ঝাঁঝ বাদ্য। প্রাঃ কবিপ্র। বি।

ঘাট—১। নদী পুষ্করিণী প্রভৃতিতে নামিবার এবং উঠিবার সিঁড়ি ও বসিয়া কাজ করিবার স্থান, জলাবতরণিকা; তীর্থ; গিরিসঙ্কট;

(সঙ্গীতে) যে স্বরকে 'সা' ধরিয়া গীতবাদ্য হয় তাহা, বাদ্যযন্ত্রের বিভিন্ন সুরোৎপাদক স্থান। 'ঘট্ট' শব্দজ। ২। অপরাধ, দোষ, ত্রুটি, কসুর। দেশজ। বি।

ঘাটওয়াল, ঘাটোয়াল—ঘাট-রক্ষক, খেয়াঘাটের তত্ত্বাবধায়ক, ঘেটেল। ঘাট+ওয়াল রক্ষকার্থে। বি।

ঘাটওয়ালি, ঘাটোয়ালি,—লী—ঘাটওয়ালের কর্ম্ম। ঘাটওয়াল, ঘাটোয়াল+ই, ঈ কর্ম্মার্থে। বি।

ঘাটতি—ন্যূনতা, অল্পতা, কমতি। হিন্দীমূলক। বি।

ঘাটা—১। গ্রীবা। ঘট্+ণিচ্ স্বার্থে+অচ্ কর্তৃবা+আপ্। বি; স্ত্রী। ২। নদ্যাদির ঘাট; ঢাট; গঞ্জ। 'ঘট্ট' শব্দজ। বি। ৩। কম পড়া। বাং ক্রি।

ঘাটি—দোষ, ত্রুটি, অপরাধ; চৌকি, আড্ডা; অভাব; ঘাটতি, ন্যূনতা, কমতি। 'ঘট্ট' শব্দজ। বি।

ঘাটিয়াল—ঘাটওয়াল (তাহা দ্রঃ)।

ঘাড়—গ্রীবা। 'ঘাটা' শব্দজ। বি।

ঘাড়ধাক্কা—বহিষ্করণার্থ ঘাড়ে হাত দিয়া বলপ্রয়োগ; গলাধাক্কা। ৭মীতৎ। বি।

ঘাড়ে-গর্দ্দা(র্দা)নে—গজস্কন্ধ, স্কন্ধ হইতে মস্তক পৃথক্ বলিয়া বোধ হয় না এরূপ স্থূল। দেশজ। বিণ।

ঘাত—১। অঙ্কগুণন; কোন রাশি সেই রাশি দ্বারা ধারাবাহিকরূপে বারংবার গুণিত হইলে যে গুণফল লব্ধ হয় তাহা; প্রহার; বধ। হন্+ঘঞ্ ভাববা, কর্ম্মবা। বি; পুং। ২। কায়দা, ফন্দি, কৌশল; সুবিধা, সুযোগ। দেশজ। বি।

ঘাতক—হননকর্তা, বধকারক। হন্+ণিচ্ স্বার্থে+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—তিকা।

ঘাতঘোত—ঘাঁতঘোঁত (তাহা দ্রঃ)।

ঘাতন—১। প্রহারসাধন অস্ত্র। হন্+ণিচ্+অনট্ করণবা। বি। ২। বধ করান; বাদ্যযন্ত্রে আঘাত। হন্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব। ৩। যে হত্যা করায়। হন্+ণিচ্+অন কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

ঘাতপ্রতি(তী)ঘাত—আঘাত ও প্রত্যাঘাত। দ্বন্দ্ব। বি।

ঘাতসহ—আঘাতসহনক্ষম, আঘাত পাইলে না ভাঙ্গিয়া পার্শ্বের দিকে প্রসারিত হয় এরূপ গুণসম্পন্ন (Malleable). ঘাত—সহ্+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—হা।

ঘাতসহতা,—সহত্ব—আঘাত সহ্য করিবার শক্তি; যে গুণ থাকায় কোন বস্তু আঘাত পাইলে না ভাঙ্গিয়া পার্শ্বের দিকে বিস্তৃত হয় তাহা (Malleability). ঘাতসহ+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লীব।

ঘাতী (ঘাতিন্)—বধকারী। হন্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—তিনী।

ঘাতুক—ক্রূর, হিংস্র; নিষ্ঠুর; নাশক। হন্+উকঞ্ কর্তৃবা, শীলার্থে। বিণ। স্ত্রী,—কা।

ঘাত্য—হননীয়, বধার্হ, বধ্য। হন্+ণিচ্ স্বার্থে+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, ঘাত্যা।

ঘানি—তৈলনিষ্কাশন যন্ত্র। 'ঘ্রাণিকা' শব্দজ। বি।

ঘানিগাছ—তৈলনিষ্কাশন যন্ত্রের দীর্ঘ দণ্ড; কুচক্রী। দেশজ। বি। [বি।

ঘানিঘর—তৈলনিষ্কাশনশালা। ৬ষ্ঠীতৎ।

ঘাপটি—গোপন, গোপনে স্থিতি; অন্ধকার। প্রাদে। বি।

ঘাবড়ান—বিহ্বল বা বিভ্রান্ত হওয়া, ভেবাচেকা খাওয়া, সন্ত্রস্ত হওয়া। হিন্দীমূলক। বাং ক্রি।

ঘাম—ঘর্ম্ম, স্বেদ। 'ঘর্ম্ম' শব্দজ। বি।

ঘামল—স্বেদযুক্ত; ঘর্ম্মাক্ত। প্রাঃ কবিপ্র। বিণ।

ঘামা—ঘর্ম্মাক্ত হওয়া। বাং ক্রি।

ঘামাচি—ঘর্ম্ম-জন্য ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ। 'ঘর্ম্মচর্চ্চিকা' শব্দজ। বি।

ঘামান—ঘর্ম্ম নিঃসরণ করান, ঘর্ম্মাক্ত-দেহ করা; খাটান। বাং ক্রি।

ঘায়েল, ঘাল, ঘালি—ঘাইল দ্রঃ।
ঘাস—দুর্ব্বাদি তৃণ। অদ্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং। [প্রাদে। বি।
ঘাসিয়াড়া, ঘেসেড়া—ঘাসকর্ত্তনকারী।
ঘাস্থুড়িয়া, ঘাস্থুড়ে—ঘেসেড়া, ঘাসকর্ত্তনকারী। প্রাদে। বি।
ঘি—ঘৃত, আজ্য। 'ঘৃত' শব্দজ। বি।
ঘিঁচি, ঘিচি—কুঞ্চিতপৃষ্ঠ, গ্রন্থিল, গিঁঠা (কড়ি)। বিণ।
ঘিঞ্জি—সঙ্কীর্ণ; ঘেঁষাঘেঁষি, নিবিড়; এঁদো। ফার্সী 'গুঞ্জান্' শব্দজ। বিণ।
ঘিন্ ঘিন্—ঘৃণাবশতঃ অস্বস্তি বোধ। দেশজ। অব্য।
ঘিনঘিনে—ঘৃণাকারী, যাহার কিছুই রুচিকর হয় না এরূপ। ঘিনঘিন+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।
ঘিরা, ঘেরা—১। বেষ্টন করা, বেড়া বা বেড় দেওয়া; আবৃত করা; ছাওয়া। বাং ক্রি। ২। বেষ্টিত। বিণ। ৩। বেষ্টিত স্থান। ঘির্, ঘের+আ কর্ম্মবা। দেশজ। বি। [বি।
ঘিলু—মাথার ঘি, মগজ, মস্তিষ্ক। দেশজ।
ঘিস্কাপ—ছুতারমিস্ত্রীর রেঁদা যন্ত্র (Carpenter's plane). প্রাদে। বি।
ঘুংনিদানা, ঘুগ্ নিদানা, ঘুঙ্ নিদানা, ঘুঙ্নিদানা—লবণ মসলাসংযোগে সিদ্ধ ছোলা মটর। দেশজ। বি। [বি।
ঘুঁজি—সরু গলি; রন্ধ্র, ছিদ্র, ফাঁক। দেশজ।
ঘুঁটা, ঘোঁটা—আলোড়ন করা, সঞ্চালন করা; অন্বেষণ করা। বাং ক্রি।
ঘুঁটি—ইষ্টকাদির ক্ষুদ্র খণ্ড, পাশা প্রভৃতি খেলার গুটি। 'ঘুটিকা' শব্দজ। বি।
ঘুঁটিয়া, ঘুঁটে—ইন্ধনরূপে ব্যবহৃত শুষ্ক গোময়। দেশজ। বি।
ঘুঁড়ী, ঘুড়ী—ঘোটকী; আকাশে উড়াইবার কাগজের পাখী (Paper-kite). দেশজ। বি।
ঘুঘু—১। বনকপোত, পায়রাজাতীয় পক্ষিবিশেষ। ২। কলিবাজ লোক। দেশজ। বি।
ঘুঙুর, ঘুঙ্গুর, ঘুঙ্ঘুর—কটিভূষণবিশেষ; ছোট ছোট ঘুণ্টিলাগান পাদাভরণবিশেষ। 'ঘুঙ্ঘুর' শব্দজ। বি।
ঘুচন—নাশ; সমাপ্তি; মোচন; এঁটো পাড়া, গোবর দিয়া উচ্ছিষ্ট স্থান পরিষ্কারকরণ। ঘুচ্+অন ভাববা। দেশজ। বি।
ঘুচব—ঘুচিবে। প্রাঃ কবিপ্র। ক্রি।
ঘুচা—দূর হওয়া, অপনীত হওয়া। বাং ক্রি।
ঘুচান—দূর করা, অপনয়ন করা; উচ্ছিষ্ট বা ময়লা স্থান সাফ করা। বাং ক্রি।
ঘুটঘুট—মনে কোন বিষয়ের পুনঃ পুনঃ উদয়; সন্দেহ। প্রাদে। অব্য।
ঘুটঘুটে—গাঢ় কৃষ্ণবর্ণ, মিশমিশে কাল। দেশজ। বিণ।
ঘুড়ি, ঘুড়ী—ঘুঁড়ী দ্রঃ।
ঘুণ—১। একপ্রকার কাষ্ঠকীট। ঘুণ্+ক কর্ত্তৃবা। বি; পুং। ২। অভিজ্ঞ, পাকা। দেশজ প্রঃ। বিণ।
ঘুণাক্ষর—১। ঘুণকৃত অক্ষর। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। ২। দুরতি খেলা; আশ্চর্য্য ঘটনা; সৌভাগ্য। দেশজ প্রঃ। বি।
ঘুণাক্ষরন্যায়—ন্যায়বিশেষ। [ঘুণপোকা কাঠ বা বাঁশ কাটিতে থাকে, দৈবাৎ কোন কোন কর্ত্তিত অংশ অক্ষরের মত হইয়া যায়। সেই অক্ষরাকৃতি কাটাকে ঘুণাক্ষর বলে। সেইরূপ যাহা করিবার ইচ্ছা না থাকিলেও যদি দৈবক্রমে তাহা ঘটিয়া যায়, তবে তাহা ঘুণাক্ষরন্যায়ের বিষয় হইয়া থাকে]। ঘুণাক্ষরাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।
ঘুণাক্ষরে—কোনও রকমে; দৈবাৎ; অতি সামান্যরূপে। দেশজ। ক্রি-বিণ।
ঘুনি, ঘুনী—মাছ ধরিবার একপ্রকার খাঁচা। দেশজ। বি।
ঘুন্টি, ঘুন্টিকা—ক্ষুদ্র ঘণ্টিকা, ঘুঙুর। 'ঘণ্টী' ও 'ঘণ্টিকা' শব্দজ। বি।
ঘুনসি, ঘুনসী—কটিসূত্র, কটিদেশে পরিধেয় সূত্রাকার বেষ্টনী। প্রাদে। বি।
ঘুপসি, ঘুপসী—১। জড়সড় হইয়া লুক্কায়িতভাবে অবস্থিতি; অন্ধকারময় সঙ্কীর্ণ স্থান।

বি। ২। ছোট খোপের মত ; তিমিরাচ্ছন্ন। দেশজ। বিণ।

ঘুম—নিদ্রা। দেশজ। বি।

ঘুমঘোর—নিদ্রাবেশ। ৬ষ্ঠীতৎ। বি।

ঘুমন, ঘুমান—নিদ্রা যাওয়া। বাং ক্রি।

ঘুমন্ত—ঘুমাইতেছে এরূপ, নিদ্রাগত, নিদ্রিত। ঘুম+অন্ত কর্ত্তৃবা। বিণ।

ঘুম-পাড়ানিয়া, -পাড়ানী—নিদ্রা আনয়নকারী বা কারিণী ; নিদ্রাসহায়, যাহা দ্বারা বা যাহাতে ঘুম আসে এরূপ। দেশজ। বিণ।

ঘুমল—নিদ্রিত। প্রাঃ কবিপ্র। বিণ।

ঘুমুর—ঘুঙুর দ্রঃ।

ঘুর, ঘুরণ, ঘুরণী—ভ্রমি, আবর্ত্তন, পাক, ঘোরা। ঘুর্+অ, অন, অনী ভাববা। বি।

ঘুরঘুট, ঘুরঘুটি—ঘন অন্ধকার। দেশজ। বি।

ঘুরঘুটিয়া, ঘুরঘুটে—ঘুটঘুটে, ঘন অন্ধকারাবৃত ; খুব আড়ম্বরপূর্ণ। ঘুরঘুট+ইয়া, এ যুক্তার্থে। বিণ। [বি।

ঘুরঘুর—চঞ্চলভাবে ভ্রমণ। 'ঘুর্ঘুর' শব্দজ।

ঘুরঘুরিয়া, -ঘুরে—একপ্রকার পতঙ্গ। 'ঘুর্ঘুর' শব্দজ। বি।

ঘুরপথ—যে পথে অনেক ঘুরিয়া যাইতে হয় ; বাঁকা পথ। ঘুরবিশিষ্ট পথ, মধ্যপ কর্ম্মধা। বি।

ঘুরপাক—চক্রবৎ পরিভ্রমণ। দেশজ। বি।

ঘুরা, ঘোরা—আবর্ত্তিত হওয়া, চক্রাকারে চলিতে থাকা, ফিরা, মুখ ফিরান, অন্য দিকে চলা ; প্রত্যাগত বা প্রতিনিবৃত্ত হওয়া। বাং ক্রি।

ঘুরাঘুরি, ঘোরাঘুরি—হাঁটাহাঁটি, পুনঃ পুনঃ আসা যাওয়া। বি।

ঘুরান, ঘোরান—আবর্ত্তিত করা ; চক্রাকারে চালিত করা ; ফিরাইয়া দেওয়া ; আশা দিয়া ভাঁড়ান। বাং ক্রি।

ঘুরুনি—মস্তকঘূর্ণন রোগ ; জলাবর্ত্ত, ঘুরাইবার যন্ত্র। ঘুর্+উনি কর্ত্তৃবা। বি।

ঘুর্ঘুর—১। শব্দবিশেষ। ঘুর্-ঘুর্+ক যঞর্থে ভাববা। বি ; পুং। ২। ঘুরঘুরে পোকা। ঘুর্-ঘুর্+ক কর্ত্তৃবা। বি।

ঘুর্ঘুরী—ভারী দ্রব্য তুলিবার যন্ত্রবিশেষ, কপিকল (Pulley). ঘুর্ঘুর (অনুকার-শব্দ) +ঈ করে অর্থে। বি।

ঘুলা—মিশ্রিত হওয়া, আবিল হওয়া। বাং ক্রি।

ঘুলান—মিশ্রিত করা, আবিল করা ; গুলাইয়া দেওয়া। বাং ক্রি।

ঘুষ—উৎকোচ, অবৈধ পারিতোষিক। দেশজ। বি।

ঘুষখোর—যে ঘুষ খায়, উৎকোচগ্রাহী, উৎকোচপ্রিয়। ঘুষ+খোর আসক্তার্থে। বিণ।

ঘুষঘুষে—অস্পষ্ট, চাপা ; অল্প অথচ প্রত্যহ ঘটিত (জ্বর)। দেশজ। বিণ।

ঘুষা, ঘুষি—মুষ্টি, কিল। দেশজ। বি।

ঘুষাঘুষি, ঘুষোঘুষি—পরস্পর মুষ্টিপ্রহার, মুষ্টিযুদ্ধ, কিলাকিলি। ব্যতীহার বহুব্রী। বি।

ঘুষান—ঘোষণা করান ; মুষ্টিপ্রহার করা ; আবৃত্তি করান। বাং ক্রি।

ঘুষিত, ঘুষ্ট—১। শব্দিত, ধ্বনিত। ঘুষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,-তা,-ষ্টা। ২। প্রচার, ঘোষণা। ঘুষ্+ক্ত ভাববা। বি ; ক্লীব।

ঘুষ্‌কি, ঘুষ্‌কী—যে স্ত্রীলোক গৃহস্থালয়ে থাকিয়া গোপনে পরপুরুষের সংসর্গ করে, প্রচ্ছন্ন বেশ্যা। দেশজ। বি ; স্ত্রী।

ঘুসি—মুষ্টি, কিল। দেশজ। বি।

ঘুৎকার—ঘোঁৎ ঘোঁৎ শব্দ, শূকরের শব্দ ; পেচকের রব। ঘুৎ-কৃ+ঘঞ্ ভাববা। বি ; পুং।

ঘূর—ঘুরপাক, ঘোরা। 'ঘূর্ণ' ধাতুজ। বি।

ঘূর্ণন—ঘুরন, ভ্রমণ, ঘোরা। ঘূর্ণ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

ঘূর্ণমান—যাহা ঘুরিতেছে এরূপ। ঘূর্ণ্+শানচ্ কর্ত্তৃবা। বিণ।

ঘূর্ণাবর্ত্ত(র্ত)—ঘূর্ণিজল, ভ্রমি। ঘূর্ণ আবর্ত্ত, কর্ম্মধা। বি ; পুং।

ঘূর্ণায়মান—মণ্ডলাকার পথে ভ্রমণ করিতেছে এরূপ, ঘুরিতেছে এরূপ (অশুদ্ধ প্রঃ)। ঘূর্ণ শব্দ+ক্যঙ্ (=ঘূর্ণায় নামধাতু)+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

ঘূর্ণি—ঘুরণ, ঘোরা। ঘূর্ণ্+ইন্ ভাববা। বি; পুং।

ঘূর্ণিজল—জলাবর্ত্ত, জলের পাক। ঘূর্ণিযুক্ত জল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ঘূর্ণিত—ভ্রমিত, যাহা ঘোরান হইয়াছে এরূপ। ঘূর্ণ্+ণিচ্+ক্ত কর্ত্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

ঘূর্ণিত-নয়নে, -নেত্রে, -লোচনে চক্ষু ঘুরাইয়া, চোখ পাকাইয়া, ক্রুদ্ধনেত্রে। ঘূর্ণিত নয়ন, নেত্র, লোচন যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

ঘূর্ণিপাক—পুনঃ পুনঃ ঘোরা। বি।

ঘূর্ণিবায়ু—প্রচণ্ড ঝটিকাবর্ত্ত। ঘূর্ণিযুক্ত বায়ু, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ঘূর্ণ্যমান—ভ্রাম্যমাণ, যাহা ঘুরান হইতেছে এরূপ। ঘূর্ণ্+ণিচ্+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

ঘৃণা—দয়া, করুণা; জুগুপ্সা; বিতৃষ্ণা; অশ্রদ্ধা; অপমানজ্ঞান; লজ্জাবোধ। ঘৃণ্+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

ঘৃণার্হ—ঘৃণার যোগ্য; দয়ার যোগ্য। উপতৎ। ঘৃণা+অর্হ্+অচ্ কর্ত্তৃবা। বিণ; স্ত্রী,—র্হা।

ঘৃণাস্পদ—ঘৃণাভাজন। ঘৃণার আস্পদ, ৬ষ্ঠীতৎ। বিণ।

ঘৃণিত—অবজ্ঞাত; জঘন্য; কুৎসিত; দয়ার্হ। ঘৃণা+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

ঘৃণী (ঘৃণিন্)—দয়াবান্; নিন্দাকারী। ঘৃণা+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—ণিনী।

ঘৃণ্য—ঘৃণার যোগ্য। ঘৃণা+যৎ যোগ্যার্থে। বিণ। স্ত্রী, ঘৃণ্যা।

ঘৃত—হবিঃ, ঘি; জল। ঘৃ (সেচন করা)+ক্ত কর্ত্তৃবা। বি; ক্লীব।

ঘৃতকুমারী—স্বনামখ্যাতা ওষধিবিশেষ। ঘৃতপ্রধানা কুমারী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ঘৃতপূর—পক্কান্নবিশেষ, ঘিওড়। ঘৃত—পূর্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

ঘৃতাক্ত—ঘি-মাখা। ঘৃত দ্বারা অক্ত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

ঘৃতাহুতি—অগ্নিতে মন্ত্রপূত ঘৃতপ্রদান। ঘৃতের আহুতি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ঘৃষ্ট—১। মর্দ্দিত, যাহা ঘষা হইয়াছে এরূপ। ঘৃষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ঘৃষ্টা। ২। গন্ধদ্রব্যবিশেষ। বি; পুং।

ঘৃষ্টতাড়িত—ঘর্ষণদ্বারা উৎপন্ন বৈদ্যুতিক-শক্তি (Frictional Electricity). কর্ম্মধা। বি; ক্লীব। [বি; স্ত্রী।

ঘৃষ্টি—ঘর্ষণ; স্পর্দ্ধা। ঘৃষ্+ক্তি ভাববা।

ঘেঁচড়া—পুনঃ পুনঃ আঘাতজন্য অনুভূতি-শূন্য; শক্ত, কঠিন; নির্লজ্জ, অবাধ্য, ঠেঁটা। 'ঘৃষ্' শব্দজ। বিণ।

ঘেঁচু—ক্ষুদ্রকায় কচু; কিছুই নয়। 'ঘেকুলিকা' শব্দজ। বি।

ঘেঁটু—ঘণ্টাকর্ণ ঠাকুর, খোস পাঁচড়া প্রভৃতি রোগের দেবতা; একপ্রকার ফুল। দেশজ। বি।

ঘেঁষ, ঘেঁস—ঈষৎ ঘর্ষণ, ধাক্কা, টক্কর; ঘর্ষণধ্বনি; ঐক্য; সামীপ্য; স্পর্শ; পাথুরে কয়লার ছাই। 'ঘৃষ' ধাতুজ। বি।

ঘেঁষড়া, ঘেঁসড়া—ঘর্ষণ, ঘেঁস। 'ঘৃষ্' ধাতুজ। বি।

ঘেঁষড়ান, ঘেঁসড়ান—ঘর্ষণ করিয়া লইয়া যাওয়া, টানিয়া লইয়া যাওয়া। বাং ক্রি।

ঘেঁষা, ঘেঁসা—ঈষৎ ঘৃষ্ট হওয়া, সামান্য ঘর্ষণ করা; নিকটবর্ত্তী হওয়া। বাং ক্রি।

ঘেঁষাঘেঁষি, ঘেঁসাঘেঁসি—পরস্পরের গাত্রে সংস্পর্শ, গায়ে গায়ে লাগা, লাগালাগি, ঠেসাঠেসি। দেশজ। বি।

ঘেটেল—খেয়াঘাটের মাঝি। ঘাট+এল (∠ইয়াল) নিযুক্তার্থে। বি।

ঘেটেলি, —লী—ঘেটেলের কাজ। ঘেটেল+ই, ঈ কর্ম্মার্থে। বি।

ঘেটো—ঘাটসম্বন্ধীয়; অশৌচান্ত দিনে

গ্রামের সহিত যাহাদের সম্বন্ধ আছে এরূপ ('—কুটুম')। ঘাট+ও (∠উয়া) সম্বন্ধার্থে। প্রাদে। বিণ।

ঘেন্না—নিন্দা; অভক্তি। 'ঘৃণা' শব্দজ। বি।

ঘেয়ো—ঘা-ওয়ালা, যাহার গায়ে ঘা আছে। ঘা+ও (∠উয়া) যুক্তার্থে। বিণ।

ঘের—বেষ্টন বা বেষ্টনী, বৃতি, বেড়া; বেড়, পরিধি; বেষ্টিতস্থল। 'ঘৃ' ধাতুজ। বি।

ঘেরা—১। বেষ্টন, বেড়া, আচ্ছাদন। ঘির্+আ ভাববা। বি। ২। ঘিরিয়া দেওয়া, আচ্ছন্ন করা। বাং ক্রি।

ঘেরাও—বেষ্টিত, অবরুদ্ধ। বিণ।

ঘেরাটোপ—বাক্স প্রভৃতির আচ্ছাদন, ঢাকনী; সর্ব্বাঙ্গব্যাপী আবরণ। বি।

ঘেসেড়া—যে ঘোড়ার ঘাস কাটে। 'ঘাসুড়িয়া' শব্দজ। প্রাদে। বি।

ঘেসো—১। ঘাসময়, ঘাসে ঢাকা; ঘাস-গন্ধি; অসার। দেশজ। বিণ। ২। পশুদিগের অশ্বের ঘাসের থলী। ঘাস+ও (∠ইয়া); প্রাদে। বি।

ঘোঁজ—ঘুঁজি (তাহা দ্রঃ)।

ঘোঁট—সামাজিক ব্যাপারে দশ জনের মিলিত আলোচনা। দেশজ। বি।

ঘোঁট্না—আলোড়নদণ্ড, ঘুঁটিবার কাঠি। ঘোঁট্+না করণবা। বি।

ঘোঁটা—১। আলোড়ন করা, তরলদ্রব্যের সহিত মিশান; মাড়া। বাং ক্রি। ২। আলোড়িত, আন্দোলিত। ঘট্+আ কর্ম্মবা। বিণ।

ঘোগ—একপ্রকার বাঘ, নেকড়েবাঘ; নদীর বাঁধ বা জমির আলি প্রভৃতিতে জল বাহির হইবার গর্ত্ত। দেশজ। বি।

ঘোঙট, ঘোঙুট—ঘোমটা। প্রাঃ কবিপ্র। বি।

ঘোট—ঘোঁট, সামাজিক ব্যাপারে বিরুদ্ধ আলোচনা। দেশজ। বি।

ঘোটক—অশ্ব, ঘোড়া। ঘুট্+ণক কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী, —কী।

ঘোটকারূঢ়—অশ্বপৃষ্ঠে উপবিষ্ট, ঘোড় সওয়ার। ৭মীতৎ। বিণ। স্ত্রী, —ঢ়া।

ঘোটকারোহী (—রোহিন্)—অশ্বা রোহী। উপতৎ। ঘোটক—আ—রুহ্+ণি কর্ত্তৃবা। বি; পুং বা বিণ। স্ত্রী, —হিণী।

ঘোটন—পেষণ; অন্বেষণ। ঘুট্+অ ভাববা। বি।

ঘোটনা—পেষণদণ্ড; যাহা দ্বারা ঘোঁটা যায়। ঘোট্+না করণবা। বি।

ঘোড়, ঘোড়া—ঘোটক, অশ্ব। 'ঘোট শব্দজ। বি।

ঘোড়গাড়ি, —ড়ী—ঘোড়ার গাড়ী। ঘোড় বাহিত গাড়ি, গাড়ী, মধ্যপ কর্ম্মধা। বি।

ঘোড়তোলা—উঁচু গোড়ালিওয়ালা (জুতা) দেশজ। বিণ।

ঘোড়দৌড়—জুয়াখেলার জন্য ঘোড়া দৌড়ের প্রতিযোগিতা। ৬ষ্ঠীতৎ। বি।

ঘোড়সওয়ার—অশ্বারোহী। ৬ষ্ঠীতৎ বি বা বিণ।

ঘোড়া-রোগ—অবস্থায় না কুলাইলে ঘোড়া রাখিবার বাতিক; [তাহা হইতে অবস্থার অতিরিক্ত বাবুগিরি করিবার প্রবৃত্তি উপদংশ। মধ্যপ কর্ম্মধা। বি।

ঘোড়াশাল—আস্তাবল, ঘোড়া থাকিবা ঘর। ৬ষ্ঠীতৎ। বি।

ঘোণা—নাসিকা; অশ্ব-নাসিকা; মুখে সূচাল অগ্রভাগ। ঘুণ্+অচ্ কর্ত্তৃবা+আপ্ বি; স্ত্রী। [+ইন্ অস্ত্যর্থে। বি; পুং

ঘোণী (ঘোণিন্)—বরাহ, শূকর। ঘো

ঘোমটা—মুখাবরণ, অবগুণ্ঠন। 'গুণ্ঠিক শব্দজ। বি।

ঘোর—১। দারুণ, ভয়ঙ্কর; অন্ধকারময় সঙ্কটময়। ঘুর্+অচ্। বিণ। স্ত্রী, ঘোরা। ২ শিব; জনৈক ঋষি। বি; পুং। ৩। অন্ধকা বিষ। বি; ক্লীব। ৪। ঘুর, ঘূর্ণন, পাক, ভ্রমি জড়তা; উন্মাদাবস্থা, নেশা। 'ঘূর্ণ' শব্দজ। বি

ঘোর-ঘোর—সামান্ত আঁধার, ঈষৎ অ কার। দেশজ। বি।

ঘোরতর—ভীষণতর, অত্যন্ত ভীষণ। ঘোর +তরপ্ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—রা।

ঘোরদর্শন—যাহাকে দেখিলে ভয় হয় এরূপ, বিকটাকার। ঘোর দর্শন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

ঘোররূপা—ভীষণাকারা। ঘোর রূপ যাহার, বহুব্রী+আপ্। বিণ; স্ত্রী।

ঘোরা—১। দারুণা; ভয়ঙ্করী। ঘোর দ্রঃ। ঘোর+আপ্। বিণ; স্ত্রী। ২। ভয়ানক রাত্রি। বি; স্ত্রী। ৩। ঘুরিয়া বেড়ান। বাং ক্রি।

ঘোরাকার, ঘোরাকৃতি—১। ভীষণ আকার। কর্মধা। বি; পুং, স্ত্রী। ২। ভয়ানক রূপবিশিষ্ট। বহুব্রী। বিণ। (১ম পক্ষে) স্ত্রী, —রা। [বেড়ান। 'ঘূর্ণ্' ধাতুজ। বি।

ঘোরাঘুরি—ইতস্ততঃ ভ্রমণ, এদিক্ ওদিক্

ঘোরাল—গাঢ়, গাঢ়তর; অধিক রং বা স্বাদবিশিষ্ট; ঘনঘটাচ্ছন্ন; অন্ধকারময়: জটিল। ঘোর+আল যুক্তার্থে। বিণ।

ঘোল—মথিত দধি, তক্র। ঘুড়্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং। **ঘোল খাওয়া**—নানা ঝঞ্ঝাটে পড়িয়া ব্যতিব্যস্ত হওয়া।

ঘোলমউনি, —মৌনী—ঘোল মন্থন করিবার দণ্ড; ক্ষুদ্র গুল্মবিশেষ। 'ঘোলমন্থনী' শব্দজ। বি।

ঘোলা—আবিল, পঙ্কিল; অস্পষ্ট, ঝাপ্সা। ঘোল+আ সদৃশার্থে। বিণ।

ঘোলাটিয়া, ঘোলাটে—ঈষৎ ঘোলা। ঘোলা+টিয়া, টে ঈষদর্থে। বিণ।

ঘোলান—নাড়িয়া ঘোলা করা, চঞ্চল বা বিশৃঙ্খল করা। বাং ক্রি।

ঘোষ—১। জাতিগত উপাধিবিশেষ। ঘুষ্+অচ্ কর্তৃবা। বি। ২। আভীরপল্লী, গোয়ালা-পাড়া। ঘুষ্+ঘঞ্ অধিবা। বি; পুং। ৩। ধ্বনি, শব্দ। ঘুষ্+ঘঞ্ ভাববা। বি। ৪। কাংস্য, কাঁসা। ঘুষ্+অচ্ কর্তৃবা। বি; ক্লীব। ৫। গোপাল, গোয়ালা। ঘুষ্+অচ্ কর্তৃবা। বি; পুং।

ঘোষক—ঘোষণাকারক, প্রচারক। ঘুষ্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষিকা।

ঘোষণ—উচ্চৈঃকথন; উচ্চৈঃস্বরে প্রখ্যাপণ; সাধারণ্যে প্রচার। ঘুষ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

ঘোষণা—উচ্চৈঃস্বরে প্রখ্যাপণ; প্রচার। ঘুষ্+ণিচ্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

ঘোষণাপত্র—ইস্তাহার; প্রচারপত্র। ঘোষণাসংবলিত পত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ঘোষপত্র—সরকারী সাপ্তাহিক সংবাদপত্র (Gazette). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ঘোষবান্ (—বৎ)—শব্দশালী, শব্দায়-মান; গম্ভীরধ্বনিযুক্ত, গম্ভীরনাদী। ঘোষ+মতুপ্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, ঘোষবতী।

ঘোষযাত্রা—আভীরপল্লীতে। গমন [পূর্ব্বে রাজারা আপনাদের অধিকারস্থ ঘোষপল্লীতে গমন করিয়া গোসমূহের তত্ত্বাবধান করিতেন]। ৭মীতৎ। বি; স্ত্রী।

ঘোষা—ঘোষণা করা; আবৃত্তি করা। বাং ক্রি। [বাং ক্রি।

ঘোষান—আবৃত্তি করান; ঘোষিত করান।

ঘোষাল—বঙ্গীয় ব্রাহ্মণদিগের পদবীবিশেষ। দেশজ। বি।

ঘোষিত—প্রচারিত, বিজ্ঞাপিত। ঘুষ্+ণিচ +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

ঘ্যান্-ঘ্যান্—নাকীসুরে কান্না বা অনুনয়। দেশজ। বি। বিণ, ঘ্যানঘেনে।

ঘ্যানর ঘ্যানর—বিরক্তিকর একঘেয়ে কথা; চরকা প্রভৃতির শব্দ। দেশজ। বি।

ঘ্রাণ—১। গন্ধগ্রহণ। ঘ্রা+অনট্ ভাববা। ২। নাসিকা, নাক। ঘ্রা+অনট্ করণবা। বি; ক্লীব।

ঘ্রাণেন্দ্রিয়—যে ইন্দ্রিয় দ্বারা ঘ্রাণ লওয়া যায়, নাসিকা। ঘ্রাণসাধক ইন্দ্রিয়, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ঘ্রাত—যাহার ঘ্রাণ লওয়া হইয়াছে এরূপ, যাহা শুঁকা হইয়াছে। ঘ্রা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ঘ্রাতা।

ঘ্রাতব্য, ঘ্রেয়—ঘ্রাণার্হ, যাহাকে আঘ্রাণ করা যায়। ঘ্রা+তব্য, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —ব্যা, ঘ্রেয়া।

ঘ্রাতা (ঘ্রাতৃ)—ঘ্রাণকারী; গন্ধগ্রাহক। ঘ্রা+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ঘ্রাত্রী।

ঙ

ঙ—১। পঞ্চম ব্যঞ্জনবর্ণ [ইহার উচ্চারণস্থান কণ্ঠ; ইহাকে অনুনাসিক বর্ণও বলা হয়।] ২। বিষয়; ভৈরব। ঙু (শব্দ করা)+ক কর্ত্তৃবা।

চ

চ—১। ষষ্ঠ ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণস্থান তালু)। বি। ২। চল্। প্রাদে। ক্রি।

চই, চৈ—১। একপ্রকার খুব ঝাল মূল, গজ-পিপ্পলী। 'চবিকা' শব্দজ। বি। ২। হংসাদিকে আহ্বান করিবার শব্দ। দেশজ। অব্য।

চউকস, চৌকস—সমচতুষ্কোণ; চৌরস; অত্যুৎকৃষ্ট; সতর্ক। 'চতুষ্ক' শব্দজ। বিণ।

চউকি, চউকী—চৌকি দ্রঃ।

চওড়া—১। বিস্তারবিশিষ্ট, বিস্তৃত। বিণ। ২। ওসার, প্রস্থ। 'চর্পট' শব্দজ। বি।

চক—১। চতুষ্কোণ ভূমি; চত্বর; চতুঃশালার মধ্যস্থান; বাজার; ভূমির বিভাগ, জমিদারির অন্তর্গত কতিপয় মৌজার সমষ্টি। 'চতুষ্ক' শব্দজ। ২। খড়িমাটি। ইং Chalk. বি।

চকচক—১। ঔজ্জ্বল্য, দীপ্তি। বি। ২। কুকুর বিড়ালাদির চাটিয়া খাওয়ার শব্দ। দেশজ। অব্য।

চকচকিয়া, চকচকে—উজ্জ্বল, দীপ্তিমান্। চকচক+ইয়া, এ করে অর্থে। বিণ।

চকবন্দি, —বন্দী—১। চতুঃশাল, চতুর্দ্দিকে গৃহবেষ্টিত, চকমিলান। দেশজ। বিণ। ২। কোন জমির কিংবা সম্পত্তির সীমা-নিরূপণ; গ্রাম্যসীমা-নিরূপণ; যতদূর পর্য্যন্ত স্থান পুলিসের অধীন থাকে তাহা। বি।

চকমক—চমক, দীপ্তি, ঔজ্জ্বল্য; আলোক ছটা। দেশজ। বি।

চকমকান—চকমক করা, দীপ্তি পাওয়া চমকিত হওয়া। বাং ক্রি।

চকমকি—দীপ্তি, ঔজ্জ্বল্য, চমক; অনলপ্রস্ত ও ইস্পাতখণ্ড। তুর্কী 'চক্মাক্' শব্দজ। বি।

চকমিলান—উঠানের চারিদিকে ঘরযু (বাড়ী)। দেশজ। বিণ।

চকসা—করসা, মেঘ বা কুয়াসা কাটিয়া গি আলোক-প্রকাশ। দেশজ। বি।

চকলা—তুষ; বৃক্ষত্বক্ প্রভৃতির কর্ত্তিত অংশ আম প্রভৃতির কর্ত্তিত অংশ, চাকলা। 'শক শব্দজ। বি।

চকা—চক্রবাক। 'চক্রবাক' শব্দজ। বি; পুং স্ত্রী, চকী।

চকাচকী—চক্রবাক-মিথুন। দ্বন্দ্ব। বি।

চকার—চ এই বর্ণমাত্র। চ+কার স্বাথে বিং; পুং।

চকিত—১। ভীত; চমকিত; কম্পিত তৃপ্ত। চক্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত ২। ভয়। চক্+ক্ত ভাববা। বি; ক্লীব।

চকিতে—নিমেষমাত্রে, দেখিতে দেখিতে দেশজ। ক্রি-বিণ।

চকেবা—চক্রবাক পক্ষী। প্রাঃ কবিপ্র। বি

চকোর—স্বনামখ্যাত প্রসিদ্ধ পক্ষী (ইহ জ্যোৎস্না পান করিয়া তৃপ্তিলাভ করে, এ রূপ কবি-প্রসিদ্ধি আছে)। চক্+ও কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—রী।

চক্কর—সর্পের ফণা; চক্রাকারে পরিভ্রম 'চক্র' শব্দজ। বি।

চক্র—১। হস্তস্থিত রেখাবিশেষ; সমূ মণ্ডল; চাকা; সৈন্য; ব্যূহবিশেষ; দ্বাদশ রাজ্য; গ্রামসমূহ, চাকলা; কুলাল-যন্ত্র-বিশে কুমারের চাক; চক্রাকৃতি তীক্ষ্ণধার অ জলাবর্ত্ত; ললাটস্থ রেখাবিশেষ; খা ইন্দ্রজাল; দন্তবিশেষ; কাব্যবন্ধবিশে রাজ্য, দেশ, প্রদেশ; সর্ব্বতোভদ্রাদি ম দেহস্থ ষট্‌পদ্ম; বীরাদি চক্র; চিহ্নবিশে

চক্‌+রক্‌ কর্তৃবা। বি; ক্লীব। ২। সর্পের ফণা; কুপরামর্শ। দেশজ। বি।

চক্রধর—১। বিষ্ণু; সর্প; দেশাধিপতি, গ্রামাধিপতি। বি; পুং। ২। ঐন্দ্রজালিক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, –রা।

চক্রধারা—চক্রের প্রান্তভাগ, চাকার ধার। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; পুং।

চক্রনাভি—চাকার মধ্যস্থল। ৬ষ্ঠীতৎ।

চক্রনেমি—চক্রের পরিধি, চাকার বেড়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

চক্রপাণি—বিষ্ণু। চক্র পাণিতে (হস্তে) যাঁহার, বহুব্রী। বি; পুং।

চক্রবর্ত্তী (–বর্ত্তিন্‌), –বর্তী—১। বহুবিস্তৃত সাম্রাজ্যের অধিপতি, সম্রাট্‌। চক্রে (দেশসমূহে) বর্ত্তেন (প্রভুরূপে থাকেন) যিনি, উপতৎ। চক্র–বৃত্‌+ণিন্‌ কর্তৃবা। বি; পুং। ২। বাঙ্গালী ব্রাহ্মণের উপাধি-বিশেষ। বি।

চক্রবাক—স্বনামখ্যাত প্রসিদ্ধ পক্ষী, চকা। চক্র–বচ্‌+ঘঞ্‌ কর্ম্মবা। বি; পুং। স্ত্রী, –কী। [প্রসিদ্ধি এইরূপ যে, চক্রবাকমিথুন দিবাভাগে মিলিত ও নিশাকালে বিচ্ছিন্ন হয়]।

চক্রবাড়, চক্রবাল—১। মণ্ডল; মণ্ডলাকার দিক্‌সমূহ; কোন উন্মুক্ত স্থানে দণ্ডায়মান হইয়া চতুর্দ্দিকে দৃষ্টি সঞ্চারণ করিলে যেস্থলে ভূতল ও নভোমণ্ডল পরস্পর মিলিত হইয়াছে বলিয়া বোধ হয়, দৃষ্টি-পরিচ্ছেদসীমা (Horizon). চক্র–বাড়্‌+অচ্‌ কর্তৃবা। বি; ক্লীব।

চক্রবাত—ঘূর্ণিবায়ু, ঝড়। চক্রসদৃশ বাত, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

চক্রবৃদ্ধি—সুদের সুদ (Compound interest). চক্র দ্বারা (অর্থাৎ চক্রক্রমে) বৃদ্ধি, ৩য়াতৎ। বি; স্ত্রী।

চক্রব্যূহ—মণ্ডলাকারে সেনাসন্নিবেশ। চক্রাকার ব্যূহ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

চক্রশক্তি—হিট্‌লার-শাসিত জার্ম্মাণী এবং তৎসহ মুসোলিনী-শাসিত ইটালি; (বিস্তারে) তৎসহ তোজো-শাসিত জাপান (Axis Powers). বি।

চক্রাকার—চক্রের ন্যায় আকৃতিবিশিষ্ট; গোল। চক্রের ন্যায় আকার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –রা।

চক্রান্ত—ষড়্‌যন্ত্র; অনেকের একত্র গুপ্ত পরামর্শ। চক্রে অন্ত (স্বরূপ) যাহার, বহুব্রী। বি; পুং।

চক্রান্তকারী (–কারিন্‌)—যে চক্রান্ত করে এরূপ। উপতৎ। চক্রান্ত–কৃ+ণিন্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী, –রিণী।

চক্রাবর্ত্ত(র্ত)—ঘুরপাক, চক্রবৎ ঘূর্ণন। চক্রের আবর্ত্ত (সদৃশ অর্থে), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চক্রায়ুধ—১। বিষ্ণু। চক্র আয়ুধ (অস্ত্র) যাঁহার, বহুব্রী। বি; পুং। ২। সুদর্শন চক্র। চক্র-নামক আয়ুধ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

চক্রিকা—১। হাঁটুর চক্রাকার হাড়, মালাইচাকি। চক্র+কন্‌ স্বার্থে+আপ্‌। ২। গোল চ্যাপ্টা ঔষধের বড়ি (Pill). চক্র+কন্‌ ক্ষুদ্রার্থে+আপ্‌। বি; স্ত্রী।

চক্রী (চক্রিন্‌)—১। চক্রযুক্ত, চক্রবিশিষ্ট, চাকাওয়ালা। চক্র+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী, –ক্রিণী। ২। বিষ্ণু; কুম্ভকার; সর্প; তৈলিক, কলু; রথারূঢ় ব্যক্তি; চক্রবর্ত্তী, সম্রাট্‌; দেশাধিপ; গ্রামাধিপ; চক্রবাক; গর্দ্দভ; সূচক। বি; পুং। ৩। অন্যকে লইয়া কুমন্ত্রণাকারী, খল, কুটিল। দেশজ। বিণ।

চক্ষণ—১। কথন। চক্ষ্‌+অনট্‌ ভাববা। ২। চাট্‌নি, চাট্‌। চক্ষ্‌+অনট্‌ কর্ম্মবা। বি; ক্লীব।

চক্ষুঃ (চক্ষুস্‌), চক্ষু—নয়ন, নেত্র, দর্শনেন্দ্রিয়। চক্ষ্‌+উস্‌ করণবা। বি; ক্লীব।

চক্ষুঃশূল—যাহার দর্শনে মনে ক্রোধ হয় এরূপ, যে ব্যক্তি নানারূপ কষ্ট দিয়াছে। চক্ষুর শূল, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চক্ষুঃশ্রবাঃ (–শ্রবস্)—চক্ষুই যাহাদের শ্রবণেন্দ্রিয় ; সর্প। চক্ষুঃ হইয়াছে শ্রবঃ (কর্ণ) যাহার, বহুব্রী। বি ; পুং।

চক্ষুকর্ণ—চোখ ও কাণ। দ্বন্দ্ব। দেশজ। বি।

চক্ষুগোচর—দৃষ্ট। 'চক্ষুর্গোচর' শব্দজ। বিণ।

চক্ষুদান—দৃষ্টিশক্তিপ্রদান ; অসতর্ক গৃহস্থের কোন দ্রব্য অপহরণ। 'চক্ষুর্দান' শব্দজ। বি।

চক্ষুরুন্মীলন—চোখ মেলা। চক্ষুর উন্মীলন (চক্ষুঃ+উন্মীলন), ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

চক্ষুলজ্জা—অপ্রস্তুতভাব। 'চক্ষুর্লজ্জা' শব্দজ। বি।

চক্ষুশূল—চক্ষুঃশূল (তাহা দ্রঃ)।

চক্ষুষ্মান্ (**চক্ষুষ্মৎ**)—দৃষ্টিশক্তিশালী ; দূরদর্শী ; জ্ঞানী। চক্ষুস্+মতুপ্ প্রাশস্ত্যার্থে। বিণ। স্ত্রী,–ষ্মতী।

চক্ষুষ্য—চক্ষুর হিতকর ; প্রিয়দর্শন, সুন্দর। চক্ষুস্+যৎ হিতার্থে, প্রিয়ার্থে। বিণ। স্ত্রী, –ষ্যা।

চক্ষুস্থির—বিস্মিত, স্তম্ভিত ; হতবুদ্ধি। চক্ষুঃ স্থির যাহার, বহুব্রী। বিণ।

চক্ষুরোগ—নেত্রপীড়া, চোখের ব্যারাম। চক্ষুর রোগ, ৬ষ্ঠীতৎ। (সন্ধি—চক্ষুঃ+রোগ)। বি ; পুং। ('চক্ষুরোগ' অশুদ্ধ)।

চঙ্ক্রমণ—পুনঃ পুনঃ চলন, পাদচারণ। যঙ্লুগন্ত ক্রম্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

চঙ্গ(ঙ্গ)—১। সুন্দর ; নিপুণ ; সুস্থ। চম্–গম্ +ড কর্তৃবা। বিণ। স্ত্রী, চঙ্গা। ২। যোদ্ধা, সৈনিক। প্রাঃ কবিপ্র। বি। ৩। মই, সিঁড়ি। প্রাদে। বি।

চঞ্চরিকা, চঞ্চরী—ভ্রমরী ; তেঁতুলগাছ। চঞ্চরী+কন্ স্বার্থে+আপ্=চঞ্চরিকা। চঞ্চ +র আছে অর্থে+ঈপ্=চঞ্চরী। বি ; স্ত্রী।

চঞ্চল—অস্থির ; চপল ; অব্যবস্থিত ; কম্পিত ; বিচলিত ; লোলুপ। চঞ্চ্+অলচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–লা।

চঞ্চলা—১। অস্থিরা ; চপলা ; অব্যবস্থিতা ; কম্পিতা ; বিচলিতা। চঞ্চল+আপ্। বিণ ; স্ত্রী। ২। লক্ষ্মী ; বিদ্যুৎ। বি ; স্ত্রী।

চঞ্চা—চাঁচ, দরমা ; তৃণনির্মিত মনুষ্যমূর্তি। চন্চ্+অচ্ কর্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

চঞ্চু—পাখীর ঠোঁট ; ভেরেণ্ডা গাছ। চন্চ্+ উ করণবা। বি ; পুং।

চঞ্চুপুট—চঞ্চুদ্বারা কৃত পাত্র, চঞ্চুরূপ পাত্র। রূপক কর্মধা। বি ; পুং বা ক্লীব।

চঞ্চূ—পাখীর ঠোঁট। চন্চ্+উ কর্তৃবা। বি ; স্ত্রী।

চট—১। পাটের সূতার মোটা কাপড় গোণী, থলিয়া, বোরা। বি। ২। ত্বরা ক্ষিপ্রতা, ঝটিতি, শীঘ্র। দেশজ। অব্য।

চটক—১। চড়ুই পাখী। চট্+অক কর্তৃবা। বি ; পুং। স্ত্রী,–কা। ২। নিদ্রাবেশ, তন্দ্রা ; অন্যমনস্কভাব ; ঔজ্জ্বল্য, দীপ্তি আড়ম্বর, জাঁক, ভড়ং, বাহার। দেশজ। বি

চটকদার—উজ্জ্বল ; জাঁকাল, ভড়ংদার জমকাল। চটক+দার বিশিষ্টার্থে। বিণ

চটকল—যে কলে চট তৈয়ার হয়, পাটকল (Jute-mill). ৬ষ্ঠীতৎ। বি।

চট্কা—তন্দ্রা, নিদ্রাবেশ ; চমক, ক্ষণেক অন্যমনস্কভাব, আবেশ। দেশজ। বি।

চটকান—নরম জিনিস হাতে করিয়া মা বা পেষণ করা। বাং ক্রি।

চটচট—১। শীঘ্র শীঘ্র, তাড়াতাড়ি। ক্রি বিণ। ২। আঠাল বস্তু নাড়িলে যে শ পাওয়া যায় ; করতলপ্রহারের বা চাপড়ে অনুকরণ-শব্দ। দেশজ। অব্য।

চটচটিয়া, চটচটে—আঠাল। চটচট ইয়া, এ করে অর্থে। বিণ। [বিণ

চটপট—দ্রুত, শীঘ্র, ঝটিতি। দেশজ। ক্রি

চটপটিয়া, চটপটে—শীঘ্রকারী, ক্ষি কর্মা, চালাক। চটপট+ইয়া, এ করে অর্থে বিণ।

চটা—১। উপরের চাকলা ; পাখ বাকারি ; ছোট দরমা। বি। ২। ক্রো শীল, কোপন। চট্+আ কর্তৃবা। বি ৩। চটা উঠা, চিরিয়া বা ভাঙ্গিয়া যাও রাগিয়া উঠা, রাগ করা। বাং ক্রি।

চটাচট, চটাপট—চটপট, শীঘ্র, তাড়াতাড়ি; চটচট শব্দ করিয়া। দেশজ। ক্রি-বিণ।

চটাচটি—পরস্পর বিরোধ, রাগারাগি। ব্যতীহার বহুব্রী। বি।

চটান—১। রাগান; উপরের স্তর উঠান, কাড়ান। বাং ক্রি। ২। বিস্তীর্ণ সমতল ভূমি। বি।

চটাল—বিস্তৃত, চওড়া। দেশজ। বিণ।

চটি, চটী—১। ছোট দরমা; পথিক-নিবাস, সরাই। ফার্সী 'চৎরী' শব্দজ। ২। শিথিল চর্ম্মপাদুকা। দেশজ। বি। [বি।

চটী-জুতা—শিথিল চর্ম্মপাদুকা। কর্ম্মধা।

চটু—উদর; চাটু, প্রিয়বাক্য; ব্রতিগণের আসনবিশেষ। চট্‌+কু করণবা। বি; পুং বা ক্লীব। [আছে অর্থে। দেশজ। বিণ।

চটুকে—চটকদার। চটক+এ (∠ইয়া)

চটুল—প্রিয়ংবদ; মিষ্টভাষী; চঞ্চল; শীঘ্র; সুন্দর। চট্‌+উলচ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —লা। [বি।

চট্টরাজ—বংশগত পদবীবিশেষ। দেশজ।

চট্টল, চট্টলা—চট্টগ্রাম, চাটিগাঁ। দেশজ। বি।

চট্টোপাধ্যায়—রাঢ়ী ব্রাহ্মণের পদবীবিশেষ, চাটুয্যে। চট্টাখ্য উপাধ্যায়, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

চড়—১। চাপড়, করতলপ্রহার। 'চপেট' শব্দজ। বি। ২। আরোহণ কর। বাং ক্রি। অনুজ্ঞা। [শব্দজ। বি।

চড়ই, চড়াই, চড়ুই—চড়াই পাখী। 'চটক'

চড়ইভাতি, চড়াইভাতি, চড়ুইভাতি—বনভোজন। 'চটকভূতি' শব্দজ। বি।

চড়ক—চৈত্র মাসের সংক্রান্তিতে অনুষ্ঠেয় শৈব পর্ব্ববিশেষ, গাজন। 'চক্র' শব্দজ। বি।

চড়কগাছ—খুঁটির উপর আড়ভাবে বাঁধা বাঁশ, যাহাতে চড়কের সময় গাজনের সন্ন্যাসীরা ঝুলিয়া ঘুরিতে থাকে। দেশজ। বি।

চড়চড়, চচ্চড়—অনুকার-শব্দবিশেষ; কোন কিছু ফাটিয়া যাওয়ার শব্দ; যাতনার অনুভূতিসূচক শব্দ। দেশজ। অব্য।

চড়চড়ি, চড়চড়ী—শুষ্ক ব্যঞ্জনবিশেষ। দেশজ। বি।

চড়তি—উন্নতি, বৃদ্ধি; মূল্যবৃদ্ধি। চড়্‌+অতি ভাববা। বি।

চড়ন—চড়া, উপরে উঠা, আরোহণ। চড়্‌+অন ভাববা। বি।

চড়নদার—আরোহী, আরোহণকারী। চড়ন+দার কর্ত্তা অর্থে। বি।

চড়া—১। চড়ন, আরোহণ; চটকপক্ষী; নদ্যাদিতে ক্ষুদ্র দ্বীপ; ধনুকের ছিলা। দেশজ। বি। ২। উচ্চ, অধিক; কটু; উগ্র; ক্রোধান্বিত; আরূঢ়। বিণ। ৩। আরোহণ করা, উপরে উঠা; চাপা; বৃদ্ধি পাওয়া, বাড়া। বাং ক্রি।

চড়াও—আক্রমণ। দেশজ। বি।

চড়াচড়ি—পরস্পর চপেটাঘাত; পরস্পর আরোহণ। ব্যতীহার বহুব্রী। বি।

চড়াৎ—সহসা ফাটিয়া যাওয়া বা মেঘ ডাকার শব্দ। দেশজ। অব্য।

চড়ান—চড় মারা, চপেটাঘাত করা; আরোহণ করান, চাপান, উঠান, তোলা; খাড়া করা, বর্দ্ধিত করা, বাড়ান। বাং ক্রি।

চড়ুই—চড়ই দ্রঃ।

চড়ুকে—১। যে ব্যক্তি চড়কগাছে পাক খায়। চড়ক+এ (∠ইয়া) সম্বন্ধাদি অর্থে। বি। ২। হুজুগে। বিণ।

চণক—ছোলা, বুট; মুনিবিশেষ। চণ্‌+অক (ক্‌ন্‌) কর্ম্মবা। বি; পুং।

চণা—ছোলা, বুট। 'চণক' শব্দজ। বি।

চণ্ড—১। তীক্ষ্ণ; অতি কোপন; উগ্র; তীব্র; ভয়ানক; উষ্ণ। চণ্ড্‌+অচ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, চণ্ডা, চণ্ডী। ২। তেঁতুল গাছ; যমদূত; একজন দৈত্য। চন্ড্‌ (রোষ করা)+অচ্‌ কর্ত্তৃবা। বি; পুং।

চণ্ডনায়িকা—দুর্গা; অষ্টনায়িকান্তর্গত

নায়িকাবিশেষ। চণ্ডের নায়িকা, ৬ষ্ঠীতৎ ; অথবা, চণ্ডী নায়িকা, কর্ম্মধা। বি ; স্ত্রী।

চণ্ডবতী—দুর্গা ; অষ্টনায়িকার অন্যতমা নায়িকা। চণ্ড (ক্রোধ)+মতুপ্ অস্ত্যর্থে+ঈপ্। বি ; স্ত্রী।

চণ্ডাল—নিষাদ, চাঁড়াল। চন্ড্+আলচ্ কর্তৃবা। বি ; পুং। স্ত্রী,—লী।

চণ্ডিকা, চণ্ডী—দুর্গা, মারণ, উচ্চাটন, বশীকরণ প্রভৃতির অধিষ্ঠাত্রী যোগিনীপ্রধানা দেবী ; অতিকোপনা স্ত্রী ; ত্রয়োদশাক্ষর ছন্দোবিশেষ ; মার্কণ্ডেয় পুরাণান্তর্গত দেবী-মাহাত্ম্যকথা। চণ্ড শব্দ+স্ত্রীলিঙ্গে ঈপ্=চণ্ডী ; চণ্ডিকা=চণ্ডী+কন্ স্বার্থে+আপ্। বি ; স্ত্রী।

চণ্ডিমা (চণ্ডিমন্)—কোপনতা ; উগ্রতা। চণ্ড+ইমন্ ভাবার্থে। বি ; পুং।

চণ্ডীমণ্ডপ—দুর্গাদি দেবতার পূজার গৃহ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

চণ্ডু—১। অহিফেন হইতে প্রস্তুত মাদক দ্রব্যবিশেষ। হিন্দী। বি। ২। ইঁদুর। চণ্ড+উন্ সংজ্ঞার্থে। বি ; পুং।

চণ্ডুখোর—চণ্ডু-নামক মাদকসেবী। চণ্ডু+খোর আসক্তার্থে। বিণ।

চতুঃপঞ্চাশ—৫৪ এই সংখ্যার পূরক। চতুঃ-পঞ্চাশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী।

চতুঃপঞ্চাশৎ—চুয়ান্ন, ৫৪। চতুরধিকা পঞ্চাশৎ, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী।

চতুঃপঞ্চাশত্তম—চতুঃপঞ্চাশ, ৫৪ এই সংখ্যার পূরক। চতুঃপঞ্চাশৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

চতুঃশাল, চতুঃশালা—চকমিলান বাড়ী। চতুর্ (চারিদিকে) শালা (গৃহ) যাহার বা যাহাতে, বহুব্রী। বি ; ক্লীব, স্ত্রী।

চতুঃষষ্টি—চৌষট্টি, ৬৪ ; তৎসংখ্যক। চতুরধিকা ষষ্টি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী।

চতুঃষষ্টিতম—৬৪ সংখ্যার পূরক। চতুঃ-ষষ্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

চতুঃসপ্ততি—চুয়াত্তর, ৭৪ ; তৎসংখ্যক। চতুরধিকা সপ্ততি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী।

চতুঃসপ্ততিতম—৭৪ সংখ্যার পূরক। চতুঃ-সপ্ততি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

চতুঃসীমা—চারিদিকের সীমা। কর্ম্মধা। বি ; স্ত্রী।

চতুর—১। কার্য্যদক্ষ, নিপুণ ; বুদ্ধিজীবী ; চালাক ; নেত্রগোচর। চত্+উরচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রা। ২। গালবালিশ ; কান-বালিশ ; হস্তিশালা। চত্+উরচ্ কর্ম্মবা। বি ; পুং।

চতুরংশিত—চারি অংশযুক্ত ; চারি পৃষ্ঠায় বিভক্ত, চারিপেজী। চতুঃ অংশিত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

চতুরঙ্গ—১। চারি অঙ্গযুক্ত। চতুর্ (চারি) অঙ্গ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্গী,—ঙ্গা। ২। হস্তী, অশ্ব, রথ, পদাতি এই চারি অঙ্গ-বিশিষ্ট সৈন্য ; সতরঞ্চ বা দাবাখেলা। বি ; পুং। [বিণ

চতুরচূড়ামণি—অতিশয় চালাক। ৬ষ্ঠীতৎ।

চতুরতা—কার্য্যদক্ষতা, নৈপুণ্য ; চাতুর্য্য ; বুদ্ধিজীবিতা ; চালাকি, ধূর্ত্ততা। চতুর+ত ভাবার্থে। বি ; স্ত্রী।

চতুরশীতি—চুরাশী, ৮৪ ; তৎসংখ্যক। চতুরধিকা অশীতি, মধ্যপ কর্ম্মধা। বি ব বিণ ; স্ত্রী।

চতুরশীতিতম—৮৪ সংখ্যার পূরক। দেখ শীতি+তমট্ পূরণা

চতুরস্র,—স্র—খর ; বেগবান্। চন্‌চন্ চতুর্ (চারি) ের অর্থে। বিণ। বহুব্রী। বিণ। স্ত্র ; কর্পূর। চন্দ্+অচ্ কর্ ক্ষেত্র, চারি সরল চতুর্ভুজ ; চৌকি। ত বৃক্ষ ; চন্দনকাঠ জল

চতুরানন—ব্রহ্মা পদার্থ উৎপাদিত হয় ত (মুখ) যাহার, বহুব্রী কর্তৃবা। বি ; পুং।

চতুরালি,—লী—চতুরবতী নারীর + আলি, আলী ভাবার্থে। মধ্যপ কর্ম্মধা।

চতুরাশ্রম—ব্রহ্মচর্য্য, গার্হ

সন্ন্যাস, এই চারি আশ্রম। চতুর্ (চারি) আশ্রমের সমাহার, সমা-দ্বিগু। বি; ক্লীব।

চতুর্গুণ—চারিগুণ। চতুর্ (চারি) গুণ যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

চতুর্গুণিত—চারি গুণ করা হইয়াছে এরূপ। চতুর্ (চারি) যথা তথা গুণিত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

চতুর্থ—চারি (৪) সংখ্যার পূরক। চতুর্ + থট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—র্থী।

চতুর্থাংশ—চারি ভাগের এক ভাগ। চতুর্থ অংশ, কর্ম্মধা। বি; পুং।

চতুর্থী—১। চতুর্থ দ্রঃ। বিণ; স্ত্রী। ২। তিথিবিশেষ; (ব্যাকরণে) বিভক্তিবিশেষ। বি; স্ত্রী। ৩। মাতাপিতৃবিয়োগের পর চতুর্থ দিবসে বিবাহিতা কন্যাকর্তৃক করণীয় শ্রাদ্ধ। দেশজ প্রঃ। বি।

চতুর্দ্দ(র্দ)শ—১৪ এই সংখ্যার পূরক। চতুর্দ্দশন্ + ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী।

চতুর্দ্দ(র্দ)শ (**চতুর্দ্দশন্**)—চৌদ্দ, ১৪; তৎসংখ্যক। চতুরধিক দশ, মধ্যপ কর্ম্মধা। বিণ।

চতুর্দ্দ(র্দ)শপুরুষ—পিতাপিতামহাদি ক্রমে গণিত চৌদ্দপুরুষ। চতুর্দ্দশ পুরুষ, কর্ম্মধা। বি; পুং।

চতুর্দ্দ(র্দ)শবিদ্যা—৬ বেদাঙ্গ, ৪ বেদ, ... ন্যায়, ইতিহাস ও পুরাণ, এই ১৪ প্রকার ... কর্ম্মধা। বি; স্ত্রী।

চতুর্দ্দ(র্দ)শভুবন—[illegible] স্বর্গ ও সপ্ত পাতাল; সপ্ত স্বর্গ, যথা—ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপ ও সত্য; সপ্ত পাতাল, যথা—অতল, সুতল, বিতল, তলাতল, মহাতল, রসাতল ও পাতাল। কর্ম্মধা। বি; ক্লীব।

চতুর্দ্দ(র্দ)শী—১। [দ]শ দ্রঃ। বিণ; স্ত্রী। ২। তিথিবিশেষ। [বি]; স্ত্রী।

চতুর্দ্দি(র্দি)ক্ (**চতুর্দ্দিশ্**)—চারিদিক্, যথা—উত্তর, পূর্ব্ব, দক্ষিণ, পশ্চিম; সকল দিক্। চতুর্ (চারি) দিক্, কর্ম্মধা। বি; স্ত্রী।

চতুর্দ্দো(র্দো)ল, —লা—চারিজনে বহনীয় যানবিশেষ; চৌদোল। চতুর্ব্বাহিত দোল, দোলা, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, স্ত্রী।

চতুর্ধাম (—**ধামন্**)—মথুরামণ্ডলস্থ চারিটি ধাম (যথা—রামনাথ, বৈদ্যনাথ, জগন্নাথ ও দ্বারকানাথ)। কর্ম্মধা। বি; ক্লীব।

চতুর্নবতি—৯৪ এই সংখ্যা বা তৎসংখ্যক। চতুরধিকা নবতি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

চতুর্নবতিতম—৯৪ এই সংখ্যার পূরক। চতুর্নবতি + তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

চতুর্ব্ব(র্ব)র্গ—ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চারি পুরুষার্থ। চতুর্এর (চারের) বর্গ (সমূহ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চতুর্ব্ব(র্ব)র্ণ—১। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, এই জাতি-চতুষ্টয়। চতুর্ (চারি) বর্ণ, কর্ম্মধা। বি; পুং। ২। চারিবর্ণবিশিষ্ট, চারিরঙ্গা। চতুর্ (চারি) বর্ণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ণা।

চতুর্ব্বি(র্বি)ংশ—চব্বিশ (২৪) সংখ্যার পূরক, চতুর্ব্বিংশতিতম। চতুর্ব্বিংশতি + ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী।

চতুর্ব্বি(র্বি)ংশতি—চব্বিশ, ২৪। চতুরধিকা বিংশতি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

চতুর্ব্বি(র্বি)ংশতিতম—চব্বিশ (২৪) সংখ্যার পূরক, চতুর্ব্বিংশ। চতুর্ব্বিংশতি + তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

চতুর্ব্বি(র্বি)ধ—চারি প্রকার। চতুর্ (চারি) বিধা (প্রকার) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

চতুর্ব্বে(র্বে)দ—ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব, এই চারি বেদ। চতুর্ (চারি) বেদ, কর্ম্মধা। বি; পুং।

চতুর্ব্বে(র্বে)দী (**চতুর্ব্বেদিন্**)—চারি-বেদবেত্তা। (ইহারই অপভ্রংশ 'চৌবে')। চতুর্ব্বেদ + ইন্। বি বা বিণ; পুং।

চতুর্ভুজ—১। চারিহস্তবিশিষ্ট; চারিশাখা-যুক্ত। চতুর্ (চারি) ভুজ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—জা। ২। নারায়ণ, বিষ্ণু; চারি সরলরেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্র। বি; পুং।

চতুর্মু(র্ম্মু)খ—১। চতুরানন, ব্রহ্মা; ঔষধ-বিশেষ। চতুর্ (চারি) মুখ যাহার, বহুব্রী। বি; পুং। ২। চারি বদন। কর্ম্মধা। বি; ক্লীব।

চতুশ্চত্বারিংশ, চতুশ্চত্বারিংশত্তম—৪৪ এই সংখ্যার পূরক। চতুশ্চত্বারিংশৎ+ডট্, তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী,—মী।

চতুশ্চত্বারিংশৎ—চুয়াল্লিশ, ৪৪। চতুরধিকা চত্বারিংশৎ (চতুঃ+চত্বারিংশৎ), মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

চতুষ্ক—চতুস্তম্ভযুক্ত মণ্ডপ; চত্বর; চারিকোণা উঠান। চতুর্+ক আছে অর্থে। বি; ক্লীব।

চতুষ্কোণ—১। চারি কোণ। চতুঃসংখ্যক কোণ (চতুঃ+কোণ), মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। ২। চারিকোণাবিশিষ্ট, চৌকোণা। চতুর্ (চারি) কোণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা। ৩। চতুর্ভুজ ক্ষেত্র। বি; ক্লীব।

চতুষ্টয়—১। চতুর্বিধ, চারিপ্রকার; চারি-অবয়ববিশিষ্ট। চতুর্ (চারি)+তয়ট্ অবয়বার্থে। বিণ। স্ত্রী,—য়ী। ২। চারি সংখ্যার সমষ্টি। বি; ক্লীব।

চতুষ্পথ—১। ব্রাহ্মণ। চতুর্ (চারি) পথ (আশ্রম) যাহার, বহুব্রী। বি; পুং। ২। চৌরাস্তা, চৌমাথা। চতুর্ (চারি) পথের সমাহার, সমা-দ্বিগু। বি; ক্লীব।

চতুষ্পদ—১। চারিপদবিশিষ্ট, চার-পেয়ে; চারি চরণযুক্ত। চতুর্ (চারি) পদ যাহার (চতুঃ+পদ), বহুব্রী। বিণ। স্ত্রী,—দা,—দী। ২। পশু; (জ্যোতিষে) করণবিশেষ। বি; পুং। ৩। চৌপদী কবিতা। বি; ক্লীব।

চতুষ্পদী—চৌপদী কবিতা; ছন্দোবিশেষ। চতুষ্পদ+ঈপ্। বি; স্ত্রী।

চতুষ্পাঠী—চারি বেদ অধ্যয়নের পাঠশালা, চৌপাড়ী (অধুনা সংস্কৃত শাস্ত্রের অধ্যয়নালয়-মাত্রেই চতুষ্পাঠী বা টোল নামে অভিহিত হইয়া থাকে)। চতুর্ (চারি অর্থাৎ চারি বেদের) পাঠ হয় যেখানে, বহুব্রী। বি; স্ত্রী।

চতুষ্পার্শ্ব—চারিপাশ, চারিধার। কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

চতুষ্পার্শ্বস্থ—চারিপাশে অবস্থিত, চারিধারের। উপান্ত। চতুষ্পার্শ্ব—স্থা+ক কর্ত্তৃবা বিণ। স্ত্রী,—স্থা।

চতুস্তল—চারিতলবিশিষ্ট, চারি-তল চৌতলা। চতুর্ (চারি) তল যাহার, বহুব্রী বিণ। স্ত্রী,—লা।

চতুস্তলক—চারিটি পৃষ্ঠযুক্ত ঘনক্ষে (Tetrahedron). চতুঃ তল যাহা বহুব্রী+কন্ স্বার্থে। বি।

চতুস্ত্রিংশ, চতুস্ত্রিংশত্তম—চৌত্রিশ (৩৪ সংখ্যার পূরক। চতুস্ত্রিংশৎ+ডট্, তম পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী,—মী।

চতুস্ত্রিংশৎ—চৌত্রিশ, ৩৪। চতুরধিক ত্রিংশৎ, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

চত্বর—অঙ্গন, উঠান; রঙ্গস্থান; যজ্ঞস্থান স্থণ্ডিল, হোমার্থ পরিষ্কৃত ভূমি। চত্+ষর কর্ম্মবা। বি; ক্লীব।

চত্বারিংশ, —ত্তম—চল্লিশ (৪০ সংখ্যার পূরক। চত্বারিংশৎ শব্দ+ডট্, তম পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী,—মী।

চত্বারিংশৎ—চল্লিশ, ৪০। চতুর্গুণিত দশ মধ্যপ কর্ম্মধা (নিপা)। বি বা বিণ; স্ত্রী

চত্বাল—গর্ত; চাতাল; হোমকুণ্ড; কুশ চত্+বালচ্ কর্ম্মবা। বি; পুং।

চন্‌চন্—বেগ বা প্রখরতাসূচক শব্দ। দেশজ অব্য।

চন্‌চনে—প্রখর; বেগবান্। চন্‌চন্+(∠উয়া) করে অর্থে। বিণ।

চন্দ্র—চন্দ্র, চাঁদ; কর্পূর। চন্দ্+অচ্ কর্তৃব বি; পুং।

চন্দন—স্বনামখ্যাত বৃক্ষ; চন্দনকাঠ জল দি ঘষিলে যে সুগন্ধ পদার্থ উৎপাদিত হয় তাহ চন্দ্+ণিচ্+অন কর্তৃবা। বি; পুং।

চন্দনধেনু—পতিপুত্রবতী নারীর শ্রা প্রদত্তা চন্দনাঙ্কিতা গবী। মধ্যপ কর্ম্মধা। বি স্ত্রী।

চন্দনপিঁড়ি—চন্দনপাটা, যে পাথরের চাক্‌তিতে চন্দন ঘষা হয় তাহা। দেশজ। বি।

চন্দনা—শারিকাবিশেষ; নদীবিশেষ। চন্দ্‌ + অন কর্তৃবা + আপ্‌। বি ; স্ত্রী।

চন্দনী—১। নদীবিশেষ। চন্দন + ঈপ্‌। বি ; স্ত্রী। ২। চন্দনগন্ধ আতর ; মসলাবিশেষ। চন্দন + ঈ সদৃশার্থে। বি।

চন্দ্র—১। নিশাকর, চাঁদ ; তদধিষ্ঠাত্রী দেবতা ; জল ; কর্পূর ; ময়ূরচন্দ্রক ; হীরক ; স্বর্ণ ; মুক্তা ; দ্বীপবিশেষ ; (শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। চন্দ্‌ + রক্‌ কর্তৃবা। বি ; পুং। ২। আহ্লাদজনক। বিণ। স্ত্রী, চন্দ্রা।

চন্দ্রক—ময়ূরপুচ্ছস্থ চক্রাকার চিহ্ন ; চাঁদামাছ। চন্দ্র + কন্‌ সদৃশার্থে। বি ; ক্লীব।

চন্দ্রকর, —কিরণ—জ্যোৎস্না। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

চন্দ্রকলা—চন্দ্রমণ্ডলের ষোড়শ ভাগ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

চন্দ্রকান্ত—১। কবিকল্পিত মণিবিশেষ। চন্দ্র কান্ত (প্রিয়) যাহার, বহুব্রী। বি ; পুং। ২। চন্দন ; কুমুদ। বি ; পুং বা ক্লীব। ৩। চন্দ্রবৎ সুন্দর। চন্দ্রসদৃশ কান্ত, উপমান কর্ম্মধা। বিণ। স্ত্রী, —ন্তা।

চন্দ্রগ্রহণ—রাহুকর্তৃক চন্দ্রের গ্রাস ; চন্দ্রের উপরে পৃথিবীর ছায়াপতন। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

চন্দ্রচূড়—মহাদেব, শিব। চন্দ্র চূড়াতে (মস্তকে) যাঁহার, বহুব্রী। বি ; পুং।

চন্দ্রপুলি, —লী—নারিকেল চিনি প্রভৃতির সংযোগে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। দেশজ। বি।

চন্দ্রবংশ—চন্দ্র হইতে জাত পুরুষপরম্পরা ; জনক কুরু যদু প্রভৃতির বংশ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। বিণ, —শীয়।

চন্দ্রবদন—১। চাঁদমুখ। চন্দ্র-সদৃশ বদন, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব। ২। চন্দ্রের ন্যায় মনোহর মুখবিশিষ্ট। চন্দ্রের ন্যায় বদন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —না, —নী।

চন্দ্রবিন্দু—অর্দ্ধচন্দ্রাকৃতি রেখার উপরিস্থ বিন্দু, ঁ। চন্দ্রসহিত বিন্দু, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

চন্দ্রভাগা—কাশ্মীর দেশস্থ স্বনামখ্যাত নদী, সিন্ধুনদের অন্যতমা উপনদী ; ইহার আধুনিক ইংরেজী নাম চেনাব (Chenab). বি ; স্ত্রী।

চন্দ্রমণি—চন্দ্রকান্তমণি। চন্দ্রপ্রিয় মণি, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

চন্দ্রমণ্ডল—চন্দ্রের বেষ্টনী, চন্দ্রের গোলাকার কলেবর। কর্ম্মধা। বি ; ক্লীব।

চন্দ্রমল্লিকা—পুষ্পবিশেষ। চন্দ্রবর্ণা মল্লিকা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

চন্দ্রমাঃ (**চন্দ্রমস্‌**), **চন্দ্রমা**—চন্দ্র। চন্দ্র—মা + অসুন্‌ কর্তৃবা। বি ; পুং।

চন্দ্রমু[illegible]—চন্দ্রবদনা, চাঁদবদনী। চন্দ্রের ন্যায় মুখ যা[illegible]ব্রী + ঈপ্‌। বিণ ; স্ত্রী।

চন্দ্র[illegible]—শিব। চন্দ্র মৌলিতে (মস্তকে) যাঁহার, [illegible]ব্রী। বি ; পুং।

চন্দ্রশালা—প্রাসাদ বা রথের শিরোভাগস্থ গৃহ, [illegible]কোটা। বি ; স্ত্রী।

চ[illegible]র—শিব ; তীর্থবিশেষ। চন্দ্র হ[illegible]শেখর (শিরোভূষণ) যাঁহার, বহুব্রী। বি ; পুং।

চন্দ্রহার—কটিভূষণ, কাঞ্চী, মেখলা। চন্দ্র (অর্থাৎ চন্দ্রাকার ছাপ)-যুক্ত হার, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

চন্দ্রা—চন্দ্রিকা, জ্যোৎস্না ; চন্দ্রাতপ, চাঁদোয়া ; এলাচ ; নাটমন্দির। চন্দ্র + রক কর্তৃবা + স্ত্রীলিঙ্গে আপ্‌। বি ; স্ত্রী।

চন্দ্রাতপ—চাঁদোয়া। 'চাদোয়া' শব্দের মার্জ্জিত রূপ। বি ; পুং।

চন্দ্রাত্মজ—চন্দ্রপুত্র, বুধ। চন্দ্রের আত্মজ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

চন্দ্রানন—১। চাঁদমুখ। চন্দ্রসদৃশ আনন (মুখ), মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব। ২। চন্দ্রতুল্য মনোহর মুখবিশিষ্ট। চন্দ্রের ন্যায় আনন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —না।

চন্দ্রাপীড়—শঙ্কর, শিব। চন্দ্র আপীড় (শিরোভূষণ) যাঁহার, বহুব্রী। বি ; পুং।

[চন্দ্রা]লোক—চন্দ্রিকা, জ্যোৎস্না। চন্দ্রের আলোক, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

[চন্দ্রি]কা—জ্যোৎস্না ; নেত্রতারকা ; চন্দ্রভাগা নদী ; ছন্দোবিশেষ ; চাঁদা মাছ ; তীর্থবিশেষ। চন্দ্র + ইক আছে অর্থে + আপ্। বি ; স্ত্রী।

[চন্দ্রো]দয়—চাঁদের প্রকাশ বা উঠা। চন্দ্রের উদয়, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

[চন্]মন্—চঞ্চলতা প্রকাশ। দেশজ। অব্য।

[চন্]মনে—অধীর ; সজাগ ; জড়তাহীন। চন্মন্ + এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

চপ—১। কোন কিছু কর্ত্তনের অনুকরণ-শব্দ। দেশজ। অব্য। ২। মাংসপূর্ণ পিষ্টকবিশেষ। ইং Chop. বি।

চপট, চপেট—চাপড়, চড়। চপ — অট্ + অচ কর্ত্তৃবা ; চপ — ইট্ + অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

চপল—১। তরল ; চঞ্চল ; অস্থির ; ক্ষণিক ; [শী]ঘ্র ; প্রগল্‌ভ ; অনবস্থিত ; দুর্ব্বিনীত ; [বি]কল। চপ্ + কলচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —লা। ২। একপ্রকার প্রস্তর ; পারদ ; মৎস্য। বি ; পুং।

চপলতা—তরলতা, চাপল্য ; চঞ্চলতা, অস্থিরতা, অনবস্থিতি ; অবিমৃষ্যকারিতা ; ঔদ্ধত্য। চপল + তা ভাবার্থে। বি ; স্ত্রী।

[চপ]লা—১। লক্ষ্মী ; বিদ্যুৎ ; পিপুল ; ছন্দো[বি]শেষ ; কুলটা ; সুরা ; জিহ্বা। বি ; স্ত্রী। ২। চঞ্চলা ইত্যাদি (চপল দ্রঃ)। চপল + আপ্। বিণ ; স্ত্রী।

চপেট—চপট দ্রঃ।

চপেটা, চপেটিকা—চাপড়, চড়। চপেট + আপ্ — চপেটা ; চপেটিকা — চপেটক + আপ্। বি ; স্ত্রী।

চপেটাঘাত—চাপড় মারা, চড় মারা। চপেট বা চপেটা দ্বারা আঘাত, ৩য়াতৎ। বি ; পুং।

চপ্ চপ্, চব্ চব্—চর্ব্বণ-শব্দ ; চাবুক মারিবার শব্দ ; চুয়াইয়া পড়িবার শব্দ। দেশজ। অব্য।

চবর্গ—স্পর্শবর্ণসমূহের দ্বিতীয় বর্গ, চ ছ জ ঝ ঞ এই পাঁচটি বর্ণ। বি ; পুং।

চবাৎ—ছড়ি বা বৃক্ষশাখাদির জলে আঘাত শব্দ ; চাবুকের আঘাত শব্দ। দেশজ। অব্য।

চবুতর, —তরা—চত্বর, চাতাল। 'চত্বর' শব্দজ। বি।

চব্বিশ—২৪ সংখ্যক ; ২৪ সংখ্যা। 'চতুর্ব্বিংশতি' শব্দজ। বি বা বিণ।

চব্বিশ-প্রহর—সঙ্কল্পপূর্ব্বক তিন অহোরাত্র-ব্যাপী হরিনাম সঙ্কীর্ত্তন। বহুব্রী। বি।

চব্বিশা, চব্বিশে—মাসের চতুর্ব্বিংশ দিবস। চব্বিশ + আ, এ তারিখ অর্থে। বি।

চমক—প্রভা, দীপ্তি ; আশ্চর্য্যভাব, বিস্ময় ; আতঙ্ক, ত্রাস ; সংজ্ঞা, জ্ঞান, চেতনা, হুঁস ; নিদ্রা, তন্দ্রা ; আচ্ছন্নভাব, মোহ। 'চমৎ' শব্দজ। বি।

চমকান—ক্ষণপ্রভা বিকাশ করা, সহসা দীপ্তি পাওয়া ; চমকিত হওয়া বা করা আশঙ্কিত হওয়া বা করা। বাং ক্রি।

চমকিত—চমৎকৃত, বিস্মিত ; সহসা আতঙ্কিত, শিহরিত। চমক + ইত জাতার্থে বিণ।

চমকিনি—চমৎকৃতা। প্রাঃ কবিপ্র। বিণ।

চমচম—রসে পাক-করা ছানার মিষ্টান্ন দেশজ। বি।

চমচমে—তেজাল, রাগজনক ; গরম গরম দেশজ। বিণ।

চমৎকার—১। আশ্চর্য্য, বিস্ময় ; অকথনী[য়] আনন্দ। চমৎ — কৃ + ঘঞ্ ভাববা। বি ; পুং ২। আশ্চর্য্যজনক ; বিস্ময়কর, অদ্ভুত, অপরূপ পরম সুন্দর। চমৎ — কৃ + ঘঞ্ করণবা বিণ।

চমৎকারক—আশ্চর্য্যজনক, বিস্ময়কর চমৎ — কৃ + ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —রিকা

চমৎকারিতা, —ত্ব—বিস্ময়করত্ব, আশ্চ[র্য্য]জননশক্তি। চমৎকারিন্ + তা, ত্ব ভাবা[র্থে]। বি ; স্ত্রী, ক্লীব।

চমৎকারী (—কারিন্)—চমৎকা[রক]

আশ্চর্য্যজনক, বিস্ময়োৎপাদক। চমৎ—কৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

চমৎকৃত—বিস্মিত, আশ্চর্য্যান্বিত। চমৎ—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

চমর—১। চামর। চমর+ক উৎপাদিত অর্থে। বি; ক্লীব। ২। মৃগবিশেষ; একপ্রকার গরু। চম্+অর কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—রী।

চমরী—মৃগীবিশেষ; গাভীবিশেষ। চমর+ঈপ্। বি; স্ত্রী।

চমরু—চমরী। প্রাঃ কবিপ্র। বি।

চমস—হাতা, চামচ, চামচে। বি; পুং।

চমু—গজ ৭২৯, রথ ৭২৯, অশ্ব ২১৮৭, পদাতি ৩৬৪৫, এতৎসংখ্যক সৈন্য; সেনাদল। চম+উ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

চমুনাথ, —পতি—সেনাপতি, সৈন্যাধ্যক্ষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চম্পক—১। চাঁপা গাছ; নগরবিশেষ। চম্প্+অক কর্ত্তৃবা। বি; পুং। ২। চাঁপা ফুল; চাঁপা কলা; (ন্যায়দর্শনে) সিদ্ধিভেদ। বি; ক্লীব।

চম্পকদাম (—দামন্)—চাঁপা ফুলের মালা। চম্পক-রচিত দাম, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

চম্পট—পলায়ন, প্রস্থান। হিন্দী। বি।

চম্পট দেওয়া—পলায়ন করা।

চম্পা—১। অঙ্গরাজ মহাবীর কর্ণের রাজধানী; (আধুনিক ভাগলপুরের নিকটস্থ, চম্পারাজ কর্ত্তৃক স্থাপিত বলিয়াই ইহার নাম 'চম্পা' হয়); নদীবিশেষ। চম্প্+ঘঞ্ অধিবা+আপ্। বি; স্ত্রী। ২। চাঁপা ফুল। প্রাঃ কবিপ্র। বি।

চম্পূ—গদ্যপদ্যময় কাব্যগ্রন্থ। চম্+উ কর্ম্মবা, সংজ্ঞার্থে (প-আগম)। বি; স্ত্রী।

চয়—১। চয়ন; আহরণ; সঞ্চয়। চি+অচ্ ভাববা। ২। সমূহ, রাশি; প্রাকার; পোস্তা, ভেড়ী। চি+অচ্ কর্ম্মবা। বি; পুং।

চয়ন—১। সংগ্রহ, সঙ্কলন; আহরণ; পুষ্পাদি তোলা; অগ্নিসংস্কারকরণ; ইষ্টকাদি দ্বারা নির্ম্মাণ। চি+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। সংস্কারসাধন বস্তু। চি+অনট্ করণবা। বি; ক্লীব।

চয়নীয়—চয়নযোগ্য। চি+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

চয়িত—সংগৃহীত; অর্জ্জিত; সঞ্চিত। চয়+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

চয়েন—চেতনাযুক্ত; ধড়িবাজ। 'চেতন' শব্দজাত। বিণ।

চর—১। গুপ্ত দূত, প্রণিধি; মঙ্গল গ্রহ। চর্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। জঙ্গম, অস্থাবর। বিণ। ৩। চড়া, নদীগর্ভে পলি পড়িয়া উৎপন্ন দ্বীপ। বি; পুং।

চরক—দূত, প্রণিধি; ভিক্ষু; প্রসিদ্ধ আয়ুর্ব্বেদবিৎ ঋষি; চরকঋষি-রচিত আয়ুর্ব্বেদগ্রন্থ। চর+কন্ স্বার্থে বা তুল্যার্থে। বি; পুং।

চরকা—হাতে সূতা কাটিবার চক্রযন্ত্র। ফার্সী 'চরখাহ্' শব্দজ। বি।

চরকি, চরখি—সূতা জড়াইবার নাটাই; আক মাড়িবার সাবেক চক্রাকার কল; পাক খাইবার যন্ত্র; চক্রাকার আতস বাজি। ফার্সী। বি।

চরণ—১। ভ্রমণ, চলা; আচরণ; শীল। চর্+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। পাদ, পা; বেদের বহ্বৃচাদি শাখা; শ্লোকের চতুর্থাংশ; গোত্র; মূল। চর+অনট্ করণবা। বি; পুং বা ক্লীব।

চরণকমল—পাদপদ্ম। চরণরূপ কমল বা চরণ কমলপ্রায়, রূপক বা উপমিত কর্ম্মধা। বি; ক্লীব।

চরণচাপ—১। পায়ের ঘুঙুর, নূপুর। কবিপ্র। বি। ২। পায়ের চাপ। ৬ষ্ঠীতৎ। বি।

চরণচারী (—চারিন্)—পাদচারী, যে পায়ে হাঁটিয়া যায় এরূপ। উপতৎ। চরণ+চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

চরণতরি, —তরী—পদরূপ নৌকা। রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

চরণতল—পদতল। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।
চরণদাসী—পদসেবিকা নারী, পত্নী। চরণ-সেবিকা দাসী, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।
চরণপূজা, -বন্দনা—পাদপূজা, পদসেবা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী। [পুং।
চরণপ্রান্ত—পদপার্শ্ব ; পদতল। ৬ষ্ঠীতৎ। বি ;
চরণভূষণ—পায়ের গহনা, নূপুরাদি। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।
চরণযুগল—পদদ্বয়। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।
চরণরজঃ (-রজস্), -রজ—পদধূলি। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।
চরণরেণু—পদধূলি। ৬ষ্ঠীতৎ ; অথবা, চরণলগ্ন রেণু, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং বা স্ত্রী।
চরণসেবক—১। পদসেবাকারী ; স্তাবক, তোষামোদকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। ২। কিঙ্কর ; ভৃত্য ; চাটুকার ; অনুগত জন। বি ; পুং। স্ত্রী, -বিকা। [বি ; স্ত্রী।
চরণসেবা—পদসেবা, পা টেপা। ৬ষ্ঠীতৎ।
চরণস্পর্শ—পা ছোঁওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।
চরণামৃত—পাদোদক। চরণের অমৃত, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।
চরণাম্বুজ, চরণারবিন্দ—চরণকমল, পাদপদ্ম। চরণরূপ অম্বুজ, অরবিন্দ (পদ্ম), রূপক কর্ম্মধা, অথবা চরণ অম্বুজপ্রায়, অরবিন্দ-প্রায়, উপমিত কর্ম্মধা। বি ; ক্লীব।
চরণায়ুধ—কুক্কুট। চরণ হইয়াছে আয়ুধ (অস্ত্র) যাহার, বহুব্রী। বি ; পুং।
চরম—১। পশ্চিম ; পশ্চাৎ ; শেষ ; অন্তিম ; পরম। চর্+অমচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, -মা। ২। শেষ সীমা ; পরাকাষ্ঠা। দেশজ প্রঃ। বি।
চরমপত্র, চরমলেখ—উইলপত্র, বিষয়ের বন্দোবস্তজ্ঞাপক অন্তিম লেখা (Will) ; রাজাদিগের মধ্যে যুদ্ধারম্ভের পূর্ব্বে সর্ত্তসূচক শেষপত্র (Ultimatum). কর্ম্মধা। বি ; ক্লীব, পুং।
চরমাচল—অস্তগিরি। কর্ম্মধা। বি ; পুং।
চরমোৎকর্ষ—চরম উন্নতি। কর্ম্মধা। বি ; পুং।
চরস—গাঁজার আঠা, বা তাহা হইতে প্রস্তুত মাদকদ্রব্যবিশেষ। হিন্দী। বি।
চরা—১। নদ্যাদির চর, ক্ষুদ্র দ্বীপ। বি। ২। চলা, চলিয়া বেড়ান ; গবাদির ঘাস খাইয়া বেড়ান। বাং ক্রি।
চরাচর—১। জঙ্গম ও স্থাবর, স্থাবরজঙ্গম। চর ও অচর, দ্বন্দ্ব। ২। স্থাবর-জঙ্গমাত্মক নিখিল ব্রহ্মাণ্ড, জগৎ, বিশ্ব। চর+অচ্ কর্তৃবা (নিপা)। বি ; ক্লীব।
চরান—মাঠে ঘাস খাওয়াইয়া লইয়া বেড়ান ; পশুদের মাঠে ঘাস খাইবার সময় তত্ত্বাবধান করা। বাং ক্রি।
চরানি—মাঠ ; পশুচারণ ; পশুচারণের বেতন। চরা+নি অধিবা, ভাববা, করণবা। বি।
চরিত—১। কৃত, অনুষ্ঠিত ; ফলিত, সিদ্ধ, সফল ; আশ্রিত ; ভক্ষিত। চর্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, -তা। ২। আচরণ, চরিত্র ; সংস্কার ; কার্য্য। চর্+ক্ত ভাববা। বি ; ক্লীব।
চরিতাখ্যান—চরিতবর্ণন। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।
চরিতাখ্যায়ক—জীবনবৃত্তান্ত-লেখক চরিতের আখ্যায়ক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -য়িকা।
চরিতাবলী—জীবনকথা সংগ্রহ ; জীবন-চরিতসমূহ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।
চরিতার্থ—কৃতকার্য্য, সিদ্ধমনোরথ, কৃতার্থ ; অন্বর্থ। চরিত অর্থ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -র্থা। বি, -তা।
চরিতি—চরিত্র। প্রাঃ কবিপ্র। বি।
চরিত্র—১। স্বভাব। চর্+ইত্র করণবা সংজ্ঞার্থে। ২। আচরণ। চর্+ইত্র ভাববা বি ; ক্লীব। ৩। নাটক বা উপন্যাসে পাত্রপাত্রী। দেশজ প্রঃ। বি।
চরিত্রদোষ—অসচ্চরিত্রতা ; ব্যভিচারিতা ৬ষ্ঠীতৎ। বি ; পুং।
চরিত্রবান্ (-বৎ)—দৃঢ়চরিত্র ; সচ্চরিত্র

চরিত্র + মতুপ্ প্রাশস্ত্যার্থে। বিণ। স্ত্রী, —বতী।

চরিত্রহীন—দুশ্চরিত্র ; লম্পট। চরিত্রদ্বারা হীন, ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —না।

চরিত্রাঙ্ক(ংক)ন—নাটক বা উপন্যাসের পাত্রপাত্রী ইত্যাদির চরিত্র ফুটাইয়া তোলা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

চরিষ্ণু—সঞ্চরণশীল, গমনশীল। চর্ + ইষ্ণু কর্তৃবা শীলার্থে। বিণ। [পুং।

চরু—যজ্ঞীয় পায়সান্ন। চর্ + উ কর্ম্মবা। বি ;

চরুস্থালী—চরুপাকের পাত্র। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

চর্চ্চা(র্চা)—বিচার ; অনুশীলন ; আলোচনা ; অভ্যাস ; লেপন। চর্চ্চ্ + অ ভাববা + আপ্। বি ; স্ত্রী।

চর্চ্চি(র্চি)ত—অনুশীলিত, আলোচিত ; চন্দনাদি দ্বারা বিলেপিত। চর্চ্চ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা। [বি ; পুং।

চর্পট—চাপড় ; বিস্তার। চর্প্ + অটন কর্তৃবা।

চর্ব্ব(র্ব)ণ—দন্ত দ্বারা পেষণ, চিবান। চর্ব্ব্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

চর্ব্ব(র্ব)ণীয়—চর্ব্বণযোগ্য, চর্ব্ব্য। চর্ব্ব্ + অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, —য়া।

চর্ব্বি(র্বি)—জন্তুদেহের তৈলাংশ, বসা, মেদ। ফার্সী। বি।

চর্ব্বি(র্বি)ত—চিবান ; ভক্ষিত ; আস্বাদিত। চর্ব্ব্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

চর্ব্বি(র্বি)তচর্ব্ব(র্ব)ণ—যাহা একবার চিবান হইয়াছে তাহাকে আবার চিবান, রোমন্থন, জাবর কাটা ; (ভাবার্থ) এক কথা বার বার বলা, আলোচিত বিষয়ের পুনরালোচনা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

চর্ব্ব্য(র্ব্য)—চর্ব্বণীয়। চর্ব্ব্ + ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, চর্ব্ব্যা।

চর্ব্ব্য(র্ব্য) -চূষ্য-লেহ্য-পেয়—চারি প্রকার খাদ্য, চর্ব্বণ করিয়া চুষিয়া চাটিয়া এবং পান করিয়া খাইবার যোগ্য বিভিন্ন খাদ্যবস্তু। দ্বন্দ্ব। বি ; ক্লীব।

চর্ম্ম(র্ম)—ফলক, ঢাল। চর্ + মন্ করণবা। বি ; ক্লীব।

চর্ম্ম (চর্ম্মন্), চর্ম—চাম, চামড়া, ছাল, ত্বক্ ; ঢাল। চর্ + মন্ করণবা। বি ; ক্লীব।

চর্ম্ম(র্ম)কার, চর্ম্মা(র্মা)র—চামার, মুচি। উপতৎ। চর্ম্মণ্ —কৃ + অন্ কর্তৃবা ; চর্ম্মন্ —ঋ + অণ্ কর্তৃবা। বি ; পুং।

চর্ম্ম(র্ম)চক্ষুঃ (—চক্ষুস্)—চর্ম্মনির্ম্মিত চক্ষুঃ, স্থূলচক্ষুঃ (জ্ঞানচক্ষু নহে)। চর্ম্মময় চক্ষুঃ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

চর্ম্ম(র্ম)চটক—বাদুড়, চর্ম্মময় পক্ষযুক্ত জীববিশেষ। বি ; পুং।

চর্ম্ম(র্ম)চটকা, চর্ম্ম(র্ম)চটিকা—চামচিকা। বি ; স্ত্রী।

চর্ম্ম(র্ম)চটী—চামচিকা ; বাদুড়। বি ; স্ত্রী।

চর্ম্ম(র্ম)ব্যবসায়ী (—সায়িন্)—চর্ম্মের ব্যবসায়কারী। চর্ম্মব্যবসায় + ইন্ আছে অর্থে। বি ; পুং বা বিণ।

চর্ম্ম(র্ম)ময়—চর্ম্মনির্ম্মিত। চর্ম্মন্ + ময়ট্ বিকারার্থে। বিণ। স্ত্রী, —য়ী।

চর্ম্মা(র্মা)বরণ—১। চর্ম্মময় আচ্ছাদন ; চামড়ার ঢাকনী। চর্ম্মনির্ম্মিত আবরণ, মধ্যপ কর্ম্মধা। ২। চর্ম্মময় বস্ত্র, অজিনাদিরূপ বস্ত্র। কর্ম্মধা। বি ; ক্লীব।

চর্ম্মা(র্মা)র—চর্ম্মকার দ্রঃ।

চর্ম্মি(র্মি)ক—ঢালী, চর্ম্মধারী। চর্ম্ম + ইক (ঠন্) আছে অর্থে। বি ; পুং।

চর্ম্মি(র্মি)কা—ভূর্জ্জপত্র ; চামড়ার কাগজ, পার্চমেণ্ট (Parchment). চর্ম্মন্ + ইক (ঠন্) বিকারার্থে + আপ্। বি ; স্ত্রী।

চর্য্য(র্য)—ব্যবহরণীয় ; আচরণীয়। চর্ + যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, চর্য্যা।

চর্য্যা(র্যা)—আচরণ ; গতি, গমন ; ভোজন ; অনুষ্ঠান। চর্ + শ ভাববা (নিপা) + আপ্। বি ; স্ত্রী।

চর্য্যা(র্যা)শীল—শিক্ষারত। বহুব্রী। বিণ।

চল—১। চঞ্চল, অস্থির। চল্ + অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, চলা। ২। অস্থিরতা ; চাঞ্চল্য।

চল্+ক (গত্যর্থে) ভাববা। বি; পুং। ৩। কম্প। বি; ক্লীব। ৪। প্রচলন, ফ্যাশান। দেশজ। বি।

চলউ—চলুক। প্রাঃ কবিপ্র। ক্রি। [বাং ক্রি।

চলকানো—নাড়া পাইয়া উপচাইয়া পড়া।

চলচিত্ত—চঞ্চলহৃদয়; অস্থিরমতি; অ-ব্যবস্থিতচিত্ত। চল (চঞ্চল) চিত্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা। বি,—তা।

চলচ্চিত্র—সিনেমা বা বায়স্কোপের ছবি। কর্ম্মধা। বি; ক্লীব।

চলচ্ছক্তি—গমনক্ষমতা। চলতের শক্তি (চলৎ+শক্তি), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

চলচ্ছক্তিহীন—গতিশক্তিহীন, যাইবার শক্তিশূন্য। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

চলৎ—গমনশীল, চলন্ত; চলতি; অস্থির, চঞ্চল; কম্পমান্। চল্+শতৃ কর্ত্তৃবা। বিণ।

চলতি, চল্‌তি—যাহা চলিতেছে, প্রচলিত, চলিত; যাহার চলন আছে, যাহার সহিত সামাজিক ক্রিয়াকর্ম্ম চলে। দেশজ। বিণ।

চলন—১। গমন; প্রস্থান; কম্পন; আচার, অনুষ্ঠান; রীতি; রেওয়াজ। চল্+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। চলনশীল। চল্+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না। ৩। চরণ, পাদ। চল্+অনট্ করণবা। বি; পুং। ৪। প্রচলন, ব্যবহার, চলতি থাকা। দেশজ। বি।

চলনশীল—গতিশীল, চলন্ত, সচল। চলন শীল (স্বভাব) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

চলনসই—মাঝারি গোছের, খুব ভালও নয় মন্দও নয়; কাজ চালাইবার মত। চলন+সই যোগ্যার্থে। বিণ।

চলনা—চলন। প্রাঃ কবিপ্র। বি।

চলনু—চলিলাম। প্রাঃ কবিপ্র। ক্রি।

চলন্ত—গতিশীল, চল্‌তি। চল্+অন্ত কর্ত্তৃবা। দেশজ। বিণ।

চলবিদ্যুৎ—যে বিদ্যুৎ সহজে এক পদার্থ হইতে অন্য পদার্থে চালিত হয় তাহা (Current electricity). বি।

চলমান—চলন্ত। 'চলৎ'-স্থানে অশুদ্ধ প্রয়োগ। বিণ। স্ত্রী,—না।

চললি—চল। প্রাঃ কবিপ্র। ক্রি।

চলা—১। চঞ্চলা, অস্থিরা। চল দ্রঃ। চল—স্ত্রীলিঙ্গে আপ্। বিণ; স্ত্রী। ২। চরা, বিচরণ করা, যাওয়া; হাঁটা; কোন ভাবে যাওয়া বা কাটা, নির্ব্বাহ হওয়া, কোন কর্ম্মে প্রবৃত্ত হওয়া; গতিশীল হওয়া বা থাকা; প্রচলিত থাকা বা হওয়া; উপযুক্ত হওয়া, কুলান; কার্য্যশীল থাকা। বাং ক্রি।

চলাচল—১। স্থির এবং অস্থির, চরাচর, স্থাবর-জঙ্গম। চল ও অচল, দ্বন্দ্ব। ২। অতিশয় অস্থির বা চঞ্চল। চল্+অচ্ কর্ত্তৃবা (দ্বিত্ব)। বিণ। স্ত্রী,—লা। ৩। কাক। বি; পুং। ৪। যাতায়াত; ব্যবহার। দেশজ। বি।

চলাফেরা—যাতায়াত। দ্বন্দ্ব। বি।

চলিত—১। গত; প্রস্থিত; কম্পিত, বিচলিত; চলিতেছে এরূপ, চলন্ত; প্রচলিত। চল্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা। ২। চলন; গতি। চল্+ক্ত ভাববা। বি; ক্লীব। ৩। প্রচলিত, ব্যবহৃত। চল্+ইত কর্ত্তৃবা। দেশজ। বিণ।

চলিয়ে—১। চলে। প্রাঃ কবিপ্র। ক্রি। ২। অতিশয় গমনশীল, যে খুব হাঁটিতে পারে এরূপ। চল্+ইয়ে (∠ইয়া) কর্ত্তৃবা। বিণ।

চলিষ্ণু—চলিতেছে এরূপ, গমনশীল। চল্+ইষ্ণু কর্ত্তৃবা। বিণ।

চলোর্ম্মি(র্মি)—ক্রীড়াশীল তরঙ্গ। চল (চঞ্চল) ঊর্ম্মি, কর্ম্মধা। বি; স্ত্রী।

চল্‌কান—[তরলবস্তু] ধাক্কা খাইয়া উথলিয়া পড়া বা উচ্ছলিত হওয়া। বাং ক্রি।

চল্‌তি—চলৎ, গতিশীল; প্রচলিত; যাহার সহিত ব্যবহার চলে (যেমন, চল্‌তি ঘর)। চল্+তি কর্ত্তৃবা। বিণ।

চল্লিশ—৪০ এই সংখ্যা বা তৎসংখ্যক। দেশজ। বি বা বিণ।

চশম, চসম—নেত্র, চক্ষু। ফার্সী। বি।

চশ(স)মখোর—চক্ষুর্লজ্জাহীন। ফার্সী চশম, চসম+খোর (খাদক)। বিণ।

চশমা, চসমা—উপনেত্র। ফার্সী। বি।

চষক—১। মদ্যবিশেষ। চষ্‌+অক কর্ম্মবা। বি; ক্লীব। ২। মদ্যপানপাত্র। চষ্‌+অক করণবা। বি; পুং।

চষা—১। কৃষ্ট, কর্ষিত। চষ্‌+আ কর্ম্মবা। বিণ। ২। চাষ করা বা দেওয়া, কর্ষণ করা। বাং ক্রি।

চষান—চাষ করান বা দেওয়ান, কর্ষণ করান। বাং ক্রি।

চষিত—কৃতচাষ, কর্ষিত, কৃষ্ট। বিণ।

চষীপোকা—একপ্রকার চর্ম্মকীট। দেশজ। বি।

চা—১। ইচ্ছা, স্পৃহা। দেশজ। বি। ২। গুল্মবিশেষের পত্র; ঐ পত্র হইতে প্রস্তুত পানীয়। চীনা শব্দ। বি।

চাই—১। চাহি, তাকাই, দৃষ্টিপাত করি; প্রার্থনা করি। বাং ক্রি। ২। দরকার, আবশ্যক। দেশজ। অব্য, বিণ। ৩। দেখিয়া; চাহিল; চাহে; চাহি। প্রাঃ কবিপ্র। ক্রি।

চাইতে—১। চাহিতে। ক্রি। ২। চেয়ে, অপেক্ষা। দেশজ। অব্য।

চাউনি—তাকান, দৃষ্টিপাত, অবলোকন। চাহ্‌+উনি ভাববা। বি।

চাউল—নিস্তুষীকৃত ধান্য, তণ্ডুল। 'তণ্ডুল' শব্দজ। বি।

চাওয়া—প্রার্থনা করা; তাকান, দৃষ্টিপাত করা। বাং ক্রি। [দেশজ। বি।

চাঁই—প্রধান সর্দ্দার, নেতা; বৃহৎ খণ্ড, চাঙড়া।

চাঁচ—দড়মা; গালা। 'চক্র' শব্দজ। বি।

চাঁচনি, চাঁচুনি—চাচিয়া যাহা বাহির করা হয়, চাঁচি; যাহা দ্বারা চাঁচা হয়, ঝিনুক প্রভৃতি। চাঁচ্‌+অনি, উনী কর্ম্মবা, করণবা। বি।

চাঁচর—১। দোলপর্ব্বের পূর্ব্বরাত্রির বহ্ন্যুৎসব। 'চর্চ্চরী' শব্দজ। বি। ২। কুঞ্চিত, কোঁকড়া। প্রাঃ কবিপ্র। বিণ।

চাঁচা—১। অস্ত্রাদি দ্বারা রগড়াইয়া উপরের কিয়দংশ তুলিয়া ফেলা, ঘর্ষণ করা; ছাল বা ছিলকা উন্মোচন করা। বাং ক্রি। ২। মার্জ্জিত, যাহার উপরের স্তর তুলিয়া ফেলা হইয়াছে। চাঁচ্‌+আ কর্ম্মবা। বিণ।

চাঁচি, চাঁচী—দুধ জ্বাল দিবার পাত্রের গাত্র হইতে যাহা চাঁচিয়া তোলা হয়, চাঁচুনি। দেশজ। বি।

চাঁটি, চাঁটী—মস্তকাদিতে চপেটাঘাত; আনদ্ধ যন্ত্রে সবলে করাঘাত। 'চপেট' শব্দজ। বি। [শব্দজ। বি।

চাঁড়াল—অন্ত্যজ জাতিবিশেষ। 'চণ্ডাল'

চাঁদ—শশী, নিশাকর। 'চন্দ্র' শব্দজ। বি।

চাঁদনি, চাঁদনী—চন্দ্রিকা, জ্যোৎস্না; চাঁদোয়া, শামিয়ানা; সিংহদ্বারের উপরের ঘর। দেশজ। বি।

চাঁদবদন, -মুখ—১। চন্দ্রের ন্যায় সুন্দর মুখ। মধ্যপ কর্ম্মধা। বি। ২। চন্দ্রানন, চন্দ্রের ন্যায় সুন্দর মুখবিশিষ্ট। বহুব্রী। বিণ।

চাঁদবদনী—চন্দ্রাননা, চন্দ্রের ন্যায় সুন্দর মুখবিশিষ্টা। বহুব্রী। বিণ; স্ত্রী।

চাঁদমারি,-মারী—গুলিনিক্ষেপ অভ্যাসার্থ লক্ষ্য বস্তু, শরব্য; যুদ্ধাভিনয়, কৃত্রিম যুদ্ধ। দেশজ। বি।

চাঁদা—১। কণ্টকময় ক্ষুদ্র মৎস্যবিশেষ। 'চন্দ্রক' শব্দজ। ২। সাধারণের কার্য্যের বা কাহারও সাহায্যের নিমিত্ত দশ জনের নিকট গৃহীত অর্থ। ফার্সী 'চন্দ্‌' শব্দজ। ৩। (জ্যামিতিতে) কোণমান যন্ত্র; কোণযন্ত্র। চাঁদ+আ সদৃশার্থে। বি।

চাঁদি, চাঁদী—রৌপ্য; খাঁটি রূপা; ব্রহ্মতালু। চাঁদ+ই, ঈ সদৃশার্থে। বি।

চাঁদিনী—জ্যোৎস্নাময়ী, চন্দ্রালোকযুক্তা। চাঁদ+ইনী যুক্তার্থে। বিণ; স্ত্রী।

চাঁদোয়া—চন্দ্রাতপ, শামিয়ানা। 'চন্দ্রাতপ' শব্দজ। বি।

চাঁপা—চম্পকপুষ্প। 'চম্পক' শব্দজ। বি।

চাউর—বিখ্যাত। প্রাদে। বিণ।

চাক—চক্র; চাকতি; মৌচাক; কুমোরের চাক। 'চক্র' শব্দজ। বি। :

চাকচক্য—উজ্জ্বলতা, দীপ্তি, পালিশ। চক্চক+য্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

চাকচিক্য—চাকচক্য। অশুদ্ধ প্রাদে। বি।

চাকণচিকণ—১। চিক্কণ, উজ্জ্বল ও মসৃণ। বিণ। ২। চাকচক্য; পারিপাট্য। দেশজ। বি।

চাকতি—চাক, চক্র; রুটি প্রভৃতি বেলিবার গোলাকার পাত্র; চক্রাকার ধাতুখণ্ড; যে কোন গোলাকার বস্তু। চাক+তি স্বার্থে। বি।

চাকন—আস্বাদন; স্বাদ পরীক্ষা-করণ। চাক্+অন ভাববা। বি।

চাকনদার—স্বাদপরীক্ষায় নিপুণ ব্যক্তি। চাকন+দার পটু অর্থে। বিণ।

চাকনিয়া, চাকুনে—স্বাদপরীক্ষক, যে চাকে। চাকন+ইয়া, এ কর্ত্তা অর্থে। বিণ। স্ত্রী, চাকুনী।

চা-কর—চা-উৎপাদক, চা-আবাদকারী (Tea-planter). চা করে যে, উপপদ। বি।

চাকর—কিঙ্কর, পরিচারক, ভৃত্য। ফার্সী। বি। [ফার্সীমূলক। বি।

চাকরবাকর—পরিচারকবর্গ, দাসদাসীগণ।

চাকরাণী, -রানী—কিঙ্করী, পরিচারিকা, দাসী। চাকর+আনী। বি; স্ত্রী। পুং, চাকর।

চাকরান—চাকরকে বেতনস্বরূপে যে জমি দেওয়া যায়। ফার্সী। বি।

চাকরি, -রী, চাকুরি, -রী—দাসত্ব, গোলামী; বৈতনিক কর্ম্ম, পদ। চাকর+ই, ঈ কর্ম্মার্থে। বি।

চাকরিয়া (চাকরে), চাকুরিয়া (চাকুরে)—চাকুরিজীবী, যে পরের চাকরি করে; বৈতনিক কর্ম্মে নিযুক্ত ব্যক্তি; পদধারী। চাকরি, চাকুরি+ইয়া, এ করে অর্থে। বি।

চাকলা—১। আম্রফলাদির গোলাকার ফালা, চাকা। দেশজ। ২। কতিপয় পরগণার সমষ্টি। 'চক্র' শব্দজ। বি।

চাকলাদার—চাকলার জোতদার বা জমিদার। চাকলা+দার অধিকৃতার্থে। বি।

চাকা—১। চাক, চক্র, চাকতি, চাকলা, চাকি। চক্র শব্দজ। বি। ২। আস্বাদন করা। বাং ক্রি।

চাকি, চাকী—চাক, চাকতি; চক্রাকার বস্তু; রুটি প্রভৃতি বেলিবার গোলাকার পাত্র; কলায় প্রভৃতি ভাঙ্গিবার যাঁতা। চাক+ই, ঈ সদৃশার্থে। 'চক্রী' শব্দজ। বি।

চাকু—ছোট ছুরি। তুর্কী। বি।

চাকুরি—চাকরি দ্রঃ।

চাকুলে, চাকুল্যা—ওষধি-বৃক্ষবিশেষ, পৃশ্নিপর্ণী। 'চক্রকুল' শব্দজ। বি।

চাক্তি—চাকতি (তাহা দ্রঃ)।

চাক্ষুষ—১। চক্ষুর্দ্বারা নিষ্পন্ন; চক্ষুর্গোচর; প্রত্যক্ষ। চক্ষুস্+অণ্ সম্পন্ন অর্থে। বিণ। স্ত্রী, -ষী। ২। চক্ষুর্জন্য জ্ঞান; প্রত্যক্ষ জ্ঞান। বি; ক্লীব।

চা-খড়ি—সাধারণ খড়িমাটি, সাদা খড়ি (Chalk). দেশজ। বি।

চাখা—চাকা, আস্বাদন করা। বাং ক্রি।

চাগা—বর্দ্ধিত হওয়া; দৃঢ়সংলগ্ন বস্তুর আলগা হওয়া। বাং ক্রি।

চাগান—ভারী বস্তু ভূমি হইতে উত্তোলন করা; দৃঢ় সংলগ্ন বস্তুকে আলগা করা; বাড়াইয়া তোলা। বাং ক্রি। [প্রাদে। বি।

চাঙ, চাঙ্গ—মঞ্চ, মাচা বা মাচান, সাঙ্গা।

চাঙড়া, চাঙ্গড়া, চেঙ্গড়া—ঝোড়া, ঝুড়ি, বড় টুক্রি; ছোকরা, বালক; চপলমতি লোক। দেশজ। বি।

চাঙর, চাঙ্গর, চেঙ্গড়—১। ঢেলা, বড় ঢিল। প্রাদে। ২। ডাব; তাল। প্রাঃ কবিপ্র। বি।

চাঁঙা, চাঙ্গা—সতেজ; সজ্ঞান; রোগমুক্ত; দৃঢ়, শক্ত, মজবুত; সমর্থ। 'চঙ্গ' শব্দজ। বিণ।

চাঙারি, চাঙ্গারি, চেঙ্গারি—ডালা, টুকরি। 'চঙ্গোটক' শব্দজ। বি।

চাচা—পিতৃব্য, কাকা বা জ্যেঠা। হিন্দীমূলক বি; পুং। স্ত্রী, চাচী।

চাঞ্চল্য—চপলতা ; অস্থিরতা। চঞ্চল+ ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

চাট—১। মাদক সেবনের পর মুখরোচক খাদ্য, পানীয়। ২। গরু ঘোড়া প্রভৃতির পদাঘাত, লাথি। দেশজ। বি।

চাটনি—লেহনীয় বস্তু ; অম্লরসাক্ত মুখরোচক দ্রব্য (Sauce). দেশজ। বি।

চাটা—১। জিহ্বাদ্বারা গৃহীত, লীঢ়। বিণ। ২। লেহন করা, জিহ্বাদ্বারা গ্রহণ করা। বাং ক্রি। ৩। খর্জ্জুরপত্রাদিনির্ম্মিত দরমা, চাটাই। বি।

চাটাই—দরমা ; কাঁতলা মাদুর। দেশজ। বি।

চাটাচাটি—পরস্পরকে চাটা ; বারবার চাটা ; অতিশয় প্রণয়। ব্যতীহার বহুব্রী। বি।

চাটান—লেহন করান। বাং ক্রি।

চাটাল, চেটাল—চওড়া, প্রশস্ত ; চেপটা। দেশজ। বিণ। [প্রাদে। বি।

চাটিম—মর্ত্তমান বা সপড়িজাতীয় কলা।

চাটু—১। মিথ্যা প্রিয়বাক্য, খোসামোদ ; স্তুতিবাক্য ; প্রিয়বাক্য। চট + ঞুণ্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। লৌহময় ভর্জ্জনপাত্র, তাওয়া। 'চটুক' শব্দজ। বি।

চাটুকার—অনুচিত প্রিয়ভাষী, খোসামুদে ; স্তুতিবাদক ; প্রিয়বাক্যবাদী। চাটু করে যে, উপতৎ। চাটু—কৃ (করা) + অণ্ কর্ত্তৃবা। বি বা বিণ। স্ত্রী,—রী।

চাটুজ্যে,—জ্যা, চাটুতি—চট্টোপাধ্যায় ব্রাহ্মণ। দেশজ। বি।

চাটুপটু, চাটুবটু—ভাঁড়, মস্করা ; খোসামোদে দক্ষ। চাটুতে পটু, ৭মীতৎ ; চাটুকারক বটু, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ।

চাটুবাদ—প্রিয়বাক্য ; খোসামুদে কথা, তোষামোদপূর্ণ বচন। কর্ম্মধা। বি ; পুং।

চাটুবাদী (—বাদিন্), **চাটুভাষী** (—ভাষিন্)—চাটুভাষী, অতিপ্রিয়বাদী চাটুকার, খোসামুদিয়া। উপতৎ। চাটু—বদ্, ভাষ্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী,—ষিণী।

চাড়—আগ্রহ, গরজ, যত্ন, চেষ্টা ; উত্তোলনার্থে নিয়ে বলপ্রয়োগ, চাড়া। দেশজ। বি।

চাড়া—উত্তোলনার্থে নিয়ে বলপ্রয়োগ, ছাড় ; উপরদিকে ঠেলা, উত্তোলন ; অবলম্বন, ঠেকনো, খুঁটি। দেশজ। বি।

চাণক্য—কূট রাজনীতি-বিশারদ পণ্ডিত। (কৌটিল্য, বিষ্ণুশর্ম্মা, বিষ্ণুগুপ্ত নামেও ইনি পরিচিত)। চণক + ষঞ্ অপত্যার্থে। বি ; পুং।

চাণক্যশ্লোক—চাণক্য-প্রণীত বা সংগৃহীত অষ্টোত্তর শত শ্লোক। এই শ্লোকগুলি সুগভীর নীতিপূর্ণ। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

চাতক—স্বনামখ্যাত পক্ষী। চত্ + ণক কর্ত্তৃবা। বি ; পুং।

চাতাল—গৃহের সম্মুখস্থ বা সমীপস্থ অনাবৃত স্থান ; দালান ; দরদালান ; বারান্দা ; সোপানাবলীর উপরিস্থ চত্বর ; পাকা শান। 'চত্বল' বা 'চত্বর' শব্দজ। বি।

চাতুরিকা, চাতুরী—১। চতুরতা, চাতুর্য্য। চতুর + অণ্ ভাবে + ঈপ্=চাতুরী ; চাতুরী + কণ্ স্বার্থে + স্ত্রীলিঙ্গে আপ্=চাতুরিকা। বি ; স্ত্রী। ২। প্রবঞ্চনা ; শঠতা। দেশজ। বি।

চাতুর্ব্ব(র্ব)র্ণ্য—১। ব্রাহ্মণাদি জাতিচতুষ্টয়। চতুর্ব্বর্ণ + ষ্যঞ্ স্বার্থে। ২। ব্রাহ্মণাদি চারি জাতির ধর্ম্ম। চতুর্ব্বর্ণ + ষ্যঞ্ কর্ম্মার্থে। বি ; ক্লীব। ৩। ব্রাহ্মণাদি চারিজাতিসম্বন্ধীয়। চতুর্ব্বর্ণ + ষ্যঞ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—র্ণী।

চাতুর্ভৌতিক—চতুর্ভূত (আকাশেতর চারি ভূত) হইতে উৎপন্ন। চতুর্ভূত + ইক ভবার্থে। [ন্যায়, চার্ব্বাক ও বৃহস্পতি-মতে আকাশরূপ উপাদানের অনাবশ্যকতা হেতু দেহাদি চাতুর্ভৌতিক]। বিণ। স্ত্রী,—কী।

চাতুর্ম্মা(র্মা)স্য—চারিমাস-সাধ্য ব্রতবিশেষ। (এই ব্রত আষাঢ় মাসে শুক্লা দ্বাদশী বা পূর্ণিমাতে আরম্ভ করিয়া কার্ত্তিক মাসের শুক্লা দ্বাদশীতে সমাপ্ত করিতে হয়)। চতুর্ম্মাস + ণ্য বিহিতার্থে। বি ; ক্লীব।

চাতুর্য্য(র্য)—সূক্ষ্ম কৌশল ; চতুরতা, চাতুরী। চতুর্ + ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

চাদর—উত্তরীয়, উড়ানি ; শয্যাদির আচ্ছাদনবস্ত্র ; ধাতুময় পাত ; কোন চওড়া বস্তু। ফার্সী। বি।

চান—১। চাহেন। বাং ক্রি। ২। নাওয়া, অবগাহন। 'স্নান' শব্দজ। বি।

চানকান—সামান্য ভাজিয়া লওয়া ; গরম করা ; উত্তেজিত করা ; রঙ্গ মাখাইয়া উজ্জ্বল করা, বার্ণিশ করা ; প্রতিমার চক্ষুদান করা। বাং ক্রি।

চানা—ছোলা শস্য, বুট। 'চণক' শব্দজ। বি।

চানাচুর—থেঁতলা ছোলা ভাজা। 'চণকচূর্ণ' শব্দজ। বি।

চান্দ—চাঁদ, চন্দ্র। প্রাঃ কবিপ্র। বি।

চান্দনী—চাঁদনী। প্রাঃ কবিপ্র। বিণ।

চান্দা—সংগৃহীত চাঁদা ; চাঁদা মাছ। ২। চাঁদ, চন্দ্র। প্রাঃ কবিপ্র। ৩। চন্দ্রক ; চুমকি ; চাঁদোয়া। 'চন্দ্রক' শব্দজ। বি। ৪। চন্দ্রাকার-চিহ্নযুক্ত, (কপাল প্রভৃতিতে) চন্দ্রচিহ্নযুক্ত। চান্দ্ + আ যুক্তার্থে। বিণ।

চান্দ্র—১। চন্দ্রকান্তমণি ; ত্রিংশৎ তিথিঘটিত মাস ; চন্দ্রলোক। বি ; পুং। ২। চান্দ্রায়ণ ব্রত ; ব্যাকরণবিশেষ। বি ; ক্লীব। ৩। চন্দ্র-সম্বন্ধীয় ; চন্দ্রঘটিত ; চান্দ্রব্যাকরণাধ্যায়ী। চন্দ্র + অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, চান্দ্রী।

চান্দ্রবৎসর—দ্বাদশচান্দ্রমাসযুক্ত বৎসর। কর্ম্মধা। বি ; পু।

চান্দ্রমাস—ত্রিংশৎ তিথিঘটিত মাস। কর্ম্মধা। বি ; পুং।

চান্দ্রায়ণ—চন্দ্রব্রত, শুক্ল-প্রতিপদ হইতে অমাবস্যা পর্য্যন্ত প্রত্যহ ভোজননিয়মনরূপ ব্রত ; প্রায়শ্চিত্তবিশেষ। চান্দ্র—অয় + অনট্ করণবা। বি ; ক্লীব।

চান্দ্রিক—চন্দ্রসম্বন্ধীয়। চান্দ্র + ইক সম্বন্ধার্থে। বিণ।

চাপ—১। ধনুক ; বৃত্তপরিধির অংশ (Arc) ; ধনুরাশি। চপ + অণ্ বিকারার্থে। বি ; পুং বা ক্লীব। ২। ভার, চাপিয়া ধরা (Pressure) ; পীড়াপীড়ি ; চাকড়, জমাট দ্রব্য ; ডেলা। দেশজ। বি। ৩। চাঁস, ঘন, জমাট। দেশজ। বিণ।

চাপকান—আজানুলম্বিত ঢিলা জামা-বিশেষ। ফার্সী। বি। [দেশজ। বিণ।

চাপটা, চেপটা—চেটাল ; পিষ্ট, পেষিত।

চাপটান—চেষ্টা করা ; পিষ্ট করা, পেষা। বাং ক্রি। [দেশজ। বি।

চাপটি—হাঁটু গুটাইয়া পাছার ভর, থাবান।

চাপড়—চড়, তলপ্রহার, থাবড়া। 'চপেট' শব্দজ। বি।

চাপড়া, চাবড়া—ঘাসযুক্ত মৃত্তিকাদির মোটা চাকলা। দেশজ। বি।

চাপড়ান—চাপড় মারা, চড়ান, ধীরে ধীরে করাঘাত করা। বাং ক্রি।

চাপদণ্ড—পিচকারীর ন্যায় জলের ঊর্দ্ধগমন ও অধোগমন-সম্পাদক দণ্ড (Piston). চাপদায়ক দণ্ড, মধ্যপ কর্ম্মধা। বি।

চাপদাড়ি—গণ্ডস্থলব্যাপী ঘন দাড়ি। দেশজ। বি।

চাপন—চাপপ্রয়োগ ; ঠেল, ঠাস ; পীড়ন ; আরোহণ ; আক্রমণ। চাপ + অন ভাববা। বি।

চাপমান-যন্ত্র—যে যন্ত্রের দ্বারা বায়ুর চাপ পরিমিত করা যায় (Barometer). ২বার ৬ষ্ঠীতৎ। বি।

চাপরাশ, —স—পদপরিচায়ক চিহ্নদ্রব্য, তকমা। ফার্সী। বি।

চাপরাশী(সী)—চাপরাসধারী, আর্দ্দালী, পেয়াদা। চাপরাশ, চাপরাস + ঈ যুক্তার্থে। বি।

চাপল্য—চপলতা, চাঞ্চল্য, অস্থিরতা ; অনবস্থিতি ; অবিমৃষ্যকারিতা ; প্রগল্ভতা ; ঔদ্ধত্য। চপল + ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

চাপা—১। চাপন, চাপপ্রয়োগ ; ঠাসন, ঠেলন ; চাপপ্রয়োগের বস্তু, যাহা দিয়া চাপিয়া রাখা হয়, ভারী দ্রব্য। চাপ + আ ভাববা। বি। ২। চাপপ্রযুক্ত, ঠাসা, গাদা ; আবৃত ; অস্ফুট ; বিবর্জ্জিত ; বসা ; ভারের নিম্নে পতিত ; রুদ্ধ ; অসরলভাষী, সংযতবাক্,

যে সব কথা খুলিয়া বলে না। চাপ্‌+আ কর্ত্তৃবা, কর্ম্মবা। বিণ। ৩। চাপ প্রয়োগ করা, ঠাসা, গাদা, চাপ দেওয়া; গোপন রাখা, ঢাকা। বাং ক্রি।

চাপাচাপি—পরস্পরের প্রতি চাপপ্রদান, পীড়াপীড়ি; চাপের উপর চাপ, অতিরিক্ত চাপ। দেশজ। বি বা বিণ।

চাপাচুপি—ঢাকাঢুকি; গোপনের বিবিধ চেষ্টা। দেশজ। বি।

চাপাটি, চাপাটী—হাতে চাপড়ান মোটা রুটি। 'চর্পটী' শব্দজ। বি।

চাপান—১। চাপ দেওয়ান; চাপ প্রয়োগ করা; ভার তুলিয়া দেওয়া; আরোহণ করান; আরোপিত করা। বাং ক্রি। ২। যাহা কিছু আরোপিত করা যায়; উত্তর-দানের নিমিত্ত প্রতিপক্ষের উপর আরোপিত প্রশ্ন। দেশজ। বি।

চাবকান—চাবুক মারা। বাং ক্রি।

চাবড়া—চাপড়া দ্রঃ।

চাবি, চাবী—তালা খুলিবার যন্ত্র, কুঞ্চিকা, ছোড়ান (Key); কল প্রভৃতি ঘুরাইবার হাতল বা টিপিবার তক্তি। পোর্ত্তুগীজ 'Chave' শব্দজ। বি।

চাবুক—কশা, প্রতোদ, বেত। ফার্সী। বি।

চাম, চামড়া—ত্বক্‌, ছাল, খাল। 'চর্ম্মন্‌' শব্দজ। বি।

চামচ, চামচা, চামচে—দর্ব্বী, ছোট হাতা। 'চমস্‌' শব্দজ। বি।

চামচিকা—বাদুড়জাতীয় ক্ষুদ্র জন্তুবিশেষ। 'চর্ম্মচটিকা' শব্দজ। বি।

চামচে—চামচ দ্রঃ।

চামড়া—চাম দ্রঃ।

চামর, চামরী—বালব্যজন, চমরীপুচ্ছ-নির্ম্মিত একপ্রকার ব্যজন। চমর+অণ্‌ সম্বন্ধার্থে; পক্ষে ঈপ্‌। বি; ক্লীব, স্ত্রী।

চামরী (চামরিন্‌)—১। চামরবিশিষ্ট। চামর+ইন্‌ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—রিণী। ২। ঘোটক, অশ্ব। বি; পুং।

চামসা, চামসিয়া, চামসে—কাঁচা চামের মত দুর্গন্ধযুক্ত। দেশজ। বিণ।

চামাটি, চামাতি—চর্ম্মফলক, ক্ষুর শাণ দিবার চর্ম্মখণ্ড; চর্ম্মরজ্জু; চর্ম্মময় হস্তপদ-বন্ধনী। 'চর্ম্মপত্র' শব্দজ। বি।

চামার—১। চর্ম্মকার, মুচি। 'চর্ম্মার' শব্দজ। বি; পুং। ২। (চর্ম্মকারতুল্য) হৃদয়হীন, নৃশংস, অতি কৃপণ। বিণ। স্ত্রী,—রী।

চামুণ্ডা—দুর্গা। চণ্ডমুণ্ড+অণ্‌ গৃহীতার্থে+আপ্‌ (নিপা)। বি; স্ত্রী।

চামেলি,—লী—অতি সুগন্ধি ক্ষুদ্র পুষ্প-বিশেষ। হিন্দীমূলক। বি।

চার—১। কৃত্রিম বিষ। চর্‌+ঘঞ্‌ কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। গতি; বন্ধন। চর্‌+ঘঞ্‌ ভাববা। ৩। জেলখানা; বন্ধনালয়। চর্‌+ঘঞ্‌ অধিবা। ৪। চর, গুপ্তদূত, প্রণিধি। চর+অণ্‌ স্বার্থে। বি; পুং। ৫। ছিপে মাছ ধরিবার সময়ে জলে নিক্ষিপ্ত তদাকর্ষক বস্তু; মাছের বিচরণস্থান। দেশজ। ৬। চারি সংখ্যা বা তৎসংখ্যক। 'চতুর্‌' শব্দজ। ৭। মনোযোগ; আকর্ষণ। দেশজ। বি। [বিশিষ্টার্থে। বিণ।

চারকোণা—চতুষ্কোণ। চারকোণ+আ

চারখানা—১। চৌখুপী, চেকদার কাপড়। বি। ২। চারিখানি। দেশজ। বিণ।

চারচক্ষুঃ (—চক্ষুস্‌)—রাজা। চার (চর) হইয়াছে চক্ষুঃ যাঁহার, বহুব্রী। বি; পুং।

চারচৌকা, —চৌকো—সমচতুষ্ক, বর্গ-ক্ষেত্র (Square). চারচৌক+আ, ও (∠উয়া) বিশিষ্টার্থে। বি বা বিণ।

চারটি—চারিসংখ্যক; কিছু। দেশজ। বি বা বিণ।

চারণ—১। লইয়া যাওয়া, মাঠে লইয়া আহার করান, চরান; চরাইবার স্থান। ণিজন্ত চর্‌ (=চারি)+অনট্‌ ভাববা। বি; ক্লীব। ২। নট; ধূর্ত্ত; ধর্ম্মশাস্ত্রপাঠক; স্তুতিপাঠক, বন্দী; ভাট; দেবযোনিবিশেষ। ণিজন্ত চর্‌ (=চারি)+অন কর্ত্তৃবা। বি;

পুং। স্ত্রী,—ণী। ৩। কারাগার। চর্+ণিচ্+অনট্ অধিবা। বি; ক্লীব।

চারণা—চালনা, সঞ্চারণ। চর্+ণিচ্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

চারপাই, -পাইয়া, -পেয়ে—চারিপায়াযুক্ত খাট। চারপা+ই, ইয়া, এ বিশিষ্টার্থে। বি।

চারা—১। শিশু; ছোট। দেশজ। বিণ। ২। বৃক্ষশিশু, ছোট গাছ; মৎস্যশিশু, ছানামাছ। দেশজ। বি। ৩। উপায়, প্রতীকার। ফার্সী। বি।

চারান—সঞ্চারিত করা, নাড়ান, স্থানান্তরিত করা; ছড়ান, বিক্ষিপ্ত করা; বিভাগ করিয়া দেওয়া; বপন করা; রোপণ করা। বাং ক্রি। [বা বিণ।

চারি—চতুঃসংখ্যা, ৪। 'চতুর' শব্দজ। বি

চারিত্র—স্বভাব, চরিত্র; দুষ্টচরিত্র। চরিত্র+অণ্ স্বার্থে, গর্হিতার্থে। বি; ক্লীব।

চারিত্রিক—চরিত্রসম্বন্ধীয়। চরিত্র+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

চারিভিত—চারিধার, চতুর্দ্দিক্। কর্ম্মধা। বি।

চারী (চারিন্)—বিচরণকারী, সঞ্চরণকারী। চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

চারু—অসাধারণ; সুন্দর; ললিত, সুকুমার (কলা); মনোহর; সম্যক্। চর্+ঞুণ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, চারু, চার্ব্বী।

চারুতা—সৌন্দর্য্য; মনোহারিত্ব। চারু+তা ভাবার্থে। বি; স্ত্রী।

চারুশীল—সচ্চরিত্র; সুশীল, সৎস্বভাব। চারু হইয়াছে শীল (স্বভাব) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

চার্জ্জ, চার্জ—অভিযুক্ত ব্যক্তির প্রতি অপরাধের আরোপ; অভিযোগ; দায়িত্ব; খরচা; মূল্য; দাবী। ইং Charge. বি।

চার্ব্বা(র্বা)ক—জনৈক নাস্তিক-মতাবলম্বী দার্শনিক পণ্ডিত। চারু (সুন্দর) বাক্ (বাক্য) যাহার, বহুব্রী। বি; পুং।

চার্ম্ম(র্ম)—চর্ম্মসম্বন্ধীয়; চর্ম্মাচ্ছাদিত। চর্ম্মন্+অণ্ তবাদ্যর্থে। বিণ। স্ত্রী, চার্ম্মী।

চার্ম্ম(র্ম)ণ—চর্ম্মসমূহ। চর্ম্মন্+অণ্ সমূহার্থে। বি; ক্লীব।

চাল—১। গৃহাচ্ছাদন; ছাদ। চল্+ণ কর্ত্তৃবা। বি; পুং। ২। তণ্ডুল, চাউল। 'চাউল' শব্দের সংক্ষেপ। ৩। দাবা ক্রীড়াদিতে গুটিকার চালন; [তাহা হইতে] ফন্দি, কৌশল, কারসাজি, চাতুরী, ছল, কপট, কলা; রীতি, প্রথা, রেওয়াজ; মিথ্যা গরিমা প্রদর্শন। দেশজ। বি।

চালক—চালনকর্ত্তা, নেতা। চালি (চালান)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লিকা।

চালচলন—ভাবভঙ্গী; ধরণধারণ; আচারব্যবহার; রীতিনীতি। দ্বন্দ্ব। দেশজ। বি।

চালচিত্র—প্রতিমার পশ্চাদ্বর্ত্তী আঁকা পট। ৭মীতৎ। বি।

চালতা, চালতা—কষায়াম্ল গোলাকার ফলবিশেষ। দেশজ। বি।

চালন—১। চালান; স্থানান্তরিতকরণ; প্রয়োগ; চর্চ্চা; সঞ্চালন। চালি (চালান)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। ছাঁকনী। চল্+ণিচ্+অনট্ করণবা। বি; ক্লীব।

চালনা—চালন; আন্দোলন; অনুশীলন, চর্চ্চা। ণিজন্ত চল (=চালি—চালান)+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

চালনী—শস্যাদি চালিবার জন্য বহু ছিদ্রবিশিষ্ট একপ্রকার পাত্র, ছাঁকনী। চালি (চালান)+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

চালবাজ—চালিয়াৎ, মিথ্যা-গরিমা-প্রদর্শক; ফন্দিবাজ, কূটকৌশলী। চাল+বাজ আছে অর্থে। বিণ।

চালবাজি, -বাজী—ফন্দিবাজী, কূটকৌশল। চালবাজ+ই, ঈ ভাবে। বি।

চালশা, চালশে—৪০ বৎসর বয়স; ঐ বয়সে চক্ষের দৃষ্টিহীনতা। 'চল্লিশ' শব্দজাত। বি।

চালা—১। চালন; তৃণাচ্ছাদিত চালের

ছোট ঘর, কুঁড়ে ঘর; তৃণাচ্ছাদিত চাল। চাল+আ যুক্তার্থে। বি। ২। চালিত করা, স্থানান্তরিত করা; দাবা ক্রীড়াদিতে গুটি সরান; চালনীতে নাড়া বা নাড়িয়া শস্যাদি পৃথক্ করা। বাং ক্রি।

চালাক—চতুর, বুদ্ধিমান্; কার্য্যপটু, দক্ষ, ক্ষিপ্রকারী, চটপটে; অযথা অধিকবাক্যপ্রিয়, বাচাল। ফার্সী। বিণ।

চালাকি, চালাকী—চাতুরী, তীক্ষ্ণবুদ্ধি; ধূর্ত্ততা; বাচালতা। চালাক+ই, ঈ ভাবে। বি।

চালাচালি—নাড়ানাড়ি, বারংবার সরান; স্থানান্তরকরণ। দেশজ। বি।

চালান—১। চালিত বা স্থানান্তরিত করণ, স্থানান্তরে প্রেরণ, রপ্তানি; প্রেরিত মালের জায় বা ফর্দ্দ; প্রেরিত অর্থের জায়। বি। ২। চালিত করা, স্থানান্তরিত করা, স্থানান্তরে প্রেরণ করা; কাটান, কাটতি করান; প্রচলিত করা; নির্ব্বাহ করা; অন্যের দ্বারা গ্রহণ করান। বাং ক্রি।

চালানি, চালানী—চালান দেওয়া সংক্রান্ত; রপ্তানিঘটিত, প্রেরিত। চালান+ই, ঈ সম্বন্ধার্থে। বিণ।

চালি, চালী—নৌকার বাঁশের পাটাতন; ছোট মাচান; ছোট চাল; নূতন প্রস্তুত গরম গুড় জুড়াইলে তাহার উপর যে সর বা স্তর পড়ে; প্রতিমাদির চালচিত্র। দেশজ। বি।

চালিত—যাহা বা যাহাকে চালান হইয়াছে এরূপ; স্থানান্তরিত। চালি (চালান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

চালিতা—চালতা (তাহা দ্রঃ)। দেশজ। বি। [বিণ।

চালু—প্রচলিত, বাজারে চলতি। দেশজ।

চালুনী—চালনী (তাহা দ্রঃ)। 'চালনী' শব্দজ। বি।

চাষ—কৃষি, ভূমিকর্ষণ। দেশজ। বি।

চাষবাস—চাষের কাজ, কৃষিকার্য্য দ্বারা জীবিকানির্ব্বাহ। দেশজ। বি।

চাষা, চাষী—কৃষিজীবী, কৃষক। চাষ+আ, ঈ করে অর্থে। বি।

চাষাড়িয়া, চাষাড়ে—চাষার মত; অশিক্ষিত, অসভ্য। চাষা+ড়িয়া, ড়ে সদৃশার্থে। বিণ।

চাষাভূষা, –ভূষো—চাষা ও ঐ শ্রেণীর লোক, ইতর ব্যক্তিরা। দেশজ। বি।

চাস—কৃষিকর্ম্ম, ভূমিকর্ষণাদি কার্য্য। দেশজ। বি।

চাহন, চাওন—প্রার্থনা, চাওয়া; দেখা। চাহ্+অন্ ভাববা। বি।

চাহনি—দৃষ্টিপাত, নজর। চাহ্+অনি ভাববা। বি।

চাহা—প্রার্থনা বা যাচ্ঞা করা, মাগা; তাকান, দৃষ্টিপাত করা; অন্বেষণ করা; আশা বা আকাঙ্ক্ষা করা; আবশ্যক করা। বাং ক্রি।

চাহারাম—১। চতুর্থাংশ। বি। ২। চতুর্থ; চতুর্থ শ্রেণীর বা প্রকারের; সর্ব্বনিকৃষ্ট শ্রেণীর। ফার্সীমূলক। বিণ।

চাহি—১। অপেক্ষা, হইতে। অব্য। ২। চাহ্, (পক্ষে) চাহিয়া। বাং ক্রি।

চাহিদা—লোকে খুব চাহে এরূপ অবস্থা, বাজারে মালের কাট্‌তি বা টান (Demand). হিন্দী। বি।

চিআন, চিয়ান—জাগান, জাগরিত করা; স্মরণ করাইয়া দেওয়া; সতর্ক করা। 'চিতান' শব্দজ। বাং ক্রি। [শব্দজ। বি।

চিংড়ি, চিঙড়ি—চিঙ্গড়ী মাছ। 'চিঙ্গট'

চিঁ, চিঁ-চিঁ—অনুকার-শব্দ; পাখীর ছানার মত ডাক; পাখীর যন্ত্রণাসূচক শব্দ; অতি ক্ষীণস্বর; রুগ্ণ-কণ্ঠরব। দেশজ। অব্য।

চিঁড়া, চিঁড়ে—চিপিটক। 'চিপিটক' শব্দজ। বি। [অব্য।

চিঁহিঁ, চিঁহি—অশ্বের রব, হ্রেষা। দেশজ।

চিক—১। কণ্ঠাভরণবিশেষ। দেশজ। বি। ২। বংশনির্ম্মিত পর্দ্দা বা কানাত। তুর্কী। বি।

চিকণ—১। চিক্কণ, স্নিগ্ধ, মসৃণ; চক্‌চকে; সূক্ষ্ম, সরু, মিহি। 'চিক্কণ' শব্দজ। বিণ। ২। কাপড়ের উপর ফুল-তোলা বা লতাকাটার সূচিশিল্প। ফার্সী। বি।

চিকণাই,—নাই—চাকচক্য, জলুস। চিকণ, চিকন+আই ভাবে। বি।

চিকা—গন্ধমূষিক, ছুঁচা। হিন্দী। বি।

চিকিৎসক—রোগাপনয়নকারী, বৈদ্য, ডাক্তার, কবিরাজ। কিত্‌+সন্‌+ণক কর্তৃবা। বি বা বিণ; পুং।

চিকিৎসনীয়—চিকিৎস্য দ্রঃ। কিত্‌+সন্‌+অনীয় কর্ম্মবা। বিণ।

চিকিৎসা—রোগাপনয়ন, রোগপ্রতিকারকল্পে ঔষধাদি প্রদান। কিত্‌+সন্‌+অ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

চিকিৎসাগার, চিকিৎসালয়—চিকিৎসাগৃহ, ডাক্তারখানা। চিকিৎসার আগার, আলয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিকিৎসাধীন—যাহার চিকিৎসা চলিতেছে এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ।

চিকিৎসাশাস্ত্র—যে শাস্ত্রে জ্ঞান থাকিলে রোগ দূর করা যায় তাহা; অথর্ব্ববেদের এক অঙ্গ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

চিকিৎসিত—১। যাহার চিকিৎসা করা হইয়াছে এমন। কিত্‌+সন্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। চিকিৎসা। কিত্‌+সন্‌+ক্ত ভাববা। বি; ক্লীব।

চিকিৎস্য, চিকিৎসনীয়—প্রতীকার্য্য, চিকিৎসার যোগ্য। কিত্‌+সন্‌+যৎ, অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—স্যা,—য়া।

চিকীর্ষা—করিবার ইচ্ছা। কৃ+সন্‌+অ ভাববা+আপ্‌। বি; স্ত্রী। [কর্তৃবা। বিণ।

চিকীর্ষু—করিতে ইচ্ছুক। কৃ+সন্‌+উ

চিকুর—১। সরীসৃপ; পক্ষিবিশেষ; কেশ, চুল; পর্ব্বত। চি—কুর্‌+ক কর্তৃবা। বি; পুং। ২। চপল, চঞ্চল; অস্থির; অপরাধী। বিণ। স্ত্রী,—রা। ৩। বিদ্যুৎ। প্রাঃ কবিপ্র। বি।

চিকুরজাল—কেশপাশ, কেশসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

চিক্কণ—স্নিগ্ধ, চিকণ, চক্‌চকে। চিত্‌+ক্কণ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ণা।

চিঙ্গড়ী—গলদা বা ঘুষাচিংড়ী। 'চিঙ্গড়' শব্দজ। বি।

চিচিঙ্গা, চিচিঙ্গা—হোঁপা, তরকারিরূপে ব্যবহার্য্য সর্পাকৃতি ফলবিশেষ (Snake-gourd). 'চিচিণ্ড' শব্দজ। বি।

চিচিণ্ড—ফলবিশেষ, চিচিঙ্গা। বি; পুং।

চিচ্ছক্তি—চৈতন্যশক্তি। চিদ্রূপা শক্তি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

চিজ, চীজ—১। দ্রব্য, বস্তু, মূল্যবান্‌ সামগ্রী; ধূর্ত্ত মন্দলোক। ফার্সী। ২। পনীর, শক্ত ছানা। ইং Cheese. বি।

চিট—১। ক্ষুদ্র কাগজখণ্ড, চিরকুট; কাইট। হিন্দী। বি। ২। আঠাল, চট্‌চটে। দেশজ। বিণ।

চিটনা, চিটনে—১। ভিতরে শস্যহীন। প্রাদে। বিণ। ২। শস্যহীন ধান্য, আগড়া, চিটা। প্রাদে। বি।

চিটা, চিটে—১। শস্যহীন ধান্য, আগড়া; তামাকমাখা গুড়। দেশজ। বি। ২। আঠাল, চট্‌চটে। বিণ।

চিঠা—জমি জরিপের বিবরণপত্র; ফর্দ্দ। হিন্দীমূলক। বি।

চিঠি, চিঠী—পত্র, লিপি। হিন্দীমূলক। বি।

চিড়—ছোট ফাটল; সরু কাঠ। দেশজ। বি।

চিড়কান—চিড় খাওয়া, লম্বাভাবে সামান্য ফাটিয়া যাওয়া। বাং ক্রি।

চিড়বিড়—ব্রণাদি ফাটিবার পূর্ব্বে বেদনা-সূচক, জ্বালা। দেশজ। অব্য।

চিড়ান—ফাটান; সামান্যরূপে ফাটিয়া যাওয়া; বিদ্রূপ করা, ভেংচান। বাং ক্রি।

চিড়িক—দপ্‌দপানি, সূচীবেধবৎ যন্ত্রণা; বিদ্যুৎ চমকান। দেশজ। বি।

চিড়িতন—তাসের চিহ্নবিশেষ (Club). হিন্দীমূলক। বি।

চিড়িয়া—পক্ষী, পাখী। হিন্দী। বি।

চিড়িয়াখানা—পশুপক্ষীদিগের রাখিবার স্থান; পশুশালা। ৬ষ্ঠীতৎ। বি।

চিৎ—১। চৈতন্য, জ্ঞান। চিত্‌+কিপ্‌ ভাববা। বি; স্ত্রী। ২। ঊর্দ্ধমুখে শয়ান বা পতিত। দেশজ। বিণ।

চিত—১।•কৃতচয়ন, যাহা চয়ন করা হইয়াছে এরূপ; ব্যাপ্ত; সঞ্চিত; অর্জ্জিত। চি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, চিতা। ২। চিত্ত, মন। 'চিত্ত' শব্দজ। ৩। প্রতিকৃতি, ছবি। 'চিত্র' শব্দজ। বি। ৪। উত্তান, চিৎ। দেশজ। বিণ।

চিতল—সূক্ষ্মশল্ক কণ্টকবহুল মৎস্যবিশেষ। 'চিত্রফল' শব্দজ। বি।

চিতা—১। কৃতচয়না, ইত্যাদি। চিত দ্রঃ। চিত্‌+আপ্‌। বিণ; স্ত্রী। ২। শবদাহার্থ চুল্লী। চি+ক্ত অধিবা+আপ্‌। ৩। চুল্লী, চুলা। চি+ক্ত কর্ম্মবা+আপ্‌। ৪। চিতি-সাপ; চিতাবাঘ। 'চিত্র' শব্দজ। বি। ৫। বৃক্ষবিশেষ। 'চিত্রক' শব্দজ। বি।

চিতাগ্নি—চিতার আগুন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিতান—১। চেতন করা, চিয়ান; জাগাইয়া দেওয়া; চিৎ হওয়া। বাং ক্রি। ২। কবিগানে বিরুদ্ধপক্ষকে কবিতায় প্রশ্ন; গানের চড়া অংশ। দেশজ। বি।

চিতানল—চিতার আগুন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিতাবাঘ—ব্যাঘ্রবিশেষ। চিতা (কাল কোঁটা কোঁটা দাগ)-যুক্ত বাঘ, মধ্যপ কর্ম্মধা। বি।

চিতাভস্ম (–ভস্মন্‌)—চিতায় স্থিত ভস্ম, শবদাহের পর চিতায় যে অবশিষ্ট ছাই থাকে। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

চিতারোহণ—চিতায় উত্থান; সহমরণ। চিতাতে আরোহণ, ৭মীতৎ। বি; ক্লীব।

চিতাশয্যা—চিতারূপ বিছানা; মৃত্যু; সমাপ্তি। রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

চিতি—১। চয়ন, সংগ্রহ; জ্ঞান। চি+ক্তি ভাববা। ২। রাশি, চয়, সমূহ; সংহতি; ইষ্টকাদি পরিমাণ-নির্দ্ধারক অঙ্ক; ইষ্টকাদি পুঞ্জ; চিতা। চি+ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী। ৩। গৃহবাসী ক্ষুদ্র সর্পবিশেষ। 'চিত্রসর্প' শব্দজ। বি।

চিত্তী—চিতি সাপ (চিতি দ্রঃ)। (ইহারা কামড়ায় না, তবে চাটিলে বিষ হয় বলিয়া প্রবাদ আছে)। দেশজ। বি।

চিতেন—গানের যে অংশ খুব চড়া সুরে চীৎকার করিয়া গাহিতে হয় তাহা; কবি-গানে বিরুদ্ধপক্ষকে প্রশ্ন। দেশজ। বি।

চিৎকার—উচ্চৈর্ধ্বনি, চেঁচান। চিৎ—কৃ (করা)+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

চিত্ত—মনঃ, অন্তঃকরণ। চিত্‌+ক্ত করণবা। বি; ক্লীব।

চিত্তক্ষোভ—মনঃক্ষোভ, মনোদুঃখ; চিত্ত-চাঞ্চল্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তগ্রাহী (–গ্রাহিন্‌)—মনোযোগ আকর্ষণকারী। উপতৎ। চিত্ত—গ্রহ্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –হিণী।

চিত্তজন্মা (–জন্মন্‌)—কন্দর্প; মনোভব। চিত্ত হইতে জন্ম যাহার, বহুব্রী। বি; পুং।

চিত্তজয়—মনকে বশীভূত করা, মনকে বাসনামুক্ত করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তদমন—মনকে নিকৃষ্ট বিষয় হইতে ফিরান, মনঃসংযম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

চিত্তদাহ—মনের জ্বালা, মনোবেদনা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তদ্রাবক—যাহা মন গলাইয়া দেয় এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ।

চিত্তনিরোধ—মনকে বহির্বিষয় হইতে ফিরাইয়া অন্তর্মুখীকরণ, মনঃসংযম। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [তৎ। বি; পুং।

চিত্তপ্রসাদ—মনের তৃপ্তি বা সন্তোষ। ৬ষ্ঠী-

চিত্তবিকার—মনোবিকার, মনের চাঞ্চল্য, হৃদয়ের অস্থিরতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তবিক্ষেপ—যোগাভ্যাসে ব্যাঘাতকারী মনের চাঞ্চল্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তবিনোদন—১। মনের আনন্দ-সম্পাদন, মনকে প্রফুল্ল করান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। মনোমোহকর। ৬ষ্ঠীতৎ। বিণ।

চিত্তবিপ্লব, চিত্তবিভ্রম—বাতুলতা; বুদ্ধি-ভ্রংশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তবৃত্তি—মানসিক ধর্ম্ম; মনোবৃত্তি; মৈত্রী, করুণা, মুদিতা, উপেক্ষা, এই চারি প্রকার মনোভাব। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

চিত্তবৈকল্য—মনের অস্থিরতা, অন্তঃ-করণের নিস্তেজোভাব, বিকৃতচিত্ততা। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লীব।

চিত্তভ্রংশ—মনের অস্থিরতা, চিত্তবৈকল্য, চিত্তবিভ্রম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তরঞ্জন—১। মনোরঞ্জন, মনের সন্তোষ-সাধন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। মনের তৃপ্তিদায়ক। বিণ। স্ত্রী,—না। [স্ত্রী।

চিত্তশুদ্ধি—মনের পবিত্রতা। ৬ষ্ঠীতৎ। বি;

চিত্তসংযম—মনকে সংযত করা, মনকে কুৎসিত বিষয় হইতে নিবৃত্ত করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিত্তস্থৈর্য্য(র্য)—মনের স্থিরতা, হৃদয়ের অচাঞ্চল্য; চিত্তসংযম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

চিত্তহারী (—**হারিন্**)—মনোহারী, মনোরঞ্জক। চিত্ত হরণ করে যে, উপতৎ। চিত্ত—হৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—রিণী।

চিত্তাকর্ষক—হৃদয় আকর্ষণকারী, মনোহর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—র্ষিকা।

চিত্তোৎকর্ষ—মনের বা মানসিক অবস্থার উন্নতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

চিৎপটাং—চিৎপাত, চিৎ হইয়া পতিত। 'চিৎপতন' শব্দজ। বিণ।

চিৎপাত—চিৎ হইয়া পড়া, ঊর্দ্ধমুখে পতন বা পতিত। দুপ্‌দুপা। বি বা বিণ।

চিত্র—১। আশ্চর্য্যজনক; বিবিধ বর্ণযুক্ত। চিৎ—ত্রৈ+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, চিত্রা। ২। আলেখ্য, ছবি, নক্সা; তিলক। চিত্র+ণিচ্‌+অচ্‌ কর্ত্তৃবা। ৩। নানাবর্ণ, বিবিধবর্ণ; যম; একপ্রকার কুষ্ঠ; এরণ্ডবৃক্ষ; অশোক বৃক্ষ, চিত্রক বৃক্ষ। চিত্র+ণিচ্‌+অচ্‌ কর্ত্তৃবা। বি; পুং।

চিত্রক—১। ব্যাঘ্র; চিতাবাঘ। চিত্র—কৈ +ক কর্ত্তৃবা। বি; পুং। ২। তিলক; বৃক্ষ-বিশেষ, রাংচিতা; এরণ্ডবৃক্ষ। চিত্র (তিলক) +কণ্‌ স্বার্থে। বি; ক্লীব। ৩। চিত্রকর। চিত্র্‌+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রিকা।

চিত্রকণ্ঠ—পায়রা; ঘুঘু। চিত্র (বিবিধবর্ণ) কণ্ঠ যাহার, বহুব্রী। বি; পুং। স্ত্রী,—ণ্ঠী।

চিত্রকর, চিত্রকার—১। পটোজাতি। বি; পুং। ২। চিত্রনির্ম্মাতা, আলেখ্য-কারক। চিত্র—কৃ (করা)+ট, অণ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—করী,—কারী।

চিত্রকলা—চিত্রাঙ্কনবিদ্যা, ছবি আঁকা বিদ্যা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

চিত্রকাব্য—পদ্যাদিবন্ধঘটিত কাব্য, যে কাব্যের পদসমূহ চিত্রাকারে বিন্যস্ত হয় (Acrostic). কর্ম্মধা। বি; ক্লীব।

চিত্রকূট—পর্ব্বতবিশেষ, রামগিরি। চিত্র (আশ্চর্য্যজনক) কূট (শৃঙ্গ) যাহার, বহুব্রী। বি; পুং।

চিত্রগুপ্ত—যমবিশেষ, চতুর্দ্দশ যমের এক যম; যমরাজের লেখক-কর্ম্মচারী। চিত্র—গুপ্‌+ক্ত কর্ত্তৃবা। বি; পুং।

চিত্রগ্রীব—পায়রা; ঘুঘু। চিত্র গ্রীবা যাহার, বহুব্রী। বি; পুং।

চিত্রণ—চিত্রিত করণ, আলেখ্য অঙ্কন। চিত্র্‌ +অনট্‌ ভাববা। বি; ক্লীব।

চিত্রতারকা—বায়োস্কোপের বিখ্যাত অভিনেতা বা অভিনেত্রী (Film star). ৬ষ্ঠীতৎ। বি।

চিত্রনাট্য—চলচ্চিত্রের বই, বায়োস্কোপের বিষয়বস্তু। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

চিত্রনাট্যকার—চলচ্চিত্রের গ্রন্থকার, বায়োস্কোপের পুস্তকলেখক। উপতৎ। চিত্র-নাট্য—কৃ+অণ্‌ কর্ত্তৃবা। বি; পুং।

চিত্রনৈপুণ্য—চিত্রকার্য্যদক্ষতা, অঙ্কন-নিপুণতা ; ছবি আঁকিবার দক্ষতা। ৭মীতৎ। বি ; ক্লীব।

চিত্রপট—১। আলেখ্যপট, ছবি। চিত্র-লিখিত পট, মধ্যপ কর্ম্মধা। ২। ছিট কাপড়, রঙীন কাপড়। চিত্র (বিবিধবর্ণ) পট, কর্ম্মধা। বি ; পুং।

চিত্রপুত্তলিকা—চিত্র-করা পুতুল, অাশ্চর্য্য পুতুল ; শালভঞ্জিকা। চিত্রলিখিতা পুত্তলিকা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

চিত্রফলক—১। চিতল মাছ। চিত্রফল+কণ্ স্বার্থে, সদৃশার্থে। বি ; পুং। ২। ছবি লিখিবার পট। চিত্রের ফলক, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

চিত্রবিচিত্র—রংচঙে, নানা রঙ্গের নক্সা-বিশিষ্ট। কর্ম্মধা। বিণ। স্ত্রী,—ত্রা।

চিত্রবিদ্যা—অঙ্কন-বিদ্যা (Painting). চিত্রবিষয়িণী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

চিত্রভানু—সূর্য্য ; আকন্দগাছ ; অগ্নি ; ভৈরব। চিত্র ভানু (কিরণ) যাহার, বহুব্রী। বি ; পুং।

চিত্ররথ—সূর্য্য ; জনৈক গন্ধর্ব্ব। চিত্র রথ যাহার, বহুব্রী। বি ; পুং।

চিত্রল—চিতল মাছ। কবিপ্র। বি।

চিত্রলেখনী—যাহা দ্বারা চিত্র লেখা যায়, কূঁচী,তুলি। চিত্র—লিখ্+অনট্ করণবা+ঈপ্। বি ; স্ত্রী।

চিত্রশালা, চিত্রশালিকা—চিত্রবহুল গৃহ, যে গৃহে নানাবিধ আশ্চর্য্যজনক ও কৌতূহলোদ্দীপক পদার্থসমূহ সংগ্রহ করিয়া রাখা হয় ; যাদুঘর ; চিত্রকরণগৃহ, ছবি আঁকার ঘর। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

চিত্রশিল্পী (—শিল্পিন্)—চিত্রাঙ্কনকারী (Artist). ৬ষ্ঠীতৎ বা ৭মীতৎ। বি ; পুং।

চিত্রশিখণ্ডী (—ণ্ডিন্)—মরীচি, অঙ্গিরা, অত্রি, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ, এই সাতজন ঋষি। চিত্র যে শিখণ্ড সে চিত্রশিখণ্ড, কর্ম্মধা ; চিত্রশিখণ্ড+ইন্ অস্ত্যর্থে। বি ; পুং।

চিত্রা—১। মায়া ; জনৈক অপ্সরাঃ ; ছন্দো-বিশেষ ; চিতা গাছ ; সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত একটি নক্ষত্র ; নদীবিশেষ। চিত্র+আপ্। বি ; স্ত্রী। ২। বিবিধবর্ণযুক্ত ; অদ্ভুতা। বিণ ; স্ত্রী।

চিত্রাঙ্গ(ঙ্গ)—১। কর্ব্বুরাঙ্গ, নানাবর্ণযুক্ত দেহবিশিষ্ট। চিত্র অঙ্গ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্গী। ২। সর্প ; রাঙা চিতা ; ময়ূর ; চিতাবাঘ। বহুব্রী। বি ; পুং।

চিত্রার্পিত—চিত্রে স্থাপিত, চিত্রপটে লিখিত ; ক্রিয়ারহিত, নিশ্চেষ্ট। চিত্রে অর্পিত, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

চিত্রিণী—স্ত্রীবিশেষ ; ষট্‌চক্র মতে ব্রহ্মানাড়ীর অন্তর্গত নাড়ীবিশেষ। চিত্র+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বি ; স্ত্রী।

চিত্রিত—১। চিত্রপটে অঙ্কিত, লিখিত। চিত্র+ক্ত কর্ম্মবা। ২। চিত্রযুক্ত ; চিহ্নযুক্ত ; নক্সাকাটা ; নানাবর্ণবিশিষ্ট। চিত্র+ইত যুক্তার্থে। বিণ। স্ত্রী,—তা।

চিদাকাশ—জ্ঞানময় এবং আকাশবৎ সর্ব্ব-ব্যাপী, পরব্রহ্ম। চিৎ আকাশপ্রায়, উপমিত কর্ম্মধা। বি ; ক্লীব।

চিদাত্মা (**চিদাত্মন্**)—চৈতন্যস্বরূপ পর-ব্রহ্ম। কর্ম্মধা। বি ; পুং।

চিদানন্দ—যিনি চিৎ (জ্ঞান)-স্বরূপ ও আনন্দ-স্বরূপ ; পরব্রহ্ম। যিনি চিৎ তিনিই আনন্দ, কর্ম্মধা। বি ; পুং।

চিদাভাস—জ্ঞানের বিকাশ, জ্ঞানাভাস ; জীবাত্মা। চিতের আভাস (চিৎ+আভাস), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

চিদ্রূপ—১। জ্ঞানময়, ব্রহ্ম। চিৎ (জ্ঞান) রূপ যাঁহার, বহুব্রী। বি ; ক্লীব। ২। প্রিয় ; স্ফূর্ত্তিমান্। বিণ। স্ত্রী,—পা। [বি।

চিন—চিহ্ন, দাগ, নিদর্শন, পদচিহ্ন। 'চিহ্ন' শব্দজ।

চিনা—১। নিদর্শন, চিহ্ন। 'চিহ্ন' শব্দজ। বি। ২। পরিজ্ঞাত, পরিচিত। চিন্+আ কর্ম্মবা। বিণ। ৩। কে বা কি বলিয়া জানিতে পারা, পরিজ্ঞান করা ; জানা। বাং ক্রি।

চিনি—১। শর্করা। চীনা শব্দ। বি। **চিনির বলদ**—যে বলদ চিনির বস্তা বহন করে অথচ নিজের পিঠে থাকিতে চিনি খাইতে পায় না; (তাহা হইতে) যে ব্যক্তি পরের জন্য কোন কিছুর ভার লইয়া খাটে অথচ নিজে তাহা ভোগ করিতে পারে না। ২। জানি, অবগত হই। বাং ক্রি।

চিনিচাঁপা—সুমিষ্ট কদলীবিশেষ। দেশজ। বি।

চিনিপাতা—চিনি সহযোগে প্রস্তুত ('—দই')। ৬ষ্ঠীতৎ। বিণ। [অব্য।

চিন্‌চিন্‌—অল্প অল্প জ্বালা বোধ। দেশজ।

চিন্তন—চিন্তাকরণ, ভাবা; একাগ্রমনে ধ্যান; অনুধ্যান। চিন্তি+অনট্ ভাববা। বি; ক্লীব।

চিন্তনীয়—ভাবিবার উপযুক্ত; আলোচ্য; বিবেচ্য। চিন্তি+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

চিন্তা—১। ধ্যান, ভাবনা; আন্দোলন, আলোচনা; স্মরণ। চিন্তি+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

চিন্তাকুল,—কুলিত—চিন্তাহেতু অস্থির, ভাবনায় ব্যাকুল, উৎকণ্ঠিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—কুলা,—কুলিতা।

চিন্তাজ্বর—দুর্ভাবনারূপ জ্বর, অত্যন্ত দুর্ভাবনাহেতু মানসিক ক্লেশবোধ। চিন্তারূপ জ্বর, রূপক কর্ম্মধা। বি; পুং।

চিন্তানল—চিন্তারূপ অগ্নি অর্থাৎ অগ্নির ন্যায় অত্যন্ত জ্বালাময়ী চিন্তা। চিন্তারূপ অনল, রূপক কর্ম্মধা; অথবা, চিন্তা অনলপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; পুং।

চিন্তান্বিত—চিন্তাযুক্ত, চিন্তিত। চিন্তাদ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

চিন্তামগ্ন—ভাবনাসাগরে ডুবিয়া আছে এরূপ; চিন্তায় নিবিষ্টচিত্ত; অত্যন্ত ভাবনাগ্রস্ত; ধ্যাননিবিষ্ট। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—গ্না।

চিন্তামণি—বাঞ্ছিত ফলপ্রদ মণি [কথিত আছে যে, এই মণি যাঁহার নিকটে থাকে, তিনি যাহা অভিলাষ করেন, তাহাই প্রাপ্ত হন]; স্পর্শমণি; ব্রহ্মা; ভগবান্। চিন্তাপ্রদ মণি, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

চিন্তাশীল—ভাবুক, চিন্তাদ্বারা সমাধান করিতে পটু। বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

চিন্তাহরণ—১। চিন্তানাশন, ভাবনার অপগম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। চিন্তানাশক। বিণ। স্ত্রী,—ণা। ৩। বিষ্ণু; পরমেশ্বর। উপতৎ। চিন্তা—হৃ+অন কর্ত্তৃবা। বি; পুং।

চিন্তিত—১। ভাবিত; আলোচিত; স্মৃত। চিন্তি+ক্ত কর্ম্মবা। ২। ভাবনাকারক; ভাবনাযুক্ত। চিন্তা+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

চিন্তে—চিনিতে, জানিতে, বুঝিতে; চিন্তয়ে, চিন্তা করে। কবিপ্র। ক্রি।

চিন্ত্য—চিন্তনীয়, ভাব্য; বিবেচ্য। চিন্তি+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, চিন্ত্যা।

চিন্ত্যমান—যাহা চিন্তা করা হইতেছে এরূপ, অনুধ্যায়মান। চিন্ত্ (ভাবা)+শান কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

চিন্ময়—জ্ঞানময় (ব্রহ্ম)। চিৎ (জ্ঞান)+ময়ট্ স্বরূপার্থে। বিণ। স্ত্রী,—য়ী।

চিপটান—১। চেপটান, চেপ্টা করা বা হওয়া। বাং ক্রি। ২। চেপ্‌টা, চওড়া। বিণ।

চিপা—১। চাপা; সঙ্কীর্ণ; সরু। বিণ। ২। চাপা, আঁটা, কসা। প্রাদে। ক্রি।

চিপিট, চিপিটক—১। চিঁড়া। বি; পুং। ২। বিস্তৃতনাসিক; বিস্তৃত, চেপ্টা। চি+পিটচ্ কর্ম্মবা (নিপা); পক্ষে কন্ সংজ্ঞার্থে, তুল্যার্থে। বিণ। স্ত্রী,—টা,—টিকা।

চিবন—১। দন্তদ্বারা পেষণ, চর্ব্বণ। বি। ২। চর্ব্বণ করা। 'চর্ব্বণ' শব্দজ। ক্রি।

চিবান—১। চর্ব্বিত। বিণ। ২। চর্ব্বণ। বি। ৩। চর্ব্বণ করা। বাং ক্রি।

চিবু, চিবুক—দাড়ি, থুতনি। চিব্+কু (নিপা), পক্ষে চিবু+কন্ স্বার্থে। বি; ক্লীব।

চিমটা—আগুন তুলিবার লৌহযন্ত্র; সন্না; মোচ্না। দেশজ। বি।

চিমটান—চিমটি কাটা, নখ দ্বারা পীড়ন, খামচান। বাং ক্রি।

চিমটি—অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রভাগদ্বারা নিপীড়ন। চিমটা+ই ভাববা। বি।

চিমড়া, চিমড়ে—চর্ম্মবৎ শক্ত, টানিয়া ছিঁড়িতে পারা যায় না এরূপ, চিমসা, শক্ত; অস্থিচর্ম্মসার। দেশজ। বিণ।

চিমনি—আলোর কাচময় ঢাকনিবিশেষ, ল্যাম্পের উপরের কাচের চোঙ্গ; ধূমনির্গমের জন্য ইষ্টক বা লৌহনির্ম্মিত উচ্চ চোঙ্গবিশেষ। ইং Chimney. বি।

চিমসা, চিমসে—চিমড়া, শক্ত; শুষ্ক কাঁচা চামের মত দুর্গন্ধযুক্ত। দেশজ। বিণ।

চিয়ান—চিআন দ্রঃ।

চির—১। দীর্ঘকালস্থায়ী; নিত্য, অনন্ত। বিণ। ২। দীর্ঘকাল। চি+রক্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

চিরঋণী (–ঋণিন্)—চিরকালের জন্য কৃতজ্ঞতাপাশে বদ্ধ। চির ব্যাপিয়া ঋণী, ২য়াতৎ। বিণ।

চিরকর্ম্মা (–কর্ম্মন্), –কর্ম্মা—চিরক্রিয়, দীর্ঘসূত্র, বিলম্বে কার্য্যকারী। চির কর্ম্ম যাহার, বহুব্রী। বিণ।

চিরকাঙ্ক্ষিত—অনেক দিনের অভিলষিত, অনেক কালের আকাঙ্ক্ষিত। চির ব্যাপিয়া কাঙ্ক্ষিত, ২য়াতৎ। বিণ। স্ত্রী,–তা।

চিরকারিতা—দীর্ঘসূত্রতা, বিলম্বে কার্য্যকারিতা। চিরকারিন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

চিরকারী (–কারিন্)—চিরক্রিয়, দীর্ঘসূত্র, বিলম্বে কার্য্যকারী। উপতৎ। চির–কৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–রিণী।

চিরকাল—বহুকাল, দীর্ঘসময়; অনন্তকাল। কর্ম্মধা। বি; পুং।

চিরকালীন—চিরন্তন; চিরকালব্যাপী। চিরকাল+ঈন ভবার্থে, ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী,–না।

চিরকুট, চীরকুট—ক্ষুদ্র কাগজখণ্ড; ক্ষুদ্র-লিপি। দেশজ। বি।

চিরকুমার—চিরকাল অবিবাহিত। চির ব্যাপিয়া কুমার, ২য়াতৎ। বিণ। স্ত্রী,–রী।

চিরক্রিয়—দীর্ঘসূত্র, বিলম্বে কার্য্যকারী। চিরা ক্রিয়া যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–য়া।

চিরক্রিয়তা—চিরকারিতা; দীর্ঘসূত্রতা, বিলম্বে কার্য্যকারিতা। চিরক্রিয়+তা ভাবার্থে। বি; স্ত্রী।

চিরজীবন—আজীবনকাল, মরণকাল পর্য্যন্ত। কর্ম্মধা। বি; ক্লীব।

চিরজীবী (–বিন্)—১। দীর্ঘকাল জীবনধারণকারী; অমর, অবিনশ্বর; বহুকালস্থায়ী। চির–জীব্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –বিনী। বি,–বিতা। ২। বিষ্ণু; শাল্মলী বৃক্ষ; মার্কণ্ডেয়; অশ্বত্থামা, বলি, ব্যাস, হনুমান, বিভীষণ, কৃপ, পরশুরাম, এই সাতজন চিরজীবী। বি; পুং।

চিরঞ্জীব—চিরজীবী; দীর্ঘজীবী। চিরম্–জীব্+অচ্ কর্ত্তৃবা। বিণ।

চিরঞ্জীবী (চিরঞ্জীবিন্)—চিরজীবী (সকল অর্থে)। চিরম্–জীব্+ণিন্ কর্ত্তৃবা। বি বা বিণ; পুং। স্ত্রী,–বিনী।

চিরণ, চেরণ—১। বিদারণ, ফাড়ন। চির্+অন ভাববা। ২। চিরুণী। 'চিরুণী' শব্দজ। বি।

চিরণ (চিরুণ)-দাঁতী—যে স্ত্রীলোকের দন্ত চিরুণীর দাঁতের মত লম্বা লম্বা ও সরু সরু, (ইহা অলক্ষণ বলিয়া কথিত)। চিরণ, চিরুণসদৃশ দাঁত যাহার, বহুব্রী+ঈপ্। বিণ; স্ত্রী।

চিরণী, চিরুণী—চুল আঁচড়াইবার যন্ত্র, কাঁকই, কঙ্কতিকা। চির্+অনী, উনী করণবা। বি। ['চিরতিক্ত' শব্দজ। বি।

চিরতা—ভূনিম্ব, একপ্রকার তিক্ত ওষধিবৃক্ষ।

চিরতিক্ত—চিরতা। চির ব্যাপিয়া তিক্ত, ২য়াতৎ। বি; পুং।

চিরতুষার, –নীহার—যে তুষার (বরফ)

কখনও গলে না, একই ভাবে থাকে। ২য়াতৎ। বি; পুং।

চিরতুষাররেখা, -সীমা—অত্যুচ্চ পর্ব্বতের যে সীমার উপরে তুষার (বরফ) চিরকাল জমিয়াই থাকে, কখনও গলে না (Snow-line). বি; স্ত্রী।

চিরথাই—বহুদিন স্থিতিশীল। 'চিরস্থায়ী' শব্দজ। প্রা: কবিপ্র। বিণ।

চিরদরিদ্র—আবহমানকাল দীন, আজীবন নির্ধন। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—দ্রা।

চিরদারিদ্র্য—চিরনির্ধনতা, আজীবন দৈন্য। চির ব্যাপিয়া দারিদ্র্য, ২য়াতৎ। বি; ক্লীব।

চিরদিন—আবহমানকাল, চিরকাল, আ-জীবন। কর্ম্মধা। বি; ক্লীব।

চিরদীন—চিরদরিদ্র। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

চিরদুর্লভ—একান্ত দুষ্প্রাপ্য। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—ভা।

চিরনিদ্রা—চিরকালব্যাপিনী নিদ্রা; রোগ-বিশেষ; মহানিদ্রা, মৃত্যু। চির ব্যাপিয়া নিদ্রা, ২য়াতৎ। বি; স্ত্রী।

চিরনিদ্রিত—মহানিদ্রাভিভূত, মৃত। চির ব্যাপিয়া নিদ্রিত, ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

চিরনির্ব্বা(র্বা)সন—চিরকালের জন্য স্বদেশ হইতে দূরীকরণ, যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ। ২য়াতৎ। বি; ক্লীব।

চিরনির্ব্বা(র্বা)সিত—চিরদিনের জন্য স্বদেশ হইতে বিতাড়িত; যাবজ্জীবন দ্বীপা-ন্তরিত। চিরদিনের জন্য নির্ব্বাসিত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

চিরনির্ভর—চিরসহায়, চিরকালের আশ্রয়। ২য়াতৎ। বি; পুং।

চিরনির্ম্ম(র্ম)ল—১। চিরনিরঞ্জন, পর-মেশ্বর। বি; পুং। ২। চিরদিনই মলহীন বা পরিশুদ্ধ, চিরবিমল, চিরপবিত্র, নিষ্পাপ। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—লা।

চিরনীহার—চিরতুহিন, চিরস্থায়ী তুষার। ২য়াতৎ। বি; পুং। [দ্রঃ]।

চিরনীহারসীমা—চিরতুষাররেখা (তাহা

চিরনূতন—চিরনবীন, সকল সময়েই নূতন। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

চিরন্তন—চিরকালীন; বহুকাল হইতে যাহা প্রচলিত হইয়া আসিতেছে এরূপ; পুরাতন। চিরম্+তন ভবার্থে। বিণ। স্ত্রী,—নী।

চিরপরিচিত—বহুকালের চিনা, অনেক দিনের জানাশুনা, দীর্ঘকালের পরিজ্ঞাত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

চিরপোষিত—বহুকাল হইতে পালিত; চিরাভিলষিত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

চিরপ্রচলিত—যাহা দীর্ঘকাল চলিয়া আসিতেছে এরূপ। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

চিরপ্রবাসী (-বাসিন্)—বার মাস বিদেশে বাসকারী; দীর্ঘকাল বিদেশবাসী। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—সিনী।

চিরপ্রবাহিত—যাহার স্রোত চিরকালই থাকে। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

চিরপ্রসিদ্ধ—চিরকাল বিখ্যাত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

চিরপ্রাপ্ত—অনেক দিন আগে পাওয়া গিয়াছে এরূপ। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—প্তা।

চিরপ্রার্থিত—বহুকালের আকাঙ্ক্ষিত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

চিরপ্রোষিত—বহুকাল যাবৎ প্রবাসী, অনেক দিন ধরিয়া বিদেশে স্থিত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

চিরবাঞ্ছিত—বহুদিন অভিলষিত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

চিরবিচ্ছেদ—চিরকালের নিমিত্ত বিরহ, যাহাতে পুনর্দর্শন না হয় এরূপ অদর্শন; চিরস্থায়ী মনোমালিন্য। ২য়াতৎ। বি; পুং।

চিরবিদায়—চিরদিনের মত বিদায়; অনন্ত-কালের জন্য প্রয়াণ, মহাপ্রস্থান, মরণ। কর্ম্মধা। বি; পুং।

চিরবিদ্বেষ—চিরশত্রুতা; চিরকালের ঈর্ষ্যা। ২য়াতৎ। বি; পুং।

চিরবিস্মৃত—যে বহুদিন ভুলিয়া গিয়াছে; যাহাকে লোকে চিরদিনের মত ভুলিয়া গিয়াছে, যাহাকে কেহ মনে করে না বা যাহার সংবাদ লয় না। ২য়াতৎ। বিণ। স্ত্রী, –তা। বি, –তি।

চিরবিবাদ, –বিরোধ—দীর্ঘকালের কলহ। ২য়াতৎ। বি; পুং।

চিরবৈরী (–বৈরিন্)—চিরশত্রু, যাহার সহিত আজীবন শত্রুতা আছে। ২য়াতৎ। বি বা বিণ; পুং।

চিরমিত্র—বহুকালের সুহৃৎ, অনেকদিনের বন্ধু। চির ব্যাপিয়া মিত্র, ২য়াতৎ। বি; ক্লীব।

চিররহস্য—যে রহস্যের সমাধান কোন কালেই হয় না। ২য়াতৎ। বি; ক্লীব।

চিররুগ্ণ, –রোগী—চিরকাল পীড়িত, আবাল্য রোগাক্রান্ত। ২য়াতৎ। বিণ। স্ত্রী, –ণা, –গিণী।

চিররুদ্ধ—চিরকাল আবদ্ধ। ২য়াতৎ। বিণ।

চিররোগী (–রোগিন্)—সকল সময়েই রোগগ্রস্ত, সদাপীড়িত, চিররুগ্ণ। ২য়াতৎ। বিণ; পুং। স্ত্রী, –গিণী।

চিরশত্রু—চিরবৈরী। ২য়াতৎ। বিণ।

চিরশরণ—চিরকালের আশ্রয়। কর্ম্মধা বা ২য়াতৎ। বি; ক্লীব, বা বিণ।

চিরশ্যামল—চিরহরিৎ (তাহা দ্রঃ)।

চিরসঙ্গী (–সঙ্গিন্)—চিরসহায়, দীর্ঘকালের সাথী। ২য়াতৎ। বিণ। স্ত্রী, –ঙ্গিনী।

চিরসহায়—চিরদিন সাহায্যকারী, সদাকাল অনুকূল, চিরমিত্র। ২য়াতৎ। বিণ। স্ত্রী, –য়া।

চিরসুখী (–খিন্)—যে কোন দিন দুঃখ ভোগ করে নাই এরূপ। ২য়াতৎ। বিণ।

চিরসুহৃৎ (–হৃদ্)—চিরমিত্র। ২য়াতৎ। বি; পুং।

চিরসেবিত—চিরকাল ব্যাপিয়া সেবিত, যাহা বহুকাল অঙ্গীকৃত ও অবলম্বিত হইয়া আসিতেছে এরূপ। ২য়াতৎ। বিণ। স্ত্রী, –তা।

চিরস্থায়িতা, –ত্ব—বহুকাল বাঁচিয়া বা টিকিয়া থাকা; অবিনশ্বরত্ব। চিরস্থায়িন্+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

চিরস্থায়ী (–স্থায়িন্)—যে বা যাহা বহুকাল থাকে এরূপ, অল্পসময়ে যাহার নাশ, লোপ, পরিবর্ত্তনাদি ঘটে না এরূপ; অবিনশ্বর। ২য়াতৎ। বিণ। স্ত্রী, –য়িনী।

চিরস্থায়ী বন্দোবস্ত—বাঙ্গালার জমিদারগণের সহিত ব্রিটিশ গভর্ণমেণ্ট ১৭৯৩ খৃষ্টাব্দে যে চুক্তিপত্র সম্পাদন করেন তাহা (Permanent Sttelement). [এই বন্দোবস্তের ফলে জমিদারগণের দেয় খাজানার হার বৃদ্ধি পায় না]।

চিরস্থির—চিরকাল ধরিয়া অচঞ্চল; প্রবাহশূন্য। ২য়াতৎ। বিণ।

চিরস্মরণীয়—চিরকাল মনে রাখিবার যোগ্য। ২য়াতৎ। বিণ। স্ত্রী, –য়া।

চিরহরিৎ—চিরশ্যামল, সকল ঋতুতেই সবুজ; সব সময়েই সতেজ (Evergreen). ২য়াতৎ। বিণ।

চিরা—১। ছিন্ন বস্ত্র, নেকড়া। 'চীর' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি। ২। বিদীর্ণ, কাটা বা ফাটান, ছিন্ন, ছেঁড়া। চির্+আ কর্ম্মবা। বিণ। ৩। বিদীর্ণ করা বা হওয়া, কাটান বা কাটিয়া যাওয়া; কাটিয়া খণ্ড খণ্ড করা; ফাঁক করা বা হওয়া; ভাগ করা। বাং ক্রি।

চিরাগ—দীপ, বাতি, আলো। ফার্সী। বি।

চিরাগত—যাহা বহুকাল ধরিয়া চলিয়া আসিতেছে এরূপ, অনেক দিন হইতে প্রচলিত। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, –তা।

চিরাচরিত—বহুকাল যাবৎ অনুষ্ঠিত; চিরপ্রচলিত। ২য়াতৎ। বিণ। স্ত্রী, –তা।

চিরানন্দ—১। যাবজ্জীবন আনন্দোপভোগকারী। চির আনন্দ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ন্দা। ২। চিরহর্ষ, অক্ষয় আনন্দ। ২য়াতৎ। বি; পুং।

চিরাভ্যস্ত—অনেক দিনের অভ্যাসগত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,–স্তা।

চিরায়ুঃ (চিরায়ুস্), চিরায়ু, চিরায়ুষ্মান্(–ষ্মৎ)—চিরজীবী। চির আয়ুঃ যাহার, বহুব্রী; (৩য় পক্ষে) চিরায়ুঃ+মতুপ্ আছে অর্থে। বিণ। (৩য় পক্ষে) স্ত্রী,–ষ্মতী।

চিরাশ্রিত—চিরদিন শরণাগত, সদা অনুগত। চির ব্যাপিয়া আশ্রিত, ২য়াতৎ। বিণ। স্ত্রী,–তা।

চিরুণি, চিরুণী—কঙ্কত, কাঁকুই। চিরণী দ্রঃ। [শব্দজ। বি।

চিল—হিংস্র পক্ষিবিশেষ (Kite). 'চিল্ল'

চিলবিল—চঞ্চলতাপ্রকাশ; ছটফট্ করা। হিন্দীমূলক। অব্য।

চিলবিলা,–বিলে—চঞ্চল, অস্থির। চিলবিল+আ, এ করে অর্থে। বিণ।

চিলবিলান—অধীর হওয়া; ছটফট্ করা। বাং ক্রি। [বিলা+নি ভাববা। বি।

চিলবিলানি,–বিলিনি—চাঞ্চল্য। চিল-

চিলা, চিলে—ছাদের উপরের ঘর। 'চিল' শব্দজ। বি।

চিল্লাচিল্লি—চেঁচামেচি। হিন্দীমূলক। বি।

চিল্লান—চীৎকার করা, চেঁচান। বাং ক্রি।

চিহ্ন—১। কলঙ্ক; দাগ। চহ্+নক্ কর্ত্তৃবা। ২। নিদর্শন; লক্ষণ; অভিজ্ঞান, স্মারক; ইসারা, সঙ্কেত; ধ্বজ, পতাকা। চহ্+নক্ করণবা। বি; ক্লীব।

চিহ্ন(হ্নি)তনামা—চিহ্নিত করণ-লিপি, নির্দ্দেশপত্র। চিহ্নত (চিহ্নিত)+নামা পত্র অর্থে। বি।

চিহ্নিত—১। যাহাতে চিহ্ন করা হইয়াছে, চিহ্নযুক্ত, দাগ দেওয়া, চেনা; নির্দ্দেশিত; অঙ্কিত; লক্ষিত; বিশেষ নিদর্শনপত্রধারী (Covenanted). চিহ্ন+ইতচ্ যুক্তার্থে। বিণ। স্ত্রী,–তা। ২। চিহ্ন, লক্ষণ। চিহ্নি+ক্ত ভাববা। বি; ক্লীব।

চীজ—চিজ দ্রঃ।

চীজবস্ত—জিনিসপত্র, আসবাবপত্র। ফার্সী। বি।

চীত—চিত্র, ছবি। প্রাঃ কবিপ্র। বি।

চীতনলিনী—আঁকা পদ্ম। **চীতপুতলি**—আঁকা পুতুল।

চীতল—চিত্তল (তাহা দ্রঃ)।

চীৎকার, চিৎকার—উচ্চৈর্ধ্বনি, চেঁচান। চীৎ, চিৎ–কৃ+ঘঞ্ ভাববা। বি; পুং।

চীন—১। এশিয়ার অন্তর্গত দেশবিশেষ; মৃগবিশেষ; ধান্যবিশেষ, চীনা ধান; চীনদেশীয় লোক। চি+নক্ কর্ম্মবা। বি; পুং। ২। চীনদেশীয় বস্ত্র; পতাকা। বি; ক্লীব। ৩। চিহ্ন। প্রাঃ কবিপ্র। বি। [পুং।

চীনক—চীনাধান। চীন+কন্ স্বার্থে। বি;

চীনবাস—চীনা কাপড়, সূক্ষ্ম বস্ত্রবিশেষ। চীনজাত বাস, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

চীনা—১। চীনদেশীয়, চীনবাসী। বিণ। ২। চীনদেশের লোক; একপ্রকার শস্য। দেশজ। বি।

চীনাংশুক—একপ্রকার পট্টবস্ত্র। চীনজাত অংশুক, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

চীনামাটি—একপ্রকার চিক্কণ শ্বেত মৃত্তিকা। (Porcelain). বি।

চীনা-বাদাম—মাটকড়াই। দেশজ। বি।

চীনা-বাসন—চীনামাটির পাত্র। দেশজ। বি। [বি।

চীনা-সিঁদুর—ঘোর লাল সিন্দুর-বিশেষ।

চীবর—চীর, ছিন্নবস্ত্র; কৌপীন। চি (চয়ন করা)+ষ্বরচ্ কর্ম্মবা। বি; ক্লীব।

চীবরী (চীবরিন্)—বৌদ্ধসন্ন্যাসী। চীবর+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

চীর—ছিন্নবস্ত্রখণ্ড, নেকড়া; চীরকূট; বল্কল, গাছের ছাল। চি+রক্ কর্ম্মবা। বি; ক্লীব।

চীরকূট—চিরকুট দ্রঃ।

চীরধারী (–ধারিন্)—চীরধারণকারী, ছিন্নবস্ত্র পরিধায়ী; বল্কলবাসাঃ। উপতৎ। চীর–ধৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–রিণী।

চীরবাস—১। পরিধানের ছিন্ন বস্ত্র। কর্ম্মধা।

বি ; ক্লীব। ২। ছিন্নবস্ত্র-পরিহিত। বহুব্রী। বিণ।

চীরী (**চীরিন্**)—চীরধারী ; তাপস। চীর+ইন্ অস্ত্যর্থে। বি বা বিণ ; পুং। স্ত্রী, –রিণী।

চুআন—চুয়ান (তাহা দ্রঃ)। বাং ক্রি।

চুঁ—অনুকার-শব্দ, জলশোষণ শব্দ ; মৃদুশব্দ। দেশজ। অব্য।

চুঁই চুঁই—জলশোষণের শব্দ ; দগ্ধ হইবার শব্দ। দেশজ। অব্য।

চুঁয়া—১। আধপোড়া। বিণ। ২। আধ-পোড়া হওয়া, ধরিয়া যাওয়া। দেশজ। ক্রি।

চুঁয়ান—আধপোড়া করা, ধরাইয়া ফেলা। বাং ক্রি। [হিন্দী। বি।

চুক—১। টক, অম্ল। বিণ। ২। ভ্রম, ভুল।

চুকন—১। 'চুকান' (তাহা দ্রঃ)। ২। পরিশোধ ; বিনাশ ; আয়ুঃশেষ ; ফুরান। চুক্ +অন ভাববা। বি।

চুকলি—১। কুৎসা, অপবাদ, পরোক্ষে নিন্দা। আর্বী 'চুগ্‌ল্' শব্দজ। ২। চক্রাকার পিষ্টক-বিশেষ। দেশজ। বি। **চুকলি খাওয়া**—পরোক্ষে নিন্দা করা।

চুকলিখোর—পরোক্ষে নিন্দাকারী। চুকলি+খোর আসক্তার্থে। বিণ।

চুকা—১। টক, অম্ল। 'চুক্র' শব্দজ। বিণ। ২। ভুল করা ; নিষ্পত্তি বা অবসান হওয়া। বাং ক্রি।

চুকান—নিষ্পত্তি করা, মিটান ; শেষ করা ; চুক্তি করা। বাং ক্রি।

চুকাপালঙ্গ—টকপালঙ্গ শাক। দেশজ। বি।

চুক চুক—১। শিশুর স্তন্যপান-শব্দ ; অল্পে অল্পে দুগ্ধাদি পান করিবার শব্দ। অব্য। ২। মসৃণ ও উজ্জ্বল। দেশজ। বিণ।

চুক চুকান—চুকচুক শব্দ করা ; চুকচুক করিয়া পান করা ; কোন কার্য্য করিবার জন্য অধীর হওয়া। বাং ক্রি।

চুক চুকানি, চুক চুকুনি—চুকচুক শব্দ ; চুকচুক করিয়া পান করা ; কোন কার্য্য করিবার জন্য অধীরতা। চুক্‌চুকা+নি ভাববা। বি।

চুক চুকে—চিক্কণ ; চুক্‌চুক্‌কারী ; কার্য্য-করণার্থ অধীর। চুক্‌চুক্+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

চুক্তি—নিয়ম, অঙ্গীকার, কড়ার, সর্ত্ত ; নিষ্পত্তি, অবসান। হিন্দীমূলক। বি।

চুক্তিনামা, চুক্তিপত্র—নিয়ম-লেখ্য, যে দলিলে কোন বিষয়ের সর্ত্ত লিখিত হয়। চুক্তি +নামা পত্র অর্থে ; চুক্তিনির্দ্দেশক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি।

চুঙ্গি, চুঙ্গী—চোঙ, নল ; আমদানি-রপ্তানি পণ্যশুল্ক ; আবগারি মাশুল। হিন্দীমূলক। বি।

চুচুক, চূচুক—কুচাগ্র, স্তনের বোঁটা। চুচ্, চুচ্–কৈ+ক কর্ত্তবা। বি ; পুং বা ক্লীব।

চুচুকৃতি—১। চুচ্ শব্দকরণ ; চুম্বনধ্বনি। চুচ্–কৃ+ক্তি ভাববা। ২। কুচাগ্র, স্তনবৃন্ত। চুচ্–কৃ+ক্তি অধিবা। বি ; স্ত্রী।

চুঞ্চু—(কোন শব্দের পর প্রত্যয়রূপে যুক্ত হইলে) অভিজ্ঞ ('ন্যায়–', 'তর্ক–')। বিণ।

চুটকি, চুটকী—১। ক্ষুদ্র, ছোট ; সামান্য, নগণ্য, তুচ্ছ ; লঘু সুরের বা হালকা তালের। বিণ। ২। চুকি ; চুক্তিহিসাবে সুদ ; পদাঙ্গুলির অঙ্গুরীয় ; তুড়ি ; চিমটি ; কয়ালের প্রাপ্য ; মস্তকের শিখা। দেশজ। বি।

চুটান—পুনঃপুনঃ চোট লাগান, কোপান ; সম্যক্ ছেদন করা ; নিষ্পত্তি করা ; শক্তি নিয়োগ করা। বাং ক্রি। **চুটিয়ে**—যথা-শক্তি।

চুটা—শিখা ; চূড়া। 'চূড়া' শব্দজ। বি।

চুড়ি, চুড়ী—কাচবলয় ; মণিবন্ধের আভরণ (চওড়া হইলে 'চুড়' বা 'চূড়' বলে) ; কুঞ্চন, চুনট। হিন্দী। বি।

চুড়ি(ড়ী)দার—মিহি ও কুঞ্চিত। চুড়ি, চুড়ী +দার বিশিষ্টার্থে। বিণ।

চুণ, চূণ, চুন, চূন—১। পানে খাইবার বা

দেয়ালে লাগাইবার শুভ্র বস্তুবিশেষ। 'চূর্ণ' শব্দজ। বি। ২। চূর্ণবৎ শ্বেতবর্ণ; ফ্যাকাসে। বিণ। [বি।

চূণকাম—প্রাচীরাদিতে চূর্ণ লেপন। ৬ষ্ঠীতৎ।

চুণা—ছোট মাছ। দেশজ। বি।

চুণারি, চুণরি—চুণব্যবসায়ী। চুণ + আরি, রি ব্যবসায়ী অর্থে। বি। [বি।

চুণী—লোহিতক, পদ্মরাগমণি। হিন্দীমূলক।

চুতিয়া, চুথিয়া—মূর্খ। হিন্দীমূলক। বিণ।

চুনট, চুনাট—কুঞ্চন; জামা প্রভৃতির কুঞ্চিত অংশ। হিন্দীমূলক। বি।

চুনা—১। ক্ষুদ্র, ছোট। বিণ। ২। ছোট মাছ, চূর্ণ, চূণ। দেশজ। বি।

চুন্নরি—১। রঙীন কাপড়। বি। ২। রঙে চুবান, রঙীন। হিন্দীমূলক। বিণ।

চুনো-পুঁটী—ছোট ছোট মাছ; (লক্ষণায়) সামান্য দরের লোক, অল্প পুঁজি বা ক্ষমতার লোক। কর্ম্মধা। বি।

চুন্নী—চোর-স্ত্রীলোক; গোপনকারিণী। 'চোরণী' শব্দের দ্রুত উচ্চারিত রূপ। বি; স্ত্রী।

চুপ—১। মৌন, তূষ্ণীম্ভাব; নিস্তব্ধতা; গোপন। দেশজ। বি। ২। নীরব, নিঃশব্দ। বিণ। [বিণ বা ক্রি-বিণ।

চুপচাপ—সম্পূর্ণ নিস্তব্ধ, নির্ব্বাক্। দেশজ।

চুপড়ি, -ড়ী, চুবড়ি, -ড়ী—ছোট চুকরি; পাত্র, আধার। দেশজ। বি।

চুপসা—শুষ্করস; তোবড়ান; বসা। দেশজ। বিণ।

চুপসান—শোষণ করা; শুষিয়া লওয়া; তোবড়ান। বাং ক্রি। বি, -সানি।

চুপিচুপি, চুপেচুপে—নিঃশব্দে, আস্তে আস্তে, গোপনে। দেশজ। ক্রি-বিণ।

চুবাকি, চুবন, চুবনি, চুবানি, চোবানি—মজ্জন, ডুব, ডুবন। দেশজ। বি।

চুবান, চোবান—মজ্জিত করা, ডুবান। বাং ক্রি। [শব্দজ। বি।

চুম, চুমা, চুমু, চুমো—চুম্বন। 'চুম্ব'

চুমকি—জল খাইবার ছোট ঘটী, কেরো; (বস্ত্রাদিতে) খচিত উজ্জ্বল বস্তু (Spangle). হিন্দীমূলক। বি।

চুমকুড়ি, -ড়ী—চুম্বন; চুম্বনধ্বনি; চুম্বনের ন্যায় শব্দ। হিন্দীমূলক। বি।

চুমড়ান, চুমরান—চুম্বন শব্দ করিয়া শান্ত করা; মিষ্ট কথায় ভুলান, সোহাগ করা; নূতন-ছাওয়া খড় বসাইয়া মিল করা। বাং ক্রি।

চুমরি, চুমুরি, -রী—বায়ব্যমূল; বট-গাছের ঝুরি; শাখামূল; নারিকেল ফুল ও মুচির আধার; কচু প্রভৃতির উপরের শিকড়। দেশজ। বি।

চুমাচুমি—পরস্পর চুম্বন। দেশজ। বি।

চুমুক—পানপাত্রে মুখ লাগাইয়া পান; ঐরূপে একবারে যতটা পান করা যায় ততটা। দেশজ। বি বা বিণ।

চুম্ব—মুখে মুখস্পর্শ, চুম্বন, চুমা। চুম্ব্ + ঘঞ্ ভাববা। বি; পুং।

চুম্বক—১। অয়স্কান্তমণি, লৌহাকর্ষক প্রস্তর; বিস্তৃত বহুগ্রন্থের সারসংগ্রহ। চুম্ব্ + ণক কর্তৃবা। বি; পুং। ২। চুম্বনকারী; ধূর্ত্ত; লম্পট; সারসংগ্রহকারী; গ্রন্থের একদেশাভিজ্ঞ। বিণ। স্ত্রী, -ম্বিকা।

চুম্বকন—চুম্বকে পরিণত করণ (Magnetisation). বি।

চুম্বকক্ষেত্র—চুম্বকের চতুর্দ্দিকে যতদূর পর্য্যন্ত তাহার আকর্ষণশক্তি অনুভূত হয় তাহা (Magnetic field). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

চুম্বকত্ব—চুম্বকের ভাব বা ক্ষমতা (Magnetism). বি।

চুম্বকশলাকা, -সূচি, -সূচী—চুম্বক-লৌহনির্ম্মিত শলাকা বা কাঠি (Magnetic needle). মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

চুম্বকাকর্ষণ—চুম্বকের অন্য লৌহকে নিজের দিকে টানিয়া লওয়া (Magnetic attraction). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

চুম্বন—মুখে মুখস্পর্শ, চুম্ব, চুমা খাওয়া। চুম্ব্ + অনট্ ভাববা। বি; ক্লীব।

চুম্বিত—যাহাকে চুম্বন করা হইয়াছে এরূপ, কৃতচুম্বন ; স্পৃষ্ট ; সংলগ্ন, সম্মিলিত। চুম্ব্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

চুয়া—১। স্বনামখ্যাত তরল গন্ধদ্রব্য। হিন্দী। বি। ২। পরিস্রুত হওয়া, ক্ষরণ করা, গলিত হওয়া, ঝরা। বাং ক্রি।

চুয়াড়—১। পাহাড়িয়া লোক ; কিরাত ; ধাঙ্গড়। বি। ২। অসভ্য ; নিষ্ঠুর ; গোঁয়ার। দেশজ। বিণ।

চুয়াত্তর—৭৪ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'চতুঃসপ্ততি' শব্দজ। বি বা বিণ।

চুয়ান, চুয়ন—পরিস্রুত করা বা হওয়া, ক্ষরিত করা বা হওয়া, গলা, ঝরা, চোলাই করা। বাং ক্রি।

চুয়ানি—পরিস্রবণ, ক্ষরণ। চুয়া+নি ভাববা। বি।

চুয়ান্ন—৫৪ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'চতুঃ-পঞ্চাশৎ' শব্দজ। বি বা বিণ।

চুয়াল, চোয়াল—গণ্ডের উভয় পার্শ্ব। দেশজ। বি।

চুয়াল্লিশ—৪৪ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'চতুশ্চত্বারিংশৎ' শব্দজ। বি বা বিণ।

চুর, চূর—১। চূর্ণ, গুঁড়া। 'চূর্ণ' শব্দজ। ২। মন্দিরাকৃতি রাশি, স্তূপ। 'চূড়া' শব্দজ। বি। ২। বিভোর, বিভ্রান্ত, বিহ্বল। দেশজ। বিণ।

চুরট, চুরুট—ধূমপত্র বা ধোঁয়াপত্র, ধূম-পানার্থ দোক্তাপাতায় পাকান বাতিবিশেষ। তামিল 'সুরুট্' শব্দজ। বি।

চুরানব্বই—৯৪ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'চতুর্নবতি' শব্দজ। বি বা বিণ।

চুরাশি,—শী—৮৪ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'চতুরশীতি' শব্দজ। বি বা বিণ।

চুরি—চৌর্য্য, অপহরণ। হিন্দী 'চোরী' শব্দজ। বি।

চুরি-চামারি,—রী—চুরি জুয়াচুরি প্রভৃতি অপকর্ম্ম, নীচকর্ম্ম। দ্বন্দ্ব। বি।

চুল—কেশ, লোম। 'চূল' শব্দজ। বি।

চুলকনা,—কনি,—কুনি—কণ্ডু, কণ্ডূতি, খোসপাঁচড়া। দেশজ। বি।

চুলকান—কণ্ডূয়ন প্রবৃত্তি বোধ করা বা করান। বাং ক্রি।

চুলচেরা—অতি সূক্ষ্ম ; সমান, ঠিক ঠিক। চুল-(ও) চেরা যাহাতে, বহুব্রী। বিণ।

চুলবুল—১। চাঞ্চল্য প্রদর্শন। অব্য। ২। চঞ্চল। হিন্দীমূলক। বিণ।

চুলবুলে—অস্থির, চঞ্চল, ছট্‌ফটে। চুল্‌বুল+এ (∠ইয়া) করে অর্থে। বিণ। বি, চুল-বুলানি,—বুলুনি।

চুলা, চুলী—উনান, আকা ; শ্মশান ; জাহান্নম, নরক। 'চুল্লী' শব্দজ। বি।

চুলাচুলি, চুলোচুলি—পরস্পর চুল টানিয়া মারামারি, কেশাকেশি। ব্যতীহার বহুব্রী। বি।

চুলি—১। চুল্লি, উনান, আকা। দেশজ। ২। চুল, কেশ। প্রাঃ কবিপ্র। বি।

চুল্লি, চুল্লী—অগ্নিস্থান, চুলা, উনান ; চিতা। চুল্ +ই অধিবা, পক্ষে ঈপ্। বি ; স্ত্রী।

চুষা, চুসা—ওষ্ঠদ্বারা শোষণ করা, মুখ দিয়া টানিয়া লওয়া বা খাওয়া। বাং ক্রি।

চুষি, চুসি—শিশুর চুষিবার ছোট কাঠি ; একরকম পিঠা, ইহা চুষিয়া খাইতে হয় ; রবারের চুচুক। চুষ+ই কর্ম্মবা। বি।

চূড়া, চূলা—শিরোভূষণ ; মুকুট ; বাহুভূষণ, চুড়ি ; দশটী সংস্কারের অন্তর্গত সংস্কারবিশেষ ; শিখা, টিকি ; শেখর, শৃঙ্গ ; ঝুঁটি ; কেশ ; চাল বা ছাদের পাড় ; ভূষণ। চুড়ি+অঙ্ কর্ম্মবা+আপ্। বি ; স্ত্রী।

চূড়াকরণ—ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যাদির দশ সংস্কারের অন্তর্গত সংস্কারবিশেষ ; মস্তক-মুণ্ডনসংস্কার। চূড়া—কৃ+অনট্ ভাববা। বি ; ক্লীব।

চূড়াকর্ম্ম (—কর্ম্মন্),—কর্ম—চূড়াকরণ (তাহা দ্রঃ)।

চূড়ান্ত—১। চূড়ার শেষ। চূড়ার অন্ত, ৬ষ্ঠীতৎ। ২। শেষ সীমা, পরাকাষ্ঠা ; সিদ্ধান্ত, শেষ

নিষ্পত্তি। চূড়ার অন্ত হয় যাহাতে, বহুব্রী। বি; পুং।

চূড়ামণি—১। শিরোরত্ন, মুকুটমণি; উপাধি-বিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। শ্রেষ্ঠ। বিণ।

চূড়ামণিযোগ—যোগবিশেষ [রবিবারে সূর্য্যগ্রহণ এবং সোমবারে চন্দ্রগ্রহণ হইলে এই যোগ হয়]। কর্ম্মধা। বি; পুং।

চুড়ি, চুড়ী—স্ত্রীলোকের করভূষণবিশেষ। হিন্দী। বি।

চুণ—চূণ দ্রঃ।

চূণকাম—চুণকাম দ্রঃ।

চুণা—চুণা দ্রঃ।

চূণারি, চূণারী—চুণারি দ্রঃ।

চূত—১। গুহ্যদ্বার; প্রসবদ্বার। চ্যুত্+ক অপাবা (নিপা)। ২। আম্রফল, আম। চুস্+ক্ত কর্ম্মবা (নিপা)। বি; ক্লীব। ৩। আম্রবৃক্ষ। চুষ্+ক্ত কর্ম্মবা। বি; পুং।

চূতলতা—আম্রলতা, আমের মত ফল হয় এরূপ লতানে গাছ। চূততুল্যা লতা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

চূয়া—চুয়াইয়া পড়া, চ্যুত হওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি। [চূয়ত, চূয়ল ইত্যাদি]।

চূর—চুর দ্রঃ।

চূরচূর—টুকরা টুকরা; নেশায় বিভোর। দেশজ। বিণ। [বিণ।

চূরমার—চূর্ণবিচূর্ণ; খণ্ডবিখণ্ড। দেশজ।

চূর্ণ—১। কঠিন দ্রব্যের সূক্ষ্মতম আকার, গুঁড়া; গুঁড়ী; ধূলি; আবীর; চুণ; ছাতু। চূর্ণ+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং। ২। গুণ্ডিত, গুঁড়ান; কুঞ্চিত, কোঁকড়ান। বিণ। স্ত্রী, চূর্ণা।

চূর্ণক—১। গুঁড়া, ধূলি। চূর্ণ+কন্ স্বার্থে। বি; পুং। ২। গদ্যগ্রন্থবিশেষ। বি; ক্লীব।

চূর্ণকার—চুণারি জাতি। চূর্ণ (চুণ)—কৃ+অণ্ কর্ত্তৃবা। বি; পুং।

চূর্ণকুন্তল—অলক, চুলের ঝাপ্টা। চূর্ণ কুন্তল, কর্ম্মধা। বি; পুং।

চূর্ণন—চূর্ণকরণ, গুণ্ডন, গুঁড়া করা। চূর্ণ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

চূর্ণিত—চূর্ণীকৃত, গুণ্ডিত, যাহাকে গুঁড়া করা হইয়াছে এরূপ; পিষ্ট। চূর্ণ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

চূর্ণীকৃত—চূর্ণিত, গুণ্ডিত, গুঁড়ান। চূর্ণ+চি্ব অভূততদ্ভাবার্থে (—চূর্ণী)—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

চূল, চূলক—কেশ। চূল্+ক কর্ত্তৃবা, পক্ষে কন্ স্বার্থে। বি; পুং।

চূষণ—জিহ্বা দ্বারা রসগ্রহণ। চূষ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

চূষা—চুষা (তাহা দ্রঃ)।

চূষ্য—চোষণীয়, যাহা চুষিয়া খাইতে হয় এরূপ। চূষ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, চূষ্যা। [দেশজ। বি।

চেং, চেঙ, চেঙ্গ—একপ্রকার মাছ।

চেংঝোলা, চেঙঝোলা, চেঙ্গঝোলা—চেংদোলা (তাহা দ্রঃ)।

চেংড়া, চেঙড়া, চেঙ্গড়া—ছোকরা, বালক, ছেলে; ছেপলা যুবক; ডাংপিটে ছেলে। দেশজ। বি; পুং বা বিণ। বি,—ম,—মি।

চেংদোলা, চেঙদোলা, চেঙ্গদোলা—হাত পা ধরিয়া ঝুলাইয়া দুলাইতে দুলাইতে বহন। দেশজ। বি।

চেংমুড়ি, চেঙমুড়ি, চেঙ্গমুড়ি—শব, মড়া; শবদেহ বস্ত্রাদিতে মুড়িয়া খাটিয়ায় বন্ধন। দেশজ। বি।

চেঁচাচেঁচি, চেঁচামেচি—পরস্পর চেঁচান বা তুমুল শব্দ, বহুজনের চীৎকার, কোলাহল, গণ্ডগোল। দেশজ। বি।

চেঁচাড়ি, চেঁচাজি—পাতলা বাখারি। দেশজ। বি।

চেঁচান—চীৎকার করা। দেশজ। ক্রি।

চেক—বস্ত্রাদিতে বোনা রঙ্গিল ঘর বা ছক (Check); ব্যাঙ্ক প্রভৃতির নামে টাকা দিবার আদেশপত্র। ইং Cheque. বি।

চেক-দাখিলা—প্রজার নিকট হইতে খাজনা লইয়া তাহাকে যে মুদ্রিত রসিদ দেওয়া হয় তাহা। বৈদে। বি।

চেকমুড়ি—চেক-দাখিলার যে অংশ জমিদারের নিকট থাকে তাহা। বৈদে। বি।

চেঙরা—বাচাল; প্রগল্ভ। কবিপ্র। বিণ।

চেঙারি, চেঙ্গারি—বংশনির্ম্মিত পাত্রবিশেষ, ডালা। দেশজ। বি।

চেটা, চেটাই—খেজুরপাতার বা তালপাতার আসন। দেশজ। বি।

চেটাল—প্রশস্ত, চওড়া। দেশজ। বিণ।

চেটী, চেড়ী—উপনায়িকা; দাসী। চেট বা চেড়+ঈপ্। বি; স্ত্রী।

চেটুয়া, চেটো—হস্ত ও পদের তলভাগ। 'চপেট' শব্দজ। বি। [বি; স্ত্রী।

চেড়ী—দাসী, অন্তঃপুরবাসিনী। 'চেটী' শব্দজ।

চেত্—১। চিত্ত। 'চেতস্' শব্দজ। বি। ২। জাগরিত হও। কবিপ্র। ক্রি।

চেতঃ (চেতস্), চেত—১। মনঃ, চিত্ত, অন্তঃকরণ। চিৎ+অসুন্ করণবা। বি; ক্লীব। ২। চৈতন্য, আত্মা। চিৎ+অসুন্ কর্ত্তৃবা। বি; পুং।

চেতক—চৈতন্যকারক, উদ্বোধক, স্মারক। চিৎ+ণিচ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তিকা।

চেতন—১। আত্মা, জীব। চিত্+অন কর্ত্তৃবা। বি; পুং। ২। মনঃ। বি; ক্লীব। ৩। চৈতন্যযুক্ত, সংজ্ঞাবিশিষ্ট। বিণ। স্ত্রী,—না। ৪। সংজ্ঞা; বুদ্ধি; জ্ঞান; জাগরণ। চিৎ+অনট্ ভাববা। বি; ক্লীব।

চেতনা—১। চৈতন্যযুক্তা, সংজ্ঞাবিশিষ্টা। চেতন দ্রঃ। চেতন+আপ্। বিণ; স্ত্রী। ২। সংজ্ঞা, চৈতন্য; বুদ্ধি। চিৎ+অন ভাববা +আপ্। বি; স্ত্রী।

চেতনাবিহীন,—শূন্য, —হীন—চৈতন্যরহিত, অচেতন। ওয়াতৎ। বিণ। স্ত্রী, —না,—ন্যা,—না।

চেতা—জ্ঞান পাওয়া; সতর্ক হওয়া; জাগরিত হওয়া; সংজ্ঞা লাভ করা। কবিপ্র। ক্রি।

চেতান—জ্ঞান দেওয়া; সতর্ক করা; জাগান; চেতনাবান্ করা। কবিপ্র। ক্রি।

চেতিত—জাগিত; প্রবোধিত। চিৎ+ণিচ্ +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

চেন—শৃঙ্খল, শিকল; মাপের শিকল; শৃঙ্খলাকার ভূষণ। ইং Chain. বি।

চেনা—১। পরিচিত, জানা। চিন্+আ কর্ম্মবা। বিণ। ২। দোষগুণ বুঝা; পরিচয় করা। বাং ক্রি। [বাং ক্রি।

চেনান—পরিচিত করান, জানান, শিখান।

চেপ্টা—প্রশস্ত, চেটাল; ঘসা; পিষ্ট; দমিত। 'চিপিট' শব্দজ। বিণ।

চেপ্টান—চাপ দিয়া প্রশস্ত করা; মর্দ্দিত করা, দমিত করা। বাং ক্রি।

চেয়—চয়নীয়, চয়নযোগ্য। চি+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, চেয়া।

চেয়াড়ি—চেঁচাড়ি (তাহা দ্রঃ)।

চেয়ার—আসনবিশেষ, কেদারা; সভাপতি বা প্রধান ব্যক্তির আসন। ইং Chair. বি।

চেয়ারম্যান—সভাপতি; কোন সমিতির সর্ব্বপ্রধান সভ্য। ইং Chairman. বি।

চেয়ে—১। চাহিয়া, তাকাইয়া, দেখিয়া। অস-ক্রি। ২। চাইতে, অপেক্ষা। দেশজ। অব্য।

চেরা—ফাড়া, বিদারণ করা; লম্বালম্বি কাটিয়া ফেলা; ছিন্ন বা ফাঁক করা। বাং ক্রি।

চেরাগ—প্রদীপ। ফার্সী 'চিরাগ' শব্দজ। বি।

চেরান—ফাড়ান, কাটান। বাং ক্রি।

চেল—১। বস্ত্র; পরিচ্ছদ। চিল্+ঘঞ্ কর্ম্মবা। বি; ক্লীব। ২। অধম; কুৎসিত। চেল্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, চেলা।

চেলা—১। শিষ্য; সাকরেদ; সঙ্গী। হিন্দী। বি। ২। চেরা কাঠ; একরকম ছোট মাছ। দেশজ। বি।

চেলান—কুড়ুল দিয়া চিরিয়া খণ্ড খণ্ড করা, চেরাই করা। বাং ক্রি।

চেলিকা, চেলী—বস্ত্র; পট্টবস্ত্র; পরিচ্ছদ।

চেল+কন্ স্বার্থে+আপ্ ; চেল+ঈপ্। বি ; স্ত্রী।

চেষ্টমান—চেষ্টা করিতেছে এরূপ, সচেষ্ট, যত্নশীল, উদ্যোগী ; চলৎ। চেষ্ট্+শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–না।

চেষ্টা—কায়িক ব্যাপার, অভীষ্টসাধনার্থ ক্রিয়া ; যত্ন ; উদ্যোগ ; কার্য্য ; গতি। চেষ্ট্ +অ ভাববা+আপ্। বি ; স্ত্রী। **চেষ্টা-চরিত্র**—উদ্যোগ-আয়োজন।

চেষ্টান্বিত—চেষ্টাযুক্ত, চেষ্টিত। চেষ্টা দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,–তা।

চেষ্টারহিত, –শূন্য, –হীন—নিশ্চেষ্ট, উদ্যমহীন। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,–তা, –ন্যা,–না।

চেষ্টিত—১। চেষ্টান্বিত। চেষ্ট্+ক্ত কর্তৃবা। বিণ। ২। যে বিষয়ে চেষ্টা করা গিয়াছে বা যাইতেছে। চেষ্ট্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা। ৩। চেষ্টা। চেষ্ট্+ক্ত ভাববা। বি ; ক্লীব।

চেহারা—মূর্ত্তি, অবয়ব, মুখভাব, আকৃতি। ফার্সী 'চিহ্‌রাহ্' শব্দজ। বি।

চৈ চৈ—হংসাদিকে আহার দিবার কালে আহ্বান-শব্দ। দেশজ। অব্য।

চৈত—চৈত্রমাস। 'চৈত্র' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি। [শব্দজ। বি।

চৈতন—মস্তকের শিখা, টিকি। 'চৈতন্য'

চৈতন্য—১। চেতনা, সংজ্ঞা ; ব্রহ্ম ; প্রকৃতি ; শিখা, টিকি। চেতন+ষ্যঞ্ ভাবাদ্যর্থে। বি ; ক্লীব। ২। শ্রীচৈতন্যদেব। চৈতন্য+অচ্ বিশিষ্টার্থে। বি ; পুং।

চৈতন্যদেব—আধুনিক বৈষ্ণবমতের প্রধান প্রবর্ত্তক, নিমাই, গৌরাঙ্গ। বি ; পুং।

চৈতন্যময়—জ্ঞানময়, জ্ঞানস্বরূপ। চৈতন্য+ ময়ট্ স্বরূপার্থে। বিণ। স্ত্রী,–য়ী।

চৈতন্যরূপী (–রূপিন্)—জ্ঞানস্বরূপ, জ্ঞানময়। চৈতন্যই রূপ, কর্ম্মধা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,–পিণী।

চৈতন্যোদয়, চৈতন্যোদ্রেক—জ্ঞান-সঞ্চার, জ্ঞানের আবির্ভাব। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

চৈতালি,–লী—চৈত্রমাসে উৎপন্ন বা সংগৃহীত (ফসল), চৈত্রমাসসম্বন্ধীয়। চৈত+ আলি, আলী সম্বন্ধার্থে। বিণ।

চৈত্ত—চিত্তসম্বন্ধীয়। চিত্ত+অণ্ সম্বন্ধীয়ার্থে। বিণ।

চৈত্য—১। উপাসনাস্থান ; পূজাস্থান ; বৌদ্ধদিগের মঠ ; মৃতব্যক্তির স্মৃতিমন্দির ; রথ্যা বা শ্মশানপার্শ্বস্থ বৌদ্ধদিগের পূজনীয় বৃক্ষ। চিত্যা+অণ্ সম্বন্ধার্থে। বি ; ক্লীব। ২। চিতাসম্বন্ধীয়। বিণ। স্ত্রী, চৈত্যী।

চৈত্র—চিত্রানক্ষত্রযুক্ত পূর্ণিমাবিশিষ্ট মাস, মধুমাস। চৈত্রী+অণ্ যুক্তার্থে। বি ; পুং।

চৈত্রক—চৈত্রমাস। চৈত্র+কন্ স্বার্থে। বি ; পুং। [বি ; পুং।

চৈত্রিক—চৈত্রমাস। চৈত্রী+ইক যুক্তার্থে।

চৈত্রী—চিত্রানক্ষত্রযুক্ত পূর্ণিমা ; চৈত্রমাসের পূর্ণিমা। চিত্রা (নক্ষত্রবিশেষ)+অণ্ যুক্তার্থে +ঈপ্। বি ; স্ত্রী।

চৈন, চৈনিক—চীনা লোক ; চীনদেশীয় ভাষা ; চীনদেশসম্বন্ধীয় ; চীনদেশে জাত ; চীন-দেশীয়। চীন+অণ্, ইক ভবার্থে, সম্বন্ধার্থে। বি ; পুং বা বিণ। স্ত্রী, চৈনী, চৈনিকী।

চৈনেয়—১। চীনদেশজাত। চীন+এয় ভবার্থে। ২। চীনদেশসম্বন্ধীয়। চীন+এয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,–য়ী।

চোঁ—বেগসূচক শব্দ ; জলশোষণের শব্দ। দেশজ। অব্য।

চোঁচ—চঞ্চু ; বংশাদির সূচিবৎ সূক্ষ্ম শলাকা ; আঁশ, ছিবড়া। দেশজ। বি।

চোঁচা—একটানা ; রুদ্ধশ্বাসে ; এক নিঃশ্বাসে। দেশজ। বিণ বা ক্রি-বিণ।

চোঁচাল—চোঁচযুক্ত। চোঁচ+আল যুক্তার্থে। বিণ।

চোঁ-চোঁ—দ্রুতশোষণের শব্দ ; শুষিয়া পান করার শব্দ। দেশজ। অব্য।

চোঁয়া—ঈষৎদগ্ধ। দেশজ। বিণ।
চোঁয়া-ঢেকুর—অম্ল উদ্গার, খই ঢেকুর। কর্ম্মধা। বি।
চোক—চক্ষু; চৌক, এক কাহনের ৪ ভাগের ১ ভাগ। 'চতুষ্ক' শব্দজ। বি।
চোকলা—শস্যত্বক্, কালি; কাঠাদির লম্বা টুকরা। দেশজ। বি। [বাং ক্রি।
চোকান—মিটান; শেষ করা; তীক্ষ্ণ করা।
চোখ—চক্ষু; তদাকার চিহ্ন; ইক্ষুকাণ্ডের গ্রন্থিস্থ অঙ্কুরমূল; চন্দ্রক। 'চক্ষুস্' শব্দজ। বি।
চোখ-খাকী, -খাগী—(ক্রোধোক্তিতে) অন্ধ নারী; বিচারবুদ্ধিহীনা রমণী। চোখ—খা+উকা, উগা কর্ত্তৃবা, সংক্ষেপে চোখ-খেকো, -খেগো, তদুত্তরে+ঈ। বি বা বিণ; স্ত্রী।
চোখ-গেল—পক্ষিবিশেষ (ইহারা 'চোখ গেল' শব্দের ন্যায় শব্দ করে)। দেশজ। বি।
চোখ-রাঙানি—ভ্রূকুটিপ্রদর্শন, ক্রুদ্ধদৃষ্টি-প্রদর্শন। ৬ষ্ঠীতৎ। বি।
চোখা—তীক্ষ্ণ, ধারাল; উত্তম। দেশজ। বিণ।
চোখান—শাণ দেওয়া, ধার করা। বাং ক্রি।
চোখাল—তীক্ষ্ণধারবিশিষ্ট; চালাক, তুখড়, প্রগল্ভ। চোখা+ল। বিণ।
চোখো—দৃষ্টিবিশিষ্ট (যেমন 'একচোখো'), তীব্র, উগ্র। বিণ।
চোগা—সব উপরে গায়ে দিবার একপ্রকার সম্মুখ-খোলা লম্বা ঢিলা জামা। ফার্সী। বি।
চোঙ, চোঙ্গ—বড় নল; তদাকার বস্তু। দেশজ। বি।
চোঙা, চোঙ্গা—ছোট নল। চোঙ, চোঙ্গ+আ স্বার্থে। বি।
চোট—আঘাত, ঘা; কোপ; বেগ, ধমক; ঝাঁক, জারি; বড়মানুষি; দফা, বার। হিন্দী। বি। [বি।
চোটা—দিন হিসাবে মোটা সুদ। দেশজ।
চোটান—ঠোকরান; আঘাতকরণ; বিদারণ; কোপান। বাং ক্রি।
চোট্টা—চোর। হিন্দী। বি।
চোণা, চোনা—গোমূত্র। দেশজ। বি।
চোতা, চোথা—অকর্ম্মণ্য, বাতিল, বাজে; ওঁচা; অপরিষ্কার, তাড়াতাড়ি লিখিত, খসড়া। দেশজ। বিণ।
চোদ্দ—চৌদ্দ (১৪)। 'চতুর্দ্দশ' শব্দজ। বি বা বিণ।
চোদ্দই, চৌদ্দই—মাসের ১৪ তারিখ। চোদ্দ, চৌদ্দ+ই তারিখ অর্থে। বি।
চোপ—১। চোট, কোপ, আঘাত। বি। ২। চুপ, চুপ কর। দেশজ। অব্য।
চোপ(ব)দার—আসাসোঁটা-বাহক। ফার্সী। বি।
চোপদারী—চোপদারের কাজ। চোপদার+ঈ কর্ম্মার্থে। বি।
চোপরা, চোপা—মুখরতা, বাচালতা, তর্কবিতর্ক। দেশজ। বি।
চোপান—পুনঃ পুনঃ আঘাত করা, চোটান, কোপান, খোড়া। বাং ক্রি।
চোবে, চৌবে—চতুর্ব্বেদী ব্রাহ্মণের উপাধি; মথুরার ব্রাহ্মণ-শ্রেণীবিশেষ। হিন্দীমূলক। বি।
চোয়াড়, চোহাড়—১। শবর, কিরাত, শিকারী। প্রাঃ কবিপ্র। ২। অভদ্র, ইতর, ছোট লোক। দেশজ। বি।
চোয়াল—চুয়াল দ্রঃ।
চোর—তস্কর, পরদ্রব্যাপহারক; গন্ধদ্রব্য-বিশেষ। চুর্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।
চোরকাঁটা—ভাঁটুই, (ইহার ফল কাপড়ে বিঁধিয়া যায় ও লোমে জড়াইয়া যায়)। দেশজ। বি।
চোরকুঠারি(রী), চোরাকুঠারি(রী)—ঘরের ভিতরের গুপ্ত ঘর; গুপ্ত ঘর; সিঁড়ির নীচের খোপ। দেশজ। বি।
চোরখণ্ডা—চোর ও অন্যান্য ধরণের দুষ্ট লোক। প্রাঃ কবিপ্র। বি।
চোরছেঁচড়—চোর ও অপরাপর দুষ্ট লোক। দ্বন্দ্ব। বি।
চোরা—১। চোরিত; চুরি-করা; চৌর্য্য-

ব্যবসায়ী। চোর+আ প্রাপ্তার্থে, যোগ্যার্থে। বিণ। ২। চোর। চোর+আ স্বার্থে। বি।

চোরাই—চোরিত, অপহৃত, যাহা চুরি করা হইয়াছে। চুরি+আই প্রাপ্তার্থে। বিণ।

চোরাগলি—গলির ভিতরের সরু গলি, সঙ্কীর্ণ অন্ধকার গলি। কর্ম্মধা। বি।

চোরা-পাহাড়—সাগরের জলের নীচে অদৃশ্য পাহাড়। কর্ম্মধা। বি।

চোরা-বালি—হঠাৎ ধ্বসিয়া যাওয়ার মত বালি; (নদীতীরের বা মরুভূমির) যে বালির উপর দিয়া গমন করিলে তাহা ধ্বসিয়া যায় এবং গমনকারী বালির নীচে বসিয়া যায় তাহা। কর্ম্মধা। বি।

চোরায়সি—লুকাইয়াছ; চুরি করিয়াছ। প্রাঃ কবিপ্র। ক্রি।

চোরিত—অপহৃত। চুর্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

চোল, চোলক—কাঁচুলি; ঘাঘরা। চোল =চুল+অচ্ কর্ত্তৃবা; চোলক=চোল+কন্ স্বার্থে। বি; পুং।

চোলাই—১। পরিস্রুতকরণ, বকযন্ত্রে চুয়ান। দেশজ। বি। ২। পরিস্রুত, চুয়ান। বিণ।

চোলিকা, চোলী—কাঁচুলি, ঘাঘরা। চোলিকা=চোলক+আপ্; চোলী=চোল+ঈপ্। বি; স্ত্রী।

চোষ, চোষণ—শোষণ। দেশজ। বি।

চোষ-কাগজ—কালীশোষক কাগজ, ব্লটিং কাগজ। মধ্যপ কর্ম্মধা। বি।

চোষা—১। শোষণ করা; মুখ দিয়া টানিয়া লওয়া। বাং ক্রি। ২। শোষিত; যাহা চোষা হইয়াছে এমন; চোপসা। চোষ্+আ কর্ম্মবা। বিণ।

চোষ্য—চুষিয়া খাইবার উপযুক্ত (আম্রাদি)। 'চূষ্য' স্থানে অশুদ্ধ প্রঃ। বিণ।

চোস্ত—চৌরস, সমান, মসৃণ, সমতল; দুরস্ত, ঠিক; আঁট, কষা; চালাক। ফার্সী-মূলক। বিণ। [শব্দজ। বিণ।

চৌ—চারি (অন্ত শব্দের যোগে)। 'চতুর্'

চৌক—চোক, চক্ষু; এক কাহনের চারি ভাগের এক ভাগ। 'চতুষ্ক' শব্দজ। বি।

চৌকণ, চৌকন, চৌকোণ, চৌকোন—চারিকোণবিশিষ্ট; চারিপল। 'চতুষ্কোণ' শব্দজ। বহুব্রী। বিণ।

চৌকষ, চৌকস—চতুর্দ্দিকে দৃষ্টিসম্পন্ন, চতুর, চালাক, সতর্ক, হুঁসিয়ার। 'চতুষ্ক' শব্দজ। বিণ।

চৌকা—১। চতুষ্কোণ; সমচতুর্ভুজ। 'চতুষ্কোণ' শব্দজ। বিণ। ২। চারিকোঁটা-চিহ্নিত তাস। দেশজ। বি।

চৌকাঠ—দরজা জানালার চারিপাশের কাঠাম। বহুব্রী। বি।

চৌকি, চৌকী—১। চতুষ্কোণ-উন্নত কাষ্ঠাসন, বসিবার টুল, চেয়ার; তক্তাপোষ। 'চতুষ্কী' শব্দজ। ২। থানা, ফাঁড়ি; মুনসেফের এলাকা, মহকুমা; প্রহরীর কার্য্য, প্রহরা, পাহারা। দেশজ। বি।

চৌকি(কী)দার—পাহারাদার, পাহারাওয়ালা, প্রহরী। চৌকি, চৌকী+দার নিযুক্তার্থে। বি।

চৌকি(কী)দারী—১। চৌকিদারের কর্ম্ম, পাহারা দেওয়া। চৌকিদার, চৌকীদার+ঈ কর্ম্মার্থে। বি। ২। চৌকিদারসম্বন্ধীয় ('—টেক্স')। চৌকিদার, চৌকীদার+ঈ সম্বন্ধার্থে। বিণ।

চৌকোণা—চারিকোণযুক্ত। 'চতুষ্কোণ' শব্দজ। বহুব্রী। বিণ।

চৌকোশ—১। চৌকষ (তাহা দ্রঃ)। বিণ। ২। চারি ক্রোশ পথ। প্রাঃ কবিপ্র। বি।

চৌখণ্ডি, চৌখণ্ডিয়া, চৌখণ্ডী—চারিখণ্ডে বিভক্ত; চারি পায়াযুক্ত। প্রাঃ কবিপ্র। বিণ।

চৌখুপী, চৌখুবী—চারি খোপ বা খুবরি-বিশিষ্ট; চতুষ্কোণ ঘর আঁকা। চৌখোপ, চৌখোব+ঈ যুক্তার্থে। বিণ।

চৌগুণ, —গুণা—চতুর্গুণ। বহুব্রী। বিণ।

চৌগোঁয়া—লম্বিত গুম্ফ দুই ভাগ করিয়া ও উপরদিকে তুলিয়া দুই পাশে গোঁপের সহিত মিলিত হইয়াছে এরূপ। দেশজ। বিণ।

চৌঘুড়ী—চারি ঘোড়াবিশিষ্ট। চৌঘোড়া+ঈ যুক্তার্থে। বিণ।

চৌচাকলা, চৌচেল্লা—চারিফাঁক, নানাখণ্ডে বিদীর্ণ। বহুব্রী। বিণ।

চৌ-চাকা—চারিচক্রবিশিষ্ট; চারিভাগে বিভক্ত। বহুব্রী। বিণ। [দেশজ। বি।

চৌচাপট—সমচতুর্ভুজ; চারিদিকের স্থান।

চৌচাপটে—পূর্ণমাত্রায়, সম্পূর্ণভাবে। দেশজ। ক্রি-বিণ।

চৌচালা—চারিচালবিশিষ্ট ঘর। চৌচাল+আ যুক্তার্থে। বি।

চৌচির, চৌচীর—চারিখণ্ড; বহুখণ্ড। ফুপ্‌ফুপা। বিণ। [দেশজ। বি।

চৌঠা, চৌঠো—মাসের চতুর্থ দিবস।

চৌড়া—১। প্রস্থের মাপ। বি। ২। বিস্তৃত। দেশজ। বিণ।

চৌতলা, চৌতালা—উপরে উপরে চারিথাকবিশিষ্ট, চার-তালা (বাড়ী)। 'চতুস্তল' শব্দজ। বহুব্রী। বিণ।

চৌতারা—১। চারিতারবিশিষ্ট তানপুরা-জাতীয় একপ্রকার বাদ্যযন্ত্র। চৌতার+আ যুক্তার্থে। ২। অঙ্গন, উঠান। 'চত্বর' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

চৌতাল—একপ্রকার বাদ্যতাল; ছয়টি পদের একটি তাল। বহুব্রী। বি।

চৌত্রিশ—৩৪ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'চতুস্ত্রিংশৎ' শব্দজ। বি বা বিণ।

চৌথ—রাজস্বের চতুর্থাংশ; প্রজার উৎপন্নের চতুর্থাংশ; প্রজারা আপনাদিগের অধিকৃত ভূমিস্থিত বৃক্ষাদি কর্ত্তন করিলে, তাহার মূল্যের চতুর্থাংশ জমিদারকে দিয়া থাকে, তাহাকেও চৌথ বলে। 'চতুর্থ' শব্দজ। বি।

চৌদানি,-নী—কর্ণাভরণবিশেষ। দেশজ। বি। [বি।

চৌদিক্—চারিদিক্। 'চতুর্দিক্' শব্দজ।

চৌদিশ—চারিদিক্। প্রাঃ কবিপ্র। বি।

চৌদোলা—যানবিশেষ। 'চতুর্দ্দোল' শব্দজ। বি।

চৌদ্দ—১৪ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'চতুর্দ্দশ' শব্দজ। বি বা বিণ। [বি।

চৌদ্দই—মাসের চতুর্দ্দশ দিবস। দেশজ।

চৌধুরী—সামন্ত রাজা; যিনি যুদ্ধার্থ নৌ, হস্তী, অশ্ব ও পদাতিরূপ চারিবলের অধিকারী; গ্রামের মণ্ডল বা প্রধান; নগরের সর্ব্বপ্রধান ব্যবসায়ী, বাজার সর্দ্দার; উপাধি-বিশেষ। 'চতুর্ধুরীণ' শব্দজ। বি; পুং। স্ত্রী, চৌধুরাণী।

চৌপথ—চৌমাথা, চৌরাস্তা। 'চতুষ্পথ' শব্দজ। বহুব্রী। বি।

চৌপদী—বাঙ্গালা ছন্দোবিশেষ। 'চতুষ্পদী' শব্দজ। বি।

চৌপর—চারিপ্রহর। কর্ম্মধা। বি।

চৌপল—চারিপলবিশিষ্ট। বহুব্রী। বিণ।

চৌপাড়ী, চৌবাড়ী—পাঠশালা, টোল। 'চতুষ্পাঠী' শব্দজ। বি।

চৌপায়া—চারিপায়াবিশিষ্ট। বহুব্রী। বিণ। [ফার্সী। বি।

চৌবাচ্চা—চবুতরা; বাটীস্থ জলকুণ্ড।

চৌমাথা—চারিপথের মিলনস্থল, চতুষ্পথ। চৌএর (চারিপাশের) মাথা, ৬ষ্ঠীতৎ। বি।

চৌম্বক—চুম্বকসম্বন্ধীয়; আকর্ষক। চুম্বক+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

চৌর—চোর, তস্কর। চোর+অণ্ স্বার্থে। বি; পুং।

চৌরস—সমতল, সমান, মসৃণ, চোস্ত। 'চতুরস্র' শব্দজ। বিণ।

চৌরাশী—চুরাশী (৮৪)। 'চতুরশীতি' শব্দজ। বি বা বিণ।

চৌরাস্তা—চৌমাথা (তাহা দ্রঃ)।

চৌর্য্য(র্য)—তস্করতা, চুরি। চোর+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব। [বি; স্ত্রী।

চৌর্য্য(র্য)বৃত্তি—চুরি-ব্যবসায়। কর্ম্মধা।

চৌর্য্যো(র্যো)ন্মাদ—চুরি করার তীব্র

ব্যক্তিক (Clyptomania). চৌর্য্যে উন্মাদ, ৭মীতৎ। বি ; পুং।

চৌষট্টি—৬৪ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'চতুঃষষ্টি' শব্দজ। বি বা বিণ।

চৌহদ্দি, চৌহদ্দী—চতুঃসীমা। হিন্দী-মূলক। বি।

চ্যবন—১। ক্ষরণ। চ্যু+অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। জনৈক ঋষি। চ্যু+অন কর্তৃবা। বি ; পুং।

চ্যুত—পতিত ; নষ্ট ; ভ্রষ্ট ; ক্ষরিত ; মৃষ্ট ; চঞ্চল। চ্যু+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, চ্যুতা।

চ্যুতি—পতন ; ভ্রংশ ; ক্ষরণ ; নাশ ; হানি। চ্যু+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

ছ

ছ—১। সপ্তম ব্যঞ্জনবর্ণ, (ইহার উচ্চারণ-স্থান তালু)। ২। ছয় ; ছয় সংখ্যা। 'ষষ্' শব্দজ। বি বা বিণ।

ছই, ছৈ—নৌকার চাল, ছতরি; গোগাড়ীর আচ্ছাদন বা টোপর, ঘেরাটোপ। 'ছদি' শব্দজ। বি।

ছঁউই—মাসের ষষ্ঠ দিবস, মাসের ছ তারিখ। দেশজ। বি। [বি।

ছক—নক্সা ; দাবা, পাশা খেলার ঘর। দেশজ।

ছক-কাটা—রেখাদ্বারা চারিকোণা ঘরে বিভক্ত করা। বহুব্রী। বিণ।

ছকড়া—১। ৬টা কড়ি। দেশজ। ২। ছেকড়া গাড়ী ; গোশকট। 'শকট' শব্দজ। বি। [দেশজ। বিণ।

ছকড়ানকড়া—বিশৃঙ্খল, গোলমেলে ; তুচ্ছ।

ছকা—১। ছক-কাটা, নক্সা-আঁকা। ছক্+আ কর্ম্মবা। বিণ। ২। ছক কাটা; নক্সা করা। বাং ক্রি। [বি ; পুং।

ছকার—ছ এই বর্ণ-মাত্র। ছ+কার স্বার্থে।

ছক্কড়—নিকৃষ্ট ঘোড়গাড়ী ; ছেকড়া গাড়ী। 'শকট' শব্দজ। বি।

ছক্কা—আলু-কুমড়া প্রভৃতির সংযোগে প্রস্তুত ব্যঞ্জনবিশেষ; ছয় বিন্দু-চিহ্নিত তাস; গেরাবু খেলার সমস্ত পিট একপক্ষ পাইলে বিপক্ষের বিরুদ্ধে যে তাস ধরা যায়। 'ছয়' শব্দজ। বি।

ছচল্লিশ—৪৬ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'ষট্চত্বারিংশৎ' শব্দজ। বি বা বিণ।

ছটকান—ছড়াইয়া পড়া ; ছিটকাইয়া যাওয়া ; সরিয়া পড়া। বাং ক্রি।

ছটফট, —ফটি—অস্থিরতা ; আছাড়-পিছাড়। দেশজ। বি।

ছটফটান—ছটফট করা, কাতরতা প্রকাশ করা। বাং ক্রি।

ছটফটিয়া, —ফটে—ছটফটকারী, অস্থির ; চতুর। দেশজ। বিণ।

ছটরা, ছড়রা, ছর্‌রা—বন্দুকের ছিটা-গুলি। বৈদে। বি।

ছটা—১। উজ্জ্বলতা ; শোভা ; দীপ্তি। ছো+অটন্ ভাববা+আপ্। ২। রেখা ; সমূহ ; পরম্পরা। ছো+অটন্ কর্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

ছটাক—এক সেরের বা এক কাঠার ১৬ ভাগের ১ ভাগ। 'ষট্টঙ্ক' শব্দজ। বি।

ছটামণ্ডল—সূর্য্যগ্রহণের সময় সূর্য্যের বর্ণ-মণ্ডলের চারিদিকে যে তীব্র আলোকচ্ছটা দেখা যায় তাহা (Corona). ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ছড়—১। আঁচড় ; বেহালা বাদনযষ্টি। ২। ছাল, চামড়া ; বল্কল। দেশজ। বি।

ছড়া—১। গুচ্ছ, স্তবক, থোলো ; মালা, হার, নর ; শ্লোক। বি। ২। যাহার চামড়া বা খোসা ছাড়ান হইয়াছে এরূপ। বিণ। ৩। আঁচড়ান ; ত্বক্ উন্মোচন করা, চামড়া বা খোলা ছাড়ান। বাং ক্রি। ৪। ছিটা। 'ছটা' শব্দজ। বি।

ছড়াছড়ি—ইতস্ততঃ নিক্ষেপ বা বিক্ষেপ ; বাহুল্য, আধিক্য। দেশজ। বি।

ছড়াদার—কবিওয়ালা। ছড়া+দার প্রণেতা অর্থে। বি। [বাং ক্রি।

ছড়ান—নিক্ষেপ করা, বিক্ষিপ্ত করা, ছিটান।

ছড়াহাঁড়ী—রোজ সকালবেলা উঠান ইত্যাদিতে ছড়া দিবার গোবর-জল যে হাঁড়ীতে থাকে। মধ্যপ কর্ম্মধা। বি।

ছড়ি, ছড়ী—যষ্টি, সরু লাঠি; বেহালা বাজাইবার দণ্ড। বি।

ছতরি, -রী—গাড়ী বা নৌকার ছই; মশারি খাটাইবার ঠাট বা ফ্রেম; একপ্রকার আলো। 'ছত্র' শব্দজ। বি।

ছত্তর—১। পংক্তি, লাইন। 'ছত্র' শব্দজ। ২। সদাব্রত। 'সত্র' শব্দজ। বি।

ছত্র, ছত্র—১। আতপত্র, ছাতা। ছদ্+ণিচ্+ত্রন্, র করণবা। বি; ক্লীব। ২। আচ্ছাদন; আবরণ। ছদ্+ণিচ্+ত্রন্, র ভাববা। বি; ক্লীব। ৩। অক্ষরপঙ্‌ক্তি, লাইন, সারি। ছদ্+ত্রন্, র কর্ত্তৃবা। ৪। ছাতারিয়া গাছ। ছদ্+ণিচ্+ত্রন্, র কর্ত্তৃবা। বি; পুং। ৫। অন্নদানশালা। 'সত্র' শব্দজ। বি।

ছত্বর—গৃহ; কুঞ্জ। ছদ্+ষ্বরচ্ কর্ম্মবা, সংজ্ঞার্থে (দ্-স্থানে ত্)। বি; পুং।

ছত্রক—ছত্র, ছাতা; ভেকচ্ছত্র, বেঙের ছাতা; বর্ষাকালে জুতা প্রভৃতিতে যে ছাতা ধরে। ছত্র+কন্ তুল্যার্থে। বি; ক্লীব।

ছত্রদণ্ড—১। ছত্র ও দণ্ড। দ্বন্দ্ব। ২। রাজচ্ছত্র। ছত্র-রূপ দণ্ড, রূপক কর্ম্মধা। ৩। ছাতার বাঁট। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ছত্রধর—ছত্রধারী, যে ছাতি ধরে। ছত্রের ধর, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -রা।

ছত্রধারী (-ধারিন্)—১। যে ছাতি ধরে; ছত্রবাহক। উপতৎ। ছত্র—ধৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -রিণী। ২। রাজা। প্রাঃ কবিপ্র। বি।

ছত্রপতি—মণ্ডলেশ্বর, রাজচক্রবর্ত্তী, সম্রাট্; মহারাজ শিবাজীর উপাধি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ছত্রভঙ্গ—১। ছাতা ভাঙ্গা; স্বাধীনতা, স্বাতন্ত্র্য; নৃপনাশ, অরাজকতা; বৈধব্য। ৬ষ্ঠী-তৎ। বি; পুং। ২। বিশৃঙ্খল; ছত্রাকার। বিণ।

ছত্রাক—শিলীন্ধ্র, বেঙের ছাতা। ছত্র—কৈ+ক কর্ত্তৃবা। বি; পুং।

ছত্রাকার—ছত্রের ন্যায়; বিক্ষিপ্ত, ছড়ান, ছত্রভঙ্গ, বিশৃঙ্খল। বহুব্রী। বিণ।

ছত্রিশ—৩৬ সংখ্যা বা তৎসংখ্যক। 'ষট্‌-ত্রিংশৎ' শব্দজ। বি বা বিণ।

ছত্রী (ছত্রিন্)—১। ছত্রধারী। ছত্র+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, -ত্রিণী। ২। ক্ষত্রিয়; ক্ষৌরকার, নাপিত। বি; পুং।

ছদ—১। আম্রবৃক্ষ; পত্র; আচ্ছাদন; পক্ষ। ছদ্+ণিচ্+ঘ করণবা। বি; পুং। ২। ছল, কপটতা। প্রাঃ কবিপ্র। বি।

ছদন—১। আচ্ছাদন। ছদ্+অনট্ ভাববা। ২। পত্র; পক্ষ। ছদ্+অনট্ করণবা। বি; ক্লীব।

ছদম—ছদ্ম, কপট। প্রাঃ কবিপ্র। বিণ।

ছদ্ম (ছদ্মন্)—কৃত্রিম; ছল, কপট। ছদ্+মন্ করণবা। বি: ক্লীব।

ছদ্মবেশ—কপটবেশ, আত্মপরিচয় গোপনের উপযুক্ত বেশ। ছদ্মপূর্ণ বেশ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ছদ্মবেশী (-বেশিন্)—ছদ্মবেশধারী, কপটবেশধারণকারী। ছদ্মবেশ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, -শিনী।

ছন্‌ছন্—অস্থির ভাব; অল্প অল্প জ্বালা বা বেদনা করা; মূত্রনিঃসরণ ও পতন-শব্দ। দেশজ। অব্য।

ছন্দ—১। অভিপ্রায়; ইচ্ছা; অভিলাষ; বশতা। ছন্দ্+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। বন্ধন; কৌশল; শোভা; কপটতা; প্রকার। প্রাঃ কবিপ্র। বি।

ছন্দঃ (ছন্দস্), ছন্দ—১। বেদ; বেদাঙ্গ-বিশেষ। ছন্দ্+অস্ কর্ম্মবা। ২। ইচ্ছা; স্বৈরাচার; পদ্যবন্ধ। ছন্দ্+অস্ ভাববা। বি; ক্লীব।

ছন্দঃপতন, ছন্দঃপাত—ছন্দোভ্রংশ, কবিতার ছন্দের নিয়ম-লঙ্ঘন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, পুং।

ছন্দবন্ধ—১। ছাঁদন বাঁধন, কথার ছাঁদুনি, ... ল; কৌশল, ফন্দি, ফিকির, উপায়। 'ছন্দোবন্ধ' শব্দজ। বি। ২। চেষ্টাচরিত্র। কবিপ্র। বি।

ছন্দানুগমন, ছন্দানুসরণ—অভিপ্রায়ানুরূপ কার্য্যকরণ, আপনার ইচ্ছা বা প্রবৃত্তি অনুসারে চলা, স্বেচ্ছাচারিতা। ছন্দের অনুগমন বা অনুসরণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ছন্দানুবর্ত্ত(র্ত)ন, ছন্দানুবৃত্তি—অন্যের অভিপ্রায়ানুসারে কার্য্যকরণ, অপরের ইচ্ছা বা প্রবৃত্তি অনুসারে চলা, পরের মন যোগান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।

ছন্দোবদ্ধ—ছন্দোরূপে বদ্ধ, ছন্দের আকারে গ্রথিত, পদ্যে রচিত। ছন্দঃ দ্বারা বদ্ধ, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

ছন্দোবন্ধ—ছন্দঃ দ্বারা গ্রন্থন; পদ্যে লেখা। ৩য়াতৎ। বি; পুং।

ছন্ন—আচ্ছাদিত; গুপ্ত; লুপ্ত। ছদ্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ছন্না।

ছন্নছাড়া—লক্ষ্মীছাড়া; দুরবস্থাপন্ন; গৃহচ্যুত; উৎসন্ন। ছন্ন (ছন্দ) ছাড়িয়াছে যে, উপতৎ। বিণ।

ছন্নমতি—নষ্টবুদ্ধি; হতবুদ্ধি; দুর্ম্মতি, দুর্ব্বুদ্ধি। ছন্না মতি যাহার, বহুব্রী। বিণ।

ছপ্ ছপ্—জলের উপর কোন বস্তুর আঘাতের শব্দ; ভিজা ঝাঁটা দ্বারা আঘাতের শব্দ। দেশজ। অব্য।

ছপ্পর, ছাপ্পর—আচ্ছাদন, ছাদ, চাল। হিন্দীমূলক। বি।

ছবি—১। দীপ্তি; ঔজ্জ্বল্য; শোভা। ছো+কিন্ কর্তৃবা, করণবা। বি; স্ত্রী। ২। চিত্রিত প্রতিরূপ, আলেখ্য, চিত্র। আরবী 'শবীহ্' শব্দজ। বি; স্ত্রী। [কবিপ্র। বিণ।

ছবীল—সুন্দর, কান্তিমান্। হিন্দী। প্রাঃ

ছমছম—ভূতাদির আতঙ্কে ভয়-ভয় ভাব বা শরীরের শিহরণ। দেশজ। অব্য।

ছয়—৬ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'ষষ্' শব্দজ। বি বা বিণ।

ছয়লাপ—আপ্লুত, প্লাবিত। ফার্সী 'সইলাব' শব্দজ। বিণ।

ছয়লাপি, ছয়লাবি—১। পূর্ণতা। ফার্সীমূলক। ২। ঠাট্টাতামাসা। প্রাদে। বি।

ছরকোট—বিশৃঙ্খলা, গণ্ডগোল, অব্যবস্থা। দেশজ। বি।

ছরছর—ছাদ প্রভৃতি হইতে জলধারা-পতনের শব্দ। দেশজ। অব্য।

ছরিকা—ছড়ি। প্রাঃ কবিপ্র। বি।

ছর্‌রা—ছটরা দ্রঃ।

ছল—কপটতা, শঠতা; প্রতারণা; ব্যপদেশ; উপলক্ষ; ওজর; স্খলন; বাক্যদূষণবিশেষ, বক্তা যে অর্থে যে শব্দের প্রয়োগ করে, সে শব্দের সে অর্থ গ্রহণ না করিয়া ভিন্নরূপ অর্থ কল্পনা করিয়া প্রতিবাদী যে মিথ্যা দোষারোপ করে তাহা। ছো+কলচ্ ভাববা। বি; ক্লীব।

ছলগ্রাহী (-গ্রাহিন্)—ছিদ্রান্বেষী; বাক্যের দোষদর্শী। ছল—গ্রহ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—হিণী।

ছলচ্ছল—১। তরঙ্গের শব্দ। অব্য। ২। উচ্ছলিত; জলভরা। কবিপ্র। বিণ।

ছলছল,—ছলে—১। উচ্ছলিতপ্রায়; অশ্রুপূর্ণ, জলে ভরা; কাঁদ-কাঁদ। দেশজ। বিণ। ২। তরঙ্গাভিঘাত শব্দ। অব্য।

ছলন, ছলনা—প্রতারণা, বঞ্চনা। ছল+ণিচ্ (=ছলি নামধাতু)+অনট্ ভাববা; পক্ষে অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

ছলা—১। ছলনা, প্রতারণা; ব্যপদেশ, ওজর। দেশজ। বি। ২। কপটতা করা, প্রতারণা করা। কবিপ্র। ক্রি।

ছলাৎ—উথলাইয়া উঠিবার শব্দ, ছল্‌কানর শব্দ; তরঙ্গাভিঘাত শব্দ। দেশজ। অব্য।

ছলিত—প্রতারিত; বিড়ম্বিত। ছলি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। [বিণ।

ছলিয়া—চতুর; প্রবঞ্চক। প্রাঃ কবিপ্র।

ছা—ছানা, শাবক, শিশু। 'শাব' শব্দজ। বি।

ছাআল—ছেলে; শিশু। প্রাঃ কবিপ্র। বি।

ছাই—ভস্ম; অকিঞ্চিৎকর দ্রব্য। 'ক্ষার' শব্দজ। বি।

ছাউনি—১। তৃণাচ্ছাদন; সামিয়ানা। 'ছাদনী' শব্দজ। ২। শিবির, সেনানিবাস। হিন্দীমূলক। বি।

ছাও—ছা, ছানা, শিশু, শাবক। 'শাব' শব্দজ। বি।

ছাওয়া—১। তৃণপত্রাদির দ্বারা আচ্ছাদিত করা। বাং ক্রি। ২। ছায়া। 'ছায়া' শব্দজ। বি। [করান। বাং ক্রি।

ছাওয়ান—ছাওয়া ক্রিয়া করান, আচ্ছাদিত

ছাওয়াল, ছাবাল—ছেলে, শিশু, বালক। 'শাবক' শব্দজ। বি।

ছাঁই—পিষ্টকাদির ভিতরে দিবার জন্য প্রস্তুত পুরদ্রব্য; গুড়ক্ষীর। দেশজ। বি।

ছাঁইচ—পটল-প্রান্ত, খড়ের চালের নিম্নভাগ। দেশজ। বি।

ছাঁইচতলা, ছাঁচতলা—পটল-প্রান্তের তলদেশ, যে স্থানে ছাঁইচের জল পড়ে। ৬ষ্ঠীতৎ। বি।

ছাঁকনা, ছাঁকনী—ছাঁকিবার সাধন, যাহা দিয়া ছাঁকা যায়; ঝাঁজরা হাতা। ছাঁক+অনা, অনী করণবা। বি।

ছাঁকা—১। বস্ত্রাদি দিয়া চালিত করিয়া পরিষ্কার করা; ডুবন তৈলঘৃতাদিতে ভাজিয়া তুলা। বাং ক্রি। ২। যাহা ছাঁকিয়া লওয়া হইয়াছে; বাছাই, উৎকৃষ্ট, সরেশ; খাঁটি, বিশুদ্ধ, পাকা। ছাঁক্+আ কর্ম্মবা। বিণ।

ছাঁচ—প্রতিকৃতি গ্রহণের সাধন, যাহার মধ্যে ঢালিয়া অন্য বস্তুর প্রতিরূপ প্রস্তুত করা যায়; ছাঁচ দিয়া গড়া জিনিস (চিনির মঠ প্রভৃতি); প্রতিকৃতি, সাদৃশ্য; স্বভাব; ছাঁইচ, পটল-প্রান্ত। হিন্দীমূলক। বি।

ছাঁচনী—সেচনী, মন্থনদণ্ড। 'সেচনী' শব্দজ। বি।

ছাঁচি—বিশুদ্ধ, খাঁটি; স্বদেশী; সরু; সুগন্ধি। হিন্দীমূলক। বিণ।

ছাঁট—কাটিবার পর যাহা বাদ দেওয়া যায়; টুকরা; জামা প্রভৃতি কাটিবার ধরণ; ছিটা, বৃষ্টির ঝাপ্টা। দেশজ। বি।

ছাঁটা—চুলের অগ্রভাগ বা বস্ত্রবৃক্ষাদির কিয়দংশ কাটিয়া ফেলা; তণ্ডুলাদি ঢেঁকিতে শেষ পরিষ্কার করা। বাং ক্রি।

ছাঁটাই—ছাঁটা কার্য্যের সম্পাদন; ছাঁটিবার বেতন; চাকুরী হইতে লোক কমান; মূল বিষয় হইতে বাদ দিয়া বিষয়ের সংশোধন। ছাঁট+আই ভাববা, করণবা। বি।

ছাঁটান—অন্যের দ্বারা ছাঁটা ক্রিয়া করান। বাং ক্রি। ['ছন্দস্' শব্দজ। বি।

ছাঁদ—ছন্দ, ধরণ, ভঙ্গি, ভাব, গড়ন;

ছাঁদন—দোহনকালে গাভীর পদবন্ধন বা পদবন্ধন-রজ্জু; কথার বাঁধন বা বাঁধুনী। দেশজ। বি।

ছাঁদন-দড়ি—দোহনকালে গাভীর পশ্চাৎ পদদ্বয় বাঁধিবার রজ্জু। ৬ষ্ঠীতৎ। বি।

ছাঁদনা, ছাঁদলা—বিবাহের ছায়ামণ্ডপ। দেশজ। বি।

ছাঁদনা-তলা—ছাদনাতলা (তাহা দ্রঃ)।

ছাঁদা—১। ছন্দ করা, কথার বাঁধুনী করা; দোহনকালে গবীর পদদ্বয় বন্ধন করা; বাঁধা। বাং ক্রি। ২। নিমন্ত্রিত ব্যক্তির গৃহে বাঁধিয়া লইয়া যাইবার জন্য প্রদত্ত লুচি-সন্দেশাদি। দেশজ। বি।

ছাগ, ছাগল—অজ। ছো+গন্, ছগল+অণ্ স্বার্থে। বি; পুং। স্ত্রী, ছাগী, ছাগলী।

ছাট—বৃষ্টি প্রভৃতির ঝাপ্টা; বেত, ছড়ি, কোড়া, চাবুক। দেশজ। বি।

ছাটন, ছাটনি—ঘরের চালের উপরে যে সরু সরু বাখারি বিছাইয়া দেওয়া যায়; ছিটেবেড়া (ইহাকে ছিটুনিও বলে)। প্রাদে। বি।

ছাড়—ত্যাগ, বর্জ্জন; মুক্তি, নিষ্কৃতি, অব্যাহতি, ক্ষমা, মার্জ্জনা। দেশজ। বি।

ছাড়চিঠি—মাল বা যাত্রী ছাড়িয়া দিবার অনুমতি-পত্র (Passport). ছাড়জ্ঞাপক চিঠি, মধ্যপ কর্ম্মধা। বি।

ছাড়পত্র—নিষ্কৃতি-পত্র, মুক্তিনামা; ছাড়-চিঠী (Passport). মধ্যপ কর্ম্মধা। বি।

ছাড়া—১। ত্যাগ করা, মোচন করা, নিক্ষেপ করা; বদলান; যাত্রা আরম্ভ করা; দূর হওয়া; মুক্ত করা; বাদ দেওয়া; খুলিয়া বা খসিয়া যাওয়া। বাং ক্রি। ২। ভিন্ন, ব্যতীত। অব্য। ৩। মুক্ত; ত্যক্ত; সঙ্গহীন। ছাড়্+আ কর্ম্মবা। বিণ। [দেশজ। বিণ।

ছাড়াছাড়া—পৃথক্ পৃথক্, অসংলগ্ন।

ছাড়াছাড়ি—পরস্পরের মধ্যে বিচ্ছেদ, সঙ্গত্যাগ। ব্যতীহার বহুব্রী। বি।

ছাড়ান—১। ত্যাগ করান; মুক্ত করান, খালাস করা; উন্মোচন করা; তাড়ান; আঁইশ ছাল প্রভৃতি খুলিয়া লওয়া। বাং ক্রি। ২। খালাস, মুক্তি, বর্জ্জন। দেশজ। বি।

ছাত—গৃহাদির উপরিভাগের আচ্ছাদন, চাদ। 'ছাদ' শব্দজ। বি।

ছাতলা, ছাৎলা, ছেৎলা—ছাতা, শেওলা। দেশজ। বি।

ছাতা—ছত্র, মাথার দিবার ছাতি; বর্ষাকালে শস্যাদিতে যে শ্বেতবর্ণ রোগ ধরে; বেঙের ছাতা; ছাৎলা, ময়লা। 'ছত্র' বা 'ছত্রক' শব্দজ। বি।

ছাতারিয়া, ছাতারে—চটকজাতীয় চঞ্চল-প্রকৃতি পক্ষিবিশেষ (ইহারা সর্ব্বদা কিচির মিচির শব্দ ও লাফালাফি করে); [তৎ-প্রকৃতি সাদৃশ্যে] যাহারা সর্ব্বদা ঝগড়াঝাঁটি ও বকাবকি করে এরূপ লোক। দেশজ। বি।

ছাতি, ছাতী—১। ছত্র, মাথায় দিবার ছাতা। 'ছত্র' শব্দজ। ২। বক্ষঃ, বুক; বুকের পাটা; সাহস, উৎসাহ। দেশজ। বি।

ছাতিম—বৃক্ষবিশেষ; সপ্তপর্ণ। দেশজ। বি।

ছাতিয়া—ছাতি, বুক। প্রাঃ কবিপ্র। বি।

ছাতু—যবচূর্ণ, শক্তচূর্ণ। 'শক্তু' শব্দজ। বি।

ছাতুখোর—ছাতুর খুব ভক্ত; (ব্যঙ্গার্থে) পশ্চিমা, খোট্টা। ছাতু+খোর ভক্ষক অর্থে। বি বা বিণ।

ছাত্র, ছাত্র—অন্তেবাসী, শিষ্য; শিক্ষার্থী। ছত্র, ছত্র (গুরুর দোষাবরণ)+ণ শীলার্থে। বি; পুং। স্ত্রী,—ছাত্রা, ছাত্রা (সংস্কৃত); ছাত্রী, ছাত্রী (বাং)।

ছাত্রজীবন—পাঠদশা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ছাত্রনিবাস, ছাত্রাবাস—যেখানে ছাত্রগণ অবস্থিতি করে (Hostel). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ছাত্রবৃত্তি—যোগ্য ছাত্রকে প্রদেয় অর্থসাহায্য, জলপানি (Scholarship). মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

ছাত্রাবস্থা—পাঠদশা, ছাত্রজীবন। ৬ষ্ঠীতৎ।

ছাত্রাবাস—ছাত্রনিবাস দ্রঃ।

ছাত্রী—শিষ্যা, শিক্ষার্থিনী। ছাত্র+ঈপ্। বি; স্ত্রী।

ছাদ—১। গৃহের আচ্ছাদন, চাল, ছাত। ছদ্+ঘঞ্ করণবা। ২। আচ্ছাদন। ছদ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

ছাদন—১। আচ্ছাদন; ঘর ছাওয়া। ণিজন্ত ছদ্+অনট্ ভাববা। ২। ছাদ; গৃহের আচ্ছাদন, চাল, ছাত। ণিজন্ত ছদ+অনট্ করণবা। বি; ক্লীব।

ছাদিত—আবৃত; আচ্ছাদিত। ণিজন্ত ছদ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। [বি।

ছানতা—সচ্ছিদ্র হাতা, ঝাঁঝরি। দেশজ।

ছানলাতলা—ছাদনাতলা (তাহা দ্রঃ)।

ছানা—১। আমিক্ষা, দুগ্ধবিকার। 'ছিন্ন' শব্দজ। ২। শাবক, শিশু। দেশজ। বি। ৩। মর্দ্দিত করা, ঠাসা, কচলান, মাখা। হিন্দীমূলক। বাং ক্রি।

ছানি—১। দৃষ্টিহীনতা রোগ। 'ছাদনী' শব্দজ। ২। ইঙ্গিত, ইসারা; গবাদির খাদ্য খড় কুচান। দেশজ। ৩। পুনর্বিচার, পুনরালোচনা; পুনর্বিচারের প্রার্থনা। আর্বী। বি।

ছান্দ—১। ছাঁদ, ধরণ, রকম, ভাব; বন্ধন, বেষ্টন। বি। ২। ছন্দসম্বন্ধীয়; সদৃশ, তুল্য। প্রাঃ কবিপ্র। বিণ।

ছান্দন—বন্ধন, কৌশল। প্রাঃ কবিপ্র। বি।

ছান্‌লা—ছায়ামণ্ডপ; বিবাহকালে স্ত্রী-আচারের অনুষ্ঠান। দেশজ। বি।

ছান্‌লাতলা—বিবাহকালে স্ত্রী-আচারের স্থান (যেখানে বরকে ছাঁদা অর্থাৎ বাঁধা) হয়, ছায়ামণ্ডপ। দেশজ। বি।

ছান্দস—ছন্দসম্বন্ধীয়; বৈদিক। ছন্দস্‌+অণ্‌ সম্বন্ধীয় অর্থে। বিণ।

ছান্দোগ্য—সামবেদের উপনিষদবিশেষ। ছন্দোগ+ঞ্য ব্যবহারার্থে বা অভ্যাসার্থে। বি; ক্লীব।

ছাপ, ছাব—চাপপ্রয়োগ; মুদ্রণ, মুদ্রাঙ্কন; অঙ্ক, চিহ্ন, দাগ। দেশজ। বি।

ছাপর-খাট—মূল্যবান্‌ পালঙ্কবিশেষ; মশারি টাঙাইবার চালবিশিষ্ট খাট। দেশজ। বি। [দেশজ। বি।

ছাপরা—খাপরা, ছাদের খোলা।

ছাপা—১। গোপন; মুদ্রণ; উচ্ছলন; পরিপূরণ। ছাপ্‌+আ ভাববা। বি। ২। গুপ্ত; চিহ্নিত; মুদ্রাঙ্কিত; উচ্ছলিত; পরিপূর্ণ। ছাপ্‌ +আ কর্ম্মবা, কর্ত্তৃবা। বিণ। ৩। গোপন করা; পরিপূর্ণ হওয়া; উচ্ছলিত হওয়া; বস্ত্রাদি রঞ্জিত করা; পুস্তকাদি মুদ্রিত করা। বাং ক্রি।

ছাপাই—১। মুদ্রণসম্বন্ধীয়। ছাপা+আই সম্বন্ধার্থে। বিণ। ২। লুকাইয়া। প্রাঃ কবিপ্র। অস-ক্রি।

ছাপাখানা—মুদ্রাযন্ত্র বা মুদ্রাযন্ত্রালয় (Press). ছাপা+খানা। বি।

ছাপাছাপি—সীমা অতিক্রমণ, আতিশয্য; ঢাকাঢাকি, গোপন। দেশজ। বি।

ছাপান—মুদ্রিত করান; লুকান, গোপন করা, কানায়, কানায় পূর্ণ হওয়া, উপচিয়া পড়া। বাং ক্রি।

ছাপ্পর—খোলার চাল। দেশজ। বি।

ছাপ্পান্ন—৫৬ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'ষট্‌পঞ্চাশৎ' শব্দজ। বি বা বিণ।

ছাবলা—ছেব্‌লা (তাহা দ্রঃ)।

ছাবা—১। ছাপ দেওয়া; অঙ্কিত করা; মোহর করা। বাং ক্রি। ২। অঙ্কিত; চিহ্নিত। বিণ। ৩। ছাপ; ফুল-পাতার চিহ্ন; চক্রাকার মিষ্টান্নবিশেষ। বি।

ছাবাল—ছাওয়াল দ্রঃ।

ছাব্বিশ—২৬ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'ষড়্‌বিংশতি' শব্দজ। বি বা বিণ।

ছাব্বিশা, ছাব্বিশে—মাসের ষড়্‌বিংশ দিবস। ছাব্বিশ+আ, এ তারিখ অর্থে। বি বা বিণ।

ছায়া—অনাতপ, রৌদ্রাভাব, আলোকের বিপরীত দিক্‌; প্রতিবিম্ব; কান্তি; দীপ্তি; পালন; উৎকোচ; শ্রেণী; দুর্গা; উন-বিংশত্যক্ষর ছন্দোবিশেষ; সূর্য্যপ্রিয়া [সূর্য্য-পত্নী সংজ্ঞার অঙ্গসম্ভূতা—ইঁহারই গর্ভে শনিগ্রহের জন্ম হয়]। ছো+ণ কর্ত্তৃবা + আপ্‌। বি; স্ত্রী।

ছায়াচিত্র—আলোকচিত্র, ফটোগ্রাফ; বায়োস্কোপের ছবি; ম্যাজিক লণ্ঠনের ছবি। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ছায়াচ্ছন্ন—ছায়ায় ঢাকা; অন্ধকারে আবৃত; বিষণ্ণ। ছায়া দ্বারা আচ্ছন্ন, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্না।

ছায়াতরু—ছায়াপ্রদ বৃক্ষ; বটগাছ। ছায়া-প্রধান তরু, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ছায়াধর—ক্যামেরা, যাহা দ্বারা ফটোগ্রাফ উঠে। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ছায়ানট—রাগিণীবিশেষ। 'ছায়ানট্ট' শব্দজ। বি; পুং।

ছায়াপথ—জ্যোতিশ্চক্র-মধ্যবর্ত্তী মণ্ডলাকার নক্ষত্রশ্রেণী; আকাশগঙ্গা, যমের জাঙ্গাল (Milky way). ছায়াবিশিষ্ট (দীপ্তিবিশিষ্ট) পথ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ছায়াবাজি—সাদা পর্দার উপর ছায়াচিত্র প্রদর্শন। দেশজ। বি।

ছায়ামণ্ডপ—চন্দ্রাতপতলায় বিবাহের স্থল বা স্ত্রী-আচারের স্থান, ছাঁদনাতলা। দেশজ। বি। [দেশজ। বি।

ছায়ামণ্ডপী—ছায়ামণ্ডপে আবশ্যক ব্যয়।

ছায়ামূর্ত্তি(র্তি)—অদৃশ্য দেহ; সূক্ষ্মদেহ,

প্রেতমূর্ত্তি। ছায়াকায়া মূর্ত্তি, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

ছায়ালোক—ছায়াময় ভুবন; আকাশে ছায়ার মত দৃশ্যমান নক্ষত্রপুঞ্জ। ছায়াময় লোক, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

ছার—১। ভস্ম। বি। ২। দগ্ধ, পোড়া; দুঃখময়; তুচ্ছ, অধম, নিকৃষ্ট। 'ক্ষার' শব্দজ। বিণ।

ছারখার—ভূমিসাৎ; সর্ব্বনাশ; বিনষ্ট। দেশজ। বি বা বিণ।

ছারপোকা—মৎকুণ, শয্যাকীট। দেশজ। বি।

ছাল—বল্কল, ত্বক্, খোলা; চর্ম্ম। 'ছল্লী' শব্দজ। বি। [বি।

ছালা—গুণ; বড় থলিয়া। 'স্থালী' শব্দজ।

ছি, ছ্যা—ধিক্কারবোধক বা নিন্দাসূচক শব্দ। দেশজ। অব্য।

ছিঁচকা, ছিঁচকে—হুঁকার নল পরিষ্কার করিবার শলা বা শিক। দেশজ। বি।

ছিঁচকাঁদুনে—যে একটুতেই কাঁদে। দেশজ। বিণ।

ছিঁচকা(ছিঁচ্কে)-চোর—যে অতি সামান্য বস্তু চুরি করে। দেশজ। বি।

ছিঁড়া, ছেঁড়া—১। ছিন্ন। ছিঁড় + আ কর্ম্মবা। বিণ। ২। ছিন্ন করা। বাং ক্রি।

ছিট—১। চিত্রবিচিত্র বস্ত্র; কণিকা, লেশ, অল্লাংশ; বাতিক; পাগলামি। দেশজ। বি।

ছিটকান—ঠিকরাইয়া পড়া; বিক্ষিপ্ত করা বা হওয়া, ছড়ান। বাং ক্রি।

ছিটকানি, ছিটকিনি—জানালা দরজা বন্ধ করিবার ছোট খিল। দেশজ। বি।

ছিটনি, ছিটুনি—চালের উপর ছটার আকারে বাখারি বা সরু সরু কাঠি প্রভৃতি পাশাপাশি সাজাইয়া বাঁধন। দেশজ। বি।

ছিটা, ছিটে—ফোঁটা, কণিকা, লেশ, বিন্দু; বন্দুকের ছর্‌রা। দেশজ। বি।

ছিটান—বিক্ষিপ্তভাবে ফেলা, ছড়াইয়া ফেলা; ঝাপ্‌টা দেওয়া। বাং ক্রি।

ছিটাফোঁটা—দুই-এক ফোঁটা, অল্প-পরিমাণ; বশীকরণের জন্য তিলক প্রভৃতি। দ্বন্দ্ব। বি।

ছিদ্র—রন্ধ্র, ছেঁদা; সুযোগ; অবকাশ; ত্রুটি, দোষ। ছিদ্‌+রক্‌ কর্ম্মবা। বি; ক্লীব।

ছিদ্রদর্শী (ছিদ্রদর্শিন্)—দোষদর্শক, দোষান্বেষণকারী। উপতৎ। ছিদ্র—দৃশ্‌+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —র্শিনী।

ছিদ্রানুসন্ধান, ছিদ্রান্বেষণ—ছিদ্র খুঁজিয়া বেড়ান, পরের দোষ বাহির করিবার চেষ্টায় থাকা। ছিদ্রের অনুসন্ধান বা অন্বেষণ, ৬ষ্ঠী-তৎ। বি; ক্লীব।

ছিদ্রান্বেষী (—ষিন্)—পরের দোষ অনু-সন্ধানকারী। ছিদ্র অন্বেষণ করে যে, উপতৎ। ছিদ্র—অনু—ইষ্‌+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —ষিণী। [বিণ।

ছিদ্রাল—ছিদ্রযুক্ত। ছিদ্র+আল বিশিষ্টার্থে।

ছিদ্রালদেহী, —প্রাণী—(জীববিজ্ঞানে) অসংখ্য ছিদ্রযুক্ত জলশোষক জীব, স্পঞ্জ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ছিদ্রিত—বিদ্ধ, নির্ভিন্ন, ছিদ্রযুক্ত। ছিদ্র্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। [বিণ।

ছিনভিন—পৃথক্ পৃথক্। 'ছিন্নভিন্ন' শব্দজ।

ছিনা, ছিনে—শীর্ণ, সরু; সূতার মত পাকান; নাছোড়বান্দা। 'ক্ষীণ' বা 'শীর্ণ' শব্দজ। বিণ।

ছিনাজোঁক, ছিনেজোঁক—সরু সরু ছোট জোঁক; নাছোড়বান্দা। কর্ম্মধা। বি।

ছিনান—কাড়িয়া লওয়া। বাং ক্রি।

ছিনার, ছিনাল—অসতী, কুলটা, ভ্রষ্টা; কামুকী; হাবভাব-প্রদর্শিকা; যে স্ত্রীলোক পরপুরুষকে আপনার প্রণয়ানুরাগী করিতে চেষ্টা করে। প্রাকৃত 'ছিন্নার' শব্দজ। বি বা বিণ। স্ত্রী।

ছিনালি, ছিনালী—অসতী নারীর চাতুরী। ছিনাল+ই, ঈ ভাবার্থে। বি।

ছিমিছিমি—একরকম ছেলেখেলা; অত্যা-ধিক অপব্যয়। দেশজ। বি।

ছিন্ন—খণ্ডিত, ছেঁড়া; কর্ত্তিত। ছিদ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ছিন্না।

ছিন্নবিচ্ছিন্ন—খণ্ডিতবিখণ্ডিত, টুকরা টুকরা করিয়া কাটা। যাহা ছিন্ন তাহাই বিচ্ছিন্ন, কর্ম্মধা। বিণ। স্ত্রী,—ন্না।

ছিন্নভিন্ন—ইতস্ততঃ বিক্ষিপ্ত; উচ্ছিন্ন, বিনষ্ট। যাহা ছিন্ন তাহাই ভিন্ন, কর্ম্মধা। বিণ। স্ত্রী,—ন্না।

ছিন্নমস্তা—দশমহাবিদ্যার মধ্যে এক মহা-বিদ্যা, (এই মূর্ত্তি মস্তকহীনা, দেবী স্বহস্তে আপনার মস্তক ছেদন করিয়া বাম করতলে ধারণ করিয়া আছেন)। ছিন্ন মস্ত (মস্তক) যাঁহার, বহুব্রী+আপ্। বি; স্ত্রী।

ছিপ—মাছ ধরিবার দীর্ঘ দণ্ড বা দাঁড়; সরু লম্বা নৌকা। 'ক্ষিপ্র' শব্দজ। বি।

ছিপছিপা, ছিপছিপে—কৃশ ও দীর্ঘদেহ-যুক্ত, সরু ও লম্বা, ডিগডিগে। দেশজ। বিণ।

ছিপি, ছিপী—শিশি বোতল প্রভৃতির মুখ আঁটিবার গুঁজি, কার্ক (Cork). দেশজ। বি।

ছিবড়া, ছিবড়ে—মোটা আঁশ; চিবা বা চিবে। দেশজ। বি। [দেশজ। বিণ।

ছিমছাম—পরিষ্কার-পরিচ্ছন্ন, পরিপাটী।

ছিয়াত্তর—৭৬ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'ষট্‌সপ্ততি' শব্দজ। বি বা বিণ।

ছিয়ানব্বই—৯৬ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'ষন্নবতি' শব্দজ। বি বা বিণ।

ছিয়াল, ছেয়াল—লম্বা-চওড়া, বিস্তৃত; বিশাল। দেশজ। বিণ।

ছিয়াশী—৮৬ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'ষড়শীতি' শব্দজ। বি বা বিণ।

ছিরি—শ্রী, কান্তি; (বিবাহাদি শুভকার্য্যে) রঞ্জিত পিঠালিতে গড়া মাঙ্গলিক দ্রব্যবিশেষ; স্বস্তিক। 'শ্রী' শব্দজ। বি।

ছিলকা, ছিল্‌কা—ছাল, বল্কল, ত্বক্, খোসা। হিন্দী। বি।

ছিলা, ছিলে—১। কাপড়ের দড়ী, ধনুকের গুণ বা জ্যা। 'ছল্লি' শব্দজ। বি। ২। চাঁচা; খোসা-ছাড়ান; পরিষ্কৃত। দেশজ। বিণ।

ছিলিম—তামাক খাইবার কলিকা, চিলম। ফার্সী 'চিলিম' শব্দজ। বি।

ছিল্কা—বল্কল, ছাল, খোসা। হিন্দী। বি।

ছিষ্টিছাড়া—সৃষ্টিবহির্ভূত; অস্বাভাবিক, অদ্ভুত। ছিষ্টি (সৃষ্টি) হইতে ছাড়া, ৫মীতৎ। বিণ। [বাং ক্রি।

ছুঁআ, ছুঁয়া—স্পর্শ করা। 'ছুপ্' ধাতুজ।

ছুঁচ—সূচি, বেধনিকা। 'সূচি' শব্দজ। বি।

ছুঁচা—গন্ধমূষিক। 'ছুছুন্দরী' শব্দজ। বি।

ছুঁচলো, ছুঁচল, ছুঁচোলো—সূচীর মত, কাঁটা-কাঁটা; সূচের মত তীক্ষ্ণাগ্র। ছুঁচ+আল বিশিষ্টার্থে। বিণ।

ছুঁচিবাই—অশুচি হইবার ভয়ে যে সদা সশঙ্ক, যে সর্ব্বদা ছুঁই ছুঁই করে, যে শুচি শুচি করিয়া এবং অঙ্গশুদ্ধি লইয়া বায়ুরোগগ্রস্ত। দেশজ। বি। বিণ, ছুঁচিবেয়ে (—বাইয়া)।

ছুঁড়া, ছুড়া—নিক্ষেপ করা, ত্যাগ করা, মোচন করা। বাং ক্রি।

ছুঁড়ি, ছুঁড়ী—ছুকরী, বালিকা, কিশোরী। 'ছন্নতী' শব্দজ। বি; স্ত্রী। [দেশজ। বি।

ছুঁৎ, ছুঁত—অশুচি বা অশৌচ; স্পর্শদোষ।

ছুঁৎমার্গ, ছুঁতমার্গ—স্পর্শদোষ, জাতিগত অস্পৃশ্যতার প্রতি নিষ্ঠা। দেশজ। বি।

ছুকরী—বয়স্থা কন্যা; কিশোরী, নবযুবতী। দেশজ। বি; স্ত্রী। পুং, ছোক্‌রা।

ছুছুন্দরী—গন্ধমূষিক, ছুঁচা। ছুছু—দৄ+অচ্ কর্তৃবা (নিপা)+ঈপ্। বি; স্ত্রী।

ছুট—১। দৌড়; দৌড়ান; পলায়ন। 'ছুটা' শব্দজ। ২। বাদ; ছাড়; অতিরিক্ত অংশ। 'ছাঁট' শব্দজ। ৩। দড়ি; সূতা। 'সূত্র' শব্দজ। ৪। পরিধেয় বস্ত্র, উড়ানি। দেশজ। বি।

ছুট্‌ক, ছুট্‌কা, ছুট্‌কো—উট্‌কা, বাহিরের; দলছাড়া; পথভ্রষ্ট ও কচিৎ আগত; পলাতক। দেশজ। বিণ।

ছুটকো-ছাটকা—ইতস্ততঃ বিক্ষিপ্ত, যাহা গণনার মধ্যে না আসিয়া ছিট্‌কিয়া পড়িয়াছে। দেশজ। বিণ।

ছুটল—১। ছুটিল। ক্রি। ২। নিক্ষিপ্ত। প্রাঃ কবিপ্র। বিণ।
ছুটা—১। দৌড়ান। বাং ক্রি। ২। আলুগা, শিথিল; ঠিকে, নিয়মিত বেতনভোগী নহে এরূপ। দেশজ। বিণ। [বাং ক্রি।
ছুটান—দৌড় করান; ছাড়ান; তাড়ান।
ছুটি, ছুটী—কর্ম্ম হইতে অবকাশ বা বিদায়; কর্ম্মাদি উপলক্ষে কার্য্যালয় বন্ধ থাকা। ছুট্+ই, ঈ অধিবা, ভাববা। বি।
ছুড়া—ছুঁড়া দ্রঃ।
ছুৎ, ছুত—ছুঁৎ, ছুঁত দ্রঃ।
ছুতা, ছুতো—ওজর, ছল। 'সূত্র' শব্দজ। বি।
ছুতানাতা— কোন একটা অছিলা, সামান্য কারণ। ছুতা+নাতা (সহগ)। বি।
ছুতার, ছুতোর—কাষ্ঠদ্রব্যপ্রস্তুতকারক জাতি। 'সূত্রধর' শব্দজ। বি; পুং। স্ত্রী, ছুতারনী।
ছুবান—১। রঙ্গে ডুবান, রঙ্গ মাখান, রঞ্জিত করা; রঞ্জিত করান। বাং ক্রি। ২। সেলাইয়া দেওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।
ছুরি, ছুরিকা, ছুরী—স্বনামখ্যাত ছেদনাস্ত্র, অসিপুত্রী। ছুর্+ই কর্তৃবা, বিকল্পে ঈপ্ (ছুরী); ২য় পক্ষে কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। [কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।
ছুরিত—ব্যাপ্ত; ছিন্ন; লিপ্ত। ছুর্+ক্ত
ছুলা, ছোলা—কিঞ্চিৎ গভীর করিয়া চাঁচা; পরিষ্কার করা। বাং ক্রি। [শব্দজ। বি।
ছুলি, ছুলী—চর্ম্মরোগবিশেষ। 'ছল্লি'
ছুবলান, ছোবলান—ছোবল মারা, দংশন করা, কামড়ান। বাং ক্রি।
ছেঁক, ছ্যাঁক—১। বিশ্রাম, বিরাম, অবকাশ, অবসর, ফাঁক। প্রাদে। বি। ২। গাত্রে তপ্ত বস্তুর স্পর্শ। 'সেক' শব্দজ। বি। ৩। তপ্ত দ্রব্য জলে দিলে বা তপ্ত তৈলে কাঁচা তরকারি আদি ফেলিলে যে শব্দ হয়। প্রাদে। অব্য। [স্পর্শ। দেশজ। বি।
ছেঁকা—অগ্নিতপ্ত লৌহাদির দ্বারা গাত্রচর্ম্মের
ছেঁচ—১। জমিতে জল দেওয়া। 'সেচ' শব্দজ। ২। ছাঁইচ, পটল-প্রান্ত। প্রাঃ কবিপ্র। বি।
ছেঁচকি—অল্প তেলে ভাজা একপ্রকার ব্যঞ্জন। দেশজ। বি।
ছেঁচড়, ছেঁচোড়—দুষ্ট; প্রতারক। দেশজ। বিণ।
ছেঁচড়া—১। শাক মাছের কাঁটা তেল প্রভৃতি বিবিধ তুচ্ছবস্তুর মিশ্রিত ব্যঞ্জন-বিশেষ। দেশজ। বি। ২। চোর, বঞ্চক, শঠ, অসাধু; কৃপণ। দেশজ। বি বা বিণ।
ছেঁচড়ান—মাটিতে ঘষিয়া টানিয়া লইয়া যাওয়া (Drag). বাং ক্রি।
ছেঁচড়াপনা, ছেঁচড়ামি, –মি—নীচবৃত্তি, শঠতা। ছেঁচড়া+পনা, ম, মি ভাবার্থে। বি।
ছেঁচন—সেচন; বিদারণ। ছেঁচ্+অন ভাববা। বি।
ছেঁচা—১। সেচন করা; থেঁতো করা। 'সিচ্' ও 'ছিদ্' ধাতুজ। বাং ক্রি। ২। যাহা সেচন করা হইয়াছে এরূপ ('–জল'); থেঁতলান। ছেঁচ্+আ কর্ম্মবা। বিণ।
ছেঁচা-বেড়া—থেঁতলান বাঁশের বেড়া। কর্ম্মধা। বি।
ছেঁড়া—১। ছিন্ন। ছিঁড়্+আ কর্ম্মবা। বিণ। ২। ছিন্ন বা বিদীর্ণ করা, ফাড়া; বিচ্ছিন্ন করা, উপড়ান; ছানা কাটা। বাং ক্রি।
ছেঁদা—১। ছিদ্র, গর্ত্ত। বি। ২। ছিদ্রযুক্ত। 'ছিদ্র' শব্দজ। বিণ। [বিণ
ছেঁদো—বাক্‌চাতুর্য্যময়; চাতুরীপূর্ণ। দেশজ
ছেকড়া—ভাড়াটিয়া ('–গাড়ী')। 'শকট' শব্দজ। বিণ।
ছেত্তা (ছেত্তৃ)—ছেদনকর্ত্তা, কর্ত্তনকারী ছিদ্+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, ছেত্রী।
ছেদ—১। ছেদন; বিরাম। ছিদ্+ঘঞ্ ভাববা। ২। খণ্ড; পরিচ্ছেদ। ছিদ্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।
ছেদক—ছেদনকারী; ভাজক; (জ্যামিতিতে) বৃত্তের পরিধির যে-কোন দুইটি বি

সংযোজক সরলরেখা। ছিদ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–দিকা। [বি; ক্লীব।

ছেদন—কর্ত্তন, কাটা। ছিদ্+অনট্ ভাববা।

ছেদনী—ছেদনযন্ত্র, কর্ত্তনাস্ত্র। ছিদ্+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

ছেদনীয়, ছেদ্য—ছেদনযোগ্য; নির্দ্দেয়। ছিদ্+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,–য়া, ছেদ্যা।

ছেদবিন্দু—(জ্যামিতিতে) দুইটি সরল-রেখা যে বিন্দুতে পরস্পরকে ছেদন করে তাহা। ৬ষ্ঠীতৎ। বি।

ছেনাল—ছিনাল (তাহা দ্রঃ)।

ছেনালী—ছিনালী (তাহা দ্রঃ)।

ছেনি, ছেনী—ছেদনাস্ত্র; কাজলা, গোঁজ। 'ছেদনী' শব্দজ। বি।

ছেপ—নিষ্ঠীবন, থুথু। 'ষ্ঠিব্' ধাতুজ। বি।

ছেপ্‌ত, ছেব্‌ত—[মোহরাদি] অঙ্কিত। বৈদে। বিণ।

ছেপ্‌লা, ছেব্‌লা—তরলমতি, বোকাটে, বালস্বভাব, চপল। দেশজ। বিণ। বি, ছেপলাম, ছেব্‌লাম।

ছেলিয়া, ছেলে—পুত্র, কুমার, বালক, শিশু। 'ছাওয়াল' শব্দজ। বি।

ছেলেখেলা—শিশুর মত খেলা; বৃথা কার্য্য। ৬ষ্ঠীতৎ। বি।

ছেলেধরা—শিশুকে ভয় দেখাইবার জুজু-বিশেষ; যে ছেলে চুরি করে। উপতৎ। বি।

ছেলেপিলে,–পুলে—পুত্রকন্যা, সন্তান-সন্ততি। দেশজ। বি। [বি।

ছেলেবেলা—বাল্যকাল, শৈশব। ৬ষ্ঠীতৎ।

ছেলেম, ছেলেমি, ছেলেমো—বালক-সুলভ চাপল্য, ছেলেমানুষি। ছেলে+ম, মি, মো ভাবে, কর্ম্মার্থে। বি।

ছেলেমানুষ—অল্পবয়স্ক বালক; অপরিণত-বুদ্ধি লোক, লঘুচিত্ত লোক। কর্ম্মধা। বি।

ছেলেমানুষি—শিশুর মত আচরণ বা বুদ্ধি, ছেলেমো। ছেলেমানুষ+ই কর্ম্মার্থে। বি।

ছৈ—ছই দ্রঃ।

ছৈঘর—নৌকার ছই বা চাল; ছইএর নিম্নস্থ স্থান। ছৈ-আবৃত ঘর, মধ্যপ কর্ম্মধা। বি।

ছোঁ—উড়িয়া আপতন, নখরাদির দ্বারা গ্রহণার্থ সহসা উপরে পতন; ছোবল। দেশজ। বি।

ছোঁকছোঁক—শুঁকিবার সময় নাসিকার শব্দ; আঘ্রাণ; অতিশয় লোভ। দেশজ। বি।

ছোঁচা—ছুঁচার ন্যায় স্বভাববিশিষ্ট; অতিহীন লোভী। দেশজ। বিণ। [ক্রি।

ছোঁচান—মলত্যাগান্তে জলশৌচ করা। বাং

ছোঁড়া—(অবজ্ঞার্থে) ছোকরা, বালক, কিশোর। 'ছমস্ত' শব্দজ। বি। স্ত্রী, ছুঁড়ী।

ছোঁয়া—১। স্পর্শ করা। 'ছুপ্' ধাতুজ। বাং ক্রি। ২। স্পৃষ্ট। ছুঁ+আ কর্ম্মবা। বিণ।

ছোঁয়াচ—অশুচি দ্রব্যের সংস্পর্শ-জন্য অশৌচপ্রাপ্তি। 'অশৌচ' শব্দজ। বি।

ছোঁয়াচে—স্পর্শাক্রামক ('–রোগ')। ছোঁয়াচ+এ (∠ইয়া)। বিণ।

ছোঁয়াছুঁয়ি—বারংবার স্পর্শ; পরস্পর ছোঁয়া। ব্যতীহার বহুব্রী। বি।

ছোকরা—বালক, কিশোর। দেশজ। বি; পুং। স্ত্রী, ছুকরী।

ছোট—১। ক্ষুদ্র, অল্প; কনিষ্ঠ; ইতর, হীন, নীচ, অধম। 'ক্ষুদ্র' শব্দজ। বিণ। ২। বন্ধন-রজ্জু, [বিশেষতঃ] খড়পাকান দড়ি। দেশজ। বি।

ছোটখাট,–খাটো—সংক্ষিপ্ত; আকারে ছোট। যাহা ছোট তাহাই খাট, কর্ম্মধা। বিণ। [কর্ম্মধা। বি।

ছোটলোক—নীচলোক, সঙ্কীর্ণচেতা।

ছোটা—১। দড়ির পরিবর্ত্তে ব্যবহৃত কলার বাসনা। প্রাদে। বি। ২। ছুটা, দৌড়ান। বাং ক্রি। [বিণ।

ছোট্ট—খুব ছোট, অতি ক্ষুদ্র। 'ক্ষুদ্র' শব্দজ।

ছোড়—জোড়, দল। প্রাদে। বি।

ছোড়ভঙ্গ—দলভঙ্গ, ছাড়াছাড়ি; ছত্রভঙ্গ। দেশজ। বিণ।

ছোড়া—নিক্ষেপ করা, ছাড়া। বাং ক্রি।
ছোড়ান—১। চাবি, কুঞ্চিকা। ছোড়া+ন করণবা। বি। ২। ছাড়ান। বাং ক্রি।
ছোপ—অন্য বস্তুর রঙের ছাপ; চিহ্ন, দাগ; দেওয়ালে মৃত্তিকার প্রলেপ। 'ছুপ্' ধাতুজ। বি।
ছোপান, ছোবান—১। রঙ্গিন। ছোপা+ন কর্ম্মবা। বিণ।
ছোবড়া—মোটা আঁশ, ছিবড়া; অংশুময় ত্বগাবরণ। দেশজ। বি।
ছোবল—দংশন, থাবল। দেশজ। বি।
ছোবলান—ছুবলান দ্রঃ।
ছোরা—বড় ছুরি। দেশজ। বি।
ছোল—ছাল, বল্কল, খোসা। দেশজ। বি।
ছোলা—১। কলাইবিশেষ। 'চণক' শব্দজ। বি। ২। খোসা-ছাড়ান। ছুল্+আ কর্ম্মবা। বিণ। ৩। ছাল বা খোসা ছাড়ান; পরিষ্কার করা। বাং ক্রি। [বি।
ছোলে—সোলে, আপোষ। আর্বীমূলক।
ছোলেনামা—আপোষে বিবাদ মিটাইবার রাজীনামা', সোলেনামা। আর্বীমূলক। বি।
ছ্যা—ছি, ধিক্। প্রাদে। অব্য।
ছ্যাঁক্—অনুকার-শব্দ, ছেঁক। দেশজ। অব্য।
ছ্যাঁচড়, ছ্যাঁচড়া—ছেঁচড়, ছেঁচড়া দ্রঃ।
ছ্যাঁচড়ামি—ছ্যাঁচড়ের আচরণ। ছ্যাঁচড়া+মি ভাবে। বি।
ছ্যাতলা—শেওলা, ছাতা। দেশজ। বি।
ছ্যাবলা—ছেব্‌লা (তাহা দ্রঃ)।
ছ্যাবলামি—প্রগল্‌ভতা; ছেলেমানুষি; বোকামি। ছ্যাবলা+মি ভাবে। বি।

জ

জ—১। অষ্টম ব্যঞ্জনবর্ণ, (ইহার উচ্চারণস্থান তালু)। ২। জাত। জন্+ড কর্ত্তৃবা। ৩। পরিমাণবিশেষ, সিকি ইঞ্চি। 'যব' শব্দজ। বি।
জই—যই, যবতুল্য শস্যবিশেষ। 'যবিকা' শব্দজ। বি।
জউ—লাক্ষা, গালা। 'জতু' শব্দজ। বি।
জওজ—স্বামী। আর্বী। বি; পুং। স্ত্রী, —জে।
জওয়াব—জবাব (তাহা দ্রঃ)। [বি।
জং, জঙ, জঙ্গ—ধাতুর মরিচা। ফার্সী।
জংলা, জঙ্‌লা, —লী—জঙ্গলে জাত, বুনো; অসভ্য। জঙ্গল+আ, ঈ ভবার্থে। বিণ।
জক—১। জলপাত্রবিশেষ। ইং 'Jug' শব্দজ। ২। মৃত্তিকাপ্রোথিত ধনরাশি এবং তাহার সহিত রক্ষকরূপে জীবিত অবস্থায় প্রোথিত বালক। 'যক্ষ' শব্দজ। বি।
জকার—'জ' এই বর্ণমাত্র। জ+কার স্বার্থে। বি; পুং।
জক্ষ্মা (জক্ষ্মন্)—ক্ষয়রোগ, যক্ষ্মা। জক্ +মন্ কর্ত্তৃবা। বি; পুং।
জখম—১। কঠিন আঘাত, চোট। বি। ২। চোটপ্রাপ্ত। ফার্সী। বিণ।
জখমী—আহত, কঠিন আঘাতপ্রাপ্ত। জখম +ঈ প্রাপ্ত অর্থে। বিণ।
জগ—জগৎ। কবিপ্র। বি।
জগজগ—ঝকমক। অনুকার অব্য।
জগজন—জগতের লোক। 'জগজ্জন' শব্দজ। কবিপ্র। বি।
জগজ্জন—জগতের লোক। জগতের জন (জগৎ+জন), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জগজ্জননী—জগন্মাতা; আদ্যাশক্তি, ভগবতী। জগতের জননী (জগৎ+জননী), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
জগজ্জয়ী (—জয়িন্)—ভুবনবিজয়ী। উপ-তৎ। জগৎ—জি+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —য়িনী।
জগজ্জীবন—জগৎপ্রাণ, বায়ু। জগতের জীবন (জগৎ+জীবন), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জগঝম্প—ডিণ্ডিমবিশেষ, একপ্রকার বাদ্য-যন্ত্র। দেশজ। বি।

জগৎ—১। বিশ্ব, ব্রহ্মাণ্ড; লোক, ভুবন। গম্+ক্বিপ্ কর্ত্তৃবা নিপাতনে; অথবা গম্+অতি কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। জঙ্গম; অস্থায়ী। বিণ।

জগতি—সিংহাসন। প্রাঃ কবিপ্র। বি।

জগতী—পৃথিবী; ভুবন; দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ। জগৎ+ঈপ্। বি; স্ত্রী।

জগৎকারণ—সৃষ্টিকর্ত্তা, পরমেশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

জগৎপতি—পরমেশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জগৎপাতা (–পাতৃ), জগৎপিতা (–পিতৃ)—বিশ্বের পালনকর্ত্তা, ঈশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জগৎপ্রাণ—বায়ু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জগৎসংসার—বিশ্বব্রহ্মাণ্ড, নিখিল-বিশ্ব। জগৎও যে সংসারও সে, কর্ম্মধা। বি; পুং।

জগৎসাক্ষী (–সাক্ষিন্)—সূর্য্য, (কারণ তিনি জগতের যাবতীয় ব্যাপার অনুক্ষণ প্রত্যক্ষ করিতেছেন)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জগৎস্রষ্টা (–স্রষ্টৃ)—জগদীশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জগৎসেতু—বিশ্বের ভাবৎলোকের পার-হেতু বা ত্রাণকর্ত্তা, পরমেশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জগদম্বা, জগদম্বিকা—বিশ্বজননী, দুর্গা। জগতের অম্বা, অম্বিকা (মাতা), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জগদল—'জগদ্দল' (তাহা দ্রঃ)।

জগদাত্মা (জগদাত্মন্), জগদাধার—কাল; বায়ু; ঈশ্বর। জগতের আত্মা, আধার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জগদীশ, জগদীশ্বর—বিশ্বপতি, ঈশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জগদ্গুরু—পরমেশ্বর; জগতের গুরু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জগদ্দল—জগতের দলনকর্ত্তা; বিশ্বদলনক্ষম গুরুভার পাষাণ। জগৎ—দল্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

জগদ্ধাত্রী—১। দুর্গা। জগতের ধাত্রী, ৬ষ্ঠীতৎ। ২। চতুর্হস্তসমন্বিতা সিংহবাহিনী ত্রিনয়না দেবী। বি; স্ত্রী।

জগদ্বন্ধু—জগতের হিতকারী; ঈশ্বর; সূর্য্য। জগতের বন্ধু, ৬ষ্ঠীতৎ। বি; পুং বা বিণ।

জগদ্বিখ্যাত—ভুবনবিখ্যাত, বিশ্বের সর্ব্বত্র প্রসিদ্ধ। জগতে বিখ্যাত, ৭মীতৎ। বিণ। স্ত্রী–তা।

জগদ্ব্যাপী (–পিন্)—বিশ্বব্যাপী, ভুবনের সর্ব্বত্র পরিব্যাপ্ত। উপতৎ। জগৎ–বি—আপ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–পিনী।

জগদ্যোনি—ব্রহ্মা; বিষ্ণু; শিব। জগতের যোনি (উৎপত্তিহেতু), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জগন্নাথ—জগদীশ্বর; পুরীধামের দেবমূর্ত্তিবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জগন্ময়—বিশ্বব্যাপী। জগৎ+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী,–য়ী।

জগন্মাতা—জগজ্জননী, বিশ্বের মাতা। জগতের মাতা (জগৎ+মাতা), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জগন্মোহন—১। ভুবনমোহন, বিশ্ববিমোহন; পরম সুন্দর। জগতের মোহন, ৬ষ্ঠীতৎ। বিণ। ২। শ্রীকৃষ্ণ। বি; পুং।

জগমগ—ডগমগ; উজ্জ্বল ও কম্পমান। প্রাঃ কবিপ্র। বিণ।

জগাখিচুড়ি—বহু বিসদৃশ বস্তুর সমবায়; বিবিধ শাকসব্জি দিয়া রান্না খিচুড়ি; নানা বিষয়ের হট্টগোল। দেশজ। বি।

জঘন—স্ত্রীলোকের নিতম্বের সম্মুখভাগ; স্ত্রীলোকের কটিদেশ। হন্+অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

জঘন্য—নীচ, ঘৃণ্য, গর্হিত। জঘন+যৎ ভবার্থে। বিণ। স্ত্রী,–ন্যা।

জঙ্গ(ঙ্গ)—১। জং, মরিচা। ফার্সী। ২। দ্বন্দ্ব, কলহ, বিরোধ, যুদ্ধ, লড়াই। প্রাঃ কবিপ্র। বি।

জঙ্গ(ঙ্গ)ম—গমনশীল; অস্থায়ী; অস্থাবর। গম্+যঙ্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–মা।

জঙ্গ(ঙ্গ)ল—১। বন, অরণ্য; নির্জ্জন স্থান।

জঙ্গল—লা+ক কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। নির্জ্জন। বিণ।

জঙ্গ(ংগ)লা, জংলা—বনজ; বন্য, বুনো; বর্ব্বর, অসভ্য। জঙ্গল+আ ভবার্থে। বিণ।

জঙ্গ(ংগ)লিয়া, জঙ্গ(ংগ)লী, জঙ্গ(ংগ)লে—জঙ্গলময়; বন্য; অসভ্য, বুনো। জঙ্গল+ইয়া, ঈ, এ ভবার্থে। বিণ।

জঙ্গা(ংগা)ল—জাঙ্গাল, বাঁধ। জঙ্গম—আ—লা+ক কর্ত্তৃবা। বি; পুং।

জঙ্গী(ংগী)—সামরিক; যোদ্ধা, বীর। জঙ্গ+ঈ সম্বন্ধার্থে। বিণ। জঙ্গী বিমান—যুদ্ধবিমান, যে উড়োজাহাজে চড়িয়া যুদ্ধ করা হয়।

জঙ্গী(ংগী)লাট—ভারতের প্রধান সেনাপতি (Commander-in-Chief). কর্ম্মধা। বি।

জঙ্গু(ংগু)লিয়া, জঙ্গু(ংগু)লে—বন্য; অশিক্ষিত। জঙ্গল+ইয়া, এ ভবার্থে। বিণ।

জঙ্ঘা(ংঘা)—গুল্ফ হইতে জানু পর্য্যন্ত অংশ। হন্+যঙ্ (লুক্)+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

জজ—বিচারপতি, বিচারক। ইং Judge. বি। [কর্ম্মার্থে। বি।

জজগিরি—জজিয়তি। জজ+গিরি

জজান—একাকার করা; চতুর্দ্দিকের জিনিসপত্র স্পর্শদ্বারা অশুচি করা। বাং ক্রি।

জজিয়তি—জজের পদ বা কার্য্য। জজ+ইয়তি কর্ম্মার্থে। বি।

জঞ্জাল—আবর্জ্জনা; কণ্টক, উৎপাত; ঝঞ্ঝাট। দেশজ। বি।

জট—জটা; কেশর, সিংহাদির ঘাড়ের ঝুঁটি; সংহত কেশ; বৃক্ষের ঝুরি। জট্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

জটলা, জটল্লা—বন্ধুসমবায়, ইয়ারসম্মিলন, বহুলোকের মিলন। দেশজ। বি।

জটা—সংহত কেশ, জট; কেশর; বৃক্ষের ঝুরি; ব্রতীদের শিখা। জট্+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

জটাচীর—জটবদ্ধচুল ও ছিন্নবস্ত্র। দ্বন্দ্ব। বি; ক্লীব।

জটাজূট—জটাসমূহ, চুলের জটসকল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জটাধর,—ধারী—১। জটা ধারণ করিয়াছে এরূপ। জটার ধর, ৬ষ্ঠীতৎ; ২য় পক্ষে উপতৎ। জটা—ধৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রা,—রিণী। ২। শিব। বি; পুং।

জটিল—১। জটাযুক্ত। জটিল—জটা+ইলচ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—লা। ২। দুর্ব্বোধ্য; পাকান; পেঁচান। বিণ। ৩। জটাধারী পুরুষ; ব্রহ্মচারী; বটবৃক্ষ; সিংহ; জগন্নাথদেবের মূর্ত্তিবিশেষ। বি; পুং।

জটী (জটিন্)—১। জটাযুক্ত, জটাধারী। জটা+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, জটিনী। ২। জটাধারী পুরুষ; ব্রহ্মচারী; বটবৃক্ষ; সিংহ। বি; পুং।

জটাবুড়ী, জটেবুড়ী—ছেলেদের ভয় দেখাইবার জন্য কল্পিত ভয়ের মূর্ত্তি; ছেলেধরা। দেশজ। বি; স্ত্রী।

জটুল, জড়ুল—শরীরস্থ চিহ্নবিশেষ, জড়ুর। জট্+উল কর্ত্তৃবা সংজ্ঞার্থে, পক্ষে ট-স্থানে ড়। বি; পুং।

জটে—যাহার জট আছে। জট+এ (∠ইয়া) আছে অর্থে। বিণ।

জঠর—কুক্ষি, উদর; জরায়ু, গর্ভ। জন্+অরন্ অধিবা। বি; ক্লীব।

জঠরজ্বালা—উদরের দাহ, ক্ষুধার তাড়না, বুভুক্ষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জঠরবাস—গর্ভে অবস্থান। ৭মীতৎ। বি; পুং।

জঠরযন্ত্রণা—গর্ভবাস-ক্লেশ; গর্ভধারণক্লেশ ও প্রসববেদনা; পেটের জ্বালা। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

জঠরস্থ—গর্ভস্থ, উদরস্থ। উপতৎ। জঠর—স্থা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা।

জঠরাগ্নি, জঠরানল—উদরের মধ্যস্থিত অগ্নি, উদরমধ্যস্থ একপ্রকার রস যাহার গুণে

ভুক্তদ্রব্যের পরিপাক হয়। জঠরের অগ্নি বা অনল, ৬ষ্ঠীতৎ; অথবা জঠরস্থিত অগ্নি বা অনল, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জড়—১। নির্ব্বোধ; স্ফূর্ত্তিহীন; অজ্ঞ; শীতল; নিস্তেজ; অচেতন; মোহপ্রাপ্ত; মূর্খ; মূক; অপটু; নিস্পন্দ। জল্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, জড়া। ২। জল; সীসা। বি; ক্লীব। ৩। আজন্ম নির্ব্বোধ পুরুষ (Idiot); বাতুল। বি; পুং। ৪। শিকড়, মূল। 'জটা' শব্দজ। বি।

জড়ক্রিয়—চিরকারী, দীর্ঘসূত্র, বিলম্বে কার্য্যকারী। জড়া ক্রিয়া যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

জড়জগৎ—জড়পদার্থসমূহ। জড় জগৎ, কর্ম্মধা। বি; ক্লীব।

জড়তা, জড়ত্ব—মূর্খতা, নির্ব্বুদ্ধিতা; স্ফূর্ত্তিহীনতা; জাড্য; অচৈতন্য; শৈত্য; শৈথিল্য; অপটুতা। জড়+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

জড়পিণ্ড—স্থূলতাবাপন্ন জড়পদার্থ; জড়বৎ নিশ্চেষ্ট ব্যক্তি। জড় পিণ্ডসদৃশ, উপমিত কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

জড়প্রকৃতি—১। অচেতন পদার্থের প্রকৃতি বা স্বভাব; নিষ্ক্রিয়তা। জড়ের প্রকৃতি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। জড়ের প্রকৃতির ন্যায় প্রকৃতিবিশিষ্ট। বহুব্রী। বিণ।

জড়প্রায়—জড়সদৃশ, জড়বৎ নিস্পন্দ। প্রায় জড়, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—য়া।

জড়বাদ—আত্মার চৈতন্যময়ত্বে অবিশ্বাস, আত্মা জড়—এইরূপ বলা (Materialism). জড়সমর্থক বাদ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জড়বাদী (—বাদিন্)—আত্মচৈতন্যে অবিশ্বাসী, যাঁহারা আত্মার চৈতন্যময়ত্ব স্বীকার করেন না, নৈয়ায়িক, বৈশেষিক, বৌদ্ধ প্রভৃতি মতাবলম্বী (Materialist). জড়বাদ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—দিনী।

জড়ভরত—১। জনৈক ব্রাহ্মণ (জন্মান্তরে ইনি রাজর্ষি ভরত ছিলেন)। বি; পুং। ২। নিষ্ক্রিয়, নিরুদ্যম, অকর্ম্মণ্য। দেশজ প্রঃ। বিণ।

জড়সড়—সঙ্কুচিত, আড়ষ্ট। দেশজ। বিণ।

জড়াও—১। মণিজড়িত; রত্নখচিত। বিণ। ২। রত্নালঙ্কার। হিন্দীমূলক। বি।

জড়াজড়ি—আলিঙ্গন, পরস্পর বেষ্টন; গলাগলি। ব্যতীহার বহুব্রী। বি। [বিণ।

জড়াত্মা (—ত্মন্)—নির্ব্বোধ। বহুব্রী।

জড়ান—১। বিজড়িত করা; লেপটান, বেষ্টন করা। বাং ক্রি। ২। বেষ্টিত; গুটান; পাকান; অস্পষ্ট। বিণ।

জড়িত—জড়ান; বেষ্টিত; খচিত। জড়্+ইত কর্ম্মবা। বিণ।

জড়িমা (—মন্)—জড়তা, জাড্য, অস্পষ্টতা। জড+ইমন্ ভাবার্থে। বি; পুং।

জড়ীভূত—১। জড়সদৃশ অবস্থাপন্ন, হতবুদ্ধি; নিতান্ত স্ফূর্ত্তিরহিত; ভয়াদিহেতু স্পন্দরহিত। জড়+চ্বি অভূততদ্ভাবার্থে (=জড়ী)—ভূ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

জড়ুর—জটুল, দেহস্থ তিলক, চর্ম্মবিকার। 'জড়ুল' শব্দজ। বি; পুং।

জড়ুল—জটুল দ্রঃ।

জড়োপাসক—মৃৎকাষ্ঠপ্রস্তরাদি অচেতন পদার্থের উপাসনাকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—সিকা। [বিণ।

জড়োয়া—মণিমুক্তাখচিত। হিন্দীমূলক।

জতু—লাক্ষা, লা, গালা; অলক্ত, আলতা। জন্+উ কর্ত্তৃবা (ন-স্থানে ত)। বি; ক্লীব।

জতুগৃহ—লাক্ষানির্ম্মিত গৃহ (পাণ্ডবদিগের বিনাশার্থ দুর্য্যোধন এই গৃহ নির্ম্মাণ করাইয়াছিলেন)। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

জতুরস—আলতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জন—১। লোক, ব্যক্তি; ইতর লোক; যে দৈনিক বেতনে অন্য ব্যক্তির কর্ম্ম করে, মজুর। জন্+অচ্ কর্ত্তৃবা। ২। জনলোক, মহঃ-পরবর্ত্তী লোক। জন্+অচ্ অধিবা। বি; পুং।

জনক—১। উৎপাদক। জন্+ণিচ্+ণক

কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—নিকা। ২। পিতা। বি; পুং। ৩। মিথিলারাজ, রামজায়া সীতার পালক পিতা। বি; পুং।

জনক-তনয়া, —নন্দিনী, —সুতা—সীতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জনক্ষয়—লোকনাশ, মারী, মড়ক। ৬ষ্ঠী-তৎ। বি; পুং। [বি; স্ত্রী।

জনতা—জনসমূহ, ভিড়। জন+তা সমূহার্থে।

জনন—১। বংশ। জন্+অনট্ অধিবা। বি; ক্লীব। ২। পিতা; উৎপাদক; ঈশ্বর। ণিজন্ত জন (=জনি)+অন কর্ত্তৃবা। বি; পুং। ৩। উৎপাদন, জন্মান। ণিজন্ত জন (=জনি)+অনট্ ভাববা। ৪। উৎপত্তি, জন্ম। জন+অনট্ ভাববা। বি; ক্লীব।

জননকোষ—(উদ্ভিদবিদ্যায়) উদ্ভিদদেহের যে সকল কোষমধ্যে অতি সূক্ষ্ম প্রাণপদার্থের উৎপত্তি হয় তাহা (Germ-cell). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জননরস—শুক্র ও বীর্য্য; স্ত্রীমৎস্য ডিম পাড়িবার পর পুরুষমৎস্য আসিয়া সেই ডিমের উপর যে জীবনীশক্তিসঞ্চারক রস ছাড়িয়া দেয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জননাশৌচ—সন্তানের জন্মজন্য অশৌচ, সূতিকাশৌচ। জনন-নিমিত্তক অশৌচ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

জননি—১। বংশ। জন্+অনি অধিবা। ২। জন্ম, উৎপত্তি। জন্+অনি ভাববা। বি; স্ত্রী। ৩। মাতঃ। 'জননী' শব্দের সম্বোধনপদ।

জননী—উৎপাদিকা; প্রসূতি; মাতা। জন্+অনি অধিবা+ঈপ্। বি; স্ত্রী।

জননেন্দ্রিয়—শিশ্ন; যোনি। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

জনপদ—লোকালয়, লোকের বসতিস্থান; দেশ, নগর, গ্রাম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জনপ্রবাদ—জনশ্রুতি, জনরব। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [দ্বন্দ্ব। বি; পুং।

জনপ্রাণী—কোনও লোক, কোন জীবজন্তু।

জনপ্রিয়—লোকপ্রিয় (Popular). ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী,—য়া।

জনবহুল—বহুলোকপূর্ণ, জনসমাকীর্ণ। বহুব্রী। বিণ।

জনবিরল—যেখানে অতি অল্প লোক আছে এমন। বহুব্রী। বিণ।

জনম—জন্ম। কবিপ্র। বি।

জনমত—সর্ব্বসাধারণের অভিমত। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

জনমানব—মনুষ্য, একজন লোকও। একার্থক দুইটি শব্দের দ্বন্দ্ব সমাস। বি; পুং।

জনয়িতা (জনয়িতৃ)—১। উৎপাদক, জন্মদাতা। ণিজন্ত জন্ (=জনি)+তৃচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িত্রী। ২। জনক, পিতা। বি; পুং।

জনয়িত্রী—১। উৎপাদিকা। জন্+ণিচ্ +তৃচ্ কর্ত্তৃবা+ঈপ্। বিণ; স্ত্রী। ২। মাতা। বি; স্ত্রী।

জনযুদ্ধ—দেশের জনসাধারণ যে যুদ্ধ সমর্থন করে ও যাহাতে অংশ গ্রহণ করে। ৬ষ্ঠীতৎ। বি।

জনরব—গুজব, লোকপ্রবাদ, যে কথা লোক-পরম্পরায় রটে বা শুনা যায়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জনশূন্য—মনুষ্যরহিত, নির্জ্জন। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্যা।

জনশ্রুতি—লোকপ্রবাদ; জনরব, কিংবদন্তী। জনমধ্যে শ্রুতি যাহার, বহুব্রী। বি; স্ত্রী।

জনসঙ্ঘ—জনসমূহ, জনতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জনসমাজ—মানবসমষ্টি, পরস্পরসম্মিলিত মনুষ্যবৃন্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জনসাধারণ—সকল লোক, ইতর ভদ্র সর্ব্ব-শ্রেণীর লোক। সাধারণ জন, কর্ম্মধা (পূর্ব্ব পদের পরনিপাত)। বি; পুং।

জনস্থান—লোকের বসতিস্থান, লোকালয়; দণ্ডকারণ্যমধ্যস্থ স্থানবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

জনস্রোতঃ (-স্রোতস্), **স্রোত**—ক্রমাগত গমনশীল বহু লোক, জনপ্রবাহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [বি; ক্লীব।

জনহিত—সর্ব্বসাধারণের মঙ্গল। ৬ষ্ঠীতৎ।

জনহিতকর—জনসাধারণের মঙ্গলকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রী। [স্ত্রী,—রা।

জনহীন—লোকশূন্য, বিজন। ৩য়াতৎ। বিণ।

জনা—জন। কবিপ্র। বি।

জনাকীর্ণ—লোকাকীর্ণ, বহুলোকে ব্যাপ্ত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—র্ণা।

জনাজাত, জনাজুটি,-জুতি—প্রতিজন হিসাবে; একে একে। দেশজ। ক্রি-বিণ।

জনানা—স্ত্রীলোক; অন্তঃপুর। ফার্সী। বি।

জনান্তিক—১। লোকের নিকট। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। অন্ত জনসমক্ষেও গোপনে, অন্য লোক উপস্থিত থাকিলেও তাহার অন্তরালে পরস্পর। জনান্তিক+অচ্ (বিশিষ্টার্থে)। বি; ক্লীব।

জনাপবাদ—লোকনিন্দা। জনকৃত অপবাদ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জনাব, জোনাব—হুজুর, মহাশয়; সম্মানজনক সম্ভাষণ। আর্বী। বি।

জনাবালী—মহামহিম, মহানুভব। ফার্সীমূলক। বি। [দেশজ। বি।

জনার—মকাই, ভুট্টাজাতীয় শস্যবিশেষ।

জনার্দ্দ(র্দ)ন—বিষ্ণু। জন (অসুরবিশেষ) -অর্দ্দি+অন কর্ত্তৃবা (যিনি জন-নামক অসুরকে পীড়ন করিয়াছেন)। বি; পুং।

জনি, জনী—১। জন্ম, উৎপত্তি; এক এক পুরুষ। জন্+ইন্ ভাববা, পক্ষে+ঙীপ্। ২। মাতা; জায়া; নারী; পুত্রবধূ; বধূ। জন্+ইন্ অধিবা, পক্ষে+ঙীপ্। বি; স্ত্রী।

জনিকা—জনয়িত্রী, উৎপাদিকা। জন্+ণিচ্+ণক কর্ত্তৃবা+আপ্। বিণ; স্ত্রী।

জনিত—উৎপাদিত। জন্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

জনিতা (জনিতৃ)—জনক, পিতা। জন্+তৃচ্ কর্ত্তৃবা (নিপা)। বি; পুং। স্ত্রী,—ত্রী।

জনীন—(অন্যপদের পরে থাকিলে) লোকহিতকর; বিশ্বজনীন; যাহাতে যেমন খাটে তদনুরূপ। জন+ঈন হিতার্থে। বিণ। স্ত্রী,—না।

জনু—১। উৎপত্তি, জন্ম। জন্+উ ভাববা। বি; স্ত্রী। ২। সদৃশ, যেন। প্রাঃ কবিপ্র। অব্য। [বি; পুং।

জন্তু—প্রাণী, জীব। জন্+তুন্ কর্ত্তৃবা।

জন্ম (জন্মন্)—১। উদ্ভব, উৎপত্তি। জন্+মন্ ভাববা। ২। সংসার, লোক; জন্মলগ্ন; জন্মনক্ষত্র। জন্+মন্ অধিবা। বি; ক্লীব।

জন্ম-এয়তী, জন্ম-এয়ন্ত্রী—যাবজ্জীবন সধবা ('-নারী')। সুপ্‌সুপা। বিণ; স্ত্রী।

জন্মকর্ম্ম (-কর্ম্মন্), -কর্ম্ম—জন্মের নিমিত্ত কর্ম্ম, জাতকর্ম্ম; পুত্রেষ্টি যাগ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

জন্মগত—জন্মহেতু লব্ধ, বংশানুক্রমে প্রাপ্ত; সহজ, স্বাভাবিক। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

জন্মগ্রহ, -গ্রহণ—জন্মলাভ, উৎপত্তি; ভূমিষ্ঠ হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

জন্ম-জন্ম—সকল জন্মে। দেশজ। অব্য।

জন্ম-জন্মান্তর—এই জন্ম এবং অন্য জন্ম বা পর জন্ম। দ্বন্দ্ব। বি; ক্লীব।

জন্মতিথি—যে তিথিতে জন্ম হয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা স্ত্রী।

জন্মদ—পিতা। উপতৎ। জন্মন্-দা+ক কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—দা।

জন্মদাতা (-দাতৃ)—জনক, উৎপাদক। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; পুং। স্ত্রী,—দাত্রী।

জন্মদান—জনন, উৎপাদন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

জন্মদিন, -দিবস—জন্মবাসর, জন্মের তারিখ; জন্মতিথি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, পুং।

জন্মনক্ষত্র—ভূমিষ্ঠ হইবার সময়ের নক্ষত্র। জন্মকালীন নক্ষত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

জন্মপত্র, -পত্রিকা—কোষ্ঠী, ঠিকুজি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জন্মবার, জন্মবাসর—জন্মদিন। ষষ্ঠীতৎ। বি; পুং। [ষষ্ঠীতৎ। বি; পুং।

জন্মবৃত্তান্ত—জন্মকথা, উৎপত্তির বিবরণ।

জন্মভূমি—মাতৃভূমি, জন্মস্থান, যে দেশে জন্ম হয় তাহা। জন্মের ভূমি, ষষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জন্মমাস—যে মাসে জন্ম হয় তাহা। ষষ্ঠীতৎ। বি; পুং। [ক্লীব।

জন্মমৃত্যু—উৎপত্তি ও মরণ। দ্বন্দ্ব। বি;

জন্মরহস্য—উৎপত্তি-বিষয়ক গূঢ় তত্ত্ব। ষষ্ঠীতৎ। বি; ক্লীব।

জন্মরাশি—যে রাশিতে জন্ম হয় তাহা। ষষ্ঠীতৎ। বি; পুং।

জন্মশোধ—চিরজীবনের মত। দেশজ। বিণ বা ক্রি-বিণ।

জন্মস্থান—জন্মভূমি (তাহা দ্রঃ)। ষষ্ঠীতৎ। বি; ক্লীব। [বাং ক্রি।

জন্মা—জন্মগ্রহণ করা; উৎপন্ন হওয়া।

জন্মান—উৎপাদন করা। বাং ক্রি।

জন্মান্তর—অন্য জন্ম, পূর্ব্ব বা পর জন্ম। অন্য জন্ম, নিত্য। বি; ক্লীব।

জন্মান্তরবাদ—মৃত্যুর পরে আত্মার পুনরায় জন্ম হয় এরূপ মত। জন্মান্তরসমর্থক বাদ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জন্মান্তরীণ—অন্যজন্মসম্বন্ধীয়, যাহা পূর্ব্ব-জন্মে ঘটিয়াছে বা পরজন্মে ঘটিবে এরূপ। জন্মান্তর + ঈন ভবার্থে। বিণ। স্ত্রী, —ণা।

জন্মান্ধ—জন্মকাল হইতে দৃষ্টিশক্তিহীন (Born blind). ৫মীতৎ। বিণ। স্ত্রী, —ন্ধা।

জন্মাবধি—জন্মকাল হইতে, আজন্ম। জন্ম অবধি যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

জন্মাষ্টমী—ভাদ্রমাসের কৃষ্ণপক্ষীয় অষ্টমী তিথি, শ্রীকৃষ্ণের জন্মদিবস। জন্মের (কৃষ্ণ-জন্মের) অষ্টমী, ষষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জন্য—১। জায়মান। জন্ + যৎ কর্ত্তৃবা। ২। উৎপাদ্য। জন্ + ণিচ্ + যৎ কর্ম্মবা। বিণ। ৩। উৎপাদক। জন্ + ণিচ্ + যৎ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, জন্যা। ৪। যুদ্ধ, জন্ম। জন্ + যৎ ভাববা। বি; ক্লীব। ৫। লোকহিতকর। জন + যৎ হিতার্থে। বিণ। ৬। নিমিত্ত, হেতু, কারণে। দেশজ। অব্য।

জপ, জপন, জাপ—১। (ইষ্টমন্ত্রের) পুনঃ পুনঃ উচ্চারণ। জপ + অপ্, অনট্, ঘঞ্ ভাববা। ২। স্বাধ্যায়। জপ্ + অপ্, অনট্, ঘঞ্ কর্ম্মবা। বি; পুং, ক্লীব, পুং।

জপতপ—অভীষ্টমন্ত্রের বার বার আবৃত্তি এবং তপস্যা; ধর্ম্মানুষ্ঠান। দ্বন্দ্ব। বি।

জপমালা—যে মালা হাতে করিয়া জপ করা হয়, স্ফটিক, রুদ্রাক্ষ প্রভৃতিদ্বারা নির্ম্মিত মালা। ষষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জপান—জপ করান; ভজান, প্রবর্ত্তিত করা, ফুসলান। বাং ক্রি।

জপিত—যাহা জপ করা হইয়াছে এরূপ। জপ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

জপ্য—১। জপনীয়, যাহা জপ করা আবশ্যক বা উচিত এরূপ। জপ্ + যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, জপ্যা। ২। জপ। জপ্ + যৎ ভাববা। বি; ক্লীব।

জবড়জং, —জঙ্গ, —জঙ্গী—বেমানান ও ভারাক্রান্ত, বেঢপ। দেশজ। বিণ।

জবন—যবন। জু + অন কর্ত্তৃবা। বি; পুং।

জবনাল—জনার, মকাই। জবন — অা — লা + ক কর্ত্তৃবা। বি; ক্লীব।

জবনিকা, জবনী—পর্দ্দা। জু + অনট্ অধিবা + ঈপ্, ১ম পক্ষে কন্ স্বার্থে + আপ্। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

জবনী—জবনজাতীয়া স্ত্রী। জবন + ঈপ্।

জবর—১। বলবান্, প্রবল; উত্তম, উৎকৃষ্ট। ফার্সী। বিণ। ২। বল, শক্তি, ক্ষমতা। বি।

জবরদস্ত—শক্ত, বলবান্, দুর্দ্দান্ত; জোরাল। ফার্সী। বিণ।

জবরদস্তি, —স্তী—১। বলপূর্ব্বক। ফার্সী। ক্রি-বিণ। ২। বলপ্রয়োগ, অবৈধ বলপ্রকাশ, অত্যাচার। জবরদস্ত + ই, ঈ ভাবে। বি।

জবা—স্বনামখ্যাত প্রসিদ্ধ বৃক্ষ বা পুষ্প। জপ্ + অচ্ কর্ত্তৃবা + আপ্। বি; স্ত্রী।

জবাই—মুসলমানদিগের ধর্ম্মকার্য্যে পশুহত্যা;

নাশ, লোপ, ধ্বংস। আরবী 'জবহ্' শব্দজ। বি। [ভাষা। ফার্সী। বি।

জবান—রসনা, জিহ্বা; বাক্য, কথা;

জবানবন্দি,-বন্দী—বিচারকের নিকট কথিত বাক্য, এজাহার; সাক্ষ্য; বিবরণ। ফার্সী। বি।

জবানী—বাচনিক, মৌখিক। ফার্সী। বিণ।

জবাব—উত্তর, প্রতিবচন; কৈফিয়ৎ। আরবী। বি।

জবাবদিহি—কৈফিয়ৎ। আরবী 'জবাবদিহ্' শব্দজ। বি।

জবাবী—প্রত্যুত্তরদায়ক ('—কার্ড, তার')। জবাব+ঈ। বিণ।

জবুথবু—জড়বৎ; নিশ্চেষ্ট, আড়ষ্ট। দেশজ। বিণ।

জব্দ—শাসিত, আক্কেলপ্রাপ্ত, নাকাল; হতদর্প, পরাভূত, অবমানিত। আরবী 'জব্ত্' শব্দজ। বিণ।

জমক—১। দীপ্তি, জেল্লা; আড়ম্বরযুক্ত শোভা, সমারোহ। হিন্দী। বি। ২। সহজাত, যমজ। 'জমজ' শব্দজ। বিণ।

জমকান—জাঁকান, শোভিত হওয়া বা করা, সৌষ্ঠবযুক্ত করা। বাং ক্রি।

জমকাল—জাঁকাল, আড়ম্বর ও শোভা-সম্পন্ন। জমক+আল বিশিষ্টার্থে। বিণ।

জমজ—যমজাত, যুগপৎ জাত। জম-জন্+ড কর্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

জমজম—১। জমকাল। দেশজ। বিণ। ২। মক্কাস্থিত প্রসিদ্ধ কূপ। আরবী। বি।

জমজমা—১। জমকাল। বিণ। ২। সম্ভ্রম, মর্য্যাদা, ভিড়। দেশজ। বি।

জমজমাট—জমায়েত, ভিড়; জমাট, সংহতির ভাব। দেশজ। বি।

জমদগ্নি—জনৈক ঋষি, পরশুরামের পিতা। বি; পুং।

জমা—১। মোট সংখ্যা, আয়, বৃদ্ধি; রাজা বা জমিদারকে দেয় কর; সঞ্চিত অর্থ; নির্দ্দিষ্ট অর্থ। আরবী। বি। ২। জমাট বাঁধা; ঘনীভূত হওয়া; একস্থানে সমবেত হওয়া। বাং ক্রি।

জমাওয়াশীলবাকী—দেয়, প্রদত্ত ও বাকী টাকার হিসাব; কত আদায় ও কত বাকী তাহার হিসাব। আরবীমূলক। বি।

জমাখরচ—চলিত হিসাব, আয়ব্যয়ের তালিকা। দ্বন্দ্ব। বি।

জমাখারিজ—এজমালী সম্পত্তির অংশীদার-গণ কর্তৃক পৃথক্‌ভাবে রাজা বা জমিদারকে কর দিবার ব্যবস্থা। বৈদে। বি।

জমাট—ঘনীভূত; একত্রিত; চিত্তাকর্ষক, মনোহারী। আরবী 'জম্‌-আয়ৎ' শব্দজ। বিণ।

জমাদার—যাহার অধীনে কতিপয় নির্দ্দিষ্ট-সংখ্যক সৈন্য থাকে; সৈনিক বিভাগে সুবাদারের নিম্নস্থ কর্ম্মচারী; পুলিশ দারোগার নিম্নস্থ কর্ম্মচারী; ছাপাখানার প্রধান মুদ্রাযন্ত্র পরিচালক; প্রধান মেথর। জমা+দার গ্রহীতা অর্থে। বি; পুং। স্ত্রী,—দারনী।

জমান—১। সঞ্চয় বা সংগ্রহ করা, গাদা করা, সমাবেশিত করা; জমাট করা, সমবেত লোকের চিত্তবিনোদন করা। বাং ক্রি। ২। সঞ্চিত; একত্রিত; জমাট। জমা+ন কর্ম্মবা। বিণ।

জমানৎ—জামিন, প্রতিভূ। আরবী। বি।

জমানবিস, -বীস—জমিদারী সেরেস্তায় জমিজমার হিসাবরক্ষক কর্ম্মচারী। ৬ষ্ঠীতৎ। বি।

জমাবন্দি,-বন্দী—১। প্রজার জমিজমার হিসাবের কাগজ, খাজনা আদায়ের কাগজ; খাজনার হিসাব। ফার্সী। বি। ২। জমা-ধার্য্য। বিণ।

জমায়ৎ, জমায়েত—১। একত্র মিলন, সমাবেশ, ভিড়। আরবী 'জমাআৎ' শব্দজ। বি। ২। সম্মিলিত, একত্র সমবেত। বিণ।

জমি, জমী—ভূমি, ক্ষেত্র, চাষের ক্ষেত, মাটি; কাপড়াদির বুনানি বা পৃষ্ঠ। ফার্সী 'জমীন্' শব্দজ। বি।

জমিজমা—ভূসম্পত্তি; নিজের ও জমা-লওয়া জমি। ফার্সীমূলক। বি।

জমিজিরাৎ—চাষবাসের জমি, জোত। ফার্সী 'জমীন্-জিরায়ৎ' শব্দজ। বি।

জমি(মী)দার—ভূস্বামী, ভূমির অধিকারী। জমি, জমী+দার স্বামী অর্থে। বি।

জমি(মী)দারি, -দারী—১। জমিদার-সংক্রান্ত। বিণ। ২। জমিদারের পদ বা এলাকা, ভূস্বামিত্ব; ভূসম্পত্তি, তালুক। জমি(মী)দার+ঈ কর্ম্মাদ্যর্থে। বি।

জম্বির, জম্বীর—১। লেবুগাছ। বি; পুং। ২। জামির, লেবু। জম্+ঈরন্ কর্ম্মবা (ব-আগম)। বি; ক্লীব।

জম্বু, জম্বূ—১। জম্বুদ্বীপ; জামগাছ। জম্+কু, কূ কর্ম্মবা (নিপা)। ২। জম্বুফল, জাম। জম্বু, জম্বূ+অণ্ ফলার্থে (অণ্‌এর লোপ)। বি; স্ত্রী।

জম্বুক, জম্বূক—শৃগাল; বরুণ; নীচব্যক্তি। জম্+উক, ঊক কর্তৃবা। বি; পুং। স্ত্রী, -কী, -কা।

জম্বুদ্বীপ—সপ্তদ্বীপের অন্তর্গত দ্বীপবিশেষ, ভারতবর্ষ। জম্বু-নামক দ্বীপ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জয়—শত্রুপরাভব, বিপক্ষকে হারাইয়া দেওয়া; বশীভূতকরণ; স্তুতি শুভেচ্ছা প্রভৃতি সূচক শব্দ। জি (জয় করা)+অচ্ ভাববা। বি; পুং।

জয়জয়কার—জয় জয় শব্দের উচ্চারণ, সাধুবাদ; সর্ব্বত্র সকল বিষয়ে জয়। জয়জয়—কৃ+ঘঞ্ ভাববা। বি; পুং।

জয়জয়ন্তী—সঙ্গীতের রাগিণীবিশেষ। বি; স্ত্রী। [কর্ম্মধা। বি; স্ত্রী।

জয়ঢক্কা—জয়সূচিকা ঢক্কা, জয়ঢাক। মধ্যপ

জয়ত্রী, জয়িত্রী,—জায়ফলের ছাল, জাতিপত্র; মশলাবিশেষ (Mace). 'জাতিপত্রী' শব্দজ। বি; স্ত্রী।

জয়দাতা (-দাতৃ)—বিজয়দায়ক, যাহার অনুগ্রহে জয়লাভ হয় এরূপ। ৬তীতৎ। বিণ; স্ত্রী,—ত্রী।

জয়দুর্গা—দুর্গাদেবীর মূর্ত্তিভেদ। জয়দায়িকা দুর্গা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

জয়দেব—বঙ্গের সুপ্রসিদ্ধ কবি। (ইহার রচিত 'গীতগোবিন্দ' গ্রন্থের ন্যায় সুললিত মধুর গীতিকাব্য সংস্কৃত ভাষায় আর নাই)। বি; পুং।

জয়দ্রথ—সিন্ধুদেশের রাজা, দুর্য্যোধনের ভগিনীপতি। জয়ৎ রথ যাঁহার, বহুব্রী। বি; পুং।

জয়ধ্বনি—১। জয়সূচক শব্দ, বিজয় হেতু আনন্দ-কোলাহল; 'জয় হউক' এইরূপ আশীর্ব্বচন। মধ্যপ কর্ম্মধা। ২। জয় জয় এইরূপ উচ্চারিত শব্দ। কর্ম্মধা। বি; পুং।

জয়নাদ—জয়ধ্বনি। কর্ম্মধা বা মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জয়ন্তী—১। দুর্গা; পতাকা; স্বনামখ্যাত বৃক্ষবিশেষ; অষ্টমীতিথিঘটিত যোগবিশেষ। জি+শতৃ কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী। ২। জন্মতিথি বা তদ্দিবসে অনুষ্ঠেয় উৎসবাদি। দেশজ। বি।

জয়পতাকা—জয়সূচিকা পতাকা, বিজয়-লাভের চিহ্নস্বরূপ যে পতাকা উড্ডীন করা হয় তাহা। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

জয়পত্র—জয়সূচক পত্র; মোকদ্দমার বিচার শেষ করিয়া বিচারপতি বিজয়ী পক্ষকে যে চূড়ান্ত আদেশপত্র প্রদান করেন তাহা, ডিক্রী পত্র। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

জয়পাল—বিষ্ণু; ব্রহ্মা; রাজা; ঔষধ-বৃক্ষবিশেষ। উপতৎ। জয়—পা+ণিচ্+অণ কর্তৃবা। বি; পুং।

জয়মঙ্গল—বিজয়-মঙ্গল; অভ্যুদয়; রাজহস্তী ঔষধবিশেষ; ধ্রুবকজাতীয় তালবিশেষ জয় যাহা মঙ্গল যাহা হইতে, বহুব্রী। বি; পুং। [কর্ম্মধা। বি; স্ত্রী

জয়বাদ্য—বিজয়সূচক বাদ্য। মধ

জয়লক্ষ্মী, জয়শ্রী—জয়কারিণী জ

(দেবীবিশেষ); জয়লাভজনিত শোভা। জয়-দায়িকা বা জয়জনিতা লক্ষ্মী, শ্রী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

জয়শঙ্খ(শঙ্খ)—যুদ্ধস্থলে ব্যবহার্য্য বিজয়-সূচক শঙ্খ; মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জয়শব্দ—'জয় হউক' এইরূপ আশীর্ব্বচন; জয়ধ্বনি। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জয়শীল—বিজয়শালী, যে সকল স্থানে সকল সময়ে জয়লাভ করে। জয় শীল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —লা।

জয়শ্রী—জয়লক্ষ্মী দ্রঃ।

জয়স্তম্ভ—জয়সূচক স্তম্ভ, বিজয়ের নিদর্শন-স্বরূপ স্তম্ভমূর্ত্তি। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জয়া—হরীতকী; ভাঙ্গ, ভাঙ্; পার্ব্বতী; জয়ন্তী বৃক্ষ; পার্ব্বতীর সহচরী; তৃতীয়া অষ্টমী ত্রয়োদশী তিথি; পতাকাবিশেষ; রাক্ষসনাশিনী বিদ্যা। জি+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

জয়ী (জয়িন্)—জয়যুক্ত, জয়শীল। জয়+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —য়িনী।

জয়োৎসব—জয়লাভহেতু আনন্দকার্য্যের অনুষ্ঠান, শত্রুপরাজয়পূর্ব্বক আনন্দপ্রকাশ। জয়হেতুক উৎসব, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জয়োন্মত্ত—জয়লাভহেতু আনন্দে বিহ্বল। জয়ে উন্মত্ত, ৭মীতৎ। বিণ। স্ত্রী, —ত্তা।

জয়োল্লাস—বিজয়জনিত আনন্দ, যুদ্ধে জয়ী হওয়ায় হর্ষ। জয়জনিত উল্লাস, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জয়োঽস্তু—'জয় হউক' এই বলিয়া আশীর্ব্বাদ। সংস্কৃত (জয়ঃ+অস্তু)।

জরজর—লোল, শিথিল, বলিত; জীর্ণ; জর্জ্জরিত। 'জর্জ্জর' শব্দজ। বিণ।

জরতী—জরাগ্রস্তা, বৃদ্ধা, প্রাচীনা। জৄ+শতৃ কর্ত্তৃবা (=জরৎ)+ঈপ্। বিণ; স্ত্রী।

জরদ,—দা—পীতবর্ণ, হলুদে রঙ্। কার্সী। বি।

জরদ্গব—বৃদ্ধ গো; গৃধ্রবিশেষ; অক্ষম ও অলস ব্যক্তি। জরৎ (বৃদ্ধ) গো, কর্ম্মধা (অচ্ সমাসান্ত)। বি; পুং। স্ত্রী, —বী।

জরা—১। জরা-নাম্নী রাক্ষসী। জৄ+অন্ কর্ত্তৃবা+আপ্। ২। জীর্ণতা, বার্দ্ধক্য। জৄ+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী। ৩। জীর্ণ হওয়া। বাং ক্রি।

জরাগ্রস্ত—জরাতে একান্ত অভিভূত, অতি জীর্ণ; অতিবৃদ্ধ। জরা দ্বারা গ্রস্ত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —স্তা। [বিণ।

জরাজীর্ণ—বার্দ্ধক্যহেতু জীর্ণ। ৩য়াতৎ।

জরায়ু—গর্ভাবরণ-চর্ম্মথলী, গর্ভাশয়; জটায়ু পক্ষী। জরা—ই+ঞুণ্ কর্ত্তৃবা। বি; পুং।

জরায়ুজ—জরায়ু হইতে জাত (মনুষ্য, গো প্রভৃতি)। জরায়ু হইতে জন্মে যে, উপতৎ। জরায়ু—জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —জা।

জরাসন্ধ—মগধের বিখ্যাত রাজা, বৃহদ্রথ নৃপতির পুত্র। বি; পুং।

জরি, জরী—সোণালি বা রূপালি সূতা বা ফিতা। কার্সী। বি।

জরিদার, জরীদার—জরিযুক্ত, জরি-লাগান। জরি, জরী+দার যুক্তার্থে। বিণ।

জরিপ, জরীপ—জমির পরিমাপ (Survey). আর্বী। বি।

জরিপ-আমীন—যে ব্যক্তি জমির পরিমাণ স্থির করে (Surveyor). মধ্যপ কর্ম্মধা। বি।

জরিমানা—অর্থদণ্ড (Fine). আর্বী 'জুর্‌মানা' শব্দজ। বি। [শীলার্থে। বিণ।

জরিষ্ণু—ক্ষয়শীল। জৄ+ইষ্ণু কর্ত্তৃবা.

জরু—পত্নী, স্ত্রী। হিন্দী। বি।

জড়ুর—দেহস্থ কৃষ্ণবর্ণ চিহ্নবিশেষ, জড়ুল। 'জটুল' শব্দজ। বি।

জরুর—অবশ্য, নিশ্চিত। আর্বী। অব্য। ক্রি-বিণ। [বিশিষ্টার্থে। বিণ।

জরুরী—বিশেষ প্রয়োজনীয়। জরুর+ঈ

জর্জ্জ(র্জ)র—জীর্ণ, শীর্ণ; শিথিলাবয়ব; বিশীর্ণ। জর্জ্জ+অরন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —রা।

জর্জ্জ(র্জ)রিত—যাহাকে জর্জ্জর করা হইয়াছে এরূপ; জীর্ণ, শীর্ণ। জর্জ্জর+ণিচ্ (=জর্জ্জরি নামধাতু)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

জর্জ্জ(র্জ)রীভূত—পূর্ব্বে জর্জর ছিল না একণে জর্জর হইয়াছে এরূপ, জীর্ণ, শীর্ণ। জর্জর শব্দ+অভূততদ্ভাবার্থে। চি্ (=জর্জ্জরী) —ভূ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

জর্দা(র্দা)—পীতবর্ণ; পানের সহিত ব্যবহার্য্য একপ্রকার তামাক। ফার্সী। বি।

জল—১। জলবৎ, তরল; ঠাণ্ডা; শান্ত, শীতল। জল্+অচ্ কর্ত্তৃবা। বিণ। ২। সলিল, বারি, পয়ঃ; বৃষ্টি। বি; ক্লীব। ৩। জলখাবার। দেশজ প্রঃ। বি।

জলকর—১। জলোৎপাদক। উপতৎ। জল—কৃ+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী। ২। জল-সংক্রান্ত রাজকর। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জলকল্লোল—জলের কলকলধ্বনি; জলের তরঙ্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলকষ্ট—জলাভাবজনিত ক্লেশ। জলসংক্রান্ত কষ্ট, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

জলকেলি, জলক্রীড়া—জলে নামিয়া অনেকে মিলিয়া খেলা করা; জলবিহার। জলে কেলি, ক্রীড়া, ৭মীতৎ। বি; স্ত্রী।

জলখাবার—জলযোগের বস্তু, অল্প খাদ্য। দেশজ। বি।

জলগণ্ডূষ—এক হাতে যতটা জল ধরে, এক আঁজলা জল। জলপূর্ণ গণ্ডূষ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

জলগর্ভ—অভ্যন্তরে জলবিশিষ্ট; জলপূর্ণ। জল গর্ভে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ভা।

জলচর—১। জলজন্তু। বি; পুং। ২। জল-বিহারী। উপতৎ। জল—চর্+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

জলচল—যে জাতির ছোঁয়া জল ব্রাহ্মণাদি উচ্চবর্ণের ব্যবহারযোগ্য, জলাচরণীয়। জল চল যাহার, বহুব্রী। বিণ।

জলচারী (—রিন্)—জলে বিচরণকারী। উপতৎ। জল—চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

জলচৌকি, —চৌকী—ছোট নীচু চৌকি-বিশেষ। দেশজ। বি।

জলছত্র, জলসত্র—তৃষ্ণার্ত্ত পথিকদিগকে জলদানের স্থান। 'জলসত্র' শব্দজ। বি।

জলছবি—যে ছবি জলে ভিজাইয়া অন্য কাগজে তোলা যায়। মধ্যপ কর্ম্মধা। বি।

জলজ—১। জলজাত। জলে জন্মে যে, উপতৎ। জল—জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা। ২। পদ্ম। বি; ক্লীব। ৩। শঙ্খ। বি; পুং বা ক্লীব।

জলজন্তু—যে সকল জন্তু জলে জন্মে ও তাহাতে বাস করে। জলজাত বা জলবাসী জন্তু, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জলজীবী (—জীবিন্)—জেলে। উপতৎ। জল—জীব্+ণিন্ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—বিনী।

জলজীয়ন্ত,—জ্যান্ত—পূর্ণমাত্রায় সজীব; স্পষ্ট; প্রত্যক্ষ। দেশজ। বিণ।

জলঝড়—বৃষ্টি ও ঝটিকা। দ্বন্দ্ব। বি।

জলটুঙ্গি—জলগৃহ, জলমধ্যস্থ ভবন। ৭মীতৎ। বি।

জলতরঙ্গ—১। জলের ঢেউ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। বাদ্যবিশেষ, কয়েকটা জলপূর্ণ বাটি সাজাইয়া রাখিয়া আঘাতদ্বারা মধুর সঙ্গীত-ধ্বনি উৎপাদনের কৌশল; ঢেউখেলান মল বা চুড়ি। দেশজ। বি।

জলদ—১। জলদাতা। জল দেয় যে এই বাক্যে উপতৎ। জল—দা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দা। ২। মেঘ। বি; পুং। ৩। দ্রুত, শীঘ্র, ক্ষিপ্র। আর্বী 'জল্দ্' শব্দজ। বিণ বা ক্রি-বিণ।

জলদস্যু—যাহারা জলপথে দস্যুবৃত্তি (ডাকাইতি) করে, বোম্বেটে। জলবিহারী দস্যু, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জলদাগম—মেঘাগম, বর্ষাকাল। জলদের আগম যাহাতে, বহুব্রী। বি; পুং।

জলদি, জলদী—দ্রুত, শীঘ্র। হিন্দী। ক্রি-বিণ।

জলদুর্গ—জলবেষ্টিত দুর্গ, পরিখাদ্বারা আবৃত দুর্গ; গড়। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

জলদেবতা—বরুণ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

জলধর—১। পয়োধর, মেঘ ; সমুদ্র। বি ; পুং। ২। সলিলধারণকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রা।

জলধরপটল—মেঘশ্রেণী, পুঞ্জিত মেঘাবরণ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

জলধারা—বারিপ্রবাহ, অবিচ্ছিন্নভাবে বহমান জলরাশি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

জলধি—পয়োধি, সমুদ্র ; সংখ্যাবিশেষ, সাগর, শতলক্ষকোটি। উপতৎ। জল—ধা+কি অধিবা। বি ; পুং। [স্ত্রী।

জলধিকুমারী—লক্ষ্মীদেবী। ৬ষ্ঠীতৎ। বি ;

জলধিজা—লক্ষ্মী। জলধি হইতে জন্মিয়াছেন যিনি, উপতৎ। জলধি—জন্+ড কর্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

জলনালী, —প্রণালী—পয়ঃপ্রণালী, নর্দমা। মধ্যপ কর্মধা। বি ; স্ত্রী।

জলনিকাশ—জল বাহির হইয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি।

জলনিধি—সমুদ্র। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

জলনির্গম—১। জলের নিঃসরণ। জলের নির্গম (নির্গমন), ৬ষ্ঠীতৎ। বি ; পুং। ২। জলের নিঃসরণপথ, নর্দমা, নালা। জলের নির্গম যাহা দ্বারা, বহুব্রী। বি ; পুং।

জলনির্গমনী—জলনালী। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

জলপড়া—মন্ত্রশক্তিবিশিষ্ট জল, মন্ত্রপূত বারি। পড়া জল, কর্মধা। বি। [পুং।

জলপতি—বরুণ ; সমুদ্র। ৬ষ্ঠীতৎ। বি ;

জলপথ—১। জল যাইবার পথ। ৬ষ্ঠীতৎ। ২। নদী, সমুদ্র প্রভৃতির উপর দিয়া গমনাগমনের রাস্তা। ৭মীতৎ। বি ; পুং।

জলপাই—কুলের মত একজাতীয় অম্ল ফলবিশেষ। দেশজ। বি।

জলপাত্র—১। জল রাখিবার বা পান করিবার আধার, ঘড়া, ঘটী ইত্যাদি। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। ২। জলপাত্রী, রক্ষিতা নারী। গ্রাম্য। বি।

জলপান—১। জল খাওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। ২। জলযোগের খাদ্যদ্রব্য, জলখাবার। দেশজ। বি।

জলপানি, —পানী—জলযোগের ব্যয় ; ছাত্রবৃত্তি। জলপান+ই, ঈ নিমিত্তার্থে। বি।

জলপীঁড়ি—পা ধুইবার জল ও বসিবার আসন। বঙ্গ। বি। [স্ত্রী।

জলপ্রণালী—নর্দমা। মধ্যপ কর্মধা। বি ;

জলপ্রদান—জলদান ; প্রেতের উদ্দেশ্যে তর্পণ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

জলপ্রপাত—পর্বতাদি উচ্চ স্থান হইতে জলের সবেগে পতন, নির্ঝর, ঝরণা। জলের প্রপাত (পতন), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

জলপ্রবাহ—জলস্রোত, জল বহিয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

জলপ্লাবন—জলে দেশ ডুবিয়া যাওয়া, বন্যা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

জলপ্লাবিত—জলাপ্লুত, জলমগ্ন। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা। [বি ; পুং।

জলবায়ু—আবহাওয়া (Climate). দ্বন্দ্ব।

জলবাহিত—জলসাহায্যে সংক্রামিত ('—রোগ')। ৩য়াতৎ। বিণ।

জলবিছাটি, —বিছুটি—জলে জাত বিছুটি গাছ। মধ্যপ কর্মধা। বি।

জলবিজ্ঞান—জলবিষয়ক তত্ত্ব। মধ্যপ কর্মধা। বি ; ক্লীব।

জলবিড়াল—উদবিড়াল। জলবিহারী বিড়াল, মধ্যপ কর্মধা। বি ; পুং।

জলবিভাজিকা—(ভূগোলে) দুইটি নদীর অববাহিকাকে পৃথক্‌কারিণী রেখা ও একাধিক নদীর উৎপত্তিস্থল। ৬ষ্ঠীতৎ। বি।

জলবিম্ব—জলের বুদ্বুদ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং বা ক্লীব।

জলবিষুব—কার্তিক মাসের সংক্রান্তি। জলপ্রধান বিষুব, মধ্যপ কর্মধা। বি ; ক্লীব।

জলবিহার—জলকেলি, জলক্রীড়া। ৭মীতৎ। বি ; পুং।

জলবুদ্বুদ—জলবিম্ব। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

জলবোমা—শত্রুর ডুবোজাহাজকে ধ্বংস করিবার জন্য জাহাজ হইতে সমুদ্রমধ্যে নিক্ষিপ্ত বিস্ফোরক পদার্থ (Depth charge) ৬ষ্ঠীতৎ। বি। [বিণ।

জলভঙ্কা—জলে ভরা, পান্‌সে। দেশজ।

জলভ্রমি—জলের পাক ; আবর্ত্ত। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

জলমগ্ন—জলে ডুবিয়াছে এরূপ ; জলপ্লাবিত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—গ্না।

জলময়—জলপূর্ণ, জলস্বরূপ, জলে ব্যাপ্ত। জল+ময়ট্‌ পূর্ণাদ্যর্থে। বিণ। স্ত্রী,—য়ী।

জলমুক্‌ (—মুচ্‌)—জলধর, মেঘ। জল মোচন করে যে, উপতৎ। জল—মুচ্‌+ক্বিপ্‌ কর্ত্তৃবা। বি ; পুং।

জলমুহরি, —মুহান—জল বাহির হইবার মুখ। ৬ষ্ঠীতৎ। বি।

জলযান—পোত, নৌকা, জাহাজাদি। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

জলযুদ্ধ—জলমধ্যে পোতাদিতে আরোহণ করিয়া যে যুদ্ধ করা হয় তাহা, নৌযুদ্ধ। ৭মীতৎ। বি ; ক্লীব। [দেশজ। বি।

জলযোগ—জলপান, জলখাবার খাওয়া।

জলরোধক—যাহা জল আটকাইতে পারে এমন (Water-tight). ৬ষ্ঠীতৎ। বিণ।

জলশৌচ—মলত্যাগান্তে গুহ্যদ্বারাদি জলদ্বারা ধৌতকরণ, ছোঁচান। ৩য়াতৎ। বি ; ক্লীব।

জলসওয়া, জলসহা—বিবাহ প্রভৃতি ব্যাপারে প্রতিবেশীর গৃহ হইতে জলসংগ্রহরূপ সংস্কার বা মাঙ্গলিক অনুষ্ঠানবিশেষ। দেশজ। বি।

জলসত্র—জলদানরূপ যজ্ঞ, পথিকদিগকে জল প্রদান বা তাহার স্থান, প্রপা, জলছত্র। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

জলসম—জলের উপরিভাগের তুল্য সমতল (Level). ৬ষ্ঠীতৎ। বিণ।

জল-সরা—যাহা হইতে জল বাহির হইয়াছে এমন ('—মই', '—কালি')। বহুব্রী। বিণ।

জল-সর্পিণী—জোঁক। উপতৎ। জল—সৃপ্‌+ণিন্‌ কর্ত্তৃবা+ঈপ্‌। বি ; স্ত্রী।

জলসা—গানের মজলিস ; আনন্দ-সম্মিলন। আর্বী। বি।

জলসাৎ—জলে নিক্ষিপ্ত ; জলে পরিণত। জল+সাৎ। অব্য।

জলসেক, জলসেচন—জল ছেঁচা, জল ছিটাইয়া দেওয়া। ৩য়াতৎ। বি ; পুং।

জলস্তম্ভ—স্তম্ভের ন্যায় দৃশ্যমান উৎক্ষিপ্ত জলরাশি (Water-spout). ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

জলস্তম্ভন—মন্ত্রাদি দ্বারা জলের গতি প্রভৃতি নিবারণ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

জলস্ফীতি—পূর্ণিমা অমাবস্যায় সমুদ্রাদির জলবৃদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

জলহস্তী (—হস্তিন্‌)—হস্তীর ন্যায় জলজন্তুবিশেষ, হিপ্পোপটেমাস। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। স্ত্রী,—স্তিনী। [বি।

জলহাওয়া—আবহাওয়া, জলবায়ু। দ্বন্দ্ব।

জলহারা—জলশূন্য ; শুষ্ক। জল হারাইয়াছে যাহা, উপতৎ। বিণ।

জলা—১। জলাচ্ছন্ন ভূমি, বিল। দেশজ। বি। ২। জলময়। বিণ।

জলাচরণীয়—যে জাতির স্পৃষ্ট জল ব্রাহ্মণাদির ব্যবহারযোগ্য, জলচল। দেশজ। বিণ। স্ত্রী,—য়া।

জলাঞ্জলি—১। এক অঞ্জলি জল ; দাহের পর প্রেতের প্রীত্যর্থে প্রদত্ত অঞ্জলিবদ্ধ জলদান, তর্পণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। ২। বিসর্জ্জন ; অপব্যয়। দেশজ প্রঃ। বি।

জলাতঙ্ক—জলভীতি রোগ, ক্ষিপ্ত শৃগালকুকুরের দংশনজাত রোগ ; জল দেখিয়া ভয় পাওয়া (Hydrophobia). ৫মীতৎ। বি ; পুং।

জলাত্যয়—বর্ষার সমাপ্তি, শরৎকাল। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

জলাধার—১। জলাশয়। জল হইয়াছে আধার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা

২। জলাশয়; সাগর; জলপাত্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলাধিপ, জলাধিপতি—বরুণ। জলের অধিপ, অধিপতি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলাবর্ত্ত(র্ত)—জলভ্রম, জলের পাক, ঘূর্ণিজল। জলের আবর্ত্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলাভেদ্য—যাহার ভিতর দিয়া জল প্রবেশ করিতে পারে না এরূপ (Waterproof). ৬ষ্ঠীতৎ। বিণ। [স্ত্রী, —দ্যা।

জলার্দ্র—জলে ভিজা। ৩য়াতৎ। বিণ।

জলাশয়—জলাধার, সমুদ্রনদতড়াগাদি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলীয়—জলবৎ তরল; জল হইতে উৎপন্ন। জল+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

জলুয়া, জলো—জলময়, জলযুক্ত; পাতলা; বিস্বাদ। জল+উয়া, ও যুক্তার্থে। বিণ।

জলুস, জলুস—জেল্লা, ঔজ্জ্বল্য, চাকচক্য। আর্বী। বি।

জলেশ, জলেশ্বর—জলাধিপতি বরুণ; সমুদ্র। জলের ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলোচ্ছ্বাস—জলের স্ফীতি, জল ফুলিয়া উঠা; জোয়ার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জলোদর,—রী—উদররোগবিশেষ, উদরী। জল হয় উদরে যাহা হইতে, বহুব্রী, পক্ষে ঈপ্। বি; ক্লীব, স্ত্রী।

জলোদ্ভব—জলজাত। জল হইতে উদ্ভব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —বা।

জলৌকা, জলৌকাঃ (—কস্)—জোঁক। জল ওক, ওকঃ (বসতি) যাহার, বহুব্রী+ (প্রথম পক্ষে) আপ্। বি; স্ত্রী, পুং।

জল্ জল্—উজ্জ্বলতা প্রকাশ, দীপ্তিপ্রকাশ; জলবৎ। দেশজ। অব্য।

জল্‌ন্দি, জল্‌দী—শীঘ্র। আর্বী 'জলদ্' শব্দজ। ক্রি-বিণ।

জল্প—জল্পনা। জল্+ঘঞ্ ভাববা। বি; পুং।

জল্পক—অতিরিক্ত কথক, বাচাল। জল্+ণক কর্ত্তৃবা। বি বা বিণ; পুং। স্ত্রী, —ল্পিকা।

জল্পনা—কথন, বলা; বাচালতা। জল্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

জল্পিত—১। কথিত; প্রস্তাবিত। জল্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা। ২। জল্পন, কথন। জল্+ক্ত ভাববা। বি; ক্লীব।

জল্লাদ—ঘাতক, মৃত্যুদণ্ডাজ্ঞাপ্রাপ্ত অপরাধীর হত্যাকারী। ফার্সী। বি।

জহর—জ্যোতির্ম্ময় প্রস্তরবিশেষ; বিষ, গরল। ফার্সী। বি।

জহরৎ—মণিমুক্তাদির সমূহ। আর্বী 'জওহর' শব্দের বহুবচন। বি।

জহরব্রত—রাজপুতানায় কোন রাজ্য অজেয় শত্রু কর্ত্তৃক আক্রান্ত হইলে এবং রাজ্যরক্ষার উপায় নাই দেখিলে রাজপুত রমণীগণ সতীত্বরক্ষার নিমিত্ত জ্বলন্ত হুতাশনে দেহ সমর্পণ করিয়া এবং রাজপুত পুরুষগণ অসিহস্তে রণক্ষেত্রে শত্রুর সম্মুখীন হইয়া জীবন বিসর্জ্জন করিতেন; এইরূপ অনুষ্ঠানের নাম জহরব্রত। বি।

জহরী, জহুরী—মণিমুক্তাদির বিক্রেতা বা ব্যাপারী। জহর+ঈ ব্যবসায় অর্থে। বি।

জহ্নুকন্যা, —তনয়া, —সুতা—গঙ্গা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জা—পতির ভ্রাতৃজায়া। 'যাতৃ' শব্দজ। বি; স্ত্রী।

জাই—জাতিপুষ্প, চামেলী ফুল। 'জাতী' শব্দজ। বি।

জাইগীর, জায়গীর—রাজদত্ত নিষ্কর বা স্বল্পকর ভূমি। ফার্সীমূলক। বি।

জাইগীরদার, জায়গীরদার—জাইগীরভোগী ব্যক্তি। জাইগীর, জায়গীর+দার আছে অর্থে। বি। [শব্দজ। বি।

জাউ—চুন সিদ্ধ; মণ্ড; মণ্ড, মাড়। 'যবাগূ'

জাওরান—বাঁচান, প্রাণ দেওয়া; বাঁচাইয়া রাখা, জীয়ান। বাং ক্রি।

জাওলা—শোল, সিঙ্গী, কই, মাগুর প্রভৃতি যে সকল মাছ জীয়ান থাকে, যে মাছ গৃহে কলসাদি জলপাত্রে অর্থাৎ তোলা জলে

বাঁচাইয়া রাখা যায়। হিন্দী 'জিউবালা' শব্দজ। বি।

জাং—জঙ্ঘা, উরু। 'জঙ্ঘা' শব্দজ। বি।

জাঁওয়াতি—জন্মপত্রিকা। প্রাঃ কবিপ্র। বি।

জাঁক—আড়ম্বর, ঘটা, সমারোহ; বড়াই, গর্ব্ব, দেমাক। দেশজ। বি।

জাঁকজমক—আড়ম্বর, ঘটা। দ্বন্দ্ব। বি।

জাঁকা—জমকাল হওয়া; চাপিয়া বসা। কবিপ্র। ক্রি। [বাং ক্রি।

জাঁকান—শোভিত বা গুলজার করা।

জাঁকাল—জাঁকজমকযুক্ত, আড়ম্বরময়, ঘটাপূর্ণ। জাঁক+আল বিশিষ্টার্থে। বিণ।

জাঁত—চাপ; জলসেচনার্থ দ্রোণীযন্ত্রে ব্যবহৃত সুদীর্ঘ বংশ বা কাষ্ঠদণ্ড। 'যন্ত্র' শব্দজ। বি।

জাঁতা—পেষণ-যন্ত্র; অগ্নিপ্রজ্বালনার্থ বায়ু-যন্ত্র-বিশেষ, ভস্ত্রা। 'যন্ত্র' শব্দজ। বি।

জাঁতা-ভাঙ্গা, জাঁতা-ভাঙা—যাহা জাঁতায় ভাঙ্গা হইয়াছে এরূপ ('—আটা')। ৩য়াতৎ। বিণ। [শব্দজ। বি।

জাঁতী—সুপারি কাটিবার অস্ত্রবিশেষ। 'যন্ত্রী'

জাঁতীকল—ইন্দুর মারিবার লৌহময় কলবিশেষ। জাঁতীসদৃশ বা জাঁতীযুক্ত কল, মধ্যপ কর্ম্মধা। বি।

জাঁদরেল—সেনাপতি; জমকাল ভঙ্গি-বিশিষ্ট লোক (ব্যঙ্গার্থে)। ইং 'General' শব্দজ। বি।

জাঁহাপনা—রাজাধিরাজ, মহারাজ, সম্রাট্। জাহানের (জগতের) পনা (শরণ), ৬ষ্ঠীতৎ। ফার্সী। বি।

জাঁহাবাজ—দুনিয়াদার, দুর্দ্দান্ত; অসম-সাহসিক। ফার্সী। বিণ।

জাগ—১। যাগ, যজ্ঞ। 'যাগ' শব্দজ। বি। ২। জাগরিত করে। প্রাঃ কবিপ্র। ক্রি। ৩। জাগপ্রদীপ। বি। ৪। জাগরিত থাক; জাগরিত হও। বাং ক্রি। ৫। পত্রাদির মধ্যে রাখিয়া কলা আম প্রভৃতি ফল পাকান। দেশজ। বি।

জাগন—জাগরণ। জাগ্+অন ভাববা। বি।

জাগন্ত—যে জাগিয়াছে বা জাগিয়া আছে, জাগরিত। জাগ্+অন্ত কর্ত্তৃবা। বিণ।

জাগর—১। জাগরণ, জাগা। জাগৃ+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। জাগরিত। প্রাঃ কবিপ্র। বিণ।

জাগরণ—অনিদ্রা, নিদ্রারাহিত্য, জাগিয়া থাকা; অপ্রমাদ, সাবধানতা। জাগৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

জাগরস্বপ্ন—তন্ময়ভাবে কোন সুখকর বিষয়ের কল্পনা (Daydream). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

জাগরিত—বিনিদ্র, নিদ্রা হইতে উত্থিত। জাগৃ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

জাগরূক—জাগরণশীল; অপ্রমত্ত, অবহিত; সাবধান। জাগৃ+উক কর্ত্তৃবা শীলার্থে। বিণ। স্ত্রী,—কা।

জাগা—১। জাগরিত, জাগ্রৎ, সজাগ। জাগ্+আ কর্ত্তৃবা। বিণ। ২। জাগরিত হওয়া, নিদ্রোত্থিত হওয়া; জাগ্রৎ বা জাগন্ত থাকা, না ঘুমান। বাং ক্রি।

জাগান—জাগরিত করা, ঘুম ভাঙ্গান; সচেতন বা সতর্ক করা। বাং ক্রি।

জাগীর—জায়গীর (তাহা দ্রঃ)।

জাগীরদার—জায়গীরদার (তাহা দ্রঃ)।

জাগ্রৎ—জাগরণশীল, বিনিদ্র, সজাগ। জাগৃ+শতৃ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—গ্রতী।

জাগ্রত—বিনিদ্র, সজাগ। 'জাগ্রৎ'-স্থানে অশুদ্ধ প্রঃ। বিণ।

জাঙ, জাঙ্গ—উরু। 'জঙ্ঘা' শব্দজ। বি।

জাঙ্গল—জঙ্গলসম্বন্ধীয়; বন্য; অসভ্য। জঙ্গল+অণ্। বিণ। স্ত্রী,—লী।

জাঙ্গলি, জাঙ্গলিক—১। জঙ্গলবাসী। জঙ্গল+ইঞ্, ইক নিবাসার্থে। বিণ। স্ত্রী,—লী,—কী। ২। সাপুড়ে; বিষবৈদ্য। জঙ্গল+ইঞ্, ইক পরিশীলিত ইহার এই অর্থে। বি; পুং। [শব্দজ। বি।

জাঙ্গাল—আলি, সেতু, বাঁধ। 'জম্বাল'

জাঙ্গিয়া, জাঙিয়া—কম্যাবাত্র আচ্ছাদক অন্তর্বাস, ল্যাঙ্গট। হিন্দী। বি।

জাজিম—সূচিকর্ম্মশোভিত ঝুলদার বিছানার চাদর; বিছানার নীচে পাতিবার বড় গদি। ফার্সী 'জাজ্‌ম্' শব্দজ। বি।

জাজ্বল্যমান—দেদীপ্যমান; অত্যুজ্জ্বল, প্রকৃষ্ট। জ্বল্+যঙ্+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

জাট, জাঠ—ঘানিগাছের মধ্যস্থ স্থূল অনতি-দীর্ঘ কাষ্ঠখণ্ড; পুষ্করিণী প্রতিষ্ঠার সময় তন্মধ্যে প্রোথিত দীর্ঘ ও স্থূল কাষ্ঠখণ্ড; হুঁকার নলিচা; রাজপুতানার হিন্দু জাতিবিশেষ। দেশজ। বি।

জাঠর—১। উদরসম্বন্ধীয়। জঠর+অণ্ সম্বন্ধাদ্যর্থে। বিণ। স্ত্রী,—রী। ২। জঠরাগ্নি। বি; পুং।

জাঠা—১। অস্ত্রবিশেষ, লৌহদণ্ড। প্রাঃ কবিপ্র। বি। ২। তীর্থযাত্রীর দল; পশ্চিম-ভারতের হিন্দু জাতিবিশেষ। হিন্দীমূলক। বি।

জাঠি, জাঠী—অস্ত্র, লৌহযষ্টি। প্রাঃ [কবিপ্র। বি।

জাড়—শীত, হিম। 'জাড্য' শব্দজ। বি।

জাড্য—জড়তা; দীর্ঘসূত্রতা; আলস্য; মূর্খতা; বস্তুধর্ম্মবিশেষ; বস্তুর আপনা হইতে চলিবার বা গতিনিরোধের অক্ষমতা (Inertia). জড়+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

জাত—১। উৎপন্ন, উদ্ভূত; ব্যক্ত, প্রকাশিত। জন্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, জাতা। ২। উৎপত্তি; শ্রেণী; সমূহ। জন্+ক্ত অথবা, ভাববা। বি; ক্লীব। ৩। জাতি; জাতিগত সামাজিক অধিকার। 'জাতি' শব্দজ। বি। ৪। খাঁটি; অন্তর্গত; আবদ্ধ; জব্দ। দেশজ। বিণ। ৫। উৎসব, মেলা। 'যাত্রা' শব্দজ। বি।

জাতক—১। জাত বালক; জাতবালকের শুভাশুভনির্দ্ধারক পুস্তক; জাতকর্ম্ম-নামক সংস্কার। জাত+কন্ স্বার্থে, হিতার্থে। বি; ক্লীব। ২। ভিক্ষু। বি; পুং। ৩। পালি ভাষায় লিখিত বৌদ্ধগ্রন্থবিশেষ। বি; ক্লীব। ৪। উৎপন্ন। জাত+কন্ স্বার্থে। বিণ। স্ত্রী,—কা।

জাতকর্ম্ম (—কর্ম্মন্), —কর্ম্ম—সংস্কার-বিশেষ; সন্তানের নাভিচ্ছেদনের পূর্ব্বে কর্ত্তব্য কর্ম্মবিশেষ। জাতের (জাত শিশুর) কর্ম্ম, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

জাতক্রিয়া, —কৃত্য—জাতকর্ম্ম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, ক্লীব।

জাতক্রোধ—ক্রুদ্ধ, যাহার ক্রোধ জন্মিয়াছে। জাত ক্রোধ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

জাতবোষ্টম—পুরুষানুক্রমে বোষ্টম; গৃহী বৈরাগী। ৩য়াতৎ। বি।

জাতভাই, জাতিভাই—একজাতীয় ব্যক্তি, স্বজাতিভুক্ত লোক। মধ্যপ কর্ম্মধা। বি।

জাতসাপ—বিষধর সর্প। কর্ম্মধা। বি।

জাতাঙ্কু(ঙ্কু)র—১। যাহার অঁাকুর গজাইয়াছে এরূপ, যাহা কলাইয়াছে, অঙ্কুরিত। জাত অঙ্কুর যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। নবোদ্গত অঙ্কুর, কল। জাত অঙ্কুর, কর্ম্মধা। বি; পুং।

জাতাশৌচ—জননাশৌচ, সন্তানের জন্ম জন্য অশুচি অবস্থা। জাত-জন্য অশৌচ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

জাতি—১। ব্রাহ্মণাদি বর্ণ; একশ্রেণীস্থ যাবতীয় পদার্থের অসাধারণ ধর্ম্ম, গোত্ব মনুষ্যত্ব প্রভৃতি নিত্য এবং অনেক-সমবেত ধর্ম্ম, ঘটত্বাদি; মালতীপুষ্প, অলঙ্কারবিশেষ; ষড়্‌জাদি সপ্তস্বর। জন্+ক্তিচ্ কর্ত্তৃবা। ২। জন্ম, উৎপত্তি। জন্+ক্তি ভাববা। বি। ৩। প্রকার, শ্রেণী; বংশ; চুল্লী। জন্+ক্তি অথবা। বি; স্ত্রী।

জাতিগত—জাতিসংক্রান্ত, জাতিসম্বন্ধীয়। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

জাতিচ্যুত—জাতিভ্রষ্ট, কোন অশাস্ত্রীয় বা অসামাজিক কার্য্য জন্য যাহার জাতি গিয়াছে। ৫মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

জাতিতত্ত্ব—জাতিসমূহের বিভাগ ও পরস্পর

সম্বন্ধ বিষয়ে অনুসন্ধান বিদ্যা (Ethnology). ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

জাতিধর্ম্ম(র্ম)—১। ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়ের স্ব স্ব নির্দিষ্ট কর্ত্তব্য কর্ম্ম ; অসাধারণ ধর্ম্ম, বিশিষ্ট গুণ। জাতির ধর্ম্ম, ৬ষ্ঠীতৎ। ২। হিন্দু মুসলমানাদি কিংবা ইউরোপীয় ভারতবর্ষীয় প্রভৃতির জাতিগত আচার-ব্যবহার এবং পারলৌকিক বিশ্বাসাদি। জাতি এবং ধর্ম্ম, দ্বন্দ্ব। বি ; পুং।

জাতিধ্বংস, -নাশ—জাতিচ্যুতি, জাতি নষ্ট হওয়া ; কোন জাতির সম্পূর্ণ বিলোপ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

জাতিফল—জায়ফল। জাতি-নামক ফল, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

জাতিবর্ণনির্ব্বি(র্বি)শেষে—বিভিন্ন জাতি ও বর্ণের মধ্যে ভেদজ্ঞান না করিয়া, সকল জাতি এবং বর্ণের মধ্যে সমান ভাব দেখাইয়া। বহুব্রী। ক্রি-বিণ।

জাতিবাচক—যাহা দ্বারা জাতি জানা যায় ; জাতিবোধক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -চিকা।

জাতিবিদ্বেষ—কোন জাতির প্রতি হিংসা বা শত্রুতার ভাব। ৭মীতৎ। বি ; পুং।

জাতিভেদ—ভিন্ন ভিন্ন জাতির পরস্পরের পার্থক্য। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [পুং।

জাতিভ্রংশ—জাতিনাশ। ৫মীতৎ। বি ;

জাতিভ্রষ্ট—জাতিচ্যুত। ৫মীতৎ। বিণ। স্ত্রী, -ষ্টা।

জাতিরূপ—জন্মগত শ্রেণী (Type). ৬ষ্ঠীতৎ। বি। [পুং।

জাতিসঙ্ক(ংক)র—বর্ণসঙ্কর। ৬ষ্ঠীতৎ। বি ;

জাতিসঙ্ঘ(ংঘ)—বহুজাতির একত্র মিলন বা মিলিত দল (League of Nations). ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

জাতিস্মর—পূর্ব্বজন্মবৃত্তান্তজ্ঞ, পূর্ব্বজন্মের বৃত্তান্ত স্মরণ করিতে পারে যে এরূপ। (পূর্ব্বজন্মের) স্মর (স্মরণকর্ত্তা), ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -রা।

জাতী—মালতীপুষ্প, চামেলীফুল ; মালতী-লতা ; যে লতায় ফল জায়ফল। জাতি+ঈপ্। বি ; স্ত্রী।

জাতীফল—জায়ফল। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

জাতীয়—জাতিসম্বন্ধীয় ; তৎপ্রকার। জাতি +ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -য়া।

জাতীয়তা—স্বজাতিপ্রীতি ; জাতির বৈশিষ্ট্য বা অধিকার (Nationalism). জাতীয়+ তা ভাবে। বি ; স্ত্রী।

জাত্য—কান্ত, কমনীয় ; কুলীন ; শ্রেষ্ঠ। জাতি +যৎ সাধু অর্থে। বিণ। স্ত্রী, জাত্যা। **জাত্য গ্যাস**— বিশুদ্ধতম গ্যাস (Perfect gas).

জাত্যন্ধ—জন্মান্ধ, আজন্মদৃষ্টিশক্তিহীন। জাতি (জন্ম) হইতে অন্ধ, ৫মীতৎ। বিণ। স্ত্রী, -ন্ধা।

জাত্যভিমান—জাতির গর্ব্ব, উচ্চবংশে জন্মজনিত অহঙ্কার। জাতির অভিমান, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

জাত্যভিমানী (-মানিন্)—উচ্চবংশে জন্মজন্য অহঙ্কৃত। জাত্যভিমান+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -নিনী।

জাত্যর্থ—সামান্য অভিধান (Connotation). ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

জাদা—১। তনয়, পুত্র। বি ; পুং। ২। জাত ; জনিত। ফার্সী। বিণ।

জাদী—১। তনয়া, কন্যা। বি ; স্ত্রী। ২। জাতা ; জনিতা। ফার্সী। বিণ।

জাদু—১। মায়া, ভেল্কী, কুহক। ফার্সী। বি। ২। শিশুর আদরের সম্বোধন। প্রাকৃত 'জাদ' শব্দজ। বি।

জাদুকর—যাদুকর দ্রঃ।

জাদুঘর—যাদুঘর দ্রঃ।

জাদুমণি—যাদুমণি দ্রঃ।

জান—১। প্রাণ। ফার্সী। বি। ২। জ্ঞাতা। 'জ্ঞা' ধাতুজ। বি ; পুং। ৩। গণক, গণৎকার। প্রাদে। বি। ৪। জ্ঞাত আছ ; জ্ঞাত হও। দেশজ। ক্রি।

জানকী—জনকনন্দিনী, সীতা। জনক+ অণ্, অপত্যার্থে+ঈপ্। বি ; স্ত্রী।

জানত—১। জ্ঞাত। 'জানৎ' শব্দজ। বিণ।

২। জানতঃ, জ্ঞাতসারে, জানিয়া। দেশজ। অব্য। ৩। জানে। প্রাঃ কবিপ্র। ক্রি।

জানপদ—১। জনপদসম্বন্ধীয় ; জনপদবাসী, গ্রামনিবাসী ; দেশস্থ ; দেশান্তরাগত। জনপদ + অণ্ ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী,—দী। ২। দেশ। জনপদ + অণ্ স্বার্থে। বি ; পুং।

জানবাচ্চা—স্ত্রী-পুত্র। (ফার্সী) জান ও (হিন্দী) বাচ্চা, বৎস। বি।

জানা—১। জ্ঞাত হওয়া, জ্ঞাত থাকা। বাং ক্রি। ২। জ্ঞাত, পরিচিত। জ্ঞান্ + আ কর্ম্মবা। বিণ।

জানাজানি—অনেক ব্যক্তির গোচর। ব্যতীহার বহুব্রী। বি।

জানান—১। জ্ঞাপন ; পরিজ্ঞাপন। জানা + ন ভাববা। বি। ২। জ্ঞাত করা বা করান, জ্ঞাপন করা। বাং ক্রি।

জানানা, জেনানা—১। স্ত্রীজাতি। বি। ২। স্ত্রীলোকদিগের উপযুক্ত। ফার্সী। বিণ।

জানালা, জানলা—বাতায়ন, আলো-বাতাস প্রবেশের দরজা। পোর্তুগীজ 'Janella' শব্দজ। বি।

জানু—উরুদেশের সন্ধি, হাঁটু। জন্ + ঞুণ্ কর্তৃবা। বি ; পুং বা ক্লীব।

জানুয়ারী—ইংরাজী বৎসরের প্রথম মাস। ইং January. বি।

জানোয়ার—জন্তু, পশু। ফার্সী 'জানবর' শব্দজ। বি।

জান্তব—প্রাণিজাত ; জন্তুসম্বন্ধীয়। জন্তু + অণ্ জাতার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—বী।

জাপ—জাপানদেশীয় বা জাপানবাসী। বৈদে। বিণ।

জাপটাজাপটি—পরস্পর জাপটান, জড়াজড়ি। ব্যতীহার বহুব্রী। বি।

জাপটান—জড়াইয়া ধরা। বাং ক্রি।

জাফরান—কুঙ্কুম, কাশ্মীরাদি দেশজাত পুষ্পবিশেষের কেশর। আর্বী। বি।

জাব, জাবনা—১। গরুর খাদ্য কাটা খড়। বি। ২। সম্পূর্ণ সিক্ত। দেশজ। বিণ।

জাবড়া—সৌষ্ঠবহীন, অপরিষ্কৃত ; সিক্ত। দেশজ। বিণ। [বাং ক্রি।

জাবড়ান—জলে ডুবাইয়া ধরা, ডুবান।

জাবনা—জাব, গরুর খাইবার জন্য কাটা খড়। দেশজ। বি।

জাবর—রোমন্থন, গিলিতচর্ব্বণ। দেশজ। বি। **জাবর কাটা**—রোমন্থন করা।

জাবেদা, জাব্দা—হিসাবের পাকা খাতা। আর্বী 'জাবিতাহ্' শব্দজ। বি।

জাম—১। স্বনামখ্যাত ফলবিশেষ। 'জম্বু' শব্দজ। বি। ২। গাদাগাদি, বদ্ধ, রুদ্ধ। দেশজ। বিণ। ৩। মরিচা, জং। ফার্সী-মূলক। বি। [বি।

জামদানি(নী)—ফুলতোলা কাপড়। দেশজ।

জামবাটি—কাঁসার বড় বাটি। (ফার্সী) জাম + (হিন্দী) বাটি। বি।

জামরুল—একপ্রকার গাছ ও তাহার ফল। দেশজ। বি।

জামা—পিরান, কুর্তি, বেনিয়ান, কোট। ফার্সী। বি। [শব্দজ। বি।

জামাই—কন্যার পতি, জামাতা। 'জামাতৃ'

জামাইষষ্ঠী—অরণ্যষষ্ঠী, বাঁটাষষ্ঠী, জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষের ষষ্ঠীতিথি। দেশজ। বি।

জামাতা (জামাতৃ)—কন্যার পতি, জামাই। জায়া – মা + তৃচ্ কর্তৃবা। বি ; পুং।

জামানত—মুচলেকা, প্রতিভূ ; জামিনস্বরূপ গচ্ছিত অর্থাদি। আর্বী। বি।

জামিন—প্রতিভূ, প্রতিনিধিস্থানীয়। আর্বী। বি বা বিণ।

জামিনদার—প্রতিভূ, যে অপরের জন্য জামিন হয় বা জামিন দেয়। জামিন + দার। বি।

জামিনদারি—জামিন দেওয়া, মুচলেকা দেওয়া। জামিনদার + ই কর্ম্মার্থে। বি।

জামিননামা—মুচ্‌লেকা। জামিন + নামা লিপি অর্থে। বি। [শব্দজ। বি।

জামির, জামীর—লেবুবিশেষ। 'জম্বীর'

জাম্(মু)বান্ (–বৎ)—জাম্বুবান ;

শ্রীকৃষ্ণের শ্বশুর। জাম্ব (বু)+মতুপ্, আছে অর্থে। বি; পুং।

জায়—খর্দ্দ, হিসাব, তালিকা। হিন্দীমূলক। [বি।

জায়গা—স্থান, ঠাঁই; জমি। ফার্সী। বি।

জায়গীর—রাজদত্ত পুরস্কারস্বরূপ ভূ-সম্পত্তি। ফার্সী। বি।

জায়গীরদার—জায়গীরের মালিক। জায়গীর+দার মালিক অর্থে। বি।

জায়দা, জিয়াদা—অধিক, বেশী; অতিরিক্ত। আর্বী। বিণ।

জায়ফল—জাতিফল, সুগন্ধ বীজবিশেষ। 'জাতীফল' শব্দজ। বি।

জায়মান—উৎপদ্যমান, যে জন্মিতেছে এরূপ। জন্+শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

জায়া—ভার্য্যা, পত্নী। জন্+যক্ অথবা+আপ্। বি; স্ত্রী।

জায়াপতি—দম্পতি, স্ত্রী-পুরুষ। জায়া ও পতি, দ্বন্দ্ব। বি; পুং।

জার—উপপতি। জৄ+ণিচ্ (লুক্)+ঘঞ্ কর্তৃবা। বি; পুং।

জারক—পাচক। ণিজন্ত জৄ+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

জারজ—উপপতি হইতে জাত (সন্তান)। উপতৎ। জার—জন্+ড কর্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

জারণ—১। জীর্ণকরণ, হজম করা। ণিজন্ত জৄ (=জারি)+অনট্ ভাববা। ২। জীর্ণকারক। জৄ+ণিচ্+অন কর্তৃবা। বি। স্ত্রী,—ণী।

জারল—১। দগ্ধ। বিণ। ২। দগ্ধ করিল। প্রা: কবিপ্র। ক্রি।

জারা—১। জীর্ণ করা, জর্জ্জরিত করা; লৌহাদি ধাতু ভস্ম করা; দগ্ধ করা। দেশজ। ক্রি। ২। প্রজ্বলিত করা। প্রা: কবিপ্র। ক্রি।

জারি, জারী—১। জাঁক, বড়াই, দম্ভ, দর্প। দেশজ। বি। ২। প্রচার; প্রকাশ; কার্য্য-পরিণতি; প্রচলন, প্রবর্ত্তন। বি। ৩। প্রচারিত; কার্য্যে পরিণত; প্রবর্ত্তিত। আর্বী। বিণ। [মূলক। বি।

জারিজুরি—প্রতাপ, দম্ভ, বড়াই। আর্বী-

জারিত—জীর্ণীকৃত; জর্জ্জরিত; ভস্মীকৃত (লৌহাদি)। জারি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

জারুল—একপ্রকার গাছ ও তাহার কাঠ। দেশজ। বি।

জাল—১। মৎস্য পশুপক্ষ্যাদি বন্ধন-নিমিত্ত সূত্রাদি নির্ম্মিত যন্ত্রবিশেষ, ফাঁদ। জস্+অণ্ নিক্ষেপার্থে। ২। গবাক্ষ, জানালা; গবাক্ষ-ছিদ্র। জল্+ণিচ্+অচ্ কর্তৃবা। ৩। কপট, প্রতারণা; কোরক; সমূহ; ইন্দ্রজাল। জল্+ঘঞ্ করণবা। বি; ক্লীব। ৪। মিথ্যা, কৃত্রিম, মেকি, জেল। আর্বী। বি বা বিণ।

জালজীবী (—জীবিন্)—ধীবর, জেলে। জালদ্বারা জীবে (বাঁচে) যে, উপতৎ। জাল—জীব+ণিন্ কর্তৃবা। বি; পুং।

জালতি—ছোট জাল; গরুর মুখের জাল। দেশজ। বি।

জালপাদ—১। হংস; শরারি পক্ষী। জালবৎ পাদ যাহার, বহুব্রী। বি; পুং। ২। লিপ্তপাদ (Web-footed). বহুব্রী। বিণ।

জালা—অলিঞ্জর, জলাদি রাখিবার বৃহৎ মৃৎপাত্র। দেশজ। বি।

জালি, জালী—১। কচি, অপরিপুষ্ট (ফলাদি)। দেশজ। বিণ। ২। ছোট জাল। জাল+ই, ঈ ক্ষুদ্রার্থে। বি।

জালিক—১। প্রতারক; জালকারী, জালিয়াত। জাল+ইক। বিণ। স্ত্রী,—কী। ২। ধীবর, জেলে; ব্যাধ; মাকড়সা। বি; পুং।

জালিয়াৎ, —য়াত—অন্যের লিখিত খত, দলিল বা স্বাক্ষর অবিকল নকলকারী। আর্বী-মূলক। বি বা বিণ।

জালিয়াতি, —তী—জালিয়াতের বৃত্তি, জাল। জালিয়াৎ+ই, ঈ কর্ম্মার্থে। বি।

জালী—১। ঝিঙা; জাফরী উপর। জাল শব্দ

+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী। ২। জাল-কাটা; জাফরি-কাটা (Latticed). বিণ।

জাগু, জাসু—ধূর্ত্ত, ধড়িবাজ; অগ্রগণ্য। আর্বী 'জাসুস্' শব্দজ। বিণ।

জাস্তি—জেয়াদা, বেশী। আর্বী 'জিয়াদ্‌তী' শব্দজ। বিণ। [মূলক। বি।

জাহাজ—অর্ণবপোত, অর্ণবযান। আর্বী-

জাহাজী—১। জাহাজ-সম্বন্ধীয়; যাহা জাহাজে চালান আসে। আর্বীমূলক। বিণ। ২। জাহাজের লোক; জাহাজের শ্রমিক কর্ম্মচারী প্রভৃতি; জাহাজের জিনিস। বি।

জাহান্নম—নিরয়, নরক; অধঃপাত। আর্বী। বি।

জাহির—১। প্রকাশিত, ব্যক্ত; খ্যাত, প্রসিদ্ধ; উপস্থিত; অবতীর্ণ। আর্বী। বিণ। ২। প্রকাশ; প্রচার। বি।

জাহ্নবী—জহ্নুকন্যা, গঙ্গানদী। জহ্নু+অণ্; অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী।

জি—১। মহাশয়; প্রভু। হিন্দী। বি। ২। রসনা, জিভ; স্পৃহা, লালসা, আকাঙ্ক্ষা। 'জিহ্বা' শব্দজ। বি। ৩। জীবন ধারণ করি, বাঁচিয়া থাকি, বাঁচি। প্রাঃ কবিপ্র। ক্রি।

জিউ, জীউ—জীবন, প্রাণ; ঠাকুর। 'জীব' শব্দজ। বি।

জিওল—গাছবিশেষ; কচ্ছপাদি; মদ্গুর-জাতীয় মৎস্যবিশেষ; জীয়াইয়া রাখার মত মৎস্য। দেশজ। বি।

জিগর, জিগির—পারমার্থিক গীত; সাহস; আগ্রহাতিশয্য; সমবেত কণ্ঠে প্রচার বা আন্দোলন। ফার্সী 'জিগ্‌র্' শব্দজ। বি।

জিগীষা—জয়েচ্ছা, জয় করিবার ইচ্ছা। সনন্ত জি+সন্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

জিগীষু—জয়েচ্ছু, জয় করিতে ইচ্ছুক; উদ্যম-শালী। জি+সন্+উ কর্ত্তৃবা। বিণ।

জিঘাংসা—হননেচ্ছা, বধ করিবার ইচ্ছা; হিংসা; অনিষ্টসাধনেচ্ছা। হন্+সন্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী। বিণ,—সু।

জিজিয়া—একপ্রকার শুল্ক; পূর্ব্বকালে ভার-তীয় মুসলমান ভূপতিরা মুসলমান ভিন্ন অন্য ধর্ম্মাবলম্বী প্রজাদিগের নিকট হইতে জন প্রতি একটা নির্দ্দিষ্ট হারে শুল্ক গ্রহণ করিতেন, তাহাই জিজিয়া নামে প্রসিদ্ধ। আর্বী। বি।

জিজ্ঞাসা—জানিতে ইচ্ছা, প্রশ্ন। জ্ঞা+সন্ ইচ্ছার্থে+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

জিজ্ঞাসিত—যাহাকে বা যে বিষয়ে জিজ্ঞাসা করা হইয়াছে, পৃষ্ট। জ্ঞা+সন্ ইচ্ছার্থে+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

জিজ্ঞাসু—জানিতে ইচ্ছুক। জ্ঞা+সন্+উ কর্ত্তৃবা। বিণ।

জিজ্ঞাস্য—যাহা জিজ্ঞাসা করিতে হইবে এরূপ; জিজ্ঞাসার যোগ্য, প্রষ্টব্য; জিজ্ঞাসার বিষয়ীভূত; অনুসন্ধেয়। জ্ঞা+সন্+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—স্যা।

জিঞ্জির—শিকল; দ্বীপান্তর। ফার্সী। বি।

জিত—১। যাহা জয় করা হইয়াছে; পরা-ভূত; বশীকৃত। জি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। জয়। দেশজ প্রঃ। বি।

জিতক্রোধ—যে ক্রোধকে জয় করিয়াছে, জিতকোপ, শান্তপ্রকৃতি। জিত হইয়াছে ক্রোধ যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

জিতা—১। জয় করা, জয়ী হওয়া; জয় করিয়া পাওয়া। বাং ক্রি। ২। পরাজিতা জিত+আপ্। বিণ; স্ত্রী।

জিতান—জয় করান, জয়ী করা। বাং ক্রি।

জিতাষ্টমী—গৌণ আশ্বিন মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী। বি; স্ত্রী।

জিতেন্দ্রিয়—ইন্দ্রিয় বশ করিয়াছে যে এরূপ, কামক্রোধাদির পরাভবকারী, বশী। জিত হইয়াছে ইন্দ্রিয় যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

জিতেন্দ্রিয়তা, —ত্ব—ইন্দ্রিয়জয়কারীর ভাব; ইন্দ্রিয়দমন। জিতেন্দ্রিয়+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

জিদ, জেদ—নির্ব্বন্ধাতিশয়; রোক, গোঁ, ঝোঁক। আর্বী 'জিদ্' শব্দজ। বি।

দী, জেদী—দৃঢ়প্রতিজ্ঞ, একরোখা, একগুঁয়ে। জিদ, জেদ+ই আছে অর্থে। বিণ।

জন—১। বিষ্ণু। জি+নক্ কর্তৃবা। বি; পুং। ২। মহাবীর বর্দ্ধমান। বি। ৩। জয়ী। বিণ। স্ত্রী, জিনা। ৪। দৈত্য, অসুর (Genius); ঘোড়ার পিঠের চামড়ার গদী। আর্বী। বি। [কবিপ্র। ক্রি।

জনা—জিতা, জয় করা, জয়ী হওয়া।

জনিষ, জিনিস—বস্তু, পদার্থ; সারবস্তু। আর্বী 'জিন্‌স্' শব্দজ। বি।

জনিসপত্র—দ্রব্যসামগ্রী। দেশজ। বি।

জিন্দাবাদ—দীর্ঘজীবী হউক। ফার্সীমূলক। অবা।

জিন্দিগি, জীন্দিগি—জীবন, প্রাণ; জীবিতকাল, পরমায়ু। ফার্সী। বি।

জিব, জিভ—জিহ্বা। 'জিহ্বা' শব্দজ। বি।

জিব কাটা—লজ্জাবশতঃ জিব বাহির করিয়া দন্তদ্বারা চাপিয়া ধরা।

জিবছোলা—জিব চাঁচিয়া পরিষ্কার করিবার জন্য পাতলা পাত। জিব—ছুল্+আ করণবা। বি। [বিণ।

জিবা, জিবে—জিবের মত। দেশজ।

জিবে-গজা—জিবের মত আকৃতিবিশিষ্ট গজা-নামক মিষ্টান্নবিশেষ। দেশজ। বি।

জিব্রা—অশ্বজাতীয় পশুবিশেষ (Zebra) (ইহার সর্ব্বাঙ্গ শ্বেত ও কৃষ্ণবর্ণ রেখায় চিত্রিত এবং দেখিতে অতি সুন্দর)। বি।

জিম্‌নাষ্টিক্—য়ুরোপীয় প্রথায় বিবিধ কৌশলযুক্ত ব্যায়াম। ইং Gymnastic. বি।

জিম্মা—হেপাজত, তত্ত্বাবধান, সংরক্ষণ। আর্বী। বি।

জিম্মাদার—যাহার নিকট কোন জিনিস গচ্ছিত রাখা যায়। জিম্মা+দার। বি।

জিয়ন্ত, জীয়ন্ত—সজীব, জীবন্ত। জি, জী +অন্ত কর্তৃবা। দেশজ। বিণ।

জিয়ল—মৎস্যবিশেষ; কচ্ছপ; বৃক্ষবিশেষ। দেশজ। বি।

জিয়া, জীয়া—জীবনধারণ করা, জীবিত থাকা। কবিপ্র। ক্রি।

জিয়াদা—অধিক, অতিরিক্ত। আর্বী। বিণ।

জিয়ান, জীয়ান—জীবিত করা, বাঁচান; জীবিত রাখা, বাঁচাইয়া রাখা। বাং ক্রি।

জিয়ারৎ—তীর্থস্থানের মন্দির সমাধি প্রভৃতি দর্শন ও প্রদক্ষিণ। আর্বী। বি।

জিরা—রন্ধনের একপ্রকার মশলা। 'জীরক' শব্দজ। বি। [বি।

জিরাৎ—জমিজরাৎ; কৃষিক্ষেত্র। বৈদে।

জিরান—বিশ্রাম করা। বাং ক্রি।

জিরান, জিরেন—বিশ্রাম, অবকাশ। জিরা+ন ভাববা। বি।

জিরান-কাট—রসনির্গমনের জন্য খেজুর গাছ একবার কাটিবার পর দুই চারি দিন বন্ধ দিয়া পুনরায় কাটা। জিরানের পর কাট, মধ্যপ কর্ম্মধা। বি।

জিরাফ—আফ্রিকাদেশীয় অতি দীর্ঘ পদ ও গ্রীবাবিশিষ্ট চতুষ্পদ জন্তুবিশেষ (Giraffe). বি।

জিল—১। তীক্ষ্মস্বর, উচ্চস্বর। 'ঝিল্লী' শব্দজ। ২। তানপুরা বেহালাদি যন্ত্রের তার, গুণ। আর্বী 'জল্লা' শব্দজ। বি।

জিলা, জেলা—প্রদেশের অংশ বা বিভাগ। আর্বী। বি।

জিলাপি, জিলিপি—কুণ্ডলী পাকান মিষ্টান্নবিশেষ। হিন্দী 'জলেবী' শব্দজ। বি।

জিলাপির প্যাঁচ—কুটিলতা; অসরল ভাব।

জিষ্ণু—১। জয়ী, জয়শীল। জি+গ্‌স্নু কর্তৃবা, শীলার্থে। বিণ। ২। বিষ্ণু; সূর্য্য; বসু; অর্জ্জুন; ইন্দ্র। বি; পুং।

জিহ্, জিহ্বি—জিভ। 'জিহ্বা' শব্দজ। কবিপ্র। বি।

জিহাদ, জেহাদ—কাফেরগণের বিরুদ্ধে ধর্ম্মযুদ্ধ। আর্বী। বি।

জিহ্বা—রসনা, জিভ। লিহ্+ব করণবা (নিপা)+আপ্। বি; স্ত্রী।

জিহ্বাগ্র—জিহ্বার অগ্রভাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ক্লীব।

জিহ্বামূল—জিভের গোড়া। ৬ষ্ঠীতৎ। বি;

জিহ্বামূলীয়—১। জিহ্বামূল সম্বন্ধীয়; জিহ্বামূল হইতে উচ্চার্য্য। জিহ্বামূল+ঈয় সম্বন্ধার্থে, ভবার্থে। বিণ। ২। জিহ্বামূল হইতে উচ্চার্য্য বর্ণ; বজ্রাকৃতি বর্ণ, ×। বি; পুং।

জী—১। জীবন। 'জীব' শব্দজ। ২। প্রভু; হুজুর, মহাশয়। হিন্দী। অব্য।

জীউ—জিউ দ্রঃ।

জীব—১। জীবিকা। জীব্+ঘঞ্ করণবা। ২। প্রাণধারণ; জীবনকাল, আয়ুঃ। জীব্+ঘঞ্ ভাববা। ৩। দেহাবচ্ছিন্ন আত্মা; প্রাণ; প্রাণী; বৃহস্পতি। জীব্+ঘঞ্ কর্ত্তৃবা। বি; পুং।

জীবজগৎ—প্রাণিলোক; মর্ত্ত্যলোক। জীব-পূর্ণ জগৎ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

জীবজন্তু—যাবতীয় প্রাণী, প্রাণীমাত্র, মনুষ্য ও ইতরপ্রাণী। একার্থক দুই পদের দ্বন্দ্ব। বি; পুং।

জীবৎ—জীবন্ত, যে জীবিত আছে এরূপ; জীবিত (বাঙ্গালায় কেবল সমাসে পূর্ব্বপদরূপে প্রযুক্ত—জীবদ্দশা)। জীব্+শতৃ কর্ত্তৃবা। বিণ। [পুং।

জীবৎকাল—আয়ুকাল। ৬ষ্ঠীতৎ। বি;

জীবতত্ত্ব—প্রাণিবিদ্যা, যে শাস্ত্র দ্বারা প্রাণি-সমূহের জাতি, স্বভাব, ক্রিয়া, চরিত্র প্রভৃতি অবগত হওয়া যায় তাহা (Zoology). মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

জীবদ্দশা—জীবিতকাল, যতদিন বাঁচিয়া থাকা যায়। জীবৎ-এর দশা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জীবদ্ভর্ত্তৃ(র্ত্তৃ)কা—সধবা। জীবৎ (জীবিত) ভর্ত্তা (পতি) যাহার, বহুব্রী+ক সমাসান্ত+আপ্। বিণ; স্ত্রী।

জীবন—১। জল; মজ্জা; প্রাণ; বৃত্তি ও জীবিকা। জীব্+অনট্ করণবা। বি; ক্লীব। ২। প্রাণধারণ, বাঁচিয়া থাকা। জীব্+অনট্ ভাববা। ৩। বায়ু; পরমেশ্বর; পুত্র। ণিজন্ত জীব্ (=জীবি)+অন কর্ত্তৃবা। বি; পুং।

জীবনচরিত—জীবনী, যে গ্রন্থে ব্যক্তি-বিশেষের জন্মাবধি মরণ পর্য্যন্ত যাবতীয় ঘটনা সবিশেষ বর্ণিত থাকে (Biography). জীবনের চরিত (আচরণ) আছে যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

জীবনবল্লভ—প্রাণপ্রিয়, প্রাণাপেক্ষা অধিক ভালবাসার পাত্র। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ভা।

জীবনবিন্দু—জীবনীশক্তির ক্ষুদ্রতম অংশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীবন-বিমা,—বীমা—নির্দ্দিষ্টকাল অন্তে স্বয়ং অথবা মৃত্যুর পর উত্তরাধিকারী এক-কালীন নির্দ্দিষ্ট পরিমাণ টাকা পাইবে—এই সর্ত্তে কোন কোম্পানীর নিকট কিস্তিমত কিছু কিছু জমা রাখা (Life-insurance). ৬ষ্ঠীতৎ। বি।

জীবনযাত্রা—প্রাণধারণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; পুং।

জীবনলাভ—পুনর্জ্জীবনপ্রাপ্তি। ৬ষ্ঠীতৎ।

জীবনসংগ্রাম—বাঁচিয়া থাকিবার জন্য প্রতিকূল অবস্থার সহিত যুদ্ধ। জীবননিমিত্তক সংগ্রাম, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জীবনসঙ্গিনী—সমগ্র জীবিতকালের সহচরী, সহধর্ম্মিণী; পত্নী। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; স্ত্রী। [পুং।

জীবনসঞ্চার—প্রাণদান। ৬ষ্ঠীতৎ। বি;

জীবনসহচর—চিরজীবনের সঙ্গী। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী,—রী।

জীবনান্ত—প্রাণের অবসান, মরণ। জীবনের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীবনাশ—১। প্রাণিবধ; প্রাণসংহার। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। প্রাণনাশক। জীবের নাশ যাহা হইতে, বহুব্রী। বিণ।

জীবনী—১। জীবনদায়িনী। জীব্+অনট্

করণবা+ঈপ্। বিণ; স্ত্রী। ২। জীবন-কাহিনী; জীবনবৃত্তান্ত, জীবনচরিতাখ্যান। দেশজ। বি; স্ত্রী।

জীবনীশক্তি—যে শক্তি জীবগণকে জীবিত রাখে (Vital power) কর্ম্মধা। বি; স্ত্রী।

জীবনোচ্ছ্বাস—প্রাণশক্তির উদ্বেল অবস্থা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীবনোপায়—জীবনরক্ষার উপায়, জীবিকা। জীবনের উপায়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীবন্ত—জীবনবিশিষ্ট, সজীব। জীব্+অন্ত কর্তৃবা। বিণ।

জীবন্মুক্ত—জীবদ্দশাতে মুক্ত, অর্থাৎ সংসার-মায়াদি হইতে বিমুক্ত, মহাপুরুষ, তত্ত্বজ্ঞানী। জীবৎ অথচ মুক্ত, কর্ম্মধা। বিণ। স্ত্রী,—ক্তা।

জীবন্মুক্তি—জীবদ্দশাতে মুক্তি, অর্থাৎ তত্ত্বজ্ঞান হওয়ায় সংসারে থাকিয়াও সংসার-বন্ধন হইতে পরিত্রাণ। জীবন্তের মুক্তি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জীবন্মৃত—জীবদ্দশায় মৃতকল্প, জীবিত থাকিয়াও মৃতবৎ অর্থাৎ নিতান্ত অবসন্ন ও নিশ্চেষ্ট; নিরুপায়। জীবৎ অথচ মৃত, কর্ম্মধা। বিণ। স্ত্রী,—তা।

জীববলি—দেবতার উদ্দেশে ছাগাদি পশু-বধ। কর্ম্মধা। বি; পুং।

জীববিদ্যা—জীবতত্ত্ব (তাহা দ্রঃ)।

জীববিন্দু—জীবাত্মা, ক্ষুদ্রতম জীব। জীব বিন্দুপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; পুং।

জীবলোক—১। প্রাণিগণের আবাসস্থল, মর্ত্ত্যলোক, সংসার। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। সমগ্র জীব। কর্ম্মধা। বি; পুং।

জীবশূন্য—প্রাণিহীন; প্রাণহীন, নির্জ্জীব। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্যা।

জীবস্থান—প্রাণিসমূহের বসতিস্থান, পৃথিবী; মর্ম্মস্থল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

জীবহত্যা—জীবহিংসা, প্রাণিবধ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জীবহিংসা—প্রাণিবধ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জীবাণু—অনুবীক্ষণে দৃশ্য সূক্ষ্ম জীব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীবাত্মা (**জীবাত্মন্**)—দেহস্থ আত্মা, জীবপুরুষ, সুখদুঃখভোক্তা। জীবের আত্মা (অধিষ্ঠাতা), ৬ষ্ঠীতৎ; অথবা, জীবরূপী আত্মা, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জীবাধার—১। শরীর, দেহ; হৃদয়। জীবের (জীবনের) আধার (আশ্রয়), ৬ষ্ঠীতৎ। ২। জগৎ। জীবগণের (প্রাণিসমূহের) আধার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীবাশ্ম (**—শ্মন্**)—যে প্রাণী বা উদ্ভিদ্ পাথরে পরিণত হইয়াছে (Fossil). জীব-জাত অশ্ম, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জীবিকা—জীবনোপায়, ব্যবসায়, বৃত্তি। জীব্+ঘঞ্ করণবা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

জীবিকানির্ব্বা(র্বা)হ—জীবনযাত্রা-সম্পাদন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীবিকার্জ্জ(র্জ)ন—জীবনযাত্রা নির্ব্বাহের জন্য অর্থোপার্জ্জন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

জীবিত—জীবন্ত। জীব্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

জীবিতকাল—আয়ুঃ, যতদিন বাঁচিয়া থাকা যায়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীবিতনাথ—প্রিয়তম, স্বামী। জীবিতের (জীবনের) নাথ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীবিতাবস্থা—জীবদ্দশা, বাঁচিয়া থাকিবার সময়। জীবিতের অবস্থা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

জীবিতেশ—প্রাণনাথ; যম; চন্দ্র; সূর্য্য; জীবনৌষধি। জীবিতের ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীবিতেশ্বর—প্রাণনাথ; প্রিয়তম; স্বামী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জীবী (**জীবিন্**)—জীবনবিশিষ্ট, প্রাণী। জীব্+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—বিনী।

জীমূত—মেঘ; পর্ব্বত; ইন্দ্র। জী—মূ+ক্ত কর্তৃবা। বি; পুং।

জীমূতবাহন—ইন্দ্র; দায়ভাগ নিবন্ধকার,

স্মৃতিশাস্ত্রের সংগ্রহকর্তা। জীমূত (মেঘ) হইয়াছে বাহন যাঁহার, বহুব্রী। বি; পুং।
জীমূতমন্দ্র—মেঘধ্বনি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জীয়ন্ত—জিয়ন্ত দ্রঃ।
জীরক—জীরা, একপ্রকার মসলা। জীর্+কন্ স্বার্থে। বি; পুং। [বি।
জীরা—একপ্রকার মসলা। 'জীর' শব্দজ।
জীর্ণ—১। বৃদ্ধ, প্রাচীন; পুরাতন; জর্জ্জরিত; ক্ষয়প্রাপ্ত। জৄ+ক্ত কর্তৃবা। ২। যাহা পরিপাক করা হইয়াছে এরূপ, পরিপক। জৄ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, জীর্ণা।
জীর্ণজ্বর—পুরাতন জ্বর। কর্ম্মধা। বি; পুং।
জীর্ণতা, জীর্ণত্ব—জীর্ণের ভাব; বৃদ্ধত্ব, জরা, ক্ষীণতা। জীর্ণ+তা ত্ব, ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।
জীর্ণদেহ—১। ক্ষীণ শরীর; শীর্ণ শরীর। কর্ম্মধা। বি; ক্লীব বা পুং। ২। শীর্ণশরীরবিশিষ্ট, ক্ষীণাঙ্গ, কৃশকায়। জীর্ণ দেহ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —হা।
জীর্ণসংস্কার, জীর্ণোদ্ধার—ভাঙ্গাচুরা সারা, মেরামত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
জুআর, জুয়ার, জোয়ার—জলোচ্ছ্বাস। 'জলবার' শব্দজ। বি।
জুঁই—যূথিকা, যুঁই। 'যূথিকা' শব্দজ। বি।
জুঁখা, জুখা, জোঁখা, জোখা—১। ওজন করা; উভয়ের মধ্যে উচ্চতার তুলনা করা। বাং ক্রি। ২। মাপ; উচ্চতার তুলনা। দেশজ। বি।
জুগুপ্সা—নিন্দা, কুৎসা; ঘৃণা। গুপ্+সন্ নিন্দার্থে+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।
জুগুপ্সিত—১। নিন্দিত, কুৎসিত; ঘৃণিত। সনন্ত গুপ্+ক্ত কর্ম্মবা। জুগুপ্সা+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী, —তা।
জুজবন্দি—বহি বাঁধনের কাজ; ফর্ম্মা ফর্ম্মা সেলাই করিয়া বাঁধান। আরবীমূলক। বিণ।
জুজু, জুজুবুড়ী—শিশুদিগের ভীতিজনক কল্পিত মূর্ত্তিবিশেষ, কল্পিত বৃদ্ধা স্ত্রী। দেশজ। বি।
জুজুৎসু—জাপানদেশীয় মল্লবিদ্যাবিশেষ। জাপানী শব্দজ। বি। [বিণ।
জুঝারু—যোদ্ধা, যুদ্ধপটু। প্রাঃ কবিপ্র।
জুটা, জোটা—যোগাড় হওয়া, মেলা; একত্র মিলিত হওয়া। বাং ক্রি।
জুটান, জোটান—সংগ্রহ করা। বাং ক্রি।
জুড়ন—১। শীতলকরণ বা হওয়া; তর্পণ। দেশজ। ২। তৃপ্তি; যোজন, মিলন। প্রাঃ কবিপ্র। বি।
জুড়া—যুক্ত করা, আঁটা; ভরা, পূর্ণ করা; আরম্ভ করা। বাং ক্রি।
জুড়ান—১। শীতল করা বা হওয়া; তৃপ্ত করা বা হওয়া। বাং ক্রি। ২। যাহা ঠাণ্ডা হইয়াছে। বিণ।
জুড়ি—দুই-ঘোড়ার গাড়ী; দুই ঘোড়া; সমান দ্বিতীয় ব্যক্তি বা বস্তু; যাত্রার গায়কযুগল। দেশজ। বি।
জুড়িগাড়ী—সমান আকারের অশ্বদ্বয়যুক্ত শকট, দুই ঘোড়ার গাড়ী। মধ্যপ কর্ম্মধা। বি।
জুড়িদার—সহযোগী, সঙ্গী। জুড়ি+দার স্বার্থে। বি। [দেশজ। বি।
জুৎ, জুত—সুবিধা, সুযোগ; স্বাস্থ্য; সামর্থ্য।
জুতা, জুতি, জুতো—চর্ম্মপাদুকা, উপানৎ; হিন্দীমূলক। বি।
জুতান, জুতন—জুতা মারা। বাং ক্রি।
জুতি, জুতী—১। জুতা। হিন্দীমূলক। ২। গাড়ী বা লাঙ্গলে ঘোড়া বা গরু জুড়িবার দড়ি। দেশজ। ৩। দীপ্তি, কান্তি। 'জ্যোতিঃ' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।
জুৎসাৎ,—বরাৎ—সুবিধা। দেশজ। বি।
জুৎমাফিক, জুৎসৈ—সুবিধামত; পরিমাণমত। দেশজ। বিণ।
জুদা—পৃথক্, ভিন্ন; শীঘ্র। ফার্সীমূলক। বিণ।
জুন—ইংরাজী বৎসরের ষষ্ঠ মাস। ইং June. বি।
জুবড়ান, জোবড়ান—বেশী ভিজান; যেবড়ান। বাং ক্রি।
জুবিলি, জুবিলী—উৎসব, কোন প্রতিষ্ঠান

বা কাহারও বন্ধন অথবা রাজত্বের নির্দ্দিষ্ট কাল পূর্ণ হইলে যে উৎসব করা হয় তাহা, 'জয়ন্তী'। ইং Jubilee. বি।

জুব্বা, জোব্বা—একপ্রকার বুকখোলা আলখিল্লা বা চোগা। আর্বী। বি।

জুম, জুম্—অহিতাচার; অত্যাচার; জবরদস্তি; স্পর্দ্ধা। আর্বী। 'জুলম্' শব্দের সংক্ষেপ। বি। [বি।

জুম্মা—শুক্রবার। আর্বী 'জুমাহ্' শব্দজ।

জুয়া—দ্যূত, পণ ধরিয়া বা বাজি রাখিয়া খেলা। 'দ্যূত' শব্দজ। বি।

জুয়াচুরি—জুয়াখেলায় কপটতা; ঠকান। জুয়াচোর+ই কর্ম্মার্থে। বি।

জুয়াচোর—যে জুয়াখেলায় চুরি করে; বঞ্চক, প্রতারক। তদ্ভব। বি বা বিণ।

জুয়াড়ি—যে জুয়া খেলে। জুয়া+ড়ি। বি বা বিণ।

জুয়ান—১। যুবক, যুবা। ফার্সী 'জবান্' শব্দজ। ২। একপ্রকার ঝাল পাণের মসলা। 'যবানী' শব্দজ। বি। ৩। যোগান, জুটা; যোগ্য হওয়া, উচিত হওয়া। বাং ক্রি।

জুয়ায়—যোগায়; উপস্থিত হয়; যোগ্য বা সঙ্গত হয়। প্রাঃ কবিপ্র। ক্রি।

জুয়াল—জোয়াল (তাহা দ্রঃ)।

জুরি, জুরী—অপরাধীর বিচার-কার্য্যে সাহায্য করিবার জন্য নিযুক্ত দায়রা জজের সহকারী কয়েকজন সাধারণ ভদ্রলোকের সমষ্টি। ইং Jury. বি।

জুলাই—ইংরাজী বৎসরের সপ্তম মাস। ইং July. বি।

জুলাপ, জোলাপ—বিরেচক ঔষধ। ফার্সী 'জুলাব্' শব্দজ। বি।

জুলপি, -ফি—কানের পাশের চুল; কানের পাশ হইতে গালের কিছুদূর পর্য্যন্ত রাখা দাড়ি। ফার্সী 'জুলুফ্' শব্দজ। বি।

জুলি, জুলী—লম্বা সরু খাত; জল-নালী। দেশজ। বি। [শব্দজ। বি।

জুলুম—অত্যাচার, পীড়ন। আর্বী 'জুলম্'

জূট—ঝুঁটি; বন্ধন; সমূহ; জটা। জুট্+ক কর্ত্তৃবা। বি; পুং।

জূটিকা, জূটী—জূট (সকল অর্থে)। জূটী=জূট+স্ত্রীলিঙ্গে ঈপ্। জূটিকা=জূটী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

জূষ—ঝোল; কাথ। জূষ্+ক ঘঞর্থে করণবা। বি; পুং বা ক্লীব।

জৃম্ভণ—মুখবিকাশ; হাই তোলা। জৃম্ভ্ (হাই তোলা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

জৃম্ভা, জৃম্ভিকা—হাই তোলা, মুখবিকাশ; স্ফুটন। জৃম্ভ্+অ ভাববা+আপ্, পক্ষে স্বার্থে কন্+আপ্। বি; স্ত্রী।

জেঁকো—বড়াইকারী, বহিরাস্ফালনকারী, দাম্ভিক। জাঁক+ও (∠উয়া) আছে অর্থে। বিণ।

জেটি—যে ঘাটে জাহাজের যাত্রী বা মাল নামে বা উঠে। ইং Jetty. বি।

জেঠতুত—জ্যেষ্ঠতাত হইতে জাত। দেশজ। বিণ।

জেঠা, জ্যাঠা—১। পিতার জ্যেষ্ঠ ভ্রাতা। বি; পুং। ২। অকালপক্ব, ফাজিল, বাচাল। 'জ্যেষ্ঠতাত' শব্দজ। বিণ।

জেঠাই, জেঠাইমা—জ্যেষ্ঠতাতপত্নী, জেঠী। প্রাদে। বি; স্ত্রী।

জেঠাম, জ্যাঠাম, জেঠামি, জ্যাঠামি—জেঠার মত ব্যবহার বা কথাবার্ত্তা; অকালপক্কতা, বাচালতা, পাকামি। জেঠা, জ্যাঠা+ম, মি ভাবার্থে। বি।

জেঠী—১। জ্যেষ্ঠতাতপত্নী, জেঠাই। জেঠা+ঈ। বি; স্ত্রী। ২। টিকটিকি। 'জ্যেষ্ঠী' শব্দজ। বি।

জেতা (জেতৃ)—জয়কর্ত্তা, জয়ী। জি+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, জেত্রী।

জেদ—জিদ দ্রঃ।

জেদী—জিদী দ্রঃ।

জেনানা—জানানা দ্রঃ।

জেনারল, জেনারেল—প্রধান সেনাপতি। ইং General. বি।

জেব—পকেট। আর্বী। বি।

জেয়—জেতব্য, যাহা জয় করিতে হইবে বা করা উচিত এরূপ। জি+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী জেয়া।

জেয়াদা—বেশী, অধিক। আর্বীমূলক। বিণ।

জের—অনুবৃত্তি, অবশেষ, অসম্পূর্ণ পূর্ব্ব। ফার্সী। বি বা বিণ।

জেরবার—পরিশ্রান্ত, ক্লান্ত; মন ও দেহ উভয় বিষয়েই জর্জ্জরিত; উৎপীড়নাদিতে বলহীন বা নিঃস্ব; দুর্দ্দশাগ্রস্ত। ফার্সীমূলক। বিণ।

জেরা—এজাহারের সত্যাসত্য নির্ণয়ের জন্য সাক্ষীকে প্রশ্ন, সওয়াল (Cross-examination). আর্বী 'জিরহ্' শব্দজ। বি।

জেল—কারাগার, ফাটক, কয়েদখানা; কারাদণ্ড। ইং Jail. বি।

জেলখানা—কারাগার, জেল। কর্ম্মধা। বি।

জেলখালাসী—কারামুক্ত, জেল হইতে মুক্ত। ৭মীতৎ। বিণ।

জেলদারোগা—জেলের শান্তিরক্ষক কর্ম্মচারী (Jailor). ৬ষ্ঠীতৎ। বি।

জেলা—জিলা দ্রঃ।

জেলে—ধীবর, মৎস্যব্যবসায়ী। জাল+এ (∠ইয়া)। বি। [শব্দজ। বি।

জেল্লা—জলুস, ঔজ্জ্বল্য; চটক। আর্বী জিল্লা'

জেহাদ—জিহাদ দ্রঃ।

জৈত্রী—১। জয়ন্তীবৃক্ষ। জৈত্র (জেতৃ+অণ্) +ঈপ্। বি; স্ত্রী। ২। জায়ফলের ফুল। দেশজ। বি।

জৈন—জিন-প্রতিষ্ঠিত ধর্ম্ম ও তদ্ধর্ম্মাবলম্বী জাতিবিশেষ। জিন+অণ্ দেবতা ইহার এই অর্থে। বি; পুং।

জৈব—জীবনসম্বন্ধীয়; প্রাণিজ; জান্তব বা উদ্ভিজ্জ। জীব+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী জৈবী। [বি; পুং।

জৈমিনি—পূর্ব্ব-মীমাংসাদর্শন-প্রণেতা মুনি।

জো—বৃষ্টির পর ক্ষেত্রের কর্ষণযোগ্য অবস্থা, [তাহা হইতে] সুযোগ, বাগ, সুবিধা, কায়দা; যোগাড়; প্রতীকার; উপায়। 'যোগ' শব্দজ। বি।

জোঁক—রক্তপা। 'জলৌকা' শব্দজ। বি।

জোকার—জয়-জয়কার, জয়ধ্বনি; হুলুধ্বনি। প্রাদে। বি।

জোখা—১। পরিমাণ করা। বাং ক্রি। ২। যাহার পরিমাণ করা হইয়াছে এরূপ। জোখ্ +আ কর্ম্মবা। বিণ।

জোগাড়—উপকরণ সংগ্রহ, আয়োজন। দেশজ। বি। [দেশজ। বি।

জোগাড়-যন্ত্র—জোটপাট; আয়োজন।

জোগাড়িয়া, জোগাড়ে—আয়োজনকারী, উপায়কারক; উদ্যোগী। জোগাড়+ইয়া, এ আছে অর্থে। বিণ।

জোগান—১। সরবরাহ; অভাব বা প্রয়োজন পূরণ। জোগা+ন ভাববা। বি। ২। সরবরাহ করা; অভাব পূরণ করা; তোষামোদ করা। বাং ক্রি।

জোচ্চোর—প্রতারক; ফাঁকিবাজ। 'জুয়াচোর' শব্দজ। বি বা বিণ।

জোচ্ছনা, জোছনা—চন্দ্রিকা, চন্দ্রালোক। 'জ্যোৎস্না' শব্দজ। বি।

জোট—জুট, গাঁট; মিলন; দল। 'জুট' শব্দজ। বি। [যন্ত্র। দেশজ। বি।

জোটপাট—জটলা, মেলামেশা; যোগাড়-

জোটা—মিলা, যোগাড় হওয়া; উপস্থিত হওয়া। বাং ক্রি।

জোটান—জুটান দ্রঃ।

জোড়, যোড়—মিলন; যুগল; বিবাহাদি শুভকর্ম্মে পরিধেয় ধুতি-চাদর। 'যুগ্ম' শব্দজ। বি।

জোড়হাত—১। একত্রবদ্ধ হস্তদ্বয়, অঞ্জলি-পুট। কর্ম্মধা। বি। ২। কৃতাঞ্জলি, যে হস্তদ্বয় একত্র করিয়াছে এরূপ। বহুব্রী। বিণ।

জোড়া, যোড়া—১। যুগল; জুড়ি, সমান দ্বিতীয় বস্তু বা ব্যক্তি; মিলন। 'যুগ্ম' শব্দজ। বি। ২। দুই, যুগল; যুক্ত, আঁটা; ব্যাপ্ত

র্ণ। বিণ। ৩। যুক্ত বা মিলিত করা; াটা; জোড়া দেওয়া; ব্যাপ্ত করা, ভরা; আরম্ভ করা। বাং ক্রি।

জোড়াতাড়া, -তালি—কোন রকমে জোড়া, তালি। দেশজ। বি।

জোত—প্রজাদের অধিকারস্থ এক এক জমার অন্তর্গত তাবৎ জমি; বড় প্রজার নিকট ক্ষুদ্র ক্ষুদ্র অংশে কৃষকেরা দুই তিন বৎসরের নিমিত্ত যে জমি আবাদের জন্য লয় তাহা। 'যোত্র' শব্দজ। বি।

জোতদার—জোতের মালিক, জমিদারের অধীন জোতস্বত্বভোগী প্রজা। জোত+দার মালিক অর্থে। বি। [বাং ক্রি।

জোতা—সংযোজিত করা, জোড়া।

জোত্র—উপায়, সুযোগ, জো; সংস্থান। 'যোত্র' শব্দজ। বি।

জোনাকি, -কী—জ্যোতির্ময় ক্ষুদ্র পোকা, খদ্যোত। 'জ্যোতিরিঙ্গণ' শব্দজ। বি।

জোবড়ান—জুবড়ান দ্রঃ।

জোব্বা—জুব্বা দ্রঃ।

জোয়ান—জুয়ান দ্রঃ।

জোয়ার—জুআর দ্রঃ।

জোয়াল, যোয়াল—বলদের কাঁধে যে কাষ্ঠদণ্ড থাকে, যুগ। দেশজ। বি।

জোর—১। বল, শক্তি, সামর্থ্য, ক্ষমতা। ফার্সী। বি। ২। উচ্চ, চড়া। ৩। জোড়, জোড়া, যুগ্ম, দ্বয়, দুইটা। প্রাঃ কবিপ্র। বিণ। ৪। বেশীপক্ষে। দেশজ। অব্য।

জোরজুলুম—জবরদস্তি; অত্যাচার; বলপ্রয়োগ। ফার্সীমূলক। বি।

জোরাল—শক্তিশালী, বলবান্, প্রবল। জোর+আল যুক্তার্থে। বিণ।

জোল—নিম্নভূমি, জুলী, সরু নালা। দেশজ। বি।

জোলা—মুসলমান তাঁতী। ফার্সী 'জুলাহ্' শব্দজ। বি; পুং। স্ত্রী, জোলানী।

জোলাপ—জুলাপ দ্রঃ। [বিণ।

জোলো—জলময়; জলমিশ্রিত। কবিপ্র।

জো-হুকুম—অনুগত ভৃত্য। বি।

জৌ—গালা। 'জতু' শব্দজ। বি।

জ্ঞ—অভিজ্ঞ, বেত্তা, যে জানে, জ্ঞানবান্। জ্ঞা (জানা)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, জ্ঞা।

জ্ঞাত—১। বিদিত, যাহা জানা গিয়াছে এরূপ। জ্ঞা+ক্ত কর্ম্মবা। ২। যে জানিয়াছে। জ্ঞা+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, জ্ঞাতা।

জ্ঞাতব্য—জ্ঞেয়, যাহা জানা উচিত বা আবশ্যক এরূপ। জ্ঞা (জানা)+তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী,-ব্যা।

জ্ঞাতসারে—জ্ঞানগোচরে, বিদিতরূপে। দেশজ প্রঃ। ক্রি-বিণ।

জ্ঞাতা—বেত্তা, অভিজ্ঞ, যে জানে। জ্ঞা+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, জ্ঞাত্রী।

জ্ঞাতি—দায়াদ; সপিণ্ড; সগোত্র, এক গোত্রে অর্থাৎ বংশে জাত ব্যক্তি। জ্ঞা+ক্তিচ্ কর্তৃবা। বি; পুং।

জ্ঞাতিত্ব—সগোত্রত্ব; জ্ঞাতির ধর্ম্ম বা ব্যবহার; জ্ঞাতি-হিংসা। জ্ঞাতি+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

জ্ঞান—সংজ্ঞা, চেতনা; বিবেচনা; অবগতি; বুদ্ধি; অভিজ্ঞতা; শিক্ষা, পাণ্ডিত্য। জ্ঞা+অনট্ ভাববা। বি; ক্লীব।

জ্ঞানকাণ্ড—বেদের দার্শনিক অংশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জ্ঞানকৃত—জানিয়া শুনিয়া করা হইয়াছে এরূপ, জ্ঞানপূর্ব্বক অনুষ্ঠিত। ৩য়াতৎ। বিণ।

জ্ঞানগম্য—বোধগম্য। জ্ঞান দ্বারা গম্য (জ্ঞেয়), ৩য়াতৎ। বিণ। স্ত্রী,-ম্যা।

জ্ঞানগর্ভ—জ্ঞানপূর্ণ; উপদেশপূর্ণ। জ্ঞান গর্ভে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-র্ভা।

জ্ঞানগোচর—জ্ঞানের বিষয়ীভূত, জ্ঞাত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-রা।

জ্ঞানচক্ষুঃ (-চক্ষুস্), -চক্ষু—শাস্ত্রজ্ঞানরূপ নয়ন; অন্তর্দৃষ্টি। জ্ঞানরূপ চক্ষুঃ, রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

জ্ঞানতঃ (জ্ঞানতস্), জ্ঞানত—জ্ঞান

পূর্ব্বক, জানিয়া শুনিয়া। জ্ঞান+তস্ অনুসারার্থে। অব্য, ক্রি-বিণ।

জ্ঞানদ—জ্ঞানদানকারী, জ্ঞানদাতা, জ্ঞানদায়ক। উপতৎ। জ্ঞান—দা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

জ্ঞানদাতা (—দাতৃ)—যিনি জ্ঞান দান করেন; শিক্ষক; গুরু। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; পুং। স্ত্রী,—ত্রী।

জ্ঞানপাপী (—পাপিন্)—জ্ঞানপূর্ব্বক যে পাপ করে এরূপ। সুপ্সুপা। বিণ। স্ত্রী, —পিনী।

জ্ঞানবান্ (—বৎ)—জ্ঞানী, বুদ্ধিমান্; অভিজ্ঞ। জ্ঞান+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —বতী।

জ্ঞানময়—জ্ঞানস্বরূপ; ব্রহ্ম। জ্ঞান+ময়ট্ স্বরূপার্থে। বি; পুং।

জ্ঞানযোগ—ব্রহ্মলাভজনক নিষ্ঠাবিশেষ, ব্রহ্মপ্রাপক জ্ঞানের উপায়। জ্ঞানরূপ যোগ, রূপক কর্ম্মধা। বি; পুং। [পুং।

জ্ঞানলাভ—জ্ঞানার্জ্জন। ৬ষ্ঠীতৎ। বি;

জ্ঞানশূন্য,—হীন—অজ্ঞান, অবোধ, মূঢ়; সংজ্ঞারহিত, অচেতন। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্যা,—না।

জ্ঞানসঞ্চার—জ্ঞানের উদ্রেক; সংজ্ঞালাভ; চৈতন্যসঞ্চার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জ্ঞানসাধন—জ্ঞানলাভের উপায়, ইন্দ্রিয়; তত্ত্বজ্ঞানলাভের চেষ্টা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

জ্ঞানাঞ্জন—তত্ত্বজ্ঞানরূপ কাজল; যাহাদ্বারা সত্যের প্রকাশ হয়। রূপক কর্ম্মধা। বি; ক্লীব। [বি; ক্লীব।

জ্ঞানার্জ্জ(র্জ)ন—জ্ঞানলাভ। ৬ষ্ঠীতৎ।

জ্ঞানী (জ্ঞানিন্)—জ্ঞানবান্, যাহার জ্ঞান আছে। জ্ঞান+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—নিনী।

জ্ঞানেন্দ্রিয়—যে ইন্দ্রিয়দ্বারা জ্ঞানলাভ করা যায়; চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক ও মনঃ, এইগুলি জ্ঞানেন্দ্রিয়। জ্ঞানসাধক ইন্দ্রিয়, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

জ্ঞানোদয়—জ্ঞান হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জ্ঞাপক—জ্ঞাপনকর্ত্তা, নিবেদক; সূচক। জ্ঞা+ণিচ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

জ্ঞাপন—জানান, নিবেদন, বিজ্ঞাপন। জ্ঞা+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

জ্ঞাপনীয়—জানাইবার যোগ্য। জ্ঞা+ণিচ্ +অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

জ্ঞাপয়িতা (জ্ঞাপয়িতৃ)—নিবেদক, জ্ঞাপক, বোধক। জ্ঞা+ণিচ্+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

জ্ঞাপিত—নিবেদিত, যাহাকে বা যাহা জানান হইয়াছে। জ্ঞা+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

জ্ঞেয়—জ্ঞানবিষয়, যাহা জানা উচিত বা আবশ্যক এরূপ, জানিবার যোগ্য। জ্ঞা+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, জ্ঞেয়া।

জ্বর—গাত্রতাপ, স্বনামখ্যাত রোগবিশেষ; সন্তাপ। জ্বর্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

জ্বরঘ্ন—জ্বরান্তক, জ্বরনাশক। উপতৎ। জ্বর—হন্+টক্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ঘ্নী।

জ্বরজারি, জ্বরজ্বালা—জ্বর এবং অন্যবিধ রোগ। দেশজ। বি।

জ্বরজ্বর—ঈষৎ জ্বরের ভাব। দেশজ। বি।

জ্বরঠুঁটো—জ্বররোগীর ঠোঁটে এক প্রকার ঘা। দেশজ। বি।

জ্বরাতি(তী)সার—জ্বরযুক্ত অতিসার রোগ; পেটের পীড়া এবং তৎসঙ্গে জ্বর। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

জ্বরান্তক—জ্বরঘ্ন, জ্বরনাশক। জ্বরের অন্তক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ন্তিকা।

জ্বরিত—জ্বরবিশিষ্ট, জ্বরগ্রস্ত। জ্বর+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

জ্বল্‌জ্বল্—দীপ্তিপ্রকাশ, স্পষ্টভাবে স্থিতি। দেশজ। অব্য।

জ্বলন—১। অগ্নি, অনল। জ্বল্+অন কর্ত্তৃবা। বি; পুং। ২। দহন; দীপ্তি; জ্বালা। জ্বল্+অনট্ ভাববা। বি; ক্লীব।

জলনাঙ্ক(হক)—যে তাপমাত্রায় পেট্রল প্রভৃতি জ্বলিয়া উঠে (Flash-point). ৬ষ্ঠীতৎ। বি।

জ্বলন্ত—যাহা জ্বলিতেছে; প্রজ্বলিত; প্রত্যক্ষ। জ্বল্+অন্ত কর্তৃবা। বিণ।

জ্বলা—প্রজ্বলিত হওয়া; উজ্জ্বল হওয়া; দাহ বোধ করা, জ্বালা করা। বাং ক্রি।

জ্বলান—আগুন ধরান, পোড়ান; দীপ্ত করা; জ্বালাতন করা। বাং ক্রি।

জ্বলিত—১। জ্বলিতেছে এরূপ; দগ্ধ; দীপ্ত; প্রকাশিত; প্রজ্বলিত। জ্বল্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা। ২। জ্বলন। জ্বল্+ক্ত ভাববা। বি; ক্লীব।

জ্বলুনি—জ্বলন; জ্বালাবোধ। জ্বল্+উনি ভাববা। বি।

জ্বাল—১। অগ্নিশিখা; আগুনের ঝলকা বা আঁচ। জ্বল্+ণ কর্তৃবা। ২। দাহ; জ্বলন; দুঃখ; যাতনা। জ্বল্+ঘঞ্ ভাববা। বি; পুং।

জ্বালা—১। অগ্নিশিখা; জ্বলন, দাহ। জ্বাল +আপ্। বি; স্ত্রী। ২। দাহবোধ; আগুনে পোড়ার মত যাতনা; বিরক্তিকর বিষয়। বি। ৩। প্রজ্বলিত বা প্রদীপ্ত করা; আগুন ধরান। বাং ক্রি। [বিণ।

জ্বালাতন—বিরক্ত; উৎপীড়িত। দেশজ।

জ্বালান—প্রজ্বলিত করা, দগ্ধ করা, পুড়াইয়া দেওয়া; জ্বালাতন করা, হয়রান করা। বাং ক্রি।

জ্বালানি,—নী—ইন্ধন, যাহা দিয়া জ্বাল দেওয়া হয়, কাঠ, কয়লা, ঘুঁটে প্রভৃতি। জ্বালা+নি, নী কর্মবা। বি বা বিণ।

জ্বালানিয়া, জ্বালানে—দগ্ধকারী; উৎপীড়ক, উপদ্রবকারী। জ্বালা+নিয়া, নে কর্তৃবা। বিণ।

জ্বালানী—জ্বালানি দ্রঃ।

জ্বালানে—জ্বালানিয়া দ্রঃ।

জ্বালামুখ—আগ্নেয়গিরির মুখ (Crater). ৬ষ্ঠীতৎ। বি।

জ্বালিত—দীপিত, জ্বালান; ক্লেশিত, ভস্মীকৃত। জ্বালা+ইতচ্ যুক্তার্থে। বিণ। স্ত্রী,—তা।

জ্যা—পৃথিবী; মাতা; ধনুকের ছিলা, গুণ, মৌর্বী; বৃত্তপরিধি-খণ্ডের প্রান্তদ্বয়যোজক সরল রেখা (Chord). জ্যা+ক কর্তৃবা+ আপ্। বি; স্ত্রী।

জ্যাঠা—জেঠা দ্রঃ।

জ্যাঠাম, জ্যাঠামি—জেঠাম দ্রঃ।

জ্যানির্ঘোষ—ধনুকের টঙ্কার, ধনুকের ছিলা টানিয়া ছাড়িয়া দিলে যে শব্দ হয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জ্যান্ত—জীবন্ত। দেশজ। বিণ।

জ্যামিতি—ভূমির পরিমাণ-বিষয়ক শাস্ত্র, ক্ষেত্রতত্ত্ব (Geometry). জ্যার মিতি (পরিমাণ) যদ্দ্বারা, বহুব্রী। বি; স্ত্রী।

জ্যামিতিক—জ্যা মি তি-শা স্ত্র সং ক্রা ন্ত। জ্যামিতি+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

জ্যারোপ, জ্যারোপণ—গুণস্থাপন, ধনুকে ছিলা পরান। জ্যার আরোপ, আরোপণ, ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

জ্যেষ্ঠ—অগ্রজ; শ্রেষ্ঠ। বৃদ্ধ+ইষ্ঠ। বিণ। স্ত্রী, জ্যেষ্ঠা।

জ্যেষ্ঠতাত—পিতার জ্যেষ্ঠ ভ্রাতা, জেঠা। কর্মধা। বি; পুং।

জ্যেষ্ঠা—১। অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে অষ্টাদশ নক্ষত্র; মধ্যমাঙ্গুলি; টিকটিকী। বি; স্ত্রী। ২। অগ্রজা; শ্রেষ্ঠা। জ্যেষ্ঠ+ আপ্। বিণ; স্ত্রী।

জ্যেষ্ঠাধিকার—পৈতৃক সম্পত্তিতে প্রথম পুত্রের অধিকার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জ্যেষ্ঠী—টিকটিকী। জ্যেষ্ঠ+ঈপ্। বি; স্ত্রী।

জ্যৈষ্ঠ—বৎসরের দ্বিতীয় মাস। জ্যৈষ্ঠী (জ্যেষ্ঠানক্ষত্রযুক্তা পূর্ণিমা)+অণ্ তদযুক্ত-মাসার্থে। বি; পুং।

জ্যৈষ্ঠী—জ্যেষ্ঠানক্ষত্রযুক্ত পূর্ণিমা। জ্যেষ্ঠা+ অণ্ যুক্তার্থে+ঈপ্। বি; স্ত্রী।

জ্যোতিঃ (জ্যোতিস্), জ্যোতি—

১। তেজঃ; চৈতন্য; চক্ষুঃ; শাস্ত্রবিশেষ, জ্যোতিঃশাস্ত্র। দ্যুত্‌+ইস্ কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। সূর্য্য; অগ্নি। বি; পুং। ৩। দীপ্তি; প্রকাশ; জ্বালা। দ্যুত্‌+ইস্ ভাববা। বি; স্ত্রী।

জ্যোতিঃশাস্ত্র, জ্যোতির্ব্বিদ্যা—গ্রহ-নক্ষত্রাদির গতি-স্থিতি-সঞ্চারাদি অনুসারে শুভাশুভ-নিরূপণবিষয়ক শাস্ত্র; গ্রহ, উপগ্রহ, নক্ষত্র, ধূমকেতু প্রভৃতির স্বরূপ, সঞ্চার, পরিভ্রমণকাল, গ্রহণ প্রভৃতি ব্যাপার নিরূপণ-বিষয়ক বিদ্যা। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, স্ত্রী।

জ্যোতির্ব্বি(র্বি)ৎ, (−র্ব্বিদ্)—জ্যোতিঃ-শাস্ত্রজ্ঞ পণ্ডিত, জ্যোতিষী। উপতৎ। জ্যোতিস্—বিদ্+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

জ্যোতির্ব্বে(র্বে)ত্তা (−র্ব্বেতৃ)—জ্যোতিঃশাস্ত্রজ্ঞ পণ্ডিত। জ্যোতিস্—বিদ্+তৃন্ কর্ত্তৃবা। বি বা বিণ; পুং। স্ত্রী, −বেত্রী।

জ্যোতির্ম্ম(র্ম)ণ্ডল—মণ্ডলাকার জ্যোতিঃ, সূর্য্যমণ্ডল; গ্রহনক্ষত্রাদি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

জ্যোতির্ম্ম(র্ম)য়—জ্যোতিঃপরিপূর্ণ; জ্যোতিঃ-স্বরূপ; দীপ্তিশালী। জ্যোতিস্+ময়ট্ (জ্যোতিঃ+ময়) স্বরূপার্থে, প্রাচুর্য্যার্থে। বিণ। স্ত্রী, −য়ী।

জ্যোতিশ্চক্র—রাশিচক্র; ভচক্র; কুণ্ডলী। জ্যোতির চক্র (জ্যোতিঃ+চক্র), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

জ্যোতিষ, জ্যৌতিষ—জ্যোতিঃশাস্ত্র। জ্যোতিস্+অণ্ সম্বন্ধার্থে। বি; ক্লীব।

জ্যোতিষিক, জ্যৌতিষিক—১। জ্যোতিঃশাস্ত্রজ্ঞ, জ্যোতির্ব্বেত্তা। জ্যোতিষ+ইক জ্ঞাতার্থে। বি; পুং। ২। জ্যোতিঃশাস্ত্র-সম্বন্ধীয়। জ্যোতিষ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, −কী।

জ্যোতিষী (জ্যোতিষিন্)—জ্যোতি-র্ব্বেত্তা, জ্যোতিঃশাস্ত্রজ্ঞ, গণক। জ্যোতিষ+ইন্ জানে অর্থে। বি বা বিণ; পুং। স্ত্রী, −ষিণী।

জ্যোতিষ্ক—নভোমণ্ডলস্থ গ্রহনক্ষত্রাদি জ্যোতির্ম্ময় পদার্থ। জ্যোতিস্+কন্ স্বার্থে। বি; পুং।

জ্যোতিষ্টোম—যজ্ঞবিশেষ। বি; পুং।

জ্যোতিষ্পথ—আকাশ। জ্যোতির্গণের পথ (জ্যোতিস্+পথ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

জ্যোতিষ্মতী—১। জ্যোতির্ম্ময়ী, দীপ্তি-বিশিষ্টা। জ্যোতিষ্মৎ+ঈপ্। বিণ; স্ত্রী। ২। লতাবিশেষ, লতাফট্‌কি বা নয়াফট্‌কি; জ্যোৎস্নালোকিতা রাত্রি; সত্ত্বগুণময় চিত্ত-বৃত্তি। বি; স্ত্রী।

জ্যোতিষ্মান্ (−ষ্মৎ)—জ্যোতির্ম্ময়, দীপ্তি-বিশিষ্ট। জ্যোতিস্+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, −ষ্মতী।

জ্যোৎস্না—চন্দ্রকিরণ, চন্দ্রিকা, কৌমুদী; কান্তি, শোভা। জ্যোতিস্+ন আছে অর্থে (নিপা)+আপ্। বি; স্ত্রী।

জ্যৌতিষ—জ্যোতিষ দ্রঃ।

জ্যৌতিষিক—জ্যোতিষিক দ্রঃ।

ঝ

ঝ—নবম ব্যঞ্জনবর্ণ, (ইহার উচ্চারণস্থান তালু)। বি।

ঝক্‌ঝক্, −মক্—দীপ্তিপ্রকাশ, উজ্জ্বলতা প্রদর্শন। দেশজ। অব্য।

ঝক্‌ঝকে—সমুজ্জ্বল, চক্‌চকে। ঝক্‌ঝক্+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

ঝক্‌ঝকে−তক্‌তকে—পরিষ্কৃত-পরিচ্ছন্ন, চক্‌চকে। কর্ম্মধা। বিণ। [বি।

ঝক্‌ড়া, ঝগড়া—কলহ, বিবাদ। দেশজ।

ঝক্‌মকি—ঔজ্জ্বল্য, দীপ্তি। ঝক্‌মক+ই ভাবার্থে। বি।

ঝক্‌মারি, −রী—নির্ব্বুদ্ধিতা, আহাম্মুকি; অপরাধ; হয়রানি। দেশজ। বি।

ঝকার—ঝ এই বর্ণমাত্র। ঝ+কার স্বার্থে। বি; পুং। [বি।

ঝঞ্ঝি—ঝাঁঝির; ঝঞ্ঝাট; হাঙ্গামা। দেশজ।

ঝগড়াঝাঁটি—বিবাদ-বিসংবাদ। দেশজ। বি।
ঝগড়াটিয়া, ঝগড়াটে—কলহপ্রিয়। ঝগড়া+টিয়া, টে আসক্তার্থে। বিণ।
ঝঙ্কা(ংকা)র, ঝঙ্কৃ(ংকৃ)তি—ভ্রমরাদির গুঞ্জন; মধুর অস্ফুটধ্বনি; ঝন্‌ঝন্ শব্দ। ঝম্ বা ঝন্—কৃ+ঘঞ্, ক্তি ভাববা। বি; পুং, স্ত্রী।
ঝঙ্কা(ংকা)রা—ঝঙ্কার করা; গুঞ্জন করা, গুন্ গুন্ রবে ডাকা। কবিপ্র। ক্রি।
ঝঙ্কা(ংকা)রিণী—ঝঙ্কারকারিণী: গঙ্গা। ঝঙ্কার+ইন্ আছে অর্থে+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।
ঝঙ্কৃ(ংকৃ)ত—১। শিঞ্জিত, গুঞ্জিত। ঝম্ বা ঝন্—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। ঝঙ্কার। ঝম্ বা ঝন্—কৃ+ক্ত ভাববা। বি; ক্লীব।
ঝঞ্জন, ঝঞ্জনা—ঝন্‌ঝন্ বা ঝম্‌ঝম্ শব্দ; অনুকরণ-শব্দ। অব্য।
ঝঞ্জনায়মান—যাহা ঝন্‌ঝন্ শব্দ করিতেছে এরূপ। ঝঞ্জন+ক্যঙ্ (=ঝঞ্জনায় নামধাতু) +শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।
ঝঞ্জনে—১। ঝন্‌ঝন্ শব্দকারী, সম্পূর্ণ নীরস, অতিশুষ্ক। দেশজ। বিণ। ২। বজ্র। কবিপ্র। বি।
ঝঞ্ঝা—প্রবল বাত্যা, ঝড়; বৃষ্টি; ধ্বনিবিশেষ। ঝম্—ঝট্+ড কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।
ঝঞ্ঝাট—হুড়াহুড়ি, চাপ; লেঠা, দায়, মুস্কিল, অশান্তি, জ্বালা। দেশজ। বি।
ঝঞ্ঝানিল, ঝঞ্ঝাবাত, ঝঞ্ঝামারুত—প্রচণ্ড বায়ু, প্রবল ঝড়; ঝড়বৃষ্টি। ঝঞ্ঝা-যুক্ত অনিল, বাত বা মারুত, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।
ঝঞ্ঝাবর্ত্ত(র্ত)—ঝটিকাবর্ত্ত, প্রচণ্ড ঘূর্ণিবায়ু, অতিপ্রবল ঝড়। ঝঞ্ঝার আবর্ত্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ঝট্—ঝটিতি, শীঘ্র, চটপট, তাড়াতাড়ি। ঝট্+কিপ্ ভাববা। ক্রি-বিণ।
ঝট্‌কা, ঝট্‌কানি—হঠাৎ সবলে টান মারা। দেশজ। বি।
ঝটপট্—১। শীঘ্র শীঘ্র; তাড়াতাড়ি। ক্রি-বিণ। ২। ডানা নাড়ার শব্দ। দেশজ। অব্য।
ঝটাপটি—জড়াজড়ি, ঝাপটাঝাপটি। দেশজ। বি।
ঝটিকা—ঝড়। দেশজ। বি।
ঝটিকাবর্ত্ত(র্ত)—একপ্রকার ঘূর্ণিবায়ু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ঝটিত—ঝটিতি, শীঘ্র। কবিপ্র। ক্রি-বিণ।
ঝটিতি—শীঘ্র, তাড়াতাড়ি। ঝট্+কিতিচ্ কর্ত্তৃবা। অব্য, ক্রি-বিণ।
ঝড়্‌তি, ঝড়্‌তি-পড়্‌তি—উদ্বৃত্ত অংশ; অপব্যয়। দেশজ। বি।
ঝড়, ঝড়ি—ঝটিকা, বাত্যা। দেশজ। বি।
ঝড়াঝড়্—অতি দ্রুত। দেশজ। ক্রি-বিণ।
ঝড়ো, ঝোড়ো—ঝড়ের মত; ঝড়ে পীড়িত বা পতিত। ঝড়্+ও (∠উয়া) সাদৃশ্যাদি অর্থে। বিণ। [অব্য।
ঝণঝণা, ঝনঝনা—ঝণ্‌ঝণ্ শব্দ। বি বা
ঝণঝণায়মান, ঝনঝনায়মান—যাহা ঝন্‌ঝণ্ শব্দে শব্দিত হইতেছে এরূপ। ঝণ-ঝণ্, ঝন্‌ঝন্+ক্যঙ্ (=ঝণঝণায়, ঝনঝনায় নামধাতু)+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।
ঝনৎকার—ঝন্‌ঝন্ ইত্যাকার শব্দ। ঝনৎ—কৃ+ঘঞ্ ভাববা। বি; পুং।
ঝনাৎ—হঠাৎ জোরে ঝন্‌ঝন্ শব্দ। দেশজ। অব্য।
ঝপ্, ঝপ্‌ঝপ্—ঝপ্, শীঘ্র; অনুকার-শব্দ (যেমন, ঝপ্ ঝপ্ করে বৃষ্টি হচ্ছে)। দেশজ। অব্য, ক্রি-বিণ।
ঝপাঝপ—বারবার ঝপ্‌ঝপ্ শব্দ। দেশজ। অব্য। [দেশজ। অব্য।
ঝপাৎ—জাল প্রভৃতির জলে পড়িবার শব্দ।
ঝম্‌ঝম্—বৃষ্টি নূপুর মল প্রভৃতির শব্দ। [এই অর্থে 'ঝমর ঝমর', 'ঝমাঝম'ও হয়]। দেশজ। অব্য।
ঝম্পা—১। লম্ফ, লাফ, ঝাঁপ। ঝম্—পত

+ড ভাববা। বি ; পুং। ২। বাদ্যযন্ত্রবিশেষ। দেশজ। বি।

ঝম্পিত—আচ্ছাদিত। প্রাঃ কবিপ্র। বিণ।

ঝরণা,-না—নির্ঝর, পর্ব্বতাদি হইতে ক্ষরিত জল। ঝর্+না কর্ত্তৃবা। বি।

ঝরা—১। নির্ঝর, ঝরণা। ঝর্+অঙ্ কর্ত্তৃবা +আপ্। বি ; স্ত্রী। ২। অশ্বত্থাদি বৃক্ষমূলে জলদানের নিমিত্ত শাখাবিলম্বিত সচ্ছিদ্র ভাণ্ড (পাত্র)। ঝর্+আ করণবা, অপাবা। বি। ৩। চ্যুত, ভ্রষ্ট ('—ফুল')। বিণ। ৪। ক্ষরিত হওয়া, নিঃসৃত হওয়া, গলিত হওয়া, ফোঁটা ফোঁটা করিয়া পড়া বা বাহির হওয়া। বাং ক্রি। [বিণ।

ঝরিত—ক্ষরিত, যাহা ঝরিয়া পড়িয়াছে।

ঝরী—নির্ঝর, ঝরণা। ঝর+ঈপ্। বি ; স্ত্রী।

ঝর্ঝর—বাদ্যভাণ্ডবিশেষ ; ডিণ্ডিম ; পটহ ; শব্দবিশেষ ; নদবিশেষ। ঝর্ঝ + অরন্ কর্ত্তৃবা। বি ; পুং।

ঝর্ঝরিয়া, ঝর্ঝরে—১। পরিষ্কৃত ; সাফ ; উজ্জ্বল। ঝর্ঝর+ইয়া, এ করে অর্থে। ২। বহুচ্ছিদ্রবিশিষ্ট, একেবারে ভাঙ্গা। 'জর্জ্জর' শব্দজ। বিণ।

ঝলক—জ্বালা, শিখা ; দমকা ; ঔজ্জ্বল্য দীপ্তি, চমক ; মুখ হইতে উদ্গীর্ণ জল। : এক মাত্রা। দেশজ। বি।

ঝলকা, ঝলকান—ঝলক দেওয়া, ঝলকিত বা ঝলসিত হওয়া ; দীপ্তি বিকাশ করা। বাং ক্রি। [যুক্তার্থে। বিণ।

ঝলকিত—ঝলসিত ; উজ্জ্বল। ঝলক+ইত

ঝলঝল, ঝল্‌ঝল্—ঝক্‌ঝক্, উজ্জ্বলতা বিকাশ। দেশজ। অব্য।

ঝলঝলা,-ঝলে—লম্বমান, যাহা ঝুলিয়া আছে এরূপ ; দীপ্তিমান, উজ্জ্বল। দেশজ। ঝল্‌ঝল্+আ, এ করে অর্থে। বিণ।

ঝলসা, ঝলসান—আধপোড়া করা বা হওয়া। বাং ক্রি।

ঝলসিত—ঝলকিত (তাহা দ্রঃ)।

ঝলা—১। জ্বালা, দীপ্তি, চমক, জলুস। বি। ২। জ্বালা, দীপ্তি বিকাশ করা, ঝক্ দেওয়া ; ঝুলিতে থাকা, ঝল্‌মল্ করিয়া ঝুলা। কবিপ্র। ক্রি।

ঝলি—ঝক্‌ঝক্ করিয়া ; ঝলমল্ করিয়া। কবিপ্র। অস-ক্রি।

ঝাউ—বৃক্ষবিশেষ। 'ঝাবুক' শব্দজ। বি।

ঝাঁ—শীঘ্র, ঝটিতি। দেশজ। অব্য।

ঝাঁই—অতি শীঘ্র, নিমেষে ; ঝাঁঝাল ; কর্ণবধিরকারী শব্দ। দেশজ। অব্য, ক্রি-বিণ। [দেশজ। বি।

ঝাঁক—পক্ষি-মৎস্যাদির সমূহ, গণ, দল।

ঝাঁকড়া—ঝোপের মত ; গোছা গোছা লম্বা, এলোথেলো। ঝাঁকড়+আ বিশিষ্টার্থে। বিণ।

ঝাঁকনি, ঝাঁকি, ঝাঁকী, ঝাঁকানি, ঝাঁকুনী—সবেগে ধাক্কা। হিন্দী 'ঝকোরনা' শব্দজ। বি।

ঝাঁকা—১। বড় চেঙ্গারি ; ভারবহনপাত্র। দেশজ। বি। ২। আলোড়িত করা ; কম্পিত করা। বাং ক্রি।

ঝাঁকামুটে—ঝাঁকায় করিয়া মোটবহনকারী মজুর। মধ্যপ কর্ম্মধা। বি।

ঝাঁকারা—ঝঙ্কার দেওয়া ; বমনের বেগ আসা। কবিপ্র। ক্রি।

ঝাঁজ, ঝাঁঝ—জ্বালা, হল্‌কা, তেজ, উগ্রতা ; উগ্রগন্ধ ; কাংস্যবাদ্যবিশেষ ; একপ্রকার নূপুর। দেশজ। বি।

ঝাঁজর, ঝাঁজরা, ঝাঁঝর—ফোঁপরা, সচ্ছিদ্র। দেশজ। বিণ।

ঝাঁজর—কাঁসর ; নূপুরবিশেষ। দেশজ। বি।

ঝাঁজাল—ঝাঁজবিশিষ্ট, তেজাল। ঝাঁজ+আল বিশিষ্টার্থে। বিণ।

ঝাঁজরা, ঝাঁজরি, ঝাঁঝরি—বহুচ্ছিদ্রবিশিষ্ট বড় হাতা, ছান্‌তা ; কয়লার উনানের লৌহময় অঙ্গারাধার ; নর্দ্দমার মুখের গরাদে ; গাছে জল দিবার ঝারি। দেশজ। বি। [শব্দ। দেশজ। অব্য।

ঝাঁঝাঁ—সূর্য্যকিরণের তীক্ষ্ণতা ; দ্রুততাসূচক

ঝাঁট—১। ঝাঁটা দিয়া সম্মার্জ্জন। দেশজ। বি। ২। শীঘ্র। 'ঝটিতি' শব্দজ। অব্য। ক্রি-বিণ।

ঝাঁটা—খাঙ্গরা, সম্মার্জ্জনী। দেশজ। বি।

ঝাঁটান—ঝাঁটা দ্বারা প্রহার করা; ঝাঁটা দিয়া পরিষ্কার করা। বাং ক্রি।

ঝাঁপ—১। ঝম্প, লম্ফ, লাফ। 'ঝম্প' শব্দজ। ২। আগড়, বেড়া। হিন্দী। বি।

ঝাঁপতাল—সঙ্গীতের তালবিশেষ। বি।

ঝাঁপা—১। ঝাঁপ দেওয়া; পতিত হওয়া; চাপা দেওয়া, ঢাকা, আচ্ছাদিত করা, লুকান; ক্ষেপণ করা; মনে উদয় হওয়া, মনে পড়া। প্রাঃ কবিপ্র। ক্রি। ২। শিরোভূষণবিশেষ। দেশজ। বি।

ঝাঁপান—১। গাজনের সময় ঝম্পপ্রদান অনুষ্ঠান; মনসার গান। দেশজ। বি। ২। ঝম্প প্রদান করা, লাফাইয়া পড়া। বাং ক্রি।

ঝাঁপি, ঝাঁপী—ক্ষুদ্র পেটিকা, আচ্ছাদনযুক্ত পেঁৎে বা চুবড়ি। ঝাঁপ+ই, ঈ করণবা। বি।

ঝাট—ঝটিতি, শীঘ্র। 'ঝটিতি' শব্দজ। ক্রি-বিণ।

ঝাটি, ঝাটী, ঝাঁটি, ঝাঁটী—ঝাঁটিগাছ, ঝাঁটিফুল। 'ঝিণ্টী' শব্দজ। কবিপ্র। বি।

ঝাড়—গুচ্ছ, স্তবক; আলোকাধার; মন্ত্র দ্বারা রোগ ভূত প্রভৃতি দূরীকরণ। 'ঝাট' শব্দজ। বি।

ঝাড়ন—ধুলা ঝাড়িবার বস্ত্রখণ্ড; ধুলা দূরীকরণ; ঝাড়ফুঁক। ঝাড়্+অন ভাববা, করণবা। বি।

ঝাড়ফুঁক—ভূতগ্রহ বা রোগ সারাইবার জন্য ফুৎকারসমেত মন্ত্র। দেশজ। বি।

ঝাড়া—১। বস্ত্রাদি বা ঝাঁটা বুরুশ প্রভৃতি দিয়া ধুলা দূর করা; খালি বা উজাড় করা; মন্ত্র দ্বারা রোগ বিষ ভূত প্রভৃতি দূর করা; বাহির করা; নিক্ষেপ করা। বাং ক্রি। ২। পৃথক্‌কৃত; পরিষ্কৃত; নিস্তব্ধীকৃত। হিন্দী-মূলক। ঝাড়্+আ কর্ম্মবা। বিণ।

ঝাড়াই—ঝাড়ার কাজ। ঝাড়া+আই ভাবার্থে। বি।

ঝাড়ান—ধুলা দূর করান; ঝাড়ফুঁক করান; গাছ হইতে পাড়ান বা ঝরান। বাং ক্রি।

ঝাড়াল—ঝাড়বিশিষ্ট, গুচ্ছবিশিষ্ট। ঝাড়্+আল বিশিষ্টার্থে। বিণ।

ঝাড়ু—১। সম্মার্জ্জনী, ঝাঁটা। হিন্দী। ২। চামর। প্রাঃ কবিপ্র। বি।

ঝাড়ুদার—যে ঝাঁট দেয়; মেথর। ঝাড়ু+দার জীবিকার্থে। বি বা বিণ।

ঝাণ্ডা—ধ্বজদণ্ড, নিশান। হিন্দী। বি।

ঝানু—পাকা, ঝুনা, চতুর। 'ঝুনা' শব্দজ। বিণ।

ঝাপটা, ঝাপ্টা—ধাক্কা; বৃষ্টির ছাঁট; দমকা বাতাস; একরূপ অলঙ্কার। দেশজ। বি।

ঝাপ্সা—অস্পষ্ট, ক্ষীণ; অস্পষ্ট দৃষ্টি। দেশজ। বি বা বিণ।

ঝামট, ঝামটা—দমকা, ঝাপটা; কোপ, ক্রোধপ্রকাশ, তিরস্কার। দেশজ। বি।

ঝামর—অনুজ্জ্বল, দীপ্তিশূন্য। প্রাঃ কবিপ্র। বিণ। [বর্ষণোন্মুখ হওয়া। বাং ক্রি।

ঝামরান—রসাধিক্যে ভারী হওয়া;

ঝামা—বেশী পোড়া ইট। 'ঝামক' শব্দজ। বি।

ঝামেলা—গোলমাল, ঝঞ্ঝাট। হিন্দী। বি।

ঝারা—ধারা; সচ্ছিদ্র জলপাত্র দিয়া ক্ষরিত জলধারা। 'ধারা' শব্দজ। বি।

ঝারি, ঝারী—জলপাত্রবিশেষ, গাড়ু। 'ঝৄ' ধাতুজ। বি।

ঝাল—১। কটু, লঙ্কার মত স্বাদবিশিষ্ট। বিণ। ২। লঙ্কা, মরিচ প্রভৃতি ঝাল স্বাদযুক্ত মশলা; ঝাল ব্যঞ্জন; প্রসূতির জন্য ঔষধবিশেষ; ক্রোধ, গাত্রদাহ। 'জ্বাল' শব্দজ। বি। ৩। ভগ্ন পাত্র জুড়িবার পান। দেশজ। বি।

ঝালর—কোঁচকান কাপড়ের পাড় বা কিনারা; খট্বা বা চন্দ্রাতপাদির বেষ্টনবস্ত্র; স্ত্রী-পদাঙ্গুলির ভূষণবিশেষ। 'ঝল্লরী' শব্দজ। বি।

ঝালা—ধাতুপাত্র পান দিয়া জোড়া; কৌশলে অন্যের অর্থাদি আত্মসাৎ করা। বাং ক্রি। [পরিষ্কার করা। বাং ক্রি।
ঝালান—পান দিয়া জোড়ান; সংস্কার করা;
ঝালাপালা—উচ্চ শব্দে বধিরপ্রায়; অতিশয় বিরক্ত। বিণ।
ঝালি, ঝালী—জলসেচনকালে জল জমিবার গর্ত্ত; পেটিকা। দেশজ। বি।
ঝি—দুহিতা, কন্যা, দাসী। ∠ঝিঅ ∠ধিয় ∠ধীদা ∠দুহিতা। বি; স্ত্রী।
ঝিউড়ী—কন্যা। প্রাঃ বাং। বি।
ঝিঁক—উনানের পাড়ের উঁচু অংশ যাহার উপর হাঁড়ী বসান হয় এবং যাহার মধ্যবর্ত্তী ফাঁক দিয়া আঁচ বাহির হয়। দেশজ। বি।
ঝিঁকা, ঝিঁকে—নৌকার হালে সজোরে আকর্ষণ বা টান। দেশজ। বি।
ঝিঁঝিঁ—ঝিঁঝিঁ রবকারী পতঙ্গবিশেষ; ঝিল্লী। 'ঝিল্লী' শব্দজ। বি।
ঝিঁঝিঁট—রাগিণীবিশেষ। বি।
ঝিকমিক, ঝিকিমিকি—দীপ্তিপ্রকাশ, চকচক করা। দেশজ। অব্য, বি।
ঝিঙ্গা, ঝিঙা—তরকারিরূপে ব্যবহার্য্য ফলবিশেষ। 'ঝিঙ্গাক' শব্দজ। বি।
ঝিঙ্গাক—ঝিঙা। লিন্গ্+আক কর্ত্তৃবা (নিপা)। বি; ক্লীব।
ঝিঝিট—রাগবিশেষ। দেশজ। বি।
ঝিণ্ণী—ঝিল্লী, ঝিঁঝিঁ পোকা। ঝিণ্ণ+অচ্ বিশিষ্টার্থে+ঈপ্। বি; স্ত্রী।
ঝিণ্টিকা, ঝিণ্টী—ঝাঁটিগাছ। ঝিণ্টী= ঝিম—রট্+অচ্ কর্ত্তৃবা+ঈপ্; ঝিণ্টিকা= ঝিণ্টী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
ঝিনঝিন, ঝিনঝিনি—(হাতে পায়ে) কম্পনের ন্যায় অনুভূতি বা অসাড়তার লক্ষণ; খিল ধরা। দেশজ। অব্য; বি।
ঝিনুক—শুক্তি; শিশুকে দুধ খাওয়াইবার কুশির মত পাত্রবিশেষ। দেশজ। বি।
ঝিম—অবসন্ন, তন্দ্রালস, নেশায় জড়ীভূত। দেশজ। বিণ।
ঝিমঝিম—(গা-মাথায়) অবশতা বোধ। দেশজ। অব্য।
ঝিমনো, ঝিমানো, ঝিমন, ঝিমনি—নেশা তন্দ্রা ইত্যাদি বশতঃ জড়ীভূত হইয়া ঢুলিতে থাকা। বাং ক্রি।
ঝিয়ারি, ঝিয়ারী—ঝি, কন্যা। প্রাঃ বাং। বি।
ঝিরঝির—মৃদুমন্দভাবে (বাতাস বহা)। দেশজ। অব্য। বিণ, ঝিরঝিরে।
ঝিল—বৃহৎ জলাশয়, সরোবর, হ্রদ। দেশজ। বি। [অব্য।
ঝিলমিল—ঝলমল, ঝিকমিক। দেশজ।
ঝিলমিলি—খড়খড়ি। দেশজ। বি।
ঝিলিক—ঝলক বা ক্ষণস্থায়ী আলোক; বিদ্যুতের চমক; বিদ্যুৎ। দেশজ। বি।
ঝিলিমিলি—১। ঝলমলে; ঝকঝকে ও ঢেউখেলানো। দেশজ। বিণ। ২। ঝিলমিলি। দেশজ। বি।
ঝিল্লিকা, ঝিল্লী—ঝিঁ ঝিঁ পোকা; তেজঃ, ঝাঁঝাঁ; পাতলা চামড়া। ঝিল্লী=চিল্ল+অচ্ কর্ত্তৃবা+ঈপ্; ঝিল্লিকা=ঝিল্লী শব্দ+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।
ঝিল্লীরব—ঝিল্লিধ্বনি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ঝুঁকা, ঝোঁকা—নত হওয়া; পক্ষপাতিত্ব দেখান; আকৃষ্ট হওয়া। বাং ক্রি।
ঝুঁকি, -কী—দায়িত্ব, ভার। দেশজ। বি।
ঝুঁজান—(রক্ত) প্রচুর পরিমাণে নির্গত হওয়া। বাং ক্রি।
ঝুঁটি, ঝুঁটী—বৃষের স্কন্ধস্থিত উচ্চ মাংসপিণ্ড; মস্তকাগ্রে বদ্ধ ক্ষুদ্র খোঁপা; কবরী, খোঁপা; শিখা, টিকি। দেশজ। বি।
ঝুট—১। মিথ্যা, অসত্য; অনর্থক। হিন্দী। বিণ। ২। চূড়া। প্রাঃ কবিপ্র। বি।
ঝুটা, ঝুটো—এঁটো; মিথ্যা; নকল (মুক্তাদি)। দেশজ। বিণ।
ঝুড়ি, ঝুড়ী—ছোট বোড়া। দেশজ। বি।
ঝুড়ি ঝুড়ি—রাশি রাশি; প্রচুর। দেশজ। বিণ।

ঝুনা, ঝুনো—পাকা ও শক্ত (নারিকেল); চতুর, অভিজ্ঞ, ঝানু। 'জীর্ণ' শব্দজ। বিণ।

ঝুমকা, ঝুমকো—দোদুল্যমান গোলাকার পুষ্পবিশেষ; তদাকার কর্ণভূষণ। দেশজ। বি।

ঝুমঝুম—অলঙ্কারাদির শব্দ। দেশজ। অব্য।

ঝুমঝুমি—শিশুর খেলনাবিশেষ। দেশজ। বি।

ঝুমুর—পায়ের গহনাবিশেষ; একপ্রকার অশ্লীল কবিগান। দেশজ। বি।

ঝুরঝুর—ঝর ঝর, আস্তে আস্তে বালি ইত্যাদি খসিয়া পড়ার শব্দ। দেশজ। অব্য।

ঝুরা—১। ঝরা, ঝরিয়া পড়া। দেশজ। ক্রি। ২। অশ্রুমোচন করা, কাঁদা। কবিপ্র। ক্রি। ৩। চূর্ণিত। বিণ।

ঝুরি—১। বটগাছ প্রভৃতির জটা বা শাখালম্বিত মূল, বায়ব্য শিকড়, নামনা। দেশজ। ২। ক্ষুদ্র খণ্ড। প্রাঃ কবিপ্র। বি।

ঝুরিভাজা—বেশম দ্বারা প্রস্তুত খাদ্যদ্রব্যবিশেষ; উত্তমরূপে ভৃষ্ট কোন বস্তুর চূর্ণ। ঝুরিসদৃশ ভাজা, মধ্যপ কর্ম্মধা। বি।

ঝুল—(জামার জন্য) দেহের উচ্চ দিক্ হইতে নিম্নদিকের মাপ; ঘনীভূত ধূম, প্রদীপাদির কালি। 'ঢুল্' ধাতুজ। বি।

ঝুলন—বৈষ্ণবদিগের উৎসববিশেষ; হিন্দোল উৎসব; দোলন। ঝুল্+অন ভাববা। বি।

ঝুলাঝুলি, ঝুলোঝুলি—পীড়াপীড়ি, জেদাজেদি। দেশজ। বি।

ঝুলান—লম্বমান করা; দোলান; টাঙ্গান; গুরুতর অপরাধে অপরাধীকে ফাঁসী দেওয়া। বাং ক্রি।

ঝুলি, ঝুলী—বস্ত্রাদিনির্ম্মিত পাত্র, থলি, পকেট। দেশজ। বি।

ঝেঁটা—ঝাঁটা। দেশজ। বি।

ঝেঁটান—ঝাঁটপাট দেওয়া, ঝাঁটা দিয়া প্রহার করা। বাং ক্রি।

ঝেঁতলা—ধান শুকাইবার মাদুরবিশেষ। দেশজ। বি।

ঝোঁক—আগ্রহ; সখ; আকর্ষণ; জিদ পক্ষপাতিত্ব; ঝুঁকিয়া বা হেলিয়া থাকা ভাব; ঝুঁকি, দায়িত্ব; প্রভাব (যথা নেশার—)। দেশজ। বি।

ঝোঁটন—১। ঝুঁটি। দেশজ। বি। ২ ঝুঁটিযুক্ত। বিণ।

ঝোঁটা—ঝুঁটি (অবজ্ঞায়)। দেশজ। বি।

ঝোড়—ক্ষুদ্র বন। গুল্ম। দেশজ। বি।

ঝোড়া—১। বড় ঝুড়ি; কঞ্চিদ্বারা প্রস্তু পাত্রবিশেষ। বি। ২। পরিষ্কৃত, বাছা ব ছোলা। দেশজ। বিণ। [বি

ঝোপ—ক্ষুদ্র বৃক্ষের বন; গুল্ম। 'ক্ষুপ' শব্দজ

ঝোর—জলপ্রণালী, জল যাইবার পথ দেশজ। বি।

ঝোরা—স্বাভাবিক সামান্য জলস্রোত নির্ঝর, ঝরণা। দেশজ। বি।

ঝোল—জুষ, ব্যঞ্জনের রস। দেশজ। বি।

ঝোলন—দোলন; ঝুলিয়া থাকা। ঝুল্+অ ভাববা। বি।

ঝোলা—১। ঝুলবিশিষ্ট (আস্তিন প্রভৃতি) ঝোলের মত পাতলা ('—গুড়' প্রভৃতি) দেশজ। বিণ। ২। বড় ঝুলি বা থলি দেশজ। বি।

ঝোলান—ঝুলাইয়া দেওয়া; টাঙ্গান; ফাঁ দেওয়া। বাং ক্রি।

ঝ্যাটাতি—ঝাঁটাদ্বারা পরিষ্কারকা ব্যক্তি। প্রাঃ কবিপ্র। বি।

ঞ

ঞ—১। দশম ব্যঞ্জনবর্ণ, (ইহার উচ্চারণ তালু)। ২। বৃষ, শুক্রাচার্য্য; ক্রূরক স্বধর্ম্মভ্রষ্ট ব্যক্তি। বি; পুং। ৩। প্রা বাঙ্গালায় চন্দ্রবিন্দুস্থানে প্রযুক্ত বর্ণ; আধু বাঙ্গালার 'আ', 'য়া' বা 'ইয়'র স্থানে প্র প্রাচীন বাঙ্গালার বর্ণ। ৪। অনুনাসিক ধ্বনি বা বাদ্যধ্বনি; তানপুরা প্রভৃতি ভা

যন্ত্রের ঝঙ্কার ; ঘর্ষণধ্বনি ; ঘর্ঘরশব্দ। বি। ৫। এই আমি। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

ঞি—তদ্ধিতপ্রত্যয়বিশেষ ; কোন কোন ব্যাকরণমতে পাণিনীয় 'ণিচ্'। বি ; পুং।

ঞ্যন্ত—ঞি-প্রত্যয়ান্ত, ণিজন্ত। ঞি অন্তে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, ঞ্যন্তা।

ট

ট—একাদশ ব্যঞ্জনবর্ণ, (ইহার উচ্চারণ-স্থান মূর্দ্ধা)।

টইটুম্বুর—পরিপূর্ণ, ছাপাছাপি ; কানায় কানায় ভরা। দেশজ। বিণ।

টং, টঙ্—১। ঘণ্টা প্রভৃতির ধ্বনি ; অস্থায়ী চালা বা উঁচু মাচান। দেশজ। বি। ২। অতি ক্রুদ্ধ, রেগে খুন ('রেগে—')। 'টঙ্ক' শব্দজ। বিণ।

টং টং, টঙ্ টঙ্—চং চং শব্দ ; অকারণ টহল দিয়া ফেরা, টো টো করিয়া বেড়ান। দেশজ। অব্য।

টক্—শীঘ্র ; অনুকার-শব্দ। দেশজ। অব্য।

টক—১। অম্ল, চুকা। 'তক্র' শব্দজ। বিণ। ২। অম্বল, অম্লব্যঞ্জন। বি।

টক টক—১। টিক্ টিক্, অনুকার-শব্দবিশেষ। দেশজ। অব্য। ২। উজ্জ্বল রক্তবর্ণ, ঘোর লাল, টুক্‌টুকে, টক্‌টকে। দেশজ। বিণ। ৩। টকাটক্ ('—কুড়ান')। দেশজ। ক্রি-বিণ।

টকপালঙ্—একপ্রকার অম্ল শাক, চুকা-পালঙ্। কর্ম্মধা। বি।

টকা—টক হইয়া যাওয়া, অম্ল হওয়া। বাং ক্রি।

টকাটক—তাড়াতাড়ি। দেশজ। ক্রি-বিণ।

টকান—অম্লরসযুক্ত করিয়া ফেলা। বাং ক্রি।

টকি—সবাক্ ছায়াচিত্র। ইং Talkie. বি।

টকো, টোকো—অম্লস্বাদবিশিষ্ট ('—দই')। টক+ও (∠উয়া) বিশিষ্টার্থে। বিণ।

টক্কর—ঠোকর, পরস্পর ধাক্কা, সংঘর্ষ, প্রতি-যোগিতা, উঁছোট ; অপ্রোচ্চ বাধা, বন্ধুরতা। দেশজ। বি।

টগ্‌বগ্—ফুটন্ত জল বা ঘোড়দৌড় ইত্যাদির শব্দ। দেশজ। অব্য।

টগর—স্বনামখ্যাত পুষ্পবিশেষ ; পুষ্পবৃক্ষ-বিশেষ। 'তগর' শব্দজ। বি।

টগরা, টগরে—চতুর, চালাক, সেয়ানা। দেশজ। বিণ।

টঙ্ক—১। প্রস্তর-বিদারক। টন্‌ক্+ণিচ্+অ কর্ত্তৃবা। ২। প্রস্তর ভেদ করিবার অস্ত্র ; খড়্গ ; কোপ। বি ; পুং। ৩। খনিত্র, খননাস্ত্র ; টাকা। বি ; পুং বা ক্লীব। ৪। টঙ্কন, টাঁকা। টন্‌ক্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

টঙ্কণ, টঙ্কন—১। অশ্ববিশেষ, টাঙ্গন। টন্‌ক্+অন কর্ত্তৃবা। বি ; পুং। ২। সোহাগা। বি ; পুং।

টঙ্কপতি—টাঁকশালের কর্ত্তা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

টঙ্কশালা—টাঁকশাল, যেখানে টাকা প্রস্তুত হয়। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

টঙ্কা—টাকা, মুদ্রা। 'টঙ্ক' শব্দজ। বি।

টঙ্কার—ধনুকের জ্যার শব্দ ; প্রসিদ্ধি : খ্যাতি। টন্—কৃ+ঘঞ্ ভাববা। বি ; পুং।

টঙ্গ—১। টাঙ্গী ; খনিত্র, খননাস্ত্র। টন্‌ক্+ঘঞ্ করণবা (নিপা)। বি ; পুং। ২। বৃক্ষের সর্ব্বোচ্চ শাখা ; সর্ব্বোচ্চ স্থান ; মঞ্চ। 'তুঙ্গ' শব্দজ। বি।

টজশ-টজশ—অনর্থক ভ্রমণসূচক শব্দ। দেশজ। অব্য।

টন্‌ক—পাকাপোক্ত, দক্ষ ('কাজে—') প্রাদে। বিণ। [Ton. বি।

টন—২০ হন্দর বা প্রায় ২৭ মণ ওজন। ইং

টনক—খেয়াল, হুঁস। দেশজ। বি। **টনক নড়া**—মনোযোগ আকৃষ্ট হওয়া, হঠাৎ মনে পড়া।

টনিক—বলকারক ঔষধ ; বলকারক। ইং Tonic. বি বা বিণ।

টন্‌টন্‌—কট্‌ কট্‌ ঝন্‌ ঝন্‌ রূপ যাতনা। দেশজ। অব্য। বি, টন্‌টনানি।

টন্‌টনা, টন্‌টনে—পরিপূর্ণ, সম্পূর্ণ; পাকা। দেশজ। বিণ।

টপ্‌—১। ফোঁটা পড়ার ন্যায় শব্দ, শীঘ্রতা-সূচক শব্দ। দেশজ। অব্য।

টপ্‌কানো—ডিঙ্গান, লাফাইয়া পার হওয়া। বাং ক্রি। [অব্য।

টপ্‌টপ্‌—বড় বড় ফোঁটা পড়ার শব্দ।

টপাটপ্‌, টুপ্‌টুপ্‌—তাড়াতাড়ি, উপর্য্যুপরি (গিলা বা খাওয়া)। দেশজ। অব্য। ক্রি-বিণ।

টপ্পা—কবিওয়ালার গানবিশেষ বা ছড়া কাটাকাটি। হিন্দী। বি।

টপ্পাবাজ—টপ্পাগানে নিপুণ। টপ্পা+বাজ নিপুণার্থে। বিণ।

টব—জল রাখিবার বা ফুলগাছ ইত্যাদি রোপণ করিবার গামলা। ইং 'Tub' শব্দজ। বি।

টমটম্‌-এক-ঘোড়ার বগিগাড়ী। ইং 'Tandem' শব্দজ। বি।

টর্চ্চ(র্চ), টর্চ্চ(র্চ)লাইট—একরকমের বিজলী বাতি (Torch, Torch-light). বি।

টর্পেডো—জাহাজ ঘায়েল করিবার বিস্ফোরক অস্ত্রবিশেষ (Torpedo). বি।

টল, টলন—বিচলন; স্খলন; বিহ্বলতা; বিপ্লব। টল্‌+অ, অনট্‌ ভাববা। বি; পুং, ক্লীব।

টলটলায়মান—টলটল করিতেছে এরূপ; টলিয়া বেড়াইতেছে এরূপ; কম্পমান; দোলায়মান; অস্থির। টলটল+কাঙ্‌ (-টলটলায় নামধাতু)+শানচ্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী,—না। [বিণ।

টলমল—অস্থির, কম্পমান। দেশজ।

টলা—নড়া, নড় নড় করা (যেমন, কথা), কম্পিত হওয়া, এদিক্‌ ওদিক্‌ করিয়া কাঁপিয়া বেড়ান, কাঁপিতে কাঁপিতে বা অস্থিরপদে চলা, অস্থির হওয়া। বাং ক্রি।

টলানো, টলান—নড়ান, অন্যথা করান; বিচলিত করা। বাং ক্রি।

টলিত—বিচলিত; যে টলিয়াছে এরূপ। টল্‌+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

টস্‌টস্‌, টুস্‌টুস্‌—ফোঁটা পড়ার শব্দ; পাকা রসের লক্ষণ প্রকাশ; অশ্রুপাতনের অনুকরণ-শব্দ। অব্য। বিণ, টস্‌টসে, টুস্‌টুসে।

টহল—পায়চারি, বৃথা ভ্রমণ ('—দেওয়া'); ভিক্ষার্থে গান করিয়া পর্য্যটন। হিন্দী। বি।

টহলদার—ভ্রমণকারী, চৌকীদার। টহল+দার কর্তা অর্থে। বি বা বিণ।

টা—সংখ্যা বা পরিমাণ-নির্দ্দেশক; তুচ্ছতা-প্রকাশক (অন্ত বিশেষ্যের পরে প্রযুক্ত হইলে)। দেশজ। অব্য।

টাই—১। প্রলোভন; উত্তেজনা, উৎসাহ। প্রাদে। বি। ২। বন্ধন বা বন্ধনী। ইং Tie. বি।

টাইপ—ছাপিবার অক্ষর; প্রকার; পদ্ধতি। ইং Type. বি।

টাইপ-রাইটার—হস্তচালিত ক্ষুদ্র মুদ্রণ-যন্ত্র। ইং Type-writer. বি।

টাইপ-রাইটিং—হস্তচালিত যন্ত্রসাহায্যে চিঠিপত্রাদি মুদ্রিতকরণ। ইং Type-writing. বি।

টাইফয়েড—সান্নিপাতিক, ত্রিদোষজ। ইং Typhoid. বিণ।

টাইম-টেবল—সময়-তালিকা; ট্রেণসমূহের যাতায়াতের সময়, ষ্টেসনসমূহের দূরত্ব ও মাশুলাদি নির্দ্দেশক পত্র বা পুস্তক। ইং Time-table. বি।

টাইম-পিস—ঘটিকাযন্ত্র, ছোট ঘড়ি। ইং Time-piece. বি।

টাউন—নগর, সহর। ইং Town. বি।

টাউনহল—নগরবাসিগণের একত্র সমবেত হইবার স্থান। ইং Townhall. বি।

টাঁক—তাক; সুরুদৃষ্টি, প্রতীক্ষা ('—ক'রে থাকা')। 'তর্ক' শব্দজ। বিণ।

টাঁকশাল—যেখানে টঙ্ক বা মুদ্রা প্রস্তুত হয়। 'টঙ্কশালা' শব্দজ। বি।
টাঁকা—টাঁক করা, প্রতীক্ষায় থাকা; সেলাই করিয়া জোড়া। বাং ক্রি।
টাক—কেশহীনতা, খলতি। 'তালুকীট' শব্দজ। বি। [চাখন। দেশজ। বি।
টাকনা—চাটনির মত অল্প করিয়া খাওয়া,
টাক-পড়া—টাকযুক্ত, কেশশূন্য, ন্যাড়া। বহুব্রী। বিণ। [বি।
টাকরা—তালু, জিহ্বার ঊর্দ্ধদেশ। দেশজ।
টাকা—১। মুদ্রা, রজতমুদ্রা। 'টঙ্ক' শব্দজ। বি। ২। সেলাই করা। 'টনক্' ধাতুজ। ক্রি।
টাকু—সূতা কাটিবার যন্ত্র, তকলি। 'তর্কু' শব্দজ। বি।
টাকুয়া—১। টাকযুক্ত। টাক+উয়া বিশিষ্টার্থে। বিণ। ২। চরকার সূতা গুটাইবার যন্ত্র। টাক+উয়া স্বার্থে। বি।
টাঙ্গান—লটকান, ঝুলান। বাং ক্রি।
টাঙ্গি, টাঙ্গী, টাঙি—কুঠার, পরশু। 'টঙ্গ' শব্দজ। বি।
টাট—পূজার তামার থালা। পালি 'তট্টক' শব্দজ। বি। [বিণ।
টাটকা—তাজা, নূতন। 'তৎকাল' শব্দজ।
টা-টা—(তেষ্টায় গলার মত) শুষ্কতার লক্ষণ প্রকাশ। দেশজ। অব্য।
টাটান—টন্‌টন্ করা, বেদনাযুক্ত হওয়া। বাং ক্রি। **চোখ টাটান**—ঈর্ষান্বিত হওয়া।
টাটি, টাঠি—মৃৎপাত্র, মাটির কটোরা বা খুরী। দেশজ। বি। [বি।
টাটী—আবরণ; পায়খানা। হিন্দীমূলক।
টাটু, টাট্টু—আরব বা ব্রহ্মদেশের ছোট ঘোড়া। হিন্দীমূলক। বি।
টান—আকর্ষণ; আঁট; আসক্তি; চাহিদার বৃদ্ধি; জোরে পান; হাঁপ; অঙ্গভঙ্গী। 'তন্' ধাতুজ। বি।
টানটান—পরিমাণ অপেক্ষাও ঈষৎ অল্প, যাহাতে কষ্টেসৃষ্টে কাজ চলে এরূপ। দেশজ। বিণ।
টানা—১। আকৃষ্ট; লম্বা; দীর্ঘ। বিণ। ২। তাঁতের লম্বা দিকের সূতা (Warp); আকর্ষণ; টানটান রাখিবার জন্ত দড়ি ইত্যাদি। বি। ৩। আকর্ষণ করা। বাং ক্রি।
টানাটানি—অভাব; পরস্পর আকর্ষণ। ব্যতীহার বহুব্রী। বি। [বি।
টানাপাখা—দড়ি-টানা পাখা। কর্মধা।
টানা-পোড়েন—তাঁতের লম্বা দিকের এবং আড়দিকের সূতা; (তদ্রূপ) আনা-গোনা, গমনাগমন, যাতায়াত। দ্বন্দ্ব। বি।
টানাহেঁচড়া—জোর করিয়া নাড়ানাড়ি বা কাজে প্রবৃত্ত করিবার চেষ্টা। দেশজ। বি।
টাপুরটুপুর—বৃষ্টি পড়ার শব্দ। দেশজ। অব্য।
টাবা—একপ্রকার লেবু। দেশজ। বি।
টায়টায়, —টোয়—কোন রকমে, কায়ক্লেশে। দেশজ। অব্য। ক্রি-বিণ।
টায়রা—শিরোভূষণবিশেষ; সম্মুখের কেশ-রাশির উপর পরিধেয় স্বর্ণাদিনির্মিত অলঙ্কার। ইং Tiara. বি।
টাল—বাঁকাভাব, একদিকে টলিবার বা হেলিবার ভাব; তাল, বিপদের ধাক্কা ('—সামলান'); রোগের সময়ে সঙ্কটজনক অবস্থা। দেশজ। বি।
টালবাহানা—মিছি মিছি করিয়া ঘুরান। দেশজ। বি।
টালমাটাল—অস্থিরতা; অনিশ্চয়তা; (কথার) নড়চড়; প্রবঞ্চনা। দেশজ। বি।
টালা—টলান, নড়ান; চালান, চালাইয়া দেওয়া; কাটান, যাপন করা; হেলিয়া পড়া। বাং ক্রি। [বি।
টালি—চেপটা চওড়া ইট। ইং 'Tile' শব্দজ।
টি—টা, সংখ্যানির্দ্দেশক প্রত্যয় (আদরে)। অব্য।
টিউশনি—শিক্ষকতা; গৃহশিক্ষকের কার্য্য। ইং 'Tuition' শব্দজ। বি।
টিক—তাক বা লক্ষ্য, ঘড়ির টিক্‌টিক্ শব্দ। দেশজ। অব্য।

টিকটিক—ঘড়ির শব্দ; টিকটিকীর রব; বিরক্তভাবে খিট্ খিট্ (করা)। দেশজ। অব্য।

টিকটিকী—১। জেঠি, গৃহগোধিকা। টিকটিক্+ঈ করে অর্থে। ২। গোয়েন্দা পুলিশ। ইং 'Detective' শব্দজ। বি।

টিকটিকী পড়া—যাত্রাকালীন প্রতিবন্ধ-সূচক টিকটিকীর শব্দ হওয়া।

টিকল, টিকালো—তীক্ষ, শুকপক্ষীর নাসিকার ন্যায় বক্রোন্নত ('—নাক')। দেশজ। বিণ।

টিকলি, টিকলী—ছোট গোল গোল টুকরা ('আকের—'); কপালে পরিবার টিপ। দেশজ। বি।

টিকসই, টেকসই—মজবুত, স্থায়ী; দৃঢ়। টিক, টেক (=স্থিতি)+সই যোগ্যার্থে। বিণ।

টিকা—১। তিলক, কপালে ফোঁটা; বসন্ত ইত্যাদি রোগের প্রতিষেধক বীজ, টিকে ('—দেওয়া, লওয়া, ওঠা')। 'তিলক' শব্দজ। ২। কয়লাগুঁড়া দিয়া প্রস্তুত বাতাসার আকারের অগ্নিজ্বালনদ্রব্য। দেশজ। বি।

টিকা, টেকা স্থায়ী হওয়া, বজায় থাকা ('বহুকাল—'); তিষ্ঠানো; বাঁচা। বাং ক্রি।

টিকাদার—বসন্তের টিকাদানকারী। টিকা+দার। বি।

টিকারা—বাদ্যযন্ত্রবিশেষ। দেশজ। বি।

টিকি, টিকী—চূড়া, শিখা। দেশজ। বি।

টিকিট—রেলের, থিয়েটারের বা লটারি ইত্যাদির বিশেষ অধিকারমূলক নিদর্শনপত্র; ডাকবিভাগের ষ্ট্যাম্প। ইং 'Ticket' শব্দজ। বি।

টিকিন—লেপ বালিশ ইত্যাদির খোল প্রস্তুত করিবার জন্য একপ্রকার মোটা কাপড়। ইং 'Ticking' শব্দজ। বি। [বি।

টিটকারি—নিন্দা, গ্লানি; বিদ্রূপ। দেশজ।

টিট্টিভ, টিটিভ—তিতির পক্ষী। টিট্টি, টিটি—ভাষ্+ভ কর্তৃবা। বি; পুং।

টিন—রাং, ধাতু; করুগেট, লোহা। ইং Tin. বি।

টিপ, টীপ—বিন্দু; চাকতি; কপালের ফোঁটা ('সিঁদুরের—'); আঙুলের ডগা; লক্ষ্য; চিমটি ('এক—নস্য')। দেশজ। বি।

টিপটিপ—ব্যথা ('মাথা—'); গুঁড়ি গুঁড়ি ('—বৃষ্টি')। দেশজ। অব্য।

টিপয়—তিন পা-ওয়ালা ছোট টেবিল। ইং 'Tripod' শব্দজ। বি।

টিপসহি, টিপসই—বুড়া আঙুলের ডগায় কালি মাখাইয়া ছাপ (Thumb-impression). ওয়াতৎ। বি।

টিপা, টেপা—হাত দিয়া চাপা ('গলা, নাড়ী, কল—'); চাপা ('হাসি—'); ইসারা করা ('চোখ—'); ডলা ('হাত, পা—')। বাং ক্রি।

টিপিটিপি—চুপি চুপি, নিঃশব্দপদসঞ্চারে। দেশজ। ক্রি-বিণ।

টিপুনি—টেপা ('অসুর—'); গুপ্ত সঙ্কেত। টিপ্+উনি ভাববা। বি।

টিপ্পনী—টীকা, গ্রন্থের তাৎপর্য্য-ব্যাখ্যা। টিপ (প্রেরণ করা)+কিপ্ ক=টিপ্, তদুত্তরে পন্+অচ্ কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

টিফিন—অপরাহ্নের জলযোগ। ইং Tiffin. বি।

টিমটিম—মিটমিট, ক্ষীণ আলোকদান। দেশজ। অব্য। বিণ, টিমটিমে।

টিয়া—তোতাপাখীবিশেষ। দেশজ। বি।

টিলা—ক্ষুদ্র উচ্চভূমি; ছোট পাহাড়। হিন্দী। বি।

টীকা—১। সবিস্তার ব্যাখ্যা; বিবৃতি, ব্যাখ্যান। টীক্+ক করণবা+আপ্। বি; স্ত্রী। ২। টিকা (তাহা দ্রঃ)।

টীকাকার—ব্যাখ্যাকার। বি; পুং।

টুঁ, টু—সাড়া, জবাব। দেশজ। অব্য।

টুঁটি—কণ্ঠ, গলা। দেশজ। বি।

টুকটাক—অল্পস্বল্প; ছোটখাটো। দেশজ। বিণ।

টুকটুকে—কান্তিবিশিষ্ট। টুকটুক+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

টুকনি—ছোট ঘটি বা টুকরি, ভিক্ষাপাত্র। দেশজ। বি।

টুকরা, টুকরো—খণ্ড; কাটা অংশ। দেশজ। বি। [দেশজ। বি।

টুকরি, টুকরী—ছোট ঝুড়ি ('আমের—')।

টুকা, টোকা—লিখিয়া লওয়া, কোন কিছু নকল করা; ত্রুটি উল্লেখ করা। বাং ক্রি।

টুঙ্গি, টুঙি—মাচার উপর কুঠরী বা চালা; উচ্চগৃহ; উচ্চস্থানস্থিত কপোতাবাস। 'তুঙ্গ' শব্দজ। বি।

টুটা—১। ভগ্ন, খণ্ডিত, ছিন্ন। টুট্+আ কর্তৃবা। বিণ। ২। ভাঙ্গা, দূর হওয়া, ছিঁড়া; খণ্ডিত হওয়া; ঘুচা। 'ত্রুট্' ধাতুজ। বাং ক্রি। [অব্য।

টুনটুন—ঘণ্টা বা জলতরঙ্গাদির শব্দ। দেশজ।

টুনটুনি, –নী—ছোট পাখীবিশেষ, টুনী পাখী। দেশজ। বি।

টুপ—ছোট বস্তুর ডুবিবার বা পড়িবার শব্দ। দেশজ। অব্য।

টুপটাপ, টুপটুপ—ক্রমাগত জলের ফোঁটা বা ফল পড়ার শব্দ। দেশজ। অব্য।

টুপি, টুপী—মস্তকাবরণ, তাজ। হিন্দী-মূলক। বি। [দেশজ। বিণ।

টুমটাম—সামান্য, হুকুমাক ('—কাজ')।

টুয়ান—লেলাইয়া দেওয়া, উত্তেজিত করা; উস্কাইয়া দেওয়া। বাং ক্রি।

টুল—বসিবার ছোট চৌকি। ইং 'Stool' শব্দজ। বি।

টুলো—টোল-সংক্রান্ত, টোলে পড়া ('—পণ্ডিত')। টোল+ও (∠উয়া)। বিণ।

টুসটুস—টস্‌টস্, রসের পরিপূর্ণতাবোধক শব্দ। দেশজ। অব্য।

টুসি, টুসকি—আঙ্গুল দ্বারা আস্তে আঘাত, টোকা ('—মারা')। দেশজ। বি।

টেংরা, টেঙ্গরা—ক্ষুদ্র মৎস্যবিশেষ। দেশজ। বি।

টেঁক, ট্যাঁক—কোমরের কাপড়; টাকা-কড়ি গুঁজিয়া রাখিবার স্থান। দেশজ। বি।

টেঁকঘড়ি—পকেট ঘড়ি। ৬ষ্ঠীতৎ। বি।

টেঁকশাল—সরকারী মুদ্রা প্রস্তুতের কারখানা (Mint). 'টঙ্কশালা' শব্দজ। বি।

টেঁটা—মাছ মারিবার চৌকি বা অস্ত্রবিশেষ। দেশজ। বি।

টেঁপারি, টেপারী—ক্ষুদ্র অম্লমধুর ফলবিশেষ। দেশজ। বি।

টেঁস, ট্যাঁস—মিশ্র, বর্ণসঙ্কর; দেশীয় খৃষ্টানজাতীয়। দেশজ। বিণ।

টেকা—টিকা, স্থায়ী হওয়া। বাং ক্রি।

টেকো—১। সূতা কাটিবার যন্ত্র; চরকার সূতা গুটাইবার জন্য লৌহশলাকা। 'তর্কু' শব্দজ। বি। ২। মাথায় টাকবিশিষ্ট, টাকযুক্ত। টাক+ও (∠উয়া) বিশিষ্টার্থে। বিণ।

টেক্কা—টক্কর, পাল্লা ('—দেওয়া'); এক-ফোঁটাচিহ্নিত তাস। দেশজ। বি। **টেক্কা-দেওয়া**—প্রতিযোগিতায় শীর্ষস্থান অধিকার করা। [Tax. বি।

টেক্স, ট্যাক্স—শুল্ক, কর, খাজনা। ইং

টেক্সি—ট্যাক্সি (তাহা দ্রঃ)।

টেটন—ধূর্ত, শঠ। দেশজ। বিণ।

টেড়া—বাঁকা, টেরচা। দেশজ। বিণ।

টেড়ি—টেরি দ্রঃ।

টেনা—ছিন্নবস্ত্র, নেকড়া। 'ছিন্ন' শব্দজ। বি।

টেপা—১। টিপিয়া দেওয়া, চাপ দেওয়া; চাপা; ইসারা করা; ডলা। বাং ক্রি। ২। টোল-খাওয়া, চাপা। দেশজ। বিণ।

টেপাই—টিপয় (তাহা দ্রঃ)। [দ্রঃ)।

টেপারি, ট্যাঁপারি—টেঁপারি (তাহা

টেবিল—লেখাপড়া বা খাইবার জন্য সম্মুখস্থ উঁচু চৌকি, মেজ। ইং 'Table' শব্দজ। বি।

টেবো—ফুলো, গোলগাল ('—গাল')। দেশজ। বিণ। [দেশজ। বি।

টের—জানা, বোধ; সংবাদ; কোণ।

টেরচা, তেরচা—বাঁকা, তির্যক্, আড় ('—চাহনি')। 'তির্যচ্' শব্দজ। বিণ।

টেরা—বাঁকা চোখবিশিষ্ট। 'তির্য্যচ্' শব্দজ। বিণ।

টেরি, টেড়ি, তেড়ি—১। বাঁকা সিঁথি, পাশ সিঁথি। বি। ২। বক্রভাবে, কুপিত-ভাবে। 'তির্য্যচ্' শব্দজ। ক্রি-বিণ।

টেলিগ্রাফ—তার, তাড়িত-বার্ত্তাবহ। ইং Telegraph. বি।

টেলিগ্রাম—তারের সাঙ্কেতিক সংবাদ; সাঙ্কেতিক তাড়িতবার্ত্তা। ইং Telegram. বি।

টেলিফোন—দূরশ্রবণযন্ত্র, তাড়িতসংযুক্ত তারযোগে কথোপকথনের কল। ইং Telephone. বি। [দেশজ। বিণ।

টেটুম্বুর—কানায় কানায় (জলে) ভরা।

টোকর—ঠোকর; মৃদু আঘাত। দেশজ। বি।

টোকা—১। তালপাতা ইত্যাদির ছাতা, মাথালি। পোর্ত্তুগীজ 'Touca' শব্দজ। ২। প্রতিকথায় উত্তর; সঙ্কেত। দেশজ। বি। ৩। কাটা; সেলাই করা; লক্ষ্য করা; সাবধান করা; কোন কিছু লিখিয়া রাখা; নকল করা। বাং ক্রি।

টোটকা—মুষ্টিযোগ; রোগনিবারণের জন্য গাছ-গাছড়া। 'ত্রোটক' শব্দজ। বি।

টোটা—বন্দুকের কার্ত্তুজ। দেশজ। বি।

টো-টো—এখানে সেখানে অকারণ ভ্রমণ বা আড্ডা দিয়া বেড়ান। দেশজ। বি।

টোড়ি, তোড়ী—রাগিণীবিশেষ। দেশজ। বি।

টোপ—গুটির মত উঁচু নক্সা ('—তোলা'); বঁড়সিতে গাঁথা মাছের খাদ্য, প্রলোভনের জিনিষ। দেশজ। বি।

টোপর—সোলা ও জরির তৈরী মুকুট। দেশজ। বি।

টোপাকুল—তালরূপ পাকা বড় দেশী কুল। দেশজ। বি।

টোল—চতুষ্পাঠী, চৌপাড়ী; পাঠশালা; ধাত্বাদিনির্ম্মিত পাত্রে আঘাতজনিত গর্ত্ত। দেশজ। বি।

টোস্ট—ঝলসান রুটি। ইং Toast. বি।

টৌড়ী—রাগিণীবিশেষ। দেশজ। বি।

ট্যাঁ—কচি ছেলের কান্নার শব্দ। দেশজ। অব্য। [দেশজ। বি।

ট্যাঁ-ফোঁ—টুঁ-শব্দ, ধারিঘুরি, 'উচ্চবাচ্য'।

ট্যাঁস—ফিরিঙ্গি। দেশজ। বি।

ট্যাক্স—টেক্স দ্রঃ। [বি।

ট্যাক্সি—ভাড়াটে মোটরগাড়ী। ইং Taxi.

ট্যাঙ্ক—জলের চৌবাচ্চা; লৌহাবৃত যুদ্ধযান-বিশেষ। ইং Tank. বি।

ট্যাণ্ডাই, ট্যাণ্ডাই-ম্যাণ্ডাই—চালাকি; কথা-কাটাকাটি; রোখারুখি; ঝগড়া। হিন্দীমূলক। বি।

ট্যামটেমি—বাদ্যযন্ত্রবিশেষ (Tambourine). দেশজ। বি। [বি।

ট্রাম—বিদ্যুৎচালিত যানবিশেষ। ইং Tram.

ট্রেজারি—রাজকোষ, সরকারী খাজনা-খানা। ইং Treasury. বি।

ট্রেণ—রেলগাড়ি। ইং Train. বি।

ঠ

ঠ—১। দ্বাদশ ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা)।

ঠং—ঘণ্টা ইত্যাদির শব্দ। দেশজ। অব্য।

ঠক্, ঠক্‌ঠক্—কাঠের ন্যায় কঠিন জিনিষ ঠুকিবার শব্দ। দেশজ। অব্য।

ঠক্‌ঠক্—১। শুষ্ক কাঠাদির উপর আঘাতের শব্দ। দেশজ। অব্য। ২। কঠিন বিষয়; দায়। কবিপ্র। বি।

ঠক্‌ঠকান—ঠক্‌ঠক্ শব্দ করা; শূন্যতা প্রকাশ করা। বাং ক্রি।

ঠক্‌ঠকি—হস্তচালিত তাঁত; কঠিন ব্যাপার; অব্যক্ত শব্দ। দেশজ। বি।

ঠক—প্রতারক, শঠ; ধূর্ত্ত; দস্যু, ডাকাত। 'স্থল' শব্দজ। বি বা বিণ।

ঠকা—১। বঞ্চিত হওয়া; অকৃতকার্য্য হওয়া; অপ্রস্তুত হওয়া; (বিচারে) বেয়াকুব হওয়া।

বাং ক্রি। ২। প্রতারণা, ছলনা। প্রাঃ কবিপ্র। বি।

ঠকান, ঠকানো—প্রতারণা করা; অপ্রতিভ করা। বাং ক্রি।

ঠকানিয়া, ঠকানে—অপ্রতিভ করিবার মত; ছল করার মত; ভ্রমে পাতিত করার মত। ঠকা+নিয়া, নে কর্ত্তৃবা। বিণ।

ঠকামি, ঠকাম—পরনিন্দা, প্রতারণা; ধূর্ত্ততা। ঠক+আমি, আম কর্ম্মার্থে। বি।

ঠক্কর—হোঁচট, আঘাত। দেশজ। বি।

ঠগ—প্রতারক, বঞ্চক, দস্যু, ডাকাত। 'স্থগ' শব্দজ। বি বা বিণ।

ঠগী—ঠগের কার্য্য; পূর্ব্বকালের ঠগ-নামক দস্যু সম্প্রদায়ের দস্যুতা; দস্যুদল-বিশেষ। দেশজ। বি। [দেশজ। অব্য।

ঠন্, ঠন্ঠন্—ধাতুপাত্র ইত্যাদির শব্দ।

ঠমক—ঠাট, ছলাকলা, হাবভাবযুক্ত চলনভঙ্গী; সঙ্গীতের তালে তালে নৃত্য। দেশজ। বি।

ঠমকি—অঙ্গভঙ্গি করিয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

ঠসক—হাবভাবের সহিত গমন; ছিনালী। হিন্দী। বি।

ঠাওর, ঠাহর—দৃষ্টি, উপলব্ধি; মনোযোগ, নির্দ্ধারণ। দেশজ। বি।

ঠাওরান, ঠাওরানো—ভাবা; স্থির করা; বিবেচনা করা। বাং ক্রি।

ঠাঁই, ঠাঞি—১। স্থান বা স্থানে, নিকট বা নিকটে। কবিপ্র। ২। আশ্রয়; ফাঁক; স্থান; নিকট; ভোজনের জন্ম আসন। 'স্থান' শব্দজ। বি। [দেশজ। বিণ।

ঠাঁই ঠাঁই—পৃথক পৃথক ('ভাই ভাই—')।

ঠাঁই-নাড়া—অন্য স্থানে নীত; বাসস্থান ভিন্ন অন্যত্র উপস্থিত। ৫মীতৎ। বিণ।

ঠাকরুণ, ঠাকরুন—দেবী; পূজনীয়া মহিলা; ব্রাহ্মণী। 'ঠাকুরাণী' শব্দজ। বি; স্ত্রী।

ঠাকুর—দেববিগ্রহ; ব্রাহ্মণ; পূজ্যব্যক্তি; পাচক। উপাধিবিশেষ। 'ঠক্কুর' শব্দজ। বি।

ঠাকুরঘর—দেবগৃহ, দেবমন্দির। ৬ষ্ঠীতৎ। বি।

ঠাকুর-জামাই—নন্দাই, শ্বশুরের জামাই। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; স্ত্রী।

ঠাকুরঝি—ননদ, শ্বশুরের কন্যা। ৬ষ্ঠীতৎ।

ঠাকুর-দাদা—পিতামহ। কর্ম্মধা। বি; পুং।

ঠাকুর-দালান—পূজামণ্ডপ। ৬ষ্ঠীতৎ। বি।

ঠাকুর-পুত্র—দীক্ষাগুরুর পুত্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঠাকুরপো—দেবর, শ্বশুরের পুত্র ও স্বামীর অনুজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ঠাকুরবাড়ী—দেবগৃহ, যে গৃহে দেবপ্রতিমা আছে; গুরুগৃহ; জগন্নাথধাম। ৬ষ্ঠীতৎ। বি। [বি; স্ত্রী।

ঠাকুরমা, ঠাকুমা—পিতামহী। ৬ষ্ঠীতৎ।

ঠাকুরসেবা—দেবপূজা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ঠাকুরাণী,—নী—দেবী; গুরুপত্নী; ব্রাহ্মণী; শাশুড়ী; মান্যা স্ত্রী। ঠাকুর+আনী। বি; স্ত্রী।

ঠাকুরালি—ঠাট্টাতামাসা; প্রভুত্ব; দেবত্ব। ঠাকুর+আলি ভাবাদ্যর্থে। বি।

ঠাট—১। বাহিরের চাল ('—বজায় রাখ।'); কাঠাম, অবয়ব; ভঙ্গী, ঠমক, ধরণ, রকম; হাবভাব, ছেনালি। 'স্থা' ধাতুজ। ২। সঙ্গী; অনুচর, সমূহ, দল; সেনাকটক, সৈন্যদল। প্রাঃ কবিপ্র। বি। [দেশজ। বি।

ঠাট্টা—পরিহাস, কৌতুক, মস্করা, তামাসা।

ঠাণ্ডা—১। শীতল; শান্ত। বিণ। ২। শীতলতা, শৈত্য। দেশজ। বি।

ঠানদিদি—ঠাকুরমা বা তৎস্থানীয়া মহিলা। দেশজ। বি; স্ত্রী।

ঠাম—১। ঠাঁই, স্থান, নিকট; গঠন; মূর্ত্তি। বি। ২। মনোহর, চারু। প্রাঃ কবিপ্র। বিণ।

ঠার—ইঙ্গিত, সঙ্কেত, ইসারা। দেশজ। বি।

ঠারা—১। ইঙ্গিত করা। বাং ক্রি। ২। বক্র হওয়া, দাঁড়ান, স্থির হওয়া, অপেক্ষা করা। কবিপ্র। ক্রি।

ঠারাঠারি—পরস্পর ইসারা। ব্যতীহার বহুব্রী। বি।

ঠারেঠোরে—আকারে ইঙ্গিতে, ইসারায়। দেশজ। ক্রি-বিণ।

ঠাস—১। ঘন ('—বুনন')। দেশজ। বিণ। ২। চড় মারার শব্দ। দেশজ। অব্য।

ঠাসা—গাদা বা ভরা; চাপা; থাসা ('ময়দা—')। বাং ক্রি।

ঠাসাঠাসি, ঠেসাঠেসি—গাদাগাদি; পরস্পর সংলগ্নভাবে; পরিপূর্ণভাবে। ব্যতীহার বহুব্রী। বিণ বা ক্রি-বিণ।

ঠিক—১। প্রকৃত, যথার্থ, সত্য; বিশুদ্ধ, নির্ভুল; শাসিত; প্রস্তুত; উপযুক্ত। বিণ। ২। যোগ, তেরিজ; সত্যতা ('কথার—'); স্থিরতা ('মাথার—'); সন্ধান ('—পাওয়া')। 'স্থা' ধাতুজ বা 'স্থিত' শব্দজ। বি।

ঠিকঠাক—যথাযথ; পরিপাটী। 'ঠিক' দ্র'। বিণ। [দেশজ। বি।

ঠিক ঠিকানা—নির্দ্ধারণ; সুবন্দোবস্ত।

ঠিকরা, ঠিকরে—১। ছোট ঢিল ('কলিকায়—')। দেশজ। বি। ২। ছিটকাইয়া বাহির হওয়া। বাং ক্রি।

ঠিকরানো, ঠিকরনো—ঠিকরাইয়া বা ছিটকাইয়া যাওয়া; বিচ্ছুরিত হওয়া ('হীরকে জ্যোতি—'); প্রখর কিরণাদিহেতু চোখে ধাঁধা লাগা ('চোখ—')। বাং ক্রি।

ঠিকা—১। সাময়িক নিযুক্ত ('—চাকর বা প্রজা'); ভাড়াটিয়া ('—গাড়ী'); খুচরা হিসাবে ('—কাজ')। দেশজ। বিণ। ২। কাজ করিবার চুক্তি; ভাড়া ('—দেওয়া বা লওয়া')। দেশজ। বি।

ঠিকাদার—চুক্তি অনুসারে কার্য্যনির্ব্বাহ-কারী (Contractor)। ঠিকা+দার। বি।

ঠিকাদারি—ঠিকাদারের কাজ। ঠিকাদার +ই কর্ম্মার্থে। বি।

ঠিকানা—নির্দ্দিষ্ট স্থান, বাসস্থান; বসতির নিদর্শন; খোঁজ; স্থিরতা ('সংখ্যার—নাই')। হিন্দীমূলক। বি। [বি।

ঠিকুজি—জন্মপত্রিকা, ছোট কোষ্ঠী। দেশজ।

ঠিং—ঘণ্টা ইত্যাদির মৃদু শব্দ। দেশজ। অব্য।

ঠুংরি, ঠুংরী—ক্ষুদ্র রাগে ও তালে রচিত গানবিশেষ; আটমাত্রার তালবিশেষ। দেশজ। বি। [বিণ।

ঠুঁটা, ঠুঁটো—নুলো, হাত-কাটা। দেশজ।

ঠুক—কঠিন জিনিষ ঠুকিবার মৃদু শব্দ। দেশজ। অব্য।

ঠুকনি—আঘাত, প্রহার ('—দেওয়া', '—খাওয়া')। দেশজ। বি।

ঠুকরান, ঠোকরানো—(পাখীর) ঠোকর দেওয়া বা আঘাত দেওয়া। বাং ক্রি।

ঠুকা, ঠোকা—ঘা মারা; আঘাত করা। বাং ক্রি।

ঠুঙ্গি, ঠুঙি—ছোট ঠোঙা বা ঠোঙ্গা। ঠোঙ্গা +ই ক্ষুদ্রার্থে। বি। [অব্য।

ঠুন্—ধাতুপাত্র ইত্যাদির মৃদুশব্দ। দেশজ।

ঠুনকা, ঠুনকো—ভঙ্গুর। দেশজ। বিণ।

ঠুনকি—প্রসূতির স্তনরোগবিশেষ। দেশজ। বি।

ঠুলি, ঠুলী—গরু ঘোড়া প্রভৃতির চোখের ঢাকনি বা আবরণ। দেশজ। বি।

ঠেং, ঠ্যাং, ঠেঙ, ঠেঙ্গ—পা, পদ। দেশজ। বি।

ঠেঁটা—ধূর্ত্ত, শঠ; কর্কশভাষী; কুতর্ককারী; বেহায়া। দেশজ। বিণ।

ঠেঁটি, ঠেঁটী—পাড়হীন ছোট কাপড়; থানকাপড়। দেশজ। বি।

ঠেক, ঠেকনা—আটক, প্রতিবন্ধক; ধাক্কা; ঠেস; অবলম্বন; চাউল প্রভৃতির পাত্রবিশেষ। দেশজ। বি।

ঠেকা—১। বিঘ্ন, সঙ্কট, দায়, মুস্কিল, বিপত্তি, লেঠা, ঠেলা; (সঙ্গীতে) তাল ও মাত্রা। দেশজ। বি। ২। স্পৃষ্ট হওয়া; দায়ে পড়া; পড়া; আটকে যাওয়া। বাং ক্রি।

ঠেকাঠেকি—পরস্পর স্পর্শ বা ছোঁয়াছুঁয়ি। ব্যতীহার বহুব্রী। বি।

ঠেকান—স্পর্শ করা বা করান; পাতিত করা, ফেলিয়া দেওয়া; বাধা দেওয়া; সামলানো ('তাল—')। বাং ক্রি।

ঠেকার, ঠ্যাকার—দেমাক, গর্ব্ব, অহঙ্কার। দেশজ। বি।

ঠেঙ্গা, ঠেঙা—লাঠি, যষ্টি। দেশজ। বি।

ঠেঙ্গাঠেঙ্গি—লাঠি লইয়া মারামারি। ব্যতীহার বহুব্রী। বি।

ঠেঙ্গাড়িয়া, ঠেঙ্গাড়ে—লাঠিদ্বারা আঘাতকারী; দস্যু, ডাকাত। দেশজ। বি।

ঠেঙ্গানো, ঠেঙানো—লগুড়াঘাত করা। দেশজ। ক্রি। বি, ঠেঙ্গানি, ঠেঙানি।

ঠেটা—ধৃষ্ট। প্রাঃ কবিপ্র। বিণ।

ঠেল—ঠেলা, ধাক্কা। দেশজ। বি।

ঠেলা—১। লেঠা, দায়; রাশি, বিস্তর, আধিক্য, চাপ ('কাজের—')। বি। ২। ধাক্কা দেওয়া, ধাক্কা দিয়া সরান। বাং ক্রি। ৩। ঠেলা দিয়া চালিত ('—গাড়ী')। দেশজ। বিণ। **কথা ঠেলা**—কথা অগ্রাহ্য করা। **জাতে বা সমাজে ঠেলা**—একঘরে করা। **পায়ে ঠেলা**—তুচ্ছতাচ্ছিল্য করা, অনুরোধ উপেক্ষা করা। **বেগার ঠেলা**—অনিচ্ছার সহিত যা'-তা' করিয়া কোন কাজ সমাধা করা।

ঠেলাগাড়ী—হাতে ঠেলিয়া চালাইবার গাড়ী; শিশুদের বেড়াইবার ঐরূপ গাড়ী। কর্ম্মধা। বি।

ঠেলাঠেলি—পরস্পরকে ঠেলা, ভিড়ে ধাক্কাধাক্কি বা হুড়াহুড়ি। দেশজ। বি।

ঠেস—হেলান ('—দেওয়া'); যাহাতে ভর রাখা হয় ('চেয়ারের—'); ঠেকনা; বাঁকা কথা, শ্লেষাত্মক বাক্য ('—দিয়া বলা' কিংবা ঠেসিয়ে বা ঠিসিয়ে বলা)। দেশজ। বি।

ঠেসাঠেসি—১। বেজায় ভিড়, গাদাগাদি। দেশজ। বি। ২। গায়ে গায়ে সংলগ্নভাবে। ক্রি-বিণ।

ঠেসান—১। হেলান, যাহাকে কাত করিয়া রাখা হইয়াছে এরূপ। বিণ। ২। পরস্পর সংলগ্ন করা, ঠেস দেওয়ান্। বাং ক্রি।

ঠোঁট—অধরোষ্ঠ; চঞ্চু। 'ওষ্ঠ' শব্দজ। বি।

ঠোঁট-কাটা—স্পষ্টবক্তা; প্রগল্ভ; ধূর্ত্ত; বেহায়া। বহুব্রী। বিণ।

ঠোকর—পাখীর ঠোঁট বা অস্ত্রাদির আঘাত; অযাচিত মন্তব্যপ্রকাশ বা ফোড়ন ('—দেওয়া' বা '—মারা'); সামান্য অনুশীলন। দেশজ। বি।

ঠোকরান, ঠুকরান—ঠোকর দেওয়া। বাং ক্রি। [বাং ক্রি।

ঠোকা—আঘাত করা; ঘা দেওয়া।

ঠোকাঠুকি—মারামারি। ব্যতীহার বহুব্রী। বি। [দেশজ। বি।

ঠোক্কর—সামান্য আঘাত; মৃদু প্রহার।

ঠোঙ্গা, ঠোঙা—পত্রাদিনির্ম্মিত আধার বা পাত্রবিশেষ। দেশজ। বি।

ঠোনা—ঠোকনা, আঙুল দিয়া গালে আঘাত ('—মারা')। দেশজ। বি।

ঠোর—স্থান, ঠাঁই। প্রাঃ কবিপ্র। বি।

ঠোলা—বড় ঠুলি, ঠোঙ্গা। প্রাদে। বি।

ঠোস—স্ফীতি ('পেট—মারা')। দেশজ। বি।

ঠ্যাটা—ঠেটা (তাহা দ্রঃ)।

ঠ্যাঙ—পাদ, চরণ। দেশজ। বি।

ড

ড—ত্রয়োদশ ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা)।

ডক—জাহাজনির্ম্মাণশালা। ইং Dock. বি।

ডগ, ডগা—আগা, শীর্ষ। দেশজ। বি।

ডগডগে—উজ্জ্বল রক্তবর্ণ, টকটকে; স্পষ্ট। দেশজ। বিণ।

ডগমগ—উদ্বেল, টলটল; বিভোর; পরিপূর্ণ। দেশজ। বিণ। [দেশজ। বি।

ডগলা—বাঁশের আগা; গাছের সরু ডাল।

ডগা—'ডগ' দ্রঃ।

ডঙ্কা(ংকা)—দুন্দুভি; ঢাকা। ড—কৈ+ক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী। **ডঙ্কা মারা**—দম্ভ প্রকাশ করা; সগৌরবে ঘোষণা করা।

ডজন—১২টা। ইং Dozen. বি।

ডন—ব্যায়ামবিশেষ, দণ্ডবৎ ভূপতিত হইয়া ব্যায়াম। হিন্দী। বি। [বিণ।

ডব্‌কা—নবযৌবনযুক্ত ; যৌবনদৃপ্ত। দেশজ।

ডব্‌ডব্‌—অশ্রুসজল ভাব ; বিস্ফারিত ভাব। দেশজ। বি। বিণ, ডব্‌ডবিয়া, ডব্‌ডবে ('—চোখ') ; ('ভিজে—'). [বিণ।

ডবল—দ্বিগুণ। ইং 'Double' শব্দজ।

ডমরু, ডম্বরু, ডম্বুরু—বাদ্যযন্ত্রবিশেষ, ডুগডুগি। দেশজ। বি।

ডম্বর—১। উদ্ধত ; বিখ্যাত। ডম্ব্‌+অর কর্তৃবা। বিণ। স্ত্রী, —রা। ২। আড়ম্বর, বিলাস ; সমূহ ; উৎকম্প। ডম্ব্‌+অর ভাববা। বি ; পুং।

ডম্বল ব্যায়ামের জন্য ভাঁজিবার লৌহপিণ্ড-যুক্ত লৌহদণ্ডদ্বয়। ইং 'Dumb-bell' শব্দজ। বি।

ডর ভয়, শঙ্কা, ত্রাস। হিন্দীমূলক। বি।

ডরা, ডরান—ভয় করা। বাং ক্রি।

ডলন, ডলা—মর্দ্দন করা ; ঠাসা ('ময়দা—')। হিন্দীমূলক। বি বা ক্রি। [ক্রি।

ডলানো—মর্দ্দন করানো, টেপানো। বাং

ডহর—নিম্নস্থান ; নৌকার খোল। 'গহ্বর' শব্দজ। বি। **ডহরা জমি**—নীচু জমি (ইহার বিপরীত 'ডাঙ্গা' জমি)।

ডাইন, ডান—১। মায়াবী, কুহকী। দেশজ। ২। দক্ষিণ। 'দক্ষিণ' শব্দজ। বিণ।

ডান হাতের ব্যাপার—খোরাক, রুটি ('—বন্ধ করা' বা '—মারা') (ব্যঙ্গার্থে)।

ডাইনা—কুহকিনী, মায়াবিনী। 'ডাকিনী' শব্দজ। বি।

ডাইল, ডাউল, ডাল—মুগ ছোলা প্রভৃতি শস্যবীজ। 'দ্বিদল' শব্দজ। বি।

ডাইস—ধাতবদ্রব্যনির্ম্মাণের ছাঁচ ; স্বর্ণ-রৌপ্যাদির অলঙ্কারের নক্সা করিবার ছাঁচ। ইং 'Dies' শব্দজ। বি।

ডাং, ডাণ্ডা—দণ্ড ; ডাণ্ডাগুলি খেলিবার ডাণ্ডা। দেশজ। বি।

ডাংগুলি—ডাণ্ডুলি দ্রঃ।

ডাংপিটা, ডাংপিটে, ডানপিটে—গোঁয়ার, অসমসাহসী। দেশজ। বিণ।

ডাঁট—দৃঢ় ; সবল ; অর্দ্ধপক্ব। দেশজ। বিণ।

ডাঁটা—সরু ডাল, খাড়া। দেশজ। বি।

ডাঁটি, ডাঁটী—হাতল বা মুষল ; ছত্রাদির দণ্ড। দেশজ। বি।

ডাঁটো—দৃঢ় ; অপক্ব। দেশজ। বিণ।

ডাঁশ—তীব্রদংশনকারী মক্ষিকাবিশেষ। 'দংশ' শব্দজ। বি।

ডাঁশা, ডাঁসা—১। আধ-পাকা। দেশজ। বিণ। ২। দেওয়ালে প্রোথিত ক্ষুদ্র দণ্ড। বি।

ডাক—১। আহ্বান ; উচ্চ শব্দ ; পশু-পক্ষীর স্বাভাবিক রব ; পক্ষিবিশেষ ; চিঠিবিলি-সম্বন্ধীয় সরকারী ব্যবস্থা (Post) ; চিঠিপত্র ; খ্যাতি ('নাম—')। দেশজ। ২। পক্ষিবিশেষ, ডাহুক। 'দাত্যূহ' শব্দজ। বি।

ডাকগাড়ী—যে রেলগাড়ীতে ডাক যাতায়াত করে (Mail train), ডাকবাহী গাড়ী, মধ্যপ কর্ম্মধা। বি।

ডাক-ঘর—চিঠিবিলি-সম্বন্ধীয় কর্ম্মশালা (Post office). ৬ষ্ঠীতৎ। বি।

ডাকনাম—যে নাম ধরিয়া ডাকা হয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি।

ডাকবাংলা—সরকারী লোকদিগের জন্য মফস্বলের পান্থশালা (Bungalow). দেশজ। বি।

ডাকবিভাগ—যে বিভাগ পত্রাদি প্রেরণ ও বিতরণের কার্য্য করে (Postal Department). ৬ষ্ঠীতৎ। বি।

ডাকমাশুল—ডাকখরচা, পত্রাদি বহন জন্য পোষ্ট অফিসে দেয় অর্থ। ৬ষ্ঠীতৎ। বি।

ডাকমুন্সী, —মুন্সী—পোষ্টমাষ্টার ৬ষ্ঠীতৎ। বি।

ডাকসাইটে, —সাইটা, —জিতে—সুবিখ্যাত ; কুখ্যাত। দেশজ। বিণ।

ডাকহরকরা—পত্রাদিবাহক ; যে ডাকে

থলিয়া এক পোস্ট অফিস হইতে অন্ত পোস্ট অফিসে লইয়া যায় (Runner). বি।

ডাকা—১। আহ্বান করা। বাং ক্রি। ২। দস্যু। 'ডাকাইত' বা 'ডাকাত' শব্দজ। ৩। ডাকাতি। প্রাঃ কবিপ্র। বি।

ডাকাইত, ডাকাত—দস্যু, দুঃসাহসী বা প্রাণঘাতী চোর। হিন্দীমূলক। বি।

ডাকাইতি, ডাকাতি—দস্যুবৃত্তি, লুঠতরাজ। ডাকাইত, ডাকাত+ই কর্ম্মার্থে। বি।

ডাকিনী—পিশাচীবিশেষ; ডাইনী। ডাক +ইন্+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী।

ডাকু—ডাকাত, দস্যু। হিন্দী। বি।

ডাক্তার—চিকিৎসক। ইং Doctor. বি।

ডাক্তারখানা—ডাক্তারের বসিবার স্থান; এলোপ্যাথিক ঔষধ পাইবার স্থান। ৬ষ্ঠীতৎ। বি।

ডাক্তারি(রী)—১। চিকিৎসা, ডাক্তারের কার্য্য। ডাক্তার+ই, ঈ কর্ম্মার্থে। বি। ২। ডাক্তারসংক্রান্ত। ডাক্তার+ই, ঈ সম্বন্ধার্থে। বিণ।

ডাগর—বৃহৎ, বড়। 'দীর্ঘ' শব্দজ। বিণ।

ডাঙ্কশ, ডাঙশ—অঙ্কুশ, হাতী চালাইবার দণ্ড বা ঠেঙ্গা। দেশজ। বি। [বি।

ডাঙ্গা, ডাঙা—স্থলদেশ; উচ্চভূমি। দেশজ।

ডাঙ্গুলি, ডাংগুলি—ডাণ্ডাগুলি খেলা। দেশজ। বি।

ডাণ্ডা—দণ্ড (তাহা দ্রঃ)। 'দণ্ড' শব্দজ। বি।

ডান—ডাইন দ্রঃ। [দেশজ। বি।

ডানকুনি—ক্ষুদ্র মৎস্যবিশেষ; শাকবিশেষ।

ডানপিটে—দুর্দ্দান্ত; গোঁয়ারগোবিন্দ। দেশজ। বিণ। [বি।

ডানা—পক্ষ (পাখীর বা মাছের)। দেশজ।

ডানা-কাটা—পক্ষবিহীন। দেশজ। বিণ।

ডানা-কাটা পরী—অনিন্দ্য সুন্দরী (ব্যঙ্গার্থে)।

ডাব—অপক্ক নারিকেল। দেশজ। বি।

ডাবর—পান রাখিবার আধার। দেশজ। বি।

ডাবা—গরুর জাব রাখিবার আধারবিশেষ; খেলো ('—হুঁকা')। দেশজ। বি বা বিণ।

ডামর—চোর। প্রাঃ কবিপ্র। বি।

ডামাডোল, —ডোল—গণ্ডগোল, বিশৃঙ্খলা। দেশজ। বি।

ডায়মন—হীরার মত পলতোলা নক্সা ('—কাটা বালা')। ইং 'Diamond' শব্দজ। বি।

ডাল—ডাইল দ্রঃ। শাখা। 'দল' শব্দজ। বি। [বি।

ডালকুত্তা—শিকারী কুকুরবিশেষ। দেশজ।

ডালনা—ব্যঞ্জনবিশেষ। প্রাদে। বি।

ডালপালা—শাখা ও পত্র। দ্বন্দ্ব। বি।

ডালা—১। বড় চেঙ্গারি। 'ডল্লক' শব্দজ। ২। দেবস্থানে পূজার উপকরণ সহিত শরা; ঢাকনি ('বাক্সের—'); শাখা। দেশজ। বি।

ডালি—পূজোপহার; আধার ('রূপের —'); ছোট ডালা; উপঢৌকন, নজর। ডালা+ই ক্ষুদ্রার্থে। বি।

ডালিম—দাড়িম্ব। 'দাড়িম্ব' শব্দজ। বি।

ডাহা—পুরাপুরি, অবিকল। দেশজ। বিণ।

ডাহিন—দক্ষিণ, ডান। 'দক্ষিণ' শব্দজ। বিণ।

ডাহুক—দাত্যূহ, ডাকপাখী। 'দাত্যূহ' শব্দজ। বি। [Dictator. বি।

ডিক্টেটর—রাষ্ট্রনায়ক, সর্ব্বাধিনায়ক। ইং

ডিক্রি, ডিক্রী—আদালতের হুকুম বা রায়। ইং Decree. বি।

ডিক্রীজারি—ডিগ্রিজারি (তাহা দ্রঃ)।

ডিক্রীদার—আদালত যাহার পক্ষে মোকদ্দমা ডিক্রি দিয়াছে। ডিক্রী+দার। বি।

ডিগ্ ডিগে—ছিপ্ ছিপে, পাতলা ('—গড়ন')। দেশজ। বিণ।

ডিগবাজী—উল্লম্ফন-ক্রীড়া, পদামপাত্ত খেলাবিশেষ। দেশজ। বি।

ডিগ্রি, ডিগ্রী—১। তাপমানযন্ত্রে নির্দ্দিষ্ট তাপের পরিমাণজ্ঞাপক সংজ্ঞা; কোণের পরিমাণ; পরীক্ষায় প্রাপ্ত উপাধি। ইং Degree. ২। অভিযোগকারীর অনুকূলে

বিচারকের আদেশপ্রদান, ডিক্রী। ইং Decree. বি।
ডিগ্রি(গ্রী)জারি—অভিযুক্ত দেনদার অথবা সাধারণের নিকট বিচারকের আদেশপ্রচার। ৬ষ্ঠীতৎ। বি।
ডিগ্রি(গ্রী)দার—ডিগ্রীপ্রাপ্ত অভিযোক্তা। ডিগ্রি + দার প্রাপ্ত অর্থে। বি।
ডিঙ্গন, ডিঙ্গান—উল্লঙ্ঘন, ডিঙান। বাং ক্রি। [বি।
ডিঙ্গর—শঠ, ধূর্ত্ত, ডেঙ্গরা; নীচ। দেশজ। [বি।
ডিঙ্গা, ডিঙ্গী—ক্ষুদ্র নৌকা, দ্রোণী। দেশজ। বি। [বি।
ডিটেক্টিভ—গোয়েন্দা। ইং Detective.
ডিণ্ডিম—একপ্রকার প্রাচীন বাদ্যযন্ত্র। ডিণ্ডি—মি + ড কর্ত্তৃবা। বি; পুং।
ডিনামাইট—উগ্র বিস্ফোরক পদার্থ (Dynamite). বি। [বি।
ডিপজিট—গচ্ছিত রাখা। ইং Deposit.
ডিপুটী, ডেপুটী—প্রতিনিধি; মহকুমার শাসনকর্ত্তা। ইং Deputy. বি।
ডিপুটীগিরি, ডেপুটীগিরি—ডিপুটীর কার্য্য, ফৌজদারীর হাকিমের কার্য্য। ডিপুটী, ডেপুটী + গিরি কর্ম্মার্থে। বি।
ডিপে, ডিবা, ডিবে—(পাণের) কৌটা বা বাটী, কেরোসিনের ছোট ল্যাম্প। দেশজ। বি। [Depot. বি।
ডিপো—গুদাম, মালপত্র রাখিবার স্থান। ইং
ডিবেঞ্চার—ঋণপত্র। ইং Debenture. বি।
ডিভিসন—সেনাদলবিশেষ; প্রদেশের অংশ। ইং Division. বি।
ডিম—অণ্ড। 'ডিম্ব' শব্দজ। **ঘোড়ার ডিম**—কিছুই না (ব্যঙ্গার্থে)।
ডিমাই—কাগজের আকারবিশেষ। ইং Demy. বি।
ডিম্ব—অণ্ড, ডিম; শিশু; ফুস্ফুস্। ডিম্ব্ + অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।
ডিম্বক—(প্রাণিতত্ত্বে) ক্ষুদ্র ডিম্ব (Ovum). ডিম্ব + কন্ স্বার্থে বা ক্ষুদ্রার্থে। বি।
ডিম্বকোষ—পুষ্পযোনি। ডিম্বাকার কোষ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।
ডিম্বাণু—ক্ষুদ্র ডিম্ব (Ovum). ৬ষ্ঠীতৎ; বি।
ডিম্বাশয়—(প্রাণিবিদ্যায়) স্ত্রী-পশুর জরায়ু, স্ত্রী-জননগ্রন্থি; (উদ্ভিদ্তত্ত্বে) পরাগকেশরের বীজাধার (Ovary). ৬ষ্ঠীতৎ। বি।
ডিস্‌মিস্—বাতিল ('মামলা—'); কাজে বরখাস্ত (করা)। ইং Dismiss. বি।
ডিসেম্বর—ক্রিশ্চিয়ান বৎসরের শেষ মাস (December). বি।
ডিহি—কতকগুলি গ্রামের সমষ্টি, চাকলা; জমিদারের সদর কাছারী। ফার্সীমূলক। বি।
ডুকরনো, ডুকরানো—ডুকরিয়া বা ফোঁপাইয়া কাঁদা। বাং ক্রি।
ডুগি, ডুগডুগি—ডমরু, বাদ্যযন্ত্রবিশেষ, বাঁয়া। দেশজ। বি।
ডুব, ডুবন—১। ডুবিয়া যাইবার উপযুক্ত গভীর। দেশজ। বিণ। ২। নিমজ্জন, অবগাহন। ডুব্ + অ, অন ভাববা। বি।
ডুবা—ডুব দেওয়া, মগ্ন হওয়া। বাং ক্রি।
ডুবান—মজ্জিত করা, মজান ('মাথায় পা দিয়া—')। বাং ক্রি।
ডুবারি, ডুবুরি—ডুব দিতে পটু ব্যক্তি, ডুব-ব্যবসায়ী, যে ডুবিয়া জলতল হইতে দ্রব্যাদি উত্তোলন করে। ডুব্ + আরি, উরি কর্ত্তৃবা। বি।
ডুবি—নিমজ্জন, নিমগ্ন হওয়া। ডুব্ + ই ভাববা। বি।
ডুবুডুবু—মগ্নপ্রায়; অস্তমিতপ্রায়; বন্যাপ্লাবিত; মাতোয়ারা। দেশজ। বিণ।
ডুমা, ডুমো—ডেলার মত বস্তু। দেশজ। বি।
ডুমুর—ফল বা তরকারিবিশেষ, উড়ুম্বর। 'উড়ুম্বর' শব্দজ। বি। **ডুমুরের ফুল**—যাহাকে বড় একটা দেখিতে পাওয়া যায় না; দুর্লভ বা দুষ্প্রাপ্য বস্তু।
ডুরি—ডোর, হস্তবন্ধনসূত্র; দড়ি, রজ্জু; বন্ধন; নির্জ্জনতা। প্রাঃ কথিত। বি।

ডুরে—ডোরা-কাটা, চেক্ ('—শাড়ী')। ডোরা+এ (∠ইয়া) যুক্তার্থে। বিণ।

ডলি, ডলী—ক্ষুদ্র শিবিকাবিশেষ। 'দোলিকা' শব্দজ। বি।

ডেঁপো, -কো—ধৃষ্ট, বকাটে ('—ছোকরা')। দেশজ। বিণ।

ডেক—১। রন্ধনস্থালীবিশেষ। ফার্সী। ২। জাহাজের পাটাতন। ইং Deck. বি।

ডেকচি—ছোট ডেক। ফার্সী। বি।

ডেকরা, ড্যাক্‌রা, ডেগরা—অশিষ্ট, দুষ্ট; পাজি। দেশজ। বিণ।

ডেঙ্গর—উকুনবিশেষ। দেশজ। বি।

ডেঙ্গোজ্বর—জ্বরবিশেষ। ইং Dengue+জ্বর। বি।

ডেপুটি—সহকারী ম্যাজিষ্ট্রেটবিশেষ। ইং Deputy. বি।

ডেবরা, ড্যাব্‌রা, ড্যাব্‌ডেবে—বড় বড়, উন্নত, বিস্ফারিত ('—চোখ')। দেশজ। বিণ।

ডেমি—একপ্রকার মোটা কাগজ; দলিল প্রভৃতি লিখিবার কাগজ। ইং 'Demy' শব্দজ। বি।

ডেমেজ, ড্যামেজ—ক্ষতি, লোকসান। ইং Damage. বি।

ডেয়ে, ডেয়ো—পিপড়াবিশেষ। দেশজ। বি।

ডেরা—বাসা, আবাস; বাসস্থান; শহর। দেশজ। বি।

ডেলা—ঢিল, তাল ('রক্ত বা ময়দার—')। দেশজ। বি।

ডেশ, ড্যাশ—চিহ্নবিশেষ, '—' এইরূপ চিহ্ন। ইং Dash. বি।

ডেস্‌ক—লিখিবার টেবিল। ইং Desk. বি।

ডেষ্ট্রয়ার—একরকমের যুদ্ধজাহাজ (Destroyer). বি।

ডোকরা—ড্যাকরা, হতভাগা। দেশজ। বিণ।

ডোক্‌লা—অপব্যয়ী, লক্ষ্মীছাড়া; পেটুক। দেশজ। বিণ।

ডোঙ্গা, ডোঙা—সালতি, ডিঙ্গীবিশেষ; শ্রাদ্ধাদিতে ব্যবহারের জন্য কলাপেটো-নির্ম্মিত ক্ষুদ্র পাত্র। দেশজ। বি।

ডোজ—ঔষধের মাত্রা। ইং Dose. বি।

ডোবা—১। ডুবা, ডুব দেওয়া। বাং ক্রি। ২। ছোট বা এঁদো পুকুর। দেশজ। বি।

ডোম—জাতিবিশেষ। দেশজ। বি; পুং। স্ত্রী, ডোমনী, ডুমনী।

ডোর, ডোরক—বাহু প্রভৃতিতে বন্ধনসূত্র, যথা সূতার তাগা, ঘুনসী, কার প্রভৃতি। ডোর—দোস্—রা+ক কর্ত্তৃবা। ডোরক=ডোর শব্দ+কন্ স্বার্থে। বি; ক্লীব।

ডোরা-ডোরা—চিত্রিত নানাবর্ণের লম্বা দাগবিশিষ্ট। দেশজ। বিণ।

ডোল—১। বংশনির্ম্মিত শস্যাধার, ছোট গোলা; ডুলি; কুয়া হইতে জল তুলিবার পাত্রবিশেষ। দেশজ। বি। ২। কম্পিত, কম্পমান। প্রাঃ কবিপ্র। বিণ।

ডোলী, ডুলী—ক্ষুদ্র শিবিকা; যানবিশেষ। 'ডুল' ধাতুজ। বি।

ডৌল, ডোল—গড়ন, আকার ('মুখের—')। দেশজ। বি।

ড্রয়িং—রেখাচিত্র, রেখাঙ্কন। ইং Drawing. বি।

ড্রাম—১। বিলাতী ওজনবিশেষ। ইং Dram. ২। রণভেরী। ইং Drum. বি।

ড্রিল—নিয়মিত অঙ্গচালনা; ব্যায়াম; কচ-কাওয়াজ। ইং Drill. বি।

ড্রেন—নর্দ্দমা। ইং Drain. বি।

চ

চ—চতুর্দ্দশ ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা)।

চং—চঙ দ্রঃ। ঘণ্টা ইত্যাদির শব্দ। অব্য।

চক্কা—পটহ, ঢাক। চক্+কৈ+ক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

চঙ, চঙ্, চং—১। আকৃতি, চেহারা, ভাব; কপট ব্যবহার, ছল; ছদ্মবেশ। দেশজ। বি। ২। কথা কহিবার প্রণালী। প্রাঃ কবিপ্র। বি।

ঢনঢন—শূন্য কলসী প্রভৃতিতে আঘাতের শব্দ। অনুকার-শব্দ। অব্য।

ঢনঢনে—শূন্যগর্ভ; খালি। ঢনঢন+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

ঢপ—এক প্রকার কীর্ত্তন গান; আকৃতি, ঢঙ্গ, চেহারা, ভাব, ভঙ্গী। দেশজ। বি।

ঢল—১। বন্যা; পর্ব্বত প্রভৃতি হইতে বহির্গত জল; নিম্নস্থান। দেশজ। বি। ২। বিহ্বল। প্রাঃ কবিপ্র। বিণ।

ঢলঢল, –ঢলে—টলটলায়মান, টলটল; ঢুলু ঢুলু; তরল; কোমল ও উজ্জ্বল; লাবণ্যময়। দেশজ। বিণ।

ঢলন—ঢলিয়া পড়া। ঢল্+অন ভাববা। বি।

ঢলা—হেলিয়া বা ঝুঁকিয়া পড়া, পক্ষপাতী হওয়া, টলা; ঢুলু ঢুলু করা। বাং ক্রি।

ঢলাঢলি—কেলেঙ্কারি, লোক-হাসাহাসি। দেশজ। বি।

ঢলান—১। ঢলা ক্রিয়া করান; কুৎসিত ভাব প্রদর্শন করা, মাতলাম করা, মাতালের মত কার্য্য করা। বাং ক্রি। ২। কুৎসিত ভাব প্রদর্শন, মাতলাম, মাতালের মত কার্য্য করণ। ঢলা+ন ভাববা। বি।

ঢলানী—বেশ্যা, কুলটা। ঢলানে+ঈ স্ত্রী। বি বা বিণ; স্ত্রী।

ঢলানে—যে কেলেঙ্কারি করে। ঢলা+নে (∠নিয়া) কর্তৃবা। বি; পুং।

ঢাক—ঢক্কা, পটহ। 'ঢক্কা' শব্দজ। বি। **ঢাক ঢাক গুড় গুড়**—রহস্য বা কলঙ্ক চাপিয়া রাখার চেষ্টা।। **ঢাক পেটা**—সর্ব্বত্র প্রচার বা জাহির করা।

ঢাকনা, ঢাকনি, ঢাকনী—আচ্ছাদন, আবরণবস্তু, চাপা। ঢাক+অনা, অনি, অনী করণবা। বি।

ঢাকা—১। ঢাকনা, চাপা। ঢাক্+আ ভাববা। বি। ২। আবৃত করা, আচ্ছাদন করা, গোপন করা, লুকান। বাং ক্রি। ৩। আবৃত; লুক্কায়িত; গুপ্ত। ঢাক্+আ কর্ম্মবা। বিণ।

ঢাকাই—ঢাকা অঞ্চলে প্রস্তুত ('—শাড়ি'); ঢাকা-সংক্রান্ত। ঢাকা+ই ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ।

ঢাকী—ঢাকবাজনদার। ঢাক+ঈ বাদক অর্থে। দেশজ। বি। **ঢাকী শুদ্ধ বিসর্জ্জন**—সর্ব্বস্ব জলাঞ্জলি।

ঢাল—ফলক, চর্ম্ম; ক্রমনিম্নতা। দেশজ। বি।

ঢালা—১। পাত্র হইতে পাত্রান্তরে প্রবাহিত করা; বর্ষণ করা। বাং ক্রি। ২। উত্তাপে তরল করিয়া ঢালাই করা; বিস্তৃত; ছড়ান; প্রশস্ত; প্রচুর; বিছান। ঢাল্+আ কর্ম্মবা। বিণ।

ঢালাই—১। ছাঁচে ঢালার কাজ। ঢাল্+আই ভাববা। বি। ২। ছাঁচে ঢালিয়া প্রস্তুত। ঢাল্+আই কর্ম্মবা। বিণ।

ঢালাও, ঢালা—বিস্তৃত ('—বিছানা'); দেদার ('—জিনিষ')। দেশজ। বিণ।

ঢালাঢালি—বারবার ঢালা। দেশজ। বি।

ঢালী (ঢালিন্)—ঢালযুক্ত, ঢালধারী। ঢাল+ঈ বিশিষ্টার্থে। বিণ।

ঢালু—গড়ানিয়া, গড়ানে, ক্রমনিম্ন ('—জমি')। ঢাল+উ বিশিষ্টার্থে। বিণ।

ঢিট, ঢীট—১। শায়েস্তা; শাসিত। দেশজ। ২। চতুর, শঠ, ধূর্ত্ত। প্রাঃ কবিপ্র। বিণ।

ঢি-ঢি—ধিক্ ধিক্ শব্দ, অখ্যাতি। 'ধিক্ ধিক্' শব্দজ। অব্য।

ঢিঢিকার—ধিক্কারধ্বনি, নিন্দাসূচক শব্দ। 'ধিক্কার' শব্দজ। বি।

ঢিপ্—কঠিন বস্তুতে আঘাতের শব্দ। দেশজ। অব্য।

ঢিপ্ ঢিপ্—ধড়্ ধড়্, ধড়ফড়ানি ('বুক—') দেশজ। অব্য।

ঢিপনি, ঢিপুনি—কিল চড় ইত্যাদি দ্বারা বেদম প্রহার। দেশজ। বি।

ঢিপি, ঢিবি—উচ্চস্থান; স্তূপ, কাঁড়ি দেশজ। বি।

ঢিমা, ঢিমে—মৃদু, মন্থর; নম্র; মন্দ; ক্ষীণ দেশজ। বিণ।

ঢিমাতেতালা, ঢিমেতেতালা—সঙ্গীতের তালবিশেষ। কর্ম্মধা। বি।

ঢিল—ছোট ইট, ইষ্টক বা মাটির ডেলা। দেশজ। বি।

ঢিলা, ঢিলে—১। আলগা ('—জামা'); কাজে কুড়ে বা মাটো। দেশজ। বিণ। ২। শৈথিল্য, আলস্য। দেশজ। বি।

ঢিলামি—শৈথিল্য, আলস্য। ঢিলা + মি ভাবার্থে। বি।

ঢুঁ, ঢু—শিং বা মাথা দিয়া গুঁতা ('—মারা')। দেশজ। বি।

ঢুঁড়া, ঢোঁড়া—অন্বেষণ করা, খুঁজা। প্রাঃ কবিপ্র। ক্রি।

ঢুকা, ঢোকা—প্রবেশ করা। বাং ক্রি।

ঢুকান, ঢুকানো, ঢোকানো—প্রবেশ করান। বাং ক্রি।

ঢুড়া, ঢোড়া—খোঁজা। প্রাঃ কবিপ্র। ক্রি।

ঢুঢু—ফাঁকি, কিছু না। দেশজ। বি।

ঢুল, ঢুলুনি—ঝিমানো, তন্দ্রাবেশে ঢুলিয়া পড়া। ঢুল্ + অ, উনি ভাববা। বি।

ঢুলা, ঢোলা—ঝিমান, ঝুঁকিয়া পড়া। বাং ক্রি।

ঢুলান, ঢোলানো—আন্দোলিত বা সঞ্চালিত করা; বীজন করা ('চামর—')। বাং ক্রি।

ঢুলি, ঢুলী—যে ঢোল বাজায়। ঢোল + ই, ঈ বাদক অর্থে। বি।

ঢুলুঢুলু, ঢুলঢুলে—তন্দ্রালস ('—আঁখি'); ভাবে অবশ। দেশজ। বিণ।

ঢুস—শিঙ বা মাথা দিয়া গুঁতা। দেশজ। বি।

ঢুসাঢুসি—গুঁতাগুঁতি, পরস্পর মস্তকাঘাত। ব্যতীহার বহুব্রী। বি।

ঢুসান—ঢুস মারা। দেশজ। ক্রি।

ঢেআন—ঢেউ তোলা; ঢেউ তুলিয়া জলের আবর্জ্জনাদি সরাইয়া দেওয়া। বাং ক্রি।

ঢেউ—ঊর্ম্মি, তরঙ্গ। দেশজ। বি।

ঢেউ-খেলান, -খেলানিয়া—শির-তোলা-তোলা, কুঞ্চিত। বহুব্রী। বিণ।

ঢেঁকি, ঢেঁকী—১। ধান ইত্যাদি ভানিবার বা কুটিবার কাষ্ঠনির্ম্মিত যন্ত্র। দেশজ। বি। ২। ধাড়ি; (শ্লেষাত্মক) নির্গুণ, অকর্ম্মণ্য ('বুদ্ধির—')। দেশজ। বিণ। ['ঢেঁকশাল' শব্দজ। ষষ্ঠীতৎ। বি।

ঢেঁকিশাল, ঢেঁকীশাল—ঢেঁকির ঘর,

ঢেঁকুর, ঢেক্কুর—হিক্কা, উদ্গার, হেঁচকি। দেশজ। বি।

ঢেঁটরা, ঢেঁড়া—ঢাকবিশেষ। দেশজ। বি।

ঢেঁটরা বা ঢেঁড়া পিটা—ঢোলসহকারে ঘোষণা করা। [দেশজ। বি।

ঢেঁড়স, ঢ্যাঁড়স—ভিণ্ডি, তরকারিবিশেষ।

ঢেঁড়ি—কর্ণাভরণবিশেষ; ঢোলসহরৎ। দেশজ। বি। [দেশজ। বিণ।

ঢেঙ্গা, ঢেঙা, ঢ্যাঙা—লম্বা, দীর্ঘাকার।

ঢেপঢেপ—ভিজা; ঢোল বাজানর শব্দ। দেশজ। অব্য।

ঢেপঢেপে—বেজায় ভিজা, চূড়ান্তরকম ভিজে ('ভিজে—')। দেশজ। বিণ।

ঢেপসা, ঢ্যাপ্সা—ঢেপঢেপে; ঢিপির মত, কদর্য্যরকম মোটা। দেশজ। বিণ।

ঢেমন—জারজ, লম্পট। দেশজ। বি বা বিণ।

ঢেমনা—দো-আঁশলা, জারজ, লম্পট; ঢোঁড়াজাতীয় সাপ। দেশজ। বি।

ঢেমনী—রক্ষিতা স্ত্রী, উপপত্নী; কুটনী; দুশ্চরিত্রা নারী। 'ধমনী' (বেশ্যা) শব্দজ। বি।

ঢের—প্রচুর, বেশী। দেশজ। বিণ।

ঢেরা, ঢ্যারা—পাট কাটিবার বা দড়ি পাকাইবার তারকাকৃতি যন্ত্রবিশেষ; × এইরূপ চিহ্ন। দেশজ। বি।

ঢেরা-সহি—নিরক্ষর লোকের ঢেরা বা চিকা কাটিয়া দস্তখত। ৩য়াতৎ। বি।

ঢেলা—ঢিল, ডেলা। দেশজ। বি। **ঢেলা-মারা গোছ (কাজ করা)**—অবহেলা বা অনিচ্ছা-সহকৃত, বেগারে। **অন্ধকারে ঢেলা মারা**—আন্দাজি চাল চালা।

ঢোঁক, ঢোক—গিলন, একেবারে যে পরিমাণ গিলা যায়; গিলিবার ভঙ্গী। দেশজ। বি। [বি।

ঢোঁড়া—ডুণ্ডুভ, বিষহীন সর্পবিশেষ। দেশজ।

ঢোল—১। স্বনামখ্যাত বাদ্যযন্ত্র। ঢুল্ + অচ্ কর্তৃবা। বি; পুং। ২। স্ফীত, ফুলা ('ফুলে—')। দেশজ। বিণ। ৩। রঙ্গ; কৌতুক। প্রাদে। ৪। ছলনা; ঘোষণা; নষ্টামি। প্রাঃ কবিপ্র। বি।

ঢোলক—ক্ষুদ্র ঢোল, ঢোলের ন্যায় আকার-বিশিষ্ট ক্ষুদ্রাকৃতি বাদ্যযন্ত্রবিশেষ। হিন্দী। বি।

ঢোল-সমুদ্র—বঙ্গদেশে ফরিদপুর জেলায় অবস্থিত জলাভূমি; বৃহৎ জলাশয়; বনজ শাকবিশেষ। দেশজ। বি।

ঢোলসহরৎ—ঢোল বাজাইয়া কোন বিষয় প্রচার করা। ৩য়াতৎ। বি।

ঢোলা—১। ঢুলা দ্রঃ। ২। ঢিলা, আলগা। দেশজ। বিণ।

ঢোষা, ঢোস্কা, ঢোসা, ঢোস্কা—দুর্বল; ফাঁপা; অন্তঃসারশূন্য; অকেজো। দেশজ। বিণ।

ঢৌল—১। অপমান। বি। ২। অপমানিত। প্রাঃ কবিপ্র। বিণ।

ঢ্যাঙা—ঢেঙ্গা দ্রঃ।

ণ

ণ—পঞ্চদশ ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণস্থান সনাসিক মূর্দ্ধা; ইহাকে অনুনাসিক বর্ণও বলে। বাঙ্গালায় ইহা দন্ত্য 'ন'এর মত উচ্চারিত হয়)।

ণত্ব—(ব্যাকরণে) দন্ত্য ন মূর্দ্ধন্য 'ণ' হওয়া। ণ + ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

ণত্ববিধান, -বিধি—(ব্যাকরণে) দন্ত্য ন মূর্দ্ধন্য 'ণ' হইবার নিয়ম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ণফলা—অন্য ব্যঞ্জনবর্ণের পরে যুক্ত 'ণ'। দেশজ। বি।

ণিচ্—প্রত্যয়-বিশেষ, (ধাতুর উত্তর প্রেরণার্থে, কখন কখন স্বার্থে, এই প্রত্যয় হয়, ণ্ চ্ ইৎ, ই থাকে)। বি।

ণিজন্ত—যাহার উত্তর ণিচ্ প্রত্যয় করা হইয়াছে, ণিজন্ত। ণিচ্ অন্তে যাহার, বহুব্রী। বিণ।

ণিজন্ত-প্রকরণ—ণিজন্ত ধাতুর রূপান্তরের নিয়মাবলী। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ত

ত—১। ষোড়শ ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণস্থান দন্ত)। ২। আশা, অনুমান, অনুরোধ ইত্যাদি সূচক শব্দ। অব্য।

তই—হাতলহীন কড়া। দেশজ। বি।

তক্—পর্য্যন্ত। হিন্দী। অব্য।

তক্‌তক্—নির্ম্মলতার লক্ষণ প্রকাশ। অনুকার-শব্দ। অব্য।

তক্‌তকে—পরিষ্কৃত, উজ্জ্বল। তক্‌তক্ + এ (∠ ইয়া) করে অর্থে। বিণ।

তক্‌মা—চাপরাশ, প্রশংসাপত্র। তুর্কী 'তমগা' শব্দজ। বি।

তকরার—বিবাদ, বাদবিতণ্ডা। আর্বী। বি।

তকরারী—ঝগড়াটে; বিবাদী; বিতর্কণীয় বিচারাধীন। তকরার + ঈ সম্বন্ধাদি অর্থে। বিণ। **তকরারী জমাখরচ**—খরিদ-বিক্রয় হিসাবের খাতায় মহাজনের গ্রাহকের নামে প্রত্যেক মাল একদফা খরচ লেখা (Double entry in book-keeping).

তকলিফ, তকলিব—দুঃখ, কষ্ট, বে ('—দেওয়া')। আর্বী। বি।

তক্কা, তোয়াক্কা—অপেক্ষা, ভয়, অধীনতা আর্বী 'তবক্কা' শব্দজ। বি।

তক্ত, তখ্‌ত—সিংহাসন; উচ্চপদ। ফা 'তখ্‌ৎ' শব্দজ। বি। [বি

তক্তাউস—ময়ূরসিংহাসন। ফার্সীমূলক

তক্তা—প্রশস্ত কাষ্ঠফলক, চেরা চওড়া কা ফার্সী 'তখ্‌তা' শব্দজ। বি।

তক্তানামা—মনুষ্যবাহিত শোভাযাত্রার যানবিশেষ। ফার্সীমূলক। বি।

তক্তাপোষ—কাঠময় খট্টা, কাঠের খাট। ফার্সী 'তখ্‌ৎপোষ' শব্দজ। বি।

তক্তি, তক্তী—ছোট তক্তা; চারিকোণ-বিশিষ্ট ফলক ('—সন্দেশ'); ফলার মত অলঙ্কারবিশেষ। ফার্সী 'তখ্‌তী' শব্দজ। বি।

তক্র—ঘোল। তক্‌+রক্‌ কর্তৃবা। বি; ক্লীব।

তক্ষক—সূত্রধর; বিশ্বকর্মা; এক নাগের নাম; গিরগিটিজাতীয় জীববিশেষ। তক্ষ্‌+ণক কর্তৃবা। বি; পুং।

তক্ষণ—কাষ্ঠাদির উপরিভাগ মসৃণকরণ, চাঁচা, রেঁদা করা; কৃশকরণ। তক্ষ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

তক্ষণী—সূত্রধরের অস্ত্রবিশেষ, রেঁদা, বাইশ। তক্ষ্‌+অনট্‌ করণবা+স্ত্রীলিঙ্গে ঈপ্‌। বি; স্ত্রী।

তক্ষা (তক্ষন্‌)—সূত্রধর; বিশ্বকর্মা; চিত্রা-নক্ষত্র। তক্ষ্‌+কনিন্‌ কর্তৃবা। বি; পুং।

তখন—তৎকালে, সেই সময়ে। 'তৎক্ষণ' শব্দজ। অব্য।

তখনকার—সে সময়ের, তৎকালীন, তদানীন্তন। তখন+কার সম্বন্ধার্থে। বিণ।

ত-খরচ—আনুষঙ্গিক বা বাজে খরচ। দেশজ। বি।

তগর—১। টগর ফুলের গাছ। ত—গৃ+অচ্‌ কর্তৃবা। বি; পুং। ২। টগর ফুল। তগর+অণ্‌ তৎপুষ্পার্থে। বি; ক্লীব।

তঙ্ক—পাথর-কাটা বাটালি। তন্‌ক্‌+ঘঞ্‌ করণবা। বি; পুং।

তঙ্কন—অতি কষ্টে জীবনধারণ। তন্‌ক্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

তঙ্কা—টাকা। 'টঙ্ক' শব্দজ। বি।

তচ্‌নচ্‌, তছ্‌নছ্‌—লণ্ডভণ্ড, তছরূপ। ফার্সী। বি।

তছরূপ—ক্ষতি; আত্মসাৎকরণ ('তহ-বিল—')। আর্বী 'তসররুফ্‌' শব্দজ। বি।

তচ্ছু—তাহার ("তছু মধু রাক্ষস, মাতল মধুকর"—গোবিন্দদাস)। প্রাঃ কবিপ্র। সর্ব।

তজ্জনিত—তাহা হইতে উৎপন্ন বা প্রসূত। ৩য়াতৎ। বিণ।

[অব্য।

তজ্জন্য—সেই হেতু, সে কারণ। তৎ+জন্য।

তঞ্চক—১। প্রবঞ্চক, প্রতারক। দেশজ। বি বা বিণ। ২। প্রতারণা, সত্যগোপন। প্রাদে। বি। [ভাবার্থে। বি; স্ত্রী।

তঞ্চকতা—প্রতারণা, চাতুরী। তঞ্চক+তা

তঞ্চন—(রসায়নে) দুগ্ধ হইতে ছানা দধি ইত্যাদিতে পরিণত করা বা হওয়া। তঞ্চ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব। বিণ, তঞ্চিত।

তট—নদ্যাদির কিনারা, কূল, তীর; সানু। তট্‌+অচ্‌ কর্তৃবা। বি; পুং বা ক্লীব।

তটরেখা, —সীমা—(ভূগোলে) উপকূলের সীমারেখা (Coast-line). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তটস্থ—১। তীরস্থিত, সমীপস্থ; উদাসীন, নির্লিপ্ত, না শত্রু না মিত্র, অপক্ষপাতী। তটে থাকে যে, উপতৎ। তট—স্থা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, —স্থা। ২। অভিভূত; শশব্যস্ত, সঙ্কুচিত, লজ্জিত। 'ত্রস্ত' শব্দজ। বিণ।

তটিনী—নদী। তট+ইন আছে অর্থে+ঈপ্‌। বি; স্ত্রী।

তটী—তট, তীর, কূল। তট+ঈপ্‌। বি; স্ত্রী।

তড়কা—শিশুর খেঁচুনি বা আক্ষেপ রোগ (Convulsion). দেশজ। বি।

তড়তড়, তড়বড়—ব্যস্ততা বা তাড়াহুড়া প্রকাশ; বৃষ্টিপতনশব্দ; অব্যক্ত শব্দ; অনুকার-শব্দ। বি বা অব্য।

তড়তড়ে, তড়বড়ে—ব্যস্তবাগীশ; চঞ্চল; শীঘ্রকারী। তড়তড়, তড়বড়+এ (√কর্‌) করে অর্থে। বিণ। [বি।

তড়পা—খড়ের আঁটি বা বাণ্ডিল। দেশজ।

তড়পানো—লাফানো, ক্রোধাদি জন্য অস্থির হওয়া। বাং ক্রি।

তড়াক্‌—লম্ফের জন্য অতিশীঘ্রতাপ্রকাশ। দেশজ। অব্য।

তড়াক, তড়াগ—বৃহৎ জলাশয়। তড়্ (আঘাত করা)+আক, আগ কর্ম্মবা (নিপা)। বি; পুং। [পঞ্চশত ধনু (২০০০ হাত) পরিমিত জলাশয়কে তড়াগ বলে]।

তড়ি-ঘড়ি—তৎক্ষণাৎ, অবিলম্বে, ঝটিতি। দেশজ। ক্রি-বিণ।

তড়িচ্চালক—(পদার্থবিদ্যায়) যে যন্ত্র দ্বারা তড়িৎশক্তি সঞ্চারিত করিয়া অপর কোন যন্ত্রকে গতিশক্তি দান করা যায় তাহা (Electromotor). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তড়িচ্চুম্বক—(পদার্থবিদ্যায়) তড়িৎ-সাহায্যে চুম্বকীকৃত লৌহখণ্ড (Electro-magnet). মধ্যপ কর্ম্মধা। বি।

তড়িৎ—সৌদামিনী, বিদ্যুৎ। তড়্+ইৎ কর্তৃবা। বি; স্ত্রী।

তড়িদ্বিশ্লেষণ—(পদার্থবিদ্যায়) তড়িৎ-প্রবাহের সাহায্যে কোন যৌগিক পদার্থকে বিশ্লিষ্টকরণ (Electrolysis). ৩য়াতৎ। বি।

তণ্ডুল—চাউল। তন্ড্+উল কর্ম্মবা। বি; পুং।

তত—১। বীণাদি বাদ্য। তন্+ক্ত কর্ম্মবা। বি; ক্লীব। ২। বায়ু। তন্+ক্ত কর্তৃবা। বি; পুং। ৩। বিস্তৃত; ব্যাপ্ত। তন্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ততা। ৪। সেই পরিমাণ। 'ততি' শব্দজ। বিণ।

ততক্ষণ—সেই পরিমাণ সময়; ততটা সময় পর্য্যন্ত। কর্ম্মধা। বি।

ততযন্ত্র—তারের বাদ্যযন্ত্র। কর্ম্মধা। বি; ক্লীব।

ততি—সমূহ। তন্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

ততোধিক—তাহা অপেক্ষা বেশী। ততঃ (তাহা হইতে) অধিক, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, –কা।

তৎকাল—১। সেই সময়; বর্ত্তমান কাল। কর্ম্মধা। বি; পুং। ২। যাহার সময় নিরূপিত আছে এরূপ। বহুব্রী। বিণ। স্ত্রী, –লা।

তৎকালীন—তদানীন্তন; সেই সময়ে যাহা ঘটিয়াছে এরূপ। তৎকাল+ঈন ভবার্থে। বিণ। স্ত্রী, –না।

তৎকালোচিত—সেই সময়ের উপযুক্ত। তৎকালে উচিত, ৭মীতৎ। বিণ। স্ত্রী, –তা।

তৎক্ষণ—সদ্যঃ, তখন। কর্ম্মধা। বি; পুং।

তৎক্ষণাৎ—তখনই, অবিলম্বে। তৎক্ষণ+আৎ ৫মীস্থানে। অব্য।

তত্তুল্য—তাহার সমান, তৎসদৃশ। তাহার তুল্য, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, –ল্যা।

তত্ত্ব—১। স্বরূপ, প্রকৃতি, অবস্থা; পদার্থ; ব্রহ্ম; মত; নৃত্য; যাথার্থ্য; ধর্ম্ম; সাধারণ। (সাঙ্খ্যমতে) মূলপ্রকৃতি, মহৎ, অহঙ্কার, মনঃ, পঞ্চ তন্মাত্র, পঞ্চ মহাভূত, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, এই চতুর্ব্বিংশতি প্রকার। তদ্+ত্ব ভাবার্থে। বি; ক্লীব। ২। উপঢৌকন ('পূজার—')। দেশজ। বি।

তত্ত্বজিজ্ঞাসা—যথার্থ জ্ঞানলাভের ইচ্ছা; ব্রহ্মজ্ঞান লাভের আকাঙ্ক্ষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তত্ত্বজিজ্ঞাসু—তত্ত্বজ্ঞানপিপাসু, ব্রহ্মবিষয় জানিতে ইচ্ছুক। ২য়াতৎ। বিণ।

তত্ত্বজ্ঞ—তত্ত্বজ্ঞানসম্পন্ন, ব্রহ্মবিষয়ক জ্ঞান-লাভ করিয়াছে এরূপ; যাথার্থ্যবিৎ, স্বরূপ-বেত্তা। তত্ত্ব জানিয়াছে যে, উপতৎ। তত্ত্ব—জ্ঞা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, –জ্ঞা।

তত্ত্বজ্ঞান—ব্রহ্মবিষয়ে জ্ঞান; যাথার্থ্যজ্ঞান, স্বরূপবোধ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

তত্ত্বজ্ঞানী (–জ্ঞানিন্)—ব্রহ্মজ্ঞান-সম্পন্ন; যাথার্থ্যবিৎ, স্বরূপজ্ঞ। তত্ত্বজ্ঞান+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, –নিনী।

তত্ত্বতাবাস—তত্ত্ব পাঠান ও খবর লওয়া। 'তত্ত্বতালাস' শব্দজ। বি।

তত্ত্বতালাস—খোঁজখবর। দ্বন্দ্ব। বি।

তত্ত্বদর্শিতা—বিচক্ষণতা; দর্শনশাস্ত্রে অভিজ্ঞতা। তত্ত্বদর্শিন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

তত্ত্বদর্শী (-দর্শিন্)—তত্ত্বজ্ঞ ; যাথার্থ্যবিৎ ; বিচক্ষণ। তত্ত্ব দর্শন করে যে, উপতৎ। তত্ত্ব—দৃশ্ +ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —র্শিনী।

তত্ত্বনিরূপণ—ব্রহ্মনির্ণয়, ঈশ্বরসম্বন্ধীয় সমস্ত বিষয় স্থিরীকরণ ; পদার্থসমূহের স্বরূপনির্ণয়। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

তত্ত্বনির্ণয়—১। তত্ত্বনিরূপণ (সকল অর্থে)। ২। সাংখ্যোক্ত চতুর্বিংশতি তত্ত্বের অবধারণ। ৩। সিদ্ধান্ত। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

তত্ত্ববিচার—তত্ত্বের আলোচনা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

তত্ত্ববিৎ (-**বিদ্**)—তত্ত্বজ্ঞ, জ্ঞানী ; ব্রহ্মজ্ঞ। তত্ত্ব—বিদ্+ক্বিপ্ কর্তৃবা। বিণ।

তত্ত্বানুসন্ধান—তথ্যানুসন্ধান ; স্বরূপনির্ণয়চেষ্টা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

তত্ত্বানুসন্ধায়ী (-য়িন্)—স্বরূপ অনুসন্ধানকারী, আত্মজ্ঞানান্বেষী। উপতৎ। তত্ত্ব—অনু—সম্—ধা+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —য়িনী।

তত্ত্বাবধান—কোন ব্যাপার যথাযথরূপে সম্পন্ন হইতেছে কি না তাহা মনোযোগের সহিত পর্য্যবেক্ষণ, কর্তৃত্বকরণ, অধ্যক্ষতাকরণ। তত্ত্বের অবধান, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

তত্ত্বাবধায়ক—তত্ত্বাবধানকারী, যাহার উপর কোন বিষয় দেখিবার ভার থাকে। তত্ত্ব—অব—ধা+ণক কর্তৃবা। বি বা বিণ ; পুং। স্ত্রী, —য়িকা।

তত্ত্বাবধারক—তত্ত্বনিরূপণকর্তা, কার্য্যপরিদর্শক ; স্বরূপনির্ণয়কারী। তত্ত্ব—অব—ধৃ +ণিচ্ +ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, —রিকা।

তত্ত্বাবধারণ—স্বরূপনির্ণয় যাথার্থ্যনিরূপণ। তত্ত্বের অবধারণ, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

তত্ত্বীয়—তত্ত্বসংক্রান্ত (Theoretical). তত্ত্ব +ঈয় সম্বন্ধার্থে। বিণ।

তৎপর—১। আসক্ত, নিষ্ঠ ; যত্নবান্ ; ব্যগ্র ; ক্ষিপ্রকারী ; দক্ষ ; তন্নিষ্ঠ। তৎ (তাহা) পর (প্রধান) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —রা। ২। তাহার পর। তাহা হইতে পর, ৫মীতৎ। ক্রি-বিণ।

তৎপরতা—ব্যগ্রতা, দক্ষতা ; ক্ষিপ্রকারিতা ; যত্ন। তৎপর+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

তৎপুরুষ—১। সমাসবিশেষ। তৎ (সেই) পুরুষ যাহাতে, বহুব্রী। ২। পরমপুরুষ। তৎ (সেই) পুরুষ, কর্ম্মধা। বি ; পুং।

তত্র—তথায়, সেখানে ; সেই বিষয়ে। তদ্+ত্র ৭মী স্থানে। অব্য।

তত্রত্য—তৎস্থানস্থ, তৎস্থানজাত, সেখানকার। তত্র+ত্যপ্ ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী, —ত্যা।

তত্রাচ—তথাপি, তবুও। 'তত্র চ' শব্দজ। অব্য।

তত্রাপি—তথাচ, তথাপি, তবুও। তত্র [+অপি। অব্য।

তৎসংক্রান্ত—সেই বিষয় সম্বন্ধীয়, তদীয়। ২য়াতৎ। বিণ। স্ত্রী, —ন্তা।

তৎসদৃশ—তাহার তুল্য বা সমান। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —শী।

তৎসম—১। তাহার সমান। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —মা। ২। বাঙ্গালায় প্রচলিত অপরিবর্ত্তিত সংস্কৃত শব্দ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

তৎস্থলাভিষিক্ত—তাহার স্থলে অভিষিক্ত, তাহার প্রতিনিধি। তাহার স্থল, ৬ষ্ঠীতৎ ; তাহাতে অভিষিক্ত, ৭মীতৎ। বিণ। স্ত্রী, —ক্তা।

তথা—সাদৃশ্য ; সেই প্রকার ; সেই হেতু ; সেখানে, সেই বিষয়ে ; স্বীকার ; সমুচ্চয়, এবং ; নিশ্চয়। তদ্+থাল্ প্রকারাদ্যর্থে। অব্য।

তথাকথিত—ঐ নামে প্রচলিত বা ঐ প্রকারে উক্ত (So-called). সুপ্ সুপা। বিণ। স্ত্রী, —তা।

তথাগত—১। সেই রূপে, সেই প্রকারে আগত। তথা (সেই প্রকারে) আগত, সুপ্ সুপা। বিণ। স্ত্রী, —তা। ২। বুদ্ধদেব। তথা (সত্য) গত (জ্ঞান) যাঁহার, বহুব্রী। বি ; পুং।

তথাচ—তথাপি, তাহা হইলেও, তবুও। তথা+চ। অব্য।

তথাপি—তাহা হইলেও, তবুও। তথা+অপি। অব্য।

তথাবিধ—সেই প্রকারের, সেই ভাবের, তাদৃশ। তথা বিধা (প্রকার) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

তথাভূত—তাদৃশ; তদবস্থ; সেই প্রকারে সম্পন্ন। সুপ্ সুপা। বিণ। স্ত্রী,—তা।

তথায় সেখানে। দেশজ। অব্য।

তথাস্তু—তাহাই হউক, সেইরূপই ঘটুক। তথা+অস্তু (হউক)। সংস্কৃত বাক্য।

তথি—অপিচ, আরও; তথায়, সেখানে; তাহাতে। প্রাঃ কবিপ্র। অব্য।

তথৈবচ—সেই প্রকারই, সেইরূপই; বড় সুবিধাজনক নয়, রীতিসম্মত নয়, অমনি একরকম। তথা+এব+চ। অব্য।

তথ্য—১। যাথার্থ্য; প্রকৃত অবস্থা বা ব্যাপার। তথা+যৎ ভাবার্থে। বি; ক্লীব। ২। যথার্থ; সত্য, অবিসংবাদী। বিণ।

তথ্যানুসন্ধান—প্রকৃত অবস্থার অনুসন্ধান; তত্ত্বান্বেষণ, স্বরূপনির্ণয়চেষ্টা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

তদ্ (তৎ)—১। তিনি, সে, তাহা; প্রসিদ্ধ। তন্+অদ্ কর্তৃবা। সর্ব, বিণ। ২। ব্রহ্ম। বি; ক্লীব। ৩। তবে, সেই জন্য। অব্য।

তদতিরিক্ত, তদ্ব্যতিরিক্ত—তদ্ব্যতীত, তাহার অধিক, তদ্ভিন্ন, তাহা ছাড়া। তাহা হইতে অতিরিক্ত, ৫মীতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

তদনন্তর—তৎপরে, তাহার পর। ৫মীতৎ। ক্রি-বিণ।

তদনুগামী (—গামিন্)—তদনুযায়ী, তাহার মত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—মিনী।

তদনুবর্ত্তী(র্তী) (—বর্ত্তিন্)—তদনুরূপ, সেই মত। তাহার অনুবর্ত্তী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—র্ত্তিনী।

তদনুযায়ী (—যায়িন্)—১। তদনুগামী, তদ্রূপ। তাহার অনুযায়ী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—য়িনী। ২। তদনুসারে, সেই মত। দেশজ। ক্রি-বিণ।

তদনুরূপ—তাহার তুল্য, তৎসদৃশ; তাহার উপযুক্ত, সেইমত। তাহার অনুরূপ, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—পা।

তদনুসারী (—সারিন্)—তদনুযায়ী (তাহা দ্রঃ)। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রিণী।

তদনুসারে—সেই অনুসারে, সেইমত, তদনুযায়ী। তাহার অনুসার যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

তদন্ত—১। তাহার শেষ। তাহার অন্ত, ৬ষ্ঠীতৎ। ২। অনুসন্ধান, স্বরূপনির্ণয়চেষ্টা। তাহার অন্ত হয় যাহাতে বা যদ্দারা, বহুব্রী। বি; ক্লীব।

তদবধি—সেই সময় হইতে, সেই পর্যন্ত। তৎ (তাহা) অবধি (সীমা) যাহার, বহুব্রী। ক্রি-বিণ।

তদবস্থ—সেই অবস্থাপন্ন, পূর্বোক্ত দশায় অবস্থিত, আগেও যেমন ছিল এখনও সেই রকম আছে এইরূপ ভাবাপন্ন। তদ্ (সেই) অবস্থা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—স্থা।

তদবির—পরিদর্শন, দেখাশুনা ('মোকদ্দমার—'); প্রতিকার। আর্বী। বি।

তদাকার—তাদৃশ আকারবিশিষ্ট, সেইরূপ। তদ্ (সেই) আকার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

তদানীন্তন—তৎকালীন, সেই সময়ের। তদানীম্+তন ভবার্থে। বিণ। স্ত্রী,—নী।

তদানীম্ (তদানীং)—তখন, সেই সময়। তদ্+দানীম্ কালার্থে। অব্য।

তদারক—অনুসন্ধান; পরিদর্শন ('বিষয়কর্ম্ম—করা')। আর্বী। বি।

তদীয়—তৎসম্বন্ধীয়, তদধিকৃত, তাহার। তদ্+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—য়া।

তদুপযোগী (—যোগিন্)—তাহার উপযুক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—গিনী।

তদুপরি—তাহার উপর; অধিকন্তু। ৬ষ্ঠীতৎ। অব্য।

তদুপলক্ষে—সেই উপলক্ষে বা সূত্রে। কর্ম্মধা। বি; ক্রি-বিণ অর্থে ৭মী।

তদ্গত—তদাসক্ত, তন্নিষ্ঠ; একাগ্র। তাহাকে গত, ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

তদ্গতচিত্ত—তদাসক্তমনাঃ, তাহাতে একান্ত অভিনিবিষ্ট। তদ্গত চিত্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা।

তদ্‌গুণ—১। তাহার গুণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। কাব্যালঙ্কারবিশেষ; স্বীয় গুণ পরিত্যাগ করিয়া অন্যদীয় উৎকৃষ্ট গুণগ্রহণ। বহুব্রী। বি; পুং।

তদ্‌গুণসংবিজ্ঞান—বহুব্রীহি সমাস-বিশেষ (যাহাতে বিশেষণেরও উপস্থিত হয়)। তদ্‌-গুণের সংবিজ্ঞান যদ্দারা, বহুব্রী। বি; পুং।

তৎক্ষণ—সেই মুহূর্ত্ত, সেই সময়। কর্ম্মধা। বি; পুং।

তদ্ধিত—১। তাহার মঙ্গল। তাহার হিত (মঙ্গল), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। তাহার যোগ্য, প্রিয় বা মঙ্গলজনক। ৪র্থীতৎ। বিণ। ৩। অপত্যাদি অর্থে শব্দের উত্তর বিধীয়মান প্রত্যয়। তাহার (সেই শব্দের) নিমিত্ত হিত (উপযুক্ত), ৪র্থীতৎ। বি; পুং।

তদ্বৎ—তত্তুল্য, তাহার ন্যায়, তৎসদৃশ। তদ্‌ +বতিচ্‌ তুল্যার্থে। অব্য।

তদ্বিধ—সেই প্রকার, সেই রকমের, সেই ভাবের। তদ্‌ (তাহা) বিধা (প্রকার) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

তদ্বিধায়—সেকারণ, সেজন্য। দেশজ। অব্য।

তদ্বির, তদ্বীর—তদারক, দেখাশুনা। আরবী। বি।

তদ্ব্যতিরিক্ত—তদ্ব্যতীত (তাহা ভিন্ন)। তাহা হইতে ব্যতিরিক্ত, ৫মীতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

তদ্ব্যতীত—তদতিরিক্ত, তাহা ছাড়া; তদ্ভিন্ন। তাহাকে ব্যতীত, ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

তদ্ভব—১। তাহা হইতে জাত। বিণ। স্ত্রী,—বা। ২। বাঙ্গালায় প্রচলিত অপভ্রষ্ট প্রাকৃত শব্দ। তাহা হইতে ভব (উৎপত্তি) যাহার, বহুব্রী। বি; পুং।

তদ্ভাব—তাহার স্বভাব ধর্ম্মাদি; তাহার চিন্তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তদ্ভাবাপন্ন—সেই ভাবপ্রাপ্ত; তাহার ভাবপ্রাপ্ত; তদবস্থ। তদ্ভাবকে আপন্ন (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্না।

তদ্ভিন্ন—১। তাহা হইতে পৃথক্‌, তদন্য। তাহা হইতে ভিন্ন, ৫মীতৎ। বিণ। স্ত্রী,—ন্না। ২। তদ্ব্যতীত, তাহা ছাড়া। বাং অব্য।

তদ্রূপ—সেই রূপ, সেই প্রকার, তদ্বিধ। তৎ রূপ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—পা।

তনয়—পুত্র। তন্‌+কয়ন্‌ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—য়া।

তনিমা (তনিমন্‌)—কৃশত্ব; সূক্ষ্মতা। তনু+ইমন্‌ ভাবার্থে। বি; পুং।

তনু, তনূ—১। শরীর; মূর্ত্তি। তন্‌+উ কর্ম্মবা, পক্ষে ঊঙ্‌। বি; স্ত্রী। ২। অল্প; সূক্ষ্ম; কৃশ; কোমল। বিণ। স্ত্রী, তন্বী, তনু, তনূ।

তনুচ্ছদ, তনুচ্ছদ—বর্ম্ম, সাঁজোয়া। তনু, তনূ—ছদ্‌+ণিচ্‌+ঘ করণবা। বি; পুং।

তনুজ, তনূজ—পুত্র। তনু হইতে জন্মে যে, উপতৎ। তনু, তনূ—জন্‌+ড কর্ত্তৃবা। বি; পুং।

তনুজা, তনূজা—কন্যা। তনুজ, তনূজ +আপ্‌। বি; স্ত্রী।

তনুতা, তনূতা, —ত্ব—অল্পতা; ক্ষুদ্রতা; সূক্ষ্মতা; কৃশতা, কার্শ্য; কোমলত্ব। তনু, তনূ+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

তনু(নূ)ত্যাগ—দেহপরিত্যাগ, মৃত্যু। তনুর (শরীরের) ত্যাগ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তনুত্র, তনুত্রাণ—বর্ম্ম, সাঁজোয়া। তনুকে ত্রাণ করে যে, উপতৎ। তনু (শরীর)-ত্রৈ+ক কর্ত্তৃবা; (২য় পক্ষে) ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

তনুমধ্যা—কৃশমধ্যা, ক্ষীণকটি। তনু (কৃশ) মধ্য যাহার, বহুব্রী+আপ্‌। বি; স্ত্রী।

তনু(নূ)রস—ঘর্ম্ম, ঘাম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তনু(নূ)রুচি—১। শরীরের দীপ্তি, কান্তি;

দেহের শোভা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। ঈষদুজ্জ্বল, অল্পদীপ্তিযুক্ত। তনু (ক্ষীণ) রুচি (দীপ্তি) যাহার, বহুব্রী। বিণ।

তনূ—তনু দ্রঃ।

তনূকরণ—(পদার্থবিদ্যায়) ঘনীভূত বায়বীয় পদার্থকে অধিকতর হাল্কাকরণ (Rarefaction). বি।

তনূনপাৎ—অগ্নি ("তৈল তুলা তনূনপাৎ তাম্বূলতপন"—কবিকঙ্কণ)। তনূ—নঞ্‌—পত্‌+ণিচ্‌+ক্বিপ্‌ কর্তৃবা। বি।

তন্তু—১। সূত্র, সুতা। তন্‌+তুন্‌ কর্মবা। ২। সন্তান; হাঙ্গর। তন্‌+তুন্‌ কর্তৃবা। বি; পুং।

তন্তুবাপ, তন্তুবায়—তাঁতি; মাকড়সা। উপতৎ। তন্তু—বপ্‌, বে+অণ্‌ কর্তৃবা। বি; পুং। [বি; স্ত্রী।

তন্তুশালা—বয়নগৃহ, তাঁতঘর। ৬ষ্ঠীতৎ।

তন্ত্র—১। শাস্ত্রবিশেষ, শিব ও শক্তির উপাসনাবিষয়ক শাস্ত্র; রাজ্যশাসন-পদ্ধতি ('আমলা—'); বেদের শাখাবিশেষ; সিদ্ধান্ত; ঔষধ; পরিচ্ছেদ; প্রধান; হেতু; রাজ্য; স্বরাজ্যচিন্তা; ইতিকর্তব্যতা; ক্রিয়াপদ্ধতি; বস্ত্রবয়নসামগ্রী, তাঁত; তন্তু; সমূহ; কুল; কুটুম্বভরণ; উভয় কার্যার্থ সকৃৎ প্রবৃত্তিহেতু। তন্‌+ষ্ট্রন্‌ ভাববা, কর্মবা, করণবা, অধিবা। বি; ক্লীব। ২। অধীন ('স্ব—')। বিণ।

তন্ত্রধার, তন্ত্রধারক—যে ব্যক্তি কর্মকাণ্ডের পদ্ধতিবিষয়ক গ্রন্থ দেখিয়া পূজাদি কর্মে নিযুক্ত ব্যক্তিকে মন্ত্র পাঠ করায়। উপতৎ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তন্ত্রবাপ, তন্ত্রবায়—তাঁতি; মাকড়সা। তন্ত্র (তন্তু)—বপ্‌, বে+অণ্‌ কর্তৃবা। বি; পুং।

তন্ত্রী—বীণাদির তার; তাঁত; বীণা; রজ্জু। তন্ত্র+ঈপ্‌ সংজ্ঞার্থে। বি; স্ত্রী।

তন্দুর—পাউরুটি প্রভৃতি সেঁকিবার উনান। ফার্সী। 'তন্দুর' শব্দজ। বি।

তন্দ্রা—অল্প নিদ্রা, নিদ্রাবেশ, ঝিমান; অবসন্নতা; আলস্য। তন্দ্র+অ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

তন্দ্রাবেশ—ঈষৎ ঘুমের ভাব। তন্দ্রার আবেশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ, তন্দ্রাবিষ্ট।

তন্দ্রালু—নিদ্রালু; অলস। তন্দ্রা+আলু শীলাদ্যর্থে। বিণ।

তন্দ্রিত—নিদ্রাবিষ্ট, নিদ্রালস; অবসন্ন। তন্দ্রা+ইতচ্‌ জাতার্থে। বিণ। স্ত্রী, —তা।

তন্নতন্ন—তাহা নহে তাহা নহে এবম্প্রকার অনুসন্ধানযুক্তভাবে; বিশেষরূপে; সূক্ষ্মানুসূক্ষ্মরূপে। তদ্‌ (তাহা)+ন (নয়)+তদ্‌+ন। ক্রি-বিণ।

তন্নিবন্ধন—১। সেই হেতু, সেই কারণ। তৎ (সেই) নিবন্ধন (কারণ), কর্মধা। বি; ক্লীব। ২। সেই কারণে, তন্নিমিত্ত, সেই হেতুতে। তৎ (তাহা) নিবন্ধন যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

তন্নিমিত্ত—সেইজন্য। তৎ+নিমিত্ত। অব্য।

তন্বঙ্গী—তন্বী, কৃশাঙ্গী। তনু (কৃশ) অঙ্গ যাহার, বহুব্রী+ঈপ্‌। বিণ; স্ত্রী।

তন্বী—কৃশাঙ্গী, সুঠাম ও লঘুদেহা। তনু (কৃশ)+ঈপ্‌। বিণ; স্ত্রী।

তন্মনস্ক, তন্মনাঃ (—নস্‌)—যাহার মন তাহাতেই নিবিষ্ট হইয়াছে এরূপ; তদ্গতচিত্ত। তাহাতে মনঃ যাহার, বহুব্রী। বিণ।

তন্ময়—তদাত্মক; তৎস্বরূপ; বিভোর। তদ্‌+ময়ট্‌ স্বরূপার্থে। বিণ। স্ত্রী, —য়ী।

তন্ময়তা, তন্ময়ত্ব—তদ্ভাবপূর্ণতা, তৎস্বরূপতা, তদাত্মকত্ব। তন্ময়+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

তন্মাত্র—তদাত্মক; কেবল তাহাই; (সাংখ্যমতে) অমিশ্র ক্ষিতি অপ্‌ ইত্যাদি ভূতপঞ্চক। কেবল তাহা, নিত্যসমাস। বি; ক্লীব।

তপ—গ্রীষ্মকাল; সূর্য্য; রৌদ্র; আতপ। তপ্‌+অচ্‌ কর্তৃবা। বি; পুং।

তপঃ (তপস্‌), তপ—১। আচরণ। তপ্‌

+অস্ ভাববা। ২। তপস্যা, ধর্ম্মসাধনোদ্দেশে ক্লেশময় কর্ম্ম; চান্দ্রায়ণাদি ব্রত [তপঃ তিন প্রকার—শারীর, বাচিক ও মানসিক। দেবতা, দ্বিজ, গুরু ও প্রাজ্ঞ ব্যক্তির পূজা, শৌচ, ঋজুতা, ব্রহ্মচর্য্য ও অহিংসাকে শারীর তপঃ বলে। অনুদ্বেগকর, সত্য, প্রিয় ও হিতকর বাক্য কথন এবং বেদাভ্যাসকে বাচিক তপঃ বলে। মনের প্রসন্নতা, সৌম্যত্ব, মৌন, আত্মসংযম ও ভাবসংশুদ্ধিকে মানস তপঃ বলা যায়]; ধর্ম্ম; অদৃষ্ট। তপ্+অস্ করণবা। ৩। জনলোকের উপরিস্থিত ভুবন; মাঘমাস; শিশির ঋতু। তপ্+অস্ অধিবা। বি; ক্লীব।

তপঃকৃশ—তপস্যাহেতু ক্ষীণদেহ। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—শা।

তপন—১। সূর্য্য; সূর্য্যকান্তমণি; আকন্দগাছ; গ্রীষ্মকাল; নরকবিশেষ। তপ্+অন কর্ত্তৃবা। বি; পুং। ২। তাপ। তপ্+অনট্ ভাববা। বি; ক্লীব। ৩। তাপজনক। বিণ। স্ত্রী,—না।

তপনতনয়—সূর্য্যের পুত্র—যম, শনি, কর্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তপনতনয়া—সূর্য্যের কন্যা, যমুনা নদী; শমীলতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তপশ্চরণ, তপশ্চারণ—তপঃসাধন, তপস্যার অনুষ্ঠান। তপের চরণ বা চারণ (তপঃ+চরণ, চারণ), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

তপশ্চর্য্যা(র্যা)—তপস্যার অনুষ্ঠান, তপঃসাধন, তপস্যা। তপস্—চর্+ক্যপ্ ভাববা +আপ্। বি; স্ত্রী।

তপসি, তপসে—মৎস্যবিশেষ (Mango-fish). 'তপস্বী' শব্দজ। বি।

তপসীল, তফসীল—বিস্তারিত বিবরণ; পৃথক্ তালিকা; বণ্টন। আরবী। বি।

তপস্বিনী—তাপসী; অনুকম্পাযোগ্যা, দীনা ইত্যাদি। তপস্বিন্+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

তপস্বী (**তপস্বিন্**)—১। তাপস, অরণ্যাদি বিজন স্থানে কঠোর নিয়মে দেবারাধনাকারী; ক্লেশসহিষ্ণু; ধর্ম্মপরায়ণ; অনুকম্প্য, দীন; নির্দ্দোষ। তপস্+বিন্ অস্ত্যর্থে, প্রাশস্ত্যার্থে। বিণ। স্ত্রী,—স্বিনী। ২। ঘৃতকরঞ্জ; তপসে মাছ; চড়াই পাখী। বি; পুং।

তপস্যা—তপঃসাধন, তপশ্চরণ, অরণ্যাদি বিজন স্থানে কঠোর নিয়মে দেবারাধনা; ব্রতচর্য্যা। তপস্+ক্যচ্=তপস্য (নামধাতু) +অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

তপোধন—১। তপস্যারূপ ধন। রূপক কর্ম্মধা। বি; ক্লীব। ২। তাপস, তপস্বী। তপঃ (তপস্যা) ধন যাঁহার, বহুব্রী। বি; পুং।

তপোনিধি—তাপস, তপস্বী। তপ: নিধি (রত্ন) যাঁহার, বহুব্রী। বি; পুং।

তপোবন—তপস্যাসাধনের বন; মুনিঋষিদিগের আশ্রম। তপের বন (তপঃ+বন), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

তপোবল—তপঃপ্রভাব, তপস্যার শক্তি, তপশ্চরণজনিত ক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

তপোভঙ্গ(হ্গ)—তপোনাশ, তপস্যার ব্যাঘাত। তপের ভঙ্গ (তপঃ+ভঙ্গ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তপ্ত—তাপযুক্ত; খেদযুক্ত; উষ্ণ; গরম। তপ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, তপ্তা।

তপ্তকাঞ্চন—অগ্নিদগ্ধ স্বর্ণ, খাদশূন্য সোনা; তপ্ত কাঞ্চন, কর্ম্মধা। বি; ক্লীব।

তফসীল, তফ্‌শীল—তপসীল, বিবরণ, তালিকা (Schedule). আরবী। বি।

তফসীলী—তফসীলভুক্ত; তালিকাবর্ণিত। বিণ। **তফসীলী জাতি**—নিম্নবর্ণের হিন্দু।

তফাৎ—১। দূরবর্ত্তী, পৃথক্। আরবী 'তফাবৎ' শব্দজ। বিণ। ২। পার্থক্য; দূরত্ব। বি।

তফিল, তবিল—সঞ্চিত অর্থ, কোষ; আরবী 'তহ্‌বীল' শব্দজ। বি।

তব—১। তোমার, আপনার। সর্ব্ব। ২। তবু, তথাপি; তখন। প্রাঃ কবিপ্র। অব্য।

তবক—১। স্তর, থাক। 'স্তবক' শব্দজ। বি। ২। সোনারূপার খুব মিহি পাত; তোমর বন্দুক। ফার্সী 'তবক্' শব্দজ। বি।

তবল—তবলা দ্রঃ।

তবলচী—যে তবলা বাজায়। তবল+চী বাদক অর্থে। বি।

তবলা—কাঠের খোলের মুখে চামড়া দেওয়া বাদ্যযন্ত্রবিশেষ। আর্বী। বি।

তবিয়ৎ—মেজাজ ; স্বাস্থ্য। আর্বী। বি।

তবিল, তহবিল—মজুত টাকা। আর্বী 'তহবিল' শব্দজ। বি। **তবিল ভাঙ্গা**—তবিল তছরূপ বা অন্যায়ভাবে আত্মসাৎ করা।

তবিলদার—সঞ্চিত অর্থের রক্ষক, কোষাধ্যক্ষ। তবিল+দার রক্ষক অর্থে। বি।

তবিলদারি,–রী—কোষাধ্যক্ষের কার্য্য, তহবিলরক্ষকের কাজ। তবিলদার+ই, ঈ কার্য্যার্থে। বি।

তবু—তথাপি। দেশজ। অব্য।

তবে—তাহা হইলে ; সেই উপায়ে ; অতঃপর ; তৎপরে ; ভর্ৎসনামূলক শব্দ ; কিন্তু। দেশজ। অব্য।

তম—১। অন্ধকার। তম্+অচ কর্ত্তৃবা। বি ; ক্লীব। ২। রাহু। বি ; পুং। ৩। তমোগুণ। বি ; পুং। ৪। ক্লান্ত। বিণ। ৫। (ব্যাকরণে) বহুর মধ্যে একের উৎকর্ষবোধক তদ্ধিত প্রত্যয়।

তমঃ (তমস)—১। অন্ধকার ; গুণবিশেষ, প্রকৃতির তৃতীয় গুণ ; মোহ ; শোক ; পাপ। বি ; ক্লীব। ২। রাহু। বি ; পুং বা ক্লীব। ৩। নরকবিশেষ ; অবিদ্যা। তম্+অসুন্ কর্ত্তৃবা, করণবা। বি ; পুং।

তমস—১। অন্ধকার ; নগর। তম্+অসচ্ করণবা। বি ; ক্লীব। ২। কূপ। তম্+অসচ্ কর্ম্মবা। বি ; পুং।

তমসা—১। নদীবিশেষ। বি। ২। অন্ধকার। কবিপ্র। বি।

তমসাচ্ছন্ন,–বৃত—অন্ধকারাবৃত। তমসা (সংস্কৃত তৃতীয়ান্ত তমস্ শব্দ=অন্ধকার দ্বারা) আচ্ছন্ন, আবৃত, অলুক্ তৎপুং। বিণ। স্ত্রী,–ন্না,–তা। [বি।

তমস্সুক—খত, দলিল, ঋণপত্র। আর্বীমূলক।

তমস্বিনী—১। অন্ধকারময়ী রাত্রি। তমস্+বিন্ আছে অর্থে+ঈপ্। বি ; স্ত্রী। ২। অন্ধকারবিশিষ্টা। বিণ ; স্ত্রী। পুং, তমস্বী (–স্বিন্)।

তমাদি, তামাদি—১। নির্দ্দিষ্টকাল অন্তে নিষ্ফল। বিণ। ২। কালের অবধি বা সীমা। আর্বী। বি।

তমাদি-আইন—কালের অবধিবিষয়ক বিধি। মধ্যপ কর্ম্মধা। বি। [বিণ।

তমাম, তামাম—সমগ্র, সকল। আর্বী।

তমাল—স্বনামখ্যাত বৃক্ষবিশেষ ; তিলক ; খড়্গ। তম্+কালন্ কর্ত্তৃবা। বি ; পুং।

তমিস্র—১। ঘোর অন্ধকার ; অন্ধতমস ; ক্রোধ ; অজ্ঞান। তমস্+র আছে অর্থে (নিপা)। বি ; ক্লীব। ২। তমোযুক্ত। বিণ। স্ত্রী,–স্রা।

তমিস্রা—১। অন্ধকারময়ী রাত্রি ; অমাবস্যার রাত্রি ; নিবিড় অন্ধকার। বি ; স্ত্রী। ২। অন্ধকারময়ী। তমিস্র+আপ্। বিণ।

তমোগুণ—প্রকৃতির তৃতীয় গুণ। তমঃই গুণ, কর্ম্মধা। বি ; পুং।

তমোঘ্ন—১। তমোনাশক। তমঃ নাশ করে যে, উপতৎ। তমস্–হন্+টক্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ঘ্নী। ২। সূর্য্য ; চন্দ্র ; অগ্নি ; প্রদীপ ; জ্ঞান। বি ; পুং।

তমোজ্যোতিঃ (–তিস্)—খদ্যোত, জোনাকি। তমসি (অন্ধকারে) জ্যোতিঃ হয় যাহা হইতে, বহুব্রী। বি ; পুং।

তমোনুৎ (–নুদ্)—১। অন্ধকারনাশক ; অজ্ঞাননাশক। উপতৎ। তমস্–নুদ+ক্বিপ্, ক র্ত্তৃবা। বিণ ; ত্রি। ২। সূর্য্য ; চন্দ্র ; অগ্নি ; দীপ ; পুত্র ; জ্ঞান। বি ; পুং।

তমোপহ—অন্ধকারনাশক ; অজ্ঞাননাশক। তমস্–অপ–হন্+ড কর্ত্তৃবা। বিণ।

তমোময়—১। অন্ধকারে আচ্ছন্ন ; অজ্ঞানাচ্ছন্ন ; অহঙ্কারে পূর্ণ। বিণ। স্ত্রী,–য়ী।

২। রাহু। তমস্‌+মতুট্‌ ব্যাপ্ত্যর্থে। বি; পুং।

তমোহর—১। সূর্য্য; চন্দ্র। তমঃ হরণ করে যে, উপতৎ। তমস্‌—হৃ+অচ্‌ কর্তৃবা। বি; পুং। ২। অন্ধকারনাশক; অজ্ঞাননাশক। বিণ। স্ত্রী,—রা।

তম্বি, তম্বী—তাড়না, তর্জ্জন; জুলুম। আর্বী 'তম্বীহ্‌' শব্দজ। বি।

তম্বুরা—তানপুরা, তারবিশিষ্ট বাদ্যযন্ত্রবিশেষ। আর্বী 'তনবূরহ্‌' শব্দজ। বি।

তয়ের—তৈয়ার, নির্ম্মাণ; প্রস্তুত। দেশজ। বি বা বিণ।

তর্‌—বিভোর, মাতোয়ারা, চুর্‌চুরে ('নেশায়—')। দেশজ। বিণ।

তর—১। পারগামী। তৃ+অচ্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী, তরা। ২। পারগমন, নদ্যাদি পার হওয়া; সন্তরণ; গতি। তৃ+অপ্‌ ভাববা। ৩। পথ; উড়ূপ, ভেলা; বৃক্ষ। তৃ+অপ করণবা। বি; পুং। ৪। দুইএর মধ্যে একের উৎকর্ষবোধক তদ্ধিত প্রত্যয়। ৫। রকম, প্রকার, ভাব। প্রাদে। বি। ৬। বিলম্ব ('—সওয়া')। 'তরা' শব্দজ। বি।

তরওয়াল—তলোয়ার, তরবারি, খড়্গ। 'তলবার' শব্দজ। বি।

তরকারী—রন্ধনোপযোগী শাক, মূল সব্জী প্রভৃতি; রন্ধিত ব্যঞ্জন। হিন্দী। বি।

তরক্ষু—বৃক, নেকড়ে বাঘ। তর (পথ)—ক্ষি+ডু কর্তৃবা। বি; পুং।

তরঙ্গ—ঊর্ম্মি, ঢেউ; ভঙ্গি, চুনাট; কম্প। তৃ+অঙ্গচ্‌ কর্তৃবা। বি; পুং।

তরঙ্গচঞ্চল—১। ঢেউএর মত অস্থির। তরঙ্গবৎ চঞ্চল, উপমান কর্ম্মধা। ২। তরঙ্গহেতু কম্পমান। তরঙ্গহেতু চঞ্চল, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—লা।

তরঙ্গ-দৈর্ঘ্য—তরঙ্গের এক শীর্ষ হইতে অপর শীর্ষ পর্য্যন্ত স্থানের বিস্তার (Wave-length). ৬ষ্ঠীতৎ। বি। [স্ত্রী,—লা।

তরঙ্গবিক্ষুব্ধ—তরঙ্গচঞ্চল। ৩য়াতৎ। বিণ।

তরঙ্গ-ভঙ্গ—লহরীলীলা; ঢেউ উঠা; ঊর্ম্মিভেদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তরঙ্গমালা—ঢেউসকল, লহরীসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তরঙ্গরেখা—বক্ররেখা। তরঙ্গসদৃশী রেখা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। [স্ত্রী,—লা।

তরঙ্গাকুল—তরঙ্গচঞ্চল। ৩য়াতৎ। বিণ।

তরঙ্গাভিঘাত—তরঙ্গতাড়ন, ঢেউএর আঘাত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তরঙ্গায়িত—ঢেউখেলান। তরঙ্গায় নামধাতু+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

তরঙ্গিণী—নদী। তরঙ্গ+ইন্‌ অস্ত্যর্থে+ঈপ্‌। বি; স্ত্রী।

তরঙ্গিত—তরঙ্গযুক্ত; চঞ্চল; ভঙ্গিযুক্ত। তরঙ্গ+ইতচ্‌ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

তরঙ্গোচ্ছ্বাস—ঊর্ম্মিস্ফীতি, ঢেউএর উছলিয়া উঠা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তরজমা—অনুবাদ (Translation). আর্বী 'তরজমা' শব্দজ। বি।

তরজা—তর্জ্জা দ্রঃ।

তরণ—১। পারগমন, নদ্যাদি পার হওন; প্লবন; গমন। তৃ+অনট্‌ ভাববা। বি; ক্লীব। ২। ডোঙ্গা; ভেলা, মাড়। তৃ+অনট্‌ করণবা। বি; পুং।

তরণি—১। নৌকা; ভেলা। তৃ+অনি করণবা। বি; স্ত্রী। ২। উদ্ধারকর্ত্তা। তৃ+অনি কর্তৃবা। বিণ।

তরণী—নৌকা; ভেলা, মাড়। তৃ+অনি করণবা+ঈপ্‌। বি; স্ত্রী।

তরতম—ন্যূনাধিক, কমবেশী। দ্বন্দ্ব। বিণ। স্ত্রী,—মা।

তরতর—স্রোতাদির বেগ প্রকাশসূচক শব্দ। দেশজ। অব্য।

তরপণ্য—পারগমনের ভাড়া, খেয়ার কড়ি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

তরফ—দিক্‌, পক্ষ, ধার; জমিদারির অংশ ('বড় বা ছোট—')। আর্বী। বি।

তরফদার—পক্ষপাতী; তরফের লোক;

তালুকদার; জমির মালিক। তরফ+দার সম্বন্ধাদি অর্থে। বি।

তরবার, তরবারি—অসি, খড়্গ, তরওয়াল। তর—ণিজন্ত বৃ+অচ্, ইন্ কর্ত্তৃবা। বি; পুং।

তরবুজ—তরমুজ ফল। ফার্সী। বি।

তরবেতর—নানাবিধ, হরেক রকম। দেশজ। বিণ।

তরমুজ, তরবুজ—ফলবিশেষ। ফার্সী 'তরবুজ' শব্দজ। বি; ক্লীব।

তরল—১। হারমধ্যমণি, গলার ধুক্‌ধুকি। তৃ+অলচ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। চঞ্চল; কম্পমান; দ্রব; জলবৎ। বিণ। স্ত্রী,—লা।

তরলতা,—ত্ব—জলবত্তা, দ্রবত্ব; চঞ্চলতা, চাঞ্চল্য। তরল+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

তরলত্রিপদী—বাঙ্গালা ছন্দোবিশেষ। কর্ম্মধা। বি; স্ত্রী।

তরলপয়ার—বাঙ্গালা কবিতার ছন্দোবিশেষ। কর্ম্মধা। বি।

তরল-প্রকৃতি—১। চঞ্চলস্বভাব। তরলা প্রকৃতি, কর্ম্মধা। বি; স্ত্রী। ২। চঞ্চলস্বভাববিশিষ্ট। তরলা প্রকৃতি যাহার, বহুব্রী। বিণ।

তরল-মতি—১। চঞ্চল-বুদ্ধি। তরলা মতি, কর্ম্মধা। বি; স্ত্রী। ২। চঞ্চল-বুদ্ধিবিশিষ্ট। তরলা মতি যাহার, বহুব্রী। বিণ।

তরলা—১। কম্পমানা; চপলা, চঞ্চলা। তরল+আপ্। বিণ; স্ত্রী। ২। অন্নমণ্ড। বি; স্ত্রী।

তরলিত—দ্রবীভূত, বিগলিত। তরল+ক্বিপ্ (=তরল নামধাতু)+ক্ত কর্ত্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

তরলীকৃত—যাহা তরল করা বা গলান হইয়াছে। তরল+অভূততদ্ভাবার্থে চি্ব (=তরলী)—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। [দেশজ। অব্য।

তরশু—গত বা আগামী তৃতীয় দিবসে।

তরস্ত—ব্যস্ত, ত্রস্ত। 'ত্রস্ত' শব্দজ। বিণ।

তরস্বী (তরস্বিন্), তরস্বান্ (—স্বৎ)—বেগবান্; বলিষ্ঠ। তরস্+বিন্, বৎ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—স্বিনী।

তরা—উত্তীর্ণ হওয়া, পার হওয়া; ত্রাণ পাওয়া। 'তৃ' ধাতুজ। বাং ক্রি।

তরাই—১। পাহাড়ের উপরিভাগস্থিত সমতল স্থান। দেশজ। বি। ২। ত্রাণ করি, পার করি। বাং ক্রি।

তরান—উত্তীর্ণ করা, পার করা; ত্রাণ করা। বাং ক্রি। [বি।

তরাস—ত্রাস, ভয়। 'ত্রাস' শব্দজ। কবিপ্র।

তরাসি, তরাসে—আকুল, ভীত, চকিত, ত্রাসিত, চঞ্চল। কবিপ্র। বিণ।

তরি, তরী—নৌকা, বস্ত্রাদির পেটিকা; বস্ত্রদশা। তৃ+ই করণবা, বিকল্পে ঈপ্। বি; স্ত্রী।

তরিবৎ—শিক্ষা, উপদেশ; কায়দা; শিষ্টতা; পালন। আর্বী। বি।

তরী—তরি দ্রঃ।

তরু—বৃক্ষ। তৃ+উন্ কর্ত্তৃবা। বি; পুং।

তরুণ—১। নূতন। বিণ। স্ত্রী,—ণী। ২। যুবক। তৃ+উনন্ কর্ত্তৃবা। বি; পুং।

তরুণিম—তারুণ্য, যৌবন। 'তরুণিমা' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

তরুণিমা (—মন্)—নূতনত্ব, নবীনত্ব, যুবকত্ব, যৌবন। তরুণ+ইমন্ ভাবার্থে। বি; পুং।

তরুণী—যুবতী। তরুণ+ঈপ্। বি বা বিণ। স্ত্রী। [বি; ক্লীব।

তরুতল—বৃক্ষতল, গাছের তলা। ৬ষ্ঠীতৎ।

তরুবর—বৃক্ষশ্রেষ্ঠ, বৃহৎ বৃক্ষ, বড় গাছ। তরুমধ্যে বর, ৭মীতৎ। বি; পুং।

তরুমূল—তরুতল; গাছের মূল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

তরুরাজ—বৃক্ষশ্রেষ্ঠ; খুব বড় গাছ। তরুদিগের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তরুরাজি—বৃক্ষশ্রেণী, বৃক্ষসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তরুলতা—১। পরগাছা। তরুশ্রিতা লতা, মধ্যপ কর্ম্মধা। ২। গাছ ও লতা। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

তরে—নিমিত্ত, জন্য। কবিপ্র। অব্য।

তরোয়াল—তলোয়ার, অসি। দেশজ। বি।

তর্ক—১। বাক্‌বিতণ্ডা, বাদানুবাদ; বিচার; আশঙ্কা; উৎপ্রেক্ষা। তর্ক্‌+ঘঞ্‌ ভাববা। ২। ন্যায়শাস্ত্র; হেতু, যুক্তি। তর্ক্‌+ঘঞ্‌ করণবা। বি; পুং।

তর্কজাল—১। তর্কসমূহ। ৬ষ্ঠিতৎ। ২। কূটতর্ক। তর্ক জালসদৃশ, উপমিত কর্ম্মধা। বি; ক্লীব।

তর্কবিতর্ক—বাদানুবাদ। দ্বন্দ্ব। বি; পুং।

তর্কবিদ্যা—ন্যায়শাস্ত্র। ৬ষ্ঠিতৎ। বি; স্ত্রী।

তর্করত্ন—নৈয়ায়িকের উপাধিবিশেষ। তর্কে রত্ন (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি; স্ত্রী।

তর্কশাস্ত্র—ন্যায় ও বৈশেষিক দর্শন, প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ—এই প্রমাণ চতুষ্টয়াত্মক শাস্ত্র। তর্ক-প্রতিপাদক শাস্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। [বি।

তর্কাতর্কি—তর্কবিতর্ক। ব্যতীহার বহুব্রী। বি।

তর্কাভাস—অকিঞ্চিৎকর তর্ক, কূটতর্ক। তর্কের আভাস, ৬ষ্ঠিতৎ। বি; পুং।

তর্কিত—সম্ভাবিত; বিচারিত; উৎপ্রেক্ষিত; অনুমিত। তর্ক্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

তর্কু—সূত্রনির্ম্মাণযন্ত্রবিশেষ, টাকু, টেকো। কৃত্‌+উ করণবা (নিপা)। বি; পুং।

তর্কে তর্কে, তক্কে তক্কে, তাকে তাকে—সন্ধানে; সতর্কতার সহিত, ওৎ পাতিয়া ('—থাকা')। দেশজ। ক্রি-বিণ।

তর্ক্য—তর্ক করিবার উপযুক্ত, বাদানুবাদ-যোগ্য, বিতর্কণীয়, অনিশ্চিত। তর্ক+ণ্যৎ কর্ম্মবা। বিণ; পুং, স্ত্রী, ক্লীব।

তর্জ্জ(র্জ)ন—ভর্ৎসন; ভয়প্রদর্শন; আস্ফালন; রোষ, ক্রোধ। তর্জ্জ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

তর্জ্জ(র্জ)নগর্জ্জ(র্জ)ন—রোষসহকৃত গভীর শব্দ বা চীৎকার। তর্জ্জনযুক্ত গর্জ্জন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

তর্জ্জ(র্জ)নী—অঙ্গুষ্ঠের পরের অঙ্গুলি; উক্ত অঙ্গুলিতে ধার্য্য অঙ্গুরীয়বিশেষ। তর্জ্জ্‌+অনট্‌ করণবা+ঈপ্‌। বি; স্ত্রী।

তর্জ্জ(র্জ)মা অনুবাদ। আরবী। বি।

তর্জ্জা(র্জা), তরজা—কবিগানবিশেষ। আরবী। বি।

তর্জ্জি(র্জি)ত—তিরস্কৃত, ভর্ৎসিত; বিতাড়িত। তর্জ্জ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

তর্পণ—১। তৃপ্তি, সন্তোষ। তৃপ্‌+অনট্‌ ভাববা। ২। প্রীণন, প্রীতকরণ; রক্ষণ। ণিজন্ত তৃপ্‌ অর্থাৎ তর্পি (প্রীত করা)+অনট্‌ ভাববা। ৩। পিতৃযজ্ঞ। ণিজন্ত তৃপ্‌+অনট্‌ ভা[বব]া। [বি]; ক্লীব। ৪। তৃপ্তিজনক; সুখকর। তৃপ্‌+অন কর্তৃবা। বিণ। স্ত্রী, —ণী।

হ্রাস—উর্ধ্ব ... তৎ। বি -অনুর

তর্পিত—সন্তোষিত। ণিজন্ত তৃপ (তর্পি) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

তল—১। অধোভাগ, তলা; স্বরূপ; পাতাল; তেলো; চালি; উপরিভাগ; পৃষ্ঠদেশ। তল্‌+অচ্‌ কর্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। করতল, চপেট, চড়; প্রসারিত মুষ্টি। বি; পুং।

তলতল—তপতপ, খুব নরম ভাব ('-করা')। দেশজ। অব্য। বিণ, তলতলে।

তলদা, —তা, তল্লা—বাঁশবিশেষ। দেশজ। বি।

তলপেট—উদরের নিম্নাংশ, নাভির নিম্নদেশ। পেটের তল, একদেশী। বি।

তলপ্রহার—চপেটাঘাত, চড় মারা। ৩য়াতৎ। বি; পুং।

তলব—আমন্ত্রণ, আহ্বান; আদালতের ডাক; আজ্ঞা, আদেশ; চাওয়া, তাগাদা; কিস্তি, দফা; বেতন, মাহিয়ানা; ঝাঁজ, উগ্রতা, কড়া। আরবী। বি।

তলবানা—তলব দিবার ফি বা মাশুল। আর্বী। বি।

তলবার—তলওয়ার, খড়্গ, চামাটী; খাপ। তল—ণিজন্ত বৃ+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

তলয়ার, তলোয়ার—খড়্গ, তরবারি। 'তলবার' শব্দজ। বি।

তলা—নিম্নভাগ; গৃহতল; মেজে। 'তল' শব্দজ। বি।

তলাও—পুকুর, পুষ্করিণী। বৈদে। বি।

তলা-চোয়া—১। পাত্রের তলা পর্য্যন্ত পুড়ে 'খাক্'। ২। (রূপকার্থে) একেবারে নিঃসম্বল, কপর্দ্দকহীন। দেশজ। বিণ।

তলাতল—সপ্তপাতালের চতুর্থ পাতাল। বি; ক্লীব।

তলাট—ত্রিসীমানা; বহুদূরব্যাপী স্থান। 'তল্লাট' শব্দজ। বি।

তলান, তলানো—তলাইয়া যাওয়া, নীচে নামা; ভিতরে প্রবেশ করা; ভাল করিয়া বুঝা ('কথা—')। বাং ক্রি।

তলানি—গাদ, থিতান ময়লাদি। তলা+নি কর্ত্তৃবা। বি।

তলে-তলে—ভিতরে ভিতরে, আড়াল থেকে ('—অপরকে উত্থান')। দেশজ। বি।

তলাস, তল্লাস—অন্বেষণ। আর্বী 'তল্লাস' শব্দজ। বি।

তল্প—অট্টালিকা; শয্যা; পত্নী। তল্+প অধিবা সংজ্ঞার্থে। বি; ক্লীব।

তল্পা—তড়্পা, বড় আঁটি; মোট, বোঝা। দেশজ। বি। [দেশজ। বি।

তল্পি, তল্পী—ঝোলা; পুঁটুলি; ছোট মোট।

তল্পি-তল্পা—মোটপুঁটুলি; যাত্রীর জিনিস-পত্র। দেশজ। বি।

তল্পিদার—তল্পিবাহক, ভৃত্য। তল্পি+দার বাহকার্থে। বি। [বি।

তল্লাট—প্রদেশ, বহুবিস্তৃত স্থান। দেশজ।

তল্লাশ, তল্লাস—খোঁজ। আর্বী। বি।

তল্পিদার, তল্পিরাম—নাছোড়বন্দ লোক; শ্রাদ্ধে প্রার্থী যোবকবিশেষ। দেশজ। বি।

তসবির, তসবীর—আলেখ্য, চিত্র, ছবি। আর্বী। বি। [বি।

তসবিরওয়ালা—চিত্রবিক্রেতা। আর্বী।

তসর—গুটিপোকা-সূতা, ক্ষৌম-সূত্র। 'ত্রসর' শব্দজ। বি।

তসরুপ, তছরুপ—ক্ষতি; অপহৃত। আর্বী 'তসররুফ' শব্দজ। বি বা বিণ।

তসলিম—অভিবাদন, নমস্কার, প্রণাম। আর্বী। বি। [আর্বী। বি।

তসলিমাৎ—বহু তসলিম, অনেক নমস্কার।

তসিল, তসীল—খাজানা আদায়; তাগিদ, তলপ; উৎপীড়ন। আর্বী 'তহ্‌শীল' শব্দজ। বি।

তস্কর—চোর। তৎ—কৃ+অচ্ কর্ত্তৃবা (নিপা)। বি; পুং। স্ত্রী,—রা।

তহবিল, তবিল—মজুত টাকা। আর্বী। বি।

তহবিলদার—খাজাঞ্চী, নগদ টাকা ও তাহার হিসাবরক্ষক (Cashier). বৈদে। বি। [আর্বী। বি।

তহরি, তহুরি—লিখন জন্য পারিশ্রমিক।

তহশিল, তহশীল—রাজস্ব-সংগ্রহ, প্রজা-দের নিকট খাজানা আদায়; পাওনা টাকার তাগাদা। আর্বী। বি।

তহশিলদার, তহশীলদার—রাজস্ব-সংগ্রাহক, প্রজাদের নিকট খাজানা আদায়-কারী কর্ম্মচারী। তহশিল, তহশীল+দার করে অর্থে। বি।

তহি, তঁহি, তহিঁ, তহু—তাহাতে; তথায়, সেখানে; তাই, সেই জন্য; তখন; তাহার উপর, অধিকন্তু। প্রাঃ কবিপ্র। অব্য।

তা—১। কাগজের খণ্ড। ফার্সী 'তাহ্‌ন' শব্দজ। বি। ২। (গোঁফে) পাক। 'তার' শব্দজ। বি। ৩। তাহা, সেই। 'তাহা' শব্দের সংক্ষেপ। সর্ব্ব। ৪। ডিমের উপর বসিয়া গরম করা। 'তাপ' শব্দজ। বি।

তাই—১। তাহাই, সেইটাই। তা+ই সর্ব্ব। ২। শিশুদের হাততালি। 'তালি

শব্দজ। বি। ৩। সেইজন্য, অতএব, সুতরাং। দেশজ। অব্য। ৪। তাহাকে। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

তাউই, তালুই—ভ্রাতা অথবা ভগিনীর শ্বশুর। 'তাতগু' শব্দজ। বি।

তাওয়া—লৌহময় ভর্জ্জনপাত্র, চাটু; কলিকার ভিতরে তামাক রাখার চাকতি; কাগজের খণ্ড। দেশজ। বি।

তাওয়ান—তাপ প্রয়োগ করা; উত্তেজিত করা। বাং ক্রি।

তাঁত—১। চামড়ার সুতা। 'তন্তু' শব্দজ। ২। কাপড় বুনিবার যন্ত্র। 'তন্ত্র' শব্দজ। বি।

তাঁতি, তাঁতী—তন্তুবায়জাতি। 'তন্ত্রী' শব্দজ। বি।

তাঁবা—তাম্র; তামা। দেশজ। বি।

তাঁবু—শিবির, পটাবাস (Tent)। আর্বী। 'তম্বু' শব্দজ। বি।

তাঁবে—অধীনতায়। আর্বী। বি।

তাঁবেদার—অধীন ব্যক্তি; ভৃত্য। তাঁবে+দার। বি বা বিণ।

তাঁবেদারি, -দারী—অধীনতা, ভৃত্যত্ব। তাঁবেদার+ই, ঈ কর্ম্মার্থে। বি।

তাক—১। ভিত্তিলগ্ন কাষ্ঠময় দ্রব্যাধার। আর্বী। ২। নিশানা; লক্ষ্য, তাগ, নজর, দৃষ্টি; বিস্ময়; অনুমান, আন্দাজ। 'তর্ক' শব্দজ। বি। ৩। তাহার, তাহাকে। প্রাঃ কবিপ্র। সর্ব্ব। [বি।

তাকৎ, তাগৎ—শক্তি, সামর্থ্য। আর্বী।

তাকা—অনুমান করা; প্রস্তুত হওয়া। 'তর্ক' ধাতুজ। বি।

তাকান—চাওয়া, দৃষ্টিপাত করা। বাং ক্রি। বি, তাকানি।

তাকিয়া—ঠেসান দিবার মোটা খাট বালিস। ফার্সী 'তকীআ' শব্দজ। বি।

তাগড়া—মোটাসোটা ও লম্বা। হিন্দী। বিণ।

তাগা—উপর-হাতের গহনাবিশেষ, অনন্ত; হাতের সুতা তাবিজ ইত্যাদি; রক্ত চলাচল বন্ধ করিবার জন্য বন্ধনী। প্রাকৃত 'তগগ' শব্দজ। বি।

তাগাড়—জলের সহিত মিশান পাকা ঘরের গাঁথনির মসলার তাল বা উহার কুণ্ড। দেশজ। বি।

তাগাদা, তাগিদ—পাওনা টাকা চাওয়া; জরুরী দরকার; মনে করান। আর্বী 'তাকাদা' শব্দজ। বি।

তাগাবী, তাকাবী—কৃষিপ্রজাকে বিনা সুদে প্রদত্ত সরকারী ঋণ। বৈদে। বি।

তাগিদদার—তাগাদাকারক, যে প্রাপ্য অর্থাদি চায় এরূপ। তাগিদ+দার কর্ত্তে অর্থে। বি বা বিণ।

তাগুড়ান, তাজড়ান—ভবিষ্যতের জন্য সাবধানে সংগ্রহ বা সঞ্চয় করা। দেশজ। বি।

তাচ্ছল্য, তাচ্ছিল্য—অবহেলা, অনাদর, অযত্ন, উপেক্ষা। 'তাচ্ছীল্য' শব্দের দেশজ প্রঃ। বি।

তাচ্ছীল্য—১। তৎস্বভাবতা। তচ্ছীল শব্দ+য্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব। ২। অশ্রদ্ধা, অনাদর, উপেক্ষা, অযত্ন। বি।

তাজ—কিরীট, মুকুট; মস্তকাবরণ, টুপী। ফার্সী। বি।

তাজমহল—সুপ্রসিদ্ধ আগ্রানগরীস্থিত ভারতের মোগলসম্রাট শাহজাহাঁর প্রিয়তমা মহিষী মমতাজমহলের সমাধি-মন্দির। বি।

তাজা—টাটকা; নূতন; সতেজ, স্ফূর্ত্তিযুক্ত। ফার্সী। বিণ।

তাজিয়া—মহরম পর্ব্বে বাহিত হাসান-হোসেনের কবরের প্রতিমা। ফার্সী। বি।

তাজ্জব—বিস্ময়জনক, অপূর্ব্ব, অদ্ভুত। 'তা-আজ্জুব্' শব্দজ। বিণ।

তাঞ্জাম—একপ্রকার সুসজ্জিত চতুর্দ্দোল বা শিবিকা (Sedan chair). হিন্দী। বি।

তাড়—১। আঘাত; ধ্বনি। তড়্+ঘঞ্ ভাববা। ২। তালগাছ। তড়্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং। ৩। করাভরণবিশেষ। প্রাঃ কবিপ্র। বি।

তাড়কা—এক রাক্ষসীর নাম; মারীচের মাতা। রামচন্দ্র এই রাক্ষসীকে বধ করেন। বি; স্ত্রী।

তাড়ন—প্রহার; তর্জ্জন, ভৎ‍র্সন। ণিজন্ত তড়্ (=তাড়ি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

তাড়না—তাড়ন (সকল অর্থে)। ণিজন্ত তড়্ (=তাড়ি)+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

তাড়নী—তাড়নদণ্ড, কোড়া; কশা, চাবুক। ণিজন্ত তড়্+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

তাড়স—বেদনার প্রকোপ, আওরান ('ফোড়ার—')। দেশজ। বি।

তাড়া—১। অনুসরণ, পশ্চাদ্ধাবন; তাড়না, ভৎ‍সনা; ধমক; অর্গল, খিল। 'তড়্' ধাতুজ। ২। ত্বরা, জরুরী দরকার; শীঘ্র কাজের জন্য পীড়াপীড়ি। 'ত্বরা' শব্দজ। ৩। গুচ্ছ, গোছা। 'তাড়্' ধাতুজ। বি।

তাড়াতাড়ি—১। ত্বরা; জরুরী দরকার। বি। ২। চটপট, সত্বর। 'ত্বরা' শব্দজ। ক্রি-বিণ।

তাড়ানো, তাড়ান—বিদায় করা, ভাগান ('জ্বর, ভূত, লোক—'); নিবারণ করা, ঘেঁসিতে না দেওয়া ('মাছি—'); তাড়না দ্বারা চরান ('গরু—')। বাং ক্রি।

তাড়াহুড়া, —হুড়ো—১। তাড়াতাড়ি কাজ সারিবার জন্য জুলুম। দ্বন্দ্ব। বি। ২। তাড়াতাড়ি। ক্রি-বিণ।

তাড়ি, তাড়ী—১। বৃক্ষবিশেষ, তালগাছ। তড়্+ণিচ্+ই কর্ম্মবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী। ২। তাল বা খর্জ্জুরের মাদক রস। তাড় (তাল)+ই, ঈ জাতার্থে। ৩। ছোট তাড়া, গোছা। তাড়া+ই, ঈ ক্ষুদ্রার্থে। বি।

তাড়িত—১। আহত; তিরস্কৃত, বিতাড়িত, দূরীকৃত; বিদ্ধ। ণিজন্ত তড়্ (=তাড়ি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। তড়িৎ-সম্বন্ধীয়, তড়িৎ-সম্ভূত, বৈদ্যুতিক। তড়িৎ শব্দ+অণ্ ভবার্থে। বিণ। স্ত্রী,—তী। ৩। পাঞ্চভৌতিক সৃষ্টির সর্ব্বত্র যে অতি সূক্ষ্ম তেজোময় পদার্থ বিদ্যমান আছে; পদার্থ-বিশেষের ঘর্ষণ দ্বারা যে আকর্ষণী বা বিকর্ষণী শক্তি জন্মে। বি; ক্লীব। ৪। তড়িৎ, বিদ্যুৎ (Electricity). তড়িৎ+অণ্ স্বার্থে। বি; ক্লীব।

তাড়িত-পরিচালক—যাহা বৈদ্যুতিক শক্তি দ্রব্য হইতে দ্রব্যান্তরে চালিত করে (Electric conductor). ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—লিকা।

তাড়িতবার্ত্তা(র্তা)—টেলিগ্রাম, তারের খবর। তাড়িতী বার্ত্তা, কর্ম্মধা। বি; স্ত্রী।

তাড়িত-বার্ত্তা(র্তা)বহ—বিদ্যুৎচালিত সংবাদবাহক-যন্ত্র, টেলিগ্রাফ (Telegraph). বার্ত্তার বহ (বাহক)=বার্ত্তাবহ, ৬ষ্ঠীতৎ; তাড়িত বার্ত্তাবহ, কর্ম্মধা। বি; পুং।

তাড়িতশকট—বৈদ্যুতিক গাড়ী; ট্রামগাড়ী; বৈদ্যুতিক ট্রেন। কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

তাড়িতাপরিচালক—যে সকল বস্তুর ভিতর দিয়া তাড়িত শক্তি সহজে চলাচল করিতে পারে না এরূপ (Electric non-conductor). ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—লিকা।

তাড়ী—তাড়ি দ্রঃ।

তাড়ীখানা—তাড়ীবিক্রয়ের দোকান। ৬ষ্ঠীতৎ। বি। [বি।

তাড়ু—তিয়ানের বড় খুন্তিবিশেষ। দেশজ।

তাড্যমান—যাহাকে প্রহার বা শাসন করা হইতেছে এরূপ; বাদ্যমান, যাহাতে আঘাত করা হইতেছে এরূপ; পীড্যমান। ণিজন্ত তড়্+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

তাণ্ডব—উদ্ধত নৃত্য; পুরুষের নৃত্য; শিবের নৃত্য। তণ্ডু+অণ্ প্রণয়নার্থে। বি; ক্লীব।

তাণ্ডবনৃত্য—উদ্দাম নৃত্য; বিশৃঙ্খল কাণ্ড। কর্ম্মধা। বি।

তাণ্ডবলীলা—নৃত্যক্রীড়া; সাংঘাতিক কার্য্যাদি; সর্ব্বনাশকর ব্যাপার। কর্ম্মধা। বি; স্ত্রী।

তাত—১। স্নেহপাত্র; পুত্র; পিতা; পূজ্য

ব্যক্তি। তন্+ক্ত কর্তৃবা। বি; পুং। ২। উত্তাপ, উষ্ণতা। 'তাপ' শব্দজ। বি।

তাতল—১। রোগ; পাক; লৌহযষ্টি। বি; পুং। ২। উত্তপ্ত ('-সৈকত')। প্রাঃ কবিপ্র। বিণ।

তাতা—১। ঈষদুষ্ণ হওয়া, গরম হওয়া, রাগিয়া উঠা। বাং ক্রি। ২। গরম। তাত্+আ কর্তৃবা। বিণ।

তাতান—১। ঈষদুষ্ণ করা, গরম করা। বাং ক্রি। ২। তপ্ত, গরম। তাতা+ন কর্মবা। বিণ।

তাতাল—রাংঝাল দিবার লৌহনির্মিত যষ্টিবিশেষ। দেশজ। বি।

তাৎকালিক—তৎকালসম্বন্ধীয়, তৎকালীন। তৎকাল+ইক ভবার্থে। বিণ। স্ত্রী,—কী, —কা। [সম্বন্ধার্থে। বিণ।

তাত্ত্বিক—তত্ত্ববিদ্; তত্ত্বসম্বন্ধীয়। তত্ত্ব+ইক

তাৎপর্য্য(র্য)—অভিপ্রায়, মর্ম্ম; উদ্দেশ্য, তৎপরতা। তৎপর+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

তাথৈ, তাথৈয়া—নর্ত্তনধ্বনির অনুকরণ-শব্দ; মৃদঙ্গধ্বনির অনুকরণ-শব্দ। কবিপ্র। অব্য।

তাদর্থ্য—তদর্থতা, তদুদ্দেশ্য; তজ্জন্য; তন্নিমিত্ততা। তদর্থ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

তাদৃশ—সেই প্রকার। তদ্—দৃশ্+ঘঞ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—শী।

তান—১। বিস্তার। তন্+ঘঞ্ ভাববা। ২। গানের অঙ্গ, স্বর। তন্+ঘঞ্ কর্মবা। বি; পুং। ৩। জ্ঞানের বিষয়। তন্+ঘঞ্ কর্মবা। বি; ক্লীব।

তানপুরা—বাদ্যযন্ত্রবিশেষ; তুম্বুরুবীণা। 'তুম্বুরা' শব্দজ। বি।

তানা-না-না—গানের বোল, সুর সাধা; কোন কার্য্যের প্রথম সূচনা, কার্য্যের আয়োজন; বাজে কাজ। দেশজ। বি।

তান্তব—১। তন্তু-দ্বারা নির্ম্মিত; তন্তু-করণ-সাধ্য, যাহাকে টানিয়া তার করিতে পারা যায় এরূপ (Ductile). তন্তু+অণ্ বিকারার্থে। বিণ। স্ত্রী,—বী। ২। বয়ন, বোনা। তন্তু+অণ্ নিষ্পাদিতার্থে। বি; ক্লীব।

তান্ত্রিক—তন্ত্রশাস্ত্রের মতাবলম্বী; তন্ত্রশাস্ত্রজ্ঞ; সিদ্ধান্তজ্ঞ; তন্ত্র সম্বন্ধীয় বা বিষয়ক। তন্ত্র+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

তাপ—জ্বর; উষ্ণতা; যাতনা; মনঃপীড়া; আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক, এই ত্রিবিধ দুঃখ। তপ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

তাপক—তাপদায়ক (দুঃখ, রোগ, অগ্নি প্রভৃতি)। তপ্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

তাপত্রয়—ত্রিবিধ তাপ, আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই তিনপ্রকার দুঃখ। তাপের ত্রয়, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

তাপন—১। তাপপ্রদ। ণিজন্ত তপ্ তাপি+অন কর্তৃবা। বিণ। স্ত্রী,—না। ২। সূর্য্য; কিরণ; শত্রু প্রভৃতি। বি; পুং। ৩। তাপজনন। তপ্+ণিচ+অনট্ ভাববা। বি; ক্লীব।

তাপমান—১। তাপের পরিমাণনিরূপণ। তাপের মান (পরিমাণ), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। তাপের পরিমাণনিরূপক। তাপের মান যদ্দ্বারা, বহুব্রী। বিণ।

তাপমান-যন্ত্র—যে যন্ত্র দ্বারা তাপের অর্থাৎ উষ্ণতার পরিমাণ করিতে পারা যায় (Thermometer). তাপমানসাধক যন্ত্র, মধ্যপ কর্মধা। বি; ক্লীব।

তাপস—১। তপস্বী, সাধক। তপস্+অণ্ আছে অর্থে। বি; পুং বা বিণ। ২। তপঃসম্বন্ধীয়। তপস্+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—সী।

তাপসতরু, তাপসদ্রুম—ইঙ্গুদী বৃক্ষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তাপসেক—তাপপ্রদান, বেদনাযুক্ত স্থানে তাপ লাগান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তাপহারক—তাপনাশক ; দুঃখনাশকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রিকা।

তাপহারী (–হারিন্)—উত্তাপনাশক ; মনস্তাপবিনাশী ; দুঃখনাশকারী। তাপ হরণ করে যে, উপতৎ। তাপ—হৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

তাপা—তাপিত করা ; তপ্ত হওয়া ; তাপ গ্রহণ করা। কবিপ্র। ক্রি।

তাপাধিক্য—তাপের আতিশয্য। তাপের আধিক্য, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

তাপিত—সন্তাপিত ; দুঃখিত। ণিজন্ত তপ্ (তাপি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

তাপিনী—তাপপ্রদা ; তাপযুক্তা। তাপিন্+ঈপ্। বিণ ; স্ত্রী।

তাপী (**তাপিন্**)—১। তাপপ্রদ। তপ্+ণিন্ কর্ত্তৃবা। ২। তাপযুক্ত, সন্তাপযুক্ত। তাপ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—পিনী।

তাফ্‌তা মিশ্রিত রেশমী ও পশমী বস্ত্রবিশেষ। ফার্সী। বি।

তাবৎ—১। সমুদায় সাকল্য ; সেই পর্য্যন্ত ; সীমা ; অবধি ; পরিমাণ ; অবধারণ ; তৎকালে ; তৎক্ষণে ; বাক্যালঙ্কার। তদ্+ডাবৎ। অব্য। ২। তৎসংখ্যক ; সমগ্র। তদ্+বতু পরিমাণার্থে। বিণ ; ক্লীব। পুং, —বান্। স্ত্রী,—বতী। [বিণ।

তাবন্ত—তাবৎ, সমুদায়, সকল। প্রাদে।

তাবিজ—স্ত্রীলোকদিগের বাহুভূষণবিশেষ ; কবচ। আর্বী 'তবিজ' শব্দজ। বি।

তামরস—দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ ; পদ্ম ; তাম ; স্বর্ণ ; ধুতুরা। তামর—সস্+ড কর্ত্তৃবা। বি ; ক্লীব।

তামলী তাম্বুলী ; পাণ-ব্যবসায়ী জাতি। 'তাম্বুলী' শব্দজ। বি।

তামস ১। তামসিক ; তমোগুণান্বিত ; অন্ধকারময়। তমস্+অণ্ যুক্তার্থে, ভবার্থে। বিণ। স্ত্রী,—সী। ২। চতুর্থ মনু ; ভূত-প্রেতাদির উপাসক ; সর্প ; খলজন। বি ; পুং।

তামসদান—দেশকালপাত্র বিবেচনা না করিয়া অশ্রদ্ধাপূর্ব্বক দান। কর্ম্মধা। বি ; ক্লীব।

তামসপ্রকৃতি—১। নিকৃষ্টস্বভাব ; আলস্য, জড়তা। কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। নিকৃষ্ট-স্বভাবযুক্ত ; জড়, অলস। তামসী প্রকৃতি যাহার, বহুব্রী। বিণ।

তামস-যজ্ঞ—অন্নবস্ত্রদক্ষিণারহিত শ্রদ্ধা-বিরহিত যজ্ঞ। কর্ম্মধা। বি ; পুং।

তামস-শাস্ত্র—তামস মুনিগণরচিত ঈশ্বরবাদ-শূন্য শাস্ত্র। কর্ম্মধা। বি ; ক্লীব।

তামসিক—তমোগুণবিশিষ্ট ; তমোগুণজাত ; তমোগুণপ্রধান। তমস্+ইক ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী,—কী।

তামসী—১। অন্ধকারময়ী ; তামসিকী। তমস্+অণ্ ব্যাপ্ত্যর্থে+ঈপ্। বিণ ; স্ত্রী। ২। অন্ধকারময়ী রাত্রি ; কালী ; মায়া-বিদ্যাবিশেষ ; তমোগুণযুক্তা রমণী। বি ; স্ত্রী।

তামা তাম্র। 'তাম্র' শব্দজ। বি।

তামাক, তামাকু—তাম্রকূট, ধূমপানাদি নেশার পাতা বা গাছ। পোর্ত্তুগীজ 'Tabaco' শব্দজ। বি।

তামাটিয়া, তামাটে—তাম্রের ন্যায় রং-বিশিষ্ট। তামা+টিয়া, টে সদৃশার্থে। বিণ।

তামাদি, তামাদী কোন স্বত্ব বা দলিল আইনমতে বলবৎ থাকিবার নির্দ্দিষ্ট সময় গত। আর্বী 'তমাদি' শব্দজ। বি।

তামাম—বিলকুল, সকল। আর্বী 'তমাম' শব্দজ। বিণ।

তামাসা—রহস্য, পরিহাস, কৌতুক, মজা, ঠাট্টা। আর্বী 'তমাশা' শব্দজ। বি।

তামিল—১। দাক্ষিণাত্যবাসী জনসম্প্রদায়-বিশেষ ; দক্ষিণ-ভারতের ভাষাবিশেষ। বি। ২। পালন, অনুবর্ত্তন। আর্বী 'তা-আমীল' শব্দজ। বি।

তামিস্র—১। অন্ধকারময় নরক। তমিস্রা+অণ্ আছে অর্থে। বি ; ক্লীব। ২। নিশা-চর। তমিস্রা+অণ্ চরে এই অর্থে। ৩

সাংখ্যদর্শনোক্ত অষ্টাদশ প্রকার অজ্ঞানবিশেষ। তমিস্র+অণ্ স্বার্থে। বি; পুং।

তাম্বুক—তামাকু বা তামাক, তাম্রকূট। কবিপ্র। বি।

তাম্বুলি, তাম্বুলী—জাতিবিশেষ। 'তাম্বূলী' শব্দজ। বি। ['তাম্বু' শব্দজ। বি।

তাম্বু, তাঁবু—পটাবাস, শিবির। আর্বী

তাম্বূল—পর্ণ, পাণ, নাগবল্লী। তম্+বূলট্ কর্ত্তৃবা (নিপা)। বি; ক্লীব।

তাম্বূলকরঙ্ক, —পেটিকা—পাণের বাটা, ডিবে। ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।

তাম্বূলকরঙ্কবাহিনী—পাণের ডিবা বহনকারিণী দাসী; অন্তঃপুরের পরিচারিকা। উপতৎ। তাম্বূলকরঙ্ক—বহ্+ণিন্ কর্ত্তৃবা+ ঈপ্। বি; স্ত্রী।

তাম্বূলরাগ—পাণ খাইলে মুখাদিতে যে রক্তিমা হয়; পাণের দাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তাম্বূলিক—তাম্বূলব্যবসায়ী; তামুলি (জাতি)। তাম্বূল+ইক তদ্দ্বারা জীবন ধারণ করে অর্থে। বি; পুং। স্ত্রী,—কী।

তাম্বূলী (তাম্বূলিন্)—তাম্বূলব্যবসায়ী; তামুলি (জাতি)। তাম্বূল+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

তাম্র—১। অরুণবর্ণযুক্ত। তাম্র (অরুণবর্ণ) +অচ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, তাম্রা। ২। ধাতুবিশেষ, তামা। তম্+র (নিপা)। বি; ক্লীব। ৩। কুষ্ঠরোগবিশেষ; অরুণ বর্ণ। তাম্র+অচ্ আছে অর্থে। বি; পুং।

তাম্রকুণ্ড—তামার কুণ্ড বা পাত্রবিশেষ। তাম্রনির্ম্মিত কুণ্ড, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

তাম্রকূট—তামাক। তাম্রের ন্যায় কূট যাহার, বহুব্রী। বি; পুং বা ক্লীব।

তাম্রফলক—তামার পাটা বা পাত। তাম্র-নির্ম্মিত ফলক, মধ্যপ কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

তাম্রবর্ণ—১। তামার রঙ্। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। রক্তবর্ণবিশিষ্ট। তাম্রের বর্ণের ন্যায় বর্ণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ণা।

তাম্রমুদ্রা—পয়সা প্রভৃতি। তাম্রনির্ম্মিত মুদ্রা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

তাম্রলিপি, —শাসন—তামার পাতে লিখিত রাজশাসনসূচক লিপি। তাম্র-লিখিত শাসন, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী, ক্লীব।

তাম্রাভ—১। রক্তচন্দন। বি; ক্লীব। ২। রক্তবর্ণ, তামাটে। তাম্রের আভার ন্যায় আভা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ভা।

তাম্রিক—তাম্রকার, কাঁসারি। তাম্র+ইক শিল্প ইহার এই অর্থে। বি; পুং।

তায়দাদ—জমির সীমানায় বিবরণ; পরিমাণ। আর্বী। বি।

তার—১। অত্যুচ্চ (শব্দ বা স্বর); পরিষ্কৃত; দীপ্ত; স্থূল; উৎকৃষ্ট; বিস্তৃত। তৄ+ণিচ্ +অচ্ কর্ত্তৃবা। বিণ। ২। উত্তরণ। তৄ+ ঘঞ্ ভাববা। ৩। হারমধ্যমণি; উচ্চস্বর। তৄ+ণিচ্+অচ্+কর্ত্তৃবা। ৪। রজ্জু; ধাতুময় তন্ত্র; প্রণব। তৄ+ঘঞ্ করণবা। বি; পুং। ৫। খবর; টেলিগ্রাফ। দেশজ। বি। ৬। নক্ষত্র; চোখের তারা; রৌপ্য। বি; ক্লীব। ৭। 'তাহার' শব্দের সংক্ষেপ। সর্ব্ব। ৮। উদ্ধার কর ('তনয়ে—')। কবিপ্র। ক্রি।

তারক—১। উদ্ধারকারী, রক্ষক। ণিচন্ত তৄ (=তারি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, তারিকা। ২। ভেলক, ভেলা; কর্ণধার। বি; পুং। ৩। চক্ষুর তারা; নক্ষত্র। তার +কন্ স্বার্থে। বি; ক্লীব। ৪। জনৈক অসুর। বি; পুং।

তারকনাথ—মহাদেব। কর্ম্মধা। বি; পুং।

তারকব্রহ্ম (—ব্রহ্মন্)—'ওঁ রাম শ্রীরাম' এই ষড়ক্ষর মন্ত্র।

"হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে।"

—এই বত্রিশ অক্ষরযুক্ত নামমালা। কর্ম্মধা। বি; ক্লীব।

তারকা—১। চক্ষুর তারা; নক্ষত্র। তারক +আপ্। বি; স্ত্রী। ২। বিখ্যাত

চিত্রাভিনেতা বা চিত্রাভিনেত্রী (Filmstar). বি।

তারকা-চিহ্ন—গ্রন্থের তারকাকার সাঙ্কেতিক চিহ্নবিশেষ (*) (Asterisk). কর্ম্মধা। বি; ক্লীব।

তারকারি—কার্ত্তিকেয়। তারকের (অসুর-বিশেষের) অরি (শত্রু), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তারকিত—নক্ষত্রযুক্ত। তারকা+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

তারকেশ্বর—১। হুগলী জেলার অন্তর্গত প্রসিদ্ধ তীর্থস্থান। তারকেশ্বর+অচ্ আছে অর্থে। ২। মহাদেব। তারক (পরিত্রাণ-কারী) ঈশ্বর, কর্ম্মধা। ৩। চন্দ্র। তারকার ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তারণ—১। রক্ষাকর্তা, ত্রাণকর্তা। ণিজন্ত তৃ (=তারি)+অন কর্তৃবা। বিণ। স্ত্রী,—ণী। ২। ভেলক, ভেলা। বি; পুং। ৩। পারকরণ; বিপদ্ হইতে পরিত্রাণ-করণ। তারি+অনট্ ভাববা। বি; ক্লীব।

তারণি—নৌকা। তারি+অনি করণবা। বি; স্ত্রী।

তারতম্য—তরতমতা, কমবেশী; ন্যূনাধিক্য; ইতরবিশেষ। তরতম+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

তারপলিন—ত্রিপল বা তিরপল, মোটা সূতার পাল। ইং 'Tarpaulin' শব্দজ। বি।

তারপিন—সরলবৃক্ষের নির্য্যাস, এক-প্রকার তেল। ইং 'Tarpentine' শব্দজ। বি।

তারল্য—তরলতা, দ্রবত্ব; চপলতা, চাঞ্চল্য। তরল+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

তারা—১। চক্ষুর তারকা; নক্ষত্র; দুর্গা; দশমহাবিদ্যার দ্বিতীয় মহাবিদ্যা; দেবগুরু বৃহস্পতির ভার্য্যা; কপিরাজ বালীর ভার্য্যা; সঙ্গীতের সুরবিশেষ, উচ্চ সপ্তক। তৃ+ণিচ্ +অচ্ কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

তারাকুমার—কার্ত্তিকেয় বা গণেশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তারাধিপ, তারানাথ—চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তারাপতি—দুর্গাপতি, শিব; নক্ষত্রপতি, চন্দ্র; বৃহস্পতি; কপিরাজ বালী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তারাপীড়—চন্দ্র; জনৈক নরপতি। তারা আপীড় (শিরোভূষণ) যাহার, বহুব্রী। বি; পুং।

তারিখ—মাসের দিন। আর্বী। বি।

তারিণী—১। তারণকারিণী; ত্রাণকর্ত্রী। ণিজন্ত তৃ (=তারি)+ণিন্ কর্তৃবা+ঈপ্। বিণ; স্ত্রী। ২। দুর্গা। বি; স্ত্রী।

তারিফ—পরিচয়; ব্যাখ্যা, সুখ্যাতি, প্রশংসা; বাহাদুরী। আর্বী। বি।

তারুণ্য—তরুণ অবস্থা; যৌবন। তরুণ (যুবা)+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

তার্কিক—তর্কশাস্ত্রজ্ঞ; তর্কশাস্ত্রাধ্যায়ী; নৈয়ায়িক। তর্ক+ইক জানে বা পড়ে অর্থে। বিণ। স্ত্রী,—কী।

তার্পিন—তারপিন (তাহা দ্রঃ)।

তাল—১। করতালাঘাত। তড়্+ঘঞ্ ভাববা। ২। করতাল বাদ্যযন্ত্র; করতল; খড়্গমুষ্টি। তড়্+ঘঞ্ করণবা। বি; পুং। ৩। গীতবাদ্য-বিষয়ে কালক্রিয়া-পরিমাণ; কালপরিমাণবিশেষ; অঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলি-মিত পরিমাণ। তল্+ ঘঞ্ অধিবা। বি; পুং। ৪। হরিতাল। তল্+ণিচ্+অচ্ করণবা। ৫। লেখ্যপত্র। তালি+ঘঞ্ অধিবা। ৬। তালফল। তাল+অচ্ তৎফলার্থে। বি; ক্লীব। ৭। ধাক্কা, ঠেলা; হাঙ্গামা। দেশজ। বি।

তালকাণা—সঙ্গীতের তাল-জ্ঞানহীন; দৃষ্টিহীন, অন্ধ; আসল বিষয়ে দৃষ্টিহীন; অবোধ, অনভিজ্ঞ। দেশজ। বিণ।

তালপত্র—তালগাছের পাতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

তালবৃন্ত—ব্যজন, পাখা। তালে (করতলে) বৃন্ত যাহার, বহুব্রী। বি; ক্লীব।

তালবেতাল—তাল ও বেতাল নামক যক্ষদ্বয়। দ্বন্দ্ব। বি; পুং।

তালবোধ—তালজ্ঞান, সঙ্গীতের তাল বুঝা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তালব্য—তালু হইতে উচ্চারিত। তালু+যৎ ভবার্থে। বিণ।

তালভঙ্গ—গানের তাল কাটিয়া যাওয়া, বেতাল; শৃঙ্খলাহীনতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তালশাঁস—কচি তালের আঁটির শাঁস। ৬ষ্ঠীতৎ। বি।

তালা—১। কুলুপ। 'তলক' শব্দজ। ২। সাময়িক বধিরতা। দেশজ। বি।

তালাক, তাল্লাক—দিব্য, শপথ, প্রতিজ্ঞা; মুসলমানদের পতি বা পত্নীর পরস্পরের সহিত সম্বন্ধ-বর্জ্জনের প্রতিজ্ঞা। আর্বী। বি।

তালাক-নামা—মুসলমানের বিবাহ-বিচ্ছেদের দলিল। তালাক+নামা লিপি অর্থে। বি।

তালি—১। বৃক্ষবিশেষ। তল্+ইন্ কর্ত্তৃবা। বি; স্ত্রী। ২। হাততালি। 'তাল' শব্দজ। বি। ৩। পটি; বস্ত্রাদির ছিন্নস্থানে সংযোজিত অংশ। দেশজ। বি।

তালিকা—১। তালমূলী। তালী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী। ২। ফর্দ; নির্ঘণ্ট। আর্বী। বি।

তালিম—শিক্ষা, (ধূর্ত্ততা বিষয়ে) ব্যবহারিক জ্ঞান বা আদবকায়দা ('—দেওয়া')। আর্বী। বি। [+ঈপ্। বি; স্ত্রী।

তালী—তালগাছ। তাল+অচ্ আছে অর্থে

তালু—তেলো, টাক্‌রা। তৃ+ঞুণ্ করণবা। বি; ক্লীব।

তালুই, তাউই—ভাই বা বোনের শ্বশুর। 'তাতগু' শব্দজ। বি।

তালুক—বিস্তীর্ণ জমিদারীর এক এক বিভাগ; অধিকৃত ভূসম্পত্তি; জমিদারী; ভূম্যধিকার। আর্বী। বি।

তালুকদার—তালুকের অধিকারী; জমিদার। তালুক+দার মালিক অর্থে। বি।

তালুকদারি, -দারী—তালুকদারের কার্য্য; জমিদারীর একাংশের অধিকার। তালুকদার+ই, ঈ কর্ম্মার্থে, অধিকারার্থে। বি। [আর্বী। বিণ।

তালেবর—মান্যগণ্য, পদস্থ, সঙ্গতিপন্ন।

তাস—খেলিবার চিত্রিত কাগজখণ্ড (Cards). হিন্দী। বি।

তাসা—তাস ভাঁজা বা বাঁটা। বাং ক্রি।

তাসানো—তাসের গোছা ওলটপালট করা। বাং ক্রি। [সর্ব্ব।

তাহা, তা—সেই বস্তু বা বিষয়। 'তদ্' শব্দজ।

তিঁহ, তিঁহি, তিঁহো, তিহোঁ—তিনি, সে। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

তিক্ত—১। তিক্তরসযুক্ত, তেঁতো; সুগন্ধি। তিজ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, তিক্তা। ২। তিত বা তেঁতো রস। বি; পুং।

তিজারৎ, তেজারৎ—কুসীদবৃত্তি, মহাজনী ব্যবসায়। আর্বী। বি।

তিজারতী, তেজারতী—মহাজনী ব্যবসায়-সম্বন্ধীয়। তিজারৎ, তেজারৎ+ঈ সম্বন্ধার্থে। বিণ।

তিড়বিড়ানি—চাঞ্চল্য। দেশজ। বি।

তিড়বিড়ে—ছট্‌ফটে, চঞ্চল। দেশজ। বিণ।

তিত—তেঁতো। 'তিক্ত' শব্দজ। বিণ।

তিতা—১। তিত, তিক্ত। 'তিক্ত' শব্দজ। বিণ। ২। ভিজিয়া যাওয়া, আর্দ্র হওয়া। কবিপ্র। ক্রি।

তিতিক্ষা—ক্ষমা, সহনশীলতা, সহিষ্ণুতা। সনন্ত তিজ্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

তিতিক্ষু—ক্ষমাশীল, সহিষ্ণু। সনন্ত তিজ্+উ কর্ত্তৃবা। বিণ।

তিতিবিরক্ত—জ্বালাতন, যার-পর-নাই উত্ত্যক্ত। দেশজ। বিণ।

তিতীর্ষু—পার হইতে ইচ্ছুক, তরণেচ্ছু। সনন্ত তৃ+উ কর্ত্তৃবা। বিণ।

তিত্তির, তিত্তিরি—স্বনামখ্যাত পক্ষী। তিত্তি-রা+ক কর্ত্তৃবা। বি; পুং।

তিথি—চান্দ্রমাসের ত্রিশ ভাগের এক ভাগ,

প্রতিপদ্ আদি ; পঞ্চদশ সংখ্যা, ১৫ সংখ্যা। অত্ + ইথিন্ কর্ত্তৃবা (নিপা)। বি ; পুং বা স্ত্রী।

তিথিকৃত্য—তিথিবিশেষে করণীয় কার্য্য। ৭মীতৎ। বি ; ক্লীব।

তিথিক্ষয়—১। অমাবস্যা ; ত্র্যহস্পর্শ। তিথির ক্ষয় যাহাতে, বহুব্রী। বি ; পুং।

তিথিসন্ধি—তিথিদ্বয়ের মিলন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

তিথ্যমৃতযোগ—বারতিথিসংযোগে শুভকর যোগবিশেষ। তিথিঘটিত অমৃতযোগ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

তিন—ত্রয়, ত্রি ; ৩। 'ত্রি' শব্দজ। বি বা বিণ।

তিনকাল—ভূত, বর্ত্তমান ও ভবিষ্যৎ ; সত্য, ত্রেতা ও দ্বাপর ; খণ্ড প্রলয়, দৈনন্দিন প্রলয় ও মহাপ্রলয় ; বাল্য, যৌবন ও প্রৌঢ়াবস্থা। কর্ম্মধা। বি ; পুং। [সর্ব্ব।

তিনি—(সম্ভ্রমে) সেই ব্যক্তি। 'তদ্' শব্দজ।

তিন্তিড়—১। তেঁতুল গাছ। বি ; পুং। ২। তেঁতুল ফল। তিম্ + অচ্ কর্ত্তৃবা (দ্বিত্ব ও ম-স্থানে ড়)। বি ; ক্লীব।

তিন্তিড়ী—তেঁতুল গাছ ; তেঁতুল ফল। তিন্তিড় + ঙীপ্। বি ; স্ত্রী।

তিন্দু, তিন্দুক—গাব গাছ। তিজ্ + কু কর্ত্তৃবা, তিন্দু + কন্ স্বার্থে। বি ; পুং।

তিপান্তর, তেপান্তর—জনশূন্য বৃক্ষাদি-হীন তিনমাঠের সংযোগস্থল। 'ত্রিপ্রান্তর' শব্দজ। বি।

তিপ্পান্ন—৫৩ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'ত্রিপঞ্চাশৎ' শব্দজ। বি বা বিণ।

তিব্বত—দেশ-বিশেষ। (এই দেশ সিন্ধুনদের উৎপত্তি-স্থান হইতে চীন দেশের সীমা পর্য্যন্ত, হিমালয় হইতে গৌরী প্রান্তর পর্য্যন্ত সুবিস্তীর্ণ)। বি। বিণ, তিব্বতীয়, তিব্বতী।

তিমি—প্রকাণ্ড সামুদ্রিক জন্তুবিশেষ। তম্ + ইন্ কর্ত্তৃবা। বি ; পুং।

তিমিঙ্গি(ঙ্গি)ল—অতিবিশাল জলজন্তু-বিশেষ। তিমিকেও গিলে যে, উপতৎ। তিমি —গৄ + ক কর্ত্তৃবা। বি ; পুং।

তিমিত—১। আর্দ্র, ভিজা ; নিশ্চল, স্থির। তিম্ + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —তা। ২। স্তিমিত। প্রাঃ কবিপ্র। বিণ।

তিমির—১। অন্ধকার। বি ; ক্লীব। ২। নেত্ররোগবিশেষ। বি ; পুং। ৩। অন্ধকার-ময়। তিম্ + কিরচ্ করণবা। বিণ। স্ত্রী, —রা।

তিয়র—মৎস্যব্যবসায়ী জাতিবিশেষ। 'তীবর' শব্দজ। বি ; পুং। স্ত্রী, —রী, —রনী।

তিয়াত্তর—৭৩ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'ত্রিসপ্ততি' শব্দজ। বি বা বিণ।

তিয়াস, তিয়াসা—তৃষ্ণা, পিপাসা। 'তৃষা' শব্দজ। কবিপ্র। বি। [বিণ।

তিরপিত—পরিতৃপ্ত। 'তৃপ্ত' শব্দজ। কবিপ্র।

তিরবিরে—তিড়বিড়ে (তাহা দ্রঃ)।

তিরস্করণী, তিরস্করিণী—পর্দ্দা, কানাৎ ; অদর্শনবিদ্যা, যে বিদ্যার প্রভাবে আপনাকে অদৃশ্য রাখা যায়। তিরস্ (অন্তর্দ্ধান)—কৃ (করা) + অনট্ করণবা, ণিন্ কর্ত্তৃবা + ঙীপ্। বি ; স্ত্রী।

তিরস্কার—ভর্ৎসনা ; অবজ্ঞা ; নিন্দা। তিরস্—কৃ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

তিরস্কৃত—ভর্ৎসিত, অবজ্ঞাত ; নিন্দিত। তিরস্—কৃ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

তিরস্ক্রিয়া—তিরস্কার। তিরস্—কৃ + শ ভাববা + আপ্। বি ; স্ত্রী।

তিরানব্বই—৯৩ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'ত্রিনবতি' শব্দজ। বি বা বিণ।

তিরাশি, তিরাশী—৮৩ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'ত্র্যশীতি' শব্দজ। বি বা বিণ।

তিরি, তিরী—তিনকোঁটাযুক্ত তাস। দেশজ। বি।

তিরিক্ষি, —ক্ষি—উগ্র, ক্রোধশীল ('— মেজাজ')। দেশজ। বিণ।

তিরোধান—১। অন্তর্দ্ধান, লোকচক্ষুর অদৃশ্য হওয়া, (সিদ্ধপুরুষের) মৃত্যু। তিরস্

(তিরঃ)—ধা + অনট্ ভাববা। ২। আচ্ছাদন বস্ত্রাদি। তিরস্ (তিরঃ)—ধা + অনট্ করণবা। বি ; ক্লীব।

তিরোভাব—অন্তর্ধান, লোকচক্ষুর অদৃশ্য হওয়া। তিরস্—ভূ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

তিরোভূত—অন্তর্হিত, অদৃষ্ট। তিরস্—ভূ + ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

তিরোহিত—অন্তর্হিত, দৃষ্টির বহির্ভূত। তিরস্—ধা + ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

তির্পল—ত্রিপল, স্থূল বস্ত্রনির্ম্মিত চন্দ্রাতপ, পাল। ইং 'Tarpaulin' শব্দজ। বি।

তির্য্য(র্য)ক্ (তির্য্যচ্)—১। বক্রগামী। তিরস্—অন্চ্ + ক্বিপ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, তিরশ্চী। ২। পশু ; পক্ষী। বি ; পুং। ৩। বক্র ; কুটিল ; নিরুদ্ধ ; পার্শ্বস্থ। অব্য।

তির্য্য(র্য)গ্ গতি—১। বক্রগতি। কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। বক্রগামী। তির্য্যক্ (বক্র) গতি যাহার, বহুব্রী। বিণ।

তির্য্য(র্য)ক্ পাতন—বকযন্ত্র দ্বারা চোয়ান (Distillation). সুপ্ সুপা। বি ; ক্লীব।

তির্য্য(র্য)গ্ যোনি—মনুষ্য ভিন্ন প্রাণী ; পশুপক্ষী ইত্যাদি। বি ; স্ত্রী।

তিল—স্বনামখ্যাত তৈলকর শস্য ; তদাকার গাত্রস্থ চিহ্ন ; অতি সূক্ষ্ম কাল বা পরিমাণ ; তিল্ + ক কর্তৃবা। বি ; পুং। **তিলকে তাল করা**—তুচ্ছ বিষয় লইয়া হৈ চৈ করা।

তিলক—১। তিলযুক্ত ; [অন্য শব্দের পরবর্ত্তী হইলে] শ্রেষ্ঠ। বিণ। ২। ফোঁটা ; গাত্রতিল। তিল + কন্ যুক্তার্থে। বি ; পুং বা ক্লীব। ৩। তিলগাছ। বি ; পুং।

তিলকসেবা—বৈষ্ণবের দেহে চন্দনাদির চিহ্ন ধারণ। বি ; স্ত্রী।

তিলকাঞ্চন—তিল ও স্বর্ণ দ্বারা মাতাপিতার শ্রাদ্ধ। বি ; ক্লীব।

তিলকী (তিলকিন্)—তিলকধারী। তিলক + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —কিনী।

তিলকুটা, —কুটো—তিলনির্ম্মিত মিষ্টান্নবিশেষ। কুটা তিল, কর্ম্মধা। বি।

তিলতৈল—তিলস্নেহ। তিলনিঃসৃত তৈল, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

তিলাঞ্জলি—মৃত আত্মার তৃপ্তির জন্য তিলযুক্ত জলাঞ্জলি ; শেষ বিদায় ; সম্পূর্ণরূপে ত্যাগ। তিলযুক্ত অঞ্জলি, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

তিলার্দ্ধ(র্ধ)—তিলপরিমিত কালের অর্দ্ধ, অত্যন্ত অল্প সময়। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

তিলী (তিলিন্)—তিলব্যবহারী ; জাতিবিশেষ। তিল + ইন্ অস্ত্যর্থে। বি ; পুং বা বিণ।

তিলেক—সামান্য সময় ; সামান্য পরিমাণ। এক তিল, কর্ম্মধা (বাংলা নিয়মে সন্ধি)। বি বা বিণ। [কর্ম্মধা। বি ; স্ত্রী।

তিলোত্তমা—স্বর্গের অপ্সরাবিশেষ। মধ্যপ

তিলোদক—তিলমিশ্রিত জল। তিলমিশ্রিত উদক, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

তিষ্ঠ—দাঁড়াও, থাম ("তিষ্ঠ ক্ষণকাল"—মাইকেল)। সংস্কৃত 'স্থা' ধাতু + লোট্ তি ক্রি।

তিষ্ঠান, তিষ্ঠানো, তিষ্টনো—থাকা ; সহিয়া থাকা। বাং ক্রি।

তিষ্য—১। পুষ্যানক্ষত্র। তুষ্ + ক্যপ্ অধি (নিপা)। বি ; পুং। ২। পৌষমাস। তিষ্য (পুষ্যানক্ষত্রযুক্তা পূর্ণিমা) + অণ্ যুক্তার্থে। ৩। কলিযুগ। ত্বিষ্ + যক্ কর্তৃবা (নিপা)। বি ; পুং।

তিসি, তিষি—মসিনা, তৈলপ্রদ শস্যবিশেষ ; 'অতসী' শব্দজ। বি।

তিহাই, তেহাই—তৃতীয় ব্যক্তি ; একতৃতীয়াংশ ; (সঙ্গীতে) বাদ্যযন্ত্র আবর্ত্তিত হইয়া সমে আগত বোল। দেশজ। বি।

তীক্ষ্ণ—১। ক্ষিপ্রকারী ; আত্মত্যাগী ; তীব্র ('—বিষ'), শাণিত, ধারাল ; দুরূহ বিষয়ে অনায়াসে প্রবেশ করিতে সমর্থ ('—বুদ্ধি')। তীক্ষ্ণ + অচ্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, তীক্ষ্ণা। ২। লৌহ ; সৈন্ধব লবণ। বি ; পুং। ৩। উগ্রতা। তিজ্ + ক্স ভাববা। বি ; ক্লীব।

তীক্ষ্ণতা—তীব্রতা, উগ্রতা; ক্ষিপ্রকারিতা ইত্যাদি। তীক্ষ্ণ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

তীক্ষ্ণদংষ্ট্র—১। ধারাল দন্তবিশিষ্ট। তীক্ষ্ণ দংষ্ট্রা (দন্ত) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্ট্রা। ২। ব্যাঘ্র। বি; পুং।

তীক্ষ্ণধার—১। খড়্গ। বি; পুং। ২। অতিশয় ধারাল। বহুব্রী। বিণ।

তীক্ষ্ণলৌহ—ইস্পাত। বি; পুং বা ক্লীব।

তীবর—তিয়র জাতি; ব্যাধ; সমুদ্র। তৃ+ষ্বরচ্ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—রী।

তীব্র—অধিক; মহৎ; উষ্ণ; তীক্ষ্ণ; উগ্র, কড়া; দুঃসহ। তীব্ (স্থূল হওয়া)+রক্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, তীব্রা।

তীব্রতা—আধিক্য; উষ্ণতা; তীক্ষ্ণতা; উগ্রতা। তীব্র+তা ভাবার্থে। বি; স্ত্রী।

তীব্রদৃষ্টি—১। তীক্ষ্ণদৃষ্টি, অন্তর্ভেদে সমর্থ দৃষ্টি। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। তীক্ষ্ণদৃষ্টিসম্পন্ন, দৃষ্টিদ্বারা মনোগতভাব বুঝিয়া লইতে সমর্থ। তীব্রা দৃষ্টি যাহার, বহুব্রী। বিণ।

তীর—১। নদীকূল, তট; গঙ্গাতট। তীর্+ক কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। শর, বাণ। ফার্সী। বি।

তীরন্দাজ—তীর-নিক্ষেপকারী, শরচালক, ধানুষ্ক। ফার্সী। বি।

তীরবেগে—অতি দ্রুত। বহুব্রী। ক্রি-বিণ।

তীরস্থ—তীরবর্ত্তী; মরণকালে গঙ্গাতীরে আনীত, গঙ্গাযাত্রী ('—করা')। বিণ। স্ত্রী,—স্থা।

তীর্ণ—উত্তীর্ণ, পারগত; কাতর, অভিভূত; আপ্লুত। তৄ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, তীর্ণা।

তীর্থ—১। যজ্ঞ; উপায়; দর্শনশাস্ত্র; উপাধ্যায়; স্ত্রীরজঃ; অঙ্গুলির অগ্রভাগ দৈবতীর্থ, কনিষ্ঠা ও অনামিকার মূলভাগ (প্রজাপতি) কায়তীর্থ, অঙ্গুষ্ঠ-তর্জ্জনীর মধ্যভাগ পৈত্র-তীর্থ, অঙ্গুষ্ঠের মূলভাগ ব্রাহ্মতীর্থ; মানস, জঙ্গম ও স্থাবর এই তিন প্রকার তীর্থ। তৄ+থক্ কর্ম্মবা, করণবা, অধিবা। ২। পুণ্যক্ষেত্র, জলাবতরণিকা, ঘাট। তৄ+থক্ অধিবা। ৩। সৎপাত্র; কূপসমীপস্থ জলাশয়; ঋষিসেবিত জল। তৄ+থক্ অধিবা। বি; ক্লীব।

তীর্থকর, তীর্থঙ্ক(ংক)র—শাস্ত্রকার; জৈন ধর্ম্মবীর; বিষ্ণু। উপতৎ। তীর্থ—কৃ+ট, খ কর্ত্তৃবা। বি; পুং।

তীর্থকাক—১। তীর্থস্থিত কাক; পাণ্ডা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। পরপ্রত্যাশী মোসাহেব; তীর্থস্থিত কাকের ন্যায় লোলুপ ও সদাভ্রমণশীল। তীর্থে কাকবৎ, ৭মীতৎ (নিপা)। বি; পুং বা বিণ।

তীর্থক্ষেত্র—পুণ্যস্থান। কর্ম্মধা। বি; ক্লীব।

তীর্থযাত্রা—তীর্থস্থানের উদ্দেশে গমন। তীর্থনিমিত্তক যাত্রা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

তীর্থযাত্রী (—যাত্রিন্)—তীর্থযাত্রাকারী। তীর্থযাত্রা+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —ত্রিণী।

তু—১। অবধারণ; পক্ষান্তর, নিগ্রহ; সমুচ্চয়, এবং; প্রভেদ; পাদপূরণ। তুদ্ (পীড়ন করা)+ডু কর্ত্তৃবা। অব্য। ২। কুকুরের আহ্বানসূচক শব্দ। ৩। তুই, তুমি। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

তুই—অন্তরঙ্গ বা নিম্নপদস্থ লোকের সম্বোধন-সূচক 'তুমি' শব্দের রূপান্তর। সর্ব্ব।

তুইতোকারি—তুই-তোর ইত্যাদি কথা বলিয়া অসম্মান বা তুচ্ছতাচ্ছিল্য করা। দেশজ। বি।

তুঁ, তুঁহুঁ—তুই, তুমি। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

তুঁত—গাছ বা ফলবিশেষ। দেশজ। বি।

তুঁতপোকা—যে গুটিপোকা তুঁতপাতা খায়। মধ্যপ কর্ম্মধা। বি।

তুঁতিয়া, তুঁতে—তাম্রগন্ধকাম্লঘটিত দ্রব্য-বিশেষ, তুত্থ। 'তুত্থ' শব্দজ। বি।

তুঁষ—ধান্যের খোসা বা ভুসি। 'তুষ' শব্দজ। [বি।

তুক—কুহক; যাদু; কুহকমন্ত্র। দেশজ। বি।

তুকতাক—যাদুমন্ত্রাদি প্রক্রিয়া। দেশজ। বি।

তুখড়, তুখোড়—পারদর্শী, সুনিপুণ; শ্রেষ্ঠ; উৎকৃষ্ট। 'তীক্ষ্ণকর' শব্দজ। বিণ।

তুঙ্গ—১। উগ্র; অত্যুচ্চ; উন্নত; বৃহৎ; শ্রেষ্ঠ। তুন্‌জ্‌+ঘঞ্‌ করণবা। বিণ। স্ত্রী, তুঙ্গা। ২। পর্ব্বত; নারিকেল বৃক্ষ; মেষাদি রাশিবিশেষ; যোগবিশেষ। বি; পুং।

তুঙ্গিমা (-মন্‌)—উচ্চতা। তুঙ্গ+ইমন্‌ ভাবে। বি; পুং।

তুঙ্গী (**তুঙ্গিন্‌**)—১। উচ্চস্থানস্থ। তুঙ্গ+ইন্‌ আছে অর্থে। বিণ। স্ত্রী,—ঙ্গিনী। ২। উচ্চস্থ গ্রহ। বি; পুং।

তুচ্ছ—১। সামান্য, ক্ষুদ্র, অকিঞ্চিৎকর, অল্প; শূন্য; অসার; হীন। তুদ্‌-ছো+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, তুচ্ছা। ২। তুষ। বি; ক্লীব।

তুচ্ছতাচ্ছল্য, -তাচ্ছিল্য—অবজ্ঞা, অশ্রদ্ধা। দ্বন্দ্ব। বি।

তুড়ি—অঙ্গুলিধ্বনি; ছোটিকা। দেশজ। বি।

তুড়িলাফ—সহসা সদম্ভে লম্ফ প্রদান। দেশজ। বি।

তুড়ুং—দণ্ডবিধানার্থ অপরাধীর পাদবন্ধন কাষ্ঠযন্ত্র (Stocks); হাজতখানা। দেশজ। বি। **তুড়ুং ঠোকা**—হাজত দেওয়া, গারদে পোরা; (ব্যঙ্গার্থে) ভালরূপ সাজা বা শিক্ষা দেওয়া। দেশজ।

তুণ্ড—আস্য, মুখ; ঠোঁট। তুন্‌ড্‌+অচ্‌ কর্ত্তৃবা। বি; ক্লীব। [বি; ক্লীব।

তুত্থ, তুত্থক—তুঁতে। তুথ্‌+অচ্‌ কর্ত্তৃবা।

তুত্থাঞ্জন—অঞ্জনবিশেষ। তুত্থকৃত অঞ্জন (কাজল), মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

তুন্দ—উদর, ভুঁড়ি। তুদ্‌+ক কর্ত্তৃবা। বি; ক্লীব।

তুন্নবায়—দরজী। তুন্ন-বে+অণ্‌ কর্ত্তৃবা। বি; পুং।

তুফান—জোরবাতাসে নদ্যাদির জলের স্ফীতি; বন্যা; ঝড়। আর্বী। বি।

তুবড়া, তুবড়ান, তুবড়নো, তোবড়ানো—১। টোল খাওয়া, চুপ্‌সে যাওয়া। বাং ক্রি। ২। টোল-পড়া, কোঁচকান। তুবড়া+ন কর্ত্তৃবা। বিণ।

তুবড়ি, তুবড়ী—আতসবাজিবিশেষ; সাপুড়ের লাউয়ের খোলের বাঁশি। 'তুম্ব' শব্দজ। বি।

তুমি—সম্বোধিত ব্যক্তি। 'ত্বম্‌' শব্দজ। সর্ব্ব। মধ্যম পুরুষ।

তুমুল, তুম্মুল—১। কলহ, গণ্ডগোল, হুড়োহুড়ি। তু+মুলক্‌, মুলক্‌ অধিবা। বি; ক্লীব। ২। ব্যাকুল; বিশৃঙ্খল; ভয়ানক; অতিশয়; ঘোরতর; উৎকট। তু+মুলক, মুলক্‌ কর্ত্তৃবা, করণবা। বিণ। স্ত্রী,—লা।

তুম্ব, তুম্বক—অলাবু, লাউ। তুম্ব্‌ (পীড়া দেওয়া)+অচ্‌ কর্ত্তৃবা, পক্ষে+কন্‌ স্বার্থে। বি; পুং।

তুম্বি, তুম্বী—অলাবু, লাউ। তুম্ব্‌+ই কর্ত্তৃবা, ঈপ্‌ বিকল্পে। বি; স্ত্রী।

তুরকী, তুর্কী—তুর্কীস্তানের বা তুরস্কের অধিবাসী। তুরক+ঈ অধিবাসী অর্থে। বি।

তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম—অশ্ব; চিত্ত, মনঃ। তুর (শীঘ্র)—গম্‌+ড (ড্‌) খচ্‌, খচ্‌ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—গী,—ঙ্গী,—ঙ্গমী।

তুরগী (-গিন্‌), **তুরঙ্গী** (-ঙ্গিন্‌), **তুরঙ্গী**—অশ্বারোহী, ঘোড়সওয়ার। তুরগ, তুরঙ্গ+ইন্‌ আছে অর্থে। বি; পুং।

তুরপুন—তোমর, কাঠ ইত্যাদি ছেদা করিবার যন্ত্র। ফার্সী 'তুর্‌মান' শব্দজ। বি।

তুরি, তুরী—তন্তুবায়ের বস্ত্রবয়নের মাকু; রণশিঙ্গা। তুর্‌+ই কর্ত্তৃবা (ল-স্থানে র) পক্ষে ঈপ্‌। বি; স্ত্রী।

তুরিত, তুরিতে—ত্বরিত, সত্বর, শীঘ্র। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

তুরীয়—১। পরব্রহ্ম; সমাধির অবস্থাবিশেষ। বি; ক্লীব। ২। চতুর্থ। বিণ। স্ত্রী,—য়া।

তুরুক-সওয়ার—অশ্বারোহী সৈন্য, ঘোড়সওয়ার। কর্ম্মধা। বি।

তুরুপ—রঙের তাস দিয়া খেলায় পিট লওয়া। ফরাসী 'Triomphe' শব্দজ। বি।

তুর্ক, তুর্কী—তুরস্কদেশজাত বা তৎসম্বন্ধীয়।

তুরস্কের লোক বা ভাষা। ফার্সী। বি বা বিণ।

তুল—১। তুলাদণ্ড, একপ্রকার এক-পাল্লার দাঁড়ি; তুলনা। 'তুলা' শব্দজ। বি। ২। তুলনীয়, তুল্য, সমান। কবিপ্র। বিণ।

তুলকালাম—ঘোর বিবাদ, তুমুল কলহ; হৈ-চৈ ব্যাপার। আর্বী 'তুল-ই-কলাম' শব্দজ। বি।

তুলট—তুলাব্রত; তুলা হইতে তৈয়ারী দেশী কাগজবিশেষ। দেশজ। বি।

তুলতুল, তুলতুলে—কোমল, সুখস্পর্শ। দেশজ। বিণ।

তুলনা—সাদৃশ্য, উপমা; পরিমাণ। তুল্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

তুলনাত্মক—তুলনাসংক্রান্ত; তুলনায় কৃত বা সম্পাদিত (Comparative). তুলনা আত্মা যাহার বা যাহাতে, বহুব্রী (সমাসান্ত ক)। বিণ।

তুলনীয়—তুলনার যোগ্য। তুল্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

তুলসী—স্বনামখ্যাত বৃক্ষ। তুলা—অস্+অন্ কর্ত্তৃবা (নিপা)+ঈপ্। বি; স্ত্রী।

তুলা—১। পরিমাণদণ্ড, ওজনের দাঁড়ি, নিক্তি; ভারের পরিমাণ; শত পল পরিমাণ; মেষাদি দ্বাদশ রাশির সপ্তম রাশি; ভাণ্ড। তুল্+ক কর্ত্তৃবা+আপ্। ২। তুলনা; সাদৃশ্য। তুল্+ক ভাববা+আপ্। ৩। স্তম্ভোপরিস্থ কাষ্ঠ। তুল্+ক অধিবা+আপ্। বি; স্ত্রী।

তুলাদণ্ড—পরিমাণদণ্ড; নিক্তি; দাঁড়ি। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

তুলাদান—আপনার দেহপরিমাণানুরূপ স্বর্ণাদি দান। তুলা দ্বারা দান, ৩য়াতৎ; বা তুলাখ্য দান, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

তুলাপুরুষ—মহাদানবিশেষ, যাহাতে আপনার ওজনের পরিমাণ স্বর্ণাদি দান করিতে হয়। তুলামিত পুরুষ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

তুলাব্রত—আত্মপরিমাণতুল্য কোন ধাতুদানরূপ ব্রত, তুলাপুরুষ মহাদান। তুলাখ্য ব্রত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

তুলাযন্ত্র—১। তুলাদণ্ড, ওজন দাঁড়ি। কর্ম্মধা। বি; ক্লীব। [বি; স্ত্রী।

তুলাযষ্টি—তুলাদণ্ড, পরিমাণদণ্ড। কর্ম্মধা।

তুলি, তুলী—১। চিত্রকরের ছবি-আঁকা লেখনী। 'তূলী' শব্দজ। বি। ২। মাকু। তুল্+ই করণবা, সংজ্ঞার্থে, বিকল্পে ঈপ্। বি; স্ত্রী।

তুলিত—উপমিত; যাহার ওজন করা হইয়াছে। তুলি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

তুল্য—সদৃশ, একরূপ, সমান। তুলা+যৎ সম্মিতার্থে। বিণ। স্ত্রী, তুল্যা।

তুল্যমূল্য—সমকক্ষ। বহুব্রী। বিণ।

তুল্যযোগিতা—কাব্যালঙ্কারবিশেষ। বি; স্ত্রী।

তুল্যাঙ্ক(ক)—(গণিতে) যাহাদের মান সমান; (পদার্থবিদ্যায়) সমশক্তি (Equivalent). বহুব্রী। বিণ।

তুষ, তুস—ধান্যত্বক্, ভুষ, ধানের খোসা। তুষ্+ক কর্ত্তৃবা। বি; পুং।

তুষা—ধান্যত্বক্। তুষ শব্দ+আপ্। বি; স্ত্রী।

তুষা—তুষ্ট করা। কবিপ্র। ক্রি।

তুষানল—১। তুষের আগুন। ৬ষ্ঠীতৎ। ২। তুষাগ্নিতে জীবিত দেহের দাহরূপ প্রায়শ্চিত্তবিশেষ। তুষানল+অচ্ কৃত অর্থে। বি; পুং।

তুষার—১। হিম; নীহার, স্বাভাবিক বরফ; জলকণা, গুঁড়াগুঁড়া বৃষ্টি। তুষ্+আরক্ কর্ত্তৃবা। বি; পুং। ২। স্নিগ্ধ; শীতল। বিণ।

তুষারকণা—হিমকণা, হিমজলের অতি ক্ষুদ্র বিন্দু। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

তুষারধবল—বরফের মত সাদা। তুষারবৎ ধবল, উপমান কর্ম্মধা। বিণ। স্ত্রী,—লা।

তুষ্ট—তৃপ্ত; সন্তুষ্ট; আহ্লাদিত। তুষ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, তুষ্টা।

তুষ্টি—সন্তোষ; আহ্লাদ; হর্ষ। তুষ্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

তুহিন—১। শীতল, স্নিগ্ধ। বিণ। স্ত্রী,—না। ২। হিম, তুষার; জ্যোৎস্না। তুহ্‌+ইন্ কর্তৃবা। বি; ক্লীব।

তুহিনকর, -দীধিতি, -অাংশু—চন্দ্র; কর্পূর। তুহিন (শীতল) কর, দীধিতি, অংশু যাহার, বহুব্রী। বি; পুং।

তুহিনাদ্রি—হিমাদ্রি, হিমালয়। তুহিন-প্রধান অদ্রি, মধ্যপ কর্মধা। বি; পুং।

তুহু, তুহুঁ—তুমি। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

তূণ—শরধি, বাণাধার। তূণ্‌+ক কর্তৃবা। বি; পুং। [ক্লীব।

তূণক—১৫ অক্ষরযুক্ত ছন্দোবিশেষ। বি;

তূণী—১। তূণ, শরধি, বাণাধার। তূণ+ঈপ্। ২। সঙ্কোচ। তূণ+ই ভাববা+ঈপ্। বি; স্ত্রী।

তূণীর—তূণ, শরধি, বাণাধার। তূণী—রা +ক কর্তৃবা। বি; পুং।

তূতক—তুথ, তুঁতে। বি; ক্লীব।

তূতপোকা—গুটিপোকা। মধ্যপ কর্মধা। বি।

তূরী—বাদ্যযন্ত্রবিশেষ। তুর্‌+ক কর্মবা+ঈপ্ সংজ্ঞার্থে। বি; স্ত্রী।

তূর্ণ—১। সত্বর। ত্বর্‌+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, তূর্ণা। ২। শীঘ্র। ক্রি-বিণ।

তূর্য্য(র্য)—একপ্রকার বাদ্যযন্ত্র। তুর্‌+ণ্যঃ কর্মবা (নিপা)। বি; ক্লীব।

তূর্য্য(র্য)ধ্বনি—যুদ্ধঘোষণামূলক সাঙ্কেতিক শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তূলক—কার্পাস। তূল+কন্ স্বার্থে। বি; ক্লীব।

তূলট—তূলাজাত কাগজবিশেষ। দেশজ। বি।

তূলা—কার্পাস বা শিমূল হইতে জাত শুভ্র তন্তুময় পদার্থ। তুল্‌+ক কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

তূলি(লী), তূলিকা—পটুয়ার বর্ত্তিকা, চিত্র-সাধনী, যাহা দ্বারা রঙ্ লইয়া চিত্র অঙ্কিত করা হয়; তুলময়ী শয্যা। তুল্‌+কি করণবা; পক্ষে ঈপ্; বিকল্পে কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

তূষ্ণীম্ভাব—মৌনাবলম্বন, নীরব থাকা। তূষ্ণীম্—ভূ+ঘঞ্ ভাববা। বি; পুং।

তূষ্ণীম্ভূত—মৌনাবলম্বী, নীরব। তূষ্ণীম্—ভূ +ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

তৃণ—ঘাস, খড় প্রভৃতি। তৃহ্ +ক্ন কর্তৃবা। বি; ক্লীব।

তৃণ-কুটী,—কুটীর—খড়ের কুঁড়ে, খ'ড়ো ঘর। তৃণাচ্ছাদিত কুটী, কুটীর, মধ্যপ কর্মধা। বি; স্ত্রী, ক্লীব।

তৃণজ্ঞান—তৃণতুল্য বোধ করা, তুচ্ছজ্ঞান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

তৃণধান্য—নীবার, শ্যামাক, উড়িধান। তৃণজাত ধান্য, মধ্যপ কর্মধা। বি; ক্লীব।

তৃণবৎ—তৃণতুল্য। তৃণ+বতিচ্ তুল্যার্থে। অব্য।

তৃণভোজী (-ভোজিন্)—তৃণভক্ষণ-কারী, ঘাস খড় খায় এরূপ, উদ্ভিজ্জভোজী। তৃণ ভোজন করে যে, উপতৎ। তৃণ—ভুজ্‌+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—জিনী।

তৃণাসন—তৃণনির্ম্মিত আসন, মাদুর কুশাসন পাটি প্রভৃতি। মধ্যপ কর্মধা। বি; ক্লীব।

তৃতীয়—তিনের পূরক। ত্রি+তীয় পূরণার্থে (নিপা)। বিণ। স্ত্রী,—য়া।

তৃতীয়া—১। অমাবস্যা বা পূর্ণিমার পরবর্ত্তী তৃতীয় তিথি। বি; স্ত্রী। ২। তিনের পূরণী। তৃতীয়+আপ্। বিণ; স্ত্রী।

তৃপ্ত—আহ্লাদিত; সন্তুষ্ট; হৃষ্ট। তৃপ্‌+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, তৃপ্তা।

তৃপ্তি—আনন্দ, সন্তোষ, হর্ষ; ক্ষুন্নিবৃত্তি; তৃষ্ণানিবৃত্তি। তৃপ্‌+ক্তি ভাববা। বি; স্ত্রী।

তৃষা, তৃষ্ণা—পিপাসা; ইচ্ছা, আকাঙ্ক্ষা, লিপ্সা। তৃষ্‌+অ, নক্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

তৃষাতুর, তৃষ্ণাতুর—পিপাসাকাতর; প্রবল আকাঙ্ক্ষার বশীভূত। তৃষা, তৃষ্ণা দ্বারা আতুর, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—রা।

তৃষার্ত্ত(র্তে), তৃষ্ণার্ত্ত(র্তে)—তৃষ্ণাতুর, পিপাসাকাতর। তৃষা, তৃষ্ণা দ্বারা ঋত বা আর্ত্ত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—র্ত্তা।

তৃষালু, তৃষ্ণালু—তৃষ্ণাযুক্ত, বাসনাপ্রবণ। তৃষা, তৃষ্ণা—লো+কু কর্ত্তৃবা। বিণ।

তৃষিত—তৃষ্ণার্ত্ত; পিপাসিত; ইচ্ছু; লুব্ধ। তৃষ্ (তৃষ্ণার্ত্ত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

তৃষ্ণা—জলপানেচ্ছা, পিপাসা; লিপ্সা; রোগবিশেষ। তৃষ্+নক্ ভাববা+স্ত্রীলিঙ্গে আপ্। বি; স্ত্রী।

তৃষ্ণাক্ষয়—তৃষ্ণার নাশ; ভোগবাসনার অবসান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তৃষ্ণাতুর—তৃষাতুর দ্রঃ।

তৃষ্ণার্ত্ত—তৃষার্ত্ত দ্রঃ।

তৃষ্ণালু—তৃষালু দ্রঃ।

তে—১। ত্রি, তিন ('—চোখো')। 'ত্রি' শব্দজ। বিণ। ২। সে, সেই। প্রাঃ কবিপ্র।

তে-আঁঠিয়া, তে-এঁঠে—তিনটি আঁঠিযুক্ত; অতীব ধূর্ত্ত। তে (তিন) আঁঠি+আ, এ বিশিষ্টার্থে, সদৃশার্থে। বিণ।

তেইশ—ত্রয়োবিংশতি, ২৩। 'ত্রয়োবিংশতি' শব্দজ। বি বা বিণ।

তেইশে—মাসের ২৩ তারিখ। তেইশ+এ তারিখ অর্থে। বি বা বিণ।

তেউড়—কলা ইত্যাদি গাছের চারা। দেশজ। বি।

তেওট—১৪ মাত্রার তালবিশেষ। 'ত্রিবট' বা 'ত্রিপুট' শব্দজ। বি।

তেওড়—বাঁকা বা তোবড়ান অবস্থা। 'তির্য্যচ্' শব্দজ। বি।

তেওড়া—১। ১৪ মাত্রার তালবিশেষ। 'ত্রিপুট' শব্দজ। বি। ২। বক্র। 'তির্য্যচ্' শব্দজ। বিণ।

তেওড়ানো—বাঁকিয়া যাওয়া, তুবড়ে যাওয়া। বাং ক্রি।

তেওয়ারী—হিন্দুস্থানী ব্রাহ্মণের উপাধিবিশেষ। 'ত্রিবেদী' শব্দজ। বি।

তেঁই—সেই জন্য। প্রাঃ কবিপ্র। অব্য।

তেঁতুল—তিন্তিড়ী, অম্ল ফল বা গাছবিশেষ। 'তিন্তিড়ী' শব্দজ। বি।

তেঁতুলিয়া, তেঁতুলে—তেঁতুলসংক্রান্ত বা সদৃশ ('—বিছা')। তেঁতুল+ইয়া, এ সম্বন্ধার্থে। বিণ। [শব্দজ। বিণ।

তেঁদড়, তাঁ্যাদড়—দুষ্ট, বেহায়া। 'ছিত্বর'

তেঁহ—তিনি, সে। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

তেকাঁটা—তেশিরা মনসা গাছ। বহুব্রী। বি।

তেকাঠা—তিনটি কাঠে নির্ম্মিত (ঝুলান) আধার; তেপায়া। তে (তিন) কাঠা যাহাতে, বহুব্রী। বি।

তেকোণা—ত্রিকোণ, তিন কোণবিশিষ্ট। তে (তিন) কোণ, কর্ম্মধা+আ বিশিষ্টার্থে। বিণ।

তে-চোখো—১। তিন চোখবিশিষ্ট। বিণ। ২। ক্ষুদ্র মৎস্যবিশেষ। তে (তিন) চোখ, কর্ম্মধা+ও (∠উয়া) বিশিষ্টার্থে। বি।

তেজঃ (তেজস্), তেজ—১। দীপ্তি; তীক্ষ্ণতা; তাপ; প্রতাপ; ওজঃ; পরাক্রম; পৌরুষ; শক্তি; অপমানাদির অসহন। তিজ্+অস্ ভাববা। ২। শুক্র; অগ্নি; সূর্য্যাদি; স্বর্ণাদি; ঘৃত; মজ্জা; পঞ্চভূতের অন্যতম। তিজ্+অস্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

তেজন—তীক্ষ্ণকরণ; উজ্জ্বল করা। তিজ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

তেজপত্র—পত্রবিশেষ, তেজপাতা। তেজ (তীক্ষ্ণ) পত্র, কর্ম্মধা। বি; ক্লীব।

তেজপাত,-পাতা—তেজপত্র। 'তেজপত্র' শব্দজ। বি। [দেশজ। বিণ।

তেজবরে—তৃতীয় পক্ষে বিবাহকারী।

তেজস্কর—তেজোবৃদ্ধিকারক; বলজনক, শক্তিকারক; দীপ্তিজনক। উপতৎ। তেজস্—কৃ+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

তেজস্ক্রিয়—যাহা হইতে একপ্রকার আলোকরাশি আপনা হইতেই বাহির হয় (Radio-active). তেজোযুক্ত ক্রিয়া যাহার, বহুব্রী। বিণ।

তেজস্বিতা—প্রভাবশালিতা, মানসিক

শক্তি ; বলবত্তা। তেজস্বিন্ + তা ভাবার্থে। বি ; স্ত্রী।

তেজস্বী (—স্বিন্)—তেজোবিশিষ্ট; প্রভাবশালী, মানসিক শক্তিশালী ; বলবান্। তেজঃ আছে ইহার এই অর্থে তেজস্ + বিন্। বিণ। স্ত্রী, —স্বিনী।

তেজা, ত্যজা—ত্যাগ করা। 'ত্যজ্' ধাতুজ। কবিপ্র। বাং ক্রি।

তেজারৎ, তেজারতি—কারবার, ব্যবসা; সুদী কারবার, মহাজনী। আর্বী। বি।

তেজাল—তেজস্বী, তেজী ; রোকাল, ঝাঁজাল। তেজ + আল যুক্তার্থে। বিণ।

তেজি-মন্দি—দামের বা বাজারের উঠ্তি-পড়্তি। হিন্দী। বি।

তেজিষ্ঠ—অতি তেজস্বী। তেজস্বী দ্রঃ। তেজস্বিন্ + ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, —ষ্ঠা।

তেজী—তেজাল (সকল অর্থে); তেজস্কর ('—ঔষধ'); অধিক, উচ্চ, চড়া। দেশজ। বিণ।

তেজীয়ান্ (তেজীয়স্)—অতি তেজস্বী। তেজস্বিন্ + ঈয়স্ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, —য়সী। [বহুব্রী। বিণ। স্ত্রী, —র্ভা।

তেজোগর্ভ—তেজঃপূর্ণ। তেজঃ গর্ভে যাহার,

তেজোময়—তেজঃপূর্ণ ; জ্যোতির্ময়, দীপ্তিশীল ; ভাস্বর, উজ্জ্বল। তেজস্ + ময়ট্ প্রাচুর্য্যার্থে। বিণ। স্ত্রী, —য়ী।

তেজোহীন—তেজঃশূন্য, নিস্তেজ। ৬আতৎ। বিণ। স্ত্রী, —না।

তেঞি—১। সেইজন, সে, তিনি। সর্ব্ব। ২। তাহাতে ; সেইজন্য। প্রাঃ কবিপ্র। অব্য।

তেড়ছা, তেরছা, —চা, তেড়া, টেঁড়া—বাঁকা ('—চাহনি')। 'তির্য্যচ্' শব্দজ। বিণ।

তেড়ি—টেড়ি। দেশজ। বি।

তেতলা, তেতালা—ত্রিতল ('—বাড়ী')। 'ত্রিতল' শব্দজ। বিণ।

তেতাল্লিশ—৪৩ বা তৎসংখ্যক। 'ত্রিচত্বারিংশৎ' শব্দজ। বি বা বিণ।

তেতো—তিত, তিক্ত। 'তিক্ত' শব্দজ। প্রাদে। বিণ।

তেত্রিশ—৩৩ সংখ্যা বা তৎসংখ্যক। 'ত্রয়স্ত্রিংশৎ' শব্দজ। বি বা বিণ।

তেনা—ছিন্নবস্ত্র, টেনা, নেকড়া। প্রাদে। প্রাঃ কবিপ্র। বি।

তেপান্তর—জনবিরল দিগন্তপ্রসারিত প্রান্তর। 'ত্রিপ্রান্তর' শব্দজ। বি।

তেপায়া—তিন পায়াবিশিষ্ট আধার ; ঐরূপ টেবিল (Teapoy). বহুব্রী। বি।

তেমন, তেমনি, তেম্নি—তাদৃশ, সেইরূপ। সে + মন প্রকারার্থে। বিণ।

তেমাথা—তেরাস্তা, তিন পথের মিলনস্থল ; তিন মস্তক ; ত্রিশিরা। তে মাথার সমাহার, দ্বিগু। বি।

তেমোহানা, তেমুহানি, তেমুয়ানি—তিন নদীর সংযোগস্থল। তে (তিন) মোহানার, মুহানির, মুয়ানির সমাহার, দ্বিগু। বি।

তেয়াগা—ত্যাগ করা। কবিপ্র। ক্রি।

তের—ত্রয়োদশ, ১৩। 'ত্রয়োদশ' শব্দজ। বি বা বিণ।

তেরচা—বক্র, কুটিল ; আড়ভাবে। 'তির্য্যচ্' শব্দজ। বিণ বা ক্রি-বিণ।

তেরাত্তির—অভীষ্টসিদ্ধির জন্য দেব-মন্দিরাদিতে তিন অহোরাত্র উপবাস করিয়া পড়িয়া থাকা। 'ত্রিরাত্র' শব্দজ। বি।

তেরি—তোর, তোমার। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

তেরিজ—(গণিতে) যোগ, সঙ্কলন। আর্বী। বি।

তেরিমেরি—অশ্লীল গালাগালি, চোট্‌পাট্, কড়া কথা। হিন্দীমূলক। বি।

তেরিয়া—মারমুখো, উদ্ধত, অতি ক্রুদ্ধ। দেশজ। বিণ।

তেল—১। তিল-সর্ষপাদির স্নেহময় রস। 'তৈল' শব্দজ। ২। অহঙ্কার ; বাড়াবাড়ি। বি। **তেল দেওয়া**—তোষামোদ করা।

তেলচিটে—যাহা তেল লাগিয়া ময়লা হইয়াছে এরূপ। দেশজ। বিণ।

তেলা—তৈলাক্ত, মসৃণ। তেল+আ যুক্তার্থে। বিণ।

তেলাকুচা, –কুচো—বিম্বফল, পটোলের মত ফল। দেশজ। বি।

তেলাপোকা—আরসোলা (Cockroach). নিত্য। বি।

তেলামাথা—১। তৈলাক্ত মস্তক। কর্ম্মধা। বি। ২। তৈলাক্তমস্তকবিশিষ্ট; অবস্থাপন্ন। বহুব্রী। বিণ।

তেলী, তেলি—তৈলব্যবসায়ী জাতিবিশেষ। 'তৈলিক' শব্দজ। বি।

তেলুগু বা **তেলেগু**—দক্ষিণ-ভারতে প্রচলিত ভাষাবিশেষ। 'ত্রিকলিঙ্গ' শব্দজ। বি।

তেলেঙ্গা—১। তৈলঙ্গদেশবাসী; মাদ্রাজী; হৃষ্টপুষ্ট। বিণ। ২। পিপীলিকাবিশেষ; ক্ষুদ্রজাতীয় বিষাক্ত সর্পবিশেষ। বি।

তেলো, তালুয়া—হাত বা পায়ের চেটো। দেশজ। বি।

তেষট্টি—৬৩ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'ত্রিষষ্টি' শব্দজ। বি বা বিণ।

তেষ্টা—তৃষ্ণা, পিপাসা। 'তৃষ্ণা' শব্দজ। বি।

তেসরা—মাসের তৃতীয় দিন। দেশজ। বি।

তেহাই—১। এক-তৃতীয়াংশ, তিনভাগের একভাগ। কবিপ্র। ২। তবলা প্রভৃতি বাদনে বারত্রয় আবর্ত্তিত হইয়া সমে আগত বোল। 'ত্রিঘাত' শব্দজ। বি।

তেহারা—তিন পাকবিশিষ্ট, তিন খেইযুক্ত (সূতা ইত্যাদি)। দেশজ। বিণ।

তৈ—একপ্রকার আংটাহীন ছোট কড়াই। দেশজ। বি।

তৈছন, তৈসন—সেরকম, সেরূপ। প্রাঃ কবিপ্র। বিণ।

তৈছনে—তখনই, তৎক্ষণাৎ। প্রাঃ কবিপ্র।

তৈছে, তৈসে—তেমন, যেরূপ; যেরূপে। প্রাঃ কবিপ্র। বিণ বা ক্রি-বিণ।

তৈজস—১। তেজোবিকার; ধাতুনির্ম্মিত। তেজস্+অণ্ বিকারার্থে। বিণ। স্ত্রী, –সী। ২। ধাতুনির্ম্মিত দ্রব্য। বি; ক্লীব।

তৈত্তিরীয়—তিত্তিরসম্বন্ধীয়; তিত্তিরি-প্রোক্ত; যজুর্বেদ, শাখাধ্যায়ী। তিত্তিরি+ঈয় সম্বন্ধীয়ার্থে। বিণ। স্ত্রী, –য়া।

তৈয়ার, তৈয়ারি, তৈরি, তয়ের—নির্ম্মাণ করণ; গঠন। ফার্সী। বি।

তৈয়ারী, তৈয়ার, তৈরী—প্রস্তুত, নির্ম্মিত ('যাত্রার জন্য—'); পরিপক্ব; চতুর ('—আম'; '—ছেলে')। ফার্সী। বিণ।

তৈল—তিলাদির স্নেহ, তেল। তিল+অণ্ বিকারার্থে। বি; ক্লীব।

তৈলকার—তেলী, কলু। উপতৎ। তৈল–কৃ+অণ্ কর্ত্তৃবা। বি; পুং।

তৈলকিট্ট, –কল্ক—তেলের কাইট বা কাট; খইল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

তৈলঙ্গ—দেশবিশেষ, আধুনিক কার্ণাটিক; তত্রত্য লোক। বি; পুং।

তৈলনিষিক্ত—তৈলার্দ্র, তেলে ভিজান। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –ক্তা।

তৈলপক্ক—তৈলে ভর্জ্জিত, তেলে ভাজা। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –ক্কা।

তৈলপা, তৈলপায়িকা—তেলাপোকা, আর্শুলা। তৈল–পা+ক পক্ষান্তরে ণক কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

তৈলযন্ত্র—তেল বাহির করিবার কল, কলুর ঘানি। তৈল-নিষ্পীড়ক যন্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

তৈলী (তৈলিন্)—তৈলকার, তেলী; কলু। তৈল+ইন্ আছে অর্থে। বি; পুং। স্ত্রী, –লিনী।

তো, ত—১। স্তবক, তাঁজ। বি। ২। তবে, তাহা হইলে; নিশ্চয়বোধক শব্দ। অব্য। ৩। তুই, তুমি; তোর, তোমার। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

তোকমারি—ফোঁড়ায় পুলটিস লাগাইবার

বীজবিশেষ। ফার্সী 'তোখ্ম্-ই-টরহান' শব্দজ। বি।

তোকে, তোদের—(নিম্নবয়সের বা নিম্নস্তরের লোকের প্রতি প্রযোজ্য) তোমাকে, তোমাদের। সর্ব্ব।

তোখোড়—তুখড়, ধড়িবাজ। 'তীক্ষ্ণকর' শব্দজ। বিণ। [ক্লীব।

তোটক—দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ। বি;

তোড়—জলাদির বেগ; প্রবল স্রোত বা প্রবাহ; প্রাবল্য, প্রচণ্ডতা, চোট। দেশজ। বি।

তোড়জোড়—সাজসরঞ্জাম, উপকরণ; আয়োজন। দেশজ। বি।

তোড়া—১। টাকা রাখিবার ছোট থলি, মুদ্রাথালী; পুষ্পাদির গুচ্ছ বা স্তবক; পদভূষণবিশেষ। আর্বী 'তুররাহ্' শব্দজ। বি। ২। ভগ্ন করা; ছিন্ন করা। ক্রি। ৩। তচ্ছন, পরুষ উক্তি। প্রাঃ কবিপ্র। বি।

তোড়ানি, তোড়ানী—১। পরিবর্ত্তিত মুদ্রাদি, ভাঙ্গানি; ভাঙ্গানির মূল্য, বাটা। হিন্দী। ২। কাঁজি, আমানি। প্রাঃ কবিপ্র। বি।

তোত্‌লা—অস্ফুটবাক্, অস্পষ্ট কথক। দেশজ। বিণ। বি, তোতলাম, –মি।

তোতা—একপ্রকার শুকপক্ষী। ফার্সী। বি।

তোপ—কামান, আগ্নেয়াস্ত্র। তুর্কী। বি।

তোপখানা—কামানশালা, কামান রাখিবার স্থান। ৬ষ্ঠীতৎ। বি।

তোফা—উৎকৃষ্ট, খাসা। আর্বী। বিণ।

তোবড়া, তোবড়ান—তোপসা, টোলখাওয়া ('—বাসন, গাল')। দেশজ। বি।

তোবা—পরিতাপ, অনুশোচনা, আক্ষেপ; অনুতাপপূর্ব্বক ভবিষ্যতে বর্জ্জনের প্রতিজ্ঞা, ছ্যালাক; ঘৃণাসূচক শব্দ। আর্বী। বি।

তোমর—অস্ত্রবিশেষ, শাবলাদি। তো–মৃ+অচ্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

তোয়—১। জল। তু+কোয় কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। তোতে, তোমাতে; তোকে, তোমাকে। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

তোয়ধর—জলধর, মেঘ। ৬ষ্ঠীতৎ; বি; পুং।

তোয়ধি, তোয়নিধি—জলনিধি, সমুদ্র। তোয়–ধা, নি–ধা+কি অধিবা। বি; পুং।

তোয়াক্কা, তক্কা—অপেক্ষা, সম্পর্ক; খাতির; আশা, ভরসা। ('—রাখা', বা '—করা')। আর্বী 'তবাক্কু' শব্দজ। বি।

তোয়াজ—খাতিরযত্ন, আদর-অভ্যর্থনা, মনরাখা কাজ। আর্বী 'তবাজ্জোহ্' শব্দজ। বি।

তোয়াধার—জলাধার, জলাশয়। তোয়ের আধার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

তোয়ালে, তোয়ালিয়া—গামছার মত শোষক বস্ত্রখণ্ডবিশেষ। ইং 'Towel' শব্দজ। বি। [শব্দজ। বি।

তোরঙ্গ—পেঁটরা, বাক্সবিশেষ। ইং 'Trunk'

তোরণ—বহির্দ্বার, ফটক, গেট্ (Gate); বারাণ্ডা; চাদনী। তুর্+অনট্ অধিবা। বি; পুং বা ক্লীব।

তোরা—১। তোমরা [তুচ্ছার্থে]। দেশজ। সর্ব্ব। ২। তোর, তোমার। প্রাঃ কবিপ্র। সর্ব্ব। ৩। উষ্ণীষ-ভূষা। কবিপ্র। বি।

তোল, তোলক—১। তোলা, ১ ভরি, ১৬ মাষা। তুল্+ঘঞ্ করণবা; তোলক= তোল শব্দ+কন্ স্বার্থে। বি; পুং বা ক্লীব।

তোলন—ওজন করা; উত্তোলন, উঠান। ণিজন্ত তুল্ (= তোলি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

তোলপাড়—আলোড়ন, তুমুল আন্দোলন, উলট-পালট ('দেশ, ঘর, কাগজপত্র, ব্যাপার লইয়া—')। দ্বন্দ্ব। বি।

তোলা—১। ওজন। ণিজন্ত তুল্+অচ ভাববা+আপ্। বি; স্ত্রী। ২। ভরি-পরিমাণ। 'তোল' বা 'তোলক' শব্দজ। ৩। হাটে বাজারে বিক্রেতাদিগের নিকট করস্বরূপে যাহা লওয়া হয়, খাম, তাড়া; উত্তোলন, উঠান। তুল্+আ ভাববা। বি। ৪। যাহা উঠান হইয়াছে ('–জল'); সহজ-বাহ ('—উনান')। তুল্+আ কর্ম্মবা। বিণ। কথা তোলা—কথা পাড়া। পা তোলা—

গাত্রোত্থান করা, দাঁড়াইয়া উঠা। **গায়ে হাত তোলা**—প্রহার করা। **গুজব তোলা**—গুজব রাষ্ট্র করা বা রটান। **চাঁদা তোলা**—চাঁদা সংগ্রহ করা। **দাদ তোলা**—প্রতিশোধ লওয়া। **দুধ তোলা**—দুধ উদ্গার বা বমি করা। **পটল তোলা**—মারা যাওয়া। **পিঠের ছাল তোলা**—মারিয়া হাড় গুঁড়া করা, বেদম ঠেঙ্গান।

তোলাপাড়া—বারংবার চিন্তা বা আলোচনা ('মনে মনে—'); বিছানাদি তোলা ও পাতা। দ্বন্দ্ব। বি।

তোলো—ভাত রাঁধিবার উপযোগী (বড় হাঁড়ি)। পোর্তুগীজ 'Toalha' শব্দজ। বি।

তোষক—১। সন্তোষ-সাধক, আনন্দদায়ক, হর্ষজনক। ণিজন্ত তুষ্—(তোষি—তুষ্ট করা) +ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষিকা। ২। আরামের জন্য বিছানায় পাতিবার তুলাভরা পাতলা গদী। ফার্সী। বি।

তোষণ—১। সন্তোষ; আহ্লাদ, হর্ষ। তুষ্ +অনট্ ভাববা। বি; ক্লীব। ২। সন্তুষ্টকরণ। ণিজন্ত তুষ্ বা তোষি (তুষ্ট করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ,—ণীয়।

তোষা, তোশা—খাদ্যদ্রব্য। ফার্সী। বি।

তোষাখানা, তোশাখানা—দামী সাজ-সরঞ্জাম ইত্যাদি রাখিবার ভাঁড়ার। ৬ষ্ঠীতৎ। বি।

তোষামোদ—খোশামোদ, মোসাহেবী, চাটুভাষণ ('—করা')। ফার্সী 'খুশামদ্' শব্দজ। বি। বিণ,—মুদে।

তোষিত—তুষ্ট; তর্পিত, সন্তোষিত। ণিজন্ত তুষ্+ক্ত কর্মবা। বিণ। স্ত্রী,—তা।

তোসদান—গুলি বারুদের থলি। বৈদে। বি।

তোহার, তোঁহার, তোহারা, তোঁহারা, তোহারি, তোঁহারি—তোর, তোমার। প্রাঃ কবিপ্র। হিন্দীমূলক। সর্ব।

তৌজি, তৌজী—জমীদার বা প্রজার খাব, জমী ও খাজনার পরিমাণ প্রভৃতির হিসাব-পত্র বা তালিকা। আর্বী। বি।

তৌল, তোল—পরিমাণক্রিয়া; মাপন; ওজন; তুলাযন্ত্র। তুলা+অণ্ স্বার্থে। বি; ক্লীব।

তৌলিক—১। পরিমাণকারী, যে ব্যক্তি ওজন করে, কয়াল। তুলা+ইক করে অর্থে। ২। চিত্রকর, পটো। তুলিকা+অণ্ তদ্দারা জীবন ধারণ করে অর্থে। বি।

ত্বক্ (ত্বচ্)—বল্কল, গাছের ছাল; খোসা; চর্ম্ম; স্পর্শেন্দ্রিয়। ত্বচ্+ক্বিপ্ কর্তৃবা। বি; স্ত্রী। [কর্ম্মধা। বি; ক্লীব।

ত্বগিন্দ্রিয়—স্পর্শেন্দ্রিয়। ত্বক্ই ইন্দ্রিয়,

ত্বদীয়—ত্বৎসম্বন্ধীয়, তোমার। যুষ্মদ্+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—য়া।

ত্বরমাণ—যে ত্বরা করিতেছে এরূপ। ত্বর্+শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ণা।

ত্বরা—বেগ, শীঘ্রতা। ত্বর্+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

ত্বরান্বিত—ক্ষিপ্র, সত্বর। ত্বরা দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

ত্বরিত—১। সত্বর, শীঘ্র। ত্বর্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা। ২। ত্বরা। ত্বর্+ক্ত ভাববা। বি; ক্লীব।

ত্বষ্টা (ত্বষ্টৃ)—১। সূত্রধর; বিশ্বকর্ম্মা; দ্বাদশ আদিত্যের মধ্যে আদিত্যবিশেষ; বর্ণসঙ্কর-বিশেষ। বি; পুং। ২। তক্ষণকর্তা। ত্বক্+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, ত্বষ্ট্রী।

ত্বাদৃশ—তোমার সদৃশ। যুষ্মদ্—দৃশ্+কঞ্ কর্ম্ম-কর্তৃবা। বিণ। স্ত্রী,—শী।

ত্বিষাম্পতি—সূর্য্য; অর্কবৃক্ষ। অলুক্ ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

ত্যক্ত—বর্জ্জিত, যাহা ত্যাগ করা হইয়াছে এরূপ; বিসৃষ্ট, দত্ত; নিক্ষিপ্ত। ত্যজ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ত্যক্তা।

ত্যক্তবিরক্ত—জ্বালাতন। দেশজ। বিণ।

ত্যজন—ত্যাগ, বর্জ্জন, দান। ত্যজ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

ত্যজা—ত্যাগ করা। কবিপ্র। ক্রি।
ত্যজ্যমান—যাহা ত্যক্ত হইতেছে। ত্যজ্ + শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।
ত্যাঁদড়—নির্লজ্জ, দুরন্ত। 'ছিত্বর' শব্দজ। বিণ।
ত্যাগ—বর্জ্জন ; বিসর্জ্জন ; দান ; বৈরাগ্য। ত্যজ্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।
ত্যাগশীল—(বিষয়াদি) বর্জ্জনশীল ; দাতা ; সহিষ্ণু। বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।
ত্যাগস্বীকার—স্বার্থত্যাগ, আত্মোৎসর্গ, কামনাবর্জ্জন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।
ত্যাগী (ত্যাগিন্)—ত্যাগশীল, বর্জ্জনকারী, বিরাগী, বীতস্পৃহ ; বিবেকী ; দাতা ; বীর, শূর। ত্যজ্ + ঘিনুণ্ কর্তৃবা, শীলার্থে। বিণ। স্ত্রী,—গিনী।
ত্যাজ্য—ত্যাগের যোগ্য, বর্জ্জনীয়। ত্যজ্ + ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, ত্যাজ্যা।
ত্যাজ্যপুত্র—বঞ্চিত পুত্র, পৈত্রিক ধনাধিকার হইতে বঞ্চিত ছেলে। কর্ম্মধা। বি ; পুং।
ত্রপা—১। লজ্জা। ত্রপ্ + অঙ্ ভাববা + আপ্। ২। (কুলের লজ্জা-স্বরূপা বলিয়া) কুলটা, বেশ্যা। ত্রপ্ + অচ্ কর্তৃবা + আপ্। ৩। কীর্ত্তি। ত্রপ্ + অঙ্ করণবা + আপ্। ৪। বংশ। ত্রপ্ + অঙ্ অধিবা + আপ্। বি ; স্ত্রী। [স্ত্রী,—তা।
ত্রপিত—লজ্জিত। ত্রপ্ + ক্ত কর্তৃবা। বিণ।
ত্রয়—১। ত্রিত্ব সংখ্যাবিশিষ্ট। বিণ। স্ত্রী, ত্রয়ী। ২। তিন সংখ্যা। ত্রি + অয়চ্ অবয়বার্থে। বি ; ক্লীব।
ত্রয়ী—১। ত্রিত্বসংখ্যা-বিশিষ্টা। ত্রয় দ্রঃ। ত্রয় + ঈপ্। বিণ ; স্ত্রী। ২। তিন সংখ্যা ; ঋক্, যজুঃ, সাম, এই তিন বেদ ; ব্রহ্মা, বিষ্ণু, শিব এই তিন ; পুরন্ধ্রী, গৃহিণী। বি ; স্ত্রী।
ত্রয়োদশ—১৩ সংখ্যার পূরক। ত্রয়োদশন্ + ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী।
ত্রয়োদশ (—দশন্)—১৩ সংখ্যা ; ১৩ সংখ্যাবিশিষ্ট। ত্র্যধিকা দশ, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী।
ত্রয়োদশী—১। তিথিবিশেষ ; ত্রয়োদশবর্ষীয়া বালিকা। বি ; স্ত্রী। ২। ত্রয়োদশ সংখ্যার পূরণী। ত্রয়োদশ + ঈপ্। বিণ ; স্ত্রী।
ত্রয়োবিংশ—২৩ সংখ্যার পূরক। ত্রয়োবিংশতি + ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী।
ত্রয়োবিংশতি—২৩ সংখ্যা বা তৎসংখ্যক। ত্র্যধিকা বিংশতি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী।
ত্রয়োবিংশতিতম—ত্রয়োবিংশ। ত্রয়োবিংশতি + তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।
ত্রসন—১। ত্রাস, ভয় ; উদ্বেগ। ত্রস্ + অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। ত্রস্ত ; উদ্বিগ্ন। ত্রস্ + অন কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।
ত্রস্ত—১। ভীত ; চকিত ; কম্পিত ; বিচলিত। ত্রস্ + ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, ত্রস্তা। ২। ত্বরান্বিত ; ব্যস্ত। প্রাদে। বিণ।
ত্রাণ—রক্ষা ; উদ্ধার। ত্রৈ + অনট্ ভাববা। বি ; ক্লীব।
ত্রাণকর্ত্তা(র্তা) (—কর্তৃ)—রক্ষাকর্ত্তা, রক্ষক, উদ্ধারকারী, পরিত্রাতা। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—র্ত্রী।
ত্রাত—যাহার ত্রাণ করা হইয়াছে এরূপ, রক্ষিত। ত্রৈ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ত্রাতা।
ত্রাতা (ত্রাতৃ)—রক্ষক, রক্ষাকর্ত্তা, ত্রাণকর্ত্তা। ত্রৈ + তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, ত্রাত্রী।
ত্রায়মাণ—১। রক্ষা করিতেছে এরূপ, রক্ষণশীল। ত্রৈ + শানচ্ কর্তৃবা। ২। রক্ষিত হইতেছে এরূপ, রক্ষ্যমাণ। ত্রৈ + শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ণা।
ত্রাস—১। ভীতি, ভয়। ত্রস্ + ঘঞ্ ভাববা। ২। মণির কলঙ্ক। ত্রস্ + ঘঞ্ করণবা। বি ; পুং।
ত্রাসকর—ভীতিজনক, ভয়ঙ্কর। উপপদতৎ। ত্রাস্—কৃ + ট কর্তৃবা। বিণ। স্ত্রী,—রী।
ত্রাসিত—যাহাকে ভয় দেখান হইয়াছে এরূপ, ভীষিত। ণিজন্ত ত্রস্ (—ত্রাসি) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। [ক্রি।
ত্রাহি—রক্ষা কর। ত্রা + লোট্ হি। সংস্কৃত

ত্রাহি ত্রাহি ডাক, -রব, -শব্দ—'রক্ষা কর রক্ষা কর' এইরূপ চীৎকার।

ত্রি—৩ সংখ্যা, তিন। তৄ+ড্রি কর্ত্তৃবা। বি বা বিণ।

ত্রিংশ—৩০ সংখ্যার পূরক। ত্রিংশৎ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,-শী।

ত্রিংশৎ—ত্রিশ, ৩০ সংখ্যা বা তৎসংখ্যক। ত্রিগুণিত দশ, মধ্যপ কর্ম্মধা (নিপা)। বি বা বিণ; স্ত্রী।

ত্রিংশত্তম—ত্রিংশৎসংখ্যার পূরক, ত্রিশের স্থানীয়। ত্রিংশৎ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,-মী।

ত্রিক—ত্রয়, তিন; পৃষ্ঠবংশধর, মেরুদণ্ডের নিম্নভাগ (Pelvis); ত্রিপথ সংস্থান, তেমাথা রাস্তা; ত্রিফলা; ত্রিকটু, ত্রিমদ। ত্রি+কন্। বি; ক্লীব।

ত্রিকাল—ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান—এই তিন সময়; প্রাতঃকাল, মধ্যাহ্ন, সায়াহ্ন—এই তিন সময়। ত্রি (তিন) কালের সমাহার, দ্বিগু। বি; ক্লীব।

ত্রিকালজ্ঞ—কালত্রয়দর্শী, ভূত ভবিষ্যৎ বর্ত্তমান এই তিন কালের সমস্ত কথাই যাঁহার জানা আছে। ত্রিকাল জানে যে, উপতৎ। ত্রিকাল-জ্ঞা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-জ্ঞা।

ত্রিকালদর্শী (-দর্শিন্)—ত্রিকালজ্ঞ, অতীত ভবিষ্যৎ বর্ত্তমান দ্রষ্টা। ত্রিকাল দর্শন করে যে, উপতৎ। ত্রিকাল-দৃশ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-র্শিনী।

ত্রিকালবেত্তা (-বেত্তৃ)—ত্রিকালজ্ঞ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-বেত্রী।

ত্রিকাস্থি—মেরুদণ্ডের নিম্নবর্ত্তী ত্রিকোণ অস্থি (Sacrum). কর্ম্মধা। বি।

ত্রিকুল—পিতৃকুল, মাতৃকুল ও শ্বশুরকুল। দ্বিগু। বি; ক্লীব।

ত্রিকূট—ত্রিশৃঙ্গ পর্ব্বত। ত্রি (তিন) কূট (শৃঙ্গ) যাহার, বহুব্রী। বি; পুং।

ত্রিকোণ—১। তিনকোণা। ত্রি (তিন) কোণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-ণা। ২। তিন কোণ; লগ্নের পঞ্চম ও নবম স্থল। সমা-দ্বিগু। বি; ক্লীব। ৩। ত্রিভুজ ক্ষেত্র; ত্রিকোণাকার বস্তু। বি; ক্লীব।

ত্রিকোণমিতি—রেখা ও কোণসংক্রান্ত গণিত বিজ্ঞানবিশেষ (Trigonometry). ত্রিকোণের মিতি (পরিমাণ) যাহাতে, বহুব্রী। বি; স্ত্রী।

ত্রিকোণী—ত্রিভুজাকার যন্ত্রবিশেষ (Set-square). বি।

ত্রিগঙ্গ—তিন নদীর সঙ্গম; তীর্থবিশেষ; ত্রিবেণী, প্রয়াগ। ত্রি গঙ্গা (নদী) যেখানে, বহুব্রী। বি; ক্লীব।

ত্রিগুণ—১। তিনগুণবিশিষ্ট। ত্রি (তিন) গুণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-ণা। ২। সত্ত্ব, রজঃ, তমঃ, এই তিন গুণ। ত্রি (তিন) গুণের সমাহার, সমা-দ্বিগু। বি; ক্লীব।

ত্রিগুণা—দুর্গা। ত্রি গুণ যাঁহার, বহুব্রী+আপ্। বি; স্ত্রী।

ত্রিগুণাত্মক—সত্ত্বরজস্তমোগুণময়। ত্রিগুণ আত্মা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-ত্মিকা।

ত্রিগুণিত—তিনবার গুণিত। ত্রি (তিনবার) গুণিত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,-তা।

ত্রিচক্র—তিন চাকাবিশিষ্ট। ত্রি (তিন) চক্র (চাকা) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-ক্রা।

ত্রিচক্ষুঃ (-চক্ষুস্), **-চক্ষু**—শিব। ত্রি (তিন) হইয়াছে চক্ষুঃ যাঁহার, বহুব্রী। বি; পুং।

ত্রিজগৎ—ত্রিভুবন, ত্রিলোক, স্বর্গমর্ত্ত্যপাতাল। সমা-দ্বিগু। বি; ক্লীব।

ত্রিতন্ত্রী—সেতার। ত্রি (তিন) তন্ত্র যাহাতে, বহুব্রী+ঈপ্। বি; স্ত্রী।

ত্রিতয়—তিনটির সমষ্টি। ত্রি+তয়ট্ অবয়বার্থে। বি; ক্লীব।

ত্রিতল—তেতলা। ত্রি (তিন) তল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-লা।

ত্রিতাপ—আধ্যাত্মিক আধিভৌতিক ও আধিদৈবিক এই তিন প্রকার দুঃখ। সমা-দ্বিগু। বি; ক্লীব।

ত্রিতাপ-তাপিত, -তপ্ত—ত্রিবিধ দুঃখে ক্লিষ্ট। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা,—প্তা।

ত্রিদণ্ড—দণ্ডত্রয় ; বাগ্‌দণ্ড, মনোদণ্ড, কায়দণ্ড, এই তিন প্রকার দণ্ড ; সন্ন্যাসাশ্রম। ত্রি (তিন) দণ্ডের সমাহার, সমা-দ্বিগু। বি ; ক্লীব।

ত্রিদণ্ডী (ত্রিদণ্ডিন্)—বাঙ্‌মনঃকায়দণ্ড-যুক্ত ; ত্রিদণ্ডধারী যতি। ত্রিদণ্ড + ইন্ অস্ত্যর্থে। বি বা বিণ ; পুং।

ত্রিদশ—দেবতা। ত্রি (তাপত্রয়) – দস্‌শ্ + ক কর্তৃবা। বি ; পুং।

ত্রিদশ (-দশন্)—তেত্রিশ দেবতা (আদিত্য ১২, রুদ্র ১১, বসু ৮, বিশ্বদেব ২)। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

ত্রিদশালয়—স্বর্গ। ত্রিদশের (দেবতার) আলয়, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ত্রিদশাবাস—স্বর্গ ; সুমেরু পর্ব্বত। ত্রিদশের (দেবতার) আবাস, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ত্রিদশেশ্বর—ইন্দ্র। ত্রিদশদিগের (দেবগণের) ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ত্রিদিব—স্বর্গ, আকাশ ; সুখ। ত্রি (তিন, ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর)—দিব্ (ক্রীড়া করা) + ক অধিবা। বি ; পুং বা ক্লীব।

ত্রিদিবেশ—দেবতা। ত্রিদিবের ঈশ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ত্রিদোষ—বাত, পিত্ত, কফ, এই তিনের দোষ বা প্রকোপ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ত্রিদোষজ—তিন দোষে উৎপন্ন, সান্নিপাতিক। ত্রিদোষ – জন্ + ড কর্তৃবা। বিণ।

ত্রিধা—ত্রিবিধ, তিনপ্রকার, তিনবার ; তিনখণ্ড। ত্রি + ধাচ্ প্রকারাদ্যর্থে। অব্য।

ত্রিধারা—গঙ্গা (স্বর্গে মন্দাকিনী, মর্ত্ত্যে ভাগীরথী, পাতালে ভোগবতী)। ত্রি (তিন) ধারা যাহার, বহুব্রী। বি ; স্ত্রী।

ত্রিনবতি—তিরানব্বই (৯৩)। ত্র্যধিকা নবতি, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

ত্রিনবতিতম—৯৩ সংখ্যার পূরক। ত্রিনবতি + তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

ত্রিনয়ন, ত্রিনেত্র—ত্রিলোচন, শিব। ত্রি (তিন) নয়ন বা নেত্র যাঁহার, বহুব্রী। বি ; পুং।

ত্রিনয়না, ত্রিনেত্রা—দুর্গা। ত্রি (তিন) নয়ন বা নেত্র যাঁহার, বহুব্রী + আপ্। বি ; স্ত্রী।

ত্রিপঞ্চাশৎ—তিপ্পান্ন (৫৩) ; তৎসংখ্যক। ত্র্যধিকা পঞ্চাশৎ, মধ্যপ কর্ম্মধা। বিণ ; স্ত্রী।

ত্রিপঞ্চাশত্তম—৫৩ সংখ্যার পূরক। ত্রিপঞ্চাশৎ + তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

ত্রিপত্র—১। তিন পাতাবিশিষ্ট। ত্রি (তিন) পত্র (পাতা) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্রা। ২। বেলগাছ ; কুশত্রয়নির্ম্মিত পদার্থবিশেষ। বি ; পুং। ৩। তিনটি পাতা। সমা-দ্বিগু। বি ; ক্লীব।

ত্রিপথ—তেমাথা পথ ; স্বর্গ, মর্ত্ত্য, পাতাল এই তিন লোক। ত্রি (তিন) পথের সমাহার, সমা-দ্বিগু। বি ; ক্লীব।

ত্রিপথগা—ত্রিমার্গগামিনী, গঙ্গা [ত্রিধারা দ্রঃ]। ত্রিপথ – গম্ + ড কর্তৃবা + আপ্। বি ; স্ত্রী।

ত্রিপথগামিনী—গঙ্গা [ত্রিধারা দ্রঃ]। উপতৎ। ত্রিপথ – গম্ + ণিন্ কর্তৃবা + ঈপ্। বি ; স্ত্রী।

ত্রিপদ—১। তেপায়া। ত্রি (তিন) পদ যাহার, বহুব্রী। বি ; ক্লীব। ২। তিন চরণ বা শব্দযুক্ত। বহুব্রী। বিণ। স্ত্রী,—দা।

ত্রিপদিকা—ত্রিপদী (সকল অর্থে)। ত্রিপদী + কন স্বার্থে + আপ্। বি ; স্ত্রী।

ত্রিপদী—ছন্দোবিশেষ ; হস্তীর পাদবন্ধন শৃঙ্খলাদি ; তেপায়া। ত্রি (তিন) পদ যাহার, বহুব্রী + ঈপ্। বি ; স্ত্রী।

ত্রিপাদ—ত্রিপদ (তাহা দ্রঃ)।

ত্রিপাপ—রাশিচক্রস্থিত দোষবিশেষ ; ত্রিপাপ যোগ ; তিন পাপ-গ্রহের সংস্থান ; মহাপাতক অতিপাতক উপপাতক এই ত্রিবিধ পাপ। ত্রি (তিন) পাপের সমাহার, সমা-দ্বিগু। বি ; ক্লীব।

ত্রিপিটক—বৌদ্ধ ধর্ম্মগ্রন্থবিশেষ (ইহা সূত্র, ধর্ম্ম ও বিনয় এই তিন কাণ্ডে রচিত)। বি ; ক্লীব।

ত্রিপিষ্টপ, ত্রিবিষ্টপ—১। স্বর্গ। ত্রি (তৃতীয়) যে পিষ্টপ (ভুবন), কর্ম্মধা। ২। ত্রিভুবন, স্বর্গ মর্ত্ত্য পাতাল। ত্রি পিষ্টপের সমাহার, সমা-দ্বিগু। বি ; ক্লীব।

ত্রিপুট—১। ভুট ; খেঁসারি কলাই। ত্রি (তিন) হইয়াছে পুট (আচ্ছাদন) যাহার, বহুব্রী। ২। শর। বি ; পুং।

ত্রিপুণ্ড্র, ত্রিপুণ্ড্রক—ললাটস্থ ভস্মাদি-কৃত বক্র রেখাত্রয়বিশিষ্ট তিলক (ফোঁটা)। ত্রি (তিন) পুণ্ড্রের (তিলকের) সমাহার, সমা-দ্বিগু ; ত্রিপুণ্ড্রক = ত্রিপুণ্ড্র + কন্, স্বার্থে। বি ; ক্লীব।

ত্রিপুর—১। জনৈক অসুর। ত্রি (তিন) পুর যাহার, বহুব্রী। বি ; পুং। ২। ময়দানবরচিত স্বর্ণ, রৌপ্য ও লৌহের পুরত্রয়। সমা-দ্বিগু। বি ; ক্লীব।

ত্রিপুরা—১। দেবীবিশেষ। ২। প্রাচীন চেদী-রাজ্য ; পূর্ব্ববঙ্গস্থ দেশবিশেষ। বি ; স্ত্রী।

ত্রিপুরান্তক, ত্রিপুরারি—মহাদেব। ত্রিপুরের অন্তক (বিনাশক) বা অরি (শত্রু), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ত্রিফলা—হরীতকী আমলকী বহেড়া এই তিন ফল। ত্রি (তিন) ফলের সমাহার, সমা-দ্বিগু। বি ; স্ত্রী।

ত্রিবর্গ—ধর্ম্ম অর্থ কাম এই তিন ; সত্ত্ব রজঃ তমঃ এই তিন ; আয় ব্যয় বৃদ্ধি এই তিন ; উৎপত্তি স্থিতি ধ্বংস এই তিন ; ত্রিফলা ; ত্রিকটু। সমা-দ্বিগু। বি ; পুং।

ত্রিবর্ণ—ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য এই দ্বিজাতিত্রয় ; নীল পীত লোহিত—এই তিন রঙ্। ত্রিসংখ্যক বর্ণ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

ত্রিবলি, ত্রিবলী—উদর কণ্ঠ প্রভৃতি স্থানে মাংসের সঙ্কোচজনিত রেখা। ত্রি (তিন) বলির বা বলীর সমাহার, সমা-দ্বিগু। বি ; স্ত্রী।

ত্রিবিক্রম—১। বামনরূপী বিষ্ণু। ত্রি (তিন) বিক্রম (পদক্ষেপ) যাঁহার, বহুব্রী। বি ; পুং। ২। ত্রিলোক আক্রমণ। ত্রির (ত্রিলোকের) বিক্রম, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ত্রিবিদ্যা—বেদত্রয়, তিন বেদ—ঋক্ যজুঃ সাম। ত্রিবিধা বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

ত্রিবিধ—তিন প্রকার। ত্রি (তিন) বিধা (প্রকার) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

ত্রিবৃৎ—১। লতাবিশেষ, তেউড়ি। ত্রি—বৃ + কিপ্, কর্ত্তৃবা। বি ; স্ত্রী। ২। ত্রিরাবৃত্ত, ত্রিগুণিত। ত্রি (তিন) বৃৎ (বর্ত্তন) যাহার, বহুব্রী। বিণ।

ত্রিবৃত্ত—ত্রিগুণিত। ত্রি (তিনবার) বৃত্ত, সুপ্‌সুপা। বি। স্ত্রী,—ত্তা।

ত্রিবেণী—গঙ্গাদি নদীত্রয়ের সঙ্গমস্থান, উত্তর প্রয়াগ এবং দক্ষিণ প্রয়াগ। [এলাহাবাদের নিকটবর্ত্তী গঙ্গা যমুনা ও সরস্বতীর মিলনস্থান উত্তর প্রয়াগ বা যুক্তত্রিবেণী, এবং হুগলী জেলায় ত্রিবেণী গ্রামের নিকটস্থ ত্রিধারা দক্ষিণ প্রয়াগ বা মুক্তত্রিবেণী নামে খ্যাত]। ত্রি বেণী (স্রোত) যেখানে, বহুব্রী। বি ; স্ত্রী।

ত্রিবেদী (ত্রিবেদিন্)—ঋক্ যজুঃ সাম, এই তিন বেদ অধ্যয়নকারী ; হিন্দুস্থানী ব্রাহ্মণের উপাধিবিশেষ ; তেওয়ারী। ত্রিবেদ + ইন্ অধ্যয়নার্থে। বি বা বিণ ; পুং।

ত্রিভঙ্গ(ংগ)—যাহার তিন স্থান ভাঙ্গা ; স্থানত্রয়ে অর্থাৎ মাথা কোমর ও পায়ে বক্র-ভাববিশিষ্ট। ত্রি (তিন স্থানে) ভঙ্গ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্গা।

ত্রিভঙ্গ(ংগ)মুরারি—মস্তক, কটি ও পদ এই তিন অঙ্গে বক্রতাযুক্ত শ্রীকৃষ্ণ। কর্ম্মধা। বি ; পুং।

ত্রিভুজ—তিন সরল রেখা দ্বারা পরিবদ্ধ ক্ষেত্র, ত্রিকোণ ক্ষেত্র (Triangle). ত্রি ভুজ যাহার, বহুব্রী। বি ; পুং।

ত্রিভুবন—স্বর্গ মর্ত্ত্য পাতাল এই তিন লোক। সমা-দ্বিগু। বি ; ক্লীব।

ত্রিমধু—১। ঋগ্বেদের অংশবিশেষ। বি ; পুং।

২। ঘৃত চিনি মধু এই তিন দ্রব্য। সমা-দ্বিগু। বি; ক্লীব।

ত্রিমার্গগা—ত্রিপথগামিনী, গঙ্গা [ত্রিধারা দ্রঃ]। ত্রিমার্গ—গম্+ড কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

ত্রিমূর্ত্তি(র্তি)—ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর। ত্রিবিধা মূর্ত্তি যাঁহার, বহুব্রী। বি; পুং।

ত্রিযামা—রাত্রি, রজনী। ত্রি যাম (প্রহর) যাহাতে, বহুব্রী+আপ্। বি; স্ত্রী।

ত্রিরাত্র—মধ্যবর্ত্তী দিবাদ্বয়সংযুক্ত তিন রাত্রি। ত্রি (তিন) রাত্রির সমাহার, সমা-দ্বিগু; ত্রিরাত্রি+অচ্ সমাসান্ত। বি; ক্লীব।

ত্রিরেখ—১। রেখাত্রয়বিশিষ্ট। ত্রি (তিন) রেখা যাহার, বহুব্রী। বিণ। ২। ত্রিভুজ। বি; ক্লীব। [বহুব্রী। বিণ।

ত্রিলিঙ্গ—পুংস্ব, স্ত্রীত্ব ও ক্লীবত্ববিশিষ্ট (শব্দ)।

ত্রিলোক—স্বর্গ মর্ত্ত্য পাতাল, এই তিন লোক, ত্রিভুবন। ত্রিসংখ্যক লোক, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ত্রিলোকী—স্বর্গ-মর্ত্ত্য-পাতাল, ত্রিভুবন। ত্রি লোকের সমাহার, সমা-দ্বিগু+ঙীপ্। বি; স্ত্রী।

ত্রিলোচন—ত্রিনেত্র, শিব। ত্রি (তিন) লোচন যাঁহার, বহুব্রী। বি; পুং। স্ত্রী,—না।

ত্রিশ—৩০ সংখ্যা বা তৎসংখ্যক। 'ত্রিংশৎ' শব্দজ। বি বা বিণ।

ত্রিশক্তি—কালী তারা ও ত্রিপুরা এই তিন দেবী; তিনটি রাজশক্তি (Three Powers). ত্রিসংখ্যিকা শক্তি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ত্রিশতী—তিনশত, ৩০০। ত্রি শতের সমাহার, সমা-দ্বিগু+ঙীপ্। বি; স্ত্রী।

ত্রিশরণ—(বৌদ্ধমতে) বুদ্ধ ধর্ম্ম ও সঙ্ঘ। সমা-দ্বিগু। বি; ক্লীব।

ত্রিশূল—ত্রিফলকযুক্ত অস্ত্র; শিবের অস্ত্র। ত্রি শূল যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

ত্রিশূলী (ত্রিশূলিন্)—১। ত্রিশূলধারী। ত্রিশূল+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—লিনী। ২। শিব। বি; পুং।

ত্রিষষ্টি—তেষট্টি, ৬৩ সংখ্যা বা তৎসংখ্যক। ত্র্যধিকা ষষ্টি, মধ্যপ কর্ম্মধা। বিণ; স্ত্রী।

ত্রিষ্টুপ্(ভ্)—একাদশাক্ষর ছন্দোবিশেষ। ত্রি—স্তুন্ভ্+কিপ্ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

ত্রিসংসার—ত্রিজগৎ, ত্রিভুবন, স্বর্গ মর্ত্ত্য পাতাল এই লোকত্রয়। সমা-দ্বিগু। বি; ক্লীব।

ত্রিসত্য—তিনবার ধর্ম্ম বা দেবতা সাক্ষী করিয়া আন্তরিকতাবে শপথ-গ্রহণ। সমা-দ্বিগু। বি; ক্লীব।

ত্রিসন্ধ্যা—পূর্ব্বাহ্ণ মধ্যাহ্ন ও সায়াহ্ন এই তিন কাল। ত্রিসংখ্যিকা সন্ধ্যা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ত্রিসপ্ততি—তিয়াত্তর, ৭৩ সংখ্যা বা তৎসংখ্যক। ত্র্যধিকা সপ্ততি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

ত্রিসপ্ততিতম—৭৩ সংখ্যার পূরক। ত্রিসপ্ততি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

ত্রিসীমা—১। তিন প্রান্ত। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। ২। শেষ সীমা, নিকট। দেশজ। বি। [শব্দজ। বি।

ত্রিসীমানা—অতি নিকট। 'ত্রিসীমা'

ত্রিস্রোতাঃ (ত্রিস্রোতস্), **ত্রিস্রোতা**—১। ত্রিধারা, ত্রিপথগা, গঙ্গা। ত্রি (তিন) স্রোতঃ যাহার, বহুব্রী। বি; স্ত্রী। ২। উত্তর বঙ্গের একটি বৃহৎ নদী। আধুনিক নাম তিস্তা।

ত্রুটি, ত্রুটী—অপরাধ; ন্যূনতা, হানি; সংশয়; অঙ্গহীনতা; টুকরা; সূক্ষ্মকাল-বিশেষ। ত্রুট্ (ছেদন করা)+ইন্ ভাববা, কর্ম্মবা, বিকল্পে ঙীপ্। বি; স্ত্রী।

ত্রুটিত—১। ছিন্ন। ত্রুট্+ক্ত কর্ম্মবা। ২। ভগ্ন; গলিত; স্খলিত। ত্রুট্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

ত্রেতা—দ্বিতীয় যুগ; দক্ষিণ গার্হপত্য আহবনীয় এই তিন অগ্নি; দ্যূতক্রীড়ায় পাশক-ত্রয়ের পতনবিশেষ। ত্রিকে (ত্রিত্বকে) ইতা (গতা বা প্রাপ্তা), ২য়াতৎ। বি; স্ত্রী।

ত্রৈকালিক—ত্রিকালসংক্রান্ত, প্রাতর্মধ্যাহ্ন

সায়ংকালে সংঘটিত; ভূত-ভবিষ্যৎ-বর্ত্তমান-সংক্রান্ত। ত্রিকাল+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, —কী।

ত্রৈগুণ্য—সত্ত্ব রজঃ তমঃ, এই তিন গুণের সমষ্টি। ত্রিগুণ+ষ্ণ্য স্বার্থে। বি; ক্লীব।

ত্রৈবার্ষিক—ত্রিবর্ষসম্ভূত; তিন বৎসরব্যাপী; তিন বছরের। ত্রিবর্ষ+ইক ভূতাদ্যর্থে। বিণ। স্ত্রী, —কী।

ত্রৈমাসিক—মাসত্রয়সম্বন্ধীয়; মাসত্রয়ে দেয়; তিন মাসে উৎপন্ন। ত্রিমাস+ইক ভূতাদ্যর্থে। বিণ। স্ত্রী, —কী।

ত্রৈরাশিক—রাশিত্রয়ঘটিত অঙ্কপ্রণালী (Rule of Three). ত্রিরাশি+ক (ঠক্) যুক্তার্থে। বি; ক্লীব।

ত্রৈলোক্য—ত্রিভুবন, স্বর্গ-মর্ত্ত্য-পাতাল। ত্রিলোকী+ষ্ণ্য স্বার্থে। বি; ক্লীব।

ত্র্যক্ষর—১। প্রণব, ওম্ (অ+উ+ম্= ওম্)। ত্রি (তিন) অক্ষর যাহাতে, বহুব্রী। ২। ছন্দোবিশেষ। বি; ক্লীব। ৩। ত্রিবর্ণাত্মক। বিণ। স্ত্রী, —রা।

ত্র্যক্ষরা—প্রণবরূপা পরমা বিদ্যা। ত্র্যক্ষর +আপ্। বি; স্ত্রী।

ত্র্যঙ্গু(ংগু)ল—অঙ্গুলিত্রয়-পরিমিত। ত্রি অঙ্গুল-পরিমিত এই বাক্যে তদ্ধিতার্থ দ্বিগু+ষচ্ সমাসান্ত। বিণ।

ত্র্যম্বক—শিব। ত্রি অম্বক (চক্ষু) যাঁহার, বহুব্রী। বি; পুং।

ত্র্যশীতি—৮৩ সংখ্যা বা তৎসংখ্যক। ত্র্যধিকা অশীতি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী।

ত্র্যস্র—ত্রিকোণ। ত্রি অস্র যাহাতে, বহুব্রী। বিণ।

ত্র্যহ—সৌর বা চান্দ্র দিনত্রয়; তিন বার; তিন তিথি। ত্রি অহের (দিনের) সমাহার, সমা-দ্বিগু (টচ্ সমাসান্ত)। বি; পুং।

ত্র্যহস্পর্শ—এক দিনে তিন তিথির স্পর্শ। ত্র্যহের (তিন তিথির) স্পর্শ যাহাতে, বহুব্রী। বি; পুং।

থ

থ—১। সপ্তদশ ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণ-স্থান দন্ত)। ২। পর্ব্বত; ভয়রক্ষক; রোগ-বিশেষ। স্থা (থাকা)+ড কর্ত্তৃবা (নিপা)। বি; পুং। ৩। কিংকর্ত্তব্যবিমূঢ়, বিস্ময়ে বা ভয়ে স্তম্ভিত, হতভম্ব, অবাক্। 'স্থ' শব্দজ। বিণ।

থই, থৈ—গাধ, তলস্পর্শ, আশ্রয়, ঠাঁই; চরণ-দ্বারা জলতল স্পর্শ; আপ্লুতি, পরিব্যাপ্তি, চারিদিকে ছড়াইয়া পড়া। 'স্থল' শব্দজ। বি।

থইকল, থৈকল—স্বনামখ্যাত বৃক্ষ বা তাহার ফল, অম্লবেতস। দেশজ। বি।

থইথই, থৈথৈ—আপ্লুত, পরিব্যাপ্ত, আচ্ছন্ন, পরিপূর্ণ। দেশজ। বিণ।

থউকা—আন্দাজী। প্রাদে। বিণ।

থকথক—১। গাঢ়তার লক্ষণ প্রকাশ। অব্য। ২। আবিল, ঘোলা, ঘন। দেশজ। বিণ।

থকথকিয়া, থকথকে—গাঢ়, ঘোলা; কাদার মত ঘন। দেশজ। বিণ।

থকা—১। গুচ্ছ, গোছা, স্তবক। বি। ২। ক্লান্ত হওয়া; থামা। বাং ক্রি।

থকার—'থ' এই বর্ণমাত্র। থ+কার স্বার্থে। বি; পুং।

থতমত—অপ্রতিভ, হতবুদ্ধি। দেশজ। বিণ।

থপ্—নরম ভারী জিনিষের পতন শব্দ। দেশজ। অব্য।

থপ্‌থপে—কোমল অথচ গুরু ('—জিনিস'); শক্তিহীন অথচ স্থূলকায় ('—লোক')। থপ্-থপ+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

থমক—থামিয়া থামিয়া চলা, গজেন্দ্রগমন। দেশজ। বি। [হওয়া। বাং ক্রি।

থমকান—হঠাৎ থামিয়া যাওয়া বা স্থির

থমথম—স্তব্ধ, নিশ্চেষ্টতা, আড়ষ্টতা প্রভৃতির লক্ষণপ্রকাশ। দেশজ। অব্য।

থমথমে—নিস্তব্ধ; স্তম্ভিত; স্থির। থমথম +এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

থর—থাক, স্তবক। 'স্তর' শব্দজ। বি। **থরে থরে**—থাকে থাকে।

থরকয়ে—কাঁপে। প্রাঃ কবিপ্র। ক্রি।

থরথর—১। কম্পনসূচক শব্দ। দেশজ। অব্য। ২। কম্পিত। বিণ।

থরথরান—থরথর করা, কম্পিত হওয়া, থর থর করিয়া কাঁপা। বাং ক্রি।

থরহরি—থরথর করিয়া। দেশজ। ক্রি-বিণ।

থলথল—কোমলতা, মাংসলতার লক্ষণ-প্রকাশ। দেশজ। অব্য।

থলথলে—মাংসল, মোটা অথচ কোমল। থলথল+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

থলি, থলিয়া, থলী, থলে—গোণী, গুন, বোরা; বগলি, পকেট। 'স্থলী' শব্দজ। বি।

থলুয়া, থলো—গুচ্ছ, গোছা, কাঁদি। দেশজ। বি।

থস্‌থস্—আর্দ্রতা ও শিথিলতার ভাব-প্রকাশ। দেশজ। অব্য।

থস্‌থসে—শিথিল; অদৃঢ়; অকঠোর; শক্তি-হীন। থস্‌থস্+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

থাই—থই (তাহা দ্রঃ)।

থাউকা, থাউকো, থাওকা—আন্দাজী; থোক হিসাবে; মোটের উপর, আন্দাজমোটে। দেশজ। ক্রি-বিণ।

থাক—১। স্তর, স্তবক, শ্রেণী। 'স্তবক' শব্দজ। বি। ২। থাকুক। ক্রি। [বাং ক্রি।

থাকা—অবস্থান করা; বাস করা; থামা।

থাকিয়া থাকিয়া—থামিয়া থামিয়া, মধ্যে মধ্যে, সময়ে সময়ে। দেশজ। ক্রি-বিণ।

থান—১। পাড়বিহীন সাদা কাপড়; যে পরিমাণ কাপড় একেবারে বোনা হয়, অখণ্ডিত বস্ত্র; এক একটি আদত খণ্ড। দেশজ। ২। জায়গা। 'স্থান' শব্দজ। বি।

থানকুনি—আগাছাবিশেষ, থুলকুড়ি। দেশজ। বি।

থানা—পুলিশ ষ্টেশন, কোতোয়ালি আড্ডা, চৌকি; স্থান; সৈন্যসমাবেশ; সেনাদল। 'স্থান' শব্দজ। বি।

থানাদার—থানার ভারপ্রাপ্ত কর্মচারী। থানা+দার অধিকৃতার্থে। বি।

থানাদারি,-দারী—থানাদারের কাজ; থানাদারের পদ। থানাদার+ই, ঈ কর্মার্থে। বি। [চড়। দেশজ। বি।

থাপড়, থাপ্পড়, থাব্‌ড়া—চপেট, চাপড়,

থাপড়ান, থাব্‌ড়ান—চপেটাঘাত করা, চাপড় মারা। বাং ক্রি।

থাপি, থাপী—কাদাপেটা ও কাঁচা হাঁড়ী কলসী পেটা পিট্‌না; ছাদ পিটিবার পিট্‌না। দেশজ। বি।

থাবড়ি—ভূমিতে পাছার ভর। দেশজ। বি।

থাবা—করতল, চাপড়; পশুর অগ্রপদতল; থাপ্পা; পূর্ণমুষ্টি, পুরা মুঠা। দেশজ। বি।

থাবান—থাবার আঘাত করা, থাবড়া মারা। কবিপ্র। ক্রি।

থাব্‌ড়া—থাপড় দ্রঃ।

থাব্‌ড়ান—থাপড়ান দ্রঃ।

থাম—খুঁটি। 'স্তম্ভ' শব্দজ। বি।

থামা—গতিহীন হওয়া, দাঁড়ান, অপেক্ষা করা, নিবৃত্ত বা নিরস্ত হওয়া। 'স্তন্ভ্' ধাতুজ। বাং ক্রি।

থামান—বন্ধ করা; নিরস্ত করা; দাঁড় করান; শান্ত করা; চুপ করান। 'স্তন্ভ্' ধাতুজ। বাং ক্রি।

থার্ম্ম(র্ম)মিটার—তাপমান যন্ত্র। ইং Thermometer. বি।

থাল, থালা—গোলাকার প্রশস্ত তৈজস ভোজনপাত্র। 'স্থাল' শব্দজ। বি।

থালি, থালী—ছোট থালা; হাঁড়ী; তৈলা-ধার। 'স্থালী' শব্দজ। বি।

থাসা—মর্দন করা; থাসা, ঠাসা। বাং ক্রি।

থিতান, থিতন—ময়লাদি নীচে পড়িয়া যাওয়ায় নির্মল হওয়া; নীচে জমা। বাং ক্রি।

থিয়েটার—রঙ্গভূমি, নাট্যমঞ্চ। ইং Theatre. বি।

থির—১। শান্ত; নিবৃত্ত; স্থির; অব্যাকুল। কবিপ্র। বিণ। ২। ধৈর্য। প্রাঃ কবিপ্র। বি।

থু, থুঃ—থুতু ফেলার শব্দ; ঘৃণাবাচক শব্দ। দেশজ। অব্য। [ক্রি।
থুআ, থুয়া—স্থাপন করা, রাখা। কবিপ্র।
থুকথুক—কীটাদির সমূহ বা একত্র সমাবেশ। দেশজ। অব্য।
থুকথুকে—নধর, কমনীয়; থুকথুক শব্দকারী। থুকথুক+এ (∠ইয়া) করে অর্থে। বিণ।
থুড়থুড়, থুত্থুড়—স্থবিরতার ভাব প্রকাশ। দেশজ। অব্য। বিণ, থুড়থুড়ে, থুত্থুড়ে।
থুড়ন, থুরন—কোপান, পুনঃ পুনঃ অস্ত্রাঘাত; কুঁচি কুঁচি করিয়া কর্ত্তন। দেশজ। বি।
থুড়া—কোপ দেওয়া; কুঁচি কুঁচি করিয়া কাটা; প্রহারে জখম করা। বাং ক্রি।
থুড়ি—ভুল বা অন্যায়ের প্রত্যাহার-সূচক শব্দ। দেশজ। অব্য।
থুতনি, থুতি, থুঁৎনি—চিবুক, দাড়ি। দেশজ। বি।
থুতু, থুথু—১। নিষ্ঠীবন-ত্যাগের অনুকরণ-শব্দ। অব্য। ২। নিষ্ঠীবন। দেশজ। বি।
থুৎকার-নিষ্ঠীবন-ত্যাগ, থুথু ফেলা। থুৎ—কৃ+ঘঞ্ ভাববা। বি; পুং।
থুৎকুড়ি—নিষ্ঠীবন, থুথু। 'থুৎকার' শব্দজ। বি। [দেশজ। অব্য।
থুপ—ছোট নরম জিনিষ পড়িবার শব্দ।
থুপি—ছোট গোপনা, গুছি। দেশজ। বি।
থুবড়া, থুবড়ো—অধিক বয়স পর্য্যন্ত অবিবাহিত; স্থবির, অতিবৃদ্ধ; চলচ্ছক্তিরহিত। দেশজ। বিণ। স্ত্রী, -ড়ী।
থুবড়ান, থুবড়ন—নিম্নমুখ হইয়া পড়া; থাবড়ান। বাং ক্রি।
থুম—মূক, চুপ, নিঝুম। দেশজ। বিণ।
থুয়া—রাখা। প্রাঃ কবিপ্র। ক্রি।
থুরথুর, থুত্থুর—কম্পন বা বার্দ্ধক্যজনিত কম্পনসূচক। অব্য। বিণ, থুরথুরে, থুত্থুরে।
থুরা—থুড়া (তাহা দ্রঃ)।

থুলকুড়ি—থানকুনি, মণ্ডূকপর্ণী। প্রাদে। বি।
থেঁত, থেঁতো—পিষ্ট, কুট্টিত। দেশজ। বিণ।
থেঁতলান, থ্যাতলান—কোটা, পেষণ করা; নিপীড়ন করা। বাং ক্রি।
থেকে—হইতে; অপেক্ষা, চেয়ে। বিভক্তি-প্রতিরূপক অব্য।
থেবড়া—চেপ্টা, বসা। দেশজ। বিণ।
থেবড়ান—১। চেপ্টা করা, থাবড় মারা। বাং ক্রি। ২। থেবড়া, চেপ্টা। বিণ।
থেলো—বড় খোলবিশিষ্ট, ডাবা (হুঁকা)। দেশজ। বিণ।
থৈ—থই দ্রঃ।
থৈথৈ—১। বাদ্যের অনুকরণ-শব্দ। অব্য। ২। তরল পদার্থ দ্বারা পরিপূর্ণ ভাব। দেশজ। বি।
থোঁতা—১। বড় ও ভারী। দেশজ। বিণ। ২। স্থূল চিবুক। বি।
থোক—মোট, সমূহ; থোকা, গুচ্ছ; কেতা, খণ্ড; পাউকা। 'স্তবক' শব্দজ। বি বা বিণ।
থোকা—স্তবক, গুচ্ছ, থোলো; জমিদারী হিসাবের কড়চাবিশেষ। 'স্তবক' শব্দজ। বি।
থোড়—ফলন্ত কলাগাছের ভিতরের মজ্জা। দেশজ। বি।
থোড়া—১। অল্প কিছু। হিন্দী। বিণ। ২। কুচান। বাং ক্রি। [বিণ।
থোড়াই—সামান্য, কিছুই নয়। হিন্দীমূলক।
থোপ, থোবা, থোপনা, থোবনা—গুচ্ছ, থলো। 'স্তবক' শব্দজ। বি।
থোলো—গোছা, গুচ্ছ। দেশজ। বিং।

দ

দ—১। অষ্টাদশ ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণস্থান দন্ত)। ২। দান। দা+ক ভাববা। বি; পুং। ৩। দাতা (জলদ, ধনদ ইত্যাদি)। দা+ক কর্ত্তৃবা। ৪। খণ্ডন, ভাগ করণ। দো+ড় ভাববা। বি; ক্লীব। ৫। অত্যল্প-

স্পর্শ স্বাভাবিক জলাশয় বা খাত। 'দহ' শব্দজ। বি।

দই, দহি, দৈ—দধি। 'দধি' শব্দজ। বি।

দংশ—১। বনমক্ষিকা, ডাঁশ। দন্‌শ্‌ + অচ্‌ কর্ত্তৃবা। ২। দংশন; খণ্ডন। দন্‌শ্‌ + ঘঞ্‌ ভাববা। ৩। দন্ত; বর্ম্ম। দন্‌শ্‌ + ঘঞ্‌ করণবা। বি; পুং।

দংশক—১। দংশনকারী। দন্‌শ্‌ (দংশন করা) + ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—শিকা। ২। ডাঁশ; মশা। বি; পুং।

দংশন—দন্তাঘাত, কামড়ান। দন্‌শ + অনট্‌ ভাববা। বি; ক্লীব।

দংষ্ট্রা—বড় লম্বা দাঁত, দাড়া। দন্‌শ + ষ্ট্রন্‌ করণবা + আপ্‌। বি; স্ত্রী।

দংষ্ট্রী (দংষ্ট্রিন্‌)—১। বৃহদ্দন্তবিশিষ্ট। দংষ্ট্রা + ইন্‌ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—ষ্ট্রিণী। ২। শূকর; সর্প। বি; পুং।

দঁক, দক—জলযুক্ত গভীর পঙ্ক; নরম কাদা। 'উদক' শব্দজ। বি। [বি; পুং।

দকার—দ এই বর্ণমাত্র। দ + কার স্বার্থে।

দক্ষ—১। সমর্থ, পটু, নিপুণ। দক্ষ্‌ + অচ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, দক্ষা। ২। প্রজাপতি-বিশেষ [শিবের প্রথমা পত্নী সতী ইঁহার কন্যা]; শিবের বৃষ; কুক্কুট। বি; পুং।

দক্ষকন্যা, দক্ষজা—সতী, দুর্গা; অশ্বিনী প্রভৃতি নক্ষত্র। দক্ষকন্যা—৬ষ্ঠীতৎ; দক্ষজা—উপতৎ। দক্ষ—জন্‌ + ড কর্ত্তৃবা + আপ। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

দক্ষতা—নৈপুণ্য, পটুতা। দক্ষ + তা ভাবার্থে।

দক্ষিণ—১। অনুকূল; দাক্ষিণ্যযুক্ত; উদার; সরল; সমর্থ; দক্ষ; বামেতর, ডাইন; যাম্য দিক্‌ বা দেশসম্বন্ধীয় (উত্তরের বিপরীত); পরচ্ছন্দানুবর্ত্তী। দক্ষ + ইনন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ণা। ২। নায়ক-বিশেষ, সকল নায়িকাতে যে নায়কের সমান অনুরাগ থাকে। বি; পুং।

দক্ষিণকালিকা—দেবীবিশেষ, কালীর মূর্ত্তি-ভেদ। দক্ষিণা কালিকা, কর্ম্মধা। বি; স্ত্রী।

দক্ষিণকেন্দ্র, —মেরু—কুমেরু, পৃথিবীর দক্ষিণ প্রান্ত। কর্ম্মধা। বি; পুং।

দক্ষিণহস্ত—ডান হাত, প্রধান সহায় অবলম্বন। কর্ম্মধা। বি; পুং। **দক্ষিণ-হস্তের ব্যাপার**—ভোজন।

দক্ষিণা—১। দক্ষিণ দিক্‌; যজ্ঞপত্নী, শ্রী-কৃষ্ণের দক্ষিণাংশসম্ভূতা দেবীবিশেষ; পুরোহিতের পারিশ্রমিক। দক্ষিণ + আপ্‌। বি; স্ত্রী। ২। দাক্ষিণ্যযুক্তা ইত্যাদি (দক্ষিণ দ্রঃ)। বিণ; স্ত্রী।

দক্ষিণাগ্নি—দক্ষিণ দিকে স্থাপনীয় যজ্ঞীয় অগ্নি। দক্ষিণা অগ্নি, কর্ম্মধা। বি; পুং।

দক্ষিণাচল—মলয়পর্ব্বত। কর্ম্মধা। বি; পুং।

দক্ষিণান্ত—১। দক্ষিণাপ্রদান দ্বারা যজ্ঞ-সমাপন। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। পুরো-হিতাদিকে দক্ষিণা দিয়া যে ক্রিয়াকর্ম্ম শেষ করা হইয়াছে। দক্ষিণারূপ অন্ত যাহার, বহুব্রী। বিণ।

দক্ষিণাপথ—দক্ষিণ দেশ, ভারতবর্ষের দক্ষিণাংশ (The Deccan). দক্ষিণা (দক্ষিণ দিকে) পথ, সুপ্‌সুপা। বি; পুং।

দক্ষিণাবর্ত্ত(র্ত)—১। ডানদিকে আবর্ত্ত-বিশিষ্ট। দক্ষিণে আবর্ত্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ত্তা। ২। শঙ্খবিশেষ; দাক্ষিণাত্য। বি; পুং।

দক্ষিণায়ন—১। বিষুবরেখা হইতে সূর্য্যের দক্ষিণ দিকে গমন। দক্ষিণাতে (দক্ষিণ দিকে) অয়ন (গমন), সুপ্‌সুপা। ২। শ্রাবণ হইতে পৌষ পর্য্যন্ত ছয় মাস। দক্ষিণে অয়ন হয় যে সময়ে, বহুব্রী। বি; ক্লীব।

দক্ষিণায়নান্তবৃত্ত—সূর্য্যের দক্ষিণে গমনের শেষসীমাসূচক কল্পিত বৃত্তাকার রেখা, উহা বিষুবরেখা হইতে ২৩½ অক্ষাংশ দক্ষিণে কল্পিত হইয়া থাকে; উহার আর এক নাম মকরক্রান্তি। দক্ষিণায়নের অন্ত যাহাতে সে দক্ষিণায়নান্ত, বহুব্রী; তাহাই বৃত্ত, কর্ম্মধা। বি; ক্লীব। [ব্যুৎপত্তি। আর্ষ। বি।

দখল—অধিকার; অভিজ্ঞতা; পাণ্ডিত্য;

দখলকার, দখলিকার—অধিকারী, মালিক। দখল—কৃ+অণ্ (পক্ষে ই আগম)। বি। [+ই সম্বন্ধার্থে। বিণ।

দখলী—দখলসম্বন্ধীয় ; অধিকারভুক্ত। দখল

দখিন—দক্ষিণ। কবিপ্র। বি বা বিণ।

দগড়—ঢাকের মত বাদ্যযন্ত্রবিশেষ, দামামা, কাড়া। 'দ্রগড়' শব্দজ। বি।

দগড়া, দাগড়া—প্রহারের চিহ্ন, ঘর্ষণের দাগ। দেশজ। বি।

দগদগ—জ্বলন বা ক্ষতের লক্ষণ প্রকাশ। দেশজ। অব্য। বিণ, দগদগে।

দগদগানি, দগদগি—জ্বলন, দারুণ মনঃকষ্ট। দগদগ+আনি, ই ভাবে। বি।

দগ্ধ—১। যাহাকে পোড়ান হইয়াছে এরূপ, ভস্মীকৃত। দহ্+ক্ত কর্ম্মবা। ২। উত্তপ্ত ; সন্তপ্ত ; কাতর। দহ্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

দগ্ধা—তিথিবিশেষ, ইহা মাঙ্গল্যকার্য্যে অপ্রশস্ত। বি ; স্ত্রী।

দগ্ধান—দগ্ধ করা, পোড়ান, জ্বালান, জ্বালাতন করা, কষ্ট দেওয়া। বাং ক্রি।

দগ্ধাবশেষ—আংশিকভাবে দগ্ধ পদার্থের অদগ্ধ অংশ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দগ্ধোদর—পোড়া পেট, সামান্য আহার্য্যে পূরণীয় জঠর। দগ্ধ উদর, কর্ম্মধা। বি ; ক্লীব।

দঙ্গল—দল, ভিড়। দেশজ। বি।

দজ্জাল—দুর্দ্দান্ত, দুষ্ট। আর্বী। বিণ।

দড়—দৃঢ়, মজবুত ; পটু, দক্ষ ; পারদর্শী ; পণ্ডিত ; শক্ত, ডাঁট ; নিশ্চিত। 'দৃঢ়' শব্দজ। বিণ।

দড়বড়—দৌড়িয়া চলিবার শব্দ ; ব্যস্ততাপ্রকাশ। দেশজ। অব্য।

দড়বড়ি—দড়বড় করিয়া, তাড়াতাড়ি। কবিপ্র। ক্রি-বিণ।

দড়বড়িয়া, দড়বড়ে—অতিক্রুত, অত্যন্ত ব্যস্ত ; ক্ষিপ্রতাবিশিষ্ট। দড়বড়+ইয়া, এ করে অর্থে। বিণ।

দড়মা—চাচ, চেটাই। প্রাদে। বি।

দড়া—মোটা দড়ি, কাছি, রজ্জু। দেশজ। বি।

দড়াদড়ি—নানাপ্রকারের দড়ি, মোটা ও সরু দড়ি। দেশজ। বি।

দড়াম্—ভারী জিনিষ পড়িবার শব্দ। 'দ্রাম্' শব্দজ। অব্য।

দড়ি—রসি, রজ্জু। দেশজ। বি।

দঢ়—দৃঢ়, শক্ত, মজবুত ; দক্ষ, পটু, পারদর্শী। 'দৃঢ়' শব্দজ। কবিপ্র। বিণ।

দণ্ড—১। যষ্টি, লগুড়, লাঠি। দণ্ড্+ঘঞ্ করণবা। বি ; পুং বা ক্লীব। ২। দমন, শাসন, শাস্তি। দণ্ড্+ঘঞ্ ভাববা। ৩। যুদ্ধ ; ব্যূহবিশেষ। দণ্ড+ঘঞ্ অধিবা। ৪। সৈন্য ; চারিহস্তপরিমাণবিশেষ ; কোণ। দণ্ড্+ঘঞ্ করণবা। ৫। যষ্টিপলাত্মক কাল, ২৪ মিনিট। দণ্ড্+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং। ৬। খেসারৎ, গচ্চা ; জরিমানা। দেশজ প্রঃ। বি।

দণ্ডক—গোদাবরী-তীরস্থ বিশাল অরণ্য। দণ্ড+কন্ স্বার্থে। বি ; পুং।

দণ্ডকারণ্য—জনস্থানস্থিত বন। [দণ্ডক রাজা ব্রহ্মশাপে সপরিবারে প্রজাগণসহ ভস্মীভূত হইলে, তদীয় রাজ্য অরণ্যরূপে পরিণত হইয়া দণ্ডকারণ্য নামে খ্যাত হয়]। দণ্ডকানামক অরণ্য, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

দণ্ডকাক—দ্রোণকাক, দাঁড়কাক। দণ্ডাকার কাক, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

দণ্ডগ্রহণ—শাস্তি লওয়া ; দণ্ডধারণ, সন্ন্যাসাশ্রম অবলম্বন। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

দণ্ডদাতা (-দাতৃ)—শাস্তিপ্রদাতা। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-দাত্রী।

দণ্ডদান—শাস্তি দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

দণ্ডধর—১। দণ্ডধারী, যষ্টিহস্ত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-রা। ২। শমন, যম ; নৃপতি ; কুম্ভকার। বি ; পুং।

দণ্ডধারী (-ধারিন্)—১। যষ্টিহস্ত। উপতৎ। দণ্ড-ধৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-রিণী। ২। যম ; রাজা ; কুম্ভকার। বি ; পুং। [ভাববা। বি ; ক্লীব।

দণ্ডন—শাসন, দণ্ডদান। দন্ড্+অনট্

দণ্ডনায়ক—সেনাপতি, সৈন্যাধ্যক্ষ ; বিচার-

পূর্ব্বক দণ্ডবিধানকর্ত্তা, জজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দণ্ডনীতি—রাজনীতিশাস্ত্র, যাহাতে রাজ্য-শাসন-সম্পর্কীয় যাবতীয় নিয়মাদি আছে। দণ্ডের নীতি যাহাতে, বহুব্রী। বি: স্ত্রী।

দণ্ডনীয়—দণ্ডদানের যোগ্য, দণ্ডার্হ। দনড্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

দণ্ডপাণি—১। দণ্ডধারণকারী, দণ্ডধারী। দণ্ড পাণিতে (হস্তে) যাহার, বহুব্রী। বিণ। ২। শমন, যম; শিবানুচরবিশেষ। বি; পুং।

দণ্ডপাল—দৌবারিক, দ্বাররক্ষক, দরওয়ান। উপতৎ। দণ্ড—পিজন্ত পা (=পালি)+অণ্ কর্ত্তৃবা। বি; পুং।

দণ্ডপালক—দৌবারিক, দ্বাররক্ষক। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

দণ্ডবৎ—১। দণ্ডের ন্যায় সরলভাবে ভূ-পতিত। দণ্ড+বতিচ্ তুল্যার্থে। অব্য। ২। প্রণাম, নমস্কার। দেশজ। বি।

দণ্ডবিধাতা (—বিধাতৃ)—দণ্ডদাতা; রাজা; বিচারপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং, বা বিণ। স্ত্রী,—বিধাত্রী।

দণ্ডবিধান—দণ্ডদান, শাস্তি দেওয়া। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লীব।

দণ্ডবিধি—দুষ্কৃতদমনার্থ নিয়মাবলী, ফৌজ-দারী আইন (Penal Code); দণ্ডবিধান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দণ্ডমুণ্ড—শাসন ও শিরোরক্ষণ; তিরস্কার ও পুরস্কার। দেশজ। বি। [ক্রি।

দণ্ডা—দণ্ডদান করা, শাসন করা। কবিপ্র।

দণ্ডাদণ্ডি—দণ্ড দ্বারা পরস্পর যুদ্ধ, লাঠালাঠি। ব্যতীহার বহুব্রী। বি।

দণ্ডায়মান—দাঁড়াইয়া আছে এরূপ, অনুপ-বিষ্ট। দণ্ড+ক্যঙ্=দণ্ডায় (নামধাতু)+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

দণ্ডার্হ—দণ্ডনীয়। উপতৎ। দণ্ড—অর্হ্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্হা।

দণ্ডাহত—যষ্টিদ্বারা প্রহৃত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

দণ্ডিক—১। দণ্ডধারী। দণ্ড+ইক (ঠন্) আছে অর্থে। বিণ। ২। ডানকোণা মাছ। বি; পুং।

দণ্ডিত—দমিত; শাসিত। দনড্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

দণ্ডী (দণ্ডিন্)—১। দণ্ডধারণকারী। দণ্ড+ইন অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—ণ্ডিনী। ২। দ্বারপাল, দৌবারিক; যম; রাজা; পণ্ডিত-বিশেষ; চতুর্থাশ্রমী, সন্ন্যাসী। বি; পুং।

দণ্ড্য—দণ্ডার্হ, দণ্ডনীয়। দণ্ড+যৎ অর্হার্থে। বিণ।

দত্ত—যাহা দেওয়া হইয়াছে এরূপ, অর্পিত, উৎসৃষ্ট; বিসৃষ্ট; ত্যক্ত। দা+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, দত্তা। [স্বার্থে। বি; পুং।

দত্তক—পোষ্যপুত্র, দত্তকপুত্র। দত্ত+কন

দত্তা—অর্পিতা; উৎসৃষ্টা; বিসৃষ্টা; ত্যক্তা; পরিণীতা। দত্ত+আপ্। বিণ; স্ত্রী।

দত্তাপহারী (—হারিন্)—যে কোন বস্তু একবার দান করিয়া পুনরায় তাহা ফিরাইয়া লয় এরূপ। উপতৎ। দত্ত—অপ—হৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

দদ্রু, দদ্রূ রোগবিশেষ, দাদ, ছুলি প্রভৃতি। দদ্+রু কর্ত্তৃবা, দদ্রু+ঊঙ্। বি; পুং, স্ত্রী।

দধি—১। দই; দধ। দধ্+ইন কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। ধারণকর্ত্তা; ধারক। ধা+কি কর্ত্তৃবা (নিপা)। বিণ। ৩। সপ্তসমুদ্রের অন্যতম সমুদ্র। বি; পুং।

দধিবামন—শালগ্রামবিশেষ। [অতি ক্ষুদ্র দুইচক্রবিশিষ্ট শালগ্রামশিলাকে দধিবামন কহে। উহা গৃহীদিগের পক্ষে সুখদায়ক।] বি; পুং।

দধিমঙ্গল—বিবাহ প্রভৃতি উৎসবের অঙ্গ-স্বরূপ অনুষ্ঠানবিশেষ। দধিসম্পাদ্য মঙ্গল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

দধিমণ্ড—দধির মাত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দধিমন্থন—দই মওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

দধিসার—ননী, মাখন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দধীচ, দধীচি—জনৈক মুনি। [অসুরগণের

বিনাশার্থে ইঁহার অস্থি আবশ্যক হওয়ায় ইনি স্বেচ্ছায় প্রাণত্যাগ করেন, এবং ইঁহার অস্থি-দ্বারা ইন্দ্রের বজ্র নির্ম্মিত হয়]। দধ্‌+ঈচ্‌, ঈচি কর্তৃবা। বি; পুং।

দধ্যন্ন—দধ্বল, দই পাতিবার সাজা। দধি-কারক অন্ন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

দনুজ—দানব, দৈত্য, অসুর। উপতৎ। দনু—জন্‌+ড কর্তৃবা। বি; পুং।

দনুজদলনী—অসুরনাশিনী, দুর্গা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দন্ত—দশন, দাঁত; ৩২ সংখ্যা; কুঞ্জ; সানু। দম্‌+তন্‌ করণবা। বি; পুং।

দন্তকাষ্ঠ—দন্তধাবন-কাষ্ঠ, দাতন। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

দন্তচ্ছদ—ওষ্ঠ, ঠোঁট। দন্তের ছদ (আবরণ), ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; ক্লীব।

দন্তধাবন—দন্তমার্জ্জন, দাঁত মাজা। ৬ষ্ঠীতৎ।

দন্তপঙ্‌ক্তি, -পংক্তি—দাঁতের পাটি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দন্তপাটি—দাঁতে পাটি। ৬ষ্ঠীতৎ। বি।

দন্তবিকাশ—দাঁত বাহির করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

দন্তমাংস—দাঁতের মাড়ি বা মেড়ে।

দন্তমূলীয়—১। দন্তমূল-সম্বন্ধীয়; দন্তমূল হইতে উচ্চারিত। দন্তমূল+ঈয় ভবার্থে। বিণ। স্ত্রী,—য়া। ২। দন্তমূল হইতে উচ্চারিত বর্ণ, ত-বর্গ, ৯ ল স। বি; পুং।

দন্তরুচি—দশনকান্তি, দন্তপংক্তির শুভ্রতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দন্তরুচি-কৌমুদী—দন্তশ্রেণীর শুভ্রতারূপ জ্যোৎস্না; হাস্যাদিকালে দন্তকান্তির শুভ্রতা-বিকাশ। দন্তরুচিরূপ কৌমুদী, রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

দন্তশূল—দাঁতের বেদনা, দাঁতকড়া (Tooth-ache). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

দন্তস্ফুট—দাঁত বসান, কামড়; কঠিন বিষয়ে প্রবেশলাভ। ৩য়াতৎ। বি; পুং।

দন্তহীন—দশনশূন্য, অদন্ত, যাহার দাঁত পড়িয়া গিয়াছে, ফোগলা। ৩য়াতৎ। বিণ। বি,—হীনতা।

দন্তাদন্তি—দন্তে দন্তে পরস্পর যুদ্ধ, কামড়া-কামড়ি। বহুব্রী (সমাসান্ত ই প্রত্যয়)। ক্রি-বিণ। [বিশিষ্টার্থে। বিণ।

দন্তাল—দাঁতাল, দন্তযুক্ত। দন্ত+আল

দন্তী (দন্তিন্‌)—১। দন্তবিশিষ্ট। দন্ত+ইন্‌ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—ন্তিনী। ২। বৃক্ষ-বিশেষ; গণেশ; হস্তী; পর্ব্বত। বি; পুং।

দন্তুর—উচ্চ-দন্তবিশিষ্ট; উন্নতানত, এবড়ো-খেবড়ো; অসরল। দন্ত+উরচ্‌ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—রা।

দন্তোদ্‌গম, দন্তোদ্‌ভেদ—দাঁত ওঠা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দন্ত্য—দন্তদ্বারা উচ্চার্য্য (বর্ণ)। দন্ত+যৎ ভবার্থে। বিণ।

দপ্‌—সহসা প্রজ্বলনসূচক শব্দ, দীপ্তিবাচক শব্দ; শিরোবেদনাদিসূচক শব্দ। দেশজ। অব্য।

দপ্তর—বহি, খাতা; হিসাব-পুস্তক; কর-সংক্রান্ত বর্ণনাপত্র; কাপড়ে জড়ান বহি; কাগজের সমষ্টি; কাছারি। আর্বী 'দফ্‌তর' শব্দজ। বি।

দপ্তরখানা—যেখানে দপ্তর থাকে, দপ্তরের সেরেস্তা; কাছারি, অফিস, হিসাবপত্রাদি রাখিবার ঘর। ৬ষ্ঠীতৎ। বি।

দপ্তরী—দপ্তরের জিম্মাদার; যে বহি খাতা বাঁধে; আপিসে লিখিবার উপকরণ সর-বরাহকারী। দপ্তর+ঈ রক্ষকাদি অর্থে। বি।

দপ্‌দপানি—টন্‌টনানি, দপ্‌দপ্‌ করিয়া বেদনা হওয়া। দপ্‌দপ্‌+আনি ভাবে। বি।

দফা—স্তোক্‌, পৃথক্‌ পৃথক্‌ বার (Item); বার; সময়; পর্য্যায়, পালা; খতম, কাবার, শেষ; পৃষ্ঠা, প্রকরণ, পরিচ্ছেদ। আর্বী। বি।

দফাওয়ারী—যাহাতে প্রত্যেক দফার উল্লেখ করা হইয়াছে এমন। বিণ।

দফাদফা—বার বার। আর্বী। ক্রি-বিণ।

দফাদার—চৌকিদার বা পেয়াদাদিগের

উপরওয়ালা ; মজুরদিগের সর্দ্দার ; অশ্বারোহী সৈন্তের অধ্যক্ষ। দফা+দার। বি।

দফারফা, –শেষ—সর্ব্বনাশ ; প্রাণনাশ ; মরণ। ৬ষ্ঠীতৎ। বি।

দফে—পুনরায়, পুনশ্চ। বৈদে। অব্য।

দবাগ্নি—কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণ হইলে বনমধ্যে যে অগ্নি উৎপন্ন হয়, বনাগ্নি, দাবানল। দবোৎপন্ন অগ্নি, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

দম—১। দণ্ড ; দমন ; চিত্তের স্থৈর্য্য ; দুষ্কর্ম্ম হইতে মনের নিবৃত্তি। দম্+ঘঞ্ ভাববা। ২। কর্দ্দম, কাদা। দম্+ঘঞ্ করণবা। বি ; পুং। ৩। নিশ্বাস-প্রশ্বাস ; জীবন ; ঘড়ির স্প্রিং গুটান বা জড়ান ; প্রতারণা ; ধাপ্পা, ফাঁকি ; ব্যঞ্জনবিশেষ। ফার্সী। বি।

দমক—১। যে দমন করে, শাসক। দম্+ণিচ্+ণক কর্ত্তৃবা। বিণ। ২। বেগ, ধাক্কা, ধমক। দেশজ। বি।

দমকল—অগ্নি নির্ব্বাণ প্রভৃতির জন্য ঊর্দ্ধে জল তুলিবার যন্ত্র ; ফায়ার ব্রিগেডের গাড়ী। দেশজ। বি।

দমকা—সহসা বেগবান্, অতর্কিত। দমক+আ বিশিষ্টার্থে। বিণ।

দমকান—দমিত হওয়া ; শান্ত হওয়া ; ধমকান ; (বিদ্যুতের) চমকান। বাং ক্রি।

দমদম—অনুকার-শব্দ ; প্রহার-শব্দ ; তোপের ধ্বনি। দেশজ। অব্য।

দমদমা—মাটির উচ্চ স্তূপ। আর্বী। বি।

দমন—১। শাসন, নিগ্রহ, বশ করা, পরাভূত করা। দম্+অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। বীর ; শক্র ; পুষ্পবিশেষ। বি ; পুং। ৩। দমনকারী। দম্+ণিচ্+অন কর্ত্তৃবা। বিণ।

দমননীতি—শাসন দ্বারা প্রতিবাদকারীদিগকে সংযত করার নীতি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

দমনীয়—দমনযোগ্য, শাসনার্হ। দম্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, –য়া।

দমবাজ—প্রতারক, বঞ্চক। দম্+বাজ শীলার্থে। বিণ।

দমবাজি, –বাজী—প্রতারণা, ধূর্ত্ততা। দমবাজ+ই, ঈ কর্ম্মার্থে। বি।

দময়ন্তী—বিদর্ভরাজ ভীমের তনয়া, নিষধাধিপতি মহারাজ নলের মহিষী। ণিজন্ত দম্+শতৃ কর্ত্তৃবা+ঈপ্। বি ; স্ত্রী।

দময়িতা (–য়িতৃ)—যে দমন করে, শাসক। দম্+ণিচ্+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –য়িত্রী।

দমসম—শ্বাসরোধ, দম ফুলিয়া বুকে পেটে এক হওয়ার ভাব। দেশজ। বি।

দমা—বসিয়া যাওয়া, নুইয়া পড়া ; ভগ্নোৎসাহ বা সঙ্গতিহীন হওয়া, নিস্তেজ হইয়া পড়া। বাং ক্রি। [অব্য।

দমাদম—দনাদন, অনুকার-শব্দ। দেশজ।

দমান—বসান, নোয়ান ; ভগ্নোৎসাহ বা স্ফূর্ত্তিহীন করা। বাং ক্রি।

দমিত—শাসিত, বশীকৃত ; ভারবহনাদি ক্লেশসহিষ্ণু। দম্+ণিচ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

দমী (দমিন্)—শাসনকারী ; দমনশীল ; জিতেন্দ্রিয়, কামক্রোধাদির পরাভবকারী। দম্+ইন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –মিনী।

দম্পতি—জম্পতি, পতিপত্নী, স্ত্রীপুরুষ। জায়া ও পতি, দ্বন্দ্ব (এই সমাসে জম্পতি পদও হয়, কিন্তু উহা বাংলায় অপ্রচলিত)। বি ; পুং।

দম্পতী—দম্পতি (তাহা দ্রঃ)। [ইহা দ্বিবচনান্ত শব্দ ; সুতরাং সংস্কৃত ব্যাকরণমতে শুদ্ধ। কিন্তু বাংলায় দ্বিবচনের প্রয়োগ না থাকায় বাংলা ব্যাকরণমতে অশুদ্ধ]।

দম্বল—দুধ জমাইবার অম্লদ্রব্য। 'দধ্যম্ল' শব্দজ। বি।

দম্ভ—অহঙ্কার, দর্প, গর্ব্ব ; কপট ; শঠতা। দন্ভ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

দম্ভক—প্রতারক ; গর্ব্বিত। দম্ভ–কৃ+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –কা।

দম্ভী (দম্ভিন্)—গর্ব্বিত, অহঙ্কারী ; শঠ। দম্ভ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –ম্ভিনী।

দম্ভোক্তি—দৃপ্তবাক্য, দর্পপ্রকাশ, বড়াই,

জাঁকজারি। দম্ভপূর্ণ উক্তি, মধ্যপ কর্ম্মধা।
বি; স্ত্রী।

দম্ভোলি—কুলিশ, অশনি, বজ্র। দন্ভ্‌
+ওলি কর্ত্তৃবা। বি; পুং।

দম্য—১। দমনীয়, শাসনীয়। দম্‌ (দমন
করা)+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, দম্যা। ২।
ভারবহনযোগ্য গোবৎস; বড় বাছুর।
বি; পুং।

দয়া—কৃপা, পরদুঃখমোচনপ্রবৃত্তি। দয়্‌+
অঙ্‌ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

দয়ানিধি—কৃপাসিন্ধু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দয়াবান্‌ (–বৎ)—দয়াময়, কৃপালু,
দয়ালু। দয়া+মতুপ্‌ আছে অর্থে। বিণ।
স্ত্রী, –বতী।

দয়াময়—কৃপাময়, করুণাময়, দয়াবান্‌। দয়া
+ময়ট্‌ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী, –য়ী।

দয়ার্দ্র—দয়াসিক্ত, পরদুঃখ-দর্শনে গলিতচিত্ত,
অত্যন্ত দয়াযুক্ত। দয়া দ্বারা আর্দ্র, ৩য়াতৎ।
বিণ। স্ত্রী, –র্দ্রা।

দয়াল—কৃপালু, করুণাময়, দয়াবান্‌। 'দয়ালু'
শব্দজ। বিণ।

দয়ালু—কৃপালু, দয়াবান্‌, করুণাময়, সদয়;
অনুগ্রহপরায়ণ। দয়্‌+আলুচ্‌ কর্ত্তৃবা
শীলার্থে। বিণ।

দয়াশীল—স্বভাবতঃ দয়ালু; কৃপাপরায়ণ,
করুণাময়। দয়াই শীল (স্বভাব) যাহার,
বহুব্রী। বিণ। স্ত্রী, –লা।

দয়াহীন—নির্দ্দয়, কৃপাশূন্য। ৩য়াতৎ।
বিণ। স্ত্রী, –না।

দয়িত—১। প্রিয়, কমনীয়, ভালবাসার
পাত্র। দয়্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা। ২।
পতি, স্বামী। বি; পুং। [বি।

দয়েল, দোয়েল—পক্ষিবিশেষ। দেশজ।

দর—১। গর্ত্ত। দৃ+অপ্‌ কর্ম্মবা। ২। ভয়;
কম্প। দৃ+অপ্‌ করণবা। বি; পুং বা ক্লীব।
৩। অল্প। অব্য। ৪। মূল্যের হার; মূল্য,
দাম। দেশজ। বি। ৫। অধীন, দ্বিতীয়।
বৈদে। বিণ।

দর-ইজারাদার—ইজারাদারের অধীন;
কটকিনাদার। কর্ম্মধা। বি বা বিণ।

দরওয়াজা, দরোজা—দ্বারের কপাট,
দরজা। ফার্সী। বি।

দরওয়ান—দ্বাররক্ষক। বৈদে। বি।

দরকচা—অর্দ্ধপক্ক; অপক্ক ও শক্ত। দেশজ।
বিণ।

দরকষাকষি—দাম লইয়া পরস্পর কথা
কাটাকাটি। ৭মীতৎ। বি। [বি।

দরকার—প্রয়োজন, আবশ্যকতা। ফার্সী।

দরকারী—প্রয়োজনীয়, আবশ্যক। দরকার
+ঈ বিশিষ্টার্থে। বিণ।

দরখাস্ত—আবেদনপত্র, আর্জ্জী। ফার্সী
'দরখাস্ত্‌' শব্দজ। বি।

দরগা—পীরের স্থান; মুসলমানী ধর্ম্ম-ভবন।
ফার্সী। বি।

দরজা, দরোজা—দ্বার, দুয়ার, কপাট।
ফার্সী 'দর্‌রাজা' শব্দজ। বি।

দরজী—সূচিব্যবসায়ী, কাপড় জামা সেলাই
করা যাহার কাজ। ফার্সী। বি।

দরদ—ব্যথা, বেদনা; দুঃখ, কাতরতা;
মমতা। ফার্সী 'দর্দ' শব্দজ। বি।

দরদস্তুর—মূল্য ও বিক্রয়সম্বন্ধীয় রীতি।
দেশজ। বি।

দরদর—১। অজস্র নির্গত। বিণ। ২। ঝর-
ঝর, ঘর্ম্মাদির ক্ষরণ। দেশজ। অব্য।

দরদালান—বহিঃস্থ মণ্ডপ; লম্বা টানা ঘর,
হল্। ফার্সী। বি।

দরদী—ব্যথার ব্যথী; পরদুঃখকাতর। দরদ
+ঈ আছে অর্থে। বিণ।

দরনি, দরানি—ধসিয়া পড়ন, গলন; মাংস
পচিয়া গলিয়া পড়া; নদ্যাদির ধস্‌ ভাঙ্গিয়া
পড়া। দেশজ। বি।

দরপত্তনি, –নী—পত্তনিদারের অধীন
জমিজমা। কর্ম্মধা। বি।

দরবার—সভা; রাজসভা; আদালত;
মোকদ্দমা। ফার্সী। বি।

দরবিগলিত—১। অল্পপরিমাণে গলিত।

সুপ্ সুপা। ২। দর দর ধারায় গলিত। সুপ্ সুপা। বিণ। স্ত্রী,—তা। [বি।

দরবেশ—ফকীর; মিষ্টান্নবিশেষ। ফার্সী।

দরমা—বংশাদিরচিত দীর্ঘ আসন, চাঁচ, চাটাই। দেশজ। বি। [ফার্সী। বি।

দরমাহা—মাহিয়ানা, মাসিক বেতন।

দরশ—দর্শন। 'দর্শ' শব্দজ। কবিপ্র। বি।

দরশন—দর্শন, দেখা। 'দর্শন' শব্দজ। কবিপ্র। বি। [ক্রি।

দরা—গলিত হওয়া, গলা, গড়ান। কবিপ্র।

দরাজ—প্রশস্ত, বিস্তীর্ণ, লম্বাচওড়া; উদার, মুক্ত। ফার্সীমূলক। বিণ।

দরানি—দরনি দ্রঃ।

দরি, দরী—১। কন্দর, গুহা। দৃ+ই কর্ম্মবা, পক্ষে ঈ। বি; স্ত্রী। ২। বিছাইবার সতরঞ্চ। হিন্দী। বি।

দরিদ্র—নির্ধন, গরীব; দীন; নিঃস্ব; ক্ষীণ। দরিদ্রা+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দ্রা।

দরিদ্রতা—নির্ধনতা; দৈন্য। দরিদ্র+তা ভাবার্থে। বি; স্ত্রী।

দরিয়া—নদী; সমুদ্র। ফার্সী। বি।

দরী (দরিন্)—ভীত; কম্পনশীল। দর+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—রিণী।

দরী- দরি দ্রঃ।

দরুণ, দরুন—হেতু, জন্য। ফার্সী। অব্য।

দরুদ—হজরত মোহাম্মদের নামের শেষে যুক্ত বাক্যবিশেষ (সংক্ষেপে দঃ)। আর্বী। বি।

দরোজা—দরজা দ্রঃ।

দরোয়ান—দরওয়ান (তাহা দ্রঃ)।

দর্দু(র্দূ)র—ভেক; মেঘ; পর্ব্বতবিশেষ; বাদ্যভাণ্ড। দৃ+উর কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—রী। [দৃপ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

দর্প—গর্ব্ব, অহঙ্কার; মনের উদ্ধতা; তাপ।

দর্পণ—আদর্শ, মুকুর, আর্শি, আয়না। দৃপ্+ণিচ্+অন কর্ত্তৃবা। বি; পুং।

দর্পহারী (-হারিন্)—গর্ব্বনাশক, দর্পচূর্ণকারী। উপপদং। দর্প—হৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

দর্পিত—১। দর্পযুক্ত, গর্ব্বিত, অহঙ্কৃত। দর্প+ইতচ্ জাতার্থে। বিণ। ২। যাহাকে গর্ব্বিত করা হইয়াছে এমন। দৃপ্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

দর্পী (দর্পিন্)—দর্পবিশিষ্ট, গর্ব্বিত, অহঙ্কারী। দর্প+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—র্পিণী।

দর্ব্বি(র্বি), দর্ব্বী(র্বী)—হাতা; সর্পফণা। দৃ+বিন্ কর্ত্তৃবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

দর্ভ—দূর্ব্বা শ্যামাক কুশ কাশ বল্বজ মৌঞ্জ, এই ছয় প্রকার তৃণ। দৃভ্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

দর্ভময়—কুশময়, কুশনির্ম্মিত। দর্ভ+ময়ট্ অবয়বার্থে। বিণ। স্ত্রী,—য়ী।

দর্ভাসন—কুশাসন, পবিত্রাসন। দর্ভনির্ম্মিত আসন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

দর্শ—১। অমাবস্যা। দৃশ্+অণ্ অধিবা। ২। দর্শন, দেখা। দৃশ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

দর্শক—১। দর্শনকারী। দৃশ্+ণক কর্ত্তৃবা। ২। দর্শয়িতা, প্রদর্শনকারী, দেখায় যে এরূপ; দ্বারপাল। ণিজন্ত দৃশ্ বা দর্শি (দেখান)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্শিকা।

দর্শন—১। অবলোকন, দেখা, জ্ঞান। দৃশ্+অনট্ ভাববা। ২। স্বপ্ন; নিয়ম; ধর্ম্ম; আকৃতি। দৃশ্+অনট্ কর্ম্মবা। ৩। নয়ন, চক্ষু; মুকুর; সাংখ্য পাতঞ্জল ন্যায় বৈশেষিক মীমাংসা বেদান্ত এই ছয় এবং বৌদ্ধশাস্ত্র ও অন্যান্য তত্ত্বজ্ঞানপ্রধান শাস্ত্র; জ্ঞানশাস্ত্র। দৃশ্+অনট্ করণবা। বি; ক্লীব।

দর্শনকারী (-কারিন্)—দ্রষ্টা; দর্শনশাস্ত্রপ্রণেতা। উপপদং। দর্শন—কৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

দর্শনধারি, দর্শনধারি—রূপবিচার; বাহ্য আকৃতি। দেশজ। বি।

দর্শনপ্রতিভূ—অন্যকে উপস্থিত করিয়া দিবার জামিন, হাজিরজামিন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দর্শনশাস্ত্র—ঈশ্বরতত্ত্বাদিনির্ণায়ক শাস্ত্র;

সাংখ্যাদি শাস্ত্র ; তত্ত্বজ্ঞানপ্রদ যে কোন শাস্ত্র। দর্শন (জ্ঞান)-প্রদ শাস্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

দর্শনী—উপদেশ বা সাহায্যপ্রাপ্তির জন্য প্রদেয় অর্থ, চিকিৎসকের পারিশ্রমিক ; প্রণামী ; নজর, উপহার। দর্শন + ঈ সম্বন্ধার্থে। বি ; স্ত্রী।

দর্শনীয়—দর্শনযোগ্য, যাহা দেখা যাইতে পারে এরূপ ; সুদৃশ্য, সুন্দর। দৃশ্ + অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, —য়া।

দর্শনেন্দ্রিয়—চক্ষুঃ। দর্শনসম্পাদক ইন্দ্রিয়, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

দর্শয়িতা (—য়িতৃ)—প্রদর্শক ; দেখায় যে এরূপ। ণিজন্ত দৃশ্ বা দর্শি (দেখান) + তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —য়িত্রী।

দর্শা—দর্শন করা, দেখা ; ঘটা, আবির্ভূত হওয়া, উৎপন্ন হওয়া। বাং ক্রি।

দর্শান প্রদর্শন করা, দেখান ; উৎপন্ন করা, জন্মান। বাং ক্রি।

দর্শিত—যাহা দেখান হইয়াছে, প্রদর্শিত। দর্শি + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

দর্শী (দর্শিন্)—দৃষ্টিকর্ত্তা, দর্শক, দ্রষ্টা ; জ্ঞানী। দৃশ্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —শিনী।

দল—১। দমন ; দলন। দল্ + অচ্ ভাববা। ২। পাপড়ি, পত্র, পাতা ; সমূহ ; সম্প্রদায় ; খণ্ড। দল্ + অচ্ কর্ম্মবা। ৩। অস্ত্রের ফলক। দল্ + অচ্ করণবা। বি ; ক্লীব। ৪। বেধ, স্থূলতা ; জলজ তৃণবিশেষ, ঝাঁজি ; সম্প্রদায়। দেশজ। বি।

দলদলে—পঙ্কিল, পাতলা কাদাযুক্ত ; কাদার মত কোমল। দলদল + এ (∠ইয়া) করে অর্থে। বিণ।

দলন—১। মর্দ্দন, নিষ্পীড়ন ; শাসন ; উৎপীড়ন ; ভেদন ; স্ফুটন। দল্ + অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। যে দলন করে, শাসনকারী। দল্ + অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —না, —নী।

দলনী—চিল ; নিষ্পীড়নকারিণী। দলন + ঙীপ্। বি ; স্ত্রী। [বি ; পুং।

দলপতি—সর্দ্দার, দলের কর্ত্তা। ৬ষ্ঠীতৎ।

দলবদ্ধ—সঙ্ঘবদ্ধ, সমবেত। ৭মীতৎ। বিণ।

দলবল—পক্ষীয় লোকজন, অনুচরবৃন্দ। দ্বন্দ্ব। বি।

দলমল—দোদুল্যমান। প্রাঃ কবিপ্র। বিণ।

দলা—১। ডেলা, পিণ্ড, তাল। প্রাদে। বি। ২। দলন করা, মর্দ্দন করা, রগড়ান, থাসা। বাং ক্রি।

দলাই—দলন, বিমর্দ্দন ; ঠাসা, রগড়ান। দল + আই ভাবে। বি।

দলাদলি—উভয় পক্ষের বিবাদ, পরস্পর বিরোধ। দেশজ। বি।

দলান—দলন করান, মর্দ্দন করান, থাসান ; পদদলিত করা, মাড়ান। বাং ক্রি।

দলিত—১। মর্দ্দিত, নিষ্পীড়িত ; খণ্ডিত ; উদ্‌ঘাটিত ; পিষ্ট ; শাসিত ; উৎপীড়িত। দল্ + ক্ত কর্ম্মবা। ২। প্রস্ফুটিত, বিকশিত। দল্ + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

দলিল—প্রমাণপত্র ; লেখ্য, লিপি, দস্তাবেজ। আর্বী। বি।

দলিল-দস্তাবেজ—প্রমাণপত্র প্রভৃতি ; কোবালা প্রভৃতি কাগজপত্র। দ্বন্দ্ব। বি।

দলো, দোলো—গুড়ের রস ঝরাইয়া প্রস্তুত চিনি। দেশজ। বি।

দশ (দশন্)—১০ এই সংখ্যা ; দশ-সংখ্যক। দন্শ্ (দীপ্তি পাওয়া) + কনিন্ কর্ত্তৃবা। বি ; স্ত্রী বা বিণ।

দশক—১০ সংখ্যা ; কতকগুলি অঙ্ক পর পর থাকিলে দক্ষিণ দিক্ হইতে দ্বিতীয় অঙ্ক ; দশ বৎসরের সমষ্টি (Decade). দশন্ + কন্ পরিমাণার্থে। বি ; ক্লীব।

দশকণ্ঠ, দশকন্ধর, দশগ্রীব, দশমুখ—লঙ্কেশ্বর রাবণ। দশ কণ্ঠ, কন্ধর, গ্রীবা, মুখ যাহার, বহুব্রী। বি ; পুং।

দশকর্ম্ম(র্ম্ম), (—কর্ম্মন্)—গর্ভাধানাদি দশবিধ সংস্কারকর্ম্ম। কর্ম্মধা। বি ; ক্লীব।

দশকর্ম্মা(র্ম্মা)ন্বিত—দশবিধ সংস্কার-কার্য্যের অনুষ্ঠাতা বা তাহাতে অভিজ্ঞ। ৩য়াতৎ। বিণ।

দশকোষী, -কুষি—কীর্ত্তনগানের তাল-বিশেষ। দেশজ। বি।

দশচক্র—দশজনের মন্ত্রণা ; অনেকের ষড়্‌-যন্ত্র। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

দশদশা—দশপ্রকার অবস্থা। (ইহা কামজ ও দেহজ ভেদে দ্বিবিধ। দশা দ্রঃ)। কর্ম্মধা। বি ; স্ত্রী।

দশদিক্—পূর্ব্ব, অগ্নি, দক্ষিণ, নৈর্ঋত, পশ্চিম, বায়ু, উত্তর, ঈশান এই আট দিক্ এবং ঊর্দ্ধ ও অধঃ এই দুই দিক্, সমুদায়ে দশদিক্। কর্ম্মধা। বি ; স্ত্রী।

দশদিক্‌পাল—ইন্দ্র (পূর্ব্বদিকের অধিপতি) অগ্নি (দক্ষিণ-পূর্ব্বের) যম (দক্ষিণের) নৈর্ঋত (দক্ষিণ-পশ্চিমের) বরুণ (পশ্চিমের) মরুৎ বা বায়ু (উত্তর-পশ্চিমের) কুবের (উত্তরের) ঈশান (উত্তর-পূর্ব্বের) ব্রহ্মা (ঊর্দ্ধের) অনন্ত (অধোদিকের)—এই দশ দিক্‌পতি। উপতৎ। দশদিক্—পা + ণিচ্ + অণ্ কর্ত্তৃবা। বি ; পুং। [বি।

দশদিশ, -দিশি—দশদিক্। কবিপ্র।

দশন—১। দন্ত, দাঁত ; পর্ব্বতশিখর। দন্‌শ্ + অনট্ করণবা। বি ; পুং। ২। বর্ম্ম। ৩। দংশন, কামড়ান। দন্‌শ্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

দশনচ্ছদ—ওষ্ঠ, ঠোঁট। দশনের (দন্তের) ছদ (আবরণ), ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [বি।

দশপঁচিশ—কড়িখেলা বিশেষ। দেশজ।

দশপ্রহরণ—দুর্গার দশ হাতের দশপ্রকার অস্ত্র। দশবিধ প্রহরণ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

দশপ্রহরণধারিণী—দশবিধ অস্ত্রধারিণী দুর্গা। উপতৎ। দশপ্রহরণ – ধৃ + ণিন্ কর্ত্তৃবা + ঈপ্। বি ; স্ত্রী।

দশবিধ—দশপ্রকার। দশ বিধা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ধা।

দশভুজা—দুর্গাদেবী। দশ ভুজ যাহার, বহুব্রী + আপ্। বি ; স্ত্রী।

দশম—১০ সংখ্যার পূরক। দশন্ + মট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, –মী।

দশমহাবিদ্যা—কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী, কমলা, এই দশ দেবী। মহতী বিদ্যা, কর্ম্মধা ; দশ মহাবিদ্যা, কর্ম্মধা। বি ; স্ত্রী।

দশমিক—যে ভগ্নাংশের হর দশের শক্তি-বিশেষ (১০, ১০০, ১০০০, ইত্যাদি), এবং যাহা বিন্দুবিশেষের স্থানবিশেষে সন্নিবেশ নিবন্ধন অখণ্ড আকারে প্রকাশিত হয়, যদ্দ্বারা কোন অখণ্ড রাশির দশমাংশের এক অংশ ব্যক্ত করা যায়। দশম + ইক সম্বন্ধার্থে। বিণ।

দশমী—১। তিথিবিশেষ ; জীবনের অন্ত্যা-বস্থা। দশম + ঈপ্। বি ; স্ত্রী। ২। দশের পূরিকা। বিণ ; স্ত্রী।

দশমুখ—দশানন, রাবণ। দশকণ্ঠ দ্রঃ।

দশমূল—একপ্রকার পাচন। দশ মূলের সমাহার, সমা-দ্বিগু। বি ; ক্লীব।

দশরথ—অযোধ্যার সূর্য্যবংশীয় রাজা। দশ অর্থাৎ দশ দিকে রথ যাঁহার, বহুব্রী। বি ; পুং।

দশশত—সহস্র সংখ্যা বা তৎসংখ্যক। দশাবৃত্ত শত, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; ক্লীব।

দশসমা—দশবর্ষবয়স্কা। দশ সমা যাহার, বহুব্রী + আপ্। বিণ ; স্ত্রী।

দশসালা—দশ বৎসরের জন্য নির্দ্দিষ্ট। দশ + সাল (বৎসর) + আ। বিণ।

দশস্কন্ধ—দশানন, লঙ্কেশ্বর রাবণ। দশ স্কন্ধ যাহার, বহুব্রী। বি ; পুং।

দশহরা—দশবিধ পাপহারিণী জ্যৈষ্ঠমাসীয় শুক্লা দশমী, গঙ্গার মর্ত্ত্যে আগমন-দিন। উপতৎ। দশন্ (দশ অর্থাৎ দশবিধ পাপ) – হৃ (হরণ করা) + অচ্ কর্ত্তৃবা + আপ্। বি ; স্ত্রী।

দশা—১। বস্ত্রের প্রান্তভাগ; দশী; দীপ-বর্ত্তিকা, সলিতা, পলিতা। দন্শ্ +ণিচ্+অচ্ করণবা (নিপা)+আপ্। ২। অবস্থা, ভাব; জন্মকালীন গ্রহাদির স্থিতিজনিত ভাব; বাল্যাদি বয়স; গর্ভবাস, জন্ম, বাল্য, কৌমার, পৌগণ্ড, যৌবন, স্থাবির্য্য, জরা, প্রাণরোধ, বিনাশ—এই দশ প্রকার দেহজ দশা; ইচ্ছা, চিন্তা, স্মৃতি, গুণকীর্ত্তন, উদ্বেগ, বিলাপ, উন্মাদ, ব্যাধি, জড়তা, মরণ—এই দশ প্রকার কামদশা; ভক্তিজনিত ভাবাবেশ, সমাধি। দন্শ্+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

দশাংশিক—দশমিক। দশাংশ+ইক যুক্তার্থে। বিণ। স্ত্রী,—কা।

দশানন, দশাস্য—লঙ্কেশ্বর রাবণ। দশ আনন বা আস্য (মুখ) যাহার, বহুব্রী। বি; পুং।

দশাবতার—১। মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম, রামচন্দ্র, শ্রীকৃষ্ণ (মতান্তরে বলরাম), বুদ্ধ, কল্কি—ভগবানের এই দশ অবতার। কর্ম্মধা। ২। নারায়ণ, বিষ্ণু। দশ অবতার যাঁহার, বহুব্রী। বি; পুং।

দশাবিপর্য্য(র্য)য়—অবস্থার পরিবর্ত্তন, দুরবস্থা, দুর্দ্দশা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দশাশ্বমেধ, দশাশ্বমেধিক—বারাণসীস্থ তীর্থবিশেষ। দশ অশ্বমেধ যাহাতে, বহুব্রী; পক্ষান্তরে—দশ যে অশ্বমেধ, কর্ম্মধা। দশাশ্বমেধ+ইক নিষ্পন্নার্থে। বি; পুং।

দশাশ্বমেধঘাট—কাশীতে গঙ্গার ঘাটবিশেষ। দেশজ। বি। [শব্দজ। বিণ।

দশাসই—লম্বাচওড়া, দীর্ঘকায়। 'দশাস্য'

দশাহ—দশ দিন। দশ অহনের (দিনের) সমাহার, সমা-দ্বিগু (টচ্ সমাসান্ত)। বি; পুং।

দশি, দশী—বস্ত্রপ্রান্তস্থ অ-বোনা আলগা সূতা; বস্ত্রপ্রান্ত, কাপড়ের ছিলা। 'দশা' শব্দজ। বি।

দষ্ট—দংশনপ্রাপ্ত, দংশিত, যাহাকে কামড়াইয়াছে। দন্শ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, দষ্টা।

দস্তখত—স্বাক্ষর, হাতের সহি। ফার্সী 'দস্ত্খত' শব্দজ। বি।

দস্তা—যশদ, ধাতুবিশেষ (Zinc). 'যশদ' শব্দজ। বি। [ফার্সী। বি।

দস্তানা—হাতমোজা, অঙ্গুলিত্রাণ (Gloves).

দস্তাবিজ, দস্তাবেজ—লেখ্য, দলিল। ফার্সী। বি। [ফার্সী। বি।

দস্তুর—প্রথা, নিয়ম, রীতি, রেওয়াজ।

দস্তুরমত,-মাফিক—রীতিমত। ৬ষ্ঠীতৎ। ক্রি-বিণ।

দস্তুরি, দস্তুরী—মধ্যবর্ত্তী ক্রেতার প্রাপ্য মূল্যাংশ, দালালি। দস্তুর+ই, ঈ সম্বন্ধার্থে। বি।

দস্যি—দুরন্ত, অশান্ত। 'দস্যু' শব্দজ। বিণ।

দস্যু—তস্কর, চৌর; ডাকাইত; শত্রু; পরপীড়ক ব্যক্তি। দস্+যুচ্ কর্ত্তৃবা। বি; পুং।

দস্যুতা—শত্রুতা; চৌর্য্য; অপহরণ; ডাকাতি। দস্যু+তা ভাবার্থে। বি; স্ত্রী।

দহ—দ, অতলস্পর্শ স্থান, অগাধ জল; ঘূর্ণিপাক; সঙ্কট। 'হ্রদ' শব্দজ। বি।

দহন—১। দাহ, দগ্ধকরণ, পোড়ান। দহ্+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। অগ্নি, অনল; দুষ্ট ব্যক্তি; চিতাগাছ। দহ্+অন কর্ত্তৃবা। বি; পুং। ৩। দাহকারী। বিণ। স্ত্রী,—না। [বিণ। স্ত্রী,—রা।

দহনীয়—দাহ্য। দহ্+অনীয় কর্ম্মবা।

দহরম—মেলামেশা, আত্মীয়তা। ফার্সী 'দর্হম' শব্দজ। বি। [বি।

দহলা—দশফোঁটা-চিহ্নিত তাস। দেশজ।

দহা—দগ্ধ করা, পুড়ান, জ্বালান; দগ্ধ হওয়া, পুড়া, জ্বলা, জ্বালা করা। কবিপ্র। ক্রি।।

দহিয়াল—দয়েল পক্ষী। দেশজ। বি।

দহ্যমান—যাহা দগ্ধ হইতেছে এরূপ। দহ্+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

দা—১। কাটারি, কাস্তে। 'দাত্র' শব্দজ। ২। নামের বা বিশেষণবাচক শব্দের পরে যুক্ত

'দাদা' শব্দের সংক্ষেপ ('বড়দা', 'নরেনদা')। বি। ৩। (কর্ম্মবাচক উপপদের পরে থাকিলে) দানকারিণী ('বরদা')। দা+ক কর্ত্তৃবা+আপ্। বিণ; স্ত্রী।

দাই, ধাই—ধাত্রী; সন্তান-প্রসবকারয়িত্রী; শিশুপালিকা। 'ধাত্রী' শব্দজ। বি; স্ত্রী।

দাইল—ডাইল। 'দ্বিদল' শব্দজ। বি।

দাউদাউ—জোরে আগুন জ্বলার শব্দ। দেশজ। অব্য।

দাওয়া—১। দাবী, স্বত্ব, অধিকার। আবীমূলক। ২। ঘরের বারান্দা বা রক। 'দাব্বট' শব্দজ। বি। ৩। ছেদন করা, কাটা; দান করা। প্রাদে। ক্রি।

দাওয়াই, দাবাই—ঔষধ। হিন্দী। বি।

দাওয়াইখানা—ঔষধালয়, ডাক্তারখানা। ৬ষ্ঠীতৎ। বি।

দাঁ, দাঁও—সুবিধা, সুযোগ, বাগ, কাত; সুযোগে লাভ। 'দান' শব্দজ। বি।

দাঁড়—১। ক্ষেপণী, নৌকাচালনদণ্ড; পোষা পাখীর বসিবার লৌহাদি দণ্ড। 'দণ্ড' শব্দজ। বি। ['দণ্ডকাক' শব্দজ। বি।

দাঁড়কাক—ঘোর কৃষ্ণবর্ণ কাকবিশেষ।

দাঁড়া—১। রীতি, প্রথা, দস্তুর; মেরুদণ্ড। দেশজ। ২। দণ্ড। 'দণ্ড' শব্দজ। বি। ৩। দণ্ডায়মান। বিণ। ৪। দণ্ডায়মান হ, অপেক্ষা কর্। বাং ক্রি।

দাঁড়ান—খাড়া বা দণ্ডায়মান হওয়া; থামা, সবুর করা; স্থির হইয়া থাকা, জমা; সুপ্রতিষ্ঠিত হওয়া। বাং ক্রি।

দাঁড়ি(ড়ী)—তুলাদণ্ড, কাঁটা বা দাঁড়ি পাল্লা; নৌকাবাহক; পূর্ণচ্ছেদ চিহ্ন (।)। 'দণ্ডী' শব্দজ। বি।

দাঁড়ীপাল্লা—তুলাদণ্ড এবং তাহার দুই-দিকে লম্বমান পাত্রদ্বয়। দ্বন্দ্ব। বি।

দাঁত—দন্ত। 'দন্ত' শব্দজ। বি।

দাঁতকড়া—দন্তশূল; দাঁতকনকনানি। ৬ষ্ঠীতৎ। বি। [৬ষ্ঠীতৎ। বি।

দাঁতকপাটি—দাঁতে দাঁতে লাগা।

দাঁতন—দাঁত মাজিবার জন্য গাছের শাখা, দাঁতনকাঠি; দাঁতনকাঠি দিয়া দাঁত মাজা। দাঁত+অন। বি।

দাঁতাল—দন্তযুক্ত, বড় বড় দাঁতওয়ালা, দন্তুর, দেঁতো। দাঁত+আল বিশিষ্টার্থে। বিণ।

দাক্ষায়ণী—দক্ষপ্রজাপতির কন্যা সতী; অশ্বিন্যাদি নক্ষত্র। দক্ষ (প্রজাপতিবিশেষ)+আয়ন অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী।

দাক্ষিণাত্য—১। দাক্ষিণদেশবাসী; দক্ষিণ-দেশজাত। দক্ষিণা দ্রঃ। দক্ষিণা+ত্যক্ ভবার্থে। বিণ। ২। ভারতবর্ষের দক্ষিণ ভাগ, দক্ষিণাপথ (Deccan). বি; পুং।

দাক্ষিণ্য—সৌজন্য, সারল্য, সরলতা; পর-চ্ছন্দানুবৃত্তি; আনুকূল্য; নিপুণতা, দক্ষতা। দক্ষিণ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

দাখিল—১। অর্পণ, পেশ, উপস্থাপন। বি। ২। উপনীত, সামিল। আবী। বিণ।

দাখিলা—খাজনা প্রভৃতির রসিদ বা চেক। দাখিল+আ। বি।

দাখিলী—যাহা দাখিল করা হইয়াছে। দাখিল+ঈ কৃতার্থে। বিণ।

দাগ—চিহ্ন, অঙ্ক, কলঙ্ক; আঁচড়, রেখা; মাকা। ফার্সী। বি।

দাগড়া—দেহস্থ আঘাতাদির চিহ্ন; আঁচড়। দেশজ। বি। [দেশজ। বি।

দাগড়া-দাগড়া—আঘাতাদির চিহ্নসমূহ।

দাগাবিলি—জমি ও প্রজার বর্ণনা। দেশে। বি।

দাগা—১। দাগ, চিহ্ন; আদর্শ; ছেলেদের লিখিবার আদর্শ; বিশ্বাসঘাতকতা, প্রতারণা; পীড়ন, ক্লেশপ্রদান; মনঃপীড়া; কলঙ্ক; বিপদ্; বড় মাছের পিঠের খণ্ড। ফার্সী। বি। ২। দাগ কাটা, চিহ্নিত করা; কামান প্রভৃতি ছাড়া বা ছোড়া। বাং ক্রি।

দাগাদার—যে কলঙ্ক বা দোষ আরোপ করে; পীড়াদায়ক। দাগা+দার উৎপাদক অর্থে। বিণ।

াগাবাজ—প্রতারক, বিশ্বাসঘাতক। াগা+বাজ শীলার্থে। বিণ।

াগাবাজি—প্রতারণা, বিশ্বাসঘাতকতা; র্তুতা। দাগাবাজ+ই কর্ম্মার্থে। বি।

াগী—দাগযুক্ত, কলঙ্কিত; চিহ্নিত, াৰ্কামারা; পূর্ব্বপরিচিত; পূর্ব্বে দণ্ডপ্রাপ্ত, ুরাতন পাপী; একদিকে পচা। দাগ+ঈ াছে অর্থে। বিণ।

াঙ্গা—কলহ; বিদ্রোহ; বহু লোকের মধ্যে মারপিট; মারামারি। হিন্দী। বি।

াঙ্গাকারী (–কারিন্)—কলহকারী; বিদ্রোহী; যে মারামারি করে এরূপ। উপতৎ। দাঙ্গা–কৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –রিণী।

াঙ্গাফ্যাসাদ, –হাঙ্গামা—মারামারি; মারপিট ও নালিশ-মোকদ্দমা। দ্বন্দ্ব। বি।

াঙ্গাবাজ—কলহপ্রিয়; যে দাঙ্গা করিতে ভালবাসে। দাঙ্গা+বাজ আসক্তার্থে। বিণ।

াঙ্গাহাঙ্গামা—দাঙ্গাফ্যাসাদ দ্রঃ।

াড়—দাড়া; কণ্টকাগ্র, হুল; (ব্যঙ্গার্থে) দাত, তেজ, বল, অনিষ্টসাধনশক্তি। 'দাড়ক' শব্দজ। বি। ['দাঢ়া' শব্দজ। বি।

াড়া—দংষ্ট্রা, ইত্যাদি; দাড় (সকল অর্থে)।

াড়ি—চিবুক, থুতনি; গণ্ড; গণ্ডলোম, শ্মশ্রু। 'দাঢ়ী' শব্দজ। বি।

াড়িম, দালিম—১। স্বনামখ্যাত প্রসিদ্ধ বৃক্ষ। দাল+ইমপ্ নির্বৃত্ত অর্থে। বি; পুং। ২। দাড়িম ফল। দাড়িম+অণ্ ফলার্থে। বি; ক্লীব।

াড়িম্ব—১। দালিমগাছ। দা+ডিম্ব কর্ত্তৃবা। বি; পুং। ২। দালিম ফল। বি; ক্লীব।

াঢ়া, দাঢ়ি—দংষ্ট্রা, দীর্ঘদন্ত, লম্বা দাঁত। দো (ছেদন করা)+ঢ কর্ত্তৃবা+আপ্, টি কর্ত্তৃবা। বি; স্ত্রী। ['দণ্ড' শব্দজ। বি।

াণ্ডা—নৌদণ্ডচালক, দাঁড়ী; শলাকা।

াণ্ডান—দণ্ডায়মান হওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

দাতব্য—১। দেয়, দান করিবার যোগ্য। দা+তব্য কর্ম্মবা। স্ত্রী, –ব্যা। ২। যাহা বিনামূল্যে দান করা যায়; খয়রাতী। দেশজ। বিণ।

দাতব্য-ঔষধালয়—যে স্থানে রোগী দেখিয়া বিনামূল্যে ঔষধ দেওয়া হয় সেই স্থান। দাতব্য (দা+তব্য অথবা) ঔষধালয়, কর্ম্মধা। বি; পুং।

দাতব্য-চিকিৎসালয়—বিনামূল্যে চিকিৎসার স্থান (Charitable Dispensary). দাতব্য চিকিৎসা, কর্ম্মধা; তাহার আলয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দাতা (দাতৃ)—দানকর্ত্তা, দানশীল। দা+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, দাত্রী।

দাতাকর্ণ—দুর্য্যোধনের বন্ধু মহাবীর কর্ণ; অতিশয় দানশীল; (ব্যঙ্গার্থে) কৃপণ। অসমস্ত পদদ্বয়। বি; পুং বা বিণ।

দাত্যূহ—ডাকপাখী; চাতক; জলকাক; মেঘ। দিতি–বহ্+কিপ্=দিতিবাহ্, তদুত্তরে অণ্ সম্বন্ধার্থে (নিপা)। বি; পুং।

দাত্র—অস্ত্রবিশেষ, দা, কাটারি। দো (ছেদন করা)+ট্রন্ করণবা। বি; ক্লীব।

দাদ্—প্রতিশোধ। ফার্সী। বি।

দাদ—দদ্রু, চর্ম্মরোগবিশেষ। 'দদ্রু' শব্দজ। বি।

দাদখানি—সরু চাউলবিশেষ। দেশজ। বি।

দাদন—কোন কার্য্যের জন্ত অগ্রিম যে টাকা দেওয়া যায়। ফার্সী। বি।

দাদরা—সঙ্গীতের ছয়মাত্রার তালবিশেষ। দেশজ। বি।

দাদা—জ্যেষ্ঠ ভ্রাতা; মাতামহ; পিতামহ; পৌত্র দৌহিত্রাদিকে স্নেহসম্বোধন। ফার্সী। বি।

দাদাঠাকুর—ব্রাহ্মণেতর কর্ত্তৃক ব্রাহ্মণকে সম্বোধন। কর্ম্মধা। বি।

দাদামহাশয়, –মশাই, –মশায়—পিতামহ বা মাতামহ। কর্ম্মধা। বি।

দাদাশ্বশুর—পতি বা পত্নীর পিতামহ মাতামহ বা তত্তুল্য ব্যক্তি। দেশজ। বি।

দাদী—পিতামহী বা মাতামহী। ফার্সী। বি। [বি।

দাদু—মাতামহ; পিতামহ। 'দাদা' শব্দজ।

দাদুপন্থী—দাদুকর্ত্তৃক প্রবর্ত্তিত বৈষ্ণব-সম্প্রদায়বিশেষ। দেশজ। বি।

দাদুর—ভেক, মণ্ডূক, বেঙ। 'দর্দ্দুর' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি। স্ত্রী,—রী।

দান—১। বিতরণ, অর্পণ, দেওয়া, স্বস্বত্ব-নিবৃত্তিপূর্ব্বক পরস্বত্বোৎপত্তি। দা+অনট্ ভাববা। ২। দত্ত বস্তু, যাহা দেওয়া যায় (Gift). দা+অনট্ কর্ম্মবা। ৩। হস্তীর মদজল। দা+অনট্ কর্ম্মবা। ৪। খুচরা পণ্যশুল্ক, বাজারের তোলা; পাশা খেলায় অক্ষক্ষেপণে লব্ধ পাটিত্রয়ের দাগসমষ্টি। দেশজ। বি। ৫। আধার (যেমন—আতর'দান')। ফার্সী প্রত্যয়।

দানকুণ্ঠ—দানকাতর; ব্যয়কুণ্ঠ। দানে কুণ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণ্ঠা।

দানপত্র—"অমুক বস্তু বা বিষয় অমুককে দান করিলাম" এইরূপ বলিয়া যে পত্র লিখিত হয়, দাতা কর্ত্তৃক সম্পাদিত দাননিদর্শক দলিল। দানসূচক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। [ত্যার্থে। বি; পুং।

দানব—দৈত্য, অসুর। দনু+অণ্ অপ-

দানব-দলন, —সংহার—অসুরবিনাশ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, পুং।

দানবদলনী—দুর্গা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দানবারি—১। দেবতা; বিষ্ণু। দানবের অরি, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। হস্তীর মদজল। দানই বারি (জল), কর্ম্মধা। বি; ক্লীব।

দানবীর—দানকার্য্যে সমধিক উৎসাহশীল (ব্যক্তি), অতিশয় দাতা। ৭মীতৎ। বিণ বা বি; পুং।

দানশীল—অতিশয় দাতা। দানই শীল (স্বভাব) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

দানশৌণ্ড—অতিশয় দানশীল। দানবিষয়ে শৌণ্ড (অত্যাসক্ত), ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ণ্ডা। বি,—ণ্ডতা।

দানসাগর—শ্রাদ্ধাদি উপলক্ষে যে (তুলাদানাদি) ষোড়শ দানের ব্যবস্থা ও প্রথা আছে, তাহার প্রত্যেক প্রকারের ষোড়শ-সংখ্যক বস্তু দান; ১৬, ষোড়শ; ∴বল্লাল সেন-কৃত গ্রন্থবিশেষ। বি; পুং।

দানসামগ্রী—দানের জিনিষ; বিবাহে বরকে দেয় তৈজসাদি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দানা—১। অপদেবতা, পিশাচ; দানব। 'দানব' শব্দজ। ২। শস্যবীজ; অন্ন; গুটিকা; কণিকা। ফার্সী। বি।

দানাদার—মিষ্টান্নবিশেষ; অন্নদাতা। দানা+দার বিশিষ্টার্থে। বি।

দানাপানি—অন্নজল। দ্বন্দ্ব। বি।

দানী (দানিন্)—১। দানশীল, দাতা, বদান্য। দান+ইন্ শীলার্থে। বিণ। ২। বাজারের দান আদায়কারী। দান+ঈ। দেশজ। বি। ৩। আধার। ফার্সী প্রত্যয়।

দানীয়—১। দানের পাত্র। দা+অনীয় সম্প্রদানবা। ২। দানযোগ্য; দেয়, দাতব্য। দা+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

দানো—দানা, অপদেবতা, পিশাচ। 'দানব' শব্দজ। বি।

দানোৎসর্গ—দেয় বস্তু বিতরণ; শ্রাদ্ধাদি-কালে মন্ত্রপাঠপূর্ব্বক দেয় বস্তুর সমর্পণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দান্ত—১। জিতেন্দ্রিয়; শান্ত; তপস্যাজনিত ক্লেশসহনক্ষম; সৌম্য। দম্+ক্ত কর্ত্তৃবা। ২। দমিত; বশীকৃত। দম্+ণিচ্+ক্ত কর্ম্মবা। ৩। দন্তদ্বারা নির্ম্মিত। দন্ত+অণ্ নির্ম্মিতার্থে। ৪। দকারান্ত। দ অন্তে যাহার, বহুব্রী। বিণ। [শব্দজ। বি।

দাপ—দর্প, তেজ, প্রতাপ, প্রভাব। 'দর্প'

দাপট—দর্প, জাঁক; প্রতাপ; প্রভাব। হিন্দীমূলক। বি।

দাপাদাপি—সজোরে সশব্দে চলাফেরা, আস্ফালন। দেশজ। বি।

দাপুনি—দর্প, দম্ভ, চাপ; তর্জ্জন, কণ্ডনি, চোখরাঙানি; প্রতাপ, প্রভাব। দেশজ। বি।

দাব—১। বন; বনাগ্নি; দাবানল; অগ্নি। দু+ণ কর্তৃবা। ২। তাপ। দু+ঘঞ্ ভাববা। বি; পুং। ৩। চাপ; দমন, কর্তৃত্ব। 'দর্প' শব্দজ। বি। [বি।

দাবড়ি—ধমক, ভর্ৎসনা, তাড়না। দেশজ।

দাবদগ্ধ—দাবানলে ভস্মীভূত; বনাগ্নি-পীড়িত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—গ্ধা।

দাবদাহ—১। বনাগ্নি দ্বারা দহন। ৩য়াতৎ। ২। দাবানল-সন্তাপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দাবন—চাপন; দমন; শাসন; মাড়ান; ঠাসন; ধমকান। দেশজ। বি।

দাবনা—উরুদেশ। দেশজ। বি।

দাবা—১। সতরঞ্চ খেলা; সতরঞ্চ খেলার মন্ত্রী বা রাণী। দেশজ। বি। ২। চাপ দেওয়া, চাপা; চাপিয়া রাখা; গোপন করা; পীড়ন করা, মর্দ্দন করা; ধমকান। বাং ক্রি।

দাবাগ্নি, দাবানল—বনাগ্নি, কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণদ্বারা বনমধ্যে যে অগ্নি উৎপন্ন হইয়া বন দগ্ধ করে। দাবজাত অগ্নি, অনল, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

দাবান—চাপা, চাপিয়া ধরা, শাসন করা। বাং ক্রি। [বি।

দাবাব'ড়ে—সতরঞ্চ খেলার ঘুঁটি। দেশজ।

দাবি, দাবী—স্বত্ব, অধিকার; প্রাপ্য বস্তু চাওয়া, তাগিদ। ফার্সী। বি।

দাবীদার—যে দাবী করে; প্রার্থনাকারী। দাবী+দার করে অর্থে। বি বা বিণ।

দাবীদাওয়া—স্বত্বপ্রার্থনা; প্রাপ্তিস্বত্ব; অভিযোগ; নালিশ ও প্রার্থনা। আর্বীমূলক। বি।

দাম (দামন্)—১। অনেকগুলি একসঙ্গে বাঁধিবার দড়ি, দোকা; সূত্র, রজ্জু; গুচ্ছ; মাল্য। দো+মনিন্ কর্ম্মবা। বি; ক্লীব। ২। জলজ তৃণবিশেষ। দেশজ। বি।

দাম—মূল্য। 'দ্রম্ম' শব্দজ। বি।

দামড়া—ছিন্নমুষ্ক বৃষ, বলদ; পুংস্ত্ববিহীন; খাসী; অতিমূর্খ ও অপদার্থ লোক। দেশজ। বি।

দামনী—পশুবন্ধন-রজ্জু। দামন্+অণ্ স্বার্থে +ঈপ্। বি; স্ত্রী।

দামামা—বৃহৎ পটহবিশেষ। ফার্সী। বি।

দামাল—ছট্‌ফটে, অস্থির, অশান্ত (শিশু); বেশ মোটাসোটা, হৃষ্টপুষ্ট। দেশজ। বিণ। [ঈপ্। বি; স্ত্রী।

দামিনী—বিদ্যুৎ। দামন্+ইন্ অস্ত্যর্থে+

দামী—মূল্যবান্; মহার্ঘ। দাম+ঈ আছে অর্থে। বিণ।

দামোদর—১। শ্রীকৃষ্ণ। দাম (রজ্জু) উদরে যাঁহার, বহুব্রী। ২। নদবিশেষ (এই নদ বর্দ্ধমানের নিকট দিয়া প্রবাহিত)। বি; পুং। [সম্বন্ধার্থে। বিণ।

দাম্পত্য—স্ত্রীপুরুষসম্বন্ধীয়। দম্পতি+ষ্ণ্য

দাম্পত্য-কলহ—পতিপত্নীর বি বা দ। কর্ম্মধা। বি; পুং।

দাম্পত্য-নীতি—পতিপত্নীর পরস্পর ব্যবহারবিষয়ক রীতি। কর্ম্মধা। বি; স্ত্রী।

দাম্পত্যপ্রণয়, –প্রেম—স্বামিস্ত্রীর মধ্যে পরস্পরের প্রতি ভালবাসা। কর্ম্মধা। বি; পুং, ক্লীব।

দাম্পত্যসম্বন্ধ—পতিপত্নীর পরস্পরের সহিত সম্পর্ক। কর্ম্মধা। বি; পুং।

দাম্ভিক—গর্ব্বিত, অহঙ্কারী; ধূর্ত্ত, ভণ্ড, শঠ। দম্ভ+ইক আছে-অর্থে। বিণ। স্ত্রী,—কী (সংস্কৃত),—কা (বাংলা)।

দাম্ভিকতা—গর্ব্ব, দেমাক। দাম্ভিক+তা ভাবার্থে। বি; স্ত্রী।

দায়—১। উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত ধন, পৈতৃক ধন; যৌতুক ধন; বিভাজ্য বস্তু। দা+ঘঞ্ কর্ম্মবা। ২। দান। দা+ঘঞ্ ভাববা। ৩। ছেদন; লয়; ঠাট্টা; ক্ষতি; উৎপাত; উপদ্রব; বিপদ্; গরজ; অবশ্য করণীয় নৈমিত্তিক কর্ম্ম, ঝুঁকি। দো+ঘঞ্ ভাববা। বি; পুং।

দায়গ্রস্ত—বিপদাপন্ন, বিপন্ন; কর্তব্যভারাক্রান্ত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—স্তা।

দায়ভাগ—১। পৈতৃক ধনের বিভাগ।

ষষ্ঠীতৎ। ২। জীমূতবাহন-কৃত স্মৃতিগ্রন্থ-বিশেষ। দায়ের ভাগ যদ্দারা, বহুব্রী। বি; পুং। [কোর্ট। ফার্সী। বি।

দায়রা—ফৌজদারী উচ্চ আদালত, সেশন

দায়রা-আদালত—অপরাধীর বিচারের জন্য উচ্চতম আদালত, সেশন কোর্ট (Sessions Court). ফার্সী। বি।

দায়রা-সোপরদ্দ—দায়রা-আদালতে বিচারের জন্য প্রেরিত (Committed to Sessions); দায়রা-আদালতে বিচারের যোগ্য। ফার্সী। বিণ।

দায়াদ—১। পুত্র; উত্তরাধিকারসূত্রে ধন-গ্রহণের অধিকারী; জ্ঞাতি; সপিণ্ড। দায় (পৈতৃক ধন)—আ—দা+ক কর্তৃবা। ২। ধনভাগী; ধনাধিকারী। উপতৎ। দায়—অদ্+অণ্ কর্তৃবা। বি; পুং।

দায়িক—দায়যুক্ত, ঝুঁকিবিশিষ্ট; ঋণী। দায়+ইক আছে অর্থে। দেশজ। বিণ।

দায়িতা—বাধ্যতা (Liability). দায়িন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

দায়িত্ব—দাতৃত্ব; ক্ষতিপূরণ; ঝুঁকি। দায়িন্+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

দায়িত্বজ্ঞান, —বোধ—"আমার প্রতি এই কার্য্য সম্পাদনের ভার আছে অতএব আমাকে ইহা অবশ্যই সম্পাদন করিতে হইবে" এইরূপ বোধ। দায়িত্ববিষয়ক জ্ঞান, বোধ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, পুং।

দায়ী (দায়িন্)—দাতা; দায়গ্রস্ত; ঋণী; ক্ষতিপূরণকারী; যাহার উপর কোন বিষয়ের ঝুঁকি আছে এরূপ। দা+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

দায়ের—রুজু, আদালতে বিচারার্থ উপস্থাপিত। ফার্সী। বিণ। [বি; পুং।

দার—ভার্য্যা, পত্নী। দৃ+ণিচ্+ঘঞ্ কর্তৃবা।

—দার—ফার্সী প্রত্যয়বিশেষ; ওয়ালা; যুক্ত, বিশিষ্ট; মালিক, অধ্যক্ষ; পাত্র; বৃত্তিযুক্ত, ব্যবসায়ী (যেমন—আড়ত'দার', গোল'দার')।

দারকর্ম্ম(র্ম)—বিবাহ। দারনিমিত্তক কর্ম্ম, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

দারগ্রহণ, —পরিগ্রহ—ভার্য্যাগ্রহণ, বিবাহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, পুং।

দারণ—১। বিদারণ, ভেদন। ণিজন্ত দৃ+(=দারি)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। বিদারণকারী, ভেদকারী। ণিজন্ত দৃ (=দারি)+অন কর্তৃবা। বিণ। স্ত্রী, —ণী। ৩। বিদারণসাধন অস্ত্র। দৃ+ণিচ্+অনট্ করণবা। বি; ক্লীব।

দারা—জায়া, পত্নী। বাঙ্গালা অশুদ্ধ পদ। (সংস্কৃত মতে দার শব্দ পুংলিঙ্গ ও বহুবচনান্ত, আর তাহার প্রথমার বহুবচনে দারাঃ পদ হয়, তাহারই বিসর্গ লোপ করিয়া বাঙ্গালায় পত্নী অর্থে দারা ব্যবহৃত হয়)।

দারিত—বিদারিত, ভেদিত। ণিজন্ত দৃ বা দারি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

দারিদ্র, দারিদ্র্য—দরিদ্রতা, নির্ধনতা, দৈন্য। দরিদ্র+অণ্, ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

দারিদ্র্য-ব্যঞ্জক, —সূচক—নির্ধনতা-প্রকাশক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ঞ্জিকা, —চিকা।

দারু—১। কাষ্ঠ; দেবদারুবৃক্ষ। দৃ+ঞুণ্ কর্ম্মবা। বি; ক্লীব। ২। সুরা। ফার্সী। বি।

দারুচিনি—গুড়ত্বক্, একপ্রকার বৃক্ষের সুগন্ধি ছাল। দারু চিনিসদৃশ, উপমিত কর্ম্মধা। বি।

দারুণ—ভয়াবহ; দুঃসহ; উৎকট; ঘোর; নিষ্ঠুর; ক্লেশকর; কর্কশ; উগ্র। ণিজন্ত দৃ+উনন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ণা।

দারুপুত্রিকা—কাঠের পুতুল। দারু-নির্ম্মিতা পুত্রিকা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

দারুব্রহ্ম (—ব্রহ্মন্)—পুরুষোত্তমক্ষেত্রে জগন্নাথদেবের এক নাম। দারুরূপী ব্রহ্ম, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

দারুময়—কাষ্ঠনির্ম্মিত। দারু+ময়ট্ অবয়বার্থে। বিণ। স্ত্রী,—য়ী।

দারোগা—পুলিশ সাব্ইন্স্পেক্টর ; থানার প্রধান কর্ম্মচারী (Police Sub-Inspector). আর্বী। বি।

দারোয়ান—দ্বাররক্ষক, দ্বারের প্রহরী। 'দ্বারবান্' শব্দজ। বি।

দার্ঢ্য—দৃঢ়তা ; স্থৈর্য্য ; কাঠিন্য। দৃঢ়+ষ্ণ্য্ ভাবার্থে। বি ; ক্লীব।

দার্শনিক—দর্শনশাস্ত্রজ্ঞ ; দর্শনশাস্ত্রসম্বন্ধীয়। দর্শন+ইক জানেন ইনি ইত্যাদি অর্থে। বিণ। স্ত্রী,—কী।

দালনা—মসলাযোগে সিদ্ধ ব্যঞ্জনবিশেষ, ডাল্না। প্রাদে। বি।

দালপুরী, ডালপুরী—ময়দার গুটিকার মধ্যে ডাইল-বাটা দিয়া প্রস্তুত রোটিকা। দেশজ। বি।

দালান—অট্টালিকা, পাকা বাড়ী, ইমারত, কোটা ; বৃহৎ কক্ষ, তলঘর (Hall). ফার্সী। বি।

দালাল—ক্রয়-বিক্রয়ের যোটক ; মধ্যবর্ত্তী ব্যক্তি ; উভয় পক্ষের সংযোজনকর্ত্তা, ঘটক ; ক্রেতাসংগ্রহকারী। ফার্সী। বি।

দালালি, —লী—দালালের কাজ ; দালালের প্রাপ্য অর্থ, দস্তুরি। দালাল+ই, ঈ। বি।

দালিম—দাড়িম দ্রঃ।

দাশ—ধীবর, জেলে ; বৈদ্যজাতির উপাধিবিশেষ। দন্শ্+টন্ কর্ত্তৃবা। বি ; পুং।

দাশরথি—দশরথপুত্র, রাম। দশরথ+ইঞ্ অপত্যার্থে। বি ; পুং।

দাস—১। ধীবর, জেলে ; নামান্তে উপাধি ; শূদ্রজাতি। দনস্+টন্ কর্ত্তৃবা। ২। ভৃত্য ; দানপাত্র। দাস্+ঘঞ্ সম্প্রবা। বি ; পুং। স্ত্রী, দাসী।

দাসখত—চিরদিন দাসত্ব করিবার অঙ্গীকারপত্র। দাসসূচক খত, মধ্যপ কর্ম্মধা। বি।

দাসত্ব—দাসের ভাব বা কর্ম্ম, বেতন গ্রহণে অন্যের সেবা, ভৃত্যত্ব, গোলামি। দাস+ত্ব ভাবার্থে। বি ; ক্লীব।

দাসত্বপ্রথা—ক্রীতদাসপ্রথা, দাসদাসী ক্রয় করিয়া তাহাদিগকে চিরদিন রাখিবার পদ্ধতি বা নিয়ম। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

দাসব্যবসায়—চির-দাসদাসী ক্রয়বিক্রয়রূপ বৃত্তি। দাস-সংক্রান্ত ব্যবসায়, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং। বিণ,—সায়ী।

দাসমনোভাব—দাসবৎ অন্ধভাবে নিজকে পরনির্ভরশীল ও তদপেক্ষা অধম মনে করা। দাসোচিত মনোভাব, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

দাসানুদাস—ভৃত্যের ভৃত্য। দাসের অনুদাস, ৬ষ্ঠীতৎ। বিণ বা বি ; পুং।

দাসী—ভৃত্যা, পরিচারিকা, চাকরাণী ; ধীবরী ; শূদ্রা। দাস+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি ; স্ত্রী। [ভাবার্থে। বি ; ক্লীব।

দাসীত্ব—দাসীর কাজ বা অবস্থা। দাসী+ত্ব

দাসীপনা—দাসীবৃত্তি। দাসী+পনা কর্ম্মার্থে। বি। [বি ; স্ত্রী।

দাসীবৃত্তি—চাকরাণীর কাজ। ৬ষ্ঠীতৎ।

দাস্ত—মলত্যাগ, ভেদ, বাহ্যে। ফার্সী 'দাস্ত' শব্দজ। বি।

দাস্য—দাসত্ব, ভৃত্যত্ব, গোলামি, চাকরি ; নববিধা ভক্তির মধ্যে অষ্টম প্রকার ভক্তি, সেবকভাবে ভগবদুপাসনা। দাস+ষ্ণ্য্ ভাবার্থে। বি ; ক্লীব। [স্ত্রী।

দাস্যবৃত্তি—চাকরি, দাসত্ব। কর্ম্মধা। বি ;

দাহ—ভস্মীকরণ ; জ্বলন ; আভ্যন্তরিক যাতনা ; সন্তাপ। দহ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

দাহক—দাহকারক, দহনকর্ত্তা। দহ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হিকা।

দাহক্রিয়া—ভস্মীকরণ ; সংকাররূপ কার্য্য, শবদেহ ভস্মীকরণ। দাহ ক্রিয়া, কর্ম্মধা। বি ; স্ত্রী।

দাহজ্বর—যে জ্বরে দেহের তাপ ও জ্বালা অধিক হয়। দাহপ্রধান জ্বর, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

দাহন—পোড়ান ; সন্তাপন। ণিজন্ত দহ্ বা দাহি (পোড়ান, ইত্যাদি)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

দাহিকা—দাহকারিণী, দহনকর্ত্রী। দাহক দ্রঃ। দাহক+আপ্‌। বিণ; স্ত্রী।

দাহিত—১। ভস্মীকারিত, যাহাকে ভস্ম করান হইয়াছে। ণিজন্ত দহ্‌ বা দাহি (ভস্ম করান)+ক্ত কর্ম্মবা। ২। সন্তাপিত; জাত-দাহ। দাহ+ইতচ্‌ জাতার্থে। বিণ। স্ত্রী, —তা।

দাহী (দাহিন্‌)—দাহক, যে দগ্ধ করে। দহ্‌+ণিন্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী, —হিনী।

দাহ্য—দাহ করিবার যোগ্য, যাহা সহজে দগ্ধ করিতে পারা যায় এরূপ, দহনীয়, জ্বল-নীয়। দহ্‌+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, দাহ্যা।

দি—১। দিই বা দিয়া থাকি, দান করি বা করিতেছি। ক্রি। ২। অন্যশব্দের পরে 'দিদি' শব্দের সংক্ষিপ্ত উচ্চারণ (বড়্‌দি, ঠান্‌দি, ইত্যাদি)। বি; স্ত্রী।

দিক (দিশ্‌)—উত্তরাদি দশ দিক্‌, অভি-মুখ; পার্শ্ব, সীমা; অংশ, পক্ষ; প্রদেশ; রীতি। দিশ্‌+ক্বিপ্‌ কর্তৃবা। বি; স্ত্রী।

দিক্‌—বিরক্ত, উত্ত্যক্ত, জ্বালাতন। আর্বী। বিণ। [৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

দিক্‌চক্র—চক্রবাল, মণ্ডলাকার দিক্‌সমূহ।

দিক্‌চক্রবাল—দিকের প্রান্তভাগ (Horizon). দিকের চক্রবাল, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দিক্‌দারি—বিরক্তি, দৌরাত্ম্য। আর্বী-মূলক। বি।

দিক্‌পতি, —পাল—১। পূর্ব্বাদি দশ দিকের রক্ষক; ইন্দ্র, অগ্নি, যম, নৈঋত, বরুণ, বায়ু, কুবের, মহাদেব, ব্রহ্মা, অনন্ত, পূর্ব্বাদিক্রমে এই দশ। ২। সূর্য্য, শুক্র, মঙ্গল, রাহু, শনি, সোম, বুধ, বৃহস্পতি, পূর্ব্বাদিক্রমে এই আট। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দিক্‌শূল—গ্রহাদির অশুভজনক অবস্থিতি; দিগ্বিশেষে গমনে নিষিদ্ধ বার। ৭মীতৎ। বি; ক্লীব।

দিগঙ্গ(ঙ্গ)না, দিগবধূ—অষ্টদিকের অধিবাসিনী দিব্যাঙ্গনা; দিগ্‌রূপা নারী। ৬ষ্ঠীতৎ বা রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

দিগন্ত—দিক্‌সমূহের শেষভাগ, চক্রবাল। দিকের অন্ত (দিক্‌+অন্ত), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দিগন্তপ্রসারী (—রিন্‌), —ব্যাপী—বহুদূর পর্য্যন্ত বিস্তৃত। উপতৎ। দিগন্ত—প্র—সৃ+ণিন্‌ কর্তৃবা, বি—আপ্‌+ণিন্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী, —রিণী, —পিনী।

দিগন্তর—১। দিগবকাশ; দিকের মধ্যবর্ত্তী স্থান। দিকের অন্তর (অবকাশ) (দিক্‌+অন্তর), ৬ষ্ঠীতৎ। ২। অন্য দিক্‌। নিত্য; বি; ক্লীব।

দিগম্বর—১। বিবস্ত্র, নগ্ন, উলঙ্গ। দিক (শূন্য) অম্বর (বস্ত্র) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —রা, —রী। ২। মহাদেব; জৈনসম্প্রদায়-বিশেষ। বি; পুং। [স্ত্রী।

দিগম্বরী—কালী। দিগম্বর+ঈপ্‌। বি;

দিগর, দীগর—অপরাপর, আর আর, ইত্যাদি, গণ। ফার্সী। বি।

দিগ্‌গজ—১। ঐরাবত, পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, পুষ্পদন্ত, সার্ব্বভৌম, সুপ্রতীক এই আট দিক্‌-হস্তী। দিগ্‌রক্ষক গজ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। (ব্যঙ্গার্থে) মহা-মূর্খ। বি।

দিগ্‌জ্ঞান—১। উত্তরাদি দিক্‌সমূহের বোধ। দিগ্বিষয়ক জ্ঞান, মধ্যপ কর্ম্মধা। ২। সামান্য জ্ঞান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

দিগ্দর্শন—১। চারি দিক্‌ দেখা; অভিজ্ঞতা। দিকের দর্শন (দিক্‌+দর্শন), ৬ষ্ঠীতৎ। ২। দিগ্দর্শনযন্ত্র (তাহা দ্রঃ)। দিকের দর্শন যদ্দারা, বহুব্রী। বি; ক্লীব।

দিগ্দর্শনযন্ত্র—চুম্বকশলাকাযুক্ত দিঙ্‌-নির্ণায়ক যন্ত্র, কম্পাস (Compass)। দিগ্দর্শনসাধক যন্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

দিগ্‌দিগন্ত—দিক্‌সমূহ ও বিদিক্‌সমূহ; সমগ্র দিঙ্মণ্ডল। দিক্‌ (পূর্ব্বাদি) ও দিগন্ত (ঈশানাদি কোণ), দ্বন্দ্ব। বি; পুং।

দিগ্‌ধাউড়ি, —ধাবড়ে—যে দিকে দিকে ধাওয়া করে; চতুর্দ্দিকে বিস্তৃত। দেশজ। বিণ।

দিগ্বলয়—দিক্‌চক্র, দিঙ্মণ্ডল। দিগ্‌রূপ বলয়, রূপক কর্ম্মধা। বি ; পুং বা ক্লীব।

দিগ্বসন—দিগম্বর, উলঙ্গ। দিক্ বসন (বস্ত্র) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –না।

দিগ্বিজয়—সকল দিক্ জয় করা, অর্থাৎ যুদ্ধাদি দ্বারা নানাদিকে আপনার ক্ষমতা ও আধিপত্য সংস্থাপন। দিকের বিজয়, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দিগ্বিজয়ী (–জয়িন্)—দিগ্বিজয়কারী, যুদ্ধাদি দ্বারা নানাদিকে আধিপত্য-স্থাপক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, –য়িনী।

দিগ্বিদিক্—দিক্ ও বিদিক্ ; দিক্—পূর্ব্ব, উত্তর, দক্ষিণ, পশ্চিম, এই চারি ; বিদিক্—ঈশান, অগ্নি, নৈর্ঋত, বায়ু, এই চারি ; (তাৎপর্য্যার্থ) হিতাহিত, কাণ্ডাকাণ্ড, ভাল-মন্দ। দ্বন্দ্ব। বি ; স্ত্রী।

দিগ্বিদিগ্-জ্ঞান—কোন্‌টা কোন্ দিক্ এই বোধ, ভালমন্দ বোধ, কাণ্ডাকাণ্ড জ্ঞান। দিগ্বিদিকের জ্ঞান, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

দিগ্‌ভ্রম, **–ভ্রান্তি**—দিগ্‌বিষয়ে ভ্রান্তি, একদিক্‌কে অন্যদিক্ বোধ করা, দিশাভুল। ৭মীতৎ। বি ; পুং, স্ত্রী।

দিগ্‌ভ্রান্ত—দিক্ নির্ণয়ে অক্ষম, দিঙ্‌মূঢ়। ৭মীতৎ। বিণ।

দিঘল—দীর্ঘ। প্রাঃ কবিপ্র। বিণ।

দিঙ্‌নাগ—দিগ্‌গজ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দিঙ্‌নিরূপণ, **–নির্ণয়**—উত্তরাদি দিক্-সমূহের নিরূপণ। দিকের নিরূপণ, নির্ণয়, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব, পুং।

দিঙ্মণ্ডল—দিক্‌রূপ চক্র। রূপক কর্ম্মধা। বি ; ক্লীব।

দিঙ্‌মূঢ়—দিগ্‌ভ্রান্ত, দিক্‌জ্ঞানবিহীন ; যাহার দিগ্‌ভ্রম হইয়াছে। দিক্ বিষয়ে মূঢ়, ৭মীতৎ। বিণ।

দিঠ, দিঠি—দৃষ্টি ; চক্ষু। প্রাঃ কবিপ্র। বি।

দিতি—১। দক্ষরাজের অন্যতমা কন্যা, কশ্যপের ভার্য্যা, ইঁহারই গর্ভে দৈত্যগণের জন্ম হয়। দো+ক্তিচ্ কর্ত্তৃবা। ২। ছেদন, খণ্ডন। দো (ছেদন করা)+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

দিতিজ—দৈত্য, দানব, অসুর। দিতি-জন (জন্মা)+ড কর্ত্তৃবা। বি ; পুং।

দিৎসা—দানেচ্ছা, দান করিবার বাসনা। সনন্ত দা+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

দিৎসু—দানেচ্ছু ; দান করিতে ইচ্ছুক। সনন্ত দা+উ কর্ত্তৃবা। বিণ।

দিদি—জ্যেষ্ঠা ভগিনী ; মাতামহী বা পিতামহী বা তত্তুল্য সম্পর্কীয়া, ঠাকুর-মা। দেশজ। বি ; স্ত্রী।

দিদি(দী)—মাতামহী বা পিতামহী বা তত্তুল্য সম্পর্কীয়া, ঠাকুর-মা। দেশজ। বি ; স্ত্রী।

দিদৃক্ষমাণ—দর্শনলাভেচ্ছু। সনন্ত দৃশ্ (দেখিতে ইচ্ছা করা)+শানচ্ কর্ত্তৃবা। বিণ।

দিদৃক্ষা—দর্শনেচ্ছা। সনন্ত দৃশ্ (দেখিতে ইচ্ছা করা)+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

দিদৃক্ষু—দর্শনেচ্ছু। সনন্ত দৃশ্ (দেখিতে ইচ্ছা করা)+উ কর্ত্তৃবা। বিণ।

দিধিষু—পুনর্ভূপতি, দ্বিতীয়বার বিবাহিতা স্ত্রীর স্বামী। দিধিষু+ক্যচ্ (ইচ্ছা করে অর্থে)+ক্বিপ্ কর্ত্তৃবা, বিকল্পে হ্রস্ব। বি ; পুং।

দিধিষূ—পুনর্ভূ, দ্বিতীয়বার বিবাহিতা স্ত্রী। দিধি (ধৈর্য্য)–সো (ছেদন করা)+উ কর্ত্তৃবা। বি ; স্ত্রী।

দিন—সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কাল, দিবাভাগ, দিবস ; এক সূর্য্যোদয় হইতে অব্যবহিত পরবর্ত্তী সূর্য্যোদয় পর্য্যন্ত কাল, অহোরাত্র। দো+নক্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।
দিন ফিরা—অবস্থার বিশেষ উন্নতি করা।
দিনগত পাপক্ষয়—কোনরূপে দিনের কাজ সমাপন। **দিন চলা**—ভরণপোষণ চলা। **দিন গুজরান**—সময় কাটান।
দিনে ডাকাতি—ভীষণ সাহস ও অত্যাচারের কার্য্য ; প্রকাশ্যে প্রতারণা বা সর্ব্বনাশ সাধন। [কর্ত্তৃবা। বি ; পুং।

দিনকর—সূর্য্য। উপতৎ। দিন–কৃ (করা)+ট

দিনকাল—সময়জনিত অবস্থা। দেশজ প্রঃ। বি। [৬ষ্ঠীতৎ। বি ; পুং।
দিনক্ষয়—সায়ংকাল, সন্ধ্যা ; ত্র্যহস্পর্শ।
দিনক্ষণ—(জ্যোতিষে) বারতিথির যোগবিশেষ। ৭মীতৎ। বি ; স্ত্রী।
দিননাথ, —পতি—সূর্য্য। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।
দিনপাত—দিনযাপন, দিন কাটান ; সংসারযাত্রানির্ব্বাহ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।
দিনমজুর—দিন হিসাবে মজুরি গ্রহণকারী শ্রমিক। দিনকর্ম্মী মজুর, মধ্যপ কর্ম্মধা। বি।
দিনমণি—সূর্য্য। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।
দিনমান—দিবসের পরিমাণ ; দিনের বেলা। দিনের মান (পরিমাণ), ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। [বি ; ক্লীব।
দিনমুখ—প্রভাত, প্রাতঃকাল। ৬ষ্ঠীতৎ।
দিনাত্যয়—দিবাবসান ; সায়ংকাল। দিনের অত্যয় (অতিগমন), ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [৬ষ্ঠীতৎ। বি ; পুং।
দিনান্ত—সায়ংকাল, সন্ধ্যা। দিনের অন্ত,
দিনেমার—ডেন্মার্ক দেশবাসী। ফরাসী 'Danemark' শব্দজ। বি।
দিনেশ—দিননাথ, সূর্য্য। দিনের ঈশ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।
দিব—১। স্বর্গ ; আকাশ। দিব্ (দীপ্তি পাওয়া) + ক কর্ত্তৃবা অথবা অধিবা। বি ; ক্লীব। ২। দিব্য, শপথ। 'দিব্য' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।
দিবস—দিবা, দিন। দিব্ (ক্রীড়া করা) + অসচ্ অধিবা। বি ; পুং বা ক্লীব।
দিবসাত্যয়—দিবাবসান, দিনক্ষয় ; সায়ংকাল। দিবসের অত্যয় (শেষ), ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [+ কা অধিবা। অব্য।
দিবা—দিনে ; দিন। দিব্ (ক্রীড়া করা)
দিবাকর—সূর্য্য। উপতৎ। দিবা (দিন) —কৃ (করা) + ট কর্ত্তৃবা। বি ; পুং।
দিবাতন—দিনভব, দিবসীয়। দিবা + তন ভবার্থে। বিণ। স্ত্রী,—নী।
দিবানিশি—দিন ও রাত্রিতে, অর্থাৎ সর্ব্বকালে। দিবা ও নিশ্ শব্দে দ্বন্দ্ব, পরে ৭মীর ১বচন। অথবা অসমস্ত পদদ্বয়। বি।
দিবান্ধ—১। দিবসে দৃষ্টিহীন, দিন-কাণা। বিণ। স্ত্রী,—ন্ধা। ২। পেচক। দিবা (দিনে) অন্ধ, ৭মীতৎ। বি ; পুং।
দিবারাত্র—১। অহোরাত্র, রাতদিন। দিবা ও রাত্রিতে, দ্বন্দ্ব + অচ্ সমাসান্ত। বি ; ক্লীব।
দিবাস্বপ্ন—দিবানিদ্রা ; দিনে ঘুমান ; আকাশকুসুম রচনা। ৭মীতৎ। বি ; পুং।
দিব্ব—১। দিব্য, সুন্দর। বিণ। ২। দিব্য, শপথ ; দ্রব্য, সামগ্রী। প্রাঃ কবিপ্র। বি।
দিব্য—১। স্বর্গীয় ; আকাশোৎপন্ন, আকাশীয় ; মনোহর, সুন্দর, কমনীয় ; উৎকৃষ্ট। বিণ। স্ত্রী, দিব্যা। ২। শপথ। দিব্ + যৎ ভবার্থে। বি ; ক্লীব।
দিব্যচক্ষুঃ (—চক্ষুস্), —চক্ষু—১। অতীন্দ্রিয়ার্থদর্শী, দর্শনেন্দ্রিয়ের অগোচর বিষয়সমূহও অলৌকিক শক্তিপ্রভাবে দর্শনক্ষম ; সুলোচন, সুন্দরচক্ষুবিশিষ্ট। দিব্য হইয়াছে চক্ষু যাহার, বহুব্রী। বিণ। ২। কৃষ্ণ ; অন্ধজন। বি ; পুং। ৩। অতি সুন্দর চক্ষুঃ ; অতীন্দ্রিয়ার্থদর্শনশক্তি। কর্ম্মধা। বি ; ক্লীব।
দিব্যজ্ঞান—উৎকৃষ্ট বোধ ; স্বর্গীয় জ্ঞান ; তত্ত্বজ্ঞান। কর্ম্মধা। বি ; ক্লীব।
দিব্যদর্শী (—দর্শিন্)—দিব্যচক্ষুঃ, অতীন্দ্রিয়ার্থদর্শী। দিব্য—দৃশ্ + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্শিনী।
দিব্যনারী—স্বর্গবেশ্যা, অপ্সরাঃ। কর্ম্মধা। বি ; স্ত্রী।
দিব্যরথ—বিমান, ব্যোমযান, বেলুন। কর্ম্মধা। বি ; ক্লীব। [স্ত্রী।
দিব্যাঙ্গ(ঙ্গ)না—অপ্সরা। কর্ম্মধা। বি ;
দিব্যাস্ত্র—স্বর্গীয় অস্ত্র ; অব্যর্থ অস্ত্র। কর্ম্মধা। বি ; ক্লীব।
দিব্যি, দিব্বি—১। দিব্য, শপথ। বি। ২। দিব্য, মনোরম, সুন্দর। 'দিব্য' শব্দজ। বিণ।

দিব্যোদক—শিশির; বৃষ্টির জল। দিব্য যে উদক (জল), কর্ম্মধা। বি; ক্লীব।

দিয়াড়ি—দেউটি, দীপাবলী; উল্কা, মশাল। 'দীপাবলী' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

দিয়া—১। প্রদীপ, বাতি, আলো। 'দীপ' শব্দজ। বি। ২। দান করিয়া, অর্পণ করিয়া। অস-ক্রি। ৩। দ্বারা, অবলম্বনে, সহায়তায়। 'দ্বারা' শব্দজ। অব্য।

দিয়ালা—নিদ্রিত শিশুর হাসিখেলা, শিশু-স্বপ্ন। প্রাদে। বি।

দিয়াশলাই—প্রদীপ জ্বালিবার জন্য গন্ধকাদি লাগান কাঠি। 'দীপশলাকা' শব্দজ। বি।

দিল—হৃদয়, অন্তঃকরণ, চিত্ত। ফার্সী। বি।

দিলখোশ—প্রফুল্লমনা; চিত্ত প্রফুল্লকারক। ফার্সী। বিণ।

দিলদরিয়া—যাহার হৃদয় সমুদ্রবৎ উদার, বদান্য; সদাশয়। দিল (মন) দরিয়া (সমুদ্র) যাহার, বহুব্রী। বিণ। [বিণ।

দিলদার—মহানুভাব, উদারহৃদয়। ফার্সী।

দিলীপ—সূর্য্যবংশীয় অনেক নৃপ। দিলী (হস্তিনা)–পা+ক কর্ত্তৃবা। বি; পুং।

দিশ—দিক্। প্রাঃ কবিপ্র। বি।

দিশপাশ—দৃষ্টিসীমা, লেখাজোখা; কূল-কিনারা। প্রাঃ কবিপ্র। বি।

দিশা—১। উত্তরাদি দিক্; রীতি; প্রণালী। দিশ্+কিপ্ কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী। ২। ধাঁধা; সন্ধান; ঝাপসা; দিগ্‌ভ্রম। প্রাঃ কবিপ্র। ৩। কবিগান ইত্যাদিতে বারবার আবৃত্ত পদ। প্রাদে। বি।

দিশাহারা, দিশেহারা—দিগ্‌ভ্রান্ত; কার্য্যাকার্য্য নির্ণয়ে অসমর্থ; অনবধান; হত-বুদ্ধি। দিশা হারাইয়াছে যে, উপতৎ। বিণ।

দিশি—১। দিকে। দিশ্ শব্দের ৭মীর ১ বচন। ২। দিক্। কবিপ্র। বি।

দিষ্ট—১। প্রদর্শিত; দত্ত; আদিষ্ট, উপদিষ্ট। বিণ। ২। ভাগ্য, অদৃষ্ট। দিশ্+ক্ত কর্ম্মবা। বি; ক্লীব।

দিস্তা, দিস্তে—২৪টা (কাগজ); ডাঁটি; মুষল। ফার্সী 'দস্তা' শব্দজ। বি।

দিস্তাপড়া—যাহা গাঁটরি-বাঁধা থাকায় খারাপ হইয়া গিয়াছে, দাগীধরা। দিস্তা (দিস্তার দাগ) পড়া যাহাতে, বহুব্রী। বিণ।

দীক্ষক—১। দীক্ষাদাতা, মন্ত্রদাতা; উপদেষ্টা। বিণ। স্ত্রী,–ক্ষিকা। ২। দীক্ষাগুরু। দীক্ষ্+ণক কর্ত্তৃবা। বি; পুং।

দীক্ষণীয়—দীক্ষার যোগ্য। দীক্ষ্+অনীয় কর্ম্মবা। বিণ।

দীক্ষা—উপদেশ; যজ্ঞ; সংস্কার; ব্রত-বিশেষ; ইষ্টমন্ত্র গ্রহণ, প্রবর্ত্তনা; কাব্যের নিয়ম; নিয়ম বা সঙ্কল্প করিয়া কোনও বিষয়ে প্রবৃত্ত হওয়া। দীক্ষ্ (উপদেশ দেওয়া)+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

দীক্ষা-গুরু—ইষ্টদেব; আচার্য্য; মন্ত্রদাতা, মন্ত্রাদির উপদেষ্টা। দীক্ষা-দাতা গুরু, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

দীক্ষাগ্রহণ—গুরুর নিকট হইতে ইষ্টমন্ত্র প্রাপ্তি; উপদেশলাভ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

দীক্ষিত—গৃহীতমন্ত্র, যাহার মন্ত্র-গ্রহণ হইয়াছে এরূপ; সংস্কৃত; উপদিষ্ট; কর্ম্মে সঙ্কল্পপূর্ব্বক কৃতসংযম; নিয়ম বা সঙ্কল্পপূর্ব্বক কোনও বিষয়ে প্রবৃত্ত। দীক্ষ্+ক্ত কর্ম্মবা। বিণ।

দীগর—দিগর দ্রঃ।

দীঘ—১। দৈর্ঘ্য। প্রাদে। বি। ২। দীর্ঘ। প্রাঃ কবিপ্র। বিণ।

দীঘল—দীর্ঘ। প্রাঃ কবিপ্র। বিণ।

দীঘি, দীঘী—পুষ্করিণী। 'দীর্ঘিকা' শব্দজ। বি।

দীঠ, দীঠি—দৃষ্টি। প্রাঃ কবিপ্র। বি।

দীধিতি—রশ্মি, কিরণ; ন্যায়তত্ত্বচিন্তামণির টীকা। দীধী+ক্তিচ্ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

দীন—১। দরিদ্র; দুঃখী; হীন; নিঃস্ব; সন্তপ্ত; ভীত; কাতর। দী+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, দীনা। ২। ধর্ম্ম, ধর্ম্মবিশ্বাস। আর্বী। বি।

দীনতা—দীনের ভাব, দরিদ্রতা, দৈন্য; কাতরতা। দীন+তা ভাবার্থে। বি; স্ত্রী।

দীন-দরিদ্র—১। অত্যন্ত গরীব। দীন হইতেও দরিদ্র, ৫মীতৎ। ২। গরীব। যে দীন সেই দরিদ্র; কর্ম্মধা। বিণ।

দীনদুনিয়া—ধর্ম্ম এবং বিশ্ব। দ্বন্দ্ব। আর্বী। বি।

দীননাথ, –বন্ধু, –শরণ—দরিদ্রের আশ্রয়; নারায়ণ, ভগবান্, ঈশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দীনসত্ত্ব—হীনবল; ক্ষীণপ্রাণ। দীন হইয়াছে সত্ত্ব যাহার, বহুব্রী। বিণ।

দীনহীন—অতি দরিদ্র, নিতান্ত দুঃখী। দীন হইতে হীন, ৫মীতৎ। বিণ। স্ত্রী, –না।

দীনার—স্বর্ণমুদ্রা, সুবর্ণের অলঙ্কার, সোনার গহনা। দী+আরক কর্তৃবা, ন-আগম। বি; পুং।

দীপ—প্রদীপ; আলোকপ্রকাশক। দীপ্ (দীপ্ত হওয়া)+ক কর্তৃবা। বি; পুং।

দীপক—১। কুঙ্কুম; কাব্যালঙ্কারবিশেষ। ণিজন্ত দীপ্ বা দীপি (দীপ্ত করান)+ণক কর্তৃবা। বি; ক্লীব। ২। প্রদীপ; সঙ্গীতের রাগবিশেষ। বি; পুং। ৩। প্রকাশক; উত্তেজক, উদ্দীপক; শোভাজনক। দীপি+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, –পিকা।

দীপগাছ, –গাছা—দীপবৃক্ষ (তাহা দ্রঃ)।

দীপন—১। উদ্দীপন, উত্তেজন; আলোকিত-করণ। ণিজন্ত দীপ্ (দীপ্ত করান)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। প্রকাশক; উদ্দীপক; উত্তেজক। দীপি+অন কর্তৃবা। বিণ। স্ত্রী, –না।

দীপনীয়—দীপনযোগ্য, যাহাকে জ্বালাইতে বা উদ্দীপ্ত করিতে হইবে। দীপি (দীপ্ত করান)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, –য়া।

দীপবৃক্ষ—দীপাধার, পিলসুজ প্রভৃতি। দীপধারক বৃক্ষ (বৃক্ষবৎ পদার্থ), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

দীপমালা—দীপসমূহ; ছন্দোবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দীপশলাকা—দিয়াশলাই। দীপজ্বালিকা শলাকা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। [স্ত্রী।

দীপশিখা—প্রদীপের শীস্। ৬ষ্ঠীতৎ। বি;

দীপাগার—সমুদ্রের বিপজ্জনক স্থানে স্থাপিত আলোক-গৃহ। দীপের আগার, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [বি; পুং।

দীপাধার—পিলসুজ; দীপবৃক্ষ। ৬ষ্ঠীতৎ।

দীপান্বিতা—কার্ত্তিকমাসীয় অমাবস্যা, এই দিনে দিবাভাগে পিতৃলোকের তর্পণ ও শ্রাদ্ধ এবং রাত্রিকালে দেবগৃহাদি দীপমালায় সুশোভিত করিতে হয়। ইহার অপর নাম দীপালী, দেওয়ালী। দীপের দ্বারা অন্বিতা (যুক্তা), ৩য়াতৎ। বি; স্ত্রী।

দীপাবলী—প্রদীপসমূহ। দীপের আবলী (শ্রেণী বা সমূহ), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দীপালী—দেওয়ালী। দীপের আলী (শ্রেণী), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; পুং।

দীপালোক—প্রদীপের আলো। ৬ষ্ঠীতৎ।

দীপিকা—১। প্রকাশিকা; উদ্দীপিকা। বিণ; স্ত্রী। ২। প্রদীপ; জ্যোৎস্না; গ্রন্থ-বিশেষ; তর্ক-সংগ্রহের টীকা; রাগিণীবিশেষ। দীপক+আপ্। বি; স্ত্রী।

দীপিত—প্রজ্বলিত; প্রকাশিত; উদ্দীপিত। ণিজন্ত দীপ্ বা দীপি (দীপ্ত করান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

দীপ্ত—দীপ্তিযুক্ত; উজ্জ্বল; জ্বলিত; দগ্ধ; প্রকাশিত। দীপ্ (দীপ্ত করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

দীপ্তাগ্নি—১। প্রজ্বলিত হুতাশন। দীপ্ত যে অগ্নি, কর্ম্মধা। ২। তীক্ষ্ণ জঠরানলবিশিষ্ট। দীপ্ত (উত্তেজিত) হইয়াছে অগ্নি (জঠরানল) যাহার, বহুব্রী। বিণ। ৩। অগস্ত্য ঋষি। বি; পুং।

দীপ্তাঙ্গ(ঙ্গ)—১। উজ্জ্বল অবয়ব। দীপ্ত যে অঙ্গ, কর্ম্মধা। বি; ক্লীব। ২। উজ্জ্বল অবয়ববিশিষ্ট। দীপ্ত অঙ্গ যাহার,

বহুব্রী। বিণ। স্ত্রী,–ঙ্গী,–ঙ্গা। ৩। ময়ূর। বি ; পুং।

দীপ্তি—শোভা, সৌন্দর্য্য, কান্তি ; তেজঃ, প্রভা। দীপ্ (দীপ্ত হওয়া)+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

দীপ্তিমান্ (–মৎ)—প্রভাশালী, ভাস্বর, উজ্জ্বল ; শোভাবিশিষ্ট। দীপ্তি+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—মতী।

দীপ্যমান—যাহা দীপ্তি পাইতেছে এরূপ, ভাস্বর, উজ্জ্বল। দীপ্+শানচ্ কর্তৃবা। বিণ।

দীয়মান—যাহা দেওয়া হইতেছে এরূপ। দা (দেওয়া)+শানচ্ কর্ম্মবা। বিণ।

দীয়া—প্রদীপ। 'দীপ' শব্দজ। বি।

দীয়াদান–দী পা ধা র। দী য়া+দা ন আধারার্থে। ফার্সী। বি।

দীয়াশলাই—দেকাটি, দীপশলাকা। 'দীপশলাকা' শব্দজ। বি।

দীর্ঘ—১। আয়ত, লম্বা, ব্যাপক ; অধিক। বিণ। ২। দ্বিমাত্রাবিশিষ্ট স্বরবর্ণ। দৄ (বিদারণ করা)+ঘক্ কর্তৃবা। বি ; পুং।

দীর্ঘকেশ—১। লম্বা চুলবিশিষ্ট। বিণ। স্ত্রী,–শা,–শী। ২। ভল্লুক। বহুব্রী। বি ; পুং।

দীর্ঘজীবী (–জীবিন্)—দীর্ঘায়ুঃ, যে বহুকাল বাঁচে। দীর্ঘ (দীর্ঘকাল) জীবে (বাঁচে) যে, উপতৎ। দীর্ঘ–জীব্+ণিন্ কর্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,–বিনী।

দীর্ঘত্রিপদী—বাংলা কবিতার একটি ছন্দ। দীর্ঘ ত্রিপদ যাহার, বহুব্রী+ঈপ্। বি ; স্ত্রী।

দীর্ঘদর্শী (–দর্শিন্)—দূরদর্শী ; জ্ঞানী, পণ্ডিত। দীর্ঘ (বহুদূর) দর্শন করে যে, উপতৎ। দীর্ঘ–দৃশ্ (দেখা)+ণিন্ কর্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,–র্শিনী। বি,–র্শিতা,–দৃষ্টি।

দীর্ঘনাস—যাহার নাক লম্বা। বহুব্রী। বিণ।

দীর্ঘনিঃশ্বাস, –নিশ্বাস—সবলে পাতিত নিঃশ্বাস, দুঃখাদি হেতু জোরে যে নিঃশ্বাস ফেলা যায়। কর্ম্মধা। বি ; পুং।

দীর্ঘপাদ—১। কঙ্কপক্ষী ; বক পক্ষী। বি ; পুং। ২। যাহার পা লম্বা। বহুব্রী। বিণ।

দীর্ঘমাত্রা—ব্র্যাকেট চিহ্ন, বন্ধনী ; দুইটি হ্রস্ব মাত্রার সমান মাত্রা। কর্ম্মধা। বি ; স্ত্রী।

দীর্ঘরোমা (–রোমন্)—১। লম্বা-লোমবিশিষ্ট। বিণ। ২। ভল্লুক। দীর্ঘ রোম (রোমন্) যাহার, বহুব্রী। বি ; পুং।

দীর্ঘসূত্র—চিরক্রিয়, বিলম্বে কার্য্যকারী। বহুব্রী। বিণ। স্ত্রী,–ত্রা। বি,–ত্রতা।

দীর্ঘসূত্রী (–সূত্রিন্)—চিরক্রিয়, বিলম্বে কার্য্যকারক, অলস। দীর্ঘ যে সূত্র সে দীর্ঘসূত্র, কর্ম্মধা ; দীর্ঘসূত্র+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –ত্রিনী।

দীর্ঘাকার, দীর্ঘাকৃতি—১। লম্বা চেহারা। কর্ম্মবা। বি ; পুং, স্ত্রী। ২। লম্বা-চেহারাবিশিষ্ট। বহুব্রী। বিণ।

দীর্ঘায়ুঃ (–য়ুস্), **দীর্ঘায়ু**—১। দীর্ঘজীবী ; বহুকাল জীবনধারণকারী। দীর্ঘ হইয়াছে আয়ুঃ (জীবিতকাল) যাহার, বহুব্রী। বিণ। ২। দীর্ঘজীবন। কর্ম্মধা। বি ; ক্লীব।

দীর্ঘায়ুরস্তু—"দীর্ঘ আয়ুষ্কাল হউক", বা "আপনি দীর্ঘজীবী হউন", এইরূপ আশীর্ব্বচন। দীর্ঘায়ুঃ+অস্তু (হউক বা হউন) ; অস্তু সংস্কৃত ক্রিয়াপদ।

দীর্ঘিকা—বৃহৎ পুষ্করিণী, দীঘী। দীর্ঘ+কন্ +স্ত্রীলিঙ্গে আপ্। বি ; স্ত্রী।

দীর্ণ—১। খণ্ডিত, বিদারিত। দৄ (বিদারণ করা)+ক্ত কর্ম্মবা। ২। ভগ্ন ; ভীত। দৄ+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, দীর্ণা।

দু, দুই—দ্বি, ২। 'দ্বি' শব্দজ। বি।

দুআ, দুয়া—দোহন করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

দু-আনি, দু-আনী—দুই আনা মূল্যের মুদ্রা। দু-আনা+ই, ঈ কর্ম্মবা। বি।

দুও, দুয়ো—ঘৃণা বা নিন্দাসূচক উক্তি ; ছিঃ ছিঃ। দেশজ। অব্য।

দুঃ (দুর্ বা দুস্)—দুষ্ট ; নিন্দিত ; নিষিদ্ধ ; দুঃখ। দো (ছেদন করা)+ডুর্, ডুস্ কর্তৃবা। অব্য।

দুঃখ—ক্লেশ, কষ্ট, তাপ; দুর্দ্দশা; দৈন্য। দুঃখ্ + ণিচ্ + অচ্ কর্তৃবা। বি; ক্লীব।

দুঃখকর, —জনক, —দ, —প্রদ—কষ্টদায়ক। উপতৎ। দুঃখ—কৃ+ট, দুঃখ—দা+ক, দুঃখ—প্র—দা+ক কর্তৃবা; ২য় পক্ষে ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —রী, —নিকা, —দা, —প্রদা। [কবিপ্র। বিণ।

দুঃখ-চাটা—দুঃখভোগে অভ্যস্ত, চিরদুঃখী।

দুঃখত্রয়—আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক এই তিনপ্রকার দুঃখ। দুঃখের ত্রয়, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

দুঃখজনক—দুঃখকর দ্রঃ।

দুঃখসহিষ্ণু—কষ্ট সহ্য করিতে অভ্যস্ত। ২য়াতৎ। বিণ।

দুঃখহর—দুঃখনাশক, ক্লেশনিবারক। উপতৎ। দুঃখ—হৃ+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —রা।

দুঃখহারী—দুঃখহর (তাহা দ্রঃ)। উপতৎ। দুঃখ—হৃ+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —রিণী।

দুঃখার্ত্ত(র্ত)—দুঃখিত, দুঃখে কাতর। দুঃখদ্বারা ঋত (আর্ত্ত), ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —র্ত্তা।

দুঃখিত—দুঃখী, ক্ষুণ্ণ, অসুখী, ক্লিষ্ট। দুঃখ+ইত জাতার্থে। বিণ। স্ত্রী, —তা।

দুঃখী (দুঃখিন্)—দুঃখিত, দুঃখভোগী; হীনাবস্থ; দীন; দুর্দ্দশাগ্রস্ত। দুঃখ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —খিনী। [স্ত্রী।

দুঃশলা—অন্ধরাজ ধৃতরাষ্ট্রের কন্যা। বি;

দুঃশাসন—১। অতি কষ্টে শাসনীয়। দুর্—শাস্+অন কর্ম্মবা। বিণ। ২। দুঃখে শাসন; মন্দ শাসন। দুঃ (মন্দ) শাসন, প্রাদিতৎ। বি; ক্লীব। ৩। দুর্য্যোধনের মধ্যম ভ্রাতা। বি; পুং।

দুঃশীল—দুষ্টস্বভাব, দুশ্চরিত্র। দুর্ (দুষ্ট) শীল (স্বভাব) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —লা।

দুঃশ্রব—অশ্রাব্য; যাহা শুনিতে পাওয়া শক্ত; যাহা শুনিলে দুঃখ হয়। দুর্—শ্রু (শুনা)+খল্ কর্ম্মবা। বিণ।

দুঃসংবাদ—খারাপ খবর। প্রাদিতৎ। বি; পুং।

দুঃসময়—দুঃখময় সময়, দুরবস্থার সময়; অকাল, দুর্ভিক্ষ। দুর্ (নিন্দিত) যে সময়, প্রাদিতৎ। বি; পুং।

দুঃসহ—অতি কষ্টে সহনীয়, অসহনীয়, অত্যন্ত ক্লেশকর। দুর্—সহ (সহ্য করা)+খল্ কর্ম্মবা। বিণ।

দুঃসাধ্য—কষ্টসাধ্য; দুষ্কর; অপ্রতিবিধেয়। দুর্—সাধ্ (সাধনা করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ; ত্রি।

দুঃসাহস—অনুচিত সাহস। দুর্ (নিন্দিত) যে সাহস, প্রাদিতৎ। বি; ক্লীব।

দুঃসাহসিক—অনুচিত সাহসী; অসমসাহসিক; দুঃসাহসসাধ্য। দুঃসাহস+ইক (ঠন্)। বিণ।

দুঃস্থ, দুস্থ—দুরবস্থাপন্ন, দুর্দ্দশাগ্রস্ত; দরিদ্র; মূর্খ। দুর্—স্থা (থাকা)+ক কর্তৃবা। বিণ।

দুঃস্থিত—দুঃখে অবস্থিত। দুর্—স্থা (থাকা) +ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

দুঃস্বপ্ন—অশুভসূচক স্বপ্ন, যে স্বপ্ন দেখিলে অমঙ্গল ঘটে বা ঘটিবে বলিয়া শঙ্কা হয়। প্রাদিতৎ। বি; পুং।

দুঁদিয়া, দুঁদে—দ্বন্দ্বপ্রিয়, সর্ব্বদা কলহকারী, দুর্দ্দান্ত, দুরন্ত, দুঃশীল; জিদ্‌বাজ। 'দ্বন্দ্ব' শব্দজ। প্রাদে। বিণ।

দুঁহু, দোঁহা—দুজনে, দুই, উভয়। প্রাঃ কবিপ্র। বিণ।

দুকথা—দুটিকথা; কথাবার্ত্তা; শক্ত শক্ত কথা, তিরস্কার; বচসা। দু (দ্বি) কথা, কর্ম্মধা। বি।

দুকুল—দুইকুল বা বংশ, উভয় কুল—পিতৃকুল ও মাতৃকুল। কর্ম্মধা। বি।

দুকূল—১। ক্ষৌমবস্ত্র; সূক্ষ্মবস্ত্র; উত্তরীয় বাস; শুভ্রবস্ত্র। দুর—কূল্+ক কর্তৃবা। বি; ক্লীব। ২। দুই কূল বা তীর, উভয় তট। কর্ম্মধা। বি।

দুখ—'দুঃখ' শব্দজ (তাহা দ্রঃ)।

দুখপাসরা, -হরা—যে দুঃখকষ্ট ভুলাইয়া দেয়, দুঃখনিবারণকারী। কবিপ্র। বিণ।

দুখান, দুখানি—১। দুই খণ্ড। বি। ২। দু খণ্ডে বিভক্ত; দুইটি। দু+খান, খানি। বিণ।

দুখী—'দুঃখী' শব্দজ (তাহা দ্রঃ)।

দুগ্ধ—১। কৃতদোহন, যাহাকে দোহা হইয়াছে; প্রপূরিত। বিণ। ২। ক্ষীর, দুধ। দুহ্+ক্ত কর্ম্মবা। বি; ক্লীব।

দুগ্ধপোষ্য—১। দুগ্ধ দ্বারা প্রতিপাল্য, একমাত্র দুগ্ধ খাইয়া জীবনধারণ করে এরূপ। বিণ। ২। অতি শিশু। তত্রাতৎ। বি; পুং।

দুগ্ধফেননিভ—দুধের ফেনার মত সাদা, সুশুভ্র। দুগ্ধের ফেন, ৬ষ্ঠীতৎ; তাহার তুল্য, নিভা। বিণ।

দুগ্ধবতী—পয়স্বিনী, দুগ্ধদায়িনী, দুধাল। দুগ্ধ+মতুপ্ অস্ত্যর্থে+স্ত্রীলিঙ্গে ঈপ্। বিণ; স্ত্রী।

দুঘড়ি—দ্বিপ্রহর। কর্ম্মধা। বি।

দুচোখ—দুই চক্ষু। কর্ম্মধা। বি।

দুচোখের বিষ—অত্যন্ত অপ্রিয়, চক্ষুঃশূল।

দুটানা—১। দুইদিকে চিত্তের গতি। কর্ম্মধা। বি। ২। দ্বিধা প্রবাহিত বা বর্ত্তমান। দুপ্‌দুপা। বিণ।

দুড়দুড়—দ্রুত পদসঞ্চার, মেঘধ্বনি, হৃৎস্পন্দন প্রভৃতির শব্দ। দেশজ। অব্য।

দুড়ুম—বন্দুক মারার শব্দ; ভারী জিনিস পড়ার শব্দ। দেশজ। অব্য।

দুণ্ডুভ—ঢোঁড়া সাপ। বি; পুং।

দুৎ, ধুৎ—দূর্, ধেৎ, লজ্জা বিরক্তি অসম্মতি অবজ্ঞা প্রভৃতি সূচক। দেশজ। অব্য।

দুত্তোর—বিরক্তিব্যঞ্জক শব্দ। দেশজ। অব্য।

দুদ্দাড়—বেগবাচক। দেশজ। অব্য।

দুদ, দুধ—'দুগ্ধ' শব্দজ (তাহা দ্রঃ)।

দুধতোলা—শিশুর দুগ্ধ বমন করা।

দুধকুসুম্ভা—দুধে গোলা সিদ্ধি বাটা। প্রাঃ কবিপ্র। বি।

দুধারী, দোধারী—দুইপার্শ্বস্থ, উভয় দিকের; দুই দিকে ধারযুক্ত (Double-edged). দুধার, দোধার+ঈ যুক্তার্থে। বিণ।

দুধাল, দুধল—দুগ্ধবতী, পয়স্বিনী। দুধ+আল, ল বিশিষ্টার্থে। বিণ।

দুন—বাদ্যের দ্রুত তাল, এক মাত্রার কালে দুই মাত্রা বাজান। 'দ্বিগুণ' শব্দজ। বি।

দুনা—ডবল, দ্বিগুণ। 'দ্বিগুণ' শব্দজ। বিণ।

দুনি—দ্রোণী, ডোঙ্গা, জলসেচনযন্ত্র। 'দ্রোণী' শব্দজ। বি।

দুনিয়া—পৃথিবী, জগৎ, বিশ্ব। ফার্সী। বি।

দুনিয়াদারী—সাংসারিক বুদ্ধি বা চাতুরী। ফার্সীমূলক। বি। বিণ, দুনিয়াদার।

দুনু, দুনো—দ্বিগুণ। বিণ।

দুন্দুভি—১। পাশক। বি; স্ত্রী। ২। বৃহৎ ঢক্কা, নাগরা; বরুণ; রাক্ষসবিশেষ। দুন্দ—উভ্+ইন্ কর্ত্তৃবা। বি; পুং।

দুপ্—পদশব্দ, (বারংবার হইলে) 'দুপ্‌দাপ্'। দেশজ। অব্য।

দুপর, দুপুর—দ্বিপ্রহর (বেলা বা রাত)। 'দ্বিপ্রহর' শব্দজ। বি বা বিণ।

দুপাটি—দুই পঙ্‌ক্তি, দুই সারি। দেশজ। বিণ। [শব্দ। দেশজ। অব্য।

দুপ্‌দাপ্—একসঙ্গে বহুলোকের পায়ের

দুফাল—ছিন্ন (বস্ত্রাদি); দুই ভাগে বিভক্ত। দেশজ। বিণ।

দুবরা, দুবলা—দুর্ব্বল, ক্ষীণ, কৃশ, কাহিল। প্রাঃ কবিপ্র। বিণ।

দুভাষী, দোভাষী—দুই ভাষা-ভাষী, যে দুই ভাষায় কথা বলিতে পারে, অনুবাদক (Interpreter). দুভাষা, দোভাষা+ঈ জ্ঞাতার্থে। বি।

দুম্—ভারী বস্তু পতনের শব্দ। দেশজ। অব্য।

দুমড়া, দোমড়া—বক্র, মোচড়া। দেশজ। বিণ।

দুমড়ান, দুমড়ন, দোমড়ান—বাঁকান, মোচড়ান; ভাঁজ করা, পাট করা। বাং ক্রি বা বিণ।

দুমনা, দোমনা—দ্বিমনাঃ, সংশয়াম্বিত, দ্বিধাযুক্ত। 'দ্বিমনাঃ' শব্দজ। বিণ।

দুমালা—দোমালা দ্রঃ।

দুমুখো—দুই মুখবিশিষ্ট। দুমুখ+ও (উয়া) যুক্তার্থে। বিণ। **দুমুখো সাপ**—দুই পক্ষেরই কপট বন্ধু।

দুমেটে, দোমেটে—(প্রতিমাগঠনে) দ্বিতীয়বার মাটির প্রলেপ বা তদ্‌যুক্ত। দুমাটি, দোমাটি+এ (ইয়া) বিশিষ্টার্থে। বি বা বিণ।

দুম্বা—চর্ব্বিযুক্ত মোটা লেজবিশিষ্ট একজাতীয় ভেড়া, গাড়ল। ফার্সী। বি।

দুয়া, দুয়ো—দুঃখিনী, দুর্ভাগা, স্বামীর অপ্রিয়া। 'দুর্ভাগা' শব্দজ। বিণ; স্ত্রী।

দুয়ানি, দোয়ানি—দুই আনা মূল্যের মুদ্রা। দু, দো আনা+ই মুদ্রার্থে। বি।

দুয়ার, দোর—দ্বার, দরজা। 'দ্বার' শব্দজ। বি।

দুয়ারী—দ্বারী, দ্বারবান্‌। কবিপ্র। বি।

দুয়ো—দুও দ্রঃ।

দুর্‌—দুঃ দ্রঃ।

দুরতিক্রম, –ক্রমণীয়—অলঙ্ঘ্য; দুর্লঙ্ঘ্য; দুর্জ্জয়; দুস্তর; অসাধ্য। দুর্‌—অতি—ক্রম্‌ (গমন)+খল্‌, অনীয় কর্ম্মবা। বিণ।

দুরত্যয়—দুর্বিনাশ্য; দুস্তর; দুরতিক্রম। দুর্‌ (দুঃখে) হয় অত্যয় (নাশ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –য়া।

দুরদুর—দ্রুতপদক্ষেপ, মেঘগর্জ্জন, হৃৎস্পন্দন প্রভৃতির শব্দ। পদ্যে 'দুরুদুরু' হয়। 'দুড়দুড়' এইরূপও হয়। দেশজ। অব্য।

দুরদৃষ্ট—১। দুর্ভাগ্য, পোড়া কপাল; পাপ। দুর্‌ (দুষ্ট) যে অদৃষ্ট (ভাগ্য), প্রাদিতৎ। বি; ক্লীব। ২। হতভাগা। দুর্‌ (দুষ্ট) হইয়াছে অদৃষ্ট যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ষ্টা।

দুরধিগম—যাহা অতি কষ্টে জানা যায় বা পাওয়া যায়; দুর্গম; দুষ্প্রাপ্য; দুর্জ্ঞেয়। দুর্‌ (দুঃখে) হয় অধিগম (প্রাপ্তি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –মা।

দুরধিগম্য—দুর্গম; দুর্জ্ঞেয়; দুষ্প্রাপ্য। দুর্‌—অধি—গম্‌+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, –ম্যা।

দুরন্ত—দুষ্টান্ত, দুষ্টাবসান; পরিশেষে ক্লেশকর; দুর্দান্ত, দুষ্ট, অবাধ্য; দুর্জ্জেয়; গভীর। দুর্‌ (দুষ্ট) হইয়াছে অন্ত (শেষ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ন্তা। [বিণ।

দুরন্তর—অতিশয় দুরন্ত। প্রাঃ কবিপ্র।

দুরন্বয়—১। বাক্যস্থিত শব্দের অসংলগ্ন বিন্যাস। দুঃ (মন্দ) অন্বয়, প্রাদিতৎ। বি; পুং। ২। দুর্ব্বোধ্য; অসংলগ্ন। দুঃ (মন্দ) অন্বয় যাহার, বহুব্রী। বিণ।

দুরপনেয়—দুর্মোচনীয়; যাহার অপনয়ন বা অপনোদন করা দুঃসাধ্য। দুর্‌—অপ—নী (লইয়া যাওয়া)+যৎ কর্ম্মবা। বিণ।

দুরবগম, –গম্য—দুর্জ্ঞেয়। দুর্‌—অব—গম্‌+খল, যৎ কর্ম্মবা। বিণ।

দুরবগাহ—দুর্জ্ঞেয়; দুর্ব্বোধ, জটিল; দুষ্প্রবেশ্য; দুরধিগম্য। দুর্‌ (দুঃখে) হয় অবগাহ (অন্তঃপ্রবেশ) যাহাতে, বহুব্রী। বিণ।

দুরবস্থ—মন্দ অবস্থাবিশিষ্ট; দুঃস্থ; দুর্দ্দশাগ্রস্ত। দুর্‌ (দুঃখজনক) হইয়াছে অবস্থা যাহার, বহুব্রী; অথবা, দুর্‌—অব—স্থা (থাকা)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, –স্থা।

দুরবস্থা—দুর্দ্দশা, ক্লেশকর অবস্থা, দৈন্য। দুর্‌ (নিন্দিতা) যে অবস্থা, প্রাদিতৎ। বি; স্ত্রী।

দুরবীন—দূরবীক্ষণ যন্ত্র (Telescope). 'দূরবীক্ষণ' শব্দজ। বি।

দুরভিসন্ধি—১। মন্দ অভিপ্রায়; দুষ্ট অভিসন্ধি। দুর্‌ (দুষ্ট) যে অভিসন্ধি, প্রাদিতৎ। বি; পুং। ২। মন্দ অভিপ্রায়বিশিষ্ট। দুর্‌ (দুষ্ট) হইয়াছে অভিসন্ধি যাহার, বহুব্রী। বিণ।

দুরমুশ—পথঘাট প্রভৃতি পিটিয়া সমতল করিবার মুষল বা পেঁটে। দেশজ। বি।

দুরস্ত, দোরস্ত—শুদ্ধ, ঠিক, খাঁটি, যথাযথ; শাসিত; চোস্ত, চৌরস, সমান; সংস্কৃত, পরিপাটী, সুশৃঙ্খল, সুব্যবস্থা। ফার্সী। বিণ।

দুরাকাঙ্ক্ষ—দুরাশাগ্রস্ত; অনুচিত উচ্চাভিলাষী, কিছুতেই যাহার আকাঙ্ক্ষার নিবৃত্তি হয় না এরূপ। দুর্‌ (নিন্দিত, অনুচিত) হইয়াছে আকাঙ্ক্ষা যাহার, বহুব্রী। বিণ।

দুরাকাঙ্ক্ষা—দুরাশা, দুষ্ট আকাঙ্ক্ষা, অনুচিত উচ্চাভিলাষ, দুষ্প্রাপ্য বস্তু লাভের

অভিলাষ। দুর্ (নিন্দিতা) যে আকাঙ্ক্ষা, প্রাদিতৎ। বি; স্ত্রী।

দুরাক্রম, —ক্রম্য—কষ্টে আক্রমণীয়, যাহা আক্রমণ করা দুঃসাধ্য। দুর্—আ—ক্রম্ (গমন করা)+খল্, ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, (২য় পক্ষে)—ম্যা।

দুরাচরণীয়—দুঃখে আচরণীয়, অতিক্লেশে অনুষ্ঠেয়। দুর্—আ—চর্+অনীয় কর্ম্মবা। বিণ।

দুরাচার—১। দুষ্ট আচার, দুর্ব্ব্যবহার, দুর্ব্বৃত্ততা। দুর্ (দুষ্ট) যে আচার, প্রাদিতৎ। বি; পুং। ২। দুষ্টাচারী, দুর্ব্ব্যবহারকারী, কদাচারী, দুর্ব্বৃত্ত। দুর্ (দুষ্ট) আচার (আচরণ) যাহার, বহুব্রী। বিণ।

দুরাত্মা (দুরাত্মন্)—দুষ্টস্বভাব; দুর্ব্বৃত্ত; দুষ্টচিত্ত, পাপাশয়; উৎপীড়ক; নির্দ্দয়। দুর্ (দুষ্ট) হইয়াছে আত্মা যাহার, বহুব্রী। বিণ।

দুরাধর্ষ—দুর্দ্দম্য, দুর্দ্ধর্ষণীয়; অক্ষোভ্য। দুর্—আ—ণিজন্ত ধৃষ্ বা ধর্ষি (প্রগল্ভ করা)+খল্ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —র্ষা।

দুরারোগ্য—যাহা সারান কঠিন ('—ব্যাধি')। দুঃসাধ্য আরোগ্য যাহার, বহুব্রী। বিণ।

দুরারোহ—অতি কষ্টে আরোহণ করা যায় যেখানে এরূপ; দুর্গম; অত্যুন্নত। দুর্—আ—রুহ্ (আরোহণ করা)+খল্ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —হা।

দুরালভা—আলকুশীলতা; স্বনামপ্রসিদ্ধ কণ্টক বৃক্ষ। দুর্—আ—লভ্+খল্ কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

দুরাশয়—১। মন্দ অভিপ্রায়যুক্ত, দুষ্টাভিপ্রায়, পাপাশয়, অসদুদ্দেশ্যযুক্ত; দুরাকাঙ্ক্ষ। দুর্ (দুষ্ট) হইয়াছে আশয় (অভিপ্রায়) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —য়া। ২। দুষ্ট অভিপ্রায়। দুর্ (দুষ্ট) যে আশয়, প্রাদিতৎ। বি; পুং।

দুরাশা—দুরাকাঙ্ক্ষা, দুষ্ট বাসনা। দুর্ (নিন্দিতা) যে আশা, প্রাদিতৎ। বি; স্ত্রী।

দুরাসদ—দুর্দ্ধর্ষ; দুঃসহ; দুষ্প্রাপ্য; দুরধিগম। দুর্—আ—সদ্+খল্ কর্ম্মবা। বিণ।

দুরি—দুই ফোঁটা চিহ্নিত তাস। দেশজ। বি।

দুরিত—১। পাপ; অনিষ্ট। দুর্—ই+ক্ত ভাববা। বি; ক্লীব। ২। পাপিষ্ঠ। দুর্—ই+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

দুরুক্ত, দুরুক্তি—দুর্ব্বাক্য, মন্দকথা, গালি। দুর্ (নিন্দিত) যে উক্ত বা উক্তি (বাক্য), প্রাদিতৎ। বি; ক্লীব, স্ত্রী।

দুরুচ্চার, দুরুচ্চার্য্য(র্য)—দুঃখে উচ্চারণসাধ্য, যাহার উচ্চারণ দুষ্কর; মুখে আনিবার অযোগ্য, অকথ্য। দুর্ (দুঃখে) হয় উচ্চার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —রা, —র্য্যা।

দুরুত্তর—১। মন্দ উত্তর, দুষ্ট উত্তর। দুর্ (নিন্দিত) যে উত্তর, প্রাদিতৎ। বি; ক্লীব। ২। দুস্তর, যাহা অতি কষ্টে পার হওয়া যায় এরূপ। দুর্—উৎ—তৃ (উত্তীর্ণ হওয়া)+খল্ কর্ম্মবা। বিণ।

দুরুদুরু—দুরদুর, বক্ষঃস্পন্দন, দ্রুতগমন, মেঘধ্বনি প্রভৃতির শব্দ। দেশজ। অব্য।

দুরূহ—দুস্তর্ক্য; দুর্জ্ঞেয়; দুর্ব্বোধ, কঠিন। দুর্—উহ্ (তর্ক করা)+খল্ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —হা। বি, —হত্ব।

দুর্গ—১। অগম্য, দুর্গম। দুর্—গম্ (গমন করা)+ড কর্ম্মবা। বিণ। ২। গড়, কেল্লা [দুর্গ ৬ প্রকার; যথা—ধন্বদুর্গ, মহীদুর্গ, গিরিদুর্গ, মনুষ্যদুর্গ, মৃদ্দুর্গ ও বনদুর্গ]। বি; ক্লীব। ৩। অসুরবিশেষ, এই অসুর দুর্গা কর্ত্তৃক হত হয়; মহাবিঘ্ন, ভববন্ধ, কুকর্ম্ম, শোক, দুঃখ, নরক, যমদণ্ড, জন্ম, মহাভয়, অতিরোগ। বি; পুং। [বিণ।

দুর্গকারক—দুর্গকর্ত্তা, দুর্গনির্ম্মাতা। ৬ষ্ঠীতৎ।

দুর্গত—দুর্দ্দশাগ্রস্ত; দুঃখী, দরিদ্র। দুর্—গম্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

দুর্গতি—দুরবস্থা, দুর্দ্দশা; খোয়ার; দারিদ্র্য; নরক। দুর্ (নিন্দিতা) যে গতি, প্রাদিতৎ। বি; স্ত্রী।

দুর্গন্ধ—১। দুষ্টগন্ধ, পূতিগন্ধ, খারাপ গন্ধ।

দুর্ (মন্দ) যে গন্ধ, প্রাদিতৎ। বি ; পুং। ২। পূতিগন্ধবিশিষ্ট। দুর্ (দুষ্ট) হইয়াছে গন্ধ যাহার, বহুব্রী। বিণ।

দুর্গ ন্ধী (দুর্গন্ধিন্)—পূতিগন্ধবিশিষ্ট, ক্লেশজনক গন্ধযুক্ত। দুর্গন্ধ শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ।

দুর্গ পতি—দুর্গরক্ষক। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দুর্গ ম—অতিকষ্টে গমন করা যায় যেখানে এরূপ, দুষ্প্রবেশ ; দুষ্প্রাপ্য ; দুর্লভ ; দুর্বোধ। দুর্—গম্ (গমন করা)+খল্ কর্ম্মবা। বিণ।

দুর্গ া—১। অগম্যা, দুষ্প্রাপ্যা। দুর্গ+আপ্। বিণ ; স্ত্রী। ২। মহাদেবী, পরমা প্রকৃতি, হরমহিষী। দুর্—গৈ+খল্ কর্ম্মবা+আপ্। বি ; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দুর্গ াধ্যক্ষ—দুর্গরক্ষক। দুর্গের অধ্যক্ষ,

দুর্গ াপূজা—দুর্গাদেবীর আরাধনা, শরৎকালীন মহাপূজা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

দুর্গে শ—১। দুর্গাধিপতি। দুর্গের ঈশ (প্রভু), ৬ষ্ঠীতৎ। ২। শিব। দুর্গার ঈশ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দুর্গো ৎসব—দুর্গাদেবীর পূজার জন্য উৎসব, দুর্গাপূজায় আমোদ। দুর্গার উৎসব, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দুর্গ্র হ—১। দুঃখে গ্রহণীয় ; কষ্টে জ্ঞাতব্য। দুর্—গ্রহ্ (গ্রহণ ও জ্ঞান)+খল্ কর্ম্মবা। বিণ। ২। দুষ্ট গ্রহ। দুর্ (দুষ্ট) যে গ্রহ, প্রাদিতৎ। বি ; পুং।

দুর্ঘট—যাহা অতি কষ্টে ঘটে এরূপ, দুঃসাধ্য। দুর্—ঘট্ (সঙ্ঘটন)+অচ্ কর্তৃবা। বিণ।

দুর্ঘটনা—অশুভ ঘটনা, আকস্মিক বিপৎপাত। দুর্ (নিন্দিতা) যে ঘটনা, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

দুর্জ্জ(র্জ)ন—দুষ্টলোক ; খল, ক্রূর, নিষ্ঠুর ব্যক্তি। দুর্ (দুষ্ট) যে জন, প্রাদিতৎ। বি ; পুং।

দুর্জ্জ(র্জ)য়—যাহা বা যাহাকে জয় করা দুঃসাধ্য, অজেয় ; দুর্দ্দমনীয়। দুর্—জি (জয় করা)+খল্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

দুর্জ্ঞে য়—দুঃখে জ্ঞাতব্য ; যাহা জানা বড়ই কঠিন। দুর্—জ্ঞা (জানা)+যৎ কর্ম্মবা। বিণ।

দুর্দ্দ(র্দ)ম—যাহাকে দমন করা কষ্টসাধ্য, দুর্জ্জয়, দুর্দ্দমনীয়। দুর্—দম্+খল্ কর্ম্মবা। বিণ।

দুর্দ্দ(র্দ)মনীয়, —ম্য—অশাসনীয় ; যাহা বা যাহাকে দমন করা দুঃসাধ্য, দুর্দ্দান্ত, দুর্জ্জয় ; অশান্ত, দুরন্ত। দুর্—দম্ (দমন করা)+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —য়া, —ম্যা।

দুর্দ্দ(র্দ)শা—দুর্গতি, দুরবস্থা ; কষ্ট। দুর্ (নিন্দিতা) যে দশা, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

দুর্দ্দা(র্দা)ন্ত—দুর্দ্দমনীয়, অশান্ত, দুরন্ত। দুর্—দম্ (দমন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

দুর্দ্দি(র্দি)ন—বিপৎপূর্ণ দিন ; মেঘাচ্ছন্ন দিন ; বর্ষণ, বাদল। দুর্ (দুঃখজনক) যে দিন, প্রাদিতৎ। বি ; ক্লীব।

দুর্দ্দৈ(র্দৈ)ব—১। দুরদৃষ্ট, দুর্ভাগ্য ; দুর্ঘটনা। দুর্ (দুষ্ট) দৈব (অদৃষ্ট), নিত্য। ২। পাপ। দুর্ (দুষ্ট) হয় দৈব যাহা হইতে, বহুব্রী। বি ; ক্লীব।

দুর্দ্ধ(র্ধ)র—দুর্দ্ধর্ষ ; দুর্ধার্য্য ; দুঃসহ। দুর্—ধৃ (ধারণ করা)+খল্ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —রা।

দুর্দ্ধ(র্ধ)র্ষ—অতি প্রবলপরাক্রান্ত, অধর্ষণীয়, যাহার কোনরূপ অবমাননাদি করিতে পারা যায় না ; অক্ষোভ্য। দুর্—ধৃষ্ (প্রগল্ভ করা)+খল্ কর্ম্মবা। বিণ।

দুর্না ম—অখ্যাতি, নিন্দা ; অর্শোরোগ। দুর্ (নিন্দিত) যে নাম, প্রাদিতৎ। বি ; ক্লীব।

দুর্নিবার—অনিবার্য্য ; অনিবারণীয় ; যাহা নিবারণ করা দুঃসাধ্য এরূপ। দুর্—নি—ণিজন্ত বৃ (=বারি)+খল্ কর্ম্মবা। বিণ।

দুর্নিমিত্ত—অমঙ্গলসূচক লক্ষণ, অমঙ্গলের চিহ্ন। দুর্ (দুষ্ট) যে নিমিত্ত (চিহ্ন), প্রাদিতৎ। বি ; ক্লীব।

দুর্নিরীক্ষ্য—যাহার দিকে দৃষ্টিপাত করা

ধ্য এরূপ, দুর্দর্শ। দুর্‌—নির্‌—ঈক্ষ্‌
া)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

তি—দুষ্টনীতি, মন্দ আচরণ, কুরীতি।
নিন্দিতা) যে নীতি, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

তিপরায়ণ—দুরাত্মা ; মন্দনীতিতে
ক্ত, কুরীতিতে আসক্ত। দুর্নীতি পর
) অয়ন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,
। বি,—ণতা।

র্ব)ৎসর—মন্দ বৎসর, যে বৎে
দি প্রচুর পরিমাণে জন্মে না, যে বৎসর
প্রকারে কষ্ট ভোগ করিতে হয়। দুর্
) বৎসর, প্রাদিতৎ। বি ; পুং।

র্ব)ল—শক্তিশূন্য, বলহীন ; জীর্ণ ;
; কৃশ, ক্ষীণ। দুর্ (হীন) হইয়াছে বল
) যাহার, বহুব্রী। বিণ। বি,—তা।

র্ব)হ—অতি কষ্টে বহনযোগ্য, যাহা
দুঃখে বহন করা যায় এরূপ, অতি
; দুঃসহ। দুর্‌—বহ্‌ (বহন করা)+খল্‌
। বিণ। স্ত্রী,—হা।

(র্বা)ক্য—মন্দ বাক্য, কটু কথা, অপ্রিয়
; অশ্লীল বাক্য, গালি। দুর্ (নিন্দিত)
ক্য, প্রাদিতৎ। বি ; ক্লীব।

(র্বা)চ্য—১। অতিকষ্টে কথনীয়,
চ্য ; অকথ্য। বিণ। স্ত্রী,—চ্যা। ২।
ক্য। প্রাদিতৎ। বি ; ক্লীব।

(র্বা)র—যাহা অতি দুঃখে নিবারণ
যায় এরূপ, অনিবারণীয়, অনিবার্য্য।
ণিজন্ত বৃ (=বারি)+খল্‌ কর্ম্মবা।
।

(র্বা)সাঃ (—সস্‌)—১। কুৎসিত
স্ত্রী। দুর্ (নিন্দিত) হইয়াছে বাসঃ
ৎ বস্ত্র) যাহার, বহুব্রী। বিণ। ২।
মহাক্রোধী মুনি। মহর্ষি অত্রির ঔরসে
য়ার গর্ভে ইঁহার জন্ম হয়। বি।

(র্বি)নীত—উদ্ধত, অবিনয়ী, মন্দ-
রী। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—তা।

(র্বি)পাক—১। দুর্ঘটনা ; মন্দ
ম। দুর্ (নিন্দিত) যে বিপাক,
প্রাদিতৎ। বি ; পুং। ২। মন্দপরিণামযুক্ত।
দুর্ (দুষ্ট) হইয়াছে বিপাক (পরিণাম)
যাহার, বহুব্রী। বিণ।

দুর্ব্বি(র্বি)ষহ—অতি অসহ্য ; দুর্ব্বহ।
দুর্‌—বি—সহ্‌ (সহ্য করা)+খল্‌ কর্ম্মবা।
বিণ।

দুর্ব্বু(র্বু)দ্ধি—১। দুরভিসন্ধিবিশিষ্ট ; দুর্ম্মতি,
কুবুদ্ধিশালী। দুর (দুষ্টা) হইয়াছে বুদ্ধি
যাহার, বহুব্রী। বিণ। ২। কুবুদ্ধি ; দুষ্ট মতি।
দুর্ (দুষ্টা) যে বুদ্ধি, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

দুর্ব্বৃ(র্বৃ)ত্ত—দুরাত্মা ; দুশ্চরিত্র ; উদ্ধত ;
অশিষ্ট ; ধূর্ত্ত। দুর্ (নিন্দিত বা দুষ্ট) হইয়াছে
বৃত্ত (চরিত্র) যাহার, বহুব্রী। বিণ।

দুর্ব্বো(র্বো)ধ, দুর্ব্বো(র্বো)ধ্য—যাহা
সহজে বোধগম্য করা অর্থাৎ বুঝা দুঃসাধ্য
এরূপ ; কঠিন, দুর্জ্ঞেয়। দুর্‌—বুধ্‌+খল্‌
কর্ম্মবা। বিণ।

দুর্ব্ব্য(র্ব্য)বহার—অসৎ বা অভদ্র
আচরণ, অসদাচরণ। কর্ম্মধা। বি ; পুং।

দুর্ভগ—দুরদৃষ্ট, ভাগ্যহীন, হতভাগ্য। দুর্
(দুষ্ট) হইয়াছে ভগ (ভাগ্য) যাহার, বহুব্রী।
বিণ। স্ত্রী,—গা।

দুর্ভর—দুর্ব্বহ, গুরু, ভারী ; দুঃসহ ;
অসহনীয়। দুর্‌—ভৃ+খল্‌ কর্ম্মবা। বিণ।

দুর্ভাগ্য—১। দুরদৃষ্ট, মন্দ কপাল ; পাপ।
দুর্ (মন্দ) যে ভাগ্য, প্রাদিতৎ। বি ; ক্লীব।
২। হতভাগ্য, মন্দভাগ্য, দুরদৃষ্ট। দুর্ (দুষ্ট)
হইয়াছে ভাগ্য যাহার, বহুব্রী। বিণ।

দুর্ভাবনা—দুশ্চিন্তা, উদ্বেগ, উৎকণ্ঠা। দুর্
(দুঃখজনিকা) যে ভাবনা, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

দুর্ভিক্ষ—ভিক্ষাভাব, দেশে ভিক্ষার অভাব,
অকাল, অন্নকষ্ট। ভিক্ষার দুর্ (হীনতা বা
অভাব), অব্যয়ী। বি ; ক্লীব।

দুর্ভেদ্য—অতি কষ্টে ভেদনীয়, অভেদনীয় ;
অতিশয় কঠিন। দুর্‌—ভিদ্‌ (ভেদ করা)+
ণ্যৎ কর্ম্মবা ; অথবা দুঃখে ভেদ্য, প্রাদিতৎ।
বিণ। বি, দুর্ভেদ্যতা।

দুর্ম্ম(র্ম)তি—১। দুর্ব্বুদ্ধি, কুমতিশালী। দুর্

(দুষ্টা) মতি (বুদ্ধি) যাহার, বহুব্রী। বিণ। ২। দুষ্টা বুদ্ধি। দুর্ (দুষ্টা) যে মতি, প্রাদিতৎ। বি; স্ত্রী।

দুর্ম্ম(র্ম)দ—১। উন্মত্ত; দুর্দ্ধর্ষ। দুর্—মদ্+অচ্ কর্ত্তৃবা। বিণ; ত্রি। স্ত্রী,—দা। ২। ধৃতরাষ্ট্রের অন্যতম পুত্র; রাধিকার দেবর। বি; পুং।

দুর্ম্মনাঃ (দুর্ম্মনস্), দুর্ম্মনা—দুঃখিত-চিত্ত; উদ্বিগ্নমনাঃ, চিন্তাযুক্ত। দুর্ (দুঃখিত) হইয়াছে মনঃ (মনস্) যাহার, বহুব্রী। বিণ।

দুর্ম্ম(র্ম)নায়মান—দুর্ভাবনাপীড়িত; উদ্বিগ্ন-চিত্ত; দুশ্চিন্তাগ্রস্ত। দুর্ম্মনস্ শব্দ+ক্যচ্=দুর্ম্মনায় (নামধাতু), তদুত্তরে শানচ্ কর্ত্তৃবা। বিণ। [তৎ। বি; পুং।

দুর্ম্মন্ত্রী—দুষ্ট মন্ত্রী, কুপরামর্শদাতা। প্রাদি-

দুর্ম্মা(র্মা)—নেয়াপাতি ও ঝুনা এই দুয়ের মধ্যবর্ত্তী নারিকেল, দোমালা নারিকেল; তরকারিবিশেষ। প্রাদে। বি।

দুর্ম্মু(র্মু)খ—১। অপ্রিয়বাদী; মন্দমুখ, কটুভাষী। বিণ। স্ত্রী,—খা,—খী। ২। অযোধ্যাপতি রামচন্দ্রের গুপ্তচরবিশেষ (কৃত্তিবাসী রামায়ণ মতে)। দুর্ (মন্দ) হইয়াছে মুখ (মুখনিঃসৃত বাক্য) যাহার, বহুব্রী। বি; পুং।

দুর্ম্মূ(র্মূ)ল্য—মহার্ঘ, মহামূল্য; অক্রেয়। দুর্ (অনুচিত, অতিরিক্ত) হইয়াছে মূল্য যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ল্যা।

দুর্ম্মেধাঃ (—ধস্), দুর্ম্মেধা—দুর্ব্বুদ্ধি, মন্দধী, যাহার মেধা বা স্মৃতিশক্তি মন্দ। বহুব্রী। বিণ।

দুর্য্যো(র্যো)গ—দুঃখকর যোগ; দুর্দিন। দুর্ (দুঃখজনক) যে যোগ, প্রাদিতৎ। বি; পুং।

দুর্য্যো(র্যো)ধন—১। অতি দুঃখে যোধনীয়, দুর্ব্বোধ। দুর্—যুধ্ (যুদ্ধ করা)+অন কর্ম্মবা। বিণ। ২। অন্ধরাজ ধৃতরাষ্ট্রের ঔরসজাত পুত্রগণের মধ্যে সর্ব্বজ্যেষ্ঠ। বি; পুং।

দুর্লক্ষণ—মন্দ লক্ষণ, অশুভ চিহ্ন বা নিদর্শন। দুর্ (দুষ্ট) লক্ষণ, প্রাদিতৎ। বি; ক্লীব।

দুর্লক্ষ্য—অতি কষ্টে দর্শনীয়, দুর্নিরীক্ষ্য, অদৃশ্য। দুর্—লক্ষ্ (চিহ্ন করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

দুর্লঙ্ঘ্য(ংঘ্য)—অতি কষ্টে লঙ্ঘনীয়, দুরতিক্রম্য, অলঙ্ঘ্য। দুর্—লঙ্ঘ্ (লঙ্ঘন করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ঙ্ঘ্যা।

দুর্লভ—দুষ্প্রাপ্য; বহুমূল্য, দুর্ম্মূল্য, বিরল। দুর্—লভ্ (লাভ করা)+খল্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ভা।

দুর্ললিত—দুষ্ট চেষ্টাযুক্ত; অতিরিক্ত প্রশ্রয়-প্রাপ্ত; আবদেরে। দুর্ (দুষ্ট) ললিত (চেষ্টা) যাহার, বহুব্রী। বিণ।

দুল—নিম্নকর্ণের দোদুল্যমান আভরণ; আল-বাল, বাঁধ। দেশজ। বি।

দুলকি—ঘোড়ার চালবিশেষ, যে চালে সওয়ারীর সর্ব্বাঙ্গ আন্দোলিত হইতে থাকে। দেশজ। বি।

দুলদুল—মোহম্মদকর্ত্তৃক স্বীয় জামাতা আলীকে প্রদত্ত ঘোটকের নাম। আর্বী। বি।

দুলহ—দুর্লভ। প্রাঃ কবিপ্র। বিণ।

দুলা, দোলা—আন্দোলিত হওয়া, দোদুল্য-মান হওয়া, ঝুলা। বাং ক্রি।

দুলান, দোলান—আন্দোলিত করা, দোল দেওয়া। বাং ক্রি।

দুলারি, দুলারী—দুলালী, আদরিণী, আদুরী. আদরিণী কন্যা। দেশজ। বি বা বিণ; স্ত্রী।

দুলাল—১। আদুরে; প্রিয়। বিণ। ২। প্রণয়, প্রেম; আদরের ছেলে। দেশজ। বি।

দুলালি, দুলালিয়া, দুলালী—আদরিণী, সোহাগী, আদরিণী কন্যা। দেশজ। বি বা বিণ; স্ত্রী।

দুলিচা—ছোট গালিচা; একরকম আসন। দেশজ। বি।

দুলিত—চঞ্চল। প্রাঃ কবিপ্র। বিণ।

দুলিয়া (দুলিয়া), দুলে (দুলে)—শিবিকাবাহক সঙ্করজাতিবিশেষ। দোলা+ইয়া, এ বাহকার্থে। বি।

দুশমন—শত্রু, বৈরী, বিপক্ষ। ফার্সী। বি।

দুশ্চর—অতি দুঃখে বা কষ্টে আচরণীয়। দুর্—চর্ (আচরণ করা, গমন করা)+খল্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—রা।

দুশ্চরিত, দুশ্চরিত্র—১। অসচ্চরিত্র, কুস্বভাবাপন্ন, কুব্যবহারী; দুর্ (দুষ্ট) চরিত, চরিত্র যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা, —ত্রা। ২। কুভাব, মন্দ প্রকৃতি। দুর্ (মন্দ) যে চরিত, চরিত্র, প্রাদিতৎ। বি; ক্লীব।

দুশ্চিকিৎস্য—দুরারোগ্য, দুর্নিবার, দুরপনেয় (রোগ)। দুর্—চিকিৎস+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

দুশ্চিন্তা—অশুভ ভাবনা, অমঙ্গল চিন্তা। দুর্ (দুষ্টা) যে চিন্তা, প্রাদিতৎ। বি; স্ত্রী।

দুশ্ছেদ্য—দুঃখে ছেদনীয়, যাহা ছেদন করা কঠিন। দুর্—ছিদ্ (ছেদন করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী—দ্যা।

দুষমন—দুশমন দ্রঃ। [বাং ক্রি।

দুষা, দূষা—দোষ দেওয়া, অপরাধী করা।

দুষ্কর—অতি কষ্টে করণীয়, কষ্টসাধ্য; কঠোর; দুঃসাধ্য, কঠিন। দুর্—কৃ (করা)+খল্ কর্ম্মবা। বিণ।

দুষ্কর্ম্ম(র্ম)—মন্দ কর্ম্ম, পাপ, দুরাচার। দুর্ (নিন্দিত) যে কর্ম্ম, প্রাদিতৎ। বি; ক্লীব।

দুষ্কর্ম্মা(র্মা) (দুষ্কর্ম্মন্)—পাপী; দুষ্ক্রিয়ান্বিত। দুর্ (দুষ্ট) কর্ম্ম যাহার, বহুব্রী। বিণ।

দুষ্কুল—১। অসৎকুল, নীচবংশ। প্রাদিতৎ। বি; ক্লীব। ২। নীচ কুলে জাত। বহুব্রী। বিণ।

দুষ্কৃত—১। দুষ্কর্ম্ম, অসৎকার্য্য, দুরাচার, পাপ। দুর্ (নিন্দিত) যে কৃত, প্রাদিতৎ। বি; ক্লীব। ২। দুঃখে বা অন্যায়ে কৃত। দুর্—কৃ (করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

দুষ্কৃতি—দুষ্কর্ম্ম, অসৎকার্য্য, পাপ; দুর্ভাগ্য। দুর্ (নিন্দিতা) যে কৃতি, প্রাদিতৎ। বি; স্ত্রী।

দুষ্কৃতী—পাপী, কুকর্ম্মী। দুষ্কৃত+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী,—তিনী।

দুষ্ক্রিয়—অপরাধী; নিন্দিতকর্ম্মা। দুঃ (মন্দ) ক্রিয়া যাহার, বহুব্রী। বিণ।

দুষ্ক্রিয়া—মন্দকার্য্য, কুকর্ম্ম। দুর্ (দুষ্টা) ক্রিয়া, প্রাদিতৎ। বি; স্ত্রী।

দুষ্ক্রিয়ান্বিত—অসৎকার্য্যকারী। দুষ্ক্রিয়া দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ।

দুষ্ট—দুর্বৃত্ত, দুর্জ্জন; দোষযুক্ত; অধার্ম্মিক; অধম; অশুভ, অশান্ত, দুরন্ত, 'দুষ্টু'। দুষ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, দুষ্টা।

দুষ্টব্রণ—যে ব্রণের পরিণাম ফল অশুভ। নিত্য। বি; পুং বা ক্লীব।

দুষ্টা—নষ্টা, ব্যভিচারিণী। দুষ্ট+আপ্। বিণ; স্ত্রী।

দুষ্টামি, দুষ্টুমি—দুরন্তপনা, বজ্জাতি; দুষ্টতা। দুষ্টু+আমি, মি ভাবে। বি।

দুষ্টাশয়—১। খারাপ মতলব। দুষ্ট আশয়, কর্ম্মধা। বি; পুং। ২। দুর্ব্বৃত্ত; মন্দ স্বভাব-বিশিষ্ট। দুষ্ট আশয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া [বি; স্ত্রী।

দুষ্টি—বিকৃতি, দোষ। দুষ্+ক্তি ভাববা।

দুষ্টু—দুরন্ত, দস্যি, দুষ্ট; অশান্ত। 'দুষ্ট' শব্দজ। আদরার্থে। বিণ। [বিণ।

দুষ্পচ—দুষ্পাচ্য। দুর্—পচ্+খল্ কর্ম্মবা।

দুষ্পরিহর—দুস্ত্যজ, যাহার ত্যাগ দুঃসাধ্য। দুর্—পরি—হৃ+খল্ কর্ম্মবা। বিণ।

দুষ্পর্শ—যাহাকে স্পর্শ করা দুঃসাধ্য। দুর্—স্পৃশ্+খল্ কর্ম্মবা। বিণ।

দুষ্পাচ্য—গুরুপাক, যাহা সহজে জীর্ণ হয় না। দুর্—পচ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

দুষ্প্রবৃত্তি—দুষ্টপ্রবৃত্তি, অসৎ বিষয়ে অভিলাষ। দুর্ (নিন্দিতা) যে প্রবৃত্তি, প্রাদিতৎ। বি; স্ত্রী।

দুষ্প্রবেশ—যাহাতে প্রবেশ করা দুঃসাধ্য এরূপ; দুর্গম। দুর্ (দুঃখে) প্রবেশ করা যায় যাহাতে, উপতৎ। দুর্—প্র—বিশ্+খল্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—শা।

দুষ্প্রাপ, দুষ্প্রাপ্য—কষ্টলভ্য, দুর্লভ। দু—প্র—আপ্ (পাওয়া)+খল্, ণ্যৎ কর্ম্মবা। বিণ।

দুষ্মন্ত, দুষ্যন্ত—চন্দ্রবংশীয় এক বিখ্যাত

রাজা, শকুন্তলার স্বামী এবং মহারাজ ভরতের জনক। বি; পুং।

দুসরা—অন্য, ভিন্ন। হিন্দী। বিণ।

দুসুতি, দোসূতি—ডবল সূতা দিয়া বোনা কাপড়, মোটা কাপড়। দেশজ। বি।

দুস্তর—যাহা পার হওয়া কঠিন এরূপ, অপার; দুরতিক্রম্য। দুর্—তৃ (পার হওয়া)+খল্ কর্ম্মবা। বিণ।

দুস্থ—দুঃস্থ দ্রঃ।

দুহা—দোহন করা। বাং ক্রি।

দুহা, দুহঁা—দুই, উভয়। প্রাঃ কবিপ্র। সর্ব্ব। বিণ। [সর্ব্ব।

দুহাকার—দুজনের, উভয়ের। প্রাঃ কবিপ্র।

দুহাতিয়া—দুই হাতযুক্ত, দুই হাতে কৃত। প্রাঃ কবিপ্র। বিণ।

দুস্থিত—দুঃস্থিত (তাহা দ্রঃ)।

দুহিতা (দুহিতৃ)—কন্যা, পুত্রী, তনয়া। দুহ্ (দোহন করা)+তৃচ্ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

দুহু, দুহুঁ—দুইজন; উভয়ে। প্রাঃ কবিপ্র। বি।

দুহে—১। দোহন করে। বাং ক্রি। ২। দুইজনে, উভয়ে। প্রাঃ কবিপ্র। বি।

দুহ্যমান—যাহাকে দোহন করা হইতেছে এরূপ। দুহ্+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না। [কর্তৃবা। বি; পুং।

দূত—সংবাদবাহক, বার্ত্তাবহ; চর। দু+ক্ত

দূতাবাস—রাজদূতের বাসস্থান ও আফিস। দূতের আবাস, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দূতি, দূতী—বার্ত্তাবাহিনী; কুট্টনী, যে নারী নায়ক ও নায়িকার মধ্যবর্ত্তিনী হইয়া উভয়ের সংযোগ করিয়া দেয়। দূ+ক্তিচ্ কর্তৃবা, বিকল্পে স্ত্রীলিঙ্গে ঙীপ্। বি; স্ত্রী।

দূর—১। দূরব্যাপী; অসন্নিকৃষ্ট; অগোচর; অত্যন্ত দীর্ঘ; বহিষ্কৃত, বিতাড়িত; দূরীভূত, অপগত। বিণ। ২। অন্তর, ব্যবধান, দূরত্ব। দুর্—রা (দান বা আদান করা)+ক কর্তৃবা, অথবা দু (দুঃখ)—রা (দান করা)+ক কর্তৃবা। বি; ক্লীব।

দূরগ, দূরগামী (-মিন্)—দূরে গমনকারী। উপতৎ। দূর—গম্+ড, ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—গা,—মিনী।

দূরতা, দূরত্ব—অনৈকট্য, ব্যবধান, দূরাবস্থান। দূর+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লীব।

দূরদর্শন—১। দূরে থাকিয়া দেখা। দূর হইতে দর্শন, ৫মীতৎ। ২। দূরবীক্ষণ যন্ত্র। দূর হইতে দর্শন হয় যদ্দারা, বহুব্রী। বি; ক্লীব। ৩। পণ্ডিত। দূর শব্দ—দৃশ্ (দেখা, জানা)+অন কর্তৃবা। বি; পুং।

দূরদর্শী (-দর্শিন্)—পরিণামদর্শী, ভবিষ্যৎ বুঝিয়া কার্য্যাবধারণে সমর্থ; বিজ্ঞ, পণ্ডিত। দূর—দৃশ্ (দেখা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্শিনী। বি,—দর্শিতা।

দূরদূর—বিতাড়নসূচক উক্তি, দূর হ। বাং প্রঃ। অব্য।

দূরদৃষ্টি—পরিণামবিষয়ে সতর্কতা, বিচক্ষণতা; দূরব্যাপী দৃষ্টি। কর্ম্মধা। বি; স্ত্রী।

দূরপ্রসারী (-রিন্)—দূরগামী, যাহা দূর পর্য্যন্ত ব্যাপ্ত হয়। উপতৎ। দূর—প্র—সৃ +ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

দূরবর্ত্তি(র্তি)তা—দূরস্থতা, দূরে অবস্থান। দূরবর্ত্তিন্ শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

দূরবর্ত্তী (-র্ত্তিন্), -বর্ত্তী—দূরস্থিত। দূর শব্দ—বৃত্ (থাকা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিনী।

দূরবীক্ষণ—যে যন্ত্র দ্বারা দূরের বস্তু বড় দেখা যায়, দূরবীণ যন্ত্র। দূর দ্রঃ। দূর শব্দ—বি—ঈক্ষ্ (দেখা)+অনট্ করণবা। বি; ক্লীব।

দূরবীণ—দূরবীক্ষণ যন্ত্র। 'দূরবীক্ষণ' শব্দজ। বি।

দূরব্যাপী (-ব্যাপিন্)—বহুদূরবিস্তৃত, বহুদূরবিসারী। উপতৎ। দূর—বি—আপ্ +ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—পিনী।

দূরশ্রবণ-যন্ত্র—একপ্রকার যন্ত্র, 'টেলিফোন'; এই যন্ত্রের সাহায্যে দূরের শব্দ স্পষ্ট শুনা যায় এবং দূরবর্ত্তী স্থানে বসিয়া পরস্পর

কথোপকথন চলে। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

দূরস্থ, দূরস্থিত—দূরবর্ত্তী। দূর শব্দ—স্থা (থাকা)+ক কর্ত্তৃবা, ২য় পক্ষে ৭মীতৎ। বিণ।

দূরহি—দূরে। প্রাঃ কবিপ্র। বি।

দূরাগত—যাহা দূর হইতে আসিয়াছে। ৫মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

দূরীকরণ—অপসরণ, দূর করিয়া দেওয়া। দূর শব্দ+অভূততদ্ভাবার্থে চ্বি—কৃ (করা) +অনট্ ভাববা। বি ; ক্লীব।

দূরীকৃত—যাহাকে দূর করা হইয়াছে এরূপ। দূর শব্দ+চ্বি অভূততদ্ভাবার্থে—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

দূরীভূত—যে দূর হইয়াছে এরূপ ; দূরবর্ত্তী। দূর শব্দ+অভূততদ্ভাবার্থে চ্বি—ভূ (হওয়া) +ক্ত কর্ত্তৃবা। বিণ।

দূরেক্ষণ—বেতার-যন্ত্রের সাহায্যে দূরবর্ত্তী দৃষ্টির অগোচর বস্তুকে দেখা (Television). দূরের ঈক্ষণ, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

দূর্ব্বা—স্বনামখ্যাত প্রসিদ্ধ তৃণ। দূর্ব্ব্ (বধ করা)+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

দূর্ব্বাষ্টমী—ভাদ্রমাসীয় শুক্লাষ্টমী। বি ; স্ত্রী।

দূষক—দূষয়িতা, দোষ ধরে যে এরূপ, দোষারোপকারী ; অপবাদক, নিন্দক। ণিজন্ত দূষ্ (=দূষি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ষিকা।

দূষণ—১। দোষ হওয়া ; দোষ। ণিজন্ত দূষ্ বা দূষি (দোষ ধরা)+অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। দূষয়িতা, দূষক। দূষি+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ণা। ৩। রাক্ষস-বিশেষ, রাবণের অনুচর। বি ; পুং।

দূষণীয়—দুষ্ট ; নিন্দনীয়। ণিজন্ত দূষ্ (দোষ দেওয়া)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

দূষয়িতা (**দূষয়িতৃ**)—দূষক (সকল অর্থে)। ণিজন্ত দূষ্ (দোষ দেওয়া)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

দূষা—দুষা দ্রঃ।

দূষিকা—নেত্রমল, চক্ষের পিঁচুটি। বি ; স্ত্রী।

দূষিত—উপহত ; কলুষিত ; দোষযুক্ত ; দোষ-প্রাপ্ত, নিন্দিত। ণিজন্ত দূষ্ (দোষ দেওয়া) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

দূষ্য—দূষণীয় ; নিন্দনীয় ; ত্যাগযোগ্য। ণিজন্ত দূষ্ (দোষ দেওয়া)+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, দূষ্যা।

দৃক্ (দৃশ্)—১। দর্শন, দৃষ্টি ; জ্ঞান। দৃশ্ +ক্বিপ্ ভাববা। ২। নেত্র, চক্ষুঃ। দৃশ্+ ক্বিপ্ করণবা। বি ; স্ত্রী। ৩। (সমাসের শেষে) দর্শক ; সদৃশ (যেমন—ঈদৃক্, তাদৃক্)। দৃশ্+ক্বিপ্ কর্ত্তৃবা, কর্ম্ম-কর্ত্তৃবা। বিণ।

দৃক্পাত—দৃষ্টিক্ষেপ ; গ্রাহ্যকরণ, ভ্রূক্ষেপ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দৃঢ়—১। সমর্থ ; কঠিন ; স্থির ; গাঢ় ; অ-বিচলিত ; অত্যন্ত। বিণ। স্ত্রী, দৃঢ়া। ২। লৌহ। দৃহ্+ক্ত কর্ত্তৃবা। বি ; পুং।

দৃঢ়কায়—১। কঠিন দেহবিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। ২। কঠিন দেহ। কর্ম্মধা। বি ; পুং।

দৃঢ়তা, দৃঢ়ত্ব—দার্ঢ্য, কাঠিন্য, কঠোরতা। দৃঢ়+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

দৃঢ়নিশ্চয়—১। অটল বিশ্বাস বা সিদ্ধান্ত-যুক্ত। বহুব্রী। বিণ। ২। স্থির বিশ্বাস। কর্ম্মধা। বি ; পুং। [বিণ। স্ত্রী,—য়া।

দৃঢ়প্রতিজ্ঞ—স্থিরপ্রতিজ্ঞ, স্থিরসঙ্কল্প। বহুব্রী।

দৃঢ়ব্রত—১। ফলোদয় পর্য্যন্ত কার্য্যকারী, দৃঢ় অধ্যবসায়শীল। দৃঢ় হইয়াছে ব্রত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা। ২। স্থিরপণ ; অটল অধ্যবসায়। কর্ম্মধা। বি ; ক্লীব।

দৃঢ়মুষ্টি—১। কৃপণ, ব্যয়কুণ্ঠ ; দৃঢ়রূপে বদ্ধ-মুষ্টি। দৃঢ়া হইয়াছে মুষ্টি যাহার, বহুব্রী। বিণ। ২। শক্ত মুটো। কর্ম্মধা। বি ; স্ত্রী।

দৃঢ়মূল—বদ্ধমূল, অটল, অচল। দৃঢ় হইয়াছে মূল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

দৃঢ়স্বরে—১। স্থিরতাব্যঞ্জক-স্বরে, অকম্পিত-কণ্ঠে। দৃঢ় হইয়াছে স্বর যাহাতে এরূপে, বহুব্রী। ক্রি-বিণ।

দৃঢ়ীকরণ—শক্ত করা, সুপ্রতিষ্ঠিত করা; সমর্থন। দৃঢ়+চ্বি অভূততদ্ভাবার্থে (=দৃঢ়ী) —কৃ (করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, —কৃত।

দৃঢ়ীভূত—যাহা পূর্ব্বে দৃঢ় ছিল না এক্ষণে দৃঢ় হইয়াছে; সুপ্রতিষ্ঠিত। দৃঢ়+চ্বি অভূততদ্ভাবার্থে (=দৃঢ়ী)—ভূ+ক্ত কর্ত্তৃবা। বিণ। বি, —ভবন।

দৃপ্ত—উদ্ধত; দুষ্ট; গর্ব্বিত। দৃপ্ (দর্প করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

দৃশদ্বতী, দৃষদ্বতী—নদীবিশেষ; দেবী-বিশেষ। দৃশদ্, দৃষদ্ (প্রস্তর)+মতুপ্ অস্ত্যর্থে+ঈপ্। বি; স্ত্রী।

দৃশ্য—১। দর্শনীয়; রূপবান্; সুশ্রী। বিণ। স্ত্রী, দৃশ্যা। ২। দর্শনীয় বস্তু বা ব্যাপার; পটাদিদ্বারা রঙ্গমঞ্চের সজ্জা; নাটকের গর্ভাঙ্ক। দৃশ্+ক্যপ্ কর্ম্মবা। বি; ক্লীব।

দৃশ্যকাব্য—নাটক। কর্ম্মধা। বি; ক্লীব।

দৃশ্যপট—নাটকাদির অভিনয়কালে দর্শনীয় পট, 'সিন্'। কর্ম্মধা। বি; পুং।

দৃশ্যমান—যাহা দেখা যাইতেছে। দৃশ্+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —না।

দৃশ্যলঙ্গী(ঙ্গী)ত—নৃত্য। কর্ম্মধা। বি; ক্লীব।

দৃষ্ট—যাহা দেখা হইয়াছে এরূপ, বীক্ষিত, অবলোকিত; জ্ঞাত; ব্যক্ত; পরীক্ষিত; লৌকিক। দৃশ্ (দেখা)+ক্ত কর্ম্মবা। বিণ।

দৃষ্টচর—পূর্ব্বে দৃষ্ট, যাহা অগ্রে দেখা গিয়াছে এরূপ। দৃষ্ট+চরট্ ভূতপূর্ব্বার্থে। বিণ। স্ত্রী, —রী।

দৃষ্টপূর্ব্ব(র্ব)—পূর্ব্বে দৃষ্ট। পূর্ব্বে দৃষ্ট, সুপ্সুপা বা ৭মীতৎ। বিণ। স্ত্রী, —র্ব্বা।

দৃষ্টবাদ—প্রত্যক্ষবাদ (Positivism). ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

দৃষ্টরজাঃ (—রজস্), —রজা—নবীনা যুবতী, নবযৌবনবিশিষ্টা স্ত্রী। দৃষ্ট হইয়াছে রজঃ (স্ত্রীকুসুম) যাহার, বহুব্রী। বিণ; স্ত্রী।

দৃষ্টান্ত—উদাহরণ, নিদর্শন; উপমান; মৃত্যু; কাব্যালঙ্কারবিশেষ। দৃষ্ট হয় অন্ত যাহাতে, বহুব্রী। বি; পুং। [বি; ক্লীব।

দৃষ্টান্তস্থল—উদাহরণের বিষয়। ৬ষ্ঠীতৎ।

দৃষ্টি—১। দর্শন; জ্ঞান; অবধান, নজর; ঈর্ষা বা লোভসূচক দৃষ্টি; অশুভদৃষ্টি (যেমন—দৃষ্টি দেওয়া; শনির দৃষ্টি)। দৃশ্ (দেখা)+ক্তি ভাববা। ২। নয়ন, নেত্র। দৃশ্+ক্তি করণবা। বি; স্ত্রী।

দৃষ্টিকৃপণ—যে পরোক্ষে অধিক ব্যয় হইলেও প্রত্যক্ষে সামান্য ব্যয়েও কুণ্ঠিত হয়। ৭মী-তৎ। বিণ।

দৃষ্টিকোণ—যে কোণ বা বিচার হইতে কিছু দেখা যায় (Angle of vision). ৬ষ্ঠীতৎ। বি।

দৃষ্টিক্ষেপ—দর্শন, তাকান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দৃষ্টিগোচর—নয়নপথবর্ত্তী; দর্শনেন্দ্রিয়ের বিষয়ীভূত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —রা।

দৃষ্টিনিক্ষেপ—তাকান, দর্শন। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

দৃষ্টিপথ—চক্ষুঃপথ, যেদিকে চাওয়া হয়।

দৃষ্টিপাত—দর্শন, দৃষ্টিনিক্ষেপ, চাওয়া। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

দৃষ্টিবিক্ষেপ—নেত্রের বিকৃতভাবে ক্ষেপণ, কটাক্ষ, আড়দৃষ্টি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দৃষ্টিবিজ্ঞান—আলোক ও দর্শনবিষয়া বিদ্যা। দৃষ্টিসংক্রান্ত বিজ্ঞান, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। [বিণ।

দৃষ্টে—দৃষ্টিমাত্র; সম্মুখে। 'দৃষ্টি' শব্দজ। ক্রি-

দে—১। [তুই] প্রদান কর্। নাং ক্রি। ২। দেহ। প্রাঃ কবিপ্র। বি।

দেঅা—দেবতা; আকাশ; মেঘ। 'দেবতা' শব্দজ। বি।

দেউটি, দেউটী—দীপ, আলোক। 'দীপ-বর্ত্তি' শব্দজ। বি।

দেউড়ি, দেউড়ী—বহির্দ্বার, ফটক, সদর দরজা। হিন্দী। বি।

দেউল—দেবালয়, মঠ, মন্দির। 'দেবকুল' শব্দজ। বি।

দেউলিয়া, দেউলে—১। নিঃসম্বল, বোত্ৰহীন; ঋণপরিশোধাক্ষম (Insolvent). হিন্দীমূলক। বিণ। ২। দেবতার সেবাইত, পূজক, পূজারী। দেউল+ইয়া, এ নিযুক্তার্থে। বি।

দেওয়া—১। দান করা; ব্যবস্থা করা; পাঠান; ন্যস্ত করা; উৎপন্ন করা; বলা; যোগান; মঞ্জুর করা; ক্ষমতা প্রদর্শন করা (যেমন—পরীক্ষা বা পাল্লা দেওয়া); প্রয়োগ করা; অনুষ্ঠান সম্পাদন বা শেষ করা (যেমন—পূজা বা বিবাহ দেওয়া); স্থাপন করা, লাগান (যেমন—রোদে দেওয়া); নিযুক্ত করা, প্রবিষ্ট করা (যেমন—স্কুলে বা জেলে দেওয়া); লগ্ন বা বন্ধ করা (যেমন—তালা, কপাট দেওয়া); স্পর্শ করা (যেমন—হাত দেওয়া); নিক্ষেপ বা বিসর্জ্জন করা (যেমন—জলে দেওয়া বা প্রাণ দেওয়া)। বাং ক্রি। [বিশিষ্ট প্রয়োগ—ধাপ্পা দেওয়া, পাল্লা দেওয়া, আমল বা পাত্তা দেওয়া, কথা দেওয়া, কান দেওয়া, মাথা দেওয়া (দায়িত্ব লওয়া)]। ২। দান। বি। ৩। দত্ত। বিণ। ৪। মেঘ। 'দেবতা' শব্দজ। বি।

দেওয়ান—ভূসম্পত্তি বা কারবার-সংক্রান্ত প্রধান কর্ম্মচারী; রাজসভা। ফার্সী 'দিবানা' শব্দজ। বি।

দেওয়ানী—১। দেওয়ানের পদ, কর্ম্ম, ক্ষমতা বা অধিকার। বৈদে। বি। ২। বিষয়ের অধিকার সম্বন্ধীয় (Civil). ফার্সী। বিণ।

দেওয়াল, দেয়াল—ভিত্তি, প্রাচীর। ফার্সী 'দিবার্' শব্দজ। বি।

দেওয়ালগিরি, —গির—প্রাচীরসংলগ্ন প্রদীপ (Wall lamp). ফার্সীমূলক। বি।

দেওয়ালি, —লী—দীপালী, আশ্বিন-অমাবস্যা বা কালীপূজার রাত্রে দীপসজ্জা, দীপান্বিতাকৃত্য। 'দীপালী' শব্দজ। বি।

দেওর—দেবর, স্বামীর অনুজ। 'দেবর' শব্দজ। বি।

দেঁতো—দাঁতাল; দন্তুর; শুষ্ক বা কপট ('—হাসি')। দাঁত+ও (উয়া)। বিণ।

দেক, দেকদারি, দেকদেক—১। অসন্তুষ্ট, বিরক্ত; উত্যক্ত। বিণ। ২। বিরক্তি। ফার্সীমূলক। বি।

দেখ—১। মনোযোগ আকর্ষণের জন্য সম্বোধন। অব্য। ২। দর্শন কর। বাং ক্রি।

দেখতা—দৃষ্ট, সমক্ষে, আমলে, সমসাময়িক। দেশজ। বিণ।

দেখন—দর্শন, দেখা। দেখ+অন। বি।

দেখন-হাসি—যাহাকে দেখিলে আনন্দ হয় বা হাসি পায়, সখীর পাতান নাম। দেশজ। বি।

দেখা—১। দৃষ্ট। বিণ। ২। দর্শন, সাক্ষাৎ। বি। ৩। দর্শন করা; প্রত্যক্ষ করা, অভিজ্ঞতা থাকা; তদারক করা; সেবা-শুশ্রূষা বা চিকিৎসা করা; খুঁজিয়া বাহির করা; পরীক্ষা করা; জব্দ করা; সাবধান হওয়া; বিবেচনা করা। বাং ক্রি। **হাত দেখা**—করেরেখা দেখিয়া ভাগ্য বিচার করা। **দেখে নেওয়া**—প্রতিশোধ লওয়া (ভয়প্রদর্শনে)। **দেখিতে দেখিতে**—অতি শীঘ্র।

দেখাদেখি—অনুকরণে; পরস্পর দেখা। দেশজ। ক্রি-বিণ বা বি।

দেখান—দর্শন করান, প্রদর্শন করা; প্রয়োগ করা। বাং ক্রি। **মজা দেখান**—শিক্ষা দেওয়া বা প্রতিশোধ লওয়া।

দেখাশুনা—তত্ত্বাবধান, দেখাসাক্ষাৎ। দ্বন্দ্ব। বি। [দ্বন্দ্ব। বি।

দেখাসাক্ষাৎ—দেখা করিয়া আলাপ।

দেড়—এক ও আধ, সার্দ্ধ, ১॥০। 'সার্দ্ধ' শব্দজ। বিণ।

দেড়া, দেড়ি—দেড়, এক ও একার্দ্ধ, সার্দ্ধ; দেড়গুণ; উদ্বৃত্ত, বাড়তি। দেড়+আ, ই স্বার্থে। বি বা বিণ।

দেদার—অপর্য্যাপ্ত, অশেষ, অজস্র, অফুরন্ত, অঢেল। ফার্সীমূলক। বিণ।

দেদীপ্যমান—দীপ্তিশীল; জাজ্বল্যমান; শোভমান। যঙন্ত দীপ্‌+শানচ্‌ কর্তৃবা। বিণ।

দেধান—ভুট্টা, জোয়ার। 'দেবধান্য' শব্দজ। বি।

দেন—দেনা দ্রঃ।

দেনদার—দেনাদার দ্রঃ।

দেনমোহর—বিবাহকালে মুসলমান পতি-কর্তৃক পত্নীকে প্রদত্ত যৌতুক ধন। ফার্সী। বি।

দেনা, দেন—যাহা অন্যকে দিতে হইবে; ঋণ, কর্জ্জ। আর্বী ও ফার্সী। বি।

দেনাদার, দেনদার—যে ধারে, অধমর্ণ, খাতক। ফার্সী। বি।

দেনো—যাহা ক্রিয়াকর্ম্ম উপলক্ষে দান করা হয়। দান+ও (∠উয়া) যোগ্য অর্থে। বিণ।

দেব—১। ঈশ্বর; স্বর্গবাসী, দেবতা, সুর; মেঘ; রাজা; বিজিগীষু ব্যক্তি; ভক্তিসূচক নামান্ত (যেমন—গুরুদেব); ব্রাহ্মণ। দিব্‌ (ক্রীড়া করা)+অচ্‌ কর্তৃবা। বি; পুং। স্ত্রী, দেবী। [দ্যুনার্থে। বিণ।

দেবকল্প—দেবতাসদৃশ। দেব+কল্পপ্‌ ঈষ-

দেবকিরী—রাগিণী-বিশেষ, মেঘরাগের কন্যা। বি; স্ত্রী। [স্ত্রী।

দেবকী, দৈবকী—শ্রীকৃষ্ণের জননী। বি;

দেবকীনন্দন,—সূনু—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেবকুল—১। দেববংশ; দেবসমূহ। ৬ষ্ঠীতৎ। ২। দেবালয়, দেউল, দেবার্চ্চনার স্থান। দেব—কুল (ভালবাসা)+ক কর্ম্মবা। বি; ক্লীব।

দেবকুল্যা—গঙ্গা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দেবখাত—অকৃত্রিম জলাশয়, হ্রদ। দেবকৃত খাত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

দেবগায়ন—স্বর্গীয় গায়ক, গন্ধর্ব্ব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেবগিরি—নগরবিশেষ, যাদববংশীয় ভিল্লম নামক নরপতি খ্রীষ্টীয় দ্বাদশ শতাব্দীর শেষ-ভাগে এইখানে রাজধানী স্থাপন করেন। বি; পুং।

দেবগুরু—বৃহস্পতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেবগৃহ—দেবালয়, দেবমন্দির; সূর্য্যমণ্ডলাদি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [বি; পুং।

দেবচিকিৎসক—অশ্বিনীকুমারদ্বয়। ৬ষ্ঠীতৎ।

দেবতরু—মন্দার, পারিজাত, সন্তান, কল্প-বৃক্ষ, হরিচন্দন, এই পঞ্চ বৃক্ষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেবতা—অমর, সুর, দেব। দেব দ্রঃ। দেব শব্দ+তা স্বার্থে। বি; স্ত্রী।

দেবতাড়—রাহু; অগ্নি; বৃক্ষবিশেষ। উপতৎ। দেব—তাড়ি+অণ্‌ কর্তৃবা। বি; পুং।

দেবত্ব—দেবভাব; দেবতার স্বরূপ প্রাপ্তি, দেবতার ন্যায় সম্মান। দেব+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

দেবত্র—দেবসেবার্থে নিয়োজিত উৎসৃষ্ট বা (ভূম্যাদি)। দেব—ত্রৈ (পালন করা)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী—ত্রা।

দেবদত্ত—১। দেবতাকে প্রদত্ত। ৪র্থীতৎ। বিণ। ২। দেবতাকর্তৃক প্রদত্ত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ত্তা। ৩। এক ব্যক্তির নাম, ইনি বুদ্ধদেবের অনুজ; অর্জ্জুনের শঙ্খ। বি; পুং।

দেবদারু—স্বনামখ্যাত প্রসিদ্ধ বৃক্ষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেবদাসী—দেবগণের সেবিকা; দেবমন্দিরের নর্ত্তকী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

দেবদুর্ল্লভ—১। যাহা দেবতাতেও পাওয়া যায় না। ৭মীতৎ। ২। যাহা দেবতারও দুষ্প্রাপ্য। ৬ষ্ঠীতৎ। বিণ।

দেবদূত—দেবতার অনুচর; স্বর্গ হইতে প্রেরিত পুরুষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেবদেব—ব্রহ্মা; বিষ্ণু; মহেশ্বর। দেব-দিগের দেব, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দেবধান্য—দেধান। দেবপ্রিয় ধান্য, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

দেবনাগর,—নাগরী—যে অক্ষরে হিন্দী মারাঠী প্রভৃতি ভাষা লিখিত হয়। দেশজ। বি। [বি; পুং।

দেবপথ—আকাশ; ছায়াপথ। ৬ষ্ঠীতৎ।

দেবপুরী—অমরাবতী, ইন্দ্রের নগরী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দেববাক্য,-বাণী—সংস্কৃত ভাষা; দৈববাণী। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।
দেববৃক্ষ—মন্দারবৃক্ষ; সপ্তপর্ণবৃক্ষ; গুগ্‌গুল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দেবব্রত—ভীষ্ম (ভীষ্মদেব বাল্যে দেবব্রত নামে অভিহিত হইতেন)। দেব (ইন্দ্রিয়-সংযম) হইয়াছে ব্রত যাঁহার, বহুব্রী। বি; পুং।
দেবভাষা—সংস্কৃত ভাষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দেবভূমি—১। স্বর্গ। ৬ষ্ঠীতৎ। ২। দেবপ্রিয় স্থান। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।
দেবমন্দির--দেবালয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
দেবমাতা (-মাতৃ)—অদিতি [অদিতি দ্রঃ]। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দেবমাতৃক—বৃষ্টিজল দ্বারা উৎপন্ন শস্যে পালিত (দেশ)। দেব হইয়াছে মাতা (মাতৃস্বরূপ) যেখানে বা যাহার, বহুব্রী+ক সমাসান্ত। বিণ। স্ত্রী, -কা।
দেবমান—দেবলোকের সময়ের পরিমাণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
দেবমায়া—অজ্ঞান, অবিদ্যা। দেব-কৃতা মায়া, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।
দেবযান—দেবরথ, বিমান, ব্যোমযান; যে পথে জ্ঞানিগণ স্বর্গে গমন করেন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [বি; স্ত্রী।
দেবযানী—দৈত্যগুরু শুক্রাচার্য্যের কন্যা।
দেবযোনি—উপদেবতা; বিদ্যাধর, অপ্সরা, যক্ষ, রাক্ষস, গন্ধর্ব্ব, কিন্নর, পিশাচ, গুহ্যক, সিদ্ধ, ভূত, ইহারা সব দেবযোনি। দেব হইয়াছে যোনি যাহার, বহুব্রী। বি; পুং।
দেবর—পতির কনিষ্ঠ ভ্রাতা, দেওর। দিব্ (ক্রীড়া করা)+অরন্ কর্ত্তৃবা। বি; পুং।
দেবরাজ—ইন্দ্র। দেবগণের রাজা, ৬ষ্ঠীতৎ+টচ্ সমাসান্ত। বি; পুং।
দেবর্ষি—দেব অথচ ঋষি, নারদাদি মুনি। দেব যে ঋষি, কর্ম্মধা। বি; পুং।
দেবল—দেবোপজীবী, যে ব্রাহ্মণ গ্রাম্য বা তাদৃশ সাধারণ দেবতার পূজা করিয়া বেড়ায়, পূজারি ব্রাহ্মণ। দেব-লা (গ্রহণ করা)+ক কর্ত্তৃবা। বি; পুং।
দেবলোক—স্বর্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দেবশর্ম্মা (-শর্ম্মন্, -শর্ম্মা—ব্রাহ্মণজাতির সাধারণ উপাধি। দেব হইতে শর্ম্ম যাহার, বহুব্রী। বি; পুং। [তৎ। বি; পুং।
দেবশিল্পী (-শিল্পিন্)—বিশ্বকর্ম্মা। ৬ষ্ঠী-
দেবসভা—দেবলোকস্থিত সুধর্ম্মা নামক সভা; রাজসভা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দেবসেনা--ইন্দ্রের কন্যা, কার্ত্তিকেয়ের পত্নী [ইঁহাকে ষষ্ঠীদেবী বা মহাষষ্ঠীও বলে]; দেবসৈন্য। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দেবসেনাপতি—কার্ত্তিকেয়। ৬ষ্ঠীতৎ। [দেবসেনা দ্রঃ]। বি; পুং।
দেবহূতি—স্বায়ম্ভুব মনুর কন্যা, কর্দ্দম প্রজাপতির ভার্য্যা। খ্যাতনামা কপিল ইঁহারই পুত্র। অরুন্ধতী প্রভৃতি ইঁহার নয়টি কন্যা। বি; স্ত্রী।
দেবা—দেবতা। প্রাঃ কবিপ্র। বি।
দেবা (দেবৃ)—১। দেবর। দিব্ (ক্রীড়া করা)+ঋ কর্ত্তৃবা। বি; পুং।
দেবাঙ্গ(ঙ্গ)না—অপ্সরা; দেবপত্নী। দেবের অঙ্গনা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
দেবাদিদেব—শিব; বিষ্ণু। দেবদিগের আদিদেব, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দেবাবাস—স্বর্গ; সুমেরুপর্ব্বত; দেবমন্দির; অশ্বত্থ বৃক্ষ। দেবের আবাস, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দেবায়তন—দেবালয়। দেবের আয়তন (আলয়), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
দেবায়ুধ—ইন্দ্রধনু, রামধনু; দেবতার অস্ত্র, বজ্রাদি। দেবের আয়ুধ (অস্ত্র), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [বি; পুং।
দেবারি—অসুর। দেবের অরি, ৬ষ্ঠীতৎ।
দেবালয়—স্বর্গ; দেবায়তন। দেবের আলয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দেবী—স্ত্রী-দেবতা; দুর্গা; মহিষী; ব্রাহ্মণী,

স্ত্রিয়া বা ভদ্রমহিলার সাধারণ উপাধি; ভক্তি-সূচক নামান্ত (যেমন—'মাতৃদেবী')। দেব+ঈপ্। বি; স্ত্রী।

দেবেন্দ্র—দেবরাজ, ইন্দ্র। দেবদিগের মধ্যে ইন্দ্র (প্রধান), ৭মীতৎ। বি; পুং।

দেবেশ—শিব। দেবগণের ঈশ (প্রভু), ৬ষ্ঠী-তৎ। বি; পুং। [৭মীতৎ। বিণ।

দেবোচিত—দেবতার যোগ্য। দেবে উচিত.

দেবোত্তর—'দেবত্র' শব্দজ (তাহা দ্রঃ)।

দেবোপম—দেবতাতুল্য। দেব সদৃশ এই বাক্যে নিত্য, অথবা দেব হইয়াছে উপমা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—মা।

দেমাক, দেমাগ—অহমিকা, অহঙ্কার, গর্ব্ব, অভিমান; ধৃষ্টতা; মস্তিষ্ক। ফার্সী 'দিমাগ্' শব্দজ। বি।

দেয়—দানযোগ্য, দাতব্য, যাহা দেওয়া আবশ্যক বা উচিত এরূপ। দা (দেওয়া)+যৎ কর্ম্মবা। বিণ। [শব্দজ। বি।

দেয়া—দেবতা; আকাশ; মেঘ। 'দেবতা'

দেয়ালা, দেহালা—দিয়ালা, শিশু-স্বপ্ন, নিদ্রিত শিশুর হাসি কান্না। দেশজ। বি।

দেয়াসিনী—দেবকন্যা; মন্ত্রসিদ্ধা নারী। হিন্দী। বি; স্ত্রী।

দেরকো, দেলকো—কাঠের পিলসুজ, দীপগাছা। 'দীপবৃক্ষ' শব্দজ। বি।

দেরাজ—বাক্সের মত আধার যাহা টানিয়া খোলা এবং ঠেলিয়া বন্ধ করা যায়, টানা (Drawer). ফার্সী। বি।

দেরি, দেরী—গৌণ, বিলম্ব। ফার্সী 'দের' শব্দজ। বি। [ইত্যাদি দ্রঃ।

দেল, দেলখোশ ইত্যাদি—দিল, দিলখোশ

দেশ—স্থান, ভূমির অংশবিশেষ; মহাদেশের এক এক বৃহৎ অংশ; রাষ্ট্র, মুলুক; স্বগ্রাম; অংশ, ভাগ, দিক্। দিশ্ (আদেশ করা)+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

দেশকাল—স্থান ও সময়; পারিপার্শ্বিক অবস্থা। দ্বন্দ্ব। বি; পুং।

দেশজ—দেশে প্রচলিত বা উৎপন্ন, অসংস্কৃত। দেশে জন্মে যাহা এই বাক্যে উপতৎ। দেশ —জন্+ড কর্ত্তৃবা। বিণ।

দেশত্যাগী (–গিন্)—মাতৃভূমি পরিত্যাগকারী। উপতৎ। দেশ—ত্যজ্+ঘিনুণ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—গিনী। বি,—ত্যাগ।

দেশদেশান্তর—এক দেশ হইতে অন্যদেশ, নানাদেশ। অন্য দেশ=দেশান্তর, নিত্য; দেশ ও দেশান্তর, দ্বন্দ্ব, বা দেশ হইতে দেশান্তর, ৫মীতৎ। বি; ক্লীব।

দেশদ্রোহী (–হিন্)—স্বদেশের অনিষ্টকারী। উপতৎ। দেশ—দ্রুহ্+ঘিনুণ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হিণী। বি,—হিতা।

দেশধর্ম্ম(র্ম)—দেশাচার। দেশ প্রচলিত ধর্ম্ম, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

দেশবাসী (–সিন্)—দেশের লোক। উপতৎ। দেশ—বস্+ণিন্ কর্ত্তৃবা। বি; পুং বা বিণ। স্ত্রী,—সিনী।

দেশবিখ্যাত, –বিশ্রুত—সারা দেশ জুড়িয়া প্রসিদ্ধ। ৭মীতৎ। বিণ।

দেশবিদেশ—নানা দেশ। দ্বন্দ্ব। বি; পুং।

দেশব্যাপী (–পিন্)—সারা দেশে ব্যাপ্ত। উপতৎ। দেশ—বি—আপ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –পিনী।

দেশময়—সারা দেশ ব্যাপিয়া। দেশ+ময় ব্যাপ্ত্যর্থে। বাং প্রঃ। ক্রি-বিণ।

দেশমাতৃকা—জন্মভূমিরূপা জননী। দেশই মাতৃকা, কর্ম্মধা। বি; স্ত্রী।

দেশ-রক্ষা-মন্ত্রক—মন্ত্রিমণ্ডলীর যে বিভাগ সৈন্যাদির ও যুদ্ধবিগ্রহাদির ভারপ্রাপ্ত। ৬ষ্ঠী-তৎ ও মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

দেশলাই—দীপশলাকা, দেকাটি, দীয়াকাঠি (Match). 'দীপশলাকা' শব্দজ। বি।

দেশহিতব্রত—দেশের মঙ্গলসাধনরূপ নিয়ম বা প্রতিজ্ঞা। দেশহিতই যে ব্রত, কর্ম্মধা। বি; ক্লীব।

দেশহিতৈষী (–ষিন্)—দেশের মঙ্গলেচ্ছু। উপতৎ। দেশহিত—ইষ্ (ইচ্ছা করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—ষিণী।

দেশাচার—দেশব্যবহার, দেশের রীতি। দেশের আচার, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দেশাত্মবোধ—সমস্ত স্বদেশকে বা স্বদেশবাসীকে নিজের ন্যায় জ্ঞান, স্বদেশের স্বার্থই নিজের স্বার্থ এই ধারণা। দেশে আত্মবোধ, ৭মীতৎ। বি ; পুং।

দেশান্তর—অন্য দেশ। নিত্য। বি ; ক্লীব।

দেশান্তরি(রী)—দেশত্যাগী, স্বদেশ ত্যাগপূর্বক ভিন্নদেশে বাসকারী, চিরপ্রবাসী। 'দেশান্তরিত' শব্দজ। বিণ।

দেশান্তরিত—দেশত্যাগী, দেশ ছাড়িয়া যে চলিয়া গিয়াছে। দেশান্তরে ইত (গত), ৭মীতৎ। বিণ।

দেশিনী—১। দেশজাতা। দেশিন্+ঈপ্। বিণ ; স্ত্রী। ২। তর্জ্জনী অঙ্গুলি। বি ; স্ত্রী।

দেশী (দেশিন্)—১। দেশজাত, স্বদেশীয়। বিণ ; পুং। স্ত্রী,—শিনী। ২। প্রাকৃত ভাষাবিশেষ ; মার্গসঙ্গীত ভিন্ন অন্যরূপ দেশীয় পদ্ধতির সঙ্গীত। দেশ+ইন্ সম্বন্ধার্থে। বি ; পুং।

দেশীয়—১। দেশ্য ; দেশ-সম্বন্ধীয় ; দেশজাত। দেশ+ঈয় ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী,—য়া। ২। সংস্কৃত প্রত্যয়বিশেষ, ঈষদূন, কাছাকাছি। (ত্রয়োদশ বর্ষ দেশীয়)। প্রত্যয়। বিণ।

দেশোয়ালী—উত্তর-পশ্চিমাঞ্চলের লোক। দেশ+ওয়ালী। হিন্দী। বিণ।

দেহ—১। শরীর, অবয়ব, অঙ্গ। দিহ্ (লেপন করা)+ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং বা ক্লীব। ২। দাও, প্রদান করা। কবিপ্র। ক্রি।

দেহজ—১। পুত্র। বি ; পুং। ২। শরীরজাত। দেহ—জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

দেহতত্ত্ব—শারীরস্থান ; শরীর-সম্বন্ধীয় প্রকৃত ব্যাপার ; দেহ আত্মা ইত্যাদির স্বরূপ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

দেহত্যাগ—মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দেহধারণ—জীবিত থাকা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

দেহধারী (-ধারিন্)—শরীরধারণকারী। উপতৎ। দেহ—ধৃ (ধারণ করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

দেহপাত—শরীরের পাতন, শরীরনাশ ; মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দেহভার-বহন—কষ্টকর জীবন যাপন। দেহই ভার, কর্ম্মধা ; তাহার বহন, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

দেহভৃৎ—শরীরী, প্রাণী ; আত্মা। দেহ—ভৃ (ধারণ করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি ; পুং।

দেহযষ্টি—শরীররূপ যষ্টি ; কৃশদেহ। রূপক কর্ম্মধা। বি ; পুং।

দেহযাত্রা—জীবনযাপন, সংসারযাত্রা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী। [বি ; স্ত্রী।

দেহরক্ষা—দেহত্যাগ, প্রাণত্যাগ। ৬ষ্ঠীতৎ।

দেহলি, দেহলী—চৌকাঠের অধঃস্থিত কাষ্ঠ ; ঘরের সম্মুখবর্ত্তী রক্, বারান্দা, দাওয়া, পিঁড়ে। দেহ শব্দ—লা (গ্রহণ করা)+ক কর্ত্তৃবা+স্ত্রীলিঙ্গে ঈপ্ (নিপাতনে বিকল্পে হ্রস্ব)। বি ; স্ত্রী।

দেহাতীত—শরীরাতীত, শরীর হইতে ব্যতিরিক্ত ; দেহাভিমানশূন্য, পণ্ডিত। দেহকে অতীত, ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

দেহাত্মপ্রত্যয়, -বাদ—দেহই আত্মা এই বিশ্বাস। দেহে আত্মপ্রত্যয়, আত্মবাদ ৭মীতৎ। বি ; পুং।

দেহাত্মবাদী (-বাদিন্)—যাহাদের মতে দেহই আত্মা, পৃথক্ আত্মা নাই ; চার্ব্বাক, বৌদ্ধবিশেষ। দেহও যে আত্মাও সে=দেহাত্মা, কর্ম্মধা ; দেহাত্মন্—বদ্ (বলা) +ণিন্ কর্ত্তৃবা। বি ; পুং বা বিণ। স্ত্রী,—দিনী।

দেহান্ত—শরীরের নাশ, মৃত্যু। দেহের অন্ত (নাশ), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দেহান্তর—অন্য দেহ, শরীরান্তর। অন্য যে দেহ, নিত্য। বি ; ক্লীব।

দেহাবসান—দেহত্যাগ, মৃত্যু। দেহের অবসান, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

দেহি—দাও। সংস্কৃত ক্রিয়াপদ।

দেহী (দেহিন্)—শরীরী, প্রাণী; আত্মা। দেহ+ইন্ অস্ত্যর্থে। বিণ বা বি; পুং। স্ত্রী, -হিনী। [বি।

দেহুড়ী—বহির্দ্বার, দেউড়ী। 'দেহলী' শব্দজ।

দৈ—দই, দধি। 'দধি' শব্দজ। বি।

দৈতেয়—দৈত্য, অসুর। দিতি+এয় অপত্যার্থে। বি; পুং।

দৈত্য—অসুর, ইহারা দিতির গর্ভজাত। দিতি+ণ্য অপত্যার্থে। বি; পুং।

দৈত্যগুরু—শুক্রাচার্য্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দৈত্যনিসূদন, দৈত্যারি—বিষ্ণু, কৃষ্ণ। দৈত্যের নিসূদন (বিনাশক) বা অরি (শত্রু), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দৈনন্দিন—প্রতিদিন যাহা হয়, প্রাত্যহিক, প্রতিদিবসীয়। দিন—দিন শব্দ+অণ ভবার্থে, নিপাতনে নকারাগম। বিণ।

দৈনিক—১। দিনসম্বন্ধীয়; প্রাত্যহিক। বিণ। স্ত্রী,-কী। ২। প্রাত্যহিক সংবাদপত্র, যে কাগজ প্রতিদিন বাহির হয়। দিন শব্দ+ইক ভবাদ্যর্থে। বি; ক্লীব।

দৈন্য— কার্পণ্য, ব্যয়কুণ্ঠতা; দীনতা, অভাব, দারিদ্র্য; শোচনীয়তা। দীন+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

দৈন্যদশা—দারিদ্র্যাবস্থা, নির্ধনতা। দৈন্যই যে দশা, কর্ম্মধা। বি; স্ত্রী।

দৈব—১। দেবসম্বন্ধীয়; ভাগ্যজাত। বিণ। স্ত্রী, দৈবী। ২। অদৃষ্ট, ভাগ্য; অঙ্গুলির অগ্রভাগরূপ দেবতীর্থ। বি; ক্লীব। ৩। বিবাহবিশেষ। দেব+অণ ভবাদ্যর্থে। বি; পুং। ৪। আকস্মিক দুর্ঘটনা, দুর্বিপাক; বিপত্তি, বিপদ্, অশুভ, অমঙ্গল। বাং প্রঃ। বি।

দৈবকর্ম্ম (-কর্ম্মন্), -কার্য্য—দেবোদ্দেশে কৃত কর্ম্ম, যজ্ঞাদি। কর্ম্মধা। বি; ক্লীব।

দৈবকী—দেবকী দ্রঃ।

দৈবক্রমে, -গতিকে—দৈবাৎ, অকস্মাৎ। ক্রি-বিণ।

দৈবজ্ঞ—অদৃষ্টফলগণক, ভাগ্যকথয়িতা। উপতৎ। দৈব শব্দ—জ্ঞা (জানা)+ক কর্তৃবা। বি; পুং।

দৈবত—১। দেবতা সম্বন্ধীয় বা বিষয়ক। দেবতা+অণ্ ইদমর্থে। বিণ। স্ত্রী,-তী। ২। দেবতা। দেবতা+অণ্ স্বার্থে। বি; পুং বা ক্লীব।

দৈবতন্ত্র—ভাগ্যাধীন। ৬ষ্ঠীতৎ। বিণ।

দৈবতীর্থ—করাঙ্গুলিসমূহের অগ্রভাগ। কর্ম্মধা। বি; ক্লীব।

দৈবদুর্ব্বি(র্বি)পাক—১। অদৃষ্টের মন্দ পরিণাম, ভাগ্যের প্রতিকূলতা, ভাগ্যবিপর্য্যয়। ৬ষ্ঠীতৎ। ২। আকস্মিক দুর্ঘটনা। কর্ম্মধা। বি; পুং।

দৈবদুর্য্যো(র্যো)গ—অতিবৃষ্টি ঝড় প্রভৃতি প্রাকৃতিক উপদ্রব। কর্ম্মধা। বি; পুং।

দৈবদোষ—অদৃষ্টের দোষ, ভাগ্যদোষ। কর্ম্মধা বা ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ।

দৈববশে—ভাগ্যক্রমে, দৈবাৎ। ৬ষ্ঠীতৎ। ক্রি-

দৈববাণী—আকাশবাণী, দেবতারা অলক্ষিতভাবে থাকিয়া যে আদেশবাণী বা উপদেশবাক্য নির্দ্দেশ করেন। দৈবী যে বাণী, কর্ম্মধা। বি; স্ত্রী। [কর্ম্মধা। বি; স্ত্রী।

দৈববিড়ম্বনা—অদৃষ্ট কর্তৃক প্রতিকূলতা।

দৈবযুগ—মনুষ্যমানে চারি যুগ, দেবপরিমাণে দ্বাদশ সহস্র বৎসর। কর্ম্মধা। বি; ক্লীব।

দৈবযোগ—দৈব বা আকস্মিক ঘটনা। ৬ষ্ঠীতৎ বা কর্ম্মধা। বি; পুং।

দৈবাৎ—দৈববশতঃ, অকস্মাৎ, হঠাৎ। দৈব—অত্ (গমন করা)+ক্বিপ্ কর্তৃবা। অব্য। [বি; পুং।

দৈবাদেশ—দেবাদেশ; প্রত্যাদেশ। ৬ষ্ঠীতৎ।

দৈবাধীন, দৈবায়ত্ত—অদৃষ্টানুসারে ঘটিত, পূর্ব্ব কর্ম্মানুসারে সংঘটিত, দৈব ইচ্ছায় নিয়ন্ত্রিত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-না,-ত্তা।

দৈবী—দেবসম্বন্ধিনী; অদৃষ্টানুসারে সংঘটিতা। দৈব+ঈপ্। বিণ; স্ত্রী।

দৈবোপহত—হতভাগ্য, দুরদৃষ্ট। দৈব কর্তৃক উপহত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,-তা।

দৈর্ঘ্য—দীর্ঘতা ; লম্বা দিকের পরিমাণ। দীর্ঘ+ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

দৈহিক—দেহসম্বন্ধীয়, শারীরিক, কায়িক। দেহ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

দো—দ্বি, দুই, দু (যেমন—দোফলা)। 'দ্বি' শব্দজ। বি বা বিণ।

দো-আঁশ—সমপরিমাণ মাটি ও বালিযুক্ত ('—মাটি')। বহুব্রী। বিণ।

দো-আঁশলা—দুইএর অংশে জাত, বর্ণসঙ্কর ; দুই প্রকার পদার্থের সংযোগে উৎপন্ন ; বেলে ও এঁটেল মাটি মিশ্রিত ; উভয়াত্মক। দেশজ। বিণ।

দোঁহা—১। দুইজন, উভয়। প্রাঃ কবিপ্র। সর্ব্ব। ২। হিন্দী নীতিশ্লোক। বি। [সর্ব্ব।

দোঁহে- উভয়ে, দুইজনে। প্রাঃ কবিপ্র।

দোকর—পুনরাবৃত্ত, পুনঃকৃত বা পুনঃপ্রদত্ত, ডবল ; পুনরায়, দুইবার। দেশজ। বিণ।

দোকলা—দুইজন ; একাধিক। দেশজ। বিণ বা ক্রি-বিণ।

দোকা—১। অনেক গরু একত্র বাঁধিবার জন্য পৃথক্ পৃথক্ গলানিযুক্ত এক গাছি মোটা দড়ি। প্রাদে। বি। ২। দোকলা, দুইজন ; একত্রমিলিত দুইজন। দেশজ। সর্ব্ব।

দোকাঠি—কাঠিদ্বয় ; কাঠিতে কাঠিতে আঘাত। দেশজ। বি।

দোকান—জিনিসপত্র বেচাকেনার স্থান, পণ্যালয়, বিপণি। ফার্সী। বি।

দোকানদার, দোকানী—দোকানের মালিক। ফার্সী। বি।

দোকানদারি—দোকানের কাজ ; দোকানদারের মত স্বার্থপর আচরণ। দোকানদার+ই কর্ম্মার্থে। বি। বিণ,—দারী।

দোকানপাট—দোকান ইত্যাদি ; কেনাবেচা। ফার্সীমূলক। বি।

দোকানী—দোকানদার দ্রঃ।

দোক্তা—শুক্না তামাকপাতা। দেশজ। বি।

দোখ—দোষ। প্রাঃ কবিপ্র। বি।

দোগ্ধা (দোগ্ধৃ)—১। দোহনকর্ত্তা, দোয়াল। বিণ। স্ত্রী, দোগ্ধ্রী। ২। বৎস ; গোপাল। দুহ্ (দোহন করা)+তৃন্ কর্ত্তৃবা.। বি ; পুং। [বিশিষ্টার্থে। বিণ।

দোচালা—দুইটি চালযুক্ত। দোচাল+আ

দোছটি, দোছুটি—পরিধেয় বস্ত্র এবং উত্তরীয়, ধুতি চাদর। প্রাঃ কবিপ্র। বি।

দোছুট, দোছোট—দ্বিতীয় বস্ত্র, উত্তরীয়, চাদর। প্রাদে। বি।

দোজখ—নরক। ফার্সী। বি।

দোজবরে, দোজবেরে—দ্বিতীয়বার বিবাহার্থী। দেশজ। বি বা বিণ।

দোজমি—দো-আঁশলা জমি, যে জমিতে একবৎসরে দুইবার ফসল উৎপন্ন হয়। দেশজ। বি।

দোটানা—দুই দিকে মনের আকর্ষণ। দো (দুই দিকে) টানা, সুপ্সুপা। বি।

দোত—দোয়াত (তাহা দ্রঃ)।

দোতরফা—উভয়পক্ষ-বিষয়ক। দোতরফ+আ সম্বন্ধার্থে। বিণ।

দোতলা—দ্বিতল। 'দ্বিতল' শব্দজ। বিণ।

দোতারা—১। দুই তারবিশিষ্ট। বিণ। ২। দুই তারবিশিষ্ট বাদ্যযন্ত্র। দোতার+আ যুক্তার্থে। বি।

দোথরি—দুই থাকে সাজান, দুই স্তর-বিশিষ্ট। কবিপ্র। বিণ। [দেশজ। বিণ।

দোদুল—যাহা দুলিতেছে, দোলায়মান।

দোদুল্যমান—পুনঃ পুনঃ দোলনশীল, নিরন্তর দুলিতেছে এরূপ। যঙন্ত দুল্ (পুনঃ পুনঃ দোলা)+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

দোধারি(রী)—দুই পার্শ্বস্থ ; দুই দিকে ধারযুক্ত। দোধার+ই, ঈ বিশিষ্টার্থে। বিণ।

দোধুয়মান—পুনঃ পুনঃ কম্পমান ; ধুধু-কারী। যঙন্ত ধু+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

দোন—জল হেঁচিবার কাষ্ঠাদি-নির্ম্মিত পাত্র। 'দ্রোণ' শব্দজ। বি।

দোনা—ঠোঙ্গা ; সাজা পাণ সহিত কলাপাতের ঠোঙ্গা। হিন্দী। বি।

দোনি, ডুনী—একপ্রকার ছোট নৌকা ; জলসেচন পাত্র। 'দ্রোণী' শব্দজ। বি।

দোপড়া—পুনর্ভূ ; একস্থানে বিবাহের স্থির হইয়া পাত্রহরিদ্রাদির পর যে কন্যা অন্য পাত্রস্থা হয়। দেশজ। বিণ ; স্ত্রী।

দোপাটি—পুষ্পবিশেষ। 'দ্বিপুট' শব্দজ। বি।

দোপাট্টা—মাঝে লম্বালম্বি সেলাই করিয়া জোড়া (চাদর)। দো পাট্টা যাহাতে, বহুব্রী। বিণ।

দোপিয়াজী—মাংস ও তাহার দ্বিগুণ পেঁয়াজ দিয়া রাঁধা ব্যঞ্জনবিশেষ। ফার্সী-মূলক। বি।

দোপেয়ে—১। দ্বিপদবিশিষ্ট। বিণ। ২। মানুষ ; পাখী। দোপা + এ (ইয়া) বিশিষ্টার্থে। বি।

দোফলা—১। দুই ফলক ওয়ালা ('—ছুরি')। দো ফলা যাহাতে, বহুব্রী। ২। যাহা বৎসরে দুইবার ফলে ('—গাছ')। দো – ফল + আ কর্তৃবা। বিণ।

দোবজা—মোটা চাদর বিশেষ। দেশজ। বি।

দোবারা, দোবরা—দুইবার পরিষ্কৃত দানাদার সাদা (চিনি)। দো (দুই) বার + আ পরিষ্কৃতার্থে। বিণ।

দোভাপা—দুইবার সিদ্ধ। দেশজ। বিণ।

দোভাষী—যে দুই ভাষা জানে, যে একের ভাষা অন্যকে বুঝাইয়া দেয় (Interpreter). দোভাষা + ঈ জ্ঞানার্থে। বি। [বাং ক্রি।

দোমড়ান—বাঁকান, ভাঁজ করা ; মোচড়ান।

দোমনা—দুমনা দ্রঃ।

দোমালা—আধপাকা নারিকেল। দেশজ। বি বা বিণ।

দোমেটে—দুমেটে দ্রঃ।

দোয়া—১। আশীর্ব্বাদ ; অনুগ্রহ, কৃপা। আর্বী। বি। ২। দোহন করা। বাং ক্রি।

দোয়াত—লিখিবার কালির পাত্র, মস্যাধার। আর্বী 'দবাআৎ' শব্দজ। বি।

দোয়ালি—দুয়ালি দ্রঃ।

দোয়াবর—মুসলমানদিগের চিঠির পাঠ-বিশেষ ; কল্যাণীয়। দোয়া (আর্বী) + বর (সংস্কৃত)। বিণ।

দোয়ার, দোহার—আনুষঙ্গিক বা সহকারী গায়ক, যে জন মূলগায়কের গীত গানাংশ পান্টাইয়া গায়। 'ধ্রুবকার' শব্দজ। বি।

দোয়াস্তা—দুইবার চোয়ান মদ। ফার্সী। বি।

দোয়েম—দ্বিতীয়, দ্বিতীয় শ্রেণীর ; জমি সম্বন্ধে আওয়ল হইতে নিরেশ। ফার্সীমূলক। বিণ।

দোয়েল—দয়েল দ্রঃ।

দোর—দরজা। 'দ্বার' শব্দজ। বি।

দোরগোড়া—দরজার নিম্নদেশের নিকট। ৬ষ্ঠীতৎ। বি।

দোরসা—অল্প পচা ; অল্প রসবিশিষ্ট। দোরস + আ বিশিষ্টার্থে। বিণ।

দোরস্ত—দুরস্ত দ্রঃ।

দোরোখা—দুই পিঠেই কারুকার্য্যবিশিষ্ট বা সমান (বস্ত্র)। দোরোখ + আ বিশিষ্টার্থে। বি।

দোর্দ্দ(র্দ)ণ্ড—বাহুদণ্ড, ভুজদণ্ড। দোস্ রূপ দণ্ড, রূপক কর্ম্মধা ; দোঃ + দণ্ড। বি ; পুং।

দোর্দ্দ(র্দ)ণ্ডপ্রতাপ—বাহুবল। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দোর্ম্মা, দোলমা—মৎস্যাদির পুর-দেওয়া পটোলের ব্যঞ্জনবিশেষ। দেশজ। বি।

দোল—দোলা ; শ্রীকৃষ্ণের দোলযাত্রা, হোলি ; দোলন ; দুলি ; ঝুলি ; ধান্যাদি রাখিবার পাত্র, ডোল। দুল্ (দোলা) + অচ্ কর্তৃবা। বি ; পুং।

দোলক—যাহার দোলনে ঘড়ীর কাঁটা চলে (Pendulum). দুল্ + ণক কর্তৃবা। বি ; পুং।

দোলন—কম্পন ; দুলন ; ইতস্ততশ্চলন, ঝুলন। দুল (দোলা) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

দোলনকাল—(পদার্থবিদ্যায়) দোলকের একবার এক প্রান্ত হইতে অপর প্রান্তে যাওয়ার সময়। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দোলনা—শিশুদিগের দোলাশয্যা ; দোল

খাইবার জন্য রজ্জুলম্বিত আসন। দোল্+অনা করণবা। বি।

দোলমঞ্চ—দোলার্থ কৃত বেদিকা, যে মৃন্ময় বা ইষ্টকাদিরচিত মঞ্চের উপরিভাগে দোলযাত্রা নির্ব্বাহ হয়। দোলসাধন মঞ্চ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

দোলমাল—অধীর; দোলায়মান, দ্বিধাগ্রস্ত। প্রাঃ কবিপ্র। বিণ।

দোলযাত্রা—শ্রীকৃষ্ণের দোলারোহণরূপ উৎসববিশেষ, হোলি। দোল সংক্রান্ত যাত্রা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

দোলা—১। ডুলি; চতুর্দ্দোল; খাটুলি, মড়ার খাট; ঝুলি; ডোল। দোল+আপ্। ২। দোলন। দুল্ (দোলা)+ঘঞ্ ভাববা+আপ্। ৩। শিশুর দোলনা। দুল্+ঘঞ্ অধিবা+আপ্। বি; স্ত্রী। ৪। দুলা, এদিক ওদিক সঞ্চালিত হওয়া। বাং ক্রি।

দোলাই—দুই স্তর কাপড় দিয়া সেলাই-করা শীতবস্ত্রবিশেষ। হিন্দী। বি।

দোলায়মান—দুলিতেছে এরূপ, দোদুল্যমান; বিচলিত; ইতস্ততঃ ভাবাপন্ন; চঞ্চল। দোল+ক্যঙ্=দোলায় (নামধাতু), তদুত্তরে শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

দোলায়িত—১। দোলান। দোল+ক্যঙ্=দোলায় (নামধাতু)+ক্ত ভাববা। বি; ক্লীব। ২। যাহাকে দোলান হইয়াছে এরূপ। দোল+ক্যঙ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

দোলিকা—ছোট দোলা, দোলান। দোলা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

দোলী—ডুলি; ঝুলি; ডোল। দোল+ঙীপ্। বি; স্ত্রী। [দেশজ। বি।

দোশালা—দুইফর্দ্দ শাল, শালের জোড়া।

দোষ—অপরাধ; পাপ; অনিষ্ট; কুকর্ম্ম; কলঙ্ক; ত্রুটি; অনিয়ম; গোবৎস; বাত পিত্ত ও কফ; রোগ; কাব্যাপকর্ষক ধর্ম্মবিশেষ। দুষ্ (দোষ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং। [ষষ্ঠীতৎ। বি; ক্লীব।

দোষক্ষালন—নির্দোষতা প্রমাণকরণ।

দোষগ্রাহী (-গ্রাহিন্)—দোষগ্রহণকারী, ছিদ্রান্বেষী, দুর্জ্জন। উপতৎ। দোষ—গ্রহ্ (গ্রহণ করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হিণী।

দোষজ্ঞ—১। পণ্ডিত; চিকিৎসক। বি; পুং। ২। দোষবিৎ, দোষ-বিষয়ে জ্ঞানী। উপতৎ। দোষ—জ্ঞা (জানা)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

দোষত্রয়—বাত, পিত্ত, কফ, এই ত্রিদোষ; রাগ, দ্বেষ, মোহ, এই তিন। ষষ্ঠীতৎ। বি; ক্লীব।

দোষদর্শী (-দর্শিন্)—অন্যের ত্রুটি দর্শনকারী, ছলগ্রাহী, ছিদ্রান্বেষী। উপতৎ। দোষ—দৃশ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্শিনী। বি,—র্শিতা।

দোষা—দুষা, দোষ দেওয়া। বাং ক্রি।

দোষাকর—১। নিশাকর, চন্দ্র। দোষা (রাত্রিতে) কর (কিরণ) যাহার, বহুব্রী; অথবা দোষা (রাত্রি)—কৃ (করা)+ট কর্ত্তৃবা। বি; পুং। ২। দোষাশ্রয়, দোষের আধার, বহুদোষযুক্ত। দোষের আকর, ষষ্ঠীতৎ। বিণ।

দোষাবহ—দোষাকর; দোষজনক। দোষের আবহ, ষষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—হা।

দোষারোপ—দোষ দেওয়া, দোষার্পণ। ষষ্ঠীতৎ। বি; পুং।

দোষিত—দোষযুক্ত। দোষ+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

দোষী (দোষিন্)—দোষযুক্ত, পাপী, অপরাধী। দোষ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—ষিণী।

দোষৈকদর্শী (-দর্শিন্)—যে কেবল দোষ দেখে। এক (কেবল) যে দোষ সে দোষৈক, কর্ম্মধা; অথবা দোষের এক (একত্ব)=দোষৈক, ষষ্ঠীতৎ; দোষৈক—দৃশ্ (দেখা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। [বি বা বিণ।

দোসর—সঙ্গী; দ্বিতীয়; সহায়। হিন্দীমূলক।

দোসরা—দ্বিতীয়; অন্য, ভিন্ন; মাসের দ্বিতীয় দিবস। হিন্দীমূলক। বি বা বিণ।

দোসীমানা—দুই জমির মধ্যবর্ত্তী সীমা-রেখা। দোএর সীমানা, ৬ষ্ঠীতৎ। বি।

দোস্মৃতি—দুস্মৃতি দ্রঃ।

দোস্ত—১। মিত্র, বন্ধু, সখা, ইয়ার। ফার্সী। ২। চাঁদনী, চন্দ্রিকা; জ্যোৎস্না। প্রাঃ কবিপ্র। বি।

দোস্তি—বন্ধুত্ব। দোস্ত+ই ভাবে। বি।

দোহ—দোহন; তৃপ্তি। দুহ্ (দোহন করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

দোহক—দোহনকর্ত্তা, দোগ্ধা। দুহ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –হিকা।

দোহদ—১। গর্ভিণীর স্পৃহা, সাধ; ইচ্ছা, অভিলাষ; গর্ভ; চিহ্ন; বৃক্ষাদির পোষক ঔষধাদি। দোহ (তৃপ্তি)–দা (দেওয়া) +ক কর্ত্তৃবা। ২। গর্ভলক্ষণ। দ্বি (দুই) হৃদ্ যাহাতে, বহুব্রী, নিপাতনে। বি; ক্লীব।

দোহদলক্ষণ—গর্ভচিহ্ন; গর্ভস্থ শিশু; ভ্রূণ; বয়ঃসন্ধি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

দোহদবতী—সাধযুক্তা; গর্ভিণী। দোহদ+মতুপ্, অস্ত্যর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

দোহন—দুগ্ধ আকর্ষণ, দোহা; সংগ্রহকরণ। দুহ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

দোহনী—দোহনপাত্র, কেঁড়ে। দুহ্ (দোহন করা)+অনট্ অধিবা+ঈপ্। বি; স্ত্রী।

দোহনীয়—দোহনযোগ্য। দুহ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, –য়া।

দোহা—দুহা, দোহন করা। বাং ক্রি।

দোহাই—১। সুবিচার বা সাহায্য প্রার্থনা-সূচক শব্দ; কোন পবিত্র বস্তুর বা প্রভাবশালী ব্যক্তির নামে সতর্ক করণ। সংস্কৃত 'দ্বিঃ আহ্বায়' হইতে হিন্দী। ২। দিব্য, শপথ; ছুতা, অছিলা; অন্যের উপর দায়িত্ব আরোপ। প্রাঃ কবিপ্র। বি।

দোহাতিয়া, –হাতী, –হাত্তা—দুই হাতে কৃত, দুই হাত প্রমাণবিশিষ্ট। দোহাত +ইয়া, ঈ, ত্তা। বিণ।

দোহান, দোয়ান—দোহন করান। বাং ক্রি।

দোহার—সহকারী গায়ক। 'ধ্রুবকার' শব্দজ। বি; পুং। ভাববাচক বি,—কি।

দোহারা—১। দ্বিতীয়বার গাওয়া বা করা, পাল্টান। বাং ক্রি। ২। দ্বিগুণ; নাতি-স্থূল-কৃশ; দুই ভাঁজবিশিষ্ট, ডবল। দেশজ। বিণ। [দেশজ। বি।

দোহাল—যে গাই দোয়, গাভীদোহন-কর্ত্তা।

দোহ্য—দোহনীয়, দোহনযোগ্য। দুহ (দোহন করা)+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, দোহ্যা।

দৌড়—বেগে গমন, ছুট; বেগে পলায়ন; সীমা, বিস্তার। আর্বী। বি।

দৌড়ঝাঁপ, –ধাপ—দৌড় ও লাফ; দৌড়াদৌড়ি, লাফালাফি। দেশজ। বি।

দৌড়া, দৌড়ান—বেগে চলা, ছুটা। বাং ক্রি। [বাং ক্রি।

দৌড়ান, দৌড়ন—দৌড় করান, ছুটান।

দৌড়াদৌড়ি, দৌড়দৌড়ি—ছুটাছুটি। দেশজ। বি।

দৌত্য—দূতের কর্ম্ম বা ব্যবসায়। দূত+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

দৌবারিক—দ্বাররক্ষক, দ্বারপাল, দরওয়ান। দ্বার+ইক নিযুক্তার্থে। বি; পুং।

দৌরাত্ম্য—দুর্বৃত্ততা; নিষ্ঠুরতা; উপদ্রব, অত্যাচার। দুরাত্মন্+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

দৌর্জ্জ(র্জ)ন্য—দুর্জনতা; ক্রূরতা, দুর্ব্যবহার। দুর্জন+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

দৌর্ব্ব(র্ব)ল্য—দুর্বলতা, শক্তিহীনতা; ক্ষীণতা। দুর্বল+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

দৌলত, দৌলৎ—সম্পত্তি, ঐশ্বর্য্য, ধন; অনুগ্রহ, সাহায্য। আর্বী। বি। [বি।

দৌলতখানা—ধনীর প্রাসাদ। ৬ষ্ঠীতৎ।

দৌহিত্র—দুহিতার পুত্র, কন্যার ছেলে। দুহিতা দ্রঃ। দুহিতৃ শব্দ (কন্যা)+অণ অপত্যার্থে। বি; পুং। স্ত্রী, –ত্রী।

দ্বন্দ্ব—১। যুগ্ম; মিথুন, স্ত্রীপুরুষ; শীতোষ্ণ, সুখদুঃখ, রাগদ্বেষ, ইত্যাদি বিরুদ্ধযুগ্ম; বিবাদ; কলহ; যুদ্ধ। দ্বি শব্দ+দ্বি শব্দ

সহাভিব্যক্তি অর্থে নিপাতনে। বি ; ক্লীব। ১। সমাসবিশেষ, যে সমাসে উভয় পদের প্রাধান্য থাকে। বি ; পুং।

দ্বন্দ্বচর, -চারী—চক্রবাক পক্ষী। দ্বন্দ্ব (মিথুন) চর্ (চরা)+টক্, ণিন্ কর্তৃবা। বি ; পুং।

দ্বন্দ্বযুদ্ধ—দুইজনের পরস্পর যুদ্ধ, মল্লযুদ্ধ। দ্বন্দ্বসংক্রান্ত যুদ্ধ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

দ্বয়—১। দ্বিত্বসংখ্যাবিশিষ্ট, দুই। বিণ। স্ত্রী, দ্বয়ী। ২। দ্বিত্ব সংখ্যা, দুইটি বস্তু ; যুগ্ম। দ্বি (দুই)+অয়ট্ অবয়বার্থে। বি ; ক্লীব।

দ্বয়ীশিক্ষা—এক বিদ্যালয়ে একসঙ্গে বালক ও বালিকার শিক্ষা (Co-education). কর্ম্মধা। বি ; স্ত্রী।

দ্বাচত্বারিংশৎ—বিয়াল্লিশ সংখ্যা, ৪২। দ্বির (দুইএর) দ্বারা অধিক যে চত্বারিংশৎ, মধ্যপ কর্ম্মধা। বিণ বা বি ; স্ত্রী। [পূরণবাচক—দ্বাচত্বারিংশ, দ্বাচত্বারিংশত্তম। স্ত্রী, -শী, -মী।]

দ্বাত্রিংশৎ—বত্রিশ, ৩২। দ্বির (দুইএর) দ্বারা অধিক যে ত্রিংশৎ, মধ্যপ কর্ম্মধা। বিণ বা বি ; স্ত্রী। [পূরণবাচক—দ্বাত্রিংশ, দ্বাত্রিংশত্তম।]

দ্বাদশ—১২ সংখ্যার পূরক। দ্বাদশন্ শব্দ+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, -শী।

দ্বাদশ (দ্বাদশন্)—বার (১২)। দ্বির দ্বারা অধিক যে দশ, মধ্যপ কর্ম্মধা। বিণ বা বি ; স্ত্রী।

দ্বাদশমাসিক—মৃত্যুর পর দ্বাদশ মাসে কর্তব্য শ্রাদ্ধ। দ্বাদশমাস+ইক নিপাত্য অর্থে। বি ; ক্লীব।

দ্বাদশমূর্ত্তি(র্তি)—বিবস্বান্, অর্য্যমা, পূষা প্রভৃতি ১২ নামধারী সূর্য্য। বহুব্রী। বি ; পুং।

দ্বাদশরাশি—মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ ও মীন জ্যোতিশ্চক্রের এই বারটি নক্ষত্রপুঞ্জ। কর্ম্মধা। বি ; পুং।

দ্বাদশাক্ষর—"ওঁ নমো ভগবতে বাসুদেবায়" এই দ্বাদশ বর্ণাত্মক বিষ্ণুমন্ত্র। দ্বাদশ অক্ষর যাহাতে, বহুব্রী। বি ; পুং।

দ্বাদশাত্মা (-ত্মন্)—সূর্য্য ; বিবস্বান্, অর্য্যমা, পূষা, ত্বষ্টা, সবিতা, ভগ, ধাতা, বিধাতা, বরুণ, মিত্র, শক্র, উরুক্রম, এই দ্বাদশ নামধারী। দ্বাদশ আত্মা (স্বরূপ) যাহার, বহুব্রী। বি ; পুং।

দ্বাদশিক—(গণিতে) দ্বাদশ-সংক্রান্ত (১২, $\frac{1}{12}$, ইত্যাদি—Duo-decimal). দ্বাদশ+ইক। বিণ।

দ্বাদশী—১। ১২ এই সংখ্যার পূরিকা। বিণ ; স্ত্রী। ২। তিথিবিশেষ। দ্বাদশ+ঈপ্। বি ; স্ত্রী।

দ্বাপর—তৃতীয় যুগ ; এই যুগের অবতার কৃষ্ণ ও বুদ্ধ ; এই যুগে বর্ণাশ্রমধর্ম্মের ধ্বংস আরব্ধ হয়। দ্বি (দুই) হইয়াছে পর (প্রধান বিচায্য বিষয়) যাহাতে, বহুব্রী। বি ; পুং।

দ্বাবিংশতি—বাইশ, ২২। দ্বির দ্বারা অধিক যে বিংশতি, মধ্যপ কর্ম্মধা। [পূরণবাচক—দ্বাবিংশ, দ্বাবিংশতিতম।] বি বা বিণ ; স্ত্রী।

দ্বার—দুয়ার, দরজা ; কবাট ; উপায় ; সম্মুখ। ণিজন্ত দ্বৃ (=দ্বারি)+অচ্ কর্তৃবা। বি ; ক্লীব।

দ্বারকপাট—দরজার পাল্লা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দ্বারকা—কৃষ্ণের নগরী, গুজরাট প্রদেশান্তর্গত হিন্দুদিগের পরম পবিত্র স্থান। বি ; স্ত্রী।

দ্বারকানাথ,-পতি, দ্বারকেশ—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দ্বারদেশ—দরজা, দুয়ার। দ্বারই যে দেশ, কর্ম্মধা। বি ; পুং।

দ্বারপাল—দ্বাররক্ষক। উপতৎ। দ্বার—পালি+অণ্ কর্তৃবা। বিণ বা বি ; পুং।

দ্বারবতী, দ্বারাবতী—দ্বারকানগরী। দ্বার শব্দ+মতুপ্+ঈপ্ বিকল্পে দ্বার-স্থানে দ্বারা সংজ্ঞার্থে। বি ; স্ত্রী।

দ্বারবান্ (-বৎ)—দ্বারপাল, দরওয়ান। দ্বার+মতুপ। বিণ বা বি ; পুং।

দ্বাররক্ষক—দ্বারবান্। ৬ষ্ঠীতৎ। বিণ বা = বি; পুং।
দ্বারস্থ—দ্বারে স্থিত; প্রার্থী হইয়া বা অবনতভাবে অন্যের দ্বারে উপস্থিত। উপতৎ। দ্বার—স্থা+ক কর্ত্তৃবা। বি বা বিণ। স্ত্রী,—স্থা।
দ্বারা—সাধনে, করণে; কারণে; মারফৎ; সাহায্যে; আনুকূল্যে। সংস্কৃতে দ্বার্ শব্দের ৩য়ার ১বচন। বাঙ্গালায় ৩য়ার বিভক্তিরূপে ব্যবহৃত। অব্য। [৬ষ্ঠীতৎ। বি; পুং।
দ্বারাধ্যক্ষ—দ্বারপাল। দ্বারের অধ্যক্ষ,
দ্বারিক—দ্বারপাল, দ্বারযুক্ত। দ্বার্+ইক নিযুক্তার্থে। বি; পুং।
দ্বারিকা—দ্বারকানগরী। দ্বার+কন্+আপ্। বি; স্ত্রী।
দ্বারী (দ্বারিন্)—দ্বারপাল, দারোয়ান। দ্বার+ইন্ নিযুক্তার্থে। বি; পুং।
দ্বাষষ্টি—বাষট্টি, ৬২। দ্বির দ্বারা অধিক যে ষষ্টি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী। [পূরণবাচক—দ্বাষষ্টিতম। স্ত্রী,—মী।]
দ্বাসপ্ততি—বায়াত্তর, ৭২। দ্বির দ্বারা অধিক যে সপ্ততি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী। [পূরণবাচক—দ্বিসপ্ততিতম। স্ত্রী,—মী।]
দ্বি—দ্বিত্ব সংখ্যান্বিত, দুই, ২। দ্ব (আচ্ছাদন করা)+ডি কর্ত্তৃবা। বিণ।
দ্বিক—১। দ্বিত্বসংখ্যাবিশিষ্ট। দ্বি+কন্। বিণ। স্ত্রী, দ্বিকা। ২। দ্বিত্বসংখ্যা। বি; ক্লীব। ৩। কাক; কোক। দ্বি (দুই) ক যাহাতে, বহুব্রী। বি; পুং।
দ্বিকর—১। দুই করবিশিষ্ট, দ্বিভুজ। দ্বি (দুই) কর (ভুজ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। করদ্বয়, দুই হাত। কর্ম্মধা। বি; পুং।
দ্বিকর্ম্ম(র্ম)ক—দুইটি কর্ম্মযুক্ত। দ্বি (দুই) হইয়াছে কর্ম্ম যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ম্মিকা।
দ্বিখণ্ডক—(জ্যামিতি) সমান দুই ভাগে ভাগকারী (Bisector). দ্বি—খণ্ড+ণক কর্ত্তৃবা। বিণ। বি, দ্বিখণ্ডন।
দ্বিখণ্ডিত—দুই খণ্ডে বিভক্ত, দুই ভাগে কাটা বা চেরা। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।
দ্বিগু—১। দুই গরুবিশিষ্ট। দ্বি (দুই) গো (গরু) যাহার, বহুব্রী। বিণ। ২। সমাস-বিশেষ। বি; পুং।
দ্বিগুণ—দুই গুণ, ডবল। দ্বি (দুই) দ্বারা গুণ হইয়াছে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।
দ্বিগুণিত—দ্বিগুণীকৃত, যাহাকে দুই গুণ করা হইয়াছে; দ্বিগুণ, ডবল। দ্বি (দুই) দ্বারা গুণিত, ৩য়াতৎ। বিণ।
দ্বিগুণীকৃত—যাহাকে দ্বিগুণ করা হইয়াছে এরূপ। দ্বিগুণ শব্দ+অভূততদ্ভাবার্থে চি্ব—দ্বিগুণী, তদুত্তরে কৃ (করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।
দ্বিচত্বারিংশৎ—বিয়াল্লিশ; ৪২। দ্বি অধিকা চত্বারিংশৎ, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী। [পূরণবাচক বিণ, দ্বিচত্বারিংশ, দ্বিচত্বারিংশত্তম। স্ত্রী,—শী,—মী।]
দ্বিচারিণী—দুই পুরুষ-সংসর্গে রতা। দ্বি—চর্ (গমন করা)+ণিন্ কর্ম্মবা+ঈপ্। বিণ; স্ত্রী।
দ্বিজ—ব্রাহ্মণ; ক্ষত্রিয়; বৈশ্য; দন্ত; অণ্ডজ প্রাণী, পক্ষী, সর্প প্রভৃতি। দুইবার জন্মে যে, উপতৎ। দ্বি—জন্+ড কর্ত্তৃবা। বি; পুং।
দ্বিজন্মা (—জন্মন্)—দ্বিজ (সকল অর্থে)। দ্বি (দুই) জন্ম যাহার, বহুব্রী। বি; পুং।
দ্বিজবর, —সত্তম—বিপ্র, ব্রাহ্মণ। দ্বিজ-দিগের মধ্যে বর বা সত্তম, ৭মীতৎ। বি; পুং।
দ্বিজরাজ—চন্দ্র; ব্রাহ্মণ; পক্ষিরাজ, গরুড়; সর্পরাজ, অনন্ত। দ্বিজগণের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
দ্বিজাতি—১। দ্বিজ (সকল অর্থে)। দ্বি (দুই) জাতি (জন্ম) যাহার, বহুব্রী। বি; পুং। ২। দুই জাতি। কর্ম্মধা।

বি ; স্ত্রী। **দ্বিজাতিতত্ত্ব**—হিন্দু ও মুসলমান ভারতের অধিবাসী হইলেও দুই পৃথক্ জাতি এই মত।

দ্বিজিহ্ব—সর্প। দ্বি (দুই) হইয়াছে জিহ্বা যাহার, বহুব্রী। বি ; পুং।

দ্বিজেন্দ্র—দ্বিজবর (তাহা দ্রঃ)। দ্বিজদিগের মধ্যে ইন্দ্র (প্রধান), ৭মীতৎ। বি ; পুং।

দ্বিজোত্তম—দ্বিজবর (তাহা দ্রঃ)। দ্বিজদিগের মধ্যে উত্তম, ৭মীতৎ। বি ; পুং।

দ্বিতয়—১। দুই সংখ্যা, দ্বয় ; যুগ্ম। দ্বি+তয়ট্ অবয়বার্থে। বি ; ক্লীব।

দ্বিতল—দুই তলবিশিষ্ট (গৃহ), দোতলা (বাড়ী)। দ্বি (দুই) তল যাহার, বহুব্রী। বিণ। [বিণ। স্ত্রী, –লা।

দ্বিতীয়—দুইএর পুরক। দ্বি+তীয় পুরণার্থে।

দ্বিতীয়তঃ (–তস্), **দ্বিতীয়ত**—দ্বিতীয় বারে বা স্থানে। দ্বিতীয়+তস্। অব্য।

দ্বিতীয়া—১। ২ এই সংখ্যার পুরিকা। বিণ ; স্ত্রী। ২। তিথিবিশেষ, চন্দ্রের দ্বিতীয় কলার হ্রাসবৃদ্ধি ক্রিয়াদ্বারা বিনির্দ্দিষ্ট তিথি ; পত্নী। দ্বিতীয়+আপ্। বি ; স্ত্রী।

দ্বিতীয়াশ্রম—গার্হস্থ্যাশ্রম, গৃহস্থ ধর্ম্ম, গৃহস্থালী। দ্বিতীয় যে আশ্রম, কর্ম্মধা। বি ; পুং।

দ্বিত্ব—উভয়ত্ব ; একই বস্তুর দুইবার সন্নিবেশ ; যুগলভাব। দ্বি শব্দ+ত্ব ভাবার্থে। বি ; ক্লীব।

দ্বিদল—ডাইল ; মুগ, কলায় প্রভৃতি। দ্বি (দুই) দল যাহার, বহুব্রী। বি ; পুং।

দ্বিধা—১। দ্বিবিধ, দুইপ্রকার ; দুইবার। অব্য। ২। সংশয়, দোটানা, কুণ্ঠা। দ্বি+ধাচ্ প্রকারার্থে। বি ; স্ত্রী। ৩। দুই ভাগে বিভক্ত। বাং প্রঃ। বিণ।

দ্বিধাকৃত—দুই ভাগে বিভক্ত। দ্বিধা–কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। বি, দ্বিধাকরণ।

দ্বিধাতুক—দুইটি ধাতুতে গঠিত ; যাহাতে দুইটি ধাতু আছে। দ্বি ধাতু যাহাতে, বহুব্রী। বিণ। **দ্বিধাতুক মান**—সোনা ও রূপার মধ্যে একটি নির্দ্দিষ্ট আনুপাতিক মূল্য ধরিয়া উভয় ধাতুর প্রচলন (Bi-metallism).

দ্বিনবতি—বিরানব্বই, ৯২। দ্বির দ্বারা অধিক যে নবতি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী। [পুরণবাচক বিণ, দ্বিনবতিতম। স্ত্রী, –মী।]

দ্বিপ—হস্তী। দ্বি (দুইবারে) পান করে যে, উপতৎ। দ্বি–পা (পান করা)+ক কর্ত্তৃবা। বি ; পুং।

দ্বিপঞ্চাশৎ—বায়ান্ন, ৫২। দ্বির দ্বারা অধিক যে পঞ্চাশৎ, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী। [পুরণবাচক বিণ, দ্বিপঞ্চাশ, দ্বিপঞ্চাশত্তম। স্ত্রী, –শী, –মী।]

দ্বিপদ—১। দুই পদবিশিষ্ট। দ্বি (দুই) পদ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –দা। ২। পক্ষী ; মনুষ্য ; দেবতা ; রাক্ষস। বি ; পুং।

দ্বিপদ রাশি—(জ্যোতিষে) মিথুন তুলা কুম্ভ ও ধনুর পূর্ব্বার্দ্ধ, (গণিতে) দুই সংখ্যাবিশিষ্ট রাশি (Binomial expression).

দ্বিপদী—ছন্দোবিশেষ। দ্বিপাৎ+ঈপ্। বি ; স্ত্রী।

দ্বিপরমাণুক—দুই পরমাণুতে গঠিত (Diatomic). দ্বি পরমাণু যাহাতে, বহুব্রী+ক সমাসান্ত। বিণ।

দ্বিপ্রহর—দুপুরবেলা, মধ্যাহ্ন। বহুব্রী। বি ; পুং।

দ্বিবচন—(ব্যাকরণে) দ্বিত্ববোধক বিভক্তি। দ্বি–বচ্+অনট্ করণবা। বি ; ক্লীব।

দ্বিবার্ষিক—দুই বৎসরোৎপন্ন (ধান্যাদি শস্য), দুই বর্ষবয়স্ক। দ্বিবর্ষ+ইক। বিণ। স্ত্রী, –কী।

দ্বিবিধ—দুই প্রকার। দ্বি (দুই) হইয়াছে বিধা (প্রকার) যাহার, বহুব্রী। বিণ।

দ্বিবীজপত্রী (–ত্রিন্)—(উদ্ভিদতত্ত্বে) দুই দলবিশিষ্ট বীজযুক্ত। দ্বি (দুই) বীজপত্র, কর্ম্মধা+ইন্ বিশিষ্টার্থে। বিণ।

দ্বিভাষী (–ভাষিন্)—যে দুই ভাষায় কথা কহে, দোভাষী। দ্বিপ্রকারা ভাষাবিদ্যাবা

মধ্যপ কর্ম্মধা ; দ্বিভাষা + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —ষিণী।

দ্বিভুজ—১। হস্তদ্বয়বিশিষ্ট। দ্বি (দুই) ভুজ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —জা। ২। দুই হাত। কর্ম্মধা। বি ; পুং।

দ্বিমাতৃক—জরাসন্ধ [কারণ বৃহদ্রথের দুই পত্নী হইতে ইঁহার জন্ম] ; গণেশ। দ্বি (দুই) মাতা যাঁহার, বহুব্রী। বি ; পুং।

দ্বিরদ—হস্তী। দ্বি (দুই) রদ (দন্ত) যাহার, বহুব্রী। বি ; পুং।

দ্বিরদরদ—হস্তিদন্ত। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দ্বিরাগমন—নবোঢ়া কন্যার দ্বিতীয়বার পতিগৃহে আগমন। দ্বিঃ (দুইবার, এখানে দ্বিতীয়বার) আগমন, সুপ্‌সুপা। বি ; ক্লীব।

দ্বিরুক্ত—দুইবার কথিত ; (ব্যাকরণে) অভ্যস্ত ; দ্বিত্বপ্রাপ্ত। দ্বিঃ (দুইবার) উক্ত (কথিত), সুপ্‌সুপা। বিণ।

দ্বিরুক্তি—দুইবার কথন ; দ্বিতীয়বার কথা বলা, প্রতিবাদ, আপত্তি-জ্ঞাপন। দ্বিঃ (দুইবার, দ্বিতীয়বার) যে উক্তি, সুপ্‌সুপা। বি ; স্ত্রী।

দ্বিরূঢ়া—পুনর্ভূ, দুইবার বিবাহিতা নারী। দ্বিঃ (দুইবার) ঊঢ়া (বিবাহিতা), সুপ্‌সুপা ; বি বা বিণ ; স্ত্রী।

দ্বিরূপ—রূপদ্বয়বিশিষ্ট। দ্বি (দুই) রূপ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —পা।

দ্বিরেফ—মধুকর, ভ্রমর। দ্বি (দুই) রেফ (´ এইরূপ চিহ্ন) যাহার (মস্তকে), বহুব্রী। বি ; পুং।

দ্বিশফ—যে সকল পশুর খুর দ্বিখণ্ডিত, গো-মহিষাদি। দ্বি (দুই) হইয়াছে শফ (খুর) যাহার, বহুব্রী। বিণ বা বি ; পুং। স্ত্রী, —ফা।

দ্বিষৎ—দ্বেষ্টা, অরাতি, শত্রু ; বিদ্বেষকারী। দ্বিষ্ (দ্বেষ করা) + শতৃ কর্ত্তৃবা। বি ; পুং বা বিণ। স্ত্রী, —তী।

দ্বিষষ্টি—বাষট্টি ; ৬২। দ্বি অধিকা ষষ্টি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী। [পূরণবাচক বিণ, দ্বিষষ্টিতম। স্ত্রী, —মী।]

দ্বিষ্ট—দ্বেষের পাত্র, যাহাকে দ্বেষ করা যায় এরূপ। দ্বিষ্ + ক্ত কর্ম্মবা। বিণ।

দ্বিসপ্ততি—বাহাত্তর, ৭২। দ্বির দ্বারা অধিক যে সপ্ততি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী। [পূরণবাচক বিণ, দ্বিসপ্ততিতম। স্ত্রী, —মী]।

দ্বিহায়নী—দুই বৎসর বয়স্কা গাভী। দ্বি (দুই) হায়ন (বৎসর) যাহার, বহুব্রী + ঈপ্। বি ; স্ত্রী।

দ্বীপ—জলবেষ্টিত স্থল ; যে ভূভাগের চারিদিকে জল (Island). দ্বি (দুই দিকে) অপ্ (জল) যাহার, বহুব্রী। বি ; পুং বা ক্লীব।

দ্বীপপুঞ্জ—বহু দ্বীপের সমষ্টি। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

দ্বীপান্তর—১। অন্য দ্বীপ। নিত্য। বি ; ক্লীব। ২। দূরবর্ত্তী দ্বীপে নির্ব্বাসন (Transportation), কালাপানি। বাং প্রঃ। বি। বিণ, দ্বীপান্তরিত (Transported).

দ্বীপী (দ্বীপিন্)—ব্যাঘ্র ; সমুদ্র ; দ্বীপবাসী। দ্বীপ শব্দ + ইন্ অস্ত্যর্থে। বি ; পুং। স্ত্রী, —পিনী।

দ্বেষ—শত্রুতা, বৈর ; ঈর্ষ্যা ; অসূয়া ; ক্রোধ, বিরাগ। দ্বিষ্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

দ্বেষী (দ্বেষিন্)—দ্বেষযুক্ত, দ্বেষকারী, বিদ্বেষী। দ্বেষ + ইন্ অস্ত্যর্থে অথবা দ্বিষ্ (দ্বেষ করা) + ণিনুণ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —ষিণী।

দ্বেষ্টা (দ্বেষ্টৃ)—দ্বেষকারী, বিদ্বেষী। দ্বিষ্ (দ্বেষ করা) + তৃন্ কর্ত্তৃবা। বিণ ; পুং। স্ত্রী, দ্বেষ্ট্রী।

দ্বেষ্য—১। দ্বেষের বিষয় বা পাত্র ; আততায়ী, শত্রু। দ্বিষ্ (দ্বেষ করা) + ণ্যৎ কর্ম্মবা। বিণ।

দ্বৈত—১। দ্বিবিধত্ব ; দ্বিতীয়ত্ব। বি ; ক্লীব। ২। দ্বৈতবাদী। দ্বি ইত, সুপ্‌সুপা = দ্বীত. দ্বীত + অণ্ স্বার্থে। বিণ।

দ্বৈতবন—সরস্বতীতীরস্থ শোকমোহ-রহিত বনবিশেষ। কর্ম্মধা। বি ; ক্লীব।

দ্বৈতবাদ—দ্বিবিধত্ব স্বীকার, জীবাত্মা ও পর-

মাত্মার অথবা পুরুষ ও প্রকৃতির ভিন্নতা কথন। দ্বৈত সমর্থক বাদ, মধ্যপ কর্ম্মধা; কিংবা দ্বৈতের বাদ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দ্বৈতবাদী (-বাদিন্)—দ্বিবিধত্ব-স্বীকারকারী, জীবাত্মা ও পরমাত্মা বা প্রকৃতি ও পুরুষ এতদুভয়ের স্বাতন্ত্র্য স্বীকারকারী। উপতৎ। দ্বৈত—বদ্ (বলা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -দিনী।

দ্বৈতশাসন, -শাসনতন্ত্র—রাজ্যের কিছু কাজ রাজা বা রাজপ্রতিনিধি দ্বারা এবং কিছু কাজ প্রজার প্রতিনিধি দ্বারা পরিচালন (Diarchy). কর্ম্মধা। বি; ক্লীব।

দ্বৈতাদ্বৈত—জীব ও ঈশ্বরের প্রভেদ ও অভেদ। দ্বৈত এবং অদ্বৈত, দ্বন্দ্ব। বি; ক্লীব।

দ্বৈধ—দ্বিধা, দুইপ্রকার; অরিবিজিগীষু ব্যক্তির জয়পরাজয় বিষয়ে সংশয়; সংশয়, সন্দেহ; মতভেদ। দ্বিধা শব্দ+অণ্ স্বার্থে। বি; ক্লীব।

দ্বৈধীভাব—দ্বিবিধত্ব, দ্বিধা মত। দ্বৈধ শব্দ +চি্ব অভূততদ্ভাবার্থে (=দ্বৈধী)—ভূ+ ঘঞ্ ভাববা। বি; পুং।

দ্বৈপ—১। দ্বীপ-সম্বন্ধীয়। দ্বীপ+অণ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, দ্বৈপী। ২। ব্যাঘ্রচর্ম্ম। দ্বীপিন্ (ব্যাঘ্র)+অণ্ জাতার্থে। বি; ক্লীব।

দ্বৈপসাগর—দ্বীপবহুল সমুদ্র (Archipelago). কর্ম্মধা। বি; পুং।

দ্বৈপায়ন—ব্যাসদেব; হ্রদবিশেষ। দ্বীপ অয়ন যাহার, বহুব্রী; দ্বীপের অয়ন, ৬ষ্ঠীতৎ। দ্বীপায়ন+অণ স্বার্থে। বি; পুং।

দ্বৈবার্ষিক—দুই বৎসর স্থায়ী; দুই বৎসর অন্তে সম্পাদ্য। দ্বিবর্ষ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,-কী।

দ্বৈমাতুর—১। দুই মাতার সন্তান। বিণ। স্ত্রী,-রী। ২। গণেশ; জরাসন্ধ। দ্বিমাতৃ শব্দ +অণ্ অপত্যার্থে। বি; পুং।

দ্বৈমাতৃক—মেঘের ও নদীর জলে যে দেশে শস্য উৎপন্ন হয়। দ্বি (নদী ও বৃষ্টি) হইয়াছে মাতা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-কা।

দ্বৈরথ—দুই রথীর যুদ্ধ, অর্থাৎ দুই ব্যক্তি রথারূঢ় হইয়া যে যুদ্ধ করে। দ্বি (দুই) যে রথ সে দ্বিরথ, কর্ম্মধা; দ্বিরথ+অণ নিষ্পন্নার্থে। বি; ক্লীব।

দ্ব্যক্ষর—১। দুই অক্ষরবিশিষ্ট। বিণ। স্ত্রী, -রা। ২। অক্ষর দ্বয়াত্মক মন্ত্রাদি, দুই অক্ষরাত্মক 'কৃষ্ণ' নাম। দ্বি (দুই) অক্ষর যাহার, বহুব্রী। বি; ক্লীব।

দ্ব্যঙ্গুল—১। অঙ্গুলিদ্বয়-পরিমিত। দ্বি (দুই) অঙ্গুলি পরিমাণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -লা। ২। মোট দুই আঙ্গুল। দুই অঙ্গুলির সমাহার, সমা-দ্বিগু। বি; ক্লীব।

দ্ব্যণুক—দুই পরমাণুর সমষ্টি দ্বারা গঠিত। দ্বি (দুই) অণু যাহাতে, বহুব্রী+ক সমাসান্ত। বিণ।

দ্ব্যর্থ, দ্ব্যর্থক—দুই প্রকার অর্থবিশিষ্ট। দ্বি (দুই) অর্থ যাহার, বহুব্রী, বিকল্পে ক সমাসান্ত। বিণ। স্ত্রী, দ্ব্যর্থা, -র্থিকা।

দ্ব্যশীতি—বিরাশি, ৮২। দ্বি দ্বারা অধিকা যে অশীতি, মধ্যপ কর্ম্মধা। বিণ বা বি; স্ত্রী। [পূরণবাচক বিণ, দ্ব্যশীতিতম। স্ত্রী, -মী]। [দ্বিগু। বি; পুং।

দ্ব্যহ—দুইদিন। দ্বি (দুই) অহন্ (দিন),

দ্যাবাপৃথিবী—স্বর্গ ও পৃথিবী উভয়। দ্যো (স্বর্গ) ও পৃথিবী, দ্বন্দ্ব; নিপাতনে সিদ্ধ। বি; স্ত্রী। [কর্ত্তৃবা। বি; ক্লীব।

দ্যু—আকাশ; স্বর্গ; দিন। দিব্+কিপ্

দ্যুতি—আকাশ; শোভা; দীপ্তি, প্রভা, ঔজ্জ্বল্য। দ্যুত+ইন্ ভাববা। বি; স্ত্রী।

দ্যুতিমান্ (-মৎ)—দীপ্তিশালী, উজ্জ্বল; ভাস্বর। দ্যুতি (দীপ্তি)+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,-মতী। [পিতা। বি; পুং।

দ্যুমৎসেন—জনৈক রাজা, সত্যবানের

দ্যুলোক—স্বর্গলোক। দ্যু নামক যে লোক, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

দ্যূত—অক্ষক্রীড়া, পাশাখেলা; জুয়াখেলা। দিব্+ক্ত ভাববা। বি; পুং বা ক্লীব।

দ্যূতকার, দ্যূতকৃৎ—যে পাশা খেলে,

জুয়াড়ী। উপতৎ। দ্যূত—কৃ+অণ্, ক্বিপ কর্ত্তৃবা। বি; পুং।

দ্যূতপ্রতিপৎ—কার্ত্তিক মাসের শুক্ল-প্রতিপৎ। বি; স্ত্রী।

দ্যূতবেদী (—বেদিন্)—পাশকক্রীড়া-ভিজ্ঞ। উপতৎ। দ্যূত—বিদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

দ্যোতক—১। দীপ্তিশীল। দ্যুত্ (দীপ্তি পাওয়া)+ণক কর্ত্তৃবা। ২। প্রকাশক, সূচক, ব্যঞ্জক। ণিজন্ত দ্যুত্ (=দ্যোতি)+ণক কর্ত্তৃবা। ৩। উদ্বোধক। বিণ। স্ত্রী,—তিকা।

দ্যোতন—১। দীপ্তি পাওয়া; প্রকাশ; উদ্বোধন। দ্যুত্ (দীপ্তি পাওয়া)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। দ্যোতক, প্রকাশক। দ্যোতি+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

দ্যোতমান—শোভমান, দীপ্যমান। দ্যুত্+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

দ্যোতিত, দ্যুতিত—শোভিত; দীপিত; প্রকাশিত। দ্যুৎ+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

দ্রগড়—দগড় বাদ্য। বি; পুং।

দ্রঢ়িমা (—মন্)—দৃঢ়তা, দার্ঢ্য, কাঠিন্য; স্থিরতা, স্থৈর্য্য। দৃঢ়+ইমন্ ভাবার্থে। বি; পুং।

দ্রঢ়িষ্ঠ—অতি কঠিন, সব চেয়ে দৃঢ়। দৃঢ়+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

দ্রঢ়ীয়ান্ (—য়স্)—দুইএর মধ্যে অধিকতর দৃঢ়। দৃঢ়+ঈয়সু অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—য়সী।

দ্রব—১। বেগ; গতি; পরিহাস; প্রস্থান; পলায়ন; ক্ষরণ; গলন। দ্রু (গমন করা, গলা)+অপ্ ভাববা। ২। জলাদিতে বিগলিত পদার্থ, রস। দ্রু+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ৩। গলিত; তরল। বিণ।

দ্রবণ—গতি, গমন; ক্ষরণ, গলন। দ্রু (গলা, গমন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

দ্রবণীয়—তরল পদার্থে পরিণত হইবার যোগ্য। দ্রু+অনীয় কর্ম্মবা। বিণ।

দ্রবণাঙ্ক(ংক)—যে তাপে বরফ গলিয়া জল হয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

দ্রবত্ব—তারল্য, তরল ভাব। দ্রব+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

দ্রবিড়—ভারতের প্রাচীন সভ্যজাতিবিশেষ; দেশবিশেষ, আধুনিক মাদ্রাজ প্রেসিডেন্সী। দ্রু (গমন করা)+ইড় কর্ত্তৃবা। বি; পুং।

দ্রবিণ—পরাক্রম; ধন; কাঞ্চন, সুবর্ণ। দ্রু+ইন কর্ত্তৃবা। বি; ক্লীব।

দ্রবীকরণ—তরল করা, গলান। দ্রব+অভূততদ্ভাবার্থে চ্বি=দ্রবী, তদুত্তরে কৃ (করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ দ্রবীকৃত।

দ্রবীভবন, —ভাব—দ্রবণ, গলন, গলিয়া যাওয়া। দ্রব+অভূততদ্ভাবার্থে চ্বি=দ্রবী, তদুত্তরে ভূ (হওয়া)+অনট্, ঘঞ্ ভাববা। বি; ক্লীব ও পুং।

দ্রব্য—বস্তু, পদার্থ, সামগ্রী; বিত্ত; পিত্তল; ভেষজ; ক্ষিতি, জল, আকাশ, বায়ু, তেজঃ, কাল, দিক্, আত্মা, মনঃ এই নয়। দ্রু+যৎ কর্ম্মবা। বি; ক্লীব।

দ্রব্যগুণ—১। দ্রব্যনিষ্ঠ ধর্ম্ম; দেহের উপর দ্রব্যের ক্রিয়া বা প্রভাব। ৬ষ্ঠীতৎ। ২। দ্রব্যের গুণনির্ণায়ক গ্রন্থবিশেষ। বি; পুং।

দ্রব্যজাত—১। দ্রব্যোৎপন্ন। ৫মীতৎ। বিণ। ২। দ্রব্যসমূহ। ৬ষ্ঠীতৎ। বি, ক্লীব।

দ্রষ্টব্য—দর্শনীয়, দর্শনযোগ্য, যাহা দেখা বা পড়া আবশ্যক বা উচিত এরূপ; বিবেচ্য। দৃশ্ (দেখা)+তব্য কর্ম্মবা। বিণ।

দ্রষ্টা (দ্রষ্টৃ)—দর্শক, দর্শনকর্ত্তা; সাক্ষী; বিচারপতি। দৃশ্ (দেখা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, দ্রষ্ট্রী।

দ্রাক্ষা—আঙ্গুর; কিস্‌মিস্; মনক্কা। দ্রাক্ষ্+ঘঞ্ কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

দ্রাঘিমা (—মন্)—১। দৈর্ঘ্য। দীর্ঘ+ইমন্ ভাবার্থে। বি; পুং। ২। ভূপৃষ্ঠে নিরক্ষ-রেখাকে লম্বভাবে ছেদ করিয়া যে কতকগুলি

অর্দ্ধবৃত্তাকার রেখা কল্পনা করা যায়, তাহাদের নাম দ্রাঘিমা (Longitudes). বি।

দ্রাঘিমান্তর—কোন নির্দ্দিষ্ট স্থানের মাধ্যন্দিন রেখা হইতে অন্যান্য স্থানের দূরত্ব। দ্রাঘিমার অন্তর, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

দ্রাঘিষ্ঠ—অতিশয় দীর্ঘ। দীর্ঘ+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

দ্রাঘীয়ান (—য়স্)—অতি দীর্ঘ। দীর্ঘ+ঈয়স্ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—য়সী।

দ্রাবক ১। দ্রবকারক; প্রবর্ত্তক। ণিজন্ত দ্রু (=দ্রাবি)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, —বিকা। ২। অম্ল (Acid); লম্পট; তস্কর, চোর; চন্দ্রকান্তমণি। দ্রু+ণক কর্তৃবা। বি; পুং।

দ্রাবণ —১। বিতাড়িত করা; দ্রবীকরণ, গলান। ণিজন্ত দ্রু (=দ্রাবি)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। বিতাড়ক; প্রপীড়ক। ণিজন্ত দ্রু+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ণা।

দ্রাবিকা —১। দ্রবকারিকা; প্রবর্ত্তিকা। বিণ; স্ত্রী। ২। লালা, লাল। দ্রাবক+আপ্। বি; ক্লীব।

দ্রাবিড় ভারতবর্ষের দক্ষিণ সীমা সমীপস্থ দেশবিশেষ; তদ্দেশীয় লোক; ভারতের আদিম জাতিবিশেষ। দ্রবিড় দ্রঃ। দ্রবিড়+অণ্। বি; পুং।

দ্রাবিড়ী—ছোট এলাচ; দ্রাবিড়জাতির ভাষা। দ্রবিড়+অণ্+ঈপ্। বি; স্ত্রী।

দ্রাবিত—বিতাড়িত, দূরীকৃত। ণিজন্ত দ্রু (=দ্রাবি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

দ্রাব্য—দ্রবণার্হ, যাহা তাপযোগে সহজে দ্রব হয়। দ্রু+ণিচ্+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, দ্রাব্যা।

দ্রু—বৃক্ষ; বৃক্ষের অবয়ব, শাখাদি। দ্রু (গমন করা)+ডু কর্তৃবা। বি; পুং।

দ্রুত —১। শীঘ্রতা। দ্রু+ক্ত ভাববা। বি; ক্লীব। ২। পলায়িত; প্রস্থিত; শীঘ্র; দ্রবীভূত। দ্রু+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, দ্রুতা।

দ্রুতগতি—১। ত্বরিত গমন। দ্রুতা যে গতি, কর্ম্মধা। বি; স্ত্রী। ২। দ্রুতগামী, শীঘ্রগমনকারী। দ্রুতা গতি যাহার, বহুব্রী। বিণ।

দ্রুতগামী (—গামিন্)—শীঘ্রগামী, অতি শীঘ্র গমনে সমর্থ। উপতৎ। দ্রুত—গম্ (যাওয়া)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—মিনী।

দ্রুতচারী (—চারিন্)—১। দ্রুতগামী। বিণ। স্ত্রী,—রিণী। ২। যে সকল জন্তু ভূমিতে ত্বরিতবেগে গমন করিতে পারে। উপতৎ। দ্রুত—চর্+ণিন্ কর্তৃবা। বি; পুং।

দ্রুতপদ—১। শীঘ্রগামী। দ্রুত হইয়াছে পদ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—দা। ২। দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ। বি; ক্লীব।

দ্রুতবিলম্বিত—১। শীঘ্র অথচ বিলম্বযুক্ত। কর্ম্মধা। বিণ। ২। দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ। বি; ক্লীব।

দ্রুতবেগে—ত্বরিতগতিতে। দ্রুত বেগ যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

দ্রুতি—দ্রবীভাব, গলিয়া যাওয়া; পলায়ন, প্রস্থান। দ্রু+ক্তি ভাববা। বি; স্ত্রী।

দ্রুপদ—চন্দ্রবংশীয় নরপতি, পাণ্ডব-পত্নী দ্রৌপদীর পিতা। বি; পুং।

দ্রুম—বৃক্ষ; পারিজাতবৃক্ষ; কুবের, রুক্মিণী-গর্ভজাত কৃষ্ণের পুত্র। দ্রু (গমন করা)+ম কর্তৃবা। বি; পুং

দ্রুমময়—কাষ্ঠনির্ম্মিত। দ্রুম+ময়ট্ অবয়বার্থে। বিণ। স্ত্রী,—য়ী।

দ্রোণ—১। পরিমাণ পাত্রবিশেষ, আঢ়ক; আঢ়কচতুষ্টয়, ৩২ সের পরিমাণ। বি; পুং বা ক্লীব। ২। দাঁড়কাক; মেঘবিশেষ; শাল্মলিদ্বীপের পর্ব্বতবিশেষ; ভরদ্বাজ মুনির পুত্র, অশ্বত্থামার পিতা, এবং দুর্য্যোধন-যুধিষ্ঠিরাদি কুরু-পাণ্ডবগণের অস্ত্রশিক্ষক। এজন্য ইনি সাধারণতঃ দ্রোণাচার্য্য নামে খ্যাত। দ্রু (গমন করা)+ন কর্তৃবা। বি; পুং। [মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

দ্রোণকাক—দাঁড়কাক। দ্রোণাখ্য কাক,

দ্রোণাচার্য্য(র্য)—দ্রোণ (তাহা দ্রঃ)।

দ্রোণি, দ্রোণী—জলসেচনী; ডিঙ্গি; ডোঙ্গা; জলের গামলা; গরুর গামলা; দুই পর্ব্বতের অন্তর্বর্ত্তী স্থান। দ্রু (গমন করা, ইত্যাদি)+নি, নী কর্ত্তৃবা। বি; স্ত্রী।

দ্রোহ—অপকার, অনিষ্টাচরণ; অনিষ্টচিন্তা; পরাভব, অভিভব। দ্রুহ্ (অনিষ্টাচরণ করা)+অল্ ভাববা। বি; পুং।

দ্রোহিতা—অনিষ্টাচরণ। দ্রোহী দ্রঃ। দ্রোহিন্ শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

দ্রোহী (দ্রোহিন্)—অনিষ্টকারী; অনিষ্টচিন্তক; অভিভবকারী। দ্রুহ্+ঘিনুণ্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—হিণী।

দ্রৌণি—দ্রোণাত্মজ, অশ্বত্থামা। দ্রোণ+ঞি অপত্যার্থে। বি; পুং।

দ্রৌপদী—দ্রুপদতনয়া, যুধিষ্ঠিরাদি পঞ্চ পাণ্ডবের পত্নী। দ্রুপদ+ষ্ণ+ঈপ্। বি; স্ত্রী।

ধ

ধ—উনবিংশ ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণস্থান দন্ত); ধনেশ্বর, কুবের; বিধাতা; ধন। বি; ক্লীব।

ধক—আগুন জ্বলার শব্দ বা জ্যোতিঃ; উদরের রিক্তভাব; হৃৎপিণ্ডের স্পন্দন। দেশজ। অব্য।

ধকধক, ধকধ্বক—সতেজে অগ্নিজ্বলনের বা জ্যোতির উত্তরোত্তর তেজোবৃদ্ধির সূচক। দেশজ। অব্য।

ধকধকি, ধকধকানি—শোকদুঃখানুভব; হৃৎপিণ্ড বা ক্ষতাদির স্পন্দন; আগুন জ্বলার ভাবসূচক শব্দ। ধকধক+ই, আনি ভাবে। বি।

ধকল—জোর দখল; ধাক্কা; ভূরি ব্যবহার; কর্ম্মভারজনিত শ্রম; হাঙ্গামা, উৎপাত, উপদ্রব। দেশজ। বি। [বি; পুং।

ধকার—ধ্ এই বর্ণমাত্র। ধ+কার স্বার্থে।

ধট—তুল, নিক্তি, দাঁড়ি; তুলা দিব্য; তুলারাশি। ধট্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

ধটি—চীরবস্ত্র; কৌপীন; ধড়া, কটিবসন। 'ধটিকা' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

ধটিকা—চীরবস্ত্র, ধড়া; পাঁচ সের পরিমাণ, ধাড়া। ধটী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

ধটী (ধটিন্)—১। শিব; তুলারাশি। বি; পুং। ২। তুলাধারক। ধট+ইন অস্ত্যার্থে। বিণ। স্ত্রী,—টিনী।

ধটী—চীরবস্ত্র, নেকড়া, কানি; কৌপীন, ধুতি, ধড়া। ধট্+অচ্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

ধড়—দেহ, মস্তকহীন অঙ্গ; সমস্ত শরীর। দেশজ। বি।

ধড়ফড়—অস্থিরতা প্রকাশ, ছটফট; হৃৎপিণ্ডের দ্রুতস্পন্দন। দেশজ। অব্য। বিণ, ধড়ফড়ে।

ধড়ফড়ানি—ছটফটানি, হাঁপানি। ধড়ফড়+আনি ভাবে। বি।

ধড়মড়—কোন আকস্মিক ঘটনাতে ব্যস্ততার ভাব। দেশজ। অব্য।

ধড়া—চীরবস্ত্র; কৌপীন, মালকোছামারা কাপড়; কটিবসন। দেশজ। বি।

ধড়াচূড়া—শ্রীকৃষ্ণের মালকোছামারা কাপড় এবং মাথার চূড়া; (ব্যঙ্গার্থে) বর্ত্তমান সময়ের আপিসের ও কাছারির পোষাক। দেশজ। বি।

ধড়াম্, ধড়াস্—ভারি জিনিষ পড়ার শব্দ। দেশজ। অব্য। [অব্য।

ধড়াস-ধড়াস—হৃৎস্পন্দনের শব্দ। দেশজ।

ধড়িবাজ—চতুর, ফন্দিবাজ, শঠ, ধূর্ত্ত, প্রতারক। দেশজ। বিণ। বি,—বাজি, —বাজী।

ধন—স্থাবর অস্থাবর সম্পত্তি; অর্থ, টাকাকড়ি; প্রিয়বস্তু; ধনিষ্ঠা নক্ষত্র; স্নেহ সম্বোধন; যোগচিহ্ন, + (Plus)। ধন্ (সমৃদ্ধ হওয়া, শব্দ করা)+অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

ধনকুবের—কুবেরতুল্য ধনী, অত্যন্ত ধনবান্।

ধনে কুবের (কুবের তুল্য), ৭মীতৎ। বি; পুং বা বিণ।

ধনঞ্জয়—অগ্নি; শরীরস্থ বায়ু; তৃতীয় পাণ্ডব অর্জ্জুন। উপতৎ। ধন—জি (জয় করা)+ খচ্ কর্তৃবা। বি; পুং।

ধনদ—১। ধনদানকর্তা; অর্থপ্রদায়ক। উপতৎ। বিণ। স্ত্রী,—দা। ২। ধনেশ্বর, কুবের। ধন—দা (দেওয়া)+ক কর্তৃবা। বি; পুং।

ধনধ্রুব—বিদ্যুৎপ্রবাহের যোগমূলক (Positive) দণ্ড। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ধননিয়োগ, —প্রয়োগ—অর্থের বিনিয়োগ বা প্রয়োগ; টাকা লাগান বা খাটান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধনপতি—১। ধনেশ্বর, কুবের; ধনী ব্যক্তি। ৬ষ্ঠীতৎ। ২। জনৈক বণিক্, শ্রীমন্ত সদাগরের পিতা। বি; পুং।

ধনপিশাচ—অতি কৃপণ, অত্যন্ত বায়কুণ্ঠ। ধনে পিশাচ (পিশাচসদৃশ), ৭মীতৎ। বিণ।

ধনপিশাচিকা, —পিশাচী—অনুপযুক্ত ধনতৃষ্ণা, সাতিশয় ধনলোভ। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ধনবান্ (—বৎ)—ধনী, ধনশালী। ধন শব্দ + বতু অস্ত্যর্থে। বিণ। বি, ধনবত্তা। স্ত্রী,—বতী।

ধনবিজ্ঞান,—বিদ্যা—অর্থের উৎপত্তি ও প্রসারবিষয়ক শাস্ত্র (Political Economy). মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, স্ত্রী।

ধনভাণ্ডার—কোষাগার, ধন রাখিবার গৃহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ধনমদ—টাকার গর্ব্ব। ধনজনিত মদ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ধনশালী (—শালিন্)—বহুধনবিশিষ্ট, ধনবান্। উপতৎ। ধন—শাল্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—লিনী।

ধনসম্পদ্—অর্থসম্পত্তি। ধনরূপ সম্পদ্, রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

ধনহীন—দরিদ্র, নির্ধন। ৩য়াতৎ। বিণ।

ধনাগম—অর্থাগম, অর্থলাভ, আয়। ধনের আগম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধনাগার—ধনভাণ্ডার (Treasury). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধনাঢ্য—বহুধনবিশিষ্ট, ধনী। ধন দ্বারা আঢ্য, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ঢ্যা।

ধনাত্মক—যোগচিহ্ন (+) যুক্ত (Positive). বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্মিকা।

ধনাধিকার—উত্তরাধিকারসূত্রে অর্থলাভের স্বত্ব। ৭মীতৎ। বি; পুং। বিণ,—রিন্। স্ত্রী,—রিণী।

ধনাধিপ, ধনাধিপতি—কুবের; ধনবান্ ব্যক্তি। ধনের অধিপ, অধিপতি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধনাধ্যক্ষ—কুবের; কোষাগারের তত্ত্বাবধায়ক, কোষাধ্যক্ষ, খাজাঞ্চী (Treasurer). ধনের অধ্যক্ষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধনাপহারী (—রিন্)—চোর। উপতৎ। ধন—অপ—হৃ+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

ধনার্জ্জ(র্জ)ন—অর্থোপার্জ্জন, টাকাকড়ি রোজগার করা। ধনের অর্জ্জন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ধনার্থী (ধনার্থিন্)—ধনপ্রার্থী, অর্থাভিলাষী। উপতৎ। ধন—অর্থ+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—র্থিনী।

ধনি—১। সুন্দরী; যুবতী; রমণী। 'ধনিকা' শব্দজ। কবিপ্র। বি; স্ত্রী। ২। ধন্য। প্রাঃ কবিপ্র। বিণ।

ধনিক—১। ধনিয়া, ধনে। ধনিন্—কৈ (শব্দ করা)+ক কর্তৃবা। বি; পুং। ২। ধনবান্, ধনী, মহাজন; ঋণদাতা, উত্তমর্ণ, মূলধনদাতা (Capitalist). ধন+ইক (ঠন্) আছে অর্থে। বিণ।

ধনিকতন্ত্র—ধনিকদের দ্বারা পরিচালিত শাসনতন্ত্র (Capitalism). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ধনিকা—ধনিক-বধূ; সুন্দরী রমণী; সাধ্বী স্ত্রী; যুবতী। ধনিক+আপ্। বি; স্ত্রী।

ধনিচা, ধঞ্চে—ক্ষুপবিশেষ, জয়ন্তীগাছ; পাটগাছবিশেষ। দেশজ। বি।

ধনিয়া, ধ'নে—মশলাবিশেষ, ধন্যাক। 'ধন্যা' শব্দজ। বি।

ধনিষ্ঠা—অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের ত্রয়োবিংশ নক্ষত্র। ধনবতী+ইষ্ঠন্+আপ্। বি; স্ত্রী।

ধনী (**ধনিন্**)—ধনবান্, ঐশ্বর্য্যশালী। ধন+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—নিনী।

ধনুঃ (**ধনুস্**), **ধনু**—১। বাণক্ষেপণযন্ত্র, শরাসন, ধনুক; মেষাদি দ্বাদশ রাশির নবম রাশি; চারিহস্তপরিমিত দণ্ড, রৈখিক কাঠা, বৃত্তাংশ (Arc of a circle). ধন+উস্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

ধনুক—ধনু। 'ধনুক' শব্দজ। বি। **ধনুক-ভাঙ্গাপণ**—সীতার বিবাহে হরধনু ভঙ্গরূপ অতি কঠিন এবং প্রায় অসাধ্য পণ; অতি কঠিন পণ।

ধনুখরা, ধুনখারা—তুলা পরিষ্কার করিবার ধনুকাকৃতি যন্ত্রবিশেষ। দেশজ। বি।

ধনুগুর্ণ—১। ধনুকের ছিলা। ধনুস্এর গুণ, ৬ষ্ঠীতৎ। ধনুঃ+গুণ। ২। ধনুক এবং তাহার ছিলা। ধনুঃ ও গুণ, দ্বন্দ্ব। বি; পুং।

ধনুর্দ্ধ(র্ধ)র, ধনুর্ভৃৎ—ধনুর্ধারী, ধানুষ্ক, তীরন্দাজ; ধনুর্দ্ধর—(ব্যঙ্গার্থে) যে কেরামতি দেখাইতে চায়। ধনুর ধর (ধারণকারী), ৬ষ্ঠীতৎ; উপতৎ। ধনুস্—ভৃ (ধারণ করা)+ ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

ধনুর্দ্ধা(র্ধা)রী (**—রিন্**)—ধনুর্ধর, ধানুষ্ক, তীরন্দাজ। উপতৎ। ধনুস্—ধৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

ধনুর্ব্বা(র্বা)ণ—ধনুক ও শর, তীরধনুক। ধনুঃ ও বাণের সমাহার, সমা-দ্বন্দ্ব। বি; ক্লীব।

ধনুর্ব্বি(র্বি)দ্যা—শস্ত্রশাস্ত্র; অস্ত্রচালনা-কৌশল; সমরবিদ্যা। ধনুর বিদ্যা (ধনুঃ+ বিদ্যা), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ধনুর্ব্বে(র্বে)দ—শস্ত্রবিদ্যা; শস্ত্রবিদ্যাবোধক শাস্ত্র,—ইহা যজুর্ব্বেদের উপবেদ, বিশ্বামিত্র ঋষি ইহার প্রণেতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধনুষ্কোটি—ধনুকের অগ্রভাগ। ধনুর কোটি (ধনুস্+কোটি), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ধনুষ্টঙ্কা(ংকা)র—১। ধনুকের ছিলার শব্দ। ধনুর টঙ্কার (ধনুঃ+টঙ্কার), ৬ষ্ঠীতৎ। ২। একপ্রকার রোগ, এই রোগের আবির্ভাবকালে শরীর ধনুর ন্যায় বক্র হইয়া উঠে। বি; পুং।

ধনুষ্পাণি—ধনুর্ধর, ধানুষ্ক। ধনুঃ পাণিতে (হস্তে) যাহার, বহুব্রী। বিণ।

ধনে—একপ্রকার মসলা, ধনিয়া। দেশজ। বি। **ধনের চাল**—খোসা ছাড়ান ধনে।

ধনেশ, ধনেশ্বর—কুবের; ধনস্বামী, ধনের অধিকারী। ধনের ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী,—শা,—রী।

ধন্দ, ধন্ধ—ধাঁধা, ভ্রম, সংশয়, সন্দেহ; সাংসারিক ভাবনাচিন্তা। দেশজ। কবিপ্র। বি।

ধন্দা—১। সন্ধান, উদ্দেশ্য, প্রয়োজন। হিন্দী। ২। ধাঁধা, সংশয়, সন্দেহ, ভ্রম। প্রাঃ কবিপ্র। বি।

ধন্না, ধরনা—কাহারও দুয়ারে অনাহারে অনিদ্রায় পড়িয়া থাকিয়া অভীষ্টলাভের চেষ্টা ('—দেওয়া'); যে কাঠের উপর ঘরের চাল থাকে, ধা'র; ঢেঁকিতে পা দিবার সময় যে বাঁশ ধরা হয়। দেশজ। বি।

ধন্বন্তরি—১। দেবচিকিৎসক ["চিকিৎসা-তত্ত্ববিজ্ঞান" নামক গ্রন্থ ইঁহারই প্রণীত]; জনৈক পণ্ডিত, রাজা বিক্রমাদিত্যের সভার নবরত্নের নামের প্রথমেই ইঁহার নাম পাওয়া যায়। ধন্বন (শিল্পশাস্ত্র)—ঋ+ইন কর্ত্তৃবা। বি; পুং। [কর্ত্তৃবা। বি।

ধন্বা (**ধন্বন্**)—মরুভূমি। ধন+কনিপ্

ধন্য—শ্লাঘ্য, প্রশংসার্হ; ভাগ্যবান্, সৌভাগ্যশালী; কৃতার্থ। ধন+যৎ যোগ্যার্থে। বিণ। স্ত্রী, ধন্যা।

ধন্যবাদ—"তুমি বা সে ধন্য" এইরূপ কথন, প্রশংসাবাদ; কৃতজ্ঞতাজ্ঞাপক উক্তি (Thanks). ধন্যই বাদ, কর্ম্মধা। বি; পুং।

ধন্যা—ধনিয়া। বি; স্ত্রী।

ধন্যাক—ধনে, ধনিয়া। ধন্ (শব্দ করা)+আকন্ কর্তৃবা। বি ; ক্লীব।

ধপ্—পতনের শব্দ। অনুকার-শব্দ। [কম জোরে হইলে 'ধুপ্' ও বেশী জোরে পড়িলে 'ধপাস্' হয়]। দেশজ। অব্য।

ধপ্ ধপ্, ধব্ ধব্—শুভ্রতাসূচক শব্দ। দেশজ। অব্য। বিণ, ধপ্ ধপে, ধব্ ধবে।

ধপাৎ, ধপাস্—ভারী বস্তুর হঠাৎ পতনের শব্দ। দেশজ। অব্য।

ধব—পতি ; ধূর্ত্ত ব্যক্তি ; মনুষ্য। ধু বা ধূ (কম্পিত করা)+অচ্ কর্তৃবা। বি ; পুং।

ধবল—১। শুক্ল বর্ণ, সাদা রঙ্ ; কর্পূর-বিশেষ ; শ্বেতকুষ্ঠ ; বৃষশ্রেষ্ঠ। বি ; পুং। ২। শুক্লবর্ণযুক্ত, সাদা ; মনোরম ; সুন্দর। ধাব্ (পরিষ্কার করা)+কলচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—লা।

ধবলগিরি—স্বনামখ্যাত প্রসিদ্ধ পর্ব্বত, হিমালয়ের অংশবিশেষ। কর্ম্মধা। বি ; পুং।

ধবলা, ধবলী—শুভ্রবর্ণ ধেনু, ধলাগাই। বি ; স্ত্রী। [যুক্তার্থে। বিণ। স্ত্রী,—তা।

ধবলিত—শুভ্রীভূত ; শুক্লীকৃত। ধবল+ইত

ধবলিমা (—মন্)—শুক্লত্ব, শুভ্রতা। ধবল+ইমন্ ভাবার্থে। বি ; পুং।

ধবলী—ধবলা দ্রঃ।

ধবলীকৃত—যাহাকে শুভ্র করা হইয়াছে। ধবল শব্দ+চ্বি অভূততদ্ভাবার্থে (=ধবলী)—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

ধবলীভূত—যাহা শুভ্র হইয়াছে। ধবল+চ্বি অভূততদ্ভাবার্থে (=ধবলী)—ভূ+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

ধমক—ভীতিপ্রদর্শন বাক্য, তাড়না, ভর্ৎসনা ; প্রভাব, বেগ, তাড়স। দেশজ। বি।

ধমকান—ধমক দেওয়া। ক্রি। বি,—নি।

ধমনি, ধমনী—নাড়ী, শিরা (Artery) ; গলনলী। ধম্ (শব্দ করা)+অনি পক্ষে ঈপ্ কর্তৃবা। বি ; স্ত্রী। [কবিপ্র। বি।

ধম্মিল—খোপা। 'ধম্মিল্ল' শব্দজ। প্রাঃ

ধম্বল, ধুম্বল, ধুম্বুল, ধুম্বুলে—সঙ্গীত আরম্ভের প্রাক্‌কালীন সাধারণ বাদ্য ; (ভাবার্থে) সূত্রপাত, আরম্ভ। দেশজ। বি।

ধম্ম—ধর্ম্ম। প্রাকৃত। বি।

ধম্মিল্ল—সংযত কেশ, ঝুঁটি, চুলের খোঁপা। ধম্ (শব্দ করা)+বিচ কর্তৃবা=ধম, তদুত্তরে মিল (মিলিত হওয়া)+ল কর্তৃবা। বি ; পুং।

ধর—(সমাসের পরপদ) ধারণকর্ত্তা। ধৃ (ধারণ করা)+অচ কর্তৃবা। বিণ। স্ত্রী, ধরা।

ধরণ—১। ধরা, ধারণ। ধৃ (ধারণ করা)+অনট্ ভাববা। ২। পরিমাণবিশেষ ; পদ্ধতি, প্রণালী ; লক্ষণ, রকম। ধৃ+অনট্ করণবা। বি ; ক্লীব।

ধরণি, ধরণী—পৃথিবী। ধৃ (ধারণ করা)+অনি কর্তৃবা, পক্ষে ঈপ্। বি ; স্ত্রী।

ধরণিতল, ধরণীতল—ভূপৃষ্ঠ, পৃথিবীর উপরিভাগ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ধরণিধর, ধরণীধর, ধরাধর—পর্ব্বত ; নাগরাজ অনন্ত ; কূর্ম্মরাজ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [বিষ্ণু। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ধরণীপতি, ধরণীশ্বর—রাজা ; শিব ;

ধরণীসুত—মঙ্গলগ্রহ ; নরকাসুর। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [বি ; স্ত্রী।

ধরণীসুতা—সীতা, রামপত্নী। ৬ষ্ঠীতৎ।

ধরতি—কম হইলে যাহা ধরিয়া দেওয়া হয়, পূরণ, অভাবের পূর্ত্তি। দেশজ। বি।

ধরপাকড়—ধরা ও বন্দী করা, ধরিয়া গ্রেপ্তার। দ্বন্দ্ব। দেশজ। বি।

ধরম—ধর্ম্ম শব্দের সম্প্রসারণ। কবিপ্র। বি।

ধরমশালা—তীর্থযাত্রীদের সাময়িক বাসস্থান। 'ধর্ম্মশালা' শব্দজ। বি।

ধরা—১। ধারণকর্ত্রী। বিণ ; স্ত্রী। ২। পৃথিবী। ধর+আপ্। বি ; স্ত্রী। ৩। জরায়ু, গর্ভাশয় ; মজ্জা ; নাড়ীবিশেষ ; স্পর্শ ; সম্পর্ক ; দায়িত্ব ; দখল ; গণনা। দেশজ প্রঃ। বি। ৪। ধারণ করা, গণ্য করা, জ্ঞান করা, অনুমান করা, সাজ করা ; নিযুক্ত হওয়া, থামা, ধরণ করা ; আক্রমণ করা ;

পাকড়ান; অতিরিক্ত বা ধরতিস্বরূপ গণ্য করা; ঈষৎ পুড়িয়া যাওয়া; প্রজ্বলিত হওয়া (যেমন, উনন ধরিয়াছে); কুলান, সঙ্কুলান হওয়া; লগ্ন হওয়া, লাগা; উৎপন্ন হওয়া; প্রকাশ পাওয়া; গুণ প্রকাশ করা; বেদনা বা বিকারযুক্ত হওয়া; অঙ্গে ধারণ করা, যুক্ত হওয়া; যথাসময়ে যাইয়া পাওয়া (যেমন, ট্রেন ধরা); আটকান; সনির্ব্বন্ধ প্রার্থনা করা; আরম্ভ করা; কল্পনা করা; অবলম্বন করিয়া চলা; নির্দ্ধারণ করা। বাং ক্রি। ৫। অবধারিত; নির্দ্ধারিত; ধৃত। বিণ। ৬। আত্মসমর্পণ (যেমন, '—দেওয়া')। দেশজ। বি। [দেশজ। বি।

ধরাকাট—বাঁধাবাঁধি, কঠিন নিয়ম, সংযম।

ধরাছোঁয়া—ধৃত বা স্পৃষ্ট হওয়া; কাছে আসা। দ্বন্দ্ব। বি।

ধরাট, ধরাটি—ঋণদানের বৃদ্ধি বিশেষ; ক্রয়বিক্রয়ে যে বাটা বা ছাড় নির্দ্ধারিত আছে, বাটা; নৌকার মঙ্কভেদ; ধরাকাট; সংযম; বাঁধাবাঁধি নিয়ম। দেশজ। বি।

ধরাতল—ভূতল, ভূপৃষ্ঠ, পৃথিবীর উপরি-ভাগ। ৬ষ্ঠিতৎ। বি; ক্লীব।

ধরাধর—বিষ্ণু; পর্ব্বত; কূর্ম্মরাজ। ৬ষ্ঠি-তৎ। বি; পুং।

ধরাধরি—অনেকে মিলিয়া ধারণ; উদ্দেশ্য-সিদ্ধির জন্য সনির্ব্বন্ধ অনুরোধ। দেশজ। বি।

ধরাধাম(-ধামন্)—পৃথিবীরূপ বাসস্থান। রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

ধরান—ধৃত করান; অভ্যাস করান; লাগান; রাখিবার জায়গা করা; জ্বালান। বাং ক্রি।

ধরাপৃষ্ঠ—ভূতল, পৃথিবীর উপরিভাগ। ৬ষ্ঠিতৎ। বি; ক্লীব।

ধরাবাঁধা—নির্দ্ধারিত, নির্দ্দিষ্ট। আগে ধরা পরে বাঁধা, কর্ম্মধা। বিণ।

ধরাশায়ী(-শায়িন্)—ভূতলে পতিত; মৃত। উপতৎ। ধরা—শী (শয়ন করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —য়িনী।

ধরিত্রী—পৃথিবী। ধৃ (ধারণ করা)+ইত্র কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

ধরিয়া—ব্যাপিয়া ('সপ্তাহ—'); ধীরে ও যত্নের সহিত (লেখা)। দেশজ। অব্য।

ধর্ত্ত(র্ত)ব্য—ধারণযোগ্য; বিবেচ্য; গ্রাহ্য। ধৃ (ধারণ করা)+তব্য কর্ম্মবা। বিণ।

ধর্ত্তা (ধর্ত্তৃ), ধর্তা—ধারক; ধারণকর্ত্তা। ধৃ (ধারণ করা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ধর্ত্রী।

ধর্ম্ম(র্ম)—১। সুকৃত, শুভাদৃষ্ট; পুণ্য; স্বভাব; গুণ; সংকর্ম্ম; শাস্ত্রানুযায়ী আচার; রীতি; অহিংসা; সাদৃশ্য; যজ্ঞ; দেশ-বিশেষের বা জাতিবিশেষের পাপপুণ্যাদি-বিষয়ক বিশ্বাস ও পারলৌকিক পরিত্রাণ-লাভাদি উদ্দেশ্যে অনুসৃত উপাসনাপদ্ধতি, যেমন হিন্দু ধর্ম্ম, মুসলমান ধর্ম্ম প্রভৃতি। ধৃ (ধারণ করা)+ম কর্ত্তৃবা, যাহা [মনুষ্যকে] ধারণ বা পোষণ করে। বি; পুং বা ক্লীব। ২। যম; যমতনয় যুধিষ্ঠির; ধনুক; সোমপায়ী ব্রাহ্মণ; শিবের বৃষ। বি; পুং।

ধর্ম্ম(র্ম)কর্ম্ম(র্ম), -কার্য্য(র্য)—ধর্ম্মোপদেশে কৃতকর্ম্ম, পুণ্যজনক কার্য্য, যে কর্ম্মের অনুষ্ঠানে ধর্ম্মসঞ্চয় হয়। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ধর্ম্ম(র্ম)কৃত্য—ধর্ম্মকার্য্য। ধর্ম্মানুগত কৃত্য (কার্য্য), মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ধর্ম্ম(র্ম)ক্ষেত্র—ধর্ম্মস্থান, পুণ্যধাম; কুরুক্ষেত্র। ৬ষ্ঠিতৎ। বি; ক্লীব।

ধর্ম্ম(র্ম)গ্রন্থ—ধর্ম্মমতের প্রতিপাদক গ্রন্থ; কর্ত্তব্য সদাচার ইত্যাদি বিষয়ক গ্রন্থ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ধর্ম্ম(র্ম)ঘট—১। বৈশাখমাসে প্রত্যহ দাতব্য জলপূর্ণ কলস। ধর্ম্মরক্ষার্থ ঘট, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। সকলে একমত হইয়া কোনও কাজ করিতে বা না করিতে প্রতিজ্ঞাবদ্ধ হওয়া। বাং প্রঃ। বি।

ধর্ম্ম(র্ম)ঘটী—ধর্ম্মঘটকারী, অনেকে প্রতিজ্ঞা-

বদ্ধ হইয়া একসঙ্গে কাদ্যত্যাগকারী। ধর্ম্মঘট +ঈ কৃতার্থে। বি বা বিণ।

ধর্ম্ম(র্ম)চক্র—বুদ্ধের উপদেশ-চতুষ্টয়—ইহাতে দুঃখের কারণ ও তন্নিবৃত্তির উপায় বর্ণিত আছে। বি; ক্লীব।

ধর্ম্ম(র্ম)চর্য্যা, –চর্যা—ধর্ম্মাচরণ, ধর্ম্মপালন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ধর্ম্ম(র্ম)চারী (–চারিন্)—ধার্ম্মিক, ধর্ম্মশীল। উপতৎ। ধর্ম্ম–চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –রিণী।

ধর্ম্ম(র্ম)জ্ঞ—ধর্ম্মের নিগূঢ় মর্ম্ম বিষয়ে অভিজ্ঞ; ধর্ম্মাধর্ম্মবিষয়ক বোধবিশিষ্ট। উপতৎ। ধর্ম্ম–জ্ঞা+ক কর্ত্তৃবা। বিণ।

ধর্ম্ম(র্ম)জ্ঞান—ধর্ম্ম কি বস্তু তাহা জানা; পাপপুণ্যবিষয়ক বোধ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ধর্ম্মতঃ (–তস্), **ধর্ম্মত**—ধর্ম্মানুসারে; ধর্ম্মের নিকটে। ধর্ম্ম+তস্। অব্য।

ধর্ম্ম(র্ম)তত্ত্ব—ধর্ম্মের প্রকৃত তাৎপর্য্য, ধর্ম্মের নিগূঢ় মর্ম্ম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ধর্ম্ম(র্ম)ত্যাগ—নিজের ধর্ম্ম আচার ইত্যাদি বর্জ্জন। ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ, –গী (গিন্)। স্ত্রী, –গিনী।

ধর্ম্ম(র্ম)দ্বেষী (–দ্বেষিন্)—ধর্ম্মের প্রতি বিদ্বেষকারী; ধর্ম্মকার্য্যে বাধাদায়ক। উপতৎ। ধর্ম্ম–দ্বিষ্+ঘিনুণ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –বিণী।

ধর্ম্ম(র্ম)দ্রোহী (–দ্রোহিন্)—ধর্ম্মের দ্বেষকারী, অধার্ম্মিক। উপতৎ। ধর্ম্ম–দ্রুহ্ (অনিষ্টাচরণ করা)+ঘিনুণ্ কর্ত্তৃবা। বিণ, পুং। স্ত্রী, –হিণী।

ধর্ম্ম(র্ম)ধ্বজী (–ধ্বজিন্)—জীবিকার্থ জটাদি ধর্ম্মচিহ্নধারী, কপট ধার্ম্মিক। ধর্ম্মধ্বজ +ইন্ অস্ত্যর্থে। বিণ বা বি; পুং। স্ত্রী, –জিনী।

ধর্ম্ম(র্ম)নাশ—ধর্ম্মহানি; ধর্ম্মলোপ, স্ত্রীলোকের সতীত্বনাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্ম্ম(র্ম)নিষ্ঠ—ধর্ম্মে একান্ত অনুরক্ত, ধর্ম্মপরায়ণ। ধর্ম্মে নিষ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ষ্ঠা।

ধর্ম্ম(র্ম)নিষ্ঠা—ধর্ম্মবিষয়ে আন্তরিক অনুরাগ; সাধ্যানুসারে ধর্ম্মপথে চলা। ধর্ম্মে নিষ্ঠা, ৭মীতৎ। বি; স্ত্রী।

ধর্ম্ম(র্ম)পত্নী—ধর্ম্মাচরণার্থ পত্নী, সহধর্ম্মিণী, বিবাহিতা স্ত্রী। ধর্ম্মার্থা পত্নী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ধর্ম্ম(র্ম)পথ—পুণ্যকর্ম্মাদি দ্বারা জীবনযাপন প্রণালী; ন্যায়পথ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্ম্ম(র্ম)পরায়ণ—ধর্ম্মনিষ্ঠ, ধর্ম্মাত্মা, অতিশয় ধার্ম্মিক। ধর্ম্ম হইয়াছে পর (প্রধান) অয়ন (আশ্রয়) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ণা। বি, –ণতা, –ণত্ব।

ধর্ম্ম(র্ম)পিতা (–পিতৃ)—ধর্ম্ম সাক্ষী করিয়া যাহার সহিত পিতৃত্ব সম্বন্ধ স্থাপিত হইয়াছে, ধর্ম্মবাপ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ধর্ম্ম(র্ম)পুত্র—১। যুধিষ্ঠির। ধর্ম্মের (যমের) পুত্র, ৬ষ্ঠীতৎ। ২। ধর্ম্ম সাক্ষী করিয়া যাহাকে পুত্ররূপে গ্রহণ করা যায়; ধর্ম্মছেলে। দেশজ প্রঃ। বি; পুং।

ধর্ম্ম(র্ম)প্রচারক—কোন ধর্ম্মবিষয়ক মতবাদ প্রচারকারী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্ম্ম(র্ম)প্রবক্তা (–বক্তৃ)—রাজনিযুক্ত সভ্যবিশেষ; ধর্ম্ম নির্ণায়ক পুরুষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্ম্ম(র্ম)প্রাণ—ধর্ম্মে একান্ত অনুরক্ত, পরমধার্ম্মিক। বহুব্রী। বিণ। স্ত্রী, –ণা।

ধর্ম্ম(র্ম)বিৎ (–বিদ্)—ধর্ম্মজ্ঞ; ধার্ম্মিক। উপতৎ। ধর্ম্ম–বিদ্ (জানা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

ধর্ম্ম(র্ম)বিপ্লব—ধর্ম্মের অতিক্রম, ধর্ম্মনাশ, ধর্ম্ম লইয়া বিষম গোলযোগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্ম্ম(র্ম)বুদ্ধি—১। ধর্ম্মজ্ঞান (তাহা দ্রঃ)। ৬ষ্ঠীতৎ। ২। ধর্ম্মে মতি বা প্রবৃত্তি। ৭মীতৎ। বি; স্ত্রী। ৩। ধর্ম্মমতি, ধর্ম্মপ্রবণ, ধার্ম্মিক। ধর্ম্মে বুদ্ধি যাহার, বহুব্রী। বিণ।

ধর্ম্ম(র্ম)ভয়—ধর্ম্মহানির ভয়। ৫মীতৎ। বি; ক্লীব।

ধর্ম্ম(র্ম)ভাই—ধর্ম্মভ্রাতা, ধর্ম্মতঃ স্বীকৃত ভাই, যাহাকে ধর্ম্মপ্রমাণে ভ্রাতা বলিয়া অঙ্গীকার করা হইয়াছে ; সহাধ্যায়ী ; সহধর্ম্মী। দেশজ। বি ; পুং। স্ত্রী, —ভগিনী।

ধর্ম্ম(র্ম)ভীরু—ধর্ম্মভয়যুক্ত, অধর্ম্মাচরণ করিলে ধর্ম্মের নিকট দণ্ডনীয় হইতে ও পরকালে যাতনা ভোগ করিতে হয়,—এইরূপ বিশ্বাসযুক্ত। ৫মীতৎ। বিণ।

ধর্ম্ম(র্ম)ভ্রষ্ট—ধর্ম্মচ্যুত, অধর্ম্মাচরণ হেতু ধর্ম্মে পতিত। ৫মীতৎ। বিণ। স্ত্রী, —ষ্টা।

ধর্ম্ম(র্ম)ভ্রাতা (—ভ্রাতৃ)—ধর্ম্ম সাক্ষী করিয়া গৃহীত ভাই। দেশজ প্রঃ। বি ; পুং। স্ত্রী, —ভগিনী।

ধর্ম্ম(র্ম)মন্দির—ধর্ম্মানুষ্ঠানার্থ গৃহ ; যেমন,—হিন্দুদিগের দেবালয়, খৃষ্টানদিগের গির্জ্জা, মুসলমানদিগের মসজিদ। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব। [স্ত্রী।

ধর্ম্ম(র্ম)মা—ধর্ম্মমাতা (তাহা দ্রঃ)। বি ;

ধর্ম্ম(র্ম)মাতা (—মাতৃ)—ধর্ম্ম সাক্ষী করিয়া যাহাকে মা বলা হইয়াছে। দেশজ প্রঃ। বি ; স্ত্রী।

ধর্ম্ম(র্ম)যাজক—ধর্ম্মোপদেশ দানকারী ; যিনি ধর্ম্মবিষয়ক ক্রিয়াকাণ্ড সম্পন্ন করান ; পুরোহিত। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ধর্ম্ম(র্ম)যুদ্ধ—ন্যায়ানুসারে সম্পাদিত যুদ্ধ। ধর্ম্মার্থ যুদ্ধ বা ধর্ম্মমূলক যুদ্ধ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

ধর্ম্ম(র্ম)রক্ষা—অধর্ম্ম হইতে ত্রাণ, ধর্ম্মনাশ হইতে না দেওয়া, সতীত্বরক্ষা। বি ; স্ত্রী।

ধর্ম্ম(র্ম)রাজ—যম ; যুধিষ্ঠির ; বুদ্ধদেব ; নৃপতি। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ধর্ম্ম(র্ম)লক্ষণ—ধর্ম্মের চিহ্ন ; ধৃতি, ক্ষমা, দম, অস্তেয়, শৌচ, ইন্দ্রিয়নিগ্রহ, ধী, বিদ্যা, সত্য, অক্রোধ, এই দশটি ধর্ম্মের লক্ষণ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ধর্ম্ম(র্ম)শালা—আদালত, বিচারালয় ; ধর্ম্ম আরাধনা করিবার জন্য গৃহ ; অতিথিশালা। মধ্যপ কর্ম্মধা বা ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

ধর্ম্ম(র্ম)শাস্ত্র—মনু-যাজ্ঞবল্ক্য প্রভৃতি ঋষি-প্রণীত স্মৃতিশাস্ত্র ; যে শাস্ত্রে সাংসারিক ও পারলৌকিক সমস্ত বিষয়ের মীমাংসা থাকে ; বেদ স্মৃতি প্রভৃতি শাস্ত্র। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ধর্ম্ম(র্ম)শাস্ত্রকার—স্মৃতিশাস্ত্রপ্রণেতা ; মানবের বিবিধ কর্ত্তব্য, আইন, রাজবিধি ইত্যাদি প্রণয়নকারী মনু, অত্রি, বিষ্ণু, হারীত, যাজ্ঞবল্ক্য প্রভৃতি ঋষি। উপতৎ। ধর্ম্মশাস্ত্র—কৃ + অণ্ কর্ত্তৃবা। বি ; পুং।

ধর্ম্ম(র্ম)শীল—ধর্ম্মপরায়ণ, ধার্ম্মিক। ধর্ম্মই শীল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —লা।

ধর্ম্ম(র্ম)সংস্কার—দেশবিদেশে প্রচলিত ধর্ম্মের দোষাদির সংশোধন ও ধর্ম্মপ্রণালীর উন্নতিবিধান। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। বিণ, —স্কারক।

ধর্ম্ম(র্ম)সংস্থাপন—ধর্ম্মের প্রতিষ্ঠা, অধর্ম্মের বিনাশপূর্ব্বক ধর্ম্মের প্রবর্ত্তন। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ধর্ম্ম(র্ম)সংহিতা—ধর্ম্মশাস্ত্র। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

ধর্ম্ম(র্ম)সঙ্গ(ংগ)ত, ধর্ম্ম(র্ম)সম্মত—ধর্ম্মের অনুমোদিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —তা।

ধর্ম্ম(র্ম)হানি—ধর্ম্মক্ষয়। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

ধর্ম্মা(র্মা)চরণ—১। ধর্ম্মসঙ্গত ব্যবহার। মধ্যপ কর্ম্মধা। ২। ধর্ম্মানুষ্ঠান। ধর্ম্মের আচরণ, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ধর্ম্মাচার্য্য, ধর্মাচার্য—১। ধর্ম্মশিক্ষক। ধর্ম্মবিষয়ে আচার্য্য, ৭মীতৎ। ২। কর্ম্মেনীয়দিগের তর্পণীয় পুরুষবিশেষ। বি ; পুং।

ধর্ম্মা(র্মা)ত্মা (—ত্মন্)—ধর্ম্মশীল, ধার্ম্মিক। ধর্ম্ম হইয়াছে আত্মা যাহার, বহুব্রী। বিণ।

ধর্ম্মাধর্ম্ম, ধর্মাধর্ম—পাপপুণ্য ; সদসৎ কর্ম্ম। ধর্ম্ম ও অধর্ম্ম, দ্বন্দ্ব। বি ; পুং।

ধর্ম্মা(র্মা)ধিকরণ—ধর্ম্মস্থান, বিচারালয়, ন্যায় অন্যায়ের বিচারস্থল ; আদালত (Court of Justice). ধর্ম্ম—অধি—কৃ (করা) + অনট্ অধিবা। বি ; ক্লীব।

ধর্ম্মা(র্মা)ধিকার—ন্যায় অন্যায় বিচারের

অধিকার, বিচারকের পদ বা কার্য্য। ধর্ম্মের অধিকার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্ম্মা(র্ম্মা)ধিকারী (-কারিন্)—ন্যায় অন্যায় বিচারের অধিকারী, বিচারক; ন্যায় অন্যায় বিচারকারী। ধর্ম্মাধিকার+ইন্ অস্ত্যর্থে। বিণ বা বি; পুং। স্ত্রী,–রিণী।

ধর্ম্মা(র্ম্মা)ধ্যক্ষ—প্রাড্‌বিবাক, প্রধান বিচারপতি। ধর্ম্মের অধ্যক্ষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্ম্মা(র্ম্মা)নুগত, ধর্ম্মা(র্ম্মা)নুযায়ী, (-যায়িন্)—ধর্ম্মপথগামী, ধর্ম্মের নিয়ম মত অনুষ্ঠিত। ২য়াতৎ; উপতৎ। ধর্ম্ম–অনু–যা+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–তা, –য়িনী।

ধর্ম্মা(র্ম্মা)নুষ্ঠান—ধর্ম্মবিহিত কার্য্য করণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [ক্লীব।

ধর্ম্মা(র্ম্মা)ন্তর—অন্য ধর্ম্ম। নিত্য। বি;

ধর্ম্মা(র্ম্মা)ন্তরপরিগ্রহ—অন্য ধর্ম্ম গ্রহণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্ম্মা(র্ম্মা)ন্তরিত—অন্য ধর্ম্মে দীক্ষিত। ধর্ম্মান্তর+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী,–তা।

ধর্ম্মা(র্ম্মা)ন্ধ—এক ধর্ম্মে দৃঢ়তর বিশ্বাস-নিবন্ধন ধর্ম্মান্তরের উৎকৃষ্ট বিষয়কেও নিকৃষ্ট বলিয়া বোধকারী। ধর্ম্মে অন্ধ, ৭মীতৎ; বা ধর্ম্ম দ্বারা অন্ধ, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,–ন্ধা।

ধর্ম্মা(র্ম্মা)বতার—সাক্ষাৎ ধর্ম্মস্বরূপ, মূর্ত্তিমান্ ধর্ম্মস্বরূপ [রাজা, বিচারপতি বা তাদৃশ বড় লোককে এই কথা বলিয়া সম্বোধন করা হইয়া থাকে]। ধর্ম্মের অবতার (স্বরূপ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধর্ম্মা(র্ম্মা)বলম্বী (-লম্বিন্)—ধর্ম্মাশ্রিত, ধর্ম্মগ্রহণকারী। উপতৎ। ধর্ম্ম—অব–লম্ব্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ম্বিনী।

ধর্ম্মা(র্ম্মা)র্থ—১। ধর্ম্মের নিমিত্ত। ধর্ম্মের নিমিত্ত ইহা এই বাক্যে নিত্য সমাস; কিংবা ধর্ম্ম হইয়াছে অর্থ (প্রয়োজন) যাহাতে, বহুব্রী। বিণ বা ক্রি-বিণ। স্ত্রী,–র্থা। ২। ধর্ম্ম ও ধন। ধর্ম্ম ও অর্থ, দ্বন্দ্ব। বি; পুং।

ধর্ম্মা(র্ম্মা)সন—বিচারাসন, বিচারপতির বসিবার স্থান। ধর্ম্মের আসন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ধর্ম্মি(র্ম্মি)ষ্ঠ—অতি ধর্ম্মপরায়ণ। ধর্ম্মিন্+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,–ষ্ঠা।

ধর্ম্মী (ধর্ম্মিন্)—ধর্ম্মযুক্ত, ধর্ম্মপরায়ণ, ধার্ম্মিক। ধর্ম্ম+ইন্ অস্ত্যর্থে। স্ত্রী,–র্ম্মিণী।

ধর্ম্মো(র্ম্মো)ন্মাদ—১। ধর্ম্মবিষয়ে অত্যধিক উন্মত্ততা ও পরধর্মসহিষ্ণুতা। মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। ধর্ম্মবিষয়ে উন্মত্ত। ধর্ম্মোন্মাদ (১)+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

ধর্ম্মো(র্ম্মো)পদেষ্টা (-দেষ্টৃ)—ধর্ম্মবিষয়ে উপদেশদাতা, ধর্ম্মশিক্ষক, গুরু। ধর্ম্মের উপদেষ্টা, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–ষ্ট্রী।

ধর্ম্ম্য(র্ম্ম্য)—ধর্ম্মের অনুযায়ী, ধর্ম্মযুক্ত; ধর্ম্মলব্ধ। ধর্ম্ম+যৎ অনপেতার্থে। বিণ। স্ত্রী, ধর্ম্ম্যা।

ধর্ষ, ধর্ষণ—অবজ্ঞা; পরাভব; অপবাদ; বলাৎকার; অমর্ষ; রমণ। ধৃষ্+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং বা ক্লীব।

ধর্ষক—ধর্ষণকারী। ধৃষ্+ণক কর্ত্তৃবা। বিণ।

ধর্ষণীয়—ধৃষ্য, ধর্ষণযোগ্য, যাহাকে দমন করিতে পারা যায়। ধৃষ্+অনীয় কর্ম্মবা। বিণ।

ধর্ষিত—১। পরাভূত, পরাজিত; অবমানিত; বলাৎকৃত; তিরস্কৃত। ণিজন্ত ধৃষ্ (=ধর্ষি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা। ২। রমণ। ণিজন্ত ধৃষ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

ধর্ষিতা—অবমানিতা; বলাৎকৃতা। ধর্ষিত শব্দ+আপ্। বিণ; স্ত্রী।

ধল, ধলা—শ্বেত, সাদা। 'ধবল' শব্দজ। বি।

ধস—মৃত্তিকাদি বসিয়া বা নামিয়া যাওয়া; খসিয়া পড়ার শব্দ। দেশজ। বি।

ধসকা, ধসকান—শিথিল হওয়া, ভাঙ্গিয়া পড়া। বাং ক্রি।

ধসধস—১। ধসিয়া বা ভাঙ্গিয়া যাইতে উদ্যত, বসিয়া যাইবার মত। দেশজ। ২। ধড়ফড়, কম্পনযুক্ত। প্রাঃ কবিপ্র। বিণ।

ধসা—একপ্রকার গলিত ক্ষত রোগ; মৃত্তিকাদি ধস খাওয়া। দেশজ। বি।

ধস্তাধস্তি—টানাটানি, ঠেলাঠেলি, পরস্পর বলপ্রয়োগ। দেশজ। বি।

ধা—১। ধারক। ধা (ধারণ করা)+ক্বিপ্। বি; পুং। ২। (সঙ্গীতে) স্বরগ্রামের ষষ্ঠ স্বর, ধৈবত। বি।

ধাই—১। ধাত্রী, উপমাতা, দাই, শিশুপালিকা পরিচারিকা। 'ধাত্রী' শব্দজ। বি; স্ত্রী। ২। ধাবিত হইয়া। কবিপ্র। ক্রি। ৩। নৃত্যশব্দ। দেশজ। অব্য। [দেশজ। বি।

ধাউড়—ধাবক; সংবাদবাহক; দৌড়, ধাবন।

ধাউড়া, ধাউড়ী—দ্রুতগামী, ধাবক; যাহার দৌড় বহুদূর বিস্তৃত। দেশজ। বিণ।

ধাউস্—ঢাউস্, উড়াইবার বড় ঘুড়ি। প্রাদে। বি।

ধাওড়া—অতি বৃহৎ, অতিশয় লম্বা। দেশজ। বিণ। স্ত্রী,—ড়ী।

ধাওয়া—১। অনুধাবন, পশ্চাৎ হইতে তাড়া দেওয়া; দ্রুতপলায়ন, বড়। বি। ২। নির্বিষ, নিরীহ। দেশজ। বিণ। ৩। ধাবিত হওয়া। বাং ক্রি।

ধাঁ—শীঘ্র, চট্, ঝাঁ। দেশজ। অব্য।

ধাঁই—১। পুষ্পবিশেষ। 'ধাতকী' শব্দজ। বি। ২। অনুকার-শব্দ (চড় মারা প্রভৃতির)। দেশজ। অব্য।

ধাঁচ, ধাঁচা, ধাঁজ—ধারা, রীতি; ঢঙ্; ছাঁচ; অঙ্গভঙ্গী; অবয়ব। দেশজ। বি।

ধাঁধা—অন্ধকার; দৃষ্টিবিভ্রম, সন্দেহ, ধোঁকা; কৌতূহলজনক দুরূহ প্রশ্ন; জটিল সমস্যা। 'ধান্দা' শব্দজ। বি।

ধাক্কা—সংঘর্ষ, ঠেলা; প্রকম্প, বেগ বা চাপ; আঘাত। 'ধক' ধাতুজ। বি।

ধাঙড়, ধাঙ্গড়—১। নিম্নশ্রেণীর হিন্দু জাতিবিশেষ, ঝাড়ুদার। বি। ২। অসভ্য, বর্ব্বর। দেশজ। বিণ।

ধাড়া—পাঁচ সের পরিমাণ; তুলাদণ্ডের দুই দিক্ সমান করণ; দরমা; হিন্দু জাতিবিশেষের উপাধি। দেশজ। বি।

ধাড়ী—পশুপক্ষ্যাদি ইতর জন্তুর মাতা, যাহার বাচ্চা হইয়াছে; বয়স্ক; সর্দ্দার; নেতা। 'ধাত্রী' শব্দজ। বি।

ধাত—ধাতু, প্রকৃতি, স্বভাব; মেজাজ; নাড়ী; শুক্র। 'ধাতু' শব্দজ। বি।

ধাতকী—পুষ্পবৃক্ষবিশেষ, ধাই ফুলের গাছ। বি; স্ত্রী। ধাতু+ণিচ্+অক কর্ত্তৃবা+ঈপ্।

ধাতব—ধাতু-সংক্রান্ত; ধাতু-নির্ম্মিত; ধাতুময়। ধাতু+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—বী।

ধাতস্থ—প্রকৃতিস্থ, স্বাভাবিক অবস্থায় উপনীত, সুস্থ। উপতৎ। ধাত (∠ধাতু)—স্থা+ক কর্ত্তৃবা। বিণ।

ধাতা (ধাতৃ)—১। ধারণকর্ত্তা, ধারক; রক্ষাকর্তা, রক্ষক; নির্ম্মাণকর্ত্তা; জার; বিণ। স্ত্রী, ধাত্রী। ২। বিধাতা, ব্রহ্মা; বিষ্ণু, পিতা; আত্মা; আদিত্যবিশেষ; বায়ুবিশেষ। ধা (ধারণ করা)+তৃন্ কর্ত্তৃবা। বি; পুং।

ধাতু—১। শরীরস্থ বাত, পিত্ত, কফ; ইন্দ্রিয়; শুক্র; শোণিতাদি; স্বর্ণ, রৌপ্য, কাংস্য, পিত্তল, তাম্র, সীস, রঙ্গ, লৌহ এই অষ্টবিধ তৈজস ধাতু; রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্র, শরীরস্থ এই সপ্ত ধাতু; পারদ; হরিতাল; হিঙ্গুল; গন্ধক; অভ্রক; গৈরিক, মনঃশিলা; ভূ, স্থা, গম প্রভৃতি ক্রিয়াবোধক প্রকৃতি; স্বরূপ, স্বভাব, প্রকৃতি; অবস্থা; জ্ঞানেন্দ্রিয়। ধা (ধারণ করা)+তুন্ কর্ত্তৃবা। বি; পুং। ২। নাড়ীর স্পন্দন। বাং প্রঃ। বি।

ধাতুক্ষয়—শরীরস্থ ধাতুর ক্ষীণতা; কাশরোগবিশেষ; শুক্রক্ষয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধাতুগত—দেহসম্বন্ধীয়; প্রকৃতিগত। ২য়াতৎ। বিণ।

ধাতুগর্ভ—যাহার ভিতরে বুদ্ধাদি মহাপুরুষের ধাতু অর্থাৎ অস্থি দন্ত প্রভৃতি রক্ষিত আছে, চৈত্য, মঠ প্রভৃতি। বি; পুং।

ধাতুঘটিত—ধাতুসংযোগে প্রস্তুত; ধাতুসংক্রান্ত। ৩য়াতৎ। বিণ।

ধাতুদ্রাবক—১। যাহা ধাতু গলায় বা

যাহাতে ধাতু গলে। বিণ। স্ত্রী,—বিকা। ২। সোহাগা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ধাতুপাঠ—পাণিন্যাদি প্রণীত ধাত্বর্থবোধক গ্রন্থ। ধাতু-বিষয়ক পাঠ আছে যাহাতে, বহুব্রী। বি ; পুং।

ধাতুসাম্য—দেহস্থ বায়ু পিত্ত ও কফের সমতা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ধাতুপল—কঠিনিকা, খড়িমাটী। ধাতুময় উপল, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

ধাত্রিকা—আমলকী। ধাত্রী + কন্ + আপ্। বি ; স্ত্রী।

ধাত্রী—১। ধারণকর্ত্রী, ইত্যাদি। বিণ ; স্ত্রী। ২। মাতা ; উপমাতা, ধাইমা ; পৃথিবী ; আমলকী। ধা + তৃন্ কর্ত্তৃবা + ঙীপ্। বি ; স্ত্রী।

ধাত্রীফল—আমলকী। কর্ম্মধা। বি ; ক্লীব।

ধাধস—ভয় ; ভ্রম, ধাঁধা। প্রাঃ কবিপ্র। বি।

ধান—১। আধার ; নিধান, স্থান। ধা (ধারণ করা) + অনট্ অধিবা। বি ; ক্লীব। ২। ধান্য ; ওজনবিশেষ, সিকি রতি, প্রায় ১ গ্রেন। 'ধান্য' শব্দজ। বি। [বি ; স্ত্রী।

ধানশী—রাগিণীবিশেষ। 'ধনাশ্রী' শব্দজ।

ধানিকা—আধার, পাত্র। ধানী + কন্ স্বার্থে + আপ্। বি ; স্ত্রী।

ধানী—১। আধার, নিধান ; স্থান। ধা (ধারণ করা) + অনট্ অধিবা + ঙীপ্। বি ; স্ত্রী। ২। ধান্যতুল্য, ধানের মত ; ক্ষুদ্র, ছোট্ট, কাচা ধানের রংবিশিষ্ট। ধান + ঈ সদৃশার্থে। বিণ। [বি।

ধানীলঙ্কা—অতি ক্ষুদ্রজাতীয় লঙ্কা। কর্ম্মধা।

ধানুকী—ধনুর্দ্ধর, ধানুষ্ক। 'ধানুষ্ক' শব্দজ। বিণ।

ধানুষ্ক—ধনুর্ধারী। ধনুস্ + ক (ঠক্)। বিণ।

ধান্দা, ধান্ধা—ধন্দ, ধাঁধা ; ধোঁকা ; চিন্তা ; জীবিকা, কাজকর্ম্ম ; উপায়, ফিকির। দেশজ। বি।

ধান্য—সতুষ তণ্ডুল, ধান ; পরিমাণবিশেষ। ধা (ধারণ করা) + যৎ কর্ত্তৃবা। বি ; ক্লীব।

ধান্যক—ধনিয়া, ধনে। ধান্য + কন্ তুল্যার্থে। বি ; ক্লীব। [স্ত্রী।

ধান্যত্বক্ (-ত্বচ্)—তুষ। ৬ষ্ঠীতৎ। বি ;

ধান্যপঞ্চক—শাল, ব্রীহি, শূক, শিম্বি, ক্ষুদ্র এই পাঁচ প্রকার শস্য। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ধান্যাম্ল—কাঁজি, আমানি। ধান্যজাত অম্ল, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

ধান্যেশ্বরী—ধেনো মদ (ব্যঙ্গার্থে)। দেশজ প্রঃ। বি ; স্ত্রী।

ধাপ—পৈঠা, সোপান। দেশজ। বি।

ধাপড়ান—মাটিতে শুইয়া হাত-পা ছোড়া। বাং ক্রি। [দেশজ। বি।

ধাপা, ধাপাড়—শস্যশূন্য বৃহৎ মাঠ।

ধাপুস্—পতনশব্দবিশেষ। দেশজ। অব্য।

ধাপ্পা—মিথ্যা আশ্বাস ; ধোঁকা ; প্রতারণা, দম, ফাঁকি। হিন্দী। বি।

ধাপ্পাবাজ—যে ধাপ্পা দেয়, প্রতারক। ধাপ্পা + বাজ শীলার্থে। বি বা বিণ। বি,—বাজি।

ধাবক—১। শীঘ্রগামী, দ্রুতগমনশীল, দৌড়িয়া চলে এরূপ ; ধৌতকারী, প্রক্ষালক। বিণ। স্ত্রী,—বিকা। ২। রজক, ধোপা। ধাব্ + ণক কর্ত্তৃবা। বি ; পুং।

ধাবকা—সন্দেহ, ধোঁকা ; ধাপ্পা, ফাঁকি, চালাকি ; প্রকোপ, বেগ, ধকল ; ধারা, রীতি ; অভ্যাস। দেশজ। বি।

ধাবড়া—কালির বিস্তৃত দাগ ; যে ময়লা চিহ্ন অনেকটা স্থান জুড়িয়া থাকে ; খাবলা ; খানিকটা। দেশজ। বি।

ধাবন—ধৌতকরণ, ধোয়া ; শীঘ্রগমন, দৌড়ান। ধাব্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

ধাবনকূর্দ্দ(র্দ)ন—দৌড়ান ও ক্রীড়া ; দৌড়িতে দৌড়িতে খেলা। দ্বন্দ্ব বা মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

ধাবমান—দ্রুতগমনশীল ; দৌড়িতেছে এরূপ। ধাব্ (বেগে চলা) + শান কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —না।

ধাবাড়িয়া, ধাবাড়ে—দ্রুতগমনশীল ; শীঘ্রগতি ; ক্ষিপ্রকারী। দেশজ। বিণ।

ধাবিত—১। দ্রুতগত, দৌড়িয়াছে এরূপ। ধাব্ + ক্ত কর্ত্তৃবা। ২। অনুসৃত; ধৌত। ধাব্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

ধাম (ধামন্)—গৃহ; স্থান, আধার; তীর্থস্থান; শরীর; জন্ম; প্রভাব; তেজঃ; কিরণ। ধা (ধারণ করা) + মনিন্ অধিবা, কর্ম্মবা, ভাববা। বি; ক্লীব।

ধামগুজারি—ধুমধাম, দাপাদাপি; উপদ্রব, দৌরাত্ম্য। দেশজ। বি।

ধামনিক—ধমনী-সংক্রান্ত। ধমনী + ষ্ণিক ইদমর্থে। বিণ। স্ত্রী, —কী।

ধামসা—টিকারা নামক বাদ্যযন্ত্র। দেশজ। বি। [করা। বাং ক্রি।

ধামসান—দলিত করা, হাত পা দিয়া মর্দ্দন

ধামা—১। বেতের বড় ঝুড়ি। 'ধামক' শব্দজ। ২। ধাম, আধার। কবিপ্র। বি।

ধামাচাপা—গোপন ('—দেওয়া'); অন্য বিষয় বা বস্তু দ্বারা আবৃত। ৩য়াতৎ। বি বা বিণ।

ধামাধরা—খোসামুদে, তোষামোদকারী; খোসামোদ করা। ধামা ধরে যে, উপতৎ। বিণ।

ধামার—চৌদ্দ মাত্রার তালবিশেষ; একজাতীয় সঙ্গীত। দেশজ। বি।

ধামাল—১। ধামার রাগিণী; প্রভাব, তেজ, বীর্য্য। বি। ২। অশান্ত, দুরন্ত। দেশজ। বিণ।

ধামি, ধামী—ছোট ধামা। দেশজ। বি।

ধার—১। ঋণ; প্রান্ত; অস্ত্রশস্ত্রের তীক্ষ্ণপ্রান্ত; তীক্ষ্ণতা, প্রাখর্য্য। ধৃ (ধারণ করা) + ঘঞ্ কর্ম্মবা। বি; পুং। ২। ধারাকারে পতিত জল। ধারা + অণ্। বি; ক্লীব। ৩। নগরবিশেষ। বি; পুং। ৪। সংস্রব; কিনারা। বাং প্রঃ। বি।

ধারক—১। ধারণকর্ত্তা; ঋণী, অধমর্ণ; ভেদনিবারক। বিণ। স্ত্রী, —রিকা। ২। পাত্র, আধার; কলস; ভেদনিবারক ঔষধ; পুরাণপুস্তক ধারণ করিয়া যে পুরাণপাঠকের ভ্রমাদি অপনোদন করে। ধৃ (ধারণ করা) + ণক কর্ত্তৃবা। বি; পুং।

ধারকতা—ধারকের কার্য্য; পুরাণাদি পাঠকালে বা দুর্গাপূজা প্রভৃতিতে পাঠকের বা পূজকের ভ্রম-দূরীকরণার্থ ধারকের কার্য্য করা; ভেদনিবারকতা। ধারক শব্দ + তা ভাবার্থে। বি; স্ত্রী।

ধারকর্জ্জ(র্জ)—দেনাদুনি, ঋণ। বাঙ্গালার একার্থক শব্দের দ্বন্দ্ব। বি।

ধারণ—অবলম্বন; গ্রহণ; ধরা; রক্ষণ; স্থাপন; বহন; সংবরণ; ধারণা; মনন। ণিজন্ত ধৃ (=ধারি) + অনট্ ভাববা। বি; ক্লীব।

ধারণা—স্থিরতা; নিশ্চয়; চিত্তের একাগ্রতা; বিশ্বাস; সংস্কার; সিদ্ধান্ত, যমাদি গুণযুক্ত আত্মাতে মনঃসমর্পণ, অদ্বিতীয় ব্রহ্মবস্তুতে অন্তঃকরণের অভিনিবেশ; মেধা; স্মৃতিশক্তি। ণিজন্ত ধৃ (=ধারি) + অন ভাববা + আপ্। বি; স্ত্রী।

ধারণীয়—ধারণযোগ্য; রক্ষণীয়। ণিজন্ত ধৃ (=ধারি) + অনীয় কর্ম্মবা। বিণ।

ধারয়িতা (—য়িতৃ)—ধারক, ধারণকর্ত্তা। ণিজন্ত ধৃ (=ধারি) + তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —ত্রী।

ধারয়িষ্ণু—ধারণশীল। ণিজন্ত ধৃ (=ধারি) + ইষ্ণু কর্ত্তৃবা শীলার্থে। বিণ।

ধারা—১। বৃষ্টি; দ্রব দ্রব্যের অনবরত ক্ষরণ, প্রবাহ। ণিজন্ত ধৃ = ধারি (ধারণ করা) + অ ভাববা + আপ্। ২। লম্বমান জলবিন্দু; নির্ঝর; অশ্বের ধার; সৈন্যের অগ্রভাগ; প্রকার; যশঃ; সাদৃশ্য, উপমা; প্রকরণ; পরিচ্ছেদ, অধ্যায়; সমূহ; ক্রমাগত স্থিতি; শ্রেণী; পদ্ধতি, রীতি; ব্যবস্থা; উৎকর্ষ; আইনের বিধি (Section). ধারি + অ করণবা + আপ। বি; স্ত্রী। ৩। ঋণী হওয়া বা থাকা। বাং ক্রি।

ধারাকদম্ব—নীপ, কেলিকদম্ব। বি; পুং।

ধারাগৃহ—জলধারাযুক্ত গৃহ, ফোয়ারা। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ধারাধর—মেঘ; খড়্গ; অস্ত্র। ধারা-ধৃ (ধারণ করা)+অচ্ কর্তৃবা। বি; পুং।

ধারাপাত—জলধারার পতন; অঙ্কবিদ্যা শিখিবার প্রাথমিক পুস্তক। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৩য়াতৎ। বি; পুং, ক্লীব।

ধারাবর্ষ, -বর্ষণ—অবিশ্রান্ত বর্ষণ।

ধারাবাহিক—অবিরতস্থায়ী, অবিচ্ছেদে স্থিতিশীল; অবিচ্ছিন্ন, ক্রমাগত, ক্রমিক। ধারা-বহ্ (বহন করা)+অচ্ কর্তৃবা+ইক। বিণ। স্ত্রী,-কী। বি,-তা,-ত্ব।

ধারাবাহী (-বাহিন্)—ধারাবাহিক (সকল অর্থে)। ধারা-বহ্ (বহন করা) +ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,-হিনী।

ধারাযন্ত্র—ফোয়ারা; গোলাবপাশ; পিচকারি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ধারাল—সুতীক্ষ্ণ, শাণিত। ধারা (ধার)+ল অস্ত্যর্থে। বিণ।

ধারাসম্পাত—অবিরলধারায় বৃষ্টিপতন। ৩য়াতৎ। বি; পুং।

ধারি, ধারী—মেটে ঘরের সরু দাওয়া বা পিঁড়ে বা দালান; কিনারা, পাড়। দেশজ। বি।

ধারিত--যাহা ধরান হইয়াছে এরূপ; গ্রাহিত; বাহিত; স্থাপিত। ণিজন্ত ধৃ (=ধারি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,-তা।

ধারী (ধারিন্)—১। ধারণকর্তা, ধারক। ধৃ (ধারণ করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, -রিণী। ২। ধারবিশিষ্ট (Edged). ধারা+ইন্। বিণ। [বিণ।

ধারুয়া—ধারকর্জ্জবিষয়ক। ধার+উয়া।

ধারোষ্ণ—দোহনকালে ধারাপতিত উষ্ণ দুগ্ধ। ধারা দ্বারা উষ্ণ, ৩য়াতৎ। বি; ক্লীব।

ধার্ত্ত(র্ত)রাষ্ট্র—অন্ধ কুরুরাজ ধৃতরাষ্ট্রের পুত্র, দুর্য্যোধনাদি; কৃষ্ণবর্ণ চক্ষুঃ ও চরণযুক্ত শ্বেতহংস; সর্পবিশেষ। ধৃতরাষ্ট্র+অণ অপত্যাদ্যর্থে। বি; পুং।

ধার্ম্মি(র্মি)ক—ধর্ম্মচারী, ধর্ম্মপরায়ণ, ধর্ম্মশীল। ধর্ম্ম+ইক। বিণ। স্ত্রী,-কী।

ধার্য্য(র্য)—১। ধারণীয়; গ্রাহ্য, গ্রহণীয়। ধৃ (ধারণ করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, ধার্য্যা। ২। নির্দ্ধারিত, স্থিরীকৃত বাং প্রঃ। বিণ।

ধার্য্য(র্য)মাণ—গৃহ্যমাণ, যাহা ধারণ করা যাইতেছে এরূপ। ণিজন্ত ধৃ (=ধারি)+শান কর্ম্মবা। বিণ।

ধার্ষ্ট্য—ধৃষ্টতা, প্রগল্ভতা, নির্লজ্জতা। ধৃষ্ট +ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

ধাষ্টম, ধাষ্টামি, ধাষ্টামো—ধৃষ্টতা, স্পর্দ্ধা; লজ্জা বা নিন্দাজনক আচরণ। দেশজ। বি।

ধিক্—নিন্দা; ভর্ৎসনা; অবজ্ঞা। অব্য।

ধিকিধিকি—ধীরে ধীরে আগুন জ্বলার শব্দ। দেশজ। অব্য।

ধিক্কার—ধিক্‌করণ, ধিক্ শব্দের প্রয়োগ; ভর্ৎসনা; ঘৃণা; বিরক্তি; নিন্দা। ধিক্-কৃ (করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

ধিক্কৃত—ধিক্ বলিয়া যাহাকে লজ্জা দেওয়া হইয়াছে, নিন্দিত, ভর্ৎসিত; অবজ্ঞাত। ধিক্-কৃ (করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,-তা।

ধিঙ্গি, ধিঙ্গী—নেতা, প্রধান, চাঁই, সর্দ্দার; দুরন্ত, অনর্থ-সংঘটক; পুষ্টাঙ্গ, বলিষ্ঠ; কুচরিত্রা, স্বাধীনা। দেশজ। বিণ বা বি।

ধিন্‌ধিন্—নর্ত্তনভঙ্গি; বাজনার বোল। দেশজ। অব্য।

ধিমা—ঢিমা, ঢিলা, অলস; মৃদু, ক্ষীণ; অদ্রুত। দেশজ। বিণ।

ধিষণ—জ্ঞান, বুদ্ধি। ধৃষ্+অন করণবা। বি; পুং।

ধিষণা—বুদ্ধি। ধৃষ+অন করণবা, আপ্। বি; পুং, স্ত্রী।

ধী—১। বোধশক্তি, বুদ্ধি, জ্ঞান। ধ্যৈ (চিন্তা করা)+ক্বিপ্ করণবা। বি; স্ত্রী।

ধীগুণ—শুশ্রূষা, শ্রবণ, গ্রহণ, ধারণ, তর্ক, বিতর্ক, অর্থবোধ, তত্ত্বজ্ঞান, এই আট প্রকার বুদ্ধিগুণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধীবর—মৎস্যজীবী, জালিয়া, কৈবর্ত্ত, জেলে।

ধা (ধারণ করা) + ষ্বরচ্ কর্ত্তৃবা। বি ; পুং। স্ত্রী, –রী।

ধীমান্ (–মৎ)—বুদ্ধিমান্, জ্ঞানবান্। ধী + মতুপ্। বিণ। স্ত্রী, –মতী।

ধীর—১। ধৈর্য্যশালী, সহিষ্ণু, শোক-ক্লেশাদিতে অনভিভূত ; বুদ্ধিমান্ ; পণ্ডিত ; গম্ভীর ; স্থিরোন্নতচিত্ত ; ঠাণ্ডামেজাজবিশিষ্ট ; বিবেচক ; স্থির ; অদ্রুত, মন্দ। বিণ। স্ত্রী, ধীরা। ২। বলিরাজ ; মন্থর বা শান্ত-ভাব। ধী (বুদ্ধি)—রা (গ্রহণ করা) + ক কর্ত্তৃবা। বি ; পুং।

ধীরতা, ধীরত্ব—ধৈর্য্য, ধৃতি ; স্থিরচিত্ততা ; গাম্ভীর্য্য ; পাণ্ডিত্য ; বুদ্ধিমত্তা ; প্রশান্তত্ব ; মন্দত্ব। ধীর + তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

ধীরপ্রশান্ত—নায়কবিশেষ, যে নায়কের সামান্য গুণ অনেক আছে। ধীরও সে প্রশান্তও সে, কর্ম্মধা। বি ; পুং।

ধীরললিত—নায়কবিশেষ, যে নায়ক চিন্তা-শূন্য, নম্র ও নৃত্যগীতাদিতে অনুরক্ত। ধীরও যে ললিতও সে, কর্ম্মধা। বি ; পুং।

ধীরা—১। ধৈর্য্যশালিনী ; স্থিরচিত্তা ; বুদ্ধিমতী ; মনোহারিণী ; অদ্রুতা। বিণ ; স্ত্রী। ২। নায়িকাবিশেষ, যে নায়িকার কোপ প্রকাশ জানা যায় না। ধীর + আপ্। বি ; স্ত্রী।

ধীরাধীরা—নায়িকাবিশেষ, যে নায়িকার কোপপ্রকাশ কতকটা বাহিরে প্রকাশ পায়, আর কতকটা অব্যক্ত থাকে। ধীরা অথচ অধীরা, কর্ম্মধা। বি ; স্ত্রী। [বিণ।

ধীরিধীরি—মৃদু মৃদু, মৃদুল। কবিপ্র। ক্রি-

ধীরে—মন্দ মন্দ, মৃদু মৃদু ভাবে। ক্রি-বিণ।

ধীরোদাত্ত—নায়কবিশেষ, যে নায়ক আত্ম-শ্লাঘা করে না, হর্ষশোকাদিতে অভিভূত হইয়া পড়ে না, বিনয় দ্বারা গর্ব্বকে প্রচ্ছন্ন রাখে, এবং অঙ্গীকার পালন করে। ধীর অথচ উদাত্ত, কর্ম্মধা। বি ; পুং।

ধীরোদ্ধত—নায়কবিশেষ, যে নায়ক মায়াবী, উদ্ধত, চঞ্চল, অহঙ্কৃত ও আত্মশ্লাঘানিরত। ধীর অথচ উদ্ধত, কর্ম্মধা। বি ; পুং।

ধীশক্তি—বুদ্ধিশক্তি, বুদ্ধির প্রভাব। ৬ষ্ঠী-তৎ। বি ; স্ত্রী।

ধু—কম্প, কাঁপনি। ধু (কাঁপা) + ক্বিপ্ ভাববা। বি ; স্ত্রী।

ধুআ, ধুয়া—১। ধৌত করা। 'ধাব্' ধাতুজ। বাং ক্রি। ২। পাচালী প্রভৃতি গানের পুনঃ পুনঃ আবৃত্ত পদ। 'ধ্রুবা' শব্দজ। বি। [বি।

ধুওন—ধোওয়া ; প্রক্ষালন। 'ধাব্' ধাতুজ।

ধুঁকনি, ধুঁকুনি—শ্রম বা দুর্ব্বলতার জন্য হাঁপানি। ধুঁক্ + অনি, উনি ভাববা। বি।

ধুকড়ি, ধুকুড়ি, –ড়ী—১। ছিন্ন কন্থা, ছেঁড়া কাঁথা ; ছিন্ন কানিরাশি ; বড় থলি, ঝুলি। দেশজ। বি। ২। দৃঢ়, শক্ত, মজবুত, পটু, দড়। প্রাঃ কবিপ্র। বিণ।

ধুক্ধুক্—হৃৎপিণ্ডের স্পন্দন। দেশজ। অব্য।

ধুক্ধুকি—কণ্ঠহারে সংলগ্ন অলঙ্কারবিশেষ, ইহা বুকের উপর ঝোলে, পদকবিশেষ। দেশজ। বি।

ধুকপুক, ধুকুরপুকুর—আশঙ্কাজনিত হৃৎস্পন্দন, তোলাপাড়া। দেশজ। অব্য।

ধুচনি, ধুচুনি—চাউল ধুইবার জন্য সচ্ছিদ্র বংশনির্ম্মিত পাত্র। দেশজ। বি।

ধুৎ—ধেৎ ; লজ্জা বিরক্তি অবজ্ঞা অসম্মতি প্রভৃতি সূচক শব্দ। দেশজ। অব্য।

ধুত—কম্পিত ; পরিত্যক্ত। ধু (কাঁপান) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ধুতা।

ধুতি—১। কম্প ; পরিত্যাগ। ধু (কাঁপা, কাঁপান) + ক্তি ভাববা। বি ; স্ত্রী। ২। ভারতীয় পুরুষের পরিধেয় বস্ত্র। 'ধৌত' শব্দজ। বি।

ধুতুরা, ধুতরো—ক্ষুদ্র বৃক্ষবিশেষ, উহার ফল বা ফুল। 'ধুস্তুর' শব্দজ। বি।

ধুধু—আগুন জ্বলার শব্দ, দাউ দাউ ; শূন্যতা প্রসার উত্তাপ প্রভৃতির লক্ষণপ্রকাশ। দেশজ। অব্য।

ধুনচি, ধুনাচি, ধুনুচি—ধুনা পোড়াইবার আধার বা পাত্র; তুলা ধুনিবার যন্ত্র। দেশজ। বি।

ধুনন—স্পন্দন; কম্পন; চালন। ণিজন্ত ধু (=ধুনি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

ধুনা—১। সর্জ্জরস, ইহা অগ্নিতে দিলে সদ্গন্ধ নির্গত হয়। 'ধুনক' শব্দজ। বি। ২। বড় ধনুক দিয়া পিঁজা। বাং ক্রি।

ধুনান—কাঁপানো; যে কাঁপাইতেছে। প্রাঃ কবিপ্র। বি বা বিণ।

ধুনি, ধুনী—১। নদী। ধু (কাঁপা, কাঁপান)+নিক্ কর্ত্তৃবা, ২য় পক্ষে ঈপ্। বি; স্ত্রী। ২। সন্ন্যাসীদিগের অগ্নিকুণ্ড। হিন্দী-মূলক। বি।

ধুনুরী, ধুনরী, ধুনারী—যাহারা ধুনাচি দিয়া তুলা ধোনে, যাহারা তুলা ধুনিয়া লেপ-তোষকাদি তৈয়ার করে। ধুন্+উরী, অরী, আরী কর্ত্তৃবা। বি।

ধুন্দুল, ধুঁধুল—ঝিঙ্গাজাতীয় ফলবিশেষ, পুরুল (তরকারি)। দেশজ। বি।

ধুন্ধুমার—১। কবলয়াশ্ব রাজা। ধুন্ধু—মৃ (মারা)+অণ্ কর্ত্তৃবা। ২। ঝুল; ইন্দ্র-গোপকীট। ধূম—ধূম—ঋ+অণ্ কর্ত্তৃবা। বি; পুং। ৩। মহাকোলাহল। বাং প্রঃ। বি।

ধুপ—১। রৌদ্র; গন্ধদ্রব্যবিশেষ। হিন্দী। বি। ২। পতনের শব্দ। দেশজ। অব্য।

ধুপছায়া—রৌদ্র ও ছায়ার মিশ্রণ; ময়ূরকণ্ঠ বর্ণ; লালসূতার টানা ও কাল, নীল বা বেগুনি সূতার পড়েন দিয়া বোনা কাপড়। দ্বন্দ্ব। বি। [রাশি। দেশজ। বি।

ধুপি—ক্ষুদ্র স্তূপ, রাশি; ঢিপি; চূর্ণ বস্তুর

ধুপী—রজক, ধোপা। হিন্দীমূলক। বি।

ধুবন—কম্পন। ধু+অনট্ ভাববা। বি; ক্লীব।

ধুম—১। ভারী বস্তু পতনের শব্দ; পিঠে কিল মারার শব্দ। অব্য। ২। সমারোহ, জাঁকজমক; লোকের আগ্রহ। দেশজ। বি।

ধুমড়ী, ধুমুড়ী—ঢেমনী, বয়স্থা চরিত্রহীনা নারী; লম্পটী; বোষ্টমী। প্রাদে। বি; স্ত্রী।

ধুমধড়াক্কা, —ধাম—খুব ঘটা, মহা-সমারোহ, আড়ম্বর; মাতামাতি। দেশজ। বি। [বি।

ধুমধাম—সমারোহ; মাতামাতি। দেশজ।

ধুমসা, ধুমসো—মোটা; কৃষ্ণবর্ণ স্থূলকায় (পুরুষ)। দেশজ। বিণ; পুং। স্ত্রী,—সী =ধুম্বী।

ধুমুল, ধুম্বল, ধুম্মুল—ধম্বল দ্রঃ।

ধুম্ব—কাল ও মোটা, কুৎসিত মোটা, গোদা। দেশজ। বিণ; পুং। স্ত্রী, ধুম্বী।

ধুয়া, ধুয়া, ধুয়ো—১। গানের যে অংশ দোয়ারগণ গাহিয়া দোয়ারকি করে (Chorus); (ভাবার্থে) কাহারও কথায় সায় দেওয়া; ছল, ছুতা, সূত্র। 'ধ্রুবকা' বা 'ধ্রুবা' শব্দজ। বি। ২। প্রক্ষালন করা। 'ধাব্' ধাতুজ। বাং ক্রি। ৩। জনরব; দশজনের মুখে আবৃত্ত কথা। প্রাঃ কবিপ্র। বি।

ধুর্—শকটের অগ্রভাগ যাহা বাহনের স্কন্ধে সংলগ্ন থাকে, যুগ, জোয়াল; ধুরা; অক্ষদণ্ড; ভার। ধুর্ব্ব্+কিপ্ করণবা। বি; স্ত্রী।

ধুরন্ধর—শ্রেষ্ঠ, মুখ্য; সুদক্ষ; ভারবাহক। ধুর্ শব্দ—ধৃ (ধারণ করা)+খ কর্ত্তৃবা। বিণ।

ধুরা—শকটাদির অগ্রভাগ, 'ধুরো'; ভার; চিন্তা। ধুর্ব্ব্+কিপ্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

ধুরীণ, ধুর্য্য(র্য)—ধুরন্ধর (সকল অর্থে)। ধুর্ শব্দ+ঈন, যৎ। বিণ। স্ত্রী,—ণা,—র্য্যা।

ধুলট—ধূলট (তাহা দ্রঃ)।

ধুলা, ধুলো—ধূলা (তাহা দ্রঃ)।

ধুস্তর, ধুস্তুর, ধুস্তর, ধুস্তুর—ধুতুরা-গাছ। বি; পুং।

ধুত—১। কম্পিত; ভৎর্সিত; তর্কিত। ধু (কাঁপা)+ক্ত কর্ম্মবা। ২। ধূর্ত্ত। প্রাঃ কবিপ্র। বিণ।

ধুনক—ধুনা। ণিজন্ত ধু (=ধুনি)+ণক কর্ত্তৃবা। বি; পুং।

ধূনন—চালন; কম্পন, কাঁপান। ণিজন্ত ধূ (=ধূনি)+অনট্ ভাববা। বি; ক্লীব।
ধূনা—গন্ধদ্রব্যবিশেষ। 'ধূনক' শব্দজ। বি।
ধূপ—গন্ধদ্রব্যবিশেষ বা তাহার বর্ত্তিকা। ধূপ্ (সন্তপ্ত করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।
ধূপক—সন্তাপক। ধূপ্ (সন্তাপ)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–পিকা।
ধূপছায়া—ধুপছায়া (তাহা দ্রঃ)।
ধূপন—১। তাপন; ধূপ দ্বারা সুগন্ধীকরণ। ধূপ্+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। ধূনা। ধূপ্+অন কর্ত্তৃবা। বি; পুং।
ধূপায়িত—তাপিত; পথশ্রান্ত; ধূপবাসিত। ধূপ্ শব্দ+ক্যঙ্ (=ধূপায় নামধাতু)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।
ধূপিত—শ্রান্ত; তাপিত; ধূপবাসিত। ধূপ্ (সন্তপ্ত করা)+ক্ত কর্ম্মবা। বিণ।
ধূম—১। ধোঁয়া বা ধুঁয়া। ধূ (কাঁপা)+মক্ কর্ত্তৃবা। বি; পুং। ২। আড়ম্বর, সমারোহ, জাঁক। দেশজ। বি। [দ্রঃ)।
ধূমকেতন, –ধ্বজ—ধূমকেতু (তাহা
ধূমকেতু—অগ্নি; কেতুগ্রহ; উৎপাতবিশেষ: সৌরজগতের অন্তর্বর্ত্তী জ্যোতির্ম্ময় পদার্থবিশেষ। ধূম হইয়াছে কেতু (চিহ্ন) যাহার, বহুব্রী। বি; পুং। [দেশজ। বি; স্ত্রী।
ধূমড়ী—রক্ষিতা স্ত্রী; চরিত্রহীনা নারী।
ধূমধাম—ঘোর সমারোহ, মহা আড়ম্বর, খুব জাঁক বা ঘটা। দেশজ। বি।
ধূমপান—তামাক বিড়ি চুরুট প্রভৃতি খাওয়া (Smoking tobacco). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
ধূমপায়ী (–পায়িন্)—ধূমপানকারী; যে তামাক ইত্যাদির ধুঁয়া খায়। উপতৎ। ধূম–পা (পান করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–য়িনী।
ধূমযোনি—মেঘ; অগ্নি। ধূম হইয়াছে যোনি (উৎপত্তিহেতু) যাহার, বহুব্রী। বি; পুং।
ধূমল, ধূম্র—১। কৃষ্ণলোহিতবর্ণ। বি; পুং। ২। কৃষ্ণলোহিতবর্ণযুক্ত। ধূম শব্দ–লা বা রা (গ্রহণ করা)+ক কর্ত্তৃবা। বিণ।
ধূমাবতী—দশমহাবিদ্যার অন্যতমা, দুর্গা। ধূম শব্দ+ডাচ্=ধূমা, তদুত্তরে মতু অস্ত্যর্থে ও স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী।
ধূমাভ—ধূমের ন্যায় বর্ণবিশিষ্ট, ধূমল। ধূমের ন্যায় আভা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–ভা।
ধূমায়মান—যাহা ধোঁয়া ছাড়িতেছে। ধূম +ক্যঙ্+শানচ্ কর্ত্তৃবা। বিণ।
ধূমায়িত—ধূমব্যাপ্ত; যাহা হইতে ধোঁয়া উঠিতেছে এরূপ। ধূম শব্দ+ক্যঙ্ (=ধূমায় নামধাতু)+ক্ত কর্ত্তৃবা। বিণ
ধূম্রক—উষ্ট্র। ধূম্র—কৈ (দীপ্তি পাওয়া)+ক কর্ত্তৃবা। বি; পুং।
ধূম্রবর্ণ—১। যাহার রং ধোঁয়ার মত। বহুব্রী। বিণ। স্ত্রী,–র্ণা। ২। ধোঁয়ার মত রং। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।
ধূম্রলোচন—১। কপোত, পায়রা। বি; পুং। ২। জনৈক অসুর, দৈত্যরাজ শুম্ভের সেনাপতি। ধূম্র হইয়াছে লোচন যাহার, বহুব্রী। বি; পুং।
ধূম্রাক্ষ—১। ধূমল-নেত্র-বিশিষ্ট, ধূম্রলোচন। বিণ। স্ত্রী,–ক্ষী। ২। দশাননের রাক্ষস-সেনাপতিবিশেষ, লঙ্কাসমরে হনুমান কর্ত্তৃক হত হয়; জনৈক রাজপুত্রের নাম। ধূম্র অক্ষি যাহার, বহুব্রী। বি; পুং।
ধূয়া—ধুয়া দ্রঃ।
ধূর্জ্জ(র্জ)টি—শিব। ধুর্ শব্দ (ভার, ত্রৈলোক্যের চিন্তাভার)–জট্ (বহন করা)+ইন্ কর্ত্তৃবা; যিনি ত্রৈলোক্যের চিন্তাভার বহন করেন; অথবা ধূম্র জটি (জটা) যাহার, বহুব্রী। বি; পুং।
ধূর্ত্ত(র্ত)—১। শঠ, বঞ্চক, প্রতারক; দ্যূতকারী, জুয়াবাজ। বিণ। স্ত্রী, ধূর্ত্তা। বি, –ত্তা। ২। ধুতুরা গাছ; পুক্কা, পিড়িং শাক। বি; পুং। ৩। বিট্ লবণ; লৌহমল। ধূর্ব্ (বধ করা)+ক্তন্ কর্ত্তৃবা। বি; ক্লীব।
ধূর্ত্ত(র্ত)ক—ধূর্ত্তজন; শৃগাল। ধূর্ত্ত+কন। বি; পুং।

ধূল—(গণিতে) কড়ার অংশবিশেষ ; ক্ষেত্র-পরিমাণবিশেষ ; হিসাব। দেশজ। বি।

ধূলট—সঙ্কীর্ত্তনের পর ধূলিখেলা বা ধূলা মাখামাখি। দেশজ। বি।

ধূলদস্তী—গণিতজ্ঞ, হিসাবী। ধূল (হিসাব) দস্ত যাহার, বহুব্রী। দেশজ। বি।

ধূলা—ধূলি, মাটির গুঁড়া, রজঃ, রেণু। 'ধূলি' শব্দজ। দেশজ। বি।

ধূলাখেলা—শিশুদের ধূলা লইয়া খেলা ; ছেলেখেলা। ৭মীতৎ। বি।

ধূলা-পা—দ্বিরাগমন সংস্কারের পরিবর্ত্তে বিবাহের অষ্টাহের মধ্যে পতির সহিত বধূর দ্বিতীয়বার পতিগৃহে গমন। দেশজ। বি।

ধূলি, ধূলী—রেণু, ধূলা। ধূ (কাঁপা) + লিক্ কর্তৃবা, পক্ষে ঈপ্। বি ; পুং বা স্ত্রী।

ধূলিকা—কুজ্‌ঝটিকা। ধূলি + কন্ + আপ্। বি ; স্ত্রী।

ধূলিধূসর, -ধূসরিত—ধূলিতে আচ্ছন্ন হওয়ায় ঈষৎ পাণ্ডুবর্ণ। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, -রা, -তা।

[বি ; ক্লীব।

ধূলিপটল—উড্ডীয়মান ধূলিসমূহ। ৬ষ্ঠীতৎ।

ধূলিলুণ্ঠিত, ধূল্যবলুণ্ঠিত—যে ধূলায় গড়াগড়ি যাইতেছে। ৭মীতৎ। বিণ। স্ত্রী, -তা।

ধূলিশায়ী—যে ধূলায় পড়িয়া আছে। উপ-তৎ। ধূলি—শী + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, -য়িনী।

[ধূলি + সাৎ। অব্য।

ধূলিসাৎ—ধূলায় পরিণত ; সম্পূর্ণ বিনষ্ট।

ধূলী—ধূলি দ্রঃ।

ধূল্যবলুণ্ঠিত—ধূলিলুণ্ঠিত দ্রঃ।

ধূসর—১। ঈষৎ পাণ্ডুবর্ণ, শ্বেতকৃষ্ণমিশ্রিত রঙ ; কপোত, পায়রা ; উষ্ট্র ; গর্দ্দভ। ধূ (কাঁপা, কাঁপান) + সরক্ কর্তৃবা। বি ; পুং। ২। ঈষৎ পাণ্ডুবর্ণবিশিষ্ট। বিণ। স্ত্রী, -রা।

ধূসরিত—ধূসরবর্ণযুক্ত। ধূসর + ইত জাতার্থে। বিণ। স্ত্রী, -তা।

ধূসরিমা (-মন্)—ধূসরত্ব। ধূসর + ইমন্ ভাবার্থে। বি ; পুং।

ধুস্তর, ধুস্তূর—ধুস্তুর দ্রঃ।

ধৃত—যাহা ধরা হইয়াছে এরূপ ; গৃহীত ; অবলম্বিত, স্থিত। ধৃ (ধারণ করা) + ক্ত কর্ম্মবা বিণ। স্ত্রী, ধৃতা।

ধৃতব্রত—গৃহীতব্রত, ব্রতধারী। ধৃত হইয়াছে ব্রত যৎকর্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী, -তা।

ধৃতরাষ্ট্র—পাণ্ডু রাজার জ্যেষ্ঠ ভ্রাতা। ধৃত রাষ্ট্র (রাজ্য) যৎকর্তৃক, বহুব্রী। বি ; পুং।

ধৃতাত্মা (-ত্মন্)—সংযতমনাঃ, ধীরচিত্ত ; আত্মতত্ত্বজ্ঞ। ধৃত হইয়াছে আত্মা (ধৈর্য্য বা পরমাত্মা) যৎকর্তৃক, বহুব্রী। বিণ।

ধৃতি—১। ধারণ ; ধারণা ; ধৈর্য্য ; উদ্ধার ; সার ; স্থিতি ; ইচ্ছা। ধৃ (ধারণ করা) + ক্তি ভাববা। ২। মাতৃকাবিশেষ ; অষ্টাদশাক্ষর ছন্দোবিশেষ। ধৃ + ক্তি করণবা। বি ; স্ত্রী।

ধৃতিমান্ (-মৎ)—১। ধৈর্য্যশালী ; ধীর ; সন্তুষ্ট। ধৃতি + মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, -মতী।

ধৃতিহোম—বিবাহের অঙ্গীভূত যজ্ঞবিশেষ। ধৃতির উদ্দেশ্যে কৃত হোম, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

ধৃষ্ট—১। প্রগল্‌ভ ; নির্লজ্জ ; উদ্ধত ; লম্পট। বিণ। স্ত্রী, ধৃষ্টা। ২। নায়কবিশেষ, যে নায়ক অপরাধী হইয়াও নিঃশঙ্ক, তিরস্কৃত হইলেও লজ্জিত হয় না, এবং দোষ দেখাইয়া দিলেও মিথ্যা কথা বলিয়া তাহা অপলাপ করে। ধৃষ্ + ক্ত কর্তৃবা। বি ; পুং।

ধৃষ্টকেতু—চেদিরাজ শিশুপালের পুত্র। ধৃষ্ট কেতু যাহার, বহুব্রী। বি ; পুং।

ধৃষ্টতা, ধৃষ্টত্ব—প্রগল্‌ভতা ; নির্লজ্জতা ; ঔদ্ধত্য। ধৃষ্ট + তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

ধৃষ্টদ্যুম্ন—দ্রুপদ রাজার পুত্র। ধৃষ্ট হইয়াছে দ্যুম্ন (বল) যাহার, বহুব্রী। বি ; পুং।

ধৃষ্টা—অসতী নারী, ভ্রষ্টা স্ত্রী। ধৃষ্ + আপ্। বি বা বিণ ; স্ত্রী।

ধৃষ্য—ধর্ষণীয়, ধর্ষণযোগ্য। ধৃষ্ + ক্যপ কর্ম্মবা। বিণ।

ধেআন—ধেয়ান, ধ্যান। কবিপ্র। বি।

ধেই-ধেই—উদ্দাম নৃত্যের ভঙ্গি। দেশজ। অব্য।

ধেড়ান—অসামালভাবে মলাদি ত্যাগ করা; পাতলা বাহ্যে যাওয়া; কর্ম্মে অপটুতা দেখান। বাং ক্রি। [দেশজ। বি বা বিণ।

ধেড়ে—বয়স্ক, ধাড়ী; যুবক; উদ্বিড়াল।

ধেৎ—ধুৎ (তাহা দ্রঃ)।

ধেন—নদ; সমুদ্র। ধে (পান করা)+ন কর্ম্মবা। বি; পুং।

ধেনু—নবপ্রসূতা গাভী, সবৎসা গবী। ধে (পান করা)+নু কর্ত্তৃবা। বি; স্ত্রী।

ধেনুক—জনৈক অসুর। ধেনু+কন্। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

ধেনুকসূদন—বলদেব; বিষ্ণু; শ্রীকৃষ্ণ।

ধেনুকা—ধেনু; পশুনায়িকা; হস্তিনী। ধেনু শব্দ+কন্+আপ্। বি; স্ত্রী।

ধেনো—ধান্য-উৎপাদী; ধান্যজাত (মদ্য)। ধান+ও (∠উয়া) জাতার্থে। বিণ।

ধেবড়ান—মোটা ও নোংরা করিয়া লেখা, মসীলিপ্ত করা। বাং ক্রি।

ধেয়ান—ধ্যান। কবিপ্র। বি। বিণ, —নী (ধ্যানস্থ)। [বি; ক্লীব।

ধৈনুক—ধেনুসমূহ। ধেনুকা+ক সমূহার্থে।

ধৈবত—স্বরবিশেষ; (নারদ মতে) অশ্বস্বর-তুল্য; (তানসেন মতে) ভেকস্বরতুল্য। ধাবৎ শব্দ+অণ্ নিপাতনে সিদ্ধ। বি; পুং।

ধৈরজ, ধৈরয—ধৈর্য্য। কবিপ্র। বি।

ধৈর্য্য(র্য)—ধীরতা, যে গুণের প্রভাবে বিপৎ-কালেও অটলভাবে থাকা যায়, ধৃতি; নির্ব্বিকারচিত্ততা; স্থিরতা; সহিষ্ণুতা; চিত্তোন্নতি। ধীর+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

ধৈর্য্য(র্য)চ্যুতি—ধৈর্য্যহীনতা, ধৃতিনাশ, অধীর হওয়া। ৫মী বা ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। বিণ, —চ্যুত (৫মীতৎ)।

ধৈর্য্য(র্য)শালী (—শালিন্), ধৈর্য্য(র্য)-বান্ (—বৎ)—ধীরতাসম্পন্ন, ধীর। ধৈর্য্য—শাল্+ণিন্ কর্ত্তৃবা; ধৈর্য্য+মতুপ্। বিণ। স্ত্রী, —লিনী, —বতী।

ধৈর্য্য(র্য)শীল—স্বভাবতঃ ধীর, ধৈর্য্যশালী। ধৈর্য্যই শীল (স্বভাব) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —লা।

ধৈর্য্য(র্য)হারা—অধৈর্য্য; অধীর। ধৈর্য্য হারাইয়াছে যে, উপতৎ। বিণ।

ধোওয়া—১। ধৌত করা। 'ধাব্' ধাতুজ। বাং ক্রি। ২। প্রক্ষালিত। ধু+আ কর্ম্মবা। বিণ।

ধোঁকা, ধোকা—১। ভ্রম, ভুল; সন্দেহ, সংশয়; প্রতারণ, বিড়ম্বন; অনর্থক ভ্রম বা সন্দেহ জন্মাইবার চেষ্টা; ছোলার ডাইল বাঁটিয়া বড়া করিয়া তদ্দ্বারা প্রস্তুত ব্যঞ্জন-বিশেষ। দেশজ। বি। ২। ঘন ঘন নিশ্বাস ফেলা, হাঁপান। বাং ক্রি।

ধোঁকাবাজ—প্রতারক। ধোঁকা+বাজ শীলার্থে। বিণ। বি, —বাজি।

ধোঁয়া ধূম। 'ধূম' শব্দজ। বি।

ধোঁয়াটে—ধূমাচ্ছন্ন, ধোঁয়ার মত। ধোঁয়া +টে। বিণ।

ধোকড়—স্থূলবস্ত্র; গোণী, থলিয়া, চট; অ-ভিব, কিছুই না (যেমন—মাকড় মারিলে ধোকড় হয়, অর্থাৎ মাকড়সা মারিলে ব্রাহ্মণের পক্ষে কোন দোষই হয় না)। দেশজ। বি।

ধোকড়া, ধোকড়ি—স্থূলবস্ত্র; গোণী, চট; থলিয়া। প্রাঃ কবিপ্র। বি।

ধোকা—ধোঁকা দ্রঃ। [দেশজ। বি।

ধোচনা—বড় ধুচুনি; মাছ ধরিবার খাঁচা।

ধোনা—ধনুকের মত যন্ত্র দিয়া তুলা ফোড়া বা পরিষ্কার করা। বাং ক্রি।

ধোপ, ধোব—১। ধোপাকে দিয়া কাচান, ধোলাই, রঞ্জন; ধবলীকরণ। বি। ২। ধোপাকর্ত্তৃক পরিষ্কৃত, ধোয়া। দেশজ। বিণ।

ধোপদস্ত, —দুরস্ত—উত্তমরূপে ধোলাই-করা; বাহ্যিক চাকচিক্যযুক্ত। দেশজ। বিণ।

ধোপা, ধোবা—রজক, যে কাপড় ধোলাই করে, হিন্দু জাতিবিশেষ। দেশজ। বি; পুং। স্ত্রী, —পানী, —বানী।

;ধোয়া—১। ধৌত করা, জল দিয়া পরিষ্কার করা ; কাচা। বাং ক্রি। ২। ধৌত। ধু+ আ কর্ম্মবা। বিণ।

;ধোয়াট—ধোয়াজল ; নদ্যাদির জলপ্রভাবে ধোয়া মাটী। দেশজ। বি।

;ধোয়ান—ধৌত করান। বাং ক্রি।

;ধোয়ানি—কোন বস্তু-ধোয়া জল ; মলা, শিটা। দেশজ। বি।

ধোলাই—প্রক্ষালন, ধোপ, ধৌতকরণ, মার্জ্জিত ; ধৌত। দেশজ। বি বা বিণ।

ধোসা—পশমী মোটা শীতবস্ত্রবিশেষ। দেশজ। বি।

ধৌত—১। যাহা ধোয়া হইয়াছে এরূপ, প্রক্ষালিত ; মার্জ্জিত ; শাণিত ; ক্ষালিত ; শুভ্র। ধাব্ (ধোয়া) + ক্ত কর্ম্মবা। বিণ।

ধৌতি—প্রক্ষালন ; হঠযোগের প্রক্রিয়াবিশেষ, অন্ত্রাদি জলদ্বারা বিশোধিতকরণ। ধাব্ + ক্তি ভাববা। বি ; স্ত্রী।

ধৌম্য—পাণ্ডবদিগের পুরোহিত। ধূম (ধূমবর্ণ ঋষি) + ণ্য অপত্যার্থে। বি ; পুং।

ধ্বংস, ধ্বংসন—বিনাশ ; উচ্ছেদ ; ক্ষয়, হানি ; গমন। ধ্বন্‌স্ + ঘঞ্, অনট্ ভাববা। বি ; পুং ও ক্লীব।

ধ্বংসক—ধ্বংসকারী। ধ্বন্‌স্ + ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –সিকা।

ধ্বংসনীয়—ধ্বংসযোগ্য ; উচ্ছেদনীয়। ধ্বন্‌স্ + অনীয় কর্ম্মবা। বিণ।

ধ্বংসলীলা—বিনাশ করা রূপ খেলা। কর্ম্মধা। বি ; স্ত্রী।

ধ্বংসান—নিঃশেষ করা। বাং ক্রি।

ধ্বংসাবশেষ, ধ্বংসশেষ—নাশের পরে অবশিষ্টাংশ। ধ্বংসানন্তর অবশেষ, শেষ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

ধ্বংসিত—নাশিত ; ক্ষয়িত ; খণ্ডিত। ধ্বন্‌স্ (বিনষ্ট করা) + ক্ত কর্ম্মবা। বিণ।

ধ্বংসী (ধ্বংসিন্)—নাশশীল, নশ্বর। ধ্বংস (নাশ) + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –সিনী।

ধ্বজ—পতাকা, নিশান ; চিহ্ন, লক্ষণ, খট্বাঙ্গ ; মেঢ্র, শিশ্ন। ধ্বজ্ (গমন করা) + অচ্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।

ধ্বজদণ্ড—পতাকাদণ্ড। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ধ্বজবজ্রাঙ্কু(ঙ্কু)শ—ধ্বজাকার, বজ্রাকার ও অঙ্কুশাকার চিহ্ন ; এই ত্রিবিধ চিহ্ন কেবল ভগবান্ বিষ্ণুর পাদপদ্মে বিদ্যমান আছে। ধ্বজ ও বজ্র ও অঙ্কুশ, দ্বন্দ্ব। বি ; পুং।

ধ্বজভঙ্গ(ঙ্গ)—পুরুষত্বহীনতা, পুরুষের স্ত্রীসঙ্গমশক্তির লোপ। ধ্বজের (মেঢ্রের) ভঙ্গ (সামর্থ্যহীনতা), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ধ্বজা—পতাকা ; চিহ্ন। 'ধ্বজ' শব্দজ। বি।

ধ্বজারোপণ—দেবমন্দিরাদিতে মন্ত্রপূত করিয়া ধ্বজ প্রোথিত করণ। ধ্বজের আরোপণ, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ধ্বজী (ধ্বজিন্)—১। ধ্বজধারী। বিণ। স্ত্রী, –জিনী। ২। রথ ; রাজা। ধ্বজ + ইন অস্ত্যর্থে। বি ; পুং।

ধ্বনন—শব্দ ; অব্যক্ত শব্দকরণ ; অলঙ্কার-শাস্ত্রনির্দ্দিষ্ট শব্দনিষ্ঠ ব্যাপারবিশেষ। ধ্বন্ (শব্দ করা) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

ধ্বনি—শব্দ [শব্দ দুই প্রকার—ধ্বনি ও বর্ণ। মৃদঙ্গাদিজাত শব্দকে ধ্বনি এবং কণ্ঠসংযোগ-জাত শব্দকে বর্ণ কহে] ; কাব্যের রস-ব্যঞ্জনা। ধ্বন্ (শব্দ করা) + ই ভাববা। বি ; পুং।

ধ্বনিকাব্য—উৎকৃষ্ট কাব্য, যে কাব্যে অতি সুন্দর ব্যঞ্জনা আছে। ধ্বনিজনক কাব্য, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

ধ্বনিত—১। শব্দিত ; ব্যঞ্জনা দ্বারা প্রতি-পাদিত। ধ্বন্ (শব্দ করা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা। ২। শব্দ। ধ্বন্ + ক্ত ভাববা। বি ; ক্লীব। [বহুব্রী। বিণ। স্ত্রী, –ত্নিকা।

ধ্বন্যাত্মক—শব্দের অনুকরণমূলক, শব্দাত্মক।

ধ্বস্ত—বিনষ্ট ; পতিত। ধ্বন্‌স্ (বিনষ্ট হওয়া) + ক্ত কর্ত্তৃবা। বিণ।

ধ্বাঙ্ক্ষ—ধ্বাঙ্ক্ষ দ্রঃ।

ধ্বান্ত—অন্ধকার। ধ্বন্ (শব্দ করা) + ক্ত অধিবা। বি ; পুং।

ধ্বান্তারাতি, ধ্বান্তারি—সূর্য্য ; চন্দ্র ; অগ্নি। ধ্বান্তের (অন্ধকারের) অরাতি, অরি (শত্রু, নাশক), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ধ্বাঙ্ক্ষ(ংক্ষ), ধ্বাঙ্ক্ষ(ংক্ষ)—কাক ; মৎস্যাশী পক্ষী ; তক্ষক ; ভিক্ষু। ধ্বান্‌ক্ষ্, ধ্বান্‌ক্ষ্ (ঘোর শব্দ করা)+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

ধ্বাঙ্ক্ষ(ংক্ষ)পুষ্ট—কোকিল। ৩য়াতৎ। [বি ; পুং।

ধ্বাত—শব্দিত ; বাদিত ; দগ্ধ ; সঙ্কুচিত। ধ্বা+ক্ত কর্ম্মবা। বিণ।

ধ্যাত—চিন্তিত ; আলোচিত ; স্মৃত। ধ্যৈ (চিন্তা করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

ধ্যাতব্য—চিন্তনীয় ; স্মরণীয়। ধ্যৈ (চিন্তা করা)+তব্য কর্ম্মবা। বিণ।

ধ্যাতা (ধ্যাতৃ)—ধ্যানকারী, যে ধ্যান করে। ধ্যৈ+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ধ্যাত্রী।

ধ্যান—চিন্তা ; স্মৃতি ; অদ্বিতীয় ব্রহ্মবস্তুতে অন্তঃকরণের বৃত্তিপ্রবাহ ; এক বিষয়ক জ্ঞানধারা ; অনন্যমনে অভিনিবিষ্টভাবে একাগ্রচিত্তে কোনও বিষয় চিন্তন। ধ্যৈ+অনট ভাববা। বি ; ক্লীব।

ধ্যানগম্য—ধ্যান দ্বারা প্রাপ্য বা জ্ঞেয়। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –ম্যা।

ধ্যানমগ্ন—ধ্যেয় বস্তুতে নিবিষ্টচিত্ত, সমাহিত। ৭মীতৎ। বিণ।

ধ্যানযোগ—ধ্যানরূপ যোগ, ধ্যান দ্বারা ধ্যেয় বস্তুর সহিত মিলন। রূপক। বি ; পুং।

ধ্যানস্থ—ধ্যানরত, ধ্যানপরায়ণ। উপতৎ। ধ্যান শব্দ—স্থা+ক কর্ত্তৃবা। বিণ।

ধ্যানী (ধ্যানিন্)—ধ্যানরত, ধ্যানমগ্ন। ধ্যান+ইন্ যুক্তার্থে। বিণ। স্ত্রী, –নিনী।

ধ্যাবড়া, ধেবড়া—জোবড়া ; মোটা ও কুশ্রী ; নরম বা তরল দ্রব্যের দাগ। দেশজ। বি।

ধ্যেয়—ধ্যানের বিষয়ীভূত ; চিন্তনীয় ; স্মরণীয়। ধ্যৈ (চিন্তা করা)+যৎ কর্ম্মবা। বিণ।

ধ্যেয়ায়—ধ্যান করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

ধ্রিয়মাণ—যাহা বা যাহাকে ধারণ করা হইতেছে এরূপ। ধৃ (ধারণ করা)+শানচ কর্ম্মবা। বিণ। স্ত্রী, –ণা।

ধ্রুপদ—সঙ্গীতাঙ্গবিশেষ। 'ধ্রুবপদ' শব্দজ। বি।

ধ্রুপদী—ধ্রুপদ গায়ক। ধ্রুপদ+ঈ। বি।

ধ্রুব—১। স্থির ; নিশ্চিত ; নিত্য ; অবশ্য। বিণ। স্ত্রী, ধ্রুবা। ২। নিশ্চয় ; উৎপ্রেক্ষ। বি ; ক্লীব। ৩। নিশ্চল নক্ষত্রবিশেষ, (উত্তর ও দক্ষিণ কেন্দ্রে ধ্রুব নামে দুইটী নিশ্চল তারা আছে) ; বিষ্ণু ; শিব ; শঙ্কু ; বট ; স্থাণু ; বসুবিশেষ ; ললাটস্থ যোগবিশেষ ; আবর্ত্ত-বিশেষ ; উত্তানপাদ রাজার পুত্র, সুনীতির গর্ভজাত। ধ্রু+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

ধ্রুবক—স্থাণু ; গীতাঙ্গবিশেষ, গানের ধুয়া ; (গণিতে) অপরিবর্ত্তনীয় রাশি (Constant quantity). ধ্রুব+কন্। বি ; পুং।

ধ্রুবকা—গানের ধুয়া। ধ্রুবক+আপ্। বি ; স্ত্রী।

ধ্রুবতারা—উত্তর আকাশস্থ স্থির নক্ষত্র-বিশেষ ; স্থির লক্ষ্য। কর্ম্মধা। বি ; স্ত্রী।

ধ্রুবরেখা—বিষুব-রেখা ; নাড়ীমণ্ডল। ধ্রুব যে রেখা, কর্ম্মধা। বি ; স্ত্রী।

ধ্রুবলোক—ধ্রুবের অবস্থান জন্য বিষ্ণুনির্ম্মিত লোক। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ধ্রুবা—১। নিশ্চিতা, ইত্যাদি। বিণ ; স্ত্রী। ২। সাধ্বী স্ত্রী, সতী ; যজ্ঞপাত্রবিশেষ ; নীতি ; মূর্ব্বা ; ধ্রুব, গানের ধুয়া। ধ্রুব+আপ্। বি ; স্ত্রী।

ন

ন—১। বিংশ ব্যঞ্জনবর্ণ (ইহার উচ্চারণস্থান দন্ত ও নাসিকা) ; বন্ধন ; দান ; গণেশ ; বুদ্ধ। বি ; পুং। ২। সাদৃশ্য ; অভাব ; ভেদ ; অল্পতা ; অপ্রশস্ততা, বিরোধ। নী+ড কর্ত্তৃবা ; নহ্+ড ভাববা। অব্য। ৩। নবসংখ্যা বা সংখ্যক, নয়, ৯ ; বড় মেজ সেজর পরবর্ত্তী, (যেমন 'ন দিদি, ন কাকা')।

া' বা 'নবন্' শব্দজ। ৪। সংস্কৃত ছন্দো-
:শ্লেষণের জন্য বিহিত লঘুস্বরবিশিষ্ট বর্ণত্রয়।
; পুং।
াই, নউই—মাসের নবম দিন। 'নবন্'
দজ। বি বা বিণ।
:—১। না হই। বাং ক্রি। ২। নবীন,
ূন; বকন বা বকন বাছুর। দেশজ। বিণ
বি।
ইচে, নলচে—১। হুঁকার কলিকা-
াবণ-দণ্ড, জাট। দেশজ। বি। ২। খুব
াটি ছোট, নোয়াচে। বিণ।
ইলে—না হইলে, নতুবা। দেশজ। অব্য।
ওবৎ, নহবৎ—একপ্রকার সুমিষ্ট এক-
াান বাদ্য। আর্বী। বি।
ওয়ালি—নূতন উৎপন্ন বা আমদানি।
দশজ। বিণ। [স্ত্রী, –লি।
ওল—নবীন, নূতন। প্রাঃ কবিপ্র। বিণ।
ওলা, নহলা—নয় ফোঁটা-চিহ্নিত তাস।
বি। [সংক্ষেপ।
ং—নম্বর (Number) এই ইংরাজী শব্দের
কেড়া-ছকড়া—তুচ্ছ, হেয়। দেশজ। বিণ।
াকর—ভৃত্য, চাকর। ফার্সী। বি। [বি।
াকরি—দাসত্ব, দাস্যবৃত্তি, চাকরি। ফার্সী।
কল—১। অনুকরণ, অনুকৃতি; অনুলিপি।
বি। ২। অনুকৃত; অপ্রকৃত, কৃত্রিম, ভেল।
আর্বী। বিণ।
নকলনবিস—অনুকরণকারী; প্রতিলিপি-
কারক। নকলের নবিস (লেখক), ৬ষ্ঠীতৎ।
বিণ। বি, –সি।
নকসা—নক্সা (তাহা দ্রঃ)।
নকার—ন্ এই বর্ণমাত্র। ন+কার স্বার্থে।
বি; পুং।
নকাশি, –সি—সোনা রূপা প্রভৃতির উপর
খোদাইয়ের কাজ; চিত্রবিচিত্র। ফার্সী। বি।
নকিব, নকীব—প্রভুর পরিচয়দায়ক কর্ম্ম-
চারী; ঘোষণাকারী; উচ্চৈঃসংবাদধ্যাপক;
বার্ত্তাবাহক, পেয়াদা; পেশ্‌কার। আর্বী। বি।
নকুল—১। কুলহীন। ন (নাই) কুল
যাহার, বহুব্রী। বিণ। ২। শিব; বেজী,
নেউল। ৩। চতুর্থ পাণ্ডব, সহদেবের
সহোদর। বি; পুং।
নকুলীশ—ভৈরববিশেষ, নকুলেশ্বর। নকুলীর
(গৌরীর) ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নকুলে—যে নকল বা ভাঁড়ামি করিয়া রঙ্গ
করে, হাস্যরসিক, ভাঁড়, রগুড়ে। নকল+
এ (ইয়া) নিপুণার্থে। বিণ।
নকুলেশ, নকুলেশ্বর—ভৈরববিশেষ,
কালীঘাটে ও কাশীধামে প্রতিষ্ঠিত শিবলিঙ্গ-
বিশেষ। নকুলই যে ঈশ বা ঈশ্বর, কর্ম্মধা।
বি; পুং। [ক্ত কর্ত্তৃবা। বি; ক্লীব।
নক্ত—রজনী, রাত্রি। নজ্ (লজ্জিত হওয়া)+
নক্তচর, নক্তঞ্চর, –চারী (–রিন্)—
১। নিশাচর; রাত্রিচর। বিণ। স্ত্রী, –রী,
–রিণী। ২। রাক্ষস; চৌর; পেচক;
বিড়াল; গুগ্‌গুল। নক্ত বা নক্তম্—চর্
(ভ্রমণ করা)+টক্, ণিন্ কর্ত্তৃবা। বি; পুং।
নক্তভোজী (–ভোজিন্)—রজনীতে
ভোজনকারী, নক্তব্রত ধারণহেতু দিবাভোজন-
ত্যাগী। নক্ত (রাত্রি)—ভুজ্ (ভোজন করা)
+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –জিনী।
নক্তান্ধ—রাত্র্যন্ধ, রাতকাণা। ৭মীতৎ। বিণ।
নক্র—কুম্ভীর; জলজন্তু। ন (না)—ক্রম্
(গমন করা)+ড কর্ত্তৃবা। বি; পুং।
নক্ষত্র—তারকা, তারা; অশ্বিন্যাদি সপ্ত-
বিংশতি; মুক্তা। নক্ষ্ (গমন করা)+অত্রন্
কর্ত্তৃবা অথবা ন (না)—ক্ষর্ (স্খলিত হওয়া),
ক্ষদ্ (সংবরণ করা), বা ক্ষি (ক্ষয় পাওয়া)
+ষ্ট্রন্ কর্ত্তৃবা। বি; পুং।
নক্ষত্রগতি—উল্কার ন্যায় বেগ; দ্রুতবেগ।
৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
নক্ষত্রচক্র—রাশিচক্র; তন্ত্রোক্ত মন্ত্রগ্রহণো-
পযোগী চক্রবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
নক্ষত্রনাথ, –পতি, –রাজ—চন্দ্র।
৬ষ্ঠীতৎ। বি; পুং।
নক্ষত্রপথ—আকাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নক্ষত্রপাত—তারকার ভূতলে পতন, তারা

খসিয়া পড়া ; উল্কাপাত ; (ভাবার্থে) মহাপুরুষের বা বড় লোকের তনুত্যাগ বা হঠাৎ অবনতি। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

নক্ষত্রবিদ্যা—ফলিত জ্যোতিষ। নক্ষত্রবিষয়িণী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

নক্ষত্রবেগে—অতি দ্রুতবেগে, (উল্কা পতনকালে যে বেগ হয় তাহাকে নক্ষত্রবেগ বলে)। নক্ষত্রের বেগের ন্যায় বেগ যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

নক্ষত্রশূল—যাত্রাদি কার্য্যে নিষিদ্ধ পূর্ব্বাদি দিকে অবস্থিত নক্ষত্রবিশেষ। নক্ষত্রজনিত শূল, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

নক্ষত্রসন্ধি—পূর্ব্ব নক্ষত্র হইতে পর নক্ষত্রে চন্দ্রাদি গ্রহের সংক্রমণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

নক্ষত্রামৃত—নক্ষত্র ও বারযোগে অমৃতযোগ। নক্ষত্রজনিত অমৃত, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব। [বি ; পুং।

নক্ষত্রেশ—চন্দ্র। নক্ষত্রদিগের ঈশ, ৬ষ্ঠীতৎ।

নক্সা—কল্পনাচিত্র, খসড়া, আদরা ; ভূম্যাদির প্রতিরূপ, গৃহ উদ্যান সেতু ইত্যাদির অবস্থান ও গঠনসূচক রেখাচিত্র ; হাস্যোদ্দীপক বর্ণনা, ব্যঙ্গচিত্র। বি।

নখ—অঙ্গুলির অগ্রভাগস্থিত উপাস্থি ; (তাহা হইতে) বিংশতি সংখ্যা। ন (নাই) খ (আকাশ) যাহাতে, বহুব্রী। বি ; পুং বা ক্লীব।

নখকুট্ট—নাপিত। উপতৎ। নখ—কুট্ট (কাটা) + অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

নখকুনি,—কুনি—নখের কোণে পুঁয সঞ্চয় ও ব্যথা। ৬ষ্ঠীতৎ।

নখকৃন্তন—নখচ্ছেদনাস্ত্র, নরুন। নখ শব্দ—কৃত্ (ছেদন করা) + অনট্ করণবা। বি ; ক্লীব। [স্ত্রী।

নখকৃন্তনী—নরুন। নখকৃন্তন + ঈপ্। বি ;

নখত, নখতর, নখতা—তারকা, তারা। 'নক্ষত্র' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

নখদর্পণ—বিদ্যাবিশেষ [এই বিদ্যাপ্রভাবে নখরূপ দর্পণে জ্ঞাতব্য বিষয় জানা যায়] ; কোন বিষয়ে সম্যক্ জ্ঞান। রূপক কর্ম্মধা। বি ; ক্লীব।

নখর—নখ। নখ শব্দ—রা (গ্রহণ করা) + ক কর্ত্তৃবা। বি ; পুং বা ক্লীব।

নখরঞ্জনী—নরুন। নখ—রঞ্জি (রঙ্গান) + অনট্ করণবা + ঈপ্। বি ; স্ত্রী।

নখরায়ুধ, নখায়ুধ—সিংহব্যাঘ্রাদি পশু ; গৃধ্রকুক্কুটাদি পক্ষী। নখর বা নখ হইয়াছে আয়ুধ (অস্ত্র) যাহার, বহুব্রী। বি ; পুং।

নখশূল—নখের রোগবিশেষ, কুনি। ৬ষ্ঠীতৎ। বি ; পুং বা ক্লীব।

নখাঘাত—নখ দ্বারা প্রহার, আঁচড়ান। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

নখানখি—নখে নখে আঁচড়া-আঁচড়ি। নখে নখে কৃত এই বাক্যে বহুব্রী। অব্য।

নখী (**নখিন্**)—নখরবিশিষ্ট (ব্যাঘ্র, ভল্লুক, মার্জ্জারাদি)। নখ + ইন্ অস্ত্যর্থে। বিণ ; পুং। স্ত্রী,—খিনী।

নখী—গন্ধদ্রব্যবিশেষ। নহ্ (বন্ধন করা) + খ কর্ত্তৃবা + ঈপ্। বি ; স্ত্রী।

নগ—পর্ব্বত ; বৃক্ষ। গমন করে না যে, উপতৎ। ন (না)—গম্ + ড কর্ত্তৃবা। বি ; পুং।

নগজ—১। পর্ব্বতজাত। বিণ। স্ত্রী,—জা। ২। হস্তী। নগ—জন্ (জন্মা) + ড কর্ত্তৃবা। বি ; পুং।

নগজা—পার্ব্বতী। নগজ + আপ্। বি ; স্ত্রী।

নগণ্য—গণনার অনুপযুক্ত, গণনাই নহে একরূপ, তুচ্ছ। সুপ্সুপা। বিণ। স্ত্রী,—ণ্যা।

নগদ—তৎক্ষণাৎ অর্থ প্রদান ; সদ্যঃ মূল্য প্রদানপূর্ব্বক ক্রয় ; উপস্থিত টাকা ; রোক। আর্বী। বি বা বিণ।

নগদ-বিদায়—কালক্ষেপ না করিয়া বিদায়, নগদ টাকা দিয়া বিদায়। কর্ম্মধা। বি।

নগদা—কাজ শেষ করিয়াই যে মজুরি লয় বা যাহার মজুরি মিলে। আর্বী। বিণ।

নগদান—যে খাতায় নগদ হিসাব লিখিত হয়। আর্বীমূলক। বিণ।

নগদী—১। নগদ খাজানা আদায়কারী

দাইক। বি। ২। নগদ মূল্যে ক্রীত বা ক্রেয়। দারী। নগদ + ঈ। বিণ
নগন—লগ্ন, বিবাহাদি কার্য্যের শুভকাল। 'লগ্ন' শব্দজ। কবিপ্র। বি। [স্ত্রী।
নগনন্দিনী—পার্ব্বতী, উমা। ৬ষ্ঠীতৎ। বি;
নগপতি,-রাজ—পর্ব্বতরাজ, হিমালয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নগর—সহর; বহুসংখ্যক লোক, নানাজাতি ও শিল্পবাণিজ্যাদির স্থান। নগ শব্দ (পর্ব্বত) + র অস্ত্যর্থে (যেখানে পর্ব্বতপ্রমাণ গৃহাদি আছে)। বি; ক্লীব।
নগরকীর্ত্ত(র্ত্ত)ন—নগরাদিতে ভ্রমণপূর্ব্বক হরিসঙ্কীর্ত্তন। ৭মীতৎ। বি; ক্লীব।
নগরঘণ্ট—বড়িভাজা কাঁচা তরকারি ও তরকারির খোসা দিয়া প্রস্তুত ব্যঞ্জনবিশেষ, ছেঁচড়া। দেশজ। বি।
নগরপাল—নগররক্ষক, সহর-কোতোয়াল; পাহারাওয়ালা, চৌকিদার। উপতৎ। নগর—পা + ণিচ্ + অণ্ কর্ত্তৃবা। বি; পুং।
নগরবাসী (-বাসিন্)—শহরের বাসিন্দা। উপতৎ। নগর—বস্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—সিনী।
নগররক্ষী (-রক্ষিন্)—নগররক্ষাকারী, নগররক্ষক; নগরপাল। উপতৎ। নগর—রক্ষ্ (রক্ষা করা) + ণিন্ কর্ত্তৃবা। বি; পুং বা বিণ। স্ত্রী,—ক্ষিণী।
নগরস্থ—নগরে স্থিত; নগরবাসী। উপতৎ। নগর—স্থা (থাকা) + ক কর্ত্তৃবা। বিণ।
নগরাধ্যক্ষ—নগর রক্ষার্থে নিযুক্ত কর্ম্মচারী; কোতোয়াল। নগরের অধ্যক্ষ, ৬ষ্ঠীতৎ। বি, পুং। [ঈপ্। বি; স্ত্রী।
নগরী—নগর, রাজধানী; সহর। নগর +
নগরীয়—নগরসম্বন্ধীয়; সহরের। নগর + ঈয়। বিণ। স্ত্রী,—য়া।
নগরোপান্ত—সহরের সীমান্ত বা উপকণ্ঠ। নগরের উপান্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
নগাধিপ, নগাধিরাজ—হিমালয় পর্ব্বত। নগসমূহের অধিপ, অধিরাজ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নগি, নগী—নৌকাচালনদণ্ড, ধ্বজী; লগী, আঁকুশী। দেশজ। বি।
নগিচ, নগিজ—কাছ, নিকট। হিন্দী। বি।
নগুরে—শহরের। প্রাঃ কবিপ্র। বিণ।
নগেন্দ্র—হিমালয় পর্ব্বত। নগদিগের মধ্যে ইন্দ্র (প্রধান), ৭মীতৎ। বি; পুং।
নগ্ন—১। বিবস্ত্র, উলঙ্গ, দিগম্বর। বিণ। স্ত্রী, নগ্না। ২। ক্ষপণক; স্তুতিপাঠক। নজ্ (লজ্জিত হওয়া) + ক্ত কর্ত্তৃবা। বি; পুং।
নগ্নক—বিবস্ত্র। নগ্ন শব্দ + কন্ স্বার্থে। বিণ। স্ত্রী,—গ্নিকা।
নগ্নক্ষপণক—উলঙ্গ বৌদ্ধসন্ন্যাসী; উলঙ্গ জৈন সন্ন্যাসী; উলঙ্গ কালোপাসক। কর্ম্মধা। বি; পুং।
নগ্নবীজ—খোসাছাড়া বীজ বা সেইরূপ বীজযুক্ত। কর্ম্মধা বা বহুব্রী। বি বা বিণ।
নগ্না—১। বিবস্ত্রা। বিণ; স্ত্রী। ২। বিবস্ত্রা লজ্জাহীনা নারী; অপ্রাপ্তবয়স্কা বালিকা। নগ্ন + আপ্। বি; স্ত্রী।
নগ্নিকা—বিবসনা, বিবস্ত্রা; অপ্রাপ্তবয়স্কা। নগ্ন—কন্ + আপ্। বিণ; স্ত্রী।
নগ্নীকরণ—বিবস্ত্রীকরণ, উলঙ্গ করা। নগ্ন শব্দ + চ্বি অভূততদ্ভাবার্থে (=নগ্নী)—কৃ + অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ,—কৃত।
নঙ্গ(ংগ)—উপপতি, জার, নাঙ্। নং (বন্ধনকে)—গম্ (গমন করা) + ড কর্ত্তৃবা। বি; পুং।
নঙ্গ(ংগ)র, নঙর—নৌকা স্থির রাখিবার লৌহবন্ধনী, নোঙর; লৌহশৃঙ্খল। ফার্সী 'লঙ্গর' শব্দজ। বি।
নচিকেতাঃ—ঋষিবিশেষ; অগ্নি; বাজশ্রবার পুত্র। বি; পুং।
নচেৎ—নতুবা, তাহা না হইলে। অব্য।
নচ্ছার—অসার, অপদার্থ; নির্লজ্জ, বেহায়া; অধম, নীচ; লম্পট। 'নঃ-সর' শব্দজ। বিণ।
নছিব, নসিব—ভাগ্য, অদৃষ্ট। ফার্সী। বি।
নজগজ—ঢিলা ভাব; মজবুত না হওয়ার ভাব। দেশজ। অব্য।

নজর—উপঢৌকন, ভেট, উপহার ; সেলামি ; দৃষ্টিপথ। আর্বী। বি।

নজরবন্দী—দৃষ্টিপথে আবদ্ধ রাখা, চোখে চোখে রাখা। আর্বীমূলক। বিণ।

নজরানা—উপায়ন, উপঢৌকন, নজর, ভেট। আর্বীমূলক। বি।

নজির, নজীর—অতীত দৃষ্টান্ত ; পূর্ব্ব প্রমাণ। আর্বী। বি।

নট—১। নর্ত্তক, নৃত্যব্যবসায়ী ; নাটকের অভিনেতা। নট্ (নৃত্য করা)+অচ্ কর্ত্তৃবা। ২। বর্ণসঙ্করজাতিবিশেষ। নশ্ (নাশ করা)+ডট কর্ত্তৃবা। বি ; পুং। ৩। সঙ্গীতে রাগবিশেষ। 'নট্ট' শব্দজ। বি। ৪। নষ্ট ; বিকৃত ; ধ্বংস ; অন্তর্হিত, বিলুপ্ত। 'নষ্ট' শব্দজ। প্রাঃ কবিপ্র। ৫। জাহাজের গতিবেগের একক (Knot). বি।

নটকান—ক্ষুদ্র উদ্ভিদবিশেষ বা (বাসন্তী রং-জনক) তাহার বীজ। দেশজ। বি।

নটখট, –খটি—সামান্য সামান্য দোষ, ত্রুটি, খুঁটিনাটি ; ঝঞ্ঝাট। দেশজ। বি। ক্লিণ, –খটে। [দেশজ। বি।

নটঘট—অসৎ সম্বন্ধ ঘটনা, অবৈধ প্রণয়।

নটচাঁদ—নষ্টচন্দ্র। প্রাঃ কবিপ্র। বি।

নটন—নৃত্য। নট+অনট্ ভাববা। বি ; ক্লীব। [বি ; পুং।

নটনারায়ণ—(সঙ্গীতশাস্ত্রে) রাগবিশেষ।

নটবর—১। শ্রেষ্ঠ নট, নৃত্যকর্ম্মে সবিশেষ প্রবীণ। নটদিগের মধ্যে বর (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি ; পুং। ২। রসরাজ, রসিকশ্রেষ্ঠ ; শ্রীকৃষ্ণ ; রসরাজ-যোগ্য, সুন্দর, মনোজ্ঞ। প্রাঃ কবিপ্র। বি বা বিণ। [বি ; স্ত্রী।

নটিনী—নর্ত্তকী ; বেশ্যা। প্রাঃ কবিপ্র।

নটিয়া—১। নর্ত্তক, নটুয়া ; ভণ্ড, ভাঁড় ; নকুলে। নটী+ইয়া আসক্তার্থে। বিণ। ২। নটেশাক। দেশজ। বি।

নটী—স্ত্রী-নট, নর্ত্তকী ; অভিনেত্রী ; বেশ্যা। নট্ (নৃত্য করা)+অচ্ কর্ত্তৃবা+ঈপ্। বি ; স্ত্রী।

নটেশ্বর—শিব ; নটরাজ। দক্ষিণাপথে এই মূর্ত্তি বহুলভাবে দৃষ্ট হয়। ইহা তিন প্রকার—(১) সন্ধ্যানৃত্য, (২) সদানৃত্য, (৩) তাণ্ডব। ইহার বৃত্তান্ত বৃহৎ পারাশরীয় শিল্পশাস্ত্রে আছে। নটের ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

নড়চড়, নড়ন-চড়ন—অন্যথা, ব্যত্যয়, ব্যতিক্রম ; ইতস্ততঃ সঞ্চলন। দেশজ। বি।

নড়নড়, –বড়—ইতস্ততঃ সঞ্চালন, দোলন ; পতনোন্মুখ অবস্থা। দেশজ। বি। বিণ, –নড়ে, –বড়ে।

নড়া—১। বাহু, হাত। দেশজ। বি। ২। কম্পিত বা আন্দোলিত হওয়া ; সরিয়া যাওয়া ; স্পন্দিত হওয়া। বাং ক্রি।

নড়ান—সরান ; চালিত করা ; অন্যথা করান। বাং ক্রি।

নড়ি, নড়ী- যষ্টি, লাঠি ; অবলম্বন ; শ্রমিক, মজুর। দেশজ। বি।

নত—১। প্রণত, প্রণাম করিতেছে এরূপ ; আনত, নুইয়া আছে এরূপ ; নিম্ন ; নম্র, কুটিল, বক্র, নোয়ান। নম্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, নতা। ২। নাসাভরণবিশেষ, নাসিকাঙ্গুরি, নথ। প্রাঃ কবিপ্র। বি।

নতজানু—যে জানু নোয়াইয়াছে বা হাঁটু-গাড়া দিয়াছে। নত হইয়াছে জানু যৎকর্তৃক বা যাহার, বহুব্রী। বিণ।

নতনয়ন—১। অবনত চক্ষু। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। যে মুখ নত করিয়া নিম্নদিকে দৃষ্টি করিতেছে। বহুব্রী। বিণ। স্ত্রী, –না।

নতনাসিক, –নাস—যাহার নাক চেপ্টা, খাঁদা। নত হইয়াছে নাসিকা, নাসা যাহার বহুব্রী। বিণ। স্ত্রী, –কা, –কী, –সা।

নতমস্তক—১। যে মাথা নোয়াইয়াছে বিনয়ী। বহুব্রী। বিণ। স্ত্রী, –কা। ২। নোয়ান মাথা। কর্ম্মধা। বি ; ক্লীব।

নতশির—নতমস্তক (১ দ্রঃ)। বহুব্রী 'নতশিরস্' শব্দজ। বিণ। স্ত্রী, –রা।

নতশিরাঃ (–রস্), –শিরা—যে মাথা নোয়াইয়াছে। বহুব্রী। বিণ।

নতা—লতিকা, লতা ; ছল, ওজর, ব্যপদেশ, ছুতা, আপত্তি। দেশজ। বি।

নতি—১। নম্রীভাব ; নমন ; প্রণতি, প্রণাম ; বিনতি, অনুনয় ; প্রার্থনা। নম্ (নত হওয়া) + ক্তি ভাববা। বি ; স্ত্রী। ২। পটোল লতার শাক, পলুতা। দেশজ। বি।

নতুন—নব। 'নূতন' শব্দজ। বিণ।

নতুবা—নচেৎ, তাহা না হইলে। দেশজ। অব্য।

নতোদর—যাহার উপরিভাগ গর্ত্তের ন্যায় (Concave). বহুব্রী। বিণ। স্ত্রী,—রা,—রী।

নতোন্নত—উন্নতাবনত, উচ্চনীচ। নত অথচ উন্নত, কর্ম্মধা। বিণ।

নথ—নাসাভরণবিশেষ, নাসিকাঙ্গুরীয়। [দেশজ। বি।

নথি, নথী—সূত্রবদ্ধ কাগজপত্র ; বিষয়-সংক্রান্ত কাগজপত্রের তাড়া (File). হিন্দীমূলক। বি।

নদ, নদী—যে জলস্রোত কোন পর্ব্বত, হ্রদ, প্রস্রবণ প্রভৃতি হইতে উৎপন্ন ও নানা জনপদের উপর দিয়া প্রবাহিত হইয়া অন্য কোনও জলাশয়ে পতিত হয়, চারি ক্রোশের অধিকবাহিনী জলনালী ; সরিৎ। এই সকল জলস্রোতের মধ্যে যেগুলির নাম পুংবাচক, তাহাদিগকে নদ বলা হয়, যেমন—ব্রহ্মপুত্র, শোণ প্রভৃতি ; আর যেগুলির নাম স্ত্রীবাচক, তাহাদিগকে নদী বলা হয়, যেমন—গঙ্গা, যমুনা প্রভৃতি। নদ=নদ্ (শব্দ করা) + অচ্ কর্ত্তৃবা, (২য় পক্ষে) + ঈপ্। বি ; পুং, স্ত্রী।

নদীগর্ভ—নদীর অভ্যন্তর ভাগ, তীরদ্বয়ের মধ্যবর্ত্তী স্থান। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

নদীতর-স্থান—নদী পার হইবার জায়গা, পারঘাটা, খেয়াঘাট। নদীর তর (উত্তরণ) =নদীতর, ৬ষ্ঠীতৎ ; তাহার স্থান, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

নদীপতি—সরিৎপতি, সমুদ্র ; বরুণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

নদীপথ—নদীরূপ পথ, জলপথ। রূপক কর্ম্মধা। বি ; পুং।

নদীবক্ষঃ (—বক্ষস্), **—বক্ষ**—নদীর জলময় অংশের উপরিভাগ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। [বিণ। স্ত্রী,—লা।

নদীবহুল—প্রচুর নদীবিশিষ্ট। ৩য়াতৎ।

নদীভব—১। নদীজাত। বিণ। স্ত্রী,—বা। ২। সৈন্ধব লবণ। ৭মীতৎ। বি ; ক্লীব।

নদীমাতৃক—যে দেশে নদীর জলে কৃষিকার্য্য সম্পন্ন হয়, নদীবহুল। নদী হইয়াছে মাতৃস্বরূপা যাহার বা যেখানে, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

নদীমুখ—সমুদ্রের সহিত নদীর সম্মিলন স্থান, নদীর মোহনা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

নদীসৈকত—নদীর চর বা বালুকাময় তীর। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

নদে—নদীয়া বা নবদ্বীপ নামের সংক্ষেপ। বি।

নদের-চাঁদ—গৌরাঙ্গ, চৈতন্যদেব।

নদ্ধ—বদ্ধ ; ব্যাপ্ত। নহ্ (বন্ধন করা) + ক্ত কর্ম্মবা। বিণ।

নধর—সুডৌল, গোলগাল ; হৃষ্টপুষ্ট, কমনীয় ; তাজা। 'নবধর' শব্দজ। বিণ।

ননদ, ননদিনী, ননদী—ভর্ত্তার ভগিনী। 'ননান্দৃ' শব্দজ। বি ; স্ত্রী।

ননন্দা (ননন্দৃ)—ভর্ত্তার ভগিনী, ননদ। ন (না)—নন্দ্ + ঋন্ কর্ত্তৃবা। বি ; স্ত্রী।

ননান্দা (ননান্দৃ)—ননন্দা, ননদ। ন (না)—আ + নন্দ্ + ঋন্ কর্ত্তৃবা। বি ; স্ত্রী।

ননি, ননী—মাখন। 'নবনীত' শব্দজ। বি।

নন্নুআ, নন্নুয়া—১। নবনীত, ননী। বি। ২। সুন্দর। প্রাঃ কবিপ্র। বিণ।

নন্দ—১। আনন্দ। নন্দ্ (আনন্দিত হওয়া) + ঘঞ্ ভাববা। ২। কুবেরের নিধিবিশেষ ; পদ্ম-মেখর ; মদিরার গর্ভজাত বসুদেবের পুত্র। ণিজন্ত নন্দ্ বা নন্দি (আনন্দিত করা) + অচ্ কর্ত্তৃবা। বি ; পুং। ৩। শ্রীকৃষ্ণের পালক-পিতা। মথুরার রাজার অধীনে ইনি ব্রজের গোপ-দিগের অধিপতি ছিলেন।

নন্দক—১। আনন্দজনক। বিণ। স্ত্রী,—ন্দিকা। ২। বিষ্ণুর খড়্গ। ণিজন্ত নন্দ্ বা

নন্দি (আনন্দিত করা)+ণক কর্ত্তৃবা। বি; পুং। [বি; পুং।

নন্দকুমার, -দুলাল—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ।

নন্দন—১। পুত্র; বিষ্ণু; শিব। বি; পুং। ২। ইন্দ্রের উদ্যান, মেরুর উত্তরে অবস্থিত। বি; ক্লীব। ৩। সুখদ, আনন্দজনক। নন্দি (আনন্দিত করা)+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

নন্দনকানন, -বন—ইন্দ্রের উদ্যান। নন্দননামক যে কানন বা বন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। [পুং।

নন্দনন্দন—নন্দের পুত্র, কৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি;

নন্দলাল—শ্রীকৃষ্ণ (নন্দ কর্ত্তৃক লালিত বলিয়া ঐ নাম হইয়াছে)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নন্দা—১। দুর্গা; ভর্ত্তৃ-ভগিনী, ননদ; প্রতিপদ্, ষষ্ঠী, একাদশী, এই তিন তিথি; নাদা। ণিজন্ত নন্দি (আনন্দিত করা)+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী। ২। তনয়, পুত্র। 'নন্দন' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

নন্দাই—পতির ভগিনীপতি, ননদের স্বামী। ননদ+আই পতি অর্থে। বি; পুং।

নন্দি—শিবের অনুচরবিশেষ; জামাতার পিত্র। নন্দ+ই কর্ত্তৃবা। বি; পুং।

নন্দিকেশ্বর—১। শিবের প্রধান অনুচর, নন্দি। নন্দিকার ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। ২। পুরাণ-বিশেষ। বি; পুং।

নন্দিগ্রাম—গ্রামবিশেষ, রামের বনবাস-কালে ভরত তাঁহার পাদুকাযুগল সম্মুখে রাখিয়া এইখানে রাজত্ব করেন। বি; পুং।

নন্দিত—১। আনন্দিত। নন্দ্ (আনন্দিত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। ২। তোষিত। নন্দি (আনন্দিত করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

নন্দিনী—১। আনন্দিতা, আনন্দদায়িকা। বিণ; স্ত্রী। ২। কন্যা; দুর্গা; গঙ্গা; বশিষ্ঠের ধেনু। নন্দি (আনন্দিত করা)+ণিন্ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

নন্দিবর্দ্ধ(র্ধ)ন—১। আনন্দবর্দ্ধনকারী। বিণ। স্ত্রী,—না। ২। পুত্র; পক্ষান্তর; বন্ধু; শিব। নন্দির (আনন্দের) বর্দ্ধন (বর্দ্ধক), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নন্দী (নন্দিন্)—১। শিবের প্রধান অনুচর, নন্দি, নন্দিকেশ্বর; গর্দ্দভাণ্ডবৃক্ষ; বটগাছ; শাকবিশেষ। নন্দ্ (আনন্দিত হওয়া)+ণিন্ কর্ত্তৃবা। বি; পুং। ২। আনন্দ-দায়ক, আহ্লাদজনক। নন্দি (আনন্দিত করা) + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ন্দিনী।

নন্দীশ—১। শিব। নন্দির (অনুচরবিশেষের) ঈশ (প্রভু), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নন্দীশ্বর—নন্দীশ (সকল অর্থে); সঙ্গীতের তালবিশেষ; বৃন্দাবনের একটি লীলাস্থল। নন্দির ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিং।

নন্নড়িয়া, নন্নড়ে—ঢিলা, শিথিল। দেশজ।

নপুংসক—ক্লীব, হিজড়ে; ছিন্নমুষ্ক, খোজা; কাপুরুষ; যে সকল শব্দ পুংবাচক বা স্ত্রীবাচক নহে। ন স্ত্রী ন পুমান, নিপাতনে সুপ্‌সুপা। বি; পুং বা ক্লীব।

নপ্তা (নপ্তৃ)—পৌত্র বা দৌহিত্র, নাতি। ন (না)—পত্ (পতিত হওয়া)+তৃন্ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী, নপ্ত্রী।

নফর—কিঙ্কর, সেবক, ভৃত্য, চাকর, নকর। আরবী। বি। [কর্ম্মবা। বিং।

নব—নূতন, নবীন। স্তু (স্তুতি করা)+অপ্

নব (নবন্)—নয় (৯)। নু+অন্ কর্ম্মবা। বি বা বিণ। [কর্ম্মধা। বি; পুং।

নবকলিকা—নব কোরক, নূতন কুঁড়ি।

নবকার্ত্তি(র্তি)ক—নবজাত কার্ত্তিকের মত সুন্দর। বাং প্রঃ। বি।

নবকুমার—নবজাত পুং শিশু। নবজাত কুমার, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

নবগ্রহ—সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু, কেতু এই নয় গ্রহ। কর্ম্মধা। বি; পুং।

নবজাত—সদ্যঃ বা অল্প দিবস পূর্ব্বে উৎপন্ন। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—তা।

নবজীবন—নূতন জীবনলাভ, অপকৃষ্ট

অবস্থার পর উৎকৃষ্ট অবস্থা। কর্ম্মধা। বি; ক্লীব। [কর্ম্মধা। বি; পুং।

নবজ্বর—তরুণজ্বর, জ্বরের প্রথম অবস্থা।

নবডঙ্কা(ঙ্কা)—কিছুই নয়, অবজ্ঞা ও উপেক্ষাসূচক উক্তি, 'কলা'। দেশজ। বি।

নবৎ—নহবৎ বাদ্য। আর্বী 'নওবৎ' শব্দজ। বি।

নবতি—নব্বই, ৯০। নবগুণিত যে দশ, কর্ম্মধা (নিপা)। বি বা বিণ; স্ত্রী। [পূরণবাচক বিণ, —তম। স্ত্রী,—তমী।]

নবদশ—ঊনবিংশতি, ১৯। নব অধিক দশ, মধ্যপ কর্ম্মধা। বিণ।

নবদুর্গা—পার্ব্বতী, ব্রহ্মচারিণী, চন্দ্রঘণ্টা, কুষ্মাণ্ডা, স্কন্দমাতা, কাত্যায়নী, কালরাত্রি, মহাগৌরী, সিদ্ধিদা, এই নয় দুর্গামূর্ত্তি। কর্ম্মধা। বি; স্ত্রী।

নবদ্বার—কর্ণদ্বয়, চক্ষুর্দ্বয়, নাসাদ্বয়, মুখ, পায়ু, উপস্থ, দেহস্থ এই নয় দ্বার। দ্বিগু। বি; ক্লীব।

নবধা—নয় খণ্ডে বা দিকে; নয় প্রকার; নয়বার। নব (২) দ্রঃ। নবন্ (নয়)+ধাচ্ প্রকারার্থে। অব্য।

নবধাতু—স্বর্ণ, রৌপ্য, পিত্তল, সীসক, তাম্র, রঙ্গ, লৌহ, কাংস্য এবং কান্ত লৌহ এই নয়টা ধাতু। কর্ম্মধা। বি; পুং।

নবনবতি—নিরানব্বই, ৯৯। নবাধিকা নবতি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ; স্ত্রী। [পূরণবাচক বিণ, —তম। স্ত্রী,—তমী।]

নবনী—ননী, মাখন। নব শব্দ—নী+ক্বিপ্, কর্ম্মবা। বি; ক্লীব।

নবনীত—ননী, মাখন। নব শব্দ—নী+ক্ত কর্ম্মবা। বি; ক্লীব।

নবনীতক—ঘৃত। নবনীত হইতে জাত এই অর্থে নবনীত+কন্। বি; ক্লীব।

নবপত্রিকা—কদলী, দাড়িম্বী, ধান্য, হরিদ্রা, মান, কচু, বিল্ব, অশোক, জয়ন্তী, এই নয় পত্রিকাযুক্তা দেবীমূর্ত্তি; কলাবউ। কর্ম্মধা। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

নববধূ—নবোঢ়া স্ত্রী, নূতন বৌ। কর্ম্মধা।

নববর্ষ—১। নূতন বৎসর; নূতন বর্ষণ। কর্ম্মধা। ২। ভারতাদি নয় (৯) বর্ষ। দ্বিগু। বি; পুং বা ক্লীব।

নববিধান—ব্রাহ্মসমাজের শাখাবিশেষ (ইহার প্রবর্ত্তক কেশবচন্দ্র সেন); নূতন নিয়ম। কর্ম্মধা। বি; ক্লীব।

নবম—৯ সংখ্যার পূরক। নবন্ (নয়)+মট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

নবমল্লিকা, —মালিকা—পুষ্পবিশেষ; লতাবিশেষ। কর্ম্মধা। বি; স্ত্রী।

নবমী—১। ৯ এই সংখ্যার পূরিকা। নবম+ঈপ্। বিণ; স্ত্রী। **নবমী দশা**—মূর্চ্ছা। ২। চন্দ্রের নবম কলার হ্রাসবৃদ্ধি ক্রিয়াসম্ভূত তিথিবিশেষ। বি; স্ত্রী।

নবযুবতী, —যুবতি—নূতন যৌবন-বিশিষ্টা। কর্ম্মধা। বিণ; স্ত্রী। পুং,—যুবা, —যুবক।

নবযৌবন—নবীন তারুণ্য, নূতন যুবা অবস্থা। কর্ম্মধা। বি; ক্লীব।

নবযৌবনা—নূতন যুবতী; ষোড়শী কামিনী। বহুব্রী। বিণ; স্ত্রী।

নবরঙ্গ(ঙ্গ)—১। কুলীন কায়স্থদিগের নয়প্রকার কন্যা আদানপ্রদানরূপ কুলকার্য্য। কর্ম্মধা। ২। নারাঙ্গা নেবু। নব রঙ্গ যাহার, বহুব্রী। বি; ক্লীব। ৩। নূতন রঙ্গরস; শতরঞ্চ খেলায় নয়টি বলের পর পর কিস্তিতে মাত করা। বাং প্রঃ। বি।

নবরত্ন—মুক্তা, মাণিক্য, বৈদূর্য্য, গোমেদ, বজ্র, বিদ্রুম, পদ্মরাগ, মরকত, নীলকান্ত, এই নয় রত্ন; ধন্বন্তরি, ক্ষপণক, অমরসিংহ, শঙ্কু, বেতালভট্ট, ঘটকর্পর, কালিদাস, বরাহ-মিহির, বররুচি,—রাজা বিক্রমাদিত্যের সভাসদ এই নয় জন পণ্ডিত। নব রত্নের সমাহার, দ্বিগু। বি; ক্লীব।

নবরস—১। কাব্যে প্রচলিত নয় প্রকার রস, যথা—আদি বা শৃঙ্গার, হাস্য, করুণ, রৌদ্র, বীর, ভয়ানক, বীভৎস, অদ্ভুত ও শান্ত; নূতন রস। কর্ম্মধা। বি; পুং।

নবরাত্র—আশ্বিনমাসীয় শুক্লপ্রতিপদ্ হইতে নবমী পর্য্যন্ত নয় তিথি। নব (নয়) রাত্রির সমাহার, সমা-দ্বিগু। বি; ক্লীব।

নবলক্ষণ—১। সৃষ্টি-স্থিতি-লয়-সংক্রান্ত নয় প্রকার ঐশ নিদর্শন; আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, বেদপাঠ, তপস্যা, দান, ব্রাহ্মণের এই নয় প্রকার চিহ্ন। কর্ম্মধা। বি; ক্লীব। ২। নয় প্রকার বিশেষ চিহ্ন-যুক্ত। নব (নয়) লক্ষণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

নবশক্তি—বিমলা, উৎকর্ষণী, জ্ঞানা, যোগা, ক্রিয়া, প্রহ্বী, সত্যা, ঈশানা, অনুগ্রা—এই নয় ঐশী শক্তি [ইঁহারা সংজ্ঞার গর্ভজাতা]। কর্ম্মধা। বি; স্ত্রী।

নবশাক, —শাখ—নবশায়ক। 'নবশায়ক' বা 'নবশাখা' শব্দজ। বি।

নবশায়ক—সদ্গোপ, মালাকার, তিলী, তাঁতী, মোদক (ময়রা), বারুই, কুম্ভকার, কর্ম্মকার, নাপিত, এই নয় জাতি, ইহাদিগকে (নয়টী শাখায় বা শ্রেণীতে বিভক্ত বলিয়া) সাধারণতঃ নবশাক বা নবশাখ বলে। কর্ম্মধা। বি; পুং।

নবাগত—যে নূতন আসিয়াছে। সুপ্সুপা। বিণ। স্ত্রী,—তা।

নবান্ন—১। নূতন অন্ন। নব অন্ন, কর্ম্মধা। ২। নবান্নখাদ্য বার্ষিকী ক্রিয়া, দুধ গুড় নারিকেল কলা প্রভৃতির সহিত নূতন আতপ চাউল ভক্ষণ রূপ সংস্কারবিশেষ—ইহা অগ্রহায়ণ মাসে অনুষ্ঠিত হয়। নব অন্নক, কর্ম্মধা। বি; ক্লীব।

নবাব—প্রাদেশিক শাসনকর্ত্তা; মুসলমান সামান্য রাজা বা বড় জমিদার; মুসলমান সম্ভ্রান্ত ব্যক্তির উপাধি। আবী। বি।

নবাবি, নবাবী—১। নবাবের পদ বা কার্য্য। বি। ২। নবাবের উপযুক্ত; বড়মানুষী। নবাব+ই, ঈ। বিণ।

নবাবজাদা—নবাবের পুত্র। আবী। বি; পুং। স্ত্রী,—দী।

নবাব-নাজিম—একাধারে নবাব এবং বিচারক। কর্ম্মধা। বি।

নবাবপুত্র, —পুত্তুর—নবাবের ছেলে; (ব্যঙ্গার্থে) অলস ও বিলাসী। তদ্ভিতৎ। বি।

নবারুণ—সবেমাত্র উদিত সূর্য্য বা তাহার আলো। কর্ম্মধা। বি; পুং।

নবার্জ্জি(র্জি)ত—নূতন প্রাপ্ত বা সংগৃহীত। সুপ্সুপা। বিণ। [বি।

নবি, নবী—ভগবৎপ্রেরিত দূত। আবী।

নবিস, নবিসিন্দা—লেখক; লিপিকুশল। ফার্সীমূলক। বি বা বিণ।

নবীকরণ—যাহা একবার পুরাতন হইয়াছিল তাহাকে নূতন করা। নব (নূতন)+অভূততদ্ভাবার্থে চি (=নবী)—কৃ (করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, —কৃত।

নবীন—নূতন, নব্য; তরুণ। নব (নূতন)+ঈন স্বার্থে। বিণ। স্ত্রী,—না।

নবীভবন, —ভাব—যাহা একবার পুরাতন হইয়াছিল তাহা পুনরায় নূতন হওয়া। নব শব্দ (নূতন)+অভূততদ্ভাবার্থে চি (=নবী)—ভূ (হওয়া)+অনট্, ঘঞ্ ভাববা। বি; ক্লীব, পুং। বিণ, —ভূত।

নবেম্বর—ইউরোপীয় মতে বৎসরের একাদশ মাস। ইং November. বি।

নবেল, নভেল—উপন্যাস গ্রন্থ। ইং Novel. বি।

নবোঢ়া—১। নূতন বিবাহিতা। বিণ। ২। নববিবাহিতা স্ত্রী, নববধূ, নূতন বৌ। নব যথা তথা ঊঢ়া (বিবাহিতা), সুপ্সুপোত। বি; স্ত্রী।

নবোদক—নূতন জল; প্রথম প্রথম পতিত বৃষ্টির জল। নব যে উদক, কর্ম্মধা। বি; ক্লীব।

নবোদিত—সবেমাত্র যাহার উদয় হইয়াছে। সুপ্সুপা। বিণ।

নবোদ্গত—নূতন উত্থিত, অল্পদিন মাত্র উদ্গত। নব যথা তথা উদ্গত, সুপ্সুপা। বিণ। স্ত্রী,—তা।

নবোত্তম—নূতন করিয়া আগ্রহ ও চেষ্টা। কর্ম্মধা। বি ; পুং। [বা বিণ।
নব্বই—নবতি, ৯০। 'নবতি' শব্দজ। বি
নব্য—নবীন, নূতন ; অপ্রবীণ ; অধুনাতন, হালি। নু (স্তুতি করা)+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, নব্যা। [ক্লীব।
নভ—আকাশ। নভ্ + অচ্ কর্ত্তৃবা। বি ;
নভঃ (নভস্), নভ—গগন, আকাশ ; বয়স্। নহ্ (বন্ধন করা) বা নভ্ (বধ করা)+অস্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।
নভঃস্থ, নভস্থ—আকাশস্থিত। উপতৎ। নভস্—স্থা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —স্থা।
নভঃস্থল—আকাশ। নভঃই যে স্থল, কর্ম্মধা। বি ; ক্লীব।
নভশ্চক্ষুঃ (—ক্ষুস্), —চক্ষু—সূর্য্য। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।
নভশ্চর—১। খেচর, আকাশগামী। উপতৎ। বিণ। স্ত্রী, —রী। ২। পক্ষী ; বায়ু ; মেঘ ; সূর্য্যাদি গ্রহ ; বিদ্যাধরাদি ; রাক্ষস। নভস্ (আকাশ)—চর্ (গমন করা)+টক কর্ত্তৃবা। বি ; পুং।
নভস্তল—গগনতল, আকাশদেশ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।
নভস্থল—আকাশপ্রদেশ। নভই যে স্থল, কর্ম্মধা। বি ; ক্লীব। ('নভঃস্থল'ও হয়)।
নভস্পৃক্ (—স্পৃশ্)—গগনস্পর্শী ; অত্যুচ্চ। নভ—স্পৃশ্ + ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।
নভেশ্বর—নবেশ্বর (তাহা দ্রঃ)।
নভেল—নবেল দ্রঃ।
নভোমণি—সূর্য্য। নভস্এর (আকাশের) মণি (স্বরূপ), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।
নভোমণ্ডল—গগনমণ্ডল, আকাশদেশ। নভঃ মণ্ডলের ন্যায়, উপমিত কর্ম্মধা। বি ; ক্লীব।
নমঃ (নমস্), নম—নমস্কার, প্রণাম ; ত্যাগ। নম্ (নত হওয়া)+অস্ কর্ত্তৃবা। অব্য।
নমঃশূদ্র, নমশূদ্র—নিম্নশ্রেণীর হিন্দুজাতি-বিশেষ, কোটাল। দেশজ। বি।
নমন—১। নত হওয়া। নম্ (নত হওয়া) + অনট্ ভাববা। ২। নতকরণ, নোয়ান। নম্ + ণিচ্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।
নমনীয়—নমনের যোগ্য, নমনসাধ্য। নম্ (নত হওয়া)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, —য়া।
নমস্কার—প্রণাম ; অভিবাদন। নমস্—কৃ + ঘঞ্ ভাববা। বি ; পুং। [সমান সম্পর্ক বা মর্য্যাদাসম্পন্ন ব্যক্তির সম্বন্ধে নমস্কার এবং গুরুজন সম্বন্ধে প্রণাম শব্দ ব্যবহৃত হইয়া থাকে]।
নমস্কারী—বিবাহাদি উপলক্ষে বরবধূ নমস্য-গণকে যে বস্ত্রাদি দিয়া নমস্কার বা প্রণাম করে। বাং প্রঃ। বি।
নমস্কার্য্য(র্য)—নমস্কারের যোগ্য, নমস্য। নমস্—কৃ + ণ্যৎ কর্ম্মবা। বিণ।
নমস্কৃত—কৃতনমস্কার, যাহাকে নমস্কার করা হইয়াছে এরূপ, অভিবাদিত। নমস্—কৃ (করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।
নমস্য—প্রণম্য ; পূজনীয়। নমঃ দ্রঃ। নমস্ শব্দ + ক্য = নমস্য (নামধাতু)+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —স্যা।
নমাজ—নামাজ দ্রঃ।
নমিত—যাহাকে নোয়ান গিয়াছে এরূপ, বক্রীকৃত। নম্ + ণিচ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।
নমুচি—কন্দর্প, মদন ; জনৈক দৈত্য। ন (না)—মুচ্ (ত্যাগ করা)+কি কর্ত্তৃবা। বি ; পুং। [পুং।
নমুচিসূদন—ইন্দ্র ; শিব। ৬ষ্ঠীতৎ। বি ;
নমুনা—পদার্থের পরিচয়স্বরূপ অংশ বা নিদর্শন ; আদর্শ, দৃষ্টান্ত। ফার্সী। বি।
নম্বর—শ্রেণীতে স্থান-নির্দ্দেশক অঙ্ক ; পরিচয়-সূচক অঙ্ক ; পরীক্ষায় লব্ধ সংখ্যা (Marks). ইং 'Number' শব্দজ। বি।
নম্বরী—নম্বরওয়ালা, চিহ্নিত। নম্বর + ঈ যুক্তার্থে। বিণ।
নম্য—নমনীয় ; নমস্কারযোগ্য। নম্ + ণিচ্

(নত করা) বা নম্ (প্রণাম করা)+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, নম্যা।

নম্র—নত, প্রণত; বিনীত; নরম, কোমল। নম্ (নত হওয়া)+র কর্ত্তৃবা। বিণ।

নম্রতা—কোমলতা, নতি; বিনয়। নম্র+তা ভাবার্থে। বি; স্ত্রী।

নয়—১। নীতি; উপদেশ। নী (লইয়া যাওয়া)+অচ্ ভাববা। ২। নীতিশাস্ত্র; দ্যূতবিশেষ। নী+অচ্ করণবা। বি; পুং। ৩। নব সংখ্যা, ৯। 'নবন্' শব্দজ। বিণ। ৪। নহে, না। দেশজ। অব্য।

নয়ছয়—অপব্যয়। দেশজ। বি।

নয়ত, -তো—নতুবা, তাহা না হইলে। দেশজ। অব্য।

নয়ন—১। নেত্র, চক্ষুঃ। নী (লইয়া যাওয়া)+অনট্ করণবা। ২। প্রাপণ; লইয়া যাওয়া, যাপন। নী+অনট্ ভাববা। বি; ক্লীব।

নয়নগোচর—দৃষ্টিগোচর, দৃষ্টিপথে পতিত। নয়নের গোচর (বিষয়), ৬ষ্ঠীতৎ। বিণ।

নয়নজুলি, -জুলী—রাস্তার ধারের জল-প্রণালী। দেশজ। বি।

নয়নবাণ—বাণতুল্য হৃদয়বিদারিণী দৃষ্টি। নয়নরূপ বাণ, রূপক কর্ম্মধা। বি; পুং।

নয়নমণি—চক্ষুর তারা; অত্যন্ত স্নেহাস্পদ, যাহাকে না পাইলে অন্ধবৎ অবস্থা হয় এরূপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নয়নসুক—মিহি সুতী কাপড়বিশেষ। হিন্দীমূলক। বি।

নয়না—নয়ন; অপাঙ্গদৃষ্টি। হিন্দী। বি।

নয়নানন্দ—চক্ষুর আনন্দ; যাহাকে দেখিলে আনন্দ হয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

নয়নাভিরাম—চক্ষুর প্রীতিজনক, সুন্দর, সুরম্য। নয়নের অভিরাম, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -মা।

নয়নোৎসব—চক্ষুর আনন্দ। নয়নের উৎসব, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নয়নোপান্ত—অপাঙ্গ। নয়নের উপান্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

নয়বিৎ (-বিদ্)—নীতিশাস্ত্রজ্ঞ। উপতৎ। নয় (নীতিশাস্ত্র)-বিদ্ (জানা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

নয়বিশারদ—নীতিশাস্ত্রে সুপণ্ডিত। ৭মী-তৎ। বিণ। স্ত্রী, -দা।

নয়া—নূতন। হিন্দীমূলক। বিণ।

নয়ান—চক্ষু। কবিপ্র। বি।

নয়ানজুলি—নয়নজুলি (তাহা দ্রঃ)।

নর—১। মনুষ্য; পুরুষ; জনৈক ঋষি; বিষ্ণুর অংশাবতার অর্জ্জুন; বিষ্ণু; পরমাত্মা। নৃ+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। সারি, হারি (যেমন—সাতনর হার); থেই; তরঙ্গ; মন্দা। দেশজ। বি।

নরক—১। পাপীদিগের দুঃখভোগের স্থান, নিরয়। নৃ (লইয়া যাওয়া)+অক অধিব। ২। জনৈক অসুর। বিষ্ণুর বরাহ অবতারে, তদীয় ঔরসে পৃথিবীর গর্ভে ইহার জন্ম হয়। বি; পুং।

নরককুণ্ড—যমপুরীস্থ দুঃখময় স্থানবিশেষ; অতি নোংরা জায়গা। কর্ম্মধা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

নরকগামী (-গামিন্)—পাপী, যে নরকে যাইবে। উপতৎ। নরক-গম্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -মিনী।

নরকঙ্কা(ৎকা)ল—মনুষ্যাস্থি; মানুষের অস্থিপঞ্জর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নরকজিৎ—দৈত্যারি, বিষ্ণু, কৃষ্ণ। নরক-জি+ক্বিপ্ কর্ত্তৃবা। বি; পুং।

নরকপাল—মড়ার মাথার খুলি। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

নরকস্থ—নিরয়ে অবস্থিত, যে বা যাহা নরকে থাকে বা গিয়াছে। উপতৎ। নরক-স্থা (থাকা)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -স্থা।

নরকান্তক—দৈত্যারি, বিষ্ণু, কৃষ্ণ। নরকের অন্তক (নাশক), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নরকেশরী (-কেশরিন্)—নরসিংহ; বীরপুরুষ। নর অথচ কেশরী, কর্ম্মধা; বা নর কেশরিসদৃশ, উপমিত কর্ম্মধা। বি; পুং।

নরগণ—নরসমূহ; জন্মকালীন গণবিশেষ। ভরণী, রোহিণী প্রভৃতি নক্ষত্রে জন্মিলে নরগণ হইয়া থাকে। বি; পুং।

নরদমা—পয়ঃপ্রণালী। দেশজ। বি।

নরদেব—ব্রাহ্মণ; রাজা। নরগণের মধ্যে দেব, ৭মীতৎ। বি; পুং।

নরনারায়ণ—বদরিকাশ্রমস্থ ঋষিদ্বয় (অর্জ্জুন ও কৃষ্ণরূপে জন্মগ্রহণ করেন)। নর ও নারায়ণ, দ্বন্দ্ব; বা নর অথচ নারায়ণ, কর্ম্মধা। বি; পুং।

নরপতি—নৃপতি, রাজা। ৬ষ্ঠীতৎ। বি; [পুং।

নরপশু—পশুবৎ মনুষ্য, পশুতুল্য কদাচারী মানব, নরাধম। নররূপ পশু, রূপক কর্ম্মধা; অথবা নর পশুর ন্যায়, উপমিত কর্ম্মধা। বি; পুং।

নরপিশাচ—মানবাকার পিশাচ, যাহার আকৃতি মনুষ্যের ন্যায় কিন্তু আচরণ পিশাচ-তুল্য ভয়ানক। নরাকার পিশাচ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। স্ত্রী, —চী।

নরপুঙ্গ(ংগ)ব—মনুষ্যশ্রেষ্ঠ। নর পুঙ্গবপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; পুং।

নরবর—মনুষ্যশ্রেষ্ঠ, নরপুঙ্গব। নরদিগের মধ্যে বর, ৭মীতৎ। বি; পুং।

নরবলি—দেবপ্রীত্যর্থে পশুর ন্যায় বলিদান জন্য গৃহীত মানব। নরই যে বলি, কর্ম্মধা। বি; পুং।

নরবাহন—১। ধনাধিপ কুবের। নর হইয়াছে বাহন যাহার, বহুব্রী। বি; পুং। ২। মনুষ্য দ্বারা বাহিত যান, শিবিকা। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

নরম—পেলব, কোমল, সুকুমার; অকঠিন; শান্ত, ঠাণ্ডা; আর্দ্র; নিকৃষ্ট; কম; আলগা; দয়ার্দ্র; অনুকূল; সুকর, সহজ। 'নম্র' শব্দজ। বিণ।

নরম-গরম—মৃদু ও কড়া। কর্ম্মধা। বিণ।

নরমা, নরমান—নরম করা বা হওয়া। বাং ক্রি।

নরমাংসাশী (—শিন্)—যে মানুষের মাংস খায়। উপতৎ। নরমাংস—অশ্ +ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —শিনী।

নরমালা—মনুষ্যের মস্তকনির্ম্মিত মালা। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

নরমেধ—যজ্ঞবিশেষ, যাহাতে নরমাংস দ্বারা যজ্ঞ করিতে হয়। নর-বধ-সাধ্য মেধ (যজ্ঞ), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

নরযান—মনুষ্যবাহ্য যান; শিবিকা, পালকী। মধ্যপ কর্ম্মধা; বি; ক্লীব।

নরলীলা—মনুষ্যকৃত ক্রীড়া, পার্থিব কার্য্য। নরের লীলা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

নরলোক—মনুষ্যলোক, মর্ত্ত্যভূমি; পৃথিবী। নরাধিষ্ঠিত যে লোক, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

নরসিংহ—১। নরশ্রেষ্ঠ। নর সিংহপ্রায়, উপমিত কর্ম্মধা। ২। বিষ্ণুর চতুর্থ অবতার। নর অথচ সিংহ, কর্ম্মধা। বি; পুং।

নরসুন্দর—ক্ষৌরকার, নাপিত। নর সুন্দর হয় যৎকর্ত্তৃক, বহুব্রী। বি; পুং।

নরহত্যা—মনুষ্যবধ, খুন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

নরহন্তা (—হন্তৃ)—নরহননকারী, নৃশংস; ঘাতুক; রাক্ষস; ব্যাঘ্র। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; পুং। স্ত্রী, —ন্ত্রী।

নরহরি—নরসিংহ অবতার। নর অথচ হরি (সিংহ), কর্ম্মধা। বি; পুং।

নরাকার, নরাকৃতি—মানবরূপী, মানুষের চেহারাযুক্ত। বহুব্রী। বিণ।

নরাধম—অতি হেয় মনুষ্য, যে মনুষ্যের চরিত্র ও আচরণ নিতান্ত নিন্দনীয়। ৭মীতৎ। বি; পুং।

নরাধিপ—রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নরুন—নখ কাটিবার অস্ত্র। 'নখরঞ্জনী' শব্দজ। বি।

নরেন্দ্র—নৃপ, নরাধিপ, রাজা; বিষবৈদ্য। নরগণের ইন্দ্র (শ্রেষ্ঠ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নরেশ, নরেশ্বর—নৃপতি, রাজা। নর-দিগের ঈশ, ঈশ্বর (প্রভু), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নরোত্তম—পুরুষোত্তম, নারায়ণ; রাজা;

হরিভক্ত সাধকবিশেষ। নরের মধ্যে উত্তম, ৭মীতৎ। বি ; পুং।

নর্ত্ত(র্ত)ক—১। নৃত্যকারী, নৃত্যব্যবসায়ী, নাচওয়ালা। নৃত্ (নাচা)+অক (ণ্বুল্) কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—কী। ২। নট ; ময়ূর ; করী, হস্তী। বি ; পুং।

নর্ত্ত(র্ত)কী—১। নৃত্যকারিণী, নাচওয়ালী। বিণ ; স্ত্রী। ২। নটী ; ময়ূরী ; করিণী। নর্ত্তক +ঈপ্। বি ; স্ত্রী। [ভাববা। বি ; ক্লীব।

নর্ত্ত(র্ত)ন—নৃত্য, নাচ। নৃত্ (নাচা)+অনট্

নর্ত্ত(র্ত)নশালা—নৃত্যাগার, নৃত্যশালা ; রঙ্গালয়, নাচঘর। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

নর্ত্তি(র্তি)ত—যাহাকে নাচান হইয়াছে এরূপ ; কম্পিত ; দোলিত। ণিজন্ত নৃত্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

নর্দ্দ(র্দ)ন—বৃষ ইত্যাদির শব্দ। নর্দ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

নর্দ্দ(র্দ)মা, নর্দ্দা(র্দা)মা—জলনালী, পয়ঃপ্রণালী। দেশজ। বি।

নর্দ্দি(র্দি)ত—শব্দযুক্ত, শব্দিত ; স্তুত। নর্দ্ (শব্দ করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

নর্দ্দী (নর্দ্দিন্), নর্দী—শব্দকারী ; শব্দায়মান। নর্দ্ (শব্দ করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দ্দিনী।

নর্ম্ম (নর্ম্মন্), নর্ম—ক্রীড়া ; পরিহাস, কৌতুক। নৃ (লইয়া যাওয়া)+মনিন করণবা। বি ; ক্লীব।

নর্ম্ম(র্ম)সখী, —সহচরী—ক্রীড়াসঙ্গিনী, অন্তরঙ্গ সই। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

নর্ম্ম(র্ম)সচিব, —সহচর—ক্রীড়াসহচর ; বিদূষক ; মোসাহেব। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

নল—১। তৃণবিশেষ, শর, খাগড়া ; নিষধরাজ, দময়ন্তীর পতি ; বানরবিশেষ, রামের কপিসৈন্যের একজন সেনানী। নল্ (বন্ধন করা)+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং। ২। চোঙ্গ ; ডাঁটা। দেশজ। বি। **নল চালা**—অপহৃতবস্তুর সন্ধানার্থ মন্ত্রবলে নল চালিত করা।

নলক—১। শাকাদির ডাঁটা ; সচ্ছিদ্র অস্থি ; নল ; পর্ব্ব, পাব। নল শব্দ—কৈ+ক কর্ত্তৃবা। বি ; ক্লীব। ২। নাসিকার অলঙ্কারবিশেষ। দেশজ। বি।

নলকূপ—যে নল দ্বারা ভূগর্ভের অতি নিম্নস্তর হইতে পানীয় জল সংগ্রহ করা হয় (Tube-well). ৬ষ্ঠীতৎ। বি।

নলপান—(বিদ্যুতের) চমকান ; বহুদূর দীপ্তি পাওয়া। বাং ক্রি।

নলি, নলী—নলাকার অস্থি ; কাপড় বুনিবার জন্য ছোট সরু নল। দেশজ। বি।

নলিকা, নলী—সুগন্ধি দ্রব্যবিশেষ ; ডাঁটা ; চোঙা ; নাড়ী। নলিকা—নল+কন্+আপ্ ; নলী নল+ঈপ্। বি ; স্ত্রী।

নলিচা, নলচে—হুঁকা প্রভৃতির কাঠের নল যাহার উপর কলিকা বসান হয়। দেশজ। বি।

নলিতা—নালিতে শাক। নল্+ক্ত কর্ত্তৃবা +আপ্। বি ; স্ত্রী।

নলিন—পদ্ম ; জল। নল্+ইনন্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।

নলিনী—পদ্মিনী ; কমলাকর ; স্বর্ণদী। নল +ইন্ আছে অর্থে+ঈপ্। বি ; স্ত্রী।

নলী—নলি ও নলিকা দ্রঃ।

নলুয়া, নলো—নলের চাটাইনির্ম্মাণকারী। নল+উয়া, ও নির্ম্মাতা অর্থে। বি।

নলেন—নূতন খেজুরের (গুড়)। দেশজ। বিণ।

নশ্বর—নাশশীল, বিধ্বংসী ; অস্থায়ী, অনিত্য। নশ্ (বিনষ্ট হওয়া)+বরপ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

নষ্ট—ধ্বস্ত ; বিনাশপ্রাপ্ত ; যাহা হারাইয়া গিয়াছে এরূপ ; অনুদ্দিষ্ট ; তিরোহিত ; গত ; পলায়িত ; দুষ্ট ; দুর্বৃত্ত ; প্রকৃত গুণহীন ; অপব্যয়িত ; দোষযুক্ত ; বিকৃত ; পণ্ড। নশ্ +ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, নষ্টা।

নষ্টচন্দ্র—ভাদ্রমাসের শুক্লা ও কৃষ্ণা চতুর্থীর চন্দ্র। কর্ম্মধা। বি ; পুং।

নষ্টচেতন—চেতনারহিত, লুপ্তসংজ্ঞ, সংজ্ঞা-

হীন। নষ্টা চেতনা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

নষ্টচেষ্ট—চেষ্টারহিত, ক্রিয়াহীন, নড়নচড়নরহিত, স্পন্দহীন, জড়। নষ্টা চেষ্টা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্টা। বি,—চেষ্টতা, —চেষ্টত্ব।

নষ্টমতি—১। দুষ্টবুদ্ধি ; হীনমতি ; ভ্রষ্টমতি। নষ্টা মতি (বুদ্ধি) যাহার, বহুব্রী। বিণ। ২। দুষ্টা বুদ্ধি। কর্ম্মধা। বি ; স্ত্রী।

নষ্টবীজ—নিষ্ফল, বিফল। নষ্ট হইয়াছে বীজ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—জা।

নষ্টা—বিনাশপ্রাপ্তা ; দুষ্টা ; ভ্রষ্টা, কুলটা, অসতী। নষ্ট+আপ্। বিণ ; স্ত্রী।

নষ্টাম, নষ্টামি—দুর্বৃত্ততা, দুষ্টতা, দুষ্টামি ; ফাঁকি, চালাকি, কৌতুক, পরিহাস। নষ্ট+ম মি ভাবে। বি।

নষ্টাশ্বদগ্ধরথন্যায়—ন্যায় বিশেষ। [বনে আগুন লাগিয়া একজনের রথের অশ্ব ও অপরের রথ দগ্ধ হয়। পরে একের রথে অপরের অশ্ব জুড়িয়া রথ চালনা করা হয়। জ্ঞানিগণ সেইরূপ ধর্ম্ম-রথে জ্ঞানকে অশ্বরূপে যোজনা করিয়া ব্রহ্মরূপ গন্তব্যে গমন করেন]। নষ্ট অশ্ব যাহার, বহুব্রী ; দগ্ধ রথ যাহার, বহুব্রী ; নষ্টাশ্ব ও দগ্ধরথ, দ্বন্দ্ব ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

নষ্টেন্দুকলা—কুহূ, অমাবস্যা। ইন্দুর (চন্দ্রের) কলা=ইন্দুকলা, ৬ষ্ঠীতৎ ; নষ্টা হয় ইন্দুকলা যে সময়ে, বহুব্রী+আপ্। বি ; স্ত্রী।

নষ্টোদ্ধার—হস্তবহির্ভূত বস্তুর পুনঃপ্রাপ্তি ; জীর্ণোদ্ধার। নষ্টের উদ্ধার, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

নসিব, নসীব—ভাগ্য, অদৃষ্ট। আর্বী। বি।

নস্কর—জাহাজের খালাসী, পদাতি সৈন্য। ফার্সী 'লস্কর' শব্দজ। বি।

নস্য—নাসিকার হিতজনক একপ্রকার চূর্ণ, নাস ; (ব্যঙ্গার্থে) কোন ঈপ্সিত বস্তুর অত্যল্প মাত্রা। নস্+যৎ হিতার্থে। বি ; ক্লীব।

নস্যধানী—নস্য রাখিবার কৌটা বা ডিবা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

নহ্যাৎ—১। যদি না থাকে। সংস্কৃত পদ। ২। অপলাপ, লোপ। বাং প্রঃ। অব্য।

নহ—না হও বা নও ; নহে, নয় ; নাই। প্রাঃ কবিপ্র। ক্রি।

নহবৎ, নবৎ—সানাই প্রভৃতির ঐক্যতান বাদ্য। আর্বী। বি।

নহবৎখানা—যে উচ্চ মঞ্চে বা গৃহে নহবৎ বাজান হয়। আর্বী। বি।

নহর—খাল, নালা। আর্বী। বি।

নহলা—নয় ফোঁটা চিহ্নিত তাস। হিন্দী। বি।

নহি—১। না, নিশ্চয়ই না, কখনই না। সংস্কৃত অব্যয়। ২। নাই। প্রাঃ কবিপ্র। ক্রি।

নহিলে—নইলে, নতুবা। দেশজ। অব্য।

নহুষ—চন্দ্রবংশীয় নরপতি, যযাতির পিতা ; সর্পবিশেষ। নহ্ (বন্ধন করা)+উষন্ কর্ত্তৃবা। বি ; পুং।

না (নৃ)—নর, পুরুষ, মানব, মনুষ্য। নী (লইয়া যাওয়া)+ঋন্ কর্ত্তৃবা। বি ; পুং।

না—১। নিষেধার্থক অব্যয়, ন। 'ন' শব্দজ। অব্য। ২। নৌকা। 'নৌ' শব্দজ। বি।

নাই—১। না হয় ; অভাব, নিষেধ। 'নাস্তি' শব্দজ। ক্রি। ২। চাকার মধ্যাংশ ; বেলুন ; কীলক, গোঁজ ; নাভি। 'নাভি' শব্দজ। ৩। আস্কারা, প্রশ্রয়। 'স্নেহ' শব্দজ। বি।

নাই-আঁকড়া, নেই-আঁকড়া—একগুঁয়ে ; নাছোড়বান্দা ; কূটতর্ককারী। দেশজ। বিণ।

নাইট্রোজেন—বায়ুর অন্যতম উপাদানভূত গ্যাসবিশেষ, যবক্ষারজান। ইং Nitrogen. বি।

নাইয়া—নাবিক। প্রাঃ কবিপ্র। বি।

নাউড়ে—নাবিক, মাঝি। প্রাঃ কবিপ্র। বি।

নাও—নৌকা। 'নৌ' শব্দজ। বি।

নাওয়া—স্নান করা, অবগাহন। 'স্না' ধাতুজ। বাং ক্রি।

নাং—উপপতি, জার। 'নঙ্গ' শব্দজ। বি।

নাক—১। স্বর্গ; আকাশ। ন (নাই) অক (পাপ, দুঃখ) যথায়, বহুব্রী। বি; পুং। ২। নাসিকা। 'নাসিকা' শব্দজ। বি।

নাক সিটকান—নাসিকা কুঞ্চিত করিয়া অবজ্ঞা প্রদর্শন। [বিণ।

নাককাটা—ছিন্ননাস; বেহায়া। বহুব্রী।

নাকখৎ, নাকেখৎ—ভূমিতে নাক ঘষিয়া দোষ স্বীকার, ঘাটি মানা। ৭মীতৎ। বি।

নাকচ—বাতিল, নামঞ্জুর, রদ, রহিত; অকিঞ্চিৎকর, তুচ্ছ; অব্যবহার্য্য। আর্বী 'নাকিস্' শব্দজ। বিণ।

নাকছাবি—নাকের এক পার্শ্বে পরিবার অলঙ্কারবিশেষ। দেশজ। বি।

নাকঝাড়া—নাক হইতে শ্লেষ্মা বাহির করিয়া ফেলা। বাং ক্রি।

নাকড়া—১। নাককাটা। দেশজ। বিণ। ২। একপ্রকার নাসিকারোগ, ইহাকে নাসাও বলে; চড়ক পর্ব্বে কাঁটা ঝাঁপ। দেশজ। বি।

নাকডাকা—নিদ্রিতাবস্থায় নাসিকা হইতে শব্দ বাহির হওয়া। বাং ক্রি।

নাকানিচোবানি—নাকে মুখে জল ঢোকা, জলে নিমজ্জন; নাকাল। দেশজ। বি।

নাকারা, –ড়া—১। একপ্রকার পটহ; টিকারা, নাগরা। আর্বীমূলক। বি। ২। অকার্য্যকর; অকর্ম্মণ্য; অকেজো। দেশজ। বিণ।

নাকাল—উচ্চ নাকযুক্ত; জব্দ; বিলক্ষণ কষ্ট-প্রাপ্ত; অতি ক্লান্ত, হয়রান। দেশজ। বিণ।

নাকি—১। নাসিকা হইতে উচ্চারিত; অনুনাসিক। নাক+ই নির্গতার্থে। বিণ। ২। সংশয়ার্থক অব্যয়; সত্য বটে কি। দেশজ। অব্য।

নাকী—নাসিকা হইতে উচ্চারিত, অনু-নাসিক। নাক+ঈ নির্গতার্থে। বিণ।

নাকুয়া, নেকো—নাকযুক্ত, নাসিকা-বিশিষ্ট; উন্নতনাসিক। নাক+উয়া, ও বিশিষ্টার্থে। বিণ।

নাক্ষত্র, নাক্ষত্রিক—নক্ষত্রসম্বন্ধীয়; নক্ষত্র গতিবিধি দ্বারা পরিমিত। নক্ষত্র+অ, ইক। বিণ। স্ত্রী, –ত্রী, –কী।

নাখেরাজ—লাখেরাজ (তাহা দ্রঃ)।

নাখোদা—জাহাজের অধ্যক্ষ; জাহাজে পণ্য সরবরাহকারক; বোম্বাইবাসী মুসলমান জাতিবিশেষ। ফার্সী। বি। [বিণ

নাখোশ, নাখুশ—অসন্তুষ্ট। নঞ্ তৎ

নাগ—১। সর্প; হস্তী; দেহস্থ বায়ুবিশেষ; ন অগ, নঞ্ তৎ (যে গমনক্ষমতাহীন নহে)। বি; পুং। ২। রঙ্গ, টিন; সীস। নগ+অ ভবার্থে। বি; ক্লীব।

নাগকন্যকা, –কন্যা—নাগবংশীয়া রমণী ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

নাগকেশর, –কেসর—পুষ্পবৃক্ষবিশেষ নাগেশ্বর। নাগের ন্যায় কেশর, কেসর যাহার বহুব্রী। বি; পুং।

নাগদন্ত—গজদন্ত; [তত্তুলা বলিয়া] গৃহের ভিত্তিনির্গত কাষ্ঠদণ্ড, ঘরের দেওয়ালে পোঁতা ডাণ্ডা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নাগপঞ্চমী—আষাঢ়মাসীয় কৃষ্ণপঞ্চমী নাগপ্রিয়া পঞ্চমী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

নাগপাশ—সর্পরূপ পাশ; বরুণের অস্ত্র গ্রন্থিবিশেষ। রূপক কর্ম্মধা। বি; পুং।

নাগবল্লরী, –বল্লী—তাম্বূলী লতা পাণগাছ। নাগসদৃশী বল্লরী বা বল্লী (লতা) মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। [স্ত্রী

নাগভগিনী—মনসাদেবী। ৬ষ্ঠীতৎ; বি;

নাগভূষণ—শিব। নাগ (সর্প) ভূষণ যাঁহার, বহুব্রী। বি; পুং।

নাগমাতা (–মাতৃ)—সর্পজননী, কশ্যপ বনিতা, কদ্রু, যাঁহা হইতে সর্পজাতির উৎপত্তি; মনসাদেবী; মনঃশিলা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

নাগর—১। নাগরিক, নগরসম্বন্ধীয়; বিদগ্ধ, রসবোধবিশিষ্ট, রসিক। বিণ। স্ত্রী, –রী। ২। দেবনাগর অক্ষর; মুস্তকবিশেষ; শুণ্ঠী, শুঁঠ। বি; ক্লীব। ৩। দেবর; নায়ক,

প্রণয়ী, রসিক পুরুষ (Gallant). নগর+অণ্ ভবাদ্যর্থে। বি ; পুং। স্ত্রী,—রী।

নাগরঙ্গ(ংগ)—নারাঙ্গা নেবু। নাগতুল্য রঙ্গ যাহার, বহুব্রী। বি ; পুং।

নাগরদোলা—উচ্চ নীচ হইয়া চক্রাকারে দোল খাইবার বৃহৎ যন্ত্রবিশেষ। দেশজ। বি।

নাগরা—পটহবিশেষ, নাকারা, টিকারা ; শালিধান্যবিশেষ ; একপ্রকার পশ্চিমা জুতা। হিন্দীমূলক। দেশজ। বি।

নাগরাজ—অনন্তদেব ; ঐরাবত হস্তী। নাগদিগের রাজা, ৬ষ্ঠীতৎ (টচ্ সমাসান্ত)। বি ; পুং।

নাগরালি, —রালী—নাগরত্ব, বিদগ্ধতা, রসিকতা ; চাতুর্য্য, ফন্দিবাজী ; লাম্পট্য। নাগর+আলি, আলী ভাবার্থে। বি।

নাগরি—একপ্রকার ভাণ্ড বা হাঁড়ি (গুড়ের)। দেশজ। বি। [+ইক। বিণ। স্ত্রী,—কী।

নাগরিক—নগরসম্বন্ধীয় ; নগরবাসী। নগর

নাগরিকতা—পৌরজনের অধিকার (Citizenship). নাগরিক+তা ভাবে। বি ; স্ত্রী।

নাগরী—১। নগরসম্বন্ধীয়া, নগরবাসিনী ; বিদগ্ধা, রসিকা। বিণ ; স্ত্রী। ২। বিদগ্ধা নারী, রসিকা রমণী ; স্নুহীবৃক্ষ ; দেবনাগর (অক্ষর) ; ভাষাবিশেষ। নাগর+ঈপ্। বি ; স্ত্রী।

নাগলোক—পাতাল। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

নাগা—১। নগ্ন, উলঙ্গ। বিণ। ২। উলঙ্গ সন্ন্যাসী ; পশ্চিম বাঙ্গালার এক শ্রেণীর ভিখারী ব্রাহ্মণ ; পার্ব্বত্য জাতিবিশেষ। 'নগ্ন' শব্দজ। বি।

নাগাইত—নাগাত দ্রঃ।

নাগাড়—অবিরাম, একটানা। দেশজ। বি।

নাগাত, নাগাইত—হইতে ; পর্য্যন্ত। আর্বী 'লগায়ৎ' শব্দজ। অব্য।

নাগাধিপ, নাগাধিপতি—সর্পরাজ অনন্তদেব ; গজরাজ, ঐরাবত। নাগসমূহের অধিপ, অধিপতি, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

নাগাধিপা—মনসাদেবী। নাগদিগের অধিপা, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

নাগান্তক, নাগারাতি, নাগাশন—গরুড়। নাগের (সর্পের) অন্তক, অরাতি, অশন, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

নাগাল—অধিগম্যতা, পৌঁছ, সামীপ্য, দৌড়-সীমা। দেশজ। বি।

নাগালি—সাক্ষাৎ ; সন্ধান ; নৈকট্য। কবিপ্র। বি। [প্রত্যয়)। বি ; স্ত্রী।

নাগিনী—সর্পী। নাগ+ইনী (বাংলা স্ত্রী-

নাগেন্দ্র—নাগশ্রেষ্ঠ ; ঐরাবত। নাগদিগের মধ্যে ইন্দ্র, ৭মীতৎ। বি ; পুং।

নাগেশ—১। অনন্ত নাগ। নাগদিগের ঈশ, ৬ষ্ঠীতৎ। ২। তীর্থবিশেষ ; শিবলিঙ্গ-বিশেষ ; পণ্ডিতবিশেষ ; পাণিনি ব্যাকরণের টীকাকার। বি ; পুং।

নাচ, নাচন—নর্ত্তন, নৃত্য। দেশজ। বি।

নাচদুয়ার—খিড়কীর দ্বার। দেশজ। বি।

নাচনী, নাচানী, নাচুনী—নর্ত্তকনর্ত্তকীর নৃত্যের মজুরি ; নাচওয়ালী ; নর্ত্তকী ; নৃত্য, নাচ। প্রাঃ কবিপ্র। বি।

নাচা—নৃত্য করা ; আমোদে মাতা ; স্পন্দন করা। বাং ক্রি।

নাচান—নৃত্য করান ; তোলাপাড়া করা ; মাতান, উবকান, উত্তেজিত করা। বাং ক্রি।

নাচার—১। উপায়হীন, নিরুপায় ; নিঃসহায় বিণ। ২। উপায়াভাব ; অনুপায় ; দুর্দ্দশা। ফার্সীমূলক। বি।

নাচি, —ছি—ছিদ্র, রন্ধ্র, ফুটা ; গজালের পেটা মুখ। দেশজ। বি। [কর্ত্তৃবা। বিণ

নাচিয়ে—নর্ত্তক, নৃত্যকুশল। নাচ্+ইয়ে

নাছ—সদর দরজা ; খিড়কীদ্বার। প্রাদে প্রাঃ কবিপ্র। বি। [মূলক। বিণ

নাছোড়—যে কিছুতেই ছাড়ে না। হিন্দী

নাছোড়বন্দা—যে ছাড়িবার পাত্র নহে নির্ব্বন্ধাতিশয় প্রকাশক ; অধ্যবসায়ী, জেদী হিন্দীমূলক। বিণ।

নাজিম—শাসনকর্ত্তা। আর্বীমূলক। বি।

নাজির—বিচারালয়ের কর্ম্মচারিবিশেষ, পেয়াদাদিগের অধ্যক্ষ। আর্বী। বি।

নাজেল—অবতরণ; অবতীর্ণ। আর্বী। বি বা বিণ। [ফার্সী। বিণ।

নাজেহাল—নাকাল, হায়রান, জব্দ।

নাট—নৃত্য, নাচ; অভিনয়। নট (নৃত্য করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

নাটক—১। নৃত্যকারী, নর্ত্তক। নট্ (নৃত্য করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—কা। ২। দৃশ্যকাব্যবিশেষ; রূপক; নটের কার্য্য। বি; ক্লীব।

নাটকীয়—নাটকসম্বন্ধীয়, নাটকে বর্ণনীয়। নাটক+ঈয়। বিণ।

নাটমন্দির—দেবমন্দিরের সম্মুখস্থ প্রাসাদবিশেষ। নাট নিমিত্তক মন্দির, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

নাটা—১। বেঁটে। বিণ। ২। নাটা করঞ্জাফল। দেশজ। বি।

নাটাই—সূতা জড়াইবার চক্র বা চরকি; ঘুড়ি উড়াইবার সূতা যে যন্ত্রে জড়ান হয়। দেশজ। বি।

নাটান—নাটাতে বা নাটাইয়ে সূতা জড়ান; নাটাইয়ের মত ঘুরপাক খাওয়া; ক্লান্ত হওয়া, নাট খাইয়া পড়া। বাং ক্রি।

নাটাপাটা—হিমসিম; বিব্রত; গড়াগড়ি। দেশজ। বিণ।

নাটিকা—ক্ষুদ্র নাটক; নর্ত্তকী। নট্+অণ সম্বন্ধার্থে+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

নাটুয়া—নট, নৃত্যকারী; অভিনেতা। নাট+উয়া। বি বা বিণ।

নাট্য—নৃত্য, গীত, বাদ্য, এই তিন তৌর্য্য; তৌর্য্যত্রিক বিদ্যা; অভিনয়। নট+ষ্যঞ্ কর্ম্মার্থে। বি; ক্লীব।

নাট্যকার—নাটক-লেখক। উপতৎ। নাট্য—কৃ+অণ কর্ত্তৃবা। বি; পুং।

নাট্যমন্দির, —রঙ্গ(ঙ্গ), —শালা, —গৃহ—নৃত্যমন্দির, নৃত্যশালা; নাচঘর; রঙ্গালয়, থিয়েটার; অভিনয়স্থান; নাটমন্দির। নাট্যার্থ মন্দির, রঙ্গ, শালা, গৃহ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, পুং, স্ত্রী, ক্লীব।

নাট্যাচার্য্য(র্য)—নৃত্যগীতাদি বিষয়ে উপদেষ্টা; অভিনয়শিক্ষক। নাট্যে বা নাট্যের আচার্য্য, ৭মী বা ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নাট্যাভিনয়—নাটকে বর্ণিত বিষয়ের অভিনয়। নাট্যের অভিনয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পুং।

নাট্যালয়—নাট্যমন্দির, রঙ্গালয়। ৬ষ্ঠীতৎ।

নাড়া—১। শস্যস্তম্ব, কর্ত্তিত ধান্যাদি গাছের ভূমিলগ্ন অংশ। দেশজ। বি। ২। আন্দোলিত বা কম্পিত করা; ঘাঁটা; স্থানচ্যুত করা। বাং ক্রি।

নাড়াচাড়া, —নাড়ি—বিচালন; স্থানপরিবর্ত্তন; ঘাঁটাঘাঁটি; আন্দোলন; দেশজ। বি।

নাড়ান—আন্দোলিত বা কম্পিত করান; স্থানচ্যুত করান। বাং ক্রি।

নাড়াবুনে- চাষা; অনভিজ্ঞ; অশিক্ষিত। দেশজ। বি বা বিণ।

নাড়ি, নাড়িকা, নাড়ী—শিরা, ডাঁটা; চোঙ্গ, নল; দেহস্থ শিরা, ধমনী; একদণ্ড পরিমিত কাল, ২৪ মিনিট। নাড়ি-শিষ্টস্থ নড় = নাড়ি (বাঁধান)+ই কর্ত্তৃবা। নাড়িকা = নাড়ি+কন্ স্বার্থে+আপ্; নাড়ী= নাড়ি+ঈপ্। বি; স্ত্রী।

নাড়িভুঁড়ি—উদরমধ্যস্থ অন্ত্রাদি যন্ত্র। দেশজ। বি।

নাড়ীচ—নালুতে শাক, পাট শাক। নাড়ী (ডাঁটা)—চি (জন্মান)+ড কর্ত্তৃবা। বি; পুং।

নাড়ীচক্র—নাভিস্থিত নাড়ীমূল; ইড়া, পিঙ্গলা, সুষুম্না, গান্ধারী, হস্তিজিহ্বা, পুষা, যশস্বিনী, অলম্বুষা, কুহূ, শঙ্খিনী, দশমী, লোলজিহ্বেক্ত জিহ্বা, বিজয়া, কামদা, অমৃতা, বহুলা—এই ১৬ নাড়ী। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

নাড়ীজ্ঞান—নাড়ী পরীক্ষা দ্বারা রোগ নির্ণয়ের সামর্থ্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

নাড়ীটেপা—বৈদ্য ; ডাক্তার, চিকিৎসক। দেশজ। বি।

নাড়ীনক্ষত্র—১। সাধারণতঃ মনুষ্যের জন্ম, দশম, ষোড়শ, অষ্টাদশ ও ত্রয়োবিংশ নক্ষত্র; রাজগণের পূর্ব্বোক্ত ও জাতিদেশাভিষেক নক্ষত্র। বি; ক্লীব। ২। জন্মাবধি তাবৎ বৃত্তান্ত; সূক্ষ্মানুসূক্ষ্ম বিষয়। দেশজ। বি।

নাড়ীব্রণ—নালি ঘা। নাড়ীযুক্ত বা নাড়ীস্থিত ব্রণ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

নাড়ু—গোলাকার মিষ্টান্নবিশেষ, মোদক; লাড়ু। 'লডডুক' শব্দজ। বি। [বি; পুং।

নাতজামাই—নাতিনীর পতি। ৬ষ্ঠীতৎ।

নাতনী—নাতি (তাহা দ্রঃ)।

নাতবৌ—নাতির পত্নী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

নাতান—নাতোয়ান দ্রঃ।

নাতি—ন-অতি, বেশী নয়, অনতি (যেমন 'নাতিশীতোষ্ণ'=অধিক শীতলও নয় অধিক উষ্ণও নয় এরূপ)। অব্য (বিণ)।

নাতি—পুত্রের বা কন্যার ছেলে। 'নপ্তৃ' শব্দজ। বি; পুং। স্ত্রী, নাতিনী. নাতনী।

নাতিশীতোষ্ণ—অধিক শীতলও নয় অধিক উষ্ণও নয় এরূপ। শীত অথচ উষ্ণ শীতোষ্ণ, কর্ম্মধা; অতি (অধিক) যে শীতোষ্ণ সে অতিশীতোষ্ণ, প্রাদিতৎ; ন (না) অতিশীতোষ্ণ, নঞ্তৎ। বিণ। **নাতিশীতোষ্ণ মণ্ডল**—উত্তর বা দক্ষিণ হিমমণ্ডল ও গ্রীষ্মমণ্ডলের মধ্যবর্ত্তী স্থান।

নাতোয়ান, নাতান—নিঃস্ব, দীন, খাজানাদি ঋণ পরিশোধে অসমর্থ, যোত্রহীন; অক্ষম। ফার্সীমূলক। বিণ।

নাথ—প্রভু, স্বামী; নাসাপ্রোত রজ্জু, নাকফোঁড়া দড়ি। নাথ্ (প্রভু হওয়া, ইত্যাদি) + অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

নাথন—যাচ্ঞা; প্রার্থনা। নাথ্ (প্রার্থনা করা) + অনট্ ভাববা। বি; ক্লীব।

নাথবতী—নাথবিশিষ্টা; পতিযুক্তা, সধবা; পরাধীনা। নাথ+মতুপ্ অস্ত্যর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

নাথবান্ (-বৎ)—প্রভুবিশিষ্ট; পরতন্ত্র, পরাধীন। নাথ+মতুপ্ অস্ত্যর্থে। বিণ; পুং।

নাথি—পদাঘাত, লাথি। দেশজ। বি।

নাদ—১। ধ্বনি, শব্দ। নদ্+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। গবাদি বৃহত্তর পশুর বিষ্ঠা। দেশজ। বি।

নাদনা—লগুড়, স্থূল যষ্টি. কোঁতকা; খিলানের কাঠ. সরদল। দেশজ। বি।

নাদনাবাড়ি—মোটা লাটি। দেশজ। বি।

নাদবিন্দু—চন্দ্রবিন্দু; উপনিষদবিশেষ। নাদই যে বিন্দু, কর্ম্মধা। বি; পুং।

নাদা—১। শব্দ করা, গর্জ্জন করা। কবিপ্র। ক্রি। ২। (গবাদি বৃহত্তর পশুর) পুরীষ ত্যাগ করা। বাং ক্রি। ৩। অলিঞ্জর, জালা। 'নন্দা' শব্দজ। বি। [বিণ।

নাদাপেটা—কুৎসিত স্থূলোদর। দেশজ।

নাদি—ভেড়া ছাগল প্রভৃতির বিষ্ঠা। দেশজ। বি। [যুক্তার্থে। বিণ।

নাদিত—শব্দিত; নিনাদিত। নাদ+ইতচ্

নাদী (নাদিন্)—শব্দকারী, শব্দায়মান। নদ্ (শব্দ করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী, -দিনী।

নাদুস-নুদুস—থুলথুলে, স্থূল কোমল দেহ, মোটা গোলগাল। দেশজ। বিণ।

নানকপন্থী—নানকের প্রচারিত ধর্ম্মমতাবলম্বী। দেশজ। বি বা বিণ।

নানা—১। বহু, বিভিন্ন। ন+নাঞ্। অব্য; বিণ। ২। মাতামহ [কদাচিৎ পিতামহ, ঠাকুরদাদা]। হিন্দী। বি; পুং। স্ত্রী, নানী।

নানাজাতীয়—বহুরকমের; অনেক জাতিবিষয়ক। নানাজাতি+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -য়া। [বিণ।

নানান্—অনেক, মেলা, বহু। 'নানা' শব্দজ।

নানাপ্রকার—১। অনেকরকম। কর্ম্মধা। বি; পুং। ২। বহুবিধ; বিবিধ। বহুব্রী। বিণ।

নানাবিধ—নানারূপ দ্রঃ।

নানামত—১। বিভিন্ন অভিমত বা অভি-

প্রায়। কর্ণধা। বি; ক্লীব। ২। অনেক প্রকার, বহুবিধ। বাং প্রঃ। বিণ।

নানারূপ, -বিধ—বহুপ্রকার, বিবিধ, হরেক্ রকমের। নানা রূপ বা বিধা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -পা, -ধা।

নানার্থক—বিভিন্ন অর্থযুক্ত। বহুব্রী। বিণ। স্ত্রী, -র্থিকা।

নান্দী—অভ্যুদয়, সমৃদ্ধি; নাটকাদির প্রারম্ভে কর্তব্য দেবাদির স্তুতি বা বন্দনা। ণিজন্ত নন্দ্ (=নান্দি)+ই কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

নান্দীমুখ—১। বৃদ্ধিশ্রাদ্ধভোজী মাতাপিতৃগণ; ইঁহাদের সংখ্যা ছয়,—পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ। নান্দী (সমৃদ্ধি বা শুভ) মুখে যাহার, বহুব্রী। বি; পুং। ২। বৃদ্ধিশ্রাদ্ধ, আভ্যুদয়িকশ্রাদ্ধ, বিবাহাদি শুভকর্মের পূর্বে কর্তব্য শ্রাদ্ধবিশেষ। নান্দীর মুখ (আরম্ভ) যাহা হইতে, বহুব্রী। বি; ক্লীব।

নাপছন্দ—অপছন্দ, অমনোমত, গরপসন্দ। নঞ্ তৎ। বিণ। [বিণ।

নাপাক—অপবিত্র, অশুচি। নঞ্ তৎ।

নাপানি, নাপানী—১। উল্লম্ফন, লম্ফঝম্প, আস্ফালন। দেশজ। ২। বিলাস, হাবভাব। বি। ৩। বিলাসিনী, হাবভাবকারিণী। প্রাঃ কবিপ্র। বিণ; স্ত্রী।

নাপিত—জাতিবিশেষ, ক্ষৌরকার। ন (না) -আপি (প্রাপ্ত হওয়ান)+ক্ত কর্তৃবা। বি; পুং।

নাফরা—কুষ্মাণ্ড, অলাবু প্রভৃতি আনাজ দ্বারা প্রস্তুত ব্যঞ্জনবিশেষ; পুরীর জগন্নাথদেবের ভোগের ব্যঞ্জনবিশেষ। দেশজ। বি।

নাব—নাও, নৌকা। কবিপ্র। বি।

নাবা—নামা, অবতরণ করা। বাং ক্রি।

নাবান—নিম্নে গমন করান, অবতরণ করিতে সাহায্য করা; ভূমিতে রাখা, মাটিতে রাখিতে সাহায্য করা। বাং ক্রি।

নাবাল, নাবো—নীচু, নিম্ন; ঢালু; নিম্নভূমি। দেশজ। বিণ বা বি।

নাবালক, নাবালগ—অপ্রাপ্তবয়স্ক; অপ্রাপ্তব্যবহার। ফার্সী। বি বা বিণ।

নাবিক—নৌকাচালক, কর্ণধার, মাঝি। নৌ (নৌকা)+ইক। চালকার্থে। বি; পুং।

নাবী (নাবিন্)—নাবিক, নৌকা জাহাজাদির অধ্যক্ষ। নৌ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

নাবী—১। নৌসম্বন্ধীয়া। নৌ (নৌকা)+অণ সম্বন্ধার্থে+ঈপ্। ২। নৌকা দ্বারা উত্তরণযোগ্যা। নাব্য দ্রঃ। নাব্য+ঈপ্। বিণ; স্ত্রী।

নাবী, নাবি—নৌকার সারি; জাহাজের বহর। নৌ+অণ সমূহার্থে+ঈপ্। বি; স্ত্রী।

নাবী, নামী—যথাকালের পরবর্তী; উপযুক্ত সময় গতে জাত; নীচু। দেশজ। বিণ।

নাব্য—১। নৌকা দ্বারা উত্তরণযোগ্য; নৌকা করিয়া যাতায়াতের বা বাণিজ্যদ্রব্যাদি বহনের উপযুক্ত (Navigable)। নৌ শব্দ (নৌকা)+যৎ তরণযোগ্যার্থে। বিণ। স্ত্রী, নাব্যা। ২। নূতনত্ব, নবীনত্ব; তারুণ্য। নব শব্দ (নূতন)+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

নাভি—১। সম্রাট; প্রধান; ক্ষত্রিয়; চক্রমধ্যমণ্ডল। বি; পুং। ২। কস্তুরী। বি; স্ত্রী। ৩। শরীরের অঙ্গবিশেষ, নাই। নহ্ (বন্ধন করা)+ইঞ্ অথবা, করণবা। বি; পুং বা স্ত্রী। [বি; পুং।

নাভিকণ্টক—আবর্ত, গোঁড়। ৬ষ্ঠীতৎ।

নাভিগোলক—গোঁড়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নাভিজ—১। নাভি হইতে উৎপন্ন। বিণ। স্ত্রী, -জা। ২। পদ্মযোনি, ব্রহ্মা। উপপদতৎ। নাভি-জন+ড কর্তৃবা। বি; পুং।

নাভিজন্মা (-জন্মন্)—পদ্মযোনি, ব্রহ্মা। নাভি (অর্থাৎ, বিষ্ণুর নাভিকমল) হইতে জন্ম যাঁহার, বহুব্রী। বি; পুং।

নাভিশ্বাস—মরণকালের ঊর্দ্ধশ্বাস। নাভ্যাগত শ্বাস, মধ্যপ কর্মধা। বি; পুং।

নাম—প্রসিদ্ধি, সম্ভাবনা, বিতর্ক, অলীক, কুৎসা, বিস্ময়সূচক শব্দ। নম্+ঘঞ্ করণবা। অব্য।

নাম (নামন্)—যে শব্দ দ্বারা কোন বস্তু বা ব্যক্তিকে নির্দ্দেশ করা যায়, অভিধা, আখ্যা, সংজ্ঞাবাচক শব্দ; নাম উচ্চারণ, উল্লেখ; খ্যাতি. প্রতিপত্তি; বাক্যমাত্র; ইষ্টদেবতার নাম, হরিনাম; ঈষৎ, ছিটা, আভাস। ম্না (অভ্যাস করা)+মন্ করণবা। বি; ক্লব।

নাম করা—নাম লওয়া, নাম উল্লেখ করা; ভগবানের নাম কীর্ত্তন করা; স্মরণ করা; প্রসিদ্ধি অর্জ্জন করা। **নাম কাটা**—তালিকা-বহির্ভূত করা; বরখাস্ত করা। **নাম ডুবান**—সুনাম নষ্ট করা। **নাম রাখা**—নামকরণ করা; কীর্ত্তি রাখিয়া যাওয়া।

নামক—(সমাসের পরপদ) আখ্যাত, নামে পরিচিত। বিণ। স্ত্রী,—মিকা।

নামকরণ—বিধিপূর্ব্বক সন্তানের প্রথম নাম রাখা। নামন্ (নাম)—কৃ (করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। [উপতৎ। বিণ।

নাম-করা—বিখ্যাত। নাম করিয়াছে যে,

নামগন্ধ—নাম ও গন্ধ, সামান্য সংস্রব, একটুও সম্পর্ক। দ্বন্দ্ব। বি; পুং।

নামগ্রহ—নাম ডাকা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নামগ্রহণ—নাম লওয়া; নাম করা; নাম ডাকা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

নামজাদা—প্রথিতনামা, বিখ্যাত, প্রসিদ্ধ। নাম+জাদা বিশিষ্টার্থে। বিণ।

নামঞ্জুর—অগ্রাহ্য, অননুমোদিত। নঞ্-তৎ। বিণ। বি,—রি। [দ্বন্দ্ব। বি।

নামডাক—প্রখ্যাতি; যশের আন্দোলন।

নামতঃ (-তস্), নামত—নামে মাত্র। নাম+তস্। অব্য। [শব্দজ। বি।

নামতা—সংখ্যা-গুণনের ধারা। 'নামপত্র'

নাম-ত্যাগ—নিজের নাম পরিত্যাগ। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

নামদ্বাদশী—ব্রতবিশেষ। অগ্রহায়ণ মাসের তৃতীয়ায় আরম্ভ করিয়া গৌরী, কালী, উমা, ভদ্রা, দুর্গা, কান্তি, সরস্বতী, মঙ্গলা, বৈষ্ণবী, লক্ষ্মী, শিবা ও নারায়ণী পূজারূপ ব্রত। বি; স্ত্রী।

নামধাতু—নামের অর্থাৎ শব্দের উত্তর কাম্যক্, ক্য, ঙ্য, কি এবং ণিচ্ প্রত্যয় করিয়া যে ধাতু নিষ্পন্ন হয়। 'নাম ও তিঙাদি পদের দ্বারা আরব্ধ যে ধাতু তাহাকে নামধাতু বলে', যথা—পুত্রীয়তি। অগ্রে নাম পশ্চাৎ ধাতু, কর্ম্মধা। বি; পুং।

নামধেয়—নাম, আখ্যা, সংজ্ঞাবাচক শব্দ। নামন্ শব্দ (নাম)+ধেয়। বি; ক্লীব।

নামন—অবরোহণ; নাবা। 'নম্' ধাতুজ। বি।

নামনা—বটবৃক্ষাদির ঝুরি। দেশজ। বি।

নামনি, নামুনি—বিসূচিকা; ভেদরোগ। দেশজ। বি।

নামবাচক—১। যাহাতে নাম বুঝায় এমন। বিণ। স্ত্রী,—চিকা। ২। ব্যক্তি বা বস্তুবিশেষের সংজ্ঞাপ্রকাশক শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নামমাত্র—যাহার কেবলই নামই সার (আসল কাজে কিছু নয়); অতি সামান্য, অল্পমাত্র। নামন্ (নাম)+মাত্রচ্ পরিমাণার্থে। বিণ। স্ত্রী,—ত্রী।

নামমুদ্রা—নামাঙ্কিত শীলমোহর। নাম-অঙ্কিত মুদ্রা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

নামযজ্ঞ—প্রকৃত ক্রিয়াহীন নামমাত্র যজ্ঞ, দম্ভ (তামসিক) যজ্ঞ, তন্নাতৎ। বি; পুং।

নামশেষ—১। মৃত্যু, মরণ। নামের শেষ, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। মৃত। নাম মাত্র শেষ আছে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষা।

নামসঙ্কীর্ত্তন, —সংকীর্ত্তন—নামগান, নামোচ্চারণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

নামস্মরণ—প্রাতঃকালে এবং বিপদে ঈশ্বরের নাম চিন্তা ও উচ্চারণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

নামা—অবতরণ করা, উপর হইতে আসা; অবনত হওয়া; হ্রাস পাওয়া, কমিয়া যাওয়া; হীন হওয়া। বাং ক্রি।

নামা (—নামন্)—(বহুব্রীহি সমাসের পরপদ) নামধারী, নামযুক্ত, নামে খ্যাত (যথা, 'দশরথ নামা') বিণ; পুং। স্ত্রী,—ম্নী।

নামা—পত্র, লেখ্য (যেমন, সোলে'নামা', বণ্টন'নামা'। ফার্সী। বি।

নামাঙ্ক(ংক)—১। নামের চিহ্ন বা অক্ষর। নামের অঙ্ক, ৬ষ্ঠিতৎ। বি; পুং। ২। নামাঙ্কিত, নামের চিহ্ন বা অক্ষরযুক্ত। নামের অঙ্ক আছে যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্কা।

নামাঙ্কি(ংকি)ত—নামযুক্ত; নামের মোহর বা ছাপযুক্ত; স্বাক্ষরিত। নাম হইয়াছে অঙ্কিত যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা।

নামাজ, নমাজ—মুসলমানদিগের ভগবদুপাসনা, খোদার নিকট প্রার্থনা। আর্বী। বি।

নামান—নীচে আনা বা রাখা, নাবান; অবতারণ করা; কমান। বাং ক্রি।

পেট নামান—তরল দাস্ত হওয়া।

নামাবলি, -বলী—১। নামমালা; নামশ্রেণী। ৬ষ্ঠিতৎ। বি; স্ত্রী। ২। দেবতার নামাঙ্কিত উত্তরীয় বস্ত্র। নামের আবলি, আবলী (শ্রেণী) আছে যাহাতে, বহুব্রী। বি; ক্লীব, স্ত্রী। [কর্ম্মধা। বি; ক্লীব।

নামামৃত—নামসুধা বা মধুর নাম। রূপক

নামী—নামধারী, যাহার নাম সেই ব্যক্তি বা বস্তু; নামজাদা, খ্যাত। নাম+ঈ যুক্তার্থে। বিণ। [৬ষ্ঠিতৎ। বি; পুং।

নামোল্লেখ—নাম উচ্চারণ; নাম নির্দ্দেশ।

নায়—১। নীতি, নয়ন, প্রাপণ। নী (লইয়া যাওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। নৌকা। 'নৌ' শব্দজ। বি।

নায়ক—১। নেতা, পরিচালক; প্রাপক; শ্রেষ্ঠ। বিণ। স্ত্রী,—য়িকা। ২। গ্রন্থের বর্ণনীয় প্রধান পুরুষ; প্রেমাসক্ত ব্যক্তি; স্ত্রীলোকের প্রণয়ী পুরুষ; স্বামী; অধ্যক্ষ; হারমধ্যস্থিত মণি। নী (লইয়া যাওয়া)+ণক কর্ত্তৃবা। বি; পুং। [বি।

নায়কী—বীণাদির প্রধান তার। দেশজ।

নায়কীয়—নায়কনায়িকাসম্বন্ধীয়। নায়ক শব্দ+ঈয় ইদমর্থে। বিণ। স্ত্রী,—য়া।

নায়র—১। নাগর; প্রণয়ী। 'নাগর' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি; পুং। স্ত্রী,—রী। ২। বিবাহিতা রমণীদের পিত্রালয়। 'জ্ঞাতিগৃহ' শব্দজ। প্রাদে। বি।

নায়রী—নাগরী; পিত্রালয়ে আগতা কন্যা। প্রাঃ কবিপ্র। বি; স্ত্রী।

নায়িকা—১। নেত্রী, পরিচালিকা; শ্রেষ্ঠা, প্রধানা। নায়ক+আপ্। বিণ; স্ত্রী। ২। গ্রন্থের প্রধান বর্ণনীয়া স্ত্রী; প্রণয়িনী স্ত্রী; অষ্টদেবীবিশেষ, আদ্যাশক্তি ভগবতীর অষ্টভেদ,—উগ্রচণ্ডা, প্রচণ্ডা, চণ্ডোগ্রা, চণ্ডনায়িকা, অতিচণ্ডা, চামুণ্ডা, চণ্ডা, চণ্ডবতী। বি; স্ত্রী।

নায়েব—প্রতিনিধি; অধীন কর্ম্মচারী; জমিদারের ডিহির প্রধান কর্ম্মচারী। আর্বী। বি।

নায়েবি, নায়েবী-১। নায়েবের উপযুক্ত, নায়েব-সুলভ। বিণ। ২। নায়েবের পদ বা কার্য্য। নায়েব+ই, ঈ। বি।

নারকী (নারকিন্)—নরকস্থ, নরকভোগী; নরকভোগের যোগ্য, ঘোর পাপিষ্ঠ। নরক+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী,—কিণী।

নারঙ্গ(ংগ)—নারাঙ্গা বা কমলা লেবু; পিপ্পলীরস; যমজ। ফার্সীমূলক। বি।

নারঙ্গি(ংগি), নারাঙ্গি(ংগি)—কমলা লেবু। 'নারঙ্গ' শব্দজ। বি।

নারদ—দেবর্ষিবিশেষ, ব্রহ্মার মানসপুত্র। নার (নরসমূহ)—দা (দেওয়া)+ড কর্ত্তৃবা; যিনি জনগণকে যথার্থ উপদেশ প্রদান করেন। বি; পুং।

নারদীয়—১। পুরাণবিশেষ। নারদ শব্দ+ঈয়। বি; ক্লীব। ২। নারদসম্বন্ধীয়; নারদকৃত। বিণ। স্ত্রী,—য়া।

নারা—না পারা। কবিপ্র। ক্রি।

নারাঙ্গি(ংগি)—কমলা লেবু। 'নারঙ্গ' শব্দজ। বি।

নারাচ—লৌহময় বাণ; লৌহনির্ম্মিত তীক্ষ্ণাগ্র শলাকা; দুর্দিন, মেঘাচ্ছন্ন দিন। নার (নরসমূহ)—আ—চম্ (ভোজন করা)+ড কর্ত্তৃবা। বি; পুং।

নারাজ—গররাজি, অসম্মত; অসন্তুষ্ট, বিরক্ত। ফার্সী। বিণ। বি,—জী।
নারায়ণ—বিষ্ণু। নার (জল) অয়ন (আশ্রয়) যাহার, বহুব্রী। বি; পুং।
নারায়ণী—নারায়ণের শক্তি; লক্ষ্মী; দুর্গা; গঙ্গা। নারায়ণ দ্রঃ। নারায়ণ শব্দ+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী। **নারায়ণী সেনা**—শ্রীকৃষ্ণের সংশপ্তক সৈন্য। কুরুক্ষেত্র যুদ্ধে শ্রীকৃষ্ণ স্বয়ং পাণ্ডবদের সারথি হইয়া তাঁহার এই সৈন্যদল দুর্য্যোধনকে দান করিয়াছিলেন।
নারিকেল, নারীকেল, নালিকের, নালীকের—১। স্বনামখ্যাত প্রসিদ্ধ বৃক্ষ, নারকেল গাছ। নালিকা শব্দ—ঈর্ (প্রেরণ করা)+ক কর্তৃবা। বি; পুং। ২। ঐ গাছের ফল, নারকোল। নার—জল, ক—বায়ু কর্তৃক, ইল—প্রেরিত হয়, যে ফলে, তাহাকে নারিকেল বলে। বি; ক্লীব।
নারিকেলী, —কুলে—নারিকেলের মত আকারবিশিষ্ট; নারিকেলসম্বন্ধীয়। দেশজ। বিণ।
নারী—নরজাত স্ত্রী, স্ত্রীলোক; পত্নী। নর+ঙীপ্। বি; স্ত্রী।
নারীকেল—নারিকেল দ্রঃ।
নারীদূষণ—মদ্যপান, দুর্জ্জনসংসর্গ, পতিত্যাগ, ইতস্ততোভ্রমণ, পরকীয় গৃহে বাস, অন্যের গৃহে শয়ন—স্ত্রীলোকের এই ছয় দোষ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
নারীনিগ্রহ —নির্য্যা(র্যা)তন—স্ত্রীলোকের উপর উৎপীড়ন। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব। [৭মীতৎ। বি; ক্লীব।
নারীরত্ন—অপূর্ব্ব সুন্দরী বা গুণবতী রমণী।
নারীস্বভাব—স্ত্রী-প্রকৃতি, স্ত্রীলোকের ভাববিশিষ্ট। নারীর স্বভাবের ন্যায় স্বভাব যাহার, বহুব্রী। বিণ; পুং।
নারীস্বভাবসুলভ, —সিদ্ধ—স্ত্রীপ্রকৃতিতে সাধারণতঃ যেরূপ দেখা যায়। ৭মীতৎ। বিণ।
নার্ভ—স্নায়ু। ইং Nerve. বি। বিণ, নার্ভাস।
নাল—১। শিরা; ডাঁটা; মৃণাল; হরিতাল। নল্ (বন্ধন করা ইত্যাদি)+ণ কর্তৃবা। বি; ক্লীব। ২। নল। বি; পুং। ৩। ঘোড়া, বলদ প্রভৃতির খুর-রক্ষক লৌহখণ্ড। বৈদে। বি। ৪। লাল, রাঙ্গা। প্রাদে। বিণ। ৫। লালা, থুতু। দেশজ। বিণ।
নালফুল—কুমুদফুল। দেশজ। বি।
নালা—১। নাল (সকল অর্থে)। নাল+আপ্। বি; স্ত্রী। ২। জলনালী, নর্দ্দমা, ড্রেন; খাত, খানা। দেশজ। বি।
নালায়েক—অযোগ্য, অনুপযুক্ত। নঞ্তৎ। বিণ।
নালি—১। নল; নালা; শোষ; শিরা; ডাঁটা; এক দণ্ডকাল, ২৪ মিনিট। নল দ্রঃ। নল+ইণ্। বি; স্ত্রী। ২। লালা; ফেন। প্রাঃ কবিপ্র। বি।
নালিক—নলওয়ালা প্রাচীন যুদ্ধাস্ত্রবিশেষ; শর, বাণ; পদ্ম; মহিষ। বি; পুং বা ক্লীব।
নালিকা, নালী—নালি (সকল অর্থে)। নালি+কণ্ স্বার্থে+আপ্=নালিকা। নালি+ঈপ্=নালী। বি; স্ত্রী।
নালিতা, নাল্তে—তিক্ত পাট শাক। দেশজ। বি।
নালিশ—আরজ, আবেদন, দরখাস্ত; অভিযোগ। ফার্সী। বি। বিণ,—শী।
নালী—নালিকা বা নালি দ্রঃ।
নালীক—১। শর; শল্য; অঙ্গ; আগ্নেয়াস্ত্র; বন্দুক। নালী—কৈ (দীপ্তি পাওয়া)+ড কর্তৃবা। বি; পুং। ২। পদ্মসমূহ; পদ্মের বৃন্ত, বোঁটা। নালী+কণ্। বি; ক্লীব।
নালীব্রণ—নালী ক্ষত, নালী ঘা। নালীযুক্ত ব্রণ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।
নাশ—ধ্বংস; বধ; মৃত্যু; লয়; পলায়ন; অদর্শন। নশ্ (নষ্ট হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।
নাশক—নাশকারী, ধ্বংসসাধক, ঘাতক, লয়কারক। ণিজন্ত নশ্ বা নাশি (নষ্ট করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—শিকা।

নাশন—১। নাশকরণ, ধ্বংসসাধন। ণিজন্ত নশ্ বা নাশি (নষ্ট করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। নাশক, ধ্বংসকারী। নাশি +অন কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

নাশপাতি, নাসপাতি—আপেল জাতীয় ফলবিশেষ। বৈদে। বি।

নাশা—১। নাশ করা। কবিপ্র। ক্রি। ২। নাশকারী। বিণ।

নাশিত—বিনাশিত, ধ্বস্ত। ণিজন্ত নশ্ বা নাশি (নষ্ট করা)+ক্ত কর্মবা। বিণ। স্ত্রী,—তা।

নাশী (নাশিন্)—১। নাশশীল, ধ্বংসী, নশ্বর। নাশ শব্দ+ইন্ অস্ত্যর্থে। ২। নাশক, নাশকারী। ণিজন্ত নশ্ বা নাশি (নষ্ট করা)+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—শিনী। ৩। নাশিনী, নাশিকা, নাশকারিণী। দেশজ। বিণ; স্ত্রী। যেমন—সব্বনাশী পোড়াকপালী।

নাস—নস্য। 'নস্য' শব্দজ। বি।

নাসত্য—দেবচিকিৎসক অশ্বিনীকুমারদ্বয়। ন (না) অসত্য; নঞ্তৎ; অথবা নাসা (নাক)—ত্যজ্ (ত্যাগ করা)+ড কর্তৃবা। বি; পুং।

নাসা—১। নাসিকা, নাক। নাস্ (শব্দ করা)+অচ্ কর্তৃবা+আপ্। বি; স্ত্রী। ২। একপ্রকার নাসিকা-রোগ। বাং প্রঃ। বি।

নাসাপথ, —পুট, —রন্ধ্র—নাকের ছিদ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব, ক্লীব।

নাসিকা—ঘ্রাণেন্দ্রিয়, নাসা, নাক। নাসা+কন্+স্ত্রীলিঙ্গে আপ্। বি; স্ত্রী।

নাস্তা—জলযোগ। ফার্সী। বি।

নাস্তানাবুদ, —নাবুদ—বিধ্বস্ত; ছিন্নভিন্ন; হয়রান। ফার্সীমূলক। বিণ।

নাস্তি—নাই, অবিদ্যমান; নহে। ন (না) +অস্তি (আছে)। অব্য।

নাস্তিক—ঈশ্বরের সত্তায় বা পরলোকের বিষয় অস্বীকারকারী; বেদে বা শাস্ত্রোক্ত ধর্মে অবিশ্বাসী; নিরীশ্বরবাদী (Atheist). ন (নয়) আস্তিক (ঈশ্বর-বিশ্বাসী), নঞ্তৎ; অথবা নাস্তি (ঈশ্বর নাই) বলে যে এই অর্থে নাস্তি+ইক (ঠন্)। বিণ। স্ত্রী,—কা।

নাস্তিকতা, নাস্তিক্য—ঈশ্বরের অস্তিত্বে বা পরলোকে অবিশ্বাস বা তাহার অস্বীকার; নাস্তিকের ব্যবহার, শাস্ত্রবিরুদ্ধ বা সদাচার-বহির্ভূত আচরণ, নিরীশ্বরবাদ (Atheism). নাস্তিক+তা, ষ্যঞ্ ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

নাহ—১। বন্ধন, বাঁধা। নহ্ (বাঁধা)+ঘঞ্ ভাববা। ২। রজ্জু, দড়ি; পাশ, জাল, ফাঁদ। নহ্+ঘঞ্ করণবা। ৩। নাথ। প্রাঃ কবিপ্র। বি; পুং।

নাহক—অযথা, অন্যায়; অহেতুক, অকারণ, অনর্থক। ফার্সী। নঞ্তৎ। বিণ।

নাহয়—বরং; অগত্যা; কিংবা। দেশজ; অব্য।

নাহা—নাওয়া, স্নান করা। কবিপ্র। ক্রি।

নাহান, নাওয়ান—স্নান করান। বাং ক্রি।

নাহি—১। নাই; নহে; না। 'নাস্তি' শব্দজ। অব্য। ২। নাহিয়া, স্নান করিয়া। প্রাঃ কবিপ্র। অস-ক্রি।

নি—১। নিষেধ; অভাব; নিশ্চয়; সংশয়; নিবেশ; বিন্যাস; ভৃশ; নিত্য; নিন্দা; কৌশল; উপরম; সামীপ্য; আশ্রয়; দান; মুক্তি; অন্তর্ভাব; বন্ধন; রাশি; অধোভাব। নহ্ (বন্ধন করা)+ডি কর্তৃবা। অব্য। ২। নাই; গ্রহণ করি, লই। ক্রি। ৩। (সঙ্গীতে) স্বরগ্রামের সপ্তম স্বর, নিষাদ। 'নিষাদ' শব্দজ। বি। ৪। 'না' অর্থ, বা প্রশ্নসূচক শব্দ। প্রাদে। অব্য।

নিঅড়—সান্নিধ্য, সমীপ, কাছ। 'নিকট' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

নিউমোনিয়া—ফু স ফু স-প্র দা হ। ইং Pneumonia. বি।

নিংড়ান, নিংড়ন—পাক দিয়া বা চাপিয়া আর্দ্র বস্ত্রাদি হইতে জল বাহির করা। বাং ক্রি।

নিঃ (নির্)—নিশ্চয়; নিষেধ; নিঃশেষ; নিতান্ত; বহিষ্করণ; নির্গমন। নৃ+ক্বিপ্ কর্তৃবা। অব্য।

নিঃ (নিস্)—নিষেধ; নিশ্চয়; সাকল্য। নি–সো+ক্বিপ্ কর্তৃবা। অব্য।

নিঃক্ষত্র—ক্ষত্রশূন্য, ক্ষত্রিয়বিহীন। নির্ (নাই) ক্ষত্র যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,–ত্রা।

নিঃক্ষত্রিয়—ক্ষত্রিয়শূন্য। নির্ (নাই) ক্ষত্রিয় যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,–য়া।

নিঃশঙ্ক(ংক)—শঙ্কাশূন্য, নির্ভয়। নির্ (নাই) শঙ্কা (ভয়) যাহার, বহুব্রী। বিণ।

নিঃশব্দ—শব্দশূন্য, নীরব। নির্ (নাই) শব্দ যাহার, যখন, বা যথায়, বহুব্রী। বিণ।

নিঃশব্দপদসঞ্চারে—চুপি চুপি পা ফেলিয়া। বহুব্রী। ক্রি-বিণ।

নিঃশস্ত্র প্রতিরোধ—বিনা অস্ত্রে বাধা দেওয়া (Passive resistance). কর্মধা। বি; পুং।

নিঃশেষ—সম্পূর্ণ, শেষরহিত। নির্ (নাই) শেষ যাহার, বহুব্রী। বিণ।

নিঃশেষিত—সমাপ্ত; যাহা ফুরাইয়া গিয়াছে। নিঃশেষ+ইত প্রাপ্ত্যর্থে। বিণ।

নিঃশ্বাস—নাসাপথে নির্গত বায়ু। নির্–শ্বস্ (শ্বাস ফেলা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

নিঃশ্রেয়স—মুক্তি; মঙ্গল; সুখ; জ্ঞান; প্রত্যয়; ভক্তি। নির্ (নিশ্চিত, ভৃশ) যে শ্রেয়ঃ (মঙ্গল, ইত্যাদি), প্রাদিতৎ+অ সমাসান্ত। বি; ক্লীব।

নিঃসংজ্ঞ—সংজ্ঞারহিত, অচেতন। নির্ (নাই) সংজ্ঞা যাহার, বহুব্রী। বিণ।

নিঃসংশয়—সংশয়রহিত, নিঃসন্দেহ, নিশ্চিত; দ্বৈধবিহীন, কুণ্ঠারহিত। নির্ (নাই) সংশয় যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ।

নিঃসঙ্কো(ংকো)চ—সঙ্কোচশূন্য, কুণ্ঠারহিত। নির্ (নাই) সঙ্কোচ যাহার, বহুব্রী। বিণ।

নিঃসঙ্গ(ংগ)—একাকী, সঙ্গহীন; সম্পর্কশূন্য; বিষয়বিদ্বিষ্ট; বিষয়ানুরাগরহিত। নির্ (নাই) সঙ্গ যাহার, বহুব্রী। বিণ।

নিঃসত্ত্ব—বলশূন্য; ধৈর্য্যশূন্য; অসার; প্রাণিশূন্য। নির্ (নাই) সত্ত্ব যাহার, বহুব্রী। বিণ।

নিঃসন্তান—সন্তানহীন, পুত্রকন্যারহিত, আঁটকুড়ো। বহুব্রী। বিণ। স্ত্রী,–না।

নিঃসন্দেহ—সন্দেহরহিত, সংশয়শূন্য; নিঃসংশয়; নিশ্চিত, স্থির, ঠিক। নির্ (নাই) সন্দেহ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ।

নিঃসম্পর্ক—১। সম্পর্কহীন, সম্বন্ধশূন্য। নির্ (নাই) সম্পর্ক যাহার সহিত, বহুব্রী। বিণ। স্ত্রী,–র্কা।

নিঃসম্বল—পাথেয়শূন্য; সঙ্গতিহীন। নির্ (নাই) সম্বল (পাথেয়) যাহার, বহুব্রী। বিণ।

নিঃসরণ—নির্গমন; মৃত্যু। নির্–সৃ (গমন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

নিঃসহায়—সহায়রহিত, যাহাকে সাহায্য করিবার কেহ নাই, অনাথ। নির্ (নাই) সহায় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–য়া।

নিঃসাড়—শব্দহীন, নিস্তব্ধ। নিঃ (নাই) সাড়া যাহার, বহুব্রী। বিণ।

নিঃসার—১। সারশূন্য, নীরস। নির্ (নাই) সার যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। ২। নিঃসরণ, নির্গমন। নির্–সৃ+ঘঞ্ ভাববা। বি; পুং।

নিঃসারক—যাহা নিঃসারিত করে। নির্–সারি+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,–রিকা।

নিঃসারণ—নির্বাসন, বহিষ্করণ, বাহির করিয়া দেওয়া; নিঙড়ন। নির্–ণিজন্ত সৃ বা সারি (গমন করান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

নিঃসারিত—বহিষ্কৃত, নির্বাসিত, বিতাড়িত, নিষ্কাশিত। নির্–ণিজন্ত সৃ–সারি (যাওয়ান)+ক্ত কর্মবা। বিণ।

নিঃসৃত—নির্গত, বহির্গত। নির্–সৃ (যাওয়া)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,–তা।

নিঃস্পৃহ, নিস্পৃহ—স্পৃহারহিত, বীতরাগ,

বিতৃষ্ণ; কামনাশূন্য, বাসনাহীন, নিষ্কাম। নির্ (নাই) স্পৃহা যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—হা।

নিঃস্ব—নির্ধন, দরিদ্র। নির্ (নাই) স্ব (ধন) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—স্বা।

নিঃস্বত্ব—স্বত্বহীন, অধিকাররহিত, দখলশূন্য। বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্বা।

নিঃস্বন—নাদ, ধ্বনি, শব্দ, গর্জ্জন। নির্—স্বন্ (শব্দ করা) + অপ্ ভাববা। বি ; পুং।

নিঃস্রব, নিঃস্রাব—১। ক্ষরণ, গলন। নির্ —স্রু (ক্ষরিত হওয়া) + অপ্, ঘঞ্ ভাববা। ২। নির্গলিত দ্রবদ্রব্য ; অন্নের মণ্ড, ভাতের মাড়। নির্—স্রু + অপ্, ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং।

নিকট—১। সমীপ, সন্নিহিত। নি—কট (গমন করা) + অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—টা। ২। সামীপ্য, সন্নিধান ; সন্নিহিত স্থান। নি—কট্ + অচ্ অধিবা। বি ; ক্লীব।

নিকটবর্ত্তী (—বর্ত্তিন্), —বর্ত্তী— নিকটস্থ, সমীপস্থ। উপস্তৎ। নিকট—বৃত্ (থাকা) + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিনী।

নিকটস্থ—নিকটে স্থিত, সমীপবর্ত্তী, সন্নিহিত, আসন্ন। উপস্তৎ। নিকট—স্থা (থাকা) + ক কর্তৃবা। বিণ।

নিকড়ে—কপর্দ্দকশূন্য। নি (নয়) কড়ে, সুপ্‌সুপা। বিণ।

নিকন, নিকান—গোময়মৃত্তিকাদি মিশ্রিত জল দ্বারা লেপন করা। বাং ক্রি।

নিকর—সমূহ, সার ; নিধি, ন্যায্য দেয় ধন। নি—কৃ (বিক্ষেপ) + অ কর্ম্মবা। বি ; পুং।

নিকর-বাকি, —বাকী—মোট বাকী, বাকির সমষ্টি। দেশজ। বি।

নিকরুণ—করুণাহীন, নিষ্করুণ, অনুকম্পা-রহিত, নির্দ্দয়। নি (নাই) করুণা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

নিকর্ম্মা (—কর্ম্মন্), —কর্ম্মা—অকর্ম্মা, অনিপুণ ; অপদার্থ, অকেজো ; কর্ম্মহীন। বহুব্রী। বাং বিণ।

নিকলা, নিকসা—নির্গত হওয়া, বাহির হওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

নিকষ, নিকস—কষ্টিপাথর ; শান ; কষণ-রেখা। নি—কষ্, কস্ + অ করণবা, অধিবা। বি ; পুং।

নিকষণ—নিকষে ঘর্ষণ ; উল্লেখন, খনন। নি —কষ্ (বধ ইত্যাদি) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

নিকষা—রাক্ষসমাতা ; রাবণাদির জননী। নি—কষ্ (বধ করা) + অচ্ কর্তৃবা + আপ্। বি ; স্ত্রী।

নিকষিত—নিকষে পরীক্ষিত ; শাণে পালিশ করা। নি—কষ্ + ক্ত কর্ম্মবা। বিণ।

নিকষোপল—শান, কষ্টিপাথর। নিকষই উপল, কর্ম্মধা। বি ; পুং।

নিকা—[মুসলমানসমাজে] বিধবা-বিবাহ, বা পত্নী বিদ্যমানে অন্যপত্নী গ্রহণ। আবী। বি।

নিকান—ভূমি বা প্রাচীরাদি মৃত্তিকা গোময়াদি দ্বারা লেপন করা। বাং ক্রি।

নিকায়—১। বাসস্থান ; গৃহ ; ব্রহ্মবস্তু ; শরীর। নি—চি + ঘঞ্ অধিবা। ২। লক্ষ্য ; সমূহ ; সমান ধর্ম্মবিশিষ্ট ব্যক্তিবর্গ। নি—চি (একত্র করা) + ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং।

নিকারী, নিকিরী—মুসলমানের শ্রেণী-ভেদ ; মুসলমান মৎস্যব্যবসায়ী। দেশজ। বি।

নিকাল—দূর হও ; বাহির করিয়া দাও। হিন্দী। ক্রি।

নিকাশ, নীকাশ—১। বিকাশ ; প্রকাশ। নি—কাশ্ (দীপ্তি পাওয়া) + ঘঞ্ ভাববা। বি ; ক্লীব। ২। রফা, চুক্তি ; নির্দ্ধারণ ; অবসান, শেষ ; দফারফা, নাশ ; হিসাব শেষ করা ; হিসাব শেষ করিয়া কাগজপত্র বুঝাইয়া দেওয়া ; পরিশোধ। বৈদে। ৩। নিষ্কাশন, নির্গম। দেশজ। বি।

নিকাশীপোতা—জমিদারের কর্ম্মচারীরা নিকাশ দিবার সময় যে পরিমাণ দেনদার হয় তাহাকে নিকাশীপোতা কহে। বৈদে। বি।

নিকী, নিখী—উকুনের ডিম। 'লিকা' শব্দজ। বি।
নিকুচি—ভর্ৎসনা-বাক্য। দেশজ। বি।
নিকুঞ্জ—কুঞ্জ, লতাগৃহ। নি–কু–জন্+ ড কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।
নিকুম্ভ—রাক্ষসবিশেষ; জনৈক দৈত্য, দৈত্যরাজ বহ্নাস্তের ভ্রাতা। নি–স্কুনভ্+ অচ্ কর্ত্তৃবা। বি; পুং।
নিকুম্ভিলা—লঙ্কাস্থ গুহাবিশেষ, তথায় যজ্ঞাদি সম্পন্ন হইত। নিকুম্ভ+ইল+আপ্। বি; স্ত্রী।
নিকৃত—পরিভূত, পরাজিত: তিরস্কৃত; অবমানিত; অপকৃত; প্রতারিত। নি–কৃ (করা)+ক্ত কর্ম্মবা। বিণ।
নিকৃতি—নিকার; শঠতা; দীনতা; নিন্দা; ভর্ৎসনা, তিরস্কার; নিষ্ঠুরতা। নি–কৃ (করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।
নিকৃত্ত—ছিন্ন: খণ্ডিত। নি–কৃত্ (ছেদন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–ত্তা।
নিকৃন্তন—১। কর্ত্তন, ছেদন। নি–কৃত্ (ছেদন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।
নিকৃষ্ট—জঘন্য, অপকৃত, মন্দ, নীচ। নি–কৃষ্ (কর্ষণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।
নিকেত, নিকেতন—আলয়, গৃহ, বাড়ী। নি–কিত্ (বাস করা)+ঘঞ্, অনট্ অধিবা। বি; পুং, ক্লীব।
নিক্কণ, নিক্কাণ—ধ্বনি, শব্দ; বীণাধ্বনি। নি–ক্বণ্+অপ্, ঘঞ্ ভাববা। বি; পুং।
নিক্তি—ছোট তুলাদণ্ড, সূক্ষ্ম তৌলযন্ত্র। দেশজ। বি।
নিক্ষিপ্ত—যাহা নিক্ষেপ করা হইয়াছে এরূপ; ত্যক্ত; অর্পিত; ন্যস্ত; গচ্ছিত। নি–ক্ষিপ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–প্তা।
নিক্ষেপ—১। ন্যাস, গচ্ছিতকরণ; ফেলা, ছোড়া; ত্যাগ; অর্পণ। নি–ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ঘঞ্ ভাববা। ২। গচ্ছিত বস্তু। নি–ক্ষিপ্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।
নিক্ষেপক—ক্ষেপণ-কর্ত্তা; মোচনকারী। নি–ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–পিকা।
নিখরচা—বিনাব্যয়ে। নি (নাই) খরচা যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।
নিখরচে—ব্যয়কুণ্ঠ, কৃপণ। নি (নয়) খরচে, নঞ্ তৎ। বিণ।
নিখর্ব্ব(র্ব)—সংখ্যাবিশেষ, দশ সহস্র কোটি। নি–খর্ব্ব+অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।
নিখাদ—১। স্বরগ্রামের সপ্তম সুর, নিষাদ, নি। 'নিষাদ' শব্দজ। বি। ২। যাহাতে খাদ নাই ('–সোণা')। বহুব্রী। বিণ।
নিখিল—১। সমস্ত, সমগ্র, অখিল; সম্পূর্ণ। নি (নাই) খিল (শূন্য) যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। ২। জগৎ। নি (নয়) খিল (সীমাবদ্ধ), সুপ্‌সুপা। বি; ক্লীব।
নিখুঁত—খুঁতরহিত, ত্রুটিশূন্য, নির্দ্দোষ, সমগ্র, সম্পূর্ণ; তন্ন তন্ন। বহুব্রী। বিণ।
নিগড়—শৃঙ্খল, শিকল; পাদবন্ধনী, পা-বেড়ী (Fetters). নি–গড়্ (ক্ষরিত হওয়া)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।
নিগড়িত—শৃঙ্খলিত; বদ্ধ। নিগড়+ইত যুক্তার্থে। বিণ।
নিগদিত—উল্লিখিত; কথিত। নি–গদ্ (কথা বলা)+ক্ত কর্ম্মবা। বিণ।
নিগম—১। বাণিজ্য; নিশ্চয়; প্রতিজ্ঞা। নি–গম্+অপ্ ভাববা। ২। বেদাদি শাস্ত্র; তন্ত্রবিশেষ; পঞ্চাবয়ব ন্যায় মধ্যে চরম অবয়ব; ন্যায়শাস্ত্র। নি–গম্ (গমন করা)+অপ্ করণবা। ৩। হাট; নগর; নির্গমন; পথ। নি–গম্+অপ্ অধিবা। বি; পুং।
নিগরণ—১। ভক্ষণ, গিলন। নি–গৄ (ভক্ষণ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।
নিগার—১। কৃষ্ণকায় ব্যক্তি, কাফ্রি; কৃষ্ণকায়দিগের প্রতি শ্বেতকায়দিগের প্রযুক্ত অবজ্ঞাসূচক শব্দ। ইং Nigger. বি।
নিগীর্ণ—ভক্ষিত, গিলিত; অন্তর্ভাবিত। নি–গৄ (গিলা)+ক্ত কর্ম্মবা। বিণ।

নিগূঢ়—গুপ্ত, অপ্রকাশিত; আচ্ছাদিত; আলিঙ্গিত; জটিল; দুর্জ্ঞেয়। নি—গুহ্ (গোপন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ঢ়া।

নিগৃহীত—যাহাকে নিগ্রহ করা হইয়াছে এরূপ; দণ্ডিত; পীড়িত; লাঞ্ছিত; বশীকৃত; নিরুদ্ধ; নিবর্তিত। নি—গ্রহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

নিগ্রহ—অনুগ্রহাভাব, অনুগ্রহের বিপরীত ভাব; প্রহার; দণ্ড; ভর্ৎসনা; লাঞ্ছনা, গোয়ার; সংযম; নিরাকরণ; বন্ধন; চিকিৎসা। নি—গ্রহ্+অপ্ ভাববা। বি; পুং।

নিগ্রাহক—নিগ্রহকারী। নি—গ্রহ্ (গ্রহণ করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—হিকা।

নিঘণ্টু—কোষাদি গ্রন্থ; যাস্ক-মুনিবিরচিত প্রাচীন কোষ; নির্ঘণ্ট, সূচিপত্র। নি—ঘনট্ (দীপ্তি পাওয়া)+উ কর্তৃবা। বি; পুং।

নিঘিন্নে—ঘৃণারহিত। 'নির্ঘৃণ' শব্দজ। কবিপ্র। বিণ।

নিঘ্ন—আশ্রিত; অনুগত, বশীভূত, আয়ত্ত। নি—হন্+ক স্বার্থে। বিণ।

নিঙাড়া—নিংড়ান। কবিপ্র। ক্রি।

নিচয়—১। সমূহ; পুর। নি—চি (একত্র করা)+অচ্ কর্ম্মবা। ২। উপচয়; নিশ্চয়। নি—চি+অচ্ ভাববা। বি; পুং।

নিচল—নিশ্চল, অচল। নি—চল্+অচ কর্তৃবা। বিণ।

নিচিত—সঞ্চিত; রচিত; ব্যাপ্ত; সম্যক্ উপার্জ্জিত। নি—চি (একত্র করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

নিচোল, নিচোলী—প্রচ্ছদপট, আচ্ছাদনবস্ত্র; ঘাগ্‌রা; সাঁজোয়া। নি—চুল্ (উন্নত হওয়া)+অচ্ কর্তৃবা, পক্ষে ঙীপ্। বি; পুং, স্ত্রী। [স্বার্থে। বি; পুং।

নিচোলক—কঞ্চুক, বর্ম্ম। নিচোল+কন্

নিচ্ছিদ্র—ছিদ্রহীন; দোষশূন্য, নিখুঁত, নির্দোষ। বহুব্রী। বিণ।

নিছক—বিশুদ্ধ, নিরবচ্ছিন্ন; কেবল। দেশজ। বিণ।

নিছনি, নিছুনি—পূজা, আরাধনা; পূজোপহার; নৈবেদ্য, ডালি, ভেট; নিবেদিত বস্তু, প্রসাদী দ্রব্য; রূপ, সৌন্দর্য্য; কণ্টক, বালাই; ত্যাগ; বরণ; তুলনা; বেশ বিন্যাস; মুছিয়া দেওয়া; যাহা মুছা যায়; মুছিবার বস্তু; ঝাড়ন। 'নির্মঞ্ছনিকা' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

নিছা, নিছান—বাছা, ছাঁকা, নিংড়ান; ভেদ করা; মুছা বা মুছান; বরণ করা, বিস্মৃত হওয়া, ভুলিয়া যাওয়া; সমর্পণ করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

নিজ—স্বকীয়; স্বাভাবিক; চিরস্থায়ী। নি—জন্ (জন্মা)+ড কর্তৃবা। বিণ।

নিজজোত—যে জমি স্বত্বাধিকারী অর্থাৎ জোতদার স্বয়ং চাষ করে বা করায়। কর্ম্মধা। বি।

নিজস্ব—১। স্বকীয় ধন, যাহাতে অন্য কাহারও সম্পর্ক বা অধিকার নাই। নিজ (স্বকীয়) যে স্ব (ধন), কর্ম্মধা। বি; ক্লীব। ২। নিজের। দেশজ প্রঃ। বিণ।

নিজাম—শাসনকর্তা; রাজপ্রতিনিধি, গবর্ণর। আর্বী। বি।

নিজামৎ, নিজামতি—নিজামের পদবী, নিজামের শাসন। আর্বী। বি।

নিজ্জশ,—স—সার, সত্য; নিশ্চয়। প্রাদে। অব্য। [দেশজ। বি।

নিঝর—নির্ঝর, উৎস; অশ্রুধারা।

নিঝরে—অবিরল ধারায়। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

নিঝুম, নিঝ্‌ঝুম—নিঃশব্দ; নিদ্রিত; নির্ব্বাত, নিস্পন্দ। দেশজ। বিণ।

নিট—১। আসল, খাঁটি; খরচ বাদে অবশিষ্ট। ইং 'Nett' শব্দজ। ২। ন্যায্য; নিশ্চয়। 'নিষ্ঠা' শব্দজ। বিণ।

নিটুট—অটুট; পূর্ণ, অখণ্ড; নির্দোষ; অক্ষুণ্ণ। নি (নাই) টুট যাহাতে, বহুব্রী। বিণ।

নিটোল—যাহাতে টোলটাল নাই, সম্পূর্ণ গোল; বর্ত্তুলাকার; অঙ্গহীন নয়, অটুট, সম্পূর্ণ, সঙ্কোচশূন্য। নি (নাই) টোল যাহাতে, বহুব্রী। বিণ।

নিঠুর—নির্দ্দয়। 'নিষ্ঠুর' শব্দজ। বিণ।

নিড়বিড়—ঢিমে ভাব, চিরকারিতা, কুড়েমি। দেশজ। অব্য। বিণ, —ড়ে।

নিড়ান, নিড়েন—শস্যক্ষেত্রের তৃণাদি আগাছা তুলিয়া ফেলা। নিড়া+ন, অন ভাববা। বি।

নিড়ানি, নিড়ানী, নিড়েন—নিড়ানের যন্ত্র। নিড়া+নি, নী, এন করণবা। বি।

নিত—প্রত্যহ, রোজ, অনুক্ষণ। 'নিত্য' শব্দজ। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

নিতম্ব—স্ত্রীলোকের কটির পশ্চাদ্ভাগ, পাছা; কটি; পর্ব্বতের কটক। নি—তম্ (ইচ্ছা করা)+ব কর্ম্মবা। বি; পুং।

নিতম্বিনী—১। প্রশস্ত নিতম্ববতী। বিণ; স্ত্রী। ২। নারী। নিতম্ব+ইন অস্ত্যর্থে+ঈপ্। বি; স্ত্রী। [পুং।

নিতাই—নিত্যানন্দ নামের অপভ্রংশ। বি;

নিতান্ত—১। অধিক। বিণ। ২। অত্যন্ত; অবশ্য; একান্তপক্ষে। নি—তম্ (ইচ্ছা করা) +ক্ত কর্ত্তৃবা। ক্রি-বিণ।

নিতি—প্রত্যহ, রোজ। কবিপ্র। ক্রি-বিণ।

নিত্য—১। সর্ব্বদা, সতত; অহরহঃ। ক্রি-বিণ। ২। চিরস্থায়ী, ধারাবাহিক; চির, অনন্ত; অবিনশ্বর। নি (নিয়ত)+ত্যপ্ ভবার্থে। বিণ।

নিত্যকর্ম্ম (-কর্ম্মন্), -কর্ম্ম—দৈনন্দিন অবশ্যকর্ত্তব্য কর্ম্ম; অকরণে প্রত্যবায়জনক কর্ম্ম; পূজা আহ্নিকাদি। কর্ম্মধা। বি; ক্লীব।

নিত্যক্রিয়া—নিত্যকর্ম্ম (তাহা দ্রঃ)। কর্ম্মধা। বি; স্ত্রী।

নিত্যনৈমিত্তিক—প্রাত্যহিক করণীয় ও বিশেষ উদ্দেশ্যে করণীয়। দ্বন্দ্ব। বিণ। স্ত্রী, —কী।

নিত্যলীলা—যে লীলা সর্ব্বকালে চলিতেছে; গোলোকধামে শ্রীকৃষ্ণ ও গোপীগণের চিরন্তন লীলা। কর্ম্মধা। বি; স্ত্রী।

নিত্যশঃ (-শস্), নিত্যশ—সর্ব্বদা। নিত্য+শস্। অব্য।

নিত্যসমাস—যে সমাসে ব্যাসবাক্য হয় না বা হইলেও অন্য পদ দ্বারা হয় তাহা ('কৃষ্ণসর্প' অর্থে কেউটে সাপ, কিন্তু কৃষ্ণ যে সর্প তাহা কাল রংএর সাপ; সেইরূপ, শস্ত্রুর তুল্য=শস্ত্রনিভ)। কর্ম্মধা। বি; পুং।

নিত্যসেবা—অহরহঃ পরিচর্য্যা; গৃহ-প্রতিষ্ঠিত দেবতার প্রাত্যহিক পূজা। কর্ম্মধা। বি; স্ত্রী।

নিত্যা—ভগবতীর রূপভেদ; মনসা দেবী। নি+ত্যপ্ ভবার্থে+আপ্। বি; স্ত্রী।

নিত্যানন্দ—১। সদানন্দচিত্ত, সর্ব্বদা হৃষ্টচিত্ত। নিত্য (চিরস্থায়ী) হইয়াছে আনন্দ যাহার, বহুব্রী। বিণ। ২। শ্রীগৌরাঙ্গের সহচর নিতাই। বি; পুং।

নিথর—স্থির, অচল; নিষ্কম্প; নীরব, নিস্তব্ধ। দেশজ। বিণ।

নিদ—ঘুম। 'নিদ্রা' শব্দজ। বি।

নিদয়—নির্দ্দয়, নিষ্ঠুর। নি (নাই) দয়া যাহার, বহুব্রী। বিণ।

নিদর্শন—উদাহরণ, দৃষ্টান্ত; চিহ্ন; অভিজ্ঞান, প্রমাণ। নি—দৃশ্ (দেখা)+অনট্ করণবা। বি; ক্লীব।

নিদর্শনা—কাব্যালঙ্কারবিশেষ। [সাদৃশ্যহেতু একের কার্য্য অন্যে আরোপিত হইলে এই অলঙ্কার হয়। যথা—"ফুলদল দিয়া কাটিলা কি বিধাতা শাল্মলী তরুবরে"—মাইকেল]। নি—দৃশ্+ণিচ্+অন কর্ত্তৃবা +আপ্। বি; স্ত্রী।

নিদাঘ—গ্রীষ্মকাল; গরম। নি—দহ্+ঘঞ্ অধিবা। বি; পুং।

নিদাটী, নিদালি, নিদুটী, নিদুলি—নিদ্রাকারক মন্ত্র বা ধূলি। দেশজ। বি।

নিদান—১। মূলকারণ; কারণ; রোগের মূলানুসন্ধান; রোগনির্ণায়ক গ্রন্থবিশেষ।

নি—দা (দেওয়া)+অনট্ করণবা। ২। অবসান, শেষ, অন্তিম, চরম; বিরাম, নিবৃত্তি। নি—দা+অনট্ ভাববা। ৩। নেহাৎ, একান্ত। দেশজ প্রঃ। ক্রি-বিণ বা অব্য।

নিদারুণ—অতি দারুণ; কঠোর, কঠিন; নির্দ্দয়; দুঃসহ, অসহ্য। নি (অতিশয়) যে দারুণ, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,—ণা।

নিদালি, নিছুলি—নিদাটী দ্রঃ।

নিদিধ্যাসন—অনন্যমনে প্রগাঢ় ধ্যান, অভিনিবেশপূর্ব্বক একাগ্রচিত্তে কোন বিষয় চিন্তা করা, নিরন্তর বিচার। নি—সনন্ত ধ্যৈ (চিন্তা করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

নিদেন—একান্ত, নেহাৎ, অন্ততঃ। দেশজ। অব্য।

নিদেশ—১। আদেশ; উক্তি। নি—দিশ্+ঘঞ্ ভাববা। ২। সমীপ, নিকট। নি—দিশ্+ঘঞ্ অধিবা। বি; পুং।

নিদেশবর্ত্তী (-বর্ত্তিন্), -বর্ত্তী—আদেশানুবর্ত্তী, আজ্ঞাকারী; ভৃত্য। উপতৎ। নিদেশ—বৃত্ (থাকা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিনী।

নিদ্রা—যে অবস্থায় জীব অচেতন হইয়া নয়ন মুদ্রিত করিয়া থাকে, ঘুম; আলস্য; নিমীলন। নি—দ্রা (নিদ্রা যাওয়া)+ঘঞ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

নিদ্রাকর্ষণ—নিদ্রাবেশ, ঘুম আসা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। বিণ,—কর্ষক।

নিদ্রাগত—নিদ্রিত, সুপ্ত, যে ঘুমাইয়াছে এরূপ। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

নিদ্রাজনক—নিদ্রাকর্ষক; যাহাতে ঘুম আসে। ৬ষ্ঠীতৎ। বিণ।

নিদ্রাতুর—নিদ্রার অবশ, ঘুমে কাতর। নিদ্রা দ্বারা আতুর, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—রা।

নিদ্রাবিষ্ট—নিদ্রিত। ৩য়াতৎ। বিণ।

নিদ্রাবেশ—ঘুমের ঘোর, ঘুম ধরা, ঘুমান। নিদ্রার আবেশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নিদ্রাভঙ্গ(ংগ)—ঘুমভাঙ্গা, জাগরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নিদ্রাভিভূত, -মগ্ন—নিদ্রাবিষ্ট, নিদ্রিত। ৩য়াতৎ; ৭মীতৎ। বিণ।

নিদ্রালস—নিদ্রায় অবশ, ঘুমের ঘোরে জড়ীভূত। নিদ্রা হেতু অলস, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—সা।

নিদ্রালু—নিদ্রাশীল; নিদ্রাবিষ্ট; অলস। নিদ্রা+আলু শীলার্থে। বিণ।

নিদ্রিত—ঘুমন্ত, নিদ্রাগত। নিদ্রা+ইত জাতার্থে। বিণ।

নিদ্রোত্থিত—যে ঘুম হইতে উঠিয়াছে, জাগরিত। ৫মীতৎ। বিণ।

নিধন—১। লয়; লোপ; মৃত্যু; নাশ। নি—ধা+অন ভাববা। বি; ক্লীব।

নিধান—১। ভূগর্ভস্থ অস্বামিক রত্নাদি; নিধি। নি—ধা (ধারণ করা)+অনট্ কর্ম্মবা। ২। আধার; ভাণ্ডার। নি—ধা+অনট্ অধিবা। ৩। অর্পণ; স্থাপন; তিরোধান। নি—ধা+অনট্ ভাববা। বি; ক্লীব।

নিধি—১। ভূগর্ভস্থ অস্বামিক ধন, গচ্ছিত ধন; কুবেরের সম্পত্তিবিশেষ—পদ্ম, মহাপদ্ম, শঙ্খ, মকর, কচ্ছপ, মুকুন্দ, কুন্দ, নীল, খর্ব্ব, এই নয়। নি—ধা (ধারণ করা)+কি কর্ম্মবা। ২। আধার; সমুদ্র। নি—ধা+কি অধিবা। বি; পুং।

নিধিনাথ, -পতি—রাজা; রত্নবণিক্; কুবের। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নিধুবন—১। রমণ, কামকেলি; উপভোগ; ক্রীড়াকৌতুক, আমোদপ্রমোদ; কম্পন। নি—ধূ (কম্পিত হওয়া বা করা)+অনট্ অধিবা, ভাববা। ২। বৃন্দাবনের একটি বন। নিধু নামক বন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

নিধেয়—স্থাপনীয়; নিধানযোগ্য, গচ্ছিত রাখার উপযুক্ত। নি—ধা+যৎ কর্ম্মবা। বিণ।

নিনাদ—ধ্বনি, শব্দ। নি—নদ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

নিনাদিত—শব্দিত, ধ্বনিত; বাদ্যিত, বাজান; নাদপূর্ণ। নি—ণিজন্ত নদ্ (—নাদি)+ক্ত কর্ম্মবা। বিণ।

নিন্দ—১। নিন্দা কর, দোষ দাও। কবিপ্র। ক্রি। ২। নিদ্রা, ঘুম। প্রাঃ কবিপ্র। বি।

নিন্দক—নিন্দাকারী, দূষক। নিন্দ্ (নিন্দা করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, –ন্দিকা।

নিন্দন—নিন্দাকরণ; নিন্দা। নিন্দ্ (নিন্দা করা)+ অনট্ ভাববা। বি; ক্লীব।

নিন্দনীয়, নিন্দ্য—নিন্দার্হ; দূষণীয়; অ-প্রশংস্য। নিন্দ্+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ।

নিন্দা—১। কুৎসা, গর্হা; অপবাদ। নিন্দ্ (নিন্দা করা)+অ ভাববা +আপ্। বি; স্ত্রী। ২। নিন্দা করা, দোষারোপ করা, গালি দেওয়া। কবিপ্র। ক্রি।

নিন্দাকারী—নিন্দক; যে নিন্দা করে। উপতৎ। নিন্দা—কৃ+ণিন কর্তৃবা। বিণ। স্ত্রী, –রিণী।

নিন্দাবাদ—কুৎসাকীর্ত্তন, নিন্দাখ্যাপন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নিন্দার্হ—নিন্দনীয়। নিন্দা—অর্হ্+অচ্ [কর্তৃবা। বিণ।

নিন্দাসূচক—যাহাতে নিন্দা বুঝায়। ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী, –চিকা।

নিন্দাস্তুতি—১। নিন্দা ও প্রশংসা। দ্বন্দ্ব। ২। ব্যাজস্তুতি। ৩য়াতৎ। বি; স্ত্রী।

নিন্দিত—যাহার নিন্দা করা হইয়াছে এরূপ; দূষিত; গর্হিত; বিনিন্দিত, উপমান অপেক্ষা শ্রেষ্ঠ; নীচ, জঘন্য। নিন্দ্ (নিন্দা করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

নিন্দুক—নিন্দাকারী, নিন্দা করা যাহার স্বভাব। নিন্দ্+উ কর্তৃবা+কন্ স্বার্থে। বিণ।

নিন্দ্য—নিন্দনীয় দ্রঃ।

নিপট—অত্যন্ত, নিতান্ত। দেশজ। বিণ।

নিপতিত—সম্যক্ পতিত, যে পড়িয়াছে এরূপ। নি—পত্+ক্ত কর্তৃবা। বিণ। বি, –পতন।

নিপাত—পতন; অধঃপতন; নিধন, মরণ, মৃত্যু; (ব্যাকরণে) চ এবং প্র আদি, অব্যয় শব্দ; নিপাতন। নি—পত্ (পড়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

নিপাতন—অধঃক্ষেপণ; প্রক্ষেপণ; প্রহার; বধসাধন; উচ্ছেদন, উন্মূলন; (ব্যাকরণে) লক্ষণদ্বারা অসিদ্ধ পদে বর্ণাগমাদি কার্য্য, লক্ষণ বা সূত্র অবলম্বন না করিয়া পদসাধন। নি—ণিজন্ত পত্ বা পাতি (পড়ান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

নিপাতিত—অধোনীত; পাতিত; নাশিত; অনিয়মে সাধিত। নি—ণিজন্ত পত্ বা পাতি (পড়ান)+ক্ত কর্ম্মবা। বিণ।

নিপান—কূপসমীপে নির্ম্মিত ক্ষুদ্র জলাশয়, চৌবাচ্চা। নি—পা (পান করা)+অনট্ অধিবা। বি; ক্লীব।

নিপিত্তে—পিত্তহীন, ঘৃণারহিত, নির্ঘৃণ। 'নিষ্পিত্ত' শব্দজ। বিণ।

নিপীড়ক—পীড়নকারী, ক্লেশদায়ক; নিষ্পী-ড়নকারী। নি—পীড়্+ণক কর্তৃবা। বিণ।

নিপীড়ন—অভিবাদন; পদাদিমর্দ্দন, পা টেপা; নিষ্পীড়ন, নিঙড়ন; উৎপীড়ন; ক্লেশ-প্রদান। নি—পীড়্+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, –ড়িত।

নিপীত—নিঃশেষে পীত; যাহা পান করা হইয়াছে। নি—পা (পান করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

নিপুণ—সমর্থ, দক্ষ, পটু। নি—পুণ্ (ধর্ম্মাচরণ করা)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, –ণা। বি, –ণতা, –ণত্ব।

নিব—১। লেখনীর অগ্রভাগ; কলমের আলগা মোচ। ইং Nib. বি।

নিবদ্ধ—বদ্ধ; পরিহিত; গ্রথিত; রচিত; নিবেশিত; স্থিরীকৃত। নি—বন্ধ্ (বন্ধন করা) +ক্ত কর্ম্মবা। বিণ।

নিবন্ত—নির্ব্বাণপ্রায়; নির্ব্বাপিত। নিব্+অন্ত কর্তৃবা। দেশজ। বিণ।

নিবন্ধ—১। বন্ধন; স্থিরীকরণ। নি—বন্ধ্ (বন্ধন করা)+ঘঞ্ ভাববা। ২। গ্রন্থ, প্রস্তাব, কালবিশেষে দেয় বস্তু, সাময়িক বৃত্তি; নিয়ম, ব্যবস্থা। নি—বন্ধ্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

নিবন্ধন—১। বন্ধন; স্থিরীকরণ। নি—বন্ধ্

(বন্ধন করা)+অনট্ ভাববা। ২। হেতু, কারণ। নি—বন্ধ্+অনট্ করণবা। বি; ক্লীব।

নিবর্ত্ত(র্ত)ক—নিবৃত্তিকারক, নিবারক। নি—ণিজন্ত বৃত্ বা বর্ত্তি+ণক কর্ত্তৃবা। বিণ।

নিবর্ত্ত(র্ত)ন—নিবৃত্তি; নিবারণ। নি—ণিজন্ত বৃত্ বা বর্ত্তি (হওয়ান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

নিবর্ত্তি(র্তি)ত—নিবারিত; প্রত্যাকৃষ্ট, প্রত্যাবর্ত্তিত। নি—ণিজন্ত বৃত্ বা বর্ত্তি (হওয়ান)+ক্ত কর্ম্মবা। বিণ।

নিবসন—১। নিবাস, বাস। নি—বস্ (বাস করা)+অনট্ ভাববা। ২। গৃহ। নি—বস্+অনট্ অধিবা। ৩। বস্ত্র। নি—বস্ (আচ্ছাদন করা)+অনট্ করণবা। বি; ক্লীব।

নিবহ—সমূহ। নি—বহ্ (বহন করা)+ঘ কর্ম্মবা। বি; পুং। [যাওয়া। বাং ক্রি।

নিবা, নেবা—নির্ব্বাণপ্রাপ্ত হওয়া, নিবিয়া

নিবাত—বায়ুশূন্য; দৃঢ়; সন্নদ্ধ। নি (নাই) বাত (বায়ু) যাহাতে, বহুব্রী। বিণ।

নিবাতকবচ—মহাবলপরাক্রান্ত তিনকোটি অসুর। অর্জ্জুন সুরলোকে অস্ত্রশিক্ষা সমাপ্ত করিয়া ইন্দ্রের আদেশে ইহাদিগকে বিনাশ করেন। নিবাত (দৃঢ়) হইয়াছে কবচ (বর্ম্ম) যাহাদের, বহুব্রী। বি; পুং।

নিবান—নির্ব্বাপিত করা। বাং ক্রি।

নিবাপ—পিতৃলোকের উদ্দেশে দান, শ্রাদ্ধ-তর্পণাদি; দান। নি—বপ্ (বপন করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

নিবার, নিবারণ—নিষেধ, বারণ, প্রতিষেধ, দূরীকরণ। নি—ণিজন্ত বৃ (বারণ করা)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

নিবারক—যে নিবারণ করে, প্রতিষেধক। নি—বারি+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

নিবারণ—নিবার দ্রঃ।

নিবারণীয়, নিবার্য্য(র্য)—নিবারণযোগ্য; প্রতীকার্য্য। নি—বারি+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ।

নিবারা—নিবারণ করা। কবিপ্র। ক্রি।

নিবারিত—নিষিদ্ধ; প্রতিষিদ্ধ। নি—ণিজন্ত বৃ+ক্ত কর্ম্মবা। বিণ।

নিবাস—১। বাসকরণ, অবস্থান। নি—বস্+ঘঞ্ ভাববা। ২। আধার; বাসস্থান; গৃহ। নি—বস্ (বাস করা)+ঘঞ্ অধিবা। বি; পুং। ৩। বস্ত্রহীন স্থান বা জন। বহুব্রী। প্রাঃ কবিপ্র। বি।

নিবাসী (–বাসিন্)—বাসকারী, বাসিন্দা। নি—বস্+ণিন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—সিনী।

নিবিড়—সান্দ্র, ঘন; পুরু; গহন; স্থূল; দৃঢ়। নি—বিড্+ক কর্ত্তৃবা। বিণ।

নিবিষ্ট—প্রবিষ্ট; প্রাপ্ত; আবিষ্ট, মনোযোগী। নি—বিশ্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

নিবিষ্টচিত্ত—১। আবিষ্টমনাঃ, একান্ত আসক্ত হৃদয়। নিবিষ্ট চিত্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা। ২। অভিনিবেশযুক্ত মনঃ। কর্ম্মধা। বি; ক্লীব।

নিবীত—১। কণ্ঠদেশে লম্বিত যজ্ঞসূত্র, মালার মত করিয়া গলায় ঝুলান পৈতা। নি—বী (গমন করা)+ক্ত কর্ত্তৃবা। ২। উত্তরীয় বস্ত্র; চাদর; উড়ানি। নি—ব্যে (আচ্ছাদন করা)+ক্ত করণবা। বি; ক্লীব। ৩। আচ্ছাদিত, সংবৃত। নি—ব্যে+ক্ত কর্ম্মবা। বিণ।

নিবীতী (–তিন্)—মাল্যবৎ যজ্ঞসূত্রধারী। নিবীত শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ।

নিবু নিবু, নিবো নিবো—নির্ব্বাপিত-প্রায়। দেশজ। বিণ।

নিবৃত্ত—১। বিরত, ক্ষান্ত; প্রত্যাবৃত্ত। নি—বৃত্ (থাকা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

নিবৃত্তি—বিরতি; বিশ্রাম; ক্ষান্তি। নি—বৃত্ (থাকা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

নিবেদন—বিজ্ঞাপন, জানান; বর্ণন; সবিনয়ে কথন; সমর্পণ। নি—ণিজন্ত বিদ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

নিবেদনীয়, নিবেদ্য—নিবেদনযোগ্য, বিজ্ঞাপ্য, সমর্পণীয়। নি—বেদি+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ।

নিবেদা—নিবেদন করা। কবিপ্র। ক্রি।
নিবেদিত—বিজ্ঞাপিত; সবিনয়ে কথিত; সূচিত; সমর্পিত, দত্ত। নি—ণিজন্ত বিদ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।
নিবেদ্য—নিবেদনীয় দ্রঃ।
নিবেশ—১। যুদ্ধ; বিবাহ; শিবির; আলয়। নি—বিশ্ (প্রবেশ করা)+ঘঞ্ অধিবা। ২। প্রবেশ; সৈন্যবিন্যাস; উপবেশন; স্থাপন। নি—বিশ্+ঘঞ্ ভাববা। বি; পুং।
নিবেশন—১। আলয়, গৃহ; স্থান। নি—বিশ্ (প্রবেশ করা)+অনট্ অধিবা। ২। উপবেশন। নি—বিশ্+অনট্ ভাববা। বি; ক্লীব।
নিবেশিত—প্রবেশিত; বিন্যস্ত; সংক্রামিত; স্থাপিত। নি—ণিজন্ত বিশ্+ক্ত কর্ম্মবা। বিণ।
নিভ—(অন্য শব্দের পরে থাকিলে) সদৃশ, তুল্য। নি—ভা (দীপ্তি পাওয়া)+ক কর্ত্তৃবা। বিণ। [অস্ত কর্ত্তৃবা। বিণ।
নিভন্ত—যাহা নিবিয়া যাইতেছে। নিভ্+
নিভা—নিবিয়া যাওয়া। বাং ক্রি।
নিভাঁজ—খাঁটি, অমিশ্র, ভেজালশূন্য। নি (নাই) ভাঁজ যাহাতে, বহুব্রী। বিণ।
নিভৃত—নির্জ্জন; গুপ্ত; বিনীত; নিশ্চল; অস্তমিত। নি—ভৃ+ক্ত কর্ম্মবা। বিণ।
নিম—১। নিম্ব। 'নিম্ব' শব্দজ। বি। ২। অর্দ্ধেক, প্রায়; ঈষৎ। ফার্সী। বিণ।
নিমক—লবণ, লুণ। ফার্সী 'নমক' শব্দজ। বি।
নিমক-হারাম, নিমখারাম—যে লুণ খাইয়া তাহা মানে না, অকৃতজ্ঞ, কৃতঘ্ন। ফার্সীমূলক। বিণ। বি,—হারামি।
নিমক-হালাল—কৃতজ্ঞ। ফার্সীমূলক। বিণ। বি,—লি।
নিমকি, নিমকী—ঘিয়ে ভাজা ময়দার নোন্তা খাবারবিশেষ। নিমক+ই, ঈ যুক্তার্থে। বি। [সুপ্‌সুপা। বিণ।
নিমখুন—আধখুন, প্রায় খুন। নিম যে খুন,
নিমগন—নিমগ্ন। কবিপ্র। বিণ।

নিমগ্ন—মগ্ন, ডুবিয়াছে এরূপ; অন্তঃপ্রবিষ্ট; অনন্যমনে কোনও বিষয়ে আসক্ত, নিবিষ্ট। নি—মস্জ্ (ডুবা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।
নিমজ্জন—১। মগ্ন হওয়া, ডুবিয়া যাওয়া; অবগাহন; অন্তর্নিবেশ। নি—মস্জ্ (ডুবা) +অনট্ ভাববা। ২। মগ্নকরণ; ডুবাইয়া দেওয়া। নি—ণিজন্ত মস্জ্+অনট্ ভাববা। বি; ক্লীব।
নিমন্ত্রণ—ভোজনার্থ আহ্বান; আহ্বান; সম্বোধন; আমন্ত্রণ। নি—মন্ত্র্+অনট্ ভাববা। বি; ক্লীব।
নিমন্ত্রা—নিমন্ত্রণ করা। কবিপ্র। ক্রি।
নিমন্ত্রিত—ভোজনার্থ আহূত; আহূত, আমন্ত্রিত। নি—মন্ত্র্ (গোপনে কথা বলা) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।
নিম-রাজি,—রাজী—অর্দ্ধসম্মত, সম্মত-প্রায়। নিম যে রাজি, রাজী, সুপ্‌সুপা। বিণ।
নিমাই—চৈতন্যদেবের আদ্য নাম। বি।
নিমাইৎ, নিম্বাইৎ—নিম্বার্ক-নামক ধর্ম্ম-সম্প্রদায়। দেশজ। বি।
নিমি—১। চন্দ্রবংশীয় জনৈক নরপতি। নি—মা (পরিমাণ করা)+ডি কর্ত্তৃবা। ২। সূর্য্য-বংশীয় নৃপ, খ্যাতনামা ইক্ষ্বাকুর পুত্র। বি; পুং।
নিমিখ—নিমেষ, চক্ষের পলক। 'নিমিষ' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।
নিমিত্ত—হেতু, কারণ; প্রয়োজন, উদ্দেশ্য; যাহার দ্বারা কার্য্য সম্পন্ন হয় অথচ যাহার কর্ত্তৃত্ব নাই; শুভাশুভ চিহ্ন; শরব্য, লক্ষ্য। নি—মিদ্+তক্ করণবা। বি; ক্লীব।
নিমিত্তের ভাগী—অকারণে কোন কার্য্যের ফলের জন্য দায়ী।
নিমিত্তকারণ—সমবায়ি ও অসমবায়ি কারণ ভিন্ন অন্য কারণ, তৃতীয় কারণ। কর্ম্মধা। বি; ক্লীব।
নিমিষ, নিমেষ—নেত্রনিমীলন, চক্ষুর পাতা ফেলা, পলক; স্পন্দন; অতি সূক্ষ্ম কাল, চক্ষুর পলক পালটিতে যত সময় যায়। নি—মিষ্+ক, ঘঞ্ ভাববা, অধিবা। বি; পুং।

নিমীলন—মুদ্রণ, বন্ধ করা, বোজান; সঙ্কোচ; মরণ; মোহ। নি—মীল্ (পলক ফেলা) + অনট্ ভাববা। বি; ক্লীব।

নিমীলিত—মুদ্রিত, সঙ্কুচিত; নিস্পন্দ; মৃত; মোহিত। নি—মীল্ (চক্ষুর পাতা ফেলা) + ক্ত কর্ম্মবা। বিণ।

নিমেষ—নিমিষ দ্রঃ।

নিমেষহীন—অপলক। ৩য়াতৎ। বিণ

নিম্ন—অধঃ; নীচ; গভীর। নি—ম্না + ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, নিম্না।

নিম্নগ—নীচগামী; অধোগামী। উপতৎ। নিম্ন—গম্ + ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—গা।

নিম্নগা—নদী। নিম্নগ + আপ্। বি; স্ত্রী।

নিম্নপ্রবণ—অধোদিকে গমনশীল, অধোগামী, যাহা নীচের দিকে যাইতে চায়। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ণা।

নিম্নপ্রাথমিক—পাঠ্যবিষয়ে নিম্নশ্রেণীর আদ্য বা প্রারম্ভিক। নিম্ন অথচ প্রাথমিক, কর্ম্মধা। বিণ। স্ত্রী,—মিকী।

নিম্নলিখিত—নীচে কথিত, নীচে যাহা লেখা হইয়াছে। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

নিম্নসীমা—যাহার চেয়ে কম আর হইতে পারে না। কর্ম্মধা। বি; স্ত্রী।

নিম্নোক্ত—নীচে যাহা বলা হইয়াছে। নিম্নে উক্ত, ৭মীতৎ। বিণ।

নিম্নোদ্ধৃত—অন্য স্থান হইতে আনিয়া যাহা নীচে লেখা হইয়াছে। ৭মীতৎ। বিণ।

নিম্ব, নিম্বক—নিমগাছ। নিন্ব্ + অচ্ কর্ত্তৃবা, ২য় পক্ষে কন্ স্বার্থে। বি; পুং।

নিয়ড়—নিকট। প্রাঃ কবিপ্র। বি।

নিয়ৎ—অদৃষ্ট। 'নিয়তি' শব্দজ। বি।

নিয়ত—১। সংযত, বশীকৃত; বদ্ধ; নিয়মযুক্ত, নিয়মিত; নিশ্চিত; অবশ্যম্ভাবী; নিত্য; অবিশ্রান্ত। নি—যম্ + ক্ত কর্ম্মবা। বিণ। ২। সর্ব্বদা। ক্রি-বিণ।

নিয়তাত্মা (—ত্মন্)—সংযতচিত্ত। নিয়ত হইয়াছে আত্মা যাহার, বহুব্রী। বিণ।

নিয়তাশন, নিয়তাহার—১। নিয়মিতভাবে ভোজন। কর্ম্মধা। বি; ক্লীব, পুং। ২। নিয়মিত ভোজনকারী। নিয়ত অশন, আহার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না,—রা।

নিয়তি—নিয়ম; অদৃষ্ট, দৈব, ভাগ্য; মৃত্যু; মেরুর কন্যা, বিধাতার পত্নী। নি—যম্ (বিরত হওয়া) + ক্তি করণবা। বি; স্ত্রী।

নিয়তেন্দ্রিয়—জিতেন্দ্রিয়, সংযতেন্দ্রিয়, ইন্দ্রিয়দমনশীল। নিয়ত হইয়াছে ইন্দ্রিয় যাহার বা যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ।

নিয়ন্তা (নিয়ন্তৃ)—নিয়ামক; শাসিতা, শাসনকর্ত্তা, দমনকারক; নেতা, নায়ক; পশ্বাদি-চালক; সারথি; পরিচালক। নি—যম্ + তৃন্ কর্ত্তৃবা। বি; পুং বা বিণ। স্ত্রী,—ত্রী।

নিয়ন্ত্রণ—নিয়মিত করণ; সংযমন; দমন; নিবারণ। নি—যন্ত্র + অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ,—ন্ত্রিত।

নিয়ম—ব্যবস্থা, বিধি; নিশ্চয়; সত্য, প্রতিজ্ঞা; অঙ্গীকার, চুক্তি, করার, সর্ত্ত; রীতি, ধারা; অবধারণ; দমন; নিবারণ; বন্ধন, নিরোধ; ব্রত-উপবাসাদি; অক্রোধ, গুরুশুশ্রূষা, শৌচ, আহারলাঘব, সতত অপ্রমাদ,—এই পাঁচ প্রকার নিয়ম। নি—যম্ + ঘঞ্ ভাববা। বি; পুং।

নিয়মতন্ত্র—১। নিয়মাধীন; নির্দ্দিষ্ট নিয়মানুবর্ত্তী; যাহাকে কতকগুলি নির্দ্ধারিত বিধান অনুসারে চলিতে হয়। নিয়মের তন্ত্র (অধীন), ৬ষ্ঠীতৎ। বিণ। ২। নির্দ্দিষ্ট নিয়মে শাসন পরিচালন। নিয়মপ্রধান তন্ত্র, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

নিয়মতান্ত্রিক—নির্দ্দিষ্ট নিয়মে রাজ্যশাসনকারী; নিয়মতন্ত্রবিষয়ক। নিয়মতন্ত্র + ইক সম্বন্ধার্থে। বিণ।

নিয়মন—ব্যবস্থাপন, নিয়ম বাঁধিয়া দেওয়া; দমন; নিবারণ; বন্ধন। নি—যম্ + অনট্ ভাববা। বি; ক্লীব।

নিয়মনিষ্ঠ—বিধিপরায়ণ; যে নিয়ম মানিয়া চলে এমন। নিয়মে নিষ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

নিয়মপত্র—অঙ্গীকার-পত্র, চুক্তিপত্র। নিয়ম-সংবলিত পত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

নিয়মবিরুদ্ধ—নিয়মের বিপরীত, বিধানের বিরোধী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

নিয়মভঙ্গ(ংগ)—১। নিয়ম অপ্রতিপালন, নির্দ্দিষ্ট বিধানের অন্যথাচরণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। ২। মাতাপিতার মৃত্যুর পর শ্রাদ্ধান্তে নির্দ্দিষ্ট দিনে ব্রহ্মচর্য্যাদি ত্যাগ করিয়া পূর্ব্ব আচার গ্রহণ। দেশজ প্রঃ। বি।

নিয়মরক্ষা—নিয়মানুবর্ত্তন ; উদ্যম ও আন্তরিকতাবিহীন কার্য্য। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

নিয়মসেবা—নিয়মপূর্ব্বক ভগবানের সেবা ; বৈষ্ণবসমাজে আশ্বিনের শুক্লা একাদশী হইতে সমগ্র কার্ত্তিকমাস নিয়মসেবার জন্য নির্দ্দিষ্ট। ৩য়াতৎ। বি ; স্ত্রী।

নিয়মাধীন—নিয়ম মানিয়া চলিতে বাধ্য ; নিয়মানুবর্ত্তী। ৬ষ্ঠীতৎ। বিণ।

নিয়মানুবর্ত্তী(র্তী) (—র্ত্তিন্)—যে নিয়ম মানিয়া চলে, নিয়মানুযায়ী। উপতৎ। নিয়ম—অনু—বৃৎ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —র্ত্তিনী। বি,—বর্ত্তিতা।

নিয়মানুযায়ী (—যায়িন্)—১। নিয়মের অনুসরণকারী, নিয়মানুসারে কার্য্যকারী, নিয়মানুবর্ত্তী ; নিয়মানুসারে কৃত, অনুষ্ঠিত বা সম্পাদিত, নিয়মমত। নিয়মের অনুযায়ী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—য়িনী। ২। নিয়মানুসারে, ঠিক নিয়মিতভাবে। ক্রি-বিণ।

নিয়মিত—দমিত, সংযত ; বদ্ধ ; নিশ্চিত ; অবধারিত ; নিবিদ্ধ ; আকৃষ্ট ; নিয়মমত। নি—ণিজন্ত যম্+ক্ত কর্ম্মবা। বিণ।

নিয়ম্য—নিয়মনের যোগ্য ; শিক্ষণীয়। নিয়ম +ণিচ্+যৎ কর্ম্মবা। বিণ।

নিয়র—নিকটে, কাছে। কবিপ্র। ক্রি-বিণ।

নিয়াই, নিহাই—যে লোহার উপর কর্ম্মকার গরম লোহা রাখিয়া পিটায়। 'নিবাপিকা' বা 'নাভি' শব্দজ। বি।

নিয়ামক—১। নিয়ন্তা, নিয়মকর্ত্তা ; পরিচালক ; নিশ্চায়ক, অবধারক, নিরূপক, কর্ণধার। নি—যম্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—মিকা।

নিযুক্ত—১। ব্যাপৃত ; প্রবৃত্ত। নি—যুজ্ (যোগ করা)+ক্ত কর্ম্মবা, কর্ত্তৃবা। ২। নিয়োজিত ; প্রবর্ত্তিত ; আদিষ্ট ; অধিকৃত। নি—যুজ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ক্তা।

নিযুত—দশলক্ষ সংখ্যা বা তৎসংখ্যক। নি—যু (মিশ্রিত করা)+ক্ত কর্ম্মবা। বি বা বিণ ; ক্লীব।

নিযোক্তা (—যোক্তৃ)—নিয়োগকর্ত্তা ; প্রভু ; প্রবর্ত্তক। নি—যুজ্ (যোগ করা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ক্ত্রী।

নিয়োগ—নিযুক্তকরণ ; আজ্ঞা ; প্রেষণ ; প্রবর্ত্তন ; প্রবৃত্তি ; মনোযোগ ; নিশ্চয় ; অধিকার। নি—যুজ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

নিয়োগপত্র—যে পত্রদ্বারা কাহাকেও কোনও পদে বা কার্য্যে নিযুক্ত করা যায়। নিয়োগসূচক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

নিয়োগী (—গিন্)—নিয়োগবিশিষ্ট ; নিযুক্ত। নিয়োগ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—গিনী।

নিয়োজক—নিযোক্তা, নিয়োগকর্ত্তা ; প্রবর্ত্তক ; প্রেরক। নি—যুজ্ (যোগ করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জিকা।

নিয়োজন—নিযুক্তকরণ ; প্রেরণ ; আদেশকরণ ; প্রবর্ত্তন। নি—যুজ্ (যোগ করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

নিয়োজয়িতা (—তৃ)—নিয়োজক, নিয়োগকর্ত্তা ; প্রবর্ত্তক ; প্রেরক। নি—ণিজন্ত যুজ্ (=যোজি)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

নিয়োজিত—যাহাকে নিযুক্ত করা হইয়াছে এরূপ, ব্যাপারিত ; প্রবর্ত্তিত ; আজ্ঞপ্ত ; আদিষ্ট ; প্রেরিত ; অধিকারিত। নি—ণিজন্ত যুজ্+ক্ত কর্ম্মবা। বিণ।

নিয়োজ্য—নিয়োগযোগ্য, কিঙ্কর, ভৃত্য। নি—যুজ্+ণ্যৎ কর্ম্মবা। বি ; পুং বা বিণ।

নিরক্ষ—বিষুব। নির্—অক্ষ্ (ব্যাপ্ত হওয়া) +অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

নিরক্ষদেশ—বিষুবরেখার উত্তর ও দক্ষিণ ভাগে তৎসন্নিহিত দেশ। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

নিরক্ষ-মণ্ডল, —বৃত্ত—নিরক্ষসূচক গোলাকার রেখা, বিষুবরেখা। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

নিরক্ষর—অক্ষরজ্ঞানহীন, মূর্খ। নির্ (নাই) অক্ষর (অক্ষরজ্ঞান) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

নিরক্ষরেখা, —বৃত্ত—বিষুবরেখা। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

নিরক্ষান্তর—বিষুবরেখা হইতে উত্তরে বা দক্ষিণে কোন স্থানের দূরত্ব (Latitude). নিরক্ষ হইতে অন্তর, ৫মীতৎ। বি ; ক্লীব।

নিরক্ষীয়—নিরক্ষরেখা-সম্বন্ধীয় (Equatorial) নিরক্ষ+ঈয়। বিণ। [ক্রি।

নিরখা—দেখা ; নিরীক্ষণ করা। কবিপ্র।

নিরগ্নি—১। অগ্নিহীন ; বেদবিহিত হোমাদি ধর্ম্মকর্ম্মরহিত ; তেজোহীন। বিণ। ২। হোমাদি ধর্ম্মকর্ম্মবর্জ্জিত ব্রাহ্মণ। নির্ (নাই) অগ্নি যাহার, বহুব্রী। বি ; পুং।

নিরঙ্কু(হঙ্কু)শ—স্বেচ্ছাচারী, যথেচ্ছাচারী ; বাধাবিহীন ; অনিবার্য্য। নির্ (নাই) অঙ্কুশ (শাসনদণ্ড) যাহার, বহুব্রী। বিণ।

নিরঞ্জন—১। নির্জন, একান্ত। কবিপ্র। ২। দেবতার আরতি। 'নীরাজন' শব্দজ। বি।

নিরঞ্জন—১। অঞ্জনশূন্য, নির্ম্মল ; অবিদ্যাদোষবর্জ্জিত। নির্ (নাই) অঞ্জন যাহার, বহুব্রী। বিণ। ২। পরব্রহ্ম। বি ; ক্লীব। ৩। প্রতিমাবিসর্জ্জন। দেশজ প্রঃ। বি।

নিরত—আসক্ত, অনুরক্ত ; প্রবৃত্ত ; ব্যাপৃত। নি—রম্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

নিরতিশয়—সাতিশয়, অত্যধিক ; অত্যুৎকৃষ্ট। নির্ (নাই) অতিশয় যাহা হইতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

নিরত্যয়—বাধাশূন্য ; অত্যয়রহিত অবিনাশী ; নির্দ্দোষ। নির্ (নাই) অত্যয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

নিরদন্দা—দ্বন্দ্বহীন, সুপ্রসন্ন। 'নির্দ্বন্দ্ব' শব্দজ। প্রাঃ কবিপ্র। বিণ।

নিরদয়—নির্দয়, নিষ্ঠুর। কবিপ্র। বিণ।

নিরন্তর—অবকাশশূন্য, নিশ্ছিদ্র ; নিবিড়, ঘন ; অবিরত। নির্ (নাই) অন্তর (অবকাশ, ছিদ্র) যাহাতে বা যাহার, বহুব্রী। বিণ।

নিরন্ন—অন্নহীন, নিতান্ত দরিদ্র। নির্ (নাই) অন্ন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্না।

নিরন্বয়—নিঃসম্পর্ক, সম্বন্ধশূন্য ; নিঃসন্তান। নির্ (নাই) অন্বয় যাহার বা যাহার সহিত, বহুব্রী। বিণ।

নিরপত্য—অপত্যরহিত, নিঃসন্তান, পুত্রকন্যাহীন। নির্ (নাই) অপত্য যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্যা। বি,—পত্যতা।

নিরপরাধ—অকৃতাপরাধ, নির্দ্দোষ। নির্ (নাই) অপরাধ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —ধা।

নিরপেক্ষ—অপেক্ষারহিত ; স্বতন্ত্র, স্বাধীন ; অনুরোধাদিতে উপেক্ষাপরায়ণ ; পক্ষপাতশূন্য। নির্ (নাই) অপেক্ষা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ক্ষা। বি,—ক্ষতা।

নিরবকাশ—অবকাশশূন্য ; নিশ্ছিদ্র ; নিবিড়, ঘন। নির্ (নাই) অবকাশ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ।

নিরবচ্ছিন্ন—অনবচ্ছিন্ন ; নিরন্তর ; শুদ্ধ, কেবল। নিঃ (নয়) অবচ্ছিন্ন, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—চ্ছিন্না। বি,—চ্ছিন্নত্ব,—চ্ছিন্নতা।

নিরবদ্য—নির্দ্দোষ ; প্রশংসার্হ ; নিষ্কলঙ্ক ; বিশুদ্ধ, উৎকৃষ্ট। নির্—ন (অ)—বদ্ (বলা) +যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্যা।

নিরবধি—অবধিরহিত, অসীম ; সর্ব্বদা ; নিরন্তর, সতত। নির্ (নাই) অবধি (সীমা) যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ বা ক্রি-বিণ।

নিরবয়ব—অবয়বশূন্য, নিরাকার। নির্ (নাই) অবয়ব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —বা।

নিরবলম্ব, নিরবলম্বন—অবলম্বনশূন্য, নিরুপায়, নিরাশ্রয় ; অসহায়। নির্ (নাই) অবলম্ব, অবলম্বন যাহার, বহুব্রী। বিণ।

নিরবশেষ—সমগ্র, সম্পূর্ণ ; নিঃশেষ, সম্পূর্ণ-ব্যাপ্ত। নির্ (নাই) অবশেষ যাহার, বহুব্রী। বিণ।

নিরবসিত—অত্যন্ত অপবিত্র বা নীচ ('-জাতি')। নির্-অব-সো+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,-তা।

নিরভিমান—১। অভিমানশূন্য, গর্ব্বহীন, নিরহঙ্কার। নির্ (নাই) অভিমান যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-না। ২। অভি-মানাভাব, গর্ব্বহীনতা, অনহঙ্কার। নির্ (না) অভিমান, প্রাদিতৎ। বি ; পুং।

নিরভিমানী (-মানিন্)—নিরভিমান, নিরহঙ্কার। নির্ (নয়) অভিমানী, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,-নিনী। [বহুব্রী। বিণ।

নিরভ্র—মেঘশূন্য। নিঃ (নাই) অভ্র যাহাতে,

নিরমল—নির্ম্মল শব্দের অপভ্রংশ।

নিরমা—নির্ম্মাণ করা। কবিপ্র। ক্রি।

নিরমাণ—নির্ম্মাণ শব্দের অপভ্রংশ। কবিপ্র। বি।

নিরম্বু—জলহীন, নির্জ্জল ; জলগ্রহণবর্জ্জিত ; যাহাতে জলগ্রহণ পর্য্যন্ত করা হয় না এরূপ। নির্ (নাই) অম্বু (জল) যাহাতে, বহুব্রী। বিণ।

নিরয়—নরক, পাপীদিগের যন্ত্রণাভোগের স্থান। নির্ (নির্গত) হইয়াছে অয় (সৌভাগ্য) যেখান হইতে, বহুব্রী। বি ; পুং।

নিরয়গামী (-গামিন্)—নরকগামী, নরকে গমনকারী ; যে নরকে যাইবে, পাপী। উপতৎ। নিরয়-গম্ (যাওয়া)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-মিনী।

নিরর্থক—অর্থশূন্য ; নিষ্প্রয়োজন ; ব্যর্থ, বিফল, নিষ্ফল। নির্ (নাই) অর্থ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,-র্থিকা।

নিরলস—আলস্যহীন, উদ্যোগী। নির্ (নয়) অলস, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,-সা।

নিরশন—১। আহারবিহীন, উপবাসী, অনাহারী। নির্ (নাই) অশন (ভোজন) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-না। ২। অনাহার। নির্ (নয়) অশন, প্রাদিতৎ। বি ; ক্লীব।

নিরসন—নিক্ষেপ ; নিষ্কাশন ; নিরাকরণ ; প্রত্যাখ্যান ; বধ। নির্-অস্ (ক্ষেপণ করা) +অনট্ ভাববা। বি ; ক্লীব।

নিরসনীয়—বহিষ্করণীয় ; যাহার নিরসন করা উচিত ; নিবর্ত্তনীয়। নির্-অস্+অনীয় কর্ম্মবা। বিণ।

নিরস্ত—হত ; নিক্ষিপ্ত ; পরিত্যক্ত ; নিরা-কৃত ; নিবারিত, নিবর্ত্তিত ; দ্রুত উচ্চারিত ; নিবৃত্ত, ক্ষান্ত ; ভর্ৎসিত। নির্-অস্ (ক্ষেপণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

নিরস্ত্র—অস্ত্রশস্ত্রশূন্য। নির্ (নাই) অস্ত্র যাহার, বহুব্রী। বিণ।

নিরস্ত্র-প্রতিরোধ—অস্ত্র বিনা বাধা প্রদান (Passive resistance). কর্ম্মধা। বি ; পুং।

নিরহঙ্কা(ংকা)র—অহঙ্কারশূন্য, অভিমান-হীন, গর্ব্বরহিত। নির্ (নাই) অহঙ্কার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-রা।

নিরহঙ্কা(ংকা)রী (-রিন্)—নির-হঙ্কার, অহঙ্কাররহিত, নিরভিমান। নির্ (নঃ) অহঙ্কারী, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,-রিণী।

নিরাই—বর্ষাকালে জলপ্লাবিত ভূভাগে মৎস্য শিকার। প্রাদে। বি।

নিরাকরণ—নিবারণ ; খণ্ডন ; প্রত্যাখ্যান ; অবধারণ ; মীমাংসা। নির্-আ-কৃ+অনট্ ভাববা। বি ; ক্লীব।

নিরাকরিষ্ণু—নিবারণশীল ; প্রত্যাখ্যান-কারী। নির্-আ-কৃ+ইষ্ণু কর্ত্তৃবা। বিণ।

নিরাকাঙ্ক্ষ(ংক্ষ)—আকাঙ্ক্ষারহিত, স্পৃহা-শূন্য ; নির্লোভ। নির্ (নাই) আকাঙ্ক্ষা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-ঙ্ক্ষা।

নিরাকার—১। আকারহীন, নিরবয়ব। নির্ (নাই) আকার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-রা।

নিরাকৃত—নিবারিত ; প্রত্যাখ্যাত ; খণ্ডিত ; মীমাংসিত ; অবধারিত । নির্‌—আ—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। বি,—কৃতি, —করণ।

নিরাতঙ্ক(ংক)—আতঙ্করহিত, নিঃশঙ্ক, নির্ভয়। নির্‌ (নাই) আতঙ্ক যাহার, বহুব্রী। বিণ।

নিরাতপ—আতপশূন্য। নির্‌ (নাই) আতপ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—পা।

নিরাতপা—রাত্রি। নিঃ (নাই) আতপ যাহাতে, বহুব্রী+আপ্‌। বি ; স্ত্রী।

নিরাধার—আধারশূন্য। বহুব্রী। বিণ।

নিরানন্দ—১। আনন্দরহিত, দুঃখিত, ক্লিষ্ট। নির্‌(নাই) আনন্দ যাহার, বহুব্রী। বিণ। ২। আনন্দাভাব, অনাহ্লাদ, অসুখ, দুঃখ। নির্‌ (না) আনন্দ, প্রাদিতৎ। বি ; পুং।

নিরানব্বই—৯৯ এই সংখ্যা বা তৎসংখ্যক। দেশজ। বি বা বিণ।

নিরাপৎ (—পদ্‌)—বিপত্তিহীন, বিপন্মুক্ত, নিরুপদ্রব ; নির্ব্বিঘ্ন ; নিষ্কণ্টক। নির্‌ (নাই) আপদ্‌ যাহার, বহুব্রী। বিণ।

নিরাপত্তা—বিপত্তিহীনতা ; নির্ব্বিঘ্নতা ; নিষ্কণ্টকত্ব ; নিরুপদ্রবতা। নিরাপদ্‌+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

নিরাভরণ—আভরণবিহীন, ভূষণশূন্য, নিরলঙ্কার। নির্‌ (নাই) আভরণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

নিরাময়—রোগশূন্য, নীরোগ ; সুস্থ। নির্‌ (নাই) আময় (রোগ) যাহার, বহুব্রী। বিণ।

নিরামিষ—মৎস্যমাংসাদি আমিষরহিত। নির্‌ (নাই) আমিষ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষা।

নিরামিষাশী (—শিন্‌)—মৎস্যমাংসাদি আমিষরহিত খাদ্য ভোজনকারী, যে মাছ মাংস প্রভৃতি খায় না। উপতৎ। নিরামিষ—অশ্‌ (খাওয়া)+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —শিনী।

নিরায়ুধ—প্রহরণবিহীন, নিরস্ত্র। নির্‌ (নাই) আয়ুধ (অস্ত্র) যাহার, বহুব্রী। বিণ।

নিরালম্ব—অবলম্বনশূন্য, নিরাশ্রয়। নির্‌ (নাই) আলম্ব যাহার, বহুব্রী। বিণ।

নিরালয়—গৃহশূন্য, নিরাশ্রয় ; বনবাসী। নির্‌ (নাই) আলয় যাহার, বহুব্রী। বিণ।

নিরালা—নির্জ্জন, নিভৃত। 'নিরালয়' শব্দজ। বি বা বিণ।

নিরাশ—আশাশূন্য, হতাশ। নির্‌ (নাই) আশা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—শা।

নিরাশা—আশাহীনতা, নৈরাশ্য। নির্‌ (নয়) আশা, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

নিরাশ্বাস—আশ্বাসহীন, সান্ত্বনাশূন্য ; নিরাশ। নির্‌ (নাই) আশ্বাস যাহার, বহুব্রী। বিণ।

নিরাশ্রয়—আশ্রয়শূন্য, নিরালম্ব, অসহায় ; অশরণ। নির্‌ (নাই) আশ্রয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

নিরাস—নিরসন (সকল অর্থে)। নির্‌—অস্‌ (ক্ষেপণ করা)+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

নিরাহার—১। আহাররহিত, উপবাসী, অভুক্ত। নির্‌ (নাই) আহার যাহার, বহুব্রী। বিণ। ২। আহারাভাব, উপবাস। প্রাদিতৎ। বি ; পুং।

নিরিখ, নিরীখ—মূল্যের বা খাজানার হার ; দ্রব্যের দর বা মূল্য। ফার্সী 'নির্খ' শব্দজ। বি।

নিরিন্দ্রিয়—ইন্দ্রিয়শূন্য, চক্ষুরাদিবিহীন। নির্‌ (নাই) ইন্দ্রিয় যাহার, বহুব্রী। বিণ।

নিরিবিলি—নিরালায়, একান্তে ; নির্জ্জনে, বিরলে, নিভৃতে ; নির্জ্জন, নিরালা। 'নিরাবিল' শব্দজ। ক্রি-বিণ বা বিণ।

নিরীক্ষক—যে নিরীক্ষণ করে, দর্শক। নির্‌—ঈক্ষ্‌+ণক কর্ত্তৃবা। বিণ।

নিরীক্ষণ—দর্শন, দেখা। নির্‌—ঈক্ষ্‌ (দেখা) +অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

নিরীক্ষমাণ—দেখিতেছে যে এরূপ, দর্শন-

কারী। নির্—ঈক্ষ্+শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ণা।

নিরীক্ষা—দর্শন। নির্—ঈক্ষ্ (দেখা)+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

নিরীক্ষিত—দৃষ্ট। নির্—ঈক্ষ্ (দেখা)+ক্ত কর্ম্মবা। বিণ।

নিরীক্ষ্যমাণ—দৃশ্যমান, যাহা বা যাহাকে দেখা যাইতেছে এরূপ। নির্—ঈক্ষ্ (দেখা) +শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ণা।

নিরীতি—ঈতিশূন্য, শস্যাদির বিঘ্নশূন্য। নির্ (নাই) ঈতি যাহার, বহুব্রী। বিণ।

নিরীথ—নিরিখ দ্রঃ।

নিরীশ্বর—ঈশ্বরের অস্তিত্ববিষয়ে অস্বীকৃতি-যুক্ত (বাদ); নাস্তিক। নির্ (নাই) ঈশ্বর যাহাতে বা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

নিরীশ্বরবাদ—ঈশ্বর নাই এইরূপ কথন, মত বা সিদ্ধান্ত; নাস্তিক মত। নিরীশ্বর যে বাদ (কথন), কর্ম্মধা। বি ; পুং।

নিরীশ্বরবাদী (—**বাদিন্**)—ঈশ্বরের অস্তিত্ব অস্বীকারকারী, নাস্তিক। নিরীশ্বরবাদ +ইন্ অস্ত্যর্থে; বা নিরীশ্বর—বদ্ (বলা)+ ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

নিরীহ—নিশ্চেষ্ট; স্পৃহাশূন্য; নিঃস্পৃহ; শান্তস্বভাব। নির্ (নাই) ঈহা (চেষ্টা, ইচ্ছা) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—হা।

নিরুক্ত—১। নিশ্চয়রূপে কথিত, মীমাংসিত। নির্ (নিশ্চয়) —বচ্ (বলা)+ক্ত কর্ম্মবা। বিণ। ২। বেদাঙ্গগ্রন্থবিশেষ, বেদের ব্যাখ্যানগ্রন্থ, বেদান্তর্গত দুরূহ শব্দের ব্যাখ্যাকারক শাস্ত্র। নির্ (নিশ্চিত) উক্ত (কথন) আছে যাহাতে, বহুব্রী। বি ; ক্লীব।

নিরুক্তকার—নিরুক্ত-গ্রন্থকর্ত্তা; শাকপূর্ণি, ঔর্ণনাভ, স্কন্দস্বামী, যাস্কমুনি প্রভৃতি। উপতৎ। নিরুক্ত—কৃ+অণ্ কর্তৃবা। বিণ বা বি ; পুং।

নিরুক্তি—নির্ব্বচন, বিশেষরূপে কথন; নিঃশেষে কথন; শব্দের ব্যুৎপত্তিনির্দ্দেশ (Etymology). নির্—বচ্+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

নিরুত্তর—উত্তররহিত, উত্তরদানে অক্ষম; নির্ব্বাক্। নির্ (নাই) উত্তর যাহার, বহুব্রী। বিণ।

নিরুৎসাহ—১। উৎসাহহীনতা, উদ্যমশূন্যতা। নির্ (নয়) উৎসাহ, প্রাদিতৎ। বি ; পুং। ২। উৎসাহহীন, উদ্যমশূন্য। নির্ (নাই) উৎসাহ যাহার, বহুব্রী। বিণ।

নিরুদ্দিষ্ট—উদ্দেশরহিত, যাহার খোঁজ-খবর নাই, হারান। নির্ (নয়)—উৎ—দিশ্ +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

নিরুদ্দেশ—উদ্দেশহীন, হারান দ্রব্য; যাহার বার্ত্তা পাওয়া যায় নাই। নির্ (নাই) উদ্দেশ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—শা।

নিরুদ্ধ—নিবারিত; প্রতিবদ্ধ; অবরুদ্ধ, আবদ্ধ। নি—রুধ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —দ্ধা।

নিরুদ্বিগ্ন—উদ্বেগশূন্য, উৎকণ্ঠাহীন, নিশ্চিন্ত। নির্ (নয়) উদ্বিগ্ন, প্রাদিতৎ। বিণ।

নিরুদ্বেগ—উদ্বেগহীন, উৎকণ্ঠাশূন্য, নিশ্চিন্ত। নির্ (নাই) উদ্বেগ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—গা।

নিরুদ্যম—১। নিরুৎসাহ। নির্ (নয়) উদ্যম, প্রাদিতৎ। বি ; পুং। ২। উৎসাহ-শূন্য। নির্ (নাই) উদ্যম যাহার, বহুব্রী। বিণ।

নিরুপদ্রব—১। উপদ্রবহীন, উৎপাতশূন্য, নির্ব্বিঘ্ন, নিষ্কণ্টক। নির্ (নাই) উপদ্রব যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা। ২। উপদ্রবহীনতা। নির্ (নয়) উপদ্রব, প্রাদিতৎ। বি ; পুং।

নিরুপম—তুলনারহিত, অতুল, অনুপম। নির্ (নাই) উপমা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—মা।

নিরুপাধি, নিরুপাধিক—সত্ত্ব, রজঃ, তম—এই তিন গুণশূন্য; উপাধিরহিত, নামহীন, খেতাবশূন্য; ছলশূন্য, কপটহীন, অমায়িক; অভিসন্ধিবর্জ্জিত। নির্ (নাই) উপাধি যাহার বা যাহাতে, বহুব্রী; পক্ষে ক সমাসান্ত। বিণ।

নিরুপায়—উপায়হীন ; অগতি । নির্ (নাই) উপায় যাহার, বহুব্রী । বিণ । স্ত্রী,—য়া ।
নিরূপক—নিরূপণকর্ত্তা, নির্ণায়ক । নি—ণিজন্ত রূপ্ + ণক কর্ত্তৃবা । বিণ । স্ত্রী,—পিকা ।
নিরূপণ—বিবরণ ; দর্শন ; নিয়োগ ; নির্ণয়, অবধারণ ; বিতর্ক । নি—ণিজন্ত রূপ্ + অনট্ ভাববা । বি ; ক্লীব ।
নিরূপিত—বিচারিত ; নিযুক্ত ; দৃষ্ট, নির্ণীত, অবধারিত ; নিশ্চিত । নি—ণিজন্ত রূপ্ + ক্ত কর্ম্মবা । বিণ । স্ত্রী,—তা ।
নির্ঋতি—অলক্ষ্মী ; নৈঋত কোণের কর্ত্রী ; উপদ্রব ; দক্ষিণ-পশ্চিম কোণের অধিষ্ঠাত্রী দেবতা । নির্ (নির্গত) হইয়াছে ঋতি (সৌভাগ্য) যাহা হইতে, বহুব্রী । বি ; স্ত্রী ।
নিরেট—নীরন্ধ্র, মধ্যে গহ্বরহীন, অফাঁপা, দৃঢ়, কঠিন, নিটল (Solid). দেশজ । বিণ ।
নিরেস—মন্দ, অপকৃষ্ট, নিকৃষ্ট । দেশজ । বিণ ।
নিরোধ—রুদ্ধকরণ ; প্রতিরোধ ; নিগ্রহ ; নাশ । নি—রুধ্ + ঘঞ্ ভাববা । বি ; পুং ।
নিরোধক—নিরোধকারক ; প্রতিরোধ-কারী । নি—রুধ্ + ণক কর্ত্তৃবা । বিণ । স্ত্রী,—ধিকা ।
নিরোধন—রুদ্ধকরণ ; বাধা । নি—রুধ্ (রোধ করা) + অনট্ ভাববা । বি ; ক্লীব ।
নির্গত—বহির্গত, নিঃসৃত ; অপগত, অপসৃত । নির্—গম্ + ক্ত কর্ত্তৃবা । বিণ । স্ত্রী,—তা ।
নির্গন্ধ—গন্ধহীন । নির্ (নাই) গন্ধ যাহার বা যাহাতে, বহুব্রী । বিণ । স্ত্রী,—ন্ধা ।
নির্গম, নির্গমন—বহির্গমন, বাহির হইয়া যাওয়া ; অপগমন । নির্—গম্ + অপ্, অনট্ ভাববা । বি ; পুং, ক্লীব ।
নির্গলিত—চোয়ান ; যাহা সাররূপে গলিয়া পড়িয়াছে । নির্—গল্ + ক্ত কর্ত্তৃবা । বিণ । স্ত্রী,—তা । [কর্ম্মধা । বি ; পুং ।
নির্গলিতার্থ—সারমর্ম্ম । নির্গলিত যে অর্থ,
নির্গামিক—বহির্গামী (Outgoing). নির্গম + ইক সম্বন্ধার্থে । বিণ ।
নির্গুণ—১ । গুণহীন ; গুণাতীত । বিণ । স্ত্রী,—ণা । ২ । সত্ত্বরজস্তমোগুণবর্জ্জিত পরমাত্মা । নির্ (নাই) গুণ যাহার বা যাহাতে, বহুব্রী । বি ; পুং ।
নির্গ্রন্থ—১ । ক্ষপণক ; বৌদ্ধসন্ন্যাসী ; মুনি ; দ্যূতকার ; জুয়ারি ; মূর্খ ব্যক্তি ; দরিদ্র জন । বি ; পুং । ২ । আসক্তিবিহীন ; বন্ধনশূন্য । নির্ (নাই) গ্রন্থ যাহার, বহুব্রী । বিণ । স্ত্রী,—ন্থা ।
নির্ঘণ্ট—অনুক্রমণিকা ; সূচীপত্র ; নিরূপণ, নির্ণয় । নির্—ঘণ্ট্ (দীপ্তি পাওয়া) + ঘঞ্ করণবা । বি ; পুং ।
নির্ঘাত—১ । প্রবল বায়ুর পরস্পরের আঘাত-জনিত শব্দ । নির্—হন্ (বধ করা) + ঘঞ্ ভাববা । ২ । বজ্র । নির্—হন্ + ঘঞ্ করণবা । বি ; পুং । ৩ । অব্যর্থ, অমোঘ ; অবশ্যম্ভাবী ; অনিবার্য্য । দেশজ প্রঃ । বিণ বা ক্রি-বিণ ।
নির্ঘৃণ—ঘৃণাবর্জ্জিত ; নির্দ্দয় । নির্ (নাই) ঘৃণা যাহার, বহুব্রী । বিণ । স্ত্রী—ণা ।
নির্ঘোষ—ধ্বনি ; গম্ভীর শব্দ । নির্—ঘুষ্ (শব্দ করা) + ঘঞ্ ভাববা । বি ; পুং ।
নির্জ্জ(র্জ)ন—জনশূন্য, প্রাণিহীন ; নিভৃত । নির্ (নির্গত) জন যাহা হইতে, অথবা নির্ (নাই) জন যাহাতে, বহুব্রী । বিণ । বি. —তা ।
নির্জ্জ(র্জ)র—১ । বার্দ্ধক্যরহিত, জরাশূন্য । বিণ । স্ত্রী,—রা । ২ । দেবতা । নির্ (নাই) জরা যাহার, বহুব্রী । বি ; পুং ।
নির্জ্জ(র্জ)ল—জলশূন্য, জলহীন ; জলগ্রহণ-বর্জ্জিত, নিরম্বু । নির্ (নাই) জল যাহাতে, বহুব্রী । বিণ । স্ত্রী,—লা । **নির্জ্জলা মিথ্যা** —নিছক বা ডাহা মিথ্যা ।
নির্জ্জ(র্জ)লা—১ । খাঁটি, বিশুদ্ধ । দেশজ প্রঃ । বিণ । ২ । জলশূন্যা । নির্জ্জল + আপ্ । বিণ ; স্ত্রী ।
নির্জ্জি(র্জি)ত—পরাজিত, পরাভূত ; দমিত ; বশীকৃত । নির্—জি (জয় করা) + ক্ত কর্ম্মবা । বিণ । স্ত্রী,—তা ।

নির্জ্জী(র্জী)ব—জীবনশূন্য ; অচেতন ; অবসন্ন। নির্ (নাই) জীব (জীবন) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা। বি,—বত্তা।

নির্ঝঞ্ঝাট—ঝামেলাশূন্য। নিঃ (নাই) ঝঞ্ঝাট যাহাতে, বহুব্রী। বিণ। ক্রি-বিণ,—টে।

নির্ঝর—ঝরণা ; জলপ্রবাহ। নির্—ঝৃ (জীর্ণ হওয়া)+অপ্ করণবা। বি ; পুং।

নির্ঝরিণী—নদী। নির্ঝর শব্দ (প্রবাহ)+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বি ; স্ত্রী।

নির্ঝরী (—রিন্)—পর্ব্বত। নির্ঝর+ইন্ আছে অর্থে। বি ; পুং।

নির্ণয়, নির্ণয়ন—নিশ্চয়, অবধারণ, নিরূপণ। নির্—নী (লইয়া যাওয়া)+অচ্, অনট্ ভাববা। বি ; পুং, ক্লীব।

নির্ণায়ক—নিশ্চায়ক, অবধারণকর্ত্তা, নিরূপক। নির্—নী+ণক কর্ত্তৃবা। বিণ। বি,—য়ন।

নির্ণীত—অবধারিত, নিরূপিত। নির্—নী (লইয়া যাওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ।

নির্ণেজক—১। পরিষ্কারক ; পরিশোধক। নির্—নিজ্ (শোধন করা)+ণক কর্ত্তৃবা। বিণ। বি,—জন। ২। রজক, ধোপা। বি ; পুং।

নির্ণেতা (—তৃ)—নির্ণয়কারক, নিশ্চায়ক। নির্—নী (লইয়া যাওয়া)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

নির্ণেয়—নির্ণয় করিবার যোগ্য, যাহা নির্ণয় করিতে হইবে এরূপ ; নিশ্চেয় ; নির্ধার্য্য। নির্—নী+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

নির্দ্দ(র্দ)য়—দয়াহীন, নিষ্ঠুর। নির্ (নাই) দয়া যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

নির্দ্দি(র্দি)ষ্ট—নিরূপিত ; নির্দ্ধারিত ; উল্লিখিত ; আদিষ্ট ; কথিত ; উপদিষ্ট ; প্রদর্শিত। নির্—দিশ্ (আদেশ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

নির্দ্দে(র্দে)শ—আদেশ ; নির্দ্ধারণ ; উল্লেখ ; কথন ; বর্ণন। নির্—দিশ্ (আদেশ করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

নির্দ্দে(র্দে)শক—যে নির্দ্দেশ করে, প্রদর্শক। নির্—দিশ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—শিকা।

নির্দ্দে(র্দে)ষ্টা (—ষ্টৃ)—নির্দ্দেশক (সকল অর্থে)। নির্—দিশ্+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ষ্ট্রী।

নির্দ্দো(র্দো)ষ—দোষবর্জ্জিত ; নিখুঁত ; নিরপরাধ। নির্ (নাই) দোষ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষা।

নির্দ্ধা(র্ধা)র, নির্দ্ধা(র্ধা)রণ—অনেকের মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ দ্বারা অবধারণ ; নির্ণয় ; নির্দ্দেশ। নির্—ধারি (ধৃ+ণিচ্)+ঘঞ্, অনট্ ভাববা। বি ; পুং, ক্লীব।

নির্দ্ধা(র্ধা)রক—নির্দ্ধারণকর্ত্তা, নির্ণায়ক। নির্—ধৃ+ণিচ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

নির্দ্ধা(র্ধা)রিত—অবধারিত, নিশ্চিত ; নির্ণীত। নির্—ণিজন্ত ধৃ বা ধারি (ধারণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

নির্দ্ধার্য্য, নির্ধার্য—নির্ণেয়, যাহা নিরূপণ করিতে হইবে। নির্—ধারি+যৎ কর্ম্মবা। বিণ।

নির্দ্বন্দ্ব—নির্ব্বিরোধ ; শীতোষ্ণাদি বা রাগদ্বেষাদি দ্বন্দ্বশূন্য। নির্ (নাই) দ্বন্দ্ব যাহাতে, বহুব্রী। বিণ।

নির্ধন—ধনহীন, দরিদ্র। নির্ (নাই) ধন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না। বি,—নতা।

নির্ধনতা—ধনশূন্যতা, দারিদ্র্য। নির্ধন+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

নির্ধূম—ধূমহীন। বহুব্রী। বিণ।

নির্নিক্ত—পালিস করা। নির্—নিজ্+ক্ত কর্ম্মবা। বিণ।

নির্নিমেষ—নিমেষশূন্য, পলকহীন, নিস্পন্দ। নির্ (নাই) নিমেষ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষা।

নির্ব্ব(র্ব)ংশ—সন্তানহীন, নিঃসন্তান। বহুব্রী। বিণ।

নির্ব্ব(র্ব)চন—নিরুক্তি (Definition) ;

নিশ্চয় কথন ; প্রকৃতি-প্রত্যয়াদি দ্বারা কথন ; বর্ণন। নির্‌-বচ্ (বলা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

নির্ব্ব(র্ব)ন্ধ—অতি যত্ন, আগ্রহ ; জেদ ; পীড়াপীড়ি ; বিধান ; নিশ্চয়, সঙ্কল্প ; অভিনিবেশ। নির্‌-বন্ধ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

নির্ব্বর্ত্তন, নির্বর্ত্তন—সম্পাদন। নির্‌-বৃৎ+ণিচ্+অনট্ ভাববা। বি ; ক্লীব। বিণ, -র্ত্তিত।

নির্ব্বা(র্বা)ক্, (নির্ব্বাচ্)—বাক্যহীন ; নীরব ; হতভম্ব। নিঃ (নাই) বাক্ যাহার, বহুব্রী। বিণ।

নির্ব্বা(র্বা)চক—নির্ব্বাচনকারী, নির্দ্ধারণ-কর্ত্তা, যে বাছে। নির্‌-ণিজন্ত বচ্ (=বাচি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-চিকা।

নির্ব্বা(র্বা)চকমণ্ডলী—নির্ব্বাচনকারী লোকসমূহ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

নির্ব্বা(র্বা)চন—১। নির্দ্ধারণ, স্থিরীকরণ, বাছিয়া স্থির করা। নির্‌-ণিজন্ত বচ্ বা বাচি (বলান)+অনট্ ভাববা। বি ; ক্লীব। বিণ, -চিত। ২। নির্ব্বাক্, মৌনী, নিরুত্তর। প্রাঃ কবিপ্র। বিণ।

নির্ব্বা(র্বা)চনকেন্দ্র—ভোট গ্রহণের স্থান। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

নির্ব্বা(র্বা)ণ—১। ভবযন্ত্রণা হইতে মুক্তি, পুনঃ পুনঃ জন্মগ্রহণ হইতে পরিত্রাণ, মোক্ষ ; অস্তগমন ; নাশ, লয় ; নির্বৃতি, শান্তি, মিলন; হস্তীর জলমজ্জন। নির্‌-বা+ক্ত বা অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। মুক্ত ; নির্বৃত ; শান্ত, প্রশমিত ; অস্তগত ; বিশ্রান্ত ; নষ্ট। নির্‌ বা+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-ণা।

নির্ব্বা(র্বা)ণোন্মুখ—নির্ব্বাণোদ্যত, যে শীঘ্রই নিভিয়া যাইবে। নির্ব্বাণে উন্মুখ, ৭মী-তৎ। বিণ।

নির্ব্বা(র্বা)ত—বায়ুশূন্য। নির্‌ (নাই) বাত (বায়ু) যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,-তা।

নির্ব্বা(র্বা)পণ—দান ; বধ ; নির্ব্বাণ ; নিবাইয়া দেওয়া। নির্‌-ণিজন্ত বপ্ বা বাপি (বপন করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

নির্ব্বা(র্বা)পিত—নির্ব্বাণপ্রাপিত, যাহা নিবাইয়া দেওয়া হইয়াছে এরূপ ; দত্ত ; নাশিত। নির্‌-ণিজন্ত বপ্ বা বাপি (বপন করান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,-তা।

নির্ব্বা(র্বা)সন—দেশান্তরীকরণ, অপরাধাদি কারণে দেশ হইতে তাড়াইয়া দেওয়া ; বধ, হত্যা। নির্‌-ণিজন্ত বস্ বা বাসি (বাস করান)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

নির্ব্বা(র্বা)সিত—দেশান্তরীকৃত, অপরাধাদি কারণে যাহাকে দেশ হইতে দূর করিয়া দেওয়া হইয়াছে এরূপ ; হত। নির্‌-ণিজন্ত বস্ বা বাসি (বাস করান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,-তা।

নির্ব্বা(র্বা)হ—সম্পাদন ; সমাপন ; নিষ্পত্তি। নির্‌-বহ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

নির্ব্বা(র্বা)হক—নির্ব্বাহকারক, সম্পাদক। নির্‌-বহ্ (বহন করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-হিকা।

নির্ব্বা(র্বা)হিত—সম্পাদিত ; নিষ্পাদিত। নির্‌-ণিজন্ত বহ বা বাহি (বহন করান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,-তা।

নির্ব্বি(র্বি)কল্প—বিকল্পরহিত ; বিশেষ্য-বিশেষণতা-সম্বন্ধ-শূন্য ; জ্ঞাতৃ-জ্ঞেয়তা-ভেদশূন্য। নির্‌ (নাই) বিকল্প যাহাতে বা যাহা হইতে, বহুব্রী। বিণ।

নির্ব্বি(র্বি)কার—বিকারশূন্য, যাহার স্বভাবের বৈপরীত্য ঘটে নাই বা দ্বিধা হয় নাই এরূপ, অবিকৃত। নির্‌ (নাই) বিকার যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,-রা।

নির্ব্বি(র্বি)ঘ্ন—১। বিঘ্নশূন্য। নির্‌ (নাই) বিঘ্ন যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। ২। বিঘ্নাভাব। বিঘ্নের অভাব ইতি নির্‌ (না) বিঘ্ন, অব্যয়ী। বি ; ক্লীব।

নির্ব্বি(র্বি)চার—বিচারহীন ; বিবেচনাশূন্য। নির্‌ (নাই) বিচার যাহাতে, বহুব্রী। বিণ।

নির্ব্বি(র্বি)ন্ন—খেদযুক্ত ; অনুতপ্ত ; দুঃখিত ;

ভয়াদিদ্বারা কাতর। নির্‌—বিদ্ (জানা) +ক্ত কর্ত্তৃবা। বিণ। [বহুব্রী। বিণ।

নির্ব্বি(র্বি)বাদ—বিবাদহীন, বিরোধশূন্য।

নির্ব্বি(র্বি)রোধ—বিরোধশূন্য, বিবাদহীন, কলহপরাঙ্মুখ। নির্‌ (নাই) বিরোধ যাহাতে, বহুব্রী। বিণ।

নির্ব্বি(র্বি)রোধী (—ধিন্)—নিরীহ; নির্ব্বিবাদী। নির্‌ (নয়) বিরোধী, প্রাদিতৎ। বিণ।

নির্ব্বিশঙ্ক, নির্বিশংক—শঙ্কারহিত, নির্ভয়। নির্‌ (নাই) বিশঙ্কা (ভয়) যাহার, বহুব্রী। বিণ।

নির্ব্বি(র্বি)শেষ—১। অভিন্ন। নির্‌ (নাই) বিশেষ (ভেদ) যাহাতে, বহুব্রী। বিণ। ২। বিশেষাভাব, ভেদাভাব ('অপত্য—')। বিশেষের (ভেদের) নির্‌ (অভাব), অব্যয়ীভাব। বি; ক্লীব।

নির্ব্বি(র্বি)শেষে—সমানভাবে; পার্থক্য না করিয়া। নিঃ (নাই) বিশেষ যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

নির্ব্বি(র্বি)ষ—বিষহীন, গরলশূন্য। নির্‌ (নাই) বিষ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ।

নির্ব্বী(র্বী)জ—বীজশূন্য; পুরুষত্বহীন। নির্‌ (নাই) বীজ যাহাতে বা যাহার, বহুব্রী। বিণ।

নির্ব্বী(র্বী)জন—জীবাণু নাশন (Disinfection)। বি; ক্লীব।

নির্ব্বী(র্বী)রা—বীরশূন্যা; অবীরা, পতিপুত্রহীনা। নির্‌ (নাই) বীর (অর্থাৎ পতি-পুত্র-রূপ রক্ষক) যে স্ত্রীর, বহুব্রী। বিণ।

নির্ব্বীর্য্য, নির্বীর্য—বীর্য্যহীন, দুর্ব্বল। বহুব্রী। বিণ।

নির্ব্বু(র্বু)দ্ধি—বোধহীন, জ্ঞানহীন, বোকা। নির্‌ (নাই) বুদ্ধি যাহার, বহুব্রী। বিণ।

নির্ব্বৃ(র্বৃ)ত—সন্তুষ্ট; সুখিত। নির্‌—বৃ (বরণ করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

নির্ব্বৃ(র্বৃ)তি—মুক্তি, শান্তি; অভয়; অক্ষয়; সন্তোষ; সুখ; মৃত্যু; বেশ্যা। নির্‌—বৃ+ক্তি ভাববা। বি; স্ত্রী।

নির্ব্বৃ(র্বৃ)ত্ত—নিষ্পন্ন, সুসিদ্ধ। নির্‌—বৃত্‌ (হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্তা।

নির্ব্বৃ(র্বৃ)ত্তি—১। নিষ্পত্তি, সম্পাদন; শান্তি; নির্বাণ। নির্‌—বৃত্‌+ক্তি ভাববা। বি; স্ত্রী।

নির্ব্বে(র্বে)দ—১। স্বাবমাননা, আপনাকে আপনি ধিক্কার দেওয়া, আত্মগ্লানি; অনুতাপ; বৈরাগ্য; ঔদাসীন্য। নির্‌—বিদ্ (জানা) +ঘঞ্‌ ভাববা। বি; পুং। ২। বেদ-বহির্ভূত। নির্‌ (নিষ্ক্রান্ত) বেদ হইতে, প্রাদিতৎ। বিণ।

নির্ব্বো(র্বো)ধ—বোধরহিত, জ্ঞানহীন, অজ্ঞ। নির্‌ (নাই) বোধ যাহার, বহুব্রী। বিণ।

নির্ভয়—ভয়শূন্য, নিঃশঙ্ক। নির্‌ (নাই) ভয় যাহার, বহুব্রী।। বিণ। স্ত্রী,—য়া।

নির্ভয়ে—ভয় না করিয়া, অকুতোভয়ে, নিঃশঙ্কভাবে। নির্‌ (নাই) ভয় যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

নির্ভর—১। অধিক, অতিরিক্ত; পূর্ণ। নির্‌—ভৃ (ভরণ করা)+অপ্‌ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—রা। ২। ভার; আশ্রয়। নির্‌—ভৃ +অপ্‌ ভাববা। বি; পুং।

নির্ভৎর্সন—তিরস্কার; নিন্দা। নির্‌—ভৎর্স্‌ (ভৎর্সনা করা)+অনট্‌ ভাববা। বি; ক্লীব। বিণ,—সিত।

নির্ভাবনা—নিরুদ্বেগ, ভাবনাহীনতা। প্রাদিতৎ। বি; স্ত্রী।

নির্ভিন্ন—বিদীর্ণ; বিকসিত। নির্‌—ভিদ্ (ভেদ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

নির্ভীক—ভয়রহিত, নির্ভয়; অত্যন্ত সাহসী। নির্‌ (নাই) ভী (ভয়) যাহার, বহুব্রী+ক সমাসান্ত। বিণ। স্ত্রী,—কা। বি,—কতা।

নির্ভুল—ভুলরহিত, ভ্রান্তিশূন্য; বিশুদ্ধ; নিখুঁত, ত্রুটিহীন। নির্‌ (নাই) ভুল যাহাতে, বহুব্রী। দেশজ। বিণ।

নির্ম্ম(র্ম)ঞ্ছন—মুছিয়া দেওয়া; আরাধনা; আরাত্রিক, দেবতার আরতি। নির্‌—মন্থ্‌ +অনট্‌ ভাববা। বি; ক্লীব।

নির্ম্ম(র্ম)ৎসর—মাৎসর্য্যবিহীন ; গর্ব্বরহিত। নির্ (নাই) মৎসর যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

নির্ম্ম(র্ম)ন্থ, নির্ম্ম(র্ম)ন্থন—সম্যক্ প্রকারে মন্থন ; মর্দ্দন ; ঘর্ষণ ; নিষ্পীড়ন, নিঙ্ড়ন। নির্—মন্থ্ (মন্থন করা)+ঘঞ্, অনট্ ভাববা। বি ; পুং, ক্লীব।

নির্ম্ম(র্ম)ম—মমতাশূন্য ; নৃশংস, নিষ্ঠুর ; বাসনারহিত। নির্ (নাই) মম (আমার অর্থাৎ আমার বলিয়া জ্ঞান) যাহার, বহুব্রী। বিণ।

নির্ম্ম(র্ম)ল—মলশূন্য ; অকপট, পবিত্র, অকলঙ্ক ; বিশুদ্ধ ; নির্দ্দোষ ; পরিষ্কৃত ; স্বচ্ছ। নির্ (নাই) মল যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা। বি,—তা,—ত্ব।

নির্ম্ম(র্ম)লী—ফলবিশেষ, কতক ফল। 'নির্ম্মাল্য' শব্দজ। বি।

নির্ম্মা(র্মা)ংস—মাংসশূন্য ; কৃশকায় ; অস্থিসার। নির্ (নাই) মাংস যাহার, বা নির্ (নির্গত) মাংস যাহা হইতে, বহুব্রী। বিণ।

নির্ম্মা(র্মা)ণ—গঠন ; রচনা ; সৃজন ; গ্রন্থন ; প্রস্তুতকরণ। নির্—মা (পরিমাণ করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

নির্ম্মা(র্মা)তা (—তৃ)—নির্ম্মাণকর্ত্তা, রচয়িতা, স্রষ্টা, প্রস্তুতকারক। নির্—মা (পরিমাণ করা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,—ত্রী।

নির্ম্মা(র্মা)ল্য—দেবতাকে নিবেদিত পুষ্পাদি ; উপভুক্ত পুষ্পাভরণাদি। নির্ (নির্গত) মাল্য হইতে, প্রাদিতৎ। বি ; ক্লীব।

নির্ম্মি(র্মি)ত—গঠিত ; রচিত ; প্রস্তুত। নির্—মা (পরিমাণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

নির্ম্মি(র্মি)তি—নির্ম্মাণ, সৃষ্টি, রচনা। নির্—মা (পরিমাণ করা)+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

নির্ম্মু(র্মু)ক্ত—১। নিঃশেষে মুক্ত ; বন্ধনমুক্ত। নির্—মুচ্ (মুক্ত হওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ। ২। নির্ম্মোকহীন সর্প, যে সাপ খোলস ছাড়িয়াছে। বি ; পুং। স্ত্রী,—ক্তা।

নির্ম্মু(র্মু)ল—মূলহীন ; ছিন্নমূল ; সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত ; লয়প্রাপ্ত, বিলুপ্ত। নির্ (নাই বা নষ্ট হইয়াছে) মূল যাহার, বহুব্রী। বিণ।

নির্ম্মু(র্মু)লন—উন্মূলন, সমূলে উৎপাটন ; উচ্ছেদসাধন, উৎসাদন, নাশন। নির্—ণিজন্ত মূল (=মূলি)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

নির্ম্মো(র্মো)ক—সাপের খোলস ; কঞ্চুক ; আকাশ। নির্—মুচ্+ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং।

নির্য্যা(র্যা)তক—নির্য্যাতনকারী ; প্রতিশোধগ্রহণকারী। নির্—ণিজন্ত যত্ বা যাতি (প্রত্যর্পণ করান)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তিকা।

নির্য্যা(র্যা)তন—প্রতিহিংসা ; অপকারকের অপকারচেষ্টা ; নিগ্রহ ; বধ। নির্—ণিজন্ত যত (=যাতি)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

নির্য্যা(র্যা)তিত—নিগৃহীত ; উৎপীড়িত ; লাঞ্ছিত। নির্—যাতি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

নির্য্যা(র্যা)স—১। নিঃস্যন্দ ; ক্বাথ ; আঠা। নির্—যস্ (যত্ন করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং। ২। 'নিষ্কষ', নিশ্চয়। গ্রাম্য প্রঃ। বিণ।

নির্লজ্জ—লজ্জাহীন, বেহায়া। নির্ (নাই) লজ্জা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—জ্জা।

নির্লিপ্ত—যে কোন বিষয়ে লিপ্ত থাকে না, আসক্তিশূন্য, সংস্রবহীন ; লেপরহিত। নির্ (না) লিপ্ত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—প্তা। বি,—তা।

নির্লেপ—লেপনশূন্য ; আসঙ্গরহিত ; আসক্তিশূন্য ; নিঃসম্পর্ক ; স্বতন্ত্র ; নিষ্পাপ। নির্ (নাই) লেপ যাহাতে বা যাহার, বহুব্রী। বিণ।

নির্লোভ—লালসাশূন্য। বহুব্রী। বিণ।

নিলয়—বাসস্থান ; আলয়, গৃহ। নি—লী (লীন হওয়া)+অচ্ অধিবা। বি ; পুং।

নিলাজ—বেহায়া, লজ্জাহীন। 'নির্লজ্জ' শব্দজ। বিণ।

নি(নী)লাম, নি(নী)লামী—প্রকাশ্যে ডাকাডাকি করিয়া বিক্রয়। পোর্তুগীজ 'Leilao' শব্দজ। বি। বিণ,–মী।

নিলীন—অবস্থিত; বিলীন; লগ্ন; নিমগ্ন। নি–লী+ক্ত কর্তৃবা। বিণ।

নিলীয়মান—প্রচ্ছন্ন; যে আত্মগোপন করিতেছে। নি–লী+শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–না।

নিশপিশ—কোন কিছু করিবার জন্য অস্থির ভাব বা সেই ভাবযুক্ত, চঞ্চল। দেশজ। অব্য বা বিণ।

নিশমন, নিশামন—দর্শন; শ্রবণ। নি–ণিজন্ত শম্+অনট্ ভাববা। বি; ক্লীব।

নিশা—রাত্রি; হরিদ্রা। নি–শো (তীক্ষ্ণ করা)+ক কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

নিশাকর—চন্দ্র; কুক্কুট; জনৈক ঋষি। নিশা–কৃ (করা)+ট কর্তৃবা। বি; পুং।

নিশাকাল—রাত্রি। কর্মধা। বি; পুং।

নিশাগম—রাত্রির আগমন, সন্ধ্যা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নিশাচর—১। রজনীতে ভ্রমণকারী, রাত্রিচর। বিণ। স্ত্রী,–রী। ২। শৃগাল; পেচক; সর্প; চৌর; চক্রবাক; রাক্ষস; পিশাচ। উপতৎ। নিশা–চর্+টক্ কর্তৃবা। বি; পুং।

নিশাজল—শিশির, হিম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

নিশাত্যয়—নিশাবসান, প্রভাত। নিশার অত্যয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নিশাদ—১। চণ্ডাল; ধীবর; স্বরবিশেষ। নি–শদ্+ঘঞ্ কর্তৃবা। বি; পুং। ২। নিশাভোজী, রজনীতে ভোজনকারী। উপতৎ। নিশা–অদ্ (খাওয়া)+অণ কর্তৃবা। বিণ। স্ত্রী,–দী।

নিশাদল—উগ্রগন্ধি লবণ পদার্থবিশেষ, 'নবসার' (Sal-ammoniac). ফার্সী 'নৌশাদর' শব্দজ। বি।

নিশান—১। তীক্ষ্ণীকরণ; তেজনা। নি–শো (তীক্ষ্ণ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। পতাকা, ধ্বজ, বৈজয়ন্তী; চিহ্ন; তাক; নির্দেশ। ফার্সী। ৩। অভিজ্ঞান, পরিচয়; ইঙ্গিত, সঙ্কেত; বাদ্য; শব্দ। প্রাঃ কবিপ্র। বি। [করে অর্থে। বি বা বিণ।

নিশানদার—সনাক্তকারী। নিশান+দার

নিশানদিহি—চেনা, সনাক্ত করা (Identification). ফার্সী। বি।

নিশানা—দাগ, চিহ্ন; তাক, লক্ষ্য। ফার্সী। বি।

নিশানাথ—নিশাপতি দ্রঃ।

নিশান্ত—রাত্রিশেষ, রজনীর অবসান। নিশার অন্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পুং।

নিশাপতি,–নাথ—চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি;

নিশার্দ্ধ(র্ধ)—রাত্রির অর্দ্ধভাগ; মধ্যরাত্র, নিশীথ। নিশার অর্দ্ধ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

নিশাস—নিঃশ্বাস। 'নিঃশ্বাস' শব্দজ। বি।

নিশি—১। রজনী, রাত্রি। 'নিশা' শব্দজ। ২। রাত্রিতে। সংস্কৃত নিশ্ শব্দের ৭মী ১বচন। ৩। ভূতপ্রেতাদি। দেশজ প্রঃ। বি।

নিশিজল—প্রত্যহ প্রভাতে মলমূত্র-ত্যাগের পর নাসারন্ধ্র দ্বারা জলপান; নাসাপান; হিম, শিশির; রাত্রিতে মুক্ত স্থানে উন্মুক্ত আধারে রক্ষিত পানীয় জল। দেশজ প্রঃ। বি; ক্লীব।

নিশিত—তীক্ষ্ণীকৃত, শাণিত। নি–শো (তীক্ষ্ণ করা)+ক্ত কর্মবা। বিণ। স্ত্রী,–তা।

নিশিদিন—দিবারাত্র, দিনরাত, সর্বদা। দ্বন্দ্ব। বি; ক্লীব।

নিশিদিশি—রাতদিন। কবিপ্র। বি।

নিশিপালন—অমাবস্যা ও পূর্ণিমার রজনীতে অন্নাদি ভোজনে বিরতি। ৬ষ্ঠীতৎ। বাং প্রঃ। বি।

নিশীথ—অর্দ্ধরাত্র; রাত্রি। নি–শী (শয়ন করা)+থক্ অধিবা। বি; পুং।

নিশীথিনী—১। রাত্রি। নিশীথ শব্দ+ইন্ অস্ত্যর্থে+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী। ২। অতি গভীরা; নিঃশব্দা; নিস্তব্ধা। কবিপ্র। বিণ।

নিশুতি—১। মধ্যরাত্র। 'নিশীথ' শব্দজ। বি। ২। নিদ্রায় নিমগ্ন। কবিপ্র। বিণ।

নিশুম্ভ—জনৈক দৈত্য, দৈত্যরাজ শুম্ভের কনিষ্ঠ। নি—শুন্‌ভ্ (বধ করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

নিশ্চয়—১। নির্ণয়, অবধারণ; সিদ্ধান্ত। নির্—চি (একত্র করা)+অচ্ ভাববা। বি; পুং। ২। নিশ্চিত, নিঃসন্দেহ; অবশ্য। দেশজ প্রঃ। বিণ বা ক্রি-বিণ।

নিশ্চয়াত্মক—যাহাতে প্রকৃত মীমাংসা বা সত্য নির্দ্ধারণ হয়। নিশ্চয় আত্মা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্মিকা।

নিশ্চল—অচল; স্থির। নির্—চল্ (চলা) +অচ্ কর্ত্তৃবা। বিণ।

নিশ্চায়ক—মীমাংসক; নিশ্চয়কারক, নির্ণেতা। নির্—চি+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িকা।

নিশ্চিত—১। নিঃসন্দিগ্ধ; নির্ণীত, অবধারিত, ঠিক। নির্—চি+ক্ত কর্ম্মবা। ২। নিশ্চয়বান্, নিঃসন্দেহ। নিশ্চিত (নিশ্চয়) +অচ্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী,—তা।

নিশ্চিন্ত—চিন্তাশূন্য, ভাবনারহিত। নির্ (নাই) চিন্তা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্তা।

নিশ্চিন্দি—নিশ্চিন্ত। 'নিশ্চিন্ত' শব্দজ। বিণ।

নিশ্চিন্দিপুর—যমের বাড়ী। দেশজ। বি।

নিশ্চেষ্ট—গতিহীন; চেষ্টারহিত, নির্ব্যাপার; স্পন্দহীন। নির্ (নাই) চেষ্টা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্টা।

নিশ্ছিদ্র—ছিদ্রশূন্য, ত্রুটিশূন্য। নিঃ (নাই) ছিদ্র যাহাতে, বহুব্রী। বিণ।

নিশ্বসন, নিশ্বাস—নাসানির্গত বায়ু। নি—শ্বস্ (শ্বাসত্যাগকরণ)+অনট্, ঘঞ্ ভাববা। বি; পুং।

নিশ্বসিত—১। নিশ্বাস, নাসানির্গত বায়ু। নি—শ্বস্+ক্ত ভাববা। বি; ক্লীব। ২। নিশ্বাসরূপে ত্যক্ত। নি—শ্বস্+ক্ত কর্ম্মবা। বিণ।

নিশ্বাস—নিশ্বসন দ্রঃ।

নিষক্ত—সংক্রান্ত; সংসক্ত, লগ্ন। নি—সন্‌জ্ (সংসক্ত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

নিষঙ্গ(ঙ্গ)—তূণীর, বাণাধার; সঙ্গ, সংসর্গ। নি—সন্‌জ্ (সংযুক্ত হওয়া)+ঘঞ্ অধিবা। বি; পুং।

নিষঙ্গী(ঙ্গী) (—ঙ্গিন্)—তূণীরধারী। নিষঙ্গ (তূণীর)+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—ঙ্গিণী।

নিষণ্ণ—স্থিত, অবলম্বনকারী; উপবিষ্ট; শয়িত; আসীন। নি—সদ্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

নিষধ—দেশবিশেষ; সূর্য্যবংশীয় জনৈক নরপতি; পর্ব্বতবিশেষ; নিষধদেশীয় লোক; নিষাদস্বর। নি—সদ্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

নিষাদ—চণ্ডাল; ধীবর; প্রাচীন বন্যজাতিবিশেষ, ব্যাধ; (সঙ্গীতে) সপ্তস্বরের সপ্তম স্বর (হস্তীর বৃংহিত হইতে নিঃসৃত)। নি—সদ্ (গমন করা)+ঘঞ্। বি; পুং। স্ত্রী,—দী।

নিষাদী (—দিন্)—হস্তিপক, মাহুত; গজারোহী। নি—সদ্+ণিন্ কর্ত্তৃবা। বি; পুং বা বিণ। স্ত্রী,—দিনী।

নিষিক্ত—সিক্ত; ক্ষরিত। নি—সিচ্ (সেচন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

নিষিদ্ধ—যাহা নিষেধ করা হইয়াছে এরূপ, নিবারিত; বাধিত; তিরস্কৃত। নি—সিধ্ (সিদ্ধ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

নিষুতি—নিদ্রিত; নিস্তব্ধ; গাঢ় নিদ্রা। 'নিষুপ্তি' শব্দজ। বিণ বা বি।

নিষুপ্ত—গাঢ় নিদ্রিত, গভীর নিদ্রায় মগ্ন। নি (সম্যক্) সুপ্ত (নিদ্রিত), প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—প্তা। বি,—প্তি।

নিষূদন, নিসূদন—১। বধ; মারণ; নিষেধ। নি—সূদ্ (বধ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। নাশকারী; বিনাশক। নি—সূদ্+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

ষেক—সেচন ; ক্ষরণ ; আধান ; গর্ভাধান। -সিচ্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

ষেধ—প্রতিষেধ ; নিবারণ। নি—সিধ্ ন্ধ করা) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

ষেধক—নিষেধকারী, নিবারক। নি— ্ (সিদ্ধ করা) + ণক কর্ত্তৃবা। বিণ। —ধিকা।

ষেবণ—সেবা ; আরাধনা ; অনুকরণ। —সেব্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

ষেবিত—সেবিত, আরাধিত ; অনুসৃত ; যাত। নি—সেব্ + ক্ত কর্ম্মবা। বিণ।

ষেব্য—সেবনীয়, ব্যবহার্য্য ; কর্ম্মযোগ্য। —সেব্ + যৎ কর্ম্মবা। বিণ।

—মোহর ; দীনার ; স্বর্ণ ; ১০৮ মাষা র্ণ পরিমাণ ; কণ্ঠভূষণ ; উরোভূষণ। নির্— + ক কর্ত্তৃবা। বি ; পুং বা ক্লীব।

ষ্কণ্টক—কণ্টকশূন্য ; শত্রুশূন্য ; নিরুপদ্রব, র্বিঘ্ন, নিরাপৎ। নির্ (নাই) কণ্টক াতে বা যাহার, বহুব্রী। বিণ।

ষ্কম্প—নিশ্চল, কম্পহীন, অকম্পিত, র। নির্ (নাই) কম্প যাহার, বহুব্রী। বিণ।

ষ্কর—করশূন্য, যাহার খাজানা নাই, খেরাজ। নির্ (নাই) কর যাহার, বহুব্রী। ণ।

ষ্করুণ—অকরুণ, নির্দ্দয়। নির্ (নাই) ণা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

ষ্কর্ম্মা(র্মা) (—র্ম্মন্)—কর্ম্মশূন্য, নিশ্চেষ্ট, র্ব্যাপার ; অলস ; বেকার। নির্ (নাই) র্ম্ম যাহার, বহুব্রী। বিণ।

ষ্কর্ষ—নিশ্চয়, ইয়ত্তাপরিচ্ছেদ ; সার ; ঃসারণ। নির্—কৃষ্ (কর্ষণ করা) + ঘঞ্ ববা। বি ; পুং।

ষ্কল—কলাশূন্য, নিরংশ ; বন্ধ্যা, নষ্টবীর্য্য ; । নির্ (নাই) কলা যাহার, বহুব্রী। ণ। স্ত্রী,—লা।

ষ্কলঙ্ক(ঙ্ক)—কলঙ্কশূন্য, নির্ম্মল। নির্ নাই) কলঙ্ক যাহার বা যাহাতে, বহুব্রী। ণ।

নিষ্কলা,—লী—বিগতার্ত্তবা স্ত্রী, যে স্ত্রীর রজোনিবৃত্তি হইয়াছে ; বৃদ্ধা। নিঃ (নাই) কলা যাহার, বহুব্রী + আপ্, ঈপ্। বি ; স্ত্রী।

নিষ্কাম—কামনারহিত ; নিঃস্পৃহ ; বিষয়-ভোগে বিরত। নির্ (নাই) কাম (স্পৃহা) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—মা।

নিষ্কামধর্ম্ম(র্ম)—কামনাশূন্য ধর্ম্ম, "আমি যে কার্য্য করিতেছি ইহা কেবল ঈশ্বরপ্রীতির নিমিত্ত, ইহার ফলে আমার কোন অধিকার বা প্রয়োজন নাই" এইরূপ জ্ঞান সহকারে যে ধর্ম্মানুষ্ঠান করা হয়। কর্ম্মধা। বি ; পুং।

নিষ্কাশ—নিঃসরণ, নির্গমন। নির্ (বাহিরে) —কশ্ (গমন করা) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

নিষ্কাশন, নিষ্কাসন—নিঃসারণ ; বহিষ্করণ ; দূরীকরণ। নির্—ণিজন্ত কশ্ বা কস্ (গমন করান) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

নিষ্কাশিত, নিষ্কাসিত—নিঃসারিত ; বহিষ্কৃত ; দূরীকৃত। নির্—ণিজন্ত কশ্ বা কস্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

নিষ্কুল—কুলহীন, বংশরহিত, নির্ব্বংশ ; সগোত্রবিহীন ; অবয়বশূন্য। নির্ (নাই) কুল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

নিষ্কৃত—নিস্তীর্ণ, অব্যাহতিপ্রাপ্ত, উদ্ধারপ্রাপ্ত, মুক্ত। নির্—কৃ + ক্ত কর্ম্মবা। বিণ।

নিষ্কৃতি—নিস্তার ; উদ্ধার ; পরিত্রাণ ; মুক্তি। নির্—কৃ (করা) + ক্তি ভাববা। বি ; স্ত্রী।

নিষ্কেশ—কেশহীন, চুলশূন্য। নিঃ (নাই) কেশ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী, —শা, —শী।

নিষ্কোষণ—বহির্নিঃসারণ ; খোলো হইতে বাহির করা ; কোষ হইতে মুক্তকরণ। নির্—কুষ্ (বাহির করা) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

নিষ্ক্রম—ধীশক্তি, বুদ্ধিশক্তি ; নির্গম ; বহির্গমন ; দুষ্কুল ; নিষ্ক্রমণসংস্কার। নির্—ক্রম্ (গমন করা) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

নিষ্ক্রমণ—বহির্গমন ; দশ সংস্কারের অন্তর্গত

সংস্কারবিশেষ, চতুর্থ মাসে শিশুর গৃহনির্গমন-রূপ সংস্কার। নির্—ক্রম্ (গমন করা)+ অনট্ ভাববা। বি; ক্লীব।

নিষ্ক্রান্ত—নির্গত, বহির্গত। নির্—ক্রম্+ক্ত কর্তৃবা। বিণ।

নিষ্ক্রিয়—ক্রিয়ারহিত, কার্য্যশূন্য; নিষ্কর্ম্মা; নিশ্চেষ্ট; অলস। নির্ (নাই) ক্রিয়া (কার্য্য) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

নিষ্ক্রিয়-প্রতিরোধ—স্বয়ং নিশ্চেষ্ট থাকিয়া অন্যের উদ্দেশ্যে বাধাপ্রদান (Passive resistance). কর্ম্মধা। বি; পুং।

নিষ্ঠ—স্থির; স্থিতিশীল; নিষ্ঠাযুক্ত, অবলম্বী। নি—স্থা (থাকা)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, নিষ্ঠা।

নিষ্ঠা—যাচ্ঞা; নিশ্চয়; স্থিতি; নিষ্পত্তি; নাশ; অন্ত; নির্ব্বাহ; দৃঢ়তা; ভক্তি, শ্রদ্ধা; উৎকর্ষ; ব্যবস্থা; ব্রতাদি ক্লেশ; (ব্যাকরণে) ক্ত ও ক্তবতু প্রত্যয়। নি—স্থা+অঙ্ ভাববা
নি...াপ্। বি; স্ত্রী।
ধারি...ন্ (—বৎ)—নিষ্ঠাযুক্ত; ধর্ম্মাদিতে নিশ্চয়বান্, দৃঢ়। নিষ্ঠা+মতুপ্ অস্ত্যর্থে। +অচ্ বিশি...তা।

নিশ্চিন্ত—...ব—১। থুথু। নি—ষ্ঠীব্, ষ্ঠিব্ (নাই) চিন্তা কর্ম্মবা। ২। থুথু ফেলা; স্ত্রী,—ন্তা। ...ীব্, ষ্ঠিব্+ঘঞ্ ভাববা।

নিশ্চিহ্ন—...
বিণ। **নষ্ঠেবন**—১। মুখজল, থুথু।
নিশ্চিহ্ন ষ্ঠিব্ (ফেলা)+অনট্ কর্ম্মবা।
নিশ্চেষ্ট ফেলা। নি—ষ্ঠীব্ ষ্ঠিব্+অনট্ স্পন্দহীন। বি; ক্লীব।
বিণ ...র—ক্রূর; নির্দ্দয়; কঠিন। নি—স্থা নি...থাকা)+ডুর কর্তৃবা। বিণ। বি,—রতা। স্ত্রী,—রা।

নিষ্ঠ্যূত—থুথু করিয়া ফেলা; নিক্ষিপ্ত; প্রেরিত; উদ্গীর্ণ। নি—ষ্ঠিব্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। বি,—তি।

নিষ্ণ, নিষ্ণাত—নিপুণ; প্রবীণ; বিজ্ঞ; প্রধান; পারগত। নি—স্না (স্নান করা)+ক, ক্ত কর্তৃবা। বিণ।

নিষ্পত্তি—সিদ্ধি; সমাপ্তি; মীমাংসা; নিশ্চয়; পরিপাক; নির্ব্বাহ। নির্—পদ্ (গমন করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

নিষ্পন্দ—স্পন্দনশূন্য। বহুব্রী। বিণ।

নিষ্পন্ন—নিষ্পত্তিবিশিষ্ট, সিদ্ধ; সম্পন্ন; সমাপ্ত; জনিত; নির্বৃত্ত। নির্—পদ্ (গমন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্না।

নিষ্পাদক—নিষ্পত্তিকারক; সম্পাদক; নির্ব্বাহক। নির্—পদ্+ণিচ্+ণক। বিণ। স্ত্রী,—দিকা।

নিষ্পাদন—সম্পাদন; নির্ব্বাহ; সাধন। নির্—ণিজন্ত পদ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

নিষ্পাদনীয়, নিষ্পাদ্য—নিষ্পাদনযোগ্য; সাধনীয়। নির্—পাদি+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ।

নিষ্পাদিত—সম্পাদিত; নির্ব্বাহিত; সাধিত। নির্—ণিজন্ত পদ্ বা পাদি (গমন করান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

নিষ্পাদ্য—নিষ্পাদনীয় দ্রঃ। [বিণ।

নিষ্পাপ—পাপশূন্য, পূত; সাধু। বহুব্রী।

নিম্‌সি, নিম্‌সী—অর্দ্ধেক (Half). আবী 'নিস্‌ফ্' শব্দজ। বিণ।

নিষ্পিষ্ট—ঘৃষ্ট; চূর্ণিত; মর্দ্দিত। নির্—পিষ্ (পেষণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

নিষ্পীড়ন—নিংড়ন, চাপা; নিপীড়ন। নির্—পীড় (পীড়ন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

নিষ্পেষ, নিষ্পেষণ—চূর্ণন; মর্দ্দন; ঘর্ষণ। নির্—পিষ্ (পেষণ করা)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

নিষ্প্রতিভ—অজ্ঞ; জড়; প্রতিভাহীন; মূর্খ। নির্ (নাই) প্রতিভা যাহার, বহুব্রী। বিণ।

নিষ্প্রদীপ—১। বিমান-আক্রমণের আশঙ্কায় বাতি নিবান (Black-out). প্রদীপের অভাব, অব্যয়ী। বি, ক্লীব। ২। প্রদীপশূন্য। বহুব্রী। বিণ।

নিষ্প্রভ—প্রভাশূন্য, নিস্তেজ; মলিন। নির্ (নাই) প্রভা যাহার, বহুব্রী। বিণ।

নিষ্প্রয়োজন—প্রয়োজনরহিত ; নিরর্থক। নির্ (নাই) প্রয়োজন যাহার, বহুব্রী। বিণ।

নিষ্ফল—ফলরহিত ; বিফল ; নিরর্থক। নির্ (নাই) ফল যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

নিষ্ফলা—বিগতার্ত্তবা ; গতরজস্কা ; ঋতুহীনা ; বন্ধ্যা। বহুব্রী। বিণ।

নিষ্যন্দ, নিস্যন্দ—ক্ষরণ ; চুয়ান ; বর্ষণ ; পতন ; নির্ঝর। নি—স্যন্দ্ (ক্ষরিত হওয়া) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

নিষ্যন্দিত, নিস্যন্দিত—ক্ষরিত, বর্ষিত ; ক্ষরণশীল। নি—স্যন্দ্ + ক্ত কর্ত্তৃবা। বিণ।

নিষ্যন্দী, নিস্যন্দী (—ন্দিন্)—যে ক্ষরণ করে, স্রাবী। নি—স্যন্দ্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ন্দিনী।

নিসর্গ—সৃষ্টি ; স্বভাব, প্রকৃতি ; রূপ ; সর্গ। নি—সৃজ্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

নিসর্গজ—স্বভাবজ, স্বাভাবিক, প্রাকৃতিক। নিসর্গ—জন্ (জন্মা) + ড কর্ত্তৃবা। বিণ।

নিসাড়, নিসাড়া—সাড়াশব্দহীন, অসাড়, অবশ, স্পন্দহীন, নিস্পন্দ। প্রাদে। বিণ।

নিসানা—চিহ্ন, লক্ষ্য। ফার্সী। বি।

নিসিন্দা—নিশু্ণ্ডীবৃক্ষ, ঔষধ বৃক্ষবিশেষ। দেশজ। বি।

নিসূদক—ঘাতক, নাশক, হিংসক। নি—সূদ্ (বধ করা) + ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিকা।

নিসূদন—নিষূদন দ্রঃ।

নিস্তব্ধ—নীরব, স্পন্দহীন। নি—স্তন্ভ্ (স্তম্ভিত হওয়া) + ক্ত কর্ত্তৃবা। বিণ। বি,—তা।

নিস্তরঙ্গ(ংগ)—তরঙ্গহীন, ঢেউশূন্য ; অচঞ্চল, স্থির। নির্ (নাই) তরঙ্গ যাহাতে, বহুব্রী। বিণ।

নিস্তরণ, নিস্তার—পার হওয়া ; উদ্ধার ; মুক্তি ; সিদ্ধি। নির্—তৃ + অনট্, ঘঞ্ ভাববা। বি ; ক্লীব, পুং। বিণ, নিস্তীর্ণ।

নিস্তল—তলশূন্য ; চঞ্চল ; বর্ত্তুল, গোলাকার। নির্ (নাই) তল যাহার, বহুব্রী। বিণ।

নিস্তুষ—তুষহীন। নির্ (নাই) তুষ যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষা।

নিস্তেজ—নিস্তেজাঃ (তাহা দ্রঃ)। 'নিস্তেজস্' শব্দজ। বিণ।

নিস্তেজাঃ (—জস্), নিস্তেজা—তেজোহীন ; দুর্ব্বল ; যাহার গুণ বা শক্তি কমিয়া গিয়াছে। নির্ (নাই) তেজঃ যাহার, বহুব্রী। বিণ।

নিস্ত্রৈগুণ্য—ত্রিগুণরহিত ; কামাদিবিহীন। নির্ (নাই) ত্রৈগুণ্য (ত্রিগুণ) যাহার, বহুব্রী। বিণ।

নিস্পন্দ—স্পন্দহীন ; স্থির ; নিশ্চেষ্ট। নির্ (নাই) স্পন্দ যাহার, বহুব্রী। বিণ।

নিস্পৃহ—স্পৃহাশূন্য ; নিষ্কাম ; আকাঙ্ক্ষাশূন্য ; নির্লোভ। নির্ (নাই) স্পৃহা (ইচ্ছা) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—হা।

নিস্বন, নিস্বান—ধ্বনি, রব, শব্দ। নি—স্বন্ (শব্দ করা) + অপ্, ঘঞ্ ভাববা। বি ; পুং।

নিস্যন্দ—নিষ্যন্দ দ্রঃ।

নিস্রব, নিস্রাব—১। ক্ষরণ ; নির্গমন। নি—স্রু + অপ্, ঘঞ্ ভাববা। ২। ক্ষরিত বস্তু, নির্গত দ্রব্য ; অন্নমণ্ড, ভাতের মাড় বা ফেন। নি—স্রু + অপ্, ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং।

[কবিপ্র। বি।

নিহড়—নিকট, সমীপ ; কিরণ। প্রাঃ

নিহড়া—নিকটবর্ত্তী হওয়া, কাছান ; নিবৃত্ত হওয়া, প্রতিনিবৃত্ত বা পরাবৃত্ত হওয়া, লওটা, করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

নিহত—হত, বিনাশিত। নি—হন্ (বধ করা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

নিহনন—হনন, বধ, হত্যা। নি—হন্ (বধ করা) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

নিহন্তা (—হন্তৃ)—হননকর্ত্তা, বধকারক, সংহারক। নি—হন্ (বধ করা) + তৃন্ কর্ত্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,—ত্রী।

নিহানী—নেহাই ; নেয়ালি, লোহার বাঁটযুক্ত বাটালি। হিন্দী 'নিহাই' শব্দজ। বি।

নিহার—নীহার দ্রঃ।

নিহারা, নেহারা—নিরীক্ষণ করা, দেখা, চাহা, তাকান। [নিহারিল, নেহারিল= দেখিল]। 'নিভালন' শব্দজ। ক্রি।

নিহিত—দত্ত; গুপ্ত; স্থাপিত; নিক্ষিপ্ত; অভিহিত। নি—ধা (ধারণ করা, দান করা) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

নীকাশ, নীকাস—১। (অন্য শব্দের পরে থাকিলে) তুল্য, সদৃশ। নি—কাশ্, কাস্+অচ্ কর্ত্তৃবা। বিণ। ২। অবসান, শেষ; হিসাব নিষ্পত্তি; চুকান; বাহির হওয়া, নির্গম। নিকাশ দ্রঃ। বি।

নীচ—বর্ব্বর, প্রাকৃত; নিম্ন; খর্ব্ব, বামন; ক্ষুদ্র; অনুদার, অভদ্র, হীনপ্রকৃতি; অধম, অপকৃষ্ট, হীন। ন (না)—ঈ (সৌভাগ্য) —চি (একত্র করা)+ড কর্ত্তৃবা। বিণ। বি,—তা,—ত্ব।

নীচকুলোদ্ভব—হীনবংশজাত। নীচ কুল হইতে উদ্ভব যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—বা।

নীচগ—অধোগামী; নিম্নবাহী; নিকৃষ্ট পথে গমনকারী। উপতৎ। নীচ—গম্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—গা।

নীচগামী (—গামিন্)—নিম্নদিকে গতিশীল; নিকৃষ্টপথগামী; নীচজাতীয়া রমণীতে অনুরক্ত (পুরুষ)। উপতৎ। নীচ —গম্ (যাওয়া)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —মিনী।

নীচগ্রহ—রবি-আদি গ্রহের স্বীয় স্বীয় উচ্চস্থান হইতে সপ্তম রাশি; নীচ রাশিস্থ গ্রহ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

নীচজাতীয়—ছোট জাতের। নীচজাতি+ ঈয় ভবার্থে। বিণ। [বিণ।

নীচপ্রকৃতি—জঘন্য স্বভাববিশিষ্ট। বহুব্রী।

নীচপ্রবৃত্তি—১। যাহার মনের গতি জঘন্য। বহুব্রী। বিণ। ২। নিকৃষ্ট ইচ্ছা। কর্ম্মধা। বি; স্ত্রী।

নীচমনাঃ (—মনস্), **—মনা**—হীনচেতা, নিকৃষ্ট প্রবৃত্তিযুক্ত। বহুব্রী। বিণ।

নীচযোনি—তির্য্যগ্‌যোনি, মনুষ্যেতর প্রাণিরূপে জন্ম, নীচ কুলে জন্ম; নীচ কুলে জাত। বি বা বিণ।

নীচশির—'নীচশিরাঃ' স্থানে কবিপ্র।

নীচশিরাঃ (—শিরস্), **—শিরা**—অবনতমস্তক, যে মাথা নোয়াইয়াছে; নিম্নপদস্থ। বহুব্রী। বিণ।

নীচান্তঃকরণ—হীনচেতাঃ, সঙ্কীর্ণমনাঃ। বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

নীচাসক্ত—হীন কার্য্য বা বিষয়ে অনুরক্ত। ৭মীতৎ। বিণ।

নীচু—নিম্ন; নত। 'নীচ' শব্দজ। বিণ।

নীঝর—ঝরণা; জলস্রোত। 'নির্ঝর' শব্দজ। কবিপ্র। বি। [বিণ।

নীট—প্রকৃত; সারা। ইং 'Nett' শব্দজ।

নীড়—কুলায়, পক্ষীর বাসা। নি—ইল্ (শয়ন করা)+ক অধিবা। বি; পুং বা ক্লীব।

নীত—১। প্রাপিত, লইয়া যাওয়া হইয়াছে এরূপ; অতিবাহিত। নী (লইয়া যাওয়া) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, নীতা। ২। নীতি, নয়; নিয়ম; রীতি, আচরণ, ব্যবহার; অভিসন্ধি, অভিপ্রায়। প্রাঃ কবিপ্র। বি।

নীতি—নয়; শুক্রাচার্য্যাদি প্রণীত হিতাহিত বিবেচনার শাস্ত্র; রীতি; নিয়ম। নী+ক্তি করণবা। বি; স্ত্রী।

নীতিজ্ঞ—নীতি বিষয়ে অভিজ্ঞ; নীতিশাস্ত্রবিৎ। নীতি জানে যে, উপতৎ। নীতি—জ্ঞা (জানা)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

নীতিজ্ঞান—নীতি কাহাকে বলে ইহা জানা; নীতিশাস্ত্রে অভিজ্ঞতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [বি; ক্লীব।

নীতিবাক্য—হিতোপদেশ। মধ্যপ কর্ম্মধা।

নীতিবিজ্ঞান—ন্যায় অন্যায়ের বিচারসম্বন্ধীয় শাস্ত্র (Ethics). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

নীতিবিরুদ্ধ—নিয়মের বিরোধী, নীতিশাস্ত্রের বিপরীত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

নীতিমান্ (—মৎ)—সুনীতিসম্পন্ন। নীতি +মতুপ্ যুক্তার্থে। বিণ। স্ত্রী,—মতী।

নীতিমূলক—নীতিবিষয়ক; নীতিযুক্ত। নীতি মূলে যাহার, বহুব্রী+ক সমাসান্ত। বিণ। স্ত্রী,—লিকা।

নীতিশাস্ত্র—নীতিবিষয়ক শাস্ত্রবিশেষ, হিতাহিতবোধক শাসনগ্রন্থ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব

নীতিসঙ্গ(ংগ)ত, —সম্মত—নীতিশাস্ত্রের অনুমোদিত; ন্যায্য। ৩য়াতৎ। বিণ।

নীদ—নিদ্রা, ঘুম। 'নিদ্রা' শব্দজ। বি।

নীপ—১। কদম্ব বৃক্ষ; বন্ধুক বৃক্ষ; নীলাশোক বৃক্ষ। করণবা। বি; পুং। ২। কদম্ব ফুল। নী (লইয়া যাওয়া)+পক্ করণবা। বি; ক্লীব।

নীবার—তৃণধান্য, উড়িধান। ইহা মুনিদিগের আহার্য্য ছিল। নি—বৃ (সেবা করা)+ঘঞ কর্ম্মবা। বি; পুং।

নীবি, নীবী—মূলধন, পুঁজি; পণ, বাজি; কটিবস্ত্রগ্রন্থি। নি—ব্যে (আচ্ছাদন করা) +ইন্ করণবা। বি; স্ত্রী।

নীবিবন্ধ, নীবীবন্ধ,—বন্ধন—কটিবস্ত্রের বন্ধন বা গ্রন্থি; পশ্চিমা স্ত্রীলোকেরা পরিধেয় শাড়ীর দুই খুঁট একত্র করিয়া উদরের মধ্যস্থলে যে গ্রন্থি দেয় তাহা। কর্ম্মধা। বি; পুং, ক্লীব।

নীয়মান—যাহা নীত হইতেছে এরূপ; প্রেষ্যমাণ; প্রাপ্যমাণ; গৃহ্যমাণ। নী+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

নীর—জল; রস। নী (পাওয়ান)+রক্ কর্ত্তৃবা; অথবা, নির্ (নির্গত) হয় র (অগ্নি, বাড়বাগ্নি) যাহা হইতে, বহুব্রী। বি; ক্লীব।

নীরক্ত—রক্তশূন্য, রুধিরহীন। নির্ (নাই) রক্ত যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ।

নীরজ—১। জলজাত, জলোদ্ভূত। উপতৎ। নীর (জল)—জন্ (জন্মা)+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা। ২। জলজ, পদ্ম; কুড়; মুক্তা। বি; ক্লীব।

নীরজাঃ(—জস্), নীরজা—১। ধূলিশূন্য; পরাগবিহীন। নির্ (নাই) রজঃ যাহাতে, বহুব্রী। বিণ। ২। অরজস্কা, অনার্ত্তবা; যাহার ঋতু হয় নাই এরূপ (স্ত্রী)। নির্ (নাই বা হয় নাই) রজঃ (ঋতু) যে স্ত্রীর, বহুব্রী। বিণ; স্ত্রী।

নীরদ—১। রদশূন্য, দন্তহীন। নির্ (নাই) রদ (দন্ত) যাহার, বহুব্রী। ২। জলদায়ক। বিণ। স্ত্রী,—দা। ৩। জলদ, মেঘ; মুস্তক। নীর (জল) দেয় যে, উপতৎ; নীর (জল) —দা (দেওয়া)+ক কর্ত্তৃবা। বি; পুং।

নীরন্ধ্র—ছিদ্রহীন, নিশ্ছিদ্র; সান্দ্র, নিবিড়, ঘন। নির্ (নাই) রন্ধ্র (ছিদ্র) যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্ধ্রা।

নীরব—নিঃশব্দ, বাক্যরহিত, নিস্তব্ধ। নির্ (নাই) রব যাহার, বহুব্রী। বিণ। [ক্রি।

নীরবা—নীরব হওয়া, চুপ করা। কবিপ্র।

নীরস—১। রসহীন, শুষ্ক। নির্ (নাই) রস যাহাতে, বহুব্রী। (নিঃ+রস)। বিণ।

নীরাজন, নীরাজনা—আরত্রিক, দীপমালা, সজল শঙ্খ, ধৌতবস্ত্র, বিল্বাদিপত্র, সাষ্টাঙ্গপ্রণাম, এই পঞ্চ দ্বারা আরাধনা, আরতি। নীর (জল)—অজ্ (ক্ষেপণ করা) +অনট্ ভাববা, অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

নীরোগ—সুস্থ, ব্যাধিহীন। বহুব্রী। বিণ।

নীল—১। স্বনামখ্যাত বর্ণবিশেষ; নীলবড়ি, নীলগাছ হইতে উৎপন্ন রঞ্জনদ্রব্য; নীলগাছ। নীল্ (রঙ করা)+ক করণবা। বি; পুং। ২। নীলবর্ণযুক্ত। নীল্+ক কর্ম্মবা। বিণ। স্ত্রী, নীলা, নালী। ৩। পর্ব্বতবিশেষ; মণিবিশেষ; বানরবিশেষ। বি; পুং;

নীলকণ্ঠ—১। শিব; ময়ূর; খঞ্জন পক্ষী; দাত্যুহ পক্ষী। নীল হইয়াছে কণ্ঠ যাহার, বহুব্রী। বি; পুং। ২। নীলবর্ণ কণ্ঠযুক্ত। বহুব্রী। বিণ।

নীলকর—যে নীলের চাষ করে। নীল করে যে, উপতৎ। দেশজ। বি।

নীলকান্ত—নীলোৎপল, ইন্দ্রনীলমণি। নীল কান্ত (শোভা) যাহার, বহুব্রী। বি; পুং।

নীলকুঠি,-কুঠী—নীল তৈয়ার করিবার কারখানা। ৬ষ্ঠীতৎ। বি।
নীলগাই—গোবৎ বন্য পশুবিশেষ (ইহারা মৃগজাতীয়)। দেশজ। বি।
নীলগিরি—মান্দ্রাজ প্রদেশের পর্ব্বতশ্রেণী-বিশেষ। বি ; পুং।
নীল-ডাউন—শিশু পড়ুয়ার দণ্ডস্বরূপ হাঁটুতে ভর দিয়া বসা। ইং Kneel-down. বি।
নীলবড়ি—নীল গাছ হইতে উৎপন্ন বড়ির আকারে প্রস্তুত নীল রং। কর্ম্মধা। দেশজ। বি।
নীলমণি—নীলকান্ত, নীলোপল, ইন্দ্রনীল-মণি ; [তত্তুল্য বলিয়া] শ্রীকৃষ্ণ। কর্ম্মধা। বি ; পুং।
নীলমাধব—বিষ্ণু, কৃষ্ণ। কর্ম্মধা। বি ; পুং।
নীললোহিত—বেগুনে রঙ্ ; শিব [কারণ তাঁহার কণ্ঠ নীল ও কেশ লোহিতবর্ণ অর্থাৎ লাল]। নীল অথচ লোহিত, কর্ম্মধা। বি ; পুং।
নীলা—১। মক্ষিকাবিশেষ ; নীল বৃক্ষ ; দেহস্থ চিহ্নবিশেষ। নীল + আপ্। বি ; স্ত্রী। ২। বহুমূল্য নীলবর্ণমণিবিশেষ ; নীলকান্তমণি। 'নীলক' শব্দজ। বি।
নীলাক্ষ—১। মরাল, রাজহাঁস। বি ; পুং। ২। নীলবর্ণ চক্ষুযুক্ত। নীল অক্ষি যাহার, বহুব্রী + ষচ্ সমাসান্ত। বিণ। স্ত্রী, -ক্ষী।
নীলাচল—১। নীলগিরি পর্ব্বত, ইহা দক্ষিণ সমুদ্রের তীরে অবস্থিত, ইহার উত্তরে মহানদী। ২। শ্রীক্ষেত্র, পুরুষোত্তমতীর্থ ; নীল-গিরি নামক পার্ব্বত্যভূমির প্রত্যন্ত প্রদেশে অবস্থিত বলিয়া জগন্নাথক্ষেত্রের অপর নাম নীলাচল। বি ; পুং।
নীলাঞ্জন—তুথ, তুঁতে ; নীলরঙ্গের অঞ্জন লেপবিশেষ। নীল যে অঞ্জন, কর্ম্মধা। বি ; ক্লীব। [বি ; ক্লীব।
নীলাব্জ—নীল পদ্ম : নীল যে অব্জ, কর্ম্মধা।
নীলাভ—ঈষৎ নীলবর্ণ। নীলা আভা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -ভা।
নীলাম, নীলামী—নিলাম, নিলামী দ্রঃ।
নীলাম্বর—১। নীলবর্ণ কাপড় ; নীল আকাশ। নীল যে অম্বর (বস্ত্র, আকাশ). কর্ম্মধা। বি ; ক্লীব। ২। বলরাম ; শনৈশ্চর। নীল অম্বর (বসন) যাঁহার, বহুব্রী। বি ; পুং।
নীলাম্বরী—ফুলতোলা নীলরঙ্গের শাড়ী। দেশজ। বি।
নীলাম্বু—১। নীলবর্ণ জল। কর্ম্মধা। ২। সমুদ্র। বহুব্রী। বি ; পুং।
নীলাম্বুজ—নীলোৎপল, নীলপদ্ম, ইন্দীবর। নীল যে অম্বুজ, কর্ম্মধা। বি ; ক্লীব।
নীলিকা—শেফালিকা ; নীমের গাছ ; নেত্র-রোগবিশেষ। নীলী + কন্ + আপ্। বি ; স্ত্রী।
নীলিমা (-মন্)—নীলত্ব, শ্যামত্ব ; নীল-বর্ণ। নীল + ইমন্ ভাবার্থে বি ; পুং।
নীলী—১। নীলবর্ণবিশিষ্ট। নীল্ + ঈপ্। বিণ ; স্ত্রী। ২। বৃক্ষবিশেষ ; বর্ণবিশেষ। নীল্ (রঙ্ করা) + ক করণবা + ঈপ্। বি ; স্ত্রী।
নীলীন—একপ্রকার মৌলিক রাসায়নিক পদার্থ (Iodine). বি।
নীলীরাগ—স্থির সৌহার্দ্দ, গাঢ়প্রণয় ; নায়কনায়িকার পূর্ব্বরাগবিশেষ। নীলীতুল্য যে রাগ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।
নীলোৎপল—ইন্দীবর, নীল পদ্ম। নীল যে উৎপল, কর্ম্মধা। বি ; ক্লীব।
নীহার, নিহার—ঘনীভূত শিশির, নিশা-জল, হিম, বরফ। নি—হৃ + ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং।
নীহারিকা—চক্ষুর অগোচর নক্ষত্রসমূহ (Nebula). নীহার + কন সাদৃশ্যার্থে + আপ্। বি ; স্ত্রী।
নুআ, নুয়া—নত হওয়া, বক্র হওয়া। বাং ক্রি। [বাং ক্রি।
নুআন, নুয়ান—নত করা, বাঁকান।
নুট—দেবোদ্দেশে মিষ্টান্ন ছড়ান। দেশজ। বি।
নুটি—আঁটি, নুড়ী ; সূতা ইত্যাদির গুটান তাল ; মোট। দেশজ। বি।
নুটিশ—নোটিশ দ্রঃ।

নুড়া, নুড়ো—গুচ্ছ, (খড়ের) আটি বা গোছা। দেশজ। বি।

নুড়ি—ছোট গোলালো পাথর, কাঁকর, ছোট নোড়া। দেশজ। বি।

নুণ, নুন—লবণ। 'লবণ' শব্দজ। বি।

নুদ, নুদি—ভুঁড়ি, মোটা পেট। দেশজ। কবিপ্র।

নুনি, নুনু—শিশুর লিঙ্গ। হিন্দীমূলক। বি।

নুনিয়া—ক্ষুদ্র শাকবিশেষ, নুনে শাক; পুরীর সমুদ্র-সন্তরণ-পটু জাতিবিশেষ; লবণ-প্রস্তুতকারক জাতিবিশেষ। নুন্+ইয়া। বি।

নুনুড়ি, নুড়নুড়ি—ঘুণ্টি; আলজিব। প্রাদে। বি।

নুয়া, নুয়ান—নুআ, নুয়ান দ্রঃ।

নুর, নূর—১। আলোক, জ্যোতিঃ। আর্বী। ২। [ব্যঙ্গার্থে] শ্মশ্রু, দাড়ি। বি।

নুরকুত—কাজকর্ম্মে সাহায্যকারী ছোট ছেলে। প্রাদে। বি।

নুর-নবী, নূর-নবী—হজরত মোহাম্মদ। আর্বী। বি।

নুরি, নুরী—মালয়দ্বীপের শুকজাতীয় পক্ষি-বিশেষ (Lory). মালয়ী শব্দ। বি।

নুলা, নুলো—১। বিড়ালাদির হাতা; হস্ত, হাত। বি। ২। অগ্রভুজহীন, ছিন্নবাহু; যাহার হাত ছোট বা ভাঙ্গা। প্রাদে। বিণ।

নূতন—অভিনব, নবীন। নব+তন স্বার্থে। বিণ। স্ত্রী,—না। বি,—তা,—ত্ব।

নূপুর—স্বনামখ্যাত পাদভূষণ, নেপুর। নূ (স্তুতি করা)+কিপ্, কর্ম্মবা, তদুত্তরে পুর (অগ্রে গমন করা)+ক কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

নূর—নুর দ্রঃ।

নৃ—নর, মানুষ। নী+ঋন্ কর্ত্তৃবা। বি; পুং।

নৃত্ত—শুধু তাললয়াশ্রিত নাচ। নৃত্+ক্ত ভাববা। বি; পুং।

নৃকপাল—মড়ার মাথার খুলি। না'র (নৃশব্দ) কপাল, ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

নৃকুলবিদ্যা—বিভিন্ন মানবজাতিবিষয়ক বিদ্যা (Ethnology). না'র কুল, ৬ষ্ঠীতৎ; তৎসম্বন্ধিনী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

নৃতত্ত্ব—নৃবিদ্যা (তাহা দ্রঃ)।

নৃত্য—ভাবরসাশ্রিত নাচ; অভিনয়। নৃত (নাচা)+ক্যপ্ ভাববা। বি; ক্লীব।

নৃত্যপর—নর্ত্তনশীল, নাচিতেছে এরূপ। বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

নৃত্যপ্রিয়—নর্ত্তনানুরাগী, যে নাচিতে ভাল-বাসে। বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

নৃত্যশালা—নাট্যমন্দির, নাচঘর, রঙ্গালয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

নৃদেব—রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নৃপ—নরপতি, রাজা; কুবের। উপতৎ। নৃ (নর)—পা (পালন করা)+ক কর্ত্তৃবা। বি; পুং। [বি; পুং।

নৃপতি—নরপাল, রাজা; কুবের। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নৃপবর, —মণি—শ্রেষ্ঠ রাজা। ৭মীতৎ। বি; পুং। [বি; ক্লীব।

নৃপাসন—রাজার আসন। ৬ষ্ঠীতৎ।

নৃপেন্দ্র—রাজশ্রেষ্ঠ, মহারাজ; রাজচক্রবর্ত্তী, সম্রাট্। নৃপদিগের মধ্যে ইন্দ্র (প্রধান), ৭মীতৎ। বি; পুং।

নৃপোচিত—রাজার যোগ্য। নৃপে উচিত, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

নৃবিদ্যা—মানবতত্ত্ব (Anthropology). মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

নৃমণি—নরশ্রেষ্ঠ; রাজা। ৭মীতৎ। বি; পুং।

নৃমুণ্ড—নরমস্তক, মানুষের মাথা। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

নৃমুণ্ডমালিনী—কালী, দুর্গা। নৃমুণ্ডমালা+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

নৃযজ্ঞ—অতিথি-সৎকার, গৃহস্থের দৈনন্দিন কর্ত্তব্য পঞ্চযজ্ঞের অন্তর্গত অতিথি-পূজারূপ যজ্ঞ। ন (মনুষ্য) পূজনরূপ যজ্ঞ, কর্ম্মধা। বি; পুং।

নৃলোক—মর্ত্ত্যলোক, পৃথিবী, নরলোক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নৃশংস—ক্রূর, নির্দয়; পরদ্রোহী। নৃ (নর)

—শন্‌স্ (হিংসা করা)+অচ্ কর্ত্তৃবা। বিণ। বি, —তা।

নৃসিংহ—১। বিষ্ণু; বিষ্ণুর চতুর্থ পূর্ণ অবতার, নরসিংহ। নৃ অথচ সিংহ, কর্ম্মধা। ২। নরশ্রেষ্ঠ। নৃ (মনুষ্য) সিংহ প্রায়, উপমিত কর্ম্মধা। বি; পুং।

নৃসিংহচতুর্দ্দ(র্দ)শী—বৈশাখমাসীয় শুক্লচতুর্দ্দশী, এই দিন ভগবান্ বিষ্ণু হিরণ্যকশিপুর বধার্থে অবতীর্ণ হন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

নে—১। [তুই] ল, গ্রহণ কর্, ধর্, থাম্। বাং ক্রি। ২। নিষেধার্থক অব্যয়, না। প্রাদে। অব্য।

নেআ, নেয়া—লওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

নেই—১। নাহি, নাই। প্রাদে। ক্রি। ২। নেহাই। 'নেহাই' শব্দজ। বি।

নেই-আঁকড়ে—নাছোড়বান্দা। দেশজ। বিণ।

নেউল—বেঁজি। 'নকুল' শব্দজ। বি।

নেও—বুনিয়াদ, ভিত্তি। হিন্দী। বি।

নেওট, নেওটা, নেওটো—সমধিক অনুগত বা ভক্ত। প্রাদে। বিণ।

নেওয়া—লওয়া। বাং ক্রি।

নেওয়ান—লওয়ান। বাং ক্রি।

নেওয়ার—মশারি প্রভৃতির ধারে লাগাইবার মোটা ফিতা। দেশজ। বি।

নেংচা, নেংচান, নেঙ্‌চান—খোঁড়ান, খোঁড়ার মত চলা। বাং ক্রি।

নেংটা, নেঙটা—নগ্ন, উলঙ্গ, বিবস্ত্র। 'নগ্নাট' শব্দজ। বিণ। [বি।

নেংটা-গোরা—হাইলাণ্ডার সৈন্য। কর্ম্মধা।

নেংটি, লেংটি—কৌপীন। দেশজ। বি।

নেংটি (নেংটে)—ছোট। ('—ইঁদুর)। দেশজ। বিণ।

নেকড়া—ছেঁড়া কাপড়, কানি, ত্যেনা। 'নক্তক' শব্দজ। বি।

নেকড়িয়া, নেকড়ে—নেকড়ে বাঘ, গোবাঘা। দেশজ। বি।

নেকনজর—সুদৃষ্টি, অনুগ্রহদৃষ্টি। ফার্সী। বি।

নেকরা—ছল বা ছলা, কলা, ছেনালী; কৌতুক, রঙ্গ। ফার্সী 'নখরা' শব্দজ। বি।

নেকা, ন্যাকা—নির্ব্বোধ, হাবাগোবা; নির্ব্বোধের ভাণকারী; অস্পষ্টভাষী; অস্পষ্ট (বাক্য)। ফার্সী 'নেক' শব্দজ। বিণ। স্ত্রী, নেকী। বি, নেকাপনা, নেকাম, নেকামি। **নেকা সাজা**—না জানা বা না বুঝার ভাণ করা।

নেকার—বমন, বমি। 'ন্যক্কার' শব্দজ। বি।

নেকী—বোকার ভাণকারিণী। নেকা+ঈ। বিণ; স্ত্রী।

নেঙ—পদ, পা। প্রাদে। বি।

নেঙ্‌চান—নেংচান দ্রঃ।

নেঙটা—নেংটা দ্রঃ।

নেঙা, নেজ্ঞা, নেটা—যাহার বামহস্তে বলাধিক্য। দেশজ। বিণ।

নেঙড়া, লেঙড়া, নেংড়া—১। বিকলপদ, পঙ্গু, খোঁড়া। বিণ। ২। উৎকৃষ্টজাতীয় আম্রবিশেষ। হিন্দী। বি।

নেঙ্গুড়—পুচ্ছ, লেজ; সংলগ্নতা, অবিশ্রান্ত ধারা। 'লাঙ্গুল' শব্দজ। বি।

নেজ—পুচ্ছ, লেজ। প্রাদে। বি।

নেজনা—লাঙ্গলের ফলা। প্রাদে। বি।

নেজা—১। ভল্ল, বড়্‌সা; বাঁটুল, বাণ। ফার্সী। ২। লেজ। প্রাদে। বি।

নেজুড়—কৃত্রিম লেজ, কাপড়ের লেজ। 'লাঙ্গুল' শব্দজ। বি।

নেটা—নেঙা দ্রঃ।

নেটান—লতাইয়া পড়া। বাং ক্রি।

নেঠা—লেঠা, দায়, ঝঞ্ঝাট; ছল, ছুতা, ওজর। প্রাঃ কবিপ্র। বি।

নেড়া—১। শস্যস্তম্ব, শস্য কাটিয়া লইলে তাহার যে গোড়া মাঠে পড়িয়া থাকে; বৈরাগী। বি। ২। কেশহীন, মুণ্ডিতমস্তক; নিরাভরণ। প্রাদে। বিণ। স্ত্রী, নেড়ী।

নেড়ানেড়ী—বৈষ্ণব সম্প্রদায়বিশেষ। দেশজ। বি।

নেড়া-পোড়া—চাচর উৎসব। দেশজ। বি।

নেত—বস্ত্র ; পট্টবস্ত্র, অংশুক, গরদ ; কানাত, পর্দা। 'নেত্র' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

নেতপট্ট—বহুমূল্য পট্টবস্ত্র। প্রাঃ কবিপ্র। বি।

নেতা, ন্যাতা—তেনা, কানি, ছেঁড়া কাপড় ; ঘর নিকাইবার কানি। প্রাদে। বি।

নেতা (নেতৃ)—নায়ক ; পরিচালক ; অধ্যক্ষ ; প্রাপক ; প্রেরক ; প্রভু ; স্বামী। নী + তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, নেত্রী।

নেতাড়, নেতুড়—সংশ্লেষ, একের সহিত অন্য সংলগ্ন হইয়া যাহা ক্রমাগত চলিয়াছে, সংলগ্নতা, সংলাগ। দেশজ। বি।

নেতান—লতার মত কৃশ হওয়া ; অবসন্ন হওয়া। বাং ক্রি।

নেতি—যোগীদের একপ্রকার প্রক্রিয়া (ইহাতে নাসারন্ধ্রে ফিতা প্রবেশ করাইয়া মুখ দিয়া বাহির করা হয়, বা লম্বা ন্যাকড়া গিলিয়া পুনরায় বাহির করা হয়)। দেশজ। বি।

নেতিবাচক—অস্বীকৃতিমূলক। ৬ষ্ঠীতৎ। বিণ।

নেতুড়—নেতাড় দ্রঃ।

নেতৃত্ব—নেতার ভাব বা ধর্ম্ম, নায়কত্ব, পরিচালকত্ব, অধ্যক্ষতা, প্রভুতা। নেতৃ + ত্ব ভাবার্থে। বি ; ক্লীব।

নেত্র—নয়ন, চক্ষুঃ ; বস্ত্রবিশেষ; রথ ; পথ ; গুণ ; বৃক্ষমূল। নী + ষ্ট্রন্ করণবা, অধিবা। বি ; ক্লীব।

নেত্রগোচর—দর্শনেন্দ্রিয়ের বিষয়ীভূত, দৃষ্টিগোচর, প্রত্যক্ষ। ৬ষ্ঠীতৎ। বিণ। [পুং।

নেত্রচ্ছদ—চোখের পাতা। ৬ষ্ঠীতৎ। বি ;

নেত্রজন—মৌলিক রাসায়নিক পদার্থবিশেষ (Nitrogen). বি।

নেত্রপল্লব—চোখের পাতা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [বি ; পুং।

নেত্রপাত—দৃষ্টিপাত, নয়ননিক্ষেপ। ৬ষ্ঠীতৎ।

নেত্রবিমোহন—নয়নরঞ্জন, সুন্দর। ৬ষ্ঠীতৎ। বিণ। [বি ; ক্লীব।

নেত্রমল—চক্ষুর মল অর্থাৎ পিঁচটি। ৬ষ্ঠীতৎ।

নেত্ররঞ্জন—কজ্জল, কাজল। নেত্র শব্দ—রন্জ্ (রঙ্ করা) + অনট্ করণবা। বি ; ক্লীব। [ক্লীব।

নেত্রাম্বু—অশ্রু, চক্ষুর জল। ৬ষ্ঠীতৎ। বি ;

নেত্রিকাম্ল—স্বর্ণ ও প্ল্যাটিনাম ভিন্ন অন্য সকল ধাতুবিদ্রাবক উগ্র রাসায়নিক অম্ল তরল পদার্থবিশেষ (Nitric acid). বি।

নেত্রী—নায়িকা, পরিচালিকা ; প্রাপিকা ; প্রেরিকা। নেতৃ + ঈপ্। বিণ ; স্ত্রী।

নেদান—নেংচিয়া চলা ; অতি কোমলতা হেতু যেন বসিয়া বা গলিয়া পড়া ; হাঁপাইয়া যাওয়া ; (পশুপাখীর) মলত্যাগ করা। বাং ক্রি।

নেপটান, লেপটান—লিপ্ত হইয়া বা জড়াইয়া থাকা। 'লিপ্ত' শব্দজ। বাং ক্রি।

নেপথ্য—বেশ ; সজ্জা ; অলঙ্কার ; সজ্জাগৃহ, সাজঘর ; রঙ্গভূমি। নের (নায়কের) পথ্য (উপযুক্ত স্থান), ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

নেপথ্যে—রঙ্গমঞ্চের অন্তরালে।

নেপথ্যগৃহ—সাজঘর (Green room). ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

নেপথ্যবিধান—অভিনেতাদের সাজসজ্জা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। [বি।

নেপাল—হিমালয়-সন্নিহিত দেশবিশেষ।

নেপালী—নেপালের লোক ; নেপালে উৎপন্ন। নেপাল + ঈ। বি বা বিণ।

নেপো—চালাক লোক, ফাজিল। দেশজ। বি বা বিণ।

নেবা, ন্যাবা—কামলা রোগ (Jaundice). দেশজ। বি। [বি।

নেবাজ—প্রতিপালক, পৃষ্ঠপোষক। ফার্সী।

নেবু—নিম্বু, ফলবিশেষ, লেবু। 'নিম্বু' শব্দজ। বি।

নেমক—নিমক দ্রঃ।

নেমকহারাম, নেমখারাম—নিমকহারাম দ্রঃ।

নেমি—১। তীর্থস্থান। নী + মি অধিবা। বি ; পুং। ২। চক্রপরিধি, চক্রের প্রান্ত ;

কূপের উপরিস্থ পট্ট, প্রান্তভাগ। নী (লইয়া যাওয়া)+মি করণবা। বি ; স্ত্রী।

নেমী—নেমি, চক্রপরিধি ; কূপের উপরিস্থ পট্ট। নী (লইয়া যাওয়া)+মি করণবা+ঈপ্। বি ; স্ত্রী।

নেয়া, নেওয়া—লওয়া। প্রাদে। ক্রি।

নেয়াই, নেহাই, নেই—নাই, স্থূণা, যে লৌহপিণ্ডের উপর ধাতু পোড়াইয়া পেটা হয় (Anvil). 'নিধাপিকা' বা 'নিঘাতি' শব্দজ। বি।

নেয়াপাতি—কচি, অল্প কোমল শাঁসবিশিষ্ট ('—ডাব')। দেশজ। বিণ।

নেয়াড়, নেয়ার—শাদা মোটা চওড়া ফিতা। (খাট ছাইতে বা মশারির জোড়ায় লাগে)। দেশজ। বি।

নেয়ে—নাবিক, মাঝি। 'নাবিক' শব্দজ। [বি।

নেলনেলে, ন্যালনেলে—লালাযুক্ত। দেশজ। বিণ।

নেলাখেপা—সরলবুদ্ধি ; যাহার মুখ দিয়া লাল পড়ে এবং বোকা ; যে সব কাজে শিথিল। দেশজ। বিণ।

নেশা—মাদকদ্রব্য ; মত্ততা, মাতলাম ; অযথা অনুরাগ, বাতিক। আর্বী 'নশা' শব্দজ। বি।

নেশাখোর—নেশাপ্রিয় ব্যক্তি, মাদকসেবী। নেশা+খোর আসক্তার্থে। বিণ বা বি।

নেহ—১। স্নেহ। 'স্নেহ' শব্দজ। ২। অবলেহন। 'লিহ্' ধাতুজ। বি। ৩। গ্রহণ কর। প্রাঃ কবিপ্র। ক্রি।

নেহাৎ, নেহাত—একান্ত পক্ষে ; নিতান্ত, অত্যন্ত। আর্বী 'নিহায়ৎ' শব্দজ। অব্য।

নেহারা, নেহালা—নিরীক্ষণ করা, দৃষ্টিপাত করা, দেখা [নেহারিল=দেখিল]। 'নিভালন' (দর্শন) শব্দজ। কবিপ্র। ক্রি।

নেহাই—নেয়াই দ্রঃ।

নৈ—১। নদী। 'নদী' শব্দজ। ২। নবজাত গোবৎস। 'নব' শব্দজ। বি।

নৈকট্য—সামীপ্য, সান্নিধ্য। নিকট+ষ্ণ্য, ভাবার্থে। বি ; ক্লীব।

নৈকষেয়—নিকষাপুত্র, রাক্ষস, রাবণাদি। নিকষা+এয় অপত্যার্থে। বি ; পুং।

নৈকষ্য—কষিত, বিশুদ্ধ, খাঁটি। ('—কুলীন')। নিকষ+ষ্ণ্য পরীক্ষিতার্থে। বিণ।

নৈতিক—নীতিসম্বন্ধীয়, নীতিঘটিত ; নীতিসম্ভূত। নীতি+ইক। বিণ।

নৈত্যিক—নিত্যকৃত্য, নিত্য অনুষ্ঠেয়। নিত্য+ইক। বিণ। স্ত্রী,—কী।

নৈদাঘ—গ্রীষ্মকালসম্বন্ধীয়। নিদাঘ+অণ ইদমর্থে। বিণ।

নৈপুণ, নৈপুণ্য—নিপুণতা, দক্ষতা, পটুতা। নিপুণ+অণ্, ষ্ণ্য ভাবার্থে। বি ; ক্লীব। [চ। অব্য।

নৈবচ—এরূপ নয় ; কখনও নয়। ন+এব+

নৈবেদ্য—দেবতাকে নিবেদনীয় দ্রব্য। নিবেদ+ষ্ণ্য যোগ্যার্থে। বি ; ক্লীব।

নৈমিত্তিক—নিমিত্তজন্য ; নিমিত্তোৎপন্ন ; প্রয়োজনার্থ কর্ত্তব্য। নিমিত্ত+ইক। বিণ। স্ত্রী,—কী।

নৈমিষ—১। নিমিষসম্বন্ধীয়। নিমিষ+অণ বিণ। ২। অরণ্যবিশেষ [বিষ্ণু নিমিষমধ্যে এই স্থানে অসুর বিনাশ করায় ইহার নাম নৈমিষ হইয়াছে]। বি ; ক্লীব।

নৈমিষারণ্য—নৈমিষ-নামক বন। নৈমিষ দ্রঃ। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

নৈয়মিক—নিয়মানুযায়ী. নিয়মসম্বন্ধীয়। নিয়ম+ইক। বিণ। স্ত্রী,—কী।

নৈয়ায়িক—ন্যায়বেত্তা, তার্কিক ; ন্যায়শাস্ত্রাধ্যায়ী। ন্যায়+ইক কর্ত্তৃবা। বিণ।

নৈরন্তর্য্য(র্য)—নিরন্তরতা, সাতত্য, অবিচ্ছেদ। নিরন্তর শব্দ+ষ্ণ্য ভাবার্থে। বি ; ক্লীব।

নৈরপেক্ষ্য—নিরপেক্ষতা, পক্ষপাতশূন্যতা। নিরপেক্ষ শব্দ+ষ্ণ্য ভাবার্থে। বি ; ক্লীব।

নৈরাকার—আকার-রহিত, একাকার, শূন্যময়। নিরাকার+অণ্ স্বার্থে। বিণ।

নৈরাশ—আশাহীনতা, নিরাশা। নিরাশ+অণ্ ভাবার্থে। বি ; ক্লীব।

নৈরাশ্য—আশার অভাব, আশাশূন্যতা। নিরাশ শব্দ+ষ্ণ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

নৈর্ঋত—রাক্ষস; পশ্চিম-দক্ষিণ দিকের অধিপতি। নির্ঋতি+অণ্। বি; পুং।

নৈর্গুণ্য—নির্গুণতা, সত্বাদি-গুণসঙ্গ-রাহিত্য। নির্গুণ শব্দ+ষ্ণ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

নৈর্ব্ব্য(র্ব্য)ক্তিক—ব্যক্তিসম্পর্কশূন্য। নির্ব্যক্তি+ইক। বিণ। স্ত্রী,–কী।

নৈর্ম্ম(র্ম)ল্য—নির্ম্মলত্ব, বিশুদ্ধতা; বিষয়-বৈরাগ্য। নির্ম্মল শব্দ+ষ্ণ্যঞ্ ভবার্থে। বি; ক্লীব।

নৈশ—নিশাকালীন, রাত্রিঘটিত। নিশা+অণ্ ভবার্থে। বিণ।

নৈষধ—১। নিষধসম্বন্ধীয়। নিষধ+অণ্ সম্বন্ধার্থে। বিণ। ২। নলরাজা। নিষধ+অণ্ রাজা অর্থে। বি; পুং। ৩। কবি শ্রীহর্ষকৃত নলরাজার চরিতাখ্যান গ্রন্থবিশেষ। বি; ক্লীব।

নৈষ্কর্ম্ম(র্ম)—সর্ব্বকর্ম্ম পরিত্যাগ, নিষ্কর্ম্মা থাকা; মুক্তি; সুরেশ্বরাচার্য্যকৃত বেদান্ত গ্রন্থ-বিশেষ। নিষ্কর্ম্মন্ শব্দ+অণ ভাবে। বি; ক্লীব।

নৈষ্ঠিক—১। ব্রতবিশেষে আসক্ত। বিণ। ২। আজীবন যে দ্বিজ গুরুগৃহে থাকিয়া ব্রহ্ম-চর্য্য পালন করে। নিষ্ঠা+ইক। বি; পুং।

নৈষ্ঠুর্য্য(র্য)—নিষ্ঠুরতা, ক্রূরতা, নির্দ্দয়তা। নিষ্ঠুর+ষ্ণ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

নৈসর্গিক—স্বাভাবিক, প্রাকৃতিক। নিসর্গ +ইক। বিণ। স্ত্রী,–কী।

নোংরা—১। অপরিষ্কার, ঘৃণ্য; অশ্লীল। বিণ। ২। আবর্জ্জনা। দেশজ। বি।

নোংরাম, নোংরামি—ঘৃণ্য আচরণ। নোংরা+ম, মি ভাবে। বি।

নোকর—চাকর। ফার্সী 'নওকর' শব্দজ। বি। [বি।

নোকরি—চাকরি। নোকর+ই কর্ম্মার্থে।

নোঙর, নোঙ্গর—নৌকা জাহাজ প্রভৃতি বাঁধিবার জন্য লোহার অঙ্কুশবিশেষ। ফার্সী 'লঙ্গর' শব্দজ। বি।

নোট—১। স্মারক লিপি; মন্তব্য, টীকা, টিপ্পনী; মুদ্রাসূচক কাগজ (টাকার পরিবর্ত্তে ব্যবহৃত)। ইং Note. ২। চূড়া। প্রাঃ কবিপ্র। ৩। ঢেঁকির গড়ের গর্ত্ত। প্রাদে। বি।

নোটিশ, নোটিস—বিজ্ঞাপন, সাধারণের বা ব্যক্তিবিশেষের অবগতির জন্য লেখ্য। ইং Notice. বি।

নোড়—১। সাদা অম্ল ফলবিশেষ। বি। ২। মূল্যহীন, ব্যবহারের অযোগ্য। দেশজ। বিণ।

নোড়া—পেষণী, গোলালো প্রস্তরখণ্ড, শিলের উপর মশলাদি বাটিবার প্রস্তরখণ্ডবিশেষ। 'লোষ্ট্র' শব্দজ। বি।

নোতুন—নূতন। প্রাদে। বিণ।

নোনতা—লোনা, লবণাক্ত। নুন্+তা যুক্তার্থে। বিণ।

নোনা—১। আতাজাতীয় ফলবিশেষ। দেশজ। বি। ২। লবণাক্ত, লোনা। বিণ। ৩। স্থানবিশেষের ভূমিতে বা জলে লবণা-ধিক্য যদ্দারা স্বাস্থ্যহানি ঘটে; মাটির লবণ-জাতীয় অংশ যাহা দেওয়ালের গায়ে ফুটিয়া উঠে। নুন্+আ যুক্তার্থে। বি।

নোয়া—লৌহ; লোহার চুড়ি (এয়োস্ত্রীর লক্ষণ)। 'লৌহ' শব্দজ। বি।

নোয়া—নত হওয়া, নুয়ে পড়া। বাং ক্রি।

নোয়ান—নত করা; বাঁকান। বাং ক্রি।

নোল—ঢিলা, শিথিল। 'লোল' শব্দজ। বি।

নোলক—মুক্তা প্রভৃতি নাসিকাভরণবিশেষ। 'লোলক' শব্দজ। বি।

নোলা—জিহ্বা; খাইবার লোভ, লালসা। 'লোলা' শব্দজ। বি।

নৌ—নৌকা। নুদ্+ডৌ কর্ম্মবা। বি; স্ত্রী।

নৌকতা, নৌকুতা—লৌকিকতা, সামা-জিক মান, সামাজিক আদানপ্রদান বা আচার-ব্যবহার। 'লৌকিকতা' শব্দজ। বি।

নৌকা—তরিকা; তরণি, জলযান। নৌ কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

নৌকাজীবিক, নৌকাজীবী (-জীবিন্)—নৌকা চালাইয়া জীবিকা-নির্ব্বাহকারী, মাঝি, দাঁড়ি প্রভৃতি। নৌকা জীবিকা যাহার, বহুব্রী। নৌকা–আ–জীব্ +ণিন্ কর্ত্তৃবা। বি; পুং। [বি; পুং।

নৌকাদণ্ড—ক্ষেপণী, দাঁড়, লগী। ৬ষ্ঠীতৎ।

নৌকাপথ—নৌকা দ্বারা গমনীয় পথ। নৌকাগম্য পথ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

নৌকাযোগে—নৌকারোহণে। নৌকার যোগ আছে যাহাতে, বহুব্রী, এরূপে। ক্রি-বিণ।

নৌকাবিহার—নৌকায় চড়িয়া আমোদ-প্রমোদ সহকারে ভ্রমণ। ৩য়াতৎ বা ৭মীতৎ। বি; পুং।

নৌঘাঁটি—নৌসেনা ও যুদ্ধজাহাজের আড্ডা। ৬ষ্ঠীতৎ। বি।

নৌচালক—পোতচালনকর্ত্তা, যে নৌকা চালায়, কর্ণধার, মাঝি; নৌকাবাহক, দাঁড়ি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

নৌতুন—নূতন। প্রাঃ কবিপ্র। বিণ।

নৌবৎ, নৌবত—নহবৎ। প্রাঃ কবিপ্র। বি।

নৌবল—জলযুদ্ধের জন্ম জাহাজ ও সৈন্যদল (Navy). মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

নৌবহর—যুদ্ধজাহাজসমূহ (Fleet). ৬ষ্ঠীতৎ। বি।

নৌবাহিনী—জলযুদ্ধের জন্ত সৈন্তদল, নৌবল। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

নৌবিদ্যা—নৌকাপরিচালন-বিদ্যা, নাবিক-বিদ্যা। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

নৌবিভাগ—রাজকীয় বা সরকারী যে কার্য্যবিভাগে নৌকা জাহাজ প্রভৃতি জলযান এবং নৌসেনার কার্য্যাবলী নির্ব্বাহিত হয়। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

নৌবিমান—১। নৌসৈন্তের সাহায্যকারী উড়োজাহাজ। নৌরক্ষী বিমান, মধ্যপ কর্ম্মধা। ২। যে সকল বিমান আকাশেও চলে এবং জলেও ভাসে (Sea-plane). কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

নৌব্যসন—নৌকা প্রভৃতি জলযান সম্বন্ধীয় বিপত্তি; পোতধ্বংস, জাহাজ-ভঙ্গ। ৬ষ্ঠীতৎ বি; ক্লীব।

নৌযুদ্ধ—জাহাজে জাহাজে যুদ্ধ। নৌ-কৃত যুদ্ধ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

নৌসেতু—নৌকার পুল। নৌ-রচিত যে সেতু, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

নৌসেনা, নৌসৈন্য—নৌকাদি জলযানে যুদ্ধকারী সৈনিক দল। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী, ক্লীব।

নৌসেনাপতি, -ধ্যক্ষ—জলযানে যুদ্ধকারী সৈনিকদিগের প্রধান পরিচালক বা নেতা, আড্‌মিরাল, কাপ্তেন প্রভৃতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ন্যক্কার—নীচকরণ, অবজ্ঞা, অসম্মান, অশ্রদ্ধা, ঘৃণা; বমন, ন্যাকার। ন্যক্ (নীচ)–কৃ (করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

ন্যক্কারজনক—অবজ্ঞাজনক, অশ্রদ্ধেয়, ঘৃণা-কর, বমনকারী। ৬ষ্ঠীতৎ। বিণ।

ন্যগ্রোধ—বটবৃক্ষ; ব্যামপরিমাণ, বাঁও; শমীবৃক্ষ; বিষপর্ণী। ন্যক্ (নীচ, নিম্ন)–রুধ্ (রোধ করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

ন্যগ্রোধপরিমণ্ডলা—যাহার স্তনদ্বয় অতি-দৃঢ়, নিতম্ব বিশাল, এবং কটিদেশ ক্ষীণ, এরূপ রমণী। ন্যগ্রোধবৎ পরিমণ্ডল যে স্ত্রীর, বহুব্রী। বিণ; স্ত্রী। পুং,–পরিমণ্ডল (প্রশস্ত বক্ষ-যুক্ত)।

ন্যস্ত—নিক্ষিপ্ত; নিহিত; স্থাপিত; নিসৃষ্ট; ত্যক্ত; অর্পিত; প্রেরিত; রচিত; পাতিত; বিস্তারিত। নি–অস্ (ক্ষেপণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ন্যস্তা।

ন্যাংটা, ন্যাকড়া, ন্যাকা ইত্যাদি—নেংটা ইত্যাদি দ্রঃ।

ন্যায়—যুক্তিমূলক দৃষ্টান্তবিশেষ; মহামুনি গৌতম-প্রণীত দর্শনশাস্ত্র; তর্কশাস্ত্র; যাথার্থ্য; ঔচিত্য; নীতি; যুক্তি; অভিযোগ; উদাত্ত, অনুদাত্ত, স্বরিত, এই ত্রিবিধ স্বর। নি–ই+ঘঞ্ করণবা, ভাববা। বি; পুং।

ন্যায়তঃ (–তস্), ন্যায়ত—সুবিচার অনুসারে। ন্যায়+তস্। অব্য।

ন্যায়নিষ্ঠ—ন্যায়পরায়ণ; ন্যায়যুক্ত। ন্যায়ে নিষ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–ষ্ঠা।

ন্যায়নিষ্ঠা—ন্যায়পরতা, ন্যায়ানুরাগ। ৭মী-তৎ। বি।

ন্যায়পথ, –মার্গ—উচিত মার্গ, ধর্ম্মপথ; ঠিক রাস্তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ন্যায়পর—ন্যায়ানুগামী, যাথার্থ্যানুসারী। ন্যায় পর (প্রধান) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–রা।

ন্যায়পরায়ণ—ন্যায়বিষয়ে অত্যাসক্ত, ন্যায়নিষ্ঠ। ন্যায় পরায়ণ (শ্রেষ্ঠ আশ্রয়) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–ণা।

ন্যায়বান্ (–বৎ)—ন্যায়পরায়ণ, ন্যায়ানুরাগী। ন্যায় শব্দ+মতুপ্ অস্ত্যর্থে। বিণ।

ন্যায়বিচার—ন্যায্য মীমাংসা। ন্যায়সঙ্গত বিচার, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ন্যায়বিরুদ্ধ—অযথার্থ; অনুচিত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–দ্ধা।

ন্যায়রত্ন—পণ্ডিতের উপাধিবিশেষ। ন্যায়ে রত্ন (রত্নসদৃশ), ৭মীতৎ। বি; পুং।

ন্যায়শাস্ত্র—তর্কশাস্ত্র। ন্যায়-নামক যে শাস্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ন্যায়সঙ্(ংগ)ত, –সম্মত—ন্যায়ানুমোদিত, ন্যায্য; যথার্থ; উচিত। ৩য়াতৎ। বিণ।

ন্যায়াধীশ—প্রাড়্বিবাক, ধর্ম্মাধিকরণিক, বিচারপতি। ন্যায়ের অধীশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ন্যায়ালঙ্কা(ংকা)র—ন্যায়শাস্ত্রবিৎ পণ্ডিতের উপাধিবিশেষ। ৭মীতৎ। বি; পুং।

ন্যায়োপেত—ন্যায্য, ন্যায়সঙ্গত। ন্যায় দ্বারা উপেত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,–তা।

ন্যায্য—ন্যায়সঙ্গত; যথার্থ; উচিত; যোগ্য। ন্যায়+যৎ অনপেতার্থে। বিণ। বি, ন্যায্যতা। স্ত্রী, ন্যায্যা।

ন্যালমেলে—লালাবৎ। দেশজ। বিণ।

ন্যাস—১। বিন্যাস; নিক্ষেপ; অর্পণ; গচ্ছিত রাখা; নিশ্বাসের পূরণ, স্থিরীকরণ ও রেচন-পূর্ব্বক মন্ত্রপ্রয়োগ। নি–অস্ (ক্ষেপণ করা) +ঘঞ্ ভাববা। ২। গচ্ছিত বস্তু; স্থাপ্য দ্রব্য; বৃত্তিব্যাখ্যানগ্রন্থবিশেষ। নি–অস্+ঘঞ্ কর্ম্মবা। ৩। (সঙ্গীতে) কোন রাগের বিশ্রাম বা পরিসমাপ্তি সুর। নি–অস্+ঘঞ্ করণবা। বি; পুং।

ন্যাসপাতি—আপেলজাতীয় একপ্রকার ফল। ফার্সীমূলক। বি।

ন্যুব্জ—১। কুব্জ, কুঁজো; বক্র; অধোমুখ, উপুড়। নি (না)–উব্জ্ (ঋজু হওয়া)+অচ্ কর্তৃবা। বিণ।

ন্যুব্জপৃষ্ঠ—যাহার উপরিভাগ কচ্ছপের পিঠের মত উন্নত (Convex). বহুব্রী। বিণ।

ন্যূন—অল্প, কম; ক্ষুদ্র; নীচ। নি–ঊন্ (কম হওয়া)+ক কর্তৃবা। বিণ।

ন্যূনকল্পে, –পক্ষে—কম করিয়া ধরিলে। বহুব্রী। ক্রি-বিণ। [বিণ।

ন্যূনাধিক—অল্পাধিক, কম বেশী। দ্বন্দ্ব।

ন্যূনাধিক্য—অল্পতা ও আধিক্য। ন্যূনাধিক+ষ্ণ্যঞ্ ভাবে। বি; ক্লীব।

প

প—১। একবিংশ ব্যঞ্জনবর্ণ, ইহার উচ্চারণ-স্থান ওষ্ঠ। ২। পবন; পত্র; অণ্ড; রাজা। বি; পুং। ৩। (সমাসে পরপদে) পালনকারী (নৃপ, ভূপ); যে পান করে (মদ্যপ)। পা+ক কর্তৃবা। বিণ।

পই, পৈ—পয়োনালী, জলযাওনা, নর্দ্দামা। প্রাদে। বি।

পইঠা, পৈঠা—ধাপ, সিঁড়ি, সোপান। 'প্রতিষ্ঠা' শব্দজ। বি।

পইতা, পৈতা—উপবীত, যজ্ঞসূত্র। 'পবিত্র' শব্দজ। বি।

পই পই, পৈ পৈ, পয় পয়—পুনঃপুনঃ, বারবার। দ্বিরুক্ত 'পদ' শব্দজ। অব্য।

পউষ, পৌষ—পৌষমাস। প্রাঃ কবিপ্র। বি।

পউটি, পৌটি—ধান্য পরিমাণবিশেষ, ৮০ কাঠা, প্রায় পাঁচ মণ। প্রাদে। বি।

পঁইছা, পঁউছি—ভূষণবিশেষ, হাতের পইছা বা পুঁইছা। প্রাঃ কবিপ্র। বি।

পঁইত্রিশ, পঁয়ত্রিশ—পঞ্চত্রিংশৎ, ৩৫। 'পঞ্চত্রিংশৎ' শব্দজ। বি বা বিণ।

পঁইষট্টি, পঁয়ষট্টি—সংখ্যাবিশেষ, ৬৫; ৬৫ সংখ্যক। 'পঞ্চষষ্টি' শব্দজ। বি বা বিণ।

পঁউছা, পৌঁছা—উপস্থিত হওয়া। বাং ক্রি।

পঁউছি—পইছা দ্রঃ।

পঁচাত্তর—৭৫ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'পঞ্চসপ্ততি' শব্দজ। বি বা বিণ।

পঁচানব্বই—সংখ্যাবিশেষ, ৯৫; ৯৫ সংখ্যক। 'পঞ্চনবতি' শব্দজ। বি বা বিণ।

পঁচাশী—৮৫ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'পঞ্চাশীতি' শব্দজ। বি বা বিণ।

পঁচিশ—পঞ্চবিংশতি, ২৫। 'পঞ্চবিংশ' শব্দজ। বি বা বিণ।

পঁচিশা, পঁচিশে—মাসের পঞ্চবিংশ দিবস। পঁচিশ+আ, এ। বি।

পঁয়তারা—কুস্তি প্রভৃতিতে পদবিক্ষেপ ভঙ্গি; কাজের পূর্ব্বে আস্ফালন; চম্পট। দেশজ। বি।

পঁয়তাল্লিশ—৪৫ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'পঞ্চচত্বারিংশৎ' শব্দজ। বি বা বিণ।

পঁয়ত্রিশ—পঁইত্রিশ দ্রঃ।

পঁয়ষট্টি—পঞ্চষষ্টি, ৬৫। 'পঞ্চষষ্টি' শব্দজ। বি বা বিণ।

পঁহু, পহু, পহুঁ—প্রভু; বহু; বঁধু। 'প্রভু' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

পঁহুছা, পঁহুছান—যাইয়া উপস্থিত হওয়া, উত্তীর্ণ হওয়া। হিন্দী। বাং ক্রি।

পকার—প এই বর্ণ মাত্র। প+কার স্বার্থে। বি; পুং।

পকেট—জেব, জামার সহিত সংলগ্ন থলি। ইং Pocket. বি।

পকেটকাটা, -মার—পা ট কা টা (Pickpocket). পকেট কাটে, মারে যে, উপতৎ। বি বা বিণ।

পক্ব—পরিণত, পাকা; পাকনিষ্পন্ন, রন্ধিত; রাঁধা; নিষ্ঠাপ্রাপ্ত; সিদ্ধ; দৃঢ়; বিনাশোন্মুখ। পচ্+ক্ত কর্তৃবা। বিণ।

পক্বকেশ—১। পাকা চুল। কর্ম্মধা। বি; পুং। ২। বৃদ্ধ, যাহার চুল পাকিয়াছে। বহুব্রী। বিণ। স্ত্রী, -শা, -শী।

পক্বান্ন—১। পাক-করা অন্ন বা খাদ্য (সাধারণতঃ লুচি, মিষ্টান্ন প্রভৃতিকে পক্বান্ন কহে)। কর্ম্মধা। বি; ক্লীব। ২। এক-রকম শক্ত মিঠাই। বাং প্রঃ। বি।

পক্বাশয়—পাকস্থলী; নাভিদেশের অধোভাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পক্ষ—মাসার্দ্ধ; প্রতিপদ্ হইতে পূর্ণিমা বা অমাবস্যা পর্য্যন্ত পঞ্চদশ তিথি পরিমিত কাল; পাখীর পাখা; বাণের পাখা; তর্ক উপলক্ষে প্রশ্ন বা উত্তর; সম্বন্ধ; বিবাহের সংখ্যা বা বার; তরফ; একাধিক পত্নীর একটি; মোকদ্দমার বাদী বা বিবাদী; কপাট প্রভৃতির পাল্লা; সহায়; সখা; যুগ্ম; পিচ্ছ; পার্শ্ব; পার্শ্বগৃহ; চুল্লী; রন্ধ্র; (কেশাদি শব্দের পরবর্ত্তী হইলে) গুচ্ছ। পক্ষ+অচ্ কর্তৃবা। বি; পুং।

পক্ষগ্রহণ—দুই বিরোধী পক্ষের একটিতে যোগদান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পক্ষচ্ছেদ—পাখা কাটিয়া দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পক্ষপাত—এক পক্ষে পতন, একদিকে টান; অনুগ্রহ; স্নেহ; আসক্তি। ৭মীতৎ। বি; পুং।

পক্ষপাতিতা, -ত্ব—এক পক্ষে পতন বা ঢলিয়া পড়া, এক পক্ষকে অযথা অনুগ্রহ প্রদর্শন, পক্ষপাত। পক্ষপাতিন্+তা, ত্ব-ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

পক্ষপাতী (-পাতিন্)—একপক্ষে পতনশীল, যে একদিক্ টানিয়া কথা বলে

বা কাজ করে; একচোখো; অনুগ্রাহক; পক্ষদ্বারা পতনশীল। পক্ষ আছে অর্থে পক্ষপাত + ইন্; অথবা উপতৎ। পক্ষ—পত্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তিনী।

পক্ষপুট—পক্ষরূপ আধার, ডানার ভিতর। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

পক্ষবল—সহায়ের জোর, সহায়কবর্গ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পক্ষসমর্থন—সহায়তা, কাহারও অনুকূলে কথা বলা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পক্ষাঘাত—রোগবিশেষ, একপ্রকার বাত-ব্যাধি, ইহাতে দেহের একপার্শ্ব বা হস্তপদাদি অবশ হইয়া যায়। পক্ষে (একপার্শ্বে) আঘাত, ৭মীতৎ। বি; পুং।

পক্ষান্ত—অমাবস্যা; পূর্ণিমা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পক্ষান্তর—অপর পক্ষ। অন্য যে পক্ষ, নিত্য। বি; ক্লীব। **পক্ষান্তরে**—পরন্তু; আবার।

পক্ষাপক্ষ—স্বপক্ষ ও বিপক্ষ, দলাদলি। পক্ষ ও অপক্ষ, দ্বন্দ্ব। বি; পুং।

পক্ষিণী—১। পক্ষবিশিষ্টা। পক্ষিন্ + ঈপ্। বিণ; স্ত্রী। ২। স্ত্রী-পক্ষী; বর্ত্তমান ও আগামি-দিনযুক্তা রাত্রি; পূতনা। পক্ষ + ইন্ অস্ত্যর্থে + ঈপ্। বি; স্ত্রী।

পক্ষিরাজ—১। গরুড়। পক্ষিগণের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। অলীক পক্ষবিশিষ্ট ঘোটক। বাং প্রঃ। বি। [স্ত্রী।

পক্ষিশালা—চিড়িয়াখানা। ৬ষ্ঠীতৎ। বি;

পক্ষী (পক্ষিন্)—১। পক্ষবিশিষ্ট, যাহার পাখা বা পাখনা আছে। স্ত্রী,—ক্ষিণী। ২। বিহঙ্গ, পাখী; বাণ। পক্ষ + ইন্ আছে অর্থে। বি; পুং। [বিণ।

পক্ষীয়—পক্ষসম্বন্ধীয়, দলভুক্ত। পক্ষ + ঈয়।

পক্ষোদ্গম, পক্ষোদ্ভেদ—পক্ষের উদয়, ডানা ওঠা, ডানার উৎপত্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পক্ষ্ম (পক্ষ্মন্)—নেত্রলোম; লোম; পাখীর পাখা, পালক; সূক্ষ্মাংশ; পুষ্পকেশর; সূত্রাদির অগ্রভাগ। পক্ষ্ (পরিগ্রহ করা) + মন্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

পখালা—প্রক্ষালন করা, ধৌত করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

পগার—জলনালী প্রভৃতির উচ্চ পার; খাত, নালা, গর্ত্ত। প্রাদে। বি।

পঙ্ক(ঙ্ক)—কর্দ্দম, পাঁক; পাপ। পনচ্ (বিস্তৃত হওয়া) + ঘঞ্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

পঙ্ক(ঙ্ক)জ—১। কর্দ্দমজাত। বিণ। স্ত্রী,—জা। ২। পদ্ম। উপতৎ। পঙ্ক—জন্ (জন্মা) + ড কর্ত্তৃবা। বি; ক্লীব।

পঙ্ক(ঙ্ক)জিনী—পদ্মিনী; পুষ্করিণী। পঙ্কজ + ইন্ + স্ত্রী ঈপ্। বি; স্ত্রী।

পঙ্ক(ঙ্ক)প্রক্ষালন-ন্যায়—পঙ্ক লেপিয়া পরে ধোওয়া অপেক্ষা পঙ্ক লেপন না করাই ভাল এই যুক্তি (প্রক্ষালনাদ্ধি পঙ্কস্য দূরাদ-স্পর্শনং বরম্)। পঙ্কের প্রক্ষালন, ৬ষ্ঠীতৎ; তদাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পঙ্ক(ঙ্ক)রুহ, পঙ্কে(ঙ্কে)রুহ—পদ্ম। উপতৎ। পঙ্ক—রুহ্ (জন্মা) + অচ্ কর্ত্তৃবা; বিকল্পে অলুক্। বি; ক্লীব।

পঙ্কি(ঙ্কি)ল—পঙ্কবিশিষ্ট, সকর্দ্দম। পঙ্ক + ইল যুক্তার্থে। বিণ। স্ত্রী,—লা।

পঙ্কো(ঙ্কো)দ্ধার—পুকুরের পাঁক তোলা; (ব্যঙ্গার্থে) জীর্ণসংস্কার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পঙ্(ঙ)ক্তি—শ্রেণী; সারি (Line); পৃথিবী; ১০ সংখ্যা; পঞ্চাক্ষর ও দশাক্ষর ছন্দোবিশেষ। পনচ্ (বিস্তৃত করা) + ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী।

পঙ্(ঙ)ক্তিদূষক—যাহার সহিত এক পঙ্ক্তিতে বসিলে দোষ হয়। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—বিকা।

পঙ্(ঙ)ক্তিভোজন—শ্রেণীবদ্ধ হইয়া বহু ব্যক্তির একত্রে ভোজন। ৭মীতৎ। বি; ক্লীব।

পঙ্খী—পক্ষী (যেমন 'ময়ূর-পঙ্খী')। 'পক্ষিন্' শব্দজ। বি।

পঙ্গ(ঙ্গ)পাল—পতঙ্গবিশেষ, একজাতীয়

ফড়িঙ্। ইহারা পার্ব্বত্য প্রদেশে জন্মগ্রহণ করে, এবং একসঙ্গে লক্ষ লক্ষ পতঙ্গ দলবদ্ধ হইয়া উড়িয়া বেড়ায়। এইরূপে উড়িতে উড়িতে উহারা যে স্থানে বসে, সেখানকার শস্যাদি সমস্ত খাইয়া ফেলে। 'পতঙ্গপালি' শব্দজ। বি।

পঙ্গু(ংগু)—১। জঙ্ঘার বৈকল্যপ্রযুক্ত চলনে অক্ষম, পদবিকল, খঞ্জ, খোঁড়া। পন্‌জ্ +কু কর্তৃবা। বিণ। বি,—তা,—ত্ব। ২। শনিগ্রহ। বি; পুং।

পচন—১। পাক; রন্ধন; পরিপাক। পচ্ +অনট্ ভাববা। বি; ক্লীব। ২। পচিয়া যাওয়া। পচ্+অন ভাববা। বি।

পচপচ, প্যাচপ্যাচ—কাদার উপর দিয়া চলা। বাং ক্রি। চলিবার শব্দ। দেশজ। অব্য। বিণ, পচপচে, প্যাচপেচে।

পচপচান—পচপচ করা, জল কাদার উপর

পচা—বিকৃত, গলিত, দূষিত। পচ্+আ কর্তৃবা। বিণ। [দেশজ। বি।

পচাই—পচা চাউল হইতে তৈয়ারী মদ্য।

পচাগলা—যা সম্পূর্ণ পচিয়া গিয়াছে। কর্ম্মধা। বিণ।

পচান—বিকৃত করা; গাঁজান। বাং ক্রি।

পচাভাদ্দর—সর্ব্বদা বৃষ্টিযুক্ত ভাদ্রমাস। অবিরাম বৃষ্টির ফলে গাছপালা পচিয়া উঠে বলিয়া এই সময়কে পচাভাদ্দর বলা হয়। কর্ম্মধা। বি।

পচাল—বাজে বকা; নিরর্থক বা অশ্লীল বাক্য। দেশজ। বি।

পচ্য—রাঁধিবার যোগ্য; যাহা খাইলে হজম হয়। পচ্+যৎ কর্ম্মবা। বিণ।

পছন্দ—১। মনের মত, রুচিসঙ্গত; নির্ব্বাচিত। বিণ। ২। নির্ব্বাচন; রুচি। 'পসন্দ' শব্দজ। বি।

পছন্দসই—মনের মত, উত্তম। পছন্দ+সই অনুরূপার্থে। বিণ।

পজ্ঝটিকা—ছন্দোবিশেষ। বি; স্ত্রী।

পঞ্চ (পঞ্চন্)—পাঁচ, ৫। পন্‌চ্ (বিবৃত হওয়া)+অচ্ কর্তৃবা। বিণ বা বি; পুং।

পঞ্চক—১। পাঁচ সংখ্যা; পঞ্চসমূহ। পঞ্চন্+কন্। বি; ক্লীব। ২। পঞ্চসম্বন্ধীয়; পঞ্চপরিমিত। বিণ। স্ত্রী,—কা।

পঞ্চকর্ম্ম(র্ম) (—কর্ম্মন্)—বমন, রেচন, নস্য-নিরূহ, অনুবাসন, উৎক্ষেপণ—এই পাঁচ প্রকার চিকিৎসা। সমা-দ্বিগু। বি; ক্লীব।

পঞ্চকষায়—জম্বু, শাল্মলি, বাট্যাল, বকুল, বদর, এই পঞ্চ। কর্ম্মধা। বি; পুং।

পঞ্চকোষ—অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময়, আনন্দময়, এই পাঁচ কোষ। কর্ম্মধা। বি; পুং।

পঞ্চগঙ্গা(ংগা)—ভাগীরথী, গোমতী, কৃষ্ণবেণী, পিনাকিনী, কাবেরী, এই পাঁচ নদী; কাশীস্থ তীর্থবিশেষ। কর্ম্মধা। বি; স্ত্রী।

পঞ্চগব্য—দধি, দুগ্ধ, ঘৃত, গোময়, গোমূত্র, এই পাঁচ। কর্ম্মধা। বি; ক্লীব।

পঞ্চগুণ—পাঁচগুণ; রূপ রস শব্দ স্পর্শ গন্ধ। কর্ম্মধা। বি; পুং।

পঞ্চতত্ত্ব—(তন্ত্রমতে) পঞ্চ মকার—মদ্য, মাংস, মৎস্য, মুদ্রা, মৈথুন, এই পাঁচ; (বৈষ্ণবমতে) গুরুতত্ত্ব, মন্ত্রতত্ত্ব, মনস্তত্ত্ব, দেবতত্ত্ব, ধ্যানতত্ত্ব, এই পাঁচ; (সাংখ্যমতে) ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম, এই পাঁচ। কর্ম্মধা। বি; ক্লীব।

পঞ্চতন্ত্র—বিষ্ণুশর্ম্ম-প্রণীত নীতিশাস্ত্রবিশেষ। বি; ক্লীব।

পঞ্চতন্মাত্র—শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ; পৃথিব্যাদি সূক্ষ্ম পঞ্চভূত, আকাশাদি। কর্ম্মধা। বি; ক্লীব।

পঞ্চতা—পঞ্চত্ব (সকল অর্থে)। পঞ্চন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

পঞ্চতিক্ত—নিম, গুলঞ্চ, বাসক, পটোলপত্র, কণ্টকারী, এই পাঁচ তিক্ত পদার্থ। কর্ম্মধা। বি; ক্লীব।

পঞ্চত্ব—পঞ্চভূতে পরিণতি, মৃত্যু। পঞ্চন্ শব্দ+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

পঞ্চত্বপ্রাপ্তি—মৃত্যু। ৬তৎ। বি; স্ত্রী।

পঞ্চদশ (—দশন্)—পনর, ১৫। পঞ্চ

দ্বারা অধিক যে দশ (দশন্), মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ।

পঞ্চদশ—১৫ সংখ্যার পূরক। পঞ্চদশন্+ডট্। বিণ। স্ত্রী,—শী।

পঞ্চদশী—বেদান্ত গ্রন্থবিশেষ; পূর্ণিমা; অমাবস্যা; পঞ্চদশবর্ষ-বয়স্কা কিশোরী। পঞ্চদশন্+ডট্ পূরণার্থে+ঈপ্। বি; স্ত্রী।

পঞ্চদেবতা—সূর্য্য, গণেশ, দুর্গা, শিব, বিষ্ণু, এই পঞ্চ দেব। (কেহ কেহ শিবাদি, কেহ বা গণেশাদি পঞ্চদেবতা বলেন)। কর্ম্মধা। বি; স্ত্রী।

পঞ্চধা—পাঁচপ্রকার; পাঁচবার; পাঁচ খণ্ডে বা দিকে। পঞ্চন্+ধাচ্ প্রকারার্থে। অব্য।

পঞ্চনখ—১। পাঁচ নখযুক্ত (শশক, শল্লকী, গোধা, গণ্ডার, কূর্ম্ম)। বহুব্রী। বিণ।

পঞ্চনদ—১। শতদ্রু, বিপাশা, ইরাবতী, চন্দ্রভাগা, বিতস্তা, এই পঞ্চনদীযুক্ত দেশ, পঞ্জাব দেশ। পঞ্চ (পাঁচ) নদী আছে যেখানে, বহুব্রী। বি; পুং। ২। কিরণা, ধুতপাপা, সরস্বতী, গঙ্গা, যমুনা, এই পাঁচ। পঞ্চ নদীর সমাহার, সমা-দ্বিগু। বি; ক্লীব।

পঞ্চনীরাজন—প্রদীপ, পদ্ম, বসন, আম্র বা তাম্বূলপত্র, এই চতুর্ব্বিধ দ্রব্য দ্বারা দেবতার আরতি করিয়া পরে সাষ্টাঙ্গে প্রণিপাত। পঞ্চ দ্বারা নীরাজন, ৩য়াতৎ। বি; ক্লীব।

পঞ্চপল্লব—আম্র, অশ্বত্থ, বট, প্লক্ষ, যজ্ঞডুম্বুর, এই পঞ্চ পল্লব; (তন্ত্রমতে) পনস, আম্র, অশ্বত্থ, বট, বকুল, এই পঞ্চ পল্লব। সমা-দ্বিগু। বি; ক্লীব।

পঞ্চপাত্র—১। শ্রাদ্ধবিশেষ, এই শ্রাদ্ধে দেবপক্ষে দুই এবং পিতৃপক্ষে তিন পুরুষ শ্রাদ্ধার্হ বলিয়া ইহা পঞ্চপাত্র শ্রাদ্ধ নামে অভিহিত হয়। পঞ্চ (পাঁচ) পাত্র যাহার, বহুব্রী। ২। একপ্রকার পূজার পাত্র। পঞ্চ পাত্র আছে যাহাতে, বহুব্রী। ৩। পাঁচ-পাত্র। দ্বিগু। বি; ক্লীব।

পঞ্চপিতা (-পিতৃ)—জনক, উপনেতা, শ্বশুর, অন্নদাতা, ভয়ত্রাতা, এই পাঁচ প্রকার পিতা। কর্ম্মধা। বি; পুং।

পঞ্চপ্রদীপ—আরাত্রিক করিবার নিমিত্ত একাধার নিবদ্ধ ধাতুময় পাঁচটি বা পঞ্চমুখ প্রদীপ। কর্ম্মধা। বি; পুং।

পঞ্চপ্রাণ—প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান, শরীরস্থ এই পঞ্চ বায়ু। কর্ম্মধা। বি; পুং।

পঞ্চবক্ত্র—পঞ্চানন, শিব; সিংহ; রুদ্রাক্ষ [পঞ্চমুখ দ্রঃ]। বহুব্রী। বি; পুং।

পঞ্চবটী—১। অশ্বত্থ, বিল্ব, বট, অশোক, আমলকী, এই বৃক্ষপঞ্চক। পঞ্চ বটের সমাহার, সমা-দ্বিগু। ২। দণ্ডকারণ্যস্থ বনবিশেষ, অধুনা তাহা জনপদে পরিণত হইয়া "নাসিক" নাম প্রাপ্ত হইয়াছে। পঞ্চ বট আছে যাহাতে, বহুব্রী। বি; স্ত্রী।

পঞ্চবাণ, —শর—১। পাঁচবাণবিশিষ্ট। বিণ। ২। কামদেব, কন্দর্প। পঞ্চ বাণ বা শর যাহার, বহুব্রী। [কন্দর্পের পাঁচ বাণের নাম—সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন ও স্তম্ভন; অরবিন্দ, অশোক, চূত, নবমল্লিকা, রক্তোৎপল, এই পাঁচটিও কামের শর বলিয়া কথিত হয়]। বি; পুং। ৩। ঐ পাঁচ বাণের সমষ্টি। সমা-দ্বিগু। বি; ক্লীব।

পঞ্চবায়ু—দেহস্থ পঞ্চপ্রাণ (তাহা দ্রঃ)। বি।

পঞ্চভুজ—১। পাঁচ বাহুবিশিষ্ট; পাঁচ রেখা দ্বারা পরিবেষ্টিত। বিণ। ২। পঞ্চ রেখা দ্বারা পরিবদ্ধ ক্ষেত্র। পঞ্চ (পাঁচ) ভুজ যাহার, বহুব্রী। বি; ক্লীব।

পঞ্চভূত—ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম, এই পাঁচ পদার্থ। কর্ম্মধা। বি; ক্লীব।

পঞ্চম—১। পাঁচ (৫) সংখ্যার পূরক। পঞ্চন্+মট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী। ২। অত্যুচ্চ স্বরবিশেষ; রাগবিশেষ, পঞ্চমস্বর, 'পা'; কোকিলের স্বর। বি; পুং।

পঞ্চমকার—মৎস্য, মাংস, মদ্য, মুদ্রা, মৈথুন, এই পাঁচ তন্ত্রোক্ত পঞ্চসাধন। দ্বিগু। বি; ক্লীব।

পঞ্চমহাপাতক—ব্রহ্মহত্যা, সুরাপান, ব্রাহ্মণের সুবর্ণ অপহরণ, গুরুপত্নী গমন ও

এই সকল পাপকারীর সংসর্গ—এই পাঁচ প্রকার পাপ। কর্ম্মধা। বি; ক্লীব।

পঞ্চমহাযজ্ঞ—গৃহস্থের কর্ত্তব্য পাঁচ প্রকার নিত্যকর্ম্ম; বেদাধ্যয়ন, অগ্নিহোত্র, পিতৃতর্পণ, ভূতবলি ও অতিথিপূজা, এই পাঁচ। পঞ্চ যে মহাযজ্ঞ, কর্ম্মধা। বি; পুং।

পঞ্চমী—১। পাঁচ সংখ্যার পূরিকা। বিণ; স্ত্রী। ২। অমাবস্যা বা পূর্ণিমার পর পঞ্চম তিথি; দ্রৌপদী। পঞ্চম+ঈপ্। বি; স্ত্রী।

পঞ্চমুখ—১। পাঁচমুখ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। পঞ্চানন, শিব। বি। ৩। পঞ্চবদনবিশিষ্ট, পাঁচমুখো; বহুভাষী; বাচাল; বাগ্মী। পঞ্চ (পাঁচ) মুখ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —খা, —খী।

পঞ্চমুদ্রা—আবাহনী, স্থাপনী, সন্নিধাপনী, সম্বোধনী, সম্মুখীকরণী, পূজাকালে এই পাঁচ মুদ্রা ব্যবহৃত হয়। কর্ম্মধা। বি; স্ত্রী।

পঞ্চমূল—পাঁচটী মূলের সমষ্টি, পাচনবিশেষ। সমা-দ্বিগু। বি; ক্লীব।

পঞ্চমূলী—স্বল্প পঞ্চমূল পাচন। পঞ্চমূল+ঈপ্ অল্পার্থে। বি; স্ত্রী।

পঞ্চযজ্ঞ—ব্রহ্মযজ্ঞ বা বেদপাঠ, নৃযজ্ঞ বা অতিথিসেবা, দৈবযজ্ঞ বা দেবপূজা, পিতৃযজ্ঞ বা শ্রাদ্ধতর্পণাদি, ভূতযজ্ঞ বা জীবসেবা, এই পাঁচ। কর্ম্মধা। বি; পুং।

পঞ্চরত্ন—হীরক, মুক্তা, পদ্মরাগ, স্বর্ণ, বিদ্রুম, এই পাঁচ। কর্ম্মধা। বি; ক্লীব।

পঞ্চরাত্র—১। পাঁচ রাত্রি। পঞ্চ রাত্রির সমাহার, সমা-দ্বিগু। ২। বৈষ্ণব আগম, বা বৈষ্ণব গ্রন্থবিশেষ। পঞ্চ রাত্র (জ্ঞানবচন) আছে যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

পঞ্চলক্ষণ—পুরাণ, যাহাতে সৃষ্টি, প্রলয়, বংশবর্ণনা, মন্বন্তর এবং মনুর বংশের বর্ণনা থাকে। পঞ্চ (সৃষ্ট্যাদি পাঁচ) লক্ষণ আছে যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

পঞ্চলবণ—কাচ, সৈন্ধব, সামুদ্র, বিট ও সৌবর্চ্চল, এই পাঁচ প্রকার লবণ। কর্ম্মধা। বি; ক্লীব।

পঞ্চলোহক, —লোহ, —লৌহক—স্বর্ণ, রৌপ্য, তাম্র, রঙ্গ, সীসক, এই পাঁচ ধাতু। সমা-দ্বিগু। বি; ক্লীব।

পঞ্চশর—পঞ্চবাণ দ্রঃ।

পঞ্চশস্য—পাঁচপ্রকার শস্য,—ধান্য, মুদ্গ, মাষ, যব, তিল (কিংবা শ্বেতসর্ষপ)। সমা-দ্বিগু। বি; ক্লীব।

পঞ্চসূনা—গৃহস্থের গৃহস্থিত পাঁচপ্রকার বধস্থান;—উনন, শিল-নোড়া, ঝাঁটা, ঢেঁকির গড়, কলসীপিঁড়ি। কর্ম্মধা। বি; স্ত্রী।

পঞ্চাইৎ, —য়ৎ, —য়েৎ—গ্রাম্য ব্যাপার নির্ব্বাহের জন্য গ্রাম্য পাঁচজনের সভা। হিন্দী। বি।

পঞ্চাগ্নি—চতুর্দ্দিকে অগ্নি ও উপরে সূর্য্য, এই পাঁচ; দক্ষিণ, গার্হপত্য, আহবনীয়, সভ্য, আবসথ্য, এই পাঁচ অগ্নি। কর্ম্মধা। বি; পুং। (ছান্দোগ্য উপনিষদুক্ত দিব্, পর্জন্য, ধরা, অমর, যোষিদ্; ইহাকেও পঞ্চাগ্নি বিদ্যা বলে)।

পঞ্চাঙ্ক(ংক), পঞ্চাঙ্ক(ংক)ক—পাঁচটি অঙ্কযুক্ত ('—নাটক')। বহুব্রী। বিণ। স্ত্রী, —ঙ্কা, —ঙ্কিকা।

পঞ্চাঙ্গ(ংগ)—১। পাঁচটি অবয়ব। পঞ্চ অঙ্গ, দ্বিগু। ২। সহায়, সাধনোপায়, দেশকাল-বিভাগ, বিপত্তিপ্রতীকার, সিদ্ধি, রাজ্যের এই পাঁচ অঙ্গ; বার, তিথি, নক্ষত্র, যোগ, করণ, এই পাঁচ; বৃক্ষের মূল, ত্বক্, পত্র, পুষ্প, ফল, এই পাঁচ; জপ, হোম, তর্পণ, অভিষেক, বিপ্রভোজন, এই পঞ্চাঙ্গ পুরশ্চরণ; পদদ্বয়, করদ্বয় ও মস্তক, এই পঞ্চাঙ্গ প্রণাম। অশৌচান্ত শ্রাদ্ধে—বিলক্ষণশয্যা, কাঞ্চন-পুরুষ, দ্বিজদম্পতি পূজা, কপিলাদান, বৃষোৎসর্গ। সমা-দ্বিগু। বি; ক্লীব।

পঞ্চানন, পঞ্চাস্য—শিব; সিংহ। [পঞ্চ-মুখ দ্রঃ]। পঞ্চ আনন বা আস্য যাহার, বহুব্রী। বি; পুং।

পঞ্চান্ন—৫৫ সংখ্যা বা তৎসংখ্যক। 'পঞ্চ-পঞ্চাশৎ' শব্দজ। বি বা বিণ।

পঞ্চাবয়ব—(ন্যায়শাস্ত্রে) অনুমানের পাঁচটি অঙ্গ, যথা—প্রতিজ্ঞা হেতু দৃষ্টান্ত উপনয় ও নিগমন। দ্বিগু। বি ; ক্লীব।

পঞ্চামৃত—দুগ্ধ, দধি, ঘৃত, মধু, চিনি, এই পাঁচ ; গর্ভাবস্থায় গর্ভিণীর সংস্কারবিশেষ। পঞ্চ অমৃতের সমাহার, সমা-দ্বিগু। বি ; ক্লীব।

পঞ্চাম্র—অশ্বত্থ, নিম্ব, বকুল, নারিকেল, চম্পক, এই পঞ্চবৃক্ষ ; ১ অশ্বত্থ, ১ নিম্ব, ২ চম্পক, ৩ কেশর, ৭ তাল, ৯ নারিকেল, এই ত্রয়োবিংশতি বৃক্ষ। কর্ম্মধা। বি ; পুং।

পঞ্চাম্ল—কোল, দাড়িম্ব, বৃক্ষাম্ল, অম্লবেতস, মাতুলঙ্গ—এই পাঁচ অম্ল। দ্বিগু। বি ; ক্লীব।

পঞ্চায়ৎ, পঞ্চায়েৎ—পঞ্চাইৎ দ্রঃ।

পঞ্চাল—দেশবিশেষ। পন্‌চ্ (বিস্তার করা) +কালন্ কর্ম্মবা। বি ; পুং। [মহারাজ হর্য্যশ্বের পঞ্চপুত্রের আলয় ছিল বলিয়া ইহার নাম পঞ্চাল এইরূপ কথিত হয়।]

পঞ্চালিকা, পঞ্চালী—বস্ত্রদন্তাদি নির্ম্মিত পুত্তলি ; পাঁচালী গীতি। পঞ্চালিকা=পঞ্চালী +কন্+আপ্ ; পঞ্চালী=পঞ্চাল+ঈপ্। বি ; স্ত্রী।

পঞ্চাশ—১। পঞ্চাশৎ (৫০)। 'পঞ্চাশৎ' শব্দজ। বি বা বিণ। ২। পঞ্চাশৎ সংখ্যার পূরণ। পঞ্চাশৎ+ডট্। বিণ। স্ত্রী,—শী।

পঞ্চাশৎ—১। ৫০ সংখ্যা। পঞ্চগুণিত যে দশ, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। ৫০ সংখ্যক। বিণ ; স্ত্রী।

পঞ্চাশত্তম—৫০ সংখ্যার পূরণ। পঞ্চাশৎ+ তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

পঞ্চাশীতি—পঁচাশী সংখ্যা বা তৎসংখ্যক। পঞ্চাধিকা অশীতি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী। (পূরণবাচক বিণ, পঞ্চাশীতিতম। স্ত্রী,—মী)।

পঞ্চাস্য—পঞ্চানন দ্রঃ।

পঞ্চেন্দ্রিয়—চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্, এই পাঁচ জ্ঞানেন্দ্রিয় ; বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ, এই পাঁচ কর্ম্মেন্দ্রিয়। পঞ্চ (পাঁচ) ইন্দ্রিয়, দ্বিগু। বি ; ক্লীব।

পঞ্চোপচার—গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য, এই পাঁচ। কর্ম্মধা। বি ; পুং।

পঞ্জর—১। পিঞ্জর, খাঁচা। পিন্‌জ্ (বাস করা)+অরন্ অধিবা। ২। পাঁজরা ; শরীর ; অস্থিমাত্রাকার শরীর, কঙ্কাল। পিন্‌জ্+ অরন্ কর্ত্তৃবা। বি ; পুং বা ক্লীব।

পঞ্জরাস্থি—পাঁজরার হাড়। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

পঞ্জা—মণিবন্ধ হইতে অঙ্গুলি সমেত করাংশ, অঙ্গুলিসহিত করতল বা তাহার ছাপ, কিংবা তদ্দ্বারা দ্বন্দ্ব ; পাঁচফোঁটা-চিহ্নিত তাস। ফার্সী। বি।

পঞ্জাব, পাঞ্জাব—পঞ্চনদ, শিখদের দেশ। পঞ্চ (পাঁচ) আব্ (জল বা নদী) যাহাতে, বহুব্রী। বি। বিণ, পঞ্জাবী, পাঞ্জাবী।

পঞ্জি, পঞ্জিকা, পঞ্জী—তিথিনক্ষত্রাদি-কালজ্ঞাপক গ্রন্থ, পাঁজি ; পাঁইজ ; প্রস্তাবনা ; মীমাংসা ও ব্যাকরণের গ্রন্থবিশেষ। পঞ্জি= পিন্‌জ্+ইন্ কর্ত্তৃবা ; পঞ্জিকা=পঞ্জি+কন্ +আপ্ ; পঞ্জী=পঞ্জি+ঈপ্। বি ; স্ত্রী।

পঞ্জিকাকার—যে পাঁজি লেখে। উপতৎ। পঞ্জিকা—কৃ+অণ্ কর্ত্তৃবা। বি ; পুং।

পট্—অনুকার-শব্দ ; হঠাৎ। দেশজ। অব্য।

পট—১। ঘরের চাল ; ছাদ। পট্ (বেষ্টনাদি করা)+অচ্ কর্ত্তৃবা। বি ; ক্লীব। ২। চিত্রপট, ছবি। বি ; পুং। ৩। সুন্দর বসন ; বস্ত্র। পট্+অচ্ করণবা। বি ; পুং বা ক্লীব।

পটকা—১। ক্ষুদ্র আতসবাজীবিশেষ,—ইহা অগ্নিসংযোগে পট্ শব্দে ফাটিয়া যায় ; মৎস্যের বায়ুকোষ বা পোট্‌কা। বি। ২। শক্তিহীন ('রোগা—')। দেশজ। বিণ। ৩। দুর্ব্বল হওয়া। বাং ক্রি।

পটকান—পাতিত করা, আছাড় মারা ; হারাইয়া দেওয়া ; দুর্ব্বল বা কৃশ হইয়া যাওয়া, রোগে পড়া। হিন্দীমূলক। বাং ক্রি।

পটবাস—তাঁবু, শাড়ী। পটনির্ম্মিত বাস, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

পটভূমি, —ভূমিকা—যে দৃশ্যপটের

সম্মুখে অভিনয় হয়; চিত্রের পশ্চাদ্‌বর্ত্তী অংশ যাহা মুখ্য অংশকে পরিস্ফুট করে (Background). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পটমণ্ডপ—বস্ত্রগৃহ, তাঁবু; শামিয়ানা। পট-নির্ম্মিত মণ্ডপ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পটল—১। ঘরের চাল; ছাদ; পিটক; তিলক; পরিচ্ছেদ; পরিবার; সঞ্চয়, সমূহ; নেত্ররোগবিশেষ। পট্‌+কলন্‌ কর্ম্মবা। বি; ক্লীব। ২। গ্রন্থবিশেষ; বৃক্ষ। পট্‌ (বেষ্টন করা)+কলন্‌ কর্তৃবা। বি; পুং। ৩। এক প্রকার ফল। 'পটোল' শব্দজ। বি। **পটল তোলা**—মরিয়া যাওয়া।

পটলচেরা—আকারে পটলের অর্দ্ধাংশের ন্যায় ('—চোখ'); অতি আয়ত; আকর্ণ-বিস্তৃত। চেরা পটল, কর্ম্মধা (সদৃশার্থে)। বিণ।

পটলী—ছাদ, চাল। পটল+ঈপ্‌। বি; স্ত্রী।

পটহ—১। রণঢক্কা; ঢাক, নাগরা। পট (অনুকরণ শব্দ)—হা (ত্যাগ করা)+ক কর্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। আড়ম্বর; সমারম্ভ; বধ। পট—হা+ক অধিবা। বি; পুং।

পটা—মিল হওয়া, ঘনিষ্ঠ হওয়া; রাজী হওয়া; খাপ খাওয়া, বনিবনাও হওয়া। বাং ক্রি। [ক্রি।

পটান—রাজী করা, বশে আনা। বাং

পটাপট—ক্রমাগত পট্‌ পট্‌ শব্দ; বারবার চড় মারার বা জুতা প্রহারের শব্দ। দেশজ। অব্য। [মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পটাবাস—তাঁবু। পটনির্ম্মিত আবাস,

পটাম্বর—পট্টবস্ত্র। পটনির্ম্মিত অম্বর (বস্ত্র), মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

পটি, পটী—১। বস্ত্রবিশেষ। পট্‌ (বেষ্টন করা)+ই করণবা, পক্ষে ঈপ্‌। বি; স্ত্রী। ২। ক্ষতবন্ধনবস্ত্র; সংযোজিত ক্ষুদ্র বস্ত্রখণ্ড; পল্লী, পাড়া; সমব্যবসায়ী দোকানশ্রেণী ('সোনা—'); শ্রেণী, থাক্‌। 'পট্ট' শব্দজ। বি।

পটিষ্ঠ—অতিশয় পটু বা নিপুণ, সুদক্ষ। পটু+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

পটীয়ান্‌ (—য়স্‌)—অতিশয় পটু, সুদক্ষ। পটু+ঈয়সু অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—য়সী।

পটু—১। নিপুণ, দক্ষ; নীরোগ; নিষ্ঠুর; চতুর; উজ্জ্বল; তীক্ষ্ণ; স্ফুট, প্রস্ফুটিত। পট+উ কর্তৃবা। বিণ। স্ত্রী, পটু বা পট্বী।

পটুতা, —ত্ব—নিপুণতা, দক্ষতা, নৈপুণ্য; চাতুর্য্য। পটু+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

পটুয়া, পটো—পটকার, চিত্রকরজাতি; যে ঘুনসি ইত্যাদি পাটের সূতার জিনিস তৈয়ার করে। পট+উয়া নিপুণার্থে। বি।

পটোল—১। পলতাগাছ। বি; পুং। ২। পলতাগাছের ফল। পট+ওল কর্তৃবা। বি; ক্লীব।

পটোলিকা, পটোলী—ক্ষুদ্র পটোল; ঝিঙা। পটোলিকা=পটোলী+কন্‌+আপ্‌; পটোলী=পটোল+ঈপ্‌। বি; স্ত্রী।

পট্ট—১। পেষণপ্রস্তর; শিল; পাটা; পাগড়ি; পাট; পিঁড়ি; রাজাসন; পাট্টা; পটি; ঢাল। বি; পুং। ২। গ্রাম; নগর। পট্‌+ক্ত কর্ম্মবা। বি; ক্লীব।

পট্টজ—পট্টবস্ত্র, রেশমী কাপড়। পট্ট শব্দ—জন্‌ (জন্মা)+ড কর্তৃবা। বি; ক্লীব।

পট্টবস্ত্র—পাটের কাপড়, তসর গরদ প্রভৃতি রেশমী কাপড়। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

পট্টমহিষী—কৃতাভিষেকা রাজ্ঞী, প্রধানা মহিষী, পাটরাণী। পট্ট (রাজাসন) স্থিতা মহিষী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

পট্টি—ধাপ্পা। দেশজ। বি।

পট্টিশ, পট্টিস—প্রাচীন অস্ত্রবিশেষ। পট্‌+টিশচ্‌ করণবা। বি; পুং।

পট্টী—ললাটভূষণ; অশ্বের বক্ষোবন্ধন রজ্জু, ঘোড়ার পেটী। পট্‌+ক্তি করণবা+ঈপ্‌। বি; স্ত্রী। [বি।

পট্টু—মোটা পশমী কাপড়বিশেষ। দেশজ।

পঠদ্দশা—পড়ার অবস্থা, অধ্যয়নকাল, ছাত্রাবস্থা। পঠন্‌ ক্রঃ। পঠতের দশা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পঠন—পাঠ, অধ্যয়ন, পড়া। পঠ্ (পাঠ করা) + অনট্ ভাববা। বি; ক্লীব।

পঠনীয়—পাঠ্য, অধ্যয়নযোগ্য। পঠ্ (পাঠ করা) + অনীয় কর্ম্মবা। বিণ।

পঠিত—যাহা পড়া হইয়াছে এরূপ, অধীত। পঠ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

পঠিতব্য—পঠনীয়, পাঠ্য। পঠ্ + তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী, —ব্যা।

পঠ্যমান—যাহা পড়া হইতেছে। পঠ্ + শানচ্ কর্ম্মবা। বিণ।

পড়তা—ভাগ্য, সুসময়; খরচা; হিসাব করিয়া যে সংখ্যা পাওয়া যায়; খেলায় যে দান পড়ে। দেশজ। বি।

পড়তি—১। পতন, অবনতি; যাহা পড়িয়া যায়। পড়্ + অতি ভাববা। বি। ২। যাহা পড়িতেছে। পড় + অতি কর্ত্তৃবা। বিণ।

পড়ন —পাঠ; পতন; গড়মূল্য। পড়্ + অন ভাববা। বি। [অন্ত কর্ম্মবা। বিণ।

পড়ন্ত—অবসানপ্রায়; পতনোন্মুখ। পড়্ +

পড়পড়—পতনোন্মুখ। দেশজ। বিণ।

পড়শী(সী)—প্রতিবেশী। দেশজ। বি।

পড়া—১। পতিত হওয়া; পাঠ করা; স্রাব হওয়া; অব্যবহৃত বা বৃথা থাকা; অনাদায় থাকা; খরচ হওয়া; আক্রমণ করা; উপস্থিত হওয়া, ঘটা; দশাগ্রস্ত হওয়া (যেমন—ধরা পড়া, বাঁধা পড়া); কমা; মন্দীভূত হওয়া। বাং ক্রি। ২। পতন; পাঠ, বিদ্যাশিক্ষা। পড়্ + আ ভাববা। ৩। পতিত; পঠিত; মন্ত্রপূত; শিক্ষিত। পড়্ + আ কর্ম্মবা, কর্ত্তৃবা। বিণ।

পড়ান—পড়া ক্রিয়া করান; পাতিত করা; পাঠ করান, অধ্যয়ন করান, বিদ্যাশিক্ষা করান; পাখী প্রভৃতিকে বুলি শিখান। বাং ক্রি। **পাখী পড়ান**—বার বার বলিয়া শিখান বা মুখস্থ করান।

পড়ুয়া, পড়ো, পোড়ো—পাঠার্থী, শিক্ষার্থী, ছাত্র। পড়্ + উয়া, ও কর্ত্তৃবা। বি।

পড়েন, পড়িয়ান—কাপড়ের প্রস্থের দিকের সূতা; ওজনের বাটখারা। দেশজ। বি।

পড়ো—১। পতিত বা অব্যবহৃত অবস্থায় বিদ্যমান ('—বাড়ী'); আচষা; জনহীন; জনপরিত্যক্ত। পড়্ (পত্ ধাতুজ) + ও কর্ত্তৃবা। বিণ। ২। ছাত্র। পড়্ (পঠ্ ধাতুজ) + ও কর্ত্তৃবা। বি।

পড়ো-পড়ো—পতনোন্মুখ। দেশজ। বিণ।

পড়্-পড়্—কাপড় ইত্যাদি ছিঁড়িবার শব্দ। দেশজ। অব্য।

পণ—১। বিক্রেয় বস্তু; প্রতিজ্ঞা; দ্যূত; বাজি। পণ + অচ্ যুক্তার্থে। ২। মূল্য; বেতন; কুড়ি গণ্ডা, /০; কার্ষাপণ; ধন; বরাটক। পণ + ঘ করণবা। বি; পুং।

পণন—ক্রয়বিক্রয়, কেনাবেচা। পণ্ (ক্রয়-বিক্রয় করা) + অনট্ ভাববা। বি; ক্লীব।

পণবদ্ধ—প্রতিজ্ঞাবদ্ধ, অঙ্গীকারবদ্ধ, প্রতি-শ্রুত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —দ্ধা।

পণবন্ধ—প্রতিজ্ঞাবন্ধ; সন্ধি; ফলসিদ্ধি। ৩য়াতৎ বা ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পণব—ঢক্কাবিশেষ। পণ—বা (গমন করা) + ক কর্ত্তৃবা। বি; পুং।

পণ্ড—১। ক্লীব, নপুংসক। বি; ক্লীব। ২। বিফল, নিষ্ফল। পণ + ড কর্ম্মবা। বিণ।

পণ্ডশ্রম—নিষ্ফল পরিশ্রম। কর্ম্মধা। বি; পুং।

পণ্ডিত—শাস্ত্রজ্ঞ; জ্ঞানী, বিদ্বান্; নিপুণ। পণ্ডা (শাস্ত্রজ্ঞান) আছে ইহার এই অর্থে পণ্ডা + ইতচ্। বিণ। স্ত্রী, —তা।

পণ্ডিতমানী (—মানিন্)—পণ্ডিতাভি-মানী [পণ্ডিতম্মন্য দ্রঃ]। পণ্ডিত—মন্ (বোধ করা) + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —নিনী।

পণ্ডিতমূর্খ—পণ্ডিত হইয়াও মূর্খের ন্যায় আচরণকারী। পণ্ডিত অথচ মূর্খ, কর্ম্মধা। বিণ।

পণ্ডিতম্মন্য—পণ্ডিতাভিমানী, নিজে পণ্ডিত বলিয়া যাহার খুব অভিমান আছে এরূপ, যে আপনাকে খুব পণ্ডিত বলিয়া মনে করে এরূপ। পণ্ডিত—মন্ (বোধ করা) + খশ কর্ত্তৃবা। বিণ।

পণ্ডিতি, পণ্ডিতী—পণ্ডিতের কার্য্য বা পদ। পণ্ডিত+ই, ঈ কর্ম্মার্থে। বি।

পণ্ডিতী—সেকেলে পণ্ডিতের মত; সংস্কৃত-বহুল। পণ্ডিত+ঈ। বিণ।

পণ্য—১। বিক্রেয়; ব্যবহার্য্য; স্তোতব্য। বিণ। স্ত্রী, পণ্যা। ২। বিক্রেয় দ্রব্য; মূল, মাশুল। পণ্ (কেনা বেচা করা)+যৎ কর্ম্মবা। বি; ক্লীব।

পণ্যজীবী (-জীবিন্)—বণিক্। উপতৎ। পণ্য-জীব্+ণিন্ কর্ত্তৃবা। বি; পুং বা বিণ। স্ত্রী, -বিনী।

পণ্যবীথিকা, পণ্যবীথী—পণ্যবিক্রয়-শালা, বিপণি, দোকান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পণ্যশালা—ক্রয়বিক্রয়স্থান, দোকান, হাট, বাজার প্রভৃতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পণ্যস্ত্রী, পণ্যাঙ্ক(ঙ্গ)না—বারাঙ্গনা, বেশ্যা। পণ্যা যে স্ত্রী বা অঙ্গনা, কর্ম্মধা। বি; স্ত্রী।

পণ্যাজীব—সওদাগর, বণিক্। পণ্য আজীব (জীবিকা) যাহার, বহুব্রী। বি; পুং।

পতগ—বিহঙ্গ, পক্ষী। উপতৎ। পত (পক্ষ)-গম্ (গমন করা)+ড কর্ত্তৃবা। বি; পুং।

পতঙ্ক(ঙ্গ), পতঙ্ক(ঙ্গ)ম—শলভ, ফড়িঙ, প্রজাপতি, মশা, মাছি প্রভৃতি; পক্ষী; সূর্য্য; শর; শালিবিশেষ। পত (পক্ষ) দ্বারা গমন করে যে, উপতৎ। পত-গম্ (গমন করা)+খ কর্ত্তৃবা, ১ম পক্ষে ডিৎ নিপাতনে। বি; পুং।

পতঙ্ক(ঙ্গ)বৃত্ত—পতঙ্গ-স্বভাববিশিষ্ট, পতঙ্গ যেমন জীবনাশের সম্ভাবনা থাকিলেও আগুনে ঝাঁপ দেয়, তদ্রূপ প্রাণহানির সম্ভাবনা থাকিলেও যে বিপৎপূর্ণ কার্য্যে হস্তক্ষেপ করে। পতঙ্গের বৃত্তের (স্বভাবের) ন্যায় বৃত্ত (স্বভাব) যাহার, বহুব্রী। বিণ।

পতঙ্ক(ঙ্গ)বৃত্তি—পতঙ্গের ন্যায় স্বভাব, পতঙ্গের মুগ্ধভাবে আগুনে ঝাঁপ দেওয়ার ন্যায় বিপদপূর্ণ কার্য্যে হস্তক্ষেপ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পতঞ্জলি—পাণিনি ভাষ্যকার যোগশাস্ত্রসূত্র-কার জনৈক মুনি। ইঁহার প্রণীত যোগশাস্ত্রের নাম "পাতঞ্জল দর্শন"। বি; পুং।

পতত্র, পতত্র—পক্ষ, পাখীর ডানা। পতৎকে (পড়ন্তকে) ত্রাণ করে যে, উপতৎ। পতৎ—ত্রৈ (ত্রাণ করা)+ক কর্ত্তৃবা। বি; ক্লীব।

পতত্রী(ত্রী) (-ত্রি(ত্রি)ন্)—পক্ষী। পতত্র, পতত্র (পক্ষ)+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

পতত্রি—পক্ষী। পত্ (পড়া)+অত্রিন্ কর্ত্তৃবা। বি; পুং।

পতন—পড়া; চলন; ভ্রংশ, স্খলন, অধোগতি। পত্ (পড়া)+অনট্ ভাববা। বি; ক্লীব।

পতনোন্মুখ—পতনোদ্যত, পড় পড়, পড়িতে উদ্যত। ৭মীতৎ। বিণ।

পতাকা—ধ্বজ, নিশান; ধ্বজপট; সৌভাগ্য-চিহ্ন; নাটকের অঙ্গবিশেষ। পত্ (পড়া)+আক কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

পতাকিনী—সেনা। পতাকা+ইন্+ঈপ্। বি; স্ত্রী।

পতাকী (-কিন্)—১। পতাকাধারী। বিণ; পুং। স্ত্রী, -কিনী। ২। রথ। পতাকা+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

পতাকীচক্র—জ্যোতিষোক্ত চক্রবিশেষ, ইহা দ্বারা জাত বালকের রিষ্ট্যাদি নিরূপিত হয়। বি; ক্লীব।

পতি—অধিপতি, ঈশ্বর; ভর্ত্তা, স্বামী; নেতা, নায়ক; রক্ষাকর্ত্তা; প্রভু। পা (পালন করা)+ডতি কর্ত্তৃবা। বি; পুং।

পতিংবরা—স্বেচ্ছায় পতিগ্রাহিণী, স্বয়ংবরা। পতি শব্দ-বৃ (বরণ করা)+খ কর্ত্তৃবা+স্ত্রীলিঙ্গে আপ্। বিণ; স্ত্রী।

পতিঘ্ন—প্রভুহত্যাকারী, স্বামিহন্তা। উপতৎ। পতি-হন্ (বধ করা)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -ঘ্না, -ঘ্নী (হাতের রেখা)।

পতিত—পড়িয়াছে এরূপ; অধোগত; চলিত; গলিত; পাপী, ধর্ম্মভ্রষ্ট; অকর্ষিত; অব্যবহৃত। পত্ (পড়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -তা।

পতিতপাবন—পতিতোদ্ধারক, পাপীর উদ্ধারকর্তা। পতিত—ণিজন্ত পূ বা পাবি (শুদ্ধ করান)+অনট্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—নী।
পতিতা—অধোগতা; চলিতা; পাপিনী, ধর্মভ্রষ্টা। পতিত+আপ্। বিণ; স্ত্রী।
পতিপ্রাণা—স্বামিগতজীবনা, পতিব্রতা, সাধ্বী। পতি প্রাণ যে স্ত্রীর, বহুব্রী+আপ্। বিণ; স্ত্রী।
পতিবত্নী—সভর্তৃকা, সধবা। পতি শব্দ+মতুপ্ অস্ত্যর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।
পতিব্রতা—পতিপরায়ণা, সাধ্বী, সতী। পতি হইয়াছে ব্রতস্বরূপ (উপাস্য দেবতা) যে স্ত্রীর, বহুব্রী+আপ্। বিণ; স্ত্রী।
পতিমতী—রাজা বা প্রভুযুক্তা। পতি+মতুপ্+ঈপ্। বিণ; স্ত্রী।
পত্তন—১। পট্টন, নগর। পত্ (গমন করা)+তনন্ অধিবা। বি; ক্লীব। ২। প্রতিষ্ঠা, স্থাপন; ভিত্তিভূমি। দেশজ। ৩। সন্ধান। প্রাঃ কবিপ্র। বি।
পত্তনদার—পত্তনিদার (তাহা দ্রঃ)।
পত্তনি—মৌজা বা তালুক জমিদারের নিকট হইতে নির্দিষ্ট খাজানায় কায়েমী বন্দোবস্ত। দেশজ। বি।
পত্তনি(নী)দার—যে পত্তনি লয়, পত্তনি স্বত্বের ভূস্বামী। পত্তন+দার। বি।
পত্তি—১। পদাতি। পদ্ (গমন করা)+ক্তিচ্ কর্তৃবা। বি; পুং। ২। হস্তী ১, রথ ১, অশ্ব ৩, পদাতি ৫, এতৎসংখ্যক সেনা। পদ্+ক্তিচ্ কর্তৃবা। বি; স্ত্রী। ৩। রোগীর খাদ্য। 'পথ্য' শব্দজ। বি।
পত্নী—ভার্য্যা, বিবাহিতা স্ত্রী। পতি+ঈপ্ নিপাতনে। বি; স্ত্রী।
পত্র, পত্র—১। পাতা; বাহন, উষ্ট্র গো অশ্ব শকটাদি। পত্ (পড়া, যাওয়া)+ষ্ট্রন্ কর্তৃবা। ২। পক্ষীর পালক; বাণের পাখা; গ্রন্থাদির পাতা; স্বর্ণাদির পাত; শরপত্র; লিপি, চিঠি। পত্+ষ্ট্রন্ করণবা। বি; ক্লীব। ৩। প্রভৃতি, এবং অন্যান্য দ্রব্য। দেশজ। বি।
পত্রক—ছোট পত্র; চন্দনাদিরচিত চিত্রসমূহ। পত্র+কন্ স্বার্থে। বি; ক্লীব।
পত্রত্যাগী (-গিন্), পত্রমোচী (-চিন্)—শীতকালে যে সকল গাছের পাতা ঝরে। উপতৎ। পত্র—ত্যজ্+ঘিনুণ্; পত্র—মুচ্+ণিন্ কর্তৃবা। বি; পুং বা বিণ।
পত্রদারক—করপত্র, করাত। উপতৎ। পত্র দৃ (বিদারণ করা)+ণক কর্তৃবা; বা পত্রাকার যে দারক (বিদারক), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।
পত্রপাঠ—১। চিঠি পড়া। ৬ষ্ঠীতৎ। বি। ২। চিঠি পড়িবামাত্র তৎক্ষণাৎ। দেশজ। ক্রি-বিণ।
পত্রপুট—১। পত্ররূপ পাত্র। রূপক। ২। পত্ররচিত পাত্র, পাতার ঠোঙ্গা। মধ্যপ কর্ম্মধা। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; পুং।
পত্রব্যবহার—পরস্পরের চিঠি লেখালেখি।
পত্ররেখা, পত্রলেখা, পত্রবল্লী, পত্রভঙ্গ(ঙ্গী)—পত্রাবলী-রচনা, তিলকাদি। পত্রাকারা রেখা, লেখা, বল্লী, ভঙ্গ, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী, পুং।
পত্রসূচি—কণ্টক, কাঁটা; গ্রন্থপত্রের নির্ঘণ্ট। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
পত্রাঙ্ক(ঙ্ক)—পুস্তকাদির পাতায় ক্রমিক নম্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
পত্রাবলি, পত্রাবলী—পত্ররচনা; পত্রের সমষ্টি; অলকাতিলকা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
পত্রিকা—পত্র, লিপি, চিঠি, লেখ্য; পত্রসমষ্টি, পুস্তিকা; সাময়িক সংবাদপত্র বা পুস্তিকা। পত্র+কন্+স্ত্রীলিঙ্গে আপ্। বি; স্ত্রী।
পত্রিণী—১। পত্রবিশিষ্টা। পত্রী দ্রঃ। বিণ; স্ত্রী। ২। পক্ষিণী; পল্লব। পত্রিন্+ঈপ্। বি; স্ত্রী।
পত্রী (পত্রিন্)—১। পত্রবিশিষ্ট। বিণ; পুং। স্ত্রী,—ত্রিণী। ২। পর্ব্বত; বৃক্ষ, তালবৃক্ষ; পক্ষী; বাণ; রথ। পত্র+ইন্ অস্ত্যর্থে। বি; পুং। [ঈপ্। বি; স্ত্রী।
পত্রী—পত্রিকা, লিপি, পত্র, চিঠি। পত্র+

পত্রোদ্গম—পাতা বাহির হওন; পালক ওঠা। পত্রের উদ্গম, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পথ—রথ্যা, রাস্তা; উপায়। পথ্ (গমন করা)+অচ্, করণবা। বি; পুং। **পথ চাওয়া**—আগমনের প্রতীক্ষা করা। **পথ দেখা**—সরিয়া পড়া; অন্য উপায় গ্রহণ করা। **পথে বসান**—নিঃস্ব করা। **পথের কাঁটা**—উন্নতির বাধা।

পথকর—রাজা বা জমিদার কর্তৃক পথ-নির্ম্মাণের জন্য প্রজার দেয় কর বা শুল্ক। মধ্যপ কর্ম্মধা। বি; পুং। [বি।

পথখরচ—পাথেয়; রাহা খরচ। ৬ষ্ঠীতৎ।

পথপ্রদর্শক—পথপ্রদর্শনকারী, যে রাস্তা দেখাইয়া দেয় এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —র্শিকা। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

পথপ্রান্ত—পথের শেষসীমা; পথের ধার।

পথভ্রষ্ট—পথচ্যুত, পথ ছাড়িয়া বিপথে পতিত। ৫মীতৎ। বিণ। স্ত্রী, —ষ্টা।

পথভ্রান্ত—পথহারা, যে রাস্তা ভুলিয়াছে এরূপ; বিপথগামী। ৭মীতৎ। বিণ। স্ত্রী, —ন্তা। [পুং।

পথরোধ—রাস্তা আগলান। ৬ষ্ঠীতৎ। বি;

পথশ্রম, —শ্রান্তি—পথভ্রমণের ক্লান্তি। বি; পুং, স্ত্রী।

পথহারা—পথভ্রান্ত, যে রাস্তা হারাইয়াছে এরূপ। পথ হারাইয়াছে যে, উপতৎ। বিণ।

পথিক—১। পথগামী জন, পান্থ; বিদেশস্থ লোক। বি; পুং। ২। পর্য্যটক, ভ্রমণকারী। পথিন্ (পথ)+ষ্কণ্, কুশলার্থে। বিণ। স্ত্রী, পথিকী (সং); পথিকা (বাং)।

পথিকশালা, পথিকাবাস—পথিক-দিগের আবাসস্থল, পান্থনিবাস, সরাই, চটী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, পুং।

পথিকৃৎ—যে পথ বা কার্য্যপন্থা দেখায়। উপতৎ। পথিন্—কৃ+ক্বিপ্, কর্তৃবা। বি; পুং। [বি; পুং।

পথিপার্শ্ব—পথপার্শ্ব, রাস্তার ধার। ৬ষ্ঠীতৎ।

পথ্য—১। উপকারক, হিত; যোগ্য; রোগীর যোগ্য ভোজ্য। পথ+যৎ অর্হার্থে। বিণ। স্ত্রী, পথ্যা।

পথ্যাপথ্য—সুপথ্য এবং কুপথ্য; উপকারী ও অনুপকারী। পথ্য ও অপথ্য, দ্বন্দ্ব। বি; ক্লীব।

পদ—চরণ, পা; চরণচিহ্ন; পদস্থ বা পূজ্য ব্যক্তির অনুগ্রহ; আধিপত্য; ছল; ব্যবসায়; চাকরি; বস্তু; বিভিন্ন অঙ্গ (Item); অবকাশ, স্থান; বাচক শব্দ; বাক্য; ছন্দে গ্রথিত বর্ণসমূহ; সুপ্‌তিঙন্ত শব্দ; পাদ, চতুর্থাংশ। পদ্ (গমন করা, ইত্যাদি)+ঘ, করণবা। বি; ক্লীব। **পদে পদে**—প্রতিবারে।

পদক—১। পদবেত্তা; কণ্ঠভূষণবিশেষ, তক্তি। পদ+কন্। বি; পুং। ২। পুরস্কারের নিদর্শনস্বরূপ ধাতুময় আভরণবিশেষ (Medal). দেশজ প্রঃ। বি।

পদকর্ত্তা(র্ত্তা), (—কর্ত্তৃ)—পদের অর্থাৎ শ্লোকের বা গানের রচয়িতা বৈষ্ণব। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; পুং। স্ত্রী, —র্ত্রী।

পদক্ষেপ, —ন্যাস, —বিক্ষেপ—পদস্থাপন, পদার্পণ, পা ফেলা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পদগৌরব—পদের সম্মান, আধিপত্যের সম্ভ্রম। পদজনিত গৌরব, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

পদচারণ—পদসঞ্চালন, পদবিক্ষেপ, বেড়ান। পদের চারণ (সঞ্চালন), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পদচারী (—চারিন্)—পদ দ্বারা গমন-শীল, পদগামী। উপতৎ। পদ—চর্+ণিন্ কর্তৃবা শীলার্থে। বিণ। স্ত্রী, —রিণী।

পদচিহ্ন—পদাঙ্ক, পায়ের দাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পদচ্ছায়া—চরণের ছায়া, পদের আশ্রয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পদচ্যুত—অধিকারভ্রষ্ট, স্বাধিকৃত স্থান বা সম্মান হইতে বিতাড়িত। ৫মীতৎ। বিণ।

পদছায়া—পদচ্ছায়া। কবিপ্র। বি।

পদত্যাগ—অধিকারপরিত্যাগ, চাকুরি বা কর্ম্ম ছাড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পদদলিত—পদমর্দ্দিত, চরণপিষ্ট, পদাহত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,–তা।

পদধূলি—চরণরেণু, পায়ের ধূলা। পদলগ্ন ধূলি, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পদধ্বনি—পদশব্দ, পায়ের শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পদন্যাস—পদক্ষেপ দ্রঃ।

পদপঙ্ক(ঙ্ক)জ—পদ্মের মত সুন্দর পা। পদ পঙ্কজপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; ক্লীব।

পদপরিচয়—(ব্যাকরণে) বাক্যস্থিত শব্দগুলির পরস্পর সম্বন্ধাদি নির্ণয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পদপল্লব—চরণরূপ পল্লব, পল্লবসদৃশ মনোহর পদতল। রূপক বা উপমিত কর্ম্মধা। বি; পুং।

পদপিষ্ট—পদদলিত, পা দিয়া মাড়ান। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,–ষ্টা। [বি; পুং।

পদপ্রান্ত—চরণসমীপ; পদতল। ৬ষ্ঠীতৎ।

পদপ্রার্থী (–প্রার্থিন্)—চরণাভিলাষী; কাহারও স্থান গ্রহণের আকাঙ্ক্ষী, চাকরির উমেদার; আধিপত্যলাভেচ্ছু। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–র্থিনী।

পদবি, পদবী—পথ; উপনাম, উপাধি; ব্যবসায়। পদ্ (গমন করা)+অবি করণবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

পদবিক্ষেপ—পদক্ষেপ দ্রঃ।

পদবিন্যাস—পদস্থাপন, পা রাখা; পদবিক্ষেপ; শব্দযোজনা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পদবী—পদবি দ্রঃ।

পদব্রজে—পদচালনাপূর্ব্বক, পাদচারে, পায়ে হাঁটিয়া। পদের ব্রজ (গতি) আছে যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ। [ক্লীব।

পদভূষণ—পায়ের গয়না। ৬ষ্ঠীতৎ। বি;

পদমর্য্যা(র্য্যা)দা—পদগৌরব, আধিপত্যের সম্মান। পদজনিতা মর্য্যাদা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

পদমূল—পায়ের গোড়ালি, পায়ের নিকটবর্ত্তী স্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পদরজঃ (–রজস্), –রজ,–রেণু—পায়ের ধূলা। পদলগ্ন রজঃ, রেণু, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব ও পুং।

পদলেহন—পা চাটা; খোষামোদ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পদসেবা—পা টেপা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পদস্খলন—পা সরিয়া যাওয়া, পা পিছলান; কর্ত্তব্যচ্যুতি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পদস্খলিত—যাহার পা পিছলাইয়াছে এরূপ; কর্ত্তব্য হইতে চ্যুত। পদে স্খলিত, ৭মীতৎ। বিণ।

পদস্থ—স্বাধিকারে স্থিত; উচ্চস্থানে বা চাকরিতে অবস্থিত; সম্মানিত, সম্ভ্রান্ত। পদ –স্থা+ক কর্ত্তৃবা। বিণ। [ক্লীব।

পদাগ্র—পায়ের আগা। ৬ষ্ঠীতৎ। বি;

পদাঘাত—চরণ-প্রহার, লাথি মারা; চাট। পদ দ্বারা আঘাত, ৩য়াতৎ। বি; পুং।

পদাঙ্ক(ঙ্ক)—চরণ-চিহ্ন, পায়ের দাগ। পদের অঙ্ক, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পদাতি—পাদচারি-সৈনিক; পেয়াদা। পদ –অত্ (গমন করা)+ইন্ কর্ত্তৃবা। বি; পুং। [বি; পুং।

পদাতিক—পদাতি। পদাতি+কন্ স্বার্থে।

পদানত—পদপতিত, যে পায়ে পড়িয়াছে এরূপ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,–তা।

পদানুগমন—পায়ের দাগ ধরিয়া যাওয়া, পন্থা অনুসরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পদানুবর্ত্তী(র্ত্তী), (–বর্ত্তিন্)—পদের অনুগামী, পদচিহ্ন ধরিয়া গমনকারী; অনুরূপ কার্য্যকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী–র্ত্তিনী।

পদান্বয়—পদপরিচয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পদাম্বুজ—পদারবিন্দ দ্রঃ।

পদারবিন্দ, পদাম্বুজ—পাদপদ্ম, চরণকমল। রূপক অথবা উপমিত কর্ম্মধা। বি; ক্লীব।

পদার্থ—পদের অভিধেয়; দ্রব্য, গুণ, কর্ম্ম,

সামান্য, বিশেষ, সমবায়, অভাব, এই সপ্ত বস্তু। পদের অর্থ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পদার্থদর্শন—যে শাস্ত্র দ্বারা জড়বস্তুসমূহের গুণক্রিয়াদি জানা যায় (Natural Science, Natural Philosophy). পদার্থবিষয়ক দর্শন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

পদার্থবিজ্ঞান—শাস্ত্রবিশেষ, যে শাস্ত্র দ্বারা পদার্থসমূহের উৎপত্তি, গতি ও গুণাগুণ প্রভৃতি জানা যায় [পদার্থদর্শন তাঃ দ্রঃ]। পদার্থ-বিষয়ক বিজ্ঞান, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

পদার্থবিদ্যা—পদার্থদর্শন (তাহা দ্রঃ)। পদার্থবিষয়িণী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

পদার্পণ—পদবিন্যাস, চরণস্থাপন, পা দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পদাশ্রয়—১। চরণরূপ অবলম্বন। রূপক কর্ম্মধা। ২। চরণচ্ছায়া। পদে আশ্রয়, ৭মীতৎ। বি; পুং।

পদাশ্রিত—চরণে আশ্রয়প্রাপ্ত, যে পায়ে আশ্রয় লইয়াছে, একান্ত অনুগত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

পদাহত—পদপ্রহৃত, যাহাকে লাথি মারা হইয়াছে, এরূপ। পদ দ্বারা আহত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

পদিনা, পুদিনা—একজাতীয় ক্ষুদ্রপত্র সুগন্ধি শাকবিশেষ। অম্ল লবণ মশলাদির সংযোগে ইহার চাটনি প্রস্তুত হয়। বৈদে। বি।

পদুমিনি (-নী)—পদ্মিনী। প্রাঃ কবিপ্র। বি বা বিণ; স্ত্রী।

পদোদক—পাদোদক, চরণবারি, পা-ধোয়া জল। পদের উদক, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পদোন্নতি—পদের উৎকর্ষ, অধিকারের উন্নতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পদ্ধতি, পদ্ধতী—গ্রন্থরচনা; পদবী; শ্রেণী; সরণি; প্রণালী; রীতি; পথ; রেখা; আচার, প্রবাহ। পদ (পা)—হন্ (বধ করা) + ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী।

পদ্ম—কমল; নিধিবিশেষ; সংখ্যাবিশেষ; তন্ত্রোক্ত দেহস্থ চক্রবিশেষ; ব্যূহবিশেষ; হস্তীর মস্তক ও শুণ্ডোপরি চিত্রিত চিহ্নবিশেষ। পদ্ (গমন করা) + ম কর্তৃবা। বি; পুং বা ক্লীব।

পদ্মকাঁটা—চর্ম্মরোগবিশেষ। ত্বকের উপর মৃণালকণ্টকবৎ কাঁটাকাঁটা হয় বলিয়া এই নাম। দেশজ। বি।

পদ্মনাভ—১। বিষ্ণু। পদ্ম আছে নাভিতে যাঁহার, বহুব্রী। বি; পুং। ২। সুপদ্ম নামক প্রসিদ্ধ ব্যাকরণের রচয়িতা। বি।

পদ্মনাল—মৃণাল, পদ্মের ডাঁটা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পদ্মপত্র—কমলদল, পদ্মফুলের পাপড়ি।

পদ্মপলাশ—কমলদল, পদ্মপত্র, পদ্মফুলের পাপড়ি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পদ্মপলাশনয়ন,-লোচন—১। পদ্ম-পত্রের ন্যায় আয়ত ও সুন্দর চক্ষুঃ। পদ্মপলাশ-তুল্য নয়ন, লোচন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। ২। পদ্মপত্রের ন্যায় আয়ত ও সুন্দর নেত্রবিশিষ্ট। পদ্মপলাশতুল্য নয়ন, লোচন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—নয়না,—লোচনা।

পদ্মমুখ—কমলানন, কমলসদৃশ সুন্দর মুখ যাহার। বহুব্রী। বিণ। স্ত্রী,—খী,—খা।

পদ্মযোনি—ব্রহ্মা। পদ্ম (বিষ্ণুর নাভিকমল) যোনি (উৎপত্তিস্থান) যাঁহার, বহুব্রী। বি; পুং।

পদ্মরাগ—একপ্রকার রক্তবর্ণ মণি, পলা। পদ্মের রাগের (বর্ণের) ন্যায় রাগ (বর্ণ) যাহার, বহুব্রী। বি; পুং।

পদ্মলোচন—১। পদ্মপত্রের ন্যায় আয়ত ও সুন্দর চক্ষুঃ। পদ্মতুল্য লোচন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। ২। পদ্মপত্রের ন্যায় আয়ত ও সুন্দর নেত্রবিশিষ্ট। পদ্মতুল্য লোচন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

পদ্মা—লক্ষ্মী; নদীবিশেষ; মনসাদেবী। পদ্ম + অচ্ অস্ত্যর্থে + আপ্। বি; স্ত্রী।

পদ্মাকর—পদ্মযুক্ত জলাশয়। পদ্মের আকর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পদ্মাবতী—মনসাদেবী, নদীবিশেষ, পদ্মা-নদী; কবিবর জয়দেব গোস্বামীর ভার্য্যা; অঙ্গরাজ কর্ণের মহিষী; পরম বৈষ্ণব নিত্যানন্দের জননী। পদ্ম+মতুপ্+ঈপ্। বি; স্ত্রী।

পদ্মালয়া—লক্ষ্মী। পদ্ম হইয়াছে আলয় যাঁহার (যে স্ত্রীর), বহুব্রী+আপ্। বি; স্ত্রী।

পদ্মাসন—১। উপবেশনবিশেষ, যোগাসন। পদ্মবৎ যে আসন (উপবেশন), কর্ম্মধা। ২। কমলনির্ম্মিত আসন। মধ্যপ কর্ম্মধা। ৩। কমলাসন, ব্রহ্মা। পদ্ম হইয়াছে আসন যাঁহার, বহুব্রী। বি; পুং।

পদ্মিনী—১। পদ্মযুক্তা। বিণ; স্ত্রী। ২। কমলিনী, পদ্মের ঝাড়; স্ত্রীবিশেষ; সুলক্ষণা সুন্দরী নারী। পদ্ম+ইন্ আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী।

পদ্মিনীকান্ত, —বল্লভ—নলিনীকান্ত, সূর্য্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [সূর্য্যোদয়ে পদ্ম বিকশিত ও সূর্য্যের অস্তগমনে মুদ্রিত হয় বলিয়া কবিরা সূর্য্যকে পদ্মিনীর পতি বলিয়া বর্ণনা করিয়া থাকেন]।

পদ্য—ছন্দোবদ্ধ বাক্য, শ্লোক। পদ+যৎ যোগ্যার্থে। বি; ক্লীব।

পনর—পঞ্চদশ, ১৫। হিন্দীমূলক। 'পঞ্চদশ' শব্দজ। বি বা বিণ।

পনরই—মাসের পঞ্চদশ দিবস। পনর+ই তারিখ অর্থে। বি বা বিণ।

পনস—১। কাঁটাল গাছ; কণ্টক; কপি-বিশেষ। বি; পুং। ২। কাঁটাল ফল। পন্ (স্তুতি করা)+অসচ্ কর্ম্মবা। বি; ক্লীব।

পনা—ভাবার্থবাচক প্রত্যয়; আছে এই অর্থ; বিশিষ্টার্থবোধক; ব্যবহার, আচরণ (যেমন গিন্নীপনা—গিন্নীর মত আচরণ)।

পনির, পনীর—নীরস আমিক্ষা, জলশূন্য শক্ত ছানা। ফার্সী। বি।

পনী—এক পাউণ্ড ওজনবিশিষ্ট, পন পরিমিত ভারযুক্ত। পন (∠ Pound)+ঈ যুক্তার্থে। বিণ।

পন্থ—১। মার্গ, পথ। কবিপ্র। ২। ধর্ম্মমত; উপায়; ধর্ম্মসম্প্রদায়। দেশজ। বি।

পন্থাঃ (পথিন্), পন্থা—পথ; উপায়; রীতি; স্বভাব। পথ্ (গমন করা)+ইন্ করণবা। বি; পুং।

পন্থী—পথাবলম্বী; মতাবলম্বী; মতবাদী। দেশজ। বিণ।

পন্নগ—সর্প। পন্ন (পতিত)—গম্+ড কর্ত্তৃবা; অথবা, পদ—ন (না)—গম্+ড কর্ত্তৃবা। বি; পুং।

পন্নগারি, —গাশন—গরুড়। পন্নগের (সর্পের) অরি (শত্রু) বা অশন (ভক্ষক), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পবন—১। বায়ু; বায়ুর অধিষ্ঠাত্রী দেবতা। বি; পুং। ২। পবিত্রকারী। পূ (পবিত্র করা)+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না। ৩। কুম্ভকারের পোয়ান। পূ+অনট্ অধিবা। ৪। ধান্যাদি শোধন, ধান সারা। পূ+অনট্ ভাববা। বি; ক্লীব।

পবনচক্র—বায়ুর গতিনির্দ্দেশক চক্রযন্ত্র (Weather cock). মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। [বি; পুং।

পবননন্দন—হনুমান; ভীম। ৬ষ্ঠীতৎ।

পবনবিজয়—শুভাশুভসূচক শ্বাসবায়ু-জয়োপায়ক গ্রন্থবিশেষ। পবনের বিজয় আছে যাহাতে, বহুব্রী। বি; পুং।

পবিত্র—১। বিশুদ্ধ, পূত। পূ (শুদ্ধ করা) +ইত্র কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রা। বি, —ত্রতা। ২। কুশ; পার্ব্বণশ্রাদ্ধাদিতে ব্যবহার্য্য অগর্ভ সাগ্রকুশ; অর্ঘ্যোপকরণ; তাম্র; ঘৃত; মধু; বর্ষণ; জল; অর্ঘ্যপাত্র; উপবীত; বেদমন্ত্র। পূ+ইত্র করণবা। বি; ক্লীব।

পবিত্রা—অশ্বত্থবৃক্ষ; অগর্ভ সাগ্রকুশ; কুশ; তুলসী। পূ+ইত্র করণবা+আপ্। বি; স্ত্রী।

পবিত্রারোপণ, —রোহণ—শ্রাবণ-মাসের শুক্লদ্বাদশী তিথিতে কৃষ্ণমূর্ত্তিতে যজ্ঞোপবীত দান; তজ্জন্য উৎসব। পবিত্রের

(যজ্ঞোপবীতের) আরোপণ বা আরোহণ, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

পবিত্রিত—শুদ্ধ ; পরিস্কৃত, সংশোধিত। পবিত্র শব্দ+ণিচ্=পবিত্রি নামধাতু (পবিত্র করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

পবিত্রীকৃত—নির্ম্মলীকৃত, বিশোধিত। পবিত্র+অভূততদ্ভাবার্থে চ্বি (=পবিত্রী) —কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। বি,—করণ।

পমেটম—কেশ কোমল করিবার জন্য সুগন্ধযুক্ত স্নেহ পদার্থবিশেষ। ইং Pomatum. বি।

পম্প—জলোত্তোলক যন্ত্র, দমকল ; বোমা ; পম্পজুতা, পাতলা-তলার সুদৃশ্য জুতাবিশেষ। ইং Pump. বি। [Pomp-shoe. বি।

পম্প-শু—একপ্রকার সুদৃশ্য জুতা। ইং

পম্পা—ওড্রদেশস্থ নদীবিশেষ, ইহা ঋষ্যমূক পর্ব্বত হইতে নির্গত হইয়া তুঙ্গভদ্রায় প্রবাহিত হইয়াছে ; স্বনামখ্যাত প্রসিদ্ধ সরোবর। পা (পান করা)+প অধিবা+আপ্। বি ; স্ত্রী।

পয়—১। কল্যাণ, শুভলক্ষণ। প্রাঃ কবিপ্র। ২। ভাগ্য, শুভাদৃষ্ট। দেশজ। বি।

পয়ঃ (পয়স্), পয়—জল ; দুগ্ধ। পয়্ (গমন করা)+অস্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।

পয়ঃপ্রণালী, পয়নালা—জলনির্গমপথ, নালা, নর্দ্দমা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

পয়গম্বর—ঈশ্বরজানিত ব্যক্তি ; স্বর্গীয় দূত ; ধর্ম্মোপদেষ্টা ; মহম্মদ.। আর্বী। বি।

পয়জার—পাদুকা, জুতা, চটী। ফার্সী। বি।

পয়দল, পয়দাল, পায়দল—১। পদব্রজে, হাঁটিয়া। হিন্দীমূলক। ক্রি-বিণ। ২। পদাতি, পাদচারী সৈনিক। প্রাঃ কবিপ্র। বি।

পয়দা—জন্ম, উদ্ভব, উৎপত্তি। ফার্সী। বি।

পয়দাল—পয়দল দ্রঃ।

পয়নালা,—নালী—জলপ্রণালী। 'পয়োনালক' শব্দজ। বি।

পয়মন্ত—সুলক্ষণযুক্ত, ভাগ্যবান্, লক্ষ্মীবন্ত ; শুভদ। পয়+মন্ত যুক্তার্থে। বিণ।

পয়মাল—নষ্ট ; ধ্বংস, বরবাদ। ফার্সী। বিণ।

পয়লা, পহেলা—প্রথম ; প্রথমে, আগে ; মাসের প্রথম দিন। হিন্দীমূলক। বি বা বিণ।

পয়সা—তাম্রমুদ্রাবিশেষ (তিন পাইয়ের সমান) ; অর্থ, ধন। 'পাদ' শব্দজ। বি।

পয়সাওয়ালা—ধনবান্। পয়সা+ওয়ালা আছে অর্থে। বিণ।

পয়স্বিনী—১। দুগ্ধবতী গবী ; নদী ; ছাগী ; জীবন্তীলতা। বি ; স্ত্রী। ২। দুগ্ধবতী, দুগ্ধদাত্রী। পয়স্+বিন্ অস্ত্যর্থে+ঈপ্। বিণ ; স্ত্রী।

পয়া—১। ভাগ্যবান্। বিণ। ২। পদ ; সুলক্ষণ, সৌভাগ্য। দেশজ। বি।

পয়াণ(ন), পয়ানি—গমন, প্রস্থান, পলায়ন। 'প্রয়াণ' শব্দজ। কবিপ্র। বি।

পয়ান, পোয়ান—কুমারের চুল্লী। 'পবন' শব্দজ। বি।

পয়ার (দেশজ)—চতুর্দ্দশাক্ষর বাঙ্গালা ছন্দোবিশেষ। 'পদকার' শব্দজ। বি।

পয়োধর—জলধর, মেঘ ; নারিকেল ; স্ত্রী-স্তন। পয়স্—ধৃ (ধরা)+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

পয়োধি—জলধি, সমুদ্র। পয়স্ (জল)—ধা+কি কর্ত্তৃবা ; (পয়ঃ+ধি)। বি ; পুং।

পয়োনালী—পয়ঃপ্রণালী, জলের নালা, নর্দ্দামা। ৬ষ্ঠীতৎ। (পয়ঃ+নালী)। বি ; স্ত্রী।

পয়োনিধি, —রাশি—সমুদ্র। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

পয়োমুক্ (—মুচ্)—জলদ, মেঘ। পয়স্ (জল)—মুচ্ (ত্যাগ করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি ; পুং।

পর—১। অন্য, অপর ; ভিন্ন ; বৈরী ; উত্তর, অনন্তর ; দূর ; প্রধান, শ্রেষ্ঠ ; অধিক ; আসক্ত, নিষ্ঠ। পৄ+অপ্ করণবা। বিণ। স্ত্রী, পরা। ২। শত্রু ; ব্রহ্মার আয়ু ; পরমাত্মা। বি ; পুং। ৩। পক্ষ, পাখীর পালক। ফার্সী। বি। ৪। অনন্তর। দেশজ। অব্য। ৫। প্রহর ; উপর। 'প্রহর' বা 'উপর' শব্দজ। বি।

পরওয়া, পরোয়া—ভয়, ডর, শঙ্কা। ফার্সী। বি।

পরওয়ানা, পরোয়ানা—আদেশপত্র, হুকুমনামা; আদালতে হাজির হইবার আদেশপত্র; অনুমতিপত্র, ছাড়পত্র। ফার্সী-মূলক। বি।

পরক, পরখ—১। পরীক্ষা, যাচাই। 'পরীক্ষা' শব্দজ। বি। ২। পরের। ব্রজবুলি। সর্ব্ব। [শব্দজ। বি।

পরকলা—কাচ; আরশি। ফার্সী 'পর্কালা'

পরকাল—পরলোক; মৃত্যুর পরবর্ত্তী সময়। মধ্যপ কর্ম্মধা। বি; পুং। **পরকাল ঝর-ঝরে**—ভবিষ্যৎ অন্ধকারাচ্ছন্ন।

পরকাশ—প্রকাশ; অবকাশ। প্রাঃ কবিপ্র। বি।

পরকীয়—পরসম্বন্ধীয়, অন্যের, অপরের। পর (অন্য)+ঈয় সম্বন্ধার্থে (ক-আগম)। বিণ। স্ত্রী, –য়া।

পরকীয়া—১। পরসম্বন্ধীয়া। বিণ; স্ত্রী। ২। নায়িকাবিশেষ, স্বানূঢ়া স্বামুরক্তা স্ত্রী, যে পরস্ত্রীকে নিজপত্নীবৎ দেখা হয়। পরকীয়+আপ্। বি; স্ত্রী।

পরখ—পরক দ্রঃ।

পরখা—পরীক্ষা করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

পরগনা—জেলার অংশ, গ্রামসমষ্টি। ফার্সী। বি।

পরগাছা—বৃক্ষোপরি জাত বৃক্ষ; তরুরুহ, বন্দাক; (শ্লেষে) পোষ্যপুত্র। পর গাছ, কর্ম্মধা +আ স্বার্থে। বি।

পরঘরি, –রী, –রিয়া—পরের ঘরে বাসকারী, পরাশ্রয়ী। পরঘর+ই, ঈ, ইয়া বাস করে অর্থে। বিণ।

পরচর্চ্চা(চর্চা)—পরের দোষালোচনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পরচার, পরচারি—প্রচার; প্রকাশ। প্রাঃ কবিপ্র। বি।

পরচাল, –লা—ভিন্ন চাল; চালের ছাঁইচ; পরছতী। দেশজ। বি।

পরচুল, –চুলা—অন্যের মস্তকের কেশ বা কেশাবরণ; উপকেশ। দেশজ। বি।

পরচ্ছন্দানুবর্ত্তী(র্তী), (–বর্ত্তিন্)—পরাধীন, পরবশ। পরচ্ছন্দের (অন্যের ইচ্ছার) অনুবর্ত্তী (অনুগামী), ৬ষ্ঠীতৎ। বিণ; পুং। স্ত্রী, –র্ত্তিনী। [ক্লীব।

পরচ্ছিদ্র—পরের দোষ। ৬ষ্ঠীতৎ। বি;

পরচ্ছিদ্রান্বেষী (–ষিন্)—যে অন্যের ত্রুটি খুঁজিয়া বেড়ায়, পরকীয় দোষ অনুসন্ধানকারী। উপতৎ। পরচ্ছিদ্র—অনু—ইষ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী, –ষিণী।

পরজ, পরোজ—রাগবিশেষ। দেশজ। বি।

পরজাত—১। অন্য হইতে উৎপন্ন। ৫মীতৎ। ২। পরপুষ্ট, অন্যকর্ত্তৃক পালিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –তা।

পরজিত—শত্রুকর্ত্তৃক পরাজিত; পরপুষ্ট, অন্য কর্ত্তৃক পালিত। ৩য়াতৎ। বিণ।

পরজীবী (–বিন্)—পরপালিত; পর-গাছার ন্যায় অন্য জীবের উপরে বা ভিতরে বাসকারী জীব (Parasite). উপতৎ। পর—জীব্+ণিন্ কর্ত্তৃবা। বি বা বিণ; পুং।

পরটা, পরেটা, পরোটা—অল্প ঘিয়ে ভাজা স্তরে স্তরে ভাঁজ-করা রুটি বা লুচি। দেশজ। বি।

পরণ, পরন—১। বস্ত্র ইত্যাদি পরিধান। 'পরিধান' শব্দজ। ২। বাদ্যযন্ত্রে (তবলা ইত্যাদিতে) ঠেকার পরে যে সব অলঙ্কার প্রয়োগ করা হয়। দেশজ। বি।

পরত—থাক, স্তর, ভাঁজ। দেশজ। বি।

পরতঃ (–তস্), পরত—অন্যপ্রকার; ভিন্নভাবে; অন্য হইতে; অন্যের দ্বারা; পরে, পশ্চাতে। পর+তস্। অব্য।

পরতন্ত্র—পরাধীন, পরবশ। পরের তন্ত্র (অধীন), ৬ষ্ঠীতৎ। বিণ। বি, –তা। স্ত্রী, –ন্ত্রা। [বি।

পরতাপ—প্রতাপ, প্রভাব। প্রাঃ কবিপ্র।

পরতাল—দ্বিতীয়বার তৌল বা মাপ; পুনঃ পরীক্ষা। দেশজ। বি।

পরত্র—পরকালে। পর+ত্র, ৭মী স্থানে। অব্য।

পরদা, পর্দ্দা(র্দা)—যবনিকা, কানাৎ; অন্তরাল, ব্যবধান, আবরণ, গোপন। ফার্সী। বি।

পরদানসিন, নসীন—পরদার অন্তরালে অবস্থিত; অন্তঃপুরস্থ, অবরোধবাসিনী। ফার্সীমূলক। বিণ।

পরদার—পরপত্নী, অন্যের স্ত্রী; [দূরার্থে] পরস্ত্রীগমন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পরদারগমন—পরস্ত্রীকে উপভোগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পরদারগামী (-গামিন্)—অন্যের বিবাহিতা স্ত্রীতে আসক্ত, পরস্ত্রীর প্রণয়ানুরক্ত। উপতৎ। পরদার-গম্+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং।

পরদেশ-ভিন্নদেশ, বিদেশ; প্রবাস। কর্ম্মধা বা ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ।

পরদেশী—বিদেশী। পরদেশ+ঈ আগতার্থে।

পরদ্বেষী (-দ্বেষিন্) অন্যের প্রতিহিংসাশীল। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-ষিণী।

পরধর্ম্ম(র্ম)—স্বীয় বর্ণাশ্রমধর্ম্মের বহির্ভূত ধর্ম্ম; অন্য জাতির ধর্ম্ম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পরন—পরণ দ্রঃ। [বি; স্ত্রী।

পরনারী—অন্যের স্ত্রী, পরদার। ৬ষ্ঠীতৎ।

পরনিন্দা—পরের কুৎসা, অন্যের দোষকীর্ত্তন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পরনিপাত—(ব্যাকরণে) কোন শব্দের পূর্ব্বে থাকা স্বাভাবিক হইলেও পরে যাওয়া। ৭মীতৎ। বি; পুং।

পরন্তপ—শত্রুতাপন, অরিকে পীড়াদায়ক। উপতৎ। পর (শত্রু)-তপ্ (ক্লেশ দেওয়া) +ণিচ্+খচ্ কর্ত্তৃবা। বিণ।

পরন্তু—কিন্তু; অপরঞ্চ; পরেও। পরম্+তু। অব্য।

পরপতি—১। অন্যের স্বামী। ৬ষ্ঠীতৎ। ২। উপপতি। কর্ম্মধা। বি; পুং।

পরপদ—শ্রেষ্ঠ পদ; উৎকৃষ্ট স্থান; সমাসে একপদের পরবর্ত্তী পদ। কর্ম্মধা। বি; ক্লীব।

পরপর—ক্রমে ক্রমে, উত্তরোত্তর; একের পার্শ্বে বা পশ্চাতে অন্য পাশাপাশি; আগুপিছু। দেশজ প্রঃ। ক্রি-বিণ।

পরপিণ্ডাদ—পরান্নভোজী, অন্যের প্রদত্ত খাদ্য ভক্ষণকারী, অপরের গলগ্রহ। পরের পিণ্ড=পরপিণ্ড, ৬ষ্ঠীতৎ; পরপিণ্ড-অদ্ (ভোজন করা)+অণ্ কর্ত্তৃবা। বিণ।

পরপীড়ক—অন্যের উৎপীড়নকারী, অপরের উপর দৌরাত্ম্যকারী। ৬ষ্ঠীতৎ। বিণ।

পরপীড়ন—পরের উপর অত্যাচার, অন্যকে পীড়া দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পরপুরুষ—শ্রেষ্ঠপুরুষ, ভগবান্, বিষ্ণু; অন্য পুরুষ, ভিন্ন ব্যক্তি; পতি ভিন্ন অন্য পুরুষ, উপনায়ক। কর্ম্মধা। বি; পুং।

পরপুষ্ট—১। অন্য কর্ত্তৃক পালিত। বিণ। স্ত্রী,-ষ্টা। ২। কোকিল। ৩য়াতৎ। বি; পুং।

পরপুষ্টা—স্ত্রী-কোকিল; বেশ্যা। পরপুষ্ট +আপ্। বি; স্ত্রী।

পরপূর্ব্বা(র্বা)-প্রথম পতির মরণান্তে দ্বিতীয় পতিগ্রাহিণী, বিধবা হইয়া পুনরায় বিবাহকারিণী; পুনর্ভূ। পর (অন্য অর্থাৎ অন্য স্বামী) হইয়াছিল পূর্ব্বে যাহার, বহুব্রী+ আপ্। বিণ; স্ত্রী।

পরব—পর্ব্ব, উৎসব। 'পর্ব্ব' শব্দজ। বি।

পরবর্ত্তী(র্তী) (-র্ত্তিন্)—পরের; পরে অবস্থিত। উপতৎ। পর-বৃৎ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-র্ত্তিনী। বি,-র্ত্তিতা।

পরবশ—অন্যের বশতাপন্ন, পরাধীন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-শা। বি,-তা।

পরবাস—১। পরগৃহ, পরের বাড়ী। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। প্রবাস, বিদেশবাস। প্রাঃ কবিপ্র। বি।

পরবাসী—প্রবাসী, বিদেশবাসী। 'প্রবাসিন্' শব্দজ। কবিপ্র। বিণ। স্ত্রী,-সিনী।

পরব্রহ্ম (-ব্রহ্মন্)—পরপুরুষ, ভগবান, পরমেশ্বর; পরমাত্মা। কর্ম্মধা। বি; ক্লীব।

পরভাগ্যোপজীবী (-জীবিন্)—পরের ভাগ্যের উপর নির্ভর করিয়া জীবিকা-

নির্ব্বাহকারী, অন্যের গলগ্রহ, পরপিণ্ডাদ। উপতৎ। পরভাগ্য—উপ—জীব্ (বাঁচা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী।

পরভাত—প্রভাত। কবিপ্র। বি। নাম ধাতু—পরভাতা (যেমন—পরভাতিল)।

পরভাতা, –ভাতি—পরান্নভোজী, অন্যের প্রদত্ত অন্নে জীবনধারণকারী। দেশজ। বিণ।

পরভৃৎ—কাক। উপতৎ। পর—ভৃ (ভরণ করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি; পুং। [প্রবাদ এই যে, কাক কোকিলশাবককে পালন করিয়া থাকে; পরপুষ্ট দ্রঃ।]

পরভৃত—১। পরপালিত। বিণ। স্ত্রী,—তা। ২। কোকিল। ৩য়াতৎ। বি; পুং।

পরম—শ্রেষ্ঠ; প্রধান; আদ্য; শেষ; অত্যন্ত; মহৎ। পর (শ্রেষ্ঠ, উত্তম)—মা (পরিমাণ করা)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—মা।

পরমগতি—শ্রেষ্ঠা গতি; মুক্তি, মোক্ষ। কর্ম্মধা। বি; স্ত্রী। [বি; ক্লীব।

পরমত—অন্যের মত বা ধর্ম্ম। ৬ষ্ঠীতৎ।

পরমতাসহিষ্ণু—যে অন্যের মত বা ধর্ম্ম সহ্য করে না। ২য়াতৎ। বিণ।

পরমপিতা (–পিতৃ)—ভগবান্। কর্ম্মধা। বি; পুং।

পরমপুরুষ—প্রধানপুরুষ, পরব্রহ্ম, পরমেশ্বর। কর্ম্মধা। বি; পুং।

পরমব্রহ্ম (–ব্রহ্মন্)—পরব্রহ্ম, পরমেশ্বর। কর্ম্মধা। বি; ক্লীব।

পরমমুক্তি—বিদেহ কৈবল্য, ভোগ দ্বারা প্রারব্ধ কর্ম্মের ক্ষয় হইলে জীবন্মুক্ত ব্যক্তির বর্ত্তমান দেহ ধ্বংসের পর পরব্রহ্মে লয়। কর্ম্মধা। বি; স্ত্রী।

পরমর্ষি—শ্রেষ্ঠ ঋষি, বেদব্যাসাদি। পরম যে ঋষি, কর্ম্মধা। বি; পুং।

পরমহংস—মহাযোগী; সন্ন্যাসিবিশেষ; যিনি নির্দ্বন্দ্ব ও নিরাগ্রহ হইয়া কেবল তত্ত্বমার্গে বিচরণ করেন, যিনি সদা শুদ্ধচিত্ত থাকিয়া কেবল প্রাণধারণোপযোগী দানমাত্র গ্রহণ করেন। পরম (প্রধান) যে হংস (নির্লোভ যতি), কর্ম্মধা। বি; পুং।

পরমাণ—প্রমাণ। কবিপ্র। বি।

পরমাণু—অতি সূক্ষ্ম পদার্থবিশেষ, মূল পদার্থের সূক্ষ্মতম অংশ (Molecule). পরম যে অণু, কর্ম্মধা। বি; পুং।

পরমাণুবাদ—সব বস্তু পরমাণুর সমষ্টি এই মত; কোন বস্তুর পরমাণু একক থাকিতে পারে না—এই বৈজ্ঞানিক মত (Dalton's Atomic Theory). মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পরমাত্মা (–ত্মন্)—পরব্রহ্ম, পরমেশ্বর, সৎ চিৎ আনন্দ স্বরূপ। পরম যে আত্মা, কর্ম্মধা। বি; পুং।

পরমাত্মীয়—অতি ঘনিষ্ঠ সম্বন্ধযুক্ত ব্যক্তি। কর্ম্মধা। বি; পুং।

পরমাদ—প্রমাদ। কবিপ্র। বি।

পরমানন্দ—১। অত্যন্ত আহ্লাদ। পরম যে আনন্দ, কর্ম্মধা। ২। সচ্চিদানন্দ পরব্রহ্ম। পরম আনন্দ হয় যাঁহা হইতে, বহুব্রী। বি; পুং।

পরমান্ন—পায়সান্ন। পরম (শ্রেষ্ঠ) যে অন্ন, কর্ম্মধা। বি; ক্লীব।

পরমায়ুঃ (–য়ুস্), পরমায়ু—শেষাবধিক জীবিতকাল, আয়ুষ্কাল। পরম যে আয়ুঃ, কর্ম্মধা। বি; ক্লীব।

পরমার্থ—শ্রেষ্ঠবস্তু; ধর্ম্ম; যাথার্থ্য; যথেষ্ট ধন; ব্রহ্ম। পরম যে অর্থ, কর্ম্মধা। বি; পুং।

পরমার্থবিৎ (–বিদ্)—যাথার্থ্যবেত্তা, তত্ত্বজ্ঞ, সূক্ষ্মজ্ঞানী; ঈশ্বরতত্ত্বজ্ঞ, ব্রহ্মজ্ঞানী। উপতৎ। পরমার্থ—বিদ্ (জানা)+ক্বিপ কর্ত্তৃবা। বিণ; পুং।

পরমুখাপেক্ষী (–পেক্ষিন্)—অন্যের সাহায্যপ্রত্যাশী, যে পরের মুখ চাহিয়া থাকে। উপতৎ। পরমুখ—অপ—ঈক্ষ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—ক্ষিণী। বি,—পেক্ষিতা।

পরমেশ, –মেশ্বর—পরব্রহ্ম, খোদা,

আল্লা, জগদীশ্বর, বিশ্বের সৃষ্টিস্থিতিপালনকর্ত্তা (God); শিব; সম্রাট্। পরম যে ঈশ, ঈশ্বর, কর্ম্মধা। বি; পুং।

পরমেশ্বরী—শিবানী, দুর্গা; পরমা প্রকৃতি। পরমেশ্বর দ্রঃ। পরমেশ্বর+ঈপ্। বি; স্ত্রী।

পরম্পরা—সন্ততি; ধারা; অনুক্রম, একটির পর আর একটি, তাহার পর আর একটি এইরূপ ভাব। পরম্—পৃ+অচ্ কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

পরম্পরাগত—ধারাবাহিকরূপে উপনীত, পর পর ক্রমে প্রাপ্ত। পরম্পরা দ্বারা আগত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

পরম্পরীণ—ধারাবাহিক, ক্রমাগত। পরম্পরা দ্রঃ। পরম্পরা শব্দ+ঈন। বিণ।

পরল, পরোল—মেটে ঘরের দেওয়াল ও চালের মধ্যস্থ ফাঁক; ধুঁধুল লতা ও ফল, তরুই। দেশজ। বি।

পরলোক—লোকান্তর; মরণান্তর ভোগ্য লোক; ব্রহ্মলোক-সত্যলোকাদি সপ্ত ঊর্দ্ধলোক; মৃত্যু; পরকাল। কর্ম্মধা। বি; পুং।

পরলোকগত—লোকান্তরপ্রাপ্ত, মৃত। পরলোককে গত (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ।

পরলোকগমন,—প্রাপ্তি—মৃত্যু। ৭মীতৎ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।

পরশ—১। ছোঁয়া। 'স্পর্শ' শব্দজ। ২। (খাদ্যাদি) পরিবেষণ। হিন্দীমূলক। বি।

পরশন—স্পর্শন, স্পর্শ, ছোঁয়া। কবিপ্র। বি।

পরশপাথর—পরেশপাথর দ্রঃ।

পরশা, পরসা—স্পর্শ করা; পরিবেশন করা। কবিপ্র। ক্রি।

পরশু—অস্ত্রবিশেষ, কুঠার, টাঙ্গি (Axe). পর (শত্রু)—শৃ (বধ করা)+ডু কর্তৃবা। বি; পুং।

পরশুরাম—ভার্গব, জামদগ্ন্য, বিষ্ণুর ষষ্ঠ অবতার। পরশুধারী যে রাম, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পরশ্বঃ (—শ্বস্), পরশ্ব—১। আগামিদিনের পরদিনে, পরশু। পর (অর্থাৎ দূরবর্ত্তী) যে শ্বঃ (আগামিদিন), কর্ম্মধা। অব্য। ২। (বাংলা) গত কল্যের পূর্ব্বদিন। বি।

পরশ্রমজীবী (—বিন্), —ভোগী (—গিন্)—অপরের পরিশ্রমের সুবিধাগ্রহণকারী। উপতৎ। পরশ্রম—জীব্, ভুজ্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী, —গিনী।

পরশ্রী—পরের সৌভাগ্য, অন্যের ঐশ্বর্য্য, অপরের উন্নতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পরশ্রীকাতর—পরের সৌভাগ্য দর্শনে দুঃখিত, অন্যের উন্নতিতে ঈর্ষ্যান্বিত। ৩য়াতৎ। বিণ। বি,—তা। স্ত্রী,—রা। [বি।

পরসাদ—অনুগ্রহ। 'প্রসাদ' শব্দজ। কবিপ্র।

পরস্ত্রী—অন্যের পত্নী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পরস্পর—ইতরেতর, অন্যোন্য। কর্ম্মব্যতিহারে পর শব্দের দ্বিত্ব। সর্ব্ব।

পরস্পরবিরোধী (—রোধিন্)—পরস্পরের বিপরীত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ধিনী।

পরস্ব—পরধন, পরের সম্পত্তি। পরের স্ব (ধন), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পরস্বাপহরণ—অন্যায়পূর্ব্বক পরের ধন গ্রহণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পরস্বাপহারী (—রিন্)—পরের ধন অন্যায়পূর্ব্বক গ্রহণকারী। উপতৎ। পরস্ব—অপ—হৃ+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

পরস্মৈপদ—ধাতুর উত্তর প্রযুক্ত পরোদ্দেশ্যক বিভক্তি। পর শব্দের চতুর্থীর একবচনে পরস্মৈ; পরস্মৈ পদ, অলুক্ ৪র্থীতৎ। বি; ক্লীব। বিণ,—পদী।

পরহিতকামী (—মিন্), —হিতৈষী (—ষিন্)—অন্যের মঙ্গলাকাঙ্ক্ষী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—মিনী,—ষিণী। বি,—মিতা, —ষিতা,—ষণা।

পরহিতব্রত—১। পরোপকারী, পরের উপকার সাধনই যাহার মূলমন্ত্র। পরহিত হইয়াছে ব্রত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা। ২। অপরের উপকাররূপ পুণ্য

কার্য্য। পরহিতই যে ব্রত, কর্ম্মধা। বি; পুং। বিণ, –ব্রতী (–তিন্)।

পরা—১। অন্যা, শ্রেষ্ঠা, পরমা ইত্যাদি। পর+আপ্। বিণ; স্ত্রী। ২। প্রাধান্য; আভিমুখ্য; প্রাতিকূল্য; ধর্ষণ; অত্যন্ত; বিক্রম; অনাদর; ভঙ্গ; বধ; প্রত্যাবৃত্তি। পৄ (পূরণ করা)+আ কর্তৃবা। অব্য। ৩। পরিধান করা, অঙ্গে ধারণ করা। বাং ক্রি। ৪। পরিহিত। পর+আ কর্ম্মবা। বিণ। **পরা তড়িৎ**—তড়িৎপ্রবাহবিশেষ (Positive electricity).

পরাক্ (পরাচ্)—পরাঙ্মুখ, বিমুখ। পরা–অন্চ্+ক্বিপ্ কর্তৃবা। অব্য। বিণ।

পরাকাষ্ঠা—চরমসীমা, শেষসীমা, যতদূর হইতে পারে ততদূর। পরা (অত্যন্ত)+কাষ্ঠা (সীমা), অসমস্ত পদদ্বয়। বি; স্ত্রী।

পরাক্রম—বিক্রম; শক্তি; পুরুষকার। পরা–ক্রম্ (গমন করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

পরাক্রমশালী (–লিন্)—পরাক্রান্ত। উপতৎ। পরাক্রম–শাল্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –লিনী।

পরাক্রান্ত—বিক্রান্ত, বিক্রমশালী; শক্তিসম্পন্ন। পরা–ক্রম্+ক্ত কর্তৃবা। বিণ।

পরাগ—১। পুষ্পরেণু (Pollen); ধূলি; স্নানীয় গন্ধচূর্ণ; পর্ব্বতবিশেষ; চন্দন। পরা–গম্ (গমন করা)+ড কর্তৃবা। বি; পুং।

পরাগকেশর—পুষ্পের মধ্যস্থলস্থিত স্থূল কেশর ভিন্ন অবশিষ্ট সূত্রাকার পরাগবিশিষ্ট কেশরসমূহ (Stamen). পরাগধারী কেশর, মধ্যপ কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

পরাগকোষ—পুষ্পের মধ্যস্থলে কোষের আকারবিশিষ্ট যে পদার্থের ভিতর পরাগ থাকে। পরাগগর্ভ যে কোষ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পরাগত—১। ব্যাপ্ত; যুক্ত; বিকসিত। পরা–গম্ (গমন করা)+ক্ত কর্তৃবা। ২। প্রত্যাবৃত্ত, প্রত্যাগত। পরা–আ–গম্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, –তা।

পরাঙ্ (পরাঞ্চ্)—বিমুখ, পরাঙ্মুখ। পর–অন্চ্ (গমন করা)+ক্বিপ্ কর্তৃবা। বিণ।

পরাঙ্মু(ঙ্মু)খ—বিমুখ; বিরুদ্ধ, প্রতিকূল; নিবৃত্ত। পরাক্ বা পরাঙ্ হইয়াছে মুখ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –খা, –খী।

পরাজয়—পরাভব, হারিয়া যাওয়া; অসহন। পরা–জি (জয় করা)+অচ্ ভাববা। বি; পুং।

পরাজিত—বিজিত, পরাভূত। পরা–জি (জয় করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

পরাজেয়—পরাভবযোগ্য। পরা–জি+যৎ কর্ম্মবা। বিণ।

পরাণ—প্রাণ। কবিপ্র। বি।

পরাণপুতলি—প্রাণসর্ব্বস্ব; হৃৎপিণ্ড। ৬ষ্ঠীতৎ। বি।

পরাণপ্রিয়া—প্রাণতুল্য প্রিয়া; প্রাণের প্রিয়। উপমানতৎ বা ৬ষ্ঠীতৎ। কবিপ্র। বি বা বিণ।

পরাণবঁধু—প্রাণের বন্ধু; প্রাণনাথ। কবিপ্র। বি। [বি।

পরাণি—প্রাণী; প্রাণ, জীবন। কবিপ্র।

পরাত—বড় থালা। দেশজ। বি।

পরাৎপর—১। পর হইতে পর, শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ। বিণ। স্ত্রী, –রা। ২। পরমেশ্বর। অলুক্ ৫মীতৎ। বি; পুং।

পরাধিকারচর্চ্চা(র্চা)—অপরের কার্য্য বা বিষয়ের আলোচনা বা তাহাতে হস্তক্ষেপ। পরের অধিকার, তাহার চর্চ্চা, ২বার ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পরাধীন—অন্যের অধীন, পরবশ, পরতন্ত্র। পরের অধীন, ৬ষ্ঠীতৎ। বিণ। বি, –তা। স্ত্রী, –না।

পরান—পরিধান করান, গাত্রে সংলগ্ন করা, ছিদ্র মধ্যে প্রবেশ করান। বাং ক্রি।

পরান্তক—সংহারকারী, শিব। পরের

(সংসারের) অন্তক (নাশক), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পরান্ন—১। পরকীয় অন্ন, অন্যের অন্ন। ৬ষ্ঠীতৎ। ২। অপরের পক্ক অন্ন। পরপক্ক যে অন্ন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

পরান্নজীবী (–বিন্), পরান্নোপজীবী (–বিন্), –ভোজী (–জিন্)—অন্যের অন্ন ভোজনকারী, অপরের গলগ্রহ। উপতৎ। পরান্ন–জীব্, উপ-জীব্, ভুজ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –বিনী, –জিনী।

পরাবর্ত্ত(র্ত)—পরিবর্ত্ত, বদল; প্রত্যাবৃত্তি। পরা–বৃত্ (থাকা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

পরাবর্ত্ত(র্ত)ন—প্রত্যাবর্ত্তন, ফিরিয়া আসা। পরা–বৃত্+অনট্ ভাববা। বি; ক্লীব।

পরাবর্ত্ত(র্ত)ব্যবহার—পুনর্বিচার্য্য মোকদ্দমা (Appellate case). পরাবর্ত্তযুক্ত ব্যবহার, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পরাবর্ত্তি(র্তি)ত—যাহাকে ফিরান হইয়াছে। পরা–বর্ত্তি+ক্ত কর্ম্মবা। বিণ।

পরাবৃত্ত—প্রত্যাবৃত্ত; প্রত্যাগত; প্রতিনিবৃত্ত। পরা–বৃত (থাকা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

পরাবৃত্তি—প্রত্যাবর্ত্তন, প্রত্যাগমন; প্রতিনিবৃত্তি, পরিবর্ত্ত। পরা–বৃত্ (থাকা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

পরাভব—তিরস্কার; পরাজয়; অতিক্রম। পরা–ভূ (হওয়া)+অপ্ ভাববা। বি; পুং।

পরাভূত—পরাজিত, পরাস্ত; তিরস্কৃত। পরা–ভূ (হওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ।

পরামর্শ—যুক্তি; বিবেচনা; মন্ত্রণা; স্পর্শ; ব্যাপ্তিবিশিষ্টের পক্ষবৃত্তিত্ব জ্ঞান। পরা–মৃশ্ (বিবেচনা করা)+ঘঞ্ ভাববা। বি; পুং। [শব্দজ। বি।

পরামাণি(নি)ক—নাপিত। 'প্রামাণিক'

পরামৃষ্ট—বিচারিত; বিবেচিত; স্পৃষ্ট; সম্বন্ধযুক্ত। পরা–মৃশ্+ক্ত কর্ম্মবা। বিণ।

পরায়ণ—১। শ্রেষ্ঠ আশ্রয়। পর যে অয়ন, কর্ম্মধা। বি; ক্লীব। ২। অত্যাসক্ত, তৎপর। পর (প্রধান, একমাত্র) হইয়াছে অয়ন, যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ণা।

পরায়ত্ত—পরাধীন; পরহস্তগত। ৬ষ্ঠীতৎ। বিণ।

পরার্থ—১। অন্যের প্রয়োজন; পরের উপকার; অপরের ধন। পরের অর্থ, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। ভিন্ন উদ্দেশ্যবিশিষ্ট। পর (ভিন্ন) অর্থ (অভিপ্রায়) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –র্থা। ৩। অন্যের জন্য। পরের নিমিত্ত ইহা, নিত্য। বিণ।

পরার্থপর—পরোপকারপরায়ণ। পরার্থ পর যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –রা। বি, –তা।

পরার্দ্ধ(র্ধ)—১। অত্যধিক সংখ্যাবিশেষ, লক্ষগুণিত লক্ষ কোটি, ১০০০০০০০০০০০০০০০০০। পর (অতিশয়) যে অর্দ্ধ (ঋদ্ধ বা প্রবৃদ্ধ), কর্ম্মধা। ২। শেষার্দ্ধ। পর (উত্তর) যে অর্দ্ধ, কর্ম্মধা। বি; ক্লীব।

পরাশর—কলিধর্ম্মপ্রয়োজক জনৈক ঋষি, ব্যাসদেবের পিতা। পরা–শৄ+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

পরাশ্রয়—১। অন্যের আশ্রয়। ৬ষ্ঠীতৎ। ২। শ্রেষ্ঠ অবলম্বন। কর্ম্মধা। বি; পুং। ৩। অন্যের আশ্রিত। পর আশ্রয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –য়া।

পরাশ্রয়ী (–য়িন্)—অপরের আশ্রিত, পরের উপর নির্ভরকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, –য়িণী।

পরাশ্রিত—অন্যের আশ্রিত, পরপালিত। ২য়াতৎ। বিণ। স্ত্রী, –তা।

পরাস্ত—পরাজিত। পরা–অস্ (ক্ষেপণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –স্তা।

পরাহ—পরদিন। পর যে অহন্ (দিন), কর্ম্মধা+টচ্ সমাসান্ত। বি; পুং।

পরাহত—আহত; ব্যাহত; পরাভূত; তিরস্কৃত। পর–আ–হন্ (বধ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

পরাহ্ণ—অপরাহ্ণ, বিকাল বেলা। অহ্নের (দিনের) পর (শেষভাগ), একদেশী। বি; পুং।

পরি—সর্ব্বতোভাব; শেষ; ইত্থম্ভাব; বর্জ্জন; ব্যাধি; বীপ্সা; আখ্যান; ভাগ; দোষাখ্যান; আলিঙ্গন; চিহ্ন; ব্যাপ্তি; নিরাস; পূজা; শোক। পৃ+ইন্ কর্ত্তৃবা। অব্য।

পরিকথা—উপাখ্যান-পুস্তক, গল্পের বহি। পরি (আখ্যানমূলক) কথা, প্রাদিতৎ। বি; স্ত্রী।

পরিকর—১। সহচর; সহকারী; পরিবার। পরি—কৃ (করা)+অচ কর্ত্তৃবা। ২। পর্য্যঙ্ক, শয্যা। পরি—কৃ+অপ্ অধিবা। ৩। আরম্ভ; নিষ্পত্তি। পরি—কৃ+অপ্ ভাববা। ৪। বিবেক; হস্ত্যাদি উপকরণ। পরি—কৃ+অপ্ করণবা। ৫। সমূহ; কটিবন্ধ, কোমরবাঁধা, 'বেল্ট' ('বদ্ধ—'); (নাট্যে) মুখসন্ধির অঙ্গবিশেষ; কাব্যালঙ্কারবিশেষ। পরি—কৃ+অপ্ কর্ম্মবা। বি, পুং।

পরিকল্পন—মনন, চিন্তন; রচনা। পরি—কৢপ্ (কল্পনা করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

পরিকল্পনা—মনে মনে কল্পনা, মনন; চিন্তা; রচনা। প্রাদিতৎ। বি; স্ত্রী।

পরিকল্পিত—কল্পিত, মনে মনে রচিত; সজ্জিত; অনুষ্ঠিত; নির্দ্দিষ্ট। পরি—ণিজন্ত কৢপ্+ক্ত কর্ম্মবা। বিণ।

পরিকীর্ত্তি(র্তি)ত—কথিত; গীত; উচ্চারিত। প্রাদিতৎ। বিণ। বি,—কীর্ত্তন। স্ত্রী,—তা।

পরিক্রম, —ক্রমণ—গমন; প্রদক্ষিণীকরণ; ইতস্ততঃ পাদচার। পরি—ক্রম্ (গমন করা) +ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

পরিক্রমা—তীর্থাদি প্রদক্ষিণ করা ('বৃন্দাবন —')। বি; স্ত্রী।

পরি(রী)ক্ষিৎ—চন্দ্রবংশীয় নরপতি, তৃতীয় পাণ্ডব অর্জ্জুনের পৌত্র। পরি—ক্ষি (ক্ষয় পাওয়া)+ক্বিপ্ কর্ত্তৃবা। [ইনি কুলের ক্ষীণ অবস্থায় জন্মগ্রহণ করায় বাসুদেব ইঁহার নাম পরিক্ষিৎ রাখেন; অথবা মাতৃগর্ভে অবস্থানকালে অশ্বত্থামার ব্রহ্মাস্ত্রপ্রহারে মৃত হইয়া বৃষ্ণের যোগবলে ইনি পুনর্জীবন লাভ করিয়াছিলেন বলিয়া এই নাম প্রাপ্ত হন]। বি; পুং।

পরিক্ষিপ্ত—প্রক্ষিপ্ত; পরিত্যক্ত; বেষ্টিত। পরি—ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

পরিক্ষেপ—প্রক্ষেপ; বেষ্টন। পরি—ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

পরি(রী)খণ—পরীক্ষা করা। 'পরীক্ষণ' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

পরিখা—চতুর্দ্দিকে বেষ্টিত খাত, গড়খাই। পরি—খন্ (খনন করা)+ড কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

পরিগণন, —গণনা—বিশেষভাবে গণন। পরি—গণ+অনট্, পক্ষে অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

পরিগণিত—যাহা গণনা করা হইয়াছে এরূপ, সংখ্যাত; বিবেচিত। পরি—গণ (গণনা করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

পরিগৃহীত—যাহা গ্রহণ করা হইয়াছে এরূপ; উপাত্ত; স্বীকৃত। পরি—গ্রহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

পরিগ্রহ, —গ্রাহ—১। গ্রহণ; স্বীকার ('দার—')। পরি—গ্রহ্ (গ্রহণ করা)+অপ্, ঘঞ্ ভাববা। ২। পত্নী; পরিজন; শাপ; মূল; সৈন্যপশ্চাদ্ভাগ। পরি—গ্রহ্+অপ্, ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

পরিগ্রাহক—গ্রহণকারী। পরি—গ্রহ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হিকা।

পরিঘ—১। লৌহাগ্র মুদ্গর; শূল; হুড়কা; জ্যোতিষোক্ত যোগবিশেষ। পরি—হন্ (বধ করা)+অপ্ করণবা। ২। তোরণ; ফটক; দ্বার; জলপাত্র, শিশি। পরি—হন্ +অপ্ কর্ম্মবা। বি; পুং।

পরিঘাতন—১। আঘাত। পরি—ণিজন্ত হন্ (=ঘাতি)+অনট্ ভাববা। ২। লৌহ-

মুদগর; অর্গল। পরি—হন্‌+ণিচ্‌+অনট্‌ করণবা। বি; ক্লীব।

পরিচয়—প্রণয়; সংস্তব, জানাশুনা; আলাপ; দৌড় বা সীমা ('বিদ্যার—'); অভ্যাস। পরি—চি+অচ্‌ ভাববা। বি; পুং।

পরিচয়-পত্র—যে পত্র দেখিয়া কাহারও নাম ধাম ইত্যাদি জানা যায়। পরিচয়জ্ঞাপক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

পরিচর—পরিচারক, সেবক; অনুচর। পরি—চর্‌ (গমন করা)+অচ্‌ কর্ত্তৃবা। বি; পুং।

পরিচর্য্যা(র্যা)—পূজা; সেবা; সৎকার। পরি—চর্‌ (গমন)+ক্যপ্‌ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

পরিচলন—বায়ুপ্রবাহাদির সহিত তাপ সঞ্চালন (Convection). পরি—চল্‌+অনট্‌ ভাববা। বিণ, —চলিত।

পরিচায়ক—পরিচয়-কারক, যে বা যাহা জানাইয়া বা চিনাইয়া দেয়; প্রমাণ-প্রদর্শক; সূচক, জ্ঞাপক। পরি—চি+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —য়িকা।

পরিচারক—সেবক, দাস, ভৃত্য। পরি—চর্‌ (গমন করা)+ণক কর্ত্তৃবা। বিণ বা বি; পুং।

পরিচারণ—পরিচর্য্যা, সেবা। পরি—ণিজন্ত চর্‌ (=চারি)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

পরিচারিকা—সেবিকা, দাসী। পরিচারক+আপ্‌। বিণ বা বি; স্ত্রী।

পরিচালক—চালনাকর্ত্তা, চালক, নায়ক, অধ্যক্ষ; নির্ব্বাহক; যাহার মধ্য দিয়া চালিত হইতে পারে (Conductor). পরি—চল্‌+ণিচ্‌+ণক কর্ত্তৃবা। স্ত্রী, —লিকা।

পরিচালন, —না—চালনা, সঞ্চালন; নয়ন; নির্ব্বাহ। পরি—চল্‌+ণিচ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব, স্ত্রী।

পরিচালিত—চালিত, উপদিষ্ট; সঞ্চালিত; নীত; নির্ব্বাহিত। পরি—চল্‌+ণিচ্‌+ক্ত কর্ম্মবা। বিণ।

পরিচিত—জ্ঞাত, যাহার সহিত জানাশুনা আছে এরূপ; অভ্যস্ত। পরি—চি (একত্র করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

পরিচিতি—জানাশুনা; পরিচয়-জ্ঞাপন; যাহা দ্বারা পরিচয় জানা যায়। পরি—চি+ক্তি ভাববা, করণবা। বি; স্ত্রী।

পরিচিন্তন—সম্যগ রূপে চিন্তা করা। পরি (সম্যক্‌) চিন্তন, প্রাদিতৎ। বি; ক্লীব।

পরিচিন্তিত—সম্যগ্‌রূপে চিন্তিত, উত্তমরূপে বিবেচিত। পরি (সম্যক্‌) চিন্তিত, প্রাদিতৎ। বিণ।

পরিচেয়—পরিচয়যোগ্য। পরি—চি+যৎ কর্ম্মবা। বিণ।

পরিচ্ছদ—পরিজন; অনুচর; বেশ, পোষাক; আচ্ছাদন; সামগ্রী; হস্ত্যাদি উপকরণ। পরি—ণিজন্ত ছদ্‌ (আচ্ছাদন করা)+ঘ করণবা। বি; পুং।

পরিচ্ছন্ন—আচ্ছন্ন; সজ্জিত; ভূষিত; পরিষ্কৃত। পরি—ছদ্‌ (আচ্ছাদন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —ন্না।

পরিচ্ছিত্তি—ব্যবধান; অবধারণ। পরি—ছিদ্‌ (ছেদন করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

পরিচ্ছিন্ন—বিভক্ত; ইয়ত্তারূপে পরিমিত; নির্ণীত। পরি—ছিদ্‌ (ছেদন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —ন্না।

পরিচ্ছেদ—১। নির্ণয়; ইয়ত্তারূপে অবধারণ; নির্দ্ধারণ; সীমা ('প্রাণান্ত—')। পরি—ছিদ্‌ (ছেদন করা)+ঘঞ্‌ ভাববা। ২। অংশ; গ্রন্থাদির ভাগ। পরি—ছিদ্‌+ঘঞ্‌ কর্ম্মবা। বি; পুং।

পরিচ্ছেদ্য—বিভাজ্য; ইয়ত্তারূপে নির্ণেয়। পরি—ছিদ্‌ (ছেদন)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

পরিজন—পরিবার, পোষ্যবর্গ; পরিচারক। পরিগত জন, প্রাদিতৎ। বি; পুং।

পরিজ্ঞাত—১। যে সম্পূর্ণরূপে জানিয়াছে। পরি—জ্ঞা+ক্ত কর্ত্তৃবা। ২। যাহা সম্পূর্ণরূপে জানা হইয়াছে। পরি—জ্ঞা+ক্ত কর্ম্মবা। বিণ।

পরিজ্ঞান—সম্পূর্ণ জ্ঞান, যথার্থ জ্ঞান;

সর্ব্বতোভাবে জানা। পরি—জ্ঞা (জানা) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিণত—অবস্থান্তরপ্রাপ্ত ; পর্য্যবসিত ; পূর্ণতাপ্রাপ্ত ; পক্ব ; নত ; নদী-তীরাদিতে বক্রভাবে দন্তাদি প্রহারকারী (গজাদি)। পরি—নম্ (নত হওয়া) + ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

পরিণতবুদ্ধি—১। পাকা বুদ্ধি ; চারিদিক্ বুঝিবার মত বুদ্ধি। কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। যাহার বুদ্ধি পাকা। বহুব্রী। বিণ।

পরিণতি—পরিপাক ; অবস্থান্তরপ্রাপ্তি ; পরিণাম ; পূর্ণতাপ্রাপ্তি ; অবনতি ; শেষ ; বার্দ্ধক্য। পরি—নম্ (নত হওয়া) + ক্তি ভাববা। বি ; স্ত্রী।

পরিণদ্ধ—পরিহিত ; সংবদ্ধ ; বদ্ধ ; প্রবৃদ্ধ ; পরিবেষ্টিত। পরি—নহ্ + ক্ত কর্ম্মবা। বিণ।

পরিণমন—পরিণত করণ। পরি—নম্ + ণিচ্ + অনট্ ভাববা। বি ; ক্লীব। বিণ, —নমিত।

পরিণয়, —ণয়ন—বিবাহ। পরি—নী (লইয়া যাওয়া) + অচ্, অনট্ ভাববা। বি ; পুং ও ক্লীব। [রূপক কর্ম্মধা। বি ; ক্লীব।

পরিণয়সূত্র—বিবাহরূপ সূতা বা সম্বন্ধ।

পরিণাম—অবস্থান্তরপ্রাপ্তি ; বার্দ্ধক্য ; পরিপাক ; শেষ ; কাব্যালঙ্কারবিশেষ। পরি—নম্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

পরিণামদর্শিতা—পরিণামদর্শীর ভাব, ভবিষ্যৎচিন্তন, বিচক্ষণতা, সূক্ষ্মদর্শিতা। পরিণামদর্শিন্ শব্দ + তা ভাবার্থে। বি ; স্ত্রী।

পরিণামদর্শী (—র্শিন্)—শেষফল লক্ষ্যকারী, উত্তরকাল বিবেচনা করিয়া কার্য্যকারী, বিচক্ষণ। উপতৎ। পরিণাম—দৃশ্ (দেখা) + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্শিনী।

পরিণীত—ঊঢ়, বিবাহিত। পরি—নী (লইয়া যাওয়া) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

পরিণেতা (—ণেতৃ)—বিবাহকারী ; ভর্ত্তা ; পরিচালক। পরি—নী + তৃন্ কর্তৃবা। বিণ বা বি ; পুং। স্ত্রী,—ত্রী।

পরিণেয়—পরিণয়যোগ্য, বিবাহের উপযুক্ত। পরি—নী + যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

পরিতপ্ত—পরিতাপযুক্ত ; দুঃখিত। পরি—তপ্ + ক্ত কর্তৃবা। বিণ।

পরি(রী)তাপ—১। দুঃখ ; শোক। পরি—তপ্ (ক্লেশ দেওয়া) + ঘঞ্ করণবা। ২। উষ্ণতা, উত্তাপ। পরি—তপ্ (তাপ দেওয়া) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

পরিতুষ্ট—তৃপ্ত ; সন্তুষ্ট। পরি—তুষ্ (তুষ্ট হওয়া) + ক্ত কর্তৃবা। বিণ।

পরিতুষ্টি—তৃপ্তি ; সন্তোষ। পরি—তুষ্ + ক্তি ভাববা। বি ; স্ত্রী।

পরিতৃপ্ত—সন্তুষ্ট, পরিতুষ্ট। পরি—তৃপ্ + ক্ত কর্তৃবা। বিণ। বি,—তৃপ্তি।

পরিতোষ—তৃপ্তি ; সন্তোষ ; আনন্দ। পরি—তুষ্ (তুষ্ট হওয়া) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

পরিত্যক্ত—সম্যক্ বর্জ্জিত, যাহা বা যাহাকে ত্যাগ করা হইয়াছে এরূপ। পরি—ত্যজ্ (ত্যাগ করা) + ক্ত কর্ম্মবা। বিণ।

পরিত্যজন—ত্যাগ, বর্জ্জন। পরি—ত্যজ্ (ত্যাগ করা) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিত্যাগ—ত্যাগ, বর্জ্জন, বিসর্জ্জন। পরি—ত্যজ্ (ত্যাগ করা) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

পরিত্যাজ্য—যাহা ত্যাগ করিতে হইবে বা করা আবশ্যক ; ত্যাগ করিবার যোগ্য, বর্জ্জনীয়। পরি—ত্যজ্ (ত্যাগ করা) + ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—জ্যা।

পরিত্রাণ—উদ্ধার ; রক্ষা ; নিস্তার। পরি—ত্রৈ (রক্ষা করা) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিত্রাতা (—ত্রাতৃ), —ত্রায়ক—রক্ষাকর্ত্তা, উদ্ধারকর্ত্তা। পরি—ত্রৈ (রক্ষা করা) + তৃন্ কর্তৃবা। বিণ।

পরিত্রাহি—পরিত্রাণ কর, রক্ষা কর। পরি—ত্রৈ (ত্রাণ করা) + লোট্ হি। সংস্কৃত পদ।

পরিদর্শক—দ্রষ্টা, যে পরিদর্শন করে। পরি—দৃশ্ + ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্শিকা।

পরিদর্শন—পর্য্যবেক্ষণ, সম্যক্ দর্শন ; তত্ত্বাবধান। পরি–দৃশ্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিদৃশ্য—সুস্পষ্ট দৃশ্য (Panorama). পরি –দৃশ্ + ক্যপ্ কর্ম্মবা। বি ; ক্লীব।

পরিদৃশ্যমান—যাহা চতুর্দ্দিকে দেখা যাইতেছে। পরি–দৃশ্ + শানচ্ কর্ম্মবা। বিণ।

পরিদেবন—অনুতাপ ; বিলাপ, খেদোক্তি। পরি–দিব্ (পীড়া দেওয়া, ইত্যাদি) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিদেবনা—অনুতাপ ; বিলাপ, খেদোক্তি। পরি–দিব্ (পীড়া দেওয়া, ইত্যাদি) + অন ভাববা + আপ্। বি ; স্ত্রী।

পরিদোলক—যাহার দোলনে বড় ঘড়ির কাঁটা চলে (Pendulum). পরি–দোলি + ণক কর্ত্তৃবা। বি ; পুং।

পরিধান—১। পিধান, অঙ্গে ধারণ ; আচ্ছাদন ; পরা। পরি–ধা + অনট্ ভাববা। ২। পরিধেয় বস্ত্র। পরি–ধা + অনট্ কর্ম্মবা। বি ; ক্লীব।

পরিধি—বৃত্তের সীমাসূচক গোলাকার রেখা (Circumference) ; বেড় ; পরিবেষ্টন ; সূর্য্যের মণ্ডল। পরি–ধা (ধারণ করা) + কি কর্ম্মবা। বি ; পুং।

পরিধেয়—পরিধানযোগ্য ; পরিবার কাপড়। পরি–ধা + যৎ কর্ম্মবা। বি ; ক্লীব বা বিণ।

পরিনির্ব্বা(র্বা)ণ—সংসারবন্ধন বা ভবযন্ত্রণা হইতে সম্যক্ মুক্তি, মোক্ষ (Salvation). পরি (সম্যক্) নির্ব্বাণ, প্রাদিতৎ। বি ; ক্লীব।

পরিনিষ্ঠা—পর্য্যবসান, সমাপ্তি। পরি–নি –স্থা (থাকা) + অঙ্ ভাববা + আপ্। বি ; স্ত্রী।

পরিপক্ক—সুপক্ক, উত্তমরূপে পাকা ; পরিণত ; বিচক্ষণ। পরি (সম্যক্) পক্ক, প্রাদিতৎ। বিণ।

পরিপন্থী (–পন্থিন্)—প্রতিকূল ; প্রতিবন্ধক ; বিরোধী ; শত্রুভাবাপন্ন। পরি–পন্থ্ (গমন করা) + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –স্থিনী।

পরি(রী)পাক—উত্তম পাক ; পক্কতা ; জীর্ণতা ; হজম ; পরিণাম ; শেষাবস্থা ; নৈপুণ্য ; উৎকর্ষ। পরি–পচ্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

পরিপাটি(টী)—১। অনুক্রম, পর্য্যায় ; সুশৃঙ্খলা। পরি–ণিজন্ত পট বা পাটি (গমন করান) + ইন্ ভাববা, পক্ষে ঈপ। বি ; স্ত্রী। ২। পারিপাট্যবিশিষ্ট, সুশৃঙ্খল, সুবিন্যস্ত ; সৌষ্ঠবসম্পন্ন, সুশ্রী ; পরিচ্ছন্ন। পরি (ভাগানুসারে) পাটি (গতি) হয় যাহাতে, বহুব্রী। বিণ।

পরিপার্শ্ব—চারিদিকের ভাব বা অবস্থা ; আবেষ্টন (Environment). পরিগত পার্শ্বকে, প্রাদিতৎ। বি ; ক্লীব।

পরিপালন—প্রতিপালন, রক্ষণ। পরি–পালি (রক্ষা করা) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিপালিত—রক্ষিত, প্রতিপালিত। পরি –পালি (পালন করা) + ক্ত কর্ম্মবা। বিণ।

পরিপুষ্ট—প্রতিপালিত ; বর্দ্ধিত। পরি–পুষ্ (পোষণ করা) + ক্ত কর্ম্মবা। বিণ।

পরিপূরণ—পূর্ণ করণ ; অভাব মিটাইয়া দেওয়া। পরি–পূর্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিপূর্ণ—সম্পূর্ণ ; পরিপূরিত ; সম্যক্ সিক্ত ; ব্যাপ্ত। পরি–পূর্ (পূরণ করা) + ক্ত কর্ম্মবা। বিণ। বি, –তা, –ত্ব।

পরিপোষণ—পরিপালন, রক্ষণ, বাড়াইয়া তোলা। পরি–পুষ্ (পোষণ করা) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিপ্রেক্ষণ—১। দৃশ্য পদার্থ, চিত্র। পরি –প্র–ঈক্ষ্ + অনট্ কর্ম্মবা। ২। দর্শন (Perspective). পরি–প্র–ঈক্ষ্ + অনট্ ভাববা। ৩। দর্শনসাধক যন্ত্র (Telescope ; fieldglass). পরি–প্র–ঈক্ষ্ + অনট্ করণবা। বি ; ক্লীব।

পরিপ্রেক্ষণিকা—দৃশ্যমান বিষয়ের ভিন্ন অংশের দূরত্বাদিবোধক চিত্রপট। পরি—প্র—ঈক্ষ্‌+অনট্‌ অধিবা+ঈপ্‌+কন্‌ স্বার্থে +আপ্‌। বি; স্ত্রী।

পরিপ্রেক্ষিত—দৃশ্যমান বিষয়ের বিভিন্ন অংশের যেরূপ দূরত্ব, সান্নিধ্য, ঘনত্ব প্রভৃতি অনুভূত হয় চিত্রে তদ্রূপ প্রকাশ (Perspective). পরি—প্র—ঈক্ষ্‌+ক্ত ভাববা। বি; ক্লীব। (কোন কিছুর) **পরিপ্রেক্ষিতে**—মিলাইয়া; বিবেচনা করিয়া; মনের মধ্যে রাখিয়া।

পরিপ্লব—১। অস্থির, চঞ্চল; কম্পমান; আকুল। পরি—প্লু+অচ্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী, —বা। ২। প্লাবন; উপদ্রব, উৎপাত। পরি—প্লু+অপ্‌ ভাববা। বি; পুং।

পরিপ্লবন—পরিপ্লব; প্লাবন। পরি—প্লু +অনট্‌ ভাববা। বি; ক্লীব।

পরিপ্লুত—চঞ্চল, কম্পমান; মগ্ন; প্লাবিত। পরি—প্লু+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

পরিপ্লুতি—অতি-প্রসক্তি; চাঞ্চল্য; ব্যাপ্তি। পরি—প্লু+ক্তি ভাববা। বি; স্ত্রী।

পরিবৎসর—সংবৎসর; বৎসরবিশেষ, বৃহস্পতির দ্বাদশ রাশি ভোগ্য কাল। প্রাদিতৎ। বি; পুং।

পরিবর্জ্জ(র্জ)ন—পরিত্যাগ; বধ। পরি—বৃজ্‌ (ত্যাগ করা)+অনট্‌ ভাববা। বি; ক্লীব। বিণ, —বর্জ্জিত।

পরি(রী)বর্ত্ত(র্ত)—পরিবর্তন (সকল অর্থে)। পরি—বৃত্‌ (থাকা) +ঘঞ্‌ ভাববা। বি; পুং।

পরিবর্ত্ত(র্ত)ন—বিনিময়, বদল; অবস্থান্তর-প্রাপ্তি; লুণ্ঠন; নিবৃত্তি; পাশ ফেরা; যুগান্ত। পরি—বৃত্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

পরিবর্ত্ত(র্ত)নশীল—পরিবর্তন স্বভাব-বিশিষ্ট, যাহা কেবল রূপান্তরিত হইতেছে। পরিবর্তনই শীল (স্বভাব) যাহার, বহুব্রী। বিণ।

পরিবর্ত্ত(র্ত)নীয়—পরিবর্তনযোগ্য। পরি—বৃত্‌+অনীয় কর্ম্মবা। বিণ।

পরিবর্ত্তি(র্তি)ত—একের স্থলে অন্য স্থাপিত; রূপান্তরিত, অবস্থান্তরপ্রাপ্ত; কৃত-বিনিময়, যাহা বদল করা হইয়াছে এরূপ। পরি—ণিজন্ত বৃত্‌ (=বর্ত্তি)+ক্ত কর্ম্মবা। বিণ।

পরিবর্ত্তী(র্তী) (—র্ত্তিন্‌)—পরিবর্তনশীল। পরি—বৃত্‌+ণিন্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী, —র্ত্তিনী।

পরিবর্দ্ধ(র্ধ)ক—প্রবৃদ্ধিকারক; পালনকারী। পরি—বৃধ্‌+ণিচ্‌ (বৃদ্ধি করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, —র্দ্ধিকা।

পরিবর্দ্ধ(র্ধ)ন—বৃদ্ধিপ্রাপন, বাড়ান। পরি—ণিজন্ত বৃধ্‌=বর্দ্ধি (বাড়ান)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

পরিবর্দ্ধি(র্ধি)ত—বৃদ্ধিপ্রাপিত, যাহা বাড়ান হইয়াছে; বৃদ্ধিপ্রাপ্ত। পরি (সম্যক্‌) বর্দ্ধিত, প্রাদিতৎ। বিণ।

পরিবহন—বস্তুর মধ্য দিয়া তাপাদির প্রবাহ (Conduction). পরি—বহ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

পরি(রী)বাদ—অপবাদ, নিন্দা; বীণার অঙ্গবিশেষ। পরি—বদ্‌ (বলা) +ঘঞ্‌ ভাববা। বি; পুং।

পরিবাদক—নিন্দাকারী। পরি—বদ্‌+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, —দিকা।

পরিবাদিনী—১। সপ্ততন্ত্রী বীণা। পরি-বাদ (বীণাঙ্গ)+ইন্‌ আছে অর্থে+ঈপ্‌। বি; স্ত্রী। ২। নিন্দাকারিণী। পরিবাদিন্‌+ঈপ্‌। বিণ; স্ত্রী।

পরিবাদী (—বাদিন্‌)—অপবাদকারী, নিন্দক। পরি—বদ্‌ (বলা)+ণিন্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী, —দিনী।

পরি(রী)বাপ—মুণ্ডন; বপন, বোনা। পরি—বপ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

পরিবাপিত—মুণ্ডিত; রোপিত। পরি—ণিজন্ত বপ্‌ (=বাপি)+ক্ত কর্ম্মবা। বিণ।

পরি(রী)বার—পরিজন ; পত্নী ; পোষ্যবর্গ ; পরিচ্ছদ ; খড়্গাদির কোষ। পরি—বৃ (বরণ করা, ঘেরা)+ঘঞ্ করণবা। বি ; পুং।

পরি(রী)বাহ—১। জলপ্রবাহ, জলোচ্ছ্বাস, জলপ্লাবন। পরি—বহ্ (বহা)+ঘঞ্ ভাববা। ২। জলনির্গমপ্রণালী। পরি—বহ্ +ঘঞ্ করণবা। বি ; পুং।

পরিবাহক, –বাহী (–হিন্)—ভিতর দিয়া তাপাদি প্রবাহিত হইবার যোগ্য বস্তু (Conductor). পরি—বহ্+ণক, ণিন্ কর্তৃবা। বিণ।

পরিবৃত—বেষ্টিত ; আবৃত, আচ্ছাদিত। পরি—বৃ (ঘেরা)+ক্ত কর্ম্মবা। বিণ।

পরিবৃতি—বেষ্টন ; আবরণ, আচ্ছাদন। পরি—বৃ (ঘেরা)+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

পরিবৃত্তি—পরিবর্ত্ত, বিনিময়, বদল ; অর্থা-লঙ্কারবিশেষ। পরি—বৃত্ (থাকা)+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

পরিবেদন—অবিবাহিত জ্যেষ্ঠ বিদ্যমানে কনিষ্ঠের বিবাহ। পরি—বিদ্ (লাভ করা) +অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিবেদনা—বুদ্ধি ; বিবেচনা ; সম্যক্ ব্যথা। পরি (সম্যক্) বেদনা, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

পরিবেশ, পরিবেষ—পরিধি ; সূর্য্যমণ্ডল ; চন্দ্রমণ্ডল। পরি—বিশ্, বিষ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

পরিবেশ-প্রভাব—চতুর্দ্দিকের ভাব, অবস্থা, সঙ্গী, ইত্যাদির শক্তি (Surrounding influence). ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

পরিবেষক—পরিবেষণকারী, বিভাজক, যে বাঁটিয়া দেয়। পরি—বিষ্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষিকা।

পরিবেষণ—ভক্ষ্যবস্তুর বিভাগসহকারে অর্পণ। পরি—বিষ্+অনট্ ভাববা। বি ; ক্লীব। বিণ,—ষিত।

পরিবেষ্ট—বিদ্যুৎ প্রভৃতির চক্রাকারে ভ্রমণ (Circuit). পরি—বেষ্ট্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

পরিবেষ্টন—চতুর্দ্দিকে বেষ্টন বা ঘেরা ; প্রদক্ষিণ ; চারিদিকের বেড়। পরি (সম্যক্) বেষ্টন, প্রাদিতৎ। বি ; ক্লীব।

পরিবেষ্টনী—পারিপার্শ্বিক বিষয়বস্তুসমূহ (Surroundings). পরি—বেষ্ট্+অনট্ কর্তৃবা+ঙীপ্। বি ; স্ত্রী।

পরিবেষ্টিত—চতুর্দ্দিকে বেষ্টিত, পরিবৃত, চারিদিকে ঘেরা ; কৃতপ্রদক্ষিণ। পরি (সম্যক্) বেষ্টিত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—তা।

পরিব্যাপ্ত—বিশেষভাবে বিক্ষিপ্ত বা বিস্তৃত। পরি—বি—আপ্+ক্ত কর্ম্মবা, কর্তৃবা। বিণ। বি,—প্তি।

পরিব্রজ্যা—প্রব্রজ্যাশ্রম, সন্ন্যাসধর্ম্ম। পরি—ব্রজ্ (ভ্রমণ করা)+ক্যপ্ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

পরিব্রাজক—চতুর্থাশ্রমী, ভিক্ষু ; দেশভ্রমণ-কারী, যে নানা দেশ ঘুরিয়া বেড়ায়। পরি—ব্রজ্+ণক কর্তৃবা। বি ; পুং। স্ত্রী,—জিকা।

পরি(রী)ভব, পরি(রী)ভাব—পরাভব, পরাজয় ; তিরস্কার ; অবজ্ঞা ; দর্শন। পরি—ভূ+অপ্, ঘঞ্ ভাববা। বি ; পুং।

পরিভাষণ—কথোপকথন, আলাপ ; নিন্দা-বাক্য ; নিন্দাপূর্ব্বক তিরস্কার। পরি—ভাষ্ (বলা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিভাষা—(গ্রন্থাদির) সংক্ষেপার্থে সঙ্কেতবিশেষ, শিল্পবিজ্ঞানাদির বিশিষ্ট শব্দ সংজ্ঞা (Technical term). পরি—ভাষ্ (বলা)+অ কর্ম্মবা+আপ্। বি ; স্ত্রী।

পরিভাষিত—কথিত ; পরিভাষা দ্বারা নিরূপিত। পরি—ভাষ্+ক্ত কর্ম্মবা। বিণ।

পরিভ্রম, –ভ্রমণ—চতুর্দ্দিকে বিচরণ, প্রদক্ষিণ ; ভ্রম। পরি—ভ্রম্+ঘঞ্, অনট ভাববা। বি ; পুং ও ক্লীব।

পরিভ্রষ্ট—অধঃপতিত ; চ্যুত ; নষ্ট। পরি—ভ্রংশ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

পরিমণ্ডল—১। বর্ত্তুলাকার, গোল। পরি

র্বতোভাবে) মণ্ডলপ্রায়, সুপ্‌সুপা। । ২। বেষ্টনী; গোলাকার বস্তু। বি; ।

মল—(কুঙ্কুমচন্দনাদির) মর্দ্দনজনিত ন্ধ; কুসুমসৌরভ; মনোহর গন্ধ; সজ্জন-বায়; সম্ভোগ। পরি—মল্‌+অচ্‌ কর্ত্তৃবা। পুং।

মাণ—১। সংখ্যাকরণ, গণন; হস্তাদি পরিচ্ছেদ; মাপ; ওজন। পরি—মা+ট্‌ ভাববা। ২। দৈর্ঘ্যাদি। পরি—মা+ট্‌ কর্ম্মবা। বি; ক্লীব।

মাণফল—মাপের ফল; ক্ষেত্রফল, র কালি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মাপ—পরিমাণ; হস্তাদি দ্বারা চ্ছেদ, মাপা। পরি—ণিজন্ত মা (=মাপি) অচ্‌ ভাববা। বি; পুং।

মার্জ্জ(র্জ্জ)ন—ভালরূপে ঘষা বা া; উত্তমরূপে সংস্কার। পরি—মৃজ্‌+ ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

মার্জ্জি(র্জ্জি)ত—যাহা ভাল করিয়া া হইয়াছে; বিশুদ্ধ; শিক্ষা, সঙ্গ, ইত্যাদি া উন্নত। পরি—মৃজ্‌+ণিচ্‌+ক্ত কর্ম্মবা। । স্ত্রী,—তা।

মিত—যথাযোগ্য পরিমাণযুক্ত; প্রয়ো-নুরূপ (Moderate); পরিচ্ছিন্ন। পরি মা+ক্ত কর্ম্মবা। বিণ।

মিতি—মাপ, পরিমাণ; ক্ষেত্রমিতি ensuration). পরি—মা+ক্তি ভাববা। ; স্ত্রী।

মুক্ত—সম্যক্‌রূপে মুক্ত বা ত্যক্ত। পরি মুচ্‌+ক্ত কর্ম্মবা। বিণ।

মৃষ্ট—মার্জ্জিত; ঘৃষ্ট, মর্দ্দিত; আশ্লিষ্ট; লিঙ্গিত। পরি—মৃষ্‌+ক্ত কর্ম্মবা। বিণ।

মেয়—পরিমাণযোগ্য; পরিমিত। পরি মা (পরিমাণ করা)+যৎ কর্ম্মবা। বিণ।

ম্লান—সম্যক্‌ ম্লান, অত্যন্ত মলিন; শুষ্ক। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—না।

রক্ষণ—সর্ব্বতোভাবে রক্ষা; অপেক্ষা। পরি—রক্ষ্‌ (রক্ষা করা)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

পরিরক্ষিত—সম্যক্‌ রক্ষিত। পরি—রক্ষ্‌ (রক্ষা করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

পরিরব্ধ—আলিঙ্গিত। পরি—রভ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ব্ধা।

পরি(রী)রম্ভ, —রম্ভণ—আশ্লেষ, আলিঙ্গন; রমণ। পরি—রভ্‌ (বেগে চলা)+ঘঞ্‌, অনট্‌ ভাববা। বি; পুং, ক্লীব।

পরিলিখন—খসড়া, নক্সা। পরি—লিখ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব। বিণ,—লিখিত (Circumscribed).

পরিশিষ্ট—১। অবশিষ্ট, বাকি; শেষভাগে সংযোজিত। বিণ। স্ত্রী,—ষ্টা। ২। শেষভাগ; গ্রন্থাদির সমাপ্তির পর তাহাতে যে অবশিষ্ট অংশ যোজনা করা যায় (Appendix). পরি—শিষ্‌ (শেষ হওয়া বা থাকা)+ক্ত কর্ত্তৃবা। বি; ক্লীব।

পরিশীলন—অনুশীলন; অবগাহন; সংযোগ; আলিঙ্গন। পরি—শীল্‌ (অভ্যাস করা, ইত্যাদি)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

পরিশুদ্ধ—পরিস্রুত; সংশুদ্ধ, বিশুদ্ধ; নিশ্চিত। পরি—শুধ্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ।

পরিশুষ্ক—অত্যন্ত শুষ্ক, নীরস। পরি (সম্যক্‌) শুষ্ক, প্রাদিতৎ। বিণ।

পরিশেষ—১। অবশেষ, অবসান; উপ-সংহার। পরি—শিষ্‌ (শেষ হওয়া)+ঘঞ্‌ ভাববা। বি; পুং। ২। পরিশিষ্ট, অবশিষ্ট। পরি—শিষ্‌+অচ্‌ কর্ত্তৃবা। বিণ।

পরিশোধ—ঋণাপনয়ন; শোধ বা ফেরৎ দেওয়া। পরি—শুধ্‌ (শোধন করা)+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

পরিশোধিত—যাহা সম্পূর্ণরূপে শুদ্ধ করা হইয়াছে; যাহা একেবারে মিটাইয়া দেওয়া হইয়াছে। পরি—শোধি+ক্ত কর্ম্মবা। বি, —শোধন,—শোধ।

পরিশোধ্য—পরিশোধের যোগ্য। পরি—শোধি+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

পরিশ্রম—শ্রম, মেহনত ; শ্রান্তি ; আয়াস। পরি—শ্রম্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

পরিশ্রমী (—শ্রমিন্)—পরিশ্রমপরায়ণ, শ্রমশীল। পরিশ্রম + ইন্ অস্ত্যর্থে। বিণ ; পুং। স্ত্রী,—মিণী।

পরিশ্রান্ত—মেহনত জন্য কাতর, ক্লান্ত ; অতি শ্রান্ত। পরি—শ্রম্ + ক্ত কর্তৃবা। বিণ। বি,—শ্রান্তি।

পরিশ্লেষ—আশ্লেষ, আলিঙ্গন। পরি—শ্লিষ্ (আলিঙ্গন করা) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

পরিষৎ (—ষদ্)—সভা, সংসদ্। পরি—সদ্ (গমন করা) + ক্বিপ্ অধিবা। বি ; স্ত্রী।

পরিষ্করণ—পরিষ্কার (১) দ্রঃ। পরি—কৃ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিষ্কর্তা(র্ত্তা) (—ষ্কর্তৃ)—পরিষ্কারক ; সংস্কারক ; সংশোধক। পরি—কৃ (করা) + তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্রী।

পরিষ্কার—১। শোধন ; নির্ম্মলীকরণ ; সজ্জিতকরণ ; শোভা। পরি—কৃ + ঘঞ্ ভাববা। বি ; পুং। ২। পরিষ্কৃত ; স্পষ্ট ; অকপট, সরল, নির্ব্বিকার ; বিচারক্ষম ; সুন্দর। দেশজ। বিণ।

পরিষ্কার—পরিষ্করণ দ্রঃ।

পরিষ্কারক—পরিষ্কর্ত্তা (সকল অর্থে)। পরি—কৃ (করা) + ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

পরিষ্কৃত—নির্ম্মলীকৃত ; শোধিত ; নির্ম্মল ; শোভিত ; ভূষিত। পরি—কৃ (করা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

পরিষ্বঙ্গ(ংগ)—আশ্লেষ, আলিঙ্গন। পরি—ষ্বনজ্ (আলিঙ্গন করা) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

পরিসংখ্যা—গণনা ; সংখ্যা ; তাদৃশাস্ত্র প্রতিষেধ ; অর্থালঙ্কারবিশেষ। পরি—সম্—খ্যা (বলা) + ঘঞ্ ভাববা + আপ্। বি ; স্ত্রী।

পরিসংখ্যান—বিষয় বিশেষের তথ্যজ্ঞাপক সংখ্যার সংগ্রহ বা তালিকা (Statistics). বি ; ক্লীব।

পরিসমাপ্তি—সম্পূর্ণতা, শেষ। পরি—সম্—আপ্ + ক্তি ভাববা। বি ; স্ত্রী।

পরিসর—১। পর্য্যন্তভূমি ; নদনদী নগর পর্ব্বতাদির সমীপস্থ ভূখণ্ড ; প্রদেশ। পরি—সৃ + অপ্ অধিবা। ২। প্রসার, বিস্তার, ওসার, প্রস্থ ; মৃত্যু। পরি—সৃ + অপ্ ভাববা। বি ; পুং। ৩। প্রশস্ত ; বিস্তৃত। কবিপ্র। বিণ।

পরিসরণ—পরাজয় ; মৃত্যু। পরি—সৃ (গমন করা) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিসীমা—অবধি, পর্যন্ত ; ইয়ত্তা ('দুশ্চিন্তার—')। পরি (শেষ) যে সীমা, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

পরিস্থিতি—চতুর্দ্দিকের অবস্থা ('সঙ্কটজনক—')। পরি—স্থা + ক্তি ভাববা। বি ; স্ত্রী।

পরিস্পন্দ, —স্পন্দন—স্পন্দন ; পত্রাবলী-রচনা, তিলকাদি বিন্যাস। পরি—স্পন্দ্ (ঈষৎ কম্পিত হওয়া) + ঘঞ্, অনট্ ভাববা। বি ; পুং, ক্লীব। বিণ,—স্পন্দিত।

পরিস্ফুট—স্পষ্ট, প্রকাশিত, বিশদ ; বিকশিত। পরি—স্ফুট্ + ক কর্তৃবা। বিণ।

পরিস্ফুরণ—চলন ; বিকশন, বিকাশ ; ফেনা এবং ফোঁস ফোঁস শব্দ সহিত উচ্ছ্বসন। পরি—স্ফুর্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিস্রব—সন্তান প্রসবান্তে প্রসবপথে বহির্গত পদার্থবিশেষ, ফুল (Placenta). পরি—স্রু + অচ্ কর্তৃবা। বি ; পুং।

পরিস্রাব—চোয়ান, ক্ষারজলের সহিত আলোড়িত করিয়া ছাঁকিয়া লওয়া (Filtration). পরি—স্রু + বা ণ্ + ণিচ্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

পরিস্রাবণ—চোয়ান (Filtering). পরি—স্রু + ণিচ্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিস্রুত—ক্ষরিত ; চোয়ান (Filtered). পরি - স্রু + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

পরিহরণ—পরিহার, বর্জ্জন, ত্যাগ ; হানি, ক্ষতি। পরি—হৃ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

পরিহরণীয়, —হর্ত্ত(র্ত)ব্য—পরিহার্য্য,

পরিত্যাজ্য, বর্জ্জনীয়। পরি—হৃ+অনীয়, তব্য কর্ম্মবা। বিণ।

পরিহরা—পরিহার করা, বর্জ্জন করা, ত্যাগ করা। কবিপ্র। ক্রি।

পরিহসনীয়—পরিহাসযোগ্য। পরি—হস্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

পরি(রী)হার—ত্যাগ; এড়ান; দোষাপনয়; উপেক্ষা; অনাদর। পরি—হৃ (হরণ করা) +ঘঞ্ ভাববা। বি; পুং।

পরিহার্য্য(র্য)—পরিহার করিবার যোগ্য, ত্যাজ্য; উপেক্ষণীয়। পরি—হৃ+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্য্যা।

পরি(রী)হাস—কেলি, কৌতুক, তামাসা। পরি—হস্+ঘঞ্ ভাববা। বি; পুং। বিণ,—হাস্য।

পরিহিত—যাহা পরিধান করা হইয়াছে এরূপ; আচ্ছাদিত; আমুক্ত। পরি—ধা (ধারণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

পরিহৃত—বর্জ্জিত, ত্যক্ত। পরি—হৃ+ক্ত কর্ম্মবা। বিণ।

পরী—পক্ষবিশিষ্টা পরমসুন্দরী দিব্যাঙ্গনা-বিশেষ। ফার্সী। বি; স্ত্রী।

পরীক্ষক—পরীক্ষাকারক, দোষগুণের বিচারক; যে পরখ করে। পরি—ঈক্ষ্ (দেখা)+ণক কর্ত্তৃবা। বি; পুং বা বিণ।

পরীক্ষণ—পরীক্ষা; পর্য্যবেক্ষণ, পরিদর্শন। পরি—ঈক্ষ্ (দেখা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

পরীক্ষণীয়—যাহা পরীক্ষা করিতে হইবে বা করা আবশ্যক; পরীক্ষা করিবার যোগ্য। পরি—ঈক্ষ্ (দেখা)+অনীয় কর্ম্মবা। বিণ।

পরীক্ষা—দোষগুণের বা যোগ্যতার বিচার; পরখ; পর্য্যবেক্ষণ, পরিদর্শন। পরি—ঈক্ষ্ (দেখা)+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

পরীক্ষাগার, —লয়—যে গৃহে পরীক্ষা করা হয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, পুং।

পরীক্ষাধীন—বিবেচনাধীন, বিচার্য্য, যাহার পরখ চলিতেছে; পরীক্ষাসাপেক্ষ। পরীক্ষার অধীন, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—না।

পরীক্ষার্থী (—র্থিন্)—যে পরীক্ষা দিতে চায়, পরীক্ষা প্রদানের অভিলাষী। উপতৎ। পরীক্ষা—অর্থ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্থিনী।

পরীক্ষালয়—পরীক্ষাগার দ্রঃ।

পরীক্ষিত—যাহার পরীক্ষা করা হইয়াছে এরূপ; পরখ-করা; পর্য্যবেক্ষিত, পরিদৃষ্ট। পরি—ঈক্ষ্ (দেখা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

পরীক্ষোত্তীর্ণ—পরীক্ষায় উত্তীর্ণ, যে পরখে কাটিয়া উঠিয়াছে। পরীক্ষাকে উত্তীর্ণ, ২য়াতৎ বা পরীক্ষায় উত্তীর্ণ, ৭মীতৎ। বিণ।

পরুষ—১। কার্কশ্য, কাঠিন্য। বি; ক্লীব। ২। কর্কশ; কঠিন; নিষ্ঠুর; উদ্ধত; নানাবর্ণ। পৄ (পূর্ণ করা)+উষন্ কর্ত্তৃবা। বিণ। বি,—ত্ব,—তা।

পরুষকণ্ঠ—কর্কশ কণ্ঠস্বরবিশিষ্ট, যে রূঢ় কথা বলে, রুক্ষভাষী। বহুব্রী। বিণ। স্ত্রী,—ণ্ঠা,—ণ্ঠী।

পরে—তারপর, অনন্তর; পশ্চাতে। অব্য।

পরেটা—পরটা দ্রঃ।

পরেশ—১। পরমেশ্বর। পর যে ঈশ, কর্ম্মধা। বি; পুং। ২। স্পর্শ; স্পর্শমণি, পরেশপাথর। প্রাদে। বি।

পরেশনাথ—পার্শ্বনাথ দ্রঃ।

পরেশপাথর, পরশপাথর—স্পর্শপ্রস্তর, স্পর্শমণি। কথিত আছে যে, এই প্রস্তর স্পর্শে লৌহ সুবর্ণ হইয়া যায়। 'স্পর্শপ্রস্তর' শব্দজ। বি।

পরোক্ষ—১। অপ্রত্যক্ষ, অসাক্ষাৎ; ইন্দ্রিয়াতীত; গৌণ (Indirect). অক্ষির পরঃ (দূর), অব্যয়ী+অচ্ বিশিষ্টার্থে। বিণ। অব্য।

পরোটা—পরটা দ্রঃ।

পরোঢ়া—অন্যের পরিণীতা; পরস্ত্রী। পর

(অন্ত) কর্তৃক উঢ়া (বিবাহিতা), ৬ষ্ঠীতৎ। বি বা বিণ ; স্ত্রী।

পরোপকার—পরের মঙ্গলসাধন, অন্যের হিতকরণ। পরের উপকার, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

পরোপকারক—অন্যের হিতসাধক। পরের উপকারক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রিকা।

পরোপকারী (—কারিন্)—অপরের কল্যাণকারক, অন্যের হিতসাধক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রিণী।

পরোপজীবী (—জীবিন্)—পরের সাহায্যে জীবিকা নির্ব্বাহকারী, পরপ্রত্যাশী, অন্যের গলগ্রহ। পর—উপ—জীব্+ণিন্ কর্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,—বিনী।

পরোপজীব্য—পরোপজীবী। পর হইয়াছে উপজীব্য (জীবিকা) যাহার, বহুব্রী। বিণ।

পরোয়া—পরওয়া দ্রঃ।

পরোয়ানা—পরওয়ানা দ্রঃ।

পরোল—তরুই লতা গাছ ও তাহার ফল। 'পটোলিকা' শব্দজ। বি।

পর্কটি(টী)—প্লক্ষতরু, পাকুড় গাছ। পৃচ্+অটি কর্তৃবা, পক্ষে+ঈপ্ সংজ্ঞার্থে। বি ; স্ত্রী।

পর্জ্জ(র্জ)ন্য—জলদ, মেঘ ; ইন্দ্র। পৃষ্ (সেচন করা)+অন্য কর্তৃবা। বি ; পুং।

পর্ণ—১। পত্র, পাতা ; তাম্বূল, পাণ ; পক্ষ, পালক। পর্ণ্ (হরিদ্বর্ণ হওয়া)+অচ কর্তৃবা। বি ; ক্লীব।

পর্ণকুটি(টী), —কুটীর—পাতার কুঁড়ে। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী, পুং বা ক্লীব।

পর্ণকুটীরবাসী (—সিন্)—যে কুঁড়ে ঘরে থাকে। উপতৎ। পর্ণকুটীর—বস্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—সিনী।

পর্ণবীটিকা—পাণের বীড়া ; পাণের খিলি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী। [বি ; স্ত্রী।

পর্ণলতা—তাম্বূলীলতা, পাণগাছ। ৬ষ্ঠীতৎ।

পর্ণশয্যা—পত্রাদি দ্বারা রচিত শয্যা। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

পর্ণশালা—পত্রনির্ম্মিত গৃহ, পাতার কুঁড়ে। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

পর্দ্দ(র্দ)ন—অপানবায়ুত্যাগ, বায়ুনিঃসারণ, বাতকর্ম্ম করা। পর্দ্দ+অনট্ ভাববা। বি ; ক্লীব।

পর্দ্দা(র্দা)—যবনিকা, কানাৎ, বস্ত্রাদির আবরণ ; অন্তঃপুর ; নারীর অবরোধপ্রথা ; (ব্যঙ্গার্থে) লজ্জা ('চোখের—')। ফার্সী। বি।

পর্দ্দানশি(শী)ন—পরদানসিন দ্রঃ।

পর্পট—মিষ্টান্নবিশেষ ; ক্ষেতপাপড়া গাছ। পর্প্ (গমন করা)+অট+অচ্ কর্তৃবা। বি ; পুং।

পর্পটী—আয়ুর্ব্বেদীয় ঔষধবিশেষ। পর্প্+অটন্ কর্তৃবা+ঈপ্। বি ; স্ত্রী।

পর্ব্ব(র্ব) (**পর্ব্বন্**)—প্রস্তাব, গ্রন্থি ; পাব্ ; সন্ধি ; ভঙ্গী ; লক্ষণান্তর ; গ্রন্থবিচ্ছেদ, অধ্যায় ; পরব ; উৎসব ; লক্ষণবিশেষ ; চতুর্দ্দশী, অষ্টমী, পূর্ণিমা, অমাবস্যা ও সংক্রান্তি ; বিষুব। পৄ+বনিপ্ কর্তৃবা। বি ; ক্লীব।

পর্ব্ব(র্ব)ত—ভূপৃষ্ঠস্থ অত্যুচ্চ প্রস্তরময় স্থান, গিরি, পাহাড়, অচল, শৈল ; মৎস্যবিশেষ ; দেবর্ষিবিশেষ, ইনি নারদের ভাগিনেয় বলিয়া প্রসিদ্ধ। পর্ব্ব+অতচ্ কর্তৃবা ; পর্ব্বন্+তপ্ আছে অর্থে। বি ; পুং।

পর্ব্ব(র্ব)তপ্রমাণ—পাহাড়ের মত সুবৃহৎ বা স্তূপাকার। বহুব্রী। বিণ।

পর্ব্ব(র্ব)তবাসী (—বাসিন্)—পর্ব্বতে বাসকারী, পার্ব্বত্য, পাহাড়িয়া (লোক)। উপতৎ। পর্ব্বত—বস্+ণিন্ কর্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,—সিনী।

পর্ব্ব(র্ব)তশিখর,—শৃঙ্গ(ঙ্গ)—পাহাড়ের চূড়া। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

পর্ব্ব(র্ব)তশ্রেণী—পাহাড়ের সারি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

পর্ব্ব(র্ব)তাকার—অতি বৃহৎ, পাহাড়ের মত। পর্ব্বতের আকারের ন্যায় আকার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

পর্ব্ব(র্ব)তীয়—পর্ব্বতভব ; পর্ব্বতসম্বন্ধীয়, পার্ব্বত্য ; পর্ব্বতবাসী, পাহাড়িয়া। পর্ব্বত শব্দ+ঈয় ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী,—য়া।

র্ব(র্ব)সন্ধি—প্রতিপদ্ ও পঞ্চদশীর মধ্য-
াল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
র্ব্বা(র্বা)স্ফোট—আঙ্গুল মটকান। ৬ষ্ঠী-
ৎ। বি; পুং।
র্ব্বা(র্বা)হ—পর্ব্বদিবস, উৎসবদিন। পর্ব্বের
হন্ (দিন), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
র্য্যঙ্ক, পর্য্যংক—খট্বা, খাট; উপবেশন-
শেষ। পরি—অনক্ (গমন করা)+ঘঞ্
ধিবা। বি; পুং।
র্য্য(র্য)টক—ভ্রমণকারী। পরি—অট্
ভ্রমণ করা)+অচ্ কর্ত্তৃবা+কন্ স্বার্থে।
বণ। স্ত্রী,—টিকা।
র্য্য(র্য)টন—ইতস্ততঃ ভ্রমণ, পরিভ্রমণ।
রি—অট্ (গমন করা)+অনট্ ভাববা।
ব; ক্লীব।
র্য্য(র্য)টনশীল—ভ্রমণশীল, যে কেবল
মণ করিতে ভালবাসে। বহুব্রী। বিণ।
ী,—লা।
র্য্য(র্য)ন্ত—১। সীমা, অবধি; অবসান;
ার্শ্ব; প্রান্ত; সমীপ। পরি (সর্ব্বতোভাবে,
তাদি) অন্ত (শেষ), প্রাদিতৎ। বি; পুং।
। অবধি; নাগাইদ্; ও ('বনের পশুপাখী
—কাঁদিয়াছিল')। বাং প্রঃ। অব্য।
র্য্য(র্য)বসান—সমাপ্তি; পরিণতি। পরি
—অব—সো (নাশ করা)+অনট্ ভাববা।
বি; ক্লীব।
র্য্য(র্য)বসিত—সমাপ্ত; পরিণত। পরি
—অব—সো (নাশ করা)+ক্ত কর্ত্তৃবা।
বিণ।
পর্য্য(র্য)বেক্ষক—পর্য্যবেক্ষণকর্ত্তা, নিরীক্ষণ-
কারী; পরিদর্শক; পরীক্ষক; তত্ত্বাবধায়ক।
পরি—অব—ঈক্ষ্ (দেখা)+ণক কর্ত্তৃবা।
বিণ। স্ত্রী,—ক্ষিকা।
পর্য্য(র্য)বেক্ষণ—নিরীক্ষণ, পরিদর্শন, অভি-
নিবেশ সহকারে দর্শন; তত্ত্বাবধান। পরি
—অব—ঈক্ষ্ (দেখা)+অনট্ ভাববা। বি;
ক্লীব।
পর্য্য(র্য)বেক্ষণিকা—মানমন্দির, গ্রহ-
নক্ষত্রাদি পরিদর্শন করিবার আলয় (Observ-
atory). পর্য্যবেক্ষণ+কন্+আপ্। বি; স্ত্রী।
পর্য্য(র্য)বেক্ষিত—পরিদৃষ্ট, নিরীক্ষিত।
পরি—অব—ঈক্ষ্ (দেখা)+ক্ত কর্ম্মবা। বিণ।
পর্য্য(র্য)স্ত—বিক্ষিপ্ত; দূরীকৃত; পতিত;
হত; প্রসারিত; উদ্বর্ত্তিত। পরি—অস্
(ক্ষেপণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,
—স্তা। বি,—সন।
পর্য্যা(র্যা)কুল—ব্যাকুল, কাতর; ব্যতি-
ব্যস্ত। পরি (সম্যক্) আকুল, প্রাদিতৎ।
বিণ।
পর্য্যা(র্যা)ণ—পশুর পৃষ্ঠাসন, পল্যয়ন,
পালান, জিন (Saddle). পরি—যা (গমন
করা)+অনট্ করণবা। (নিপাতনে)।
বি; ক্লীব।
পর্য্যা(র্যা)প্ত—১। যথেষ্ট; প্রচুর; পরি-
মিত; সম্পন্ন; সমর্থ। পরি—আপ্ (পাওয়া)
+ক্ত কর্ম্মবা। বিণ। ২। প্রাচুর্য্য; শক্তি;
সামর্থ্য। পরি—আপ্+ক্ত ভাববা। বি;
ক্লীব।
পর্য্যা(র্যা)প্তি—পরিত্রাণ, প্রকাশ; প্রাপ্তি;
স্বরূপসম্বন্ধবিশেষ; প্রাচুর্য্য; পরিমিততা:
সামর্থ্য; পরিচ্ছেদ; নিবারণ। পরি—আপ
(পাওয়া)+ক্তি ভাববা। বি; স্ত্রী।
পর্য্যা(র্যা)য়—ক্রম; তাৎপর্য্য; আনুপূর্ব্ব;
বংশপ্রবর্ত্তক হইতে গণিত অধস্তন পুরুষ বা
সন্ততিসংখ্যা (Generation); অবসর;
দ্রব্যধর্ম্ম; অনুক্রম, পালা; প্রাচুর্য্য; প্রকার;
সুযোগ; সমানার্থবোধক শব্দ (Synonym);
অর্থালঙ্কারবিশেষ। পরি—আ—ই বা অয়্
(গমন করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।
পর্য্যা(র্যা)য়ক্রমে—অনুপূর্ব্বানুসারে, একের
পর অন্য; পালাক্রমে, পরের পর। পর্য্যায়ের
ক্রম আছে যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।
পর্য্যা(র্যা)য়সম—যে কবিতায় ১ম ৩য়, ২য়
৪র্থ ইত্যাদি পঙ্ক্তির শেষ বর্ণের মিল থাকে।
৭মীতৎ। বি। ক্লীব।
পর্য্যা(র্যা)য়োক্ত—১। যথাক্রমে কথিত;

বিণ। ২। কাব্যালঙ্কারবিশেষ। [তাঁহার রাজত্বকালে অস্ত্রে মরিচা ধরিয়াছিল,—অর্থাৎ রাজ্যে শান্তি বিরাজ করিতেছিল—এইরূপ বচনভঙ্গি]। ৭মীতৎ। বি; ক্লীব।

পর্য্যা(র্যা)লোচন—সম্যক্ অনুশীলন বা বিচার। পরি (সম্যক্) আলোচন, প্রাদিতৎ। বি; ক্লীব।

পর্য্যা(র্যা)লোচনা—সম্যক্ অনুশীলন; পর্য্যবেক্ষণ, তত্ত্বাবধান। পরি (সম্যক্) আলোচনা, প্রাদিতৎ। বি; স্ত্রী।

পর্য্যা(র্যা)লোচিত—সম্যক্ অনুশীলিত; পর্য্যবেক্ষিত। পরি (সম্যক্) আলোচিত, প্রাদিতৎ। বিণ।

পর্য্যু(র্যু)ৎসুক—উৎকণ্ঠিত; অনুরক্ত, আসক্ত। পরি (সর্ব্বতোভাবে, সম্যক্) উৎসুক, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—কা।

পর্য্যু(র্যু)দস্ত—পরাভূত; নিবারিত, নিষিদ্ধ। পরি—উৎ—অস্+ক্ত কর্ম্মবা। বিণ; ত্রি।

পর্য্যু(র্যু)দাস—পরাভব; নিবারণ, নিষেধ। পরি—উৎ—অস্+ঘঞ্ ভাববা। বি; পুং।

পর্য্যু(র্যু)ষিত—বুষ্ট; পূর্ব্বদিবসীয়, বাসি। পরি—উষ্+ক্ত কর্ম্মবা। বিণ।

পর্শু—গত কল্যের পূর্ব্বদিন বা আগামী কল্যের পরদিন। 'পরশ্ব' শব্দজ। বি।

পর্ষদ্—সভা। পৃষ্+অদ্ অধিবা। বি; স্ত্রী।

পল—১। তোলকচতুষ্টয়, চারিতোলা; মাংস; আমিষ। পল্+ক ঘঞর্থে করণবা। ২। চলন; প্রতারণ। পল্+ক ভাববা। বি; ক্লীব। ৩। পল খড়, পোয়াল; সূক্ষ্ম কালবিভাগবিশেষ, ২৪ সেকেণ্ড। পল্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ৪। কাচহীরকাদির শিরাল পার্শ্ব (Facet). দেশজ। বি।

পলক—নিমেষ, চক্ষুর পাতা ফেলা। ফার্সী। বি। [নিমেষশূন্য। ওয়াতৎ। বিণ।

পলকবিহীন, —রহিত, —হীন—

পলকা, পল্কা—অশক্ত, ক্ষণভঙ্গুর, ভঙ্গপ্রবণ; অসার। দেশজ। বিণ।

পলকে—প্রতিপলে। (যথা—পলকে জীবন যায় দিন)। ক্রি-বিণ।

পলতা—পটোলের লতা ও পাতা। 'পটোললতা' শব্দজ। বি।

পলতে—পলিতা, বাতি। ফার্সীমূলক। বি।

পলতোলা—যাহার ধার তোলা হইয়াছে। বহুব্রী। বিণ।

পলল—জলস্রোতের সঙ্গে আগত এবং থিতান মাটি (Alluvium). বি।

পললীয়—মাড়, শ্বেতসার (Starch). বি।

পলস্তারা, পলেস্তারা—১। প্রাচীরাদির গাত্রে লেপন। ইং 'Plaster' শব্দজ। ২। শরীরে ফোস্কাজনক প্রলেপ। ইং 'Blister' শব্দজ। বি।

পলা—১। রত্নবিশেষ, (মতান্তরে) উপরত্ন, প্রবাল কীটের অস্থি। 'প্রবাল' শব্দজ। ২। তৈলাদি তুলিবার লম্বা ডাঁটিওয়ালা লৌহ চমস; পরিমাণবিশেষ। পরিমাণার্থ 'পল' শব্দজ। বি।

পলাকাঁঠি—করভূষণবিশেষ; সোনালি। দেশজ। বি।

পলাণ্ডু—মূলবিশেষ, পেঁয়াজ। পল্ (রক্ষা করা)+অণ্ডু কর্ত্তৃবা। বি; পুং।

পলাতক—পলায়নকারী, পলায়মান। দেশজ বিণ। স্ত্রী,—কা।

পলান, পালান—পলায়ন করা, গোপনে প্রস্থান করা, লুকাইয়া সরিয়া পড়া। বাং ক্রি।

পলান্ন—মাংসাদিযুক্ত সিদ্ধ অন্ন, পোলাও। পল (মাংস)-মিশ্রিত অন্ন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

পলায়ন—ভয়াদিহেতু স্থানান্তর গমন, প্রস্থান পালান। পরা—অয়্ (গমন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

পলায়নপর—পলায়নোদ্যত, পলাইতে ব্যস্ত। ৭মীতৎ। বিণ।

পলায়মান—পলায়ন করিতেছে এরূপ। পরা—অয়্ (গমন করা)+শানচ্ কর্ত্তৃবা। বিণ।

পলায়িত—পলায়নবিশিষ্ট, ভয়াদিহেতু প্রস্থিত। পরা—অয়্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

পলাশ—১। পত্র, পাতা; পাপড়ি। বি; ক্লীব। ২। কিংশুক বৃক্ষ। পল—অশ্+অচ্ কর্ত্তৃবা। ৩। ক্রব্যাদ, রাক্ষস। পল (মাংস)—অশ্ (ভক্ষণ করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

পলি—বন্যায় আনীত এবং নদীর উভয়তীরে পতিত মৃত্তিকা, ঘোলা জল থিতাইয়া নীচে যে মাটির স্তর পড়ে; উত্তর বঙ্গের অসভ্য জাতিবিশেষ। দেশজ। বি।

পলিত—১। বার্দ্ধক্যহেতু কেশাদির শুক্লতা; কর্দ্দম; তাপ। পল্ (গমন করা, ইত্যাদি)+ক্ত করণবা। বি; ক্লীব। ২। পাকা ('—কেশ'); বৃদ্ধ। পল্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

পলিতকেশ—বৃদ্ধ হওয়ায় যাহার চুল সাদা হইয়াছে। বহুব্রী। বিণ। স্ত্রী,—শা,—শী।

পলিতা—বস্ত্রখণ্ডের সলিতা, কাপড়ের মোটা বাতি, পলতে। ফার্সী। বি।

পলীয়—অন্নসার (Starch). বি।

পলু—তুঁতপোকা, রেশমকীট। দেশজ। বি।

পলুই, পলো, পোলো—বংশশলাকা-নির্ম্মিত মৎস্য ধরিবার যন্ত্রবিশেষ, মাছ-ধরা পলুই। 'পলব' শব্দজ। প্রাদে। বি।

পলু-পোকা—রেশমকীট। দেশজ। বি।

পলো—পলুই দ্রঃ।

পল্কা—পলকা দ্রঃ।

পল্টন—সেনাদল। ইং Paltoon. বি।

পল্বল—ক্ষুদ্র জলাশয়, ডোবা। পল্ (গমন করা)+বল কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

পল্যয়ন—অশ্বাদি পশুর পৃষ্ঠাসন, ঘোড়ার পালান, জিন (Saddle). পরি—অয়্ (গমন করা)+অনট্ করণবা। বি; ক্লীব।

পল্লব—১। নবপত্রযুক্ত শাখাগ্র-পর্ব্ব; নূতন পত্র; ক্ষুদ্র শাখা, ছোট ডাল; আলতা; বন; শৃঙ্গার। পদ্ শব্দ—লূ (ছেদন করা)+অপ্ কর্ম্মবা। ২। বিস্তার। পদ—লূ+অপ্ ভাববা। বি; পুং বা ক্লীব।

পল্লবগ্রাহিতা—নানা বিষয়ে সামান্য সামান্য জ্ঞান থাকা, কোনও বিষয়ে প্রগাঢ় ব্যুৎপত্তি না থাকা; অনেক বিষয়ে ঠোকর মারিয়া বেড়ান। পল্লবগ্রাহিন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

পল্লবগ্রাহী (—গ্রাহিন্)—নানা বিষয়ে কিঞ্চিৎ কিঞ্চিৎ জ্ঞানবিশিষ্ট, কোন বিষয়েই প্রগাঢ় ব্যুৎপত্তিশীল নহে, খুঁট আখুরে। উপতৎ। পল্লব—গ্রহ্ (গ্রহণ করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—হিণী।

পল্লবিত—সপল্লব, পল্লবযুক্ত, উদ্গত নবপত্র; লাক্ষারক্ত; বহুলীকৃত, অতিরঞ্জিত। পল্লব শব্দ+ইত যুক্তার্থে। বিণ। স্ত্রী,—তা।

পল্লি, পল্লী—গ্রামখণ্ড, পাড়া; ক্ষুদ্রগ্রাম; কুঠি; টিকটিকী। পল্ল+ই কর্ত্তৃবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী। [কর্ম্মধা। বি; পুং।

পল্লীগ্রাম—পাড়াগাঁ। পল্লীই যে গ্রাম,

পল্লীবাল—পাড়াগাঁয়ের ছেলে। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী,—লা,—লিকা।

পল্লীবাসী (—বাসিন্)—পল্লীগ্রামে বাসকারী, পাড়াগাঁয়ের বাসিন্দা। পল্লীতে বাস করে যে, উপতৎ। পল্লী—বস্+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—সিনী।

পশম—পশুলোম, ঊর্ণা। ফার্সী। বি।

পশমী—পশমজাত, পশুলোমনির্ম্মিত। পশম+ঈ নির্ম্মিতার্থে। বিণ।

পশরা, পসরা—পণ্যসামগ্রীসমূহ; পণ্য-দ্রব্যের বোঝা বা ভার; সামান্য দোকান। দেশজ। বি।

পশলা, পসলা, পসালা—বর্ষণ, আসার, বারিপতন। দেশজ। বি।

পশা—প্রবেশ করা। কবিপ্র। ক্রি।

পশারি, —রী, পসারি, —রী—খুচরা দ্রব্যবিক্রেতা, সামান্য দোকানী, দোকানদার; যাহারা চিনির কাজ করে, ইহারা পাটা শেওলায় গুড়ের ঝুড়ি ঢাকিয়া রাখে। প্রাদে। প্রাঃ কবিপ্র। স্ত্রী,—রিণী,—রিনী।

পশিল—প্রবেশ করিল। কবিপ্র। ক্রি।

পশু—১। লোমলাঙ্গুলবিশিষ্ট জন্তু; ছাগ; মূর্খ; দেবযোনি; জন্তুধর্মী; মায়াবদ্ধ জীব। দৃশ্ (দেখা)+কু কর্তৃবা (নিপাতনে)। বি; পুং। [ভাবার্থে। বি; ক্লীব।

পশুত্ব—পশুভাব; পশুযোনি। পশু শব্দ+ত্ব

পশুধর্ম্ম(র্ম)—পশুবৎ স্বাভাবিক বৃত্তি বা যথেষ্ট মৈথুনরূপ ধর্ম্ম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পশুপতি—দেবেশ, শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পশুপাল, পশুপালক—পশুরক্ষক, রাখাল। উপতৎ। পশু—পালি+অণ কর্তৃবা, ২য়পক্ষে ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পশুরাজ—মৃগেন্দ্র, সিংহ। পশুগণের রাজা (শ্রেষ্ঠ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পশুরি, পশুরী—পাঁচ সের পরিমাণ, ধাড়া; পাঁচ-সেরা বাটখারা। দেশজ। বি।

পশুশালা—পশুগণের থাকিবার গৃহ, চিড়িয়াখানা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পশ্চা—ভূমির অবস্থান, পরিমাণ, স্বামিত্ব ইত্যাদি জ্ঞাপক সরকারী পুস্তক। দেশজ। বি।

পশ্চাৎ—পরে; পশ্চিমে; পিছে; পিছনে; চরম। অপর শব্দ+অস্তাৎ। অব্য।

পশ্চাত্তাপ—অনুশোচনা, অনুতাপ। সুপ্-সুপা। বি; পুং।

পশ্চাৎপদ—পেছপা; অনিচ্ছুক; নিবৃত্ত। বহুব্রী। বিণ।

পশ্চাদ্গামী (—মিন্)—যে পিছনে বা পরে যায়। উপতৎ। পশ্চাৎ—গম্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—মিনী।

পশ্চাদ্ধাবন—পশ্চাদনুসরণ, অনুধাবন, পিছনে পিছনে দৌড়ান। সুপ্‌সুপা। বি; ক্লীব।

পশ্চাদ্ধাবিত—১। বেগে অনুসৃত, যাহার পিছনে ধাওয়া হইতেছে। পশ্চাৎ—ধাব্+ক্ত কর্ম্মবা। ২। যে পিছনে ধাবিত হইয়াছে। পশ্চাৎ—ধাব্+ক্ত কর্তৃবা। বিণ।

পশ্চাদ্বর্ত্তী(র্তী), (—র্ত্তিন্)—পিছনে অবস্থিত। উপতৎ। পশ্চাৎ—বৃৎ+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিনী। বি,—র্ত্তিতা।

পশ্চাদ্ভাগ—পৃষ্ঠদেশ, পিছনদিক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পশ্চার্দ্ধ(র্ধ)—অপরার্দ্ধ, পা অবধি নাভি পর্য্যন্ত অংশ। পশ্চাৎ যে অর্দ্ধ, কর্ম্মধা। বি; পুং।

পশ্চিম—১। শেষ, চরম; অনন্তর। পশ্চাৎ+ডিম ভবার্থে। বিণ। স্ত্রী,—মা। ২। পৃষ্ঠদেশ। বি; ক্লীব। ৩। প্রতীচ্য বা প্রতীচী। 'পশ্চিমা' শব্দজ। বি।

পশ্চিমা—১। সূর্য্যাদির অস্তগমন দিক্, প্রতীচী। পশ্চিম শব্দ+আপ্। বি; স্ত্রী। ২। পশ্চিমদেশীয়, পশ্চিমাঞ্চলবাসী। পশ্চিম+আ। বিণ বা বি। ৩। ব্যাধিবিশেষ, এক-প্রকার গলনশীল ক্ষত ঘা, গবাদির সান্নিপাতিক রোগবিশেষ। দেশজ। বি।

পশ্চিমাঞ্চল—বঙ্গদেশের পশ্চিমে অবস্থিত প্রদেশ সকল, বিহার উত্তর প্রদেশ ইত্যাদি স্থান। কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

পশ্চিমী—পশ্চিমাঞ্চলের বাসিন্দা। পশ্চিম+ঈ। বিণ।

পশ্বাচার—পশুবৎ আচরণ; তন্ত্রোক্ত বেদ-বিহিত আচার। পশুর আচার, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [এস্থলে পশু অর্থে লোমলাঙ্গুলবিশিষ্ট জন্তু নহে, অথবা ইহা ঘৃণাসূচক শব্দও নহে। যে ব্যক্তি সুরাদর্শনমাত্র সূর্য্যদর্শন করেন, সুরার ঘ্রাণ পাইলে তিনবার প্রাণায়াম করেন, প্রাণান্তেও মাদক স্পর্শ বা আমিষ ভক্ষণ করেন না, তিনিই যথার্থ পশু]।

পসরা, পসলা—পশরা, পশলা দ্রঃ।

পসার—১। প্রসার, ফলাও; প্রতিপত্তি, প্রতিষ্ঠা ('ডাক্তারিতে—')। 'প্রসার' শব্দজ। ২। দোকান। প্রাঃ কবিপ্র। বি।

পসারা, প্রসারা—প্রসারিত করা। কবিপ্র। ক্রি।

পসারি(রী)—পশারি দ্রঃ।

পস্তুরি, —রী—পশুরি (তাহা দ্রঃ)।

পস্তান—পরে আক্ষেপ করা, অনুতাপ করা। বাং ক্রি। বি, পস্তানি।

পহর—প্রহর। 'প্রহর' শব্দজ। বি।

পহরি, পহরী, পহুরী—প্রহরী। প্রাঃ কবিপ্র। বি।

পহিল, পহিলা, পহিলে, পহেলা—প্রথম, নবীন; অগ্রে। প্রাঃ কবিপ্র। বিণ বা ক্রি-বিণ।

পহু, পহুঁ—প্রভু; পুনঃ। প্রাঃ কবিপ্র। বি।

পহুঁছ—যাইয়া উপস্থিতি; নাগাইল। হিন্দী-মূলক। বি।

পহুঁছা, পহুঁছান—যাইয়া উপস্থিত হওয়া; নাগাইল পাওয়া বা ধরা। হিন্দীমূলক। বাং ক্রি।

পহেলা—পয়লা (তাহা দ্রঃ)।

পহ্লব—প্রাচীন পারসীক জাতিবিশেষ। দেশজ। বি।

পহ্লবী—১। পহ্লব সম্বন্ধীয়। বিণ। ২। পহ্লবজাতির ভাষা; পহ্লবজাতি। পহ্লব+ঈ ভাষা অর্থে, স্বার্থে। বি।

পা—১। (সমাসে) রক্ষাকর্ত্তা; পানকারী। পা+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ। ২। পদ, চরণ; পায়া। 'পাদ' শব্দজ। **পায়ে ঠেলা**—আশ্রয় না দিয়া নিষ্ঠুরভাবে ত্যাগ করা। **পায়ে রাখা**—চরণে আশ্রয় দেওয়া। ৩। (সঙ্গীতে) স্বরগ্রামের পঞ্চম স্বর। 'পঞ্চম' শব্দজ। বি।

পাই—১। পয়সা; পয়সার তিন ভাগের এক ভাগ। 'পাদিকা' শব্দজ। বি। ২। প্রাপ্ত হই। বাং ক্রি। ৩। পাইয়া, প্রাপ্ত হইয়া। কবিপ্র। অস-ক্রি।

পাইক—পদাতি, বার্ত্তাবাহক, বরকন্দাজ, পেয়াদা। 'পদাতি' শব্দজ। বি।

পাইকস্তা—এক জমিদারের অধীনে বাস করিয়া অন্য জমিদারের অধীন গ্রামে চাষ-কারী বা জমিজমার মালিক প্রজাকে পাইকস্তা রায়ত বলে। ফার্সী। বি।

পাইকার—মোটা খরিদদার, যে পাইকারী দরে জিনিষ কিনিয়া খুচরা বিক্রয় করে, ফড়িয়া। ফার্সী। বি।

পাইকারি—১। পাইকারের লভ্যাংশ। বি। ২। সর্ব্বসাধারণের উপর ধার্য্য ('—জরি-মানা')। পাইকার+ই সম্বন্ধার্থে। বিণ।

পাইকারী, –কিরী—একসঙ্গে অধিক পরিমাণে কিংবা পুনরায় বিক্রয়ের জন্য কিনিলে যে দর দিতে হয় (Wholesale). পাইকার+ঈ। বিণ।

পাইখানা, পায়খানা—মলত্যাগের ঘর, সেতখানা। ফার্সী। বি।

পাইন—পা'ন, ঝা'ল, যদ্দারা ধাতুদ্রব্য জোড়া হয়; ইস্পাত প্রভৃতি ধাতুতে কাঠিন্যবিধান। দেশজ। বি।

পাইপ—নল, চোঙ্গ। ইং Pipe. বি।

পাইল—পোতবিতান; নৌকার পাল; মোটা চাঁদোয়া বা শামিয়ানা। বি।

পাউড়া, পাউড়ি—এক হাত প্রমাণ দণ্ড বা খেটে,—ইহা ছুড়িয়া মারিলে পথিক জঙ্ঘায় আহত হইয়া পড়িয়া যায়। প্রাদে। প্রাঃ কবিপ্র। বি।

পাউডার—গায়ে মুখে মাখিবার গুঁড়াবিশেষ; ডাক্তারী গুঁড়া ঔষধ। ইং Powder. বি।

পাউণ্ড—ওজনবিশেষ (প্রায় আধসের), 'পন' বা 'পোন'। ইং Pound. বি।

পাউরুটি, পাঁউরুটি—তন্দুরে তৈয়ারী ময়দার ফাঁপা রুটিবিশেষ। বৈদে। বি।

পাউলি—পো-ঘটী, কানা-উঁচা ছোট ঘটী; বড় ঘটী। প্রাদে। বি।

পাউশ, পাউস—১। পাংশু; আঁতুড় ঘরের শয্যাদি; বর্ষার নূতন জলে ডিম ছাড়িবার পূর্ব্বে স্ত্রী-পুংমৎস্যের মিলন এবং ডিম ছাড়িবার কালে পুংমৎস্য কর্ত্তৃক অতি বেগে স্ত্রীমৎস্যের পশ্চাদ্ধাবন; রৌদ্রের পর সহসা প্রচুর বৃষ্টি হইলে ভূমি যখন নরম কর্দ্দমময় হয় ও জল-স্রোত বাহিয়া মৎস্যগণ ডাঙ্গায় উঠে তাহাকে পাউস বলে। প্রাদে। ২। বর্ষাকাল। 'প্রাবৃষ' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

পাওনা—১। প্রাপ্য। পা+ওনা কর্ম্মবা। ২। প্রাপ্তি। পা+ওনা ভাববা। বি।

পাওনাগণ্ডা—প্রাপ্য অর্থ। কর্ম্মধা। বি।

পাওনাদার—যে টাকা পাইবে, উত্তমর্ণ। পাওনা+দার। বি।

পাওয়া—১। প্রাপ্ত হওয়া, লওয়া, ভোগ করা; সমর্থ হওয়া; ধরা, আক্রমণ করা; চাপা ('ভূতে—'); চেষ্টা হওয়া, উদ্রেক হওয়া। বাং ক্রি।

পাওয়ান—পাওয়া বা লাভ করান। বাং [ক্রি।

পাংশু, পাংসু—১। ধূলি; পাঁশ; পাপ; চিরসঞ্চিত গোময়, গোবরসার; স্থাবর সম্পত্তি। পশ্ (পীড়ন করা) বা পন্‌স্ (নাশ করা)+কু কর্তৃ বা সংজ্ঞার্থে। বি; পুং।

পাংশুটে—ফ্যাকাসে, পাংশুবর্ণ। পাংশু+টে ঈষদর্থে। বিণ।

পাংশুবর্ণ—১। পাঁশুটে রঙ্‌বিশিষ্ট। পাংশু-বৎ বর্ণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ণা। ২। পাঁশুটে রঙ্। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পাংশুমুখ—বিষণ্ণবদন; শুষ্কমুখ। বহুব্রী। বিণ।

পাংশুল—১। পাংশুযুক্ত; ধূলিবিশিষ্ট; পাপাত্মা, পাপিষ্ঠ। বিণ। স্ত্রী,—লা। ২। শিব। পাংশু+ল অস্ত্যর্থে। বি; পুং।

পাংশুলা—১। ধূলিযুক্তা; পাপিষ্ঠা। বিণ; স্ত্রী। ২। কুলটা, অসতী স্ত্রী; পৃথিবী। পাংশুল+আপ্। বি; স্ত্রী।

পাংসু—পাংশু দ্রঃ।

পাঁইজ, পাঁজ—তুলার বাতি, যাহা হইতে সুতা কাটা হয়, পিঞ্জিকা। 'পঞ্জি' শব্দজ। বি।

পাঁইজোর—নূপুরবৎ পদাভরণবিশেষ। পাঁইএর ('পয়' শব্দজ) জোর ('জেবর' শব্দজ), ৬ষ্ঠীতৎ। বি।

পাঁইট, পাঁট—আধ বোতল; প্রায় পাঁচ ছটাক। ইং 'Pint' শব্দজ। বি।

পাঁইত—সারি, শ্রেণী। 'পঙ্‌ক্তি' শব্দজ। বি। [শব্দজ। বি।

পাঁইশ, পাঁশ—ভস্ম, ছাই। 'পাংশু'

পাঁউরুটি—খামিরা দ্বারা স্ফীত আটার রুটি। পোর্তুগীজ Pao+তামিল রোটি। বি।

পাঁক—পঙ্ক, কর্দম। 'পঙ্ক' শব্দজ। বি।

পাঁকই, পাঁকুই—কাদায় কাদায় বেড়ান জন্য পদক্ষত, পায়ের হাজারোগ। পাঁক+অই, উই জাতার্থে। বি।

পাঁকাটি—পাটগাছের শুকনা ডাঁটা। দেশজ। বি।

পাঁকাল—একপ্রকার মৎস্য। দেশজ। বি।

পাঁচ—পঞ্চ, ৫। 'পঞ্চন্' শব্দজ। বি বা বিণ।

পাঁচই, পাঁচুই—মাসের পঞ্চম দিবস। পাঁচ+অই, উই তারিখ অর্থে। বি বা বিণ।

পাঁচট, পাঁচুট—শিশুর জন্মের পঞ্চমদিনে করণীয় জাতকর্ম্মবিশেষ। দেশজ। বি।

পাঁচড়া—খোস, চর্ম্মরোগবিশেষ। 'পিচ্চট' শব্দজ। বি।

পাঁচন—১। ঔষধার্থে নানারকম উদ্ভিজ্জ-দ্রব্যের সিদ্ধ ক্বাথ। 'পাচন' শব্দজ। ২ রাখালের যষ্টি। 'প্রাজন' শব্দজ। বি।

পাঁচনবাড়ি, —বাড়ী—রাখালের যষ্টি দেশজ। বি। [বহুব্রী। বি

পাঁচনর, —নল—সোণার হারবিশেষ

পাঁচনি, পাঁচনী—পাঁচন, রাখালের যষ্টি 'প্রাজন' শব্দজ। বি।

পাঁচফোড়ন—মিশ্রিত মশলাবিশেষ, যথা —জীরা, কালজীরা, মেথি, মৌরি, রাঁধুনি সমা-ভিণ্ড। বি।

পাঁচমিশালী, —মিশিলী, —মিশুলি—বহু দ্রব্যের মিশ্রণ; কয়েক প্রকার দ্রব্যে মিশ্রণে উৎপন্ন বা ঘটিত। পাঁচমিশাল+স্বার্থে বা আছে অর্থে। বি বা বিণ।

পাঁচালী—সঙ্গীত গ্রন্থবিশেষ; দেবা প্রভৃতির মাহাত্ম্যপ্রতিপাদক গীতিকাব বিশেষ। 'পঞ্চালী' শব্দজ। বি।

পাঁচি—পাঁচ হাত পরিমিত, পাঁচ হাতি ছোট, খাট। পাঁচ+ই পরিমাণার্থে। বিণ

পাঁচিল—প্রাচীর, দেওয়াল। 'প্রাচীর' শব্দজ বি।

পাঁজ—পাঁইজ দ্রঃ।

পাঁজর, পাঁজরা—পঞ্জর, পার্শ্বাস্থি শরীরের বাঁধন। 'পঞ্জর' শব্দজ। বি।

পাঁজা—১। প্রস্তুত ইষ্টকের রাশি; কুমারের পোয়ান। ফার্সী 'পাজাবাহ্' শব্দজ। ২। দুই বাহুর দ্বারা জড়াইয়া ধরা, আঁকড়া; কক্ষতলে ধরা। বাং ক্রি।

পাঁজি—পঞ্জিকা। 'পঞ্জী' শব্দজ। বি।

পাঁজি-পুঁথি—পঞ্জিকা ও শাস্ত্রগ্রন্থ, পুঁথি-পত্র। দ্বন্দ্ব। বি। [প্রাঃ কবিপ্র। বি।

পাঁজুরি—পাশাখেলার পঞ্জুরি দান।

পাঁট—পাইট দ্রঃ।

পাঁটা, পাঁঠা—ছাগ। দেশজ। বি; পুং। স্ত্রী, পাটী, পাঁঠী।

পাঁড়—অত্যন্ত ('—মাতাল'); প্রধান, নেতা; পাকা (মন্দ অর্থে) ('—শসা')। 'পাণ্ডা' শব্দজ। বিণ।

পাঁড়ে—পশ্চিমা ব্রাহ্মণের উপাধিবিশেষ। 'পাণ্ডে' শব্দজ। বি।

পাঁতি, পাঁতিয়া—পঙ্‌ক্তি, আলি, শ্রেণী, সারি; শাস্ত্রীয় ব্যবস্থা। 'পঙ্‌ক্তি' শব্দজ। বি।

পাঁদাড়—বাটীর পশ্চাতে অপরিচ্ছন্ন স্থান। দেশজ। বি।

পাঁপর—১। মুগাদি দাইলের সহিত মশলা সহযোগে প্রস্তুত পিষ্টকবিশেষ। 'পর্পট' শব্দজ। বি। ২। নিঃস্ব; নিঃস্ব বলিয়া যাহার মোকদ্দমা সরকারী ব্যয়ে চালান হয়। ইং 'Pauper' শব্দজ। বি বা বিণ।

পাঁশ—ছাই, ভস্ম; ভস্মবৎ তুচ্ছ পদার্থ। 'পাংশু' শব্দজ। বি।

পাঁশকুড়—পাঁদাড়; পাঁশ ফেলিবার স্থান। 'পাংশুকুণ্ড' শব্দজ। বি।

পাঁশুটিয়া, পাঁশুটে—পাংশুবর্ণ, ছাই রঙ্গের। পাংশু + টিয়া, টে সদৃশার্থে। বিণ।

পাক—১। রন্ধন; পরিণতি; পরিপাক, হজম; পক্বতা; কেশের শুক্লতা; নিষ্পত্তি। পচ্ (পাক করা) + ঘঞ্ ভাববা। ২। জনৈক অসুর, এই অসুরকে বিনাশ করিয়া দেবরাজ "পাকশাসন" নাম প্রাপ্ত হইয়াছেন। পচ্ + ঘঞ্ করণবা। বি; পুং। ৩। মোড়া, মোচড়; আবর্ত্তন, ঘোরা, পেঁচ; ঘটনাক্রম; পাখা; কৌশল। বি। ৪। পবিত্র; নির্ম্মল। ফার্সী। বিণ। **পাকে প্রকারে**—কোনরূপ কৌশলে, কোন ছলে, ঘটনাচক্রে বাধ্য করিয়া বা হইয়া।

পাকচক্র—ঘটনাচক্র; কর্ম্মবিপাক, কৌশল, কুটিলতা, ষড়্‌যন্ত্র। দ্বন্দ্ব। বি।

পাকড়—১। ধৃতি, ধরণ, গ্রেপ্তার। হিন্দী। বি।

পাকড়া, পাকড়ান—ধৃত করা, ধরা, গ্রেপ্তার করা, আক্রমণ করা। হিন্দীমূলক। বাং ক্রি।

পাকড়ি—১। পাগড়ি। দেশজ। ২। পাকুড় গাছ। 'পর্কটী' শব্দজ। বি।

পাকতেড়ে—কৃশ; শীর্ণ; অস্থিচর্ম্মসার। পাকতাড় + এ সদৃশার্থে। বিণ।

পাকতৈল—কবিরাজী তৈল, নানাবিধ ভেষজসহ পাক-করা রোগনাশক তৈল। দেশজ। বি।

পাকনাড়া—হাত ধরিয়া ঘুরপাক; করতলে জড়াইয়া ঘুরান। দেশজ। বি।

পাকপড়া—১। তৈলিক কলু। বি। ২। পেচাও, কুটিল; খল, কুচক্রে। দেশজ। বিণ।

পাকপাত্র—রন্ধনভাজন, রাঁধিবার বাসন, হাঁড়ি বকুনা প্রভৃতি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পাকমোড়া—পিছমোড়া; জড়ান খোপা; পাকান দড়ির বেষ্টন। প্রাদে। বি।

পাকযন্ত্র—পরিপাকের যন্ত্র, পাকাশয়; পাক করিবার যন্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পাকলান—পাকল করা, রক্তবর্ণ করা; মাড়ি দিয়া চিবান; প্রক্ষালন করা। বাং ক্রি।

পাকশাট, —সাট—পক্ষের আস্ফালন বা দ্রুতসঞ্চালন, পাখার ঝাপ্‌টা; বীরত্ব বা দম্ভ-প্রকাশ, কুন্দুনি। প্রাঃ কবিপ্র। বি।

পাকশালা—রন্ধনশালা, রান্নাঘর। পাকের শালা (গৃহ), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পাকশাসন—দেবরাজ, ইন্দ্র। পাক (অসুর-বিশেষ)—শাস্ (শাসন করা) + অন কর্তৃবা। বি; পুং।

পাকসাঁড়াশী—স্বর্ণকারের যন্ত্রবিশেষ, স্বর্ণরৌপ্যাদির তারে পাক দিবার যন্ত্র। দেশজ। বি।

পাকসাট—পাকশাট দ্রঃ।

পাকস্থলী—শরীরমধ্যস্থ পরিপাকযন্ত্র; পাকাশয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পাকস্থালী—রন্ধনপাত্র; পরিপাকযন্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পাকস্পর্শ—বউভাত, বিবাহের পর বরের আত্মীয়স্বজনের পাতে নববধূ কর্তৃক অন্ন পরিবেষণরূপ ক্রিয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পাকা—১। পক্ক; অভিজ্ঞ; ঝানু; পোড়ান ('—ইট'); ইটপাথরাদি দ্বারা নির্ম্মিত; স্থায়ী, কায়েমী; আইনমত নিষ্পন্ন ('—দলিল'); চমৎকার ('—লেখা'); খাঁটী ('—সোনা'); স্থির, অচল, অনড় ('—কথা'); পুরা ('—দশ হাত')। 'পক্ক' শব্দজ। বিণ। ২। পক্ক হওয়া; অভিজ্ঞ বা নিপুণ হওয়া; সাদা হওয়া। বাং ক্রি।

পাকাকথা—আলোচনাদির পর নিশ্চিত বাক্য। কর্ম্মধা। বি।

পাকাটি, পাকাঠি—পাটগাছের কাঠি। 'পাটকাঠি' শব্দজ। বি।

পাকাটে—রোগা; অকালপক্ক; অত্যাচারের ফলে শ্রীহীন ('—গড়ন')। পাকা+টে সদৃশার্থে। বিণ।

পাকা-দেখা—পাত্র বা পাত্রীকে শেষবার দেখিয়া আশীর্ব্বাদ এবং বিবাহ স্থির করা। কর্ম্মধা। বি।

পাকান—পক্ক করা; পাক দেওয়া, জড়ান; গোল করা, নাড়ুর মত করা, মন্দপার্থ সমবেত হওয়া ('জটলা—'); পাক করা, রন্ধন করা। বাং ক্রি।

পাকাপনা, পাকামি, পাকামো—জেঠামি, অল্পবয়সে বুড়ার মত কথা ও চালচলন। পাকা+পনা, মি, মো ভাবে। বি।

পাকাপাকি—নির্দ্ধারণ, ঠিকঠাক, উভয়পক্ষের কর্ত্তব্যাবধারণ। দেশজ। বি।

পাকামি, পাকামো—পাকাপনা দ্রঃ।

পাকাল্যা—বিক্রম। প্রাঃ কবিপ্র। বি।

পাকাশয়—শরীরমধ্যস্থ পাকযন্ত্র, যে স্থানে গিয়া ভুক্ত দ্রব্য পরিপাক প্রাপ্ত হয়। পাকের আশয় (স্থান), ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ, —য়িক।

পাকাশয়-প্রদাহ—পাকযন্ত্রের জ্বালাজনক ব্যাধিবিশেষ (Gastritis). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পাকা-হাড়—দুঃখকষ্ট সহিয়া বৃদ্ধের মজবুত দেহ। কর্ম্মধা। বি।

পাকি, পাকী—পুরা ওজনের, ৮০ তোলার ('—সের')। দেশজ। বিণ।

পাকী (পাকিন্)—পাককর্ত্তা, পাচক। পচ্+ঘিনুণ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —কিনী।

পাকুড়—পর্কটী, অশ্বত্থজাতীয় বৃক্ষবিশেষ। 'পর্কটী' শব্দজ। বি।

পাক্কা—পাকা (তাহা দ্রঃ)।

পাক্ষিক—১। পক্ষসম্বন্ধীয়; এক পক্ষে (অর্থাৎ ১৫ দিনে) যাহা হয়; প্রতি পক্ষে যাহা একবার বাহির হয় ('—পত্রিকা'); বৈকল্পিক। পক্ষ+ইক প্রাপ্তার্থে। বিণ। স্ত্রী, —কী।

পাখ—পক্ষী, পাখীর পাখা বা ডানা। প্রাঃ কবিপ্র। 'পক্ষ' শব্দজ। বি।

পাখনা—পাখা, ডানা। দেশজ। বি।

পাখলা, পাখালা—প্রক্ষালন করা, ধৌত করা। 'প্র—ক্ষাল্' ধাতুজ। বাং ক্রি।

পাখসাট—পাকশাট (তাহা দ্রঃ)।

পাখা—পক্ষীর পক্ষ বা ডানা, পাখনা, পালক; ব্যজনী, তালবৃন্ত। 'পক্ষ' শব্দজ। বি।

পাখি, পাখী—পক্ষী; খড়খড়ির কাষ্ঠফলক, ঝিলিমিলি; চক্রের অর। 'পক্ষিন্' শব্দজ। বি।

পাখোয়াজ—মৃদঙ্গ, মুরজ, ঢোলের মত বাদ্যযন্ত্রবিশেষ। ফার্সী 'পখবাজ' শব্দজ। বি।

পাখোয়াজী—পাখোয়াজ-বাদক। পাখোয়াজ+ঈ। বি।

পাগ, পাগড়ি, পাগড়ী—উষ্ণীষ, শিরো-বেষ্টনী। হিন্দী। বি।

পাগর—পাগল ; মত্ত। প্রাঃ কবিপ্র। বি।

পাগল—উন্মত্ত, বাতুল, ক্ষিপ্ত। পা (পান করা)+ক্বিপ্ কর্ত্তৃবা=পা (সুরাপানকারী), তদুত্তরে গল+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লা।

পাগলা—১। বাতুলা, উন্মাদিনী, ক্ষিপ্তা, পাগলিনী। পাগল+আপ্। বিণ ; স্ত্রী। ২। পাগল, বাতুল ; ক্ষেপা ; বালবুদ্ধি, চপলমতি। 'পাগল' শব্দজ। বি ; পুং বা বিণ। স্ত্রী,—লিনী, —লী।

পাগলাগারদ—বাতুলাশ্রম ; পাগল লোকের চিকিৎসার ও থাকিবার স্থান। ৬ষ্ঠীতৎ। বি।

পাগলাটে—পাগলের মত, যাহার ছিট আছে। পাগলা+টে সদৃশার্থে। বিণ।

পাগলাম, —লামি—পাগলের ন্যায় ব্যবহার, বাতুলতা, ক্ষেপামি। পাগলা+ম, মি ভাবে। বি। [দ্রঃ)।

পাগলিনী, পাগলী—পাগলা (তাহা

পাঙ্‌ক্তেয়, পাংক্তেয়—এক পঙ্‌ক্তিতে ভোজনার্হ। পঙ্‌ক্তি শব্দ+এয়। বিণ।

পাঙ্গা—মৃত্তিকাজাত লবণ, সৈন্ধব। দেশজ। বি।

পাঙ্গাশ, পাঙাশ—১। পাংশু, ফেকাশে। 'পাংশু' শব্দজ। বিণ। ২। মৎস্যবিশেষ। 'পিঙ্গশ' শব্দজ। বি।

পাচক—১। পাককারী ; রন্ধনকারক ; জীর্ণকারক। বিণ। স্ত্রী,—চিকা। ২। উদরস্থ রসবিশেষ ; পিত্তবিশেষ। বি ; ক্লীব। ৩। অগ্নি। পচ্ (পাক করা)+ণক কর্ত্তৃবা। বি ; পুং।

পাচন—১। ক্বাথবিশেষ, পাঁচন। বি ; ক্লীব। ২। জীর্ণকারক। ণিজন্ত পচ্ বা পাচি (পাক করান)+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—নী। ৩। পাঁচনবাড়ি, রাখালের যষ্টি। 'প্রাজন' শব্দজ। বি।

পাচনবাড়ি, পাচনি—গরু তাড়াইবার ছোট লাঠি, প্রাজনদণ্ড। 'প্রাজন' শব্দজ। বি। [স্ত্রী।

পাচনী—হরিতকী। পাচন+ঈপ্। বি ;

পাচার—সাবাড়, শেষ ; লুকাইয়া সরান ; চুরি করিয়া নিঃশেষ ; এক পিঠ হইতে অপর পিঠ পর্য্যন্ত ('—বিঁধ')। দেশজ। বি।

পাচিকা—রন্ধনকারিণী। পাচক+আপ্। বি বা বিণ ; স্ত্রী।

পাচ্য—পাকযোগ্য, রন্ধনীয় ; জঠরমধ্যে জীর্ণকরণসাধ্য। পচ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, পাচ্যা।

পাছ—পশ্চাদ্ভাগ, পিছন। 'পশ্চাৎ' শব্দজ। বি। [কবিপ্র। বি।

পাছড়া, পাছুড়ি—উত্তরীয়, চাদর। প্রাঃ

পাছড়ান—কুলা দিয়া শস্যাদি ঝাড়া ; পিছন হইতে জাপটাইয়া ধরা। বাং ক্রি।

পাছা—কটিদেশের পশ্চাদ্ভাগ, নিতম্বদেশ। 'পশ্চাৎ' শব্দজ। বি।

পাছাড়—আছাড় ; পশ্চাৎ হইতে জাপটাইয়া ধরিয়া ফেলিবার উপক্রম। 'পশ্চাৎ' শব্দজ। বি।

পাছাপেড়ে—দুই ধারে ও মধ্যভাগে পাড়-বিশিষ্ট, তিনপাড়ওয়ালা (মাঝের পাড় পাছার উপর পড়ে)। বহুব্রী। বিণ।

পাছু—পশ্চাৎ, পিছনে, পরে। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ। **পাছুতে**—পিছনে ; পরে ; শেষে। **পাছুতে লাগা**—জ্বালাতন করা ; একান্তভাবে রত হওয়া।

পাছে—১। পিছনে ; পরে। বি, অধি ৭মী। ২। এই ভয়ে যে। 'পশ্চাৎ' শব্দজ। অব্য। [বা শাণ দেওয়া। বাং ক্রি।

পাজান—লৌহাস্ত্র আগুনে পোড়াইয়া ধার

পাজামা—ইজার, কোমর হইতে গোড়ালি পর্য্যন্ত ঢাকিবার পোষাকবিশেষ, পেন্টালুন। ফার্সীমূলক। বি। [শব্দজ। বিণ।

পাজি, পাজী—দুষ্ট ; নীচ ; নচ্ছার। 'পজ্জ'

পাঞ্চজন্য—বিষ্ণুর শঙ্খ ; অগ্নি। পঞ্চজন (অসুরবিশেষ)+ষ্ণ্য ভবার্থে। বি ; পুং।

পাঞ্চবার্ষিক—পাঁচ বৎসর স্থায়ী। পঞ্চবর্ষ+ইক। বিণ। স্ত্রী,—কী।

পাঞ্চভৌতিক—ক্ষিত্যাদি পঞ্চভূত হইতে উৎপন্ন; পঞ্চভূতময়। পঞ্চভূত দ্রঃ। পঞ্চভূত+ইক বিকারার্থে। বিণ। স্ত্রী,—কী।

পাঞ্চাল—১। পঞ্চাল দেশ; তথাকার রাজা। পঞ্চাল শব্দ+অণ স্বার্থাদ্যর্থে। বি; পুং। ২। পঞ্চালদেশোদ্ভব; পঞ্চালদেশীয়। পঞ্চাল+অণ ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী,—লী।

পাঞ্চালনন্দিনী—দ্রৌপদী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [পঞ্চাল+অণ+ঈপ্। বি; স্ত্রী।

পাঞ্চালী—দ্রৌপদী; কাষ্ঠাদি পুত্তলি।

পাঞ্জা—করতল, থাবা; পাশাখেলায় পাঁচ; পাঁচফোঁটাযুক্ত তাস; দস্তখত বা শীল-মোহরের পরিবর্ত্তে করতলের ছাপ। ফার্সী। বি।

পাঞ্জাবী—১। ঢিলা জামাবিশেষ। দেশজ। বি। ২। পাঞ্জাবদেশীয়। পাঞ্জাব+ঈ নিবাসার্থে। বিণ।

পাট—১। ঊর্ণা, রেশম; বৃক্ষবিশেষের বল্কল-তন্তু, কোষ্টা; কোষ্টাগাছ; কোষ্টার থলি; বোরা, ছালা; পাটা, তক্তা; কোটা; চাষ; রীতি, পদ্ধতি; স্থান; দেবস্থান; পীঠ; পীঁড়ি, চৌকী; রাজাসন; বিশ্রামস্থান; অধিকার; গৃহকর্ম্ম; অন্যের গৃহ-কর্ম্ম-করণ, দাস্যবৃত্তি; কূপ বাঁধাইবার বেষ্টনী; পাড়া। বি। ২। প্রধান। 'পট্ট' শব্দজ। বিণ।

পাটকাঠি—পাকাটি। ৬ষ্ঠীতৎ। বি।

পাটকিলে—পাটল, ইটের রংবিশিষ্ট। পাটকিল+এ সদৃশার্থে। বিণ।

পাটকেল—ইটের টুকরা। দেশজ। বি।

পাটন—১। বিদারণ; ছেদন। ণিজন্ত পট্—পাটি (বিদারণ করা, ছেদন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। নগর, জনপদ, দেশ। 'পট্টন' শব্দজ। ৩। পাটা, পাত; কবচ; বাণিজ্য। প্রাঃ কবিপ্র। বি।

পাটনাই—পাটনায় জাত। পাটনা+ঈ জাতার্থে। বিণ।

পাটনী, পাটুনী—পারকারী, যে খেয়া-ঘাটে পার করে; নৌচালক জাতিবিশেষ। দেশজ। বি।

পাটব—পটুতা, নৈপুণ্য; আরোগ্য। পটু শব্দ+অণ ভাবার্থে। বি; ক্লীব।

পাটরাণী—প্রধানা মহিষী। পাটে অধি-ষ্ঠিতা রাণী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

পাটল—১। শ্বেতরক্তবর্ণ, গোলাপী রঙ্; আশুধান্য। ণিজন্ত পট্—পাটি (দীপ্তি পাওয়া, ইত্যাদি)+কলচ্ কর্তৃবা। বি; পুং। ২। আশুধান্য, পারুল ফুল। বি; ক্লীব। ৩। শ্বেতরক্তমিশ্রিত বর্ণযুক্ত, গোলাপী রঙের। পাটল+অচ্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী,—লা।

পাটলিপুত্র—নগরবিশেষ, প্রাচীন মগধ-রাজ্যের রাজধানী—ইহার আধুনিক নাম পাটনা।

পাটা—পট্ট, তক্তা; বিস্তার; পাট্টা; বিস্তার বা সাহস ('বুকের—')। 'পট্টক' শব্দজ। বি।

পাটাতন—কাঠের মেঝে, পট্টপত্তন। 'পট্ট-পত্তন' শব্দজ। বি।

পাটারি—গ্রামের করগ্রাহক। 'পট্টক' শব্দজ। বি।

পাটালি—গুড়ের তক্তি। দেশজ। বি।

পাটাসেলামি—পাটা লইবার কালে জমি-দারকে খাজনা ব্যতীত এককালীন প্রদেয় টাকা বা নজর। দেশজ। বি।

পাটি—পংক্তি, সারি; জোড়ার একটি; মাদুর। দেশজ। বি।

পাটিকেল—ইট। দেশজ। বি।

পাটিত—কৃতপাটন; ভগ্ন; বিদীর্ণ; ক্ষত। ণিজন্ত পট্—পাটি (বিদারণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

পাটিসাপ্টা—ক্ষীরের পুর দেওয়া পিষ্টক-বিশেষ। পাটির ন্যায় সাপ্টা, উপমান কর্ম্মধা। বি।

পাটী—১। ধারা, প্রণালী, শৃঙ্খলা; এক-জাতীয় শ্রেণী। ণিজন্ত পট্ বা পাটি (গমন করান)+ই কর্তৃবা স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী

২। মাদুরজাতীয় আসনবিশেষ। দেশজ। বি।

পাটীগণিত—অঙ্কশাস্ত্র (Arithmetic). পাটী (শৃঙ্খল) যুক্ত গণিত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

পাটুনী—পাটনী দ্রঃ। [বি।

পাটেশ্বরী—পাটরাণী। 'পট্টেশ্বরী' শব্দজ।

পাটোয়ার, –রী—খাজনা আদায়কারী ও তাহার হিসাবরক্ষক; যে হার প্রভৃতি গহনা গাঁথে; অতিশয় হিসাবী, লাভলোকসান সম্বন্ধে অত্যধিক বিচারশীল। দেশজ। বি বা বিণ।

পাট্টা, পাটা—জমি ভোগদখল করিবার অধিকারপত্র; পাট, ভাঁজ; কাপড়ের জোড়; চাপ, ঘন স্তর ('গাল–')। 'পট্ট' শব্দজ। বি।

পাঠ—১। নিয়মপূর্ব্বক বেদাভ্যাস; আবৃত্তি, আওড়ান; অধ্যয়ন, পড়া। পঠ্ (পড়া) + ঘঞ্ ভাববা। ২। পাঠ্য অংশ (Lesson). পঠ্ + ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

পাঠক—১। পাঠকারী, অধ্যয়নকারী (Reader); ছাত্র। পঠ্ (পাঠ করা) + ণক কর্ত্তৃবা। ২। ধর্ম্মভাণক; উপাধ্যায়, অধ্যাপক, শিক্ষক (Teacher). ণিজন্ত পঠ্ বা পাঠি (পড়ান) + ণক কর্ত্তৃবা। বিণ বা বি; পুং। স্ত্রী, –ঠিকা। [বি; ক্লীব।

পাঠগৃহ—পড়িবার ঘর, পাঠাগার। ৬ষ্ঠীতৎ।

পাঠন, পাঠনা—অধ্যাপনা। ণিজন্ত পঠ্ বা পাঠি (পড়ান) + অন ভাববা + আপ্। বি; ক্লীব, স্ত্রী।

পাঠশালা—স্কুল, বিদ্যামন্দির; প্রাথমিক বিদ্যালয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পাঠাগার—পাঠগৃহ, পড়িবার ঘর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পাঠান—১। প্রেরণ করা, চালনা করা, চালান দেওয়া। বাং ক্রি। ২। ভারতের উত্তর-পশ্চিমাঞ্চলের মুসলমান জাতিবিশেষ। 'পুশতু' শব্দজ। বি। [বি; পুং।

পাঠানুরাগ—অধ্যয়নে আসক্তি। ৭মীতৎ।

পাঠান্তর—লিখিত বিষয়ের অন্যরূপ। অন্য পাঠ, নিত্য। বি; ক্লীব।

পাঠাভ্যাস—পাঠ অভ্যাস, পড়া মুখস্থ করা, পড়া ক্রমে ক্রমে শিক্ষা করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পাঠার্থী (–র্থিন্)—ছাত্র; যে পড়িতে চায়। উপতৎ। পাঠ – অর্থ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –র্থিনী। [বিণ; স্ত্রী।

পাঠিকা—অধ্যয়নকারিণী। পাঠক + আপ্।

পাঠিত—অধ্যাপিত; যাহাকে বা যাহা পড়ান হইয়াছে। পঠ্ + ণিচ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

পাঠ্য—পঠিতব্য, পঠনীয়, যাহা পড়িতে হইবে; পাঠযোগ্য ('—পুস্তক')। পঠ্ (পাঠ করা) + ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, পাঠ্যা।

পাঠ্যাবস্থা—পঠদ্দশা, ছাত্রাবস্থা। পাঠ্যা (অধ্যয়নযোগ্য) যে অবস্থা, কর্ম্মধা। বি; স্ত্রী।

পাড়—পুষ্করিণী নদ্যাদির উচ্চ তীর; আল; প্রান্ত, কিনারা ('কাপড়ের—'); পাতকুয়ার ভিতরকার পোড়া মাটির বেষ্টনী; ধান্যাদি ভানাকুটার জন্য ঢেঁকিতে পায়ের চাপ। দেশজ। বি।

পাড়া—১। পল্লী; প্রতিবেশ; অঞ্চল। 'পল্লী' শব্দজ। ২। পাতিত করা, নামান; বৃক্ষাদি হইতে চ্যুত করা; পাতা, বিছান, প্রসারিত করা; জোর গলায় বলা ('গালি—')। বাং ক্রি।

পাড়াকুঁদুলী—যে নারী পাড়ায় পাড়ায় ঝগড়া করিয়া বেড়ায়, পাড়ার লোকের সঙ্গে কন্দলকারিণী। ৭মীতৎ। বিণ; স্ত্রী। পুং, –কুঁদুলে।

পাড়াগাঁ—পল্লীগ্রাম। কর্ম্মধা। বি।

পাড়াগেঁয়ে—পল্লীগ্রামসম্বন্ধীয়; পল্লীবাসী। পাড়াগাঁ + এ নিবাসার্থে। বিণ।

পাড়ান—পাতিত করান; মাড়ান, পদদলিত করা; আনান ('ঘুম—')। প্রাদে। বাং ক্রি।

পাড়ানী, –নিয়া, –নে—যে পাড়ায়;

যে ঘুমাইয়া আনে ('ঘুম—'); যে প্রবৃত্ত করায়। পাড়া+নী, নিয়া, নে কর্ত্তৃবা। বিণ।

পাড়াপড়সী—প্রতিবেশী বা প্রতিবাসী, এক পাড়ার লোক। দেশজ। বি।

পাড়ি, পাড়ী—নদী পার হওন, উত্তরণ; এপার ওপারের বিস্তার; বিপদ হইতে উদ্ধার; পলায়ন, চম্পট্; মেটে ঘরের চাল ধরিয়া রাখিবার জন্য খুঁটির মাথার কাঠ বা বাঁশ। দেশজ। বি।

পাণ—তাম্বূল। 'পর্ণ' শব্দজ। বি।

পাণা, পানা—জলের উপরে ভাসমান উদ্ভিদ্ বিশেষ। 'পর্ণিকা' শব্দজ। বি।

পাণি—১। হস্ত; কুলিকবৃক্ষ। পণ্ (ক্রয়বিক্রয় করা)+ইণ্ করণবা। বি; পুং। ২। জল। হিন্দীমূলক বা 'পানীয়' শব্দজ। বি।

পাণিগ্রহণ,—পীড়ন—করমর্দ্দন; বিবাহ। ৬ষ্ঠীতৎ। বিবাহকালে বরকে কন্যার হস্ত গ্রহণ করিতে হয় বলিয়া বিবাহের নাম পাণিগ্রহণ বা পাণিপীড়ন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পাণিনি—অষ্টাধ্যায়ী সংস্কৃত ব্যাকরণকর্ত্তা। পণ+ইন=পণিন্, তদুত্তরে ইঞ্ অপত্যার্থে বা ছাত্রার্থে। বি; পুং।

পাণিনীয়—পাণিনি-প্রোক্ত; পাণিনিতে কথিত; পাণিনিকৃত; পাণিনিগ্রন্থপাঠক। পাণিনি+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

পাণিপীড়ন—বিবাহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পাণ্ডব, পাণ্ডবেয়—পাণ্ডুনন্দন। পাণ্ডু+অণ্, এয় অপত্যার্থে। বি; পুং।

পাণ্ডববর্জ্জি(র্জি)ত—নিকৃষ্ট বলিয়া যে দেশ পাণ্ডবগণ কর্ত্তৃক পরিত্যক্ত। ৩য়াতৎ। বিণ।

পাণ্ডবসখা (—সখি)—শ্রীকৃষ্ণ। পাণ্ডব হইয়াছে সখা যাঁহার, বহুব্রী। বি; পুং।

পাণ্ডবীয়—পাণ্ডবসম্বন্ধীয়। পাণ্ডব+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

পাণ্ডবেয়—পাণ্ডব দ্রঃ।

পাণ্ডা—তীর্থস্থানের দেবতাপূজক; তীর্থযাত্রি-সংগ্রহকারী; উত্তরসাধক; উদ্যোক্তা, কর্ম্ম-কর্ত্তা। দেশজ। বি।

পাণ্ডিত্য—পণ্ডিতের ভাব বা ধর্ম্ম, বিদ্যাবত্তা; বিচক্ষণতা। পণ্ডিত+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

পাণ্ডু—১। শ্বেতপীতবর্ণযুক্ত, গৌরবর্ণ। বিণ। ২। শ্বেতপীতবর্ণ; শ্বেতবর্ণ; শ্বেতহস্তী; রোগ-বিশেষ, নেবা। পন্ড্ (গমন করা, ইত্যাদি) +কু কর্ত্তৃবা। বি; পুং। ৩। চন্দ্রবংশীয় নর-পতি, পাণ্ডবগণের লৌকিক পিতা। বিচিত্র-বীর্য্যের ক্ষেত্রে অম্বালিকার গর্ভে ব্যাসদেবের ঔরসে ইঁহার জন্ম হয়।

পাণ্ডুবর্ণ—১। শ্বেত ও পীতমিশ্রিত বর্ণ। কর্ম্মধা। বি; পুং। ২। ফ্যাকাশে; শ্বেতপীত-মিশ্রিত বর্ণযুক্ত। বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ণা।

পাণ্ডুর—১। শুক্লবর্ণ; শ্বেতপীতমিশ্রিত বর্ণ; মরুবক বৃক্ষ; কামলা রোগ। পাণ্ডু+র স্বার্থে। বি; পুং। ২। শ্বেতপীতমিশ্রিত বর্ণবিশিষ্ট। বিণ।

পাণ্ডুলিপি,—লেখ্য—প্রথমলিখিত খসড়া, মুসাবিদা। কর্ম্মধা। বি; স্ত্রী, ক্লীব।

পাণ্ডে—হিন্দুস্থানী ব্রাহ্মণের উপাধিবিশেষ, পাঁড়ে। দেশজ। বি।

পাণ্ড্য—দক্ষিণ ভারতের অন্তর্গত প্রাচীন দেশবিশেষ বা জাতিবিশেষ। অশোকানু-শাসনে এই দেশের উল্লেখ আছে। বি; পুং।

পাত—১। পতন, পড়া; নাশ; স্রাব; প্রয়োগ; গমন; আপাত। পত্ (পড়া)+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। পত্র; পর্ণ; ধাতু-ফলক; পত্তর; ভোজনপাত্র বা তাহার ব্যবস্থা। অন্যের উচ্ছিষ্ট ভোজনপাত্র, একজন যে পাত্রে আহার করিয়াছে তাহা। 'পত্র' শব্দজ। বি।

পাতক—পতনসাধন, দুষ্কৃতি; পাপ; কলুষ। ণিজন্ত পত্+ণক কর্ত্তৃবা। বি; ক্লীব।

পাতকী (—কিন্)—পাপী। পাতক+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী,—কিনী।

পাতকুয়া,—কূয়া,—কুয়ো,—কো—ছোট কূপ, গভীর কূপ। দেশজ। বি।

পাতখোলা—আধপোড়া পাতলা খোলায়-

কুচি, অর্দ্ধদগ্ধমৃত্তিকা,—ইহা গর্ভিণীদিগের অত্যন্ত মুখরোচক। প্রাদে। বি।

পাতগালা—গালার পাতলা পাত, লাক্ষা-পত্র। দেশজ। বি।

পাতঞ্জল—পতঞ্জলিমুনি-প্রণীত পাদ-চতুষ্টয়াত্মক যোগকাণ্ডনিরূপক (দর্শনশাস্ত্র)। পতঞ্জলি+অণ্। বিণ।

পাতড়া, পাৎড়া—পাতা; উচ্ছিষ্টপাত, এঁটো পাতা; পাতার তাড়া; ক্রোড়পত্র; বংশপরিচায়ক পত্র। দেশজ। বি।

পাততাড়ি,-তাড়ী—ছেলেদের লিখিবার তালপাতার তাড়া। দেশজ। বি। **পাত-তাড়ি গুটান**—কার্য্যশেষে জিনিষপত্র গুছাইয়া বাঁধা।

পাতন—অধোনয়ন; অধঃক্ষেপণ, নীচে ফেলা, বিস্তরণ; বিন্যাস; বিনাশন; চুয়ান, উত্তাপ-দ্বারা নিষ্কাশন (Distillation). ণিজন্ত পত্=পাতি (ফেলা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

পাতনলী—ঘানিগাছের যে স্থান দিয়া তৈল বাহির হয় সেই ছিদ্রের নিম্নে সংলগ্ন নলাকার পাত্রবিশেষ। দেশজ। বি।

পাতল, পাতলা—সূক্ষ্ম, মিহি, চিকণ, সরু, অঘন, অগাঢ়, অতি তরল, জলবৎ; রোগা; অগভীর, লঘু, ভঙ্গুর। দেশজ। বিণ।

পাতশা(সা),-শা(সা)হ—বাদশাহ, রাজা, সম্রাট্। 'বাদশাহ্' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

পাতশাহী—১। পাতশাহের বা বাদশার উপযুক্ত, রাজযোগ্য, রাজসুলভ, রাজকীয়। পাতশাহ+ঈ যোগ্যার্থে। বিণ। ২। পাত-শাহের আচরণ বা কার্য্য, বাদশাহী, নবাবী, রাজত্ব। পাতশাহ+ঈ ভাবে। বি।

পাতা—১। পাত, পত্র; পল্লব ('চোখের—'); তলা ('পায়ের—')। 'পত্র' শব্দজ। বি। ২। পাতিত করা, ফেলান, বিছান, ছড়ান। বাং ক্রি। **হাত পাতা**—প্রার্থী হওয়া।

পাতা (পাতৃ)—রক্ষাকর্তা, রক্ষক; পালন-কর্তা। পা+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

পাতান—১। পাতা ক্রিয়া করান; পত্তন করা; সম্বন্ধ স্থাপন করা; সাজান, গুছান, পঙ্‌ক্তিবদ্ধ করা। বাং ক্রি। ২। কৃত্রিম সম্বন্ধযুক্ত। পাতা+ন কর্ম্মবা। বিণ।

পাতাল—অধোভুবন, —অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল ও পাতাল, এই সপ্ত [ত্রিজগৎ দ্রঃ]; লগ্নের চতুর্থ স্থান; নরক; বিবর। পত্ (পড়া)+আলঞ্ অধিবা। বি; ক্লীব।

পাতালিক—পাতাল সম্বন্ধীয়। পাতাল+[ইক। বিণ।

পাতি—১। দেশজাত, দেশীয়, স্বদেশী; টোঙ্গরা, অপকৃষ্ট, হীন; জাতিবোধক; ইতর, নিম্নশ্রেণীর, ক্ষুদ্র, ছোট। দেশজ। বিণ। ২। পঙ্‌ক্তি, সারি, আলি, রেখা; জলজ তৃণ-বিশেষ; মাদুরকাঠির গাছ; বাঁশের সরু চটা বা শলা; পত্র, পাতা; ব্যবস্থাপত্র; সন্ধান, উদ্দেশ, খোঁজ। 'পঙ্‌ক্তি' বা 'পত্র' শব্দজ। ৩। পুষ্পকরণ্ডিকা, ফুলের সাজি; পেতে, চুবড়ি; পত্র, লিপি, চিঠি। প্রাঃ কবিপ্র। বি। ৪। পাতিয়া, বিছাইয়া, স্থাপন করিয়া; সন্ধান করিয়া। কবিপ্র। ক্রি।

পাতিকাক—একজাতীয় ছোট কাক। কর্ম্মধা। বি।

পাতিত—নিক্ষিপ্ত; বিন্যস্ত; অধঃকৃত। ণিজন্ত পত্ (=পাতি)+ক্ত কর্ম্মবা। বিণ।

পাতিত্য—পতিতের ভাব বা ধর্ম্ম; ধর্ম্মভ্রংশ। পতিত+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

পাতিনেবু—একজাতীয় ক্ষুদ্র গোল নেবু। দেশজ। বি।

পাতিপাতি—পঙ্‌ক্তি পঙ্‌ক্তি ধরিয়া, তন্ন তন্ন করিয়া, সূক্ষ্মানুসূক্ষ্মরূপে। দেশজ। অব্য।

পাতিব্রত্য—পতিব্রতার ধর্ম্ম, পতিপরায়ণতা, সতীত্ব। পতিব্রতা+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

পাতিময়ুর,-মৌড়—ক্ষুদ্র মুকুট, বিবাহ-কালে কন্যার মস্তকের মুকুট। দেশজ। বি।

পাতিয়াই, পাতিয়ায়—প্রত্যয় যায়, বিশ্বাস করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

পাতিল, পাতিলা—হণ্ডিকা, হাঁড়ি, ডেক্‌চি। প্রাদে। বি।

পাতিশিয়াল—খেঁকশিয়াল। কর্ম্মধা। বি।

পাতিহাঁস—ছোট জাতীয় হাঁস (রাজহাঁস নহে)। কর্ম্মধা। বি।

পাতী (পাতিন্)—(সমাসের অন্তে) পতনশীল। পত্ (পড়া)+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—তিনী।

পাত্তা—উদ্দেশ, সন্ধান, ঠিকানা, খোঁজখবর। হিন্দীমূলক। বি।

পাত্তাড়ি, —ড়ী—পাততাড়ি (তাহা দ্রঃ)।

পাত্র—১। বর; বিষয়; যোগ্য ব্যক্তি; বিবাহের বর। পা (রক্ষা করা, ইত্যাদি)+ত্র কর্ত্তৃবা। ২। মন্ত্রী; স্রুবাদি যজ্ঞপাত্র; তীরদ্বয় মধ্যবর্ত্তী জলাধার; ভাজন, আস্পদ, আধার; দেহ; নাটকোক্ত নায়কাদি; ভাজন। পা (পান করা, রক্ষা করা)+ত্র অধিবা। বি; ক্লীব। ৩। যোগ্য, উপযুক্ত; শ্রেষ্ঠ। পা+ত্র কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, পাত্রী।

পাত্রতা—যোগ্যতা, উপযুক্ততা; গৌরব। পাত্র+তা ভাবার্থে। বি; স্ত্রী। [পুং।

পাত্রপক্ষ—বিবাহে বরপক্ষ। ৬ষ্ঠীতৎ। বি;

পাত্রসাৎ—পাত্রে প্রদত্ত, যোগ্য ব্যক্তিতে সমর্পিত। পাত্র+সাৎ। অব্য।

পাত্রস্থ—পাত্রে বা আধারে অবস্থিত, ভাজনস্থিত; পাত্রসাৎ; বরের হস্তে সমর্পিত। উপতৎ। পাত্র—স্থা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —স্থা।

পাত্রাপাত্র—যোগ্য বা অযোগ্য ব্যক্তি। পাত্র ও অপাত্র, দ্বন্দ্ব। বি; ক্লীব।

পাত্রী—১। রক্ষয়িত্রী, পালিকা। পাতৃ (পাতা)+ঈপ্। ২। ভাজন; যোগ্যা নারী; বিবাহের কন্যা। পাত্র+ঈপ্। বাং প্রঃ। বি; স্ত্রী।

পাথর—পাষাণ, শিলা; প্রস্তরনির্ম্মিত ভোজনপাত্র; শৈল, পর্ব্বত; মণি। 'প্রস্তর' শব্দজ। বি। [মূত্রকায়। ৬ষ্ঠীতৎ। বি।

পাথরকুচি—গুল্মবিশেষ; প্রস্তরখণ্ড; প্রস্তরবৎ

পাথরি, পাথুরি—মূত্রাশয় বা পিত্তাশয়ের রোগবিশেষ, অশ্মরী। দেশজ। বি।

পাথার—সাগর; তীরদ্বয়ের মধ্যবর্ত্তী স্থান; বিপৎ। পাথ (জল)—ধৃ+ঘঞ্ অধিবা। বি; পুং।

পাথালিকোলা—দুই বাহুতে স্কন্ধ ও পদদ্বয় বেষ্টন করিয়া কোলে তোলা। দেশজ। বি।

পাথুরি—পাথরি দ্রঃ।

পাথুরিয়া—পাথরের মত কাল ও কঠিন ('—কয়লা')। পাথর+ইয়া, সদৃশার্থে। বিণ।

পাথেয়—১। পথের জন্য প্রয়োজনীয়। বিণ। ২। পথের সম্বল, পথখরচ; কন্যারাশি। পথিন্+এয় প্রয়োজনার্থে। বি; ক্লীব।

পাদ—চরণ, পা; শ্লোকের চতুর্থাংশ; পোয়া, চতুর্থাংশ; বৃক্ষমূল; প্রত্যন্তপর্ব্বত; কিরণ। পদ্ (গমন করা)+ঘঞ্ করণবা। বি; পুং।

পাদচার—পদব্রজে গমন, পরিক্রমণ, পাইচালি; গ্রহাদির আহ্নিকভোগ। ৬য়াতৎ। বি; পুং।

পাদচারণা, —চারণ—পরিক্রমণ, পাইচালি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, ক্লীব।

পাদচারী (—চারিন্)—পদব্রজে গমনকারী বা গমনশীল। উপতৎ। পাদ—চর্+ণিন্ কর্ত্তৃবা। স্ত্রী,—রিণী।

পাদটীকা—পুস্তকাদির পৃষ্ঠার নিম্নভাগে লিখিত টীকা (Foot-note). পাদলিখিতা টীকা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। [পুং।

পাদদেশ—পর্ব্বতাদির তলা। কর্ম্মধা। বি;

পাদপ—বৃক্ষ; ছাগ; পাদপীঠ। উপতৎ। পাদ—পা+ক কর্ত্তৃবা। বি; পুং।

পাদপদ্ম—চরণরূপ পদ্ম, চরণকমল, পদ্মসদৃশ মনোহর চরণ। রূপক বা উপমিত কর্ম্মধা। বি; ক্লীব।

পাদপীঠ—পাদস্থাপনাসন, পা রাখিবার টুল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পাদপূরণ—অসম্পূর্ণ শ্লোক পূরণ করণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পাদপ্রহার—লাথি। ৩য়াতৎ। বি; পুং।

পাদবিক্ষেপ—পদক্ষেপ, পা ফেলা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ক্লীব।

পাদমূল—চরণ-নিম্নদেশ। ৬ষ্ঠীতৎ। বি;

পাদরী—খৃষ্টীয় ধর্ম্মযাজক। পোর্তু 'Padre' শব্দজ। বি।

পাদশৈল—শাখাপর্ব্বত, ছোট পাহাড়। পাদস্থিত শৈল, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পাদান—যাহাতে পা দিয়া গাড়ী ইত্যাদিতে উঠিতে হয়। পা+দান আধার অর্থে। বি।

পাদুকা—১। চর্ম্মাদি-নির্ম্মিত পাদাচ্ছাদন, উপানৎ, জুতা। ণিজন্ত পদ্ বা পাদি (গমন করান)+উ কর্ত্তৃবা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

পাদুকাকার, পাদুকাকৃৎ—উপানৎকার, জুতাপ্রস্তুতকারী, চর্ম্মকার, চামার। উপতৎ। পাদুকা—কৃ (করা)+অণ, কিপ্, কর্ত্তৃবা। বি; পুং।

পাদোদক—পাদস্পৃষ্ট জল, পা-ধোয়া জল। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

পাদোন—চতুর্থাংশহীন, চারিভাগের এক-ভাগ কম, তিন পোয়া, পৌনে। পাদ দ্বারা উন, ৩য়াতৎ। বিণ।

পাদ্য—১। পাদপ্রক্ষালনার্থ (জল)। বিণ। স্ত্রী, পাদ্যা। ২। পা ধুইবার জল। পাদ+যৎ। বি; ক্লীব।

পান—১। দ্রব দ্রব্যের গলাধঃকরণ, জলীয় বস্তু খাওয়া; মদ্যপান, মদ খাওয়া; রক্ষণ; শানোল্লেখন। পা (পান করা, রক্ষা করা) +অনট্ ভাববা। বি; ক্লীব। ২। তাম্বূল। 'পর্ণ' শব্দজ। ৩। পাশ, ধার; দিক্। পাইন (তাহা দ্রঃ)। দেশজ। বি।

পানকৌড়ি—জলচর পক্ষিবিশেষ (ইহারা জলে ডুব দিয়া মৎস্যাদি ধরে)। দেশজ। বি।

পানগোষ্ঠী—মদ্যপানসভা, মদ্যপানচক্র, ভৈরবীচক্র; মদের জটলা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পানতুয়া—ছানার মিষ্টান্নবিশেষ (ঘিয়ে ভাজিয়া চিনির রসে ফেলিতে হয়)। দেশজ। বি।

পানদোষ—মদ্যপানের অভ্যাস। পান-জনিত দোষ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পানপাত্র—জলীয় বস্তু খাইবার পাত্র, ঘটী, গ্লাস, চষক। পান-সাধন যে পাত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

পানফল, পানিফল—শৃঙ্গাটক, জলজ ফলবিশেষ। পানির ফল, ৬ষ্ঠীতৎ। বি।

পানবসন্ত—পানিবসন্ত দ্রঃ।

পানমরা—সোনারূপার অলঙ্কার গলাইলে পান থাকার জন্য যে অংশ বাদ দেওয়া হয়। দেশজ। বি।

পানশৌণ্ড—প্রচুর মদ্যপায়ী। পানে (মদ্য-পানে) শৌণ্ড (মত্ত, অত্যাসক্ত), ৭মীতৎ। বিণ; ত্রি। ['Pinnace' শব্দজ। বি।

পানসি—ছোট নৌকাবিশেষ, ছিপ। ইং

পান্‌সে—জলো, বিস্বাদ, ফিকা। পানি (জল)+সে সদৃশার্থে। বিণ।

পানা—১। সরবৎ। 'পানক' শব্দজ। ২। জলে ভাসমান উদ্ভিদ্‌বিশেষ। 'পর্ণ' শব্দজ। বি। ৩। মত, তুল্য। বাং প্রত্যয়।

পানান—দুগ্ধদোহনের পূর্ব্বে বাছুর গোস্তনে ঢু মারিয়া দুধ খাইয়া বাঁটে যে দুগ্ধ আনয়ন করে সেই ক্রিয়া; লৌহাস্ত্রাদিতে পাইন ধরান। বাং ক্রি।

পানাসক্ত—মদ্যপানে আসক্ত; সুরাপায়ী, মদ্যপ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

পানি—জল। 'পানীয়' শব্দজ। হিন্দী। বি।

পানিতরাস—নৌকার প্রধান তলকাষ্ঠ (Keel); প্রশস্ততল নৌকাবিশেষ। বৈদে। বি।

পানিফল—পানফল দ্রঃ।

পানিবসন্ত, পানবসন্ত—জলবসন্ত (Chicken pox). দেশজ। বি।

পানীয়—১। পানযোগ্য, পেয়; রক্ষণীয়। বিণ; ত্রি। ২। জল। পা (পান করা, রক্ষা করা)+অনীয় কর্ম্মবা। বি; ক্লীব।

পানে—দিকে, অভিমুখে। দেশজ। অব্য।

পান্তা—বাসি ভিজা ভাত। দেশজ। বি।

পান্থ—পথবাহী, পথিক। পথিন্ (পথ)+ণ কুশলার্থে। বি ; পুং।

পান্থনিবাস, -শালা—পথিকদিগের অবস্থিতি ও আহারাদির নিমিত্ত আলয়, চটি, সরাই। পান্থগণের নিমিত্ত নিবাস বা শালা (গৃহ), ৬ষ্ঠীতৎ। বি ; পুং, স্ত্রী।

পান্থপাদপ—একপ্রকার জলস্রাবী মরুভূমির গাছ। পান্থোপকারক পাদপ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

পান্থশালা—পান্থনিবাস দ্রঃ।

পান্না—মরকত মণি। বৈদে। বি।

পাপ—১। জগদীশ্বরের নিয়ম লঙ্ঘন, কলুষ, অধর্ম্ম, পাতক, প্রত্যবায়, দুষ্কৃত ; আপদবালাই। বি ; ক্লীব। ২। পাপিষ্ঠ ; পাপজনক। পা (রক্ষা করা)+প অপাবা। বিণ। স্ত্রী, পাপা।

পাপকৃৎ—পাপকর্ত্তা, পাপিষ্ঠ। উপতৎ। পাপ—কৃ (করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ ; ত্রি।

পাপগ্রহ—অশুভদায়ক মঙ্গলাদি গ্রহ, কুজ, রাহু, শনি। কর্ম্মধা। বি ; পুং।

পাপঘ্ন—পাপনাশক ; পাপহন্তা। পাপ শব্দ —হন্ (বধ করা)+টক্ কর্ত্তৃবা। বিণ ; ত্রি। স্ত্রী, —ঘ্নী।

পাপড়ি—ফুলের দল বা পত্র। 'পর্ব্ব' [শব্দজ। বি।

পাপপুরুষ—পাপময়াঙ্গ নর ; পুরুষাকৃতি পাপ, মূর্ত্তিমান্ পাপ। পাপরূপ পুরুষ, রূপক কর্ম্মধা। বি ; পুং। [বিণ। স্ত্রী,-ণা।

পাপপ্রবণ—পাপ করিতে উন্মুখ। ৭মীতৎ।

পাপবুদ্ধি, -মতি—১। দুষ্টা বুদ্ধি, দুর্ম্মতি। কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। দুর্ব্বুদ্ধি, দুর্ম্মতি। বহুব্রী। বিণ।

পাপভাক্ (-ভাজ্)—পাপকারী, পাপিষ্ঠ ; পাপভাগী। পাপ—ভজ্ (ভজা)+ণ্বি কর্ত্তৃবা। বিণ ; পুং।

পাপর, পাঁপর—নিঃস্ব, যোত্রহীন। ইং Pauper. বি।

পাপহর—পাপঘ্ন (তাহা দ্রঃ)। উপতৎ। পাপ—হৃ+অচ্ কর্ত্তৃবা। বিণ।

পাপাচার—১। পাপানুষ্ঠান, পাপকার্য্য করণ। পাপের আচার (অনুষ্ঠান), ৬ষ্ঠীতৎ। বি ; পুং। ২। পাপকার্য্যকারী, পাপী, পাতকী, পাপিষ্ঠ। পাপ হইয়াছে আচার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —রা।

পাপাচারী (-চারিন্)—পাপানুষ্ঠানকারী, পাপকর্ম্মকারক, পাপী, পাতকী। উপতৎ। পাপ—আ—চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —রিণী।

পাপাত্মা (-ত্মন্)—পাপিষ্ঠচিত্ত, অধার্ম্মিক। পাপ (পাপিষ্ঠ) আত্মা যাহার, বহুব্রী। বিণ।

পাপাশয়—১। পাপজনক অভিপ্রায় ; পাপাসক্ত চিত্ত। পাপ যে আশয়, কর্ম্মধা। বি ; পুং। ২। পাপিষ্ঠচিত্ত, অধর্ম্মপরায়ণ। বহুব্রী। বিণ। স্ত্রী, —য়া।

পাপাসক্ত—পাপের প্রতি অনুরাগী, পাপকার্য্যে নিরত। ৭মীতৎ। বিণ। স্ত্রী, —ক্তা।

পাপিনী—পাপী (তাহা দ্রঃ)।

পাপিয়া, পাপিহা—সুকণ্ঠ পক্ষিবিশেষ। দেশজ। বি।

পাপিষ্ঠ—অতিশয় পাপী। পাপ বা পাপিন্ +ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, —ষ্ঠা।

পাপী (পাপিন্)—পাপযুক্ত, পাপিষ্ঠ, অধার্ম্মিক। পাপ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —পিনী।

পাপীয়ান্ (-য়স্)—অতি পাপী। পাপ বা পাপিন্ শব্দ+ঈয়স্ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, —য়সী। [ফার্সী। বি।

পাপোশ—পা ঝাড়িবার আস্তরণবিশেষ।

পাব—পর্ব্ব, গ্রন্থি, গাঁট, দুই গাঁটের মধ্যাংশ। 'পর্ব্বন্' শব্দজ। বি।

পাবক—১। অগ্নি ; বৈদ্যুতাগ্নি। পূ (শুদ্ধ করা)+ণক কর্ত্তৃবা। বি ; পুং। ২। পবিত্রতাকারক, বিশুদ্ধিকারক। বিণ। স্ত্রী, —বিকা।

পাবদা—মৎস্যবিশেষ। 'পর্ব্বত' শব্দজ। বি।

পাবন—১। পবিত্রকারক, শোধক।

ণিজন্ত পূ (=পাবি)+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–না,–নী। ২। অগ্নি; ব্যাস। বি; পুং। ৩। জল; প্রায়শ্চিত্ত; গোময়; রুদ্রাক্ষ; কুষ্ঠ। পাবি+অন করণবা। ৪। পবিত্রীকরণ। পাবি+অনট্ ভাববা। বি; ক্লীব।

পাবনী—১। হরীতকী; গঙ্গা; তুলসী; সংশোধনী; গবী। ণিজন্ত পূ (=পাবি)+অনট্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী। ২। পবিত্রকারিণী। বিণ; স্ত্রী।

পামর—খল, অধম, নীচ; পাপিষ্ঠ; মূর্খ। পামন্–রা (গ্রহণ করা)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–রী।

পাম্প—জলতুলিবার যন্ত্র। ইং Pump. বি।

পায়খানা—মলত্যাগের ঘর, শৌচখানা। ফার্সী। বি।

পায়চারি—হাঁটা, পদব্রজে সীমাবদ্ধ স্থানে পরিভ্রমণ, পাদচারণ। 'পাদচারণ' শব্দজ। বি।

পায়জামা—পাজামা দ্রঃ।

পা(পাঁ)য়তারা—কুস্তি প্রভৃতির পদক্ষেপের কায়দা; কাজে নামিবার আগে বড়াই ও আসর গরম করা। দেশজ। বি।

পায়দল—পদব্রজে, পায়ে হাঁটিয়া। হিন্দী। ক্রি-বিণ।

পায়-পায়—পদে পদে, প্রতিপদে; অনুক্ষণ, সতত। কবিপ্র। ক্রি-বিণ।

পায়মাল—পদদলিত; বিনষ্ট; লুণ্ঠিত। ফার্সী। বিণ। [শব্দজ। বি।

পায়রা—কবুতর, পারাবত। 'পারাবত'

পায়রাচাঁদা—একপ্রকার বড় চাঁদা মাছ। দেশজ। বি।

পায়স—১। পরমান্ন; শ্রীবাস, টারপিণ। পয়স্ (দুগ্ধ)+অণ্ বিকারার্থে। বি; পুং বা ক্লীব। ২। পয়ঃসম্বন্ধীয়। বিণ। স্ত্রী,–সী।

পায়সান্ন—পরমান্ন, পায়স। পায়স যে অন্ন, কর্ম্মধা। বি; ক্লীব।

পায়া—খট্টাদি কাষ্ঠাসনের পাদ বা পা; পাদ বা পদবী। 'পাদ' শব্দজ। বি।

পায়াভারি—উচ্চ পদের জন্য গুমর। বহুব্রী। বিণ।

পায়ু—মলদ্বার, গুহ্যদেশ। পা (রক্ষা করা) +উণ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

পায়েস—পায়স। 'পায়স' শব্দজ। বি।

পার—১। পরতীর, নদীর অপর তীর; উদ্ধার। পর+অণ। বি; ক্লীব। ২। প্রান্তভাগ; শেষ সীমা। পৃ+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং বা ক্লীব।

পারক—পূর্ত্তিকারক; প্রীতিকারক; পারগ, সমর্থ, পটু। পৃ+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –রিকা। [বি; স্ত্রী।

পারকতা—সামর্থ্য। পারক+তা ভাবার্থে।

পারগ—পারগামী; পারক, সমর্থ। উপতৎ। পার–গম্ (যাওয়া)+ড কর্ত্তৃবা। বিণ।

পারগত—পারপ্রাপ্ত, পরপারে উপনীত; উত্তীর্ণ। ২য়াতৎ। বিণ। স্ত্রী,–তা।

পারগামী (–মিন্)—যে পারে গমন করিয়াছে; পারদর্শী। উপতৎ। পার–গম্ +ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–মিনী।

পারঙ্গ(ংগ)ম—পারগ; পারদর্শী। উপতৎ। পার–গম্+খচ্ কর্ত্তৃবা। বিণ।

পারঘাট—খেয়া ঘাট। মধ্যপ কর্ম্মধা। বি।

পারণ—১। উপবাস-ব্রতান্ত-ভোজন, ব্রতাদিজন্য উপবাসের পর প্রাথমিক ভোজন। পার (কর্ম্ম সমাপ্ত করা)+অনট্ ভাববা। ২। তৃপ্তি, সন্তোষ। ণিজন্ত পৃ=পারি (প্রীত করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

পারণা—১। উপবাস-ব্রতান্ত-ভোজন, ব্রতজন্য উপবাসের পর প্রাথমিক ভোজন। পার (কর্ম্ম সমাপ্ত করা)+অন ভাববা+আপ্। ২। তৃপ্তি, সন্তোষ। ণিজন্ত পৃ=পারি (প্রীত করা)+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

পারতন্ত্র্য—পরাধীনতা, পরবশ্যতা। পরতন্ত্র +ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

পারতপক্ষে—পার্য্যমাণে, সামর্থ্যসত্ত্বে; যতদূর পারিয়া উঠা যায়। দেশজ। ক্রি-বিণ।

পারত্রিক—পারলৌকিক; আমুষ্মিক;

পরলোকসম্বন্ধীয়। পরত্র+ইক। বিণ। স্ত্রী,–কী।

পারদ—ধাতুবিশেষ, পারা। পার–দা (দেওয়া)+ক কর্তৃবা। বি ; পুং।

পারদর্শিতা—পরিণামদর্শিতা, বিজ্ঞতা ; অভিজ্ঞতা ; পাণ্ডিত্য ; দক্ষতা, পটুতা। পার-দর্শিন্+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

পারদর্শী (–দর্শিন্)—পরিণামদর্শী ; পারদর্শী ; বিজ্ঞ ; পটু, সমর্থ। উপতৎ। পার–দৃশ্ (দেখা)+গিন্ কর্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,–র্শিনী।

পারদারিক—পরদাররত, পরস্ত্রীতে অনুরক্ত, পরস্ত্রীগামী ; পরস্ত্রীসংক্রান্ত। পরদার (পরস্ত্রী) +ইক আসক্তার্থে। বিণ ; পুং।

পারমাণব, –মাণবিক—পরমাণুসংক্রান্ত (Atomic). পরমাণু+অণ্, ইক সম্বন্ধার্থে। বিণ।

পারমাণবাকর্ষণ—পরমাণু সকলের পরস্পরকে আকর্ষণ। পারমাণব যে আকর্ষণ, কর্মধা। বি ; ক্লীব।

পারমার্থিক—পরমার্থযুক্ত, পরমার্থসম্বন্ধীয় ; মঙ্গলজনক ; অভীষ্ট। পরমার্থ+ইক। বিণ। স্ত্রী,–কী।

পারম্পর্য্য(র্য)—পরম্পরাগতি, অনুক্রম : কুলাদিপরম্পরা। পরম্পরা+ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

পারলৌকিক—পরলোকসম্বন্ধীয়, পার-ত্রিক। পরলোক+ষ্ণিক ইদমর্থে। বিণ। স্ত্রী,–কী।

পারশীক, পারসীক—১। পারস্যদেশীয়। পারশ্য বা পারস্য (দেশবিশেষ)+ঈক। বিণ। ২। পারস্যদেশ ; তদ্দেশীয় লোক ; তদ্দেশীয় অশ্ব। বি ; পুং। [বি।

পারশে—সুস্বাদু ক্ষুদ্র মৎস্যবিশেষ। দেশজ।

পারসী—পারস্য দেশের ভাষা ; ইরাণী ; জর-থুস্ত্রপন্থী ভারতীয় পারসীক জাতি বা তৎ-সম্বন্ধীয়। পারস্য+ঈ। বি বা বিণ।

পারা—১। পারদ। 'পারদ' শব্দজ। বি। ২। পারক হওয়া, সমর্থ হওয়া। 'পার' ধাতুজ। বাং ক্রি। ৩। মত, ন্যায়, তুল্য ; যেন, বুঝি। 'প্রায়' শব্দজ। কবিপ্র। বিণ বা অব্য।

পারানি—পার হইবার ভাড়া, খেয়ার কড়ি, তরপণ্য। পার+আনি। বি।

পারাপার, –বার—১। সমুদ্র, সাগর। পার হইয়াছে অপার বা অবার (অকূল) যাহার, বহুব্রী। বি ; পুং। ২। নদী প্রভৃতির উভয় তীর ; এক তীর হইতে অন্য তীরে গমন। পার ও অপার বা অবার, দ্বন্দ্ব। বি ; ক্লীব।

পারাবত—কপোত, পায়রা। পার–অব (পাওয়া)+শতৃ কর্তৃবা+অণ। বি ; পুং।

পারাবার—পারাপার দ্রঃ।

পারাবারীণ—পারগামী ; যে পারে গমন করিয়াছে এরূপ। পারাবার+ঈন। বিণ।

পারায়ণ—সম্পূর্ণতা ; পাঠ ; গ্রন্থপাঠ-সমাপ্তি। পার শব্দ–অয় (গমন করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব। [দেশজ। বি।

পারি—পাড়ি, পরপারে উত্তরণ ; নৌকাপথ।

পারিজাত—সমুদ্রমন্থনোৎপন্ন দেবতরুবিশেষ, পারিভদ্র বৃক্ষ ; সুরতরু, সুগন্ধদ্রব্যবিশেষ। পারী (সমুদ্র) হইতে জাত (উৎপন্ন), ৫মীতৎ। বি ; পুং।

পারিতোষিক—১। পরিতোষ হেতু প্রদত্ত (সামগ্রী), পরিতোষজনক (দ্রব্য)। বিণ। ২। পুরস্কার। পরিতোষ+ইক। বি ; ক্লীব।

পারিপাট্য—শৃঙ্খলা, সন্নিবেশ ; নিপুণতা। পরিপাটী+ষ্যঞ্। বি ; ক্লীব।

পারিপার্শ্বিক—পার্শ্বচর, সহচর, সেবক ; পার্শ্ববর্তী ; পরিবেশ বা আবেষ্টনসম্বন্ধীয়। বিণ। পরিপার্শ্ব+ইক। বি ; পুং।

পারিভাষিক—১। পরিভাষাসম্বন্ধীয়। বিণ। ২। পরিভাষা বোধক পদ। পরিভাষা শব্দ+ইক। বি ; ক্লীব।

পারিয়া—অন্ত্যজ জাতিবিশেষ। বি।

পারিশ্রমিক—মজুরি, খাটুনির মূল্য। পরি-শ্রম+ইক। বি ; ক্লীব।

পারিষদ—সভান্বিত ব্যক্তি, সভাসদ, সভ্য। পরিষদ (সভা) + অণ কুশলার্থে। বি ; পুং।

পারীণ—পারগত, পারে গিয়াছে এরূপ। পার + ঈন। বিণ।

পারুল—পাটলা পুষ্প। দেশজ। বি।

পারুষ্য—কার্কশ্য ; কাঠিন্য ; অপ্রিয়ভাষণ ; ব্যসন ; বিবাদবিশেষ। পরুষ + ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

পার্থ—১। পৃথাতনয়, কুন্তীনন্দন—যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন। পৃথা (কুন্তী) + অণ্ অপত্যার্থে ; [পরন্তু পার্থ বলিলে সাধারণতঃ অর্জ্জুনকেই বুঝায়]। বি ; পুং।

পার্থক্য—পৃথকত্ব, প্রভেদ, বিভিন্নতা। পৃথক্ + ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

পার্থিব—১। পৃথিবীসম্বন্ধীয়, ভৌম, মর্ত্ত্য। পৃথিবী + অণ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—বী। ২। পৃথিবীপতি, রাজা। পৃথিবী + অণ অধিপতি অর্থে। বি ; পুং।

পার্ব্ব(র্ব)ণ—১। অমাবস্যাদি পর্ব্বদিবসে কর্ত্তব্যশ্রাদ্ধ। বি ; ক্লীব। ২। পর্ব্বসম্বন্ধীয়। পর্ব্বন্ + অণ ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, —ণী।

পার্ব্ব(র্ব)ণী—১। পর্ব্বসম্বন্ধীয়া। পার্ব্বণ + ঈপ্। ২। পর্ব্বকালে বা উৎসব সময়ে প্রদত্ত পারিতোষিক। দেশজ প্রঃ। বি।

পার্ব্ব(র্ব)ত, পার্ব্ব(র্ব)ত্য—১। পর্ব্বতসম্বন্ধীয় ; পর্ব্বতজাত ; পর্ব্বতবাসী। পর্ব্বত + অণ, ষ্যঞ্ ইদমর্থে। বিণ। স্ত্রী,—তী।

পার্ব্ব(র্ব)তী—গিরিজা, দুর্গা ; ইঁহার আর এক নাম উমা। পর্ব্বত + অণ্ অপত্যার্থে + ঈপ্। বি ; স্ত্রী।

পার্ব্ব(র্ব)তীয়—পর্ব্বতসম্বন্ধীয় ; পর্ব্বতজাত ; পর্ব্বতবাসী। পর্ব্বত শব্দ + ঈয় ইদমর্থে। বিণ। [পাণিনিমতে শব্দটা পর্ব্বতীয়]।

পার্ব্ব(র্ব)ত্য—পার্ব্বত দ্রঃ।

পার্য্য(র্য)ন্তিক—প্রান্তীয়, কোন পুস্তকের পৃষ্ঠার পার্শ্বে লিখিত (Marginal). পর্য্যন্ত + ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

পার্লামেণ্ট—ইংলণ্ডের ব্যবস্থাপক মহাসভা (Parliament). বি।

পার্শেল—ডাকে পাঠাইবার পুলিন্দা। ইং Parcel. বি।

পার্শ্ব—১। সমীপ ; প্রান্ত, একদেশ ; কক্ষের অধোভাগ, বগলের নিম্নভাগ, পাশ। স্পৃশ্ (স্পর্শ করা) + শ্বন্ কর্ম্মবা। বি ; পুং বা ক্লীব। ২। পর্শুকাসমূহ, পাঁজরার হাড়গুলি। পর্শু শব্দ (পাঁজরা) + অণ সমূহার্থে। বি ; ক্লীব।

পার্শ্বগ—পার্শ্ববর্ত্তী পরিচালক। পার্শ্ব শব্দ—গম্ (যাওয়া) + ড কর্ত্তৃবা। বিণ।

পার্শ্বচর—সঙ্গী ; মোসাহেব। পার্শ্ব—চর্ + ট কর্ত্তৃবা। বি ; পুং।

পার্শ্বনাথ (বা **পারশনাথ**)—হাজারীবাগ জেলায় অবস্থিত পাহাড় ও জৈনতীর্থ। বি।

পার্শ্বপরিবর্ত্ত(র্ত)ন—১। পাশ ফেরা। ৬ষ্ঠী-তৎ। ২। ভাদ্রশুক্লদ্বাদশীতে শ্রীহরির পার্শ্বপরিবর্ত্ত জন্য উৎসব। বি ; ক্লীব।

পার্শ্ববর্ত্তী (—বর্ত্তিন্), —বর্ত্তী—পার্শ্বস্থ, পাশে অবস্থিত। পার্শ্ব—বৃত্ (থাকা) + ণিন্ কর্ত্তৃবা। বিণ ; পুং।

পার্ষদ—পারিষদ, সভাসদ, সভ্য। পার্ষদ্ শব্দ (সভা) + অণ কুশলার্থে। বি ; পুং।

পার্ষ্ণি—গুল্ফের অধোদেশ, গোড়ালি ; পৃষ্ঠদেশ ; সৈন্যের পশ্চাদ্ভাগ। পৃষ্ (সিক্ত করা) + নি কর্ম্মবা। বি ; পুং বা স্ত্রী।

পার্ষ্ণিগ্রাহ—সৈন্যের পশ্চাদ্ধাবী ; পশ্চাদ্বর্ত্তী শত্রু রাজা। পার্ষ্ণি—গ্রহ্ (গ্রহণ করা) + অণ কর্ত্তৃবা। বি ; পুং।

পার্সী, পার্শী—ফরাসী, পারস্যদেশীয় ভাষা ; পারসীক ; বহুকাল হইতে ভারতে বাসকারী পারসীক জাতিবিশেষ। বৈদে। বি।

পাল—১। (সমাসের পর পদ) পালক (সকল অর্থে)। পালি (পালন করা) + অণ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, পালী। ২। দল, যূথ ; সামিয়ানা, চাঁদোয়া ; বায়ুভরে চালিত করিবার জন্য নৌকাদির মাস্তুলে প্রসারিত

বস্ত্র বা ক্যাম্বিস; হিন্দু উপাধিবিশেষ। দেশজ। বি।

পালই, পালুই—ধান্যতৃণের স্তূপ; ধান্যের খড়ের রাশি। দেশজ। বি।

পালক—১। প্রতিপালনকারী; রক্ষক; ঘোটকরক্ষক। পালি (রক্ষা করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লিকা। ২। পাখীর পাখা বা পাখনা, পর্। দেশজ। বি।

পালকপিতা (-পিতৃ)—পুত্রবৎ প্রতিপালনকারী ব্যক্তি। কর্ম্মধা। বি; পুং।

পালকি, পালকী—শিবিকা, ডুলী। 'পল্যঙ্কিকা' শব্দজ। বি।

পালখ—পাখীর পালক। দেশজ। বি।

পালঙ, পালং, পালম—১। স্বনামখ্যাত শাকবিশেষ। 'পালঙ্ক' শব্দজ। ২। খট্বা, খাট। 'পল্যঙ্ক' শব্দজ। বি।

পালঙ্ক(ঙ্ক)—১। পালঙ্ শাক; শল্লকী, সজারু; বাজ পক্ষী। পাল শব্দ—অনক্ (গমন করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। পালঙ্ খাট। 'পল্যঙ্ক' শব্দজ। বি।

পালঙ্ক—পালঙ (সকল অর্থে)।

পালট—১। পরাবর্ত্তন, প্রত্যাবর্ত্তন, ফের, ঘুর; বদল। দেশজ। বি। ২। পলক, নিমেষ। প্রাঃ কবিপ্র। বি।

পালটা—১। বিপরীত, বিরুদ্ধ পক্ষের কৃত; সমান বংশমর্য্যাদাসম্পন্ন ('—ঘর')। দেশজ। বিণ। ২। ফিরা; ঘোরা। প্রাঃ কবিপ্র। ক্রি।

পালটান—প্রত্যাবর্ত্তন করা, ফিরা, ঘুরা; বদল করা, বদলান; একপাত্র হইতে পাত্রান্তরে ঢালা বা রাখা, উলটান। বাং ক্রি।

পালন—রক্ষা; প্রতিপালন, পোষণ। পালি (রক্ষা করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

পালনকর্ত্তা(র্ত্রী) (-কর্ত্তৃ)—পালনকারী, প্রতিপালক। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী,—র্ত্রী।

পালপার্ব্ব(র্ব)ণ—পালনীয় পর্ব্বাদি। দেশজ। বি।

পালয়িতা (-তৃ)—পালনকর্ত্তা, পালক। ণিজন্ত পা—পালি (পালন করা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

পাললিক—পলিমাটিসংক্রান্ত (Alluvial)। পলল+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

পালা—১। সময়, বার, পর্য্যায়; সঙ্গীতোৎসবের পর্য্যায়, অভিনয়ের বিষয়; এক একটি বিষয় লইয়া রচিত কাব্য। 'পর্য্যায়' শব্দজ। ২। পল্লব, ছোট ডাল। 'পল্লব' শব্দজ। বি। ৩। পালিত। পাল্+আ কর্ম্মবা। বিণ। ৪। পালন করা; মানা। বাং ক্রি।

পালান—১। গবাদি পশুজননীর স্তন। দেশজ। বি। ২। পশুর পিঠের গদি। 'পল্যয়ন' শব্দজ। বি। ৩। প্রস্থান করা; পলায়ন করা। 'পলায়ন' শব্দজ। বাং ক্রি।

পালি, পালী—১। রাশি; খড়্গাদির ধার; প্রান্ত; শ্রেণী; প্রদেশ; কোণ; ক্রোড়, প্রশংসাবাক্য; সেতু; পালা; ছাত্রাদিকে দেয় বৃত্তি; কল্পিত ভোজন; শ্মশ্রুমতী স্ত্রী। পাল্ (রক্ষা করা)+ই কর্ম্মবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী। ২। শস্যাদির মাপবিশেষ; প্রাচীন মাগধী ভাষাবিশেষ। দেশজ। বি।

পালিকা—পালনকর্ত্রী, পালয়িত্রী, প্রতিপালনকারিণী; রক্ষয়িত্রী। পালক+আপ্। বিণ; স্ত্রী।

পালিত—১। রক্ষিত; বর্দ্ধিত; পোষিত। পাল্ (রক্ষা করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

পালিশ—উজ্জ্বলতা, চাকচক্য; মসৃণতা; চকচকে করিবার প্রলেপ; উজ্জ্বল ও মসৃণকরণ। ইং Polish. বি।

পালী—পালি দ্রঃ।

পালুই—খড় ইত্যাদির গাদা। দেশজ। বি।

পালো—শটী, পানিফল প্রভৃতির শোধিত চূর্ণ; শ্বেতসার। দেশজ। বি।

পালোয়ান—মল্ল, কুস্তিগীর; বলশালী যোয়ান। ফার্সী 'পহলুবান্' শব্দজ। বিণ।

পাল্টা—উল্টা, বিপরীত; অপর পক্ষীয়। দেশজ। বিণ।

পাল্টান—বদলান, ফিরান; উল্টান, পৃষ্ঠ পরিবর্ত্তন করা। বাং ক্রি।

পাল্লা—ওজনের যন্ত্র; তুল্য বল প্রকাশ, প্রতিদ্বন্দ্বিতা; প্রতিযোগিতা; দৈর্ঘ্য, উচ্চতা; দূরত্ব, দূর; পাটি ('দরজার—')। হিন্দী। বি।

পাশ—১। রজ্জু, দড়ি, ফাঁস, তদাকার অস্ত্রবিশেষ। পশ্+ঘঞ্ করণবা। বি; পুং। ২। (কর্ণবাচক শব্দের পরে থাকিলে) সুন্দর; (কেশবাচক শব্দের পরে থাকিলে) গুচ্ছ; (ছত্রবাচক শব্দের পরে থাকিলে) কুৎসিত। সংস্কৃত প্রত্যয়। ৩। পার্শ্ব, সমীপ। 'পার্শ্ব' শব্দজ। বি। ৪। পরীক্ষায় উত্তরণ; প্রবেশানুমতি বা গমনানুমতিসূচক পত্র। ইং Pass. বি। **পাশ কাটান**—অলক্ষিতে পাশ দিয়া সরিয়া পড়া।

পাশক—দ্যূতবিশেষ, পাশা। পশ্ (গমন করা)+ণক কর্ত্তৃবা। বি; পুং।

পাশব—পশুসম্বন্ধীয়; পশুবৎ নীচ। পশু শব্দ +অণ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—বী।

পাশবৃত্তি—পশুতুল্য নীচপ্রবৃত্তি, ঘৃণিত মনোবৃত্তি। কর্ম্মধা। বি; স্ত্রী।

পাশবিক—পশুবৎ, পশুসম্বন্ধীয়। পশু+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

পাশভৃৎ—বরুণ। পাশ—ভৃ (ধারণ করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি; পুং।

পাশমোড়া—পাশ ফিরিয়া শয়ন করা, শয়ান অবস্থায় পার্শ্বপরিবর্ত্তন করা। দেশজ। বি।

পাশরা, পাসরা—বিস্মৃত হওয়া, ভুলিয়া যাওয়া, ভুলা। কবিপ্র। ক্রি।

পাশা—অক্ষ; কর্ণাভরণবিশেষ; চৌপাড়। 'পাশক' শব্দজ। বি।

পাশাড়ী—পার্শ্ববর্ত্তী। পাশ+আড়ী। বিণ।

পাশান—পাশ কাটান, সরিয়া পড়া; ফসকান দেওয়া, ফসকিয়া যাওয়া। বাং ক্রি।

পাশাপাশি—কাছাকাছি, লাগালাগি, পরস্পর পার্শ্বস্থ। দেশজ। বিণ বা ক্রি-বিণ।

পাশি, পাশী—কোদালের ফলা বা লাঙ্গলের ফলা যুড়িবার লৌহবন্ধনী। প্রাদে। বি।

পাশী (পাশিন্)—বরুণ; ব্যাধ; যম। পাশ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

পাশুপত—১। শিবসম্বন্ধীয়; শৈব, শিবভক্ত; সম্প্রদায়বিশেষ। বিণ। ২। অস্ত্রবিশেষ; ব্রতবিশেষ। পশুপতি (শিব)+অণ। বি; ক্লীব।

পাশ্চাত্য(ত্ত্য)—পশ্চাৎস্থিত; পশ্চিমদেশীয়; প্রত্যন্তদেশীয়; পশ্চিমদেশজাত; পশ্চাদ্ভব। পশ্চাৎ+ত্যক্ ভবার্থে, নিপাতনে বিকল্পে ত-লোপ। (অনেকের মতে পাশ্চাত্য অশুদ্ধ)। বিণ।

পাষণ্ড—বেদবিরুদ্ধ আচারবান্; সদাচারভ্রষ্ট; অধার্ম্মিক; নাস্তিক; সর্ব্ববর্ণচিহ্নধারী। পাপ শব্দ—সন্ (সেবা করা)+ড কর্ত্তৃবা নিপাতনে। বি বা বিণ; পুং।

পাষণ্ডদলন—অধার্ম্মিকের দমন, সদুপদেশ দ্বারা নাস্তিককে সৎপথে আনয়ন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পাষণ্ডী (-ণ্ডিন্)—বেদবিরুদ্ধ আচারবান্; সদাচারভ্রষ্ট; নাস্তিক। পাপ—সন্ (সেবা করা)+ডিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ণ্ডিনী।

পাষাণ—১। প্রস্তর, শিলা। পিষ্ (চূর্ণ করা) +আন অধিবা। বি; পুং। ২। তুলাদণ্ডের অসমসংস্থান, ফের। দেশজ। বি। ৩। কঠিন, নির্দ্দয়; প্রস্তরবৎ কঠিন এই অর্থে। বিণ।

পাষাণভাঙ্গা—তুলাদণ্ডের উভয়দিকের পাল্লা সমান করা; প্রস্তর ভঙ্গ করা। বাং ক্রি।

পাষাণভেদী—প্রস্তর বিদারণকারী। উপতৎ। পাষাণ—ভিদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

পাষাণহৃদয়—কঠিন অন্তঃকরণবিশিষ্ট। পাষাণবৎ হৃদয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

পাষাণী—১। ক্ষুদ্র পাষাণ; পরিমাপকবিশেষ, বাটখারা। পাষাণ+ঈপ্ ক্ষুদ্রার্থে। বি; স্ত্রী। ২। পাষাণতুল্য কঠোরহৃদয়া (রমণী)। পাষাণ+ঈপ্। বিণ; স্ত্রী।

পাস—১। পরীক্ষায় উত্তীর্ণ। বিণ। ২। পরীক্ষায় উত্তরণ; প্রবেশের অনুমতিপত্র, টিকিট; ছাড়পত্র। ইং Pass. বি।

পাসরা—পাশরা দ্রঃ।

পাসান—পাশ দেওয়া, যে রঙ্গের খেলা সেই রঙ্গের তাস না দিয়া অন্য রঙ্গের তাস ফেলিয়া খেলা বজায় রাখা; এড়ান। বাং ক্রি।

পাস্তুড়ি—পাঁচসের ওজন। দেশজ। বি।

পাহাড়—পর্ব্বত; পাড়, উচ্চ তটপ্রদেশ। দেশজ। বি। [দেশজ। বি।

পাহাড়তলি—তরাই, উপত্যকা, সানুপ্রদেশ।

পাহাড়িয়া, পাহাড়ে—পার্ব্বত্য, পর্ব্বত-জাত, পর্ব্বতবাসী। পাহাড়+ইয়া, এ ভবার্থে। বিণ। [পাহাড়ে। বি।

পাহাড়ী—রাগিণীবিশেষ; পার্ব্বত্য জাতি;

পাহারা—শান্তিরক্ষা, চৌকি; প্রহরীর কার্য্য। 'প্রহর' শব্দজ। বি।

পাহারাওয়ালা, –দার—চৌকিদার, কনেষ্টবল, প্রহরী। পাহারা+ওয়ালা, দার নিযুক্তার্থে। বি।

পান্থন—পথিক; অতিথি; প্রবাসী। প্রাঃ কবিপ্র। বি বা বিণ।

পিআ, পিয়া—পান করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

পিউ—১। প্রিয়। প্রাঃ কবিপ্র। ২। পাপিয়ার স্বর। দেশজ। অব্য।

পিউড়ি—গোরোচনা, গোমূত্র হইতে প্রস্তুত পীতবর্ণ পদার্থবিশেষ। দেশজ। বি।

পিউপিউ—পাপিয়া পাখীর ডাক। দেশজ। অব্য।

পিঁচুটি, পিচুটি—চোখের ক্লেদ। 'পিচ্চট' শব্দজ। বি। [বি।

পিঁজরা—পিঞ্জর, খাঁচা। 'পিঞ্জর' শব্দজ।

পিঁজরাপোল—অকর্ম্মণ্য গবাদির আশ্রয়-স্থল। দেশজ। বি।

পিঁজা, পেঁজা—তুলা প্রভৃতির আঁশ টানিয়া সোজা ও পৃথক্ করা। বাং ক্রি।

পিঁড়া, পিঁড়ে—ঘরের দাওয়া; দ্বারের নিম্নস্থ বেদী; পিঁড়ি। 'পিণ্ড' বা 'পীঠ' শব্দজ। বি। [শব্দজ। বি।

পিঁড়ি—কাষ্ঠাসনবিশেষ। 'পিণ্ড' বা 'পীঠ'

পিঁধা—পরিধান করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

পিঁপড়ে—পিপীলিকা। 'পিপীলিকা' শব্দজ। বি।

পিক—১। কোকিল। অপি–কৈ (শব্দ করা)+ক কর্ত্তৃবা। বি; পুং। ২। নিষ্ঠীবন, থুথু, ছেপ। দেশজ। বি।

পিককণ্ঠ—কোকিলতুল্য মনোহর কণ্ঠস্বর-বিশিষ্ট। পিকের কণ্ঠের ন্যায় কণ্ঠ (কণ্ঠস্বর) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ণ্ঠী, –ণ্ঠী।

পিকদান, পিকদানী—নিষ্ঠীবনপাত্র। পিক+দান, দানী পাত্র অর্থে। বি।

পিকেটার—কোন কার্য্য হইতে কাহাকেও যে প্রকাশ্যে নিবৃত্ত করিতে অনু-রোধাদি করে। ইং Picketer. বি।

পিকেটিং—পিকেটারের কাজ। ইং Picketing. বি।

পিঙ্গ(ঙ্গ)ল—১। নীলপীতমিশ্রিত বর্ণ, তামাটে রঙ্; মুনিবিশেষ; নাগবিশেষ; নিধিবিশেষ; স্থাবরবিষবিশেষ; সূর্য্যের পারিপার্শ্বিক; অগ্নি; মঙ্গলগ্রহ; কপি। বি; পুং। ২। কপিলবর্ণযুক্ত। পিন্জ্ (রঙ্ করা)+অলচ্ করণবা। বিণ। স্ত্রী, –লা।

পিঙ্গ(ঙ্গ)লা—১। কপিলবর্ণা। পিঙ্গল+আপ্। বিণ; স্ত্রী। ২। নাড়িবিশেষ; দক্ষিণদিকের হস্তিনী। বি; স্ত্রী।

পিচ—১। পিক, ছেপ। প্রাদে। ২। ফল-বিশেষ ও তাহার গাছ। ইং Peach. ৩। আলকাতরা হইতে উৎপন্ন কঠিন পদার্থ-বিশেষ। ইং Pitch. বি।

পিচকারি—জল, রং প্রভৃতি দূরে ছুড়িবার যন্ত্রবিশেষ। দেশজ। বি।

পিচপা, পিছপা—পশ্চাৎপদ; সঙ্কুচিত। বহুব্রী। বিণ।

পিচবোর্ড, পিস্‌বোর্ড—মোটা জমান

শক্ত কাগজ, পাটি। ইং 'Paste-board' শব্দজ। বি। [বি।

পিচাশ—পিশাচ, প্রেত। 'পিশাচ' শব্দজ।

পিচুটি—পিচুটি দ্রঃ।

পিচ্ছ—১। চূড়া; শিখিপুচ্ছ, ময়ূরপুচ্ছ। পিছ্ (পীড়ন করা)+অচ্ কর্তৃবা। বি; ক্লীব।

পিচ্ছল, পিচ্ছিল—পিছল, হড়্‌হড়ে। পিচ্ছ্+কলচ্, ইল কর্তৃবা। বিণ। স্ত্রী,—লা।

পিছ্—পশ্চাৎ। 'পশ্চাৎ' বা 'পৃষ্ঠ' শব্দজ। বি।

পিছটান, পিছুটান—পিছনের আকর্ষণ, স্নেহ মায়া প্রভৃতির টান যাহাতে সংসারে আবদ্ধ করিয়া রাখে। দেশজ। বি।

পিছন—পশ্চাৎভাগ। 'পশ্চাৎ' শব্দজ। বি।

পিছপা—পিচপা দ্রঃ।

পিছমোড়া, পিছুমোড়া—হস্তদ্বয় পশ্চাৎ দিকে বন্ধন। কবিপ্র। বি।

পিছল—পিচ্ছল। 'পিচ্ছিল' শব্দজ। বিণ।

পিছলান—পিচ্ছিলস্থানে স্খলিত হওয়া, হড়কান, পা সড়কাইয়া যাওয়া। বাং ক্রি।

পিছাড়ী—পশ্চাৎ; ঘোড়ার পা বাঁধিবার দড়ি। প্রাদে। বি।

পিছান—পশ্চাৎপদ হওয়া; পশ্চাতে পড়া; অনুগামী হওয়া। বাং ক্রি।

পিছু—পশ্চাৎ দিক; পশ্চাতে, পিছনে; পরে। 'পশ্চাৎ' শব্দজ। বি বা ক্রি-বিণ।

পিছুটান—পিছটান দ্রঃ।

পিছুমোড়া—পিছমোড়া দ্রঃ।

পিছে—পিছনে, পশ্চাতে, পরে। 'পশ্চাৎ' শব্দজ। বি, অধি ৭মী।

পিঞ্জর—স্বর্ণ; পিঁজরা; খাঁচা। পিন্‌জ্ (বাস করা)+অর করণবা বা অধিবা। বি; ক্লীব।

পিঞ্জা, পিঞ্জিকা—পাঁইজ; তুলা; হরিদ্রা। পিন্‌জ্+ঘঞ্ কর্ম্মবা, করণবা, পক্ষে কন্+আপ্। বি; স্ত্রী।

পিট—তাস খেলায় একবারে নিক্ষিপ্ত তাস, জিতা তাস; পক্ষ; পৃষ্ঠ। দেশজ। বি।

পিটটান—পলায়ন, চম্পট; প্রস্থান। দেশজ। বি।

পিটন, পিটনি, পিটুনি—মার, আঘাত; ঘা। দেশজ। বি।

পিটনা, পিটনে—ছাদ মেঝে প্রভৃতি পিটিবার কাষ্ঠময় যন্ত্র। পিট্+অনা, অনে করণবা। বি।

পিটপিট—সামান্য বৃষ্টির শব্দ; মিটমিট; খিটখিট, অসন্তোষপ্রকাশ; শুচিবাই। দেশজ। অব্য। বিণ, পিট্‌পিটে।

পিটলী, পিটালী, পিঠালী, পিটুলি, পিঠুলী—পিষ্ট আতপ তণ্ডুল, সামান্য জলে গোলা আলো চাউল বাঁটা; বৃক্ষবিশেষ। প্রাদে। বি।

পিটা, পেটা—আঘাত করা মারা; ঘা দিয়া শব্দ করা, বাজান; দুরমুশ করা; খেলা ('তাস—')। বাং ক্রি।

পিটান, পিটন, পেটান—আঘাত দেওয়া, মারা; অপরের দ্বারা মার দেওয়া। বাং ক্রি।

পিটুনি—প্রহার। প্রাদে। বি। **পিটুনি পুলিশ**—দুর্দ্দান্ত লোকদের দমনের জন্য স্থানীয় লোকের উপর কর ধার্য্য করিয়া যে পুলিশবাহিনী বসান হয় (Punitive Police)

পিঠ—পৃষ্ঠদেশ; পশ্চাৎ। 'পৃষ্ঠ' শব্দজ। বি।

পিঠটান—পিটটান (তাহা দ্রঃ)।

পিঠা—পূপ। 'পিষ্টক' শব্দজ। বি।

পিঠাপিঠি—পৃষ্ঠে পৃষ্ঠে সংলগ্ন; পরে পরে (ভাত)। দেশজ। বিণ বা ক্রি-বিণ।

পিঠালী, পিঠুলী—পিটলী দ্রঃ।

পিড়ক—ব্রণ, ফুস্কুড়ি। বি; পুং। স্ত্রী,—কা।

পিড়া, পিড়ী—কাষ্ঠাসন; বেদী। 'পীঠ' শব্দজ। বি।

পিণ্ড—১। পিতৃলোকের উদ্দেশে দেয় বর্ত্তুলাকার ভক্ষ্যবস্তু; গ্রাস; গোলাকার বস্তু, ডেলা; দাওয়া; যজুর্ব্বেদীয়দিগের পিতৃদেয় বর্ত্তুলাকার ভক্ষ্যবস্তু; জীবিকা।

বি ; পুং । ২ । সংহত ; সান্দ্র । পিণ্ড+ঘঞ্ কর্ম্মবা । বিণ ।

পিণ্ডখর্জ্জু(র্জ্)র—চটকান খেজুর । পিণ্ড-সদৃশ খর্জ্জুর, মধ্যপ কর্ম্মধা । বি ; পুং ।

পিণ্ডজীবী (-বিন্)—দেবকার্য্যে উৎসৃষ্ট দ্রব্য ভক্ষণকারী ; শ্রাদ্ধদ্রব্যভোজী । উপতৎ । পিণ্ডজীব্+ণিন্ কর্ত্তৃবা । বিণ । স্ত্রী, -বিনী ।

পিণ্ডদ—পিণ্ডদানকর্ত্তা ; অন্নদাতা । উপতৎ । পিণ্ড-দা+ক কর্ত্তৃবা । বিণ ।

পিণ্ডদান—পিতৃলোকের উদ্দেশ্যে অন্নপিণ্ড উৎসর্গ করণ । ৬ষ্ঠীতৎ । বি ; ক্লীব ।

পিণ্ডাকার, -কৃতি—গোলাকার ; ডেলার মত । পিণ্ডের আকার বা আকৃতির ন্যায় আকার বা আকৃতি যাহার, বহুব্রী । বিণ ।

পিণ্ডারী—ইতিহাস-প্রসিদ্ধ ডাকাতদল । বৈদে । বি ।

পিণ্ডি—পিণ্ড । গ্রাম্য । বি ।

পিতঃ—হে জনক বা পিতৃদেব । পিতৃ শব্দের সংস্কৃত সম্বোধন পদ । বি ; পুং ।

পিতল, পেতল—পিত্তল (তাহা দ্রঃ) ।

পিতা (পিতৃ)—জনক, জন্মদাতা, বাপ ; পালনকর্ত্তা ; জনকজননী উভয় ; জনকতুল্য গুরুজন, যথা—অন্নদাতা, ভয়ত্রাতা, শ্বশুর, জন্মদাতা, উপনেতা, এই পঞ্চজন ; কেহ কেহ এতদ্ভিন্ন জ্ঞানদাতা অর্থাৎ অধ্যাপক ও জ্যেষ্ঠ ভ্রাতাকেও পিতৃতুল্য বলিয়া থাকেন, সুতরাং তাঁহাদের মতে সপ্তপিতা ; অগ্নিষ্বাত্ত সৌম্য হবিষ্মান্ উষ্মপ সুকালী বর্হিষদ্ আজ্যপ এই সপ্ত পিতৃপুরুষ । পা (রক্ষা করা, পালন করা)+তৃচ্ কর্ত্তৃবা । বি ; পুং ।

পিতামহ—ব্রহ্মা ; পিতার পিতা, ঠাকুর-দাদা । পিতা দ্রঃ । পিতৃ শব্দ+ডামহ । বি ; পুং ।

পিতামহী—পিতামহপত্নী, পিতার মাতা, ঠাকুরমা । পিতামহ+স্ত্রীলিঙ্গে ঙীপ্ । বি ; স্ত্রী ।

পিতুঃষ্বসা (-ষ্বসৃ), -ষ্বসা (-ষ্বসৃ)—পিতার ভগিনী, পিসী । অলুক্ ৬ষ্ঠীতৎ । বি ; স্ত্রী ।

পিতৃ—পিতা দ্রঃ ।

পিতৃ-ঋণ—পিতার ঋণ ; পুত্রের প্রতি কৃত পিতার রক্ষণ-পালনাদি জন্য তৎপ্রতি পুত্রের ঋণ । ৬ষ্ঠীতৎ । বি ; ক্লীব ।

পিতৃকল্প—১ । পিতৃগণের উদ্দেশে শ্রাদ্ধাদি কর্ম্ম । মধ্যপ কর্ম্মধা । বি ; পুং । ২ । পিতার তুল্য । পিতৃ+কল্পপ্ ঈষদূনার্থে । বিণ ।

পিতৃকার্য্য(র্য), -কৃত্য, -ক্রিয়া—শ্রাদ্ধতর্পণাদি । পিতৃসম্বন্ধীয় কার্য্য, কৃত্য, ক্রিয়া, মধ্যপ কর্ম্মধা । বি ; ক্লীব ও স্ত্রী ।

পিতৃকুল—পিতার বংশ, পিতৃগোত্র । ৬ষ্ঠীতৎ। বি ; পুং ।

পিতৃগণ—অগ্নিষ্বাত্তাদি সপ্ত পূর্ব্বপুরুষগণ । পিতা দ্রঃ । ৬ষ্ঠীতৎ । বি ; পুং ।

পিতৃগৃহ—পিত্রালয় ; শ্মশান । ৬ষ্ঠীতৎ । বি ; ক্লীব ।

পিতৃঘাতক, -ঘাতী (-ঘাতিন্)—পিতৃহত্যাকারী । পিতৃ-হন+ণিন্ কর্ত্তৃবা । বিণ ; পুং । স্ত্রী, -তিকা, -তিনী ।

পিতৃঘ্ন—পিতৃহত্যাকারী । উপতৎ । পিতৃ-হন্+ক কর্ত্তৃবা । বিণ । স্ত্রী, -ঘ্নী ।

পিতৃতর্পণ—পিতৃতীর্থ ; পিতৃলোকের তৃপ্ত্যর্থে জলদানক্রিয়া । ৬ষ্ঠীতৎ । বি ; ক্লীব ।

পিতৃতিথি—পিতৃলোকের শ্রাদ্ধযোগ্য তিথি ; অমাবস্যা । বি ; স্ত্রী ।

পিতৃতীর্থ—হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্য-স্থান ; এই তীর্থ পিতৃকার্য্যে প্রশস্ত ; গয়াধাম । ৬ষ্ঠীতৎ । বি ; ক্লীব ।

পিতৃত্ব—পিতা হওয়ার অবস্থা ; পিতার ভাব । পিতৃ+ত্ব ভাবে । বি ; ক্লীব ।

পিতৃদায়—পিতার মরণজনিত সঙ্কট, মৃত-পিতার শ্রাদ্ধাদিনির্ব্বাহরূপ কঠিন কার্য্য । মধ্যপ কর্ম্মধা । বি ; পুং ।

পিতৃদেব—আরাধ্য পিতা । উপমিত কর্ম্মধা । বি ; পুং ।

পিতৃপক্ষ—১ । প্রেতপক্ষ, গৌণ আশ্বিনের

কৃষ্ণপক্ষ। পিতৃপ্রিয় পক্ষ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। পিতার সম্পর্কীয় আত্মীয়বর্গ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পিতৃপতি—শমন, যম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পিতৃপুরুষ—পিতা পিতামহাদি ঊর্দ্ধতন পুরুষ। কর্ম্মধা। বি; পুং।

পিতৃবৎ—পিতৃতুল্য, বাপের মত। পিতৃ+ বতিচ্। অব্য।

পিতৃবন্ধু—পিতার পিতার ভগিনীর পুত্রগণ, পিতার মাতার ভগিনীর পুত্রগণ, পিতার মাতুলপুত্রগণ, এই সকল পিতৃবন্ধু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পিতৃবান্ধব—পিতার মাতা পিতা ভ্রাতা, পিতার ভ্রাতার ভগিনীর পুত্র, পিতার সহোদর, এই সকল পিতৃবান্ধব। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পুং।

পিতৃবিয়োগ—পিতার মৃত্যু। ৬ষ্ঠীতৎ।

পিতৃব্য—পিতার ভ্রাতা, খুড়া, জ্যেঠা। পিতার ভ্রাতা এই অর্থে পিতৃ+ব্য। বি; পুং।

পিতৃভক্ত—পিতার প্রতি ভক্তিমান্। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ক্তা। বি,—ভক্তি।

পিতৃমাতৃহীন—যাহার মা বাপ নাই। বিণ। [ব্যাকরণমতে মাতাপিতৃহীন]।

পিতৃযজ্ঞ—তর্পণ; শ্রাদ্ধ। পিত্রুদ্দিষ্ট যজ্ঞ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পিতৃলোক—চন্দ্রলোকস্থ স্থানবিশেষ; অগ্নিষ্বাত্তাদি সপ্ত পূর্ব্বপুরুষগণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পিতৃষ্বসা,—স্বসা (—স্বসৃ)—পিতার ভগিনী, পিসী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পিতৃষ্ব(স্ব)সেয়, —স্বস্রেয়—পিতার ভগিনীর পুত্র, পিসতুত ভাই। পিতৃষ্ব(স্ব)সৃ শব্দ (পিসী)+এয় অপত্যার্থে। বি; পুং। স্ত্রী,—ষসেয়ী, —স্বসেয়ী, —স্বস্রেয়ী।

পিতৃষ্ব(স্ব)স্রীয়—পিতার ভগিনীর পুত্র, পিসতুত ভাই। পিতৃষ্ব(স্ব)সৃ (পিসী)+ঈয় অপত্যার্থে। বি; পুং। স্ত্রী,—স্রীয়া।

পিতৃস্থানীয়—পিতার ন্যায় পূজার্হ; পিতৃস্থলাভিষিক্ত। পিতৃ (পিতা)+স্থানীয় তুল্যার্থে। বিণ। [ফেলা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পিতৃহত্যা—পিতৃবধ, পিতাকে মারিয়া

পিতৃহন্তা (—হন্তৃ)—পিতৃঘাতক, পিতার প্রাণনাশক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ন্ত্রী।

পিতৃহীন—যাহার পিতা মারা গিয়াছে এরূপ, মৃতপিতৃক। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

পিত্ত—দেহস্থ ধাতুবিশেষ; শরীরে অগ্নি বা তাপজনক ধাতু। অপি—দে (পালন করা) +ক্ত কর্ত্তৃবা। বি; ক্লীব। **পিত্ত পড়া**—ক্ষুধাকালে খাদ্যাভাবে বৃথা পিত্তস্রাব হওয়া।

পিত্তকোষ—পিত্তাধার, পিত্তাশয় (Bile bladder). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পিত্তঘ্ন—পিত্তনাশক। পিত্ত—হন্ (বধ করা) +টক্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ঘ্নী।

পিত্তরক্ষা—ক্ষুধার সময় যৎকিঞ্চিৎ ভোজন করা; (ব্যঙ্গার্থে) নামমাত্র আকাঙ্ক্ষা নিবৃত্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পিত্তল—তাম্র ও সীসামিশ্রিত ধাতুবিশেষ, তৈজস, পিতল। পিত্ত—লা (গ্রহণ করা) +ক কর্ত্তৃবা। বি; ক্লীব।

পিত্তাশয়—পিত্তকোষ (তাহা দ্রঃ)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পিত্তি—পিত্ত; ঘৃণা; অরুচি; বিরাগ। 'পিত্ত' শব্দজ। বি।

পিত্তিরক্ষা—যৎকিঞ্চিৎ দ্বারা কোনওমতে নিয়মরক্ষা মাত্র, যৎসামান্য আহার। ৬ষ্ঠীতৎ। বি।

পিত্রালয়—পিতৃগৃহ, বাপের বাড়ী। পিতার আলয় (পিতৃ+আলয়), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পিদিম, পিদ্দিম, পিদিপ—আলো। 'প্রদীপ' শব্দজ। বি।

পিধান—১। আচ্ছাদন, আবরণ; পরিধান, পরা। অপি—ধা (ধারণ করা)+অনট্ ভাববা। ২। ঢাকনি; খড়্গকোষ। অপি—ধা+অনট্ করণবা। বি; ক্লীব।

পিন—কাঁটা, ক্ষুদ্র পেরেক, আলপিন; বস্ত্রাদি আটকাইবার কাঁটা। ইং Pin. বি।

পিনদ্ধ—পরিহিত ; বদ্ধ ; আবৃত। অপি—নহ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

পিনাক—শিবের ধনুঃ ; ত্রিশূল ; ধূলিবৃষ্টি। পা (রক্ষা করা)+আক কর্ত্তৃবা। বি ; পুং বা ক্লীব।

পিনাকপাণি—শিব। পিনাক পাণিতে যাঁহার, বহুব্রী। বি ; পুং।

পিনাকী (-কিন্)—মহাদেব। পিনাক +ইন্ অস্ত্যর্থে। বি ; পুং।

পিনাফোর—শিশুর বহির্ব্বাস, শিশুর গলা হইতে বুক ও পিঠের উপর বস্ত্রাবরণবিশেষ। ইং Pinafore. বি।

পিনালকোড—দণ্ডবিধি। ইং Penal Code. বি।

পিনাস, পিনেস—নাসারোগবিশেষ, নাসিকাব্রণ। দেশজ। বি।

পিনিস, পিনেস—বড় পানসী নৌকা, ভাউলিয়া। ইং Pinnace. বি।

পিন্ধন—পরিধান ; পরিধেয়। প্রাঃ কবিপ্র। বি। [ক্রি।

পিন্ধা—পিঁধা, পরা, পরিধান করা। কবিপ্র।

পিপড়া—পিপীলিকা। 'পিপীলিকা' শব্দজ। বি।

পিপা, পিপে—নল ; ঢোলের মত পাত্র-বিশেষ। পোর্ত্তু 'Pipa' শব্দজ। বি।

পিপাসা—জলপানেচ্ছা, তৃষ্ণা। সনন্ত পা (=পিপাস)+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

পিপাসিত—পিপাসাযুক্ত, তৃষিত। পিপাসা +ইত যুক্তার্থে। বিণ। স্ত্রী,—তা।

পিপাসী (-সিন্)—পিপাসাযুক্ত, তৃষিত। পিপাসা+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—সিনী।

পিপাসু—তৃষিত, পানেচ্ছু। সনন্ত পা (=পিপাস)+উ কর্ত্তৃবা। বিণ।

পিপীলিকা—হীনাঙ্গী, ক্ষুদি পিপীড়া, পিঁপড়ে। অপি—পীল্+ণক কর্ত্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

পিপুল, পিঁপুল—পিপ্পলী, গোলমরিচ-জাতীয় ফলবিশেষ। 'পিপ্পলী' শব্দজ। বি।

পিপ্পলি, পিপ্পলী—পিপুল। পা (রক্ষা করা)+অলি কর্ত্তৃবা, ২য়পক্ষে তদুত্তরে ঈপ্। বি ; স্ত্রী। [বি।

পিয়ন—পেয়াদা, পত্রবাহক। ইং Peon.

পিয়া—প্রিয়তম, প্রণয়ী ; আদরণীয়। প্রাঃ কবিপ্র। 'প্রিয়' শব্দজ। বি।

পিয়াজ, পেঁয়াজ—পলাণ্ডু। ফার্সী। বি।

পিয়াজী, পেঁয়াজী—ফিকে বেগুনী, পিয়াজ রঙের। পিয়াজ, পেঁয়াজ+ঈ। বিণ।

পিয়াদা—পেয়াদা (তাহা দ্রঃ)।

পিয়ান—পান করান। বাং ক্রি।

পিয়ানো—অর্গ্যান, বৃহৎ বাদ্যযন্ত্রবিশেষ। ইতালীয় শব্দ Piano. বি।

পিয়ার—১। প্রিয়, আদরণীয় ; প্রণয়ী। বিণ। ২। প্রণয়, প্রেম, আদর। 'প্রিয়কার' শব্দজ। বি।

পিয়ারা—১। স্বনামখ্যাত ফলবিশেষ (Guava). দেশজ। বি। ২। প্রিয়, আদর-ণীয়। হিন্দীমূলক। বিণ। স্ত্রী,—রী।

পিয়ারি, পিয়ারী—আদরিণী, প্রণয়িনী। হিন্দী। বি বা বিণ ; স্ত্রী।

পিয়াল—রাজাদন বৃক্ষ ; আম্রাতক বৃক্ষ। 'প্রিয়াল' শব্দজ। বি। [ফার্সী। বি।

পিয়ালা, পেয়ালা—পানপাত্র, বাটি।

পিয়াস—পিপাসা ; প্রয়াস ; প্রত্যাশা, আকাঙ্ক্ষা। প্রাঃ কবিপ্র। বি।

পিয়াসা—পিপাসা, তৃষ্ণা ; প্রয়াসবিশিষ্টা। প্রাঃ কবিপ্র। বি বা বিণ।

পিয়াসী, পিয়াসু—পিপাসী, তৃষিত ; প্রয়াসী, প্রত্যাশী, আকাঙ্ক্ষী। প্রাঃ কবিপ্র। বিণ।

পির, পীর—ভগবৎপ্রেরিত মহাপুরুষ, সাধু মহাত্মা, পয়গম্বর, নবী। ফার্সী। বি।

পিরান—ঢিলা জামাবিশেষ। ফার্সী 'পৈরাহান' শব্দজ। বি।

পিরামিড—ইট বা পাথরের স্তূপের উপর ত্রিকোণাকার মন্দির ('মিসরের—')। ইং Pyramid. বি।

পিরালি, —লী, পীরালী— পীর

আলী নামক মুসলমান ভৃত্যের খাদ্যের আঘ্রাণজনিতদোষস্পৃষ্ট বঙ্গীয় ব্রাহ্মণবংশ। ফার্সীমূলক। বি। [বি।

পিরিচ—রেকাবি। পোর্ত্ত 'Pires' শব্দজ।

পিরীত, পিরীতি, পীরিতি—প্রেম; অবৈধ প্রণয়। 'প্রীতি' শব্দজ। কবিপ্র। বি।

পিল—১। হস্তী, গজ; দাবা খেলার গজ (Bishop). ফার্সী। বি। ২। ঔষধের বড়ি। ইং Pill. বি। [ফার্সী। বি।

পিলখানা, পীলখানা—হস্তিশালা।

পিল্‌পা, পিল্‌পে—জমির সীমানা-জ্ঞাপক স্তম্ভ, থাম। পিলের (হাতীর, ফার্সী শব্দ) পা, ৬ষ্ঠীতৎ, সদৃশার্থে। বি।

পিলপিল—পিপীলিকা প্রভৃতির ন্যায় একত্র সমাবেশ; গর্ত্ত হইতে বহির্নিঃসরণ। দেশজ। অব্য।

পিলসুজ—পিত্তলাদি ধাতু-নির্ম্মিত স্তম্ভাকার দীপাধার, দীপগাছা। আর্বী 'ফতিলসোজ' শব্দজ। বি।

পিলু—রাগিণীবিশেষ। দেশজ। বি।

পিলে, পিলা—প্লীহা। 'প্লীহন্' শব্দজ। বি।

পিশঙ্গ—পিঙ্গলবর্ণ; পিঙ্গলবর্ণযুক্ত। পিশ্ (অবয়ব হওয়া)+অঙ্গচ্ কর্ত্তৃবা। বি; পুং বা বিণ।

পিশা—পিতৃষ্বসৃপতি, পিতার ভগিনীপতি। পিশি+আ স্বামী অর্থে। বি।

পিশাচ—দেবযোনিবিশেষ, ভূতপ্রেত, পিচাশ; অতি নিষ্ঠুর ও পাপিষ্ঠ; কৃপণ, নীচাশয়। পিশিত (মাংস)—অশ্ (ভোজন করা)+অণ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—চী।

পিশাচমোচন—কাশীস্থ গঙ্গার ঘাটবিশেষ। ইহা কাশীর পশ্চিমদিকে নগরীর সীমার বাহিরে অবস্থিত। পিশাচের মোচন (মুক্তি) হয় যেখানে, বহুব্রী। বি; ক্লীব।

পিশিত—মাংস, ক্রব্য। পিশ্ (খণ্ড করা)+ক্ত কর্ম্মবা। বি; ক্লীব।

পিশী, পিশীমা-পিতৃষ্বসা, পিতার ভগিনী। 'পিতৃষ্বসৃ' শব্দজ। বি; স্ত্রী।

পিশুন—১। কুৎসা রটনকারী; খল, ক্রূর; কুটিল; পরস্পর ভেদশীল; হিংস্র; সূচক (চরবিশেষ)। পিশ্ (খণ্ড করা)+উনন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না। ২। দুর্জ্জন। প্রাঃ কবিপ্র। বি।

পিষা—পেষণ করা, মর্দ্দন করা, ঘর্ষণ করা, দলন করা, বাঁটা। বাং ক্রি। বি, পেষাই।

পিষ্ট—১। চূর্ণিত; মর্দ্দিত। বিণ। স্ত্রী, পিষ্টা। ২। পূপ, পিঠা; সীসক। পিষ্ (চূর্ণ করা)+ক্ত কর্ম্মবা। বি; ক্লীব।

পিষ্টক—অপূপ, পিঠা, রুটি প্রভৃতি; তিল-চূর্ণ। পিষ্ট+কন্ স্বার্থে। বি; পুং বা ক্লীব।

পিষ্টোদক—তণ্ডুলচূর্ণ-মিশ্রিত জল, পিটালি-গোলা জল। পিষ্ট (তণ্ডুলচূর্ণ) মিশ্রিত যে উদক, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

পিসতুত—পিসীর সন্তান এই সম্পর্কে সম্পর্কিত। দেশজ। বিণ।

পিসশ্বশুর—স্বামীর বা স্ত্রীর পিসা। দেশজ। বি; পুং। স্ত্রী,—শাশুড়ী।

পিসা, পিসে—পিসীর স্বামী, ফুপা। পিসি+আ, এ স্বামী অর্থে। বি; পুং।

পিসাত—পিসতুত। প্রাদে। বিণ।

পিসাস, পিসেস—পিসশাশুড়ী। দেশজ। বি।

পিসি, পিসী, পিসীমা—পিতার ভগিনী, পিতৃষ্বসা পিসিমা। দেশজ। বি।

পিস্তল—ছোট বন্দুকবিশেষ। ইতালীয় 'Pistola' শব্দজ। বি।

পিহিত—আচ্ছাদিত; পিধান বা খাপে রুদ্ধ; তিরোহিত। অপি—ধা (ধারণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

পীঁড়া, পীঁড়ি—পিঁড়া, পিঁড়ি দ্রঃ।

পীচ—পিচ দ্রঃ।

পীঠ—১। উপবেশনাধার; বসিবার চৌকি, টুল, পিঁড়ি; দক্ষযজ্ঞে সতী দেহত্যাগ করিলে যে যে স্থানে তাঁহার শরীরাবয়ব পতিত হইয়াছিল, তাহাকে এক এক পীঠ বলে; প্রতিষ্ঠান। বি; পুং বা ক্লীব। ২। পৃষ্ঠ,

পশ্চাৎ। পিঠ্‌+ক অথবা। প্রাঃ কবিপ্র। বি।

পীঠন্যাস—প্রকৃত্যাদি পীঠদেবতাসম্বন্ধীয় তন্ত্রোক্ত ন্যাসবিশেষ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পীঠমর্দ্দ(র্দ)—নায়কবিশেষ; নায়কের সহায়-বিশেষ। পীঠ—মৃদ্‌ (মর্দ্দন করা)+অচ্‌ কর্ত্তৃবা। বি; পুং।

পীঠস্থান—দক্ষযজ্ঞে সতী দেহত্যাগ করিলে যে যে স্থানে তাঁহার অঙ্গ পড়িয়াছিল; প্রাচীন তীর্থ ও দেবালয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পীড়ক—পীড়নকারী, পীড়াদায়ক। পীড়্‌+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ড়িকা।

পীড়ন—ক্লেশপ্রদান; নিপীড়ন; অভিভব; সাগ্রহ গ্রহণ ('পাণি—')। পীড়্‌ (পীড়ন করা) +অনট্‌ ভাববা। বি; ক্লীব।

পীড়া—১। ব্যথা, ক্লেশ, দুঃখ; রোগ; শিরোমালা। পীড়্‌ (পীড়ন করা)+অ ভাববা +আপ্‌। বি; স্ত্রী। ২। পীড়ন করা। কবিপ্র। ক্রি।

পীড়াদায়ক—ক্লেশজনক, দুঃখকর; রোগ-জনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—য়িকা।

পীড়াপীড়ি—উৎপীড়ন, সনির্ব্বন্ধ অনুরোধ। দেশজ। বি।

পীড়ি—কাষ্ঠাসন, বেদী। 'পীঠ' শব্দজ। বি।

পীড়িত—ব্যথিত, ক্লেশিত, দুঃখিত; রুগ্ণ; উচ্ছিন্ন; মর্দ্দিত। পীড়্‌ (পীড়ন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

পীড্যমান—যাহাকে পীড়া দেওয়া হইয়াছে এরূপ, ব্যথ্যমান, ক্লিশ্যমান। পীড়্‌ (পীড়া দেওয়া)+শানচ্‌ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

পীত—১। হরিদ্রাবর্ণ। বি; পুং। ২। হরিদ্রাবর্ণযুক্ত; যাহা পান করা হইয়াছে এরূপ। পা+ক্ত কর্ম্মবা। ৩। যে পান করিয়াছে এরূপ। পীত (পান)+অচ্‌ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, পীতা। [অর্থে)।

পীতবসন, পীতবাস—পীতাম্বর (সকল

পীতবাসাঃ(—বাসস্‌), —বাসা—শ্রীকৃষ্ণ। পীত বাসঃ (বস্ত্র) যাঁহার, বহুব্রী। বি; পুং।

পীতাম্বর—১। পীতবসনধারী, হলুদে কাপড়-পরা। পীত হইয়াছে অম্বর (বস্ত্র) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। শ্রীকৃষ্ণ, বিষ্ণু। বি; পুং। ৩। হলুদে কাপড়। কর্ম্মধা। বি; ক্লীব।

পীন—স্থূল ('—পয়োধর'); বৃদ্ধিপ্রাপ্ত, প্রবৃদ্ধ; সম্পন্ন। প্যায়্‌ (বৃদ্ধি পাওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

পীনস—নাসিকারোগবিশেষ, পীনাস। পীন (স্থূল)—সো+ক কর্ত্তৃবা। বি; পুং।

পীনোঘ্নী—স্থূলস্তনবিশিষ্টা গবী। পীন (স্থূল) হইয়াছে উধঃ (উধস্‌=গোস্তন) যাহার (যে গবীর), বহুব্রী। বি; স্ত্রী।

পীনোন্নত—স্থূল ও উচ্চ, মোটা এবং উঁচু। পীন অথচ উন্নত, কর্ম্মধা। বিণ।

পীনোন্নতপয়োধরা—স্থূল ও উচ্চ স্তন-বিশিষ্টা (নারী)। পীনোন্নত পয়োধর যে স্ত্রীর, বহুব্রী। বিণ; স্ত্রী।

পীবর—উপচিতাবয়ব, স্থূল; প্রবৃদ্ধ; বলিষ্ঠ। প্যৈ (বৃদ্ধি পাওয়া)+ষ্বরচ্‌ কর্ত্তৃবা। বিণ।

পীযূষ—অমৃত, সুধা। পীয়্‌ (প্রীত করা)+উষন্‌ কর্ম্মবা। বি; ক্লীব।

পীর—মহাপুরুষ; মুসলমান সাধু মহাত্মা। ফার্সী। বি।

পীরিতি—পিরীত দ্রঃ।

পীরোত্তর—পীরের উদ্দেশে দত্ত নিষ্কর ভূমি। 'পীরত্র' শব্দজ। বি।

পীল—পিল (তাহা দ্রঃ)

পীলসুজ—পিলসুজ (তাহা দ্রঃ)।

পীলা, পীলিহা, পীলে—প্লীহা শব্দের অপভ্রংশ।

পীলু—রাগিণীবিশেষ। বৈদে। বি।

পুং—পুরুষ; পুরুষজাতীয়। 'পুনস্‌' শব্দজ। বি।

পুংকেশর—ফুলের মাঝেকার সূত্র ও পরাগ-কোষযুক্ত কেশর। পুংচিহ্নিত কেশর, মধ্যপ কর্ম্মধা। বি। [বি; পুং।

পুংবৎস—পুরুষজাতীয় বাছুর। কর্ম্মধা।

পুংবাচক—পুরুষজাতিবোধক। পুমানের বাচক, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—চিকা।

পুংলিঙ্গ—১। পুরুষবাচক শব্দ। বহুব্রী। বি; পুং। ২। পুংচিহ্ন, শিশ্ন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পুংশ্চলী—অসতী, কুলটা, ভ্রষ্টা স্ত্রী, ব্যভিচারিণী কামিনী; ধৃষ্টা, দুষ্টা। পুমস্ (পুরুষ)—চল্ (চলা)+অচ্ কর্ত্তৃবা +ঈপ্। বি; স্ত্রী।

পুংশ্চিহ্ন—পুরুষের জননেন্দ্রিয়, শিশ্ন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পুংসবন—গর্ভিণীর দ্বিতীয় বা তৃতীয় মাসে (পুত্রসন্তান কামনায়) কর্ত্তব্য সংস্কারবিশেষ। পুমস্ (পুরুষ)—সু (প্রসব করা)+অনট্ করণবা। বি; ক্লীব।

পুংস্কোকিল—পুরুষ পিকপক্ষী। পুমান্ (পুরুষ) যে কোকিল, কর্ম্মধা। বি; পুং।

পুংস্ত্ব—পুরুষত্ব; পৌরুষ; মনুষ্যত্ব; শুক্র; পুংলিঙ্গত্ব। পুমস্ (পুরুষ)+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

পুঃ—১। পুনরায় দ্রঃ। 'পুনর্' শব্দের সংক্ষেপ। ২। দ্বিঃ। দেশজ। অব্য।

পুঁই—লতা-শাকবিশেষ, পুতিকা। 'পুতিকা' শব্দজ। বি।

পুঁইমেটুলি—পুঁইএর বীজ, পুঁইবীজের রংবিশিষ্ট। দেশজ। বি বা বিণ।

পুঁইয়া, পুঁয়ে—পুঁই গাছের মত লতানিয়া। পুঁই+আ, এ সদৃশার্থে। বিণ। **পুঁয়ে পাওয়া**—শিশুর ক্রমশঃ রোগা হওয়া।

পুঁছা—মুছা, মার্জ্জনাপূর্ব্বক পরিষ্কার করা; লোপ করা। 'প্রোঞ্ছ' ধাতুজ। বাং ক্রি।

পুঁজ—দুষ্টরক্ত; পূয। 'পূয' শব্দজ। বি।

পুঁজি, পুঁজী—মূলধন; আসল; জমা টাকা; মোট সম্পত্তি। 'পুঞ্জ' শব্দজ। বি।

পুঁজিপতি—যাহার প্রচুর জমান টাকা আছে; ধনিক। ৬ষ্ঠীতৎ। বি।

পুঁজিপাটা—সঞ্চিত বিষয়াদি। পুঁজি+পাটা (সহগ শব্দ)। বি।

পুঁটলী, পুঁটুলী—কাপড়ে বাঁধা দ্রব্যসমূহ, গাঁঠরী। দেশজ। বি।

পুঁটী—ক্ষুদ্র মৎস্যবিশেষ, প্রোষ্ঠী; ছোট বালিকা। 'প্রোষ্ঠী' শব্দজ। বি।

পুঁটে—মালাদির সংযোগস্থলের থোপনা; বলয়াদি গহনার মুখ; ঘুণ্টি। দেশজ। বি।

পুঁড়া—ধান্যাদি রাখিবার খড়নির্ম্মিত বৃহৎ আধারবিশেষ। দেশজ। বি।

পুঁতি—১। অতি ক্ষুদ্র বিবিধবর্ণ কাচময় মাল্যগুটিকা। প্রাদে। বি। ২। পুঁথি। 'পুস্তিকা' শব্দজ। বি।

পুঁথি—পুস্তক, বই। 'পুস্তিকা' শব্দজ। বি।

পুঁথিগত—পুস্তকস্থ, গ্রন্থমধ্যে নিবিষ্ট, যাহা পুস্তকমধ্যস্থ হইয়া আছে কিন্তু মনে নাই। ২য়াতৎ। বিণ। ['পুষ্কর' শব্দজ। বি।

পুকুর, পুখুর—পুষ্করিণী, সরোবর, জলাশয়।

পুঙ্খ(ংখ)—কাণ্ডমূল; মূল; বাণমূল, শরের পক্ষস্থান। পুমস্ শব্দ—খন্ (বিদারণ করা) +ড কর্ত্তৃবা। বি; পুং।

পুঙ্খা(ংখা)নুপুঙ্খ(ংখ)—মূল হইতে মূলদেশ পর্য্যন্ত, সূক্ষ্মাণুসূক্ষ্ম, সবিশেষ প্রণিধান, তন্নতন্ন। পুঙ্খ ও অনুপুঙ্খ, দ্বন্দ্ব। বিণ বা ক্রি-বিণ।

পুঙ্গ(ংগ)ব—১। বৃষ, ষাঁড়। পুমান্ (পুরুষ) যে গো (গরু), কর্ম্মধা। বি; পুং। ২। (শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠ। বিণ।

পুচকে—ছোট (ছোঁড়া)। দেশজ। বিণ।

পুচ্ছ—লাঙ্গুল, লেজ; পশ্চাদ্ভাগ। পুচ্ছ্+অচ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।

পুচ্ছী (পুচ্ছিন্)—পুচ্ছযুক্ত, লাঙ্গুলবিশিষ্ট। পুচ্ছ+ইন্ যুক্তার্থে। বিণ। স্ত্রী,—চ্ছিনী।

পুছা—প্রশ্ন করা, জিজ্ঞাসা করা; খোঁজ লওয়া; গ্রাহ্য করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

পুঞ্জ—রাশি, স্তূপ, সঙ্ঘ, সমূহ। পুমস্ শব্দ (পুরুষ)—জি+ড কর্ত্তৃবা। বি; পুং।

পুঞ্জাক্ষি—(প্রাণিবিদ্যায়) কীট পতঙ্গ প্রভৃতির পুঞ্জীভূত ছোট ছোট চক্ষু। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

পুঞ্জি—পুঁজি। 'পুঞ্জ' শব্দজ। বি।

পুঞ্জীভূত—রাশীভূত; সমূহ; রাশীকৃত। পুঞ্জ+চি্ব অভূততদ্ভাবার্থে (=পুঞ্জী)—ভূ +ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

পুঞ্জীকৃত—রাশীকৃত, যাহা জমান হইয়াছে। পুঞ্জ—চি্ব অভূততদ্ভাবার্থে (=পুঞ্জী)—কৃ+ ক্ত কর্ম্মবা। বিণ।

পুট—১। পত্রাদিরচিত পাত্র, ঠোঙ্গা; আবরণ, খাপ; অঞ্জলি; কৌটা; মুচি (Crucible); যুগ্ম; অশ্বখুর। পুট্+ক কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। শিরদাঁড়া হইতে স্কন্ধের সন্ধি পর্য্যন্ত স্থান। ইং 'Pit' শব্দজ। বি। [কন্। বি; ক্লীব।

পুটক—পত্রাদিরচিত পাত্র; পদ্ম। পুট্+

পুটপাক—গোময়াদিরচিত ঠুসিতে ঔষধাদি পাক। ৭মীতৎ। বি; পুং।

পুটহাতা, পুট-আস্তীন—শিরদাঁড়া হইতে মণিবন্ধ পর্য্যন্ত স্থান। দেশজ। বি।

পুটিং—খড়িগুঁড়া মসিনার তেল প্রভৃতির মিশ্রণে প্রস্তুত পলস্তারাবিশেষ; কাচাদি আঁটিবার প্রলেপবিশেষ। ইং 'Putty' শব্দজ। বি। [বি; স্ত্রী।

পুটিকা—কৌটা; এলা। পুটক+আপ্।

পুটী—পুট, ঠোঙ্গা, দোনা; আচ্ছাদন, আবরণ; কৌপীন। পুট+ঈপ্। বি; স্ত্রী।

পুড়া—১। দগ্ধ হওয়া, জ্বলা, জ্বালা করা। বাং ক্রি। ২। তাড়া, তল্লা, আটি, হালা। প্রাঃ কবিপ্র। বি। [বাং ক্রি।

পুড়ান—দগ্ধ করা; জ্বালান, যন্ত্রণা দেওয়া।

পুডিং—মিষ্টান্ন বা পিষ্টকবিশেষ। ইং Pudding. বি।

পুণ্ড—তিলক, কপালের ফোঁটা। পুন্ড্ (খণ্ডন করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

পুণ্ডরীক—১। শুক্ল পদ্ম; শ্বেত ছত্র; ভেষজ-বিশেষ। পুন্ড্ (খণ্ডন করা)+অরীকন্ কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। অগ্নিকোণের হস্তী; ব্যাঘ্রবিশেষ; নৃপবিশেষ; সর্পবিশেষ, কোষকারবিশেষ। বি; পুং।

পুণ্ডরীকাক্ষ—১। পদ্মপলাশলোচন, পদ্ম-পত্রের ন্যায় বিশাল ও সুন্দর নয়নবিশিষ্ট। বিণ। ২। বিষ্ণু, হরি। পুণ্ডরীকের ন্যায় অক্ষি যাহার, বহুব্রী। বি; পুং।

পুণ্ড্র, পুণ্ড্রক—তিলক, ফোঁটা; ইক্ষু-বিশেষ, পুঁড়ি আক; মাধবীলতা; দৈত্য-বিশেষ; পুণ্ডরীক; দেশবিশেষ; তদ্দেশীয় লোক; পোদ। পুন্ড্ (খণ্ডন করা)+রক্ কর্ম্মবা, ২য় পক্ষে তদুত্তরে কন্। বি; পুং।

পুণ্য—১। সুকৃতি; ধর্ম্ম, শুভাদৃষ্ট। পূ (পবিত্র করা)+য বা ডুণ্য কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। পুণ্যবান, ধর্ম্মশীল; পাবন; পবিত্র; সুন্দর; নির্ম্মল; মনোজ্ঞ। বিণ।

পুণ্যকর্ম্মা(র্ম্মা) (—কর্ম্মন্)—পুণ্যকার্য্য-কারী। পুণ্য কর্ম্ম যাঁহার, বহুব্রী। বিণ; পুং বা স্ত্রী।

পুণ্যকাল—পুণ্যজনক কাল, সূর্য্যাদির রাশি-বিশেষে সংক্রমণ হেতু যে পবিত্র কাল উপস্থিত হয়। কর্ম্মধা। বি; পুং।

পুণ্যকীর্ত্তি(র্তি)—নির্ম্মল কীর্ত্তিশালী, পবিত্র খ্যাতিবিশিষ্ট। পুণ্য কীর্ত্তি যাহার, বহুব্রী। বিণ।

পুণ্যতোয়—পুণ্যজলবিশিষ্ট, পবিত্রসলিল। পুণ্য (পবিত্র) তোয় (জল) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

পুণ্যফল—পুণ্যের পরিপাক, সুকৃতির ফল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পুণ্যবল—ধর্ম্মকর্ম্মজনিত প্রভাব, পুণ্যের জোর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পুণ্যবান্ (—বৎ)—ধর্ম্মশীল, ধার্ম্মিক; ভাগ্যবান্; সুকৃতি; ধন্য। পুণ্য+মতুপ্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী,—বতী।

পুণ্যভাক্ (—ভাজ্)—পুণ্যশালী, ধর্ম্ম-পরায়ণ। পুণ্য—ভজ্ (ভজনা করা)+ণ্বি কর্ত্তৃবা। বিণ। [কর্ম্মধা। বি; স্ত্রী।

পুণ্যভূমি—আর্য্যাবর্ত্ত দেশ; পুণ্যজনক স্থান।

পুণ্যলোক—পাপহীন স্থান; স্বর্গ; ধার্ম্মিক ব্যক্তি। কর্ম্মধা। বি; পুং।

পুণ্যশ্লোক—পুণ্যচরিত্র, পবিত্রচরিত। পুণ্য (পবিত্র) হইয়াছে শ্লোক (কীর্ত্তি, যশঃ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –কা।

পুণ্যা—১। পবিত্রা, ধর্ম্মপরায়ণা। বিণ; স্ত্রী। ২। তুলসী। পুণ্য+আপ্। বি; স্ত্রী। ৩। হালখাতা। 'পুণ্যাহ' শব্দজ। প্রাদে। বি।

পুণ্যসঞ্চয়—সৎকার্য্য দ্বারা পুণ্য অর্জ্জন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুণ্যাত্মা (–ত্মন্)—পুণ্যস্বভাব, ধর্ম্মশীল, পবিত্রচরিত। পুণ্য (পবিত্র) হইয়াছে আত্মা যাহার, বহুব্রী। বিণ।

পুণ্যাহ—পুণ্য দিন, পবিত্র দিবস; নূতন খাতার পত্তন বা নূতন বৎসর উপলক্ষে প্রথম খাজনা আদায়সহ জমিদার প্রভৃতির উৎসববিশেষ। পুণ্য (পবিত্র) যে অহন্ (দিন), কর্ম্মধা+টচ্ সমাসান্ত। বি; ক্লীব।

পুণ্যাহবাচন—শুভকর্ম্মারম্ভে ব্রাহ্মণদ্বারা পুণ্যাহ এই কথা বিধিমত বলান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পুণ্যোদকা—১। পূতসলিলা, পবিত্রতোয়া। বিণ; স্ত্রী। ২। গঙ্গা, যমুনা, সরস্বতী, সিন্ধু, নর্ম্মদা, গোদাবরী, কাবেরী এই সপ্ত পূতসলিলা নদী। পুণ্য উদক যে স্ত্রীর, বহুব্রী। বি; স্ত্রী।

পুৎ—নরকবিশেষ। পূ (পবিত্র করা)+ ক্বিপ্, অপাবা। বি; পুং।

পুত—ছেলে। 'পুত্র' শব্দজ। বি।

পুতলি, পুতুল—পুত্তলিকা, ক্রীড়াপুত্রিকা; নয়নমণি, চক্ষের তারা; [তত্তুল্য] প্রিয় বস্তু। কবিপ্র। বি।

পুতুপুতু—অতি সন্তর্পণের ভাব, খুব যত্ন ও সাবধানতা; ইতস্ততঃ ভাব। দেশজ। বি।

পুতুল—মূর্ত্তি; দেববিগ্রহ, আদরের বস্তু। 'পুত্তল' শব্দজ। বি।

পুতুলপূজা—মূর্ত্তিপূজা। ৬ষ্ঠীতৎ। বি।

পুত্তলক—পুত্তলিকা, পুতুল। পুত্ত—লা (গ্রহণ করা)+ণক কর্ত্তৃবা। বি; পুং।

পুত্তলি, পুত্তলিকা, পুত্তলী—মৃদাদিনির্ম্মিত প্রতিমূর্ত্তি, পুতুল, মানুষ জন্তু প্রভৃতির মূর্ত্তি। পুত্তলি বা পুত্তলী=পুত্ত (গমন করা)+ অল্ ভাববা, তদুত্তরে লা (গ্রহণ করা)+ডি কর্ত্তৃবা। পুত্তলিকা=পুত্তলী+কন্+আপ্। বি; স্ত্রী।

পুত্তিকা—মধুমক্ষিকা, পতঙ্গিকা; পোকা; উই। পুৎ (অব্যক্ত শব্দ)—তন্+ড কর্ত্তৃবা +কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

পুত্র, পুত্র—তনয়, নন্দন, সুত, ছেলে; সন্তান, ছেলে মেয়ে। পুত্র=পুৎ (নরকবিশেষ) —ত্রৈ (ত্রাণ করা)+ক কর্ত্তৃবা; পুত্র=পূ (পবিত্র করা)+ক্ত্র কর্ত্তৃবা। বি; পুং।

পুত্রক, পুত্রক—পুত্র; অনুকম্পান্বিত জন; স্নেহপাত্র; শরভ; বৃক্ষবিশেষ; পতঙ্গক; শৈলবিশেষ। পুত্র বা পুত্র+কন্। বি; পুং।

পুত্রকাম, পুত্রকাম—পুত্রাভিলাষী, পুত্রলাভেচ্ছু। পুত্র—কামি (কামনা করা)+ অণ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –মা।

পুত্রবধূ—পুত্রের স্ত্রী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পুত্রশোক, পুত্রশোক—পুত্রের মৃত্যু বা বিচ্ছেদজনিত দুঃখ। পুত্রজনিত শোক, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পুত্রিকা, পুত্রিকা—আত্মজা, দুহিতা, তনয়া, পুত্রী, কন্যা; পুত্তলিকা; অলক্তপুত্রিকা। পুত্রক বা পুত্রক+আপ্। বি; স্ত্রী।

পুত্রিকা-পুত্র—১। দত্তা কন্যারূপ পুত্র। রূপক কর্ম্মধা। ২। কন্যার পুত্র, দৌহিত্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুত্রী (পুত্রিন্), পুত্রী (পুত্রিন্)—পুত্রযুক্ত, পুত্রবান্। পুত্র বা পুত্র+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –ত্রিণী, –ত্রিণী।

পুত্রী, পুত্রী—তনয়া, দুহিতা, কন্যা। পুত্র বা পুত্র+ঈপ্। বি; স্ত্রী।

পুত্রেষ্টি, পুত্রেষ্টি—পুত্রের জননার্থ যাগবিশেষ। পুত্র, পুত্র নিমিত্তিকা ইষ্টি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

[বি।

পুথি—হস্তলিখিত গ্রন্থ। 'পুস্তিকা' শব্দজ।

পুদিনা—সুগন্ধি শাকবিশেষ। ফার্সী 'পোদিনা' শব্দজ। বি।

পুনঃ (পুনর্)—দ্বিতীয়বার; পক্ষান্তর; ভেদ; অবধারণ; অধিকার। পন্ (স্তুতি করা) + অর করণবা। অব্য। [অব্য।

পুনঃপুনঃ (–নর্)—বারংবার; মুহুর্মুহুঃ।

পুনকিয়া, পুনকে—ক্ষুদ্র। দেশজ। বিণ।

পুনরধিকার—আবার দখল বা লাভ। সুপ্‌সুপা। বি; পুং। বিণ, –কৃত।

পুনরপি—পুনর্ব্বার, আবার। পুনঃ + অপি। অব্য।

পুনরাগমন—দ্বিতীয়বার আগমন, প্রত্যাগমন, ফিরিয়া আসা। পুনর্–আ–গম্ (যাওয়া) + অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, –গত।

পুনরাবর্ত্ত(র্ত)—পুনরাগমন; পুনর্জন্ম। সুপ্‌সুপা। বি; পুং। বিণ, –বর্ত্তী (–র্ত্তিন্)।

পুনরাবৃত্তি—আবার বলা বা করা। সুপ্‌সুপা। বি; স্ত্রী। বিণ –বৃত্ত।

পুনরায়—পুনর্ব্বার, আবার, ফের। 'পুনর্' শব্দজ। অব্য।

পুনরুক্ত—দ্বিতীয়বার কথিত, পুনর্ব্বার কথিত। পুনঃ উক্ত, সুপ্‌সুপা। বিণ।

পুনরুক্তি—একবার যাহা বলা হইয়াছে তাহা দ্বিতীয়বার কথন। পুনঃ উক্তি, সুপ্‌সুপা। বি; স্ত্রী।

পুনরুজ্জীবিত—মৃত্যুর পর পুনরায় যাহাকে বাঁচান হইয়াছে; পুনর্ব্বার চেতনাপ্রাপ্ত। পুনঃ উজ্জীবিত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, –তা।

পুনরুত্থান—পুনর্ব্বার বা দ্বিতীয়বার উত্থিতি, নূতন করিয়া উঠা; মৃত্যুর পর কবর হইতে উঠা (Resurrection). পুনঃ উত্থান, সুপ্‌সুপা। বি; ক্লীব।

পুনরুত্থাপন—আবার উল্লেখ বা উঠান। সুপ্‌সুপা। বি; ক্লীব। বিণ, –পিত।

পুনরুত্থিত—যে আবার নূতন করিয়া উঠিয়াছে। পুনঃ উত্থিত, সুপ্‌সুপা। বিণ।

পুনরুদ্দীপ্ত—পুনর্ব্বার প্রজ্বলিত; দ্বিতীয়বার প্রকাশিত। সুপ্‌সুপা। বিণ। বি, –দ্দীপন।

পুনরুল্লেখ—পুনর্ব্বার নির্দ্দেশ, দ্বিতীয়বার কথন। সুপ্‌সুপা। বি; পুং।

পুনর্জ্জ(র্জ)ন্ম—সংসারে পুনর্ব্বার জন্মগ্রহণ; পুনর্ব্বার উৎপত্তি। পুনঃ (দ্বিতীয়বার) যে জন্ম, সুপ্‌সুপা। বি; ক্লীব। বিণ, –র্জ্জাত।

পুনর্জ্জী(র্জী)বন—মরিয়া বাঁচা। পুনর্–জীব্ (বাঁচা) + অনট্ ভাববা। বি; ক্লীব।

পুনর্জ্জী(র্জী)বিত—পুনর্ব্বার জীবনপ্রাপ্ত। পুনঃ জীবিত, সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, –তা।

পুনর্নবা—শাকবিশেষ, পুরুনিয়া, সেপুণ্যা। পুনঃ নব, সুপ্‌সুপা + আপ্। বি; স্ত্রী।

পুনর্ব্বসু(র্বসু)—কাত্যায়ন মুনি; শিব; বিষ্ণু; অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে সপ্তম নক্ষত্র। পুনর্–বস্ + উ কর্ত্তৃবা। বি; পুং।

পুনর্ব্বা(র্বা)র—আবার, পুনরায়। সুপ্‌সুপা। ক্রি-বিণ।

পুনর্ব্বি(র্বি)চার—যাহার বিচার একবার হইয়া গিয়াছে তাহার আবার নূতন করিয়া বিচার; দ্বিতীয়বার বা নূতন করিয়া বিবেচনা। পুনঃ বিচার, সুপ্‌সুপা। বি; পুং।

পুনর্ব্বি(র্বি)বাহ—গর্ভাধান সংস্কার; দ্বিতীয়বার বিবাহ। সুপ্‌সুপা। বি; পুং।

পুনর্ভব—১। পুনর্ব্বার জন্ম। পুনর্–ভূ + অপ্ ভাববা। ২। নখ। পুনর্–ভূ (হওয়া) + অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

পুনর্ভূ—১। দিধিষু; দুইবার বিবাহিতা স্ত্রী; অক্ষতযোনিত্ব হেতু যে কন্যার দ্বিতীয়বার যথাবিধি বিবাহ দেওয়া হয় তাহাকে পুনর্ভূ বলে। বি; স্ত্রী। ২। পুনর্ব্বার জাত। পুনর্–ভূ (হওয়া) + ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

পুনর্মিলন—দ্বিতীয়বার বা নূতন করিয়া সংযোগ; বিবাদ বা বিচ্ছেদের পর আবার মিলন হওয়া। পুনঃ মিলন, সুপ্‌সুপা। বি; ক্লীব।

পুনর্মূষিক—পুনর্ব্বার ইন্দুরত্ব প্রাপ্তি,

ভাবার্থ)—পুনর্ব্বার নীচাবস্থা প্রাপ্তি, আগে যেমন ছিল তেমন হওয়া। বি; পুং।

পুনর্যাত্রা—দ্বিতীয়বার যাত্রা, পুনরাগমন, প্রত্যাগমন; শ্রীশ্রীজগন্নাথদেবের দক্ষিণমুখে রথযাত্রা, উল্টারথ। সুপ্‌সুপা। বি; স্ত্রী।

পুনশ্চ—পুনর্ব্বার, আবার (লেখাশেষে 'পুনশ্চ' বা 'পুঃ' দিয়া আরম্ভ করিয়া আর কিছু লেখা হয়)। পুনঃ+চ। অব্য।

পুন্নাগ—শ্বেতহস্তী, শ্বেতোৎপল; নাগকেশর বৃক্ষ; নরশ্রেষ্ঠ। পুমান্ যে নাগ, কর্ম্মধা। বি; পুং।

পুর—১। গৃহ; গৃহোপরি গৃহ; নগর; দেহ; পাটলিপুত্র; ত্রিপুরাসুর; পুষ্পগর্ভ। পুর্+ক অধিবা। বি; ক্লীব। ২। পূর্ণ; প্রচুর। পৃ (পূর্ণ করা)+ক কর্ম্মবা। বিণ। স্ত্রী, পুরা।

পুরঃ (পুরস্), পুর—অগ্রে, সম্মুখে; প্রথমে; পূর্ব্ব দিকে, দেশে বা কালে। পূর্ব্ব+অস্। অব্য।

পুরঃসর—অগ্রগামী, অগ্রসর; পরিচর; পূর্ব্বক। পুরস্ (অগ্রে)—সৃ+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

পুরঞ্জন—আত্মা, জীব। পুর (দেহ)—জন্ (জন্মা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

পুরঞ্জয়—১। শিব; সূর্য্যবংশীয় রাজাবিশেষ, ইঁহার অপর নাম ককুৎস্থ [তাহা দ্রঃ]। বি; পুং। ২। পুরজয়ী। পুর (দেহ, নগর)—জি (জয় করা)+খচ্ কর্ত্তৃবা। বিণ।

পুরতঃ (—তস্), পুরত—অগ্রতঃ, অগ্রে, সম্মুখে। পুর্ (অগ্রে গমন)+অতসুচ্ কর্ত্তৃবা। অব্য।

পুরদ্বার—নগরদ্বার; বাটীর প্রধান দরজা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পুরনারী—পুরস্ত্রী, অন্তঃপুরবাসিনী রমণী; নগরবাসিনী। পুরস্থিতা নারী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

পুরন্ত—ভরন্ত, নিটোল, বেশ গোলগাল; সম্পূর্ণ। পুর্+অন্ত কর্ত্তৃবা। বিণ।

পুরন্দর—ইন্দ্র; চৌর। পুর (নগর, গৃহ)—দৃ (বিদারণ করা)+খচ্ কর্ত্তৃবা। বি; পুং।

পুরন্দর মিশ্র—চৈতন্যের পিতা, জগন্নাথ মিশ্রের অপর নাম। বি; পুং।

পুরন্ধি, পুরন্ধ্রী—পতিপুত্রদুহিত্রাদিমতী স্ত্রী; গৃহিণী; কুটুম্বিনী। পুর—ধৃ (ধারণ করা)+খ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

পুরপতি—নগরাধ্যক্ষ, মেয়র (Mayor). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুরবাসী (—বাসিন্)—নগরবাসী, শহরে বাসকারী; গৃহবাসী। পুর—বস্ (বাস করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—সিনী। [বি।

পুরবী, পূরবী—রাগিণীবিশেষ। দেশজ।

পুরমহিলা—পুরনারী, পুরস্ত্রী। পুরস্থিতা মহিলা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। [পুং।

পুরমার্গ—নগরমার্গ, রাজপথ। ৬ষ্ঠীতৎ। বি;

পুররক্ষী (—ক্ষিন্)—গৃহরক্ষক, দ্বারবান্; নগরপাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুরশ্চরণ—মন্ত্রসিদ্ধিজনক ক্রিয়াবিশেষ, নিজ অভীষ্ট দেবতার মন্ত্রে সিদ্ধ হইবার নিমিত্ত তাঁহার পূজা করিয়া তাঁহার মন্ত্রজপ, হোম, তর্পণ, অভিষেক ও ব্রাহ্মণভোজন এই পঞ্চাঙ্গ সাধন দ্বারা তাঁহার অর্চ্চনা। পুরস্ শব্দ—চর্ (আচরণ করা)+অনট্ করণবা। বি; ক্লীব।

পুরস্কার—অগ্রে করণ; সম্মান; পূজা; পারিতোষিকদান। পুরস্ শব্দ—কৃ (করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

পুরস্কৃত—অগ্রে কৃত, সম্মুখে স্থাপিত; পূজিত; প্রশংসিত; সম্মানিত; দত্তপুরস্কার; শত্রুগ্রস্ত; অপবাদিত; অঙ্গীকৃত; প্রস্তুত; অভিষিক্ত। পুরস্ শব্দ—কৃ (করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

পুরস্ক্রিয়া—পুরস্কার (সকল অর্থে)। পুরস্—কৃ (করা)+শ ভাববা+আপ্। বি; স্ত্রী।

পুরস্ত্রী—পুরনারী, অন্তঃপুরস্থিতা রমণী; মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

পুরা—প্রাচীন ; অগ্রে, প্রথমে ; অতীতে, পূর্ব্বকালে ; ভবিষ্যতে ; নিকটে ; পশ্চাৎ ; ইতিহাস ; পুরাবৃত্ত ; পুরাণ। পুর্ (অগ্রে গমন করা) + কা কর্ত্তৃবা। অব্য।

পুরা—১। পূর্ণ, ভরতি ('—দম')। দেশজ। বিণ। ২। পূর্ণ হওয়া বা করা, ভরা ; ভিতরে রাখা ('জেলে—')। বাং ক্রি।

পুরাকাল—প্রাচীন যুগ। কর্ম্মধা। বি ; পুং।

পুরাকৃত—১। প্রারব্ধ কর্ম্ম ; পূর্ব্বকালবৃত পুণ্যাদি। বি ; ক্লীব। ২। পূর্ব্বে বা পূর্ব্বজন্মে কৃত। ৭মীতৎ। বিণ। [বি ; স্ত্রী।

পুরাঙ্গ(ঙ্গ)না—পুরস্ত্রী। মধ্যপ কর্ম্মধা।

পুরাণ—১। পুরাতন, প্রাচীন, অনাদি। পুরা শব্দ + তন (ট্যু) ভবার্থে। বিণ। ২। সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর, বংশানুচরিত, এই পঞ্চলক্ষণাক্রান্ত ব্যাসদেব-প্রণীত অষ্টাদশ শাস্ত্র ; প্রাচীন কিংবদন্তীমূলক কাহিনী (Mythology). পুরা – নী + ড কর্ত্তৃবা। বি ; ক্লীব।

পুরাণকার—পুরাণরচয়িতা। উপতৎ। পুরাণ – কৃ (করা) + অণ্ কর্ত্তৃবা। বিণ।

পুরাণপুরুষ—বিষ্ণু ; বৃদ্ধ ব্যক্তি। পুরাণ (অনাদি, প্রাচীন) যে পুরুষ, কর্ম্মধা। বি ; পুং।

পুরাণপ্রসিদ্ধি—বহুকালব্যাপিনী প্রসিদ্ধি। ৭মীতৎ। বি ; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

পুরাতত্ত্ব—প্রাচীনকালের ঘটনা, ইতিহাস।

পুরাতত্ত্ববিৎ (–বিদ্)—প্রাচীন কথায় বা ইতিহাসে অভিজ্ঞ, প্রাচীনতত্ত্বজ্ঞ। পুরাতত্ত্ব – বিদ্ (জানা) + ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

পুরাতন—পূর্ব্বকালীন ; প্রাচীন ; অনাদি। পুরা + তন (ট্যু) ভবার্থে। বিণ। স্ত্রী, –নী।

পুরাদস্তুর—সম্পূর্ণরূপে, পূর্ণমাত্রায়। বহুব্রী। ক্রি-বিণ।

পুরাধ্যক্ষ—অন্তঃপুরের অধ্যক্ষ, কঞ্চুকী ; নগরাধ্যক্ষ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

পুরানো, পুরনো, পোরানো—পূর্ণ বা ভরতি করা। বাং ক্রি।

পুরাপুরি—সম্পূর্ণরূপে। দেশজ। ক্রি-বিণ।

পুরাবিৎ (–বিদ্)—পূর্ব্বজ্ঞ, পূর্ব্বদর্শী ; পণ্ডিত ; বিজ্ঞ ; পুরাতত্ত্বজ্ঞ। পুরা – বিদ্ (জানা) + ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

পুরাবৃত্ত—পূর্ব্বচরিত, অতীত ইতিহাস, ইতিবৃত্ত ; পুরাতত্ত্ব। পুরা (পূর্ব্বকালে) – বৃত্ (থাকা) + ক্ত কর্ত্তৃবা। বি ; ক্লীব।

পুরি, পুরী—আটার লুচি। 'পূরিকা' শব্দজ। বি।

পুরিয়া—(ঔষধাদির) কাগজের মোড়ক। দেশজ। বি।

পুরী—১। ভবন, গৃহ ; নগরী ; দেহ। পুর শব্দ + স্ত্রীলিঙ্গে ঈপ্। বি ; স্ত্রী। ২। উড়িষ্যা-প্রদেশান্তর্গত একটা জেলা ও তাহার প্রধান নগর, শ্রীক্ষেত্র ; সন্ন্যাসীর উপাধিবিশেষ। দেশজ। বি। ৩। লুচি। হিন্দী। বি।

পুরীষ—মল, বিষ্ঠা। পৃ (পূরণ করা, পালন করা) + ঈষন্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।

পুরীষোৎসর্গ—পুরীষত্যাগ, বাহ্যে করা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

পুরু—১। চন্দ্রবংশীয় জনৈক নরপতি, যযাতির পুত্র। ইনি পিতার বার্দ্ধক্য গ্রহণ করিয়া নিজ যৌবন পিতাকে দান করিয়াছিলেন। বি ; পুং। ২। স্থূল ; মোটা ; গাঢ়, ঘন ; থক্‌থকে। দেশজ। বিণ।

পুরুত—পুরোহিত। 'পুরোহিত' শব্দজ। বি।

পুরুভুজ—কীটবিশেষ। এই কীটকে খণ্ড খণ্ড করিয়া কাটিলে উহার প্রত্যেক খণ্ড হইতে এক একটী পুরুভুজ জন্মে। পুরু (বহু) ভুজ যাহার, বহুব্রী। বি ; পুং।

পুরুরবাঃ—চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ ; পার্ব্বণ-শ্রাদ্ধদেবতা। পুরূরবাঃ দ্রঃ। বি।

পুরুষ—১। নর ; পুংজাতীয় জীব ; আত্মা ; বিষ্ণু ; ঈশ্বর ; বংশপর্য্যায় (Generation) ; (ব্যাকরণে) প্রকার ভেদ ('উত্তম, মধ্যম, প্রথম—')। পুর্ (অগ্রে গমন করা) + কুষন কর্ত্তৃবা। বি ; পুং। ২। বংশের পর্য্যায় (Generation). দেশজ দ্রঃ। বি। ৩।

(ব্যাকরণে) যদ্দারা উত্তম, মধ্যম ও প্রথম এই তিন শ্রেণী অবগত হওয়া যায়। বি ; পুং।

পুরুষকার—পুরুষত্ব, পৌরুষ ; উৎসাহ ; উদ্যম, চেষ্টা। পুরুষ—কৃ+ঘঞ্ ভাববা। বি ; ক্লীব।

পুরুষত্ব—পুরুষের ভাব বা ধর্ম্ম ; পৌরুষ ; বীর্য্য ; রতিশক্তি ; উৎসাহ। পুরুষ+ত্ব ভাবার্থে। বি ; ক্লীব।

পুরুষপুঙ্গ(ংগ)ব, পুরুষব্যাঘ্র, পুরুষশার্দ্দূল, পুরুষসিংহ—নরশ্রেষ্ঠ। পুরুষ পুঙ্গব, ব্যাঘ্র, শার্দ্দূল বা সিংহ প্রায়, উপমিত কর্ম্মধা। বি ; পুং।

পুরুষপ্রকৃতি—অব্যক্ত ঈশ্বর ও তচ্ছক্তি মায়া ; স্ত্রীপুরুষ। দ্বন্দ্ব। বি ; স্ত্রী।

পুরুষর্ষভ—পুরুষশ্রেষ্ঠ, নরশ্রেষ্ঠ। পুরুষগণের মধ্যে ঋষভ, ৭মীতৎ। বিণ বা বি ; পুং।

পুরুষাঙ্গ(ংগ)—শিশ্ন, মেঢ্র, লিঙ্গ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

পুরুষানুক্রম—প্রপিতামহ পিতামহ পিতা প্রভৃতি পূর্ব্বপুরুষগণের ক্রম, পুরুষপরম্পরা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

পুরুষার্থ—পুরুষের ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষ-রূপ প্রয়োজন ; সুখ ; মুক্তি। পুরুষের অর্থ (প্রয়োজন), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

পুরুষোচিত—পুরুষের উপযুক্ত, পুরুষযোগ্য। ৭মীতৎ। বিণ।

পুরুষোত্তম—পুরুষশ্রেষ্ঠ ; বিষ্ণু ; পুরীধামে বিরাজিত জগন্নাথ। পুরুষগণের মধ্যে উত্তম, ৭মীতৎ। বি ; পুং।

পুরুহূত—ইন্দ্র। পুরু (দৈত্যবিশেষ) কর্তৃক হূত (আহূত), ৩য়াতৎ। বি ; পুং।

পুরূরবাঃ (-রবস্), -রবা—চন্দ্রবংশীয় প্রথম নরপতি। চন্দ্রতনয় বুধের ঔরসে ইলার গর্ভে ইঁহার জন্ম। পুরু—রু (শব্দ করা)+অস্ কর্ম্মবা। বি ; পুং।

পুরোগামী (-গামিন্)—অগ্রগামী ; শ্রেষ্ঠ, প্রধান। পুরস্ (অগ্রে)—গম্ (যাওয়া) +ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —মিনী।

পুরোচন—দুর্য্যোধনের যবন মন্ত্রী। বি ; পুং।

পুরোধাঃ(-ধস্), পুরোধা—পুরোহিত, ঋত্বিক্। পুরস্—ধা (ধারণ করা)+অস্ কর্ম্মবা। বি ; পুং।

পুরোবর্ত্তী(র্তী) (-বর্ত্তিন্)—অগ্রবর্ত্তী, সম্মুখস্থিত। পুরস্—বৃত্ (থাকা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —র্ত্তিনী।

পুরোভূমি—চিত্রের যে অংশ দ্রষ্টার নিকটবর্ত্তী মনে হয় (Foreground). মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

পুরোহিত—পুরোধাঃ ; যাজক ; ধর্ম্মকর্ম্মাদিকারক ; শ্রাদ্ধযজ্ঞাদি কারয়িতা, ঋত্বিক্। পুরস্ (অগ্রে)—ধা (ধারণ করা)+ক্ত কর্ম্মবা। বি ; পুং।

পুল—সেতু, সাঁকো। ফার্সী। বি।

পুলক—রোমোদ্ভেদ, রোমাঞ্চ ; আহ্লাদ, কপাটের গুল। পুল্+ক কর্তৃবা+কন্ স্বার্থে। বি ; পুং।

পুলকিত—রোমাঞ্চিত ; আহ্লাদিত ; পুলক+ইত জাতার্থে। বিণ। স্ত্রী, —তা।

পুলটিস—স্বেদজনক স্ফোটকাদির প্রলেপবিশেষ। ইং Poultice. বি।

পুলস্ত্য—সপ্তর্ষির একজন, ব্রহ্মার মানসপুত্র। ইঁহার বিশ্রবাঃ নামে এক পুত্র হয়। এই বিশ্রবাঃ মুনি রাবণাদির পিতা। পুল শব্দ—স্ত্যৈ (বেষ্টন করা)+ক কর্ম্মবা। বি ; পুং।

পুলহ—সপ্তর্ষির মধ্যে একজন, ব্রহ্মার মানসপুত্র। পুল শব্দ—হা (ত্যাগ করা)+ক কর্তৃবা। বি ; পুং।

পুলি, পুলী—পিঠাবিশেষ। দেশজ। বি।

পুলিন—জলোত্থিত সৈকততট ; তীরের যে অংশ বালুকাময় ও যে পর্য্যন্ত জোয়ারের জল উঠে, চর, দ্বীপ। পুল্ (বৃদ্ধি পাওয়া)+ইন কর্তৃবা। বি ; ক্লীব।

পুলিন্দা—পুঁটুলি, বুঁচকি, ছোট গাঁটরি। দেশজ। বি।

পুলিশ, -স—দেশের শান্তিরক্ষক কর্ম্মচারিগণ, বা তৎসংক্রান্ত বিভাগ। ইং Police. বি।

পুলোমজা—ইন্দ্রপত্নী শচী ; ইন্দ্রাণী। উপ-তৎ। পুলোমন্ (পুলোমা ঋষি)—জন্ (জন্মা) +ড কর্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

পুলোমা (–মন্)—১। জনৈক ঋষি, কশ্যপের পুত্র এবং ইন্দ্রপত্নী শচীদেবীর পিতা। বি ; পুং। ২। ভৃগুমুনির ভার্য্যা। বি ; স্ত্রী।

পুষা—পোষণ করা, পালন করা ; বশ করা, পোষ মানান। বাং ক্রি।

পুষ্কর—১। জল ; পদ্মকোষ ; ব্যোম ; খড়্গ-ফলক ; যুদ্ধ ; বাণ ; আজমীরের নিকট হ্রদ ও তীর্থবিশেষ ; দ্বীপবিশেষ ; কুষ্ঠৌষধিবিশেষ ; হস্তিশুণ্ডাগ্র ; বাদ্যভাণ্ড মুখ। বি ; ক্লীব। ২। সারসপক্ষী ; বরুণের পুত্র ; মেঘবিশেষ ; রোগবিশেষ ; নাগবিশেষ ; নৃপবিশেষ। পুষ্ (পোষণ করা)+করন্ কর্তৃবা। বি ; পুং। ৩। পুণ্যশ্লোক মহারাজ নলের ভ্রাতা। দৈব-নিয়োগে নলের শরীরে কলি প্রবেশ করিলে, নল অক্ষক্রীড়ায় পরাজিত হইয়া রাজ্যচ্যুত হন। কিছুকাল পরে কলি শরীর হইতে নির্গত হইলে, নল পুনরায় ইঁহার সহিত দ্যূতে প্রবৃত্ত হন। এবার পুষ্কর পরাজিত হইয়া নলকে রাজ্য প্রত্যর্পণ করেন। বি ; পুং ;

পুষ্করিণী—পদ্মযুক্ত সরোবর ; (সাধারণতঃ) সরসী, পুকুর ; হস্তিনী ; স্থলপদ্মিনী, সরোজিনী। পুষ্কর+ইন্+ঈপ্। বি ; স্ত্রী।

পুষ্ট—১। কৃতপোষণ ; পালিত ; বর্দ্ধিত ; পরিণত ; পক্ব। পুষ্ (পোষণ করা)+ক্ত কর্ম্মবা। ২। বৃদ্ধিপ্রাপ্ত, নধর। পুষ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, পুষ্টা।

পুষ্টি—১। পোষণ ; পালন ; বৃদ্ধি। পুষ্ (পোষণ করা)+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

পুষ্টিকর, **–জনক**—শরীরের পোষণ-সাধক ; পোষক ; বৃদ্ধিকারক ; স্থূলতা-জনক। পুষ্টি—কৃ+ট কর্তৃবা, ২য় পক্ষে ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী,–রী,–নিকা।

পুষ্টিসাধন—পোষণ ; বৃদ্ধি সম্পাদন। ৬ষ্ঠী-তৎ। বি ; ক্লীব।

পুষ্প—কুসুম, ফুল, স্ত্রীরজঃ ; নেত্ররোগবিশেষ ; প্রকাশ ; কুবেরের রথ। পুষ্প্ (বিকসিত হওয়া)+অচ্ কর্তৃবা। বি ; ক্লীব।

পুষ্পক—কুবেরের রথ, বিমানবিশেষ ; মৃৎ-শকটী ; পিত্তল ; রত্নকঙ্কণ ; নেত্ররোগবিশেষ। পুষ্প্+কন্। বি ; ক্লীব।

পুষ্পকরথ—প্রাচীনকালের আকাশযান-বিশেষ। পুষ্পক দ্রঃ। কর্ম্মধা। বি ; পুং।

পুষ্পকরণ্ডক—ফুলের সাজি। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। [বহুব্রী। বি ; পুং।

পুষ্পকেতন, **–কেতু**—কন্দর্প, মদন।

পুষ্পদাম (–দামন্)—ফুলের মালা। পুষ্প নির্ম্মিত দাম, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

পুষ্পধন্বা (–ধন্বন্)—কন্দর্প, মদন, কাম-দেব। পুষ্প ধনুঃ যাহার, বহুব্রী। বি ; পুং।

পুষ্পনির্য্যা(র্যা)স—ফুলের রস বা মকরন্দ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [তৎ। বি ; ক্লীব।

পুষ্পপাত্র—পুষ্পাধার, ফুলপূর্ণ পাত্র। ৬ষ্ঠী-

পুষ্পবতী—রজস্বলা, ঋতুমতী। পুষ্প+মতুপ্ +ঈপ্। বিণ ; স্ত্রী।

পুষ্পবাটিকা, **–বাটী**—কুসুমোদ্যান, ফুলের বাগান। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

পুষ্পবাণ, **–শর**—১। ফুলবাণ। পুষ্পই বাণ, শর, কর্ম্মধা। ২। কন্দর্প, মদন। পুষ্প হইয়াছে বাণ, শর যাঁহার, বহুব্রী। বি ; পুং।

পুষ্পবৃষ্টি—পুষ্প-বর্ষণ, উপর হইতে ফুল ছড়াইয়া ফেলা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

পুষ্পরজঃ (–জস্), **–রজ**—কুসুম-রেণু, ফুলের পরাগ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

পুষ্পরথ—১। বিমান, বিহার-শকট। পুষ্প-তুল্য (সুন্দর) রথ, মধ্যপ কর্ম্মধা। ২। কুসুম-ময় রথ বা শকট, ফুল দিয়া সাজান গাড়ী। পুষ্পরচিত রথ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

পুষ্পরস—মকরন্দ, মধু। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

পুষ্পরাগ—পদ্মরাগ মণি, পোখরাজ (Topaz). পুষ্পের রাগের ন্যায় রাগ (রঙ) যাহার, বহুব্রী। বি ; পুং।

পুষ্পরেণু—পরাগ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

পুষ্পশর—পুষ্পবাণ দ্রঃ।

পুষ্পসার—পুষ্পদ্রব; মকরন্দ, মধু, পুষ্প-নির্য্যাস, সুগন্ধি দ্রব্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুষ্পাঞ্জলি—কুসুমাঞ্জলি, প্রসূনাঞ্জলি, দেবতা প্রভৃতিকে নিবেদ্য এক অঞ্জলি ফুল। পুষ্প-পূর্ণ অঞ্জলি, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পুষ্পাধার—ফুলের সাজি বা পাত্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; ক্লীব।

পুষ্পাভরণ—ফুলের গয়না। মধ্যপ কর্ম্মধা।

পুষ্পায়ুধ, পুষ্পাস্ত্র—কন্দর্প, মদন। পুষ্প হইয়াছে আয়ুধ বা অস্ত্র যাঁহার, বহুব্রী। বি; পুং।

পুষ্পাসব—মকরন্দ, মধু। পুষ্পের আসব (মদিরা), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুষ্পাসার—ফুলবৃষ্টি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুষ্পিত—জাতপুষ্প; পুষ্পবিশিষ্ট; কুসুমিত। পুষ্প শব্দ+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

পুষ্পিতা—কুসুমিতা; ঋতুমতী, রজস্বলা। পুষ্প+ইত জাতার্থে+আপ্। বিণ; স্ত্রী।

পুষ্পোৎসব—রমণীর প্রথম ঋতুমতী হওয়া উপলক্ষে উৎসববিশেষ; ফুলের উৎসব। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

পুষ্পোদ্গম—ফুলের জন্ম, ফুল ধরা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; ক্লীব।

পুষ্পোদ্যান—ফুলের বাগান। ৬ষ্ঠীতৎ।

পুষ্য, পুষ্যা—অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্র-মধ্যে অষ্টম নক্ষত্র; পৌষমাস। পুষ্ (পোষণ করা)+ক্যপ্ কর্ত্তৃবা; ২য় পক্ষে, তদুত্তরে স্ত্রীলিঙ্গে আপ্। বি; পুং ও স্ত্রী।

পুস্তু—আফগানিস্থানের সন্নিকটস্থ পার্ব্বত্য জাতির ভাষা। বৈদে। বি।

পুস্তক—গ্রন্থ, বহি, কেতাব, পুঁথি। পুস্ত দেঃ। পুস্ত+ঘঞ্ কর্ম্মবা+কন্ স্বার্থে। বি; ক্লীব।

পুস্তক-কীট—পুস্তকের পোকা; সর্ব্বদা পুস্তক পাঠে নিবিষ্টচিত্ত, গ্রন্থকীট। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুস্তকাগার—গ্রন্থাগার, বহির ঘর, লাই-ব্রেরী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুস্তকালয়—পুস্তকাগার, বহির দোকান, লাইব্রেরী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পুস্তিকা, পুস্তী—গ্রন্থ, বহি, পুঁথি। পুস্তিকা =পুস্তক+স্ত্রীলিঙ্গে আপ্। পুস্তী=পুস্ত শব্দ +স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী।

পুস্তিন—পুট; ঘোড়ার চামড়ায় প্রস্তুত গায়ের কাপড়। ফার্সী। বি।

পুস্তু, পুশ্‌তু—আফগানিস্থানের ভাষা-বিশেষ। বি।

পূগ—১। গুবাক বৃক্ষ, গুপারি গাছ। পূ (শোধন করা)+গক্ করণবা। বি; পুং। ২। গুবাক, গুপারি। বি; ক্লীব।

পূঁজ, পূঁয—স্ফোটকের ক্লেদ। 'পূয' শব্দজ। বি।

পূজক—পূজাকারক, উপাসক; পূজারী। পূজ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জিকা।

পূজন—পূজা, অর্চ্চনা, আরাধনা। পূজ্ (পূজা করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

পূজনীয়—পূজ্য, সেব্য; পূজার যোগ্য, আরাধ্য; উপাস্য; গুরুস্থানীয়। পূজ্ (পূজা করা)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

পূজয়িতা (—তৃ)—পূজাকারক, উপাসক। পূজ্+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

পূজা—১। অর্চ্চনা, আরাধনা, উপাসনা; প্রশংসা; সংবর্দ্ধনা; স্তুতি। পূজ্ (পূজা করা)+অ ভাববা+স্ত্রীলিঙ্গে আপ্। বি; স্ত্রী। ২। পূজা করা, আরাধনা করা। কবিপ্র। ক্রি।

পূজাগৃহ—উপাসনামন্দির, পূজার ঘর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পূজারি, —রী—দেববিগ্রহ-পূজক, দেবল ব্রাহ্মণ। 'পূজাকারী' শব্দজ। বি; পুং। স্ত্রী, —রিণী।

পূজার্হ—পূজার যোগ্য, পূজ্য, পূজনীয়; মান্য। পূজা—অর্হ্+অচ্ কর্ত্তৃবা। বিণ।

পূজাহ্নিক—দেবপূজা ও সন্ধ্যাবন্দনাদি নিত্যকার্য্য; প্রাত্যহিক দেবারাধনা। দ্বন্দ্ব। বি; ক্লীব।

পূজিত—অর্চিত; আরাধিত, স্তুত; প্রশংসিত; সম্মানিত; আদৃত। পূজ্ (পূজা করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

পূজিতব্য—পূজনীয়, পূজ্য, আরাধ্য। পূজ্+তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ব্যা।

পূজোপহার—পূজার উপকরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পূজ্য—পূজনীয়, অর্চ্চনীয়, আরাধ্য; উপাস্য। পূজ্ (পূজা করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, পূজ্যা।

পূজ্যপাদ—পরম পূজনীয়, আরাধ্য (পিতা, গুরু প্রভৃতি)। পূজ্য হইয়াছে পাদ (চরণ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—দা।

পূজ্যমান—পূজিত, যাহাকে পূজা করা হইতেছে। পূজ্+শানচ্ কর্ম্মবা। বিণ।

পূত—১। দুর্গন্ধযুক্ত। পূয্ (দুর্গন্ধযুক্ত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। ২। পবিত্র; শুদ্ধ; নির্ম্মল, পরিষ্কৃত; সত্য। পূ (শোধন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

পূতনা—হরীতকী; গন্ধমাংসী; বালক-মাতৃকাবিশেষ; বালরোগবিশেষ, পেঁচো পাওয়া; দানবীবিশেষ, বকাসুরের ভগিনী। পূত+ণিচ্ (=পূত নামধাতু)+অন কর্ত্তৃবা +আপ্। বি; স্ত্রী।

পূতাত্মা (—ত্মন্)—পবিত্রচিত্ত। পূত (পবিত্র) হইয়াছে আত্মা যাহার, বহুব্রী। বিণ।

পূতি—১। পবিত্রতা, বিশুদ্ধতা। পূ (শোধন করা)+ক্তি ভাববা। ২। দুর্গন্ধ। পূয্ (দুর্গন্ধ-যুক্ত হওয়া)+ক্তি ভাববা। বি; স্ত্রী। ৩। দুর্গন্ধযুক্ত। পূয্+ক্তিচ্ কর্ত্তৃবা। বিণ; ত্রি।

পূতিকা—পুঁইশাক; মার্জ্জারী। পূতি—কৈ +ক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

পূতিগন্ধ—দুর্গন্ধ, পচা গন্ধ। কর্ম্মধা। বি; পুং।

পূতিগন্ধি—দুর্গন্ধযুক্ত, পচাগন্ধবিশিষ্ট। পূতি হইয়াছে গন্ধ যাহার, বহুব্রী। বিণ।

পূপ—পিষ্টক, পিঠা, রুটি প্রভৃতি (Cake). পূ—পা+ক কর্ত্তৃবা। বি; পুং।

পূপকার—পিষ্টকাদি প্রস্তুতকারক (Baker). উপতৎ। পূপ—কৃ+অণ্ কর্ত্তৃবা। বি; পুং।

পূপাষ্টকা—শ্রাদ্ধবিশেষ, অগ্রহায়ণ মাসের কৃষ্ণাষ্টমীতে পিষ্টক দ্বারা শ্রাদ্ধ। পূপদ্বার বিধেয়া অষ্টকা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

পূব—পূর্ব্ব; পূর্ব্বদিকের। প্রাঃ কবিপ্র। বি।

পূবে—পূর্ব্বে, পূর্ব্বদিকে; পূর্ব্বদেশীয়; পূর্ব্ব-দিগাগত ('—হাওয়া')। পূব+এ আগতার্থে। কবিপ্র। বিণ।

পূয়, পূয—বিকৃত রক্ত; পূজ। পূয্ (দুর্গন্ধযুক্ত হওয়া)+অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

পূর—১। প্রবাহ; জলরাশি; সমূহ; খাদ্য-দ্রব্যবিশেষ, পুরী। পূর্ (পূর্ণ করা)+ক করণবা। ২। পরিপূরণ। পূর্+ক ভাববা। বি; পুং। ৩। পরিপূরক দ্রব্য, অন্তঃপ্রবিষ্ট বস্তু ('কচুরির—')। প্রাদে। বি। ৪। পূর্ণ। প্রাঃ কবিপ্র। বিণ।

পূরক—১। পূর্ণকারক; গুণক। পূর্ (পূর্ণ করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা। ২। মৃতাশৌচকালে প্রদেয় দশপিণ্ড। বি; ক্লীব। ৩। প্রাণায়ামবিশেষ, বাম নাসা দ্বারা বায়ু টানিয়া লওয়া। বি; পুং।

পূরকপিণ্ড—মৃতব্যক্তির অশৌচান্ত দিবসে দেয় পিণ্ড, ঘাটপিণ্ডী। কর্ম্মধা। বি; পুং।

পূরণ—১। পূর্ণ হওয়া; পূর্ণ করা; গুণন; বৃদ্ধি; সমাধান, মীমাংসা ('সমস্যা—')। পূর্ (পূর্ণ হওয়া বা করা)+অনট্ ভাববা। ২। বাপতন্তু, পড়েন সূতা। পূর্+অনট্ করণবা। বি; ক্লীব। বিণ, পূরিত। ৩। পূর্ণ। প্রাঃ কবিপ্র। বিণ।

পূরব—পূর্ব্ব। কবিপ্র। বি। [বি।

পূরবী, পূরবি—রাগিণীবিশেষ। দেশজ।

পূরয়িতা (—তৃ)—পূর্ণকারক, যাহা পূরণ করে। পূর্+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

পূরা—১। পূর্ণ। পূর্+আ কর্ত্তৃবা। বিণ। ২। পূর্ণ হওন, মিটান। পূর্+আ ভাববা। বি। ৩। পূর্ণ হওয়া, সিদ্ধ হওয়া, মিটা। বাং ক্রি।

পুরাদমে—খুব জোড়ে বা জোরে, ভরপুর। দেশজ। ক্রি-বিণ। [বাং ক্রি।
পুরান—পূর্ণ করা, ভরা, সিদ্ধ করা, মিটান।
পুরাপুরি, পুরাপুরি—যাহা কম বা বেশী নয়। দেশজ। বিণ।
পুরি, পুরি—পুর-দেওয়া লুচি প্রভৃতি খাবার। হিন্দী। বি।
পুরিকা—১। পূর্ণকারিকা। পূরক দ্রঃ। পুরক+আপ্। বিণ; স্ত্রী। ২। ভিতরে পুর-দেওয়া ঘৃতে ভর্জ্জিত খাদ্য, পুরী কচুরী প্রভৃতি। বি; স্ত্রী।
পূরিত—পূর্ণীকৃত, ভরিত; সম্পূর্ণ; গুণিত। পূর্ (পূর্ণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।
পূর্ণ—সম্পূর্ণ, পরিপূর্ণ, ভরা; সফল; সমর্থ; সমাপ্ত ('কাল—')। পূর্ (পূরণ করা)+ক্ত কর্ম্মবা নিপাতনে। বিণ। স্ত্রী, পূর্ণা।
পূর্ণকল—সর্ব্বাঙ্গসম্পন্ন, পূর্ণাঙ্গ। পূর্ণা কলা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।
পূর্ণকাম—সফলমনোরথ। বহুব্রী। বিণ। স্ত্রী,—মা।
পূর্ণকুম্ভ—জলপূর্ণ ঘট। কর্ম্মধা। বি; পুং।
পূর্ণগর্ভা—সম্পূর্ণগর্ভবিশিষ্টা, আসন্নপ্রসবা; যাহার গর্ভস্থ সন্তান পূর্ণাবয়ব প্রাপ্ত হইয়াছে, নবম মাসের গর্ভবতী। পূর্ণ হইয়াছে গর্ভ যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বিণ; স্ত্রী।
পূর্ণচন্দ্র—ষোড়শকলা-বিশিষ্ট চন্দ্র, পূর্ণিমার চাঁদ। কর্ম্মধা। বি; পুং।
পূর্ণচ্ছেদ—দাঁড়ি (Full stop). যতি-চিহ্ন দ্রঃ। কর্ম্মধা। বি; পুং।
পূর্ণতা, পূর্ণত্ব—সম্পূর্ণতা; প রি পূ র্ণ তা; সফলতা। পূর্ণ শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।
পূর্ণবয়স্ক—সম্পূর্ণ বয়সবিশিষ্ট, যুবা; সাবালক (Adult). পূর্ণ হইয়াছে বয়ঃ (বয়স্) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—স্কা।
পূর্ণব্রহ্ম (—ব্রহ্মন্)—অখণ্ড ব্রহ্ম, পরমেশ্বর; যিনি অবতার অর্থাৎ সগুণ নন। কর্ম্মধা। বি; ক্লীব। [বি; স্ত্রী।
পূর্ণমাত্রা—পুরা মাত্রা বা পরিমাণ। কর্ম্মধা।
পূর্ণমাসী—পূর্ণিমা তিথি। পূর্ণ হয় মাস যাহাতে, বহুব্রী+ঈপ্। বি; স্ত্রী।
পূর্ণাঙ্গ(ংগ)—যাহার কোন অংশ অসম্পূর্ণ নয় এমন। বহুব্রী। বিণ।
পূর্ণানন্দ—১। যৎপরোনাস্তি হর্ষ। পূর্ণ যে আনন্দ, কর্ম্মধা। ২। পরমেশ্বর। পূর্ণ হয় আনন্দ যাঁহাতে, বহুব্রী। বি; পুং।
পূর্ণাবতার—নৃসিংহ; রাম; কৃষ্ণ [অন্যান্য অবতার কলাবতার বলিয়া প্রসিদ্ধ; মতান্তরে নৃসিংহ ও রাম পূর্ণ অবতার; কিন্তু কৃষ্ণ পরিপূর্ণতম]। কর্ম্মধা। বি; পুং।
পূর্ণাবয়ব—সকল অঙ্গসম্পন্ন। বহুব্রী। বিণ। স্ত্রী,—বা।
পূর্ণায়ুঃ (—য়ুস্), পূর্ণায়ু—১। শতবর্ষ পরিমিত জীবিতকাল। কর্ম্মধা। বি; ক্লীব। ২। শতবর্ষজীবী, দীর্ঘজীবী। বহুব্রী। বিণ।
পূর্ণাহুতি—হোম সম্পূর্ণ করিয়া আহুতি। কর্ম্মধা। বি; স্ত্রী।
পূর্ণিত—পরিপূর্ণ, পূর্ণকৃত। পূর্ণ+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ।
পূর্ণিমা—শুক্লপক্ষের পঞ্চদশী তিথি, পৌর্ণমাসী। পূর্ণি—মা (পরিমাণ করা)+ক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।
পূর্ণেন্দু—পূর্ণচন্দ্র। কর্ম্মধা। বি; পুং।
পূর্ণোপমা—অর্থালঙ্কারবিশেষ। [যথা প্রভৃতি সাদৃশ্যবোধক শব্দপ্রয়োগে এই অলঙ্কার হয়]। বি; স্ত্রী।
পূর্ত্ত(র্ত)—১। পূরণ; সাধারণের হিতার্থে জলাশয়াদি খনন, পথনির্ম্মাণ প্রভৃতি (Public works). পৄ (পূর্ণ করা)+ক্ত কর্ম্মবা, ভাববা। বি; ক্লীব। ২। পূরিত। পৄ+ক্ত কর্ম্মবা। বিণ।
পূর্ত্ত(র্ত)বিভাগ—সাধারণের হিতার্থ খাল বিল ও সরকারী ঘর-বাড়ীর তদারকে নিযুক্ত ডিপার্টমেণ্ট (Public Works Department বা P. W. D.). মধ্যপ কর্ম্মধা। বি; পুং। [স্ত্রী।
পূর্ত্তি(র্তি)—পূরণ। পূর্+ক্তি ভাববা। বি;

পূর্ব্ব(র্ব)—প্রথম, আদি; অগ্র; পুরাকালীন; জ্যেষ্ঠ; প্রাচ্যদেশীয়; অতীত ('—জন্ম')। পূর্ব্ব+অচ্ কর্ত্তৃবা। বিণ।

পূর্ব্ব(র্ব)ক—পূর্ব্বে বা আগে করিয়া, পুরঃসর ('প্রণাম—')। বিণ বা ক্রি-বিণ। স্ত্রী, –র্ব্বিকা। [বি; পুং।

পূর্ব্ব(র্ব)কায়—নাভির উর্দ্ধদেহ। একদেশী। বি; পুং।

পূর্ব্ব(র্ব)কাল—অতীতকাল, পুরাকাল। কর্ম্মধা। বি; পুং। বিণ, –কালীন, –কালিক।

পূর্ব্ব(র্ব)গামী (–গামিন্)—পূর্ব্বদিকে গমনশীল; অগ্রে গমনকারী। পূর্ব্ব–গম্ (যাওয়া)+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী, –মিনী।

পূর্ব্ব(র্ব)জন্ম (–জন্মন্)—বর্ত্তমান জন্মের পূর্ব্ববর্ত্তী জন্ম। কর্ম্মধা। বি; ক্লীব।

পূর্ব্ব(র্ব)জন্মার্জ্জি(র্জি)ত—বর্ত্তমান জন্মের পূর্ব্ব জন্মে অনুষ্ঠিত। ৭মীতৎ। বিণ।

পূর্ব্ব(র্ব)জ্ঞান—অতীতের অভিজ্ঞতা; ভাবী ঘটনা সম্বন্ধে জ্ঞান (Foreknowledge). কর্ম্মধা। বি; ক্লীব।

পূর্ব্ব(র্ব)তন—পূর্ব্বকালীন, আগেকার। পূর্ব্ব শব্দ+তন ভবার্থে। বিণ। স্ত্রী, –নী।

পূর্ব্ব(র্ব)দক্ষিণ—অগ্নিকোণ। বি; পুং।

পূর্ব্ব(র্ব)দৃষ্ট—পূর্ব্বে লক্ষিত, পূর্ব্বে অনুমিত (সম্ভাবনা); অগ্রে অবলোকিত (Foreseen). ৭মীতৎ। বিণ। বি, পূর্ব্বদৃষ্টি।

পূর্ব্ব(র্ব)নিপাত—যৌগিক শব্দের শেষাংশের পূর্ব্বাবৃত্তি (যথা—ময়ূর-ব্যংসক)। ৭মীতৎ। বি; পুং।

পূর্ব্ব(র্ব)পক্ষ—অভিযোগ; শুক্লপক্ষ; প্রশ্ন; শাস্ত্রীয় প্রশ্ন (Proposition). কর্ম্মধা। বি; পুং।

পূর্ব্ব(র্ব)পদ—সমাসবদ্ধ পদসমূহের প্রথম পদ। কর্ম্মধা। বি; ক্লীব।

পূর্ব্ব(র্ব)পুরুষ—বংশের উর্দ্ধতন ব্যক্তি (Ancestor). কর্ম্মধা। বি; পুং।

পূর্ব্ব(র্ব)ফল্গুনী—অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত একাদশ নক্ষত্র। কর্ম্মধা। বি; স্ত্রী।

পূর্ব্ব(র্ব)বঙ্গ(হগ)—বঙ্গদেশের পূর্ব্ববিভাগ। ঢাকা, ময়মনসিংহ, ফরিদপুর, চট্টগ্রাম প্রভৃতি জেলা পূর্ব্ববঙ্গ নামে অভিহিত। একদেশী। বি; পুং। [তুল্যার্থে। অব্য।

পূর্ব্ব(র্ব)বৎ—পূর্ব্বের ন্যায়। পূর্ব্ব+বতিচ্

পূর্ব্ব(র্ব)বর্ত্তী(র্তী) (–বর্ত্তিন্)—পূর্ব্বস্থিত, গতকালের; অগ্রবর্ত্তী, অগ্রসর। পূর্ব্ব–বৃত্ (থাকা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –র্ত্তিনী। বি, –র্ত্তিতা।

পূর্ব্ব(র্ব)বাদ—প্রথম আবেদন, অভিযোগ, নালিশ। কর্ম্মধা। বি; ক্লীব।

পূর্ব্ব(র্ব)ভাদ্রপদ, পূর্ব্ব(র্ব)ভাদ্রপদা—অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে পঞ্চবিংশ নক্ষত্র। কর্ম্মধা। বি; পুং ও স্ত্রী।

পূর্ব্ব(র্ব)মীমাংসা—জৈমিনিকৃত দর্শনশাস্ত্রবিশেষ। কর্ম্মধা। বি; স্ত্রী।

পূর্ব্ব(র্ব)রঙ্গ—প্রস্তাবনা, নাট্যাভিনয়ের উপক্রম (Prelude). কর্ম্মধা। বি; পুং।

পূর্ব্ব(র্ব)রাগ—নায়কনায়িকার প্রথমানুরাগ (Courtship). কর্ম্মধা। বি; পুং।

পূর্ব্ব(র্ব)রাত্র—প্রথম রাত্রি, রাত্রির প্রথম ভাগ। রাত্রির পূর্ব্ব (প্রথম ভাগ), একদেশী। বি; পুং। [স্ত্রী।

পূর্ব্ব(র্ব)রাত্রি—গত রাত্রি। কর্ম্মধা। বি;

পূর্ব্ব(র্ব)লক্ষণ—ভাবিবিষয়ের প্রথম সূচনা, ভাবিচিহ্ন। কর্ম্মধা। বি; ক্লীব। [পুং।

পূর্ব্ব(র্ব)শৈল—উদয়পর্ব্বত। কর্ম্মধা। বি;

পূর্ব্ব(র্ব)সংস্কার—পূর্ব্বজন্মের সংস্কার; বাল্যের ধারণা; প্রাচীন সংস্কার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পূর্ব্বা(র্বা)—প্রাচী, পূর্ব্বদিক্, যে দিকে সূর্য্যের উদয় হয় [দশদিক্ দ্রঃ]। বি; স্ত্রী।

পূর্ব্বা(র্বা)চল, পূর্ব্বা(র্বা)দ্রি—উদয়াচল, উদয়গিরি। পূর্ব্ব (প্রাচ্যদেশীয়) যে অচল বা অদ্রি (পর্ব্বত), কর্ম্মধা। বি; পুং।

পূর্ব্বা(র্বা)নুবৃত্তি—পূর্ব্বানুগামী বিষয়ের

অনুগমন; পূর্ব্বকথিত বিষয়ের পশ্চাৎ আলোচনা। সুপ্‌সুপা। বি; স্ত্রী।

পূর্ব্বা(র্বা)নুরাগ—প্রথম অনুরাগ, প্রথম প্রণয়-সঞ্চার, আগেকার ভালবাসা (Courtship). কর্ম্মধা। বি; পুং।

পূর্ব্বা(র্বা)পর—১। পূর্ব্ব ও অপর; অগ্র-পশ্চাৎ, আগাগোড়া, আনুপূর্ব্বিক। বিণ। স্ত্রী,—রা। ২। পূর্ব্বদিক্ ও পশ্চিম দিক্। দ্বন্দ্ব। বি; পুং। [ক্রি-বিণ।

পূর্ব্বা(র্বা)পেক্ষা—আগেকার চেয়ে।

পূর্ব্বা(র্বা)বধি—আগে থেকে, পূর্ব্ব হইতে। বহুব্রী। ক্রি-বিণ।

পূর্ব্বা(র্বা)ভাষ—সূচনা, ভূমিকা, আগে যাহা জানানো হয়। কর্ম্মধা। বি; পুং।

পূর্ব্বা(র্বা)ভিমুখ—যাহার মুখ পূর্ব্বদিকে। পূর্ব্বে অভিমুখ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —খী, —খা।

পূর্ব্বা(র্বা)র্দ্ধ—প্রথমার্দ্ধ, দুইভাগে বিভক্ত বস্তুর প্রথম অর্দ্ধাংশ, পূর্ব্বদিকের অর্দ্ধাংশ। কর্ম্মধা। বি; ক্লীব।

পূর্ব্বা(র্বা)শা—পূর্ব্বদিক্। পূর্ব্বা যে আশা (দিক্), কর্ম্মধা। বি; স্ত্রী।

পূর্ব্বা(র্বা)ষাঢ়া—অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে বিংশ নক্ষত্র। পূর্ব্বা যে আষাঢ়া, কর্ম্মধা। বি; স্ত্রী।

পূর্ব্বা(র্বা)হ—আগের দিন। কর্ম্মধা+টচ্ সমাসান্ত। বি; পুং।

পূর্ব্বা(র্বা)হ্ণ—দিনের প্রথম ভাগ, বেলা ১২টার পূর্ব্বে, দশম দণ্ড পর্য্যন্ত কাল। অহনের (দিনের) পূর্ব্ব (প্রথমভাগ), একদেশী। বি; পুং।

পূর্ব্বে(র্বে)—অগ্রে, আগে, ইতঃপূর্ব্বে; প্রাচীনকালে। ক্রি-বিণ।

পূর্ব্বো(র্বো)ক্ত—পূর্ব্বে যাহা বলা হইয়াছে এরূপ; প্রথমোক্ত (Aforesaid). ৭মীতৎ। বিণ।

পূর্ব্বো(র্বো)ত্তর—ঈশান কোণ। বি; পুং।

পূর্ব্বো(র্বো)দ্ধৃত—পূর্ব্বে যাহা উদ্ধার বা অপরের লেখা হইতে গ্রহণ করা হইয়াছে। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

পূল—সেতু, সাঁকো। ফার্সী। বি।

পূলিকা, পূলী—পুলিপিঠা। পূলী=পূল+ঈপ্। পূলিকা=পূলী+কন্+আপ্। বি; স্ত্রী।

পূষা (পূষন্)—সূর্য্য। পূষ্ (বৃদ্ধি পাওয়া) +কন্ কর্তৃবা। বি; পুং।

পৃক্ত—সম্পর্কিত; মিশ্রিত; যুক্ত; সংলগ্ন। পৃচ্ (সম্পৃক্ত হওয়া)+ক্ত কর্তৃবা। বিণ। বি, পৃক্তি।

পৃচ্ছা—প্রশ্ন, জিজ্ঞাসা। প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা)+শ ভাববা+আপ্। বি; স্ত্রী।

পৃতনা—সেনা; হস্তী ২৪৩, রথ ২৪৩, অশ্ব ৭২৯, পদাতি ১২১৫, এতৎসংখ্যক সেনা। বি; স্ত্রী।

পৃথক্—ভিন্ন, বিনা, অন্য, স্বতন্ত্র; ইতর। পৃথ্ (ক্ষেপণ করা)+কক্ কর্ম্মবা। অব্য। বি,—ত্ব।

পৃথক্করণ—বিচ্ছিন্ন করা। পৃথক্—কৃ+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, পৃথক্কৃত।

পৃথগন্ন—১। পৃথক্ পরিবার, বিভক্ত পরিজন। বি; ক্লীব ২। স্বতন্ত্র স্বতন্ত্র পরিবার-ভুক্ত। পৃথক্ হইয়াছে অন্ন যাহাদের, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্না।

পৃথগাত্মতা—ভেদ, ইতরবিশেষ। পৃথক্ হইয়াছে আত্মা (স্বভাব) যাহার এই বাক্যে বহুব্রীহি সমাসে পৃথগাত্মা (পৃথগাত্মন্), তাহার ভাব এই অর্থে, তদুত্তরে তা প্রত্যয়। বি; স্ত্রী। বিণ, পৃথগাত্মা।

পৃথগ্বিধ—নানারূপ; ভিন্ন প্রকার। পৃথক্ (ভিন্ন) হইয়াছে বিধা (প্রকার) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

পৃথা—কুন্তী [কুন্তি দ্রঃ]; ব্রাহ্মণীবিশেষ। প্রথ্ (খ্যাত হওয়া)+অচ্ কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

পৃথিবী—ধরণী, ধরিত্রী, ধরা, ভূমি। প্রথ্ (খ্যাত হওয়া)+ষিবন্ কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

পৃথিবীপতি, -পাল, -পালক—ভূপতি, মহীপাল, রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পৃথু—১। বিস্তৃত; স্থূল; মহৎ। প্রথ্‌+কু কর্ত্তৃবা। বিণ। ২। পুরাকালীন নরপতি-বিশেষ, বেণরাজার পুত্র। প্রথ্ (খ্যাত হওয়া) +কু কর্ত্তৃবা। বি; পুং।

পৃথুল—মহৎ; বিস্তৃত; স্থূল। পৃথু-লা+ক কর্তৃবা। বিণ।

পৃথ্বী—ধরণী, পৃথিবী। পৃথু শব্দ+স্ত্রীলিঙ্গে ঈপ্। [পুরাণমতে, ধরা পৃথুরাজার দুহিতা বলিয়া উহার নাম পৃথ্বী]। বি; স্ত্রী।

পৃষোদর—বিন্দুগর্ভিত, উদরে মণ্ডলাকার চিহ্নযুক্ত। পৃষৎ (বিন্দু) উদরে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -রী।

পৃষ্ট—জিজ্ঞাসিত। প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, পৃষ্টা।

পৃষ্ঠ—শরীরের পশ্চাৎভাগ, পিঠ; তল, পত্রাদির একপিঠ। পৃষ্ (সেক করা)+থক্ কর্ম্মবা। বি; ক্লীব।

পৃষ্ঠতঃ (-তস্), পৃষ্ঠত—পৃষ্ঠদেশে, পশ্চাদ্ভাগে, পিছনে। পৃষ্ঠ শব্দ+তস্ সপ্তমী স্থানে। অব্য।

পৃষ্ঠদেশ—পশ্চাৎভাগ, পৃষ্ঠ, পিঠ। পৃষ্ঠই যে দেশ, কর্ম্মধা। বি; পুং।

পৃষ্ঠপোষক—সাহায্যকারী, আনুকূল্য-কারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ষিকা।

পৃষ্ঠপোষণ—আনুকূল্যকরণ, সহায়তা করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পৃষ্ঠপ্রদর্শন—পিঠ দেখান, অর্থাৎ পলায়ন [কাহারও নিকট হইতে পলায়ন করিতে হইলে তাহাকে পিঠ দেখাইতে হয়]। পৃষ্ঠের প্রদর্শন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পৃষ্ঠবংশ—পৃষ্ঠাস্থি; পিঠের শিরদাঁড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পৃষ্ঠব্রণ—পৃষ্ঠে জাত বৃহৎ গোলাকার বিস্ফোটক, পিঠের ফোঁড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

পৃষ্ঠভঙ্গ(ঙ্গ)—পরাস্ত হইয়া পলায়ন।

পৃষ্ঠরক্ষা—পশ্চাৎভাগ রক্ষা করা; পৃষ্ঠপোষণ, সাহায্য। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

পৃষ্ঠা—পুস্তকাদির পত্রের একদিক, বইএর পাতা (Page). 'পৃষ্ঠ' শব্দজ। বি।

পৃষ্ঠাঙ্ক(ঙ্ক)—পৃষ্ঠার ক্রমসূচক অঙ্ক বা সংখ্যা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পেঁকো—পাকযুক্ত; পাকের মত। পাক+ও (উয়া)। বিণ।

পেঁখে, পেকে—সার্শি; তালপাতার কিঞ্চিদূন আগুল্‌ফলম্বিত ছত্রবিশেষ। দেশজ। বি।

পেঁচ, প্যাঁচ—পাক; স্ক্রু; কুটিলতা ('মনে—'); চক্রান্ত, ফাঁদ (পেঁচে ফেলা); সমস্যা, সঙ্কট; কুস্তির লড়াই করিবার কায়দা-কানুন; ঘুঁড়ি উড়াইবার সময় সুতায় সুতায় আটকাইয়া কাটাকাটি খেলা। ফার্সীমূলক। বি।

পেঁচা, প্যাঁচা—পেচক পক্ষী (Owl). 'পেচক' শব্দজ। বি। স্ত্রী, পেঁচী।

পেঁচাও, পেঁচোয়া, পেঁচালো—জটিল; কুটিল, ধড়িবাজ। দেশজ। বিণ।

পেঁচান—পাক দেওয়া; জটিল করা; একেবারে সাবাড় না করিয়া পুঁচিয়ে কাটা। বাং ক্রি।

পেঁচালো—পেঁচাও দ্রঃ।

পেঁচো, পেঁচুয়া—উপদেবতাবিশেষ, যাহার আক্রমণে শিশুর ধনুষ্টঙ্কার হয় বলিয়া বিশ্বাস। দেশজ। বি।

পেঁজ—পলাণ্ডু। 'পেঁয়াজ' শব্দজ। বি।

পেঁজা—পিঁজা, পিঞ্জন করা, তুলা ইত্যাদির আঁশ টানিয়া সুতা কাটিবার উপযোগী করা (Tease). বাং ক্রি।

পেঁটরা—পেটক, তোরঙ্গ ঝাঁপি ইত্যাদি (Trunk, portmanteau, &c.). দেশজ। বি।

পেঁড়া, পেড়া—তোরঙ্গ, পেটক, বাক্স পেটরা; মিষ্টান্নবিশেষ। 'পেটক' শব্দজ। বি

পেঁপিয়া, পেঁপে—ফলবিশেষ। পোর্ 'Papaya' শব্দজ। বি।

পেঁয়াজ—পিঁয়াজ, পলাণ্ডু (Onion). ফার্সীমূলক। বি।

পেকে—পেঁথে দ্রঃ।

পেখন—দর্শন, দেখা, সাক্ষাৎ। প্রাঃ কবিপ্র।

পেখম—পক্ষ, পাখীর পালক বা পাখা; ময়ূরাদির পুচ্ছ। বৈদে। বি।

পেখা—প্রেক্ষণ করা, দেখা, দর্শন করা। ক্রি। প্রাঃ কবিপ্র। ক্রি।

পেগম্বর—পয়গম্বর, পীর, নবী, ধর্ম্মবক্তা। 'পয়গম্বর' শব্দজ। বি।

পেচক—উলুক, পেঁচা; কৌশিক; দিবান্ধ; করিপুচ্ছমূল বা তদগ্র। পচ্ (পাক করা) + ণক কর্ত্তৃবা, নিপাতনে। বি; পুং।

পেচাল—বাজে কথা, অতিরিক্ত কথা। প্রাদে। বি।

পেছন—পশ্চাৎ। 'পশ্চাৎ' শব্দজ। বি।

পেছপা, পেছপাও—পশ্চাৎপদ। বহুব্রী। বিণ।

পেছু—পাছু, পিছনে। 'পশ্চাৎ' শব্দজ। বি।
পেছু লাগা—জ্বালাতন করিতে থাকা; ক্ষতি করার চেষ্টা করা।

পেজী—পৃষ্ঠাযুক্ত (ষোলপেজী ফর্ম্মা)। পেজ (Page) + ঈ। বিণ।

পেজোম, -মি—পাজির আচরণ। পাজি + ম, মি কর্ম্মার্থে। বি।

পেট—১। মঞ্জুষা; পেটরা, ঝাঁপি প্রভৃতি; সমূহ। পিট্ + ষক্র্ অধিবা। বি; পুং। ২। উদর; গর্ভ ('—হওয়া')। দেশজ। বি।
পেটের দায়—উদরান্ন সংস্থানের গরজ।
পেটের কথা—গুপ্ত রহস্য, মনের গোপন কথা।

পেটক—পেটরা, ঝাঁপি প্রভৃতি; সমূহ। পেট + কন্ স্বার্থে। বি; পুং বা ক্লীব।

পেটকুয়া, পেটকো—পেটুক, লোভী। দেশজ। বিণ।

পেটভাতা—শুধু খাওয়ার বিনিময়ে বিনা বেতনে। দেশজ। বিণ বা ক্রি-বিণ।

পেটমরা—শীর্ণোদর। বহুব্রী। বিণ।

পেটমোটা—ভুঁড়িবিশিষ্ট, সঙ্গতিপন্ন। বহুব্রী। বিণ।

পেট-রোগা—স্থায়িভাবে উদরাময় রোগ-গ্রস্ত। দেশজ। বিণ।

পেট-সর্ব্ব(র্ব)স্ব—অতি লোভী বা পেটুক। বহুব্রী। বিণ।

পেটা—পিটিয়া প্রস্তুত (Wrought) ('—কড়া')। পিট্ + আ কর্ম্মবা। বিণ।

পেটাই—পেটার কাজ ('—লোহা')। পিট্ + আই। বি। [দেশজ। বিণ।

পেটাও, পেটোয়া—অনুগত, আজ্ঞাবহ।

পেটা-ঘড়ি—কাঁসর (Gong). দেশজ। বি।

পেটি—কোমরবন্ধ; মাছের পেটের অংশ। দেশজ। বি।

পেটিকা, পেটী—পেটরা, ঝাঁপি, পেঁড়া প্রভৃতি। পেটক + আপ্, ২য় পক্ষে পেট + ঈপ। বি; স্ত্রী।

পেটুক—উদরপরায়ণ, খাইতে মজবুত। পেট + উক। বিণ। [বি।

পেটেন্ট—কাহারও নিজস্ব বস্তু (Patent).

পেটো—১। কপালের উপর চাপিয়া চুল বাঁধা। দেশজ। বি। ২। পাটের তৈয়ারী ('—সুতা')। পাট + ও (উয়া)। বিণ।

পেটোয়া—বাধ্য; অনুগত। দেশজ। বিণ।

পেট্রল—মোটর গাড়ীর কেরোসিন জাতীয় তৈলবিশেষ। ইং Petrol. বি।

পেড়া—১। ক্ষীরের মিষ্টান্নবিশেষ। হিন্দী। বি। ২। বেতের পেটিকা। 'পেটক' শব্দজ। বি।

পেন্টুলন, পেন্টুলান, পেন্টুলুন—পাজামা। ইং Pantaloon. বি।

পেতনী—স্ত্রী-ভূত, কুরূপা নারী। 'প্রেতিনী' শব্দজ। বি; স্ত্রী।

পেতে—ছোট চুপড়ি। প্রাদে। বি।

পেতেন, পেতিয়ান—বাক্স গাঁটরি ইত্যাদি রাখিবার বেঞ্চিবিশেষ। দেশজ। বি।

পেত্নী—পেতনী (তাহা দ্রঃ)।

পেন—লিখিবার কলম। ইং Pen. বি।

পেনশন—চাকুরী অন্তে দেয় বৃত্তি। ইং Pension. বি।

পেনসিল—সীসক বা স্লেট ইত্যাদি নির্ম্মিত লেখনীবিশেষ। ইং Pencil. বি।

পেনেট—শিবলিঙ্গের নিম্নস্থ গৌরীপট্ট। দেশজ। বি।

পেয়—পানীয়, পান করিবার যোগ্য। পা (পান করা)+যৎ কর্ম্মবা। বিণ।

পেয়াদা—চাপরাশী; পত্রবাহক; আদালতের জারিসংক্রান্ত অধস্তন কর্ম্মচারিবিশেষ (Peon). ফার্সী। বি।

পেয়ার, পিয়ার—প্রিয়জন; প্রীতি, ভালবাসা। দেশজ। বি। [বি।

পেয়ারা—ফলবিশেষ (Guava) দেশজ।

পেয়ালা, পিয়ালা—পানপাত্র (Cup). ফার্সী। বি।

পেরনো—পার হওয়া, কাটান ('নদী, মাস—') বাং ক্রি। [বৈদে। বি।

পেরু—স্বনামখ্যাত পক্ষিবিশেষ (Turkey).

পেরেক—প্রেক, লোহা ইত্যাদির কাঁটা (Nail). পোর্ত্তু 'Prego' শব্দজ। বি।

পেলব—কোমল, সূক্ষ্ম; লঘু; ভঙ্গুর; বিরল, কৃশ, ক্ষীণ। পেল+ব তুল্যার্থে বিণ। বি,—তা।

পেলা, প্যালা—যাত্রাগানাদিতে নিক্ষিপ্ত পুরস্কার, ফেরি; চাড়া, ঠেস, ঠেকনো, অবলম্বন। প্রাদে। প্রাঃ কবিপ্র। বি।

পেল্লায়—বিরাট, বিশাল। 'প্রলয়' শব্দজ। বিণ।

পেশ—সম্ভাব, প্রণয়, মিল; দায়ের, দাখিল, সম্মুখে স্থাপন। ফার্সী। বি।

পেশওয়াজ, পেশবাজ—নর্ত্তকীদের পরিবার ঘাঘরা। ফার্সী। বি।

পেশকবচ—দুই পার্শ্বে ধারবিশিষ্ট অস্ত্রবিশেষ। ফার্সী। বি।

পেশকার—যে কর্ম্মচারী হাকিমের নিকট কাগজপত্র পেশ করে (Bench-clerk). ফার্সী। বি।

পেশকারি—পেশকারের পদ বা কার্য্য। পেশকার+ই কর্ম্মার্থে। বি।

পেশল—মৃদু; কোমল; চতুর; নিপুণ; সুন্দর। পিশ্+অলচ্ কর্ত্তৃবা। বিণ।

পেশা, পেসা—বৃত্তি, ব্যবসায়। ফার্সী। বি।

পেশাকার, পেশাকর—গণিকা, বেশ্যা। বি; স্ত্রী।

পেশাদার—বৃত্তিধারী, ব্যবসায়ী। পেশা+দার করে অর্থে। বিণ, পেশাদারী।

পেশি, পেশী—ডিম্ব; খড়্গাদির কোষ; শরীরের মাংসপিণ্ড; সুপক্ব মুকুল; নদীবিশেষ; পিশাচীবিশেষ; রাক্ষসবিশেষ। পিশ্ (অবয়বীভূত হওয়া)+ই কর্ত্তৃবা। বি; স্ত্রী।

পেশীতন্তু—যে সকল তন্তু দ্বারা মাংসপেশী গঠিত হয় (Muscular tissue). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পেশীতন্ত্র—শরীরে সন্নিবিষ্ট পেশীসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পেশোয়া, পেশবা—মারাঠারাজ্যের প্রধান মন্ত্রী বা রাজা; পুরোহিত, নায়ক। ফার্সী। বি।

পেশোয়াজ—পেশওয়াজ (তাহা দ্রঃ)।

পেশোয়ারী, পেশবারী—উত্তর-পশ্চিম সীমান্তপ্রদেশবাসী। পেশোয়ার+ঈ নিবাসার্থে। বি বা বিণ।

পেষণ—১। মর্দ্দন; চূর্ণন। পিষ (চূর্ণ করা)+অনট্ ভাববা। ২। পেষণপাত্র, শিলাদি। পিষ্+অনট্ অধিবা। বি; ক্লীব।

পেষণি, পেষণী—পেষণযন্ত্র; যন্ত্র; যাঁতা; শিল নোড়া। পেষণি=পিষ্ (পেষণ করা)+অনি করণবা, পক্ষে তদুত্তরে ঈপ্। বি; স্ত্রী।

পেস্তা—বাদামজাতীয় ফল বা বীজ (Pistachio). ফার্সী 'পিস্তা' শব্দজ। বি।

পৈ—পই দ্রঃ। [দেশজ। বি।

পৈছা, পঁইছা—হাতের গহনা বিশেষ।

পৈঠা—১। সোপান, ধাপ। 'প্রতিষ্ঠা' শব্দজ। বি। ২। প্রবেশ করা। প্রাঃ কবিপ্র। ক্রি। [যেমন—পৈঠল, পৈঠব]।

পৈতা—যজ্ঞসূত্র। 'পবিত্রা' শব্দজ। বি।
পৈতৃক—পিতৃসম্বন্ধীয় ; পিতা হইতে আগত বা প্রাপ্ত। পিতৃ + ক (ঠক)। বিণ।
পৈতৃষ্বসেয়, –ষ্বস্রীয়, –ষ্বস্রেয়—পিতার ভাগিনেয়, পিশীর পুত্র, পিশতুতো ভাই। পিতৃষ্বসৃ (পিতার ভগিনী, পিশী) + এয়, ঈয়, শ্রেয় অপত্যার্থে। বি ; পুং। স্ত্রী, –য়ী, –স্রীয়ী, –স্রেয়ী।
পৈত্তিক—পিত্তসম্বন্ধীয় ; পিত্তপ্রধান। পিত্ত + ইক্। বিণ। স্ত্রী, –কী।
পৈত্র—পিতৃসম্বন্ধীয় ; পিতা হইতে আগত বা প্রাপ্ত। পিতৃ (পিতা) + অণ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, পৈত্রী।
পৈত্রিক—পিতৃসম্বন্ধীয় ; পিতা হইতে আগত বা প্রাপ্ত। পিতৃ (পিতা) + ইক। বিণ। স্ত্রী, –কী।
পৈ পৈ—পই পই দ্রঃ।
পৈরা—ঝোলা গুড়। প্রাঃ কবিপ্র। বি।
পৈশাচ—১। পিশাচসম্বন্ধীয়। বিণ। ২। অষ্টপ্রকার বিবাহের মধ্যে অন্যতম বিবাহ, বলে বা ছলে কন্যাগ্রহণ। পিশাচ + অণ সম্বন্ধার্থে। বি ; ক্লীব।
পৈশাচিক—পিশাচসম্বন্ধীয় ; অতি জঘন্য, অতি হীন ; অতিশয় নিষ্ঠুর। পিশাচ শব্দ + ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, –কী।
পৈশুন্য, পৈশুন—পিশুনতা, অষ্টাদশ ব্যসনের মধ্যে ক্রোধজ ব্যসন ; ক্রূরতা ; খলতা ; ধূর্ত্ততা ; দৌর্জন্য ; কুৎসা প্রচার ; সূচনা। পিশুন + ষ্যঞ্, অণ। বি ; ক্লীব।
পো—১। পুত্র, ছেলে। 'পুত্র' শব্দজ। ২। পোয়া। 'পাদ' শব্দজ। বি।
পোঁ—সানাইয়ের একটানা স্বর। দেশজ। অব্য বা বি। **পোঁ ধরা**—অপদার্থবৎ অন্যের সব কথায় সায় দেওয়া।
পোঁচ, পোঁছ—লেপ ; মোছা। দেশজ। বি।
পোঁচড়া, পোঁচলা—চূণকামকরণ। দেশজ। বি।
পোঁচা, পোঁছা—১। মৎস্যের পুচ্ছভাগ, লেজা ; করতল, হাতের পাতা। 'পুচ্ছ' শব্দজ। বি। ২। পুঁছা, মুছা ; পুছা, পুছ করা, সুধান ; গ্রাহ্য করা, গণ্য করা। 'প্র-উঞ্ছ' ধাতুজ। বাং ক্রি।
পোঁটলা—বোঁচকা, বড় পুঁটলি। দেশজ। বি।
পোঁটা—শিকনি ; মাছের নাড়িভুঁড়ি-বিশেষ। দেশজ। বি।
পোঁতা—১। ঘরের ধারি ; গৃহতল। দেশজ। বি। ২। প্রোথিত করা, রোপণ করা। বাং ক্রি। [দেশজ। বি।
পোঁদ, পোঙ্গা—(অশিঃ) গুহ্যদেশ, পাছা।
পোকা—কৃমি, কীট। দেশজ। বি।
পোক্ত, পোক্তা—দৃঢ়, মজবুত, কঠিন ; পরিপক্ক ; অভিজ্ঞ। ফার্সী 'পুখ্‌ত্‌' শব্দজ। বিণ।
পোখরাজ, পোকরাজ—পুষ্পরাগ মণি-বিশেষ (Topaz). 'পুষ্পরাগ' শব্দজ। বি।
পোগণ্ড, পৌগণ্ড—পঞ্চম হইতে দশম-বর্ষীয় (শিশু) ; বিকলাঙ্গ। অপ (অপকৃষ্ট) – গম্ (গমন করা) + ড কর্ত্তৃবা। বিণ।
পোট—মিলন ; স্পর্শ। পুট্ (সংযুক্ত হওয়া) + ঘঞ্ ভাববা। বি ; পুং। ২। সদ্ভাব ; মিল ; সামঞ্জস্য। দেশজ। বি।
পোটম্যান, –ম্যাণ্টো—ট্রাঙ্ক ; চামড়ার বাক্স। ইং 'Portmanteau' শব্দজ। বি।
পোঁটলা, পোঁটলা—বোচকা, কাপড়ের গাঁটরি। দেশজ। বি।
পোড়—পোড়া ; জ্বালাযন্ত্রণা ; সঙ্কটে পরীক্ষা ('—খাওয়া')। দেশজ। বি।
পোড়া—১। দগ্ধ হওয়া, জ্বলা। বাং ক্রি। ২। দগ্ধ ('—কাঠ') ; বিমুখ ('—বিধাতা') ; ভাগ্যহীন ('—কপাল') ; কলঙ্কিত ('—মুখ')। পুড়্ + আ কর্ত্তৃবা। বিণ।
পোড়া-কপালিয়া, –কপালে—হতভাগ্য, অভাগা। পোড়াকপাল + ইয়া, এ যুক্তার্থে। বিণ। স্ত্রী, –লী।
পোড়ান, পুড়ান—দগ্ধ করা, জ্বালাতন করা। বাং ক্রি।

পোড়ানে—জ্বালানে, ক্লেশদাতা। ('হাড় —')। পোড়া+নে (নিয়া) কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –নী।

পোড়ার-মুখো—মুখপোড়া; হতভাগা (গালিবিশেষ)। পোড়ার মুখ+ও (উয়া)। বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, –খী।

পোড়েন, পড়েন—তাঁতে কাপড়ের প্রস্থের দিকের সূতা (Weft); ওজনের বাটখারা। দেশজ। বি।

পোড়ো—১। যাহা পরিত্যক্ত বা অব্যবহৃত অবস্থায় পড়িয়া আছে ('—বাড়ী')। পড়্ (পত্ ধাতুজ)+ও (উয়া) কর্ত্তৃবা। বিণ। ২। ছাত্র, পাঠার্থী। পড়্ (পঠ্ ধাতুজ)+ও (উয়া) কর্ত্তৃবা। বি।

পোণা, পোনা—রোহিত কাতল মৃগাল প্রভৃতি উৎকৃষ্ট মৎস্য; মৎস্যশিশু, বাচ্চা মাছ। দেশজ। বি।

পোত—দশমবর্ষীয় হস্তী; শিশু; নৌকাদি জলযান; গৃহস্থান, পোঁতা। পূ (শোধন করা) +তন্ কর্ত্তৃবা। বি; পুং।

পোতব্যসন—পোতসঙ্কট, জলযানে বিপদ্। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

পোতা, পোঁতা—১। গৃহভূমি; ভিত্তিমূল, ভিৎ; ঘরের মেঝে; পৌত্র। দেশজ। বি। ২। মুক্ত; মুক্তবৃদ্ধি, কোরণ্ড। বৈদে। বি। ৩। পোঁতা, প্রোথিত করা। বাং ক্রি।

পোতা (পোতৃ)—পুরোহিতবিশেষ; বিষ্ণু। পূ (পবিত্র করা)+তৃন কর্ত্তৃবা। বি পুং।

পোতাধামাল—গৃহভিত্তির অবলম্বন, পুস্তন বা পোতা (Plinth). দেশজ। বি।

পোতাধ্যক্ষ—পোতের প্রধান কর্ম্মকর্ত্তা, জাহাজের কাপ্তেন। (প্রাচীনকালে এই অর্থে মহানাবিক শব্দ প্রচলিত ছিল)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পোতাশ্রয়—জাহাজাদি লাগাইবার স্থান, বন্দর (Harbour). পোতগণের (জলযান-সমূহের) আশ্রয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পোদ—পৌণ্ড্রক্ষত্রিয় বা ব্রাত্যক্ষত্রিয় উপাধিধারী বাঙ্গালী হিন্দুজাতিবিশেষ। 'পুণ্ড' শব্দজ। বি।

পোদ্দার—সোনারূপার পেশাদার খরিদ বিক্রয় বন্ধক ইত্যাদিরূপ কারবারকারী। ফার্সী 'ফোতাহ্‌দার' শব্দজ। বি। গুণবাচক বি, পোদ্দারি।

পোনর, পোনের—পঞ্চদশ, ১৫। 'পঞ্চদশন্' শব্দজ। বি।

পোনরই—মাসের পনের তারিখ। পোনর +ই তারিখ অর্থে। বি।

পোনা—মাছের বাচ্চা; রুই কাতলা ইত্যাদি মাছ। দেশজ। বি।

পো-পোয়াতি(তী)—মা ও ছেলে; নব প্রসূত শিশু ও তাহার মা। দ্বন্দ্ব। বি।

পোয়া—চতুর্থাংশ, সিকি সের। 'পাদ' শব্দজ। বি।

পোয়াতী—প্রসূতি; নবপ্রসূতা নারী; সন্তানবতী; অন্তঃসত্ত্বা, গর্ভিণী। দেশজ। বি; স্ত্রী।

পোয়ান—১। কুম্ভকারের বৃহৎ চুল্লী, ভাটী। 'পবন' শব্দজ। বি। ২। পোহান (তাহা দ্রঃ)। বাং ক্রি।

পোয়াবারো, পোহাবার—পাশা খেলায় দান বিশেষ; (রূপকার্থে) জোর বরাত, শুভাদৃষ্ট। দেশজ। বি।

পোয়াল—পল, খড়, বিশেষতঃ আলগা (অবাঁধা) খড়। প্রাদে। বি।

পোর্টম্যাণ্টো—পোটম্যান (তাহা দ্রঃ)।

পোর্ত্তু(তু)গীজ—পোর্ত্তুগাল দেশের বাসিন্দা বা তৎসম্বন্ধীয়। ইং Portuguese. বি বা বিণ।

পোল—পুল, সেতু, সাঁকো। ফার্সী। বি।

পোলা—শিশু-সন্তান, ছোট ছেলে। প্রাদে। বি। [সং—পলান্ন) বি।

পোলাও—পলান্ন, ঘৃতপক্ব অন্ন। ফার্সী (তুঃ

পোলাপান—ছোট বালকবালিকাসমূহ। প্রাদে। বি।

পোল্সো—১। পলো, চাপা দিয়া মাছ

ধরিবার বাঁশের খাঁচাবিশেষ। প্রাদে। ২। ঘোড়ায় চড়িয়া যষ্টিতাড়ন সহকারে কন্দুক ক্রীড়াবিশেষ। ইং Polo. বি। [ফার্সী। বি।

পোশাক, পোষাক—পরিচ্ছদ, বেশ।

পোষ—১। পোষণ (সকল অর্থে)। পুষ্+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। বশতাপন্ন ভাব, বাধ্যতা, আনুগত্য ('—মানা')। দেশজ দ্রঃ। বি।

পোষক—পালক; ধারক; বর্দ্ধক; সহায়ক; পুষ্টিকারক। পুষ্ (পোষণ করা)+ণক কর্ত্তৃবা। বিণ।

পোষকতা—সমর্থন; সহায়তা ('মতের—')। পোষক+তা ভাবে। বি; স্ত্রী।

পোষড়া—পৌষ-পার্ব্বণ। দেশজ। বি।

পোষণ—পুষ্টি; বর্দ্ধন; পালন; ধারণ। পুষ্ (পোষণ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, পোষণীয়।

পোষা—১। পোষণ, পালন। পোষ্+আ ভাববা। ২। পোষিত, পালিত, গৃহপালিত; বশতাপন্ন, অনুগত। পোষ্+আ কর্ম্মবা। বিণ। ৩। পোষণ করা, পালন করা, পুষা (তাহা দ্রঃ)। বাং ক্রি।

পোষাক—পোশাক দ্রঃ।

পোষাকী, পোশাকী—পোষাকের বা উৎসবাদির যোগ্য; বাহিরে পরিধানের উপযুক্ত। পোষাক, পোশাক+ঈ। বিণ।

পোশাকী ভাষা—আড়ম্বরপূর্ণ ভাষা; কেতাবী ভাষা।

পোষানো—কুলানো ('এত কমে—'); বনিবনাও হওয়া, মিলেমিশে চলা ('কাহারও সঙ্গে—')। বাং ক্রি।

পোষিত—বর্দ্ধিত; পালিত; ধৃত। ণিজন্ত পুষ্ (=পোষি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

পোষ্ট, পোস্ট—ডাক, চিঠিপত্র বিলি প্রভৃতির সরকারী ব্যবস্থা। ইং Post. বি।

পোষ্টকার্ড—পত্র দিবার জন্য ক্ষুদ্র কার্ড-বিশেষ। ইং Post card. বি।

পোষ্টমাষ্টার—ডাকঘরের প্রধান কর্ম্মচারী। ইং Postmaster. বি।

পোষ্টা (পোষ্টৃ)—পালক, পোষণকারী। পুষ্ (পোষণ করা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, পোষ্ট্রী। [দেশজ। বি।

পোষ্টাই—১। পুষ্টিকর। বিণ। ২। পুষ্টি।

পোষ্টাপিস, —ফিস—ডাকঘর। ইং Postoffice. বি।

পোষ্য—পোষণযোগ্য; প্রতিপালনীয়; ভৃত্য। পুষ্ (পোষণ করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

পোষ্যপুত্র—দত্তকপুত্র, অপুত্রক ব্যক্তি পিণ্ড-প্রাপ্তির ও বিষয়-রক্ষার জন্য যে পরকীয় পুত্র বিধিপূর্ব্বক গ্রহণ করিয়া পালন করে। কর্ম্মধা। বি; পুং।

পোষ্যবর্গ—গলগ্রহ ব্যক্তিবর্গ, যাহাদিগকে আত্মীয়বৎ প্রতিপালন করিতে হয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

পোস্ত—আফিং ফলের বীজ বা দানা, রন্ধন-যোগ্য সামগ্রীবিশেষ। ফার্সী। বি।

পোস্তা—ভিত্তির দৃঢ়তাসাধক গাঁথনি, প্রাচীরগাত্রলগ্ন অবলম্বন বা ঠেস; নদীতীরের রক্ষাসাধন; নদীর ঘাট; দ্রব্যবিশেষের বিক্রয়স্থল, পটী; বাজার, গঞ্জ। ফার্সী। বি।

পোস্তাবন্দী—বাঁধা। ফার্সীমূলক। বিণ।

পোহান—(উত্তাপ) সেবন করা; প্রভাত করা বা হওয়া, ফরসা হওয়া; যাপন করা, কাটান; ভোগা বা সহা ('হাঙ্গামা—')। বাং ক্রি।

পোহাবার—পোয়াবারো (তাহা দ্রঃ)।

পৌঁছা, পৌঁছানো, পৌঁছনো—উপস্থিত হওয়া; নাগাল পাওয়া; রাখিয়া আসা। বাং ক্রি।

পৌগণ্ড—পোগণ্ডের ভাব বা ধর্ম্ম। পোগণ্ড দ্রঃ। পোগণ্ড+ষ্ণ ভাবার্থে। বি; ক্লীব।

পৌণ্ড্র—দেশবিশেষ; তদ্দেশীয় লোক; মধ্যমপাণ্ডব ভীমের শঙ্খ; তিলক, ফোঁটা। পুণ্ড্র+অণ্। বি; পুং।

পৌণ্ড্রবর্দ্ধন—দেশবিশেষ, বিহার; অধুনা

অনেকে মালদহ প্রভৃতি দেশকে প্রাচীন পৌণ্ড্রবর্দ্ধন বলিয়া থাকে। বি ; পুং।

পৌত্তলিক—পুত্তলিপূজক, প্রতিমার আরাধক (আধুনিক উদ্ভাবিত শব্দ, সম্প্রদায়-বিশেষ কর্তৃক বিদ্রূপার্থে প্রযুক্ত)। পুত্তলি+ইক। বিণ। বি,—কতা।

পৌত্র, পৌত্র—পুত্রের পুত্র, নাতি। পুত্র বা পুত্র+অণ্ অপত্যার্থে। বি ; পুং।

পৌত্রী, পৌত্রী—পুত্রের কন্যা। পৌত্র বা পৌত্র+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি ; স্ত্রী।

পৌনঃপুনিক—পুনঃ পুনঃ জাত বা উদিত (Recurring, Circulating). পুনঃপুনর্ শব্দ +ইক। বিণ।

পৌনঃপুন্য—পৌনঃপুনিকতা, একই বিষয়ের বার বার আবির্ভাব বা সংঘটন। পুনঃ-পুনর্+ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

পৌনরুক্ত, পৌনরুক্ত্য—পুনর্ব্বার কথন ; দ্বৈগুণ্য। পুনরুক্ত শব্দ+অণ, ষ্যঞ্ ভাবে। বি ; ক্লীব।

পৌনে—এক পোয়া বা এক সিকি কম। 'পাদোন' শব্দজ। বিণ।

পৌর—পুরসম্বন্ধীয় ; পুরবাসী, নগরবাসী। পুর+অণ ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী, পৌরী।

পৌরব—পুরুবংশীয়, পুরুবংশজাত। পুরু+অণ অপত্যার্থে। বিণ। স্ত্রী,—বী।

পৌরাণিক—১। পুরাণসম্বন্ধীয় ; পুরাণ-ঘটিত ; পুরাণে বর্ণিত ; পুরাণবেত্তা। পুরাণ+ইক। বিণ। স্ত্রী,—কী।

পৌরুষ—১। পুরুষের ভাব, পুরুষত্ব ('—পাবক', '—বহ্নি') ; পরাক্রম ; রেতঃ, শুক্র ; তেজঃ ; সাহস ; উদ্যম। পুরুষ+অণ্। বি ; ক্লীব।

পৌরোহিত্য—পুরোহিতের ধর্ম্ম বা কার্য্য। পুরোহিত+ষ্যঞ্। বি ; ক্লীব।

পৌর্ণমাসী—পূর্ণিমা তিথি। পূর্ণমাস+অন্ স্বার্থে+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি ; স্ত্রী।

পৌর্ব্বাপর্য্য, পৌর্বাপর্য—অনুক্রম, যাহার পর যেটি এইরূপ ভাব ; আনুপূর্ব্ব ; যথাক্রম ; কারণ ; ফল। পূর্ব্বাপর+ষ্যঞ্। বি ; ক্লীব।

পৌর্ব্বা(র্বা)হ্ণিক—পূর্ব্বাহ্ণভব, পূর্ব্বাহ্ণ-সম্বন্ধীয়, প্রাতঃকালীন। পূর্ব্বাহ্ণ+ইক ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী,—কী।

পৌলস্ত্য—পুলস্ত্যপুত্র,—কুবের, রাবণ, কুম্ভকর্ণ, বিভীষণ। পুলস্ত্য (ঋষিবিশেষ)+অণ্ অপত্যার্থে। বি ; পুং।

পৌলোমী, পৌলমী—ইন্দ্রপত্নী শচী। (পুলোমা দ্রঃ)। পুলোমন্+অন্ অপত্যার্থে +ঈপ্। বি ; স্ত্রী।

পৌষ—মাসবিশেষ, এদেশীয় বৎসর গণনায় নবম মাস। পৌষী (পুষ্যানক্ষত্রযুক্তা পূর্ণিমা) +অণ যুক্তার্থে। বি ; পুং।

প্যঁ্যা—ছোট ছেলের কান্নার শব্দ, ট্যাঁ ট্যাঁ। দেশজ। অব্য।

প্যাঁচ, প্যাঁচা—পেঁচ, পেঁচা (তাহা দ্রঃ)।

প্যাণ্ট—পাজামা বিশেষ ; ইজের। ইং 'Pantaloon' শব্দজ। বি।

প্যান প্যান—কান্নার সঙ্গে ঘ্যান্ ঘ্যান্ ('—করা')। দেশজ। অব্য। বিণ, প্যানপেনে।

প্যায়দা—পিওন। ফার্সী। বি।

প্যারা—গদ্যে পঙ্‌ক্তির সমষ্টি, অণুচ্ছেদ। ইং 'Paragraph' শব্দজ। বি।

প্যারী—পিয়ারী, প্রিয়া, কৃষ্ণ-প্রিয়া, রাধিকা। প্রাঃ কবিপ্র। বি বা বিণ ; স্ত্রী।

প্যাসেঞ্জার—যাত্রী। ইং Passenger. বি।

প্র—উৎকর্ষ ; খ্যাতি ; গতি ; উপসর্গ ; আরম্ভ ; সর্ব্বতোভাব। প্রথ্ (খ্যাত হওয়া, গমন করা)+ড কর্তৃবা। অব্য।

প্রকট—ব্যক্ত ; স্পষ্ট। প্রকৃষ্টরূপে গমন করে এই অর্থে প্র—কট্ (গমন করা)+অচ্ কর্তৃবা। বিণ।

প্রকটন—প্রকাশকরণ, ব্যক্তকরণ। প্র—কট্ (গমন করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

প্রকটিত—প্রকাশিত ; ব্যক্ত ; বিস্তারিত, বিসারিত। প্র—কট্+ক্ত কর্তৃবা। বিণ।

প্রকটীকৃত—সম্প্রতি প্রকাশিত ; ব্যক্তীকৃত ;

বিশদীকৃত। প্রকট+অভূততদ্ভাবার্থে চি (=প্রকটী)—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রকম্প—বেপথু, থরথর কাঁপুনি; প্রবল কম্প, ধাক্কা (Shock). প্র—কম্প্+ঘঞ্ ভাববা। বি; পুং। বিণ,—ম্পিত।

প্রকম্পন—১। কম্পাতিশয়; বেপথু, কাঁপনি। প্র—কম্প্ (কাঁপা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। কম্পজনক। প্র—ণিজন্ত কম্প্=কম্পি (কাঁপান)+অন কর্ত্তৃবা। বিণ।

প্রকরণ—১। সম্যক্‌রূপে করণ; প্রকার; প্রস্তাব, প্রক্রিয়া। প্র—কৃ+অনট্ ভাববা। ২। গ্রন্থের এক দেশ, গ্রন্থাংশ; রূপকবিশেষ। প্র—কৃ+অনট্ কর্ম্মবা। বি; ক্লীব।

প্রকর্ষ—উৎকর্ষ, শ্রেষ্ঠতা; আধিক্য। প্র—কৃষ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রকল্প—অনুমান; ধরিয়া লওয়া (Hypothesis). প্র—কৢপ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রকাণ্ড—১। বৃক্ষের মূল হইতে শাখামূল পর্য্যন্ত অংশ, গাছের গুঁড়ি। প্র (প্রকৃষ্ট) যে কাণ্ড, প্রাদিতৎ বা কর্ম্মধা। বি; পুং বা ক্লীব। ২। বৃহৎ, বিপুল, বিশাল। প্র (প্রকৃষ্ট) কাণ্ড যাহার, বহুব্রী। বিণ।

প্রকার—ভেদ, প্রভেদ; রকম, ভাব; কৌশল; ধারা; সাদৃশ্য; জাতি; রীতি। প্র—কৃ (করা)+ঘঞ্ ভাববা, করণবা। বি; পুং।

প্রকারান্তর—অন্য প্রকার রীতি বা কৌশল। অন্য যে প্রকার, নিত্য। বি; ক্লীব।

প্রকাশ—১। আলোক; আভা; দীপ্তি; আতপ; বিস্তার; প্রকটন; প্রচার; বিকাশ; উদয় ('সূর্য্যের—'); শোভা; প্রসিদ্ধি; সাদৃশ্য; জ্ঞান; গ্রন্থাদি ছাপানো ও বিক্রয়ের ব্যবস্থা (Publication). প্র—কাশ্ (দীপ্তি হওয়া)+ঘঞ্ ভাববা। ২। বিকসিত; ব্যক্ত; প্রকট; প্রসন্ন; প্রসিদ্ধ; উদ্ভাবিত; সদৃশ। প্র—কাশ্+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—শা।

প্রকাশক—প্রকাশকর্ত্তা (Publisher); ব্যক্তকারী। প্র—কাশ্ (দীপ্ত করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—শিকা।

প্রকাশন—প্রকাশ করা। প্র—কাশ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রকাশনীয়—প্রকাশ্য, প্রকাশ করিবার উপযুক্ত। প্র—কাশ্+অনীয় কর্ম্মবা। বিণ।

প্রকাশমান—দেদীপ্যমান, দীপ্তোজ্জ্বল, ভাস্বর; প্রকট, বিস্পষ্ট, অভিব্যক্ত। প্র—কাশ্ +শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

প্রকাশিত—প্রকটিত; আবিষ্কৃত; দীপিত; উদ্ভাসিত; শোভিত; উদ্ভাবিত; প্রস্ফুটিত। প্র—কাশ্+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রকাশ্য—প্রকাশযোগ্য; সাধারণের গম্য ('—স্থান'); 'দরবার' বা সাধারণের সম্মুখে ('—নিন্দা'); প্রকাশনীয় ('ক্রমশঃ—')। প্র—কাশ্ (দীপ্ত করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

প্রকাশ্যে—প্রকাশিত ভাবে, সকলের গোচরে, প্রকাশ করিয়া। ক্রি-বিণ।

প্রকীর্ণ—বিক্ষিপ্ত; প্রসারিত; বিস্তৃত; প্রকাশিত; মিশ্রিত; বিবিধ। প্র—কৄ (বিকীর্ণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রকীর্ত্তি(র্তি)ত—সম্যক্ কীর্ত্তিত; কথিত, বর্ণিত। প্র—কৄত্ (কীর্ত্তন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রকুপিত—অতিশয় কুপিত, বিষম কুপিত; বৈষম্যপ্রাপ্ত, বিকৃত। প্রাদিতৎ। বিণ।

প্রকৃত—রচিত; নির্ম্মিত; প্রস্তাবিত; অধিকৃত; আরব্ধ; প্রক্রান্ত; বাস্তবিক, যথার্থ। প্র—কৃ (করা)+ক্ত কর্ম্মবা। বিণ। বি,—ত্ব।

প্রকৃতপক্ষে—বাস্তবিকপক্ষে, বস্তুতঃ। ক্রি-বিণ।

প্রকৃতি—১। প্রধান, জগতের ত্রিগুণাত্মক মূল কারণ; তমঃ; মায়া; অজা; অজ্ঞান; হেতু; কারণ; নিসর্গ, স্বভাব; পঞ্চভূত; শক্তি; স্ত্রী; পরমাত্মা; জীবাত্মা; স্বামী, অমাত্য, সুহৃৎ, কোষ, রাষ্ট্র, দুর্গ, বল, এই সপ্তবিধ রাজ্যাঙ্গ; একবিংশত্যক্ষরা বৃত্তি।

প্র—কৃ+ক্তি করণবা। ২। (ব্যাকরণে) অবিভক্ত্যন্ত শব্দ ও ধাতু। প্র—কৃ+ক্তিচ্ কর্তৃবা। ৩। পঞ্চভূতময় দেহ; প্রজা। প্র—কৃ+ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী; [তৎ। বিণ।

প্রকৃতিগত—স্বভাবসিদ্ধ, স্বাভাবিক। ২য়া-

প্রকৃতিজ,—জাত—স্বভাবজাত, স্বাভাবিক, প্রাকৃতিক। উপতৎ। প্রকৃতি—জন্ (জন্মা)+ড কর্তৃবা=প্রকৃতিজ। বিণ।

প্রকৃতিদত্ত—স্বাভাবিক। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ত্তা।

প্রকৃতিবাদ—প্রকৃতিই সকলের মূল এইরূপ মত; জড়বাদ (Naturalism). প্রকৃতি-সমর্থক বাদ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। বিণ, —বাদী।

প্রকৃতিবিরুদ্ধ—স্বভাবের বিপরীত। ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

প্রকৃতিসিদ্ধ—স্বভাবসিদ্ধ, স্বভাবজ, স্বাভাবিক। ৩য়াতৎ। বিণ।

প্রকৃতিস্থ—স্বভাবে অবস্থিত, স্বস্থ; "ধাতস্থ", অস্বস্তি হইতে মুক্ত; স্বীয় ভাবাপন্ন; স্বাভাবিক। প্রকৃতি (স্বভাব)—স্থা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—স্থা।

প্রকৃষ্ট—উৎকৃষ্ট; প্রশস্ত; শ্রেষ্ঠ। প্র—কৃষ্ (কর্ষণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। বি,—তা, —ত্ব।

প্রকোপ—অতিশয় কোপ; (জ্বরাদির) উৎকটতা; প্রাবল্য; উদ্দীপনা। প্র—কুপ্ (কুপিত হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং। বিণ,—পিত।

প্রকোপণ, প্রকোপন—রাগান; অগ্নি প্রভৃতি উস্কান; বর্দ্ধন। প্র—ণিজন্ত কুপ্ বা কোপি (রাগান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রকোষ্ঠ—দ্বারের পার্শ্বগৃহ; কক্ষ; মহল; কফোণি অবধি মণিবন্ধ পর্য্যন্ত বাহুভাগ। প্র—কুষ্+থন অপাবা। বি; পুং।

প্রক্রমভঙ্গ(ংগ)—রচনার দোষবিশেষ; আরব্ধ ধারার অন্যথা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রক্রান্ত—১। গত; অবস্থিত। প্র—ক্রম্ (গমন করা)+ক্ত কর্তৃবা। ২। আরব্ধ। প্র—ক্রম্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্তা।

প্রক্রিয়া—প্রয়োগ; প্রকরণ (Process); অনুষ্ঠান। প্র—কৃ (করা)+শ ভাববা+আপ্। বি; স্ত্রী।

প্রক্ষালন—ধাবন, ধৌতকরণ, ধোয়া। প্র—ক্ষালি (পরিষ্কার করান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রক্ষালিত—ধৌত, পরিষ্কৃত। প্র—ণিজন্ত ক্ষল্ (=ক্ষালি)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রক্ষিপ্ত—নিক্ষিপ্ত; বিন্যস্ত; অন্তর্নিবেশিত, মধ্যে মধ্যে বসান (Interpolated). প্র—ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রক্ষেপ, প্রক্ষেপণ—বিক্ষেপ; বিন্যাস। প্র—ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং ও ক্লীব।

প্রক্ষেপক—যে প্রক্ষেপ করে। প্র—ক্ষিপ্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

প্রখর—১। তীক্ষ্ণ; তীব্র; অত্যুগ্র; অত্যুষ্ণ। প্র (সর্ব্বতোভাবে) যে খর, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—রা। বি,—তা,—ত্ব।

প্রখ্যাত—প্রকৃষ্ট খ্যাতিযুক্ত; বিখ্যাত, প্রসিদ্ধ; খ্যাতিমান্। প্রাদিতৎ। বিণ। স্ত্রী, —তা।

প্রগতি—অগ্রগতি, উন্নতি; সংস্কারের নামে অনাচার বা বাড়াবাড়ি ('নারী—' 'পরিণয়ে—')। প্র—গম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

প্রগতিবাদী—স্ত্রীশিক্ষা স্ত্রীস্বাধীনতা ইত্যাদির সমর্থক; স্ত্রীস্বাধীনতা ইত্যাদির নামে স্বৈরাচারপন্থী। প্রগতিবাদ+ইন্ আছে অর্থে। বি বা বিণ; পুং। স্ত্রী,—দিনী।

প্রগতিশীল—উন্নততর অবস্থা প্রাপ্ত হওয়া যাহার স্বভাব; সংস্কারের নামে স্বৈরাচারী। বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

প্রগল্‌ভ—১। ধৃষ্ট; নির্লজ্জ, বেহায়া; অবিনীত; উদ্ধত; অনর্থক বহুভাষী, বাচাল; সাহসী; নির্ভীক; প্রতিভান্বিত, প্রত্যুৎপন্ন-

মতি। প্র—গল্‌ভ্‌ (ধৃষ্ট হওয়া)+অচ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ভা। বি,—তা।

প্রগাঢ়—অতিশয় গাঢ় বা ঘন ; অতিগম্ভীর ; অধিক ; অতিশয় ; দৃঢ় ; নিবিড়। প্র (সর্ব্বতোভাবে) যে গাঢ়, প্রাদিতৎ। বিণ।

প্রগ্রহ, প্রগ্রাহ—১। অশ্বাদির রশ্মি, লাগাম ; তুলাসূত্র ; ভুজ ; রজ্জু ; কিরণ। প্র—গ্রহ্‌ (গ্রহণ করা)+অপ্‌, ঘঞ্‌ করণবা। ২। বন্ধন ; গ্রহণ। প্র—গ্রহ্‌+অপ্‌, ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

প্রচণ্ড—ভীষণ, ভয়ঙ্কর ; দুর্ব্বহ ; দুঃসহ ; দুর্দ্ধর্ষ ; প্রতাপশালী ; অতিকোপন ; প্রবল। প্র চন্ড্‌ (রোষ করা)+অচ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ণ্ডা।

প্রচয়, প্রচায়—১। বৃদ্ধি, উপচয় ; সঞ্চয় ; জমাট। প্র—চি (একত্র করা)+অচ্‌, ঘঞ্‌ ভাববা। ২। রাশি। প্র—চি+অচ্‌, ঘঞ্‌ কর্ম্মবা। বি ; পুং। বিণ, প্রচিত।

প্রচয়ন—সংগ্রহ। প্র—চি+অনট্‌ ভাববা। বি ; ক্লীব। বিণ, প্রচিত।

প্রচল—১। প্রকৃষ্ট চলনযুক্ত। বিণ। স্ত্রী,—লা। ২। প্রথা ; চিরাচরিত নিয়ম। প্র—চল্‌+অচ্‌ কর্ত্তৃবা। বি ; পুং।

প্রচলন—প্রবর্ত্তন ; প্রচার ; চলন। প্র—চল্‌+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

প্রচলিত—প্রবর্ত্তিত ; প্রচারিত ; ব্যবহৃত ; প্রস্থিত ; প্রসিদ্ধ ; যাহার চলন হইয়াছে এরূপ। প্র—চল্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রচার—প্রসিদ্ধি ; প্রকাশ ; ঘোষণা। প্র—চর্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

প্রচারক—প্রচারকারী ; বিঘোষক ; প্রকাশক। প্র—ণিজন্ত চর্‌ (=চারি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

প্রচারপত্র—কোন বিষয়ের বিজ্ঞাপনসূচক ছাপা কাগজ (Pamphlet). মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

প্রচারা—সাধারণ্যে প্রকাশ করা, ঘোষণা করা, রটান। কবিপ্র। ক্রি।

প্রচারিত—যাহার প্রচার করা হইয়াছে এরূপ ; বিঘোষিত। প্র—ণিজন্ত চর্‌ বা চারি (গমন করান)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রচালিত—যাহার প্রচলন করা হইয়াছে। প্র—চল্‌+ণিচ্‌+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রচুর—প্রভূত, পর্য্যাপ্ত ; বিস্তর ; অনেক। প্র—চুর্‌+ক কর্ত্তৃবা। বিণ।

প্রচেতাঃ (—তস্‌), প্রচেতা—১। প্রকৃষ্টচিত্ত ; উন্নতমনাঃ ; হৃষ্টচিত্ত, জ্ঞানী ; সতর্ক। বিণ। ২। মুনিবিশেষ ; বরুণ ; প্রজাপতিবিশেষ। প্র (প্রকৃষ্ট) চেতঃ যাহার, বহুব্রী। বি ; পুং।

প্রচেষ্টা—প্রয়াস, অধ্যবসায় (Perseverance) ; সদুদ্দেশ্যে সমবেত চেষ্টা (Movement). প্রকৃষ্টা চেষ্টা, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

প্রচ্ছদ—১। আবরণবস্ত্র ; আস্তরণবস্ত্র ; বিছানার চাদর। প্র—ণিজন্ত ছদ্‌=ছাদি (আচ্ছাদন করা)+ঘ করণবা। বি ; পুং।

প্রচ্ছদপট—আচ্ছাদনবস্ত্র, নিচোল, পাছুড়ি ; বিছানার চাদর ; মলাট। প্রচ্ছদও যে পটও সে, কর্ম্মধা। বি ; পুং।

প্রচ্ছন্ন—১। আচ্ছন্ন ; গুপ্ত ; আবৃত। প্র—ছদ্‌ (আবৃত করা)+ণিচ্‌+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্না।

প্রচ্ছাদন—১। আচ্ছাদন। প্র—ণিজন্ত ছদ্‌ বা ছাদি (আচ্ছাদন করান)+অনট্‌ ভাববা। ২। আবরণবস্ত্র ; আস্তরণবস্ত্র ; উত্তরীয়বস্ত্র। প্র—ছাদি+অনট্‌ করণবা। বি ; ক্লীব।

প্রচ্ছাদিত—আচ্ছাদিত ; আবরিত। প্র—ণিজন্ত ছদ্‌ বা ছাদি (আচ্ছাদন করান)+ক্ত কর্ম্মবা। বিণ ; ত্রি।

প্রচ্ছায়—প্রকৃষ্ট ছায়া। প্র (প্রকৃষ্ট) যে ছায়া, নিত্য। বি ; ক্লীব। [(Umbra). বি ; স্ত্রী।

প্রচ্ছায়া—চন্দ্রসূর্য্যগ্রহণে পূর্ণগ্রাসের অবস্থা

প্রজন—জনসংখ্যা। প্রাদিতৎ। বি।

প্রজনন—১। সন্তান উৎপাদন। প্র—জন্‌ (জন্মা)+ণিচ্‌+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

প্রজল্প, প্রজল্পন—কথোপকথন, আলাপ। প্র—জল্প্ (বলা)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং ও ক্লীব।

প্রজা—সন্তান, সন্ততি; প্রকৃতি, অধিকারস্থ জন; রায়ৎ। প্র—জন্+ড কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

প্রজাত—উৎপন্ন, উদ্ভূত। প্র—জন্ (জন্মা)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা (=সন্তানবতী)।

প্রজাতন্ত্র—প্রজাবর্গের নির্ব্বাচিত প্রতিনিধিদ্বারা রাজ্যশাসন (Republic). প্রজানিয়ন্ত্রিত তন্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

প্রজাপতি—১। বিধাতা, ব্রহ্মা; বিশ্বকর্ম্মা; মরীচি, অত্রি, অঙ্গিরাঃ, পুলস্ত্য, পুলহ, ক্রতু, দক্ষ, বশিষ্ঠ, ভৃগু, নারদ, এই দশ জন সৃষ্টিকর্ত্তা; রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। বিচিত্রপক্ষ পতঙ্গবিশেষ। দেশজ প্রঃ। বি।

প্রজাপতিনির্ব্বর্(র্ব)ন্ধ—প্রজাপতির বিধান, বিধাতার বিধি (Providential disposition). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রজাপাল—প্রজাপতি; রাজা। প্রজা শব্দ—পাল্ (রক্ষা করা)+অণ্ কর্তৃবা। বি; পুং।

প্রজাপালক—প্রজাকে সুখে রাখিয়া রাজ্যশাসনকারী (রাজা)। ৬ষ্ঠীতৎ। বিণ।

প্রজাপীড়ক—প্রজাপীড়নকারী, অধীন জনগণের উপর অত্যাচারকারী, অবিচারক শাসনকর্ত্তা। ৬ষ্ঠীতৎ। বিণ।

প্রজাপীড়ন—অধীন জনগণের প্রতি দুর্ব্ব্যবহার; প্রকৃতি-নিগ্রহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

প্রজাবতী—১। সন্তানবতী। প্রজা (সন্তান)+মতুপ্ অস্ত্যর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

প্রজাবিলি—প্রজার নিকট নির্দ্দিষ্ট খাজনার সর্ত্তে জমি পত্তন করা। প্রজার নিকট বিলি, ৭মীতৎ। বি।

প্রজারঞ্জক—প্রকৃতিরঞ্জনকারী, অধীন জনগণকে সন্তুষ্ট রাখিয়া রাজ্যশাসনকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ঞ্জিকা।

প্রজারঞ্জন—প্রজাগণকে সন্তোষে রাখিয়া রাজ্যশাসন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

প্রজ্ঞ—জ্ঞানবান্, জ্ঞানী; বিচক্ষণ; পণ্ডিত। প্র—জ্ঞা+ক কর্তৃবা। বিণ।

প্রজ্ঞা—বুদ্ধি, জ্ঞান; তীক্ষ্ণমতি; সঙ্কেত; মন্ত্রণা। প্র—জ্ঞা (জানা)+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

প্রজ্ঞাপারমিতা—বৌদ্ধদেবীবিশেষ; জ্ঞানের পরিসীমা। বি; স্ত্রী।

প্রজ্ঞাবান্ (—বৎ)—ধীমান, জ্ঞানী। প্রজ্ঞা+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—বতী।

প্রজ্বলন—প্রচণ্ড দহন, জ্বলিয়া উঠা; প্রবলদাহ। প্রাদিতৎ। বি; ক্লীব।

প্রজ্বলিত—১। প্রবৃদ্ধ জ্বলনবিশিষ্ট, জ্বলন্ত। প্র—জ্বল্ (দীপ্ত হওয়া)+ক্ত কর্তৃবা। ২। যাহা ভালরূপে জ্বালান হইয়াছে। প্র—জ্বল্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। বি, প্রজ্বলন।

প্রজ্বালন—প্রদীপন, জ্বালান, ধরান। প্রজ্বাল+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রজ্বালিত—সন্দীপিত, সন্ধুক্ষিত, যাহা জ্বালান বা ধরান হইয়াছে এরূপ। প্রজ্বাল+ণিচ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রডীন—পক্ষীর গতিবিশেষ। প্র—ডী (উড়া)+ক্ত ভাববা। বি; ক্লীব।

প্রণত—কৃতপ্রণাম; নম্র; অবনত; বক্র। প্র—নম্ (নত হওয়া) ক্ত+কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

প্রণতি—প্রণিপাত, প্রণাম; নম্রতা; অবনমন। প্র—নম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

প্রণব—ঈশ্বরের গূঢ় নাম, ওঁ, ওঙ্কার। প্র—নু (স্তুতি করা)+অপ্ করণবা। বি; পুং।

প্রণয়—প্রীতি; অনুরাগ; প্রেম, ভালবাসা; বন্ধুত্ব; বিশ্রম্ভ; বিশ্বাস; শ্রদ্ধা; প্রার্থনা; যাচ্ঞা; পরিচয়। প্র—নী (লইয়া যাওয়া)+অচ্ ভাববা। বি; পুং।

প্রণয়গর্ভ—প্রীতিপূর্ণ; ভালবাসাপূর্ণ। প্রণয় গর্ভে (অভ্যন্তরে) যাহার, বহুব্রী। বিণ।

প্রণয়গাথা, —গীত, —গীতি, —সঙ্গী(ংগী)ত—প্রেমবিষয়ক গান। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী, ক্লীব।

প্রণয়ঘটিত—প্রেমসম্বন্ধীয়। ৩য়াতৎ। বিণ।

প্রণয়ন—১। অগ্নি-সমিন্ধন মন্ত্রাদি। প্র–নী (লইয়া যাওয়া)+অনট্ করণবা। ২। নির্ম্মাণ; লিখন; রচনা। প্র–নী+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রণয়-পত্র, –পত্রিকা—প্রেম লিপি, প্রীতিজ্ঞাপক লেখ্য (Love-letter). মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব ও স্ত্রী।

প্রণয়াস্পদ—প্রণয়ভাজন, ভালবাসার পাত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

প্রণয়িনী—১। অনুরাগযুক্তা। বিণ; স্ত্রী। ২। ভার্য্যা; অনুরক্তা নায়িকা। প্রণয়+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বি; স্ত্রী।

প্রণয়ী (–য়িন্)—১। অনুরাগবিশিষ্ট, যে ভালবাসে। বিণ। ২। স্বামী; অনুরক্ত নায়ক। প্রণয়+ইন অস্ত্যর্থে। বি; পুং।

প্রণাম—ভক্তিশ্রদ্ধাতিশয়যুক্তনমস্কার; প্রণতি, প্রকৃষ্টরূপ নমস্কার, প্রকৃষ্টরূপ স্বাপকর্ষবোধক ব্যাপার, অর্থাৎ যে কার্য্যের দ্বারা নিজের অপকর্ষ প্রকাশ করা হয় বা লক্ষ্য ব্যক্তিকে আপনা হইতে অধিক উৎকৃষ্ট বলিয়া ব্যক্ত করা যায় [নমস্কার দ্রঃ]। প্র–নম্ (নত হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রণামি, প্রণামী—প্রণাম করিবার সময়ে প্রদত্ত উপহার বা অর্থ, প্রণাম-দক্ষিণা; সেলামী; উৎকোচ, ঘুষ। প্রণাম+ই, ঈ। বি।

প্রণালী—জলনিঃসরণমার্গ, নর্দ্দমা; (ভূগোলে) যে সঙ্কীর্ণ জলভাগ দুই বৃহৎ জলভাগকে পরস্পর সংযুক্ত করে (Strait); পদ্ধতি, ধারা, রীতি, শ্রেণী। প্র–নল্ (বন্ধন করা)+ঘঞ্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

প্রণালীসম্মত, –শুদ্ধ, –সিদ্ধ—নিয়মিত, সুসঙ্গত, সুবিন্যস্ত, সুশৃঙ্খল (Methodical). ৩য়াতৎ। বিণ।

প্রণাশ—মৃত্যু, মরণ; নিধন; পলায়ন। প্র–নশ্ (নষ্ট হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রণিধান—প্রযত্ন; সমাধি; মনোনিবেশ; চিত্তের একাগ্রতা; যোগ; ধ্যান; যত্ন; অর্পণ। প্র–নি–ধা+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রণিধি—১। অনুচর; চর; দূত; চালক বা পথপ্রদর্শক (Guide). প্র–নি–ধা+কি কর্ম্মবা। ২। প্রার্থনা; অবধান। প্র–নি–ধা+কি ভাববা। বি; পুং।

প্রণিপাত—প্রণাম, নমস্কার, প্রণতি। প্র–নি–পত্ (পড়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রণিহিত—সমাহিত; স্থিরীকৃত; অর্পিত। প্র–নি–ধা (ধারণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

প্রণীত—১। রচিত, নির্ম্মিত; কথিত; প্রেরিত; পক্ব; ক্ষিপ্ত; প্রবেশিত। প্র–নী (লইয়া যাওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

প্রণেতা (–তৃ)—প্রণয়নকর্ত্তা, রচয়িতা, নির্ম্মাতা। প্র–নী+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –ত্রী।

প্রণেয়—বশীভূত, অধীন, বশ্য। প্র–নী+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, –য়া।

প্রণোদন—প্রেরণ; নিয়োজন; প্রবর্ত্তন। প্র–নুদ্ (প্রেরণ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রণোদিত—প্রেরিত; নিয়োজিত; প্রয়োচিত; প্রবর্ত্তিত। প্র–ণিজন্ত নুদ্=নোদি (প্রেরণ করান)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রতপ্ত—উত্তপ্ত; তাপিত; অতিশয় তপ্ত, অতি তাপিত। প্রাদিতৎ। বিণ। স্ত্রী, –প্তা।

প্রতর্ক—সন্দেহ। প্র–তর্ক্ (তর্ক করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রতর্কণ—বিতর্কণ; বাদানুবাদ; আগে হইতে ভাবা। প্র–তর্ক্+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, –র্কিত।

প্রতর্ক্য—বিচার বা অনুমান দ্বারা নির্ণেয়, অমীমাংসিত (Debatable). প্র–তর্ক্+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

প্রতান—১। বিস্তৃতি, প্রসৃতি; বিস্তার। প্র–তন্ (বিস্তৃত হওয়া)+ঘঞ্ ভাববা। ২।

লতার তন্তু, শুঁয়া। প্র—তন্+ণ কর্তৃবা। বি; পুং।

প্রতাপ—আতপ; সন্তাপ; উত্তাপ; প্রভাব; কোষদণ্ডজনিত তেজঃ; পরাক্রম, বিক্রম, শৌর্য্য। প্র—তপ্ (তপ্ত হওয়া বা করা) +ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রতাপন—তাপজনক। প্র—ণিজন্ত তপ্= তাপি (তাপিত করা)+অন কর্তৃবা। বিণ।

প্রতাপবান্ (–বৎ), প্রতাপশালী (–লিন্)—প্রভাবশালী; তেজস্বী। প্রতাপ +মতুপ্ আছে অর্থে; প্রতাপ—শাল্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—বতী,—শালিনী।

প্রতাপান্বিত—প্রতাপশালী, প্রভাববিশিষ্ট। প্রতাপ দ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —তা।

প্রতাপী (–পিন্)—প্রতাপশালী। প্রতাপ +ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—পিনী।

প্রতারক—পারপ্রাপক, যে পার করিয়া দেয়; শঠ; বঞ্চক; ধূর্ত্ত; কপট, ধড়িবাজ। প্র—ণিজন্ত তৃ=তারি (পার করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

প্রতারণ—পার-প্রাপণ; বঞ্চনা, ঠকান। প্র —ণিজন্ত তৃ=তারি (পার করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রতারণা—পার-প্রাপণ, পার করিয়া দেওয়া; বঞ্চনা, ঠকান। প্র—ণিজন্ত তৃ=তারি (পার করা)+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

প্রতারণামূলক—বঞ্চনাই যাহাতে উদ্দেশ্য এমন। প্রতারণা মূলে যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—মূলিকা।

প্রতারিত—পার-প্রাপিত; বঞ্চিত, যাহাকে ঠকান হইয়াছে এরূপ। প্র—ণিজন্ত তৃ= তারি (পার করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

প্রতি—প্রতিনিধি; ভাগ; মাত্র; আভিমুখ্য; বীপ্সা; ইত্থম্ভূত-কথন; প্রতিদান; ব্যাবৃত্তি; চিহ্ন; সাদৃশ্য; বিরোধ; প্রশস্তি; নিন্দা; নিশ্চয়; সমাধি; স্বভাব; ব্যাপ্তি; প্রত্যেক ('—দিন')। প্রথ্ (খ্যাত হওয়া)+ডতি ভাববা। অব্য।

প্রতিকরণীয়—প্রতীকার্য্য, প্রতিবিধেয়। প্রতি—কৃ+অনীয়। কর্ম্মবা। বিণ।

প্রতিকর্ত্তা (–কর্ত্তৃ), –কর্ত্রা—প্রতিকার-কারী; প্রতিবিধাতা; প্রতিফলদাতা; বৈর-নির্য্যাতক, অনিষ্টকারীর অনিষ্টকারক। প্রতি —কৃ+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—কর্ত্রী।

প্রতিকল্পন—কোন কিছুর বদলে অন্য কিছু স্থাপন (Substitution). প্রতি—কৢপ্+ অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ,—কল্পিত।

প্রতিকার, প্রতীকার—প্রতিবিধান; পরিশোধ; প্রতিফল; বৈরনির্য্যাতন; চিকিৎসা। প্রতি—কৃ (করা)+ঘঞ্ ভাববা। বি: পুং।

প্রতিকার্য্য(র্য), প্রতীকার্য্য(র্য)—প্রতি-কার করিবার যোগ্য, প্রতিবিধেয়। প্রতি— কৃ (করা)+ণ্যৎ, প্রতীকার+যৎ যোগ্যার্থে। বিণ। স্ত্রী,—র্য্যা।

প্রতিকাশ, প্রতীকাশ—(শব্দের পরে থাকিলে) সদৃশ, তুল্য। প্রতি—কাশ্ (দীপ্তি পাওয়া)+ঘঞ্ কর্তৃবা। বিণ।

প্রতিকূল—অননুকূল; বিপক্ষ; বিরুদ্ধ। প্রতীপ কূল হইতে, প্রাদিতৎ। বিণ। বি,—তা।

প্রতিকৃত—কৃতপ্রতিবিধান; প্রতিবিহিত: পরিশোধিত; প্রতিদত্ত। প্রতি—কৃ (করা) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রতিকৃতি—১। প্রতিমা; প্রতিমূর্ত্তি; চেহারা; প্রতিবিম্ব; প্রতিনিধি। প্রতি—কৃ (করা)+ক্তি করণবা। ২। সাদৃশ্য; প্রতী-কার। প্রতি—কৃ+ক্তি ভাববা। বি; স্ত্রী।

প্রতিক্রিয়া—বিপরীত ক্রিয়া (Reaction); প্রতীকার। প্রতি—কৃ+শ ভাববা+আপ্। বি; স্ত্রী। [অব্য।

প্রতিক্ষণ—প্রতিমুহূর্ত্তে। ক্ষণে ক্ষণে, অব্যয়ী

প্রতিক্ষিপ্ত—প্রেরিত; নিন্দিত, তিরস্কৃত; বাধিত; নিবারিত, নিষিদ্ধ। প্রতি—ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রতিক্ষেপ—তিরস্কার ; ভর্ৎসনা ; নিরাশা। প্রতি—ক্ষিপ্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

প্রতিগত—১। প্রত্যাবৃত্ত, ফিরিয়া গিয়াছে এরূপ। প্রতি—গম্‌ (গমন করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রতিগমন—পরাবৃত্তি, ফিরিয়া যাওয়া। প্রতি—গম্‌ (যাওয়া)+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

প্রতিগৃহীত—স্বীকৃত, গৃহীত। প্রতি—গ্রহ্‌ (গ্রহণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রতিগ্রহ—স্বীকার ; দান গ্রহণ ; অনুগ্রহ ; দেয় বস্তু ; প্রত্যভিযোগ। প্রতি—গ্রহ্‌+অপ্‌ ভাববা। বি ; পুং। বিণ,—গৃহীত।

প্রতিগ্রহণ—দান গ্রহণ ; স্বীকার। প্রতি—গ্রহ্‌+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

প্রতিগ্রাহী (—হিন্‌)—দান গ্রহণকারী। প্রতি—গ্রহ্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হিণী।

প্রতিঘাত, প্রতীঘাত—আঘাত ; আঘাতপ্রাপ্ত বস্তু ফিরিয়া আঘাতকারী বস্তুকে যে আঘাত করে তাহা ; বিরোধ ; ব্যাঘাত। প্রতি—হন্‌ (বধ করা)+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

প্রতিঘাতী—হত্যাকারী, বধকারী। প্রতি—হন্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তিনী।

প্রতিচক্ষুঃ (—ক্ষুস্‌), —চক্ষু—চশ্‌মা (Spectacles). প্রতি (সদৃশ) যে চক্ষু, প্রাদিতৎ। বি ; ক্লীব।

প্রতিচ্ছায়া—প্রতিকৃতি, প্রতিমূর্ত্তি ; সাদৃশ্য। প্রতি (অনুরূপা) ছায়া, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

প্রতিজ্ঞা, প্রতিজ্ঞান—কর্ত্তব্যরূপে অবধারণ ; পণবন্ধন ; প্রতিশ্রুতি, পণ, অঙ্গীকার ; পক্ষের সাধ্যবস্তুরূপে নির্দ্দেশ (Proposition) ; অভিযোগ ; (গণিতে) প্রতিপাদ্য বিষয়। প্রতি—জ্ঞা (জানা)+অঙ্‌, অনট্‌ ভাববা, ১ম পক্ষে আপ্‌। বি ; স্ত্রী, ক্লীব।

প্রতিজ্ঞাত—অঙ্গীকৃত, প্রতিশ্রুত ; অভিযোগের বিষয়ীভূত। প্রতি—জ্ঞা (জানা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রতিজ্ঞাপত্র—অঙ্গীকারলিপি ; চুক্তিনামা ; ঘোষণাপত্র। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

প্রতিজ্ঞাবদ্ধ—অঙ্গীকারে আবদ্ধ, কৃতপ্রতিজ্ঞ। ৩য়াতৎ। বিণ।

প্রতিজ্ঞাভঙ্গ(ংগ)—প্রতিজ্ঞা রক্ষা না করা, অঙ্গীকারচ্যুত হওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

প্রতিদান—ন্যস্ত বস্তুর অর্পণ ; ফিরাইয়া দেওয়া ; প্রত্যুপকার ; পরিবর্ত্ত। প্রতি—দা (দেওয়া)+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

প্রতিদিন—প্রত্যহ, রোজ রোজ। দিনে দিনে, বীপ্সার্থে অব্যয়ী। অব্য।

প্রতিদিষ্ট—অধিকতর প্রবল আদেশ দ্বারা নিরাকৃত (Overruled). প্রতি—দিশ্‌+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রতিদ্বন্দ্ব—কাহারও বিরুদ্ধে দ্বন্দ্ব বা সংগ্রাম ; প্রতিপক্ষতা ; প্রতিযোগিতা। প্রাদিতৎ। বি ; পুং।

প্রতিদ্বন্দ্বিতা—প্রতিযোগিতা ; প্রতিপক্ষতা ; সমকক্ষতা। প্রতিদ্বন্দ্বিন্‌ শব্দ+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

প্রতিদ্বন্দ্বী (—ন্দ্বিন্‌)—প্রতিপক্ষ, বিরোধী ; শত্রু ; প্রতিযোগী ; সমকক্ষ। প্রতি অর্থাৎ বিরুদ্ধ যে দ্বন্দ্ব, প্রতিদ্বন্দ্ব ; প্রতিদ্বন্দ্ব+ইন্‌ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—ন্দ্বিনী।

প্রতিধ্বনি—প্রতিশব্দ, কোন একটি শব্দ উচ্চারিত হইলে তাহার অনুরূপ অন্য যে একটি শব্দ শুনা যায়। প্রতি (অনুরূপা) যে ধ্বনি, প্রাদিতৎ। বি ; পুং।

প্রতিধ্বনিত—১। প্রতিশব্দিত, কৃত শব্দের অনুরূপ উচ্চারিত। প্রতি—ধ্বন্‌ (শব্দ করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রতিনিধি—মুখ্যসদৃশ তুল্যবস্তু ; ক্ষমতাপ্রাপ্ত বস্তু বা ব্যক্তি ; জামিন ; প্রতিরূপ ; বদলি। প্রতি—নি—ধা (ধারণ করা)+কি কর্ম্মবা। বি ; পুং।

প্রতিনিবর্ত্ত(র্ত্ত)ন—১। প্রত্যাবর্ত্তন, প্রত্যাগমন ; নিবৃত্তি। প্রতি—নি—বৃত্‌ (থাকা)+অনট্‌ ভাববা। বি ; ক্লীব। বিণ,—নিবৃত্ত।

২। প্রত্যানয়ন, ফিরান; নিবারণ। প্রতি –নি–ণিজন্ত বৃত্‌=বর্ত্তি (থাকান)+অনট্‌ ভাববা। বি: ক্লীব। বিণ,–র্ত্তিত।

প্রতিনিবৃত্ত—প্রত্যাবৃত্ত; প্রত্যাগত; নিরস্ত; ক্ষান্ত। প্রতি–নি–বৃত্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ। বি,–বৃত্তি।

প্রতিনিয়ত—অবিরাম, নিরন্তর; সতত। অব্যয়ী। ('প্রতিদিন' শব্দবৎ)। ক্রি-বিণ।

প্রতিপক্ষ—বিপক্ষ; প্রত্যর্থী, প্রতিবাদী। প্রতি (প্রতিকূল) যে পক্ষ, কর্ম্মধা। বি; পুং।

প্রতিপৎ (–পদ্‌)—শুক্ল বা কৃষ্ণ পক্ষের প্রথম তিথি। প্রতি–পদ্‌+ক্বিপ্‌ অধিবা। বি; স্ত্রী।

প্রতিপত্তি—প্রবৃত্তি; প্রগল্‌ভতা; গৌরব; প্রাপ্তি; পদপ্রাপ্তি; অভিযোগ; অভিমান; অনুমতি; ব্যবস্থা; উপায়; দান; প্রতিষ্ঠা; মর্য্যাদা, সম্ভ্রম, সম্মান; নিশ্চয়; অঙ্গীকার; প্রমাণ। প্রতি–পদ্‌+ক্তি ভাববা। বি; স্ত্রী।

প্রতিপত্তিশালী (–লিন্‌)—খ্যাতিমান, প্রতিষ্ঠাযুক্ত। প্রতিপত্তি–শাল্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ।

প্রতিপত্র—রসিদ চেক ইত্যাদির যে অংশ রসিদদাতা বা চেকদাতার নিকটে থাকে (Counterfoil). প্রাদিতৎ। বি; ক্লীব।

প্রতিপদ—প্রতিপৎ দ্রঃ।

প্রতিপদে—পদে পদে। অব্যয়ী। ক্রি-বিণ।

প্রতিপন্ন—অবগত; অঙ্গীকৃত; বিক্রান্ত; প্রতিষ্ঠান্বিত; সম্ভ্রান্ত; সম্মানিত; প্রাপ্ত; জ্ঞাত; অনুমত; গৃহীত; অবধারিত; যুক্ত্যাদি দ্বারা সমর্থিত। প্রতি–পদ্‌ (গমন করা, ইত্যাদি)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রতিপাদ—সোজাসুজিভাবে পৃথিবীর অপর পৃষ্ঠে বর্ত্তমান (Antipodal). প্রতিগত পাদকে, প্রাদিতৎ। বিণ।

প্রতিপাদক—প্রতিপত্তিজনক; বোধক; নির্ব্বাহক; সম্পাদক; নির্ণায়ক। প্রতি–ণিজন্ত পদ্‌=পাদি (গমন করান)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–দিকা।

প্রতিপাদন—দান; প্রতিপত্তি; মীমাংসা; সম্পাদন; নিষ্পাদন; বোধন; অবধারণ। প্রতি–ণিজন্ত পদ্‌=পাদি (গমন করান)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

প্রতিপাদনীয়—যাহা প্রতিপাদন করিতে হইবে, প্রতিপাদন-সাধ্য বা প্রতিপাদনযোগ্য, প্রতিপাদ্য; প্রমাণসাপেক্ষ, প্রমেয়। প্রতি–পাদি+অনীয় কর্ম্মবা। বিণ।

প্রতিপাদিত—সম্পাদিত; নিষ্পাদিত; অবধারিত; দত্ত; বোধিত। প্রতি–ণিজন্ত পদ্‌ (=পাদি)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রতিপাদ্য—প্রতিপাদনযোগ্য; সম্পাদ্য; বোধ্য; বর্ণনীয়; অভিধেয়। প্রতি–ণিজন্ত পদ্‌-পাদি (গমন করান)+যৎ কর্ম্মবা। বিণ।

প্রতিপালক—পালনকর্ত্তা, পোষক, রক্ষক; অপেক্ষাকারী। প্রতি–পাল্‌ (পালন করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–লিকা।

প্রতিপালন—পোষণ; ভরণ; রক্ষণ; রক্ষা ('আজ্ঞা—')। প্রতি–পাল্‌ (পালন করা)+অনট ভাববা। বি; ক্লীব।

প্রতিপালনীয়,–পাল্য—যাহা প্রতিপালন করিতে হইবে বা করা উচিত, ভরণীয়, রক্ষণীয়, পোষ্য। প্রতি–পাল্‌+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ।

প্রতিপালিত—পোষিত; রক্ষিত। প্রতি –পাল্‌ (পালন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রতিপুরুষ—প্রতিনিধি। প্রতি (সদৃশ) পুরুষ, প্রাদিতৎ। বি; পুং।

প্রতিপোষক—সমর্থক; সাহায্যকারী। প্রতি–পুষ্‌+ণক কর্ত্তৃবা। বিণ।

প্রতিপ্রভ (পদার্থবিদ্যায়)—সূর্য্যালোকে স্থাপিত হইলে বেগুনী বা অতিবেগুনী বর্ণে প্রতিভাত হইবার ক্ষমতাযুক্ত (Fluorescent). প্রতি–প্র–ভা+ক কর্ত্তৃবা। বিণ।

প্রতিপ্রভাব—বিরুদ্ধ শক্তি (Counter-influence). প্রাদিতৎ। বি; পুং।

প্রতিপ্রসব—নিষিদ্ধের পুনর্বিধি, কোন

সাধারণ নিয়মে যে বিষয় নিষেধ করা হয়, তাহাই আবার বিশেষ নিয়ম দ্বারা বিধান করা। প্রতি—প্র—সূ (প্রসব করা)+অপ্ ভাববা। বি; পুং।

প্রতিফল—তুল্যফল, কার্য্যের অনুরূপ ফল; প্রতিবিম্ব; প্রতিশোধ; সাজা; প্রত্যপকার; প্রত্যুপকার। প্রতি (সদৃশ) যে ফল, প্রাদিতৎ। বি: ক্লীব।

প্রতিফলক—যাহা হইতে বা যাহাতে প্রতিফলিত হয়। প্রতি—ফল্+ণক কর্তৃবা। বিণ।

প্রতিফলন—প্রতিবিম্ব পড়া। প্রতি—ফল্+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রতিফলিত—প্রতিবিম্বিত। প্রতি—ফল্ (ফলা)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা। বি,—ফলন।

প্রতিবচন, প্রতিবাক্য—প্রতিকূল বাক্য; প্রত্যুত্তর; সমানার্থক বাক্য, প্রতিশব্দ, প্রতিধ্বনি। প্রাদিতৎ। বি; ক্লীব।

প্রতিবদ্ধ—প্রতিবন্ধবিশিষ্ট; ব্যাহত, বাধাপ্রাপ্ত: বাধিত। প্রতি—বন্ধ্ (বন্ধন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

প্রতিবন্ধ—কার্য্যপ্রতিঘাত; ব্যাঘাত, বাধা, বিঘ্ন। প্রতি—বন্ধ্ (বন্ধন করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রতিবন্ধক—১। প্রতিরোধক; ব্যাঘাতক; বাধাজনক। প্রতি—বন্ধ্ (বন্ধন করা)+ণক কর্তৃবা। বিণ। বি,—তা। স্ত্রী,—ন্ধিকা। ২। প্রতিবন্ধ, ব্যাঘাত, বাধা। প্রতিবন্ধ+কন্ স্বার্থে। বি; পুং।

প্রতিবন্ধী (—বন্ধিন্)—১। প্রতিবন্ধবিশিষ্ট। প্রতিবন্ধ+ইন্ অস্ত্যর্থে। ২। প্রতিবন্ধক। প্রতি—ণিজন্ত বন্ধ্=বন্ধি (বন্ধন করান)+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—ন্ধিনী।

প্রতিবর্ত্ত(র্ত)ন—অনুধাবন। প্রতি—বৃৎ+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রতিবল—১। সমানবলী, তুল্যবল; সমর্থ, শক্ত। প্রতি (সদৃশ) বল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা। ২। বিপক্ষ-সৈন্য। প্রতি (প্রতিকূল) যে বল (সৈন্য), প্রাদিতৎ। বি; ক্লীব।

প্রতিবস্তূপমা—কাব্যালঙ্কার বিশেষ। [ইহাতে দুইটি পদার্থের উপমান ও উপমেয় ভাব না থাকিলেও পরস্পরের সাদৃশ্য স্পষ্ট বোঝা যায়, আর সাধারণ ধর্ম্ম একরূপ হইলেও পৃথক্ ভাবে থাকে]। বি; স্ত্রী।

প্রতিবাক্য—প্রতিবচন দ্রঃ।

প্রতিবাত—বায়ুর প্রতিকূলে (Windward). বাতের (বায়ুর) প্রতি অর্থাৎ প্রতিকূলে, অব্যয়ী। ক্রি-বিণ।

প্রতিবাদ, প্রতীবাদ—প্রত্যুক্তি, কোন কিছুর বিরুদ্ধে বলা (Protest). প্রতি—বদ (বলা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রতিবাদী (—বাদিন্)—বিরুদ্ধভাষী, প্রতিপক্ষ; বিপক্ষ; প্রত্যর্থী, আসামী। প্রতি—বদ্ (বলা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

প্রতিবাসী (—বাসিন্)—প্রতিবেশী, সমীপস্থ গৃহস্থ, পড়শী। প্রতি—বস (বাস করা)+ণিন কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—সিনী।

প্রতিবিধান—প্রতিকার; নিবারণ; প্রতিশোধ। প্রতি—বি—ধা (ধারণ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রতিবিধিৎসা—প্রতিবিধান করিবার ইচ্ছা, প্রতিকার-বাসনা। প্রতি—বি—সনন্ত ধা (=ধিৎস)+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

প্রতিবিম্ব—প্রতিচ্ছায়া, দর্পণাদিতে পতিত অনুরূপ আকৃতি; প্রতিমা। প্রতি (অনুরূপ) বিম্ব (আকৃতি), প্রাদিতৎ। বি; পুং বা ক্লীব।

প্রতিবিম্বন—কাচ জল প্রভৃতি পদার্থে অনুরূপ আকৃতি পতন। প্রতিবিম্ব+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রতিবিম্বিত—প্রতিফলিত, যাহার প্রতিবিম্ব পড়িয়াছে এরূপ। প্রতিবিম্ব শব্দ+ণিচ্=

প্রতিবিম্বি (নামধাতু), তদুত্তরে ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা। বি, –বিম্বন।

প্রতিবিষ—বিষের প্রতিষেধক (Anti-toxin). প্রাদিতৎ। বি ; পুং বা ক্লীব।

প্রতিবিহিত—সজ্জিত ; প্রতিকৃত, যাহার প্রতিকার করা হইয়াছে এরূপ। প্রতি–বি –ধা (ধারণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রতিবেদন—বিবরণী। প্রতি–বিদ্+ণিচ্+অনট্ করণবা। বি : ক্লীব।

প্রতিবেশ, প্রতীবেশ—প্রতিবাসিগৃহ ; সমীপস্থ বাসস্থান, পারিপার্শ্বিক বিষয় (Environment). প্রতি–বিশ্ (প্রবেশ করা)+ঘঞ্ অধিবা। বি ; পুং।

প্রতিবেশপ্রভাব—পারিপার্শ্বিক অবস্থার প্রভাব। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

প্রতিবেশী (–**শিন্**)—প্র তি বা সী, সমীপস্থ গৃহস্থ, পড়শী। প্রতি–বিশ্ (প্রবেশ করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –শিনী।

প্রতিবোধ—প্রবোধ ; জাগরণ ; স্ফুটন। প্রতি–বুধ্ (বোধ করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

প্রতিবোধিত—বোধিত, জাগরিত। প্রতি –ণিজন্ত বুধ্+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রতিভা—বুদ্ধি ; প্রত্যুৎপন্নমতি, অসাধারণ তীক্ষ্ণবুদ্ধি ; নব উন্মেষশালিনী প্রজ্ঞা। প্রতি–ভা (দীপ্তি পাওয়া)+অঙ্ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

প্রতিভাত—প্রকাশিত, প্রতীত, জ্ঞাত ; প্রদীপ্ত ; প্রতিফলিত। প্রতি–ভা+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রতিভান্বিত—অসাধারণ বুদ্ধিশক্তিশালী। প্রতিভাদ্বারা অন্বিত, ৩য়াতৎ। বিণ।

প্রতিভাবান্ (–**বৎ**)—প্রতিভাযুক্ত, প্রতিভান্বিত, তীক্ষ্ণবুদ্ধিশালী। প্রতিভা+মতুপ্ অস্ত্যর্থে। বিণ ; পুং। স্ত্রী, –বতী।

প্রতিভাশালী (–**শালিন্**)—প্রতিভা-সম্পন্ন, তীক্ষ্ণবুদ্ধিশালী। প্রতিভা–শাল্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –লিনী।

প্রতিভাসম্পন্ন—প্রতিভাবান্, প্রতিভা-শালী। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –ন্না।

প্রতিভাসিত—শোভান্বিত, শোভাময়, শোভন ; উজ্জ্বল, দীপ্ত। প্রতিভাস+ইত যুক্তার্থে। বিণ। স্ত্রী, –তা।

প্রতিভূ—তৎস্থলীয় ব্যক্তি, জামিন ; স্বরূপ : প্রতিনিধি। প্রতি–ভূ (হওয়া)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি ; পুং।

প্রতিম—(শব্দের পরে ব্যবহৃত) সদৃশ। বিণ। স্ত্রী, –মা।

প্রতিমা, প্রতিমান—১। গজদন্তদ্বয়ের মধ্যভাগ ; প্রতিমূর্ত্তি, ছবি ; দেবমূর্ত্তি। প্রতি–মা+অঙ্, অনট্ কর্ম্মবা। বি; স্ত্রী, ক্লীব।

প্রতিমাপূজক—দেবপ্রতিমূর্ত্তির আরাধক, সাকারোপাসক। ৬ষ্ঠীতৎ। বিণ।

প্রতিমাবিসর্জ্জ(র্জ)ন—প্রতিমা ফেলিয়া দেওয়া ; পূজানন্তর দেবমূর্ত্তির নদ্যাদির জলে নিক্ষেপ। ৬ষ্ঠীতৎ। বি : ক্লীব।

প্রতিমুক্ত—১। পিনদ্ধ, পরিহিত ; ত্যক্ত : বন্ধনমুক্ত। প্রতি–মুচ্ (মোচন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। [প্রাদিতৎ। বিণ।

প্রতিমুখ—অভিমুখ, সম্মুখ। মুখকে প্রতিগত,

প্রতিমূর্ত্তি(র্তি)—প্রতিকৃতি, অনুরূপ মূর্ত্তি। প্রতিরূপা মূর্ত্তি, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

প্রতিযত্ন—সম্যক্ যত্ন ; প্রতিশোধ ; লিপ্সা, লাভেচ্ছা ; প্রতিগ্রহ ; সংস্কার ; গুণান্তরাধান। প্রাদিতৎ। বি ; পুং।

প্রতিযাত—প্রতিনিবৃত্ত, প্রতিগত। প্রতি –যা (যাওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রতিযোগ, প্রতিযোগিতা—প্রতি-দ্বন্দ্বিতা ; সমকক্ষতা ; সাদৃশ্য। প্রতি–যুজ্ +ঘঞ্ ভাববা। প্রতিযোগিন্+তা ভাবার্থে। বি ; পুং, স্ত্রী।

প্রতিযোগী (–**যোগিন্**)—বিরোধী, প্রতিপক্ষ ; প্রতিদ্বন্দ্বী ; সমকক্ষ ; সদৃশ ; যাহার অভাব হয় এরূপ। প্রতি–যুজ্ (যোজনা করা)+ঘিনুণ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –গিনী।

প্রতিযোজন—খাপ খাওয়ান (Adaptation). প্রতি—যুজ্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ,—যোজিত।

প্রতিযোদ্ধা (—যোদ্ধৃ)—সমকক্ষ যোদ্ধা; বিরুদ্ধে যুদ্ধকারী। প্রতি—যুধ্+তৃন্ কর্তৃবা। বিণ বা বি; পুং।

প্রতিযোধ—প্রতিযোদ্ধা। প্রতি—যুধ্+অচ্ কর্তৃবা। বি; পুং।

প্রতিরথ—প্রতিকূল যোদ্ধা। প্রতিগত রথ যাহার, বহুব্রী। বি; পুং।

প্রতিরুদ্ধ—নিবারিত; অবরুদ্ধ। প্রতি—রুধ্ (রোধ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রতিরূপ—১। প্রতিবিম্ব; প্রতিমূর্ত্তি; সাদৃশ্য। প্রতিকৃত রূপ, প্রাদিতৎ। বি; ক্লীব। ২। সদৃশ। প্রতি (তুল্য) রূপ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—পা।

প্রতিরূপক—প্রতিনিধি, প্র তি বি ম্ব; তৎস্থানায় বস্তু। প্রতিরূপ+কন্ স্বার্থে। বি; ক্লীব।

প্রতিরোধ—নিবারণ; অবরোধ, আটক; প্রতিবন্ধ, তিরস্কার; চৌর্য্য। প্রতি—রুধ্ (রোধ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রতিরোধক—অবরোধকারী; ব্যাঘাতক; নিবারক। প্রতি—রুধ্ (রোধ করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—ধিকা।

প্রতিরোধিত—ব্যাহত; নিবারিত। প্রতি—ণিজন্ত রুধ্=রোধি (রোধ করান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রতিরোধী (—রোধিন্)—নিরোধক; ব্যাঘাতক। প্রতি—রুধ্ (রোধ করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ধিনী।

প্রতিলিপি—অবিকল নকল; লিখিত জবাব। প্রাদিতৎ। বি; স্ত্রী।

প্রতিলোম—বিলোম; প্রতিকূল, বিরুদ্ধ, বাম, ব্যতিক্রম, উল্টা। প্রতিগত লোম (আনুকূল্য) যাহা হইতে, বহুব্রী। বিণ।

প্রতিলোম বিবাহ—নিম্নবর্ণীয়ের সহিত উচ্চবর্ণা স্ত্রীর বিবাহ।

প্রতিশব্দ—প্রতিধ্বনি; সমানার্থসূচক শব্দ (Synonym). প্রতি (সদৃশ) যে শব্দ, প্রাদিতৎ। বি; পুং।

প্রতিশয়,—শয়ন—নির্ব্বন্ধবাস, ধন্না দেওয়া, হত্যা দেওয়া। প্রতি—শী (শয়ন করা)+অচ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

প্রতিশয়িত—যে হত্যা বা ধন্না দিয়াছে এরূপ। প্রতি—শী (শয়ন করা)+ক্ত কর্তৃবা। বিণ।

প্রতিশীর্ষ—প্রতিনিধি, বদলি। প্রতি (সদৃশ) শীর্ষ (মস্তক), প্রাদিতৎ। বি; পুং।

প্রতিশোধ—প্রতিহিংসা, অপকারের প্রত্যপকার। প্রতি—শুধ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রতিশ্রুত—প্রতিজ্ঞাত; অঙ্গীকৃত; স্বীকৃত। প্রতি—শ্রু (শুনা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রতিশ্রুতি—প্রতিজ্ঞা; অঙ্গীকার; স্বীকার। প্রতি—শ্রু (শুনা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

প্রতিষিদ্ধ—নিষিদ্ধ; নিবারিত। প্রতি—সিধ্ (সম্পন্ন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রতিষেদ্ধা (—ষেদ্ধৃ)—প্রতিষেধকর্ত্তা; নিবারক। প্রতি—সিধ্+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—দ্ধ্রী।

প্রতিষেধ—নিবারণ, নিষেধ; বর্জ্জন। প্রতি—সিধ্ (সম্পন্ন করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রতিষেধক—নিবারক (Preventive). প্রতি—সিধ্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—ধিকা।

প্রতিষ্টম্ভ—প্রতিবন্ধ; বাধা; রোধ। প্রতি—স্তন্ভ্ (রোধ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রতিষ্ঠা—১। স্থিতি; সুখ্যাতি; গৌরব; সমাপ্তি; সংস্কার, উদ্‌যাপন; পুষ্করিণ্যাদির উৎসর্গ; স্থাপন; চতুরক্ষরা বৃত্তি। প্রতি—স্থা (থাকা)+অঙ্ ভাববা+আপ্। ২। স্থান; আশ্রয়; ক্ষিতি। প্রতি—স্থা+অঙ্ অধিবা+আপ্। বি; স্ত্রী।

প্রতিষ্ঠাতা (—তৃ)—প্রতিষ্ঠাকারক;

সংস্থাপক ; স্থাপয়িতা। প্রতি—স্থা (থাকা) +তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

প্রতিষ্ঠাধিকার—কোন ব্যবসায় বা দোকান ইত্যাদির খ্যাতিজনক বিশেষ নাম প্রথা ইত্যাদি (Good-will). ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

প্রতিষ্ঠান—১। প্রতিষ্ঠা ; প্রতিপত্তি, প্রসিদ্ধি। প্রতি—স্থা (থাকা)+অনট্ ভাববা। ২। লোকহিতার্থে প্রতিষ্ঠিত ব্যবস্থা বা সমিতি ইত্যাদি ; অনুষ্ঠান। প্রতি—স্থা+অনট্ কর্ম্মবা। বি ; ক্লীব।

প্রতিষ্ঠাপত্র—গুণবর্ণনাদিপূর্ণ লিপি (Certificate). প্রতিষ্ঠাসূচক লিপি, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

প্রতিষ্ঠাপন—প্রতিষ্ঠাকরণ ; সংস্থাপন ; অর্পণ ; উৎসর্জন। প্রতি—ণিজন্ত স্থা=স্থাপি (থাকান)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

প্রতিষ্ঠাপিত—স্থাপিত ; অর্পিত ; উৎসৃষ্ট। প্রতি—ণিজন্ত স্থা বা স্থাপি (থাকান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রতিষ্ঠাবান্ (—**বৎ**)—প্রতিষ্ঠান্বিত, প্রতিপত্তিশালী, গৌরবান্বিত, সম্মানভাজন, প্রসিদ্ধ, যশস্বী। প্রতিষ্ঠা+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—বতী।

প্রতিষ্ঠাভাজন—প্রতিষ্ঠার পাত্র, সম্মানাধার, গৌরবাস্পদ। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি ; ক্লীব।

প্রতিষ্ঠিত—১। স্থিত ; অধিরূঢ় ; বদ্ধমূল ; অধিগত। প্রতি—স্থা+ক্ত কর্তৃবা। ২। স্থাপিত ; বিখ্যাত ; প্রতিষ্ঠাযুক্ত ; গৌরবান্বিত ; সম্মানিত ; সমাপিত ; সংস্কৃত। প্রতিষ্ঠা+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

প্রতিসংহার—প্রত্যাকর্ষণ ; নিবর্ত্তন। প্রতি—সম্—হৃ (হরণ করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

প্রতিসংহৃত—প্রত্যাকৃষ্ট ; নিবর্ত্তিত ; অনুরুদ্ধ। প্রতি—সম্—হৃ+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রতিসঙ্খ্যা(ংখ্যা)ন—সাংখ্যপাতঞ্জলোক্ত বুদ্ধিবিশেষ। প্রতি—সম্—খ্যা+অনট্ করণবা। বি ; ক্লীব।

প্রতিসম—অন্যদিকের সঙ্গে একরূপ ; অপর পার্শ্বের সদৃশ (Symmetrical). প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—মা।

প্রতিসরণ—এক স্বচ্ছ বস্তু হইতে অন্য স্বচ্ছ বস্তুতে প্রবিষ্ট আলোক-রশ্মির ভঙ্গ (Refraction). প্রতি—সৃ+অনট্ ভাববা। বি ; ক্লীব। বিণ,—সৃত।

প্রতিসর্গ—মরীচি প্রভৃতি কর্তৃক সৃষ্টি। প্রতি (অনুরূপ) সর্গ (সৃষ্টি), প্রাদিতৎ। বি ; পুং।

প্রতিসাম্য—দুই দিকের একরূপতা (Symmetry). প্রতিসম+ষ্যঞ্ ভাবে। বি ; ক্লীব।

প্রতিসারণ—অপসারণ, সরাইয়া দেওয়া। প্রতি—সৃ+ণিচ্ (=সারি)+অনট্ ভাববা। বি ; ক্লীব। বিণ,—সারিত।

প্রতিস্পর্দ্ধা—সমকক্ষতা, শ্রেষ্ঠ হইবার প্রয়াস (Emulation). প্রাদিতৎ। বি ; স্ত্রী।

প্রতিহত—ব্যাহত ; প্রতিঘাতপ্রাপ্ত ; নিরস্ত ; নিরাশ ; আহত ; প্রতিস্খলিত ; রুদ্ধ ; প্রেরিত। প্রতি—হন্ (বধ করা) ক্ত+কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। বি,—হতি। প্রতিঘাত)।

প্রতিহনন—হত্যাকারীকে বিনাশকরণ। প্রতি—হন্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

প্রতিহন্তা (—**হন্তৃ**)—বিনাশক ; ব্যাঘাতক ; প্রতিবন্ধক ; নিবারক। প্রতি—হন্ (বধ করা)+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

প্রতিহর্ত্তা(র্তা) (—**হর্ত্তৃ**)—বিনাশক ; নিবারক। প্রতি—হৃ (হরণ করা)+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

প্রতিহার, প্রতীহার—১। দ্বারপাল, দরোয়ান। প্রতি(তী)হার+অচ্ আছে অর্থে। ২। দ্বার। প্রতি—হৃ+ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং।

প্রতি(তী)হারী (—**হারিন্**)—দ্বারপাল, দরোয়ান। প্রতিহার বা প্রতীহার (দ্বার)+ইন্ রক্ষকার্থে। বি ; পুং। স্ত্রী,—রিণী।

প্রতিহারী, প্রতীহারী—দ্বারপালিকা। প্রতিহার বা প্রতীহার+ঙীপ্। বি ; স্ত্রী।

প্রতিহার্য্য(র্য)—পরিহার্য্য, ত্যাজ্য। প্রতি —হৃ (হরণ করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

প্রতিহিংসা—বৈরশুদ্ধি, প্রতিদ্রোহ; প্রতিশোধ; বৈরনির্য্যাতন, অনিষ্টকারীর অনিষ্টসাধনপ্রবৃত্তি। প্রাদিতৎ। বি; স্ত্রী। বিণ, —হিংসিত।

প্রতীক—১। একদেশ; অবয়ব, অঙ্গ। প্রতি—ই (গমন করা)+কীকচ্ কর্ম্মবা। বি; পুং। ২। প্রতিকূল। প্রতিগতা ঈ (লক্ষ্মী) যৎকর্তৃক, বহুব্রী+ক সমাসান্ত। বিণ। ৩। চিহ্ন; প্রতিনিধি; প্রতিমূর্তি। দেশজ প্রঃ। বি।

প্রতীকার—প্রতিকার দ্রঃ।

প্রতীকাশ—প্রতিকাশ দ্রঃ।

প্রতীক্ষমাণ—যে অপেক্ষা করিতেছে। প্রতি —ঈক্ষ্+শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —ণা।

প্রতীক্ষা—অপেক্ষা; আশা; পূজা; প্রতিপালন। প্রতি—ঈক্ষ্ (দেখা)+অ ভাববা +আপ্। বি; স্ত্রী। বিণ, —ক্ষিত।

প্রতীক্ষ্য—অপেক্ষণীয়; আরাধনীয়, পূজ্য। প্রতি—ঈক্ষ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

প্রতীঘাত—প্রতিঘাত দ্রঃ।

প্রতীচী—পশ্চিম দিক্। প্রত্যচ্+ঈপ্। বি; স্ত্রী।

প্রতীচীন—প্রতীচ্য, পশ্চিমদেশীয়, পাশ্চাত্য। প্রতীচী+ঈন ভবার্থে। বিণ।

প্রতীচ্য—পশ্চিমদিগ্জাত; পশ্চিমদেশীয়, পাশ্চাত্য। প্রতীচী+যৎ ভবার্থে। বিণ।

প্রতীত—১। প্রত্যয়প্রাপ্ত; চিত্তে বোধপ্রাপ্ত; জ্ঞাত; জ্ঞানবান্; বিশ্বস্ত; প্রীত; হৃষ্ট। প্রতি—ই (গমন করা)+ক্ত কর্তৃবা। ২। খ্যাত; সম্মানিত; জ্ঞাত। প্রতি—ই+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

প্রতীতি—প্রত্যয়; বিশ্বাস; জ্ঞান, প্রীতি; খ্যাতি; আদর; সম্মান। প্রতি—ই (গমন করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

প্রতীপ—১। সজল দেশ; চন্দ্রবংশীয় ঋক্ষরাজপুত্র; নৃপবিশেষ, শান্তনু রাজার পিতা; অর্থালঙ্কারবিশেষ। [উপমানকে উপমেয়রূপে স্থাপন করিলে এই অলঙ্কার হয়]। বি; পুং। ২। প্রতিকূল; বিপরীত (Opposite). প্রতি (বিরুদ্ধ, ব্যাপ্ত) অপ্ (জল) যাহাতে, বহুব্রী। বিণ।

প্রতীপকোণ—(জ্যামিতিতে) দুই সরলরেখা পরস্পর ছেদ করিলে ছেদবিন্দুস্থ বিপরীতশীর্ষক কোণ (Vertically opposite angle). কর্ম্মধা। বি; পুং।

প্রতীপগমন—পিছাইয়া যাওয়া (Retrogression). কর্ম্মধা। বি; ক্লীব। বিণ, —গামী (—মিন্)।

প্রতীয়মান—জ্ঞায়মান, বুধ্যমান, অনুভূয়মান। প্রতি—ই (গমন করা, জানা)+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

প্রতীয়মানোৎপ্রেক্ষা—অর্থালঙ্কারবিশেষ। [যে উৎপ্রেক্ষায় যথা, যেন ইত্যাদি শব্দ থাকে না]। প্রতীয়মানা যে উৎপ্রেক্ষা, কর্ম্মধা। বি; স্ত্রী।

প্রতীহার, প্রতীহারী—প্রতিহার, প্রতিহারী দ্রঃ।

প্রতুল—১। প্রচুর, বহুল; বিলক্ষণ; দারুণ, বিষম। প্রকৃষ্টা তুলা যাহার, বহুব্রী। বিণ। ২। প্রাচুর্য্য, বাহুল্য; ঋদ্ধি, সমৃদ্ধি; শুভ, কল্যাণ, সৌভাগ্য। তুলার প্রকর্ষ, অব্যয়ী+অচ্ বিশিষ্টার্থে। বি; ক্লীব। [বিণ।

প্রত্ন—প্রাচীন, পুরাতন। প্র+ত্ন ভবার্থে।

প্রত্নতত্ত্ব, —বিদ্যা—পুরাতত্ত্ব, প্রাচীন ইতিহাস (Archaeology). কর্ম্মধা। বি; ক্লীব, স্ত্রী।

প্রত্নতত্ত্ববিৎ (—বিদ্), —তাত্ত্বিক—পুরাতত্ত্বজ্ঞ, পুরাণ-ইতিহাসবেত্তা (Antiquarian). প্রত্নতত্ত্ব—বিদ্ (জানা)+ক্বিপ্ কর্তৃবা। প্রত্নতত্ত্ব+ইক জ্ঞাতার্থে। বিণ।

প্রত্যক্ (প্রত্যচ্)—১। পশ্চিম দিক্; পশ্চিম দেশ; ভিতরে, বিপরীত দিকে। অব্য। ২। পশ্চাদ্বর্ত্তী; পশ্চিমদেশীয়। প্রতি—অন্চ্ +ক্বিপ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, প্রতীচী।

প্রত্যক্ষ—১। ইন্দ্রিয়জন্য জ্ঞান। অক্ষর (নয়নের) প্রতি অর্থাৎ অভিমুখে, অব্যয়ী। অব্য। ২। ইন্দ্রিয়গ্রাহ্য, নয়নগোচর। প্রত্যক্ষ +অচ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—ক্ষা।

প্রত্যক্ষকারী (-কারিন্)—যে প্রত্যক্ষ করিয়াছে, সাক্ষাৎদ্রষ্টা। প্রত্যক্ষ—কৃ (করা) +ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—রিণী।

প্রত্যক্ষগোচর—নয়নগোচর, নেত্রপথবর্ত্তী। ৬ষ্ঠীতৎ। বিণ; ত্রি। স্ত্রী,—রা।

প্রত্যক্ষতঃ (-তস্), **প্রত্যক্ষত**—দৃশ্যতঃ, সাক্ষাৎ সম্বন্ধে (Evidently). প্রত্যক্ষ+তস্। ক্রি-বিণ।

প্রত্যক্ষদর্শন—১। সাক্ষাৎ বিলোকন, স্বচক্ষে দেখা। প্রত্যক্ষ—দৃশ্ (দেখা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। সাক্ষাৎদ্রষ্টা, সাক্ষী। প্রত্যক্ষ—দৃশ্+অন কর্ত্তৃবা। বিণ বা বি; পুং।

প্রত্যক্ষদর্শী (-দর্শিন্)—সাক্ষাৎ দর্শনকারী, স্বয়ং দ্রষ্টা; সাক্ষী। প্রত্যক্ষ—দৃশ্ (দেখা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী, —র্শিনী।

প্রত্যক্ষপ্রমাণ—দৃষ্টির বিষয়ীভূত প্রমাণ, দৃষ্ট প্রমাণ। কর্ম্মধা। বি; ক্লীব।

প্রত্যক্ষবাদ—যাহা কিছু প্রত্যক্ষ দেখা যায় তাহাই বাস্তব, তদ্ব্যতীত আর কিছু নাই এইরূপ মত, জড়বাদ (Positivism); বৌদ্ধমত, নাস্তিকতা। প্রত্যক্ষ্—বদ্ (বলা) +ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রত্যক্ষবাদী (-বাদিন্)—যে প্রত্যক্ষ ব্যাপার মাত্র স্বীকার করে, তদ্ব্যতীত আর কিছুই স্বীকার করে না, জড়বাদী (Positivist); বৌদ্ধ, নাস্তিক। প্রত্যক্ষবাদ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—দিনী।

প্রত্যক্ষী (প্রত্যক্ষিন্)—প্রত্যক্ষদর্শী, সাক্ষাৎদ্রষ্টা (Eye-witness). প্রত্যক্ষ+ইন্ অস্ত্যর্থে। বিণ।

প্রত্যক্ষীকৃত—যাহা পূর্ব্বে প্রত্যক্ষ করা হয় নাই এক্ষণে করা হইয়াছে এরূপ। প্রত্যক্ষ+চ্বি (=প্রত্যক্ষী)—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—কৃতা।

প্রত্যক্ষীভূত—পূর্ব্বে যাহা প্রত্যক্ষ ছিল না এক্ষণে প্রত্যক্ষ হইয়াছে। প্রত্যক্ষ শব্দ+চ্বি অভূততদ্ভাবার্থে (=প্রত্যক্ষী)—ভূ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

প্রত্যগাত্মা (-ত্মন্)—ব্রহ্ম, মতান্তরে জীবাত্মা; পরমেশ্বর। প্রত্যক্ যে আত্মা, কর্ম্মধা। বি; পুং।

প্রত্যঙ্গ (হগ)—অঙ্গের অঙ্গ; হস্তপদাদি অবয়ব [অঙ্গ দ্রঃ]; উপকরণ। প্রতিগত অঙ্গকে, প্রাদিতৎ। বি; ক্লীব।

প্রত্যঙ্মুখ—পশ্চিমাভিমুখ; বিমুখ। প্রত্যক্ মুখ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—খা,—খী।

প্রত্যনীক—১। প্রতিপক্ষ, শত্রু। প্রতি (বিরুদ্ধ) অনীক (সৈন্য) যাহার, বহুব্রী। বিণ। ২। কাব্যালঙ্কারবিশেষ। [এক অংশে উপমান উপমেয়ের উৎকর্ষ সহ্য করিতে না পারিয়া যদি অপর অংশের উপমানকে আক্রমণ করে তবে এই অলঙ্কার হয়]। বি; পুং।

প্রত্যন্ত—১। প্রান্তবর্ত্তী; সমীপবর্ত্তী, সন্নিকৃষ্ট। প্রতিগত অন্তকে, প্রাদিতৎ। বিণ।

প্রত্যন্তপর্ব্ব(র্ব)ত—বৃহৎ পর্ব্বতের নিকটবর্ত্তী ক্ষুদ্র পর্ব্বত। কর্ম্মধা। বি; পুং।

প্রত্যবায়—১। দুরদৃষ্ট; পাপ। প্রতি—অব—ই বা অয়্ (গমন করা)+ঘঞ্ অপাবা। ২। হানি, ক্ষতি, অনিষ্ট। প্রতি—ই বা অয়্+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রত্যবেক্ষণ, প্রত্যবেক্ষা—তত্ত্বাবধান; অনুসন্ধান; প্রতিজাগর; বিচার। প্রতি—অব—ঈক্ষ্ (দেখা)+অনট্ ভাববা, ২য় পক্ষে অ ভাববা+আপ্। বি; ক্লীব ও স্ত্রী।

প্রত্যভিজ্ঞা—'ইহা সেই' এরূপ জ্ঞান, স্মরণবিশেষ। প্রতি—অভি—জ্ঞা+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

প্রত্যভিজ্ঞান—স্মরণসাধক অভিজ্ঞান বা

নিদর্শন। কর্ম্মধা। প্রতি—অভি—জ্ঞা+অনট্ করণবা। বি; ক্লীব।

প্রত্যভিনন্দন, প্রত্যর্চ্চ(র্চ)ন—পাল্টা নমস্কার, প্রতিনমস্কার। প্রতিকৃত অভিনন্দন, অর্চ্চন, প্রাদিতৎ। বি; ক্লীব।

প্রত্যভিবাদন—প্রতিনমস্কার, পাল্টা নমস্কার বা সেলাম। প্রাদিতৎ। বি; ক্লীব।

প্রত্যভিযোগ—প্রত্যপরাধ; অভিযোক্তার প্রতি অভিযোগ, অভিযুক্ত ব্যক্তির আত্মদোষ ক্ষালনপূর্ব্বক অভিযোগকারীর বিরুদ্ধে আনীত অভিযোগ, পাল্টা নালিশ (Cross-charge). প্রতি (সদৃশ) যে অভিযোগ, প্রাদিতৎ। বি; পুং।

প্রত্যয়—নিশ্চয়জ্ঞান; প্রতীতি; বিশ্বাস; হেতু; রন্ধ্র; (ব্যাকরণে) প্রকৃতির উত্তর যাহা হয় (Affix). প্রতি—ই (গমন করা) +অচ্ ভাববা। বি; পুং।

প্রত্যয়িত—প্রতিগত; আপ্ত; বিশ্বস্ত, বিশ্বাসভাজন। প্রতি—অয়্ (গমন করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

প্রত্যয়ী (—য়িন্)—বিশ্বাসভাজন; বিশ্বাসকারী। প্রত্যয়+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—য়িনী।

প্রত্যর্চ্চন—প্রত্যভিনন্দন দ্রঃ।

প্রত্যর্থী (প্রত্যর্থিন্)—অর্থিপ্রতিপক্ষ; প্রতিবাদী, আসামী; বিপক্ষ, শত্রু, প্রতিকূল। প্রতি (প্রতিকূল) যে অর্থী, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—র্থিনী।

প্রত্যর্পণ—প্রতিদান, ফিরাইয়া দেওয়া। প্রতি—ঋ+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রত্যর্পিত—প্রতিদত্ত, যাহা ফিরাইয়া দেওয়া হইয়াছে এরূপ। প্রতি—ণিজন্ত ঋ বা অর্পি (অর্পণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রত্যহ—প্রতিদিন, রোজ রোজ। অহনি অহনি, অব্যয়ী, বীপ্সার্থে। অব্য। বিণ, প্রাত্যহিক।

প্রত্যাখ্যাত—দূরীকৃত; নিরাকৃত; অস্বীকৃত; নিরুৎসাহীকৃত। প্রতি—আ—খ্যা (বলা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রত্যাখ্যান—নিরাকরণ; দূরীকরণ; নিরসন; ফিরাইয়া দেওয়া; অস্বীকার; পরিত্যাগ; উপেক্ষা, অনাদর। প্রতি—আ—খ্যা (বলা)+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ,—খ্যাত।

প্রত্যাগত—প্রত্যাবৃত্ত, পুনরাগত; প্রতিনিবৃত্ত, ফিরিয়া আসিয়াছে এরূপ। প্রতি—আ—গম্ (গমন করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রত্যাগমন—প্রত্যাবর্ত্তন, প্রতিনিবৃত্তি, ফিরিয়া আসা। প্রতি—আ—গম্ (গমন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রত্যাঘাত—আঘাতের বদলে আঘাত। প্রতিকৃত আঘাত, প্রাদিতৎ। বি; পুং।

প্রত্যাদিষ্ট—নিরাকৃত, প্রত্যাখ্যাত; জ্ঞাপিত; দেবতার আদেশপ্রাপ্ত; ত্যক্ত। প্রতি—আ—দিশ্ (আদেশ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রত্যাদেশ—নিরাকরণ, প্রত্যাখ্যান; জ্ঞাপন; দেবতার আদেশ; ত্যাগ। প্রতি—আ—দিশ্ (আদেশ)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রত্যাবর্ত্ত(র্ত)ন—প্রত্যাগমন; পুনরাবৃত্তি। প্রতি—আ—বৃত্+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রত্যাবৃত্ত—পুনরাবৃত্ত; প্রত্যাগত। প্রতি—আ—বৃত্ (থাকা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রত্যাশা—আকাঙ্ক্ষা; ভরসা; প্রত্যয়। প্রতি (সম্যক্ বা নিশ্চিত) আশা, প্রাদিতৎ। বি; স্ত্রী। বিণ,—শিত।

প্রত্যাশী (—শিন্)—প্রত্যাশাপন্ন, আকাঙ্ক্ষী। প্রত্যাশা+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—শিনী।

প্রত্যাসত্তি—সামীপ্য, নৈকট্য। প্রতি—আ—সদ্ (গমন করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

প্রত্যাসন্ন—সন্নিহিত, নিকটবর্ত্তী, সমীপস্থ (Imminent). প্রতি—আ—সদ্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রত্যাহত—ব্যাহত ; সঙ্কুচিত ; কুণ্ঠিত। প্রতি—আ—হন্+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রত্যাহরণ—প্রত্যাহার ; প্রত্যাকর্ষণ, ফিরাইয়া লওয়া। প্রতি—আ—হৃ (হরণ করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

প্রত্যাহার—প্রত্যাহরণ, ফিরাইয়া লওয়া ; (ব্যাকরণে) অট্, হল্ প্রভৃতি সংজ্ঞা। প্রতি—আ—হৃ (হরণ করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

প্রত্যাহার্য্য(র্য)—প্র ত্যা হা র যো গ্য ; ফিরাইয়া লওয়ার যোগ্য। প্রতি—আ—হৃ +ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্য্যা।

প্রত্যাহৃত—প্রত্যাকৃষ্ট, যাহা ফিরাইয়া লওয়া হইয়াছে এরূপ। প্রতি—আ—হৃ (হরণ করা) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রত্যুক্তি—প্রত্যুত্তর ; প্রতিবচন, উত্তর, জবাব। প্রতি—বচ্ (বলা)+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

প্রত্যুত—বৈপরীত্য ; পরবাক্য দ্বারা পূর্ব্ববাক্যের বৈপরীত্য সম্পাদন করিতে হইলে 'প্রত্যুত' ব্যবহৃত হইয়া থাকে, বরং (On the contrary). প্রতি ও উত, দ্বন্দ্ব। অব্য।

প্রত্যুত্তর—প্রত্যুক্তি ; উত্তরের উত্তর। প্রাদিতৎ। বি ; ক্লীব।

প্রত্যুত্থান—সমাগত ব্যক্তির সম্মানার্থ উত্থান, মান্ত ব্যক্তি আসিলে তাঁহার সম্মানার্থ উঠিয়া দাঁড়ান ; অভ্যুত্থান। প্রতি—উৎ—স্থা (থাকা) +অনট্ ভাববা। বি ; ক্লীব।

প্রত্যুৎপন্ন—উৎপত্তিবিশিষ্ট, পুনরুৎপন্ন ; সত্বরজাত। প্রতি—উৎ—পদ্ (গমন করা) +ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ন্না।

প্রত্যুৎপন্নমতি—১। ঝটিতি উপস্থিত বুদ্ধি (Presence of mind). প্রত্যুৎপন্না যে মতি, কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। প্রতিভান্বিত, তীক্ষ্ণধী, কুশাগ্রবুদ্ধি ; তৎকালধী ; উপস্থিত-বুদ্ধি, যাহার ঝটিতি বুদ্ধি উপস্থিত হয় এরূপ। প্রত্যুৎপন্না মতি যাহার, বহুব্রী। বিণ।

প্রত্যুৎপন্নমতিত্ব—কার্য্যকালে আবশ্যকমত ঝটিতি বুদ্ধি যোগান। প্রত্যুৎপন্নমতি +ত্ব ভাবার্থে। বি ; ক্লীব।

প্রত্যুদাহরণ—উদাহরণের বিপরীত দৃষ্টান্ত। প্রতি (প্রতিকূল) যে উদাহরণ, প্রাদিতৎ। বি ; ক্লীব।

প্রত্যুদ্গমন—আগতের সম্মানার্থ তদভিপ্রায়ে অগ্রে গমন, মান্ত ব্যক্তি আসিলে তাঁহার অভ্যর্থনার্থ অগ্রসর হইয়া যাওয়া। প্রতি—উৎ—গম্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

প্রত্যুপকার—উপকারের প্রতিদান, সময়মত উপকারীর হিতসাধন। প্রতি (পুনর্ব্বার) যে উপকার, প্রাদিতৎ। বি ; পুং। বিণ, —কৃত।

প্রত্যুপকারী (—কারিন্)—উপকারীর উপকর্ত্তা অর্থাৎ হিতসাধক, প্রত্যুপকর্ত্তা। প্রতি (পুনর্ব্বার) উপকারী, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—রিণী।

প্রত্যূষঃ (—ষস্), **প্রত্যূষ**—প্রভাত, ভোরবেলা। প্রতি—উষ্ (রুগ্ণ করা)+ক, অণ্ কর্তৃবা। বি ; পুং, ক্লীব।

প্রত্যূহ—বাধা, বিঘ্ন। প্রতি—উহ্+ঘঞ্ করণবা। বি ; পুং।

প্রত্যেক—১। একে একে। বীপ্সার্থে অব্যয়ী। অব্য। ২। এক এক, সকল, ফি। বিণ।

প্রথম—আদ্য, আদিম ; মুখ্য, প্রধান ; অগ্রিম (First). প্রথ্+অমচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —মা।

প্রথমতঃ (—তস্), **—মত**—প্রথমে, অগ্রে ; মুখ্যতঃ (Mainly). প্রথম শব্দ+তস্ ৭মী স্থানে। অব্য।

প্রথা—রীতি, ধারা, প্রণালী ; প্রসিদ্ধি, খ্যাতি ; বিস্তার। প্রথ্ (খ্যাত হওয়া)+ অঙ্ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

প্রথিত—খ্যাত, প্রসিদ্ধ ; বিস্তৃত। প্রথ্ (খ্যাত হওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রথিতনামা (—নামন্)—খ্যাতনামা,

প্রসিদ্ধ নামবিশিষ্ট, নামজাদা। বহুব্রী। বিণ; পুং বা স্ত্রী।
প্রথিতযশাঃ (—যশস্), —যশা—খ্যাত, কীর্ত্তিবিশিষ্ট, যাহার যশঃ সর্ব্বত্র বিস্তৃত হইয়াছে। বহুব্রী। বিণ।
প্রদ—প্রদাতা; দায়ক, দানকারী (কর্ম্ম-বাচক শব্দের পরে)। প্র—দা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, প্রদা।
প্রদক্ষিণ—দেবমূর্ত্তি প্রভৃতিকে দক্ষিণে রাখিয়া চতুর্দ্দিকে ভ্রমণ; পরিভ্রমণ। দক্ষিণাকে প্র অর্থাৎ দক্ষিণ দিক্‌কে অবলম্বন করিয়া, অব্যয়ী। অব্য।
প্রদত্ত—সমর্পিত, যাহা দেওয়া হইয়াছে এরূপ। প্র—দা (দেওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ।
প্রদর—১। স্ত্রীলোকের রোগবিশেষ, ঋতু-কালে অধিক শোণিতাদির স্রাব (Leucorrhœa). প্র—দৃ (বিদারণ করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।
প্রদর্শক—প্রদর্শনকারী, যে দেখায় এরূপ। প্র—ণিজন্ত দৃশ্ বা দর্শি (দেখান)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্শিকা।
প্রদর্শন—দেখান; সম্যক্ দর্শন; উল্লেখ। প্র—ণিজন্ত দৃশ্ বা দর্শি (দেখান)+অনট্ ভাববা। বি; ক্লীব।
প্রদর্শনী—প্রদর্শন, দেখান; উল্লেখ; দর্শনীয় ব্যাপার, তামাসা, মেলা (Exhibition). প্র—ণিজন্ত দৃশ্ বা দর্শি (দেখান)+অনট্ ভাববা+ঈপ্। বি; স্ত্রী।
প্রদর্শিত—দর্শিত, যাহা দেখান হইয়াছে এরূপ; উল্লিখিত। প্র—ণিজন্ত দৃশ্ বা দর্শি (দেখান)+ক্ত কর্ম্মবা। বিণ।
প্রদাতা (—তৃ)—প্রদানকারী, দায়ক, যে দেয়। প্র—দা (দেওয়া)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।
প্রদান—দান, অর্পণ; বিতরণ। প্র—দা (দেওয়া)+অনট্ ভাববা। বি; ক্লীব।
প্রদায়ক—প্রদাতা, প্রদানকারী। প্র—দা +ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িকা।
প্রদায়ী (—য়িন্)—দানকারী। প্র—দা (দেওয়া)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।
প্রদাহ—সন্তাপ; গাত্রদাহ; রোগাদির জন্য অঙ্গের স্ফীতি ও টাটানি ইত্যাদি (Inflammation). প্র—দহ্+ঘঞ্ ভাববা। বি; পুং।
প্রদীপ—দীপ; আলোক; পিদিম; উজ্জ্বল-কারী ('কুল—')। প্র—দীপ্ (দীপ্ত করা)+ক কর্ত্তৃবা। বি; পুং।
প্রদীপন—১। উদ্দীপন; প্রকাশন; উজ্জ্বল-করণ। প্র—দীপ্ (দীপ্ত করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। উদ্দীপক। প্র—দীপ্+অন কর্ত্তৃবা। বিণ।
প্রদীপ্ত—সমুজ্জ্বল; প্রকাশিত। প্র—দীপ্ (দীপ্ত করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। বি, প্রদীপ্তি।
প্রদেয়—প্রদানার্হ, দানযোগ্য, যাহা দিতে হইবে বা দেওয়া উচিত। প্র—দা+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।
প্রদেশ—একদেশ; বিভাগ, জিলা, দেশের একাংশ (Province); দেশ; স্থান। প্র—দিশ্+ঘঞ্ অধিবা। বি; পুং।
প্রদেশপাল—প্রদেশের শাসনকর্ত্তা। প্রদেশ—পা+ণিচ্+অণ্ কর্ত্তৃবা। বি; পুং।
প্রদেশনী, প্রদেশিনী—তর্জ্জনী অঙ্গুলি। প্র—দিশ্+অনট্ করণবা+ঈপ্, ২য় পক্ষে প্র—দিশ্+ণিন্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।
প্রদোষ—রজনীমুখ, সায়ংকাল; রাত্র্যারম্ভের প্রথম চারি দণ্ডকাল; রাত্রি। প্রারব্ধ দোষা যাহাতে, বহুব্রী। বি; পুং।
প্রদ্যুম্ন—শালগ্রামবিশেষ; রুক্মিণীর গর্ভজাত কৃষ্ণের জ্যেষ্ঠ পুত্র, কন্দর্প। প্র (প্রবৃত্ত) দ্যুম্ন (সামর্থ্য) যাহার, বহুব্রী। বি; পুং।
প্রদ্যোত—দ্যুতি, দীপ্তি; কিরণ। প্র—দ্যুত্+ঘঞ্ ভাববা। বি; পুং।
প্রদ্যোতন—১। উজ্জ্বল দীপ্তি প্রদান; সমুজ্জ্বল দীপ্তি। প্র—দ্যুত্ (দীপ্তি পাওয়া)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। অতিশয় দীপ্তিশালী, সমুজ্জ্বল। প্র—দ্যুত্+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

প্রধান—১। ত্রিগুণাত্মক প্রকৃতি ; পরমাত্মা ; পরমেশ্বর ; অমাত্য ; নায়ক ; অধ্যক্ষ। প্র—ধা+অন কর্ত্তৃবা। বি ; ক্লীব। ২। মুখ্য, শ্রেষ্ঠ। বিণ। স্ত্রী,—না।

প্রধানতা, প্রধানত্ব—প্রাধান্য, শ্রেষ্ঠতা। প্রধান+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

প্রধানতঃ (—তস্), —নত—মুখ্যতঃ ; বিশেষতঃ (Mainly). প্রধান+তস্। অবা।

প্রধাবিত—দ্রুতধাবমান। প্র—ধাব্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

প্রধূপিত—প্রদীপ্ত ; সন্তাপিত। প্র—ধূপ্ (তাপিত করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রধূমিত—ধূমযুক্ত ; জ্বলনোন্মুখ। প্রধূম শব্দ +ইত অস্ত্যর্থে। বিণ।

প্রনষ্ট—পলায়িত ; মৃত ; বিনষ্ট। প্র—নশ্ (নষ্ট হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

প্রপঞ্চ—১। সমূহ ; সৃষ্টি ; মায়া (Illusion) ; সংসার। প্র—পন্চ্ (বিস্তৃত হওয়া)+ঘঞ্ কর্ম্মবা। ২। বিস্তার ; বৈপরীত্য ; বঞ্চনা। প্র—পন্চ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

প্রপঞ্চময়—মায়াময় : প্রতারণাপূর্ণ। প্রপঞ্চ +ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী,—য়ী।

প্রপঞ্চিত—বিস্তৃত ; ভ্রান্তিযুক্ত। প্র—পন্চ্ +ক্ত কর্ম্মবা। বিণ।

প্রপন্ন—প্রাপ্ত ; শরণাগত ; আশ্রিত। প্র—পদ্ (গমন করা, ইত্যাদি)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রপা, প্রপাম—পানীয়শালা, জলসত্র, জলছত্র। প্র—পা (পান করা)+অঙ্ অপাবা +আপ, ২য় পক্ষে অনট্ অপাবা। বি ; স্ত্রী, ক্লীব।

প্রপাত—১। জলাদির পতন। প্র—পত্ (পড়া)+ঘঞ ভাববা। ২। পর্ব্বতাদির অত্যুচ্চ স্থানবিশেষ, ভৃগু। প্র—পত্+ঘঞ্ অপাবা। ৩। নির্ঝর-পতনস্থান, জলপ্রপাত (Waterfall). প্র—পত্+ঘঞ্ অধিবা। বি ; পুং।

প্রপান—প্রপা দ্রঃ।

প্রপিতামহ—ব্রহ্মা ; পিতামহের পিতা, পিতার পিতামহ। প্র (অগ্রগামী) যে পিতামহ, প্রাদিতৎ। বি ; পুং।

প্রপিতামহী—প্রপিতামহপত্নী, পিতামহের মাতা, পিতার পিতামহী। প্রপিতামহ+ ঈপ্। বি ; স্ত্রী।

প্রপীড়িত—উৎপীড়িত। প্র—পীড়্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। বি,—ড়ন।

প্রপূরক—অনুপূরক, পূর্ণকারী। প্র—পূর্+ ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

প্রপূরণ—অনুপূরণ ; অবশিষ্টাংশ পূর্ণকরণ। প্র—পূর্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

প্রপূরিত—যাহা পরিপূর্ণ করা হইয়াছে এরূপ। প্র—পূর্ (পূর্ণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রপৌত্র—পৌত্রের পুত্র, পুত্রের পৌত্র। প্র (পশ্চাদবর্ত্তী) যে পৌত্র, প্রাদিতৎ। বি ; পুং।

প্রপৌত্রী—পৌত্রের পুত্রী অর্থাৎ কন্যা। প্রপৌত্র শব্দ+ঈপ্। বি ; স্ত্রী।

প্রফুল্ল—প্রস্ফুটিত ; বিকাশযুক্ত ; উৎফুল্ল ; বিকচ ; স্মিত ; বিকসিত ; প্রসন্ন ; সহাস্য। প্র—ফুল্ল্ (বিকসিত হওয়া)+ক্ত কর্ত্তৃবা, নিপাতনে। বিণ। স্ত্রী,—ল্লা। বি,—তা।

প্রফুল্লিত—আনন্দিত, যাহাকে প্রফুল্ল করা হইয়াছে। প্র—ণিজন্ত ফুল্ল্+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রবক্তা (—ক্তৃ)—সুবাগ্মী ; বেদাদি শাস্ত্রকথক। প্র—বচ্+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ক্ত্রী।

প্রবচন—১। প্রকৃষ্ট বাক্য ; উক্তি ; বেদাদিশাস্ত্র ; প্রবাদবাক্য। প্র—বচ্ (বলা)+ অনট্ কর্ম্মবা। ২। বেদার্থজ্ঞান। প্র—বচ্+ অনট্ ভাববা। বি ; ক্লীব।

প্রবঞ্চক—প্রতারক, ধূর্ত্ত। প্র—বন্চ্ (বঞ্চনা করা)+ণক কর্ত্তৃবা। বি ; পুং।

প্রবঞ্চন, —ঞ্চনা—প্রতারণা, ঠকান। প্র—বন্চ্ (বঞ্চনা করা)+অনট্ ভাববা ; ২য় পক্ষে প্র—বন্চ্+অন ভাববা+আপ্। বি ; ক্লীব, স্ত্রী। বিণ,—ঞ্চিত।

প্রবণ—নত; নম্র; বিনীত; রত; আসক্ত; প্রবৃত্তিযুক্ত (Prone); উন্মুখ; অভিমুখ; ক্রমনিম্ন; অনুকূল; ত্বরিত; নিপুণ। প্র—বণ্‌+অচ্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ণা। বি,—ণতা।

প্রবন্ধ—১। সংগ্রহ; রচনা, সন্দর্ভ; কাব্যাদি গ্রথন। প্র—বন্ধ্‌ (বন্ধন করা)+ঘঞ্‌ কর্ম্মবা। ২। অবিচ্ছেদ; আরম্ভ; প্রকৃষ্ট বন্ধন; পূর্ব্বাপর সঙ্গতি। প্র—বন্ধ্‌+ঘঞ্‌ ভাববা। বি; ক্লীব।

প্রবন্ধকার—প্রবন্ধলেখক, কাব্যাদি প্রণেতা। প্রবন্ধ—কৃ (করা)+অণ কর্ত্তৃবা। বিণ।

প্রবর—১। অত্যুত্তম। প্র (প্রকৃষ্ট) যে বর (শ্রেষ্ঠ), প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—রা। ২। গোত্রপ্রবর্ত্তক ঋষি; ইন্দ্রের সখা; গোত্র; সন্ততি, সন্তান। প্র—বৃ+অপ্‌ কর্ম্মবা। বি; পুং।

প্রবর্ত্ত(র্ত)ক—প্রবর্ত্তনকারী (Founder); প্রবৃত্তিজনক; প্রবৃত্তিদায়ক; প্রদর্শক; প্রণেতা। প্র—ণিজন্ত বৃত্‌=বর্ত্তি (থাকান)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিকা।

প্রবর্ত্ত(র্ত)ন, —র্ত্ত(র্ত)না—প্রবৃত্তিদান; প্রেরণা; আরম্ভ; নিয়োজন। প্র—ণিজন্ত বৃত্‌=বর্ত্তি (থাকান)+অনট্‌ ভাববা; ২য় পক্ষে প্র—ণিজন্ত বৃত্‌=বর্ত্তি (থাকান)+অন ভাববা+আপ্‌। বি; ক্লীব, স্ত্রী।

প্রবর্ত্ত(র্ত)য়িতা (—তৃ)—প্রবর্ত্তক। প্র—বৃৎ+ণিচ্‌+তৃন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

প্রবর্ত্তি(র্তি)ত—যাহাকে প্রবৃত্তি দেওয়া হইয়াছে এরূপ; নিয়োজিত; চালিত; জাত; উৎপাদিত; আরব্ধ। প্র—ণিজন্ত বৃত্‌=বর্ত্তি (থাকান)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রবর্দ্ধ(র্ধ)ন—১। বৃদ্ধি পাওয়া। প্র—বৃধ্‌+অনট্‌ ভাববা। ২। বাড়ান। প্র—বৃধ্‌+ণিচ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব। বিণ,—র্দ্ধিত,—র্দ্ধক। ৩। যে বাড়ায়। প্র—বৃধ্‌+ণিচ্‌+অন কর্ত্তৃবা। বিণ।

প্রবল—প্রকৃষ্ট বলযুক্ত; অতিশয় বলবান্‌; অত্যন্ত ('—বেগ')। প্র (প্রকৃষ্ট) হইয়াছে বল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা। বি,—তা, প্রাবল্য।

প্রবলপরাক্রম, —প্রতাপ—১। অত্যধিক বিক্রম। কর্ম্মধা। বি; পুং। ২। অত্যধিক বিক্রমশালী। বহুব্রী। বিণ।

প্রবলপরাক্রান্ত—অত্যধিক ক্ষমতাশালী বা বিক্রমযুক্ত। সুপ্‌সুপা। বিণ।

প্রবলপ্রতাপ—প্রবলপরাক্রম দ্রঃ।

প্রবলা—প্রসারিণী, গন্ধভাদালিয়া। বি; স্ত্রী।

প্রবহণ—১। প্রবাহ, স্রোতঃ। প্র—বহ্‌ (বহা)+অনট্‌ ভাববা। ২। আচ্ছাদিত শকট; ডুলি; পোত। প্র—বহ্‌+অনট্‌ করণবা। বি; ক্লীব।

প্রবহমাণ—যাহা বহিতেছে। প্র—বহ্‌+শানচ্‌ কর্ত্তৃবা। [সংস্কৃত ব্যাকরণে প্র—বহ্‌ পরস্মৈপদী বলিয়া প্রবহমাণ পদ অশুদ্ধ]। বিণ।

প্রবাচন—ইস্তাহার; ঘোষণা। প্র—বচ্‌+ণিচ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

প্রবাদ—পরম্পরা বাক্য; জনরব, জনশ্রুতি; অপবাদ। প্র—বদ্‌ (বলা)+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

প্রবাদবচন—প্রবাদবাক্য, জনরবে কথিত বাক্য। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

প্রবাল—কিসলয়, নবপল্লব; অঙ্কুর, আঁকুর; বিদ্রুম, পলা (Coral). প্র—বল্‌ (বলবান্‌ হওয়া)+ণ কর্ত্তৃবা। বি; পুং।

প্রবালকীট—সমুদ্রসম্ভূত রক্তবর্ণ কীট-বিশেষ। প্রবালজনক কীট, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

প্রবালদ্বীপ—প্রবালকীটসৃষ্ট দ্বীপ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

প্রবালপ্রাচীর—প্রবালসঞ্চয় দ্বারা গঠিত প্রাচীর। মধ্যপ কর্ম্মধা। বি।

প্রবাস—বিদেশে অবস্থান; বিদেশ। প্র—বস্‌ (বাস করা)+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

প্রবাসন—নির্ব্বাসন; বিদেশে প্রেরণ; মারণ,

বধ। প্র—ণিজন্ত বস্=বাসি (বাস করান, বধ করান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রবাসিত—নির্ব্বাসিত; বিদেশে প্রেরিত; হত। প্র—ণিজন্ত বস্=বাসি (বাস করান, বধ করান)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রবাসী (—সিন্)—প্রবাসবিশিষ্ট; প্রোষিত বিদেশস্থ; বিদেশবাসী। প্র—বস্ (বাস করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী, —সিনী।

প্রবাহ—স্রোতঃ; প্রসার; ক্রমিক চলন; অবিচ্ছেদে কার্য্যকরণ। প্র—বহ্ (বহা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রবাহিকা—১। প্রকৃষ্টবহনকর্ত্রী। প্রবাহক+আপ্। বিণ; স্ত্রী। ২। গ্রহণীরোগ। প্র—ণিজন্ত বহ্=বাহি (বহান)+ণক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

প্রবাহিণী—স্রোতস্বতী, নদী। প্রবাহ+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বি; স্ত্রী।

প্রবাহিত—১। প্রবাহযুক্ত। প্রবাহ+ইত যুক্তার্থে। ২। প্রকৃষ্টরূপে বাহিত বা চালিত। প্র—বাহি (বহান)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রবাহী (—হিন্)—প্রবহণশীল, বহিতেছে এরূপ; প্রবাহযুক্ত, স্রোতঃশালী। প্র—বহ্ (বহা)+ণিন্ কর্ত্তৃবা; অথবা প্রবাহ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —হিণী।

প্রবিষ্ট—প্রবেশ করিয়াছে এরূপ, কৃতপ্রবেশ; অন্তর্গত; অভিনিবিষ্ট। প্র—বিশ্ (প্রবেশ করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —ষ্টা।

প্রবীণ—দক্ষ, নিপুণ; বৃদ্ধ; বিজ্ঞ, বহুদর্শী; হৃষ্ট। বীণা শব্দ+ণিচ্=বীণি নামধাতু (বীণা বাজান); প্র—বীণি+অচ্ কর্ত্তৃবা; অথবা প্র (প্রকৃষ্ট) বীণা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —ণা।

প্রবীণতা, —ত্ব—দক্ষতা, নৈপুণ্য; বহুদর্শিতা; বিজ্ঞতা। প্রবীণ+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

প্রবীর—১। প্রকৃষ্ট বীর, শ্রেষ্ঠ যোদ্ধা। প্র (প্রকৃষ্ট) যে বীর, প্রাদিতৎ। বি; পুং। ২। প্রধান, শ্রেষ্ঠ। বিণ। ৩। নীলধ্বজ রাজার পুত্র; যুধিষ্ঠিরের অশ্বমেধ যজ্ঞকালে যজ্ঞাশ্ব সহ ধনঞ্জয় নীলধ্বজপুরে আগমন করিলে প্রবীর যজ্ঞাশ্ব ধৃত করেন, এবং অর্জ্জুনের সহিত যুদ্ধে নিহত হন। বি; পুং।

প্রবুদ্ধ—পণ্ডিত, জ্ঞানী; উদ্বুদ্ধ; জাগরিত; প্রফুল্ল; বিকসিত। প্র—বুধ্ (বোধ করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —দ্ধা।

প্রবৃত্ত—উৎপন্ন; নিযুক্ত; চলিত; আরব্ধ। প্র—বৃত্ (থাকা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রবৃত্তি—উৎপত্তি; গতি; প্রবাহ; যত্ন; স্পৃহা; ইচ্ছা; বার্ত্তা; নিয়োগ; কাম্যকর্ম্মের অনুষ্ঠান; ব্যাপার। প্র—বৃত্ (থাকা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

প্রবৃদ্ধ—অতিশয় বৃদ্ধিযুক্ত; অতিশয় প্রাচীন; বিস্তৃত। প্র—বৃধ্ (বাড়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ; ত্রি। স্ত্রী, —দ্ধা।

প্রবেশ—অন্তর্গমন, ভিতরে যাওয়া। প্র—বিশ্ (প্রবেশ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রবেশক—১। প্রবেশকারী, অন্তর্গামী, যে ভিতরে যায়। প্র—বিশ্+ণক কর্ত্তৃবা। ২। প্রবেশপ্রাপক, যে প্রবেশ করায়; যদ্দ্বারা ভিতরে যাওয়া যায়, যাহা দেখাইয়া ভিতরে যাইতে হয়। প্র—ণিজন্ত বিশ্ (=বেশি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —শিকা।

প্রবেশন—১। প্রবেশ করণ। প্র—বিশ্+অনট্ ভাববা। ২। প্রবেশ করান। প্র—বিশ্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রবেশপথ—ভিতরে যাওয়ার রাস্তা; রাস্তার মুখ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রবেশিকা—প্রবেশকারিণী, অন্তর্গামিনী; প্রবেশপ্রাপিকা, যদ্দ্বারা প্রবেশ করা যায়, যাহা দেখাইয়া ভিতরে যাইতে হয়, 'পাশ' বা 'টিকিট'; প্রাথমিক পুস্তক। প্রবেশক+আপ্। বিণ; স্ত্রী। **প্রবেশিকা পরীক্ষা**—বিশ্ববিদ্যালয়ে প্রবেশাধিকারের পরীক্ষা (Matriculation or Entrance Examination).

প্রবেশিত—যাহাকে প্রবেশ করান হইয়াছে। প্র–বিশ্‌+ণিচ্‌+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রবেশ্য--প্রবেশযোগ্য। প্র–বিশ্‌ (প্রবেশ করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

প্রবোধ—জ্ঞান; বিকাশ; জাগরণ; সান্ত্বনা। প্র–বুধ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

প্রবোধন—বুঝান; জ্ঞাপন; জাগরিতকরণ; সান্ত্বনা; উত্তেজন। প্র–ণিজন্ত বুধ্‌ (=বোধি)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

প্রবোধিত—জ্ঞাপিত; জাগরিত; সান্ত্বনিত; উত্তেজিত; বিকাশিত। প্র–ণিজন্ত বুধ্‌ (=বোধি)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রব্রজিত—প্রবাসগত; বিদেশস্থ; বুদ্ধভিক্ষু; সন্ন্যাসী, ভিক্ষু। প্র–ব্রজ্‌ (গমন করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–তা।

প্রব্রজ্যা—প্রবাস; বৈরাগ্য, সন্ন্যাসধর্ম্ম; সন্ন্যাসী হইয়া ভ্রমণ। প্র–ব্রজ্‌ (গমন করা)+ক্যপ্‌ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

প্রভ—(সমাসে পরপদে) তুল্য, সদৃশ, সমান প্রভাবিশিষ্ট। বিণ। স্ত্রী, প্রভা।

প্রভঞ্জন—বায়ু, বাতাস, ঝড়, বাত্যা। প্র–ভন্‌জ্‌ (ভঙ্গ করা)+অন কর্ত্তৃবা। বি; পুং।

প্রভব—১। উৎপত্তি, উদ্ভব; পরাক্রম, প্রভাব। প্র–ভূ (হওয়া)+অপ্‌ ভাববা। ২। কারণ; উৎপত্তিস্থান; প্রকাশস্থান। প্র–ভূ+অপ্‌ অপাবা। বি; পুং।

প্রভা—দ্যুতি, দীপ্তি, ঔজ্জ্বল্য; কিরণ; প্রকাশ। প্র–ভা+অঙ্‌ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

প্রভাকর—সূর্য্য; চন্দ্র; অগ্নি; সমুদ্র। প্রভা–কৃ+ট কর্ত্তৃবা। বি; পুং।

প্রভাত—১। প্রত্যূষ, প্রাতঃকাল। প্র–ভা (দীপ্তি পাওয়া)+ক্ত ভাববা। বি; ক্লীব। ২। প্রভান্বিত, দীপ্তিযুক্ত; প্রকাশিত। প্র–ভা+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–তা।

প্রভাতফেরী—প্রভাতে রাজপথে জনসাধারণের প্রেরণাদায়ক গান। দেশজ। বি।

প্রভাতী—প্রভাতকালীন, প্রাতঃকালের ('—সঙ্গীত')। প্রভাত+ঈ সম্বন্ধাদি অর্থে। বিণ।

প্রভাব—ধন ও রণজনিত শক্তি; প্রতাপ; তেজঃ; প্রভুশক্তি; মহিমা; সামর্থ্য; উদ্ভব, উৎপত্তি। প্রকৃষ্ট ভাব, প্রাদিতৎ। বি; পুং।

প্রভাবতী—দীপ্তিশালিনী, ভাস্বরা। প্রভা+মতুপ্‌ আছে অর্থে+ঈপ্‌। বিণ; স্ত্রী। পুং, প্রভাবান্‌ (–বৎ)।

প্রভাস—বসুবিশেষ; দেশবিশেষ; কাথিয়াওয়াড়ের সোমতীর্থ। প্র–ভাস্‌+অচ্‌ কর্ত্তৃবা। বি; পুং।

প্রভিন্ন—প্রস্ফুটিত, বিকসিত; প্রকাশিত; বিভিন্ন। প্র–ভিদ্‌ (ভেদ করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রভু—১। বিষ্ণু, ভগবান্‌; স্বামী; নিয়োগ্য; মনিব; রাজা; মহাপুরুষ। বি; পুং। ২। শ্রেষ্ঠ; নিগ্রহানুগ্রহসমর্থ। প্র–ভূ বা ভা (হওয়া)+ডু কর্ত্তৃবা। বিণ।

প্রভুতা, প্রভুত্ব—স্বামিত্ব; আধিপত্য; প্রভাব; সামর্থ্য; প্রাধান্য। প্রভু+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

প্রভুত্বপ্রয়াসী (–সিন্‌)—প্রভুত্বলাভের চেষ্টান্বিত; কর্ত্তৃত্ব ফলাইবার অভিলাষী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–সিনী।

প্রভুভক্ত--প্রভুর প্রতি অনুরক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ। [বি; স্ত্রী।

প্রভুশক্তি—প্রতাপ, প্রভাব। ৬ষ্ঠীতৎ।

প্রভুহন্তা (–হন্তৃ)—স্বামিঘাতক, প্রভুবধকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–ত্রী।

প্রভূত—উন্নত; উৎপন্ন; প্রচুর; বহুল; সঞ্জাত। প্র–ভূ (হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রভৃতি—১। অবধি। প্র–ভৃ+ক্তি কর্ত্তৃবা। অব্য। ২। (শব্দের পরে থাকিলে) তদাদি, ইত্যাদি। প্র–ভৃ+ক্তি কর্ম্মবা। বিণ।

প্রভেদ—ভিন্নতা, বিশেষ, বৈলক্ষণ্য; পার্থক্য;

প্রকার ; স্ফুটন। প্র—ভিদ্ (ভেদ করা) +ঘঞ্ ভাববা। বি ; পুং।

প্রভ্রংশ—নাশ, পতন। প্র—ভ্রন্‌শ্ (অধঃ-পতিত হওয়া)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

প্রভ্রষ্ট—নষ্ট ; পতিত। প্র—ভ্রন্‌শ্ (অধঃ-পতিত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রমত্ত—অতিমত্ত ; প্রমাদী, প্রমাদযুক্ত, অনবধানযুক্ত ; অনবহিত ; অত্যাসক্ত। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ত্তা। বি,—তা।

প্রমথ—শিবপারিষদ, শিবের অনুচর [ইহারা নানারূপধারী ও নৃত্যগীতাদিতে সুপটু]। প্র—মথ্ (বিলোড়ন করা)+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

প্রমথন—বধ ; বিলোড়ন ; মর্দ্দন ; পরাভব ; উন্মূলন ; ত্যাগ। প্র—মথ্ (বিলোড়ন করা) +অনট্ ভাববা। বি ; ক্লীব।

প্রমথাধিপ—মহাদেব। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

প্রমথিত—অতিশয় মথিত, মর্দ্দিত, দলিত, বিনাশিত, বিধ্বস্ত ; ক্লেশিত ; আলোড়িত, আন্দোলিত ; আলোচিত। প্র—মথ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রমথেশ—মহাদেব। প্রমথদিগের ঈশ, ৬ষ্ঠী-তৎ। বি ; পুং।

প্রমদ—১। আনন্দ, হর্ষ। প্র—মদ্ (মত্ত হওয়া)+অপ্ ভাববা। বি ; পুং। ২। মত্ত ; প্রমত্ত ; উন্মত্ত। প্র—মদ্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

প্রমদা—১। মত্তা। প্রমদ+আপ্। বিণ ; স্ত্রী। ২। উত্তমা যোষিৎ, মনোহারিণী রমণী। প্রকৃষ্ট মদ (গর্ব্ব) যাহার, বহুব্রী। বি ; স্ত্রী।

প্রমরা, প্রমারা—তাসের জুয়াখেলা-বিশেষ। পোর্ত্তু 'Premeiro' শব্দজ। বি।

প্রমা—প্রমিতি, নিশ্চয়বোধ। প্র—মা (পরি-মাণ করা)+অঙ্ করণবা+আপ্। বি ; স্ত্রী। [শব্দজ। বি।

প্রমাই—পরমায়ু, জীবিতকাল। 'পরমায়ুস্'

প্রমাণ—১। বিশ্বাস ; যাথার্থ্যজ্ঞান ; নিশ্চয়। প্র—মা+অনট্ ভাববা। ২। নিশ্চয়ের হেতু, প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ,—এই চারি ; লেখ্য ; শাস্ত্র ; সাক্ষী ; যাহার কথা নির্ব্বিচারে মানিয়া লওয়া হয় (Authority) ; জ্ঞান-সাধন ইন্দ্রিয়। প্র—মা+অনট্ করণবা। বি ; ক্লীব। ৩। যথাপ্রমাণ, উপযুক্ত-পরিমাণ ; পূর্ণ-পরিমাণ, পুরা-হাতী। দেশজ প্রঃ। বিণ। ৪। (বহুব্রী সমাসে পরপদ) পরিমাণবিশিষ্ট, মাপযুক্ত ('পর্ব্বত—')। বিণ। স্ত্রী,—ণা।

প্রমাণতঃ (—তস্), **—ণত**—প্রমাণ অনুসারে ; প্রমাণদৃষ্টে। প্রমাণ+তস্। অব্য।

প্রমাণপঞ্জী—প্রসঙ্গবিশেষের প্রমাণস্বরূপ গ্রন্থাদির নামের তালিকা। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

প্রমাণপুরুষ—মধ্যস্থ, শালিস। কর্ম্মধা। বি ; পুং।

প্রমাণ-সহি, —সই—পূর্ণপরিমাণ, যথা প্রমাণ ; মাপিকসই। দেশজ। বিণ।

প্রমাণসাপেক্ষ—প্রমাণের অপেক্ষাযুক্ত, প্রমাণের অপেক্ষায় রক্ষিত, যাহার প্রমাণ আবশ্যক। ৬ষ্ঠীতৎ। বিণ।

প্রমাণসিদ্ধ—প্রমাণদ্বারা নিশ্চিত, প্রত্যক্ষাদি প্রমাণ প্রয়োগে স্থিরীকৃত, প্রমাণিত। ৩য়া-তৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

প্রমাণিত—প্রমাণযুক্ত, নিশ্চিত, মীমাংসিত। প্রমাণ+ইত যুক্তার্থে। বিণ।

প্রমাণীকৃত—প্রমাণরূপে নিশ্চিত, যাহা প্রমাণ করা হইয়াছে এরূপ। প্রমাণ শব্দ+চি্ব অভূততদ্ভাবার্থে (=প্রমাণী)+কৃ (করা) +ক্ত কর্ম্মবা। বিণ। বি,—করণ।

প্রমাতা (—তৃ)—প্রমাণকারী। প্র—মা+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

প্রমাতামহ—মাতামহের পিতা, মাতার পিতামহ। প্র (অগ্রগামী) মাতামহ, প্রাদি-তৎ। বি ; পুং। স্ত্রী,—হী।

প্রমাথী (—থিন্)—পীড়নকর্ত্তা, মথনকারী, দুঃখপ্রদ। প্র—মথ্ (বিলোড়ন করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—থিনী।

প্রমাদ—অনবধানতা, অ সা ব ধা ন তা ;

বিমূঢ়তা ; ভ্রম ; বিস্মৃতি ; উন্মাদ । প্র—মদ্ (মত্ত হওয়া)+ঘঞ্ ভাববা । বি ; পুং ।

প্রমাদী (—দিন্)—প্রমাদবিশিষ্ট, উন্মত্ত, অনবধানযুক্ত ; অনবহিত ; ভ্রমশীল । প্রমাদ শব্দ+ইন্ অস্ত্যর্থে । বিণ । স্ত্রী,—দিনী ।

প্রমারা—প্রমরা দ্রঃ ।

প্রমিত—পরিচিত ; পূর্ব্বাবধারিত ; নিশ্চিত ; বিদিত, জ্ঞাত ; পরিমিত ; প্রমাণিত । প্র—মা (পরিমাণ করা)+ক্ত কর্ম্মবা । বিণ ; ত্রি । স্ত্রী,—তা ।

প্রমিতি—পরিমাণ ; প্রমাণ ; প্রমা ; নিশ্চয়-জ্ঞান । প্র—মা (পরিমাণ করা)+ক্তি ভাববা । বি ; স্ত্রী ।

প্রমীলা—রাবণপুত্র মেঘনাদের ভার্য্যা ; অর্জ্জুনের অন্যতমা পত্নী । প্র—মীল্+অ ভাববা+আপ্ । বি ; স্ত্রী ।

প্রমীলিত—মুদ্রিত, নিমীলিত । প্র—মীল্ +ক্ত কর্ম্মবা । বিণ । স্ত্রী,—তা ।

প্রমুখ—১ । (কোন শব্দের পরে থাকিলে) প্রথম ; প্রধান ; শ্রেষ্ঠ ; প্রভৃতি । বিণ । স্ত্রী, —খা । ২ । আরম্ভ । প্রকৃষ্ট মুখ, প্রাদিতৎ । বি ; ক্লীব ।

প্রমুখাৎ—মুখ হইতে, জবানি । প্রমুখ শব্দের উত্তর সংস্কৃত ৫মী বিভক্তির ১ বচন । অব্য ।

প্রমুদিত—হৃষ্ট, আনন্দিত ; প্রফুল্ল ; বিকসিত । প্র—মুদ্ (হৃষ্ট হওয়া)+ক্ত কর্ত্তৃবা । বিণ ।

প্রমেয়—পরিমেয় ; প্রমাণযোগ্য ; পরিচ্ছেদ্য ; অবধার্য্য । প্র—মা (পরিমাণ করা)+যৎ কর্ম্মবা । বিণ ।

প্রমেহ—মেহ (Gonorrhœa) ; বহুমূত্র-রোগ (Diabetes). প্র—মিহ্+ঘঞ্ করণবা । বি ; পুং ।

প্রমোদ—হর্ষ, আনন্দ ; বিলাস । প্র—মুদ্ +ঘঞ্ ভাববা । বি ; পুং ।

প্রমোদকানন—প্রমোদউদ্যান, আনন্দ-কানন ; রাজকীয় অন্তঃপুরোদ্যান । প্রমোদের কানন, ৬ষ্ঠীতৎ । বি ; ক্লীব ।

প্রমোদন—১ । হৃষ্টকরণ । প্র—ণিজন্ত মুদ্ =মোদি (হৃষ্ট করা)+অনট্ ভাববা । বি ; ক্লীব । ২ । হৃষ্টকারক । প্র—মুদ্+ণিচ্+অন কর্ত্তৃবা । বিণ ; ত্রি ।

প্রমোদিত—আনন্দিত ; আমোদিত । প্র —ণিজন্ত মুদ্+ক্ত কর্ম্মবা । বিণ । স্ত্রী,—তা ।

প্রযত—পবিত্র, শুদ্ধ ; সংযত ; নিয়মযুক্ত । প্র—যম্ (বিরত হওয়া)+ক্ত কর্ত্তৃবা । বিণ ।

প্রযতাত্মা (—ত্মন্)—সংযতচিত্ত ; শুদ্ধান্তঃ-করণ । প্রযত আত্মা যাহার, বহুব্রী । বিণ ।

প্রযত্ন—প্রকৃষ্ট যত্ন ; অধ্যবসায় ; প্রয়াস । প্র (প্রকৃষ্ট) যে যত্ন, প্রাদিতৎ । বি ; পুং ।

প্রয়াগ—তীর্থবিশেষ, গঙ্গা, যমুনা ও সরস্বতীর সঙ্গমস্থান ; ইহার আধুনিক নাম এলাহাবাদ ; তীর্থ । প্র (প্রকৃষ্ট) যাগ (যজ্ঞ) যে স্থানে, বহুব্রী । বি ; পুং ।

প্রয়াণ—প্রস্থান ; যুদ্ধযাত্রা । প্র—যা (যাওয়া)+অনট্ ভাববা । বি ; ক্লীব ।

প্রযাত—প্রস্থিত, গত । প্র—যা (যাওয়া)+ ক্ত কর্ত্তৃবা । বিণ । স্ত্রী,—তা ।

প্রয়াস—প্রযত্ন ; আয়াস, শ্রম ; ইচ্ছা । প্র—যস্ (যত্ন করা)+ঘঞ্ ভাববা । বি ; পুং ।

প্রয়াসী (—সিন্)—চেষ্টান্বিত, চেষ্টিত, সচেষ্ট, যত্নবান্ ; অভিলাষী, আকাঙ্ক্ষী, প্রত্যাশী । প্রয়াস+ইন্ যুক্তার্থে । বিণ । স্ত্রী,—সিনী ।

প্রযুক্ত—১ । রচিত ; নিযুক্ত ; প্রেরিত ; অনুষ্ঠিত ; অর্পিত ; উদাহৃত ; উল্লিখিত ; উচ্চারিত । প্র—যুজ্+ক্ত কর্ম্মবা । বিণ । ২ । জন্য, নিমিত্ত । বাং প্রঃ । অব্য ।

প্রযুজ্যমান—যাহা প্রয়োগ করা হইতেছে । প্র—যুজ্+শানচ্ কর্ম্মবা । বিণ । স্ত্রী,—না ।

প্রযোক্তা (—ক্তৃ)—প্রয়োগকারী ; অনুষ্ঠাতা ; উত্তমর্ণ, ঋণদাতা । প্র—যুজ্+তৃন্ কর্ত্তৃবা । বিণ । স্ত্রী,—ক্ত্রী ।

প্রয়োগ—নিদর্শন ; উদাহরণ ; অনুষ্ঠান ; নিয়োগ, প্রবর্ত্তন ; উল্লেখ ; যত্ন ; ব্যবহার ; খাটান ; অর্পণ । প্র—যুজ্ (যোগ করা)+ ঘঞ্ ভাববা । বি ; পুং ।

প্রয়োজক—নিয়োগকর্ত্তা; প্রয়োগকর্ত্তা; কর্ম্মকর্ত্তা; প্রবর্ত্তক; প্রযুষ্ঠাতা। প্র–যুজ্ (যোগ করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –জিকা।

প্রয়োজক-ক্রিয়া—যে ক্রিয়া একের নির্দ্দেশে অন্যের দ্বারা সাধিত হয় (Causative verb). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

প্রয়োজন—প্রয়োগকরণ; উদ্দেশ্য; আবশ্যকতা; কার্য্য; হেতু; ফল। প্র–যুজ্ (যোগ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রয়োজনাতিরিক্ত, প্রয়োজনাতীত—দরকারের অপেক্ষা বেশী। ৫মীতৎ ও ২য়াতৎ। বিণ।

প্রয়োজনানুরূপ—আবশ্যকমত, যতটা দরকার ততটা। ৬ষ্ঠীতৎ। বিণ।

প্রয়োজনীয়—কার্য্যোপযোগী; আবশ্যক। প্র–যুজ্+অনীয় কর্ম্মবা। বিণ।

প্রযোজ্য—যাহা বা যাহাকে প্রয়োগ করা যায় এরূপ। প্র–যুজ্ (যোগ করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

প্ররোচক—প্রবর্ত্তক; উত্তেজক; উৎসাহদাতা। প্র–ণিজন্ত রুচ্ (=রোচি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –চিকা।

প্ররোচন, প্ররোচনা—প্রবর্ত্তন; উৎসাহদান; উত্তেজনা, ফুসলাইয়া দেওয়া। প্র–ণিজন্ত রুচ্ (=রোচি)+অনট্ ভাববা, পক্ষান্তরে, অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

প্ররোচিত—উত্তেজিত, উৎসাহিত। প্র–ণিজন্ত রুচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

প্ররোহ—১। মূল; অঙ্কুর; বটবৃক্ষাদির নামলা বা ঝুরি। প্র–রুহ্ (জন্মা)+অচ্ কর্ত্তৃবা। ২। আরোহণ; উৎপত্তি। প্র–রুহ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্ররোহিত, প্ররোহী (–হিন্)—অঙ্কুরিত; প্ররোহযুক্ত। প্ররোহ+ইত, ইন অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –তা, –হিণী।

প্রলপন—প্রলাপ কথন, ভুল বকা। প্র–লপ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রলপিত—১। কথিত; বৃথা উক্ত। প্র–লপ্ (বলা)+ক্ত কর্ম্মবা। বিণ। ২। প্রলাপ, বৃথা বাক্য। প্র–লপ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

প্রলম্ব—১। লম্বমান। বিণ। স্ত্রী, –ম্বা। ২। পয়োধর, স্ত্রীস্তন; প্ররোহ, বৃক্ষাদির ঝুরি; লতাঙ্কুর, লতার শুঁয়া; শাখা; হারবিশেষ; জনৈক দৈত্য। প্র–লম্ব্ (লম্বিত হওয়া)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ৩। প্রলম্বন। প্র–লম্ব্+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রলম্বিত—ঝুলিতেছে এরূপ, লম্বমান। প্র–লম্ব্ (ঝুলা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। বি, –ম্বন।

প্রলয়—১। ধ্বংস; মূর্চ্ছা। প্র–লী+অচ্ ভাববা। ২। কল্পান্ত, সৃষ্টিনাশ, ব্রহ্মার দিনাবসান। প্র–লী+অচ্ অধিবা। বি; পুং।

প্রলয়ঙ্ক(ংক)র—সৃষ্টিনাশজনক; ধ্বংসকারক; সংহারক; বিনাশক; সর্ব্বনাশসাধক। উপতৎ। প্রলয়–কৃ (করা)+খ কর্ত্তৃবা। ('ভয়ঙ্কর' শব্দের অনুকৃত শব্দ)। বিণ। স্ত্রী, –রী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রলয়পয়োধি—কল্পান্তকালীন সমুদ্র।

প্রলয়ান্ধকার—কল্পান্তকালীন অন্ধকার; কল্পান্তকালীন অন্ধকারের ন্যায় ভীষণ অন্ধকার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রলাপ—অনর্থক বাক্য, অর্থহীন কথা; বিলাপ। প্র–লপ্ (কথা বলা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রলাপী (–পিন্)—প্রলাপকারী। প্র–লপ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –পিনী।

প্রলীন—লয়প্রাপ্ত; নিশ্চেষ্ট। প্র–লী (লয় পাওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –না।

প্রলুব্ধ—অতিশয় লোভী। প্র–লুভ্ (লোভ করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –ব্ধা।

প্রলেপ—১। লেপনদ্রব্য। প্র–লিপ্ (লেপন করা)+ঘঞ্ করণবা। ২। বিলেপন, মাখান। প্র–লিপ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রলোভন—১। লোভ দেখান। প্র—ণিজন্ত লুভ্ =লোভি (লোভ জন্মান)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। লোভজনক বস্তু। প্র—লুভ্+ণিচ্+অন কর্তৃবা। বি; ক্লীব।

প্রলোভিত—যাহাকে লোভ দেখান হইয়াছে এরূপ; লোভ প্রদর্শন দ্বারা প্রবর্ত্তিত। প্র—ণিজন্ত লুভ্=লোভি (লোভ জন্মান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রশংসন—স্তুতিবাদ, প্রশংসাবাক্য। প্র—শন্স্+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রশংসনীয়—ধন্যবাদার্হ, শ্লাঘ্য, ধন্য, প্রশংসার যোগ্য, সুখ্যাতিভাজন। প্র—শন্স্ (স্তুতি করা)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

প্রশংসা—স্তুতি; ধন্যবাদ, শ্লাঘা, বাহবা দেওয়া, গুণকীর্ত্তন, সুখ্যাতি। প্র—শন্স্ (স্তুতি করা)+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

প্রশংসাপত্র—সার্টিফিকেট, সুখ্যাতিমূলক লিপি। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

প্রশংসাবাদ—স্তুতিবাদ, প্রশংসাকীর্ত্তন, সুখ্যাতিকথন। প্রশংসাসূচক বাদ (বাক্য), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

প্রশংসিত—কৃতপ্রশংস, যাহার প্রশংসা করা হইয়াছে এরূপ; স্তুত। প্র—শন্স্ (স্তুতি করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রশম—১। শান্তি; উপশম; নির্ব্বাণ; বৈরাগ্য; অবসাদ। প্র—শম্ (শান্ত হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। শান্ত; নিবৃত্ত। প্র—শম্+অচ্ কর্তৃবা। বিণ।

প্রশমন—হনন, বধ; অনুরঞ্জন; নিবারণ; শান্তি। প্র—শম্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রশমিত—নিবারিত। প্র—ণিজন্ত শম্ (=শমি)+ক্ত কর্ম্মবা। বিণ। বি,—তা।

প্রশস্ত—প্রশংসনীয়, উৎকৃষ্ট; চওড়া, বিস্তৃত; উদার; অতিশ্রেষ্ঠ। প্র—শন্স্ (স্তুতি করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—স্তা।

প্রশস্তি—প্রশংসা; শংক্তি; স্মরণ, কীর্ত্তন, কেলি, প্রেক্ষণ, গুহ্যভাষণ, সংকল্প, অধ্যবসায়, ক্রিয়ানিবৃত্তি—এই অষ্টবিধ মৈথুনাভাব। প্র—শন্স্ (স্তুতি করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

প্রশস্য—প্রশংসার যোগ্য। প্র—শন্স্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—স্যা।

প্রশাখা—বৃহৎ শাখানির্গত ক্ষুদ্র শাখা, ছোট ডাল, ডালের ডাল। প্র (পশ্চাজ্জাত) শাখা, প্রাদিতৎ। বি; স্ত্রী।

প্রশান্ত—শান্তিযুক্ত; উপশমপ্রাপ্ত; নিবৃত্ত; নিশ্চল। প্র—শম্+ক্ত কর্তৃবা। বিণ।

প্রশান্তচিত্ত—স্থির অন্তঃকরণবিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা।

প্রশান্তমহাসাগর—চীন জাপানের নিকট মহাসাগরবিশেষ (Pacific Ocean). বি; পুং।

প্রশান্তি—সম্পূর্ণ প্রশম ও ধীরস্থির ভাব; পূর্ণ বিরতি। প্রাদিতৎ। বি; স্ত্রী।

প্রশিষ্য—শিষ্যের শিষ্য। প্র (পশ্চাদ্গামী) শিষ্য, প্রাদিতৎ। বি; পুং।

প্রশ্ন- পৃচ্ছা, জিজ্ঞাসা। প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা)+নঙ্ ভাববা। বি; পুং।

প্রশ্নকর্ত্তা(র্ত্রা), (—কর্তৃ)—জিজ্ঞাসাকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ত্রী।

প্রশ্নপত্র—প্রশ্নপূর্ণ লিপি, প্রশ্নের কাগজ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

প্রশ্নোত্তর—১। জিজ্ঞাসা ও তাহার উত্তর। দ্বন্দ্ব। ২। জিজ্ঞাসার উত্তর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

প্রশ্বাস—নাসাপ্রবিষ্ট বায়ু, নাসিকা দ্বারা যে বায়ু গ্রহণ করা যায়। প্র—শ্বস্ (শ্বাস ফেলা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রশ্রয়—প্রণয়; স্নেহ; স্নেহপূর্ণ আদর, নাই; বিশ্বাস; বিনয়। প্র—শ্রি (সেবা করা)+অচ্ ভাববা। বি; পুং।

প্রশ্রিত—আদৃত; বিনীত। প্র—শ্রি (সেবা করা)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

প্রষ্টব্য—জিজ্ঞাস্য। প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা)+তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ব্যা।

প্রষ্টা (**প্রষ্টৃ**)—প্রশ্নকারক, জিজ্ঞাসু। প্রচ্ছ্+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, প্রষ্ট্রী।

প্রসক্ত—অনুরক্ত, আসক্ত; প্রস্তাবিত; সংলগ্ন; অবিরত। প্র–সন্জ্ (সঙ্গ করা) +ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ক্তা।

প্রসক্তি—অনুমিতি; প্রসঙ্গ; অনুরাগ; আসক্তি; প্রবৃত্তি; আপত্তি; ব্যাপ্তি। প্র–সন্জ্ (সঙ্গ করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

প্রসঙ্গ(ংগ)—প্রসক্তি; সম্বন্ধ, সম্পর্ক; সঙ্গতিবিশেষ; প্রস্তাব। প্র–সন্জ্ (সঙ্গ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রসঙ্গ(ংগ)ক্রমে, –তঃ—সঙ্গতিক্রমে, প্রস্তাবিত বিষয়ের অন্তর্ভূতরূপে। বহুব্রী। ক্রি-বিণ।

প্রসঙ্গা(ংগা)ন্তর—ভিন্ন প্রসঙ্গ; অন্য আলোচ্য বিষয়। অন্য প্রসঙ্গ, নিত্য। বি; ক্লীব।

প্রসজ্য-প্রতিষেধ—প্রাপ্তির নিষেধ। প্রসজ্যের (প্রাপ্তির) প্রতিষেধ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রসন্ন—প্রসাদগুণসম্পন্ন; শান্ত ও প্রফুল্ল; সন্তুষ্ট; নির্ম্মল; অনুকূল। প্র–সদ্ (গমন করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ন্না। বি, –তা।

প্রসন্ন-সলিলা—স্বচ্ছতোয়া, নির্ম্মল জলবিশিষ্টা। প্রসন্ন সলিল যে স্ত্রীর, বহুব্রী। বিণ; স্ত্রী। পুং,–সলিল।

প্রসন্নাত্মা (–**ত্মন্**)—১। প্রসাদসম্পন্ন অন্তঃকরণ, নির্ম্মলচিত্ত। প্রসন্ন যে আত্মা, কর্ম্মধা। বি; পুং। ২। প্রসাদসম্পন্ন অন্তঃকরণবিশিষ্ট, নির্ম্মলচিত্তযুক্ত। প্রসন্ন আত্মা যাহার, বহুব্রী। বিণ।

প্রসব—১। গর্ভমোচন, গর্ভ হইতে সন্তান ত্যাগ; উৎপত্তি, জন্ম। প্র–সূ (প্রসব করা) +অপ্ ভাববা। ২। সন্তান; পুষ্প; ফল। প্র–সূ+অপ্ কর্ম্মবা। বি; পুং।

প্রসববেদনা—সন্তান প্রসবকালীন যন্ত্রণা। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

প্রসবিতা (–**তৃ**)—প্রসবকর্ত্তা; উৎপাদয়িতা; পিতা, জনয়িতা। প্র–সূ (প্রসব করা)+তৃন্। কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ত্রী।

প্রসবিত্রী—মাতা। প্র–সূ+তৃন্ কর্ত্তৃবা+ঈপ্। বি বা বিণ; স্ত্রী।

প্রসর—বিস্তার; ব্যাপ্তি; উৎপত্তি; চলন; বেগ; প্রণয়। প্র–সৃ (গমন করা)+অপ্ ভাববা। বি; পুং।

প্রসরণ—চলন; শত্রুসৈন্যের চতুর্দ্দিক্ বেষ্টন; ব্যাপ্তি; বিস্তার। প্র–সৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রসর্পণ—গমন; বিস্তার; সন্তরণ; ব্যাপ্তি। প্র–সৃপ্ (গমন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রসাদ—১। প্রসন্নতা; নৈর্ম্মল্য; অনুগ্রহ; প্রসক্তি; স্বাস্থ্য। প্র–সদ্ (গমন করা)+ঘঞ্ ভাববা। ২। কাব্যপ্রাণ; কাব্যের গুণবিশেষ যাহাতে সহজে অর্থবোধ হয়; দেবতার বা গুরুজনের ভুক্তাবশিষ্ট, পেসাদ। প্র–সদ্+ঘঞ্ করণবা। বি; পুং।

প্রসাদন—সন্তুষ্টকরণ, প্রসন্নতা-সম্পাদন। প্র–ণিজন্ত সদ্ (–সাদি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রসাদভোজী (–**ভোজিন্**)—ভুক্তাবশিষ্ট ভোজনকারী; অনুগ্রহভাজন। উপতৎ। প্রসাদ–ভুজ্ (ভোজন করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,–জিনী।

প্রসাদাৎ—প্রসাদে, অনুগ্রহে, কৃপায়; দোয়ায়। সংস্কৃতপদ। অব্য।

প্রসাদি, প্রসাদী—দেবতার নিকট উৎসৃষ্ট, দেবসেবায় অর্পিত বা নিবেদিত; দেবতা বা গুরুজনের ভুক্তাবশিষ্ট; গুরুজন যাহা অগ্রে সেবন করিয়াছেন। প্রসাদ+ই, ঈ সম্বন্ধার্থে। বিণ।

প্রসাধক—প্রসাধনকারী, অলঙ্কর্ত্তা; সম্পাদক, নির্ব্বাহক। প্র–সাধি (সাধন করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ধিকা।

প্রসাধন—১। অলঙ্করণ, ভূষণাদির দ্বারা

সাজান; সম্পাদন। প্র—সাধি (সাধন করা) + অনট্ ভাববা। ২। সজ্জাবস্তু। প্র—সাধি + অনট্ করণবা। বি; ক্লীব।

প্রসাধনী—কঙ্কতিকা, কাঁকুই, চিরুণী; প্রসাধনদ্রব্য। প্র—সাধি (সাধন করা) + অনট্ করণবা + ঈপ্। বি; স্ত্রী।

প্রসাধিত—অলঙ্কৃত, ভূষিত; নিষ্পাদিত। প্র—সাধি (সাধন করা) + ক্ত কর্ম্মবা। বিণ।

প্রসার—বিস্তার; প্রসরণ; গমন; নির্গম; তৃণকাষ্ঠাদি প্রবেশ। প্র—সৃ (গমন করা) + ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রসারণ—বিসারণ, বিস্তৃতকরণ। প্র—ণিজন্ত সৃ (=সারি) + অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রসারিত—বিসারিত, বিস্তারিত। প্র ণিজন্ত সৃ (=সারি) + ক্ত কর্ম্মবা। বিণ; ত্রি।

প্রসারী (—রিন্)—প্রসরণশীল, ব্যাপক। প্র—সৃ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

প্রসার্য্য(র্য)মাণ—যাহা প্রসারিত বা বিস্তৃত হইতেছে। প্র—সৃ + ণিচ্ (=সারি) + শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ণা।

প্রসিদ্ধ—খ্যাত; উদ্ধত; ভূষিত। প্র—সিধ্ (সম্পন্ন করা) + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

প্রসিদ্ধি—খ্যাতি; সিদ্ধি; ভূষা; জনশ্রুতি। প্র—সিধ্ (সম্পন্ন করা) + ক্তি ভাববা। বি; স্ত্রী। [ক্রিয়াপদ।

প্রসীদ—প্রসন্ন হও। কবিপ্র। সংস্কৃত

প্রসুপ্ত—নিদ্রাগত, নিদ্রিত। প্র—স্বপ্ (নিদ্রা যাওয়া) + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—প্তা।

প্রসূ—মাতা; জনয়িত্রী ('রত্ন—'); ঘোটকী; কদলীবৃক্ষ। প্র—সূ + ক্বিপ্ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

প্রসূত—উৎপাদিত; সঞ্জাত; ভূমিষ্ঠ। প্র—সূ (প্রসব করা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রসূতি—১। জননী, মাতা; পোয়াতী; কারণ। প্র—সূ + ক্তিচ্ কর্ত্তৃবা। ২। সন্তান; গর্ভ। প্র—সূ + ক্তি কর্ম্মবা। ৩। শিবভার্য্যা সতীর মাতা, দক্ষ প্রজাপতির ভার্য্যা। বি; স্ত্রী।

প্রসূতিকা—নবপ্রসূতা স্ত্রী। প্রসূতি + কন্ + আপ্। বি; স্ত্রী।

প্রসূন—ফল; পুষ্প; মুকুল; সন্তান। প্র—সূ + ক্ত কর্ম্মবা। বি; ক্লীব।

প্রসূনিত—পুষ্পিত। প্রসূন + ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

প্রসৃত—প্রবৃদ্ধ; নির্গত; বিস্তৃত; বেগিত; নিযুক্ত; বিনয়ী, বিনীত। প্র—সৃ (গমন করা) + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

প্রসেক—সেচন; চ্যুতি; নিষেক। প্র—সিচ্ (সেচন করা) + ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রস্ত, প্রস্থ—সেট; পোষাকের সমূহ; দফা; থানা; পদ (Item). দেশজ। বি।

প্রস্তর—পাষাণ; মণি; পল্লবাদি-রচিত শয্যা। প্র—স্তৃ + অপ্ কর্ম্মবা। বি; পুং।

প্রস্তরফলক—স্লেট (Slate). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

প্রস্তরমণ্ডল—ভূত্বকের যে স্তর প্রস্তর দ্বারা গঠিত। ৬ষ্ঠীতৎ। বি।

প্রস্তরময়—পাষাণরচিত, প্রস্তরনির্ম্মিত; পাষাণাত্মক; শিলাকীর্ণ। প্রস্তর + ময়ট্ বিকারার্থে। বিণ। স্ত্রী,—য়ী।

প্রস্তরযুগ—ইতিহাসের আদিম যুগ যখন শুধু পাথরের ব্যবহার প্রচলিত ছিল। ৬ষ্ঠীতৎ। বি।

প্রস্তরীভূত—পাষাণে পরিণত (Petrified). প্রস্তর শব্দ + অভূততদ্ভাবার্থে চ্বি (=প্রস্তরী) —ভূ + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

প্রস্তার—১। বিস্তার। প্র—স্তৃ + ঘঞ্ ভাববা। ২। সমূহ। প্র—স্তৃ + ঘঞ্ কর্ম্মবা। ৩। তৃণবন; পল্লবাদি-রচিত শয্যা; ছন্দোগ্রন্থের প্রক্রিয়াবিশেষ। প্র—স্তৃ + ঘঞ্ করণবা। বি; পুং।

প্রস্তাব—প্রকরণ, বিচার বিতর্কের জন্য উত্থাপিত মত (Motion); প্রসঙ্গ; গ্রন্থের অধ্যায়; অবসর, সুযোগ; সামবেদের অঙ্গবিশেষ। প্র—স্তু (স্তুতি করা) + ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

প্রস্তাবনা—আরম্ভ; উপক্রম; ভূমিকা; (নাট্যে) অভিনয়ারম্ভবিষয়ক প্রস্তাব (Prologue). প্র—ণিজন্ত স্তু=স্তাবি (স্তুতি করান)+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

প্রস্তাবিত—কথিত। প্র—ণিজন্ত স্তু=স্তাবি (স্তুতি করান)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রস্তুত—উল্লিখিত; কথিত; প্রাসঙ্গিক; উপস্থিত; উদ্যুক্ত, তৈয়ার; সতর্ক; নিষ্পন্ন, কৃত; নির্ম্মিত; প্রশংসিত। প্র—স্তু (স্তুতি করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রস্তুতি—নির্ম্মাণ; আয়োজন, উদ্যোগ; উন্মুখতা; অভিনয়োপযোগী নাটক রচনা। প্র—স্তু+ক্তি ভাববা। বি; স্ত্রী।

প্রস্থ—১। সানু, পর্ব্বতের উপরিস্থ সমতল ভূমি; পরিমাণবিশেষ; পরিসর; বিস্তার (Width). প্র—স্থা (থাকা)+ক অধিবা। বি; পুং বা ক্লীব। ২। প্রস্ত দ্রঃ।

প্রস্থচ্ছেদ—আড়াআড়িভাবে কাটা (Cross section). প্রস্থদিকে ছেদ, সুপ্‌সুপা। বি; পুং।

প্রস্থান—প্রয়াণ; গমন; যুদ্ধযাত্রা; পদ্ধতি। প্র—স্থা+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রস্থাপন—প্রেরণ, নিয়োগ। প্র—ণিজন্ত স্থা=স্থাপি (থাকান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রস্থাপিত—নিযুক্ত, প্রেরিত, যাহাকে পাঠান হইয়াছে এরূপ। প্র—ণিজন্ত স্থা=স্থাপি (থাকান)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রস্থিত—গত; প্রস্থানোদ্যত; গমনে উদ্যুক্ত। প্র—স্থা (থাকা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রস্ফুট, প্রস্ফুটিত—বিকশিত; প্রকাশিত। প্র—স্ফুট্ (ফুটা)+ক, ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রস্ফুরক—সন্দীপক বা স্বয়মুজ্জ্বল পদার্থবিশেষ। ইং Phosphorus. বি।

প্রস্ফুরণ—ঈষৎ কম্পন, স্পন্দন। প্র—স্ফুর্ (কম্পিত হওয়া)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রস্ফুরিত—ঈষৎ কম্পিত, স্পন্দিত। প্র—স্ফুর্ (কম্পিত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রস্ফোটন—বিকাসন; বিদারণ, তাড়ন। প্র—ণিজন্ত স্ফুট্=স্ফোটি (ফুটান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রস্বেদন—ত্বক্‌ছিদ্রপথে শ্বাসক্রিয়া সম্পাদন। প্র—স্বিদ্+ণিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রস্রবণ—১। নির্ঝর, উৎস; বারিপ্রবাহ। প্র—স্রু (ক্ষরিত করা)+অন কর্ত্তৃবা। ২। ক্ষরণ; গলন; স্বেদন। প্র—স্রু (ক্ষরিত হওয়া)+অনট্ ভাববা। বি; ক্লীব। ৩। মাল্যবান্ পর্ব্বত। প্র—স্রু+অন অপাবা। বি; পুং।

প্রস্রাব—মূত্র, মুত; মূত্রত্যাগ। প্র—স্রু (ক্ষরিত করা)+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

প্রস্রুত—গলিত, ক্ষরিত (Filtered). প্র—স্রু (ক্ষরিত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রহত—তাড়িত; আঘাত দ্বারা বাদিত; আহত; ক্ষুণ্ণ; জিত; ব্যাপ্ত, বিস্তৃত। প্র—হন্ (বধ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

প্রহর—যাম, দিবারাত্রের অষ্টম ভাগ, ৭॥০ দণ্ড বা তিন ঘণ্টা। প্র—হৃ (হরণ করা)+ঘ অধিবা। বি; পুং।

প্রহরণ—১। প্রহার। প্র—হৃ+অনট্ ভাববা। ২। অস্ত্র; আচ্ছাদিত শকট, ডুলি। প্র—হৃ+অনট্ করণবা। ৩। যুদ্ধ। প্র—হৃ+অনট্ অধিবা। বি; ক্লীব।

প্রহরা—প্রহরিত্ব, পাহারা, চৌকি। দেশজ। বি।

প্রহরার্দ্ধ(র্ধ)—এক প্রহরের অর্দ্ধেক; ১½ ঘণ্টা সময়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

প্রহরী (—রিন্)—চৌকীদার; পাহারাদার। প্রহর+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

প্রহর্ত্তা(র্তা) (—র্ত্তৃ)—প্রহারকারক; যোদ্ধা। প্র—হৃ (হরণ করা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —ত্রী।

প্রহর্ষণ—আহ্লাদকর, হর্ষজনক। প্র—হৃষ্+ণিচ্+অন কর্ত্তৃবা। বিণ।

প্রহসন—১। অতি হাস্য; ব্যঙ্গোক্তি, পরিহাস। প্র—হস্‌+অনট্‌ ভাববা। ২। রূপকবিশেষ; হাস্যরসপ্রধান নাট্যগ্রন্থবিশেষ (Farce). প্র—হস্‌+অনট্‌ অধিবা। বি; ক্লীব।

প্রহার—নিগ্রহ; আঘাত, মার; যুদ্ধ। প্র—হৃ (হরণ করা)+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

প্রহৃত—১। আহত, প্রহারপ্রাপ্ত; নিগৃহীত। প্র—হৃ (হরণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। আঘাত, প্রহার। প্র—হৃ+ক্ত ভাববা। বি; ক্লীব।

প্রহৃষ্ট—অতিশয় আহ্লাদিত। প্র (অতিশয়) হৃষ্ট, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

প্রহেলিকা—কূটপ্রশ্ন, হেঁয়ালি (Puzzle). প্র—হিল্‌ (হাব করা)+ঘঞ্‌ করণবা (=প্রহেল)+কন্‌+আপ্‌। বি; স্ত্রী।

প্রহ্লাদ—১। আহ্লাদ, আমোদ। প্র—হ্লাদ (আমোদিত হওয়া)+ঘঞ্‌ ভাববা। ২। পরম বিষ্ণুভক্ত দৈত্যবিশেষ। দৈত্যরাজ হিরণ্যকশিপুর পুত্র। প্র—হ্লাদ+অচ্‌ কর্ত্তৃবা। বি; পুং।

প্রাইজ—পুরস্কার। ইং Prize. বি।

প্রাইমারী—প্রাথমিক; প্রথমকার। ইং Primary. বিণ।

প্রাংশু—উন্নত, উচ্চ। প্র (প্রকৃষ্ট) হইয়াছে অংশু (প্রভা, বেগ) যাহার, বহুব্রী। বিণ।

প্রাক্‌ (প্রাচ্‌)—পূর্ব্ব (দিক্‌ বা দেশ বা কাল)। প্র—অনচ্‌+কিপ্‌ কর্ত্তৃবা। বিণ।

প্রাকাম্য—অষ্টবিধ ঐশ্বর্য্যের মধ্যে ঐশ্বর্য্যবিশেষ, স্বচ্ছন্দানুবর্ত্তিতারূপ ঐশ্বর্য্য, আপনার ইচ্ছানুসারে চলিবার ক্ষমতা। প্রকাম+ষ্যঞ্‌ ভাবার্থে। বি; ক্লীব।

প্রাকার—প্রাচীর; বেষ্টন, বেড়া। প্র—কৄ (বিকীর্ণ করা)+ঘঞ্‌ কর্ম্মবা। বি; পুং।

প্রাকৃত—১। নীচ, অধম, পৃথগ্‌জন। প্র (অতিশয়) অকৃত (অপকর্ম্ম) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা। ২। প্রজাসম্বন্ধীয়; ভাষাবিশেষ, সংস্কৃতের চলিত ভাষা; লৌকিক; প্রকৃতিসম্বন্ধীয়, স্বাভাবিক। প্রকৃতি+অণ্‌। বিণ। স্ত্রী,—তী। **প্রাকৃত ইতিবৃত্ত**—প্রকৃতিবিষয়ক বৃত্তান্ত (Natural History). **প্রাকৃত ভূগোল**—জল-স্থল বিভাগ, পর্ব্বত, জলবায়ু ইত্যাদি বিষয় সংবলিত ভূগোল (Physical Geography).

প্রাকৃতজন—সাধারণ লোক; প্রজাসাধারণ। কর্ম্মধা। বি; পুং।

প্রাকৃততন্ত্র—প্রজাতন্ত্র শাসনপদ্ধতি (Democracy). বি; ক্লীব।

প্রাকৃতিক—প্রকৃতিসম্বন্ধীয়, স্বভাবজাত, স্বাভাবিক। প্রকৃতি শব্দ+ইক সম্বন্ধাদি অর্থে। বিণ। স্ত্রী,—কী।

প্রাক্কাল—পূর্ব্ববর্ত্তী সময়। প্রাক্‌ (পূর্ব্ব) যে কাল, কর্ম্মধা। বি; পুং।

প্রাক্কালিক—পূর্ব্বকালজাত, পূর্ব্ব কালে সম্পাদনীয়। প্রাক্কাল+ইক ভবাদ্যর্থে। বিণ। স্ত্রী,—কী।

প্রাক্কালীন—প্রাক্কালিক, পূর্ব্বকালীন; পুরাতন, প্রাচীন। প্রাক্কাল+ঈন। বিণ। স্ত্রী,—না।

প্রাক্তন—১। পূর্ব্বকালীন; পূর্ব্বজন্মার্জ্জিত; পুরাতন; জন্মান্তরীণ। বিণ। স্ত্রী,—নী। ২। ভাগ্য, অদৃষ্ট; পূর্ব্বজন্মের পাপপুণ্যের ফল। প্রাক্‌+তন (ট্যু) ভবার্থে। বি; ক্লীব।

প্রাখর্য্য(র্য)—প্রখরতা, তীক্ষ্ণতা। প্রখর+ষ্যঞ্‌ ভাবার্থে। বি; ক্লীব।

প্রাগভাব—প্রাগ্বর্ত্তী অভাব; সংসর্গাভাব। প্রাক্‌ যে অভাব, কর্ম্মধা। বি; পুং।

প্রাগল্‌ভ্য—প্রগল্‌ভতা, ঔদ্ধত্য; ধৃষ্টতা। প্রগল্‌ভ শব্দ+ষ্যঞ্‌ ভাবার্থে। বি; ক্লীব।

প্রাগুক্ত—পূর্ব্বোক্ত, পূর্ব্বে উল্লিখিত। প্রাক্‌ (পূর্ব্বে) উক্ত, সুপ্‌সুপা। বিণ।

প্রাগ্‌জ্যোতিষ—কামরূপ দেশ; তদ্দেশীয় লোক; ঈশানকোণ। প্রাক্‌ (পূর্ব্বে) জ্যোতিঃ যাহার, বহুব্রী (সমাসে অ)। বি; পুং।

প্রাগৈতিহাসিক—যে যুগের ইতিহাস আছে তাহার পূর্ব্বযুগের (Prehistoric). বিণ।

প্রাঙ্গ(ঙ্গ)ণ—অঙ্গন, চত্বর, গৃহভূমি, উঠান। প্র—অন্জ্+অনট্ অধিবা। বি; ক্লীব।

প্রাঙ্মুখ—পূর্ব্বমুখ; পূর্ব্বাস্য। বহুব্রী। বিণ। স্ত্রী,—খী,—খা।

প্রাচী—পূর্ব্বদিক্। প্রাচ্+ঈপ্। বি; স্ত্রী।

প্রাচীন—১। পূর্ব্বকালীন, পুরাতন; সেকেলে; প্রাচ্য, পূর্ব্বদেশীয়; বৃদ্ধ। প্রাচ্ শব্দ+ঈন ভবার্থে। ২। পূর্ব্বদিক্‌জাত। প্রাচী শব্দ+ঈন ভবার্থে। বিণ। বি,—তা।

প্রাচীনাবীত—দক্ষিণ স্কন্ধে লম্বিত যজ্ঞোপবীতাদি [শ্রাদ্ধাদিকালে এইরূপে যজ্ঞোপবীত ধারণ করিতে হয়]। প্রাচীন যে আবীত, কর্ম্মধা। বি; ক্লীব।

প্রাচীনাবীতী (—বীতিন্)—দক্ষিণ স্কন্ধে লম্বিত যজ্ঞোপবীতবিশিষ্ট। প্রাচীনাবীত+ইন্ অস্ত্যর্থে। বিণ।

প্রাচীর—প্রান্তস্থিত আবৃতি, পাঁচিল, বেড়া, ইত্যাদি; ইষ্টকাদি-রচিত বেষ্টন। প্র—আ—চি+ক্রন্ কর্ম্মবা। বি; ক্লীব।

প্রাচুর্য্য(র্য)—বাহুল্য, আধিক্য। প্রচুর+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

প্রাচ্য—১। ভারতাদি পূর্ব্বদেশীয়; পূর্ব্বদিক্‌স্থিত। প্রাচ্+যৎ ভবার্থে। বিণ; ত্রি। ২। পূর্ব্বদেশ, অর্থাৎ এশিয়া মহাদেশ। বি; পুং।

প্রাজন—চালনদণ্ড, পাঁচনবাড়ি। প্র—ণিজন্ত অজ্ (গমন করান)+অনট্ করণবা। বি; ক্লীব।

প্রাজাপত্য—১। প্রজাপতিসম্বন্ধীয়। প্রজাপতি+ষ্ণ্য সম্বন্ধার্থে। বিণ। ২। অষ্টবিধ বিবাহের মধ্যে বিবাহবিশেষ। বি; পুং। ৩। দ্বাদশদিনসাধ্য ব্রতবিশেষ। প্রজাপতি+ষ্য তদ্দেবতার্থে। বি; ক্লীব।

প্রাজ্ঞ—১। বিজ্ঞ; নিপুণ; কুশল; চতুর; দক্ষ। বিণ। স্ত্রী, প্রাজ্ঞী, প্রাজ্ঞা। ২। পণ্ডিত। প্রজ্ঞ+অণ স্বার্থে, বা প্রজ্ঞা+ণ আছে অর্থে। বি; পুং।

প্রাঞ্জল—সরল, সুখবোধ্য, সহজ; সুখসেব্য; উজ্জ্বল; নির্ম্মল। প্র—অন্জ্ (গমন করা) +অলচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লা।

প্রাঞ্জলি—বদ্ধাঞ্জলি, কৃতাঞ্জলি। প্র (প্রকৃষ্টরূপে) কৃত অঞ্জলি যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ।

প্রাড্‌বিবাক, প্রাড্‌বিবেক—রাজ্যের প্রধান বিচারপতি, চিফ্‌জজ্ (Chief Justice), ব্যবহারদর্শী। প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা)+কিপ্ কর্ত্তৃবা=প্রাট্ (জিজ্ঞাসাকারী), তদুত্তরে বচ্ (বলা), পক্ষান্তরে বিচ্ (পৃথক করা),+ঘঞ্ কর্ত্তৃবা। বি; পুং।

প্রাণ—জীবন; ব্রহ্মা; হৃদয়; মন; হৃদয়স্থ বায়ু; বল; বায়ু; প্রাণ, অপান, সমান, উদান, ব্যান,—দেহস্থ এই পঞ্চ বায়ু। প্র—অন (বাঁচা)+ঘঞ্ করণবা। বি; পুং।

প্রাণগতিক—জীবনযাত্রাসম্বন্ধীয়; শারীরিক ('—মঙ্গল')। দেশজ। বিণ।

প্রাণত্যাগ—জীবনবিসর্জ্জন; মরণ, মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রাণদ—জীবনদায়ক। উপতৎ। প্রাণ—দা (দেওয়া)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

প্রাণদণ্ড—জীবননাশরূপ শাস্তি; মৃত্যুদণ্ড, বধ। প্রাণনাশ রূপ দণ্ড, মধ্যপ কর্ম্মধা, অথবা প্রাণের দণ্ড (নিগ্রহ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রাণদাতা (—দাতৃ)—জীবনরক্ষক, যে প্রাণ বাঁচায়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রাণদান—প্রাণরক্ষা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

প্রাণধারণ—বাঁচিয়া থাকা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [বি; পুং।

প্রাণনাথ—ভর্ত্তা, পতি; প্রণয়ী। ৬ষ্ঠীতৎ।

প্রাণনাশ—প্রাণবধ, হত্যা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রাণপণ—জীবনপণ, জীবন দিয়াও কার্য্যসিদ্ধি করিবার সঙ্কল্প। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রাণপণে—জীবন পর্য্যন্ত পণ করিয়া, প্রাণ যায় তাহাও স্বীকার করিয়া; যথাশক্তি। প্রাণ হইয়াছে পণ যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

প্রাণপাত—১। জীবনত্যাগ, মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। যাহাতে প্রাণ যাইতে পারে; কঠোর। প্রাণের পাত যাহাতে, বহুব্রী। বিণ।

প্রাণপ্রতিম—জীবনতুল্য, প্রাণের ন্যায় প্রিয়। প্রাণের প্রতিম (তুল্য), ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—মা।

প্রাণপ্রতিষ্ঠা—দেবপ্রতিমায় জীবনসঞ্চরণ বা তাহার কল্পনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

প্রাণপ্রদ—জীবনদায়ক। উপতৎ। প্রাণ—প্র—দা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

প্রাণপ্রিয়—প্রাণতুল্য প্রীতিভাজন, জীবনাধিক ভালবাসার পাত্র (পুত্র কন্যা স্বামী প্রভৃতি)। প্রাণসম বা প্রাণাধিক প্রিয়, মধ্যপ কর্ম্মধা। বিণ। স্ত্রী,—য়া।

প্রাণবধ—হত্যা, সংহার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রাণবঁধু—জীবনবন্ধু, সখা; প্রাণতুল্য প্রিয় প্রণয়ী। প্রাণতুল্য বা প্রাণাধিক বঁধু (বন্ধু), মধ্যপ কর্ম্মধা। বি।

প্রাণবল্লভ—জীবনস্বামী, প্রিয়তম। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী,—ভা।

প্রাণবান্—সহৃদয়, দয়ালু; প্রাণময়। প্রাণ+মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—বতী।

প্রাণবায়ু—প্রাণ দ্রঃ। প্রাণ-নামক বায়ু, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

প্রাণবিয়োগ—মৃত্যু, মরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; ক্লীব।

প্রাণবিসর্জ্জন—জীবনত্যাগ, মৃত্যু। ৬ষ্ঠীতৎ।

প্রাণবৃত্তি—ইন্দ্রিয়াদির জীবনধারক কার্য্য (Vital function). মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। [কর্ম্মধা। বি; ক্লীব।

প্রাণভয়—জীবননাশের আশঙ্কা। মধ্যপ

প্রাণভৃৎ—প্রাণী। প্রাণ শব্দ—ভৃ (ধারণ করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

প্রাণময়—জীবনযুক্ত, সজীব, জীবন্ত; জীবনাত্মক, স্ফূর্ত্তিযুক্ত; জীবনসর্ব্বস্ব। প্রাণ+ময়ট্। বিণ। স্ত্রী,—য়ী।

প্রাণময়কোষ—পঞ্চপ্রাণ ও পঞ্চ কর্ম্মেন্দ্রিয়-মিলিত কোষ। কর্ম্মধা। বি; পুং।

প্রাণযাত্রা—জীবনযাত্রা, জীবিকানির্ব্বাহ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

প্রাণসংশয়—১। জীবননাশের আশঙ্কা, প্রাণ যাইবার ভয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। জীবননাশের আশঙ্কাযুক্ত, প্রাণসঙ্কট। প্রাণের সংশয় আছে যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া। [বি; পুং।

প্রাণসংহার—জীবনবিনাশ, হত্যা। ৬ষ্ঠীতৎ।

প্রাণসঞ্চার—মৃত বা অচেতন দেহে জীবনী-শক্তিদান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রাণহন্তা (—হন্তৃ)—জীবননাশক, সংহারক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ন্ত্রী।

প্রাণহর, —হারক, —হারী—জীবন-নাশক, সাংঘাতিক। প্রাণ—হৃ+অচ্, ণক্, ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রা,—রিকা,—রিণী। [বিণ।

প্রাণহীন,—শূন্য—গতায়ু, মৃত। ৩য়াতৎ।

প্রাণাত্যয়—জীবনান্ত, মৃত্যু। প্রাণের অত্যয় (নাশ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রাণাধিক—জীবনাধিক, জীবন অপেক্ষা প্রিয়। ৫মীতৎ। বিণ। স্ত্রী,—কা।

প্রাণান্ত—মৃত্যু, মরণ। প্রাণের (জীবনের) অন্ত (শেষ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রাণান্তকর—জীবননাশক, মৃত্যুদায়ক। প্রাণান্ত—কৃ (করা)+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

প্রাণান্তপরিচ্ছেদ—মৃত্যুপর্য্যন্ত সীমা; যাহা মৃত্যুতে পর্য্যবসিত হয়, অর্থাৎ গুরুতর (পরিশ্রম বা কষ্ট)। প্রাণান্ত পরিচ্ছেদ যাহার, বহুব্রী। বিণ। [করে অর্থে। বিণ।

প্রাণান্তিক—প্রাণনাশক। প্রাণান্ত+ইক

প্রাণায়াম—নাসিকার দ্বারা বায়ুর পূরণ, রোধ ও রেচনরূপ ব্যাপার। প্রাণ শব্দ—আ—যম্ (সংযত করা)+ঘঞ্ করণবা। বি; পুং।

প্রাণিজগৎ—জীবজগৎ, সমগ্র জীব-সৃষ্টি, সমস্ত জীবজন্তু। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

প্রাণিতত্ত্ব, প্রাণিবিদ্যা—যে বিদ্যা দ্বারা প্রাণিসমূহের আকার-প্রকার ও স্বভাবাদি জানা যায় (Zoology). মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব ও স্ত্রী।

প্রাণিতত্ত্ববিৎ (–বিদ্)—প্রাণিবিষয়ক বিদ্যায় অভিজ্ঞ। উপতৎ। প্রাণিতত্ত্ব – বিদ্+ ক্বিপ্ কর্তৃবা। বিণ।

প্রাণিবিদ্যা—প্রাণিতত্ত্ব দ্রঃ।

প্রাণিহিংসা—জীবহিংসা, জীবের অনিষ্ট-চেষ্টা, জীবের জীবননাশ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

প্রাণী (প্রাণিন্)—১। প্রাণবিশিষ্ট, সজীব, জীবিত। বিণ। স্ত্রী, –ণিনী। ২। জীব, জন্তু। প্রাণ + ইন্ অস্ত্যর্থে, অথবা প্র – অন (বাঁচা) + ণিন্ কর্তৃবা। বি ; পুং।

প্রাণেশ, প্রাণেশ্বর—জীবিতেশ, পতি, ভর্তা। প্রাণের ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

প্রাণেশ্বরী—প্রিয়া, ভার্য্যা। প্রাণের ঈশ্বরী, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

প্রাতঃ (প্রাতর্), **প্রাত**—প্রভাত, দিনারম্ভ। প্র – অত্ (গমন করা) + অর কর্তৃবা। অব্য।

প্রাতঃকাল, –সময়—দিনের প্রথম সময়, সকালবেলা। কর্ম্মধা। বি; পুং। বিণ, –কালীন।

প্রাতঃকৃত্য—প্রাভাতিক কার্য্য, প্রাতঃকালে করণীয় কর্ম্ম, যথা—হস্তমুখ-প্রক্ষালন, প্রাতঃসন্ধ্যা প্রভৃতি। সুপ্‌সুপা। বি ; ক্লীব।

প্রাতঃক্রিয়া—প্রাতঃকৃত্য, শৌচ পূজাদি প্রাভাতিক কার্য্য। সুপ্‌সুপা। বি ; স্ত্রী।

প্রাতঃপ্রণাম—প্রাতঃকালীন অভিবাদন। সুপ্‌সুপা। বি ; পুং।

প্রাতঃসন্ধ্যা—১। পূর্ব্বসন্ধ্যা, প্রত্যুষ। কর্ম্মধা। ২। প্রাতঃকালে উপাস্য সন্ধ্যা, প্রাতঃকালীন উপাসনা। প্রাতরুপাস্যা সন্ধ্যা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

প্রাতঃস্নান—প্রভাতকালে স্নান, অরুণোদয় কালে স্নান করা। সুপ্‌সুপা। বি ; ক্লীব।

প্রাতঃস্মরণীয়—প্রাতঃকালে স্মরণযোগ্য ; পুণ্যশ্লোক। ৭মীতৎ। বিণ।

প্রাতর্—প্রাতঃ দ্রঃ।

প্রাতরাশ—প্রাতঃকালীন ভোজন (Breakfast). প্রাতর্ – অশ্ (ভোজন করা) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

প্রাতর্ব্বা(র্ব্বা)ক্য—প্রথম কথা ; প্রভাতে উক্ত আশীর্ব্বচনাদি। সুপ্‌সুপা। দেশজ প্রঃ। বি। [কাহাকেও অভিশাপ দিবার সময়ে লোকে এই শব্দের ব্যবহার করিয়া থাকে]।

প্রাতস্তন—প্রভাতকালীন। প্রাতর্ + তন (ট্যু) ভবার্থে। বিণ। স্ত্রী, –নী।

প্রাতিকূল্য—বৈপরীত্য ; বিরোধিতা, বিরুদ্ধতা। প্রতিকূল + ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

প্রাতিপদিক—বিভক্তিশূন্য ব্যক্তিবাচক বা বিশেষণবাচক শব্দ, লিঙ্গ, নাম ; অগ্নি। প্রতিপদ (প্রত্যেক পদ) + ইক। বি ; ক্লীব।

প্রাতিভাসিক—যে অবাস্তব বাস্তব বলিয়া প্রতীয়মান হয় এমন ('—জগৎ')। প্রতিভাস + ইক। বিণ।

প্রাতিলোম্য—বৈপরীত্য, বিপর্য্যয়। প্রতিলোম (বিপরীত) + ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

প্রাতিস্বিক—ব্যক্তিগত ; অনন্যসাধারণ। প্রতিস্ব + ইক ভবার্থে। বিণ। স্ত্রী, –কী।

প্রাত্যহিক—দৈনিক ; আহ্নিক, দৈনন্দিন। প্রত্যহ + ইক সম্বন্ধার্থে। বিণ।

প্রাথমিক—প্রথমকালীন, আদ্য, প্রথমকৃত ; আরম্ভকালীন (Primary). প্রথম + ইক। বিণ। স্ত্রী, –কী।

প্রাদি—প্র, পরা প্রভৃতি বিংশতিটি উপসর্গ। প্র হইয়াছে আদি যাহাদের, বহুব্রী। বি ; পুং।

প্রাদুঃ (প্রাদুস্)—প্রত্যক্ষ ; প্রকাশ ; বৃত্তি ; নাম ; সত্তা ; সম্ভাবনা। প্র – অদ্ (ভক্ষণ করা) + উস্ ভাববা। অব্য।

প্রাদুর্ভাব—আবির্ভাব ; প্রথম প্রকাশ ; প্রাবল্য ; বাহুল্য ('মশার—')। প্রাদুস্ – ভূ (হওয়া) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

প্রাদুর্ভূত—আবির্ভূত ; প্রকাশিত। প্রাদুস্ শব্দ – ভূ (হওয়া) + ক্ত কর্তৃবা। বিণ।

প্রাদেশ—বিস্তৃত অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী পরিমাণ, হস্তের বৃদ্ধাঙ্গুলি ও তৎপরবর্ত্তী অঙ্গুলি প্রসারিত করিলে যতটা পরিমাণ হয়। প্র—আ—দিশ্ (আদেশ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রাদেশিক—প্রদেশসম্বন্ধীয়, প্রদেশজাত। প্রদেশ+ইক ভবার্থে। বিণ। স্ত্রী,—কী।

প্রাদেশিকতা—প্রদেশ বিশেষে প্রচলিত একই ভাষার বিকৃত ব্যবহার; স্বপ্রদেশের প্রতি অত্যনুরাগ ও অন্য প্রদেশের প্রতি বিদ্বেষ; প্রাদেশিক বৈশিষ্ট্য। প্রাদেশিক+তা ভাবার্থে। বি; স্ত্রী।

প্রাধান্য—শ্রেষ্ঠতা, উৎকর্ষ; প্রভুত্ব, আধিপত্য। প্রধান+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

প্রান্ত—অন্তভাগ; শেষসীমা। প্র (প্রকৃষ্ট) যে অন্ত, কর্ম্মধা। বি; পুং।

প্রান্তবর্ত্তী(র্ত্তী) (—**বর্ত্তিন্**)—প্রান্তস্থিত, শেষভাগে অবস্থিত। প্রান্ত—বৃত্ (থাকা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—র্ত্তিনী।

প্রান্তর—বৃক্ষজলাদিশূন্য দূর পথ, মাঠ; বন; কোটর। প্র (প্রকৃষ্ট) হইয়াছে অন্তর (অন্তর্বর্ত্তী স্থান) যাহার, বহুব্রী। বি; ক্লীব।

প্রান্তস্থ, —স্থিত—শেষভাগে অবস্থিত, প্রান্তবর্ত্তী। প্রান্ত—স্থা+ক কর্ত্তৃবা। বিণ।

প্রাপক—১। অধিগন্তা, পায় যে এরূপ। প্র—আপ্ (পাওয়া)+ণক কর্ত্তৃবা। ২। অধিগমক, পাওয়ায় যে এরূপ। প্র—ণিজন্ত আপ্=আপি (পাওয়ান)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

প্রাপণ—১। প্রাপ্তি, পাওয়া; সম্যক্ ব্যাপ্তি। প্র—আপ্ (পাওয়া)+অনট্ ভাববা। ২। ব্যাপ্ত করান; পাওয়ান। প্র—ণিজন্ত আপ্ (পাওয়ান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রাপণীয়—প্রাপ্য, প্রাপ্তব্য, লভ্য। প্র—আপ্+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

প্রাপিত—অধিগমিত; নীত; গ্রাহিত। প্র—ণিজন্ত আপ্ বা আপি (পাওয়ান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রাপ্ত—১। লব্ধ, অধিগত, যাহা পাওয়া গিয়াছে এরূপ; প্রস্থাপিত। প্র—আপ্ (পাওয়া)+ক্ত কর্ম্মবা। ২। যে পাইয়াছে; উপনীত, উপস্থিত। প্র—আপ্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

প্রাপ্তকাল—১। আসন্নমৃত্যু, যাহার মরণকাল উপস্থিত হইয়াছে এরূপ। প্রাপ্ত (উপস্থিত) হইয়াছে কাল যাহার, বহুব্রী। বিণ। ২। প্রাপ্তাবসর। প্রাপ্ত হইয়াছে কাল যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

প্রাপ্তবয়স্ক—প্রাপ্তব্যবহার, সাবালক। প্রাপ্ত হইয়াছে বয়ঃ যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—স্কা।

প্রাপ্তবয়াঃ (—**বয়স্**)—প্রাপ্তবয়স্ক, উপযুক্ত বয়সে উপনীত, প্রাপ্তব্যবহার, সাবালক। প্রাপ্ত হইয়াছে বয়ঃ যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ।

প্রাপ্তব্য—প্রাপ্তিযোগ্য, প্রাপ্য, লভ্য। প্র—আপ্ (পাওয়া)+তব্য কর্ম্মবা। বিণ।

প্রাপ্তব্যবহার—প্রাপ্তবয়স্ক, সাবালক। প্রাপ্ত হইয়াছে ব্যবহার যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ।

প্রাপ্তযৌবন—আপ্তযুবত্ব, যুবাবস্থায় উপনীত, তরুণবয়স্ক। প্রাপ্ত হইয়াছে যৌবন যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

প্রাপ্তা (প্রাপ্তৃ)—টাকা ইত্যাদি যাহাকে দিতে হইবে (Payee). প্র—আপ্+তৃন্ কর্ত্তৃবা। বি; পুং বা বিণ। স্ত্রী,—প্রাপ্ত্রী।

প্রাপ্তি—আয়, লাভ; পাওয়া; বৃদ্ধি; অনুমিতি; উদয়; উপস্থিতি; সংহতি। প্র—আপ্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

প্রাপ্তিযোগ—পাইবার সম্ভাবনা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রাপ্য—প্রাপণীয়, প্রাপ্তিযোগ্য; লভ্য; গম্য। প্র—আপ্ (পাওয়া)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

প্রাবর—প্রাকার, প্রাচীর, বৃতি, বেড়া। প্র—আ—বৃ (বেষ্টন করা)+অপ্ করণবা। বি; পুং।

প্রাবরণ, প্রাবার—আবরণ বস্ত্র; উত্তরীয় বস্ত্র, উড়ানী বা ওড়না। প্র—আ—বৃ (আবরণ করা)+অনট্, ঘঞ্ করণবা। বি; ক্লীব, পুং।

প্রাবল্য—প্রবলতা, বলবত্তা; প্রচণ্ডতা; উৎকটতা; শক্তি; প্রভাব। প্রবল+ষ্ণ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

প্রাবীণ্য—প্রবীণতা; পটুতা, দক্ষতা, নৈপুণ্য। প্রবীণ শব্দ+ষ্ণ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

প্রাবৃট্ (প্রাবৃষ্)—বর্ষাকাল, শ্রাবণ ও ভাদ্রমাস। প্র—আ—বৃষ্ (বর্ষণ হওয়া)+ক্বিপ্ অধিবা। বি; স্ত্রী।

প্রাবৃষা—বর্ষাকাল। প্র—আ—বৃষ্ (বর্ষণ হওয়া)+ক্বিপ অধিবা+আপ্। বি; স্ত্রী।

প্রাভাতিক—প্রভাতকালীন, প্রাতঃকালীন। প্রভাত+ইক। বিণ। স্ত্রী,—কী।

প্রামাণিক—১। প্রমাণসিদ্ধ; বিশ্বাস্য (Authentic); সম্মানার্হ; পরিচ্ছেদক। প্রমাণ+ইক। বিণ। স্ত্রী,—কী। ২। প্রধান, সমাজপতি; অধ্যক্ষ; পণ্ডিত; বিজ্ঞ। বি; পুং। ৩। নাপিত; মণ্ডল। দেশজ। বি।

প্রামাণিকতা—বিশ্বস্ততা। প্রামাণিক+তা ভাবার্থে। বি; স্ত্রী।

প্রামাণ্য—প্রমাণতা; প্রামাণিকতা; বিশ্বস্ততা। প্রমাণ+ষ্ণ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

প্রামাদিক—অনবধানতাজনিত; যাহা ভুলবশতঃ করা হইয়াছে। প্রমাদ+ইক ভবার্থে। বিণ। স্ত্রী,—কী।

প্রায়—১। মৃত্যু; ইচ্ছাপূর্ব্বক অনশন-মৃত্যু; অনশন, উপবাস; বাহুল্য। প্র—ই বা অয়্ (গমন করা)+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। (শব্দের পরে থাকিলে) সদৃশ, তুল্য; অধিক; কাছাকাছি; কিছু কম। বিণ। ৩। সাধারণতঃ, অধিকাংশ স্থলে ('—ঘটে না')। ক্রি-বিণ।

প্রায়ঃ (প্রায়স্), প্রায়—বাহুল্য। প্র—ই বা অয়্ (গমন করা)+অস্ ভাববা। অব্য।

প্রায়শঃ (—শস্), প্রায়শ—বাহুল্যরূপে; সদাসর্ব্বদা; সচরাচর। প্রায়ঃ (বাহুল্য)+চশস্। অব্য।

প্রায়শ্চিত্ত, —ত্তি—পাপক্ষয়সাধন কর্ম্ম। প্রায়ের (তপস্যার) চিত্ত, চিত্তি (নিশ্চয়) যাহাতে, বহুব্রী। বি; ক্লীব, স্ত্রী।

প্রায়িক—সাধারণ; কাছাকাছি (Approximate); প্রায়শঃ যাহা হয়। প্রায়+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

প্রায়োদ্বীপ—উপদ্বীপ। প্রায়ঃ (বাহুল্যরূপে) যে দ্বীপ, সুপ্‌সুপা। বি; পুং।

প্রায়োপবিষ্ট—ইচ্ছাপূর্ব্বক অনশনে মরণার্থ কৃতোপবেশন, যে অনাহারে মরিবার ইচ্ছায় বসিয়া আছে। প্রায়ার্থ উপবিষ্ট, মধ্যপ কর্ম্মধা। বিণ। স্ত্রী,—ষ্টা।

প্রায়োপবেশ, —বেশন—সন্ন্যাসগ্রহণপূর্ব্বক অনশনে অবস্থিতি; ব্রতবিশেষ; ইচ্ছাপূর্ব্বক অনশনে মরিবার নিমিত্ত বসা। প্রায়ার্থ উপবেশ বা উপবেশন (বসা), ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

প্রারব্ধ, প্রালব্ধ—১। প্রকৃষ্টরূপে আরব্ধ, কৃতারম্ভ, যাহা আরম্ভ করা হইয়াছে। প্র—আ—রভ্+ক্ত কর্ম্মবা। বিণ। ২। পূর্ব্বজন্মের হেতুভূত অদৃষ্ট; পূর্ব্বজন্মার্জ্জিত পাপপুণ্য। প্র (প্রকৃষ্টরূপে) আরব্ধ, প্রাদিতৎ। বি; ক্লীব।

প্রারম্ভ—১। কার্য্য। প্র—আ—রভ্+ঘঞ্ কর্ম্মবা। ২। আরম্ভ, উপক্রম, সূত্রপাত। প্র—আ—রভ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

প্রার্থক—প্রার্থনাকারী, যাচক। প্র—অর্থ্ (যাচ্ঞা করা)+ণক কর্ত্তৃবা। বিণ।

প্রার্থন, প্রার্থনা—যাচ্ঞা; চাওয়া; মুদ্রাবিশেষ, গণ্ডাঙ্গবিশেষ; আক্রমণ; অবরোধ; অভিযান; হিংসা। প্র—অর্থ্ (যাচ্ঞা করা)+অনট্ ভাববা, ২য় পক্ষে+অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

প্রার্থনীয়—প্রার্থনা করিবার যোগ্য, যাচ-

নীয়। প্র—অর্থ্ (চাওয়া)+অনীয় কর্ম্মবা। বিণ।

প্রার্থয়িতব্য—প্রার্থনীয়, বাঞ্ছনীয়। প্র—অর্থি (যাচ্ঞা করা)+তব্য কর্ম্মবা। বিণ।

প্রার্থয়িতা (-য়িতৃ)—প্রার্থনাকারী, প্রার্থক, যাচক। প্র—অর্থি (যাচ্ঞা করা) +তৃন্ কর্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,—ত্রী।

প্রার্থিত—বাঞ্ছিত, প্রার্থনার বিষয়ীভূত। প্র—অর্থ্+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রার্থী (প্রার্থিন্)—প্রার্থনাকারী, প্রার্থক, যাচক ; আবেদক, দরখাস্তকারী। প্র—অর্থ্ +ণিন্ কর্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,—র্থিনী।

প্রালব্ধ—প্রারব্ধ দ্রঃ।

প্রাশন—আহার, ভোজন (অন্ন)। প্র—অশ্ (ভোজন করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

প্রাশস্ত্য—প্রশস্ততা ; প্রশংসনীয়তা ; উৎকৃষ্টতা, উৎকর্ষ, শ্রেষ্ঠতা ; বিস্তার, বিস্তৃতি। প্রশস্ত+ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

প্রাস—ক্ষেপণীয় অস্ত্রবিশেষ, কুন্ত, শড়কি, কোঁচ। প্র—অস্ (ক্ষেপণ করা)+ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং।

প্রাসঙ্গি(ঙ্গি)ক—প্রসঙ্গক্রমে আগত ; সম্পৃক্ত, সম্পর্কীয় (Relevant). প্রসঙ্গ+ইক। বিণ। স্ত্রী,—কী।

প্রাসাদ—দেবতার ইষ্টকালয় ; সুবৃহৎ অট্টালিকা ; রাজহর্ম্ম্য। প্র—সদ্ (গমন করা)+ঘঞ্ অধিবা। বি ; পুং।

প্রাসাদকুক্কুট—কপোত, পারাবত। ৬ষ্ঠী-তৎ। বি ; পুং। [৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

প্রাসাদশিখর—অট্টালিকার উপরিভাগ।

প্রাস্থানিক—প্রস্থানকালোচিত, বিদায়-সম্বন্ধীয়। প্রস্থান+ইক। বিণ। স্ত্রী,—কী।

প্রাহ্ণ—পূর্ব্বাহ্ণ, দিবসের আদিভাগ। অহনের প্র অর্থাৎ পূর্ব্ব, একদেশী। বি ; পুং।

প্রাহ্ণেতন—পূর্ব্বাহ্ণ-সম্বন্ধীয়। প্রাহ্ণে+তন (ট্যু) ভবার্থে। বিণ। স্ত্রী,—নী।

প্রিণ্টার—মুদ্রাকর, যে ছাপায়। ইং Printer. বি।

প্রিন্সিপাল—কলেজ প্রভৃতির অধ্যক্ষ। ইং Principal. বি।

প্রিয়—১। প্রীতিভাজন, ভালবাসার পাত্র ; প্রীতিকর ; রম্য। বিণ। স্ত্রী, প্রিয়া। ২। পতি, স্বামী ; মৃগবিশেষ। প্রী+ক কর্তৃবা। বি ; পুং।

প্রিয়ংবদ—প্রিয়বাদী, প্রীতিজনক বাক্য-কথক, হিতভাষী। উপতৎ। প্রিয়—বদ্ (বলা) +খচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—দা (শকুন্তলার সখী)।

প্রিয়কারী (-রিন্)—যে মনের মত কার্য্য করে। উপতৎ। প্রিয়—কৃ+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

প্রিয়চিকীর্ষা—প্রীতিজনক কার্য্য বা খুশী করিবার ইচ্ছা, হিতৈষা, উপচিকীর্ষা। প্রিয়—সনন্ত কৃ (=চিকীর্ষ)+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী। বিণ,—চিকীর্ষু।

প্রিয়তম—অতিশয় প্রিয়। প্রিয়+তম উৎকর্ষার্থে। বিণ ; ত্রি। স্ত্রী,—মা।

প্রিয়দর্শন—সুদৃশ্য, সুন্দর। প্রিয় (রম্য) দর্শন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

প্রিয়পাত্র—প্রীতিভাজন, স্নেহাস্পদ। কর্ম্মধা। বিণ বা বি ; ক্লীব।

প্রিয়বচন, —বাক্য—মিষ্ট কথা। কর্ম্মধা। বি ; ক্লীব।

প্রিয়বাদী (-বাদিন্)—প্রিয়ভাষী, মিষ্টবক্তা। উপতৎ। প্রিয়—বদ্ (বলা)+ণিন্ কর্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,—দিনী।

প্রিয়বিয়োগ—প্রিয়জনের মৃত্যু বা বিচ্ছেদ ; অভীষ্ট বস্তুর নাশ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

প্রিয়বিরহ—প্রিয়জনের বিচ্ছেদ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

প্রিয়ব্রত—স্বায়ম্ভুব মনুর জ্যেষ্ঠ পুত্র। প্রিয় হইয়াছে ব্রত যাহার, বহুব্রী। বি ; পুং।

প্রিয়ম্বদ—প্রিয়ভাষী, মনোজ্ঞ বক্তা। উপতৎ। প্রিয়—বদ্ (বলা)+খচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

প্রিয়সখ—প্রীতিভাজন ও সুহৃৎ যে সখাও সে, কর্ম্মধা। বি ; পুং।

প্রিয়সখা—প্রিয়সুহৃৎ, প্রাণের বন্ধু। 'প্রিয়সখ' স্থানে বাং প্রঃ। বি।

প্রিয়-সমাগম--প্রিয়জনের সহিত মিলন। ৬য়াতৎ। বি; পুং।

প্রিয়া—১। স্নেহপাত্রী। বিণ; স্ত্রী। ২। ভার্যা। প্রিয়+আপ্। বি; স্ত্রী।

প্রিয়াল—বৃক্ষবিশেষ, পিয়ালগাছ। প্রিয়—অল+অণ কর্ত্তৃবা। বি; পুং।

প্রীণন—তর্পণ, আহ্লাদন; প্রীতকরণ। ণিজন্ত প্রী (প্রীত করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রীণিত—তোষিত; তর্পিত। ণিজন্ত প্রী (তুষ্ট করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রীত—সন্তুষ্ট; তৃপ্ত; প্রীতিযুক্ত। প্রী (প্রীত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, প্রীতা।

প্রীতি—তৃপ্তি; প্রেম; ইচ্ছা; হর্ষ; সন্তোষ; আনন্দ; যোগবিশেষ। প্রী (প্রীত হওয়া)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

প্রীতিকর—তৃপ্তিজনক; হর্ষোৎপাদক। উপতৎ। প্রীতি (তৃপ্তি)—কৃ (করা)+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

প্রীতিপ্রদ—প্রীতিদাতা, তৃপ্তিজনক। প্রীতি—প্র—দা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

প্রীতিভাজন—প্রণয়ভাজন, প্রীতির পাত্র, প্রেমাস্পদ। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; ক্লীব।

প্রীতিভোজন, —ভোজ—আনন্দ উৎসবাদি হেতু ভোজ বা খাওয়া দাওয়া। প্রীতিজনক ভোজন, ভোজ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, পুং।

প্রীয়মাণ—প্রীতি অনুভবকারী। প্রী+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ণা।

প্রেক—ধাতুময় কীলক, লৌহকণ্টক, গজাল, পেরেক, কাঁটা। পোর্ত্তু 'Prego' শব্দজ। বি।

প্রেক্ষক—দর্শনকারী, দ্রষ্টা। প্র—ঈক্ষ্+ণক কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—ক্ষিকা।

প্রেক্ষণ—সম্যক্ দর্শন। প্র—ঈক্ষ্ (দেখা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রেক্ষণিকা—প্রদর্শনী (Exhibition). প্র—ঈক্ষ্+অনট্ অধিবা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

প্রেক্ষণীয়—সম্যক্ দর্শনীয়। প্র—ঈক্ষ্ (দেখা)+অনীয় কর্ম্মবা। বিণ।

প্রেক্ষা—দৃষ্টি; পর্য্যালোচনা; প্রজ্ঞা; বুদ্ধি; অভিনয় নৃত্যাদিদর্শন। প্র—ঈক্ষ্ (দেখা)+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

প্রেক্ষাগৃহ, —গার—পর্য্যবেক্ষণিকা, মানমন্দির (Observatory); নাচঘর, রঙ্গালয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

প্রেক্ষিত—দৃষ্ট। প্র—ঈক্ষ্ (দেখা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রেত—১। পিশাচ; নরকস্থ ব্যক্তি; ভূতবিশেষ। প্র—ই+ক্ত কর্ত্তৃবা। বি; পুং। ২। মৃত। বিণ। স্ত্রী, প্রেতা।

প্রেতকর্ম্ম(র্ম), —কার্য্য(র্য), —কৃত্য—দাহসপিণ্ডীকরণাদি মৃতের কার্য্য; অন্ত্যেষ্টিক্রিয়া। প্রেতোদ্দিষ্ট কর্ম্ম, কার্য্য, কৃত্য, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। [তৎ। বি; ক্লীব।

প্রেততর্পণ—মৃতের তৃপ্ত্যর্থে জলদান। ৬ষ্ঠী-

প্রেতদেহ—মৃত্যুর পর জীব যে বায়বীয় দেহ প্রাপ্ত হয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

প্রেতনদী—বৈতরণী নদী। প্রেতের উত্তরণজন্য নদী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

প্রেতপক্ষ—গৌণ আশ্বিনের কৃষ্ণপক্ষ, ভাদ্রী পূর্ণিমা হইতে মহালয়া অমাবস্যা পর্য্যন্ত পঞ্চদশ দিবস [ইহা পিতৃপক্ষ নামেও অভিহিত হইয়া থাকে]। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রেতপিণ্ড—মৃতের উদ্দেশে অর্পিত পিণ্ড, বিশেষতঃ মরণকাল হইতে সপিণ্ডীকরণ পর্য্যন্ত যে পিণ্ড দেওয়া হয়। প্রেতোদ্দিষ্ট পিণ্ড, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

প্রেতপুরী, —পুর—যমালয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, ক্লীব।

প্রেতলোক—যমলোক; মৃত্যুর পর জীবগণ যে লোকে অবস্থান করে। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

প্রেতশিলা—গয়াধামস্থিত পিণ্ডদানার্থ প্রস্তরবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

প্রেতশ্রাদ্ধ—মৃতের উদ্দেশে কৃত শ্রাদ্ধ। প্রেতোদ্দিষ্ট শ্রাদ্ধ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

প্রেতাত্মা (–ত্মন্)—মৃত ব্যক্তির আত্মা ; ভূত। ৬ষ্ঠীতৎ বা কর্ম্মধা। বি ; পুং।

প্রেতিনী—প্রেতবৎ আকারবিশিষ্টা স্ত্রী ; পেত্নী। দেশজ। বি ; স্ত্রী।

প্রেপ্সু—পাইতে ইচ্ছুক, লিপ্সু। প্র–সনন্ত আপ্ +উ কর্তৃবা। বিণ।

প্রেম (**প্রেমন্**)—প্রিয়তা, প্রীতিকরত্ব ; প্রণয়, সৌহৃদ্য, প্রীতি, স্নেহ, ভালবাসা ; পরীহাস। প্রিয়+ইমন্ ভাবার্থে। বি ; ক্লীব।

প্রেমতরঙ্গ(ংগ)—প্রণয়ের উচ্ছ্বাস বা আবেগ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

প্রেমধারা—প্রেমজনিত অশ্রুধারা ; ধারাকারে বহমান প্রেম। মধ্যপ বা রূপক কর্ম্মধা। বি ; স্ত্রী। [ক্লীব।

প্রেমপত্র—প্রণয়লিপি। মধ্যপ কর্ম্মধা। বি ;

প্রেমভক্তি—ভগবানের প্রতি প্রীতিযুক্ত শ্রদ্ধা। প্রেমযুক্তা ভক্তি, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

প্রেমময়—প্রণয়পূর্ণ, প্রণয়াত্মক, অসীম প্রেমযুক্ত। প্রেমন্+ময়ট্। বিণ। স্ত্রী, –য়ী।

প্রেমমুগ্ধ—যে ভালবাসায় ভুলিয়াছে, প্রণয়বিমোহিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –গ্ধা।

প্রেমানন্দ—১। প্রেমজনিত আনন্দ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।'২। প্রেমলাভে আনন্দিত। প্রেমে আনন্দ যাহার, বহুব্রী। বিণ।

প্রেমাবতার—প্রেমের অবতার ; যিনি জন্মগ্রহণ করিয়া প্রেম বিতরণ করেন বা সকল জীবকে ভালবাসেন। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং। [বি ; ক্লীব।

প্রেমামৃত—প্রেমরূপ সুধা। রূপক কর্ম্মধা,।

প্রেমালিঙ্গ(ংগ)ন—প্রীতিভরে কোলাকুলি; নায়কনায়িকার প্রণয়বশতঃ পরস্পর আশ্লেষ। প্রেমজনিত যে আলিঙ্গন, মধ্যপ কর্ম্মধা। বি॰; ক্লীব।

প্রেমাসক্ত—প্রেমানুরাগী, প্রণয়ে আসক্ত, প্রেমসূত্রে সম্বদ্ধ। ৭মীতৎ। বিণ। স্ত্রী, –ক্তা।

প্রেমিক—প্রণয়ী, প্রেমবিশিষ্ট। প্রেমন্ শব্দ +ইক (ঠন্)। বিণ। স্ত্রী, –কা।

প্রেয়, প্রেয়ঃ—প্রিয়, বাঞ্ছিত। প্রাঃ কবিপ্র। বিণ।

প্রেয়সী—প্রিয়তমা, দয়িতা ; কান্তা। প্রিয়+ঈয়সু অতিশয়ার্থে+ঈপ্। বিণ ; স্ত্রী।

প্রেয়ান্ (**প্রেয়স্**)—প্রিয়তম, অতিশয় প্রিয় ; বল্লভ। প্রিয়+ঈয়সু অতিশয়ার্থে। বিণ।

প্রেরক—প্রেরণকর্ত্তা ; নিয়োজক ; প্রেরণাদানকারী। প্র–ঈর্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, –রিকা।

প্রেরণ, প্রেষণ—আজ্ঞাকরণ ; পাঠান ; নিয়োগ। প্র–যথাক্রমে ঈর্ (পাঠান), ইষ্ (ইচ্ছা করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

প্রেরণা, প্রেষণা—পাঠান ; নিয়োগ ; বিধি ; উৎসাহ ও উদ্দীপনা দান ; ইচ্ছা শক্তি প্রতিভা ইত্যাদির সঞ্চার (Inspiration). প্র –ঈর, ইষ্+অন ভাববা+আপ্। বি ; স্ত্রী।

প্রেরয়িতা, (–তৃ)—প্রেরক, প্রেরণকর্ত্তা, যে পাঠায় ; নিয়োজক। প্র–ঈরি+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –ত্রী।

প্রেরিত, প্রেষিত—যাহাকে পাঠান হইয়াছে এরূপ ; নিয়োজিত বা প্রেরণাপ্রাপ্ত (Inspired) ; বিসর্জ্জিত। প্র–যথাক্রমে ণিজন্ত ঈর্ বা ইষ্+ক্ত কর্ম্মবা। বিণ।

প্রেষ—চাপ (Pressure). বি।

প্রেষক—প্রেরক, যে পাঠায়। প্র–ইষ্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, –ষিকা।

প্রেষণ—প্রেরণ দ্রঃ।

প্রেষ্ঠ—অতি প্রিয়, প্রিয়তম। প্রিয়+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী, প্রেষ্ঠা।

প্রেস—ছাপাখানা ; সংবাদপত্র। ইং Press. বি। [Prescription. বি।

প্রেস্ক্রপশন—ঔষধের ব্যবস্থাপত্র। ইং

প্রোক্ত—১। কথিত, বর্ণিত ; যাহা বলা হইয়াছে এরূপ। প্র–বচ্+ক্ত কর্ম্মবা। বিণ।

স্ত্রী, প্রোক্তা। ২। উক্তি, বর্ণন; কথন। প্র—বচ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

প্রোক্ষণ—সেচন; হনন; বধ; যজ্ঞাদিতে পশুবধ। প্র—উক্ষ্+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, প্রোক্ষিত।

প্রোজ্ঝিত—বর্জ্জিত, ত্যক্ত। প্র—উজ্ঝ্ (ত্যাগ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রোঞ্ছন—বর্জ্জন; মার্জ্জন, পোঁছা। প্র—উন্ছ্ (উঞ্ছবৃত্তি করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রোত—যাহা বয়ন করা হইয়াছে এরূপ; স্যূত, সেলাই করা; গ্রথিত; গুম্ফিত; অন্তর্বিদ্ধ; খচিত; ভূগর্ভ-নিহিত। প্র—বে (বয়ন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, প্রোতা।

প্রোৎসাহ—অতিশয় উৎসাহ; ঔৎসুক্য; উত্তেজনা; বিশেষ যত্ন। প্র (সমধিক) যে উৎসাহ, প্রাদিতৎ। বি; পুং।

প্রোৎসাহিত—১। উত্তেজিত; উদ্দীপিত; প্রণোদিত। প্র—উৎ—ণিজন্ত সহ্ বা সাহি (সহান)+ক্ত কর্ম্মবা। ২। অতিশয় উৎসাহ-যুক্ত। প্রোৎসাহ+ইত যুক্তার্থে। বিণ। বি,—সাহন।

প্রোথন—পোঁতা, পুঁতিয়া রাখা। প্রোথ্+ণিচ+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্রোথিত—ভূগর্ভনিহিত, পোঁতা। প্রোথ্ (পর্য্যাপ্ত হওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্রোদ্ভিন্ন—সম্যক্‌রূপে উদ্ভূত; যাহা ফুটিয়া বাহির হইয়াছে। প্র—উৎ—ভিদ্ (ভেদ করা)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ন্না।

প্রোষিত—বিদেশস্থ; অপগত; নিবৃত্ত। প্র—বস্ (বাস করা)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

প্রোষিতপত্নীক, —ভার্য্য(র্য)—যে পুরুষের পত্নী বা ভার্য্যা প্রবাসে আছে। বহুব্রী। বিণ; পুং।

প্রোষিতভর্ত্তৃকা—যাহার পতি বিদেশগত এরূপ (নায়িকা)। প্রোষিত (বিদেশস্থ) হইয়াছে ভর্ত্তা যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বিণ; স্ত্রী।

প্রোষ্ঠী—শফরী, পুঁটিমাছ। প্র—উষ্ (দগ্ধ করা)+থক্ কর্তৃবা+ঙীপ্। বি; স্ত্রী।

প্রৌঢ়—১। যথাবিধি পরিণীত; প্রবৃদ্ধ; প্রবীণ; নিপুণ; প্রগল্‌ভ। প্র (প্রকৃষ্টরূপে) ঊঢ়, প্রাদিতৎ। বিণ। স্ত্রী, প্রৌঢ়া। বি, —তা,—ত্ব। ২। অবস্থাবিশেষ, যৌবনের পরবর্ত্তী অবস্থা। বি; ক্লীব।

প্রৌঢ়া—১। যথাবিধি পরিণীতা, প্রবৃদ্ধা, ইত্যাদি। প্রৌঢ় দ্রঃ। প্রৌঢ়+আপ্। বিণ; স্ত্রী। ২। ৩০ হইতে ৫৫ বর্ষ-বয়স্কা স্ত্রী; নায়িকাবিশেষ। বি; স্ত্রী।

প্রৌঢ়ি—সামর্থ্য; উদ্যম; ঔৎসুক্য; উন্নতি; অধ্যবসায়; প্রতিভা। প্র—বহ্ (বহা)+ক্তি ভাববা। বি; পুং।

প্লক্ষ—১। পর্কটীবৃক্ষ, পাকুড়গাছ, অশ্বত্থবৃক্ষ। প্লক্ষ (ভক্ষণ করা)+ঘঞ্ কর্ম্মবা। ২। সপ্তদ্বীপা পৃথিবীর অন্যতম দ্বীপ [সপ্তদ্বীপ দ্রঃ]। প্লক্ষ+অচ্ অস্ত্যর্থে। বি; পুং।

প্লব—১। উল্লম্ফগমন, লাফাইয়া লাফাইয়া যাওয়া; সন্তরণ। প্লু+অপ্ ভাববা। ২। ভেলা। প্লু+অপ্ করণবা। ৩। যাহা ভাসিয়া থাকে। প্লু+অচ্ কর্তৃবা। বি; ক্লীব।

প্লবগ, প্লবঙ্গ(ংগ), —ম—ভেক; বানর; মৃগবিশেষ; অরুণ; সারথি। প্লব—গম্+ড, খচ্ (ড), খচ্ কর্তৃবা। বি; পুং।

প্লবতা, —ত্ব—ভাসিয়া থাকিবার শক্তি (Buoyancy). প্লব+তা, ত্ব ভাবে। বি; স্ত্রী, ক্লীব।

প্লবন—লম্ফন; গমন; সন্তরণ; জলে ঝম্প-প্রদান; জলে ভাসিয়া থাকা। প্লু+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্লবনশক্তি—জলে ভাসিয়া থাকার শক্তি (Buoyancy). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

প্লবমান—ভাসমান। প্লু (জলে ভাসা)+শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

প্লাবক—প্লাবনকারী। ণিজন্ত প্লু+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—বিকা।

প্লাবন—দ্রবদ্রব্যের স্ফীতি, উথলান; জলাদি দ্বারা ব্যাপ্তি, জলে ডুবিয়া যাওয়া; বন্যা; ভাসান; অভিষেক। ণিজন্ত প্লু=প্লাবি (জলে ভাসান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

প্লাবনপীড়িত—বন্যাদ্বারা উপদ্রুত; অত্যধিক জলবৃদ্ধিহেতু ক্লেশিত; জলপ্লাবিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

প্লাবিত—জলাদি দ্বারা ব্যাপ্ত, জলে ডুবিয়া আছে এরূপ। ণিজন্ত প্লু=প্লাবি (জলে ভাসান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

প্লীহা (প্লীহন্)—পিলে রোগ; উদরগহ্বরের বামপার্শ্বস্থ যন্ত্রবিশেষ। প্লিহ্ (বৃদ্ধি পাওয়া)+কনিন্ কর্তৃবা। বি; পুং।

প্লুটো—গ্রহবিশেষ। ইং Pluto. বি।

প্লুত—১। অশ্বের গতিবিশেষ; লম্ফ। প্লু (লাফাইয়া চলা)+ক্ত ভাববা। বি; ক্লীব। ২। ত্রিমাত্র স্বর, তিনটি অ বর্ণ সহজে উচ্চারণ করার তুল্য স্বর,—দূরাহ্বানে, গানে ও রোদনে প্লুত স্বরের ব্যবহার হয়। প্লু+ক্ত কর্তৃবা। বি; পুং।

প্লুতগতি—১। লম্ফ সহকারে ধাবন (Gallop). কর্ম্মধা। বি; স্ত্রী। ২। যে জন্তু ঐরূপ চলে। বহুব্রী। বিণ।

প্লেগ—জ্বরসহযোগে মাংসগ্রন্থি বা সন্ধিস্থানের স্ফীতিমূলক মহামারিবিশেষ। ইং Plague. বি।

প্লেট—ধাতুফলক; চীনামাটির থালা। ইং Plate. বি।

প্লেন—সাদাসিধা; সমতল ('—জমি')। ইং Plain. বিণ।

প্ল্যাকার্ড—বড় বড় অক্ষরে লেখা বিজ্ঞাপন। ইং Placard. বি।

প্ল্যাট্‌ফর্ম—রেলগাড়িতে চড়িবার উপযোগী ষ্টেশনের বারান্দা। ইং Platform. বি।

প্ল্যান্‌চেট—মৃতের আত্মা আনয়নার্থ পেন্সিল ও চাকাযুক্ত ছোট তেপায়া। ইং Planchette. বি।

প্ল্যাস্‌টার—প্রলেপ; মলম, পটি, পলস্তারা; দেওয়ালে লাগাইবার চূণ বালি। ইং Plaster. বি।

ফ

ফ—১। দ্বাবিংশ ব্যঞ্জনবর্ণ, ইহার উচ্চারণস্থান ওষ্ঠ। ২। স্ফীতি; ঝঞ্ঝাবাত; যজ্ঞসাধনবিশেষ। স্ফায়্+ড ভাববা। বি; পুং। ৩। রুক্ষবাক্য; নিষ্ফলবাক্য। ফক্+ড ভাববা। বি; ক্লীব।

ফইজৎ, —ত—বিবাদবিসম্বাদ; তিরস্কার; কলঙ্ক। আর্বী। বি। [বি; পুং।

ফকার—ফ এই বর্ণমাত্র। ফ+কার স্বার্থে।

ফকির, ফকীর—মুসলমান সন্ন্যাসী বা ভিক্ষুক; নির্ধন, নিঃস্ব। আর্বী। বি। বিণ, ফকিরী।

ফকিরি—ফকিরের কাজ; ভিক্ষাবৃত্তি। ফকির+ই ভাবে। বি।

ফক্কড়—ফাজিল, গল্পবাজ, বাচাল; ধড়িবাজ। আর্বী 'ফিররহ্' শব্দজ। বিণ।

ফক্কা, ফোক্কা—ফাঁকা, অষ্টরম্ভা, কিছুই নয়। দেশজ। বিণ।

ফক্কি—শূন্য; মিথ্যা; ফাঁকি। দেশজ। বি।

ফক্কিকা—কূটপ্রশ্ন; ফাঁকি। ফক্ (ফাঁকি দেওয়া)+ণক ভাববা +আপ্। বি; স্ত্রী।

ফক্কিকার—ফাঁকিবাজী, মিথ্যা, ভুয়া; অলীক। দেশজ। বি বা বিণ।

ফক্কুড়ি—ফাজলামি, চালাকি, বাজে গল্প। ফক্কড়+ই ভাবে। বি।

ফঙ্গবেনে, —বানি—ভঙ্গুর, ভঙ্গপ্রবণ, ঠুনকো। 'ভঙ্গপ্রবণ' শব্দজ। বিণ।

ফচ্‌কে, —কিয়া—বাচাল, চ্যাংড়া, ছ্যাপ্‌লার মত। দেশজ। বিণ বা বি।

ফচ্‌কেমি—ছেলেমানুষি, চ্যাংড়ামি, ছ্যাপ্‌লামো, ফচ্‌কের কাজ। দেশজ। বি।

ফজর—প্রভাতকাল। আর্বী। বি।

ফজল—দয়া। আর্বী। বি।

ফজলি—একপ্রকার আম। দেশজ। বি।

ফট্—১। মন্ত্রাংশবিশেষ; অব্যক্ত শব্দ। স্ফুট্ +ক্বিপ্ কর্তৃবা। অব্য। ২। ফাটিবার শব্দ। দেশজ। অব্য।

ফটক, ফাটক—সিংহদ্বার, বহির্দ্বার, সদর দরজা (Gate). দেশজ। বি।

ফটকা—পণ্যদ্রব্যের বাজারদর সংক্রান্ত জুয়া-খেলাবিশেষ। দেশজ। বি।

ফটকি-নাটকি—তুচ্ছ বিষয়, খুঁটিনাটি, লঘু হাস্যকৌতুক। দেশজ। বি।

ফটকিরি—রাসায়নিক দ্রব্যবিশেষ (Alum). 'স্ফটিকারি' শব্দজ। বি। [বি।

ফটিক—কাচ, স্বচ্ছ জল। 'স্ফটিক' শব্দজ।

ফটিকজল—চাতক পাখীর শব্দের কল্পিত ধ্বনি। দেশজ। বি।

ফটো, ফটোগ্রাফ—আলোকচিত্র। ইং Photo, Photograph. বি।

ফড়—গরুর গাড়ীর পার্শ্বস্থ বাঁশ বা লম্বা কাঠ; কুপন খেলার ছক। দেশজ। বি।

ফড়ফড়—কাপড় প্রভৃতি ছিঁড়িবার শব্দ; একাদিক্রমে বকিতে থাকা। দেশজ। অব্য বা বি। বিণ, ফড়ফড়ে।

ফড়িঙ, ফড়িং—ঝিল্লিকা, পতঙ্গ। 'পতঙ্গ' শব্দজ। বি।

ফড়িয়া, ফড়ে—পাইকারী মূল্যে কিনিয়া খুচরা বিক্রয়কারী; ফেরিওয়ালা। দেশজ। বি বা বিণ।

ফণ, ফণা—সর্পের বিস্তৃত মস্তক, চক্র। ফণ্ (গমন করা)+অচ্ কর্তৃবা, পক্ষে+আপ্। বি; পুং, স্ত্রী।

ফণধর, ফণাধর—ভুজঙ্গ, সর্প। ফণর, ফণায় ধর (ধারণকর্তা), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ফণভৃৎ, ফণাভৃৎ—সর্প। উপতৎ। ফণ, ফণা –ভৃ (ধারণ করা)+ক্বিপ্ কর্তৃবা। বি; পুং।

ফণিমনসা—কাঁটা গাছবিশেষ (Cactus indicus). দেশজ। বি।

ফণী (ফণিন্)—ফণাবিশিষ্ট, সর্প। ফণ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং। স্ত্রী,–ণিনী।

ফণীন্দ্র, ফণীশ্বর—বাসুকি। ফণীদিগের ইন্দ্র বা ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ফতুয়া, ফোতুয়া—হাতকাটা খাট জামা-বিশেষ। ফার্সী 'ফতুহ্' শব্দজ। বি।

ফতুর—নিঃস্ব, নিঃসম্বল। আর্বী। বিণ।

ফতে—সিদ্ধি; জয় ('কেল্লা—')। আর্বী 'ফতহ্' শব্দজ। বি।

ফতো, ফতুয়া—নিঃসম্বল ('—বাবু'); বাহ্যাড়ম্বরযুক্ত ও অন্তঃসারশূন্য। আর্বীমূলক। বিণ।

ফতোয়া, ফতেহা—কাজীর রায়; মুসলমানশাস্ত্রের বিধান। আর্বী। বি।

ফন ফন—ছিদ্রপথে জলপ্রবাহাদির বেগে নির্গমনজনিত শব্দ। দেশজ। অব্য।

ফনোগ্রাফ—কলের গান, স্বরধর যন্ত্রবিশেষ। ইং Phonograph. বি।

ফন্দি—ফিকির, কূটকৌশল। সংস্কৃত 'প্রবন্ধ' বা ফার্সী 'ফন্দ্' শব্দজ। বি।

ফন্দিবাজ—ধড়িবাজ, মতলববাজ, চক্রী। ফন্দি+বাজ নিপুণার্থে। বিণ।

ফফরদালাল, ফপরদালাল, ফপল-দালাল—অনধিকারচর্চ্চার সহিত পরকার্য্যে সরফরাজকারী, অনাহূত অবস্থায় পরকার্য্যে মুরুব্বিয়ানা-চালবাজ। দেশজ। বিণ। বি, –দালালি।

ফয়তা—মুসলমান ধর্ম্মানুযায়ী উপাসনা, ফতেহা। আর্বী 'ফাতিহা' শব্দজ। বি।

ফয়দা—ফায়দা (তাহা দ্রঃ)।

ফয়সালা—বিচারনিষ্পত্তি, ডিক্রী (Decree). আর্বী। বি।

ফরজমাব—শ্রদ্ধাভাজন। আর্বী। বিণ।

ফরক—প্রভেদ; দূরত্ব; ভিন্ন; দূর। আর্বী। বিণ।

ফরকানো—ফাঁক করা; রাগে ঠিক্‌রে যাওয়া। বাং ক্রি।

ফরজ—১। অবশ্য কর্ত্তব্য। বিণ। ২। পুণ্য। আর্বী। বি।

ফরফর—কাপড়ের ন্যায় পাতলা জিনিস

বাতাসে উড়িবার শব্দ; বাচালতা, ফক্কর-দালালি ('—করা')। দেশজ। অব্য।

ফরমা, ফর্ম্মা—পুস্তকাদির যত পৃষ্ঠা একসঙ্গে বা একবারে ছাপা হয়। পোর্তু Forma. বি।

ফরমাইস, ফরমাশ, –স, –জ—আদেশ, হুকুম; জামা প্রভৃতি তৈরীর অর্ডার (Order). ফার্সী। বি। বিণ, ফরমাইসী, ফরমাশী, –মাজি।

ফরমান—নবাব বাদশার হুকুমনামা। ফার্সী। বি।

ফরমানবরদার—আদেশানুবর্ত্তী দাস। ফার্সী। বি বা বিণ।

ফরমানি—হুকুম। ফার্সীমূলক। বি।

ফরমাবন্দী—ছাপিবার জন্য যথাযথভাবে বিন্যস্ত ('—পৃষ্ঠাসমূহ')। ৭মীতৎ। বিণ।

ফরসা, ফর্সা—সুন্দর, গৌরবর্ণ; মেঘমুক্ত; সাবাড়, কাবার; শূন্য ('আশাভরসা—')। দেশজ। বিণ।

ফরসি, ফুরসি—গুড়গুড়ি; লম্বা নলযুক্ত হুঁকা বিশেষ। আর্বী। বি।

ফরাকৎ, ফার্খৎ—আলাদাকরণ; ছাড়া-ছাড়ি; ফাঁকা জায়গা; অবকাশ। আর্বী। বি।

ফরাজ—মৃত মুসলমানের সম্পত্তির উত্তরাধিকারনির্ণয়পত্র। বৈদে। বি।

ফরাশ, –স—বড় গালিচা বা আস্তরণ-বিশেষ; বিছানাদির তাঁবেদার ভৃত্য। আর্বী। বি।

ফরাসী—ফ্রান্স দেশের লোক বা ভাষা; ফ্রান্সদেশীয়। পোর্তু 'Francez' শব্দজ। বি বা বিণ। [ফার্সী। বি।

ফরিয়াদ, ফইরেদ—নালিশ, মোকদ্দমা।

ফরিয়াদী—নালিশকারী, বাদী (Complainant). ফার্সী। বি।

ফরেব—বঞ্চনা, ছলনা। ফার্সীমূলক। বি।

ফর্দ্দ(র্দ)—তালিকা; কাগজাদির খণ্ড। আর্বী। বি। [আর্বী। বিণ।

ফর্দ্দা(র্দা)—ফাঁকা, খোলা ('—জায়গা')।

ফর্দ্দা(র্দা)ফাঁক—চৌচির, ফালি ফালি হইয়া বিদীর্ণ। আর্বীমূলক। বিণ।

ফর্ম্মা(র্মা)—ফরমা দ্রঃ।

ফল—বৃক্ষলতাদি হইতে জাত শস্য; পরিণাম ('পাপের—'); লাভ; উৎপন্ন বস্তু; নির্দ্ধারণ ('মোকদ্দমার—'); ধন; কার্য্যসিদ্ধি; প্রয়োজন; সুখ; দুঃখ; উপকার ('ঔষধে—'); বাণের অগ্রলৌহ; ফলক; খড়্গাদির পাতা; ফাল; ত্রিফলা। ফল্ (ফলা)+অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব। [শব্দজ। বি।

ফলই, ফলুই—একপ্রকার মাছ। 'ফলকী'

ফলক—অস্ত্রের ফলা; ঢাল; কাষ্ঠাদি পট্ট, পাটা; কপালের অস্থি। ফল+কন্। বি; পুং বা ক্লীব।

ফলকথা—মোটামুটি, ফলতঃ; সারকথা। দেশজ প্রঃ। বি বা ক্রি-বিণ।

ফলকর—১। ফলার্থ ভাড়া-করা গাছের কর বা খাজানা। ৬ষ্ঠীতৎ। ২। ফলন্ত ('—গাছ'); উপকারক। ফল করে যে, উপতৎ। বিণ।

ফলতঃ (–তস্), **ফলত**—বস্তুতঃ; অর্থাৎ; সংক্ষেপতঃ। ফল শব্দ+তস্। অব্য।

ফলদ—১। ফলদায়ক। বিণ। স্ত্রী, –দা। ২। বৃক্ষ। উপতৎ। ফল–দা+ক কর্ত্তৃবা। বি; পুং।

ফলদর্শী (–দর্শিন্)—পরিণামদর্শী। উপতৎ। ফল শব্দ–দৃশ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –র্শিনী। বি, –র্শিতা।

ফলন—১। উৎপত্তি; ফল ধরা। ফল্+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। মোটফল; ফল-প্রাপ্তি; সত্য হওয়া; ঘটা; বৃদ্ধি; লাভ। দেশজ। বি। [বি।

ফলনা, ফলানা—অমুক লোক। বৈদে।

ফলনিষ্পত্তি—শেষ নিষ্পত্তি, সিদ্ধান্ত। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।

ফলন্ত—ফলবিশিষ্ট, যাহাতে ফল ধরিয়াছে। ফল+অন্ত কর্ত্তৃবা। বিণ।

ফলপাকান্ত—ফল পাকিলে গাছ মরিয়া যায় এরূপ, ওষধিজাতীয়। ফলের পাক=ফল-

পাক, ৬ষ্ঠীতৎ; ফলপাকে অন্ত (মৃত্যু) হয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ন্তা।

ফলপ্রদ—ফলদাতা, ফলদায়ক; উপকারক। ফল—প্র+দা (দেওয়া)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—দা। [স্ত্রী।

ফলপ্রাপ্তি—কাম্যবস্তুলাভ। ৬ষ্ঠীতৎ। বি;

ফলবান্ (—বৎ)—ফলযুক্ত, ফলশালী; সফল। ফল+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —বতী।

ফলভাগী (—গিন্)—পরিণামের অংশ-ভাগী ('সঙ্গীর দুষ্কর্ম্মের—')। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—গিনী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

ফলভোগ—সুখদুঃখ উপভোগ, ফললাভ।

ফলভোগী (—ভোগিন্)—ফলভোগ-কারী; সুখদুঃখের উপভোক্তা। উপতৎ। ফল —ভুজ্ (ভোগ করা)+গিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—গিনী।

ফলমূল—খাদ্যশ্রেণীভুক্ত আম, জাম, মূলা, কচু ইত্যাদি। দ্বন্দ্ব। বি; ক্লীব।

ফলশালী (—শালিন্)—ফলযুক্ত, ফলবান্। ফল—শাল্+গিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—লিনী।

ফলশ্রুতি—ফললাভের পূর্ব্বপরম্পরাগত বাক্য; "পুত্রার্থী লভতে পুত্রং ধনার্থী লভতে ধনং" অর্থাৎ এই গীতা পাঠ করিলে বা এই যজ্ঞাদি করিলে পুত্রার্থী পুত্রলাভ ও ধনার্থী ধনলাভ করিয়া থাকেন,—এই ফলনির্দ্দেশ করাকে ফলশ্রুতি কহে। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ফলসা—দানাবিশিষ্ট অম্লমধুর ফলবিশেষ। আর্বী। বি।

ফলা—১। ফল জন্মান, ফল প্রসব করা; ফলে হওয়া বা দাঁড়ান, সত্য হওয়া। বাং ক্রি। ২। ফলক ('ছুরির—'); যুক্তাক্ষরের চিহ্ন। 'ফলক' শব্দজ। বি। ৩। ফলন্ত ('দো—')। ফল+আ। বিণ।

ফলাও, ফালাও—প্রসারিত, ঢালাও ('—বিছানা'); জাঁকাল ('—কারবার')। দেশজ। বিণ।

ফলাকাঙ্ক্ষা(ইচ্ছা)—কৃতকর্ম্মের ফলের বা পুরস্কারের আশা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। বিণ. ফলাকাঙ্ক্ষী (—ঙ্ক্ষিন্)।

ফলাগম—ফলোৎপত্তি বা তাহার সময়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ফলান—ফলন ক্রিয়া করান, ফল জন্মান; উৎপাদন করা; পরিস্ফুট করা ('রং—'); প্রকাশ করা; জাহির করা ('বিদ্যা—')। বাং ক্রি।

ফলাফল—শুভ ও অশুভ ফল, কার্য্যের ভাল ও মন্দ পরিণাম। ন ফল অফল, নঞ্ তৎ; ফল ও অফল, দ্বন্দ্ব। বি; ক্লীব।

ফলার—ফলাহার (তাহা দ্রঃ)। 'ফলাহার' শব্দজ। বি।

ফলারে—ফলার খাইতে পটু বা খুসী ('—বামুন')। ফলার+এ (ইয়া) আসক্তার্থে। বিণ।

ফলাহার—ফলভোজন; ফলার। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ফলাহার শব্দের প্রকৃত অর্থ ফলভোজন; কিন্তু অধুনা ফলাহার শব্দ দ্বারা দধ্যাদি সংযোগে চিপিটকাদি ভোজন বা লুচি সন্দেশ ভোজনই বুঝাইয়া থাকে]।

ফলিত—ফলযুক্ত; ফলবান্; সফল। ফল+ইত জাতার্থে। বিণ।

ফলিতজ্যোতিষ—ফলনির্ণায়ক বা ব্যব-হারিক জ্যোতিষশাস্ত্র (Astrology). [জ্যোতিষ শাস্ত্র প্রধানতঃ দুই ভাগে বিভক্ত,—গণিত ও ফলিত। যদ্দ্বারা কেবল গ্রহ-নক্ষত্রাদির গতি স্থিতি সঞ্চারাদি নির্ণীত হয় তাহা গণিত, আর যাহাতে গ্রহনক্ষত্রাদির গতি স্থিতি সঞ্চারাদি অনুসারে লোকের জন্মলগ্নাদি দ্বারা ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান—শুভা-শুভ ফল নির্ণীত হইয়া থাকে তাহা ফলিত]। ফলিত (ফলযুক্ত) যে জ্যোতিষ, কর্ম্মধা। বি; ক্লীব। [বি; পুং।

ফলিতার্থ—তাৎপর্য্য (Purport). কর্ম্মধা।

ফলুই—ফলাই দ্রঃ। [বিণ।

ফলে—ফলতঃ; পরিণামে। দেশজ। ক্রি-

ফলোদয়—ফলোৎপত্তি ; অভীষ্ট লাভ ; ফল হওয়া। ফলের উদয়, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ফলোন্মুখ—ফলদানে উদ্যত। ফলে উন্মুখ, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—খী।

ফলোপধায়ক—ফলোৎপাদক, ফলজনক। ফল—উপ—ধা+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, —য়িকা।

ফলোপধায়ী (—ধায়িন্)—ফলোপধায়ক, ফলজনক। ফল—উপ—ধা+ণিন্ কর্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,—য়িনী।

ফল্গু—১। অসার, তুচ্ছ ; মনোহর। বিণ। ২। ফাগ ; বসন্তকাল ; বৃথা বাক্য। বি ; পুং। ৩। গয়াস্থ নদীবিশেষ। ফল্+উ কর্তৃবা (গ-আগম)। বি ; স্ত্রী।

ফল্গুনী—নক্ষত্রবিশেষ। ফল্গু (ফাগ)—নী (লইয়া যাওয়া)+ক্বিপ্ কর্তৃবা। বি ; স্ত্রী।

ফল্গূৎসব—আবীর খেলার উৎসব, বসন্তোৎসব, হোলাকা, দোলযাত্রা, হোলী। ইহা দক্ষিণ ভারতে বা উত্তর ভারতে নাই। ইহা প্রাচ্য ও মধ্য দেশবাসীর শাস্ত্রোক্ত উৎসব। ফল্গুর (আবীরের) উৎসব, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ফষ্টিনষ্টি, —নাষ্টি—ঠাট্টাতামাসা, ফাজলামি। দেশজ। বি। [অব্য।

ফস্—হঠাৎ, আচম্বিতে ; শীঘ্র। দেশজ।

ফসল—শস্য। আবী। বি।

ফসলী—১। শস্যকর্তন-সম্বন্ধীয়। ফসল+ঈ সম্বন্ধার্থে। বিণ। ২। আকবর-প্রবর্তিত অব্দবিশেষ, যাহা ১৬৩৬ খৃষ্টাব্দ হইতে গণনা করা হয়। আবীমূলক। বি।

ফস্কা, ফস্কা—আলুগা, ঢিলা ('—গেরো')। দেশজ। বিণ।

ফসকান, ফস্কান—পিছলান, হাতছাড়া হওয়া। বাং ক্রি।

ফস্ফরস—প্রস্ফুরক, সহজদাহ্য মৌলিক পদার্থবিশেষ। ইং Phosphorus. বি।

ফাইফরমাশ—ছোটখাট হুকুম, এটা সেটা টুকিটাকি কাজ। ফার্সীমূলক। বি।

ফাইল—তালিকা ; কাগজপত্রের গোছা ; কাগজ গাথিয়া রাখিবার শিক, উখা। ইং File. বি।

ফাউ, ফাও—খুচরা দ্রব্য খরিদ করিলে দোকানদার অতিরিক্ত সামান্য যাহা কিছু দেয়। 'ফার্' ধাতুজ। বিণ।

ফাউন্টেন পেন—ঝরণা কলম, পকেটে রাখার যোগ্য একরকম কালিভরা কলম। ইং Fountain pen. বি।

ফাও—ফাউ দ্রঃ।

ফাঁক—১। ব্যবধান ; খোলা স্থান ; খালি জায়গা ; অবসর ; ফাঁকি। বি। ২। পৃথক্ ; বিদারিত ; শূন্য। 'ফক্ক' ধাতুজ। বিণ।

ফাঁকতাল—গানের তালবিশেষ ; দাঁও, অপ্রত্যাশিত সুযোগ। দেশজ। বি।

ফাঁকা—১। খোলা, উন্মুক্ত ; খালি ; বিশ্বাসের অযোগ্য। দেশজ। বিণ। ২। খোলা জায়গা। দেশজ। বি। **ফাঁকা আওয়াজ**—গুলিহীন বন্দুকের কেবল বারুদের আওয়াজ ; বৃথা হাঁকডাক। **ফাঁকা ফাঁকা**—শূন্যপ্রায় ('—ঠেকা')।

ফাঁকি—কর্তব্যে অবহেলা করা ও তাহা গোপনের চেষ্টা ; বঞ্চনা ; ভোগা ; কূটপ্রশ্ন ; ফক্কিকা ('ন্যায়ের—') ; গুঁড়া। 'ফক্কিকা' শব্দজ। বি। [বি।

ফাঁকিজুকি—প্রতারণা, বঞ্চনা। দেশজ।

ফাঁকিবাজ—যে ফাঁকি দেয়। ফাঁকি+বাজ নিপুণার্থে। বিণ। বি,—বাজি।

ফাঁড়—পেট, জঠর ; জলাধারের মধ্যে মোটা বেড় বা অভ্যন্তরভাগ। দেশজ। বি।

ফাঁড়া—জ্যোতিষগণনায় মৃত্যু বা বিঘ্ন-যোগ। দেশজ। বি। **ফাঁড়া কাটা**—ভীষণ বিপদের সম্ভাবনা দূর হওয়া।

ফাঁড়ি—পুলিসের ঘাটি (Outpost). দেশজ। বি।

ফাঁড়িদার—ফাঁড়ির কর্মচারী বা পাহারাওয়ালা। ফাঁড়ি+দার নিযুক্তার্থে। বি।

ফাঁদ—জন্তু ধরিবার জাল, পাশ ; গুপ্ত কৌশল। দেশজ। বি।

ফাঁদা—পত্তন করা ; গঠন করা ('মতলব—')। বাং ক্রি।

ফাঁদালো—বড় মুখ বা পেটবিশিষ্ট। ফাঁদ+আলো বিশিষ্টার্থে। বিণ।

ফাঁপ—স্ফীতি। দেশজ। বি। [বি।

ফাঁপর—বেকায়দা, হতবুদ্ধিতা। দেশজ।

ফাঁপা—১। শূন্যগর্ভ। দেশজ। বিণ। ২। স্ফীত হওয়া; সমৃদ্ধ হওয়া। বাং ক্রি।

ফাঁপান—ফুলান। বাং ক্রি ও বিণ।

ফাঁফর—ফাঁপর (তাহা দ্রঃ)।

ফাঁস—১। দড়ির বাঁধন। 'পাশ' শব্দজ। বি। ২। আলগা, প্রকাশিত ('কথা—করা')। ফাসী। বিণ। [বাং ক্রি।

ফাঁসা—খুলিয়া বা ছাড়িয়া পড়া ; পণ্ড হওয়া।

ফাঁসান—পণ্ড করা; বিপদে ফেলা। বাং ক্রি। [দেশজ। বি।

ফাঁসি—উদ্বন্ধন বা ঐ ভাবে প্রাণদণ্ড ; ফাঁস।

ফাঁসিকাঠ,-কাষ্ঠ—প্রাণদণ্ডে দণ্ডিত করার কাষ্ঠদণ্ড (Gallows). ৬ষ্ঠীতৎ। বি।

ফাঁসুড়ে—ফাঁসি দিয়া হত্যাকারী। দেশজ। বি।

ফাগ—আবির, হোলি উৎসবের লাল রঙ-বিশেষ। 'ফল্গু' শব্দজ। বি।

ফাগু—আবির। 'ফল্গু' শব্দজ। বি।

ফাগুন—ফাল্গুন মাস। কবিপ্র। বি।

ফাজলামি—ই য়া র কি, বা চা ল তা। দেশজ। বি।

ফাজিল—১। ইয়ার, অতি চালাক, বাচাল; অতিরিক্ত। বিণ। ২। অতিরিক্ত বস্তু, বাড়্‌তি ভাগ (Surplus). আর্বী। বি।

ফাট, ফাটল, ফাটা, ফাটাল—বিদার, চির, চিড় খাওয়া। দেশজ। বি ও বিণ।

ফাটক—ফটক, হাজতখানা। হিন্দী। বি।

ফাটল—ফাট দ্রঃ।

ফাটা—১। বিদীর্ণ। ফাট্+আ কর্তৃবা। বিণ। ২। বিদীর্ণ হওয়া। বাং ক্রি।

ফাটান—বিদীর্ণ করা। বাং ক্রি।

ফাটাফাটি—পরস্পর ফাটান বা ভাঙ্গা। দেশজ। বি।

ফাড়া—বিদীর্ণ করা, চেলা করা। বাং ক্রি।

ফাতনা, ফাতা—মাছ-ধরা জাল বা কড়ের তরণ্ডিকা (Float). দেশজ। বি।

ফানস, ফানুস—কাগজের বেলুনবিশেষ; বাতির কাচাবরণ। আর্বী। বি।

ফান্দ—ফাঁদ। প্রাঃ কবিপ্র। বি।

ফায়দা—লাভ, সুবিধা। আর্বী। বি।

ফার—ছিদ্র, গর্ত, ফাঁক। প্রাঃ কবিপ্র। বিণ।

ফারক—ব্যবহিত, ফাঁক; মুক্ত, নিস্তারপ্রাপ্ত, খালাস। আর্বী। বিণ।

ফারখৎ—অব্যাহতি, রেহাই; তালাকনামা; ত্যাগপত্র; ফেরতের স্বীকারপত্র। আর্বী। বি। বিণ,-খতী।

ফারসী, ফার্সী—পারস্যদেশীয়, পারস্যের বা পারসী ভাষা। বি বা বিণ।

ফারাক—দূর, অন্তর, তফাৎ; ব্যবধান, ভেদ। আর্বী। বি।

ফার্সী—ফারসী দ্রঃ।

ফাল—১। লাঙ্গলের মুখাগ্র। ফল (ফল করা)+ঘঞ্ করণবা। বি; ক্লীব। ২। বলরাম; মহাদেব। ফাল শব্দ+অচ্ অস্ত্যর্থে। বি; পুং।

ফালত—অকেজো, অকিঞ্চিৎকর; বাড়্‌তি-ভাগের, অতিরিক্ত। দেশজ। বিণ।

ফালা, ফালি—খণ্ড, চাক্‌লা ('কুমড়ার—')। দেশজ। বি। [আর্বী। বিণ।

ফালাও—বিস্তারিত; বিস্তৃত; দেদার।

ফাল্গুন—বাঙ্গালা বৎসরের একাদশ মাস। ফাল্গুনী (পূর্ণিমাবিশেষ)+অণ বিশিষ্টার্থে। বি; পুং।

ফাল্গুনি—অর্জ্জুন। বি; পুং।

ফাল্গুনী—ফাল্গুন মাসের পূর্ণিমা; অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে একাদশ ও দ্বাদশ নক্ষত্র, পূর্ব্বফল্গুনী ও উত্তরফল্গুনী নক্ষত্র। ফল্গুনী+অণ্+ঈপ্। বি; স্ত্রী।

ফাল্‌তা, ফাল্‌তো—ফালত দ্রঃ।

ফ্রি—প্রত্যেক। আর্বী। অব্য।

ফ্রিক—স্নায়বিক বেদনা, হঠাৎ কোন অঙ্গে ব্যথা ধরা; মুচ্‌কে হাসা, স্মিতহাস্য। দেশজ। বি বা অব্য।

ফ্রিকা, ফ্রিকে—ফেকাসে, জলো; হাল্‌কা রঙ্‌বিশিষ্ট। দেশজ। বিণ।

ফ্রিকির—ফন্দি, কৌশল, মতলব। আর্বী। বি। বিণ, ফিকিরী।

ফ্রিঙ্গ(ঙ্গ)ক—পক্ষিবিশেষ, ফিঙ্গে পাখী। ফিঙ্গ (অব্যক্ত ধ্বনি)–কৈ (শব্দ করা)+ক কর্তৃবা। বি; পুং।

ফিঙ্গা, ফিঙা, ফিঙে—১। ফিঙ্গে পাখী। 'ফিঙ্গক' শব্দজ। ২। Y অক্ষরের মত চেরা বা বাঁধা কাঠ ইত্যাদি; ঢিল, বাঁটুল ইত্যাদি ছুড়িবার দড়ির যন্ত্রবিশেষ (Sling). দেশজ। বি। [দেশজ। বিণ।

ফিচাল, ফিচেল—চতুর, সিয়ানা, ধূর্ত্ত।

ফিট—১। লাগান; মানানসই হওয়া ('জামা—করেছে'); মূর্চ্ছা। বি। ২। প্রস্তুত। ইং Fit. বিণ। [বিণ।

ফিটফাট—সুসজ্জিত, পরিপাটি। দেশজ।

ফিটন, ফেটিন—ঘোড়ার গাড়ীবিশেষ। ইং Phaeton. বি।

ফিটবাবু—ফুলবাবু। কর্ম্মধা। বি বা বিণ।

ফিতা, ফিতে—কাপড় ইত্যাদির ফালি-বিশেষ (Tape.) পোর্ত্তু 'Fita' শব্দজ। বি।

ফিনিক—দীপ্তি, ছটা ('জ্যোৎস্নার—ফোটা'); ফিন্‌কি। দেশজ। বি।

ফিন্‌কি—স্ফুলিঙ্গ (Spark); বেগে নিষ্ক্রান্ত সূক্ষ্মপ্রবাহ ('রক্তের—')। দেশজ। বি।

ফিন্‌ফিনে—খুব মিহি বা পাত্‌লা ('—ধুতি')। দেশজ। বিণ।

ফিনাইল—দুর্গন্ধ ও রোগবীজাণুনাশক তরল পদার্থবিশেষ। ইং 'Phenyl' শব্দজ। বি।

ফিরঙ্গ—স্বনামখ্যাত ম্লেচ্ছদেশ; ফ্রান্স্; সাধারণতঃ সমগ্র ইউরোপ। পোর্ত্তু 'Francez' শব্দজ। বি। [বি।

ফিরঙ্গরোটী—পাউরুটি। মধ্যপ কর্ম্মধা।

ফিরঙ্গব্যাধি—উপদংশ বা গর্ম্মী রোগ। ফিরঙ্গ হইতে আগত ব্যাধি, মধ্যপ কর্ম্মধা। বি।

ফিরঙ্গী, ফিরিঙ্গী (–ঙ্গিন্)—ফিরঙ্গ-দেশীয় বর্ণসঙ্কর পুরুষ (Eurasian), ফিরঙ্গ+ইন্। বি; পুং। স্ত্রী,–ঙ্গিণী। [ইহারই অপভ্রংশে ফিরিঙ্গী]।

ফিরত, ফেরত—১। প্রত্যর্পণ। বি। ২। প্রত্যর্পিত; প্রত্যাগত ('বিলাত—'); প্রতি-মুখ ('—ডাক')। দেশজ। বিণ।

ফিরতি—ফেরত; ফিরিবার সময়ে; প্রতি-মুখ। ফির্+অতি। দেশজ। বি বা বিণ।

ফিরা, ফেরা—প্রত্যাবর্ত্তন করা; অভিমুখ হওয়া; ঘুরিয়া দাঁড়ান বা বসা; পরিবর্ত্তিত হওয়া ('কপাল—'); বেড়ান ('দ্বারে দ্বারে—')। বাং ক্রি।

ফিরা, ফিরে—পরবর্ত্তী, পুনঃ ('—বার')। দেশজ। বিণ।

ফিরানো, ফিরনো, ফেরানো—ফেরত দেওয়া; বিদায় করা ('ভিখারী—'); ফিরাইয়া আনা; বদলানো ('হুঁকার জল—'); নূতন করিয়া লাগান ('কলি—'); আঁচড়ান ('চুল—')। বাং ক্রি।

ফিরাফিরি, ফেরাফিরি—বা রং বা র ফেরত বা বদল। দেশজ। বি।

ফিরি, ফেরি—পথে পথে হাঁকিয়া পণ্য বিক্রয়; যাত্রাগানাদিতে অর্পিত পুরস্কার, পেলা। দেশজ। বি।

ফিরিওয়ালা, ফেরিওয়ালা—যে ব্যব-সায়ী দ্বারে দ্বারে বা রাস্তায় রাস্তায় পণ্য ফেরি করিয়া বেচে। ফিরি, ফেরি+ওয়ালা কর্ত্রার্থে। বি।

ফিরিঙ্গী—ফিরঙ্গী দ্রঃ।

ফিরিস্তা, –স্তি—ফর্দ্দ। ফার্সী 'ফিরিস্ত্' শব্দজ। বি।

ফিরোজা—নীলবর্ণ মণিবিশেষ (Turquoise); ঐরূপ বর্ণ। ফার্সী। বি।

ফিলহাল—হালফিল, ইদানীং। আর্বী। অব্য।

ফিস্‌ফিস্‌—চুপি চুপি কথার আওয়াজ (Whisper). দেশজ। অব্য।

ফী, ফি—১। পারিশ্রমিক ('ডাক্তারের—'); মাহিনা ('স্কুলের—'); মাশুল ('কোর্ট—')। ইং Fee. বি। ২। প্রত্যেক। আর্বী। অব্য।

ফুঁ—ফুৎকার ('—দেওয়া')। 'ফুৎকার' শব্দজ। বি।

ফুঁক—মন্ত্রাদি আওড়ানোর সহিত ফুঁ দেওয়া ('ঝাড়—')। দেশজ। বি।

ফুঁকা, ফোঁকা, ফুকা, ফুকো—১। ফুৎকারে উড়ান, অযথা ব্যয় করা (টাকা ফুঁকে দেওয়া); ফুঁ দেওয়া ('শিঙা—'); ধূমপান করা ('চুরুট—')। বাং ক্রি। ২। অধিকতর দুগ্ধ নিঃসারণের জন্য দোহাল গাই প্রভৃতির জননেন্দ্রিয়ে ফুঁ দেওয়া ('—দেওয়া')। বি। ৩। হাল্‌কা ও ফাঁপা ('—শিশি')। দেশজ। বিণ।

ফুঁড়া—ভেদ করা। বাং ক্রি।

ফুঁপান, ফোঁপান—ফুঁপিয়ে কাঁদা; সাপের মত ফোঁস্‌ ফোঁস্‌ করা। বাং ক্রি। [বি, ফুঁপানি, ফোঁপানি। বি।

ফুঁপি—ছিলা, ঝালর (Fringe). দেশজ।

ফুক—ফুঁয়ের মত শীঘ্র ('—ক'রে উড়ে যাওয়া')। দেশজ। অব্য। [বি।

ফুকর, ফোকর—গর্ত্ত, ছেঁদা, খোপ। দেশজ।

ফুকরা, ফুকারা, ফুকরনো, ফুকরানো—ডাকা, হাঁকা। প্রাঃ কবিপ্র। ক্রি।

ফুকা—হাল্কা ও ফাঁপা। দেশজ। বিণ।

ফুগইতে—উন্মুক্ত করিতে। প্রাঃ কবিপ্র। অস-ক্রি। [বি।

ফুঙ্গী—ব্রহ্মদেশের বৌদ্ধ-সন্ন্যাসী। বর্ম্মী শব্দ।

ফুচ্‌কে—ছোট, একটুখানি ('—ছেলে')। দেশজ। বিণ।

ফুট—১। মাপবিশেষ, ১২ ইঞ্চি। ইং Foot. বি। ২। বিকশিত; ফোটা। স্ফুট্ + ক কর্ত্তৃবা। বিণ। ৩। বগ্‌ বগ্‌ করিয়া ফুটিতে থাকা ('জলে—ধরা'); ফাট; দাগ। দেশজ। বি।

ফুটকলাই, —কড়াই—ভাজা কড়াই-বিশেষ। দেশজ। বি।

ফুটকি—ছোট ফোঁটা বা বিন্দু। দেশজ। বি।

ফুটন্ত—প্রস্ফুটিত, ফোটা ('—ফুল'); যাহা উত্তাপে ফুটিতেছে ('—জল')। ফুট্ + অন্ত কর্ত্তৃবা। বিণ।

ফুটপাথ—বড় রাস্তার দুই পাশে হাঁটিয়া চলার রাস্তা। ইং Footpath. বি।

ফুটফুট—বিন্দু বা দাগবিশিষ্ট; ছোট ছোট বিন্দু বা দাগ। দেশজ। বিণ বা বি।

ফুটফুটে, ফুটফুটিয়া—সুশ্রী, খাসা, সুন্দর ('—মেয়ে')। দেশজ। বিণ।

ফুটবল—পায়ে খেলিবার বল। ইং Foot-ball. বি।

ফুটা—১। ছিদ্র। দেশজ। বি। ২। সচ্ছিদ্র হওয়া; প্রস্ফুটিত হওয়া; বিকসিত হওয়া; ব্যক্ত হওয়া, খোলা ('চোখ—'); গরমে টগ্‌বগ্‌ করা; তাপে ফাঁপিয়া উঠা ('খই—'); বিদ্ধ হওয়া ('কাঁটা—')। বাং ক্রি। ৩। সচ্ছিদ্র। দেশজ। বিণ।

ফুটান, ফুটানো, ফোটানো—প্রস্ফুটিত করা; তাপ প্রয়োগে বুদ্বুদ বা ডিমে ছানা বাহির করা; বিঁধিয়া দেওয়া। বাং ক্রি।

ফুটানি, ফুটুনি—জাঁকজারি; বিদ্ধ করা; অযাচিত অপ্রীতিকর মন্তব্য। দেশজ। বি।

ফুটি, ফুটী—শসা বা কাঁকুড় জাতীয় ফল-বিশেষ। 'স্ফুটী' শব্দজ। বি।

ফুটিফাটা—পাকা ফুটির মত ফাটা বা আটখানা ('আহ্লাদে—')। ফুটির ন্যায় ফাটা, উপমান কর্ম্মধা। বিণ।

ফুড়ুৎ, ফুড়ুক—পাখী উড়িবার বা হুঁকায় তামাক খাইবার ভুড়ুক ভুড়ুক শব্দ। দেশজ। অব্য।

ফুৎ—অনুকরণ-শব্দ; তুচ্ছবাদ। স্ফুর্ + ক্বিপ্‌ ভাববা নিপাতনে। অব্য।

ফুৎকার, —কৃতি—ফুস্‌ ফুস্‌ শব্দ; ফুঁ দেওয়া। ফুৎ (অনুকরণ-শব্দ)—কৃ (করা) + ঘঞ্‌, ক্তি ভাববা। বি; পুং, স্ত্রী। বিণ, —কৃত।

ফুফু—পিতৃস্বসা, পিসী। হিন্দী। বি।

ফুরন, ফুরান, ফুরানো, ফুরনো—১। মূল্য নির্দ্ধারণ, চুক্তি। দেশজ; বি। ২। শেষ হওয়া; ফুরান করা, চুক্তি হিসাবে মজুরি স্থির করা। বাং; ক্রি।

ফুরসৎ, ফুরস্থৎ—অবকাশ; অবসর (Leisure). আর্বী। বি।

ফুর্ত্তি—স্ফূর্ত্তি, আহ্লাদ। 'স্ফূর্ত্তি' শব্দজ। বি।

ফুরসি—গড়্গড়া। ফার্সী। বি।

ফুল—১। পুষ্প, কুসুম; ফুলের মত নক্সা; গর্ভফুল, জরায়ুপুষ্প (Placenta). 'ফুল্ল' শব্দজ। বি। ২। পুরা মাপের ('—হাতা')। ইং Full. বিণ।

ফুলওয়ালা—পুষ্পবিক্রেতা। ফুল+ওয়ালা বিক্রেতা অর্থে। বি; পুং। স্ত্রী, –লী।

ফুলকপি—তরকারিবিশেষ। দেশজ। বি।

ফুলকা, ফুলকো, ফুল্কা—১। মৎস্যের ফুস্ফুস্‌বিশেষ (Gills). বি। ২। পাতলা ও ফাঁপা ('—লুচি')। দেশজ। বিণ।

ফুলকাটা—ফুলের মত কারুকার্য্যবিশিষ্ট। বহুব্রী। বিণ।

ফুলকারি—ফুলের নক্সা, প্রসাধন শিল্প; কাপড়ে বুটি বা ফুলতোলা কাজ (Embroidery). দেশজ। বি।

ফুল্কি, ফুল্কি—স্ফুলিঙ্গ; অগ্নিকণা ('আগুনের—')। দেশজ। বি।

ফুলখড়ি—চা-খড়ি (Chalk). ফুলের ন্যায় খড়ি, উপমান কর্ম্মধা। বি।

ফুলঝরি, –ঝুরি—যে আতসবাজি জ্বালাইলে আগুনের ফুল ঝরে। দেশজ। বি।

ফুলদান,–দানি—ফুল রাখিবার বাহারে আধার। ফুল+দান, দানি পাত্র অর্থে। বি।

ফুলদার—ফুলের নক্সাযুক্ত। ফুল+দার বিশিষ্টার্থে। বিণ।

ফুলধনু,–বাণ, –শর—কুসুমরচিত ধনু, ফুলের ধনুক; পুষ্পধন্বা, কামদেব। মধ্যপ কর্ম্মধা ও বহুব্রী। বি। [বিণ।

ফুলন্ত—ফুলবিশিষ্ট ('—গাছ')। দেশজ।

ফুলবড়ি—শুষ্ক ডালবাটার বড়িবিশেষ। দেশজ। বি।

ফুলবাণ—ফুলধনু দ্রঃ।

ফুলবাতাসা—ছোট হাল্কা চিনির বাতাসাবিশেষ। দেশজ। বি।

ফুলবাবু—ফতো বাবু, অতি সৌখীন পোষাকে লোক (Dandy). কর্ম্মধা। বি।

ফুলরি, ফুলুরি—দালের ভাজা বড়াবিশেষ। হিন্দী। বি।

ফুলল, ফুলাল, ফুলেল—ফুলের সংস্পর্শে সুরভিত ('—তেল'); পুষ্পময়। ফুল+ল, আল, এল বিশিষ্টার্থে। বিণ।

ফুলশয্যা—পুষ্পাকীর্ণ বিছানা; বিবাহের পর নবদম্পতির প্রথম ফুলসজ্জিত শয্যায় শয়ন। মধ্যপ কর্ম্মধা। বি।

ফুলহাতা—জামার পুরা হাতা বা তদ্বিশিষ্ট। কর্ম্মধা বা বহুব্রী। বি বা বিণ।

ফুলা, ফোলা—১। স্ফীত হওয়া। ২। ধনবান্ হওয়া। বাং ক্রি। ৩। ফুল্ল হওয়া, ফুটা। প্রাঃ ফবিপ্র। ক্রি।

ফুলান, ফুলনো, ফোলানো—স্ফীত করা; প্রশংসা ইত্যাদি দ্বারা স্ফীত করা। বাং ক্রি।

ফুল্কা, ফুল্কো, ফুল্কি—ফুলকা ইত্যাদি দ্রঃ।

ফুল্ল—১। বিকসিত, প্রস্ফুটিত; প্রফুল্ল। ফুল্ (ফুটা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। ২। পুষ্প, ফুল। বি; ক্লীব।

ফুল্লেন্দীবর—প্রফুল্ল পদ্ম, বিকসিত নীলপদ্ম। ফুল্ল যে ইন্দীবর (পদ্ম), কর্ম্মধা। বি; ক্লীব।

ফুস্কুড়ি, ফুস্কুড়ি—ঘামাচিবিশেষ, ব্রণবিশেষ। দেশজ। বি।

ফুস্ফুস্—১। বুকের ভিতরের শ্বাসযন্ত্র (Lungs). 'ফুস্ফুস্' শব্দজ। ২। ফিস্‌ফিস্ কথা। দেশজ। অব্য।

ফুস্লানো, ফুস্লনো—গোপনে অসৎ পরামর্শ দানে কুপথে বা নিজবশে আনা বা তাহার চেষ্টা করা। বাং ক্রি।

ফেউ—শৃগালিকা, খেঁকশিয়াল; ফেরু; ফেপা শেয়াল।—"কাকে লাগে কিম্বা যেমন বাঘে লাগে ফেউ"। দেশজ। বি। **ফেউ লাগা**—ব্যতিব্যস্ত করা।

ফেঁকড়া, ফ্যাঁকড়া, ফেঁকড়ি—প্রশাখা, পাশ-ডাল; প্রধান বিষয় হইতে উদ্ভূত অন্য বিষয়; ফ্যাসাদ, বিঘ্ন। দেশজ। বি।

ফেঁকাসিয়া, ফেঁকাসে, ফ্যাকাসে—পাণ্ডুবর্ণ; ফিকা; অল্লাস্বাদ। দেশজ। বিণ।

ফেঁসুয়া, ফেঁসো—পাট প্রভৃতির আঁইস বা সূক্ষ্ম তন্তু। দেশজ। বি। [দেশজ। বি।

ফেচাং, ফ্যাচাং—ফেঁকড়া, লেজুড়।

ফেটা, ফ্যাটা, ফেটী—মাথায় জড়ান কাপড় বা পাগড়ি, পটি। দেশজ। বি।

ফেটানো, ফেটা—নাড়িয়া দালবাটার ন্যায় কাঁপানো। বাং ক্রি। [বি।

ফেটি—ফিটন গাড়ী। ইং 'Phaeton' শব্দজ।

ফেটিন—ফিটন (তাহা দ্রঃ)।

ফেণি, ফেণী—স্বনামখ্যাত মিষ্টান্নবিশেষ, বড় বাতাসাবিশেষ। স্ফায়্+নি কর্তৃবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

ফেন—ফেনা, গাঁজলা; ভাতের মাড়। স্ফায়্ (বৃদ্ধি পাওয়া)+ন কর্তৃবা। বি; পুং।

ফেনা—গাঁজ, গাঁজলা; মাড়। 'ফেন' শব্দজ। বি। [বাং ক্রি।

ফেনানো—ফেটান; অতিরঞ্জিত করা।

ফেনায়মান—যাহাতে ফেনা উঠিতেছে। ফেন+ক্যঙ্ (উদ্বমনার্থে)+শানচ্ কর্তৃবা। বিণ।

ফেনায়িত—যাহা ফেনাযুক্ত হইয়াছে। ফেন+ক্যঙ্ (উদ্বমনার্থে)+ক্ত কর্তৃবা। বিণ।

ফেনিকা, ফেনী—একপ্রকার মিষ্টান্নদ্রব্য; ছোট বাতাসা। ফেন+অচ্ বিশিষ্টার্থে+ঈপ্; ১ম পক্ষে কন্ স্বার্থে+আপ্।

ফেনিল—ফেনযুক্ত, সফেন। ফেন+ইল যুক্তার্থে। বিণ। স্ত্রী, –লা।

ফেব্রুয়ারি—ইংরাজী বৎসরের দ্বিতীয় মাস। ইং February. বি।

ফের—১। বেড়; বন্ধন; সঙ্কট ('গ্রহের—'); পরিবর্তন ('রকম—')। বি। ২। আবার। দেশজ। ক্রি-বিণ।

ফেরত,—তা—ফিরাইয়া দেওয়া; প্রত্যাগত; পাণ্টা; বেষ্টন। ফির্ বা ফিরা+অত, অতা। বিণ ও বি। [দায়। দেশজ। বি।

ফেরফার—পরিবর্তন, 'মারপ্যাচ'; লেঠা,

ফেরা, ফেরানো—ফিরা (তাহা দ্রঃ)।

ফেরার—পলায়িত ('আসামী—')। আর্বী। বিণ। [বিণ।

ফেরারী—পলাতক (Absconder). আর্বী।

ফেরি, ফিরি—রাস্তায় বা বাড়ী বাড়ী ঘুরিয়া বিক্রয়। দেশজ। বি।

ফেরিওয়ালা, ফিরিওয়ালা—যে ফেরি করে। ফেরি, ফিরি+ওয়ালা। বি।

ফেরু—শৃগাল, ফেউ। ফে (অব্যক্ত শব্দ)–রু (শব্দ করা)+ডু কর্তৃবা। বি; পুং।

ফেরেব—জুয়াচুরি। ফার্সী। বি।

ফেরেববাজ—প্রবঞ্চক, প্রতারক। ফেরেব +বাজ আসক্তার্থে। বিণ। বি, –বাজি।

ফেরেবী—প্রবঞ্চক। ফার্সী। বিণ।

ফেরেশ্তা, ফেরিশ্তা—স্বর্গদূত। আর্বী। বি।

ফেরোজ—একপ্রকার মণি। ফার্সী। বি।

ফেল—অনুত্তীর্ণ; দেউলিয়া। ইং Fail. বিণ।

ফেলা—১। ত্যক্ত; উচ্ছিষ্ট। ফেল্+আ কর্মবা। বি। ২। ত্যাগ করা, নিক্ষেপ করা; শেষ করা; হঠাৎ কিছু করা। বাং ক্রি।

ফেলাছড়া—অযত্নে ছড়ানো, তছ্নছ্ বা নষ্ট। দেশজ। বি বা বিণ।

ফেলান—ফেলন করা; নিক্ষেপ করা; ছড়ান, বিস্তার করা। বাং ক্রি।

ফেল্না—ফেলিবার যোগ্য, অকিঞ্চিৎকর। ফেল্+না কর্মবা যোগ্যার্থে। বিণ।

ফেসাদ, ফ্যাসাদ—মুস্কিল, বিড়ম্বনা; ঝগড়া। আর্বী। বি। বিণ, ফেসাদে, ফ্যাসাদে।

ফেজৎ—কলঙ্ক; অপমান। আর্বী। বি।

ফোঁটা—১। বিন্দু ; টিপ, তিলক ('ভাই—')। বি। ২। ক্ষুদ্র, একরত্তি ('এক—মেয়ে')। দেশজ। বিণ।

ফোঁড়—ছিদ্র ; বিদ্ধ করা। দেশজ। বি।

ফোঁড়া, ফোড়া—১। স্ফোটক (Boil) ; বিদ্ধকরণ ; ছিদ্র। 'স্ফোটক' বা 'ফোড়্' শব্দজ। বি। ২। বিদ্ধ বা ছিদ্র করা। বাং ক্রি।

ফোঁপর, —ল—নারিকেলের ভিতর জাত অঙ্কুর। দেশজ। বি।

ফোঁপর-দালালী—গরজরাখি, অযাচিত মাতব্বরি। দেশজ। বি।

ফোঁপরা—ফাঁপা ; ছিদ্রবহুল, ঝাঁঝরা। দেশজ। বিণ।

ফোঁপানো—গুমরে কাঁদা, (রেগে) গজরানো। [করা। বাং ক্রি।

ফোঁস—সাপের গর্জন, ক্রোধসূচক গর্জনের বা নিশ্বাসের শব্দ। দেশজ। অব্য।

ফোকর—ফুকর দ্রঃ।

ফোক্‌লা—দন্তহীন। দেশজ। বিণ।

ফোটোগ্রাফ, ফটোগ্রাফ—আলোক-চিত্র। ইং Photograph. বি।

ফোটা—ফুটা (তাহা দ্রঃ)।

ফোড়ন—সম্বরা, গরম তেলে বা ঘৃতে মসলা দিয়া ব্যঞ্জনের সহিত মিশান ; অন্যের কথা-বার্তায় মন্তব্য প্রকাশ, টিপ্পনি। দেশজ। বি।

ফোড়া—ফোঁড়া দ্রঃ।

ফোতো—অন্তঃসারশূন্য, অসার, লোক-দেখান ('—নবাবি')। আর্বী। বিণ।

ফোনোগ্রাফ, ফনোগ্রাফ—গ্রামোফোন, গীতবাদ্য যথাযথ ধ্বনিত করিবার যন্ত্র। ইং Phonograph. বি।

ফোমেণ্ট্—তাপরা, গরম জলের সেঁক। ইং 'Fomentation' শব্দজ। বি। [আর্বী। বি।

ফোয়ারা—কৃত্রিম উৎস (Fountain).

ফোরম্যান—কারখানার যন্ত্রপরিচালনাদির তত্ত্বাবধায়ক। ইং Foreman. বি।

ফোস্কা, ফোস্‌কা—জলীয় পদার্থপূর্ণ স্ফোটক-বিশেষ (Blister) ; লুচি আদির ফোলা অংশ-বিশেষ। দেশজ। বি।

ফৌজ—সৈন্যদল। আর্বী। বি।

ফৌজদার—কোতোয়াল, সেনাধ্যক্ষ। আর্বী। বি।

ফৌজদারী, —দারি—অপরাধসম্বন্ধীয় মামলা ; ম্যাজিষ্ট্রেট-সম্বন্ধীয় ; সেনানায়কত্ব। ফৌজদার+ঈ, ই। বিণ বা বি।

ফৌত—মৃত্যু ; মৃত, বিনষ্ট। আর্বী। বি বা বিণ। [ফার্সী। বি।

ফৌতি—মৃত্যু, খতম, বিনাশ ('—ফেরারি')।

ফ্যাকাশে, ফ্যাচাং—ফেঁকাশে, ফেচাং দ্রঃ।

ফ্যাক্যা—নিষ্ফলভাবে ভ্রমণ বা ঘোর ফের ঘোরা ফেরা ('—করা')। দেশজ। বি।

ফ্যালফ্যাল—অর্থহীন ও বিস্ময়বিস্ফারিত ; বিমূঢ়ভাবসূচক ('—চাহনি')। দেশজ। বিণ।

ফ্যাশন, ফেশান—সৌখীন ধরণ বা চাল-চলন ; রেওয়াজ। ইং Fashion. বি।

ফ্রক—ঘাগরা। ইং Frock. বি।

ফ্রি, ফ্রী—অবৈতনিক ; স্বাধীন, মুক্ত। ইং Free. বিণ।

ফ্রেম—ঠাট, কাঠামো ('ছবির—')। ইং Frame. বি। [বি।

ফ্ল্যানেল—পশমী বস্ত্রবিশেষ। ইং Flannel.

ব

ব—১। ত্রয়োবিংশ ব্যঞ্জনবর্ণ। ২। পক্ষেদের শূদ্রশ্রেণী। বল্+ড করণবা। বি; ক্লীব।

বই—১। বহি, কেতাব, পুস্তক, খাতা। আরবী। বি। ২। বাহিত, চালিত; ব্যাপ্ত, প্রেরিত, বাহু। প্রাঃ কবিত্ব। বিণ। ৩। ব্যতীত, বিনা, ভিন্ন, ছাড়া। 'ব্যতীত' শব্দজ। অব্য।

বইঠা, বোটে—নৌকার ছোট দাঁড়। 'বহিত্র' শব্দজ। বি।

বউ, বৌ—বধূ। দেশজ। 'বধূ' শব্দজ। বি।

বউ-কথা-কও—পাখীবিশেষ। দেশজ। বি।

বউকাঁটকী—বধূর কণ্টকস্বরূপা, যে শাশুড়ী বউকে যন্ত্রণা দেয়। দেশজ। বি বা বিণ; স্ত্রী।

বউড়ী—অল্পবয়স্কা বধূ। 'বধুটি' শব্দজ। বি।
বউদিদি, বৌদিদি—বড় ভাইয়ের স্ত্রী। দেশজ। বি।
বউনি—দিনের প্রথম বিক্রয়, মালপত্র বহন করিবার মূল্য বা খরচা। 'বর্দ্ধনী' শব্দজ। বি।
বউভাত, বৌভাত—বিবাহের পরবর্ত্তী যে অনুষ্ঠানে বরের বাড়ীতে নববধূর ছোঁয়া ভাত বা অন্নব্যঞ্জনাদি দেওয়া হয়, পাকস্পর্শ। বউএর দেওয়া ভাত যাহাতে, বহুব্রী। বি।
বউল, বোল—আম ইত্যাদির ফুল বা মুকুল। 'মুকুল' শব্দজ। বি।
বওয়াটে, বখাট, বখাটে, বকাটে, বয়াটে, বখা—বাচাল; অসৎসংসর্গে নষ্ট বালক। দেশজ। বিণ।
বংশ—অন্বয়, কুল, গোত্র; একগোত্রজাত, পূর্ব্বপুরুষ বা উত্তরপুরুষ; বাঁশ; বাঁশী; বর্গ; সমূহ; গর্ব্ব; নাসাবিবর; গৃহের ঊর্দ্ধকাষ্ঠ; পৃষ্ঠদণ্ড। বন্ (সেবা করা, ইত্যাদি) + শ কর্ম্মবা। বি; পুং। [তৎ। বিণ।
বংশগত—বংশানুক্রমিক ('—রোগ')। ২য়া-
বংশগৌরব—আভিজাত্য; উচ্চবংশে জন্মলাভ হেতু সম্মান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
বংশজ—বংশজাত, বাঁশ হইতে উৎপন্ন; সদ্বংশজাত, সৎকুলোদ্ভব; অকুলীন, মৌলিক। বংশ হইতে জন্মে যে, উপতৎ। বংশ—জন্ (জন্মা) + ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —জা।
বংশধর—১। কুলরক্ষক; কুলবর্দ্ধন, কুলোদ্বহ। বিণ। ২। সন্তান, উত্তরপুরুষ। বংশের ধর (ধারক), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বংশপরম্পরা—বংশের পর পর লোকসকল, বংশানুক্রম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বংশবৃদ্ধি—বহু সন্তানসন্ততির জন্ম; বংশের উন্নতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বংশমর্য্যা(র্যা)দা—কুলগৌরব, বংশের সম্মান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বংশরোচনা, —লোচনা, (—চন)—বাঁশের মধ্যস্থ শ্বেতবর্ণ দ্রব্যবিশেষ, ইহা ঔষধার্থ ব্যবহৃত হয় (Tabashir). বংশ (বাঁশ) —রুচ্ (দীপ্তি পাওয়া) + অন কর্ত্তৃবা + আপ্। বি; স্ত্রী।
বংশলতা—সুবিন্যস্ত বংশতালিকা (Genealogical-tree). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বংশলোপ—কুলনাশ, বংশ বিলুপ্ত হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বংশশলাকা—বাখারি; বাঁশের শলা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বংশস্থ—বংশে স্থিত। বংশে থাকে যে, উপতৎ। বংশ—স্থা (থাকা) + ক কর্ত্তৃবা। বিণ। [তৎ। বি; পুং।
বংশানুক্রম—বংশপরম্পরা (Line). ৬ষ্ঠী-
বংশানুক্রমিক—পুরুষপরম্পরায় আগত। বংশানুক্রম + ইক সম্বন্ধার্থে। বিণ।
বংশানুচরিত—বংশের চরিত্র বর্ণন, ইতিবৃত্ত (Genealogy); পুরাণের পঞ্চ লক্ষণের এক লক্ষণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
বংশাবতংস—কুলভূষণ, বংশের অলঙ্কারস্বরূপ; কুলোজ্জ্বলকারী। বংশের অবতংস (ভূষণ), ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; পুং।
বংশাবলী—পূর্ব্বপুরুষগণের নামাবলী, কুলজী (Genealogy). বংশের আবলী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বংশী—মুরলী, বাঁশী। বংশ + ঈপ্। বি; স্ত্রী।
বংশীধর—মুরলীধর, শ্রীকৃষ্ণ। বংশীর ধর (ধারক), ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পুং।
বংশীধ্বনি—বংশীরব, বাঁশীর শব্দ। ৬ষ্ঠীতৎ।
বংশীবট—বৃন্দাবনস্থ বটবৃক্ষবিশেষ; শ্রীকৃষ্ণ এই বৃক্ষতলে বসিয়া বংশীবাদন করিতেন। বি।
বংশীবদন—যাহার মুখে বাঁশী আছে, শ্রীকৃষ্ণ। বংশী বদনে যাঁহার, বহুব্রী। বিণ বা বি; পুং। [বি; ক্লীব।
বংশীবাদন—বাঁশী বাজান। ৬ষ্ঠীতৎ।
বংশীয়, বংশ্য—বংশে জাত; সৎকুলোদ্ভব। বংশ + ঈয়, যৎ সম্বন্ধার্থে। বিণ।
বঁইচি, বৈঁচ—বনের কাঁটাগাছের জামের ন্যায় অম্লমধুর ক্ষুদ্র ফল ও গাছবিশেষ। দেশজ। বি।

বঁটি, -ঠি—মাছ ও কুটনা প্রভৃতি কাটাকুটা করিবার অস্ত্রবিশেষ। দেশজ। বি।

বঁড়শি, বড়শি—মাছ ধরিবার বাঁকা মুখযুক্ত লোহার কাঁটা। 'বড়িশ' শব্দজ। বি।

বঁধু—সখা, প্রণয়ী, নায়ক। 'বন্ধু' শব্দজ। বি।

বঁধুয়া—বঁধু, প্রিয়তম, প্রণয়ী, নায়ক। প্রাঃ কবিপ্র। বি।

বক—১। জলচর পক্ষিবিশেষ; পুষ্পবৃক্ষবিশেষ; যন্ত্রবিশেষ; কুবের। বন্‌ক্ (গমন করা)+ অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। জনৈক দৈত্য, মথুরারাজ কংসের অনুচর (শ্রীকৃষ্ণ কর্ত্তৃক হত হয়)। ৩। জনৈক রাক্ষস (মধ্যম পাণ্ডব ভীম ইহাকে বধ করেন)।

বকধার্ম্মি(র্মি)ক—কপট ধার্ম্মিক, যে মুখে ধর্ম্ম ধর্ম্ম বলে, অথচ অন্তরে অন্তরে অনিষ্ট চেষ্টা করে। বকসদৃশ ধার্ম্মিক, উপমান কর্ম্মধা। বিণ; ত্রি।

বকন, বকনা—গোবৎসা, নই বাছুর, অল্প-বয়স্কা বা অপ্রসূতা গবী। 'বষ্কয়নী' শব্দজ। বি। [দেশজ। বি।

বকনো, বকুনা—পিতলের হাঁড়িবিশেষ।

বক-বক—অনর্গল বকা বা কথা কওয়া, বাজে বকুনি ('—করা')। দেশজ। অব্য।

বক-বকম, -বকুম—পায়রার ডাক। দেশজ। অব্য।

বকবৃত্তি—১। বকব্রতী (তাহা দ্রঃ); বক-ধার্ম্মিক, ভণ্ড, প্রবঞ্চক। বকের ন্যায় বৃত্তি (জীবিকা) যাহার, বহুব্রী। বিণ। ২। বক-ধার্ম্মিকতা, ভণ্ডামি। বকের বৃত্তি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বকব্রতী (-ব্রতিন্)—বক-বৃত্তি, বক-ধার্ম্মিক, ভণ্ড, বঞ্চক। বকের ব্রত=বকব্রত, ৬ষ্ঠীতৎ। বকব্রত+ইন্ অস্ত্যর্থে। বিণ।

বকযন্ত্র—পাতনযন্ত্র; চোলাই করিবার যন্ত্র। বকের ন্যায় যন্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বকর, বকরা—ছাগল। আর্বী। বি।

বকর-ঈদ্—মুসলমান পর্ব্ববিশেষ। আর্বী। বি।

বকরী, -ড়ি—ছাগী। আর্বী। বি।

বকরীদ—ইদুজ্জোহা, মুসলমান পর্ব্ববিশেষ। আর্বী। বি।

বকলম—অমুকের কলমে বা সহি দ্বারা, যে অন্যের পরিবর্ত্তে সহি করে। আর্বী। ক্রি-বিণ।

বকলস, বগলস—কোমরবন্ধ প্রভৃতি আটকাইবার খিল। ইং Buckles. বি।

বকশিশ—পুরস্কার। ফার্সী। বি।

বকা—১। অধিক কথা বলা, বৃথা বাচালতা করা; ভর্ৎসনা করা, মুখ করা, গালি দেওয়া। বাং ক্রি। ২। বকতুল্য, ভণ্ড, কপট। দেশজ। বিণ।

বকাট—বাচাল, বওয়াটে। দেশজ। বি।

বকাণ্ডপ্রত্যাশা—দুর্লভ বস্তু লাভের প্রত্যাশা, বিফল আশা। [পুকুরপাড়ে কয়েকটি ষাঁড়কে বিচরণ করিতে দেখিয়া কতকগুলি বক তাহাদের অণ্ডকোষকে পুঁটী-মাছ ভাবিয়া তাহার লোভে ষাঁড়দের পিছনে ঘুরিয়া বিফল-মনোরথ হইয়াছিল।] বকের অণ্ডপ্রত্যাশা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বকান, -নো—অনর্থক অধিক কথা বলান। বাং ক্রি। [বি।

বকাবকি—বাদবিতণ্ডা; তিরস্কার। দেশজ।

বকামি—বখামি দ্রঃ।

বকাল, বক্কাল—ঔষধাদির জন্য গাছ-গাছড়া। 'বক্কল' শব্দজ। বি।

বকুনা, বকনো—গোলাকার পিতলের হাঁড়িবিশেষ। দেশজ। বি।

বকুনি—বকাবকি; বেশী বকা; ধমকানি, তিরস্কার। বক্+উনি ভাববা। বি।

বকুল—১। স্বনামপ্রসিদ্ধ বৃক্ষবিশেষ। বি; পুং। ২। তাহার ফুল। বন্‌ক্+উলচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

বকেয়া—সাবেক, পূর্ব্বের, বাকী, অবশিষ্ট; আগেকার, পুরাতন। আর্বী। বিণ।

বক্ত—ভাগ্য, অদৃষ্ট; সময়, বেলা, বার। আর্বী। বি।

বক্তব্য—১। কথিতব্য, কথনীয়, কথ্য; নিন্দনীয়; হীন। বচ্ (বলা)+তব্য কর্ম্মবা। বিণ। ২। কথন; বাক্য, বাচ্য; নিন্দা। বচ্+তব্য ভাববা। বি; ক্লীব।

বক্তা (বক্তৃ)—কথক; বাক্‌পটু, বাগ্মী; বক্তৃতাকারী। বচ্ (বলা)+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, বক্ত্রী। [বি বা বিণ।

বক্তার—অনর্থক বহুভাষী, বাচাল। দেশজ।

বক্তৃতা—বাক্‌পটুতা, বলিবার শক্তি; কথকতা; বাগ্‌বিন্যাস; আলাপ, অভিভাষণ। বক্তৃ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

বক্ত্র—বদন, মুখ; বৈদিক ছন্দোবিশেষ। বচ্+ত্রন্ করণবা। বি; ক্লীব।

বক্র—১। কুটিল, বাঁকা; ক্রূর; শঠ। বিণ। স্ত্রী, বক্রা। ২। মঙ্গলগ্রহ; ত্রিপুরাসুর; রুদ্র; শনি। বন্‌ক্+রক্ কর্তৃবা। বি; পুং।

বক্রি—বাকি, অবশিষ্ট। দেশজ। বিণ।

বক্রিম—বক্র, কুটিল, বাঁকা। বন্‌ক্+ক্রিমচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —মা।

বক্রিমা (—মন্)—বক্রতা, কৌটিল্য; ক্রূরতা; শঠতা। বক্র+ইমন্ ভাবার্থে। বি; পুং।

বক্রী (বক্রিন্)—১। বক্রযুক্ত। বক্র+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —ক্রিণী। ২। বাকি, অবশিষ্ট। দেশজ। বিণ।

বক্রোক্তি—ব্যঙ্গোক্তি, শ্লেষোক্তি; কুটিল বাক্য; কাব্যালঙ্কারবিশেষ (Innuendo). বক্রা যে উক্তি, কর্ম্মধা। বি; স্ত্রী।

বক্‌শিস, বখ্‌শিস—পুরস্কার, পারিতোষিক, ইনাম। ফার্সী। বি।

বক্ষঃ (বক্ষস্), বক্ষ—উরঃস্থল, বুক; হৃদয়। বহ্ (বহন করা), বচ্ (বলা), বা বক্ষ্ (সঙ্ঘাত করা)+অসুন্ কর্তৃবা। বি; ক্লীব। [বক্ষঃই স্থল, কর্ম্মধা। বি; ক্লীব।

বক্ষঃস্থল, বক্ষস্থল—উরঃস্থল, বুক।

বক্ষঃস্পন্দন, বক্ষস্পন্দন—বক্ষঃকম্পন, বুকের কাঁপুনি, বুক ধুক্ ধুক্ করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বক্ষোজ—স্ত্রীলোকের স্তন, কুচ। বক্ষস্—জন (জন্মা)+ড কর্তৃবা। বি; পুং।

বক্ষ্যমাণ—যাহা পরে বলা যাইবে বা যাইতেছে এরূপ, বক্তব্য। বচ্ (বলা)+স্যমান্ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —ণা।

বক্সি, বক্‌সী—নাজিরের অধীন কর্ম্মচারী; সেনাপতি। ফার্সী। বি।

বখরা—ভাগ, অংশ। ফার্সী। বি।

বখরাদার—ভাগীদার, অংশীদার। ফার্সী। বি। [বাং ক্রি।

বখা, বকা—বখে যাওয়া, বখাটে হওয়া।

বখানো, বকানো—বখিয়ে দেওয়া, বখাটে করা। বাং ক্রি।

বখামি, বকামি, বকামো, বখামো—বখে যাওয়া, বওয়াটেগিরি। বখা, বকা+মি, মো ভাবে। বি।

বখিল—কৃপণ। আর্বী। বিণ।

বখেড়া—বাধা, 'বাখ্‌ড়া'; ঝঞ্ঝাট; বিবাদ। হিন্দী। বি।

বখেয়া—সেলাইবিশেষ। ফার্সী। বি।

বগ—বক; বিদ্রূপ ছলে বকের গলার মত বাঁকান হাত ('—দেখানো')। দেশজ। বি।

বগয়রহ—ইত্যাদি, 'বিলকুল' (আদালতী ভাষায়)। ফার্সী। বি।

বগল—কক্ষ, বাহুমূল; পার্শ্ব, পাশ, নিকট। ফার্সী। বি। **বগল-বাজান**—সফলতা হেতু আহ্লাদে আটখানা হওয়া। [বি।

বগলদাবা—বগলে চাপিয়া ধরা। ৭মীতৎ।

বগলা, বগলামুখী—দশমহাবিদ্যার অন্তর্গত এক মহাবিদ্যা। বি; স্ত্রী।

বগলি, বগলী—ছোট থলি, জামার পকেট। ফার্সী। বি। [স্ত্রী, বগী।

বগা—বক (ব্যঙ্গচ্ছলে)। দেশজ। বি।

বগি, বগী—১। অনুচ্চ কানাবিশিষ্ট এক-প্রকার কাঁসার থালা; ক্ষুদ্র তরবারি বা খাঁড়া। দেশজ। ২। একপ্রকার দুই চাকা-বিশিষ্ট একঘোড়ার গাড়ী। ইং Bogie. বি।

বঙ্ক (বক্র)—১। বক্র, বাঁকা। বিণ।

স্ত্রী, বঙ্কা। ২। নদীর বাঁক। বন্ক্+অচ্ কর্তৃবা। বি ; পুং। [বি ; পুং।

বঙ্ক(ঙ্ক)বিহারী (–রিন্)—শ্রীকৃষ্ণ।

বঙ্কা(ঙ্কা)—বাঁকা। প্রাঃ কবিপ্র। বিণ।

বঙ্কি(ঙ্কি)ম—বক্র, বাঁকা, কুটিল। 'বঙ্কিমন্' শব্দজ। বিণ।

বঙ্কি(ঙ্কি)ল—বঙ্কিম, বক্র। প্রাঃ কবিপ্র। বিণ।

বঙ্কু(ঙ্কু)র—বক্রাঙ্গ। প্রাঃ কবিপ্র। বিণ।

বঙ্গ(ঙ্গ)—১। বাঙ্গালা দেশ। বঙ্গ+অণ্ নিবাসার্থে। বি ; পুং। ২। রঙ্গ (Tin); সীসা। বন্গ্+অচ্ কর্তৃবা। বি ; ক্লীব।

বঙ্গ(ঙ্গ)জ—১। বঙ্গদেশজাত ; কায়স্থজাতির শ্রেণীবিশেষের পরিচায়ক। উপতৎ। বঙ্গ—জন (জন্মা)+ড কর্তৃবা। বিণ। স্ত্রী, –জা। ২। পূর্ববঙ্গের লোক। প্রাদে। বি বা বিণ।

বঙ্গ(ঙ্গ)বিচ্ছেদ, –ব্যবচ্ছেদ, –ভঙ্গ(ঙ্গ)—লর্ড কার্জ্জন্ কর্তৃক বাঙ্গালা বিভাগকরণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বঙ্গা(ঙ্গা)নুবাদ—বাংলা ভাষায় তরজমা। ৭মীতৎ। বি ; পুং।

বঙ্গী(ঙ্গী)য়—বাংলা দেশ সম্বন্ধীয়। বঙ্গ+ ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, –য়া। [বি।

বচ—একপ্রকার ঝাল মূল। 'বচা' শব্দজ।

বচঃ (বচস্), বচ—বাক্য। বচ্ (বলা) +অসুন্ কর্মবা। বি ; ক্লীব।

বচন—১। কথন, ভাষণ, বলা ; (ব্যাকরণে) সংখ্যাপ্রকরণ (Number). বচ্ (বলা)+ অনট্ ভাববা। ২। বাক্য ; ঋষি-প্রণীত পদ্য। বচ্+অনট্ কর্মবা। বি ; ক্লীব।

বচনীয়—১। কথনীয়, বাচ্য ; নিন্দনীয়। বচ্ (বলা)+অনীয় কর্মবা। বিণ। স্ত্রী, –য়া। ২। নিন্দা। বি ; ক্লীব।

বচসা—বাগ্‌যুদ্ধ, তর্কবিতর্ক ; বকাবকি, কলহ। 'বচস্' শব্দজ। বি।

বচা—কটুদ্রব্যবিশেষ, বচ। বচ্ (বলা)+ অচ্ কর্তৃবা +আপ্। বি ; স্ত্রী।

বচ্ছর—বৎসর। 'বৎসর' শব্দজ। বি।

বজবিজ, –বিজ্—যথাযথ, অবিকল, অ-কৃত্রিম, খাঁটি। আর্বীমূলক। কবিপ্র। বিণ।

বজর, বজ্জর—বজ্র, বাজ। প্রাঃ কবিপ্র। বি। [ইং 'Barge' শব্দজ। বি।

বজরা—বড় নৌকা বা প্রমোদতরিবিশেষ।

বজায়—রক্ষিত, ধরিয়া রাখা, আঁকড়াইয়া থাকা ('জিদ—রাখা')। ফার্সী। বিণ।

বজ্জাত—বদমাস, দুষ্ট। ফার্সীমূলক। বিণ। বি, বজ্জাতি(তী)।

বজ্র—১। ইন্দ্রের অস্ত্রবিশেষ, অশনি, কুলিশ। [মহাভারতে বর্ণিত আছে যে, দধীচি মুনির অস্থি দ্বারা বজ্র প্রথমে নির্ম্মিত হইয়াছিল। অষ্টবজ্র বলিলে এইগুলি বুঝায়,—বিষ্ণুর চক্র, ব্রহ্মার অক্ষ, শিবের ত্রিশূল, বরুণের পাশ, ইন্দ্রের কুলিশ, যমের দণ্ড, কার্ত্তিকের শক্তি, এবং কালীর খড়্গ] ; বজ্রাকৃতি × চিহ্ন ; হীরক ; কাঞ্জিক ; বালক। বি ; পুং বা ক্লীব। ২। নিদারুণ ; প্রচণ্ড ('—বাণী') ; অতি কঠিন ('—লেপ')। বজ্+রন্ কর্তৃবা। বিণ। [কর্মধা। বিণ।

বজ্রগম্ভীর—বজ্রসদৃশ গম্ভীর। উপমান

বজ্রধর—দেবরাজ ইন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বজ্রধ্বনি, বজ্রনাদ, বজ্রনির্ঘোষ—বাজ পড়ার শব্দ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বজ্রপাণি—দেবরাজ ইন্দ্র। বজ্র পাণিতে (হস্তে) যাঁহার, বহুব্রী। বি ; পুং।

বজ্রপাত—বজ্রাঘাত, অশনিপাত। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [মধ্যপ কর্মধা। বি ; স্ত্রী।

বজ্রমুষ্টি—অতি কঠিন মুঠা। বজ্রসদৃশী মুষ্টি,

বজ্রলেপ—চিকিৎসা-শাস্ত্রে প্রসিদ্ধ অতি দুর্ভেদ্য লেপবিশেষ। বজ্রসদৃশ কঠিন যে লেপ, মধ্যপ কর্মধা। বি ; পুং।

বজ্রশলাকা—বজ্রনিবারক শলাকা, বজ্র-পতনের আশঙ্কা নিবারণ জন্য বাটীর পার্শ্বে যে লৌহশলাকা প্রোথিত করিয়া রাখা হয়। মধ্যপ কর্মধা। বি ; স্ত্রী।

বজ্রসার—বজ্রের ন্যায় কঠিন। বজ্রের ন্যায় কঠিন সার যাহার, বহুব্রী। বিণ।

বজ্রাগ্নি—বৈদ্যুতানল, বাজের আগুন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
বজ্রাঘাত—বজ্রপ্রহার; বাজপড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং। **বিনা মেঘে বজ্রাঘাত**—সহসা অপ্রত্যাশিত সর্ব্বনাশ।
বজ্রাসন—যোগের আসনবিশেষ। বজ্রসদৃশ আসন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।
বজ্রাহত—বজ্রের আঘাতপ্রাপ্ত, যাহার উপর বাজ পড়িয়াছে। ৩য়াতৎ। বিণ।
বজ্রী (বজ্রিন্)—বজ্রপাণি, ইন্দ্র। বজ্র+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।
বঞ্চক—১। প্রতারক, ধূর্ত্ত, শঠ। ণিজন্ত বনচ্ বা বঞ্চি (ঠকান)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —ঞ্চিকা। ২। চোর; শৃগাল; কুক্কুর। বি; পুং।
বঞ্চন, বঞ্চনা—১। প্রতারিত হওয়া, ঠকা। বনচ্ (ঠকা)+অনট্ ভাববা, ২য় পক্ষে বঞ্চি+অন ভাববা+আপ্। ২। প্রতারণা, ঠকান। ণিজন্ত বনচ্ বা বঞ্চি (ঠকান)+অনট্ ভাববা, ২য় পক্ষে বঞ্চি+অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী। বিণ, বঞ্চনীয়।
বঞ্চা—বঞ্চনা করা; যাপন করা, কাটান, ভোগ করা; বাস করা। কবিপ্র। ক্রি।
বঞ্চিত—প্রতারিত; ত্যক্ত, বর্জ্জিত, বিহীন। ণিজন্ত বনচ্ বা বঞ্চি (ঠকান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।
বঞ্জুল—১। অশোকবৃক্ষ; বেতসবৃক্ষ, বেতগাছ; পক্ষিবিশেষ। বনচ্ (গমন করা)+উল অধিবা। বি; পুং। ২। বক্র, বাঁকা। বিণ। স্ত্রী, —লা।
বট—১। স্বনামপ্রসিদ্ধ বৃক্ষবিশেষ, বটগাছ; বর্ত্তুলাকৃতি বস্তু; পিষ্টকবিশেষ, বড়া; কপর্দ্দক, কড়ি। বট্ (বেষ্টন করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। হও, আছ ('কে—')। প্রাঃ বাং। ক্রি।
বটক—পরিমাণবিশেষ, আট মাষা; পিষ্টকবিশেষ, বড়া। বট+কন্ স্বার্থে। বি।
বটকারা, বটকেরা—বিদ্রূপ, তামাসা ('ঠাট্টা—')। দেশজ। বি।
বটিকা, বটী—বড়ি, গুলি; বট; রজ্জু, দড়ি। বট শব্দ+কন্+আপ্, ২য় পক্ষে বট+ঈপ্। বি; স্ত্রী।
বটু—দ্বিজবালক; শিশু ব্রাহ্মণকুমার; অল্পবয়স্ক ব্রহ্মচারী; ব্রহ্মচারী ছাত্র। বট্ (বেষ্টন করা)+উ কর্ত্তৃবা। বি; পুং।
বটুক—বটু (সমস্ত অর্থে); ভৈরববিশেষ। বটু শব্দ+কন্। বি; পুং।
বটুয়া—কাপড়ের ছোট থলিবিশেষ। দেশজ। [বি।
বটে—১। হয়। ক্রি। ২। প্রকৃত ('তাই—')। বিণ। ৩। (প্রশ্নে) তাই না কি? ৪। (শাসনে) তবে রে! দেশজ। অব্য।
বটের—ভারুই জাতীয় পক্ষিবিশেষ, লাব। দেশজ। বি। [বি।
বট্ঠাকুর, বড়ঠাকুর—ভাশুর। দেশজ।
বড়—১। বৃহৎ, প্রকাণ্ড, মস্ত; অগ্রজ, জ্যেষ্ঠ; অতিশয়, অত্যন্ত, খুব; মহৎ; ধনী, সম্ভ্রান্ত; নেহাৎ; অপ্রত্যাশিতভাবে। বিণ। 'বড়' শব্দজ। বিণ। **বড় একটা**—প্রায় ('—আসে না')। **বড় কথা**—গর্ব্বসূচক কথা ('ছোট মুখে—')। **বড় গলা**—গোমর, গর্ব্ব ('—ক'রে বলা')। **বড় জোর**—খুব বেশী হয়ত ('—দশ টাকা')। **বড়ঠাকুর**—ভাশুর; বট্ঠাকুর। **বড় মুখ**—বেশী আশা বা উৎসাহ। **বড় হওয়া**—বয়সে বাড়া; মহৎ বা সমৃদ্ধ হওয়া; বর্দ্ধিত হওয়া। ২। খড়ের কাছির মত রজ্জু। দেশজ। বি।
বড়দিন—খৃষ্টীয় পর্ব্ববিশেষ (X'mas day). কর্ম্মধা। বি।
বড়বড়ান—বাজে বকা। বাং ক্রি।
বড়বা—ঘোটকী; সিন্ধুঘোটকী; অশ্বিনী; বাড়বাগ্নি; কুট্টনী, কুম্ভদাসী; দ্বিজযোষিৎ; অশ্বিনী নক্ষত্র। বল—বা+ক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।
বড়বাগ্নি, বড়বানল—সমুদ্রমধ্যস্থ অগ্নি। বড়বাই যে অগ্নি বা অনল, কর্ম্মধা; কিংবা

বড়বা (সিন্ধুঘোটকী) মুখনিঃসৃত যে অগ্নি বা অনল, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

বড়মানুষ—ধনী। কর্ম্মধা। বি। ভাববা বি, বড়মানুষি। বিণ, বড়মানুষী।

বড়লাট—ভারতের প্রধান শাসনকর্ত্তা। কর্ম্মধা। বি। [কর্ম্মধা। বি বা বিণ।

বড়লোক—মহৎ যশস্বী বা ধনী ব্যক্তি।

বড়শি,—শী—বঁড়শি (তাহা দ্রঃ)।

বড়া—বটক ; পিষ্টকবিশেষ। বল্+অচ্ কর্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

বড়াই—আত্মশ্লাঘা, জাঁক, গর্ব্ব, দেমাক, জারি, গৌরব। বড়+আই ভাবে। বি।

বড়াইবুড়ি—বৃন্দাবনের বৃদ্ধা গোপীবিশেষ। 'বড় আয়ী-বুড়ি' শব্দজ। বি ; স্ত্রী।

বড়াল—ব্রাহ্মণ ও সুবর্ণবণিকের উপাধি-বিশেষ। দেশজ। বি।

বড়ি—১। বটিকা, গুলিকা; দাইলবাঁটার গুলিকা। 'বটী' শব্দজ। বি। ২। বড়, অতিশয়। প্রাঃ কবিপ্র। বিণ।

বড়িশ—মৎস্য-বেধন যন্ত্র, বড়শী। বড়িশ -বড়্ (আরোহণ করা)+ই ভাববা (=বড়ি) —শো (তীক্ষ্ণ করা)+ক কর্তৃবা। বি ; ক্লীব।

বডিস্—স্ত্রীলোকের জামাবিশেষ। ইং Bodice. বি। [বি।

বড়ু—ব্রাহ্মণ বালক ; কুমার। 'বটু' শব্দজ।

বড়ুই, বাড়ই, বাড়ুই—ছুতার, বর্দ্ধকী। 'বর্দ্ধকিন্' শব্দজ। বি।

বড়ে—দাবাবড়ে খেলার ঘুঁটি (Pawn). 'বটিকা' শব্দজ। বি।

বড্ড—বড়, অতিশয়। 'বড়্ড' শব্দজ। বিণ।

বণিক্ (বণিজ্)—সার্থবাহ, ক্রয়-বিক্রয়কারী বেণে, সওদাগর ; বৈশ্য। পণ্ (ক্রয়বিক্রয় করা)+ইজ্ কর্তৃবা। বি ; পুং।

বণিগ্‌বৃত্তি—বণিকের ব্যবসায়, বাণিজ্য। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

বণ্টক—বণ্টন-কারক, বিভাজক বন্ট্ (বণ্টন করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, —ণ্টিকা।

বণ্টন—বিভজন, অংশকরণ, ভাগ করা, বাঁটিয়া দেওয়া। বন্ট্ (বণ্টন করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

বৎ—(অন্য শব্দের পর) সদৃশ, তুল্য। বা (গমন করা)+ডতি কর্তৃবা। অব্য।

বতংস—শিরোভূষণ ; কর্ণভূষণ ; ভূষণ। অব —তন্স্ (ভূষিত করা)+ঘঞ্ করণবা। বি ; পুং। [ক্রি-বিণ।

বতারিখ—সেই তারিখে বা দিনে। দেশজ।

বত্তা, বত্তান—কৃতার্থ হওয়া ; জীবিত থাকা ; অবস্থান করা ; স্নিগ্ধ হওয়া। বাং ক্রি।

বত্রিশ—দ্বাত্রিংশৎ সংখ্যা বা তৎসংখ্যক, ৩২। 'দ্বাত্রিংশৎ' শব্দজ। বি বা বিণ।

বত্রিশা, বত্রিশে—মাসের বত্রিশ তারিখ। বত্রিশ+আ, এ তারিখ অর্থে। বি বা বিণ।

বৎস—অর্ভক, শিশু ; শাবক ; পুত্রাদি ; স্নেহসূচক শব্দ, পুত্রক, বাছা ; গবাদির শিশু, বাছুর ; সংবৎসর। বদ্ (বলা, ইত্যাদি)+স কর্ম্মবা। বি ; পুং।

বৎসতর—গো-শিশু, এঁড়ে বাছুর। বৎস (বাছুর)+তর হ্রস্বার্থে। বি ; পুং।

বৎসতরী—বকন বাছুর। বৎসতর+ঙীপ্। বি ; স্ত্রী।

বৎসর—বর্ষ, অব্দ, ১২ মাস কাল। বস্ (বাস করা)+সর অধিবা, যাহাতে [ঋতুসমূহ] বাস করে। বি ; পুং।

বৎসল—১। স্নেহযুক্ত ; ভক্ত ; অনুরক্ত। বৎস শব্দ (বৎস-স্নেহ)+লচ্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—লা। ২। বাৎসল্য, স্নেহ ; অনুরাগ। বৎস—লা+ক কর্তৃবা। বি ; পুং।

বদ—১। বক্তা, বাচক। বদ্ (বলা)+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, বদা। ২। মন্দ, কু, খারাপ, বিশ্রী, অশ্লীল। ফার্সী। বিণ।

বদখৎ—বেয়াড়া, বিশ্রী। ফার্সী। বিণ।

বদখেয়াল, —লি—দুর্নীতি, কুপ্রবৃত্তি ; অসদাচরণ। কর্ম্মধা। বি। বিণ,—খেয়াল, —খেয়ালী।

বদজবান—কুকথা, গালিমন্দ। কর্ম্মধা। বি।

বদন—আনন, মুখ। বদ্ (বলা)+অনট্ করণবা। বি; ক্লীব।

বদনকমল—মুখপদ্ম, পদ্মসদৃশ সুন্দর মুখ। বদন কমলপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; ক্লীব।

বদনমণ্ডল—সমগ্র মুখ। বদন মণ্ডলপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; ক্লীব।

বদনা—সাধারণতঃ মুসলমান কর্তৃক ব্যবহৃত চওড়া-মুখো গাড়ুবিশেষ (Ewer). 'বর্দ্ধনী' শব্দজ। বি।

বদনাম—দুর্নাম, অপযশ। কর্ম্মধা। বি।

বদবু, —বো—দুর্গন্ধ। ফার্সী। বি।

বদমাইশ, বদমাশ—দুর্বৃত্ত, দুরাত্মা। ফার্সী। বিণ। বি,—মাইশে, —মাশি।

বদমেজাজ—রুক্ষ বা কোপন স্বভাব। কর্ম্মধা। বি। বিণ,—মেজাজ,—জী।

বদর—১। কুলগাছ; কাপাসবীজ; শেয়াকুল। বদ্ (স্থির থাকা)+অর কর্তৃবা। বি; পুং। ২। কুলফল; কার্পাসফল। বি; ক্লীব। ৩। মুসলমান মাঝির উপাস্য দেবতা বা পীর-বিশেষ। আর্বী। বি।

বদর-বদর—নৌকা ছাড়িবার বা বাহিবার সময় মাঝিমাল্লাদের শুভযাত্রামূলক বদর-পীরের নাম কীর্ত্তন ('পাঁচপীর—')। বি।

বদ-রক্ত—দূষিত রক্ত। কর্ম্মধা। বি।

বদরাগী—কোপনস্বভাব, স্বভাবতঃ উগ্রপ্রকৃতি, যে একটুতেই রাগিয়া উঠে। সুপ্‌সুপা। বিণ।

বদরিকা, বদরী—কুলগাছ। বদর+কন্ স্বার্থে+আপ্; ২য় পক্ষে বদর+ঈপ্। বি; স্ত্রী।

বদরিকাশ্রম—ব্যাসদেবের আশ্রম, তীর্থ-বিশেষ, ইহা কাশ্মীর প্রদেশের অন্তর্গত। বদরিকা দ্বারা সমাচ্ছন্ন বা বদরিকাবৃত যে আশ্রম, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বদল—বিনিময়, পরিবর্ত্তন। আর্বী। বি।

বদলা—বদল করা, বদলান। বাং ক্রি।

বদলাবদলি—অদল বদল, পরস্পর বিনি-ময়। আর্বীমূলক। বি। [বাং ক্রি।

বদলান—বিনিময় করা, পরিবর্ত্তন করা।

বদলি—বদল, পরিবর্ত্তন, বিনিময়; প্রতি-নিধি কার্য্যকারক; পর্য্যায়ক্রমে কার্য্যগ্রহণ-কারী; এক কর্ম্মস্থল হইতে স্থলান্তরে নিয়োগ (Transfer). আর্বীমূলক। বি।

বদহজম—গরহজম, অগ্নিমান্দ্য, অপরি-পাক। কর্ম্মধা। বি।

বদান্য—চারুভাষী, সদ্বক্তা; দানশীল, দাতা। বদ্ (বলা)+আন্য কর্তৃবা। বিণ। স্ত্রী,—ন্যা।

বদান্যতা—দানশীলতা, দাতৃত্ব; মধুর-ভাষিতা। বদান্য+তা ভাবার্থে। বি; স্ত্রী।

বদ্ধ—যাহা বাঁধা হইয়াছে এরূপ; সংযত; বিন্যস্ত ('শ্রেণী—'); নিগড়িত; গ্রথিত; বিহিত; উৎপাদিত; যুক্ত; ন্যস্ত ('—দৃষ্টি')। বন্ধ্ (বন্ধন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বদ্ধপরিকর—দৃঢ়ীকৃত-কটিবন্ধ, শক্ত করিয়া কোমর বাঁধিয়াছে এরূপ; দৃঢ়সঙ্কল্প। বদ্ধ হইয়াছে পরিকর যৎকর্তৃক, বহুব্রী। বিণ।

বদ্ধপাগল—বেজায় পাগল বা নির্ব্বোধ, একেবারে বা পুরা উন্মাদ। কর্ম্মধা। বি বা বিণ।

বদ্ধমুষ্টি—মুষ্টিবদ্ধ, যে হাতের মুঠা বাঁধি-য়াছে; ব্যয়কুণ্ঠ, কৃপণ। বদ্ধ মুষ্টি যৎকর্তৃক বা যাহার, বহুব্রী। বিণ।

বদ্ধমূল—দৃঢ়স্থাপিত মূলবিশিষ্ট, যাহা শিকড় গাড়িয়া বসিয়াছে এরূপ; অমুৎপাটনীয় ('—সংস্কার')। বদ্ধ হইয়াছে মূল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

বদ্ধাঞ্জলি—কৃতাঞ্জলি। বদ্ধ হইয়াছে অঞ্জলি যৎকর্তৃক, বহুব্রী। বিণ।

বদ্বীপ—নদীর শেষ মুখের মধ্যস্থ মাত্রাশূন্য "ব"-কারের ন্যায় ত্রিকোণাকার ভূমি (Delta); বদ্বীপ অঞ্চলের ভূমি নদীবাহিত মৃত্তিকানির্ম্মিত ও নদীর শেষ অংশ এই অঞ্চল দিয়া প্রবাহিত। ব-আকারে যে দ্বীপ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বধ—প্রাণসংহার, হনন; নাশ; বন্ধন; নিন্দা। বধ্ বা হন্ (হত্যা করা)+অপ্ ভাববা। বি; পুং।

বধস্থান, —স্থলী—বধ্যভূমি, যেখানে হত্যা করা হয়, মশান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব ও স্ত্রী। [কবিপ্র। ক্রি।
বধা—বধ করা, হত্যা করা, নাশ করা।
বধাজ্ঞা—হত্যার আদেশ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্হা।
বধার্হ—বধযোগ্য, বধ্য। বধ—অর্হ্+অচ্
বধির—শ্রবণশক্তিহীন, কালা। বন্ধ্+কিরচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রা। বি, —তা।
বধূ—নবোঢ়া বালিকা, নূতন বিবাহিতা বৌ; নারী; রমণী; ভার্য্যা, পত্নী; স্নুষা, পুত্রবধূ। বহ্ (বহন করা)+উ কর্ম্মবা। বি; স্ত্রী।
বধূজন—যুবতী রমণী; বৌ; সধবা নারী। কর্ম্মধা। বি; পুং।
বধূটি, বধূটী—বালিকা-বধূ, বউড়ী; পুত্র-বধূ। বধূ দ্রঃ। বধূ+টি, টী অল্পার্থে। বি; স্ত্রী।
বধূৎসব—নববধূর আগমনরূপ উৎসব; বধূর প্রথম রজোদর্শনোৎসব। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।
বধূমাতা—বৌমা, মাতার ন্যায় বউ। বধূই মাতা (মাতৃসদৃশী), কর্ম্মধা। বি; স্ত্রী।
বধোদ্যত—হত্যা করিতে উদ্যত। ৭মীতৎ। বিণ। [বিণ। স্ত্রী, বধ্যা।
বধ্য—বধযোগ্য, হননার্হ। বধ+যৎ অর্হার্থে।
বধ্যভূমি—বধস্থান, যে স্থানে বধ করা হয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বন—অটবী, অরণ্য, জঙ্গল; কানন; আলয়; জল; প্রস্রবণ। বন্ (ব্যাপ্ত হওয়া)+অচ্ কর্তৃবা। বি; ক্লীব।
বনগহন—নিবিড় বন। বনই গহন, কর্ম্মধা। বি; ক্লীব।
বনচম্পক—বুনা চাঁপা ফুল। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।
বনচন্দ্রিকা, বনজ্যোৎস্না—মল্লিকা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বনচর—১। বনচারী, অরণ্যবিহারী, কানন-বাসী। বিণ। স্ত্রী,—রী। ২। কিরাত। উপতৎ। বন—চর্+টক্ কর্তৃবা। বি; পুং।

বনচাঁড়াল—একপ্রকার গাছ। দেশজ। বি।
বনচারী (—চারিন্)—১। অরণ্যবিহারী, বনবাসী। বিণ। স্ত্রী,—রিণী। ২। কিরাত। বনে চরে যে, উপতৎ। বন—চর্ (বিচরণ করা)+ণিন্ কর্তৃবা। বি; পুং।
বনজ—অরণ্যজাত, বনজাত। বনে জন্মে যে, উপতৎ। বন—জন্ (জন্মা)+ড কর্তৃবা। বিণ। স্ত্রী,—জা।
বনজ্যোৎস্না—বনচন্দ্রিকা দ্রঃ।
বনদেবতা, —দেবী—বনের অধিষ্ঠাত্রী স্ত্রী-দেবতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
বনফুল—বনকুসুম, বনজাত ফুল, বন্য বা স্বভাবজাত ফুল। মধ্যপ কর্ম্মধা। বি।
বনবন—১। ক্রিমিনাশক লজেন্স। ইং Bonbon. ২। দ্রুত ঘুরিবার শব্দ। দেশজ। অব্য।
বনবাদাড়—জঙ্গল ও জলা জমি। দ্বন্দ্ব। বি।
বনবাস—অরণ্যে অবস্থিতি, বনে নির্ব্বাসন (Exile). ৭মীতৎ। বি; পুং।
বনবাসী (—বাসিন্)—বনে বাসকারী, অরণ্যচারী। উপতৎ। বন—বস্ (বাস করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—সিনী।
বনবিড়াল—বন্য মার্জ্জারবিশেষ। মধ্যপ কর্ম্মধা। বি।
বনভোজন—আমোদের জন্য বনের ধারে গিয়া রাঁধিয়া খাওয়া, চড়াইভাতি (Picnic). ৭মীতৎ। বি; ক্লীব। [স্ত্রী।
বনমক্ষিকা—দংশ, ডাঁশ। ৬ষ্ঠীতৎ। বি;
বনমল্লিকা—কাঠমল্লিকা ফুল। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।
বনমানুষ—গো রি লা ও ঝ্যাং উ টাং প্রভৃতি নরাকার ও অরণ্যচারী অতিকায় বানরবিশেষ। মধ্যপ কর্ম্মধা (নিত্য)। বি; পুং।
বনমালা—চরণ পর্য্যন্ত লম্বিত মালা, শ্রীকৃষ্ণের মালা; বড় ঋতুর পুষ্পে গাঁথা মালা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বনমালী (–মালিন্)—শ্রীকৃষ্ণ। বনমালা+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

বনয়ারি—বনবিহারী, বনমালী, শ্রীকৃষ্ণ। প্রাঃ কবিপ্র। বি।

বনরক্ষক—অরণ্যের প্রহরী, অরণ্য সম্পদ্-রক্ষী রাজকর্ম্মচারীবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বনরাজি, –রাজী—অরণ্যশ্রেণী। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।

বনস্পতি—ফুল ব্যতিরেকে যে সকল গাছের ফল জন্মে, অশ্বত্থাদি বৃক্ষ; মহীরুহ, বৃহৎ বৃক্ষ। বনের পতি, ৬ষ্ঠীতৎ, নিপাতনে। বি; পুং।

বনা—মনের বা মতের মিল হওয়া, মিলিয়া মিশিয়া চলা; হওয়া ('বোকা—')। বাং ক্রি। [হিন্দী। বি।

বনাত—পশমী বস্ত্রবিশেষ (Broad cloth).

বনান—সদ্ভাব রাখা; প্রস্তুত করা, তৈয়ার করা; কাটা, কুটা। হিন্দীমূলক। বাং ক্রি।

বনানী—অরণ্যানী, মহাবন। বন+আনীপ্ (অরণ্যানীর অনুকরণে)। বি; স্ত্রী।

বনান্ত—বনের প্রান্ত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বনান্তর—অন্য বন। নিত্য। বি; ক্লীব।

বনাবনি, বনাবন্তি—সদ্ভাব, ভালবাসা-বাসি; মিলেমিশে থাকা। দেশজ। বি।

বনাম—ওরফে (Alias); বিরুদ্ধে (Versus). ফার্সী। অব্য।

বনিতা—প্রিয়তমা স্ত্রী; ভার্য্যা; প্রিয়া; নারী। বন্ (প্রার্থনা করা)+ক্ত কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী। [দেশজ। বি।

বনিবনাও—সদ্ভাব, মনের ও মতের মিল।

বনিয়াদ, বনেদ, বুনিয়াদ—ভিত্তি; ভিত, গোড়া পত্তন। ফার্সী। বি।

বনিয়াদী, বনেদী, বুনিয়াদী—সাবেক, প্রাচীন ও সম্ভ্রান্ত ('—বংশ')। বনিয়াদ, বনেদ, বুনিয়াদ+ঈ। বিণ। **বনিয়াদী শিক্ষা**—নূতনপদ্ধতি প্রাথমিক শিক্ষা-প্রণালীবিশেষ।

বনেচর—১। ব্যাধ, কিরাত ইত্যাদি। বনে চরে যে, অলুক্ উপতৎ। বি; পুং। ২। অরণ্যচারী। বিণ।

বন্দ, বন্দ্—খণ্ড (Lot); বন্দনী ('কোমর —'); দৈর্ঘ্য ও প্রস্থের সমষ্টি। ফার্সী। বি।

বন্দন—বন্দনা (সকল অর্থে)। বন্দ্+অনট ভাববা। বি; ক্লীব।

বন্দনা—অভিবাদন; স্তুতি; স্তব। বন্দ্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

বন্দনীয়, বন্দ্য—নমস্য; অভিবাদনযোগ্য; স্তবনীয়। বন্দ্ (বন্দনা করা)+অনীয়, ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,–য়া, –ন্দ্যা।

বন্দর—নদী বা সমুদ্রের তীরবর্ত্তী নৌকা জাহাজাদি বাঁধিবার স্থান (Port). ফার্সী। বি।

বন্দা—১। দাস, গোলাম, সেবক, অনুগত, অধীন। ফার্সী। বি। ২। বন্দনা করা। কবিপ্র। ক্রি।

বন্দি, বন্দী—কারারুদ্ধ ব্যক্তি, কয়েদী। বন্দ্ (স্তব করা)+ইন্ কর্তৃবা, বিকল্পে স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী।

বন্দিত—স্তুত, পূজিত, যাহাকে স্তব বা বন্দনা করা হইয়াছে। বন্দ্+ক্ত কর্ম্মবা। বিণ।

বন্দিনী—১। বন্দনাকারিণী। বন্দ্ (বন্দনা করা)+ণিন্ কর্তৃবা+ঈপ্। বিণ। ২। স্ত্রী কয়েদী। বাং প্রঃ। বিণ; স্ত্রী।

বন্দী—বন্দি দ্রঃ।

বন্দী (বন্দিন্)—১। বন্দনাকারী। বিণ। স্ত্রী,–ন্দিনী। ২। বৈতালিক, স্তুতি-পাঠক। বন্দ্ (স্তব করা)+ণিন্ কর্তৃবা। বি; পুং।

বন্দীশালা—কয়েদঘর, জেলখানা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বন্দুক—আগ্নেয়াস্ত্রবিশেষ। ফার্সী। বি।

বন্দে—বন্দনা করি, পূজা করি। সংস্কৃতমূলক ক্রিয়া। **বন্দে মাতরম্**—হে মাতঃ জন্মভূমি! তোমার পূজা বা নমস্কার করি।

বন্দেগি—সেলাম, নমস্কার। ফার্সী। বি।

বন্দেজ—সুশৃঙ্খলা, সুব্যবস্থা ('বিলি—')। ফার্সী। বি।

বন্দোবস্ত—ব্যবস্থা; নিয়ম; রফা; জমি বা খাজানার বিলিব্যবস্থা। ফার্সী। বি।

বন্দোবস্তী—প্রতিষ্ঠিত; মাপ জরিপাদি দ্বারা সুনিয়ন্ত্রিত (Settled, Regulated) ('—মহাল')। বন্দোবস্ত+ঈ সম্বন্ধাদি অর্থে। বিণ।

বন্দ্য—বন্দনীয় দ্রঃ।

বন্দ্যবংশ—সম্ভ্রান্তকুল; বন্দ্যোপাধ্যায় বংশ। কবিপ্র। বি; পুং।

বন্দ্যোপাধ্যায়—বাঙ্গালী ব্রাহ্মণের উপাধিবিশেষ, বাঁড়ুয্যে। বন্দ্য যে উপাধ্যায়, কর্ম্মধা। বি; পুং।

বন্ধ—১। বন্ধন, সংযমন, বন্ধনী, বাঁধন ('কটি—'); রোধ; উৎপত্তি; গ্রন্থন; ধারা। বন্ধ্ (বন্ধন করা)+ঘঞ্ ভাববা। ২। বাঁধ; গ্রন্থি; দেহ; বৃন্ত। বন্ধ্+ঘঞ্ করণবা। বি; পুং। ৩। রুদ্ধ; রহিত; স্থগিত। দেশজ প্রঃ। বিণ।

বন্ধক—গচ্ছিত বস্তু, ঋণগ্রহণার্থ স্থাপিত বস্তু; বিনিময়। বন্ধ্+ঘঞ্ কর্ম্মবা+কন্ স্বার্থে। বি; পুং।

বন্ধকগ্রহীতা (—তৃ)—যে দ্রব্যাদি বন্ধক রাখে, বন্ধকী মহাজন। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —ত্রী।

বন্ধকদাতা (—দাতৃ)—যে দ্রব্যাদি বন্ধক দেয়, বন্ধকীখাতক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —ত্রী।

বন্ধকী—১। পরপুরুষগামিনী, অসতী। বন্ধ্ (বন্ধন করা)+ণক কর্তৃবা+ঈপ্। বি বা বিণ; স্ত্রী। ২। বন্ধক-দেওয়া, আবদ্ধ ('—সম্পত্তি')। বন্ধক+ঈ সম্বন্ধার্থে। বিণ।

বন্ধন—১। বন্ধনসাধন রজ্জু, শৃঙ্খলাদি। বন্ধ্+অনট্ করণবা। ২। সংযমন, বাঁধা; আটক; বধ; রোধ; হিংসা; উৎপাদন। বন্ধ্ (বন্ধন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বন্ধনদশা—কারাভোগের অবস্থা; আবদ্ধ দশা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বন্ধনরজ্জু—বাঁধিবার দড়ি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বন্ধনাগার, —আলয়—বন্দিশালা, কারা, জেলখানা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বন্ধনী—বন্ধনসাধন রজ্জু, নিগড়, শৃঙ্খলাদি; ব্র্যাকেট (Bracket), ()। বন্ধ্ (বন্ধন করা)+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

বন্ধু—জ্ঞাতি, স্বজন; যে বিচ্ছেদ সহ্য করিতে পারে না; পিতা; মাতা; ভ্রাতা; আত্মবন্ধু, পিতৃবন্ধু ও মাতৃবন্ধু, এই ত্রিবিধ; কুটুম্ব; প্রিয়; মিত্র, সুহৃৎ, সখা; (পিতৃ, মাতৃ, বিপ্র, ক্ষত্রিয়, ইত্যাদির পরবর্ত্তী হইলে) নীচ। বন্ধ্ (বন্ধন করা)+উ কর্তৃবা। বি; পুং।

বন্ধুক, বন্ধুজীব, —জীবক—১। স্বনামখ্যাত রক্তবর্ণ পুষ্পবৃক্ষবিশেষ, বাঁধুলি ফুলের গাছ। বন্ধ্+উক কর্তৃবা; বন্ধু—জীব্+ণিচ্ +অণ্ কর্তৃবা, পক্ষে কন্ স্বার্থে। বি; পুং (পুষ্প অর্থে ক্লীব)। ২। বাঁধুলি ফুল। বি; ক্লীব।

বন্ধুতা, —ত্ব—মিত্রতা, সখ্য, সৌহৃদ্য; প্রণয়। বন্ধু+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

বন্ধুবর—বন্ধুশ্রেষ্ঠ, অতিশয় প্রণয়ভাজন সুহৃৎ। ৭মীতৎ। বিণ বা বি; পুং।

বন্ধুবান্ধব—আত্মীয়স্বজন। দ্বন্দ্ব। বি; পুং।

বন্ধুবিচ্ছেদ—বন্ধুর সঙ্গে ঝগড়া বা ছাড়াছাড়ি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বন্ধুর, বন্ধূর—উচ্চাবচ, উন্নতানত, অ-সমতল; নম্র; রমণীয়; বধির। বন্ধ্ (বন্ধন করা)+উর, ঊর কর্তৃবা। বিণ। স্ত্রী, —রা। বি, —তা।

বন্ধূক—১। বাঁধুলি ফুলের গাছ। বন্ধ্ (বন্ধন করা)+ঊক কর্তৃবা। বি; পুং। ২। বাঁধুলি ফুল। বি; ক্লীব।

বন্ধ্যা—যে স্ত্রীর সন্তান হয় না, বাঁজা; গন্ধদ্রব্যবিশেষ, বালা; বৃষলী। বন্ধ্+ণ্যৎ কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

বন্য—বনসম্বন্ধীয়; বনজাত। বন+যৎ ভবার্থে। বিণ। স্ত্রী, বন্যা।

বন্যা—বনসমূহ, অরণ্যানী; জলরাশি; জল-

প্লাবন, বান ; গুল্ম। বন (অরণ্য বা জল) + বং সমূহার্থে + আপ্। বি ; স্ত্রী।

বপন—রোপণ, বীজ বোনা ; চয়ন ; কাপড়-চোপড় বোনা ; ক্ষৌরকর্ম্ম, কামান ; অস্থি ; মজ্জা ; শুক্র। বপ্ (বোনা ইত্যাদি) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

বপুঃ (বপুস্), বপু—অবয়ব, শরীর। বপ্ (বোনা ইত্যাদি) + উস্ অধিবা। বি ; ক্লীব।

বপুষ্মান্ (-ষ্মাৎ)—বিশালকায়। বপুস্ + মতুপ্ অস্ত্যর্থে। বিণ ; পুং। স্ত্রী, -ষ্মতী।

বপ্তা (বপ্তৃ)—১। বপনকারী। বিণ। স্ত্রী, বপ্ত্রী। ২। কৃষক ; বাপ, পিতা ; কবি। বপ্ (বপন করা) + তৃন্ কর্ত্তৃবা। বি ; পুং।

বপ্র—১। তট ; ক্ষেত্র, ক্ষেত ; ক্ষেতের আলি ; সানু। বপ্ (বপন করা) + র অধিবা। ২। প্রাচীর ; দুর্গে বা নগরে পরিখা দ্বারা উদ্ধৃত মৃৎস্তূপ। বপ্ + র কর্ম্মবা। বি ; পুং বা ক্লীব।

বপ্র-ক্রিয়া, -ক্রীড়া—(গবাদি জন্তুর) শৃঙ্গদন্তাদি দ্বারা খনন-ক্রীড়া। বপ্রে (ক্ষেত্রে) ক্রিয়া বা ক্রীড়া, ৭মীতৎ। বি ; স্ত্রী।

বভ্রুবাহন—তৃতীয় পাণ্ডব অর্জ্জুনের পুত্র। বভ্রু (বিষ্ণু) - বাহি + অন কর্ত্তৃবা। বি ; পুং।

বম্—গাড়ীর দীর্ঘকাষ্ঠদণ্ড, যুগন্ধর। ইং 'Beam' শব্দজ। বি।

বম্, বোম্—শিব-মন্ত্রবিশেষ (উ + অ + ম্) ; গালবাদ্যধ্বনি। অব্য।

বমন—উদ্গিরণ, বমি করণ ; নিঃসারণ ; আহুতি। বম্ (বমি করা) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

বমনীয়—বমনযোগ্য। বম্ (বমি করা) + অনীয় কর্ম্মবা। বিণ।

বমাল, বামাল—মালসহ, (অপহৃত) দ্রব্যাদির সহিত ; চোরাই মাল। ফার্সী। ক্রি-বিণ বা বিণ।

বমি—বমন, উদ্গিরণ, ওকার ; বমনেচ্ছা ; উদ্গীর্ণ বস্তু। বম্ (বমি করা) + ই ভাববা। বি ; স্ত্রী।

বমিত—উদ্গীর্ণ। ণিজন্ত বম্ বা বমি + ক্ত [কর্ম্মবা। বিণ।

বম্বু—বংশ, বাঁশ ; বাঁশের লাঠি, মোটা খেটে। ইং 'Bamboo' শব্দজ। হিন্দী। বি।

বম্বেটিয়া, বম্বেটে—১। জাহাজাদি হইতে কামান ছুড়িয়া নগরাদি ধ্বংসকারী ; জলদস্যু। ইং 'Bombardier' শব্দজ। বি। ২। লম্পট। প্রাদে। বিণ।

বম্-ভোলা—শিব। দেশজ। বি।

বয়—১। বিক্রয় ; গন্ধ, বাস। ফার্সীমূলক। ২। বালক ; বালকভৃত্য। ইং Boy. বি।

বয়ঃ (বয়স্), বয়—বয়স ; আয়ুঃ, বাল্যাদি জীবনকাল ; যৌবন ; পক্ষী। অজ্ বা বী (গমন করা) + অসুন্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।

বয়ঃক্রম—বয়স। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বয়ঃপ্রাপ্ত—প্রাপ্তবয়স্ক, সাবালক। ২য়াতৎ। বিণ। স্ত্রী, -প্তা।

বয়ঃসন্ধি—বাল্য ও যৌবনের মধ্যভাগ ; যৌবনকাল। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বয়ঃস্থ, বয়স্থ—মধ্যবয়স্ক, যুবা। বয়স্ - স্থা + ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -স্থা।

বয়কট—বর্জ্জন ; একঘরে করা। ইং Boycott. বি।

বয়ড়া—বহেড়া ফল, বিভীতকী। 'বহেড়া' [শব্দজ। বি।

বয়ন—১। [কাপড়] বুনা। বে + অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। বদন। প্রাঃ কবিপ্র। বি।

বয়না, বয়নী—(অন্ত শব্দের পর) বদন-বিশিষ্ট। প্রাঃ কবিপ্র। বিণ।

বয়নামা—বিক্রয়কবালা ; নিদর্শক পত্র। আর্বী বয় (বিক্রয়) + ফার্সী নামা (পত্র)। বি।

বয়স, বয়েস—বয়ঃ, বয়ঃক্রম ; যৌবন। 'বয়স্' শব্দজ। বি ; ক্লীব।

বয়স-ফোড়া—যৌবনকালের মুখব্রণ। মধ্যপ কর্ম্মধা। বি।

বয়সা—যৌবনকালে কণ্ঠস্বরের বিকৃত ভাব। বয়স্+আ জাতার্থে। বি।

বয়সী—বয়সওয়ালা, বয়স্ক। বয়স+ঈ বিশিষ্টার্থে। বিণ। [বিণ।

বয়সোচিত—বয়সের উপযুক্ত। ৭মীতৎ।

বয়স্ক—বয়সবিশিষ্ট; যৌবন বা তদধিক বয়সবিশিষ্ট। বহুব্রীহি সমাসের অন্তস্থিত শব্দ বাংলায় পৃথক্ ব্যবহৃত। বিণ; পুং। স্ত্রী,—স্কা।

বয়স্থ, বয়ঃস্থ—বয়ঃস্থ দ্রঃ।

বয়স্য—সমবয়স্ক ব্যক্তি; সখা। বয়স্+যৎ তুল্যার্থে। বি; পুং। স্ত্রী,—স্যা।

বয়া—নদী বা সমুদ্রে চড়া প্রভৃতির অস্তিত্ব-জ্ঞাপক ভাসমান গুম্বজাকার নিদর্শনবিশেষ। পোর্তু 'Boia' শব্দজ। বি।

বয়াটে—বাচাল, 'ইয়ার', দুশ্চরিত্র, কুসঙ্গী। দেশজ। বিণ।

বয়ান—বদন। প্রাঃ কবিপ্র। বি।

বয়ান—বিবরণ, ব্যাখ্যান। আর্বী। বি।

বয়াম—চীনামাটি প্রভৃতি দ্বারা নির্ম্মিত জালা বা অলিঞ্জর। পোর্তু 'Boiao' শব্দজ। বি।

বয়ার—১। শূকর। 'বরাহ' শব্দজ। বি। ২। গোঁয়ার। প্রাদে। বিণ।

বয়েৎ—ফার্সী আরবী বা উর্দ্দু শ্লোক; দোহা। আর্বী। বি।

বয়েস—বয়স দ্রঃ।

বয়োগুণ—বয়সের ধর্ম্ম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বয়োঽতীত—প্রাচীন, বৃদ্ধ। বয়ঃকে অতীত, ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

বয়োঽধিক—বয়োজ্যেষ্ঠ, বয়সে বড়। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—কা।

বয়োজ্যেষ্ঠ—বয়সে জ্যেষ্ঠ, বয়সে বড়। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

বয়োধর্ম্ম(র্ম)—বয়সের ধর্ম্ম, বয়সের গুণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বয়োবৃদ্ধ—বয়সে বড়, বুড়ো। বয়ঃ দ্বারা বৃদ্ধ, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—দ্ধা।

বয়োবৃদ্ধি—বয়সের বর্দ্ধন বা বাড়, বয়স বাড়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বর—১। প্রার্থনা; আশীর্ব্বাদ; ইচ্ছা; নিয়োগ; বরণ; আবরণ। বৃ (প্রার্থনা করা ইত্যাদি)+অপ্ ভাববা। ২। দেবতা হইতে বৃত, দেবতার নিকট যাচিত বস্তু; অনুগ্রহসূচক মুদ্রাবিশেষ; অভীষ্ট; বিবাহ-কর্ত্তা; পতি; জামাতা; জার, উপপতি; বিড়ঙ্গ, লম্পট। বৃ+অপ্ কর্ম্মবা। বি; পুং। ৩। অভীষ্ট; শ্রেষ্ঠ। বিণ; ত্রি। স্ত্রী, বরা। ৪। পানের বাগান। 'বরজ' শব্দজ। বি।

বরং, বরঞ্চ—অপেক্ষাকৃত সত্য উৎকৃষ্ট বা উচিত, প্রত্যুত। বৃ+অম্ কর্ম্মবা; বরম্+চ। অব্য। [আর্বী। বি।

বরকৎ—প্রাচুর্য্য; উন্নতি; সৌভাগ্য।

বরকন্দাজ—শরীররক্ষী আর্দ্দালি, বন্দুক-ধারী সেপাই, শাস্ত্রী। ফার্সী। বি।

বরকর্ত্তা(র্তা) (—র্ত্তৃ)—বিবাহকালীন বরপক্ষের প্রধান ব্যক্তি। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বরখস্তিয়া, বরিখস্তিয়—বর্ষণ করে। প্রাঃ কবিপ্র। ক্রি। [বি।

বরখা, বরিখা—বর্ষা; বর্ষণ। প্রাঃ কবিপ্র।

বরখাস্ত—পদচ্যুত, কর্ম্মচ্যুত; অতীত। ফার্সী। বিণ।

বরখেলাপ—অন্যথা, গরমিল, পূর্ব্বাপর বিরুদ্ধ। ফার্সী। বিণ।

বরগা—কড়ির উপরিস্থ পাতলা কাঠ বা লোহা যাহার উপর ছাদের টালি বসান হয়। পোর্তু 'Verga' শব্দজ। বি।

বরজ—১। পানলতার আশ্রয়গৃহ। আর্বী-মূলক। ২। ব্রজ। প্রাঃ কবিপ্র। বি।

বরঞ্চ—অপেক্ষাকৃত ভাল, বরং। অব্য।

বরণ—১। প্রার্থনা; নিয়োগ; ইচ্ছা; পূজা; বেষ্টন; আবরণ, আচ্ছাদন; বিবাহ বা পূজাদি কালে ধান্য দূর্ব্বা ফলাদি দ্বারা বর বা দেবতার নির্ব্বাহন ব্যাপার; কর্ত্তব্যবোধে কোন অবস্থাস্বীকার। বৃ (বরণ করা ইত্যাদি) +অনট্ ভাববা। বি; ক্লীব। ২। বর্ণ, বর্ণনা। প্রাঃ কবিপ্র। বি।

বরণডালা—বরণ করিবার উপকরণবিশিষ্ট পাত্র। ৬ষ্ঠীতৎ। বি।

বরণীয়—বরণযোগ্য; শ্রেষ্ঠ; প্রার্থনীয়। বৃ (বরণ করা)+অনীয় কর্ম্মবা। বিণ।

বরতরফ—পদচ্যুত, কর্ম্মচ্যুত। ফার্সী। বিণ।

বরদ—বরদাতা, অভীষ্টদায়ক। উপতৎ। বর—দা (দেওয়া)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, —দা।

বরদা—দুর্গা; সরস্বতী; কন্যা; অশ্বগন্ধা গাছ; মাঘ মাসের শুক্লা চতুর্থী। বরদ+আপ্। বি; স্ত্রী।

বরদার—বাহক, ভৃত্য। ফার্সী। বি।

বরদাস্ত—সহ্য। ফার্সী। বি।

বরদৃপ্ত—বরলাভে গর্ব্বিত, দেবতার নিকট হইতে প্রার্থিত বিষয়লাভে অহঙ্কৃত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —প্তা।

বরপুত্র—দেবতার সবিশেষ অনুগ্রহভাজন পুত্র, আশীর্ব্বাদপ্রভাবে জাত পুত্র। বরজাত যে পুত্র, মধ্যপ কর্ম্মধা; অথবা বর (উত্তম) যে পুত্র, কর্ম্মধা। বি; পুং।

বরপ্রদ—বরদ, অভীষ্টদাতা। উপতৎ। বর—প্র—দা+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, —দা।

বরফ—তুষার; জমাট জল; হিমানী। ফার্সী। বি।

বরফি—ক্ষীরাদি দ্বারা প্রস্তুত চতুষ্কোণ মিষ্টান্নবিশেষ। দেশজ। বি।

বরবটি—মহামাষ, শিম জাতীয় লতাফল বা তাহার বীজ, কলায়বিশেষ। 'বর্ব্বটী' শব্দজ। বি।

বরবর্ণিনী—উত্তমা স্ত্রী; শ্যামা; গৌরী; লক্ষ্মী; হরিদ্রা। বর (শ্রেষ্ঠ) যে বর্ণ (রঙ্) সে বরবর্ণ, কর্ম্মধা; বরবর্ণ+ইন্ অস্ত্যর্থে+ঙীপ্। বি; স্ত্রী।

বরবাদ—নষ্ট, অপব্যয়িত। ফার্সী। বিণ।

বরম্—মনাক্ ইষ্ট, অপেক্ষাকৃত উৎকৃষ্ট। বৃ+অম্। অব্য।

বরমাল্য—বিবাহে বরকে প্রদেয় মালা। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বরযাত্র—বরযাত্রী (তাহা দ্রঃ)। 'বর-যাত্রিন্' শব্দজ। বি।

বরযাত্রী (—যাত্রিন্)—বরের অনুগামী; বিবাহকালে বরের সহিত গমনকারী লোক। বরের যাত্রা=বরযাত্রা, ৬ষ্ঠীতৎ, তদুত্তরে ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

বরয়িতা (—তৃ)—পাণিগ্রাহক, পতি। ণিজন্ত বৃ=বরি (বরণ করান)+তৃন্ কর্তৃবা। বি; পুং। স্ত্রী, —ত্রী=বরণকর্ত্রী, পত্নী।

বরষ—বর্ষ। কবিপ্র। বি।

বরষণ—বৃষ্টি। কবিপ্র। বি।

বরষা—১। বর্ষা। বি। ২। বর্ষণ করা। কবিপ্র। ক্রি। [কবিপ্র। বি।

বরহা—ময়ূরপুচ্ছ। 'বর্হ' শব্দজ। প্রাঃ

বরা—১। শূকর। 'বরাহ' শব্দজ। বি। ২। বৃত করা; বরণ করা; আরতি করা। কবিপ্র। ক্রি।

বরাক—ভিক্ষু; দীন, শোচনীয়; নীচ, হীন; নিরপরাধ। বৃ (প্রার্থনা করা ইত্যাদি) +ষাক কর্তৃবা। বিণ। স্ত্রী, —কা, —কী।

বরাখুরিয়া, —খুরে—শূকরচরণের ন্যায় খুরবিশিষ্ট (গরু), [ইহা অলক্ষণ বলিয়া প্রসিদ্ধ; তাহা হইতে] দুর্লক্ষণাক্রান্ত। বরাহ (বরাহের) খুর, ৬ষ্ঠীতৎ, তদুত্তরে ইয়া, এ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, বরাখুরী।

বরাঙ্গ(ংগ)—শ্রেষ্ঠ অবয়ব, মস্তক; উপস্থ, শিশ্ন; যোনি। বর (শ্রেষ্ঠ) যে অঙ্গ, কর্ম্মধা। বি; ক্লীব।

বরাঙ্গ(ংগ)না—উত্তমা স্ত্রী, সুন্দরী। বরা (শ্রেষ্ঠা) যে অঙ্গনা (স্ত্রী), কর্ম্মধা। বি; স্ত্রী।

বরাঙ্গী(ংগী) (—ঙ্গিন্)—উত্তম অঙ্গবিশিষ্টা। বরাঙ্গ+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, —ঙ্গিনী(ঙ্গী)।

বরাটক, —টিকা—কপর্দক, কড়ি; পদ্মবীজকোষ; রজ্জু। বর—অট্ (গমন করা) +ণক কর্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে আপ্। বি; পুং, স্ত্রী।

বরাত—অদৃষ্ট, ভাগ্য; অন্যকে কোন কার্য-

সাধনের অনুরোধ, ফরমাইশ; কার্য্য, প্রয়োজন। কার্য্য। বি।

বরাতি—বরযাত্রী। প্রাঃ কবিপ্র। বি।

বরাতী—ফরমাইশী, যে বিষয়ের ভার অপরকে প্রদত্ত হইয়াছে; দরকারী। বরাত +ঈ। বিণ।

বরাদ্দ—১। প্রদেয় বা ব্যবহার্য্য বস্তুর নির্দ্দিষ্ট পরিমাণ, 'হার' (Allowance). বি। ২। নির্দ্দিষ্ট, নিরূপিত। ফার্সী 'বরাবদ্' শব্দজ। বিণ।

বরানুগমন—বরের পশ্চাৎ গমন, বিবাহার্থী বরের সহিত যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বরাবর—১। নিকট। বি। ২। সম্মুখবর্ত্তী। বিণ। ৩। সকল সময়ে, সর্ব্বদা; সিধা, সোজা; নিকটে; উদ্দেশ্য করিয়া; ঠিকানায়। ফার্সী। ক্রি-বিণ বা অব্য।

বরাবরেষু—হুজুরের সমীপে। ফার্সী বরাবর +সংস্কৃত ৭মী বহুব।

বরাভয়—বর ও অভয়, আশীর্ব্বাদ ও ভয়রাহিত্য। দ্বন্দ্ব। বি; ক্লীব।

বরাভয়করা—অভীষ্ট এবং অভয় দানসূচক হস্তভঙ্গীযুক্তা (কালী বা দুর্গা)। বরাভয় করে যাঁহার, বহুব্রী+আপ্। বি বা বিণ; স্ত্রী।

বরাভরণ—বিবাহে বরকে প্রদেয় অলঙ্কার। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বরারোহা—উত্তমা স্ত্রী, সুন্দরী, নিতম্বিনী। বর (শ্রেষ্ঠ) হইয়াছে আরোহ (নিতম্ব) যাহার (যে স্ত্রীর), বহুব্রী+আপ্। বি; স্ত্রী।

বরাহ—শূকর; বিষ্ণুর শূকরবৎ মুখাবয়বযুক্ত তৃতীয় অবতার। বর (বরাঙ্গ অর্থাৎ পোত্র) —আ—হন্ (আঘাত করা)+ড কর্তৃবা, যে [মৃত্তিকায়] পোত্র আঘাত করে। বি; পুং।

বরিখ—১। বর্ষ, বৎসর। বি। ২। বর্ষণ কর। প্রাঃ কবিপ্র। ক্রি।

বরিখা—বর্ষণ করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

বরিষ—১। বর্ষ, সংবৎসর। বি; ক্লীব। ২। প্রাবৃট্‌কাল, বর্ষা। বৃষ্ (বর্ষণ করা)+ইষ অধিবা, নিপাতনে। বি; পুং। ৩। বর্ষণ কর। কবিপ্র। ক্রি।

বরিষণ—আকাশ হইতে জলধারার পতন, বৃষ্টি। 'বর্ষণ' শব্দজ। বি।

বরিষা—১। বর্ষা, বর্ষণঋতু; বর্ষণ। বি। ২। বর্ষণ করা। কবিপ্র। ক্রি।

বরিষ্ঠ—শ্রেষ্ঠতম; সর্ব্বপ্রধান। উরু (মহৎ) +ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

বরিহা—বর্হা, ময়ূরপুচ্ছ; ময়ূর। প্রাঃ কবিপ্র। বি।

বরীয়ান্ (—য়স্)—বরিষ্ঠ, শ্রেষ্ঠতম; সর্ব্বপ্রধান। উরু শব্দ (মহৎ)+ঈয়স্ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—য়সী।

বরুণ—জলাধিপ দেবতা, পশ্চিম দিকের অধিপতি; সমুদ্র। বৃ (বেষ্টন করা)+উনণ্ কর্তৃবা। বি; পুং।

বরুণবাণ—চতুর্দ্দিকে তুমুল জলবর্ষী শর। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বরুণাত্মজা—বারুণী; মদিরা, সুরা। বরুণের আত্মজা (কন্যা), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বরুণানী—বরুণ-পত্নী। বরুণ+আনীপ্ পত্নী অর্থে। বি; স্ত্রী।

বরেণ্য—প্রার্থনীয়; শ্রেষ্ঠ, উৎকৃষ্ট; বরণীয়। বৃ (বরণ করা ইত্যাদি)+এণ্য কর্ম্মবা। বিণ।

বরেন্দ্র—১। দেবরাজ, ইন্দ্র; রাজা। বর (শ্রেষ্ঠ) যে ইন্দ্র, কর্ম্মধা। বি; পুং। ২। প্রাচীন বাঙ্গালার অন্তর্গত ভূভাগবিশেষ, বর্ত্তমান রাজসাহী প্রভৃতি জেলা, উত্তরবঙ্গ। বি।

বরেন্দ্রী—গৌড়দেশের রাজধানী; প্রাচীন গৌড়। বরেন্দ্র+ঈপ্। বি; স্ত্রী।

বর্ক্ক(র্ক)র—তরুণ পশু; ছাগ; মেষশাবক। বৃক্ (গ্রহণ করা)+অরন্ কর্তৃবা। বি; পুং। স্ত্রী,—রী।

বর্গ—১। সজাতীয়-সমূহ, যেমন অনুক্ত বর্গ, কবর্গ; গ্রন্থের পরিচ্ছেদ; সমান অঙ্কদ্বয়ের পূরণ, যেমন ৩×৩=৯। বৃজ্ (বর্জ্জন করা)

+ঘঞ্ কর্ম্মবা। ২। ত্যাগ, বর্জ্জন। বৃজ্+ঘঞ ভাববা। বি; পুং।

বর্গ-ক্ষেত্র—যে চতুর্ভুজ ক্ষেত্রের চারি বাহুই পরস্পর সমান এবং চারি কোণই সমকোণ (Square). বর্গজনক ক্ষেত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বর্গ-মূল—যে সমান দুই সংখ্যা গুণ করিলে একটি গুণফল লব্ধ হয়, তাহাদের প্রত্যেক সংখ্যাই উক্ত গুণফলের বর্গমূল, যেমন ৩×৩=৯, অতএব ৯এর বর্গমূল (Square root) ৩। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বর্গী—মহারাষ্ট্র (মারাঠা) জাতীয় অশ্বারোহী সৈনিক। মারাঠী 'বারগীর' শব্দজ। বি।

বর্গারাজ, বর্গিরাজ—শিবাজী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বর্গীয়, বর্গ্য—বর্গসম্বন্ধীয়। বর্গ+ঈয়, যৎ সম্বন্ধার্থে। বিণ। [বর্গীয় বর্ণ—ক হইতে ম অবধি স্পর্শবর্ণ।]

বর্চ্চঃ (বর্চ্চস্), বর্চ—তেজঃ; কান্তি, রূপ; শুক্র; পুরীষ; মল। বর্চ্চ্ (দীপ্তি পাওয়া) +অস্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

বর্জ্জ(র্জ)ন—ত্যাগ; হনন, বধ। বৃজ্ (ত্যাগ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বর্জ্জ(র্জ)নীয়—পরিত্যাজ্য; বধ্য, মারণীয়। বৃজ্ (ত্যাগ করা)+অনীয় কর্ম্মবা। বিণ।

বর্জ্জা(র্জা)ইস—ছাপার ক্ষুদ্র হরপ। ইং Bourgeois. বি।

বর্জ্জি(র্জি)ত—পরিত্যক্ত; রহিত; হত। বৃজ্ (ত্যাগ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বর্ণ—১। ব্রাহ্মণাদি জাতি। বর্ণ্+ঘঞ্ কর্ম্মবা। ২। অঙ্গরাগ; শুক্লাদি রঙ্; উৎকর্ষ; গুণকীর্ত্তন; খ্যাতি, যশঃ; বর্ণনা; স্তুতি, স্তব; স্বর্ণ; গীতক্রম। বর্ণ্+ঘঞ্ কর্ম্মবা, ভাববা। বি; পুং। ৩। আকৃতি; রূপ; ভেদ; অক্ষর; বিলেপন; অষ্টবিধ মৈথুনাভাবরূপ ব্রত। বর্ণ্+ঘঞ্ করণবা। বি; পুং বা ক্লীব।

বর্ণক—১। বিলেপন-দ্রব্য; চন্দন; অঙ্গরাগ; হরিতাল। বর্ণ+কন্। বি; পুং বা ক্লীব। ২। কুমারের পোড়ান হাঁড়িতে যে রঙ মাখায়। দেশজ। বি।

বর্ণচোরা—যাহার বাহির দেখিয়া ভিতর বুঝা যায় না এমন। বর্ণ চুরি করে যে, উপতৎ। বিণ।

বর্ণজ্ঞান—বর্ণবোধ, অ আ প্রভৃতি অক্ষরের জ্ঞান; অক্ষর-পরিচয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বর্ণজ্ঞানশূন্য—মূর্খ; অক্ষর পরিচয় জ্ঞান-বিহীন। ৩য়াতৎ। বিণ।

বর্ণজ্যেষ্ঠ—১। ব্রাহ্মণ। বর্ণচতুষ্টয়ের মধ্যে জ্যেষ্ঠ, ৭মীতৎ। ২। নিজ বর্ণ অপেক্ষা শ্রেষ্ঠ বর্ণ। ৩য়াতৎ। বি; পুং।

বর্ণন, বর্ণনা—গুণকথন; স্তুতি; বিবরণ; দীপন, রঞ্জন, রঙ্ করণ। বর্ণ্ (স্তব করা ইত্যাদি)+অনট্ ভাববা, ২য় পক্ষে+অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

বর্ণনাতীত—বচনাতীত, যাহার বর্ণনা করিতে পারা যায় না, অবর্ণনীয়। বর্ণনকে (বা বর্ণনাকে) অতীত, ২য়াতৎ। বিণ।

বর্ণনীয়—বর্ণনযোগ্য। বর্ণ্ (বর্ণন করা)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

বর্ণ-বিশ্লেষণ—(ব্যাকরণে) এক একটি শব্দের বর্ণগুলিকে পৃথক্ পৃথক্ ভাবে প্রদর্শন, যেমন নদী=ন্+অ+দ্+ঈ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বর্ণ-মালা—জাতিমালা; অক্ষরাবলী, যেমন অ আ ক খ ইত্যাদি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বর্ণ-সঙ্ক(ংক)র—মিশ্রজাতি, ব্রাহ্মণাদি জাতির অনুলোম বা প্রতিলোমে জাত জাতি; অর্থাৎ দুই বিভিন্ন জাতির স্ত্রী-পুরুষের সঙ্গমে উৎপন্ন জাতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। গুণবাচক বি,—তা, —ত্ব।

বর্ণানুক্রম—অক্ষর পরম্পরা; অ আ ই বর্ণের এইরূপ পর পর স্থিতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বর্ণানুক্রমিক—পর পর অক্ষরে সাজান। বর্ণানুক্রম+ইক (ঠন্) আছে অর্থে। বিণ।

বর্ণালী, -লি—তেশিরা কাচ প্রভৃতির মধ্য দিয়া আলোকরশ্মির নির্গমন ফলে দৃষ্ট রামধনুবৎ বর্ণসমাবেশ (Spectrum). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বর্ণান্ধ—নির্দিষ্ট বর্ণ নিরূপণে অক্ষম (Colour blind). ৭মীতৎ। বিণ।

বর্ণাশ্রমধর্ম্ম(র্ম)—ব্রাহ্মণাদি চারি বর্ণের এবং ব্রহ্মচর্য্যাদি চারি আশ্রমের বিহিত কর্ম্ম। বর্ণ ও আশ্রম, দ্বন্দ্ব; তাহাদের ধর্ম্ম, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বর্ণিত—স্তুত, প্রশংসিত; ব্যাখ্যাত; বিবৃত; রঞ্জিত। বর্ণ্ (স্তব করা ইত্যাদি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বর্ণী—লেখক; চিত্রকর; ব্রহ্মচারী; ব্রাহ্মণাদি জাতি। বর্ণ শব্দ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং। স্ত্রী,—র্ণিনী।

বর্ত্ত(র্ত)ন—১। স্থিতি; বৃত্তি; জীবিকা। বৃত্ (থাকা)+অনট্ ভাববা। ২। স্থাপন; পেষণ। ণিজন্ত বৃত্=বর্ত্তি (রাখা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বর্ত্ত(র্ত)মান—১। বিদ্যমান, উপস্থিত; স্থিতিমান্। বৃত্ (থাকা)+শানচ্ কর্ত্তৃবা। বিণ। ২। (ব্যাকরণে) প্রারব্ধ অথচ অপরিসমাপ্ত কাল, কার্য্যের সমকাল। বি; পুং।

বর্ত্তা(র্তা), বর্ত্তা(র্তা)ন—বর্তমান হওয়া বা থাকা; যাইয়া পড়া, অর্পান; চরিতার্থ হওয়া, তৃপ্ত হওয়া, জুড়ান। বাং ক্রি।

বর্ত্তি(র্তি), বর্ত্তি(র্তি)কা, বর্ত্তী(র্তী)—দীপদশা, সলিতা; বাতি; পক্ষিবিশেষ, বটের পাখী; তুলি; বার্ণিশ। বৃত্+ই কর্ত্তৃবা; ২য় পক্ষে তদুত্তরে কন্+আপ্; ৩য় পক্ষে বর্ত্তি+ঙীপ্। বি; স্ত্রী।

বর্ত্তি(র্তি)ত—নিষ্পাদিত, সম্পাদিত, কৃত। ণিজন্ত বৃত্ (=বর্ত্তি)+ক্ত কর্ম্মবা। বিণ।

বর্ত্তি(র্তি)তব্য—স্থাতব্য; স্থিতিশীল। বৃত্ (থাকা)+তব্য কর্ত্তৃবা। বিণ।

বর্ত্তি(র্তি)ষ্ণু—স্থিতিশীল। বৃত্ (থাকা)+ইষ্ণু কর্ত্তৃবা। বিণ।

বর্ত্তি(র্তি)ষ্যমাণ—ভাবী, ভবিষ্যৎ। বৃত্ (থাকা)+স্যমান কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ণা

বর্ত্তী(র্তী) (বর্ত্তিন্)—(অন্য শব্দের পরবর্ত্তী হইলে) স্থিতিশীল। (যেমন—পার্শ্ববর্ত্তী, নিকটবর্ত্তী)। বৃত্ (থাকা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিনী।

বর্ত্তু(র্তু)ল—বৃত্ত, গোলাকার; স্থূল। বৃত্ (থাকা)+উলচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লা।

বর্ত্ম (বর্ত্মন্)—পথ, রথ্যা; নেত্রচ্ছদ; চক্ষুর পাতা; আচার। বৃত্ (থাকা)+মনিন্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

বর্দ্ধ(র্ধ)ক—১। বৃদ্ধিকারক; পূরক। বৃধ্ (বাড়া)+ণিচ্+ণক কর্ত্তৃবা। ২। ছেদকারক, ছেদক। বর্দ্ধ্ (ছেদন করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্দ্ধিকা।

বর্দ্ধ(র্ধ)কি—সূত্রধর, ছুতার। বর্দ্ধ (বৃদ্ধি)—কব্+ক্তি কর্ত্তৃবা। বি; পুং।

বর্দ্ধ(র্ধ)কী (-কিন্)—ত্বষ্টা, সূত্রধর, ছুতার। বর্দ্ধক+ইন্ জাতার্থে। বি; পুং। স্ত্রী,—কিনী।

বর্দ্ধ(র্ধ)ন—১। উন্নতি, বৃদ্ধি। বৃধ্ (বাড়া)+অনট্ ভাববা। ২। ছেদন। বর্দ্ধ্ (ছেদন করা)+অনট্ ভাববা। ৩। পূরণ, বাড়ান। ণিজন্ত বৃধ্=বর্দ্ধি (বাড়ান)+অনট্ ভাববা। বি; ক্লীব। ৪। বৃদ্ধিকারক। বর্দ্ধি+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

বর্দ্ধ(র্ধ)মান—বৃদ্ধিশীল, যাহা বাড়িতেছে এরূপ। বৃধ্ (বাড়া)+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

বর্দ্ধি(র্ধি)ত—১। বৃদ্ধিপ্রাপিত, যাহা বাড়ান হইয়াছে এরূপ; পোষিত; পূরিত। ণিজন্ত বৃধ্=বর্দ্ধি (বাড়ান)+ক্ত কর্ম্মবা। ২। ছিন্ন, ছেদিত। বর্দ্ধ্ (ছেদন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বর্দ্ধি(র্ধি)ষ্ণু—বৃদ্ধিশীল; সমৃদ্ধিশালী; বর্দ্ধমান। বৃধ্ (বাড়া)+ইষ্ণু কর্ত্তৃবা। বিণ।

বর্ব্ব(র্ব)টী—বারনারী, বেশ্যা; বর্ব্বট কলায়। বর্ব্ব্+অটন্ কর্ত্তৃবা+ঙীপ্। বি; স্ত্রী।

বর্ব্ব(র্ব)র—প্রাকৃত ব্যক্তি; পামর; মূর্খ; নীচ জন; অসভ্য জাতি; বাউরি চুল। বর্ব্ব+অরন্ কর্তৃবা। বিণ। বি,—তা।

বর্ম্ম(র্ম) (বর্ম্মন্)—কবচ, তনুত্রাণ, সাঁজোয়া। বৃ (আবৃত করা)+মনিন্ করণবা। বি; ক্লীব।

বর্ম্মী(র্মী)—ব্রহ্মদেশের লোক বা ভাষা। বর্ম্মা +ঈ সম্বন্ধাদি অর্থে। বি।

বর্ম্মী(র্মী) (বর্ম্মিন্)—বর্ম্মপরিহিত। বর্ম্ম +ইন্ অস্ত্যর্থে। বিণ।

বর্য্য(র্য)—প্রধান, শ্রেষ্ঠ। বৃ (বরণ করা)+ যৎ কর্ম্মবা নিপাতনে। বিণ। স্ত্রী, বর্য্যা।

বর্শা—সড়কী, ভল্ল, একদিকে ফলকবিশিষ্ট লাঠি। 'বড়িশ' শব্দজ। বি।

বর্ষ—১। বৃষ্টি। বৃষ্ (বর্ষণ হওয়া)+ঘঞ্ ভাববা। ২। জম্বুদ্বীপ, জম্বুদ্বীপের নয় অংশ, যথা—ভারত, কিংপুরুষ, হরি, রমণক, হিরন্ময়, কুরু, ইলাবৃত, ভদ্রাশ্ব, কেতুমাল। বৃষ্+ঘঞ্ অধিবা। ৩। বৎসর। বৃষ্+অচ্ কর্তৃবা। বি; ক্লীব।

বর্ষকাল—সংবৎসর, সারা বছর। বর্ষব্যাপী যে কাল, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বর্ষজীবী (-বিন্)—বর্ষমাত্র স্থায়ী (উদ্ভিদ্)। উপতৎ। বর্ষ—জীব্+ণিন্ কর্তৃবা। বিণ।

বর্ষণ—বর্ষ, বৃষ্টি; উপর হইতে নিক্ষেপ বা ছড়ান। বৃষ্ (বৃষ্টি হওয়া)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বর্ষণস্নাত—বৃষ্টির জলে যে ভিজিয়া গিয়াছে। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

বর্ষণোন্মুখ—বর্ষণোদ্যত, বর্ষণ করে করে এরূপ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—খী।

বর্ষমান—বৃষ্টিপাতের পরিমাণ নির্ণয় করিবার যন্ত্র (Rain-gauge). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বর্ষা—১। প্রাবৃট্-কাল, শ্রাবণ ভাদ্র মাস। বর্ষ+অচ্ বিশিষ্টার্থে +আপ্। বি; স্ত্রী। ২। বর্ষণ করা বা হওয়া। কবিপ্র। ক্রি। ৩। বৃষ্টিপাত। দেশজ প্রঃ। বি।

বর্ষাকাল—বৃষ্টির ঋতু; আষাঢ় শ্রাবণ মাস। কর্ম্মধা। বি; পুং।

বর্ষাতি, -তী—বৃষ্টিরোধক বড় জামা (Rain-coat). হিন্দী। বি।

বর্ষাত্যয়, বর্ষাবসান—শরৎকাল। বর্ষার অত্যয় বা অবসান হয় যে সময়ে, বহুব্রী। বি; পুং ও ক্লীব।

বর্ষান—বর্ষণ করা। বাং ক্রি।

বর্ষাভূ—১। মণ্ডূক, ভেক। বি; পুং বা স্ত্রী। ২। কিঞ্চুলুক, কেঁচো; ইন্দ্রগোপ কীট। উপতৎ। বর্ষা—ভূ (হওয়া)+কিপ্ কর্তৃবা। বি; পুং। [বিণ। স্ত্রী,—ভা।

বর্ষাস্নাত—বৃষ্টির জলে অভিষিক্ত। ৩য়াতৎ।

বর্ষিত—অজস্র ধারায় পতিত বা পাতিত। বর্ষ+ইতচ বিশিষ্টার্থে বা বৃষ্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ।

বর্ষিষ্ঠ—অতিশয় বৃদ্ধ; সর্ব্বশ্রেষ্ঠ। বৃদ্ধ+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

বর্ষী (বর্ষিন্)—(কর্ম্মবাচক শব্দের পর) বর্ষণশীল (যেমন, অনলবর্ষী)। বৃষ্ (বর্ষণ করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষিণী।

বর্ষীয়—বয়স্ক, বয়সবিশিষ্ট। বর্ষ+ঈয়। বিণ। স্ত্রী,—য়া।

বর্ষীয়সী—বর্ষীয়ান্ দ্রঃ।

বর্ষীয়ান্ (-য়স্)—অতিশয় বৃদ্ধ; সর্ব্বজ্যেষ্ঠ। বৃদ্ধ+ঈয়সু আতিশয্যার্থে। বিণ। স্ত্রী,—য়সী।

বর্ষোপল—করকা, শিল। বর্ষের (বৃষ্টির) উপল (প্রস্তর), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বর্হ—ময়ূরপিচ্ছ। বর্হ্ (উৎকর্ষপ্রাপ্ত হওয়া)+অচ্ কর্তৃবা। বি; পুং বা ক্লীব।

বর্হা—ময়ূরপিচ্ছ। বর্হ্+আপ্। বি; স্ত্রী।

বর্হিঃ (বর্হিস্), **বর্হি**—১। অগ্নি; দীপ্তি; যজ্ঞ। বি; পুং। ২। কুশ। বৃহ্ (বৃদ্ধি পাওয়া)+ইস্ কর্তৃবা। বি, পুং বা ক্লীব।

বর্হিণ—ময়ূর। বর্হ+ইনচ্ অস্ত্যর্থে। বি; পুং।

বর্হিষদ্—পিতৃলোকবিশেষ। বর্হিস্ (অগ্নি)—সদ্+কিপ্ কর্তৃবা। বি; পুং।

বর্হী (বর্হিন্)—ময়ূর। বর্হ+ইন্ অস্ত্যর্থে। বি ; পুং। স্ত্রী,—র্হিণী।

বল—১। সামর্থ্য, শক্তি ; সার ; স্থূলতা ; রূপ ; দেহ ; গন্ধরস ; শুক্র ; রক্ত ; পল্লব ; সৈন্য ; দাবাখেলার ঘুঁটি—গজ নৌকা ঘোড়া। বল্+অচ্ কর্তৃবা। বি ; ক্লীব। ২। বলরাম। বি ; পুং। ৩। খেলিবার ভাঁটা, কন্দুক। ইং Ball. বি। [দেশজ। বি।

বলক—জ্বাল দিবার সময় দুধ উথলিয়া উঠা।

বলকর—বলকারক, শক্তিজনক। উপতৎ। বল—কৃ+ট কর্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

বলকা—বলক উঠা পর্য্যন্ত গরম করা হইয়াছে এরূপ। দেশজ। বিণ।

বলকারক—বলকর, শক্তিজনক, সামর্থ্যপ্রদ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—রিকা।

বলক্ষয়—শক্তির অপচয় ; সৈন্যনাশ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বলদ—১। বলদায়ক, বলকর। উপতৎ। বল—দা+ক কর্তৃবা। বিণ। ২। ষাঁড়, বৃষ, গলীবর্দ্দ ; দামড়া, হেলে গরু। 'বলীবর্দ্দ' শব্দজ। বি।

বলদিয়া, বলদে—যে সকল লোক বলদের পৃষ্ঠে তণ্ডুলাদি বোঝা চাপাইয়া হাটে বা গৃহে গৃহে বিক্রয় করে। বলদ+ইয়া, এ। বি।

বলদৃপ্ত—সামর্থ্যের গর্ব্বযুক্ত, শক্তি থাকায় অহঙ্কৃত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—প্তা।

বলদেব, —ভদ্র, —রাম—কৃষ্ণের বৈমাত্রেয় জ্যেষ্ঠ ভ্রাতা। বসুদেবের ঔরসে রোহিণীর গর্ভে ইঁহার জন্ম হয়। বি ; পুং।

বলন—১। বৃদ্ধি। দেশজ। ২। স্থূলত্ব ; গড়ন। প্রাঃ কবিপ্র। বি।

বলনাচ—সাহেব মেমের একত্রে নৃত্যলীলা। বল (Ball) নামক নাচ, মধ্যপ কর্ম্মধা। বি।

বলনি, —নী—গড়ন, বিন্যাস। প্রাঃ কবিপ্র। বি।

বলপূর্ব্ব(র্ব)ক—ব ল স হ কা রে, জোর করিয়া। বল হইয়াছে পূর্ব্বে যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

বলপ্রয়োগ—জোর খাটান, জোর করা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বলবৎ—প্রবল ; কার্য্যকারী ; প্রচলিত, বাহাল। (বলবান্ দ্রঃ)। বিণ।

বলবত্তা—বলশালিতা, অতিশয় সামর্থ্য। বলবৎ+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

বলবন্ত—শক্তিশালী। বল+বন্ত আছে অর্থে। বিণ।

বলবর্দ্ধ(র্ধ)ক—শক্তিবৃদ্ধিকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—র্দ্ধিকা।

বলবর্দ্ধ(র্ধ)ন—১। শক্তির বৃদ্ধিসাধন। বি ; ক্লীব। ২। শক্তিবৃদ্ধিকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—নী।

বলবান্ (—বৎ)—বলশালী, সমর্থ, প্রবল। বল+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—বতী।

বলবিদ্যা—বলের বা পদার্থের শক্তির ক্রিয়াদি জ্ঞাপক বিদ্যা (Mechanics). মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

বলয়—করভূষণ, বালা ; কঙ্কণ ; মণ্ডল। বল্ (আস্তরণ করা)+কয়ন্ কর্তৃবা। বি ; পুং বা ক্লীব।

বলয়িত—বলয়াকৃতি ; বলয়বেষ্টিত, পরিবৃত। বলয়+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

বলরাম—বলদেব দ্রঃ।

বলশালী (—শালিন্)—বলবান্, শক্তিমান্, সামর্থ্যযুক্ত, বলিষ্ঠ। বল—শাল্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—লিনী। [—না।

বলহীন—দুর্ব্বল। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,

বলা—১। তন্ত্রবিদ্যাবিশেষ ; গুল্মবিশেষ, বেড়েলা। বল্ (বলবান্ হওয়া)+অচ্ কর্তৃবা+আপ্। বি ; স্ত্রী। ২। বাক্যে প্রকাশ করা, কহা ; জানান, সম্মতি দেওয়া ; উল্লেখ করা। বাং ক্রি। ৩। কথিত। বল্+আ কর্ম্মবা। বিণ।

বলাই—বলদেব, বলরাম। 'কানাই'র অনুকরণে। বি।

বলাক—একপ্রকার ক্ষুদ্রজাতীয় বক। বল—অক্ (বক্রভাবে গমন করা)+অচ্

কর্তৃবা; অথবা বল্ (বলবান্ হওয়া)+ আকন্ কর্তৃবা। বি; পুং।

বলাকা—একপ্রকার ক্ষুদ্রজাতীয় বকী; কামুকী স্ত্রী। বলাক+আপ্। বি; স্ত্রী।

বলাকিনী—বকশ্রেণী। প্রাঃ কবিপ্র। বি।

বলাৎ—বলপূর্ব্বক, জোর করিয়া। বল—অত্ (গমন করা)+ক্বিপ্ করণবা। অব্য।

বলাৎকার—১। বলপূর্ব্বক করণ, জোর জবরদস্তি করা; হঠাৎ করণ। বলাৎ—কৃ+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। বলপূর্ব্বক স্ত্রীলোকের সতীত্বনাশ। দেশজ প্রঃ। বি।

বলাধান—১। বলসঞ্চার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। শক্তিজনক। দেশজ প্রঃ। বিণ।

বলাধিক্য—শক্তির প্রাচুর্য্য; অপেক্ষাকৃত বেশী শক্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বলাধ্যক্ষ—সেনাপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বলান—বাড়ান; কহান। বাং ক্রি।

বলান্বিত—শক্তিসম্পন্ন, বলবান্। ৩য়াতৎ। বিণ।

বলাবল—সামর্থ্য ও অসামর্থ্য, ক্ষমতা ও অক্ষমতা। ন বল অবল, নঞ্তৎ; বল ও অবল, দ্বন্দ্ব। বি; ক্লীব।

বলাবলি—পরস্পর কথা বলা। দেশজ। বি।

বলাহক—পর্ব্বত; মেঘ; মুস্তক; দৈত্যবিশেষ; নাগবিশেষ। বল—আ—হা (ত্যাগ করা)+ণক কর্তৃবা। বি; পুং।

বলি—১। রাজস্ব; পূজা; পূজোপহার; যজ্ঞ পূজাদিতে বধ্য প্রাণী; ভূতযজ্ঞ; চামরদণ্ড। বল্ (দান করা, বধ করা, ইত্যাদি)+ই করণবা। ২। দৈত্যরাজবিশেষ। বি; পুং। ৩। উদরোপরি তরঙ্গিত মাংস; জরাবিশ্লথ-চর্ম্ম; শরীরমধ্যরেখা; গুহ্যদ্বারের অভ্যন্তরস্থ মাংসবিশেষ; ভঙ্গী; গৃহদারুবিশেষ। বল্+ই কর্তৃবা। বি; স্ত্রী।

বলিত—বলিযুক্ত; বিরল চর্ম্মবিশিষ্ট। বলি+ত, যুক্তার্থে। বিণ।

বলিদান—দেবপ্রতিমা-সম্মুখে ছাগাদি পশু বলি দেওয়া, দেবতাকে বলি অর্পণ; মহৎ উদ্দেশ্যে বিসর্জ্জন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বলিভুক্ (—ভুজ্)—মনুষ্যত্যক্ত খাদ্য-ভোজী বায়স, কাক; চটক। বলি—ভুজ্+ক্বিপ্ কর্তৃবা। বি; পুং।

বলিমুখ, বলীমুখ—বানর। বলি (বা বলী) যুক্ত (শ্লথচর্ম্মবিশিষ্ট) মুখ যাহার, বহুব্রী। বি; পুং।

বলিয়া, ব'লে—জন্য, নিমিত্ত, হেতু। [দেশজ। অব্য।

বলিষ্ঠ—অতিশয় বলবান্। বলবৎ বা বলিন্ +ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

বলিহারি—বিস্ময়সূচক বাক্য,—বাহবা, সাবাস! বলিহারি-যাই শব্দের সংক্ষেপ। অব্য।

বলিহারি-যাই—বলিতে হারিয়া যাই, অর্থাৎ এত সুন্দর বা উত্তম যে বলিয়া প্রকাশ করিতে পারা যায় না; বিস্ময়সূচক বাক্য। দেশজ। অব্য।

বলী (বলিন্)—বলবান্, বলশালী, সবল। বল (সামর্থ্য)+ইন অস্ত্যর্থে। বিণ। স্ত্রী—লিনী।

বলী—উদরোপরিস্থ তরঙ্গিত মাংস, বলি, জরাবিশ্লথচর্ম্ম; শরীরমধ্য-রেখা; ভঙ্গী; গুহ্য-দ্বারের অভ্যন্তরস্থ মাংসবিশেষ; গৃহদারু-বিশেষ। বলি+ঙীপ্। বি; স্ত্রী।

বলীবর্দ্দ(র্দ)—বলদ; ষাঁড়। বল—বৃধ (বৃদ্ধি পাওয়া)+অচ্। বি; পুং।

বলীয়ান্ (—য়স্)—বলিষ্ঠ, অতি বলবান্। অতিশয় বলী এই অর্থে বলবৎ বা বলিন্+ঈয়স্। বিণ। স্ত্রী,—য়সী।

বল্ক—বল্কল; খণ্ড; আঁইস। বল্ (আবরণ করা)+ক কর্তৃবা। বি; পুং।

বল্কল—বৃক্ষত্বক্, বাকল, গাছের ছাল, আঁইস। বল্ (আবরণ করা)+কল কর্তৃবা। বি; ক্লীব বা পুং।

বল্গা—রশ্মি, লাগাম। বল্গ্ (লাফান ইত্যাদি)+ঘঞ্ করণবা+আপ্। বি; স্ত্রী।

বল্লাহরিণ—সুমের-সন্নিহিত দেশস্থ হরিণ-

বিশেষ (Rein-deer). বল্গাযুক্ত হরিণ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

বল্গিত—লম্ফন ; অশ্বের গতিবিশেষ, প্লুত-গতি ; গমন ; হস্তপদাদির আস্ফালন ; ভোজন ; বহুভাষণ। বল্গ্ (গমন করা ইত্যাদি)+ক্ত ভাববা। বি ; ক্লীব।

বল্মিক, বল্মীক—উইঢিপি। বল্ (আস্তরণ করা)+ইক, ঈক কর্ত্তৃবা। বি ; ক্লীব বা পুং।

বল্মিকি, বল্মীকি—সংস্কৃত রামায়ণ-প্রণেতা বাল্মীকি মুনি। বল্মিক বা বল্মীক+ই জাতার্থে। বি ; পুং।

বল্য—বলকর। বল+যৎ হিতার্থে। বিণ।

বল্লব—সূপকার, পাচক ; গোপ। বল্ল (ভক্ষ্যবস্তু)+ব অস্ত্যর্থে। বি ; পুং। স্ত্রী,—বী।

বল্লভ—প্রিয় ; প্রণয়ী ; অধ্যক্ষ। বল্ল্ (আস্তরণ করা)+অভচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ভা।

বল্লম—ভল্ল, শূল, বড়শা, শড়কি। ফার্সী। বি।

বল্লরি, বল্লরী—লতা ; মঞ্জরী। বল্ল্ (আস্তরণ করা)—ঋ+ই কর্ত্তৃবা, বিকল্পে ঈপ্। বি ; স্ত্রী।

বল্লালী—বল্লাল সেনের কৃত বা প্রবর্ত্তিত। বল্লাল+ঈ। বিণ।

বল্লি, বল্লী—পৃথিবী ; বর্ষমাত্রজীবিনী লতা। বল্ল্ (আস্তরণ করা)+ই কর্ত্তৃবা, বিকল্পে ঈপ্। বি ; স্ত্রী।

বশ—১। ইচ্ছা, কামনা। বশ্ (ইচ্ছা করা) +ক ভাববা। বি ; ক্লীব বা পুং। ২। প্রভুত্ব, কর্ত্তৃত্ব ; আয়ত্তা, অধীনতা। বশ্+ক কর্ম্মবা। বি ; ক্লীব। ৩। আয়ত্ত, অধীন। বশ্ +অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, বশা।

বশংবদ—প্রিয়বাদী, মধুরভাষী ; বশানুগ, বশবর্ত্তী ; অনুগত। বশ—বদ্ (বলা)+খশ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

বশগ—বশবর্ত্তী, বশীভূত, আয়ত্ত। উপতৎ। বশ—গম্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—গা।

বশতঃ (—তস্), **বশত**—অধীনতা-হেতু ; কারণে। বশ+তস্ হেত্বর্থে প্রসঙ্গে ঙ্গী-স্থানে। অব্য।

বশতা, বশত্ব—আয়ত্ততা, অধীনতা। বশ শব্দ+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

বশতাপন্ন—আয়ত্ত, বশবর্ত্তী। বশতাকে আপন্ন (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ। স্ত্রী,—ন্না।

বশবর্ত্তী(র্ত্তী) (—বর্ত্তিন্)—বশগ, বশীভূত, বশতাপন্ন ; অনুগত। উপতৎ। বশ—বৃত্ (থাকা)+ণিন কর্ত্তৃবা। বিণ ; পুং। স্ত্রী, —র্ত্তিনী।

বশানুগ—বশবর্ত্তী। উপতৎ। বশ—অনু —গম্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—গা।

বশিতা, বশিত্ব—শিবের ঐশ্বর্য্যবিশেষ ; অষ্টসিদ্ধির অন্তর্গত সিদ্ধিবিশেষ ; স্বাধীনতা ; বশবর্ত্তিতা। বশিন (বশী)+তা, ত্বভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

বশিষ্ট, বশিষ্ঠ, বসিষ্ঠ—জনৈক মুনি, সূর্য্যবংশীয় রাজগণের কুলপুরোহিত। বশিষ্ট= অব—শাস্ (শাসন করা)+ক্ত কর্ত্তৃবা; বশিষ্ঠ=বশিন্ শব্দ (বশী, জিতেন্দ্রিয়)+ ইষ্ঠ অতিশয়ার্থে ; বসিষ্ঠ=বসুমৎ+ইষ্ঠ। বি ; পুং।

বশী (বশিন্)—বশগ ; বশবর্ত্তী; জিতেন্দ্রিয় ; স্বাধীন। বশ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—শিনী।

বশীকরণ—১। আয়ত্তকরণ, বশে আনয়ন। বশ+চি্ব অভূততদ্ভাবার্থে (=বশী)—কৃ (করা)+অনট্ ভাববা। ২। বশ্যতাজনক মণিমন্ত্রৌষধাদি। বশী—কৃ+অনট্ করণবা। বি ; ক্লীব।

বশীকৃত—যাহাকে বশ করা হইয়াছে এরূপ, বশে আনীত, আয়ত্তীকৃত। বশ শব্দ+চি্ব অভূততদ্ভাবার্থে (=বশী)—কৃ (করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বশীভূত—বশতাপন্ন, বশ্যতাপ্রাপ্ত, আয়ত্তিকৃত, যে বশ হইয়াছে এরূপ। বশ শব্দ+চি্ব অভূততদ্ভাবার্থে (=বশী)—ভূ (হওয়া) ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

বশ্য—বশানুগ, বশবর্ত্তী; বশীকরণযোগ্য। বশ+যৎ শক্যার্থে। বিণ। স্ত্রী, বশ্যা।

বশ্যতা—বশবর্ত্তিতা, অধীনতা। বশ্য+তা ভাবার্থে। বি; স্ত্রী।

বষট্—দেবোদ্দেশে অগ্নিতে আহুতি প্রদানের মন্ত্র। বহ্ (বহন করা)+ডষট্ করণবা। অব্য।

বষট্কার—অগ্নিতে আহুতি প্রদানরূপ কার্য্য, হোম-কর্ম্ম বা তাহার মন্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বষ্কয়ণী, বষ্কয়িণী—চিরপ্রসূতা গবী। বষ্কয়ণী=বষ্কয়—নী+ক্বিপ্ কর্ত্তৃবা; বষ্কয়িণী =বষ্কয় শব্দ+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বি; স্ত্রী।

বস্, ব্যস্—প্রচুর; আর না; কোন কথার শেষে জোর দিয়া পুনরায় কথারম্ভে। দেশজ। অব্য।

বসতি, বসতী—১। আলয়; বাসস্থান; রাত্রি। বস্ (বাস করা)+অতি অধিবা। ২। বাস। বস্+অতি ভাববা। বি; স্ত্রী।

বসন—১। বস্ত্র, কাপড়; স্ত্রীলোকের কটি-ভূষণ। বস্+অনট্ করণবা। ২। বাস; আচ্ছাদন। বস্+অনট্ ভাববা। বি; ক্লীব।

বসন্ত—১। ঋতুবিশেষ, চৈত্র বৈশাখাত্মক কাল,—এদেশে এক্ষণে কিন্তু ফাল্গুন চৈত্র দুই মাসই বসন্তকাল ধরা হইয়া থাকে; তাল-বিশেষ; রাগবিশেষ। বস্ (বাস করা)+অন্ত অধিবা। ২। রোগবিশেষ; (নাট্যে) বিদূষকের উপাধি। বস্+অন্ত কর্ত্তৃবা। বি; পুং।

বসন্ত-তিলক, বসন্ত-তিলকা—চতুর্দ্দশাক্ষর ছন্দোবিশেষ; পুষ্পবিশেষ। বি; ক্লীব, স্ত্রী।

বসন্তপঞ্চমী—মাঘমাসীয় শুক্লপঞ্চমী, শ্রীপঞ্চমী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বসন্ত-সখা (-সখি)—কামদেব, কন্দর্প; কোকিল। বসন্ত হইয়াছে সখা যাহার, বহুব্রী। বি; পুং।

বসন্তোৎসব—বসন্তকালে যে উৎসব হয় তাহা। ইহাতে কন্দর্পের পূজা হইয়া থাকে। প্রাচীনকালে এই উৎসব খুব প্রচলিত ছিল, এখনও স্থানে স্থানে ইহার অনুষ্ঠান হয়। বসন্তের উৎসব, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বসবাস—লোকের বসতি, স্থায়ী আবাস। দেশজ। বি।

বসা—১। মজ্জা; মেদ, চর্ব্বি। বস্+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী। ২। উপবেশন করা, আসীন হওয়া; আরম্ভ হওয়া; কিছুকালের জন্য স্থাপিত হওয়া; ভিতরে প্রবেশ করা, ডুবিয়া যাওয়া, পুঁতিয়া যাওয়া; ঘনীভূত হওয়া, জমা, জমাট বাঁধা। বাং ক্রি। ৩। ভিতরে প্রবিষ্ট; থেবড়া। দেশজ। বিণ। **বসিয়া থাকা**—বেকার থাকা। **বসিয়া পড়া**—নিরাশ ও নিশ্চেষ্ট হওয়া।

বসান—১। বসা ক্রিয়া করান, উপবেশন করান; ভিতরে প্রবেশ করান; জমান; দমাইয়া দেওয়া। বাং ক্রি। ২। স্থাপিত; জোড়া লাগান। বসা+ন কর্ম্মবা। বিণ।

বসু—১। ধন; রত্ন; স্বর্ণ; জল। বস (বাস করা, ইত্যাদি)+উ কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। শিব; সূর্য্য; অগ্নি; যোক্ত্র; বল্গা; দীপ্তি; রশ্মি; কুবের; রাজা; পুষ্করিণী; সাধু; ধনিষ্ঠানক্ষত্র; বকবৃক্ষ; ধর ধ্রুব সোম বিষ্ণু অনল অনিল প্রত্যুষ প্রভাস—গঙ্গা হইতে উৎপন্ন এই অষ্ট গণদেবতা। বি; পুং।

বসুদেব—শ্রীকৃষ্ণের জনক। বি; পুং।

বসুধা—ধরণী, পৃথিবী। বসু (রত্ন)—ধা (ধারণ করা)+ক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

বসুধারা—ধন-প্রবাহ; চেদিরাজ বসুকে দীয়মান ঘৃতাদির ধারা, আভ্যুদয়িক শ্রাদ্ধ-কালে ভিত্তিগাত্রে প্রদত্ত ঘৃতধারা; কুবেরপুরী। ৬ষ্ঠীতৎ; শেষ অর্থে বহুব্রী। বি; স্ত্রী।

বসুন্ধরা—বসুমতী, ধরণী। উপতৎ। বসু (রত্ন)—ধৃ (ধারণ করা)+ণিচ্+খচ্ কর্ত্তৃবা +আপ্। বি; স্ত্রী।

বসুমতী—বসুধা, পৃথিবী। বসু (রত্ন)+ মতুপ্ অস্ত্যর্থে+ঈপ্। বি; স্ত্রী।

বস্তা—বড় থলি, বোরা ; গাঁট। ফার্সী। বি।

বস্তাপচা—বহুদিন গাঁটবন্দি থাকায় যাহা নষ্ট হইয়াছে ; অতি জীর্ণ ও পুরাতন। ৭মীতৎ। বিণ।

বস্তাবন্দী—বস্তায় ভরা। ৭মীতৎ। বিণ।

বস্তি—১। নাভির অধোদেশ, তলপেট ; মূত্রস্থলী ; বাসস্থান। বস্ (আচ্ছাদন বা বাস করা)+তি অধিবা। ২। বাস। বস্+তি ভাববা। ৩। বস্ত্র-দশা, কাপড়ের দশী। বস্+তি করণবা। বি ; পুং। স্ত্রী, বস্তি, বস্তী। ৪। দরিদ্র পল্লী। 'বসতি' শব্দজ। বি।

বস্তু—পদার্থ, দ্রব্য, জিনিষ ; বৃত্তান্ত ; সৎপাত্র ; ব্রহ্ম ; সত্য ; সার ; বাস্তব বিষয়। বস্ (বাস করা)+তুন্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।

বস্তুতঃ (–তস্), **বস্তুত**—ফলতঃ, বাস্তবিক ; যথার্থতঃ। বস্তু+তস্। অব্য।

বস্তুতত্ত্ব—পদার্থের স্বরূপ, পদার্থের উৎপত্তি বিনাশ গুণাগুণ প্রভৃতি ধর্ম্ম। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

বস্তুতন্ত্র—বাস্তব বিষয়ের প্রাধান্যপ্রদান (Realism). ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। বিণ, –তান্ত্রিক।

বস্ত্র—বসন, কাপড়। বস্ (আচ্ছাদন করা) +ষ্ট্রন্ করণবা। বি ; ক্লীব।

বস্ত্রকুট্টিম—বস্ত্রগৃহ, তাঁবু ; ছত্র, ছাতা। বস্ত্র-নির্ম্মিত কুট্টিম, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

বস্ত্রগৃহ—বস্ত্রাবাস, তাঁবু। বস্ত্রদ্বারা নির্ম্মিত গৃহ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

বস্ত্রগ্রন্থি—নীবী, কাপড়ের গাঁইট। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বস্ত্রহরণ—কাপড় কাড়িয়া লওয়া ; আবরণ উন্মোচন। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

বস্ত্রাবাস—তাঁবু। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং ;

বস্ত্রালয়—কাপড়ের দোকান। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বহতা—বহমান। দেশজ। বিণ।

বহন—ধারণ ; বহিয়া যাওয়া ; লইয়া যাওয়া। বহ্ (বহা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

বহনীয়—বহনযোগ্য, বাহ্য। বহ্ (বহা)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, –য়া।

বহমান—বহনশীল ; যাহা বহিয়া যাইতেছে এরূপ। বহ্ (বহা)+শানচ্ কর্ত্তৃবা। বিণ।

বহর—বিস্তার, প্রস্থ, ওসার ; গভীরতা ; বহু জলযানের একত্র সমাবেশ ; নৌসমূহ। আর্বী। বি।

বহা—বহন করা ; প্রবাহিত হওয়া। বাং ক্রি। **বয়ে যাওয়া**—ক্ষতি হওয়া ; বওয়াটে হওয়া।

বহান—প্রবাহিত করা। বাং ক্রি।

বহাল, বাহাল—বজায়, অপরিবর্ত্তিত ; প্রতিষ্ঠিত ; নিযুক্ত। ফার্সী। বিণ।

বহি—১। কেতাব, পুস্তক, খাতা। আর্বী। বি। ২। বহন করি বা করিয়া। কবিপ্র। ক্রি।

বহিঃ (**বহিস্**), **বহি**—বাহির। বহ্+ইস্ কর্ত্তৃবা। অব্য।

বহিঃপ্রকোষ্ঠ—বাহিরের কক্ষ, বাড়ীর বাহিরের ঘর। বহিঃস্থিত প্রকোষ্ঠ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

বহিঃসংসার—চক্ষুকর্ণাদির বিষয়ীভূত সংসার ; বহির্জ্জগৎ। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

বহিঃস্থ, বহিস্থ—বাহিরে স্থিত। বহিস্ (বাহির)–স্থা (থাকা)+ক কর্ত্তৃবা। বিণ।

বহিত্র—জলযান, পোত, নৌকা ; ক্ষেপণী, দাঁড়। বহ্ (বহা)+ইত্র করণবা। বি ; ক্লীব।

বহিন—বোন, ভগিনী। হিন্দী। বি।

বহিরঙ্গ(**ঙ্গ**)—বাহ্য অঙ্গ ; বাহ্য লক্ষণ-বিষয়ক তত্ত্ব ; পর ; (ব্যাকরণে) প্রত্যয়ঘটিত কার্য্য। কর্ম্মধা। বি ; ক্লীব।

বহিরাগমন—বহির্গত হওয়া। ৭মীতৎ। বি ; ক্লীব। বিণ, –গত।

বহিরাবরণ—বাহিরের আচ্ছাদন ; বাহিরের ঢাকনি। বহিঃস্থিত যে আবরণ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

বহিরিন্দ্রিয়—বাহ্যেন্দ্রিয়, চক্ষুঃ কর্ণ নাসিকা জিহ্বা ত্বক্—এই পাঁচ ইন্দ্রিয়। বহিঃ যে ইন্দ্রিয়, কর্ম্মধা। বি ; ক্লীব।

বহির্গত—বাহিরে প্রস্থিত, নির্গত, নিঃসৃত, যে বাহির হইয়াছে এরূপ। বহিঃ (বাহিরে) গত, ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

বহির্গমন—বাহিরে যাওয়া, নির্গমন, নিঃসরণ। ৭মীতৎ। বি; ক্লীব।

বহির্জ্জ(র্জ)গৎ—বহিঃসংসার, দৃশ্যমান জাগতিক ব্যাপার। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বহির্দ্দে(র্দে)শ, বহির্ভাগ—বাহিরের দিক। কর্ম্মধা। বি; পুং।

বহির্দ্বার—বাহিরের দরজা, সদর দরজা। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বহির্ব্বা(র্বা)টী—বাহির বাড়ী, সদর বাড়ী। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

বহির্ব্বা(র্বা)ণিজ্য—দেশের বাহিরে অর্থাৎ ভিন্ন দেশে ক্রয়বিক্রয়। বহিঃ (বাহিরে) বাণিজ্য, ৭মীতৎ। বি; ক্লীব।

বহির্ব্বাসঃ (-বাসস্), বহির্বাস—বৈষ্ণবেরা প্রথমে কৌপীন আঁটিয়া তাহার উপরে যে একখানা কচ্ছহীন বস্ত্র পরিধান করেন; উত্তরীয়। কর্ম্মধা। বি; পুং।

বহির্ভূত—বহির্গত; বহিঃস্থ। বহিস্ (বাহির) —ভূ (হওয়া)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

বহির্মুখ—বিমুখ; বাহ্য বিষয়ে আসক্ত। বহিঃ (বাহিরে) মুখ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—খী।

বহির্লিখিত—বহিঃসীমা স্পর্শ করাইয়া অঙ্কিত। সুপ্‌সুপা। বিণ।

বহিষ্করণ, বহিষ্কার—বাহির করিয়া দেওয়া, দূরীকরণ; নিষ্কাশন; আবিষ্কার। বহিস্ (বাহির)—কৃ (করা)+অনট্, ঘঞ্ ভাববা। বি; ক্লীব, পুং।

বহিষ্কৃত—যাহাকে বাহির করিয়া দেওয়া হইয়াছে এরূপ, দূরীকৃত। বহিস্ (বাহির) —কৃ (করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বহিষ্ক্রান্ত—বহির্নিঃসারিত, দূরীকৃত, বাহিরে বিতাড়িত। বহিস্ (বহিঃ)—ক্রম্ +ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ন্তা।

বহিস্থ—বহিঃস্থ দ্রঃ।

বহু—১। অনেক; অধিক; বিপুল; প্রচুর; ভূরি। বন্হ্ (বৃদ্ধি পাওয়া)+কু কর্তৃবা। বিণ। ২। বউ, বধূ। 'বধূ' শব্দজ। বি। ৩। বহে, প্রবাহিত হয়। প্রাঃ কবিপ্র। ক্রি।

বহুকালিয়া, -কেলে—অনেক দিনের পুরাতন। বহুকাল+ইয়া, এ। বিণ।

বহুজ্ঞ—অনেকবিৎ, বহুদর্শী; অভিজ্ঞ। বহু (অনেক)—জ্ঞা (জানা)+ক কর্তৃবা। বিণ।

বহুড়ী—বালিকা বধূ। 'বধূটী' শব্দজ। বি।

বহুৎ, বহুত্—বহু, অনেক, খুব। হিন্দী। বিণ। **বহুৎ আচ্ছা**—উত্তম, সাবাস, চমৎকার।

বহুতর—১। বিস্তর, অনেকানেক। বহু+ তর অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—রা। ২। বহুপ্রকার, অনেক রকম। প্রাঃ কবিপ্র। বিণ।

বহুতল—অনেক পৃষ্ঠযুক্ত। বহুব্রী। বিণ।

বহুতা, -ত্ব—অনেকত্ব, বাহুল্য। বহু+ তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

বহুদক্ষিণ—অত্যুদার, বদান্য; যাহাতে প্রভূত দান দক্ষিণা হয়। বহুব্রী। বিণ।

বহুদর্শিতা—ভূয়োদর্শনজনিত জ্ঞান; বহুজ্ঞতা; অভিজ্ঞতা। বহুদর্শিন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

বহুদর্শী (-দর্শিন্)—ভূয়োদর্শনবিশিষ্ট; বহুজ্ঞ; অভিজ্ঞ; দূরদর্শী। উপতৎ। বহু —দৃশ্ (দেখা)+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—র্শিনী। [বি ও বিণ।

বহুদূর—অনেক দূর; সুদীর্ঘ। কর্ম্মধা।

বহুদূরবর্ত্তী(র্তী) (-র্ত্তিন্)—অনেক দূরে স্থিত। উপতৎ। বহুদূর—বৃৎ+ণিন্ কর্তৃবা। বিণ।

বহুধা—অনেক প্রকার; অনেক বার; বহু খণ্ডে বা ভাবে। বহু+ধাচ্ প্রকারার্থে। অব্য।

বহুপত্নীক—বহু ভার্য্যাবিশিষ্ট, যাহার অনেক স্ত্রী আছে। বহু পত্নী যাহার, বহুব্রী +ক সমাসান্ত। বিণ।

বহুপ্রজ, -প্রজঃ—বহুসন্তানবিশিষ্ট। বহু

প্রজা (সন্তান) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —জা।

বহুপ্রসবিনী—অনেক সন্তান প্রসবকারিণী। বহু—প্র—সূ+ণিন্ কর্তৃবা+ঈপ্। বিণ; স্ত্রী।

বহুবচন—(ব্যাকরণে) যাহা দ্বারা দুইএর অধিক পদার্থ বুঝায়। বহুর বচন যদ্দারা, বহুব্রী। বি; ক্লীব।

বহুবার—১। বহুয়ার বা লাসোড়া গাছ। বি; পুং। ২। অনেক বার। ক্রি-বিণ।

বহুবিধ—নানাবিধ; অনেক প্রকার। বহু বিধা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

বহুবিবাহ—একাধিক পত্নী বা পতি গ্রহণ। কর্ম্মধা। বি; পুং।

বহুব্রীহি—১। বহুধান্যবিশিষ্ট। বহু (অধিক) হইয়াছে ব্রীহি (ধান্য) যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। ২। অন্যপদার্থপ্রধান সমাস-বিশেষ। বি; পুং।

বহুভাগ, বহুভাগ্য—১। অতি শুভাদৃষ্ট, পরম সৌভাগ্য। কর্ম্মধা। বি; পুং, ক্লীব। ২। অতি ভাগ্যবান্, পরম সৌভাগ্যশালী। বহু ভাগ, ভাগ্য যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —গা, —গ্যা।

বহুভাগী (—ভাগিন্)—অতি ভাগ্যবান্, সৌভাগ্যশালী। বহুভাগ+ইন্ যুক্তার্থে। বিণ। স্ত্রী,—গিনী।

বহুভাষী (—ভাষিন্)—অনেক কথা বলে এরূপ; বাচাল; বহুভাষাবিৎ। উপতৎ। বহু—ভাষ্ (বলা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষিণী।

বহুমত—১। অত্যন্ত আদৃত। বহু—মন্+ক্ত কর্ম্মবা। ২। যাহার অনেক মত। বহুব্রী। বিণ। স্ত্রী,—তা। ৩। অনেক মত। কর্ম্মধা। বি; ক্লীব। ৪। অনেকরকম। দেশজ। ক্রি-বিণ বা বিণ।

বহুমান—সম্মান, অতিশয় সমাদর। কর্ম্মধা। বি; ক্লীব।

বহুমানাস্পদ—অতিশয় সম্মানভাজন, অত্যন্ত সমাদরের পাত্র। বহুমানের আস্পদ, ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; ক্লীব।

বহুমুখ—অনেক মুখবিশিষ্ট; বহু দিকে ব্যাপৃত। বহুব্রী। বিণ। স্ত্রী,—খী।

বহুমূত্র—মূত্ররোগবিশেষ, ইহাতে অধিক প্রস্রাব হয় ও তাহার সহিত শর্করা থাকে। বহু হয় মূত্র যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

বহুমূল্য—অতিশয় মূল্যবান্, মহার্ঘ, খুব বেশী দামী। বহুব্রী। বিণ।

বহুরাশিক—পাটীগণিতের দুইটি বা ততোধিক ত্রৈরাশিকঘটিত অঙ্ক (Double rule of three). বহু রাশি যাহাতে, বহুব্রী+ক সমাসান্ত। বি; ক্লীব।

বহুরি, —রী—বধূ, বউ, নববধূ, বালিকা-বধূ। প্রাঃ কবিপ্র। বি।

বহুরূপ—১। অনেক মূর্ত্তি বা আকার; অনেক প্রকার; অনেক ভাব। কর্ম্মধা। বি; ক্লীব। ২। অনেক মূর্ত্তি বা ভাব বিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী,—পা।

বহুরূপী (—রূপিন্)—অনেক প্রকার রূপধারী; গিরগিটি জাতীয় জীববিশেষ, ইহারা ক্ষণে ক্ষণে রং বদলায়। বহুরূপ+ইন্ অস্ত্যর্থে। বিণ বা বি; পুং। স্ত্রী—পিণী।

বহুল—১। অগ্নি; কৃষ্ণপক্ষ; কৃষ্ণবর্ণ। বি; পুং। বহু—লা (গ্রহণ করা)+ক কর্তৃবা। ২। অনেক; অধিক; কৃষ্ণবর্ণবিশিষ্ট। বন্হ্ (বৃদ্ধি পাওয়া)+কুলচ্ কর্তৃবা। বিণ। বি, —তা, —ত্ব।

বহুলীকৃত—রাশীকৃত; বিস্তারিত। বহুল+চি্—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বহুশঃ (—শস্), বহুশ—অনেকবার। বহু+চশস্। অব্য।

বহুশ্রুত—সুপণ্ডিত, বেদাদি শাস্ত্রে অভিজ্ঞ। বহু শ্রুত হইয়াছে যৎকর্তৃক, বহুব্রী। বিণ।

বহুস্বামিক—অনেক অধিকারবিশিষ্ট, যাহা অনেকের দখলে আছে। বহু হইয়াছে স্বামী যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা। [বি।

বহেড়া—বয়ড়া; বিভীতক। 'বিভীতক' শব্দজ।

বহ্নি—অনল, অগ্নি। বহ্ (বহা)+নি কর্ত্তৃবা। বি; পুং।

বহ্নিসংস্কার—অগ্নিসংস্কার, আগুনে পোড়ান; শবদাহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বহ্বাড়ম্বর—অনেক জাঁক, বিস্তর ঘটা। বহু যে আড়ম্বর, কর্ম্মধা। বি; পুং।

বহ্বায়াস—বহু প্রয়াস, অনেক চেষ্টা। বহু যে আয়াস, কর্ম্মধা। বি; পুং।

বহ্বারম্ভ—সূত্রপাতে অনেক উদ্যোগ, গোড়ায় খুব হাঁক ডাক। বহু যে আরম্ভ, কর্ম্মধা। বি; পুং।

বহ্বাশী (–শিন্)—অধিক ভোজনশীল; অনেকাকাঙ্ক্ষী। উপতৎ। বহু–অশ্ (ভোজন করা)+শিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –শিনী।

বহ্বৃচ—১। ঋগ্বেদের চরণ। বহু যে ঋক্ সে বহ্বৃক (বহ্বৃচ্), কর্ম্মধা; তদুত্তরে অ অন্ত্যার্থে। বি; পুং। ২। ঋগ্বেদে অভিজ্ঞ। বহ্বৃচ্+অ কুশলার্থে। বিণ।

বা—১। সাদৃশ্য; সমুচ্চয়; বিকল্প; বিতর্ক; বিশ্বাস; অতীত; নানার্থ; পাদপূরণ; নিশ্চয়; অথবা, কিংবা। বা+ক্বিপ্ ভাববা। অব্য। ২। বায়ু, বাতাস; [তাহা হইতে] স্পর্শ। 'বাত' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

বাই—১। নৃত্যবিশেষ; নর্ত্তকী; রাজপুতানাদি প্রদেশে স্ত্রীলোকের উপাধিবিশেষ। তুর্কীমূলক। ২। বায়ু; বায়ুরোগ, ছিট; বাতিক, মত্ততা, উন্মাদনা, প্রবল অনুরাগ। 'বায়ু' শব্দজ। বি।

বাইওয়ালী—নর্ত্তকী। হিন্দী। বি।

বাইক—বাইসিকেল, দ্বিচক্রযান। ইং Bike. বি।

বাইচ, বাচ—নৌকাচালনের প্রতিযোগিতা; নৌকায় প্রতিমা বহিয়া জলে বিসর্জ্জন। 'বহিত্র' শব্দজ। বি।

বাইজী—ভদ্রমহিলার সম্মানসূচক সম্বোধন; উচ্চশ্রেণীর নর্ত্তকী। তুর্কীমূলক। বি।

বাইতি—ঢাক ও ঢোলবাদক জাতিবিশেষ। দেশজ। বি।

বাইন—বায়না, আবদার। পাঁকালজাতীয় সর্পাকৃতি মৎস্য; মৃৎপাত্রবিশেষ। দেশজ। বি।

বাইবেল—খ্রীষ্টানদের ধর্ম্মগ্রন্থ। ইং Bible. বি।

বাইরে—বাহিরে, বহির্দ্দেশে, অন্যত্র; ছাড়া। 'বহিস্' শব্দজ। অব্য বা ক্রি-বিণ।

বাইল—তাল নারিকেল প্রভৃতির পত্রযুক্ত শাখা, বালদো; কপাটের পাল্লা। দেশজ। বি।

বাইশ—১। তীক্ষ্ণধার কুঠারবিশেষ; সূত্রধরের পরশু। 'বাসী' শব্দজ। বি। ২। দ্বাবিংশতি, ২২। 'দ্বাবিংশ' শব্দজ। বি বা বিণ।

বাইশা, –শে—বাইশ সংখ্যার পূরক; মাসের দ্বাবিংশ দিবস। বাইশ+আ, এ তারিখ অর্থে। বি বা বিণ।

বাইস, বাস—সাঁড়াশীবিশেষ (Vice); সূত্রধরের অস্ত্রবিশেষ (Adze). 'বাসী' শব্দজ। বি। [বি।

বাইসিকেল—দ্বিচক্রযান। ইং Bicycle.

বাঈ—নর্ত্তকী; মহারাষ্ট্রীয় ও রাজপুত মহিলাদের উপাধি। তুর্কীমূলক। বি।

বাউটি, –টী, –রী—বাহুর অলঙ্কারবিশেষ, বাজু। দেশজ। বি।

বাউনি—পৌষসংক্রান্তির পূর্ব্বরাত্রে খড়ের দড়ি দিয়া ঘরের জিনিষপত্রে বন্ধনী দেওয়া রূপ পর্ব্ব। দেশজ। বি।

বাউর—বাতুল, পাগল। প্রাঃ কবিপ্র। বিণ।

বাউরী—১। নিম্নশ্রেণীর হিন্দুজাতিবিশেষ। দেশজ। বি। ২। উন্মাদিনী, পাগলিনী। প্রাঃ কবিপ্র। বিণ; স্ত্রী।

বাউল—১। অর্দ্ধোন্মাদ বা গায়ক বৈষ্ণব সম্প্রদায়বিশেষ। বি। ২। বাতুল, পাগল। 'বাতুল' শব্দজ। বিণ।

বাউলী—পাগলিনী; বাউল সম্প্রদায় সম্বন্ধীয়। বাউল+ঈ। বিণ।

বাএন, বায়েন—বাদ্যকর, বাজিয়ে। প্রাদে। বি।

বাও—১। বায়ু, বাতাস। প্রাঃ কবিপ্র। ২। বাসী (বা)। দেশজ। বি।

বাওত—বাজায় ; বাতাস করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

বাওয়া—১। স্বতঃসম্ভাত ('—ডিম')। প্রাদে। বিণ। ২। বহা, নৌকাদি চালান। বাং ক্রি।

বাওয়ান—বাতাস বহা ; ব্যজন করা, হাওয়া করা। কবিপ্র। ক্রি।

বাংলা—১। বঙ্গদেশ বা বঙ্গদেশের ভাষা। 'বঙ্গ' শব্দজ। বি। ২। চারচালা খড়ো ঘর ; সাহেবের কুঠী। ইং 'Bungalow' শব্দজ। বি।

বাঃ—বাহবা, বলিহারী, সাবাস ; বিস্ময় প্রশংসা বা উপহাসসূচক শব্দ। দেশজ। অব্য।

বাঁ—১। বাম। 'বাম' শব্দজ। ২। বায়ু। প্রাঃ কবিপ্র। বি।

বাঁও—ব্যাম, উভয়দিকে প্রসারিত হস্তদ্বয়ের দৈর্ঘ্য পরিমাণ, চারিহাত দীর্ঘতা বা গভীরতা। 'ব্যাম' শব্দজ। বি।

বাঁওড়—নদীর বাঁক যেখানে স্রোত বন্ধ হয় ; বাদা। দেশজ। বি।

বাঁক—১। বক্রতা ; ঘুর, ফের ; মোড় ; ভার বহনের যুগ ; মোচড় ; পদাভরণবিশেষ, বেঁকি। প্রাদে। বি। ২। বক্রাকার। 'বক্র' শব্দজ। বিণ।

বাঁকনল—যে বক্রমুখ সরু নল দিয়া প্রদীপের শিখায় ফুঁ দিয়া স্বর্ণকার গহনা ঝালে। কর্ম্মধা। বি। [বি।

বাঁকমল—বাঁকা মলবিশেষ, বেঁকি। কর্ম্মধা।

বাঁকা—১। বক্র, কুটিল, বঙ্কিম। বাঁক্ + আ কর্তৃবা। বিণ। ২। বক্র হওয়া ; অসম্মত বা বিরুদ্ধ হওয়া। বাং ক্রি।

বাঁকাচোরা—বক্র ও অদৃশ্য, আঁকাবাঁকা। দেশজ। বিণ।

বাঁকান—১। বক্রীকৃত। বাঁকা + ন কর্ম্মবা। বিণ। ২। বক্র করা, নত করা, নোয়ান ; বিরক্তি প্রকাশ করা ('মুখ—')। বাং ক্রি।

বাঁকারায়—বঙ্করাজ, শ্রীকৃষ্ণ ; ধর্ম্মরাজের মূর্ত্তিভেদ। কর্ম্মধা। বি।

বাঁচন—জীবন, প্রাণধারণ ; রক্ষা, ত্রাণ, নিস্তার। বাঁচ + অন ভাববা। বি।

বাঁচা—জীবিত হওয়া বা থাকা, প্রাণধারণ করা ; রক্ষা পাওয়া, নিস্তার পাওয়া ; স্বস্তি পাওয়া, শান্তিলাভ করা, জুড়ান। বাং ক্রি।

বাঁচান—জীবিত করা, প্রাণদান করা ; রক্ষা করা, নিস্তার করা ; বিষয়বিশেষে সাবধান হওয়া ('আইন—')। বাং ক্রি।

বাঁচোয়া—রক্ষা, নিস্তার, প্রাণরক্ষা। বাঁচ্ + ওয়া ভাববা। দেশজ। বি।

বাঁজা, বাঁঝ, বাঁঝা—বন্ধ্যা, রাঁড়া, অফলন্ত। 'বন্ধ্যা' শব্দজ। বিণ। স্ত্রী, বাঁজী, বাঁঝী।

বাঁট—১। গো-মহিষাদির স্তনের বোঁটা। 'বাণ' শব্দজ। ২। অস্ত্রাদির হাতল। 'বণ্ট' শব্দজ। ৩। বোঁটা। 'বৃন্ত' শব্দজ। ৪। বণ্টন ; (সঙ্গীতে) স্বর বা বোলের মাত্রার দ্বিগুণাদি করিয়া স্থানে স্থানে বিন্যাস। 'বণ্টন' শব্দজ। বি।

বাঁটিয়া—বণ্টন। দেশজ। বি।

বাঁটলই, -লুই, -লো—গোলাকার হাঁড়ি বা বড় ঘটীবিশেষ। দেশজ। বি।

বাঁটা—বণ্টন করা ; পেষণ করা। বাং ক্রি।

বাঁটান—বণ্টন বা পেষণ করান। বাং ক্রি।

বাঁটুল—গুলি, ভাঁটা, 'বল'। 'বর্ত্তুল' শব্দজ। বি।

বাঁটোয়ারা, বাঁটওয়ারা—বিভাগ, বণ্টন ; অংশ। 'বণ্টন' শব্দজ। বি।

বাঁড়রী, বাঁড়ুরী—ভাঙ্গা বাঁড়ুয্যে। প্রাঃ কবিপ্র। বি।

বাঁড়ুয্যা, বাঁড়ুয্যে—বন্দ্যোপাধ্যায় ; বন্দ্যবংশজাত। দেশজ। বি।

বাঁদর, বান্দর—মর্কট, কপি ; হনুমান্ ; নির্বোধ বা দুর্বুদ্ধিজন। 'বানর' শব্দজ। বি। বিণ, বাঁদুরে।

বাঁদরাম, -রামি, -রামো—বানরের ভাব, বানরত্ব ; দুর্বৃত্ততা, দুষ্টামি, জোরাজ্বা। বাঁদর + আম, আমি, আমো ভাবে। বি।

বাঁদিপোতা—লেপের খোল ইত্যাদির জন্য চৌখুপী রঙ্গিন বস্ত্রবিশেষ। দেশজ। বি।

বাঁদী, বান্দী—ক্রীতদাসী; পরিচারিকা; উপপত্নীভাবে রক্ষিতা দাসী। ফার্সী 'বান্দী' শব্দজ। বি।

বাঁধ—জলরোধার্থ উচ্চ আলি; কাঁচা পুল বা সেতু; অবরোধ, আটক। 'বন্ধ' শব্দজ। বি।

বাঁধন—বন্ধন। 'বন্ধন' শব্দজ। বি। **বাঁধন ছোটা**—ধৈর্য্যচ্যুতি হওয়া।

বাঁধা—১। বন্ধন; বন্ধক। বাঁধ+আ ভাববা। ২। বন্ধন করা; দৃঢ় করা; আটকান; রোধ করা; সংহত হওয়া; গ্রথিত করা, রচনা করা। বা° ক্রি। ৩। বদ্ধ; নির্দ্দিষ্ট; নিয়মবদ্ধ। বাঁধ+আ কর্ম্মবা। বিণ। [বি।

বাঁধাই—বাঁধার কাজ বা মূল্য। বাঁধা+ই।

বাঁধান—১। বন্ধন করান। বাং ক্রি। ২। যাহা বাঁধাইয়া লওয়া হইয়াছে। বাঁধা+ন কর্ম্মবা। বিণ।

বাঁধাবাঁধি—পরস্পর বন্ধন; নিয়ম; সংযম; শৃঙ্খলা। দেশজ। বি।

বাঁধাল (বাঁধ+আল)—জাঙ্গাল, আলিবন্ধন; সেতু। দেশজ। বি।

বাঁধুনি, বাঁধুনী—বন্ধন, গ্রন্থি; আঁটসাঁট; শৃঙ্খলা। বাঁধ্+উনি, উনী ভাববা। বি।

বাঁধুলি—বন্ধুকপুষ্প, রক্তবর্ণ পুষ্পবিশেষ ও তাহার গাছ। দেশজ। বি।

বাঁয়া—বাম হস্তে বাদনীয় আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ, ডুগী। 'বাম' শব্দজ। বি।

বাঁশ—বংশ, বেণু, তৃণজাতীয় সুদীর্ঘ উদ্ভিদ্‌বিশেষ; ধনু; গুঁতা, হুড়া। 'বংশ' শব্দজ। বি।

বাঁশগাড়ি,-গাড়ী—আদালতের হুকুমে কোন জমি দখল করিবার জন্য তাহাতে বাঁশ পোঁতা; যে জমি সরকারী নীলামে বিক্রয় হইবে তাহাতে নীলামের ইস্তাহার স্বরূপ বাঁশ পোঁতা। দেশজ। বি।

বাঁশরি, -রী—বাঁশী, বংশী। কবিপ্র। বি। [শব্দজ। বি।

বাঁশি, বাঁশী—বংশী, বেণু, মুরলী। 'বংশী'

বাক্ (বাচ্)—১। বাক্য, বচন, কথা; শব্দ; বিদ্যা। বচ্ (বলা)+ক্বিপ্ কর্ম্মবা। ২। বাগিন্দ্রিয়। বচ্+ক্বিপ্ করণবা। ৩। সরস্বতী। বচ্+ক্বিপ্ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

বাকড়—হস্তী, হাতী; (ইহা হইতে) হাতীর মত বহুভোজী জীব বা রাক্ষস, উদরপিশাচ; গর্ভ। দেশজ। বি।

বাকড়া—তাল নারিকেলাদি বৃক্ষের শাখা; আম্রাদি ফলের কঠিন বীজাবরক। দেশজ। বি। [দেশজ। বি।

বাকর—নফর; সুরাবীজ, মদের গোড়া।

বাকল—বৃক্ষত্বক্, গাছের ছাল। 'বল্কল' শব্দজ। বি। [বাক্স। হিন্দী। বি।

বাকস—১। বাসক (তাহা দ্রঃ)। ২।

বাকি, -কী—অবশিষ্ট, বক্রী; পাওনা হইতে উসুল বাদে যাহা পাওনা থাকে; অনাদায়। আর্বী। বি বা বিণ।

বাকি(কী)দার—যে প্রজার দেয় খাজনা বাকী পড়ে। বাকি, বাকী+দার আছে অর্থে। বিণ। [বি; পুং।

বাক্‌কলহ—কথা দ্বারা ঝগড়া। ৩য়াতৎ।

বাক্‌চাতুরী, -ছল—কথার ছল; কপট বাক্য। ৩য়াতৎ বা ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, পুং। [বি,—টুতা।

বাক্‌পটু—সুবক্তা, বাগ্মী। ৭মীতৎ। বিণ।

বাক্‌পারুষ্য—বাক্যকথনে রূঢ়তা, অপ্রিয় বাক্যপ্রয়োগ, কটুবাক্যঘটিত বিবাদবিশেষ। ৭মীতৎ বা ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বাক্‌প্রপঞ্চ—বাগাড়ম্বর; বাক্যসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বাক্য—বচন, কথা; বিভক্ত্যন্ত পদসমুদায়, (ব্যাকরণে) যোগ্যতা আকাঙ্ক্ষা ও আসত্তিযুক্ত পদসমষ্টি। বচ্ (বলা)+ণ্যৎ কর্ম্মবা। বি; ক্লীব।

বাক্যবাগীশ—যে কেবল কথা বলে কাজে

কিছু করে না, কথায় খোকড়। ৭মীতৎ। বি; পুং।

বাক্যবাণ—বচনরূপ শর, মর্ম্মভেদী কথা। বাক্য রূপ বাণ, রূপক কর্ম্মধা। বি; পুং।

বাক্যবিশারদ—বাক্‌পটু, বাগ্মী। ৭মীতৎ। বিণ।

বাক্যব্যয়—অধিক বাক্যকথন; বৃথা কথা বলা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বাক্যসুধা—বচনরূপ অমৃত, অতি মিষ্ট কথা। রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

বাক্যস্ফুর্ত্তি (র্তি)—বাক্যের স্ফুরণ, কথা বাহির হওয়া, প্রথম বাক্যোচ্চারণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; পুং।

বাক্যালাপ—কথোপকথন। ৩য়াতৎ।

বাক্‌রোধ—বাক্‌শক্তির বিলোপ, কথা কহিতে না পারা, স্বর রুদ্ধ হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং। (সান্ধ করিলে 'বাগ্রোধ' হয়)।

বাক্‌শক্তি—কথা কহার ক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বাক্স—ধাতু কাষ্ঠ প্রস্তরাদি নির্ম্মিত ঢাকনিদার চতুষ্কোণ আধারবিশেষ, মঞ্জুষা, ছোট সিন্দুক। ইং 'Box' শব্দজ। বি।

বাক্‌সিদ্ধ—অব্যর্থ বাক্যশালী, যাহা বলে তাহাই হয় এরূপ ক্ষমতাসম্পন্ন। ৭মীতৎ। বিণ।

বাক্‌সিদ্ধি—বাক্য বিষয়ে সিদ্ধি, অমোঘ বাক্যকথন-ক্ষমতা। ৭মীতৎ। বি; স্ত্রী।

বাখড়া—নারিকেল তাল প্রভৃতি গাছের বোঁটাযুক্ত পাতা। দেশজ। বি।

বাখান—ব্যাখ্যান, বিবৃতি, বর্ণনা; সুখ্যাতি, প্রশংসা। প্রাঃ কবিপ্র। বি।

বাখানা—ব্যাখ্যা করা, বিবৃত করা, বর্ণন করা; প্রশংসা করা। কবিপ্র। ক্রি।

বাখারি, —রী—১। বাঁশের ফালি, বংশ-শলাকা। দেশজ। বি। ২। শামুক ঝিনুক প্রভৃতির খোলা পোড়াইয়া প্রস্তুত ('—চূর্ণ')। ফার্সী। বিণ।

বাগ—১। উদ্যান, বাগান। ফার্সী। ২। কায়দা, সুযোগ, সুবিধা; বশ; পথ; ব্যাঘ্র। 'বল্‌গা' শব্দজ। বি।

বাগদা—এক রকম চিংড়ি। দেশজ। বি।

বাগড়া—বাধা, ব্যাঘাত। দেশজ। বি।

বাগডোর—ঘোড়ার লাগাম, রাশ। দেশজ। বি।

বাগাড়ম্বর—বাক্যের আড়ম্বর, বচনচ্ছটা, কথার জাঁকজমক। বাক্‌এর আড়ম্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বাগাৎ—উদ্যানভূমি; উপবন। ফার্সী। বি।

বাগাতি—উদ্যানজাত ফলাদির আদায়; ফলকর। হিন্দী। বি।

বাগান—১। উদ্যান। ফার্সী। বি। ২। কৌশলে আয়ত্ত বা আদায় করা; বাগ মানান, বশে আনা; বিন্যস্ত করা ('টেরি —')। বাং ক্রি।

বাগি, —গী, —ঘী—কুঁচকিতে উৎপন্ন উপদংশাদিজনিত দূষিত স্ফোটক, বাও। দেশজ। বি।

বাগিচা—ক্ষুদ্র উপবন, বাগান। ফার্সী। বি।

বাগিন্দ্রিয়—মুখ। বাক্ সাধন ইন্দ্রিয়, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বাগীশ, —শ্বর—১। বাক্‌পতি, বৃহস্পতি; সুবক্তা, ব্রহ্মা। বাক্‌এর ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। বিশারদ ('তর্ক—')। দেশজ প্রঃ। বিণ।

বাগীশা, —শ্বরী—বাগ্‌দেবী, সরস্বতী। বাক্‌এর ঈশা বা ঈশ্বরী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বাগুড়া, —ড়ি, —লা—কলাগাছের কিংবা সুপারিগাছের সবৃন্ত পত্র, বাইল, বাহু বা ডাল। প্রাদে। বি।

বাগুরা—পাশ, জাল, ফাঁদ। বা—অব—গুর্ +ক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

বাগুরিক—ব্যাধ, লুব্ধক। বাগুরা+ইক জীবিকার্থে। বি; পুং।

বাগেশ্রী—রাগিণীবিশেষ। বি; স্ত্রী।

বাগ্‌জাল—কথার ফাঁদ, বাগাড়ম্বর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বাগ্‌ড়ম্বর—কথার জাঁক। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বা ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বাগ্‌দণ্ড—তিরস্কার; বাক্যসংযম। ৩য়াতৎ

বাগ্‌দত্তা—বিধিপূর্ব্বক বাক্য দ্বারা দত্তা (কন্যা), যাহার বিবাহসম্বন্ধ সম্পূর্ণরূপে স্থিরীকৃত হইয়া গিয়াছে এরূপ (কন্যা)। ৩য়াতৎ। বিণ; স্ত্রী।

বাগ্‌দান—বিবাহার্থ বাক্য দ্বারা দান। ৩য়াতৎ। বি; ক্লীব। [দেশজ। বি।

বাগ্‌দী—নিম্নশ্রেণীর হিন্দুজাতিবিশেষ।

বাগ্‌দেবতা, -দেবী, বাগ্বাদিনী—বাগীশ্বরী, সরস্বতী। ৬ষ্ঠীতৎ; ৩য় পক্ষে উপতৎ। বাক্—বদ্+ণিচ্+ণিন্, কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

বাগ্বিতণ্ডা—বাক্‌কলহ; তর্কবিতর্ক; বাগাড়ম্বর। ৩য়াতৎ। বি; স্ত্রী।

বাগ্‌বিদগ্ধ—বাক্যনিপুণ, বাক্যরসিক। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—গ্ধা।

বাগ্‌বিদগ্ধা—বাক্যরসিকা, যে পরকীয়া নায়িকা দ্ব্যর্থক বাক্যে নায়ককে সঙ্কেতস্থানে গমন ইত্যাদি জানাইয়া দেয়। ৭মীতৎ। বি বা বিণ; স্ত্রী।

বাগ্‌বৈদগ্ধ, -গ্ধ্য—বাক্‌পটুতা, বাক্যকথনে নৈপুণ্য। ৭মীতৎ। বি; ক্লীব।

বাগ্মিতা, -ত্ব—বাক্‌পটুতা; বক্তৃতানৈপুণ্য; বাচালতা। বাগ্মিন্+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

বাগ্মী (বাগ্মিন্)—বাক্‌পটু, বক্তা, মিত-প্রশস্ত বাক্; বাচাল। বাচ্ শব্দ (বাক্য)+গ্মিন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—গ্মিনী।

বাগ্‌যত—সংযত-বাক্, মৌনী। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

বাগ্‌যুদ্ধ—কথার লড়াই, কথাকাটাকাটি। ৩য়াতৎ। বি; ক্লীব।

বাগ্‌রোধ বা বাগ্রোধ—বাক্‌রোধ দ্রঃ।

বাঘ—ব্যাঘ্র। 'ব্যাঘ্র' শব্দজ। বি। স্ত্রী, বাঘিনী।

বাঘ-আঁচড়া—আঁকোড় গাছ। দেশজ। বি।

বাঘছড়ি, -ছাল, -ছালা—ব্যাঘ্রচর্ম্ম, বাঘের চামড়া। ৬ষ্ঠীতৎ। বি।

বাঘনখ—বাঘের নখযুক্ত পদক বা তক্তি; ব্যাঘ্রনখজড়িত স্বর্ণালঙ্কার; ব্যাঘ্রনখরাকৃতি অস্ত্রবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি।

বাঘবন্দী—বাঘ-ধরা জাল; ছক কাটিয়া তাহাতে ঘুঁটির খেলাবিশেষ। দেশজ। বি।

বাঘা—১। বাঘ (অনাদরে); বড় কুকুর। বাঘ+আ তুচ্ছার্থে, সদৃশার্থে। বি। ২। তীব্র ('—তেঁতুল'); বড়; মিশ্রবর্ণবিশিষ্ট। বাঘ+আ তুল্যার্থে। বিণ।

বাঘাম্বর—বাঘছাল, বাঘছালের বসন; শিব। দেশজ। বি। [বি।

বাঙলা—বঙ্গদেশ; বঙ্গভাষা। 'বঙ্গ' শব্দজ।

বাঙাল, বাঙ্গাল—পূর্ব্ববঙ্গবাসী। বি।

বাঙ্খুর—বেঁটে, বামন। দেশজ। বিণ। স্ত্রী,—রা,—রী।

বাঙ্গালা, বাঙালা—১। বঙ্গদেশ; বঙ্গভাষা; বঙ্গভাষাসম্বন্ধীয় বা তাহাতে রচিত, বঙ্গীয়। 'বঙ্গ' শব্দজ। বি বা বিণ। ২। সাহেবের কুঠী। ইং 'Bungalow' শব্দজ। বি।

বাঙ্গালী, বাঙালী—বঙ্গদেশের অধিবাসী ও যাহার মাতৃভাষা বাঙ্গালা। বাঙ্গালা, বাঙালা+ঈ নিবাসার্থে। বি বা বিণ।

বাঙ্গী—ভারযষ্টি, বাঁক; ভার। দেশজ। বি।

বাঙ্গীদার—ভারবাহক, ভারী; ভারবাহী ভৃত্য। বাঙ্গী+দার বাহকার্থে। বিণ বা বি।

বাঙ্গীদারী—ভারবাহকের কর্ম্ম বা তাহার মজুরি। বাঙ্গীদার+ঈ কর্ম্মার্থে। বি।

বাঙ্‌নিষ্ঠ—যাহার কথার ঠিক আছে, সত্যপ্রতিজ্ঞ; সত্যবাদী। বাকে (বাচ্ শব্দ) নিষ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

বাঙ্‌নিষ্ঠা—বাক্যসংযম, অল্পভাষিতা; সত্যবাদিতা। বাক্ (বাচ্ শব্দ) নিষ্ঠা (বাক্+নিষ্ঠা), ৭মীতৎ। বি; স্ত্রী।

বাঙ্ময়—১। বাক্যময়, বাক্যাত্মক। বিণ। স্ত্রী,—য়ী। ২। শাস্ত্র; সাহিত্য; বক্তৃতা;

বাক্যজনিত পাপ। বাচ্ (বাক্য)+ময়। বি ; ক্লীব। [+ঙীপ্। বি ; স্ত্রী।

বাঙ্ময়ী—বাগ্দেবী, সরস্বতী। বাচ্+ময়ট্

বাচ—নৌকার অগ্রগমনে প্রতিযোগিতার ক্রীড়া, বাইচ খেলা ; নির্ব্বাচন ; বাছিয়া লওয়ার পর যাহা অবশিষ্ট পড়িয়া থাকে। দেশজ। বি।

বাচক—কথক ; বোধক, অভিধাশক্তি দ্বারা অর্থপ্রকাশক (শব্দ) ; পাঠক। বচ্ (বলা) +ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—চিকা।

বাচকানি, —কান—অতি শিশু, নেহাৎ বাচ্চা ; ছোট গামছা, ছোট ছেলের কাপড়। দেশজ। বি।

বাচন, বাচনা—কথন ; ব্যাখ্যান ; পঠন। ণিজন্ত বচ্ (=বাচি)+অনট্ ভাববা, ২য় পক্ষে অন ভাববা+আপ্। বি ; ক্লীব, স্ত্রী।

বাচনিক—বচননিষ্পন্ন ; মুখের কথায় প্রকাশিত ; মৌখিক। বচন+ইক নিষ্পন্নার্থে। বিণ। স্ত্রী,—কী।

বাচবিচার—ন্যায় অন্যায় নির্ব্বাচন ; বিচার দ্বারা নির্ব্বাচন ; ধর্ম্মাধর্ম্ম বা ভালমন্দ বিচার। দ্বন্দ্ব। বি।

বাচস্পতি, বাচঃপতি—বৃহস্পতি ; সুবক্তা, বাগ্মী ; বিদ্বান্ ; বিদ্যাবত্তার উপাধিবিশেষ। বাচঃ (বাক্যের) পতি, অলুক্ ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বাচস্পত্য—১। বাচস্পতিসম্বন্ধীয় ; বাচস্পতি-কৃত। বাচস্পতি+যক্ সম্বন্ধার্থে। ২। বাগ্মিতা, বাক্পটুতা। বাচস্পতি (বাগ্মী)+যক্ ভাবার্থে। বি ; ক্লীব।

বাচা—১। মৎস্যবিশেষ। দেশজ। বি। ২। নির্ব্বাচন করা। বাং ক্রি।

বাচা(ছা)ই—১। বাছার কাজ, নির্ব্বাচন। বাচ্(ছ্)+আই ভাববা। ২। নির্ব্বাচিত। বাচ্(ছ্)+আই কর্ম্মবা। বিণ।

বাচাল—বহু-কুৎসিত-ভাষী ; যে অকারণে অনেক কথা কহে এরূপ, অসম্বদ্ধ-প্রলাপী। বাচ্ (বাক্য)+আলচ্। বিণ।

বাচান—বস্তু যোকাবিলা করা, সত্য মিথ্যা নির্ণয় করা ; চালাইয়া দেওয়া ; পরিস্ফুট করা। বাং ক্রি।

বাচিক—বাক্যনিষ্পাদিত, বাচনিক। বাচ্ শব্দ (বাক্য)+ইক। বিণ। স্ত্রী,—কী।

বাচ্চা—বৎস, শিশু ; শাবক, ছানা। 'বৎস' শব্দজ। বি। [দেশজ। বি।

বাচ্চাকাচ্চা—কচি কচি ছেলেমেয়ে।

বাচ্য—১। বক্তব্য, কথনীয় ; নিন্দনীয় ; ঘৃণার্হ ; অভিধেয় ; প্রতিপাদ্য। বিণ। ২। (ব্যাকরণে) ক্রিয়ার সহিত কর্ত্তা বা কর্ম্মের অন্বয় (Voice). বচ্ (বলা)+ণ্যৎ কর্ম্মবা। বি ; ক্লীব।

বাচ্যতা—কথনীয়তা ; নিন্দনীয়তা। বাচ্য +তা ভাবার্থে। বি ; স্ত্রী।

বাচ্যোৎপ্রেক্ষা—কাব্যালঙ্কারবিশেষ। যে উৎপ্রেক্ষায় যেন, বুঝি ইত্যাদি শব্দ থাকে। বাচ্যা উৎপ্রেক্ষা, কর্ম্মধা। বি ; স্ত্রী।

বাছন—নির্ব্বাচন ; পৃথক্করণ ; পছন্দ। বাছ্+অন ভাববা। বি।

বাছনদার—নির্ব্বাচক ; যে বাছাই করে। বাছন+দার কর্ত্তা অর্থে। বি।

বাছনি—১। স্নেহপাত্র, অতিশয় আদরের পাত্র ; সন্তান, শিশু। প্রাঃ কবিপ্র। ২। বাছাই, নির্ব্বাচন। বাছ্+অনি ভাববা। বি।

বাছপড়া—বাছিয়া লইবার পর যাহা অবশিষ্ট থাকে, বাচ। দেশজ। বিণ।

বাছবিচার—বাচবিচার (তাহা দ্রঃ)।

বাছা—১। বৎস শব্দের অপভ্রংশ। 'বৎস' শব্দজ। বি। ২। মনোনীত করা, নির্ব্বাচন করা। বাং ক্রি। ৩। মনোনীত, নির্ব্বাচিত। বাছ্+আ কর্ম্মবা। বিণ।

বাছাই—বাচাই দ্রঃ।

বাছাধন—অতি প্রিয় সম্বোধন ; প্রিয় বৎস। কর্ম্মধা। বি।

বাছুর—গোবৎস। 'বৎসতর' শব্দজ। বি।

বাজ—১। ঘৃত ; যজ্ঞ ; অন্ন ; বারি। বজ্+ঘঞ্ কর্ম্মবা। বি ; ক্লীব। ২। কুলিশ, অশনি।

'বজ্র' শব্দজ। ৩। পক্ষিবিশেষ, শ্যেন। কার্সী। বি। ৪। বাজিতেছে। প্রাঃ কবিপ্র। ক্রি। ৫। দক্ষ, ব্যাপৃত, আসক্ত। ফার্সী প্রত্যয়বিশেষ। (যেমন—মা ম লা বা জ, ফন্দিবাজ)।

বাজখাঁই, –খেঁয়ে—অতি কর্কশ ও উচ্চ। দেশজ। বিণ।

বাজন, বাজনা—বাদ্যধ্বনি, বাদ্যবাদন; যাহা বাজে, বাদ্যযন্ত্র। দেশজ। বি।

বাজনদার—পেশাদার বাদক, বাজিয়ে। বাজন+দার। বি।

বাজপেয়—সামবেদবিহিত যাগবিশেষ। বাজ (ঘৃত) পেয় (পানীয়) হয় যাহাতে, বহুব্রী। বি; পুং বা ক্লীব।

বাজপেয়ী (–পেয়িন্)—বাজপেয়-যাগ-কারী; পশ্চিমা-ব্রাহ্মণের উপাধিবিশেষ। বাজপেয়+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

বাজবহরী,–বৈরী,–বৌরী—শিকারী পক্ষিবিশেষ; হস্তা, মহাবিঘ্ন। দেশজ। বি।

বাজরা—১। বড় ঝুড়ি, টুকরি। দেশজ। ২। একপ্রকার শস্য। হিন্দী। বি।

বাজা—বাদিত হওয়া; আঘাত লাগা; শ্রুতিকঠোর বোধ হওয়া; শব্দিত হওয়া। বাং ক্রি।

বাজান—বাদিত করা; ঠুকিয়া পরীক্ষা করা; যাচাই করা। বাং ক্রি।

বাজার—ক্রয়বিক্রয়ের স্থান, হাট, বিপণি-শ্রেণী; বাজারে জিনিস কেনা। কার্সী। বি।

বাজারিয়া, –রে—বা জা র সং ক্রা ন্ত, যে বাজার করে; নিতান্ত সাধারণ ও সুলভ, হেটো, খেলো। বাজার+ইয়া, এ। বিণ।

বাজি, বাজী—ভেল্কি, ইন্দ্রজাল; আতস-বাজি; জুয়াখেলায় পণ; জীবলীলা; খেলা। কার্সী। বি।

বাজি(জী)কর, –কার, –গর—ঐন্দ্র-জালিক; ভেল্কীওয়ালা; পুতুলনাচপ্রদর্শক। বাজি করে যে, উপপদৎ। বি।

বাজিমাৎ—খেলায় জয়লাভ। কার্সী। বি।

বাজী (বাজিন্)—১। অশ্ব, ঘোটক; পক্ষী; গ্রহ; শর, বাণ। বজ্ (গমন করা)+ণিন্ কর্তৃবা। বি; পুং। ২। বেগবান্। বাজ (বেগ)+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,–জিনী। ৩। পণ; অগ্নিক্রীড়া; ভেল্কী। বৈদে। কার্সী। বি।

বাজীকরণ—অশ্ববৎ সুরত-শক্তি-কারক ঔষধাদি; বলকর দ্রব্য, বৃংহণ (পুষ্টিকর) দ্রব্য, এবং জীবনীয় দ্রব্যসমূহ বাজীকরণ গুণসম্পন্ন। বাজিন্ (অশ্ব)+চ্বি অভূত-তদ্ভাবার্থে (=বাজী)—কৃ (করা)+অনট্ করণবা। বি; ক্লীব।

বাজীভোর—লীলাবসান, ভবলীলার সাঙ্গ; কালাত্যয়। দেশজ। বি।

বাজু—ভুজ, বাহু; বাহুভূষণ; আভরণ; খাট দরজা প্রভৃতির পার্শ্বকাষ্ঠ। কার্সী। বি।

বাজুবন্দ,–বন্ধ—বাহুভূষণ; তাগাজাতীয় গহনা, অঙ্গদ। দেশজ। বি।

বাজে—অসার, তুচ্ছ, নিকৃষ্ট; অকেজো; মিথ্যা; প্রয়োজনের অতিরিক্ত; উদ্বৃত্ত; নির্দ্দিষ্ট পরিমাণের অতিরিক্ত। আর্বী 'বাজ' শব্দজ। বিণ।

বাজেয়াপ্ত—প্রভুকর্তৃক অধিকৃত, সরকার কর্তৃক অধিগত। কার্সী 'বাজ্য়াফ্ত্' শব্দজ। বিণ।

বাঞ্ছনীয়—অভিলষণীয়, স্পৃহণীয়। বান্ছ্ (ইচ্ছা করা)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,–য়া।

বাঞ্ছা—ইচ্ছা, স্পৃহা, অভিলাষ। বান্ছ (ইচ্ছা করা)+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

বাঞ্ছা-কল্পতরু—যে বৃক্ষের নিকট যখন যাহা চাওয়া যায়, তৎক্ষণাৎ তাহাই পাওয়া যায়; ভগবান্। বাঞ্ছাপূরক যে কল্পতরু, মধ্যপ কর্ম্মধা। (কল্পতরু দ্রঃ)। বি; পুং।

বাঞ্ছিত—অভিলষিত, ঈপ্সিত। বান্ছ্ (ইচ্ছা করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বাট—আবৃত স্থান; মার্গ, পথ; খর্জ্জুরোপ্যাদির তাল। বট্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

বাটখারা—নির্দ্দিষ্ট ওজনবিশিষ্ট লৌহ-প্রস্তরাদির খণ্ড, যাহার সহিত তৌল করিয়া অন্য দ্রব্যের ওজন নিরূপিত হয়। দেশজ। বি।

বাটনা—পিষ্ট মশলাদি। বাট্‌+অনা কর্ম্মবা। বি।

বাটপাড়, –পার—ডাকাত, লুঠেরা, রাহাজান। দেশজ। বি।

বাটপাড়ি, –পারি—ডাকাতি, রাহাজানি। বাটপাড়, বাটপার+ই কর্ম্মার্থে। বি।

বাটলো—একপ্রকার হাঁড়ি। দেশজ। বি।

বাটা—১। বাটি বা থালার জোড়া (একটি অপরটির ঢাকনি), তাম্বূলাধার; ব্রত (ষষ্ঠীবাটা); ক্ষুদ্র মৎস্যবিশেষ। দেশজ। বি। ২। পেষণ করা। বাং ক্রি।

বাটালি(লী)—সূত্রধরের অস্ত্রবিশেষ। দেশজ। বি। [বি।

বাটি, বাটী—কটোরা, পেয়ালা। দেশজ।

বাটিকা, বাটী—আবৃত স্থান; বাড়ী; বাস্তু। বাট দ্রঃ। বাট+কন্‌+আপ্‌, ২য় পক্ষে বাট+ঈপ্‌। বি; স্ত্রী।

বাটোয়ারা—বাঁটোয়ারা (তাহা দ্রঃ)।

বাট্টা, বাটা—নির্দ্দিষ্ট মূল্য হইতে যাহা বাদ যায়। 'বার্ত্তা' শব্দজ। বি।

বাড়—বৃদ্ধি; কিনারা, প্রান্ত; নৌকার বেষ্টন বা ডালী; বিস্তার। দেশজ। বি।

বাড়ই, বাড়ুই, বড়ুই—ছুতার; যাহারা মেটে ঘরের দেওয়াল বা চাল নির্ম্মাণ ও মেরামত প্রভৃতি করে; যাহারা গুড় তৈয়ার করে। 'বর্দ্ধকি' শব্দজ। বি।

বাড়তি—১। বৃদ্ধি, আধিক্য। বাড়্‌+তি ভাববা। বি। ২। অতিরিক্ত, প্রয়োজনের অধিক। বাড়্‌+তি কর্ত্তৃবা। বিণ।

বাড়ন্ত—বর্দ্ধনশীল, বর্দ্ধমান; নিঃশেষ, যাহা ফুরাইয়া গিয়াছে; ছড়াল, ছিয়াল। বাড়্‌+অন্ত কর্ত্তৃবা। বিণ।

বাড়ব—১। বড়বাসম্বন্ধীয়। বিণ। স্ত্রী বাড়বী। ২য় সমুদ্রজাত অগ্নি। বড়বা+অণ্‌ জাতার্থে। বি; পুং।

বাড়বা—বাড়বানল। প্রাঃ কবিপ্র। বি।

বাড়বাগ্নি, –নল—সমুদ্রজাত অগ্নি। কর্ম্মধা। বি; পুং।

বাড়া—১। বড় হওয়া, বৃদ্ধি পাওয়া; রন্ধনপাত্র হইতে ভোজনপাত্রে নামান, পরিবেষণ করা; [কলম] কাটা। বাং ক্রি। ২। অধিক, বেশী। দেশজ। বিণ।

বাড়ান—বড় করা, বর্দ্ধিত করা; দীর্ঘ করা, প্রলম্বিত করা; প্রশংসা বা সম্মান করা; প্রশ্রয় দেওয়া; [মৃত গবাদি] বাটী হইতে বাহির করিয়া দেওয়া; পরিবেষণ করান। বাং ক্রি।

বাড়াবাড়ি—অতিরেক, আধিক্য, অতিরিক্ত মাত্রায় কোন কার্য্য করা। দেশজ। বি।

বাড়ি, বাড়ী—১। গৃহ, আলয়, আবাস। 'বাটী' শব্দজ। ২। যষ্টি, ছড়ি, ঠেঙ্গা, লাঠি; আঘাত, প্রহার; বৃদ্ধি; বৃদ্ধি হিসাবে শস্যাদি দাদন। বি।

বাড়ীওয়ালা—বাড়ীর মালিক; ভাড়াটিয়া বাড়ীর মালিক। বাড়ী+ওয়ালা। বি; পুং। স্ত্রী, –লী।

বাড়ীভাড়া—বাড়ী নিজের দখলে রাখিবার জন্য দেয় খাজনা। ৬ষ্ঠীতৎ। বি।

বাঢ়া—বৃদ্ধি পাওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

বাঢ়ান—বর্দ্ধিত করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

বাণ—শর, তীর; ধ্বনি, শব্দ; শর-বৃক্ষ, নলখাগড়ার গাছ; গোস্তন; অগ্নি; নীলঝিণ্টী; জনৈক কবি; ৫ এই সংখ্যা; দৈত্যরাজ বলির জ্যেষ্ঠ পুত্র। বণ্‌+ণিচ্‌+অচ্‌ কর্ত্তৃবা। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বাণলিঙ্গ—নর্ম্মদানদীসম্ভূত শিবলিঙ্গবিশেষ।

বাণাসন—শরাসন, ধনু। বাণের (শরের) আসন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বাণি—অলঙ্কারাদি গড়াইবার মজুরি। দেশজ। বি।

বাণিজ্য—বণিগ্‌বৃত্তি, সওদাগরি, বিদেশ হইতে পণ্যদ্রব্যের আমদানি রপ্তানির কাজ। বণিজ্‌+ষ্যঞ্‌ কর্ম্মার্থে। বি; ক্লীব।

বাণিজ্যপোত—ব্যবসায় করিবার জাহাজ। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

বাণিজ্যবায়ু—বাণিজ্যপোতের সমুদ্রপথে দেশদেশান্তরে গমনসাধনের অনুকূল বায়ুপ্রবাহ (Trade-wind). বাণিজ্য-সহায় যে বায়ু. মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

বাণিজ্যিক—বাণিজ্যসম্বন্ধীয়। বাণিজ্য + ইক সম্বন্ধার্থে। বিণ।

বাণী—১। বাক্য, কথা ; উপদেশপূর্ণ উক্তি ; বপন। বণ্ (শব্দ করা) + ইণ্ কর্ম্মবা + ঈপ্। ২। বাগ্দেবী, সরস্বতী। বণ্ + ণিচ্ + ইণ্ কর্তৃবা + ঈপ্। বি ; স্ত্রী।

বাণ্ডিল—পুলিন্দা, পোঁটরি, কাগজপত্রের তাড়া। ইং 'Bundle' শব্দজ। বি।

বাত—১। বায়ু, বাতাস ; রোগবিশেষ ; জ্বর ; দেহস্থ ধাতুবিশেষ। বা (বহা) + ক্ত কর্তৃবা। বি ; পুং। ২। বার্ত্তা, বাক্য, কথা। প্রাঃ কবিপ্র। বি।

বাতকর্ম্ম(র্ম)—অপানবায়ু ত্যাগ, পর্দ্দন। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

বাতযন্ত্র—বায়ুচালিত যন্ত্র, বাতাসে চালিত কল। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

বাতরক্ত, —শোণিত—রোগবিশেষ। বাতকর্তৃক দূষিত হয় রক্ত বা শোণিত যাহাতে. বহুব্রী। বি ; ক্লীব।

বাতলান, বাতান—বলিয়া বা বুঝাইয়া দেওয়া। হিন্দীমূলক। বাং ক্রি।

বাতা—শরকাঠির লম্বা সরু গুচ্ছ যদ্দারা মেটে ঘরের চাল ছিটা হয় ; খড়ো বা খোলার চালের ঢালু মুখ যে বাখারি দ্বারা বাঁধা হয় ; বেড়া ; কপাটের উপরকার আড়াআড়ি বা লম্বালম্বি কাঠের ফালি। 'বংশপট্ট' শব্দজ। বি।

বাতান—বাতলান দ্রঃ।

বাতাপি—জনৈক অসুর, ইল্বলের ভ্রাতা। বাত—আপ্ (পাওয়া) + ই কর্তৃবা। বি ; পুং।

বাতাপিসূদন—অগস্ত্যমুনি। বাতাপির সূদন (বিনাশক), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বাতাবর্ত্ত(র্ত)—আবর্ত্তযুক্ত বায়ু, ঘূর্ণী বায়ু ; প্রবল ঝটিকা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বাতাবি, —বী—বড় নেবুবিশেষ, জাম্বীর। দেশজ। বি।

বাতায়ন—গবাক্ষ, জানালা। বাতের (বায়ুর) অয়ন (গমন) হয় যদ্দারা, বহুব্রী। বি ; ক্লীব।

বাতাস—বায়ু, হাওয়া। 'বাত' শব্দজ। বি।

বাতাসা—চিনি বা গুড়ে প্রস্তুত ফাঁপা মিষ্টান্নবিশেষ, ফেনি। (ক্ষুদ্রাকৃতি—'ফুল-বাতাসা')। দেশজ। বি।

বাতাহত—বায়ু দ্বারা আঘাতপ্রাপ্ত, ঝটিকা-প্রহৃত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —তা।

বাতি—মোম প্রভৃতি দ্বারা প্রস্তুত আলোক-উৎপাদক দ্রব্যবিশেষ ; দীপ ; আলোক ; বৃক্ষের সরু লম্বা কাণ্ড। 'বর্ত্তি' শব্দজ। বি।

বাতিক—১। বাত-জনিত, বায়ু-জাত। বাত + ইক। বিণ। স্ত্রী, —কী। ২। বায়ুরোগ উন্মাদ, পাগলামি ; বাই ; অত্যন্ত ঝোঁক। দেশজ প্রঃ। বি।

বাতিদান—দীপাধার, যাহাতে বাতি বসান হয়। বাতি + দান আধার অর্থে। বি।

বাতিল—নিষ্ফল, রদ, অগ্রাহ্য, পরিত্যক্ত। আরবী। বিণ।

বাতুল—উন্মত্ত, পাগল ; বাতরোগগ্রস্ত ; বাত (বায়ু) + উল। বিণ। বি, —তা

বাত্যা—বাতসমূহ, প্রবল বায়ু, ঝড়। বাত (বায়ু) + যৎ সমূহার্থে + আপ্। বি ; স্ত্রী।

বাত্যাপীড়িত, —বিক্ষুব্ধ—ঝটিকায় আলোড়িত, ঝটিকাহত। ৩য়াতৎ। বিণ।

বাৎসরিক—বার্ষিক, বৎসরবিষয়ক। বৎসর + ইক। বিণ।

বাৎসল্য—বৎসলতা, স্নেহ ; (অলঙ্কার-শাস্ত্রে) রসবিশেষ। বৎসল + ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

বাৎস্যায়ন—বৎসমুনির পুত্র কামশাস্ত্র প্রণেতা মুনি। বৎস + আয়ন (অপত্যার্থে। বি ; পুং।

বাথান—গোচারণ-ভূমি, গোঠ, গোষ্ঠ; গোশালা। দেশজ। বি।

বাথানিয়া—আর্ত্তবা (গাভী), পাল লইবার মত (গাই)। কবিপ্র। বিণ।

বাদ—১। বাক্য; উক্তি; বিতর্ক; প্রবাদ; যথার্থ বিচার; মত ('জড়—')। বদ্ (বলা) +ঘঞ্ ভাববা। বি; পুং। ২। বিবাদ, বিরোধ, শত্রুতা; ছাড়, বর্জ্জন; বিয়োগ; কলহ। দেশজ প্রঃ। বি। ৩। ব্যতীত, বাতিল। বিণ। ৪। পরে। আর্বী। অব্য।

বাদক—বাদ্যকর। ণিজন্ত বদ্=বাদি (বলান)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিকা।

বাদন—বাজান। ণিজন্ত বদ্=বাদি (বলান) +অনট্ ভাববা। বি; ক্লীব।

বাদপ্রতিবাদ—উত্তরপ্রত্যুত্তর; তর্কবিতর্ক। দ্বন্দ্ব। বি; পুং।

বাদর—১। কুলফল; কার্পাসসূত্র। বি; ক্লীব। ২। কুলগাছ; কার্পাসবৃক্ষ। বদর+ অণ। বি; পুং। ৩। বাদল, বাদলা। প্রাঃ কবিপ্র। বি। [বি; পুং।

বাদরায়ণ—ব্যাসদেব। বদরী+আয়ন।

বাদরায়ণি—ব্যাসতনয় শুকদেব। [বিভিন্ন শাস্ত্রীয় গ্রন্থে ইহা ব্যাসের নাম বলিয়াও দৃষ্ট হয়। বেদান্তসূত্রে ব্যাসের নাম বাদরায়ণি এরূপ উল্লেখ আছে]। বাদরায়ণ+ইঞ্ অপত্যার্থে। বি; পুং।

বাদল—দুর্দ্দিন, বর্ষা। 'বার্দ্দল' শব্দজ। বি।

বাদলা—বাদল, বর্ষা, দুর্দ্দিন; মেঘলা; জরির ফিতা, জরি। 'বার্দ্দল' শব্দজ। বি বা বিণ।

বাদশাহ, —সাহ—মুসলমান রাজা। ফার্সী 'পাতিশাহ্' শব্দজ। বি।

বাদসা, —সাই—বাদসাহ, বাদসাহী (তাহা দ্রঃ)। [পুং। স্ত্রী,—দী।

বাদসাহ-জাদা—রাজপুত্র। ফার্সী। বি;

বাদসাহী, —সাই—রাজত্ব; বাদসাহ-সংক্রান্ত। বাদসাহ+ঈ। বি বা বিণ।

বাদা—জলাভূমি, বিল। আর্বী। বি।

বাদাড়—জঙ্গল। দেশজ। বি।

বাদানুবাদ—তর্কবিতর্ক; কলহ; ঝগড়া। বাদ এবং অনুবাদ, দ্বন্দ্ব। বি; পুং।

বাদাম—১। স্বনামখ্যাত বৃক্ষ; তৎফল; ভক্ষ্যবীজবিশেষ। ফার্সী। ২। নৌকার পাইল। দেশজ। বি।

বাদামী—লালচে বা পিঙ্গলবর্ণ, বাদামের খোসার রঙ্গের; বাদাম সদৃশ ডিম্বাকৃতি। বাদাম+ঈ সদৃশার্থে। বিণ।

বাদিত—ধ্বনিত, যাহা বাজান হইয়াছে এরূপ। ণিজন্ত বদ্=বাদি (বলান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বাদিত্র—বাদ্যযন্ত্র। ণিজন্ত বদ্=বাদি (বলান)+ইত্র করণবা। বি; ক্লীব।

বাদিয়া—বেদে, স্থায়ী গৃহহীন জাতিবিশেষ, জাঙ্গলিক, বাজিকর জাতি। 'ব্যাধ' শব্দজ। বি।

বাদী (বাদিন্)—১। বক্তা; অভিযোক্তা, অর্থী, ফরিয়াদী (Plaintiff, Complainant). বদ্ (বলা)+ণিন্ কর্ত্তৃবা। বি; পুং বা বিণ। স্ত্রী,—দিনী। ২। (সঙ্গীতে) রাগরাগিণীর প্রধান বা বহুপ্রযোজ্য স্বর। বি।

বাদুড়—বড় চামচিকার মত জীববিশেষ, বাদুলি। 'বাতুলি' শব্দজ। বি।

বাদুলে, বাদলে—বর্ষাকালজাত; বর্ষা-সম্পর্কীয়। বাদল+এ সম্বন্ধার্থে। বিণ।

বাদে—বাদ দিয়া, ছাড়া, ব্যতীত; পরে; বিলম্বে। দেশজ। অব্য।

বাদ্য—বাজনা, বাজনার যন্ত্র। বাদি+যৎ ভাববা, কর্ম্মবা। বি; ক্লীব।

বাদ্যকর—বাদনকারী, বায়েন। উপপতৎ। বাদ্য—কৃ+ট কর্ত্তৃবা। বি; পুং।

বাদ্যভাণ্ড—বাদ্যযন্ত্রসমূহ। ৬ষ্ঠীতৎ বা দ্বন্দ্ব। বি; ক্লীব।

বাধ—১। বাধা, ব্যাঘাত, সংঘর্ষ, রোধ; উপদ্রব; পীড়া। বাধ্ (ব্যাঘাত করা)+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। বাধক। বাধ্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, বাধা।

বাধক—১। প্রতিবন্ধক, রোধক। বিণ। স্ত্রী,—ধিকা। ২। স্ত্রীলোকের সন্তানজনন-রোধক রোগ। বাধ্ (ব্যাঘাত করা)+ণক কর্তৃবা। বি ; পুং।

বাধন—বাধা, প্রতিবন্ধ ; পীড়া। বাধ্ (ব্যাঘাত করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

বাধা—১। ব্যাঘাত, রোধ, সংমর্দ্দ ; উপদ্রব ; নিষেধ ; কার্য্যারম্ভে ব্যাঘাতসূচক কোনরূপ অলক্ষণ ; পীড়া। বাধ্ (ব্যাঘাত করা)+ঘঞ্ ভাববা+আপ্। বি ; স্ত্রী। ২। পীড়া, ক্লেশ, যাতনা, ব্যথা ; পাদুকা, খড়ম, জুতা ('নন্দের—')। প্রাঃ কবিপ্র। বি। ৩। বাধা দেওয়া বা পাওয়া, আটকান ; জটিলতা লাগা, ঘটা, উপস্থিত হওয়া, আরম্ভ হওয়া। বাং ক্রি।

বাধান—বন্ধ করা, আটকান ; সংঘটিত করা। বাং ক্রি।

বাধাপ্রাপ্ত—প্রতিবন্ধ প্রাপ্ত, রুদ্ধ। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—প্তা।

বাধাবিঘ্ন—বাধা-বিপত্তি, প্রতিবন্ধক ও ব্যাঘাত। দ্বন্দ্ব। বি ; পুং।

বাধিত—ব্যাহত ; ব্যাঘাতপ্রাপ্ত ; পীড়িত ; বশীভূত ; কৃতজ্ঞ। বাধ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বাধ্য—নিষেধ্য, বারণীয় ; পীড়নীয় ; বশ্য ; যাহার অন্যথা হইবার নহে। বাধ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, বাধ্যা।

বাধ্যতা—বাধনীয়তা ; নিষেধ্যতা ; বশ্যতা। বাধ্য+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

বাধ্যতামূলক—যাহা করিতে বাধ্য করান হয়, আবশ্যিক (Compulsory). বহুব্রী। বিণ।

বাধ্যবাধকতা—পরস্পর বশ্যতা, পরস্পর বাধ্য থাকা। বাধ্য ও বাধক, দ্বন্দ্ব+তা ভাবে। বি ; স্ত্রী।

বান—জলপ্লাবন, বন্যা। 'বন্যা' শব্দজ। বি।

বানচাল—ভাঙাকাঁসা। দেশজ। বিণ।

বানপ্রস্থ—তৃতীয় আশ্রমাবলম্বী ; তৃতীয় আশ্রম। বান (বন)—প্র—স্থা+ক কর্তৃবা, ২য় অর্থে তদুত্তরে অণ্। বি ; পুং।

বানর—কপি, শাখামৃগ, বাঁদর। বা+নর ; অথবা বান (বনসমূহ)—রম্ (ক্রীড়া করা) +ড কর্তৃবা। বি ; পুং। স্ত্রী,—রী।

বানান—১। শব্দের অক্ষরবিন্যাস। 'বর্ণন শব্দজ। বি। ২। প্রস্তুত করা ; গঠন করা, রচনা করা ; সাদৃশ্যে পরিণত করা ; রন্ধনার্থ কুটিয়া খণ্ড খণ্ড করা। বাং ক্রি।

বানি—গঠন করিবার মজুরি ; বানাইবার খরচা, নির্ম্মাণমূল্য। দেশজ। বি।

বান্ত—উদ্গীর্ণ, যাহা বমি করা হইয়াছে এরূপ। বম্ (বমি করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বান্দর বাঁদর দ্রঃ।

বান্দা—গোলাম, দাস, কিঙ্কর ; লোক। ফার্সী। বি ; পুং। স্ত্রী, বান্দী।

বান্ধব—বন্ধু, মিত্র ; ভ্রাতা ; জ্ঞাতি ; স্বজন। বন্ধু+ষ্ণ স্বার্থে। বি ; পুং। স্ত্রী,—বী।

বান্ধা—বাঁধা, বন্ধন করা। কবিপ্র। ক্রি।

বান্ধুলি, বাঁধুলি—বন্ধুলী-নামক রক্তবর্ণ পুষ্পবিশেষ ও তাহার গাছ। 'বন্ধুলী' শব্দজ। বি।

বাপ—১। বয়ন, কাপড়-চোপড় বোনা ; রোপণ, বীজ বোনা ; মুণ্ডন, ক্ষৌর। বপ্+ঘঞ্ ভাববা। বি ; পুং। ২। বাবা, পিতা ; পুত্র, পুত্রক, বৎস ; সন্তান, শিশু ; ভয়-বিস্ময়াদিসূচক শব্দ। 'বপ্র' শব্দজ। বি।

বাপদণ্ড—কাপড় বুনিবার দণ্ড, তাঁত বা নরাজ। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

বাপদাদা—পিতা ও পিতামহ ; পূর্ব্বপুরুষ। দ্বন্দ্ব। বি।

বাপান্ত—বাপকে গালি। দেশজ। বি।

বাপি, বাপী—দীর্ঘিকা, দীঘি ; পুষ্করিণী। বপ্ (বপন করা)+ইঞ্ অধিবা, বিকল্পে ঙীপ্। বি ; স্ত্রী।

বাপিত—বয়নকৃত ; মুণ্ডিত ; রোপিত। ণিজন্ত বপ্—বাপি+ক্ত কর্ম্মবা। বিণ ; ত্রি।

বাপু—স্নেহ বা আদরসূচক শব্দ, বৎস, তাত; পিতা; বাবু। দেশজ। বি।

বাপুজী—গুরুদেব; আচার্য্য; মহাত্মা গান্ধীর ডাকনাম। হিন্দী। বি। [বি।

বাফ্‌তা—একপ্রকার পশমী কাপড়। ফার্সী।

বাব—আবওয়াব; কর; বাবদ; হেতু, কারণ; দফা; গ্রন্থপরিচ্ছেদ, অধ্যায়। আর্বী। বি। [আর্বী। বি বা অব্য।

বাবত, –দ—হেতু, কারণ; বাব; বিষয়।

বাবরি, –রী—স্কন্ধবিলম্বিত কুঞ্চিত কেশ, লম্বা কোঁকড়া চুল। ফার্সী 'বব্‌র্' (সিংহ) শব্দজ। বি। ['বকুল' শব্দজ। বি।

বাবলা—বর্ব্বূল বৃক্ষ, কাঁটাওয়ালা বৃক্ষবিশেষ।

বাবা—পিতা, জনক; তাত, পুত্র, বৎস; সম্মানার্হ ব্যক্তি, গুরুজন; দেবতা; সন্ন্যাসী, সাধু; ভয়ক্লেশাদিসূচক শব্দ। 'বপ্তা' শব্দজ। বি।

বাবাজী—সাধু সন্ন্যাসী; বৈষ্ণব বৈরাগী; পুত্রস্থানীয়ের উপাধি। দেশজ। বি।

বাবাজীবন—বৎস; প্রিয় বৎস। দেশজ। বি।

বাবু—ধনী বা বিলাসী ব্যক্তি, সৌখীন পুরুষ; প্রভু, মনিব; কর্ত্তা, সম্মানসূচক সম্বোধন। হিন্দী। বি বা বিণ।

বাবুই—চড়াই পাখীর মত পাখীবিশেষ; একপ্রকার সরু লম্বা ঘাসবিশেষ (ইহা পাকাইয়া শক্ত দড়ি প্রস্তুত হয়); তুলসীগাছ-বিশেষ। দেশজ। বি।

বাবুগিরি, –য়ানা, –য়ানি—বিলাসিতা, সৌখীনতা; বড়মানুষী চাল। বাবু+গিরি, আনা, আনি ভাবে। বি।

বাবুজী—বাবুমহাশয়। বাবু+জী সম্মানার্থে। হিন্দী। বি।

বাবুর্চী—যে সাহেবী ও মুসলমানী খানা পাক করে, মুসলমান পাচক। তুর্কী। বি।

বাবুর্চীখানা—যে ঘরে বাবুর্চীরা পাক করে, সাহেবদের রান্নাঘর। তদ্ভিৎ। বি।

বাম—১। দক্ষিণেতর, সব্য, বাঁ; তদ্দিক্‌স্থ; বক্র; প্রতিকূল, বিমুখ; সুন্দর; শ্রেষ্ঠ। বা (গমন করা)+মন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, বামা। ২। মহাদেব; কন্দর্প, মদন। বি; পুং।

বামদেব—শিব; দশরথ রাজার কুল-পুরোহিত। বশিষ্ঠ ও বামদেব দশরথের সর্ব্বপ্রধান ঋত্বিক্। কর্ম্মধা। বি; পুং।

বামন—১। বিষ্ণুর পঞ্চম অবতার [এই অবতারে দৈত্যরাজ বলিকে উদ্ধার করেন]; পণ্ডিতবিশেষ; দক্ষিণদিকের হস্তী। বি; পুং। ২। খর্ব্ব, বেঁটে; নীচ। বম্+ণিচ্ +অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –নী। ৩। ব্রাহ্মণ। 'ব্রাহ্মণ' শব্দজ। বি। [বি।

বামনাই—ব্রাহ্মণত্ব। বামন+আই ভাবে।

বামলোচনা, বামাক্ষী—চারুনেত্রা, সুলোচনা (স্ত্রী)। বাম (সুন্দর) লোচন বা অক্ষি (চক্ষুঃ) যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বিণ।

বামা—১। সব্যা, বক্রা, ইত্যাদি। বিণ। ২। নারী; সুন্দরী; লক্ষ্মী। বাম+আপ্। বি; স্ত্রী।

বামাক্ষ—সুন্দর নয়নবিশিষ্ট, চারুনেত্র, সুলোচন। বাম (সুন্দর) অক্ষি (চক্ষুঃ) যাঁহার, বহুব্রী+ষচ্ সমাসান্ত। বিণ। স্ত্রী, –ক্ষী।

বামাক্ষি—সুন্দর নয়ন; বাঁ চোখ। কর্ম্মধা। বি; ক্লীব।

বামাচার—বেদবিরুদ্ধ আচার, তন্ত্রোক্ত মদ্যাদি পঞ্চ-মকার সাধনরূপ আচার। বাম (বিরুদ্ধ) যে আচার, কর্ম্মধা। বি; পুং।

বামাচারী (–রিন্)—তান্ত্রিক সাধন-কারী। বামাচার+ইন্ অস্ত্যর্থে। বিণ।

বামাবর্ত্ত(র্ত)—১। বামদিকে আবর্ত্তবিশিষ্ট। বামে আবর্ত্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –র্ত্তা। ২। বাঁ দিক হইতে আবর্ত্তন বা ঘূরণ। তদ্ভিৎ। বি; পুং।

বামাল—চোরাই মাল। ফার্সী। বি।

বামুন—রাঁধুনি ব্রাহ্মণ, ঠাকুর; দ্বিজ। 'ব্রাহ্মণ' শব্দজ। বি।

বামুনঠাকুর—পাচক ব্রাহ্মণ। কর্ম্মধা। বি।

বামেতর—দক্ষিণ, ডাইন। বাম হইতে ইতর, ৫মীতৎ। বিণ। স্ত্রী,—রা।

বামোরু—সুন্দর উরুবিশিষ্টা (স্ত্রী)। বাম (সুন্দর) হইয়াছে উরু যাহার (যে স্ত্রীর). বহুব্রী+উ স্ত্রী। বিণ।

বায়—১। বপন, বস্ত্রাদি বোনা। বে (বোনা) +ঘঞ্ ভাববা। বি; পুং। ২। বায়ু। কবিপ্র। বি।

বায়না—মূল্যের কিয়দংশ, যাহা অগ্রিম বা ক্রয়বিক্রয়ের অঙ্গীকারস্বরূপ দেওয়া যায়; ছল; শিশুর আবদার বা খোট। ফার্সী। বি।

বায়নাক্কা—সবিস্তার বর্ণন; তালিকা, ফর্দ্দ। ফার্সীমূলক। বি।

বায়বীয়, বায়ব্য, বায়ব—বায়ু-সম্বন্ধীয় বা বিষয়ক; বায়ুতুল্য। বায়ু+ঈয়, ষ্ণ্য, অণ্ সম্বন্ধার্থে। বিণ।

বায়স—কাক; শ্রীবাস। বয়স্+অণ্, অথবা বয়্ (গমন করা)+অসচ্ কর্ত্তৃবা+অণ্। বি; পুং।

বায়সারাতি, বায়সারি—পেচক। বায়স হইয়াছে অরাতি বা অরি (শত্রু) যাহার, বহুব্রী। বি; পুং।

বায়ু—পবন, বাত, বাতাস; প্রাণ অপান সমান উদান ব্যান এই পাঁচটী প্রাণবায়ু; শরীরস্থ ধাতুবিশেষ। বা (বহা)+উণ্ কর্ত্তৃবা। বি; পুং।

বায়ুকোণ—উত্তর-পশ্চিম কোণ। বায়ু-অধিষ্ঠিত কোণ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বায়ুকোষ—বায়ু থাকিবার শরীরাভ্যন্তরস্থ চর্ম্মময় কোষ (Air-bladder). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব বা পুং।

বায়ুগ্রস্ত—বায়ুরোগাক্রান্ত, উন্মাদ রোগ-যুক্ত; যাহার দেহস্থ বায়ু কুপিত হইয়াছে। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—স্তা।

বায়ুনিষ্কাশন—বাতাস বাহির করিয়া দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বায়ুপরিবর্ত্ত(র্ত্ত)ন—ভিন্ন স্থানের ভিন্ন প্রকার বাতাস সেবন, হাওয়া বদলান। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লীব।

বায়ুপুত্র—পবনপুত্র, হনুমান্ ও ভীম। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

বায়ুভক্ষ, —ভুক্ (—ভুজ্)—১। বায়ুভক্ষণকারী। বায়ু—ভক্ষ্ (খাওয়া)+অচ্ কর্ত্তৃবা; ২য় পক্ষে বায়ু—ভুজ্+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ। ২। সর্প। বি; পুং।

বায়ুমান-যন্ত্র—যে যন্ত্র দ্বারা বায়ুর চাপ-পরিমাণ নির্ণীত হয় (Barometer). বায়ুর মান=বায়ুমান, ৬ষ্ঠীতৎ; বায়ুমান-সাধক-যন্ত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বায়ুরোগ—উন্মাদ ব্যাধি। বায়ুজাত রোগ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বায়ুসখ, —সখা(সখি)—বহ্নি। বায়ু-সখ=বায়ুর সখা, ৬ষ্ঠীতৎ+টচ্ সমাসান্ত; বায়ুসখা=বায়ু হইয়াছে সখা (মিত্র) যাহার, বহুব্রী। বি; পুং।

বায়ুস্তর—গুরুত্ব লঘুত্ব ইত্যাদি দ্বারা বাতাসে যে পৃথক্ পৃথক্ থাক হয় তাহা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [স্ত্রী।

বায়ুস্থলী—মাছের পটকা। ৬ষ্ঠীতৎ। বি;

বায়ুসেবন—বায়ু সেবা করা, বাতাস গায়ে লাগান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বায়েন—বাজনদার, বাদ্যকর, ঢুলী। বা+এন কর্ত্তৃবা। বি।

বায়োস্কোপ—চলচ্চিত্র, সিনেমা। ইং Bioscope. বি।

বার—১। অবসর; বাসর, রবি সোম ইত্যাদি; পালা; দফা; সমূহ; জল; ক্ষণ; দ্বার; শিব। বৃ (আবরণ করা)+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং। ২। নিবারণীয়, নিষেধ; সাধারণের ভোগ্য ('—নারী')। বিণ। ৩। দ্বাদশ, ১২; বাহির। 'দ্বাদশ' শব্দজ। বি বা বিণ। ৪। দরবার, সভা, মজলিস; রাজ-সভায় দর্শন-দান। ফার্সী। প্রাঃ কবিপ্র। বি।

বারই—মাসের দ্বাদশ দিবস। বার+ই তারিখ অর্থে। বি বা বিণ।

বারইয়ারি, বারওয়ারি—অনেকে মিলিত হইয়া আনন্দ উৎসব বা পূজা। দেশজ। বি।

বারংবার, বারম্বার—ভূয়োভূয়ঃ, পুনঃ পুনঃ, বারবার। অব্য।

বারক—নিবারণকর্ত্তা, নিষেধক; প্রতিবন্ধক। ণিজন্ত বৃ=বারি (বারণ করা)+ ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

বারকোশ, —ষ—বড় থালা (সচরাচর কাষ্ঠময় হয়)। বৈদে। বি।

বারণ—১। নিষেধ। ণিজন্ত বৃ=বারি+ অনট্ ভাববা। বি; ক্লীব। ২। হস্তী। বারি+অন কর্ত্তৃবা। বি; পুং। ৩। বর্ম্ম, সাজোয়া; অঙ্কুশ। বারি+অনট্ করণবা। বি; ক্লীব বা পুং।

বারণাবত—মহাভারতোক্ত নগরবিশেষ। বারণ+মতুপ্ অস্ত্যর্থে+অণ্। বি; পুং।

বারণীয়—নিবারণযোগ্য, নিষেধযোগ্য। ণিজন্ত বৃ=বারি+অনীয় কর্ম্মবা। বিণ।

বারতা—বার্ত্তা। কবিপ্র। বি।

বারদিগর—পুনরায়, পুনশ্চ। দেশজ। অব্য।

বারনারী, —বধূ, —বনিতা, —বিলাসিনী, —স্ত্রী, বারাঙ্গ(ঙ্গ)না—গণিকা, বেশ্যা। বার (নিগমোক্ত বেশ্যা) যে নারী, বধূ, বনিতা, বিলাসিনী, স্ত্রী, অঙ্গনা, কর্ম্মধা; কিংবা বারের (সমূহের বা অনেকের) নারী, ইত্যাদি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বারফট্টাই—বৃথা আস্ফালন বা বড়াই। 'বাহ্বাস্ফোট' শব্দজ। বি।

বারবরদার—ভারবাহক, মুটিয়া বা মুটে। ফার্সী। বি।

বারবরদারি, —রী—ভারবাহকের কর্ম্ম, মুটেগিরি; মুটে খরচ; দ্রব্যাদি বহনের ব্যয়; সরকারী কর্ম্মচারীদিগের সফরে বেড়াইবার পাথের ও অন্যান্য খরচ। বারবরদার+ ই, ঈ। বি। [অব্য।

বারবার—পুনঃ পুনঃ। 'বারংবারম্' শব্দজ।

বারবিলাসিনী—বারনারী দ্রঃ।

বারবেলা—সর্ব্বকার্য্যে নিষিদ্ধ সময়। বারা (নিষেধ্যা) যে বেলা, কর্ম্মধা। বি; স্ত্রী। [রবির ৪র্থ ৫ম, সোমের ২য় ৭ম, মঙ্গলের ২য় ৬ষ্ঠ, বুধের ৫ম ৬ষ্ঠ, বৃহস্পতির ৭ম ৮ম, শুক্রের ৩য় ৪র্থ এবং শনির ১ম, ৬ষ্ঠ ও ৮ম বারবেলা]।

বারভুঁইয়া, —ভুঞা—মোগল আমলের বঙ্গদেশের বারজন শক্তিশালী জমিদার। কর্ম্মধা। বি।

বারমাসি, —মাস্যা—(প্রাচীন কবিতায়) বৎসরের বারটী মাসের বর্ণনা। দেশজ। বি।

বার-মুখ্যা—প্রধানা বেশ্যা। বারগণের (বেশ্যাদিগের) মধ্যে মুখ্যা, ৭মীতৎ। বি; স্ত্রী।

বারমেসে—যাহা বৎসরের সকল সময়েই থাকে বা উৎপন্ন হয়। বারমাস+এ (ইয়া) সম্বন্ধাদি অর্থে। বিণ।

বারম্বার—বারংবার দ্রঃ।

বারয়িতা (—তৃ)—নিবারণকর্ত্তা, নিষেধক। ণিজন্ত বৃ=বারি (বারণ করা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

বারযোষিৎ—বারাঙ্গনা, বেশ্যা। বারের (সমূহের বা অনেকের) যোষিৎ, ৬ষ্ঠীতৎ; কিংবা বার (নিগমোক্ত বেশ্যা) যে যোষিৎ, কর্ম্মধা। বি; স্ত্রী।

বারলাইব্রেরী—আদালত-সংশ্লিষ্ট উকিলদের গ্রন্থাগার। ইং Bar Library. বি।

বারশিঙ্গা—মৃগবিশেষ। দেশজ। বি।

বার-স্ত্রী—বারনারী দ্রঃ।

বারা—বারণ করা; নিবারণ করা, বাধা দেওয়া, আটকান, এড়ান। কবিপ্র। ক্রি।

বারাঙ্গ(ঙ্গ)না—বারনারী দ্রঃ।

বারাণসী—কাশী, শিবপুরী, বেনারস। বর (শ্রেষ্ঠ)—অনস্ (জল)+অণ্+ঈপ্; যে শ্রেষ্ঠ জলের অর্থাৎ গঙ্গার উপর আছে; অথবা বার (বারণ) করে যে অনস্ (জন্ম); অথবা বরণা—অসী+অণ্+ঈপ্; যে বরণা ও অসী নাম্নী নদীদ্বয়ের মধ্যস্থলে অবস্থিত। বি; স্ত্রী।

বারাণ্ডা, বারান্দা—ঘরের যে অংশ

বাহিরে খোলা থাকে, দাওয়া, পিঁড়ে; ছাদের বা উপর ঘরের বহির্ভাগ। ফার্সী 'বারাম্‌দা' শব্দজ। বি। [বি; ক্লীব।

বারান্তর—অন্যবার, অন্য সময়। নিত্য।

বারান্দা—বারাণ্ডা দ্রঃ।

বারাহী—বরাহরূপিণী মাতৃকাবিশেষ; যোগিনীবিশেষ; পৃথিবী। বরাহ+অণ্+ঈপ্। বি; স্ত্রী।

বারি—১। সলিল, জল। ণিজন্ত বৃ=বারি (আবরণ করা)+ইঞ্, কর্তৃবা। ২। হস্তিবন্ধনরজ্জু। বারি+ইঞ্ করণবা। ৩। হস্তিবন্ধনস্থান। বারি+ইঞ্ অধিবা। বি; ক্লীব।

বারিক—১। সেনানিবাস। ইং 'Barrack' শব্দজ। বি। ২। উপাধিবিশেষ। দেশজ। বি।

বারিচর—১। জলচর। বিণ। ২। মৎস্য; বক। উপতৎ। বারি (জল)—চর্ (বিচরণ করা)+ট কর্তৃবা। বি; পুং।

বারিজ—১। জলজ। বিণ। স্ত্রী,—জা। ২। পদ্ম। বি; ক্লীব। ৩। শম্বুক, শঙ্খ। উপতৎ। বারি (জল)—জন্ (জন্মা)+ড কর্তৃবা। বি; পুং।

বারিত—নিষিদ্ধ, নিবারিত। ণিজন্ত বৃ-বারি (নিবারণ করা)+ক্ত কর্মবা। বিণ।

বারিদ—জলদ, মেঘ। উপতৎ। বারি—দা+ক কর্তৃবা। বি; পুং।

বারিধি—জলধি, সমুদ্র। বারি (জল)—ধা (ধারণ করা)+কি কর্তৃবা। বি; পুং।

বারিনিধি—জলধি, সমুদ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বারিবাহ, —বাহক—জলদ, মেঘ। উপতৎ। বারি—বহ্+অণ কর্তৃবা। বি; পুং।

বারিমুক্ (—মুচ্)—মেঘ। বারি—মুচ্ (মোচন করা)+ক্বিপ্ কর্তৃবা। বি; পুং।

বারিরাশি—জলনিধি, সমুদ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বারীন্দ্র, বারীশ—সমুদ্র। বারির (জলের) ইন্দ্র, ঈশ (প্রভু), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বারুই—পাণব্যবসায়ী; হিন্দুজাতিবিশেষ। 'বারুজীবী' শব্দজ। বি।

বারুজীবী (—বিন্)—বারুই, পাণব্যবসায়ী জাতিবিশেষ। বারু—জীব্+ণিন্ কর্তৃবা। বি; পুং।

বারুণ—১। জল; জল দ্বারা স্নান। বি; ক্লীব। ২। বরুণসম্বন্ধীয়। বরুণ+অণ সম্বন্ধাদি অর্থে। বিণ। স্ত্রী,—ণী।

বারুণী—১। বরুণসম্বন্ধীয়া। বারুণ+ঈপ্। বিণ। ২। মদিরাবিশেষ; সুরা; শতভিষা নক্ষত্র; পশ্চিমদিক্; দূর্বা; শতভিষানক্ষত্রযুক্ত চৈত্রমাসের কৃষ্ণত্রয়োদশী বা তৎকালীন পর্ববিশেষ। বরুণ+অণ্ জাতাদি অর্থে। ৩। বরুণপত্নী; বরুণানী। বরুণ+ঈপ্ পত্নী অর্থে। বি; স্ত্রী।

বারুদ—বন্দুকাদি ছুড়িবার বিস্ফোরক চূর্ণ, অগ্নিচূর্ণ। তুর্কী। বি।

বারেক—একবার, একসময়। এক যে বার, কর্মধা; [বাংলা নিয়মে সন্ধি—'এক' শব্দ পরবর্তী হইলে পূর্ববর্তী বার ও অর্দ্ধ শব্দের অন্ত্য অ-কারের লোপ হয়]। ক্রি-বিণ।

বারেন্দ্র—১। বরেন্দ্রদেশীয় ব্রাহ্মণ। বরেন্দ্র+অন্। বি; পুং। ২। বরেন্দ্রদেশীয়। বরেন্দ্র+অণ ভবাদি অর্থে। বিণ।

বারেন্দ্রী—বারেন্দ্রভূমি, ইদানীন্তন রাজসাহী বিভাগ। বরেন্দ্র+অণ্ স্বার্থে+ঈপ্। বি; স্ত্রী।

বারো—সংখ্যাবিশেষ, ১২; বার সংখ্যক। 'দ্বাদশন্' শব্দজ। বি বা বিণ।

বারোয়া—রাগিণীবিশেষ। দেশজ। বি।

বারোয়ারি—বারইয়ারি (তাহা দ্রঃ)।

বার্ণিশ, —স—চাকচক্যজনক প্রলেপ। ইং Varnish. বি।

বার্তা(র্ত্তা)—বৃত্তান্ত; সন্দেশ, সংবাদ; জনশ্রুতি। বৃত্ত+ণ অস্ত্যর্থে+আপ্। বি; স্ত্রী।

বার্তা(র্ত্তা)ক, বার্তা(র্ত্তা)কী, বার্তা(র্ত্তা)কু—বেগুন বা বাগুন। বার্ত্ত (বায়ু)—অক্+ণিচ্ (পাওয়ান)+অণ

কর্ত্তৃবা, পক্ষে ঙীপ্, ও ঙীপ্ স্থানে উ। বি; পুং, স্ত্রী। [বি; স্ত্রী।

বার্ত্তা(র্তা)নীতি—অর্থশাস্ত্র। ৬ষ্ঠীতৎ।

বার্ত্তা(র্তা)বহ—১। সংবাদবাহক। বিণ। ২। দূত; চর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বার্ত্তি(র্তি)ক—১। দূত; চর। বার্ত্তা+ইক। ২। বৈশ্যজাতি। বি; পুং। ৩। বৃত্তি-ব্যাখ্যান বা টীকা গ্রন্থবিশেষ। বৃত্তি+ইক। বি; ক্লীব।

বার্দ্ধ(র্ধ)ক—বৃদ্ধত্ব, বৃদ্ধাবস্থা; বৃদ্ধকর্ম্ম। বৃদ্ধ +অক (বুঞ্) ভাবে। বি; ক্লীব।

বার্দ্ধ(র্ধ)ক্য—বৃদ্ধত্ব, বৃদ্ধাবস্থা। বার্দ্ধক (বৃদ্ধত্ব)+ষ্যঞ্ স্বার্থে। বি; ক্লীব।

বার্দ্ধু(র্ধু)ষিক—বৃদ্ধিজীবী, কুসীদাজীব, সুদখোর; আত্মশ্লাঘাকারী। বৃদ্ধি+ঠণ্ নিপাতনে+তদুত্তরে কন্ স্বার্থে। বি; পুং।

বার্নিশ—বার্ণিশ (তাহা দ্রঃ)।

বার্য্য(র্য)মাণ—যাহা বারণ করা হইতেছে এরূপ। ণিজন্ত বৃ—বারি (বারণ করা)+ শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ণা।

বার্লি—যবের পালো, যবগুঁড়া। ইং Barley. বি।

বার্ষভানবী—বৃষভানুনন্দিনী শ্রী রা ধা। বৃষভানু+অণ্ অপত্যার্থে+ঙীপ্। বি; স্ত্রী।

বার্ষিক—১। বৎসরসম্বন্ধীয়; সাংবৎসরিক; প্রতি বৎসরে দেয় (দক্ষিণাদি)। বর্ষ (বৎসর) +ইক সম্বন্ধার্থে। ২। বর্ষাকালীন। বর্ষা+ ইক ভবার্থে। বিণ। স্ত্রী,—কী।

বার্হস্পত্য—১। বৃহস্পতিসম্বন্ধীয়। বিণ। ২। বৃহস্পতি-প্রণীত শাস্ত্র; বৌদ্ধশাস্ত্র; নীতিশাস্ত্র। বৃহস্পতি+ঞ্য। বি; ক্লীব।

বাল—১। মূর্খ, অজ্ঞান; বালক; নূতন। বিণ। স্ত্রী, বালা। ২। ষোড়শবর্ষ পর্য্যন্ত বয়স্ক পুরুষ; পঞ্চমবর্ষীয় হস্তী; অশ্বশাবক; বালধি, কেশ; নারিকেল বৃক্ষ। বল্ (বলবান্ হওয়া) +ণ কর্ত্তৃবা। বি; পুং।

বালক—শিশু; অজ্ঞজন; বলয়; অঙ্গুরীয়ক; গন্ধদ্রব্যবিশেষ। বাল+কন্। বি; পুং। গুণ-বাচক বি, বালকত্ব।

বালখিল্য—অঙ্গুষ্ঠপর্ব্বপ্রমাণ ষষ্টিসহস্র মুনি; ইহারা ব্রহ্মার মানসপুত্র এবং তাঁহার শরীরস্থ লোম হইতে জাত; ইঁহারা তপোরত ও অতি তেজস্বী। বাল শব্দ—খিল+যৎ জাতার্থে। বি; পুং। [কর্ম্মধা। বি; পুং।

বালগোপাল—শ্রীকৃষ্ণের মূর্ত্তিবিশেষ।

বালচর্য্যা(র্যা)—শিশুপালন বা চিকিৎসা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; ক্লীব।

বালচাপল্য—বালকের চপলতা। ৬ষ্ঠীতৎ।

বালতি—১। হাতলযুক্ত টবের মত জলপাত্র-বিশেষ। পোর্ত্তু 'Balde' শব্দজ। ২। শিশু-পুত্র-কন্যাযুক্তা বিধবা। 'বালপুত্রিকা' শব্দজ। বি; স্ত্রী।

বালতৃণ—শষ্প, নবতৃণ। কর্ম্মধা। বি; ক্লীব।

বালদো—তাল নারিকেলাদি বৃক্ষের পত্রযুক্ত শাখা, বাইল। দেশজ। বি।

বালধি—চামর; সলোম লাঙ্গুল। বাল (কেশ)—ধা (ধারণ করা)+কি কর্ত্তৃবা। বি; পুং।

বালবিধবা—বালিকাবস্থায় পতিহীনা, অল্প বয়সে বিধবা। বালা বিধবা, কর্ম্মধা। বি; স্ত্রী।

বালবৈধব্য—বালিকাবস্থায় পতিহীন হওয়া, অল্প বয়সে বিধবা হওয়া। বালবিধবা +ষ্যঞ্ ভাবে। বি; ক্লীব।

বালব্যজন—চামর। বাল (কেশ) নির্ম্মিত যে ব্যজন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বালভাষিত—শিশুর আধ আধ বোল, বালকের কথা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বালভোগ—বালগোপালের প্রাভাতিক ভোগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বালরোগ—বালকের ব্যাধি, শিশুপীড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বালশশী (—শশিন্)—শুক্লা দ্বিতীয়ার চন্দ্র। বাল (নূতন) যে শশী, কর্ম্মধা। বি; পুং। [বাং ক্রি।

বালসাম—শিশুর অসুখ হওয়া, ম্লান হওয়া।

বালসুলভ—বালকোচিত, যাহা বালকেই দেখা যায়। ৭মীতৎ। বিণ।

বালসূর্য্য(র্য)—১। প্রাতঃকালীন সূর্য্য। কর্ম্মধা। বি; পুং। ২। [তত্তুল্য বলিয়া] বৈদূর্য্যমণি। বি; ক্লীব।

বালা—ষোড়শবর্ষ পর্য্যন্ত বয়স্কা স্ত্রী; বালিকা, কন্যা; করভূষণবিশেষ; হরিদ্রা: নারিকেল; ত্রুটি; একবর্ষীয়া গবী। বাল+আপ্। বি; স্ত্রী।

বালাই—১। উৎপাত, আপদ্, কণ্টক, শত্রু; অমঙ্গলসূচক উক্তির শান্তিসূচক প্রত্যুক্তি। আর্বী 'বালা' শব্দজ। ২। বলিহারি। প্রাঃ কবিপ্র। বি। **বালাই লইয়া মরা**—কাহারও বিপদ্ ইত্যাদি নিজে গ্রহণ করিয়া তাহাকে অমঙ্গলমুক্ত করা।

বালাখানা—উপরের ঘর; অট্টালিকা। ফার্সী। বি।

বালাপোষ—তুলাভরা শীতবস্ত্র। ফার্সী। বি।

বালাম্চি—গোপুচ্ছের লোম নির্ম্মিত রজ্জু। দেশজ। বি।

বালাম—একপ্রকার চাউল; চাউল-বহা নৌকাবিশেষ। দেশজ। বি।

বালামচি—ঘোড়ার লেজের বা ঘাড়ের লোম। দেশজ। বি।

বালার্ক—বালসূর্য্য, নবোদিত ভানু। বাল যে অর্ক, কর্ম্মধা। বি; পুং।

বালি—১। কপিরাজ বালী। বাল (কেশ, লোম)+ই অস্ত্যর্থে। বি; পুং। ২। বালুকা। 'বালুকা' শব্দজ। বি। ৩। বালিকা, বালা, তরুণী। প্রাঃ কবিপ্র। বিণ; স্ত্রী।

বালিকা—বালা স্ত্রী; কর্ণভূষণ; বালুকা। বালক+স্ত্রীলিঙ্গে আপ্। বি; স্ত্রী।

বালিকাসুলভ—বালিকার উপযুক্ত, যাহা বালিকাতেই দেখা যায়। ৭মীতৎ। বিণ।

বালিঘট—বালুকাপূর্ণ কলস। মধ্যপ কর্ম্মধা। বি। [+ইয়া। বি বা বিণ।

বালিয়া—বালুকাপূর্ণ; মৎস্যবিশেষ। বালি

বালিয়াড়ি—বালির ঢিবি, চর বা পাহাড়। দেশজ। বি।

বালিশ—উপাধান। বাল (কেশ)+ইন্ অস্ত্যর্থে—বালিন্ (মস্তক), তদুত্তরে শী (শয়ন করা)+ড অধিবা। বি; ক্লীব।

বালী (**বালিন্**)—কপিরাজবিশেষ। কিষ্কিন্ধ্যার বানর রাজা, সুগ্রীবের জ্যেষ্ঠ ভ্রাতা। বাল (কেশ, লোম)+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

বালু—বালুকা, বালি। হিন্দী। বি।

বালুকা—সিকতা, বালি; কর্কট; কর্পূর। বল+উণ্ করণবা+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

বালুকাস্বেদ—তপ্ত বালি দিয়া তাপ দেওয়া। ৩য়াতৎ। বি; পুং। [বি।

বালুসাই—ছানার মিষ্টান্নবিশেষ। দেশজ

বালেন্দু—অমাবস্যার পরবর্ত্তী নব চন্দ্রকলা। কর্ম্মধা। বি; পুং।

বাল্মিক, বাল্মীক, বাল্মিকি, বাল্মীকি—রামায়ণপ্রণেতা মুনি। বল্মিক, বল্মীক (উইঢিপি)+অণ্, ইঞ্ জাতার্থে। বি; পুং।

বাল্য—শৈশবাবস্থা, ষোড়শবর্ষ পর্য্যন্ত। বাল শব্দ+ষ্যঞ্ ভাবে। বি; ক্লীব।

বাল্যকাল—ছেলেবেলা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পুং।

বাল্যবন্ধু—ছেলেবেলার বন্ধু। ৬ষ্ঠীতৎ।

বাল্যবিবাহ—অল্পবয়সে পরিণয়, যৌবনোদয়ের পূর্ব্বে বিবাহ। বাল্যকালীন বিবাহ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বাল্যসখী—শৈশবসঙ্গিনী, বালিকা বয়সের সহচরী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বাল্যসঙ্গী(ঙ্গী) (**-সঙ্গিন্**)—শৈশবসহচর, ছেলেবেলার সাথী। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; পুং। স্ত্রী, –ঙ্গিনী।

বাশ, বাস—সূত্রধরের যন্ত্রবিশেষ, কাঠ কাটিবার ও চাঁচিবার যন্ত্র। 'বাসী' শব্দজ। বি।

বাশুলী, বাসুলী, বাসলী—চণ্ডিকার মূর্ত্তিবিশেষ: চণ্ডীদাস কবির জন্মভূমি নানুর গ্রামের অধিষ্ঠাত্রী দেবী। 'বিশালাক্ষী' শব্দজ। বি; স্ত্রী। [বি বা বিণ।

বাষট্টি—৬২; ৬২ সংখ্যক। 'দ্বিষষ্টি' শব্দজ।

বাষ্প, —ষ্প—উষ্মা, তাপ, ধূমাকার অতিসূক্ষ্ম জলকণা [অগ্নির উত্তাপ পাইলে জল হইতে ইহা উত্থিত হয়; ইংরাজীতে ইহাকে 'ষ্টীম' (Steam) বলে]; অশ্রু, নয়নবারি; কণ্ঠবারি। বাধ্‌+প কর্ত্তৃবা (নিপাতনে)। বি; পুং।

বাষ্পপোত—বাষ্পদ্বারা চালিত জলযান, ষ্টীমার, কলের জাহাজ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বাষ্পযন্ত্র—বাষ্পবলে চালিত যন্ত্র, ধোঁয়াকল। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বাষ্পরথ, -শকট, -যান—বাষ্পীয় শকট, রেলগাড়ী। বাষ্পচালিত যে রথ, শকট, যান, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বাষ্পরুদ্ধ—অশ্রু দ্বারা রুদ্ধ। ৩য়াতৎ। বিণ।

বাষ্পশকট—বাষ্পরথ দ্রঃ।

বাষ্পাকুল—অশ্রুকাতর, অশ্রুপূর্ণ; ধূমাকার জলকণায় আচ্ছন্ন। ৩য়াতৎ। বিণ।

বাষ্পায়ন—তরল পদার্থের বায়বীয় অবস্থায় পরিণতি, বাষ্পীভবন। বাষ্প+ক্যঙ্‌ (=বাষ্পায়)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

বাষ্পীয়—বাষ্পসম্বন্ধীয়; বা ষ্প চা লি ত। বাষ্প+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

বাষ্পীয়পোত—বাষ্পপোত, কলের জাহাজ, ষ্টিমার। কর্ম্মধা। বি; পুং।

বাষ্পীয়যন্ত্র—বাষ্পদ্বারা চালিত যন্ত্র, ধুঁয়াকল। কর্ম্মধা। বি; ক্লীব।

বাষ্পীয়যান—বাষ্পচালিত শকটাদি, রেলগাড়ী, জাহাজ প্রভৃতি। কর্ম্মধা। বি; ক্লীব।

বাষ্পীয়-রথ, —শকট—বাষ্পরথ, রেলগাড়ি। কর্ম্মধা। বি; পুং।

বাস—১। স্থিতি, থাকা। বস্‌ (বাস করা) +ঘঞ্‌ ভাববা। ২। বাসস্থান; আলয়, গৃহ। বস্‌+ঘঞ্‌ অধিবা। ৩। বসন, কাপড়। বস্‌ (আচ্ছাদন করা)+ঘঞ্‌ করণবা। ৪। সুগন্ধ। বাস্‌ (বাসিত করা)+অচ্‌ কর্ত্তৃবা। বি; পুং। ৫। আশ্রয়। প্রাঃ কবিপ্র। ৬। যাত্রী বহিবার বড় মোটর গাড়ী। ইং Bus. বি। ৭। ছুতারের অস্ত্রবিশেষ। 'বাসী' শব্দজ। বি।

বাসঃ (বাসস্‌), বাস—বস্ত্র, কাপড়। ণিজন্ত বস্‌ (=বাসি)+অস্‌ করণবা। বি; ক্লীব।

বাসক—বৃক্ষবিশেষ, বাকস গাছ। বাস্‌+ণক কর্ত্তৃবা। বি; পুং।

বাসক-সজ্জা, বাস-সজ্জা—নায়কাকাঙ্ক্ষিণী সজ্জিতা রমণী। বাসকে, বাসে সজ্জা হইয়াছে যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বি; স্ত্রী।

বাসগৃহ—থাকিবার ঘর বা বাড়ী, আবাস; শয়নমন্দির; মধ্যগৃহ; অন্তঃপুর-গৃহ। বাসযোগ্য গৃহ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বাসন—১। সুগন্ধীকরণ, ধূপন। বাস্‌ (বাসিত করা)+অনট্‌ ভাববা। ২। বাসস্থান; জলপাত্র। বস্‌ (বাস্‌ করা)+অনট্‌ অধিবা। বি; ক্লীব। ৩। তৈজসাধার, থালা বাটি প্রভৃতি। দেশজ। বি।

বাসনা—স্মৃতিজনক সংস্কার; জ্ঞান; কল্পনা; যুক্তি; কামনা, আকাঙ্ক্ষা; প্রত্যাশা। বস্‌+অন ভাববা+আপ্‌। বি; স্ত্রী। [বি।

বাসনা—কলাগাছ প্রভৃতির ছাল। দেশজ।

বাসন্তী—১। বসন্তসম্বন্ধীয়া। বসন্ত+অণ্‌ সম্বন্ধার্থে+ঈপ্‌। বিণ। ২। বনদেবতাবিশেষ; দুর্গা; মাধবীলতা; নবমল্লিকা; চতুর্দ্দশাক্ষর ছন্দোবিশেষ। বি; স্ত্রী। ৩। কমলানেবুর রঙ্গের, হলুদে রঙ্গের। দেশজ প্রঃ। বিণ।

বাসব—দেবরাজ ইন্দ্র। বসু (ধন)+অণ্‌ আছে অর্থে। বি; পুং।

বাসবদত্তা—স্বনামপ্রসিদ্ধ কথাগ্রন্থবিশেষের নায়িকা। ৩য়াতৎ। বি; স্ত্রী।

বাসভবন—বাসগৃহ, থাকিবার ঘর বা বাড়ী। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বাসর—১। দিবস, দিন, বার; বরকন্যার পুরনারীগণের সহিত বিবাহ-রজনী যাপনের

ঘর। ণিজন্ত বস্=বাসি (বাস করান)+অয়ন্ কর্তৃবা। বি; ক্লীব বা পুং। ২। বিবাহ-রজনীর শয়নগৃহ। 'বাসগৃহ' শব্দজ। বি।

বাসরশয্যা—বিবাহ-রজনীতে বরকন্যার শয়নীয় বিছানা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বাসরসজ্জা—বিবাহের রজনীতে বরকন্যার শয়নগৃহের সজ্জা; মিলনসজ্জা, নায়কা-কাঙ্ক্ষিণী রমণীর বেশভূষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বাসা—১। অস্থায়ী আবাস; ভাড়াটে বাড়ী; বাসস্থল; পক্ষীর কুলায়; জন্তুর বাসস্থান। 'বাস' শব্দজ। বি। ২। আবাস, গৃহ। প্রাঃ কবিপ্র। ৩। বাস করা, বাসনা করা; বাসিত করা; বোধ করা, মনে করা, ভাবা, বুঝা; ভালবাসা। কবিপ্র। ক্রি।

বাসি—১। তরুণী, বাইস। বস্+ইঞ্ কর্তৃবা। বি; পুং। ২। পর্য্যুষিত, পূর্ব্বদিবের; একাধিক দিন ধরিয়া ধৌত; পূর্ব্ব রাত্রে পরিহিত; শয্যাত্যাগের পর প্রভাতে অপ্রক্ষালিত (মুখাদি); অনিকান (গৃহাদি)। দেশজ। বিণ। ৩। জ্ঞান করি, মনে করি। কবিপ্র। ক্রি।

বাসিত—১। বসনপিহিত, বস্ত্রাবৃত: আস্ত্রীকৃত; অধ্যুষিত; পর্য্যুষিত। ণিজন্ত বস্=বাসি (আচ্ছাদন করা, বাস করান) +ক্ত কর্ম্মবা। ২। বিখ্যাত; সুগন্ধীকৃত; ভাবিত। বাস্ (বাসিত করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বাসিন্দা—বাসকারী, নিবাসী। ফার্সী। বি।

বাসী (বাসিন্)—(অধিকরণবাচক পদের পর) বাসকারী। বস্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—সিনী।

বাসী—১। তরুণী, বাইস। বস+ইঞ্+ঙীপ্। বি; স্ত্রী। ২। পর্য্যুষিত, পূর্ব্বদিনের; একাধিক দিন ধরিয়া ধৌত। দেশজ। বিণ।

বাসী (বাস) বিয়ে—বিবাহের পরবর্ত্তী দিবসের (বিবাহের দিন শেষরাত্রির) অনুষ্ঠান-বিশেষ। দেশজ।

বাসুকি—নাগরাজ। বসু (ধন ইত্যাদি)—কৈ (শব্দ করা)+ক কর্তৃবা+ইঞ্ স্বার্থে। বি; পুং। [ত্যার্থে। বি; পুং।

বাসুদেব—শ্রীকৃষ্ণ। বসুদেব+অণ্ অপ-

বাসুলি—বাশুলী দ্রঃ। বি; স্ত্রী।

বাস্তব, বাস্তবিক—প্রকৃত, সত্য, যথার্থ। বস্তু+অণ্, ইক। বিণ। স্ত্রী,—বী,—কী।

বাস্তব্য—১। বাসযোগ্য। বাসি+তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ব্যা। ২। বাস। দেশজ প্রঃ। বি।

বাস্তু—বসতি-ভূমি; পৈতৃক ভিটা; ভবন, গৃহ। বস্ (বাস করা)+তুণ্ অধিবা। বি; পুং বা ক্লীব।

বাস্তুক, বাস্তূক—বেথো শাক। বাস্তু+কন্। বি; ক্লীব।

বাস্তুঘুঘু—বহুকালের প্রতিপালিত ঘুঘু; ধূর্ত্তব্যক্তি। দেশজ। বি।

বাস্তুদেব—গৃহদেবতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বাস্তুপুরুষ—বাস্তুদেব; গ্রাম্যারম্ভে পূজনীয় দেবতা। বাস্তুর অধিষ্ঠাতা পুরুষ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। [বি।

বাস্তুভিটা—চিরকালের বাসগৃহ। ৬ষ্ঠীতৎ।

বাস্তুশিল্প—গৃহনির্ম্মাণবিদ্যা। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। [৬ষ্ঠীতৎ। বি।

বাস্তুসাপ—বহুকাল গৃহে বাসকারী সাপ।

বাষ্প—বাপ্প দ্রঃ।

বাহক—বহনকর্ত্তা। বহ্ (বহন করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—হিকা।

বাহন—যান, হস্তী অশ্ব নৌকা প্রভৃতি। ণিজন্ত বহ্=বাহি (বহন করান)+অনট্ করণবা। বি; ক্লীব।

বাহনা, বাহানা—ছল, ওজর, আপত্তি; আবদার; নির্ব্বন্ধ। ফার্সী। বি।

বাহবা, বাহা—প্রশংসাসূচক উক্তি, বাঃ। দেশজ। অব্য।

বাহা—১। আশ্চর্য্যবোধক বা প্রশংসাসূচক শব্দ। দেশজ। অব্য। ২। (নৌকা ইত্যাদি) চালিত করা; আকর্ষণ করা। বাং ক্রি।

বাহাত্তর—৭২ সংখ্যা বা সংখ্যক। 'দ্বাসপ্ততি' শব্দজ। বি বা বিণ।

বাহাত্তুরে, বায়াত্তুরে—৭২ বৎসরের বুড়া, বার্দ্ধক্যবশতঃ বলবুদ্ধিহীন, অকর্ম্মণ্য বৃদ্ধ। দেশজ। বিণ।

বাহাদুর—বীর; সাহসী; কার্য্যপটু, দক্ষ; নিপুণ; উপাধিবিশেষ। তুর্কী। বিণ।

বাহাদুরি, –রী—বীরত্ব; সাহসপ্রকাশ; দক্ষতা; নৈপুণ্য। বাহাদুর + ই, ঈ ভাবার্থে। বি।

বাহাদুরী-কাঠ—শাল সেগুন প্রভৃতি গাছের বড় গুঁড়ি। দেশজ। বি।

বাহানা—বাহনা দ্রঃ।

বাহার—শোভা, ঘটা; (সঙ্গীতে) রাগ-বিশেষ। ফার্সী। বি।

বাহারিয়া, –রে—চটকদার; বাহার-প্রিয়। বাহার + ইয়া, এ। বিণ।

বাহাল—বজায়; অপরিবর্ত্তিত; প্রতিষ্ঠিত, নিযুক্ত। ফার্সী। বিণ।

বাহিত—প্রাপিত; চালিত; প্রবাহিত। ণিজন্ত বহ্‌—বাহি (বহান) + ক্ত কর্ম্মবা। বিণ।

বাহিনী—১। বহনকর্ত্রী, বাহিকা। বাহিন্ + ঈপ্। বিণ; স্ত্রী। ২। নদী। বহ্ (বহিয়া যাওয়া) + ণিন্ কর্তৃবা + ঈপ্। ৩। ৮১ হস্তী, ৮১ রথ, ২৪৩ অশ্ব ও ৪০৫ পদাতি এতৎ-সংখ্যক সৈন্য; সেনা। বাহ (অশ্ব) + ইন্ অস্ত্যর্থে + ঈপ্। বি; স্ত্রী।

বাহির, বার—১। বহির্দ্দিক, বহির্দ্দেশ। দেশজ। বি। ২। বহিঃস্থ, বহির্দ্দিকের; অতীত, বহির্ভূত; আধার হইতে বহিষ্কৃত, সম্মুখে উপস্থাপিত, প্রকাশিত; নির্গত; নিষ্ক্রান্ত। 'বহিস্' শব্দজ। বিণ।

বাহিরা, –রান—বাহির হওয়া, বহির্গত হওয়া, নির্গত হওয়া। কবিপ্র। ক্রি।

বাহী (বাহিন্)—বহনকর্ত্তা, বাহক। বহ্ (বহন করা) + ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী, –হিনী।

বাহু—ভুজ, কক্ষ হইতে অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত অবয়ব; ত্রিভুজাদি ক্ষেত্রের পার্শ্বরেখা। বহ্ (বহন করা) + উণ্ কর্তৃবা। বি; পুং।

বাহুত্র, বাহুত্রাণ—ভুজরক্ষক কবচ। বাহু —ত্রৈ (ত্রাণ করা) + ক, অনট্ কর্তৃবা। বি; ক্লীব। [ষষ্ঠীতৎ। বি; ক্লীব।

বাহুবল—ভুজতেজ, শক্তি, হাতের জোর।

বাহুভূষণ, –ভূষা—কেয়ূর, বাজু; বাহুর অলঙ্কার। ষষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।

বাহুমূল—কক্ষ, বগল। ষষ্ঠীতৎ। বি; ক্লীব।

বাহুযুদ্ধ—মল্লযুদ্ধ, মালামো, হাতাহাতি। ৩য়াতৎ। বি; ক্লীব।

বাহুল্য—প্রাচুর্য্য; আধিক্য। বহুল + ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

বাহ্বাস্ফোট—মল্লগণের বাহুতে করাঘাত-ধ্বনি, তাল ঠোকা; বিক্রম প্রকাশ। ৭মীতৎ। বি; পুং।

বাহ্য—১। বহিঃস্থিত, বহির্বিষয়ক। বহিস্ (বাহির) + ষ্যঞ্ ভবার্থে। ২। বহনীয়, বহনযোগ্য। বহ্ (বহন করা) + ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, বাহ্যা। [বি; ক্লীব।

বাহ্যজগৎ—পরিদৃশ্যমান সংসার। কর্ম্মধা।

বাহ্যজ্ঞান—বহির্ব্বিষয়ক জ্ঞান, শব্দস্পর্শাদি বিষয় বোধ; চেতনা; সাংসারিক জ্ঞান। কর্ম্মধা। বি; ক্লীব।

বাহ্যদৃশ্য—বাহিরের চটক; বাহ্যরূপ। কর্ম্মধা। বি; ক্লীব।

বাহ্যদৃষ্টি—১। বহির্ব্বিষয়ে দৃষ্টি, সাংসারিক বিষয় দর্শন। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। বহির্ব্বিষয় লক্ষ্যকারী, অন্তর্দৃষ্টিবিহীন। বাহ্য বিষয়ে দৃষ্টি যাহার, বহুব্রী। বিণ।

বাহ্যিক—বহিঃসম্বন্ধীয়। 'বাহ্য' শব্দজ। বিণ।

বাহ্যে—১। দাস্ত, মলত্যাগ ('—যাওয়া', '—করা')। দেশজ। বি। ২। বহির্ভাগে। বাহ্য (১) হইতে।

বাহ্যেন্দ্রিয়—বহিরিন্দ্রিয়, চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ত্বক্। বাহ্য যে ইন্দ্রিয়, কর্ম্মধা। বি; ক্লীব।

বি—১। পক্ষী। বা (গমন করা)+ইন্ (ড) বা ডি কর্ত্তৃবা। বি; পুং বা স্ত্রী। ২। চক্ষুঃ; আকাশ। বে+ই কর্ত্তৃবা। বি; পুং। ৩। নিয়োগ; নিশ্চয়; নিগ্রহ; জ্ঞান, অব্যাপ্তি; অসহন; নিন্দা; গতি; হেতু; ঈষৎ; অভাব; নিষেধ; বিরোধ; শুদ্ধি; পরিভব; বিশেষ; আলম্বন; দান; পাদপূরণ; বৈপরীত্য। বা+কি ভাববা। অব্য।

বিউনি, —নী—১। হাত-পাখা। 'ব্যজনী' শব্দজ। ২। বেণী। 'বেণী' শব্দজ। বি।

বিউলি—তুষবিহীন মাষকলায়। 'বিদলিত' শব্দজ। বি।

বি-এ.—বিশ্ববিদ্যালয়ের উচ্চ পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার নিদর্শক উপাধি (বি-এ, পাশ করা)। ইং 'Bachelor of Arts'এর সাঙ্কেতিক আদ্য বর্ণ B. A. হইতে।

বিংশ—২০ সংখ্যার পূরণ। বিংশতি+ডট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী।

বিংশতি—১। ২০ সংখ্যা, কুড়ি, বিশ। দ্বিগুণিত দশ, মধ্যপ কর্ম্মধা, নিপাতনে। বি; স্ত্রী। ২। তৎসংখ্যাত। বিণ।

বিংশতিতম—বিংশতির পূরণ। বিংশতি+তমট্। বিণ। স্ত্রী,—মী।

বিঁড়া, বিঁড়ে, বিড়া, বিড়ে—কলসী প্রভৃতি বসাইবার বা মাথায় বোঝা লইবার বেষ্টনী। দেশজ। বি।

বিঁড়ি—পাতায় জড়ান তামাকযুক্ত চুরুট-বিশেষ। 'বীটী' শব্দজ। বি।

বিঁদ, বিঁধ—ছিদ্র, ছেঁদা। দেশজ। বি।

বিঁধন—ছিদ্রকরণ, ফোঁড়ন, ফুটন; ফোঁড়া, ফুটাইয়া দেওয়া। বিধ্+অন ভাববা। বি।

বিঁধা, বেঁধা—বিঁধ করা, ছিদ্র করা; কাঁটা প্রভৃতি ফুটিয়া যাওয়া, বিদ্ধ হওয়া; বিদ্ধ করা, ফোঁড় দেওয়া। বাং ক্রি।

বিঁধান, বেঁধান—ছিদ্র করান, বিদ্ধ করান। বাং ক্রি।

বিকচ—১। বিকসিত, প্রস্ফুটিত। বি—কচ্ (বন্ধনহীন হওয়া)+অচ্ কর্ত্তৃবা। ২। কেশরহিত, নেড়া। বি (বিগত, নাই) কচ (কেশ, বন্ধন ইত্যাদি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—চা।

বিকট—মহৎ; বিপুল, প্রকাণ্ড, বড়; কুৎসিত; ভীষণ, ভয়ানক; দন্তুর; প্রসিদ্ধ; সুন্দর। বি—কট্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—টা।

বিকটাকার, বিকটাকৃতি—১। ভীষণ চেহারা। কর্ম্মধা। বি; পুং, স্ত্রী। ২। ভীষণ চেহারাযুক্ত। বহুব্রী। বিণ।

বিকন—বিকান (তাহা দ্রঃ)।

বিকম্পিত—সাতিশয় কম্পিত, অতিশয় চঞ্চল। বি—কম্প্ (কাঁপা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

বিকর্ত্ত(র্ত)ন—অর্ক, সূর্য্য; অর্কবৃক্ষ। বি—কৃত্ (কর্ত্তন করা)+অন কর্ম্মবা। বি; পুং।

বিকর্ষণ—বিপরীত দিকে আকর্ষণ, বা টান; ঠেলিয়া দেওয়া, বিপ্রকর্ষণ (Repulsion). বি—কৃষ্ (টানা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিকল—কলাহীন; অসমর্থ; অসম্পূর্ণ; বিহ্বল; হ্রাসপ্রাপ্ত; অস্বাভাবিক; রহিত। বি (বিগত) হইয়াছে কলা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

বিকলচিত্ত—১। বিহ্বল মনঃ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। বিহ্বলমনাঃ, কাতরহৃদয়। বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা। বি,—চিত্ততা।

বিকলাঙ্গ(ঙ্গ)—১। অবশ অঙ্গ বা অবয়ব। কর্ম্মধা। বি; ক্লীব। ২। হীনাঙ্গ, অবশাঙ্গ; অধিকাঙ্গ। বিকল হইয়াছে অঙ্গ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্গী, —ঙ্গা।

বিকলেন্দ্রিয়—যাহার হস্তপদাদি ইন্দ্রিয় অবশ বা ন্যূন। বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

বিকল্প—বিভিন্ন কল্পনা; বিবিধ কল্পনা; ভেদ-বুদ্ধি; ভ্রম; সংশয়; বিশেষ; (ব্যাকরণে) বিভাষা (Alternative); অর্থালঙ্কার-বিশেষ। বি—কৃপ্ বা কৢপ (কল্পনা করা) ঘঞ্ ভাববা। বি; পুং।

বিকল্পিত—বিবিধরূপে কল্পিত ; সন্দিগ্ধ ; অনিয়মিত ; বিভাবিত । বি—ণিজন্ত কৃপ্‌+ক্ত কর্ম্মবা । বিণ । স্ত্রী,—তা ।

বিকশা, বিকসা—বিকসিত হওয়া । কবিপ্র । ক্রি ।

বিকশিত, বিকসিত—প্রস্ফুটিত, উন্মিষিত ; ব্যক্ত । বি—কশ্‌, কস্‌+ক্ত কর্ত্তৃবা । বিণ । স্ত্রী,—তা ।

বিকশ্বর, বিকস্বর—বিকাশশীল ; প্রকাশশীল ; বিসরণশীল । বি—কশ্‌, কস্‌+বর কর্ত্তৃবা । বিণ । [বাং ক্রি ।

বিকান, বিকানা—বিক্রীত হওয়া ।

বিকার—বিকৃতি, প্রকৃতির অন্যথাভাব ; স্খলন ; অস্বাস্থ্য ; জ্বরের প্রাবল্যবশতঃ মস্তিষ্কবিকৃতি, সান্নিপাতিক জ্বর ; পরিবর্ত্তনের ফলে উৎপন্ন বস্তু । বি—কৃ (করা)+ঘঞ্‌ ভাববা । বি ; পুং ।

বিকারগ্রস্ত—বিকৃতিযুক্ত ; অস্বাভাবিক অবস্থাপন্ন ; স্বাস্থ্যহীন । ৩য়াতৎ । বিণ ।

বিকারী (—রিন্‌)—বিকারযুক্ত, বিকৃতস্বভাব ; পরিবর্ত্তনশীল । বিকার+ইন্‌ অস্ত্যর্থে । বিণ । স্ত্রী,—রিণী ।

বিকার্য্য(র্য)—বিকার-যোগ্য । বি—কৃ (করা) +ণ্যৎ কর্ম্মবা । বিণ ।

বিকাল—অপরাহ্ণ, বৈকাল । বি (দৈবাদি কার্য্যে বিরুদ্ধ) যে কাল, প্রাদিতৎ । বি ; পুং ।

বিকাশ, বিকাস, বীকাশ, বীকাস—প্রকাশ ; প্রসার ; উল্লাস ; বিষমগতি ; আকাশ ; গোপন ; বিজন । বি—কশ্‌, কস্‌ +ঘঞ্‌ ভাববা । বি ; পুং ।

বিকাশন, বিকাসন—প্রস্ফুটন ; প্রকাশ । বি—কাশ্‌, কাস্‌+অনট্‌ ভাববা । বি ; ক্লীব ।

বিকাশা—বিকাশ করা বা পাওয়া ; বিকশিত হওয়া । কবিপ্র । ক্রি ।

বিকাশিত, বিকাসিত—প্রকাশিত, প্রস্ফুটিত । বিকাশ, বিকাস+ইতচ্‌ জাতার্থে, অথবা, বি—কাশ্‌, কাস্‌+ক্ত কর্ত্তৃবা । বিণ । স্ত্রী,—তা ।

বিকি—বিক্রয় । কবিপ্র । বি ।

বিকিকিনি—বেচাকেনা । দ্বন্দ্ব । বি ।

বিকিরণ—বিক্ষেপণ, ছড়ান (Radiation) ; জ্ঞান ; হিংসন । বি—কৃ+অনট্‌ ভাববা । বি ; ক্লীব ।

বিকিরিত—'বিকীর্ণ' স্থানে অশুদ্ধ প্রঃ ।

বিকীর্ণ—বিক্ষিপ্ত, ছড়ান ; বিস্তৃত ; বিখ্যাত । বি—কৄ (ছড়ান)+ক্ত কর্ম্মবা । বিণ ; ত্রি ।

বিকীর্য্য(র্য)মাণ—বিক্ষিপ্ত, যাহা ছড়ান হইতেছে এরূপ । বি—কৄ (ছড়ান)+শানচ্‌ কর্ম্মবা । বিণ ; ত্রি । স্ত্রী,—ণা ।

বিকৃত—বিকারপ্রাপ্ত ; অন্যথাকৃত ; রুগ্‌ণ ; বিকট ; বিকল ; বীভৎস । বি—কৃ (করা) +ক্ত কর্ম্মবা । বিণ । স্ত্রী,—তা ।

বিকৃতকণ্ঠ—বিকৃত কণ্ঠস্বরবিশিষ্ট ; ভিন্ন প্রকার কণ্ঠধ্বনিযুক্ত, যে গলার আওয়াজ বদলাইয়াছে এরূপ । বিকৃত কণ্ঠ (কণ্ঠস্বর) যাহার, বহুব্রী । বিণ । স্ত্রী,—ণ্ঠা, —ণ্ঠী ।

বিকৃতমস্তিষ্ক—মস্তিষ্কের বিকারপ্রাপ্ত, যাহার মাথা খারাপ হইয়াছে এরূপ । বহুব্রী । বিণ । স্ত্রী,—ষ্কা ।

বিকৃতি—বিকার, প্রকৃতির অন্যথাভাব ; অস্বাস্থ্য ; রোগ । বি—কৃ (করা)+ক্তি ভাববা । বি ; স্ত্রী ।

বিকেল—বিকাল । 'বিকাল' শব্দজ । বি ।

বিক্রম—পরাক্রম ; সাহস ; শৌর্য্য, বীর্য্য ; চলন ; আক্রমণ ; পক্ষীর গতি । বি—ক্রম্‌ (চলা, ইত্যাদি)+ঘঞ্‌ ভাববা । বি ; পুং ।

বিক্রমশালী—পরাক্রান্ত । বিক্রম—শাল্‌ +ণিন্‌ কর্ত্তৃবা । বিণ । স্ত্রী,—লিনী ।

বিক্রমী (—মিন্‌)—বিক্রান্ত, পরাক্রান্ত । বি—ক্রম্‌+ণিন্‌ কর্ত্তৃবা । বিণ ।

বিক্রয়—মূল্যগ্রহণ ও স্বত্বত্যাগপূর্ব্বক অর্পণ, বেচা । বি—ক্রী+অচ্‌ ভাববা । বি ; পুং ।

বিক্রি—বিক্রয় । 'বিক্রয়' শব্দজ । বি ।

বিক্রিয়া—প্রকৃতির অন্যথাভাব, বিকৃতি, বিকার । বি—কৃ+শ ভাববা+আপ্‌ । বি ; স্ত্রী ।

বিক্রীত—যাহা বিক্রয় করা হইয়াছে এরূপ। বি—ক্রী (বেচা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিক্রেতা (—তৃ)—বিক্রয়কর্ত্তা। বি—ক্রী (বেচা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

বিক্রেয়—বিক্রয়-যোগ্য, বিক্রয়-করণীয়। বি—ক্রী (বেচা)+যৎ কর্ম্মবা। বিণ।

বিক্ষত—আহত; খণ্ডিত; ক্ষয়প্রাপ্ত। প্রাদিতৎ। বিণ; ত্রি।

বিক্ষিপ্ত—বিস্তারিত, বিকীর্ণ, ছড়ান; ত্যক্ত; অস্থির। বি—ক্ষিপ্+ক্ত কর্ম্মবা। বিণ।

বিক্ষিপ্তচিত্ত—১। অস্থির মনঃ, চঞ্চল অন্তঃকরণ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। চঞ্চলচেতাঃ; ধ্যান হইতে বিচলিতমনাঃ। বহুব্রী। বিণ।

বিক্ষুব্ধ—ক্ষুব্ধ; বিচলিত; চঞ্চল। বি—ক্ষুভ্ (ক্ষুব্ধ হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

বিক্ষেপ, বিক্ষেপণ—ক্ষেপণ; সঞ্চালন; প্রসারণ; অস্থিরতা ('চিত্ত—'); ত্যাগ; ভয়। বি—ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

বিক্ষোভ—ক্ষোভ, দুঃখ; উত্তেজনা; চাঞ্চল্য, উৎকণ্ঠা; বিদারণ; সংঘট্টন। বি—ক্ষুভ্ (ক্ষুব্ধ হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিখ—বিষ। প্রাঃ কবিপ্র। বি।

বিখ্যাত—প্রসিদ্ধ, খ্যাত্যাপন্ন। বি—খ্যা (বলা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিগড়ান, বিগড়ন—বিকৃত বা বিকল হওয়া; দুষ্ট বা নষ্ট করা; প্রতিকূল হওয়া বা করা। বাং ক্রি।

বিগত—অতীত; ভূত; প্রস্থিত; নিবৃত্ত; নষ্ট। বি—গম্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

বিগতপ্রাণ—মৃত। বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা।

বিগতযৌবন—যাহার যৌবন গত হইয়াছে। বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

বিগতশ্রী—নষ্টসৌন্দর্য্য, যাহার শোভা নষ্ট হইয়া গিয়াছে। বিগতা (নষ্টা) শ্রী যাহার, বহুব্রী। বিণ।

বিগতস্পৃহ—স্পৃহারহিত, আকাঙ্ক্ষাশূন্য। বিগতা স্পৃহা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—হা।

বিগতার্ত্ত(র্ত)বা—নিবৃত্তরজস্কা (স্ত্রী)। বিগত (নিবৃত্ত) আর্ত্তব (ঋতু) যাহার, বহুব্রী। বিণ; স্ত্রী।

বিগর্হণ, বিগর্হণা—নিন্দা; তিরস্কার; কলঙ্ক। বি—গর্হ্ (নিন্দা করা)+অনট্ ভাববা. ২য় পক্ষে বি—গর্হ্ (নিন্দা করা)+অন ভাববা+আপ্। বি; ক্লীব ও স্ত্রী।

বিগর্হিত—নিন্দিত; দূষিত; নিষিদ্ধ। বি—গর্হ্ (নিন্দা করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিগলন—ক্ষরণ, গলিয়া পড়া; স্খলন; পতন; দ্রবণ, গলিয়া যাওয়া। বি—গল্+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিগলিত—ক্ষরিত, যাহা গলিয়া পড়িয়াছে একপ; স্খলিত; পতিত; দ্রবীভূত। বি—গল্ (ক্ষরিত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

বিগুণ—১। গুণহীন, নির্গুণ; বিকৃত; বিরুদ্ধ। গুণ দ্বারা বি (বিহীন), প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ণা। ২। অপকার। প্রাদিতৎ। বি; পুং।

বিগ্রহ—১। শরীর; মূর্ত্তি; দেবমূর্ত্তি; সমাসবাক্য। বি—গ্রহ্+অচ্ কর্ত্তৃবা। ২। প্রহার; বৈর; যুদ্ধ। বি—গ্রহ্+অপ্ ভাববা। বি; পুং।

বিগ্রহপ্রতিষ্ঠা—দেবমূর্ত্তি স্থাপন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

বিগ্রহসেবা—দেবমূর্ত্তির পূজা। ৬ষ্ঠীতৎ।

বিঘটন—ব্যাঘাত, ধ্বংস; বিশ্লেষ; বিকাশ। বি—ঘট্ (ঘটা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিঘটিত—১। ব্যাহত, বিধ্বস্ত; বিশ্লেষিত; রচিত; বিকাশিত। বি—ণিজন্ত ঘট্=ঘটি (ঘটান)+ক্ত কর্ম্মবা। বিণ। ২। দুর্ঘটনা। প্রাঃ কবিপ্র। বি। স্ত্রী,—তা।

বিঘৎ, বিঘত—আধহাত, বিতস্তি, হস্তের বৃদ্ধাঙ্গুলি হইতে কনিষ্ঠাঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত বিস্তার। 'বিতস্তি' শব্দজ। বি।

বিঘা—১। ভূমির পরিমাণবিশেষ, কুড়া, ২০

কাঠা। 'বিগ্রহ' শব্দজ। ২। ব্যাঘাত, প্রতিবন্ধ। 'বিঘাত' শব্দজ। বি।

বিঘাতক—ব্যাঘাতক; বারক; নাশক। বি—হন্ (বধ করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী.—তিকা।

বিঘাতী (—তিন্)—১। ঘাতক, নাশক; নিবারক; ব্যাঘাতক। বি—হন্ (বধ করা) + ণিন্ কর্তৃবা। ২। ব্যাহত; নষ্ট। বিঘাত + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—তিনী।

বিঘিনি—বিঘ্ন। প্রাঃ কবিপ্র। বি।

বিঘূর্ণিত—যাহা ঘুরিতেছে এমন। প্রাদিতৎ। বিণ। বি, বিঘূর্ণন।

বিঘোর—ভীষণ বিপদ। দেশজ। বি।

বিঘোষণ—ঘোষণা করা, জানান। বি—ঘুস্ (ঘোষণা করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, বিঘোষিত।

বিঘ্ন—অন্তরায়, ব্যাঘাত; বাধা। বি—হন্ (বধ করা)+ক করণবা। বি; পুং।

বিঘ্ননাশক, —ন, বিঘ্নবিনাশক, বিঘ্নবিনাশন—গণেশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিঘ্নহর,—হারী (—রিন্)—১। বিঘ্ননাশক, ব্যাঘাতনিবারক। বিণ। ২। গণেশ। উপতৎ। বিঘ্ন—হৃ+অচ্, ণিন্ কর্তৃবা। বি; পুং।

বিঘ্নিত—বিঘ্নযুক্ত; ব্যাহত। বিঘ্ন শব্দ+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

বিচক্ষণ—দক্ষ; পণ্ডিত; জ্ঞানী; বক্তা। বি—চক্ষ্ (দেখা, বলা)+অন কর্তৃবা। বিণ। স্ত্রী,—ণা। বি,—তা।

বিচরণ—পর্যটন, ইতস্ততঃ ভ্রমণ। বি—চর্ +অনট্ ভাববা। বি; ক্লীব।

বিচরা—বিচরণ করা, বেড়ান। কবিপ্র। ক্রি।

বিচর্চ্চি(র্চি)কা—চুলকনা রোগ। বি—চর্চ্চ্ (বলা)+ণক কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

বিচল, বিচলিত—স্খলিত, ভ্রষ্ট; চঞ্চল। বি—চল্ (চলা)+অচ্, ক্ত কর্তৃবা। বিণ।

বিচলন—পড়া; চ্যুতি; ভ্রংশ। বি—চল্+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিচলিত—বিচল দ্রঃ।

বিচার—তত্ত্বনির্ণয়; মীমাংসা; চর্চ্চা, তর্ক; বিবেচনা। বি—চর্ (যাওয়া ইত্যাদি)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিচার-আচার—বিচার ও নিয়ম; ভালমন্দ বিবেচনা; শুদ্ধাচার। দ্বন্দ্ব। দেশজ প্রঃ। বি; পুং।

বিচারক—মীমাংসক, বিচারকর্ত্তা, বিচারপতি। বি—ণিজন্ত চর্ বা চারি+ণক কর্তৃবা। বিণ বা বি; পুং। স্ত্রী,—রিকা।

বিচারকর্ত্তা(র্তা) (—কর্তৃ)—বিচারক, বিচারপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী,—র্ত্রী।

বিচারক্ষম—বিচারসমর্থ, মীমাংসাপটু, তত্ত্বনির্ণয়ে দক্ষ। বিচারে ক্ষম, ৭মীতৎ। বিণ।

বিচারণ, বিচারণা—বিচার; বিবেচনা। বি—ণিজন্ত চর্=চারি (যাওয়ান) + অনট্ ভাববা, ২য় পক্ষে বি—ণিজন্ত চর্=চারি (যাওয়ান)+অন ভাববা+আপ্। বি; ক্লীব ও স্ত্রী।

বিচারণীয়—বিচারযোগ্য, বিচার্য্য। বি—ণিজন্ত চর্ (=চারি)+অনীয় কর্ম্মবা। বিণ।

বিচারপতি—বিচারকর্ত্তা, বিচারক, জজ্, ম্যাজিষ্ট্রেট্ প্রভৃতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিচারা—বিচার করা। কবিপ্র। ক্রি।

বিচারাধীন—যাহার বিচার হইতেছে (Pending). ৬ষ্ঠীতৎ। বিণ।

বিচারালয়—বিচারগৃহ, ধর্ম্মাধিকরণ, আদালত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিচারিত—বিবেচিত; নির্ণীত; মীমাংসিত। বি—ণিজন্ত চর্=চারি (যাওয়ান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বিচার্য্য(র্য)—বিচারণীয়, বিচারযোগ্য; যাহার বিচার করিতে হইবে এরূপ। বি—ণিজন্ত চর্ (=চারি)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

বিচালি, বিচিলি, বিচুলি—খড়, পোয়াল। দেশজ। বি।

বিচি, বীচি—বীজ, শস্যাদির দানা, ফলের আঁটি; অণ্ডকোষ। 'বীজ' শব্দজ। বি।

বিচিকিচ্চি—চিকিৎসা বা শোধনের অতীত; কিম্ভূতকিমাকার। 'বিচিকিৎস' শব্দজ। বিণ।

বিচিত্র—১। নানা বর্ণ; অর্থালঙ্কারবিশেষ। বি–চিত্র (বিচিত্রিত করা)+ঘঞ্ কর্ম্মবা। বি; ক্লীব। ২। নানাবর্ণযুক্ত; বিস্ময়জনক, আশ্চর্য্য; সুন্দর, রমণীয়। প্রাদিতৎ। বিণ।

বিচিত্রতা—রমণীয়তা, সৌন্দর্য্য; নানাবর্ণযুক্তা; বিস্ময়কারিতা। বিচিত্র শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

বিচিত্রবীর্য্য(র্য)—কুরুবংশীয় নরপতি, ধৃতরাষ্ট্রের পিতা। বহুব্রী। বি; পুং।

বিচিত্রিত—নানাবর্ণযুক্ত। বিচিত্র (নানাবর্ণ) +ইত যুক্তার্থে, অথবা প্রাদিতৎ। বিণ।

বিচিন্ত্যমান—যাহা সম্যক্ চিন্তা করা হইতেছে এরূপ। বি–চিন্তি (চিন্তা করা)+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,–না।

বিচূর্ণ, বিচূর্ণিত—সম্যক্ চূর্ণ, উত্তমরূপে চূর্ণিত। প্রাদিতৎ। বিণ।

বিচ্ছিত্তি—বিচ্ছেদ; বিনাশ; বৈচিত্র্য; বৈশিষ্ট্য; চমৎকার; অঙ্গরাগ, স্ত্রীলোকের শোভাকর অঙ্গভূষণ রচনা। বি–ছিদ্ (ছেদন করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিচ্ছিন্ন—বিযুক্ত; বিভক্ত; ছিন্নভিন্ন; সমাপ্ত, বিনষ্ট। বি–ছিদ্ (ছেদন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–ন্না।

বিচ্ছিরি—কুৎসিত। 'বিশ্রী' শব্দজ। বিণ।

বিচ্ছু—১। বিছা। হিন্দী। বি। ২। চিলবিলে, অতিচঞ্চল; দুষ্ট, দংশন-তৎপর, হিংস্রক। দেশজ। বিণ। ৩। চতুর অনিষ্টকারী লোক। দেশজ। বি।

বিচ্ছুরণ—রঞ্জন; অনুলেপন; আলোকরশ্মির নানাবর্ণে বিশ্লেষণ; বিক্ষেপ; বিকিরণ। বি–ছুর্ (রঞ্জিত করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ,–রিত।

বিচ্ছেদ—বিভাগ; বিয়োগ, বিরহ; সঙ্গতিরাহিত্য; পার্থক্য; বিরাম। বি–ছিদ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিচ্যুত—পতিত; ভ্রষ্ট; স্খলিত; বিশ্লিষ্ট; বিগত। বি–চ্যু (পড়া)+ক্ত কর্তৃবা। বিণ।

বিচ্যুতি—পতন; স্খলন; ভ্রংশ; বিয়োগ; বিশ্লেষ। বি–চ্যু (পড়া)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিছা—লাঙ্গুলে আলবিশিষ্ট সরীসৃপবিশেষ। 'বৃশ্চিক' শব্দজ। বি।

বিছাতি—১। বিস্তার, ছড়ান; বীজবপন। 'বিস্তৃতি' শব্দজ। ২। বিছুটী। 'বৃশ্চিকালী' শব্দজ। বি। [ক্রি।

বিছান—বিস্তার করা, ছড়ান, পাতা। বাং

বিছানা—শয্যা। 'বিচ্ছাদন' শব্দজ। বি।

বিছুটী, বিছুতি—কণ্টকগাত্র লতাবিশেষ। 'বৃশ্চিকালী' শব্দজ। বি।

বিজকুড়ি—১। বটাদির বীজের ন্যায় ক্ষুদ্রবর্ণ; বিন্দু, বুদ্বুদ। বি। ২। বীজের ন্যায় ক্ষুদ্র। দেশজ। বিণ।

বিজড়িত—সংশ্লিষ্ট; যাহা জড়াইয়া পড়িয়াছে এমন। প্রাদিতৎ। বিণ।

বিজন—উপাংশু, নির্জ্জন। বি (নাই) জন যাহাতে, অথবা বি (বিগত) জন যাহা হইতে, বহুব্রী। বিণ।

বিজন্মা (বিজন্মন্)—অ-মুক্তাত, জারজ। বি (আচারবিরুদ্ধ) হইয়াছে জন্ম যাহার, বহুব্রী। বিণ।

বিজয়—১। জয়, শত্রু-পরাভব। বি–জি (জয় করা)+অচ্ ভাববা। ২। অর্জুন; যম; বিষ্ণুর দ্বারী [জয় দ্রঃ]; বিমান। বি–জি+অচ্ কর্তৃবা। বি; পুং।

বিজয়কেতন—জয়পতাকা, জয়ধ্বজা। বিজয়সূচক কেতন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বিজয়দৃপ্ত—জয়লাভ হেতু অত্যধিক গর্ব্বিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,–প্তা।

বিজয়লক্ষ্মী—জয়শ্রী, শত্রুপরাজয়রূপ সৌভাগ্য। বিজয়রূপা লক্ষ্মী, রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

বিজয়া—আশ্বিন মাসের শুক্লা দশমী; দুর্গা; দুর্গার সখীবিশেষ; সিদ্ধি, ভাঙ্; বিদ্যা-

বিশেষ; যমের পত্নী; হরীতকী; শেফালিকা। বি—জি (জয় করা)+অচ্ কর্ত্তৃবা +আপ্। বি; স্ত্রী।

বিজয়ী (–য়িন্)—জয়শীল, জেতা। বিজয় +ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –য়িনী।

বিজয়োৎসব—১। আশ্বিন মাসের শুক্লা দশমীতে ভগবতীর উৎসববিশেষ। বিজয়ার উৎসব, ৬ষ্ঠীতৎ। ২। জয়লাভ হেতু আমোদ-আহ্লাদ। বিজয়ার জন্য উৎসব, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বিজলি, –লী—ক্ষণপ্রভা, সৌদামিনী; বিদ্যুৎ। 'বিদ্যুৎ' শব্দজ। বি। [বি।

বিজলিবাতি—বৈদ্যুতিক আলো। হিন্দী।

বিজাতি—ভিন্নজাতি, বিভিন্ন শ্রেণী। বি (ভিন্ন) যে জাতি, প্রাদিতৎ। বি; স্ত্রী।

বিজাতীয়—ভিন্নজাতীয়; বিভিন্নধর্ম্মাক্রান্ত; বিষম ('—ক্রোধ')। বিজাতি শব্দ+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

বিজিগীষা—জয়েচ্ছা, জয়াভিলাষ। বি–সনন্ত জি+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

বিজিগীষু—জয়েচ্ছু, জয়াভিলাষী। বি–সনন্ত জি+উ কর্ত্তৃবা। বিণ।

বিজিত—পরাজিত, পরাভূত। বি–জি (জয় করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

বিজুরি, বিজোরী—বিজলি, বিদ্যুৎ। প্রাঃ কবিপ্র। বি।

বিজৃম্ভণ—হাই তোলা; বিস্তার; বিকাশ; ইচ্ছা। বি–জৃম্ভ্ (হাই তোলা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিজেতা (–তৃ)—জয়কর্ত্তা, বিজয়ী। বি –জি (জয় করা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী, –ত্রী।

বিজেয়—জয় করিবার যোগ্য। বি–জি (জয় করা)+যৎ কর্ম্মবা। বিণ।

বিজোড়, বিযোড়—অযুগ্ম, জোড়ছাড়া, যুগ্মের একতর; ২ দ্বারা তুল্যাংশে অ-বিভাজ্য (রাশি) (Odd). দেশজ। বিণ।

বিজ্ঞ—জ্ঞানী, বিশেষজ্ঞ; প্রাজ্ঞ, বিচক্ষণ; প্রবীণ। বি–জ্ঞা (জানা)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, বিজ্ঞা। বি, –তা।

বিজ্ঞপ্তি, বিজ্ঞাপ্তি—বিজ্ঞাপন, বিশেষরূপে জ্ঞাপন, জানান, নিবেদন। বি–জ্ঞপ্, ২য় পক্ষে ণিজন্ত জ্ঞা=জ্ঞাপি (জানান)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিজ্ঞাত—বিশেষরূপে জ্ঞাত, বিদিত; খ্যাত। বি–জ্ঞা (জানা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিজ্ঞান—বিশেষরূপে জানা; জ্ঞান; বিদ্যা; তত্ত্বজ্ঞান. শিল্পাদি জ্ঞান (Science); মায়াবৃত্তিবিশেষ। বি–জ্ঞা (জানা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিজ্ঞানবিৎ (–বিদ্)—বিজ্ঞানশাস্ত্রজ্ঞ, শিল্পাদি শাস্ত্রে অভিজ্ঞ। বিজ্ঞান শব্দ–বিদ্ (জানা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

বিজ্ঞানময়কোষ—জ্ঞানেন্দ্রিয়সংযুক্তা বুদ্ধি। কর্ম্মধা। বি; পুং।

বিজ্ঞানাচার্য্য(র্য)—বি জ্ঞা ন-শি ক্ষ ক, বিজ্ঞানশাস্ত্রের অধ্যাপক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিজ্ঞানী (–নিন্)—বি জ্ঞা ন বিৎ, বৈজ্ঞানিক। বিজ্ঞান+ইন্। বিণ।

বিজ্ঞাপন, বিজ্ঞাপনা—বিশেষরূপে জানান, নিবেদন; সাধারণ্যে খ্যাপন, ইস্তাহার। বি–ণিজন্ত জ্ঞা=জ্ঞাপি (জানান)+অনট্ ভাববা, ২য় পক্ষে বি–ণিজন্ত জ্ঞা=জ্ঞাপি (জানান)+অন ভাববা+আপ্। বি; ক্লীব ও স্ত্রী।

বিজ্ঞাপনী—জ্ঞাপনপত্রী; নিবেদনপত্র; দরখাস্ত। বি–ণিজন্ত জ্ঞা=জ্ঞাপি (জানান) +অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

বিজ্ঞাপনীয়—বিজ্ঞাপনের যোগ্য। বি–জ্ঞাপি+অনীয় কর্ম্মবা। বিণ।

বিজ্ঞাপিত—নিবেদিত, যাহা জানান হইয়াছে এরূপ; বিজ্ঞাপন সাহায্যে প্রচারিত। বি–ণিজন্ত জ্ঞা=জ্ঞাপি (জানান)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিজ্ঞাপ্য—বিজ্ঞাপনীয়। বি–জ্ঞা+ণিচ্, +যৎ কর্ম্মবা। বিণ।

বিজ্ঞেয়—বিশেষভাবে জ্ঞাতব্য, জানিবার যোগ্য। বি—জ্ঞা (জানান) + যৎ কর্ম্মবা। বিণ।

বিট—ধূর্ত্ত ব্যক্তি; বিড়্গ, লম্পট; মূষিক; খদিরবিশেষ; লবণবিশেষ; পর্ব্বতবিশেষ। বিট্ + ক কর্তৃবা। বি; পুং।

বিটকাল, বিটকেল—বিশ্রী, কদাকার, কদর্য্য, বীভৎস। দেশজ। বিণ।

বিটঙ্ক—কপোতপালিকা, পায়রার খোপ। বি—টন্‌ক্ (বন্ধন করা) + ঘঞ্ অধিবা। বি; ক্লীব বা পুং।

বিটপ—শাখা, গাছের ডাল; পল্লব, কেঁকড়ি, পালুড়ি; স্তম্ব। বিট্ (শব্দ করা) + কপন্ কর্তৃবা। বি; ক্লীব বা পুং।

বিটপী (-পিন্)—শাখী, বৃক্ষ। বিটপ শব্দ + ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

বিটল, বিট্‌লে—ভণ্ড, বঞ্চক, ধূর্ত্ত; দুষ্ট। দেশজ। বিণ।

বিটখদির—বৃক্ষবিশেষ, গুয়ে বাবলা। বিট্ (বিষ্ঠা) জাত যে খদির, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বিটি, বেটী—কন্যা। দেশজ। বি; স্ত্রী।

বিড়বিড়—অস্পষ্ট বা অনুচ্চস্বরে কথা; বকবক (করা)। দেশজ। অব্য।

বিড়বিড়ান—অস্পষ্ট স্বরে বলা। বাং ক্রি।

বিড়ম্বন, বিড়ম্বনা—বঞ্চনা, প্রতারণা; চাতুরী; সদৃশীকরণ; অনুকরণ; যন্ত্রণা। বি—ডম্ব্ (প্রেরণ করা) + অনট্ ভাববা, ২য় পক্ষে বি—ডম্ব্ (প্রেরণ করা) + অন ভাববা + আপ্। বি; ক্লীব, স্ত্রী।

বিড়ম্বিত—বঞ্চিত; সদৃশীকৃত, অনুকৃত; ক্লেশপ্রাপ্ত। বি—ডম্ব্ (প্রেরণ করা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বিড়া, বিড়ে, বিঁড়ে—একপণ বা এক-গোছা পাণ; হাঁড়ী প্রভৃতি বসাইবার বা মাথায় ভার বহিবার জন্য খড় কাপড় প্রভৃতির বেড় বা গদিবিশেষ। দেশজ। বি।

বিড়াল—মার্জ্জার; নেত্রপিণ্ড। বিড়্ (ভেদ করা) + কালন্ কর্তৃবা। বি; পুং। স্ত্রী,—লী।

বিড়াল-তপস্বী (-স্বিন্)—ভণ্ডতাপস, ঠক। বিড়ালসদৃশ তপস্বী, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বিড়ি, বিঁড়ি—তমাল প্রভৃতির পাতায় মোড়া দেশী চুরুটবিশেষ; পাণের খিলি, দোনা। 'বীটী' শব্দজ। বি।

বিৎ (বিদ্)—(উপপদের পর) বেত্তা; বুধ। বিদ্ + ক্বিপ্ কর্তৃবা। বিণ।

বিতং—বিস্তারিত বিবরণ। বিস্তারিতং পদের সংক্ষেপ। বি।

বিতংস—পক্ষিবন্ধনরজ্জু, ফাঁদ; খাঁচা। বি—তন্‌স্ (অলঙ্কৃত করা) + ঘঞ্ করণবা। বি; পুং।

বিতণ্ডা—মিথ্যা বিচার; বাদানুবাদ, তর্ক। বি—তন্‌ড্ + অ ভাববা + আপ্। বি; স্ত্রী।

বিতত—বিস্তৃত; প্রসারিত; ব্যাপ্ত। বি—তন্ (বিস্তৃত করা) + ক্ত কর্ম্মবা। বিণ।

বিততি—বিস্তৃতি, বিস্তার; ব্যাপ্তি; সমূহ। বি—তন্ (বিস্তৃত করা) + ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিতথ, বিতথ্য—মিথ্যা, অলীক; বিফল। বি (বিগত) হইয়াছে তথা, তথা যাহা হইতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—থা, —থ্যা।

বিতরণ—দান, অর্পণ; বণ্টন। বি—তৃ (পার হওয়া) + অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ,—রিত (অপপ্রয়োগ)।

বিতরা—বিতরণ করা। কবিপ্র। ক্রি।

বিতর্ক—তর্ক, বাদানুবাদ; বিচার; আলোচনা; অনুমান; সন্দেহ। বি—তর্ক্ (তর্ক করা) + ঘঞ্ ভাববা। বি; পুং।

বিতল—সপ্তপাতালের অন্তর্গত দ্বিতীয় পাতাল। বি—তল্ + অচ্ কর্তৃবা। বি; ক্লীব।

বিতস্তি—দ্বাদশাঙ্গুলি পরিমাণ, বিঘৎ। বি—তস্ (উৎক্ষেপণ) + তি কর্ম্মবা। বি; পুং বা স্ত্রী।

বিতান—১। পটমণ্ডপ; চন্দ্রাতপ, চাঁদোয়া; যজ্ঞ; সমূহ। বি—তন্ (বিস্তৃত করা) + ঘঞ্ কর্ম্মবা। ২। শূন্য; তুচ্ছ; জড়, মন্দ।

বিণ। ৩। বিস্তার। বি—তন্+ঘঞ্ ভাববা। বি; পুং বা ক্লীব।

বিতারিখ—তারিখ সহিত, ইতি তারিখ; তারিখ অনুযায়ী। ফার্সীমূলক। বি।

বিতিকিচ্ছি—বিশ্রী, কদর্য্য, বীভৎস। 'বিচিকিৎস' শব্দজ। বিণ।

বিতীর্ণ—অবগাঢ়; ব্যাপ্ত; উত্তীর্ণ; দত্ত। বি—তৄ (পার হওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিতৃষ্ণ—বিগতস্পৃহ, স্পৃহাশূন্য। বি (বিগতা) হইয়াছে তৃষ্ণা যাহার, বহুব্রী। বিণ।

বিতৃষ্ণা—১। স্পৃহাশূন্যা, আকাঙ্ক্ষারহিতা। বহুব্রী। বিতৃষ্ণ+আপ্। বিণ; স্ত্রী। ২। অস্পৃহা, ঔদাসীন্য, অনিচ্ছা; অরুচি। বি—তৃষ্ (তৃষিত হওয়া)+নক্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

বিত্ত—১। লব্ধ; জ্ঞাত; বিচারিত; খ্যাত। বিণ। স্ত্রী, বিত্তা। ২। ধন, সম্পত্তি। বিদ্ (লাভ করা, জানা ইত্যাদি)+ক্ত কর্ম্মবা। বি; ক্লীব।

বিথান—স্থানচ্যুত। প্রাঃ কবিপ্র। বিণ।

বিথার—১। বিস্তার। বি। ২। বিস্তৃত, ছড়ান, এলান; ব্যাপ্ত, সঙ্কুল, পূর্ণ। প্রাঃ কবিপ্র। বিণ।

বিথারা—ব্যাপ্ত করা বা হওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি। বিণ, —রিত।

বিদকুটে, বিদঘুটে—বিশ্রী, কদাকার। দেশজ। বিণ।

বিদগধ—রসিক, প্রেমিক; চতুর; পণ্ডিত। 'বিদগ্ধ' শব্দজ। প্রাঃ কবিপ্র। বিণ।

বিদগ্ধ—রসিক; চতুর; পটু; নিপুণ; পণ্ডিত। বি—দহ্ (দগ্ধ করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ; ত্রি।

বিদঘুটে—কদাকার, কদর্য্য, জটিল। দেশজ। বিণ।

বিদরা—বিদীর্ণ হওয়া। কবিপ্র। ক্রি।

বিদ্‌রি, —রী—পিত্তলবৎ ধাতুবিশেষের পাত্র যাহা খোদাই করিয়া অন্য ধাতু বসাইয়া নক্সা করা হয়। দেশজ। বি।

বিদর্ভ, বিদর্ভা—কুণ্ডিননগর, অধুনাতন বেরার প্রদেশ। বি; পুং ও স্ত্রী।

বিদলন—বিমর্দ্দন; বিদারণ। বি—দল্ (দলন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিদলিত—বিমর্দ্দিত; চূর্ণীকৃত; বিদারিত; বিকসিত। বি—দল্ (দলন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

বিদা—ভূমি আঁচড়াইবার কঙ্কতাকার যন্ত্রবিশেষ। দেশজ। বি।

বিদায়—দান; বিসর্জ্জন; গমনানুমতি; দূরীকরণ, অন্যত্র গমন; কার্য্যান্তে দক্ষিণা পুরস্কার প্রভৃতি দিয়া সসম্মানে যাইতে দেওয়া; বিদায়দানকালে প্রদত্ত অর্থাদি। বি—দা+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিদায়ভোগী (—গিন্)—যে পেন্সন পাইতেছে। উপতৎ। বিদায়—ভুজ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —গিনী।

বিদায়ভোজ—বিদায়কালীন উৎসবাদি ব্যাপার। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বিদারক—বিদীর্ণকারক, ভেদক; খনক। বি—দৄ (বিদীর্ণ করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —রিকা।

বিদারণ—বিদীর্ণকরণ; ভেদন; মারণ; রণ, যুদ্ধ। বি—ণিজন্ত দৄ=দারি (বিদীর্ণ করান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিদারা—বিদীর্ণ করা। কবিপ্র। ক্রি।

বিদারিত—ভেদিত, যাহা বিদীর্ণ করা হইয়াছে এরূপ। বি—ণিজন্ত দৄ=দারি (বিদীর্ণ করান)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিদারী (—রিন্)—বিদীর্ণকারী। বি—দৄ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —রিণী।

বিদিক্ (বিদিশ্)—দুই দিকের মধ্যবর্ত্তী কোণ, অগ্নি নৈঋ‌ত বায়ু ও ঈশান—এই চারি কোণ। বি (মধ্যবর্ত্তিনী) যে দিক্, প্রাদিতৎ। বি; স্ত্রী।

বিদিত—১। জ্ঞাত, যাহা জানা গিয়াছে এরূপ; প্রার্থিত। বিদ্ (জানা, লাভ করা ইত্যাদি)+ক্ত কর্ম্মবা। ২। জ্ঞাতা, যে জানে বা জানিয়াছে এরূপ। বিদ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

বিদিশা—মালবদেশের নগরী; গোয়ালিয়র রাজ্যের ভিলশা। বি।

বিদীর্ণ—ভিন্ন, যাহা চেরা হইয়াছে এরূপ; হত; বিস্তীর্ণ; ভগ্ন। বি–দৃ (বিদীর্ণ করা) +ক্ত কর্ম্মবা। বিণ।

বিদুর—১। জ্ঞানী, পণ্ডিত; বেত্তা; নাগর। বিদ্ (জানা)+উর কর্ত্তৃবা। বিণ। ২। যুধিষ্ঠিরের পিতৃব্য। বি; পুং।

বিদুষী—বিদ্যাবতী, পণ্ডিতা। বিদ্বান্ (তাহা দ্রঃ)। বিদ্বস্ শব্দ+ঈপ্। বিণ; স্ত্রী।

বিদূরিত—দূরীকৃত; বিতাড়িত। বিদূর শব্দ +ণিচ্=বিদূরি (নামধাতু), তদুত্তরে ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

বিদূষক—১। নিন্দক, নিন্দাকারী। বি–ণিজন্ত দূষ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ষিকা। ২। লম্পট; নাট্যে (নায়কের) সহায়বিশেষ; উদরপরায়ণ ব্রাহ্মণস্বরূপে কল্পিত নাট্য-চরিত্রবিশেষ; হাস্যজনক ভাঁড়। বি; পুং।

বিদূষণ—দোষার্পণ, নিন্দা। বি–ণিজন্ত দূষ্ +অনট্ ভাববা। বি; ক্লীব।

বিদে—বিদা (তাহা দ্রঃ)।

বিদেশ—দেশান্তর, স্বদেশ ভিন্ন দেশ। বি (ভিন্ন) যে দেশ, প্রাদিতৎ। বি; পুং।

বিদেশগামী (–মিন্)—যাহা বিদেশে যাইবে। উপতৎ। বিদেশ–গম্+ণিন্ কর্ত্তৃবা। স্ত্রী,–মিনী। [৭মীতৎ। বিণ।

বিদেশাগত—ভিন্ন দেশ হইতে আগত।

বিদেশী (–শিন্)—ভিন্ন দেশবাসী; বৈদেশিক। বিদেশ+ইন্ নিবাসার্থে। বিণ; পুং। স্ত্রী,–শিনী।

বিদেশীয়—বিদেশসম্বন্ধীয়, বৈদেশিক; বিদেশবাসী। বিদেশ+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

বিদেহ—১। দেহহীন। বি (নাই) দেহ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–হা। ২। বিহার-দেশ; জনক-বংশীয় রাজা। বি; পুং।

বিদ্ধ—সমুৎকীর্ণ; ছিদ্রিত; ক্ষিপ্ত; আহত; তাড়িত; বাধিত; প্রেরিত; সদৃশ; বক্র। বাধ্ (বেঁধা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিদ্বজ্জন—বিদ্বান্ ব্যক্তি। কর্ম্মধা। বি; পুং।

বিদ্বৎকল্প—অল্প বিদ্বান্। বিদ্বান্ দ্রঃ। বিদ্বস্ শব্দ+কল্পপ্ ঈষদূনার্থে। বিণ।

বিদ্বান্ (বিদ্বস্)—বিদ্যাবান্, জ্ঞানী, পণ্ডিত। বিদ্ (জানা)+শতৃ কর্ত্তৃবা (শতৃস্থানে বসু আদেশ)। বিণ। স্ত্রী, বিদুষী।

বিদ্বিষ্ট—বিদ্বেষভাজন, বিদ্বেষের পাত্র। বি–দ্বিষ্ (দ্বেষ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিদ্বেষ, বিদ্বেষণ—শত্রুতা; দ্বেষ; ঈর্ষ্যা। বি–দ্বিষ্ (দ্বেষ করা)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং ও ক্লীব।

বিদ্বেষী (–ষিন্)—দ্বেষ্টা; বৈরী; ঈর্ষ্যী। বিদ্বেষ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,–ষিণী।

বিদ্বেষভাজন—ঈর্ষ্যা বা শত্রুতার পাত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বিদ্বেষ্টা (–ষ্টৃ)—ঈর্ষ্যাকারী, হিংসাকারী, শত্রুতাচরণকারী। বি–দ্বিষ্+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ষ্ট্রী।

বিদ্যমান—বর্ত্তমান, উপস্থিত। বিদ্ (থাকা) +শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–না। বি, –তা।

বিদ্যা—অধ্যয়নাদি-জনিত জ্ঞান; তত্ত্বজ্ঞান; 'আমি দেহ নহি—চিদাত্মা' এইরূপ বোধ; দুর্গা; সরস্বতী; মন্ত্র; দর্শনশাস্ত্র; ৪ বেদ, ৬ বেদাঙ্গ, মীমাংসা, ন্যায়, পুরাণ, ধর্ম্মশাস্ত্র —এই ১৪; আবার তৎসহিত আয়ুর্বেদ, ধনুর্বেদ, গান্ধর্ব্বশাস্ত্র, অর্থশাস্ত্র ধরিয়া সর্ব্বশুদ্ধ ১৮। বিদ্ (জানা)+ক্যপ্ কর্ম্মবা +আপ্। বি; স্ত্রী।

বিদ্যাচণ, বিদ্যাচুঞ্চু—বিদ্যা দ্বারা খ্যাত, প্রসিদ্ধ বিদ্বান্। বিদ্যা শব্দ+চণপ্, চুঞ্চুপ্। বিণ।

বিদ্যাদেবী—বাগ্দেবী, সরস্বতী; জৈন-দেবীবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিদ্যাধর—দেবযোনিবিশেষ, গন্ধর্ব্ব; কিন্নর। বিদ্যার (গান্ধর্ব্ববিদ্যার অর্থাৎ সঙ্গীতবিদ্যার) ধর, ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী,–রী।

বিদ্যানিধি—বিদ্যার্ণব, বিদ্যাসাগর, (সংস্কৃতজ্ঞ

পণ্ডিতের উপাধি)। বিদ্যার নিধিপ্রায়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিদ্যানুরাগী (-রাগিন্)—বিদ্যায় আসক্ত, লেখাপড়ায় রত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-গিণী। বি,-রাগ।

বিদ্যানুশীলন—লেখাপড়ার চর্চ্চা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

[বি; স্ত্রী।

বিদ্যাবত্তা—পাণ্ডিত্য। বিদ্যাবৎ+তা ভাবে।

বিদ্যাবান্ (-বৎ)—বিদ্বান্, পণ্ডিত। বিদ্যা+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,-বতী।

বিদ্যাভ্যাস—বিদ্যাশিক্ষা, লেখাপড়া শেখা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

[ক্লীব।

বিদ্যামন্দির—স্কুল। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা

বিদ্যারম্ভ—বিদ্যাশিক্ষার উপক্রম, লেখাপড়া আরম্ভ করা, হাতে খড়ি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিদ্যার্থী (-র্থিন্)—শিক্ষা-প্রার্থী, ছাত্র। বিদ্যার অর্থী (প্রার্থী), ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-র্থিনী।

[বি; ক্লীব।

[বি]দ্যার্জ্জ(র্জ)ন—লেখাপড়া শিক্ষা। ৬ষ্ঠীতৎ।

[বি]দ্যালয়—বিদ্যামন্দির, পাঠশালা, টোল, [স্কু]ল, কলেজ। বিদ্যার আলয়, ৬ষ্ঠীতৎ। [বি]; পুং।

[৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

[বি]দ্যাশিক্ষা—বিদ্যাভ্যাস, লেখাপড়া শেখা।

[বি]দ্যাসাগর—১। বিদ্যার সমুদ্রস্বরূপ, [স]াগরসদৃশ অমেয় বিদ্যাসম্পন্ন; উপাধিবিশেষ। [৬ষ্]ঠীতৎ। ২। বিদ্যারূপ সমুদ্র। রূপক কর্ম্মধা। [বি]; পুং।

[বি]দ্যাহীন—বিদ্যাশূন্য, মূর্খ। ৩য়াতৎ। বিণ।

[বি]দ্যুৎ—সৌদামিনী, তড়িৎ। বি-দ্যুত্ (দীপ্তি পাওয়া)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

[বি]দ্যুৎস্ফুরণ—বিদ্যুতের চমক। ৬ষ্ঠীতৎ। [বি]; ক্লীব।

[বি]দ্যুতালোক—তাড়িতালোক, 'ইলেক্‌ট্রিক্ [ল]াইট'; বিদ্যুতের জ্যোতিঃ। ৬ষ্ঠীতৎ। [বি]; পুং।

[বি]দ্যুদ্গর্ভ—বিদ্যুৎপূর্ণ। বিদ্যুৎ আছে গর্ভে [য]াহার, বহুব্রী। বিণ।

[বিদ্যু]দ্দাম (-মন্)—বিদ্যুতের রেখা বা ছটা; বিদ্যুৎসমূহ, বিদ্যুৎ-মালা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বিদ্যুদ্বেগে—বিদ্যুতের ন্যায় ক্ষিপ্রগতিতে। বিদ্যুতের বেগের ন্যায় বেগ আছে যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

বিদ্যুন্মালা—বিদ্যুৎসমূহ; বিদ্যুতের রেখা; অষ্টাক্ষর ছন্দোবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিদ্যুল্লতা—বিদ্যুৎরেখা, তড়িৎ।. বিদ্যুৎ-রূপা লতা, রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

বিদ্যোৎসাহী (-সাহিন্)—বিদ্যার উৎসাহদাতা, বিদ্যার উন্নতি বিষয়ে যত্নশীল। বিদ্যার উৎসাহী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-হিনী।

বিদ্রাবিত—বিতাড়িত; দ্রবীকৃত। বি-ণিজন্ত দ্রু (=দ্রাবি)+ক্ত কর্ম্মবা। বিণ। বি,-বণ।

বিদ্রুম—১। প্রবাল, পলা। বি (বিশিষ্ট) যে দ্রুম, সুপ্‌সুপেতি। ২। নবপল্লব। বি (বিগত) দ্রুম হইতে, প্রাদিতৎ। বি; পুং।

বিদ্রূপ—ব্যঙ্গ, ঠাট্টা। দেশজ। বি।

বিদ্রূপাত্মক—বিদ্রূপপূর্ণ, পরিহাসপূর্ণ। বিদ্রূপ হইয়াছে আত্মা যাহার, বহুব্রী। বিণ।

বিদ্রোহ—অনিষ্টাচরণ; বিরুদ্ধতা, প্রতিকূলতা, শত্রুতা, বিদ্বেষ; রাজদ্রোহ। বি-দ্রুহ্ (অনিষ্টাচরণ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিদ্রোহী (-হিন্)—বিদ্রোহকারী, অনিষ্টাচরণকারী; বিরোধী, প্রতিকূল। বি-দ্রুহ্+ঘিণুন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-হিণী।

বিধন—বেঁধা। 'বেধন' শব্দজ। বি।

বিধবা—মৃতপতিকা, রণ্ডা; বিবসনা। বি (নাই বা বিগত হইয়াছে) ধব (পতি বা বস্ত্র) যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বিণ; স্ত্রী।

বিধবাবিবাহ, বিধবা-বেদন—মৃতপতিকা নারীর পুনঃপরিণয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং ও ক্লীব।

বিধর্ম্মী(র্মী), (-র্ম্মিন্)—অন্যধর্ম্মাবলম্বী। বি (ভিন্ন) ধর্ম্ম, প্রাদিতৎ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,-র্ম্মিণী।

বিধা—রীতি, ধারা, প্রকার। বি–ধা+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

বিধাতা (–তৃ)—১। ব্রহ্মা; স্রষ্টা; দক্ষ প্রভৃতি সৃষ্টিকর্তা; ঈশ্বর; কন্দর্প, মদন। বি; পুং। ২। বিধানকর্তা; কর্তা। বি–ধা (বিধান করা)+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –ত্রী।

বিধান—১। বিধি; শাস্ত্রোক্ত নিয়ম; জনন; উপার্জ্জন; নির্ম্মাণ; করণ; সম্পত্তি; অর্চ্চনা; সম্পাদন ('সন্তোষ—')। বি–ধা (বিধান করা)+অনট্ ভাববা। ২। উপায়। বি–ধা+অনট্ করণবা। বি; ক্লীব।

বিধানজ্ঞ—নিয়মজ্ঞ, বিধিবেত্তা। বিধান শব্দ–জ্ঞা (জানা)+ক কর্তৃবা। বিণ।

বিধানশাস্ত্র, বিধানসংহিতা—ব্যবস্থা-শাস্ত্র, আইনবিদ্যা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী। [অব্য।

বিধায়—জন্য, প্রযুক্ত, কারণে। দেশজ।

বিধায়ক—বিধানকর্তা, ব্যবস্থাপক; বিধাতা; জনক; সংঘটক; কারক। বি–ধা (বিধান করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, –য়িকা।

বিধায়ী (–য়িন্)—বিধায়ক (সমস্ত অর্থে)। বি–ধা (বিধান করা)+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী, –য়িনী।

বিধি—১। বিধান; নিয়ম; ক্রম; নিয়োগ; অনুষ্ঠান। বি–ধা+কি ভাববা। ২। ব্রহ্মা; বিষ্ণু। বি–ধা (বিধান করা)+কি কর্তৃবা। ৩। শাস্ত্র; দৈব, ভাগ্য; উপায়; অপ্রাপ্ত-প্রাপক বাক্যবিশেষ। বি–ধা+কি করণবা। ৪। প্রকার; আচার; ব্যাপার; যজ্ঞ; মদিরা। বি–ধা+কি কর্ম্মবা। বি; পুং।

বিধিজ্ঞ—শাস্ত্রজ্ঞ; বিধিবেত্তা; সদস্য। বিধি জানে যে, উপতৎ। বিধি শব্দ–জ্ঞা (জানা)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, –জ্ঞা।

বিধিৎসা—বিধান করিবার ইচ্ছা। বি–সনন্ত ধা+অ ভাববা+আপ্। বি; স্ত্রী। বিণ, –সু।

বিধিপূর্ব্ব(র্ব)ক—নিয়মপূর্ব্বক, নিয়মানুসারে। বিধি হইয়াছে পূর্ব্বে যাহার, বহুব্রী। ক্রি-বিণ। [৩য়াতৎ। বিণ।

বিধিবদ্ধ—নিয়ম বলিয়া প্রচলিত বা গ্রথিত।

বিধিবিড়ম্বনা—বিধাতার ছলনা, দৈব-দুর্বিপাক। বিধিকৃতা বিড়ম্বনা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

বিধিবিড়ম্বিত—বিধাতৃ কর্তৃক প্রতারিত, দৈবদুর্বিপাকগ্রস্ত, দুরদৃষ্ট। ৩য়াতৎ। বিণ।

বিধিব্যবস্থা—প্রয়োজনানুরূপ কার্য্যের অনুষ্ঠান। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

বিধিমতে—বিধান অনুযায়ী, নিয়ম অনুসারে। বিধির মত আছে যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

বিধিলিপি—বিধাতার লিখন, বিধাতার নির্দ্দেশ, অদৃষ্ট। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিধু—ব্রহ্মা; বিষ্ণু; চন্দ্র; কর্পূর; রাক্ষস; আয়ুধ। ব্যধ্+কু কর্তৃবা। বি; পুং।

বিধুত, বিধূত—কম্পিত; চলিত; ত্যক্ত। বি–ধু, ধূ (কম্পিত করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিধুনন, বিধূনন—ত্যাগ; কম্পন। বি–ধু, ধূ (কাঁপা)+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, –নিত।

বিধুন্তুদ—রাহু। বিধু শব্দ (চন্দ্র)–তুদ্ (পীড়া দেওয়া)+খশ্ কর্তৃবা, যে চন্দ্রকে পীড়া দেয়। বি; পুং।

বিধুমুখ—চন্দ্রের ন্যায় মনোহর মুখবিশিষ্ট। বিধুবৎ মনোহর মুখ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –খী।

বিধুর—১। কাতর; বিমূঢ়; বিকল; অসমর্থ; ভীত; বিযুক্ত। বিণ। স্ত্রী, –রা। ২। বৈকল্য; কষ্ট। বি (অসহ্য) হইয়াছে ধুর (ভার) যাহার, বহুব্রী। বি; ক্লীব।

বিধূত, বিধূনন—বিধুত, বিধুনন দ্রঃ।

বিধূনিত—কম্পিত; ভীত; ত্যক্ত; অভিভূত। বি–ণিজন্ত ধূ বা ধূনি (কাঁপান)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিধেয়—বাধ্য; অধীন; বিনয়ী; বিধিসিদ্ধ;

কর্ত্তব্য, উচিত। বি—ধা+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া। বি,—তা।

বিধ্বংস—বিনাশ; বিলোপ; অপকার। বি—ধ্বন্‌স্ (ধ্বংস করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিধ্বংসী (—সিন্)—বিনাশক; অপকারী; শত্রু। বি—ধ্বন্‌স্ (ধ্বংস করা)+ণিন্ কর্তৃবা বা বিধ্বংস শব্দ+ইন্ শীলার্থে। বিণ; পুং। স্ত্রী,—সিনী।

বিধ্বস্ত—১। বিনষ্ট। বি—ধ্বন্‌স্ (ধ্বংস হওয়া)+ক্ত কর্তৃবা। ২। বিনাশিত; অপকৃত। বি—ধ্বন্‌স্ (ধ্বংস করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিন, বিনহি, বিনু—বিনা, ভিন্ন, ব্যতীত। প্রাঃ কবিপ্র। অব্য।

বিনজারী—যাহা জারী করা হয় নাই; আদালতের যে আদেশ কার্য্যে পরিণত করা হয় নাই। ফার্সী। বিণ।

বিনত—অবনত; বিনীত, নম্র; শিক্ষিত। বি—নম্ (নত হওয়া)+ক্ত কর্তৃবা। বিণ।

বিনতা—মহর্ষি কশ্যপের পত্নী এবং অরুণ ও গরুড়ের জননী। বি; স্ত্রী।

বিনতি, বিনয়—নম্রতা; অনুনয়; সুশীলতা; পরিশোধ; দমন; শিক্ষা; বিনিয়োগ। বিনতি=বি—নম্+ক্তি ভাববা। বিনয়=বি—নী+অচ্ ভাববা। বি; স্ত্রী ও পুং।

বিনন—বিননি করা; বিলাপ করা। দেশজ। ক্রি।

বিননি, বিনুনি—বেণীবন্ধন। দেশজ। বি।

বিনম্র—অতিশয় নম্র, বিনয়ী; অবনত। বি—নম্ (নত হওয়া)+রক্ কর্তৃবা। বিণ।

বিনয়—বিনতি দ্রঃ।

বিনয়ন—অপনয়ন; অপনোদন; মোচন; শিক্ষা। বি—নী+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিনয়াবনত—নম্রতা হেতু নত। ৩য়াতৎ। বিণ।

বিনয়ী (—য়িন্)—বিনীত, বিনম্র। বিনয় শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—য়িনী।

বিনশ্বর—বিনাশশীল, ধ্বংসশীল, অনিত্য, অচিরস্থায়ী। বি—নশ্ (নষ্ট হওয়া)+বরচ্ শীলার্থে। বিণ। স্ত্রী,—রী।

বিনষ্ট—নাশপ্রাপ্ত; ক্ষয়িত; পতিত; গত; মৃত। বি—নশ্ (নষ্ট হওয়া)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

বিনা—বর্জ্জন; অভাব; ব্যতিরেক। অব্য।

বিনান—বেণীর আকারে পরস্পরে বিজড়িত করা; গ্রথিত করা, গাঁথা; খেদোক্তি করা। বাং ক্রি।

বিনামা (বিনামন্)—১। নামশূন্য; অযথা নামবিশিষ্ট, কল্পিত নামযুক্ত। বি (নাই) নাম যাহার, বহুব্রী। বিণ। ২। পাদুকা, জুতা। দেশজ। বি।

বিনায়ক—শিক্ষক, গুরু; গণেশ; বুদ্ধ; গরুড়; বিঘ্ন। বি—নী+ণক কর্তৃবা। বি; পুং।

বিনাশ—ধ্বংস; লোপ; অদর্শন; মৃত্যু; অভাব; ক্ষয়। বি—নশ্ (নষ্ট হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিনাশক—ধ্বংসকারক; সংহারক। বি—নশ্ (নষ্ট করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—শিকা।

বিনাশন—১। নাশপ্রাপণ, ধ্বংসসাধন। বি—ণিজন্ত নশ্ বা নাশি (নাশ পাওয়ান)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। নাশসাধক। বি—নশ্+ণিচ্+অন কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

বিনাশিত—নাশপ্রাপিত; নিহত। বি—ণিজন্ত নশ্ (=নাশি)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিনাশী (—শিন্)—১। নাশশীল, নশ্বর। বিনাশ শব্দ+ইন্ শীলার্থে। ২। নাশক, ধ্বংসকারক। বি—ণিজন্ত নশ্ বা নাশি (নাশ পাওয়ান)+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—শিনী।

বিনাশোন্মুখ—নষ্টপ্রায়; মৃতকল্প; বিধ্বস্তপ্রায়; ম্রিয়মাণ। বিনাশে উন্মুখ, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—খী।

বিনি, ম্রিনি—বিনা, ব্যতীত। 'বিনা' [শব্দজ। অব্য।

বিনিঃসরণ—নিগমন, বহির্গমন। বি—নির্—সৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিনিঃসৃত—নির্গত, বহির্গত। বি—নির্—সৃ+ক্ত কর্ত্তৃবা। বিণ।

বিনিদ্র—নিদ্রারহিত; জাগরিত; উন্মীলিত। বি (নাই বা বিগত হইয়াছে) নিদ্রা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —দ্রা।

বিনিন্দিত—লাঞ্ছিত; উপমান অপেক্ষা উৎকৃষ্ট (যেমন—বীণাবিনিন্দিত); গঞ্জিত। বি—নিন্দ্+ক্ত কর্ম্মবা। বিণ; ত্রি।

বিনিপাত—পতন; অপমান; ক্লেশ; দৈব-দুঃখ। বি—নি—পত্ (পড়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিনিবর্ত্ত(র্ত)ন—প্রত্যাবর্ত্তন। বি—নি—বৃত+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিনিবর্ত্তি(র্তি)ত—প্রত্যাবর্ত্তিত, ফিরান; নিরাসিত; যাহাকে নিবৃত্ত করা হইয়াছে। বি (বিশিষ্টভাবে) নিবর্ত্তিত,প্রাদিতৎ। বিণ।

বিনিবৃত্ত—নিরস্ত; প্রত্যাবৃত্ত, প্রত্যাগত। বি—নি—বৃত্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

বিনিময়—প্রতিদান, পরিবর্ত্ত, বদল। বি—নি—মী (দাওয়া)+অচ্ ভাববা। বি; পুং।

বিনিয়ন্ত্রণ—নিয়ন্ত্রণের বিলোপ; কোন জিনিষের যে কোন পরিমাণ অবাধে যে কোন মূল্যে বিক্রয়ের অধিকার দান (Decontrol. বি—নি—যন্ত্রি+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, —ন্ত্রিত।

বিনিযুক্ত—নিযুক্ত; প্রেরিত; অর্পিত। বি—নি—যুজ্+ক্ত কর্ম্মবা। বিণ।

বিনিয়োগ—নিয়োগ; প্রয়োগ; প্রেরণ; অর্পণ। বি—নি—যুজ্ (যোজনা করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিনির্গত—নিঃসৃত, বহির্গত। বি—নির্—গম্ (যাওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

বিনির্ণয়—নিশ্চয়, নিরূপণ। বি—নির্—নী+অচ্ ভাববা। বি; পুং।

বিনির্ণীত—নিশ্চিত, নিরূপিত। বি—নির্—নী+ক্ত কর্ম্মবা। বিণ।

বিনির্ম্মুক্ত—মুক্ত; উদ্ধৃত; উদ্ঘাটিত; অনাবৃত। বি—নির্—মুচ্ (মোচন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিনিশ্চয়—অসন্দিগ্ধসিদ্ধান্ত, ঠিক ধারণা। বি—নির্—চি+অচ্ ভাববা। বি; পুং। বিণ, —শ্চিত।

বিনীত—বিনয়ান্বিত; নম্র, শান্ত; শিক্ষিত; দণ্ডিত; উপভুক্ত; গৃহীত; জিতেন্দ্রিয়; নিক্ষিপ্ত; অপনীত; নিভৃত। বি—নী (লইয়া যাওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিনু—বিনা দ্রঃ।

বিনেতা (—তৃ)—নিয়মকর্ত্তা; শাসক; শিক্ষাদাতা, শিক্ষক। বি—নী+তৃন্ কর্ত্তৃবা। বিণ।

বিনোক্তি—অলঙ্কারবিশেষ। বি; স্ত্রী।

বিনোদ—রমণীয়, সুন্দর। প্রাঃ কবিপ্র। বিণ।

বিনোদ, বিনোদন—আমোদিত-করণ; কৌতূহল; তোষণ; আমোদ; অপনোদন, অপনয়ন; বিহার; ব্যাপার। বি—মুদ্+ঘঞ্, অনট্ করণবা। বি; পুং, ক্লীব।

বিনোদিত—প্রমোদিত, তোষিত; আমোদিত। বি—ণিজন্ত মুদ্ (—মোদি)+ক্ত কর্ম্মবা। বিণ; ত্রি। স্ত্রী, —তা।

বিনোদিয়া—শ্রীকৃষ্ণ; সুন্দর নাগর। প্রাঃ কবিপ্র। বি।

বিনোদী (—দিন্)—আমোদযুক্ত; আনন্দদায়ক; সন্তোষকর। বিনোদ+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী, —দিনী।

বিনোদিনী—১। আনন্দদায়িনী। বিণ; স্ত্রী। ২। শ্রীরাধা। বি—মুদ্+ণিচ্+ণিন কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

বিন্তি—তাস খেলাবিশেষ। পোর্তু 'Vinte' শব্দজ। বি।

বিন্দু—দ্রবদ্রব্যের কণা, ফোঁটা; অনুস্বার, শূন্যচিহ্ন; জ্যামিতিতে যাহার অবস্থিতি আছে, কিন্তু দৈর্ঘ্য বিস্তার বে

কিছুই নাই; রেতঃ। বিদ্ (জানা ইত্যাদি) +উ কর্ম্মবা। বি: পুং।

বিন্দুবিসর্গ—অনুস্বার ও বিসর্গ; অতি সামান্য, কিঞ্চিন্মাত্র, একটু। দ্বন্দ্ব। বি; পুং।

বিন্দুসরঃ (—সরস্)—সরোবরবিশেষ; গঙ্গাবতরণার্থ ভগীরথ এইস্থানে দীর্ঘকাল তপস্যা করিয়াছিলেন। বিন্দু নামক যে সরঃ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বিন্ধা—বিদ্ধ করা, বিঁধা, ফুটা। কবিপ্র। ক্রি।

বিন্ধ্য—১। ব্যাধ। বিধ্ (বিদ্ধ করা)+য কর্ত্তৃবা। ২। কুলপর্ব্বতবিশেষ, ইহা ভারতবর্ষের ঠিক মধ্যস্থলে পূর্ব্বপশ্চিমাভিমুখে অবস্থিত। বি—ধ্যৈ (ধ্যান করা)+ক কর্ত্তৃবা, যে বিপরীত ভাবে অবস্থিত হইয়া ধ্যান করিতেছে। বি; পুং।

বিন্ধ্যবাসিনী—দুর্গা। উপতৎ। বিন্ধ্য—বস্+ণিন্ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

বিন্ধ্যাচল—বিন্ধ্যপর্ব্বত; হিন্দুদিগের তীর্থবিশেষ। বিন্ধ্য নামক অচল (পর্ব্বত), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বিন্যস্ত—বিক্ষিপ্ত; স্থাপিত; যথাক্রমে অর্পিত, সাজান; রচিত। বি—নি—অস্ (ক্ষেপণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিন্যাস—স্থাপন; রচনা; সাজান; ন্যাস। বি—নি—অস্+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিপক্ষ—১। বিরুদ্ধ পক্ষ; প্রতিকূলাশ্রিত জন; শত্রু। (বিরুদ্ধ) যে পক্ষ, প্রাদিতৎ। বি; পুং। ২। পক্ষহীন। বি (বিগত) পক্ষ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —ক্ষা। বিণ, —ক্ষীয়।

বিপক্ষতা—বৈরিতা; শত্রুতা; প্রতিকূলতা। বিপক্ষ শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

বিপণি—পণ্যবীথিকা, দোকান; হট্ট, হাট, বাজার। বি—পণ্ (কেনাবেচা করা)+ই অধিবা। বি; পুং বা স্ত্রী।

বিপণী—বিপণি (সকল অর্থে)। বিপণি+বিকল্পে ঈপ্। বি; স্ত্রী।

বিপৎ (বিপদ্)—আপদ্; বিপত্তি; মরণ। বি—পদ্ (যাওয়া)+কিপ্ ভাববা। বি; স্ত্রী।

বিপত্তি—বিপদ্, আপদ্, অশুভ, অমঙ্গল। 'বিপত্তি' শব্দজ। বি।

বিপত্তি—বিপদ্, আপদ্; নাশ; দুর্ভাগ্য। বি—পদ্ (যাওয়া)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিপত্নীক—পত্নীহীন, যাহার স্ত্রী মরিয়া গিয়াছে এরূপ। বি (বিগত) হইয়াছে পত্নী যাহার, বহুব্রী+ক সমাসান্ত। বিণ; পুং।

বিপৎসঙ্কু(ঙ্কু)ল—বিপদে ভরা। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —লা।

বিপথ—নিন্দিত পথ, কুপথ। বি (বিরুদ্ধ) যে পথ, নিত্য। বি; পুং।

বিপথগামী (—গামিন্)—কুপথগামী; অসৎপথাবলম্বী, অন্যায় আচরণকারী। উপতৎ। বিপথ—গম্ (যাওয়া)+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী, —মিনী।

বিপদ্—বিপৎ দ্রঃ।

বিপদ্গ্রস্ত—বিপন্ন। ৩য়াতৎ। বিণ।

বিপদ্ভঞ্জন—১। যিনি বিপৎ নাশ করেন, পরমেশ্বর; আপদ বিনাশন, বিপদ দূরীকরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব। ২। বিপদ-বিনাশক; আপদ-উদ্ধারক। বিণ।

বিপদাপন্ন—বিপদে পতিত, বিপদ্গ্রস্ত, বিপন্ন। ২য়াতৎ। বিণ। স্ত্রী, —ন্না।

বিপন্ন—১। বিপদ্গ্রস্ত, বিপদে পতিত; বিনষ্ট। বি—পদ্ (যাওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —ন্না। ২। সর্প। বি; পুং।

বিপরিণত—পরিবর্ত্তিত; বিপর্য্যস্ত। বি—পরি—নম্ (নত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ; ত্রি।

বিপরিণাম—বিপর্য্যাস; পরিবর্ত্তন। বি—পরি—নম্ (নত হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিপরিণামী (—ণামিন্)—বৈপরীত্যবিশিষ্ট; পরিবর্ত্তনশীল। বিপরিণাম+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী, —মিনী।

বিপরিবর্ত্ত(র্ত)ন—ফিরান ঘুরান। বি—পরি—বৃত্ (থাকা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিপরীত—বিরুদ্ধ, উল্টা ; প্রতিকূল, বিষম, বেজায় ('—কাণ্ড')। বি—পরি—ই (যাওয়া) +ক্ত কর্তৃবা। বিণ।

বিপর্য্য(র্য)য়, বিপর্য্যা(র্যা)য়—ব্যত্যয় ; ব্যতিক্রম ; বৈপরীত্য ; বিনাশ। বি—পরি—ই (যাওয়া)+অচ্ ভাববা। বি ; পুং।

বিপর্য্য(র্য)স্ত—পরাবৃত্ত ; ব্যতিক্রান্ত, উলট্-পালট। বি—পরি—অস্+ক্ত কর্ম্মবা। বিণ।

বিপর্য্যা(র্যা)স—ব্যতিক্রম ; ব্যত্যয় ; বৈপরীত্য। বি—পরি—অস্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

বিপল—এক পলের (অর্থাৎ ২৪ সেকেণ্ডের) ৬০ ভাগের এক ভাগ। বি (বিভক্ত) পল যদ্দারা, বহুব্রী। বি ; পুং।

বিপাক—পরিণাম ; পরিপাক, জীর্ণতা-প্রাপ্তি ; পক্কতা ; রন্ধন ; দুর্গতি ; আয়ুঃ ; ভোগ ; কর্ম্মের বিসদৃশ ফল ; জঠরাগ্নির সংযোগে ভুক্তদ্রব্যের যে রস জন্মে, সেই রস হইতে যে পৃথক্ আর একটা রস জন্মে, তাহার নাম বিপাক। বি—পচ্ (পাক করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

বিপাটন—ভেদন, বিদারণ। বি—ণিজন্ত পট্=পাটি (ফাটান)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

বিপাটিত—ভিন্ন, বিদারিত। বি—ণিজন্ত পট্=পাটি (ফাটান)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিপিতা(—তৃ)—সৎবাপ (Step-father). প্রাদিতৎ। বি ; পুং। স্ত্রী, বিমাতা।

বিপিন—বন, কানন। বেপ্ (কাঁপা)+ইনন্ কর্তৃবা। বি ; ক্লীব।

বিপিনবিহারী (—হারিন্)—১। বনে বিচরণকারী। বিণ ; পুং। স্ত্রী,—রিণী। ২। শ্রীকৃষ্ণ। বিপিন—বি—হৃ+ণিন্ কর্তৃবা। বি ; পুং।

বিপুল—মহৎ ; বৃহৎ ; বড় ; গভীর, অগাধ ; প্রশান্ত। বি—পুল্ (মহৎ হওয়া) +ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—লা।

বিপুলকায়—১। বৃহৎ শরীর। কর্ম্মধা। বি ; পুং। ২। বৃহদাকার, বৃহৎ দেহধারী। বহুব্রী। বিণ ; ত্রি। স্ত্রী,—য়া।

বিপুলতা—বৃহত্ব, বিশালতা ; গভীরতা। বিপুল+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

বিপ্র—ব্রাহ্মণ। বপ্ (বপন করা)+র কর্তৃবা, অথবা বি—প্রা (পূরণ করা)+ক কর্তৃবা। বি ; পুং।

বিপ্রকর্ষ—দূরত্ব। বি—প্র—কৃষ্ (কর্ষণ করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

বিপ্রকর্ষণ—বিশ্লেষণ ; দূরে অপসারণ, ঠেলা। বি—প্র—কৃষ্ (কর্ষণ করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

বিপ্রকৃষ্ট—দূরস্থ, অনাসন্ন ; দূরে অপসারিত। বি—প্র—কৃষ্+ক্ত কর্ম্মবা। বিণ।

বিপ্রতিপত্তি—বিরুদ্ধজ্ঞান ; বিরোধ ; অস্বীকার, বিকৃতি ; সংশয়। বি—প্রতি—পদ্+ক্তি ভাববা। বি ; স্ত্রী। বিণ,—পন্ন।

বিপ্রপাদোদক—ব্রাহ্মণের পাদস্পৃষ্ট জল, ব্রাহ্মণের চরণামৃত। পাদস্পৃষ্ট যে উদক সে পাদোদক, মধ্যপ কর্ম্মধা ; বিপ্রের পাদোদক, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। [বি ; পুং।

বিপ্রবর—ব্রাহ্মণশ্রেষ্ঠ, দ্বিজোত্তম। ৭মীতৎ।

বিপ্রলব্ধ—বঞ্চিত ; প্রতারিত। বি—প্র—লভ্ (পাওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ ; ত্রি। স্ত্রী,—ব্ধা।

বিপ্রলব্ধা—বঞ্চিতা নায়িকাবিশেষ, যে নায়িকা সঙ্কেত স্থানে গমন করিয়া নায়ককে দেখিতে না পাইয়া হতাশ হয়। বি ; স্ত্রী।

বিপ্রলম্ভ—বঞ্চনা ; বিরহ ; কলহ ; বিসংবাদ ; বিরুদ্ধকর্ম্ম। বি—প্র—লভ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

বিপ্রলাপ—বিরোধ বাক্য ; অনর্থক বিবাদ। বি—প্র—লপ্ (বলা)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

বিপ্লব—বিপদ ; বিনাশ ; ভয়প্রাপ্তি ; ভয়প্রদর্শন ; উপদ্রব ; বিদ্রোহ ; দেশলুণ্ঠন। বি—প্লু (গমন করা, ইত্যাদি)+অপ্ ভাববা। বি ; পুং।

বিপ্লবী (–বিন্)—যে রাষ্ট্রবিপ্লব ঘটাইবার চেষ্টা করে। বিণ। স্ত্রী,—বিনী।

বিপ্লাবন—ব্যাঘাত; হানি; ধ্বংস; জল-প্লাবন। বি–ণিজন্ত প্লু=প্লাবি (গমন করান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিপ্লাবিত—ব্যাহত; জল দ্বারা প্লাবিত। বি–ণিজন্ত প্লু=প্লাবি (গমন করান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বিপ্লুত—বিগত; উপদ্রুত; বিপর্য্যস্ত; ভ্রান্ত; দূষিত; ব্যসনার্ত্ত; বিহ্বল। বি–প্লু (গমন করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

বিফল—নিষ্ফল; বৃথা; নিরর্থক। বি (নাই) ফল যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

বিবক্ষা—বলিবার ইচ্ছা। সনন্ত বচ্ (বলিতে ইচ্ছা করা)+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

বিবক্ষিত—বলিতে ইচ্ছার বিষয়ীভূত, যাহা বলিতে ইচ্ছা হইয়াছে এরূপ। সনন্ত বচ্ (বলিতে ইচ্ছা করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিবদমান—বিবাদে নিযুক্ত, কলহকারী। বি–বদ্ (বলা)+শানচ্ কর্ত্তৃবা। বিণ।

বিবমিষা—বমনেচ্ছা, গা বমি বমি। সনন্ত বম্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

বিবর—ছিদ্র, রন্ধ্র; গর্ত্ত; দোষ। বি–বৃ (আবৃত করা)+অপ্ কর্ম্মবা। বি; ক্লীব।

বিবরণ—বর্ণন; ব্যাখ্যান; প্রকটন; প্রকাশ; বৃত্তান্ত। বি–বৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিবরণী—১। বিবরণ, বার্ত্তা, ব্যাখ্যান। বি–বৃ (বরণ করা)+অনট্ ভাববা+স্ত্রীলিঙ্গে ঈপ্। ২। ব্যাখ্যান পুস্তিকা। বি–বৃ+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

বিবরা—বিবৃত করা, বর্ণন করা, সবিস্তারে উল্লেখ করা, খুলিয়া বলা। কবিপ্র। ক্রি।

বিবর্জ্জ(র্জ)ন—বিসর্জ্জন, ত্যাগ। বি–বৃজ্ (বর্জ্জন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ,—র্জ্জিত।

বিবর্ণ—ইতর-জাতীয়; নীচ; বিকৃত-বর্ণ, মলিন। বি (নাই) বর্ণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ণা।

বিবর্ত্ত(র্ত)—বিশেষরূপে স্থিতি; ভ্রমণ; নৃত্য; ঘূর্ণন; সমূহ; পরিণাম; কল্পিতরূপ। বি–বৃত্ (থাকা ইত্যাদি)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিবর্ত্ত(র্ত)ন—ঘূর্ণন; ভ্রমণ; প্রত্যাবর্ত্তন; পরিবর্ত্তন; নৃত্য। বি–বৃত্ (বর্ত্তন করা ইত্যাদি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিবর্ত্ত(র্ত)নশীল—পরিবর্ত্তনশীল; ঘূর্ণনশীল, যে নিয়ত ঘোরে এরূপ। বিবর্ত্তন হইয়াছে শীল (স্বভাব) যাহার, বহুব্রী। বিণ।

বিবর্ত্ত(র্ত)বাদ—মায়াবাদ, জগৎটা ব্রহ্মের বিবর্ত্ত বা কল্পিত মায়িক রূপ—এই মতবাদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিবর্ত্তি(র্তি)ত—ঘূর্ণিত; ভ্রমিত; প্রত্যাবৃত্ত; অপনীত। বি–ণিজন্ত বৃত্ (=বর্ত্তি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বিবর্দ্ধ(র্ধ)ক—বিশেষরূপে বৃদ্ধিজনক। বি—বৃধ্+ণিচ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্দ্ধিকা।

বিবর্দ্ধ(র্ধ)ন—১। সম্যক্ বৃদ্ধি। বি–বৃধ্ (বাড়া)+অনট্ ভাববা। ২। সম্যক্ বাড়ান। বি–ণিজন্ত বৃধ্ বা বর্দ্ধি (বাড়ান)+অনট্ ভাববা। ৩। ছেদন। বি–বর্দ্ধ্ (ছেদন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ,—র্দ্ধিত।

বিবশ—অবশ; অনধীন; অবাধ্য; বিহ্বল; নিশ্চেষ্ট। বিগত বশ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—শা।

বিবসন—বসনহীন, উলঙ্গ। বি (নাই) বসন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

বিবস্ত্র—বিবসন, উলঙ্গ। বি (নাই) বস্ত্র যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—স্ত্রা।

বিবস্বান্ (–স্বৎ)—সূর্য্য; অরুণ; দেবতা; রত্ন। বি–বস্ (বাস করা)+ক্বিপ্ ভাববা (=বিবস্)+মতুপ্ অস্ত্যর্থে। বি; পুং।

বিবাগ—বিদেশ, দেশান্তর। দেশজ। বি।

বিবাগী—দেশান্তরী, সংসারত্যাগী, উদাসীন। দেশজ। বিণ।

বিবাদ—বিরোধ, কলহ; ব্যবহার, মোকদ্দমা। বি–বদ্ (বলা)+ঘঞ্ ভাববা। বি; পুং। [বিণ। স্ত্রী,–য়া।

বিবাদপ্রিয়—কলহপ্রিয়, ঝগড়াটে। বহুব্রী।

বিবাদী (–দিন্)—১। বিবাদকারী; প্রতিবাদী আসামী। বি–বদ্ (বলা)+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,–দিনী। ২। বিবাদের বিষয়ীভূত; (সঙ্গীতে) কোন রাগ বা রাগিণীতে বর্জ্জিত স্বর। দেশজ প্রঃ। বি বা বিণ। [বি; পুং।

বিবাহ—পরিণয়। বি–বহ্+ঘঞ্ ভাববা।

বিবাহবিচ্ছেদ—আইনবলে পতিপত্নীর বিবাহসম্বন্ধের বিলোপ (Divorce). ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

বিবাহিত—পরিণীত, ঊঢ়। বি–ণিজন্ত বহ্–বাহি (পাওয়ান)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিবাহ্য—বিবাহযোগ্য; বহনীয়, বহনযোগ্য। বি–বহ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,–হ্যা।

বিবি, বিবী—সম্ভ্রান্তা মহিলা; মাননীয়া ললনা; পত্নী, স্ত্রী; (অধুনা) ইউরোপীয় রমণী; তাসবিশেষ। ফার্সী। বি; স্ত্রী।

বিবিক্ত—বিজন, নির্জন; পবিত্র; শুদ্ধ; বিবেচক; একাগ্র; অসম্পৃক্ত। বি–বিচ্ (পৃথক্ করা)+ক্ত কর্তৃবা। বিণ।

বিবিক্ষা—প্রবেশেচ্ছা। সনন্ত বিশ্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

বিবিক্ষু—প্রবেশেচ্ছু। সনন্ত বিশ্+উ কর্তৃবা। বিণ। [বি; স্ত্রী।

বিবিজান—বিবিকে প্রিয় সম্বোধন। ফার্সী।

বিবিধ—নানাপ্রকার; বহুবিধ। বি (বহু) বিধা (প্রকার) যাহার, বহুব্রী। বিণ।

বিবিয়ানা—মেমের ন্যায় বিলাসিতা বা চালচলন। বিবি+আনা ভাবে। বি।

বিবুধ—পণ্ডিত; দেবতা; চন্দ্র। বি–বুধ্ (জানা)+ক কর্তৃবা। বি; পুং।

বিবৃত—বর্ণিত; ব্যাখ্যাত; প্রকটিত; প্রকাশিত; প্রমাণীকৃত; উন্মুক্ত; বিস্তৃত। বি–বৃ (বরণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিবৃতি—বর্ণন; ব্যাখ্যান; প্রকটন; প্রকাশ; বিস্তার। বি–বৃ (বরণ করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিবৃত্ত—ঘূর্ণিত; ভ্রমিত; পরাবৃত্ত; লুণ্ঠিত। বি–বৃত্+ক্ত কর্তৃবা। বিণ। বি,–ত্তি।

বিবৃদ্ধি—সম্যক্ বৃদ্ধি। বি–বৃধ্ (বাড়া)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিবেক—বিবেচনা, বিচার, তত্ত্বজ্ঞান; প্রকৃতি-পুরুষের ভেদজ্ঞান; হিতাহিত জ্ঞান; বৈরাগ্য; প্রভেদ। বি–বিচ্ (পৃথক্ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিবেকবুদ্ধি—তত্ত্বজ্ঞানসম্পন্না ধী, হিতাহিত-বোধযুক্তা বুদ্ধি। বিবেক-যুক্তা বুদ্ধি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

বিবেকী (–কিন্)—বিবেকযুক্ত; সম্যক্ বিবেচনাকারী; বৈরাগ্যযুক্ত; বিরাগী। বিবেক+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,–কিনী।

বিবেচক—বিবেচনাকারী; বিচারক্ষম, বিচক্ষণ। বি–বিচ্+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,–চিকা।

বিবেচন, বিবেচনা—বিচার; বিশেষ আলোচনা, বিতর্ক। বি–বিচ্+অনট্ ভাববা, ২য় পক্ষে বি–বিচ্+অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

বিবেচনীয়, বিবেচ্য—বিবেচনা-যোগ্য। বি–বিচ্ (পৃথক্ করা)+অনীয়, ণ্যৎ কর্ম্মবা। বিণ। [কর্বিপ্র। ক্রি।

বিবেচা—বিবেচনা করা, বিচার করা।

বিবেচিত—বিচারিত; সম্যক্ আলোচিত, নিরূপিত। বি–ণিজন্ত বিচ্ বা বেচি (পৃথক্ করান)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিবেচ্য—বিবেচনীয় দ্রঃ।

বিব্‌ভুল—১। ভ্রম, ভ্রান্তি; বিহ্বলতা, আবল্য, 'বেভুল'। বি। ২। বিভ্রান্ত; বিহ্বল, হতবুদ্ধি। দেশজ। বিণ।

বিব্রত—ব্যতিব্যস্ত, অস্থির, ব্যাকুল; বিপদাপন্ন, দায়গ্রস্ত। দেশজ প্রঃ। বিণ।

বিভক্ত—বিভিন্ন, পৃথক্কৃত; সুশ্লিষ্ট;

সংক্রমিত। বি—ভজ্ (ভাগ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ক্তা।

বিভক্তি—বিভাগ; ভঙ্গী; রচনা; (ব্যাকরণে) শব্দের উত্তর সি-আদি ও ধাতুর উত্তর তিপ্-আদি যে সকল প্রত্যয় হয়। বি—ভজ্ (ভাগ করা)+ক্তি ভাববা, করণবা। বি; স্ত্রী।

বিভঙ্গ(ংগ)—১। ভঙ্গী; বিন্যাস। বি—ভন্জ্ (ভাঙ্গা)+ঘঞ্ ভাববা। ২। খণ্ড; ছেদ; ভাঙ্গন। বি—ভনজ্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং। [কবিপ্র। বি।

বিভঙ্গি, —ঙ্গী—ভঙ্গি, হাবভাব। প্রাঃ

বিভজনীয়—বিভাজ্য, বিভাগযোগ্য। বি—ভজ্ (ভাগ করা)+অনীয় কর্ম্মবা। বিণ।

বিভজ্যমান—যাহা বিভক্ত হইতেছে। বি—ভজ্+শানচ্ কর্ম্মবা। বিণ।

বিভব—১। বিভুত্ব, প্রভুত্ব; মাহাত্ম্য; সামর্থ্য, মোক্ষ; মুক্তি। বি—ভূ (হওয়া)+অপ্ ভাববা। ২। ধন, সম্পত্তি। বি—ভূ+অপ্ করণবা। বি; পুং।

বিভা—প্রভা; দীপ্তি; কিরণ; আলোক। বি—ভা (দীপ্তি পাওয়া)+অঞ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

বিভাকর—সূর্য্য; অগ্নি; অর্কবৃক্ষ। বিভা শব্দ (প্রভা)—কৃ (করা)+ট কর্ত্তৃবা। বি; পুং।

বিভাগ—১। খণ্ড; অংশ। বি—ভজ্+ঘঞ্ কর্ম্মবা। ২। ভাগ, বণ্টন। বি—ভজ্ (ভাগ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিভাজক—বিভাগকারী, ভাজক, যদ্দারা ভাগ করা যায় (Divider). বি—ভজ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জিকা।

বিভাজ্য—বিভজনীয়, বিভাগযোগ্য; ভাজ্য, যাহাকে অপর রাশিদ্বারা ভাগ করা হয় (Dividend). বি—ভজ্ (ভাগ করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

বিভাজ্যতা—জড় পদার্থের যে গুণ থাকাতে উহাকে যথেচ্ছ সূক্ষ্মাংশে বিভক্ত করা যায়। বিভাজ্য+তা ভাবার্থে। বি; স্ত্রী।

বিভাণ্ডক—জনৈক মুনি, ঋষ্যশৃঙ্গের জনক। বি; পুং।

বিভাব—১। পরিচয়। বিশিষ্ট ভাব, প্রাদি-তৎ। ২। (কাব্যে) রসের উদ্দীপন আলম্বন প্রভৃতি। বি—ভূ+ণিচ্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

বিভাবন—বিবেচনা; চিন্তন; অবধারণ; প্রকাশন; অনুভব; দর্শন; খ্যাপন। বি—ণিজন্ত ভূ=ভাবি (হওয়ান)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিভাবনা—বিবেচনা; অনুভব; অবধারণ; প্রকাশন; দর্শন; খ্যাপন; কাব্যালঙ্কারবিশেষ। বি—ণিজন্ত ভূ (=ভাবি)+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

বিভাবনীয়, বিভাব্য—বিবেচনীয়; অবধারণীয়; চিন্তনীয়; দর্শনীয়। বি—ণিজন্ত ভূ=ভাবি (হওয়ান)+অনীয়, ণ্যৎ কর্ম্মবা। বিণ।

বিভাবরী—রজনী; কুট্টনী; মেদা বৃক্ষ; হরিদ্রা। বি—ভা (দীপ্তি পাওয়া)+ক্বনিপ্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

বিভাবসু—সূর্য্য; চন্দ্র; অগ্নি; হারবিশেষ। বিভা (প্রভা) বসু (ধন) যাহার, বহুব্রী। বি; পুং।

বিভাবিত—বিবেচিত, বিমৃষ্ট; চিন্তিত; অনুভূত; দৃষ্ট; প্রতিষ্ঠিত; প্রসিদ্ধ; ভাবযুক্ত। বি—ণিজন্ত ভূ (=ভাবি)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিভাষ, —স—প্রাতঃকালের রাগিণী-বিশেষ। বি।

বিভাষা—বিকল্প; দ্বৈধভাব। বি (বিরুদ্ধ) যে ভাষা (বচন), কর্ম্মধা। বি; স্ত্রী।

বিভাসিত—দীপিত, প্রকাশিত; জলোপরি শোভিত। বি—ভাস্ (দীপ্তি পাওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

বিভিন্ন—বিভক্ত; পৃথগ্‌ভূত; মিশ্রিত; বিদীর্ণ, বিদলিত; বিঘট্টিত; বিকসিত; নিঃশেষিত। বি—ভিদ্ (ভেদ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ন্না।

বিভীতক—১। বয়ড়া গাছ। বি (বিগত হয়) ভীত (ভয়) যাহা হইতে, বহুব্রী+ক সমাসান্ত। বি; পুং। ২। বয়ড়া ফল। বিভীতক+অণ্ জাতার্থে। বি; ক্লীব।

বিভীতকী—বহেড়া বা বয়ড়া। বিভীতক+ঈপ্। বি; স্ত্রী।

বিভীষণ—১। অতি ভয়ানক; দৃঢ়। বি (অতিশয়) যে ভীষণ, প্রাদিতৎ। বিণ; ত্রি। স্ত্রী,—ণা। ২। রাক্ষসরাজ রাবণের কনিষ্ঠ ভ্রাতা। বি; পুং। **বিভীষণ দল**—যে দল গোপনে দেশের শত্রুদের সহায়তা করে।

বিভীষিকা—১। ভীতিপ্রদর্শন, ভয় দেখান। বি—ভীষি+অক (ণ্বুচ্) ভাববা+আপ্। বি; স্ত্রী। ২। আতঙ্ক বা আতঙ্কজনক দৃশ্য। দেশজ প্রঃ। বি।

বিভু—১। প্রভু; পরমেশ্বর; ব্রহ্মা; বিষ্ণু; শিব। বি; পুং। ২। সমর্থ; সর্ব্বমূর্ত্তসংযোগী, সর্ব্বব্যাপী। বি—ভূ+ডু ক কর্ত্তৃবা। বিণ।

বিভুঁই—বিদেশ। 'বিভূমি' শব্দজ। বি।

বিভূতি—অণিমাদি অষ্টৈশ্বর্য্য; সমৃদ্ধি; ভস্ম। বি—ভূ (হওয়া)+ক্তি করণবা। বি; স্ত্রী।

বিভূষণ—১। শোভন। বি—ভূষ্ (ভূষিত করা)+অনট্ ভাববা। ২। আভরণ, অলঙ্কার। বি—ভূষ্+অনট্ করণবা। বি; ক্লীব।

বিভূষা—১। অলঙ্কার, আভরণ। বি—ভূষ্+অ করণবা+আপ্। ২। শোভা। বি—ভূষ্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

বিভূষিত—শোভিত; অলঙ্কৃত। বি—ভূষ্ (ভূষিত করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিভেদ—বিভিন্নতা, প্রভেদ; বিভাগ; মিশ্রণ; অপগম; বিদারণ; বিদলন; বিকাশ। বি—ভিদ্ (ভেদ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিভোর—বিহ্বল, আত্মহারা; বিবশ। 'বিহ্বল' শব্দজ। বিণ। [কবিপ্র। বিণ।

বিভোল, বিভোলা—আ ত্ম হা রা।

বিভ্রৎ—পোষণকারী; ধারণকর্ত্তা। বি—ভৃ (ভরণ করা)+শতৃ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তী।

বিভ্রম—ভ্রম, সংশয়; ভ্রমণ; বিজৃম্ভন; শোভা; সাদৃশ্য; ত্বরাবশতঃ ভূষণাদির স্থানান্তর-বিন্যাস; মনশ্চাঞ্চল্য; স্ত্রীলোকের শৃঙ্গার-ভাবজনিত ক্রিয়াবিশেষ। বি—ভ্রম্ (ভ্রমণ করা, ইত্যাদি)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিভ্রাট—বিপদ্, সঙ্কট, বিপত্তি, দায়; দুর্ঘটনা; লেঠা, গোলযোগ। দেশজ। বি।

বিভ্রান্ত—ভ্রান্ত, ভ্রমান্বিত; ত্বরান্বিত। বি—ভ্রম্ (ভুল করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

বিভ্রান্তি—ভ্রান্তি, ভ্রম, ভুল; ত্বরা। বি—ভ্রম্ (ভুল করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিমকি, বিমকী—বিম্ব, বুদ্বুদ, ফুটকি, ভুড়ভুড়ি। প্রাদে। বি।

বিমজিজম—অনুযায়ী, মাফিক। 'বি-মজিব' শব্দজ। বি।

বিমনস্ক—অন্যমনস্ক; উদ্বিগ্ন; বিষণ্ণ; ব্যাকুল। বি (বিচলিত) হইয়াছে মনঃ যাহার, বহুব্রী+ক সমাসান্ত। বিণ। স্ত্রী,—স্কা।

বিমনাঃ (বিমনস্)—অন্যমনস্ক; অনা-বিষ্ট; চঞ্চলচিত্ত; উদ্বিগ্ন; ব্যাকুল; বিষণ্ণ। বি (বিচলিত) মনঃ যাহার, বহুব্রী। বিণ।

বিমনায়মান—বিষণ্ণ, অপ্রফুল্ল। বিমনাঃ। বিমনস্ শব্দ+ক্যঙ্=বিমনায় (নাম-ধাতু), তদুত্তর শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না। [কবিপ্র। বিণ।

বিমরিস—বিমর্ষ, বিষণ্ণ, দুঃখিত। প্রাঃ

বিমর্দ্দ(র্দ), বিমর্দ্দ(র্দ)ন—পেষণ; ঘর্ষণ; মন্থন; চূর্ণন; বিনাশ; সম্বাধ। বি—মৃদ্ (মর্দ্দন করা)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং ও ক্লীব।

বিমর্দ্দি(র্দি)ত—ঘৃষ্ট; পিষ্ট; মথিত; দলিত; চূর্ণিত। বি—ণিজন্ত মৃদ্=মর্দ্দি (মর্দ্দন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বিমর্শ, -র্শন—ত র্ক ক র ণ; বি চা র;

বিবেচনা ; তথ্যানুসন্ধান। বি—মৃশ (বিবেচনা করা)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং ও ক্লীব।

বিমর্ষ, —ষণ—অসহন, অধৈর্য্য ; অসন্তোষ ; নাট্যাঙ্গ। বি—মৃষ্ (সহ্য করা)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং ও ক্লীব। [বিমর্ষ শব্দটি বাঙ্গালা ভাষায় অনেক সময় 'বিষণ্ণ' অর্থে বিশেষণরূপে ব্যবহৃত হইয়া থাকে]।

বিমল—নির্ম্মল, স্বচ্ছ ; শুভ্র ; সুন্দর। বি (নাই) মল যাহাতে, বহুব্রী। বিণ।

বিমলা—দেবীবিশেষ, নাগবিশেষ। বি ; স্ত্রী।

বিমা, বীমা—ভাবী অপায়াদির প্রতিবিধান-কল্পে চুক্তিবিশেষ ; ভবিষ্যতে টাকা পাইবার আশায় নির্দ্দিষ্ট সময়ে নির্দ্দিষ্টভাবে টাকা জমা রাখা (Insurance). ফার্সী। বি।

বিমাতা (—তৃ)—মাতার সপত্নী, সৎমা। বিরুদ্ধা যে মাতা, কর্ম্মধা। বি ; স্ত্রী।

বিমান—ব্যোমযান, শূন্যগামী রথ (প্রাচীন পুষ্পক রথ ও আধুনিক এরোপ্লেন প্রভৃতি) ; দেবরথ ; মান ; সিংহাসন ; উচ্চ রাজগৃহ ; অসম্মান ; অশ্ব। বি'র (পক্ষীর) ন্যায় মান (পরিমাণ) যাহার, অথবা বি'তে (আকাশে) হয় মান (শব্দ) যাহার, বহুব্রী। বি ; ক্লীব বা পুং।

বিমানঘাঁটি—যে স্থানে বিমান থাকে (Aerodrome). ষষ্ঠীতৎ। বি।

বিমানচারী (—চারিন্)—বিমান-বিহারী, ব্যোমযানে বিচরণকারী। বিমান শব্দ—চর্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

বিমানবিধ্বংসী (—সিন্)—যাহা দ্বারা বিমান মারা হয় (Anti-aircraft). উপতৎ। বিমান—বি—ধ্বনস্+ণিন্ কর্তৃবা। বিণ।

বিমানবীর—এরোপ্লেন চালনায় সুদক্ষ ব্যক্তি। ৭মীতৎ। বি ; পুং বা বিণ।

বিমার—রোগ, পীড়া। ফার্সী। বি।

বিমিশ্র—মিশ্রিত, মিশান। প্রাদিতৎ। বিণ।

বিমুক্ত—পরিত্যক্ত ; মুক্তিপ্রাপ্ত ; ত্যক্ত। বি—মুচ্+ক্ত কর্ম্মবা। বিণ। বি,—ক্তি।

বিমুখ—পরাঙ্মুখ ; নিবৃত্ত। বি (পশ্চাতে) হইয়াছে মুখ যাহার, বহুব্রী। বিণ।

বিমুগ্ধ—মুগ্ধ ; মোহপ্রাপ্ত। বি—মুহ্ (মোহ পাওয়া)+ক্ত কর্তৃবা। বিণ।

বিমুগ্ধচিত্ত—১। মোহপ্রাপ্ত অন্তঃকরণ। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। মুগ্ধহৃদয়, মুগ্ধমনাঃ। বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা।

বিমূঢ়—মূর্খ ; অজ্ঞান। বি—মুহ্ (মোহ পাওয়া)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ঢ়া।

বিমৃশ্য(ষ্য)কারিতা—সম্যক বিবেচনাপূর্ব্বক কার্য্যকরণ, বিবেকিতা। বিমৃশ্যকারী দ্রঃ। বিমৃশ্যকারিন্ বা বিমৃষ্যকারিন্ শব্দ+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

বিমৃশ্য(ষ্য)কারী (—কারিন্)—সম্যক বিবেচনাপূর্ব্বক কার্য্যকারী। বি—মৃশ্ বা মৃষ+ল্যপ্ অনন্তরার্থে=বিমৃশ্য বা বিমৃষ্য (বিবেচনা করিয়া), তদুত্তরে কৃ (করা)+ণিন কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

বিমৃষ্ট—বিচারিত ; বিবেচিত। বি—মৃষ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

বিমোচন—মুক্তি ; উদ্ধার। বি—মুচ্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

বিমোহ—মোহ, মুগ্ধতা, জড়তা। বি—মুহ্ (মুগ্ধ হওয়া)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

বিমোহন—১। মুগ্ধকরণ। বি—ণিজন্ত মুহ্ বা মোহি (মুগ্ধ করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। মোহকর, মুগ্ধকারক। বি—মোহি+অন কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

বিমোহিত—১। মোহপ্রাপিত। বি—ণিজন্ত মুহ্ বা মোহি (মুগ্ধ করা)+ক্ত কর্ম্মবা। ২। মোহপ্রাপ্ত, বিমুগ্ধ ; মূর্চ্ছিত ; জ্ঞানশূন্য। বিমোহ শব্দ+ইত জাতার্থে। বিণ।

বিম্ব—১। চন্দ্রসূর্য্যাদির মণ্ডল ; মণ্ডল ; প্রতিফলন, প্রতিবিম্ব ; মূর্ত্তি ; জলবুদ্বুদ। বী (গমন করা, ইত্যাদি)+ব কর্তৃবা। বি;

ক্লীব বা পুং। ২। তেলাকুচা ফল। বিম্বা + অণ্ ফলার্থে। বি; ক্লীব।

বিম্বাধর—১। বিম্বসদৃশ অধর, তেলাকুচা ফলের ন্যায় রক্তিম ওষ্ঠ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। বিম্বতুল্য অধরশালী, রক্তিম ঠোঁট-বিশিষ্ট। বিম্ববৎ অধর যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

বিম্বিত—বিম্বপ্রাপ্ত; প্রতিবিম্বিত, প্রতিফলিত। বিম্ব শব্দ + ইত জাতার্থে। বিণ।

বিম্বোষ্ঠ, বিম্বৌষ্ঠ—১। রক্তবর্ণ অধরোষ্ঠ-বিশিষ্ট। বিম্বের (তেলাকুচার) ন্যায় ওষ্ঠ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্ঠা,—ষ্ঠী। ২। বিম্বসদৃশ ঠোঁট। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বিয়ৎ—গগন, আকাশ। বি—যম্ + ক্বিপ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

বিয়ন্ত—সন্তান প্রসব করিতেছে এরূপ; নবপ্রসূতা। প্রাদে। বিণ। [বি।

বিয়া, বিয়ে—বিবাহ। 'বিবাহ' শব্দজ।

বিয়াকুল—ব্যাকুল। প্রাঃ কবিপ্র। বিণ।

বিয়াজ—ব্যাজ, সুদ। প্রাঃ কবিপ্র। বি।

বিয়ান—১। বৈবাহিকপত্নী। প্রাদে। বি; স্ত্রী। ২। বিহান, প্রভাত, সকাল। হিন্দীমূলক। বি। ৩। সন্তান প্রসব করা। বাং ক্রি।

বিয়াল্লিশ—দ্বাচত্বারিংশৎ, ৪২। 'দ্বিচত্বারিংশৎ' শব্দজ। বি বা বিণ।

বিযুক্ত, বিযুত—বিশ্লিষ্ট; বিচ্ছিন্ন; বিরহিত; ত্যক্ত। বি—যুজ্ বা যু (যোগ করা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ক্তা,—তা।

বিয়ে—বিয়া দ্রঃ।

বিয়ে-থাওয়া, বে-থা—বিবাহ ইত্যাদি। বিয়ে, বে ও থাওয়া, থা (অর্থশূন্য সহজ শব্দ), দ্বন্দ্ব। বি।

বিয়েন—প্রসব। প্রাদে। বি।

বিয়োগ—বিশ্লেষ; বিচ্ছেদ; বিরহ; (গণিতে) রাশির ব্যবকলন, জমাখরচ। বি—যুজ্ (যোগ করা) + ঘঞ্ ভাববা। বি; পুং।

বিয়োগকাতর,—বিধুর—বিচ্ছেদে সাতিশয় কাতর, বিরহে ব্যাকুল। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—কাতরা,—বিধুরা।

বিয়োগান্ত, বিয়োগান্তক—নায়ক-নায়িকার বিচ্ছেদ বা মৃত্যুতে যাহার পরিসমাপ্তি। বিয়োগে অন্ত যাহার, বহুব্রী। বিণ।

বিয়োগী (—গিন্)—বিয়োগযুক্ত; বিরহিত, বিরহী। বিয়োগ শব্দ + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—গিনী।

বিয়োজিত—বিচ্ছেদ-প্রাপিত; বিরহিত; বিশ্লিষ্ট; ব্যবকলনকৃত। বি—ণিজন্ত যুজ্ যোজি (যোগ করান) + ক্ত কর্ম্মবা। বিণ।

বিযোড়—অযুগ্ম। বি (নয়) যোড়, প্রাদিতৎ। বিণ।

বিরক্ত—বৈরাগ্যযুক্ত; উদাসীন; নিঃস্পৃহ; বিরত; অননুরক্ত, অসন্তুষ্ট। বি—রন্জ্ (অনুরক্ত হওয়া) + ক্ত কর্ত্তৃবা। বিণ।

বিরক্তি—বৈরাগ্য; নিঃস্পৃহতা, অনিচ্ছা; অসন্তুষ্টি। বি—রন্জ্ (অনুরক্ত হওয়া) + ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিরক্তিকর, —জনক—অসন্তোষজনক, অপ্রীতিকর; বৈরাগ্যজনক। ৬ষ্ঠতৎ। বিণ।

বিরচন—নির্ম্মাণ, প্রণয়ন। বি—রচ্ + অনট্ ভাববা। বি; ক্লীব।

বিরচিত—নির্ম্মিত; প্রণীত; কৃত; বর্ণিত; গ্রথিত; ভূষিত। বি—রচ্ (রচনা করা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বিরজা—রাধার সখীবিশেষ; যযাতি রাজার জননী; নদীবিশেষ; জগন্নাথপুরী। বি—রন্জ্ + অচ্ কর্ত্তৃবা + আপ্। বি; স্ত্রী।

বিরঞ্জন—বর্ণ দূরীকরণ (Bleaching). বি—রন্জ্ + অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, বিরঞ্জিত।

বিরত—নিবৃত্ত, ক্ষান্ত; বিমুখ; উপরত; বিভ্রান্ত। বি—রম্ (রত হওয়া) + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

বিরতি—নিবৃত্তি; বিরাগ; বিশ্রাম; শান্তি। বি—রম্ + ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিরমা—বিরত হওয়া, নিরস্ত হওয়া, থামা। কবিপ্র। ক্রি।

বিরমা—১। রত করা, বিরত করা। ক্রি। ২। বল্লভ। প্রাঃ কবিপ্র। বি।

বিরল—অনিবিড়, ফাঁক ফাঁক; নির্জ্জন; শিথিল; ব্যবহিত; অল্প (Rare). বি–রা (দেওয়া)+কলন্ কর্ত্তৃবা। বিণ।

বিরল কথন—গোপনীয় কথা। ৭মীতৎ। বি; ক্লীব।

বিরস—রসহীন; বিস্বাদ; বিরক্তিকর; নিরানন্দ ('—বদন')। বি (নাই) রস যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,–সা।

বিরস্থল—জুতার চামড়ার ধার দিয়া সেলাই। বির (∠বাহির)+সুল (∠ইং Sole). বি।

বিরহ—বিচ্ছেদ; বিয়োগ; অভাব; ত্যাগ। বি–রহ্ (ত্যাগ করা)+অচ্ ভাববা। বি; পুং। [তৎ। বিণ। স্ত্রী,–রা।

বিরহবিধুর—প্রিয়জনবিচ্ছেদে ক্লিষ্ট। ৩য়া-

বিরহব্যথা—বিচ্ছেদযাতনা, বিয়োগজনিত ক্লেশ। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

বিরহিত—ত্যক্ত; বিযুক্ত; রহিত; বিহীন। বি–রহ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

বিরহী (–হিন্)—বিরহযুক্ত, বিয়োগী। বিরহ শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,–হিণী।

বিরাগ—১। বৈরাগ্য; ঔদাসীন্য; বিরক্তি, অনুরাগশূন্যতা। বি–রন্জ্ (অনুরক্ত হওয়া) +ঘঞ্ ভাববা। ২। রাগহীন। বি (নাই) রাগ যাহার, বহুব্রী। বিণ।

বিরাগভাজন—বিদ্বেষের পাত্র, বিরক্তিভাজন, অপ্রীতিপাত্র। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; ক্লীব।

বিরাগী (–গিন্)—বৈরাগ্যযুক্ত; বিবেকী। বিরাগ শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,–গিনী।

বিরাজ—১। সর্ব্বব্যাপী পুরুষ, পরমেশ্বর; ক্ষত্রিয়। বি—রাজ্ (শোভা পাওয়া)+অচ্ কর্ত্তৃবা। ২। সুন্দরভাবে অবস্থান। বি–রাজ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিরাজমান—শোভমান। বি—রাজ্ (শোভা পাওয়া)+শানচ্ কর্ত্তৃবা। বিণ।

বিরাজা—বিরাজ করা, শোভা পাওয়া, শোভমান অবস্থায় থাকা; বিদ্যমান থাকা। কবিপ্র। ক্রি।

বিরাজিত—বিশেষরূপে শোভিত; শোভনভাবে অবস্থিত। বি–রাজ্ (শোভা পাওয়া) +ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–তা।

বিরাট্ (বিরাজ্)—১। সর্ব্বব্যাপী পুরুষ, ভগবান্, জগদীশ্বর; ক্ষত্রিয়। বি–রাজ্+ক্বিপ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। প্রকাণ্ড, বিপুল, মহৎ, মহনীয়। দেশজ প্রঃ। বিণ।

বিরাট—১। দেশবিশেষ, মৎস্যদেশ, উত্তরবঙ্গ। বি–রট্ (বলা)+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং। ২। তদ্দেশের জনৈক নৃপ। বিরাটরাজের আশ্রয়ে দ্রৌপদীসহ পাণ্ডবগণ অজ্ঞাতবাসের এক বৎসর যাপন করেন।

বিরানই, বিরানব্বই—দ্বিনবতি, দুই অধিক নব্বই, ৯২। 'দ্বিনবতি' শব্দজ। বি বা বিণ।

বিরানা—জনমানবহীন বা ধ্বংসপ্রাপ্ত স্থান। ফার্সী। প্রাঃ কবিপ্র। বি।

বিরাব—রব, শব্দ। বি–রু+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিরাবী (–বিন্)—নাদী, শব্দকারী। বিরাব শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,–বিণী।

বিরাম—বিরতি; বিশ্রাম; বৈরাগ্য; অবসান; উপরম; শেষ; (ব্যাকরণে) পরবর্ণের অভাব; (সঙ্গীতে) পূর্ব্বোক্ত মাত্রার অর্দ্ধেক। বি–রম্ (রত হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিরাশি,–শী—দ্ব্যশীতি, ৮২। 'দ্ব্যশীতি' শব্দজ। বি বা বিণ।

বিরিখ—বৃক্ষ। প্রাঃ কবিপ্র। বি।

বিরিঞ্চ, বিরিঞ্চি—ব্রহ্মা; বিষ্ণু; মহাদেব। বি–রচ্ (রচনা করা)+অচ্, ইন্ কর্ত্তৃবা, নিপাতনে। বি; পুং।

বিরুদ্ধ—বিপরীত; প্রতিকূল; প্রতিকার্য্য;

বিশ্লিষ্ট ; সম্যক্ বদ্ধ। বি—রুধ্ (রোধ করা) +ক্ত, কর্ম্মবা। বিণ।

বিরুদ্ধাচরণ—বিপক্ষতাচরণ ; বিপরীত কার্য্যকরণ। বিরুদ্ধ যে আচরণ, কর্ম্মধা। বি ; ক্লীব।

বিরুদ্ধাচারী (–চারিন্)—শত্রুতাচরণকারী ; বিপরীত কার্য্যকারী। বিরুদ্ধ—আ—চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

বিরুদ্ধে—বিপক্ষে, প্রতিকূলে। বাং প্রঃ। ক্রি-বিণ।

বিরূপ—কুরূপ, কুৎসিত ; বিরোধী ; বিরক্ত। বি (নিন্দিত) হইয়াছে রূপ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—পা।

বিরূপাক্ষ—১। ত্রিলোচন, শিব ; পাতালের দিক্‌হস্তী, পাতালদেশে থাকিয়া পৃথিবী ধারণকারী। বি ; পুং। ২। কুৎসিত চক্ষুবিশিষ্ট। বিরূপ (কুৎসিত) অক্ষি (চক্ষুঃ) যাহার, বহুব্রী+ষচ্ সমাসান্ত। বিণ। স্ত্রী,—ক্ষী।

বিরেক—মলনিঃসরণ ; উদরভঙ্গ। বি—রিচ্ (ত্যাগ করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

বিরেচক—মলনিঃসারক, ভেদকারক, জোলাপ। বি—রিচ্ (ত্যাগ করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—চিকা।

বিরেচন—বিরেক, মলনিঃসরণ, ভেদ, দাস্ত। বি—রিচ্ (ত্যাগ করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

বিরোচন—চন্দ্র ; সূর্য্য ; অগ্নি ; জনৈক দৈত্য, প্রহ্লাদের পুত্র ও বলিরাজার পিতা। বি—রুচ্ (দীপ্তি পাওয়া)+অন কর্ত্তৃবা। বি ; পুং।

বিরোধ—বৈর, শত্রুতা ; বৈপরীত্য ; বিবাদ ; যুদ্ধ ; অবরোধ ; অর্থালঙ্কারবিশেষ। বি—রুধ্ (রোধ করা)+অল্ ভাববা। বি ; পুং।

বিরোধা—বিরোধ করা ; রোধ করা, বাধা দেওয়া ; আটকান। কবিপ্র। ক্রি।

বিরোধী (–ধিন্)—বিরুদ্ধ ; অসম্মত ; প্রতিকূল ; রিপু। বি—রুধ্ (রোধ করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ধিনী। বি,—ধিতা।

বিরোধোক্তি—বিপ্রলাপ ; কাব্যালঙ্কারবিশেষ, বিরোধ-অলঙ্কার। বিরোধ-যুক্তা যে উক্তি, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

বিল—১। গর্ত্ত ; ছিদ্র, বিবর ; গুহা। বিল্ (ভেদ করা)+ক কর্ত্তৃবা। বি ; ক্লীব। ২। জলা, জলময় নিম্ন ভূমি। দেশজ। বি। ৩। প্রাপ্য টাকার ফর্দ্দ, তালিকা। ইং Bill. বি।

বিলকুল—বেবাক, সমস্ত। আরবী। বিণ।

বিলক্ষণ—১। অসামান্য, অসাধারণ ; সমধিক ; বিভিন্ন। বি (নাই) লক্ষণ (চিহ্ন) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা। ২। খুব, ভালরকম, বেশ ('—প্রহার')। দেশজ প্রঃ। বিণ।

বিলগ্ন—সংলগ্ন, বদ্ধ ; কৃশ ; জড়িত। বি—লগ্ (লাগিয়া থাকা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

বিলপমান—বিলাপকারী, বিলাপ করিতেছে এরূপ। বি—লপ্+শানচ্ কর্ত্তৃবা। বিণ। [কবিপ্র। ক্রি।

বিলপা, বিলাপা—বিলাপ করা।

বিলম্ব, –ম্বন—ঝুলন, দোলন ; অশীঘ্রতা, দেরি। বি—লম্ব্ (লম্বিত হওয়া)+ঘঞ্, অনট্ ভাববা। বি ; পুং, ক্লীব।

বিলম্বিত—১। লম্বমান, ঝুলিতেছে এরূপ। বি—লম্ব্ (লম্বিত করা)+ক্ত কর্ম্মবা। ২। বিলম্বযুক্ত, অশীঘ্র। বিলম্ব+ইত যুক্তার্থে। বিণ।

বিলম্বী (বিলম্বিন্)—১। লম্বমান ; সংসক্ত। বি—লম্ব্ (লম্বিত হওয়া)+ণিন্ কর্ত্তৃবা। ২। দ্রুত, অশীঘ্র, চিরকারী। বিলম্ব +ইন্ যুক্তার্থে। বিণ। স্ত্রী,—ম্বিনী।

বিলয়—প্রলয় ; বিলোপ ; ধ্বংস ; বিনাশ। বি—লী (লীন হওয়া)+অচ্ ভাববা। বি ; পুং।

বিলসই—বিলাস করে ; অভিলাষ করে, চাহে। প্রাঃ কবিপ্র। ক্রি।

বিলসন, –সিত—ক্রীড়া ; লীলা ; বিলাস, স্ফুরণ। বি—লস্ (ক্রীড়া করা)+অনট্, ক্ত ভাববা। বি ; ক্লীব।

বিলসা—বিলাস করা, অভিলাষ করা, বিহার করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

বিলাই—বিড়াল। 'বিড়াল' (>বিলার >বিলাই) শব্দজ। বি।

বিলাত, বিলেত—ইংলণ্ড বা ইউরোপ; বিদেশ; বহিঃস্থান; অনাদায়, বাকি। আর্বী 'বিলায়ৎ' শব্দজ। বি।

বিলা(লে)তফেরত—যে ইউরোপে গিয়া তথা হইতে দেশে ফিরিয়াছে। এমীতৎ। বিণ। [দেশজ। বি।

বিলা(লে)তবাকী—ক্রেতার নিকট পাওনা।

বিলাতী, বিলিতী—ইউরোপে উৎপন্ন, ইউরোপীয়; বিদেশ হইতে আমদানি হইয়া এদেশে প্রচলিত। বিলাত+ঈ। বিণ।

বিলান—বিতরণ করা। বাং ক্রি।

বিলাপ—পরিদেবন, খেদোক্তি, আক্ষেপ। বি—লপ্ (বলা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিলাপী (-পিন্)—১। বিলাপকারী, আক্ষেপকারী। বি—লপ্ (বলা)+ণিন্ কর্তৃবা। ২। বিলাপযুক্ত, খেদান্বিত। বিলাপ +ইন্ যুক্তার্থে। বিণ। স্ত্রী,—পিনী।

বিলাস—ক্রীড়া; সুখভোগ; বাবুগিরি; অঙ্গ-ভঙ্গীবিশেষ ('ভ্রু—'); শৃঙ্গার-চেষ্টাবিশেষ; শোভা; আমোদপ্রমোদ; স্ফুরণ; প্রাদুর্ভাব। বি—লস্ (ক্রীড়া করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিলাসিতা—বাবুগিরি, ভোগাসক্তি। বিলা-সিন্+তা ভাবে। বি; স্ত্রী।

বিলাসিনী—১। বিলাসশালিনী; ভোগ-বতী। বি—লস্ (ক্রীড়া করা)+ণিন্ কর্তৃবা +ঈপ্। অথবা বিলাস+ইন্ যুক্তার্থে+ঈপ্। বিণ; স্ত্রী। ২। নারী; বেশ্যা। বি; স্ত্রী।

বিলাসী (-সিন্)—বিলাসশীল, সৌখিন; ভোগবান্। বি—লস্ (ক্রীড়া করা)+ণিন্ কর্তৃবা, অথবা বিলাস+ইন্ যুক্তার্থে। বিণ। স্ত্রী,—সিনী। বি,—সিতা।

বিলি—বন্দোবস্ত, খাজানা দিবার সর্ত্তে অর্পণ; শৃঙ্খলা; ভারার্পণ; বিতরণ। দেশজ। বি।

বিলি(লে)খন—খনন; আঁচড়ান। বি—লিখ্ (লেখা, আঁচড় পাড়া)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিলীন—লয়প্রাপ্ত; বিনষ্ট; অন্তর্হিত; দ্রবী-ভূত; মিশ্রিত; মগ্ন; নিবিষ্ট। বি—লী (লয় পাওয়া)+ক্ত কর্তৃবা। বিণ।

বিলীয়মান—বিলীন হইতেছে এরূপ। বি—লী+শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

বিলুপ্ত—লোপপ্রাপ্ত; বিনষ্ট; অন্তর্হিত; লুণ্ঠিত। বি—লুপ্ (লোপ পাওয়া)+ক্ত কর্তৃবা বা কর্ম্মবা। বিণ। স্ত্রী,—প্তা।

বিলেখন—বিলিখন দ্রঃ।

বিলেপ,—পন—১। লেপন, মাখান। বি—লিপ্ (লেপা)+ঘঞ্, অনট্ ভাববা। ২। লেপনদ্রব্য; চন্দনাদি। বি—লিপ্+ঘঞ্, অনট্ করণবা। বি; পুং, ক্লীব।

বিলোকন—১। দর্শন, দেখা। বি—লোক্ +অনট্ ভাববা। ২। নয়ন, চক্ষুঃ। বি—লোক্ (দেখা)+অনট্ করণবা। বি; ক্লীব।

বিলোকনীয়—দর্শনীয়, দর্শনযোগ্য। বি—লোক্ (দেখা)+অনীয় কর্ম্মবা। বিণ।

বিলোকিত—দৃষ্ট, লক্ষিত, যাহা দেখা হইয়াছে এরূপ। বি—লোক্ (দেখা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বিলোচন—১। নয়ন, চক্ষুঃ। বি—লোচ্ (দেখা)+অনট্ করণবা। ২। দর্শন, দেখা। বি—লোচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিলোড়ন—আলোড়ন, মন্থন, ঘোঁটা। বি —লুড়্ (মন্থন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিলোড়িত—আলোড়িত, মথিত। বি—ণিজন্ত লুড়্ বা লোড়ি (মন্থন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিলোপ, —পন—সম্যক্ লোপ; ধ্বংস; তিরোভাব; মৃত্যু; বিনাশ। বি—লুপ্+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

বিলোম—১। প্রতিকূল; বিপরীত। বি (বিরুদ্ধ) লোম যাহাতে বা যাহার, বহুব্রী।

বিণ। স্ত্রী,—মা। ২। জল তুলিবার যন্ত্র-বিশেষ ; সুরের অবরোহণ। বি ; ক্লীব।

বিলোমজ—নীচজাতীয় পুরুষের ঔরসে উত্তম-জাতীয়া নারীর গর্ভে জাত। বিলোম (বিপরীত)—জন্ (জন্মা)+ড কর্তৃবা। বিণ।

বিলোল—চঞ্চল ; অতিশয় লোভী। বি—লোড্ (মত্ত হওয়া)+অচ্ কর্তৃবা। বিণ।

বিল্টি—জাহাজ বোঝাই করা মালের রসিদ, চালান, ফর্দ্দ। ইং 'Billet' শব্দজ। বি।

বিল্ব—১। শ্রীফল, বেল। বি ; ক্লীব। ২। বেলগাছ। বিল্ (ফাটান)+বন্ কর্ম্মবা। বি ; পুং। [বিণ।

বিশ—কুড়ি, ২০। 'বিংশতি' শব্দজ। বি বা

বিশঙ্ক(ঙ্ক)—নিঃশঙ্ক, নির্ভয়। বি (বিগত) শঙ্কা (ভয়) যাহার, বহুব্রী। বিণ।

বিশদ—১। শুভ্র, শুক্ল ; নির্ম্মল ; সুন্দর ; স্পষ্ট ; অনুকূল ; বিবিক্তাবয়ব। বি—শদ্ (চাঁচা)+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—দা। ২। শুভ্রবর্ণ। বি ; পুং।

বিশল্য—শল্যরহিত, শেলশূন্য ; শঙ্কুহীন ; শেলব্যথাশূন্য। বি (নাই) শল্য (শেল) যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ল্যা।

বিশল্যকরণী—শেলব্যথানাশিনী ঔষধ-লতাবিশেষ, আয়াপান। বিশল্য করে যে, উপতৎ। বিশল্য—কৃ (করা)+অনট্ কর্তৃবা +ঈপ্। বি ; স্ত্রী।

বিশল্যা—১। শল্যরহিতা, শঙ্কুশূন্যা ; প্রসব-বেদনারহিতা। বহুব্রী। বিণ ; স্ত্রী। ২। গুলঞ্চলতা ; ত্রিপুট ; অজমোদা। বি ; স্ত্রী।

বিশা—১। ১৬০ তোলা পরিমাণ। প্রাদে। ২। মাসের বিংশ দিবস। বিশ+আ তারিখ অর্থে। বি।

বিশাই—বিশ্বকর্ম্মা। প্রাঃ কবিপ্র। বি।

বিশাখা—নক্ষত্রবিশেষ, ষোড়শ নক্ষত্র ; রাধিকার অষ্টসখীর অন্তর্গত সখীবিশেষ। বি—শাখ্ (ব্যাপ্ত হওয়া)+অচ্ কর্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

বিশারদ—দক্ষ ; চতুর ; পণ্ডিত ; খ্যাত ; শ্রেষ্ঠ ; বিস্তৃত ; গর্ব্বিত ; প্রগল্ভ। বিশাল শব্দ—দা (দেওয়া)+ক কর্তৃবা। বিণ।

বিশাল—বৃহৎ, বড় ; বিস্তীর্ণ ; উদার ('—হৃদয়')। বি+শালচ্ অথবা বিশ্ (প্রবেশ করা)+কালন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—লা। বি,—লতা,—লত্ব।

বিশালা—অবন্তী, উজ্জয়িনী নগরী ; নদী-বিশেষ। বি ; স্ত্রী।

বিশালাক্ষ—১। বৃহৎ-নয়নযুক্ত। বিশাল (বৃহৎ) হইয়াছে অক্ষি (নয়ন) যাহার, বহুব্রী+ষচ্-সমাসান্ত। বিণ। স্ত্রী,—ক্ষী। ২। শিব ; বিষ্ণু ; গরুড়। বি ; পুং।

বিশালাক্ষী—১। বৃহৎ-নয়নযুক্তা। বিণ ; স্ত্রী। ২। দুর্গা। বিশালাক্ষ+ঈপ্। বি ; স্ত্রী।

বিশিখ—১। শিখাবিহীন। বি (নাই) শিখা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—খা। ২। শর, বাণ ; তোমরাস্ত্র ; শরগাছ। বি (বিশিষ্ট) শিখা যাহার, বহুব্রী। বি ; পুং।

বিশিষ্ট—বিচক্ষণ ; অতিশয় ; যুক্ত ; শিষ্ট, ভিন্ন ; খ্যাত ('—ধনী') ; প্রসিদ্ধ। বি—শিষ্ (বিশেষ করা, অতিশয় করা)+ক্ত কর্তৃবা অথবা বি—শাস্ (শাসন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্টা।

বিশীর্ণ—শুষ্ক ; জীর্ণ ; কৃশ ; বিশ্লিষ্ট। বি—শৃ (বধ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিশীর্য্য(র্য)মাণ—যাহা শুষ্ক বা কৃশ হইতেছে এরূপ। বি—শৃ (বধ করা)+শানচ্ কর্তৃবা। বিণ।

বিশুদ্ধ—নির্ম্মল ; পবিত্র ; খাঁটি ('—গোদুগ্ধ') ; নির্দ্দোষ। বি (বিশিষ্টরূপ) শুদ্ধ, প্রাদিতৎ। বিণ।

বিশুদ্ধাত্মা (—ত্মন্)—পবিত্রচেতাঃ, নির্ম্মল-চিত্ত, অকপট-হৃদয়। বিশুদ্ধ হইয়াছে আত্মা (আত্মন্) যাহার, বহুব্রী। বিণ।

বিশুদ্ধি—শোধন ; নির্ম্মলতা ; পবিত্রতা ; নির্দ্দোষতা। বি—শুধ্ (শোধন করা)+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

বিশুষ্ক—বিশীর্ণ ; নীরস ; ম্লান। বি (বিশিষ্ট-রূপ) শুষ্ক, প্রাদিতৎ। বিণ।

বিশৃঙ্খল—শৃঙ্খলারহিত, গোলমেলে ; অ-নিয়মিত ; অবাধ্য ; উচ্ছৃঙ্খল ; দুর্দ্দান্ত। বি (নাই) শৃঙ্খলা যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ।

বিশৃঙ্খলা—শৃঙ্খলারাহিত্য, গোলমেলে বা এলোমেলো ভাব, গোলযোগ ; নিয়মাভাব, অনিয়ম। বিনষ্টা শৃঙ্খলা, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

বিশেষ—১। প্রভেদ ; প্রকার ('পশু—') ; দ্রষ্টব্য দ্রব্য ; অবয়ব ; নিয়ম ; বৈলক্ষণ্য ; সার ; বৈচিত্র্য ; তারতম্য ('ইতর—') ; আধিক্য ; প্রকর্ষ ; তিলক ; কণাদদর্শনে কথিত পদার্থ-বিশেষ ; কাব্যালঙ্কারবিশেষ। বি—শিষ্ (বিশেষ করা) + ঘঞ্ ভাববা। বি ; পুং। ২। উৎকৃষ্ট ; প্রকৃষ্ট ; অসাধারণ ; অধিক ; ভিন্ন। বি—শিষ্ + অচ্ কর্তৃবা। বিণ।

বিশেষক—১। প্রভেদকারক ; যাহা বিশে-ষিত করে। বি—ণিজন্ত শিষ্ বা শেষি (বিশেষ করান) + ণক কর্তৃবা। বিণ। ২। একসঙ্গে অন্বিত শ্লোকত্রয়। বি ; ক্লীব।

বিশেষজ্ঞ—বিশেষ জ্ঞানী, কোনও বিষয়ে উত্তমরূপ অভিজ্ঞ (Specialist) ; যে বিশেষ কথা জানে। বিশেষ শব্দ—জ্ঞা (জানা) + ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

বিশেষণ—১। অতিশয়করণ। বি—শিষ্ (অতিশয় করা) + অনট্ ভাববা। ২। প্রভেদ-কারক গুণক্রিয়াদি ; বিশেষ্যের ধর্ম্ম ; চিহ্ন। বি—শিষ্ (বিশেষ করা) + অনট্ করণবা। বি ; ক্লীব। ৩। (ব্যাকরণে) যে পদ অন্য পদকে বিশেষ করিয়া দেয়, অর্থাৎ যে পদ দ্বারা অন্য কোন পদের গুণ বা অবস্থা প্রকাশিত হয়।

বিশেষতঃ (—তস্), —ষত—বিশেষ-রূপে ; অধিকন্তু ; আরও ; প্রধানতঃ। বিশেষ শব্দ + তস্। অব্য।

বিশেষত্ব—বৈশিষ্ট্য, বিশেষগুণ (Special-ity) ; অসাধারণত্ব। বিশেষ + ত্ব। বি ; ক্লীব।

বিশেষিত—পৃথক্‌কৃত ; বিশেষণ দ্বারা নির্ণীত। বি—শিষ্ + ণিচ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বিশেষোক্তি—কাব্যালঙ্কারবিশেষ [কারণ সত্ত্বেও কার্য্যের অভাবে এই অলঙ্কার হয়]। ৬য়াতৎ। বি ; স্ত্রী।

বিশেষ্য—১। ধর্ম্মী, বস্তু বা ব্যক্তিবোধক ; অবচ্ছেদ্য ; গুণাদি দ্বারা প্রভেদ্য। বি—শিষ্ (বিশেষ করা) + ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ষ্যা। ২। (ব্যাকরণে) যাহাকে বিশেষ করা যায় তাহাই বিশেষ্য, অর্থাৎ পদার্থের নামমাত্র বিশেষ্য।

বিশোধক—বিশুদ্ধিকারক। বি—ণিজন্ত শুধ্ = শোধি (শুদ্ধ করা) + ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—ধিকা।

বিশোধন—বিশুদ্ধকরণ। বি—ণিজন্ত শুধ্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

বিশোধনীয়, বিশোধ্য—বিশোধন-যোগ্য। বি—ণিজন্ত শুধ্ + অনীয়, যৎ কর্ম্মবা। বিণ।

বিশোধিত—নির্ম্মলীকৃত ; পবিত্রীকৃত। বি—ণিজন্ত শুধ্ = শোধি (শুদ্ধ করা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বিশোয়াস, বিশোয়াসা—বিশ্বাস, প্রত্যয় ; ভরসা। প্রাঃ কবিপ্র। বি।

বিশোষণ—সম্যক্ শোষণ, নীরসকরণ। বি—ণিজন্ত শুষ্ = শোষি (শুষ্ক করা) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

বিশ্ব—১। জগৎ, ব্রহ্মাণ্ড। বিশ্ (প্রবেশ করা) + ক্বন্ অধিবা। বি ; ক্লীব। ২। গণ-দেবতাবিশেষ—বসু, সত্য, ক্রতু, দক্ষ, কাল, কাম, ধৃতি, কুরু, পুরূরবাঃ, মাদ্রব এই ১০। বি ; পুং। ৩। সমস্ত ; সর্ব্বজনীন (Uni-versal) ('—প্রেম')। বিশেষণীয় সর্ব্বনাম ; ত্রি।

বিশ্বকর্ম্মা(র্মা) (—কর্ম্মন্)—ঈশ্বর ; সূর্য্য ; জনৈক মুনি ; দেবশিল্পী। বিশ্ব হইয়াছে কর্ম্ম যাহার, বহুব্রী। বি ; পুং।

বিশ্বকোষ—বিশ্বের সকল বিষয়ের বিবরণ-যুক্ত অভিধান (Encyclopaedia). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিশ্বজনীন—সর্ব্বলোকের হিতকর; সর্ব্ব-লোক-সংক্রান্ত। বিশ্ব (সমস্ত) যে জন সে বিশ্বজন, কর্ম্মধা; বিশ্বজন শব্দ+ঈন হিতার্থে। বিণ; ত্রি।

বিশ্বজিৎ—সর্ব্বস্বদক্ষিণ যজ্ঞবিশেষ অর্থাৎ এই যজ্ঞে দক্ষিণাস্বরূপ সর্ব্বস্ব দান করিতে হয়; জগজ্জয়ী। বিশ্ব—জি (জয়) করা+কিপ্ কর্ত্তৃবা। বি; পুং।

বিশ্বদূত—যারা বিশ্বে সংবাদদানকারী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিশ্বদেব—অগ্নি; গণদেবতাবিশেষ। ৬ষ্ঠীতৎ বি; পুং।

বিশ্বধাত্রী—বিশ্বজননী, জগদ্ধাত্রী; পৃথিবী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিশ্বনাথ—বিশ্বেশ্বর, জগৎপতি, জগদীশ্বর, কাশীর শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিশ্বনিন্দক, বিশ্বনিন্দুক—জগতের নিন্দাকারী, যে সকলেরই নিন্দা করে। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ন্দিকা, —ন্দুকী।

বিশ্বপা—জগদ্ধাতা; চন্দ্র; সূর্য্য; অগ্নি। বিশ্ব শব্দ—পা (পালন করা)+কিপ্ কর্ত্তৃবা। বি; পুং।

বিশ্বপ্রেম (—প্রেমন্)—সর্ব্বব্যাপী প্রেম, জগতের মানব হইতে কীটপতঙ্গাদিক পর্য্যন্ত ভালবাসা। বিশ্বব্যাপী যে প্রেম, মধ্যপ কর্ম্মধা, অথবা বিশ্বের প্রতি প্রেম, ৭মীতৎ। বি; ক্লীব। বিণ,—প্রেমিক।

বিশ্ববঞ্চক—সাতিশয় প্রতারক, যে সকলকে প্রতারণা করে। ৬ষ্ঠীতৎ। বিণ।

বিশ্ববিখ্যাত—সারা জগতে প্রসিদ্ধ। ৭মী-তৎ। বিণ।

বিশ্ববিদ্যালয়—সর্ব্বপ্রকার বিদ্যার আলোচনাস্থল (University). বিশ্ব (সকল) যে বিদ্যা সে বিশ্ববিদ্যা, কর্ম্মধা; তাহার আলয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিশ্ববিধাতা (—ধাতৃ)—ব্রহ্মাণ্ডের সৃষ্টি-কর্ত্তা, পরমেশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিশ্ববিমোহী (—হিন্)—জগৎমুগ্ধকারী, সকলের মোহকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—হিনী।

বিশ্ববিশ্রুত—জগদ্বিখ্যাত। ৭মীতৎ। বিণ।

বিশ্ববেদাঃ (—বেদস্)—সর্ব্বজ্ঞ মুনি; দেবতা। বিশ্ব শব্দ (সমস্ত)—বিদ্ (জানা) +অস্ কর্ত্তৃবা। বি; পুং।

বিশ্বব্যাপী (—ব্যাপিন্)—সর্ব্বত্র বিসরণ-শীল, সর্ব্বত্র বিদ্যমান। বিশ্ব—বি—আপ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিনী।

বিশ্বব্রহ্মাণ্ড—সমগ্র ভুবন, নিখিল জগৎ। বিশ্ব (সমগ্র) যে ব্রহ্মাণ্ড, কর্ম্মধা। বি; পুং।

বিশ্বম্ভর—১। বিষ্ণু; ইন্দ্র; চৈতন্যদেবের একটি নাম। বি; পুং। ২। বিশ্বের ভরণকর্ত্তা বা ধারণকর্ত্তা। বিশ্ব শব্দ—ভৃ (ভরণ করা)+খ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রা।

বিশ্বম্ভরা—১। পৃথিবী। বি; স্ত্রী। ২। জগতের ভরণকারিণী। বিশ্বম্ভর+আপ। বিণ; স্ত্রী।

বিশ্বরূপ—১। পরমেশ্বর। বিশ্বই হইয়াছে রূপ যাঁহার, বহুব্রী। বি; পুং। ২। ঈশ্বরের অনন্তরূপ। কর্ম্মধা। বি; ক্লীব।

বিশ্বশ্রবাঃ (—শ্রবস্)—জনৈক মুনি। বিশ্বব্যাপী শ্রবঃ (প্রসিদ্ধি) যাঁহার, বহুব্রী। বি; পুং।

বিশ্বসংসার—সমগ্র সংসার, সকল জগৎ। কর্ম্মধা। বি; পুং।

বিশ্বসংহারক—জগতের নাশকারী, শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিশ্বসিত—১। বিশ্বাসের পাত্রীভূত; বিশ্বাসী। বি—শ্বস্ (বিশ্বাস করা)+ক্ত অধিবা। ২। বিশ্বাসকারী। বি—শ্বস্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

বিশ্বস্ত—১। বিশ্বাসের পাত্রীভূত, বিশ্বাসী। বি—শ্বস্+ক্ত অধিবা। ২। বিশ্বাসকারী। বি—শ্বস্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—স্তা।

বিশ্বস্তসূত্রে—বিশ্বাসযোগ্য পাত্র হইতে। বহুব্রী। ক্রি-বিণ।

বিশ্বস্রষ্টা (-স্রষ্টৃ)—জগতের সৃষ্টিকর্তা, ব্রহ্মা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিশ্বামিত্র—জনৈক মুনি, গাধিরাজের পুত্র। ইনি ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ করিয়াও তপোবলে ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন। বিশ্ব মিত্র যাঁহার, বহুব্রী; কিংবা বিশ্বের মিত্র, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিশ্বাস—প্রত্যয়; শ্রদ্ধা; বিশ্রম্ভ; আস্থা ('তাহার উপর—নাই')। বি—শ্বস্ (বিশ্বাস করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিশ্বাসঘাতক—বিশ্বাসহন্তা, প্রত্যয়নাশক, অবিশ্বাসী; প্রতারক; বেইমান। ৬ষ্ঠীতৎ। বিণ। বি,—কতা।

বিশ্বাসভাজন—প্রত্যয়ভাজন, বিশ্বাসের পাত্র। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; ক্লীব।

বিশ্বাসহন্তা (-হন্তৃ)—বিশ্বাসঘাতক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ন্ত্রী।

বিশ্বাসী (-সিন্)—বিশ্বস্ত, বিশ্বাসের পাত্রীভূত; আস্থাবান্; বিশ্বাসকারী। বিশ্বাস +ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—সিনী।

বিশ্বাস্য—বিশ্বাসযোগ্য। বি—শ্বস্ (বিশ্বাস করা)+ণ্যৎ অর্থবা। বিণ।

বিশ্বেশ্বর—ব্রহ্মাণ্ডপতি; বিশ্বনাথ; শিব; বারাণসীস্থ শিবলিঙ্গ। বিশ্বের ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিশ্রব্ধ, বিস্রব্ধ—বিশ্বস্ত; নিঃশঙ্ক; অধিক; শান্ত; ধীর; গাঢ়। বি—শ্রন্ভ্ বা স্রন্ভ্ (বিশ্বাস করা)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ব্ধা।

বিশ্রম্ভ, বিস্রম্ভ—বিশ্বাস; প্রণয়; স্বচ্ছন্দ-বিহার; কেলি-কলহ; বধ। বি—শ্রন্ভ্ বা স্রন্ভ্ (বিশ্বাস করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিশ্র(স্র)ম্ভালাপ—প্রণয়পূর্ণ কথোপকথন, বিশ্বস্ত আলাপ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বিশ্রান্ত—শ্রমযুক্ত, ক্লান্ত; বিগতশ্রম, যে জিরাইয়াছে এরূপ; নিবৃত্ত, ক্ষান্ত। বি—শ্রম্ (খিন্ন হওয়া)+ক্ত কর্তৃবা। বিণ।

বিশ্রান্তি—বিশ্রাম, বিরাম; নিবৃত্তি। বি—শ্রম্ (খিন্ন হওয়া)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিশ্রাম—বিরাম, নিবৃত্তি; শ্রমাপনোদন, জিরন। বি—শ্রম্ (খিন্ন হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিশ্রী—শ্রীহীন, শ্রীভ্রষ্ট; কুৎসিত; অত্যন্ত অপ্রিয়, দৃশ্য ('—কাণ্ড')। বি (নাই) শ্রী যাহার, বহুব্রী। বিণ।

বিশ্রুত—বিখ্যাত, প্রসিদ্ধ; জ্ঞাত; ধ্বনিত। বি—শ্রু (শুনা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিশ্রুতি—খ্যাতি, প্রসিদ্ধি; স্রোতঃ। বি—শ্রু (শুনা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিশ্লিষ্ট—বিযুক্ত; শিথিল; বিচ্ছিন্ন; বিমুক্ত; বিকসিত। বি—শ্লিষ্ (আলিঙ্গন করা ইত্যাদি)+ক্ত কর্তৃবা। বিণ।

বিশ্লেষ—বিয়োগ; বিচ্ছেদ; শৈথিল্য; বিকাশ। বি—শ্লিষ্ (আলিঙ্গন করা ইত্যাদি)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিশ্লেষণ—১। বিমুক্ত বা বিচ্ছিন্ন করণ পৃথক্ করণ, উপাদান নির্ণয় (Analysis) বি—শ্লিষ্+অনট্ ভাববা। বি; ক্লীব। ২ বিস্তারিত ভাবে কথন। দেশজ প্রঃ। বি।

বিশ্লেষিত—পৃথক্কৃত; বিয়োজিত বিকাশিত। বি—ণিজন্ত শ্লিষ্ (=শ্লেষি)+ক্ত কর্ম্মবা; কিংবা বিশ্লেষ শব্দ+ইত যুক্তার্থে বিণ; ত্রি।

বিষ—১। কালকূট, গরল। বি; ক্লী বা পুং। ২। জল; মৃণাল। বিষ্ (ব্যা হওয়া)+ক কর্তৃবা। বি; ক্লীব। [পুং

বিষকুম্ভ—বিষপূর্ণ কলসী। মধ্যপ কর্ম্মধা। বি

বিষকোষ—বিষের থলি, গরলের আধার ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব।

বিষক্রিয়া—দেহে বিষ সংক্রমণ জন্য বিক বা স্বাস্থ্যহানিকর ব্যাপার, দেহে বিে প্রভাব। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিষঘ্ন—বিষনাশক। বিষ—হন্ (বধ করা) +টক কর্তৃবা। বিণ। স্ত্রী,—ঘ্নী।

বিষণ—বিষসঞ্চার (Poisoning). দেশজ প্রঃ। বি।

বিষণ্ণ—ম্লান; বিষাদযুক্ত, খিন্ন। বি—সদ্ (অবসন্ন হওয়া)+ক্ত কর্তৃবা। বিণ।

বিষদ—১। বিষদানকারী। বিষ দেয় যে, উপপদ। বিষ—দা (দেওয়া)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—দা। ২। সুস্পষ্ট, প্রাঞ্জল; শ্বেতবর্ণ। বি—সদ্+অচ্ কর্তৃবা। বিণ।

বিষদন্ত—১। বিষদাঁত। বিষপূর্ণ যে দন্ত, মধ্যপ কর্ম্মধা। ২। সর্প। বিষ আছে দন্তে যাহার, বহুব্রী। বি; পুং।

বিষদিগ্ধ—বিষলিপ্ত, বিষমাখান। ৩য়াতৎ। বিণ। [স্ত্রী,—গ্ধা।

বিষদুষ্ট—বিষাক্ত। ৩য়াতৎ। বিণ।

বিষদৃষ্টি—বিষের ন্যায় জ্বালাময় দৃষ্টি, হিংসাপূর্ণ দৃষ্টি; অত্যন্ত বিদ্বেষ। বিষবৎ যে দৃষ্টি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

বিষধর—১। বিষযুক্ত, সবিষ। বিণ। ২। ফণী, সর্প। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিষফোড়া—বিস্ফোটক, বিষম যন্ত্রণাদায়ক ফোড়া। 'বিস্ফোটক' শব্দজ। বি।

বিষবৎ—বিষের মত। বিষ+বতিচ্ তুল্যার্থে। অব্য।

বিষবিদ্যা—বিষ-চিকিৎসা, বিষঘ্ন মন্ত্র। বিষ বিষয়িণী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

বিষবৃক্ষ—বিষাক্ত ফলের গাছ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং। [পুং।

বিষবৈদ্য—বিষচিকিৎসক। ৬ষ্ঠীতৎ। বি;

বিষম—১। অসমান; উন্নতাবনত; উঁচু-নীচু; অযুগ্ম; বিষতুল্য; দুর্গম; দুর্বোধ ('—সমস্যা'); দুঃসহ; দুর্গ্রাহ্য; দারুণ; বিপজ্জনক, সঙ্কট। বিণ। স্ত্রী,—মা। ২। অযুগ্ম রাশি, যেমন মেষ মিথুন সিংহ ইত্যাদি। বি; পুং। ৩। পদ্যবিশেষ; অর্থালঙ্কার-বিশেষ। বিগত সম যাহার বা যাহা হইতে, বহুব্রী। বি; ক্লীব। ৪। শ্বাসনালীতে খাদ্য-পানীয়াদি প্রবেশ জন্য হিক্কা বা দম আটকান। দেশজ প্রঃ। বি।

বিষমচ্ছদ—সপ্তচ্ছদ, সপ্তপর্ণবৃক্ষ, ছাতিম-গাছ। বিষম (অযুগ্ম) হইয়াছে ছদ (পত্র) যাহার, বহুব্রী। বি; পুং।

বিষমজ্বর—কঠিন অবিরাম জ্বর, বহুদিন স্থায়ী জ্বরবিশেষ। কর্ম্মধা। বি; পুং।

বিষমবাহু—যে সমতল ক্ষেত্রের বাহুগুলি পরস্পরের সমান নয়। বহুব্রী। বিণ।

বিষময়—বিষপূর্ণ, গরলভরা। বিষ+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী,—য়ী।

বিষমরাশি—১ ৩ ৫ প্রভৃতি অযুগ্ম রাশি। কর্ম্মধা। বি; পুং।

বিষমশর, বিষমায়ুধ, বিষমেষু—পঞ্চ-বাণ, কন্দর্প। বিষম (অযুগ্ম) শর, আয়ুধ, ইষু (বাণ) যাহার, বহুব্রী। বি; পুং।

বিষয়—ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু, রূপ রস গন্ধ স্পর্শ শব্দ প্রভৃতি ভোগ্য বস্তু; বিত্ত, ধন, সম্পত্তি; পাত্র; স্থান; দেশ; জ্ঞেয় বস্তু; বর্ণনীয় পদার্থ; সম্বন্ধ, সংক্রান্ত ব্যাপার। বি—সি (বন্ধন করা)+অচ্ কর্তৃবা, যাহা সকলকে মোহ-পাশে বন্ধন করে। বি; পুং।

বিষয়ক—(অন্য পদের পরে) সংক্রান্ত, সম্বন্ধীয়। বিণ। স্ত্রী,—য়িকা।

বিষয়কর্ম্ম (র্ম্ম) (—কর্ম্মন্)—বাণিজ্যাদি কার্য্য, বৈষয়িক কাজ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বিষয়তৃষ্ণা, —বাসনা—ভোগ্য বস্তুর লালসা, সাংসারিক সুখভোগেচ্ছা; ধন-লাভেচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিষয়-বাসনা—ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুর ভোগাভি-লাষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিষয়বুদ্ধি—সাংসারিক হিতাহিত জ্ঞান, অর্থাদির উপার্জন বা রক্ষণ-কার্য্যে দক্ষ ধীশক্তি। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

বিষয়ভোগ—শব্দাদি ভোগ্য বস্তুর উপ-ভোগ; সম্পত্তি ভোগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বিষয়াসক্ত—বিষয়ভোগে অনুরক্ত, শব্দ-

স্পর্শাদি ভোগ্য বস্তুর প্রতি একান্ত রত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ক্তা। বি,—সক্তি।

বিষয়াসক্তি—বিষয়ানুরাগ, শব্দাদি ভোগ্য বস্তুর উপভোগে স্পৃহা। ৭মীতৎ। বি; স্ত্রী।

বিষয়ী (—য়িন্)—১। বিষয়-যুক্ত; ঐশ্বর্য্যশালী, সম্পন্ন; সাংসারিক ব্যাপারে রত; বিষয়াসক্ত। বিণ। স্ত্রী,—য়িণী। ২। রাজা; ধনী, সম্পন্ন ব্যক্তি; কন্দর্প; আত্মা (দর্শনে)। বিষয় শব্দ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

বিষযোগ—জ্যোতিষোক্ত যোগবিশেষ। একদিনে নক্ষত্রামৃত ও সিদ্ধিযোগ হইলে, মধু ও ঘৃতের সংযোগের ন্যায় তাহা বিষযোগ হয়। বিষতুল্য যোগ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বিষহর—বিষঘ্ন, গরলনাশক। বিষ হরণ করে যে, উপতৎ। বিষ—হৃ (হরণ করা)+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রা।

বিষহরী—মনসাদেবী। বিষহর+ঈপ্ (গৌরাদি)। বি; স্ত্রী।

বিষাক্ত—বিষলেপিত, গরলমিশ্রিত। বিষ দ্বারা অক্ত, ৩য়াতৎ। বিণ।

বিষাণ—পশুর শৃঙ্গ; শূকরদন্ত; গজদন্ত। বিষ (ব্যাপা)+কান কর্ত্তৃবা। বি; ক্লীব।

বিষাদ—ইষ্টনাশজনিত মনোভঙ্গ; খেদ; দুঃখ; অনুৎসাহ; স্ফূর্ত্তিহীনতা; জড়তা। বি—সদ্ (অবসন্ন হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং। [বিণ। স্ত্রী,—ণ্ণী।

বিষাদময়—দুঃখপূর্ণ। বিষাদ+ময়ট্ পূর্ণার্থে।

বিষাদিত—বিষাদযুক্ত, দুঃখিত, স্ফূর্ত্তিশূন্য। বিষাদ+ইত জাতার্থে। বিণ।

বিষাদী (—দিন্)—বিষাদযুক্ত, অপ্রফুল্ল, দুঃখিত, খিন্ন। বিষাদ্+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী,—দিনী।

বিষান—বিষযুক্ত হওয়া; বিষ ক্রিয়া করা; টাটান। বাং ক্রি।

বিষান্তক—বিষঘ্ন, গরলনাশক। বিষের অন্তক (নাশক), ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ন্তিকা। [বিণ।

বিষিত—বিষযুক্ত; বিষাক্ত। বিষ+ইত।

বিষুব—সম-রাত্রিন্দিব-কাল (Equinox), যে সময় দিবামান ও রাত্রিমান সমান হয় (প্রায় ২১শে মার্চ্চ ও ২৩শে সেপ্টেম্বর); সূর্য্যের মেষ ও তুলা সংক্রান্তি (Vernal and Autumnal Equinox). বিষু (সাম্য)—বা (গমন করা)+ক কর্ত্তৃবা। বি; ক্লীব।

বিষুববৃত্ত—নিরক্ষবৃত্তের সমান্তরাল আকাশস্থ কাল্পনিক বৃত্ত (Equinoctial). বি; ক্লীব।

বিষুব-রেখা—নিরক্ষ-রেখা, উত্তর ও দক্ষিণ মেরু হইতে সমদূরবর্ত্তী যে কল্পিত গোলাকার রেখা পূর্ব্ব পশ্চিমে ভূগোলককে বেষ্টন করিয়া আছে (Equator). বিষুবসূচিকা রেখা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

বিষুবলম্ব—ক্রান্তি, বিষুববৃত্ত হইতে গ্রহ-নক্ষত্রাদির কৌণিক অন্তর (Declination). বি; পুং।

বিষুব-সংক্রান্তি—চৈত্রমাসের শেষ দিন। বিষুবযুক্তা সংক্রান্তি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

বিষ্কম্ভ, বিষ্কুম্ভ—যোগবিশেষ, প্রথম যোগ; কীলক, অগল, হুড়কা; প্রতিবন্ধ; নাট্যাঙ্গবিশেষ। বি—স্কন্ভ্ বা স্কুন্ভ্ (রোধ করা)+ঘঞ্ করণবা। বি; পুং।

বিষ্কম্ভক—নাট্যাঙ্গবিশেষ, নাটকীয় ইতিবৃত্তের নীরস অংশ, ইহা সংক্ষেপে অপ্রধান ব্যক্তির মুখ দিয়া কথিত হইয়া থাকে। বিষ্কম্ভ শব্দ+কন্। বি; পুং।

বিষ্টব্ধ—প্রতিবদ্ধ; প্রতিরুদ্ধ। বি—স্তন্ভ্ (স্তব্ধ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিষ্টম্ভ—রোধ; আক্রমণ; প্রতিবন্ধ; স্থিরীভাব; মূত্রকৃচ্ছ্র রোগ। বি—স্তন্ভ্ (স্তব্ধ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিষ্টর—১। কুশমুষ্টি; কুশাসন; আসন। বি—স্তৃ (বিস্তার করা)+অপ্ কর্ম্মবা। ২। বৃক্ষ। বি—স্তৃ+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

বিষ্টিভদ্রা—জ্যোতিষোক্ত যোগবিশেষ। বিষ্টি (বধণ, করণবিশেষ) বিষয়ে ভদ্রা, ৭মীতৎ। বি; স্ত্রী।

বিষ্ঠা—পুরীষ, মল, গু। বি—স্থা (থাকা)+ক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

বিষ্ণু—সত্ত্বগুণময় ব্যাপক দেব, নারায়ণ [ইনি সৃষ্টির পালনকর্ত্তা বলিয়া কথিত]। বিষ্ (ব্যাপা)+নুক্ কর্ত্তৃবা। বি; পুং।

বিষ্ণুদৈবত—বিষ্ণুদেবতাবিশিষ্ট, যাহার অধিষ্ঠাত্রী দেবতা বিষ্ণু। বহুব্রী। বিণ।

বিষ্ণুপদ—১। বিষ্ণুর চরণ বা পা। ৬ষ্ঠীতৎ। ২। ব্যোম, আকাশ; ক্ষীরোদ সাগর; পদ্ম। বিষ্ণুর পদ (স্থান), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বিষ্ণুপদী—গঙ্গা; সংক্রান্তি-বিশেষ। বিষ্ণুপদনির্গতা এই অর্থে বিষ্ণুপদ+ঈপ্। বি; স্ত্রী।

বিষ্ণুপ্রিয়া—কমলা, লক্ষ্মী; চৈতন্যদেবের পত্নী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বিষ্বক্সেন—বিষ্ণু। বিষক্ (চতুর্দ্দিকে) সেনা যাঁহার, বহুব্রী। বি; পুং।

বিস—মৃণাল। বি—সো+ক কর্ত্তৃবা। বি; ক্লীব।

বিসংবাদ—বঞ্চন, প্রতারণা; বৈলক্ষণ্য; মতভেদজনিত বিরোধ, বিবাদ। বি—সম্—বদ্ (বলা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বিসংবাদিত—বিতর্কিত; বিরোধিত। বি—সম্—বদ্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বিসংবাদী (—বাদিন্)—বিরুদ্ধবাদী, বিবাদী। বি—সম্—বদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ।

বিসদৃশ—অসমান; বিপরীত, বিরুদ্ধ। বি (নয়) সদৃশ বা সদৃশের বিপরীত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—শী।

বিসমিল্লাহ্—ঈশ্বরের নাম গ্রহণ, খোদাতায়ালার দোহাই; কর্ম্মারম্ভ, গোড়া। আর্বী। বি।

বিসরণ—বিস্তার, বিস্তৃতি; উৎপত্তি; প্রবাহ। বি—সৃ (সরা)+অনট্ ভাববা। বি; ক্লীব। [কবিপ্র। ক্রি।

বিসরা—পাসরা, বিস্মৃত হওয়া। প্রাঃ

বিসর্গ—১। ত্যাগ; বিষ্ঠাত্যাগ; বিয়োগ; দীপ্তি; দান; মোক্ষ; প্রলয়। বি—সৃজ্ (ত্যাগ করা)+ঘঞ্ ভাববা। ২। ত্যক্ত বস্তু; সূর্য্যের অয়নবিশেষ; দ্বিবিন্দুবর্ণ, ঃ। বি—সৃজ্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

বিসর্জ্জ(র্জ)ন—প্রেরণ; ত্যাগ; প্রতিমা জলে ফেলা; দান। বি—সৃজ্ (ত্যাগ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিসর্জ্জ(র্জ)নীয়—১। পরিত্যাজ্য। বি—সৃজ্ (ত্যাগ করা)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া। ২। বিসর্গ, ঃ। বি; পুং।

বিসর্জ্জি(র্জি)ত—যাহা বিসর্জ্জন করা হইয়াছে; প্রেরিত; ত্যাজিত। বি—ণিজন্ত সৃজ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বিসর্প—চর্ম্মরোগবিশেষ (Erysipelas). বি—সৃপ্+অচ কর্ত্তৃবা। বি; পুং।

বিসর্প, বিসর্পণ—প্রসরণ, ব্যাপন; স্ফোটকাদির উৎসেক। বি—সৃপ্ (গমন করা) +ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং ও ক্লীব।

বিসর্পী (বিসর্পিন্)—বিসরণশীল। বি—সৃপ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্পিণী।

বিসারিত—বিস্তারিত; প্রবাহিত। বি—ণিজন্ত সৃ=সারি (সরান)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিসারী(—রিন্)—বিসরণশীল। বি—সৃ (সরা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—রিণী।

বিসূচিকা—ভেদবমন রোগ, ওলাউঠা। বি—সূচি+ণক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

বিসৃত—ব্যাপ্ত। বি—সৃ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

বিসৃষ্ট—নিক্ষিপ্ত; প্রেরিত; ত্যক্ত। বি—সৃজ্ (ত্যাগ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিসৃষ্টি—পুংরেতঃস্খলন। বি—সৃজ্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিস্কুট—ময়দার একপ্রকার শুষ্ক পিষ্টক। ইং Biscuit. বি।

বিস্তর—১। সমূহ; বাক্প্রপঞ্চ; শয্যা; প্রণয়; আসন। বি—স্তৃ (বিস্তার করা)+

অপ্‌ কর্ম্মবা। ২। বিস্তার। বি—স্তৃ+অপ্‌ ভাববা। বি; পুং। ৩। প্রভূত, অনেক। দেশজ প্রঃ। বিণ।

বিস্তার—বিসরণ, ছড়ান; বিস্তৃতি, ওসার, চওড়া; বিশালতা; ব্যাস। বি—স্তৃ (বিস্তৃত করা)+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

বিস্তারণ—বিস্তৃতকরণ; (জীববিদ্যায়) ছড়াইয়া দেওয়া (Distribution). বি—স্তৃ+ণিচ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

বিস্তারা—বিস্তৃত করা। কবিপ্র। ক্রি।

বিস্তারিত—প্রসারিত; সবিশেষ ('—বর্ণনা')। বি—ণিজন্ত স্তৃ=স্তারি (ছড়ান)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিস্তার্য্য(র্য)—বিস্তারিত করা যায় এরূপ। বি—স্তারি+যৎ কর্ম্মবা। বিণ।

বিস্তীর্ণ, বিস্তৃত—ব্যাপ্ত; প্রসৃত; বিপুল, বিশাল। বি—স্তৄ, স্তৃ (বিস্তৃত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ণা,—তা।

বিস্তৃতি—বিস্তার; ব্যাপ্তি। বি—স্তৃ (বিস্তৃত হওয়া)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিস্পষ্ট—সুস্পষ্ট, ব্যক্ত, স্ফুট। বি (অতিশয়) যে স্পষ্ট, প্রাদিতৎ। বিণ।

বিস্ফারিত—চলিত, কম্পিত; ধ্বনিত; বিকাসিত; প্রসারিত। বি—ণিজন্ত স্ফর্‌=স্ফারি+ক্ত কর্ম্মবা। বিণ।

বিস্ফুরণ—সহসা জ্বলিয়া উঠিয়া সশব্দে ফাটিয়া যাওয়া। বি—স্ফুর্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব। (ব্যাকরণমতে বিস্ফোরণ)।

বিস্ফুরিত—কম্পিত; চলিত; স্ফূর্ত্তিবিশিষ্ট; ধ্বনিত। বি—স্ফুর্‌ (সঞ্চালিত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

বিস্ফুলিঙ্গ—অগ্নিকণা, আগুনের ফুলকি; বিষবিশেষ। বি—স্ফু (অনুকরণ-শব্দ)—লিঙ্গ্‌ (গমন করা)+অচ্‌ কর্ত্তৃবা। বি; পুং।

বিস্ফোট, —টক—ব্রণ, ফোড়া। বি—স্ফুট্‌ (ভেদ করা)+ঘঞ্‌ ভাববা, ২য় পক্ষে তদুত্তরে কন্‌ স্বার্থে। বি; পুং।

বিস্ফোরক—যাহা সশব্দে ফাটিয়া যায় বা সহজে জ্বলিয়া উঠে, বারুদ বোমা প্রভৃতি। বি—স্ফুর্‌+ণক কর্ত্তৃবা। বি

বিস্ফোরণ—সশব্দে ফাটা বা জ্বলিয়া বিদারণ। বি—স্ফুর্‌+অনট্‌ ভাববা। ক্লীব।

বিস্বাদ—স্বাদহীন, তারশূন্য। বি (স্বাদ যাহার, বহুব্রী। বিণ।

বিস্ময়—আশ্চর্য্য; অহঙ্কার, গর্ব্ব; সন বি—স্মি (ঈষদ্ধাস্য করা)+অচ্‌ ভা বি; পুং।

বিস্ময়কর—আশ্চর্য্যজনক। উপতৎ। —কৃ (করা)+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—

বিস্ময়চিহ্ন—বিস্ময়, আবেগ ইত্যাদি যতিচিহ্ন। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বিস্ময়জনক—বিস্ময়কর। ৬ষ্ঠীতৎ। স্ত্রী,—নিকা।

বিস্ময়াবস্ফারিত—বিস্ময়ে প্রসারিত চক্ষু')। ৩য়াতৎ। বিণ।

বিস্ময়বিহ্বল—বিস্ময়ে হতভম্ব। ৩য়া বিণ। স্ত্রী,—লা।

বিস্ময়ান্বিত—আশ্চর্য্যযুক্ত, বিস্মিত। দ্বারা অন্বিত (যুক্ত), ৩য়াতৎ। বিণ। —তা।

বিস্ময়াপন্ন—আশ্চর্য্যান্বিত, বিস্মি বিস্ময়কে আপন্ন (প্রাপ্ত), ২য়াতৎ। বি

বিস্ময়াবহ—বিস্ময়কর। বিস্ময়ের আ ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—হা।

বিস্ময়াবিষ্ট—আশ্চর্য্যান্বিত, বিস্ময়ে অ ভূত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

বিস্ময়াভিভূত—বিস্ময়ে হতভম্ব। ৩য়া বিণ। স্ত্রী,—তা।

বিস্মরণ—বিস্মৃতি, ভুলিয়া যাওয়া। স্মৃ (স্মরণ করা)+অনট্‌ ভাববা। বি; ক্লী

বিস্মরা—ভুলিয়া যাওয়া। কবিপ্র। ক্রি

বিস্মাপন—বিস্মিত করা। বি—স্মি+ +অনট্‌ ভাববা। বি; ক্লীব। বিণ,—

বিস্মিত—বিস্ময়াপন্ন, আশ্চর্য্যান্বিত। স্মি (ঈষদ্ধাস্য করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

বিস্মৃত—১। বিস্মরণযুক্ত, যে ভুলিয়া গিয়াছে এরূপ। বি—স্মৃ+ক্ত কর্তৃবা। ২। বিস্মরণের বিষয়ীভূত, যাহা ভুলা হইয়াছে এরূপ। বি—স্মৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

বিস্মৃতি—বিস্মরণ, ভুলিয়া যাওয়া। বি—স্মৃ (স্মরণ করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিস্রংস, —সন—ক্ষরণ; পতন। বি—স্রন্স্ (পড়া)+অল্, অনট্ ভাববা। বি; যথাক্রমে পুং ও ক্লীব।

বিস্রংসী (—সিন্)—ক্ষরণশীল; পতনশীল; যাহা ক্ষরণ বা পতন করায় বা খুলিয়া ফেলে। বি—স্রন্স্ (পড়া) বা স্রন্স্+ণিচ্+ণিন্ কর্তৃবা। বিণ। [দ্রঃ।

বিস্রব্ধ, —ব্ধ, —ব্ধী—বিশ্রব্ধ ইত্যাদি

বিস্রস্ত—পতিত; চ্যুত; ক্ষরিত। বি—স্রন্স্ (পড়া)+ক্ত কর্তৃবা। বিণ।

বিস্রস্তবসনা—স্খলিতবাসা, যাহার কাপড় এলোথেলো হইয়া পড়িয়াছে এরূপ (নারী)। বহুব্রী। বিণ; স্ত্রী।

বিস্রুত—পতিত; ভ্রষ্ট; প্রবাহিত; ক্ষরিত। বি—স্রু+ক্ত কর্তৃবা। বিণ।

বিস্রুতি—পতন; ভ্রংশ; প্রবাহ; ক্ষরণ। বি—স্রু+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বিহগ, —ঙ্গ(হগ), —ঙ্গ(হগ)ম—পক্ষী; মেঘ; সূর্য্য; চন্দ্র; শর, বাণ। উপতৎ। বিহায়স্ (আকাশ)—গম্+ড, ডখচ্, খচ্ কর্তৃবা। বি; পুং। [বি; পুং।

বিহগরাজ—পক্ষিশ্রেষ্ঠ, গরুড়। ৬ষ্ঠীতৎ।

বিহগী—পক্ষিণী। বিহগ+ঈপ্। বি; স্ত্রী।

বিহঙ্গ(হগ)মা, —ঙ্গি(হগি)কা—ভারযষ্টি, বাঁক। বিহঙ্গম+আপ্, ২য় পক্ষে বিহঙ্গ+কন্+আপ্। বি; স্ত্রী।

বিহনে—বিহীনে, বিনা, ব্যতিরেকে। 'বিহীন' শব্দজ। কবিপ্র। অব্য।

বিহরণ—ক্রীড়া, বিহার; ভ্রমণ; বিয়োগ; বিচ্ছেদ। বি—হৃ (হরণ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

বিহরা—বিহার করা। কবিপ্র। ক্রি।

বিহসা—হাস্য করা, হাসা। প্রাঃ কবিপ্র। ক্রি। [শব্দজ। বি; পুং।

বিহাই, বেহাই—বৈবাহিক। 'বৈবাহিক'

বিহান—১। বৈবাহিকজায়া। প্রাদে। বি; স্ত্রী। ২। প্রভাত, প্রাতঃকাল, সকাল। 'বিভাত' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

বিহায়স্—গগন, আকাশ। বি—ণিজন্ত হয় (=হায়ি)+অস্ কর্তৃবা। বি; ক্লীব।

বিহার—১। ক্রীড়া; ভ্রমণ; ক্রীড়াহেতু পদ দ্বারা গমন; বিক্ষেপ। বি—হৃ (হরণ করা) +ঘঞ্ ভাববা। ২। ক্রীড়াভূমি; বৌদ্ধ-মঠ। বি—হৃ+ঘঞ্ অধিবা। ৩। স্কন্ধ। বি—হৃ+ঘঞ্ করণবা। বি; পুং।

বিহারী (—রিন্)—ভ্রমণকারী; বিহার-কারী। বি—হৃ (হরণ করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —রিণী।

বিহারী—বিহার প্রদেশের বাসিন্দা। বিহার +ঈ নিবাসার্থে। বি বা বিণ।

বিহিত—অনুষ্ঠিত; বিধিবোধিত, বিধেয়, উচিত; দত্ত; কথিত। বি—ধা (ধারণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বিহিদানা—একপ্রকার ভৈষজ্য বীজ। ফার্সী। বি।

বিহীন—অভাববিশিষ্ট; ত্যক্ত; বর্জ্জিত, বিরহিত। বি—হা (ত্যাগ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —না।

বিহ্বল—বিক্লব; বিবশ; শোকভয়াদি দ্বারা অভিভূত; অচেতন। বি—হ্বল্ (চালিত করা)+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —লা।

বিহ্বলতা—বিবশতা, অবসন্নতা; জড়তা। বিহ্বল+তা ভাবার্থে। বি; স্ত্রী।

বীক্ষণ—নিরীক্ষণ; দর্শন। বি—ঈক্ষ্ (দেখা) +অনট্ ভাববা। বি; ক্লীব।

বীক্ষণীয়—দর্শনীয়। বি—ঈক্ষ্ (দেখা)+ অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী, —য়া।

বীক্ষিত—নিরীক্ষিত; দৃষ্ট। বি—ঈক্ষ্ (দেখা)+ক্ত কর্ম্মবা। বিণ।

বীচ—বীজ ; ধান্যাদির চারা। 'বীজ' শব্দজ। বি।

বীচালি(লী)—ধান্যের শুষ্ক গাছ, খড়। বিগত চাউল (∠তণ্ডুল) যাহা হইতে, বহুব্রী +ই, ঈ স্বার্থে। বি।

বীচি—১। তরঙ্গ, ঢেউ ; দীপ্তি, রশ্মি ; অবকাশ ; অল্প ; সুখ। বে (বয়ন করা)+ ডীচি কর্ম্মবা। বি ; পুং বা স্ত্রী। ২। বীজ ; গণ্ড ; গ্রন্থি ; অণ্ড, মুষ্ক। 'বীজ' শব্দজ। বি।

বীচিতরঙ্গ(ংগ)ন্যায়—ঢেউয়ের মত এক ঘটনা বা বিষয় হইতে বহু বিষয় বা ঘটনার পর পর আবির্ভাবের দৃষ্টান্ত। বীচিতরঙ্গাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

বীচিবিক্ষুব্ধ—তরঙ্গ-চঞ্চল, ঢেউ হেতু কম্পমান। ৩য়াতৎ। বিণ।

বীচিভঙ্গ(ংগ)—তরঙ্গভঙ্গ ; ঢেউ উঠা। ৬ষ্ঠী-তৎ। বি ; পুং।

বীচিমালা—তরঙ্গশ্রেণী ; রশ্মিজাল। ৬ষ্ঠী-তৎ। বি ; স্ত্রী।

বীচিমালী (-মালিন্)—সূর্য্য ; সমুদ্র। বীচিমালা শব্দ + ইন্ অস্ত্যর্থে। বি ; পুং।

বীচী—বীচি (সকল অর্থে)। বি ; স্ত্রী।

বীচে—বীজে পূর্ণ ('—কলা')। বীচি+এ পূর্ণার্থে। বিণ।

বীজ—কারণ ; শস্যাদির ফল, বীচি ; অঙ্কুর ; শুক্র ; জীবাণু ; কৃষিক্ষেত্রে বপনীয় শস্যাদি ; মূল ; যন্ত্র ; মন্ত্র ; অব্যক্ত গণিত। বি—জন্ (জন্মা)+ড অপাবা। বি ; ক্লীব।

বীজই—হাওয়া করে ; যায়। প্রাঃ কবিপ্র। ক্রি।

বীজকোষ—বীজের আধার, পুষ্পের যে অংশে বীজ থাকে। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বীজগণিত—অব্যক্ত গণিত, যে অঙ্কবিদ্যায় স্পষ্ট সংখ্যার পরিবর্তে অব্যক্ত অক্ষরসমূহ ব্যবহৃত হয় (Algebra). বীজমূলক গণিত, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

বীজঘ্ন—জীবাণুনাশক (Disinfectant). বীজ+হন্+টক্ কর্ত্তৃবা। বিণ।

বীজতলা—যে ক্ষেতে ধান কলাই ইত্যাদি চারা জন্মান হয়। ৬ষ্ঠীতৎ। বি।

বীজদল, -পত্র—উদ্ভিদ্ভ্রূণের দুই দিকে স্থূল পদার্থদ্বয় (Cotyledon). ৬ষ্ঠীতৎ। বি

বীজন—১। ব্যজন, পাখা প্রভৃতি দ্বা বাতাসকরণ। বীজ্ (বাতাস করা)+অ ভাববা। ২। ব্যজন-সাধন, পাখা চা প্রভৃতি। বীজ্+অনট্ করণবা। বি ; ক্লী

বীজপত্র—বীজদল দ্রঃ।

বীজপুর—একপ্রকার নেবু ; টাবা নে বীজ শব্দ—পূর্ (পূর্ণ করা)+অচ্ কর্ত্তৃব বি ; পুং।

বীজবারক—জীবাণুর সঞ্চার নিবার (Antiseptic). ৬ষ্ঠীতৎ। বিণ। —রিকা।

বীজমন্ত্র—ইষ্টদেবতার প্রতীকস্বরূপ ম ইষ্টমন্ত্র। কর্ম্মধা। বি ; ক্লীব।

বীজা—বীজন করা। প্রাঃ কবিপ্র। ক্রি

বীজাঙ্কু(ংকু)রন্যায়—বীজ হইতে অ অথবা অঙ্কুর হইতে বীজ এই অমীমাংস উদাহরণ। বীজাঙ্কুরাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধ বি ; পুং।

বীজিত—কৃত-ব্যজন, যাহাকে বাতাস ক হইয়াছে এরূপ। বীজ্ (ব্যজন করা)+ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

বীট—পালংশাকবিশেষ। ইং Beet. বি।

বীটপালং—একপ্রকার শাক (বীট দ্রঃ) বি।

বীটি, বীটী, বীটিকা—সজ্জিত তাম্বূ পাণের বীড়ি বা খিলি। বি—ইট্ (গম করা)+ই কর্ত্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে ঙীপ্, ৩ পক্ষে তদুত্তরে কন্+আপ্। বি ; স্ত্রী।

বীণ—তারের বাদ্যযন্ত্রবিশেষ। 'বীণা' শব্দজ বি। [যে, উপতৎ। বি

বীণকার—বীণাবাদক। বীণ করে (বাজা

বীণা—বিদ্যুৎ ; সপ্ততন্ত্রীযুক্ত বাদ্যযন্ত্রবিশে বিপঞ্চী, বীণ্। বী+নক্ কর্ত্তৃবা+আপ্ বি ; স্ত্রী।

বীণানিন্দিত, -বিনিন্দিত—বীণা-লাঞ্ছিত, বীণার শব্দ অপেক্ষা মনোহর। বীণা নিন্দিত, বিনিন্দিত যাহা দ্বারা, বহুব্রী। বিণ।

বীণাপাণি—বাগ্দেবী, সরস্বতী। বীণা আছে পাণিতে (হস্তে) যাঁহার, বহুব্রী। বি; স্ত্রী।

বীত—বিগত; অতীত; অপগত; নিবৃত্ত; মুক্ত; ত্যক্ত। বি-ই (গমন করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

বীতংস—মৃগপক্ষীর বন্ধনোপকরণ, জাল, ফাঁদ প্রভৃতি। বি-তন্স্ (অলঙ্কৃত করা)+ ঘঞ্ করণবা। বি; পুং।

বীতকাম—কামনাহীন, যাহার বাসনা দূর হইয়াছে। বহুব্রী। বিণ।

বীতনিদ্র—নিদ্রারহিত, জাগরূক। বীতা (বিগতা) নিদ্রা যাহার, বহুব্রী। বিণ।

বীতরাগ—আসক্তিশূন্য, নিঃস্পৃহ। বীত (বিগত) হইয়াছে রাগ (আসক্তি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -গা।

বীতশোক—শোকরহিত। বীত (বিগত) হইয়াছে শোক যাহার, বহুব্রী। বিণ।

বীতশ্রদ্ধ—শ্রদ্ধাহীন, অবিশ্বাসী, ভক্তিশূন্য। বহুব্রী। বিণ। স্ত্রী, -দ্ধা।

বীতস্পৃহ—আকাঙ্ক্ষাশূন্য, নিঃস্পৃহ। বহুব্রী। বিণ। স্ত্রী, -হা।

বীতি-হোত্র—অগ্নি; সূর্য্য। বীতি (পুরো-ডাশ ইত্যাদি ভোজন) হোত্র (হোম) যাহার, বহুব্রী। বি; পুং।

বীথি, বীথী, বীথিকা—শ্রেণী; দুই পার্শ্বে বৃক্ষশ্রেণীযুক্ত পথ; পথ; দৃশ্যকাব্য-বিশেষ। বিথ্ (যাচ্ঞা করা)+ই কর্ম্মবা, ২য় পক্ষে তদুত্তরে ঈপ্, ৩য় পক্ষে তদুত্তরে কন্ +আপ্। বি; স্ত্রী।

বীপ্সা—যুগপৎ ব্যাপ্তীচ্ছা, এক সময়ে ব্যাপিয়া থাকিবার ইচ্ছা। বি-সনন্ত আপ্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

বীবর—জন্তুবিশেষ। ইং Beaver বি।

বীভৎস—১। অতিঘৃণ্য, নিতান্ত জঘন্য, জুগুপ্সিত; পাপী; দুরাত্মা। সনন্ত বধ্ (নিন্দা করা)+ঘঞ্ কর্ম্মবা। বিণ। ২। কাব্য-রসবিশেষ। বধ্+সন্+অ ভাববা+আপ্ (=বীভৎসা)+অচ্ বিশিষ্টার্থে। বি; পুং।

বীভৎসু—তৃতীয় পাণ্ডব অর্জ্জুন। বি; পুং।

বীমা—বিমা দ্রঃ।

বীর—১। শূর, শৌর্য্যবীর্য্যসম্পন্ন, শ্রেষ্ঠ। বীর (বিক্রম প্রকাশ করা)+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, বীরা। ২। কাব্যরসবিশেষ; কুলাচার-বিশেষ। বি; পুং। ৩। বানর দলপতি, গোদা। দেশজ। বি।

বীরকুঞ্জর—বীরশ্রেষ্ঠ, শ্রেষ্ঠ শূর। বীর কুঞ্জর-প্রায়, উপমিত কর্ম্মধা। বি; পুং।

বীরকুলর্ষভ—বীরকুলশ্রেষ্ঠ, শূরগণের মধ্যে প্রধান। বীরকুলের মধ্যে ঋষভ (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি; পুং।

বীরকেশরী (-রিন্)—বীরসিংহ, শূর-শ্রেষ্ঠ। বীর কেশরীপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; পুং।

বীরখণ্ডি—তিল ও চিনি বা গুড়ের মিশ্রণে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। দেশজ। বি।

বীরচূড়ামণি—বীরশ্রেষ্ঠ, শূরগণের শিরো-ভূষণসদৃশ। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; পুং।

বীরণ—উশীর বৃক্ষ, বেণাগাছ। বি (পক্ষে) -ঈর্ (গমন করা)+অন কর্ত্তৃবা। বি; ক্লীব।

বীরত্ব—শূরত্ব, বীর্য্যবত্তা; শ্রেষ্ঠত্ব। বীর দ্রঃ। বীর+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

বীরত্বব্যঞ্জক—শৌর্য্যসূচক, বীর্য্যবত্তার জ্ঞাপক। ৬ষ্ঠীতৎ। বিণ।

বীরনারী—বীর্য্যশালিনী রমণী। বীরা যে নারী, কর্ম্মধা। বি; স্ত্রী।

বীরপঞ্চমী—ব্রতবিশেষ। এই ব্রত করিলে বীরপুত্রলাভ হয়। বি; স্ত্রী।

বীরপনা—বীরত্ব। বীর+পনা ভাবে। বি।

বীরপুত্রধাত্রী—বীরতনয়জননী; বীর্য্যশালী সন্তান প্রসবিনী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বীরপ্রসবিনী, -প্রসূ—বীর্য্যশালী

সন্তানপ্রসবকারিণী, বীরজননী। ৬ষ্ঠীতৎ। বিণ ; স্ত্রী। [বিণ।

বীরবর—শূরশ্রেষ্ঠ, প্রধান বীর। ৭মীতৎ।

বীরবাহু—রাবণের পুত্র ; বিষ্ণু। বীরের ন্যায় বাহু যাহার, বহুব্রী। বি ; পুং।

বীরভদ্র—বীরশ্রেষ্ঠ ; জনৈক রুদ্র ; অশ্বমেধীয় অশ্ব ; শিবের অনুচর। বীরগণের মধ্যে ভদ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি ; পুং।

বীরসিংহ—বীরশ্রেষ্ঠ, বীরকেশরী। বীর সিংহপ্রায়, উপমিত কর্ম্মধা। বি ; পুং।

বীরসু—শূর-প্রসবিনী, বীর-জননী। বীর শব্দ —সূ (প্রসব করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ ; স্ত্রী।

বীরা—পতিপুত্রবতী নারী ; মদিরা। বি ; স্ত্রী।

বীরাঙ্গ(ংগ)না—বীররমণী, বীর্য্যবতী নারী। বীরা যে অঙ্গনা (স্ত্রী), কর্ম্মধা। বি ; স্ত্রী।

বীরাচার—তন্ত্রোক্ত আচারবিশেষ। বীরের আচার, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বীরাচারী (—রিন্)—তন্ত্রোক্ত বীরাচারপরায়ণ সাধক। বীরাচার+ইন্। বিণ।

বীরাসন—উপবেশনবিশেষ, দক্ষিণ পাদ বাম উরুর উপর ও বাম পাদ দক্ষিণ উরুর উপর সংস্থাপনপূর্ব্বক উপবেশন। বীরের আসন (উপবেশন), ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

বীরুৎ(বীরুধ্)—লতা। বি—রুহ্ (উৎপন্ন হওয়া)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি ; স্ত্রী।

বীরেশ্বর—প্রধান বীর। বীরের ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বীর্য্য(র্য)—শৌর্য্য ; প্রভাব ; সামর্থ্য ; তেজঃ ; শুক্র ; রেতঃ। বীর+যৎ সাধু অর্থে। বি ; ক্লীব।

বীর্য্য(র্য)বত্তা—শৌর্য্যশালিতা, বীরত্ব। বীর্য্যবৎ শব্দ+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

বীর্য্য(র্য)বন্ত—শৌর্য্যশালী। বীর্য্য+বন্ত (বাংলা প্রত্যয়) অস্ত্যর্থে। বিণ।

বীর্য্য(র্য)বান্ (—বৎ)—শৌর্য্যশালী, বীর। বীর্য্য+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —বতী।

বীর্য্য(র্য)শালী (—লিন্)—বীর্য্যবান্। বীর্য্য—শাল্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —লিনী।

বীর্য্য(র্য)হানি—বীরত্বের অভাব ; শুক্রক্ষয়। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

বীর্য্য(র্য)হীন—কাপুরুষ ; দুর্ব্বল ; পুরুষত্বহীন। ৩য়াতৎ। বিণ।

বুঁচকি—বুচকি দ্রঃ।

বুঁদ—১। বিহ্বল, চুর। দেশজ। বিণ। ২। বিন্দু। প্রাঃ কবিপ্র। বি।

বুঁদি, বুঁদ—বিন্দু ; ভুড়ভুড়ি। 'বিন্দু' শব্দজ। বি।

বুঁদিয়া—মিষ্টান্নবিশেষ। বুঁদ (∠বিন্দু) +ইয়া সদৃশার্থে। বি।

বুক—বক্ষঃ ; হৃদয় ; সাহস, তেজ, উৎসাহ, ভরসা। 'বুক' শব্দজ। বি। **বুক ঠোকা**—সাহস প্রকাশ করা। **বুক দেওয়া**—আত্মনিয়োগ করা। **বুক পাতা**—দুঃখকষ্ট সহনে প্রস্তুত হওয়া। **বুক ফাটা**—দুঃখে হৃদয় বিদীর্ণ হওয়া। **বুক ফুলান**—গর্ব্বিত হওয়া। **বুক বাঁধা**—সাহস করা ; মন দৃঢ় করা। **বুক ভাঙ্গা**—দারুণ মনঃকষ্টে ধৈর্য্য আশা ইত্যাদি দূর হওয়া। **বুকের পাটা**—সাহস।

বুকড়ী—মোটা, সাবটা। দেশজ। বিণ।

বুকনি—বাক্যের রসান, কথার ফোড়ন ; বাক্যমধ্যে ভাষান্তরের প্রয়োগ ; ছোট টুকরা, কণা ('মিছরির—')। দেশজ। বি।

বুচকি, বুঁচকি—ছোট গাঁটরি, মোট, পুঁটুলি। দেশজ। বি।

বুজকুড়ি—বুদ্বুদ, ভুড়ভুড়ি। দেশজ। বি।

বুজরুক—কুহকী, মায়াবী, কূটকৌশলজ্ঞ ; বিদ্যা প্রভৃতির ভাণকারী ; চালবাজ, কপটী, শঠ। ফার্সী 'বুজুর্গ' শব্দজ। বিণ।

বুজরুকি,—কী—বুজরুকের ভাব বা কার্য্য, কুহক, মায়া, কূটকৌশল ; চালবাজি, কপট, শঠতা। বুজরুক+ই, ঈ ভাবে। বি।

বুজা, বুঁজা, বোজা, বোঁজা—মুদ্রিত

করা, নিমীলিত করা; বন্ধ বা ভর্ত্তি হওয়া। বাং ক্রি।

বুজান, বোজান—বন্ধ করা, ভরাট করা। বাং ক্রি। [দেশজ। বি।

বুজ্জি—ছেলেদের ভয় দেখাইবার শব্দ, জুজু।

বুঝ—১। বুঝিয়া লও, অনুভব কর, অনুমান কর। ক্রি। ২। বোধ; প্রবোধ। দেশজ। বি।

বুঝা—বোধগম্য করা, হৃদয়ঙ্গম করা, উপলব্ধি করা; বোধ করা, অনুভব করা, অনুমান করা; জানা; বিচার করা; পরীক্ষা করা, দেখিয়া লওয়া। বাং ক্রি।

বুঝান—বোধগম্য করান, উপলব্ধি করান; বোধ করান; প্রবোধ দেওয়া। বাং ক্রি।

বুঝাপড়া, বোঝাপড়া—কথাবার্ত্তার দ্বারা মীমাংসা বা মিটমাট। দ্বন্দ্ব। বি।

বুঝি—১। বোধ করি; বোধ হয়, মনে হয়; হয়ত; নাকি ('তাই— ?')। বাং ক্রি। ২। যেন। দেশজ। অব্য।

বুঝিয়ে—১। বুঝি। প্রাঃ কবিপ্র। ক্রি বা অব্য। ২। সমঝ্‌দার, বুদ্ধিমান্। বুঝ্‌+ইয়ে কর্ত্তৃবা। বিণ।

বুট—১। কলায় বিশেষ, চণক, ছোলা। দেশজ। বি। ২। পাদুকাবিশেষ, যে জুতা পায়ের উপর পর্য্যন্ত উঠে। ইং Boot. বি।

বুটা, বুটি, বুটী—কাপড়ের উপর সূচি-কর্ম্মের ফুল; সামান্ত একদানা। দেশজ। বি।

বুটাদার, বুটীদার—বুটাযুক্ত। বুটা, বুটী +দার যুক্তার্থে। বিণ।

বুড়বাক—নিরেট মূর্খ। হিন্দী। বিণ।

বুড়া, বুড়ো—বৃদ্ধ, প্রাচীন, বয়স্ক; বড় ('—আঙুল')। 'বৃদ্ধ' শব্দজ। বিণ।

বুড়াটে, বুড়্‌টে—বৃদ্ধের মত। বুড়া, বুড়ো +টে সদৃশার্থে। বিণ।

বুড়ান, বুড়ন—বৃদ্ধ হওয়া; ডুবাইয়া দেওয়া; ডুবাইয়া ভিজান। বাং ক্রি।

বুড়াম, বুড়োম—বৃদ্ধবৎ আচরণ, পাকামি, জেঠামি। বুড়া, বুড়ো+ম ভাবে। বি।

বুড়াহাবড়া—ভগ্নদেহ বৃদ্ধ, থুথ্‌ড়ে বুড়ো। কর্ম্মধা। বিণ।

বুড়ি, বুড়ী—১। বৃদ্ধা, প্রাচীনা। বুড়া+ই, ঈ। বিণ; স্ত্রী। ২। পাঁচগণ্ডা। 'বোড়ী' শব্দজ। বি।

বুড়িকিয়া, বুড়কে—বুড়িঘটিত অঙ্ক-প্রণালী। বুড়ি (পয়সা)+কিয়া, কে। বি।

বুড়োপনা, বুড়োমি—বৃদ্ধবৎ আচরণ। বুড়ো+পনা, মি ভাবে। বি।

বুঢ়া—বৃদ্ধ; বৃদ্ধব্যক্তি। 'বৃদ্ধ' শব্দজ। বিণ বা বি।

বুতান—নির্ব্বাণ করা, নিবান। হিন্দীমূলক। বাং ক্রি।

বুদ্ধ—১। জ্ঞাত। বুধ্‌ (জানা)+ক্ত কর্ম্মবা। ২। জাগরিত, জ্ঞানী। বুধ্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ। ৩। বিষ্ণুর নবম অবতার; গৌতম, শুদ্ধোদনের পুত্র। বি; পুং।

বুদ্ধি—১। জ্ঞান, বোধ; নিশ্চয়াত্মিকা মনো-বৃত্তিবিশেষ, বোধশক্তি; মতলব ('কু, স্ব বা দুষ্ট—'); পরামর্শ, উপদেশ ('—দেওয়া')। বুধ্‌ (জ্ঞান করা)+ক্তি ভাববা। ২। অন্তঃ-করণ। বুধ্‌+ক্তি করণবা। ৩। মহত্তত্ব। বুধ্‌+ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী। **বুদ্ধির ঢেঁকি**—অতিশয় নির্ব্বোধ।

বুদ্ধিগম্য—বুদ্ধি দ্বারা জ্ঞেয়, জ্ঞানগম্য। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —ম্যা।

বুদ্ধিজীবী (—জীবিন্)—বুদ্ধিমান্, জ্ঞানসম্পন্ন, বোধশক্তিবিশিষ্ট। বুদ্ধি—জীব্‌ (বাঁচা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —বিনী।

বুদ্ধিনাশ, —ভ্রংশ—বুদ্ধিলোপ, জ্ঞানলোপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বুদ্ধিবৃত্তি—সর্ব্ববিধ জ্ঞানলাভের উপযোগী মানসিক শক্তি; জ্ঞানেন্দ্রিয়। ৬ষ্ঠীতৎ বা কর্ম্মধা। বি; স্ত্রী।

বুদ্ধিভ্রম—বুদ্ধির ভ্রান্তি, বুঝিবার ভুল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বুদ্ধিভ্রংশ—বুদ্ধিনাশ দ্রঃ।

বুদ্ধিমান্ (—মৎ)—জ্ঞানী, বোধশক্তি-

বিশিষ্ট। বুদ্ধি+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—মতী।

বুদ্ধিহারা—হতবুদ্ধি। বুদ্ধি হারাইয়াছে যে, উপতৎ। বিণ। [স্ত্রী,—রা।

বুদ্ধিহীন—নির্ব্বোধ। ৩য়াতৎ। বিণ।

বুদ্ধীন্দ্রিয়—জ্ঞানেন্দ্রিয়, চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ ও মনঃ—এই সকল ইন্দ্রিয়। বুদ্ধিসাধক যে ইন্দ্রিয়, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বুদ্বুদ—জলবিম্ব, জলের ভুড়ভুড়ি; বর্ত্তুল-ভূষণবিশেষ। বুদ্+ক্বিপ্ কর্ম্মবা=বুদ্, তদুত্তরে বুদ্+ক কর্ত্তৃবা। বি; পুং।

বুদ্বুদন—ভুড়ভুড়ি উঠা। বুদ্—বুদ্+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, বুদ্বুদিত, বুদ্বুদী (—দিন্)।

বুধ—পণ্ডিত, বিদ্বজ্জন; গ্রহবিশেষ; তারার গর্ভজাত চন্দ্রপুত্র, ইনি চন্দ্রবংশের আদিপুরুষ। বুধ্ (জানা)+ক কর্ত্তৃবা। বি; পুং।

বুধবার—সপ্তাহের চতুর্থ দিন। বুধাধিষ্ঠিত বার, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বুধাষ্টমী—চৈত্র, পৌষ, এবং হরিশয়ন ভিন্ন অন্য সময়ে বুধবারযুক্তা শুক্লাষ্টমী। ইহা একটি যোগবিশেষ। বি; স্ত্রী।

বুন—ভগিনী, বোন। প্রাদে। বি।

বুনঝী—বোনের মেয়ে, ভগিনীর কন্যা। ৬ষ্ঠীতৎ। বি। [বি।

বুনট—বস্ত্রাদির বুনানি বা জমি। দেশজ।

বুনন, বুননি, বুনানি—বপন, বীজরোপণ; বস্ত্রাদিনির্ম্মাণ, সূত্রবয়ন। বুন্+অন ভাববা। বি।

বুনপো—বোনের ছেলে। ৬ষ্ঠীতৎ। বি।

বুনা, বোনা—বপন করা, মাটিতে ছিটান বা পোঁতা; বয়ন করা (বস্ত্রাদি)। বাং ক্রি।

বুনাট—বয়নকার্য্য; বয়নের পারিশ্রমিক। দেশজ। বি। [বি।

বুনিয়াদ—ভিত্তি, অবলম্বন; মূল। ফার্সী।

বুনিয়াদী—বনেদী, পুরাতন স্থায়ী ও বংশ-পরম্পরাক্রমে শ্রেষ্ঠ। বুনিয়াদ+ঈ। বিণ।

বুনো—বন্য, জংলী; অসভ্য; বন্যজাতি। বন+ও ভবার্থে। বিণ।

বুন্দ—১। খুব উঁচু। ফার্সীমূলক। ২। বিন্দু। প্রাঃ কবিপ্র। বি।

বুভুক্ষা—ক্ষুধা, ভোজনেচ্ছা। সনন্ত ভুজ্ (খাইতে ইচ্ছা করা)+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

বুভুক্ষিত—ক্ষুধার্ত্ত, ক্ষুধিত। বুভুক্ষা+ইত জাতার্থে। বিণ।

বুভুক্ষু—ভোজনেচ্ছু, ক্ষুধার্ত্ত। সনন্ত ভুজ্+উ কর্ত্তৃবা। বিণ।

বুভুৎসা—বুঝিবার ইচ্ছা; জ্ঞানেচ্ছা, জিজ্ঞাসা। সনন্ত বুধ্ (বুঝিতে ইচ্ছা করা)+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

বুরুচ—একপ্রকার গয়না; ব্রোচ। ইং 'Broach' শব্দজ। বি।

বুরুজ—চূড়ার ন্যায় উচ্চ গৃহ; চূড়াবিশিষ্ট স্তম্ভ। ফার্সী 'বুর্জ্' শব্দজ। বি।

বুরুল—বৃদ্ধাঙ্গুলির প্রস্থ; প্রায় ১ ইঞ্চি। দেশজ। বি।

বুরুশ—কুঁচি প্রভৃতি দিয়া প্রস্তুত মার্জ্জনী-বিশেষ; তূলি। ইং 'Brush' শব্দজ। বি।

বুলবুল, —বুলি—সুকণ্ঠ পক্ষিবিশেষ। আর্বী। বি।

বুলা—ভ্রমণ করা, ঘুরা, হাঁটিয়া বেড়ান; উপর দিয়া চলা, সামান্য স্পর্শ করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

বুলান—নরম হাতে ঘর্ষণ করা বা রগড়ান, মৃদুহস্তে মার্জ্জনা করা; উপর দিয়া চালিত করা। বাং ক্রি।

বুলি—বাক্য, কথা, ভাষা; পাখী ইত্যাদির শব্দ; মুখস্থ-করা কথা, অর্থগ্রহ ব্যতিরেকে উচ্চারিত শব্দ। দেশজ। বি।

বৃংহণ—হস্তীর গর্জ্জন; বর্দ্ধন, পোষণ। বৃন্হ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

বৃংহিত—হস্তিনাদ। বৃন্হ্ (শব্দ করা)+ক্ত ভাববা। বি; ক্লীব।

বৃক—জঠরাগ্নি; নেকড়ে বাঘ; কাক; শৃগাল;

ক্ষত্রিয়। বৃক্ (গ্রহণ করা)+ক কর্তৃবা। বি; পুং।

বৃকোদর—মধ্যম পাণ্ডব, ভীম। বৃক (অগ্নি) উদরে যাঁহার, বহুব্রী। বি; পুং।

বৃক্ক—দেহস্থ মূত্রকারক যন্ত্র (Kidney). বি।

বৃক্ষ—পাদপ, গাছ। বৃক্ষ্ (বেষ্টন করা)+অচ্ কর্তৃবা, অথবা ব্রশ্চ্ (ছেদন করা)+সক্ কর্ম্মবা। বি; পুং।

বৃক্ষবাটিকা—নিকুঞ্জ; উপবন; বাগান-বাড়ী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বৃত—কর্ম্মকরণার্থ নিযুক্ত, যাহাকে বরণ করা হইয়াছে এরূপ; আচ্ছাদিত; প্রার্থিত। বৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, বৃতা।

বৃতি—১। বেষ্টন, বেড়া; পুষ্পের বহিরাবরণ (Calyx). বৃ (ঘেরা)+ক্তি করণবা। ২। বরণ; নিয়োগ। বৃ (বরণ করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বৃত্ত—১। বর্ত্তুল, গোলাকার; উদ্ভূত, জাত; ঘটিত; অতীত; দৃঢ়; মৃত। বৃত্ (থাকা, ইত্যাদি)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, বৃত্তা। ২। অক্ষরসংখ্যাত ছন্দঃ; মণ্ডল, গোলাকার সমতলক্ষেত্র (Circle); অনুষ্ঠান; চেষ্টিত; চরিত্র। বৃত্+ক্ত ভাববা। বি; ক্লীব।

বৃত্তকলা—(জ্যামিতিতে) চাপ এবং তাহার প্রান্তবিন্দুদ্বয় পর্য্যন্ত অঙ্কিত ব্যাসার্দ্ধদ্বয় দ্বারা বেষ্টিত ক্ষেত্র (Sector of a circle). ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বৃত্তাংশ—(জ্যামিতিতে) কোন জ্যা বৃত্তকে দুইখণ্ডে বিভক্ত করিলে তাহার প্রত্যেক খণ্ড (Segment of a circle). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বৃত্তান্ত—বার্ত্তা; অবসর; প্রস্তাব; বিবরণ; কার্ৎস্ন্য; প্রকার। বৃত্ত (জাত) হয় অন্ত যদ্দ্বারা, বহুব্রী। বি; পুং।

বৃত্তাভাস—(জ্যামিতিতে) ডিম্বাকার ক্ষেত্র-বিশেষ (Oval, ellipse). বৃত্তের আভাস যাহাতে, বহুব্রী। বি; পুং।

বৃত্তি—১। স্থিতি; ব্যাপার; প্রবৃত্তি; জীবন; ভোজন; ব্যবহার; মনোবৃত্তি; স্বভাব; ব্যাখ্যান; বর্ণরচনা; আকারান্তর প্রাপ্তি; নাটকের ক্রিয়াবিশেষ। বৃত্ (থাকা ইত্যাদি)+ক্তি ভাববা। ২। ব্যাখ্যান-গ্রন্থ; ব্যবসায়; জীবিকা; নির্দ্দিষ্ট সময়ান্তরে প্রদেয় অর্থসাহায্য ('ছাত্র—')। বৃত্+ক্তি করণবা। ৩। অক্ষর-সংখ্যাত ছন্দঃ। বৃত্+ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী।

বৃত্তীয়—বৃত্তসম্বন্ধীয়। বৃত্ত+ঈয়। বিণ।

বৃত্য—বরণীয়। বৃ+ক্যপ্ কর্ম্মবা। বিণ।

বৃত্র—১। শত্রু; মেঘ; অন্ধকার; শব্দ; পর্ব্বতবিশেষ; জনৈক অসুর—ইন্দ্রকর্ত্তৃক নিহত হয়। বৃত্ (থাকা, ইত্যাদি)+রক্ কর্তৃবা। বি; পুং।

বৃত্রহা (-হন্)—বৃত্রঘ্ন, ইন্দ্র। বৃত্র—হন্ (বধ করা)+কিপ্ কর্তৃবা। বি; পুং।

বৃথা—নিষ্ফল; অর্থহীন, নিরর্থক। বৃ+থাচ্ কর্ম্মবা। অব্য।

বৃদ্ধ—বৃদ্ধিযুক্ত; প্রাচীন, বুড়া; জ্যেষ্ঠ; গোত্র; পণ্ডিত। বৃধ (বাড়া)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, বৃদ্ধা।

বৃদ্ধ-প্রপিতামহ—প্রপিতামহের পিতা, পিতার প্রপিতামহ। কর্ম্মধা। বি; পুং। স্ত্রী,—হী।

বৃদ্ধ-প্রমাতামহ—প্রমাতামহের পিতা। কর্ম্মধা। বি; পুং। স্ত্রী,—হী।

বৃদ্ধশ্রবাঃ (-শ্রবস্)—বাসব, ইন্দ্র। বৃদ্ধ শ্রবঃ (প্রসিদ্ধি) যাঁহার, বহুব্রী। বি; পুং।

বৃদ্ধাঙ্গুলি—অঙ্গুষ্ঠ, বুড়া আঙ্গুল। কর্ম্মধা। [বি; স্ত্রী।

বৃদ্ধি—বাড়া; অভ্যুদয়, উন্নতি; বিস্তার; সম্পত্তি; আধিক্য; সুদ ('—জীবী'); যোগ-বিশেষ; (ব্যাকরণে) স্থলবিশেষে অ আ স্থানে আ, ই ঈ এ ঐ স্থানে ঐ, উ ঊ ও ঔ স্থানে ঔ, ঋ ৠ স্থানে আর্, এবং ৯ ৡ স্থানে আল্ হওয়াকে বৃদ্ধি বলে। বৃধ্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

বৃদ্ধিজীবী (-জীবিন্)—কুসীদ-ব্যব-

সারী, সুদখোর। বৃদ্ধি দ্বারা জীবন ধারণ করে যে, উপতৎ। বৃদ্ধি (সুদ)—জীব্ (বাঁচা) + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী।

বৃদ্ধিশ্রাদ্ধ—আভ্যুদয়িক শ্রাদ্ধ। বৃদ্ধি-নিমিত্তক শ্রাদ্ধ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

বৃন্ত—ফলপুষ্পাদির বোঁটা; চুচুক, স্তনের বোঁটা; ঘটী-ধারা। বৃ (আবরণ করা)+ ক্ত কর্ম্মবা। বি; ক্লীব বা পুং।

বৃন্তচ্যুত—বৃন্ত হইতে স্খলিত, বোঁটা হইতে পতিত। ৫মীতৎ। বিণ।

বৃন্দ—১। সমূহ। বি; ক্লীব। ২। সংখ্যা-বিশেষ, দশ অর্ব্বুদ। বৃণ্+দন্ কর্ত্তৃবা। বি; ক্লীব বা পুং।

বৃন্দা—রাধা, রাধিকা; রাধার অন্যতমা সখী; অসুররাজ জলন্ধরের পত্নী; তুলসী। বৃণ্ (প্রীত করা)+দন্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

বৃন্দাবন—মথুরা-সমীপস্থ বনবিশেষ; শ্রীকৃষ্ণের বাল্যলীলাস্থল, পরে ইহা একটি সমৃদ্ধ নগরে পরিণত হয়। বৃন্দার (রাধার) বন (ক্রীড়া-কানন), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বৃন্দাবনেশ্বর—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বৃন্দাবনেশ্বরী—শ্রীমতী রাধা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

বৃশ্চিক—বিছা, বিচ্ছু; শুঁয়াপোকা; গুবরে পোকা; অগ্রহায়ণ মাস; অষ্টম রাশি। ব্রশ্চ্ (ছেদন করা)+কিকন্ কর্ত্তৃবা। বি; পুং।

বৃশ্চিকদংশন—বিছার কামড়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বৃশ্চিকালী—বিছুটী গাছ। বৃশ্চিকের আলী (শ্রেণী) যাহাতে, বহুব্রী। বি; স্ত্রী।

বৃষ—ষণ্ড, ষাঁড়; ইন্দ্র; ধর্ম্ম; দ্বিতীয় রাশি; শুক্রল পুরুষ; বলবান্ পুরুষ; শ্রীকৃষ্ণ; কন্দর্প; মূষিক; (অন্য শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। বৃষ্ (প্রজনন করা, ইত্যাদি)+ক কর্ত্তৃবা। বি; পুং। [বি; ক্লীব।

বৃষকাষ্ঠ—শ্রাদ্ধে বৃষ বন্ধনের খুঁটি। ৬ষ্ঠীতৎ।

বৃষধ্বজ—শিব; গণেশ; ধর্ম্মপরায়ণ ব্যক্তি। বৃষ (ষণ্ড, মূষিক, ধর্ম্ম) হইয়াছে ধ্বজ (চিহ্ন) যাঁহার, বহুব্রী। বি; পুং।

বৃষপর্ব্বা(র্ব্বা), (-পর্ব্বন্)—শিব; দৈত্য-বিশেষ। বৃষ হইয়াছে পর্ব্ব যাঁহার, বহুব্রী। বি; পুং।

বৃষবাহন—শিব, মহাদেব। বৃষ হইয়াছে বাহন যাঁহার, বহুব্রী। বি; পুং।

বৃষভ—বৃষ, ষণ্ড; (অন্য শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। বৃষ্+অভচ্ কর্ত্তৃবা। বি; পুং।

বৃষভধ্বজ—শিব। বহুব্রী। বি; পুং।

বৃষভানু—শ্রীরাধিকার পিতা। বি; পুং।

বৃষল—১। শূদ্র; রাজা চন্দ্রগুপ্ত; অশ্ব; গাজর। বৃষ্ (বর্ষণ করা ইত্যাদি)+কল কর্ত্তৃবা। বি; পুং। ২। অধার্ম্মিক, পাপী। বৃষ শব্দ—লা (গ্রহণ করা)+ক কর্ত্তৃবা। বিণ।

বৃষলী—শূদ্রা; অনূঢ়া ঋতুমতী কন্যা; বন্ধ্যা। বৃষল+ঈপ্। বি; স্ত্রী।

বৃষস্কন্ধ—উন্নতাংস, স্থূল স্কন্ধবিশিষ্ট। বৃষের স্কন্ধের ন্যায় স্কন্ধ যাহার, বহুব্রী। বিণ।

বৃষস্যন্তী—বৃষাধিনী গবী; অতি কামুকী নারী। বৃষ শব্দ+ক্য ইচ্ছার্থে—বৃষস্য (নাম-ধাতু), তদুত্তরে শতৃ+ঈপ্। বি; স্ত্রী।

বৃষোৎসর্গ—বৃষের ত্যাগরূপ শ্রাদ্ধবিশেষ। বৃষের উৎসর্গ হয় যাহাতে, বহুব্রী। বি; পুং।

বৃষ্টি—১। বর্ষণ, মেঘ হইতে জলের পতন। বৃষ্ (বৃষ্টি পড়া)+ক্তি ভাববা। ২। বৃষ্ট জল, মেঘ হইতে পতিত জল। বৃষ্+ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী।

বৃষ্টিপাত—বৃষ্টিপতন, মেঘ হইতে জল পড়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বৃষ্টিমানযন্ত্র—যে যন্ত্র দ্বারা বৃষ্টির পরিমাণ নিরূপিত হয় (Pluviometer). বৃষ্টির মান, তাহার যন্ত্র, দুইবার ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বৃষ্ণি—যাদববিশেষ; যদুবংশ; শ্রীকৃষ্ণ; জ্যোতিঃ; অগ্নি; ইন্দ্র; মেষ; গৌ। বৃষ্ (বর্ষণ করা ইত্যাদি)+নি কর্ত্তৃবা। বি; পুং।

বৃষ্য—বীর্য্যকর; বীর্য্যজনক। বৃষ+যৎ হিতার্থে। বিণ।

বৃহৎ—বিপুল, বিশাল, মহৎ, বড়। বৃহ্ (বাড়া)+অৎ কর্ত্তৃবা। বিণ।

বৃহতী—১। বিপুলা, মহতী। বৃহৎ+ঈপ্। বিণ; স্ত্রী। ২। বাক্য; বিশ্বাবসুর বীণা; উত্তরীয় বস্ত্র; ছন্দোবিশেষ; ক্ষুদ্র বার্ত্তাকী, ছোট গুলগুলে বেগুন। বি; স্ত্রী।

বৃহৎকায়—প্রকাণ্ড দেহযুক্ত। বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

বৃহন্নল, বৃহন্নলা—ক্লীবরূপী অর্জ্জুন, অজ্ঞাতবাসের বৎসর অর্জ্জুন ক্লীবরূপে এই নাম ধারণ করিয়া বিরাটরাজ-তনয়া উত্তরার নৃত্যগীতাদির শিক্ষক নিযুক্ত হইয়াছিলেন। বি; পুং, স্ত্রী।

বৃহস্পতি—দেবগুরু; গ্রহবিশেষ। বৃহতের (বাক্যের) পতি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বৃহস্পতিবার—সপ্তাহের পঞ্চম দিন। বৃহস্পতি-অধিষ্ঠিত বার, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বে—১। বিয়া, বিবাহ। দেশজ। বি। ২। অভাব, বিরোধ, নিন্দা প্রভৃতি সূচক উপসর্গ। ফার্সী। অব্য। [বহুব্রী। বিণ।

বে-অকুফ, বেকুব—আহাম্মথ, নির্ব্বোধ।

বে-আইন—আইনের অভাব। অব্যয়ী। বি।

বে-আইনী—ন্যায়বিরুদ্ধ, অন্যায্য। নঞ্‌-তৎ। বিণ। [বিণ।

বে-আক্কেল—নির্ব্বোধ, আহাম্মথ। বহুব্রী।

বে-আদব—অশিষ্ট, অভদ্র, অসভ্য। বহুব্রী। বিণ। বি, বে-আদবি।

বে-আড়া, বেয়াড়া—অবাধ্য; বিশ্রী; পরিমাণের অধিক; উৎকট, বে-মানান। দেশজ। বিণ।

বে-আন্দাজ—আন্দাজ হিসাব বা পরিমাপের অভাব। অব্যয়ী। বি। বিণ, বে-আন্দাজী।

বে-আবরু—১। অসম্ভ্রম; লজ্জাশীলতার হানি। অব্যয়ী। ২। আবরণহীন। বহুব্রী। বিণ। [বি।

বে-আরাম—রোগ, পীড়া; অসুখ। অব্যয়ী।

বে-ইজ্জত—১। অপমানিত, অপদস্থ। বহুব্রী। বিণ। ২। অপমান, শ্লীলতাহানি। অব্যয়ী। বি।

বে-ইজ্জতি(তী)—শ্লীলতাহানি, অপমান। নঞ্‌তৎ। বি।

বেইমান—ধর্ম্মহীন, অধার্ম্মিক; বিশ্বাসঘাতক। বহুব্রী। বিণ। বি,—মানি।

বেউড় বাঁশ—সকণ্টক বংশবিশেষ। দেশজ। বি।

বে-একতার, বে-এক্তিয়ার—অনায়ত্ত, অবশ; অসুস্থতাজন্য শক্তির অতীত। বহুব্রী। বিণ।

বে-ওকুফ—নির্ব্বোধ। বহুব্রী। বিণ।

বে-ওক্ত—অসময়, 'বেটাইম'। নঞ্‌তৎ। বি। [বহুব্রী। বিণ।

বে-ওজন—বে-আন্দাজ, অপরিমিত।

বে-ওজর—আপত্তিবিহীন। বহুব্রী। বিণ।

বেওয়া—অবীরা, পতিপুত্রহীনা নারী। ফার্সী। বি।

বে-ওয়ারিশ,—স—মালিকহীন, দাবীদারহীন; স্বত্বহীন। বহুব্রী। বিণ।

বেওরা—ইতিবৃত্ত, বৃত্তান্ত, বিবরণ। দেশজ। বি। [দেশজ। বি।

বেঁক—বাঁক, বক্রতা, মোড়, মোচড়।

বেঁকা—১। বক্র, প্রতিকূল; একগুঁয়ে; কুটিল। 'বক্র' শব্দজ। বিণ। ২। বক্র হওয়া। বাং ক্রি। [বাং ক্রি।

বেঁকান—বাঁকান, নোয়ান, বক্র করা।

বেঁকি—বাঁক মল। প্রাদে। বি।

বেঁজি, বেঁজী—নেউল, নকুল। দেশজ। বি।

বেঁটে, বেঁঠে—বামন, খাট। 'বণ্ট' শব্দজ। বিণ। [বিণ।

বেঁড়ে—লেজহীন, লেজকাটা। 'বণ্ড' শব্দজ।

বেকত—ব্যক্ত, প্রকট; প্রকাশিত; পরিস্ফুট, স্পষ্ট; অনাচ্ছাদিত; স্পষ্টরূপে। প্রাঃ কবিপ্র। বিণ। [বহুব্রী। বিণ।

বে-কসু(সু)র—নির্দ্দোষ, নিরপরাধ।

বেকায়দা—১। ক্ষীয় আয়ত্ত বা বশের

বহির্ভূত; কৌশলের বাহিরে। বহুব্রী। বিণ। ২। অসুবিধা। অব্যয়ী। বি।

বেকার কর্ম্মহীন, নিষ্কর্ম্মা; উপজীব্যহীন। বহুব্রী। বিণ।

বেকুব—বে-আকুফ দ্রঃ।

বেকুবি—বোকামি। বেকুব+ই ভাবে। বি।

বে-খরচা—বিনা ব্যয়ে। বহুব্রী। বিণ বা ক্রি-বিণ।

বেখাপ, –প্পা—বিসদৃশ, যাহা খাপ খায় না। নঞ্ তৎ। বিণ।

বেগ—মূর্ত্তপদার্থে উৎপন্ন শীঘ্রতারূপ সংস্কার-বিশেষ; ত্বরা; মলমূত্রাদিনিঃসারণপ্রবৃত্তি; আনন্দ; শুক্র; প্রবাহ। বিজ্ (পৃথক্ করা, ইত্যাদি)+ঘঞ্ ভাববা। বি; পুং।

বেগগামী (–গামিন্)—বেগে গমনকারী, অতিদ্রুত চলনশীল। বেগ—গম্ (গমন করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –মিনী।

বেগতিক—নিরুপায়; দুরবস্থ, সঙ্কটাপন্ন; অসুবিধা। অব্যয়ী বা বহুব্রী। বি বা বিণ।

বেগড়া—১। নষ্ট; বিকৃত; দুঃসাহসী; বরাদ্দশূন্য। দেশজ। বিণ। ২। বিপত্তি, ফ্যাসাদ। দেশজ। বি।

বেগবন্ত—বেগযুক্ত। বেগ+বন্ত। বিণ।

বেগবান্ (–বৎ)—বেগবিশিষ্ট; ত্বরান্বিত। বেগ শব্দ+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –বতী।

বেগম—(মুসলমান) রাজ্ঞী বা রাণী; সম্ভ্রান্তবংশীয়া স্ত্রী। ফার্সী। বি; স্ত্রী।

বেগর—বিনা, ব্যতিরেকে, ব্যতীত। ফার্সী 'বিগয়র' শব্দজ। অব্য।

বেগশালী (–শালিন্)—বেগবান্; ত্বরান্বিত। বেগ—শাল্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –লিনী।

বেগার—বেতনহীন কর্ম্মচারী; বেতনহীন কর্ম্ম; নিষ্ফল শ্রম। ফার্সী। বি।

বেগিত—বেগযুক্ত, বেগবান্। বেগ+ইত যুক্তার্থে। বিণ।

বেগুন—প্রসিদ্ধ তরকারি ফলবিশেষ, বার্ত্তাকু। 'বাতিঙ্গন' শব্দজ। বি।

বেগুনা, বেগুনিয়া, বেগুনে—নীল-রক্তবর্ণ বেগুনবর্ণতুল্য (Purple, violet). বেগুন+আ, ইয়া, এ। বিণ।

বেগুনি, –নী, বেগনী—বেসন-মাখান বেগুনের ফালি ভাজা, বেগুন ফুলরী। বেগুন+ই, ঈ নির্ম্মিতার্থে। বি।

বে-গোছ—বিশৃঙ্খল, এলোমেলো; সুযোগ-হীন; অসুবিধা, বেবাগ। বহুব্রী বা অব্যয়ী। বিণ বা বি। [দেশজ। বি।

বেঘোর—নিরুপায় বা সঙ্কটজনক অবস্থা।

বেঙ, বেঙ্গ, ব্যাং, ব্যাঙ—ভেক, মণ্ডুক। 'ব্যঙ্গ' শব্দজ। বি। [দেশজ। বি।

বেঙাচি(চী)—বেঙের ছানা, ভেকশিশু।

বেঙ্গমা-বেঙ্গমী—(রূপকথার) বিহঙ্গম-বিহঙ্গমী। দেশজ। বি। [ভাববা। বি।

বেচন—বিক্রয়করণ, বিক্রয়। বেচ্+অন

বেচনদার—বিক্রয়কারী, বিক্রেতা, বায়া। বেচন+দার কর্ত্তা অর্থে। বি।

বেচা—বিক্রয় করা। বাং ক্রি।

বেচান—বিক্রয় করান। বাং ক্রি।

বেচারা, –রী—নিরুপায়, অসহায়, কৃপার্হ। ফার্সী। বিণ।

বেচাল—১। বেদাঁড়া, দুর্নীতি, অসদাচরণ; ভুল উপায় অবলম্বন। অব্যয়ী। ২। বিক্রেতা। বেচ্+আল কর্তৃবা। ৩। নিরুপায়। দেশজ। বিণ।

বেজন্মা—বিজন্মা, যাহার জন্মের ঠিক নাই, জারজ। বে (নিকৃষ্ট) জন্ম যাহার, বহুব্রী। বিণ।

বেজাত—বিজন্মা; অন্য বা নিকৃষ্ট জাতি। বে (নিকৃষ্ট) জাত যাহার, বহুব্রী। বি বা বিণ।

বেজায়—অপরিমিত, বিস্তর, অতিশয়, অত্যন্ত। ফার্সী 'বেজায়েজ' শব্দজ। বিণ।

বেজার—রুষ্ট, বিরক্ত, জ্বালাতন; দুঃখিত। ফার্সী। বিণ।

বেজি, বেজা—নেউল, নকুল। দেশজ। বি।

বেঞ্চ, বেঞ্চি—একাধিক ব্যক্তির বসিবার

জন্য দীর্ঘ ও উচ্চ কাঠাসনবিশেষ। ইং Bench. বি। [পুং। স্ত্রী, বেটী।

বেটা—পুত্র; বৎস; নীচ ব্যক্তি। হিন্দী। বি;

বেটাছেলে—পুরুষমানুষ; পুত্রসন্তান। কর্ম্মধা। বি।

বেটে, বেটো—পাটের দড়ি। দেশজ। বি।

বেঠিক—ভুল; অনির্দ্দিষ্ট, যাহা নির্দ্দেশ অনুযায়ী নহে। নঞ্‌তৎ। বিণ।

বেড়—গণ্ডী; বেষ্টন, ঘের। 'বেষ্ট' শব্দজ। বি।

বেড়া—১। বৃতি, বেষ্টনী, ঘের। দেশজ। বি। ২। বেষ্টন করা, ঘেরা। বাং ক্রি। ৩। বেষ্টনকারী, যাহা ঘিরিয়া ফেলে ('—জাল', '—আগুন')। বেড়্‌+আ করণবা। বিণ।

বেড়ান—বেষ্টন করান, ঘিরান; ভ্রমণ করা, চলা, হাঁটা, ঘুরা। বাং ক্রি।

বেড়ি, বেড়ী—হাঁড়ি ধরিবার লৌহযন্ত্র; পাদশৃঙ্খল, নিগড়। 'বেষ্ট' শব্দজ। বি।

বেড়ে—উত্তম, উৎকৃষ্ট। দেশজ। বিণ।

বেডোল, বেডৌল—কুৎসিত, বেঢপ। বহুব্রী। বিণ।

বেঢং, বেঢঙ্গ, বেঢপ—অঙ্গসৌষ্ঠববিহীন, বেমানান, কুৎসিত। বহুব্রী। বিণ।

বেঢ়ল, বেঢ়িল—বেড়িল, বেষ্টন করিল। প্রাঃ কবিপ্র। ক্রি।

বেণা—উশীর, খস্‌খস্। 'বীরণ' শব্দজ। বি।

বেণি, বেণী, বেণিকা—বিন্যস্ত কেশপাশ, চুলের বিউনি; শ্রেণী; জলপ্রবাহ। বেণ্‌+ইন্ কর্ত্তৃবা; অথবা বী+নি কর্ত্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে ঈপ্, ৩য় পক্ষে তদুত্তরে কন্ +আপ্। বি; স্ত্রী।

বেণিমাধব, বেণীমাধব—প্রয়াগস্থ চতুর্ভুজ দেবমূর্ত্তিবিশেষ। বি; পুং।

বেণিয়া, বেণে—জাতিবিশেষ, গন্ধবণিক্; ব্যবসায়ী, দোকানী, সদাগর। 'বণিক্' শব্দজ। বি।

বেণীসংহার—বেণীবন্ধন। বেণীর সংহার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বেণু—বংশী, বাঁশী; বংশ, বাঁশ; জনৈক নৃপতি। বেণ্‌ বা অজ্‌ ধাতু+উ কর্ত্তৃবা। বি; পুং।

বেণুকুঞ্জ, বেণুবন—বাঁশবাগান। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব, ক্লীব।

বেণুবাদক—বংশীবাদক, যে বাঁশী বাজায়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বেণুবাদন—বংশীবাদন, বাঁশী বাজান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বেণুরব—বাঁশীর শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

বেণে—বেণিয়া দ্রঃ।

বেত—বেতগাছ, বেতস। 'বেত্র' শব্দজ। বি।

বেতন—বর্ত্তন, মজুরি, মাহিয়ানা; ভাড়া; মূল্য। অজ্‌ বা বী (গমন করা)+তনন্ করণবা। বি; ক্লীব।

বেতনগ্রাহী (-হিন্)—যে বেতন লইয়া কাজ করে। উপতৎ। বেতন-গ্রহ্‌+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-হিণী।

বেতনভুক্ (-ভুজ্)—বেতনভোগী, বৈতনিক, যে মাহিয়ানা খায়। উপতৎ। বেতন-ভুজ্‌ (ভোগ করা)+ক্বিপ্‌ কর্ত্তৃবা। বিণ।

বেতনভোগী (-ভোগিন্)—বেতনগ্রহণকারী, যে মাহিয়ানা লয়। উপতৎ। বেতন-ভুজ্‌+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,-গিনী।

বেতর—অস্বাভাবিক; বিশৃঙ্খল, বেগোছ, বেঢপ, বিসদৃশ। ফার্সী। বিণ।

বেতরিবৎ—অশিক্ষিত; কুশিক্ষাপ্রাপ্ত; অসভ্য। বহুব্রী। বিণ।

বেতস—বেতগাছ। বে (বয়ন করা)+তসচ্‌ কর্ম্মবা। বি; পুং। স্ত্রী,-সী। [বিণ।

বেতাক, -গ—লক্ষ্যভ্রষ্ট; ঠিককাণা। বহুব্রী।

বেতান—বেত্রাঘাত করা। বাং ক্রি।

বেতার—১। তারবিহীন, বিনাতারে সাধনীয় (Wireless); বিস্বাদ, স্বাদহীন। বিণ। ২। রেডিও; বিনাতারে সংবাদাদি পরিবেশন। বহুব্রী। বি।

বেতারবার্ত্তা(র্ত্তা)—বিনাতারে বিদ্যুতের সাহায্যে প্রেরিত খবর। মধ্যপ কর্ম্মধা। বি।

বেতাল—১। শিবানুচরবিশেষ; ভূতাবিষ্ট শব; ভূত; দ্বারপাল। বে (বায়ুতে)—তল্ (প্রতিষ্ঠিত হওয়া) + ঘঞ্ কর্ত্তৃবা। বি ; পুং। ২। (সঙ্গীতে) তালভঙ্গ। অব্যয়ী। বি।

বেতালা—তালজ্ঞানশূন্য; অপ্রাসঙ্গিক, বেখাপ। বেতাল + আ বিশিষ্টার্থে। বিণ।

বেতি, বেতী—১। পূর্ব্বের, আগেকার ভুল হওয়া [হিসাব বা তারিখ সম্বন্ধে]। দেশজ। বিণ। ২। ঝুড়ি ঝাঁপি প্রভৃতি বুনিবার শলা বা চটা। বেত + ই, ঈ নির্ম্মিতার্থে। প্রাদে। বি।

বেতো—বাতরোগাক্রান্ত, বাতরোগী। বাত + ও বিশিষ্টার্থে। বিণ।

বেত্তা (বেতৃ)—জ্ঞাতা, জানে এরূপ; লাভকর্ত্তা; পরিণেতা, বিবাহকর্ত্তা। বিদ্ (জানা, লাভ করা, ইত্যাদি) + তৃন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী, বেত্রী।

বেত্র—১। বেতগাছ। বি ; পুং। ২। বেতের ছড়ি; বংশ, বাঁশ। অজ্ বা বী (গমন করা) + ত্র করণবা। বি ; ক্লীব।

বেত্রদণ্ড—বেত্রাঘাতরূপ শাস্তি। ৩য়াতৎ। বি ; পুং।

বেত্রধর—১। যষ্টিধারী। বিণ। স্ত্রী,—রা। ২। দ্বারপাল। বেত্রের ধর (ধারণকর্ত্তা), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বেত্রাঘাত—বেত্র দ্বারা প্রহার, বেত মারা। ৩য়াতৎ। বি ; পুং। বিণ, বেত্রাহত।

বেত্রাসন—বেত্রনির্ম্মিত আসন, মোড়া চেয়ার প্রভৃতি। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

বেথুয়া, বেথো—বাস্তুক, বেথোশাক। দেশজ। বি।

বেদ—১। শাস্ত্র; শ্রুতি, ধর্ম্ম ও ব্রহ্ম প্রতিপাদক শাস্ত্র, হিন্দুদিগের আদি ধর্ম্মগ্রন্থ। বিদ্ (জানা) + ঘঞ্ কর্ম্মবা, করণবা। ২। জ্ঞান; শাস্ত্রজ্ঞান; আখ্যা, ছন্দঃ। বিদ্ + ঘঞ্ ভাববা। ৩। বিষ্ণু। বিদ্ + অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

বেদখল—১। অধিকারচ্যুত। বহুব্রী। ২। অন্যায্যরূপে দখল; অধিকারচ্যুতি। অব্যয়ী। বি।

বেদজ্ঞ—বেদবিৎ, বেদশাস্ত্রে পণ্ডিত। উপতৎ। বেদ — জ্ঞা + ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

বেদড়া, ব্যাদড়া—বেয়াড়া, বিশ্রী, কদর্য্য; দুষ্ট। দেশজ। বিণ।

বেদন, বেদনা—ব্যথা; অনুভব; জ্ঞান; বিবাহ। বিদ্ (জানা) + অনট্ ভাববা, ২য় পক্ষে + অন ভাববা + আপ্। বি ; ক্লীব ও স্ত্রী।

বেদবাক্য—বেদের উক্তি; অমোঘ বাক্য। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

বেদবিৎ (-বিদ্)—বেদজ্ঞ। বেদ শব্দ—বিদ্ (জানা) + ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

বেদব্যাস—বেদের বিভাগকর্ত্তা মুনি, ব্যাসদেব। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

বেদম—শ্বাসরুদ্ধ, হাঁপযুক্ত; ঊর্দ্ধশ্বাস; বেজায়। বহুব্রী। বিণ।

বেদমাতা (-মাতৃ)—গায়ত্রী, দুর্গা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

বেদরকারী—অনাবশ্যক, অব্যবহার্য্য। নঞ্ তৎ। বিণ। [বিণ।

বেদরদ—বেদনাশূন্য; নিষ্ঠুর, নির্ম্মম। বহুব্রী।

বেদল—ভিন্নদলস্থ, বিপক্ষীয়। বহুব্রী। বিণ।

বেদস্তুর—নিয়মবিরুদ্ধ বেরেওয়াজ, বেদাঁড়া। বহুব্রী। বিণ।

বেদাঁড়া—বেদস্তুর, অনিয়মিত, প্রচলিত প্রথার বিপরীত বা অন্যথাভূত, বেচাল। বহুব্রী। বিণ।

বেদাগ, বেদাগী—দাগশূন্য; ভাল; নিষ্কলঙ্ক, যাহা পচা সরা নয় এরূপ। বহুব্রী ও নঞ্ তৎ। বিণ।

বেদাঙ্গ (ৎগ)—বেদের অবয়ব গ্রন্থ, শিক্ষা কল্প ব্যাকরণ নিরুক্ত ছন্দঃ জ্যোতিষ, এই ছয়। বেদের অঙ্গ, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

বেদানা—ক্ষুদ্রবীজ দাড়িম্ব। ফার্সী। বি।

বেদান্ত—ব্যাসপ্রণীত দর্শন-গ্রন্থবিশেষ, ইহাতে ব্রহ্মের স্বরূপাদি নির্ণীত হইয়াছে, উপনিষৎ। বেদের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বেদান্তবাদ—বেদান্তদর্শনের মত। ৬ষ্ঠীতৎ। বি; পুং। বিণ,–বাদী (–দিন্)।

বেদান্তী (–ন্তিন্)—বেদান্ত বিৎ, বেদান্তমতাবলম্বী। বেদান্ত+ইন্। বি; পুং।

বেদাভ্যাস—অধ্যয়ন বিচার অনুশীলন জপ অধ্যাপন—এই পাঁচ। বেদের অভ্যাস, ৬ষ্ঠী-তৎ। বি; পুং। [ক্রি-বিণ।

বেদাম, –মা—বিনামূল্যে। বহুব্রী।

বেদামী—মূল্যহীন। নঞ্তৎ। বিণ।

বেদি—যজ্ঞাদি করিবার নিমিত্ত চতুষ্কোণ বা ডমরুতুল্যাকৃতি পরিষ্কৃত ভূমি; স্তূপাকৃতি ভিত্তি; মঞ্চ; অঙ্গুরীয়। বিদ্+ই কর্ম্মবা। বি; স্ত্রী। [+আপ্। বি; স্ত্রী।

বেদিকা—বেদী (সকল অর্থে)। বেদী+কন্

বেদিত—জ্ঞাপিত, নিবেদিত; সাক্ষাৎকৃত; দর্শিত। ণিজন্ত বিদ্=বেদি (জানান)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

বেদিতব্য—জ্ঞাতব্য, জানিবার উপযুক্ত। বিদ্+তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী,–বা।

বেদিয়া, বেদে—গৃহহীন অন্ত্যজ জাতি-বিশেষ; হাঘরিয়া; সাপুড়ে। দেশজ। বি। স্ত্রী,–য়ানী, বেদেনী, বেদিনী।

বেদী—বেদিকা, যজ্ঞাদির নিমিত্ত পরিষ্কৃত ভূমি; মঞ্চ; স্তূপাকৃতি ভিত্তি; অঙ্গুরীয়। বেদি+ঈপ্। বি; স্ত্রী।

বেদুইন—আরবদেশীয় যাযাবর জাতিবিশেষ বা ভবঘুরে। আর্বী। বি।

বেদুয়া—জারজ; লম্পট। দেশজ। বিণ।

বেদে—বেদিয়া দ্রঃ।

বেদোক্ত—বেদোদিত, বেদে কথিত। বেদে উক্ত, ৭মীতৎ। বিণ।

বেদ্য—জ্ঞাতব্য, জ্ঞেয়। বিদ্ (জানা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, বেদ্যা।

বেধ, বেধন—বিদ্ধকরণ, ছিদ্রকরণ, বেঁধা; গভীরতা; বস্তুর স্থূলতা অর্থাৎ পুরু পরিমাণ। বিবাহাদি-নিষেধক গ্রহসংস্থানবিশেষ। বিধ্ (বেঁধা)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

বেধক—বেধকর্ত্তা, বেধকারক। বিধ্ (বেঁধা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,–ধিকা।

বেধড়ক—অপরিমিত, অত্যন্ত, খুব। দেশজ। বিণ।

বেধনিকা, বেধনী—বেধনের অস্ত্রবিশেষ, তুরপুন্ সূচী প্রভৃতি। বিধ্+অনট্ করণবা+কন্+আপ্, ২য় পক্ষে বিধ্+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

বেধনীয়—বেধনযোগ্য। বিধ্ (বেঁধা)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,–য়া।

বেধাঃ (বেধস্), বেধা—বিধাতা, ব্রহ্মা; বিষ্ণু; সূর্য্য; দক্ষাদি সৃষ্টিকর্ত্তা; পণ্ডিত। বি–ধা অথবা বিধ্ (বিধান করা)+অস্ কর্তৃবা। বি; পুং।

বেধিত—ছিদ্রিত; বিদ্ধ। ণিজন্ত বিধ্=বেধি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

বেধুয়া, বেদুয়া, বেদো—বিধবার সহিত ব্যভিচারকারী; বিধবার জারজ সন্তান। দেশজ। বি বা বিণ।

বেধ্য—বেধনীয়, শরব্য, লক্ষ্য। বিধ্ (বেঁধা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, বেধ্যা।

বেনা—পাখার বাতাস; বেণা, উশীর, তৃণ-বিশেষ। 'বীরণ' শব্দজ। বি। [বি।

বেনাম—অন্য নাম, কল্পিত নাম। নঞ্তৎ।

বেনামদার—কল্পিত নামধারী; প্রকৃত মালিক বা কর্ত্তার পরিবর্ত্তে যাহার নামে সম্পত্তি প্রভৃতি রাখা হয়। বেনাম+দার। বিণ।

বেনামা, –মী—অন্যনামে কৃত, অপরের নামে কোন বস্তু ক্রয় করা বা রাখা; নাম-বিহীন। বেনাম+আ, ঈ বিশিষ্টার্থে। বিণ।

বেনারসী—বেনারস দেশীয় (সাড়ী প্রভৃতি)। বেনারস+ঈ নির্ম্মিতার্থে। বিণ।

বেনিপাত—কপাটের লম্বাদিকের বাতা বা কাষ্ঠফলক। দেশজ। বি।

বেনিয়া, বেনে—বেণিয়া (তাহা দ্রঃ)।

বেনিয়ান—১। একরকম ছোট হাতার ছোট জামা, গেঞ্জিবিশেষ। গুজরাটী। ২।

সওদাগরী হাউসের মুৎসুদ্দি বা দালাল, বিক্রীত দ্রব্যের মূল্য আদায়ের জন্য ব্যবসায়ীর নিকট দায়ী ব্যক্তি। ইং 'Banyan' বা 'বণিজ্' শব্দজ। বি।

বেনেবউ—দণ্ডচারিবর্গের পক্ষিবিশেষ, ইহারা 'খোকা হোক', 'খুকি হোক' এইরূপ শব্দে ডাকে; বণিক্-বধূ। ৬ষ্ঠীতৎ। বি।

বেনো—বন্যাজাত, বন্যাসংক্রান্ত। বান+ও। বিণ। ['ব্যঞ্জন' শব্দজ। বি।

বেন্নন—অন্নাদি ভোজনের উপকরণ, ব্যঞ্জন।

বেপথু, বেপন—কম্প, কাঁপুনি। বেপ্ (কাঁপা)+অথুচ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

বেপমান—কম্পমান, যে কাঁপিতেছে এরূপ। বেপ্ (কাঁপা)+শানচ্ কর্তৃবা। বিণ।

বে-পরোয়া—নিশ্চিন্ত, নির্ভয়। বহুব্রী। বিণ।

বেপার—ঘটনা, কাণ্ড; বিষয়; কারবার; ব্যবসায়, বাণিজ্য। 'ব্যাপার' শব্দজ। বি।

বেপারি, -রী—ব্যবসায়ী, দোকানী, বণিক্; দালাল। বেপার+ই, ঈ। বি।

বে-পোট—অসুবিধাজনক। দেশজ। বিণ।

বে-ফাঁস—অসম্বদ্ধ, আল্গা, এলোমেলো; গোপনীয় বিষয় প্রকাশ। বহুব্রী। বি বা বিণ।

বে-ফায়দা—বৃথা, অনর্থক। বহুব্রী। বিণ।

বে-বন্দোবস্ত—ব্যবস্থাহীন, বন্দোবস্তের অভাব, বিশৃঙ্খল। বহুব্রী বা অব্যয়ী। বিণ বা বি। [শব্দজ। বি।

বেবসা—পেশা, বৃত্তি; কারবার। 'ব্যবসায়'

বেবাক—সমস্ত; নিঃশেষে। ফার্সী 'বেবাকী' শব্দজ। বিণ।

বেভার—ব্যবহার; ভোগ; প্রচলন; বাহির। 'ব্যবহার' শব্দজ। বি।

বেমক্কা—আজগুবি, নিয়মবহির্ভূত; নীতি-বিরুদ্ধ। ফার্সী। বিণ।

বেমানান—যাহা মানানসহি নয়, গরমানান, অশোভন, বেঢপ; অপরিমিত। নঞ্তৎ। বিণ।

বেমার, বেমারী—রোগ, পীড়া; রোগী, পীড়িত। ফার্সী 'বীমার' শব্দজ। বি।

বেমালুম—অগোচর, না জানাইয়া। ফার্সী বে+আর্বী মা আলুম্। বিণ বা ক্রি-বিণ।

বেয়াই—বৈবাহিক। 'বৈবাহিক' শব্দজ। বি; পুং। স্ত্রী, বেয়াইন্, বেয়ান।

বেয়াকুল—ব্যাকুল, কাতর। প্রাঃ কবিপ্র। বিণ।

বেয়াজ—ব্যাজ, সুদ। প্রাঃ কবিপ্র। বি।

বেয়াড়া—বেঢপ, বিশ্রী, কদর্য; খারাপ, মন্দ। দেশজ। বিণ। [বহুব্রী। বিণ।

বেয়াদব—অসভ্য, অশিক্ষিত, অশিষ্ট।

বেয়াধি—ব্যাধি, রোগ। প্রাঃ কবিপ্র। বি।

বেয়ান—বেয়াই (তাহা দ্রঃ)।

বেয়ারা, বেহারা—বাহক; চাকর; পিয়ন। ইং Bearer. বি।

বেয়ারাম—ব্যারাম, রোগ। প্রাদে। বি।

বেয়ারিং—যাহার মাশুল দেওয়া হয় নাই, বিনা মাশুলে প্রেরিত। ইং Bearing. বিণ। [বি বা বিণ।

বের—বাহির। 'বহিস্' শব্দজ। প্রাদে।

বেরং, বেরঙ—বিকৃত বা অন্য রঙ। বে (অন্য) রং, রঙ্, নিত্য। বি।

বেরুন—বাহির হওয়া; প্রকাশিত হওয়া। বাং ক্রি।

বেরসিক—রসজ্ঞানহীন, অরসিক। বে (নয়) রসিক, নঞ্তৎ। বিণ।

বেরাল, বেড়াল—বিড়াল। 'বিড়াল' শব্দজ। বি। [প্রাঃ কবিপ্র। বি।

বেরি—বেলা, সময়; বার, দফা; বাহির।

বেরিবেরি—১। বার বার, পুনঃপুনঃ। প্রাঃ কবিপ্র। ২। শোথরোগবিশেষ। ইং Beri-beri. বি।

বেল—১। স্বনামখ্যাত ফলবিশেষ, শ্রীফল। 'বিল্ব' শব্দজ। ২। মল্লিকাবিশেষ, বেলা ফুল। দেশজ। ৩। সুতার বা জরির জালি বা গোটা। ফার্সী। বি। ৪। ঘণ্টা; লণ্ঠন, ফানস। ইং Bell. বি।

বেলদার—১। সূতার বা জরির জালি লাগান, গোটাবসান। বেল+দার বিশিষ্টার্থে। বিণ। ২। কুদ্দাল চালক, খনক, মাটি কাটিয়া রাস্তা প্রস্তুতকারক। প্রাঃ কবিপ্র। বি।

বেলন, বেলনা, বেলুন—রুটি লুচি প্রভৃতি বেলিবার কাষ্ঠদণ্ডবিশেষ। 'বেল্লন' শব্দজ। বি।

বেলমোক্তা (বিলমুক্তা)—একুনে, সর্ব্বসাকল্যে, মোট। আর্বী। ক্রি-বিণ।

বেলা—১। সময়; অবসর; মর্য্যাদা; সীমা; সাগরতীর; সাগরজলের বিকৃতি, জোয়ার ভাঁটা; বাক্য; রোগ; অক্লিষ্ট মরণ; বুধ-পত্নী। বেল্+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী। ২। বেলফুল; দিবাকাল ('আর—নাই'); পূর্ব্বাহ্ণে কালাতিক্রম, বিলম্ব ('—করা'); সুযোগ; সম্বন্ধে, পক্ষে ('নিজের—')। দেশজ প্রঃ। বি। ৩। বেলন দিয়া আটা বা ময়দার পিণ্ড রুটি লুচি প্রভৃতির আকারে প্রস্তুত করা। বাং ক্রি।

বেলানিল—সাগরতীর-প্রবাহিত বায়ু। বেলা-প্রবাহিত অনিল, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বেলাবেলি—সময় থাকিতে, দিন থাকিতে, সন্ধ্যাগমের পূর্ব্বেই। দেশজ। ক্রি-বিণ।

বেলি—১। একরকম থালা; বেলা, বেলফুল। প্রাদে। ২। বেলা, সময়। প্রাঃ কবিপ্র। বি।

বেলুন—১। বেলন। দেশজ। ২। ব্যোমযান, গ্যাসপূর্ণ থলি যাহা বায়ুমণ্ডলে ভাসিয়া থাকে। ইং Balloon. বি।

বেলে—বালুপূর্ণ, বালুকাময়। বালি+এ যুক্তার্থে। বিণ। [দেশজ। বি।

বেলেমাছ—ছোট খাদ্য মৎস্যবিশেষ।

বেলেল্লা—বেল্লিক, লজ্জাশূন্য, বেহায়া, মাতাল, দুশ্চরিত্র। আর্বীমূলক 'বেল্লহল্' শব্দজ। বিণ।

বেলেস্তারা—ফোস্কা উঠাইবার জন্য ঔষধের প্রলেপ বা পটি। ইং 'Blister' শব্দজ। বি।

বেলোয়ারি,—রী—স্ফটিক সদৃশ গলজ্যোলা কাচে নির্ম্মিত; কাচময়। ফার্সী 'বিল্লৌর' শব্দজ। বিণ।

বেল্লিক—লম্পট, দুরাচার, দুর্বৃত্ত, দুর্জ্জন: ধৃষ্ট, নির্লজ্জ। 'ব্যলীক' শব্দজ। বিণ।

বেশ, বেষ—সজ্জা, বস্ত্রালঙ্কারাদি দ্বারা ভূষা; নেপথ্য; গৃহ; বেশ্যালয়; বেশ্যাপল্লী। বিশ্ (প্রবেশ করা)+ঘঞ্ অধিবা, অথবা বিষ্ (ব্যাপা, ইত্যাদি)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

বেশ—১। আধিক্য; অধিক। ফার্সী। বি বা বিণ। ২। উত্তম; চমৎকার। বিণ। ৩। অনুমোদনসূচক শব্দ। দেশজ। অব্য।

বেশকম—ন্যূনাধিক্য। দ্বন্দ্ব। বি।

বেশধারী (-রিন্)—বেশধারণকারী। বেশ—ধৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

বেশবিন্যাস—বেশরচনা, সাজসজ্জা করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [দ্বন্দ্ব। বি; স্ত্রী।

বেশভূষা—পরিচ্ছদ ও অলঙ্কার, সাজসজ্জা।

বেশর, বেসর—নাসিকাভূষণবিশেষ, নথ; অশ্বতর, খচ্চর। বেশ শব্দ—রা (গ্রহণ করা) +ক কর্ত্তৃবা, ২য় পক্ষে বেস্ (গমন করা)+ অরন্ কর্ত্তৃবা। বি; পুং।

বেশরম—নির্লজ্জ; বেহায়া। বহুব্রী। বিণ।

বেশাত, বেসাত—অস্থাবর দ্রব্যজাত, আসবাবপত্র; যোত্র, সম্পত্তি; অর্থাভাবের অবস্থা। আর্বী। বি।

বেশাতি, বেসাতি—১। সামান্য ব্যবসায়ী, খরচা দোকানী, মুদী; ক্রীতদ্রব্যসম্ভার, হাটবাজার; বাজারে জিনিসপত্র ক্রয়সম্বন্ধীয়। বেশাত, বেসাত+ই, ঈ। বিণ। ২। ব্যঞ্জন, তরকারি। প্রাদে। বি।

বেশায়েস্তা, বেসায়েস্তা—অশিষ্ট; অবাধ্য, দুশ্চরিত্র; অসংযত। নঞ্তৎ। বিণ।

বেশালি, বেসালি—দুগ্ধাবর্ত্তন পাত্র, দুধ জ্বাল দিবার হাঁড়ি। পোর্ত্তু 'Visilha' শব্দজ। বি।

বেশী (-শিন্)—বেশধারী। বেশ+ইন অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—শিনী।

বেশী—অধিক, জেয়াদা, অতিরিক্ত, অতিশয়, অত্যন্ত, খুব ; আতিশয্য, আধিক্য। ফার্সী। বি বা বিণ।

বেশুমার—অসংখ্য। বে (নাই) শুমার (গণনা) যাহার, বহুব্রী। বিণ।

বেশ্ম (বেশ্মন্)—ভবন, গৃহ। বিশ্ (প্রবেশ করা)+মন্ অধিবা। বি ; ক্লীব।

বেশ্যা—বারবনিতা, সাধারণ-স্ত্রী। বেশ শব্দ+যৎ+আপ্। বি ; স্ত্রী। [বি ; স্ত্রী।

বেশ্যাবৃত্তি—গণিকার ব্যবসায়। ৬ষ্ঠীতৎ।

বেশ্যাসক্ত—গণিকার প্রতি অনুরক্ত। ৭মীতৎ। বিণ। বি,—ক্তি।

বেশ্যালয়—বেশ্যার বাড়ী, গণিকা-গৃহ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

বেষ—বেশ দ্রঃ।

বেষ্ট, বেষ্টন—১। চতুর্দ্দিকে আবরণ, ঘেরা ; প্রদক্ষিণ, চতুর্দ্দিকে ঘুরা। বেষ্ট্ (বেষ্টন করা)+ঘঞ্, অনট্ ভাববা। ২। পরিধি, বেড় ; উষ্ণীষ। বেষ্ট্+ঘঞ্, অনট্ করণবা। বি ; পুং, ক্লীব।

বেষ্টক—১। উষ্ণীষ, পাগড়ি ; নির্য্যাস। বেষ্ট্ (বেষ্টন করা)+ণক কর্ত্তৃবা। বি ; ক্লীব। ২। প্রাচীর ; কুষ্মাণ্ড। বি ; পুং। ৩। বেষ্টনকারী। বিণ। স্ত্রী,—ষ্টিকা।

বেষ্টনী—বেড়া, যাহা দ্বারা বেষ্টন করা হয়, ঘের। বেষ্টন দ্রঃ। বেষ্টন+ঈপ্। বি ; স্ত্রী।

বেষ্টা—বেষ্টন করা। কবিপ্র। ক্রি।

বেষ্টিত—পরিবৃত, ঘেরা। বেষ্ট্ (বেষ্টন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

বেসক্—সন্দেহশূন্য। ফার্সী। বিণ।

বেসন—দ্বিদল-চূর্ণ, ডাইলের গুঁড়া, বেসম। বেস্ (গমন করা)+অনট্ কর্ম্মবা। বি ; ক্লীব।

বেসম—ছোলা মটর প্রভৃতি দাইলের গুঁড়া। । 'বেসন' শব্দজ। বি।

বেসর—বেশর দ্রঃ।

বেসরকারী—যাহা সরকার বা গবর্ণমেন্ট-সংক্রান্ত নহে। বে (নয়) সরকারী, নঞ্তৎ। বিণ।

বেসরম—বেহায়া, নির্লজ্জ। বহুব্রী। বিণ।

বেসাত, বেসাতি—বেশাত, বেশাতি দ্রঃ।

বেসামরিক—যাহা যুদ্ধসংক্রান্ত বা যুদ্ধের সঙ্গে সংশ্লিষ্ট নয়। নঞ্তৎ। বিণ।

বেসামাল—অসামাল, রক্ষণ বা সংবরণ করিতে অপারগ ; অরক্ষিত। বহুব্রী। বিণ।

বেসার—পিষ্ট মসলা, বাটনা। প্রাঃ কবিপ্র। বি।

বেসারি—দুগ্ধভাণ্ড, দুধের কেঁড়ে ; মৃৎপাত্র, শরা। প্রাঃ কবিপ্র। বি।

বেসালি—বেশালি দ্রঃ।

বেসুমার—অসংখ্য, অগণ্য। বে (নাই) সুমার (গণনা) যাহার, বহুব্রী। বিণ।

বেসুর, বেসুরা, বেসুরো—অনসুরো, সুর ঠিক না হওয়ায় শ্রুতিকটু। বে (নাই) সুর যাহাতে, বহুব্রী, ২য় ও ৩য় পক্ষে আ, ও স্বার্থে বা সমাসান্ত। বিণ।

বেসেড়া—বাসি। দেশজ। বিণ।

বেহক্—অন্যায় ; মিথ্যা। নঞ্তৎ। বিণ।

বেহকদার—যাহার দাবী বা স্বত্ব নাই। বে (নয়) হকদার, নঞ্তৎ। বিণ।

বেহদ্দ—নেহাৎ, অত্যন্ত, অতিরিক্ত, যারপরনাই। আর্বী। বিণ।

বেহাই—বৈবাহিক। 'বৈবাহিক' শব্দজ। বি ; পুং। স্ত্রী, বেহাইন, বেহান।

বেহাগ—(সঙ্গীতে) রাগবিশেষ। বি।

বেহাত—হাতছাড়া, অনায়ত্ত। বে (নাই) হাত যাহাতে, বহুব্রী। বিণ।

বেহান—বেহাই (তাহা দ্রঃ)।

বেহায়া—বেসরম, নির্লজ্জ। বহুব্রী। বিণ। বি,—পনা। [শব্দজ। বি।

বেহার—বিহার ; বিশ্রামস্থল। 'বিহার'

বেহারা—বাহক, কাহার ; পরিচারক। 'ব্যবহারিক' শব্দজ। বি।

বেহাল—১। অবস্থাহীন ; হালছাড়া। বিণ। ২। দুরবস্থা। অব্যয়ী। বি।

বেহালা—সতার বাদ্যযন্ত্রবিশেষ। পোর্ত্তু 'Viola' শব্দজ। বি।

বেহিসাবী—যে সব দিক ভাল করিয়া না দেখিয়া কাজ করে, অবিবেচক, অবিমৃষ্যকারী ; অপরিমিত। নঞ্‌তৎ। বিণ।

বেহুঁস, বেহোঁস—অচৈতন্য, সংজ্ঞাহীন, অজ্ঞান। বহুব্রী। বিণ।

বেহুঁসিয়ার—অসাবধান। নঞ্‌তৎ। বিণ।

বেহুদা—অনর্থক ; বাজে। ফার্সী। বিণ।

বেহুলা—চাঁদ সদাগরের পুত্র নখিন্দরের ভার্য্যা। বি ; স্ত্রী।

বেহেড—বিকৃতমস্তিষ্ক, বখাটে, বেল্লিক, গোঁয়ার। ফার্সী বে+ইং Head. বিণ।

বেহোশ—বেহুঁস (তাহা দ্রঃ)।

বৈ—১। সম্বোধন ; অনুনয় ; পাদপূরণ। বা +ডৈ কর্ত্তৃবা। অব্য। ২। বিনা, ছাড়া। দেশজ। অব্য।

বৈঁচি—বোঁচ-নামক কণ্টকীবৃক্ষের ফলবিশেষ, বিকঙ্কত। দেশজ। বি।

বৈকর্ত্ত(র্ত্ত)ন—১। সূর্য্যসম্বন্ধীয় ; সূর্য্যবংশীয়। বিকর্ত্তন (সূর্য্য)+অণ্‌ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—নী। ২। শনি ; কর্ণ। বিকর্ত্তন (সূর্য্য)+অণ্‌ অপত্যার্থে। বি ; পুং।

বৈকল্পিক—বিকল্পপ্রাপ্ত, যাহা বিকল্পে হয় ; বৈভাষিক। বিকল্প+ইক। বিণ। স্ত্রী,—কী।

বৈকল্য—বিকলতা। বিকল+ষ্যঞ্‌ ভাবার্থে। বি ; ক্লীব।

বৈকাল—অপরাহ্ণ, বিকাল বেলা। বিকাল +অণ্‌ স্বার্থে। বি ; পুং।

বৈকালি, —লী—দেবতার সন্ধ্যাকালীন ভোগ। বৈকাল+ই, ঈ দেয়ার্থে। বিণ।

বৈকালিক—আপরাহ্ণিক, বিকালসম্বন্ধীয় ; বৈশাখ মাসে অপরাহ্ণে দেবতাকে ফলমূলাদি দেওয়া। বিকাল+ইক। বিণ বা বি ; পুং।

বৈকি—নিশ্চয় ; যাহাতে সংশয় নাই ; তাইত, তা'ত বটেই। দেশজ। অব্য।

বৈকুণ্ঠ—১। বিষ্ণু ; ইন্দ্র। বি (বিগত) হইয়াছে কুণ্ঠা যাঁহার, বিকুণ্ঠ, বহুব্রী। বিকুণ্ঠ শব্দ+অণ্‌ স্বার্থে। বি ; পুং। ২। বিষ্ণুর পুরী। বিকুণ্ঠ শব্দ+অণ্‌ সম্বন্ধার্থে। বি ; ক্লীব।

বৈক্লব্য—বিহ্বলতা ; কাতরতা ; অধীরতা। বিক্লব+ষ্যঞ্‌ ভাবে। বি ; ক্লীব।

বৈখানস—১। বানপ্রস্থ। বি—খন্‌+ড কর্ত্তৃবা, তদুত্তরে অন+অস্‌ কর্ত্তৃবা+অণ্‌। বি ; পুং। ২। বানপ্রস্থসম্বন্ধীয়। বৈখানস+অণ্‌ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—সী।

বৈগুণ্য—বিগুণতা ; দোষ ; বৈকল্য। বিগুণ শব্দ+ষ্যঞ্‌ ভাবার্থে। বি ; ক্লীব।

বৈচক্ষণ্য—বিচক্ষণতা, নৈপুণ্য। বিচক্ষণ+ +ষ্যঞ্‌ ভাবে। বি ; ক্লীব।

বৈচিত্ত্য—মতিভ্রম, মনের ভ্রান্তি। বিচিত্ত+ষ্যঞ্‌ ভাবার্থে। বি ; ক্লীব।

বৈচিত্র্য—বিচিত্রতা, নানারূপতা ; সৌন্দর্য্য ; চমৎকারিত্ব। বিচিত্র+ষ্যঞ্‌ ভাবার্থে। বি ; ক্লীব।

বৈজয়ন্ত—ইন্দ্রের প্রাসাদ ; ইন্দ্রধ্বজ ; কার্ত্তিকেয়। বি—জয়ন্ত+অণ্‌ সম্বন্ধার্থে। বি ; পুং।

বৈজয়ন্তী, বৈজয়ন্তিকা—জয়ন্তী ; পতাকা ; মালা ; সিঁড়ি। বৈজয়ন্ত+ঈপ্‌, ২য় পক্ষে তদুত্তরে কন্‌+আপ্‌। বি ; স্ত্রী।

বৈজাত্য—বিজাতীয়তা ; বৈলক্ষণ্য ; স্বভাবের ভিন্নতা ; লাম্পট্য। বিজাত+ষ্যঞ্‌ ভাবার্থে। বি ; ক্লীব।

বৈজিক—বীজসম্বন্ধীয় ; বীজগণিতসংক্রান্ত। বীজ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

বৈজ্ঞানিক—বিজ্ঞান-বিশারদ ; বিজ্ঞানশাস্ত্রে নিপুণ ; শিল্পী ; বিজ্ঞানসম্বন্ধীয়। বিজ্ঞান+ইক। বিণ। স্ত্রী,—কী।

বৈঠক—উপবেশন ; অধিবেশন ; সভাধিবেশন, মজলিস, সভা ; দণ্ডায়মান আধার। দেশজ। বি। [সভাগৃহ। ৬ষ্ঠীতৎ। বি।

বৈঠকখানা—বসিবার ঘর, মজলিস ঘর ;

বৈঠকি, —কী—সভা বা মজলিসের উপযুক্ত, মজলিসী ('—গান')। বৈঠক+ই, ঈ যোগ্যার্থে। বিণ।

বৈঠা—১। বসা। হিন্দীমূলক। প্রাঃ কবিপ্র। ক্রি। ২। নৌকা বাহিবার দাঁড়। 'বহিত্র' শব্দজ। বি।

বৈঠান—বসান। কবিপ্র। ক্রি।

বৈড়াল—বিড়ালজাতীয়। বিড়াল+অণ্ সম্বন্ধার্থে। বিণ।

বৈড়াল-ব্রত—কপট ধর্ম্মাচরণ, গোপনে পাপাচরণ ও প্রকাশ্যে ধার্ম্মিকতা প্রকাশ। বৈড়াল যে ব্রত, কর্ম্মধা। বি; ক্লীব।

বৈড়ালব্রতিক, –ব্রতী (–ব্রতিন্)—ভণ্ডতপস্বী, কপট ধর্ম্মাচারী। বৈড়াল-ব্রত শব্দ+ইক, ইন্। বিণ।

বৈতংসিক—পশুপক্ষীর মাংসবিক্রেতা, কসাই। বিতংস শব্দ+ইক। বিণ।

বৈতনিক—বেতনভোগী; কর্ম্মকর; বেতন-সাধ্য। বেতন+ইক। বিণ। স্ত্রী,–কী।

বৈতরণি, –ণী—১। প্রেতনদী, যমদ্বারস্থ নদীবিশেষ; রাক্ষসমাতা। বিতরণ+অণ্+ঈপ্। ২। উড়িষ্যামধ্যস্থ নদীবিশেষ, উৎকলের পূর্ব্ব রাজধানী যাজপুর এই নদীর তীরস্থ। বি; স্ত্রী।

বৈতাল, –লিক—বন্দী, স্তুতিপাঠক: বোধকর, যে রাজাকে জাগায়। বিতাল শব্দ+অণ, ইক। বি; পুং।

বৈদগ্ধি, –ধী—চাতুরী; রসিকতা। প্রাঃ কবিপ্র। বি।

বৈদগ্ধ, –গ্ধ্য—বিদগ্ধতা; চতুরতা; পটুতা; রসিকতা; পাণ্ডিত্য; শোভা; ভঙ্গী। বিদগ্ধ+অণ্, ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

বৈদগ্ধী—চতুরতা, রসিকতা। বৈদগ্ধ+ঈপ্। বি; স্ত্রী।

বৈদর্ভ—১। বিদর্ভদেশীয়; বিদর্ভদেশজাত। বিদর্ভ+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,–র্ভী। ২। বিদর্ভরাজ। বিদর্ভ+অণ্ রাজা অর্থে। বি; পুং।

বৈদর্ভী—কাব্যের রীতিবিশেষ; দময়ন্তী; রুক্মিণী; অগস্ত্য-পত্নী, লোপামুদ্রা। বি; স্ত্রী।

বৈদান্তিক—১। বেদান্তশাস্ত্রজ্ঞ। বি; পুং। ২। বেদান্তসম্বন্ধীয়। বেদান্ত শব্দ+ইক জাতাদ্যর্থে। বিণ। স্ত্রী,–কী।

বৈদিক—১। বেদবিৎ ব্রাহ্মণ। বি; পুং। ২। বেদবিহিত; বেদোক্ত। বেদ+ইক জাতাদ্যর্থে। বিণ। স্ত্রী,–কী।

বৈদূর্য্য(র্য)—মণিবিশেষ (Cat's-eye). বিদূর শব্দ+ঞ্য জাতার্থে। বি; ক্লীব।

বৈদেশিক—ভিন্নদেশীয়; অন্যদেশাগত। বিদেশ+ইক। বিণ। স্ত্রী,–কী।

বৈদেহী—১। জানকী, সীতা। বৈদেহ (বিদেহরাজ)+অণ্ অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী। ২। বিদেহদেশীয়া, বিদেহজাতা। বিদেহ+অণ্+ঈপ্। বিণ; স্ত্রী।

বৈদ্য—বিদ্বান্, পণ্ডিত; চিকিৎসক। বিদ্যা শব্দ+অণ। বিণ।

বৈদ্যক—চিকিৎসাশাস্ত্র, আয়ুর্ব্বেদ। বৈদ্য+কন্। বি; ক্লীব।

বৈদ্যনাথ—প্রসিদ্ধ শিব; ভৈরববিশেষ; দেশবিশেষ; তত্রপ্রতিষ্ঠিত শিবমূর্ত্তি। বি; পুং।

বৈদ্যশাস্ত্র—চিকিৎসাশাস্ত্র, আয়ুর্ব্বেদ, কবিরাজী শাস্ত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বৈদ্যসঙ্ক(ংক)ট—অনেক বৈদ্য দেখান রূপ বিপদ্; বহু চিকিৎসক পরিবর্ত্তন দ্বারা রোগবৃদ্ধি। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

বৈদ্যুত, –তিক—তড়িৎ-সম্বন্ধীয়; তড়িন্ময়; বিদ্যুৎচালিত। বিদ্যুৎ+অণ্, ইক সম্বন্ধার্থে। বিণ।

বৈদ্যুতবার্ত্তা(র্তা)বহ—বিদ্যুৎচালিত সংবাদবাহকযন্ত্র, টেলিগ্রাফ। কর্ম্মধা। বি; পুং।

বৈধ—বিধি-সিদ্ধ; বিধি-বোধিত; ন্যায়-সঙ্গত; উচিত। বিধি+অণ্। বিণ। স্ত্রী, বৈধী।

বৈধতা, –ত্ব—বিধিসিদ্ধতা; বিধেয়তা; ঔচিত্য। বৈধ+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

বৈধব্য—বিধবা অবস্থা, পতিহীনতা। বিধবা+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

বৈধর্ম্ম্য(র্ম্ম)—বিরুদ্ধ ধর্ম্ম; নাস্তিকতা। বিধর্ম্ম শব্দ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

বৈনতেয়—বিনতার পুত্র, অরুণ ও গরুড়। বিনতা+এয় অপত্যার্থে। বি; পুং।

বৈপরীত্য—বিরুদ্ধতা, বিপর্য্যয়, উল্টা। বিপরীত+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

বৈপিত্র, -ত্রেয়—এক মাতার গর্ভে কিন্তু ভিন্ন পিতার ঔরসে জাত। বি (ভিন্ন)—পিতৃ শব্দ (পিতা)+অণ্, এয় অপত্যার্থে। বিণ। স্ত্রী,-ত্রী, -য়ী।

বৈবর্ণ্য—বিবর্ণতা; লাবণ্যহীনতা। বিবর্ণ শব্দ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

বৈবস্বত—বিবস্বতের পুত্র, সপ্তম মনু; রুদ্রবিশেষ; যম; শনি। বিবস্বান্ দ্রঃ। বিবস্বৎ+অণ্ অপত্যার্থে। বি; পুং।

বৈবাহিক—১। বিবাহসম্বন্ধীয়; বিবাহযোগ্য। বিবাহ+ইক সম্বন্ধার্থে। বিণ। ২। পুত্র বা কন্যার শ্বশুর, বেহাই। দেশজ প্রঃ। বি।

বৈভব—বিভুতা; প্রভুত্ব; সামর্থ্য; মহিমা; বিভব; বাহুল্য। বিভু শব্দ+অণ্ ভাবার্থে। বি; ক্লীব।

বৈভবশালী (-শালিন্)—বিভবসম্পন্ন, ঐশ্বর্য্যশালী; সামর্থ্যযুক্ত। বৈভব-শাল+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-লিনী।

বৈভাষিক—বৈকল্পিক। বিভাষা শব্দ+ইক ভবার্থে। বিণ। স্ত্রী,-কী।

বৈমনস্য—অন্যমনস্কতা; দুশ্চিন্তা; কষ্ট; উদ্বেগ। বিমনস্+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

বৈমাত্র, -ত্রেয়—বিমাতার গর্ভজাত। বিমাতৃ শব্দ (বিমাতা)+অণ্, এয় অপত্যার্থে। বিণ; পুং। স্ত্রী,-ত্রী, -য়ী।

বৈমানিক—বিমানসম্বন্ধীয়; বিমানচারী; বিমানচালক। বিমান+ইক। বিণ বা বি; পুং।

বৈয়ক্তিক—ব্যক্তিসম্বন্ধীয়। ব্যক্তি+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,-কী।

বৈমুখ্য—বিমুখতা; অপ্রসন্নতা; পলায়ন। বিমুখ শব্দ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

বৈয়র্থ্য—ব্যর্থতা, নিষ্ফলতা; নিষ্প্রয়োজনীয়তা। ব্যর্থ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

বৈয়াকরণ—ব্যাকরণসম্বন্ধীয়; ব্যাকরণজ্ঞ; ব্যাকরণাধ্যায়ী। ব্যাকরণ+অণ্ জ্ঞাতার্থে। বিণ। স্ত্রী,-ণী।

বৈয়াসকি—ব্যাসতনয়, শুকদেব। ব্যাস শব্দ+ইঞ্ অপত্যার্থে। বি; পুং।

বৈর—বীরত্ব, শৌর্য্য; দ্বেষ, শত্রুতা। বীর শব্দ+অণ্ ভাবার্থে। বি; ক্লীব।

বৈরনির্য্যা(র্য্যা)তন, -প্রতীকার, -শুদ্ধি—শত্রুতার প্রতিশোধ, দাদ তোলা। ৬ষ্ঠীতৎ। বি; যথাক্রমে ক্লীব, পুং, স্ত্রী।

বৈরসাধন—শত্রুতাসাধন, বিপক্ষতাচরণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

বৈরাগ, -গ্য—সংসারে অনাসক্তি, সংসারবাসনা-রাহিত্য, বিবেক। বিরাগ+অণ্, ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

বৈরাগী (-গিন্)—সংসারে অনাসক্ত, সংসারবাসনা-শূন্য, বিবেকী; বৈষ্ণব ভিক্ষু। বৈরাগ শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, -গিণী।

বৈরাগ্য—বৈরাগ দ্রঃ।

বৈরাটি—বিরাটরাজের পুত্র, উত্তর। বিরাট+ইঞ্ অপত্যার্থে। বি; পুং।

বৈরিতা—বিপক্ষতা, শত্রুতা। বৈরিন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

বৈরী (বৈরিন্)—বিপক্ষ, শত্রু। বৈর শব্দ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং বা বিণ। স্ত্রী, -রিণী।

বৈরূপ্য—বিরূপতা; অযথাভাব; বিকৃতি। বিরূপ শব্দ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

বৈলক্ষণ্য—প্রভেদ; বিভিন্নতা, বিশেষ; অন্য প্রকার। বিলক্ষণ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

বৈশম্পায়ন—ভারতবক্তা জনৈক মুনি ইনি বেদব্যাসের শিষ্য। জন্মেজয়ের সর্পযজ্ঞ-সভায় ইনি মহাভারত পাঠ করেন। বি; পুং।

বৈশাখ—বাঙ্গালা বৎসরের প্রথম মাস।

বৈশাখী (বিশাখানক্ষত্রযুক্ত পূর্ণিমা)+অণ্ অস্ত্যর্থে। বি; পুং।

বৈশাখী—বিশাখা নক্ষত্রযুক্তা পূর্ণিমা। বিশাখা শব্দ+অণ্+ঈপ্। বি; স্ত্রী।

বৈশিষ্ট্য—বিশিষ্টতা; বৈলক্ষণ্য। বিশিষ্ট শব্দ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

বৈশেষিক—কণাদ-প্রণীত দর্শনশাস্ত্র। বিশেষ শব্দ+ইক। বি; ক্লীব।

বৈশ্বানর—বেদাংশবিশেষ; অগ্নি। বিশ্বানর +অণ্ হিতার্থে। বি; পুং।

বৈশ্য—তৃতীয় বর্ণ, কৃষক বণিক্ প্রভৃতি জাতি। বিশ্ (বৈশ্য)+ষ্যঞ্ স্বার্থে। বি; পুং।

বৈশ্যা—বৈশ্যজাতীয়া স্ত্রী। বৈশ্য+আপ্। বি; স্ত্রী।

বৈশ্রবণ—বিশ্রবা মুনির পুত্র, কুবের; রাবণ। বিশ্রবস্+অণ্ অপত্যার্থে, নিপাতনে। বি; পুং।

বৈষম্য—বিষমতা, অসাম্য, অসমানতা। বিষম+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

বৈষয়িক—বিষয়সম্বন্ধীয় বা বিষয়ক; সাংসারিক। বিষয়+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

বৈষ্ণব—বিষ্ণুসম্বন্ধীয়; বিষ্ণুভক্ত; ধর্ম্মসম্প্রদায়-বিশেষ। বিষ্ণু+অণ্। বিণ। স্ত্রী,—বী।

বৈসা—বসা; বাস করা। কবিপ্র। ক্রি।

বৈসাদৃশ্য—বিসদৃশতা, বৈষম্য। বিসদৃশ+ ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

বৈসান—বসান। কবিপ্র। ক্রি।

বো—গন্ধ। ফার্সী। বি। [অব্য।

বোঁ—গতি বা ঘূর্ণনের বেগসূচক শব্দ। দেশজ।

বোঁচকা, বোচকা—গাঁটরি, পুঁটলি, মোট। তুর্কী 'বুগচাহ্' শব্দজ। বি।

বোঁচা—নাক-কাটা; নির্লজ্জ, বেহায়া; ছিন্নাগ্র। দেশজ। বিণ।

বোঁট, বোঁটা—১। বৃন্ত; চুচুক। 'বোণ্ট' বা 'বৃন্ত' শব্দজ। ২। হাতল। দেশজ। বি।

বোঁদে—গুটিকাকার বেসনের মিষ্টান্নবিশেষ। বুঁদ (বিন্দু)+এ সদৃশার্থে। বি।

বোকচন্দ্র—বোকা। দেশজ। বি।

বোকা—নির্ব্বোধ, আহাম্মখ। 'বর্কর' শব্দজ। বি।

বোকাছাগল, -পাঁঠা—দাড়িওয়ালা বড় ছাগল। কর্ম্মধা। বি।

বোকামি, বোকামো—মূর্খতা। বোকা +মি, মো ভাবার্থে। বি।

বোকারাম—অত্যন্ত বোকা। দেশজ। বিণ।

বোচকা, বুচকী—বোঁচকা (তাহা দ্রঃ)।

বোজা—বুজা, মুদ্রিত হওয়া। বাং ক্রি।

বোজান—বন্ধ করা; ভরাট করা। বাং ক্রি।

বোঝা—১। ভার, মোট। দেশজ। বি। ২। বুঝিতে পারা। বাং ক্রি।

বোঝাই—ভারস্থাপন; ভর্ত্তি করা; ভর্ত্তি। বোঝা+ই। বি।

বোট—নৌকা; জাহাজ। ইং Boat. বি।

বোট্কা—ছাগলের মত (গন্ধ)। দেশজ। বিণ। [শব্দজ। বি।

বোটে—নৌকার ছোট দাঁড়। 'বহিত্র'

বোঠান—বধূঠাকুরাণী, বউদিদি। 'বধূ-ঠাকুরাণী' শব্দজ। বি।

বোড়া—১। সর্পবিশেষ। 'বোড্র' শব্দজ। ২। থলে, বস্তা, গুণ; কাঠবিড়ালের রং। দেশজ। বি। [বি।

বোড়ে—দাবাখেলার ঘুঁটি। 'বটিকা' শব্দজ।

বোতল—বড়শিশি, কাচকুপী। ইং 'Bottle' শব্দজ। বি।

বোতাম—জামা প্রভৃতি আটকাইবার জন্য চক্রিকা বা গুটিকা। পোর্তু 'Botao' শব্দজ। বি। [দেশজ। বি।

বোদ—পাতা প্রভৃতি পচিয়া যে কাদা হয়।

বোদা—বিস্বাদ। দেশজ। বিণ।

বোদ্ধা (বোদ্ধৃ)—জ্ঞাতা, বোধশক্তিবিশিষ্ট, সহজে বুঝিতে পারে এরূপ। বুধ্ (বোঝা) +তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, বোদ্ধ্রী।

বোধ—১। জ্ঞান; অনুমান; বুদ্ধি; জাগরণ; দর্শন; অনুভব, মালুম ('অস্বস্তি—', 'শীত—')। বুধ্ (জানা, বুঝা)+ঘঞ্

ভাববা। ২। বোধিতকরণ, জানান, বুঝাইয়া দেওয়া ; সান্ত্বনা। ণিজন্ত বুধ্ =বোধি (জানান, বুঝান)+অচ্ ভাববা। বি ; পুং।

বোধক—জ্ঞাপক ; দ্যোতক ; জাগরিতকারী ; সূচক। ণিজন্ত বুধ্=বোধি (জানান)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ধিকা।

বোধগম্য—জ্ঞানগম্য, বোধযোগ্য। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ম্যা।

বোধন—জ্ঞাপন, জানান ; জাগান ; সন্দীপন ; উদ্দীপন ; দেবমূর্ত্তির জাগরণ। ণিজন্ত বুধ্=বোধি (জানান)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

বোধনীয়, বোধ্য—জ্ঞাতব্য, বুঝিবার মত। বুধ্+অনীয়, ণ্যৎ কর্ম্মবা। বিণ।

বোধয়িতব্য—জ্ঞাপনীয়, জানাইবার যোগ্য। বুধ্+ণিচ্+তব্য কর্ম্মবা। বিণ।

বোধি—১। অশ্বত্থ। বুধ্ (জানা)+ইন্ কর্ত্তৃবা। ২। সমাধিবিশেষ। বুধ্+ইন্ ভাববা। বি ; পুং। ৩। বোদ্ধা। বুধ্+ইন্ কর্ত্তৃবা। বিণ।

বোধিকা, বোধিনী—১। টীকা, অর্থ-পুস্তক। বি ; স্ত্রী। ২। জ্ঞানদায়িনী। বুধ্+ণিচ্+ণক কর্ত্তৃবা+আপ্ ও ণিন্ কর্ত্তৃবা+ঈপ্। বিণ ; স্ত্রী।

বোধিত—জ্ঞাপিত ; সূচিত ; জাগরিত। ণিজন্ত বুধ্=বোধি (জানান)+ক্ত কর্ম্মবা। বিণ।

বোধিতব্য—বিজ্ঞাপ্য, জ্ঞাপিতব্য। ণিজন্ত বুধ (=বোধি)+তব্য কর্ম্মবা। বিণ।

বোধিতরু,—দ্রুম—বুদ্ধদেব যে অশ্বত্থ বৃক্ষের তলায় বসিয়া সাধনা করিয়াছিলেন। কর্ম্মধা। বি ; পুং।

বোধিসত্ত্ব—বুদ্ধদেব ; বুদ্ধত্বলাভের পূর্ব্বাবস্থায় উপনীত মহাপুরুষ। বোধি (সমাধিবিশেষ) হইয়াছে সত্ত্ব যাঁহার, বহুব্রী। বি ; পুং।

বোধ্য—বোধনীয় দ্রঃ।

বোন—ভগিনী। 'ভগিনী' শব্দজ। বি।

বোনঝী—ভগিনীর কন্যা। ৬ষ্ঠীতৎ। বি।

বোনপো—ভগিনীর পুত্র। ৬ষ্ঠীতৎ। বি।

বোনা—বুনা (তাহা দ্রঃ)।

বোনাই—ভগিনীপতি। বোন+আই স্বামী অর্থে। বি ; পুং।

বোবা—মূক, বাক্‌শক্তিহীন। দেশজ। বিণ।

বোম—গাড়ীর যে কাঠে যোয়াল যোড়া থাকে। দেশজ। বি।

বোমা—১। বারুদপূর্ণ গোলক ; বিস্ফোরক পদার্থপূর্ণ বৃহৎ পটকা। পোর্ত্তু 'Bomba' শব্দজ। বি। ২। আঁটা বস্তার ভিতর হইতে চাউলাদি বাহির করিবার সূক্ষ্মাগ্র লৌহযন্ত্র-বিশেষ ; জল তুলিবার কলবিশেষ। দেশজ। বি। [বিণ।

বোমারু—বোমানিক্ষেপকারী। বোমা+রু।

বোম্বেটে—জলদস্যু। পোর্ত্তু 'Bombardo' শব্দজ। বি।

বোয়াল—একপ্রকার বড় মাছ। 'বোদাল' শব্দজ। বি।

বোর—কুলের আঁটির মত সোনা-রূপার দানা ; শিশুর কটিভূষণবিশেষ। 'বদর' শব্দজ। বি।

বোরকা(খা)—স্ত্রীলোকের আপাদমস্তক আচ্ছাদক অঙ্গাবরণবিশেষ ; ঘেরাটোপ। আরবী। বি।

বোরব—ধান্যবিশেষ, বোরোধান। বোর—বা (গমন করা)+ক কর্ত্তৃবা। বি ; পুং।

বোরা—চট, থলিয়া, বস্তা। দেশজ। বি।

বোরো—ধান্যবিশেষ। 'বোরব' শব্দজ। বি।

বোর্ড—তক্তা, কাষ্ঠফলক ; সমিতি ; মন্ত্রণা-সভা ; শাসকসমিতি। ইং Board. বি।

বোল—১। গন্ধরস। বা+উল কর্ত্তৃবা। বি ; পুং বা ক্লীব। ২। বুলি, কথা, বাক্য ; তালসূচক বাদ্যধ্বনি ; ক্ষারজল, সাজিমাটির জল। দেশজ। বি। ৩। বল, কহ ; বলে, কহে। প্রাঃ কবিপ্র। ক্রি।

বোলচাল—কথা ও আচরণ। দ্বন্দ্ব। বি।

বোলতা—বরটা ; দংশক পতঙ্গবিশেষ। 'বরটা' শব্দজ। বি।

বোলবোলা—হাঁকডাক ; প্রভাব, প্রতিপত্তি ; নামডাক। দেশজ। বি।

বোলা—বলা, কহা। প্রাঃ কবিপ্র। ক্রি।

বোলান—১। ডাকা, কথা বলান। হিন্দী। ক্রি। ২। গাজনের গান। দেশজ। বি।

বোলাবুলি—বলাবলি, বকাবকি, বাদানুবাদ, কথা কাটাকাটি ; গোলযোগ, গণ্ডগোল। প্রাঃ কবিপ্র। বি।

বোলি—কথা। হিন্দী। বি।

বোল্‌টু—ইস্ক্রুপ ; লোহার পেঁচ। ইং 'Bolt' শব্দজ। বি।

বৌ—পুত্রবধূ, ভ্রাতৃবধূ ইত্যাদি, বউ বা বহু। 'বধূ' শব্দজ। বি ; স্ত্রী।

বৌ-ঠাকুরাণী, বৌঠান—জ্যেষ্ঠশ্যালকপত্নী, বড় শালার স্ত্রী ; জ্যেষ্ঠ ভ্রাতৃজায়া, দাদার স্ত্রী, বৌদিদি। কর্ম্মধা। বি।

বৌদি, বৌ-দিদি—জ্যেষ্ঠ ভ্রাতৃজায়া, দাদার স্ত্রী। কর্ম্মধা। বি ; স্ত্রী।

বৌদ্ধ—১। বুদ্ধমতাবলম্বী ; নাস্তিক। বি ; পুং। ২। বুদ্ধসম্বন্ধীয়। বুদ্ধ+অণ্‌ সম্বন্ধার্থে। বিণ।

বৌমা—পুত্রবধূ, কনিষ্ঠ ভ্রাতৃজায়া বা তত্তুল্য সম্পর্কীয়া স্ত্রীলোক। 'বধূমাতা' শব্দজ। বি ; স্ত্রী।

বৌষট্‌—ঘৃতাদি নিবেদনের মন্ত্র। বহ্‌ (বহন করা)+ডৌষট্‌ করণবা। অব্য।

বৌহারি(রী)—বউ, বধূ। প্রাঃ কবিপ্র। বি ; স্ত্রী।

ব্যক্ত—প্রকাশিত ; স্ফুট ; প্রকট ; বিকসিত ; দৃষ্ট ; স্থূল ; প্রাজ্ঞ। বি—অন্‌জ্‌ (প্রকাশ করা) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ব্যক্তা।

ব্যক্তি—১। জীব ; জন, লোক ; শরীরী ; দ্রব্য ; পদার্থ, বস্তু। বি—অন্‌জ্‌+ক্তি কর্ম্মবা। ২। প্রকাশ। বি—অন্‌জ্‌ (প্রকাশ করা) +ক্তি ভাববা। বি ; স্ত্রী। ৩। মানুষ, লোক। দেশজ প্রঃ। বি।

ব্যক্তিগত—পুরুষসম্বন্ধীয়, কোন এক ব্যক্তির উদ্দেশে কথিত বা কৃত। ২য়াতৎ। বিণ।

ব্যক্তিত্ব—ব্যক্তিবিশেষের স্বাতন্ত্র্য, প্রাধান্য বা প্রভাব (Personality). ব্যক্তি+ত্ব ভাবার্থে। বি ; ক্লীব।

ব্যক্তীকৃত—স্পষ্টীকৃত, প্রকটীকৃত। ব্যক্ত+চি্ অভূততদ্ভাবার্থে (=ব্যক্তী)—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যগ্র—ব্যাকুল ; ব্যস্ত ; চকিত ; আগ্রহী ; উৎসাহী ; আসক্ত। বি (বিশিষ্টরূপ) অগ্র, প্রাদিতৎ। বিণ। স্ত্রী, ব্যগ্রা। বি, ব্যগ্রতা।

ব্যঙ্গ—১। বিকলাঙ্গ ; অঙ্গহীন। বিণ। স্ত্রী, ব্যঙ্গী। ২। ভেক। বি (নাই বা বিকল) অঙ্গ যাঁহার, বহুব্রী। ৩। পরিহাস, ঠাট্টা ; ব্যঞ্জনা (Suggestion). বি—অন্‌জ্‌+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

ব্যঙ্গ(ঙ্গ)প্রিয়—পরিহাসপ্রিয়, যে বিদ্রূপ করিতে ভালবাসে। বহুব্রী। বিণ।

ব্যঙ্গা(ঙ্গা)র্থ—১। ব্যঙ্গ্যার্থ (তাহা দ্রঃ)। ২। পরিহাসসূচক অর্থ। দেশজ প্রঃ। বি।

ব্যঙ্গো(ঙ্গো)ক্তি—ব্যঙ্গ্যোক্তি (তাহা দ্রঃ)।

ব্যঙ্গ্য(ঙ্গ্য)—ব্যঞ্জনাবৃত্তি দ্বারা বোধ্য (অর্থে)। বি—অন্‌জ্‌ (প্রকাশ করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

ব্যঙ্গ্যা(ঙ্গ্যা)র্থ—ব্যঞ্জনাবৃত্তি দ্বারা বোধিত অর্থ, গৌণার্থ। ব্যঙ্গ্য যে অর্থ, কর্ম্মধা। বি ; পুং।

ব্যঙ্গ্যো(ঙ্গ্যো)ক্তি—শ্লেষবাক্য ; বিদ্রূপ কথন। ব্যঙ্গ্য যে উক্তি, কর্ম্মধা। বি ; স্ত্রী।

ব্যজন—১। বায়ুসঞ্চালন ; পাখা দিয়া বাতাসকরণ। বি—অজ্‌+অনট্‌ ভাববা। ২। পাখা। বি—অজ্‌+অনট্‌ করণবা। বি ; ক্লীব।

ব্যজনী—তালবৃন্ত, পাখা। বি—অজ্‌+অনট্‌ করণবা+ঈপ্‌। বি ; স্ত্রী।

ব্যঞ্জক—১। প্রকাশক ; বিকাশক। বিণ। স্ত্রী,—ঞ্জিকা। ২। অভিনয় ; ব্যঞ্জনা দ্বারা বোধিত শব্দ। বি—অন্‌জ্‌ (প্রকাশ করা) +ণক কর্তৃবা। বি ; পুং।

ব্যঞ্জন—১। চিহ্ন ; হলবর্ণ, ক খ ইত্যাদি

[বর্ণ দ্রঃ]; অন্নভোজনের উপকরণ, তরকারি। বি—অন্জ্ (প্রকাশ করা)+অনট্ করণবা। ২। প্রকাশন; কাব্যের গূঢ়ার্থ-প্রকাশক বৃত্তিবিশেষ, ব্যঞ্জনাবৃত্তি। বি—অন্জ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

ব্যঞ্জনবর্ণ—হল্‌বর্ণ; স্বরবর্ণের সাহায্য ছাড়া যে বর্ণের উচ্চারণ হয় না। কন্ধধা। বি; পুং।

ব্যঞ্জনা—কাব্যের নিগূঢ়ার্থ প্রকাশক বৃত্তিবিশেষ; যেমন "তোমার সিঁথির সিঁদুর বজায় থাকুক" এই বাক্যটি কোন রমণীর প্রতি উচ্চারিত হইলে উহার অর্থ এই হয় যে, 'তুমি চিরকাল সধবা থাক'; এবং একমাত্র ব্যঞ্জনাবৃত্তি দ্বারা উহা প্রকাশিত হয়। বি—অন্জ্ (প্রকাশ করা)+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

ব্যতিকর—সম্পর্ক; মিলন; ব্যাপ্তি; পরস্পর কর্ম্মকরণ; ব্যসন; বিপদ্; সমূহ। বি—অতি—কৃ+অপ্ ভাববা। বি; পুং।

ব্যতিক্রম—বিপর্য্যয়; বৈপরীত্য; লঙ্ঘন। বি—অতি—ক্রম্+ঘঞ্ ভাববা। বি; পুং।

ব্যতিব্যস্ত—অত্যন্ত ব্যস্ত, অতিশয় অস্থির; উত্ত্যক্ত। অতি (অতিশয়) যে ব্যস্ত সে অতিব্যস্ত, প্রাদিতৎ; বি (বিশিষ্টরূপে) অতিব্যস্ত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী.—স্তা।

ব্যতিরিক্ত—অতিরিক্ত; ব্যতীত; ভিন্ন। বি—অতি—রিচ্+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যতিরেক—ভেদ; অতিক্রম; বৃদ্ধি; অভাব; কাব্যালঙ্কারবিশেষ (উপমান হইতে উপমেয়ের আধিক্য বা ন্যূনতা বুঝাইলে এই অলঙ্কার হয়)। বি—অতি—রিচ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

ব্যতিরেকী (—কিন্)—প্রভেদক, অভাবযুক্ত। ব্যতিরেক+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—কিণী। [অব্য।

ব্যতিরেকে—বিনা, ছাড়া। দেশজ প্রঃ।

ব্যতিষঙ্গ—আসক্তি, অনুরাগ; একত্র বন্ধন; মিলন; সম্পর্ক। বি—অতি—সন্জ্ (সংসক্ত হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং। বিণ,—ষক্ত।

ব্যতিহার, ব্যতীহার—গালাগালি, মারামারি; পরস্পর একবিধ ক্রিয়াকরণ; পরিবর্ত্ত; বিনিময়, বদল। বি—অতি—হৃ (হরণ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

ব্যতীত—১। বিগত; সম্পন্ন; মৃত; অতিক্রান্ত। বি—অতি—ই+ক্ত কর্ত্তৃবা। বিণ। ২। বিনা, ছাড়া। দেশজ প্রঃ। অব্য।

ব্যতীপাত—যোগবিশেষ; উৎপাত, দৈবদুর্ঘটনা। বি—অতি—পত্+ঘঞ্ ভাববা। বি; পুং।

ব্যত্যয়, ব্যত্যাস—ব্যতিক্রম; বিপর্য্যয়; বৈপরীত্য। বি—অতি—ই (যাওয়া)+অচ্ ভাববা, ২য় পক্ষে বি—অতি—অস্ (হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

ব্যথা—বেদনা; দুঃখ; শোক; ভয়। ব্যথ্+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

ব্যথাতুর—বেদনাকাতর, দুঃখে কাতর। ব্যথা দ্বারা আতুর, ৩য়াতৎ। বিণ।

ব্যথিত—ব্যথাপ্রাপ্ত; পীড়িত; ভীত; দুঃখিত। ব্যথ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

ব্যথী (—থিন্)—বেদনাযুক্ত, ব্যথাগ্রস্ত; সমদুঃখী, দরদী। ব্যথা+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—থিনী। [বি।

ব্যথিজন—আত্মীয় স্বজনগণ। প্রাঃ কবিপ্র।

ব্যপদেশ—১। ছল, অছিলা; নাম; বংশ। বি—অপ—দিশ্+ঘঞ্ করণবা। ২। নামোল্লেখ কথন। বি—অপ—দিশ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

ব্যপদেষ্টা (—দেষ্টৃ)—উল্লেখকারী; নামকীর্ত্তক; ছলকারক। বি—অপ—দিশ্ (বলা, ইত্যাদি)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ষ্ট্রী।

ব্যপনয়ন—প্রত্যাখ্যান; পরিবর্জ্জন; ত্যাগ। বি—অপ—নী (লইয়া যাওয়া)+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, ব্যপনীত।

ব্যপাকৃত—অস্বীকৃত; অপনীত; নিরস্ত; নিরাকৃত; নিহ্নুত। বি—অপ—আ—কৃ (করা)+ক্ত কর্ম্মবা। বিণ। বি,—কৃতি।

ব্যপাশ্রয়—আশ্রয়; অবলম্বন। বি—অপ—আ—শ্রি+অচ্ ভাববা। বি; পুং।

ব্যবকলন—বিয়োজন; বিয়োগকরণ, বাকি কাটা, জমাখরচ কাটা। বি—অব—কল (গণা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

ব্যবকলিত—বিয়োজিত; যাহা বাকি কাটা হইয়াছে এরূপ; বাকি। বি—অব—কল (গণা)+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যবচ্ছিন্ন—বিভক্ত; বিভিন্ন; মোচিত; বিশেষিত; নির্দ্ধারিত। বি—অব—ছিদ্ (ছেদন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যবচ্ছেদ—বিভেদ; বিশেষকরণ; মোচন; শরবৃষ্টি; নির্দ্ধারণ। বি—অব—ছিদ্ (ছেদন করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

ব্যবধা, ব্যবধান, ব্যবধি—তিরোধান; আবরণ; আড়াল; অন্তর; দূরত্ব। বি—অব—ধা (ধারণ করা)+অঙ্, অনট্, কি ভাববা, প্রথমপক্ষে আপ্। বি; স্ত্রী, ক্লীব, পুং।

ব্যবধায়ক—ব্যবধানকারক; আবরক, আচ্ছাদক। বি—অব—ধা (ধারণ করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িকা।

ব্যবসা—বাণিজ্য, ক্রয়বিক্রয়। 'ব্যবসায়' শব্দজ। বি।

ব্যবসায়—১। জীবিকা, বৃত্তি। বি—অব—সো+ঘঞ্ করণবা। ২। যত্ন; উদ্যম; কার্য্য; অনুষ্ঠান; নিশ্চয়; অভিপ্রায়। বি—অব—সো+ঘঞ্ ভাববা। বি; পুং।

ব্যবসায়াত্মক—নিশ্চয়াত্মক, কৃতনিশ্চয়, স্থির। ব্যবসায় (নিশ্চয়) হইয়াছে আত্মা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্মিকা।

ব্যবসায়ী (—সায়িন্)—কৃতোদ্যম; অনুষ্ঠানকারী; কৃতনিশ্চয়; বাণিজ্যকারী। ব্যবসায়+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—য়িনী।

ব্যবসিত—১। চেষ্টিত; উদ্যত; প্রতারিত; স্থিরীকৃত; নিশ্চিত। বি—অব—সো (নাশ করা)+ক্ত কর্ত্তৃবা। ২। অভিপ্রেত; অনুষ্ঠিত। বি—অব—সো+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যবস্থা—স্থিতি; স্থিরতা; বন্দোবস্ত; শৃঙ্খলা ('কাজের—'); নিয়ম; শাস্ত্রীয় বিধি; আইন; পৃথক্ পৃথক্ স্থাপন। বি—অব—স্থা+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

ব্যবস্থাপক—বিধিদায়ক; আইনকর্ত্তা; আইনপ্রণয়নকারী; নিয়ামক; সংস্থাপক। বি—অব—ণিজন্ত স্থা=স্থাপি (স্থাপন করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

ব্যবস্থাপক-সভা—দেশের প্রতিনিধিগণ আইন রচনা ইত্যাদির জন্য যে সভা করেন। কর্ম্মধা। বি; স্ত্রী।

ব্যবস্থাপত্র—চিকিৎসকের ঔষধের বিধানসূচক পত্র; স্মৃতিশাস্ত্রবিৎ পণ্ডিতের বিধানসূচক পত্র। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ব্যবস্থাপদ্ধতি—নিয়মপ্রণালী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ব্যবস্থাপন—বিধিনির্দ্ধারণ; নিয়মকরণ; আইন প্রণয়ন; নিরূপণ। বি—অব—ণিজন্ত স্থা=স্থাপি (রাখা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

ব্যবস্থাপরিষদ—আইন প্রণয়নের সভা। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ব্যবস্থাপিত—স্থিরীকৃত; নির্দ্ধারিত; নিয়মিত; প্রকৃতিপ্রাপিত। বি—অব—ণিজন্ত স্থা=স্থাপি (রাখা)+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যবস্থাশাস্ত্র—বিধানশাস্ত্র, স্মৃতিশাস্ত্র; আইন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ব্যবস্থিত—১। সম্যক্ অবস্থিত। বি—অব—স্থা+ক্ত কর্ম্মবা। ২। স্থিরীকৃত; নির্দ্ধারিত; পৃথক্‌কৃত। বি—অব—স্থা+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যবহর্ত্তা(র্ত্তৃ), (—হর্ত্তৃ)—ব্যবহারকর্ত্তা; বিচারক। বি—অব—হৃ (হরণ করা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্রী।

ব্যবহার—ঋণদানাদি অষ্টাদশ বিবাদ; পণ; মামলা, মোকদ্দমা; "আইন"; বাণিজ্য;

আচার; প্রথা; প্রয়োগ, কাজে লাগান ('থড়ম—করা')। বি—অব—হৃ (হরণ করা) +ঘঞ্ ভাববা। বি; পুং।

ব্যবহারজীবী (—বিন্)—আইন-ব্যবসায়ী, উকিল মোক্তার ব্যারিষ্টার প্রভৃতি। ব্যবহার—জীব্+ণিন্ কর্তৃবা। বি; পুং।

ব্যবহারজ্ঞ—প্রাপ্তব্যবহার, প্রাপ্তবয়স্ক, সাবালক। ব্যবহার (মোকদ্দমা প্রভৃতি) জানে যে, উপতৎ। ব্যবহার শব্দ—জ্ঞা (জানা) +ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

ব্যবহারদর্শী (—দর্শিন্)—বিচারকর্তা; জুরি। ব্যবহার (মোকদ্দমা)—দৃশ্ (দেখা) +ণিন্ কর্তৃবা। বিণ বা বি; পুং। স্ত্রী,—র্শিনী।

ব্যবহারবিধি—ব্যবস্থাশাস্ত্র, আইন। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

ব্যবহারশাস্ত্র, ব্যবহারসংহিতা—ব্যবস্থাশাস্ত্র, আইন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।

ব্যবহারাজীব—আইন-ব্যবসায়ী, উকীল মোক্তার ব্যারিষ্টার জজ প্রভৃতি। ব্যবহার (আইন) আজীব (জীবিকা) যাহার, বহুব্রী। বি; পুং।

ব্যবহারিক—ব্যবহারসিদ্ধ। ব্যবহার+ইক (ঠন্) নিষ্পন্নার্থে। বিণ। স্ত্রী,—কী।

ব্যবহার্য্য(র্য)—ব্যবহারের উপযুক্ত; ব্যবহারযোগ্য। বি—অব—হৃ+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

ব্যবহিত—১। অন্তর্হিত। বি—অব—ধা +ক্ত কর্তৃবা। ২। আচ্ছাদিত; অন্তরিত। বি—অব—ধা (ধারণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যবহৃত—উপভুক্ত; আচরিত; বিচারিত। বি—অব—হৃ+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যবায়—স্ত্রীসংসর্গ; আচ্ছাদন; পবিত্রতা; অন্তর্ধান। বি—অব—ই বা অয়্+ঘঞ্ ভাববা। বি; পুং।

ব্যভিচার—কদাচার; কুক্রিয়া; স্ত্রীপুরুষের অবৈধ সংসর্গ; অন্যথাচরণ; স্খলন; অব্যাপ্তি; অতিব্যাপ্তি। বি—অভি+চর্ (চরা, গমন করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

ব্যভিচারিণী—কুলটা; পরপুরুষগামিনী স্ত্রী। ব্যভিচারিন্+ঈপ্। বি; স্ত্রী।

ব্যভিচারিতা—কদাচারিতা, কুক্রিয়াসক্তি অব্যাপ্তি।ব্যভিচারিন্+তা ভাবার্থে। বি; স্ত্রী

ব্যভিচারী (—চারিন্)—১। কদাচারী; কুক্রিয়াসক্ত; পরস্ত্রীগামী; অন্যথাচারী; অব্যাপ্ত; অতিব্যাপ্ত। বি—অভি—চর্ (চরা, গমন করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী। ২। সঞ্চারী ভাব। বি; পুং।

ব্যয়—খরচ, অপচয়; অপগম; নাশ; অভাব। ব্যয়্+ণিচ্+অচ্ ভাববা। বি; পুং।

ব্যয়কুণ্ঠ—কৃপণ, টাকা খরচ করিতে কাতর। ব্যয়ে কুণ্ঠা যাহার, বহুব্রী। বিণ।

ব্যয়বহুল—যাহাতে অত্যন্ত খরচ হয়। ব্যয় দ্বারা বহুল, ৩য়াতৎ। বিণ।

ব্যয়বাহুল্য—অত্যধিক খরচ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [বিণ। স্ত্রী,—ল্য।

ব্যয়শীল—যে বেশী খরচ করে। বহুব্রী।

ব্যয়সাধ্য—ব্যয়নিষ্পাদ্য, টাকা খরচ দ্বারা সাধনীয়। ৩য়াতৎ। বিণ।

ব্যয়সাপেক্ষ—ব্যয়সাধ্য। ৬ষ্ঠীতৎ। বিণ।

ব্যয়াধিক্য—অত্যধিক খরচ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ব্যয়িত—যাহা খরচ করা হইয়াছে এরূপ; অপচিত; বিগত; বিনষ্ট। ব্যয়্ (প্রেরণ করা) +ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যয়ী (—য়িন্)—ব্যয়শীল, খরচে। ব্যয়+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—য়িনী।

ব্যর্থ—নিরর্থক; নিষ্প্রয়োজন; নিষ্ফল। বি (নাই) অর্থ (প্রয়োজন) যাহাতে, বহুব্রী। বিণ। স্ত্রী, ব্যর্থা।

ব্যর্থতা—নিষ্প্রয়োজনীয়তা, নিষ্ফলতা, বৈফল্য। ব্যর্থ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

ব্যলীক—মনোদুঃখ; বৈলক্ষ্য; প্রতারণা; লজ্জা; অপরাধ। বি—অল্ (বারণ করা, ইত্যাদি)+ঈকন্ কর্ম্মবা। বি; ক্লীব।

ব্যষ্টি—অসামগ্র্য, পৃথক্ পৃথক্ ভাব, এক একটী। বি—অশ্ + ক্তি ভাববা। বি ; স্ত্রী।

ব্যস্—এই পর্য্যন্ত, এইখানেই শেষ, খতম, ইতি। ফার্সীমূলক। অব্য।

ব্যসন—বিপদ্ ; অশুভ ; পাপ ; দুঃখ ; নাশ ; ভ্রংশ ; বিষয়াসক্তি ; নিষ্ফলোদ্যম ; বৃথা চেষ্টা ; সুরাপান স্ত্রী মৃগয়া প্রভৃতিতে আসক্তি ; নেশা ; কামজ ও কোপজ দোষ,—মৃগয়া, অক্ষ (পাশা খেলা), দিবানিদ্রা, পরীবাদ (পরনিন্দা), পরস্ত্রীসঙ্গ, মদ্য, ক্রীড়া, নৃত্য, গীতবাদ্য ও বৃথা ভ্রমণ, এই দশ প্রকার কামজ, এবং দুষ্টতা, দৌরাত্ম্য, ক্ষতি, দ্বেষ, ঈর্ষ্যা, প্রতারণা, কটূক্তি ও নিষ্ঠুরতা, এই আট প্রকার কোপজ দোষ। বি—অস্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

ব্যসনাসক্ত—ব্যসনানুরক্ত, কামজ ও কোপজ দোষে নিরত। ৭মীতৎ। বিণ।

ব্যসনী (—নিন্)—ব্যসনযুক্ত ; কুক্রিয়ারত ; আসক্ত। ব্যসন + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—নিনী।

ব্যস্ত—বিক্ষিপ্ত ; বিস্তৃত ; বিভক্ত ; ব্যাকুল ; অসমস্ত ; বিপরীত। বি—অস্ (ক্ষেপণ করা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ব্যস্তা।

ব্যস্ততা—ব্যগ্রতা, ব্যাকুলতা ; বিভাগ। ব্যস্ত + তা ভাবার্থে। বি ; স্ত্রী।

ব্যস্তবাগীশ—ব্যস্তসমস্ত, অতিশয় ব্যস্ত, যে তাড়াতাড়ি সকল কাজ শেষ করিতে যায়। দেশজ প্রঃ। বিণ।

ব্যস্তসমস্ত—অত্যন্ত ব্যগ্র, অতি ত্বরান্বিত। ব্যস্ত + (বিপরীতার্থক সহগ শব্দ) সমস্ত। দেশজ প্রঃ। বিণ।

ব্যাং—বেঙ (তাহা দ্রঃ)।

ব্যাকরণ—শব্দ-ব্যুৎপাদক শাস্ত্র, যে শাস্ত্রে জ্ঞান থাকিলে কোন ভাষায় শুদ্ধরূপে কথা কহিতে ও লিখিতে পারা যায় (Grammar). বি—আ—কৃ (করা) + অনট্ করণবা। বি ; ক্লীব।

ব্যাকীর্ণ—বিক্ষিপ্ত, ইতস্ততঃ ছড়ান। বি—আ—কৄ + ক্ত কর্ম্মবা। বিণ ; ত্রি।

ব্যাকুব—বোকা। ফার্সী। 'বে-ওকুফ' শব্দজ। বিণ।

ব্যাকুল—ব্যস্ত ; উৎকণ্ঠিত ; কাতর ; শোক ভয়াদি দ্বারা ইতিকর্ত্তব্যতাজ্ঞানশূন্য ; ব্যাপৃত। বি (বিশিষ্টরূপে) আকুল, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—লা। বি,—তা।

ব্যাকুলমনাঃ (—মনস্), —মনা—কাতরচিত্ত, উৎকণ্ঠিতচেতাঃ। বহুব্রী। বিণ।

ব্যাকৃত—ব্যাখ্যাত ; প্রকাশিত। বি—আ—কৃ (করা) + ক্ত কর্ম্মবা। বিণ। বি,—তি।

ব্যাখ্যা, ব্যাখ্যান—কথন ; বিবরণ ; অর্থপ্রকাশ। বি—আ—খ্যা (বলা) + অঙ্ ভাববা + আপ্. ২য় পক্ষে বি—আ—খ্যা + অনট্ ভাববা। বি ; স্ত্রী, ক্লীব।

ব্যাখ্যাত—বিশেষরূপে কথিত ; বর্ণিত। বি—আ—খ্যা (বলা) + ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যাখ্যান—ব্যাখ্যা দ্রঃ।

ব্যাখ্যেয়—ব্যাখ্যানযোগ্য ; বর্ণনীয়। বি—আ—খ্যা (বলা) + যৎ কর্ম্মবা। বিণ ; ত্রি।

ব্যাগ—থলি, চর্ম্মাদিনির্ম্মিত আধারবিশেষ যাহা সহজে খোলা ও বন্ধ করা যায়। ইং Bag. বি।

ব্যাঘাত—বিঘ্ন ; অন্তরায় ; আঘাত ; যোগবিশেষ ; কাব্যালঙ্কারবিশেষ। বি—আ—হন্ (বধ করা) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

ব্যাঘাতক—বাধাদায়ক, বিঘ্নকর, প্রতিবন্ধক। বি—আ—হন্ + ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তিকা।

ব্যাঘ্র—১। স্বনামপ্রসিদ্ধ জন্তু, শার্দ্দূল, বাঘ ; (অন্য শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ ; রক্ত ; এরণ্ড বৃক্ষ। বি—আ—ঘ্রা (ঘ্রাণ লওয়া) + ক কর্ত্তৃবা। বি ; পুং। স্ত্রী, ব্যাঘ্রী।

ব্যাঘ্রনখ—বাঘের নখ ; [তত্তুল্য বলিয়া] অস্ত্রবিশেষ ; সুহী বৃক্ষ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ব্যাঘ্রী—বাঘিনী ; কণ্টকারী। ব্যাঘ্র + ঈপ্। বি ; স্ত্রী। [দ্রঃ)।

ব্যাঙ্গমা-ব্যাঙ্গমী—বেঙ্গমা-বেঙ্গমী (তাহা

ব্যাজ—বিঘ্ন ; অন্তরায় ; ছল, কপট ; বিলম্ব ;

সূদ। বি—অজ্‌+ঘঞ্‌ করণবা। বি; পুং।

ব্যাজস্তুতি—কপট স্তব; কাব্যালঙ্কার-বিশেষ। ব্যাজময়ী যে স্তুতি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ব্যাজার—বেজার (তাহা দ্রঃ)।

ব্যাজোক্তি—ছল দ্বারা উক্তি; ছলবাক্য; কাব্যালঙ্কারবিশেষ। ব্যাজ দ্বারা উক্তি, ৩য়াতৎ। বি; স্ত্রী।

ব্যাট—বল খেলিবার ডাণ্ডা। ইং Bat. বি।

ব্যাটবল—ক্রিকেট খেলা। ইং Bat-ball. বি।

ব্যাটারি—তড়িৎসঞ্চালক যন্ত্রবিশেষ, তাড়িতযন্ত্র; যন্ত্রসমষ্টি; কামানশ্রেণী ও তৎপরিচালক গোলন্দাজ সৈন্য ও অশ্বব্যূহ। ইং Battery. বি।

ব্যাড়ি—ব্যাকরণকার ও কোষকার জনৈক মুনি। বি; পুং।

ব্যাণ্ড—নানাবিধ বাদ্যযন্ত্রের ঐকতান বাদন; ঐরূপ বাদ্যকরের দল বা সম্প্রদায়। ইং Band. বি। [প্রাদে। বিণ।

ব্যাদড়া—মন্দ, কু; দুষ্ট; ধূর্ত্ত; বিজাত।

ব্যাদান—উদ্ঘাটন; প্রসারণ, বিস্তার। বি—আ—দা (দেওয়া)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

ব্যাদিত—উদ্ঘাটিত; প্রসারিত, বিস্তৃত। বি—আ—দা (দেওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যাধ—মৃগয়াজীবী জাতি; লুব্ধক। ব্যধ্‌ (বিদ্ধ করা)+ণ কর্ত্তৃবা। বি; পুং।

ব্যাধবৃত্তি—১। ব্যাধের ব্যবসায়, পশুহনন, মৃগয়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। ব্যাধের ব্যবসায়াবলম্বী, মৃগয়াকারী। ব্যাধের বৃত্তির ন্যায় বৃত্তি যাহার, বহুব্রী। বিণ।

ব্যাধি—রোগ, পীড়া। বি—আ—ধা (ধারণ করা)+কি করণবা। বি; পুং।

ব্যাধিগ্রস্ত—রোগাক্রান্ত, পীড়াযুক্ত, পীড়িত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—স্তা।

ব্যাধিত—রোগগ্রস্ত, আতুর, রুগ্‌ণ। ব্যাধি শব্দ (রোগ)+ইত জাতার্থে। বিণ।

ব্যান—সর্ব্বাবয়ব-ব্যাপী বায়ু [পঞ্চপ্রাণ দ্রঃ]। বি—অন্‌ (বাঁচা)+ঘঞ্‌ করণবা। বি; পুং।

ব্যাপক—ব্যাপ্তিশীল; আচ্ছাদক; বিস্তীর্ণ। বি—আপ্‌ (পাওয়া)+ণক কর্ত্তৃবা। বিণ।

ব্যাপন—ব্যাপ্তি, সর্ব্বত্র স্থিতি; বিস্তার; আচ্ছাদন। বি—আপ্‌ (পাওয়া)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

ব্যাপা—ব্যাপ্ত হওয়া বা করা। বাং ক্রি।

ব্যাপাদ, ব্যাপাদন—অনিষ্টচিন্তা; হনন, বধ। বি—আ—ণিজন্ত পদ্‌ বা পাদি+ঘঞ্‌, অনট্‌ ভাববা। বি; পুং, ক্লীব।

ব্যাপাদিত—নিহত, বিনাশিত। বি—আ—ণিজন্ত পদ্—পাদি+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যাপার—নিয়োগ; ক্রিয়া, ঘটনা; ব্যবসায়; অভ্যাস। বি—আ—পৃ+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

ব্যাপারী (—রিন্‌)—ক্রিয়াযুক্ত; কার্য্যা-সক্ত; ব্যবসায়ী। ব্যাপার+ইন্‌ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—রিণী।

ব্যাপিকা—চঞ্চলা প্রগল্‌ভা স্ত্রী, ধিঙ্গী, স্বৈরিণী। ব্যাপক+আপ্‌। বি; স্ত্রী।

ব্যাপী (ব্যাপিন্‌)—আচ্ছাদক; ব্যাপক; বিসরণশীল। বি—আপ্‌ (পাওয়া)+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিনী।

ব্যাপৃত—ব্যাপারযুক্ত; নিযুক্ত; কার্য্যে রত। বি—আ—পৃ (পূরণ করা, ইত্যাদি)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

ব্যাপ্ত—১। পূর্ণ; বেষ্টিত; বিস্তারিত; আচ্ছন্ন। বি—আপ্‌ (পাওয়া)+ক্ত কর্ম্মবা। ২। ব্যাপ্তিযুক্ত; সর্ব্বত্র স্থিত; প্রসিদ্ধ। বি—আপ+ক্ত কর্ত্তৃবা। বিণ।

ব্যাপ্তি—ব্যাপন, সর্ব্বত্র স্থিতি; ঐশ্বর্য্যবিশেষ; স্বাভাবিক গুণ বা ধর্ম্ম। বি—আপ্‌ (পাওয়া)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

ব্যাপ্তিশীল—ব্যাপনস্বভাব, যাহা স্বভাবতঃ চারিদিকে ছড়াইয়া পড়ে। বহুব্রী। বিণ।

ব্যাপ্য—ব্যাপনীয়, ব্যাপ্তিযোগ্য; অল্পদেশ-বৃত্তিযুক্ত। বি—আপ্‌+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

ব্যাপ্যবৃত্তি—অল্পদেশ-বৃত্তি পদার্থে বিদ্যমান। ব্যাপ্য বৃত্তি যাহার, বহুব্রী। বিণ ; ত্রি।

ব্যাবর্ত্ত(র্ত)ন—১। পরাঙ্মুখ হওয়া, ফেরা। বি—আ—বৃত্‌+অনট্ ভাববা। ২। পরাঙ্মুখীকরণ, ফিরান। বি—আ—ণিজন্ত বৃত্‌=বর্ত্তি (থাকান)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

ব্যাবর্ত্তি(র্তি)ত—পরাঙ্মুখীকৃত, যাহাকে ফিরান হইয়াছে এরূপ। বি—আ—ণিজন্ত বৃত্‌=বর্ত্তি (থাকান)+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যাবহারিক—১। ব্যবহারসম্বন্ধীয় বা বিষয়ক; ধর্ম্মাধিকরণসম্বন্ধীয়। বিণ। স্ত্রী, —কী। ২। বিচারক; মন্ত্রী। ব্যবহার+ইক সম্বন্ধার্থে, জ্ঞাতার্থে। বি ; পুং।

ব্যাবৃত্ত—১। নিবৃত্ত ; খণ্ডিত ; নিষিদ্ধ। বি—আ—বৃত্‌ (থাকা)+ক্ত কর্তৃবা। ২। নিবারিত ; আচ্ছাদিত। বি—আ—বৃত্‌+ক্ত কর্ম্মবা। বিণ ; ত্রি।

ব্যাবৃত্তি—নিবৃত্তি ; নিষেধ ; বাধা ; বিপর্য্যাস ; নিয়োগ ; খণ্ডন। বি—আ—বৃত্‌ (থাকা)+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

ব্যাভার—ব্যবহার ; প্রথা। 'ব্যবহার' শব্দজ। বি।

ব্যাম—১। দুইটী বাহু দুই পার্শ্বে সম্পূর্ণভাবে বিস্তৃত করিলে একটি বাহুর অঙ্গুলির অগ্রভাগ হইতে অন্য বাহুর অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত যে দীর্ঘ পরিমাণ, বাঁও। বি—অম্ (গমন করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং। ২। ব্যারাম, অসুখ, রোগ। 'ব্যামোহ' শব্দজ। বি।

ব্যামিশ্র—মিশ্রিত ; সম্মিলিত। বি—আ—মিশ্র (মিশা)+ঘঞ্ কর্ম্মবা। বিণ।

ব্যামো—রোগ, পীড়া, ব্যারাম। 'ব্যামোহ' শব্দজ। বি।

ব্যামোহ—অজ্ঞান, মোহ ; আময়, রোগ, ব্যাধি। বি—আ—মুহ্ (মুগ্ধ হওয়া)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

ব্যায়াম—শ্রম ; শ্রম-সাধ্য কর্ম্ম, শ্রম-সাধন ব্যাপার, কুস্তি প্রভৃতি ; বিষম ; দুর্গম স্থানে ভ্রমণ ; পৌরুষ ; ব্যাম, বাঁও। বি—আ—যম্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

ব্যারাম—রোগ, পীড়া, অসুখ। 'বে-আরাম' শব্দজ। বি।

ব্যারিষ্টার—কৌন্সলী, উচ্চশ্রেণীর উকিলবিশেষ। ইং Barrister. বি।

ব্যাল—১। হিংস্র ; অপকারী ; ক্রূর। বিণ। ২। হিংস্র জন্তু ; সর্প ; ব্যাঘ্র ; দুষ্ট হস্তী। বি—আ—অড্ (উদ্যম করা)+অচ্ কর্তৃবা। বি ; পুং। স্ত্রী, ব্যালী।

ব্যালগ্রাহ, —গ্রাহী (—গ্রাহিন্)—আহিতুণ্ডিক, সাপুড়ে, মাল। উপপদতৎ। ব্যাল—গ্রহ্+অণ্, ণিন্ কর্তৃবা। বি ; পুং।

ব্যালোল—ব্যাকুল, অস্থির, চঞ্চল। বি—আ—লোল্+অচ্ কর্তৃবা। বিণ।

ব্যাস—১। বেদের বিভাগকর্ত্তা মুনি, বেদব্যাস ; পুরাণপাঠক ব্রাহ্মণ। বি—আ—অস্ (হওয়া)+অচ্ কর্তৃবা। ২। গোলাকার বস্তুর মধ্য রেখা ; (জ্যামিতিতে) যে সরল রেখা বৃত্তের কেন্দ্র ভেদ করিয়া উভয় দিকে পরিধি পর্য্যন্ত বিস্তৃত ; বিস্তার ; সমাসবাক্য। বি—আ—অস্+ঘঞ্ ভাববা। ৩। বিভাগ। বি—আ—অস্+ঘঞ্ করণবা। বি ; পুং।

ব্যাসকূট—ব্যাসদেবের রচনার দুর্ব্বোধ্য অংশ। ব্যাসরচিত কূট, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং বা ক্লীব।

ব্যাসার্দ্ধ(র্ধ)—ব্যাসের অর্দ্ধভাগ, বৃত্তের কেন্দ্র হইতে পরিধি পর্য্যন্ত বিস্তৃত সরল রেখা। ব্যাসের অর্দ্ধ, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ব্যাহত—অতিশয় আহত ; নিষিদ্ধ ; ব্যর্থ ; বিফলীকৃত ; হতাশ ; ভীত। বি—আ—হন্ (বধ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যাহৃত—উক্ত, কথিত। বি—আ—হৃ (হরণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যাহৃতি—১। উক্তি, কথন। বি—আ—হৃ+ক্তি ভাববা। ২। ভূঃ ভুবঃ স্বঃ ইত্যাকার মন্ত্র। বি—আ—হৃ+ক্তি কর্ম্মবা। বি ; স্ত্রী।

ব্যুৎক্রম—ব্যতিক্রম, ক্রমবিপর্য্যয় ; অনিয়ম ; বি–উৎ–ক্রম্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

ব্যুৎপত্তি—কৌশল ; শাস্ত্রে সংস্কারবিশেষ ; বিশেষ উৎপত্তি ; জ্ঞান ; শব্দের প্রকৃতি-প্রত্যয়াদি বিভাজন। বি–উৎ–পদ্ (গমন করা)+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

ব্যুৎপন্ন—ব্যুৎপত্তিযুক্ত ; বিশেষ সংস্কার-বিশিষ্ট ; জ্ঞানবান্ ; শাস্ত্রজ্ঞানসম্পন্ন। বি–উৎ–পদ্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

ব্যুৎপাদক—ব্যুৎপত্তিজনক ; সংস্কারজনক। বি–উৎ–পদ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –দিকা।

ব্যুদস্ত—নিরাকৃত ; নিরস্ত ; মর্দ্দিত ; অবনত। বি–উৎ–অস্+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যূঢ়—বিবাহিত ; বিন্যস্ত ; পরিহিত ; বিপুল ; পৃথুল ; স্ফীত ; সংহত। বি–বহ্ (বহন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

ব্যূঢ়োরস্ক—বিশালবক্ষঃ। ব্যূঢ় হইয়াছে উরঃ যাহার, বহুব্রী (সমাসান্ত ক আগম) ; বিণ। স্ত্রী, –স্কা।

ব্যূহ—১। বল-বিন্যাস, সৈন্যগণকে শৃঙ্খলা-পূর্ব্বক স্থাপন ; বিস্তার ; বিতান। বি–উহ্ (তর্ক করা)+ঘঞ্ ভাববা। ২। দেহ ; সৈন্যসমূহ ; সমূহ। বি–উহ্+ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং।

ব্যূহ-পার্ষ্ণি—সজ্জিত সৈন্যসমূহের পশ্চাদ্ভাগস্থ শ্রেণী (Rear rank). ৬ষ্ঠীতৎ। বি ; পুং বা স্ত্রী।

ব্যোম (ব্যোমন্)—আকাশ, নভোমণ্ডল ; জল [পঞ্চভূত দ্রঃ] ; অভ্র। ব্যে (আচ্ছন্ন করা)+মন্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।

ব্যোমকেশ—মহাদেব। গঙ্গাধারণকালে শিবের জটাসমূহ আকাশময় ব্যাপ্ত হইয়াছিল বলিয়া তাঁহার নাম ব্যোমকেশ। ব্যোমে (আকাশে) কেশ যাঁহার, বহুব্রী। বি ; পুং।

ব্যোমচর, ব্যোমচারী (–চারিন্)—১। আকাশবিহারী, আকাশে বিচরণ-কারী। বিণ। স্ত্রী, –রী, –রিণী। ২। পক্ষী ; গ্রহনক্ষত্রাদি। উপতৎ। ব্যোমন্–চর্+ট+ণিন্ কর্ত্তৃবা। বি ; পুং।

ব্যোমযান—বিমান, দেবযান ; যে যান দ্বারা আকাশে বিচরণ করা যায়, বেলুন। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ব্রজ—১। গোষ্ঠ ; পথ ; মথুরার নিকটস্থ গোকুল, শ্রীকৃষ্ণ শৈশবে এই স্থানে পালিত হইয়াছিলেন। ব্রজ্ (গমন করা)+ঘ অধিবা। ২। সমূহ। ব্রজ্+ঘ কর্ম্মবা। বি ; পুং।

ব্রজকিশোর—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ব্রজগোপী—ব্রজবাসিনী গোপরমণী। ৬ষ্ঠী-তৎ। বি ; স্ত্রী।

ব্রজদুলাল—শ্রীকৃষ্ণ। ব্রজের দুলাল (প্রিয়), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ব্রজধাম (–ধামন্)—গোকুল। কর্ম্মধা। [বি ; ক্লীব।

ব্রজন—ভ্রমণ, পর্য্যটন। ব্রজ্ (গমন করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

ব্রজনাথ, ব্রজেন্দ্র—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি ; [পুং।

ব্রজনারী, –বধূ—বৃন্দাবনের গোপনারী। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

ব্রজবল্লভ—শ্রীকৃষ্ণ। ব্রজের বল্লভ (প্রিয়), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ব্রজবাসী (–সিন্)—বৃন্দাবনের বাসিন্দা বা সেখানের পাণ্ডা। উপতৎ। ব্রজ–বস্+ণিন্ কর্ত্তৃবা। বি ; পুং।

ব্রজবিহারী (–হারিন্)—শ্রীকৃষ্ণ। ব্রজ–বি–হৃ+ণিন্ কর্ত্তৃবা। বি ; পুং।

ব্রজবুলি—বৈষ্ণব পদাবলীতে ব্যবহৃত মিশ্র মৈথিলী ভাষা। দেশজ। বি।

ব্রজভাষা—প্রাচীন মিথিলার একাংশের ভাষা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

ব্রজরাজ—নন্দ ; শ্রীকৃষ্ণ। ব্রজের রাজা, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ব্রজলীলা—শ্রীকৃষ্ণের গোকুলে কৃত কার্য্য-সমূহ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

ব্রজাঙ্গ(ঙ্গ)না—ব্রজবাসিনী রমণী। ৬ষ্ঠী-তৎ। বি ; স্ত্রী।

ব্রজেশ্বর—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ব্রজেশ্বরী—যশোদা; রাধিকা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ব্রণ—ক্ষত, ঘা; স্ফোটক, ফোড়া। ব্রণ্ (অঙ্গচূর্ণ করা)+অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব বা পুং।

ব্রত—নিয়ম; সংযম, তপস্যা ('চান্দ্রায়ণ—'); পুণ্যজনক ও পাপক্ষয়কর কর্ম্ম। বৃ (বরণ করা)+অতচ্ কর্ম্মবা। বি; ক্লীব বা পুং।

ব্রতচারী (-রিন্)—১। ব্রতপালনকারী। ব্রত—চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী। ২। নৃত্যবিশেষ। দেশজ প্রঃ। বি।

ব্রততি, —তী—১। বিস্তার। বৃত্+অতি ভাববা। ২। লতা। বৃত্+অতি কর্ত্তৃবা। বি; স্ত্রী।

ব্রতদাস—যে ইষ্টদেবতার পূজার নিয়ম যথারীতি পালন করে; ভক্ত। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ব্রতী (ব্রতিন্)—নিয়মস্থ, নিয়মপালনকারী তপস্বী; যজমান। ব্রত শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—তিনী।

ব্রতোপবাস—ব্রতের নিয়ম অনুযায়ী উপবাস। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ব্রহ্ম (ব্রহ্মন্)—তত্ত্ব, তৎসৎ; পরমেশ্বর; বেদ; বেদজ্ঞান; তপস্যা। বৃন্হ্ (দীপ্তি পাওয়া, ইত্যাদি)+মনিন্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

ব্রহ্মঘাতী (-ঘাতিন্)—ব্রহ্মহত্যাকারী, ব্রাহ্মণের প্রাণনাশক। উপতৎ। ব্রহ্মন্—হন্ (হত্যা করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তিনী।

ব্রহ্মচর্য্য(র্য)—ব্রহ্মচারীর ধর্ম্ম; মৈথুনাভাব; ব্রতবিশেষ। ব্রহ্মন্ শব্দ—চর্ (আচরণ করা)+যৎ ভাববা। বি; ক্লীব।

ব্রহ্মচর্য্যা(র্যা)শ্রম—ব্রহ্মচারীর ধর্ম্ম; ব্রহ্মচর্য্যের নিমিত্ত গৃহীত আশ্রম; গুরুগৃহে বাসপূর্ব্বক বেদাধ্যয়ন। ব্রহ্মচর্য্যই আশ্রম, কর্ম্মধা। বি; পুং।

ব্রহ্মচারী (-চারিন্)—প্রথমাশ্রমী, উপনয়নের পর গুরুগৃহে বাসপূর্ব্বক বেদাধ্যয়নকারী দ্বিজ; ব্রহ্মচর্য্যব্রতধারী। ব্রহ্মন্—চর্ (আচরণ করা)+ণিন্ কর্ত্তৃবা। বি; পুং বা বিণ। স্ত্রী,—রিণী।

ব্রহ্মজ্ঞ—তত্ত্বজ্ঞ; বেদবিৎ। ব্রহ্মন্ (তত্ত্ব, বেদ)—জ্ঞা (জানা)+ক কর্ত্তৃবা। বিণ।

ব্রহ্মজ্ঞান—ব্রহ্মকে জানা, তত্ত্বজ্ঞান; নির্ব্বাণ, কৈবল্য; আধ্যাত্মিক জ্ঞান; প্রকৃতি-পুরুষ-বিবেক বিষয়ক জ্ঞান; বেদজ্ঞান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ব্রহ্মজ্ঞানী (-জ্ঞানিন্)—ব্রহ্মজ্ঞান সম্পন্ন, তত্ত্বজ্ঞান বিশিষ্ট; [অধুনা] ব্রাহ্মধর্ম্মাবলম্বী। ব্রহ্মজ্ঞান+ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী,—নিনী।

ব্রহ্মডাঙ্গা—উচ্চ অনুর্ব্বরা ভূমি, অপেক্ষাকৃত উচ্চ ক্ষেত্র। দেশজ। বি।

ব্রহ্মণ্য—১। ব্রাহ্মণ বা ব্রহ্মসম্বন্ধীয়। বিণ। ২। ব্রহ্মত্ব; ব্রহ্মতেজঃ। বি; ক্লীব। ৩। বিষ্ণু; শনিগ্রহ; মুঞ্জতৃণ; তুঁতগাছ। ব্রহ্মন্+যৎ সম্বন্ধার্থে, ভাবার্থে, হিতার্থে। বি; পুং। [বি; পুং।

ব্রহ্মণ্যদেব—নারায়ণ, বিষ্ণু, শ্রীকৃষ্ণ। কর্ম্মধা।

ব্রহ্মতালু—ব্রহ্মরন্ধ্র স্থান, মাথার চাঁদি। দেশজ। বি।

ব্রহ্মতীর্থ—পুষ্করতীর্থ; অঙ্গুষ্ঠের মূলদেশ। ব্রহ্মপ্রিয় যে তীর্থ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ব্রহ্মতেজঃ (-তেজস্),—**তেজ**—ব্রহ্মণ্য, ব্রহ্মজ্ঞানজনিত শক্তি। ব্রহ্ম (ব্রহ্মজ্ঞান) জনিত যে তেজঃ, মধ্যপ কর্ম্মধা, অথবা ব্রহ্মার (ব্রাহ্মণের) তেজঃ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ব্রহ্মত্ব—ব্রহ্মপদ; ব্রহ্মভাব; ব্রহ্মসাযুজ্য। ব্রহ্মন্+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

ব্রহ্মত্র—ব্রাহ্মণকে প্রদত্ত নিষ্কর ভূমি, ব্রহ্মোত্তর। ব্রহ্মন্—ত্রৈ+ক কর্ত্তৃবা। বি; ক্লীব।

ব্রহ্মদৈত্য—মরণানন্তর প্রেতযোনিপ্রাপ্ত ব্রাহ্মণ। ব্রহ্মাই (ব্রাহ্মণই) যে দৈত্য, কর্ম্মধা। বি; পুং।

ব্রহ্মন—ব্রহ্ম ও ব্রহ্মা দ্রঃ।

ব্রহ্মনির্ব্বা(র্বা)ণ—পরমাত্মায় লীন হওন, নির্ব্বাণ মুক্তি, কৈবল্য। ৭মীতৎ। বি ; ক্লীব।

ব্রহ্মপিশাচ—ব্রহ্মরাক্ষস, ব্রহ্মদৈত্য। কর্ম্মধা। বি ; পুং।

ব্রহ্মবন্ধু—নিন্দিত ব্রাহ্মণ, অপকৃষ্ট বিপ্র। কুৎসিত ব্রহ্মা (ব্রাহ্মণ), নিত্য। বি ; পুং।

ব্রহ্মবাদী (-বাদিন্)—বেদবক্তা ; বেদাধ্যয়নকারী, ব্রাহ্ম ; বেদান্তমতাবলম্বী। ব্রহ্মন্—বদ্ (বলা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —দিনী।

ব্রহ্মবিৎ (-বিদ্)—ব্রহ্মজ্ঞানী, ব্রাহ্ম। ব্রহ্মন—বিদ্ (জানা)+কিপ্ কর্ত্তৃবা। বিণ।

ব্রহ্মবিদ্যা—তত্ত্ববিদ্যা, ব্রহ্মজ্ঞান। ব্রহ্ম বিষয়িণী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

ব্রহ্মভূয়—ব্রহ্মসাযুজ্য, ব্রহ্মত্ব। ব্রহ্মন্—ভূ (হওয়া)+ক্যপ্ ভাববা। বি ; ক্লীব।

ব্রহ্মময়—ব্রহ্মে ব্যাপ্ত, পরমেশ্বরের রূপে পরিপূর্ণ বা সমাকীর্ণ ; ব্রহ্ম স্বরূপ। ব্রহ্মন্+ময়ট্। বিণ। স্ত্রী, —য়ী।

ব্রহ্মযজ্ঞ—বেদের অধ্যয়ন ও অধ্যাপন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ব্রহ্মরন্ধ্র—শিরোদেশস্থিত ব্রহ্মস্থিতি স্থানরূপ ছিদ্র ; ব্রহ্মতালু। ব্রহ্মাধিষ্ঠিত রন্ধ্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

ব্রহ্মর্ষি—বশিষ্ঠাদি ঋষি। ব্রহ্মন্ (ব্রাহ্মণ) অথচ ঋষি, কর্ম্মধা। বি ; পুং।

ব্রহ্মর্ষিদেশ—কুরুক্ষেত্র, মৎস্য, পঞ্চাল, শূরসেন—এই চারি দেশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ব্রহ্মলোক—সপ্তলোকের সর্ব্বোপরিস্থ লোক, ব্রহ্মার ভুবন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ব্রহ্মশাপ—ব্রাহ্মণ-প্রদত্ত অভিসম্পাত। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

ব্রহ্মসংহিতা—ব্রহ্মবিষয়িণী বেদ-শাখা ; মন্বাদি প্রণীত স্মৃতিশাস্ত্র ; ভগবৎ-সিদ্ধান্ত সংগ্রহগ্রন্থ। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

ব্রহ্মসঙ্গী(ংগী)ত—ব্রহ্মোপাসনামূলক সঙ্গীত। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

ব্রহ্মসমাজ—ব্রাহ্মণসমূহ, ব্রহ্মজ্ঞগণের বা ব্রাহ্মের সমিতি। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ব্রহ্মসাযুজ্য—ব্রহ্মসহযোগ ; ঈশ্বরস্বরূপতা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ব্রহ্মসাবর্ণি—দশম মনু। বি ; পুং।

ব্রহ্মসূত্র—যজ্ঞোপবীত, পৈতা ; শারীরক সূত্র। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ব্রহ্মস্ব—ব্রাহ্মণের বিত্ত বা সম্পত্তি। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ব্রহ্মহত্যা—ব্রাহ্মণ-বধ, ব্রাহ্মণের জীবন-বিনাশ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

ব্রহ্মহা (-হন্)—ব্রহ্মঘাতী, ব্রাহ্মণহত্যা-কারী ; শূদ্রাপতি ব্রাহ্মণ। ব্রহ্মন্ (ব্রাহ্মণ) —হন্ (বধ করা)+কিপ্ কর্ত্তৃবা। বিণ।

ব্রহ্মা (ব্রহ্মন্)—বিরিঞ্চি, বিধাতা, সৃষ্টি-কর্ত্তা ; ব্রাহ্মণ ; ঋত্বিক্‌বিশেষ ; ধর্ম্মশাস্ত্র-প্রয়োজক ঋষিবিশেষ ; যোগবিশেষ। বৃন্হ্ (দীপ্তি পাওয়া, ইত্যাদি)+মনিন্ কর্ত্তৃবা। বি ; পুং।

ব্রহ্মাণী—ব্রহ্মার শক্তি, দেবীবিশেষ। ব্রহ্মন্—অন+ণিচ্+অণ্ কর্ত্তৃবা+ঈপ্। বি ; স্ত্রী।

ব্রহ্মাণ্ড—জগৎ, বিশ্ব। ব্রহ্মসৃষ্ট অণ্ড, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

ব্রহ্মাবর্ত্ত(র্ত)—কুরুক্ষেত্রের সন্নিহিত সরস্বতী ও দৃষদ্বতী নদীদ্বয়ের মধ্যবর্ত্তী দেশ। ব্রহ্মার (ব্রাহ্মণের) আবর্ত্ত, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ব্রহ্মারণ্য—বেদপাঠস্থান, বেদাধ্যয়ন স্থান। ব্রহ্মের (বেদপাঠের) অরণ্য, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ব্রহ্মাস্ত্র—ব্রহ্মদেবতাক অস্ত্র ; ব্রহ্মশাপ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ব্রহ্মোত্তর—ব্রাহ্মণকে প্রদত্ত নিষ্কর ভূসম্পত্তি, ব্রহ্মত্র। 'ব্রহ্মত্র' শব্দজ। বি।

ব্রাণ্ডি—আঙ্গুরাদি ফল হইতে প্রস্তুত তীব্র সুরাবিশেষ। ইং Brandy. বি।

ব্রাত্য—সংস্কারবিহীন ; সাবিত্রীভ্রষ্ট ; অযোগ্য-কালে উপনীত। ব্রাত (সমাজ)+যৎ চ্যুতার্থে। বিণ।

ব্রাহ্ম—১। ব্রহ্মসম্বন্ধীয় ; তপঃসম্ভূত ; ব্রহ্মজ্ঞ ; রামমোহন রায় প্রণীত ধর্ম্মপথাবলম্বী। বিণ। স্ত্রী, ব্রাহ্মী। ২। হস্তের অঙ্গুষ্ঠমূলদেশ ; পুরাণবিশেষ। বি ; ক্লীব। ৩। বিবাহবিশেষ, বরকে আহ্বানপূর্ব্বক সালঙ্কৃতা কন্যাদান ; ব্রহ্মার পুত্র ; নারদ ; রাজধর্ম্মবিশেষ ; রামমোহন রায় প্রবর্ত্তিত প্রচলিত ধর্ম্মমতবিশেষ। ব্রহ্মন্+অণ্। বি ; পুং।

ব্রাহ্মণ—১। হিন্দুদিগের মূল-বর্ণ চতুষ্টয়ের মধ্যে সর্ব্বপ্রধান বর্ণ, বিপ্র, দ্বিজোত্তম। ব্রহ্ম অর্থাৎ বেদ জানে যে, কিংবা অধ্যয়ন করে, অথবা ব্রহ্মের অর্থাৎ ঈশ্বরের উপাসনা করে যে, ইত্যাদি বাক্যে ব্রহ্মন্+অণ্। বি ; পুং। ২। ব্রহ্মজ্ঞানী। বিণ। স্ত্রী,—ণী। ৩। বেদাংশবিশেষ। ব্রহ্মন্ (বেদ)+অণ্ সম্বন্ধার্থে। বি ; ক্লীব।

ব্রাহ্মণপণ্ডিত—বিদ্বান্ ব্রাহ্মণ, শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ। ব্রাহ্মণ অথচ পণ্ডিত, কর্ম্মধা। বি ; পুং।

ব্রাহ্মণী—ব্রাহ্মণপত্নী ; ব্রাহ্মণজাতীয়া স্ত্রী। ব্রাহ্মন্+ঈপ্। বি ; স্ত্রী।

ব্রাহ্মধর্ম্ম(র্ম)—রাজা রামমোহন রায় প্রবর্ত্তিত ধর্ম্মমতবিশেষ। ৬ষ্ঠীতৎ বা কর্ম্মধা। বি ; পুং।

ব্রাহ্মমুহূর্ত্ত(র্ত)—অরুণোদয়কালের প্রথম দণ্ডদ্বয়, সূর্য্য দৃশ্যমান হইবার অব্যবহিত পূর্ব্ববর্ত্তী দুই দণ্ডকাল। কর্ম্মধা। বি। পুং।

ব্রাহ্মসমাজ—আধুনিক ব্রহ্মজ্ঞানিগণের সমিতি ; ব্রাহ্মসম্প্রদায়। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ব্রাহ্মিকা—১। ব্রাহ্মমহিলা, ব্রাহ্মধর্ম্মাবলম্বিনী নারী। দেশজ প্রঃ। ২। বামনহাটীর গাছ। ব্রাহ্মী+কন্ স্বার্থে+আপ্। বি ; স্ত্রী।

ব্রাহ্মী—ব্রহ্মার শক্তি, মাতৃবিশেষ ; দুর্গা ; ব্রাহ্মীশাক (এই শাক স্বর, মেধা, স্মৃতি, বর্ণ ও অগ্নিবর্দ্ধক এবং শিশুগণের শোণিতশোধক) ; একপ্রকার অক্ষর। ব্রহ্মন্+অণ্ সম্বন্ধার্থে +স্ত্রীলিঙ্গে ঈপ্। বি ; স্ত্রী।

ব্রিজ—সেতু, পুল। ইং Bridge. বি।

ব্রিটিশ—বৃটন দেশীয়, ইংরাজ। ইং British. বিণ।

ব্রীড়—লজ্জা। ব্রীড়্ (লজ্জিত হওয়া)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

ব্রীড়ন—লজ্জা। ব্রীড়্ (লজ্জিত হওয়া)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

ব্রীড়া—লজ্জা। ব্রীড়্ (লজ্জিত হওয়া)+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

ব্রীড়াবনত—লজ্জায় নত, লাজনম্র। ৩য়াতৎ। [বিণ।

ব্রীড়িত—লজ্জাপ্রাপ্ত ; লজ্জিত। ব্রীড়্ (লজ্জা পাওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

ব্রীহি—ধান্য ; আশুধান্য ; পরিমাণবিশেষ। বৃহ্+ইন্ কর্ম্মবা। বি ; পুং।

ব্রুচ, ব্রোচ্—একপ্রকার গহনা। ইং Brooch. বি।

ব্র্যাকেট—দেওয়ালাদিতে লগ্ন তাকওয়ালা ফ্রেম ; বন্ধনী। ইং Bracket. বি।

ব্লটিং—কালিশোষক কাগজ। ইং Blotting-paper. বি।

ব্লাউজ—ইউরোপীয় রমণীগণের পরিধেয় পশ্চাদ্‌ভাগে বোতামওয়ালা স্ফীতবক্ষঃ জামা ; (অধুনা এদেশের) মেয়েদের পরিধেয় জামাবিশেষ। ইং Blouse. বি।

ব্লুম—লাবণ্য, বর্ণ, মুকুল ; বর্ণবর্দ্ধক প্রলেপ। ইং Bloom. বি।

ভ

ভ—১। চতুর্ব্বিংশ ব্যঞ্জনবর্ণ, ইহার উচ্চারণস্থান ওষ্ঠ ; গ্রহ ; নক্ষত্র। বি ; ক্লীব। ২। শুক্রাচার্য্য ; রাশি। ভা (দীপ্তি পাওয়া)+ক কর্ত্তৃবা। ৩। ভ্রমর। ভণ্ (গুঞ্জন করা)+ড কর্ত্তৃবা। বি ; পুং।

ভআ, ভয়া—হওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি। [যেমন—ভই গেও—হইল ইত্যাদি)।

ভঁউহ—ভ্রূ। প্রাঃ কবিপ্র। বি।

ভক্—ধূম গন্ধাদির হঠাৎ বহির্গম। দেশজ। অব্য।

ভকত—ভক্ত। কবিপ্র। বি।

ভকা, ভখা—ভক্ষণ করা, খাওয়া; রোচা, রুচি হওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

ভকার—ভ্ এই বর্ণ মাত্র। ভ+কার স্বার্থে। বি; পুং।

ভক্ত—১। অনুরক্ত; ভক্তিবিশিষ্ট, পূজক; অনুগত। ভজ্ (ভজনা করা, ইত্যাদি)+ক্ত কর্ত্তৃবা। ২। বিভক্ত। বিণ। স্ত্রী, ভক্তা। ৩। ওদন, অন্ন, ভাত। ভজ্+ক্ত কর্ম্মবা। বি; ক্লীব।

ভক্তদাস—অন্নদাস, পরাধীন; ভক্তের অনুগত জন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভক্তবৎসল—ভক্তের প্রতি স্নেহপরায়ণ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—লা।

ভক্তবিটেল—কপটভক্ত, ভক্তির ভাণকারী। বিড়ালতপস্বী। কর্ম্মধা। বি বা বিণ।

ভক্তাধীন—ভক্তের বশীভূত। ৬ষ্ঠীতৎ। বিণ।

ভক্তি—পূজ্য ব্যক্তির প্রতি অনুরাগ [অর্চ্চন, বন্দন, দাস্য, সেবন, স্মরণ, কীর্ত্তন, শ্রবণ, সখ্য, আত্মনিবেদন,—এই নয়টি ভক্তির লক্ষণ]; শ্রদ্ধা; সেবা; উপচার; বিভাগ; ভঙ্গী; রচনা। ভজ্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

ভক্তিতত্ত্ব—ভক্তির স্বরূপ, ভক্তিবিষয়ক তথ্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভক্তিভরে—অত্যন্ত ভক্তির সহিত, শ্রদ্ধাতিশয্যসহকারে, অতিশয় ভক্তিযুক্ত হইয়া। ভক্তির ভর আছে যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

ভক্তিভাজন—ভক্তির পাত্র, শ্রদ্ধাস্পদ। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; ক্লীব।

ভক্তিভাবে—ভক্তিসহকারে, ভক্তিযুক্ত হইয়া। ভক্তির ভাব আছে যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

ভক্তিমান্ (—মৎ)—ভক্তিযুক্ত; ভক্ত। ভক্তি+মতু অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—মতী।

ভক্তিযোগ—ভক্তিরূপ যোগ, ভক্তি দ্বারা ঈশ্বরারাধনা। রূপক কর্ম্মধা বা ৩য়াতৎ। বি; পুং।

ভক্ষক—খাদক, ভক্ষণকারী, ভোক্তা। ভক্ষ্ (খাওয়া)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ক্ষিকা।

ভক্ষণ—আহার, ভোজন। ভক্ষ্ (খাওয়া)+অনট্ ভাববা। বি; ক্লীব।

ভক্ষণীয়—ভক্ষণযোগ্য, ভক্ষ্য। ভক্ষ্ (খাওয়া)+অনীয় কর্ম্মবা। বিণ। [বিণ।

ভক্ষিত—খাদিত, ভুক্ত। ভক্ষ্+ক্ত কর্ম্মবা।

ভক্ষ্য—১। ভক্ষণীয়, ভোজ্য, খাদ্য। ভক্ষ্ (খাওয়া)+ণ্যৎ কর্ম্মবা। বিণ। ২। ভোজ্যবস্তু, খাদ্যদ্রব্য। বি; ক্লীব।

ভখা—ভকা দ্রঃ।

ভগ—গুহ্যদেশ; যোনি; ঐশ্বর্য্য; সৌন্দর্য্য; সৌভাগ্য; মাহাত্ম্য; যত্ন; ইচ্ছা; ধর্ম্ম; মুক্তি, মোক্ষ; জ্ঞান; কীর্ত্তি। ভজ্ (সেবা করা, ইত্যাদি)+ঘ কর্ম্মবা। বি; ক্লীব।

ভগন—ভগ্ন। কবিপ্র। বিণ।

ভগন্দর—গুহ্যদ্বারে ব্রণরোগ। ভগ (গুহ্যদেশ)—দৃ (বিদারণ করা)+খশ্ কর্ত্তৃবা। বি; পুং।

ভগবতী—১। ভগযুক্তা, ষড়ৈশ্বর্য্যশালিনী; মান্যা। ভগবান্ দ্রঃ। বিণ; স্ত্রী। ২। দুর্গা; সরস্বতী। ভগবৎ+ঈপ্। বি; স্ত্রী।

ভগবদ্গীতা—মহাভারতের ভীষ্মপর্ব্বান্তর্গত কর্ম্মযোগ জ্ঞানযোগ ও ভক্তিযোগসূচক গ্রন্থ। ভগবান্ (শ্রীকৃষ্ণ) কর্ত্তৃক গীতা, ৩য়াতৎ। বি; স্ত্রী।

ভগবদ্ভক্ত—ঈশ্বরে ভক্তিযুক্ত। ভগবানের ভক্ত, ৬ষ্ঠীতৎ। বিণ।

ভগবন্—হে ঈশ্বর, প্রভো। ভগবৎ (ভগবান্) শব্দের সম্বোধন রূপ।

ভগবান্ (—বৎ)—১। ভগযুক্ত, জ্ঞানাদি ষড়ৈশ্বর্য্যশালী; মান্য, পূজনীয়। বিণ। ২। ঈশ্বর; বিষ্ণু, শ্রীকৃষ্ণ; দেবতুল্য ব্যক্তি ('—শঙ্করাচার্য্য')। ভগ+মতুপ্ অস্ত্যর্থে। বি; পুং।

ভগিনী—এক মাতাপিতা হইতে জাতা স্ত্রী, ভগ্নী, বুন বা বহিন, সহোদরা, স্বসা; নারীমাত্র। ভগ (যত্ন)+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বি; স্ত্রী।

ভগিনীপতি—ভগ্নীর ভর্ত্তা, বুনের স্বামী। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ভগীরথ—সূর্য্যবংশীয় নৃপ, দিলীপ রাজার পুত্র। ইনিই গঙ্গাকে স্বর্গ হইতে মর্ত্তে আনয়ন করেন। বি ; পুং। [বি ; পুং।

ভগোল—রাশিচক্র ; নক্ষত্রমণ্ডল। ৬ষ্ঠীতৎ।

ভগ্ন—খণ্ডিত, ভাঙ্গা ; বিনষ্ট ; পরাজিত ; নিরস্ত ; চূর্ণিত ; ছিন্ন ; রোগজীর্ণ। ভন্জ্ (ভাঙ্গা) + ক্ত কর্ম্মবা। বিণ।

ভগ্নদূত—যুদ্ধে পরাজয়ের সংবাদদাতা দূত, ভগ্নপাইক। ভগ্নের (সৈন্যনাশের) দূত, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ভগ্নপাইক—ভগ্নদূত (তাহা দ্রঃ)। 'ভগ্ন-পায়িক' শব্দজ। বি।

ভগ্নপাদ—১। প্রথমপাদহীন নক্ষত্র, যে নক্ষত্রের প্রথমপাদ রাশ্যন্তরের সহিত সংযুক্ত। বি ; ক্লীব। ২। পঙ্গু। বহুব্রী। বিণ ; পুং।

ভগ্নমনাঃ (-মনস্), -মনা—খিন্নমনাঃ, দুঃখিতচিত্ত। বহুব্রী। বিণ।

ভগ্নশ্রী—নষ্টশ্রী, হতসৌন্দর্য্য, যাহার শোভা নষ্ট হইয়াছে। বহুব্রী। বিণ।

ভগ্নস্তূপ—ভগ্নমন্দিরাদির রাশীকৃত উপকরণ, স্তূপীকৃত ধ্বংসাবশেষ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ভগ্নাংশ—যে রাশি দ্বারা এককের অংশ ব্যক্ত করা যায়, ভাঙ্গা অঙ্ক (Fraction). কর্ম্মধা। বি ; পুং।

ভগ্নাবশেষ—ধ্বংসাবশেষ, ভাঙ্গিবার পর যে জিনিস শেষ পড়িয়া থাকে। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ভগ্নাশ—আশাশূন্য, নিরাশ, হতাশ। ভগ্না আশা যাহার, বহুব্রী। বিণ।

ভগ্নী—স্বসা, ভগিনী, সহোদরা। 'ভগিনী' শব্দজ। বি ; স্ত্রী।

ভগ্নীপতি—ভগিনীপতি, ভগ্নীর স্বামী। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ভগ্নোৎসাহ—ভগ্নোদ্যম, হতোৎসাহ, যাহার উৎসাহ কমিয়া গিয়াছে এরূপ। ভগ্ন হইয়াছে উৎসাহ যাহার, বহুব্রী। বিণ।

ভগ্নোদ্যম—ভগ্নোৎসাহ। বহুব্রী। বিণ।

ভঙ্গ(ঙ্গ)—১। ভাঙ্গা ; হানি ; নাশ ('স্বাস্থ্য—') ; পরাজয় ; নিরাশ ; কৌটিল্য ; জলনির্গম ; প্রতিবন্ধ ; ভয় ; ব্যসন ; ভঙ্গী ('ভ্রূ—') ; রচনা ; অবসান, শেষ ('সভা—')। ভন্জ্ (ভাঙ্গা) + ঘঞ্ ভাববা। ২। খণ্ড ; তরঙ্গ। ভন্জ্ + ঘঞ্ কর্ম্মবা। ৩। রোগ। ভন্জ্ + ঘঞ্ করণবা। বি ; পুং।

ভঙ্গ(ংগ)কুলীন—যে কুলীনের বংশে কুলপ্রথা লঙ্ঘন করা হইয়াছে। দেশজ। বি বা বিণ।

ভঙ্গ(ংগ)পয়ার—বাংলা কবিতার ছন্দো-বিশেষ। কর্ম্মধা। বি। ...রি

ভঙ্গ(ংগ)প্রবণ—ভ... ...গিন্ ...জ ভাঙ্গিয়া যায় এরূপ (Brittle). (আসক্ত বা উন্মুখ), ৭মীতৎ। বিণ জন্মমরণ হইতে মুক্তি

ভঙ্গি(ংগি), -ঙ্গী। ভঙ্গ ; ভঙ্গিমা ; ধরণ ('বলিবা [কর্ম্মধা। কৌটিল্য, চাতুরী ; শোভা ; রচনা ; ...রূপ সমুদ্র। ভাঙ্গা) + ইন্ ভাববা, পক্ষে ঈপ্ পুনঃ পুনঃ ...রঙ্গ। ভন্জ্ + ইন্ কর্ম্মবা, পক্ষে ঈপ্ ...ক্লীব।

ভঙ্গি(ংগি)মা (-মন্)—ভঙ্গী ; সাংসারি... শোভা। 'ভঙ্গী' শব্দজ। বি।

ভঙ্গু(ংগু)র—ভঙ্গশীল, ভঙ্গপ্রবণ ; কুটিল, বক্র ; শঠ। ভন্জ্ (ভাঙ্গা) + ঘুরচ্ কর্ত্তৃবা। বিণ।

ভচক্র—রাশিচক্র, মেষাদি দ্বাদশ রাশির মণ্ডল। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ভজকট—সঙ্কট, দায়, লেঠা, ঝঞ্ঝাট, গোল-যোগ। প্রাদে। বি।

ভজন, -না—উপাসনা, আরাধনা ; পূজা ; সেবা ; ভাগ। ভজ্ + অনট্ ভাববা ; ২য় পক্ষে ভজ্ + অন ভাববা + আপ্। বি ; ক্লীব, স্ত্রী। [দ্বন্দ্ব। বি ; ক্লীব।

ভজনপূজন—সেবা ও পূজা, উপাসনা।

ভজনালয়—উপাসনাগৃহ, যোগাশ্রম ; মঠ ; দেবমন্দির, মসজিদ, 'চার্চ্চ'। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ভজা—ভজনা করা, উপাসনা করা। ভজ্ ধাতুজ। বাং ক্রি।

ভজান—ভজনা করান; ফুসলান; প্রবর্ত্তিত করা, বুঝাইয়া লওয়ান; রজ্জু দিয়া বা মোকাবিলা দ্বারা সত্য মিথ্যা স্থির করা। বাং ক্রি।

ভজ্যমান—১। সেব্যমান; বিভজ্যমান। ভজ্ (সেবা করা ইত্যাদি)+শানচ্ কর্ম্মবা। ২। খণ্ডমান। ভন্জ্ (ভাঙ্গা)+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

ভঞ্জন—১। ভঙ্গ; নিরসন; ভগ্নকরণ। ভন্জ্ (ভাঙ্গা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। ভগ্নক [illegible] ‘‚াকে। ভন্জ্+অন কর্ত্তৃবা। বিণ [illegible] ভক্তের

[illegible] । স্ত্রী,—নী, ভাঙ্গা; অপনয়ন

[illegible]—কপটতা। কবিপ্র। ক্রি।

[illegible]ধী। কর্ম্মধা বর্ণসঙ্কর নীচজাতিবিশেষ।

[illegible]ন—ভক্তো বি; পুং।

[illegible]—পূজ্য ব্যব; স্তুতিপাঠক, ভাট [illegible]ন, বন্দন, [illegible]বৈশ্যার গর্ভে ভাটজাতির [illegible], সধ্য, আবর্ত্তিত। ভট্ (ভরণ করা ইত্যাদি) [illegible]]; প্রভু। বি; পুং।

ভট্টাচার্য্য(র্য)—দর্শনশাস্ত্রজ্ঞ, যে ব্রাহ্মণ তুতাত ভট্টের মীমাংসা ও উদয়নাচার্য্যের ন্যায়সংগ্রহ অধ্যয়ন করিয়া তাহাতে বিশেষ ব্যুৎপন্ন হইয়াছেন, তিনিই এই উপাধি পাইবার যোগ্য; বঙ্গীয় অধ্যাপক পণ্ডিত। ভট্টও যে আচার্য্যও সে, কর্ম্মধা। বি; পুং।

ভট্টারক—(নাট্যোক্তিতে) রাজা; রবি, সূর্য্য; দেবতা; পণ্ডিত; তপস্বী। ভট্ট শব্দ—র+অণ্ কর্ত্তৃবা+কন্ সংজ্ঞার্থে। বি; পুং।

ভট্টারকবার—রবিবার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভট্টিনী—অকৃতাভিষেকা রাজ্ঞী; মহিষী; ব্রাহ্মণপত্নী। ভট্ট (প্রভুত্ব)+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বি; স্ত্রী।

ভট্ ভট্—গাঁজিয়া উঠা বা বুদ্‌বুদ উঠার শব্দ। দেশজ। অব্য।

ভট্ ভটানি—ভট্‌ভট্ শব্দ। দেশজ। বি।

ভড়—ঝাড়, ভেলা; ভরা; নৌকা। প্রাঃ কবিপ্র। বি।

ভড়ং—প্রাচীন কালের একপ্রকার যুদ্ধযন্ত্রবিশেষ; বাহ্য আড়ম্বর; বাহির চটক; ধরণ, রকম, ভাব। দেশজ। বি।

ভড়ক—বাহ্যাড়ম্বর; ভড়ং, জাঁক; ধমক। দেশজ। বি।

ভড়কান—ভয় পাইয়া চঞ্চল বা উদ্‌ভ্রান্ত হওয়া, চকিত বা ত্রস্ত হইয়া পলায়ন করা। বাং ক্রি। [অব্য।

ভড়ভড়—জলবুদ্‌বুদের অনুকার-শব্দ। দেশজ।

ভণা—কহা, বলা। প্রাঃ কবিপ্র। ক্রি।

ভণিত—১। কথিত, উক্ত। ভণ্ (শব্দ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। কথন, বলা। ভণ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

ভণিতা—১। কথিতা, উক্তা। বিণ। ২। সঙ্গীতাদিতে রচয়িতার নাম প্রকাশ; আড়ম্বরপূর্ণ কথা বা উক্তি। ভণ্+ক্ত কর্ম্মবা +আপ্। বি; স্ত্রী।

ভণ্ড—১। কৌতুককারী, ভাঁড়, মস্করা। বি; পুং। ২। বঞ্চক; কপটী, মিথ্যা, অপ্রকৃত। ভন্ড্ (পরিহাস করা, বঞ্চনা করা)+অচ্ কর্ত্তৃবা। বিণ।

ভণ্ডতপস্বী (—স্বিন্)—তাপসবেশধারী প্রতারক। কর্ম্মধা। বিণ। স্ত্রী,—স্বিনী।

ভণ্ডন—প্রবঞ্চনা, ভাঁড়ান। ভন্ড্ (বঞ্চনা করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

ভণ্ডান—ভাঁড়ান, বঞ্চনা করা। কবিপ্র। ক্রি।

ভণ্ডাম, —মি—কাপট্য, মিথ্যাচারিতা, ভাঁড়ামি, প্রবঞ্চনা। ভণ্ড+আম, আমি ভাবে। বি।

ভণ্ডুর, ভণ্ডুল—পণ্ড, ব্যর্থ, নষ্ট; বিঘ্ন; গোলযোগ। দেশজ। বি বা বিণ।

ভদ্র—১। মঙ্গল, শুভ, সৌভাগ্য; মুস্তকবিশেষ, স্বর্ণ; করণবিশেষ। বি; ক্লীব। ২। মহাদেব; বৃষ; গজজাতিবিশেষ; সুমেরু; খঞ্জন পক্ষী; কদম্ববৃক্ষ; জিনবিশেষ; বলভদ্র;

রামভদ্র। বি ; পুং। ৩। মঙ্গলজনক ; শ্রেষ্ঠ ; সাধু ; ভব্য, শিষ্ট, সভ্য ; অনায়াস। ভন্দ্ (প্রীত হওয়া) + রক্ কর্তৃবা। বিণ।

ভদ্রকালী—দেবীবিশেষ, ভগবতীর মূর্ত্তিভেদ, দুর্গা। ভদ্রা (মঙ্গলদায়িকা) কালী, কর্ম্মধা। বি ; স্ত্রী।

ভদ্রতা—সাধুতা, সৌজন্য, ভব্যতা, শিষ্টতা। ভদ্র + তা ভাবার্থে। বি ; স্ত্রী।

ভদ্রতাবিরুদ্ধ—অশিষ্ট ; শিষ্টাচারবিরোধী। ৬ষ্ঠীতৎ। বিণ। [বি ; পুং।

ভদ্রলোক—সাধু সজ্জন, শিষ্টব্যক্তি। কর্ম্মধা।

ভদ্রসন্তান—সজ্জনের ছেলে ; ভদ্রলোক। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ভদ্রা—১। শুভা ; শ্রেষ্ঠা ; সাধুশীলা। বিণ ; স্ত্রী। ২। করণবিশেষ ; দ্বিতীয়া, সপ্তমী, দ্বাদশী,—এই তিন তিথি ; শ্বেত দূর্ব্বা ; আকাশনদী ; হরিদ্রা ; জীবন্তীলতা। ভদ্র + আপ্। বি ; স্ত্রী। [বি ; স্ত্রী।

ভদ্রাণী—দুর্গা। ভদ্র + আনীপ্ পত্নী অর্থে।

ভদ্রাসন—বসতবাটী, সিংহাসন ; শুভ আসন ; বীরাসন। ভদ্র (শ্রেষ্ঠ) যে আসন, কর্ম্মধা। বি ; ক্লীব। [৭মীতৎ। বিণ।

ভদ্রোচিত—ভদ্রলোকের উপযুক্ত, সাধুসম্মত।

ভন্‌ভন্—মশা মাছি প্রভৃতির উড়িবার শব্দ। দেশজ। অব্য। [বি ; ক্লীব।

ভপঞ্জর—নক্ষত্রচক্র, রাশিচক্র। ৬ষ্ঠীতৎ।

ভব—১। উৎপত্তি ; স্থিতি ; প্রাপ্তি, সত্তা ; লাভ। ভূ (হওয়া) + অপ্ ভাববা। ২। জলমূর্ত্তি মহাদেব। ভূ + অপ্ অপাবা। ৩। সংসার। ভূ + অপ্ অধিবা। বি ; পুং। ৪। (শব্দের পরে থাকিলে) উৎপন্ন, সম্ভূত ('মনো—')। ভূ + অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, ভবা।

ভবকারা—সংসাররূপ কারাগার। ভব রূপা কারা, রূপক কর্ম্মধা। বি ; স্ত্রী।

ভবঘুরে—বৃথা পর্য্যটনকারী, অনর্থক নানা দেশে ভ্রমণকারী। ভবে ঘুরে যে, উপতৎ। বিণ।

ভবতারণ—সংসার হইতে উদ্ধারকারী, সংসারযন্ত্রণানিবারক। ভব—ণিজন্ত তৃ (= তারি) + অন কর্তৃবা। বিণ।

ভবতারিণী—দুর্গা। উপতৎ। ভব—তৃ + ণিচ্ + ণিন্ কর্তৃবা + ঈপ্। বি ; স্ত্রী।

ভবতী—দীপ্তিশালিনী ; মান্যা, পূজ্যা ; যুষ্মদর্থ—তুমি বা আপনি। ভা (দীপ্তি পাওয়া) + ডবতু কর্তৃবা + ঈপ্। বিণ ; স্ত্রী।

ভবদীয়—ত্বদীয়, তোমার, আপনার। ভবৎ (তুমি) + ঈয় সম্বন্ধার্থে। বিণ।

ভবন—১। গৃহ, আলয়। ভূ (হওয়া) + অনট্ অধিবা। ২। স্থিতি ; উৎপত্তি। ভূ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

ভবনাশিনী—জন্মনিবারিণী। উপতৎ। ভব—নশ্ + ণিচ্ + ণিন্ কর্তৃবা + ঈপ্। বিণ ; স্ত্রী।

ভবপার—পুনঃ পুনঃ জন্মমরণ হইতে অব্যাহতি, সংসারবন্ধন হইতে মুক্তি। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। [কর্ম্মধা। বি ; পুং।

ভবপারাবার—সংসাররূপ সমুদ্র। রূপক

ভববন্ধন—সংসারাসক্তি, পুনঃ পুনঃ জন্মগ্রহণ। রূপক কর্ম্মধা। বি ; ক্লীব।

ভবভার—সংসারের ভার, সাংসারিক দুঃখ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ভবলীলা—সংসারলীলা, সংসারের কার্য্য, জীবনকাল ('—সাঙ্গ করা')। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

ভবসমুদ্র, -সিন্ধু—সংসাররূপ সাগর [সাগরবৎ দুরুত্তরণীয় বলিয়া সংসারকে সাগর বলা যায়]। রূপক কর্ম্মধা। বি ; পুং।

ভবাদৃশ—ভবৎসদৃশ, আপনার ন্যায়, তোমার মত। ভবৎ (তুমি)—দৃশ্ (দেখা) + টক্ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —শী।

ভবান্ (ভবৎ)—মান্য, পূজ্য ; যুষ্মদর্থ—তুমি বা আপনি। ভা (দীপ্তি পাওয়া) + ডবতু কর্তৃবা। বিণ। স্ত্রী, ভবতী।

ভবানী—ভবজায়া, ভগবতী, পার্ব্বতী, দুর্গা। ভব (শিব) + আনীপ্ পত্নী অর্থে। বি ; স্ত্রী।

ভবানীগুরু—হিমালয়। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ভবানীপতি—শিব। ষষ্ঠীতৎ। (অনুচিত প্রয়োগ)। বি; পুং।

ভবাব্ধি—সংসাররূপ সাগর। ভব রূপ যে অব্ধি (সমুদ্র), রূপক কর্ম্মধা। বি; পুং।

ভবার্ণব—সংসাররূপ সমুদ্র। ভব রূপ যে অর্ণব (সমুদ্র), রূপক কর্ম্মধা। বি; পুং।

ভবিতব্য—অবশ্যম্ভাবী, যাহা পরে অবশ্য ঘটিবে এরূপ। ভূ+তব্য কর্তৃবা। বিণ।

ভবিতব্যতা—অবশ্যম্ভাবিতা; দৈব; ভাগ্য, অদৃষ্ট। ভবিতব্য+তা ভাবার্থে। বি; স্ত্রী।

ভবিষ্য—১। ভাবী, যাহা উত্তরকালে হইবে এরূপ। ভূ (হওয়া)+স্যতৃ কর্তৃবা। বিণ। স্ত্রী, –ষ্যা। ২। পুরাণবিশেষ। বি; স্ত্রী।

ভবিষ্যৎ—১। যাহা হইবে এমন। বিণ। পুং, ভবিষ্যন্। স্ত্রী, ভবিষ্যন্তী। ২। আগামী সময়। ভূ+স্যতৃ কর্তৃবা। বি; ক্লীব।

ভবিষ্যদ্বক্তা (–ক্তৃ)—যে ভবিষ্যৎ ঘটনার কথা বলে, গণক। ষষ্ঠীতৎ। বি বা বিণ; পুং। স্ত্রী, –ক্ত্রী।

ভবিষ্যদ্বাণী—উত্তরকালে যাহা হইবে তাহাই অগ্রে কথন (Prophecy). ভবিষ্যতের বাণী, ষষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভবিষ্যসূচনা—ভাবি-বিষয় জ্ঞাপন, যাহা পরে হইবে পূর্ব্বে তাহার প্রস্তাব। ষষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভবী—জনৈক জেদী স্ত্রীলোক, একগুঁয়ে গৃহস্থ-কন্যা, যে সহসা নিজের জিদ ছাড়িত না; ভবানী। দেশজ। বি।

ভব্য—শুভঙ্কর; শুভযুক্ত; শান্ত; সাধু; সভ্য; ভদ্র; রম্য; সমীচীন; ভাবী; যোগ্য। ভূ+যৎ কর্তৃবা। বিণ। স্ত্রী, ভব্যা। বি, ভব্যতা। [বিণ।

ভব্যযুক্ত—সভ্যভব্য, ভদ্র, শিষ্ট। গ্রাম্য।

ভভম, ভভম্ভম—শৃঙ্গ-ধ্বনির (শিঙ্গা বাজার) অনুকরণ-শব্দ। প্রাঃ কবিপ্র। অব্য।

ভমণ্ডল—ভচক্র (তাহা দ্রঃ)।

ভমর, ভমরা—ভ্রমর। প্রাঃ কবিপ্র। বি।

ভয়—১। ভীতি, ত্রাস। [অনিষ্টাশঙ্কা বা তেজোরাশির আধিক্যনিবন্ধন অভিভব, এতদুভয়ের অন্যতর জন্য মনের যে সঙ্কোচ অবস্থা, তাহাকে ভয় কহে]। ভী (ভয় পাওয়া)+অচ্ ভাববা। ২। ত্রাসহেতু। ভী+অচ্ অপাবা। বি; ক্লীব।

ভয়ঙ্ক(ংক)র—ভীষণ, ত্রাসজনক। ভয়–কৃ (করা)+খ কর্তৃবা। বিণ। স্ত্রী, –রী।

ভয়চকিত—ভয়হেতু চমকিত। ৩য়াতৎ। বিণ।

ভয়তরাসে—স্বভাবতঃ ভীরু, ভীত ও ত্রস্ত, ভয়ুক। দেশজ। বিণ।

ভয়ত্রাতা (–ত্রাতৃ)—ভয় হইতে উদ্ধার-কর্ত্তা, ভীতিবিনাশক। ৫মীতৎ। বিণ। স্ত্রী, –ত্রী।

ভয়নাশন—১। ভীতি-বিনাশ, ভয় দূরী-করণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। ভয়বিনাশক, ভীতি-নিবারক। ভয়–ণিজন্ত নশ্+অন কর্তৃবা। বিণ। স্ত্রী, –না।

ভয়বিহ্বল—ভয়ে বিবশ, ভয় হেতু কাতর। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –লা।

ভ(ভৈ)য়ষা, –সা—মহিষদুগ্ধজাত। ভইষ(স), ভঁইষ(স)+আ জাতার্থে। বিণ। [বিণ।

ভয়াতুর—ভয়কাতর, ভয়ার্ত্ত। ৩য়াতৎ।

ভয়ানক—১। ভয়ঙ্কর, ভীষণ। ভী (ভয় পাওয়া)+আনক অপাবা। বিণ। স্ত্রী, –কা। ২। (কাব্যে) রসবিশেষ। বি; পুং।

ভয়াপহ—ভয়বিনাশক, ভীতিত্রাতা। উপতৎ। ভয়–অপ–হন্ (নাশ করা)+ড কর্তৃবা। বিণ। স্ত্রী, –হা।

ভয়াবহ—ভীতিজনক, ভয়ঙ্কর। ভয়ের আবহ, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, –হা।

ভয়ার্ত্ত(র্ত)—ভয়পীড়িত, ভয়ে কাতর। ভয় দ্বারা ঋত (যুক্ত) বা আর্ত্ত (পীড়িত), ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –র্ত্তা।

ভয়াল—ভীষণ, ভয়ানক, ভয়জনক। ভয়+আল। বিণ।

ভর—১। ভরণকর্ত্তা। ভৃ+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, ভরা। ২। ভরণ; পূরণ; আধিক্য;

অবলম্বন ; গৌরব ; ভার। ভৃ (ভরণ করা) + অপ্ ভাববা। ৩। সমূহ ; (বিজ্ঞানে) বস্তুমাত্রা (Mass). ভৃ+অপ্ কর্ম্মবা। বি ; পুং। ৪। দেহে দেবতা প্রভৃতির অধিষ্ঠান। বি। ৫। সমস্ত, পূর্ণ, তাবৎ। দেশজ। বিণ।

ভরণ—১। পোষণ ; পূরণ ; ধারণ। ভৃ (ভরণ করা) + অনট্ ভাববা। ২। ভৃতি, বেতন। ভৃ + অনট্ করণবা। বি ; ক্লীব।

ভরণপোষণ—প্রতিপালন, খাওয়ান পরান। দ্বন্দ্ব। বি ; ক্লীব।

ভরণী—অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে দ্বিতীয় নক্ষত্র। ভৃ (ধারণ করা) + অনট্ কর্ত্তৃবা + ঈপ্। বি ; স্ত্রী।

ভরণীয়—ভরণযোগ্য, ভর্ত্তব্য। ভৃ + অনীয় কর্ম্মবা। বিণ।

ভরত—নায়ক ; নট ; ভরতসূত্র নাট্যগ্রন্থ ; নাট্যশাস্ত্র-প্রণেতা মুনি ; দশরথের মধ্যমা মহিষী কৈকেয়ীর গর্ভজাত পুত্র, রামচন্দ্রের কনিষ্ঠ বৈমাত্রেয় ভ্রাতা ; চন্দ্রবংশীয় সুপ্রসিদ্ধ স্বনামখ্যাত নৃপতিবিশেষ, মহারাজ শান্তনুর পুত্র ; শালগ্রামবাসী জনৈক রাজর্ষি ; রামানুজ ; তন্তুবায় ; ব্যাধ ; পক্ষিবিশেষ। ভর—তন্ + ড কর্ত্তৃবা ; অথবা ভৃ (ভরণ করা) + অতচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

ভরতি, ভর্ত্তি—প্রবিষ্ট, নিযুক্ত, বাহাল ; পূর্ণ, ভরিত ; পূরিত। ভর্ + তি কর্ম্মবা। বিণ।

ভরদ্বাজ—১। ভারুই পক্ষী। ভৃ (ধারণ করা) + শতৃ কর্ত্তৃবা = ভরৎ ; ভরৎ (ধারণ-কারী) বাজ (পক্ষ) যাহার, বহুব্রী। বি ; পুং। ২। স্বনামখ্যাত প্রসিদ্ধ মুনি, বৃহস্পতির পুত্র। মহারাজ ভরত কর্ত্তৃক পালিত হওয়ায় এই নাম প্রাপ্ত হন। [দেশজ। বি।

ভরন—নিকৃষ্ট কাঁসাবিশেষ (খাদমিশ্রিত)।

ভরনা—ভার, অবলম্বন, ভর, ভারার্পণ। দেশজ। বি। [বিণ।

ভরপুর—পরিপূর্ণ, ভর্ত্তি, মজগুল। দেশজ।

ভরপেট—উদর পূর্ণ করিয়া, পেট ভরিয়া। ভরা পেট যাহাতে, বহুব্রী। বিণ বা ক্রি-বিণ।

ভরভর, ভুরভুর—গন্ধ বিস্তার। দেশজ। অব্য। বিণ, ভরভরে, ভুরভুরে।

ভরম—সম্ভ্রম, সম্মান ; ভ্রম ; ভড়ং। প্রাঃ কবিপ্র। বি।

ভরমা, ভ্রমা—ভ্রমণ করা। কবিপ্র। ক্রি।

ভরম্ভর—একান্ত নির্ভর, নিতান্ত ভরসাস্থল। দেশজ। বি। [দেশজ। বি।

ভরসা—আশা, বিশ্বাস, নির্ভর, আশ্রয়স্থল।

ভরা—১। বোঝাই নৌকা ('—ডুবি') ; নৌকামাত্র। দেশজ। বি। ২। পূর্ণ করা বা হওয়া ; বোঝাই করা ; স্পর্শ করা, লাগা। বাং ক্রি। ৩। পূর্ণ, ভর্ত্তি। ভর্ + আ কর্ম্মবা, কর্ত্তৃবা। বিণ।

ভরাট—মাটি দ্বারা পূর্ণ ; ভর্ত্তি, পূর্ণ। ভর্ + আট কর্ম্মবা। বিণ। [বি।

ভরাটি—ভরাট জমি। ভরাট + ই স্বার্থে।

ভরান—পূরণ করান, ভরাট করান। বাং ক্রি।

ভরাভর—সম্পূর্ণ নির্ভর ; পরস্পরের উপর পরস্পরের ভরসা। দেশজ। বি।

ভরি—১। ১৬ আনা ওজন, তোলা। দেশজ। ২। পূর্ণ। প্রাঃ কবিপ্র। বিণ।

ভরু—ভরে ; আচ্ছন্ন করে। প্রাঃ কবিপ্র। ক্রি।

ভর্গ—১। মহাদেব ; সূর্য্যস্থ ঐশ তেজঃ। ভ্রস্জ (ভর্জ্জন করা) + ঘ করণবা। বি ; পুং।

ভর্জ্জ(র্জ)ন—ভৃষ্টকরণ, ভাজা। ভ্রস্জ্ (ভাজা) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

ভর্ত্ত(র্ত)ব্য—১। ভরণীয়, পালনীয়, পোষ্য। ভৃ (ভরণ করা) + তব্য কর্ম্মবা। বিণ। ২। ক্ষতিপূরণ ; জামিনের টাকা গুণগার দেওয়া ; কোন পাওনাদার একাধিক ব্যক্তির যৌথ দেনা একজনের নিকট হইতে আদায় করিলে অপর ঋণদাতাদের ঐ ব্যক্তিকে অংশানুযায়ী অর্থপ্রদান (Contribution). দেশজ প্রাঃ। বি।

ভর্ত্তা(র্তা) (ভর্ত্তৃ)—পতি, স্বামী ; নেতা ; অধিপতি, প্রভু। ভৃ (ভরণ করা) + তৃন্ কর্ত্তৃবা। বি ; পুং।

ভর্ত্তি—ভরতি দ্রঃ।

ভর্তৃ(র্ত্ত্ত)দারক—(নাট্যে) রাজপুত্র। ভর্তার (প্রভুর) দারক (পুত্র), ৬ষ্ঠীতৎ। বি ; পুং। স্ত্রী,–রিকা।

ভর্ৎসন, –না—তিরস্কার ; নিন্দা, কুৎসা ; পরিবাদ ; আক্ষেপ ; তর্জ্জন। ভর্ৎস্ + অনট্ ভাববা ; ২য় পক্ষে ভর্ৎস্ + অন ভাববা + আপ্। বি ; ক্লীব, স্ত্রী। বিণ, –সিত।

ভল্ল—সূচীদলতুল্য ফলক অস্ত্র ভালা, বল্লম, শড়কি। ভল্ল্ + অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

ভল্লাত, –তক—বৃক্ষবিশেষ, ভেলাগাছ। ভল্ল – অত্ (গমন করা) + অচ্ কর্ত্তৃবা ; ২য় পক্ষে ভল্ল – অত্ + কন্ স্বার্থে। বি ; পুং।

ভল্লুক, ভল্লূক—ভালুক। ভল্ল্ (বধ করা) + উক, উক কর্ত্তৃবা। বি ; পুং।

ভসম—ভস্ম, ছাই। প্রাঃ কবিপ্র। বি।

ভস্‌কা, ভেস্‌কো—জলবৎ, পানসে ; আল্গা, তরল। দেশজ। বিণ।

ভস্ত্রা, ভস্ত্রী, ভস্ত্রিকা—চর্ম্মপ্রসেবিকা ; বায়ুপরিচালনযন্ত্রবিশেষ, ক র্ম্ম কা রা দি র জাঁতা ; চর্ম্মস্থালী, মসক ; ভিস্তী। ভস্ + ত্রন্ কর্ত্তৃবা + আপ্, ঈপ্, ৩য় পক্ষে + কন স্বার্থে + আপ্। বি ; স্ত্রী।

ভস্ম (ভস্মন্)—ছাই। ভস্ (দীপ্তি পাওয়া) + মনিন্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।

ভস্মসাৎ—সম্যক্ ভস্মীভূত, একেবারে ছাই হইয়া যাওয়া। ভস্মন্ (ছাই) + সাতিচ্ সাকল্যার্থে। অব্য।

ভস্মাবশেষ—১। ভস্ম হইবার পর যাহা অবশিষ্ট থাকে ; ছাইরূপে পরিণতি। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। ২। ছাইয়ে পরিণত। বহুব্রী। বিণ।

ভস্মীকৃত—যাহা পুড়াইয়া ছাই করা হইয়াছে। ভস্মন + অভূততদ্ভাবার্থে চি্ব (=ভস্মী) – কৃ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

ভস্মীভূত—যাহা একেবারে ছাই হইয়া গিয়াছে এরূপ। ভস্মন্ (ছাই) + চি্ব অভূততদ্ভাবার্থে (=ভস্মী) – ভূ (হওয়া) + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –তা।

ভা, ভাঃ (ভাস্)—দীপ্তি, আলোক ; কিরণ। ভা, ভাস্ (দীপ্তি পাওয়া) + ক্বিপ্ ভাববা বা কর্ত্তৃবা। বি ; স্ত্রী।

ভাই—ভ্রাতা ; বন্ধু। 'ভ্রাতৃ' শব্দজ। বি।

ভাইঝি(ঝী)—ভাইএর মেয়ে, ভ্রাতৃতনয়া। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী। [বি।

ভাইদ্বিতীয়া—ভাইফোঁটার দিন। দেশজ।

ভাইপো—ভাইএর ছেলে, ভ্রাতৃতনয়। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ভাইফোঁটা—ভ্রাতৃদ্বিতীয়া দিবসে ভ্রাতার ললাটে ভগিনী যে ফোঁটা দেয়। দেশজ। বি।

ভাউলিয়া, ভাউলে—ছপ্পরযুক্ত নৌকা-বিশেষ, বজরা। দেশজ। বি।

ভাও—দর, দাম ; অবধারণ, নিশ্চয়। হিন্দীমূলক। বি।

ভাওআ—দীপ্তি পাওয়া, শোভা পাওয়া ; প্রকাশ পাওয়া ; বিরাজ করা, জাগরূক থাকা ; ভাল লাগা ; মনে ধরা ; সূচনা করা, পূর্ব্বাভাস দেওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

ভাওলী—প্রজার নিকট নগদ টাকার পরিবর্ত্তে ফসলে আদায়ী খাজানা। প্রাদে। বি।

ভাং—সিদ্ধি, বিজয়া। 'ভঙ্গা' শব্দজ। বি।

ভাংচি—প্রতিকূল পরামর্শ, কোন কার্য্য করিতে না দিবার জন্য গোপনে বিরুদ্ধ উপদেশ বা যুক্তি, কুপরামর্শ। দেশজ। বি।

ভাঃ(ভাস্)—ভা দ্রঃ। ভাস্ (দীপ্তি পাওয়া) + ক্বিপ্ ভাববা। বি। [কবিপ্র। বি।

ভাঁউরি—ভ্রামরী ; ভ্রমি ; ঘুরপাক। প্রাঃ

ভাঁওতা—ধাপ্পা, ফাঁকি, মিথ্যোক্তি। দেশজ। বি।

ভাঁজ—স্তবক, পরদা। দেশজ। বি।

ভাঁজা—ভাঁজ করা ; রাগালাপ করা, অভ্যাস করা, কসরৎ করা। বাং ক্রি।

ভাঁট—ঘেঁটুগাছ। 'ভাণ্ডীর' শব্দজ। বি।

ভাঁটা—নদীর স্রোতের দিক; নদী বা সমুদ্রের জলস্ফীতির হ্রাস (বিপরীত শব্দ 'জোয়ার'); বাঁটুল, খেলিবার কন্দুক বা বল। দেশজ। বি।

ভাঁটি—উজানের উল্টাদিক, স্রোতের অভিমুখ; নিম্নদিক। দেশজ। বি।

ভাঁটী—ভেঁটফুলের গাছ। 'ভাণ্ডীর' শব্দজ। বি।

ভাঁড়—১। ক্ষুদ্র ঘট। 'ভাণ্ড' শব্দজ। ২। বিদূষক, মস্করা। 'ভণ্ড' শব্দজ। ৩। নাপিতাস্ত্রের আধার। 'ভাণ্ডি' শব্দজ। বি।

ভাঁড়াই, ভাঁড়াম, ভাঁড়ামি—ভণ্ডত্ব, বিদূষকত্ব, মস্করাম। ভাঁড়+আই, আম, আমি ভাবে। বি।

ভাঁড়ান—বঞ্চনা করা, প্রতারণা করা; অপলাপ করা, মিথ্যা বলা; বাহানা করা, টালবাটাল করা। বাং ক্রি। [বি।

ভাঁড়াভাঁড়ি—বারংবার ভাঁড়ান। দেশজ।

ভাঁড়াম(মি)—ভাঁড়াই দ্রঃ।

ভাঁড়ার—ধনাগার; দ্রব্যাগার; খাদ্যভাণ্ডার; তহবিল। 'ভাণ্ডার' শব্দজ। বি।

ভাঁড়ারী—ভাঁড়ারের রক্ষক বা তত্ত্বাবধায়ক; ভৃত্য, পরিচারক, খানসামা। ভাঁড়ার+ঈ রক্ষকার্থে। বি।

ভাঁতি—১। দীপ্তি, শোভা। 'ভাতি' শব্দজ। ২। রকম, ভাব, ধরণ, প্রকার। প্রাঃ কবিপ্র। বি।

ভাক্ (ভাজ্)—ভাগী। ভজ্+ণ্বি কর্ত্তৃবা। বিণ। [ইহা অন্ত শব্দের পরবর্ত্তী হইয়া প্রযুক্ত হয়; যথা—পাপভাক্, ধনভাক্, ইত্যাদি]।

ভাগ—১। বিভাজন; বিভাগ, বাঁটোয়ারা। ভজ্ (ভাগ করা)+ঘঞ্ ভাববা। ২। অংশ; কালাংশ ('দিবা—'); রাশির ত্রিশ ভাগের এক ভাগ; প্রদেশ; ভাগ্য ('মহা—')। ভজ+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং

ভাগধেয়—অদৃষ্ট, ভাগ্য; দৈব। ভাগ+ধেয় স্বার্থে। বি; ক্লীব।

ভাগফল—কোন রাশিকে অপর রাশি দ্বারা ভাগ করিয়া লব্ধ অঙ্ক বা রাশি (Quotient). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভাগবত—১। অষ্টাদশপুরাণান্তর্গত পুরাণবিশেষ। ভগবৎ+অণ্ অধিকৃতার্থে। বি; ক্লীব। ২। ভগবদ্ভক্ত; ভগবৎসম্বন্ধীয়। ভগবৎ+অণ্ সম্বন্ধাদি অর্থে। বিণ। স্ত্রী,—তী।

ভাগশেষ—ভাগ করিয়া যাহা অবশিষ্ট থাকে (Remainder). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভাগহর—অংশগ্রাহী। ভাগ (অংশ)—হৃ (হরণ করা)+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রা।

ভাগহার—অংশগ্রহণ; কোন নির্দ্দিষ্ট রাশিকে অন্য রাশি দ্বারা ভাগ করিবার প্রণালী। ভাগ—হৃ (হরণ করা)+ঘঞ্ ভাববা, করণবা। বি; পুং।

ভাগা—১। ভাগ, অংশ। দেশজ। বি। ২। পলায়ন করা। বাং ক্রি।

ভাগাড়—মরা গরু প্রভৃতি ফেলিবার স্থান। দেশজ। বি।

ভাগান—পলায়নপর করা, পলাইতে বাধ্য করা, তাড়াইয়া দেওয়া, তাড়ান। হিন্দীমূলক। বাং ক্রি।

ভাগাভাগি—পরস্পরের মধ্যে বিভাগ বা বণ্টন, ভাগবাঁটোয়ারা। দেশজ। বি। [বি।

ভাগারী—অংশীদার। 'ভাগহারিন্' শব্দজ।

ভাগি—ভাগ্য, অদৃষ্ট। প্রাঃ কবিপ্র। বি।

ভাগিনা, ভাগ্না, ভাগ্নে—ভাগিনেয়। 'ভাগিনেয়' শব্দজ। স্ত্রী, ভাগ্নী।

ভাগিনী—১। অংশিনী। ভাগ+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। ২। গ্রহণকারী। ভজ্+ঘিণুন্ কর্ত্তৃবা+ঈপ্। বিণ; স্ত্রী। ৩। ভগিনীর কন্যা। 'ভাগিনেয়ী' শব্দজ। বি; স্ত্রী।

ভাগিনেয়—ভগিনীর পুত্র। ভগিনী+এয় অপত্যার্থে। বি; পুং। স্ত্রী,—য়ী।

ভাগী (ভাগিন্)—১। অংশী, অংশগ্রাহী। ভাগ+ইন্ অস্ত্যর্থে। ২। গ্রহণকারী। ভজ্+ঘিণুন্ কর্ত্তৃবা। বিণ; পুং।

ভাগী—১। ভাগ্যবান্। প্রাঃ কবিপ্র। বিণ। ২। অংশীদার। ভাগ+ঈ। বি।

ভাগীদার—অংশীদার, অংশার্হ, অংশ পাইবার হকদার। ভাগ্+দার্ আছে অর্থে (ঈ-আগম)। বি।

ভাগীরথী—গঙ্গা, জাহ্নবী। ভগীরথ+অণ্ আনীতার্থে+ঈপ্। মহারাজ ভগীরথ কর্ত্তৃক মর্ত্ত্যলোকে আনীত হওয়ায় গঙ্গার এইরূপ নামকরণ হইয়াছে। বি; স্ত্রী।

ভাগ্না, –গ্নে—ভাগিনা দ্রঃ। [বি।

ভাগ্নীজামাই—ভগিনীর জামাতা। দেশজ।

ভাগ্য—অদৃষ্ট, নিয়তি, কপাল; সৌভাগ্য ('–বতী')। ভজ্ (ভাগ করা)+ণ্যৎ কর্ম্মবা। বি; ক্লীব। [বহুব্রী। ক্রি-বিণ।

ভাগ্যক্রমে—ভাগ্যবশতঃ, কপালক্রমে।

ভাগ্যগণনা—অদৃষ্ট গণনা, অদৃষ্টে কি আছে তাহা গণনা করা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভাগ্যগুণ—অদৃষ্টের উৎকর্ষ, শুভাদৃষ্ট। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভাগ্যদেবতা—অদৃষ্টের অধিষ্ঠাত্রী দেবতা, ভাগ্যাধিপতি দেব। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ভাগ্যপুরুষ—অদৃষ্টের অধিষ্ঠাতা পুরুষ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ভাগ্যফল—অদৃষ্টের ফল, অদৃষ্টজাত সুখ-দুঃখ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভাগ্যবান্ (–বৎ)—সৌভাগ্যশালী, শুভাদৃষ্টবান, ভাগ্যবন্ত। ভাগ্য+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –বতী।

ভাগ্যবিধাতা (–তৃ)—অনুগ্রহ-নিগ্রহের মালিক; যে ভাগ্যের উন্নতি করে। ভাগ্যপুরুষ (তাহা দ্রঃ)। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা বিণ। স্ত্রী, –ত্রী।

ভাগ্যবিপর্য্য(র্য্য)য়—দশার বৈপরীত্য, অবস্থার পরিবর্ত্তন, দুর্দ্দশা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভাগ্যলিপি—অদৃষ্টের লিখন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভাগ্যহীন—হতভাগ্য, দুর্ভাগ্য, দুরদৃষ্ট, মন্দভাগ্যবিশিষ্ট। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –না।

ভাগ্যিস্, ভাগ্যে—ভাগ্যক্রমে ('–বন্দুকটা হাতে ছিল')। 'ভাগ্য' শব্দজ। অব্য।

ভাগ্যি—সৌভাগ্য; পুণ্য। 'ভাগ্য' শব্দজ। বি। [বিণ।

ভাগ্যিমান্—ভাগ্যবান। 'ভাগ্যবান্' শব্দজ।

ভাগ্যোদয়—শুভাদৃষ্টের আবির্ভাব, সৌভাগ্যসঞ্চার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভাঙ–১। সিদ্ধি, বিজয়া। 'ভঙ্গা' শব্দজ। ২। ভ্রূ; ভাব। প্রাঃ কবিপ্র। বি।

ভাঙ্চি, ভাঙ্গ্চি—ভাংচি (তাহা দ্রঃ)।

ভাঙন, ভাঙ্গন—ভঙ্গ; নদ্যাদির পাড় প্রভৃতি ধসিয়া পড়া; মৎস্যবিশেষ। দেশজ। বি।

ভাঙর—১। ভাইপো, ভ্রাতুষ্পুত্র। বি। ২। ভাঙ্ বা সিদ্ধি খাওয়ায় নিপুণ। প্রাঃ কবিপ্র। বিণ।

ভাঙা—১। ভগ্ন করা। বাং ক্রি। ২। ভগ্ন। বিণ। ৩। ভগ্নস্থান। ভাঙ্+আ কর্ম্মবা। বি।

ভাঙাভরতি—গড়পড়তা; স্থূলহিসাবে; কিছু কম বা ঠিকঠাক, ন্যূনাধিক। দেশজ। বিণ। [দেশজ। বিণ।

ভাঙাভাঙা—প্রায় ভগ্ন; আধআধ, অস্ফুট।

ভাঙ্গ—সিদ্ধি, বিজয়া। 'ভঙ্গা' শব্দজ। বি।

ভাঙ্গড়—সিদ্ধিখোর, মাদকসেবী। দেশজ। বিণ।

ভাঙ্গন—ভাঙন দ্রঃ।

ভাঙ্গা—১। ভগ্ন করা, পেষণ করা, চূর্ণ করা; লঙ্ঘন করা; বিশ্লেষ বা বিশদ করা। (কোন বিষয় ভেঙে বলা); নষ্ট করা, পণ্ড করা ('কুল বা ঘর–')। বাং ক্রি। ২। ভগ্ন ('–দালান'); ভঙ্গকারী ('হাড়–')। ভাঙ্+আ কর্ম্মবা, কর্ত্তৃবা। বিণ।

ভাঙ্গান—ভগ্ন করান, পেষণ করান, অল্পমূল্য মুদ্রায় পরিবর্ত্তিত করা; বুঝাইয়া বলা ('হেঁয়ালী–')। বাং ক্রি।

ভাঙ্গা(ঙা)নি—বিনিময়ে প্রাপ্ত খুচরা মুদ্রাদি; ভাংচি। দেশজ। বি।

ভাজা(ঙ)নী—যে স্ত্রী ভাংচি দিয়া গৃহবিচ্ছেদ ঘটায়। দেশজ। বিণ; স্ত্রী। পুং, –নে।

ভাজি, ভাজী—ভাঙ্গর (তাহা দ্রঃ)।

ভাজ—ভ্রাতৃজায়া, প্রজাবতী, ভাইয়ের স্ত্রী। 'ভ্রাতৃজায়া' শব্দজ। বি; স্ত্রী।

ভাজক—যদ্দ্বারা ভাগ দেওয়া যায়; অংশ-কারক। ভাজ্ (পৃথক্ করা)+ণক কর্ত্তৃবা। বি; পুং বা বিণ। স্ত্রী, –জিকা।

ভাজন—আধার, পাত্র। ভাজ্ (পৃথক্ করা)+অনট্ কর্ম্মবা। বি; ক্লীব।

ভাজনা—যাহাতে ভাজা হয়, ভাজিবার জন্য ব্যবহৃত. ('—খোলা')। ভাজ্+অনা অধিবা। বিণ।

ভাজা—১। ভর্জ্জন করা, অগ্নিপক্ব করা, দগ্ধ করা। বাং ক্রি। ২। ভর্জ্জিত, ভৃষ্ট। ভাজ্+আ কর্ম্মবা। বিণ।

ভাজাভাজা—ভৃষ্টবৎ, প্রায় ভাজা; সন্তপ্ত। দেশজ। বিণ।

ভাজা-সাধ—গর্ভিণীকে পঞ্চম বা সপ্তম মাসে প্রদত্ত সাধ। দেশজ। বি। [বি।

ভাজি—ভৃষ্টব্যঞ্জনবিশেষ, ভাজা। দেশজ।

ভাজিত—বিভক্ত, যাহাকে ভাগ করান হইয়াছে। ভাজ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

ভাজ্য—ভাগার্হ, বিভাজ্য; যাহাকে ভাগ করিতে হইবে এরূপ (Dividend). ভাজি +যৎ কর্ম্মবা। বি; ক্লীব বা বিণ।

ভাট—স্তুতিপাঠক জাতিবিশেষ; ইহারা সভায় রাজা বা ধনীদিগের স্তুতিপাঠ করিয়া জীবিকা নির্ব্বাহ করে। 'ভট্ট' শব্দজ। বি।

ভাটক—ভাড়া। ভট্+ণক কর্ত্তৃবা। বি; পুং।

ভাটা—অধোগামিনী বেলা, জোয়ারে জল-বৃদ্ধির পর জল নামিয়া যাওয়া। দেশজ। বি।

ভাটি—নদীর স্রোতোভিমুখ, নিম্নদিক; বিবা-হাদি উপলক্ষে গ্রামবাসিগণ কর্ত্তৃক গৃহীত বৃত্তিবিশেষ; ইট, চূণ প্রভৃতি পুড়াইবার স্থান বা চুলা; ধোবার কাপড় সিদ্ধ করিবার পাত্র; মদ চুয়াইবার পাত্র বা স্থান। দেশজ। বি।

ভাটিয়ারা, ভেটেরা—যেখানে মদ তৈয়ারী হয়, চোলাইখানা। দেশজ। বি।

ভাটিয়ারি, –য়ালি—রাগিণীবিশেষ। দেশজ। বি।

ভাটী-বেলা—অপরাহ্ণ। দেশজ। বি।

ভাড়া—১। দ্রব্যাদি ব্যবহারের মূল্য, গৃহাদি ভোগের কর, কিরায়া ('গাড়ী—'); ভাড়ার সর্ত্তে নিয়োগ ('—দেওয়া, খাটা')। 'ভাটক' শব্দজ। বি। ২। ভাড়ার সর্ত্তে নিযুক্ত ('—বাড়ী')। বিণ।

ভাড়াটিয়া, –টে—যাহা ভাড়া দেওয়া হয়, ভাড়া দিবার জন্য নির্দ্দিষ্ট; ঠিকা, যে বা যাহা ভাড়া খাটে; ভাড়া-বাড়ীতে বাসকারী। ভাড়া+টিয়া, টে সম্বন্ধাদি অর্থে। বি বা বিণ।

ভাণ—১। রূপকবিশেষ; অপ্রকৃতভাব, ছল, কপট; জ্ঞান। ভণ্ (শব্দ করা)+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং। ২। প্রতীয়মান; সদৃশ। বিণ। ৩। ভণে, কহে। প্রাঃ কবিপ্র। ক্রি।

ভাণা—ভাণ করা; ভণা, কহা, বলা। প্রাঃ কবিপ্র। ক্রি।

ভাণ্ড—পাত্র, ভাঁড়; বাদ্যযন্ত্র। ভণ্ (শব্দ করা)+ড কর্ত্তৃবা+অণ্ স্বার্থে। বি; ক্লীব।

ভাণ্ডাগার—ধনাগার, ভাঁড়ার। ভাণ্ডের (ধনের) অগার বা আগার (গৃহ), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভাণ্ডার—ধনাগার, ভাঁড়ার। ভাণ্ড (ধন) —ঋ (গমন করা)+ঘঞ্ অধিবা। বি; ক্লীব।

ভাণ্ডারী (–রিন্)—১। ধনরক্ষক, ভাঁড়ারী। ভাণ্ডার+ইন্ অস্ত্যর্থে। বিণ বা বি; পুং। ২। ভৃত্য, পরিচারক। প্রাদে। বি।

ভাণ্ডীর—বটবৃক্ষ; ভাঁট গাছ। ভাণ্ড—ঈর্ (প্রেরণ করা)+ক কর্ত্তৃবা। বি; পুং।

ভাত—১। দীপ্তিমান্, দীপ্ত। ভা (দীপ্তি পাওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। ২। অন্ন, সিদ্ধ তণ্ডুল। 'ভক্ত' শব্দজ। বি।

ভাতশালা—অন্নসত্র। প্রাঃ কবিপ্র। বি।

ভাতা—বর্ত্তন, বৃত্তি, মাসহারা; খাদ্যব্যয়। 'ভৃতি' শব্দজ। বি। [শব্দজ। বি।

ভাতার—পতি, স্বামী। 'ভর্তৃ' (ভর্ত্তা)

ভাতি—দীপ্তি, প্রভা; কিরণ। ভা+ক্তি ভাববা। বি; স্ত্রী।

ভাতুড়িয়া, —ড়ে—অন্নদাস; পরের গলগ্রহ। ভাত+উড়িয়া, উড়ে যাচকার্থে। বিণ।

ভাতুয়া, ভেতো—ভাতখেকো; দুর্ব্বল, অসার; বিস্বাদ। ভাত+উয়া, ও। বিণ।

ভাতে—ভাতের সহিত সিদ্ধ আলু, ডাল, ওল প্রভৃতি ব্যঞ্জন। দেশজ। বি।

ভাতে-ভাত—ভাত ও তৎসহ সিদ্ধ অন্যান্য খাদ্য। দ্বন্দ্ব। বি।

ভাদর—ভাদ্রমাস। কবিপ্র। বি।

ভাদরবউ—ছোট ভাইয়ের স্ত্রী। 'ভ্রাতৃবধূ' শব্দজ। বি; স্ত্রী।

ভাদুই—ধান্যবিশেষ যাহা ভাদ্রমাসে পাকে। 'ভাদ্র' শব্দজ। বি বা বিণ।

ভাদ্র—মাসবিশেষ, বাঙ্গালা বৎসরের পঞ্চম মাস। ভাদ্রী (ভাদ্রপদনক্ষত্রযুক্তা পূর্ণিমা) +অণ্ যুক্তার্থে। বি; পুং।

ভাদ্রপদ—ভাদ্রমাস। ভাদ্রপদা+অণ্। বি; পুং। [নক্ষত্র। বি; স্ত্রী।

ভাদ্রপদা—পূর্ব্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদ

ভাদ্রবধূ, —বউ—অনুজপত্নী, কনিষ্ঠ-ভ্রাতার স্ত্রী। 'ভ্রাতৃবধূ' শব্দজ। বি; স্ত্রী।

ভান—১। প্রকাশ; দীপ্তি; শোভা। ভা (দীপ্তি পাওয়া)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। ভাব; ভ্রম; ছল। প্রাঃ কবিপ্র। বি।

ভাননী, ভানুনী—যে স্ত্রীলোক ঢেঁকিতে পাড় দিয়া ধান ভানে। ভান্+অনী, উনী কর্ত্তৃবা (স্ত্রী)। বি; স্ত্রী।

ভানা—ঢেঁকিতে ধান কুটা। বাং ক্রি।

ভানু—সূর্য্য; কিরণ; রাজা; প্রভু; গন্ধর্ব্ব-বিশেষ; জ্যোতিষের মতে দ্বাদশ সংখ্যা। ভা (দীপ্তি পাওয়া)+নু কর্ত্তৃবা। বি; পুং।

ভানুমতী—১। দীপ্তিমতী; কান্তিমতী। ভানু+মতুপ্ অস্ত্যর্থে+ঈপ্। বিণ; স্ত্রী। ২। বিক্রমাদিত্যের মহিষী; ইনি ভোজরাজের কন্যা; প্রসিদ্ধি এইরূপ যে, ইনি ঐন্দ্রজালিক বিদ্যায় সাতিশয় দক্ষ ছিলেন। ৩। দুর্য্যোধনের পত্নী। ৪। ভানু-নামক যাদবের কন্যা; পঞ্চমপাণ্ডব সহদেবের পত্নী।

ভানুমান্ (-মৎ)—১। সূর্য্য। বি; পুং। ২। দীপ্তিমান্; কান্তিবিশিষ্ট। ভানু (কিরণ) +মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —মতী।

ভাপ—আতপ, ঝাঁজ; উত্তাপ; উষ্ণ বাষ্প। 'বাষ্প' শব্দজ। বি।

ভাপরা—উষ্ণ বাষ্পের স্বেদ। 'বাষ্প' শব্দজ। বি। [বিণ।

ভাপ্সা—ছাতাপড়া, গুম্‌সো। দেশজ।

ভাব—১। সত্তা; উৎপত্তি; স্থিতি; অভিপ্রায়; সম্ভাবনা; বিভূতি; স্বভাব; প্রকার, রকম; চেষ্টা; কাম; অনুরাগ, প্রণয়; ক্রিয়া; মর্ম্ম; তাৎপর্য্য; অঙ্গভঙ্গী; বিলাস; ভক্তি; মনোবিকারবিশেষ, রত্যাদি, নির্ব্বেদাদি। ভূ+ঘঞ্ ভাববা। ২। চিত্ত; বুধ; বোদ্ধা; পদার্থ; জীব; আত্মা। ভূ+ণিচ্+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

ভাবগতি—মনোভাব ও চেষ্টা, আকারেঙ্গিত, ভাবভঙ্গী। ৬ষ্ঠীতৎ বা দ্বন্দ্ব। বি; স্ত্রী।

ভাবগতিক—ভাবভঙ্গী, অবস্থা, মনোভাব ও চেষ্টা, আকারেঙ্গিত। দ্বন্দ্ব। বি।

ভাবগর্ভ—ভাবপূর্ণ, রহস্যময়, তাৎপর্য্যপূর্ণ। ভাব আছে গর্ভে (অভ্যন্তরে) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —ভা।

ভাবগ্রাহী (-গ্রাহিন্)—তাৎপর্য্যগ্রহণকারী, অভিপ্রায়বোদ্ধা, যিনি মনের অভিপ্রায় বোঝেন। উপপদ তৎ। ভাব—গ্রহ্ (লওয়া) +ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হিণী।

ভাবড়ান, ভেবড়ান—ঘাবড়ান। বাং ক্রি।

ভাবধারা—প্রচলিত মতবাদ ও রীতিনীতি চিন্তাধারা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভাবন, ভাবনা—চারিপ্রকার সংস্কার

অনুধ্যান; চিন্তা, ধ্যান; পর্য্যালোচনা; মিশ্রণ; অধিবাসন; ঔষধসংস্কারবিশেষ, ভাবান। ভাবি+অনট্ ভাববা; ২য় পক্ষে +অন ভাববা+আপ্। বি; ক্লীব ও স্ত্রী।

ভাবনীয়—কল্পনীয়, চিন্তনীয়। ভূ+ণিচ্ +অনীয় কর্ম্মবা। বিণ।

ভাবভঙ্গী(ঙ্গী)—অভিপ্রায় ও চেষ্টা, ভাবগতিক। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

ভাবা—চিন্তা করা, অনুধ্যান করা; ধ্যান করা, স্মরণ করা; বোধ করা, মনে করা; চিন্তান্বিত হওয়া, উৎকণ্ঠিত হওয়া। বাং ক্রি।

ভাবাত্মক—ভাবপূর্ণ, তাৎপর্য্যপূর্ণ। বহুব্রী। বিণ।

ভাবান—ভাবা ক্রিয়া করান; চিন্তান্বিত করা, উৎকণ্ঠিত করা। বাং ক্রি।

ভাবান্তর—ভিন্নভাব, বিভিন্ন চিত্তবৃত্তি। অন্য ভাব, এই বাক্যে নিত্য। বি; ক্লীব।

ভাবাবেশ—ভাবের আবির্ভাব, ভাবোন্মেষ; অনুরাগাদির উদ্রেক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভাবার্থ—তাৎপর্য্য, আশয়; উপষ্টম্ভ; অভিপ্রায়। ভাবপ্রকাশক অর্থ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ভাবিত—চিন্তিত; প্রাপ্ত; মিশ্রিত; প্রাপিত; আর্দ্রীকৃত; বাসিত; অঙ্গীকৃত; সংস্কৃত। ণিজন্ত ভূ=ভাবি (চিন্তা করা, মিশ্রিত করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

ভাবিনী—১। কামুকী স্ত্রী; নারী; মহাভাবস্বরূপিণী শ্রীরাধা। ভাব+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বি; স্ত্রী। ২। ভবিতব্যা। ভাবিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

ভাবী (**ভাবিন্**)—ভবিতব্য, ভবিষ্য; আগামী। ভূ (হওয়া)+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং।

ভাবুক—ভাবনশীল; চিন্তাশীল; ভাবগ্রাহী, ভাববোদ্ধা। ভূ (চিন্তা করা)+উকঞ্ কর্ত্তৃবা। বিণ।

ভাবুনে—কপটভাবধারী, ছদ্মপ্রিয়; কৌতুকপ্রিয়, রঙ্গপ্রিয়, বিলাসী। ভাবন+এ নিপুণার্থে। বিণ। স্ত্রী,—নী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভাবোচ্ছ্বাস—ভাববিকাশ, ভাবের স্ফীতি।

ভাবোদয়, —দ্রেক, —ন্মেষ—ভাবের আবির্ভাব, অনুরাগাদির সঞ্চার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভাবোন্মাদ—ভাবের আবেগে বিহ্বলতা। ভাবজনিত উন্মাদ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। বিণ,—ন্মত্ত (৩য়াতৎ)।

ভাম—ভোঁদরাকৃতি জীব। দেশজ। বি।

ভামা—কোপনা স্ত্রী; সত্যভামা, কৃষ্ণের অন্যতমা পত্নী। ভাম্ (ক্রোধ করা)+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

ভামিনী—নারী; অতি কোপনা স্ত্রী। ভাম্ +ণিন্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

ভায়—ভাল লাগে; শোভা পায়, উদয় হয়। প্রাঃ কবিপ্র। ক্রি।

ভায়রা, —ভাই—শালীপতি ভাই, পত্নীর ভগিনীপতি। দেশজ। বি।

ভায়া—ভ্রাতা, ভ্রাতৃস্থানীয় জন। 'ভ্রাতৃ' শব্দজ। বি। [শব্দজ। বি।

ভায়াদ—জ্ঞাতি, সপিণ্ড জন। 'ভ্রাতৃদায়াদ'

ভার—১। রাশি, সমূহ। ভৃ+ঘঞ্ কর্ম্মবা। ২। গুরুত্ব; বোঝা। ভৃ (ধারণ করা)+ঘঞ্ ভাববা। ৩। পরিমাণবিশেষ; বাঁক। ভৃ+ঘঞ্ করণবা। বি; পুং। ৪। দুর্ভর, ভারী, দুর্বহ, দুষ্কর, কঠিন। দেশজ প্রঃ। বিণ।

ভারকেন্দ্র, —মধ্যবিন্দু—বস্তুর যে বিন্দুতে ভারের সমতা হয় (Centre of gravity). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, পুং।

ভারগ্রস্ত—ভারাক্রান্ত, ভারযুক্ত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—স্তা।

ভারত—১। ভরতবংশজাত। ভরত+অণ্ অপত্যার্থে। বিণ। ২। ভারতবর্ষ; ভরতসূত্র; মহাভারত গ্রন্থ। ভরত (রাজবিশেষ) +অণ্ সম্বন্ধার্থে। বি; ক্লীব।

ভারতবর্ষ—জম্বুদ্বীপের নয়টি বর্ষের অন্তর্গত বর্ষ বা দেশ; এসিয়ার অন্তর্গত একটি দেশ;

আমরা যে দেশে বাস করি সেই দেশের নাম। ভারত নামক যে বর্ষ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ভারতবর্ষীয়—ভারতবর্ষজাত, ভারতে উৎপন্ন; ভারতবাসী। ভারতবর্ষ শব্দ+ঈয় ভবার্থে। বিণ।

ভারতবাসী (-বাসিন্)—ভারতবর্ষের বাসিন্দা। উপতৎ। ভারত-বস্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-সিনী।

ভারতী—অলঙ্কারশাস্ত্রোক্ত বৃত্তি (Style) বিশেষ; সরস্বতী; বাক্য; ভারুই পাখী। ভৃ+অতচ্ কর্ত্তৃবা=ভরত; ভরত+অণ্+ঈপ্। বি; স্ত্রী।

ভারদ্বাজ—ভরদ্বাজ মুনি; অগস্ত্য ঋষি; মঙ্গলগ্রহ; দ্রোণাচার্য্য; ভারুই পাখী। ভরদ্বাজ+অণ্ স্বার্থে, অপত্যার্থে। বি; পুং।

ভারবাহ—ভারবাহক। উপতৎ। ভার-বহ্ (বহা)+অণ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-হী।

ভারবাহক—ভারবহনকারী, ভারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-হিকা।

ভারবাহী (-বাহিন্)—ভারবহনকারী, ভারী। ভার-বহ্ (বহন করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-হিনী।

ভারমধ্য—বস্তুর যে স্থলে ভারের সমতা হয় (Cen re of gravity). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভারমধ্যবিন্দু—ভারকেন্দ্র দ্রঃ।

ভারযষ্টি—ভারবহন দণ্ড, বাঁক। ভারবহনার্থ যষ্টি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ভারসহ—ভারসহনক্ষম; ভারের বলে যাহা ছিঁড়িয়া পড়ে না এরূপ। ভার-সহ্ (সহা)+অচ্ কর্ত্তৃবা। বিণ; ত্রি। স্ত্রী,-হা।

ভারা—মঞ্চ; রাজমিস্ত্রীদিগের বাড়ী গাঁথিবার মাচা। প্রাদে। বি।

ভারাক্রান্ত—ভার দ্বারা প্রপীড়িত; চিন্তাকুল; দুঃখকাতর। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,-ন্তা।

ভারার্পণ—ভার প্রদান, ভার দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভারি—বেজায়, খুব, অতিশয়, অত্যন্ত। প্রাদে। বিণ। [গোছের। দেশজ। বিণ।

ভারিক্কী, ভারিক্কে—গম্ভীর, মুরুব্বি-

ভারিভুরি—আড়ম্বর, জাঁক, জড়ং; জাঁকজারি, আস্ফালন, গৌরব প্রকাশ, দম্ভ; চালাকি, চতুরতা। প্রাঃ কবিপ্র। বি।

ভারী (ভারিন্)—ভারবাহক; ভারবিশিষ্ট, অত্যন্ত গুরুবিশিষ্ট; গুরু। ভার+ইন্ অস্ত্যর্থে। বিণ।

ভারী—বাঁকী; বাঁকযোগে জলবাহক। ভার+ঈ বাহকার্থে। বি। [বি।

ভারুই—পক্ষিবিশেষ, ভরতপক্ষী। দেশজ।

ভার্গব—শুক্রাচার্য্য; পরশুরাম; ধনুর্দ্ধারী; হস্তী; দেশবিশেষ। ভৃগু+অণ্। বি; পুং।

ভার্য্যা(র্যা)—বিবাহিতা স্ত্রী, জায়া। ভৃ (ভরণ করা)+ণ্যৎ কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

ভাল—১। ললাট, কপাল; অদৃষ্ট; দীপ্তি, তেজ। ভা (দীপ্তি পাওয়া)+ল কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। উত্তম; উপকার; নিরাপত্তা; মঙ্গল। 'ভদ্র' শব্দজ। বি বা বিণ।

ভালবাসা—১। স্নেহ, অনুরাগ, প্রেম, প্রণয়, প্রীতি, সৌহার্দ্দ্য। বি। ২। ভাল বোধ করা; স্নেহ করা, অনুরাগ বোধ করা, প্রেমাসক্ত হওয়া; পছন্দ করা। বাং ক্রি।

ভালমন্দ—উত্তম ও অধম; শুভ ও অশুভ। দ্বন্দ্ব। বি বা বিণ।

ভালা, ভালি—ভাল, উত্তম। প্রাঃ কবিপ্র। বিণ। [ভাবে। বি।

ভালাই—উৎকর্ষ; মঙ্গল। ভাল+আই

ভালু(লূ)ক—ভল্লুক। ভল্+উক, উক কর্ত্তৃবা+অণ্ স্বার্থে। বি; পুং।

ভালো—ভাল (২) (তাহা দ্রঃ)।

ভাল্লু(ল্লূ)ক—ভালুক। ভল্লুক বা ভল্লূক+অণ্ স্বার্থে। বি; পুং।

ভাশুর—পতির জ্যেষ্ঠ ভ্রাতা। 'ভ্রাতৃশ্বশুর' শব্দজ। বি। [বি; স্ত্রী।

ভাশুর-ঝি—ভাশুরের কন্যা। ৬ষ্ঠীতৎ।

ভাশুর-পো—ভাশুরের পুত্র। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [ভাববা। বি ; পুং।

ভাষ—উক্তি, বচন, কথা। ভাষ্+ঘঞ্

ভাষণ—কথন, উক্তি, বলা। ভাষ্ (কথা বলা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

ভাষণি—ভাষা, বাক্য। প্রাঃ কবিপ্র। বি।

ভাষা—১। অর্থযুক্ত কথন। ভাষ্ (কথা বলা)+অ ভাববা+আপ্। ২। অর্থ ; শব্দ [যে সকল শব্দ দ্বারা মনের ভাব প্রকাশিত হয়, তৎসমুদায়কে ভাষা কহে] ; প্রাদেশিক বাক্পদ্ধতি ; সরস্বতী। ভাষ্+অ কর্ম্মবা+আপ্। বি ; স্ত্রী। ৩। কহা, বলা। কবিপ্র। ক্রি।

ভাষাতত্ত্ব—ভাষার স্বরূপ, ভাষার প্রকৃতি, ভাষাবিষয়ক রহস্য। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ভাষাতীত—বচনাতীত, যাহা ভাষা দ্বারা প্রকাশিত হয় না এরূপ। ২য়াতৎ। বিণ।

ভাষান্তর—অন্য ভাষা ; অন্য ভাষায় পরিবর্ত্তন। নিত্য। বি ; ক্লীব।

ভাষান্তরিত—এক ভাষা হইতে অন্য ভাষায় অনূদিত। ভাষান্তর+ইত জাতার্থে। বিণ।

ভাষিত—১। কথিত, উক্ত। ভাষ্+ক্ত কর্ম্মবা। বিণ। ২। উক্তি, বচন, বাক্য। ভাষ্ (কথা বলা)+ক্ত ভাববা। বি ; ক্লীব।

ভাষিতপুংস্ক—যে স্ত্রীলিঙ্গ শব্দের পুংরূপ হয়। ভাষিত পুমান্ যাহা দ্বারা, বহুব্রী+ক-সমাসান্ত। বিণ।

ভাষী (ভাষিন্)—(সমাসে পরপদ) বক্তা, কথক। ভাষ্ (বলা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষিণী।

ভাষ্য—১। কথনীয়, কথ্য। বিণ। ২। চূর্ণি ; সূত্র ব্যাখ্যান গ্রন্থ। ভাষ্+ণ্যৎ কর্ম্মবা। বি ; ক্লীব।

ভাষ্যকার—ভাষ্যলেখক, টীকাকার। উপতৎ। ভাষ্য—কৃ+অণ্ কর্তৃবা। বিণ।

ভাস—কুক্কুট ; পক্ষিবিশেষ ; গৃধ্র ; দীপ্তি। ভাস্ (দীপ্তি পাওয়া)+অচ্ কর্তৃবা। বি ; পুং।

ভাসন্ত—জলোপরি ভাসমান ; স্পষ্ট, উজ্জ্বল। ভাস্+অন্ত কর্তৃবা। বিণ।

ভাসমান—দীপ্যমান ; শোভমান ; জলে সন্তরণকারী, জলের উপর ভাসিতেছে এরূপ। ভাস্ (দীপ্তি পাওয়া)+শানচ্ কর্তৃবা। বিণ।

ভাসা—জলাদি বা বায়ুর উপর ভর করিয়া থাকা বা চলা ; জলাদিতে ডুবিয়া না যাওয়া। বাং ক্রি। [ফেলা। বাং ক্রি।

ভাসান—ভাসিতে দেওয়া ; প্রতিমাদি জলে

ভাসা-ভাসা—অগভীর, উপর-উপর, সামান্য। দেশজ। বিণ।

ভাসুর—১। দীপ্তিশালী ; প্রভাযুক্ত। ভাস্ (দীপ্তি পাওয়া)+ঘুরচ্ কর্তৃবা। বিণ। ২। পতির জ্যেষ্ঠভ্রাতা। 'ভ্রাতৃশ্বশুর' শব্দজ। বি।

ভাস্কর—সূর্য্য ; অগ্নি ; কাষ্ঠ ও গজদন্তাদির শিল্পী ; জনৈক পণ্ডিত ; বীর ; প্রস্তরাদিতে প্রতিমূর্ত্তি অক্ষর প্রভৃতির ক্ষোদক। ভাস্ (দীপ্তি)—কৃ (করা)+ট কর্তৃবা। বি ; পুং।

ভাস্বর—দীপ্তিশীল ; সমুজ্জ্বল। ভাস্ (দীপ্তি)+বরচ্ শীলার্থে। বিণ। স্ত্রী,—রা।

ভাস্বন্ (ভাস্বৎ)—১। দীপ্তিবিশিষ্ট। ভাস্ (দীপ্তি)+মতুপ্ অস্ত্যর্থে। বিণ ; পুং। স্ত্রী,—স্বতী। ২। সূর্য্য ; দীপ্তি ; বীর। বি ; পুং।

ভিকিরী—ভিখারী, ভিক্ষুক। প্রাদে। বি।

ভিক্ষা—১। যাচ্ঞা, প্রার্থনা, চাওয়া। ভিক্ষ্ (প্রার্থনা করা)+অ ভাববা+আপ্। ২। যাচিত বস্তু ; সেবা ; এক গ্রাস অন্ন। ভিক্ষ্+অ কর্ম্মবা+আপ্। বি ; স্ত্রী।

ভিক্ষাজীবী (-জীবিন্)—ভিক্ষা দ্বারা জীবিকা নির্ব্বাহকারী, ভিক্ষুক। ভিক্ষা—জীব্ (বাঁচা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী।

ভিক্ষান্ন—ভিক্ষালব্ধ অন্ন, ভিক্ষা দ্বারা প্রাপ্ত ভোজ্য। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

ভিক্ষাপাত্র—ভিক্ষা সংগ্রহের পাত্র, যাহাতে ভিক্ষা গ্রহণ করা যায়, লোটা, ঝুলি প্রভৃতি। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ভিক্ষাপুত্র—উপনয়নকালে যে ব্রাহ্মণকুমার

কাহারও নিকট ভিক্ষা গ্রহণ করিয়া তাহার পুত্রস্থানীয় হয়। দেশজ প্রঃ। বি ; পুং।

ভিক্ষাবৃত্তি—ভিক্ষা ব্যবসায়, যাচ্ঞা রূপ জীবিকা। কর্ম্মধা। বি ; স্ত্রী।

ভিক্ষা-মা—যে স্ত্রী কোন ব্রাহ্মণকুমারের উপনয়নকালে তাহাকে ভিক্ষাদান করিয়া মাতৃস্থানীয়া হয়। বি ; স্ত্রী।

ভিক্ষার্থী (-র্থিন্)—ভিক্ষাপ্রার্থনাকারী, যাচক, ভিখারী। ভিক্ষা-অর্থ+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্থিনী।

ভিক্ষালব্ধ—ভিক্ষা দ্বারা প্রাপ্ত, যাচ্ঞা করিয়া যাহা পাওয়া গিয়াছে। ৩য়াতৎ। বিণ।

ভিক্ষু—১। ভিক্ষাজীবী, ভিখারী। বিণ। ২। চতুর্থাশ্রমী, বানপ্রস্থাবলম্বী ; পরিব্রাজক ; শ্রমণ ; বৌদ্ধসন্ন্যাসী। ভিক্ষ্ (ভিক্ষা করা) +উ কর্তৃবা। বি ; পুং।

ভিক্ষুক—ভিক্ষাজীবী, যাচক, ভিখারী। ভিক্ষু+কন্ স্বার্থে। বিণ।

ভিখ—ভিক্ষা। কবিপ্র। বি।

ভিখারী—ভিক্ষুক, কাঙ্গালী। 'ভিক্ষাকারী' শব্দজ। বিণ বা বি ; পুং। স্ত্রী,—রিণী।

ভিজা, ভেজা—১। আর্দ্র বা সিক্ত হওয়া ; নরম দয়ার্দ্র বা রাজী হওয়া। বাং ক্রি। ২। সিক্ত, আর্দ্র ; নরম ; নিরুদ্যম। ভিজ্ +আ কর্তৃবা। বিণ। **ভিজা, ভিজে বেড়াল**—উপরে দেখিতে ভালমানুষ কিন্তু ভিতরে খুব সেয়ানা ও ধড়িবাজ, দেখিতে সরল সাদাসিধা কিন্তু বস্তুতঃ চতুর ও দুষ্ট।

ভিজান, ভেজান—আর্দ্র বা সিক্ত করা ; জলাদিতে আর্দ্র বা নরম হইতে দেওয়া। বাং ক্রি।

ভিজিট—ডাক্তারের ফী, চিকিৎসকের বিদায় বা দর্শনী। ইং Visit. বি।

ভিটকিলি, -কিলিমি—ভণ্ডামি, ভাণ ; বুজরুকি। দেশজ। বি।

ভিটকেল—ধড়ীবাজ ; বিশ্রী। দেশজ। বিণ।

ভিটা, ভিটে—বাস্তু, যে ভূমির উপর বাসগৃহ নির্ম্মিত হয়। 'ভিত্তি' শব্দজ। বি।

ভিড়—জনতা, জনসংমর্দ্দ। দেশজ। বি।

ভিড়া—তীরলগ্ন হওয়া, কূলে যাইয়া লাগা ; সংলগ্ন হওয়া। বাং ক্রি।

ভিড়ান—তীরে লাগান ; সংলগ্ন করা ; জুটান ; মিলান। বাং ক্রি।

ভিৎ (ভিদ্)—(কর্ম্মবাচক পদের পরে) ভেদকর্ত্তা, ভেদক ; ছেদক ; বিদারক। ভিদ্ +ক্বিপ কর্তৃবা বিণ।

ভিত—পাশ, দিক্ ; তট, তীর ; গৃহাদির গোড়াপত্তন, বুনিয়াদ। প্রাদে। ২। ভিত্তি, প্রাচীর, দেওয়াল। প্রাঃ কবিপ্র। বি।

ভিতর—১। মধ্য, অভ্যন্তর, অন্তঃ। বি। ২। অন্তর্বর্ত্তী, ভিতরকার। দেশজ। বিণ।

ভিতরবাড়ী—অন্দরমহল, অন্তঃপুর। বাড়ীর ভিতর, একদেশী। বি।

ভিত্তি—১। কুড্য, আবৃতি, দেওয়াল ; প্রদেশ ; আকাশ ; বিভাগ ; (গণ্ডাদি শব্দের পরে থাকিলে) প্রশস্ত। ভিদ্ (ভেদ করা) + ক্তি কর্ম্মবা। বি ; স্ত্রী। ২। ভিত্তিমূল, ভিত, বুনিয়াদ, গোড়া। দেশজ। বি। **ভিত্তিপ্রস্তর**—বুনিয়াদের প্রথম ইট বা পাথর।

ভিত্তিমূল—প্রাচীরাদির গোড়া, ভিত, বুনিয়াদ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ভিত্তিহীন—যাহার বুনিয়াদ নাই ; অমূলক। ৩য়াতৎ। বিণ।

ভিদ্যমান—যাহাকে বিদীর্ণ করা হইতেছে এরূপ। ভিদ্ (ভেদ করা) +শানচ্ কর্ম্মবা। বিণ।

ভিন—ভিন্ন, পৃথক্। প্রাঃ কবিপ্র। বিণ।

ভিন্দিপাল—নিক্ষেপণীয় অস্ত্রবিশেষ ; নালিকাস্ত্র, বন্দুক। ভিন্দ্ (অবয়ব করা) + ই ভাববা—ভিন্দি, তদুত্তরে পাল্ (রক্ষা করা) +অণ্ কর্তৃবা। বি ; পুং।

ভিন্ন—১। বিদীর্ণ ; বিশীর্ণ ; অন্য ; পৃথক্ শিথিল ; ভগ্ন ; খণ্ডিত ; ছিন্ন ; বিকলিত স্পষ্ট ; স্খলিত ; লুণ্ঠিত ; মিলিত ; মিশ্রিত বিকসিত ; প্রতিফলিত ; বিদারিত ; নিরস্ত

ত্যক্ত। ভিদ্ (ভেদ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ভিন্না।

ভিন্নজাতীয়—অপর শ্রেণীর বা জাতির। ভিন্ন জাতি+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

ভিন্নরুচি—বিভিন্ন প্রবৃত্তিবিশিষ্ট, পৃথক্ অভিলাষযুক্ত। ভিন্না রুচি যাহার, বহুব্রী। বিণ।

ভিন্নার্থ—১। অন্য অর্থ, পৃথক্ তাৎপর্য্য, আর একরকম মানে; অন্য প্রয়োজন; অন্য উদ্দেশ্য। ভিন্ন যে অর্থ কর্ম্মধা। বি; পুং। ২। অন্য অর্থযুক্ত, পৃথক্ তাৎপর্য্যবিশিষ্ট; অন্য প্রয়োজন বা উদ্দেশ্যবিশিষ্ট। ভিন্ন হইয়াছে অর্থ যাহার, বহুব্রী। বিণ।

ভিন্নার্থক—অন্য অর্থযুক্ত, পৃথক তাৎপর্য্য-বিশিষ্ট; অন্য প্রয়োজন বা উদ্দেশ্যবিশিষ্ট। ভিন্ন হইয়াছে অর্থ যাহার, বহুব্রী। বিণ।

ভিমরুল—ভীমরুল (তাহা দ্রঃ)।

ভিয়ান—মিষ্টান্নাদি পাক করা। বাং ক্রি।

ভিরকুটি(টী)—ভ্রূকুটি; স্পর্দ্ধা; দুষ্টামি; অযথা চাঞ্চল্য। 'ভ্রূকুটি' শব্দজ। বি।

ভির্মি—মূর্চ্ছারোগ। দেশজ। বি।

ভিল্ল—ম্লেচ্ছজাতিবিশেষ, ভীল। ভিল্ (ভেদ করা)+লক্ কর্ত্তৃবা। বি; পুং।

ভিষক্ (ভিষজ্)—বৈদ্য, চিকিৎসক, ডাক্তার। ভিষ্ (রোগশান্তি করা)+অজিক্ কর্ত্তৃবা। বি; পুং।

ভিস্তি, ভিস্তী—চর্ম্ম-মশক দ্বারা জলবাহক। ফার্সী। বি।

ভিস্তিওয়ালা—যে মশকে করিয়া জল বহন করে। ভিস্তি+ওয়ালা স্বার্থে। বি।

ভী, ভীতি—ভয়, ত্রাস; ভয়কম্প। ভী (ভয় পাওয়া)+ক্বিপ্, ক্তি ভাববা। বি; স্ত্রী।

ভীড়ন—যুদ্ধ। প্রাঃ কবিপ্র। বি।

ভীত—১। ভয়যুক্ত, ত্রস্ত। ভী (ভয় পাওয়া) +ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ভীতা। ২। ভিত্তি, প্রাচীর, দেওয়াল। 'ভিত্তি' শব্দজ। বি।

ভীতি—ভী দ্রঃ।

ভীতিজনক, —প্রদ—ভয়দায়ক, ত্রাস-জনক। ভীতি—প্র—দা (দেওয়া)+ক কর্ত্তৃবা। বিণ।

ভীতিবিহ্বল—ভয়কাতর, ভয়ে অবসন্ন। ত্রাসিত। বিণ। স্ত্রী,—লা।

ভীতু—ভীরু, ভয়তরাসে, যে সহজেই ভয় পায়। 'ভীত' শব্দজ। বিণ।

ভীম—১। ভয়ানক, ভীষণ। ভী (ভয় পাওয়া)+মক্ অপাবা। বিণ। স্ত্রী, ভীমা। ২। মধ্যম পাণ্ডব ভীমসেন; শিব; বিদর্ভ-রাজ, নলমহিষী দময়ন্তীর পিতা; ভয়ানক রস। বি; পুং।

ভীমদর্শন—যাহাকে দেখিলে ভয় জন্মে, ভীষণমূর্ত্তি। বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

ভীমদ্বাদশী—মাঘ মাসের শুক্লা দ্বাদশী। ভীমপালিতা দ্বাদশী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ভীমনাদ—১। ভয়ানক শব্দ। কর্ম্মধা। ২। সিংহ। ভীম (ভয়ানক) নাদ (গর্জ্জন) যাহার, বহুব্রী। বি; পুং।

ভীমপরাক্রম—১। ভীষণ তেজ। কর্ম্মধা। ২। ভীষণপরাক্রমযুক্ত। ভীম (ভীষণ) পরা-ক্রম যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—মা।

ভীমরতি—বার্দ্ধক্যজনিত বুদ্ধিভ্রংশ; পদে পদে ভ্রম। 'ভীমরথী' শব্দজ, মতান্তরে 'ভ্রমার্ত্তি' শব্দজ। বি।

ভীমরথী—অতি প্রাচীন অবস্থাবিশেষ, ৭৭ বৎসর ৭ মাস বয়সের সপ্তমী রাত্রি। ভীম-রথ+অণ্ তুল্যার্থে+ঈপ্। বি; স্ত্রী।

ভীমরুল—ভৃঙ্গরোল, বোলতা জাতীয় দংশক পতঙ্গবিশেষ। 'ভৃঙ্গরোল' শব্দজ। বি।

ভীমসেন—মধ্যম পাণ্ডব, বৃকোদর, ভীম। ভীম সেনা যাঁহার, বহুব্রী। বি; পুং।

ভীমৈকাদশী—মাঘমাসের শুক্লা একাদশী। ভীমপালিতা একাদশী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ভীরু—ভয়শীল, ভীতস্বভাব, সহজেই যে ভয় পায় এরূপ। ভী (ভয় পাওয়া)+ক্রু কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ভীরু, ভীরূ।

ভীরুস্বভাব—১। ভয়শীলা প্রকৃতি।

কর্ম্মধা। বি; স্ত্রী। ২। ভীরুপ্রকৃতিবিশিষ্ট, ভয়শীল। বহুব্রী। বিণ। স্ত্রী,—বা।

ভীষণ—ভয়ানক, ভয়ঙ্কর, ভয়জনক; দারুণ; গাঢ়। ণিজন্ত ভী—ভীষি (ভয় পাওয়ান) + অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ণা।

ভীষ্ম—১। রাজর্ষি শান্তনুর পুত্র, দুর্য্যোধন-যুধিষ্ঠিরাদির জ্যেষ্ঠ পিতামহ [ইনি জ্যেষ্ঠপুত্র হইয়াও সিংহাসন গ্রহণ করিবেন না এবং যাবজ্জীবন অবিবাহিত থাকিবেন এইরূপ ভীষণ প্রতিজ্ঞা করায় ভীষ্ম নামে খ্যাত হন]; শিব; রাক্ষস। বি। ২। ভয়ানক, ভয়ঙ্কর, ভীষণ। ভী + মক্ অপাবা। বিণ।

ভীষ্মাষ্টমী—মাঘমাসের শুক্লাষ্টমী। ভীষ্ম-পালিতা অষ্টমী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ভুও—অন্তঃসারশূন্য, খালি, ফাঁপা; মিথ্যা; অসার। দেশজ। বিণ।

ভুঁই, ভূঁই—ভূমি, কৃষিক্ষেত্র, জমি, মাটি; দেশ। 'ভূমি' শব্দজ। বি।

ভুঁইফোড়—অকস্মাৎ আবির্ভূত; হঠাৎ বড়-লোক; আশ্চর্য্য। ভুঁই ফুড়ে যে, উপতৎ। বিণ বা বি।

ভুঁইয়া, ভূঁইয়া, ভূঞা—ভৌমিক: ভূস্বামী; উপাধিবিশেষ। 'ভৌমিক' শব্দজ। বি। [প্রবেশ করা। বাং ক্রি।

ভুঁকা, ভোঁকা—ফুটা, বিদ্ধ হওয়া, দেহে

ভুঁজা—চাল-কলাই ভাজা, জলপান; ভাজা তরকারি। হিন্দী। বি।

ভুঁজা, ভুঞ্জা—ভোগ করা। কবিপ্র। ক্রি।

ভুঁড়ি—স্থূলোদর, মোটা পেট। দেশজ। বি।

ভুঁড়েল, ভুঁড়ো—ভুঁড়িওয়ালা। ভুঁড়ি + এল, ও। বিণ।

ভুঁতি, ভুতি, ভুতুড়ি—কাঁঠালাদি ফলের ভিতরের পরিত্যাজ্য অংশ; নাড়ী-ভুঁড়ি। প্রাদে। বি। [দেশজ। বিণ।

ভুঁদো, ভোঁদা—মোটা, স্থূলদেহ, নদগদে।

ভুক, ভুখ—ক্ষুধা। প্রাঃ কবিপ্র। বি।

ভুক্ত—১। ভক্ষিত, খাদিত; উপভুক্ত। ভুজ্ (ভোজন করা) + ক্ত কর্ম্মবা। ২। যে ভোজন করিয়াছে। ভুজ্ + ক্ত ভাববা + অচ্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, ভুক্তা।

ভুক্তভোগ—১। যে ভোগ করা বা ভোগ্য হইয়াছে। কর্ম্মধা। বি; পুং। ২। কৃত-ভোগ, যে ভোগ করিয়াছে। ভুক্ত হইয়াছে ভোগ যৎকর্তৃক, বহুব্রী। বিণ।

ভুক্তভোগী (—ভোগিন্)—কৃতভোগ, যে আপনি ভোগ ভুগিয়াছে। ভুক্ত—ভুজ্ + গিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—গিনী।

ভুক্তাবশেষ—ভোজনের অবশিষ্ট অংশ, আহারের পর যাহা পড়িয়া থাকে, উচ্ছিষ্ট, পাতের এঁটো। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভুক্তি—ভোজন, ভক্ষণ; ভোগ; দখল। ভুজ্ (ভোজন করা) + ক্তি ভাববা। বি; স্ত্রী।

ভুখ—ভুক দ্রঃ।

ভুখা—ক্ষুধিত। হিন্দী। বিণ।

ভুখিল—ক্ষুধার্ত্ত। প্রাঃ কবিপ্র। বিণ।

ভুগা, ভোগা—ভোগ করা, ক্লেশ পাওয়া, দুঃখ সহা। বাং ক্রি।

ভুগান, ভোগান—কষ্ট দেওয়া; ভোগ করান। বাং ক্রি।

ভুগ্ন—কুব্জীকৃত, রুগ্ণ; বক্র; নত। ভুজ্ (বক্র হওয়া) + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ভুগ্না।

ভুজ—বাহু; ত্রিকোণাদি ক্ষেত্রের সীমাসূচক রেখা। ভুজ্ + ক করণবা। বি; পুং।

ভুজগ—ফণী, সর্প; বিড়া, লম্পট; ধূর্ত্ত। ভুজ (কৌটিল্য) দ্বারা গমন করে যে এই বাক্যে উপতৎ। ভুজ—গম্ + ড কর্ত্তৃবা। বি; পুং।

ভুজঙ্গ(ংগ), ভুজঙ্গ(ংগ)ম—সর্প; বিড়া; জার; লম্পট; ধূর্ত্ত, বিট। ভুজ—গম্ (যাওয়া) + ডখচ্, খচ্ কর্ত্তৃবা। বি; পুং।

ভুজঙ্গ(ংগ)প্রয়াত—দ্বাদশাক্ষর ছন্দো-বিশেষ। বি; ক্লীব।

ভুজঙ্গী(ংগী)—সর্পী। ভুজঙ্গ + ঈপ্। বি; স্ত্রী। ['ভুজঙ্গিনী' অশুদ্ধ]।

ভুজবন্ধন—বাহু দ্বারা বন্ধন, বাহু দিয়া বেষ্টন; আলিঙ্গন। ৩য়াতৎ। বি; ক্লীব।
ভুজবল—বাহুবল, বাহুর শক্তি; ক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।
ভুজা—১। বাহু; ত্রিকোণাদি ক্ষেত্রের পার্শ্ব-রেখা। ভুজ্ + আপ্। বি; স্ত্রী। ২। চাউল ছোলা ভাজা ইত্যাদি জলপান। হিন্দীমূলক। বি। [কবিপ্র। ক্রি।
ভুঞ্জা—ভোগ করা; যাপন করা, কাটান।
ভুঞ্জিত—ভুক্ত। কবিপ্র। বিণ।
ভুটি, ভুটী—একপ্রকার ঝাঁজাল গাছ; তামাক; ভুটানদেশীয় কম্বল বা স্থূল বস্ত্র। প্রাদে। বি।
ভুট্টা—জনার, মকাই। হিন্দী। বি।
ভুড়ভুড়—বুদ্বুদাদির শব্দ; গন্ধ বাহির হওয়ার ভাব। দেশজ। অব্য।
ভুড়ভুড়ি—বুদ্বুদ, বিম্ব। দেশজ। বি।
ভুর্নি, ভুনি—১। ভর্জ্জিত, ভাজা; নীরস, শক্ত। হিন্দীমূলক। বিণ। ২। একপ্রকার পশমী কাপড়। প্রাঃ কবিপ্র। বি।
ভুতি, ভুতুড়ি—ভুঁতি দ্রঃ।
ভুবঃ, (ভুবর্), ভুব—সপ্তস্বর্গের দ্বিতীয় লোক, আকাশ। ভূ (হওয়া) + অরুক্। অব্য।
ভুবন—জগৎ; সপ্তপাতাল ও সপ্তস্বর্গ এই চতুর্দ্দশ; জল; আকাশ। ভূ (হওয়া) + অন্ (ক্যুন্) কর্ত্তৃবা। বি; ক্লীব।
ভুবনজয়ী (-জয়িন্), -বিজয়ী (-য়িন্)—জগজ্জয়ী, ত্রিলোকজয়কারী। ভুবন-জি (জয় করা) + ণিন্, ভুবন-বি-জি + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -য়িনী।
ভুবনবিজয়ী (-জয়িন্)—ভুবনজয়ী দ্রঃ।
ভুবনমোহন—ত্রিলোকমুগ্ধকারী, ত্রি-ভুবনের মনোহর। ৬ষ্ঠীতৎ। বিণ।
ভুবনেশ্বর—১। ত্রিলোকপতি। ৬ষ্ঠীতৎ। বিণ। ২। শিবলিঙ্গবিশেষ; তীর্থস্থানবিশেষ। বি; পুং।
ভুবনেশ্বরী—দশমহাবিদ্যার মধ্যে দেবী-বিশেষ; দুর্গা। ভুবনের ঈশ্বরী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
ভুবর্লোক—সপ্তস্বর্গের অন্তর্গত দ্বিতীয় লোক, আকাশ। ভুবঃ যে লোক, কর্ম্মধা। বি; পুং। [মিথ্যা। দেশজ। বিণ।
ভুয়া, ভুয়ো—শূন্যগর্ভ, ফাঁপা, অসার;
ভুরা, ভুরো—গুড়ের গাদ কাটাইয়া প্রস্তুত আপাণ্ডুর চিনিবিশেষ। দেশজ। বি।
ভুরু, ভুরূ—ভ্রূ। কবিপ্র। বি।
ভুল—ভ্রম, ভ্রান্তি, প্রমাদ, বিস্মৃতি; ভ্রমাত্মক। হিন্দীমূলক। বি বা বিণ।
ভুলা—ভুল করা, ভ্রমে পতিত হওয়া; বিস্মৃত হওয়া। বাং ক্রি।
ভুলান—ভুল করান, বিস্মৃত করান; ভ্রমে পাতিত করা, ফুসলান; তোয়াজ করা; মুগ্ধ করা; প্রবোধ দিয়া শান্ত করা। বাং ক্রি।
ভুলো—যে প্রায়ই ভুলিয়া যায় বা ভুল করে, ভ্রান্তিশীল। ভুল্ + ও কর্ত্তৃবা। বিণ।
ভুষ, ভুস্—জল কাদা প্রভৃতি ভেদ করার শব্দ। দেশজ। অব্য। ['বুস্' শব্দজ। বি।
ভুষি, ভুসি—শস্যের খোসা, চোকল, তুষ।
ভুষুড়ি—ভূরি পরিমাণ, গাদাগাদা, বহুল পরিমাণ। দেশজ। বি।
ভুষ্টিনাশ—ধ্বংস, ছারখার। দেশজ। বি।
ভুসা, ভুসো—কজ্জল, ল্যাম্পের ঝুল, ধোঁয়ার সহিত উত্থিত অঙ্গারকণা। 'ভস্মন্' শব্দজ। বি। [মধ্যপ কর্ম্মধা। বি।
ভুসাকালি—ভুসা হইতে প্রস্তুত কালি।
ভূ—ভূমি; পৃথিবী; স্থান। ভূ (হওয়া) + ক্বিপ্ কর্ত্তৃবা। বি; স্ত্রী।
ভুঁই—মাটি, দেশ। 'ভূমি' শব্দজ। বি।
ভুঁইয়া—ভূঞা (তাহা দ্রঃ)।
ভূকম্প, -ন—ভূমিকম্প, পৃথিবীর কম্পন। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।
ভূগর্ভ—পৃথিবীর অভ্যন্তর ভাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
ভূগর্ভস্থ—পৃথিবীর অভ্যন্তর ভাগে অবস্থিত। ভূগর্ভ-স্থা (থাকা) + ড কর্ত্তৃবা। বিণ।

ভূগোল—১। ভূমণ্ডল, মহীমণ্ডল, পৃথিবী। ভূ'র গোল, ৬ষ্ঠীতৎ; অথবা গোলাকার ভূ, কর্ম্মধা। বি; পুং। ২। যে শাস্ত্র পাঠে পৃথিবীর বিবরণ জানা যায়। বি; ক্লীব।

ভূগোলক—১। ভূমণ্ডল। ভূগোল+কন্ স্বার্থে। ২। পৃথিবীর দারুময় বর্ত্তুলাকার প্রতিরূপ। ভূসূচক গোলক, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ভূগোলবিদ্যা, —শাস্ত্র—যে শাস্ত্র দ্বারা জলস্থলময় ভূপৃষ্ঠের যাবতীয় বিবরণ জানিতে পারা যায় (Geography). মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী, ক্লীব।

ভূচর—স্থলচর, ভূপৃষ্ঠবাসী। ভূ শব্দ—চর্ (বিচরণ করা)+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

ভূচিত্র—ভূপৃষ্ঠের প্রতিরূপ, সমগ্র পৃথিবীর বা স্থলবিশেষের মানচিত্র (Map). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভূচ্ছায়া—অন্ধকার। [এই ছায়া সম্মুখবর্ত্তী চন্দ্রের উপর পতিত হইলে গ্রহণ হয়, ইহা জ্যোতিষ ও পুরাণের মত]। ভূ'র (পৃথিবীর) ছায়া (ছায়াকার), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভূঞা—ভৌমিক; ভূস্বামী; সামন্ত। 'ভৌমিক' শব্দজ। বি।

ভূত—১। হইয়াছে এরূপ; উৎপন্ন; অতীত; লব্ধ; জাত; সত্য; উচিত; উপমিত; তুল্য। বিণ। স্ত্রী, ভূতা। ২। দেবযোনিবিশেষ; শিবের অনুচর। বি; পুং। ৩। ক্ষিতি (পৃথিবী), অপ্ (জল), তেজঃ (অগ্নি), মরুৎ (বায়ু), ও ব্যোম (আকাশ),—এই পঞ্চ; জন্তু; পিশাচ; সত্য; তত্ত্বানুসন্ধান। ভূ (হওয়া ইত্যাদি)+ক্ত কর্ত্তৃবা। বি; ক্লীব। **ভূতের বেগার, ভূতের বোঝা**—বিনালাভে গুরুতর পরিশ্রম; অনর্থক দেহভার বহন। **ভূতের বাপের শ্রাদ্ধ**—অত্যন্ত বিশৃঙ্খলা।

ভূতচতুর্দ্দ(র্দ)শী—কার্ত্তিক মাসের কৃষ্ণ-চতুর্দ্দশী। ভূতোপাসিতা চতুর্দ্দশী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ভূতত্ত্ব—পৃথিবীর অভ্যন্তর ভাগের ব্যাপার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভূতত্ত্ববিদ্যা—পৃথিবীর অভ্যন্তরস্থিত পদার্থ-সমূহের স্বরূপনির্ণায়ক শাস্ত্র, যে শাস্ত্র পাঠ করিলে ভূগর্ভস্থ পদার্থসমূহের বিবরণ জানা যায় (Geology). মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ভূতদয়া—জীবের প্রতি কৃপা। ৭মীতৎ। বি; স্ত্রী। [স্ত্রী।

ভূতধাত্রী—ধরিত্রী, পৃথিবী। ৬ষ্ঠীতৎ। বি;

ভূতনাথ, —পতি—শিব। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [কর্ম্মধা। বি; পুং।

ভূতপক্ষ—কৃষ্ণপক্ষ। ভূতপ্রিয় যে পক্ষ, মধ্যপ

ভূতপূর্ণিমা—কোজাগর পূর্ণিমা। ভূতপ্রিয়া পূর্ণিমা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ভূতপূর্ব্ব(র্ব)—যে বা যাহা পূর্ব্বে ছিল এরূপ (Late); পূর্ব্ববর্ত্তী; আগেকার। পূর্ব্বে ভূত, ৭মীতৎ। বিণ। স্ত্রী,—র্ব্বা।

ভূতবলি—জীবদিগের নিমিত্ত প্রদত্ত খাদ্য; বায়সভক্ষ্যবলি। ৪র্থীতৎ। বি; পুং।

ভূতভাবন—সৃষ্টিকর্ত্তা; বটুকভৈরব। ভূত শব্দ—ণিজন্ত ভূ বা ভাবি (হওয়ান)+অন কর্ত্তৃবা। বি; পুং।

ভূতযজ্ঞ—জীবজন্তুদিগকে ভক্ষ্যবস্তু প্রদান। ভূতোদ্দেশক যজ্ঞ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ভূতযোনি—ভূত প্রেত প্রভৃতি; প্রেতরূপে জন্ম। বহুব্রী। বি; পুং।

ভূতল—পাতাল; ক্ষিতিতল, ভূপৃষ্ঠ, পৃথিবীর উপরিভাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভূতলশায়ী (—শায়িন্)—ভূপৃষ্ঠে শয়ন-কারী, ধরাপৃষ্ঠে পতিত। ভূতল—শী (শয়ন করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

ভূতশুদ্ধি—পূজাদি কার্য্যে মন্ত্র দ্বারা দেহস্থ সর্ব্ব ভূতের শোধন; তন্ত্র ও যোগশাস্ত্র মতে অন্তর্যাগ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভূতাবিষ্ট—ভূতগ্রস্ত, ভূতাশ্রিত। ভূত দ্বারা আবিষ্ট, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

ভূতাবেশ—দেহে ভূতের সঞ্চার, ভূতে পাওয়া। ভূতের আবেশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভূতার্থ—অকৃত্রিম; যথার্থ, সত্য। ভূত অর্থ যাহার, বহুব্রী। বিণ।

ভূতি—১। উৎপত্তি; অভ্যুদয়; সিদ্ধি; উৎকর্ষ; উন্নতি। ভূ (হওয়া ইত্যাদি)+ক্তি ভাববা। ২। অণিমাদি অষ্টৈশ্বর্য্য; মহিমা; ভস্ম; সম্পত্তি; মাতঙ্গের সিন্দূরাদি সজ্জা; বৈশ্যের উপাধি। ভূ+ক্তি করণবা। বি; স্ত্রী।

ভূতুড়ে, ভূতড়ে—ভূতকৃত, যে ভূতসাহায্যে চিকিৎসা করে, ভূত ছাড়াইবার ওঝা; নোংরা, বিশৃঙ্খল; ভূতে পরিপূর্ণ। দেশজ। বিণ।

ভূত্বক্ (–ত্বচ্)—পৃথিবীর জলমণ্ডলের নিম্নবর্ত্তী স্তর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভূদেব—ব্রাহ্মণ। ভূতে (পৃথিবীতে) দেব (দেবতাস্বরূপ), ৭মীতৎ। বি; পুং।

ভূধর—গিরি, পর্ব্বত; অনন্তদেব; যন্ত্রবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভূনিম্ব—চিরতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভূপ—নৃপতি, রাজা। ভূ (পৃথিবী)–পা (পালন করা)+ক কর্ত্তৃবা। বি; পুং।

ভূপতি—ধরণীশ্বর, রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভূপতিত—ভূপৃষ্ঠে পতিত, যে ভূমিতে পড়িয়াছে এরূপ। ৭মীতৎ। বিণ।

ভূপাতিত—ভূপৃষ্ঠে পাতিত, যাহাকে ভূমিতে ফেলা হইয়াছে এরূপ। ৭মীতৎ। বিণ।

ভূপাল—মহীপাল, রাজা। ভূ–পা+ণিচ্+অণ্ কর্ত্তৃবা। বি; পুং।

ভূপেন্দ্র—রাজশ্রেষ্ঠ। ভূপমধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি; পুং।

ভূবলয়—ভূমিপরিধি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভূ-বিষুবরেখা, –বৃত্ত—পৃথিবীর নিরক্ষরেখা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, ক্লীব।

ভূভার—পৃথিবীর ভার, পাপ হেতু পৃথিবীর ভারিত্ব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভূ-ভারত—সকল স্থান; ভারত বা পৃথিবীর সর্ব্বত্র। দেশজ প্রঃ। বি।

ভূভারহরণ—ভূমণ্ডলস্থ পাপিগণের বিনাশসাধনপূর্ব্বক ধরণীপৃষ্ঠের ভার লঘূকরণ। ভূ'র ভার, তাহার হরণ, দুইবার ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভূভৃৎ—পর্ব্বত; নৃপতি, রাজা। ভূ (পৃথিবী)। –ভৃ+কিপ্ কর্ত্তৃবা। বি; পুং।

ভূম—ভূমি। 'ভূমি' শব্দজ। বি।

ভূমণ্ডল—ভূগোল, পৃথিবী। ভূ মণ্ডলপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; ক্লীব।

ভূমা (ভূমন্)—১। বহুত্ব। বহু+ইমন্ ভাবার্থে। বি; পুং। ২। অধিক, বহুল, প্রচুর। বিণ। বহু+ইমন্ স্বার্থে। ৩। বিরাট পুরুষ। ভূ+মন্ অস্ত্যর্থে। বি; পুং।

ভূমানন্দ—অক্ষয় আনন্দ, অতিশয় আনন্দ; ব্রহ্মানন্দ। ভূমা (অধিক) যে আনন্দ, কর্ম্মধা। বি; পুং।

ভূমি—পৃথিবী; ক্ষেত্র; স্থান; বাসস্থান; আকর, খনি; জিহ্বা; যোগীদিগের অবস্থাবিশেষ। ভূ (হওয়া)+মিক্ অধিবা। বি; স্ত্রী। [বি; পুং।

ভূমিকম্প—ভূপৃষ্ঠের কম্পন। ৬ষ্ঠীতৎ।

ভূমিকা—বেশধারণ, রূপান্তরপরিগ্রহ; চিত্তের অবস্থাবিশেষ; নাটকীয় পাত্রবিশেষের অভিনেয় অংশ; অভিনেতার বেশ; বক্তব্যবিষয়ের সূচনা, গ্রন্থের পূর্ব্বাভাস (Introduction); রচনা। ভূমি+কন্+আপ্। বি; স্ত্রী। [মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ভূমিকুষ্মাণ্ড—ভুঁইকুমড়া। ভূমিজাত কুষ্মাণ্ড,

ভূমিচম্পক—ভুঁইচাঁপা গাছ। ভূমিজাত যে চম্পক, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ভূমিজ—১। মঙ্গলগ্রহ; নরকের অধিপতি, নরকাসুর; মনুষ্য। বি; পুং। ২। ভূমিজাত। ভূমি–জন্ (জন্মা)+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–জা। [আপ্। বি; স্ত্রী।

ভূমিজা—সীতা, রাম-ভার্য্যা। ভূমিজ+

ভূমিতল—ভূপৃষ্ঠ, ধরাতল, পৃথিবীর উপরিভাগ; ভূগর্ভ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভূমিশয্যা—পৃথিবী রূপ শয্যা, ভূতল রূপ বিছানা। রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

ভূমিশায়ী (–শায়িন্)—ভূপৃষ্ঠে শয়ন-

কারী, ভূপতিত। ভূমি-শী (শয়ন করা) +ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-য়িনী।

ভূমিষ্ঠ—ভূমিস্থিত; ভূপতিত; প্রসূত, জাত। ভূমি-স্থা (থাকা)+ক কর্ত্তৃবা। বিণ।

ভূমিসম্পত্তি—ভূমিরূপ ঐশ্বর্য্য, জমিজায়গা-রূপ ধন। রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

ভূমিসাৎ—ভূমিগত, ভূপতিত। ভূমি+সাতিচ্। অব্য।

ভূম্যধিকারী (-রিন্)—ভূস্বামী, জমিদার। ভূমির অধিকারী, ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; পুং। স্ত্রী,-রিণী।

ভূয়ঃ (ভূয়স্), ভূয়—১। বাহুল্য। বি; ক্লীব। ২। পুনঃ। বহু+ঈয়সু। অব্য।

ভূয়ান্ (ভূয়স্)—বহুতর; প্রচুর, বহুল। বহু+ঈয়সু। বিণ। স্ত্রী, ভূয়সী।

ভূয়িষ্ঠ—প্রচুর, বহু। বহু শব্দ+ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,-ষ্ঠা।

ভূয়োদর্শন—বহু দেখিয়া শুনিয়া অভিজ্ঞতা: ভূয়ঃ দর্শন, সুপ্‌সুপা। বি; ক্লীব। বিণ, -দর্শী (-র্শিন)। বি,-র্শিতা।

ভূয়োভূয়ঃ—পুনঃপুনঃ, বারংবার। অব্য।

ভূরি—প্রভূত, প্রচুর, বহু, অনেক। ভূ (হওয়া) +ক্রিন্ কর্ত্তৃবা। বিণ।

ভূরিদক্ষিণ—প্রচুর দক্ষিণাযুক্ত। ভূরি (প্রভূত) দক্ষিণা যাহার বা যাহাতে, বহুব্রী। বিণ।

ভূরিভোজন—প্রচুর আহার। কর্ম্মধা। বি; ক্লীব।

ভূরিশ্রবাঃ (-শ্রবস্), -শ্রবা—চন্দ্রবংশীয় নৃপতি; রাজা সোমদত্তের পুত্র। ভূরি (প্রভূত) শ্রবঃ (কীর্ত্তি) যাহার, বহুব্রী। বি; পুং।

ভূর্জ্জ(র্জ)—প্রসিদ্ধ বৃক্ষবিশেষ, বল্কদ্রুম। ভূ-উর্জ্জ্+অচ কর্ত্তৃবা। বি; পুং।

ভূর্জ্জ(র্জ)পত্র—ভূর্জ্জত্বক্, ভূর্জ্জগাছের ছাল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভূর্লোক—ভূলোক, পৃথিবী। ভূঃ যে লোক, কর্ম্মধা। বি; পুং।

ভূলুণ্ঠিত—ভূপতিত, যে ভূমিতে গড়াগড়ি দিয়াছে এরূপ। ৭মীতৎ। বিণ। স্ত্রী,-তা।

ভূশণ্ডি, ভূষণ্ডি, ভূষণ্ডী—পুরাণোক্ত চিরজীবী ত্রিকালদর্শী কাক। বি; পুং।

ভূষণ—১। অলঙ্কৃতকরণ, প্রসাধন। ভূষ্ (ভূষিত করা)+অনট্ ভাববা। ২। আভরণ, অলঙ্কার, সজ্জা। ভূষ্+অনট্ করণবা। বি; ক্লীব।

ভূষা—১। অলঙ্কৃতকরণ, প্রসাধন। ভূষ্+অ ভাববা+আপ্। ২। অলঙ্কার, ভূষণ, আভরণ। ভূষ্+অ করণবা+আপ্। বি; স্ত্রী।

ভূষিত—অলঙ্কৃত; সজ্জিত; শোভিত। ভূষ্ (ভূষিত করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

ভূসম্পত্তি—ভূমিরূপ সম্পত্তি, জমি-জায়গা-রূপ ঐশ্বর্য্য। ভূই সম্পত্তি, কর্ম্মধা। বি; স্ত্রী।

ভূসুত—মঙ্গল; নরকাসুর। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; পুং।

ভূস্বর্গ—সুমেরু পর্ব্বত; কাশ্মীর। ৭মীতৎ।

ভূস্বামী (-স্বামিন্)—ভূপতি, রাজা, জমিদার। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা বিণ। স্ত্রী,-মিনী।

ভৃকুটি, ভৃকুটী—ভ্রূভঙ্গী, ভ্রূকুটী। ভ্রূর কুটি বা কুটী (কুটিলতা), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভৃগু—শিব; প্রজাপতিবিশেষ, ব্রহ্মার মানসপুত্র; দ্রোণাচার্য্য; বংশবিশেষ; প্রপাত, পর্ব্বতের উচ্চসানু; অত্যুচ্চ স্থান। ভ্রস্জ্+কু কর্ত্তৃবা। বি; পুং।

ভৃগুমান্ (-মৎ)—উচ্চসানুবিশিষ্ট (পর্ব্বতাদি)। ভৃগু+মতুপ্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী,-মতী।

ভৃগুরাম—পরশুরাম। বি; পুং।

ভৃগুসুত—শুক্রাচার্য্য; পরশুরাম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভৃঙ্গ(ংগ)—ভ্রমর; পক্ষিবিশেষ, ফিঙা পাখী; লম্পট; বৃক্ষবিশেষ। ভৃ (ভরণ করা)+গন্ কর্ত্তৃবা। বি; পুং।

ভৃঙ্গ(ংগ)রাজ—ভ্রমরশ্রেষ্ঠ; পক্ষিবিশেষ; বৃক্ষবিশেষ, কেসুরিয়া। ভৃঙ্গগণের মধ্যে রাজা (প্রধান), ৭মীতৎ। বি; পুং।

ভৃঙ্গা(ংগা)র—জলপাত্র, ঝারি, গাড়ু। ভৃ (ভরণ করা) + আরন্ কর্ত্তৃবা। বি ; পুং।

ভৃঙ্গি(ংগি)—অনামখ্যাত শিবানুচরবিশেষ। ভৃ (ভরণ করা) + গিক্ কর্ত্তৃবা। বি ; পুং।

ভৃঙ্গী(ংগী) (ভৃঙ্গিন্)—ভৃঙ্গি, শিবানুচরবিশেষ। ভৃঙ্গ + ইন্ অস্ত্যর্থে। বি ; পুং।

ভৃত—পালিত ; পুষ্ট ; পূর্ণ। ভৃ (ভরণ করা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ভৃতা।

ভৃতি—১। ভরণ ; পালন ; পুরণ। ভৃ (ভরণ করা) + ক্তি ভাববা। ২। বেতন ; মূলধন ; মূল্য। ভৃ + ক্তি করণবা। বি ; স্ত্রী।

ভৃতিভুক্ (–ভুজ্)—বেতনগ্রাহী, বেতনভোগী। ভৃতি (বেতন) – ভুজ্ (ভোগ করা) + ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

ভৃত্য—১। প্রতিপাল্য ; পরিচারক। বিণ। স্ত্রী, ভৃত্যা। ২। দাস, কিঙ্কর। ভৃ (ভরণ করা) + ক্যপ্ কর্ম্মবা। বি ; পুং।

ভৃমি—১। ভ্রমণ ; ভ্রমি, ঘূর্ণা। ভ্রম্ (ভ্রমণ করা) + ই ভাববা। বি ; স্ত্রী। ২। আবর্ত্ত, জলের পাক ; ঘূর্ণবায়ু। ভ্রম্ + ই কর্ত্তৃবা। বি ; পুং। ৩। আকস্মিক মূর্চ্ছা। 'ভ্রমি' শব্দজ। বি।

ভৃষ্ট—ভর্জ্জিত, ভাজা। ভ্রস্জ্ (ভাজা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, ভৃষ্টা। বি, ভৃষ্টি।

ভৃষ্টান্ন—চালভাজা, মুড়ি। ভৃষ্ট (ভর্জ্জিত) যে অন্ন, কর্ম্মধা। বি ; ক্লীব।

ভেউভেউ—কুকুরের ডাক ; উচ্চৈঃস্বরে ক্রন্দনের শব্দ। দেশজ। অব্য।

ভেংচান, ভেঙ্চান—বিদ্রূপসূচক মুখভঙ্গি করা ; ব্যঙ্গজনক অনুকরণ করা ; মুখ ভেঙ্গান। বাং ক্রি।

ভেংচানি—বিদ্রূপসূচক মুখভঙ্গি ; ব্যঙ্গার্থে অনুকরণ। দেশজ। বি।

ভেংচি—ভেংচাইবার জন্য মুখের বিকৃতি ; বিদ্রূপার্থে অঙ্গভঙ্গি। দেশজ। বি।

ভেঁপু—বাঁশীবিশেষ। দেশজ। বি।

ভেক—১। মণ্ডূক, ব্যাঙ। ভী + কন্ কর্ত্তৃবা। বি ; পুং। স্ত্রী, ভেকী। ২। সংসারত্যাগী বৈরাগীর ধর্ম্ম বা বেশ ; ভণ্ডামি ; ছদ্মবেশ। 'ভৈক্ষ্য' শব্দজ। বি। [বি।

ভেকট, ভেকুট—ভেটকি মাছ। কবিপ্র। বি।

ভেকধারী (–রিন্)—গৃহত্যাগী ; বৈরাগীর বেশভূষা ও ধর্ম্মগ্রহণকারী। ভেক – ধৃ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –রিণী।

ভেকা, ভেকো—হতবুদ্ধি। দেশজ। বি।

ভেঙ্গান, ভেঙান—ভেংচান ; অনুকরণপূর্ব্বক ব্যঙ্গ করা। বাং ক্রি।

ভেজা—১। প্রেরণ করা, পাঠান। কবিপ্র। ক্রি। ২। ভিজা। দেশজ। বিণ।

ভেজান—১। স্পর্শ করান, সংলগ্ন করা ; লাগান, খিল না দিয়া শুধু বন্ধ করা, আবজান, ঠেসাইয়া দেওয়া ; বাধাইয়া দেওয়া ; ভিজান। বাং ক্রি।

ভেজাল—১। মিশ্রিত, যাহা খাঁটী নয়, অবিশুদ্ধ। বিণ। ২। নিকৃষ্ট দ্রব্যসংযোগ, খারাপ জিনিস মিশান। দেশজ। বি।

ভেট—উপহার, উপঢৌকন, উপায়ন, সওগাদ ; দর্শন, সাক্ষাৎ। দেশজ। হিন্দীমূলক। বি।

ভেটকি—একরকম মাছ। 'ভেকট' শব্দজ। বি।

ভেটা—দর্শন করা, দেখা ; সাক্ষাৎ করা বা পাওয়া ; মিলিত হওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

ভেটী—ভেদ, উপায়ন, নজর, সওগাদ। দেশজ। বি।

ভেটেরাখানা—হোটেল, সরাই ; হট্টগোলের জায়গা। দেশজ। বি।

ভেড়—মেষ, ভেড়া। ভী (ভয় পাওয়া) + ড কর্ত্তৃবা। বি ; পুং। স্ত্রী, ভেড়ী।

ভেড়া—মেষ। 'ভেড়' শব্দজ। বি।

ভেড়ি—ভেলি, বাঁধ, জাঙ্গাল। দেশজ। বি।

ভেড়ুয়া, ভেড়ো—ভেড়ার তুল্য ; নাচওয়ালীর সঙ্গে যে বাজায় ; ভীতু লোক ; অপদার্থ ; স্ত্রৈণ, স্ত্রীজিত। ভেড়া + উয়া, ও সদৃশার্থে। বি বা বিণ।

ভেড়ে—স্ত্রীর বশীভূত, বোকা ; কাপুরুষ ; অপদার্থ। ভেড়া + এ সদৃশার্থে। বিণ।

ভেড়ো—ভেড়ুয়া দ্রঃ।

ভেতো—ভাতখেকো; অসার; দুর্ব্বল। ভাত+ও। বিণ।

ভেদ—বিচ্ছেদ; বিভিন্নতা; বৈলক্ষণ্য; পার্থক্য; বিশেষ; শত্রুবশীকরণ উপায়-বিশেষ; ছেদন; বিদারণ; বেধন; ভঙ্গ; মনোভঙ্গ; বিভিন্নসম্প্রদায় মধ্যে বিরোধ সংঘটন; দাস্ত, রেচন; উন্মেষ; প্রকাশ; অন্যোন্যভাব। ভিদ্ (ভেদ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

ভেদক—ভেদকারক; বিশেষক; বিরেচক। ভিদ্ (ভেদ করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিকা। [বি; ক্লীব।

ভেদজ্ঞান—ভেদবুদ্ধি, পৃথক্‌বোধ। ৬ষ্ঠীতৎ।

ভেদন—ভেদকরণ; বিদারণ; বিচ্ছেদকরণ; বিরেচন। ভিদ্ (ভেদ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

ভেদনীয়—ভেদনযোগ্য, বিদার্য্য। ভিদ্+অনীয় কর্ম্মবা। বিণ।

ভেদপ্রত্যয়—ঈশ্বর হইতে জাগতিক পদার্থসমূহের প্রভেদ জ্ঞান। ভেদজনক প্রত্যয় (জ্ঞান), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ভেদবুদ্ধি—ভেদজ্ঞান; বিচ্ছেদকারিকা বুদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভেদা—১। ক্ষুদ্রজাতীয় মৎস্যবিশেষ। প্রাদে। বি। ২। ভেদ করা। কবিপ্র। ক্রি।

ভেদাভেদ—আপন পর পার্থক্যবুদ্ধি; সঙ্কীর্ণতা। দ্বন্দ্ব। বি; পুং।

ভেদিত—ছেদিত; বিদারিত; পৃথককৃত। ণিজন্ত ভিদ্—ভেদি (ভেদ করান)+ক্ত কর্ম্মবা। বিণ।

ভেদী (—দিন্)—(কর্ম্মবাচক উপপদের পর) বিদীর্ণকারী। ভিদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

ভেদ্য—ভেদযোগ্য; বিদার্য্য; বিশেষ্য। ভিদ্ (ভেদ করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

ভেপ্‌সা—বাষ্প বা বাষ্পের মত, ঘর্ম্মজনিত (গন্ধ)। দেশজ। বিণ।

ভেবলা, ভেবা, ভ্যাবা—বোকারাম, হাবাচণ্ডী, হতভম্ব। দেশজ। বিণ।

ভেবাচাকা—হতবুদ্ধিতা, কিংকর্ত্তব্যবিমূঢ়তা, তাকধান্দি। দেশজ। বি। **ভেবাচাকা খাওয়া**—সহসা কিছু দেখিয়া বা শুনিয়া হতবুদ্ধি হওয়া।

ভেরি, ভেরী—পটহ; একপ্রকার ঢাক। ভী (ভয় পাওয়া)+রি অপাবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

ভেরেণ্ডা—এরণ্ড, রেড়ি, এরণ্ড জাতীয় কতিপয় গাছ। 'এরণ্ড' শব্দজ। বি। **ভেরেণ্ডা ভাজা**—কাজকর্ম্ম না থাকা, উপার্জ্জন না করা।

ভেল—১। উড়ুপ, ভেলা। ভী (ভয় পাওয়া)+রন্ অধিবা। বি; পুং। ২। অবিশুদ্ধ, কৃত্রিম, নকল, মেকি, ভেজাল। প্রাদে। বিণ। ৩। হইল। প্রাঃ কবিপ্র। ক্রি।

ভেলক—ভেলা, উড়ুপ, মাড়। ভেল্+কন্ স্বার্থে। বি; পুং।

ভেলা—১। গিলা, মাজুফল। 'ভল্লাতক' শব্দজ। ২। উড়ুপ, মাড়, প্লব। 'ভেল' বা 'ভেলক' শব্দজ। বি। ৩। হইল। প্রাঃ কবিপ্র। ক্রি।

ভেলি—বিলি, মাটির উঁচু লম্বা সারি, আলি বা আইল, বাঁধ, জাঙ্গাল। প্রাদে। বি। ২। হইল। প্রাঃ কবিপ্র। ক্রি।

ভেল্‌কি, ভেল্কি—ইন্দ্রজাল, যাদু। দেশজ। বি।

ভেষজ—ঔষধ। ভেষ (ভয়ের কারণ অর্থাৎ পীড়া) জি (জয় করা)+ড কর্ত্তৃবা। বি; পুং।

ভেষজালয়—ডাক্তারখানা; ঔষধালয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ।

ভেস্তা—এলোমেলো, ওলটপালট। দেশজ।

ভেস্তান—পণ্ড হওয়া। বাং ক্রি।

ভৈ—হইয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

ভৈক্ষ, ভৈক্ষ্য—১। ভিক্ষালব্ধ, ভিক্ষা দ্বারা প্রাপ্ত। ভিক্ষা+অণ্, ষ্যঞ্ কৃতার্থে। বিণ।

স্ত্রী, ভৈক্ষী। ২। ভিক্ষাবৃত্তি, ভিক্ষাজীবিত্ব; ভিক্ষাসমূহ। ভিক্ষা+অণ্, ষ্যঞ্ ভাবে। ৩। চতুর্থাশ্রম। ভৈক্ষ, ভৈক্ষ্য+অচ্ বিশিষ্টার্থে। বি; ক্লীব।

ভৈমী—১। দময়ন্তী, নলমহিষী; ভীষণা। ভীম (বিদর্ভরাজবিশেষ)+অণ্ অপত্যার্থে +ঈপ্। ২। ভীমৈকাদশী, মাঘমাসের শুক্লা একাদশী। ভীম (মধ্যম পাণ্ডব)+অণ্ সম্বন্ধার্থে+ঈপ্। বি; স্ত্রী।

ভৈরব—১। ভয়ঙ্কর, ভয়ানক। ভীরু+অণ্। বিণ। স্ত্রী,—বী। ২। শিব, শিবের ভয়ঙ্কর মূর্ত্তি, যথা—অসিতাঙ্গ, রুরু, চণ্ড, ক্রুদ্ধ, উন্মত্ত, কপালী, ভীষণ ও সংহার এই আট; রসবিশেষ; সঙ্গীতের রাগবিশেষ; নদবিশেষ। বি; পুং।

ভৈরবী—১। ভয়ঙ্করী। বিণ; স্ত্রী। ২। দশমহাবিদ্যার মধ্যে দেবীবিশেষ, দুর্গা; শৈব স্ত্রীবিশেষ; রাগিণীবিশেষ। ভৈরব+ঈপ্। বি; স্ত্রী।

ভৈরবীচক্র—তন্ত্রোক্ত চক্রবিশেষ; তান্ত্রিকগণের সমবায়, ইহারা চক্রাকারে উপবিষ্ট হইয়া শোধনপূর্ব্বক সুরা পান করে। ভৈরবীসাধক চক্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

ভৈষজ, —জ্য—চিকিৎসা; ঔষধ। ভেষজ বা ভিষজ্ শব্দ+অণ্, ষ্যঞ্। বি; ক্লীব। [বেগসূচক শব্দ। দেশজ। অব্য।

ভোঁ—বাঁশীর শব্দ; মৃদু গুঞ্জনধ্বনি; শূন্যতা বা

ভোঁতা—যাহার তীক্ষ্ণতা নাই, ধারবিহীন; জড়; নির্ব্বাক্, নিরস্ত্র। দেশজ। বিণ।

ভোঁদড়—উদ্‌বিড়াল, নকুলজাতীয় চতুষ্পদ জন্তুবিশেষ। দেশজ। বি।

ভোঁদা, ভুঁদো—ভোঁতা, বুদ্ধিহীন; স্থূলাকার, মোটা; শিশুকে ডাকিবার আদরের নাম। দেশজ। বি বা বিণ। স্ত্রী, ভুঁদী।

ভোঁস—নাকের ডাক, শ্বাসধ্বনি। দেশজ। অব্য।

ভোক, —খ—ক্ষুধা। প্রাঃ কবিপ্র। বি।

ভোকচ্ছানি—ভোচকানি (তাহা দ্রঃ)।

ভোকশোষ—ক্ষুধাতৃষ্ণা। দ্বন্দ্ব। বি।

ভোক্তব্য—ভোগযোগ্য; ভক্ষণীয়, খাদ্য; ভোজনের উপযুক্ত। ভুজ্ (ভোজন করা)+ তব্য কর্ম্মবা। বিণ।

ভোক্তা (ভোক্তৃ)—ভোজনকর্ত্তা, ভক্ষক; ভোগকর্ত্তা। ভুজ্ (ভোজন করা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ভোক্ত্রী।

ভোখিল—ক্ষুধার্ত্ত। প্রাঃ কবিপ্র। বিণ।

ভোগ—১। ভোজন, ভক্ষণ; পালন; সুখদুঃখানুভব। ভুজ্ (ভোজন করা, ইত্যাদি)+ ঘঞ্ ভাববা। ২। সুখ; সম্পত্তি; ধন; দেবোদ্দেশে নিবেদিত ভক্ষ্য বস্তু। ভুজ্+ঘঞ্ কর্ম্মবা। ৩। সর্পফণা; সর্প; সর্পদেহ; দেহ। ভুজ্+ঘঞ্ করণবা। বি; পুং। ৪। দেবতাকে নিবেদন করিবার খাদ্য। দেশজ প্রঃ। বি।

ভোগগৃহ—বাসভবন; দেবতাকে ভোগ নিবেদন করিয়া দিবার ঘর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভোগতৃষ্ণা—ভোগলালসা, সুখলাভের বাসনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভোগদেহ—মৃত্যুর পর পাপপুণ্যের ফলভোগার্থ সূক্ষ্ম শরীর। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা ক্লীব। [+মতুপ্+ঈপ্। বি; স্ত্রী।

ভোগবতী—পাতালগঙ্গা; নাগপুরী। ভোগ

ভোগবাসনা—সুখলাভের ইচ্ছা, উপভোগলালসা; ভোগাভিলাষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভোগবিলাস—ভোগজনিত বিলাস, সুখভোগজনিত স্ফূর্ত্তি; বাবুগিরি। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ভোগবিলাসী (—লাসিন্)—সুখভোগজনিত স্ফূর্ত্তিযুক্ত; ইন্দ্রিয়সুখকর সামগ্রীর সম্ভোগে অত্যাসক্ত; বাবুগিরি-প্রিয়। ভোগবিলাস+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—সিনী।

ভোগা—১। ফাঁকি, ধাপ্পা, মিথ্যা প্রলোভন; বৃদ্ধি, নূতন যোগ। দেশজ। বি। ২। ভুগা, ভোগ করা, কষ্ট পাওয়া। বাং ক্রি।

ভোগান্ত, —ন্তি—কর্ম্মভোগ, কষ্ট পাওয়া। দেশজ। বি।

ভোগায়তন—স্থূলদেহ। ভোগের আয়তন, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ভোগাসক্ত—বিষয়ভোগে নিরত, সুখভোগে অনুরক্ত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

ভোগী (ভোগিন্)—১। ভোগযুক্ত, ভোগবান্, সুখী। বিণ; পুং। স্ত্রী,—গিনী। ২। সর্প; রাজা; নাপিত; গ্রামাধ্যক্ষ। ভোগ+ইন্ অস্ত্যর্থে। বি ; পুং।

ভোগীন্দ্র, —শ—অনন্তদেব, বাসুকি। ভোগীদিগের (সর্পসমূহের) ইন্দ্র বা ঈশ (প্রভু, রাজা), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ভোগৈশ্বর্য্য—সুখভোগ ও সম্পত্তি। দ্বন্দ্ব। বি ; ক্লীব।

ভোগ্য—ভোগের যোগ্য। ভুজ্ (ভোগ করা) +ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, ভোগ্যা।

ভোচকানি—ক্ষুধায় অবসন্ন ভাব, ক্ষুৎ-ক্ষামতা, অনশন জন্ত দৌর্ব্বল্য। দেশজ। বি।

ভোজ—১। দেশবিশেষ, ভোজপুর (প্রাচীন নাম ভোজকট, কুন্তীভোজ, কুন্তীরাষ্ট্র)। ভুজ্ (ভোজন করা)+ঘঞ্ অধিবা। ২। নৃপ-বিশেষ, মালবের অধীশ্বর ; যদুবংশ। ভুজ্+ অচ্ কর্ত্তৃবা। ৩। ভোজন, আহার ; সমারোহ-পূর্ব্বক বহু লোকের ভোজন। ভুজ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

ভোজন—১। ভক্ষণ, আহার, খাওয়া। ভুজ্+অনট্ ভাববা। ২। ভক্ষ্য বস্তু। ভুজ্ +অনট্ কর্ম্মবা। বি ; ক্লীব।

ভোজনপাত্র—আহারের পাত্র, যাহাতে অন্নাদি রাখিয়া খাওয়া যায়, থালা, পাতা প্রভৃতি। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ভোজনশালা, ভোজনালয়—ভোজন-গৃহ, রান্নাঘর ; খাইবার ঘর। বি ; স্ত্রী, পুং।

ভোজবাজি(জী)—ভেল্কি, যাদু। দেশজ। বি।

ভোজবিদ্যা—ইন্দ্রজালবিদ্যা, ভোজবাজী, ভেল্কী। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

ভোজালি(লী)—কুকরি, নেপালদেশীয় দা-বিশেষ। দেশজ। বি।

ভোজী (-জিন্)—যে খায়, খাদক। ভুজ্+ ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জিনী।

ভোজ্য—১। ভক্ষ্য, খাদ্য। ভুজ্ (ভোজন করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, ভোজ্যা। ২। ভক্ষ্যবস্তু। বি ; ক্লীব। ৩। ভোজবংশীয়। ভোজ শব্দ (নৃপবিশেষ)+যৎ ভবার্থে। বিণ।

ভোট—সদস্য নির্ব্বাচনাদি ব্যাপারে মত। ইং Vote. বি।

ভোটদাতা (-দাতৃ)—যে সভ্য-নির্ব্বাচনে নিজের মতামত দেয়। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ত্রী। [Voter. বি।

ভোটার—ভোটদাতা, মতদাতা। ইং

ভোম, ভোঁ—বিহ্বল, চুর ('নেশায়—')। দেশজ। বিণ।

ভোমর, —রা—ভৃঙ্গ, অলি, মধুকর, বেধনাস্ত্রবিশেষ, একপ্রকার তুরপুন। 'ভ্রমর' শব্দজ। বি।

ভোর—১। নিশাবসান, প্রভাত, প্রত্যূষ। দেশজ। বি। ২। বিভোর, বিহ্বল ; আচ্ছন্ন। 'বিহ্বল' (বিভোর) শব্দজ। বিণ। ৩। পরিমিত, মাত্র ; ব্যাপিয়া, ভর। 'ভরিয়া' শব্দজ। ক্রি-বিণ বা বিণ।

ভোল—১। ভাব, রকম, সাজ, বেশ ; কপট, ছল। বি। ২। বিহ্বল। দেশজ। বিণ।

ভোলা—১। বিস্মৃতি। ভুল্+আ ভাবে। বি। ২। বিস্মৃতিপরায়ণ। ভুল্+আ কর্ত্তৃবা। বিণ।

ভোলানাথ—শিব। দেশজ। বি।

ভৌগোলিক—ভূগোলবিষয়ক। ভূগোল+ ইক সম্বন্ধার্থে। বিণ।

ভৌত—ভূতসম্বন্ধীয়। ভূত+অণ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, ভৌতী।

ভৌতিক—ভূতসম্বন্ধীয় ; প্রাকৃতিক ; ভূতকৃত ; অনৈসর্গিক। ভূত শব্দ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী। **ভৌতিক নিয়ম**—প্রাকৃতিক নিয়ম, যে নিয়মে ভৌতিক পদার্থ-সমূহের কার্য্য নির্ব্বাহিত হয়। **ভৌতিক পদার্থ**—প্রাকৃতিক পরমাণুসংযোগে উদ্ভূত

অগ্নিজলমৃত্তিকাদি পদার্থ; ক্ষিত্যাদি ভূতজাত বস্তু; পিশাচাদি দেবযোনি হইতে জাত পদার্থ। **ভৌতিক ব্যাপার**—পিশাচাদি দেবযোনি হইতে জাত ঘটনা; প্রাকৃতিক ঘটনা।

ভৌম—১। ভূমিসম্বন্ধীয়; ভূমিজাত। ভূমি + অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, ভৌমী। ২। মঙ্গলগ্রহ; নরকাসুর। ভূমি + অণ্ অপত্যার্থে। বি; পুং।

ভৌমিক—১। ভূম্যধিকারী, ভূস্বামী। ভূমি + ইক। বিণ। স্ত্রী, –কী। ২। জাতিগত উপাধি। বি; পুং।

ভ্যা—ভেড়ার ডাক; শিশু-ক্রন্দনধ্বনি, চ্যাভ্যা। দেশজ। অব্য।

ভ্রংশ—পতন; নাশ; পলায়ন। ভ্রন্শ্ (অধঃপতিত হওয়া) + ঘঞ্ ভাববা। বি; পুং।

ভ্রুকুটি, –টী—ভ্রূকুটি, ভ্রূভঙ্গী। ভ্রূর কুটি, কুটী (কুটিলতা), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভ্রম—মিথ্যাজ্ঞান, ভ্রান্তি, ভুল (Mistake). ভ্রম্ (ভুল করা) + ঘঞ্ ভাববা। বি; পুং।

ভ্রমণ—পর্যটন; বেড়ান; ঘুরা। ভ্রম্ (ভ্রমণ করা ইত্যাদি) + অনট্ ভাববা। বি; ক্লীব।

ভ্রমনিরসন—ভ্রান্তি দূরীকরণ, ভুল সংশোধন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভ্রমপ্রমাদ—১। ভ্রান্তিজনিত অনবধানতা। মধ্যপ কর্ম্মধা। ২। ভুল ও অসাবধানতা। দ্বন্দ্ব। বি; পুং।

ভ্রমর—অলি, মধুকর, ভৃঙ্গ, ভোমরা; কামুক। ভ্রম্ (ভ্রমণ করা) + অরন্ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী, –রী।

ভ্রমরকৃষ্ণ—ভ্রমরবৎ কৃষ্ণবর্ণ, ভোমরার মত কাল, ঘোর কৃষ্ণবর্ণ। উপমান কর্ম্মধা। বিণ।

ভ্রমরগুঞ্জন—ভ্রমরের গুন্ গুন্ শব্দ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভ্রমবশতঃ (–তস্), –বশত—ভ্রান্তিজন্য, ভুলহেতু। ৬ষ্ঠীতৎ। অব্য।

ভ্রমসংশোধন—ভ্রান্তি দূরীকরণ, ভুল শুধ্‌রাইয়া দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভ্রমসঙ্কু(হকু)ল—ভ্রমপূর্ণ। ৩য়াতৎ। বিণ।

ভ্রমা—ভ্রমণ করা, ঘুরা। কবিপ্র। ক্রি।

ভ্রমাত্মক—ভ্রমপূর্ণ, ভুলবিশিষ্ট। ভ্রম হইয়াছে আত্মা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ত্মিকা।

ভ্রমান—ভ্রমণ করান, ঘুরান। কবিপ্র। ক্রি।

ভ্রমান্ধ—ভ্রমহেতু দৃষ্টিশক্তিরহিত; ভ্রান্তি দ্বারা জ্ঞানশূন্য। ৩য়াতৎ। বিণ।

ভ্রমি, ভ্রমী—১। আবর্ত্ত, ঘূর্ণজল; কুলালচক্র, কুমারের চাক; সৈন্যরচনা। ভ্রম্ (ভ্রমণ করা, ঘুরা) + ইক্ কর্ত্তৃবা, পক্ষে ঈপ্। ২। ভ্রমণ; ঘূর্ণন; ভ্রান্তি, ভুল। ভ্রম্ + ইক্ ভাববা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

ভ্রমি—১। ভ্রমণ করি, ঘুরি; ভ্রমণ করিয়া, ঘুরিয়া। কবিপ্র। ক্রি। ২। সহসা মস্তকঘূর্ণন ও সংজ্ঞালোপ। প্রাদে। বি।

ভ্রষ্ট—অধঃপতিত; স্খলিত, চ্যুত; চলিত; নষ্ট; দূষিত। ভ্রন্শ্ + ক্ত কর্ত্তৃবা। বিণ।

ভ্রষ্টচরিত্র—১। কলুষিত চরিত্র; দূষিত আচরণ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। দূষিত চরিত্রবিশিষ্ট, চরিত্রহীন। বহুব্রী। বিণ। স্ত্রী, –ত্রা।

ভ্রষ্টা—অধঃপতিতা; দূষিতা; অসতী। ভ্রন্শ্ (অধঃপতিত হওয়া) + ক্ত কর্ত্তৃবা + আপ্। বিণ; স্ত্রী।

ভ্রষ্টাচার—১। দূষিত আচারবিশিষ্ট, পাপাচারী। বহুব্রী। বিণ। ২। অপবিত্র ব্যবহার। কর্ম্মধা। বি; পুং।

ভ্রষ্টাচারী (–চারিন্)—দূষিত আচারবিশিষ্ট, পাপাচারী; কুৎসিত কার্য্যকারী। ভ্রষ্টাচার + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –রিণী।

ভ্রাতা (ভ্রাতৃ)—এক পিতা হইতে জাত পুরুষ, সহোদর বা বৈমাত্রেয় ভাই; ভাই ও ভগ্নী। ভ্রাজ + তৃচ্ কর্ত্তৃবা। বি; পুং।

ভ্রাতুষ্পুত্র(ত্র)—ভ্রাতার পুত্র, ভাইপো। ভ্রাতুঃ (ভ্রাতার) পুত্র, অলুক্ ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী, –ত্রী(ত্রী)।

ভ্রাতৃজ—ভ্রাতুষ্পুত্র, ভাইপো। ভ্রাতৃ—জন (জন্মা) + ড কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী, –জা।

ভ্রাতৃজায়া—ভ্রাতার স্ত্রী। ভ্রাতার জায়া, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভ্রাতৃদ্বিতীয়া—কার্ত্তিক মাসের শুক্লা দ্বিতীয়া। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

ভ্রাতৃবধূ—ভ্রাতৃজায়া; কনিষ্ঠ ভ্রাতার পত্নী, 'ভাদ্রবধূ'। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভ্রাতৃব্য—ভ্রাতৃপুত্র, ভাইপো। ভ্রাতৃ শব্দ (ভ্রাতা)+ব্যৎ অপত্যার্থে। বি; পুং।

ভ্রাতৃস্নেহ—১। ভ্রাতার প্রতি বাৎসল্য, ভাইকে ভালবাসা। ৭মীতৎ। ২। ভাইএর ভালবাসা, ভ্রাতৃপ্রেম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভ্রান্ত—ভ্রমণযুক্ত; ঘূর্ণায়মান; ভ্রান্তিযুক্ত, ভুল-বিশিষ্ট। ভ্রম্ (ভ্রমণ করা, ভুল করা ইত্যাদি) +ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ভ্রান্তা।

ভ্রান্তি—ভ্রম, ভুল; ভ্রমণ; ঘূর্ণন। ভ্রম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

ভ্রান্তিকর, -জনক—যাহাতে ভ্রম জন্মায়, ভ্রমকারক। ভ্রান্তি—কৃ+ট কর্ত্তৃবা, ২য় পক্ষে ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -রী, -নিকা।

ভ্রান্তিবশতঃ (-তস্), -বশত—ভ্রম-হেতু। ভ্রান্তিবশ+তস্ ৫মী স্থানে। অব্য।

ভ্রান্তিমান্ (-মৎ)—১। ভ্রান্তিযুক্ত, ভ্রম-বিশিষ্ট। ভ্রান্তি+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, -মতী। ২। কাব্যালঙ্কারবিশেষ। (উপ-মেয়কে উপমান বলিয়া ভ্রমে এই অলঙ্কার হয়)। বি; পুং।

ভ্রান্তিমূলক—ভ্রমজনিত, ভ্রমহেতুক, ভ্রম-বশতঃ উৎপন্ন। বহুব্রী। বিণ। স্ত্রী, -লিকা।

ভ্রাম্যমাণ—যাহাকে ভ্রমণ করান হইতেছে এরূপ; ঘূর্ণ্যমান। ণিজন্ত ভ্রম্—ভ্রামি (ঘুরান ইত্যাদি)+শানচ্ কর্ম্মবা। বিণ।

ভ্রাম্যমাণ পাঠাগার—যে পাঠাগার বা লাইব্রেরী নানাস্থানে লইয়া ঘুরান হয়।

ভ্রূ—ভ্রূ (তাহা দ্রঃ)। ভ্রম্+ডূ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

ভ্রুকুটি, -টী, ভ্রূকুটি, -টী—ভ্রূভঙ্গী। ভ্রূর কুটি বা কুটী (কুটিলতা), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভ্রূ—চক্ষুর ঊর্দ্ধস্থিত লোমরাজি। ভ্রম্ (ভ্রমণ করা)+ডূ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

ভ্রূকুঞ্চন—ভ্রূর সঙ্কোচন, ভ্রূ কোঁকড়ান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভ্রূকুটি—ভ্রুকুটি দ্রঃ।

ভ্রূকুটিকুটিল—ভ্রূভঙ্গী জন্য বক্র, ভ্রূভঙ্গী হেতু বিকৃত। ৩য়াতৎ। বিণ।

ভ্রূক্ষেপ—ভ্রূভঙ্গ, ভ্রূকুটি, ভ্রূচালন; দৃষ্টিপাত। ভ্রূর ক্ষেপ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভ্রূণ—বালক; গর্ভস্থ শিশু। ভ্রূণ্ (আশা করা)+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

ভ্রূণঘ্ন—ভ্রূণঘাতক, ভ্রূণহত্যাকারী। ভ্রূণ—হন্ (বধ করা)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -ঘ্নী। (মানুষ না বুঝাইয়া ঔষধ ইত্যাদি বুঝাইলে প্রত্যয় ক-স্থানে টক্ ও স্ত্রীলিঙ্গে ভ্রূণঘ্নী)।

ভ্রূণহত্যা—ভ্রূণের প্রাণবধ, গর্ভস্থ শিশুর জীবননাশ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভ্রূবিলাস, -বিভ্রম—ভ্রূর শোভা; শোভা-জনক ভ্রূচালনা; ভ্রূভঙ্গী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভ্রূভঙ্গ(ঙ্গ)—ভ্রূকুটি, ভ্রূভঙ্গি; ভ্রূবিলাস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ভ্রূভঙ্গি(ঙ্গি), ভ্রূভঙ্গী(ঙ্গী)—ভ্রূকুটি; ভ্রূবিলাস। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

ভ্রূলতা—সুন্দর বঙ্কিম ভ্রূ। উপমিত কর্ম্মধা। বি; স্ত্রী।

ভ্রূসঙ্কেত(সংকেত)—ভ্রূসঞ্চালন দ্বারা ইসারা। ভ্রূ দ্বারা সঙ্কেত, ৩য়াতৎ। বি; পুং।

ম

ম—১। পঞ্চবিংশ ব্যঞ্জনবর্ণ, ইহার উচ্চারণ-স্থান ওষ্ঠ। ২। ব্রহ্মা; বিষ্ণু; মহেশ্বর; চন্দ্র; সময়; যম; যজ্ঞ। মা (পরিমাণ করা) +ড কর্তৃবা। ৩। আমি। প্রাঃ কবিত্র। মর্ম।

মই, মৈ—বাঁশ প্রভৃতির অস্থায়ী সিঁড়ি; ভূমিকর্ষণের পর মাটি চৌরস করিবার ব্যবহার্য যন্ত্র। 'মঞ্চিকা' শব্দজ। বি।

মইষা—মহিষবৎ ; মহিষীদুগ্ধজাত। মহিষ +আ। বিণ।

মইসা, –সে—বস্ত্রাদিতে ছাতা ধরার কাল কাল দাগ। 'মসি' শব্দজ। বি।

মউ, মৌ—মধু, মোম। 'মধু' শব্দজ। বি।

মউড়—বরের টুপী। 'মুকুট' শব্দজ। বি।

মউনি—দধিমন্থনদণ্ড। 'মথনিকা' শব্দজ। বি।

মউয়া, মউল—মহুয়া, মিষ্টস্বাদ পুষ্পবিশেষ বা তাহার গাছ। 'মধুক' শব্দজ। বি।

মউর—বিবাহকালে ব্যবহৃত মুকুট ; ময়ূর। দেশজ। বি।

মউরী—স্বনামখ্যাত বেণেতী মসলা ; ময়ূরী। 'মধুরিকা' শব্দজ। বি।

মকদ্দমা—মামলা, আদালতে অভিযোগ, বিবাদ। আর্বী। বি।

মকর—১। মৎস্যবিশেষ, কন্দর্পের ধ্বজ, গঙ্গার বাহন; মেষাদি দ্বাদশ রাশির মধ্যে দশম রাশি; নিধিবিশেষ। ম–কৃ+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং। ২। পৌষসংক্রান্তির দেবতার সিরনি বা নৈবেদ্যবিশেষ ; সই প্রভৃতির পাতান নাম। দেশজ। বি।

মকর-কুণ্ডল—মকরাকৃতি কর্ণভূষণ। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

মকরকেতন, –কেতু—কন্দর্প, কামদেব, মদন ; সমুদ্র। বহুব্রী। বি ; পুং।

মকরক্রান্তি—নিরক্ষ রেখা হইতে ২৩½ অংশ দক্ষিণে স্থিত অক্ষরেখা। মকর রাশিতে ক্রান্তি (গমন) হয় যাহাতে, বহুব্রী। বি ; স্ত্রী।

মকরধ্বজ—মদন ; স্বর্ণসিন্দুরবিশেষ। বহুব্রী। বি ; পুং।

মকরন্দ—১। ফুলের মধু ; কুন্দপুষ্পবৃক্ষ। মকর–দো (ছেদন করা)+ড কর্ত্তৃবা। বি ; পুং। ২। পুষ্পরেণু। বি ; ক্লীব।

মকরবাহিনী—গঙ্গা। মকর বাহী (বাহক) যাঁহার (যে স্ত্রীর), বহুব্রী+ঈপ্। বি ; স্ত্রী।

মকররী, মোকররী—যাহার খাজানা নির্দ্ধারিত আছে, নিরিখবদ্ধ। আর্বী। বিণ।

মকরসংক্রান্তি—সূর্য্যের মকর রাশিতে সংক্রমণ, মাঘসংক্রান্তি। এই সংক্রান্তিদিনে গঙ্গাসাগর-সঙ্গম-স্নানে সর্ব্ববিধ পাপ নষ্ট হয়। এই দিনে সূর্য্যের উত্তরায়ণ আরম্ভ হইয়া থাকে। মকরগতা যে সংক্রান্তি (সংক্রমণ), মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

মকরাক্ষ—রক্ষোরাজ রাবণের সেনাপতি, খরের পুত্র। মকরের অক্ষির ন্যায় অক্ষি যাহার, বহুব্রী। বি ; পুং।

মকাই, মক্কা—ভুট্টা, জনার। দেশজ। বি।

মকাম, –ন—বাসগৃহ, বাড়ী, নিবাস। হিন্দী। বি।

মকার—"ম" এই অক্ষর মাত্র ; তন্ত্রোক্ত মৎস্য, মাংস, মদ্য, মুদ্রা, মৈথুন—এই পঞ্চ। ম+কার স্বার্থে। বি ; পুং।

মকুট, মুকুট—শিরোভূষণ। মন্‌ক্ (ভূষিত করা)+উট কর্ত্তৃবা। বি ; ক্লীব।

মকুব—নিষ্কৃতি, ছাড়ান। আর্বী। বি।

মকুর—মুকুর, দর্পণ, আয়না ; কুলালদণ্ড ; মুকুল, কুঁড়ি। মন্‌ক্ (ভূষিত করা)+উর কর্ত্তৃবা। বি ; পুং।

মকুল, মুকুল—কুঁড়ি। মন্‌ক্ (ভূষিত করা) +উল কর্ত্তৃবা। বি ; পুং বা ক্লীব।

মক্কেল—মোকদ্দমা চালাইবার জন্ত উকিলের আশ্রয় বা সাহায্য গ্রহণকারী ব্যক্তি। আর্বী। বি। [আর্বী। বি।

মক্তব—মুসলমানী প্রাথমিক বিদ্যালয়।

মক্ষিকা—পতঙ্গবিশেষ, মাছি। মক্ষ্+ণক কর্ত্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

মক্স—অভ্যাস ; লেখার উপর লেখা, দাগা বুলান। আর্বী। বি।

মখ—যজ্ঞ, যাগ। মখ্ (গমন করা)+ঘ অধিবা। বি ; পুং।

মখমল—একপ্রকার সুকোমল পশমী কাপড়। আর্বী। বি। বিণ,–লী।

মগ—১। আরাকানের জাতিবিশেষ ; বর্ম্মার অধিবাসী। বর্ম্মামূলক শব্দ। ২। হাতলওয়ালা জলপাত্রবিশেষ। ইং Mug. বি।

মগজ—মাথার ঘিলু, মস্তিষ্ক। আর্বী। বি।

মগজি—জামার দোমড়ান প্রান্ত বা ধার; জুতার গোড়ালির উপরকার প্রান্ত বা ধার। ফার্সী। বি।

মগধ—দেশবিশেষ, বিহার; বিহারদেশীয় লোক; বন্দী, স্তুতিপাঠক। মগ—ধা (ধারণ করা)+ক কর্ত্তৃবা। বি; পুং।

মগধেশ্বর—রাজা জরাসন্ধ; মগধ দেশের অধিপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মগন—মগ্ন। কবিপ্র। বিণ।

মগরা—উদ্ধত, দুর্ব্বিনীত, ধৃষ্ট; অপ্রধৃষ্ট, অবাধ্য, একগুঁয়ে, একঠোকা; সনৃদ্ধ। হিন্দী। বিণ।

মগ্ন—অন্তঃপ্রবিষ্ট, নিমজ্জিত, ডুবিয়াছে এরূপ; স্নাত। মস্‌জ্ (স্নান করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, মগ্না।

মঘবতী—ইন্দ্রাণী, শচী। (মঘবা দ্রঃ)। মঘবৎ+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী।

মঘবা (মঘবন্)—দেবরাজ ইন্দ্র; জৈন চক্রবর্ত্তিবিশেষ। মহ্ (পূজা করা)+কনিপ্ কর্ম্মবা। বি; পুং। স্ত্রী, মঘোনী, মঘবতী।

মঘা—অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের দশম নক্ষত্র। মহ্ (পূজা করা)+ক কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

মঘোনী—ইন্দ্রাণী, শচী। (মঘবা দ্রঃ)। মঘবন্ শব্দ+ঈপ্। বি; স্ত্রী।

মঙ্গ(ঙ্গ)ল—১। শুভ, কল্যাণ; কুশল। মন্‌গ্ (গমন করা)+অল কর্ম্মবা। বি; ক্লীব। ২। গ্রহবিশেষ, কুজগ্রহ। বি; পুং। ৩। শুভদায়ক। মন্‌গ্+অল কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —লা। [মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

মঙ্গ(ঙ্গ)লঘট—মঙ্গলসূচক জলপূর্ণ ঘট।

মঙ্গলচণ্ডিকা, -চণ্ডী—ভগবতী, দুর্গা। [খুল্লনা কর্ত্তৃক মঙ্গলচণ্ডীর পূজা প্রচারিত হয়]। কর্ম্মধা। বি; স্ত্রী।

মঙ্গ(ঙ্গ)লপাঠক—স্তুতিপাঠক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মঙ্গ(ঙ্গ)লবার—সপ্তাহের তৃতীয় দিবস। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

মঙ্গ(ঙ্গ)লা—১। শুভদায়িকা। বিণ; স্ত্রী। ২। দুর্গা; পতিব্রতা নারী; শুক্লদূর্ব্বা; হরিদ্রা। মঙ্গল+আপ্। বি; স্ত্রী।

মঙ্গ(ঙ্গ)লাচরণ—কর্ম্মারম্ভে শুভজনক ক্রিয়া। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

মঙ্গ(ঙ্গ)ল্য—শুভকর, শুভজনক; সুন্দর। মঙ্গল+যৎ হিতার্থে। বিণ। স্ত্রী,—ল্যা।

মচ্—কাষ্ঠাদি ভাঙ্গিবার শব্দ। দেশজ। অব্য।

মচ্‌কান—মোচ্‌ড়ান; প্রায় ভাঙ্গিয়া যাওয়া; সন্ধির হাড় স্থানচ্যুত হওয়া। বাং ক্রি।

মচ্ছব—মহোৎসব। প্রাদে। বি।

মচ্‌মচ্—চর্ব্বণ শব্দ। দেশজ। অব্য।

মচ্‌মচে—যাহা চিবাইলে মচ্‌মচ্ শব্দ করে, খাস্তা ভাজা, (আদরে মুচ্‌মুচে)। দেশজ। বিণ।

মছলন্দ—সূতা দিয়া বোনা সরু মাদুরবিশেষ, প্রায়ই চিত্রিত। আর্বী 'মস্‌নদ' শব্দজ। বি।

মজকুর—লিখিত বিবরণ; পূর্ব্বলিখিত, উল্লিখিত। আর্বী। বি বা বিণ।

মজকুরী—যে জমা অন্য জমিদারের অধীনে চিরস্থায়িরূপে ভোগ করা হয়। আনীক। বি বা বিণ। [আর্বী। বিণ।

মজবুত—শক্ত, দৃঢ়; নিপুণ, কর্ম্মঠ; টেকসই।

মজলিস(শ)—বৈঠক, সভা, আসর। আর্বী। বি। বিণ, মজলিসি (যোগ্যার্থে)।

মজা—১। কৌতুক, তামাসা, রগড়; আমোদ, আনন্দ; বিস্ময়, আশ্চর্য্য; উপযুক্ত প্রতিফল; সুস্বাদ। ফার্সী। বি। **মজা টের পাওয়া বা বুঝা**—পরিণামে কুফল ভোগ করা। **মজা দেখান**—প্রতিফল দেওয়া ২। মগ্ন হওয়া, ডুবা; মত্ত হওয়া; অধিক পাকিয়া যাওয়া, বিকৃত বা নষ্ট হওয়া; মোহিত হওয়া। বাং ক্রি।

মজাদার—কৌতুকপ্রদ, আনন্দজনক; স্বাদু মজা+দার বিশিষ্টার্থে। বিণ।

মজান—বেশীরকম পাকান; বিকৃত বা নষ্ট করা; পতিত করা; মোহিত করা বাং ক্রি।

মজুত, —দ—বিদ্যমান; হস্তে স্থিত; সঞ্চিত। আর্বী। বিণ।

মজুমদার—খাজানার হিসাবরক্ষক; উপাধি-বিশেষ। ফার্সী। বি।

মজুর—সামান্য শ্রমজীবী। ফার্সী 'মজ্‌দুর' শব্দজ। বি।

মজুরী—মজুরের কর্ম্ম; মজুরের বেতন, পারিশ্রমিক; অলঙ্কারাদি নির্ম্মাণের মূল্য। মজুর+ঈ। বি।

মজ্জন—অবগাহন; ডুবা; স্নান। মস্‌জ্‌ (স্নান করা)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

মজ্জমান—যাহা ডুবিতেছে। মস্‌জ্‌+শানচ্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

মজ্জা—অস্থিমধ্যস্থ স্নেহ পদার্থবিশেষ; বৃক্ষাদির সার। মস্‌জ্‌ (স্নান করা)+অচ্‌ কর্তৃবা +আপ্‌। বি; স্ত্রী। মতান্তরে মস্‌জ্‌+কনিন্‌=মজ্জন্‌। বি; পুং।

মজ্জাগত—অন্তর্নিহিত; স্বভাবগত। ২য়াতৎ। বিণ।

মজ্জারস—শুক্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মঝু—আমার। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

মঞ্চ—বেদী, টোঙ্‌; মাচা; পর্য্যঙ্ক, খট্বা, খাট। মন্‌চ্‌+অচ্‌ কর্তৃবা। বি; পুং।

মঞ্চশিল্পী (—শিল্পিন্‌)—রঙ্গমঞ্চের সজ্জাকারী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মঞ্জরি, —রী—পল্লবাঙ্কুর, শীষ; মুকুল; লতা। মঞ্জু—রা (গ্রহণ করা) বা ধ+ই কর্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে ঈপ্‌। বি; স্ত্রী।

মঞ্জরিত—মঞ্জরীযুক্ত; অঙ্কুরিত; মুকুলিত। মঞ্জরী+ইত জাতার্থে। বিণ।

মঞ্জরী—মঞ্জরি দ্রঃ।

মঞ্জি, মঞ্জী—পল্লবাঙ্কুর, মঞ্জরী, শীষ। মন্‌জ্‌ (মার্জন করা)+ই কর্তৃবা, পক্ষে ঈপ্‌। বি; স্ত্রী।

মঞ্জিল, মঞ্জীল—প্রাসাদ, অট্টালিকা, কোটাবাড়ী; এক দিনের গমনযোগ্য পথ। আর্বী। বি।

মঞ্জিষ্ঠা—স্বনামখ্যাত রক্তবর্ণ লতা। মঞ্জিমৎ (সুন্দর)+ইষ্ঠন্‌ অত্যর্থে+আপ্‌। বি; স্ত্রী।

মঞ্জী—মঞ্জি দ্রঃ।

মঞ্জীর—পদাভরণ, নূপুর। মন্‌জ্‌ (শব্দ করা)+ঈর কর্তৃবা। বি; পুং বা ক্লীব।

মঞ্জু—সুন্দর, মনোজ্ঞ; মধুর। মন্‌জ্‌ (মার্জন করা)+উ কর্তৃবা। বিণ।

মঞ্জুঘোষ—মনোহর ধ্বনিবিশিষ্ট। মঞ্জু হইয়াছে ঘোষ (ধ্বনি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষা।

মঞ্জুভাষী (—ভাষিন্‌)—মধুরভাষী, মিষ্টালাপী। মঞ্জু (মধুর)—ভাষ্‌ (কথা বলা)+ণিন্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষিণী।

মঞ্জুর—অনুমোদিত, স্বীকৃত, গ্রাহ্য। আর্বী। বিণ। [ফার্সী। বি।

মঞ্জুরী—অনুমোদন, স্বীকৃতি, সম্মতি।

মঞ্জুল—সুন্দর, মনোজ্ঞ; মধুর; সমীচীন। মন্‌জ্‌ (মার্জন করা)+উল কর্তৃবা। বিণ। স্ত্রী,—লা।

মঞ্জুষা, মঞ্জূষা—সিন্দুক, পেঁড়া; প্রস্তর। মন্‌জ্‌ (মার্জন করা)+উষন্‌, ঊষন্‌ অধিবা+আপ্‌। বি; স্ত্রী।

মঞ্জুহাসিনী—মধুরহাস্যযুক্তা মঞ্জু—হস্‌+ণিন্‌ কর্তৃবা+ঈপ্‌। বিণ; স্ত্রী।

মট্‌—শক্ত জিনিষ ভাঙ্গিবার শব্দ। দেশজ। অব্য।

মটকা—খড়ো ঘরের চালের মাথা, মরকচা; একপ্রকার রেশমী কাপড়; কপটনিদ্রা। দেশজ। বি।

মটকান—মোটন করা ('আঙ্গুল—'); সশব্দে দুমড়ান। বাং ক্রি।

মটকি, —কা—ঘৃতাদি রাখিবার মাটির জালাবিশেষ। দেশজ। বি।

মটর—কলায়বিশেষ, কড়াইশুঁটির দানা। দেশজ। বি।

মঠ—ছাত্রাদির বাসস্থান, টোল; দেবালয়, মন্দির; আশ্রম; আখড়া। মঠ্‌ (বাস করা) +ঘ অধিবা। বি; পুং।

মঠধারী (—ধারিন্‌)—আখড়ার অধি

কারী, মঠাধ্যক্ষ ; মোহান্ত। উপতৎ। মঠ–ধৃ (ধারণ করা)+ণিন্ কর্তৃবা। বিণ বা বি ; পুং। স্ত্রী,–রিণী।

মড়ক—মহামারী। দেশজ। বি।

মড়মড়—কাষ্ঠাদি শক্ত পদার্থ ভাঙ্গার শব্দ। দেশজ। অব্য। [দেশজ। বি।

মড়মড়ি—ক্ষতাদির উপর শুষ্ক মাংস।

মড়া—মৃতদেহ, লাশ, শব। 'মরা' শব্দজ। বি।

মড়িপোড়া—শবদাহে পৌরোহিত্যকারী ব্রাহ্মণ। দেশজ। বি।

মড়ুঞ্চে—মৃতবৎসা, যে পোয়াতির সন্তান বাঁচে না। দেশজ। বিণ ; স্ত্রী।

মণ, মন—৪০ সের পরিমাণ। মা (পরিমাণ করা)+ডণ, ডন করণবা। বি ; পুং।

মণা, মণি, মুনে—সংখ্যাবাচক শব্দের পর হইলে তত মণ ওজনের। মণ+আ, ই, মন +এ। বিণ।

মণি—বহুমূল্য রত্ন ; অকালে উদিত শক্র-ধনু ; মুক্তা ; মণিবন্ধ ; অলিঞ্জর, জালা। মণ্ (অব্যক্ত শব্দ করা)+ইন্ কর্তৃবা। বি ; পুং বা স্ত্রী। [এই অর্থে স্ত্রীলিঙ্গে 'মণী'ও হয়।]

মণিকর্ণিকা—১। মণিময় কর্ণভূষণ। মধ্যপ কর্মধা। ২। কাশীস্থ একটি তীর্থ [এই স্থানে শিবের মণিকর্ণিকা অর্থাৎ মণিময় কর্ণভূষণ পতিত হওয়াতে এই নামে খ্যাত হইয়াছে]। বি ; স্ত্রী। [বস্থ। বি ; ক্লীব।

মণিকাঞ্চন—মুক্তা ও সুবর্ণ, রত্ন ও সোনা।

মণিকাঞ্চনযোগ, –সংযোগ—রত্ন ও স্বর্ণের মিলন ; মুক্তা ও সোনার মিলনের ন্যায় মনোহর সংযোজন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মঙ্গ(হগ)লবত– ...বক ; মণিব্যবসায়ী,

মঙ্গলচণ্ডিকা, –চ... ...কর্তা। মণি শব্দ–

[খুল্লনা কর্তৃক মঙ্গলচণ্... বি ; পুং।

হয়]। কর্মধা। বি ; স্ত্রী ... মণিময় গৃহ, শান-

মঙ্গ(হগ)লপাঠক—স্ত... ..., মধ্যপ কর্মধা।

বি ; পুং।

মঙ্গ(হগ)লবার—সপ্তাহ... ...ট্টালিকা। মধ্যপ

মধ্যপ কর্মধা। বি ; পুং

মণিত—চুম্বনধ্বনি ; রতিকূজিত, রমণকালে স্ত্রীগণের অব্যক্ত শব্দ। মন্ (কূজন করা)+ক্ত ভাববা। বি ; ক্লীব।

মণিপুর—নাভিপদ্ম ; তৃতীয় চক্র। মণি–পুর্ +অচ্ কর্মধা। বি ; পুং।

মণিবন্ধ—করগ্রন্থি, হাতের কব্জা ; পর্বত-বিশেষ। মণির বন্ধ (বন্ধন) হয় যে স্থানে, বহুব্রী। বি ; পুং।

মণিমন্ত্রাদিন্যায়—মণি ও মন্ত্র প্রভৃতির অচিন্ত্য শক্তিতে কার্য্যসাধনের দৃষ্টান্ত। মণি-মন্ত্রাশ্রিত ন্যায়, মধ্যপ কর্মধা। বি ; পুং।

মণিমালা—মণিময় হার। মধ্যপ কর্মধা। বি ; স্ত্রী।

মণিহারী—সাবান চিরুনি খাতা পেনসিল খেলনা প্রভৃতি নানাবিধ সৌখিন জিনিষপত্র বিক্রেতা বা তৎসম্বন্ধীয়। দেশজ। বি বা বিণ।

মণী—মণি দ্রঃ।

মণ্ড—১। ফেন, মাড় ; গাদ ; সার ; পিচ্ছ। বি ; পুং বা ক্লীব। ২। দধির মাত। মন্ (পূজা করা, ইত্যাদি)+ড কর্তৃবা। বি ; ক্লীব।

মণ্ডন—১। ভূষণ, আভরণ। মন্ড্+অনট্ করণবা। ২। অলঙ্করণ, প্রসাধন। মন্ড্ +অনট্ ভাববা। ৩। অলঙ্কারক, প্রসাধক। মন্ড্+অন কর্তৃবা। বিণ। স্ত্রী,–না।

মণ্ডপ—দেবাদিগৃহ ; চণ্ডীমণ্ডপাদি ; লোকের বিশ্রামগৃহ। মন্ড্+কপন্ কর্তৃবা। বি ; ক্লীব।

মণ্ডল—১। গোল ; চক্র ; পরিধি, বেষ্টন ; নন্দ্যাবর্ত্ত, স্বস্তিক ; সর্ব্বতোভদ্র ; অষ্টদল ; দেশ ; চক্রবাল ; রাষ্ট্র, রাজ্য ; কৃত্রিম রেখাদি দ্বারা রচিত আসনবিশেষ ; ধনুর্দ্ধরদিগের স্থানবিশেষ ; অরিমিত্রাদি দ্বাদশ প্রকার রাজা। মন্ড্ (বেষ্টন করা ইত্যাদি)+ কলচ্ কর্তৃবা। বি ; ক্লীব। ২। সমূহ ; চন্দ্র-বিম্ব ; সূর্য্যবিম্ব। বি ; পুং বা ক্লীব। ৩। প্রধান ব্যক্তি ; মাতব্বর প্রজা, সর্দার, চাঁই। দেশজ প্রঃ। বি।

মণ্ডলনৃত্য—মণ্ডলাকার নর্ত্তন, গোল হইয়া নাচা। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

মণ্ডলাকার—গোলাকার, চক্রাকার। বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

মণ্ডলাধীশ, মণ্ডলেশ্বর—চত্বারিংশ যোজন পরিমিত দেশাধিপ, রাজচক্রবর্ত্তী। মণ্ডলের অধীশ বা ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মণ্ডলী—১। চন্দ্র ও সূর্য্যের বেষ্টন; পরিধি; বৃত্ত; চক্র; কুণ্ডল; দূর্ব্বা। মণ্ডল+স্ত্রীলিঙ্গে ঈপ্। বি; স্ত্রী। ২। সমূহ। দেশজ প্রঃ। বি।

মণ্ডা—মিষ্টান্নবিশেষ, একরকম সন্দেশ। দেশজ। বি। [মন্‌ড্‌+ক্ত কর্ম্মবা। বিণ।

মণ্ডিত—ভূষিত, সজ্জিত; মোড়া; বেষ্টিত।

মণ্ডূক—ভেক; মুনিবিশেষ। মন্‌ড্‌+উক কর্ত্তৃবা। বি; পুং।

মণ্ডূকপ্লুতন্যায়—কোন কার্য্য ভেকের লম্ফের মত ছাড়াইয়া ছাড়াইয়া হওয়ার দৃষ্টান্ত। মণ্ডূকপ্লুতাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

মৎ—অস্মদ্, আমি (সমাসযুক্ত হইয়া ব্যবহৃত হয়; যথা—মৎপ্রণীত, মৎকথা)। সর্ব্ব।

মত—১। আশয়, অভিপ্রায়; সম্মতি। মন্ (বোধ করা ইত্যাদি)+ক্ত ভাববা। বি; ক্লীব। ২। অভিপ্রেত; সম্মত; জ্ঞাত; সম্মানিত। মন্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, মতা। ৩। মতন, ন্যায়, সদৃশ; প্রায়। দেশজ প্রঃ। অব্য।

মতঙ্গ(ংগ)—মেঘ; জনৈক মুনি। মদ্ (মত্ত হওয়া)+অঙ্গচ্ কর্ত্তৃবা। বি; পুং।

মতঙ্গ(ংগ)জ—গজ, হস্তী। মতঙ্গ (মুনি-বিশেষ)—জন্ (জন্মা)+ড কর্ত্তৃবা। বি; পুং।

মতদ্বৈধ—মতভেদ, মনের ভিন্নতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মতন, মতো—তুল্য, সদৃশ; অনুসারে; যোগ্য, উপযুক্ত; প্রকার। দেশজ। অব্য বা বিণ।

মতবাদ—মূলমত; বৈজ্ঞানিক, দার্শনিক বা রাজনীতিক মত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মতভেদ, —বিরোধ—মতের পার্থক্য, অভিপ্রায়ের বিভিন্নতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মতলব—অভিসন্ধি, উদ্দেশ্য; কৌশল, ফিকির, উপায়। আর্বী। বি।

মতলববাজ, মতলবী—ফন্দিবাজ; স্বার্থ-পর। মতলব+বাজ, ঈ আসক্তার্থে। বিণ।

মতানৈক্য—মতের অমিল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [মালিঙ্গ। নিত্য। বি; ক্লীব।

মতান্তর—অন্যমত; মতের গরমিল, মনো-

মতাবলম্বী (—লম্বিন্)—মতানুবর্ত্তী, মতানুসারে কার্য্যকারী। মত—অব—লম্ব্‌+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ম্বিনী।

মতামত—১। সম্মতি ও অসম্মতি। মত ও অমত, দ্বন্দ্ব। বি; ক্লীব। ২। অভিপ্রায়, মনন, মানস। দেশজ প্রঃ। বি।

মতি—১। বোধ, বুদ্ধি, জ্ঞান; স্মৃতি; ইচ্ছা। মন্ (বোধ করা)+ক্তি ভাববা। ২। চিত্ত, মনঃ। মন্+ক্তি করণবা। বি; স্ত্রী। ৩। মুক্তা। 'মৌক্তিক' শব্দজ। বি।

মতিগতি—১। মন ও কার্য্য, অভিপ্রায় ও চেষ্টা। দ্বন্দ্ব। ২। মনের গতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [প্রাদে। বি।

মতিচূর—পক্বান্নবিশেষ, মিহিদানা।

মতিচ্ছন্ন—১। বুদ্ধিনাশ, কুমতি। মতির (বুদ্ধির) ছন্ন (নাশ), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। বিকৃতবুদ্ধি। মতিচ্ছন্ন+অচ্ বিশিষ্টার্থে। বিণ।

মতিভ্রংশ—বুদ্ধিহীনতা, ভুল। মতির (বুদ্ধির) ভ্রংশ (নাশ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মতিভ্রম—বুদ্ধিহীনতা, ভুল। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ।

মতিভ্রষ্ট—ভ্রান্ত; বিকৃতবুদ্ধিগ্রস্ত। ৫মীতৎ।

মতিমান্ (—মৎ)—বুদ্ধিমান্। মতি (বুদ্ধি) +মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—মতী।

মতিস্থৈর্য্য(র্য)—চিত্তের স্থিরতা, বুদ্ধির অবিচলতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মতিহীন—বুদ্ধিহীন, বোধশূন্য, অবোধ; দুর্ম্মতি, পাপাশয়। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

মৎকুণ—শয্যাকীট, ছারপোকা; শ্মশ্রুহীন পুরুষ, মাকুন্দো; নারিকেল। মদ্+ক্বিপ্ কর্তৃবা=মৎ, তদুত্তরে কুণ্+ক কর্তৃবা, নিপাতনে। বি; পুং।

মত্ত—আনন্দিত, হৃষ্ট; বিহ্বল, মাতাল; উন্মত্ত, ক্রুদ্ধ; অত্যন্ত আসক্ত, বা নিবিষ্ট। মদ্ (মত্ত হওয়া)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী মত্তা। বি, মত্ততা।

মৎসর—১। ক্রোধ; দ্বেষ; অসূয়া; পরশ্রী-কাতরতা; আত্মাধিকার। মদ্ (হৃষ্ট হওয়া, ইত্যাদি)+সরন্ কর্তৃবা। বি; পুং। ২। ক্রুদ্ধ; পরশ্রীকাতর। বিণ। স্ত্রী,–রা।

মৎসরতা, –ত্ব—মাৎসর্য্য, অসূয়া, পরশ্রীকাতরতা। মৎসর+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

মৎসরী (–রিন্)—ক্রোধী; পরশ্রীকাতর; দুর্জ্জন, ক্রূর। মৎসর+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,–রিণী।

মৎসী—স্ত্রী-মীন, মেয়ে মাছ। মৎস্য+ঈপ্। বি; স্ত্রী।

মৎস্য—মীন, মাছ; দেশবিশেষ, বিরাটরাজ্য; পুরাণবিশেষ; বিষ্ণুর দশাবতারের প্রথমাবতার। মদ্ (হৃষ্ট হওয়া)+স্যন্ করণবা। বি; পুং।

মৎস্যগন্ধা—ব্যাসদেবের জননী, দাশরাজ-কন্যা সত্যবতী। মৎস্যের গন্ধের ন্যায় গন্ধ যাঁহার, বহুব্রী। বি; স্ত্রী।

মৎস্যজীবী (–জীবিন্)—ধীবর, জেলে। মৎস্য–জীব্+ণিন্ কর্তৃবা। বি; পুং।

মৎস্যধানী—মাছের চুপড়ি, পেতে, খালুই। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মৎস্যনীতি, –ন্যায়—মৎস্যের তুল্য পরস্পর হনন; অরাজকতা ও নরহত্যা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, পুং।

মৎস্যবেধন, –বেধনী—বড়শী, ছিপ। মৎস্য শব্দ–বিধ্ (বিদ্ধ করা)+অনট্ করণবা, পক্ষে ঈপ্। বি; ক্লীব, স্ত্রী।

মৎস্যভোজী—মৎস্যাশী দ্রঃ।

মৎস্যরঙ্ক—মাছরাঙ্গা পাখী। মৎস্যে রঙ্ক যাহার, বহুব্রী। বি; পুং।

মৎস্যাশী (–শিন্), মৎস্যভোজী (–জিন্)—যে মাছ খায়। মৎস্য–অশ্, ভুজ্ (ভোজন করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–শিনী,–জিনী।

মথন—বিনাশ; মন্থন, বিলোড়ন; ক্লেশ। মথ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

মথনী—মন্থনদণ্ড। মথ্+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

মথিত—১। বিলোড়িত; বিনাশিত, হত; পীড়িত, ক্লেশিত। মথ্+ক্ত কর্ম্মবা। বিণ। ২। তক্র, ঘোল। বি; ক্লীব।

মথুরেশ—শ্রীকৃষ্ণ। মথুরার ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মদ—১। আনন্দ, হর্ষ; আনন্দজনক সম্মোহ; মদরাগ, মত্ততা; উন্মাদ। মদ্ (হৃষ্ট হওয়া, ইত্যাদি)+অপ্ ভাববা। ২। গর্ব্ব; মদ্য; রেতঃ; কস্তূরী; করিগণ্ডস্থলাদিজনিত ঘর্ম্ম। মদ্+অপ্ করণবা। বি; পুং।

মদকল—১। মত্ত হস্তী। বি; পুং। ২। মত্ততাজন্য মধুরাস্ফুট শব্দকারী; মদমত্ত। মদপূর্ণ হইয়াছে কল (ধ্বনি) যাহার, বহুব্রী। বিণ। [বিণ।

মদখোর—মদ্যপানে আসক্ত। মদ+খোর।

মদগর্ব্ব(র্ব)—মদজনিত গর্ব্ব; মত্ততা জন্য অহঙ্কার। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

মদৎ—সাহায্য। আর্বী। বি।

মদদ্‌মাস—বাদশাহী আমলে ধর্ম্মযাজক-দিগকে প্রদত্ত নিষ্কর জমি। আর্বীমূলক। বি।

মদন—১। কন্দর্প, কামদেব; বসন্তকাল; বকুল গাছ; ভ্রমর; বৃক্ষবিশেষ, ময়না গাছ; ধুস্তূর বৃক্ষ, ধুতুরা গাছ। ণিজন্ত মদ্=মদি (মত্ত করা)+অন্ কর্তৃবা। বি; পুং। ২। মত্ততাজনক। বিণ; ত্রি।

মদনগোপাল—শ্রীকৃষ্ণ। সদৃশার্থে মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

মদনচতুর্দ্দ(র্দ)শী, –ত্রয়োদশী,

—দ্বাদশী—চৈত্রমাসের শুক্লপক্ষের ঐ ঐ তিথি। মদনপ্রিয়া চতুর্দ্দশী, ত্রয়োদশী, দ্বাদশী, মধ্যপ কর্ম্মধা বি ; স্ত্রী।

মদনমোহন—১। শ্রীকৃষ্ণ। বি ; পুং। ২। অতি সুন্দর। মদনের মোহন, ৬ষ্ঠীতৎ। বিণ।

মদনশর—কন্দর্পের বাণ ; কামজ্বালা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মদনা—১। সুরা, মদ্য। ণিজন্ত মদ্—মদি (মত্ত করা)+অন কর্ত্তৃবা+স্ত্রীলিঙ্গে আপ্। বি ; স্ত্রী। ২। টিয়ার মত একপ্রকার পাখী। দেশজ। বি। [বি ; পুং।

মদনারি—মদনের শত্রু, মহাদেব। ৬ষ্ঠীতৎ।

মদনোৎসব—বসন্তোৎসব, হোলাকা, হুলি, দোল। মদনের (বসন্তকালের) উৎসব, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মদমত্ত—মদ্যপানে জ্ঞানহীন, মাতাল, নেশায় বিভোর ; অহঙ্কারে উন্মত্ত, গর্ব্বিত ; গণ্ডাদি হইতে নিঃসৃত ঘর্ম্ম জন্য ক্ষিপ্তপ্রায় (হস্তী)। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—ত্তা।

মদস্রাবী (—বিন্)—মদবর্ষী ; মদমত্ত ('—হস্তী')। মদ—স্রু+ণিচ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী।

মদান্ধ—মদহেতু হিতাহিত জ্ঞানশূন্য ; অতিদর্পী। মদ দ্বারা অন্ধ, ৩য়াতৎ। বিণ।

মদালস—মদ্যপান বা অনুরাগ মোহ ইত্যাদিতে বিহ্বল। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—সা।

মদালসা—তত্ত্বদর্শিনী জনৈকা রমণী। ইনি অতি ধর্ম্মশীলা মহিলা ছিলেন। বি ; স্ত্রী।

মদালাপী (—পিন্)—১। কোকিল। বি ; পুং। ২। মধুর বা প্রেমাবেশপূর্ণ আলাপকারী। মদ—আ—লপ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিনী।

মদির—মত্ততাজনক, মাদক। মদি (মত্ত করা)+কিরচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রা।

মদিরা—১। মত্ততাজনিকা, মাদিকা। বিণ ; স্ত্রী। ২। বারুণীমদ্য। মদির+আপ্। বি ; স্ত্রী।

মদিরাক্ষী, মদিরেক্ষণা—মত্তনয়না স্ত্রী ; সুলোচনা কামিনী। মদির (মত্ততাজনক) অক্ষি, ঈক্ষণ যে স্ত্রীর, বহুব্রী। বি ; স্ত্রী।

মদীয়—মৎসম্বন্ধীয়, আমার। অস্মদ্ শব্দ+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—য়া।

মদো, মোদো—মদ্যতুল্য ; মাতাল, মদখোর। মদ+ও। বিণ।

মদোৎকট—মদোদ্ধত, গর্ব্বিত। মদদ্বারা উৎকট, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—টা।

মদোদ্ধত—মদমত্ত, মদগর্ব্বিত। মদ দ্বারা উদ্ধত, ৩য়াতৎ। বিণ।

মদোন্মত্ত—মত্ততা হেতু উন্মাদগ্রস্ত ; উদ্ধত ; মদগর্ব্বিত। ৩য়াতৎ। বিণ।

মদ্গুর—মাগুর মাছ। মদ্ (অবগাহন করা) +উরচ্ কর্ত্তৃবা নিপাতনে। বি ; পুং।

মদ্দ, মর্দ্দ(র্দ)—মরদ, পুরুষ ; সাহসী, বীর। ফার্সী। বি। [বিণ। স্ত্রী, মাদী।

মদ্দা, মর্দ্দা(র্দা)—পুংজাতীয়। ফার্সীমূলক।

মদ্দানি, মর্দ্দা(র্দা)নি—পুরুষত্ব, সাহসিকতা, বীরত্ব। ফার্সীমূলক। বি।

মদ্দানী, মর্দ্দা(র্দা)নী—পুরুষভাবাপন্না নারী। ফার্সীমূলক। বি বা বিণ ; স্ত্রী।

মদ্য—মদিরা, সুরা। মদ্য দ্বাদশবিধ, যথা—মাধ্বীক, ঐক্ষব, দ্রাক্ষব, তাল, খর্জ্জূর, পানস, মৈরেয়, মাক্ষিক, টাঙ্ক, মাধুক, নারিকেলজ, অন্নবিকারোত্থ। মদ্ (হৃষ্ট হওয়া)+যৎ করণবা। বি ; ক্লীব।

মদ্যপ—মদ্যপানকারী, মাতাল। মদ্য—পা (পান করা)+ক কর্ত্তৃবা। বিণ।

মদ্যপায়ী (—পায়িন্)—মদ্যপ, মাতাল। মদ্য—পা (পান করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

মদ্র— প্রাচীন দেশবিশেষ, পঞ্জাবের অন্তর্গত। মদ+র অধিবা। বি ; পুং।

মদ্রসুতা—মাদ্রী, পাণ্ডুরাজের পত্নী, নকুল সহদেবের মাতা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

মধু—১। পুষ্পরস ; ক্ষৌদ্র, মৌ ; ক্ষীর ; মধুর রস ; মদ্য, সুরা। বি ; পুং বা ক্লীব। ২।

মিষ্ট। বিণ। ৩। চৈত্রমাস ; বসন্তঋতু ; বৃক্ষবিশেষ। মন্+উ করণবা। বি ; পুং। ৪। বিষ্ণুর কর্ণমল হইতে সম্ভূত দৈত্য ; দৈত্য ব্রহ্মাকে বধ করিতে উদ্যত হইলে বিষ্ণু ইহাকে এবং ইহার ভ্রাতা কৈটভকে বিনাশ করেন ; সেই জন্যই বিষ্ণুর নাম মধুসূদন ও মধুকৈটভারি।

মধুক, মধূক—১। মধুদ্রুম, মৌলগাছ। মন্+উক, উক করণবা। বি ; পুং। ২। মৌলফুল, মহুয়ার ফুল। বি ; ক্লীব।

মধুকণ্ঠ—মিষ্টকণ্ঠস্বরযুক্ত, মিষ্টভাষী। মধু (মিষ্ট) কণ্ঠ (কণ্ঠস্বর) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণ্ঠা,—ণ্ঠী।

মধুকর—ভ্রমর ; কামুক পুরুষ। মধু—কৃ+ট কর্তৃবা। বি ; পুং। স্ত্রী,—রী।

মধুকৈটভ—অসুরদ্বয় (মধু দ্রঃ)।

মধুকোষ—মধুচক্র, মৌচাক। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মধুচক্র, —চ্ছত্র, —জালক—মৌচাক। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

মধুচন্দ্র, —চন্দ্রমা—বিবাহের পর নবদম্পতি যে কয়টি রজনী একত্রে নিভৃতে যাপন করে। ইং Honeymoon শব্দের অনুবাদ। বি। [বি ; ক্লীব।

মধুত্রয়—মধু, ঘৃত, শর্করা, এই তিন। ৬ষ্ঠীতৎ।

মধুপ—১। মধুপানকারী। মধু—পা (পান করা)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—পা। ২। মধুকর, ভ্রমর। বি ; পুং।

মধুপর্ক—মধু দধি ঘৃত শর্করা জল—এই পঞ্চদ্রব্যমিশ্র ভক্ষ্যবিশেষ। মধু শব্দ—পৃচ্ (সম্পৃক্ত করা)+ঘঞ্ অধিবা। বি ; পুং।

মধুপায়ী (—য়িন্)—১। মধুপানকারী। বিণ। স্ত্রী,—য়িনী। ২। ভ্রমর। মধু—পা+ণিন্ কর্তৃবা। বি ; পুং।

মধুপুর, —পুরী—মথুরানগরী। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব, স্ত্রী।

মধুবন—বৃন্দাবনস্থ একটি বন ; লঙ্কাস্থ একটা বন। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

মধুবর্ষী (—বর্ষিন্)—মধুবর্ষণকারী ; অতি মিষ্ট। মধু—বৃষ্ (বর্ষণ করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্ষিণী।

মধুমক্ষিকা—সরঘা, মৌমাছি। মধুকরী যে মক্ষিকা, মধ্যপ কর্মধা। বি ; স্ত্রী।

মধুমতী—১। মাধুর্য্যবিশিষ্টা। বিণ ; স্ত্রী। ২। নদীবিশেষ ; দেবীবিশেষ ; সপ্তাক্ষর ছন্দোবিশেষ। মধুমৎ+ঈপ্। বি ; স্ত্রী।

মধুময়—মধুপূর্ণ, অতি মধুর। মধু+ময়ট্। বিণ। স্ত্রী,—য়ী। [বি ; পুং।

মধুমাধব—চৈত্র ও বৈশাখ মাস। দ্বন্দ্ব।

মধুমান্ (—মৎ)—মধুবিশিষ্ট ; মাধুর্য্যযুক্ত। মধু+মতু অস্ত্যর্থে। বিণ ; পুং। স্ত্রী,—মতী।

মধুমাস—চৈত্রমাস। কর্মধা। বি ; পুং।

মধুযষ্টি, —যষ্টিকা—যষ্টিমধু ; ইক্ষুবৃক্ষ, আকগাছ। মধ্যপ কর্মধা। বি ; স্ত্রী।

মধুযামিনী—১। বসন্তকালীন রাত্রি। ৬ষ্ঠীতৎ। ২। মনোহরা রজনী, জ্যোৎস্নাময়ী রাত্রি। কর্মধা। বি ; স্ত্রী।

মধুর—১। মাধুর্য্যযুক্ত ; মিষ্টরসযুক্ত, মিষ্ট ; মনোহর, সৌম্য, প্রিয়দর্শন। মধু+র অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—রা। বি,—রতা, —রত্ব। ২। মিষ্টরস ; মাধুর্য্যগুণ। বি ; ক্লীব।

মধুরভাষী (—ষিন্)—মিষ্টভাষী, প্রিয়বাদী। মধুর—ভাষ্ (বলা)+ণিন্ কর্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,—ষিণী।

মধুরাই, —রিম—মাধুরীময়। প্রাঃ কবিপ্র। বিণ।

মধুরাতি—বসন্তরজনী। ৬ষ্ঠীতৎ। বি।

মধুরিপু—মধুসূদন, বিষ্ণু। মধুর (দৈত্যবিশেষের) রিপু, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মধুরিম—মধুরাই দ্রঃ।

মধুরিমা (—মন্)—মধুরত্ব, মাধুর্য্য। মধুর+ইমন্ ভাবার্থে। বি ; পুং।

মধুলিট্ (—লিহ্)—মধুকর, ভ্রমর। উপতৎ। মধু—লিহ্+ক্বিপ্ কর্তৃবা। বি ; পুং।

মধুলেহ, —লেহী (—হিন্)—মধুকর,

ভ্রমর। উপস্তৎ। মধু—লিহ্ + অণ্, ণিন্ কর্ত্তৃবা। বি; পুং।

মধুসখ, —সারথি, —সুহৃৎ—কন্দর্প, মদন। মধু (বসন্ত) হইয়াছে সখা, সারথি, সুহৃৎ যাহার, বহুব্রী। বি; পুং।

মধুসূদন—বিষ্ণু। মধু (দৈত্যবিশেষ)—সূদ্ (বধ করা) + অন কর্ত্তৃবা। বি; পুং।

মধুস্বর—১। সুমিষ্ট কণ্ঠরববিশিষ্ট। বিণ। স্ত্রী,—রা। ২। কোকিল। বহুব্রী। ৩। সুমিষ্ট কণ্ঠরব। কর্ম্মধা। বি; পুং।

মধুক—মধুক দ্রঃ।

মধুত্থ—সিক্থক, মোম। মধু—উৎ—স্থা (থাকা) + ক কর্ত্তৃবা। বি; ক্লীব।

মধুৎসব—মদনোৎসব, বসন্তোৎসব [চৈত্র মাসের পূর্ণিমায় এই উৎসব অনুষ্ঠিত হয়]। মধুর (বসন্তের) উৎসব, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মধ্বাসব—মধুজাত মদ্য। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

মধ্য—১। কটিদেশ; অভ্যন্তর, ভিতর; অন্তরাল; বিরাম; তালবিশেষ; সংখ্যাবিশেষ, ১০০০০০০০০০০০০০০০। বি; পুং বা ক্লীব। ২। অন্তর্ব্বর্ত্তী, অভ্যন্তরস্থ; ন্যায্য; মধ্যম। মহ্ + যক্ কর্ম্মবা। বিণ।

মধ্যদেশ—দেশবিশেষ, ইহার উত্তরে হিমালয়, পূর্ব্বে প্রয়াগ, দক্ষিণে বিন্ধ্য পর্ব্বত ও পশ্চিমে কুরুক্ষেত্র; মধ্যভাগ; অভ্যন্তর ভাগ। কর্ম্মধা। বি; পুং।

মধ্যন্দিন—দিবসের মধ্যভাগ, মধ্যাহ্ন। দিনের মধ্যম্ (মধ্যভাগ), একদেশী। বি; ক্লীব।

মধ্যপদলোপী (—পিন্)—(ব্যাকরণে) মধ্যপদের লোপ দ্বারা কর্ম্মধারয় সমাস, শাকপার্থিববৎ সমাস। মধ্যপদলোপ + ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

মধ্যবয়স্ক—প্রৌঢ়, মাঝারি বয়সের। বহুব্রী। বিণ। স্ত্রী,—স্কা।

মধ্যবর্ত্তি(র্ত্তি)তা—মধ্যে থাকা; মধ্যস্থতা। মধ্যবর্ত্তিন্ শব্দ + তা ভাবার্থে। বি; স্ত্রী।

মধ্যবর্ত্তী(র্ত্তী) (—বর্ত্তিন্)—১। মধ্যে অবস্থিত, মধ্যস্থ; অভ্যন্তরস্থ। বিণ। স্ত্রী, —র্ত্তিনী। ২। মধ্যস্থ, সালিস। মধ্য—বৃত্ (থাকা) + ণিন্ কর্ত্তৃবা। বি; পুং।

মধ্যবিত্ত—ধনাঢ্যও নহে অথচ নিতান্ত দরিদ্রও নহে এরূপ, সাধারণ গৃহস্থ রকমের। মধ্য (মাঝারি) হইয়াছে বিত্ত (সম্পত্তি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা।

মধ্যবিধ—মাঝারি রকমের। মধ্য বিধা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ধা।

মধ্যবিন্দু—কেন্দ্রস্থ বিন্দু। কর্ম্মধা। বি; পুং।

মধ্যম—১। মধ্যস্থিত, মাঝখানের; মাঝারি; দ্বিতীয়। মধ্য + ম ভবার্থে। বিণ। স্ত্রী,—মা। ২। স্বরবিশেষ, সপ্তস্বরের চতুর্থ স্বর (ম)। বি; পুং।

মধ্যমণি—মধ্যস্থিত রত্ন, হার প্রভৃতির মধ্যস্থলে স্থাপিত হীরকাদি। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

মধ্যমসংগ্রহ—অলঙ্কারাদি দ্বারা প্রলুব্ধ করিয়া পরস্ত্রীর সহিত প্রণয় করা। কর্ম্মধা। বি; পুং।

মধ্যমা—মধ্যমাঙ্গুলি। মধ্যম + আপ্। বি; [স্ত্রী।

মধ্যমান—সঙ্গীতের তালবিশেষ। মধ্যে মান (সম) যাহার, বহুব্রী। বি।

মধ্যরাত্র—অর্দ্ধরাত্র, রাত্রির মধ্যভাগ, নিশীথ। রাত্রির মধ্য (মধ্যভাগ), একদেশী। বি; পুং।

মধ্যরেখা—যে কল্পিত রেখা আকাশকে দ্রষ্টার মাথার উপর দিয়া পূর্ব্বভাগ ও পশ্চিমভাগে বিভক্ত করে। কর্ম্মধা। বি; স্ত্রী।

মধ্যশরীর—ধড়। একদেশী। বি; ক্লীব।

মধ্যস্থ—১। মধ্যবর্ত্তী, মধ্যে স্থিত; অভ্যন্তরস্থিত; উদাসীন। বিণ। স্ত্রী,—স্থা। ২। সালিস। মধ্য—স্থা (থাকা) + ক কর্ত্তৃবা। বি; পুং।

মধ্যস্থতা—মধ্যবর্ত্তিতা; মধ্যে থাকা; ঔদাসীন্য; সালিসি। মধ্যস্থ + তা ভাবার্থে। বি; স্ত্রী।

মধ্যস্থল, –স্থলী—কোমর, মধ্যভাগ; কেন্দ্র। কর্ম্মধা। বি; ক্লীব, স্ত্রী।

মধ্যস্থালি—মধ্যস্থতা। মধ্যস্থ+আলি। বি।

মধ্যা—১। অন্তর্ব্বর্ত্তিনী; অভ্যন্তরস্থিতা; মধ্যমা। মধ্য+আপ্। বিণ। ২। নায়িকা-বিশেষ; মধ্যমাঙ্গুলি। বি; স্ত্রী।

মধ্যাহ্ন—দিনের তিন ভাগের দ্বিতীয় ভাগ অর্থাৎ মধ্যবর্ত্তী দশ দণ্ডকাল, দুপুরবেলা। অহনের (দিনের) মধ্য (মধ্যভাগ), একদেশী। বি; পুং।

মন—চিত্ত; স্মৃতি; বোধ; পছন্দ; সঙ্কল্প; প্রবৃত্তি। 'মনস্' (মনঃ) শব্দজ। বি। **মন উঠা**—সন্তোষ হওয়া। **মন টেকা**—থাকিবার আগ্রহ থাকা। **মন পাওয়া**—অনুগ্রহ বা প্রসন্নতা লাভ করা। **মন বসা**—মনোযোগ হওয়া; পছন্দ হওয়া। **মন ভাঙ্গা**—আশা উদ্যম ইচ্ছা বা ভালবাসা দূর হওয়া। **মন মানা**—মনে প্রবোধলাভ করা। **মন যোগান**—সন্তুষ্টি বিধানের চেষ্টা করা। **মনে করা**—স্মরণ করা। **মনে ধরা**—পছন্দ হওয়া। **মনের ঝাল ঝাড়া** বা **মিটান**—আক্রোশ মিটান। **মনের মত**—পছন্দসই। **মনের মানুষ**—প্রিয়-জন। **মনে রাখা**—ভুলিয়া না যাওয়া।

মনঃ (মনস্)—চিত্ত, অন্তঃকরণ; বুদ্ধি; প্রবৃত্তি; সন্তোষ; তৃপ্তি। মন্ (বোধ করা) +অসুন্ করণবা। বি; ক্লীব।

মনঃকল্পিত—মানসিক চিন্তাজাত, মনে মনে যাহার কল্পনা করা হইয়াছে। ৩য়াতৎ। বিণ। [তৎ। বি; ক্লীব।

মনঃকষ্ট—মানসিক ক্লেশ, মনোদুঃখ। ৬ষ্ঠী-

মনঃক্ষুণ্ণ—মনে মনে দুঃখিত। ৭মীতৎ। বিণ। [৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মনঃপীড়া—মানসিক ক্লেশ, মনের ব্যথা।

মনঃপূত—মনে মনে স্বীকৃত, মনোনীত; পছন্দমত। ৩য়াতৎ। বিণ।

মনঃপ্রাণ—মনঃ ও প্রাণ; সমুদায় অন্তঃকরণ। দ্বন্দ্ব। বি; পুং।

মনঃশিল, –শিলা—গিরিজ রক্তবর্ণ ধাতুবিশেষ, মঙ্গল। মনঃ-হর শিল, শিলা, মধ্যপ কর্ম্মধা। বি; পুং ও স্ত্রী।

মনঃসংযোগ—মনোনিবেশ, মনোযোগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মনঃস্থ, মনস্থ—১। মনে স্থিত; সঙ্কল্পিত। মনস্—স্থা+ক কর্ত্তৃবা। বিণ। ২। সঙ্কল্প। দেশজ প্রঃ। বি।

মনকষাকষি—পরস্পরের মনের অমিল; মনোমালিন্য। ৬ষ্ঠীতৎ। বি।

মনক্কা—শুষ্ক আঙ্গুর (বড়)। আর্বী। বি।

মনখোলা—সরল, উদার। বহুব্রী। বিণ।

মনগড়া—মিথ্যা; কল্পনাকৃত। ৩য়াতৎ। বিণ। [৬ষ্ঠীতৎ। বি বা বিণ।

মনচোর, –চোরা—চিত্তহরণকারী।

মনছাল—মনঃশিলা। 'মনঃশিলা' শব্দজ। বি।

মনন—চিন্তা; ধারণা; অনুমান; অভিপ্রায়; বুদ্ধি। মন্ (বোধ করা)+অনট ভাববা। বি; ক্লীব। [কবিপ্র। বি।

মনমথ—কন্দর্প, মদন। 'মন্মথ' শব্দজ।

মনমরা—নিরুৎসাহ; বিমর্ষ। ৭মীতৎ। বিণ।

মনরক্ষা—মন রাখা, মন যোগান, খোসামুদি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [এই পদটি অশুদ্ধ; শুদ্ধ—মনোরক্ষা]।

মনরাখা—তোষামুদে; যাহাতে মন খুসী থাকে এমন ('—কথা')। উপতৎ। মন—রাখ্+আ কর্ত্তৃবা। বিণ।

মনশ্চক্ষুঃ (–চক্ষুস্), –ক্ষু—মনোরূপ নেত্র, অন্তর্দৃষ্টি; বুদ্ধি। রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

মনশ্চাঞ্চল্য—চিত্তচাঞ্চল্য, মনের অস্থিরতা, মানসিক উদ্বেগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মনসব—মোগলসম্রাট্ প্রদত্ত উপাধিবিশেষ। আর্বী। বি।

মনসবদার—শতসৈন্যের অধিনায়কের খেতাব। মনসব+দার যুক্তার্থে। বি।

মনসা—সর্পদেবী, নাগরাজ বাসুকির ভগ্নী। ইহার আর এক নাম জরৎকারু। ইহার

স্বামীর নামও জরৎকারু। মন–সো+অচ্ কর্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

মনসিজ—১। কন্দর্প, মদন, কামদেব। বি ; পুং। ২। কল্পনা হইতে সঞ্জাত। অলুক্ উপতৎ। মনসি (মনে)–জন্ (জন্মা)+ড কর্তৃবা। বিণ। স্ত্রী, –জা।

মনস্তুবা—বুদ্ধি, মতলব। বৈদে। বি।

মনস্কাম, –স্কামনা—মনোভিলাষ, মনোবাসনা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং, স্ত্রী।

মনস্তাপ—মনঃপীড়া, মানসিক ক্লেশ ; অনুতাপ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মনস্তুষ্টি—মনের সন্তোষ, মনের প্রীতি। ৬ষ্ঠীতৎ। (মনঃ+তুষ্টি)। বি ; স্ত্রী।

মনস্থ—মনঃস্থ দ্রঃ।

মনস্বিতা—মনস্বীর ভাব, প্রশস্তচিত্ততা ; প্রশস্ত মনঃ ; মান ; স্থিরচিত্ততা ; বীরত্ব। মনস্বিন+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

মনস্বী (–স্বিন্)—প্রশস্তচিত্ত, মহামনাঃ ; মানী ; ধীর, স্থিরচিত্ত ; বীর। মনস্+বিন্ প্রশস্তার্থে। বিণ। স্ত্রী, –স্বিনী।

মনহি—মনে। প্রাঃ কবিপ্র। বি।

মনান্তর—মনোবিবাদ, কলহ। ৬ষ্ঠীতৎ। [সংস্কৃত মতে মনোন্তর]। বি ; ক্লীব।

মনায়ী, মনাবী—মনুপত্নী। মনু+ঈপ্ পত্নী অর্থে। বি ; স্ত্রী।

মনি-অর্ডার—ডাকযোগে টাকা প্রেরণ। ইং Money order. বি।

মনিব—প্রভু, নিযোক্তা। আর্বী। বি।

মনিবগিরি, মনিবানা—প্রভুত্ব। মনিব +গিরি, আনা ভাবে। বি।

মনিব্যাগ—টাকা পয়সা রাখিবার ক্ষুদ্র থলি বা আধারবিশেষ। ইং Money bag. বি।

মনিহারী—মণিহারী (তাহা দ্রঃ)।

মনীষা—বুদ্ধি, প্রজ্ঞা। মনের ঈষা (লাঙ্গল-দণ্ডস্বরূপ), ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

মনীষী (–ষিন্)—বুদ্ধিমান্ ; জ্ঞানী ; পণ্ডিত। মনীষা+ইন্। বি ; পুং বা বিণ। স্ত্রী, –ষিণী।

মনু—ব্রহ্মার মানসপুত্র ; ধর্ম্মশাস্ত্রসংহিতাকার মুনি, ইঁহাদের সংখ্যা চতুর্দ্দশ, যথা স্বায়ম্ভুব, স্বারোচিষ, উত্তম, তামস, রৈবত, চাক্ষুষ, বৈবস্বত, সাবর্ণি, দক্ষসাবর্ণি, ব্রহ্মসাবর্ণি, রুদ্রসাবর্ণি, ধর্ম্মসাবর্ণি, দেবসাবর্ণি, ইন্দ্রসাবর্ণি, —প্রতিকল্পে এইরূপ ১৪ মনু হইয়া থাকেন, এক্ষণে বৈবস্বতমনুর অধিকার ; সূর্য্যপুত্র, পৃথিবীর আদিম রাজা, ইঁহার দশপুত্রের মধ্যে ইক্ষ্বাকু সর্ব্বশ্রেষ্ঠ ; মন্ত্র। মন্ (বোধ করা, জানা)+উ কর্তৃবা। বি ; পুং।

মনুজ—মানব, মনুষ্য। মনু–জন্+ড কর্তৃবা। বি ; পুং। স্ত্রী, –জা।

মনুষী—মানবী, নারী, মানুষী। মনুষ্য+ঈপ্। বি ; স্ত্রী।

মনুষ্য—মানব, মানুষ। মনু+য অপত্যার্থে (স আগম)। বি ; পুং।

মনুষ্যত্ব—মনুষ্যের ভাব বা ধর্ম্ম ; দয়া, পরোপকার, ইত্যাদি ; সভ্যতা, সৌজন্য। মনুষ্য+ত্ব ভাবার্থে। বি ; ক্লীব। [বি ; পুং।

মনুষ্যলোক—মানবজগৎ, পৃথিবী। ৬ষ্ঠীতৎ।

মনুসংহিতা—মহামতি মনু-প্রণীত হিন্দু ধর্ম্মশাস্ত্রবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

মনোগত—মনঃস্থিত, মানসিক। মনস্–গম্ (যাওয়া)+ক্ত কর্তৃবা। বিণ।

মনোজ—১। মনসিজ, কন্দর্প, কাম। বি ; পুং। ২। মনোজাত। মনস্ শব্দ–জন্ (জন্মা)+ড কর্তৃবা। বিণ। স্ত্রী, –জা।

মনোজগৎ—অন্তর্জগৎ, অন্তঃকরণরূপ বিশ্ব। রূপক কর্ম্মধা। বি ; ক্লীব।

মনোজব—সাতিশয় বেগবান্। মনের জবের (বেগের) ন্যায় জব (বেগ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –বা।

মনোজ্ঞ—মনোহর, সুন্দর, চারু, রমণীয়। উপতৎ। মনস্–জ্ঞা (জানা)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, –জ্ঞা।

মনোদুঃখ—মনঃকষ্ট, মানসিক ক্লেশ, মনস্তাপ ; শোক ; অনুশোচনা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

মনোনয়ন—মনে মনে পছন্দ করিয়া লওয়া ; নির্ব্বাচন। মনস্—নী (লইয়া যাওয়া)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

মনোনিবেশ—মনঃসংযোগ, অভিনিবেশ, একাগ্রতা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মনোনীত—যাহা বা যাহাকে পছন্দ করিয়া লওয়া হইয়াছে এরূপ ; নির্ব্বাচিত। মনস্—নী (লইয়া যাওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ।

মনোবাঞ্ছা, –বাসনা—মনোবাসনা, মানসিক অভিপ্রায়। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

মনোবাদ—মনোবিবাদ দ্রঃ।

মনোবিকলন—মনস্তত্ত্ব বিশ্লেষণ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

মনোবিকার—চিত্তের বিকৃতি বা ভাবান্তর। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মনোবিজ্ঞান—মনের ক্রিয়া ও শক্তি বিষয়ক শাস্ত্র। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

মনোবিবাদ,–বাদ—মনোন্তর, মনোমালিন্য। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মনোবৃত্তি—চিত্তবৃত্তি ; প্রবৃত্তি, মনের ব্যাপার, অর্থাৎ স্মরণ, মনন, অনুধ্যান প্রভৃতি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

মনোবেদনা—মনঃকষ্ট, মনের দুঃখ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

মনোভঙ্গ(ংগ)—বন্ধুত্বনাশ ; নৈরাশ্য ; বিবাদ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মনোভব, মনোভূ—কন্দর্প, কাম। মনস্ শব্দ—ভূ (হওয়া)+অচ্, কিপ্ কর্ত্তৃবা। বি ; পুং। [বি ; পুং।

মনোভাব—মনের অভিপ্রায়। ৬ষ্ঠীতৎ।

মনোভিলাষ, মনোভীষ্ট—ইচ্ছা, আকাঙ্ক্ষা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং, ক্লীব।

মনোমত—অভিলষিত, বাঞ্ছিত ; পছন্দসই। ৩য়াতৎ। বিণ।

মনোময়—মানস, মনঃ দ্বারা কল্পিত ; মনঃস্বরূপ। মনঃ+ময়ট্ অবয়বার্থে। বিণ।

মনোমালিন্য—বিরোধ ; অসদ্ভাব ; মনোবিবাদ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

মনোমোহন—মনোমুগ্ধকর, অতিরমণীয়, মনোহর। মনের মোহন, ৬ষ্ঠীতৎ। বিণ।

মনোমোহিনী—মনোমুগ্ধকারিণী, মনোহরা, অতি রমণীয়া। ৬ষ্ঠীতৎ। বিণ ; স্ত্রী।

মনোযোগ—মনোনিবেশ, মনঃসংযোগ, অভিনিবেশ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মনোযোগী (–যোগিন্)—মনোনিবেশকারী, অভিনিবিষ্ট। মনোযোগ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—গিনী।

মনোরঞ্জন—চিত্তের সন্তোষসাধন। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

মনোরথ—অভিলাষ, ইচ্ছা, অভিপ্রায়। মনের রথ (সদৃশ), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মনোরম—মনোহর, সুন্দর, শোভন। মনস্ শব্দ—ণিজন্ত রম্ বা রমি (আনন্দিত করা) +অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—মা।

মনোরাজ্য—অন্তঃকরণরূপ রাজত্ব, হৃদয়-রাজ্য। রূপক কর্ম্মধা। বি ; ক্লীব।

মনোলোভা—মনের লোভজনিকা, মনোহরা, রমণীয়া। মনস্—লুভ্+ণিচ্+অচ্ কর্ত্তৃবা+আপ্। বিণ ; স্ত্রী।

মনোহর—চিত্তাকর্ষক, মনোজ্ঞ, রমণীয় সুন্দর। উপতৎ। মনস্—হৃ (হরণ করা)+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রা।

মনোহরণ—চিত্তাকর্ষণ, মন টানিয়া লওয়া ; মনে অনুরাগ উৎপাদন। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। [বিশেষ। দেশজ। বি।

মনোহরসাহী—কীর্ত্তনগানের রীতি-

মনোহরা—চিনির আবরণযুক্ত উৎকৃষ্ট মিষ্টান্নবিশেষ। দেশজ প্রঃ। বি।

মনোহারী (–হারিন্)—চিত্তাকর্ষক, রমণীয়, সুন্দর। উপতৎ। মনস্—হৃ (হরণ করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী। বি, —হারিত্ব।

মন্তব্য—১। চিন্তনীয় ; বিচার্য্য। মন্ (বোধ করা)+তব্য কর্ম্মবা। বিণ। ২। মত ; মনোভাব ; অভিপ্রায়। মন্+তব্য ভাববা। বি ; ক্লীব।

মন্ত্র—১। বেদের অংশবিশেষ; রহস্য; দেবাদির উপাসনার উপযোগী বাক্য বা পদ; যে কোন জীবের বশীকরণ বাক্য। মন্ত্র্ (গোপনে বলা)+ঘঞ্ কর্ম্মবা। ২। মন্ত্রণা, পরামর্শ; বিচার। মন্ত্র্+ঘঞ্ ভাববা। বি; পুং।

মন্ত্রকুশল—মন্ত্রণাপটু। ৭মীতৎ। বিণ।

মন্ত্রগুপ্তি—মন্ত্রণা-গোপন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মন্ত্রগৃহ—মন্ত্রণাভবন, পরামর্শ করিবার ঘর।

মন্ত্রজ্ঞ—মন্ত্রবিৎ, যে মন্ত্র জানে; রহস্যবেত্তা; মন্ত্রণাবিৎ, পরামর্শবেত্তা। মন্ত্র—জ্ঞা+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

মন্ত্রণ, —ণা—গোপনে পরামর্শ; যুক্তি, পরামর্শ; মন্ত্র। মন্ত্র্ (গোপনে বলা)+অনট্ ভাববা; ২য় পক্ষে মন্ত্র্ (গোপনে বলা)+অন ভাববা+আপ্। বি; ক্লীব ও স্ত্রী।

মন্ত্রতন্ত্র—মন্ত্র ও তদানুষঙ্গিক ব্যাপার। দ্বন্দ্ব। বি।

মন্ত্রদাতা (—দাতৃ)—গুরু, যিনি মন্ত্র দেন, পরামর্শদাতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং বা বিণ। স্ত্রী,—ত্রী। [বিণ।

মন্ত্রপূত—মন্ত্র দ্বারা পবিত্রীকৃত। ৩য়াতৎ।

মন্ত্রবল—মন্ত্রের প্রভাব, মন্ত্রশক্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মন্ত্রবিৎ (—বিদ্)—মন্ত্রজ্ঞ, যে মন্ত্র জানে এরূপ; রহস্যবেত্তা; পরামর্শজ্ঞ। মন্ত্র—বিদ্ (জানা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

মন্ত্রভবন—মন্ত্রণাগৃহ, পরামর্শ-গৃহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মন্ত্রমুগ্ধ—মন্ত্র দ্বারা বশীকৃত, মন্ত্রপ্রভাবে মোহপ্রাপ্ত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—গ্ধা।

মন্ত্রসিদ্ধ—মন্ত্রের সাধনায় সিদ্ধিপ্রাপ্ত। ৭মী-তৎ। বিণ।

মন্ত্রিত—মন্ত্রসংস্কৃত; পরামর্শপূর্ব্বক স্থিরীকৃত। মন্ত্র্ (মন্ত্রণা করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

মন্ত্রিত্ব—পরামর্শদাতৃত্ব; সচিবত্ব। মন্ত্রিন্ শব্দ+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

মন্ত্রী (মন্ত্রিন্)—মন্ত্রণাদাতা, পরামর্শদাতা, অমাত্য, সচিব। মন্ত্র শব্দ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং বা বিণ। স্ত্রী,—ন্ত্রিণী।

মন্থন—১। বিলোড়ন; মওয়া; কুন্থন; বিনাশ। মন্থ্ (বিলোড়ন, বধ)+অনট্ ভাববা। ২। মন্থনদণ্ড। মন্থ্+অনট্ করণবা। বি; ক্লীব।

মন্থর—মন্দগামী; ধীর; চিরক্রিয়; অলস; পৃথু, নম্র, বক্র; বৃহৎ; নত। মন্থ্ (মন্থন করা ইত্যাদি)+অরন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রা।

মন্থরগতি—১। মন্দগামী, ধীরগতিবিশিষ্ট। বহুব্রী। বিণ। ২। ধীর গতি, ধীরে গমন। কর্ম্মধা। বি; স্ত্রী।

মন্থরগামী (—গামিন্)—মৃদুগামী, ধীর গতিবিশিষ্ট, ধীরে ধীরে গমনকারী। মন্থর—গম্ (যাওয়া)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—মিনী। [স্ত্রী।

মন্থরা—দশরথভার্য্যা কৈকেয়ীর দাসী। বি;

মন্দ—জড়, অলস, অতীক্ষ্ণ; ধীর; মত্ত; উন্মত্ত; মৃদু; নীচ; অপটু; অসুস্থ; মূর্খ; খল; ক্ষীণ; অল্প; অভাগ্য; অপকৃষ্ট। মন্দ্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, মন্দা।

মন্দগ, মন্দগামী (—গামিন্)—মন্থর, মৃদুগামী, ধীরগামী। মন্দ (মৃদু)—গম্+ড, ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—গা,—মিনী।

মন্দগতি—১। ধীরগামী, মৃদুগতিবিশিষ্ট। বহুব্রী। বিণ। ২। ধীর গমন। কর্ম্মধা। বি; স্ত্রী।

মন্দগামী—মন্দগ দ্রঃ। [বি।

মন্দন—বেগের ক্রমিক হ্রাস (Retardation).

মন্দবুদ্ধি—১। নির্ব্বোধ; দুর্ব্বুদ্ধি। বহুব্রী। বিণ। ২। জড়বুদ্ধি, দুষ্ট বুদ্ধি। কর্ম্মধা। বি; স্ত্রী।

মন্দভাগ, —ভাগ্য—১। নিন্দিত ভাগ্য, পোড়া কপাল। কর্ম্মধা। বি; ক্লীব। ২। দুর্ভাগ্য, অভাগা। বহুব্রী। বিণ। স্ত্রী,—গা,—গ্যা।

মন্দভাগিনী—দুর্ভাগ্যবতী, দুরদৃষ্টবিশিষ্টা। মন্দভাগ+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

মন্দভাগ্য—মন্দভাগ দ্রঃ।

মন্দমন্দ—মৃদু মৃদু, ধীরে। ক্রি-বিণ।

মন্দর—পর্ব্বতবিশেষ, মন্থাদ্রি; মন্দার বৃক্ষ; মুকুর। মন্দ্ (জড় হওয়া ইত্যাদি)+অরন্ কর্ত্তৃবা। বি; পুং।

মন্দা—১। গ্রহের গতিবিশেষ; সংক্রান্তি-বিশেষ। মন্দ+আপ্। বি; স্ত্রী। ২। মন্দ অবস্থা, পড়তি, ঘাটতি, হ্রাস। দেশজ প্রঃ। ৩। লাঘব; দুষ্ট, দুর্জ্জন। প্রাদে। বি।

মন্দাকিনী—স্বর্গগঙ্গা; দ্বাদশাক্ষর ছন্দঃ। মন্দ শব্দ—অক্ (গমন করা)+ণিন্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

মন্দাক্রান্তা—সপ্তদশাক্ষর ছন্দোবিশেষ। মন্দ আক্রান্ত (গতি) যাহার, বহুব্রী। বি; স্ত্রী।

মন্দাগ্নি—অপাক রোগ, অগ্নিমান্দ্য, ভাল হজম না হওয়া। কর্ম্মধা। বি; পুং।

মন্দানিল—ধীর বায়ু, ধীরে বহমান বাতাস। কর্ম্মধা। বি; পুং।

মন্দার—স্বর্গীয় দেবতরুবিশেষ; মাদার গাছ; ধূর্ত্ত; তীর্থবিশেষ। মন্দ্+আরক্ কর্ত্তৃবা। বি; পুং।

মন্দির—ভবন, গৃহ; দেবগৃহ; পুর, নগর। মন্দ্+কিরচ্ অধিবা। বি; ক্লীব।

মন্দিরা—ছোট খত্তাল, খঞ্জনী। 'মঞ্জীর' শব্দজ। বি।

মন্দীভূত—পূর্ব্বে মন্দ ছিল না এক্ষণে মন্দ হইয়াছে এরূপ, অল্পীভূত, মৃদুভূত। মন্দ শব্দ+অভূততদ্ভাবার্থে চ্বি (=মন্দী)—ভূ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

মন্দুরা—অশ্বশালা, আস্তাবল; মাদুর। মন্দ্ (নিদ্রা যাওয়া ইত্যাদি)+উর্ অধিবা+আপ্। বি; স্ত্রী।

মন্দোদরী—ক্ষীণোদরী স্ত্রী; রাগবিশেষ; মাদুরী; লঙ্কেশ্বর রাবণের মহিষী। মন্দ উদর যে স্ত্রীর, বহুব্রী। বি; স্ত্রী।

মন্দ্র—১। গম্ভীর। বিণ। স্ত্রী, মন্দ্রা। ২। বাদ্যবিশেষ; গম্ভীর ধ্বনি। মন্দ্ (হৃষ্ট হওয়া)+রক্ কর্ত্তৃবা। বি; পুং।

মন্বন্তর—১। মনুর শাসনকাল, দেবতা-দিগের ৭১ যুগ। মনুর অন্তর হয় যাহাতে, বহুব্রী। বি; ক্লীব। ২। প্রলয়; দুর্ভিক্ষ। দেশজ প্রঃ। বি।

মন্মথ—কন্দর্প, মদন; কামচিন্তা। মনকে মথিত করে যে, উপতৎ। মনস্—মথ্ (বিলোড়ন করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

মন্যু—শোক; দৈন্য; অহঙ্কার; ক্রোধ; যজ্ঞ। মন্ (বোধ করা, গর্ব্ব করা ইত্যাদি)+যুচ্। বি; পুং।

মফস্বল—নগর বা রাজধানীর বহির্ভূত স্থান; সহর গঞ্জ হইতে দূরবর্ত্তী স্থান; সম্মুখের বিপরীত, উল্টা। আর্বী। বি।

মবলগ—সমুদায়, মোট সমষ্টি, সর্ব্বসাকল্য; অধিক; নগদ অর্থ। আর্বী। বি।

মম—মদীয়, আমার। সংস্কৃত অস্মদ্ শব্দের ষষ্ঠীর একবচন। কবিপ্র। সর্ব।

মমতা, মমত্ব—আমার বলিয়া জ্ঞান; মায়া; স্নেহ; অভিমান; দর্প; অহঙ্কার। মম (আমার)+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

ময়—১। স্বনামখ্যাত দানব-শিল্পী। ময়্ (গমন করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। বিশিষ্ট পূর্ণ ইত্যাদি বাচক প্রত্যয়। স্ত্রী, ময়ী। ৩। ব্যাপিয়া অর্থবাচক বাংলা প্রত্যয়।

ময়দা—গমের সূক্ষ্ম চূর্ণ (আটা অপেক্ষা মিহি)। ফার্সী। বি।

ময়দান—মাঠ। ফার্সী। বি।

ময়না—১। পক্ষী; পক্ষিবিশেষ; কুট্টনী। 'মদনিকা' শব্দজ। ২। বৃক্ষবিশেষ; এক-প্রকার ঘাস। দেশজ। বি। ৩। মদন। প্রাঃ কবিপ্র। বি।

ময়না-তদন্ত—হত্যা সম্বন্ধে পরিদর্শন ও অনুসন্ধান। আর্বী। 'মুয়াআন' শব্দজ। বি।

ময়রা—মোদক, মিষ্টান্ন প্রস্তুতকারক জাতি-

বিশেষ। 'মোয়াকার' (∠মোদককার) শব্দজ। বি। স্ত্রী, –রাণী, –রানী।

ময়লা—মলিন, অপরিষ্কার, নোঙ্‌রা, মলা ; বিষ্ঠা। 'মল' শব্দজ। বি বা বিণ।

ময়ান—ময়দা মাখিবার সময় নরম করিবার জন্য যে ঘি দেওয়া হয়। দেশজ। বি।

ময়াল—বৃহৎ সর্পবিশেষ। 'মহাকাল' শব্দজ। বি।

ময়ূখ—কিরণ ; দীপ্তি ; জ্বালা ; শোভা। মি (ক্ষেপণ করা) বা ময়্ (গমন করা)+উখ কর্তৃবা। বি ; পুং।

ময়ূখমালী (–লিন্)—সূর্য্য। ময়ূখমালা +ইন্। বি ; পুং।

ময়ূর—১। স্বনামখ্যাত প্রসিদ্ধ পক্ষী, শিখী। মহী–রু+ড কর্তৃবা। বি ; পুং। স্ত্রী, –রী। ২। বরের মাথার মুকুট। প্রাদে। বি।

ময়ূরকণ্ঠী—একপ্রকার রঙীন শাড়ী ; লাল ও সবুজের মিশ্রণযুক্ত। দেশজ প্রঃ। বি বা বিণ। [বি।

ময়ূরপঙ্খী—ময়ূরাকৃতি নৌকা। দেশজ।

মর—১। মরণ, মৃত্যু। মৃ (মরা)+অপ্ ভাববা। বি ; পুং। ২। মরণশীল, নশ্বর, মৃত্যুর অধীন। মৃ+অচ্ কর্তৃবা। বিণ।

মরক—মারী, মড়ক। মৃ (মরা)+অপ্ ভাববা+কন্। বি ; পুং।

মরকত—হরিদ্বর্ণ মণিবিশেষ (Emerald), পান্না। মরক শব্দ–তৃ (পার হওয়া)+ড করণবা। বি ; পুং।

মরজগৎ—মরণধর্ম্মশীল বিশ্ব, নশ্বর জগৎ, পৃথিবী। কর্ম্মধা। বি ; ক্লীব।

মরজি, মর্জ্জি(র্জি)—অভিপ্রায়, অভিলাষ, ইচ্ছা, সম্মতি, সঙ্কল্প, মতলব। আর্বী। বি।

মরণ—দেহনাশ, নিধন, মৃত্যু। মৃ (মরা)+ অনট্ ভাববা। বি ; ক্লীব।

মরণধর্ম্ম(র্ম)শীল—মৃত্যুধর্ম্মাক্রান্ত, যাহাকে নিশ্চয়ই মরিতে হয়, নশ্বর। মরণ রূপ ধর্ম্ম= মরণধর্ম্ম, রূপক কর্ম্মধা ; মরণধর্ম্ম হইয়াছে শীল (স্বভাব) যাহার, বহুব্রী। বিণ।

মরণধর্ম্মা(র্মা) (–ধর্ম্মন্)—মৃত্যুগুণাক্রান্ত, মর, নশ্বর, মরণশীল। মরণ ধর্ম্ম যাহার, বহুব্রী +অনিচ্ সমাসান্ত। বিণ।

মরণধর্ম্মী(র্মী) (–ধর্ম্মিন্)—মৃত্যুধর্ম্মাক্রান্ত, নশ্বর। মরণধর্ম্ম+ইন্ অস্ত্যর্থে। বিণ।

মরণশীল—মৃত্যুধর্ম্মাক্রান্ত, নশ্বর, মর। মরণই শীল যাহার, বহুব্রী। বিণ ; ত্রি। স্ত্রী, –লা।

মরণাপন্ন—মৃত্যুদশাগ্রস্ত ; মৃতপ্রায় ; মুমূর্ষু। মরণকে আপন্ন, ২য়াতৎ। বিণ।

মরণাশৌচ—আত্মীয়ের মৃত্যুজনিত অশৌচ। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

মরণোন্মুখ—মরণোদ্যত, মুমূর্ষু, যাহার মৃত্যুকাল নিকটবর্ত্তী। ৭মীতৎ। বিণ।

মরত—১। ভূমণ্ডল, পৃথিবী। 'মর্ত্ত' শব্দজ। বি। ২। মর, মরণশীল, বিনশ্বর। প্রাঃ কবিপ্র। বিণ।

মরদ, –দ্দা—পুরুষ ; পুংজাতীয় ; বলবান্ পুরুষ ; পূর্ণযুবক। ফার্সী। বি বা বিণ।

মরদানা—পুরুষত্ব ; পুরুষ ; একপ্রকার অলঙ্কার। ফার্সী। বি।

মরম—হৃদয়ের অন্তস্তল, অন্তঃকরণ, অন্তর ; গূঢ় অর্থ। 'মর্ম্মন' শব্দজ। কবিপ্র। বি।

মরমর—মুমূর্ষু, মৃতপ্রায়, মরণাপন্ন। দেশজ। বিণ। [স্ত্রী, –রী।

মরমসখা—প্রাণের বন্ধু। কবিপ্র। বি ; পুং।

মরমিয়া—সাধারণ বুদ্ধির অতীত নিগূঢ় ভগবত্তত্ত্বসম্বন্ধীয়। মরম+ইয়া। বিণ।

মরমী—মর্ম্মগ্রাহী ; দরদী। কবিপ্র। বিণ।

মরসুম, মর্সুম—মৌসুম, কাল ; সুবিধা-জনক সময় ; উন্নতির সময় ; কাট্‌তির সময় ; সুযোগ। ফার্সী 'মৌসীম' শব্দজ। বি।

মরা—১। মৃত ; ক্ষীণ ; খাদযুক্ত। দেশজ প্রঃ। বিণ। ২। মৃতদেহ, শব। বি। ৩। মৃত হওয়া, পঞ্চত্ব পাওয়া ; প্রাণত্যাগ করা ; হ্রাস পাওয়া, কমা। বাং ক্রি।

মরাই—ধান্যাগার। 'মরার' শব্দজ। বি।

মরাঞ্চে—মৃতবৎসা। দেশজ। বিণ ; স্ত্রী।

মরামাস—খুসকি। বহুব্রী। বি।

মরাল—রাজহংস। মৃ (মরা)+আলচ্ কর্ত্তৃবা। বি; পুং।

মরালগামিনী—রাজহংসের ন্যায় মনোহর গতিশালিনী। মরাল তুল্য গমন করে যে (যে স্ত্রী), উপতৎ। মরাল শব্দ—গম্ (যাওয়া)+ণিন্ কর্ত্তৃবা+ঈপ্। বিণ; স্ত্রী।

মরি—সৌন্দর্য্য ইত্যাদি দর্শনে হর্ষোচ্ছ্বাস-সূচক শব্দ; সমবেদনাসূচক শব্দ। অব্য।

মরিচ, মরীচ—গোলমরিচ। মৃ (মরা)+ইচ করণবা, বিকল্পে দীর্ঘ। বি; ক্লীব।

মরিচা—মণ্ডুর, লৌহমল, ধাতুমল। ফার্সী 'মোচাই' শব্দজ। বি।

মরিয়া—জীবনে হতাশ, প্রাণে মমতাহীন, প্রাণ যায় বা থাকে তাহাতে ভ্রূক্ষেপশূন্য (Desperate). দেশজ। বিণ।

মরিযাদ, মরিযাদা—মর্য্যাদা, সীমা। প্রাঃ কবিপ্র। বি।

মরীচি—১। কর, কিরণ। মৃ (নাশ করা) +ঈচি করণবা। বি; পুং বা স্ত্রী। ২। সপ্তর্ষির একজন, ব্রহ্মার মানসপুত্র। ইনি প্রজাপতিরূপে নিয়োজিত হইয়া কর্দ্দমতনয়া কলার পাণিগ্রহণ করেন। মহামুনি কশ্যপ ইহার পুত্র। বি; পুং।

মরীচিকা—সূর্য্যকিরণে জলভ্রম, মৃগতৃষ্ণা [মৃগতৃষ্ণা দ্রঃ]। মরীচিতে (কিরণে) বোধ হয় ক (জল) যথায়, বহুব্রী। বি; স্ত্রী।

মরীচিমালী (-লিন্)—সূর্য্য। মরীচির মালা=মরীচিমালা, ৬ষ্ঠীতৎ; মরীচিমালা+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

মরু—বৃক্ষলতাদি ও বারিহীন প্রদেশ (Desert); পর্ব্বত। মৃ (মরা)+উ অধিবা। বি; পুং। [অপাবা। বি; পুং।

মরুৎ—দেবতা; বায়ু। মৃ (মরা)+উত

মরুত্ত—১। চন্দ্রবংশীয় অবিক্ষিতের পুত্র। মরুৎ—তন্ (বিস্তার করা)+ড কর্ত্তৃবা। ২। বায়ু। মরুৎ+ত স্বার্থে। বি; পুং।

মরুত্বান্ (-ত্বৎ)—ইন্দ্র; হনুমান্; সমুদ্র; মেঘ। মরুৎ শব্দ+মতুপ্। বি; পুং।

মরুদ্বীপ, মরুদ্যান—মরুভূমির মধ্যস্থ উর্ব্বর ভূখণ্ড (Oasis). মরুস্থিত যে দ্বীপ, উদ্যান, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব

মরুভূ, -ভূমি—যে বৃক্ষলতাজলাদিশূন্য প্রশস্ত ভূভাগ রাশি রাশি বালুকা ও প্রস্তর-খণ্ডে পরিপূর্ণ। মরুও যে ভূও, ভূমিও সে, কর্ম্মধা। বি; স্ত্রী।

মরুস্থল, -স্থলী—জলশূন্য বালুকাময় স্থান; মরুভূমি। কর্ম্মধা। বি; ক্লীব, স্ত্রী।

মরূদ্যান—মরুদ্বীপ দ্রঃ।

মর্কট—বানর; হাড়গিলা; উর্ণনাভ, মাকড়সা; বিষবিশেষ। মর্ক্+অটন্ কর্ত্তৃবা। বি; পুং।

মর্গ—মৃতদেহ সনাক্ত করিবার স্থান; শব-ব্যবচ্ছেদ করিবার ঘর। ইং Morgue. বি।

মর্গেজ, মর্টগেজ—বন্ধক বা বন্ধকী খত। ইং Mortgage. বি।

মর্জ্জি(র্জি)—মরজি দ্রঃ।

মর্ত্ত(র্ত)—১। মনুষ্য। মৃ (মরা)+তন্ কর্ত্তৃবা। ২। ভূলোক, পৃথিবী। মৃ+তন্ অধিবা। বি; পুং। [দেশজ। বি।

মর্ত্ত(র্ত)মান—উৎকৃষ্টজাতীয় কদলীবিশেষ।

মর্ত্ত্য(র্ত্য)—মনুষ্য; ভূলোক, পৃথিবী। মর্ত্ত+যৎ স্বার্থে। বি; পুং।

মর্ত্ত্য(র্ত্য)ধাম (-ধামন্)—মনুষ্যলোক, পৃথিবী। মর্ত্ত্যের (মনুষ্যের) ধাম (লোক), ৬ষ্ঠীতৎ; মর্ত্ত্যই যে ধাম, কর্ম্মধা। বি; ক্লীব।

মর্ত্ত্য(র্ত্য)লোক—ভূলোক, পৃথিবী। কর্ম্মধা। বি; পুং।

মর্দ্দ(র্দ)—১। মর্দ্দন। মৃদ্+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। মর্দ্দনশীল। মৃদ্+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, মর্দ্দা। ৩। পুরুষ; বলবান্ পুরুষ। ফার্সী। বি।

মর্দ্দ(র্দ)ন—অঙ্গমর্দ্দন; পেষণ; চূর্ণন; দলন; সংবাহন। মৃদ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

মর্দ্দ(র্দ)ল—বাদ্যবিশেষ, মাদল। মর্দ্দ—লা (গ্রহণ করা)+ক কর্ত্তৃবা। বি; পুং।

মর্দ্দা(র্দা)—পুরুষ। ফার্সী। বি।

মর্দ্দা(র্দা)না—পুংস্ত্ব, পুরুষত্ব। ফার্সী। বি।

মর্দ্দা(র্দা)নি—মদ্দানি দ্রঃ।

মর্দ্দি(র্দি)ত—দলিত; পেষিত; চূর্ণিত; গ্রথিত; বদ্ধ। ণিজন্ত মৃদ্—মর্দ্দি (মর্দ্দন করান) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

মর্ম্ম(র্ম) (মর্ম্মন্)—দেহের সন্ধিস্থান; জীবনস্থান; হৃদয়; স্বরূপ; তত্ত্ব; রহস্য; তাৎপর্য্য; অভিপ্রেত। মৃ+মনিণ্ অপাবা। বি; ক্লীব।

মর্ম্ম(র্ম)কথা—গূঢ়রহস্য; মনের কথা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মর্ম্ম(র্ম)গ্রহণ—তাৎপর্য্যাবধারণ, রহস্য-বোধ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মর্ম্ম(র্ম)গ্রাহী (-গ্রাহিন্)—তাৎপর্য্যগ্রহণকারী, রহস্যাবধারক, তত্ত্বজ্ঞ। মর্ম্মন্—গ্রহ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-হিণী।

মর্ম্ম(র্ম)ঘাতী (-ঘাতিন্)—মর্ম্মভেদী, অন্তরে ব্যথাদায়ক, হৃদয়ভেদী। মর্ম্মন্-হন্ +ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-তিনী।

মর্ম্ম(র্ম)জ্ঞ—রহস্যবিৎ; তাৎপর্য্যগ্রাহী। মর্ম্মন্—জ্ঞা+ক কর্ত্তৃবা। বিণ।

মর্ম্ম(র্ম)ন্তুদ—মর্ম্মভেদী, মর্ম্মে পীড়াদায়ক, অন্তরে ব্যথাদায়ক, মর্ম্মান্তিক। মর্ম্মন্—তুদ্ (ব্যথা দেওয়া)+খচ্ কর্ত্তৃবা। বিণ।

মর্ম্ম(র্ম)পীড়া, -বেদনা, -ব্যথা, -যাতনা—অন্তরের ব্যথা; মনের গোপন দুঃখ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মর্ম্ম(র্ম)ভেদী (-ভেদিন্)—মর্ম্মপীড়ক, মর্ম্মন্তুদ, মর্ম্মান্তিক, অন্তরে ব্যথাদায়ক। উপতৎ। মর্ম্মন্-ভিদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-দিনী।

মর্ম্ম(র্ম)র—১। শুষ্ক পত্রাদির অব্যক্ত ধ্বনি, মড় মড় শব্দ। দেশজ। অব্য। ২। মসৃণ প্রস্তরবিশেষ, মার্ব্বেল পাথর। ইং 'Marble' শব্দজ। বি।

মর্ম্ম(র্ম)রধ্বনি—মর্ মর্ রব, অব্যক্ত শব্দ। মর্ম্মরই যে ধ্বনি, কর্ম্মধা। বি; পুং।

মর্ম্ম(র্ম)রপ্রস্তর—মর্ম্মর পাথর, মার্ব্বেল পাথর। দেশজ। বি।

মর্ম্ম(র্ম)বিৎ (-বিদ্)—তাৎপর্য্যগ্রাহী, মর্ম্মজ্ঞ, রহস্যবেত্তা। মর্ম্মন্-বিদ্ (জানা) +ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

মর্ম্ম(র্ম)স্থল—মর্ম্মস্থান, জীবনস্থান; অন্তঃকরণ। কর্ম্মধা। বি; পুং।

মর্ম্ম(র্ম)স্পর্শী (-স্পর্শিন্)—মর্ম্মভেদী, মর্ম্মপীড়ক, মর্ম্মন্তুদ, মর্ম্মান্তিক; অন্তরে ব্যথাদায়ক। মর্ম্মন্—স্পৃশ্ (স্পর্শ করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্শিনী।

মর্ম্মা(র্মা)ঘাত—মর্ম্মপীড়া, অন্তরে ব্যথা, আঁতে ঘা। মর্ম্মে আঘাত, ৭মীতৎ। বি; পুং।

মর্ম্মা(র্মা)ন্তিক—মর্ম্মভেদী, মর্ম্মপীড়ক, অন্তরে ব্যথাদায়ক। মর্ম্মের অন্ত=মর্ম্মান্ত (৬ষ্ঠীতৎ), মর্ম্মান্ত+ইক। বিণ। স্ত্রী,-ন্তিকী।

মর্ম্মা(র্মা)র্থ—তাৎপর্য্যার্থ, স্বরূপ অর্থ, প্রকৃত তত্ত্ব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মর্ম্মা(র্মা)হত—মর্ম্মপীড়িত, অন্তরে আঘাতপ্রাপ্ত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—তা।

মর্ম্মী(র্মী) (-র্ম্মিন্)—রহস্যগ্রাহী, দরদী; নিগূঢ় ভগবত্তত্ত্বের আলোচক। মর্ম্মন্+ইন্। বিণ।

মর্ম্মো(র্মো)দ্ঘাটন—স্বরূপার্থ-প্রকাশ, তাৎপর্য্য-নিরূপণ, রহস্যভেদ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মর্ম্মো(র্মো)দ্ভেদ—মর্ম্মোদ্ঘাটন (তাহা দ্রঃ)। মর্ম্মের উদ্ভেদ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মর্য্যা(র্যা)দা—১। সীমা; কূল। পরি—আ—দা+অঙ্ কর্ম্মবা+আপ্। ২। সৎপথে স্থিতি; সদাচার; গৌরব; মান; সম্ভ্রম; নিয়ম। পরি—আ—দা+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

মর্য্যা(র্যা)দাবান্ (-বৎ)—সম্ভ্রমশালী, মানী, সম্ভ্রান্ত; গৌরবান্বিত। মর্য্যাদা+মতুপ্ অস্ত্যর্থে। বিণ।

মর্য্যা(র্যা)দাহানি—সম্ভ্রমনাশ, মানক্ষয়, মানহানি; গৌরবহীনতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মর্ষ, মর্ষণ—নাশন ; ক্ষমা, সহন। মৃষ্ (ক্ষমা করা, সহা)+ঘঞ্, অনট্ ভাববা। বি ; পুং ও ক্লীব।

মর্সুম—মরসুম দ্রঃ। [বিণ।

মর্সুমী—ঋতুবিশেষে উৎপন্ন। মর্সুম+ঈ।

মল—১। বিষ্ঠা-মূত্র-শ্লেষ্মা প্রভৃতি ময়লা ; খাদ, কাইট, শিটা, মরিচা প্রভৃতি ; কলঙ্ক ; পাপ। মৃজ্ (শোধন করা)+কল কর্ম্মবা ; অথবা মল্ (ধারণ করা)+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং। ২। পদাভরণবিশেষ। দেশজ। বি।

মলত্যাগ—শরীরাভ্যন্তর হইতে বিষ্ঠা বর্জ্জন, 'বাহ্যে যাওয়া'। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মলদ্বার—মলত্যাগের পথ, গুহ্য, পায়ু। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

মলন—সমালভন, বিলেপন ; পেষণ, মর্দ্দন। মল্ (ধারণ করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

মলভাণ্ড—ক্লেদাদি মলিন বস্তু রাখিবার পাত্র ; শরীরাভ্যন্তরস্থ বিষ্ঠাধার, অন্ত্র, নাড়ি-ভুঁড়ি। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

মলম—লেপনীয় ঔষধ, প্রলেপ। আর্বী 'মর্হম' শব্দজ। বি।

মলময়—মলযুক্ত, ময়লাপূর্ণ। মল শব্দ+ময়ট্। বিণ ; ত্রি। স্ত্রী,—য়ী।

মলমল—মিহি সূতী বস্ত্রবিশেষ। দেশজ। বি।

মলমাস—অমাবস্যাদ্বয়সংযুক্ত রবিসংক্রান্তি-বর্জ্জিত মাস, যে মাসে দুইটী অমাবস্যা হয় ; অধিমাস, অতিরিক্ত মাস। মলযুক্ত মাস, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

মলম্মা—স্বর্ণপত্রাবৃত তাম্রফলক, স্বর্ণমণ্ডিত তাম্র। আর্বী 'মুলম্মা' শব্দজ। বি।

মলয়—চন্দনাদ্রি ; পশ্চিমঘাটপর্ব্বত ; দেশ-বিশেষ ; দ্বীপবিশেষ ; নন্দনকানন। মল্ (ধারণ করা)+কয়ন্ কর্ত্তৃবা। বি ; পুং।

মলয়জ—১। মলয়জাত। বিণ। স্ত্রী,—জা। ২। চন্দনবৃক্ষ। বি ; পুং। ৩। চন্দনকাষ্ঠ। মলয়—জন্ (জন্মা)+ড কর্ত্তৃবা। বি ; ক্লীব।

মলয়পবন, মলয়ানিল—বসন্তকালীন বায়ু, দক্ষিণে বাতাস। মলয় হইতে আগত যে পবন বা অনিল, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

মলয়াচল—মলয়পর্ব্বত, চন্দনাদ্রি। মলয়-নামক অচল, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

মলয়ানিল—মলয়পবন দ্রঃ।

মলা—১। মলযুক্তা ; কৃপণা। মল্+আপ্। বিণ ; স্ত্রী। ২। নোংরা জিনিস, ময়লা, মল ; মর্দ্দন (যেমন, কানমলা)। দেশজ। বি। ৩। মর্দ্দন করা, রগড়ান, ঘষা। বাং ক্রি।

মলাই—দলন, পেষণ। দেশজ। বি।

মলাট—পুস্তকাদির উপরের আবরণ। 'মলপট্ট' শব্দজ। বি। [বি।

মলিদা—একপ্রকার পশমী কাপড়। ফার্সী।

মলিন—মলযুক্ত, দূষিত, সমল ; ম্লান ; কৃষ্ণবর্ণ ; পাপী। মল্ (ধারণ করা)+ইনন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

মলিনতা, —নত্ব—মালিন্য। মলিন+তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

মলিনিমা (—মন্)—মলিনতা, মালিন্য। মলিন+ইমন্ ভাবার্থে। বি ; পুং।

মলিনী—১। মলযুক্তা ; রজস্বলা। মল+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। ২। মলিনা, ম্লানা, অপ্রফুল্লা, দুঃখিতা। কবিপ্র। বিণ ; স্ত্রী।

মল্ল—বাহুযোদ্ধা, মাল, পালোয়ান, পাত্র-বিশেষ, মালা ; দেশবিশেষ। মল্ল্ (ধারণ করা)+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং। [ক্লীব।

মল্লযুদ্ধ—বাহুযুদ্ধ, মালামো। ৬ষ্ঠীতৎ। বি ;

মল্লি, মল্লী—মল্লিকা। মল্ল্ (ধারণ করা)+ই কর্ত্তৃবা, বিকল্পে ঈপ্। বি ; স্ত্রী।

মল্লিক—হংসবিশেষ ; উপাধিবিশেষ। মল্লি++কন্। বি ; পুং।

মল্লিকা—পুষ্পবৃক্ষবিশেষ ; মল্লিকা ফুল, বেল ফুল ; মৃৎপাত্রবিশেষ ; মৎস্যবিশেষ। মল্লি শব্দ+কন্ স্বার্থে+আপ্। বি ; স্ত্রী।

মশ, মশক—মশা। মশ্ (শব্দ করা)+যথা-ক্রমে অচ্ ও অক কর্ত্তৃবা। বি ; পুং।

মশক, মসক—জল বহিবার চর্ম্মনির্ম্মিত থলি, ভিস্তি। আর্বী। বি।

মশমশ—অনুকার-শব্দ, জুতা প্রভৃতির শব্দ। দেশজ। অব্য।

মশলা—মসলা দ্রঃ।

মশা—মশক। 'মশক' শব্দজ। বি।

মশাই-মশাই—তোষামোদ। দেশজ। বি।

মশান, মসান—শ্মশান ; বধ্যভূমি। 'শ্মশান' শব্দজ। বি।

মশায়, মশাই—মহাশয় (তাহা দ্রঃ)।

মশারি—মশার আক্রমণ হইতে রক্ষিত হইবার জন্য সূক্ষ্ম বস্ত্রের শয্যাবরণবিশেষ। 'মশহরী' শব্দজ। বি।

মশাল—তেলে ভিজান বস্ত্রাদি দ্বারা নির্ম্মিত মোটা বাতি ; উল্কা। আর্বী। বি।

মশালচী—মশালধারী। আর্বী মশাল+ তুর্কী চী। বি।

মশি, মশী—মসী, লিখিবার কালি। মশ্ (শব্দ করা)+ই কর্তৃবা, পক্ষে ঈপ্। বি ; স্ত্রী।

মসক—মশক দ্রঃ। [ফার্সী। বিণ।

মসগুল—নিমগ্ন, বিভোর, অভিনিবিষ্ট।

মসজিদ—মুসলমানদের উপাসনালয়, সাধারণের নামাজের স্থান। আর্বী। বি।

মসনদ—রাজসিংহাসন। আর্বী। বি।

মসলন্দ—সূক্ষ্ম মাদুরবিশেষ। আর্বী 'মস্‌লদ' শব্দজ। বি।

মসলা, মশলা—ব্যঞ্জনাদি সুগন্ধ ও সুস্বাদু করিবার উপকরণবিশেষ ; উপাদান। আর্বী। বি।

মসি, মসী—লিখিবার কালি। মস্ (পরিমান করা)+ই কর্তৃবা, বিকল্পে ঈপ্। বি ; স্ত্রী।

মসি(সী)জীবী (–**জীবিন্**)—লেখক, মুহুরী, কেরাণী। মসী—জীব্+ণিন্ কর্তৃবা। বিণ ; পুং।

মসি(সী)ধান, মসি(সী)ধানী—মস্যাধার, দোয়াত। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব, স্ত্রী।

মসীচিহ্নিত—মসীযুক্ত, কালির দাগবিশিষ্ট। ৩য়াতৎ। বিণ।

মসীনা—তিসি (Linseed). মস্ (পরিমাণ করা)+ঈন কর্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

মসীলিপ্ত—কালিমাখান ; বিষন্ন ; কলঙ্কিত। ৩য়াতৎ। বিণ।

মসুর, মসূর—স্বনামখ্যাত কলায়বিশেষ। মস্ (পরিমাণ করা)+উরন্, উরন্ কর্ম্মবা। বি ; পুং।

মসুরিকা, মসূরিকা, মসুরী, মসূরী—বেশ্যা ; কুট্টিনী ; বসন্তরোগ। মস্ (পরিমাণ করা ইত্যাদি)+উরন্, উরন্ কর্তৃবা, স্ত্রীলিঙ্গে ঈপ্—মসুরী বা মসূরী ; মসুরী বা মসূরী+ কন্, স্ত্রীলিঙ্গে আপ্। বি ; স্ত্রী।

মসৃণ—স্নিগ্ধ ; কোমল ; থস্‌থসে নয় এরূপ, তেলা। মস্ (পরিমাণ করা)+ঋণ+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—ণা। বি,—ণতা।

মস্করা—বিদূষক, ভণ্ড, ভাঁড়, পরিহাসরসিক ; পরিহাস। আর্বী। বি।

মস্ত—১। মস্তক, মাথা ; অগ্রভাগ। মস্ (পরিমাণ করা)+ত কর্ম্মবা। বি ; ক্লীব। ২। প্রকাণ্ড, বৃহৎ, বড় ; অধিক, অতিশয়। দেশজ। বিণ।

মস্তক—উত্তমাঙ্গ, মাথা ; অগ্রভাগ। মস্ত শব্দ+কন্ স্বার্থে। বি ; ক্লীব।

মস্তানি(নী)—প্রগল্‌ভা, ধৃষ্টা। প্রাঃ কবিপ্র। বিণ ; স্ত্রী।

মস্তিষ্ক—মাথার ঘি, মগজ। মস্ত—ইষ্+ক (উণাদি) কর্তৃবা। বি ; ক্লীব।

মস্যাধার—দোয়াত। মসীর আধার, ৬ষ্ঠী-তৎ। বি ; পুং।

মহঃ (মহর্)—মহর্লোক (তাহা দ্রঃ)। মহ্ (পূজা করা)+অর্ কর্ম্মবা। অব্য।

মহকুমা—জেলার এক একটী বড় ভাগ বা উপবিভাগ। আর্বী। বি।

মহড়া, মোহড়া—সম্মুখ, অগ্রভাগ ; যুদ্ধাদি-ব্যাপারে অগ্রভাগে অবস্থিতি ; মহলা, গান-বাজনার আখড়া বা অভ্যাস। 'মুখ' শব্দজ। বি।

মহৎ—১। অধিক ; শ্রেষ্ঠ ; বৃহৎ ; প্রবল ;

উদার। মহ্ (পূজা করা)+অৎ কর্ম্মবা। বিণ। পুং মহান্। স্ত্রী,-তী। ২। মহত্ত্ব। বি; পুং।

মহতাব—নীলবর্ণ অগ্নিবাণবিশেষ; উপাধিবিশেষ। বৈদে। বি।

মহতী—শ্রেষ্ঠা। মহৎ+ঈপ্। বিণ; স্ত্রী।

মহতী দ্বাদশী—ভাদ্রমাসে শ্রবণানক্ষত্রযুক্তা শুক্লদ্বাদশী।

মহত্তত্ত্ব—সাংখ্যমতোক্ত চতুর্ব্বিংশতি তত্ত্বান্তর্গত দ্বিতীয় তত্ত্ব বুদ্ধিস্বরূপ। কর্ম্মধা। বি; ক্লীব।

মহত্তম—সর্ব্বাপেক্ষা মহৎ; অতি মহৎ। মহৎ শব্দ+তম অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,-মা।

মহত্তর—দুইএর মধ্যে মহৎ, অপেক্ষাকৃত মহৎ। মহৎ+তর। বিণ। স্ত্রী,-রা।

মহত্ত্ব—বৃহত্ত্ব; শ্রেষ্ঠতা; প্রাধান্য; ঔদার্য্য। মহৎ+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

মহদাশয়—উদারচিত্ত, মহাশয়; উন্নতমনাঃ, সদাশয়। মহৎ হইয়াছে আশয় (চিত্ত) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-য়া। [ব্যাকরণানুসারে এই পদটী অসাধু]।

মহদাশ্রয়—মহতের শরণ, মহৎ ব্যক্তির আনুগত্য। মহতের আশ্রয়, ৬ষ্ঠিতৎ। বি; পুং।

মহনীয়—পূজনীয়, পূজ্য। মহ্ (পূজা করা) +অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,-য়া।

মহম্মদীয়—হজরত মহম্মদ বা ইসলাম ধর্ম্মসম্বন্ধীয়। মহম্মদ+ঈয় সম্বন্ধার্থে। বি।

মহরম—গোঁয়ারা, মুসলমান পর্ব্ববিশেষ; মুসলমানী বৎসরের মাসবিশেষ। আরবী। বি।

মহর্লোক—সপ্তস্বর্গের অন্তর্গত চতুর্থ লোক। মহঃই যে লোক, কর্ম্মধা। বি; পুং।

মহর্ষি—প্রধান মুনি, সপ্ত প্রকার ঋষির মধ্যে শ্রেষ্ঠ ঋষি। মহান্ যে ঋষি, কর্ম্মধা। বি; পুং।

মহল—পুরী, বাসস্থান; সমগ্র বাসভূমির এক এক বিভাগ, বাড়ীর অংশ, গৃহ; জমিদারীর অন্তর্গত এক একটী গ্রাম, মৌজা; তালুক। আরবী। বি।

মহলত্—সময় লওয়া। ফার্সী। বি।

মহলা—শিক্ষার পরিচয় বা পরীক্ষা; অভিনয়াদির অভ্যাস, আখড়াই। দেশজ। বি।

মহলানবিস(শ)—পল্লীর হিসাবরক্ষক বা তত্ত্বাবধায়ক; জাতীয় পদবীবিশেষ। মহল্লার নবিস(শ) (লিপিকার), ৬ষ্ঠিতৎ। বি।

মহল্লা—পল্লী, পাড়া। ফার্সী। বি।

মহল্লাদার—পুলিশ কর্ম্মচারীর অধীন তত্ত্বাবধায়ক। মহল্লা+দার। বি।

মহশীলদার—অভিযুক্ত ব্যক্তির নিকট হইতে জরিমানা আদায়কারী। ফার্সী। বি।

মহা—অত্যধিক, প্রবল। 'মহান্' শব্দের সংক্ষেপ। বিণ।

মহাকবি—প্রধান কবি, মহাকাব্য-রচয়িতা। মহান্ যে কবি, কর্ম্মধা। বি; পুং।

মহাকর্ষ—যে শক্তি দ্বারা সকল বস্তুই সকল বস্তুকে আকর্ষণ করে (Gravitation). কর্ম্মধা। বি; পুং।

মহাকাব্য—অত্যুৎকৃষ্ট বিরাট্ কাব্য; দেবতাপ্রখ্যাত বংশের গুণবান্ রাজা ও বহু নৃপতির কাহিনী সংবলিত কাব্যগ্রন্থ। কর্ম্মধা। বি; ক্লীব।

মহাকায়—১। বৃহৎশরীরী, প্রকাণ্ড দেহবিশিষ্ট। মহান্ কায় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,-য়া। ২। বিপুল দেহ। কর্ম্মধা। বি; পুং।

মহাকাল—রুদ্র; মহাদেব; অনবচ্ছিন্ন কাল। মহান্ যে কাল, কর্ম্মধা। বি; পুং।

মহাকালী—রুদ্রপত্নী, রুদ্রাণী। মহাকাল+ঈপ্ পত্নী অর্থে। বি; স্ত্রী।

মহাগুরু—শ্রেষ্ঠ গুরুজন, যথা—পিতা, মাতা, আচার্য্য এবং ভর্ত্তা। [পুরুষের পিতা, মাতা এবং আচার্য্য মহাগুরু। অবিবাহিতা কন্যার পিতা ও মাতা মহাগুরু। বিবাহিতা রমণীর পতিই একমাত্র মহাগুরু]। মহান্ যে গুরু, কর্ম্মধা। বি; পুং। [তৎ। বি; পুং।

মহাগুরুনিপাত—মহাগুরুর মৃত্যু। ৬ষ্ঠী-

মহাজন—১। বিখ্যাত ধার্ম্মিক ব্যক্তি; সাধু; সম্প্রদায়প্রবর্ত্তক; বৃহৎ বাণিজ্যকারী।

কর্ম্মধা। বি ; পুং। ২। ঋণদাতা, উত্তমর্ণ। দেশজ প্রঃ। বি।

মহাজনি(নী)—১। সুদে টাকা ধার দেওয়ার ব্যবসায়। বি। ২। বৈষ্ণব মহাজনের রচিত। মহাজন+ই, ঈ। বিণ।

মহাজ্ঞানী (–নিন্)—সাতিশয় জ্ঞান-সম্পন্ন; তত্ত্বজ্ঞানী। কর্ম্মধা। বিণ। স্ত্রী,–নিনী।

মহাজ্যৈষ্ঠী—রবিবারে প্রাপ্ত জ্যৈষ্ঠী পূর্ণিমা; বৃহস্পতি ও সোমবারে জ্যেষ্ঠা নক্ষত্রের বা রবিবারে রোহিণী নক্ষত্রের সংযোগে জাত যোগবিশেষ। বি ; ক্লীব।

মহাজ্যোতিষিক—নিকৃষ্ট জ্যোতিষিক, জ্যোতিঃশাস্ত্রব্যবসায়ীদিগের মধ্যে নিকৃষ্ট ব্যক্তি। নিত্য কর্ম্মধা। বি ; পুং।

মহাঢ্য—অতিশয় ধনবান্। কর্ম্মধা। বিণ।

মহাতপাঃ (–তপস্), –তপা—উগ্র-তাপস, ঘোর তপস্বী। মহৎ তপঃ যাঁহার, বহুব্রী। বিণ।

মহাতল—সপ্তপাতালের অন্তর্গত পঞ্চম পাতাল। বি ; ক্লীব।

মহাতেজাঃ (–জস্), –তেজা—অতিশয় তেজস্বী বা তেজীয়ান্; অতি-পরাক্রান্ত। বহুব্রী। বিণ। [বি ; ক্লীব।

মহাতৈল—মনুষ্য-দেহের তৈল। নিত্য কর্ম্মধা।

মহাত্মা (–ত্মন্)—মহোন্নতস্বভাব, মনীষী; মনস্বী; বদান্য, মহামনাঃ, মহাশয়; উদার। মহান্ আত্মা (আত্মন্) যাহার, বহুব্রী। বিণ। সম্বোধনে মহাত্মন্।

মহাত্রাণ—পারিতোষিক বা সম্মানস্বরূপ প্রদত্ত নিষ্কর ভূমি। দেশজ। বি।

মহাদান—বৃহৎ দান, বিনায়কাদিসূক্ত-জপাঙ্গক তুলাপুরুষাদি ষোড়শ দান; সত্র। মহৎ যে দান, কর্ম্মধা। বি ; ক্লীব।

মহাদেব—শ্রেষ্ঠ দেবতাত্রয়ের অন্যতম, শিব। মহান্ যে দেব, কর্ম্মধা। বি ; পুং।

মহাদেবী—পার্ব্বতী, দুর্গা; মহামায়া; রাজার প্রধানা মহিষী। কর্ম্মধা। বি ; স্ত্রী।

মহাদেশ—যে বিস্তীর্ণ ভূখণ্ডে অনেক দেশ আছে। কর্ম্মধা। বি ; পুং।

মহাদ্বিজ—নিকৃষ্ট ব্রাহ্মণ। নিত্য কর্ম্মধা। বি ; পুং।

মহাদ্বীপ—বৃহৎ দ্বীপ [আধুনিক পাশ্চাত্য মতে, সমস্ত পৃথিবী দুইটী মহাদ্বীপে বিভক্ত,—প্রাচীন মহাদ্বীপ ও নূতন মহাদ্বীপ; তন্মধ্যে এশিয়া, ইউরোপ ও আফ্রিকা এই তিনটি মহাদেশ প্রাচীন মহাদ্বীপে, এবং উত্তর ও দক্ষিণ আমেরিকা নূতন মহাদ্বীপে। পরন্তু আর্য্যমতে মহাদ্বীপ সাতটি, যথা—জম্বু, প্লক্ষ, শাল্মলি, কুশ, ক্রৌঞ্চ, শাক এবং পুষ্কর]। কর্ম্মধা। বি ; পুং বা ক্লীব। [পুং।

মহাদ্রাবক—গন্ধকদ্রাবক। কর্ম্মধা। বি ;

মহাদ্রুম—বৃহৎ বৃক্ষ; অশ্বত্থ বৃক্ষ; বটবৃক্ষ। কর্ম্মধা। বি ; পুং।

মহান্—মহৎ দ্রঃ।

মহানগর, –নগরী—প্রধান নগর, শ্রেষ্ঠ শহর, শিল্পবাণিজ্যাদির প্রধান স্থান। কর্ম্মধা। বি ; ক্লীব ও স্ত্রী।

মহানন্দ—১। অতিশয় হর্ষ ; মোক্ষ। কর্ম্মধা। ২। অত্যন্ত আনন্দিত। বহুব্রী। বিণ।

মহানন্দা—মাঘমাসীয় শুক্লনবমী; নদী-বিশেষ। মহান্ আনন্দ যাহাতে, বহুব্রী। বি ; স্ত্রী।

মহানবমী—আশ্বিনমাসের শুক্লনবমী। মহতী যে নবমী, কর্ম্মধা। বি ; স্ত্রী।

মহানিদ্রা—মরণ, মৃত্যু, নিমীলন। মহতী যে নিদ্রা, কর্ম্মধা। বি ; স্ত্রী।

মহানিশা—নিশীথ, মধ্যরাত্র, রজনীর মধ্য-প্রহরদ্বয়। মহতী যে নিশা, কর্ম্মধা। বি ; স্ত্রী।

মহানুভব, –ভাব—মহাপ্রভাব; উদার-স্বভাব; সদাশয়, মহাশয়। মহান্ হইয়াছে অনুভব, অনুভাব যাহার, বহুব্রী। বিণ।

মহান্ত—১। নবধাভক্তিযুক্ত কৃষ্ণভক্ত। মহান্ অন্ত (নিশ্চয়) যাহার, বহুব্রী। বি ; পুং। ২। মঠস্বামী। 'মোহান্ত' শব্দজ। বি।

মহাপদ্ম—১। শ্বেতপদ্ম। বি ; ক্লীব। ২।

লক্ষকোটি সংখ্যা; কুবেরের নিধিবিশেষ। মহৎ যে পদ্ম, কর্ম্মধা। বি; পুং।

মহাপাতক—অতিশয় পাপ; ব্রহ্মহত্যা, সুরাপান, চৌর্য্য, গুরুভার্য্যাতে গমন ও ইহাদের সংসর্গ, এই পাঁচ প্রকার পাপ। মহৎ যে পাতক, কর্ম্মধা। বি; ক্লীব।

মহাপাতকী (–কিন্)—মহাপাতককারী, ঘোর পাপাত্মা। মহাপাতক+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,–কিনী।

মহাপাত্র—উভয় তীরের মধ্যস্থান; মহামাত্য; প্রধানমন্ত্রী। মহৎ যে পাত্র, কর্ম্মধা। বি; ক্লীব। [ক্লীব।

মহাপাপ—গুরুতর পাপ। কর্ম্মধা। বি;

মহাপাপী (–পাপিন্)—মহাপাপযুক্ত, গুরুতর পাপকার্য্যকারী। মহাপাপ+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী,–পিনী।

মহাপুরাণ—মহর্ষি বেদব্যাস-প্রণীত একাদশ লক্ষণযুক্ত অষ্টাদশ পুরাণ। মহৎ যে পুরাণ, কর্ম্মধা। বি; ক্লীব।

মহাপুরুষ—সাধুপুরুষ, শ্রেষ্ঠ ব্যক্তি; পুরুষোত্তম; প্রধানপুরুষ; নারায়ণ। মহান্ যে পুরুষ, কর্ম্মধা। বি; পুং।

মহাপ্রভু—অতিশয় সাধুব্যক্তি; পরমেশ্বর; শিব; গৌরাঙ্গদেব। মহান্ যে প্রভু, কর্ম্মধা। বি; পুং। [বি; ক্লীব।

মহাপ্রয়াণ—মৃত্যু; মৃত্যুজন্য যাত্রা। কর্ম্মধা।

মহাপ্রলয়—ব্রহ্মার আয়ুষ্কালের অবসান, সর্ব্বভূতক্ষয়কাল। কর্ম্মধা। বি; পুং।

মহাপ্রসাদ—দেবোদ্দেশে নিবেদিত দ্রব্যাদি; পুরীর জগন্নাথদেবের প্রসাদ, পাদোদক, নির্ম্মাল্য, নৈবেদ্য, এই ত্রিবিধ; অতি প্রসন্নতা। কর্ম্মধা। বি; পুং।

মহাপ্রস্থান—মহাযাত্রা, মরণার্থ গমন। মহৎ যে প্রস্থান, কর্ম্মধা। বি; ক্লীব।

মহাপ্রাণ—১। বর্গের ২য় ও ৪র্থ বর্ণ; শ ষ স হ। বি; পুং। ২। উচ্চাশয়, মহানুভাব, মহাশয়। মহান্ প্রাণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–ণা।

মহাপ্রাণী—জীবাত্মা। দেশজ। বি।

মহাফল—উত্তম ফল; বিল্ব; বিশেষ উপকার; বিশেষ পুণ্য। কর্ম্মধা। বি; ক্লীব।

মহাফেজ—আদালতে মোকদ্দমার নথী ও অন্যান্য দলিলপত্রের রক্ষক কর্ম্মচারী। আরবী। বি।

মহাফেজখানা—যে স্থানে মহাফেজের জিম্মায় দলিলপত্র থাকে। ৬ষ্ঠীতৎ। বি।

মহাবল—১। অতিশয় বলবান্। মহৎ হইয়াছে বল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–লা। ২। অতিশয় সামর্থ্য। কর্ম্মধা। বি; ক্লীব।

মহাবাক্য—তত্ত্বমসি বাক্য, ব্রহ্মপ্রতিপাদক বাক্য, প্রণব, ওঁ তৎসৎ; বৃহদ্বাক্য; যোগ্যতা-কাঙ্ক্ষাসত্তিযুক্ত বাক্য। মহৎ যে বাক্য, কর্ম্মধা। বি; ক্লীব।

মহাবারুণী—চৈত্রের কৃষ্ণা ত্রয়োদশীতে শনিবারে শতভিষা নক্ষত্রের যোগ। মহতী যে বারুণী, কর্ম্মধা। বি; স্ত্রী।

মহাবাহু—দীর্ঘবাহু, সাতিশয় ভুজবলসম্পন্ন। বহুব্রী। বিণ।

মহাবিদ্যা—কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী, কমলা—এই দশ দেবী। মহতী যে বিদ্যা, কর্ম্মধা। বি; স্ত্রী।

মহাবিষুব—রবির মেষ রাশিতে সংক্রমণ, চৈত্রমাসের শেষ সংক্রান্তি। মহৎ যে বিষুব, কর্ম্মধা। বি; ক্লীব।

মহাবীর—১। অতি বলবান্ ব্যক্তি; হনুমান্। বি; পুং। ২। অতিশয় বীর্য্যবান, মহাবল, অতিশয় পরাক্রান্ত। কর্ম্মধা। বিণ।

মহাবৈদ্য—নিকৃষ্ট চিকিৎসক। নিত্য কর্ম্মধা। বি; পুং।

মহাবোধি—বুদ্ধ। মহান্ যে বোধি (শিক্ষক), কর্ম্মধা। বি; পুং।

মহাব্যাধি—কুষ্ঠ প্রভৃতি রোগ। কর্ম্মধা। বি; পুং।

মহাব্যাহৃতি—ওঁ ভূঃ, ওঁ ভুবঃ, ওঁ স্বঃ—এই তিন মন্ত্রবাক্য। কর্ম্মধা। বি; স্ত্রী।

মহাভাগ—অতিশয় সৌভাগ্যশালী ; দয়াদি অষ্টগুণযুক্ত। মহান্ হইয়াছে ভাগ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—গা।

মহাভারত—ব্যাসদেবকৃত ইতিহাসশাস্ত্র ; মহত্ত্ব ও ভরতবংশবর্ণন হেতু তন্নাম গ্রন্থ। মহৎ যে ভারত, কর্ম্মধা, বা মহাভার—তন্ +ড কর্ত্তৃবা। বি ; ক্লীব।

মহাভূত—প্রধান ভূত, ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ব্যোম এই পঞ্চ ; শ্রেষ্ঠ জীব। মহৎ যে ভূত, কর্ম্মধা। বি ; ক্লীব।

মহামণ্ডল—বৃহৎ সঙ্ঘ। কর্ম্মধা। বি ; ক্লীব।

মহামতি—অতি বুদ্ধিমান্ ; মহামনাঃ, মহাত্মা। মহতী মতি যাহার, বহুব্রী। বিণ।

মহামনাঃ, (—মনস্), —মনা—মহাত্মা, মহাশয়, মনস্বী, উদারচিত্ত। মহৎ মনঃ যাহার, বহুব্রী। বিণ।

মহামহাবারুণী—যোগবিশেষ, চৈত্রকৃষ্ণা ত্রয়োদশীতে শুভযোগ ও শনিবারযুক্ত শতভিষা নক্ষত্রের যোগ। কর্ম্মধা। বি ; স্ত্রী।

মহামহিম—অতি মহত্ত্ববান্, অতিশয় মহিমান্বিত। মহান্ হইয়াছে মহিমা যাহার, বহুব্রী। [ব্যাকরণদুষ্ট পদ]। বিণ।

মহামহিমান্বিত—অতিশয় মহিমাযুক্ত, অতিগৌরবান্বিত। মহান্ যে মহিমা সে মহামহিমা, কর্ম্মধা ; তদ্দ্বারা অন্বিত (যুক্ত), ৩য়াতৎ। বিণ।

মহামহোপাধ্যায়—পণ্ডিতের উপাধি-বিশেষ। মহান্ যে উপাধ্যায় সে মহোপা-ধ্যায়, কর্ম্মধা ; মহান্ যে মহোপাধ্যায়, কর্ম্মধা। বি ; পুং। [বি ; ক্লীব।

মহামাংস—মনুষ্যমাংস। নিত্য কর্ম্মধা।

মহামাত্র—প্রধান মন্ত্রী ; ধনী ব্যক্তি ; মাহুত। মহতী মাত্রা যাহার, বহুব্রী। বি ; পুং।

মহামান্য—অতিশয় মাননীয়। মহৎ এরূপ মান্য, সুপ্ সুপা। বিণ।

মহামায়া—১। সংসারভ্রম ; অবিদ্যা। মহতী যে মায়া, কর্ম্মধা। ২। দুর্গা ; বুদ্ধ-দেবের জননী, কপিলবাস্তুরাজ শুদ্ধোদনের পত্নী। মহতী মায়া যাহার, বহুব্রী। বি ; স্ত্রী।

মহামারী(রি)—অতিশয় মড়ক। মহতী যে মারী (মড়ক), কর্ম্মধা। বি ; স্ত্রী।

মহামাষ—বরবটী কলায়। নিত্য কর্ম্মধা। বি ; পুং।

মহামূল্য—অতিশয় মূল্যবান্, অত্যধিক মূল্যবিশিষ্ট। মহৎ মূল্য যাহার, বহুব্রী। বিণ।

মহামোহ—বিষয়বাসনারূপ অজ্ঞান, সাং-সারিক মায়া। মহান্ যে মোহ, কর্ম্মধা। বি ; পুং।

মহাযজ্ঞ—বেদাধ্যয়ন, অগ্নিহোত্র, পিতৃতর্পণ, ভূতবলি, অতিথিপূজা, এই পঞ্চ প্রকার। মহান্ যে যজ্ঞ, কর্ম্মধা। বি ; পুং।

মহাযাত্রা—মরণার্থে গমন। কর্ম্মধা। বি ; স্ত্রী। [বি ; ক্লীব।

মহারণ্য—গভীর বিশাল বন। কর্ম্মধা।

মহারত্ন—শ্রেষ্ঠমণি ; মুক্তা, হীরক, বৈদূর্য্য, পদ্মরাগ, পুষ্পরাগ, গোমেদ, নীলকান্ত, পান্না, প্রবাল, এই ৯টী রত্ন। কর্ম্মধা। বি ; ক্লীব।

মহারথ—অসাধারণ যুদ্ধকুশল ব্যক্তি। মহান্ রথ যাহার, বহুব্রী। বি ; পুং।

মহারাজ—রাজশ্রেষ্ঠ, সম্রাট্ ; সন্ন্যাসীর উপাধি। মহান্ যে রাজা, কর্ম্মধা। বি ; পুং।

মহারাজা—সামন্তরাজ বা বড় জমিদারের উপাধি। বি ; পুং। স্ত্রী,—রাণী।

মহারাজাধিরাজ—রাজচক্রবর্ত্তী, সার্ব্ব-ভৌম। মহারাজগণেরও অধিরাজ, ৬ষ্ঠী-তৎ। বি। [বি ; স্ত্রী।

মহারাজ্ঞী—মহিষী। মহতী রাজ্ঞী, কর্ম্মধা।

মহারাণা—উদয়পুরের রাজাদিগের সাধারণ উপাধি। দেশজ। বি।

মহারাণী—মহারাজা বা মহারাণার পত্নী। কর্ম্মধা। বি ; স্ত্রী।

মহারাত্রি—অর্দ্ধরাত্রের পরবর্ত্তী মুহূর্ত্তদ্বয় ; মহাপ্রলয়ের রাত্রি। কর্ম্মধা। বি ; স্ত্রী।

মহারাষ্ট্র—দেশবিশেষ, মারাহাট্টাদেশ। মহান্ যে রাষ্ট্র (রাজ্য), কর্ম্মধা। বি ; পুং।

মহারুদ্র—মহাদেব। কর্ম্মধা। বি ; পুং।

মহারোগ—পাপরোগ, কুষ্ঠরোগ ; মহাব্যাধি,—ইহা ৮ প্রকার, যথা—উন্মাদ, যক্ষোষ, রাজযক্ষ্মা, শ্বাস, মধু-মেহ, ভগন্দর, উদরী, অশ্মরী। মহান্ যে রোগ, কর্ম্মধা। বি ; পুং। বিণ,—রোগী (—গিন্)।

মহার্ঘ—বহুমূল্য, দুর্ম্মূল্য, 'মাগ্‌গি'। মহান্ হইয়াছে অর্ঘ (মূল্য) যাহার, বহুব্রী। বিণ।

মহার্ণব—মহাসমুদ্র। মহান্ যে অর্ণব, কর্ম্মধা। বি ; পুং।

মহার্হ—মহামূল্য, অতিশয় মূল্যবান্। মহান্ অর্হ (মূল্য) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্হা।

মহাল—ভূসম্পত্তি, জমিদারী, তালুক ; জমিদারীর বা তালুকের এক একটি তোক বা বিভাগ, মৌজা, গ্রাম। আবী। বি।

মহালক্ষ্মী—দেবীবিশেষ ; রাধা। মহতী যে লক্ষ্মী, কর্ম্মধা। বি ; স্ত্রী।

মহালয়া—আশ্বিন মাসের কৃষ্ণপক্ষের অমাবস্যা। মহান্ লয় যাহাতে, বহুব্রী। বি ; স্ত্রী।

মহাশক্তি—১। আদ্যাশক্তি, ভগবতী ; প্রবল পরাক্রম। মহতী যে শক্তি, কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। প্রবলপরাক্রমশালী। মহতী শক্তি যাহার, বহুব্রী। বিণ।

মহাশঙ্খ(ংখ)—মনুষ্যের ললাটাস্থি ; কুবেরের নিধিবিশেষ ; সংখ্যাবিশেষ ; বৃহৎ শঙ্খ। কর্ম্মধা। বি ; পুং।

মহাশয়—মহাত্মা, উদারচিত্ত ; মহামনাঃ ; মহানুভাব ; সম্মানসূচক সম্বোধন বা নামান্ত। [সংক্ষেপে 'মশায়', 'মশাই']। মহান্ আশয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

মহাশ্বেতা—সরস্বতী ; নগরীবিশেষ ; দুর্গা ; শ্বেত অপরাজিতা ; সিতা ; স্ত্রীবিশেষ। মহান্ হইয়াছে শ্বেত (শুক্লবর্ণ) যে স্ত্রীর, বহুব্রী। বি ; স্ত্রী।

মহাশ্মশান—বহু শবদাহস্থান, যেখানে নিয়ত শবদাহ হয় ; কাশী। কর্ম্মধা। বি ; ক্লীব।

মহাষষ্ঠী—দুর্গা। মহতী যে ষষ্ঠী, কর্ম্মধা। বি ; স্ত্রী।

মহাষ্টমী—আশ্বিন মাসের শুক্লাষ্টমী। মহতী যে অষ্টমী, কর্ম্মধা। বি ; স্ত্রী।

মহাসত্ত্ব—১। মহত্তত্ত্বঃকরণবিশিষ্ট, মহাশয়। মহৎ হইয়াছে সত্ত্ব (প্রাণ) যাহার, বহুব্রী। বিণ। ২। বৃহদাকার জীব। মহান্ যে সত্ত্ব (প্রাণী), কর্ম্মধা। বি ; ক্লীব।

মহাসমুদ্র—মহাসাগর। কর্ম্মধা। বি ; পুং।

মহাসাগর—যে অতি প্রকাণ্ড লবণময় জলরাশি পৃথিবীকে আবৃত করিয়া আছে। মহান্ যে সাগর, কর্ম্মধা। বি ; পুং।

মহি, মহী—পৃথিবী, ধরণী। মহ্ (পূজা করা)+ইন্ কর্ম্মবা। বি ; স্ত্রী।

মহিত—পূজিত ; সম্মানিত। মহ্ (পূজা করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

মহিমময়—মহিমবিশিষ্ট, মাহাত্ম্যযুক্ত, গৌরবময়। মহিমন্ শব্দ+ময়ট্। বিণ। স্ত্রী,—য়ী।

মহিমা (—মন্)—মহত্ত্ব ; মাহাত্ম্য, গৌরব ; উৎকর্ষ ; ঈশ্বরের ঐশ্বর্য্যবিশেষ। মহৎ শব্দ +ইমন্ ভাবার্থে। বি ; পুং।

মহিমার্ণব—মহিমার সমুদ্রসদৃশ, সমুদ্রবৎ অমেয় মাহাত্ম্যযুক্ত। মহিমার অর্ণব (অর্ণবসদৃশ), ৬ষ্ঠীতৎ। বিণ বা বি ; পুং।

মহিলা—মহিষী ; নারী ; মদমত্তা স্ত্রী ; গন্ধদ্রব্যবিশেষ। মহ্ (পূজা করা)+ইলচ্ কর্ম্মবা+আপ্। বি ; স্ত্রী।

মহিষ—পশুবিশেষ, মোষ ; অসুরবিশেষ। মহ্ (পূজা করা)+টিষচ্ করণবা। বি ; পুং।

মহিষধ্বজ, —বাহন—শমন, যম। মহিষ হইয়াছে ধ্বজ বা বাহন যাঁহার, বহুব্রী। বি ; পুং।

মহিষমর্দ্দি(র্দি)নী—মহিষাসুরবিনাশিনী দেবীবিশেষ, দুর্গা। মহিষ (অসুরবিশেষ)—মৃদ্ (মর্দ্দন করা)+ণিন্ কর্তৃবা+ঈপ্। বি ; স্ত্রী।

মহিষাসুর—অসুরবিশেষ। মহিষনামক অসুর বা মহিষাকার অসুর, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

মহিষী—১। স্ত্রীমহিষ। মহিষ+ঈপ্। ২। কৃতাভিষেকা রাজপত্নী; সৈরিন্ধ্রী; ঔষধ-বিশেষ। মহ্ (পূজা করা)+টিষচ্ কর্ম্মবা +ঈপ্। বি; স্ত্রী।

মহী—মহি দ্রঃ।

মহীক্ষিৎ—ভূভৃৎ, ভূপতি, রাজা। মহী (পৃথিবী)—ক্ষি (প্রভুত্ব করা)+ক্বিপ্ কর্তৃবা। বি; পুং।

মহীধর—ভূধর, পর্ব্বত; বেদভাষ্যকার। মহীর ধর, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [পুং।

মহীপতি—ভূপতি, রাজা। ৬ষ্ঠীতৎ। বি;

মহীপাল—ভূপাল, রাজা। মহী—পা+ণিচ্+অণ্ কর্তৃবা। বি; পুং।

মহীভৃৎ—পর্ব্বত; রাজা। মহী (পৃথিবী)—ভৃ (ধারণ করা, ইত্যাদি)+ক্বিপ্ কর্তৃবা। বি; পুং। [ঈপ্। বিণ; স্ত্রী।

মহীয়সী—অতিমহতী। মহৎ+ঈয়সু+

মহীয়ান্ (—য়স্)—অতি মহৎ; মহাশয়; উত্তম। মহৎ+ঈয়সু। বিণ; পুং।

মহীরুহ—বৃক্ষ, গাছ। মহী (পৃথিবী)—রুহ্ (জন্মা)+ক কর্তৃবা। বি; পুং।

মহীলতা—কিঞ্চুলুক, কেঁচো। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মহুয়া—মউলফুল বা তাহার গাছ (ইহার ফুলে মদ্য প্রস্তুত হয়)। 'মধূক' শব্দজ। বি।

মহেন্দ্র—১। দেবরাজ, ইন্দ্র; বিষ্ণু। মহান্ যে ইন্দ্র, কর্ম্মধা। বি; পুং।। ২। পর্ব্বত-বিশেষ, উড়িষ্যা ও উত্তর সরকার অবধি গণ্ডওয়ানা পর্য্যন্ত বিস্তৃত শৈলশ্রেণী। বি; পুং।

মহেন্দ্রাণী—ইন্দ্রপত্নী, শচী। মহেন্দ্র+আনীপ্ পত্নী অর্থে। বি; স্ত্রী।

মহেশ, মহেশ্বর—শিব, মহাদেব। মহান্ যে ঈশ বা ঈশ্বর, কর্ম্মধা। বি; পুং। স্ত্রী, —শী, —রী।

মহেষ্বাস—মহাধনুর্দ্ধারী। মহান্ হইয়াছে ইষ্বাস (ধনুঃ) যাহার, বহুব্রী। বিণ।

মহোৎসব—অতিশয় আনন্দজনক ব্যাপার। মহান্ যে উৎসব, কর্ম্মধা। বি; পুং।

মহোদধি—মহাসমুদ্র; সমুদ্র। মহান্ যে উদধি (সমুদ্র), কর্ম্মধা। বি; পুং।

মহোদয়—১। আধিপত্য, প্রভুত্ব, কর্তৃত্ব; অপবর্গ, মুক্তি। মহান্ যে উদয়, কর্ম্মধা। বি; পুং। ২। অতিসমৃদ্ধ; অভ্যুন্নত; মহাত্মা, মহাশয়। মহান্ উদয় যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

মহোপকারী (—রিন্)—অত্যন্ত হিত-কারী। মহৎ উপকারী, সুপ্সুপা। বিণ। স্ত্রী,—রিণী।

মহোরগ—বৃহৎ সর্প। মহান্ যে উরগ (সর্প), কর্ম্মধা। বি; পুং।

মহৌষধ—উত্তম ঔষধ; শুণ্ঠী; রসুন; পিপুল; বিষবৃক্ষবিশেষ। কর্ম্মধা। বি; ক্লীব।

মহৌষধি, —ধী—রাত্রিকালে দীপ্তিশীল তৃণলতাদি; দূর্ব্বা। মহতী যে ওষধি বা ওষধী, কর্ম্মধা। বি; স্ত্রী।

মা—১। লক্ষ্মী। মা (পরিমাণ করা)+ক্বিপ্ কর্তৃবা+আপ্। ২। মাতৃস্থানীয়া বা কন্যাদি বা দেবীকে সম্বোধন। 'মাতৃ' শব্দজ। ৩। পরিমাণ; জ্ঞান; কান্তি। মা+ক্বিপ্ ভাববা। বি; স্ত্রী। ৪। (সঙ্গীতে) স্বর-গ্রামের চতুর্থ স্বর, মধ্যম। 'মধ্যম' শব্দের সংক্ষেপ। বি।

মাই—১। স্তন; স্তনদুগ্ধ। দেশজ। বি। ২। মাতা, মা। হিন্দী। বি।

মাইজ, মাজ—বৃক্ষমজ্জা; সার; মধ্যপত্র। 'মজ্জা' শব্দজ। বি।

মাইতি—জাতি পদবীবিশেষ। দেশজ। বি।

মাইদুধ—স্তনদুগ্ধ, স্তন্য। ৬ষ্ঠীতৎ। বি।

মাইনদার, —নাদার—১। বেতনভোগী। বিণ। ২। ভৃত্য, সেবক। মাইন, মাইনা+দার। বি। ['মাহানাহ্' শব্দজ। বি।

মাইনা, মাইনে—বেতন, মাহিনা। আর্বী

মাইপোষ—বাল্পযুক্ত তক্তাপোষ; শিশুদের দুধ খাওয়াইবার বোতল। প্রাদে। বি।

মাইফেল—নৃত্যগীতাদির মজলিস্। আর্বী 'মহ্ফিল্' শব্দজ। বি।

মাইয়া—১। মাতা, মা। হিন্দী। ২। মেয়ে, কন্যা ; স্ত্রী ; স্ত্রীলোক। কবিপ্র। বি।

মাইরি—কটু দিব্য বা শপথবিশেষ ; নিশ্চয়। ইতর ভাষা। পোর্ত্তু 'Maria' শব্দজ। বি।

মাইল—অর্দ্ধক্রোশ। ইং Mile. বি।

মাং—মারফং শব্দের সংক্ষেপ। অব্য।

মাংস—শরীরাংশবিশেষ, পিশিত, মাস্। মন্ (বোধ করা, জানা) + স কর্ম্মবা। বি ; ক্লীব।

মাংসপেশি, –পেশী—শরীরের মাংস-পিণ্ডী, মস্‌ল্ (Muscle). ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

মাংসভোজী (–ভোজিন্)—মাংসাশী, মাংসভোজনকারী, যে মাংস খায়। মাংস –ভুজ্ (ভোজন করা) + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –জিনী।

মাংসল—মাংসবিশিষ্ট ; পুষ্ট ; মোটা ; বলশালী। মাংস + লচ্ অস্ত্যর্থে। বিণ।

মাংসাদ—মাংসভোজী, মাংসাশী। মাংস–অদ্ + অণ্ কর্ত্তৃবা। বিণ।

মাংসাশী (–শিন্)—মাংসভোজী, মাংস-খাদক। মাংস–অশ্ (ভোজন করা) + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –শিনী।

মাকড়, মাকড়সা, মাকসা—ঊর্ণনাভ। 'মর্কট' শব্দজ। বি। [দেশজ। বি।

মাকড়ি—কর্ণালঙ্কারবিশেষ (Ear-ring).

মাকনা—অজাতদন্ত তরুণ হস্তী, করভ। দেশজ। বি।

মাকরী—মাঘমাসের শুক্লসপ্তমী। মকর + অণ্ + ঈপ্। বি ; স্ত্রী।

মাকাল—বন্যফল ও তাহার গাছ ; রাখাল-শসা, ইন্দ্রবারুণী। 'মহাকাল' শব্দজ। বি।

মাকু—বস্ত্রবয়ন যন্ত্রবিশেষ যদ্দ্বারা পড়েনের সূতা চালান হয়, তুরী। দেশজ। বি।

মাকুন্দ—গুম্ফশ্মশ্রুশূন্য পুরুষ, যাহার গোঁফ দাড়ী উঠে না এরূপ। 'মৎকুণ' শব্দজ। বি।

মাক্ষিক—মধু, মৌ ; উপধাতুবিশেষ। মক্ষিকা + অণ্। বি ; ক্লীব।

মাখন, –ম—নবনীত, ননী (Butter). দেশজ। বি।

মাখা—অঙ্গে লেপন করা ; মর্দ্দন বা মিশ্রণ করা, খাসা। বাং ক্রি। [বাং ক্রি।

মাখান—লেপন করা ; মর্দ্দন বা মিশ্রণ করান।

মাখামাখি—পরস্পরকে লেপন ; ঘনিষ্ঠতা ; সঙ্গ। দেশজ। বি।

মাগ—স্ত্রী, পত্নী। গ্রাম্য শব্দ। বি ; স্ত্রী।

মাগধ—১। মগধদেশীয়, মগধদেশসম্ভূত। মগধ (দেশবিশেষ) + অণ্ সম্বন্ধাদি অর্থে। বিণ। স্ত্রী, –ধী। ২। স্তুতিপাঠক, বন্দী, ভাট। বি ; পুং।

মাগধী—১। মগধদেশীয়া, মগধদেশজাতা। বিণ ; স্ত্রী। ২। মগধদেশের ভাষা ; যূথিকা, যুঁইফুল ; গুজরাটী এলাচ, ছোট এলাচ ; শর্করা। মাগধ + ঈপ্। বি ; স্ত্রী।

মাগন—বারোয়ারী কাজের জন্য প্রতি গৃহ হইতে অর্থতণ্ডুলাদি সংগ্রহ ; ভিক্ষা। প্রাদে। বি। [বিণ।

মাগনকুড়ে—যে মাগিয়া খায়। দেশজ।

মাগ্‌না—বিনামূল্যে ; বিনা কারণে। প্রাদে। ক্রি-বিণ বা বিণ। [চাওয়া। বাং ক্রি।

মাগা, মাঙ্গা—যাচ্ঞা করা, ভিক্ষা করা,

মাগী—অধিকবয়স্কা স্ত্রী ; বিধবা নারী ; নিন্দিতা স্ত্রী ; বেশ্যা। প্রাদে। বি ; স্ত্রী।

মাগুর—মৎস্যবিশেষ। 'মদ্‌গুর' শব্দজ। বি।

মাগোঁসাই—স্বয়ং মন্ত্রদাত্রী গোস্বামিপত্নী। দেশজ। বি ; স্ত্রী। [শব্দজ। বিণ।

মাগ্‌গি—মহার্ঘ, আক্রা, দুর্ম্মূল্য। 'মহার্ঘ'

মাগ্‌গিভাতা—দ্রব্যাদির দুর্ম্মূল্যতার দরুণ দেয় বৃত্তি (Dearness allowance). তৎপুরুষ। বি।

মাঘ—মঘানক্ষত্রযুক্ত পৌর্ণমাসীবিশিষ্ট মাস, বাঙ্গালা বৎসরের দশম মাস। মাঘী (পূর্ণিমাবিশেষ) + অণ্। বি ; পুং।

মাঘী—মাঘমাসের পূর্ণিমা। মঘা শব্দ + অণ্, + ঈপ্। বি ; স্ত্রী।

মাঙন—যাচন, ভিক্ষাকরণ ; জমিদার প্রজার নিকট নির্দ্দিষ্ট খাজানার অতিরিক্ত বলপূর্ব্বক যাহা আদায় করে, আবুয়াব। দেশজ। বি।

মাঙ্গ(ঙ্গ)লিক, মাঙ্গ(ঙ্গ)ল্য—১। মঙ্গলজনক, শুভকর। বিণ। স্ত্রী,—কী,—ল্যী। ২। শুভ; মঙ্গল। মঙ্গল শব্দ+ইক, য্যঞ্। বি; ক্লীব। [চাওয়া। হিন্দী। ক্রি।

মাঙ্গা—১। দুর্ম্মূল্য। 'মহার্ঘ' শব্দজ। ২।

মাচা, মাচান—মঞ্চ, বংশাদিরচিত উচ্চস্থান। 'মঞ্চ' শব্দজ। বি। [বি।

মাছ—মীন, মৎস্য, ঝষ, মচ্ছ। 'মৎস্য' শব্দজ।

মাছরাঙা, —রাঙ্গা—মৎস্যরঙ্গ, পাখীবিশেষ। 'মৎস্যরঙ্গ' শব্দজ। বি।

মাছি, মাচি—মক্ষিকা; কীটবিশেষ; তাগ করিবার জন্য বন্দুকের নলের উপর চিহ্নবিশেষ। 'মক্ষি' শব্দজ। বি।

মাছিমারা—এমন নির্ব্বোধ যে পত্রলগ্ন মাছিটি পর্য্যন্ত নকল করে, অত্যন্ত নির্ব্বোধ; না বুঝিয়া নকলে তৎপর। মাছি মারে যে, উপতৎ। বিণ।

মাছুয়া, মেছো—মৎস্যসম্বন্ধীয়; মৎস্যভোজী; মৎস্য বিক্রয়কারী। মাছ+উয়া, ও। বিণ। ['মজ্জা' শব্দজ। বি।

মাজ—মধ্যের পাতা; অভ্যন্তরভাগ, সার।

মাজন—রগড়ান, ঘষণ; মঞ্জন, মাজিবার গুড়া। মাজ্+অন করণবা। বি।

মাজরা—গোলমাল; ঘটনা। দেশজ। বি।

মাজা, মাজার, মাঝা—মধ্যস্থান, কটিদেশ, কোমর। 'মধ্য' শব্দজ। বি।

মাজা—১। মার্জ্জিত করা, ঘষিয়া পরিষ্কৃত করা। বাং ক্রি। ২। মার্জ্জিত। মাজ্+আ কর্ম্মবা। বিণ।

মাজান—ঘর্ষণ করান। বাং ক্রি।

মাজুফল—ওক প্রভৃতি বৃক্ষে জাত কীটনির্ম্মিত কোষবিশেষ (Gall-nut). দেশজ। বি। [শব্দজ। বি।

মাজুম—মাদকদ্রব্যবিশেষ। আর্বী 'মাজুন'

মাঝ—মধ্যস্থল, ভিতর। 'মধ্য' শব্দজ। বি।

মাঝখান—মধ্যভাগ, মধ্যস্থান। কর্ম্মধা। বি।

মাঝামাঝি—মধ্যবর্ত্তী; মাঝারি; মাঝখানে। দেশজ। অব্য। বি বা বিণ।

মাঝার—মধ্য। কবিপ্র। বি।

মাঝারি,—রী—মধ্যম আকারের বা শ্রেণীর, ভালমন্দ বা ছোটবড়র মাঝামাঝি। দেশজ। বিণ। [বি।

মাঝি, মাঝী—নাবিক, কর্ণধার। দেশজ।

মাঞ্জা—ঘুড়ির সুতায় আঠা কাঁচগুঁড়া প্রভৃতির লেপ। দেশজ। বি।

মাটকলাই—চীনাবাদাম। দেশজ। বি।

মাটকোঠা—মাটির নির্ম্মিত দোতলা বাড়ী। মাটি নির্ম্মিত কোঠা, মধ্যপ কর্ম্মধা। বি।

মাটাপালাম—মোটা সুতীবস্ত্রবিশেষ। দেশজ। বি। [বি।

মাটাম—সমকোণ নিরূপণের যন্ত্র। দেশজ।

মাটাম, মাটামসহি—সমকোণে বিন্যস্ত। দেশজ। বিণ।

মাটি, মাটী—১। মৃত্তিকা; ভূপৃষ্ঠ, ক্ষিতি। 'মৃত্তিকা' শব্দজ। বি। ২। নষ্ট, পণ্ড, ভণ্ডুল। দেশজ। বিণ। **মাটি খাওয়া**—যাহার জন্য অনুতাপ করিতে হয় এমন কাজ করা। **গা মাটি মাটি করা**—অসুখ বোধ করা, জড়তা বোধ করা। **মাটির দর**—অতি সস্তা দর। **মাটির মানুষ**—অতি শান্ত অমায়িক ব্যক্তি।

মাটো—অলস; ঢিলা। 'মন্থর' শব্দজ। বিণ।

মাঠ—১। প্রান্তর, ময়দান, তৃণভূমি, গোষ্ঠ; ক্ষেত্র। দেশজ। বি। ২। মন্থর, ধীর, চিরক্রিয়; অতীক্ষ্ণ, ভোঁতা। 'মন্থর' শব্দজ। বিণ।

মাঠা—মাখন, ননী, নবনীত; সরহীন জলহীন ঘোল। 'মৃষ্ট' শব্দজ। বি।

মাড়—ভাত প্রভৃতির ফেন; কাথ; কলপ। 'মণ্ড' শব্দজ। বি।

মাড়ওয়ারী—মাড়ওয়ারের বাসিন্দা বা তৎসম্বন্ধীয়। বি বা বিণ।

মাড়া—মর্দ্দন করা, পেষণ করা; পশুদ্বারা পদদলিত করাইয়া (শস্য) নিষ্কাশিত করা; (তুই) পদদলিত কর্। বাং ক্রি।

মাড়ান—পদদলিত করা; পদার্পণ করা; মর্দ্দিত বা পিষ্ট করান। বাং ক্রি।

মাড়ি—১। দন্তের অঙ্গবিশেষ। 'মাঢ়ী' শব্দজ। ২। মাড়, ফেন। 'মণ্ড' শব্দজ। বি।

মাড়ুয়া—চীনা বা জোয়ার জাতীয় শস্যবিশেষ। দেশজ। বি। [+ ঈ। বি।

মাড়োয়ারী—রাজপুতানাবাসী। মাড়োয়ার

মাঢ়ী—দন্তের অঙ্গবিশেষ, দন্তশিরা, মাড়ি। মহ্ + ক্তি কর্ম্মবা। বি ; স্ত্রী।

মাণিক—মণি, রত্ন ; আদরণীয় বস্তু। 'মাণিক্য' শব্দজ। বি।

মাণিকজোড়—অতি অন্তরঙ্গ বন্ধুদ্বয় ; অন্তরঙ্গবিশিষ্ট ব্যক্তিদ্বয় (ব্যঙ্গার্থে)। ৬ষ্ঠীতৎ। বি।

মাণিক্য—মণি, রত্নবিশেষ, [জহুরীরা ইহাকে চুনী বলে]। মণি—কৈ (দীপ্তি পাওয়া) + ক কর্ত্তৃবা + ষ্যঞ্ স্বার্থে। বি ; ক্লীব।

মাণ্ডবী—রামানুজ ভরতের ভার্য্যা। বি ; স্ত্রী।

মাণ্ডব্য—ঋষিবিশেষ। চোর ভ্রমে ইঁহার শূলদণ্ড হইয়াছিল। বি ; পুং।

মাৎ, মাত—১। তরল, জলবৎ ; মত্ত, মুগ্ধ। ফার্সী। বিণ। ২। দধি প্রভৃতির মাথা ; সারভাগ ; ঝোলা বা চিটাগুড়। 'মস্ত' শব্দজ। ৩। (দাবা খেলায়) রাজার বন্দী অবস্থা অর্থাৎ বিপক্ষের পরাজয়। ফার্সী। বি।

মাতঙ্গ(ংগ)—হস্তী ; চণ্ডাল ; অশ্বত্থবৃক্ষ। মতঙ্গ শব্দ + অণ্। বি ; পুং।

মাতঙ্গী(ংগী)—হস্তিনী ; দশমহাবিদ্যার অন্তর্গত দেবীবিশেষ। মাতঙ্গ + ঙীপ্। বি ; স্ত্রী।

মাতন—মাতোয়ারা হওয়া ; মত্ততা বা উল্লাসজনিত কোলাহল। মাত্ + অন ভাববা, করণবা। বি।

মাতব্বর—প্রধান ব্যক্তি ; মণ্ডল, সর্দ্দার, চাই ; প্রতিভূ, জামিন। আর্বী 'মুত্‌বর' শব্দজ। বি।

মাতব্বরি,—রী—প্রাধান্য, প্র ভু ত্ব ; মুরুব্বিয়ানা ; জমানৎ, জামিনি। মাতব্বর + ই, ঈ। বি।

মাতলাম, —মি—মাতালের আচরণ বা কাণ্ড, সুরামত্তের অনাচার। মাতাল + আম, আমি ভাবে। বি।

মাতলি—ইন্দ্রের সারথি। বি ; পুং।

মাতা—মত্ত হওয়া ; সোৎসাহে লিপ্ত হওয়া ; গাঁজিয়া উঠা। বাং ক্রি।

মাতা (মাতৃ)—১। পরিমাণকর্ত্তা ; প্রমাণকারী। মা (পরিমাণ করা) + তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, মাত্রী। ২। জননী, মা ; গর্ভধারিণী, স্তন্যদাত্রী, গুরুপত্নী, আচার্য্যপত্নী, ক্ষেত্রদাত্রী, পিতৃরমণী, শ্বশ্রূ, পিতামহী, মাতামহী, জ্যেষ্ঠসহোদরা, মাতৃভগিনী, পিতৃভগিনী, মাতুলানী, ভ্রাতৃভার্য্যা, পুত্রবধূ, তনয়া,—এই ১৬ মাতা ; ব্রাহ্মী, মাহেশ্বরী, চণ্ডী, বারাহী, বৈষ্ণবী, কৌমারী, চামুণ্ডা, চর্চ্চিকা,—এই অষ্ট শক্তি ; ভূ ; গবী ; লক্ষ্মী ; ধাত্রী। মা + তৃচ্ কর্ত্তৃবা। বি ; স্ত্রী।

মাতান—মত্ত করা, মোহিত করা ; উল্লসিত করা ; গাঁজান। বাং ক্রি।

মাতাপিতা (—পিতৃ)—মা-বাপ, জনক-জননী। মাতা ও পিতা, দ্বন্দ্ব। বি ; পুং।

মাতাপিতৃহীন—যাহার মা-বাপ নাই। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

মাতামহ—মাতার পিতা। মাতৃ (মাতা) + ডামহ। বি ; পুং। স্ত্রী,—হী।

মাতামাতি—পরস্পরের মত্ততা বা উন্মাদনা ; অনেকের মিলিত মত্তবৎ আচরণ। দেশজ। বি।

মাতাল—মত্ত ; মদ্যপানোন্মত্ত ; সুরাপায়ী ; মদ্যপ। 'মত্ত' শব্দজ। বিণ।

মাতুঃস্বসা (—স্বসৃ), মাতুঃষ্বসা (—ষ্বসৃ)—মাতৃভগিনী, মাসী। অলুক্ ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

মাতুল—মাতার ভ্রাতা, মামা। মাতৃ (মাতা) + ডুল ভ্রাতা অর্থে। বি ; পুং। স্ত্রী, মাতুলা, মাতুলানী, মাতুলী। [পুং।

মাতুলালয়—মামার বাড়ী। ৬ষ্ঠীতৎ। বি ;

মাতৃকা—জননী, মাতা ; ধাত্রী, ধাই ;

মাতামহী; অ, আ, ক, খ প্রভৃতি বর্ণ; স্বর; করণ; গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি, আত্মদেবতা, কুলদেবতা,—এই ১৬ দেবী। মাতৃ+কন্+আপ্। বি; স্ত্রী।

মাতৃঘাতক—মাতৃহন্তা, মাতৃহত্যাকারী, মাতার প্রাণনাশক। ৬ষ্ঠীতৎ। বিণ; পুং। স্ত্রী,—তিনী।

মাতৃঘাতী (—তিন্)—মাতৃঘাতক (তাহা দ্রঃ)। মাতৃ—হন্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —তিনী।

মাতৃদায়—মৃতা মাতার শ্রাদ্ধাদি পারলৌকিক ক্রিয়া নির্ব্বাহরূপ কর্ত্তব্য বা দুরূহ কর্ম্ম, মাতার মরণজনিত সঙ্কট। মধ্যপ কর্ম্মধা। দেশজ প্রঃ। বি।

মাতৃবন্ধু—মাতার পিতৃস্বসৃপুত্র (পিসতুতো ভাই), মাতার মাতৃস্বসৃপুত্র (মাসতুতো ভাই), মাতার মাতুলপুত্র (মামাতো ভাই), —ইঁহারা মাতৃবন্ধু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মাতৃবান্ধব—মাতার মাতা পিতা ভ্রাতা, মাতার ভ্রাতৃপুত্র, মাতার পিতৃসহোদর,—ইঁহারা মাতৃবান্ধব। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মাতৃবিয়োগ—মাতার মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মাতৃভক্ত—মাতার প্রতি ভক্তিমান্, মাতার প্রতি অনুরাগসম্পন্ন। ৬ষ্ঠীতৎ। বিণ।

মাতৃভক্তি—মাতার প্রতি ভক্তি, মাকে শ্রদ্ধা করা। ৭মীতৎ। বি; স্ত্রী।

মাতৃভাষা—স্বদেশীয় বা স্বজাতির ভাষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মাতৃভূমি—স্বদেশ; জন্মভূমি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মাতৃষ্বসা (—স্বসৃ)—মাতার ভগিনী, মাসী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মাতৃষ্বসেয়—মাতৃষ্বসার পুত্র, মাসতুতো ভাই। মাতৃস্বসৃ শব্দ+এয় অপত্যার্থে। বি; পুং। স্ত্রী,—য়ী।

মাতৃষ্বস্ত্রীয়, —স্বস্রেয়—মাতৃষ্বসার পুত্র, মাসতুতো ভাই। মাতৃস্বসৃ শব্দ+ঈয়, এয় অপত্যার্থে। বি; পুং। স্ত্রী,—য়া, —য়ী।

মাতৃস্তন্য—মাতার স্তনদুগ্ধ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [বি; স্ত্রী।

মাতৃহত্যা—জননীর প্রাণবধ। ৬ষ্ঠীতৎ।

মাতৃহীন—মৃতমাতৃক, যাহার মাতা মরিয়া গিয়াছে। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

মাতোয়ারা, —য়ালা—মাতাল, বিহ্বল, মত্ত। হিন্দী। বিণ।

মাতোয়ালি, —লী—ধর্ম্মার্থে উৎসৃষ্ট সম্পত্তির পরিচালক (মুসলমানী)। আর্বী 'মুতাবল্লি' শব্দজ। বি।

মাত্র—কেবল; তৎক্ষণে। দেশজ প্রঃ। অব্য।

মাত্রা—১। পরিমাণ; অক্ষরাংশবিশেষ; (ব্যাকরণে) বর্ণোচ্চারণকাল, যথা—হ্রস্ব-স্বরের এক মাত্রা ও দীর্ঘস্বরের দুই মাত্রা; (সঙ্গীতে) হস্তের একবার পতন ও উত্থান-কাল—ইহা দ্রুত ও বিলম্বিত ভেদে দুই প্রকার; কর্ণভূষণ; ইন্দ্রিয়; সন্ন্যাসীর পরিচ্ছদ; ধন। মা (পরিমাণ করা)+ত্রন্ করণবা+আপ্। ২। অবিচ্ছেদ। মা+ত্রন্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

মাত্রাবৃত্ত—যাহাতে স্বরসংখ্যা ও তাহার লঘুত্ব গুরুত্ব দ্বারা ছন্দোনির্ণয় হয়। মাত্রাসাধ্য বৃত্ত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

মাত্রাস্পর্শ—রূপরসাদি বিষয়ের সহিত ইন্দ্রিয়ের যোগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মাৎসর্য্য(র্য)—পরশ্রীকাতরতা। মৎসর+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

মাথট—১। জমিদারের বাজে খরচের জন্য প্রজাদের নিকট চাঁদাস্বরূপে সংগৃহীত অর্থ। 'মস্তকতঃ' শব্দজ। বি। ২। মন্থর। প্রাদে। বিণ।

মাথা—শির; বুদ্ধি, মস্তিষ্ক; উপরিভাগ; সারাংশ; অগ্র; ছাদ; প্রধান ব্যক্তি। 'মস্তক' শব্দজ। বি। **মাথা উঁচু করা**—সম্মান বৃদ্ধি করা। **মাথা করা**—পণ্ড করা, কিছু না করিতে পারা। **মাথা কাটা যাওয়া**

—অত্যধিক লজ্জা ও অপমানিত হওয়া। **মাথা কেনা**—উপকারের দ্বারা এমন বাধিত রাখা যেন মাথা পর্য্যন্ত কেনা। **মাথা কোটা** বা **খোঁড়া**—নির্ব্বন্ধতা সহকারে অনুরোধ করা। **মাথা খাওয়া**—প্রশ্রয়াদি দ্বারা ভবিষ্যৎ নষ্ট করা। **মাথা ঘামান**—কোন বিষয়ে বেশী চিন্তা করা। **মাথা মুণ্ড না বুঝা**—একদম কিছুই না বুঝা। **মাথায় চড়া**—অত্যধিক প্রশ্রয় পাওয়া। **মাথায় জল পড়া**—বিবাহ হওয়া। **মাথায় হাত বুলান**—ফাঁকি দেওয়া। **মাথার উপর**—স্বর্গে; অভিভাবকরূপে। **মাথার ঘাম পায়ে ফেলা**—অত্যধিক পরিশ্রম করা। **মাথার দিব্য, কিরে**—মাথা খাও বলিয়া শপথ। **মাথা হেঁট**—কুৎসা অখ্যাতি ইত্যাদি জন্য লজ্জা ও অপমান হেতু অধোবদন। **মাথা তুলিয়া দাঁড়ান**—দেখা দেওয়া; দুঃখ-দুর্দ্দশার অবসানে প্রাধান্য লাভ করা। **মাথা পাতিয়া লওয়া**—মানিয়া লওয়া, শিরোধার্য্য করা। **মাথা বাঁধা**—চুল বাঁধা। **মাথার ঠাকুর**—আদর ও শ্রদ্ধার পাত্র। **মাথার ঘি, ঘিলু**—মস্তিষ্ক। **মাথা ঠেকান, নোয়ান**—প্রণাম করা, নতি স্বীকার করা।

মাথা-ওয়ালা—প্রতিভাসম্পন্ন। মাথা+ওয়ালা, বিশিষ্টার্থে। বিণ।

মাথা-খারাপ—১। মস্তিষ্কবিকৃতি। খারাপ মাথা, কর্ম্মধা। বি। ২। বিকৃতমস্তিষ্ক। বহুব্রী। বিণ।

মাথা-গরম—১। ক্রোধ; উত্তেজনা। গরম মাথা, কর্ম্মধা। বি। ২। ক্রুদ্ধ। বহুব্রী। বিণ।

মাথা-ঘষা—তৈল সুগন্ধি করিবার বা চুলে ঘষিবার নানাপ্রকার মশলা। দেশজ। বি।

মাথা-ঘোরা—শিরোঘূর্ণন (Dizziness). ৬ষ্ঠীতৎ। বি।

মাথা-ঠাণ্ডা—শান্ত, ধীর। বহুব্রী। বিণ।

মাথা-ধরা—শিরঃপীড়া। ৬ষ্ঠীতৎ। বি।

মাথা-পাগলা—পাগলাটে, ক্ষেপাটে। দেশজ। বিণ।

মাথা-ব্যথা—শিরঃপীড়া; বেদনা, সহানুভূতি; গরজ, আগ্রহ। ৬ষ্ঠীতৎ। বি।

মাথাভার—সর্দ্দির আধিক্য। ৬ষ্ঠীতৎ। বি।

মাথামোটা—স্থূলবুদ্ধি, বোকা। বহুব্রী। বিণ।

মাথাল, -লো—বুদ্ধিমান্; প্রধান, সর্দ্দার। মাথা+ল, লো। বিণ।

মাথাল, -লি—তালপাতা ও বংশ-শলাকাদিনির্ম্মিত ছত্র (টুপির মত), টোকা। প্রাদে। বি।

মাথি, মেথি—তাল খেজুর প্রভৃতি বৃক্ষের মাথার ভিতরের ভক্ষ্য মজ্জা বা মাজ। দেশজ। বি।

মাথুর—১। মথুরাসম্বন্ধীয়; মথুরা হইতে আগত। মথুরা+অণ্। বিণ। স্ত্রী,—রী। ২। শ্রীকৃষ্ণের মথুরাঘটিত ব্যাপারের গীত। বি; ক্লীব।

মাদক—১। মত্ততাজনক। ণিজন্ত মদ্ মাদি (মত্ত করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—দিকা। ২। মত্ততাজনক দ্রব্য, মদ্যাদি। বি; পুং বা ক্লীব।

মাদকসেবী (-সেবিন্)—মত্ততাজনক পদার্থ সেবনকারী, নেশাখোর। মাদক—সেব্ (সেবা করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—বিনী।

মাদল—পটহবিশেষ। 'মর্দ্দল' শব্দজ। বি।

মাদা—মাদি (তাহা দ্রঃ)।

মাদার—১। বৃক্ষবিশেষ; তাহার ফল, ডেহুয়া বা ডেলো। 'মান্দার' শব্দজ। ২। মাতা, মা। ইং Mother. ৩। মুসলমানী পর্ব্ববিশেষ। আর্বী। বি।

মাদি, মাদী—স্ত্রীজাতীয় (জন্তু)। ফার্সী 'মাদা' শব্দজ। বিণ; স্ত্রী। পুং, মদ্দা।

মাদুর—তৃণাসনবিশেষ, মাদুরি। 'মন্দুরা' শব্দজ। বি।

মাদুলি, -লী—গলায় মর্দ্দলাকার স্বর্ণভূষণ-

বিশেষ; ধাতুময় মর্দ্দলাকার কবচ। দেশজ। বি।

মাদৃশ—মৎসদৃশ, আমার তুল্য। অস্মদ্—দৃশ্ +কঞ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—শী।

মাদ্রাসা—মুসলমানদিগের উচ্চ বিদ্যালয়। আর্বী। বি।

মাদ্রী—মহারাজ পাণ্ডুর দ্বিতীয়া পত্নী; মদ্ররাজের কন্যা, নকুল ও সহদেবের জননী। মদ্র+অণ্ অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী।

মাধব—১। বিষ্ণু। মা'র (লক্ষ্মীর) ধব (পতি). ৬ষ্ঠীতৎ। ২। বসন্তকাল; মধুকবৃক্ষ; বৈশাখ মাস। মধু+অণ্ হিতার্থে। বি; পুং। [বি; স্ত্রী।

মাধবপ্রিয়া—লক্ষ্মী, কমলা। ৬ষ্ঠীতৎ।

মাধবী, —বিকা—স্বনামখ্যাত লতা; তুলসী; মদিরা; কুট্টনী। মধু+অণ্+ঈপ্, ২য় পক্ষে মধু+কন্+আপ্। বি; স্ত্রী।

মাধাই—নদীয়াবাসী বিখ্যাত কৃষ্ণভক্ত, চৈতন্যদেবের শিষ্য; মাধব। 'মাধব' শব্দজ। বি।

মাধুকরী—পঞ্চগৃহে ভিক্ষা-সংগ্রহ। মধুকর +অণ্+ঈপ্, অর্থাৎ মধুকরের ন্যায় বৃত্তি। বি; স্ত্রী।

মাধুরী—মধুরতা, মিষ্টতা; শোভা, সৌন্দর্য্য; মদ্য। মধুর+অণ্ ভাবার্থে+ঈপ্। বি; স্ত্রী।

মাধুর্য্য(র্য)—মধুরতা, মিষ্টতা; শোভা, সৌন্দর্য্য; লাবণ্য; কাব্যের গুণবিশেষ [কাব্যরস দ্রঃ]। মধুর+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

মাধ্বী, —ক—মধু হইতে প্রস্তুত সুরা; দ্রাক্ষামদ্য। মধু+অণ্ ভবার্থে+ঈপ্, পক্ষে কন্ স্বার্থে। বি; স্ত্রী, ক্লীব।

মাধ্যন্দিন—দিবসের মধ্যভাগ-সম্বন্ধীয়, মাধ্যাহ্নিক। মধ্যন্দিন্+অণ্ ইদমর্থে। বিণ। স্ত্রী,—নী।

মাধ্যন্দিন রেখা—সূর্য্যের মধ্যাহ্নকালীন গমনপথসূচক রেখা। কর্ম্মধা। বি; স্ত্রী।

মাধ্যম—বাহন, যাহার সাহায্যে বা মধ্যবর্ত্তিতায় কোন কাজ করা হয় (Medium). মধ্যম+অণ্ স্বার্থে। বি।

মাধ্যমিক—দুই শ্রেণীর মধ্যবর্ত্তী। মধ্যম+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

মাধ্যাকর্ষণ—পৃথিবীর যে আকর্ষণী শক্তিপ্রভাবে বস্তুসকল ভূমিতে পতিত হয় (Gravitation). [এই শক্তি পৃথিবীর কেন্দ্র অর্থাৎ মধ্যস্থ বিন্দু হইতে কার্য্যকরী হয় বলিয়া পৃথিবীর এই আকর্ষণকে মাধ্যাকর্ষণ বলে।] কর্ম্মধা। বি; ক্লীব।

মাধ্যাহ্নিক—মধ্যাহ্নকালীন, দিবা দ্বিপ্রহর-সম্বন্ধীয়। মধ্যাহ্ন+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

মান—১। খারী তুলাদি দ্বারা পরিমাণ, হস্তাদি দ্বারা মাপকরণ, ওজনকরণ। মা (পরিমাণ করা)+অনট্ ভাববা। ২। পরিমাণসাধন, যাহা দ্বারা মাপ বা ওজন করা যায় (পাত্রদণ্ডাদি); প্রমাণ; (সঙ্গীতে) তালের বিরামস্থান। মা+অনট্ করণবা। বি; ক্লীব। ৩। সম্মান, পূজা। মান্ (পূজা করা) +ঘঞ্ ভাববা। ৪। ক্রোধ; অভিমান; গর্ব্ব; অহঙ্কার; প্রণয়ীর অপরাধদর্শনে কোপ। মন্ (বোধ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং। ৫। মানকচু। 'মানক' শব্দজ। বি। ৬। মানে। প্রাঃ কবিপ্র। ক্রি। **মানে মানে**—সম্মান বজায় থাকিতে; বিশেষ কিছু না হওয়ার আগেই।

মানকচু—বৃহৎ কন্দবিশিষ্ট একপ্রকার কচু। মান-নামক কচু, মধ্যপ কর্ম্মধা। বি।

মানকলি—স্ত্রীপুরুষের অভিমানজনিত কলহ। মান জন্য যে কলি (কলহ), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

মানচিত্র—ভূচিত্র, স্থানবিশেষের পরিমাণানুসারে অঙ্কিত প্রতিরূপ (Map). মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

মানৎ, মানত—মানসিক, দেবতার কৃপালাভার্থ মনে মনে অঙ্গীকার, মানিত বলি। 'মনস্থ' শব্দজ। বি।

মানদ—সম্মানদাতা; মানরক্ষাকারী। মান—দা (দেওয়া)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—দা। [বি; পুং।

মানদণ্ড—পরিমাণদণ্ড, মাপবাড়ি। ৬ষ্ঠীতৎ।

মানন, —না—আদরকরণ; সম্মানকরণ। মান্ (পূজা করা)+অনট্ ভাববা; ২য় পক্ষে মান্+অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

মাননীয়—পূজনীয়, সম্মানার্হ, মান্য। মান্ (পূজা করা)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

মানপত্র—সম্মান বা বিদ্যাবত্তাসূচক প্রশংসা-পত্র, অভিনন্দনপত্র। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

মানব—মনুজ, মনুষ্য, মানুষ। মনু+অণ্ অপত্যার্থে। বি; পুং। স্ত্রী,—বী।

মানবলীলা—মনুষ্যের লীলা, মনুষ্যের সাংসারিক কার্য্য। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মানবলীলাসংবরণ—মনুষ্যলীলার সমাপ্তি, মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মানবসমাজ—দলবদ্ধ মনুষ্য, মনুষ্যসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; স্ত্রী।

মানবী—মানুষী, নারী। মানব+ঈপ্।

মানবোচিত—মনুষ্যযোগ্য, মানুষের উপযুক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ; ত্রি।

মানভঞ্জন—অভিমাননিরসন, মান ভাঙ্গা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মানমন্দির—পর্য্যবেক্ষণিকা, গ্রহনক্ষত্রাদি পর্য্যবেক্ষণ করিবার গৃহ (Observatory). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মানস—১। চিত্ত, মনঃ; চিত্তবোধ, সঙ্কল্প, অভিপ্রায়, ইচ্ছা; হিমালয় প্রদেশস্থ সরোবর-বিশেষ, অধুনা ইহা তিব্বতদেশস্থ একটি হ্রদ বলিয়া কথিত। বি; ক্লীব। ২। মনঃসম্বন্ধীয়। মনস্+অণ্। বিণ। স্ত্রী,—সী।

মানসনেত্র—মনশ্চক্ষুঃ, অন্তঃকরণরূপ নয়ন। রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

মানসপট—চিত্তপট, অন্তঃকরণরূপ পট। রূপক কর্ম্মধা। বি; পুং।

মানসপুত্র—মন হইতে উৎপন্ন পুত্র (যথা, ব্রহ্মার মানসপুত্র)। কর্ম্মধা। বি; পুং।

মানসপূজা—মনঃকল্পিত দ্রব্যাদি দ্বারা পূজা করা, বাহ্য উপকরণ ভিন্ন কেবল মনে মনে পূজা। কর্ম্মধা। বি; স্ত্রী।

মানসম্ভ্রম—মানমর্য্যাদা, সম্মান ও প্রতি-পত্তি। দ্বন্দ্ব। বি; পুং।

মানসাঙ্ক(ংক)—মৌখিক অঙ্ক; মুখে মুখে উত্তর দিবার অঙ্ক। কর্ম্মধা। বি; পুং।

মানসিক—১। মনঃসম্বন্ধীয়; মনোগত; আন্তরিক। মনস্+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী। ২। দেবতার নিকট কোনও বস্তু উৎসর্গ করিবার সঙ্কল্প, মানত। দেশজ প্রঃ। বি।

মানসী—মনঃসম্বন্ধীয়া; মনোজাতা। মানস+ঈপ্। বিণ; স্ত্রী।

মানহানি—মাননাশ, সম্মান নষ্ট করা, সম্ভ্রমের ক্ষতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মানা—১। বারণ, নিষেধ। আর্বী। বি। ২। মান্য করা, গ্রাহ্য করা, গণনা করা, পালন করা, অনুবর্ত্তন করা, অনুবর্ত্তী হইয়া চলা; স্বীকার করা; বিশ্বাস করা; মনে করা, বোধ করা। বাং ক্রি।

মানান—১। মানা ক্রিয়া করান, মান্য করান, স্বীকার করান; শোভা পাওয়া, ভাল দেখান, খাপ খাওয়া; যথোপযুক্ত হওয়া। বাং ক্রি। ২। শোভন, সুদৃশ্য, উপযুক্ত। বিণ। ৩। শোভা, উপযোগিতা, খাপ। দেশজ। বি।

মানানসই—যাহা ভালমতে খাপ খায় এমন। ৭মীতৎ। বিণ।

মানিত—১। সম্মানিত; পূজিত। মান্ (পূজা করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ২। যাহাকে মানা হইয়াছে, যাহার নাম করা হইয়াছে, যেমন 'মানিত' সাক্ষী। দেশজ। বিণ।

মানিনী—নায়িকাবিশেষ; যে স্ত্রী একটুতেই অভিমান করিয়া থাকে। দেশজ প্রঃ। বি; স্ত্রী।

মানী (মানিন্)—অভিমানী; মান্ত; মনস্বী। মান+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী,—নিনী।

মানুখ—মানুষ। প্রাঃ কবিপ্র। বি।

মানুষ—১। মনুষ্য, মানব। মনু+অঞ্, ষুক্ আগম। বি; পুং। স্ত্রী,—ষী। ২। মনুষ্যোচিত গুণসম্পন্ন, লায়েক; মনুষ্য-সম্বন্ধীয়। মানুষ+অণ্। বিণ। **মানুষ করা**—লালনপালন করিয়া বড় করা। **মানুষ হওয়া**—বড় হওয়া; মানুষের উপযুক্ত গুণবিশিষ্ট হওয়া।

মানুষিক—মানুষসম্বন্ধীয়; মানবীয়; লৌকিক। মানুষ+ইক। বিণ। স্ত্রী,—কী।

মানুষী—১। নারী। বি; স্ত্রী। ২। মনুষ্যসম্বন্ধিনী। মানুষ+অণ্+ঈপ্। বিণ; স্ত্রী।

মানে—অর্থ, তাৎপর্য্য; অভিপ্রায় (Meaning). আর্বী 'মানী' শব্দজ। বি।

মানোয়ার—যুদ্ধজাহাজ। ইং Man-of-war. বিণ,—রী।

মান্দা, মাঁদা—গুচ্ছ, গোছা, তাড়া; মন্দগতি, মন্দবুদ্ধি; বৃক্ষে জলসেচনের আলবাল বা থানা; দ্রোণীযন্ত্রে জলসেচনার্থে যে স্থান হইতে জল তুলা হয় সেই থানা বা গর্ত্ত। প্রাদে। বি।

মান্দার—ডেছুয়া ফল বা তাহার বৃক্ষ, মাদার। 'মন্দার' শব্দজ। বি।

মান্দাস—ভেলা। দেশজ। বি।

মান্দ্য—মন্দত্ব; বিষাদ; জড়তা, আলস্য; হানি; অল্পতা; রোগ। মন্দ শব্দ+য্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

মান্ধাতা (-তৃ)—সূর্য্যবংশীয় নৃপ। মাম্ (আমাকে)—ধে (পান করা)+তৃন্ কর্ত্তৃবা। বি; পুং। **মান্ধাতার আমল**—অতি প্রাচীন কাল।

মান্য—১। মাননীয়, পূজ্য, সম্মানার্হ। মান্ (পূজা করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ। ২। সমাদর, অনুবর্ত্তন, পালন। বি। ৩। শিরোধার্য্য। দেশজ প্রঃ। বিণ।

মান্যগণ্য—মাননীয় ও গণনীয়, সম্ভ্রান্ত। কর্ম্মধা। বিণ।

মান্যবর—শ্রেষ্ঠ, সম্মানভাজন; মান্য ব্যক্তির নিকট লিখিত চিঠির পাঠ। কর্ম্মধা। বিণ। স্ত্রী,—রা। [বিশেষ। স্ত্রী,—বরাসু।

মান্যবরেষু—চিঠির সম্মানবোধক পাঠ-

মাপ—১। পরিমাণ, ওজন। ণিজন্ত মা ধাতুজ। ২। ক্ষমা; মার্জ্জনা। আর্বী 'মোয়াফ' শব্দজ। বি। [৬ষ্ঠীতৎ। বি।

মাপকাঠি—মানদণ্ড (Measure).

মাপজোখ—পরিমাপ ওজন প্রভৃতি নিরূপণ, পরিমাণ-নির্দ্ধারণ। দ্বন্দ্ব। বি।

মাপন—পরিমাণ করান। ণিজন্ত মা=মাপি (পরিমাণ করান)+অনট্ ভাববা। বি; ক্লীব। [বাং ক্রি।

মাপা—মাপ করা, পরিমাণ করা, ওজন করা।

মাপান—তৌল করান, ওজন করান, পরিমাণ স্থির করান। বাং ক্রি।

মাফ—ক্ষমা, মার্জ্জনা; ছাড়। আর্বী 'মোয়াফ' শব্দজ। বি।

মাফিক—সমান, তুল্য; অনুসারে; লায়েক। আর্বী 'মুবাফিক' শব্দজ। অব্য।

মা-বাপ—মাতাপিতা; রক্ষক, প্রতিপালক। দ্বন্দ্ব। বি।

মাভৈঃ—নির্ভয়তার আশ্বাস প্রদান; 'ভয় নাই'। সংস্কৃত বাক্য।

মামড়ী—ক্ষত জায়গার শুকনা চামড়া; নাকের মল। দেশজ। বি।

মামদো—মুসলমান মরিলে যে প্রেত হয়। 'মহম্মদীয়' শব্দজ। বি বা বিণ।

মা-মরা—মাতৃহীন। বহুব্রী। বিণ।

মামলা—মকদ্দমা; ব্যাপার। আর্বী। বি।

মামলাবাজ—কলহপটু, মামলাপ্রিয়। মামলা+বাজ। বিণ। [বি।

মামা—মাতার ভ্রাতা, মাতুল। 'মাম' শব্দজ।

মামাত, মামাতুত, মামাতো—মামার সন্তান সম্পর্কে। মামা+ত, তুত, তো অপত্যার্থে। বিণ।

মামাশ্বশুর—শ্বশুরের শ্যালক। দেশজ। বি।
মামী—মাতুলানী। মামা+ঈ স্ত্রী। বি; স্ত্রী।
মামীশাশুড়ী, মামশেশ—পতি বা পত্নীর মামী। দেশজ। বি; স্ত্রী।
মামুল—প্রথা। আর্বী। বি।
মামুলী—প্রথামত, চিরপ্রচলিত। মামুল+ঈ। বিণ।
মায়—সমেত, সহিত। আর্বী। অব্য।
মায়া—মমতা, স্নেহ; কপটতা; ইন্দ্রজাল; ছদ্মবেশ, ভূমিকা; ভ্রান্তি; কৃপা; বুদ্ধি; লক্ষ্মী; অবিদ্যা; বুদ্ধদেবের মাতা। মা (পরিমাণ করা)+যৎ কর্তৃবা, করণবা+আপ্। বি; স্ত্রী।
মায়াকান্না—কপট ক্রন্দন, ছল করিয়া কাঁদা। মায়াশ্রিত কান্না, মধ্যপ কর্মধা। বি।
মায়াঘোর—মায়াকানন; মায়ার আবর্ত; অত্যন্ত মায়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মায়াজাল—মায়ার কুহক, মমতার বেষ্টন। রূপক কর্মধা। বি; ক্লীব।
মায়াডোর—মমতার বন্ধন। রূপক কর্মধা। বি। [স্ত্রী,—ডোরিকা।
মায়াত্মক—অলীক, অবাস্তব। বহুব্রী। বিণ।
মায়াদেবী—বুদ্ধদেবের জননী। বি; স্ত্রী।
মায়াধর—মায়াকারী; ঐন্দ্রজালিক। ৬ষ্ঠী-তৎ। বিণ। [রূপক কর্মধা। বি; পুং।
মায়াপাশ—মায়ারূপ জাল, মমতার বন্ধন।
মায়াবদ্ধ—অজ্ঞানবশে আবদ্ধ, মায়া হেতু বন্দী। ৩য়াতৎ। বিণ।
মায়াবশ—মায়ার অধীন, অবিদ্যার বশতা-পন্ন। ৬ষ্ঠীতৎ। বিণ।
মায়াবী (-বিন্)—মায়াবিশিষ্ট, মায়া-কারী, কুহকী, মায়ী; ঐন্দ্রজালিক; কপটী। মায়া+বিন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—বিনী।
মায়াময়—মায়াপূর্ণ; কপটতাপূর্ণ। মায়া শব্দ+ময়ট্। বিণ। স্ত্রী,—য়ী।
মায়ামৃগ—মায়াদ্বারা সৃষ্ট হরিণ; হরিণা-কৃতি মারীচ নামক রাক্ষস। মধ্যপ কর্মধা। বি; পুং।
মায়ামোহ—মায়াজনিত মূঢ়তা। মধ্যপ কর্মধা। বি; পুং।
মায়াসীতা—যোগবলে সীতার আকারে রচিত প্রতিমূর্তি। মায়ারচিতা সীতা, মধ্যপ কর্মধা। বি; স্ত্রী।
মায়িক—মায়াবিশিষ্ট; মায়াকারী; ধূর্ত; কপটী। মায়া+ইক। বিণ। স্ত্রী,—কী।
মায়ূর—ময়ূরসম্বন্ধীয়। ময়ূর+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—রী।
মার—১। মরণ, মৃত্যু। মৃ (মরা)+ঘঞ ভাববা। ২। কন্দর্প, কাম, মদন। ণিজন্ত মৃ বা মারি+অচ্ কর্তৃবা। ৩। বিঘ্ন, প্রতিবন্ধ; মারণ, বধ। মৃ+ণিচ্+ঘঞ্ করণবা, ভাববা। বি; পুং। ৪। প্রহার, আঘাত, জখম। দেশজ প্রঃ। বি।
মারক—ঘাতক, নাশক। ণিজন্ত মৃ—মারি (মারা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।
মারকুটে, -কুটো—যে একটুতেই মারিতে উদ্যত হয়। দেশজ। বিণ।
মারণ—১। হনন, বধ। ণিজন্ত মৃ—মারি (মরান)+অনট্ ভাববা। ২। অভিচার ক্রিয়া; ধাতু প্রভৃতি ভস্মীকরণ। মারি+অনট্ করণবা। বি; ক্লীব।
মারধর, -পিট, -পিঠ—প্রহার, আঘাত; অনেকে মিলিয়া প্রহার। দ্বন্দ্ব। বি।
মারপেঁচ, -প্যাঁচ—জটিলতা, কৌটিল্য, কূটকচাল। দ্বন্দ্ব। বি।
মারফৎ—দ্বারা, সঙ্গে। আর্বী। অব্য।
মারবেল—মার্বেল দ্রঃ।
মারমুখ, -মুখো—মারিতে উদ্যত। মারে মুখ যাহার, বহুব্রী। বিণ।
মারহাট্টা—১। প্রহারপ্রিয়, যে সহজেই লোককে মারে বা মারিতে যায়। বিণ। ২। মহারাট্টা, মহারাষ্ট্রজাতি। 'মহারাষ্ট্র' শব্দজ। বি।
মারা—বধ করা, হত্যা করা, খুন করা; প্রহার করা; আঘাত করা, জখম করা; জিতিয়া লওয়া, লাভ করা, পরাস্ত করা,

তেজোহীন করা, নির্ব্বীর্য্য করা; সম্ভোগ করা; চুরি করা; বন্ধ করা; ঠুকিয়া বসান; লাগান, আঁটা; করা (যেমন 'ফুর্ত্তি মারা')। বাং ক্রি। মারি ধাতুজ। **মারা যাওয়া**—মরা।

মারাঠা, —ঠী—মহারাষ্ট্রবাসী; তদ্দেশীয় ভাষা। মারাঠ (মহারাষ্ট্র)+আ, ঈ। বি বা বিণ।

মারাত্মক—সংহারক, প্রাণনাশক, সাংঘাতিক। মার (মারণ) হইয়াছে আত্মা (স্বরূপ, স্বভাব) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —ত্মিকা।

মারান—মারা ক্রিয়া করান; নাশ করান; প্রহার করান; জয় করান; সম্ভোগ করান; লাগান। বাং ক্রি।

মারামারি—পরস্পর প্রহার বা আঘাত; দাঙ্গা, লড়াই, যুদ্ধ, বিরোধ; হাঙ্গামা। দেশজ। বি।

মারি—মড়ক, রোগাদি দ্বারা বহু লোকক্ষয়; মারণ। ণিজন্ত মৃ=মারি (মরান)+ই ভাববা। বি; স্ত্রী।

মারিত—ধাতুপ্রভৃতি ভস্মীকৃত। বিণ।

মারী—মারি, মরক; মাহেশ্বরী শক্তি; চণ্ডী। মারি+ঈপ্। বি; স্ত্রী।

মারীচ—কশ্যপ মুনি; রাজহস্তী; যাজক ব্রাহ্মণ; রাক্ষসবিশেষ, তাড়কা রাক্ষসীর পুত্র। মরীচি শব্দ+অণ্ অপত্যার্থে। বি; পুং।

মারুত—বায়ু, পবন। মরুৎ শব্দ+অণ্ স্বার্থে। বি; পুং।

মারুতি—ভীম; হনুমান্। মরুৎ (পবন)+ইঞ্ অপত্যার্থে। বি; পুং।

মারোয়াড়ী, মাড়োয়ারী—মারবাড় দেশবাসী। মারোয়াড়, মাড়োয়ার+ঈ। বি বা বিণ।

মার্কণ্ড, মার্কণ্ডেয়—কল্পান্তজীবী মুনি; মৃকণ্ডু মুনির পুত্র। মৃকণ্ডু শব্দ+অণ্, এয় অপত্যার্থে। বি; পুং।

মার্কা—চিহ্ন, দাগ। ইং 'Mark' শব্দজ। বি।

মার্কামারা—চিহ্নিত, নির্ব্বাচিত; শ্রেষ্ঠ। বহুব্রী। বিণ।

মার্কিন—আমেরিকাদেশীয়; একপ্রকার মোটা কাপড়। ইং 'American' শব্দজ। বি বা বিণ।

মার্গ—১। পন্থা, পথ। মৃজ্ (ভূষিত করা)+ঘঞ্ কর্ম্মবা। ২। অন্বেষণ। মার্গ্ (অন্বেষণ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

মার্গণ—প্রণয়; প্রার্থনা, যাচ্ঞা; অন্বেষণ। মার্গ+অনট্ ভাববা। বি; ক্লীব।

মার্গশীর্ষ—অগ্রহায়ণ মাস। মার্গশীর্ষী (পূর্ণিমাবিশেষ)+অণ্। বি; পুং।

মার্গিত—যাহা অন্বেষণ করা হইয়াছে, অন্বিষ্ট। মার্গ (অন্বেষণ)+ক্ত কর্ম্মবা। বিণ।

মার্গী—প্রাচীন ঋষিগণ-প্রবর্ত্তিত সঙ্গীত-পদ্ধতি। বি; পুং।

মার্চ্চ(র্চ)—ইংরাজী বৎসরের তৃতীয় মাস; সৈন্য ইত্যাদির সমবেতভাবে চলন। ইং March. বি।

মার্জ্জ(র্জ)ন, মার্জ্জ(র্জ)না—পরিষ্কারকরণ, শোধন, মাজা; মৃদঙ্গধ্বনি; দোষক্ষালন, ক্ষমা। মার্জ্ (মাজা ইত্যাদি)+অনট্ ভাববা; ২য় পক্ষে মার্জ্+অন ভাববা+আপ্। বি; ক্লীব ও স্ত্রী।

মার্জ্জ(র্জ)নী—খিঝরী, খ্যাঙরা, ঝাঁটা (Broom); ব্রুশ (Brush). মার্জ্ (মাজা)+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

মার্জ্জ(র্জ)নীয়—ক্ষমার যোগ্য। মার্জ্জ্+অনীয় কর্ম্মবা। বিণ।

মার্জ্জা(র্জা)র—বিড়াল; খট্টাশ। মৃজ্ (শোধন করা)+আরন্ কর্ত্তৃবা। বি; পুং।

মার্জ্জি(র্জি)ত—নির্দ্দোষীকৃত; পরিষ্কৃত। মার্জ্জ্ (মাজা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

মার্জ্জি(র্জি)ত-রুচি—১। শিক্ষাদীক্ষার গুণে জাত উত্তম প্রবৃত্তিযুক্ত। বহুব্রী। বিণ। ২। শিষ্টজনের মত প্রবৃত্তি। কর্ম্মধা। বি; স্ত্রী।

মার্ত্ত(র্ত)ণ্ড—তপন, সূর্য্য; আকন্দ বৃক্ষ; শূকর। মৃতণ্ড+অণ্। বি; পুং।

মার্দ্দ(র্দ)ঙ্গিক, –ঙ্গিক—মৃদঙ্গবাদক। মৃদঙ্গ+ঠিক। বিণ; ত্রি। স্ত্রী,–কী।

মার্দ্দ(র্দ)ব—মৃদুতা, কোমলত্ব। মৃদু+অণ্ ভাবার্থে। বি; ক্লীব।

মার্ব্বে(র্বে)ল, মারবেল—প্রস্তরবিশেষ; খেলিবার ভাঁটা বা গুলি। ইং Marble. বি।

মাল—১। জাতিবিশেষ, সর্পধারক, সর্পখেলক; সাপের ওঝা। মল+অণ্। ২। উন্নতক্ষেত্র। বন। মা (পরিমাণ করা)+লন্ করণবা। ৩। দ্রব্য; পণ্যদ্রব্য; বিত্ত, ধন; যে জমির জন্য খাজানা দিতে হয়; মস্ত, থেনো মদ। আর্বী। ৪। দুনী (দ্রোণী) দ্বারা ক্ষেত্রে জলসেচনের সময়ে বংশদণ্ডের মস্তকে যে মাটির ভার চাপান হয়। প্রাদে। ৫। পালোয়ান: মাল্য। 'মল্ল' শব্দজ। বি।

মালকচ্ছ—মালকোঁচা (তাহা দ্রঃ)। প্রাঃ কবিপ্র। বি।

মালকোঁচা—মল্লদিগের ন্যায় কাপড় শক্ত করিয়া জড়াইয়া পরা। দেশজ। বি।

মালকোশ, –কোষ—(সঙ্গীতে) রাগবিশেষ। বি।

মালখানা—ধনাগার, কোষাগার, খাজানাখানা। ৬ষ্ঠীতৎ। বি।

মালগাড়ী—রেলগাড়ীর যেগুলিতে শুধু মাল লওয়া হয়। ৬ষ্ঠীতৎ। বি। [বি।

মালগুজার—জমির করদাতা। আর্বী।

মালগুজারদার—যে প্রজা সাক্ষাৎভাবে ভূস্বামীকে খাজানা দেয়। মালগুজার+দার। বি। [+ই। বি।

মালগুজারি—জমির খাজানা। মালগুজার

মালগুদাম—মালপত্র রাখিবার গুদাম। ৬ষ্ঠীতৎ। বি। [আর্বী। বি।

মালজমি—জমিদারের তায়দাদভুক্ত জমি।

মালঝাঁপ—ছন্দোবিশেষ। বি।

মালঞ্চ—কুসুমোদ্যান, ফুলবাগান। 'মালামঞ্চ' শব্দজ। বি।

মালতী—জাতীলতা; যুবতী; নিশা; চন্দ্রিকা; কলিকা; নদীবিশেষ; পঞ্চদশাক্ষর ছন্দোবিশেষ। মা (মা)—লত্ (আঘাত করা)+অচ্ কর্তৃবা+ঙীপ্। বি; স্ত্রী।

মালতীলতা—স্বনামখ্যাত লতা; বাঙ্গালা ছন্দোবিশেষ। বি; স্ত্রী।

মালপুয়া, –পো—তৈল বা ঘৃতপক্ক আটা, গুড় প্রভৃতির পিষ্টকবিশেষ। দেশজ। বি।

মালব—অবন্তি দেশ, আধুনিক মালওয়া; রাগবিশেষ, ষড়্‌রাগের প্রথম রাগ, মতান্তরে ইহাই ভৈরব রাগ। বি; পুং।

মালবৈদ্য—সর্পদংশন চিকিৎসক মাল, সাপের ওঝা। দেশজ। বি।

মালভূমি—যে বিশাল ভূভাগ অপেক্ষাকৃত অধিক উন্নত, তাহাকে মালভূমি (Plateau) বলে। মধ্য এসিয়া একটী প্রকাণ্ড মালভূমি। কর্ম্মধা। বি; স্ত্রী।

মালমশলা—উপকরণ, উপাদান। দ্বন্দ্ব। বি।

মালসা—মৃৎপাত্রবিশেষ, একপ্রকার শরাব। দেশজ। বি।

মালসাট—মাল-কোঁচা; মল্লদিগের আস্ফালন। দেশজ। বি।

মালসাভোগ—(বৈষ্ণবদিগের মধ্যে প্রচলিত) দেবোদ্দেশে মালসানামক পাত্রে নিবেদিত ভোজ্য দ্রব্য। ৭মীতৎ। বি।

মালসী—১। কেশপুষ্ট বৃক্ষ; রাগিণীবিশেষ, মালবরাজের পত্নী; শ্যামাসঙ্গীত। বি; স্ত্রী। ২। মালসা-ভোগী। দেশজ। বিণ বা বি; পুং। ৩। ব্যবস্থাপক সভার সভ্য। ইং M. L. C. বি।

মালা—১। মাল্য; হার; শ্রেণী, সারি; সমূহ। মা—লা (গ্রহণ করা)+ক কর্তৃবা +আপ্। বি; স্ত্রী। ২। মাল্যগুটিকা; নারিকেলের খোলক বা তাহার পাত্র। 'মালক' শব্দজ। বি। [শব্দজ। বি।

মালাই—দুধের সর। ফার্সী 'বালাই'

মালাইকারী—গরমমশলা ইত্যাদি সহযোগে রন্ধিত একপ্রকার ব্যঞ্জন। দেশজ। বি।

মালাইচাকি, –কী—হাঁটুর হাড়। দেশজ। বি।

মালাইবরফ—দুধ-জমান বরফ ; কুল্পিবরফ। মধ্যপ কর্ম্মধা। বি।

মালাকার—১। মাল্যকারক, মালাপ্রস্তুত-কারী। বিণ। ২। মালী জাতি। মালা—কৃ (করা)+অণ্ কর্ত্তৃবা। বি ; পুং।

মালাবদল—বরকন্তার মাল্যবিনিময় ; মাল্যবিনিময় দ্বারা বিবাহ, কণ্ঠীবদল। ৬ষ্ঠীতৎ। বি।

মালাম, —মো—মল্লক্রীড়া, পালওয়ানী, কুস্তি। মাল+আম, আমো। বি।

মালিক—১। মাল্যকার। মালা+ইক। বিণ। স্ত্রী,—কী। ২। স্বত্বাধিকারী, স্বামী, প্রভু। আর্বী। বি।

মালিকা—পুষ্পমালা, ফুলের মালা ; নদী-বিশেষ ; মালা ; মল্লিকা ; পুত্রী ; মগু। মালা+কন্+আপ্। বি ; স্ত্রী।

মালিকানা,-কানী—১। মালিকী, অধিকারীর প্রাপ্য। বিণ। ২। মালিকী স্বত্ব বা উপস্বত্ব, স্বামিত্ব। মালিক+আনা, আনী। বিণ।

মালিনী—১। মাল্যযুক্তা। বিণ ; স্ত্রী। ২। মালাকারজাতীয়া স্ত্রী ; দুর্গা ; চম্পা-নগরী ; মন্দাকিনী নদী ; পঞ্চদশাক্ষর ছন্দঃ। মালা+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বি ; স্ত্রী।

মালিন্য—মলিনতা ; মল ; কলুষ। মলিন+ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

মালিশ, —স—মর্দ্দন ; মর্দ্দনীয় ঔষধ। ফার্সী। বি।

মালী (মালিন্)—১। মাল্যযুক্ত ; মাল্য-কার। মালা+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—লিনী। ২। মালাকার জাতি। বি ; পুং। ৩। উদ্যানপাল। দেশজ প্রঃ। বি।

মালুম—বোধ, অনুভূতি, জ্ঞান, জানা। আর্বী। বি।

মালো—১। জালজীবী জাতিবিশেষ, ধীবর। দেশজ। বি। ২। নিম্ন, বসা ; সমতল, ঢালু নহে। প্রাদে। বিণ।

মালোপমা—কাব্যের একপ্রকার অলঙ্কার ; [এক উপমেয়ের বহু উপমান থাকিলে এই অলঙ্কার হয়]। বি ; স্ত্রী।

মাল্য—মালা ; পুষ্প ; শিরোমালা। মালা+যৎ হিতার্থে বা ষ্যঞ্ স্বার্থে। বি ; ক্লীব।

মাল্যবান্ (-বৎ)—১। মালাধারী, হারবিশিষ্ট। মাল্য+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—বতী। ২। পর্ব্বতবিশেষ ; রাক্ষসবিশেষ, সুকেশ রাক্ষসের পুত্র। বি ; পুং।

মাল্যবিনিময়—মালাবদল ; বিবাহকালে বরকন্তার পরস্পর মালা বদলান। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মাল্লা—নাবিক ; জাতিবিশেষ। আর্বী। বি।

মাশুল—মাসুল দ্রঃ।

মাষ—মাষকলায় ; মূর্খ ; স্বর্ণাদির পরিমাণ-বিশেষ, ৫ বা ২০ কুঁচ পরিমাণ মাষা। মষ+ণ কর্ত্তৃবা। বি ; পুং। [বি ; পুং।

মাষক—পাঁচ রতি। মষ+কন্ স্বার্থে।

মাষভক্তবলি—মাষকলায় ও তণ্ডুল-মিশ্র পূজোপহার। মাষ যুক্ত যে ভক্ত (ভক্ষ্য) সে মাষভক্ত, মধ্যপ কর্ম্মধা ; মাষভক্তই যে বলি, কর্ম্মধা। বি ; পুং।

মাষা—মাষকলায়ের ভারসদৃশ ওজন, $\frac{1}{১২}$ বা $\frac{১}{৮}$ তোলা। 'মাষক' শব্দজ। বি। [বি।

মাষ্টার—শিক্ষক ; অধ্যক্ষ। ইং Master.

মাষ্টারি—শিক্ষকের পদ বা কাজ ; অধ্যক্ষতা। মাষ্টার+ই। বি।

মাস—১। শুক্ল ও কৃষ্ণ উভয় পক্ষান্তক কাল ; বৎসরের দ্বাদশ ভাগের এক ভাগ, বৈশাখাদি দ্বাদশ। মা—অস্ (ক্ষেপণ করা)+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং। ২। মাংস। 'মাংস' শব্দজ। বি। [৬ষ্ঠীতৎ। বি।

মাসকাবার—মাসের অবসান, মাসশেষ।

মাসতুত—মাসী সম্পর্কীয় (যেমন "মাসতুত' ভাই) ; মাসীপুত্র। মাসী+তুত অপত্যার্থে। বিণ।

মাসমাহিনা—মাসিক বেতন। ৬ষ্ঠীতৎ। বি।

মাস-শাশুড়ী—শাশুড়ীর ভগ্নী, মাসাশ। দেশজ। বি ; স্ত্রী।

মাস-শ্বশুর—পতি বা পত্নীর মেসো, শাশুড়ীর ভগ্নীপতি। দেশজ। বি; পুং।

মাসহরা, মাসহারা—মাসিক বেতন বা বৃত্তি, মাহিয়ানা। আর্বীমূলক। বি।

মাসান্ত—অমাবস্যা; সংক্রান্তি। ৬ষ্ঠীতৎ কিংবা বহুব্রী। বি; পুং।

মাসাশ—মাস-শাশুড়ী। দেশজ। বি; স্ত্রী।

মাসি, মাসী—মাতার ভগ্নী। 'মাতৃষস্' শব্দজ। বি; স্ত্রী।

মাসিক—১। প্রতি মাসে কর্ত্তব্য শ্রাদ্ধ। বি; ক্লীব। ২। মাস সম্বন্ধীয়; প্রতিমাসে জাত বা প্রকাশিত; মাসে মাসে কর্ত্তব্য বা দেয়। মাস+ইক। বিণ। স্ত্রী,—কী।

মাসী—মাসি দ্রঃ। [আর্বী। বি।

মাসুল, মাশুল—কর, ভাড়া, খরচা।

মাস্টার—মাষ্টার দ্রঃ।

মাস্তুল—নৌকাদির পাইলদণ্ড। পোর্তু 'Mastro' শব্দজ। বি।

মাহ, মাহা—মাস; মাঝ; মধ্যে। প্রাঃ কবিপ্র। বি বা অব্য।

মাহয়ারি—মাসিক। ফার্সী। বিণ।

মাহা—১। মাস। ফার্সীমূলক। বি। ২। মধ্যে। প্রাঃ কবিপ্র। অব্য।

মাহাজনিক—মহাজনসম্বন্ধীয়। মহাজন+ইক। বিণ।

মাহাত্ম্য—মহত্ব, মহিমা; গৌরব। মহাত্মন্ (মহাত্মা)+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

মাহিনদার—বেতনভোগী; ভৃত্য। মাহিনা+দার। বি বা বিণ।

মাহিনা, মাহিয়ানা—মাসিক বেতন, মাসহারা, দরমাহা; বেতন মাত্র। আর্বী। বি।

মাহিষ্মতী—রাজা শিশুপালের নগরী; চুলিমহেশ্বর; নর্ম্মদা নদীতীরস্থ নগরবিশেষ। বি; স্ত্রী।

মাহিষ্য—১। ক্ষত্রিয়ের ঔরসে বৈশ্যার গর্ভজাত জাতি; অধুনা কৈবর্ত্তেরা আপনা-দিগকে মাহিষ্য বলিয়া পরিচয় দিয়া থাকেন। মহিষী শব্দ+ষ্যঞ্ অপত্যার্থে। বি; পুং। ২। মহিষ বা মহিষী সম্বন্ধীয়। মহিষ বা মহিষী শব্দ+ষ্যঞ্ সম্বন্ধার্থে। বিণ।

মাহুত—হস্তিপক, গজচালক। 'মহামাত্র' শব্দজ। বি।

মাহেন্দ্র—১। মহেন্দ্রসম্বন্ধীয়। মহেন্দ্র+অণ্। বিণ। স্ত্রী,—ন্দ্রী। ২। শুভযোগ-বিশেষ। বি; পুং।

মাহেশ্বরী—১। মহেশ্বরসম্বন্ধীয়া। বিণ; স্ত্রী। ২। শিবানী, দুর্গা; মাতৃবিশেষ। মহেশ্বর+অণ্+ঈপ্। বি; স্ত্রী।

মিউ—বিড়ালের শব্দ। দেশজ। অব্য।

মিউনিসিপ্যাল—নগরশাসন-সংক্রান্ত। ইং Municipal. বিণ।

মিউনিসিপ্যালিটি—নিজ নাগরিক দ্বারা শাসিত নগর; শহরবাসীদের প্রতিনিধিবর্গ কর্ত্তৃক সহরের পরিচ্ছন্নতা, রাস্তাঘাট প্রভৃতি রক্ষার বিধান। ইং Municipality. বি।

মিছরি—গুড়োৎপন্ন দ্রব্যবিশেষ, সিতোপলা। আর্বী। বি।

মিছা—অনৃত, অসত্য; অনর্থক, বৃথা। 'মিথ্যা' শব্দজ। বি বা বিণ। [ক্রি-বিণ।

মিছামিছি—মিথ্যাভাবে, অনর্থক। দেশজ।

মিছিল—শোভাযাত্রা; মোকদ্দমার নথি, আদালতের কাগজপত্র। আর্বী। বি।

মিজরাব—সেতার প্রভৃতি বাজাইবার জন্য তারের অঙ্কুশ। আর্বী। বি।

মিঞা, মিয়া—মুসলমান ভদ্রলোক, মহাশয়। ফার্সী 'মিয়ান্' শব্দজ। বি।

মিট—মিল। দেশজ। বি।

মিটমাট—নিষ্পত্তি। দেশজ। বি।

মিটমিট—ক্ষীণ আলোকদান; অর্দ্ধনিমীলিত ভাব; পুনঃ পুনঃ চোখ মেলা ও বুজা। দেশজ। অব্য।

মিটমিটে—যাহা মিটমিট করে; ক্ষীণ; প্রচ্ছন্ন। মিটমিট+এ। বিণ।

মিটা—নিষ্পত্তি হওয়া, শেষ হওয়া। বাং ক্রি।

মিটান, মেটান—চুকান, নিষ্পত্তি করা, শেষ করা। বাং ক্রি।

মিটিমিটি—মিটমিট করিয়া। দেশজ। ক্রি-বিণ।

মিঠা—মিষ্ট। 'মিষ্ট' শব্দজ। বি বা বিণ।

মিঠাই, মেঠাই—মিষ্টান্ন, লড্ডুক, মোদক; দাল হইতে প্রস্তুত লাড়ু বিশেষ। মিঠা+ই আছে অর্থে। বি।

মিড়, মীড়—কড়িখেলার যে প্রথম দান পায়; (সঙ্গীতে) এক স্বর হইতে ক্রমশঃ উচ্চ বা নিম্নস্বরে গমন। দেশজ। বি।

মিত—পরিমিত; পরিচ্ছিন্ন; স্বল্প; অঙ্গীকৃত; জ্ঞাত; সঞ্চিত; অনুমিত; শব্দিত। মা (পরিমাণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

মিতবর—বিবাহকালে যে বালক সহচররূপে বরের পার্শ্বে থাকে, কোলবর। 'মিত্রবর' শব্দজ। বি।

মিতব্যয়—পরিমিত ব্যয়, আয় দেখিয়া ব্যয়; সংযতভাবে খরচ। কর্ম্মধা। বি; পুং।

মিতব্যয়ী (–ব্যয়িন্)—পরিমিতব্যয়কারী, অল্পব্যয়ী। মিতব্যয়+ইন্। বিণ। স্ত্রী,–য়িনী।

মিতভাষী (–ভাষিন্)—অল্পভাষী, অধিক কথা কহে না এরূপ, বাচাল নয়। মিত (অল্প)–ভাষ্ (বলা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ষিণী।

মিতভোজী (–জিন্)—পরিমাণমত ভোজনকারী, অল্পাহারী। মিত–ভুজ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–জিনী।

মিতা, মিতে—মিত্র, বন্ধু, সাঙাত। 'মিত্র' শব্দজ। বি।

মিতাক্ষরা—হিন্দুদিগের দায়ভাগ নির্দ্দেশক প্রসিদ্ধ স্মৃতিগ্রন্থ। মিত অক্ষর যাহাতে, বহুব্রী। বি; স্ত্রী। [হার। কর্ম্মধা। বি; স্ত্রী।

মিতাচার—নিয়মিত আচরণ; সংযত ব্যব-

মিতাচারী (–চারিন্)—মিতাচারপরায়ণ, সংযমী। মিত–আ–চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–রিণী।

মিতালি, –লী—মিত্রতা, মৈত্রী, সখ্য, বন্ধুতা। মিতা+লি, লী ভাবে। বি।

মিতাহার—পরিমিত ভোজন। কর্ম্মধা। বি; পুং। বিণ,–রী (–রিন্)।

মিতি—পরিমাণ; পরিচ্ছেদ; জ্ঞান। মা (পরিমাণ করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

মিতিন—বন্ধুপত্নী। মিতা+ইন পত্নী অর্থে। বি; স্ত্রী।

মিত্র—১। সুহৃৎ, বন্ধু, সখা। বি; ক্লীব। ২। একক্রিয়, একবিধ ক্রিয়ান্বিত; স্নিগ্ধ। বিণ। ৩। সূর্য্য। মি+ত্র কর্ত্তৃবা। বি; পুং।

মিত্রতা, –ত্ব—মৈত্র, সখ্য, বন্ধুতা। মিত্র+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

মিত্রলাভ—বন্ধুপ্রাপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মিত্রাক্ষর-ছন্দঃ (–ছন্দস্), **–ছন্দ**—যে ছন্দে দুই চরণের শেষের অক্ষরের মিল থাকে। কর্ম্মধা। বি; ক্লীব।

মিত্রাবরুণ—আদিত্য ও বরুণ। মিত্র (সূর্য্য) ও বরুণ, দ্বন্দ্ব। বি; পুং।

মিথঃ (**মিথস্**)—অন্যোন্য, পরস্পর; গোপনে। মিথ্+অস্ ভাববা। অব্য।

মিথিলা—জনকরাজার পুরী, বর্ত্তমান ত্রিহুত। মন্থ্ (বধ করা)+ইলচ্ অধিবা+আপ্। বি; স্ত্রী।

মিথুন—স্ত্রীপুরুষ; মেষাদি দ্বাদশ রাশির তৃতীয় রাশি; যুগ্ম; দ্বন্দ্ব; মিলন; স্ত্রীপুরুষসঙ্গম। মিথ্ (বধ করা)+উনন্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

মিথ্যা—অসত্য, অনৃত; কাল্পনিক; বৃথা। মিথ্ (বধ করা)+ক্যপ্ কর্ম্মবা+আপ্। অব্য।

মিথ্যাচরণ—মিথ্যাপূর্ণ ব্যবহার, কপটাচার; মিথ্যাকথন। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

মিথ্যাচারী (–চারিন্)—কপটাচারী; মিথ্যাপূর্ণ বাক্য ব্যবহারকারী; মিথ্যাবাদী। মিথ্যা–আ–চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,–রিণী। বি,–চারিতা।

মিথ্যাবাদী (–বাদিন্)—অনৃতভাষী, যে মিথ্যা বলে, মিথ্যুক। মিথ্যা–বদ্ (বলা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–দিনী।

মিথ্যাভাষী (–ভাষিন্)—অসত্যকথক, মিথ্যাবাদী। মিথ্যা–ভাষ্ (বলা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –ষিণী।

মিথ্যুক—মিথ্যাবাদী। মিথ্যা+উক। বিণ।

মিনতি—বিনতি, বিনীত প্রার্থনা; অনুনয়। 'বিনতি' শব্দজ। বি।

মিন্‌মিন্—ক্ষীণতার লক্ষণ প্রকাশ। দেশজ। অব্য। বিণ, –মিনে।

মিন্‌সা, –সে—(অবজ্ঞায়) বয়ঃপ্রাপ্ত পুরুষ, মনুষ্য, লোক। 'মানুষ' শব্দজ। বি; পুং। স্ত্রী, মাগী।

মিনা—ধাতুপাত্রাদিতে প্রযুক্ত কাচবৎ বর্ণক (Enamel). ফার্সী। বি।

মিনার—স্তম্ভাকৃতি চূড়া বা মন্দির। ফার্সী। বি। [অব্যয়।

মিনি—ব্যতীত, বিনি। 'বিনা' শব্দজ।

মিনিট—এক ঘণ্টার ৬০ ভাগের একভাগ সময়, কলা। ইং Minute. বি।

মিয়া—প্রধান ব্যক্তি; প্রভু; মহাশয়। ফার্সী 'মিয়ান্' শব্দজ। বি।

মিয়াদ—সময়, কাল; নির্দ্দিষ্টকাল; কারাভোগ, কয়েদ। আর্বী। বি।

মিয়াদী—নির্দ্দিষ্টকালব্যাপী, অচিরস্থায়ী। মিয়াদ+ঈ। বিণ।

মিয়ান, মিয়ন—১। বাসি হওয়া, কড়কড়ে না থাকা। বাং ক্রি। ২। বাসি, যাহা কড়কড়ে নয় এরূপ। বিণ।

মির, মীর—প্রধান ব্যক্তি, সর্দ্দার, মণ্ডল। আর্বী। বি।

মিরগেল—বড় পোনা মাছবিশেষ, মৃগেল (রোহিত জাতীয়)। দেশজ। বি।

মির্জ্জা(র্জা)—মুসলমানদের পদবীবিশেষ। ফার্সী। বি। [বি।

মির্জ্জা(র্জা)ই—একরকম চাপকান। ফার্সী।

মিল—১। ঐক্য, মিলন, মিশ; সদ্ভাব; পদ্যের দুই চরণের শেষে অক্ষরসাম্য; তুলনা; খাপ (Fit). দেশজ। ২। যন্ত্র, যাঁতা, কল। ইং Mill. বি।

মিলন—মিশ্রণ; ঐক্য; সংযোগ। মিল (সংশ্লিষ্ট হওয়া)+অনট্ ভাববা। বি; ক্লীব।

মিলনান্ত—নায়কনায়িকার মিলনে যাহার পরিসমাপ্তি। বহুব্রী। বিণ। [বি।

মিলমিলা—শিশুর হাম রোগ। প্রাদে।

মিলা, মেলা—একত্র হওয়া, যুক্ত হওয়া; মিশ্রিত হওয়া, জোটা, প্রাপ্ত হওয়া; সদৃশ বা সমান হওয়া; খাপ খাওয়া; উন্মীলন করা, চাওয়া; ঠিক হওয়া; মিলবিশিষ্ট হওয়া। বাং ক্রি।

মিলান, মেলান—মিলিত করা, মিশান; (পদ্য) মিল করা; তুলনা করা; গলিয়া যাওয়া, লীন হওয়া; উন্মীলিত করান। বাং ক্রি।

মিলামিশা, মেলামেশা—সংসর্গ, ঘনিষ্ঠতা; দেখাশুনা ও সঙ্গ। দ্বন্দ্ব। বি।

মিলিত—সংযুক্ত; একত্রীভূত; মিশ্রিত। মিল্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, –তা।

মিশ—১। মিশ্রণ, মিল। 'মিশ্র' শব্দজ। বি। ২। মিশি বা মসীর তুল্য (কাল)। 'মসী' শব্দজ। বিণ।

মিশকালো—মিশির মত কালো। উপমান কর্ম্মধা। বিণ।

মিশা—মিশ্রিত বা মিলিত হওয়া, যোগ দেওয়া, সংসর্গে থাকা। বাং ক্রি।

মিশান—মিশ্রিত করা, মিলিত করা। বাং ক্রি।

মিশামিশি, মেশামিশি—সংসর্গ, ঘনিষ্ঠতা। দেশজ। বি।

মিশাল, মেশাল—মিশ্রণ, ভেজাল, যোগ। মিশা+ল ভাববা। বি।

মিশালী, মিশুলী—মিশ্রিত। (যেম 'পাঁচমিশালী')। মিশা+লী। বিণ।

মিশি, মিসি—দাঁত কাল করিবার মাজন; কববিশেষ। 'মসী' শব্দজ। বি।

মিশুক—মিলনানুরাগী, আসঙ্গপ্রিয়, সুসামাজিক। মিশ্+উক কর্তৃবা। বিণ।

মিশ্র—মিলিত; সংযুক্ত; (অন্য শব্দে

পরে থাকিলে) শ্রেষ্ঠ, মান্য। মিশ্র্ (যোগ করা)+ঘঞ্ কর্ম্মবা। বিণ; ত্রি। **মিশ্র-পদার্থ**—বিভিন্ন প্রকৃতির পরমাণুযোগে উৎপন্ন দ্রব্য।

মিশ্রণ—মিলন, সংযোগ, মিশন; একত্রীকরণ, ঐক্য; সঙ্কলন। মিশ্র্ (যুক্ত হওয়া)+ অনট্ ভাববা। বি; ক্লীব।

মিশ্রললিত—ছন্দোবিশেষ। বি।

মিশ্রিত—মিলিত, সংযুক্ত, একত্রীভূত। মিশ্র্ (যুক্ত হওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ।

মিষ্ট—১। মধুর রস। বি; পুং। ২। সুস্বাদ, মধুর, প্রীতিপ্রদ। বিণ। ৩। মিষ্টান্ন। মিষ্+ ক্ত কর্ম্মবা। বি; ক্লীব।

মিষ্টমুখ, মিষ্টিমুখ—গৃহস্বামীর তুষ্টির নিমিত্ত অভ্যাগত জনের মিষ্টান্ন ভক্ষণ, জলযোগ করণ। বহুব্রী। বি।

মিষ্টান্ন—মিষ্ট দ্রব্য, মিষ্ট রসযুক্ত ভক্ষ্য দ্রব্য, মিঠাই, সন্দেশ। কর্ম্মধা। বি; ক্লীব।

মিস্ত্রী—কারিগর, শিল্পী। পোর্তু 'Mestera' শব্দজ। বি। [বিণ।

মিহি—সূক্ষ্ম, সরু। ফার্সী 'মহীন্' শব্দজ।

মিহিদানা—একপ্রকার মিঠাই; মতিচুর। বহুব্রী। বি।

মিহির—সূর্য্য; চন্দ্র; মেঘ; বায়ু; বৃদ্ধ; রাজা বিক্রমাদিত্যের সভাপণ্ডিতবিশেষ। মিহ্ (সেক করা)+কিরচ্ কর্ত্তৃবা। বি; পুং।

মীন—মৎস্য, মাছ, বিষ্ণুর অবতারবিশেষ, মেষাদি দ্বাদশ রাশির সর্ব্বশেষ রাশি। মী (বধ করা ইত্যাদি)+নক্ কর্ত্তৃবা। বি; পুং।

মীনকেতন, —ধ্বজ—কন্দর্প, কাম; সমুদ্র। বহুব্রী। বি; পুং।

মীনা—মিনা (তাহা দ্রঃ)।

মীনাক্ষ—১। মৎস্যের ন্যায় নেত্রবিশিষ্ট। মীনের অক্ষির ন্যায় অক্ষি যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ক্ষী। ২। রাক্ষসবিশেষ। বি; পুং।

মীনাক্ষী—১। মৎস্যনয়না। বিণ; স্ত্রী। ২। কুবেরের কন্যা; গণ্ডদূর্ব্বা; দেবীবিশেষ; শর্করা। বহুব্রী। বি; স্ত্রী।

মীনার—মিনার (তাহা দ্রঃ)।

মীমাংসক—১। নিষ্পত্তিকারক। বিণ। স্ত্রী,—সিকা। ২। মীমাংসাশাস্ত্রজ্ঞ। সনন্ত মান্ (বিচার করা)+ণক কর্ত্তৃবা। বি; পুং।

মীমাংসা—সিদ্ধান্ত; নিষ্পত্তি; জৈমিনিকৃত দর্শনশাস্ত্র [এই শাস্ত্রের নাম পূর্ব্বমীমাংসা, ইহা পনর শত সূত্রে ও নয় শত অধিকরণে, ভাষ্য, বার্ত্তিক ও বহু টীকায় সংবদ্ধ]; বেদান্তশাস্ত্র। সনন্ত মান্ (বিচার করা)+অ ভাববা+স্ত্রীলিঙ্গে আপ্। বি; স্ত্রী।

মীমাংসিত—সিদ্ধান্তিত, যাহার নিষ্পত্তি হইয়া গিয়াছে এরূপ, বিচারিত। সনন্ত মান্ (বিচার করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

মীর—মির দ্রঃ।

মীল, —ন—সঙ্কোচন, মুদ্রণ। মীল্ (নিমেষ ফেলা)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

মীলিত—সঙ্কুচিত; মুদ্রিত, অপ্রফুল্ল। মীল্ (নিমেষ ফেলা)+ক্ত কর্ম্মবা। বিণ।

মুই—বক্তা স্বয়ং, আমি। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

মুকাবলা, মুকাবিলা—সম্মুখে উপস্থিতি। ফার্সীমূলক। বি।

মুকরর—স্থায়ী, নির্দ্দিষ্ট। আর্বী। বিণ।

মুকুট—মকুট দ্রঃ।

মুকুতা—মৌক্তিক, মতি। 'মুক্তা' শব্দজ। কবিপ্র। বি।

মুকুন্দ—বিষ্ণু; নিধিবিশেষ; পারদ। মুকু (মোক্ষ, মুক্তি)—দা+ক কর্ত্তৃবা। বি; পুং।

মুকুর—আদর্শ, দর্পণ; কুলালদণ্ড; বকুলবৃক্ষ। মনক্+উর কর্ত্তৃবা। বি; পুং।

মুকুল—মকুল দ্রঃ।

মুকুলিত—অর্দ্ধমুদ্রিত; অর্দ্ধবিকসিত, আধফুটন্ত; মুকুলযুক্ত। মুকুল+ইত জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

মুকুলোদ্গম—মুকুলোৎপত্তি, মুকুলের জন্ম, কুঁড়ির উদ্ভব। ৬তীতৎ। বি; পুং।

মুক্ত—১। মুক্তিপ্রাপ্ত, লব্ধমোক্ষ। মুচ্+ক্ত কর্ম্ম-কর্ত্তৃবা। ২। ত্যক্ত; উন্মুক্ত, খোলা। মুচ্ +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, মুক্তা।

মুক্তকচ্ছ—কাছা-খোলা। মুক্ত হইয়াছে কচ্ছ যৎকর্ত্তৃক বা যাহার, বহুব্রী। বিণ।

মুক্তকণ্ঠ—যাহার বলিতে দ্বিধা বা সঙ্কোচ নাই। বহুব্রী। বিণ।

মুক্তকণ্ঠে—অনবরুদ্ধ কণ্ঠস্বরে, স্পষ্ট স্বরে, খোলা গলায়। মুক্ত হইয়াছে কণ্ঠ যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

মুক্তকেশ—১। উন্মুক্ত কেশবিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী,—শা, —শী। ২। উন্মুক্ত কেশ, খোলা চুল। কর্ম্মধা। বি ; পুং।

মুক্তবেণী—উন্মুক্ত বেণী, অবদ্ধ চুলের বিউনী ; উন্মুক্ত স্রোতঃ ; ত্রিবেণী। কর্ম্মধা। বি ; স্ত্রী।

মুক্তসঙ্গ(ইগ)—বিষয়ত্যাগী, বিরাগী ; উদাসীন। মুক্ত (ত্যক্ত) হইয়াছে সঙ্গ যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্গা।

মুক্তহস্ত—দানশীল, বদান্য ; ব্যয়শীল। মুক্ত হইয়াছে হস্ত যাহার, বহুব্রী। বিণ।

মুক্তা—১। মুক্তিপ্রাপ্তা ; উন্মুক্তা, উদ্ঘাটিতা ; ত্যক্তা। বিণ ; স্ত্রী। ২। শুক্ত্যাদিজাত বস্তুবিশেষ, মৌক্তিক, মতি ; পুংশ্চলী ; বেশ্যা। মুক্ত+আপ্। বি ; স্ত্রী।

মুক্তি—কৈবল্য, অত্যন্ত দুঃখনিবৃত্তি, অপবর্গ, মোচন ; পরিত্রাণ। মুচ্ (মুক্ত করা)+ক্তি ভাববা। বি ; স্ত্রী। মুক্তি পঞ্চবিধ ; যথা—সার্ষ্টি, সালোক্য, সারূপ্য, সাযুজ্য, নির্ব্বাণ। (১) সার্ষ্টি—ঈশ্বরের সমান ঐশ্বর্য্যশালী হওয়া। (২) সালোক্য—ঈশ্বরের সহিত একলোকে বাস। (৩) সারূপ্য—ঈশ্বরের সমান রূপ প্রাপ্ত হওয়া, চতুর্ভুজাদি মূর্ত্তিলাভ। (৪) সাযুজ্য—ঈশ্বরের সহিত অভেদে অবস্থান। (৫) নির্ব্বাণ—অদ্বৈততত্ত্বে লীন হওয়া।

মুক্তিদ, —দাতা (—দাতৃ)—মুক্তিদায়ক, মোক্ষপ্রদানকারী। মুক্তি—দা (দেওয়া)+ক কর্ত্তৃবা. ২য় পক্ষে ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—দা, —দাত্রী।

মুক্তিনামা—ছাড়পত্র ; মুক্তিপত্র। মুক্তি+নামা লিপি অর্থে। বি।

মুক্তিপত্র—ছাড়পত্র ; যে লেখ্য দ্বারা কাহাকেও খালাস দেওয়া হয় কিংবা বিষয় সম্পত্তি ছাড়িয়া দেওয়া হয় (Deed of release). মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

মুক্তিপ্রার্থী (—র্থিন্)—পরিত্রাণ লাভ করিতে ইচ্ছুক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—র্থিনী।

মুক্তিফৌজ, —সেনা—খৃষ্টীয় ধর্ম্ম-সম্প্রদায়বিশেষ (Salvation Army). ৪র্থীতৎ। বি।

মুক্তিমণ্ডপ—বিশ্বেশ্বর-মন্দিরের দক্ষিণপার্শ্বস্থ মণ্ডপবিশেষ ; জগন্নাথ-মন্দিরের দক্ষিণপার্শ্বস্থ মণ্ডপ। মুক্তিপ্রদ যে মণ্ডপ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং বা ক্লীব।

মুখ—১। আনন, বদন, গৃহাদির দ্বার ; প্রবেশপথ ; ছিদ্র ; মোহানা ; আরম্ভ ; উপায় ; নিঃসরণ ; বাক্, শব্দ ; অগ্রভাগ ; বেদ ; নাটকাদির সন্ধিবিশেষ। খন্ (খনন করা) +অচ্, কর্ম্মবা, নিপাতনে। বি ; ক্লীব। ২। প্রধান; আদ্য। বিণ। ৩। কথা ('—সামলান') ; গালি ('—করা' ; '—পোড়া') ; সম্মান ('—রাখা')। দেশজ প্রঃ। বি। **মুখে আগুন**—মরিবার জন্য গালি। **মুখ আলগা বা খারাপ করা**—অসংযত বা অশ্লীল ভাষায় গালি দেওয়া। **মুখ আলো বা উজ্জ্বল করা**—গৌরবান্বিত করা। **মুখ চাওয়া**—নির্ভর করা। **মুখ তুলিয়া চাওয়া**—প্রসন্ন হওয়া। **মুখ চুণ হওয়া**—লজ্জা নৈরাশ্য গর্ব্বনাশ ইত্যাদি জন্য মুখ বিবর্ণ হওয়া। **মুখ ভেঙান, ভেঙচান**—পরিহাসের জন্য মুখের বিকৃত অনুকরণ। **মুখ মারা**—জিহ্বার স্বাদগ্রহণক্ষমতার লোপ হওয়া। **মুখ ফোটা**—সঙ্কোচ ইত্যাদি দূর হওয়ার পর মুখে কথা বাহির হওয়া। **মুখে মুখে**—মুখস্থ রূপে। **মুখের উপর**—সামনাসামনি। **মুখে ছাই**—শত্রুর অনিষ্টকামনা-নিবারণার্থক উক্তি। [বি ; স্ত্রী।

মুখকান্তি—মুখশ্রী, মুখের শোভা। ৬ষ্ঠীতৎ।

মুখচন্দ্র—চন্দ্রের ন্যায় মনোহর মুখ। উপমিত কর্ম্মধা। বি ; পুং।

মুখচন্দ্রিকা—বিবাহকালে বরবধূর দৃষ্টি-বিনিময়। দেশজ প্রঃ। বি।

মুখচূর্ণ—লজ্জা নৈরাশ্য প্রভৃতির জন্য পাংশু-মুখ। দেশজ। বি।

মুখচোরা—স্পষ্ট করিয়া কথা বলিতে কুণ্ঠিতস্বভাব, বাক্যকথনে ভীরু, লজ্জাশীল, লাজুক। ৭মীতৎ। বিণ।

মুখচ্ছবি—মুখকান্তি, মুখশ্রী। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি।

মুখঝামটা, -নাড়া—ভর্ৎসনা, তিরস্কার।

মুখটি—ব্রাহ্মণের উপাধিবিশেষ। বি।

মুখনাড়া—তিরস্কার (স্ত্রীলোকের)। ৬ষ্ঠী-তৎ। বি।

মুখপত্র—ভূমিকা ; প্রতিনিধিস্বরূপে কথা বলিবার ক্ষমতাপত্র। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

মুখপদ্ম—পদ্মতুল্য মনোহর মুখ ; মুখরূপ পদ্ম। উপমিত বা রূপক কর্ম্মধা। বি ; ক্লীব।

মুখপাত—উপরিভাগ, অগ্রভাগ। 'মুখপত্র' শব্দজ। বি।

মুখপাতদোরস্ত—বাহ্য অনুষ্ঠান ও আদব-কায়দায় ত্রুটিহীন। বহুব্রী। বিণ।

মুখপাত্র—প্রধান, শ্রেষ্ঠ, অগ্রণী। মুখ (প্রধান) যে পাত্র, কর্ম্মধা। বি ; ক্লীব।

মুখপোড়া—গালিবিশেষ, নির্লজ্জ, বাঁদর। বহুব্রী। বিণ।

মুখফোঁড়—উচিতবক্তা। বহুব্রী। বিণ।

মুখবংশ—মুখোপাধ্যায় বংশ। বি ; পুং।

মুখবন্ধ—অনুক্রমণিকা, গ্রন্থাদির ভূমিকা, প্রস্তাবনা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মুখবিবর—মুখের গর্ত্ত। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

মুখব্যাদান—বদন-বিস্তার, হাঁ করা। ৬ষ্ঠী-তৎ। বি ; ক্লীব। [৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

মুখভঙ্গী(ংগী)—মুখবিকৃতি, মুখের ভঙ্গী।

মুখভার—ক্রোধ অভিমান বা দুঃখাদির জন্য গম্ভীর মুখ। দেশজ। বি।

মুখমণ্ডল—মুখাবয়ব, সমগ্র মুখ। কর্ম্মধা। বি ; ক্লীব। [মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

মুখমারুত—মুখনিঃসৃত বায়ু, ফুৎকার।

মুখমিষ্ট—মধুরভাষী। বহুব্রী। বিণ।

মুখর—বাচাল ; অগ্রবক্তা ; দুর্মুখ ; শব্দায়-মান ; অগ্রবর্ত্তী। মুখ+র অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—রা। [বি ; স্ত্রী।

মুখরক্ষা—মানরক্ষা, মানরাখা। ৬ষ্ঠীতৎ।

মুখরিত—রবযুক্ত ; শব্দায়মান। মুখর শব্দ+ণিচ্ (=মুখরি) নাম ধাতু+ক্ত কর্ম্মবা। বিণ। [বি ; স্ত্রী।

মুখরুচি—মুখকান্তি, মুখের শোভা। ৬ষ্ঠীতৎ।

মুখরোচক—মুখের রুচিজনক, যাহা খাইতে ভাল লাগে এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—চিকা।

মুখশশী (-**শশিন্**)—মুখচন্দ্র। রূপক বা উপমিত কর্ম্মধা। বি ; পুং।

মুখশুদ্ধি—মুখপ্রক্ষালন, দন্তমার্জ্জন, মুখ ধোয়া ; তাম্বূলাদি মুখশোধনীয় দ্রব্য। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী। [পুং।

মুখশোষ—মুখের শুষ্কতা। ৬ষ্ঠীতৎ। বি ;

মুখশ্রী—মুখকান্তি, মুখের শোভা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী। [কর্তৃবা। বিণ।

মুখস্থ—কণ্ঠস্থ ; অভ্যস্ত। মুখ—স্থা+ক

মুখাকৃতি—মুখের গড়ন। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

মুখাগ্নি—শবদাহকালে তাহার মুখে প্রদত্ত অগ্নি। মুখে অগ্নি, ৭মীতৎ। বি ; পুং।

মুখাপেক্ষা—অনুরোধ ; পক্ষপাত ; কাহারও মুখ তাকাইয়া থাকা ; অনুগ্রহপ্রত্যাশা। মুখের অপেক্ষা, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

মুখাপেক্ষী (-**ক্ষিন্**)—মুখাপেক্ষাকারী ; মুখনিরীক্ষক ; পক্ষপাতী ; অনুগ্রহপ্রত্যাশী। মুখ—অপ—ঈক্ষ্ (দেখা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ক্ষিণী। বি,—ক্ষিতা।

মুখাবয়ব—মুখের গড়ন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মুখামুখি, মুখোমুখি—সামনাসামনি, পরস্পরের অভিমুখ ; বাগ্‌যুদ্ধ, কথা কাটা-কাটি। দেশজ। ক্রি-বিণ, বিণ বা বি।

মুখামৃত—লালা, থুথু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মুখি—ওল কচু প্রভৃতির ছোট ফেঁকড়া বা অঙ্কুর। মুখ+ই তুল্যার্থে। বি।
মুখী—মুখবিশিষ্টা; অভিমুখী। বিণ; স্ত্রী। পুং, মুখো।
মুখুজ্যে,—য্যে—রাঢ়ী শ্রেণীর কুলীন ব্রাহ্মণ বংশবিশেষের উপাধি। 'মুখোপাধ্যায়' শব্দজ। বি।
মুখুটী—মুখোপাধ্যায় বংশ। দেশজ। বি।
মুখোপাধ্যায়—রাঢ়ী শ্রেণীর কুলীন ব্রাহ্মণের উপাধিবিশেষ। মুখ (প্রধান) যে উপাধ্যায়, কর্ম্মধা। বি; পুং।
মুখোশ, —ষ, —স—মুখচ্ছদ, মুখের কৃত্রিম আবরণ। 'মুখকোষ' শব্দজ। বি।
মুখ্য—প্রধান, শ্রেষ্ঠ; প্রথম। মুখ (প্রধান, আদ্য)+যৎ। বিণ। স্ত্রী, মুখ্যা।
মুগ—কলায়বিশেষ। 'মুদ্গ' শব্দজ। বি।
মুগা—মোটা রেশমবিশেষ। দেশজ। বি।
মুগুর—লগুড়, দণ্ড, যষ্টি; কোন কিছু পিটি বার যন্ত্র; ব্যায়ামার্থ দণ্ডবিশেষ। 'মুদ্গর' শব্দজ। বি।
মুগ্ধ—মূঢ়, মোহপরবশ; সরল; অল্পবুদ্ধি; বিভোর; মনোহর, সুন্দর। মুহ্ (বিমুগ্ধ হওয়া)+ক্ত কর্তৃবা। বিণ।
মুগ্ধদৃষ্টি, —নেত্র—১। বিমোহিত চক্ষুঃ; সুন্দর নয়ন; মনোহর দৃষ্টি। কর্ম্মধা। বি; স্ত্রী, ক্লীব। ২। বিমোহিত চক্ষুর্বিশিষ্ট। বহুব্রী। বিণ।
মুচকান—ঈষৎ বিকশিত করা। বাং ক্রি।
মুচ্‌কি—ঈষৎ, যাহাতে মুখ ফাঁক হয় না, চাপা। দেশজ। বিণ বা ক্রি-বিণ।
মুচড়ান, মোচড়ান—দুমড়ান, পাক দেওয়া। বাং ক্রি।
মুচলেকা—অঙ্গীকার-পত্র। তুর্কী। বি।
মুচি, —চী—১। চর্ম্মকার, চামড়ার জিনিষ প্রস্তুতকারী। পহ্‌লবী 'মোচক' (জুতা) শব্দজ। ২। মোচার মত ফল; নারিকেলের কুঁড়ি। দেশজ। বি।
মুচি—মুষা, ধাতু গলাইবার পাত্র; ছোট শরা; ক্ষুদ্র মোচার মত ফল, নারিকেলের কুঁড়ি। 'মুষা' শব্দজ। বি।
মুচুকুন্দ—বৃক্ষবিশেষ; মুনিবিশেষ; দৈত্য-বিশেষ; মহারাজ মান্ধাতার পুত্র। বি; পুং।
মুচ্ছুদ্দী—মুৎসদ্দী (তাহা দ্রঃ)।
মুছলমে—একেবারে; মোটেই। আর্বী। ক্রি-বিণ।
মুছা, —ন, মোছা, —ন—মোচন করা, মার্জ্জনা করা, লোপ করা। বাং ক্রি।
মুছি—ছোট মাটির পাত্র। 'মুষা' শব্দজ। বি।
মুজরা—নাচগানের পরখ, নৃত্যগীতাদি কার্য্য, অথবা তাহার প্রতিযোগিতা; পারিশ্রমিক; পারিতোষিক, মিনাহ; রফা, বাদ, ছাড়। আর্বী। বি।
মুঝে—আমাকে। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।
মুঞ্জ—শর, তৃণ। মুন্‌জ্ (শব্দ করা)+অচ্, কর্তৃবা। বি; পুং।
মুঞ্জরা—মুকুলিত হওয়া। কবিপ্র। ক্রি।
মুঞ্জরিত—মুকুলিত, নবপল্লবিত। মুঞ্জর শব্দ+ইত জাতার্থে। বিণ।
মুঞ্জরী—তুলসীপুষ্প; পদ্মকেশর। মুঞ্জ+অরণ্ কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।
মুট, মুঠ—মুষ্টি, কুঞ্চিত করতল; বাঁট, হাতল। 'মুষ্টি' শব্দজ। বি।
মুটকি, মুঠকি—ছিপি। দেশজ। বি।
মুটা, মুটি, মুটো, মুঠা, মুঠি, মুঠো—মুষ্টি; বাঁট, হাতল; আয়ত্তি। 'মুষ্টি' শব্দজ। বি।
মুটিয়া, মুটে—মোটবাহক। মোট+ইয়া, [এ। বি।
মুড়, মুড়া, মুড়ো—মস্তক; অগ্রভাগ। 'মুণ্ড' শব্দজ। বি। [দেশজ। বি।
মুড়কি(কী)—গুড়-মাখান খই, ওকড়া।
মুড়মুড়—অনুকার-শব্দ, চিবাইবার শব্দ। দেশজ। অব্য। বিণ, —মুড়ে।
মুড়া, মুড়ো—মস্তক। 'মুণ্ড' শব্দজ। বি।
মুড়া, মোড়া—ভাঁজ করা; জড়ান; দোমড়ান, ঢাকা দেওয়া। বাং ক্রি।

মুড়ান—মুণ্ডন করা ; অগ্রভাগ ছেদন করা, আগা বা ডগা কাটা। বাং ক্রি।

মুড়ি, –ড়ী—১। চাউলকে প্রথমে উষ্ণ করিয়া পরে তপ্ত বালিতে ভাজিলে যাহা হয়, হুড়ুম। দেশজ। ২। মস্তক। 'মুণ্ড' শব্দজ। ৩। বস্ত্রাদির ভাঁজ-করা কিনারা ; বস্ত্রাদি দ্বারা আবরণ। 'মুড়' ধাতুজ। বি।

মুড়ীঘণ্ট—মৎস্যছাগাদির মুণ্ডযোগে ঘণ্ট ব্যঞ্জনবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি।

মুড়ো—মুড়া দ্রঃ।

মুণ্ড—মস্তক, মুড়। মুনড্ (ছেদন করা) +ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং বা ক্লীব।

মুণ্ডন—কেশকর্ত্তন, মাথা মুড়ান ; কর্ত্তন, ছাঁটন। মুনড্ (ছেদন করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

মুণ্ডপাত—মস্তকচ্ছেদন, মাথা কাটা ; শাস্তি, নিগ্রহ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মুণ্ডি—ছোট মোণ্ডা। মোণ্ডা+ই ক্ষুদ্রার্থে। বি।

মুণ্ডিত—কৃতমুণ্ডন, মুড়ান। মুনড্ (ছেদন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

মুৎ, মুত—মূত, প্রস্রাব। 'মূত্র' শব্দজ। বি।

মুতা, মুতা—প্রস্রাব করা। বাং ক্রি।

মুতান, মুতান—প্রস্রাব করান। বাং ক্রি।

মুৎফরক্কা—বিবিধ, ফটকিনাটকি, নগণ্য। আর্বী 'মুতফর্রিক' শব্দজ। বিণ।

মুৎসদ্দী, –সুদ্দী—কার্য্যালয়ের তত্ত্বাবধায়ক, বাণিজ্যাগারের অধ্যক্ষ ; লেখক। আর্বী। বি।

মুত—মুৎ (তাহা দ্রঃ)।

মুথা, –থো—মুস্তক, সুগন্ধ মূলবিশিষ্ট তৃণবিশেষ। 'মুস্তক' শব্দজ। বি।

মুদা—মুদ্রিত করা বা হওয়া, বুজা। কবিপ্র। বাং ক্রি।

মুদি, –দী—বিবিধপণ্যব্যবসায়ী, বেণিয়া, দোকানী। 'মোদক' শব্দজ। বি।

মুদিখানা—মুদির দোকান। ৬ষ্ঠীতৎ। বি।

মুদিত—১। প্রীত ; হৃষ্ট ; সন্তুষ্ট। মুদ্ (হৃষ্ট হওয়া)+ক্ত কর্ত্তৃবা। ২। নিমীলিত, বদ্ধ। 'মুদ্রিত' শব্দজ। বিণ।

মুদ্গ—মুগ কলাই ; পক্ষিবিশেষ, পানকৌড়ি। মুদ্+গক্ করণবা। বি ; পুং।

মুদ্গর—মুগুর ; গদা। মুদ্—গৃ+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং [বিণ।

মুদ্দই—দুষ্মন, শত্রু, অভিযোক্তা। আর্বী।

মুদ্দৎ—মিয়াদ, সময়, সীমা। আর্বী। বি। বিণ, –তী।

মুদ্দর, মুদ্দা—মৃতদেহ, শব, লাস। ফার্সী। 'মুরদার' শব্দজ। বি।

মুদ্দাফরাস—মুর্দাফরাস (তাহা দ্রঃ)।

মুদ্রণ—মুদ্রিত করণ ; ছাপা ; নিয়মন। মুদ্রা+ণিচ্ (=মুদ্রি নামধাতু)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

মুদ্রা—১। শীলমোহর ; ছাপ ; প্রত্যয়করণ চিহ্ন ; ক্ষোদিত লিপি ; ক্ষোদিত লিপিযুক্ত অঙ্গুরীয়। মুদ্রা+ণিচ্+অচ্ করণবা+আপ্। ২। টাকা পয়সা ইত্যাদি ; আকার ; সীমা ; মদের চাট্‌নি ; দেবারাধনাকালে অঙ্গুল্যাদির সন্নিবেশবিশেষ ; গানাদি কালে হস্তমুখাদির ভঙ্গি। মুদ্ (হৃষ্ট হওয়া)+রক্ করণবা+আপ্। বি ; স্ত্রী।

মুদ্রাকর—মুদ্রণকারী, যে পুস্তকাদি ছাপে (Printer). মুদ্রা—কৃ+ট কর্ত্তৃবা। বিণ বা বি ; পুং।

মুদ্রাকরপ্রমাদ—মুদ্রণকারীর অনবধানতা ; ছাপাওয়ালার ভুল ; ছাপিবার সময় অক্ষর সাজাইবার ভুল। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মুদ্রাক্ষর—ছাপিবার হরপ বা টাইপ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

মুদ্রাঙ্ক(ণ)(ক)ন—মুদ্রিতকরণ, ছাপা বা ছাপান। মুদ্রা দ্বারা অঙ্কন, ৩য়াতৎ। বি ; ক্লীব। [দ্বারা অঙ্কিত, ৩য়াতৎ। বিণ।

মুদ্রাঙ্কি(ত)(কি)ত—মুদ্রাচিহ্নিত, ছাপা। মুদ্রা

মুদ্রাতত্ত্ব—মুদ্রাবিষয়ক বিজ্ঞান, যে বিজ্ঞানের দ্বারা মুদ্রাসমূহের উপরিভাগে উৎকীর্ণ অক্ষরাদি হইতে ঐতিহাসিক তথ্য সংগৃহীত

হয়। ইংরাজীতে ইহাকে Numismatics বলে। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মুদ্রাদোষ—স্বভাবগত হস্তমুখাদি অঙ্গভঙ্গি; অনর্থক কোনও শব্দের পুনঃ পুনঃ উচ্চারণাদি। দেশজ প্রঃ। বি। [বি; ক্লীব।

মুদ্রাযন্ত্র—ছাপার কল, প্রেস। ৬ষ্ঠীতৎ।

মুদ্রালিপি—ছাপার অক্ষর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মুদ্রিত—সঙ্কুচিত; মীলিত; ত্যক্ত; মুদ্রাঙ্কিত, ছাপা। মুদ্রা শব্দ+ইতচ। বিণ।

মুনফা, মুনাফা—লাভ, আয়। আর্বী। বি।

মুনাফাখোর—অতিরিক্ত লাভকারী বা তাহার আকাঙ্ক্ষী। মুনাফা+খোর। বিণ।

মুনাসীব—পছন্দসই; উপযুক্ত। আর্বী। বিণ। [জানা)+ই কর্তৃবা। বি; পুং।

মুনি—ঋষি; তপস্বী। মন্ (বোধ করা,

মুনিব—মনিব (দ্রষ্টব্য দ্রঃ)।

মুনিয়া—নানাবর্ণের ছোট পক্ষিবিশেষ। দেশজ। বি।

মুনীন্দ্র—মুনিবর, মুনিশ্রেষ্ঠ; বুদ্ধদেব। মুনিগণের মধ্যে ইন্দ্র, ৭মীতৎ। বি; পুং।

মুন্শী, মুন্সী—লেখক, লিপিকর, কেরাণী; হিন্দী বা উর্দ্দূ শিক্ষক; বিদ্বান্। আর্বী। বি।

মুন্শী(সী)খানা—মুন্শীর কার্য্য করিবার গৃহ। ৬ষ্ঠীতৎ। বি।

মুন্শী(সী)গিরি, মুন্সী(ন্সি)য়ানা—লিপিচাতুর্য্য; পাণ্ডিত্য; নৈপুণ্য। মুন্শী(সী)+গিরি, মুন্সী(ন্সি)+আনা ভাবে। বি।

মুন্সেফ—সর্ব্বনিম্নপদস্থ দেওয়ানী বিচারক (Munsiff). আর্বী। বি।

মুফৎ, মুফ্ত—বিনামূল্যে, অমনি, শুধুশুধু, মাঙ্গনা। আর্বী। অব্য। [বি।

মুফ্তি—মুসলমান স্মৃতিব্যবস্থাপক। আর্বী।

মুমুক্ষু—১। মোক্ষলাভেচ্ছু। সনন্ত মুচ্ (মুক্ত হইতে ইচ্ছা করা)+উ কর্তৃবা। বিণ; ত্রি। ২। যতি, সন্ন্যাসী, ভিক্ষু। বি; পুং।

মুমূর্ষু—আসন্নমৃত্যু, মরণোন্মুখ, মর মর। সনন্ত মৃ+উ কর্তৃবা। বিণ; ত্রি।

মুরগি, -গী, মুর্গী—কুক্কুটী বা কুক্কুট। ফার্সী 'মুর্গ' শব্দজ। বি।

মুরছা—১। মূর্চ্ছা। বি। ২। মূর্চ্ছিত হওয়া। কবিপ্র। ক্রি।

মুরছিত—মূর্চ্ছিত। কবিপ্র। বিণ।

মুরজ—মৃদঙ্গ, পাখোয়াজ। মুর—জন্+ড কর্তৃবা। বি; পুং।

মুরদ—শক্তি, সামর্থ্য, ক্ষমতা। ফার্সী 'মুরাদ' শব্দজ। বি।

মুরব্বি, মুরুব্বি—অভিভাবক, সহায়; প্রধান ব্যক্তি, মাতব্বর; প্রভু; প্রাচীনলোক; উপদেষ্টা। আর্বী। বি।

মুরলী—বংশী, বাঁশি; সানাই। মুর—লা+ক কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

মুরলীধর—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মুরলীধারী (-ধারিন্)—বংশীধারী; শ্রীকৃষ্ণ। মুরলী—ধৃ (ধারণ করা)+ণিন্ কর্তৃবা। বি; পুং।

মুরহর—শ্রীকৃষ্ণ। বি; পুং।

মুরারি—বিষ্ণু, শ্রীকৃষ্ণ। মুরের (মুর নামক দৈত্যের) অরি (রিপু), ৬ষ্ঠী তৎ। বি; পুং।

মুরি—নর্দ্দমা, জলনালী। দেশজ। বি।

মুরুব্বি—মুরব্বি দ্রঃ।

মুরুব্বিয়ানা—অভিভাবকত্ব; মাতব্বরি; প্রভুত্ব; বুড়ামি। মুরুব্বি+আনা। বি।

মুর্দ্দা—শব, লাস, মৃতদেহ। ফার্সী। বি।

মুর্দ্দাফরাস—শবসংকারকারী জাতিবিশেষ, গঙ্গাপুত্র। ফার্সী। বি।

মুলতবি, -বী, -তুবি—স্থগিত, ব্যাক্ষিপ্ত। আর্বী। বিণ। [বি।

মুলতান—(সঙ্গীতে) রাগবিশেষ। দেশজ।

মুলা, মূলা—মূলক, কন্দবিশেষ (তরকারি)। 'মূলক' শব্দজ। বি।

মুলাকাৎ—দর্শন, ভেট, সাক্ষাৎকার। আর্বী। বি। [শব্দজ। বি

মুলুক, মুল্লুক—দেশ, রাজ্য। আর্বী 'মুল্ক'

মুশ্‌কিল—বিপদ, ঝঞ্ঝাট। আর্বী। বি।
মুশ্‌কিল-আসান—বিপদ হইতে মুক্তি। আর্বী। বি।
মুষড়ান, মোষড়ান—দমিয়া যাওয়া: ভগ্নোৎসাহ বা বিমর্ষ হওয়া; শুষ্কপ্রায় হওয়া। বাং ক্রি।
মুষ(শ, স)ল—ঢেঁকীর মোনা প্রভৃতি; মুদ্গর। মুষ, মুশ বা মুস+কলচ্ কর্ত্তৃবা। বি; পুং বা ক্লীব।
মুষলধার—মুষলের ন্যায় ধারাবিশিষ্ট, অতি স্থূল ধারাযুক্ত। বহুব্রী। বিণ।
মুষ্ক—অণ্ডকোষ; তস্কর, চোর। মুষ্ (চুরি করা)+কক্ কর্ত্তৃবা। বি; পুং।
মুষ্কচ্ছেদ—খাসীকরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মুষ্টামুষ্টি, মুষ্টীমুষ্টি—পরস্পর মুষ্টিপ্রহার, কিলাকিলি যুদ্ধ। ব্যতীহার বহুব্রী। বি।
মুষ্টি—১। পরিমাণবিশেষ; কুঞ্চিত পাণি, মুঠা; কিল, ঘুষি; খড়্গাদির বাঁট। মুষ্ (বধ করা ইত্যাদি)+ক্তিচ্ কর্ত্তৃবা। বি; পুং বা স্ত্রী। ২। মুঠার মধ্যে যত ধরে। দেশজ প্রঃ। বিণ।
মুষ্টিবদ্ধ—মুষ্টীকৃত, যাহা মুঠা করা হইয়াছে এরূপ। ৩য়াতৎ বা ৭মীতৎ। বিণ।
মুষ্টিভিক্ষা—এক মুঠা পরিমিত চাউল ভিক্ষা। মুষ্টিমিতা ভিক্ষা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। [বিণ। স্ত্রী,—তা।
মুষ্টিমিত—মুষ্টিপরিমিত, এক মুঠা। ৩য়াতৎ।
মুষ্টিমেয়—মুষ্টিপরিমিত, এক মুঠা। ৩য়াতৎ। বিণ।
মুষ্টিযোগ—টোটকা ঔষধ, সদ্যঃ ফলপ্রদ ঔষধ। দেশজ প্রঃ। বি; পুং।
মুসড়ান—মুষড়ান (তাহা দ্রঃ)।
মুসব্বর—গন্ধদ্রব্যবিশেষ। আর্বী। বি।
মুসল—মুষল দ্রঃ। [স্ত্রী।
মুসম্মৎ, —ম্মাৎ—শ্রীমতী। ফার্সী। বিণ;
মুসলমান—ইসলাম ধর্ম্মাবলম্বী; ইসলাম। আর্বী। বি।
মুসলমানী—মুসলমান নারী; মুসলমান-সম্বন্ধীয়; মুসলমান ধর্ম্মে দীক্ষা। মুসলমান+ঈ। বি বা বিণ। [বি।
মুসলিম, মোসলেম—মুসলমান। আর্বী।
মুসাফির, মুসাফের—পর্য্যটক, ভ্রমণকারী; পথিক। আর্বী। বি।
মুসাফি(ফে)রখানা—পান্থনিবাস, সরাই। ৬ষ্ঠীতৎ। বি।
মুসাবিদা—খসড়া, পাণ্ডুলিপি (Draft). আর্বী 'মুসাবর্ত্তদাহ্' শব্দজ। বি।
মুস্কিল, মুস্কিল-আসান—মুশ্‌কিল, মুশ্‌কিল-আশান (তাহা দ্রঃ)।
মুস্ত, মুস্তক, মুস্তা—মূলবিশেষ, মুথা। মুস্ত্+অচ্ কর্ত্তৃবা; ২য় পক্ষে+কন্+আপ্; ৩য় পক্ষে+আপ্। বি; পুং, ক্লীব, স্ত্রী।
মুহুঃ(মুহুস্), মুহু—পুনঃ পুনঃ, বার বার; অত্যন্ত; সদ্যঃ। মুহ্+উস্ কর্ত্তৃবা। অব্য।
মুহুরি, —রী—১। কেরাণী, লেখক। আর্বী 'মহরিরির' শব্দজ। ২। ঝাঁঝরি, সচ্ছিদ্র লৌহাদি; পেঁচের মুখের আটক, বোল্ট; মুরি, জলনালী। আর্বী 'মুরী' শব্দজ। বি। [গিরি। বি।
মুহুরিগিরি—কেরাণীর কার্য্য। মুহুরি+
মুহুর্ম্মুহুঃ (—হুস্), —র্ম্মুহু—পুনঃ পুনঃ, বার বার। অব্য।
মুহূর্ত্ত(র্ত)—দিবারাত্রের ত্রিশভাগের এক ভাগ; অত্যল্পকাল। মূর্চ্ছ্+ক্ত কর্ত্তৃবা, নিপাতনে। বি; পুং বা ক্লীব।
মুহ্যমান—যাহার চিত্তবিকৃতি ঘটিয়াছে এরূপ; কাতর। মুহ্+শানচ্ কর্ত্তৃবা (বাংলা শব্দ)। বিণ। [বিণ।
মূক—বাক্‌শক্তিহীন, বোবা। মূ+কক্ কর্ত্তৃবা।
মূঢ়—অজ্ঞ, মূর্খ; তন্দ্রিত,: জড়। মুহ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, মূঢ়া। বি,—তা।
মূত—প্রস্রাব। 'মূত্র' শব্দজ। বি।
মূতা, মূতান—মুতা, মুতান দ্রঃ।
মূত্র—প্রস্রাব। মূত্র্+ঘঞ্ কর্ম্মবা। বি; ক্লীব।
মূত্রকৃচ্ছ্র—রোগবিশেষ (এই রোগে মূত্রত্যাগ-

কালে যন্ত্রণা বোধ হয়)। ষষ্ঠীতৎ। বি; ক্লীব।

মূত্রগ্রন্থি—মূত্রাশয়ের মুখপ্রদেশে মূত্রনিরোধ; মূত্রাধার। ষষ্ঠীতৎ। বি; পুং।

মূত্রদোষ—প্রমেহ। ষষ্ঠীতৎ। বি; পুং।

মূত্রনালী—মূত্রনির্গমের পথ। ষষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মূত্রনিরোধ—মূত্রপ্রতিবন্ধক রোগবিশেষ; মূত্রকৃচ্ছ্র। ষষ্ঠীতৎ। বি; পুং।

মূত্রাশয়—মূত্রস্থান, তলপেট; উদরের যে থলিতে মূত্র সঞ্চিত হয়। ষষ্ঠীতৎ। বি; পুং।

মুরছা—মূর্চ্ছিত হওয়া। কবিপ্র। ক্রি।

মুরতি—মূর্ত্তি শব্দের সম্প্রসারণ। কবিপ্র। বি।

মূর্খ—অজ্ঞান, অবোধ, মূঢ়। মুহ + খ কর্ত্তৃবা; নিপাতনে। বিণ। স্ত্রী, মূর্খা। বি, –তা।

মূর্চ্ছ(র্ছ)না—সঙ্গীতে সপ্তস্বরের আরোহ ও অবরোহবিশেষ; ঔষধসংস্কারবিশেষ; প্রতিফলন। মূর্চ্ছ্ (মূর্চ্ছিত হওয়া) + অন ভাববা + আপ্। বি; স্ত্রী।

মূর্চ্ছা(র্ছা)—মোহ, অচৈতন্য; ব্যাপ্তি; বৃদ্ধি; প্রতিফলন। মূর্চ্ছ্ + অঙ্ ভাববা + আপ্। বি; স্ত্রী।

মূর্চ্ছি(র্ছি)ত—মোহপ্রাপ্ত, অচেতন; বিস্তৃত; উন্নত; ব্যাপ্ত; প্রবৃদ্ধ; প্রতিফলিত। মূর্চ্ছা + ইত জাতার্থে। বিণ। স্ত্রী, –তা।

মূর্ত্ত(র্ত)—মূর্চ্ছিত; কঠিন; মূর্ত্তিমান্, আকৃতিবিশিষ্ট। মূর্চ্ছ্ + ক্ত কর্ত্তৃবা, নিপাতনে। বিণ। স্ত্রী, মূর্ত্তা।

মূর্ত্তি(র্তি)—আকার; কায়; অঙ্গ, অবয়ব; প্রতিমা; স্বরূপ। মূর্চ্ছ্ + ক্তিচ্ কর্ত্তৃবা। বি; স্ত্রী।

মূর্ত্তি(র্তি)পূজা—মূর্ত্তিনির্ম্মাণপূর্ব্বক দেবতার উপাসনা, প্রতিমাপূজা। ষষ্ঠীতৎ। বি; স্ত্রী।

মূর্ত্তি(র্তি)মান্ (–মৎ)—মূর্ত্তিবিশিষ্ট; শরীরী; কঠিন; প্রত্যক্ষ; সাক্ষাৎ। মূর্ত্তি + মতুপ্ আছে অর্থে। বিণ। স্ত্রী, –মতী।

মূর্দ্ধ(র্ধ)জ—১। মস্তকজাত। বিণ। স্ত্রী, –জা। ২। কেশ, চুল। মূর্দ্ধন্ (মস্তক) –জন্ (জন্মা) + ড কর্ত্তৃবা। বি; পুং।

মূর্দ্ধ(র্ধ)ন্য—১। মস্তক হইতে উৎপন্ন বা উচ্চারিত। বিণ। ২। মস্তক হইতে উচ্চারিত বর্ণ। মূর্দ্ধন্ (মস্তক) + যৎ ভবার্থে। বি; পুং।

মূর্দ্ধা(র্ধা) (মূর্দ্ধন্)—মস্তক, মাথা। মুর্ব্ব্ (বন্ধন করা) + কনিন্ অধিবা, নিপাতনে। বি; পুং।

মূর্ব্বা(র্বা)—লতাবিশেষ, মুগরা গাছ। ইহার সূতায় ধনুকের ছিলা হইত। মূর্ব্ব্ (যাওয়া) + ঘঞ্ করণবা + আপ্। বি; স্ত্রী।

মূল—১। বৃক্ষাদির গোড়া, শিকড়; আলু মূলা প্রভৃতি খাদ্য; আদিকারণ; প্রধান; প্রথম গ্রন্থ; স্বনগর; নিকট; পুঁজি। মূল্ (থাকা) + ক কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। মূল্য, দাম। প্রাঃ কবিপ্র। বি। [ক্লীব।

মূলক—কন্দবিশেষ, মূলা। মূল + কন্। বি;

মূলগায়ন, –গায়েন—দলের প্রধান গায়ক। কর্ম্মধা। বি।

মূলচ্ছেদ, –চ্ছেদন—গোড়া কাটিয়া ফেলা। ষষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

মূলদ—(অঙ্কে) যাহার বর্গ ঘন ইত্যাদি মূল পাওয়া যায় (Rational). মূল – দা + ক কর্ত্তৃবা। বিণ।

মূলধন—আসল ধন, পুঁজি। কর্ম্মধা। বি; ক্লীব।

মুলন, মুলান—দর করা; সব মাল একসঙ্গে ক্রয় করা। বাং ক্রি।

মূলপ্রকৃতি—আদ্যাশক্তি; প্রধান; জগৎকারণ, সাম্যাবস্থাপ্রাপ্ত সত্ত্বরজস্তমোরূপ ত্রিগুণাত্মিকা শক্তি। কর্ম্মধা। বি; স্ত্রী।

মূলমন্ত্র—প্রধান সঙ্কল্প; দেবতার ক্রীং হ্রীং শ্রীং প্রভৃতি মন্ত্র। কর্ম্মধা। বি; পুং।

মূলা—১। অশ্বিন্যাদি নক্ষত্রের ঊনবিংশ নক্ষত্র; মূলক। মূল + আপ্। বি; স্ত্রী। ২। খাদ্যমূলবিশেষ (Radish). 'মূলক' শব্দজ। ৩। ধাতুবিশেষ। প্রাঃ কবিপ্র। বি।

মূলাধার—১। গুহ্য ও লিঙ্গের মধ্যবর্ত্তী অঙ্গুলিদ্বয়পরিমিত স্থান [এই স্থানে কুলকুণ্ডলিনী বাস করেন]। মূল যে আধার, কর্ম্মধা। বি ; পুং। ২। আদি অবলম্বন, গোড়া, মূল কারণ। দেশজ প্রঃ। বি।

মূলান—মূলন দ্রঃ।

মূলীভূত—আদিহেতুভূত ; নিদানস্বরূপ। মূল শব্দ + অভূততদ্ভাবার্থে চি্ (= মূলী) – ভূ + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, – তা।

মূলোচ্ছেদ—মূল উৎপাটন, শিকড় বা গোড়া তুলিয়া ফেলা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মূলোৎপাটন—মূলোচ্ছেদ, শিকড় বা গোড়া তুলিয়া ফেলা ; সমূলে বিনাশ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

মূল্য—পণ, দাম ; ভাটক, ভাড়া ; বেতন। মূল + যৎ যোগ্যার্থে। বি ; ক্লীব।

মূল্যবান্ (– বৎ)—দামী ; বহুমূল্য ; অতি প্রয়োজনীয়। মূল্য + মতুপ্ (অতিশায়নে)। বিণ। বি, – বত্তা।

মূষা, মূষী—উন্দুরী, স্ত্রী – ইঁদুর ; ধাতু গলাইবার মূচী। মূষ্ + ক কর্ত্তৃবা + আপ্, ঈপ্। বি ; স্ত্রী। [বি ; পুং।

মূষিক—উন্দুর, ইঁদুর। মূষ্ + কিকন্ কর্ত্তৃবা।

মূষিকপর্ণী—ইঁদুরকাণী পানা। মূষিকের স্থায় পর্ণ যাহার, বহুব্রী। বি ; স্ত্রী।

মৃগ—কুরঙ্গ, হরিণ ; পশু। মৃগ্ (যাচ্ঞা করা) + ক কর্ম্মবা। বি ; পুং।

মৃগতৃষা, – তৃষ্ণা, – তৃষ্ণিকা—মরুভূমি প্রভৃতিতে জলভ্রম, মরীচিকা। মৃগের তৃষা বা তৃষ্ণা বর্ত্তে যাহাতে, বহুব্রী। বি ; স্ত্রী।

মৃগনয়না—হরিণের স্থায় নয়নবিশিষ্টা। মৃগের নয়নের স্থায় নয়ন যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বিণ ; স্ত্রী। কবিপ্র, – নয়নী।

মৃগনাভি—কস্তুরী, মৃগমদ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং বা স্ত্রী। [বিণ ; স্ত্রী।

মৃগনেত্রা—মৃগনয়না, কুরঙ্গলোচনা। বহুব্রী।

মৃগমদ—কস্তুরী। মৃগের মদ জন্মে যাহা হইতে, বহুব্রী। বি ; পুং।

মৃগয়া—বনপর্য্যটনপূর্ব্বক পশুবধ, শিকারকরণ। মৃগ (পশু) – যা (যাওয়া) + ক ঘঞর্থে + আপ্। বি ; স্ত্রী।

মৃগরাজ—চন্দ্র ; সিংহ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মৃগলাঞ্ছন—চন্দ্র। মৃগ লাঞ্ছন (চিহ্ন) যাহার, বহুব্রী। বি ; পুং।

মৃগশিরাঃ (– রস্)—মৃগশিরা নক্ষত্র। মৃগ শিরসি (মস্তকে) যাহার, বহুব্রী। বি ; পুং।

মৃগশিরা—নক্ষত্রবিশেষ, অশ্বিন্যাদি নক্ষত্রের পঞ্চম নক্ষত্র। বহুব্রী। বি ; স্ত্রী।

মৃগশীর্ষ—মৃগশিরা নক্ষত্র। মৃগ শীর্ষে (মস্তকে) যাহার, বহুব্রী। বি ; পুং বা ক্লীব।

মৃগাক্ষী—মৃগনয়না, কুরঙ্গাক্ষী, হরিণের স্থায় চক্ষুর্বিশিষ্টা। মৃগের অক্ষির স্থায় অক্ষি যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বিণ ; স্ত্রী।

মৃগাঙ্ক(ৎক)—১। মৃগচিহ্ন। মৃগই যে অঙ্ক, কর্ম্মধা। ২। চন্দ্র ; কর্পূর ; বায়ু। মৃগ অঙ্ক (চিহ্ন) যাহার, বহুব্রী। বি ; পুং।

মৃগাঙ্ক(ৎক)শেখর—শিব। বহুব্রী। বি ; পুং। [মাছ। দেশজ। বি।

মৃগাল, মৃগেল, মিরগেল—একরকম

মৃগী—১। হরিণী। মৃগ + ঙীপ্। বি ; স্ত্রী। ২। মূর্চ্ছা রোগ। দেশজ প্রঃ। বি।

মৃগেন্দ্র—পশুরাজ, সিংহ। মৃগসমূহের মধ্যে ইন্দ্র, ৭মীতৎ। বি ; পুং।

মৃগেল—মৃগাল দ্রঃ।

মৃণাল—পদ্মমূল, মোলাম্ ; পঙ্কান্তর্গত বিস। মৃণ্ (বধ করা) + কালন্ কর্ম্মবা। বি ; পুং।

মৃণালিনী—পদ্মিনী। মৃণাল + ইন্ + ঙীপ্। বি ; স্ত্রী। [কর্ম্মবা। বি ; স্ত্রী।

মৃৎ (মৃদ্)—মৃত্তিকা, মাটি। মৃদ্ + ক্বিপ্

মৃত—১। মরিয়াছে এরূপ ; মৃত্যুপ্রাপ্ত। মৃ (মরা) + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, মৃতা। ২। মরণ, মৃত্যু ; যাচ্ঞাবৃত্তি। মৃ + ক্ত ভাববা। বি ; ক্লীব।

মৃতকল্প, – প্রায়—মৃততুল্য, মরার মত। মৃত + কল্পপ্ ঈষদূনার্থে ; ২য় পক্ষে প্রায় মৃত, সুপ্সুপা। বিণ।

মৃতদেহ—শব ; জীবনহীন শরীর। কর্ম্মধা। বি ; পুং। [বহুব্রী। বিণ ; স্ত্রী।

মৃতবৎসা—যে স্ত্রীর সন্তান হইয়া বাঁচে না।

মৃতসঞ্জীবনী—যে বিদ্যাবলে মৃতকে পুনর্জীবিত করা যায়। ৬ষ্ঠীতৎ। বিণ ; স্ত্রী।

মৃতাপত্যা—মড়ুঞ্চে ; যে স্ত্রীর সন্তান বাঁচে না। মৃত হয় অপত্য যে স্ত্রীর, বহুব্রী। বিণ ; স্ত্রী।

মৃতাশৌচ—জ্ঞাতি বা নিজজনের মরণজনিত অশৌচ। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

মৃত্তিকা—মাটী। মৃদ্+তিকন্ কর্ম্মবা+আপ্। বি ; স্ত্রী।

মৃৎপাত্র—মৃত্তিকানির্ম্মিত পাত্র, মাটীর হাঁড়ী, কলসী, শরা প্রভৃতি। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং বা ক্লীব।

মৃত্যু—১। মরণ। মৃ (মরা)+ত্যুক্ ভাববা। ২। যম। মৃ+ত্যুক্ অপাবা। বি ; পুং।

মৃত্যুগ্রাস, -মুখ—কালকবল, যমের মুখ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং, ক্লীব। **মৃত্যুমুখে পতিত হওয়া**—মারা যাওয়া।

মৃত্যুঞ্জয়—মহাদেব। উপতৎ। মৃত্যু—জি (জয় করা)+খচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

মৃত্যুশয্যা—মরণতল্প, মরিবার বিছানা, যে বিছানায় মরণ হয়। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

মৃদঙ্গ(ংগ)—মুরজ, পাখোয়াজ ; খোল। মৃৎ হইয়াছে অঙ্গ যাহার, বহুব্রী। বি ; পুং।

মৃদঙ্গা(ংগা)র—পাথুরিয়া কয়লা। মৃৎ-জাত যে অঙ্গার, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং বা ক্লীব।

মৃদু—অতীক্ষ্ণ ; কোমল ; আর্দ্র। মৃদ্ (চূর্ণ হওয়া)+কু কর্ম্মবা। বিণ। স্ত্রী, মৃদু, মৃদ্বী।

মৃদুগতি—১। ধীরে গমন। কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। ধীরগামী ; মন্থর, অদ্রুত, মন্দ। মৃদু গতি যাহার, বহুব্রী। বিণ ; ত্রি।

মৃদুগামী (-গামিন্)—ধীরগামী, ধীরে ধীরে গমনকারী। মৃদু—গম্ (যাওয়া)+ণিন্ কর্ত্তৃবা। বিণ ; পুং। স্ত্রী, -মিনী।

মৃদুজল—যে জলে সহজে সাবানের ফেনা হয় (Soft water). কর্ম্মধা। বি ; ক্লীব।

মৃদুমন্দ—অতি মৃদু, অতিশয় ধীর। কর্ম্মধা। বিণ।

মৃদুল—মৃদু, কোমল, নরম। মৃদ্ (চূর্ণ হওয়া)+কুল কর্ম্মবা। বিণ। স্ত্রী, -লা।

মৃদুস্পর্শ—১। ধীরে স্পর্শ, আস্তে আস্তে ছোঁয়া। কর্ম্মধা। বি ; পুং। ২। কোমল স্পর্শযুক্ত, যাহা ছুঁইলে নরম বোধ হয়। মৃদু স্পর্শ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -র্শা।

মৃন্ময়—মৃত্তিকানির্ম্মিত, মেটে। মৃদ্ (মাটী)+ময়ট বিকারার্থে। বিণ। স্ত্রী, -য়ী।

মৃষ্ট—মার্জ্জিত ; শোধিত। মৃষ্+ক্ত কর্ম্মবা। বিণ। [May. বি।

মে—ইংরাজী বৎসরের পঞ্চম মাস। ইং

মেই—শস্যস্তূপ মাড়াইবার জন্য গো-মহিষাদির বন্ধনদণ্ড। 'মেধি' শব্দজ। বি।

মেউ—বিড়ালের ডাক ; বিড়াল ; কাজের ঝুঁকি ; সম্ভাব্য বিপদ। প্রাদে। বি।

মেও, ম্যাও—বিড়ালের ডাক ; দায়, ঝুঁকি। দেশজ। বি। **মেও ধরা**—অগ্রণী হইয়া কাজের ঝুঁকি লওয়া।

মেওয়া—১। বাদাম পেস্তা বেদানা প্রভৃতি ফল ; আরব কাবুল প্রভৃতি দেশ হইতে আনীত ফল। ফার্সী। ২। শুষ্ক ক্ষীর। প্রাদে। বি।

মেকদার—সদৃশ। আরবী। বিণ।

মেকি, -কী—কৃত্রিম, জাল, নকল। আরবী 'মকর্' শব্দজ। বি।

মেখলা—কটিভূষণ, চন্দ্রহার গোট রেট প্রভৃতি ; শরপত্রাদি নির্ম্মিত উপবীত ; গিরিনিতম্ব ; নর্ম্মদা নদী। মা—খন্+ক কর্ম্মবা+আপ্। বি ; স্ত্রী।

মেঘ—ঘন, জলধর ; (সঙ্গীতে) রাগবিশেষ। মিহ্ (জলসেক করা)+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

মেঘডম্বর—মেঘাড়ম্বর ; মেঘগর্জ্জন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

মেঘনাদ—১। মেঘগর্জ্জন। ৬ষ্ঠীতৎ। ২। বরুণ ; রাবণপুত্র ইন্দ্রজিৎ। মেঘের নাদের ন্যায় নাদ যাহার, বহুব্রী। বি ; পুং।

মেঘনির্ঘোষ—মেঘধ্বনি, মে ঘ গ র্জ ন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মেঘবাহন—ইন্দ্র। বহুব্রী। বি; পুং।

মেঘমন্দ্র—মেঘের গম্ভীরধ্বনি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মেঘমন্দ্রস্বরে—মেঘের ধ্বনির ন্যায় গম্ভীর রবে। বহুব্রী। ক্রি-বিণ।

মেঘমল্লার—মিশ্র রাগবিশেষ। বি; পুং।

মেঘলা—মেঘাচ্ছন্ন, বাদলা। মেঘ+লা। বিণ।

মেঘাগম—বর্ষাকাল। মেঘের আগম হয় যে সময়ে, বহুব্রী। বি; পুং।

মেঘাচ্ছন্ন—মেঘাবৃত, মেঘে ঢাকা। ৩য়াতৎ। বিণ।

মেঘাড়ম্বর—মেঘগর্জ্জন, মেঘের ডাক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মেঘাত্যয়, মেঘান্ত—শরৎকাল। মেঘের অত্যয় বা অন্ত হয় যে সময়ে, বহুব্রী। বি; পুং।

মেচেতা, মেছেতা—মুখে কৃষ্ণবর্ণ চিহ্ন-বিশেষ, 'মাস্তে'। দেশজ। বি।

মেছুনী—মাছওয়ালী, মৎস্যবিক্রেত্রী। মেছো+নী। বি; স্ত্রী।

মেছুয়া, মেছো—১। জেলে, মৎস্যজীবী। বি। ২। মৎস্যসম্বন্ধীয়, মাছের মত; মাছ-খেকো (যেমন 'মেছোকুমীর')। মাছ+উয়া, ও। বিণ।

মেছোবাজার, -হাটা—মা ছে র বাজার; হট্টগোলের স্থান। কর্ম্মধা। বি।

মেজ—টেবিল। ফার্সী। বি।

মেজমেজ—ঈষৎ অসুস্থতার লক্ষণ প্রকাশ। দেশজ। অব্য। বিণ, -জে।

মেজাজ—স্বভাব, মনের অবস্থা; তবিয়ৎ। আর্বী। বি। [+ঈ। বিণ।

মেজাজী—মেজাজওয়ালা; দাম্ভিক। মেজাজ

মেজে, মেঝে—গৃহাদির তল। দেশজ। বি।

মেজো, মেঝো—মধ্যম। মাঝ+ও। বিণ।

মেট—সহকারী, সহযোগী; প্রধান, সর্দ্দার; জাহাজে সারেঙ্গের সাহায্যকারী কর্ম্মচারী। ইং Mate. বি।

মেটা, মেটান—মিটা, মিটান দ্রঃ।

মেটিয়া, মেটে—১। মৃত্তিকানির্ম্মিত, মৃন্ময়, মাটির। মাটি+আ, এ। বিণ। ২। ছাগাদি পশুর যকৃৎ। দেশজ। বি।

মেটে—মৃন্ময়, মাটি দ্বারা প্রস্তুত; মাটির তুল্য, মৃৎসদৃশ। মাটি+এ। বিণ। [বি।

মেটে, মেটুলি—নিহত পশুর যকৃৎ। দেশজ।

মেঠো—মাঠজাত, মাঠের। মাঠ+ও। বিণ।

মেড়া—ভেড়া, মেষ। 'ভেড়' শব্দজ। বি।

মেডেল—প্রশংসা বা সম্মানের নিদর্শক ধাতু-ময় অলঙ্কার, পদক। ইং Medal. বি।

মেঢ্র—উপস্থ, শিশ্ন; মেষ, মেড়া। মিহ্ (সেক করা)+ষ্ট্রন্ কর্তৃবা। বি; পুং।

মেথর—যে ময়লা সাফ করে, ঝাড়ুদার। ফার্সী। বি। স্ত্রী, মেথরানী।

মেথি—বীজবিশেষ, রাঁধিবার মশলা; ইহার শাক। দেশজ। বি।

মেথি, মেঢ়ি, মেধি—শস্য মাড়িবার কালে মধ্যস্থলে প্রোথিত যে কাষ্ঠদণ্ডে গো-মহিষাদি বদ্ধ থাকে, সেই কাঠ। বি।

মেদ—মজ্জা; চর্ব্বি। মিদ্ (স্নিগ্ধ হওয়া)+ঘঞ্ করণবা। বি; পুং।

মেদঃ (মেদস্)—মেদ, চর্ব্বি। মিদ্+অসুন্ করণবা। বি; ক্লীব।

মেদা—মাদীর মত, নিস্তেজ, অকর্ম্মণ্য; মেদা-মারা। দেশজ। বিণ।

মেদিনী—ধরা, পৃথিবী। মেদ+ইন্+ঈপ্। [পুরাণে কথিত আছে যে, মধু ও কৈটভ নামক দৈত্যদ্বয়ের মেদে ধরণী প্লাবিত হইয়াছিল]। বি; স্ত্রী।

মেদুর—স্নিগ্ধ; কোমল; চিক্কণ; পূর্ণ; উদ্ভট। মিদ্ (স্নিগ্ধ হওয়া)+ঘুরচ্ কর্তৃবা। বিণ।

মেধ—যাগ, যজ্ঞ। মেধ্+ঘঞ্ অধিবা। বি; পুং।

মেধা—বুদ্ধি; ধারণাবতী বুদ্ধি; স্মৃতিশক্তি। মেধ্+অঙ্+আপ্। বি; স্ত্রী।

মেধাতিথি—মুনিবিশেষ, মনুসংহিতার টীকাকার। বি ; পুং।

মেধাবী (-বিন্)—মেধাবিশিষ্ট ; বুদ্ধিমান্ ; জ্ঞানী। মেধা+বিন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, -বিনী। [যোগ্যার্থে। বিণ।

মেধ্য—পবিত্র, শুদ্ধ ; যজ্ঞীয়। মেধ+যৎ

মেনকা—১। হিমালয়পত্নী, পার্ব্বতীর প্রসূতি। ২। স্বর্বেশ্যাবিশেষ, শকুন্তলার জননী। মি+ন কর্ত্তৃবা+কন্ স্বার্থে+আপ্। বি ; স্ত্রী।

মেনা—হিমালয়পত্নী, মেনকা। মন্+ইনচ্ কর্ত্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

মেনি, মেনী—বিড়ালী। দেশজ। বি।

মেনিমুখো—লাজুক, মুখচোরা। বহুব্রী। বিণ। [প্রাদে। অব্য।

মেনে—মনে হয় ; বাক্যালঙ্কারবিশেষ।

মেম—ইউরোপীয় রমণী। ইং Madam, ma'am. বি ; স্ত্রী। পুং, সাহেব।

মেমসাহেব—মেম। বি।

মেয়—পরিমাণ করিবার যোগ্য। মা (পরিমাণ করা)+যৎ কর্ম্মবা। বিণ।

মেয়াদ—মিয়াদ (তাহা দ্রঃ)।

মেয়ে—কন্যা, দুহিতা ; বালিকা ; স্ত্রীলোক। দেশজ। বি।

মেয়েলী—স্ত্রীলোকের মত, স্ত্রীসুলভ, নারীবৎ। মেয়ে+লী যোগ্যার্থে। বিণ।

মেরজাই—ছোট জামা, ফতুয়াবিশেষ। ফার্সী। বি।

মেরাপ—আচ্ছাদন, মণ্ডপ। আর্বী। বি।

মেরামত—জীর্ণসংস্কার, সারান কাজ। আর্বী। বি।

মেরামতি—মেরামতের কাজ। মেরামত+ই স্বার্থে। বি।

মেরু—সুমেরুপর্ব্বত, হিমালয় ; ভূমণ্ডলের উত্তর ও দক্ষিণ প্রান্ত ; পৃষ্ঠবংশ, পিঠের দাঁড়া ; জপমালার উপরিস্থ প্রধান বীজ। মি (ক্ষেপণ করা ইত্যাদি)+রু কর্ত্তৃবা। বি ; পুং।

মেরুদণ্ড—১। পিঠের শিরদাঁড়া। মেরুও যে দণ্ডও সে, কর্ম্মধা। ২। পৃথিবীর কেন্দ্রভেদকারী এবং উহার উত্তর ও দক্ষিণ প্রান্ত পর্য্যন্ত বিস্তৃত কল্পিত সরল রেখা, ইহারই চতুর্দ্দিকে পৃথিবী পশ্চিম হইতে পূর্ব্বাভিমুখে দৈনন্দিন আবর্ত্তন করিতেছে। মেরুযোজক যে দণ্ড, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

মেরুদণ্ডী (-ণ্ডিন্)—শিরদাঁড়াযুক্ত। মেরুদণ্ড+ইন্ অস্ত্যর্থে। বিণ।

মেল—১। মিলন ; লোকারণ্য, জনতা ; মসী ; অঞ্জন। মিল্+ঘঞ্ ভাববা। ২। বিবাহাদি বিষয়ে কুলের মিল ; আদি কুল বা বংশ। দেশজ। ৩। ডাক। ইং Mail. বি।

মেলন—মিলন, মিলিত করা। মিল্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

মেলা—১। মিলন ; জনতা। মেল+আপ্। বি ; স্ত্রী। ২। প্রদর্শনী ; সাময়িক বাজার। দেশজ প্রঃ। বি। ৩। অনেক, অধিক। দেশজ। বিণ। [বিদায়। কবিপ্র। বি।

মেলানি(নী)—উপহার, যৌতুক, ভেট ;

মেশা, মেশান—মিশা, মিশান দ্রঃ।

মেশিন—কল, যন্ত্র। ইং Machine. বি।

মেশিনগান—একপ্রকার স্বয়ংক্রিয় বন্দুক। ইং Machine gun. বি।

মেষ—ভেড়া, মেড়া ; প্রথম রাশি। মিষ্ (স্পর্দ্ধা করা)+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

মেস্—নিঃসম্পর্কীয় কতিপয় লোকের একত্র বাস ও আহারের স্থান। ইং Mess. বি।

মেসো—মাতৃষস্পতি, মাসীর স্বামী। মাসী+ও স্বামী অর্থে। বি ; পুং।

মেহ—১। ক্ষরণ, প্রস্রাব। মিহ্ (সেচন করা)+ঘঞ্ ভাববা। ২। মূত্র। মিহ্+ঘঞ্ কর্ম্মবা। ৩। মূত্ররোগবিশেষ। মিহ্+ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং। ৪। মেঘ। প্রাঃ কবিপ্র। বি। [গাছ। ইং Mahogany. বি।

মেহগনি—মূল্যবান্ কাষ্ঠবিশেষ বা তাহার

মেহন—লিঙ্গ ; মূত্রত্যাগ। মিহ্+অনট্ করণবা, ভাববা। বি ; ক্লীব।

মেহনৎ—পরিশ্রম, খাটুনি। আর্বী। বি।
মেহনতানা, মেহনতি—পারিশ্রমিক। মেহনৎ+আনা, ই। বি।
মেহমান—নিমন্ত্রিত ব্যক্তি। বৈদে। বি।
মেহেদি, মেন্দি—সুগন্ধি পুষ্পবিশিষ্ট ক্ষুপ-বিশেষ, হেনা। (ইহার পাতায় নখ ও পাকা-চুল রং করে)। দেশজ। বি।
মেহেরবান—দয়ালু। ফার্সী। বিণ।
মেহেরবানি—দয়া, করুণা। ফার্সী। বি।
মৈত্র—১। মিত্রতা; সংসর্গ; অনুরাধা নক্ষত্র। মিত্র+অণ্। বি; ক্লীব। ২। উপাধি-বিশেষ। বি; পুং।
মৈত্রাবরুণ, -বরুণি—অগস্ত্য মুনি; বশিষ্ঠ। মিত্রাবরুণ+অণ্, ইঞ্ অপত্যার্থে। বি; পুং। [স্ত্রী।
মৈত্রী—মিত্রতা, বন্ধুত্ব। মৈত্র+ঈপ্। বি;
মৈত্রীকরণ—মিত্রতা করা, বন্ধুত্ব স্থাপন। মৈত্র শব্দ+চ্বি অভূততদ্ভাবার্থে (=মৈত্রী)—কৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।
মৈত্রেয়—১। মিত্রসম্বন্ধীয়। মিত্র+এয়। বিণ। স্ত্রী—য়ী। ২। মুনিবিশেষ; ভাবী-বুদ্ধ। বি; পুং। [ভাবার্থে। বি; ক্লীব।
মৈত্র্য—মিত্রতা, বন্ধুত্ব। মিত্র+ষ্যঞ্
মৈথিল—১। মিথিলাদেশসম্বন্ধীয়। মিথিলা+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—লী। ২। মিথিলারাজ, জনক। মিথিলা+অণ্ অধি-পতি অর্থে। বি; পুং।
মৈথিলী—১। মিথিলাসম্বন্ধীয়া, মিথিলা দেশজাতা। বিণ। ২। সীতা, জানকী; মিথিলার ভাষা। মৈথিল+ঈপ্। বি; স্ত্রী।
মৈথুন—স্ত্রীপুরুষের সঙ্গম, সুরতক্রিয়া। মিথুন+অণ্ নিষ্পন্নার্থে। বি; ক্লীব।
মৈনাক—পর্ব্বতবিশেষ, হিমালয়ের পুত্র। মেনকা+অণ্ অপত্যার্থে। বি; পুং।
মো—আমি। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।
মোকদ্দমা—মামলা। আর্বী। বি।
মোকররী—যে জমির খাজনা নির্দ্দিষ্ট আছে এরূপ। আর্বী। বিণ।
মোকাবিলা, -বেলা—সাক্ষাতে, সম্মুখে; রুজু; ভজান, ভজাইয়া দেওয়া। আর্বী। বি বা বিণ।
মোকাবিলা-বিবাদী—অপ্রধান বিবাদী (Proforma defendant). কর্ম্মধা। বি।
মোকাম—বাসস্থান, নিবাস; আড্ডা; ব্যব-সায় বা কারবারের জায়গা। আর্বী। বি।
মোকুব—রেহাই, ছাড়। আর্বী 'মৌকুফ' শব্দজ। বি। [পাঠশালা। আর্বী। বি।
মোক্তব—আরবী বিদ্যালয়, মুসলমানী
মোক্তা—স্থূল, মোটামুটি। আর্বী। অব্য।
মোক্তার—ব্যবহারাজীববিশেষ, ফৌজদারী মোকদ্দমার বাদী বা প্রতিবাদীর পক্ষ সমর্থন-কারী; উকিলের সহকারী কর্ম্মচারী। আর্বী। বি।
মোক্তারনামা—মোক্তার নিয়োগপত্র (Power of attorney)। মোক্তার+নামা লিপি অর্থে। বি।
মোক্ষ—অপবর্গ, মুক্তি; মোচন; মরণ। মোক্ষ্+ঘঞ্ ভাববা। বি; পুং।
মোক্ষণ—মোচন; উদ্ধারকরণ। মোক্ষ্+অনট্ ভাববা। বি; ক্লীব।
মোক্ষদা—মুক্তিদায়িনী; দেবী দুর্গা। মোক্ষ—দা+ক কর্ত্তৃবা+আপ্। বি বা বিণ; স্ত্রী।
মোক্ষম—নির্ঘাত, খতম, শক্ত। আর্বী। বিণ।
মোক্ষলাভ—মুক্তিলাভ, সংসারবন্ধন ছেদ; কৈবল্য-প্রাপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
মোগল—তাতারজাতির শাখাবিশেষ; বাবর-প্রতিষ্ঠিত ভারতের রাজবংশ। ফার্সী। বি। বিণ, মোগলাই। [কর্ত্তৃবা। বিণ।
মোঘ—হীন; নিষ্ফল, ব্যর্থ। মুহ্+অচ্
মোচ—১। কলমাদির অগ্রভাগ, নিব। দেশজ। ২। গুম্ফ, গোঁফ। 'শ্মশ্রু' শব্দজ। বি।
মোচড়—পাক। দেশজ। বি। [ক্রি।
মোচড়ান—দোমড়ান, পাক দেওয়া। বাং
মোচন—মুক্তি; মুক্তকরণ, ত্যাগ। মুচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

মোচা—কদলীপুষ্প, কলার ফুল। দেশজ। বি।
মোচ্য—মোচনযোগ্য। মুচ্ (মোচন করা) +ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, মোচ্যা।
মোছ—গোঁফ, গুম্ফ। 'শ্মশ্রু' শব্দজ। বি।
মোছদী—পারিষদবর্গ। আর্বীমূলক। বি।
মোছা—মুছা। বাং ক্রি।
মোছান—মুছাইয়া দেওয়া। বাং ক্রি।
মোজা—পাদাবরণবিশেষ, সূতা বা পশম-নির্ম্মিত পাদত্রাণবিশেষ, 'ইষ্টাকিন'। ফার্সী। বি। [দেশজ। বি।
মোট—ভার, বোঝা; সমষ্টি সমুদায়।
মোটন—মোচড়ান; মটকান। মুট্+অনট্ ভাববা। বি; ক্লীব।
মোটর—মোটর গাড়ী, হাওয়াগাড়ী; তাড়িতযন্ত্রবিশেষ যাহা স্বয়ং চালিত হইয়া অপর যন্ত্রকে চালায়। ইং Motor. বি।
মোটা—মাংসল, পীবর; স্থূল, পুরু; ভোঁতা; অধিক, বড়, জেয়াদা; সাদাসিধা। দেশজ। বিণ। [দেশজ। বিণ বা ক্রি-বিণ।
মোটামুটি—আন্দাজী, স্থূল হিসাবে।
মোটাসোটা—হৃষ্টপুষ্ট, পীবর। দেশজ। বিণ।
মোটে—সর্ব্বসাকল্যে, একুনে; আদৌ, আদতে; সম্যক্, সম্পূর্ণরূপে। দেশজ। ক্রি-বিণ।
মোড়—১। রাস্তার বাঁকের স্থল; গবাদি পশুর স্তন। দেশজ। বি। ২। মুণ্ড, মস্তক; ময়ূর; মুকুট, বিবাহকালে কন্যার মস্তকের টোপর। প্রাঃ কবিপ্র। বি।
মোড়ক—আবরণ, পুরিয়া। দেশজ। বি।
মোড়ন—আচ্ছাদন; বক্রকরণ। দেশজ। বি।
মোড়ল—প্রধান ব্যক্তি, সর্দ্দার, মাতব্বর প্রজা। 'মণ্ডল' শব্দজ। বি।
মোড়লি—১। মণ্ডলত্ব, কর্তৃত্ব, সর্দ্দারি। মোড়ল+ই। বি। ২। মুড়াইলে, নষ্ট করিলে। প্রাঃ কবিপ্র। ক্রি।
মোড়া—বেত্রনির্ম্মিত উন্নত আসন, বেতের চৌকী; মোড়ক; পাক, মোচড়; আলস্যভঙ্গ (যেমন 'গা-মোড়া দেওয়া')। দেশজ। বি।
মোড়া, —ন—১। মণ্ডিত করা, আবৃত করা। বাং ক্রি। ২। ঘুরান, ফিরান মুড়ান, নষ্ট করা; বর্জ্জন করা। প্রাঃ কবিপ্র। ক্রি।
মোণ্ডা—গোলা সন্দেশ। দেশজ। বি।
মোতাবেক—মিলযুক্ত; রুজু। আর্বী। বিণ।
মোতায়েন—নিয়োজিত; নিযুক্ত; লাগান; স্থিরীকৃত। আর্বী। বিণ।
মোতাল্লিক—সংশ্লিষ্ট, মিলিত। আর্বী। বিণ। [কবিপ্র। বি।
মোতি, মোতিম—মৌক্তিক, মুক্তা। প্রাঃ
মোতিচুর—মিহিদানা। দেশজ। বি।
মোতিয়া—বেলফুলবিশেষ। দেশজ। বি।
মোদক—১। আনন্দকারক। বিণ। স্ত্রী, —দিকা। ২। ময়রা। বি; পুং। ৩। মোয়া, লাড়ু। ণিজন্ত মুদ্ (=মোদি)+ণক কর্তৃবা। বি; পুং বা ক্লীব।
মোদিত—আনন্দিত, হর্ষিত, প্রফুল্ল। ণিজন্ত মুদ্ (মোদি)+ক্ত কর্ম্মবা। বিণ।
মোদী—মুদী, দোকানী। হিন্দীমূলক। বি।
মোদের—আমাদের। কবিপ্র। সর্ব্ব।
মোদ্দত, মোদ্দা—মোট, একুন; কিন্তু; আসল কথা। আর্বী। অব্য।
মোনা—ঢেঁকির মুষল। দেশজ। বি।
মোম—মধুচক্র-দ্রব, মধূখ। 'মধূখ' শব্দজ। বি।
মোমজামা—মোম বা তদ্বৎ পদার্থলেপিত কাপড় যাহা জলে ভিজে না। মোমমাখা জামা, মধ্যপ কর্ম্মধা। বি।
মোমবাতি—মোম চর্ব্বি প্রভৃতি দ্বারা প্রস্তুত বাতি (Candle). মধ্যপ কর্ম্মধা। বি।
মোয়—আমায়, আমাকে; আমার। প্রা কবিপ্র। সর্ব্ব।
মোয়া—মোদক, লাড়ু। দেশজ। বি।
মোর—আমার। কবিপ্র। সর্ব্ব।
মোরগ—কুকুড়া, কুক্কুট। ফার্সী 'মু শব্দজ। বি; পুং। স্ত্রী, মুরগী।
মোরব্বা—চিনির রসে পক্ব ও রক্ষি ফলাদি। আর্বী 'মুরব্বা' শব্দজ। বি।

মোলাকাৎ—সাক্ষাৎ। আর্বী। বি।

মোলায়ম, মোলায়েম—কোমল, নরম। আর্বী। বিণ।

মোল্লা—মুসলমান পুরোহিত। আর্বী। বি।

মোষ—মহিষ। গ্রাম্য। বি।

মোসলেম—মুসলমান। আর্বী। বি।

মোসাহেব—হীন অনুচর বা পার্শ্বচর, চাটুকার, খোসামুদে। আর্বী। বি।

মোসাহেবী(বি)—খোসামুদি, হীনানুগত্য। মোসাহেব+ঈ, ই। বি।

মোহ—মূর্চ্ছা; মূর্খতা; অজ্ঞান; অবিদ্যা; দুঃখ। মুহ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

মোহঘোর—মায়া জন্য ভ্রম, উৎকট মোহ। ৬ষ্ঠীতৎ।। বি; পুং।

মোহড়া—মহড়া (তাহা দ্রঃ)।

মোহন—১। মুগ্ধকারক। ণিজন্ত মুহ্ (=মোহি)+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না। ২। কন্দর্পের বাণবিশেষ। বি; পুং। ৩। মুগ্ধ-করণ। মুহ্+অনট্ ভাববা। ৪। সুরত। মুহ্+অনট্ করণবা। বি; ক্লীব।

মোহনা, মোহানা—সাগরাদিতে নদীর পতনস্থান। 'মুখ' শব্দজ। বি।

মোহনভোগ—ঘৃতে সুজি ভাজিয়া দুগ্ধ ও চিনি সহযোগে পক্ব খাদ্যবিশেষ, হালুয়া। কর্ম্মধা। বি; পুং।

মোহনমালা—স্বর্ণহারবিশেষ। দেশজ। বি।

মোহনিদ্রা—১। মায়াজন্য সুপ্তি, মুগ্ধতা হেতু ঘুম। মধ্যপ কর্ম্মধা। ২। মোহরূপ ঘুম, মায়ায় আচ্ছন্ন হইয়া থাকা। রূপক কর্ম্মধা। বি; স্ত্রী। [কবিপ্র। বি বা বিণ।

মোহনিয়া—মনোহর, সুন্দর নায়ক।

মোহন্ত—মোহান্ত (তাহা দ্রঃ)।

মোহবদ্ধ—মায়া দ্বারা আবদ্ধ, মায়ায় বন্দী। ৩য়াতৎ। বিণ।

মোহবন্ধন—মায়ারূপ বাঁধন; অজ্ঞানের আবরণ। রূপক কর্ম্মধা বা ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মোহময়—মোহপূর্ণ, মায়াচ্ছন্ন। মোহ+ময়ট্ ব্যাপ্ত্যর্থে। বিণ। স্ত্রী,—য়ী।

মোহমুগ্ধ—মায়ামুগ্ধ, অজ্ঞানতাবশতঃ মোহ-প্রাপ্ত। ৩য়াতৎ। বিণ।

মোহর—প্রত্যয়কারণ মুদ্রা বা ছাপ; বিনি-ময়ের স্বর্ণমুদ্রাবিশেষ। ফার্সী। বি।

মোহরৎ—ব্যবসায়ীর নূতন খাতা পত্তন। আর্বী 'মোহলৎ' শব্দজ। বি। [বি।

মোহরী—মুখ, জল-নিঃসরণ দ্বার। দেশজ।

মোহানা—মোহনা দ্রঃ।

মোহান্ত—মঠাধিকারী, সন্ন্যাসী, বৈরাগী। দেশজ। বি; পুং।

মোহিত—১। মোহপ্রাপ্ত। মোহ শব্দ+ইত যুক্তার্থে। ২। মোহ-প্রাপিত। ণিজন্ত মুহ্ (=মোহি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

মোহিনী—মুগ্ধকারিণী; নারায়ণের অবতার-বিশেষ, সমুদ্রমন্থনকালে অসুরদিগকে মোহিত করিবার নিমিত্ত নারায়ণ এই রূপ ধারণ করিয়াছিলেন। মোহি+ণিন্ কর্ত্তৃবা+ঈপ্। বিণ বা বি; স্ত্রী।

মৌ—মধু। 'মধু' শব্দজ। বি।

মৌক্তিক—মুক্তা, মতি। মুক্তা+ইক স্বার্থে। বি; ক্লীব।

মৌখিক—মুখসম্বন্ধীয়; বাচনিক; যাহা আন্তরিক নয় এরূপ, বাহ্য; কাল্পনিক। মুখ+ইক। বিণ। স্ত্রী,—কী।

মৌচাক—মধুক্রম, মৌমাছির বাসা। 'মধুচক্র' শব্দজ। বি।

মৌজা—গ্রাম, তালুক। ফার্সী। বি।

মৌঞ্জী—মুঞ্জনির্ম্মিত মেখলা বা উপবীত। মুঞ্জ+অণ্+ঈপ্। বি; স্ত্রী।

মৌঞ্জীবন্ধন—উপনয়নসংস্কার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

মৌতাত—নিয়মিত সময়ে নেশা করিবার প্রবৃত্তি বা চেষ্টা; আফিং প্রভৃতি মাদকদ্রব্যের উপভোগ। ফার্সীমূলক। বি।

মৌন—১। তূষ্ণীম্ভাব, অভাষণ, কথা না কহিয়া চুপ করিয়া থাকা। মুনি+অণ্ ভাবার্থে। বি; ক্লীব। ২। নীরব, চুপ। দেশজ প্রঃ। বিণ।

মৌনব্রত—অভাষণরূপ নিয়ম, নিয়মপূর্ব্বক কথা না কহা। কর্ম্মধা। বি; পুং।

মৌনব্রতী (–ব্রতিন্)—মৌনব্রতধারী, মৌনব্রত গ্রহণ করিয়াছে এরূপ। মৌনব্রত+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –তিনী।

মৌনভঙ্গ(ংগ)—মৌনভাবের পর কথা কহা, বাক্যকথন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মৌনভাব—তূষ্ণীম্ভাব, চুপ করিয়া থাকা। কর্ম্মধা। বি; পুং। [বি; ক্লীব।

মৌনাবলম্বন—নীরব হওয়া। ৬ষ্ঠীতৎ।

মৌনী (**মৌনিন্**)—১। মৌনব্রতধারী; মৌনাবলম্বী। বিণ। স্ত্রী, –নিনী। ২। মুনি। মৌন+ইন্। বি; পুং। [বি।

মৌমাছি—মধুমক্ষিকা। 'মধুমক্ষি' শব্দজ।

মৌরলা—ক্ষুদ্র সুস্বাদু মৎস্যবিশেষ। 'মুরলা' শব্দজ। বি।

মৌরসি(সী), মৌরুসী—পৈতৃক, বাপতি, পুরুষানুক্রমে ভোগ্য। আর্বী। বিণ।

মৌরি—রাঁধিবার মশলাবিশেষ। 'মধুরিকা' শব্দজ। বি।

মৌর্ব্বী(র্বী)—জ্যা, ধনুকের ছিলা। মূর্ব্বা+অণ্+ঈপ্। বি; স্ত্রী।

মৌর্য্য(র্য)—মহারাজ চন্দ্রগুপ্ত। মুরা+ষ্ণ্য অপত্যার্থে। বি; পুং।

মৌর্য্য(র্য)বংশ—মহারাজ চন্দ্রগুপ্তের প্রতিষ্ঠিত রাজবংশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

মৌলবি, –বী, –ভি—মুসলমান পণ্ডিত, অধ্যাপক বা ধর্ম্মশাস্ত্র-ব্যাখ্যাতা। কার্সী। বি।

মৌলানা—মুসলমান ধর্ম্মাচার্য্য বা পণ্ডিতের উপাধি। কার্সী। বি।

মৌলি—কিরীট; কেশ; সংযত কেশ; মস্তক; চূড়া; অগ্রভাগ। মূল+ইঞ্। বি; পুং। [মূল+ইক। বিণ। স্ত্রী, –কী।

মৌলিক—মূলসম্বন্ধীয়; মূলীভূত; অকুলীন।

মৌলী—১। মূলসম্বন্ধীয়া, ইত্যাদি। মৌল+ঈপ্। বিণ। ২। কিরীট; কেশ; সংযত কেশ; মস্তক; চূড়া, অগ্রভাগ; ভূমি। মৌলি+ঈপ্। বি; স্ত্রী।

মৌষল—১। মুষলসম্বন্ধীয়। মুষল+অণ্। বিণ; ত্রি। স্ত্রী, –লী। ২। মহাভারতীয় পর্ব্ববিশেষ। বি; ক্লীব। [শব্দজ।

মৌসুম—মরসুম, কাল। আর্বী 'মৌসিম'

মৌসুমি—সাময়িক। মৌসুম+ই। বিণ।

মৌসুমিবায়ু—ভারত মহাসাগরীয় বায়ু-প্রবাহবিশেষ। এই বায়ু বৈশাখ হইতে আশ্বিন পর্য্যন্ত দক্ষিণ-পশ্চিম হইতে এবং কার্ত্তিক হইতে পৌষ পর্য্যন্ত উত্তর-পশ্চিম হইতে বহিয়া থাকে (Monsoon). কর্ম্মধা। বি।

ম্যাও—মেও দ্রঃ। [দেশজ। অব্য।

ম্যাজম্যাজ—সামান্য অসুস্থতার ভাব।

ম্যাজিষ্ট্রেট—জেলার প্রধান রাজকর্ম্মচারী। ইং Magistrate. বি। [বি।

ম্যাজেণ্টা—লাল রংবিশেষ। ইং Magenta.

ম্যানেজার—কার্য্যাধ্যক্ষ, পরিচালক। ইং Manager. বি।

ম্যাপ—মানচিত্র; দেশ জমি প্রভৃতির নক্সা। ইং Map. বি।

ম্যালেরিয়া—জ্বরবিশেষ। ইং Malaria. বি।

ম্রক্ষণ—১। লেপন; মাখা; মিলান; মিশান। ম্রক্ষ্ (মাখা)+অনট্ ভাববা। ২। তৈল। ম্রক্ষ্+অনট্ করণবা। বি; ক্লীব।

ম্রিয়মাণ—মৃতপ্রায়; অপ্রসন্ন; দুঃখিত। মৃ (মরা)+শানচ্ কর্ত্তৃবা। বিণ।

ম্লান—মলিন; অবসন্ন, বিষণ্ণ; ক্লান্ত; শীর্ণ, দুর্ব্বল; নির্লজ্জ। ম্লৈ (ম্লান হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

ম্লানমুখ—১। মলিনবদন, বিষণ্ণ মুখবিশিষ্ট। বহুব্রী। বিণ; ত্রি। স্ত্রী, –খা, –খী। ২। বিষণ্ণ মুখ। কর্ম্মধা। বি; ক্লীব।

ম্লানি—মালিন্য; অপ্রসন্নতা। ম্লৈ+ক্তি ভাববা। বি; স্ত্রী।

ম্লেচ্ছ—১। অসভ্য জাতি, কিরাত শবর পুলিন্দ যবন প্রভৃতি, অহিন্দু। বি; পুং। ২। পাপরত, পাপিষ্ঠ। ম্লেচ্ছ্ (গ্রাম্য কথা বলা)+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, ম্লেচ্ছা।

ম্লেচ্ছাচার—পাপাচার, অপবিত্র আচরণ ; ম্লেচ্ছজাতির ব্যবহার। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

ম্লেচ্ছাচারী (–রিন্)—ম্লেচ্ছবৎ কদাচার-পরায়ণ। ম্লেচ্ছাচার+ইন্। বিণ। স্ত্রী, –রিণী। বি, –চারিতা।

য

য—১। ষড়্বিংশ ব্যঞ্জনবর্ণ ; ইহার উচ্চারণ-স্থান তালু। ২। 'যত'র সংক্ষেপ। বিণ। ৩। এক ইঞ্চির চতুর্থাংশ। 'যব'এর সংক্ষেপ। বি।

যক—যক্ষ ; কুবের ; প্রোথিত ধনরাশির সহিত জীবন্তে সমাহিত তাহার রক্ষক। ভূগর্ভ-নিহিত ধনরাশি। 'যক্ষ' শব্দজ। **যকের ধন**—কৃপণের অর্থ। **যক আগলান**—কৃপণতা করা। [বি ; পুং।

যকার—য-এই বর্ণ। য+কার স্বার্থে।

যকৃৎ—পিত্তাশয় ; কুক্ষির দক্ষিণস্থ মাংসপিণ্ড-বিশেষ, মেটিয়া বা মেটে। য (বায়ু)—কৃ (করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।

যক্ষ—দেবযোনিবিশেষ ; কুবের ; ধনরক্ষক। যক্ষ্+ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং। স্ত্রী, যক্ষী।

যক্ষরাজ, যক্ষেশ—কুবের। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [পিশাচী। বি ; স্ত্রী।

যক্ষিণী—যক্ষভার্য্যা ; কুবেরপত্নী ; বিদ্যাধরী ;

যক্ষ্মা (যক্ষ্মন্)—ক্ষয়কাসরোগবিশেষ। যক্ষ্ (পূজা করা)+মনিন্ অধিবা। বি ; পুং।

যখন—যে সময়ে ; যেহেতু। 'যৎক্ষণ' শব্দজ। অব্য। [দেশজ। ক্রি-বিণ।

যখন-তখন—সময়ে সময়ে, মাঝে মাঝে।

যজন—যাগকরণ ; পূজা। যজ্ (দেবার্চ্চনা করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

যজমান—যজ্ঞকারক ; যে ব্যক্তি দক্ষিণা দিয়া পূজাদি কর্ম্ম করায়। যজ্ (যাগ করা)+শানচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

যজান—যাজন করা, পৌরোহিত্য করা ; আচরণীয় অনাচরণীয় সকল বর্ণকে একাকার করা। বাং ক্রি।

যজুঃ (যজুস্), **যজু**—যজুর্ব্বেদ। যজ্ (পূজা করা)+উস্ করণবা। বি ; ক্লীব।

যজুর্ব্বে(র্বে)দ—শতশাখাযুক্ত বেদবিশেষ, দ্বিতীয় বেদ [চতুর্ব্বেদ দ্রঃ]। যজুঃ নামক যে বেদ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

যজুর্ব্বে(র্বে)দী (–দিন্)—যজুর্ব্বেদানুসারে কর্ম্মকারক ; যজুর্ব্বেদবেত্তা। যজুর্ব্বেদ+ইন্। বিণ। [ন ভাববা। বি ; পুং।

যজ্ঞ—সত্র, যাগ ; হোম। যজ্ (যাগ করা)+

যজ্ঞকর্ত্তা(র্তা) (–কর্ত্তৃ)—যিনি যাগ করেন ; যজমান। ৬ষ্ঠীতৎ। বিণ ; পুং।

যজ্ঞকুণ্ড—যাগ বা হোম করিবার গহ্বর। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

যজ্ঞডুমুর—একপ্রকার বড় ডুমুর বা তাহার গাছ। 'যজ্ঞোডুম্বর' শব্দজ। বি।

যজ্ঞবেদি, –বেদিকা, –বেদী—যাগ করিবার নিমিত্ত মঞ্চাকার পরিষ্কৃত ভূমি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

যজ্ঞশেষ—যজ্ঞান্ত, যজ্ঞের সমাপ্তি ; যাগের পর যাহা অবশিষ্ট থাকে। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

যজ্ঞসূত্র—উপবীত, পৈতা। যজ্ঞ-সংস্কৃত সূত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

যজ্ঞসেন—রাজা দ্রুপদ। বি ; পুং।

যজ্ঞিয়, যজ্ঞীয়—যজ্ঞসম্বন্ধীয় ; যজ্ঞকর্ম্মের যোগ্য। যজ্ঞ শব্দ+ইয়, ঈয় হিতাদ্যর্থে। বিণ।

যজ্ঞেশ্বর—বিষ্ণু। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

যজ্ঞোডুম্বর—স্বনামখ্যাত বৃক্ষ, যাগডুমুর। যজ্ঞসাধক যে উড়ুম্বর, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

যজ্ঞোপবীত—উপবীত, পৈতা। যজ্ঞ-সংস্কৃত যে উপবীত, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

যৎ(যদ্)—১। যে, যিনি, যাহা। যম্+ক্বিপ্ কর্ম্মবা। বিণ বা সর্ব্ব। ২। (বাদ্যে) তালবিশেষ। দেশজ। বি।

যত—১। নিয়মিত ; অনুষ্ঠিত ; সংযত, বদ্ধ। যম্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, যতা। ২। সংযম। যম্ (সংযত হওয়া)+ক্ত ভাববা।

বি ; ক্লীব। ৩। যৎপরিমিত ; সকল। 'যতি' শব্দজ। বিণ।

যতম— যত্ন। কবিপ্র। বি।

যতমান—যত্ন করিতেছে এরূপ। যত্ (যত্ন করা)+শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, –না।

যতি—১। মুনি, তপস্বী ; ভিক্ষু। যত্ (সংযত হওয়া)+ইন্ কর্তৃবা। বি ; পুং। ২। শ্লোকাদির পাঠকালে জিহ্বার ইষ্টবিরামস্থান। যম্+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

যতিচিহ্ন—উচ্চারণের বিচ্ছেদসূচক জিহ্বার বিরামার্থ ব্যবহৃত চিহ্ন, কমা দাঁড়ি প্রভৃতি। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

যতিপাত,–ভঙ্গ(হংগ)—যথাস্থানে যতি বা উচ্চারণের বিরতি না থাকা হেতু ছন্দের দোষ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

যতী (যতিন্)—জিতেন্দ্রিয় ; মুনি ; সন্ন্যাসী। যত+ইন্ অস্ত্যর্থে। বি ; পুং।

যতীন্দ্র—যতিশ্রেষ্ঠ, তপস্বিপ্রধান ; পরমহংস। যতি বা যতীদিগের মধ্যে ইন্দ্র (প্রধান), ৭মীতৎ। বি ; পুং। [বিণ।

যত্তেক—যে সংখ্যক বা যে পরিমাণ। কবিপ্র।

যৎকিঞ্চিৎ—যাহা কিছু ; সামান্য। সুপ্‌সুপা। অব্য।

যত্ন—১। চেষ্টা ; উদ্যোগ ; প্রয়াস, উদ্যম ; অধ্যবসায় ; প্রবৃত্তি। যত্ (যত্ন করা)+নঙ্ ভাববা। বি ; পুং। ২। অবধান, সাবধানতা ; আদর, সমাদর। দেশজ প্রঃ। বি।

যত্নপূর্ব্ব(র্ব)ক—যত্নসহকারে, চেষ্টা করিয়া ; অবধানসহকারে। যত্ন হইয়াছে পূর্ব্বে যাহার, বহুব্রী। ক্রি-বিণ।

যত্নবান্ (–বৎ)—উদ্যমশীল, যত্নশীল, সচেষ্ট, চেষ্টান্বিত। যত্ন+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –বতী।

যত্নশীল—যত্নবান্, সচেষ্ট। যত্ন হইয়াছে শীল (স্বভাব) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –লা।

যৎপরোনাস্তি—যার পর নাই। যৎ+পরঃ+ন+অস্তি। বিণ। [বিণ।

যৎসামান্য—যৎকিঞ্চিৎ, অত্যল্প। দেশজ প্রঃ।

যত্র—১। যেখানে ; যে বিষয়ে। যদ্ শব্দ+ত্র ৭মীস্থানে। অব্য। ২। যে পরিমাণ। দেশজ প্রঃ। বিণ।

যথা—যেস্থানে, যেখানে ; যেমন ; সাদৃশ্য ; অনতিক্রম ; সত্য ; উপযুক্ত, সমুচিত। যদ্ শব্দ +থাল্ প্রকারাদ্যর্থে। অব্য। [অব্য।

যথাকথঞ্চিৎ—যে কোনরূপে ; কষ্টেসৃষ্টে।

যথাকর্ত্ত(র্ত)ব্য—যাহা করা উচিত তাহা। সুপ্‌সুপা। বিণ। [বি ; পুং।

যথাকাল—উপযুক্ত সময়। সুপ্‌সুপা।

যথাক্রম, –ক্রমে—ক্রমানুসারে। অব্যয়ী। অব্য।

যথাতথ—যথার্থ ; সত্য। অব্য।

যথাতথা—যেখানে সেখানে ; যেরূপে সেরূপে ; যেমন তেমন। দেশজ প্রঃ। অব্য।

যথাদিষ্ট—আদেশমত, আদেশানুযায়ী। সুপ্‌সুপা। অব্য।

যথানিয়মে—নিয়মানুযায়ী, নিয়মমত। অব্যয়ী। ক্রি-বিণ।

যথাপূর্ব্ব(র্ব)—পূর্ব্বানুরূপ, পূর্ব্বের মত। অব্যয়ী। ক্রি-বিণ। [ক্রি-বিণ।

যথাবিধি—বিধি অনুসারে। অব্যয়ী।

যথাবিহিত—উপযুক্ত ; বিধানানুরূপ। সুপ্‌সুপা। বিণ।

যথাযথ—যথাযোগ্য ; যথার্থ। যথা শব্দের দ্বিত্ব। বিণ বা ক্রি-বিণ।

যথাযোগ্য—উপযুক্তরূপ, উচিতমত। সুপ্‌সুপা। বিণ। [ক্রি-বিণ।

যথারীতি—রীত্যনুযায়ী, রীতিমত। অব্যয়ী।

যথার্থ—প্রকৃত ; সত্য ; যোগ্য। যথা অর্থ যাহাতে, বহুব্রী। বিণ।

যথাশক্তি—শক্তি অনুসারে ; যেমন ক্ষমতা। অব্যয়ী। ক্রি-বিণ।

যথাসময়ে—যথাকালে, উপযুক্ত সময়ে। সময়কে অতিক্রম না করিয়া, অব্যয়ী। ক্রি-বিণ।

যথাসর্ব্ব(র্ব)স্ব—সমস্ত সম্পত্তি, যাহা কিছু ধন সকলই। দেশজ প্রঃ। বি।

যথাসাধ্য—সাধ্যানুসারে; যথাশক্তি। অব্যয়ী। ক্রি-বিণ।

যথাস্থান—নির্দ্দিষ্ট স্থান; উপযুক্ত স্থান। সুপ্‌সুপা। বি; ক্লীব।

যথেচ্ছ—ইচ্ছানুরূপ, ইচ্ছামত। যথা ইচ্ছা যাহাতে, বহুব্রী। বিণ।

যথেচ্ছাচার—স্বেচ্ছাচার। যথেচ্ছ যে আচার, কর্ম্মধা। বি; পুং।

যথেচ্ছাচারী (-চারিন্)—স্বেচ্ছাচারী, ইচ্ছানুরূপ কার্য্যকারী; উচ্ছৃঙ্খল, অবাধ্য। যথেচ্ছ—আ—চর্ (আচরণ করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী। বি,—চারিতা।

যথেষ্ট—ইচ্ছানুরূপ; প্রচুর। যথা ইষ্ট, সুপ্‌সুপা। বিণ। [সুপ্‌সুপা। বিণ।

যথোক্ত—যেরূপ বলা হইয়াছে সেইরূপ।

যথোচিত—উপযুক্তরূপ; যথাযোগ্য। সুপ্‌সুপা। বিণ। [সুপ্‌সুপা। বিণ।

যথোপযুক্ত—যথাযোগ্য, যথোচিত।

যদ্—যাহা। যজ্+অদ্ কর্ম্মবা। সর্ব্ব।

যদবধি—যখন হইতে। অব্য।

যদা—যৎকালে, যখন; যেহেতু; যে পর্য্যন্ত। যদ্+দা কালার্থে। অব্য।

যদি—অবধারণ; সম্ভাবনা; পক্ষান্তর। যত্+ইন্ ভাববা। অব্য।

যদু—যযাতির জ্যেষ্ঠপুত্র ও যাদবদিগের আদি-পুরুষ; যদুবংশীয়। বি; পুং।

যদুনাথ, —পতি—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠী তৎ। বি; পুং।

যদৃচ্ছা—স্বেচ্ছা; অনায়াস; দৈবাৎ। যদ্—ঋচ্ছ্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

যদৃচ্ছাক্রমে—স্বাধীনভাবে, ইচ্ছামত। যদৃচ্ছার ক্রম যাহাতে, বহুব্রী, একরূপে। ক্রি-বিণ।

যদ্ভবিষ্য—দৈবপর, ভাগ্যাপেক্ষী। যৎ (যাহা) ভবিষ্য (ভাবি) যাহার, বহুব্রী। বিণ।

যদ্যপি—যদিও। যদি+অপি। অব্য।

যন্ত্র—যাঁতা; কল; পদার্থনিরূপণ-সামগ্রী; শিল্পসাধন-সামগ্রী; বাদ্য; পাত্রবিশেষ; (তন্ত্রে) দেবতার অধিষ্ঠানচক্র; (জ্যোতিষে) গ্রহনক্ষত্রাদির অবস্থান চিত্র। যন্ত্র+অচ্ করণবা। বি; ক্লীব।

যন্ত্রকর্ম্ম,-র্ম্ম,কার—যান্ত্রিক (Mechanist). ৭মীতৎ। বি; পুং।

যন্ত্রকলা—যন্ত্রশিল্প (Mechanical industries). মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

যন্ত্রগৃহ—তৈলশালা, ঘানিঘর; কল রাখিবার ও চালাইবার ঘর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

যন্ত্রণা—যাতনা, ক্লেশ; শরপত্ররচনা। যন্ত্র্ (পীড়া করা)+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

যন্ত্রতন্ত্র,-পাতি—নানাবিধ যন্ত্র ও অস্ত্রাস্ত্র সরঞ্জাম। যন্ত্র+তন্ত্র, পাতি (সহচর শব্দ)। বি। [বি; স্ত্রী।

যন্ত্রপেষণী—কলের যাঁতা। মধ্যপ কর্ম্মধা।

যন্ত্রবিজ্ঞান,-বিদ্যা—যন্ত্রের আকার-প্রকার ও তাহার বিনিয়োগ সম্বন্ধীয় বিদ্যা। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব, স্ত্রী।

যন্ত্রযুগ—যে যুগে যন্ত্রের প্রাধান্য; বিংশ-শতাব্দী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যন্ত্রশালা—যেখানে কলে কার্য্যাদি সম্পন্ন হয়, কলকারখানা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

যন্ত্রশিল্পী (-ল্পিন্)—যন্ত্রবিদ্যা-বিশারদ, যন্ত্রপ্রয়োগ-নিপুণ ব্যক্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী,—ল্পিনী। [বি; স্ত্রী।

যন্ত্রিকা—যাঁতি। যন্ত্র+কন্+আপ্।

যন্ত্রিত—বদ্ধ; দমিত; প্রতিরুদ্ধ। যন্ত্র্ (সংযত করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

যন্ত্রী (যন্ত্রিন্)—১। যন্ত্রযুক্ত; যন্ত্রধারী। বিণ; পুং। ২। শিল্পী; বাদ্যযন্ত্রবাদক; ষড়যন্ত্রকারী। যন্ত্র+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

যব—১। একপ্রকার শস্য; বৃদ্ধাঙ্গুলির অগ্র-ভাগস্থ যবাকার চিহ্নবিশেষ; চারি ধান পরিমাণ। যু+অচ্ কর্ত্তৃবা। ২। জব, বেগ। যু+অপ্ ভাববা। বি; পুং। ৩। যবে, যখন; যাবৎ। প্রাঃ কবিপ্র। অব্য।

যবক্ষার—ক্ষারবিশেষ, সোরা। যব জাত যে ক্ষার, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

যবক্ষারজান—রাসায়নিক মৌলিক পদার্থ-বিশেষ (Nitrogen). বি।

যবদ্বীপ—দ্বীপবিশেষ। অধুনা ইহা যাবা নামে খ্যাত। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

যবধরি—যখন হইতে। প্রাঃ কবিপ্র। অব্য।

যবন—বেগবান্ অশ্ব; দেশবিশেষ; অহিন্দু জাতিবিশেষ; গ্রীকজাতি; ম্লেচ্ছজাতি। যু+অন কর্ত্তৃবা। বি ; পুং। স্ত্রী,—নী।

যবনিকা—১। পর্দ্দা, কানাৎ। যু+অনট্ করণবা+ঈপ্ (=যবনী)+কন্ স্বার্থে+আপ্। ২। যবন-স্ত্রী। বি ; স্ত্রী।

যবনিকাপতন, —পাত—অভিনয়শেষে পর্দ্দা পড়িয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব, পুং।

যবনী—১। যবন-স্ত্রী। যবন+ঈপ্। ২। যবনিকা, পর্দ্দা। যু+অনট্ করণবা+ঈপ্। বি ; স্ত্রী। [নাই। দেশজ। বিণ।

যবন্থব—যাহার মীমাংসা বা নিষ্পত্তি হয়

যবহুঁ—যখনই। প্রাঃ কবিপ্র। অব্য।

যবাগূ—যবের মণ্ড, যাউ। যু+আগূচ্ কর্ম্মবা। বি ; স্ত্রী।

যবানিকা—যবানী, যোয়ান। যবানী+কন্ +আপ্। বি ; স্ত্রী।

যবানী—ঔষধবিশেষ, যোয়ান। যব—অা—নী+ক্বিপ্ কর্ত্তৃবা। বি ; স্ত্রী।

যবুথবু—অকর্ম্মণ্য, চলচ্ছক্তিরহিত, অপর্ক। দেশজ। বিণ। [অব্য।

যবে—যে দিনে, যৎকালে, যখন। দেশজ।

যবেন্থবে—অসম্পূর্ণ, অমীমাংসিত, যেমন তেমন। দেশজ। অব্য।

যবোদর—যবের প্রস্থপরিমাণ, ⅛ ইঞ্চি। ৬ষ্ঠী-তৎ। বি ; ক্লীব।

যম—১। সংযমন ; শরীরসাধনসাপেক্ষ নিত্য-কর্ম্ম, অহিংসা সত্য প্রভৃতি। যম্ (সংযত হওয়া)+ঘঞ্ ভাববা। ২। শমন, কৃতান্ত, মৃত্যুপতি, সংহিতাকার মুনি-বিশেষ ; শনি ; কাক। যমি+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

যমক—১। যমজ। যম+কন্ স্বার্থে। বিণ। ২। শব্দালঙ্কারবিশেষ, ইহাতে একই শব্দের ভিন্ন ভিন্ন অর্থে বার বার প্রয়োগ হয়। বি ; ক্লীব। [যমদূত। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

যমকিঙ্কর(ংক)র—যমের আজ্ঞাবহ ভৃত্য,

যমজ—যুগ্মজাত, একসময়ে এক গর্ভে উৎপন্ন। যম—জন্+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

যমজাঙ্গাল—ছায়াপথ, আকাশ-গঙ্গা। দেশজ। বি।

যমদগ্নি পরশুরামের পিতা। বি ; পুং।

যমদণ্ড—যমপ্রদত্ত শাস্তি; মৃত্যু; জ্যোতি-ষোক্ত বাস্তুদোষবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

যমদূত—যমকিঙ্কর। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

যমদূতিকা—তেঁতুল। যমদূত+কন্ সাদৃশ্যার্থে+আপ্। বি ; স্ত্রী।

যমদ্বার—যমালয়ের দরজা, যমের বাড়ী। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

যমদ্বিতীয়া—ভ্রাতৃদ্বিতীয়া। যম বা র নী দ্বিতীয়া, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

যমপুকুর—কুমারীদের অনুষ্ঠেয় ব্রতবিশেষ। দেশজ। বি।

যমপুরী—যমালয়। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

যমযন্ত্রণা—শমনযাতনা, যমপ্রদত্ত ক্লেশ. মৃত্যু। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

যমরাজ—শমন, যম। যম-নামক যে রাজা, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

যমল—যুগল, যোড়া। যম (যুগ্ম)—লা+ক কর্ম্মবা। বি ; ক্লীব। **যমল গান**—দুইজনে গান (Duet song).

যমলার্জ্জু(র্জু)ন—বৃন্দাবনস্থ বৃক্ষবিশেষ মহর্ষি নারদের শাপে কুবেরের পুত্রদ্বয় বৃক্ষ রূপে জন্মগ্রহণ করেন। শ্রীকৃষ্ণ বাল্যক্রীড়াচ্ছলে এই বৃক্ষদ্বয় ভগ্ন করিয়া ইঁহাদিগকে শাপমুক্ত করেন। কর্ম্মধা। বি ; পুং।

যমস্বসা (—স্বসৃ)—যমুনা নদী। ৬ষ্ঠীতৎ বি ; স্ত্রী।

যমানিকা, যমানী—যবানী, যোয়ান যম্+অনট্ করণবা+ঈপ্ ; ১ম পক্ষে যমানী +কন্ স্বার্থে+আপ্। বি ; স্ত্রী।

যমালয়—যমের বাড়ী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যমুনা—যমরাজ-ভগিনী; সূর্য্যকন্যা; বেদোক্ত নদী। যম্+উনন্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

যযাতি—নহুষ রাজার পুত্র। য (বায়ু)—যা (যাওয়া)+তি কর্ত্তৃবা। বি; পুং।

যশঃ (যশস্), যশ—সুখ্যাতি, কীর্ত্তি। অশ্ (ব্যাপা)+অসুন্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

যশঃকীর্ত্ত(র্ত)ন—যশোগান, সুখ্যাতিকথন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

যশদ—দস্তা। অশ্ (ব্যাপা)+অদ কর্ত্তৃবা। [বি; পুং।

যশস্কর—যশঃসাধন, সুখ্যাতিজনক। উপতৎ। যশস্—কৃ (করা)+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

যশস্কাম—যশঃপ্রার্থী। বহুব্রী। বিণ।

যশস্বী (—স্বিন্)—সুখ্যাতিমান্; বিখ্যাত। যশস্+বিন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—স্বিনী।

যশোগান—যশঃকীর্ত্তন, সুখ্যাতি কথন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

যশোদা—১। কীর্ত্তিপ্রদা, সুখ্যাতিদায়িকা। যশস্—দা+ক কর্ত্তৃবা+আপ্। বিণ; স্ত্রী। ২। ব্রজরাজ নন্দঘোষের পত্নী। বি; স্ত্রী।

যশোধন—যশস্বী। বহুব্রী। বিণ।

যশোভাগ্য—যশঃপ্রাপ্তির যোগ, যশোলাভের কপাল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

যশোমতী—যশোদা, নন্দপত্নী। বি; স্ত্রী।

যশোলিপ্সা—যশোলাভের আকাঙ্ক্ষা, খ্যাতিলাভেচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। বিণ,—লিপ্সু।

যষ্টি—লাঠি, ছড়ি, ধ্বজাদিদণ্ড; শাখা; যষ্টিমধু; তন্ত্র; ছড়া, নর। যক্ষ্ (পূজা করা)+ক্তি কর্ম্মবা। বি; পুং বা স্ত্রী।

যষ্টিকা—লাঠি, ছড়ি; একনর হার; যষ্টিমধু; দীর্ঘিকা। যষ্টি+কন্+আপ্। বি; স্ত্রী।

যষ্টিমধু—একপ্রকার মিষ্ট মূল। যষ্টিতে মধু যাহার, বহুব্রী। বি; ক্লীব।

যহিঁ—যেখানে, যাহাতে। প্রাঃ কবিপ্র। [অব্য।

যহুঁক—যাহার। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

যা—১। পতির ভ্রাতৃজায়া। 'যাতৃ' শব্দজ। বি; স্ত্রী। ২। 'যাহা' শব্দের সংক্ষেপ।

যাই—যেই, যেহেতু। দেশজ। অব্য।

যাউ—মণ্ড, যবাগূ। 'যবাগূ' শব্দজ। বি।

যাওয়া—গমন করা, চলা; অবসান হওয়া; টিকিয়া থাকা প্রয়োজন সিদ্ধ করা; নষ্ট হওয়া; কোন কাজ করিতে থাকা; কোন কিছু ঘটা বা করা (যেমন—'মরিয়া—'; 'জানা—')। বাং ক্রি।

যাঁতা—শস্যাদি পিষিবার যন্ত্র; হাপরে হাওয়া দিবার যন্ত্র, ভস্ত্রা। 'যন্ত্র' শব্দজ। বি।

যাঁতি—সুপারি কাটিবার যন্ত্র। 'যন্ত্রিকা' শব্দজ। বি।

যাঁহা—যেখানে, যথা; যেমন, যেইমাত্র। প্রাঃ কবিপ্র। অব্য।

যাক—১। যাউক; দূর হউক; যাইয়া। ক্রি। ২। যাহার। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

যাগ—যজ্ঞ, হোম। যজ্ (দেবপূজা করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

যাচক—প্রার্থী, ভিক্ষু। যাচ্ (যাচ্ঞা করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—চিকা।

যাচন—প্রার্থনা, যাচ্ঞা, ভিক্ষা। যাচ্ (যাচ্ঞা করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

যাচনদার—যে যাচাই করে, পরখদার। যাচন+দার। বি বা বিণ।

যাচনা—প্রার্থনা, ভিক্ষা। যাচ্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী।

যাচনীয়—প্রার্থনীয়। যাচ্ (যাচ্ঞা করা)+অনীয় কর্ম্মবা। বিণ।

যাচা—১। চাওয়া, মাগা; পরখ করা, যাচাই করা। বাং ক্রি। ২। যাচিয়া প্রদত্ত বা উপস্থাপিত। যাচ্+আ কর্ম্মবা। বিণ। (যেমন 'যাচা কনে')।

যাচাই—পরখ, অনুসন্ধান বা পরিদর্শনপূর্ব্বক মূল্যাবধারণ। যাচা+আই ভাববা। বি।

যাচান—যাচাই করান। বাং ক্রি।

যাচিত—১। প্রার্থিত; মৃত। যাচ্ (যাচ্ঞা করা)+ক্ত কর্ম্মবা। বিণ। ২। প্রার্থনা। যাচ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

বিণ। ২। অশ্বমেধের ঘোটক; জরৎকারু মুনি; নিয়মিত বাসস্থানবিহীন তপস্বী; পরিব্রাজক; পর্য্যটক; সন্ন্যাসী। বি; পুং।

যার-পর-নাই—অত্যন্ত, অতিশয়, যৎপরোনাস্তি। দেশজ। বিণ।

যাহা, যা—যে বস্তু বিষয় বা ক্ষুদ্র প্রাণী। 'যদ্' শব্দজ। সর্ব্ব।

যিনি—যে সম্ভ্রান্ত ব্যক্তি। 'যদ্' শব্দজ। সর্ব্ব।

যুঁই—যূথিকা, ক্ষুদ্রাকৃতি সুগন্ধি পুষ্পবিশেষ। 'যূথিকা' শব্দজ। বি।

যুক্ত—মিলিত; সংলগ্ন; ন্যায্য; উপযুক্ত; উচিত; আসক্ত; ব্যাপৃত; নিযুক্ত; যাহার যোগাভ্যাস হইয়াছে এরূপ। যুজ্ (যোগ করা) + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, যুক্তা।

যুক্তকর—মিলিতহস্ত; কৃতাঞ্জলি, যোড়হাত। বহুব্রী। বিণ। স্ত্রী, —রা।

যুক্তবেণী—বদ্ধবেণী, বাঁধা গোঁপা; প্রবাহের সম্মিলন। কর্ম্মধা। বি; স্ত্রী।

যুক্তাক্ষর—সংযুক্ত বর্ণ, একত্রমিলিত একাধিক অক্ষর। যুক্ত যে অক্ষর, কর্ম্মধা। বি; পুং।

যুক্তি—ন্যায়; মন্ত্রণা; উপায়; সমাপ্তি; মিলন; অনুমান; যোগ; রীতি; কারণ; নাট্যাঙ্গবিশেষ; লোকব্যবহার। যুজ্ (যোগ করা) + ক্তি ভাববা। বি; স্ত্রী।

যুক্তিতর্ক—ন্যায় হেতু ইত্যাদি প্রদর্শন। দ্বন্দ্ব। বি; পুং।

যুক্তিবিরুদ্ধ—যাহা যুক্তিসঙ্গত নহে; অযৌক্তিক। ৬ষ্ঠীতৎ। বিণ।

যুক্তিযুক্ত—যুক্তিসঙ্গত, ন্যায্য; পরামর্শসিদ্ধ। ৩য়াতৎ। বিণ।

যুক্তিসঙ্গ(ংগ)ত, —সম্মত—যুক্তিযুক্ত; উপযুক্ত, ন্যায্য, ন্যায়সম্মত; পরামর্শসিদ্ধ। ৩য়াতৎ। বিণ।

যুক্তিসিদ্ধ—যুক্তিসম্পন্ন; নীতিসিদ্ধ; মন্ত্রণাসিদ্ধ, মীমাংসিত। ৩য়াতৎ। বিণ।

যুগ—১। সত্য ত্রেতা দ্বাপর কলি এই চারিকাল [চতুর্যুগ দ্রঃ]; যুগ্ম, যোড়া; চারি হস্ত পরিমাণ। বি; ক্লীব। ২। রথশকটহলাদির অঙ্গবিশেষ, জোয়াল। যু (মিলন করা) + গক্ কর্ত্তৃবা। বি; পুং।

যুগধর্ম্ম(র্ম)—কালোচিত ধর্ম্ম, যে যুগের যেমন রীতিনীতি তাহা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যুগন্ধর—যুগবন্ধনার্থ রথশকটাদির কাষ্ঠবিশেষ, যে কাঠের সঙ্গে যোয়াল বাঁধা হয়, যেমন গাড়ীর বোম, লাঙ্গলের ঈষ ইত্যাদি; পর্ব্বতবিশেষ। যুগ (জোয়াল)—ধৃ (ধরা) + খ কর্ত্তৃবা। বি; পুং।

যুগপৎ—একদা, এককালে। যু (যোগ করা) + গপতক্ অধিবা। অব্য।

যুগপ্রবর্ত্ত(র্ত)ক—নূতন ভাবধারা ও মতবাদের আনয়নকর্তা। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —র্ত্তিকা।

যুগযুগান্তর—এই যুগ ও অন্য যুগ, বহু যুগ যুগ ও যুগান্তর, দ্বন্দ্ব। বি; ক্লীব।

যুগল—যুগ্ম, যোড়া। যুগ + ল স্বার্থে বি; ক্লীব।

যুগসন্ধি—যুগদ্বয়ের মধ্যস্থল, একযুগের অবসান ও অপরযুগের আরম্ভক্ষণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং

যুগান, যোগান—সংগ্রহ করা বা হওয় জুটান; যোগ করা। বাং ক্রি।

যুগান্ত—প্রলয়কাল, চারি যুগের অবসান যুগসমূহের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যুগান্তর—অন্য যুগ, বিভিন্ন যুগ। নিত্য বি; ক্লীব।

যুগাবতার—সময়বিশেষে আবির্ভূ মানবের পরিত্রাতা মহাপুরুষ। ৬ষ্ঠীতৎ। বি পুং।

যুগী—জাতিবিশেষ। 'যোগী' শব্দজ। বি।

যুগোপযোগী (—গিন্)—সময়ের উ যুক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ। বি, —গিতা।

যুগ্ম—যুগল, যোড়া; দ্বন্দ্ব; দুই লোকে সম্বন্ধ; মিথুনরাশি; মেলন। যুজ্ (যোগ কর + মক্ কর্ম্মবা। বি; ক্লীব।

যুঝা—যুদ্ধ করা, লড়া; প্রতিদ্বন্দ্বিতা ক যুঝাপড়া করা। কবিপ্র। ক্রি।

যুড়া—সংযুক্ত করা, সংলগ্ন করা। বাং ক্রি।

যুত—১। যুক্ত; মিলিত; সম্পৃক্ত। যু (যোগ করা)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, যুতা। ২। সুবিধা, যো, কায়দা। দেশজ। বি।

যুতবেধ—যামিত্রযুতবেধ দ্রঃ। [বিণ।

যুতসই—সুবিধা বা কায়দামত। ৭মীতৎ।

যুতা, যোতা—হলশকটাদিতে (পশু) যুক্ত বা আবদ্ধ করা। বাং ক্রি।

যুদ্ধ—সমর, রণ; গ্রহগণের পরস্পর মিলন। যুধ্ (যুদ্ধ করা)+ক্ত ভাববা। বি; ক্লীব।

যুদ্ধকৌশল—লড়াইয়ের কায়দা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

যুদ্ধনীতি—সমরনীতি, যুদ্ধসংক্রান্ত নিয়ম। যুদ্ধসংক্রান্তা নীতি, মধ্যপ কর্মধা। বি; স্ত্রী।

যুদ্ধবিগ্রহ—যুদ্ধ ও বিবাদ, লড়াই ঝগড়া। দ্বন্দ্ব। বি; পুং।

যুদ্ধবিদ্যা—সমরশাস্ত্র, ধনুর্বেদ, যুদ্ধসংক্রান্ত শাস্ত্র। মধ্যপ কর্মধা। বি; স্ত্রী।

যুদ্ধযাত্রা—যুদ্ধে গমন, যুদ্ধ করিতে যাওয়া। যুদ্ধের নিমিত্ত যাত্রা, ৪র্থীতৎ। বি; স্ত্রী।

যুদ্ধার্থী (–র্থিন্)—সমরাভিলাষী, যে লড়াই করিতে চায়। যুদ্ধ–অর্থ্ (চাওয়া) +ণিন্ কর্তৃবা। বিণ।

যুদ্ধোদ্যম—সমরোদ্যোগ, যুদ্ধের আয়োজন; যুদ্ধের উপক্রম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যুধিষ্ঠির—জ্যেষ্ঠ পাণ্ডব। যুধি (যুদ্ধে) স্থির, অলুক্ ৭মীতৎ। বি; পুং।

যুধ্যমান—যুদ্ধ করিতেছে এরূপ, যুদ্ধে নিযুক্ত। যুধ্+শানচ্ কর্তৃবা। বিণ।

য়ুনানী—গ্রীসদেশীয়, যাবনিক। ইং 'Ionian' শব্দজ। বিণ। [বি; পুং।

যুবক—তরুণ, যুবাপুরুষ। যুবন্+কন্ স্বার্থে।

যুবগণ্ড—বয়স ফোড়া। যুবার গণ্ডে থাকে যাহা, বহুব্রী। বি; পুং।

যুবজানি—যুবতীর স্বামী, যাহার স্ত্রী যুবতী। যুবতী জায়া যাহার, বহুব্রী। বিণ।

যুবতি—যুবতী। যুবন্+তি। বিণ; স্ত্রী।

যুবতী—যৌবনবতী, তরুণী, ১৬ বৎসর হইতে ৩০ বৎসর বয়স্কা; নবযৌবনা। যুবন্+ঈপ্, কিংবা যুবতি+ঈপ্। বিণ; স্ত্রী।

যুবনাশ্ব—সূর্য্যবংশীয় এক রাজার নাম। প্রসেনজিতের পুত্র এবং মান্ধাতার পিতা। বি; পুং।

যুবরাজ—ভাবিবুদ্ধবিশেষ; রাজপুত্র; রাজ্যের উত্তরাধিকারী ও রাজকার্য্যে সহকারী রাজপুত্র। যুবা যে রাজা, কর্মধা। বি; পুং।

যুবা (যুবন্)—তরুণ, যুবক; ১৬ হইতে ৩০ বৎসর পর্য্যন্ত বয়স্ক; সুন্দর; শ্রেষ্ঠ; বলিষ্ঠ। যু (যোগ করা)+কনিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–যূনী, যুবতি বা যুবতী। [বিণ।

যুবান—যুবা, জোয়ান, যুবক। প্রাঃ কবিপ্র।

যুয়ান—১। যুবক। ফার্সী। বিণ। কর্তৃবা। ২। যোগান, নির্গত হওয়া, কল্পনায় আনা। বাং ক্রি।

যুয়ায়—যোগায়; সরে, নিঃসৃত হয়; সমর্থ হয়; উচিত হয়। প্রাঃ কবিপ্র। ক্রি।

যুযুৎসা—যুদ্ধাভিলাষ, সমরেচ্ছা। সনন্ত যুধ্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

যুযুৎসু—১। যুদ্ধাভিলাষী, সমরেচ্ছু। সনন্ত যুধ্+উ কর্তৃবা। বিণ। ২। ধৃতরাষ্ট্রের অন্যতম পুত্র। বি; পুং। ৩। মল্লক্রীড়ায় বা আততায়ীকে পরাভূত করার কৌশলবিশেষ। জাপানী শব্দ। বি।

যুযুধান—১। যুদ্ধকারী, যোদ্ধা। যুধ্ (যুদ্ধ করা)+কান কর্তৃবা। বিণ; ত্রি। ২। ক্ষত্রিয়; সাত্যকি; ইন্দ্র। বি; পুং। [সর্ব্ব।

যুষ্মদ—তুমি, মধ্যমপুরুষ। যুষ+মদ্ কর্তৃবা।

যুষ্মদীয়—আপনাদের। যুষ্মদ্+ঈয়। বিণ।

যুঁই—পুষ্পবিশেষ। 'যূথিকা' শব্দজ। বি।

যূথ—পশুপক্ষীর দল, পাল, সমূহ। যু (যুক্ত হওয়া)+থক্ কর্তৃবা। বি; পুং বা ক্লীব।

যূথচারী (–রিন্)—একসঙ্গে বিচরণকারী; যাহারা দল বাঁধিয়া চলে। যূথ–চর্ +ণিন্ কর্তৃবা। বিণ।

যূথনাথ, –পতি—বন্যগজ-দলপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যূথভ্রষ্ট—দলচ্যুত, দলের বাহিরে পতিত। ৫মীতৎ। বিণ। স্ত্রী, –ষ্টা।

যূথিকা, যূথীকা—মাগধী কুসুম; যুঁইফুল। যু (মিলিত হওয়া)+থক্ কর্তৃবা+ঈপ্ = যূথী; যূথী+কন্+আপ্। বি; স্ত্রী।

যূনী—যুবতী। যুবন্+স্ত্রীলিঙ্গে ঈপ্। বিণ; স্ত্রী।

যূপ—যজ্ঞীয় পশুবন্ধন-স্তম্ভ; জয়স্তম্ভ। যু (যোগ করা)+পক্ অধিবা। বি; পুং বা ক্লীব।

যূপকাষ্ঠ—হাড়িকাঠ। কর্মধা। বি; ক্লীব।

যূষ—ঝোল, ক্বাথ। যুষ্ (বধ করা)+ক কর্তৃবা। বি; পুং বা ক্লীব।

যে—১। ব্যক্তি বস্তু বা বিষয় প্রভৃতির বাচক সর্বনাম শব্দ। সর্ব্ব। ২। বাক্য বা বিষয় উল্লেখে (That); হেতুনির্দ্দেশে (Because, since); আধিক্যসূচক (So); বিস্ময় বা প্রশ্নসূচক (যেমন 'তুমি যে এখনও এখানে'!) অব্য।

যেই, যাই--যেমন, যখনই। অব্য।

যেখানে—যেস্থানে, যে ভাবে বা অবস্থায়। 'যৎ স্থান' শব্দজ। ক্রি-বিণ।

যেথা, যেথায়—যেখানে। কবিপ্র। অব্য।

যেন—তুলনাবোধক ('নরম যেন তুলা'); সতর্কীকরণে; প্রার্থনায়; যাহাতে (So that). দেশজ। অব্য। **যেন-তেন, যেন-তেন-প্রকারেণ**—যেমন করিয়াই হউক, ছলে বলে বা কৌশলে।

যেমন—যে রকম; উদাহরণে, যথা; যেই। দেশজ। বিণ বা অব্য।

যেমন-তেমন—সামান্য, যে কোন রকম। দেশজ। বিণ।

যেমনি--যেমন-ই; যেই মাত্র; ঠিক যেরূপ। দেশজ। অব্য।

যে-সে—যে কোন ব্যক্তি; তুচ্ছলোক। দেশজ। সর্ব্ব।

যেহেতু—কারণ; যে কারণ। দেশজ। অব্য।

যেহো—যিনি। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

যৈছন—যেমন; যেরূপে। প্রাঃ কবিপ্র। অব্য।

যৈছে—যেরূপে। প্রাঃ কবিপ্র। অব্য।

যো—১। সুযোগ, সুবিধা; উপায়; উপযুক্ত সময়; জমি চাষ করিবার উপযুক্ত অবস্থা। দেশজ। বি। ২। প্রীতি, প্রেম, প্রণয়; যে। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

যোই—যেরূপ; যে। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

যোক্তা (যোক্তৃ)—যোগকর্ত্তা, সংযোগকারক। যুজ্+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী যোক্ত্রী।

যোক্ত্র—যুগাদিবন্ধনরজ্জু, যোতদড়ি। যুজ্ (যোগ করা)+ত্র করণবা। বি; ক্লীব।

যোখা--মাপ করা; তুলনা করা। বাং ক্রি

যোগ--১। যুক্তি; মিলন; ঐক্য; জীবাত্মা ও পরমাত্মার সংযোগ; সম্বন্ধ; ধ্যান; যমাদি অষ্টাঙ্গযোগ; সদ্ভাব; আত্মজ্ঞান; চিত্তবৃত্তিনিরোধ; প্রয়োগ; দেহস্থিত বর্ম্মাদি ধারণ; সম্পত্তির উপার্জ্জন ও রক্ষণ লাভ; দুই বা ততোধিক রাশির সমষ্টিকরণ (জ্যোতিষে) প্রধান নক্ষত্র। যুজ্ (যোগ করা)+ঘঞ্ ভাববা। ২। উপায়; সামাদি চতুর্ব্বিধ উপায়; বশীকরণের উপায়; ঔষধ ছল; বিদ্যাদি; যুক্তি; পতঞ্জলিপ্রণীত শাস্ত্রবিশেষ। যুজ্+ঘঞ্ করণবা। বি; পুং

যোগে যাগে—কলে কৌশলে।

যোগক্ষেম—অলব্ধ বস্তুর লাভ ও লব্ধ বস্তু রক্ষণ; বাণিজ্যদ্রব্যের উপযুক্ত মূল্যনির্দ্ধারণ সভা; উত্তরাধিকারীর অবিভাজ্য ধন। দ্বন্দ্ব বি; ক্লীব।

যোগদান—যোগ দেওয়া, মিলিত হওয়া মিলন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

যোগনিদ্রা—যোগরূপ নিদ্রা; প্রলয়কালে সর্ব্বসংহারেচ্ছায় পরমেশ্বরের যোগব্যাপার রূপক কর্ম্মধা। বি; স্ত্রী।

যোগনিষ্ঠ---ধ্যানপরায়ণ। যোগে নিষ্ঠা যাহার বহুব্রী। বিণ। [বি; ক্লীব

যোগবল—যোগজনিত শক্তি। মধ্যপ কর্ম্মধা

যোগবাহ—জিহ্বামূলীয় বর্ণ; অনুস্বার; বিসর্গ। যোগ—বহ্‌+ঘঞ্‌ করণবা। বি; পুং।

যোগভ্রষ্ট—যোগমার্গ হইতে চ্যুত, বিঘ্নাদি দ্বারা যোগে অশক্ত। ৫মীতৎ। বিণ।

যোগমায়া—১। সংসারমায়া; ভগবানের জগৎসৃষ্টিকারিণী শক্তি। ৬ষ্ঠীতৎ। ২। দুর্গা; বিন্ধ্যাচলবাসিনী দেবী; কৃষ্ণের পরিবর্ত্তে যশোদার গর্ভোৎপন্না কন্যা মথুরায় দেবকীর নিকট রক্ষিতা হইলে কংস ইঁহাকে দেবকীর অষ্টমগর্ভজাত সন্তান মনে করিয়া পাষাণে নিক্ষেপ করেন। কন্যা ঊর্দ্ধে উত্থিতা হইয়া কংসকে সাবধান করিয়া অন্তর্হিতা হন। পরে বিন্ধ্যাচলে অধিষ্ঠান করেন। বহুব্রী। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

যোগমার্গ—যোগপথ; যোগের অনুষ্ঠান।

যোগরূঢ়—যাহার অবয়বশক্তি ও অর্থশক্তি দ্বারা অর্থবোধ হয়, যৌগিক অথচ রূঢ় (শব্দ), যথা—পঙ্কজ। ৩য়াতৎ। বিণ।

যোগশাস্ত্র—যোগবিষয়ক শাস্ত্র, যে শাস্ত্রে যোগের বিষয় বর্ণিত হইয়াছে, পতঞ্জলি প্রভৃতি ঋষি-প্রণীত শাস্ত্র। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। [দেশজ। বি।

যোগসাজশ—দুষ্কার্য্যে সহযোগিতা।

যোগসাধন, —সাধনা—যোগাভ্যাস, যমাদি সাধন, যোগ করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী। [ফলপ্রাপ্ত। ৩য়াতৎ। বিণ।

যোগসিদ্ধ—যোগ দ্বারা সিদ্ধিপ্রাপ্ত, যোগের

যোগসিদ্ধি—যোগের ফলপ্রাপ্তি, যোগসাধনার শেষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী

যোগাকর্ষণ—যে আকর্ষণে আকৃষ্ট হইয়া পদার্থের পরমাণুসমূহ একত্র সংবদ্ধ থাকে ও বিচ্ছিন্ন হয় না। যোগসাধক যে আকর্ষণ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

যোগাড়—আয়োজন, উদ্যোগ; সংগ্রহ; সরবরাহ, জুটান। 'যোগ' শব্দজ। বি।

যোগাড়যন্ত্র—উপকরণ সংগ্রহ ও সাধনোপায় নিরূপণ। দেশজ। বি।

যোগাড়ে—যোগাড় করিতে পারক বা দক্ষ। যোগাড়+এ নিপুণার্থে। বিণ।

যোগান—১। সরবরাহ। বি। ২। সরবরাহ করা, যোগাড় করিয়া বা জুটাইয়া দেওয়া। বাং ক্রি।

যোগাযোগ—পরস্পর সংযোগ বা সংস্রব; সামঞ্জস্য, মিল। দেশজ প্রঃ। বি।

যোগাসন—যোগসাধনার্থ একপ্রকার উপবেশন। যোগের নিমিত্ত আসন, ৪র্থীতৎ। বি; ক্লীব।

যোগাসীন—যোগে উপবিষ্ট, যোগকারী। ৪র্থীতৎ। বিণ। স্ত্রী—না।

যোগিনী—তপস্বিনী; ৬৪ সংখ্যক দেবীবিশেষ। যোগ+ইন্‌+স্ত্রীলিঙ্গে ঈপ্‌। বি; স্ত্রী।

যোগিনীচক্র—যোগিনীর অবস্থানরূপ চক্র, তিথিবিশেষে পূর্ব্বাদিদিকে যোগিনীর অবস্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

যোগিবেশ—যোগীর পরিচ্ছদ, সন্ন্যাসীর সজ্জা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যোগী (যোগিন্‌)—তপস্বী; সন্ন্যাসী; দণ্ডী; ব্রহ্মবিৎ; জাতিবিশেষ। যোগ+ইন্‌ অস্ত্যর্থে; অথবা যুজ্‌ (যোগ করা)+ঘিনুণ্‌ কর্ত্তৃবা। বিণ বা বি; পুং। স্ত্রী,—গিনী।

যোগীন্দ্র—যোগিশ্রেষ্ঠ; মহাদেব। যোগীদিগের মধ্যে ইন্দ্র (প্রধান), ৭মীতৎ। বি; পুং।

যোগীশ, —শ্বর—যাজ্ঞবল্ক্য; শিব। যোগীদিগের ঈশ বা ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যোগেশ, —শ্বর—বিষ্ণু, শিব; যাজ্ঞবল্ক্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

যোগ্য—উপযুক্ত; সমর্থ; প্রবীণ; দক্ষ, নিপুণ; পবিত্র; প্রত্যক্ষ; যোগার্হ। যুজ্‌ (যোগ করা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, যোগ্যা।

যোগ্যতা—উপযুক্ততা; দক্ষতা; পবিত্রতা; বস্তুসমূহের পরস্পর সম্বন্ধে বাধার অভাব, যেমন 'অগ্নিদ্বারা সেক করিয়াছিল', এস্থলে

অগ্নিদ্বারা সেক কার্য্য অসম্ভব বলিয়া পরস্পর সম্বন্ধে বাধা হইল, অতএব যোগ্যতা হইল না। যোগ্য+তা ভাবার্থে। বি : স্ত্রী।

যোজক—১। যোগকারক। বিণ। স্ত্রী, –জিকা। ২। (ভূগোলশাস্ত্রে) যে সঙ্কীর্ণ ভূভাগ দুই বৃহৎ ভূভাগের মধ্যে থাকিয়া উভয়কে সংযুক্ত করে (Isthmus). ণিজন্ত যুজ্ = যোজি (যোগ করান) + ণক কর্তৃবা। বি ; পুং।

যোজন—একত্রকরণ, মেলন ; সঙ্ঘটন ; পরমাত্মা ; চারি ক্রোশ পরিমাণ। যুজ্ (যোগ করা) + অনট্ ভাববা, অধিবা। বি ; ক্লীব।

যোজনগন্ধা—কস্তূরী ; সীতা ; ব্যাসদেবের মাতা সত্যবতী। যোজন পর্য্যন্ত গন্ধ যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বি ; স্ত্রী।

যোজনা—একত্রকরণ, মেলন ; সঙ্ঘটন। যুজ্ + অন ভাববা + আপ্। বি ; স্ত্রী।

যোজিত—যুক্তকৃত, মেলিত ; রচিত, নিয়মিত। ণিজন্ত যুজ্ = যোজি (যোগ করান) + ক্ত কর্ম্মবা। বিণ ; ত্রি।

যোট—যোগ ; যোড়া। 'যোটক' শব্দজ। বি।

যোটক—১। যোটন ; মেলন। যু + ট্ ভাববা + কন্ স্বার্থে। ২। ঘটক। দেশজ প্রঃ। বি।

যোটপাট—যোগাড়, সংগ্রহ। দেশজ। বি।

যোড়—১। যুক্ত। 'যুক্ত' শব্দজ। বিণ। ২। সংযোগ ; দম্পতি ; সমকক্ষ লোক। 'যুগ্ম' শব্দজ। বি।

যোড়া—১। সংযোগ ; সমকক্ষ লোক ; যুগল ; দুইটি বস্তুর একটি। 'যুগ্ম' শব্দজ। বি। ২। যুড়া। বাং ক্রি।

যোত—যোত্র, যোক্ত্র, যুগাদি বন্ধন-রজ্জু ; জমিদারের প্রজার অধিকৃত জমি। 'যোত্র' বা 'যোক্ত্র' শব্দজ। বি।

যোত্র—সম্পত্তি ; যুগাদি বন্ধন-রজ্জু ; যোত ; যোয়াল। যু (যোগ করা) + ষ্ট্রন্ করণবা। বি ; ক্লীব।

যোত্রহীন—সম্পত্তিবিহীন, দরিদ্র। ৩য়াতৎ। বিণ।

যোদ্ধা (যোদ্ধৃ)—যুদ্ধকারী। যুধ্ (যুদ্ধ করা) + তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, যোদ্ধ্রী।

যোদ্ধৃবেশ—যোদ্ধার পরিচ্ছদ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

যোধ—১। যোদ্ধা, যুদ্ধকারী। যুধ্ (যুদ্ধ করা) + অচ্ কর্তৃবা। ২। যুদ্ধ, সংগ্রাম। যুধ্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

যোধন—১। যোদ্ধা, যুদ্ধকারী। যুধ্ (যুদ্ধ করা) + অন কর্তৃবা। বি ; পুং। ২। রণ। যুধ্ + অনট্ ভাববা। ৩। যুদ্ধাস্ত্র। যুধ্ + অনট্ করণবা। বি ; ক্লীব।

যোনি—আকর ; উৎপত্তিস্থল ; স্ত্রীচিহ্ন, গুহ্য, ভগ ; কারণ ; জল। যু (যোগ করা) + নি কর্তৃবা। বি ; পুং বা স্ত্রী।

যোনিজ—স্ত্রীযোনি হইতে জাত, জরায়ুজ ও অণ্ডজ (প্রাণী)। যোনি – জন্ (জন্মা) + ড কর্তৃবা। বিণ।

যোয়ান, জোয়ান—১। যমানী। 'যমানী' শব্দজ। বি। ২। সোমত্ত মরদ, যুবক। ফার্সী। বি বা বিণ।

যোয়াল—যুগদণ্ড, বলদের স্কন্ধলগ্ন কাষ্ঠ। 'যোক্ত্র' শব্দজ। বি।

যোষা—যোষিৎ, নারী। যুষ্ (সেবা করা) + অচ্ কর্তৃবা + আপ্। বি ; স্ত্রী।

যোষিৎ—রমণী, নারী। যুষ্ (সেবা করা) + ইতি কর্তৃবা। বি ; স্ত্রী।

যৌ—লাক্ষা। 'যাবক' শব্দজ। বি।

যৌক্তিক—যুক্তিসিদ্ধ ; প্রামাণিক ; যুক্তিকারী। যুক্তি + ইক। বিণ। স্ত্রী, –কী।

যৌগপদ্য—যুগপৎ সংঘটনের ভাব, সমসাময়িকতা। যুগপদ্ + ষ্যঞ্ ভাবে। বি ; ক্লীব।

যৌগিক—যোগজাত ; সংযোগসম্ভূত ; প্রকৃতিপ্রত্যয় দ্বারা অর্থবাচক (শব্দ), যেমন —সুখদ। যোগ + ইক। বিণ। স্ত্রী, –কী।

যৌগিক ক্রিয়া—একাধিক শব্দ মিলিয়া গঠিত ক্রিয়া (যেমন—গমন করা, চমকে ওঠা ইত্যাদি)।

যৌতুক—বিবাহকালে লব্ধ ধন ; অন্-

প্রাশনাদি সময়ে দধ্যন। যুত+অণ্ সম্বন্ধার্থে। বি; ক্লীব।

যৌথ—মিলিত, যুক্ত (Joint). যূথ+অণ্ ভবার্থে। বিণ।

যৌন—যোনিসম্বন্ধীয় বা বিষয়ক; স্ত্রীপুরুষের মিলন, সহবাস ইত্যাদি সংক্রান্ত; যোনিজাত; বিবাহসম্বন্ধীয়। যোনি+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, যৌনী।

যৌবন—যুবা অবস্থা, তারুণ্য, ১৬ হইতে ৩০ বৎসর পর্য্যন্ত বয়স। যুবন্ শব্দ+অণ্ ভাবার্থে। বি; ক্লীব।

যৌবনকণ্টক—গণ্ডজাত ব্রণ, বয়স ফোড়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

যৌবনশ্রী—যৌবনের শোভা, যুবা বয়সের সৌন্দর্য্য। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

যৌবনাশ্ব—যুবনাশ্বরাজের পুত্র, মান্ধাতা। যুবনাশ্ব+অণ্ অপত্যার্থে। বি; পুং।

যৌবরাজ্য—যুবরাজের পদ, পিতৃসত্ত্বে পুত্রের রাজপদ। যুবরাজ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

র

র—১। সপ্তবিংশ ব্যঞ্জনবর্ণ, উচ্চারণস্থান মূর্দ্ধা। ২। [তুই] থাক্, থাম্, অপেক্ষা কর্। বাং ক্রি। ৩। ষষ্ঠী বিভক্তির চিহ্ন।

রই—১। পুষ্করিণীর মধ্যস্থলে প্রোথিত কাষ্ঠখণ্ড। দেশজ। বি। ২। থাকি, বাস করি। বাং ক্রি। **রই রই**—হৈ চৈ, কোলাহল।

রওনা, রওয়ানা—স্থানত্যাগপূর্ব্বক যাত্রা; প্রেরণ। ফার্সী। বি।

রওব—ভয়। আর্বী। বি।

রং, রঙ—বর্ণ, রঙ্গ; রঞ্জক পদার্থ; তৈলাদি-সংযুক্ত রঞ্জক দ্রব্য; তাসের চিহ্নবিশেষ (রুইতন, ইস্কাপন); খেলায় যে চিহ্নিত তাসগুলির প্রাধান্য থাকে (Trump). 'রঙ্গ' শব্দজ। বি।

রংচং—নানারকমের রঙ্গ। দেশজ। বি।

রংচণ্ডা,-চণ্ডে—বিচিত্র বর্ণবিশিষ্ট, চিত্রবিচিত্র। রংচঙ্+আ, এ বিশিষ্টার্থে। বিণ।

রংঢং—হাস্যকৌতুক। দেশজ। বি।

রংবেরং—নানাবর্ণের। দেশজ। বিণ।

রংহঃ (রংহস্), রংহ—বেগ; শীঘ্রতা। রন্‌হ্ (গমন করা)+অসুন্। বি; ক্লীব।

রক, রোয়াক—বারাণ্ডা, পিঁড়ে, দাওয়া; পাকা বারাণ্ডা; দালান। তুর্কী। বি।

রকম—প্রকার। আর্বী। বি।

রকম-রকম—নানাবিধ, হরেক রকম। বিণ।

রকম-সকম—ভাবগতিক। আর্বীমূলক। বি।

রকমারি, রকমওয়ারি—নানাপ্রকার, বহুপ্রকার। আর্বীমূলক। বিণ।

রক্ত—১। রুধির, শোণিত, লহু; হিঙ্গুল; সিন্দূর; কুঙ্কুম; তাম্র; লোহিতবর্ণ। রন্‌জ্ (রঙ করা)+ক্ত করণবা। বি; ক্লীব। ২। আসক্ত, অনুরক্ত; মধুর, সুশ্রাব্য; রঞ্জিত, রঙকরা; ক্রীড়ারত; লোহিত, রাঙা। রন্‌জ্+ক্ত কর্ত্তৃবা, কর্ম্মবা। বিণ। স্ত্রী, রক্তা। **বুকের রক্ত**—বহু কষ্টে উপার্জ্জিত অর্থ। **রক্ত জল করা**—বেজায় পরিশ্রম করা।

রক্তক—১। রক্তবস্ত্র; রুধির; বন্ধুকবৃক্ষ। বি; ক্লীব। ২। অনুরক্ত, আসক্ত। রক্ত+কন্। বিণ। [বি; ক্লীব।

রক্তকমল—কোকনদ, লাল পদ্ম। কর্ম্মধা।

রক্তক্ষয়ী (-য়িন্)—যাহাতে প্রচুর রক্তপাত অর্থাৎ বহুলোকের প্রাণনাশ হয়। রক্ত-ক্ষি+ণিচ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ।

রক্তগঙ্গা(ঙ্গা)—রক্তের প্রবাহ, শোণিতস্রোত। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রক্তচন্দন—লাল চন্দন। কর্ম্মধা। বি; ক্লীব।

রক্তজবা—লাল জবাফুল। কর্ম্মধা। বি; স্ত্রী।

রক্তজবারাগ—লাল জবাফুলের মত রঙ্গ, গাঢ় রক্তবর্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রক্তদন্তী—দেবীবিশেষ, ভগবতীর এক রূপ। রক্ত (লাল) হইয়াছে দন্ত যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বি; স্ত্রী।

রক্তদুষ্টি,—দোষ—দৈহিক রক্তের বিকার। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী, পুং।

রক্তপ—শোণিতপানকারী। রক্ত—পা (পান করা)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—পা (জোঁক)। [পুং।

রক্তপাত—শোণিতক্ষরণ। ৬ষ্ঠীতৎ। বি ;

রক্তপায়ী (—য়িন্)—১। রুধিরপানকারী। রক্ত—পা (পান করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী। ২। রুধিরপানকারী জন্তু ; মৎকুণ ; ছারপোকা। বি ; পুং।

রক্তপিত্ত—রোগবিশেষ, সহসা রক্তবমন। রক্তনিঃসারী পিত্ত যাহাতে, বহুব্রী। বি ; ক্লীব।

রক্তপিপাসা—শোণিততৃষ্ণা, রক্ত পান করিবার ইচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

রক্তপিপাসু—শোণিতপানেচ্ছু। ২য়াতৎ। বিণ।

রক্তবর্ণ—১। লোহিত বর্ণ, লাল রঙ। কর্মধা। বি ; ক্লীব। ২। লোহিত বর্ণবিশিষ্ট, লাল। বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ণা।

রক্তবহ—শোণিতবাহক। রক্ত—বহ্ (বহা) + অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—হা।

রক্তবাহী (—বাহিন)—শোণিতবাহক। রক্ত—বহ (বহা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—হিনী।

রক্তবীজ—১। দাড়িম। রক্ত (লাল) বীজ যাহার, বহুব্রী। ২। দৈত্যবিশেষ, শুম্ভনিশুম্ভের সেনাপতি। বি ; পুং।

রক্তবৃষ্টি—রুধিরবর্ষণ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

রক্তমাংস—রুধির ও মাংস। দ্বন্দ্ব। বি ; ক্লীব। **রক্তমাংসের শরীর**—মনুষ্যদেহ ; সুখ-দুঃখ ইত্যাদি অনুভবক্ষম মানুষ।

রক্তমোক্ষণ—শোণিতস্রাব, শিরা কাটিয়া রক্ত বাহিরকরণ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

রক্তশোষক—শোণিতশোষণকারী, যে রক্ত শুষিয়া খায়। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ষিকা।

রক্তশোষণ—শোণিতশোষণ, রক্ত শুষিয়া লওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

রক্তশোষা—কৃকলাস, বহুরূপী। বাং উপ-তৎ। বি।

রক্তশোষী (—শোষিন্)—শোণিত-শোষণকারী, যে রক্ত পর্য্যন্ত শুষিয়া লয়। রক্ত —শুষ্ (শোষণ করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষিণী। [৬ষ্ঠীতৎ। বি ; পুং।

রক্তস্রাব—শোণিতক্ষরণ ; রক্ত বাহির হওয়া।

রক্তস্রোতঃ (—তস্), —স্রোত—শোণিত-প্রবাহ, স্রোতের আকারে প্রবাহিত রক্ত। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

রক্তাক্ত—১। শোণিতলিপ্ত ; শোণিত-মিশ্রিত ; রঞ্জিত। রক্ত দ্বারা অক্ত বা আক্ত, ৩য়াতৎ। বিণ।

রক্তাতিসার—রোগবিশেষ, মলদ্বার দিয়া অধিক রক্তনিঃসরণ। রক্তের অতিসার, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

রক্তাভ—ঈষৎরক্তবর্ণ, লাল। রক্তের ন্যায় আভা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ভা।

রক্তাম্বর—১। কাষায় বস্ত্র ; রাঙ্গা কাপড়। রক্ত যে অম্বর (বস্ত্র), কর্মধা। বি ; ক্লীব। ২। কাষায়-বস্ত্রধারী, রাঙ্গা-কাপড়পরা। বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

রক্তারক্তি—পরস্পর রক্তপাত, রক্তের ছড়াছড়ি ; খুনাখুনি। দেশজ প্রঃ। বি।

রক্তিম—লাল ; লালচে। দেশজ প্রঃ। বিণ।

রক্তিমা (—মন্)—শোণিত বর্ণ ; লাল রঙ। রক্ত+ইমন্ ভাবার্থে। বি ; পুং।

রক্তোৎপল—কোকনদ, রক্তপদ্ম। কর্মধা। বি ; ক্লীব।

রক্তোপল—গৈরিক, গিরিমাটী। রক্ত যে উপল (প্রস্তর), কর্মধা। বি ; ক্লীব।

রক্ষঃ (রক্ষস্)—নিশাচর, রাক্ষস। রক্ষ (রক্ষা করা)+অসুন্ অপাবা ; যাহা হইতে (ধনাদি) রক্ষিত হয়। বি ; ক্লীব।

রক্ষঃকুল—রাক্ষসবংশ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

রক্ষক—রক্ষাকর্তা ; পরিত্রাতা ; পালক। রক্ষ্ (রক্ষা করা)+ণক কর্তৃবা। বিণ।

ক্ষণ—১। রক্ষা, পালন, ত্রাণ। রক্ষ্ (রক্ষা করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। ক্ষক। রক্ষ্+অন কর্তৃবা। বিণ। স্ত্রী,—ণা।

ক্ষণাবেক্ষণ—রক্ষা ও দেখাশুনা, পালন ও তত্ত্বাবধান। দ্বন্দ্ব। বি; ক্লীব।

ক্ষণীয়—পালনীয়, রক্ষণাই, রক্ষা করিবার যোগ্য। রক্ষ্ (রক্ষা করা)+অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

ক্ষা—পালন, ত্রাণ, নিস্তার, বাঁচোয়া। রক্ষ্ (রক্ষা করা)+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

ক্ষিত—পালিত, ত্রাত। রক্ষ্ (রক্ষা করা) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

ক্ষিতা—১। পালিতা, ত্রাতা। রক্ষিত+ আপ্। বিণ; স্ত্রী। ২। পালিতা উপপত্নী। বি; স্ত্রী।

ক্ষিতা (রক্ষিতৃ)—রক্ষাকর্ত্তা, পরিত্রাতা। রক্ষ+তৃন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—ত্রী।

ক্ষী (রক্ষিন্)—রক্ষক। রক্ষ্ (রক্ষা করা) +ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—ক্ষিণী।

ক্ষোনাথ, —রাজ—রাক্ষসরাজ, রাক্ষসগণের প্রভু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

ক্ষ্য—রক্ষণীয়; বারণীয়। রক্ষ্ (রক্ষা করা) +ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, রক্ষ্যা।

গ—ললাটের পার্শ্বদেশ, শিরা। ফার্সী। বি।

গড়—মজা, তামাসা; ঘর্ষণ। 'রগড়' শব্দজ। বি।

গড়ান—ঘর্ষণ করা, মর্দ্দন করা। বাং ক্রি।

ড়িয়া, রগুড়ে—কৌতুকপ্রিয়। রগড়+ া, এ নিপুণার্থে। বিণ। [অব্য।

্রগ্—টক্ টক্, ঔজ্জ্বল্যপ্রকাশ। দেশজ।

[—১। সূর্য্যবংশীয় নৃপতি, শ্রীরামচন্দ্রের পিতামহ। রঘ (গমন করা)+কু কর্তৃবা। ; পুং। ২। 'রঘু' শব্দের অন্ত অর্থ রঘুংশীয় অজাদি অন্যান্য ক্ষত্রিয়গণ।

কুল—রঘুবংশ, সূর্য্যবংশ [পুণ্যাত্মা রঘুর নামানুসারে তদীয় বংশ রঘুবংশ বা রঘুকুল নামে অভিহিত হয়]। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রঘুকুলতিলক—রঘুবংশের শ্রেষ্ঠ ব্যক্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রঘুনন্দন—রামচন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রঘুনাথ—শ্রীরামচন্দ্র; শালগ্রামবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রঘুপতি—শ্রীরামচন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রঘুবংশ—রঘুরাজার বংশ, রঘুকুল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রঘুবর, —শ্রেষ্ঠ, রঘূদ্বহ—শ্রীরামচন্দ্র। ৬ষ্ঠীতৎ বা ৭মীতৎ। বি; পুং।

রঘুমণি—রঘুবংশীয়গণের শ্রেষ্ঠ, রঘুকুলের রত্নস্বরূপ; শ্রীরামচন্দ্র। রঘুর (রঘুবংশের) মণি (মণিস্বরূপ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রঙ—রং দ্রঃ।

রঙান, রঙ্গান—রং দেওয়া, রঞ্জিত করা। বাং ক্রি।

রঙিন, রঙীন, রঙ্গিন, রঙ্গীন—রঞ্জিত, রং-দেওয়া। দেশজ। বিণ।

রঙ্গ(ঙ্গ)—১। নাট্যশালা; রণস্থল। রন্জ্+ ঘঞ্ কর্ম্মবা। ২। রাগ; নৃত্যগীত অভিনয়াদি। রন্জ্+ঘঞ্ ভাববা। ৩। বর্ণ, রঙ্; রঞ্জকদ্রব্য। রন্জ্+ঘঞ্ করণবা। ৪। ধাতুবিশেষ, রাঙ্। বি; পুং বা ক্লীব। ৫। ক্রীড়া, কৌতুক, পরিহাস, তামাশা(তা); রগড়, মজা। দেশজ। বি। ৬। সুন্দর, রমণীয়। প্রাঃ কবিপ্র। বিণ। [বি।

রঙ্গ(ঙ্গ)চঙ্গ(ঙ্গ)—হাস্যপরিহাস। দেশজ।

রঙ্গ(ঙ্গ)চঙ্গে(ঙ্গে)—চিত্রবিচিত্র। দেশজ। বিণ।

রঙ্গচিঙ্গা(ঙ্গা)—কৌতুকপ্রিয় বালক; চেঙ্গড়া ছেলে। প্রাঃ কবিপ্র। বি।

রঙ্গ(ঙ্গ)দার, রংদার—রঙ্গিল; মজাদার; হাস্যরসিক। রঙ্গ, রং+দার বিশিষ্টার্থে। বিণ।

রঙ্গ(ঙ্গ)প্রিয়—কৌতুকপ্রিয়, যে মজা দেখিতে ভালবাসে এরূপ। বহুব্রী। বিণ।

রঙ্গ(ঙ্গ)ভঙ্গ(ঙ্গ)—কৌতুকজনক ভাবভঙ্গী। রঙ্গজনক যে ভঙ্গ (ভঙ্গী), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

রঙ্গ(ঙ্গ)ভূমি—নাট্যশালা; রণক্ষেত্র; মল্লযুদ্ধ, কুস্তির আড্ডা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রঙ্গ(ঙ্গ)মঞ্চ—অভিনয়ভূমি, যে স্থানে নাটকাদির অভিনয় হয়, থিয়েটারের ষ্টেজ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রঙ্গ(ঙ্গ)মহল, রংমহল—রাজা বাদশাহ্‌দের বিলাসভবন, বেগমখানা। ফার্সী। বি।

রঙ্গ(ঙ্গ)রস—আমোদ প্রমোদ, হাস্য-কৌতুক। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

রঙ্গ(ঙ্গ)শালা, –স্থল—অভিনয় স্থান, রঙ্গভূমি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, ক্লীব।

রঙ্গীন—রঙীন দ্রঃ।

রঙ্গা(ঙ্গা)লয়—নাট্যশালা, নাট্যমন্দির। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রঙ্গি(ঙ্গি)ণী—রঙ্গপ্রিয়া, আমোদিনী; উন্মত্তা। বিণ; স্ত্রী।

রঙ্গি(ঙ্গি)ন, রঙ্গী(ঙ্গী)ন—রঙিন দ্রঃ।

রঙ্গিয়া—রসিক, রঙ্গরসে মত্ত। প্রাঃ কবিপ্র। বিণ।

রঙ্গি(ঙ্গি)ল, –লা—রঙ্গিন; রঙ্গদার; ফুর্ত্তিবাজ, মজাদার। হিন্দী। বিণ।

রচক—রচনাকারী। রচ্ (রচনা করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—চিকা।

রচন—রচনা (সকল অর্থে)। রচ্ বা রচি (রচনা করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

রচনা—শ্রেণীপূর্ব্বক বিন্যাস, সাজান; নির্ম্মাণ; গঠন; স্থাপন; নিবেশ, গ্রন্থন; ভূষণ; যথানিয়মে গদ্যময় বা পদ্যময় বাক্য-বিন্যাস। রচ্+অন ভাববা+আপ্। বি; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রচনাকৌশল—গঠনচাতুর্য্য, নির্ম্মাণদক্ষতা।

রচনাপদ্ধতি, –প্রণালী—নির্ম্মাণপ্রণালী, গঠনরীতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রচনীয়—রচনাযোগ্য। রচ্+অনীয় কর্ম্মবা। বিণ।

রচয়িতা (–তৃ)—রচনাকর্ত্তা, রচক; নির্ম্মাণকর্ত্তা, নির্ম্মাতা, স্রষ্টা। রচি (রচনা করা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

রচা—রচনা করা, নির্ম্মাণ করা, তৈয়ার করা। কবিপ্র। ক্রি।

রচিত—বিন্যস্ত; নির্ম্মিত; গঠিত; গ্রথিত; কৃত; শোভিত; পরিষ্কৃত। রচ্ বা রচি (রচনা করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

রজ—ধূলি; পুষ্পরেণু, পরাগ; স্ত্রীলোকের যোনি হইতে মাসিক শোণিতস্রাব, স্ত্রীঋতু; গুণবিশেষ, যাহার প্রভাবে দেহ অহঙ্কারাদি জন্মে [ত্রিগুণ দ্রঃ]। রন্‌জ্ (রঙ্ করা)+ক কর্ত্তৃবা। বি; পুং।

রজঃ (রজস্)—রজ (সকল অর্থে)। রন্‌জ্ (রঙ্ করা)+অসুন্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

রজক—রঙ্‌কারক; ধোপা, ধীবরের ঔরসে তীবরপত্নীর গর্ভে এই জাতির জন্ম। রন্‌জ্ (রঙ্ করা)+অক (ণ্বুল্) কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী,—কী। কবিপ্র—রজকিনী।

রজত—১। রৌপ্য; স্বর্ণ; রক্ত; গজদন্ত; হার। বি; ক্লীব। ২। শুক্ল, সাদা। রন্‌জ্ (রঙ্ করা)+অতচ্ কর্ত্তৃবা। বিণ।

রজত-গিরি, রজতাচল, –রজতাদ্রি—কৈলাস পর্ব্বত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রজতধবল, –শুভ্র—রূপার ন্যায় সাদা। রজতবৎ ধবল, শুভ্র, উপমান কর্ম্মধা। বিণ।

রজন—১। রঙ্‌করণ। রন্‌জ্+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। বণিক্‌দ্রব্যবিশেষ। দেশজ। বি।

রজনি, –নী—রাত্রি, নিশা। রন্‌জ্ (রঙ্ করা)+অনি কর্ম্মবা, বিকল্পে ঙীপ্। বি; স্ত্রী। [বাহার, বহুব্রী। বি; পুং।

রজনি(নী)কর—চন্দ্র। রজনীতে কর

রজনি(নী)কান্ত—চন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রজনি(নী)গন্ধা—পুষ্পবিশেষ। বহুব্রী। বি; স্ত্রী।

রজনি(নী)মুখ—নিশামুখ, প্রদোষ, সন্ধ্যাকাল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রজনী—রজনি দ্রঃ।

রজনীযোগে—রাত্রিকালে। বহুব্রী। ক্রি-বিণ।

রজস্বলা—রজোযুক্তা; স্ত্রীধর্ম্মবিশিষ্টা, ঋতুমতী। রজস্+বলচ্ অস্ত্যর্থে+আপ্। বিণ; স্ত্রী। [ষষ্ঠীতৎ। বি; ক্লীব।

রজোদর্শন—যৌবনাগমে প্রথম ঋতুস্রাব।

রজ্জু—দড়ি; বেণী। সৃজ্ (সৃষ্টি করা)+উ কর্ম্মবা, নিপাতনে। বি; স্ত্রী।

রজ্জুভ্রম—রজ্জুভ্রান্তি, ভ্রমবশতঃ দড়ি বলিয়া বোধ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রঞ্জক—১। রঙ্কারক; আনন্দদায়ক, প্রীতিকারক। ণিজন্ত রন্জ্=রঞ্জি (রঙ্ করা) +ণক কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—ঞ্জিকা। ২। বারুদ। দেশজ। বি।

রঞ্জক-ঘর—বারুদ রাখিবার ঘর, বারুদখানা; আগুন ধরাইবার জন্ত কামান বন্দুকাদির যে ছিদ্রমুখে বারুদ দেওয়া হয়। ৬ষ্ঠীতৎ। বি।

রঞ্জন—১। রঙ্করণ; সন্তুষ্টকরণ, অনুরাগোৎপাদন; হিঙ্গুল; রক্তচন্দন। ণিজন্ত রন্জ্+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। রাগজনক, প্রীতিজনক। রঞ্জি+অন কর্তৃবা। বিণ।

রঞ্জনরশ্মি—রঞ্জন সাহেবের আবিষ্কৃত আলোকবিশেষ (X-Ray). মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

রঞ্জিত—রঙান, ছোবান; চিত্রিত; তর্পিত, সন্তোষিত। ণিজন্ত রন্জ্=রঞ্জি (রঙ্ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

রটন, —না—বিবরণ; কথন; ঘোষণা, প্রচার; খ্যাতি। রট্ (বলা)+অনট্ ভাববা, ২য় পক্ষে রট্+অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

রটন্তী—মাঘ মাসের কৃষ্ণা চতুর্দ্দশী। রট্ (বলা)+শতৃ+ঈপ্। বি; স্ত্রী।

রটা—ঘুষ্ট হওয়া, প্রচারিত হওয়া, রাষ্ট্র হওয়া; বাজা, রব করা; প্রার্থনা করা। বাং ক্রি।

রটান—ঘোষিত করা, প্রচার করা, রাষ্ট্র করা। বাং ক্রি।

রটানিয়া, রটানে—যে রটায়। রটা+নিয়া, নে কর্তৃবা। বিণ। স্ত্রী, রটানী।

রটিত—ঘোষিত, প্রচারিত; বিবৃত; কথিত; খ্যাত। রট্ (বলা)+ক্ত কর্ম্মবা। বিণ।

রড়—ছুট, দৌড়; দ্রুতগমন, পলায়ন। প্রাঃ কবিপ্র। বি।

রণ—১। শব্দ; গমন। রণ্ (শব্দ করা)+অপ্ ভাববা। বি; পুং। ২। যুদ্ধ, সমর। রণ্+অপ্ অধিবা। বি; পুং বা ক্লীব।

রণকৌশল—যুদ্ধের প্রণালী, যুদ্ধকৌশল; যুদ্ধবিষয়ে নৈপুণ্য। ৭মীতৎ। বি; ক্লীব।

রণক্ষেত্র—যুদ্ধস্থল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রণজয়—যুদ্ধজয়, সংগ্রামে বিজয়লাভ। ৭মীতৎ। বি; পুং। বিণ,—জয়ী (—য়িন্)।

রণজিৎ—সমরবিজয়ী, যুদ্ধজয়কারী। রণ—জি+ক্বিপ্ কর্তৃবা। বিণ।

রণতরি, —তরী—সমরপোত, যুদ্ধের জাহাজ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রণন—শব্দকরণ, ধ্বনন। রণ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

রণনৈপুণ্য—যুদ্ধবিষয়ে দক্ষতা; সংগ্রামপটুতা। ৭মীতৎ। বি; ক্লীব।

রণবাদ্য—সমরবাদ্য, যুদ্ধের বাজনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [স্ত্রী।

রণভূমি—যুদ্ধক্ষেত্র, সমরস্থল। ৬ষ্ঠীতৎ। বি;

রণমত্ত—যুদ্ধোন্মত্ত। ৭মীতৎ। বিণ।

রণমাতঙ্গ(ঙ্গ)—যুদ্ধের হাতী। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বহুব্রী। বিণ।

রণমুখো—মারমুখো; যুদ্ধগমনোদ্যত।

রণযাত্রা—যুদ্ধযাত্রা, যুদ্ধার্থ গমন। ৭মীতৎ। বি; স্ত্রী।

রণরঙ্গ(ঙ্গ)—যুদ্ধব্যাপার; যুদ্ধরূপ আমোদ। রূপক কর্ম্মধা। বি; পুং।

রণরঙ্গি(ঙ্গি)ণী—যুদ্ধোন্মত্তা, যুদ্ধে ব্যাপৃতা; ভীষণ কলহপরায়ণা। রণরঙ্গ+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

রণরণি—রণু ঝুণু শব্দ। প্রাঃ কবিপ্র। বি।

রণসজ্জা—যুদ্ধের বেশ, সমরসাজ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; ক্লীব।

রণস্থল—যুদ্ধক্ষেত্র, রণভূমি। ৬ষ্ঠীতৎ।

রণাঙ্গ(ঙ্গ)ন—সমরভূমি, যুদ্ধক্ষেত্র। রণের অঙ্গন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রণ্ড—ধূর্ত্ত; ধর্ম্মহীন; আশ্রমবিহীন; বন্ধ্যা, অজাতাপত্য; অজাতফল, রাঁড়া (গাছ)। রণ্+ড কর্ত্তৃবা। বিণ।

রণ্ডা—১। ধূর্ত্তা, ইত্যাদি। বিণ; স্ত্রী। ২। বিধবা, ইহারই অপভ্রংশে চলিত কথা 'রাঁড়' হইয়াছে; বেশ্যা; ইঁদুরকানী পানা। রণ্ড+আপ্। বি; স্ত্রী।

রণ্ডাশ্রমী (-মিন্)—বেশ্যাগামী; ভবঘুরে। দেশজ প্রঃ। বিণ।

রত—১। অনুরক্ত, আসক্ত। রম্ (ক্রীড়া করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, রতা। ২। রতি, রমণ। রম্+ক্ত ভাববা। বি; ক্লীব।

রতন—রত্ন শব্দের অপভ্রংশ। কবিপ্র। বি।

রতি—১। ক্রীড়া; অনুরাগ; প্রীতি; সন্তোষ; রমণ, সুরত। রম্ (রমণ করা)+ক্তি ভাববা। ২। কামপত্নী; হরকোপানলে মদন ভস্মীভূত হইলে ইনি দেবাদেশে শম্বর দৈত্যের আলয়ে মায়াবতী নাম ধারণপূর্ব্বক অবস্থিতি করিয়াছিলেন। রম্+ক্তিচ্ কর্ত্তৃবা। বি; স্ত্রী। ৩। সূক্ষ্ম পরিমাণবিশেষ, এক কুঁচ পরিমাণ, $\frac{১}{৯৬}$ তোলা; অত্যল্প মাত্রা। 'রক্তি' শব্দজ। বি।

রতিকুহর, -গৃহ, -মন্দির—স্ত্রীলোকের যোনি, ভগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রতিক্রিয়া, -ক্রীড়া—মিথুন। কর্ম্মধা। বি; স্ত্রী।

রতিপতি, -প্রিয়—কামদেব, মদন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রতিবন্ধ—১৬ প্রকার রমণবন্ধবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রত্তি, -কা—গুঞ্জাফল, কুঁচ; পরিমাণবিশেষ, রতি। রদ্+ক্তি করণবা; পক্ষে কন্+আপ্। বি; স্ত্রী।

রত্ন—মণি মুক্তা স্বর্ণ প্রভৃতি বহুমূল্য বস্তু; মাণিক্য। ণিজন্ত রম্ বা রমি (রমণ করা) +ন কর্ত্তৃবা। বি; ক্লীব।

রত্নখচিত—মণিমুক্তাদি দ্বারা মণ্ডিত, মণিমাণিক্যভূষিত। ৩য়াতৎ। বিণ।

রত্নগর্ভ—সমুদ্র; কুবের। রত্ন আছে গর্ভে যাহার, বহুব্রী। বি; পুং।

রত্নগর্ভা—বসুন্ধরা, পৃথিবী; সৎপুত্রবতী জননী। রত্ন আছে গর্ভে যে স্ত্রীর, বহুব্রী। বি বা বিণ; স্ত্রী।

রত্নজীবী (-বিন্)—রত্নবণিক, মণিকার। রত্ন—জীব্+ণিন্ কর্ত্তৃবা। বিণ বা বি; পুং। স্ত্রী, -বিনী।

রত্নপ্রসূ—রত্নপ্রসবকারিণী, মণিমাণিক্যাদির উৎপাদিকা; সৎপুত্রজননী। ৬ষ্ঠীতৎ। বিণ।

রত্নবণিক্ (-ণিজ্)—রত্নব্যবসায়ী, জহুরী, মণিকার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রত্নমণ্ডিত—রত্নখচিত; মণিমুক্তাজড়িত। ৩য়াতৎ। বিণ।

রত্নাকর—রত্নের খনি; সমুদ্র। রত্নের আকর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রত্নাবলী—রত্নহার; রত্নশ্রেণী; বৎসরাজপত্নী; শ্রীহর্ষ-প্রণীত নাট্যগ্রন্থবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রত্নাভরণ—১। মণিময় অলঙ্কার, জড়োয়া গহনা। রত্ননির্ম্মিত যে আভরণ, মধ্যপ কর্ম্মধা। ২। মণিমাণিক্য এবং অলঙ্কার। দ্বন্দ্ব। বি; ক্লীব।

রত্নালঙ্কা(ঙ্কা)র—রত্নাভরণ (সকল অর্থে)। বি; পুং।

রথ—স্যন্দন; যুদ্ধযান; শকটাদি বাহন; শরীর; চরণ; বেতসবৃক্ষ। রম্ (ক্রীড়া করা) +কথন্ করণবা। বি; পুং।

রথকর, -কার—রথনির্ম্মাতা; সূত্রধর জাতিবিশেষ। রথ করে যে, উপতৎ। রথ শব্দ —কৃ (করা)+ট, অণ্ কর্ত্তৃবা। বি; পুং।

রথযন্তৃ (-ন্তৃ)—সারথি। রথ—যম্+তৃন্ কর্ত্তৃবা। বি; পুং।

রথযাত্রা—আষাঢ় মাসের শুক্লদ্বিতীয়াতে কর্ত্তব্য উৎসববিশেষ। ৩য়াতৎ। বি; স্ত্রী।

রথাঙ্গ(ঙ্গ)—১। চক্র, চাকা। রথের অঙ্গ,

৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। চক্রবাক পক্ষী। রথের ন্যায় অঙ্গ যাহার, বহুব্রী। বি; পুং।

রথারূঢ়—রথারোহী, রথে উপবিষ্ট। ২য়াতৎ। বিণ। স্ত্রী.—ঢ়া।

রথারোহী (–হিন্)—১। রথস্থ যোদ্ধা। বি; পুং। ২। রথারূঢ়। রথে আরোহী, ৭মীতৎ। বিণ। স্ত্রী.—হিণী।

রথিক, রথী (রথিন্)—রথস্বামী; রথারোহী; রথস্থ যোদ্ধা। রথ+ইক (ঠন্)+ইন্ অস্ত্যর্থে। বিণ বা বি; পুং।

রথ্যা—রথসমূহ। রথ+যৎ হিতার্থে+আপ্। বি; স্ত্রী।

রদ—১। দশন, দন্ত। রদ্ (ভেদ করা)+অচ্ কর্তৃবা। বি; পুং। ২। অগ্রাহ্য, বাতিল, রহিত। আর্বী। বিণ।

রদচ্ছদ, –নচ্ছদ—দন্তচ্ছদ, ওষ্ঠাধর। রদ, রদন—ছদ্+ণিচ্+ঘ করণবা। বি; পুং।

রদন—১। দন্ত। রদ্ (ভেদ করা)+অনট্ করণবা। বি; পুং। ২। ভেদন; ছেদন; খনন। রদ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

রদ্দি, রদ্দী—বাতিল, বর্জ্জিত, পরিত্যক্ত। আর্বী 'রদ্দী' শব্দজ। বিণ।

রন-পা—বংশাদির দণ্ড যাহা পায়ে লাগাইলে দ্রুতবেগে যাওয়া যায়। দেশজ। বি।

রন্ধন—রান্না, পাক। রধ্ (পাক করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

রন্ধনকর্ত্তা(র্ত্রী), (–কর্ত্তৃ)—যে রাঁধে, পাচক। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; পুং। স্ত্রী, –ত্রী।

রন্ধনশালা—রন্ধনগৃহ, পাকের ঘর; রান্নাঘর। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রন্ধনাগার—রান্নাঘর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রন্ধিত—কৃতরন্ধন, পক্ব, রাঁধা। রধ্ (পাক করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

রন্ধ্র—ছিদ্র, গর্ত্ত; কুক্ষি; দূষণ; আলস্যাদি ছল; (জ্যোতিষে) লগ্ন হইতে অষ্টম স্থান। রম্ (ক্রীড়া করা)+ক্বিপ্ ভাববা—রম্; রম্—ধৃ (ধরা)+ক কর্তৃবা। বি; ক্লীব।

রন্ধ্রগত—লগ্নের অষ্টম স্থানে স্থিত, গোচরস্থ; মারাত্মক স্থানে অবস্থিত। ২য়াতৎ। বিণ।

রপ্ত—অভ্যস্ত; ধীরে ধীরে আয়ত্ত। আর্বী 'রব্‌ৎ' শব্দজ। বিণ। **রপ্তে রপ্তে**—একে একে, ক্রমশঃ অভ্যাসযোগে, আস্তে আস্তে।

রপ্তানি—বিক্রয়ার্থ পণ্যদ্রব্য বিদেশে প্রেরণ। ফার্সী। বি।

রফা—খতম, শেষ, অবসান; শেষ অবস্থা; বিবাদের অবসান, মিটমাট, আপোষ-নিষ্পত্তি। আর্বী। বি।

রফানামা—আপোষ-নিষ্পত্তি-পত্র। রফা+নামা লিপি অর্থে। বি। [পুং।

রব—শব্দ, ধ্বনি। রু+অপ্ কর্ম্মবা। বি;

রবাব—বাদ্যযন্ত্রবিশেষ, রুদ্রবীণা। ফার্সী। বি।

রবার—বৃক্ষবিশেষের আঠা হইতে প্রস্তুত স্থিতিস্থাপক গুণবিশিষ্ট পদার্থবিশেষ। ইং Rubber. বি।

রবাহূত—শব্দদ্বারা আমন্ত্রিত, অর্থাৎ যথারীতি নিমন্ত্রিত না হইয়াও কেবল কোলাহল শ্রবণে স্বয়ম্ অভ্যাগত। রব দ্বারা আহূত, ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

রবি—সূর্য্য; আকন্দ গাছ; নায়ক; সপ্তাহের বারবিশেষ। রু+ই কর্তৃবা। বি; পুং।

রবিকর, –কিরণ—সূর্য্যকিরণ, রৌদ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রবিখন্দ—গোধূম-যব-কলায়াদি বসন্তকালের ফসল। দেশজ। বি।

রবিতনয়, –নন্দন, –সুত—সূর্য্যের পুত্র; যম; শনি; সুগ্রীব; সাবর্ণি ও বৈবস্বত মনু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রবিতনয়া, –নন্দিনী, –সুতা—সূর্য্যের কন্যা, যমুনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রবিবাসর, –বার—সপ্তাহের প্রথম দিন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রবিশস্য—রবিখন্দ (তাহা দ্রঃ)। রবিপক্ব যে শস্য, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। [দ্রঃ

রবিসুত, –সুতা—রবিতনয়, রবিতনয়া

রভস—১। বেগ; ঔৎসুক্য; হর্ষ, আনন্দ; হঠাৎ; বলাৎকার; অনুতাপ; শোক; পূর্ব্বাপর বিবেচনা; কার্য্যকারণ নির্ণয়। রভ্ (সবেগে গমন করা, ইত্যাদি)+অসচ্ ভাববা। বি; পুং। ২। রহস্য; কেলি; সম্ভোগ। প্রাঃ কবিপ্র। বি।

রমজান—মুসলমানী বৎসরের নবম মাস, রোজা পালিবার মাস। ফার্সী। বি।

রমণ—১। পতি, স্বামী; কন্দর্প, মদন; গর্দ্দভ; বৃষণ। ণিজন্ত রম্—রমি (রমণ করা) +অন কর্ত্তৃবা। বি; পুং। ২। প্রিয়। বিণ। ৩। রতিক্রিয়া, সুরত; ক্রীড়া। রম্ +অনট্ ভাববা। বি; ক্লীব।

রমণী—নারী; উত্তমা স্ত্রী। রমি+অনট্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

রমণীয়—সুন্দর, মনোহর। ণিজন্ত রম্ বা রমি (ক্রীড়া করা)+অনীয় অধিবা। বিণ। স্ত্রী,—য়া।

রমণীরত্ন—১। উত্তমা স্ত্রী, বরবর্ণিনী; অনিন্দ্যসুন্দরী। রমণীদিগের মধ্যে রত্ন, ৭মী-তৎ। ২। স্ত্রীরূপ রত্ন। রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

রমা—১। লক্ষ্মী; প্রিয়া; শোভা; উপপত্নী। ণিজন্ত রম্ বা রমি (ক্রীড়া করা)+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী। ২। রমণীয়া, রম্যা; আনন্দদায়িকা। বিণ; স্ত্রী। ৩। রমণ করা, বিহার করা। কবিপ্র। ক্রি।

রমাকান্ত, —নাথ, —পতি—লক্ষ্মীপতি, বিষ্ণু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রমাপ্রিয়—১। বিষ্ণু, নারায়ণ। বি; পুং। ২। পদ্ম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রমারম—সরাসরি; আড়ম্বরের সহিত। দেশজ। ক্রি-বিণ।

রমিত—ক্রীড়িত; কৃতমৈথুন; রমণপ্রাপিত। ণিজন্ত রম্ (=রমি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

রমেশ, —শ্বর—লক্ষ্মীপতি, বিষ্ণু। রমার (লক্ষ্মীর) ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রম্ভ—বানরবিশেষ; অসুরবিশেষ, মহিষাসুরের পিতা। রন্ভ্ (আরম্ভ করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

রম্ভা—কদলী, কলা; দেবীবিশেষ, গৌরী; অপ্সরাবিশেষ; বেশ্যা। রন্ভ্+অচ্ কর্ত্তৃবা +আপ্। বি; স্ত্রী।

রম্ভোরু—রম্ভাতুল্য জঘনশালিনী। রম্ভার ন্যায় উরু যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বিণ; স্ত্রী।

রম্য—রমণীয়, সুন্দর, মনোহর; বলজনক। রম্ (রমণ করা)+যৎ অধিবা। বিণ। স্ত্রী, রম্যা।

রয়—প্রবাহ, স্রোতঃ; বেগ। রয়্ (গমন করা)+অচ্ করণবা। বি; পুং।

রলা—সাল প্রভৃতি বৃক্ষের সরু কাণ্ড বা ডাল। দেশজ। বি।

রশনচৌকি, রোশনচৌকি—সানাই প্রভৃতির ঐকতান বাদন। ফার্সী। বি।

রশনা—স্ত্রীলোকের কটিভূষণ, চন্দ্রহার গোট রেট প্রভৃতি; জিহ্বা। অশ্+অন কর্ত্তৃবা +আপ্। বি; স্ত্রী।

রশা, রসা—১। দড়া, মোটা দড়ি, কাছি। হিন্দী 'রস্‌সা' শব্দজ। বি। ২। আধপচা। দেশজ। বিণ। ৩। আধপচা হওয়া। বাং ক্রি। । বি।

রশি, রসি(সী)—রজ্জু, দড়ি। 'রশ্মি' শব্দজ।

রশুন—রসুন (তাহা দ্রঃ)।

রশ্মি—রজ্জু; কিরণ; বল্গা, লাগাম; পক্ষ। অশ্ (ব্যাপা)+মি কর্ত্তৃবা। বি; পুং।

রস—রসনেন্দ্রিয়-গ্রাহ্য বস্তু, কটু তিক্ত কষায় লবণ অম্ল মধুর এই ছয় প্রকার আস্বাদ; কাব্যশাস্ত্রের সারভূত আস্বাদন—শৃঙ্গার বীর করুণ অদ্ভুত হাস্য ভয়ানক বীভৎস রৌদ্র শান্ত এই নয় প্রকার, কাহারও কাহারও মতে বাৎসল্যও একটি রস, সুতরাং তন্মতে কাব্য-রস ১০ প্রকার; নাট্যশাস্ত্রে শান্তরসকে করুণের অন্তর্গত করিয়া আটটি রসের উল্লেখ আছে; মাধুর্য্যাদি গুণ; শুক্রধাতু; দ্রব দ্রব্য;

জল ; যুষ ; সুবর্ণ ; অনুরাগ ; বিষ ; পারদ ; অভিপ্রায় ; ভোগ্যবস্তু ; দেহস্থ ধাতুবিশেষ। [ইহা সর্ব্বদা সর্ব্বশরীরে বিচরণ করে বলিয়া [রস্ (গমন করা)+অল্] রস নামে অভিহিত]। রস্ (আস্বাদন করা)+অচ্ বা ঘ কর্ম্মবা। বি ; পুং।

রসকরা, —কোরা—চিনির রসে পাক-করা নারিকেলের লড্ডুক বা মোদকবিশেষ। দেশজ। বি।

রসকর্পূর—পারদঘটিত কর্পূরাকার ঔষধবিশেষ। দেশজ। বি।

রসকলি—যুবতী বৈষ্ণবীদিগের ললাটস্থ পুষ্পকলির ন্যায় আকৃতিবিশিষ্ট তিলক। দেশজ। বি।

রসকষ—রসের লেশ বা সংস্রব। দেশজ। বি।

রসগর্ভ—রসাল, যাহার ভিতরে রসে ভরা। বহুব্রী। বিণ।

রসগোল্লা—চিনির রসে পাক-করা ছানার লড্ডুকবিশেষ। মধ্যপ কর্ম্মধা। বি।

রসঘন—রসে ভরা ; যাহাতে রস জমাট বাঁধিয়া আছে। ৩য়াতৎ বা বহুব্রী। বিণ।

রসজ্ঞ—সামাজিক ; রসিক ; স্বাদগ্রাহী ; সমঝদার। রস জানে যে, উপতৎ। রস—জ্ঞা (জানা)+ক কর্ত্তৃবা। বিণ।

রসজ্ঞা—১। রসিকা ; স্বাদগ্রাহিণী। বিণ ; স্ত্রী। ২। রসনা, জিহ্বা। রসজ্ঞ+আপ্। বি ; স্ত্রী। [দেশজ। বি।

রসতড়কা—শিশুদের থেঁচুনি রোগবিশেষ।

রসদ—কয়েদী, সৈনিক প্রভৃতির নির্দ্দিষ্ট খাদ্যসামগ্রী ; খাদ্য, খোরাক। ফার্সী। বি।

রসন—১। আস্বাদন ; শব্দকরণ ; ধ্বনি। রস্+অনট্ ভাববা। ২। জিহ্বা ; রাস্না। রস্+অনট্ করণবা। বি ; ক্লীব। ৩। মেখলা ; চন্দ্রহার। প্রাঃ কবিপ্র। বি।

রসনা—১। জিহ্বা। রস্ (আস্বাদন করা) +অন করণবা+আপ্। ২। জ্যোৎস্না ; কাঞ্চী, মেখলা ; রজ্জু ; রাস্না। রস্ (শব্দ করা)+অন কর্ত্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

রসনেন্দ্রিয়—জিহ্বা। রসনের (আস্বাদনের) ইন্দ্রিয়, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

রসবড়া—গুড় বা চিনির রসে পাক-করা দালের বটক বা বড়াবিশেষ। মধ্যপ কর্ম্মধা। বি।

রসবড়ি—পারামিশ্রিত ঔষধবিশেষ ; বিষাক্ত ঔষধবিশেষ। মধ্যপ কর্ম্মধা। বি।

রসবতী—রসবিশিষ্টা ; রসিকা। রসবৎ+ঈপ্। বিণ ; স্ত্রী।

রসবান্ (—বৎ)—রসবিশিষ্ট ; সরস ; মধুর। রস শব্দ+মতুপ্ অস্ত্যর্থে। বিণ।

রসবোধ—রস বুঝিবার বা ভোগ করিবার সামর্থ্য। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

রসভঙ্গ(ঙ্গ)—রসের প্রসঙ্গে বা উপভোগে ব্যাঘাত জন্মান বা বিচ্ছেদসংঘটন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [বিণ। স্ত্রী, —য়ী।

রসময়—রসাত্মক ; রসস্বরূপ। রস+ময়ট্।

রসমরা—শুষ্ক। বহুব্রী। বিণ।

রসরঙ্গ(ঙ্গ)—সরস আমোদ-আহ্লাদ ; রঙ্গকৌতুক। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

রসরাজ—পারদ ; রসাঞ্জন ; রসিকশ্রেষ্ঠ। রস সমূহের রাজা, ৬ষ্ঠীতৎ, বা রসে রাজা, ৭মীতৎ। বি ; পুং।

রসলদার—অশ্বারোহী সেনাদলের নায়ক। রসল (∠আর্বী রিসালা)+দার। বি।

রসসিন্দূর—পারদজাত ঔষধবিশেষ। রসজাত সিন্দূর, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

রসস্থ—রসবৃদ্ধিবশতঃ ভারভার বা অসুস্থ। রস—স্থা+ক কর্ত্তৃবা। বিণ।

রসা—১। পৃথিবী ; জিহ্বা ; দ্রাক্ষা ; লতাবিশেষ, পাঠা। রস+অচ্ অস্ত্যর্থে+আপ্। বি ; স্ত্রী। ২। ঝোল, যূষ। প্রাদে। ৩। স্থূল রজ্জু, মোটা দড়ি, কাছি। 'রশ্মি' শব্দজ। বি। ৪। রসযুক্ত হওয়া, পচিয়া উঠা। বাং ক্রি।

রসাঞ্জন—রস অর্থাৎ পারদজাত কজ্জলবিশেষ, সুর্ম্মা ; ধাতুবিশেষ। রসজাত যে অঞ্জন, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

রসাতল—ষষ্ঠপাতাল; ভূতল। রসার (পৃথিবীর) তল (অধোদেশ), ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রসাত্মক—সরস, রসবিশিষ্ট। বহুব্রী। বিণ।

রসাধিক্য—রসের প্রাচুর্য্য; শ্লেষ্মাবৃদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রসান—১। রসযুক্ত করা, সরস করা, আর্দ্র করা। বাং ক্রি। ২। অলঙ্কারাদি মার্জ্জিত করিবার ঘর্ষণ-প্রস্তর; অলঙ্কারাদি বর্ণোজ্জ্বল করিবার নানাদ্রব্যমিশ্রিত জল; বাক্য সরস করিবার নিমিত্ত সংযোজিত শব্দ; উৎসাহ-জনক বাক্য; উত্তেজক ঔষধবিশেষ; যাহা রসে ভাবনা দেওয়া হয়। 'রসায়ন' শব্দজ। বি।

রসাবেশ—রসের সঞ্চার বা রসজনিত বিহ্বলতা। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

রসাভাস—রসবিচ্যুতি; অনুচিত বিষয়ে রসবর্ণন, নীচরস। রসের আভাস, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রসায়ন—দীর্ঘজীবিতকর ঔষধবিশেষ; জরা ও ব্যাধিনাশক ভেষজ ["যজ্জরা-ব্যাধি-বিধ্বংসি ভেষজং তদ্রসায়নম্"]; বিষবিশেষ; মৃতসঞ্জীবনী ঔষধবিশেষ; তক্র, ঘোল; বিদ্যাবিশেষ, যে বিদ্যাদ্বারা রূঢ় পদার্থসমূহের গুণ এবং তাহাদের পরস্পর সংযোগবিয়োগা-দিতে কিরূপ ক্রিয়া ঘটে বা কি প্রকার দ্রব্যাদির উদ্ভব হয় ইত্যাদি বিষয় অবগত হওয়া যায় (Chemistry). রসের (দ্রবদ্রব্যের) অয়ন (গমনাদি) আছে যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

রসাল—১। আম্র; ইক্ষু; পনস, কাঁঠাল; গোধূম; ইক্ষুবিশেষ। বি; পুং। ২। রসযুক্ত, সরস। রস—আ—লা (দেওয়া)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লা।

রসালাপ—রসপূর্ণ কথোপকথন, সরস আলাপ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

রসাস্বাদ, —ন—রসের আস্বাদ গ্রহণ, রস উপভোগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

রসি, রসী—রজ্জু; যেনোমদ থিতান জলীয়াংশ। প্রাদে। বি।

রসিক—রসজ্ঞ, রসবোধবিশিষ্ট; স্বাদগ্রাহী। রস+ইক (ঠন্) অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—কা।

রসিকতা—আমোদপ্রমোদ, কৌতুক, ব্যঙ্গরস হাস্য বা আদিরসমিশ্রিত হাস্যরসের অবতারণা। রসিক+তা। বি; স্ত্রী।

রসিদ, রশিদ—প্রাপ্তিস্বীকার-পত্র (Receipt). ফার্সী। বি।

রসিয়া—রসিক। প্রাঃ কবিপ্র। বিণ।

রসুই—রন্ধন, পাক। 'রসবতী' শব্দজ। বি।

রসুইবাস—রান্না খাওয়া। দেশজ। বি।

রসুন, রশুন, রসোন—মূলবিশেষ, রোশুন, লশুন। রস্+উন, উন কর্ম্মবা; ৩য় পক্ষে রস—উন্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

রসুয়ে—পাচক, রাঁধুনি। রসুই+এ করে অর্থে। বিণ।

রসুল—ঈশ্বরের দূত, পয়গম্বর। আর্বী। বি। **রসুলে করিম, রসুলুল্লাহ্**—হজরত মোহাম্মদ।

রসেন্দ্র—পারদ। রসসমূহের মধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি। পুং।

রহ—গোপনীয় বিষয়; সুরত, শৃঙ্গার। রহ + ক ঘঞর্থে। বি; পুং।

রহঃ (রহস্), রহ—১। নির্জ্জনে। অব্য। ২। নির্জ্জন; গোপনীয় বিষয়। রম্+অস্ অধিবা। ৩। সুরত, শৃঙ্গার। রম্+অস্ ভাববা। বি; ক্লীব।

রহমত—দয়া। আর্বী। বি।

রহসি—নির্জ্জনে। প্রাঃ কবিপ্র। অব্য।

রহস্য—১। গূঢ়তত্ত্ব; তাৎপর্য্য; পরিহাস, কৌতুক। বি; ক্লীব। ২। গোপনীয়। রহস্ শব্দ+যৎ। বিণ।

রহস্যভেদ—গূঢ়তত্ত্বের উদ্ভেদ, গোপনীয় বিষয় জানিয়া লওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রহস্যালাপ—পরিহাসপূর্ণ আলাপ, কৌতুক-যুক্ত কথোপকথন; গোপনীয় কথাবার্ত্তা। কর্ম্মধা বা মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

রহা—থাকা ; থামা, সবুর করা। বাং ক্রি।
রহিত—বর্জ্জিত ; পরিত্যক্ত ; বিহীন। রহ্ (ত্যাগ করা) + ক্ত কর্ম্মবা। বিণ।
রহিম—করুণাময় আল্লাহ্। আর্বী। বি।
রা—শব্দ বাক্য, কথা। 'রাব' শব্দজ। বি।
রাই—১। রাধিকা। 'রাধিকা' শব্দজ (রাধিকা—রাধী—রাহী—রাই)। ২। সর্ষপ-বিশেষ। 'রাজিকা' শব্দজ। বি।
রাং, রাঙ—১। রঙ্গধাতু (Tin). 'রঙ্গ' শব্দজ। ২। নিহত পশুপক্ষীর ছাল-ছাড়ান ঠ্যাং বা জাঙ্গ। দেশজ। বি।
রাংচিতা—রক্তচিত্রক, ছোট গাছবিশেষ। 'রঙ্গচিত্র' শব্দজ। বি।
রাংঝাল—রাং-সীসা-মিশ্রিত ঝালিবার পান-বিশেষ। দেশজ। বি। [দেশজ ; বি।
রাংতা—রাঙের তবক, ডাকের সাজ।
রাঁড়—বিধবা ; বেশ্যা ; রক্ষিতা বেশ্যা, উপ-পত্নী। 'রণ্ডা' শব্দজ। বি। [বিণ।
রাঁড়া—বন্ধ্যা ; ফলহীন (বৃক্ষ)। দেশজ ;
রাঁড়ি(ড়ী)—বিধবা। 'রণ্ডা' শব্দজ। বি।
রাঁধনী, রাঁধুনী—১। পাচক বা পাচিকা। রাঁধ্ + উনি কর্তৃবা। ২। একপ্রকার মসলা। 'রন্ধনিকা' শব্দজ। বি।
রাঁধা, রান্না—রন্ধন করা, পাক করা। বাং ক্রি।
রাকড়া, রাকাড়া—শব্দ উচ্চারণ করা, কথা বলা, সাড়া দেওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।
রাকা—নবঋতুমতী স্ত্রী ; পূর্ণিমা তিথি ; নদীবিশেষ। রা + ক কর্তৃবা + আপ্। বি ; স্ত্রী।
রাকাড়া—রাকড়া দ্রঃ।
রাক্ষস—১। রক্ষঃসম্বন্ধীয়। রক্ষস্ শব্দ + অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—সী। ২। নিশাচর ; বিবাহবিশেষ, বলপূর্ব্বক বিবাহ। রক্ষস্ + অণ্ স্বার্থে, সম্বন্ধার্থে। বি ; পুং। ৩। অত্যধিক ভোজনকারী। দেশজ প্রঃ। বিণ।
রাক্ষসেন্দ্র—অক্ষের রাবণ। রাক্ষসগণের ইন্দ্র (রাজা)। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।
রাক্ষুসে—রাক্ষসের মত। রাক্ষস + এ। বিণ।
রাখা—রক্ষা করা, পালন করা, স্থাপন করা, জমা করা। বাং ক্রি।
রাখাল—গোরক্ষক, গোচারণকারী। রাখ্ + আল কর্তৃবা। বি।
রাখালরাজ—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।
রাখালি(লী)—রাখালের কাজ। রাখাল + ই, ঈ। বি। [ইয়া। বিণ।
রাখালিয়া—রাখালের মত। রাখাল +
রাখি, রাখী—রক্ষাকবচ। দেশজ। বি।
রাখীপূর্ণিমা—ঝুলন পূর্ণিমা। মধ্যপ কর্ম্মধা। বি।
রাখীবন্ধন—ঝুলনপূর্ণিমায় প্রিয়জনের হাতে রক্ষাসূত্র বাঁধা। ৬ষ্ঠীতৎ। বি।
রাগ—১। রক্তবর্ণ ; রঞ্জক দ্রব্য ; লাক্ষা। রন্জ্ (রঙ করা) + ঘঞ্ করণবা। ২। অনু-রাগ ; প্রীতি, সন্তোষ ; ইচ্ছা ; উৎসাহ ; রঞ্জন ; মাৎসর্য্য ; দ্বেষ। রন্জ্ + ঘঞ্ ভাববা। ৩। (সঙ্গীতশাস্ত্রে) স্বরবিন্যাসবিশেষ ; আদি রাগ ছয়টী—শ্রী, বসন্ত, পঞ্চম, ভৈরব, মেঘ, নটনারায়ণ ; মতান্তরে—ভৈরব, মাল-কোষ, হিন্দোল, দীপক, শ্রী, মেঘ। রন্জ্ + ঘঞ্ অধিবা। বি ; পুং। ৪। ক্রোধ। দেশজ প্রঃ। বি।
রাগত—১। রাগযুক্ত, ক্রুদ্ধ। বিণ। ২। রাগের সহিত। রাগ + ত। ক্রি-বিণ।
রাগরঙ্গ(ঙ্গ)—ক্রোধের অভিব্যক্তি। দেশজ। বি।
রাগরাগিণী—বসন্তাদি রাগ ও ভৈরবী রামকেলী প্রভৃতি রাগপত্নী। দ্বন্দ্ব। বি ; স্ত্রী।
রাগা—ক্রুদ্ধ হওয়া, কুপিত হওয়া। বাং ক্রি।
রাগান—ক্রুদ্ধ করা, বিরক্ত করা, ক্ষেপান। বাং ক্রি।
রাগান্ধ—ক্রোধে জ্ঞানশূন্য। ৩য়াতৎ। বিণ।
রাগান্বিত—ক্রুদ্ধ। ৩য়াতৎ। বিণ।
রাগিণী—১। রাগযুক্তা, ইত্যাদি। রাগিন্ + ঈপ্। বিণ ; স্ত্রী। ২। (সঙ্গীতশাস্ত্রে)

আদি ছয় রাগের পত্নী—প্রত্যেকের ছয়টি করিয়া সাকল্যে ৩৬টি, ভৈরবী, রামকেলী, হিন্দোলী, তোড়ী, গান্ধারী, গুর্জ্জরী প্রভৃতি [পরস্পর মিশ্রণে উৎপন্ন অপর স্বরবিন্যাস-গুলিও রাগিণী পদবাচ্য]; অনুরক্তা ভার্য্যা; বিদগ্ধা স্ত্রী; মেনকার জ্যেষ্ঠা কন্যা। বি; স্ত্রী।

রাগী (রাগিন্)—১। রাগযুক্ত; অনুরক্ত; কামুক। রন্জ্+ঘিনুণ্ কর্ত্তৃবা; বা রাগ শব্দ +ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—গিণী। ২। ক্রোধী, ক্রোধযুক্ত। দেশজ প্রঃ। বিণ।

রাঘব—১। রামচন্দ্র; রঘুবংশীয় রাজা; মৎস্যবিশেষ, রাঘববোয়াল। রঘু শব্দ+অণ্ অপত্যার্থে। বি; পুং। ২। রঘুবংশীয়। বিণ। স্ত্রী,—বী।

রাঘববাঞ্ছা—রামপ্রিয়া সীতা। রাঘবে বাঞ্ছা যাঁহার (যে স্ত্রীর), বহুব্রী; অথবা, রাঘবের বাঞ্ছা (বাঞ্ছনীয়া), ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাঙ—রাং দ্রঃ।

রাঙ্তা—রাংতা (তাহা দ্রঃ)।

রাঙা, রাঙ্গা—লাল, রক্তবর্ণবিশিষ্ট। 'রঙ্গ' শব্দজ। বিণ। **রাঙা আলু**—শকরকন্দ আলু, লাল আলু।

রাঙান, রাঙ্গান—আরক্ত করা; রঙান, লাল রং মাখান। বাং ক্রি। [বি।

রাঙ্গী—একপ্রকার রক্তবস্ত্র। প্রাঃ কবিপ্র।

রাজ—(রাজন্ শব্দ; সমাসে 'রাজ')—রাজকীয়; দেশশাসন-সম্বন্ধীয়; রাজোপাধিধারী ব্যক্তিসম্বন্ধীয়; শ্রেষ্ঠতাসূচক (যেমন—'রাজপথ'; 'রাজসংস্করণ'); রাজা, অধিপতি (কুরুরাজ); গবর্ণমেন্ট।

রাজকন্যা, —কুমারী—নৃপতনয়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজকবি—রাজসম্মানিত ও বৃত্তিযুক্ত কবি (Poet Laureate). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজকর—রাজস্ব, খাজনা, টেক্স। রাজাকে প্রদেয় কর, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

রাজকর্ম্ম(র্ম্ম) (—কর্ম্মন্), —কার্য্য(র্য্য)—রাজার কাজ, রাজত্বসম্বন্ধীয় কাজ, রাজ্যশাসনাদি কার্য্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রাজকর্ম্ম(র্ম্ম)চারী (—চারিন্)—রাজপুরুষ, রাজকার্য্যনির্ব্বাহক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজকীয়—রাজসম্বন্ধীয় বা বিষয়ক। রাজন্ +ঈয় সম্বন্ধার্থে। বিণ।

রাজকুমার—নৃপসুত; অপ্রাপ্তবয়স্ক যুবরাজ, কার্য্যের অনুপযুক্ত রাজপুত্র। রাজার কুমার, ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী,—রী।

রাজকোষ—কোষাগার, রাজার বা রাজ্য-সংক্রান্ত ধনভাণ্ডার। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজগদি—রাজসিংহাসন, রাজতক্ত, রাজ-পদ। ৬ষ্ঠীতৎ। বি। [বি।

রাজগি—রাজ্য, রাজপদ, রাজত্ব। হিন্দি।

রাজগৃহ—রাজভবন, রাজার বাটী, প্রাসাদ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রাজচক্রবর্ত্তী(র্ত্তী) (—বর্ত্তিন্)—নৃপশ্রেষ্ঠ, সার্ব্বভৌম; সম্রাট্। উপতৎ। রাজচক্র—বৃত্ +ণিন কর্ত্তৃবা। বি; পুং।

রাজচ্ছত্র—রাজার মস্তকোপরি ধৃত ছাতা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রাজটীকা—রাজ্যাভিষেককালে রাজার ললাটে প্রদত্ত তিলক। রাজসূচিকা টীকা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

রাজড়া—সামন্ত বা অধীন রাজা, রাজতুল্য ব্যক্তিগণ ('রাজা-রাজড়া')। দেশজ। বি।

রাজত—রৌপ্যময়, রৌপ্যনির্ম্মিত। রজত শব্দ (রৌপ্য)+অণ্ সম্বন্ধার্থে। বিণ।

রাজতক্ত, —তখ্ত—রাজসিংহাসন। ৬ষ্ঠীতৎ। বি।

রাজতন্ত্র—রাজার ইচ্ছামত রাজ্যশাসন; রাজ্যশাসন নীতি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রাজত্ব—রাজ্য, রাজপদ; রাজ্যশাসন। রাজন্ শব্দ (রাজা)+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

রাজদণ্ড—রাজার হস্তধৃত যষ্টি; রাজদত্ত দণ্ড বা শাস্তি; ললাটের ঊর্দ্ধরেখাবিশেষ। রাজার দণ্ড, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজদন্ত—ঊর্দ্ধপঙ্‌ক্তির মধ্যবর্তী দন্তদ্বয়;

সম্মুখস্থ দন্তচতুষ্টয়। দন্তদিগের রাজা, ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [তৎ। বি।

রাজদরবার—রাজসভা ; আদালত। ৬ষ্ঠী-

রাজদূত—রাজার বার্ত্তাবাহক বা চর। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

রাজদ্বার—রাজার বা রাজবাটীর দরজা ; রাজসভা ; বিচারালয়। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

রাজদ্রোহ—রাজার বিরুদ্ধাচরণ ; রাজশক্তির প্রতিকূলতা। ৭মীতৎ। বি ; পুং।

রাজদ্রোহিতা—রাজার বিরুদ্ধাচরণ ; রাজবিধির অমর্য্যাদাকরণ। রাজদ্রোহিন্ শব্দ+ তা ভাবার্থে। বি ; স্ত্রী।

রাজদ্রোহী (-হিন্)—রাজবিরোধী ; রাজশক্তির প্রতিকূলাচরণকারী ; রাজবিধির উল্লঙ্ঘনকারী। রাজন্—দ্রুহ্ + ঘিনুণ্, কর্ত্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,—হিণী।

রাজধর্ম্ম(র্ম)—প্রজাপালনাদি রাজার কর্ত্তব্য কর্ম্ম। রাজার ধর্ম্ম, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

রাজধানী, —ধানিকা—রাজার বা রাজপ্রতিনিধির প্রধান আবাসনগরী। রাজধানী=রাজন্—ধা+অনট্ অধিবা+ঈপ্। রাজধানিকা=রাজধানী+কন্+আপ্। বি ; স্ত্রী।

রাজনীতি—রাজ্য-শাসনবিষয়ক নীতিশাস্ত্র ; সাম, দান, ভেদ ও দণ্ড এই চতুর্ব্বিধ উপায়। রাজার নীতি, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

রাজনীতিক—রাজনৈতিক, রাজনীতি-ঘটিত ; রাজনীতিজ্ঞ। রাজনীতি+ইক (ঠন্)। বিণ বা বি।

রাজনীতিজ্ঞ, —বিদ্—রাজনীতিতে অভিজ্ঞ, সামদানাদি উপায়বিৎ। রাজনীতি—জ্ঞা (জানা)+ক কর্ত্তৃবা ; রাজনীতি—বিদ্+কিপ্ কর্ত্তৃবা। বিণ।

রাজনৈতিক—রাজনীতি সম্বন্ধীয় বা বিষয়ক। রাজনীতি+ইক সম্বন্ধার্থে। বিণ।

রাজন্য—ক্ষত্রিয় ; সামন্ত রাজা। রাজ্+অন্য কর্ত্তৃবা। বি ; পুং।

রাজপট্ট—সিংহাসন। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

রাজপথ—প্রশস্ত রাস্তা ; ৪০ হস্ত বিস্তৃত পথ। পথের রাজা, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

রাজপদ—রাজার পদ অর্থাৎ আধিপত্য। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [শব্দজ। বি।

রাজপাট—রাজসিংহাসন। 'রাজপট্ট'

রাজপুত—ক্ষত্রজাত জাতিবিশেষ ; রাজপুতানার লোক। দেশজ। বি।

রাজপুত্র—নৃপনন্দন, রাজার ছেলে। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। স্ত্রী,—ত্রী. —ত্রিকা।

রাজপুর, —পুরী—রাজভবন, রাজবাটী। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব, স্ত্রী।

রাজপুরপ্রবেশন্যায়—সুশৃঙ্খলভাবে রাজপুরে প্রবেশ করার দৃষ্টান্ত। রাজপুর-প্রবেশাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

রাজপুরুষ—রাজকর্ম্মচারী ; শান্তিরক্ষক ; রাজবংশীয় পুরুষ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

রাজপ্রাসাদ—রাজভবন, রাজার অট্টালিকা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [শব্দজ। বি।

রাজবংশী—হিন্দু জাতিবিশেষ। 'রাজবংশ্য'

রাজবর্ত্ম (—বর্ত্মন্)—রাজপথ। বর্ত্মের (পথের) রাজা, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

রাজবাটী—রাজভবন, রাজার আলয়। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

রাজবাড়ী—রাজভবন। ৬ষ্ঠীতৎ। বি।

রাজবিধি—রাজার নিয়ম, আইন। রাজকৃত বিধি, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

রাজভক্তি—রাজার প্রতি ভক্তি, রাজার উপর সম্মানযুক্ত অনুরাগ। ৭মীতৎ। বি ; স্ত্রী।

রাজভাষা—রাজার বা রাজজাতির ব্যবহৃত ভাষা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

রাজভোগ—১। রাজার উপযুক্ত ভোগ্য বস্তু, রাজোচিত সুখ। রাজযোগ্য ভোগ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং। ২। সুখাদ্য মিষ্টান্নবিশেষ। দেশজ প্রঃ। বি।

রাজমজুর—রাজমিস্ত্রীর সহকারী মজুর, 'মেট'। দেশজ। বি।

রাজমন্ত্রী (—মন্ত্রিন্)—রাজামাত্য, রাজার সচিব। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

রাজমহিষী—রাজার কৃতাভিষেকা পত্নী; রাজার প্রধানা বা বিবাহিতা স্ত্রী; রাজ্ঞী মাত্র। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজমিস্ত্রী(স্ত্রি)—ইমারত নির্ম্মাণকারক; ইট সুরকি প্রভৃতি দ্বারা গৃহাদি-নির্ম্মাণকারী মিস্ত্রী। দেশজ। বি।

রাজযক্ষ্মা (—যক্ষ্মন্)—ক্ষয়রোগবিশেষ, যক্ষ্মা। যক্ষ্মার রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজযোগ—যোগসাধনের প্রণালীবিশেষ, উত্তম যোগপদ্ধতি। যোগের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজযোটক—বিবাহে শুভসূচক যোগ-বিশেষ। যোটকের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজরাজ—চন্দ্র; কুবের; সম্রাট্, একচ্ছত্র রাজা। রাজাদিগের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজরাজেশ্বর—সম্রাট্ সার্ব্বভৌম; শাল-গ্রামবিশেষ। রাজরাজগণের ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজরাজেশ্বরী—সম্রাজ্ঞী; দশমহাবিদ্যার অন্তর্গত এক মহাবিদ্যা; ভুবনেশ্বরী। রাজ-রাজগণের ঈশ্বরী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজরাণী—রাজমহিষী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজর্ষি—রাজা অথচ ঋষি, যিনি রাজা হইয়াও ঋষিবৎ আচরণ করেন; রাজশ্রেষ্ঠ। রাজাও যিনি ঋষিও তিনি, কর্ম্মধা। বি; পুং।

রাজলক্ষ্মী—রাজশ্রী; রাজশোভা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজশক্তি—রাজকীয় ক্ষমতা, রাজার সৈন্যাদি বল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজশ্রী—রাজলক্ষ্মী; রাজার শোভা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজস—রজোগুণময়, রজোগুণপ্রধান। রজস্ শব্দ+অৎ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—সী।

রাজসভা—রাজার পরিষৎ, রাজদরবার; রাজসমাজ; সিংহাসনস্থ রাজার সম্মুখীন সমস্ত লোকজন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজসর্ষপ—রাইসরিষা। সর্ষপদিগের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজসাপ—শঙ্খচূড়, বৃহৎ বিষধর সর্প-বিশেষ। দেশজ। বি।

রাজসিক—রাজস, রজোগুণময়, রজোগুণ-প্রধান। রজস্+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

রাজসূয়—সামবেদবিহিত সম্রাটের কর্ত্তব্য যজ্ঞবিশেষ, এই যজ্ঞে অধীন ও সামন্ত রাজারা আসিয়া ভৃত্যোচিত কর্ম্ম করিয়া থাকেন। রাজন্ (রাজা)—সু (প্রসব করা) + ক্যপ্ অধিবা। বি; পুং।

রাজসেবা—রাজার পরিচর্য্যা; চাকুরি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [ক্লীব।

রাজস্থান—রাজপুতানা। ৬ষ্ঠীতৎ। বি;

রাজস্ব—রাজার প্রাপ্য অর্থ অর্থাৎ রাজকর। রাজপ্রাপ্য স্ব (ধন), মধ্যপ কর্ম্মধা। ত্রি; ক্লীব।

রাজস্বসচিব—রাজকরসংক্রান্ত অমাত্য; রাজার বা রাজ্যের আয়ব্যয়বিষয়ক প্রধান রাজকর্ম্মচারী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজহংস—রক্তবর্ণ চঞ্চু ও চরণযুক্ত শুক্লবর্ণ হংস, রাজহাঁস, কলহংস। হংসগণের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজহাঁস—মরাল। 'রাজহংস' শব্দজ। বি।

রাজা (রাজন্)—নৃপতি, ভূপতি; প্রভু; ক্ষত্রিয়; ইন্দ্র; চন্দ্র; যক্ষ; (অন্য শব্দের পূর্ব্ববর্ত্তী বা পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ; উপাধি-বিশেষ। রাজ্ (শোভা পাওয়া)+কনিন্ কর্তৃবা। বি; পুং। স্ত্রী, রাজ্ঞী।

রাজা—বিরাজ করা; অবস্থান করা। কবিপ্র। ক্রি। [বি; স্ত্রী।

রাজাজ্ঞা—রাজার আদেশ। ৬ষ্ঠীতৎ।

রাজাধিরাজ—রাজচক্রবর্ত্তী, সম্রাট্, উপাধিবিশেষ। রাজাদিগের অধিরাজ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজানুচর—রাজভৃত্য; রাজার অনুগামী লোক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজান্তঃপুর—রাজার অন্দর মহল। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লীব।

রাজি, রাজী—১। শ্রেণী, সারি; রেখা। রাজ্ (দীপ্তি পাওয়া)+ই কর্তৃবা, বিকল্পে ঈপ্। বি; স্ত্রী। ২। সম্মত, ইচ্ছুক। আর্বী। বিণ।

রাজিত—দীপিত, শোভিত। রাজ্ (দীপ্তি পাওয়া)+ক্ত কর্তৃবা। বিণ।

রাজী(জি)নামা—সম্মতিপত্র, কবুলনামা। রাজী(জি)+নামা লিপি অর্থে। বি।

রাজীব—পদ্ম। বি; ক্লীব।

রাজীবলোচন—১। কমলনয়ন, পদ্মনেত্র। বিণ। ২। শ্রীরামচন্দ্র। রাজীবতুল্য লোচন যাহার, বহুব্রী। বি; পুং।

রাজেন্দ্র—শ্রেষ্ঠ রাজা; সম্রাট্। রাজাদিগের মধ্যে ইন্দ্র, ৭মীতৎ। বি; পুং।

রাজোপাধি—১। রাজা খেতাব। রাজা এই উপাধি, কর্ম্মধা। ২। রাজদত্ত খেতাব। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

রাজ্ঞী—রাজমহিষী, রাণী; সূর্য্যপত্নী; কাংসা। রাজ্ঞা দ্রঃ। রাজন্+ঈপ্। বি; স্ত্রী।

রাজ্য—রাজত্ব; রাজকর্ম্ম; রাজাধিকৃত দেশ; লক্ষ গ্রামের আধিপত্য। রাজন্ শব্দ (রাজা)+যক্। বি; ক্লীব।

রাজ্যচ্যুত, –ভ্রষ্ট—রাজপদ হইতে বিতাড়িত। ৫মীতৎ। বিণ।

রাজ্যশাসন—রাজ্যস্থিত দুষ্ট ব্যক্তির দমন ও শিষ্ট ব্যক্তির পালন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রাজ্যশ্রী—রাজ্যের অধিষ্ঠাত্রী দেবী বা সৌভাগ্যদেবী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাজ্যাধিকার—রাজত্বের অধিকার, রাজ্যের দখল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাজ্যাভিষেক—সিংহাসনারোহণের উৎসব; সিংহাসনারোহণের জন্য রাজাকে পুণ্যতীর্থের জলে স্নান করান। রাজ্যার্থক অভিষেক, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

রাজ্যেশ্বর—রাজ্যের অধিপতি, রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী,–রী।

রাঢ়, রাঢ়ী—বঙ্গদেশের যে অংশ গঙ্গার পশ্চিম ভাগে অবস্থিত। 'গঙ্গারিড়ি' শব্দজ। বি।

রাঢ়ীয়—রাঢ়দেশীয়, রাঢ়দেশজাত। রাঢ়+ঈয় সম্বন্ধার্থে। বিণ। (রাঢ়ী এইরূপও হয়)।

রাণা (বা **মহারাণা**)—রাজপুতানার অন্তর্গত মিবার রাজ্যের রাজাদিগের উপাধি। 'রাজন্' শব্দজ। বি।

রাণী—রাজপত্নী; রাজ্যেশ্বরী; রাজমহিষী। 'রাজ্ঞী' শব্দজ। বি; স্ত্রী।

রাণ্ডী—বিধবা। প্রাঃ কবিপ্র। বি।

রাত—নিশা, রজনী। 'রাত্রি' শব্দজ। বি।

রাতকাণা—রাত্র্যন্ধ, যে রাত্রিতে দেখিতে পায় না। ৭মীতৎ। বিণ।

রাতদিন—দিবারাত্র; সতত, নিয়ত। দ্বন্দ্ব। বি। [দেশজ। ক্রি-বিণ।

রাতভোর—সমস্ত রাত্রিব্যাপী, সারারাত।

রাতা—রক্তবর্ণ। প্রাঃ কবিপ্র। বিণ।

রাতারাতি—রাত্রির মধ্যে, রাত্রিকালের ভিতর। দেশজ। ক্রি-বিণ।

রাতি, রাতিয়া—রাত্রি। কবিপ্র। বি।

রাতুল—রক্তিম, রাঙ্গা। কবিপ্র। বিণ।

রাত্রি—নিশা, রজনী; হরিদ্রা। রা (দেওয়া)+ত্রিপ্ কর্তৃবা। বি; স্ত্রী।

রাত্রিচর, –ঞ্চর—১। রাত্রিকালে বিচরণকারী। বিণ। স্ত্রী,–চরী, –ঞ্চরী। ২। নিশাচর, রাক্ষস; চোর। উপতৎ। রাত্রি–চর্ (চলা)+ট কর্তৃবা। বি; পুং।

রাত্রিবাস—রাত কাটান, রাত্রিতে অবস্থিতি। ৭মীতৎ। বি; পুং।

রাত্রিবাসঃ (–বাসস্),–বাস—রাত্রিকালে পরিধেয় বস্ত্র; অন্ধকার। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। [দেশজ। ক্রি-বিণ।

রাত্রিভোর—সমস্ত রাত্রিব্যাপী, সারা রাত।

রাত্র্যন্ধ—রাতকাণা। রাত্রিতে অন্ধ, ৭মীতৎ। বিণ। স্ত্রী,–ন্ধা।

রাধা—অধিরথ-নামক সূত্রধরজাতীয় সারথির ভার্য্যা এবং কর্ণের পালিকা মাতা; কৃষ্ণপ্রেমপরায়ণা গোপবালাবিশেষ; নক্ষত্রবিশেষ।

রাধ্‌+অচ্‌ কর্ত্তৃবা, কর্ম্মবা+আপ্‌। বি; স্ত্রী। [বি; পুং।

রাধাকান্ত, —বল্লভ—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ।

রাধাকৃষ্ণ—১। শ্রীরাধিকা ও শ্রীকৃষ্ণ। দ্বন্দ্ব। বি; পুং। ২। শপথ করিতে এবং কোন বিষয়ে অবজ্ঞা বা ঘৃণা প্রকাশ করিতে ইহা ব্যবহৃত হইয়া থাকে। দেশজ প্রঃ। অব্য।

রাধাবল্লভী—মসলাসংযুক্ত একপ্রকার পুরী। দেশজ। বি।

রাধামাধব—রাধাকৃষ্ণ (তাহা দ্রঃ)। দ্বন্দ্ব। বি; পুং। ইহাও রাধাকৃষ্ণ শব্দের ন্যায় শপথাদি প্রকাশার্থে ব্যবহৃত হইয়া থাকে। দেশজ প্রঃ। অব্য।

রাধিকা—রাধা। রাধা+কন্‌ স্বার্থে+আপ্‌। বি; স্ত্রী।

রাধিকা-কান্ত, —নাথ, —রঞ্জন, —রমণ, —বল্লভ—শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাধেয়—রাধার পালিত পুত্র, কর্ণ। রাধা+এয় অপত্যার্থে। বি; পুং।

রাধেশ—শ্রীকৃষ্ণ। রাধার ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [দেশজ। বি।

রানা, রাণা—শানবাঁধান ঘাটের চাতাল।

রান্ধনি, —নী—রাঁধনী দ্রঃ।

রান্ধা, রাঁধা—১। পাক করা, রন্ধন করা। বাং ক্রি। ২। রন্ধিত, পক্ব। দেশজ। বিণ।

রান্না—রন্ধন, পাক। রাঁধ্‌+না ভাবে। বি।

রান্নাঘর—রন্ধনগৃহ। ৬ষ্ঠীতৎ। বি।

রাব—মাৎগুড়। হিন্দী। বি।

রাব—রব, ধ্বনি, শব্দ; বাক্য, কথা। রু (শব্দ করা)+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

রাবড়ি—সরের চাপ ও চিনিযুক্ত ঘনাবর্ত্ত ক্ষীর। হিন্দী। বি।

রাবণ—লঙ্কেশ্বর রাক্ষস দশানন। ণিজন্ত রু= রাবি (শব্দ করান)+অন কর্ত্তৃবা; অথবা বিশ্রবস্‌+অণ্‌ অপত্যার্থে। বি; পুং।

রাবণারি—দশাননহন্তা, রামচন্দ্র। রাবণের অরি (শত্রু), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাবণি—রাবণপুত্র, ইন্দ্রজিৎ। রাবণ+ইঞ্‌ অপত্যার্থে। বি; পুং।

রাবিশ—আবর্জ্জনা, জঞ্জাল; অব্যবহার্য্য খোয়া পলস্তারা প্রভৃতি। ইং Rubbish. বি।

রাম—১। বিষ্ণুর তিন অবতার, যথা—পরশুরাম, শ্রীরামচন্দ্র ও বলরাম; বরুণ; মৃগবিশেষ। বি; পুং। ২। মনোহর, রমণীয়; শুভ্র। বিণ। স্ত্রী, রামা। পণ্ডিতেরা 'রাম' শব্দের নানারূপ ব্যুৎপত্তি নির্ণয় করিয়াছেন, যথা—রা শব্দে বিশ্ব ও ম শব্দে ঈশ্বর, তবেই রা'র (বিশ্বের) ম (ঈশ্বর,) ৬ষ্ঠীতৎ; অথবা ণিজন্ত রম্‌ বা রমি (রমণ করা বা রত করান) +ণ কর্ত্তৃবা, যিনি রমার সহিত রমণ করেন, বা যিনি কার্য্যে রত করান; অথবা রমার ইনি এই অর্থে রমা (লক্ষ্মী)+অণ্‌; অথবা রম্‌ (রত হওয়া)+ঘঞ্‌ অধিবা, যাহাতে সকলে রত হয়, ইত্যাদি। ৩। বৃহৎ অর্থে (যেমন 'রামছাগল', 'রামখড়ি'); বিদ্রূপ অর্থে (যেমন 'বোকারাম')। দেশজ প্রঃ। বিণ।

রামচন্দ্র—দশরথাত্মজ রাম। রাম চন্দ্রপ্রায়, উপমিত কর্ম্মধা। বি; পুং।

রামছাগল—একজাতীয় বড় ছাগল। দেশজ। বি। [বি।

রামধনু—ইন্দ্রধনু (Rainbow). দেশজ।

রামধুন—শ্রীরামচন্দ্রের গুণকীর্ত্তন। বি।

রাম-নবমী—রামচন্দ্রের জন্মতিথি, চৈত্রমাসের শুক্লা নবমী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রামপাখী—মুরগী। দেশজ। বি।

রামরাজ্য—রামচন্দ্রের রাজত্ব; তদ্রূপ সুখশান্তিময় রাজ্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রামলীলা—রামচরিত্রাভিনয়, রামের লীলাবিষয়ক নাটকাভিনয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রামশালিক—বকজাতীয় পক্ষিবিশেষ। দেশজ। বি।

রামশিঙা, —শিঙ্গা—বড় শিঙা বা বংশীবিশেষ। দেশজ। বি।

রামা—১। রমণীয়া; শুভ্রা। বিণ; স্ত্রী।

২। সুন্দরী স্ত্রী; প্রিয়া। রাম+আপ্। বি; স্ত্রী।

রামাইৎ, -য়েৎ, রামাৎ—বৈষ্ণব সম্প্রদায়বিশেষ, রামোপাসকগণ। দেশজ। বি বা বিণ।

রামায়ণ—মহাকবি বাল্মীকিপ্রণীত রামচরিতাখ্যায়ক মহাকাব্য। রাম হইয়াছেন অয়ন (আশ্রয়) যাহার, বহুব্রী; অথবা রাম +আয়ন অধিকৃতার্থে। বি; ক্লীব।

রামায়েৎ—রামাইৎ দ্রঃ।

রায়—১। অভিমত, অভিপ্রায়; বিচারকের মত, বিচারফল, নিষ্পত্তি বাক্য (Judgment); সম্মতি। আর্বী। ২। শ্রেষ্ঠ, বর; শিরোমণি; উপাধিবিশেষ। 'রাজ' শব্দজ। বি। [বি।

রায়জাদা—রাজপুত্র; রায়ের পুত্র। ৬ষ্ঠীতৎ।

রায়ৎ, রাইয়ৎ, রায়ত—জমিদারের প্রজা, কোর্ফা প্রজা। আর্বী। বি। বিণ, -তী।

রায়বাঁশ—সুদীর্ঘ বংশদণ্ড; লম্বা বাঁশের লাঠি। দেশজ। বি।

রায়বাঁশিয়া, রায়বেঁশে—দীর্ঘ বংশদণ্ডধারী; যে বাঁশের লম্বা লাঠি লইয়া খেলা দেখায়। রায়বাঁশ+ইয়া, এ। বিণ।

রায়বাঘিনী—উগ্রচণ্ডা স্ত্রী। দেশজ। বি; স্ত্রী।

রায়বার—যশঃ, কীর্ত্তি, খ্যাতি; যশোবার্ত্তা; স্তুতি; স্তুতিপাঠক; বন্দী; ভাট; দৌত্য। 'রাজবার্ত্তা' শব্দজ। বি।

রায়ভাটী—নদীর স্রোতোবিশেষ; নদীর জল চলিতে চলিতে হঠাৎ বিপরীতমুখে গমন; আওড়। বি; স্ত্রী।

রায়ান—শ্রীরাধার স্বামী। বি; পুং।

রাশ—১। রাশি, গাদা; জন্মরাশি। 'রাশি' শব্দজ। ২। বল্গা, লাগাম, রশ্মি। 'রশ্মি' শব্দজ। বি।

রাশনাম—জন্মরাশি অনুসারে রক্ষিত নাম। 'রাশ'-দত্ত নাম, মধ্যপ কর্ম্মধা। বি।

রাশপাতলা—রাশ-হাল্কা। বহুব্রী। বিণ।

রাশভারি, -রী—গম্ভীরপ্রকৃতি, ভারিকে। বহুব্রী। বিণ। [বিণ।

রাশ-হাল্কা—লঘুপ্রকৃতি, হেবলা। বহুব্রী।

রাশি—পুঞ্জ, স্তূপ; সমূহ; মেষাদি দ্বাদশ নক্ষত্রপুঞ্জ [মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনুঃ, মকর, কুম্ভ, মীন]; অঙ্ক, সংখ্যা। অশ্ (ব্যাপ্ত হওয়া)+ইন্ কর্তৃবা, নিপাতনে। বি; পুং।

রাশিচক্র—মেষাদি দ্বাদশ রাশিঘটিত কল্পিত বৃত্ত। রাশিসমূহের চক্র, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

রাশীকৃত—স্তূপীকৃত, পুঞ্জীকৃত, গাদা-করা। রাশি শব্দ+অভূততদ্ভাবার্থে চি (=রাশী) —কৃ+ক্ত কর্ম্মবা। বিণ।

রাষ্ট্র—১। রাজ্য; জনপদ, দেশ; মড়কাদি উপদ্রব। রাজ্ (দীপ্তি পাওয়া)+ট্রন্ কর্তৃবা। বি; পুং বা ক্লীব। ২। রটনা; ঘোষিত, প্রচারিত; প্রসিদ্ধি। দেশজ প্রঃ। বিণ। [বি; পুং।

রাষ্ট্রনায়ক—রাজ্যপরিচালক। ৬ষ্ঠীতৎ।

রাষ্ট্রনীতি—রাজ্যের নিয়ম, রাজনীতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাষ্ট্রপতি—রাজ্যপরিচালক; কংগ্রেসের সভাপতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাষ্ট্রপাল—দেশের প্রধান শাসনকর্ত্তা। রাষ্ট্র—পালি+অণ্ কর্তৃবা। বি; পুং।

রাষ্ট্রবিপ্লব—প্রচলিত শাসনপ্রণালীর আমূল পরিবর্ত্তন; রাজবিদ্রোহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

রাষ্ট্রিক—রাজ্যসম্বন্ধীয়। রাষ্ট্র (রাজ্য)+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -কী।

রাষ্ট্রিয়—রাজ্যসম্বন্ধীয়। রাষ্ট্র (রাজ্য)+ইয় সম্বন্ধার্থে। বিণ।

রাষ্ট্রীয়—রাজ্যসম্বন্ধীয়। রাষ্ট্র (রাজ্য)+ ঈয় সম্বন্ধার্থে। বিণ।

রাস—১। শব্দ; ভাষা; কোলাহল। রস্ (শব্দ করা)+ঘঞ্ ভাববা। ২। কার্ত্তিকী পূর্ণিমা; শ্রীকৃষ্ণের লীলাবিশেষ [কার্ত্তিকী পূর্ণিমায় ভগবান্ শ্রীকৃষ্ণ গোপবালাদিগকে

লইয়া মধুর রাসলীলা সম্পন্ন করিয়াছিলেন]। রস্‌+ঘঞ্‌, অধিকা। বি; পুং। ৩। রশ্মি, বল্গা, লাগাম। 'রশ্মি' শব্দজ। বি।

রাসপূর্ণিমা—কার্তিকী পূর্ণিমা তিথি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাসবিহারী (-হারিন্‌)—শ্রীকৃষ্ণ। রাস-বি-হৃ+ণিন্‌ কর্তৃবা। বি; পুং।

রাসভ—গর্দভ। রাস্‌ (শব্দ করা)+অভচ্‌ কর্তৃবা। বি; পুং। স্ত্রী, -ভী।

রাসমণ্ডপ, -মণ্ডল—শ্রীকৃষ্ণের রাসলীলা প্রদর্শনের চক্রাকার স্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [নয়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রাসলীলা—রাসক্রীড়া, রাসযাত্রার অভি-

রাসায়নিক—রসায়নসম্বন্ধীয়, রসায়নজ্ঞ। রসায়ন+ইক। বিণ।

রাসেশ্বরী—শ্রীমতী রাধিকা। রাসের ঈশ্বরী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি।

রাস্তা—পথ, সড়ক, রাহা। 'রথ্যা' শব্দজ।

রাস্না—লতাবিশেষ; গন্ধদ্রব্যবিশেষ। রস্‌+নণ্‌ কর্তৃবা+আপ্‌। বি; স্ত্রী।

রাহা—রাস্তা, পথ। ফার্সী। বি।

রাহাখরচ—পাথেয়, পথখরচা। ৬ষ্ঠীতৎ। বি। [বি।

রাহাজান—পথদস্যু, ঠেঙ্গাড়িয়া। ফার্সী।

রাহাজানি—পথদস্যুতা, পথে ডাকাতি। ফার্সী। বি।

রাহিত্য—অভাব, হীনতা, শূন্যতা। রহিত+ষ্ণ্যঞ্‌ ভাবার্থে। বি; ক্লীব।

রাহিন—যে ব্যক্তি সম্পত্তি বাঁধা দেয়। আরবীমূলক। বি।

রাহী—১। রাস্তাবাহী লোক, পথিক। ফার্সী। বি। ২। রাই, রাধিকা; সুন্দরী রমণী। প্রাঃ কবিপ্র। বি; স্ত্রী।

রাহু—১। সিংহিকার পুত্র, অষ্টম গ্রহ, কেতুর মস্তকভাগ; গ্রহণকালে চন্দ্রের উপর পতিত পৃথিবীর ছায়া অথবা চন্দ্রকর্তৃক সূর্য্যমণ্ডল আচ্ছাদন। রহ্‌ (ত্যাগ করা)+উণ্‌ কর্তৃবা। বি; পুং।

রাহুগ্রস্ত—রাহু দ্বারা ভক্ষিত বা গৃহীত। ৩য়াতৎ। বিণ।

রি, রে—(সঙ্গীতে) ষড়্‌গ্রামের দ্বিতীয় স্বর ঋষভ। 'ঋ' শব্দজ।। বি।

রিং—আংটি; চাবি প্রভৃতি গাঁথিয়া রাখিবার আংটা। ইং Ring. বি।

রিকাব, -বী—ছোট থালা। ফার্সী। বি।

রিক্ত—শূন্য, খালি; নিষ্ফল; নির্ধন। রিচ্‌ (শূন্য করা)+ক্ত কর্মবা। বিণ। স্ত্রী, রিক্তা।

রিক্তহস্ত—শূন্যহস্ত; দরিদ্র, নির্ধন। বহুব্রী। বিণ। স্ত্রী, -স্তা।

রিক্তা—১। শূন্যা, ইত্যাদি। রিক্ত+আপ্‌। বিণ; স্ত্রী। ২। চতুর্থী, নবমী ও চতুর্দশী তিথি। বি; স্ত্রী।

রিক্থ—ধন, স্থাবর অস্থাবর সম্পত্তি, দায়। রিচ্‌ (সম্পৃক্ত হওয়া)+থক্‌ করণবা। বি; ক্লীব।

রিক্থহারী (-হারিন্‌)—দায়াদ, উত্তরাধিকারী। রিক্থ-হৃ+ণিন্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী, -রিণী।

রিকস(শ)—মানুষে-টানা দুই চাকার গাড়ী। জাপানী 'জিন্‌রিক্‌শ' শব্দের সংক্ষেপ। বি।

রিঠা—ফেনিল, বস্ত্রাদি পরিষ্কারক ফলবিশেষ—ইহা জলে রগড়াইলে সাবানের মত ফেনা হয়। 'অরিষ্ট' শব্দজ। বি।

রিপিট—উভয়প্রান্ত স্থূল ধাতুময় কীলকবিশেষ (ধাতুপাত্রাদি জুড়িতে ইহা ব্যবহৃত হয়), নাচি। ইং 'Rivet' শব্দজ। বি।

রিপু—১। অরি, শত্রু; কাম ক্রোধ লোভ মোহ মদ মাৎসর্য্য—শরীরস্থ এই ছয় শত্রু; লগ্ন হইতে ষষ্ঠ স্থান। রপ্‌ (বলা)+উ কর্তৃবা। বি; পুং। ২। রিফু (তাহা দ্রঃ)।

রিপুপরতন্ত্র—শত্রুর অধীন; কাম-ক্রোধাদির বশীভূত, অজিতেন্দ্রিয়। ৬ষ্ঠীতৎ। বিণ। বি, -তন্ত্রতা।

রিফু—সূক্ষ্ম সেলাই, বস্ত্রের ছিন্নাংশ সূচ সূতা দিয়া বুনিয়া বেমালুম ভাবে মেরামত। আরবী 'রফূ' শব্দজ। বি।

রিম, রীম—কাগজের কুড়ি দিস্তা বা পাঁচশত তায়ের বাণ্ডিল। ইং Ream. বি।

রিমঝিম, রিমিঝিমি—সামান্ত বৃষ্টির শব্দ। দেশজ। অব্য।

রিরংসা—রমণেচ্ছা; ক্রীড়নেচ্ছা। সনন্ত রম্ +অ ভাববা+আপ্। বি; স্ত্রী। বিণ, রিরংসু। [দেশজ। অব্য।

রিরি—রোমাঞ্চ কম্প বিষাদ প্রভৃতির ভাব।

রিল, রীল—সেলাই করিবার সূতা-জড়ান কাঠিম বা নলীবিশেষ; ছিপে বাঁধা 'হুইল' বা চাকা যাহাতে সূতা গুটান থাকে। ইং Reel. বি।

রিষ, রেষ—দ্বেষ, ঈর্ষা, হিংসা; প্রতিহিংসা; আক্রোশ। দেশজ। বি।

রিষারিষি, রেষারেষি—পরস্পর দ্বেষ বা আক্রোশ। দেশজ। বি।

রিষ্ট—১। নাশ; অভাব। রিষ্+ক্ত ভাববা। ২। শুভ; মঙ্গল; অশুভ; পাপ। রিষ্+ক্ত করণবা। বি; ক্লীব। ৩। বৃক্ষবিশেষ; খড়্গ। রিষ্+ক্ত করণবা। বি; পুং। ৪। অশুভ-জনক, অশুভদায়ক; পাপজনক। রিষ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, রিষ্টা।

রিষ্টি—অশুভ, অমঙ্গল, গ্রহদোষ; বেগার; শুভ। রিষ্ (বধ করা)+ক্তি করণবা। বি।

রিসালা, রেসালা—সাদী বা অশ্বারোহী সেনাদল, তুরুক সওয়ার। আর্বী। বি।

রীতি—ক্রম; প্রথা, পদ্ধতি, ধারা; গতি; স্বভাব; গতিক; ধরণ; আচরণ; ক্ষরণ; লৌহকিট্ট, লোহার মরিচা; সীমা; লেখার ধারা (Style). রী (গমন করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

রীতিনীতি—ধারা-পদ্ধতি; স্বভাব ও বিবেচনা; আচার-ব্যবহার। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

রীতিবিরুদ্ধ—নিয়মবহির্ভূত; স্বভাববিরোধী। ৬ষ্ঠীতৎ। বিণ।

রীতিমত—নিয়মানুসারে; দস্তুরমত; যথেষ্ট, উত্তমরূপ। দেশজ প্রঃ। ক্রি-বিণ।

রীম, রীল—রিম, রিল দ্রঃ।

রুআ, রুয়া—১। রোপণ করা। বাং ক্রি। ২। ঘরের চালের বরগা। দেশজ। বি।

রুই—রোহিত মৎস্য, বড় পোনামাছবিশেষ। 'রোহিত' শব্দজ। বি।

রুইতন—তাসের রং বা চিহ্নবিশেষ। ওলন্দাজ 'Ruiten' শব্দজ। বি।

রুক্মাঙ্গদ—কলিঙ্গদেশের জনৈক নৃপ। বি; পুং। [বি; স্ত্রী।

রুক্মিণী—বিদর্ভরাজের কন্যা, শ্রীকৃষ্ণের ভার্য্যা।

রুক্ষ—অচিক্কণ, অমসৃণ, খস্‌খসে; কর্কশ; কঠিন; উগ্র, তীব্র; নিষ্ঠুর। রুহ্ (উৎপন্ন হওয়া)+ক্‌স কর্তৃবা। বিণ।

রুখা, রোখা—রাগিয়া উঠা বা আক্রমণে উদ্যত হওয়া; প্রতিরোধ করা, বেগ থামান; সংযত করা। বাং ক্রি।

রুখা, রুখু, রুখো—স্নেহশূন্য, তৈলহীন, উস্কখুস্ক; খাড়া, যাহাতে খাইতে দেওয়া হয় না (যেমন 'রুখা মাহিনা')। 'রুক্ষ' শব্দজ। বিণ। [শব্দজ। বিণ।

রুগী—'রোগী' এই পদের অপভ্রংশ। 'রোগিন্'

রুগ্ণ—রোগাক্রান্ত, পীড়িত; ভগ্ন; বক্র, বাঁকা। রুজ্ (পীড়িত হওয়া)+ক্ত কর্তৃবা। বিণ।

রুচা, রোচা—ভাল লাগা, রুচিকর হওয়া, তৃপ্তিজনক হওয়া। বাং ক্রি।

রুচি—১। দীপ্তি; কিরণ; শোভা; লাবণ্য; বুভুক্ষা, অনুরাগ; প্রীতি; স্পৃহা; অভিলাষ, ইচ্ছা; পছন্দ; সুরুচি। রুচ্+কি ভাববা। বি; স্ত্রী। ২। প্রজাপতিবিশেষ। আকৃতির সহিত ইঁহার বিবাহ হয়। বি; পুং।

রুচিকর—প্রীতিকর; অনুরাগজনক; স্পৃহাবর্দ্ধক। রুচি—কৃ+ট কর্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

রুচিবিরুদ্ধ—যাহা পছন্দ হয় না; অপ্রবৃত্তিজনক; শ্লীলতাবিরুদ্ধ। ৬ষ্ঠীতৎ। বিণ।

রুচির—মনোজ্ঞ, মনোহর; সুন্দর; মধুর; সুমিষ্ট; উজ্জ্বল। রুচ্ (দীপ্তি পাওয়া)+কির কর্তৃবা; অথবা রুচি শব্দ—রা (দেওয়া)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—রা।

রুচিরা—১৩ অক্ষরের ছন্দোবিশেষ। রুচির + আপ্। বি ; স্ত্রী।

রুচ্য—রুচিকারক ; অনুরাগজনক ; সুন্দর। রুচি শব্দ + যৎ। বিণ।

রুজু—১। উপস্থিত ; দায়ের, দাখিল, পেশ। আর্বী। বিণ। ২। সামনাসামনি ; সমান ; সোজা, ঋজু, খাড়া ; অনুরূপ ; মোকাবেলা। 'ঋজু' শব্দজ। বিণ।

রুটি—রোটিকা, আটা ময়দা প্রভৃতির চক্রাকার অগ্নিপক্ক পিষ্টক ; চাপাটি ; পাঁউরুটি। 'রোটিকা' শব্দজ। বি। [অব্য।

রুণুঝুণু—মঞ্জীর নূপুর ইত্যাদির শব্দ। দেশজ।

রুদ্ধ—বদ্ধ ; ব্যাপ্ত ; বেষ্টিত ; প্রতিবদ্ধ ; নিবারিত। রুধ্ (রোধ করা ইত্যাদি) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, রুদ্ধা।

রুদ্ধনিশ্বাস, –শ্বাস—১। বদ্ধ শ্বাসবায়ু। কর্ম্মধা। বি ; পুং। ২। যাহার শ্বাস বদ্ধ হইয়াছে এরূপ। বহুব্রী। বিণ।

রুদ্ধশ্বাসে—নিশ্বাস রোধ করিয়া। রুদ্ধ হইয়াছে শ্বাস যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

রুদ্র—১। ভীষণ, ভয়ঙ্কর। রুদ্ (রোদন করান—অন্তর্ভূত ণিচ্) + রক্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, রুদ্রা। ২। শিব, গণদেবতাবিশেষ। রুদ্ (রোদন করা) + রক্ কর্ত্তৃবা। বি ; পুং।

রুদ্রমুর্ত্তি(র্ত্তি)—১। ভীষণ আকৃতি। রুদ্রা (ভীষণ) যে মূর্ত্তি, কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। ভীষণ আকৃতিবিশিষ্ট। বহুব্রী। বিণ।

রুদ্রাক্ষ—১। বৃক্ষবিশেষ। রুদ্রের অক্ষির ন্যায় অক্ষি যাহার, বহুব্রী। বি ; পুং। ২। সেই বৃক্ষের ফল [এই ফলে জপমালা প্রস্তুত হইয়া থাকে]। বি ; ক্লীব।

রুদ্রাণী—রুদ্রপত্নী, দুর্গা। রুদ্র + আনীপ্, পত্নী অর্থে। বি ; স্ত্রী।

রুধা, রোধা—রোধ করা। বাং ক্রি।

রুধির—১। রক্ত, শোণিত ; কুঙ্কুম। রুধ্ (আবরণ করা) + কিরচ্ কর্ত্তৃবা। বি ; ক্লীব। ২। মুদ্রা ; টাকা (রূপকার্থে)। দেশজ প্রঃ। বি।

রুধিরাক্ত—রক্তাক্ত, রক্তে প্লাবিত। রুধির দ্বারা অক্ত, ৩য়াতৎ। বিণ। [অব্য।

রুনুঝুনু, –রুনু—নূপুরাদির ধ্বনি। দেশজ।

রুমাল—হস্তমুখাদি মুছিবার বস্ত্রখণ্ড ; ছোট শাল। ফার্সী। বি।

রুয়া, রোয়া—রোপণ করা। বাং ক্রি।

রুয়া—মেটে ঘরের চালে আড়ভাবে সংলগ্ন বংশদণ্ড ; পশম ; বীজদানা। দেশজ। বি।

রুরু—মৃগবিশেষ ; জনৈক দৈত্য ; চ্যবনতনয় প্রমতির পুত্র। রু (রব করা) + ক্রুন্ কর্ত্তৃবা। বি ; পুং।

রুল—রেখা বা লাইন ; রেখা টানিবার দণ্ড ; নক্সীর ; নিয়ম। ইং Rule, ruler. বি।

রুলি(লী)—স্বর্ণাদিনির্ম্মিত সরু বালাবিশেষ। দেশজ। বি।

রুষা—ক্রুদ্ধ হওয়া। কবিপ্র। ক্রি।

রুষ্ট—ক্রুদ্ধ, কুপিত। রুষ্ (ক্রোধ করা) + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, রুষ্টা।

রুসুম—মাশুল, শুল্ক। আর্বী 'রসম্' শব্দজ। বি।

রুহ—(অন্য শব্দের পরবর্ত্তী হইলে) উদ্ভূত, জাত। রুহ্ (জন্মা) + ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, রুহা।

রুহিদাস, রুইদাস—মুচীজাতির শ্রেণীবিশেষ বা তাহাদের আদিপুরুষ। 'রোহিতাশ্ব' শব্দজ। বি।

রূক্ষ—অচিক্কণ ; বন্ধুর, কর্কশ, অমসৃণ, খস্খসে ; কঠোর, কঠিন ; নির্দ্দয় ; স্নেহশূন্য, অনমুকূল। রূক্ষ্ (কর্কশ হওয়া) + অচ্ কর্ত্তৃবা। বিণ।

রূক্ষভাষী (–ভাষিন্)—কর্কশবাদী, কঠোরভাষী, যে রূঢ় কথা বলে এরূপ। রূক্ষ–ভাষ্ (বলা) + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –ষিণী।

রূঢ়—উৎপন্ন, জাত ; প্রবৃদ্ধ ; প্রসিদ্ধ ; প্রকৃতি প্রত্যয়ের অর্থাপেক্ষা না করিয়া অন্যার্থবোধক (শব্দ) [যেমন—বৃক্ষ] ; কর্কশ, কটু, অপ্রিয়। রুহ্ (জন্মা) + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, রূঢ়া।

রূঢ়পদার্থ—মূল-পদার্থ, অর্থাৎ যে পদার্থ

স্বজাতীয় ভিন্ন অন্য কোনও জাতীয় পদার্থের সংযোগে উৎপন্ন হয় নাই, যেমন—স্বর্ণ, রৌপ্য প্রভৃতি। কর্ম্মধা। বি ; পুং।

রূঢ়ি—১। উৎপত্তি, জন্ম ; প্রসিদ্ধি। রুহ্ (জন্মা)+ক্তি ভাববা। ২। প্রকৃতি প্রত্যয়ের অর্থাপেক্ষা না করিয়া শব্দের অর্থবোধক শক্তি। রুহ্+ক্তি করণবা। বি ; স্ত্রী।

রূপ—১। শরীর ; আকৃতি ; স্বরূপ ; স্বভাব ; প্রকার ; সৌন্দর্য্য ; নাম ; শব্দ ; শ্লোক ; পশু ; চোরিত বস্তু ; শুক্লাদি বর্ণ, রঙ্ ; বিভক্তিযুক্ত শব্দ বা ধাতু ; গ্রন্থাদির আবৃত্তি ; দৃশ্যকাব্য। বি ; ক্লীব। ২। (অন্য শব্দের পরবর্ত্তী হইলে) তৎসদৃশ। রূপ্+ক ভাববা, কর্ম্মবা। বিণ।

রূপক—আকার ; আকৃতি ; গঠন ; তিন কুঁচপরিমাণ ; রৌপ্য ; দৃশ্যকাব্য ; কাব্যালঙ্কারবিশেষ, উপমানের সহিত উপমেয়ের অভেদ কল্পনা। ণিজন্ত রূপ্ বা রূপি (রূপযুক্ত করা) +ণক কর্ত্তৃবা। বি ; ক্লীব।

রূপকথা—উপকথা, উপাখ্যান, গল্প। 'উপকথা' শব্দজ। বি।

রূপকার—সজ্জাকর। রূপ—কৃ+অণ্ কর্ত্তৃবা। বি ; পুং।

রূপচাঁদ—টাকা, রৌপ্যমুদ্রা। দেশজ। বি।

রূপজ—রূপ হইতে উৎপন্ন, সৌন্দর্য্যজনিত। রূপ শব্দ—জন্+ড কর্ত্তৃবা। বিণ।

রূপতৃষ্ণা—সৌন্দর্য্য উপভোগের লালসা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

রূপদক্ষ—যে ভাল করিয়া দেহ সাজাইতে পারে। ৭মীতৎ। বিণ।

রূপদস্তা—রঙ্গমিশ্রিত সীসক (Pewter) ; জর্ম্মন সিলভার। দেশজ। বি। [বিণ।

রূপবন্ত—সুন্দর। রূপ+বন্ত (বাং প্রত্যয়)।

রূপবান্ (—বৎ)—সৌন্দর্য্যশালী, সুন্দর ; সাকার ; শুক্লাদিবর্ণযুক্ত। রূপ শব্দ+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—বতী।

রূপমাধুরী—সৌন্দর্য্যের মধুরতা ; রূপের শোভা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

রূপাল—রূপবান্, সুন্দর। প্রাঃ কবিপ্র। বিণ।

রূপসী—রূপবতী, সৌন্দর্য্যশালিনী। 'রূপীয়সী' শব্দজ। বিণ ; স্ত্রী।

রূপা—রৌপ্য, রজত। 'রূপ্য' শব্দজ। বি।

রূপাজীবা—বারাঙ্গনা, বেশ্যা। রূপ হইয়াছে আজীব (জীবিকা) যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বি ; স্ত্রী।

রূপান্তর—অন্য রূপ ; ভিন্ন আকার ; নূতন অবস্থা বা ভাব। নিত্য। বি ; ক্লীব।

রূপান্তরিত—ভিন্ন আকারে পরিণত ; নূতন অবস্থা বা ভাব প্রাপ্ত। রূপান্তর+ইতচ্ জাতার্থে। বিণ।

রূপায়ণ—রূপদান ; কোন ভূমিকার অভিনয়করণ। রূপ+ক্যঙ্+অনট্ ভাববা (সংস্কৃতানুগ শব্দ)। বি ; ক্লীব। বিণ,—য়িত।

রূপী (রূপিন্)—রূপযুক্ত, সুন্দর ; সাকার ; স্বরূপ। রূপ্+ইন্। বিণ। স্ত্রী,—পিণী।

রূপী, রূপি—রক্তমুখ বানরবিশেষ। দেশজ। বি।

রূপ্য—১। রূপযুক্ত, সুন্দর। বিণ। ২। রজত, রূপা ; স্বর্ণ। রূপ+যৎ। বি ; ক্লীব।

রে—নীচ সম্বোধন। রু+ডে ভাববা। অব্য।

রেউচিনি—বৃক্ষবিশেষের শুষ্ক মূল (ঔষধার্থে ব্যবহৃত)। ফার্সী 'রেবন্দচিনী' শব্দজ। বি।

রেউড়ি(ড়ী)—শুষ্ক পিষ্টকবিশেষ। হিন্দী। বি।

রেউয়া—রবাহুতা। রা+উয়া। বিণ।

রেউলা—অন্দরমহল। হিন্দীমূলক। বি।

রেওয়া—সালতামামি দেনাপাওনার হিসাব, কৈফিয়ৎ কাটা। ফার্সী। বি।

রেওয়াজ—প্রথা, রীতি, পদ্ধতি, ধারা, চলন (Fashion). আরবী। বি।

রেঁদা, রাঁদা—কাঠ চাঁচিয়া চৌরস ও মসৃণ করিবার ছুতারমিস্ত্রীর যন্ত্রবিশেষ, যিক্কাপ (Plane) ; এই যন্ত্রের দ্বারা কাঠ পরিষ্কার বা মসৃণকরণ। ফার্সী। বি।

রেক—১। শস্যাদি মাপিবার বেত্রনির্ম্মিত পরিমাণ-পাত্রবিশেষ। দেশজ। ২। রেখা, চিহ্ন, ইলেক ; লেখা। প্রাঃ কবিপ্র। বি।

রেকর্ড—দলিলদস্তাবেজ; গ্রামোফোনের গানের চাকতি। ইং Record. বি।
রেকাব—ঘোটকের জিনসংলগ্ন পাদানি (Stirrup). আর্বী 'রিকাব' শব্দজ। বি।
রেকাব, রেকাবি—ছোট থালা, ডিশ, ডিবা। আর্বী 'রিকাব' শব্দজ। বি।
রেখ—রেখা। প্রাঃ কবিপ্র। বি।
রেখা—বিস্তারবিহীন দৈর্ঘ্য; লম্বাকৃতি চিহ্ন, যথা—দাঁড়ি, কসি ইত্যাদি; উল্লেখ; শ্রেণী, সারি; আভোগ; অত্যল্প চিহ্ন; ছল, চাতুরী। লিখ্ (লেখা)+অঙ্ কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।
রেখাক্ষরিক—দ্রুত অনুলিপি করিতে সক্ষম লোক। রেখাক্ষর+ইক নিপুণার্থে। বি; পুং।
রেখা-গণিত—ক্ষেত্রতত্ত্ব, জ্যামিতি; জগন্নাথ পণ্ডিতকৃত গণিতবিষয়ক গ্রন্থবিশেষ। রেখা-বিষয়ক গণিত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।
রেখাঙ্কি(ংকি)ত—রেখা-চিহ্নিত, যা হা কসি দ্বারা চিহ্নিত হইয়াছে। ৩য়াতৎ। বিণ।
রেখাচিত্র—শুধু রেখা দ্বারা আঁকা ছবি। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।
রেখাপাত—রেখা অঙ্কন, দাগ দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রেচক—১। বিরেচনকারক, ভেদজনক। ণিজন্ত রিচ্ বা রেচি (শূন্য করান)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—চিকা। ২। প্রাণায়াম-কালে অন্তর হইতে প্রাণবায়ুর নিঃসারণ। রিচ্ (ত্যাগ করা)+ঘঞ্ ভাববা+কন্ স্বার্থে। বি; পুং।
রেচন—১। বিরেচন, ভেদ; পরিত্যাগ। রিচ্ (শূন্য করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। বিরেচক, ভেদকারক। ণিজন্ত রিচ্ (=রেচি)+অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।
রেজকি, রেজগি—টাকা অপেক্ষা ক্ষুদ্র (অল্প মূল্যের) মুদ্রা (পয়সা ব্যতীত); আধুলি সিকি দুয়ানি আনি। ফার্সী। বি।
রেজা—খুচরা, খণ্ড। ফার্সী। বি।
রেজাই—বালাপোষ; পাতলা লেপ। ফার্সী 'রুজাই' শব্দজ। বি।
রেজিষ্টারি, রেজিস্ট্রি—সরকারী দপ্তরে লিখিত; যেখানে তাহা সম্পাদিত হয় (যেমন—'রেজিষ্টারি অফিস')। ইং 'Registery' শব্দজ। বি বা বিণ।
রেড়ি—এরণ্ড, ভেরেণ্ডা। 'এরণ্ড' শব্দজ। বি।
রেডিও—বেতারযন্ত্র। ইং Radio. বি।
রেড়ো—গ্রাম্য; অশিক্ষিত; আনাড়ি। দেশজ। বিণ।
রেণু—পাংশু, ধূলি; পরাগ; গুঁড়া। রি বা রী (গমন করা)+নু কর্ত্তৃবা। বি; পুং বা স্ত্রী।
রেণুকা—১। গন্ধদ্রব্যবিশেষ। রেণু শব্দ+কন্+আপ্। ২। পরশুরামের জননী। বি; স্ত্রী।
রেতঃ (রেতস্), -রেত—শুক্রধাতু, বীর্য; পারদ, পারা। রী+অসুন্ কর্ত্তৃবা। বি; ক্লীব।
রেতি—উকা (File). হিন্দী। বি।
রেফ—র, ́, ্। র+ইফ স্বার্থে। বি, পুং।
রেবতী—১। নক্ষত্রবিশেষ, চন্দ্রপত্নী; দুর্গা, মাতৃকাবিশেষ; নদীবিশেষ; গবী। রেব্ (লম্ফ করা)+অতচ্ কর্ত্তৃবা+ঈপ্। ২। বলদেবপত্নী। রেবত+অণ অপত্যার্থে+ঈপ্। বি; স্ত্রী।
রেবতী-রমণ, রেবতীশ—বলরাম; চন্দ্র। রেবতীর রমণ বা ঈশ (স্বামী), ৬ষ্ঠীতৎ। বি; পুং।
রেবা—নর্ম্মদা নদী; দুর্গা; কামদেবপত্নী, রতি। রেব্ (গমন করা)+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।
রেয়াৎ—অব্যাহতিপ্রদান; মাফ; অনুগ্রহ; খাতির। আর্বী। বি।
রেয়ো—রবাহূত। রা+ও। বিণ।
রেয়োৎ—প্রজা। আর্বী 'রইয়ৎ' শব্দজ। বি।
রেয়োতাট—শ্রাদ্ধাদি উপলক্ষে যাহারা আসিয়া অর্থ ভিক্ষা করে। কর্ম্মধা। বি।
রেল—লৌহবর্ত্ম, লোহার পথ; রেলগাড়ী

লোহার বেষ্টক, গরাদে। ইং Rail; railing. বি।

রেলগাড়ী—বাষ্পীয় শকট, কলের গাড়ী যাহা লৌহপথে চলে। মধ্যপ কর্ম্মধা। বি।

রেললাইন—লৌহবর্ত্ম; রেলপথ। ইং Rail-line. বি।

রেলা—প্রাচুর্য্য; ভিড়; বাদ্যের বোল-বিশেষ। হিন্দি। বি।

রেলিং—লোহার বেষ্টক, গরাদে। ইং Railing. বি।

রেশ, রেষ—বাদ্যযন্ত্রাদিতে আঘাতের পরে কিছুক্ষণ যাবৎ যে শব্দ কর্ণগোচর হইতে থাকে, একটানা স্রোত; প্রতিহিংসা; আক্রোশ; বিদ্বেষ। দেশজ। বি।

রেশম, –মী—রেসম, রেসমী (তাহা দ্রঃ)। [দেশজ। বি।

রেষারেষি—পরস্পর হিংসা, দলাদলি।

রেসম—গুটিপোকার সূতা। ফার্সী। বি।

রেসমী—রেসমনির্ম্মিত। রেসম+ঈ। বিণ।

রেস্ত—নগদ অর্থ; পুঁজি। পোর্ত্তু 'Resto' শব্দজ। বি।

রেহা—রেখা; স্নেহ। প্রাঃ কবিপ্র। বি।

রেহাই—নিষ্কৃতি, নিস্তার, অব্যাহতি; মুক্তি, ছাড়; ক্ষমা। ফার্সী। বি।

রেহান, রেহেন—স্থিতাবন্ধ, স্থাবর সম্পত্তি বন্ধক দেওয়া। ফার্সী। বি বা বিণ।

রৈ—জলাশয়াদির গভীরতম অংশ; গভীরতা। দেশজ। বি। [স্বার্থে। বিণ।

রৈখিক—রেখাসম্বন্ধীয়। রেখা+ইক সম্ব-

রৈরৈ—সোরগোল; কোলাহল; ভীতিপ্রদ চীৎকারধ্বনি। দেশজ। অব্য।

রোঁদ—১। পর্য্যায়ক্রমে পাহারা; বার বা পালা। ইং 'Round' শব্দজ। বি। ২। বেড়া। দেশজ। বি।

রোঁয়া—রোম, লোম। 'রোমন্' শব্দজ। বি।

রোক—১। রোখ (সকল অর্থে); নগদ অর্থ, রেস্ত; গমনদিক্। দেশজ। ২। তেজ, উৎসাহ, সাহস; আক্রোশ; প্রহারোদ্যম। 'রোষ' শব্দজ। বি। ৩। নগদ। দেশজ। বিণ। [হিন্দীমূলক। বি।

রোকড়—নগদান, নগদ টাকাকড়ির হিসাব।

রোকশোধ—নগদ টাকা মিটাইয়া দিয়া দেনা পরিশোধ। কর্ম্মধা। বি।

রোকা—চিঠা; পত্র, চিঠি (Memo). আর্বী 'রুক্কা' শব্দজ। বি।

রোকা, রোখা—১। রোকাল; তেজী; উৎসাহী; রাগী, দুর্দ্দান্ত; একরোখা, জেদী। দেশজ। বিণ। ২। রোধ করা, আটকান, থামান, দাঁড় করান, রাখা। বাং ক্রি।

রোকাল, রোখাল—তেজাল, তেজস্বী, সাহসী; উদ্যমযুক্ত; জেদবাজ। রোক(খ)+আল। বিণ।

রোখ—রোষ, ক্রোধ; জিদ, আক্রোশ। 'রোষ' শব্দজ। বি।

রোখা, রোখাল—রোকা, রোকাল দ্রঃ।

রোগ—আময়, ব্যাধি, পীড়া। রুজ্ (পীড়িত করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

রোগগ্রস্ত—রোগাক্রান্ত, পীড়াযুক্ত, পীড়িত। ৩য়াতৎ। বিণ।

রোগমুক্ত—রোগ হইতে মুক্তিপ্রাপ্ত, নীরোগ। ৫মীতৎ। বিণ। বি,—মুক্তি।

রোগযন্ত্রণা,—যাতনা—পীড়ার কষ্ট, রোগ জন্য ক্লেশ। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

রোগশান্তি—ব্যাধিনিবৃত্তি; পীড়ার উপশম। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

রোগা—রুগ্ণ, পীড়িত; শীর্ণ, কৃশ, কাহিল। রোগ+আ বিশিষ্টার্থে। বিণ।

রোগাক্রান্ত—রোগগ্রস্ত, ব্যাধিত, পীড়িত। ৩য়াতৎ। বিণ।

রোগাটে—শীর্ণকায়; রোগগ্রস্তবৎ, প্রায় রুগ্ণ। রোগা+টে ঈষদর্থে। বিণ।

রোগী (রোগিন্)—রুগ্ণ, ব্যাধিগ্রস্ত, পীড়িত। রোগ+ইন্। বিণ। স্ত্রী,—গিণী।

রোচক—১। রুচিকারক; প্রীতিপ্রদ। ণিজন্ত রুচ্=রোচি (রুচি করান, ইত্যাদি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—চিকা।

সুধা ; কদলী ; অবদংশ, চাটনি ; পলাণ্ডু। বি ; পুং।

রোচন—১। রুচিকারক ; দীপ্তিপ্রদ। ণিজন্ত রুচ্=রোচি (রুচি করান)+অন কর্তৃবা। বিণ। স্ত্রী,—না। ২। গোরোচনা, বর্ণ-দ্রব্যবিশেষ ; পলাণ্ডু ; দাড়িম্ব ; শ্বেত সজিনার গাছ ; করঞ্জবৃক্ষ। রুচ্ (দীপ্তি পাওয়া)+অন কর্তৃবা। বি ; পুং।

রোচনা—১। রুচিকারিকা ; দীপ্তিপ্রদা। রোচন+আপ্। বিণ। ২। উত্তমা স্ত্রী। বি ; স্ত্রী। ৩। গোরোচনা, বর্ণ-দ্রব্যবিশেষ ; রক্তকহ্লার। রুচ্ (দীপ্তি পাওয়া)+অন কর্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

রোচা—রুচিকর হওয়া। বাং ক্রি।

রোচিষ্ণু—দীপ্তিশীল ; শোভাযুক্ত। রুচ্ (দীপ্তি পাওয়া)+ইষ্ণু কর্তৃবা। বিণ ; ত্রি।

রোজ—দিন, তারিখ ; দৈনিক মজুরি ; প্রতি-দিন, প্রত্যহ। ফার্সী। বি।

রোজকার, —গার—উপার্জন, আয়। ফার্সী। বি।

রোজকেরে, —গেরে—উপার্জক, উপায়ী। রোজকা(গা)র+এ। বিণ।

রোজনামচা, —নামা—দৈনিক হিসাবের বহি ; যে বহিতে দৈনিক বিবরণ লেখা যায়, দিনলিপি। ফার্সী। বি।

রোজা—১। মুসলমানদিগের পর্ব্ব, ইহাতে এক মাস দিনমান উপবাস করিতে হয় ; উক্ত পর্ব্বকালীন উপবাস। ফার্সী। ২। ওঝা বা ওবা, মন্ত্রচিকিৎসক ; মরাই বন্ধনকালীন তাহার রজ্জুবেষ্টনী ; কটিবন্ধ ; ঘুনসী, চাবকী। দেশজ। বি। [বি ; স্ত্রী।

রোটি—রোটিকা, রুটী। রুট্+ই কর্তৃবা।

রোটিকা—পিষ্টকবিশেষ ; রুটি। রুট্ (প্রতিঘাত করা)+ণক কর্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

রোডো, রোদো—খারাপ, রদ্দী, বাতিল, ওঁচা। দেশজ। বিণ। [শব্দজ। বি।

রোদ—সূর্য্যকিরণ, রবিতাপ, ধূপ। 'রৌদ্র'

রোদন—ক্রন্দন, কাঁদা ; অশ্রু। রুদ্ (কাঁদা) +অনট্ ভাববা। বি ; ক্লীব।

রোধ—১। অবরোধন ; প্রতিবন্ধক, বাধা। রুধ্ (রুদ্ধ করা)+ঘঞ্ ভাববা। ২। তট, তীর। রুধ্+ঘঞ্ করণবা। বি ; পুং।

রোধক—রোধকারক, প্রতিরোদ্ধা। রুধ্ (রুদ্ধ করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, —ধিকা।

রোধন—১। রুদ্ধকরণ। রুধ্ (রুদ্ধ করা)+অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। রোধকারক। রুধ্+অন কর্তৃবা। বিণ।

রোধা—রোধ করা। বাং ক্রি।

রোপণ—বীজাদি-বপন, রোয়া ; উৎপাদন ; অর্পণ, স্থাপন। ণিজন্ত রুহ্=রোপি (জন্মান) +অনট্ ভাববা। বি ; ক্লীব।

রোপা—রোপণ করা, মাটিতে পোঁতা। বাং ক্রি।

রোপিত—অর্পিত, স্থাপিত ; প্রোত, ভূগর্ভনিহিত, পোঁতা, রোয়া। ণিজন্ত রুহ্ বা রোপি (জন্মান)+ক্ত কর্ম্মবা। বিণ।

রোম (রোমন্)—লোম, রোঁয়া, পশম। রু (শব্দ করা)+মন্ কর্তৃবা। বি ; ক্লীব।

রোমক—রোমদেশীয়, রোমবাসী, রোমান, রোমীয়। রোম+ক সম্বন্ধাদি অর্থে। বি বা বিণ। [ষষ্ঠীতৎ। বি ; পুং।

রোমকূপ—লোমকূপ, লোমমূলের ছিদ্র।

রোমন্থ, রোমন্থন—উদ্গীর্ণ চর্ব্বণ, গিলিত চর্ব্বণ, জাওর কাটা। রোম—মন্থ্ (বধ করা) +ঘঞ্, অনট্ করণবা। বি ; পুং, ক্লীব।

রোমন্থক, রোমন্থিক—রোমন্থনকারী জন্তু, গিলিত চর্ব্বণকারী ; যে সকল জন্তু জাওর কাটে। রোমন্থ—কৃ+ড কর্তৃবা। বি ; পুং বা বিণ।

রোমপাদ—লোমপাদ দ্রঃ।

রোমশ—লোমযুক্ত। রোমন্ (লোম)+শ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—শা।

রোমহর্ষ, —হর্ষণ—রোমাঞ্চ, গায়ে কাঁটা দিয়া উঠা। ষষ্ঠীতৎ। বি ; পুং ও ক্লীব।

রোমহর্ষণ—রোমাঞ্চকর ; ভয়ানক। রোমের হর্ষণ যদ্দারা, বহুব্রী। বিণ।

রোমাঞ্চ—পলক, রোমোদ্গম, গায়ে কাঁটা দিয়া উঠা। রোমের অঞ্চ (গতি), ৬ষ্ঠীতৎ ; অথবা রোমন্ :(রোম)—অন্চ্ (গমন করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

রোমাঞ্চকর—বীভৎস ; লোমহর্ষণ ; বিস্ময়-জনক। রোমাঞ্চ—কৃ+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

রোমাঞ্চিত—রোমাঞ্চযুক্ত, পুলকিত। রোমাঞ্চ+ইতচ্ যুক্তার্থে। বিণ।

রোমাবলি, —বলী—নাভির ঊর্দ্ধাগ্র উদরস্থ রোমশ্রেণী। রোমের আবলি, আবলী, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী। [ঈয়। বিণ।

রোমীয়—রোমক (তাহা দ্রঃ)। রোম+

রোমোদ্গম, —দ্ভেদ—রোমাঞ্চ, পুলক ; লোমজন্ম। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

রোয়া—রোপণ করা। বাং ক্রি।

রোয়াক—রক দ্রঃ।

রোরুদ্যমান—অতি রোদনকারী, সাতিশয় রোদনশীল। যঙন্ত রুদ্ (পুনঃ পুনঃ রোদন করা)+শানচ্ কর্ত্তৃবা। বিণ।

রোল—অব্যক্ত শব্দ, ধ্বনি ; কোলাহল। রোঙ্+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

রোশন—রোশনাই (তাহা দ্রঃ)।

রোশনগীর—আলোকের ব্যবস্থাকারী। রোশন+গীর নিযুক্তার্থে। বি।

রোশনচৌকি—ঢোল বাঁশী ও মন্দিরার ঐকতান বাদ্য। ফার্সী। বি।

রোশনাই, রোশনি—আলোক ; আলো-কোৎসব ; আলোকতুল্য উজ্জ্বল বস্তু ; চন্দ্রিকা, চাঁদনী, জ্যোৎস্না ; মসী, কালী। ফার্সী। বি।

রোষ—কোপ, ক্রোধ। রুষ্ (রাগ করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

রোষকষায়িত—ক্রোধে লাল (চক্ষু)। ৩য়াতৎ। বিণ।

রোহিণী—১। রক্তবর্ণা। বিণ ; স্ত্রী। ২। চতুর্থনক্ষত্র ; দক্ষরাজের অন্যতমা কন্যা, চন্দ্রপত্নী, তারাপ্রধানা ; বিদ্যাধরীবিশেষ নববর্ষবয়স্কা কন্যা ; বিদ্যুৎ ; গবী ; হরীতকী হরিতাল ; বসুদেবপত্নী, বলরামের মাতা রুহ্+ণিন্ কর্ত্তৃবা+ঈপ্। বি ; স্ত্রী।

রোহিৎ—রুইমাছ ; বর্ণবিশেষ ; সূর্য্য। ণিজ রুহ্ (=রোহি)+ক্বিপ্ কর্ম্মবা। বি ; পুং

রোহিত—১। মৎস্যবিশেষ, রুইমাছ ; বৃক্ষ বিশেষ ; মৃগবিশেষ ; পদ্মরাগমণি ; রক্তবর্ণ রুহ্ (জন্মা ইত্যাদি)+ইতন্ কর্ত্তৃবা। বি পুং। ২। রুধির, শোণিত ; ঋজু ইন্দ্রধনু কুঙ্কুম। বি ; ক্লীব। ৩। রক্তবর্ণযুক্ত। লোহ+ইতচ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

রোহিতক—রোহিত (সকল অর্থে) রোহিত+কন্ স্বার্থে।

রোহিতাশ্ব—১। অগ্নি ; রাজা হরিশ্চন্দ্রে পুত্র। রোহিত (লাল) অশ্ব যাহার, বহুব্রী ২। বর্ত্তমান রোটাস্‌গড়ের প্রাচীন নাম বি ; পুং।

রৌদ্র—১। যম ; কাব্যরসবিশেষ, ক্রোধজন রস। বি ; পুং। ২। সূর্য্যকিরণ, রোদ ; ক্রোধ বি ; ক্লীব। ৩। রুদ্রসম্বন্ধীয় ; তীব্র ; প্রচণ্ড ভীষণ। রুদ্র শব্দ+অণ্। বিণ। স্ত্রী, রৌদ্রী।

রৌদ্রদগ্ধ—রৌদ্রতাপিত, সূর্য্যকিরণে সাতি উত্তপ্ত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—গ্ধা।

রৌদ্ররস—শৃঙ্গারাদি রসের অন্যতম কাব্যরসবিশেষ। কর্ম্মধা। বি ; পুং।

রৌদ্রোজ্জ্বল—১। সূর্য্যকিরণে দীপ্তিমান্ রৌদ্র দ্বারা উজ্জ্বল, ৩য়াতৎ। ২। ভীষণ অথ দীপ্তিশালী। কর্ম্মধা। বিণ।

রৌপ্য—রজত, রূপা। রূপ্য (রূপা)+অ স্বার্থে। বি ; ক্লীব।

রৌপ্যমুদ্রা—রৌপ্যনির্ম্মিত মুদ্রা, টাকা মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

রৌরব—নরকবিশেষ। যঙন্ত রু বা রোর (পুনঃ পুনঃ বধ করা)+ক্বিপ্ অধিবা রোরু ; রোরু+অণ্। বি ; ক্লীব।

রৌহিণেয়—বুধগ্রহ ; বলদেব। রোহিণী এর অপত্যার্থে। বি ; পুং।

র‍্যাপার—শীতবস্ত্রবিশেষ, আলোয়ান শাল প্রভৃতি। ইং Wrapper. বি।

ল

ল—১। অষ্টাবিংশ ব্যঞ্জনবর্ণ, ইহার উচ্চারণ-স্থান দন্ত। ২। অতীতের ক্রিয়াবিভক্তিবিশেষ। (করিল; দেখিল ইত্যাদি); বিশেষণবোধক প্রত্যয়বিশেষ (স্থূচল)।

লআ, লওয়া—গ্রহণ করা; সঙ্গে রাখা; বহন করা; ধরা; বোধ করা; পছন্দ করা; গণ্য করা; সহ্য করা, সওয়া; ধারণ করা; আনা; পান বা ভোজন করা, খাওয়া; উচ্চারণ করা, বলা। বাং ক্রি।

লওয়াজিম—প্রয়োজনীয় জিনিষ। আর্বী। বি। [বাং ক্রি।

লওয়ান—প্রবৃত্ত করান, ধরান, গ্রহণ করান।

লংক্লথ—ঠাসবুননের স্থতী কাপড়বিশেষ। ইং Longcloth. বি।

লক, লখ—(ঘুড়ি উড়াইবার জন্য) রেশমী স্থতা। দেশজ। বি।

লকচ—লকুচ (তাহা দ্রঃ)। লক্ (আস্বাদন করা)+অচ্ কর্ম্মবা। বি; পুং।

লকট, লকেট—খাদ্যফলবিশেষ। চীনা শব্দ। বি।

লক্‌পক্—লোভপ্রকাশ; লম্বমান বা অদৃঢ় অবস্থায় থাকিয়া কাঁপা। দেশজ। অব্য।

লকলক—লোলতা, লালসার ভাব; প্রসারণ ও আন্দোলনের ভাব। দেশজ। অব্য। [ছোট হইলে লিকলিক]। বিণ, লকলকে, লিকলিকে।

লকুচ—ডেহুয়া গাছ, মাদার গাছ, স্থানবিশেষে ইহাকে ডেলো এবং ডেলোমাদারও বলে। লক (আস্বাদন করা)+উচ কর্ম্মবা। বি; পুং।

লকেট—১। লকট দ্রঃ। ২। হার ইত্যাদির সঙ্গে ঝুলাইবার পদক বা ধুকধুকি। ইং Locket. বি। [বি।

লক্কা—প্রশস্ত লেজবিশিষ্ট কবুতর। আর্বী।

লক্ষ—শতসহস্র সংখ্যা, লাখ; দৃষ্টি; ছল; শরব্য, বেধনার্থ উদ্দিষ্ট বস্তু; নিশানা। লক্ষ্ (চিহ্ন করা, দেখা)+অচ্ কর্ম্মবা। বি; ক্লীব।

লক্ষণ—১। নাম; চিহ্ন। লক্ষ্+অনট করণবা। ২। ব্যাকরণ-সূত্র; স্বরূপ। লক্ষ্+অনট্ কর্ম্মবা। ৩। পরিচ্ছেদকরণ; পরিচয়; দর্শন। লক্ষ্+অনট্ ভাববা। বি; ক্লীব। ৪। দশরথের তৃতীয় পুত্র, রামচন্দ্রের বৈমাত্রেয় ভ্রাতা, লক্ষ্মণ। লক্ষ্+অন কর্ম্মবা। বি; পুং।

লক্ষণা—শব্দের বৃত্তিবিশেষ,—মুখ্যার্থের বাধা ঘটিলে যে শক্তি দ্বারা মুখ্যার্থসহ সম্বন্ধ অন্য অর্থের বোধ হয়, তাহার নাম লক্ষণা। লক্ষ্+অনট্ করণবা+আপ্। বি; স্ত্রী।

লক্ষণাক্রান্ত—লক্ষণযুক্ত, সুলক্ষণ। ওয়াতৎ। বিণ।

লক্ষণীয়—দর্শনীয়; অনুভবযোগ্য। লক্ষ্ (দেখা)+অনীয় কর্ম্মবা। বিণ।

লক্ষপতি—লক্ষমুদ্রার অধীশ্বর, লাখপতি। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; পুং।

লক্ষিত—দৃষ্ট; লক্ষীকৃত; উদ্দিষ্ট; অনুমিত; জ্ঞাত; আলোচিত; অঙ্কিত; লক্ষণাবৃত্তি দ্বারা জ্ঞাত। লক্ষ্+ক্ত কর্ম্মবা। বিণ।

লক্ষ্ম (লক্ষ্মন্)—চিহ্ন। লক্ষ+মন্ কর্ম্মবা। বি; ক্লীব।

লক্ষ্মণ—১। লক্ষণযুক্ত; শ্রীমান্। বিণ। ২। অযোধ্যানাথ শ্রীরামের কনিষ্ঠ বৈমাত্রেয় ভ্রাতা; দশরথের তৃতীয়া মহিষী সুমিত্রার গর্ভে ইহার জন্ম। লক্ষ্মী+ন অস্ত্যর্থে। বি; পুং।

লক্ষ্মী—শ্রী; রাজশ্রী; শোভা; সম্পত্তি; হরিদ্রা; বীরনারী; মুক্তা; স্থলপদ্ম; দুর্গা; বিষ্ণুর পত্নী, কমলা। লক্ষ্ (দেখা)+ঈ কর্ম্মবা। বি; স্ত্রী।

লক্ষ্মীকান্ত—বিষ্ণু, নারায়ণ; রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লক্ষ্মীছাড়া—লক্ষ্মী যাহাকে ত্যাগ করিয়াছেন; দুর্ভাগা; নিজের মঙ্গলের প্রতি দৃষ্টিহীন;

ভ্রষ্ট ; বজ্জাত ; হতচ্ছাড়া। লক্ষ্মী যারা ছাড়া, ৩য়াতৎ। বিণ।

লক্ষ্মীজনার্দ্দ(র্দ)ন—কমলা ও বিষ্ণু ; শালগ্রামবিশেষ। দ্বন্দ্ব। বি ; পুং।

লক্ষ্মীনারায়ণ—কমলা ও বিষ্ণু ; শালগ্রাম-বিশেষ। দ্বন্দ্ব। বি ; পুং।

লক্ষ্মীবন্ত, -মন্ত—সৌভাগ্যশালী, ধনবান্। লক্ষ্মী + বন্ত, মন্ত। বিণ।

লক্ষ্মীবান্ (-বৎ)—শ্রীমান্, সৌভাগ্য-শালী ; ধনবান্ ; বিভবশালী। লক্ষ্মী + মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—বতী।

লক্ষ্মীশ্রী—সৌভাগ্য বা লক্ষ্মীর অধিষ্ঠান জন্য শোভাসম্পদ্। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

লক্ষ্মীস্বরূপিণী—লক্ষ্মীর মত গুণবতী ; সৌভাগ্যবতী। লক্ষ্মীর স্বরূপ, ৬ষ্ঠীতৎ + ইন্ + ঈপ্। বিণ ; স্ত্রী।

লক্ষ্য—১। দ্রষ্টব্য ; লক্ষণদ্বারা বোধ্য ; জ্ঞেয় ; অনুমেয় ; উদ্দেশ্য। বিণ। ২। শরব্য, ভেদ্য, যাহা বিদ্ধ করিতে হইবে, তাক, নিশানা ; ছল, চাতুরী ; চিহ্ন। লক্ + ণ্যৎ কর্ম্মবা। বি ; ক্লীব।

লক্ষ্যচ্যুত, -ভ্রষ্ট—উদ্দেশ্য হইতে স্খলিত, অভিপ্রায়ভ্রষ্ট। ৫মীতৎ। বিণ।

লক্ষ্যবেধ, -ভেদ—তীর ইত্যাদি দ্বারা লক্ষিত বস্তুকে বিদ্ধকরণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

লক্ষ্যভ্রষ্ট—লক্ষ্যচ্যুত দ্রঃ।

লক্ষ্যস্থল—উদ্দিষ্ট স্থান, সঙ্কল্পিত স্থান। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

লক্ষ্যহীন—উদ্দেশ্যহীন, অভিপ্রায়শূন্য। ৩য়াতৎ। বিণ।

লখা—লক্ষ্য করা ; বুঝা ; স্থির করা ; জানা, চিনা। কবিপ্র। ক্রি।

লগ—সংযোগ, সংস্পর্শ ; সমভিব্যাহার, সঙ্গ, নিকট। প্রাঃ কবিপ্র। বি।

লগন—লগ্ন ; বিবাহে গাত্রহরিদ্রার তত্ত্ব-বিশেষ ; বিবাহে অনুষ্ঠানবিশেষ। 'লগ্ন' শব্দজ। বি।

লগা, লগি(গী)—আঁকশি ; জেলে নৌকা প্রভৃতি ঠেলিয়া চালাইবার জন্য বংশদণ্ড। দেশজ। বি।

লগুড়—বংশময় দণ্ড, লাঠি ; গদা ; মুদগর। লগ্ (লাগা) + উলচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

লগ্ন—১। মেষাদি রাশির উদয়কাল। লস্ (লজ্জিত হওয়া) + ক্ত অধিবা। বি ; ক্লীব। ২। সংযুক্ত। লগ্ (লাগা) + ক্ত কর্ত্তৃবা। ৩। লজ্জিত ; যুক্ত, সংলগ্ন ; আসক্ত। লস্ + ক্ত কর্ত্তৃবা। বিণ।

লগ্নপত্র—বিবাহের পূর্ব্বে কোন্ দিনে কো লগ্নে বিবাহ হইবে তাহার নির্দ্ধারক পত্র ইহাতে বিবাহের অর্থাদিসম্বন্ধীয় বিবরণ লিখিত হয়। লগ্ন নিরূপক পত্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

লগ্নমান—লগ্নকালের পরিমাণ ; প্রত মেষাদি দ্বাদশ রাশি পর পর উদয় হয়, এ এক রাশির উদয় পরিমাণ কালের নাম ল মান। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

লগ্নি—সুদে টাকা খাটান। দেশজ। বি।

লঘিমা (লঘিমন্)—লঘুতা, লাঘ গৌরবহীনতা ; ঐশ্বর্য্যবিশেষ, নিজ শরীর লঘু করিবার শক্তি। লঘু + ইমন্ ভাবাে বি ; পুং।

লঘিষ্ঠ—অতিশয় লঘু ; অতি ক্ষুদ্র। লঘ্ ইষ্ঠ অতিশয়ার্থে। বিণ। স্ত্রী,—ষ্ঠা।

লঘীয়ান্ (লঘীয়স্)—অতিশয় ল অতি ক্ষুদ্র। লঘু শব্দ + ঈয়স্ অতিশয়া বিণ। স্ত্রী,—য়সী।

লঘু—১। ভারহীন, হাল্কা ; গৌরব খেলো ; মৃদু অথচ ক্ষিপ্র ও স্বচ্ছন্দ ; সংক্ষিপ্ত ; সূক্ষ্ম ; অসার ; হ্রস্ব ; ক্ষুদ্র ; তেজোহীন ; অল্প ; ইষ্ট, বাঞ্ছিত ; সু মনোজ্ঞ। লন্‌ঘ্ (শোষণ করা, ইত্যাদি কু কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, লঘ্বী, লঘু। (ব্যাকরণে) হ্রস্ববর্ণ। বি ; পুং।

লঘুচতুষ্পদী—ছন্দোবিশেষ। কর্ম্মধা।

লঘুচিত্ত, -চেতাঃ (-তস্), - —সঙ্কীর্ণমনাঃ ; যাহার চিত্ত বা

একটুতেই বিকল হয়; ক্ষুদ্রহৃদয়। বহুব্রী। বিণ।

লঘুতা, লঘুত্ব—লাঘব, লঘুর ভাব। লঘু +তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

লঘুত্রিপদী—বাঙ্গালা ছন্দোবিশেষ। কর্ম্মধা। বি।

লঘুপাক—সুপাচ্য, যাহা শীঘ্র হজম হয়। বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

লঘুপাপ—১। অল্প পাপ, সামান্য দোষ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। স্বল্প পাপযুক্ত। বহুব্রী। বিণ।

লঘুলিপিকা—সাংকেতিক সংক্ষেপলিখন Shorthand. কর্ম্মধা। বি; স্ত্রী।

লঘুহস্ত—ক্ষিপ্রকারী, শীঘ্রকার্য্যকারক। বহুব্রী। বিণ।

লঘূকরণ—সংক্ষিপ্তকরণ, হ্রাসকরণ; নিম্নশ্রেণীর রাশিকে উচ্চশ্রেণীতে বা উচ্চশ্রেণীর রাশিকে নিম্নশ্রেণীতে পরিণত করিবার কৌশল (Reduction). লঘু শব্দ+চি্ব অভূততদ্ভাবার্থে (=লঘূ)—কৃ (করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

লঙ্কা(ঙ্কা)—১। সিংহল দ্বীপ। রম্+ক অধিবা+আপ্। বি; স্ত্রী। ২। গাছ মরিচ, রাঙ্গা লম্বা মরিচ, ঝাল। দেশজ। বি।

লঙ্কা(ঙ্কা)কাণ্ড—১। রামায়ণের সপ্তকাণ্ডের ষষ্ঠ কাণ্ড। মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। তুমুল অগ্নিকাণ্ড; হৈ চৈ ব্যাপার। দেশজ প্রঃ। বি।

লঙ্কা(ঙ্কা)ধিপ, লঙ্কা(ঙ্কা)ধিপতি, লঙ্কে(ঙ্কে)শ, লঙ্কে(ঙ্কে)শ্বর—লঙ্কার রাজা রাবণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লঙ্গ(ঙ্গ)—১। মিলন; খোঁড়াইয়া চলা, খঞ্জতা। লগ্ (মিলিত হওয়া)+ঘঞ্ ভাববা। ২। জার, উপপতি। লগ্+অচ্ কর্তৃবা। বি; পুং। ৩। লবঙ্গ। 'লবঙ্গ' শব্দজ। বি।

লঙ্গ(ঙ্গ)রখানা—বিনামূল্যে বা অল্পমূল্যে খাদ্যপ্রাপ্তির স্থান। বি।

লঙ্ঘ(ঙ্ঘ)ন—অভোজন, অনাহার, উপবাস; অতিক্রম; ডিঙ্গান; অতিবাহন; লাফন; আক্রমণ; আঘাত। লঙ্ঘ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

লঙ্ঘ(ঙ্ঘ)নীয়—অতিক্রমণীয়; যাহা ডিঙ্গাইতে পারা যায় বা যাহা ডিঙ্গাইতে হইবে। লঙ্ঘ্+অনীয় কর্ম্মবা। বিণ।

লঙ্ঘা(ঙ্ঘা)—লঙ্ঘন করা। কবিপ্র। ক্রি।

লঙ্ঘি(ঙ্ঘি)ত—অতিক্রান্ত; যাহা ডিঙ্গান হইয়াছে। লঙ্ঘ+ক্ত কর্ম্মবা। বিণ।

লছমী, লছিমী—লক্ষ্মী, কমলা। প্রাঃ কবিপ্র। বি।

লজেঞ্জুস, লবনচুষ—চিনি দিয়া প্রস্তুত চাকতি গুলি প্রভৃতি চোষ্য খাদ্যবিশেষ। ইং Lozenges. বি।

লজ্জা—ত্রপা, ব্রীড়া, অনুচিত কর্ম্ম জন্য অন্তরে সঙ্কোচবোধ, লাজ; শ্লীলতা বা সম্ভ্রমের হানি; গোপনীয় বিষয়ের প্রকাশে বা আলোচনায় চিত্তের সঙ্কোচভাব। লস্জ্ (লজ্জিত হওয়া)+অ ভাববা+আপ্। বি: স্ত্রী।

লজ্জাকর—লজ্জাজনক, লাজ উৎপাদক। উপপতৎ। লজ্জা—কৃ (করা)+ট কর্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

লজ্জাজনক—লজ্জা উৎপাদক, লজ্জাকর। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—নিকা।

লজ্জাজনিত—লজ্জাসম্ভূত, লজ্জা হইতে উদ্ভূত। ৩য়াতৎ। বিণ।

লজ্জানত, —নম্র—লজ্জাহেতু নম্র, লজ্জায় অবনত। ৩য়াতৎ। বিণ।

লজ্জাবতী—লতাবিশেষ। লজ্জা+মতুপ্, +ঈপ্। বি; স্ত্রী।

লজ্জাবনত—লজ্জা হেতু নত। ৩য়াতৎ। বিণ।

লজ্জালু—১। লজ্জাশীল, লাজযুক্ত, লাজুক। লজ্জা—লা+কু কর্তৃবা। বিণ। ২। লতাবিশেষ, লজ্জাবতী লতা। দেশজ প্রঃ। বি।

লজ্জাশীল—লজ্জাযুক্ত, লাজুক। লজ্জা

হইয়াছে শীল (স্বভাব) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা। বি,—লতা।

লজ্জাহীন—লজ্জাশূন্য, সঙ্কোচশূন্য, নির্লজ্জ, যাহার লাজ নাই, বেহায়া। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

লজ্জিত—লজ্জাশীল, লজ্জাযুক্ত। লজ্জা+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা। [ক্রি।

লটকান—টাঙ্গান, ঝুলাইয়া দেওয়া। বাং

লটপট—লুটাইবার ও লম্বিতভাবে ঝুলিবার ভাব, অথবা যাহা সেরূপভাবে ঝুলিতেছে। দেশজ। বি। বিণ,—টে।

লটবহর—আনুষঙ্গিক জিনিষপত্র, সঙ্গীয় মোট পুঁটলী। দেশজ। বি।

লড়া—সংগ্রাম করা, যুদ্ধ করা। বাং ক্রি।

লড়াই—সংগ্রাম, যুদ্ধ। লড়্+আই ভাববা। বি।

লড়ায়ে, লড়িয়ে—সংগ্রামপ্রিয়; যে লড়াই করে। লড়াই+এ; লড়্+ইয়ে কর্ত্তৃবা। বিণ।

লড্‌ডু, লড্‌ডুক—মোদক, লাড়ু। লস্জ্+ডু কর্ত্তৃবা, পক্ষে; কন্ স্বার্থে। বি; পুং।

লণ্ঠন—কাচাবরণযুক্ত আলোকাধার। ইং 'Lantern' শব্দজ। বি।

লণ্ড, লণ্ডা—লম্বাকৃতি বিষ্ঠা, ল্যাড়। লন্ড্+ঘঞ্ কর্ম্মবা, পক্ষে তদুত্তরে আপ্। বি; ক্লীব, স্ত্রী।

লণ্ডভণ্ড—বিপর্য্যস্ত, বিশৃঙ্খল; ভণ্ডুল; উচ্ছিন্ন, ছারখার। দেশজ। বিণ।

লতা—শাখাবিহীন মৃদুবল্লী, ব্রততি; বল্লরী, লতানিয়া গাছ; প্রিয়ঙ্গুলতা; মাধবীলতা; দূর্ব্বা; শাখা; সারিকা; যোষিৎ নারী। লত্ (বেষ্টন করা)+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

লতাগৃহ—কুঞ্জ; লতারচিত গৃহ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

লতান—লতার মত বর্দ্ধিত হওয়া। বাং ক্রি।

লতানিয়া, লতানে—লতার মত, লতাসদৃশ। লতা+নিয়া, নে কর্ত্তৃবা। বিণ।

লতামণ্ডপ—লতাগৃহ, কুঞ্জ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

লতায়িত—লতার মত বিস্তৃত বা প্রসারিত। লতা+ক্যঙ্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

লতিকা—লতা (সকল অর্থে)। লতা+কন্+আপ্। বি; স্ত্রী।

লপেট—লিপ্ত; অবিচ্ছিন্ন। দেশজ। বিণ।

লপেটা—হালকা নাগরা জুতাবিশেষ। দেশজ। বি। [বাং ক্রি।

লপ্টান—লিপ্ত বা জড়িত হওয়া; জড়ান।

লপ্ত—লাগালাগিভাব, সংযোগ। 'লিপ্ত' শব্দজ। বিণ।

লপ্সি, —কা—খাদ্যবিশেষ, লপ্সী, মোহনভোগ; ময়দা প্রভৃতির মণ্ড। দেশজ। বি।

লব—১। উচ্ছেদ, বিনাশ; ছেদন; বিলাস। লূ (ছেদন করা)+অপ্ ভাববা। ২। অল্পাংশ; কণা; লেশ; রেণু; সূক্ষ্মকালবিশেষ; গো-পুচ্ছের লোম; বিভাজ্য অঙ্ক, সামান্য ভগ্নাংশের উপরের রাশি। লূ+অপ্ কর্ম্মবা। বি; পুং। ৩। শ্রীরামচন্দ্রের কনিষ্ঠ পুত্র। বি; পুং।

লবঙ্গ(ঙ্গ)—১। বৃক্ষবিশেষ; জার, উপপতি। লূ (ছেদন করা)+অঙ্গচ্ কর্ম্মবা। বি; পুং। ২। দেবকুসুম, লঙ্গ। বি; ক্লীব।

লবঙ্গ(ঙ্গ)লতা—পুষ্পবিশেষ। কর্ম্মধা। বি; স্ত্রী।

লবণ—১। ক্ষাররসবিশিষ্ট, লোণা; লাবণ্যযুক্ত। বিণ। স্ত্রী,—ণা। ২। ক্ষারপদার্থবিশেষ, লুণ, ইহা পাঁচ প্রকার—সৌবর্চ্চল, সৈন্ধব, বিট, ঔদ্ভিদ, সামুদ্র। বি; ক্লীব। ৩। ক্ষাররস, ক্ষারসমুদ্র। ৪। জনৈক রাক্ষস, শত্রুঘ্ন কর্ত্তৃক নিহত হয়। লূ (ছেদন করা)+অন কর্ত্তৃবা। বি; পুং।

লবণাক্ত—লবণমিশ্রিত, লোণা। লবণ দ্বারা অক্ত (যুক্ত), ৩য়াতৎ। বিণ।

লবণাম্বু—লোণা জল। লবণ যে অম্বু (জল), কর্ম্মধা। বি; ক্লীব।

লবণাম্বুধি—লবণসমুদ্র। লবণ (ক্ষাররস

সংযুক্ত) যে অম্বুধি (সমুদ্র), কর্ম্মধা। বি; পুং।

লবনচুষ—লজেঞ্জুস দ্রঃ।

লবাণ, লোবাণ—একরকম গুগ্‌গুল। আর্বী। বি।

লবেজান—ওষ্ঠাগতপ্রাণ। ফার্সী। বিণ।

লবেদা, লবেদার—লম্বা জামা পরা বাবু। ফার্সীমূলক। বিণ।

লব্ধ—গৃহীত; প্রাপ্ত; উপার্জ্জিত। লভ্ (পাওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, লব্ধা।

লব্ধপ্রতিষ্ঠ—প্রতিষ্ঠাপ্রাপ্ত, প্রসিদ্ধ, বিখ্যাত। লব্ধা হইয়াছে প্রতিষ্ঠা যৎকর্ত্তৃক, বহুব্রী। বিণ। স্ত্রী, –ষ্ঠা।

লভ্য—১। লাভযোগ্য, প্রাপ্য; ন্যায্য। লভ্ (পাওয়া)+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, লভ্যা। ২। লাভ। দেশজ প্রঃ। বি।

লভ্যাংশ—প্রাপ্য ভাগ; লাভের অংশ। কর্ম্মধা বা ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লম্প—ডিবা, কেরোসিনের বাতি। ইং 'Lamp' শব্দজ। বি।

লম্পট—১। কামুক, লোচ্চা। রম্ (রমণ করা)+অটন্ কর্ত্তৃবা। বিণ বা বি; পুং। ২। আসক্ত, লোলুপ। বিণ।

লম্ফ—লাফান, লাফ। লম্ফ্ (লাফ দেওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

লম্ফঝম্প—লাফালাফি; আস্ফালন। দ্বন্দ্ব। বি; পুং।

লম্ফন—লাফ দেওয়া, লাফান। লম্ফ্+অনট্ [ভাববা। বি; ক্লীব।

লম্ব—১। দোলায়মান, ঝোলান; দীর্ঘ, লম্বা। বিণ। স্ত্রী, লম্বা। ২। ত্রিভুজক্ষেত্রের লম্বমান রেখা, যে সরল রেখা অন্য সরল রেখার উপর ঠিক সোজা ও খাড়াভাবে দণ্ডায়মান থাকে (Perpendicular). লম্ব্+অচ্ কর্ত্তৃবা। ৩। অবলম্বন। লম্ব্+ঘঞ্ ভাববা। বি; পুং।

লম্বকর্ণ—১। হস্তী; গণেশ; শশক; ছাগ; রাক্ষস। বি; পুং। ২। দীর্ঘশ্রোত্রবিশিষ্ট, লম্বা কানওয়ালা। লম্ব কর্ণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –র্ণা। ৩। দীর্ঘশ্রোত্র, লম্বা কান। বি; পুং।

লম্বন—দোলন; অবলম্বন; আশ্রয়গ্রহণ। লম্ব্+অনট্ ভাববা। বি; ক্লীব।

লম্বমান—দোলায়মান, যাহা ঝুলিতেছে এরূপ। লম্ব (ঝোলা)+শানচ্ কর্ত্তৃবা। বিণ।

লম্বা—১। দীর্ঘ; প্রসারিত; ধরাশায়ী। বিণ। ২। দৈর্ঘ্য। 'লম্ব' শব্দজ। বি।

লম্বা দেওয়া—ছুটিয়া পালান।

লম্বাই—দৈর্ঘ্য। লম্বা+ই। দেশজ। বি।

লম্বাই-চওড়াই—দৈর্ঘ্যপ্রস্থ; দম্ভোক্তি। দেশজ। বি।

লম্বাটে—লম্বাধরণের। লম্বা+টে তুল্যার্থে। [বিণ।

লম্বালম্বি—অনুলম্ব, দীঘলভাবে, দৈর্ঘ্যের দিকে। দেশজ। ক্রি-বিণ।

লম্বিত—দোলিত; শব্দিত; অবলম্বিত; আশ্রিত। লম্ব্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

লম্বোদর—১। দীর্ঘোদর, মোটা পেট-বিশিষ্ট; ঔদরিক, পেটুক। বিণ। স্ত্রী, –রা। ২। গণেশ। লম্ব (দীর্ঘ) উদর (পেট) যাঁহার, বহুব্রী। বি; পুং। ৩। লম্বা বা মোটা পেট। লম্ব যে উদর, কর্ম্মধা। বি; ক্লীব।

লম্ভিত—প্রাপিত; পোষিত; নিয়োজিত; বর্দ্ধিত; উক্ত। ণিজন্ত লভ্—লম্ভি (পাওয়ান) +ক্ত কর্ম্মবা। বিণ।

লয়—লীন হওন; প্রলয়; নাশ; অভিনয়; (সঙ্গীতে) কালের অবিচ্ছেদ গতি, গীত বাদ্য নৃত্যের পরস্পর মিল বা সঙ্গতি; বিলাস; সংশ্লেষ। লী+অচ্ ভাববা, অধিবা। বি; পুং।

লয়নৃত্য—একপ্রকার তাণ্ডব নর্ত্তন। লয়-কালীন নৃত্য, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

লয়হীন—বিনাশশূন্য, অবিনশ্বর, চিরস্থায়ী; মিলশূন্য (সঙ্গীতে)। ৩য়াতৎ। বিণ।

ললনা—নারী; স্ত্রী; রসনা, জিহ্বা। লল্+অন কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

ললাট—কপাল। লল (প্রাপ্তীচ্ছা করা)+ অল্ ভাববা=লল, তদুত্তরে অম্ (গমন করা)+অণ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

ললাটলিখন—ললাটলিপি, কপালের লেখা, ভাগ্যফল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [স্ত্রী।

ললাটলিপি—ললাটলিখন। ৬ষ্ঠীতৎ। বি;

ললাম—ভূষণ; ললাটভূষণ; চিহ্ন; ধ্বজ; শৃঙ্গ; ললাটস্থ চিহ্ন; পুচ্ছ; প্রধান; প্রভা; অশ্ব; অশ্বভূষণ। লল (প্রাপ্তীচ্ছা করা)+ অল্ ভাববা=লল, তদুত্তরে অট্ (গমন করা, ইত্যাদি)+অণ্ কর্ত্তৃবা। বি; পুং।

ললিত—১। বিলাস, নারীজাতির শৃঙ্গার-ভাবজ ক্রিয়াবিশেষ; চলন; ক্রীড়া; স্ত্রী-নৃত্য। লল্+ক্ত ভাববা। বি; ক্লীব। ২। স্বরবিশেষ, রাগিণীবিশেষ। বি; পুং। ৩। সুন্দর; কোমল; প্রিয়; মনোজ্ঞ; ঈপ্সিত; চঞ্চল। লল্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা। ৪। বাঙ্গালা ছন্দোবিশেষ। বি।

ললিতা—শ্রীরাধার সহচরী জনৈক গোপী; দুর্গা; নারী। ললিত+আপ্। বি; স্ত্রী।

ললিতাসপ্তমী—ভাদ্র শুক্লা সপ্তমী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

লশুন, লশূন—রশুন (রসুন দ্রঃ)। অশ্ (খাওয়া)+উন, উন কর্ত্তৃবা, নিপাতনে। বি; ক্লীব।

লসিকা—লালা, মুখরস। লস্ (শ্লিষ্ট হওয়া) +ণক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

লসীকা—যে বর্ণহীন জলবৎ পদার্থ সর্ব্ব-শরীর ব্যাপিয়া আছে,—দূষিত রক্ত হৃদয়ে প্রবিষ্ট হইবার পূর্ব্বে ইহার সহিত মিলিত হয় (Lymph); ইক্ষুরস। লস্ (শ্লিষ্ট হওয়া) +ঈক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

লস্কর—পদাতি সৈন্য; জাহাজের খালাসী। ফার্সী। বি।

লহ—লও, গ্রহণ কর। কবিপ্র। ক্রি।

লহনা—দেনা পাওনা; খাজনা ভিন্ন অন্য রকমের পাওনা; লভ্য; কর্জ্জদান; কুসীদ ব্যবসায়, বন্ধকীকারবার। দেশজ। বি।

লহমা—ক্ষণমাত্র কাল, মুহূর্ত্ত। আর্বী। বি।

লহরি, —রী—তরঙ্গ, ঢেউ। ল (ইন্দ্রিয়) —হৃ (হরণ করা)+ইন্ কর্ত্তৃবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

লহু—১। রক্ত, রুধির, খুন। হিন্দী। বি। ২। লও, ধর। ক্রি। ৩। লঘু, মৃদু। প্রাঃ কবিপ্র। বিণ। [বি।

লা, লাহা—লাক্ষা, জতু। 'লাক্ষা' শব্দজ।

লাইন—রেখা, কসি; সারি, শ্রেণী; লৌহ-বর্ত্ম; রেলপথ। ইং Line. বি।

লাইনিং—কোট ইত্যাদির ভিতরের আস্তরণ। ইং Lining. বি।

লাইব্রেরী—পুস্তকাগার; পাঠাগার। ইং Library. বি।

লাইসেন্স—কোন দ্রব্য রাখিবার বা কিনি-বার বা কোন কিছু করিবার রাজানুমতি। ইং License. বি।

লাউ—অলাবু, কদু। 'লাবু' শব্দজ। বি।

লাএক, লায়েক—যোগ্য; প্রাপ্তবয়স্ক; মাতব্বর। আর্বী। বিণ।

লা-ওয়ারিশ—মালিক বা উত্তরাধিকারী-শূন্য। আর্বী। বিণ।

লাক, লাখ—শত সহস্র সংখ্যা। 'লক্ষ' শব্দজ। বি বা বিণ।

লাক্ষণিক—১। লক্ষণা দ্বারা বোধিত। লক্ষণা শব্দ+ইক। ২। লক্ষণসম্বন্ধীয়; লক্ষণজ্ঞ, দৈবজ্ঞ, লক্ষণযুক্ত; লক্ষণজ্ঞের। লক্ষণ+ইক। বিণ। স্ত্রী,—কী।

লাক্ষা—জতু, লা, গালা। লক্ষ্+অ করণবা +আপ্। বি; স্ত্রী। [বি; পুং।

লাক্ষারস—অলক্তক রস, আলতা। ৬ষ্ঠীতৎ।

লাখ—লাক দ্রঃ।

লাখপতি—লক্ষ টাকার মালিক; বিরাট ধনী। ৬ষ্ঠীতৎ। বিণ।

লাখরাজ, লাখেরাজ—নিষ্কর (জমি)। আর্বীমূলক। বিণ।

লাগ—নাগাল, ছোঁয়া; নৈকট্য, সামীপ্য দেশজ। বি।

লাগসই—জুতমত ; মানানমত। দেশজ। বিণ।

লাগা—সংলগ্ন, যুক্ত বা লিপ্ত হওয়া ; স্পর্শ করা ; ভিড়া, আটকান ; খাপ খাওয়া, উপযোগী হওয়া ; খরচ পড়া বা প্রয়োজন হওয়া ; তুলনীয় হওয়া ; বোধ হওয়া ; আঘাত পাওয়া, বেদনা বোধ হওয়া ; আরম্ভ হওয়া ; বাধা, ঘটা : বৈরসাধনে প্রবৃত্ত হওয়া ; প্রযুক্ত হওয়া ; কোন কিছু করিতে সোদ্যমে প্রবৃত্ত হওয়া। বাং ক্রি।

লাগাও—সংলগ্ন, পাশাপাশি, অব্যবহিত। দেশজ। বিণ। [বি, বিণ।

লাগাড়—একটানা, অবিচ্ছেদ। দেশজ।

লাগান—সংলগ্ন বা লিপ্ত করা ; ছোঁয়ান ; দেহে বা অন্য কোন পদার্থে লাগিতে দেওয়া ; ভিড়ান ; প্রয়োগ করা ; বিরুদ্ধে বলা, ভাংচি দেওয়া ; ঘটান ('বিবাদ লাগান') ; ব্যয় বা ক্ষেপণ করা। বাং ক্রি।

লাগানি—নিন্দা ; পরোক্ষে কাহারও নিকট অন্য কাহারও নিন্দা। লাগা + নি ভাববা। বি।

লাগানি ভাঙ্গানি—পরোক্ষে নিন্দা বা গুপ্ত কথা প্রকাশ দ্বারা মনোমালিন্যের সৃষ্টি।

লাগানিয়া, -নে—কুমন্ত্রণাদাতা ; যে পরোক্ষে অন্যের নিকট গুপ্ত কথা বলে বা নিন্দা করে। লাগা + নিয়া, নে কর্তৃবা। বিণ।

লাগাম—ঘোড়ার রাস, অশ্বরশ্মি, বল্গা। ফার্সী। বি। [অব্য।

লাগায়েৎ—অবধি, পর্যন্ত। হিন্দীমূলক।

লাগি—১। লাগিয়া, নিমিত্ত, জন্য। অব্য। ২। লগ্ন। প্রাঃ কবিপ্র। বিণ।

লাগিয়া—নিমিত্ত, জন্য। কবিপ্র। অব্য।

লাগেজ—সঙ্গের মালপত্র ; বোঝা। ইং Luggage. বি।

লাঘব—লঘুত্ব, ভারহীনতা ; শীঘ্রতা ; পটুতা ; অগৌরব ; ক্লৈব্য ; হ্রাস ; আরোগ্য। লঘু (ভারহীন ইত্যাদি) + অণ্ ভাবার্থে। বি ; ক্লীব।

লাঙ্(ঙ্গ)ল—সীর, হল ; তালবৃক্ষ। লন্গ্ (গমন করা) + কলচ্ কর্তৃবা। বি ; ক্লীব।

লাঙ্(ঙ্গ)লদণ্ড—লাঙ্গলের ঈষ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

লাঙ্(ঙ্গ)লপদ্ধতি—হলকর্ষণজনিত রেখাকার চিহ্ন, লাঙ্গলের শিরালা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

লাঙু(ঙ্গু)ল, লাঙ্গু(ঙ্গূ)ল—পুচ্ছ, লেজ। লন্গ্ (লাগিয়া থাকা) + উলচ্, ঊলচ্ কর্তৃবা। বি ; পুং।

লাচাড়ী, নাচাড়ী—বাংলা কবিতার ত্রিপদী ছন্দোবিশেষ। দেশজ। বি।

লাচার—অসহায়, নিরুপায়, দুঃস্থ। হিন্দী। বিণ।

লাজ—১। ভৃষ্ট ধান্য, খৈ ; আর্দ্রতণ্ডুল। লাজ্ (ভাজা) + ঘঞ কর্মবা। বি ; পুং। ২। লজ্জা। 'লজ্জা' শব্দজ। বি।

লাজা—১। ভৃষ্ট ধান্য, খৈ ; অক্ষত। লাজ্ (ভাজা) + ঘঞ্ কর্মবা + আপ্। বি ; স্ত্রী। ২। লাজ পাওয়া, লজ্জা বোধ করা, লজ্জিত হওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

লাজা-বন্ধন—খৈয়া বাঁধন, খুঁটীর দুই পাশ দিয়া হাত বাড়াইয়া অঞ্জলি করিলে এবং সেই অঞ্জলি ভরিয়া খৈ দিলে হাত বাহির করিতে না পারার সঙ্কট বা সমস্যা। মধ্যপ কর্মধা। বি ; ক্লীব। [বিণ।

লাজুক—লজ্জাশীল। লাজ + উক বিশিষ্টার্থে।

লাঞ্ছন—১। অঙ্কন। লান্ছ্ + অনট্ ভাববা। ২। উপাধি ; কলঙ্ক ; চিহ্ন ; নাম ; ধ্বজ। লান্ছ্ (চিহ্ন করা) + অনট্ করণবা। বি ; ক্লীব।

লাঞ্ছনা—ভর্ৎসনা, তিরস্কার ; অবমাননা ; নিগ্রহ। লান্ছ্ + অন ভাববা + স্ত্রীলিঙ্গে আপ্। বি ; স্ত্রী।

লাঞ্ছিত—চিহ্নিত ; তিরস্কৃত, ভর্ৎসিত ; অবমানিত ; নিগৃহীত, উৎপীড়িত, উপহিত ; কলঙ্কিত। লান্ছ্ (চিহ্ন করা) + ক্ত কর্মবা। বিণ ; ত্রি।

লাট—১। জমিদারীর এক এক তৌজ; নীলামে এক কালে বা এক সঙ্গে বিক্রেয় দ্রব্য বা দ্রব্যজাত। ইং Lot. ২। প্রাদেশিক শাসনকর্ত্তা। ইং 'Lord' শব্দজ।.৩। বিপর্য্যস্ত, বিশ্রী, নোঙ্‌রা, নষ্ট, পাট-ভাঙ্গা। দেশজ। বিণ। [পুং।

লাটানুপ্রাস—শব্দালঙ্কারবিশেষ। বি;

লাটিম, লাট্টু—কাষ্ঠনির্ম্মিত খেলনাবিশেষ যাহাতে দড়ি জড়াইয়া মাটিতে নিক্ষেপপূর্ব্বক ঘুরান হয় (Top). দেশজ। বি।

লাঠালাঠি—লাঠি দিয়া পরস্পর আঘাত বা মারামারি। ব্যতীহার বহুব্রী। বি।

লাঠি—যষ্টি, বংশদণ্ড। 'যষ্টি' শব্দজ। বি।

লাঠিয়াল, লেঠেল—লাঠি চালাইতে নিপুণ ব্যক্তি। লাঠি+আল, এল। বি।

লাড়ু, নাড়ু—লাডডু, গোলাকার মিষ্টান্নবিশেষ। 'লডডুক' শব্দজ। বি।

লাড়ুগোপাল—নাড়ুভক্ষণরত শিশুকৃষ্ণের মূর্ত্তিবিশেষ। দেশজ। বি।

লাথি, লাথ—পদাঘাত, চাইট। হিন্দিমূলক। বি।

লাদ—নাদ দ্রঃ।

লাদা—বোঝাই করা। বাং ক্রি।

লাদাই—বোঝাই। লাদা+ই ভাবে। বি।

লাফ—লম্ফ। 'লম্ফ' শব্দজ। বি।

লাফড়া, লাবড়া—বৈষ্ণবদের মহোৎসবাদিতে রন্ধিত সকলপ্রকার তরকারীর ঘণ্ট। দেশজ। বি। [বাং ক্রি।

লাফান—লম্ফ দেওয়া, ঝম্প প্রদান করা।

লাফালাফি—বারংবার লম্ফপ্রদান; অতিশয় উৎসাহ প্রদর্শন; আস্ফালন। দেশজ। বি।

লাবণি—সৌন্দর্য্য, লাবণ্য। প্রাঃ কবিপ্র। বি।

লাবণিক—১। লবণসম্বন্ধীয়; লবণ-সংস্কৃত; লবণযুক্ত। বিণ। স্ত্রী,—কী। ২। লবণব্যবসায়ী। লবণ শব্দ+ইক সম্বন্ধার্থে। বি; পুং।

লাবণ্য—লবণত্ব, লোনতা ভাব; সৌন্দর্য্য, কান্তি; কোমলতা; চাকচক্য। লবণ+ষ্ণ্য ভাবে। বি; ক্লীব।

লাবণ্যময়—লাবণ্যযুক্ত, সৌন্দর্য্যপূর্ণ, কান্তিময়। লাবণ্য+ময়ট্‌। বিণ। স্ত্রী,—য়ী।

লাবু, লাবূ—তুম্বী, লাউ। লূ (ছেদন করা) +উণ্‌ কর্ম্মবা, পক্ষে ঊণ্‌। বি; পুং।

লাভ—১। উপার্জ্জন; প্রাপ্তি। লভ্‌ (পাওয়া) +ঘঞ্‌ ভাববা। ২। ধন; ধনবিনিয়োগদ্বারা বা পরিশ্রমের বিনিময়ে যাহা পাওয়া যায়; আয়; উপস্বত্ব। লভ্‌+ঘঞ্‌ কর্ম্মবা। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বিণ।

লাভজনক—যাহাতে খুব লাভ হয় এমন।

লামা—তিব্বতীয় বৌদ্ধ পুরোহিত। তিব্বতীয় শব্দ। বি।

লাম্পট্য—লম্পটতা, কামুকতা। লম্পট+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

লায়েক—লাএক দ্রঃ।

লাল—১। রক্তবর্ণ; রাঙ্গা; ধনাঢ্য, সুন্দর, প্রিয়। দেশজ। বিণ। ২। ছেপ, থুথু। 'লালা' শব্দজ। বি।

লালচ—লোভ, স্পৃহা। 'লালসা' শব্দজ। বি।

লালচিয়া, –চে—১। স্পৃহাবিত, লোভী। লালচ+ইয়া, এ। ২। ঈষৎ রক্তবর্ণ; অল্প রাঙ্গা। লাল+চিয়া, চে। বিণ।

লালন—সযত্নে পোষণ; রক্ষণ, পালন। ণিজন্ত লল্‌=লালি (পালন করা)+অনট্‌ ভাববা। বি; ক্লীব। [ক্লীব।

লালনপালন—প্রতিপালন। দ্বন্দ্ব। বি;

লালস—জড়িত; লোলুপ। লালসা+অণ্‌। বিণ।

লালসা—লিপ্সা, ইচ্ছা, স্পৃহা; আতিশয্যনেচ্ছা; যাচ্‌ঞা; দোহদ, গর্ভিণীদিগের অভিলাষ। যঙ্‌লুগন্ত লস্‌+অ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

লালসালি—লালাযুক্ত জল; পিচ্ছিল শ্লেষ্ম। দেশজ। বি।

লালা—১। মুখস্রব বস্তু, মুখের লাল, ফেণ, থুথু। ণিজন্ত লল্‌=লালি+অচ্‌+আপ্‌।

বি ; স্ত্রী। ২। মান্য ব্যক্তি, সম্ভ্রান্ত জন ; ধনী ; কায়স্থাদির উপাধি। হিন্দীমূলক। বি।

লালায়িত—লালযুক্ত ; লালসান্বিত ; কাতর। লালা শব্দ+ক্যঙ্ (=লালায় নামধাতু)+ক্ত কর্তৃবা। বিণ ; ত্রি।

লালিত্য—কোমলতা ; সৌন্দর্য্য ; কান্তি ; মাধুর্য্য ; রম্যতা। ললিত (কোমল)+ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

লাস—১। নৃত্য ; স্ত্রী-নৃত্য। লস্ (ক্রীড়া করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং। ২। শব ; হত ব্যক্তির মৃতদেহ। ফার্সী। বি। ৩। চর্ম্মপাদুকা-নির্ম্মাণার্থ কাঠের ফর্মা। ইং 'Last' শব্দজ। বি।

লাস্য—নৃত্য ; স্ত্রী-নৃত্য ; তৌর্য্যত্রিক। লস্ (ক্রীড়া করা)+ণ্যৎ ভাববা। বি ; ক্লীব।

লিক্‌লিক্‌—সরু লম্বা ভাব। দেশজ। অব্য। বিণ, —লিকে।

লিখন—১। লিপিকরণ, লেখা ; চিত্রকরণ ; আঁচড়ান। লিখ্ (লেখা)+অনট্ ভাববা। ২। লিপি। লিখ্+অনট্ কর্ম্মবা। বি ; ক্লীব।

লিখা, লেখা—১। লিপিবদ্ধ করা, অঙ্কিত করা, চিত্র আঁকা ; চিঠি দেওয়া। বাং ক্রি। ২। লিখিত। লিখ্+আ কর্ম্মবা। বিণ।

লিখান, লেখান—অন্য কর্তৃক লিপিবদ্ধ করা। বাং ক্রি।

লিখিত—১। মুনিবিশেষ। বি ; পুং। ২। যাহা লেখা হইয়াছে, লিপিবদ্ধ ; চিত্রিত ; অঙ্কিত। লিখ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

লিখিতব্য—লেখনীয়, যাহা লিখিতে হইবে। লিখ্+তব্য কর্ম্মবা। বিণ। [বিণ।

লিখিয়ে—উত্তম লেখক। লিখ্+ইয়ে কর্তৃবা।

লিঙ্গ(ংগ)—শিবমূর্ত্তিবিশেষ ; চিহ্ন ; সূচক ; সাংখ্যোক্ত বুদ্ধিতত্ত্ব ; অনুমানসাধন ; কারণ ; প্রকৃতি ; শিশ্ন, উপস্থ ; অর্থপ্রকাশক সামর্থ্য ; পুংত্বাদি ; যদ্দারা কোন একটা জাতির বোধ হয়, (ব্যাকরণে) শব্দের পুং, স্ত্রী বা ক্লীব ভাব (Gender). লিন্‌গ্+অচ্ কর্তৃবা। বি ; ক্লীব।

লিঙ্গ(ংগ)দেহ, —শরীর—(দর্শনে) সূক্ষ্মশরীর। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং বা ক্লীব, ক্লীব।

লিঙ্গায়ত, লিঙ্গায়েৎ—দক্ষিণাপথের শিবলিঙ্গ-উপাসক সম্প্রদায়বিশেষ। দেশজ। বি।

লিঙ্গী(ংগী) (**লিঙ্গিন্**)—জীবিকার্থ জটাদি চিহ্নধারী, কপট সন্ন্যাসী, ধর্ম্মধ্বজী, ভেকধারী। লিঙ্গ শব্দ (চিহ্ন)+ইন্ অস্ত্যর্থে। বি ; পুং। [শব্দ। বি।

লিচু—স্বনামখ্যাত ক্ষুদ্র সাষ্টিক ফল। চীনা

লিজ্জে—লউন। হিন্দী 'লিজিয়ে' শব্দজ। ক্রি।

লিপি, লিপী, লিবি, লিবী—১। লিখিত পত্রাদি ; পঞ্চাশদ্বর্ণাত্মিকা মাতৃকা। লিপ্ (লেপন করা)+ই কর্ম্মবা, পক্ষে ঙীপ্। ২। লিখন। লিপ্+ই ভাববা, পক্ষে ঙীপ্। বি ; স্ত্রী।

লিপিকর, —কার—চিত্রকর, লেখক। উপপদতৎ। লিপি—কৃ (করা)+ট, অণ্ কর্তৃবা। বি ; পুং।

লিপিচাতুর্য্য(র্য)—লিখননৈপুণ্য ; মনোহর ভাবপূর্ণ লেখা। ৭মীতৎ। বি ; ক্লীব।

লিপিবদ্ধ—লিখিত। লিপি (লিখন) দ্বারা বদ্ধ (বিন্যস্ত), ৩য়াতৎ। বিণ।

লিপ্ত—চর্চ্চিত, মাখান ; বিষদিগ্ধ ; ভক্ষিত ; সংযুক্ত ; মিলিত। লিপ্ (লেপন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

লিপ্তপদ, —পাদ—যাহাদের পদাঙ্গুলি চর্ম্ম দ্বারা সংযুক্ত এরূপ (Web-footed). বহুব্রী। বিণ।

লিপ্সা—লাভেচ্ছা ; লোভ ; স্পৃহা ; বাঞ্ছা। সনন্ত লভ্—লিপ্স্ (পাইবার ইচ্ছা করা)+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

লিপ্সু—লাভেচ্ছু, লুব্ধ ; লোভী। সনন্ত লভ্ (—লিপ্স্)+উ কর্তৃবা। বিণ। [বি।

লিভার—যকৃৎ ; যকৃতের রোগ। ইং Liver.

লিয়ে—জন্য। প্রাঃ কথিত। অব্য।

লিষ্ট, লিষ্টি—তালিকা, ফর্দ; কাপড়ের পাড়। ইং List. বি। [৭মীতৎ। বিণ।

লিষ্টিভুক্ত—তালিকায় লিখিত। ৩য়া বা

লীঢ়—আস্বাদিত; ভক্ষিত; যাহা লেহন করা অর্থাৎ চাটা হইয়াছে এরূপ; স্পৃষ্ট। লিহ্ (আস্বাদন করা) + ক্ত কর্ম্মবা। বিণ।

লীন—সংযুক্ত, মিলিত; অদৃশ্য; লয়প্রাপ্ত; শয়িত। লী (লয় পাওয়া) + ক্ত কর্তৃবা। বিণ।

লীলা—শৃঙ্গারভাবজনিত ক্রিয়াবিশেষ; বিলাস; শোভা; কেলি, ক্রীড়া; ভঙ্গী; দেবতাদির কর্ম্ম বা আচরণ; ক্ষণস্থায়ী ক্রিয়া। লী (আলিঙ্গন করা) + ক্বিপ্ ভাববা = লী, তদুত্তরে লা (গ্রহণ করা) + ক ভাববা + আপ্। বি; স্ত্রী।

লীলাকমল—ক্রীড়াপদ্ম, খেলার পদ্মফুল; শোভাকর পদ্ম। লীলাকর কমল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

লীলাক্ষেত্র—লীলাস্থান; ক্রীড়াভূমি। ৬ষ্ঠী-তৎ। বি; ক্লীব।

লীলাখেলা—খেলাধুলা, ক্রীড়াকৌতুক, আমোদপ্রমোদ; কাযাকলাপ। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

লীলাপদ্ম—লীলাকমল (তাহা দ্রঃ)।

লীলাবতী—১। বিলাসবতী; শৃঙ্গারভাব-চেষ্টিতা; কেলিযুক্তা। বিণ; স্ত্রী। ২। ন্যায়-শাস্ত্রের গ্রন্থবিশেষ; বেশ্যাবিশেষ; ভাস্করা-চার্য্যের কন্যা; ভাস্করাচার্য্য-কৃত গ্রন্থবিশেষ। লীলা + মতুপ্ অস্ত্যর্থে + ঈপ্। বি; স্ত্রী।

লীলাভূমি—লীলাক্ষেত্র। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

লীলাময়—সর্ব্বদা নানা ক্রীড়ায় ব্যাপৃত। লীলা + ময়ট্। বিণ। স্ত্রী, —য়ী।

লীলায়িত—লীলাযুক্ত, ক্রীড়িত; সুন্দর ভঙ্গিবিশিষ্ট। লীলা শব্দ + ক্যঙ্ (= লীলায় নামধাতু) + ক্ত কর্তৃবা। বিণ।

লীলাসংবরণ—লীলানিবৃত্তি, ক্রীড়াসমাপ্তি, খেলাশেষ; মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

লীলাসাঙ্গ(হও)—খেলা-শেষ; মৃত্যু। দেশজ প্রঃ। বি।

লু—পশ্চিম প্রদেশে গ্রীষ্মকালে প্রবাহিত উষ্ণ বায়ুস্রোতবিশেষ। হিন্দী। বি।

লুই, লোই, লোহি—মোটা পশমী শীত-বস্ত্রবিশেষ। হিন্দী। বি।

লুকোচুরি, লুকোচুরি—চোর-চোর খেলা, চোর সাজিয়া লুকান; পরস্পরের মধ্যে গোপন। দেশজ। বি। [বিণ।

লুকোছাপা—অজানা; গুপ্ত। কর্ম্মধা।

লুকান—লুক্কায়িত হওয়া বা করা, গোপন হওয়া বা করা। বাং ক্রি।

লুকি—১। গুপ্ত; অদৃশ্য। প্রাঃ কবিপ্র। বিণ। ২। আত্মগোপন। লুকা + ই ভাববা। বি।

লুকোচুরি—লুকাচুরি দ্রঃ।

লুক্কায়িত—গুপ্তদেহ; প্রচ্ছন্ন; দৃষ্টিপথ হইতে অন্তর্হিত। লুন্চ্ (অপনয়ন করা) + ক্বিপ্ কর্তৃবা = লুক্, লুক্—কায় (দেহ) + চি = লুক্কায়ি (নামধাতু), তদুত্তরে ক্ত কর্তৃবা। বিণ। [বিশেষ। 'বর্মী' শব্দ। বি।

লুঙ্গি—কাছা-কোঁচাবিহীন পরিধেয় ধুতি-

লুচি, লুচী—ঘিয়ে ভাজা ময়দার রুটি, পুরী। দেশজ। বি।

লুট, লুঠ—লুণ্ঠন; দেবতার প্রসাদস্বরূপে মিষ্টান্নাদি ছড়ান। 'লুঠ' ধাতুজ। বি।

লুটতরাজ, —পাট—বলপূর্ব্বক ধনাদি গ্রহণরূপ ব্যাপার, লুণ্ঠন অপহরণ প্রভৃতি। দেশজ। বি।

লুটা, লোটা—লুট করা; ভূলুণ্ঠিত হওয়া, মাটিতে গড়াগড়ি দেওয়া। বাং ক্রি।

লুটান, লোটান—গড়াগড়ি দেওয়া, ভূলুণ্ঠিত হওয়া বা করা। বাং ক্রি।

লুটাপুটি, লুটোপুটি—গড়াগড়ি। দেশজ। বি।

লুটেরা, লুঠেরা, লুটেল, লুঠেল—যে লুট করে, ডাকাত। লুট্, লুঠ্ + এরা, এল কর্তৃবা। বি।

লুণ, লূণ—লবণ। 'লবণ' শব্দজ। বি।

লুণ্ঠক—চৌর, দস্যু, লুটকারক। লুন্ঠ্ (লুঠ করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ণ্ঠিকা।

লুণ্ঠন—অপহরণ; লুটকরণ; ভূম্যাদিতে পরিবৃত্তি, গড়াগড়ি দেওয়া। লুন্ঠ্ (লুঠ করা, লোটা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

লুণ্ঠিত—১। অপহৃত, চোরিত। লুন্ঠ্ (লুঠ করা)+ক্ত কর্ম্মবা। ২। ভূম্যাদিতে পরিবৃত্ত, গড়াগড়ি দিয়াছে এরূপ। লুন্ঠ্ (লোটা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

লুপা, লুফা, লোফা—আকাশোৎক্ষিপ্ত বস্তুকে পড়িবার সময় ধরা; সাগ্রহে লওয়া। বাং ক্রি।

লুপ্ত—১। নষ্ট, লোপপ্রাপ্ত; কৃশ। লুপ্ +ক্ত কর্ত্তৃবা। ২। আচ্ছিন্ন; অপহৃত। লুপ্ (লোপ্ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

লুপ্তপ্রায়—প্রায় লোপপ্রাপ্ত; বিনষ্টপ্রায়। প্রায় লুপ্ত, সুপ্ সুপা। বিণ।

লুপ্তরত্ন—লোপপ্রাপ্ত মণি, বিনষ্ট উৎকৃষ্ট বস্তু। কর্ম্মধা। বি; ক্লীব।

লুফা—লুপা দ্রঃ।

লুব্ধ—১। লোভযুক্ত, লোভী; কামুক, লম্পট। বিণ। স্ত্রী, লুব্ধা। ২। ব্যাধ। লুভ্ (লোভ করা)+ক্ত কর্ত্তৃবা। বি; পুং।

লুব্ধক—লম্পট; ব্যাধ। লুব্ধ শব্দ+কন্ স্বার্থে। বি; পুং।

লুব্ধদৃষ্টি, —নেত্র, —লোচন—১। লোভযুক্ত চক্ষুঃ, লালসাপূর্ণ দৃষ্টি। কর্ম্মধা। বি; স্ত্রী, ক্লীব, ক্লীব। ২। লালসাপূর্ণ দৃষ্টিসম্পন্ন। বহুব্রী। বিণ।

লূতা—ঊর্ণনাভ, মাকড়সা। লূ (ছেদন করা)+তক্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

লূতাতন্তু—মাকড়সার জাল। ৬ষ্ঠীতৎ। বি; [পুং।

লূতাতন্তুন্যায়—মাকড়সা নিজদেহ হইতে জাল সৃষ্টি করিয়া সেই জাল আবার নষ্ট করে, জগৎস্রষ্টার সৃষ্টি ও ধ্বংস বিষয়ে এই দৃষ্টান্ত প্রদর্শন। লূতাতন্তু-আশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

লূতিকা—লূতা, মাকড়সা। লূতা শব্দ+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

লূন—কর্ত্তিত; ছিন্ন। লূ (ছেদন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, লূনা।

লেই—১। কাই, ময়দার আঠা। 'লেপ' শব্দজ। বি। ২। লইয়া; লয়। প্রাঃ কবিপ্র। ক্রি। [দেশজ। বি।

লেংচা—লম্বাকৃতি পান্তুয়া, মিষ্টান্নবিশেষ।

লেংচান, নেংচান—খোঁড়াইয়া চলা, খোঁড়ার মত হাঁটা। বাং ক্রি।

লেংটা—ন্যাংটা, উলঙ্গ। 'নগ্নবৃত্ত' শব্দজ। বিণ।

লেংটী—কৌপীন। দেশজ। বি।

লেংড়া—১। খোঁড়া, খঞ্জ। দেশজ। বিণ। ২। উৎকৃষ্ট আম্রবিশেষ। হিন্দী। বি।

লেখ—১। লিখন। লিখ্+ঘঞ্ ভাববা। ২। লিখিত পত্র; দেবতা। লিখ্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

লেখক—লিপিকর; চিত্রকর। লিখ্ (লেখা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—খিকা।

লেখন—১। অক্ষরবিন্যাস, লিপিকরণ, লেখা; চিত্রকরণ। লিখ্ (লেখা)+অনট্ ভাববা। ২। লিখনপত্র। লিখ্+অনট্ অধিবা। বি; ক্লীব।

লেখনিক—চিত্রকর; লিপিকর; লেখহারক, পত্রবাহক। লেখন+ইক। বিণ।

লেখনী—কলম; তূলি। লিখ্ (লেখা)+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।

লেখনীয়—লিখনযোগ্য; লেখ্য; লিখিতব্য। লিখ্ (লেখা)+অনীয় কর্ম্মবা। বিণ।

লেখা—১। লিখন; রেখা। লিখ্ (লেখা)+অঙ্ ভাববা+আপ্। ২। লিপি; চিহ্ন; শ্রেণী; স্থলী। লিখ্+ঘঞ্ কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী। ৩। লিখা। বাং ক্রি।

লেখাপড়া—বিদ্যা, অধ্যয়নজনিত জ্ঞান; লিখনপঠন; বিদ্যাচর্চ্চা; আইন অনুসারে লিপিবদ্ধ করিয়া সম্পাদন। দ্বন্দ্ব। বি।

লেখালেখি—বারংবার লেখা বা পত্র

ব্যবহার ; অভাব-অভিযোগ জ্ঞাপন। দেশজ। বি।

লেখ্য—১। লেখনীয়, যাহা লিখিতে হইবে। বিণ। স্ত্রী, লেখ্যা। ২। লিখিত পত্র বা চিত্র ; অক্ষর ; দলিল। লিখ্ (লেখা)+ণ্যৎ কর্ম্মবা। বি ; ক্লীব।

লেঙ্গট, লেঙট—নেংটি, কৌপীন। 'লিঙ্গপট্ট' শব্দজ। বি।

লেঙ্গড়া—লেংড়া (তাহা দ্রঃ)।

লেঙ্গুড়, লেঙ্গুড়—লেজ, লাঙ্গুল। 'লাঙ্গুল' শব্দজ। বি।

লেচি—লুচি রুটি কচুরি প্রভৃতি বেলিবার জন্ম মাখা ময়দার ক্ষুদ্র পিণ্ড। দেশজ। বি।

লেজ—পুচ্ছ। 'লঞ্জ' শব্দজ। বি। **লেজে খেলা**—চতুরতার সঙ্গে বা কৌশলে কাজ করা। [বহুব্রী। বিণ।

লেজঝোলা—যাহার লেজ লম্বমান।

লেজা—১। একপ্রকার বল্লম। প্রাদে। ২। কাটামাছের লেজ। লেজ+আ স্বার্থে। বি। [গোড়া। দ্বন্দ্ব। বি।

লেজামুড়া—মাছের লেজ ও মাথা ; আগা-

লেজুড়—লেঙ্গুড় দ্রঃ।

লেটা—যাহার ডান হস্তের পরিবর্ত্তে বাম হস্ত সমধিক কর্ম্মঠ, ন্যাটা। দেশজ। বিণ।

লেঠা—দায়, মুস্কিল ; বিঘ্ন, ঝঞ্ঝাট। দেশজ। বি।

লেঠেল—লাঠিয়াল দ্রঃ।

লেডিকেনিং, —কেনি—গোলাকার পান্তুয়া, মিষ্টান্নবিশেষ। ইং Lady Canning নাম হইতে। বি।

লেদাড়ে—অকর্ম্মণ্য, অলস। দেশজ। বিণ।

লেনদেন, লেনাদেনা, লেনিদেনি—আদানপ্রদান ; কারবার। দ্বন্দ্ব। বি।

লেপ—১। প্রলেপ ; ভক্ষ্যবস্তু। লিপ্+ঘঞ্ কর্ম্মবা। ২। লেপন, লেপা ; ভোজন ; বন্ধন। লিপ্ (লেপা)+ঘঞ্ ভাববা। ৩। লেপনসাধন বস্তু, যাহা দিয়া লেপা যায় ; চূর্ণ, চুণ। লিপ্+ঘঞ্ করণবা। বি ; পুং। ৪। তুলাভরা শীতবস্ত্র ; রেজাই ; গাত্রাবরণ ; আচ্ছাদন। দেশজ প্রঃ। বি।

লেপটান, নেপটান—জড়িত হওয়া, আঁটিয়া লাগিয়া থাকা ; লেপন করা। বাং ক্রি।

লেপন—১। ম্রক্ষণ, মাখান, লেপা। লিপ্ (লেপা)+অনট্ ভাববা। ২। ম্রক্ষণ-সাধন বস্তু, যাহা দিয়া লেপা যায়। লিপ্+অনট্ করণবা। বি ; ক্লীব।

লেপনীয়—লেপনযোগ্য। লিপ্+অনীয় কর্ম্মবা। বিণ।

লেপা—লেপন করা ; নিকান। বাং ক্রি।

লেফাফা—খাম, চিঠি পত্রাদির মোড়ক বা আবরণ। ফার্সী। বি।

লেফাফাদুরস্ত—বাহ্যদৃশ্যে নিখুঁত, উপরে দেখিতে সুন্দর। বহুব্রী। বিণ।

লেবু—নিম্বুফল, নেবু। 'নিম্বুক' শব্দজ। বি।

লেবেল—শিশি ইত্যাদি বা অন্য জিনিষের উপর আঁটা পরিচয়পত্র। ইং Label. বি।

লেমোনেড—লেবু ও চিনির রসমিশ্রিত অম্লমধুর সোডাওয়াটার। ইং Lemonade. বি।

লেলাক্ষেপা—যাহার মুখ দিয়া লাল পড়ে ; বোকা ও পাগলাটে। কর্ম্মধা। বিণ।

লেলান—আক্রমণ করিবার জন্য (কুকুরাদিকে) উৎসাহিত করা, পশ্চাদ্ধাবনে উত্তেজিত করা। বাং ক্রি।

লেলিহান—বারবার লেহনকারী। যঙ্লুগন্ত লিহ্ (পুনঃ পুনঃ আস্বাদন করা) +যঙ্+শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —না।

লেশ—অল্পাংশ, অণু ; বিন্দু। লিশ্ (অল্প হওয়া)+অচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

লেশমাত্র—অত্যল্প পরিমাণ, অণুমাত্র। লেশ শব্দ+মাত্রচ্ পরিমাণার্থে। বিণ।

লেস্—পাদুকাবন্ধনসূত্র ; সরু সূত্রজাল। ইং Lace. বি। [কবিপ্র। ক্রি।

লেহ—১। স্নেহ। বি। ২। লও। প্রাঃ

লেহন—জিহ্বা দ্বারা রসগ্রহণ, আস্বাদন,

চাটা, ভক্ষণ। লিহ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

লেহনীয়—লেহনযোগ্য, লেহ, জিহ্বা দ্বারা আস্বাদ্য। লিহ্‌+অনীয় কর্ম্মবা। বিণ।

লেহ্য—লেহনীয়, জিহ্বা দ্বারা আস্বাদ্য, চাটিয়া খাইবার যোগ্য। লিহ্‌+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

লো—স্ত্রীলোকের পরস্পর সম্বোধন শব্দ, হলা, ওলো (অসম্ভ্রমস্থলে ব্যবহৃত)। 'হলা' শব্দজ। অব্য।

লোক—১। দৃষ্টি। লোক্‌ (দেখা)+ঘঞ্‌ ভাববা। ২। মনুষ্য; সমূহ; ভুবন, জগৎ, স্বর্গ মর্ত্ত পাতাল—এই ত্রিলোক, আবার ভূঃ ভুবঃ স্বঃ মহঃ জন তপঃ সত্য—এই সপ্তলোক। লোক্‌+ঘঞ্‌ কর্ম্মবা। বি; পুং।

লোকচক্ষুঃ(-চক্ষুস্‌),-চক্ষু,-লোচন—মানুষের চক্ষুঃ; সূর্য্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লোকচরিত্র—মনুষ্যের চরিত। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

লোকতঃ (-তস্‌), **লোকত**—জনসমাজের চক্ষে বা নিকটে, লোকের কাছে বা দৃষ্টিতে। লোক+তস্‌। অব্য।

লোকনাথ—ব্রহ্মা; বিষ্ণু; শিব; বুদ্ধদেব; রাজা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লোকনিন্দা—লোককৃত নিন্দা, লোকমুখে প্রচারিত কুৎসা। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

লোকপরম্পরা—একটার পর একটা লোক এইরূপ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

লোকপাবনী—ত্রিলোকপবিত্রকারিণী; গঙ্গা। ৬ষ্ঠীতৎ। বিণ ও বি; স্ত্রী।

লোকপাল—নরপতি, রাজা; দিক্‌পাল; ইন্দ্র, যম, কুবের ও বরুণ, এই চারি দেব লোকপাল। ইন্দ্র পূর্ব্ব দিক্‌, যম দক্ষিণ দিক্‌, কুবের উত্তর দিক্‌ ও বরুণ পশ্চিম দিক্‌ রক্ষা করেন। লোক-পালি+অণ্‌ কর্ত্তৃবা। বি; পুং।

লোকপিতামহ—ব্রহ্মা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লোকপ্রবাদ, -বাদ—জনশ্রুতি, কিংবদন্তী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লোকপ্রিয়—লোকের প্রীতিভাজন, সকল লোকের অনুরাগপাত্র। ৬ষ্ঠীতৎ। বিণ; ত্রি।

লোকবসতি—মনুষ্যের বাস; জনসংখ্যার পরিমাণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

লোকভাষা—জনসাধারণের ভাষা; দেশীয় ভাষা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

লোকমত—জনসাধারণের মত; সাধারণের কার্য্য; লোকের অভিপ্রায়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [বি; স্ত্রী।

লোকমাতা—কমলা, লক্ষ্মী। ৬ষ্ঠীতৎ।

লোকরঞ্জক—লোকরঞ্জনকারী, সকল লোকের প্রিয়কারী। ৬ষ্ঠীতৎ। বিণ।

লোকরঞ্জন—১। লোকের প্রীতিসম্পাদন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। ২। লোকরঞ্জক। লোকের রঞ্জন (রঞ্জনকারী), ৬ষ্ঠীতৎ। বিণ।

লোকলজ্জা—লোকের নিকট লজ্জা, মানুষের কাছে দুষ্কর্ম্ম জন্য সঙ্কোচ। ৫মীতৎ। বি; স্ত্রী।

লোক-লোচন—লোকচক্ষুঃ দ্রঃ।

লোকশিক্ষা—লোককে উপদেশদান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

লোকসংখ্যা—লোকের পরিমাণ; ১ ২ ৩ করিয়া লোকগণনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

লোকসমাজ—মনুষ্যসমাজ; লোকসমূহ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লোকসান—নুকসান বা নোকসান, ক্ষতি, হানি। আরবী 'নুকসান' শব্দজ। বি।

লোকসাহিত্য—জনসাধারণের মধ্যে প্রচলিত সঙ্গীতাদি। ৬ষ্ঠীতৎ। বি।

লোকহিত—লোকের ইষ্ট, মানুষের উপকার; জগতের মঙ্গল। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

লোকহিতৈষী (-ষিন্‌)—লোকের হিতেচ্ছু; জগতের উপকারসাধনে অভিলাষী। লোকের হিতৈষী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-ষিণী।

লোকাচার—লোকের অনুষ্ঠিত ব্যবহার লোকরীতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লোকাতীত—অলৌকিক; অতীন্দ্রিয়

অসামান্ত। লোকসমূহকে অতীত (অতিক্রান্ত), ২য়াতৎ। বিণ।

লোকান্তর—অন্ত লোক, পরলোক। নিত্য। বি ; ক্লীব।

লোকান্তরগত—পরলোকে প্রস্থিত, লোকান্তরিত, মৃত। ২য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

লোকান্তরগমন—পরলোকে প্রস্থান, মহাপ্রয়াণ, মরণ। ৭মীতৎ। বি ; ক্লীব।

লোকান্তরিত—পরলোকগত, মৃত। লোকান্তর + ইতচ্ গতার্থে। বিণ।

লোকাপবাদ—লোকনিন্দা, লোকমুখে প্রচারিত কুৎসা। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

লোকারণ্য—জনসমূহ, জনতা। লোকের অরণ্য, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

লোকালয়—জনপদ, মনুষ্যের বসতিস্থান। লোকের আলয়, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

লোকেশ—ব্রহ্মা ; রাজা। লোকসমূহের ঈশ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

লোকোত্তর—লোকাতীত, অলৌকিক ; সর্ব্বশ্রেষ্ঠ ; অলোকসামান্ত। লোক হইতে উত্তর (শ্রেষ্ঠ), ৫মীতৎ। বিণ।

লোচন—১। নয়ন, চক্ষুঃ। লোচ্ (দেখা) + অনট্ করণবা। বি ; ক্লীব। ২। দর্শন ; আলোচনা। লোচ্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

লোচ্চা—লম্পট, কামুক। ফার্সী 'লুচ্চা' শব্দজ। বিণ। বি,—মি, —মি।

লোটন—মাটিতে গড়াগড়ি, ভূতলে অবলুণ্ঠন ; একজাতীয় কবুতর ; শিথিলবদ্ধ কবরীবিশেষ, আলুগা খোঁপা। দেশজ। বি।

লোটা—১। ক্ষুদ্র জলপাত্র, ঘটী। হিন্দী। বি। ২। লুণ্ঠিত হওয়া। কবিপ্র। ক্রি।

লোণা—লোনা (তাহা দ্রঃ)।

লোধ, লোধ্র—বৃক্ষবিশেষ, লোধগাছ। রুধ্ (আবরণ করা) + অচ্, রন্ কর্ত্তৃবা। বি ; পুং।

লোনা, নোনা—১। লবণাক্ত। বিণ। ২। মৃত্তিকায় যে লবণাক্ত উপাদান প্রাচীরাদির গাত্রে ফুটিয়া বাহির হয় ; স্থানবিশেষের মাটীর বা জলের স্বাস্থ্যহানিকর লবণাধিক্য। লুন, নুন + আ বিশিষ্টার্থে, আধিক্যার্থে। বি।

লোপ—নাশ ; অপচয় ; অভাব ; ভ্রংশ ; তিরোধান, অদর্শন ; (ব্যাকরণে) প্রস্তুত বিষয়ের বা বর্ণের তিরোধান বা অদর্শন। লুপ্ (লোপ করা) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

লোপা, লোপামুদ্রা—মহর্ষি অগস্ত্যের পত্নী। বি ; স্ত্রী।

লোপাট—সমূলে নস্তাৎ, একেবারে উড়াইয়া দেওয়া, সমস্ত আত্মসাৎ করা। 'লুপ্ত' শব্দজ। বি।

লোফা, লুফা—১। শূন্য হইতে পতনশীল বস্তু ধরিয়া লওয়া। বাং ক্রি। ২। বাদ্যের একটি তালের নাম। দেশজ। বি।

লোবান—ধুনার মত গন্ধ নির্য্যাসবিশেষ। আর্বী। বি।

লোভ—লিপ্সা ; আকাঙ্ক্ষা ; লালসা। লুভ্ (লোভ করা) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

লোভন—১। প্রলোভন, লোভ প্রদর্শন। লুভ্ + অনট্ ভাববা। বি ; ক্লীব। ২। লোভজনক, লোভনীয়। লুভ্ + ণিচ্ + অন কর্ত্তৃবা। বিণ।

লোভনীয়—লোভজনক, স্পৃহণীয়। ণিজন্ত লুভ্ = লোভি (লোভ জন্মান) + অনীয় কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —য়া।

লোভী (লোভিন্)—লুব্ধ, লোলুপ। লুভ্ (লোভ করা) + ণিন্ কর্ত্তৃবা। বিণ।

লোম (লোমন্)—রোম, রোঁয়া ; লাঙ্গুল। লূ (ছেদন করা) + মনিন্ কর্ম্মবা। বি ; ক্লীব।

লোমকূপ—রোমকূপ, লোমের গর্ত্ত। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

লোমপাদ, রোমপাদ—অঙ্গরাজ্যাধিপ। বি ; পুং।

লোমফোঁড়া—লোমের গোড়ায় যে ফোঁড় উঠে। ৬ষ্ঠীতৎ। বি।

লোমশ—লোমবিশিষ্ট। লোমন্ (লোম + শ যুক্তার্থে। বিণ।

লোমহর্ষণ—১। রোমাঞ্চকারক ; পুল

জনক। ৬ষ্ঠীতৎ। বিণ। ২। রোমাঞ্চ; রোমোদ্গম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

লোর—চক্ষুর জল, অশ্রু। প্রাঃ কবিপ্র। বি।

লোল—চঞ্চল; লোভী; চালিত; সতৃষ্ণ; শ্লথ, শিথিল। লোড্ (উন্মত্ত হওয়া)+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, লোলা।

লোলজিহ্ব—চঞ্চল জিহ্বাবিশিষ্ট, লুব্ধ জিহ্বাসম্পন্ন। বহুব্রী। বিণ। স্ত্রী,—হ্বা।

লোলনি—চাঞ্চল্য। প্রাঃ কবিপ্র। বি।

লোলা—জিহ্বা; লক্ষ্মী; চঞ্চলা। বি বা বিণ; স্ত্রী।

লোলায়মান—দোদুল্যমান; লকলকে। লোল শব্দ+ক্যঙ্ = লোলায় (নামধাতু), তদুত্তরে শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—না।

লোলিত—চালিত; কম্পিত; দোলিত; শ্লথ; শিথিলীকৃত। ণিজন্ত লুল্ (=লোলি) +ক্ত কর্মবা। বিণ। স্ত্রী,—তা।

লোলুপ—অতিলোভী; অত্যাসক্ত। যঙ্-লুগন্ত লুপ্+অচ্ কর্তৃবা। বিণ।

লোষ্ট্র—ঢিল। লোষ্ট্ (রাশি করা)+র কর্তৃবা। বি; পুং বা ক্লীব।

লোহ—১। লৌহ, লোহা; অস্ত্র; ধাতু; শোণিত, রুধির; রক্তচন্দন। লূ (ছেদন করা) +হ কর্মবা। বি; পুং বা ক্লীব। ২। অশ্রু। প্রাঃ কবিপ্র। বি।

লোহকার—কর্মকার, কামার। উপতৎ। লোহ—কৃ+অণ্ কর্তৃবা। বি; পুং।

লোহকিট্ট, —চূর্ণ—লোহমল, লোহার মরিচা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

লোহা—লৌহ, নোয়া। 'লোহ' শব্দজ। বি।

লোহালক্কড়—লোহা কাঠ প্রভৃতি। দেশজ। বি।

লোহি—লুই (তাহা দ্রঃ)।

লোহিত—১। রক্তবর্ণযুক্ত, লাল, রাঙ্গা। রুহ্ (উৎপন্ন হওয়া)+ইতন্ কর্তৃবা, অথবা লোহ শব্দ+ইতচ্ যুক্তার্থে। বিণ। স্ত্রী,—তা। ২। রক্তবর্ণ, লাল রঙ্; রোহিত মৎস্য; সর্প; কুঙ্কুম, মঙ্গলগ্রহ; সাগরবিশেষ; রামায়ণবর্ণিত সমুদ্রবিশেষ। বি; পুং।

লোহু—রক্ত; লাল। 'লোহিত' শব্দজ। বি বা বিণ।

লৌকতা—সামাজিকতা; সামাজিক ব্যাপারে অর্থ উপহারাদি দান। 'লৌকিকতা' শব্দজ। বি।

লৌকিক—লোকসম্বন্ধীয়; লোকপ্রসিদ্ধ; জাগতিক; সাংসারিক। লোক্+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

লৌকিকতা—১। সাংসারিকতা, সামাজিকতা। লৌকিক+তা ভাবার্থে। বি; স্ত্রী। ২। সামাজিক ক্রিয়াকর্মে আত্মীয় কুটুম্বগণ কৃতীকে যে অর্থ ও বস্ত্র প্রভৃতি প্রদান করে। দেশজ প্রঃ। বি।

লৌল্য—চাঞ্চল্য; লোভ; স্পৃহা। লোল্+ষ্ণ্য ভাবে। বি; ক্লীব।

লৌহ—১। লোহ, লোহা। লোহ শব্দ+অণ্ স্বার্থে। বি; পুং বা ক্লীব। ২। লোহ-নির্ম্মিত। লোহ+অণ্ বিকারার্থে। বিণ।

লৌহবর্ত্ম (-বর্ত্মন্)—লৌহনির্ম্মিত পথ, রেলরাস্তা। মধ্যপ কর্মধা। বি; ক্লীব।

লৌহমল—মরিচা, মণ্ডুর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

লৌহিত্য—রক্তবর্ণ, লাল রঙ্। লোহিত শব্দ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

ল্যাও, ল্যাম্যো—লাগ, নেতাড়, সংস্পর্শ, একেবারে নিঃশেষ না হওয়া। প্রাদে। বি।

ল্যাংবোট—জাহাজের পশ্চাদ্ভাগে যে নৌকা বাঁধা থাকে; (বিদ্রূপে) অনুচর, সদা অনুগামী। দেশজ। বি।

শ

শ—১। ত্রিংশ ব্যঞ্জনবর্ণ, ইহার উচ্চারণস্থান তালু। ২। শত (যেমন 'পাঁচ শ')। 'শত' শব্দজ। বি বা বিণ।

শংসন, শংসা—কথন, বাক্য; প্রশংসা; সূচনা; ইচ্ছা। শন্স্+অনট্ ভাববা, ২য়

পক্ষে শন্স্+অ ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

শংসিত—কথিত; স্তুত; প্রশংসিত; নিশ্চিত; সূচিত; বাঞ্ছিত; হিংসিত; অনুষ্ঠিত; গৃহীত। শন্স্ (বলা)+ক্ত কর্ম্মবা। বিণ।

শক—শালিবাহন রাজা; তৎপ্রবর্ত্তিত অব্দ-বিশেষ; জাতিবিশেষ; হূন জাতি; দেশ-বিশেষ; তদ্দেশীয় লোক। শক্ (পারা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

শকট—গাড়ী। শক্ (পারা)+অটন্ কর্ত্তৃবা। বি; ক্লীব বা পুং।

শকটী, —টিকা—গাড়ী। শকট+ঈপ্; ২য় পক্ষে শকট+কন্+আপ্। বি; স্ত্রী।

শকতি—শক্তি, ক্ষমতা। কবিপ্র। বি।

শকরকন্দ—লাল বা সাদা মিষ্ট আলুবিশেষ। ফার্সী বা 'শর্করাকন্দ' শব্দজ। বি।

শকল—১। অংশ, খণ্ড। শক্ (পারা)+কলচ্ করণবা। বি; ক্লীব বা পুং। ২। ত্বক্, বল্কল; শল্ক, আঁইস। বি; ক্লীব।

শকাব্দ—শালিবাহন (কেহ কেহ বলেন কনীষ্ক)-প্রবর্ত্তিত অব্দ। শক-প্রবর্ত্তিত যে অব্দ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

শকার—১। 'শ' এই বর্ণ। শ+কার স্বার্থে। বি; পুং। ২। শ্যালা ইত্যাদি গালি,—যেমন শকার বকার অর্থাৎ শ্যালাবাক্ত। দেশজ। বি।

শকারি—রাজা বিক্রমাদিত্য। শকের (শক-জাতির) অরি (শত্রু), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শকুন—১। গৃধ্র; চিল; পক্ষী; উৎসবাদি কালে মঙ্গলগাথা। শক্ (পারা)+উন কর্ত্তৃবা। বি; পুং। ২। শুভাশুভসূচক চিহ্ন, নিমিত্ত। বি; ক্লীব।

শকুনজ্ঞ—চিহ্নজ্ঞ; নিমিত্তজ্ঞ। শকুন (চিহ্ন)—জ্ঞা (জানা)+ক কর্ত্তৃবা। বি।

শকুনি—গৃধ্র; চিল; পক্ষী, করণবিশেষ; দুর্য্যোধনের মাতুল। শক্ (পারা)+উনি কর্ত্তৃবা। বি; পুং।

শকুন্ত, —ন্তি—কীটবিশেষ; পক্ষী; ভাস-পক্ষী। শক্+উন্ত, উন্তি কর্ত্তৃবা। বি; পুং।

শকুন্তলা—রাজা দুষ্মন্তের মহিষী, কণ্ব মুনির পালিতা কন্যা ও মেনকা-বিশ্বামিত্রের কন্যা। শকুন্ত (পক্ষী)—লা (গ্রহণ করা, রক্ষা করা) +ক কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

শক্ত—পারক; সমর্থ; পরিশ্রমী; দৃঢ়, মজবুত; কঠিন; দুরূহ; প্রিয়ংবদ। শক্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

শক্তি—সামর্থ্য; বল; ক্ষমতা; প্রভাবজ উৎ-সাহজ মন্ত্রজ—এই তিন রাজশক্তি; অস্ত্র-বিশেষ; শব্দাদির বৃত্তিবিশেষ; প্রকৃতি; লক্ষ্মী; গৌরী; স্ত্রী-দেবতা। শক্ (পারা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

শক্তিধর—১। শক্তিমান্, শক্তিশালী। বিণ। ২। কার্ত্তিকেয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শক্তিপূজা—দেবীর আরাধনা; শক্তির অর্চ্চনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শক্তিমত্তা—ক্ষমতাশালিতা, বলবত্তা। শক্তি-মৎ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

শক্তিমান্ (—মৎ)—শক্তিশালী, বলবান্। শক্তি শব্দ+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —মতী।

শক্তিশালী (—শালিন্)—ক্ষমতাশালী, শক্তিসম্পন্ন, বলবান্। শক্তি—শাল্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লিনী।

শক্তিশেল—রাবণের অস্ত্রবিশেষ। রাবণ এই অস্ত্রপ্রহারে লক্ষ্মণকে অচেতন করিয়াছিলেন। শক্তিদত্ত শেল ('শল্য' শব্দজ), মধ্যপ কর্ম্মধা। বি।

শক্তিসঞ্চয়—বলবৃদ্ধি, সামর্থ্য অর্জ্জন, রাজার প্রজা বৃদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শক্তিহীন—শক্তিশূন্য, ক্ষমতাহীন। ৩য়া-তৎ। বিণ। স্ত্রী,—না।

শক্তু—যবাদি চূর্ণ, ছাতু। শচ্ (বলা)+তুন্ কর্ত্তৃবা। বি; ক্লীব বা পুং।

শক্তি—বশিষ্ঠের জ্যেষ্ঠ পুত্র। বি; পুং।

শক্য—সাধ্য, যাহা করিতে পারা যায় এরূপ

শক্তির বিষয়ীভূত, বাচ্য; শক্তি দ্বারা বোধ্য। শক্ (পারা)+যৎ কর্ম্মবা। বিণ। [পুং।

শক্র—বাসব, ইন্দ্র। শক্+র কর্ত্তৃবা। বি;

শক্রজিৎ—১। ইন্দ্রজয়ী। শক্র শব্দ (ইন্দ্র) —জি (জয় করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ। ২। ইন্দ্রজিৎ, মেঘনাদ। বি; পুং।

শখ—সাধ, পছন্দ; চিত্তবিনোদনযোগ্য কোন বস্তুতে আসক্তি। আর্বী 'শৌক' শব্দজ। বি।

শখের দল—যে দল পেশাদার নহে শুধু সখের জন্যই অভিনয়াদি করে।

শঙ্ক(ৎক)নীয়—শঙ্কা করিবার যোগ্য; সন্দেহের বিষয়ীভূত। শন্‌ক্ (শঙ্কা করা)+ অনীয় কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

শঙ্ক(ৎক)র—১। কল্যাণকর। বিণ। স্ত্রী, —রী। ২। শিব; শঙ্করাচার্য্য। শম্ (কল্যাণ)—কৃ (করা)+ট কর্ত্তৃবা। বি; পুং।

শঙ্ক(ৎক)রী—১। শিবানী, ভবানী। বি; স্ত্রী। ২। কল্যাণকরী। শঙ্কর+ঙীপ্। বিণ; স্ত্রী।

শঙ্কা(ৎকা)—ত্রাস, ভয়; সন্দেহ; বিতর্ক; সম্ভাবনা। শন্‌ক্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী। [বিণ।

শঙ্কা(ৎকা)তারণ—ভয়দূরকারী। ৬ষ্ঠীতৎ।

শঙ্কা(ৎকা)নিবৃত্তি—ভয় দূর করা; সন্দেহ-ভঞ্জন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শঙ্কা(ৎকা)ন্বিত—শঙ্কাযুক্ত, ত্রাসযুক্ত, ভীত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

শঙ্কি(ৎকি)ত—১। শঙ্কাযুক্ত, ভীত; সন্দিগ্ধ। শঙ্কা শব্দ+ইতচ্ জাতার্থে। ২। তর্কিত। শন্‌ক্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

শঙ্কু(ৎকু)—১। অস্ত্রবিশেষ, শল্য; কীলক, গোঁজ, খুঁটা; দ্বাদশাঙ্গুলি পরিমাণ যষ্টি; ঘড়ির কাঁটা; শিব; স্থাণু; মুড়াগাছ; কলুষ; সংখ্যাবিশেষ; শিশ্ন, মেঢ়্র; মৎস্যবিশেষ, শাঁকোচ মাছ; রাজা বিক্রমাদিত্যের জ্যেষ্ঠ ভ্রাতা; পণ্ডিতবিশেষ, বিক্রমাদিত্যের নব-রত্নের এক রত্ন। শন্‌ক্ (শঙ্কা করা)+উ অপাবা। বি; পুং।

শঙ্কু(ৎকু)পট্ট—দণ্ডপলাদি চিহ্নিত শঙ্কুদণ্ডাধার (Dial plate) সূর্য্য ঘড়ি। শঙ্কুযুক্ত যে পট্ট, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শঙ্খ(ৎখ)—১। সমুদ্রজাত প্রাণিবিশেষ, কম্বু, শাঁখ; হাতের শাঁখা। শম্ (শান্ত করা)+খ কর্ত্তৃবা। বি; ক্লীব বা পুং। ২। ললাটাস্থি; সংখ্যাবিশেষ; নাগবিশেষ; নিধিবিশেষ; ধর্ম্মশাস্ত্রপ্রণেতা মুনি। বি; পুং।

শঙ্খ(ৎখ)কার—শঙ্খপ্রস্তুতকারক, শাঁখারি। শঙ্খ শব্দ—কৃ (করা)+অণ্ কর্ত্তৃবা। বি; পুং।

শঙ্খ(ৎখ)চক্রগদাপদ্ম—শাঁখ ও সুদর্শন চক্র ও মুদ্গর এবং পদ্ম। দ্বন্দ্ব। বি; ক্লীব।

শঙ্খ(ৎখ)চক্রগদাপদ্মধারী (-ধারিন্) —শঙ্খ ও চক্র ও গদা ও পদ্ম ধারণকারী, বিষ্ণু। শঙ্খচক্রগদাপদ্ম—ধৃ+ণিন্ কর্ত্তৃবা। বি; পুং।

শঙ্খ(ৎখ)চিল—শ্বেতবক্ষ ও শ্বেতমস্তক চিল-বিশেষ। 'শঙ্খচিল্ল' শব্দজ। বি।

শঙ্খ(ৎখ)চূড়—জনৈক অসুর; বৃহৎ বিষধর সর্পবিশেষ, রাজসাপ। শঙ্খ চূড়াতে যাহার, বহুব্রী। বি; পুং।

শঙ্খ(ৎখ)চূর্ণী—উপদেবতাবিশেষ, শাঁক-চুর্ণী; সধবা স্ত্রীর প্রেতাত্মা। শঙ্খের চুড়ি+ইনী। বি; স্ত্রী।

শঙ্খ(ৎখ)বণিক্ (-বণিজ্)—শাঁখারি, জাতিবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শঙ্খ(ৎখ)বিষ—সেঁকো। দেশজ। বি।

শঙ্খ(ৎখ)বেলাস্থায়—শাঁখ বাজাইয়া বেলা কত হইয়াছে তাহা বুঝাইয়া দেওয়ার দৃষ্টান্ত। শঙ্খনির্দ্দেশিত বেলা, মধ্যপ কর্ম্মধা; তদাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

শঙ্খি(ৎখি)নী—১। শঙ্খযুক্তা। শঙ্খ+ইন্ অস্ত্যর্থে+ঙীপ্। বিণ। ২। উপদেবতাবিশেষ; স্ত্রীজাতির শ্রেণীবিশেষ। বি; স্ত্রী।

শচি, শচী—দেবরাজপত্নী, ইন্দ্রাণী। শচ্ (বলা)+ইন্ কর্ত্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে ঙীপ্। বি; স্ত্রী।

শচীন্দ্র—দেবরাজ। শচীর ইন্দ্র, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শচীপতি—দেবরাজ ইন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শচীশ—ইন্দ্র। শচির বা শচীর ঈশ (পতি), [৬ষ্ঠীতৎ। বি; পুং।

শজারু—গায়ে কাঁটাযুক্ত পশুবিশেষ, শল্লকী। 'শল্লক-রূপ' শব্দজ। বি।

শজিনা—একরকম গাছ ও তাহার ফল। 'শোভাঞ্জন' শব্দজ। বি।

শটকা—গড়গড়ার নল। দেশজ। বি।

শটকান—সরিয়া পড়া। বাং ক্রি।

শটকে—শতকিয়া, ১ হইতে ১০০ পর্য্যন্ত গণনা। হিন্দীমূলক। বি।

শটন—পচিয়া যাওয়া। শট্+অনট্ ভাববা। বি; ক্লীব। বিণ, –টিত।

শটি, শটী—ওষধিবিশেষ, বন-আদা। শট্+ইন কর্ত্তৃবা, পক্ষে তদুত্তরে ঈপ্। বি; স্ত্রী।

শঠ—ধূর্ত্ত; মূর্খ, নির্ব্বোধ; গূঢ় বিপ্রিয়কারী; (পতি বা নায়ক), অর্থাৎ যে বাহ্যতঃ এক স্ত্রীকে ভালবাসার ভাব দেখায়, কিন্তু অন্তরে অপরাকে ভালবাসে। শঠ্ (বঞ্চন করা)+অচ্ কর্ত্তৃবা। বিণ।

শঠতা—শাঠ্য, ধূর্ত্ততা; ক্রূরতা; প্রবঞ্চনা। শঠ শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

শড়া, সড়া—পচা। 'শট্' ধাতুজ। বিণ।

শণ—স্বনামপ্রসিদ্ধ ক্ষুদ্র বৃক্ষবিশেষ। শণ্ (দেওয়া)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

শণসূত্র—১। শণের সুতা। ৬ষ্ঠীতৎ। ২। শণের সুতার জাল; ক্ষত্রিয়ের উপবীত। শণের সূত্র আছে যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

শত—১০০ সংখ্যা। দশন্+ত তদ্দারা পরিমিতার্থে। বি; ক্লীব বা বিণ।

শতক—১। ১০০ সংখ্যা। শত+কন্। বি; ক্লীব। ২। শত-সংখ্যাবিশিষ্ট। বিণ। ৩। শতাব্দী; শত শ্লোকে রচিত নিবন্ধ। দেশজ প্রঃ। বি।

শতকরা—প্রতি শতের হিসাবে বা অনুপাতে। প্রতি শতে এই বাক্যে, অব্যয়ী। অব্য।

শতকিয়া—(ধারাপাতে) ১ হইতে ১০০ পর্য্যন্ত গণনা, শটকে। হিন্দিমূলক। বি।

শতক্রতু—পুরন্দর, ইন্দ্র। শত হইয়াছে ক্রতু (যজ্ঞ) যাঁহার, বহুব্রী। বি; পুং।

শতখাগী, শতেকখাগী—যাহার একশত প্রিয়জনের মৃত্যু হইয়াছে (গালিতে ব্যবহৃত)। শত, শতেক—খা+কো কর্ত্তৃবা+ঈ। বিণ; স্ত্রী।

শতগ্রন্থি—১। একশত গাঁইট। শতসংখ্যক গ্রন্থি, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। একশত গাঁইটবিশিষ্ট; একশত জায়গায় ছেঁড়া এবং গেরো দেওয়া। শতসংখ্যক গ্রন্থি আছে যাহাতে, বহুব্রী। বিণ। ৩। দূর্ব্বা। বি; স্ত্রী।

শতঘরিয়া—শতসংখ্যক পরস্ত্রীগামী। প্রাঃ কবিপ্র। বিণ।

শতঘ্নী—শতপুরুষ বিনাশকারী চতুঃশত লৌহ-কণ্টকব্যাপ্ত অস্ত্রবিশেষ; গলরোগবিশেষ; বিছুটী লতা। শত শব্দ—হন্ (বধ করা)+টক্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

শতচ্ছদ—শতদল পদ্ম। শতসংখ্যক ছদ (দল) যাহার, বহুব্রী। বি; পুং।

শততম—শতসংখ্যার পূরক। শত শব্দ+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, –মী।

শতদল—১। একশত দলবিশিষ্ট পদ্ম। বি; ক্লীব। ২। একশত দল বা পাপড়িবিশিষ্ট। শতসংখ্যক দল (পাপড়ি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –লা।

শতদলবাসিনী—লক্ষ্মী। শতদল—বস্+ণিন্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

শতধা—শতবার; শতপ্রকার। শত+ধাচ্ প্রকারার্থে। অব্য।

শতধার—শতধারাযুক্ত। বহুব্রী। বিণ। [স্ত্রী, –রা।

শতধারে—একশত ধারায়; অজস্র অশ্রু-ধারায়। শত ধার যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

শতপত্র—১। পদ্ম। বি; ক্লীব। ২। সারস পক্ষী; ময়ূর। বহুব্রী। বি; পুং।

শতপত্রভেদন্যায়—এক শত পাতাকে একসঙ্গে সূচিবিদ্ধ করিলেও সবগুলি পাতা এককালে যে বিদ্ধ হয় না তাহার দৃষ্টান্ত। শতপত্রভেদাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং। [বি ; পুং।

শতপথ—যজুর্ব্বেদের অংশবিশেষ। বহুব্রী। বি ; পুং।

শতপদ—নামকরণার্থ প্রথমবর্ণসূচক চিহ্ন-বিশেষ। বহুব্রী। বি ; ক্লীব।

শতপদী—কর্ণকীট, কাণকোটারি বা কেন্নো ; বৃশ্চিক। শতসংখ্যক পদ যাহার, বহুব্রী। বি ; স্ত্রী।

শতপর্ব্বা(র্বা) (–পর্ব্বন্)—বংশ, বাঁশ ; ইক্ষু। শতসংখ্যক পর্ব্ব (পাব) যাহার, বহুব্রী। বি ; পুং।

শতপর্ব্বা(র্বা)—দূর্ব্বা ; বচ ; শুক্র গ্রহের ভার্য্যা ; কোজাগর পূর্ণিমা। শতসংখ্যক পর্ব্ব যাহার বা যাহাতে, বহুব্রী। বি ; স্ত্রী।

শতবান্—শতবার গলান বা জারিত। প্রাঃ কবিপ্র। বিণ।

শতভিষক্ (–ভিষজ্), –ভিষা—নক্ষত্রবিশেষ, চতুর্বিংশ নক্ষত্র। শত ভিষক্, ভিষ (তারা) যাহাতে, বহুব্রী, ২য় পক্ষে আপ্। বি ; স্ত্রী।

শতমখ, –মন্যু—শতক্রতু, ইন্দ্র। শত-সংখ্যক মখ, মন্যু (যজ্ঞ) যাঁহার, বহুব্রী। বি ; পুং।

শতমারী (–মারিন্)—যে বৈদ্য শতবার পারদ জারণ করিয়াছে, শ্রেষ্ঠ চিকিৎসক ; (বিদ্রূপে) যে শতসংখ্যক রোগীর প্রাণ নষ্ট করিয়াছে। শত শব্দ–ণিজন্ত মৃ–মারি (মারিয়া ফেলা)+ণিন্ কর্ত্তৃবা। বি ; পুং।

শতমুখ—একশতসংখ্যক মুখযুক্ত ; ভূরি বক্তা ('প্রশংসায়—')। শতসংখ্যক মুখ যাহার, বহুব্রী। বিণ।

শতমুখী—১। একশত মুখবিশিষ্টা। বিণ ; স্ত্রী। ২। সম্মার্জ্জনী, ঝাঁটা, ঝাড়ু। বহুব্রী। বি ; স্ত্রী।

শতমূলা—দূর্ব্বা ; বচ। বহুব্রী। বি ; স্ত্রী।

শতমূলী—লতাবিশেষ। বহুব্রী। বি ; স্ত্রী।

শতরঞ্চ, –রঞ্জ—দাবাবড়ে খেলা ; শতরঞ্চি (তাহা দ্রঃ)। আর্বী। বি।

শতরঞ্চি, –রঞ্জি—মোটা সূতার বৃহৎ শয়না-সনবিশেষ, একপ্রকার গালিচা, দরি। আর্বী। বি। [শত+শস্। অব্য।

শতশঃ(–শস্), শতশ—শত শত করিয়া।

শতসহস্র—১। একশত হাজার, লক্ষ। শত-গুণিত যে সহস্র, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব। ২। অসংখ্য। দেশজ প্রঃ। বিণ।

শতাংশ—এক শত ভাগ। শতসংখ্যক অংশ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

শতানন্দ—রাজর্ষি জনকের পুরোহিত ; গৌতম ঋষির পুত্র। শত বিষয়ে আনন্দ যাঁহার, বহুব্রী। বি ; পুং।

শতানীক—১। শত সৈন্যবিশিষ্ট। শত-সংখ্যক অনীক (সৈন্য) যাহার, বহুব্রী। বিণ। ২। ব্যাসশিষ্য মুনিবিশেষ ; দ্রৌপদীর গর্ভ-জাত নকুলপুত্র ; জনমেজয়ের পুত্র ; সুদাস-রাজ-পুত্র। বি ; পুং।

শতাব্দী—একশতবর্ষব্যাপী কাল ; শতক। শত অব্দের সমাহার, সমাহার দ্বিগু+ঈপ্। বি ; স্ত্রী।

শতায়ুঃ (–য়ুস্), শতায়ু—শতবর্ষজীবী। শতসংখ্যক আয়ুঃ যাহার, বহুব্রী। বিণ।

শতিক—শতসম্বন্ধীয় ; শতের বিকার, শত-ময় ; শতদ্বারা ক্রীত। শত+ইক। বিণ।

শতেক—প্রায় একশত। এক শত যাহাতে, বহুব্রী (বাংলা সন্ধি)। বিণ।

শতেকখাগী—শতখাগী দ্রঃ।

শত্রু—বিপক্ষ, রিপু, অরি ; লগ্ন হইতে অষ্টম স্থান। শদ্ (হিংসা করা)+রু কর্ত্তৃবা। বি ; পুং।

শত্রুঘ্ন—লক্ষ্মণের কনিষ্ঠ সহোদর। শত্রু–হন্ (বধ করা)+ক কর্ত্তৃবা। বি ; পুং।

শত্রুতা—বিপক্ষতা, বৈরিতা, দ্বেষ। শত্রু শব্দ +তা ভাবার্থে। বি ; স্ত্রী। [বি ; পুং।

শত্রুপক্ষ—বিপক্ষপক্ষ, বৈরিদল। ৬তৎ।

শত্রুবিজয়ী (-জয়িন্)—বিপক্ষজয়কারী, রিপুজয়ী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,-য়িনী।

শত্রুমর্দ্দ(র্দ)ন—অরিন্দম, শত্রুঘ্ন, বৈরিনিপীড়নকারী। শত্রু-মৃদ্+অন কর্ত্তৃবা। বিণ। [৩য়াতৎ। বিণ।

শত্রুসঙ্কু(ঙ্কু)ল—বিপক্ষপূর্ণ, শত্রু পূর্ণ।

শনি—সপ্তম গ্রহ, শনৈশ্চর; শনিবার। শো (শাণ দেওয়া)+অনিক্ কর্ত্তৃবা। বি; পুং।

শনৈঃ (-নৈস্), শনৈ—অল্পে অল্পে; ধীরে ধীরে; ক্রমে ক্রমে। শণ্+ডৈসি কর্ত্তৃবা। অব্য।

শনৈশ্চর—শনি। শনৈস্ (ধীরে ধীরে)-চর্ (গমন করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

শপ—লম্বা মাদুরবিশেষ। দেশজ। বি।

শপতি—দিব্য, কিরে। প্রাঃ কবিপ্র। বি।

শপথ—সত্যাবরণ, দিব্য; প্রতিজ্ঞা; গালি। শপ্ (আক্রোশ করা)+অথন্, ভাববা। বি; পুং।

শপ্ত—শাপগ্রস্ত, অভিশপ্ত। শপ্ (শাপ দেওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, শপ্তা।

শফ—অশ্বাদি পশুর খুর; বৃক্ষমূল, গাছের গোড়া। ণিজন্ত শম্=শমি (শান্ত করা)+অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

শফর—ভ্রমণ; বাণিজ্যযাত্রা। আর্বী। বি।

শফর, -রী—পুঁটি মাছ। শফ্ (খুর)-রা (দেওয়া)+ক কর্ত্তৃবা, ২য় পক্ষে+ঈপ্। বি; পুং, স্ত্রী।

শব—মৃতদেহ, মড়া। শব্+অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব বা পুং।

শবদহন, -দাহ—মৃতদেহ দগ্ধকরণ, মড়া পোড়ান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, পুং।

শবদেহ—মৃতদেহ, প্রাণহীন শরীর। কর্ম্মধা। বি; পুং বা ক্লীব।

শবব্যবচ্ছেদ—পরীক্ষার জন্য মৃতদেহ কাটা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শবব্যবচ্ছেদাগার—পরীক্ষার জন্য মড়া কাটার ঘর (Morgue). ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শবযাত্রা—মৃতদেহ লইয়া বহুলোকের শ্মশানে বা সমাধিস্থানে গমন। শবসহিত যাত্রা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

শবর—ব্যাধ; শিব, মহাদেব; পণ্ডিতবিশেষ; জল। শব-রা+ক কর্ত্তৃবা। বি; পুং।

শবরী—ব্যাধজাতীয়া স্ত্রী; রামায়ণোক্ত ত্রিকালজ্ঞা বৃদ্ধা তাপসী। শবর+ঈপ্। বি; স্ত্রী।

শবল—কর্ব্বুরবর্ণ; বহুবর্ণবিশিষ্ট। শপ্+কল কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-লা।

শবলা—বশিষ্ঠের কামধেনু, পাপনাশিনী বিচিত্রবর্ণা গাভী। শবল+আপ্। বি; স্ত্রী।

শবসৎকার—মড়া পোড়ান। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৩য়াতৎ। বি; স্ত্রী।

শবসাধনা—শবের উপর বসিয়া মন্ত্রজপ।

শবাধার—শবনিধান পাত্র, যাহাতে মৃতদেহ রাখিয়া মাটিতে পোঁতা হয়, 'কফিন'। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শবাসন—শবরূপ আসন; শববৎ শয়ান অবস্থায় অবস্থিতি। শবই আসন, কর্ম্মধা, বা শবতুল্য আসন (অবস্থান), মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শবাসনা—শবের উপর অবস্থিতা, কালিকা। শব হইয়াছে আসন যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বি বা বিণ; স্ত্রী।

শবেরাৎ—মুসলমানী পর্ব্ববিশেষ; শ্রাবণের চতুর্দ্দশ দিবস। আর্বী। বি।

শব্দ—১। শ্রুতিগ্রাহ্য পদার্থ, ধ্বনি, রব। শব্দ্ (শব্দ করা)+ঘঞ্ ভাববা। ২। বাচক বর্ণ, অর্থবোধক এক বা একাধিক অক্ষর; যথাঃ। শব্দ্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

শব্দকোষ—শব্দার্থ-প্রকাশক গ্রন্থ, অভিধান।

শব্দতরঙ্গ(ঙ্গ)—শব্দের ঢেউ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শব্দবহ—১। শব্দবহনকারী। বিণ। স্ত্রী, -হা। ২। আকাশ; বায়ু। শব্দ-বহ্ (বহন করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

শব্দবিন্যাস—শব্দযোজনা, শব্দসন্নিবেশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শব্দবেধী—শব্দভেদী দ্রঃ।

শব্দভেদী (-ভেদিন্), -বেধী (-বেধিন্)—বাণবিশেষ; অর্জ্জুন। শব্দ—ভিদ্, বিধ্ (ভেদ করা)+ণিন্ কর্ত্তৃবা (যাহা বা যে শব্দ লক্ষ্য করিয়া ভেদ করে)। বি; পুং বা বিণ।

শব্দশক্তি—অভিধা, লক্ষণা, ব্যঞ্জনা প্রভৃতি শব্দের অর্থবোধক বৃত্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শব্দশাস্ত্র—ব্যাকরণ অভিধান প্রভৃতি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [২য়াতৎ। বিণ।

শব্দাতীত—শব্দ দ্বারা অপ্রকাশ্য, বাক্যাতীত।

শব্দানুশাসন—ব্যাকরণশাস্ত্র। শব্দের অনুশাসন, ৬ষ্ঠতৎ। বি; ক্লীব।

শব্দায়মান—শব্দ করিতেছে এরূপ, শব্দকারী। শব্দ+কাঙ্—শব্দায় (নামধাতু), তদুত্তরে শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না।

শব্দার্থ—শব্দের অর্থ, ইহা তিন প্রকার, যথা—মুখ্যার্থ, লক্ষ্যার্থ ও ব্যঙ্গার্থ, যথাক্রমে অভিধা, লক্ষণা ও ব্যঞ্জনা বৃত্তি দ্বারা এই তিন প্রকার অর্থ প্রকাশিত হইয়া থাকে। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শব্দালঙ্কা(ংকা)র—যমক, অনুপ্রাস, বক্রোক্তি প্রভৃতি শব্দযোজনাকৌশলপূর্ণ অলঙ্কার। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

শব্দিত—আহুত; ধ্বনিত। শব্দ্ (শব্দ করা) +ক্ত কর্ম্মবা। বিণ।

শম—শান্তি, চিত্তের স্থিরতা; মুক্তি; মনঃসংযোগ; নিবৃত্তি। শম্ (শান্ত হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

শমন—১। শান্তি; যজ্ঞার্থ পশু-হনন; দমন; হিংসা; ক্ষতি; শাপ; চর্ব্বণ। ণিজন্ত শম্—শমি (শান্ত করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। কৃতান্ত, যম। শমি+অন কর্ত্তৃবা। বি; পুং। ৩। বিচারালয়ে উপস্থিত হইবার নিমিত্ত আদেশ-পত্র। ইং 'Summons' শব্দজ। বি।

শমি, শমী—শাঁই গাছ; শিম্বী, কলায়াদির শুঁটি। ণিজন্ত শম্(—শমি)+ইন্ কর্ত্তৃবা, বিকল্পে ঈপ্। বি; স্ত্রী।

শমিত—দমিত; নিবারিত; বিনাশিত। ণিজন্ত শম্(—শমি)+ক্ত কর্ম্মবা। বিণ।

শমী—শমি দ্রঃ।

শমীক—জনৈক মুনি। শম্ (শান্ত হওয়া)+ ঈকন্ কর্ত্তৃবা। বি; পুং।

শমীগর্ভ—অগ্নি; ব্রাহ্মণ। শমীর গর্ভ, ৬ষ্ঠীতৎ +অচ্, আধার রূপে আছে ইহার এই অর্থে। বি; পুং।

শম্বর—১। ধন; জল; বৌদ্ধব্রতবিশেষ। শম্ব্ (গমন করা)+অরন্ কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। মৃগবিশেষ; মৎস্যবিশেষ; পর্ব্বতবিশেষ; বৌদ্ধবিশেষ; অসুরবিশেষ। বি; পুং।

শম্বরারি—প্রদ্যুম্ন বা কন্দর্প। শম্বরের অরি (শত্রু), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শম্বু, শম্বূ—শম্বুক, শামুক; ক্ষুদ্র শঙ্খ; গজকুম্ভাগ্র; দৈত্যবিশেষ। শম্ব্+উন্, ঊ কর্ত্তৃবা। বি; পুং।

শম্বুক, শম্বূক—শামুক, গজকুম্ভাগ্র; দৈত্যবিশেষ; জনৈক শূদ্র তাপস। শম্বু, শম্বূ+কন স্বার্থে। বি; পুং।

শম্ভু—শিব, মহাদেব। শম্ (কল্যাণ)—ভূ (হওয়া)+ডু অপাবা। বি; পুং।

শয়তান—পিশাচপতি, ভূতরাজ; পাষণ্ড, দুর্জ্জন। আর্বী 'শৈতান' শব্দজ। বি; পুং। স্ত্রী,—নী।

শয়তানি—শয়তানের ন্যায় আচরণ, বজ্জাতি। শয়তান+ই ভাবে। বি।

শয়ন—১। শোয়া; নিদ্রা; স্ত্রীসঙ্গ। শী (শয়ন করা)+অনট্ ভাববা। ২। শয্যা। শী+অনট্ অধিবা। বি; ক্লীব।

শয়নকক্ষ, —মন্দির—শয়নগৃহ, শুইবার ঘর। শয়নের নিমিত্ত কক্ষ, মন্দির, ৬ষ্ঠীতৎ। বি; পুং। [মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

শয়নবাস—ঘুমাইবার সময়ের পোষাক।

শয়নৈকাদশী—যে একাদশীতে শ্রীকৃষ্ণের শয়ন হয়, আষাঢ়মাসের শুক্লপক্ষের একাদশী। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

শয়ান—শয়নকারী, শয়ন করিয়াছে এরূপ। শী (শয়ন করা)+শানচ্ কর্ত্তৃবা। বিণ।

শয়িত—শয়ন করিয়াছে এরূপ ; নিদ্রিত। শী (শয়ন করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

শয্যা—১। তল্প, বিছানা ; খট্বা ; শব্দগুম্ফ। শী (শয়ন করা)+ক্যপ্ অধিবা+আপ্। ২। শয়ন। শী+ক্যপ্ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

শয্যাগত—শয্যাশায়ী, যে বিছানায় শুইয়াছে এরূপ ; উত্থানশক্তিশূন্য। ২য়াতৎ। বিণ।

শয্যাগুরু—স্বামী, ভর্ত্তা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

শয্যাগৃহ—শয়নঘর। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

শয্যাশায়ী (–শায়িন্)—শয্যায় শয়নকারী, শয্যাগত ; উত্থানশক্তিশূন্য। শয্যা–শী+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–য়িনী।

শয্যাসঙ্গি(ৎগি)নী—বনিতা, স্ত্রী, ভার্য্যা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

শর, সর—১। বাণ, তীর ; নলখাগড়া গাছ। শৃ (বধ করা)+অপ্ করণবা ; সৃ+অচ্ কর্ত্তৃবা। ২। দধিদুগ্ধের অগ্রভাগ। শৃ+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

শরক্ষেপ, –ক্ষেপণ, –নিক্ষেপ—বাণত্যাগ, বাণনিক্ষেপ, তীর ছোঁড়া। ৬ষ্ঠীতৎ। বি ; পুং, ক্লীব, পুং। [বি ; পুং।

শরচ্চন্দ্র—শরৎকালের চাঁদ। ৬ষ্ঠীতৎ।

শরজন্মা (–জন্মন্)—কার্ত্তিকেয়। শরবনে জন্ম যাঁহার, বহুব্রী। বি ; পুং।

শরজাল—তীরসমূহ ; নিক্ষিপ্ত অসংখ্য তীর। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

শরণ—১। বধ ; রক্ষণ ; রক্ষা ; আশ্রয়। শৃ (বধ করা)+অনট্ ভাববা। ২। রক্ষক ; গৃহ। শৃ+অন কর্ত্তৃবা। বি ; ক্লীব।

শরণাগত, –পন্ন—রক্ষার্থী, আশ্রয়ার্থী। শরণকে আগত, আপন্ন (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ। স্ত্রী,–তা,–ন্না।

শরণার্থী (–র্থিন্)—রক্ষাপ্রার্থী, শরণাগত। শরণ–অর্থ্ (চাওয়া)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–র্থিনী।

শরণি—পথ ; পৃথ্বী। শৃ (বধ করা)+অনি কর্ম্মবা, বা শৃ (চলা)+অনি করণবা। বি ; স্ত্রী। [ঈপ্। বি ; স্ত্রী।

শরণী—পথ ; প্রসারণী ; জয়ন্তী। শরণি+

শরণ্য—১। রক্ষণসমর্থ, রক্ষাকর্ত্তা। বিণ। স্ত্রী,–ণ্যা। ২। আশ্রয় ; আলয়, গৃহ। শরণ+যৎ সমর্থার্থে। বি ; ক্লীব।

শরৎ (শরদ্)—ঋতুবিশেষ, আশ্বিন কার্ত্তিক মাস ; বৎসর। শৃ (বধ করা)+অদি কর্ত্তৃবা। বি ; স্ত্রী।

শরৎকাল—শরদৃতু, আশ্বিন কার্ত্তিক মাস। শরৎই যে কাল, কর্ম্মধা। বি ; পুং।

শরৎকালীন—শরদৃতুসম্বন্ধীয়, শরৎকালে যাহা হয়। শরৎকাল+ঈন সম্বন্ধার্থে। বিণ।

শরদ—১। বীণাবিশেষ, শারদা, সরোদ। 'শারদ' শব্দজ। ২। শরৎকাল। প্রাঃ কবিপ্র। বি। [৬ষ্ঠীতৎ। বি ; পুং।

শরদিন্দু—শরচ্চন্দ্র, শরৎকালের চাঁদ।

শরধি—তূণীর, বাণাধার। শর (বাণ)–ধা (ধারণ করা)+কি অধিবা। বি ; পুং।

শরবণ—নলখাগড়ার ঝাড়। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। [৩য়াতৎ। বিণ।

শরবিদ্ধ—বাণবিদ্ধ, বাণ দ্বারা আহত।

শরব্য—বাণের লক্ষ্য ; লক্ষ্য ; নিশানা। শরু (বাণশিখা)+যৎ। বি ; ক্লীব।

শরভ—মৃগবিশেষ ; শলভ ; করিশাবক ; উষ্ট্র ; বানরবিশেষ ; পুরাণকথিত অষ্টপাৎ পশুবিশেষ। শৃ+অভচ্ কর্ত্তৃবা। বি ; পুং।

শরভূ—শরজন্মা, কার্ত্তিকেয়। শর–ভূ (হওয়া)+কিপ্ কর্ত্তৃবা। বি ; পুং।

শরম—লজ্জা। ফার্সী। বি।

শরযোজন, –যোজনা—শরসন্ধান (তাহা দ্রঃ)। বি ; ক্লীব, স্ত্রী।

শরযু, –যূ—অযোধ্যাদেশস্থ নদীবিশেষ। শৃ (বধ করা)+অযু কর্ত্তৃবা। বি ; স্ত্রী।

শরশয্যা—শর দ্বারা রচিত শয্যা, বাণের বিছানা। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

শরসন্ধান—বাণসন্ধান, বাণনিক্ষেপ, ধনুতে শরযোজন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শরা—মৃৎপাত্রবিশেষ, হাঁড়ির ঢাকনা। 'শরাব' শব্দজ। বি। [বি; পুং।

শরাঘাত—বাণপ্রহার, তীর মারা। ৩য়াতৎ।

শরাণ—বড় রাস্তা, রাজপথ। 'শরণি' শব্দজ। বি।

শরাব—১। মৃৎপাত্রবিশেষ, শরা; ৬৪ তোলা পরিমাণ, সের। শর—অব্ (রক্ষা করা) + অণ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। সুরা, মদ্য। আর্বী। বি।

শরাসন—ধনুঃ, ধনুক। শর (বাণ)—অস্ (ক্ষেপণ করা) + অনট্ করণবা। বি; ক্লীব।

শরাহত—বাণাহত, বাণবিদ্ধ, শরতাড়িত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—তা।

শরিক, সরিক—অংশী, ভাগীদার। ফার্সী। বি। বিণ, শ(স)রিকী।

শরিকানা—শরিকের অংশে প্রাপ্য, অংশীদার হিসাবে নির্দ্দিষ্ট পাওনা। ফার্সী। বি।

শরিকিনি, শরিকী—যাহার একাধিক মালিক আছে এমন। ফার্সী। বিণ।

শরিফ, শরীফ—পবিত্র, মহৎ। আর্বী। বিণ।

শরিয়ৎ, শরীয়ৎ—মুসলমানী শাস্ত্রের আইন বা উক্ত শাস্ত্র। আর্বী। বি।

শরীর—দেহ, কলেবর। শৃ (বধ করা) + ঈরন্ কর্ম্মবা। বি; ক্লীব।

শরীরগ্রন্থি—দেহের সন্ধিস্থান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শরীরধারী (–ধারিন্)—দেহধারণকারী, দেহবিশিষ্ট, দেহী। উপতৎ। শরীর—ধৃ (ধারণ করা) + ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—রিণী।

শরীরপতন, –পাত—দেহনাশ, দেহপাত, মৃত্যু। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, পুং।

শরীররক্ষী (–রক্ষিন্)—শত্রু প্রভৃতি হইতে রক্ষাকারী অনুচর। ৬ষ্ঠীতৎ। বি বা বিণ; পুং।

শরীরী (শরীরিন্)—শরীরধারী, দেহী; জীবাত্মা। শরীর শব্দ + ইন্ অস্ত্যর্থে। বিণ বা বি; পুং। স্ত্রী,—রিণী।

শর্করা—চিনি; খাঁড়; খণ্ড; খাব্‌রা, কাঁকর; রোগবিশেষ। শৃ (বধ করা) + করন্ কর্ত্তৃবা + আপ্। বি; স্ত্রী।

শর্করোদক—শর্করামিশ্রিত জল, চিনির পানা বা সরবৎ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব;

শর্ত্ত(র্ত)—প্রতিশ্রুতি; কড়ার। আর্বী। বি।

শর্ব্ব(র্ব)— শিব, মহাদেব। শর্ব্ব্ (বধ করা) + অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

শর্ব্ব(র্ব)রী—রজনী, রাত্রি; নারী। শৃ (বধ করা) + ঘ্বরচ্ কর্ত্তৃবা + ঈপ্। বি; স্ত্রী।

শর্ব্বা(র্বা)ণী—গৌরী, ভবানী। শর্ব্ব (শিব) + ঈপ্ পত্নী অর্থে। বি; স্ত্রী।

শর্ম্ম(র্ম) (**শর্ম্মন্**)—কল্যাণ; সুখ। শৃ + মনিন্ কর্ম্মবা। বি; ক্লীব।

শর্ম্মা(র্মা) (**শর্ম্মন্**)—ব্রাহ্মণের উপাধি। শৃ + মনিন্ কর্ত্তৃবা। বি; পুং।

শর্ম্মি(র্মি)ষ্ঠা—দৈত্যপতি বৃষপর্ব্বের কন্যা ও রাজা যযাতির কনিষ্ঠা ভার্য্যা। বি; স্ত্রী।

শলভ—পতঙ্গবিশেষ, ফড়িঙ; পঙ্গপাল। শল্ (গমন করা) + অভচ্ কর্ত্তৃবা। বি; পুং।

শলা—১। সরু কাঠি, শিক, শলাকা। 'শলাকা' শব্দজ। ২। যুক্তি, মন্ত্রণা, পরামর্শ। আর্বী 'সলহ্‌' শব্দজ। বি।

শলাকা—ক্ষুদ্র যষ্টি, শলা; নল, কণ্টক, অঙ্কুর, বাণ, তুলি প্রভৃতি; অস্থি; শল্য; খড়িক। শল্ (গমন করা) + আকন্ কর্ত্তৃবা + আপ্। বি; স্ত্রী।

শলি, শলী—ক্ষুদ্র শলা, ক্ষুদ্র কীল, ধান-চাউলের মাপবিশেষ (স্থানভেদে ২॥০ মণ)। দেশজ। বি।

শল্ক—বল্কল; ত্বক্; মাছের আঁইস; খণ্ড। শল্ + ক কর্ত্তৃবা। বি; ক্লীব।

শল্য—১। শঙ্কু, কীলক, খুঁটা, গোঁজ;

চিকিৎসার অস্ত্রবিশেষ, শলাকা; শেল। বি; ক্লীব বা পুং। ২। শর, বাণ; তোমর; অস্থি; কণ্টক; ভাগাড়। শল্+যক্ কর্ত্তৃবা। বি; ক্লীব। ৩। নকুল সহদেবের মাতুল, মদ্ররাজ। বি; পুং।

শল্যোদ্ধার—প্রোথিত বা বিদ্ধ শল্যাদির উৎপাটন; বাস্তুভূমি হইতে অস্থি উঠাইয়া ফেলা। শল্যের উদ্ধার (উত্তোলন), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শল্লকী (—কিন্)—শল্য-পশু, শজারু। শল্লক+ইন্ আছে অর্থে। বি; পুং।

শশ, —ক—খরগোশ; পুরুষবিশেষ। শশ্ (প্লুত গমন করা)+অচ্ কর্ত্তৃবা, ২য় পক্ষে+কন। বি; পুং।

শশধর—শশাঙ্ক, চন্দ্র; কর্পূর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শশবিন্দু—চন্দ্র; বিষ্ণু; নৃপবিশেষ, চিত্ররথের পুত্র। শশ হইয়াছে বিন্দু (চিহ্ন) যাহার, বহুব্রী। বি; পুং।

শশবিষাণ—শশক-শৃঙ্গ, অসম্ভব বস্তু,—যেমন 'ঘোড়ার ডিম'। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শশব্যস্ত—অতিশয় ব্যস্ত, অত্যন্ত ত্বরান্বিত। শশবৎ ব্যস্ত, উপমান কর্ম্মধা। বিণ।

শশলাঞ্ছন—শশাঙ্ক, চন্দ্র; কর্পূর। শশ হইয়াছে লাঞ্ছন (চিহ্ন) যাহার, বহুব্রী। বি; পুং।

শশাঙ্ক(ক)—চন্দ্র; কর্পূর। শশ হইয়াছে অঙ্ক (চিহ্ন) যাহার, বহুব্রী। বি; পুং।

শশাঙ্কশেখর—মহাদেব, শিব। বহুব্রী। বি; পুং।

শশিকলা—চন্দ্রকলা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শশিকান্ত—১। চন্দ্রকান্তমণি। বি; পুং। ২। কুমুদ। বহুব্রী। বি; ক্লীব।

শশিবদনা—চন্দ্রমুখী। শশীর (চন্দ্রের) ন্যায় বদন যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বিণ; স্ত্রী।

শশিভূষণ—শিব, মহাদেব। শশী (চন্দ্র) হইয়াছে ভূষণ যাঁহার, বহুব্রী। বি; পুং।

শশিমুখী—চন্দ্রমুখী, চন্দ্রের ন্যায় মনোহর মুখবিশিষ্টা (রমণী)। শশীর ন্যায় মুখ যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বিণ; স্ত্রী।

শশিশেখর—শিব, মহাদেব। শশী (চন্দ্র) আছে শেখরে (চূড়ায়) যাঁহার, অথবা শশী হইয়াছে শেখর (শিরোভূষণ) যাঁহার, বহুব্রী। বি; পুং।

শশী (শশিন্)—চন্দ্র; কর্পূর। শশ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

শশ্বৎ—সর্ব্বদা, নিরন্তর। শশ্ (প্লুত গমন করা)+বৎ কর্ত্তৃবা। অব্য।

শষ্প, শস্প—নব তৃণ, কচি ঘাস। শষ্, শস্ (বধ করা)+পক্ কর্ম্মবা। বি; ক্লীব।

শসা—লতাফলবিশেষ, ক্ষীরিকা। দেশজ। বি।

শস্ত—স্তুত; প্রশস্ত; কল্যাণযুক্ত; সুখী; হত। শনস্+ক্ত কর্ম্মবা। বিণ।

শস্তা—অল্পমূল্য; সুলভ। হিন্দী। বিণ।

শস্ত্র—আয়ুধ, বল্লম শড়কী প্রভৃতি; লৌহযন্ত্র; চিকিৎসার অস্ত্র। শস্ (বধ করা)+ষ্ট্রন্ করণবা। বি; ক্লীব।

শস্ত্রধারী (—ধারিন্)—আয়ুধধারী, শস্ত্র-ধারণকারী। উপতৎ। শস্ত্র—ধৃ (ধারণ করা) +ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —রিণী।

শস্ত্রপাণি—আয়ুধধারী। শস্ত্র (আয়ুধ) আছে পাণিতে যাহার, বহুব্রী। বিণ।

শস্ত্রবিদ্যা—ধনুর্ব্বেদ, যে বিদ্যা শিক্ষা করিলে শস্ত্র চালনা করা যায়। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

শস্ত্রভৃৎ—আয়ুধধারী। উপতৎ। শস্ত্র (আয়ুধ) —ভৃ (ধারণ করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

শস্প—শষ্প দ্রঃ।

শস্য—বৃক্ষাদির ফলপুষ্প; কৃষি দ্বারা উৎপন্ন ধান্যাদি; শাঁস; সার পদার্থ। শস্ (বধ করা) +যৎ। বি; ক্লীব।

শস্যক্ষেত্র—শস্যোৎপাদিকা ভূমি, ফসলের ক্ষেত। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শস্যমঞ্জরী—ধান্য প্রভৃতি শীষ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শস্যশালী (—লিন্)—যাহার বা যাহাতে

প্রচুর শস্য আছে। শস্য—শাল্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লিনী।

শস্যশ্যামল—শস্য দ্বারা শ্যামবর্ণ, ধান্যাদি শস্যের গাছ থাকায় সবুজবর্ণ। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—লা।

শস্যাগার—শস্যরক্ষার গৃহ, ধান্যাদির গোলা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

শহর—নগর। ফার্সী। বি।

শহরৎ—খ্যাতি, প্রচার। ফার্সী। বি।

শহাদাৎ, শাহাদাৎ—সাক্ষ্য। আর্বী। বি।

শহীদ—ধর্ম্ম, ন্যায় ও সত্যের জন্য প্রাণদানকারী। আর্বী। বি।

শহুরে—শহর বা নগরসম্বন্ধীয়, শহরবাসী নাগরিক। শহর+এ সম্বন্ধাদি অর্থে। বিণ।

শাঁ, শাঁই—অনুকরণ-শব্দ ; ত্বরা, ক্ষিপ্রতা, দ্রুতগতি। দেশজ। অব্য।

শাঁই—বৃক্ষবিশেষ। 'শমী' শব্দজ। বি।

শাঁক—শাঁখ (তাহা দ্রঃ)।

শাঁক-(শাঁখ-) আলু—মিষ্টরস কন্দবিশেষ, সরবতে আলু। দেশজ। বি।

শাঁখ—বাদ্যকম্বু। 'শঙ্খ' শব্দজ। বি।

শাঁখচিল—সাদা বুকযুক্ত চিলবিশেষ। 'শঙ্খচিল্ল' শব্দজ। বি।

শাঁখচুন্নী, —চূর্ণী—পেত্নীবিশেষ, শঙ্খচূর্ণী, শাঁখিনী, সধবা স্ত্রীর প্রেতাত্মা। দেশজ। বি ; স্ত্রী।

শাঁখা—সধবা রমণীর শঙ্খনির্ম্মিত করাভরণবিশেষ। 'শঙ্খক' শব্দজ। বি।

শাঁখারি,—রী—শাঁখাপ্রস্তুতকারক জাতিবিশেষ, শঙ্খবণিক্‌। শাঁখা+রি, রী নির্ম্মাতা অর্থে। বি। [শব্দজ।

শাঁখিনী—শাঁখচুন্নী (তাহা দ্রঃ)। 'শঙ্খিনী'

শাঁড়া—বাঁঝা, ষাঁড়া, যে গাছে ফল হয় না। 'ষণ্ড' শব্দজ। বিণ।

শাঁপি, সাঁপি—বহি মুক্তাদির মুখলগ্ন বলয়, শামা। দেশজ। বি।

শাঁস—ফলাদির সারভাগ। 'শস্য' শব্দজ। বি।

শাঁসাল—শাঁসবিশিষ্ট, শাঁসওয়ালা ; (বিদ্রূপে) ধনবান্‌, সম্পত্তিশালী। শাঁস+আল। বিণ।

শাক—১। বৃক্ষের পত্র পুষ্প বৃন্ত মূল ত্বগাদি ; ভক্ষ্য পত্র ও কাণ্ড (যেমন—পালং শাক) ; শাগ ; দ্বীপবিশেষ। শো+ক কর্ত্তৃবা।২। গণনীয় বৎসর, কোন প্রসিদ্ধ ঘটনা অবলম্বন করিয়া যে অব্দ গণনা করা হয়, শকাব্দ (Era). শক+অণ্‌। বি ; পুং।

শাকপার্থিবাদি —সমাস—মধ্যপদলোপী কর্ম্মধারয় সমাস। শাকপ্রিয় পার্থিব, মধ্যপ কর্ম্মধা ; তাহা আদিতে যাহার, বহুব্রী ; সেইরূপ সমাস, কর্ম্মধা। বি ; পুং।

শাকসবজি—রন্ধনার্থে শাক এবং আনাজ তরকারি। শাক (সংস্কৃত) ও সবজি (ফার্সী), দ্বন্দ্ব। বি। [কর্ম্মধা। বি ; ক্লীব।

শাকান্ন—শাকযুক্ত অন্ন, শাকভাত। মধ্যপ

শাকান্নভোজী (—জিন্‌)—যে শুধু শাক ভাত খায়। উপতৎ। শাকান্ন—ভুজ্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জিনী।

শাকুন—পক্ষিসম্বন্ধীয় ; শকুনজ্ঞ, নিমিত্তজ্ঞ, কাকচরিত্রাভিজ্ঞ। শকুন (পক্ষী)+অণ্‌। বিণ। স্ত্রী,—নী।

শাকুনিক—প ক্ষি মা র ক (ব্যাধবিশেষ), লুব্ধক, পেপেড়া ; শকুনজ্ঞ, নিমিত্তজ্ঞ, কাকচরিত্রাভিজ্ঞ। শকুন (পক্ষী)+ইক। বি ; পুং বা বিণ।

শাক্ত—শক্তিমন্ত্রে দীক্ষিত ; শক্তির উপাসক, তান্ত্রিক। শক্তি+অণ্‌। বিণ।

শাখা—বিটপ, গাছের ডাল ; ভুজ, বাহু ; বেদাংশবিশেষ ; পক্ষান্তর ; গ্রন্থপরিচ্ছেদ ; অন্তিক, সমীপ। শাখ্‌ (ব্যাপা)+অচ্‌ কর্ত্তৃবা+আপ্‌। বি ; স্ত্রী।

শাখাগ্র—বিটপাগ্র, ডালের অগ্রভাগ ; অঙ্গুলি। শাখার অগ্র, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

শাখানদী—এক নদী হইতে বহির্গত অন্য নদী। শাখারূপা নদী, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

শাখামৃগ—কপি, বানর। শাখাবাসী যে মৃগ (পশু), মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

শাখী (শাখিন্)—১। শাখাযুক্ত। বিণ। স্ত্রী,—খিনী। ২। বিটপী, বৃক্ষ; বেদ। শাখা শব্দ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

শাখোট—ভূতবৃক্ষ, সেওড়া গাছ। শাখ্+ওটন্ কর্ত্তৃবা। বি; পুং।

শাগরেদ, সাগরেদ—শিষ্য, চেলা, ছাত্র। ফার্সী 'শাগির্দ' শব্দজ। বি।

শাগরেদি—চেলাগিরি, শিষ্যগিরি, শিক্ষানবিশি। শাগরেদ+ই। বি।

শাঙন—শ্রাবণ। প্রাঃ কবিপ্র। বি।

শাঙল, শাঙলি—শ্যামল, শ্যামলী। প্রাঃ কবিপ্র। বিণ বা বি।

শাঙ্ক(ংক)র—শঙ্করসম্বন্ধীয়। শঙ্কর+অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—রী।

শাঙ্ক(ংক)রভাষ্য—শঙ্কর-র চি ত ভা ষ্য। কর্ম্মধা। বি; ক্লীব।

শাঙ্গা—মেটে ঘরের কড়িকাঠ; বোঝা রাখিবার জন্য কাঁধের উপরের সমান্তরাল কাষ্ঠদ্বয়; বিধবার পুনর্ব্বিবাহ। প্রাদে। বি।

শাজাদা—শাহজাদা (তাহা দ্রঃ)।

শাটী—পরিধেয় বাস, শাড়ী, ধুতি। শট্ (গমন করা)+ঘঞ্ কর্ম্মবা+ঈপ্। বি; স্ত্রী।

শাট্যায়ন—১। যজ্ঞাদিকার্য্যে প্রকৃত কর্ম্মের বৈগুণ্য-প্রশমনার্থ হোম। বি; স্ত্রী। ২। জনৈক মুনি। বি; পুং।

শাঠ্য—ধূর্ত্ততা, শঠতা; প্রবঞ্চনা। শঠ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

শাড়ি, শাড়ী—স্ত্রীলোকের পরিধেয়। 'শাটী' শব্দজ। বি।

শাণ—১। ঘর্ষণ-যন্ত্র, শাণপাথর; তীক্ষ্ণীকরণ; ধাতু প্রভৃতি পালিশ করিবার যন্ত্র; করাত; কষ্টিপাথর। শণ্+ঘঞ্ অধিবা। বি; পুং। ২। শণনির্ম্মিত বস্ত্র। শণ শব্দ+অণ্। বি; ক্লীব।

শাণান—অস্ত্রাদিতে ধার দেওয়া বা করা, তীক্ষ্ণ করা। বাং ক্রি।

শাণিত—তীক্ষ্ণীকৃত, ধার-দেওয়া। ণিজন্ত শণ্ (=শাণি)+ক্ত কর্ম্মবা। বিণ।

শাণ্ডিল্য—জনৈক মুনি, শাণ্ডিল্য-গোত্রের আদিপুরুষ। শণ্ডিল শব্দ+ষ্যঞ্ অপত্যার্থে। বি; পুং।

শাতি—শাস্তি। প্রাঃ কবিপ্র। বি।

শাতাতপ—ধর্ম্মশাস্ত্রকার জনৈক মুনি। বি; পুং।

শাদা—শ্বেতবর্ণ, শুক্ল, ধবল; বর্ণহীন; রিক্ত, খালি; অলিখিত; ভাণহীন, অকপট; আড়ম্বরবিহীন। ফার্সী। বিণ।

শাদী—বিবাহ। ফার্সী। বি।

শাদ্বল—নবতৃণ দ্বারা সবুজ। শাদ (নবতৃণ)+ড্বলচ্ অস্ত্যর্থে। বিণ।

শান—১। তীক্ষ্ণীকরণ, শাণ দেওয়া। শো (তীক্ষ্ণ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। ঘর্ষণযন্ত্র, শাণপাথর। শো+অনট্ করণবা। ৩। কষ্টিপাথর। শো+অনট্ অধিবা। বি; পুং। ৪। পাকা (বাঁধান) মেঝে বা চাতাল। দেশজ। বি। ৫। ইট। প্রাদে। বি।

শানা—তাঁতের অঙ্গবিশেষ—দেখিতে চিরুণির মত, ইহার ভিতর দিয়া টানার সূতা পরান হয় এবং কাপড় বুনিবার সময় পড়েনের সূতার উপর ইহা দ্বারা ঘা দেওয়া হয়। দেশজ। বি।

শানা, শানান—ক্ষুৎপিপাসাদি নিবৃত্ত হওয়া, তৃপ্তিলাভ করা, পর্য্যাপ্ত হওয়া (যেমন—'এক ভরি আফিংয়ে তার শানাবে না')। বাং ক্রি।

শানাই—একরকম বাঁশী। ফার্সী। বি।

শান্ত—১। শমগুণযুক্ত; স্থিরমনাঃ; সৌম্য; জিতেন্দ্রিয়; শিষ্ট; অনুদ্ধত; ধীর, ঠাণ্ডা; শমপ্রাপ্ত, নিবৃত্ত; বিনীত; মৃত। শম্ (শান্ত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। ২। শান্তিপ্রাপিত, দমিত। ণিজন্ত শম্ (শান্ত করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, শান্তা। ৩। কাব্যরস-বিশেষ। বি; পুং।

শান্তনব—শান্তনুর পুত্র, ভীষ্ম। শান্তনু+অণ্ অপত্যার্থে। বি; পুং।

শান্তনু—চন্দ্রবংশীয় মহারাজবিশেষ, প্রতীপের পুত্র ও ভীষ্মের পিতা। বি; পুং।

শান্তমূর্ত্তি(র্তি)—১। অনুদ্ধত আকৃতি, ধীর মূর্ত্তি। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। অনুদ্ধত আকৃতিবিশিষ্ট, ধীরমূর্ত্তি, ঠাণ্ডা চেহারাযুক্ত। শান্তা মূর্ত্তি যাহার, বহুব্রী। বিণ।

শান্তা—রাজা দশরথের কন্যা, ঋষ্যশৃঙ্গ মুনির ভার্য্যা। বি; স্ত্রী।

শান্তি—শমগুণ; মনের স্থিরতা; মুক্তি; নিরুপদ্রবতা; বিঘ্ননাশ; মঙ্গল; নিবৃত্তি; ধ্বংস; তৃষ্ণাক্ষয়, আকাঙ্ক্ষার নিবৃত্তি। শম্ (শান্ত হওয়া) + ক্তি ভাববা। বি; স্ত্রী।

শান্তিকার্য্য(র্য)—বিঘ্ননাশক কর্ম্ম; দিব্য, আন্তরীক্ষ, ভৌম এই ত্রিবিধ উৎপাত-নিবারক কার্য্য। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শান্তিজল—পূজাস্বস্ত্যয়নাদির অন্তে পুরোহিত কর্ত্তৃক যে মন্ত্রপূত জল গায়ে মাথায় ছিটাইয়া দেওয়া হয়। শান্তিপ্রদ যে জল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শান্তিনিকেতন—শান্তির আলয়, শমগুণের আধার; অশান্তিশূন্য স্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শান্তিপ্রদ—শান্তিদায়ক, শমগুণদাতা; শান্তিকর। উপতৎ। শান্তি—প্র—দা (দেওয়া) + ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

শান্তিপ্রিয়—শান্তভাবে থাকিতে ইচ্ছুক, নিরুপদ্রবপ্রিয়, যে গোলমাল ভালবাসে না এরূপ। বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

শান্তিভঙ্গ(ঙ্গ)—শান্তিনাশ, অশান্তি উৎপাদন, উপদ্রবকরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শান্তিময়—শান্তিপূর্ণ, শমগুণাত্মক; মঙ্গলময়; বিঘ্নশূন্য। শান্তি শব্দ + ময়ট্ পূর্ণার্থে। বিণ। স্ত্রী,—য়ী।

শান্তিরক্ষক—শান্তিরক্ষাকারী, রক্ষাধিকৃত পুরুষ; গোলযোগ নিবারণকারী, পুলিস কর্ম্মচারী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শান্তিরক্ষা—উপদ্রব নিবারণ, গোলযোগ দূরীকরণ, বিঘ্ননাশ করা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শান্তিস্থাপন—শান্তিপ্রতিষ্ঠা, গোলযোগ নিবারণ, বিঘ্ন দূর করিয়া পুনরায় শান্তভাব আনয়ন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শান্তিস্বস্ত্যয়ন—রোগাদি শান্তির নিমিত্ত দেবতার পূজাহোমাদি কার্য্য। শান্তিকর যে স্বস্ত্যয়ন, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শান্তিহীন—শান্তিশূন্য, মনের স্থিরতারহিত, অস্থির, অশান্ত। ৩য়াতৎ। বিণ।

শাপ—অভিসম্পাত, কাহারও উদ্দেশ্যে অমঙ্গলসূচক বাক্য কথন; দিব্য, শপথ। শপ + ঘঞ্ ভাববা। বি; পুং।

শাপগ্রস্ত—অভিসম্পাতপ্রাপ্ত, যাহাকে শাপ দেওয়া হইয়াছে এরূপ। ৩য়াতৎ। বিণ।

শাপভ্রষ্ট—শাপহেতু অধঃপতিত, অভিসম্পাত জন্য হীনাবস্থাপ্রাপ্ত। ৩য়াতৎ। বিণ।

শাপমুক্ত—অভিশপ্ত দশা হইতে মুক্তিপ্রাপ্ত। ৫মীতৎ। বিণ। বি,—মুক্তি,—মোচন।

শাপলা—শালুক, কুমুদ। প্রাদে। বি।

শাপশাপান্ত—অভিসম্পাত এবং গালিগালাজ। দেশজ প্রঃ। বি।

শাপা—অভিশাপ দেওয়া। বাং ক্রি।

শাপান্ত—১। শাপাবসান, অভিসম্পাতের সমাপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। গালিগালাজ, যেমন শাপশাপান্ত করা। দেশজ প্রঃ। বি।

শাপোদ্ধার—শাপমুক্তি। ৫মীতৎ। বি; পুং।

শাব—শিশু, বৎস, বাচ্চা। শব্ (গমন করা) + ণ কর্ত্তৃবা। বি; পুং।

শাবক—শিশু, বৎস, বাচ্চা। শাব শব্দ + কন্ স্বার্থে। বি; পুং। [শব্দজ। বি।

শাবল—তোমরাস্ত্র; খননাস্ত্রবিশেষ। 'শর্বলা'

শাবান, সাবান—সর্জ্জক্ষার, তৈল চর্ব্বি ও ক্ষারাদি সংযোগে প্রস্তুত মলনাশক দ্রব্য (Soap). ফরাসী 'Savon' শব্দজ। বি।

শাবুদ, সাবুদ—সাক্ষ্য, প্রমাণ। আরবী। বি।

শাব্দ—শব্দসম্বন্ধীয়, শব্দ-বিষয়ক। শব্দ + অণ্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, শাব্দী।

শাব্দিক—শব্দশাস্ত্রজ্ঞ, বৈয়াকরণ। (ইন্দ্র, চন্দ্র, কাশকৃৎস্ন, আপিশলি, শাকটায়ন, পাণিনি, ডামর, জৈনেন্দ্র, এই আটজনকে শাব্দিক বলে); শব্দসম্বন্ধীয়। শব্দ+ইক জ্ঞাতার্থে। বিণ।

শামলা—১। শ্যামবর্ণ। 'শ্যামল' শব্দজ। বিণ। ২। শালের পাগড়ি। বৈদে। বি।

শামা—বাতি, দীপ। আর্বী। বি।

শামা, শামি—অস্ত্রাদির বাঁট, লাঠি ও মুষলাদির মুখের লৌহবেষ্টনী, শম্ব। 'শম্ব' শব্দজ। বি।

শামাদান—শেজ, বাতিদান। শামা+দান আধার অর্থে। বি।

শামিজ—শেমিজ (তাহা দ্রঃ)।

শামিয়ানা, সামিয়ানা—চাঁদোয়া, আচ্ছাদন, চাঁদনি। ফার্সী। বি।

শামুক—শম্বুক। 'শম্বুক' শব্দজ। বি।

শাম্বুক, শাম্বূক—শম্বুক, শামুক। শম্বুক, শম্বূক শব্দ+অণ্ স্বার্থে। বি; পুং।

শায়ক—শর, বাণ; খড়্গ। শো (তীক্ষ্ণ করা) +ণক কর্তৃবা। বি; পুং।

শায়িত—যাহাকে শয়ন করান হইয়াছে এরূপ; পাতিত। ণিজন্ত শী=শায়ি (শয়ন করান) +ক্ত কর্মবা। বিণ। স্ত্রী,—তা।

শায়ী (—য়িন্)—(আধারবাচক শব্দের পর) যে শয়ন করে বা করিয়াছে।'শী+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

শায়েস্তা—শিক্ষিত, বিনীত; শাসিত, দমিত। ফার্সী 'শইস্তা' শব্দজ। বিণ।

শারঙ্গ(ঙ্গ)—মৃগ, হরিণ; হস্তী; ভ্রমর; চাতক পক্ষী; ময়ূর। শার (নানাবর্ণ) হইয়াছে অঙ্গ যাহার, বহুব্রী। বি; পুং।

শারঙ্গী(ঙ্গী)—বাদ্যযন্ত্রবিশেষ, শারঙ্। শারঙ্গ+ঈপ্। বি; স্ত্রী। [—দী।

শারদ—শরৎকালীন। শরদ্+অণ্। বিণ। স্ত্রী,

শারদা—সরস্বতী; দুর্গা; বীণাবিশেষ, শরদ; ব্রাহ্মী; সারিবা। শারদ (শ্বেতপদ্ম ইত্যাদি) +অচ্ অস্ত্যর্থে+আপ্। বি।

শারদী—কোজাগর পূর্ণিমা; জলপিপ্পলী; সপ্তপর্ণ। শরদ+অণ্+ঈপ্। বি; স্ত্রী।

শারদীয়—শরৎকালীন, শরৎঋতুসম্বন্ধীয়। শরদ্ (শরৎকাল)+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—য়া। **শারদীয় মহাপূজা**—আশ্বিন মাসের দুর্গাপূজা।

শারি, শারী, শারিকা—পাশক, অক্ষগুটিকা, পাশাখেলার গুটি; সারিকা পক্ষিণী, ময়না পাখী; বীণাদি-বাদন-যষ্টি, বেহালা প্রভৃতি বাজাইবার ছড়। শৃ (বধ করা)+ইঞ্ কর্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে ঈপ্, ৩য় পক্ষে তদুত্তরে কন্+আপ্। বি; স্ত্রী।

শারিফল, —ফলক—পাশাখেলার ছক। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শারিনি, সারিণী—শারিকা, স্ত্রীশুক। প্রাঃ কবিপ্র। বি; স্ত্রী।

শারী—শারি দ্রঃ।

শারীর, শারীরক, শারীরিক—১। দেহ-সম্বন্ধীয়, দৈহিক, কায়িক। শরীর শব্দ+অণ্, ২য় পক্ষে তদুত্তরে কন্, ৩য় পক্ষে শরীর+ইক। বিণ। স্ত্রী,—রী, —কা, —কী। ২। বেদান্ত-সূত্র। বি; ক্লীব।

শারীরতত্ত্ব, —স্থান—শারীরিক তত্ত্ব-বিষয়ক শাস্ত্র, অর্থাৎ যে শাস্ত্র পাঠে অস্থি, শিরা, ধমনী, হৃৎকোষ, ফুস্ফুস্ প্রভৃতির সংখ্যা, স্থিতি, আকৃতি ও ক্রিয়াদির বিষয় অবগত হওয়া যায়। কর্মধা। বি; ক্লীব।

শারীরবিধান—শরীরের অস্থিমাংসাদির অবস্থানজ্ঞাপক শাস্ত্র (Anatomy). কর্মধা। বি; ক্লীব।

শারীরস্থান—শারীরতত্ত্ব দ্রঃ।

শারীরিক—শারীর দ্রঃ।

শার্ঙ্গ—বিষ্ণুর ধনুঃ; ধনুক। শৃঙ্গ শব্দ+অণ্। বি; পুং।

শার্ঙ্গধর, —পাণি—বিষ্ণু; ধনুর্দ্ধর। ৬ষ্ঠীতৎ, বহুব্রী। বি; পুং।

শার্ঙ্গী(ঙ্গী) (শার্ঙ্গিন্)—ধনুর্দ্ধর; বিষ্ণু। শার্ঙ্গ (ধনুক)+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

শার্ট—কামিজ, পুরুষের পরিধেয় জামা-বিশেষ। ইংরাজী শব্দ Shirt. বি।

শার্দ্দু(র্দূ)ল—ব্যাঘ্র, বাঘ; রাক্ষস; পক্ষি-বিশেষ; শরভ; (অন্য শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। শৃ (বধ করা)+দূলচ্ কর্ত্তৃবা। বি; পুং।

শার্সি—শার্শি দ্রঃ।

শাল—১। প্রাচীর; বৃক্ষ; সর্জ্জবৃক্ষ, শালগাছ। শল্+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং। ২। শোভন লোমজ বস্ত্রবিশেষ; বৎসর; আকবর-প্রবর্ত্তিত অব্দবিশেষ। ফার্সী। ৩। আগার, গৃহ। 'শালা' শব্দজ। ৪। শূল, শেল। 'শল্য' শব্দজ। বি। [বি।

শালগম—কন্দবিশেষ (তরকারি)। ফার্সী।

শালগ্রাম—গণ্ডকীশিলা, কীটচ্ছিদ্রিত বিষ্ণু-মূর্ত্তিস্বরূপ শিলাপিণ্ডবিশেষ। শালগ্রাম (পর্ব্বত-বিশেষ)+অণ্ ভবার্থে। বি; পুং।

শালা—১। গৃহ; গৃহৈকদেশ; গাছের বড় ডাল। শাল্+অচ্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী। ২। ভার্য্যার ভ্রাতা, স্ত্রীর ভাই; গালিবিশেষ। 'শ্যালক' শব্দজ। বি; পুং। স্ত্রী, শালী।

শালাজ—শ্যালকের পত্নী, শালার স্ত্রী। 'শ্যালকজায়া' শব্দজ। বি; স্ত্রী।

শালি, সালি—১। হৈমন্তিক ধান্য। শল্ (গমন করা)+ণিচ্+ইন্ কর্ম্মবা। বি; পুং। ২। ভার্য্যার ভগ্নী। 'শ্যালিকা' শব্দজ। বি; স্ত্রী।

শালিআনা, শালিয়ানা—বার্ষিক। বিণ।

শালিক, সালিক—সারিকা, পক্ষিবিশেষ। 'শারিকা' শব্দজ। বি।

-শালিনী—(অন্য শব্দের পরে যুক্ত) শোভ-মানা; যুক্তা। (-শালী দ্রঃ)। -শালিন্+ঈপ্। বিণ; স্ত্রী।

-শালী (-শালিন্)—(অন্য শব্দের পরে যুক্ত) শোভমান; যুক্ত। শাল্ (শ্লাঘা করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ।

শালী—পত্নীর ভগ্নী, শ্যালিকা। 'শ্যালী' শব্দজ। বি; স্ত্রী।

শালীন—সলজ্জ, লাজুক; বিনীত; তুল্য। শালা+ঈন প্রবেশযোগ্যার্থে। বিণ।

শালীনতা—সলজ্জভাব; বিনীতভাব; নম্রতা। শালীন শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

শালীপো—শালীর ছেলে। ৬ষ্ঠীতৎ। বি।

শালু—একপ্রকার লাল কাপড়। দেশজ। বি।

শালুক, শালূক—কুমুদফুল; পদ্মাদির মূল। শাল্ (শ্লাঘা করা)+উকঞ্, ঊকঞ্ কর্ত্তৃবা। বি; ক্লীব। ['শাল' শব্দজ। বি।

শালতী—শালবৃক্ষনির্ম্মিত ছোট ডোঙ্গা।

শাল্মল—শিমূল গাছ; শাল্মলী দ্বীপ। শাল্+মলচ্ কর্ত্তৃবা। বি; পুং।

শাল্মলি, শাল্মলী—শিমূলগাছ; দ্বীপ-বিশেষ। শাল্+মলিচ্ কর্ত্তৃবা, পক্ষে+ঙীপ্। বি; পুং, স্ত্রী। [স্ত্রী।

শাশ, শাস—শাশুড়ী। প্রাঃ কবিপ্র। বি।

শার্শি, শার্সি—জানালাদির কাচের কপাট। ইং Sash. বি।

শাশুড়ী—শ্বশ্রূ, পতি বা পত্নীর মাতা। 'শ্বশ্রূ' শব্দজ। বি; স্ত্রী।

শাশ্বত, শাশ্বতিক—নিত্য; সনাতন, চির-স্থায়ী। শশ্বৎ শব্দ (সর্ব্বদা)+অণ্, ষ্ণিক। বিণ। স্ত্রী, -তী, -কী।

শাস—শাশ দ্রঃ।

শাসক—শাসনকর্ত্তা, দমনকারী; উপদেষ্টা; আদেষ্টা। শাস্ (শাসন করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -সিকা।

শাসন—১। দমন; আর্থিক ও শারীরিক দণ্ড; উপদেশ; আজ্ঞা, আদেশ। শাস্ (শাসন করা)+অনট্ ভাববা। ২। শাস্; লিখিত পত্র; আজ্ঞা-পত্র, সনন্দ; কূটলিখিত। শাস্+অনট্ করণবা। ৩। রাজদত্ত ভূমি। শাস্+অনট্ কর্ম্মবা। বি; ক্লীব।

শাসনতন্ত্র—রাজ্যশাসনপ্রণালী। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শাসনপ্রণালী—শাসনের রীতি; রাজ-কার্য্যনির্ব্বাহের পদ্ধতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শাসনাধীন—শাসনের বশীভূত; আজ্ঞাবহ; অধিকারভুক্ত। ৬ষ্ঠীতৎ। বিণ।

শাসনীয়—শাসন করিবার যোগ্য, দম্য। শাস্ (শাসন করা)+অনীয়, ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—য়া।

শাসা—শাসন করা। কবিপ্র। ক্রি।

শাসান—শাসন করা, ধমকান, তর্জ্জন করা, ভয় দেখান, শাস্তি প্রদানের আশঙ্কা প্রদান করা। বাং ক্রি।

শাসিত—দণ্ডিত, দমিত; নিয়ন্ত্রিত, পরিচালিত; পালিত। শাস্ (শাসন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

শাসিতা (**শাসিতৃ**)—শাসনকর্ত্তা; দণ্ডদাতা; শিক্ষক। শাস্ (শাসন করা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ত্রী।

শাস্তা (**শাস্তৃ**)—শাসিতা, শাসনকর্ত্তা; শিক্ষক। শাস্+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, শাস্ত্রী।

শাস্তি—শাসন; দমন; দণ্ড; যন্ত্রণা; নিয়ম, বিধান। শাস্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

শাস্তিপত্রী—দণ্ডের বিবরণযুক্ত লিপি। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

শাস্তিবিধান—শাস্তিদান, দণ্ডবিধান, সাজা দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শাস্ত্র—শাসন; দেবতা বা ঋষিপ্রণীত গ্রন্থ, প্রাচীন অনুশাসন; ধর্ম্মানুশাসক প্রাচীন গ্রন্থ; বেদতন্ত্র-স্মৃতি-দর্শনপুরাণাদি; বিদ্যাসম্বন্ধীয় গ্রন্থ (যেমন—অঙ্কশাস্ত্র, অধ্যাত্মশাস্ত্র)। শাস্+ষ্ট্রন্ করণবা। বি; ক্লীব।

শাস্ত্রকার—শাস্ত্রপ্রণেতা। শাস্ত্র শব্দ—কৃ (করা)+অণ্ কর্ত্তৃবা। বিণ।

শাস্ত্রচর্চ্চা(র্চা)—শাস্ত্রালোচনা, শাস্ত্রপাঠ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শাস্ত্রজ্ঞ, —তত্ত্বজ্ঞ, —বিৎ (—বিদ্)—শাস্ত্রজ্ঞানসম্পন্ন, শাস্ত্র জানে এরূপ। শাস্ত্রজ্ঞ—শাস্ত্র শব্দ—জ্ঞা (জানা)+ক কর্ত্তৃবা; শাস্ত্রতত্ত্বজ্ঞ—শাস্ত্রের তত্ত্ব শাস্ত্রতত্ত্ব, ৬ষ্ঠীতৎ, তদুত্তরে জ্ঞা+ক কর্ত্তৃবা; শাস্ত্রবিদ্—শাস্ত্র শব্দ—বিদ্ (জানা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বিণ।

শাস্ত্রজ্ঞান—শাস্ত্রবিষয়ে অভিজ্ঞতা, শাস্ত্র জানা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শাস্ত্রদর্শী (—**দর্শিন্**)—শাস্ত্রজ্ঞ, শাস্ত্রজ্ঞানসম্পন্ন, শাস্ত্রবিষয়ে পণ্ডিত। শাস্ত্র—দৃশ্ (দেখা)+ণিন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্শিনী।

শাস্ত্রপ্রণেতা (—**তৃ**)—শাস্ত্রপ্রণয়নকর্ত্তা, শাস্ত্রগ্রন্থলেখক। ৬ষ্ঠীতৎ। বিণ।

শাস্ত্রবিৎ—শাস্ত্রজ্ঞ দ্রঃ। [পুং।

শাস্ত্রবিধি—শাস্ত্রের বিধান। ৬ষ্ঠীতৎ। বি;

শাস্ত্রবিশারদ—শাস্ত্রপারদর্শী, শাস্ত্রজ্ঞানী। ৭মীতৎ। বিণ।

শাস্ত্রবিহিত—শাস্ত্রদ্বারা নির্দ্ধারিত, শাস্ত্রের বিধানমত। ৩য়াতৎ। বিণ। [স্ত্রী।

শাস্ত্রব্যাখ্যা—শাস্ত্রার্থকথন। ৬ষ্ঠীতৎ। বি;

শাস্ত্রসঙ্গ(ংগ)ত—শাস্ত্রের অবিরোধী, শাস্ত্রসম্মত। ৩য়াতৎ। বিণ। [তৎ। বিণ।

শাস্ত্রসম্মত—শাস্ত্রকথিত, শাস্ত্রনির্দ্দিষ্ট। ৩য়া-

শাস্ত্রহীন—শাস্ত্রবর্জ্জিত; শাস্ত্রজ্ঞানশূন্য; অশাস্ত্রীয়। ৩য়াতৎ। বিণ।

শাস্ত্রানুমোদিত—শাস্ত্রসম্মত, শাস্ত্রে আদিষ্ট, শাস্ত্রবিহিত। ৩য়াতৎ। বিণ।

শাস্ত্রানুশীলন—শাস্ত্রচর্চ্চা, শাস্ত্রজ্ঞানের আলোচনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শাস্ত্রালাপ—শাস্ত্রবিষয়ক কথোপকথন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শাস্ত্রালোচনা—শাস্ত্রচর্চ্চা, শাস্ত্রের অনুশীলন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শাস্ত্রী (**শাস্ত্রিন্**)—১। শাস্ত্রপারদর্শী, অশেষ শাস্ত্রাধ্যাপক; শাস্ত্রমর্ম্মজ্ঞ। শাস্ত্র+ইন্ জ্ঞাতার্থে। বিণ। ২। পণ্ডিতের উপাধিবিশেষ। বি; পুং।

শাস্ত্রীয়—শাস্ত্রসিদ্ধ, শাস্ত্রসম্মত। শাস্ত্র শব্দ+ঈয়। বিণ। স্ত্রী,—য়া।

শাহ—রাজা, সুলতান। ফার্সী। বি।

শাহজাদা—রাজপুত্র, কুমার। ফার্সী। বি; পুং।

শাহজাদী—রাজকন্যা, কুমারী। ফার্সী। বি ; স্ত্রী।

শাহাদৎ—সাক্ষ্য। আর্বী। বি।

শাহান্‌শাহ্—রাজাধিরাজ, সম্রাট্, রাজচক্রবর্ত্তী। ফার্সী। বি।

শিউরান—শিহরিয়া উঠা, রোমাঞ্চিত বা কম্পিত হওয়া। বাং ক্রি।

শিউলি, সিউলি—শেফালিকা পুষ্প। 'শেফালী' শব্দজ। বি।

শিং, শিঙ—শৃঙ্গ। 'শৃঙ্গ' শব্দজ। বি।

শিংশপা—শিশুগাছ। শীর্ষ—পা+ক কর্ত্তৃবা +আপ। বি ; স্ত্রী। [বি।

শিক—লৌহদণ্ড, লৌহশলাকা, গজ। ফার্সী।

শিককাবাব—শিকে বিঁধাইয়া ঝলসান মাংস। ফার্সী। বি।

শিকড়, শেকড়—মূল, জড়। দেশজ। বি।

শিকদার—মুসলমান আমলের শান্তিরক্ষক কর্ম্মচারী ; উপাধিবিশেষ। ফার্সী। বি।

শিকনি—নাসিকামল। 'শিঙ্ঘান' শব্দজ। বি। [বি।

শিকরা, শিকরেল—বাজপাখী। দেশজ।

শিকল, শেকল—শৃঙ্খল, জিঞ্জীর। 'শৃঙ্খল' শব্দজ। বি।

শিকা, শিকে—দড়ির ঝুলান আলনা। 'শিক্য' শব্দজ। বি। [ফার্সী। বি।

শিকার—মৃগয়া ; মৃগিত প্রাণী, বধ্য জন্তু।

শিকারী—যে শিকার করে। শিকার+ঈ। বি বা বিণ।

শিকে—শিকা দ্রঃ। [বি।

শিক্‌নি—নাকের শ্লেষ্মা। 'শিঙ্ঘান' শব্দজ।

শিক্য—দড়ির শিকা। শক্ (পারা)+ণ্যৎ, নিপাতনে। বি ; ক্লীব।

শিক্ষক—শিক্ষাদাতা ; অধ্যাপক ; শিক্ষাগুরু ; শাস্তা, শাসনকর্ত্তা। ণিজন্ত শিক্ষ্—শিক্ষি (শিখান)+ণক কর্ত্তৃবা। বিণ বা বি ; পুং।

শিক্ষকতা—মাষ্টারি। শিক্ষক+তা কর্ম্মার্থে। বি ; স্ত্রী।

শিক্ষণ—১। শিক্ষা, শিখা ; অধ্যয়ন ; অভ্যাস। শিক্ষ্ (শিখা)+অনট্ ভাববা। ২। শিখান ; অধ্যাপন, পড়ান ; দমন, শাসন। শিক্ষি (শিখান)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

শিক্ষণীয়—১। শিখিবার যোগ্য ; যাহা শিখিতে হইবে বা শিখা উচিত। শিক্ষ (শিখা)+অনীয় কর্ম্মবা। ২। শিখাইবার যোগ্য ; যাহাকে বা যাহা শিখাইতে হইবে। শিক্ষি (শিখান)+অনীয় কর্ম্মবা। বিণ।

শিক্ষয়িতা (—তৃ)—শিক্ষক, শিক্ষাদাতা ; অধ্যাপক। ণিজন্ত শিক্ষ্ বা শিক্ষি (শিখান) +তৃন্ কর্ত্তৃবা। বি বা বিণ ; পুং। স্ত্রী, —ত্রী।

শিক্ষা—১। শিখা ; অধ্যয়ন ; অভ্যাস ; উপদেশ ; আক্কেল ; দণ্ড ; দমন, শাসন। শিক্ষ+অ ভাববা+আপ। ২। উচ্চারণ-বোধক বেদাঙ্গ গ্রন্থবিশেষ। শিক্ষ+অ করণবা+আপ। বি ; স্ত্রী।

শিক্ষাকেন্দ্র—বিশ্ববিদ্যালয় ; চারিদিক হইতে সমাগত লোকের শিক্ষালাভের স্থান। ৬ষ্ঠী-তৎ। বি ; ক্লীব।

শিক্ষাগুরু—শিক্ষক, উপদেষ্টা, উপাধ্যায়, অধ্যাপক। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

শিক্ষাদাতা (—দাতৃ)—শিক্ষক, অধ্যাপক, উপদেষ্টা। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —ত্রী।

শিক্ষাদীক্ষা—অধ্যয়ন ও মন্ত্রগ্রহণ ; অভ্যাস ও সংস্কার। দ্বন্দ্ব। বি ; স্ত্রী।

শিক্ষানৈপুণ্য—শিক্ষাবিষয়ে পটুতা ; দক্ষতা ; অভ্যাসনিপুণতা। ৭মীতৎ। বি ; ক্লীব।

শিক্ষাপ্রণালী—শিক্ষার রীতি, অধ্যয়নের পদ্ধতি, অভ্যাসের রীতি। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

শিক্ষাপ্রদ—শিক্ষাদায়ক, জ্ঞানজনক। উপতৎ। শিক্ষা—প্র—দা+ক কর্ত্তৃবা। বিণ।

শিক্ষাবিভাগ—শিক্ষাবিধায়ক বিভাগ, যে বিভাগে শিক্ষাবিষয়ক আলোচনা হইয়া থাকে। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

শিক্ষাবিস্তার—বিদ্যাচর্চ্চার প্রসার, সর্ব্বত্র বিদ্যার আলোচনা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

শিক্ষাব্রতী (–ত্তিন্)—যিনি শিক্ষা বা শিক্ষাদানকে জীবনের পবিত্র কর্তব্যরূপে গ্রহণ করিয়াছেন। শিক্ষাই ব্রত, কর্ম্মধা+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,–ত্তিনী।

শিক্ষার্থী (–র্থিন্)—শিক্ষালাভেচ্ছু; পাঠার্থী; উপদেশপ্রার্থী। শিক্ষা–অর্থ্+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,–র্থিনী।

শিক্ষাসচিব—শিক্ষাবিষয়ে ভারপ্রাপ্ত মন্ত্রী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শিক্ষিত—শিক্ষাপ্রাপ্ত; বিদ্বান্, কৃতবিদ্য; বশ্য; বিনীত; দক্ষ; যাহা শেখা হইয়াছে। শিক্ষ্ (শিখা)+ক্ত কর্ম্মবা, অথবা শিক্ষা শব্দ +ইতচ্ যুক্তার্থে। বিণ। স্ত্রী,–তা।

শিখ—পঞ্জাবদেশীয় জাতিবিশেষ, ইহারা গুরু নানকের মতাবলম্বী; গুরু গোবিন্দ সিংহের শিষ্য-সম্প্রদায়। 'শিষ্য' শব্দজ। বি।

শিখণ্ড, শিখণ্ডক, –ণ্ডিক—কাকপক্ষ, জুল্‌পি; শিখা, চূড়া; ময়ূর-পুচ্ছ। শিখিন্ শব্দ (শিখী, ময়ূর)–অম্ (গমন করা)+ড কর্তৃবা, পক্ষে তদুত্তরে কন্, ইক স্বার্থে। বি; পুং।

শিখণ্ডী (**শিখণ্ডিন্**)—১। শিখণ্ডবিশিষ্ট। শিখণ্ড+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী, –ণ্ডিনী। ২। ময়ূর; কুক্কুট; বাণ; দ্রুপদ-রাজার পুত্র। বি; পুং।

শিখর—পর্ব্বত-শৃঙ্গ; বৃক্ষাগ্র; শুষ্কতৃণ; পুলক, রোমাঞ্চ; পক্বদাড়িম্ববীজবৎ আভাযুক্ত রত্ন। শিখা (চূড়া)+র অস্ত্যর্থে। বি; ক্লীব বা পুং।

শিখরদশনা—পক্বদাড়িম্ববীজবৎ আভাযুক্ত রত্নের ন্যায় দন্তবিশিষ্টা। শিখরসদৃশ দশন যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বিণ; স্ত্রী।

শিখরবাসিনী—পার্ব্বতী, দুর্গা। উপতৎ। শিখর–বস্+ণিন্ কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

শিখরী (**শিখরিন্**)—১। শিখরযুক্ত; অগ্রভাগযুক্ত। বিণ। স্ত্রী,–রিণী। ২। পর্ব্বত; বৃক্ষ। শিখর+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

শিখা—১। চূড়া; অগ্রভাগ; শিখিমৌলি; কেশপাশ; টিকি, চৈতন; পদাগ্র; শাখা; শিকা; প্রধান; জ্বালা, আগুনের শীষ। শী (শয়ন করা)+খক্ কর্তৃবা+আপ্। বি; স্ত্রী। ২। শিক্ষা করা, অভ্যাস করা। 'শিক্ষ্' ধাতুজ। বাং ক্রি।

শিখান—১। শিক্ষা করান, শিক্ষা দেওয়া, অভ্যস্ত করান। বাং ক্রি। ২। যাহা অভ্যাস করান বা বলিয়া দেওয়া হইয়াছে। শিখা+ন কর্ম্মবা। বিণ।

শিখিধ্বজ—১। কার্ত্তিকেয়। শিখী (ময়ূর) হইয়াছে ধ্বজ (চিহ্ন) যাঁহার, বহুব্রী। ২। ধূম, ধোঁয়া। শিখীর (অগ্নির) ধ্বজ (চিহ্ন), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শিখী (**শিখিন্**)—১। শিখাযুক্ত। শিখা+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী,–খিনী। ২। ময়ূর; কুক্কুট; অগ্নি; বলীবর্দ্দ, বলদ; অশ্ব; পর্ব্বত; বৃক্ষ; বাণ; ব্রাহ্মণ; কেতুগ্রহ। বি; পুং।

শিঙ—শিং (তাহা দ্রঃ)।

শিঙা, শিঙ্গা—ফুৎকার দ্বারা বাজাইবার একপ্রকার বাদ্যযন্ত্র, বাদ্যশৃঙ্গ, ভেঁপু। 'শৃঙ্গ' শব্দজ। বি। **শিঙা ফুঁকা**—(বিদ্রূপে) মারা যাওয়া।

শিঙাড়া, শিঙ্গাড়া—পানিফল; পানিফল আকারের গোল আলু প্রভৃতির পুর-দেওয়া ঘৃতপক্ব ময়দার খাদ্যবিশেষ। 'শৃঙ্গাট' শব্দজ। বি।

শিঙার, শিঙ্গার—উজ্জ্বলবেশ; রাত্রিবেশ; রমণ। 'শৃঙ্গার' শব্দজ। বি।

শিঙি, শিঙ্গি, শিঙ্গী—অশল্কী মাগুর মৎস্যের ন্যায় মৎস্যবিশেষ। 'শৃঙ্গী' শব্দজ। বি।

শিঙ্ঘাণ—লৌহমল, লোহার মরিচা; কাচ-পাত্র; নাসামল, নাকের পোঁটা, শিক্‌নি। শিঙ্ঘ্ (আঘ্রাণ করা)+আন কর্ম্মবা। বি; ক্লীব।

শিঞ্জিত—১। অব্যক্ত ধ্বনি; ভূষণধ্বনি গহনার শব্দ। শিন্‌জ্ (অব্যক্ত ধ্বনি করা)+ক

ভাববা। ২। জ্যা, ধনুর্গুণ। শিঞ্জা শব্দ+ইতচ্ যুক্তার্থে। বি; ক্লীব।

শিঞ্জিনী—১। অব্যক্তধ্বনিকারিণী। শিনজ্ (অব্যক্ত ধ্বনি করা)+ণিন্ কর্ত্তৃবা+ঈপ্। বিণ; স্ত্রী। ২। ধনুর্গুণ; নূপুর; আঙ্‌টা। বি; স্ত্রী।

শিটা, শিটে—ছিবড়া, তলানি, কিট্ট, গাদ। 'শিষ্ট' শব্দজ। বি। [দেশজ। বি।

শিটি, সিটি—শিস, বংশীধ্বনি (Whistle).

শিত—তীক্ষ্ণীকৃত, শাণিত; তীক্ষ্ণ; ক্ষীণ; কৃশ, দুর্ব্বল। শি বা শো (তীক্ষ্ণ করা)+ক্ত কর্ম্মবা। বি। স্ত্রী, শিতা।

শিতান—বালিস। 'শিরস্ত্রাণ' শব্দজ। বি।

শিতিকণ্ঠ—শিব, মহাদেব; ময়ূর; দাত্যূহ পক্ষী, ডাহুক পাখী। শিতি (কৃষ্ণবর্ণ) হইয়াছে কণ্ঠ যাহার, বহুব্রী। বি; পুং।

শিথান—মাথার বালিশ; শিয়র। 'শিরঃস্থান' শব্দজ। বি।

শিথিল—শ্লথ, ঢিলা, আল্‌গা; ক্ষীণ; দুর্ব্বল; ক্লান্ত; অলস। শ্লথ্ (দুর্ব্বল হওয়া)+কিলচ্ কর্ত্তৃবা (উণাদি প্রত্যয়)। বিণ।

শিথিলতা—শ্লথভাব; ক্ষীণতা। শিথিল+তা ভাবার্থে। বি; স্ত্রী।

শিন্নি—শিরণি (তাহা দ্রঃ)।

শিপ্রা—নদীবিশেষ, ইহা উজ্জয়িনী নগরীর নিম্ন দিয়া প্রবাহিতা। শি (তীক্ষ্ণ করা)+রক কর্ত্তৃবা+আপ্, নিপাতনে। বি; স্ত্রী।

শিব—১। শঙ্কর, মহাদেব; বেদ; যোগবিশেষ; মোক্ষ; পারদ; কীলক, পশুবন্ধনস্তম্ভ; বালুক; দেব; লিঙ্গ। শী (শয়ন করা)+বন্ অধিবা। বি; পুং। ২। শুভ, মঙ্গল; সুখ; জল; সৈন্ধব; সমুদ্রলবণ; শ্বেত টঙ্কণ। বি; ক্লীব। ৩। শুভদ, মঙ্গলজনক; সুখদ; রম্য। শিব+অচ্ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী, শিবা।

শিবচতুর্দ্দ(র্দ)শী—ফাল্গুন মাসের কৃষ্ণচতুর্দ্দশী। শিবপ্রিয়া যে চতুর্দ্দশী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

শিবত্ব—শিবসাযুজ্য, শিবের পদ। শিব+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

শিবপুরী—বারাণসী, কাশী। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শিবরাত্রি—ফাল্গুন মাসের কৃষ্ণচতুর্দ্দশী রাত্রি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শিবলিঙ্গ(ঙ্গ)—মহাদেবের প্রস্তরমৃত্তিকাদিময় লিঙ্গমূর্ত্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শিবা—১। শুভদা, ইত্যাদি। শিব+আপ্। বিণ; স্ত্রী। ২। শিবানী, পার্ব্বতী, দুর্গা; শৃগালী; হরীতকী; আমলকী; দূর্ব্বা; শমী; নদীবিশেষ। শী (শয়ন করা)+বন্ অধিবা +আপ্। বি; স্ত্রী।

শিবানী—ভবানী, শঙ্করী, দুর্গা। শিব+ঈপ্ পত্নী অর্থে; অথবা শিব শব্দ—অন্+ণিচ্ +অণ্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

শিবালয়—১। শিবমন্দির; শিবের গৃহ; রক্ততুলসী। শিবের আলয়, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। শ্মশান। বি; ক্লীব।

শিবি—হিংস্র জন্তু; ভূর্জপত্র বৃক্ষ; দেশবিশেষ; পুরাকালীন জনক মহাভক্ত রাজা। শি+বি কর্ত্তৃবা। বি; পুং।

শিবিকা—যানবিশেষ, পাল্কী, ডুলী। শিব+ণিচ্ (=শিবি, নামধাতু)+ণক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

শিবির—সেনানিবেশ, ছাউনি; পটাবাস, তাঁবু। শী+কিরচ্ অধিবা। বি; ক্লীব।

শিবিরসন্নিবেশ—ছাউনি ফেলা। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি।

শিম—স্বনামখ্যাত তরকারি। 'শিম্ব' শব্দজ।

শিমুল, শিমুল—স্বনামখ্যাত বৃক্ষবিশেষ। 'শাল্মলী' শব্দজ। বি।

শিম্ব, শিম্বা—শিমগাছ; শিম। শম্ (শান্ত হওয়া)+ডিম্বচ্ কর্ত্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে আপ্। বি; পুং, স্ত্রী।

শিম্বি, শিম্বিকা, শিম্বী—শিমগাছ; শিম। শম্+বি কর্ত্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে কন্+আপ, ৩য় পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

শিয়র—শয্যার শিরঃস্থান, শয়ান ব্যক্তির মাথার দিক্। 'শিখর' শব্দজ। বি।

শিয়া—মুসলমান সম্প্রদায় বা শ্রেণীবিশেষ। আর্বী। বি।

শিয়ান, শেয়ান, শিয়ানা, শেয়ানা—চতুর, চালাক, ধূর্ত্ত; বয়ঃপ্রাপ্ত; শক্তিমান্। দেশজ। বিণ।

শিয়াল, শেয়াল—শৃগাল, জম্বুক। 'শৃগাল' [শব্দজ। বি।

শির—১। শিরঃ (সকল অর্থে)। শ্রি (সেবা করা)+ক কর্ম্মবা। বি; ক্লীব। ২। শিরা, নাড়ী; অস্থিবন্ধনী; উচ্চ রেখা বা দাগ (পত্রাদির)। 'শিরা' শব্দজ। বি।

শিরঃ (শিরস্), শির—মস্তক; অগ্রভাগ; বৃক্ষাগ্র; সৈন্যের অগ্রবর্ত্তিদল; অধ্যক্ষ। শ্রি (সেবা করা)+অস্ কর্ম্মবা। বি; ক্লীব।

শিরকস্তা—যে নিজের জমি নিজে জোত বা চাষ করে, পাইকস্তা নহে। ফার্সী 'সর্কাশ্ৎ' শব্দজ। বি বা বিণ।

শিরজ—কেশ, মাথার চুল। শির (মস্তক) —জন্ (জন্মা)+ড কর্ত্তৃবা। বি; পুং।

শিরনি, শিরণী, শিরিনি, শিরিণী, শির্নি, শির্ণী—মুসলমান পীরের দরগায় ও হিন্দুর সত্যনারায়ণের উদ্দেশ্যে নিবেদিত মিষ্টান্ন, অথবা আটা দুধ কলা চিনি বা গুড়—এই সকল দ্রব্যের মিশ্রণ। ফার্সী 'শিরীণী' শব্দজ। বি।

শিরদাঁড়া—মেরুদণ্ড। দেশজ। বি।

শিরনাম, -নামা, শিরোনাম—পত্রের উপরিভাগে লিখিত নাম ও ঠিকানা। ৬ষ্ঠীতৎ। ফার্সী 'সরনামহ্' শব্দজ। বি।

শিরপা—১। বক্‌শিস্। ফার্সী 'সর-ও পা' শব্দজ। ২। ঘোড়ার সামনের পা তোলা। 'শিরঃপদ' শব্দজ। বি।

শিরপেচ—শিরস্ত্রাণ, পাগড়িবিশেষ। ফার্সী 'সর্‌পেচ' শব্দজ। বি।

শিরসিজ—কেশ, মাথার চুল। অলুক্ উপতৎ। শিরসি (মস্তকে)—জন্ (জন্মা)+ড কর্ত্তৃবা। বি; পুং।

শিরস্ক—শিরস্ত্রাণ, উষ্ণীষ, পাগড়ি, টুপি। শিরস্—কৈ (দীপ্তি পাওয়া)+ড কর্ত্তৃবা। বি; ক্লীব।

শিরস্ত্র, শিরস্ত্রাণ—উষ্ণীষ, শিরস্ক, পাগড়ি, টুপি। শিরস্—ত্রৈ+ক, অন কর্ত্তৃবা। বি; ক্লীব।

শিরা—শরীর-মধ্যস্থ শোণিতপ্রবাহের নালী, ধমনী, শির, নাড়ী; পত্রাদির মধ্যরেখা। শৄ (বধ করা)+ক কর্ম্মবা +আপ্। বি; স্ত্রী।

শিরাল—শিরাবিশিষ্ট। শিরা+ল যুক্তার্থে। বিণ। স্ত্রী, —লা। [দেশজ। বি।

শিরালা—শিরা, শির; লাঙ্গলপদ্ধতি।

শিরিষ, শিরিস—চর্ম্মশৃঙ্গাদি সিদ্ধ করিয়া গলাইয়া প্রস্তুত একপ্রকার আঠাল বস্তু। ফার্সী 'সরেশ' শব্দজ। বি।

শিরীষ—১। বৃক্ষবিশেষ। শৄ (বধ করা) +ঈষন্ কর্ম্মবা। বি; পুং। ২। তাহার পুষ্প। শিরীষ+অণ্ তদ্ভবার্থে। বি; ক্লীব।

শিরোদেশ—মস্তকদেশ, মাথা; অগ্রভাগ। কর্ম্মধা। বি; পুং।

শিরোধার্য্য(র্য)—মস্তকে ধারণীয়; অবশ্য পালনীয়; সাতিশয় মান্য। শিরসি (মস্তকে) বা শিরঃ দ্বারা ধার্য্য, ৭মীতৎ বা ৩য়াতৎ। বিণ।

শিরোনাম—শিরনাম দ্রঃ।

শিরোপা—১। উষ্ণীষ, পাগড়ি। শিরস্ শব্দ—পা (রক্ষা করা)+ক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী। ২। পারিতোষিক, পুরস্কার, ইনাম, বক্‌শিস। ফার্সী 'সর-ও-পা' শব্দজ। বি।

শিরোবেষ্ট, -বেষ্টন—শিরস্ক, উষ্ণীষ, পাগড়ি। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

শিরোভাগ—মস্তকদেশ; অগ্রভাগ। শিরঃই যে ভাগ, কর্ম্মধা। বি; পুং।

শিরোমণি—শিরোরত্ন, মস্তকস্থ রত্ন-ভূষণ; পণ্ডিতের উপাধিবিশেষ; (অন্য শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শিরোরত্ন—শিরোমণি, মস্তকস্থ রত্ন;

পণ্ডিতের উপাধিবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শিরোরুহ—মূর্দ্ধজ, কেশ, মাথার চুল। শিরস্ (মস্তক)—রুহ্ (জন্মা)+ক কর্ত্তৃবা। বি; পুং।

শিল—ঘনোপল, করকা; পেষণ প্রস্তর, মসলাদি পিষিবার পাথর; শাণ পাথর। 'শিলা' শব্দজ। বি।

শিলা—পাষাণ, প্রস্তর; দ্বারের নিম্নস্থ কাষ্ঠখণ্ড, গোবরাট; খুঁটি বা থামের মাথা; পাইড়; শিল, করকা। শিল্+ক কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

শিলাজ, –জতু—শৈলেয় নামক গন্ধ-দ্রব্যবিশেষ (ঔষধ)। শিলা—জন্+ড কর্ত্তৃবা। শিলাজাত জতু, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শিলাতল—প্রস্তরের উপরিভাগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শিলাদিত্য—জনৈক নৃপ। শিলে (উঞ্ছ-বৃত্তিতে) আদিত্য প্রায়, উপমিত কর্ম্মধা। বি; পুং।

শিলাধাতু—খড়ি; পীতবর্ণ গিরিমাটী। শিলাজাত যে ধাতু, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

শিলাপট্ট—গন্ধাদি পেষণ প্রস্তর, চন্দন-পিঁড়ি, শিল প্রভৃতি। শিলাময় যে পট্ট, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

শিলাপুত্র—শিলের নোড়া, পুতো; ক্ষুদ্র প্রস্তর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শিলাবৃষ্টি—করকাপাত, আকাশ হইতে শিল পড়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শিলারস—গন্ধদ্রব্যবিশেষ, বৃক্ষবিশেষের নির্য্যাস। 'শিহ্লরস' শব্দজ। বি।

শিলালিপি—প্রস্তরাদিতে ক্ষোদিত অক্ষর। ৭মীতৎ। বি; স্ত্রী।

শিলীমুখ—ভ্রমর; শর, বাণ; যুদ্ধ। শিলী (শল্য অর্থাৎ হুল) আছে মুখে যাহার, বহুব্রী। বি; পুং।

শিলোচ্চয়—পর্ব্বত; পর্ব্বতচূড়া। শিলার (প্রস্তরের) উচ্চয় (রাশি), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শিল্প—১। বস্তুনির্ম্মাণাদি কার্য্য, কারিকরি। শিল্+প ভাববা। ২। বাদ্য, নৃত্য, গীতাদি। শিল্+প কর্ম্মবা। বি; ক্লীব।

শিল্পকার, –কারী (–কারিন্)—শিল্পী, চিত্রাদি বা বস্তুনির্ম্মাণাদি কর্ম্মকারী, কারিকর। শিল্প শব্দ—কৃ (করা)+ষণ্, ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী, –রী, –রিণী।

শিল্পকার্য্য(র্য)—চিত্রাদি অঙ্কন বা বস্তুনির্ম্মাণ কার্য্য। শিল্পই কার্য্য, কর্ম্মধা। বি; ক্লীব।

শিল্পকুশল—শিল্পকার্য্যে দক্ষ, শিল্পনিপুণ। ৭মীতৎ। বিণ; ত্রি। স্ত্রী, –লা।

শিল্পকৌশল—শিল্পদক্ষতা, শিল্পকার্য্যে চাতুরী। ৬ষ্ঠীতৎ বা ৭মীতৎ। বি; ক্লীব।

শিল্পজীবী (–বিন্)—কারিকর। শিল্প—জীব্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –বিনী।

শিল্পবিদ্যা—চিত্রাদি অঙ্কনবিদ্যা, বস্তুনির্ম্মাণ-বিদ্যা। শিল্পবিষয়িণী বিদ্যা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

শিল্পশালা—বস্তুনির্ম্মাণ-গৃহ, স্বর্ণকারাদির দোকানঘর, কারখানা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শিল্পালয়—কারিকরি শিখিবার বিদ্যালয়। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

শিল্পী (শিল্পিন্)—শিল্পকার, চিত্রাদি বা বস্তুনির্ম্মাণাদি কর্ম্মকারী, কলাকুশল, কারি-কর। শিল্প শব্দ+ইন্ কুশলার্থে। বিণ, পুং। স্ত্রী, –ল্পিনী।

শিশমহল—কাচের ঘর। ফার্সী। বি।

শিশা—কাচ। ফার্সী। বি।

শিশি, শিশী—ক্ষুদ্র কাচপাত্রবিশেষ, ছোট বোতল। ফার্সী। বি।

শিশির—১। হিম, তুষার। বি; পুং। ২। শীতকাল, মাঘ ফাল্গুন মাস। বি; ক্লীব। শশ্ (প্লুত গমন করা)+কিরচ্ অধিবা। বিণ।

শিশিরসিক্ত, –স্নাত—হিমধারা অভি-ষিক্ত, শিশিরধৌত। ৩য়াতৎ। বিণ।

শিশু—১। শাবক; ১৬ বৎসরের অনধিক

বয়স্ক বালক। শিশ্ (গমন করা) বা শো (তীক্ষ্ণ করা)+কু কর্ত্তৃবা। বি ; পুং। ২। শিংশপাগাছ বা তাহার কাঠ। 'শিংশপা' শব্দজ। ৩। একপ্রকার জলজীব। 'শুশুক' শব্দজ। বি। [বি ; পুং।

শিশুকাল—বাল্যকাল, শৈশব। ৬ষ্ঠীতৎ।

শিশুপাল—চেদিবংশীয় নৃপবিশেষ, শ্রীকৃষ্ণ কর্ত্তৃক হত হন। শিশু—পালি+অন্ কর্ত্তৃবা। বি ; পুং।

শিশুমার—জলজন্তুবিশেষ, জলকপি, শুশুক ; তারকাচক্রবিশেষ। শিশু—শিশ্নস্ত মৃ (= মারি)+অণ্ কর্ত্তৃবা। বি ; পুং।

শিশুসাহিত্য—শিশুদের উপযোগী গল্প প্রবন্ধ কবিতাদি। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

শিশ্ন—পুরুষোপস্থ, মেঢ্র, লিঙ্গ, পুরুষাঙ্গ। শশ্ +নক্ কর্ত্তৃবা, নিপাতনে। বি ; পুং।

শিশ্নোদরপরায়ণ—ভোগাসক্ত, ইন্দ্রিয়-পরতন্ত্র, কামুক ও পেটুক। শিশ্ন ও উদর, দ্বন্দ্ব ; শিশ্নোদর হইয়াছে পর (প্রধান) অয়ন যাহার, বহুব্রী। বিণ ; ত্রি।

শিষ্, শীষ্—অগ্নিশিখা, ধান্যাদির মঞ্জরী। 'শীর্ষ' শব্দজ। বি।

শিষ্ট—১। শান্ত ; ধীর ; সুশীল ; বশতাপন্ন ; শিক্ষিত ; মার্জ্জিত ; নীতিজ্ঞ। শাস্ (শাসন করা)+ক্ত কর্ম্মবা। ২। অবশিষ্ট। শিষ্ (বাকি থাকা)+ক্ত কর্ত্তৃবা। বিণ ; ত্রি। স্ত্রী, শিষ্টা।

শিষ্টতা, -ত্ব—শিষ্টের ধর্ম্ম, নম্রতাদি গুণ। শিষ্ট+তা, ত্ব ভাবার্থে। বি ; যথাক্রমে স্ত্রী ও ক্লীব। [আচার, কর্ম্মধা। বি ; পুং।

শিষ্টাচার—ভদ্রব্যবহার, ভদ্রতা। শিষ্ট যে

শিষ্য—১। শাসনীয় ; উপদেশ্য ; শিক্ষণীয়। শাস্ (শাসন করা)+ক্যপ্ কর্ম্মবা। বিণ ; ত্রি। স্ত্রী, শিষ্যা। ২। অন্তেবাসী, ছাত্র ; যাহাকে ইষ্টমন্ত্র দেওয়া যায় ; চেলা। বি ; পুং।

শিস্, শীস্—অধরোষ্ঠ সরু করিয়া জিহ্বা-সহযোগে উচ্চারিত বংশীধ্বনিবৎ শব্দ, হিস্ হিস্ শব্দ। দেশজ। বি।

শিহরণ—রোমাঞ্চ, রোমহর্ষণ, কম্পন। দেশজ। বি।

শিহরা, শিহরান—রোমাঞ্চিত বা কম্পিত হওয়া, চমকাইয়া উঠা, শিউরে উঠা। বাং ক্রি।

শিহরিত—রোমাঞ্চিত। দেশজ। বিণ।

শিহালা—শেওলা। প্রাঃ কবিপ্র। বি।

শীকর—বায়ুবাহিত জলবিন্দু ; জলকণা ; শরল বৃক্ষ। শীক্ (সেক করা)+অর কর্ত্তৃবা। বি ; পুং।

শীগ্‌গির—দ্রুত। 'শীঘ্র' শব্দজ। ক্রি-বিণ।

শীঘ্র—১। অবিলম্ব, ত্বরা। শিন্ঘ্ (আঘ্রাণ করা)+রক্ ভাববা। বি ; ক্লীব। ২। ত্বরিত, দ্রুত। শিন্ঘ্+রক্ কর্ত্তৃবা। বিণ। ৩। অবিলম্বে, ত্বরান্বিত হইয়া। ক্রি-বিণ।

শীঘ্রগতি—১। দ্রুতগমন ; গ্রহের গতি-বিশেষ। কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। দ্রুতগতি-সম্পন্ন, দ্রুতগামী। শীঘ্র (দ্রুত) হইয়াছে গতি যাহার, বহুব্রী। বিণ ; ত্রি।

শীঘ্রগামী (-গামিন্)—দ্রুতগমনকারী, ক্ষিপ্রগামী। শীঘ্র—গম্ (যাওয়া)+ণিন্ কর্ত্তৃবা। বিণ ; পুং। স্ত্রী, —মিনী।

শীটি—শিস দিবার যন্ত্র, বাঁশী। হিন্দী। বি।

শীত—১। শীতল, ঠাণ্ডা ; জড়। শ্যৈ+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, শীতা। ২। শীতলতা, শৈত্য। শীত+অচ্। বি ; ক্লীব। ৩। শীতকাল। [ষড়্ ঋতু দ্রঃ] ; বেতস বৃক্ষ, বেত গাছ। শ্যৈ+ক্ত কর্ম্মবা। বি ; পুং।

শীতকর, -রশ্মি—চন্দ্র, কর্পূর। শীত (শীতল) হইয়াছে কর, রশ্মি (কিরণ) যাহার, বহুব্রী। বি ; পুং।

শীতপ্রধান—অধিক শীতবিশিষ্ট, যেখানে শীতকাল অধিকস্থায়ী ; অতিরিক্ত শীতল। শীত হইয়াছে প্রধান যথায়, বহুব্রী। বিণ ; ত্রি। [কর্ম্মধা। বি ; ক্লীব

শীতবস্ত্র—শীতনিবারক গরম কাপড়। মধ্যপ

শীতরশ্মি—শীতকর দ্রঃ।

শীতল—১। শৈত্যগুণবিশিষ্ট, ঠাণ্ডা ; শান্ত

ধীর, পরিতৃপ্ত। শীত শব্দ—লা (দেওয়া)+ড কর্তৃবা, অথবা শীত শব্দ+ল যুক্তার্থে। বিণ; ত্রি। স্ত্রী,—তলা। ২। চন্দন; মৌক্তিক; শৈলেয়; বেণার মূল, খস্‌খস। বি; ক্লীব। ৩। দেবতা বা ঠাকুরের সায়ংকালীন ভোগ। দেশজ প্রঃ। বি।

শীতলতা—শৈত্য, ঠাণ্ডা ভাব। শীতল+তা ভাবার্থে। বি; স্ত্রী। [কর্মধা। বি।

শীতলপাটি—কোমল ও মসৃণ মাদুরবিশেষ।

শীতলা—১। শৈত্যগুণযুক্তা। শীতল+আপ্‌। বিণ; স্ত্রী। ২। দেবীবিশেষ, বসন্তাদি রোগের দেবতা। বি; স্ত্রী। ৩। শীতল হওয়া, জুড়ান; পাত্র হইতে উন্মোচন করা। কবিপ্র। ক্রি।

শীতাংশু—চন্দ্র; কর্পূর। শীত (শীতল) হইয়াছে অংশু (কিরণ) যাহার, বহুব্রী। বি; পুং।

শীতাগম—শীতকালের আবির্ভাব, শীতের উপস্থিতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শীতাতপ—শীতলতা ও উষ্ণতা, শীত ও রৌদ্র। দ্বন্দ্ব। বি; পুং।

শীতার্ত(র্ত)—শীত-পীড়িত, শীতে কাতর। শীত দ্বারা ঋত (যুক্ত) বা আর্ত (পীড়িত), ৩য়াতৎ। বিণ; ত্রি। স্ত্রী,—র্তা।

শীতালু—শীতার্ত, শীত-পীড়িত। শীত+আলু যুক্তার্থে। বিণ; ত্রি। [বিণ।

শীতোষ্ণ—শীতগ্রীষ্ম, ঠাণ্ডা ও গরম। দ্বন্দ্ব।

শীৎকার, শীৎকৃত,—কৃতি—রতিকালীন শব্দ, অব্যক্ত ধ্বনিবিশেষ, 'ইস্' এই শব্দকরণ। শীত্‌ (অনুকরণ-শব্দ)—কৃ (করা)+ঘঞ্‌, ক্ত, ক্তি ভাববা। বি; পুং, ক্লীব ও স্ত্রী।

শীধু—পক্ব ইক্ষুরসজাত মদ্যবিশেষ; মধু। শী (শয়ন করা)+ধুক করণবা। বি; ক্লীব বা পুং।

শীরিনি(নী)—পীর বা সত্যনারায়ণের পূজার দুধ কলা ময়দা চিনি ইত্যাদি মিশান নৈবেদ্য। ফার্সী। বি।

শীর্ণ—কৃশ; ক্ষীণ; শুষ্ক; ছিন্ন; পতিত। শৃ (বধ করা)+ক্ত কর্তৃবা। বিণ; ত্রি।

শীর্ণকায়—১। ক্ষীণ দেহ, কৃশ শরীর। কর্মধা। বি; পুং। ২। ক্ষীণকায়, কৃশ শরীর-বিশিষ্ট। বহুব্রী। বিণ; ত্রি। স্ত্রী,—য়া।

শীর্ণতা—কৃশতা; ক্ষীণতা; শুষ্কতা। শীর্ণ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

শীর্ণদেহ—১। ক্ষীণ শরীর, কৃশ দেহ। কর্মধা। বি; পুং বা ক্লীব। ২। ক্ষীণকায়, কৃশকায়। বহুব্রী। বিণ; ত্রি। স্ত্রী,—হা।

শীর্ষ—মস্তক, মাথা। শিরস্ শব্দ স্থানে শীর্ষ আদেশ। শিরঃ দ্রঃ। বি; ক্লীব।

শীর্ষক—১। মাথার খুলি; টোপর; পাগড়ি। শীর্ষ+কন্। বি; ক্লীব। ২। শিরো-নামবিশিষ্ট আখ্যাযুক্ত (যেমন 'রাজনীতি-শীর্ষক' রচনাবলী)। বিণ; ত্রি। [ক্লীব।

শীর্ষস্থান—মস্তক, উচ্চ স্থান। ৬ষ্ঠীতৎ। বি;

শীর্ষস্থানীয়—মস্তকস্থানীয়; সর্বপ্রধান। শীর্ষস্থান শব্দ+ঈয়। বিণ; ত্রি।

শীল—১। চরিত্র; স্বভাব; সাধুচরিত্র; উপাধিবিশেষ। শীল্ (অভ্যস্ত হওয়া)+অচ কর্তৃবা। বি; ক্লীব। ২। (অন্য শব্দ সহযোগে) বিশিষ্ট, যুক্ত, পরায়ণ। বিণ। স্ত্রী, শীলা।

শীলতা—ভদ্রতা, শিষ্টতা। 'শ্লীলতা' শব্দজ। বি।

শীলন—অভ্যাস; আলোচনা; প্রবর্তন; পরিদর্শন; অতিশায়ন। শীল্ (অভ্যাস করা) + অনট্ ভাববা। বি; ক্লীব।

শীষ্—শিষ্ দ্রঃ।

শীস্—শিস্ দ্রঃ।

শুঁকা, শুঁখা, শোঁকা, শোঁখা—আঘ্রাণ করা। বাং ক্রি।

শুঁকান, শুঁখান, শোঁকান—আঘ্রাণ করান। বাং ক্রি।

শুঁট্‌কা, শুঁট্‌কো—শুষ্ক ও শীর্ণ। 'শুষ্কবৃত্ত' শব্দজ। বিণ।

শুঁট্‌কী—শুষ্কীকৃত, শুকান ('—মাছ')। 'শুষ্কবৃত্ত' শব্দজ। বিণ।

শুঁটি, শুটি—কলায়াদির সবীজ ফল। দেশজ। বি।

শুঁঠ—শুষ্ক আর্দ্রক। 'শুণ্ঠি' শব্দজ। বি।

শুঁড়—হস্তিশুণ্ড বা তদাকার বস্তু। 'শুণ্ড' শব্দজ। বি।

শুঁড়ী—মদ্যবণিক্। 'শৌণ্ডিক' শব্দজ। বি।

শুঁয়া—ধান্যাদির সূক্ষ্ম অগ্রভাগ; বৃক্ষপত্রাদির সূক্ষ্ম কণ্টক; সূচিবৎ কণ্টকমাত্র। 'শুঙ্গা' বা 'শূক' শব্দজ। বি।

শুঁয়াপোকা—যে পোকার গায়ে অনেক শুঁয়া থাকে। 'শূককীট' শব্দজ। বি।

শুক—পক্ষিবিশেষ, শুয়া বা টিয়াপাখী, তোতা; রাবণ রাক্ষসের মন্ত্রী; বেদব্যাসের পুত্র; বৃক্ষবিশেষ, শিয়ালকাঁটা; শিরীষ বৃক্ষ। শুচ্+কক্ কর্ত্তৃবা। বি; পুং।

শুকতারা—শুক্রগ্রহ। সূর্য্যাস্তের পর পশ্চিমাকাশে ও সূর্য্যোদয়ের পূর্ব্বে পূর্ব্বাকাশে এই গ্রহ উজ্জ্বল তারার মত দেখায় বলিয়া শুকতারা নাম। 'শুক্রতারা' শব্দজ। বি।

শুকন, শুকনা—শুষ্ক, জলশূন্য, নীরস। 'শুষ্ক' শব্দজ। বিণ।

শুকনাস—১। শুকপক্ষিতুল্য নাসিকাবিশিষ্ট। শুকের নাসার ন্যায় নাসা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –সা। ২। রাজা তারাপীড়ের মন্ত্রী। বি; পুং।

শুকা, শুখা—১। শুষ্ক। বিণ। ২। শুষ্ক তামাকপাতা; দোক্তা। বি। হিন্দী। ৩। অনাবৃষ্টি; অনাবৃষ্টিজন্য শস্যহানি। দেশজ। বি।

শুকান, শুখান—শুষ্ক হওয়া বা করা; শীর্ণ হওয়া; উপবাস করা। বাং ক্রি।

শুক্‌টী-মাছ—শুষ্কীকৃত মৎস্য। 'শুষ্কমৎস্য' শব্দজ। বি।

শুক্ত—১। পরিস্রুত; পবিত্র; পর্য্যুষিত বা বিকৃত হওয়ায় অম্লযুক্ত; নিষ্ঠুর; নির্জ্জন। বিণ। স্ত্রী, শুক্তা। ২। শর্কা; মাংস; ঈষৎ তিক্ত বা কষায় রসযুক্ত ব্যঞ্জনবিশেষ। শুচ্+ক্ত কর্ত্তৃবা। বি; ক্লীব।

শুক্তা—শুক্ত-নামক ব্যঞ্জন। শুক্ত+আপ্। বি; স্ত্রী।

শুক্তি—শুক্ততা বা তাহার পরিমাণ। শুক্+তি ভাবে। বি।

শুক্তি, –কা—ঝিনুক; অশ্বের বক্ষঃস্থলে লোমাবলী-কৃত আবর্ত্তত্রয়; কপালখণ্ড; শঙ্খ; চক্ষুরোগবিশেষ। শুচ্ (পবিত্র হওয়া, ইত্যাদি)+ক্তিচ্ কর্ত্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে কন্+আপ্। বি; স্ত্রী।

শুক্র—১। চক্ষুরোগবিশেষ; তেজঃ; শরীরস্থ ধাতুবিশেষ, বীর্য্য। বি; ক্লীব। ২। অগ্নি; জ্যৈষ্ঠমাস; গ্রহবিশেষ; সপ্তাহের বারবিশেষ; শুক্রাচার্য্য (শুক্রাচার্য্য দ্রঃ); যোগবিশেষ। শুচ্+রক্ কর্ত্তৃবা। বি; পুং।

শুক্রবার, –বাসর—শুক্রগ্রহের ভোগ্য-দিবস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শুক্রল—শুক্রযুক্ত; বীর্য্যদায়ক। শুক্র+লচ্ যুক্তার্থে। বিণ।

শুক্রাচার্য্য—দৈত্য-গুরু। শুক্রও যে আচার্য্যও সে, কর্ম্মধা। বি; পুং। ভৃগুমুনির পুত্র বলিয়া ইঁহার অন্য নাম ভৃগুসুত বা ভার্গব। ইঁহার ষণ্ড ও অমর্ক নামে দুই পুত্র এবং দেবযানী নামে এক কন্যা জন্মে। বলিরাজের দানে ব্যাঘাত করায় ইঁহার একটি চক্ষু নষ্ট হয়। এজন্য সাধারণতঃ ইনি 'কাণা শুক্র' নামে খ্যাত।

শুক্ল—১। শ্বেতবর্ণযুক্ত, সাদা; শুদ্ধ, নির্দ্দোষ, পবিত্র। বিণ। স্ত্রী, শুক্লা। ২। শ্বেত বর্ণ, সাদা রঙ্। বি; পুং। ৩। রজত, রৌপ্য; চক্ষুরোগবিশেষ; নবনীত। শুচ্+রন্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

শুক্লতিথি, –পক্ষ—অমাবস্যার পরবর্ত্তী প্রতিপৎ হইতে পূর্ণিমা পর্য্যন্ত ১৫ তিথি। কর্ম্মধা। বি; স্ত্রী ও পুং।

শুক্লা—১। শ্বেতবর্ণা, শুভ্রা, ইত্যাদি। বিণ; স্ত্রী। ২। শর্করা; সরস্বতী। শুক্ল+আপ্। বি; স্ত্রী। [বিণ।

শুখ্‌ন, শুখ্‌না—শুষ্ক। 'শুষ্ক' শব্দজ।

শুখা—শুকা দ্রঃ।

শুখান—শুকান দ্রঃ।

শুঙ্গ(ংগ)—বট গাছ; আমড়া গাছ; শূক, শুঁয়া। শম্+গ কর্তৃবা, নিপাতনে। বি; পুং। [আপ্। বি; স্ত্রী।

শুঙ্গা(ংগা)—ধান্যাদির শুঁয়া। শুঙ্গ+

শুচি—১। পবিত্র; শুদ্ধ, নির্দ্দোষ; নির্ম্মল; অনুপহত; শুক্ল, শুভ্র, সাদা; অনুকূল। বিণ। ২। অগ্নি; গ্রীষ্ম; শুদ্ধ মন্ত্রী; জ্যৈষ্ঠ; আষাঢ়; শুক্লবর্ণ, সাদা রঙ্; সদাচার; শৃঙ্গার রস। শুচ্ (পবিত্র হওয়া, ইত্যাদি)+কি কর্তৃবা। বি; পুং।

শুচিতা—পবিত্রতা; বিশুদ্ধতা; নির্দ্দোষতা; নির্ম্মলতা। শুচি+তা ভাবার্থে। বি; স্ত্রী।

শুচিবাই—ছুঁচিবাই, শুচিতারক্ষণের বাতিক (মানসিক রোগবিশেষ)। 'শুচিবাতিক' শব্দজ। বি।

শুচিস্মিত—১। বিশুদ্ধ হাস্য। কর্ম্মধা। বি; ক্লীব। ২। বিশুদ্ধহাস্যযুক্ত। শুচি (শুদ্ধ) স্মিত (হাস্য) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—তা।

শুণ্ঠি, শুণ্ঠিকা, শুণ্ঠী—শুষ্ক আদ্রক, শুকনা আদা, শুঁঠ। শুন্ঠ (শোষণ করা)+ইন্ করণবা, ২য় পক্ষে তদুত্তরে কন্+আপ্, ৩য় পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

শুণ্ড—কর, (হাতীর) শুঁড়। শুন্ (গমন করা)+ড কর্তৃবা। বি; পুং।

শুণ্ডধর—করী, হস্তী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শুণ্ডী (শুণ্ডিন্)—করী, হস্তী; শৌণ্ডিক, শুঁড়ি। শুণ্ড শব্দ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

শুতা—শয়ন করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

শুতান—শয়ন করান। প্রাঃ কবিপ্র। ক্রি।

শুদ্ধ—পবিত্র; নির্দ্দোষ; নির্ম্মল; শুভ্র; স্বচ্ছ; কেবল; নির্ভুল; অমিশ্রিত, খাঁটী। শুধ্ (শোধন করা)+ক্ত কর্তৃবা। বিণ; ত্রি। স্ত্রী, শুদ্ধা।

শুদ্ধচারী (—চারিন্)—পবিত্রাচার; নিষ্কলঙ্ক চরিত্র। উপপতৎ। শুদ্ধ—চর্+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—রিণী। বি, —চারিতা।

শুদ্ধমতি—১। পবিত্রচিত্ত, নিষ্পাপ অন্তঃকরণ। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। পবিত্রচেতাঃ, বিশুদ্ধমনাঃ, নিষ্পাপ চিত্তবিশিষ্ট। শুদ্ধা মতি (মনঃ) যাহার, বহুব্রী। বিণ; ত্রি।

শুদ্ধসত্ত্ব—পবিত্রচেতাঃ। বহুব্রী। বিণ; ত্রি।

শুদ্ধাচার—১। বিশুদ্ধ আচরণ; পবিত্র অনুষ্ঠান। কর্ম্মধা। বি; পুং। ২। পবিত্র আচারসম্পন্ন। বহুব্রী। বিণ; ত্রি।

শুদ্ধাচারী (—চারিন্)—পবিত্র-আচারসম্পন্ন। শুদ্ধাচার+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং।

শুদ্ধান্ত—অন্তঃপুর, অন্দরমহল; অবরোধ; অন্তঃপুরকক্ষা, অন্তঃপুর-স্ত্রী; অশৌচান্ত। শুদ্ধ (পবিত্র) অন্ত যাহার, বহুব্রী। বি; পুং।

শুদ্ধি—শোধন; বিশুদ্ধতা; ভ্রান্তিহীনতা, মার্জ্জন; সংস্কার; নির্ম্মলতা; স্বচ্ছতা; ধর্ম্মভ্রষ্ট বা অস্পৃশ্য জাতির পুনরুদ্ধার বা উন্নয়ন। শুধ+ক্তি ভাববা। বি; স্ত্রী।

শুদ্ধিপত্র—পুস্তকমধ্যস্থ ভুলগুলি যে পত্রে সংশোধিত করিয়া দেখান হয় (Errata). শুদ্ধি-সংবলিত পত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শুধরন, —রান—শুদ্ধ করা, সংশোধন করা; শুদ্ধ হওয়া, সংশোধিত হওয়া; শুদ্ধ হওয়া। বাং ক্রি।

শুধা, শোধা—পরিশোধ করা, মিটাইয়া দেওয়া। বাং ক্রি।

শুধা, সুধা, শুধান, সুধান—জিজ্ঞাসা করা। কবিপ্র। ক্রি।

শুধু—কেবল, মাত্র; শূন্য, খালি। 'শুদ্ধ' শব্দজ। ত্রি-বিণ।

শুধুশুধু—কেবল; অনর্থক, অকারণ, অহেতুক। ক্রি-বিণ।

শুনঃশেফ—ঋচিক মুনির মধ্যম পুত্র, বিশ্বামিত্রের ভাগিনেয়। বি; পুং।

শুনা—শ্রবণ করা। বাং ক্রি।

শুনান—শ্রবণ করান; বলা; বকা, ভর্ৎসনা করা। বাং ক্রি।

শুনানি(নী)—আদালতে বাদী ও প্রতিবাদীর

বক্তব্য শ্রবণ (Hearing). শুন্+আনি (নী)। বি। [বি; স্ত্রী।

শুনী—কুক্কুরী। শ্বা দ্রঃ। শ্বন্+ঈপ্।

শুবা, শুবে—সন্দেহ। আর্বী 'শুবহ্' শব্দজ। বি।

শুভ—১। সুখ; মঙ্গল। বি; ক্লীব। ২। মঙ্গলজনক, হিতকর; সুখী; কুশলী; সুন্দর। শুভ্ (শোভা পাওয়া)+ক কর্তৃবা। বিণ।

শুভংযু—শুভান্বিত, কুশলযুক্ত। শুভ শব্দের ২য়ার ১বচনে শুভং, তদুত্তরে যু। বিণ; ত্রি।

শুভকর—মঙ্গলজনক; সুখদ। শুভ শব্দ—কৃ (করা)+ট কর্তৃবা। বিণ; ত্রি। স্ত্রী,—রী।

শুভক্ষণ—শুভসময়, মঙ্গলজনক সময়; মঙ্গলদায়ক মুহূর্ত্ত। কর্ম্মধা। বি; ক্লীব।

শুভঙ্ক(ংক)র—১। মঙ্গলজনক। শুভ (মঙ্গল)—কৃ (করা)+খ কর্তৃবা; অথবা শুভ শব্দের ২য়ার ১বচনে শুভং, তদুত্তরে কৃ +ট কর্তৃবা। বিণ। স্ত্রী,—রা, —রী। ২। বিখ্যাত গণিতজ্ঞ। বি; পুং;

শুভঙ্ক(ংক)রী—১। পার্ব্বতী। শুভম্—কৃ+ট কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী। ২। পাটীগণিতের অঙ্ক সমাধানের কয়েকটি নিয়ম। শুভঙ্কর+ঈ কৃতার্থে। বি।

শুভদ—মঙ্গলদায়ক। উপতৎ। শুভ শব্দ—দা (দেওয়া)+ড কর্তৃবা। বিণ; ত্রি। স্ত্রী,—দা।

শুভদৃষ্টি—মঙ্গলজনক দৃষ্টি; বিবাহকালে বরকন্যার পরস্পরের প্রতি দৃষ্টিপাত। শুভা যে দৃষ্টি, কর্ম্মধা। বি; স্ত্রী।

শুভসূচক—মঙ্গলজ্ঞাপক। ৬ষ্ঠীতৎ। বিণ; ত্রি। স্ত্রী,—চিকা।

শুভসূচনী—দেবীবিশেষ, সুবচনী। বি; স্ত্রী।

শুভাকাঙ্ক্ষা(ংক্ষা)—মঙ্গলাকাঙ্ক্ষা, কল্যাণকামনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শুভাকাঙ্ক্ষী(ংক্ষী) (—**কাঙ্ক্ষিন্**)—মঙ্গলাভিলাষী, কল্যাণকামী, হিতৈষী। শুভ—আ—কাঙ্ক্ষ্+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—ঙ্ক্ষিণী।

শুভাগমন—মঙ্গলজনক আগমন, হিতকর উপস্থিতি। কর্ম্মধা। বি; ক্লীব।

শুভানুধ্যান—মঙ্গলচিন্তা, কল্যাণকামনা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শুভানুধ্যায়ী (—**ধ্যায়িন্**)—মঙ্গলকামী, হিতাভিলাষী। শুভ—অনু—ধ্যৈ (চিন্তা করা)+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—য়িনী।

শুভাশীর্ব্বা(র্বা)দ—মঙ্গলজনক আশীর্ব্বাদ, কল্যাণকর আশীষ বাক্য। কর্ম্মধা। বি; পুং।

শুভাশুভ—মঙ্গলামঙ্গল, হিতাহিত, ভালমন্দ। শুভ ও অশুভ, দ্বন্দ্ব। বিণ বা বি।

শুভ্র—১। উদ্দীপ্ত; শ্বেতবর্ণযুক্ত, শুক্ল, সাদা। বিণ। স্ত্রী, শুভ্রা। ২। শ্বেতবর্ণ, সাদা রঙ; চন্দন। শুভ্ (দীপ্তি পাওয়া)+রক্ কর্তৃবা। বি; পুং।

শুভ্ররশ্মি—১। ধবল কিরণ। কর্ম্মধা। ২। চন্দ্র। বহুব্রী। বি; পুং।

শুভ্রাংশু—চন্দ্র। শুভ্র হইয়াছে অংশু (কিরণ) যাহার, বহুব্রী। বি; পুং।

শুম্ভ—জনৈক অসুর, দেবী কর্তৃক হত হয়। শুম্ভ্+অচ্ কর্তৃবা। বি; পুং।

শুম্ভঘাতিনী, —মর্দ্দি(র্দি)নী—দুর্গা। শুম্ভ—হন্, মর্দ্দি (বধ করা)+ণিন্ কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

শুয়া—শুকপাখী। 'শুক' শব্দজ। বি।

শুয়াপোকা—শুঁয়াপোকা (তাহা দ্রঃ)।

শুয়ার, শুয়োর, শূয়ার, শূয়োর—শূকর; গালিবিশেষ। 'শূকর' শব্দজ। বি।

শুরু—সুরু (তাহা দ্রঃ)। [বি।

শুরুয়া—মাংসের কাথ। 'শোরবা' শব্দজ।

শুল্ক—করবিশেষ, মাশুল; যৌতুক; বিবাহের পণ; পণ, বাজি; মূল্য। শুল্ক্ (সৃষ্টি করা) +ঘঞ্ কর্ম্মবা। বি; ক্লীব বা পুং।

শুল্কশালা,—স্থান—পণ্যদ্রব্যের উপর ধার্য্য শুল্ক আদায়ের স্থান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী, ক্লীব।

শুল্পী—অস্ত্রবিশেষ। 'শূল' শব্দজ। বি।

শুল্‌ফা, শুল্‌ফো—শতপুষ্পা, সুগন্ধি শাক ও তাহার ফলবিশেষ। 'শতপুষ্পা' শব্দজ। বি।

শুশুক—শিশুমার, মৎস্যসদৃশ স্তন্যপায়ী জলজন্তু বিশেষ। 'শিশুক' শব্দজ। বি।

শুশ্রূষা—শ্রবণেচ্ছা; কথন, বলা; সেবা, পরিচর্য্যা। সনন্ত শ্রু+অ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

শুশ্রূষু—শ্রবণেচ্ছু; সেবক, পরিচারক। সনন্ত শ্রু+উ কর্তৃবা। বিণ।

শুষা—শোষণ করা, শুষ্ক করা। বাং ক্রি।

শুষির—১। গর্ত্ত, বিবর; রন্ধ্র, ছিদ্র; বংশ্যাদিবাদ্য, বাঁশী প্রভৃতি বাজনা। শুষ্‌+কিরচ্‌ কর্তৃবা। বি; ক্লীব। ২। সচ্ছিদ্র। বিণ। ৩। মূষিক, উন্দুর। শুষি+র অস্ত্যর্থে। বি; পুং।

শুষ্ক—নীরস, রসহীন, শুক্‌না; শীর্ণ; নিরর্থক, অহেতুক। শুষ্‌+ক্ত কর্তৃবা। বিণ; ত্রি।

শুষ্ককণ্ঠ—১। নীরস কণ্ঠ, শুক্‌না গলা। কর্ম্মধা। বি; পুং। ২। যাহার গলা শুকাইয়াছে এরূপ। বহুব্রী। বিণ; ত্রি।

শুষ্কবৈর—অনর্থক বিরোধ। কর্ম্মধা। বি; ক্লীব।

শুষ্ম (শুষ্মন্)—তেজঃ; শৌর্য্য, বীর্য্য; সামর্থ্য। শুষ্‌ (শোষণ করা)+মন্‌ কর্তৃবা। বি; ক্লীব।

শূক—শস্যাদির সূক্ষ্ম অগ্রভাগ, শুঙ্গা, শুঁয়া। শো (তীক্ষ্ণ হওয়া)+উকক্‌ কর্তৃবা। বি; পুং বা ক্লীব।

শূককীট—শুঁয়াপোকা। শূকযুক্ত যে কীট, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

শূকধান্য—যব গোধূমাদি। শূকযুক্ত যে ধান্য, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শূকর—বরাহ, শূয়ার। শূ (অনুকরণ-শব্দ)—কৃ (করা)+ট কর্তৃবা। বি; পুং। স্ত্রী, —রী।

শূদ্র—জাতিবিশেষ; চতুর্থ বর্ণ। শুচ্‌ (পবিত্র হওয়া)+রক্‌ কর্তৃবা। বি; পুং।

শূদ্রক—শূদ্রজাতীয় তাপসবিশেষ, রামচন্দ্র ইহার শিরশ্ছেদন করেন; জনৈক রাজা। বি; পুং।

শূদ্রধর্ম্ম(র্ম)—শূদ্রের পক্ষে শাস্ত্রবিহিত আচার; শূদ্রের কর্ত্তব্যকর্ম্ম, সেবাদি। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

শূদ্রা—শূদ্রজাতীয়া স্ত্রী। শূদ্র শব্দ+আপ্‌। বি; স্ত্রী। [বি; স্ত্রী।

শূদ্রাণী—শূদ্রপত্নী। শূদ্র+আনী পত্নী অর্থে।

শূদ্রী—শূদ্রপত্নী। শূদ্র শব্দ+ঙীপ্‌। বি; স্ত্রী।

শূন—শূন্য। প্রাঃ কবিপ্র। বিণ।

শূন্য—১। রিক্ত, রহিত; নির্জ্জন; তুচ্ছ; খালি। বিণ। স্ত্রী, শূন্যা। ২। আকাশ; রিক্ততাসূচক চিহ্ন,—"০"; অভাব; নির্জন স্থান। শূনা (প্রাণিবধ)+যৎ যোগ্যার্থে। বি; ক্লীব।

শূন্যগর্ভ—যাহার অভ্যন্তরভাগ রিক্ত এরূপ, খালি, ফাঁপা। শূন্য (রিক্ত) হইয়াছে গর্ভ (অভ্যন্তরদেশ) যাহার, বহুব্রী। বিণ; ত্রি।

শূন্যদৃষ্টি—১। উদ্দেশ্যহীন দৃষ্টি, উদাস দৃষ্টি। কর্ম্মধা। ২। আকাশে স্থাপিত দৃষ্টি। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। [বি; পুং।

শূন্যপথ—আকাশমার্গ, আকাশ। ৬ষ্ঠী তৎ।

শূন্যবাদী (—বাদিন্)—নাস্তিকবিশেষ, মহাযানসম্প্রদায়; মাধ্যমিক; বৌদ্ধমতাবলম্বী। শূন্য—বদ্‌+ণিন্‌ কর্তৃবা। বি; পুং।

শূন্যময়—সম্পূর্ণ শূন্য, একেবারে রিক্ত; নির্জন। শূন্য+ময়ট্‌। বিণ। স্ত্রী, —য়ী।

শূন্যমার্গ—শূন্যপথ। ৬ষ্ঠী তৎ। বি; পুং।

শূন্যহস্ত—১। রিক্ত হস্ত, খালি হাত। কর্ম্মধা। বি; পুং। ২। রিক্তকরবিশিষ্ট, যাহার হাতে কিছু নাই, অভাবগ্রস্ত। বহুব্রী। বিণ; ত্রি।

শূপকার—সূপের পাচক। সূপ—কৃ (করা)+অণ্‌ কর্তৃবা। বি; পুং।

শূয়ার—শুয়ার দ্রঃ।

শূর—বীর্য্যসম্পন্ন, বলবান্‌। শূর্‌ (বিক্রান্ত হওয়া)+অচ্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী, শূরা।

শূরণ—ওল প্রভৃতি খাদ্যমূল; বৃক্ষবিশেষ। শূর্ (বধ করা)+অন কর্ত্তৃবা। বি; পুং।

শূরত্ব—বীরত্ব, বলবত্তা। শূর+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

শূরসেন—১। যদুবংশোৎপন্ন জনৈক নরপতি। কৃষ্ণের জনক বসুদেব ইঁহার পুত্র। ২। দেশবিশেষ, মথুরা। শূরা (বলবতী) হইয়াছে সেনা (সৈন্য) যাহার, বহুব্রী। বি; পুং।

শূর্প—কুলা। শূর্প্+ঘঞ্ করণবা। বি; পুং।

শূর্পণখা—রাক্ষস-রাজ রাবণের ভগিনী। শূর্পের (কুলার) ন্যায় নখ যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বি; স্ত্রী।

শূল—অস্ত্রবিশেষ; ত্রিশূল; রোগবিশেষ। ব্যথা; ধ্বজ; চিহ্ন; মৃত্যু; রোগবিশেষ। শূল্ (রুগ্‌ণ করা)+ক কর্ত্তৃবা। বি; ক্লীব বা পুং।

শূলদণ্ড—১। শূলে বিদ্ধ করা রূপ শাস্তি। কর্ম্মধা। ২। শূলের কাষ্ঠখণ্ড। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শূলধর, –ধারী (–ধারিন্)—শিব, মহাদেব। শূল (ত্রিশূল) ধারণ করেন যিনি, উপতৎ। শূল–ধৃ+অন্, ণিন্ কর্ত্তৃবা। বি; পুং।

শূলপাণি—শঙ্কর, শিব। শূল (ত্রিশূল) আছে পাণিতে (হস্তে) যাঁহার, বহুব্রী। বি; পুং।

শূলবিদ্ধ—শূলাহত, যাহাকে শূল দ্বারা বেঁধা হইয়াছে এরূপ। ৩য়াতৎ। বিণ; ত্রি।

শূলব্যথা—শূলরোগজনিত বেদনা। শূল (রোগবিশেষ)–জনিতা ব্যথা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

শূলভৃৎ—শিব, মহাদেব। শূল (ত্রিশূল)–ভৃ (ধারণ করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি; পুং।

শূলা—পণ্যস্ত্রী, বেশ্যা। শূল+ক কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী। [বাং ক্রি।

শূলান—শূলবৎ যন্ত্রণা হওয়া; কন্‌কন্ করা।

শূলী (শূলিন্)—১। শূলপাণি, মহাদেব। শূল শব্দ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং। ২। শূলধারী; শূলরোগী। বিণ; পুং। স্ত্রী, –লিনী।

শূল্য—শলাকাগ্রে বিদ্ধ করিয়া পক্ব (Roasted). শূল+যৎ। বিণ।

শৃগাল—১। শিয়াল; ভীরুজন। বি; পুং। ২। খল, নিষ্ঠুর। অসৃজ্–লা+ক কর্ত্তৃবা। বিণ।

শৃগালিকা—ভয়ে পলায়ন; স্ত্রী-শৃগাল, শিয়ালী; খেঁকশিয়ালী। শৃগালী+কন্+আপ্। বি; স্ত্রী।

শৃগালী—স্ত্রী-শৃগাল; খেঁকশিয়ালী; পলায়ন। শৃগাল+ঈপ্। বি; স্ত্রী।

শৃঙ্খ(ঙ্খ)ল, শৃঙ্খ(ঙ্খ)লা—শিকল; নিগড়; পুরুষের কটিবসনবন্ধ; পুরুষের কটিভূষণ; রীতি; নিয়ম; সুব্যবস্থা; বন্ধনীচিহ্ন, ব্রাকেট বা প্যারেন্থেসিস্ (), [] এইরূপ চিহ্ন। শৃঙ্গ–খল্ (সঞ্চয় করা)+অচ্ কর্ত্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে আপ্। বি; পুং, স্ত্রী।

শৃঙ্খ(ঙ্খ)লাবদ্ধ—নিগড়িত, শিকল দিয়া বাঁধা; সুব্যবস্থিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –দ্ধা।

শৃঙ্খ(ঙ্খ)লিত—নিগড়িত; শৃঙ্খল দ্বারা বদ্ধ; নিয়মিত। শৃঙ্খল+ইত যুক্তার্থে। বিণ।

শৃঙ্গ(ঙ্গ)—বিষাণ, শিঙ্; পর্ব্বতের চূড়া; ধনুকাদির অগ্রভাগ; প্রভুত্ব; প্রাধান্য; উৎকর্ষ; ঊর্দ্ধ; চিহ্ন; বাদ্যযন্ত্রবিশেষ, শিঙ্গা; পিচকারী যন্ত্র; কামোদ্রেক। শৄ (বধ করা) +গন্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

শৃঙ্গ(ঙ্গ)গ্রাহিতান্যায়—মহিষাদির শৃঙ্গ ধারণ করিয়া ক্রমে তাহাকে বশীভূত করার দৃষ্টান্ত। শৃঙ্গগ্রাহিতাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

শৃঙ্গ(ঙ্গ)ধর—পর্ব্বত। শৃঙ্গ (শিখর)–ধৃ (ধারণ করা)+অন্ কর্ত্তৃবা। বি; পুং।

শৃঙ্গ(ঙ্গ)বের—আর্দ্রক, আদা; শুণ্ঠি, শুঁঠ; গুহক চণ্ডালের পুর, চণ্ডাল-গড় নগর। শৃঙ্গ হইয়াছে বের (শরীর, আকৃতি) যাহার, বহুব্রী। বি; ক্লীব।

শৃঙ্গা(ৎগা)ট, শৃঙ্গা(ৎগা)টক—জলকণ্টক, পানিফল, শিঙাড়া; চতুষ্পথ, চৌরাস্তা। শৃঙ্গ শব্দ—অট+ষণ্ কর্ত্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে কণ্। বি; ক্লীব।

শৃঙ্গা(ৎগা)র—১। আদ্য রস, ইহাতে রতি স্থায়িভাব; সুরত, রতিক্রিয়া, স্ত্রীপুরুষের পরস্পর সম্ভোগ; গজভূষণ, হস্তীর মস্তকে সিন্দূরাদি মণ্ডন; সিন্দূরচন্দনাদি দ্বারা অঙ্গরাগ। শৃঙ্গ (প্রাধান্য)—ঋ (গমন করা) +ঘঞ্ ভাববা বি; পুং। ২। সিন্দূর; লবঙ্গ-চূর্ণ; আর্দ্রক, আদা। বি; ক্লীব।

শৃঙ্গি(ৎগি)—সিঙ্গী মাছ। শৃঙ্গ+ই অস্ত্যর্থে। বি; স্ত্রী।

শৃঙ্গী ৎগী) (শৃঙ্গিন্)—১। শৃঙ্গবিশিষ্ট; শিখরবান্; বিষাণযুক্ত। শৃঙ্গ শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী,—ঙ্গিণী। ২। শৃঙ্গযুক্ত পশু; পর্ব্বত; বৃক্ষ; শমীক মুনির পুত্র,—ইনিই পরীক্ষিৎকে সর্পাঘাতের শাপ দিয়াছিলেন। বি; পুং।

শৃঙ্গী(ৎগী)—শিঙিমাছ, শিং মাছ; স্বর্ণ; লতাবিশেষ। শৃঙ্গি+ঈপ্। বি; স্ত্রী।

শেওড়া—ভূতবৃক্ষ, শাখোট। 'শাখোট' শব্দজ। বি। ['শৈবাল' শব্দজ। বি।

শেওলা—জলজ উদ্ভিদ্‌বিশেষ, পানা।

শেঁকো, শেঁখো—খনিজ উগ্র বিষবিশেষ, শঙ্খবিষ (White arsenic). দেশজ। বি।

শেকুল, শেয়াকুল—বদরীসদৃশ কিন্তু লতানিয়া কাঁটাগাছ। দেশজ। বি।

শেখ—মুসলমানের সম্মানসূচক উপাধিবিশেষ; মহম্মদের বংশধর মুসলমান জাতিবিশেষ। আরবী। বি।

শেখর—চূড়া, কিরীট, শিরোভূষণ; শিরোমালা, শিখায় মাল্য। শিন্‌খ্ (গমন করা) +অরন্ কর্ত্তৃবা। বি; পুং।

শেখা, শেখান—শিখা, শিখান (তাহা দ্রঃ)।

শেজ—১। বিছানা। 'শয্যা' শব্দজ। ২। দীপাধারে কাচাবরণমধ্যস্থ দীপ, শামাদান। দেশজ। বি।

শেজতুলনি,—তোলনী—ফুলশয্যা উত্তোলনের পারিতোষিক। দেশজ। বি।

শেঠ—শ্রেষ্ঠী, বণিক্; উপাধিবিশেষ। 'শ্রেষ্ঠ' শব্দজ। বি।

শেফালি, শেফালী, শেফালিকা—শিউলি ফুল বা তাহার গাছ। শেফ (শয়নকারী) অলি (ভ্রমর) যাহাতে, বহুব্রী, ২য় পক্ষে তদুত্তরে ঈপ্, ৩য় পক্ষে কন্+আপ্। বি; স্ত্রী।

শেমিজ—স্ত্রীলোকের শাড়ীর নীচে পরিধেয় ঘাগরাওয়ালা জামাবিশেষ। ইং Chemise. বি।

শেয়াকুল—শেকুল দ্রঃ।

শেয়ান, শেয়ানা—বুদ্ধিমান্, চতুর, ধূর্ত, চালাক। দেশজ। বিণ।

শেয়াল—শিয়াল দ্রঃ।

শেয়ালকাঁটা—শৃগাল-কণ্টক, বন্য ক্ষুদ্র কাঁটাগাছবিশেষ—ইহার পুষ্প পীতবর্ণ। দেশজ। বি।

শেয়ালা—শেওলা। 'শৈবাল' শব্দজ। বি।

শের—ব্যাঘ্র। ফার্সী। বি।

শেল—শলা, শূল। 'শলা' শব্দজ। বি।

শেষ—১। সর্পরাজ, অনন্ত নাগ; বাসুকি; বলরাম। শিষ্ (বধ করা ইত্যাদি)+অন কর্ত্তৃবা। ২। নাশ; অন্ত; নিষ্পত্তি; অবশেষ। শিষ্+অন্ ভাববা। বি; পুং। ৩। প্রাসাদ। বি; ক্লীব। ৪। অন্তিম, চরম; সমাপ্ত; অবশিষ্ট; উচ্ছিষ্ট। শিষ্+অন্ কর্ত্তৃবা। বিণ; ত্রি। স্ত্রী, শেষা।

শেষকাল—মৃত্যুকাল; অবসানকাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [একদেশী। বি।

শেষরাত্রি—রাত্রির শেষ অংশ। রাত্রির শেষ,

শেষাশেষি—অবশেষে, শেষবেলায়; প্রায় শেষ। দেশজ। ক্রি-বিণ।

শেষোক্ত—শেষে কথিত, অন্তে বর্ণিত, অবশেষে উক্ত। ৭মীতৎ। বিণ; ত্রি।

শেহলা, শেহলি—শেওলা। প্রাঃ কবিপ্র। বি।

শেহা—দৈনিক আয়ব্যয়ের হিসাব কাটার কাগজ। বৈদে। বি।

শৈত্য—শীতের ভাব, শীতলতা। শীত+ষ্য ভাবার্থে। বি ; ক্লীব।

শৈথিল্য—শিথিলতা, অদৃঢ় সংযোগ ; অসত্বরতা ; অবসন্নতা ; ঢিল দেওয়া ; অমনোযোগ, অবহেলা। শিথিল শব্দ+ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

শৈব—১। শিবসম্বন্ধীয় ; শিবভক্ত, শিবের উপাসক। শিব শব্দ+অণ্। বিণ। স্ত্রী, শৈবী। ২। পুরাণবিশেষ। বি ; ক্লীব।

শৈবল—১। জলজ উদ্ভিদ্‌বিশেষ, শেওলা। শী+বলঞ্ কর্তৃবা। বি ; পুং। ২। পদ্মকাষ্ঠ। বি ; ক্লীব।

শৈবলিনী—তটিনী, নদী। শৈবল (শেওলা) +ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বি ; স্ত্রী।

শৈবাল—জলজাত উদ্ভিদ্‌বিশেষ, শেওলা। শী+বালঞ্ কর্তৃবা। বি ; ক্লীব।

শৈব্য—জনৈক নৃপ ; বিষ্ণুর ঘোটক ; কৃষ্ণের অশ্ববিশেষ। শিবি শব্দ+ষ্যঞ্। বি ; পুং।

শৈব্যা—রাজা হরিশ্চন্দ্রের মহিষী। শিবি শব্দ+ষ্যঞ্+আপ্। বি ; স্ত্রী।

শৈল—১। শিলাজাত বা সম্বন্ধীয়। শিলা শব্দ+অণ্। বিণ। স্ত্রী, শৈলী। ২। পর্ব্বত। বি ; পুং। ৩। শৈলেয়-নামক গন্ধদ্রব্য। বি ; ক্লীব।

শৈলজ—১। পর্ব্বতজাত। শৈল—জন্+ড কর্তৃবা। বিণ। স্ত্রী,—জা। ২। পর্ব্বতীয় গন্ধদ্রব্যবিশেষ। বি ; পুং।

শৈলজা—১। পর্ব্বতজাতা। শৈলজ দ্রঃ। শৈলজ+আপ্। বিণ ; স্ত্রী। ২। গিরিসুতা, পার্ব্বতী। বি ; স্ত্রী। [৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

শৈলসুতা—গিরিরাজনন্দিনী, পার্ব্বতী।

শৈলিক—সদ্ভাব, প্রণয়। দেশজ। বি।

শৈলী—১। শিলা-সম্বন্ধীয়া, শিলাজাতা। শৈল+ঈপ্। বিণ ; স্ত্রী। ২। স্বভাব ; শিষ্টতা ; ধারা, প্রণালী (Style). শীল শব্দ +অণ্+ঈপ্। বি ; স্ত্রী।

শৈলেন্দ্র—গিরিরাজ, হিমাচল। শৈল সমূহের মধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ), ৭মীতৎ। বি ; পুং।

শৈলেশ—পর্ব্বতরাজ, হিমালয়। শৈলদিগের ঈশ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [বি ; ক্লীব।

শৈশব—বাল্যকাল। শিশু+অণ্ ভাবার্থে।

শৈশবকাল—বাল্যকাল, ছেলেবেলা। শৈশবই যে কাল, কর্ম্মধা। বি ; পুং।

শোওয়া—শয়ন করা। বাং ক্রি।

শোক—ইষ্টবিয়োগ বা অনিষ্টসংযোগজনিত দুঃখ ; দুঃখজনিত চিত্তবৈকল্য ; মনস্তাপ। শুচ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

শোক-গাথা, —গীতি—শোকসঙ্গীত, শোকসূচক গান। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

শোকগ্রস্ত—ইষ্টবিয়োগজন্য দুঃখে আক্রান্ত, শোকে অভিভূত। ৩য়াতৎ। বিণ।

শোকতাপ—১। শোকজনিত মনঃপীড়া, শোকের যাতনা। মধ্যপ কর্ম্মধা। ২। শোক ও আধ্যাত্মিকাদি ত্রিবিধ দুঃখ। দ্বন্দ্ব। বি ; পুং। [বিণ।

শোকবিহ্বল—শোকে অভিভূত। ৩য়াতৎ।

শোকসঙ্গী(ঙ্গী)ত—শোকগীতি, শোকসূচক গান। শোকসূচক সঙ্গীত, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব। [৩য়াতৎ। বিণ।

শোকসন্তপ্ত—শোকক্লিষ্ট, শোকে কাতর।

শোকসভা—কোন ভাল লোকের মৃত্যুতে শোকপ্রকাশের নিমিত্ত বহুলোকের সম্মিলনী। শোকজ্ঞাপক সভা, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

শোকাকুল, —তুর—শোকে কাতর, ইষ্টবিয়োগজন্য দুঃখে অধীর। ৩য়াতৎ। বিণ।

শোকানল—শোকবহ্নি, ইষ্টবিয়োগজন্য দুঃখরূপ অগ্নি। রূপক কর্ম্মধা। বি ; পুং।

শোকাপনোদন—শোকদূরীকরণ, শোক নিবারণ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

শোকাবেগ—শোকজনিত মনশ্চাঞ্চল্য, শোকজন্য ব্যাকুলতা। শোকজনিত যে আবেগ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

শোকোচ্ছ্বসিত—শোকস্ফীত, শোকের উচ্ছ্বাসযুক্ত, শোকে চঞ্চল। ৩য়াতৎ। বিণ।

শোকোচ্ছ্বাস—শোকের স্ফীতি, শোকহেতু দীর্ঘশ্বাসাদি। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

শোচন, —না—শোককরণ। শুচ্ (শোক করা) + অনট্ ভাববা, ২য় পক্ষে শুচ্ + অন ভাববা + আপ্। বি ; ক্লীব, স্ত্রী।

শোচনীয়, শোচ্য—শোকের যোগ্য, বিলপনীয় ; শোকের বিষয়ীভূত ; অনুকম্প্য। শুচ্ + অনীয়, ষৎ কর্ম্মবা। বিণ।

শোচিত—শোকপ্রাপ্ত ; যাহার জন্য শোক করা হইয়াছে। শোচি + ক্ত কর্ম্মবা। বিণ।

শোচ্য—শোচনীয় দ্রঃ।

শোণ—১। রক্তবর্ণ, লাল রঙ্ ; অগ্নিবিশেষ ; মঙ্গলগ্রহ ; নদবিশেষ। শোণ (রঙ্ করা) + অচ্ কর্ত্তৃবা। বি ; পুং। ২। রক্তবর্ণযুক্ত, রাঙ্গা, লাল। বিণ। স্ত্রী, শোণা।

শোণিত—১। রক্তবর্ণযুক্ত, রাঙ্গা, লাল। শোণ শব্দ + ইতচ্ যুক্তার্থে। বিণ। ২। রুধির, রক্ত ; কুঙ্কুম। বি ; ক্লীব।

শোণিতশোধক—রক্তপরিষ্কারক, রক্তের দোষনাশক। ৬ষ্ঠীতৎ। বিণ।

শোণিতশোষক—রক্তশোষণকারী, যে রক্ত টানিয়া খায়। ৬ষ্ঠীতৎ। বিণ।

শোণিতশোষণ—রক্তশোষণ, রক্ত টানিয়া লওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

শোণিতাক্ত—রক্তাক্ত, রক্তসিক্ত, রক্তে ভিজা। শোণিত দ্বারা অক্ত (ব্যাপ্ত), ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —ক্তা।

শোণিমা (শোণিমন্)—রক্তিমা, রক্তবর্ণ। শোণ শব্দ + ইমন্ ভাবার্থে। বি ; পুং।

শোথ, শোথক—স্ফীততা, ফুলা রোগ, গোদ। শু (গমন করা) + থ কর্ত্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে কন্। বি ; পুং।

শোধ—পরিশোধ ; প্রতিশোধ ; শোধন। শুধ্ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

শোধক—শুদ্ধিকারক, পবিত্রতাকারক, পাবন। ণিজন্ত শুধ্ = শোধি (শুদ্ধ করা) + ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —ধিকা।

শোধন—১। শুদ্ধি ; দোষশূন্যকরণ ; অপহৃত দ্রব্যের সংখ্যানির্ণয়। শুধ্ (শুদ্ধ হওয়া) + অনট্ ভাববা। ২। শুদ্ধকরণ ; পরিষ্করণ ; পরিশোধ ; অপনয়ন ; বিরেচন। ণিজন্ত শুধ্ (=শোধি) + অনট্ ভাববা। বি ; ক্লীব। ৩। শুদ্ধকারক, পাবন। শুধ্ + ণিচ্ + অন কর্ত্তৃবা। বিণ।

শোধনী—সম্মার্জ্জনী, ঝাঁটা, খেঙ্‌রা, ঝাড়ন, ঝাড়ু। ণিজন্ত শুধ্ বা শোধি (শুদ্ধ করা) + অনট্ করণবা + ঈপ্। বি ; স্ত্রী।

শোধনীয়, শোধ্য—শোধনযোগ্য ; পরিশোধ্য। ণিজন্ত শুধ্ বা শোধি (শুদ্ধ করা) + অনীয়, যৎ, কর্ম্মবা। বিণ।

শোধা—শুধা (তাহা দ্রঃ)।

শোধিত—নির্ম্মলীকৃত, পরিষ্কৃত, মার্জ্জিত, অপনীত। ণিজন্ত শুধ্ বা শোধি (শুদ্ধ করা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

শোনা—শুনা (তাহা দ্রঃ)।

শোভন—শোভাযুক্ত, মনোজ্ঞ, সুন্দর। শুভ (দীপ্ত পাওয়া) + অন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —না।

শোভা—১। সৌন্দর্য ; কান্তি ; দীপ্তি। শুভ (দীপ্তি পাওয়া) + অচ্ কর্ত্তৃবা + আপ্। বি ; স্ত্রী। ২। শোভা পাওয়া, সুন্দরভাবে বিরাজ করা, দীপ্তি পাওয়া। কবিপ্র। ক্রি।

শোভাকর—সৌন্দর্যকারক, দীপ্তিমান্। উপতৎ। শোভা — কৃ + ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —রী।

শোভাঞ্জন—শিগ্রু বৃক্ষ, সজিনা গাছ। শোভা হইয়াছে অঞ্জন যাহার, বহুব্রী। বি ; পুং।

শোভাযাত্রা—শোভা করিয়া বহু লোকের একসঙ্গে গমন, মিছিল (Procession) মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

শোভাযাত্রী (—যাত্রিন্)—শোভা করিয়া অনেকের সঙ্গে গমনকারী, সংযাত্রী, মিছিলের লোক। শোভাযাত্রা + ইন্ অস্ত্যর্থে। বিণ বা বি ; পুং। স্ত্রী —ত্রিণী।

শোভাহীন—সৌন্দর্য্যরহিত, কান্তিশূন্য। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —না।

শোভিত—ভূষিত, শোভাযুক্ত। শুভ্ (দীপ্তি পাওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

শোয়া—শয়ন করা। বাং ক্রি।

শোয়ান—শায়িত করা। বাং ক্রি।

শোর, -গোল—চীৎকার, গণ্ডগোল। ফার্সীমূলক। বি।

শোরা—যবক্ষার, ক্ষারবিশেষ। ফার্সী। বি।

শোল—মৎস্যবিশেষ, শকুল। 'শকুল' শব্দজ। বি।

শোলা, সোলা—জলতৃণবিশেষ ও তাহার হাল্‌কা কোমল কাঠ। দেশজ। বি।

শোষ—১। শুষ্কতা, নীরসতা; ক্ষয়রোগ, যক্ষ্মা। শুষ্ (শুষ্ক হওয়া)+ঘঞ্ ভাববা। ২। রসাকর্ষণ, শুষ্ককরণ। ণিজন্ত শুষ্ =শোষি (শুষ্ক করা)+অচ্ ভাববা। বি; পুং। ৩। নালী-ঘা (Sinus). দেশজ প্রঃ। বি।

শোষক—শোষণকারী, রসাকর্ষক। ণিজন্ত শুষ্ =শোষি (শুষ্ক করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ষিকা।

শোষণ—১। নীরসীকরণ, শুষ্ককরণ। ণিজন্ত শুষ্ (=শোষি)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। শোষক, নীরসকারক। শুষ্+ণিচ্+অন কর্ত্তৃবা। বিণ। ৩। মদনের পঞ্চবাণের এক বাণ। বি; পুং।

শোষা—শুষা (তাহা দ্রঃ)।

শোষিত—শুষ্কীকৃত, নীরসীকৃত। ণিজন্ত শুষ্ বা শোষি+ক্ত কর্ম্মবা। বিণ।

শোহনি, শোহিনি—শোভাযুক্তা। প্রাঃ কবিপ্র। বিণ; স্ত্রী।

শোহরৎ—ঘোষণা, প্রচার। বৈদে। বি।

শৌক্ল্য—শুক্লতা, শুভ্রত্ব। শুক্ল শব্দ (সাদা) +ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

শৌচ—শুদ্ধি, পবিত্রতা, বিশুদ্ধতা। শুচি +অণ্ ভাবার্থে। বি; ক্লীব।

শৌণ্ড—অত্যাসক্ত, মত্ত, মাতাল; বিখ্যাত। শুণ্ডা+অণ্। বিণ।

শৌণ্ডিক—মদ্যপ্রস্তুতকারক, শুঁড়ি। শুণ্ডা+ইক। বি; পুং।

শৌনক—জনৈক মুনি। শুনক+অণ্। বি; পুং।

শৌনিক—১। মাংসবিক্রেতা, কসাই; মৃগয়া। বি; পুং। ২। মৃগয়াশীল। শূনা শব্দ+ইক। বিণ।

শৌবস্তিক—ভাবি-দিন-স্থায়ী। শ্বস্ (কল্য) +ইক। বিণ।

[বি; পুং।

শৌরি—শ্রীকৃষ্ণ; শনিগ্রহ। শূর শব্দ+ইঞ্।

শৌর্য্য(র্য)—বীর্য্য, বীরত্ব; বল; সাহস। শূর শব্দ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

শৌর্য্য(র্য)শালী (-শালিন্)—বীর্য্য-সম্পন্ন, বীর, শূর; বলশালী। শৌর্য্য—শাল্ +ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লিনী।

শ্বঃ (শ্বস্)—আগামী দিনে, কল্য; শোভন। আগামি+অহন্ (দিন) এই অর্থে নিপাতনে সিদ্ধ। অব্য।

শ্বপচ, শ্বপাক—ব্যাধ; চণ্ডাল, চাঁড়াল। শ্বন্ (কুক্কুর)—পচ্ (পাক করা)+অচ্, ঘঞ্ কর্ত্তৃবা। বি; পুং।

শ্ববৃত্তি—পরসেবা, চাকরি; খোসামুদ। শ্বার (কুক্কুরের) বৃত্তি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শ্বশুর—পতি বা পত্নীর পিতা। আশু শব্দ —অশ (ব্যাপা)+উরচ্ কর্ত্তৃবা, নিপাতনে। বি; পুং।

শ্বশুরবাড়ী—(পুরুষ-পক্ষে) পত্নীর পিত্রালয়; (স্ত্রী-পক্ষে) স্বামিগৃহ; (ব্যঙ্গার্থে) জেল-খানা। ৬ষ্ঠীতৎ। বি।

শ্বশুরালয়—শ্বশুরবাড়ী। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শ্বশুর্য্য(র্য)—শ্বশুরের পুত্র, পতি বা পত্নীর ভ্রাতা; শ্যালক; দেবর; ভাসুর। শ্বশুর শব্দ+যৎ অপত্যার্থে। বি; পুং।

শ্বশ্রূ—পতি বা পত্নীর মাতা, শাশুড়ী। শ্বশুর শব্দ+উপ্। বি; স্ত্রী।

শ্বসন—১। নিশ্বাস; জীবন। শ্বস্ (শ্বাস ফেলা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। বায়ু। শ্বস্+অনট্ করণবা। বি; পুং।

শ্বসমান—যে শ্বাসপ্রশ্বাস গ্রহণ ও ত্যাগ করিতেছে। শ্বস্+শানচ্ কর্ত্তৃবা। বিণ।

শ্বসিত—নাসাগত বায়ু, নিশ্বাস ; জীবন। শ্বস্ (শ্বাস ফেলা) + ক্ত ভাববা। বি ; ক্লীব।

শ্বস্তন—আগামিদিবসীয়, পরদিন সম্বন্ধীয়। শ্বস শব্দ + তন (ট্যু + তুট্) ভবার্থে। বিণ ; ত্রি। স্ত্রী, –নী।

শ্বা (শ্বন্)—কুক্কুর। শ্বি (স্ফীত হওয়া) + কনিন্ কর্তৃবা। বি ; পুং। স্ত্রী, শুনী।

শ্বাদন্ত—কুকুরের দন্ত ; কুকুরের দন্তসদৃশ দন্ত ; উপরের মাড়ির মাঝের কয়টি ও পাশের কয়টির সন্ধিস্থলের দাঁত (Canine tooth). শ্বার (শ্বন্ শব্দ) দন্ত, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

শ্বাপদ—১। হিংস্র জন্তু, ব্যাঘ্রাদি। শ্বার (কুকুরের) পদের ন্যায় পদ যাহার, বহুব্রী। বি ; পুং। ২। হিংস্রজন্তুসম্বন্ধীয়। শ্বাপদ শব্দ + অণ্ সম্বন্ধার্থে। বিণ।

শ্বাপদসঙ্কু(হকু)ল—শ্বাপদসমাকীর্ণ, ব্যাঘ্রাদি হিংস্রজন্তুপূর্ণ। ৩য়াতৎ। বিণ।

শ্বাস—১। নিশ্বাস, নাসাপ্রবাহিত বায়ু। শ্বস্ (নিশ্বাস ফেলা) + ঘঞ্ ভাববা। ২। বায়ু। শ্বস্ + ঘঞ্ করণবা। ৩। কাসরোগবিশেষ। শ্বস্ + ঘঞ্ অধিবা। বি ; পুং।

শ্বাসক্রিয়া—নিশ্বাসপ্রশ্বাস কার্য, নিশ্বাস ফেলা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী। [পুং।

শ্বাসরোধ—নিশ্বাস বন্ধ। ৬ষ্ঠীতৎ। বি ;

শ্বিত্র—ধবল রোগ। শ্বিত + রক্ করণবা। বি ; ক্লীব।

শ্বিত্রী (শ্বিত্রিন্)—ধবলরোগী। শ্বিত্র শব্দ + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –ত্রিণী।

শ্বেত—১। শুক্লবর্ণ, সাদা রঙ ; ধবলগিরি ; কপর্দক, কড়ি ; শঙ্খ ; শুক্রগ্রহ ; দ্বীপবিশেষ। শ্বিত্ (সাদা হওয়া) + অচ্ কর্তৃবা। বি ; পুং। ২। শুক্লবর্ণযুক্ত, সাদা। বিণ। স্ত্রী, শ্বেতা। [ক্লীব।

শ্বেতকুষ্ঠ—শ্বেতীরোগ, ধবল। কর্মধা। বি ;

শ্বেতদ্বীপ—পুরাণোক্ত দ্বীপবিশেষ, চন্দ্রদ্বীপ। ইহা বৈকুণ্ঠাখ্য বিষ্ণুধাম ; (অধুনা ব্যঙ্গে) ইংলণ্ড। কর্মধা। বি ; পুং।

শ্বেতধামা (–ধামন্)—চন্দ্র ; কর্পূর ; সমুদ্রফেন। শ্বেত হইয়াছে ধাম (কিরণ) যাহার, বহুব্রী। বি ; পুং।

শ্বেতপ্রদর—স্ত্রীযোনি হইতে সাদা স্রাব (Leucorrhœa). কর্মধা। বি ; পুং।

শ্বেতবাহ—ইন্দ্র ; অর্জুন। শ্বেত হইয়াছে বাহ (অশ্ব) যাঁহার, বহুব্রী। বি ; পুং। স্ত্রী, শ্বেতোহী = শচী, ইন্দ্রাণী।

শ্বেতরক্ত—১। পাটলবর্ণ। শ্বেতমিশ্রিত রক্ত, মধ্যপ কর্মধা। বি ; পুং। ২। পাটল-বর্ণযুক্ত। শ্বেত অথচ রক্ত, কর্মধা। বিণ।

শ্বেতসার—পদার্থের মধ্যগত শুভ্রবর্ণ সারাংশ-বিশেষ (Starch), পালো ; খদির বৃক্ষ, কর্মধা। বি ; পুং।

শ্বেতাম্বর—১। শুভ্র বস্ত্র, সাদা কাপড়, কর্মধা। বি ; ক্লীব। ২। শ্বেতবর্ণ বস্ত্রপরিধায়ী। শ্বেত হইয়াছে অম্বর (বস্ত্র) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –রা। ৩। জৈন সম্প্রদায়বিশেষ। বি ; পুং। [শব্দজ। বি।

শ্বেতি(তী)—শ্বেতকুষ্ঠ, ধবল রোগ। [illegible]

শ্মশান—প্রেতভূমি, শবদাহস্থান। শবের শয়ন (শয্যা), ৬ষ্ঠীতৎ ; অথবা শ্মন্ (শব)—শী (শয়ন করা) + ডানচ্ অধিবা। বি, ক্লীব।

শ্মশান-কালী—প্রেতভূমিস্থিতা কালিকা দেবী। মধ্যপ কর্মধা। বি ; স্ত্রী।

শ্মশানবাসী (–বাসিন্)—১। প্রেত-ভূমিতে বাসকারী। বিণ। ২। শিব। শ্মশান্ – বস্ + ণিন্ কর্তৃবা। বি ; পুং। স্ত্রী, –সিনী (কালী)।

শ্মশানবৈরাগ্য—শ্মশানে শবদাহ দর্শনে বিষয়ীর মনে সাময়িক সংসারবিতৃষ্ণা, শ্মশানজাত বৈরাগ্য, মধ্যপ কর্মধা। বি ; ক্লীব

শ্মশ্রু—মুখস্থ রোম, গোঁফদাড়ি। শ্মন্ (মুখ) —শ্রি + ডুন্ কর্তৃবা। বি ; ক্লীব।

শ্মশ্রুমণ্ডিত—গোঁফদাড়ি-শোভিত। ৩য়া-তৎ। বিণ।

শ্মশ্রুল—শ্মশ্রুযুক্ত, গোঁফদাড়িবিশিষ্ট। শ্মশ্রু শব্দ + ল অস্ত্যর্থে। বিণ।

শ্যাম—১। কৃষ্ণবর্ণ, হরিৎ বর্ণ, সবুজ রঙ্; শ্রীকৃষ্ণ; শ্যামাক তৃণ। শ্যৈ (গমন করা, প্রাপ্ত হওয়া)+মক্ কর্তৃবা। বি; পুং। ২। শ্যামবর্ণযুক্ত। বিণ। স্ত্রী, শ্যামা।

শ্যামক, শ্যামাক—ধান্যবিশেষ, শ্যামা ধান। শ্যাম, শ্যামা শব্দ+কন্। বি; পুং।

শ্যামকান্তি—১। শ্যামবর্ণ শোভা, সবুজ বর্ণের সৌন্দর্য্য। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। শ্যামশোভাযুক্ত; শ্যামবর্ণের সৌন্দর্য্যবিশিষ্ট। বহুব্রী। বিণ।

শ্যামবর্ণ—১। সবুজ বর্ণ; কাল রঙ্। কর্ম্মধা। বি; পুং। ২। সবুজ বর্ণবিশিষ্ট; কাল রঙ্ যুক্ত। শ্যাম হইয়াছে বর্ণ যাহার, বহুব্রী। বিণ।

শ্যামল—কৃষ্ণবর্ণযুক্ত। শ্যাম—লা (গ্রহণ করা) +ক কর্তৃবা। বিণ। স্ত্রী,—লা। বি, —লতা।

শ্যামলিমা (—মন্)—শ্যামত্ব; কৃষ্ণত্ব। শ্যামল+ইমন্ ভাবে। বি; পুং। [বি।

শ্যামলী—কৃষ্ণবর্ণ গরু, কেলে গাই। দেশজ।

শ্যামশোভা, —শ্রী—শ্যামবর্ণের সৌন্দর্য্য। ৬ষ্ঠীতৎ বা কর্ম্মধা। বি; স্ত্রী।

শ্যামসুন্দর—শ্রীকৃষ্ণ। কর্ম্মধা। বি; পুং।

শ্যামা—১। শ্যামবর্ণযুক্তা। শ্যাম+আপ্। বিণ; স্ত্রী। ২। কালী; অম্বিকা; দূর্ব্বা; ধান্যবিশেষ; রাত্রি; কৃষ্ণবর্ণা স্ত্রী; তপ্তকাঞ্চন-বর্ণাভা সুখস্পর্শাঙ্গী যুবতী। বি; স্ত্রী।

শ্যামাক—শ্যামক দ্রঃ।

শ্যামাঙ্গ(ঙ্গ)—১। শ্যামবর্ণ দেহ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। যাহার শরীর কৃষ্ণবর্ণ। বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্গী।

শ্যামাপোকা—হরিদ্বর্ণ পোকাবিশেষ, দেওয়ালী পোকা। কর্ম্মধা। বি।

শ্যাল—১। পত্নীর ভ্রাতা, শ্যালক, শালা। শ্যৈ+কালন্ কর্তৃবা। বি; পুং। স্ত্রী, শ্যালী। ২। শিয়াল, শৃগাল। প্রাদে। বি।

শ্যালক—ভার্য্যার ভ্রাতা। শ্যাল্+কন্ স্বার্থে। বি; পুং। স্ত্রী,—লিকা।

শ্যালিকা, শ্যালী—পত্নীর ভগ্নী। শ্যালক শব্দ+আপ্, ২য় পক্ষে শ্যাল্+ঈপ্। বি; স্ত্রী।

শ্যেন—১। পাণ্ডুর বর্ণ। শ্যৈ (গমন করা) +ইনন্ কর্তৃবা। ২। বাজপক্ষী। বি; পুং।

শ্যেনদৃষ্টি—১। বাজপক্ষীর ন্যায় তীক্ষ্ণদৃষ্টি। শ্যেনের দৃষ্টি, সদৃশার্থে ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। বাজের ন্যায় তীক্ষ্ণদৃষ্টিসম্পন্ন। শ্যেনের দৃষ্টির ন্যায় দৃষ্টি যাহার, বহুব্রী। বিণ।

শ্রদ্দধান—শ্রদ্ধান্বিত; বিশ্বাসী; ভক্তিমান্। শ্রৎ—ধা (ধারণ করা)+শানচ্ কর্তৃবা। বিণ।

শ্রদ্ধা—ভক্তি; সসম্মান প্রীতি; স্পৃহা; বিশ্বাস, নিষ্ঠা। শ্রৎ শব্দ (শ্রদ্ধা)—ধা+অঙ্ ভাববা +আপ্। বি; স্ত্রী।

শ্রদ্ধাবান্ (—বৎ)—শ্রদ্ধাযুক্ত, ভক্তিমান্; বিশ্বাসী। শ্রদ্ধা+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—বতী। [যুক্তার্থে। বিণ।

শ্রদ্ধালু—শ্রদ্ধান্বিত, ভক্তিমান্। শ্রদ্ধা+আলুচ্

শ্রদ্ধাস্পদ—শ্রদ্ধাভাজন, ভক্তির পাত্র। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; ক্লীব।

শ্রদ্ধাস্পদেষু—শ্রদ্ধার যোগ্য ব্যক্তির নিকট লিখিতব্য চিঠির পাঠ। সংস্কৃত ৭মীর বহুবচন (গৌরবে)।

শ্রদ্ধেয়—শ্রদ্ধার যোগ্য, মাননীয়, শ্রদ্ধাস্পদ। শ্রৎ—ধা+যৎ কর্ম্মবা। বিণ।

শ্রব, শ্রবঃ (শ্রবস্)—কর্ণ, কান। শ্রু (শ্রবণ করা)+অপ্, অস্ করণবা। বি; পুং, ক্লীব।

শ্রবণ—১। আকর্ণন, শুনা। শ্রু (শুনা)+ অনট্ ভাববা। ২। শ্রবণেন্দ্রিয়, শ্রুতি, কর্ণ। শ্রু+অনট্ করণবা। বি; ক্লীব।

শ্রবণবিবর—কর্ণরন্ধ্র, কানের ছিদ্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শ্রবণা—নক্ষত্রবিশেষ, দ্বাবিংশ নক্ষত্র। শ্রু+ অন কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

শ্রবণীয়, শ্রব্য—শ্রবণযোগ্য, শ্রোতব্য। শ্রু (শুনা)+অনীয়, যৎ কর্ম্মবা। বিণ।

শ্রবণেন্দ্রিয়—কর্ণ, কান। শ্রবণসাধক ইন্দ্রিয়, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

শ্রব্য—শ্রবণীয় দ্রঃ।

শ্রব্যকাব্য—শ্রবণযোগ্য কাব্য, যে কাব্য শ্রবণ করা যায়, নাটক ভিন্ন অন্য প্রকার কাব্য। কর্ম্মধা। বি ; ক্লীব।

শ্রম—শ্রান্তি, পরিশ্রম ; খেদ, ক্লান্তি ; শাস্ত্রাভ্যাস ; তপঃ। শ্রম + ঘঞ্ ভাববা। বি ; পুং।

শ্রমজল—পরিশ্রম জন্য ঘর্ম্মজল, শ্রমজনিত ঘাম। শ্রমজাত জল (ঘর্ম্মজল), মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

শ্রমজীবী (-জীবিন্), শ্রমোপজীবী (-জীবিন্)—কায়িক পরিশ্রম দ্বারা জীবিকানির্ব্বাহকারী, শ্রমিক। শ্রম-জীব্ (২য় পক্ষে উপ-জীব্) + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -জীবিনী।

শ্রমণ—ভিক্ষু, সন্ন্যাসী। শ্রম্ (পরিশ্রম করা) + অন কর্ত্তৃবা। বি ; পুং।

শ্রমবারি—স্বেদ ; ঘর্ম্মজল। শ্রমজনিত যে বারি, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

শ্রমবিভাগ—একটি কার্য্যের এক এক অংশে ভিন্ন ভিন্ন ব্যক্তির পরিশ্রম, কোন একটি বৃহৎ কার্য্য কেবল এক ব্যক্তির দ্বারা সম্পাদিত না হইয়া তাহার এক এক অংশ এক এক ব্যক্তি দ্বারা সম্পাদন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

শ্রমলব্ধ—পরিশ্রম দ্বারা প্রাপ্ত। ৩য়াতৎ। বিণ।

শ্রমলভ্য—পরিশ্রমপ্রাপ্য, যাহা পরিশ্রমে লাভ করা যায়। ৩য়াতৎ। বিণ।

শ্রমশীল—পরিশ্রমী, যে খাটিতে পারে। বহুব্রী। বিণ।

শ্রমসহিষ্ণু—পরিশ্রমের কষ্ট সহ্যকারী, শ্রমে অকাতর। ২য়াতৎ। বিণ। বি, -তা।

শ্রমসাধ্য—পরিশ্রম-নিষ্পাদ্য, যাহা পরিশ্রম দ্বারা সম্পাদিত হয়। ৩য়াতৎ। বিণ।

শ্রমসাপেক্ষ—যাহাতে খুব পরিশ্রমের দরকার হয়। ৩য়াতৎ। বিণ।

শ্রমস্বীকার—পরিশ্রমে প্রবৃত্ত হওয়া, শ্রমে অকাতরতা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

শ্রমাপনোদন—ক্লান্তি দূর করা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

শ্রমিক—শ্রমজীবী, কায়িক পরিশ্রমদ্বারা জীবিকানির্ব্বাহকারী, মজুর। শ্রম শব্দ + ইক (ঠন্)। বিণ বা বি ; পুং।

শ্রমোপজীবী—শ্রমজীবী দ্রঃ।

শ্রাদ্ধ—১। শ্রদ্ধাযুক্ত ; শ্রদ্ধার সহিত প্রদত্ত। শ্রদ্ধা শব্দ + অণ্ যুক্তার্থে। বিণ। স্ত্রী, শ্রাদ্ধী। ২। মৃত ব্যক্তির উদ্দেশে শ্রদ্ধাপূর্ব্বক অনুষ্ঠিত দানাদি কার্য্য, পিতৃকৃত্য। বি ; ক্লীব। **শ্রাদ্ধ করা**—পণ্ড বা নষ্ট করা, অপব্যয় করা। **শ্রাদ্ধ গড়ান**—কোন মন্দ ব্যাপার চলিতে চলিতে গুরুতর হওয়া। **টাকার শ্রাদ্ধ**—অপব্যয়।

শ্রাদ্ধীয়—শ্রাদ্ধসম্বন্ধীয়। শ্রাদ্ধ + ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, -য়া।

শ্রান্ত—শ্রমযুক্ত ; খিন্ন, ক্লান্ত ; শান্ত, নিবৃত্ত ; ভোগ-তৃপ্ত ; মন্দীভূত। শ্রম্ (পরিশ্রম করা) + ক্ত কর্ত্তৃবা। বিণ।

শ্রান্তি—শ্রম ; খেদ, ক্লান্তি ; নিবৃত্তি, বিশ্রাম। শ্রম্ + ক্তি ভাববা। বি ; স্ত্রী।

শ্রান্তিবোধ—শ্রম অনুভব, ক্লান্তিবোধ, কষ্ট অনুভব করা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

শ্রান্তিহর—ক্লান্তিনাশক, শ্রমজন্য কষ্ট নিবারক। শ্রান্তি-হৃ + অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -রা।

শ্রান্তিহীন—ক্লান্তিশূন্য, খেদরহিত ; বিশ্রাম-হীন ; অনিবৃত্ত। ৩য়াতৎ। বিণ।

শ্রাবক—শ্রবণকর্ত্তা, শ্রোতা ; যে শোনায়। শ্রু (শুনা) বা শ্রু + ণিচ্ + ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -বিকা।

শ্রাবণ—বৎসরের চতুর্থ মাস। শ্রাবণী শব্দ (শ্রাবণ মাসের পূর্ণিমা) + অণ্ যুক্তার্থে। বি ; পুং।

শ্রাবণী—শ্রাবণ মাসের পূর্ণিমা। শ্রবণ শব্দ + অণ্ + ঈপ্। বি ; স্ত্রী।

শ্রাবস্তী—অযোধ্যাপ্রদেশে গণ্ডা জেলার অন্তর্গত প্রাচীন নগরী। বুদ্ধদেবের সময়ে এই নগরী উত্তর-কোশলরাজ্যের রাজধানী ছিল এবং তজ্জন্য পবিত্রতা ও প্রসিদ্ধি লাভ করে। বি; স্ত্রী।

শ্রাবিত—যাহা শুনা হইয়াছে। ণিজন্ত শ্রু বা শ্রাবি+ক্ত কর্ম্মবা। বিণ; ত্রি।

শ্রাব্য—শ্রোতব্য, শ্রবণযোগ্য। শ্রু (শুনা) +ণ্যৎ কর্ম্মবা। বিণ।

শ্রিত—আশ্রিত; অবলম্বিত; সেবিত; উপজীবিত। শ্রি+ক্ত কর্ম্মবা। বিণ।

শ্রী—১। লক্ষ্মী; সম্পত্তি; সরস্বতী; শোভা; লাবণ্য; রূপ; বেশবিন্যাস; উপকরণ; বিভূতি; প্রকার; ত্রিবর্গ; কীর্ত্তি; বুদ্ধি; বৃদ্ধি; সিদ্ধি; বিল্ববৃক্ষ; সরল বৃক্ষ; নামের উপাধিবিশেষ (জীবিত লোকের এবং দেবতা, দেবতুল্য ব্যক্তি বা পবিত্র বস্তুর নামের পূর্ব্বে বসে)। শ্রি (আশ্রয় করা)+ক্বিপ্ কর্ম্মবা। বি; স্ত্রী। ২। (সঙ্গীতে) রাগবিশেষ। বি; পুং।

শ্রীকণ্ঠ—মহাদেব; কবি ভবভূতির উপনাম; দেশবিশেষ, কুরুজাঙ্গল। বহুব্রী। বি; পুং।

শ্রীকান্ত—বিষ্ণু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শ্রীকৃষ্ণ—বাসুদেব, কৃষ্ণ। শ্রীযুক্ত যে কৃষ্ণ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

শ্রীক্ষেত্র—জগন্নাথক্ষেত্র, পুরীধাম। শ্রীযুক্ত ক্ষেত্র, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শ্রীঘর—কারাগার, জেলখানা (ব্যঙ্গে)। দেশজ। বি।

শ্রীচরণ, শ্রীপদ—শ্রীযুক্ত চরণ, শোভাকর পদ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শ্রীচরণকমল—শ্রীসম্পন্ন পদরূপ পদ্ম। রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

শ্রীচরণকমলেষু, শ্রীচরণেষু—পূজনীয় ব্যক্তিকে লিখিতব্য; পত্রের আরম্ভে ব্যবহার্য্য পাঠবিশেষ। সংস্কৃত সপ্তম্যন্ত পদ।

শ্রীদাম—কৃষ্ণসহচর গোপবিশেষ। ইনি গোলোকে শ্রীকৃষ্ণের সখা ছিলেন। বি; পুং।

শ্রীধর—বিষ্ণু; শালগ্রাম শিলাবিশেষ। শ্রী (লক্ষ্মী)—ধৃ+অচ্ কর্তৃবা। বি; পুং।

শ্রীনাথ—বিষ্ণু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শ্রীনিকেতন—বিষ্ণু। শ্রীর নিকেতন, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শ্রীনিবাস—বিষ্ণু; লক্ষ্মীর আবাস। শ্রীর (লক্ষ্মীর বা কান্তির) নিবাস (আশ্রয়স্থান)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শ্রীপঞ্চমী—মাঘমাসের শুক্লপঞ্চমী, এই দিনে সরস্বতী-পূজা হইয়া থাকে। শ্রীযুক্তা যে পঞ্চমী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

শ্রীপতি—নারায়ণ, বিষ্ণু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শ্রীপদ—শ্রীচরণ দ্রঃ।

শ্রীপদপঙ্ক(ঙ্ক)জ—শ্রীচরণরূপ পদ্ম। পদ-রূপ যে পঙ্কজ সে পদপঙ্কজ, রূপক কর্ম্মধা; শ্রীযুক্ত পদপঙ্কজ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শ্রীপদপল্লব—শ্রীযুক্ত চরণরূপ পল্লব। পদরূপ পল্লব, রূপক কর্ম্মধা; শ্রীযুক্ত যে পদপল্লব, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শ্রীফল—১। বিল্ববৃক্ষ, বেলগাছ। শ্রীযুক্ত ফল যাহার, বহুব্রী। বি; পুং। ২। বিল্ব, বেল। শ্রীযুক্ত যে ফল, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শ্রীবৎস—১। বিষ্ণু। শ্রীযুক্ত বৎস (বক্ষঃস্থল) যাঁহার, বহুব্রী। ২। বিষ্ণুর বক্ষঃস্থলস্থ রোমাবর্ত্তবিশেষ। শ্রীযুক্ত (শোভান্বিত) বৎস (বক্ষঃস্থল) যাহা হইতে, বহুব্রী। ৩। অযোধ্যা দেশের জনৈক প্রাচীন নরপতি। ইঁহার পত্নীর নাম চিন্তা। বি; পুং।

শ্রীবৎসলাঞ্ছন—বিষ্ণু। শ্রীবৎস হইয়াছে লাঞ্ছন (চিহ্ন) যাঁহার, বহুব্রী। বি; পুং।

শ্রীবাস—বিষ্ণু; শিব। শ্রী হইয়াছে বাস (বাসস্থান) যাঁহার, বহুব্রী। বি; পুং।

শ্রীবৃদ্ধি—সৌভাগ্যবৃদ্ধি; সম্পত্তির উন্নতি; সৌন্দর্য্যবৃদ্ধি; উৎকর্ষ, উন্নতি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

শ্রীভ্রষ্ট—সৌন্দর্য্য-রহিত, কান্তিশূন্য। ৫মীতৎ। বিণ। স্ত্রী,—ষ্টা।

শ্রীমতী—১। শ্রীযুক্তা, ইত্যাদি। শ্রীমান্ দ্রঃ। বিণ। ২। শ্রীরাধিকা; কপিলপত্নী, ইনি সতীসাধ্বীর উদাহরণস্থল। শ্রীমৎ+ঈপ্। বি; স্ত্রী।

শ্রীমন্ত—শ্রীমান্, ভাগ্যবান্; কবিকঙ্কণ চণ্ডীর নায়কবিশেষ। দেশজ। বি; পুং।

শ্রীমান্ (শ্রীমৎ)—শ্রীযুক্ত; লক্ষ্মীবান্; ধনবান্; সুন্দর। শ্রী+মতুপ্। বিণ। স্ত্রী, শ্রীমতী।

শ্রীমুখ—১। শোভাযুক্ত মুখ। শ্রীযুক্ত যে মুখ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। ২। পত্রপৃষ্ঠে 'শ্রী' এই শব্দ লিখন। শ্রী (সৌভাগ্য) মুখ যাহার, বহুব্রী। বি; পুং।

শ্রীমুখপঙ্ক(ংক)জ—মনোহর বদনকমল, সুন্দর মুখপদ্ম। মুখরূপ পঙ্কজ, রূপক কর্ম্মধা; শ্রীযুক্ত মুখপঙ্কজ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শ্রীমূর্ত্তি(র্তি)—দেববিগ্রহ। শ্রীযুক্তা যে মূর্ত্তি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

শ্রীযুক্ত, শ্রীযুত—শ্রীমান্, লক্ষ্মীবান্। শ্রী দ্বারা যুক্ত, যুত, ৩য়াতৎ। বিণ।

শ্রীরাগ—রাগবিশেষ, তৃতীয় রাগ। শ্রী-নামক যে রাগ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

শ্রীরাম, —চন্দ্র—অযোধ্যাধিপতি রামচন্দ্র। শ্রীযুক্ত যে রাম বা রামচন্দ্র, মধ্যপ কর্ম্মধা। বি; পুং। [বিণ। স্ত্রী, শ্রীলা।

শ্রীল—শ্রীযুক্ত, শ্রীসম্পন্ন। শ্রী+লচ্ যুক্তার্থে।

শ্রীশ—শ্রীনাথ, বিষ্ণু। শ্রীর (লক্ষ্মীর) ঈশ (নাথ), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শ্রীহীন—শোভাশূন্য; কুরূপ; সৌভাগ্যহীন; লক্ষ্মীহীন। ৩য়াতৎ। বিণ।

শ্রুত—১। আকর্ণিত, যাহা শুনা হইয়াছে এরূপ; প্রসিদ্ধ; জ্ঞাত। বিণ। ২। বেদ; শাস্ত্র; শাস্ত্রজ্ঞান। শ্রু (শুনা)+ক্ত কর্ম্মবা। বি; ক্লীব।

শ্রুতকীর্ত্তি(র্তি)—কুশধ্বজ রাজার কনিষ্ঠা কন্যা ও লক্ষ্মণানুজ শত্রুঘ্নের পত্নী। শ্রুতা কীর্ত্তি যাঁহার (যে স্ত্রীর), বহুব্রী। বি; স্ত্রী।

শ্রুতধর—শ্রুতিধর দ্রঃ।

শ্রুতলিখন—শুনিয়া লেখা; কেহ বলিয়া গেলে তাহা লেখা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শ্রুতি—১। শ্রবণেন্দ্রিয়, কর্ণ। শ্রু (শুনা)+ক্তি করণবা। ২। শ্রবণ, আকর্ণন, শুনা। শ্রু+ক্তি ভাববা। ৩। বেদ; বাচক শব্দ; কিংবদন্তী; (সঙ্গীতে) স্বরাবয়ব, সূক্ষ্মস্বর-বিশেষ। শ্রু+ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী।

শ্রুতিকটু—১। দুঃশ্রাব্যতা দোষ। বি; পুং। ২। দুঃশ্রাব্য, শুনিতে রূঢ়। ৭মীতৎ। বিণ।

শ্রুতিকঠোর—শ্রুতিকটু, শুনিতে কটু, দুঃশ্রাব্য। ৭মীতৎ। বিণ।

শ্রুতিগম্য—শ্রুতিগোচর। ২য়াতৎ। বিণ।

শ্রুতিগোচর—শ্রবণেন্দ্রিয়ের বিষয়ীভূত, আকর্ণিত, যাহা শুনা গিয়াছে এরূপ। ৬ষ্ঠীতৎ। বিণ।

শ্রুতিধর, শ্রুতধর—শ্রবণমাত্র ধারণক্ষম অন্যের যে কোন কথা শুনিবামাত্র স্মরণ রাখিতে সমর্থ, অতি মেধাবী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —রা।

শ্রুতিপথ, —পুট—শ্রবণপথ, কর্ণপথ, কর্ণ-ছিদ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

শ্রুতিমধুর—শ্রবণমনোহর, শুনিতে মিষ্ট। ৭মীতৎ। বিণ।

শ্রুতিলিখন—শ্রুতলিখন (তাহা দ্রঃ)।

শ্রুতিসুখ—কর্ণসুখ, শ্রবণেন্দ্রিয়ের তৃপ্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

শ্রুতিসুখকর—কর্ণের তৃপ্তিদায়ক, শুনিতে মিষ্ট। শ্রুতিসুখ—কৃ+ট কর্ত্তৃবা। বিণ।

শ্রুব, শ্রুবা—যজ্ঞে ঘৃতক্ষেপণপাত্র। শ্রু (গমন করা)+ক অপাবা, পক্ষে আপ্, বি; ক্লীব, স্ত্রী।

শ্রূয়মাণ—যাহা শ্রবণ করা যাইতেছে একপ শ্রু (শুনা)+শানচ্ কর্ম্মবা। বিণ।

শ্রেঢ়ী—(অঙ্কশাস্ত্রে) গণনার রীতিবিশেষ (Progression). শ্রেণি শব্দ—ঢৌক্ (গমন করা)+ড কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

শ্রেণি, শ্রেণী—পঙ্‌ক্তি, সারি; দল; জাতি

এক ধর্ম্মবিশিষ্ট বস্তু বা ব্যক্তিসমূহ; কারু-সংহতি। শ্রি (আশ্রয় করা, ইত্যাদি)+নি কর্ত্তৃবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

শ্রেণীবদ্ধ—পঙ্‌ক্তিবদ্ধ, সারিবন্দী; দলবদ্ধ। ৩য়াতৎ। বিণ।

শ্রেণীবিন্যস্ত—সারিবন্দী ভাবে স্থাপিত, সারি সারি রক্ষিত। ৩য়াতৎ। বিণ।

শ্রেণীভুক্ত—দলভুক্ত, দলের অন্তর্গত। ৩য়াতৎ বা ৭মীতৎ। বিণ।

শ্রেয়ঃ (শ্রেয়স্), শ্রেয়—১। ধর্ম্ম; হিত, মঙ্গল; মোক্ষ; সুখ; সৌভাগ্য। বি; ক্লীব। ২। অতি প্রশস্ত; শুভকর; অপেক্ষাকৃত ভাল। প্রশস্য+ঈয়সু। বিণ; ক্লীব। পুং, শ্রেয়ান্। স্ত্রী, শ্রেয়সী।

শ্রেয়স্কর—মঙ্গলজনক, শুভদায়ক। উপতৎ। শ্রেয়স্ (মঙ্গল)—কৃ (করা)+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী। [বিণ; স্ত্রী।

শ্রেয়সী—শুভকরী; শ্রেষ্ঠা। শ্রেয়স্+ঈপ্।

শ্রেয়ান্ (শ্রেয়স্)—জ্যেষ্ঠ; শুভকর, মঙ্গলজনক। প্রশস্য শব্দ+ঈয়সু। বিণ। স্ত্রী,—য়সী।

শ্রেয়োজনক—শ্রেয়স্কর, মঙ্গলজনক। ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী,—নিকা।

শ্রেষ্ঠ—অতি প্রশস্ত; প্রধান; জ্যেষ্ঠ। প্রশস্য শব্দ+ইষ্ঠ। বিণ।

শ্রেষ্ঠী (শ্রেষ্ঠিন্)—বণিগ্‌বিশেষ; শেঠ। শ্রেষ্ঠ শব্দ+ইন্। বি; পুং।

শ্রোণি, শ্রোণী—নিতম্ব, পাছা; কটিদেশ; পথ। শ্রোণ্+ইন্ কর্ত্তৃবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী। [ক্লীব।

শ্রোণিফলক—কটিপ্রদেশ। কর্ম্মধা। বি;

শ্রোতব্য—শ্রাব্য, শ্রবণযোগ্য। শ্রু (শুনা) +তব্য কর্ম্মবা। বিণ।

শ্রোতা (শ্রোতৃ)—শ্রবণকর্ত্তা, যে শুনে। শ্রু (শুনা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, শ্রোত্রী।

শ্রোতৃবর্গ, —মণ্ডলী—শ্রোতার দল। ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী। [বি; ক্লীব।

শ্রোত্র—কর্ণ, কান। শ্রু (শুনা)+ত্র করণবা।

শ্রোত্রিয়—১। বেদাধ্যায়ী ব্রাহ্মণ; বেদজ্ঞ বিপ্র। শ্রোত্র শব্দ+ইয়। বি; পুং। ২। সদ্বংশজাত; সচ্চরিত্র। বিণ। স্ত্রী,—য়া।

শ্রৌত—শ্রুতিসিদ্ধ, শাস্ত্রসম্মত। শ্রুতি শব্দ (শাস্ত্র)+অণ্। বিণ। স্ত্রী, শ্রৌতী।

শ্লথ—শিথিল, ঢিলা, আলগা। শ্লথ্ (ঢিলা হওয়া)+অচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, শ্লথা।

শ্লাঘনীয়, শ্লাঘ্য—প্রশংসনীয়; ধন্য; প্রশংসার পাত্র; স্পৃহণীয়। শ্লাঘ্ (শ্লাঘা করা)+অনীয়, ণ্যৎ কর্ম্মবা। বিণ।

শ্লাঘা—প্রশংসা; আত্মগুণখ্যাপন। শ্লাঘ্+অ ভাববা+আপ। বি; স্ত্রী।

শ্লাঘাজনক—গৌরবজনক। ৬ষ্ঠীতৎ। বিণ।

শ্লাঘ্য—শ্লাঘনীয় দ্রঃ।

শ্লিষ্ট—১। শ্লেষযুক্ত; সংস্পৃষ্ট, সংযুক্ত। শ্লিষ্ (আলিঙ্গন করা)+ক্ত। বিণ। ২। আলিঙ্গিত। শ্লিষ্+ক্ত কর্ম্মবা। বিণ।

শ্লিষ্টার্থ—স্পষ্টার্থ ব্যতীত অন্য অর্থ। কর্ম্মধা। বি; পুং।

শ্লীপদ—শোথরোগ; গোদ। শ্রী (স্ফীতি) যুক্ত যে পদ, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

শ্লীল—শ্রীযুক্ত; সাধু, শিষ্ট, ভদ্র; সৌভাগ্যশালী। শ্রী+লচ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, শ্লীলা।

শ্লীলতা—ভদ্রতা, সাধুতা। শ্লীল+তা ভাবার্থে। বি; স্ত্রী।

শ্লীলতাহানি—অভদ্র বা অশ্লীল আচরণ দ্বারা সম্ভ্রমনাশ; বলাৎকারের চেষ্টা। ৬ষ্ঠী-তৎ। বি; স্ত্রী।

শ্লেট, সেলেট—লিখিবার নিমিত্ত কাল পাথরের পাতলা ফলকবিশেষ। ইং Slate. বি।

শ্লেষ—১। আশ্লেষ, আলিঙ্গন; যোগ; কাব্যালঙ্কারবিশেষ; শব্দের নানার্থ-যোগ। শ্লিষ্ (আলিঙ্গন করা)+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। নিন্দাত্মক বিদ্রূপবাক্য, কটাক্ষসূচক উক্তি। দেশজ প্রঃ। বি।

শ্লেষ্মা (শ্লেষ্মন্)—কফ, সর্দ্দি, শিকনি। শ্লিষ্ (আলিঙ্গন করা)+মনিন্ কর্ত্তৃবা। বি; পুং।

শ্লৈষ্মিক—শ্লেষ্মা বা কফ সম্বন্ধীয়। শ্লেষ্মন্ (শ্লেষ্মা)+ইক সম্বন্ধার্থে। বিণ। **শ্লৈষ্মিক অন্তস্ত্বক্ বা ঝিল্লী**—ত্বকের যে ভাগ দ্বারা শরীরের ভিতর ভাগ আবৃত থাকে (Mucous membrane).

শ্লোক—কবিতা, পদ্য ; যশঃ, কীর্ত্তি। শ্লোক্ (গাথা)+ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং।

শ্লোকময়—শ্লোকাত্মক, শ্লোকে রচিত। শ্লোক+ময়ট্। বিণ। স্ত্রী,—য়ী।

শ্লোকাত্মক—শ্লোকময়, পদ্যে রচিত। শ্লোক হইয়াছে আত্মা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —ত্মিকা।

ষ

ষ—একত্রিংশ ব্যঞ্জনবর্ণ, ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা। [বি ; পুং।

ষকার—'ষ' এই অক্ষর। ষ+কার স্বার্থে।

ষট্ (ষষ্)—ছয় সংখ্যা, ৬। সো (নাশ করা)+ক্বিপ্ কর্ত্তৃবা, নিপাতনে। বিণ।

ষট্ক—ছয় সংখ্যা, ৬। ষষ্ শব্দ+কন্ স্বার্থে। বি ; ক্লীব।

ষট্কর্ম্ম(র্ম) (–কর্ম্মন্)—যজন যাজন অধ্যয়ন অধ্যাপন দান প্রতিগ্রহ—এই ছয় প্রকার কর্ম্ম ; (তন্ত্রে) শান্তি বশীকরণ স্তম্ভন বিদ্বেষ উচাটন মারণ এই ষড়্বিধ কর্ম্ম। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

ষট্কর্ম্মা(র্ম্মা) (–কর্ম্মন্)—ষট্কর্ম্মকারী ব্রাহ্মণ। ষট্ হইয়াছে কর্ম্ম যাহার, বহুব্রী। বি ; পুং। [বিণ।

ষট্কর্ম্মা(র্ম্মা)ন্বিত—ষট্কর্ম্মা। ঐ্রাস্তৎ।

ষট্কোণ—১। বজ্র ; লগ্নাপেক্ষা ষষ্ঠ স্থান ; ষড়্ভুজ ক্ষেত্র। বি ; ক্লীব। ২। ছয়কোণ-বিশিষ্ট। ষট্ (ছয়) কোণ যাহার, বহুব্রী। বিণ।

ষট্চক্র—দেহমধ্যস্থ ছয় চক্র, যথা—মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপূরক, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞা। দ্বিগু। বি ; ক্লীব।

ষট্চত্বারিংশ, –তম—ছচল্লিশ সংখ্যার স্থানীয়। ষট্চত্বারিংশৎ+ডট্, তমট্। বিণ। স্ত্রী,—শী,—মী।

ষট্চত্বারিংশৎ—১। ছচল্লিশ সংখ্যা, ৪৬। ষট্ অধিকা চত্বারিংশৎ, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। ৪৬ সংখ্যক। বিণ ; স্ত্রী।

ষট্ত্রিংশৎ—১। ছত্রিশ সংখ্যা, ৩৬। ষট অধিকা ত্রিংশৎ, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। ছত্রিশ-সংখ্যক। বিণ ; স্ত্রী। পূরণবাচক বিণ,—ত্রিংশ, —ত্রিংশত্তম।

ষট্পঞ্চাশৎ—১। ছাপ্পান্ন সংখ্যা, ৫৬। ষট অধিকা পঞ্চাশৎ, মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। ছাপ্পান্ন সংখ্যক। বিণ ; স্ত্রী। পূরণ-বাচক বিণ,—পঞ্চাশ,—পঞ্চাশত্তম।

ষট্পদ—ভ্রমর। বহুব্রী। বি ; পুং।

ষট্পদী—ভ্রমরী ; ছয় চরণবিশিষ্ট ছন্দঃ। ষট্ (ছয়) পদ যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বি ; স্ত্রী।

ষট্ষষ্টি—ছয়ষট্টি, ৬৬। ষট দ্বারা অধিকা যে ষষ্টি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী। পূরণবাচক বিণ,—ষষ্ট,—ষষ্টিতম।

ষট্সপ্ততি—ছিয়াত্তর, ৭৬। ষট্ দ্বারা অধিকা যে সপ্ততি, মধ্যপ কর্ম্মধা। বি বা বিণ ; স্ত্রী। পূরণবাচক বিণ,—সপ্ততিতম।

ষড়ঙ্গ(ংগ)—১। শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ, জ্যোতিষ—এই ছয় বেদাঙ্গ, বাহুদ্বয়, পদদ্বয়, কটি, মস্তক—দেহের এই ছয় অঙ্গ ; আদ্যশ্রাদ্ধকালে প্রেতোদ্দেশে প্রদেয় পিঠাদি ছয় প্রকার দ্রব্য। ষট্ অঙ্গের সমাহার, সমাহার দ্বিগু। বি ; ক্লীব। ২। ছয় অঙ্গ-যুক্ত। ষট্ (ছয়) অঙ্গ যাহার, বহুব্রী। বিণ ; ত্রি। [শব্দজ্ঞ। বি।

ষড়যন্ত্র—কুচক্রান্ত ; গুপ্ত মন্ত্রণা। 'ষড়্যন্ত্র'

ষড়শীতি—১। সংক্রান্তিবিশেষ, ছিয়াশি সংখ্যা, ৮৬। ষট্ অধিকা অশীতি (আশী), মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। ছিয়াশি-সংখ্যক। বিণ ; স্ত্রী। পূরণবাচক বিণ,—শীত, —শীতিতম।

ষড়ানন—কার্ত্তিকেয়। ষট্ (ছয়) আনন (মুখ) যাঁহার, বহুব্রী। বি; পুং।

ষড়্ঋতু (ষড়্ তু)—ছয় ঋতু। গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত—এই ছয়টী ঋতু। কর্ম্মধা। বি; পুং।

ষড়ৈশ্বর্য্য(র্য)—ঐশ্বর্য্য, বীর্য্য, যশঃ, শ্রী, জ্ঞান ও বৈরাগ্য—এই ছয়। সমাহার দ্বিগু। বি; ক্লীব।

ষড়্গুণ—১। সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ, আশ্রয়—রাজাদিগের এই ছয় গুণ। কর্ম্মধা। বি; পুং। ২। ছয়-সংখ্যা-গুণিত। বহুব্রী। বিণ।

ষড়্জ—নাসা, কণ্ঠ, উরঃ, তালু, জিহ্বা, দন্ত—এই ছয় স্থানজাত কেকাতুল্য স্বর; (সঙ্গীতে) মূলস্বর (Key-note), সা, যাহা হইতে অপর ছয়টি স্বর (ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত, নিষাদ) উৎপন্ন হয়। ষষ্ (ছয়)—জন্ (জন্মা)+ড কর্ত্তৃবা। বি; পুং।

ষড়্দর্শন—পূর্ব্বমীমাংসা, বেদান্ত, ন্যায়, সাংখ্য, পাতঞ্জল, বৈশেষিক, এই ছয় প্রকার দর্শনশাস্ত্র। ষট্ (ছয়) দর্শনের সমাহার, সমাহার দ্বিগু। বি; ক্লীব।

ষড়্ধা—ছয় প্রকার; ছয় বার। ষষ্ (ছয়) +ধাচ্ প্রকারার্থে। অব্য।

ষড়্বর্গ—কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য—এই ছয়। দ্বিগু। বি; পুং।

ষড়্বিধ—ছয়প্রকার। ষট্ (ছয়) বিধা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী—ধা।

ষড়্ভুজ—ছয় হস্তযুক্ত; ছয় বাহু দ্বারা পরিবেষ্টিত (ক্ষেত্র)। ষট্ (ছয়) ভুজ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী—জা। [বি।

ষড়্যন্ত্র—চক্রান্ত (চক্রান্ত দ্রঃ)। দেশজ প্রঃ।

ষড়্রস—মধুর, তিক্ত, কষায়, লবণ, অম্ল, কটু—এই ছয় প্রকার রস। দ্বিগু। বি; ক্লীব।

ষণ্ড—১। বৃষ, ষাঁড়; নপুংসক; বৃক্ষ; পণ্ডিতবিশেষ, শুক্রাচার্য্যের পুত্র, ভক্তপ্রধান প্রহ্লাদের গুরু। ষণ্ (সেবা করা)+ড কর্ত্তৃবা। বি; পুং। ২। পদ্মাদির সমূহ; সমূহ। বি; ক্লীব বা পুং।

ষণ্ডা—বলিষ্ঠ, মোটাসোটা ও জোয়াল; একগুঁয়ে। বিণ বা বি।

ষণ্ডামর্ক—শুক্রাচার্য্যের দুই পুত্র ষণ্ড ও অমর্ক, প্রহ্লাদের গুরুমহাশয়; (বিদ্রূপে) গোঁয়ারগোবিন্দ ও বলশালী যুবক। বি; পুং।

ষণ্ডামার্কা—গুণ্ডা-প্রকৃতি। 'ষণ্ডামর্ক' শব্দজ। বিণ।

ষণ্ণবতি—৯৬ সংখ্যা। ষট্ দ্বারা অধিকা যে নবতি, মধ্যপ কর্ম্মধা। বিণ বা বি; স্ত্রী। পূরণবাচক বিণ, ষণ্ণবতিতম।

ষণ্মুখ—ষড়ানন, কার্ত্তিকেয়। ষট্ (ছয়) মুখ যাঁহার, বহুব্রী। বি; পুং।

ষত্ব—মূর্দ্ধণ্য ষ-কারের ভাব, দন্ত্য স স্থানে মূর্দ্ধণ্য ষ হওয়া। ষ+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

ষত্ববিধান, —বিধি—মূর্দ্ধণ্য ষ হইবার নিয়ম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, পুং।

ষষ্টি—১। ষাটি সংখ্যা, ৬০। ষষ্ শব্দ (ছয়) +দশতি দশগুণ-অর্থে। বি; স্ত্রী। ২। ৬০ সংখ্যক। বিণ; স্ত্রী।

ষষ্টিক, ষষ্টিকা—ধান্যবিশেষ; এই ধান্য ষষ্টি (৬০) দিনে অর্থাৎ দুই মাসে পক্ক হয়। ষষ্টি+কন্, পক্ষে আপ্। বি; পুং, স্ত্রী।

ষষ্টিতম—৬০ সংখ্যার পূরক। ষষ্টি+তমট্ পূরণার্থে। বিণ। স্ত্রী,—মী।

ষষ্টিধা—ষাটিপ্রকার; ষাটিবার। ষষ্টি শব্দ+ধাচ্ প্রকারার্থে। অব্য।

ষষ্ঠ—ছয় সংখ্যার পূরক। ষষ্ (ছয়)+ডট্ পূরণার্থে (থ-আগম) বিণ। স্ত্রী, ষষ্ঠী।

ষষ্ঠী—১। ৬ সংখ্যার পূরিকা। ষষ্ঠ+ঈপ্। বিণ; স্ত্রী। ২। দেবীবিশেষ; দুর্গা; মাতৃকাবিশেষ; তিথিবিশেষ। বি; স্ত্রী।

ষষ্ঠীতৎপুরুষ—পূর্ব্বপদে ষষ্ঠী বিভক্তির লোপ হইয়া পরপদ প্রধান যে সমাস হয়। ষষ্ঠী-নির্দিষ্ট তৎপুরুষ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

ষষ্ঠীতলা—ষষ্ঠীদেবীর মন্দির বা অধিষ্ঠান-বৃক্ষ ও তৎপার্শ্ববর্তী স্থান। ৬ষ্ঠীতৎ। বি।

ষাট (ষাটি)—ষষ্টি, ৬০ এই সংখ্যা ; ষষ্ঠী-দেবী। 'ষষ্ঠী' শব্দজ। বিণ বা বি। **ষাট ষাট**—সন্তানাদির বিপদ নিবারণের জন্য ষষ্ঠীদেবীর নাম উচ্চারণপূর্ব্বক প্রার্থনা। **ষেটের কোলে**—ষষ্ঠীদেবীর প্রসাদে বা কৃপায়।

ষাড়্‌গুণ্য—ষড়্‌গুণ (ষড়্‌গুণ দ্রঃ)। ষড়্‌গুণ শব্দ+ষ্যঞ্‌ স্বার্থে। বি ; ক্লীব।

ষাণ্মাতুর—কৃত্তিকাত্রয়, দুর্গা, গঙ্গা, পৃথ্বী—এই ছয় মাতার পুত্র, কার্ত্তিকেয়। ষট্‌ মাতা=ষণ্মাতা, কর্ম্মধা। ষণ্মাতৃ+অণ্‌। বি ; পুং।

ষাণ্মাসিক—ষষ্ঠ মাসে সাধনীয় বা কর্ত্তব্য (শ্রাদ্ধাদি) ; ছয় মাস অন্তর অনুষ্ঠিত বা প্রকাশিত। ষট্‌ (ছয়) মাস=ষণ্মাস, কর্ম্মধা। ষণ্মাস+ইক। বিণ। স্ত্রী.—কী।

ষেটেরা—শিশুর জন্মের পর ষষ্ঠ রাত্রিতে অনুষ্ঠেয় পূজাদি কর্ম্ম। দেশজ। বি।

ষোড়শ—১৬ সংখ্যার পূরক। ষোড়শন্‌+ডট্‌ পূরণার্থে। বিণ। স্ত্রী,—শী।

ষোড়শ (ষোড়শন্‌)—ষোল সংখ্যা, ১৬। ষট্‌ দ্বারা অধিক যে দশ, মধ্যপ কর্ম্মধা। বিণ বা বি।

ষোড়শক—ভূমি, আসন, জল, বস্ত্র, দীপ, অন্ন, তাম্বূল, ছত্র, গন্ধ, মাল্য, ফল, শয্যা, পাদুকা, গো, কাঞ্চন, রজত—শ্রাদ্ধাদিকালে প্রেত-দের এই ষোল বস্তু। ষোড়শন্‌ শব্দ+কন্‌। বি ; ক্লীব।

ষোড়শদান—নির্দ্দিষ্ট ১৬ বস্তুর অর্পণ (ষোড়শক তাহা দ্রঃ)। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

ষোড়শমাতৃকা—ষোলসংখ্যক দেবীবিশেষ। [মাতৃকা তাহা দ্রঃ]। কর্ম্মধা। বি ; স্ত্রী।

ষোড়শাঙ্গ(ংশ)—১। গুগ্‌গুলু, সরল, দারু, পত্র, চন্দন, হ্রীবের, অগুরু, কুষ্ঠ, গুড়, সর্জ্জরস, ঘন, হরীতকী, নখী, লাক্ষা, জটামাংসী, শৈলেয়—এই ১৬ প্রকার গন্ধদ্রব্যে প্রস্তুত ধূপ। কর্ম্মধা। বি ; পুং। ২। ষোল-অঙ্গযুক্ত। ষোড়শ অঙ্গ যাহার, বহুব্রী। বিণ।

ষোড়শাবর্ত্ত(র্ত্ত)—শঙ্খ। ষোড়শ আবর্ত্ত যাহার, বহুব্রী। বি ; পুং।

ষোড়শী—১। ১৬ সংখ্যার পূরিকা। ষোড়শ +ঙীপ্‌। বিণ ; স্ত্রী। ২। দশমহাবিদ্যার অন্তর্গত দেবীবিশেষ ; ষোল বৎসর বয়স্কা যুবতী স্ত্রী। বি ; স্ত্রী।

ষোড়শোপচার—আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয়, স্নান, বসন, আভরণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, চন্দন—পূজার এই ষোড়শবিধ উপচার ; (শক্তিপূজায়) পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, স্নান, বসন, ভূষণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, আচমন, মদ্য, তাম্বূল, তর্পণ, নতি—এই ষোড়শ উপচার। কর্ম্মধা। বি ; পুং।

ষোল—ষোড়শ, ১৬ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'ষোড়শন্‌' শব্দজ। বিণ বা বি।

ষোল-আনা—সম্পূর্ণ, পুরাপুরি। দেশজ। বিণ।

ষ্টীমার—বাষ্পীয়পোত, কলের জাহাজ। ইং [Steamer. বি।

ষ্টেশন- রেলগাড়ী প্রভৃতি থামিবার ও যাত্রীদের উঠানামা করিবার নির্দ্দিষ্ট স্থান বা আড্ডা। ইং Station. বি।

ষ্টোভ—পাম্প দ্বারা কেরোসিনের গ্যাস তুলিয়া জ্বালাইবার ধাতুনির্ম্মিত উনুন। ইং Stove. বি।

ষ্ট্যাম্প—চিঠিপত্র ও দলিলাদিতে যে টিকিট লাগে, মাশুল শুল্কাদিসূচক টিকিট বা পত্রিকা-বিশেষ। ইং Stamp. বি।

ষ্ট্রীট—নগরের বড় রাস্তা। ইং Street. বি।

ষ্ঠীবন—থূৎকার ক্ষেপণ, থুথু ফেলা। ষ্ঠিব (থুথু ফেলা)+অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

ষ্ঠ্যূত—বান্ত, যাহা বমি করা হইয়াছে এরূপ ; নিরস্ত। ষ্ঠিব্‌+ক্ত কর্ম্মবা। বিণ।

স

স—১। দ্বাত্রিংশ ব্যঞ্জনবর্ণ, ইহার উচ্চারণস্থান দন্ত। ২। তৎসহিত, যুক্ত ; সমান। (সমাস-যুক্তরূপে ; যেমন সপরিবারে ; সোদর)।

সই—১। সহ্য করি। বাং ক্রি। ২। 'সখী'। 'সখী' শব্দজ। বি; স্ত্রী। **সই পাতান**—সখীত্ব স্থাপন। ৩। পুরাপুরি; মাপমত; উপযোগী; অনুযায়ী। আর্বী 'সহীম্' শব্দজ। বিণ। ৪। সম্মতি। অব্য। ৫। দস্তখৎ। আর্বী 'সহি' শব্দজ।

সইস্, সহিস—অশ্বপালক, ঘোটকের পরিচর্য্যাকারী। ফার্সী 'সাইস্' শব্দজ। বি।

সওগাৎ—ভেট, উপঢৌকন। তুর্কী। বি।

সওদা—ক্রয়; বাণিজ্য, ব্যবসায়; বাণিজ্য-দ্রব্য। ফার্সী। বি। [বি।

সওদাগর—বাণিজ্যকারী, বণিক্। ফার্সী।

সওদাগরি—বাণিজ্য, ব্যবসা। সওদাগর+ই। বি।

সওয়া—১। সহা, সহ্য করা। বাং ক্রি। ২। সপাদ, সিকি অংশের সহিত (যেমন—সওয়া তিন টাকা=৩।০); সিকি অধিক এক, $১\frac{১}{৪}$। 'সপাদ' শব্দজ। বিণ।

সওয়াইয়া—সওয়া দ্বারা গুণনের নামতা। দেশজ। বি। [ফার্সী। বি।

সওয়ার—চড়নদার, আরোহী, অশ্বারোহী।

সওয়ারি—যানবাহন, পালকি প্রভৃতি; বাদ্যযন্ত্রবিশেষ। ফার্সী। বি।

সওয়ারী—যে যানে চড়িয়াছে, আরোহী, আরূঢ়। ফার্সী। বিণ।

সওয়াল—প্রশ্ন, জেরা; অনুরোধ; পূর্ব্বপক্ষ। আর্বী। বি।

সওয়ালজবাব—প্রশ্নোত্তর; মোকদ্দমায় দুই পক্ষের উকীলের স্ব স্ব পক্ষে যুক্তিদান। দ্বন্দ্ব। বি।

সং, সঙ্—নটাদির কৌতুকজনক বেশ, ভাঁড়, বিদূষক; মস্করা; হাস্যাভিনয়, হাস্যরঙ্গ। 'স্বাঙ্গ' শব্দজ। বি।

সংকল্প—সঙ্কল্প (তাহা দ্রঃ)।

সংকীর্ত্তন—সঙ্কীর্ত্তন দ্রঃ। [বি।

সংকুলান—পর্য্যাপ্তি, যথেষ্ট হওয়া। দেশজ।

সংকেত—সঙ্কেত দ্রঃ।

সংক্রম, —ক্রাম, —ক্রমণ—১। সংক্রান্তি, সূর্য্যাদি গ্রহের রাশ্যন্তর সঞ্চার; গমন; প্রাপ্তি; রোগাদির সঞ্চার বা এক দেহ হইতে দেহান্তরে প্রবেশ। সম্—ক্রম্+ঘঞ্, অনট্ ভাববা। ২। উপায়; সোপান; সেতু। সম্—ক্রম্+ঘঞ্, অনট্ করণবা। বি; পুং, পুং, ক্লীব।

সংক্রমিত, —ক্রামিত—গমিত; সঞ্চারিত; প্রবেশিত; নিবেশিত; প্রতিবিম্বিত। সম্—ণিজন্ত ক্রম্+ক্ত কর্ম্মবা। বিণ।

সংক্রান্ত—গত; প্রাপ্ত; সঞ্চারিত; প্রবিষ্ট; ব্যাপ্ত; প্রতিবিম্বিত; ঘটিত; সম্বন্ধীয়। সম্—ক্রম্ (গমন করা)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, —ন্তা।

সংক্রান্তি—গমন; সঞ্চার; সূর্য্যাদি গ্রহের রাশ্যন্তর গমন; ব্যাপ্তি; প্রতিবিম্ব; বাঙ্গালা মাসের শেষ দিন। সম্—ক্রম্ (গমন করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

সংক্রামক—এক স্থান হইতে স্থানান্তরে বা একজন হইতে জনান্তরে প্রবেশকারক, ব্যাপক। সম্—ক্রম্ (গমন করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, —মিকা।

সংক্রামিত—সংক্রমিত দ্রঃ।

সংক্ষিপ্ত, সংক্ষেপ—সঙ্ক্ষিপ্ত, সঙ্ক্ষেপ দ্রঃ।

সংক্ষেপতঃ (—তস্), সংক্ষেপত—সংক্ষেপে, অল্পে, সংক্ষিপ্তরূপে। সংক্ষেপ+তস্। ক্রি-বিণ।

সংক্ষোভ—আলোড়ন; ব্যাকুলভাব। সম্—ক্ষুভ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংখ্যা—সঙ্খ্যা দ্রঃ।

সংগঠন—সম্যক্‌রূপে গঠন; বিশেষরূপে সংস্থাপন বা সংযোগসাধন। 'সংঘটন' বা 'সংগ্রথন' শব্দজ। বি; ক্লীব।

সংগৃহীত—আহৃত; সঞ্চিত; সঙ্কলিত। সম্—গ্রহ্+ক্ত কর্ম্মবা। বিণ।

সংগোপন—লুকান। সম্—গুপ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

সংগোপিত—লুকায়িত। সম্—গোপি (লুকান)+ক্ত কর্ম্মবা। বিণ।

সংগ্রহ, -গ্রাহ, -গ্রহণ—আহরণ; সঙ্কলন; একত্রীকরণ, সঞ্চয়; গ্রহণ; আলিঙ্গন; সংক্ষেপ; মুষ্টিবন্ধ। সম্-গ্রহ্ (গ্রহণ করা)+অপ্, ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, পুং, ক্লীব।

সংগ্রহকার—সঙ্কলক; সংগ্রাহক; একত্রকারী, নানাস্থান হইতে আহরণকারী। সংগ্রহ-কৃ (করা)+অণ্ কর্তৃবা। বিণ।

সংগ্রহগ্রন্থ—সঙ্কলিত পুস্তক, যে পুস্তকে নানা স্থান হইতে নানা বিষয় সংগ্রহ করিয়া একত্র করা হইয়াছে। সংগ্রহবিশিষ্ট যে গ্রন্থ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

সংগ্রহীতা (-তৃ)—সংগ্রহকর্তা, আহরণকারী। সম্-গ্রহ্ (গ্রহণ করা)+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,-ত্রী।

সংগ্রাম—যুদ্ধ, সমর, রণ। সংগ্রাম্ (যুদ্ধ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংগ্রাহক—সংগ্রহকর্তা, সঙ্কলক, আহরক। সম্-গ্রহ্ (লওয়া)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,-হিকা।

সংঘ, -ঘটন, -ঘটিত, -ঘর্ষ, -ঘর্ষণ, -ঘাত—সঙ্ঘাদি দ্রঃ।

সংঘট্ট—সংঘর্ষ, বহুলোক সমাবেশ। সম্-ঘট্ট+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংজ্ঞা—নাম, আখ্যা, চেতনা, বুদ্ধি; জ্ঞান; হস্তাদি দ্বারা সঙ্কেত; বিশেষ্যপদ; গায়ত্রী, সূর্য্যপত্নী। সম্-জ্ঞা (জানা)+অঙ্ করণবা +আপ্। বি; স্ত্রী।

সংজ্ঞাবিঘাতী (-তিন্)—চৈতন্যলোপকারী। সংজ্ঞা-বি-হন্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,-তিনী। [৬ষ্ঠীতৎ। বি; পুং।

সংজ্ঞালাভ—চেতনাপ্রাপ্তি, জ্ঞানলাভ।

সংজ্ঞিত—আখ্যাত, অভিহিত, কথিত। সংজ্ঞা+ইতচ্। বিণ।

সংবৎ—রাজা বিক্রমাদিত্য কর্তৃক প্রচারিত অব্দবিশেষ, ইহা খৃষ্টের জন্মের ৫৭ বৎসর পূর্ব্বে আরম্ভ হইয়াছে। সম্-বস্ (গমন করা)+ক্বিপ্ কর্তৃবা। অব্য।

সংবৎসর—বৎসর, বর্ষ। সম্-বস্ (বাস করা)+সরন্ অধিবা। বি; পুং।

সংবরণ—বরমাল্যদান; বরণ; নিবারণ, দমন; সঙ্গোপন। সম্-বৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

সংবরা, সম্বরা—১। সংবরণ করা। কবিপ্র। ক্রি। (পদ্যে ব্যবহৃত)। ২। সাঁতলান; সাঁতলাইবার মসলা। প্রাদে। বি।

সংবরিত—আচ্ছাদিত; গোপিত, লুক্কায়িত। সম্-বরি+ক্ত কর্ম্মবা। বিণ।

সংবর্দ্ধ(র্ধ)ক—সম্মানকারক; সম্যক্ বৃদ্ধিকারক। সম্-ণিজন্ত বৃধ্ বা বর্দ্ধি (বাড়ান) +ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,-র্দ্ধিকা।

সংবর্দ্ধ(র্ধ)ন, -বর্দ্ধ(র্ধ)না—১। বৃদ্ধি। সম্-বৃধ্ (বাড়া)+অনট্ ভাববা, ২য় পক্ষে সম্-বৃধ্+অন ভাববা+আপ্। ২। বৃদ্ধিপ্রাপণ, বাড়ান; সম্মান। সম্-ণিজন্ত বৃধ্ বা বর্দ্ধি (বাড়ান)+অনট্ ভাববা, ২য় পক্ষে সম্-ণিজন্ত বৃধ্ বা বর্দ্ধি+অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

সংবর্দ্ধি(র্ধি)ত—যাহাকে বাড়ান হইয়াছে এরূপ; সম্মানিত। সম্-ণিজন্ত বৃধ্ বা বর্দ্ধি (বাড়ান)+ক্ত কর্ম্মবা। বিণ।

সংবলিত, সম্বলিত—১। মিলিত, চলিত। সম্-বল্+ক্ত কর্তৃবা। ২। বেষ্টিত; যোজিত; চূর্ণিত। সম্-বল্+ক্ত কর্ম্মবা। বিণ।

সংবহন—একস্থান হইতে প্রবাহিত হইয়া পুনরায় সেই স্থানে আগমন (Circulation); লইয়া যাওয়া। সম্-বহ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

সংবাদ—বৃত্তান্ত, সন্দেশ, বার্ত্তা, সমাচার; সাদৃশ্য; সদ্ভাব; পরস্পর কথোপকথন। সম্-বদ্ (বলা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংবাদদাতা (-দাতৃ)—খবরের কাগজের সংবাদ সরবরাহকারী; সংবাদদানকারী। ৬ষ্ঠীতৎ। বি; পুং। স্ত্রী,-ত্রী।

সংবাদপত্র—সমাচার-পত্রিকা, খবরের কাগজ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

সংবাদবাহক—বার্ত্তাবহ; সন্দেশবহনকারী, যে খবর লইয়া যায়; দূত। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; পুং। স্ত্রী,—হিকা।

সংবাদী (—বাদিন্)—সম্ভাষকারী; সদৃশ; (সঙ্গীতে) যে স্বর প্রধান বা বাদীস্বরের পোষকতা করে। সম্—বদ্ (বলা)+ণিন্ কর্ত্তৃবা। বি বা বিণ; পুং।

সংবাহ—ভারাদি বহন; অঙ্গমর্দ্দ, গা টেপা। সম্—ণিজন্ত বহ্ (বহা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংবাহক—বহনকারী, বাহক; অঙ্গমর্দ্দন-কারী। সম্—বহ্ (বহা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হিকা।

সংবাহন—ভারাদিবহন; অঙ্গমর্দ্দন, গা টেপা। সম্—ণিজন্ত বাহি+অনট্ ভাববা। বি; ক্লীব।

সংবাহিত—মর্দ্দিত (অঙ্গ)। সম্—ণিজন্ত বহ্ (বহান)+ক্ত কর্ম্মবা। বিণ।

সংবিৎ (সংবিদ্), —বিদা—জ্ঞান; সংজ্ঞা; চেতনা; বুদ্ধি; নিয়ম; প্রতিজ্ঞা; আচার; সঙ্কেত; সন্তোষ; সম্ভাষণ। সম্—বিদ্+ক্বিপ্, অঙ্ ভাববা, ২য় পক্ষে+আপ্। বি; স্ত্রী।

সংবিদিত—জ্ঞাত; অবগত; প্রতিজ্ঞাত। সম্—বিদ্+ক্ত কর্ম্মবা, কর্ত্তৃবা। বিণ।

সংবিধা, —বিধান—১। রচনা; সঙ্ঘটন; আয়োজন; বৈচিত্র্য। সম্—বি—ধা (ধারণ করা)+অঙ্ ভাববা+আপ্, ২য় পক্ষে সম্—বি—ধা+অনট্ ভাববা। ২। সেবাসামগ্রী; দেশ শাসনের বা দেশের লোকের অধিকার ইত্যাদি জ্ঞাপক মৌলিক বিধিব্যবস্থা। সম্—বি—ধা+অঙ্, অনট্ করণবা; প্রথম পক্ষে+আপ্। বি; স্ত্রী, ক্লীব।

সংবৃত—আবৃত, আচ্ছাদিত; গুপ্ত; লুক্কায়িত, একান্তে স্থিত। সম্—বৃ+ক্ত কর্ম্মবা। বিণ।

সংবৃতি—আবরণ, মিথ্যাজ্ঞান; আচ্ছাদন; গোপন। সম্—বৃ+ক্তি ভাববা। বি; স্ত্রী।

সংবৃত্ত—সম্পন্ন, নিষ্পন্ন; জাত; গুপ্ত। সম্—বৃত্+ক্ত কর্ত্তৃবা। বিণ। বি,—বৃত্তি।

সংবেদন, —বেদনা—অনুভব, চেতনা; বিশেষ জ্ঞান; বোধ। সম্—বিদ্+অনট্ ভাববা, ২য় পক্ষে সম্—বিদ্+অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

সংবেদনশীল—অনুভূতিপ্রবণ (Sensitive). বহুব্রী। বিণ।

সংবেদ্য—অনুভবযোগ্য; জ্ঞেয়। সম্—বিদ্ (জানা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

সংবেশ, —ন—শয়ন; উপবেশন; নিদ্রা; সুরত, রতিক্রীড়া। সম্—বিশ্+অনট্, ঘঞ্ ভাববা। বি; ক্লীব, পুং।

সংযত—নিয়মিত; পরিমিত; বদ্ধ; কৃত-সংযম; সংযমবিশিষ্ট; শান্ত, নিবৃত্ত। সম্—যম্+ক্ত কর্ম্মবা। বিণ।

সংযতচিত্ত—১। নিয়মিত চিত্ত, স্থির মনঃ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। সংযতাত্মা, স্থির-মনাঃ। বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা।

সংযতাচার—১। নিয়মিত আচরণ, সংযম-যুক্ত অনুষ্ঠান। কর্ম্মধা। বি; পুং। ২। নিয়-মিতাচারী, শুদ্ধাচারী। বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

সংযতাত্মা (—ত্মন্)—নিয়মিত-চিত্ত, স্থির-মনাঃ। বহুব্রী। বিণ।

সংযতেন্দ্রিয়—জিতেন্দ্রিয়, ইন্দ্রিয়দমনকারী। বহুব্রী। বিণ। স্ত্রী,—য়া।

সংযম, —ন—বন্ধন; ব্রতাদির পূর্ব্বে হবিষ্য ভোজনাদিরূপ বিধিবিশেষ, নিয়ম; সমাধি, ধ্যান; ইন্দ্রিয়-নিগ্রহ; চতুঃশাল গৃহ। সম্—যম্ (নিবৃত্ত করা)+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

সংযমিত—নিয়মিত; দমিত; বদ্ধ। সম্—ণিজন্ত যম্=যমি+ক্ত কর্ম্মবা। বিণ।

সংযমী (—মিন্)—ইন্দ্রিয়-সংযমসম্পন্ন, জিতেন্দ্রিয়; নিয়মবান্। সংযম শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—মিনী।

সংযুক্ত—মিলিত, সংলগ্ন; একত্রিত, সহিত;

একীভূত। সম্—যুজ্ (যোগ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সংযুত—সংযুক্ত, মিলিত, সংসক্ত। সম্—যু (যুক্ত করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সংযোগ—মিলন; মিশ্রণ; একত্র হওয়া। সম্—যুজ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংযোগসাধন—মিলন ঘটান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সংযোজন—মিশ্রণ; একত্রকরণ। সম্—ণিজন্ত যুজ্ (=যোজি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

সংযোজিত—সংমেলিত, একত্রীকৃত। সম্—ণিজন্ত যুজ্ বা যোজি (যোগ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

সংরক্ষণ—পরিত্রাণ; পরিচালন; বিশেষ উদ্দেশ্যে পৃথক্ করিয়া রাখা (Reservation); তত্ত্বাবধারণ। সম্—রক্ষ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

সংরক্ষণীয়—সংরক্ষণযোগ্য, তত্ত্বাবধানের উপযুক্ত। সম্—রক্ষ্+অনীয় কর্ম্মবা। বিণ।

সংরক্ষা—সম্যক রক্ষা; কোন উদ্দেশ্যে রক্ষণ। সম্—রক্ষ্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী।

সংরক্ষিত—পরিত্রাত, প্রতিপালিত; যাহা পৃথক্ করিয়া রাখা হইয়াছে (Reserved). সম্—রক্ষ্ (রক্ষা করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সংরম্ভ—বেগ; ক্রোধ; আক্রোশ; উৎসাহ; যুদ্ধ; জাঁক। সম্—রভ্+ঘঞ্ ভাববা। বি।

সংরাব—নাদ, শব্দ, ধ্বনি। সম্—রু (রব করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংরুদ্ধ—প্রতিবদ্ধ; নিরুদ্ধ। সম্—রুধ্ (রোধ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সংরোধ—অবরোধন; নিরোধ; প্রতিবন্ধ। সম্—রুধ্ (রোধ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংলগ্ন—সংযুক্ত, মিলিত; সঙ্গত; লাগা, কাছের। সম্—লস্জ্ (লাগিয়া থাকা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

সংলাপ—পরস্পর কথোপকথন। সম্—লপ্ (কথা বলা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংশপ্তক—যুদ্ধ হইতে অনিবর্ত্তি-সৈন্য, যে সকল সৈন্য প্রতিজ্ঞা করিয়া সংগ্রামে প্রবৃত্ত হয়—কোন ক্রমেই তাহা হইতে পশ্চাৎপদ হয় না (Forlorn hope); নারায়ণী সেনা-বিশেষ। সম্ (সম্যক্‌রূপে) শপ্ত (প্রতিজ্ঞাত) =সংশপ্ত, প্রাদিতৎ; সংশপ্ত+কন্। বি; পুং।

সংশয়—দ্বৈধজ্ঞান, আশঙ্কা, সন্দেহ। রজ্জুকে রজ্জু বলিয়া যে জ্ঞান তাহা নিশ্চয় জ্ঞান, সর্পাদি বলিয়া যে জ্ঞান তাহা ভ্রমজ্ঞান, এবং "রজ্জু কি সর্প, না অন্য কিছু" এইরূপ যে জ্ঞান তাহা সংশয় জ্ঞান। সম্—শী (শয়ন করা)+অচ্ ভাববা। বি; পুং।

সংশয়প্রবণ—সন্দেহশীল, সন্দিগ্ধচিত্ত। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ণা।

সংশয়াকুল—সন্দেহপীড়িত, সন্দেহে চঞ্চল। ৩য়াতৎ। বিণ।

সংশয়াত্মা (—ত্মন্)—সন্দিগ্ধচিত্ত। সংশয়-পূর্ণ আত্মা যাহার, বহুব্রী। বিণ।

সংশয়াপন্ন—সন্দিগ্ধ। ২য়াতৎ। বিণ।

সংশয়াবিষ্ট—সন্দেহাক্রান্ত, সন্দেহে অভি-ভূত, সন্দিগ্ধ। ৩য়াতৎ। বিণ।

সংশয়িত—সংশয়যুক্ত, সন্দিগ্ধ। সংশয়+ইতচ্ যুক্তার্থে। বিণ।

সংশিত—সম্যক্ শাণিত, সুতীক্ষ্ণ; সম্পা-দিত; নিশ্চাহিত; নির্ণীত, নির্দ্ধারিত। সম্—শো (শাণ দেওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ।

সংশুদ্ধি—সম্যক্ শোধন, পরিশুদ্ধি, পরিষ্করণ। সম্—শুধ্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

সংশোধক—বিশোধক, শোধনকর্ত্তা; সংস্কারক; পরিষ্কারক। সম্—ণিজন্ত শুধ্ বা শোধি (শোধন করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ধিকা।

সংশোধন—শুদ্ধকরণ; ভ্রমদূরীকরণ; বিশোধন, পরিশোধন, পরিষ্করণ। সম্—শোধি (শুদ্ধ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

সংশোধিত—বিশোধিত; পরিশোধিত; ভ্রমশূন্যীকৃত; পরিষ্কৃত। সম্—শোধি (শুদ্ধ করা)+ক্ত কর্ম্মবা। বিণ; ত্রি।

সংশ্রব, সংশ্রাব—প্রতিশ্রুতি, প্রতিজ্ঞা। সম্—শ্রু+অপ্, ঘঞ্ ভাববা। বি; পুং।

সংশ্রয়—১। ব্যাপ্তি; আশ্রয়; প্রাপ্তি। সম্—শ্রি (আশ্রয় করা)+অচ্ ভাববা। ২। কারণ। সম্—শ্রি+অচ্ কর্ম্মবা। বি; পুং।

সংশ্রিত—আশ্রিত, শরণপ্রাপ্ত। সম্—শ্রি (আশ্রয় করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

সংশ্লিষ্ট—আলিঙ্গিত; সম্বদ্ধ; মিলিত। সম্—শ্লিষ্+ক্ত কর্ম্মবা। বিণ; ত্রি।

সংশ্লেষ—আলিঙ্গন; মিলন; সংযোগ; সম্বন্ধ। সম্—শ্লিষ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংসক্ত—সংলগ্ন, সংযুক্ত; সংসৃষ্ট; সম্পৃক্ত; মিলিত; বিস্তৃত; আসক্ত। সম্—সন্জ্ (মিলিত হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

সংসক্তি—১। সংযোগ, সংলগ্ন হওয়া; মিলন। সম্—সন্জ্ (সঙ্গ করা)+ক্তি ভাববা। ২। যে শক্তিপ্রভাবে সন্নিকৃষ্ট একাধিক দ্রব্যের অণুসকল আকৃষ্ট হইয়া সম্মিলিত হয়। সংহতিপ্রভাবে এক একটি দ্রব্যের অণুসমূহ একত্র মিলিত হইয়া অবস্থিতি করে; কিন্তু সংসক্তিপ্রভাবে কি কঠিন কি তরল, কি বায়বীয়, ভিন্ন ভিন্ন জড়দ্রব্যের অণুসকল সকল অবস্থাতেই পরস্পরের সহিত মিলিত হয়। সম্—সন্জ্+ক্তি করণবা। বি; স্ত্রী।

সংসক্তিপ্রবণ—সংসক্তিশীল, সংযোগশীল, যাহা বিচ্ছিন্ন হইয়া থাকিতে পারে না। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ণা।

সংসৎ (সংসদ্)—সমাজ, সভা, সমিতি। সম্—সদ্+ক্বিপ্ অধিবা। বি; স্ত্রী।

সংসর্গ—সঙ্গ, সহবাস; সম্বন্ধ, সম্পর্ক। সম্—সৃজ্ (সৃষ্টি করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংসর্গজ—সংসর্গজনিত, সহবাসজাত, একত্রাবস্থানে উৎপন্ন। সংসর্গ—জন্ (জন্মা)+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জা।

সংসর্গলিপ্সা—সহবাসলাভেচ্ছা, একত্র অবস্থানে অভিলাষ; সম্পর্ক-প্রাপ্তীচ্ছা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সংসর্গলিপ্সু—সহবাসলাভেচ্ছু, একত্র অবস্থানে অভিলাষী। ২য়াতৎ। বিণ।

সংসর্গী (—সর্গিন্)—সহবাসী; সম্বদ্ধ; সম্পৃক্ত। সংসর্গ+ইন্ অস্ত্যর্থে; অথবা সম্—সৃজ্+ঘিণুন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্গিণী।

সংসর্প—সম্যক্ প্রকারে গমন; সর্পাদির ন্যায় গমন। সম্—সৃপ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংসর্পী (—সর্পিন্)—প্রসারণশীল, বিস্তারী, সর্ব্বতোভাবে গতিশীল। সম্—সৃপ্ (গমন করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্পিণী।

সংসার—১। জগৎ, পৃথিবী; গার্হস্থ্য ধর্ম্ম; পরিবার; মায়াজন্য বাসনা; মায়াবন্ধন। সম্—সৃ (গমন করা)+ঘঞ্ অধিবা, করণবা। বি; পুং। ২। বিবাহ। দেশজ প্রঃ। বি। **সংসার চালান**—পরিবারের ভরণ-পোষণ ইত্যাদি চালান।

সংসারকামনা, —বাসনা—সংসারের ভোগাভিলাষ, পার্থিব বাসনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সংসারচক্র—সংসাররূপ চাকা, চক্রবৎ ঘূর্ণনশীল জগৎ। রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

সংসারত্যাগী (—ত্যাগিন্)—পরিজন-বর্গের সঙ্গত্যাগকারী, মায়াবন্ধন ছেদনকারী, সন্ন্যাসী। সংসার—ত্যজ্+ঘিন্ কর্ত্তৃবা। বিণ; পুং।

সংসারধর্ম্ম(র্ম)—গার্হস্থ্য ধর্ম্ম, গৃহীর অনুষ্ঠেয় কার্য্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সংসারবন্ধন—সাংসারিক আকর্ষণ, সংসারের মায়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সংসারযাত্রা—জীবনযাত্রা, পরিজন প্রতি-পালন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সংসারসমুদ্র, —সাগর—সংসাররূপ সাগর, সমুদ্রের ন্যায় দুস্তর সংসার। রূপক কর্ম্মধা। বি; পুং।

সংসারাশ্রম—গার্হস্থ্যাশ্রম, গৃহীর ধর্ম্ম। সংসারই যে আশ্রম, কর্ম্মধা। বি; পুং।

সংসারাসক্ত—সংসারে অনুরক্ত, সাংসারিক বিষয়ে অভিনিবিষ্ট; পার্থিব বিষয়ানুরাগী। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

সংসারী (সংসারিন্)—জগতস্থ, পৃথিবীস্থিত; পরিবারস্থ; দেহী, শরীরী; বিষয়ী, সংসারাসক্ত; গৃহস্থাশ্রমী; গৃহী, গৃহস্থ। সংসার+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—রিণী।

সংসিক্ত—সম্যক্ আর্দ্র, সম্পূর্ণ ভিজা। সম্ (সম্যক্) যে সিক্ত, প্রাদিতৎ। বিণ।

সংসিদ্ধ—স্বভাবসিদ্ধ; সুসম্পাদিত; সম্যক্ নিষ্পন্ন। সম্—সিধ্ (সিদ্ধ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

সংসিদ্ধি—নিষ্পত্তি; সম্পাদন; মুক্তি, স্বভাব; স্বাভাবিক অবস্থা। সম্—সিধ্ (সিদ্ধ করা) +ক্তি ভাববা। বি; স্ত্রী।

সংসৃষ্ট—১। সংসর্গবিশিষ্ট, সম্পৃক্ত, মিলিত। সম্—সৃজ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ষ্টা। ২। সম্বন্ধ, সম্পর্ক। সম্—সৃজ্+ক্ত ভাববা। বি; ক্লীব।

সংসৃষ্টি—সংসর্গ; সম্পর্ক; মিলন। সম্—সৃজ্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

সংস্করণ—সংস্কার, সংশোধন; সংশোধনপূর্ব্বক পুনর্মুদ্রণ; পুস্তকাদি একসঙ্গে যত সংখ্যক ছাপা হয়। সম্—কৃ+অনট্ ভাববা। বি; ক্লীব।

সংস্কর্ত্তা(র্তা) (—র্ত্তৃ)—সংস্কারকারক; পাচক। সম্—কৃ (করা)+তৃন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—র্ত্রী।

সংস্কার—শুদ্ধি; শোধন; নির্ম্মলীকরণ, পরিষ্করণ; মার্জ্জন; প্রোক্ষণ; ভূষিতকরণ; উদ্দীপ্তকরণ; জীর্ণোদ্ধার, মেরামত; মন্ত্রাদি দ্বারা শোধন; শাস্ত্রাভ্যাস জন্য ব্যুৎপত্তি; স্মৃতিহেতু মনোবৃত্তি-গুণবিশেষ; পূর্ব্বজন্মবাসনা; সহজাত বুদ্ধি বা প্রবৃত্তি; ঝোঁক; ছাপ; গঠন; আশয়; বেগ; স্থিতিস্থাপক গুণ; পাক; গর্ভাধান পুংসবন সীমন্তোন্নয়ন জাতকর্ম্ম নামকরণ নিষ্ক্রমণ অন্নপ্রাশন চূড়াকরণ উপনয়ন বিবাহ—দ্বিজাতির কর্ত্তব্য এই দশবিধ শুদ্ধিজনক ব্যাপার। সম্—কৃ (করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংস্কারক—সংস্কর্ত্তা, সংস্কারকারক; পাচক। সম্—কৃ (করা)+ণক কর্তৃবা। বিণ।

সংস্কারজ—সংস্কারজাত, সংস্কার হইতে উৎপন্ন। সংস্কার—জন্+ড কর্তৃবা। বিণ।

সংস্কারবর্জ্জি(র্জি)ত—দশ-সংস্কার-হীন, অসংস্কৃত; উপনয়ন-সংস্কার বিহীন। ৬ষ্ঠীতৎ। বিণ।

সংস্কারসাধন—সংস্কারসম্পাদন; জীর্ণোদ্ধারকরণ; গর্ভাধানাদি কার্য্য-নিষ্পাদন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সংস্কৃত—১। শোধিত; নির্ম্মলীকৃত; মার্জ্জিত, পরিষ্কৃত; সজ্জিত; মন্ত্রপূত; বিশুদ্ধরূপে প্রস্তুত। সম্—কৃ (করা)+ক্ত কর্ম্মবা। ২। পবিত্র ভাষা, দেবভাষা, ভারতের প্রাচীন আর্য্যভাষা। বি; ক্লীব।

সংস্কৃতি—শিক্ষা বা অভ্যাস দ্বারা লব্ধ উৎকর্ষ, কৃষ্টি (Culture). সম্—কৃ+ক্তি ভাববা। বি; স্ত্রী।

সংক্রিয়া—সংস্কার, পরিষ্করণ, শোধন। সম্—কৃ (করা)+শ ভাববা+আপ্। বি; স্ত্রী।

সংস্তুত—স্তুত; পরিচিত। সম্—স্তু (স্তব করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সংস্থা—স্থিতি; ন্যায়পথে স্থিতি; ব্যবস্থা, সমাপ্তি; সত্তা; মৃত্যু; জীবনযাপনের রীতি, জীবনকাল; আকার; সাদৃশ্য; প্রতিষ্ঠান; কোন অফিসের নিয়োগ বহাল ইত্যাদি সংক্রান্ত বিভাগ (Establishment). সম্—স্থা (থাকা)+অঙ ভাববা+আপ্। বি; স্ত্রী।

সংস্থান—১। স্থিতি; সঞ্চয়; অবয়ব-সংস্থান, আকৃতি; সন্নিবেশ; মৃত্যু; চতুষ্পথ। সম্—স্থা+অনট্ ভাববা। ২। সঞ্চিত অর্থ, সম্বল, যোত্র। সম্—স্থা+অনট্ করণবা। বি; ক্লীব।

সংস্থাপক—সংস্থাপনকর্ত্তা, স্থাপয়িতা, প্রতি-

ষ্ঠাতা। সম্—স্থাপি+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, —পিকা।

সংস্থাপন—স্থাপিতকরণ, রাখা। সম্—স্থাপি+অনট্ ভাববা। বি; ক্লীব।

সংস্থাপয়িতা (—তৃ)—সংস্থাপনকর্তা, প্রতিষ্ঠাতা। সম্—স্থাপি+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —য়িত্রী।

সংস্থাপিত—সম্যকরূপে স্থাপিত, যাহা স্থাপন করা হইয়াছে এরূপ। সম্—স্থাপি (স্থাপন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সংস্থিত—স্থিত; মৃত; সমাপ্ত; সন্নিবিষ্ট। সম্—স্থা (থাকা)+ক্ত কর্তৃবা। বিণ।

সংস্থিতি—সম্যক্ স্থিতি; মৃত্যু; আলয়। সম্—স্থা (থাকা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

সংস্পর্শ—সম্যক্ স্পর্শ। সম্—স্পৃশ্ (স্পর্শ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংস্পর্শজনিত—সংস্পর্শজাত, সম্পর্ক হইতে উদ্ভূত। যৌগিক। বিণ।

সংস্পৃষ্ট—সম্যক্ স্পর্শযুক্ত, কৃতস্পর্শ; মিলিত। সম্—স্পৃশ্+ক্ত কর্ম্মবা। বিণ।

সংস্রব, —স্রাব—সম্পর্ক, সম্বন্ধ; মিলন। সম্—স্রু+অপ্, ঘঞ্ ভাববা। বি; পুং।

সংহত—সম্যক্ হত; মিলিত; সংযুক্ত; জমাট বাঁধিয়াছে একপ; দৃঢ়; সঙ্কীর্ণ। সম্—হন্ (বধ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সংহতি—১। সম্যক্ বধ; সঙ্ঘাত; মিলন; সমূহ; সমাহার; নীরন্ধ্রতা; গাঢ়সংযোগ। সম্—হন্+ক্তি ভাববা। ২। যে শক্তির প্রভাবে জড় দ্রব্যের অণুসমূহ একত্র সংবদ্ধ হইয়া অবস্থিতি করে, সেই শক্তি। সম্—হন্+ক্তি করণবা। বি; স্ত্রী।

সংহনন—বধ; সঙ্ঘাত; দেহ। সম্—হন্ (বধ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

সংহরণ—সংহার, বিনাশ; আহরণ, সংগ্রহ; সঞ্চয়; সংক্ষেপ; সঙ্কোচন; প্রত্যাকর্ষণ। সম্—হৃ (হরণ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

সংহর্ত্তা(র্তা) (—হর্তৃ)—সংহারক, সংহারকর্তা। সম্—হৃ+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —র্ত্রী।

সংহার—বিনাশ, ধ্বংস, উচ্ছেদ; প্রলয়; আহরণ, সংগ্রহ, সঙ্কলন; সঙ্কোচন, প্রত্যাকর্ষণ। সম্—হৃ+ঘঞ্ ভাববা। বি; পুং।

সংহারক—সংহারকর্তা। সম্—হৃ (হরণ করা)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী, —রিকা।

সংহারমুদ্রা—অঙ্গুলিমুদ্রাবিশেষ। সংহার-নামক মুদ্রা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

সংহারা—সংহার করা, মারা, নাশ করা। কবিপ্র। ক্রি।

সংহিত—মিলিত; সংগৃহীত; একত্রীভূত। সম্—ধা (ধারণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সংহিতা—১। মিলিতা; সংগৃহীতা। সংহিত+আপ্। বিণ; স্ত্রী। ২। মন্বাদি প্রণীত ধর্ম্মশাস্ত্র; বেদের শাখা। বি; স্ত্রী।

সংহৃষ্ট—সম্যক্ হৃষ্ট; উল্লসিত। সম্—হৃষ্ (হৃষ্ট হওয়া)+ক্ত কর্তৃবা। বিণ।

সঁপা—সমর্পণ করা। কবিপ্র। ক্রি।

সক, সখ—সাধ, অভিলাষ, পছন্দ; বাতিক, আসক্তি। 'শৌক' শব্দজ। বি।

সকড়ি—উচ্ছিষ্ট, এঁটো; ভাত প্রভৃতি রন্ধিত খাদ্য যাহার স্পর্শে দেহাদি অশুচি হয়, অথবা যাহাতে অপরের স্পর্শদোষ সংক্রমিত হইয়া থাকে। 'সংকট' শব্দজ। বি।

সকণ্টক—কণ্টকযুক্ত, কণ্টকিত। কণ্টকের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সকরকন্দ—আলুজাতীয় একপ্রকার মূল। 'শর্করাকন্দ' শব্দজ। বি।

সকরুণ—করুণাযুক্ত, কৃপাশীল। করুণার সহিত বিদ্যমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী, —ণা।

সকর্ম্ম(র্ম)ক—কর্ম্মসমন্বিত। কর্ম্মের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী, —র্ম্মিকা।

সকল—কলা সহিত; সমগ্র, সমস্ত। কলার (অংশের) সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সকাম—কামনাযুক্ত, সাভিলাষ। কামের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সকাল—প্রাতঃকাল, বিহানবেলা ; শীঘ্র, অবিলম্ব। 'সুকাল' শব্দজ। বি।

সকাল-সকাল—শীঘ্র শীঘ্র, বিলম্ব না করিয়া, সময় থাকিতে, নির্দ্দিষ্ট সময়ের পূর্ব্বেই। ক্রি-বিণ। [কর্ত্তৃবা। বি ; পুং।

সকাশ—সমীপ, নিকট। সহ—কাশ্+অচ্

সকৃৎ—একবার ; সদা ; সহিত। অব্য।

সকৌতুক—কৌতুকযুক্ত, কৌতুহলান্বিত। কৌতুকের সহিত বিদ্যমান যে, বহুব্রী। বিণ।

সক্তু—শক্তু, ছাতু। সচ্ (সেক করা)+তুন্ কর্ম্মবা। বি ; ক্লীব বা পুং।

সক্থি—শকটের অঙ্গবিশেষ ; উরু। সনজ্ (সঙ্গ করা)+ক্থিন্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।

সক্ষম—ক্ষমাবান্, ক্ষমাশীল, সমর্থ। বহুব্রী। বিণ ; ত্রি। স্ত্রী,—মা। [বাঙ্গালায় 'ক্ষম' বা 'সমর্থ' অর্থে অশুদ্ধ প্রয়োগ প্রচলিত আছে]।

সক্ষোভে—ক্ষোভের সহিত, মনস্তাপের সহিত। বহুব্রী। ক্রি-বিণ।

সখ—শখ দ্রঃ।

সখা (সখি)—বন্ধু, মিত্র, সুহৃৎ, প্রণয়াস্পদ, সমপ্রাণ ; সহচর ; সহায়। সহ (সমান)—খ্যা (বলা)+ইন্ কর্ম্মবা, (যাহাকে নিজের সমান বলা হয়)। বি ; পুং।

সখী—বয়স্যা, সহচরী। সখি+ঈপ্। বি ; স্ত্রী।

সখীসংবাদ—মথুরাগামী শ্রীকৃষ্ণের নিকট বৃন্দার কথোপকথন। শ্রীকৃষ্ণ বৃন্দাবন ত্যাগ করিয়া মথুরায় গমন করিলে রাধিকা সাতিশয় বিরহকাতরা হইয়া সখী বৃন্দাকে কৃষ্ণের নিকট প্রেরণ করেন। বৃন্দা মথুরায় গমন করিয়া কৃষ্ণের নিকট অনেক অনুযোগ করিয়াছিলেন। ইহাই সখীসংবাদ নামে অভিহিত। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

সখ্য—সৌহার্দ্দ্য, মিত্রতা, বন্ধুত্ব, সমপ্রাণতা। সখি+যৎ ভাবার্থে। বি ; ক্লীব।

সখ্যস্থাপন—বন্ধুত্বসংস্থাপন, মিত্রতা করা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

সগন্ধ—গন্ধযুক্ত ; চন্দনযুক্ত ; গর্ব্বযুক্ত, গর্ব্বিত। গন্ধের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সগর—সূর্য্যবংশীয় জনৈক নৃপতি, বাহু-নামক রাজার পুত্র। গরের (বিষের) সহিত বর্ত্ত-মান, বহুব্রী। বি ; পুং।

সগুণ—সত্ত্ব রজঃ ও তমঃ—এই ত্রিগুণময় গুণযুক্ত। গুণের সহ বর্ত্তমান যে, বহুব্রী বিণ।

সগোত্র—১। একবংশজাত, জ্ঞাতি। সঃ (সমান) হইয়াছে গোত্র যাহাদের, বহুব্রী বিণ। ২। এক বংশ। সমান গোত্র, নিত্য বি ; ক্লীব।

সঘন—১। ঘনঘটাচ্ছন্ন, জলদজালাবৃত, মেঘাচ্ছন্ন। ঘনের সহ বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। প্রাঃ কবিপ্র। ২। ঘন ঘন, অজস্র, অবিরত। দেশজ। ক্রি-বিণ।

সঘনে—ঘন ঘন, পুনঃ পুনঃ, নিরন্তর, অ-বিশ্রান্ত ; উচ্চনাদে, তুমুলরবে। কবিপ্র। ক্রি-বিণ। [দেশজ। বি।

সঘর—যে বংশের সঙ্গে বিবাহাদি চলে।

সঙ—সং দ্রঃ।

সঙরা—স্মরণ করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

সঙারা—সংস্কার করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

সঙিন (বা সঙ্গিন), সঙীন (বা সঙ্গীন—১। বন্দুকের মুখের ছোরা বা কিরিচ (Bayonet). ফাসী। বি। ২। সাংঘাতিক, দারুণ, বিষম, ঘোরতর, সঙ্কটসমাকুল। ইং Sanguine. বিণ।

সঙে সঙ্গে। প্রাঃ কবিপ্র। বি।

সঙ্ক(ংক)ট—১। সঙ্কীর্ণ, অল্পপ্রস্থ, সরু, সুঁড়ি ; অনুত্তীর্য্য ; অভেদ্য ; আপদ-জনক ; নিবিড় ; জনতাযুক্ত। সম্—কট+অচ্ কর্তৃবা, অথবা সম্+কটচ্। বিণ ; ত্রি। স্ত্রী,—টা। ২। বিপদ্ ; দুঃখ ; সম্মর্দ্দ, জনতা। বি ; ক্লীব।

সঙ্ক(ংক)টা—দেবীবিশেষ ; যোগিনীবিশেষ। বি ; স্ত্রী।

সঙ্ক(ংক)টকাল—সঙ্কিক্ষণ ; বিপৎকাল। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [তৎ। বি।

সঙ্ক(ংক)টত্রাণ—বিপদ্ হইতে উদ্ধার। ৬ষ্ঠী-

সঙ্ক(ংক)টময়, —সঙ্কু(ংকু)ল—বিপদে

পরিপূর্ণ। সঙ্কট + ময়ট্; পক্ষে ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –য়ী, –লা।

সঙ্ক(ংক)টস্থল—১। বিপদের স্থান। ৬ষ্ঠী-তৎ। ২। যোজক। কর্ম্মধা। বি; ক্লীব।

সঙ্ক(ংক)টাপন্ন—বিপদাপন্ন, বিপদে পতিত, বিপন্ন। ২য়াতৎ। বিণ। স্ত্রী, –ন্না।

সঙ্ক(ংক)র—১। অবস্কর, সম্মার্জ্জনী-ক্ষিপ্ত আবর্জ্জনা; বর্ণসঙ্কর বা মিশ্রজাতি। সম্–কৃ (বিক্ষিপ্ত করা) + অপ্ কর্ম্মবা। ২। মিলন, মিশ্রণ; পরস্পর বিরুদ্ধ পদার্থের একত্র অবস্থান; কাব্যে দুই বা ততোধিক অলঙ্কারের সাপেক্ষভাবে অবস্থান। সম্–কৃ (করা) + অপ্ ভাববা। বি; পুং।

সঙ্ক(ংক)র্ষণ—১। আকর্ষণ; কর্ষণ। সম্–কৃষ্ (কর্ষণ করা) + অনট্ ভাববা। বি; ক্লীব। ২। বলরাম। সম্–কৃষ্ + অন কর্তৃবা। বি; পুং।

সঙ্ক(ংক)লক—সংগ্রহকারক। সম্–কল + ণক কর্তৃবা। বিণ।

সঙ্ক(ংক)লন, সঙ্ক(ংক)লনা—অঙ্কযোগ; সংগ্রহ; আহরণ, সঞ্চয়; মিলন। সম্–কল (গণনা করা) + অনট্ ভাববা, ২য় পক্ষে সম্–কল (গণনা করা) + অন ভাববা + আপ্। বি; ক্লীব, স্ত্রী।

সঙ্ক(ংক)লয়িতা (–তৃ)—সকলনকর্ত্তা। সম্–কল + ণিচ্ + তৃন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী, –য়িত্রী।

সঙ্ক(ংক)লিত—সংগৃহীত, আহৃত, সঞ্চিত; একত্রীকৃত; যোজিত। সম্–কল (গণনা করা) + ক্ত কর্ম্মবা। বিণ।

সঙ্ক(ংক)ল্প—মনোরথ; মানস-কর্ম্ম; অভিপ্রায়; অভিলাষ; পূজাদি-করণের উদ্দেশ্য; ধর্ম্মকৃত্য করিবার প্রতিজ্ঞা। সম্–কৃপ্ (কল্পনা করা) + ঘঞ্ ভাববা, কর্ম্মবা। বি; পুং।

সঙ্ক(ংক)ল্পবিকল্প—সঙ্কল্প ও বিবিধ কল্পনা, অভিলাষ ও সংশয়, দ্বিধাভাব। দ্বন্দ্ব। বি; পুং।

সঙ্ক(ংক)ল্পসিদ্ধি—মনোরথসিদ্ধি, অভিলাষের পূরণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সঙ্ক(ংক)ল্পিত—অভিপ্রেত; অভিলষিত; বাঞ্ছিত; কর্ত্তব্যরূপে স্থিরীকৃত। সম্–কৃপ্ (কল্পনা করা) + ক্ত কর্ম্মবা। বিণ।

সঙ্কা(ংকা)শ—নিকট, সমীপ; (অন্ত শব্দের পরবর্ত্তী হইলে) তৎসদৃশ। সম্–কাশ্ (দীপ্তি পাওয়া) + অচ্ কর্তৃবা। বিণ।

সঙ্কী(ংকী)র্ণ—১। বহুলোকসমাকীর্ণ, জনতা-পূর্ণ; নানাবস্তুমিলিত; ব্যাপ্ত; মিশ্রিত; সঙ্কর; পরস্পর বিজাতীয়; সঙ্কট; অল্পপ্রস্থ; সঙ্কুচিত। সম্–কৃ (ছড়ান) + ক্ত কর্ম্মবা। বিণ।

সঙ্কী(ংকী)র্ণচিত্ত—১। ক্ষুদ্র মনঃ, নীচ অন্তঃকরণ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। ক্ষুদ্র-মনাঃ, অনুদারহৃদয়, অপ্রশস্তমনাঃ। বহুব্রী। বিণ।

সঙ্কী(ংকী)র্ণচেতাঃ (–চেতস্), –চেতা—ক্ষুদ্রমনাঃ, অপ্রশস্তচিত্ত, অনুদারমনাঃ। সঙ্কীর্ণ হইয়াছে চেতঃ যাহার, বহুব্রী। বিণ।

সঙ্কী(ংকী)র্ণতা—ক্ষুদ্রতা; অনুদারতা; অ-প্রসরতা; জনতা; সাঙ্কর্য্য। সঙ্কীর্ণ + তা ভাবার্থে। বি; স্ত্রী।

সঙ্কী(ংকী)র্ণনীতি—অনুদার নীতি, অ-প্রশস্ত নিয়ম, যে নীতি অল্প লোকের মধ্যেই আবদ্ধ—সার্ব্বজনীন নহে। কর্ম্মধা। বি; স্ত্রী।

সঙ্কী(ংকী)র্ণমনাঃ (–মনস্)—সঙ্কীর্ণ-চেতাঃ, অনুদারচিত্ত। বহুব্রী। বিণ।

সঙ্কী(ংকী)র্ণহৃদয়—১। ক্ষুদ্র মনঃ, অ-প্রশস্ত অন্তঃকরণ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। ক্ষুদ্রচেতাঃ। বহুব্রী। বিণ। স্ত্রী, –য়া।

সঙ্কী(ংকী)র্ণাত্মা (–ত্মন্)—১। ক্ষুদ্র মনঃ। সঙ্কীর্ণ যে আত্মা (চিত্ত), কর্ম্মধা। বি; পুং। ২। ক্ষুদ্রমনাঃ। বহুব্রী। বিণ।

সঙ্কী(ংকী)র্ত্তন—সম্যক্‌রূপে গুণ কথন; বর্ণন; উচ্চারণ; ঈশ্বরের নাম গান। সম্–কৃত্ (কীর্ত্তন করা) + অনট্ ভাববা। বি; ক্লীব।

সঙ্কী(ংকী)র্ত্তিত—সম্যক্‌রূপে কীর্ত্তিত; বিশেষভাবে উক্ত; প্রশংসিত; বর্ণিত; উচ্চারিত। সম্—কৃত্ (কীর্ত্তন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সঙ্কু(ংকু)চিত—মুদ্রিত, অপ্রসারিত, কোঁচকান; কুণ্ঠিত; অপ্রফুল্ল; সঙ্ক্ষিপ্ত। সম্—কুচ্ (গুটাইয়া লওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

সঙ্কু(ংকু)ল—সঙ্কীর্ণ; বহুলোকসমাকীর্ণ; ব্যাপ্ত; মিশ্রিত। সম্—কুল্ (সংহত হওয়া)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—লা।

সঙ্কু(ংকু)লান—পর্য্যাপ্তি; প্রয়োজনানুরূপ হওয়া। দেশজ। বি।

সঙ্কে(ংকে)ত—১। ইঙ্গিত, ইসারা; চিহ্ন; নিয়ম; বোধ; অভিধা, শব্দের অর্থ-বোধক শক্তি। সঙ্কেত (আমন্ত্রণ করা)+ঘঞ্ ভাববা। ২। নায়কনায়িকাদির গোপনে মিলনের ব্যবস্থা বা নিরূপিত স্থান (Place of appointment). সঙ্কেত+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

সঙ্কে(ংকে)তিত—১। সঙ্কেতযুক্ত। সঙ্কেত+ইত যুক্তার্থে। ২। অভিধা শক্তি দ্বারা বোধিত (শব্দার্থ)। সঙ্কেত+ক্ত কর্ম্মবা। বিণ।

সঙ্কো(ংকো)চ, —চন—সঙ্ক্ষেপ, বহুবিষয়ক বাক্যার্থের অল্প বিষয়ে সংস্থাপন; সামান্য বিষয়ের বিশেষ কারণ; মুদ্রণ, অপ্রসারণ; বন্ধন; জড়ভাব, কুণ্ঠা। সম্—কুচ্+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

সঙ্কো(ংকো)চনীয়—অপ্রসারণীয়, মুদ্রণীয়; সংক্ষেপণীয়। সম্—কুচ্+অনীয় কর্ম্মবা। বিণ; ত্রি।

সঙ্কো(ংকো)চপ্রাপ্ত—লজ্জাপ্রাপ্ত, লজ্জিত; জড়ভাবাপন্ন। ২য়াতৎ। বিণ।

সঙ্কো(ংকো)চশূন্য—লজ্জাহীন, কুণ্ঠারহিত; জড়ভাবশূন্য। ৩য়াতৎ। বিণ।

সঙ্ক্রম, সঙ্ক্রমণ, সঙ্ক্রমিত, সঙ্ক্রান্ত ইত্যাদি—সংক্রম ইত্যাদি দ্রঃ।

সঙ্ক্ষ(ংক্ষ)য়—নাশ, ধ্বংস; প্রলয়। সম্—ক্ষি (ক্ষয় পাওয়া)+অচ্ ভাববা। বি; পুং।

সঙ্ক্ষি(ংক্ষি)প্ত—নিক্ষিপ্ত; সঙ্কুচিত; অল্পীকৃত; সঞ্চিত; গৃহীত। সম্—ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সঙ্ক্ষি(ংক্ষি)প্তসার—১। সঙ্কুচিত সারবিশিষ্ট, যাহার সারভাগ সংক্ষিপ্ত করা হইয়াছে। সংক্ষিপ্ত হইয়াছে সার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। সারগ্রন্থ; ক্রমদীশ্বর-প্রণীত সংস্কৃত ব্যাকরণবিশেষ; কর্ম্মধা। বি; পুং।

সঙ্ক্ষু(ংক্ষু)ব্ধ—চঞ্চলীভূত; আলোড়িত; আকুল। সম্—ক্ষুভ্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

সঙ্ক্ষে(ংক্ষে)প—সঙ্কোচ; সংক্ষিপ্ত বর্ণন; অল্পীকরণ। সম্—ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সঙ্ক্ষে(ংক্ষে)পণ—সংক্ষিপ্তকরণ। সম্—ক্ষিপ্ (ক্ষেপণ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

সঙ্ক্ষে(ংক্ষে)পতঃ (—তস্), —পত—সংক্ষিপ্তভাবে, সংক্ষেপে। সঙ্ক্ষেপ+তস্। অব্য।

সঙ্ক্ষো(ংক্ষো)ভ—অস্থিরতা, চাঞ্চল্য; ধর্ষণ; অভিক্ষোভ; গর্ব্ব। সম্—ক্ষুভ্ (ক্ষুব্ধ হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সঙ্খ্যা(ংখ্যা)—১। বিচার; গণনা; একত্বাদি, "একং দশ শতঞ্চৈব সহস্রমযুতং তথা। লক্ষঞ্চ নিযুতঞ্চৈব কোটিরর্ব্বুদমেব চ। বৃন্দঃ খর্ব্বো নিখর্ব্বশ্চ শঙ্খপদ্মৌ চ সাগরঃ। অন্ত্যং মধ্যং পরার্দ্ধঞ্চ দশবৃদ্ধ্যা যথোত্তরম্।" সম্—খ্যা+অঙ্ ভাববা+আপ্। বি; স্ত্রী।

সঙ্খ্যা(ংখ্যা)গরিষ্ঠ—সংখ্যায় সবচেয়ে বেশী। ৭মীতৎ। বিণ।

সঙ্খ্যা(ংখ্যা)ত—গণিত; বিচারিত; প্রসিদ্ধ, বিখ্যাত। সম্—খ্যা+ক্ত কর্ম্মবা। বিণ; ত্রি।

সঙ্খ্যা(ংখ্যা)তীত—অগণিত। ২য়াতৎ। বিণ।

সঙ্খ্যা(ংখ্যা)ধিক্য—সংখ্যায় বেশী হওয়া। ৭মীতৎ। বি; ক্লীব।

সঙ্খ্যা(ংখ্যা)ন—ধ্যান ; গণনা। সম্—খ্যা (বলা)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

সঙ্খ্যা(ংখ্যা)বাচক—যাহাতে এক দুই প্রভৃতি বুঝায়। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —চিকা।

সঙ্খ্যা(ংখ্যা)লঘিষ্ঠ—সংখ্যায় সবচেয়ে কম। ৩য়াতৎ। বিণ।

সঙ্খ্যা(ংখ্যা)লঘু, সঙ্খ্যা(ংখ্যা)ল্প—সংখ্যায় কম। ৩য়াতৎ। বিণ।

সঙ্খ্যে(ংখ্যে)য়—গণনীয়, গণ্য। সম্—খ্যা (বলা)+যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, —য়া।

সঙ্গ(ংগ)—সংসর্গ, সহবাস ; সম্বন্ধ ; মিলন ; বিষয়ানুরাগ ; আসক্তি ; প্রতিবন্ধ। সন্জ্ (সঙ্গ করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

সঙ্গ(ংগ)ত—১। যথোপযুক্ত ; যুক্তিযুক্ত ; মিলিত ; সম্বদ্ধ ; অনুযায়ী, অনুগত ; দৃষ্ট। সম্—গম্ (গমন করা)+ক্ত কর্তৃবা। বিণ। ২। প্রেম ; মিলন ; মিত্রতা ; গান বাজনার পরস্পর মিল বা ঐক্য। সম্—গম্+ক্ত ভাববা। বি ; ক্লীব।

সঙ্গ(ংগ)তি—সঙ্গম ; মিলন ; যোগ্যতা ; অবিরোধ ; সামঞ্জস্য ; সম্বন্ধ ; সম্ভোগ ; সংস্থান, সামর্থ্য। সম্—গম্+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

সঙ্গ(ংগ)তিপন্ন—সঙ্গতিশালী, ধনবান্। সঙ্গতিকে পন্ন (প্রাপ্ত), ২য়াতৎ। বিণ।

সঙ্গ(ংগ)তিশালী (—শালিন্)—সংস্থানশালী, ধনবান্। সঙ্গতি—শাল্+ণিন্ কর্তৃবা। বিণ ; পুং। স্ত্রী, —লিনী।

সঙ্গ(ংগ)তিশূন্য—সংস্থানবিহীন, সম্বলবিহীন। ৩য়াতৎ। বিণ। [বিণ।

সঙ্গ(ংগ)তিসম্পন্ন—সঙ্গতিশালী। ৩য়াতৎ।

সঙ্গ(ংগ)দোষ—সংসর্গদোষ, সহবাসজন্য অনিষ্ট। সঙ্গজনিত দোষ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

সঙ্গ(ংগ)ম—মিলন ; নদ্যাদির মিলনস্থান ; সহবাস ; সম্ভোগ। সম্—গম্+অপ্ ভাববা। বি ; পুং।

সঙ্গ(ংগ)র—১। আবাস ; যুদ্ধ। সম্—গৄ+অপ্ অধিবা। ২। প্রতিজ্ঞা ; জ্ঞান ; নিয়ম ; প্রশ্ন ; বিষ। সম্—গৄ+অপ্ কর্ম্মবা। বি ; পুং।

সঙ্গিন, সঙ্গীন—সঙিন দ্রঃ।

সঙ্গি(ংগি)নী—সহচরী, সহগামিনী ; সমভিব্যাহারিণী ; আসক্তা। সঙ্গিন্+ঈপ্। বি বা বিণ ; স্ত্রী।

সঙ্গী(ংগী) (সঙ্গিন্)—সহচর ; সহগামী ; আসক্ত। সঙ্গ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —ঙ্গিনী।

সঙ্গী(ংগী)ত—১। গান ; তৌর্য্যত্রিক। সম্—গৈ+ক্ত ভাববা। বি ; ক্লীব। ২। সম্যক্ গীত। সম্—গৈ+ক্ত কর্ম্মবা। বিণ।

সঙ্গী(ংগী)তজ্ঞ—সঙ্গীতবেত্তা, সঙ্গীত বিষয়ে অভিজ্ঞ। সঙ্গীত—জ্ঞা (জানা)+ক কর্তৃবা। বিণ।

সঙ্গী(ংগী)তি—গীত ; কথোপকথন, আলাপ। সম্—গৈ (গান করা)+ক্তি ভাববা। বি ; স্ত্রী। [বাং অব্য।

সঙ্গে(ংগে)—সহিত ; কাছে, নিকটে।

সঙ্গোপন—সংগোপন দ্রঃ।

সঙ্গোপিত—সংগোপিত দ্রঃ।

সঙ্গ্রহীতা, সঙ্গ্রাহক, সঙ্গ্রাহী—সংগ্রহীতা প্রভৃতি দ্রঃ।

সঙ্ঘ(ংঘ)—গণ ; সমূহ ; দল ; সমিতি ; বৌদ্ধ ভিক্ষু সম্প্রদায়। সম্—হন্ (বধ করা)+অপ্ ভাববা। বি ; পুং।

সঙ্ঘ(ংঘ)চারী (—চারিন্)—জনতার সহিত গমনকারী, দল বাঁধিয়া বিচরণকারী। সঙ্ঘ—চর্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —রিণী।

সঙ্ঘ(ংঘ)টন, সঙ্ঘ(ংঘ)টনা—মেলন ; সংযম ; যোজনা ; ঘটান ; ঘটনা। সম্—ঘট্ (চেষ্টা করা)+অনট্ ভাববা, ২য় পক্ষে অন ভাববা+আপ্। বি ; ক্লীব, স্ত্রী।

সঙ্ঘ(ংঘ)টিত—সম্প্রাপ্ত ; মিলিত ; যোজিত। সম্—ঘট্+ক্ত কর্ম্মবা। বিণ।

সঙ্ঘ(ংঘ)ট্ট, সঙ্ঘ(ংঘ)ট্টন, সঙ্ঘ(ংঘ)ট্টনা—মেলন ; যোটন ; গঠন, পরস্পর ঘর্ষণ। সম্—ঘট্ট্ (চালিত করা)+ঘঞ্, অনট্ ভাববা, ৩য় পক্ষে+অন ভাববা+আপ্। বি ; পুং, ক্লীব, স্ত্রী।

সঙ্ঘ(ংঘ)ট্টিত—চালিত ; নির্ম্মিত ; ঘর্ষিত ; সংযোজিত ; গঠিত। সম্—ঘট্ট্ (চালনা করা) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

সঙ্ঘ(ংঘ)র্ষ, সঙ্ঘ(ংঘ)র্ষণ—পরস্পর ঘর্ষণ, টক্কর, ঠোকাঠুকি ; মর্দ্দন ; পরস্পর স্পর্দ্ধা ; বাজি রাখা ; যোটন। সম্—ঘৃষ্ (ঘষা)+ঘঙ্, অনট্ ভাববা। বি ; পুং, ক্লীব।

সঙ্ঘা(ংঘা)ত—বধ ; আঘাত ; সমূহ ; সমষ্টি ; নিবিড় সংযোগ, জমাট। সম্—হন (বধ করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

সঙ্ঘা(ংঘা)তবল—(পদার্থবিজ্ঞানে) দুই বা তদধিক বলের সঙ্ঘাতে যে কার্য্য হয়, সেই কার্য্য একটিমাত্র বল দ্বারা উৎপাদন করিতে হইলে, যে বলের প্রয়োগ করা আবশ্যক হয়, তাহা। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

সঙ্ঘা(ংঘা)রাম—বৌদ্ধ আশ্রম। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

সচকিত—সভয়, সন্ত্রস্ত। বহুব্রী। বিণ।

সচকিতে—সভয়ে, চমকিতভাবে, চমকাইয়া। বহুব্রী। ক্রি-বিণ। [বিণ।

সচন্দন—চন্দনাক্ত, চন্দনমিশ্রিত। বহুব্রী।

সচরাচর—১। স্থাবর-জঙ্গম-সহিত। চর ও অচর=চরাচর, দ্বন্দ্ব ; চরাচরের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা। ২। সাধারণতঃ ; প্রায়শঃ, সর্ব্বদা। দেশজ প্রঃ। ক্রি-বিণ।

সচল—চলন্ত, গমনশীল। অশুদ্ধ প্রঃ। বিণ।

সচিত্র—ছবিযুক্ত। বহুব্রী। বিণ।

সচিব—সহায় ; সঙ্গী ; মন্ত্রী, অমাত্য। সচ (সম্বন্ধ করা)+ই ভাববা—সচি, তদুত্তরে বা (গমন করা)+ক কর্ত্তৃবা। বি ; পুং।

সচেতন—চৈতন্যযুক্ত, প্রাণী। চেতনার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। [বহুব্রী। বিণ।

সচেল—বস্ত্রপরিহিত। চেলের সহিত বর্ত্তমান,

সচেষ্ট—চেষ্টান্বিত, চেষ্টিত। চেষ্টার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্টা।

সচ্চরিত্র—সুশীল, সৎস্বভাব, সদাচারপরায়ণ। বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্রা।

সচ্চিদানন্দ—১। পরব্রহ্ম, পরমেশ্বর। সৎও (নিত্য) যে চিৎও (জ্ঞান) সে আনন্দও সে, কর্ম্মধা। বি ; পুং। ২। নিত্য-জ্ঞানসুখস্বরূপ। বিণ। [বি ; স্ত্রী।

সচ্চিন্তা—সাধুচিন্তা, সদ্বিষয় ভাবনা। কর্ম্মধা।

সচ্ছল, স্বচ্ছল—সঙ্গতিপন্ন, সুসারমন্ত, অভাবহীন ; মুক্তহস্ত ; ব্যয়শীল। 'সৎশীল' শব্দজ। বিণ।

সচ্ছিদ্র—ছিদ্রযুক্ত, ছেঁদাবিশিষ্ট। ছিদ্রের সহ বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,—দ্রা।

সজনী—সহচরী, সখী ; প্রণয়িনী ; রমণী, ললনা ; স্ত্রী। 'স্বজনী' শব্দজ। বি ; স্ত্রী।

সজল—জলযুক্ত, জলপূর্ণ, সিক্ত। জলের সহ বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

সজলনয়ন, —লোচন—১। অশ্রুপূর্ণ চক্ষুঃ। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। অশ্রুপূর্ণ নেত্রবিশিষ্ট, যাহার চোখে জল আসিয়াছে এরূপ। সজল হইয়াছে নয়ন বা লোচন যাহার, বহুব্রী। বিণ।

সজাগ—অনিদ্রিত, জাগরিত ; সতর্ক। দেশজ। বিণ।

সজাত, সজাতি—একজাতীয়। 'সজাতীয়' শব্দজ। বিণ।

সজাতি—একজাতি ; সমশ্রেণী ; একজাতীয় স্ত্রী-পুরুষ-জাত সন্তান। সমান যে জাতি, কর্ম্মধা। বি ; স্ত্রী।

সজাতীয়—একজাতীয় ; সমশ্রেণীভুক্ত ; একধর্ম্মাক্রান্ত। সজাতি+ঈয়। বিণ।

সজারু—শল্লকী, কণ্টকগাত্র জন্তুবিশেষ। 'শল্যকরূপ' শব্দজ। বি।

সজিনা—স্বনামখ্যাত বৃক্ষ ও তাহার ফল। 'শোভাঞ্জন' শব্দজ। বি।

সজীব—জীবনযুক্ত, জীবিত, প্রাণী। জীবের (জীবনের) সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সজোরে—জোরের সহিত। বহুব্রী। ক্রি-বিণ।

সজ্জন—১। সাধু ব্যক্তি; সৎকুলজাত; কুলীন। সৎ (সাধু) যে জন, কর্ম্মধা। বি; পুং। ২। সাজান; হাতীকে সাজান; আয়োজন; সৈন্যস্থাপন, ঘাটি। সসৃজ্ (গমন করা) + অনট্ ভাববা। বি; ক্লীব।

সজ্জা—আয়োজন; সাজ; বেশ; ভূষা। সসৃজ্ + অ করণবা, ভাববা + আপ্। বি; স্ত্রী। [ক্লীব।

সজ্জাগৃহ—বেশগৃহ, সাজঘর। ৬ষ্ঠীতৎ। বি;

সজ্জিত—সাজান; ভূষিত; বর্ম্মিত, সাঁজোয়া-পরা; আয়োজিত; উদ্যুক্ত। সজ্জা শব্দ + ইতচ্ যুক্তার্থে। বিণ। স্ত্রী,—তা।

সজ্জীভূত—সজ্জিত; ভূষিত। পূর্ব্বে সজ্জ ছিল না এক্ষণে সজ্জ হইয়াছে এই বাক্যে সজ্জ শব্দ + অভূততদ্ভাবার্থে চ্বি = সজ্জী, তদুত্তরে ভূ (হওয়া) + ক্ত কর্তৃবা। বিণ।

সজ্ঞান—জ্ঞানযুক্ত, সচেতন। জ্ঞানের সহিত বিদ্যমান যে, বহুব্রী। বিণ। [ক্রি-বিণ।

সজ্ঞানে—সচেতন অবস্থায়। বহুব্রী।

সঞে—সঙ্গে; হইতে। প্রা: কবিপ্র। অব্য।

সঞ্চয়, —ন—সংগ্রহ; পুঁজি, অর্থসংস্থান; সঙ্কলন; সমূহ। সম্—চি (চয়ন করা) + অচ্, অনট্ ভাববা। বি; পুং ও ক্লীব।

সঞ্চয়ী (—য়িন্)—সঞ্চয়কারী, সংগ্রহকর্ত্তা। সঞ্চয় শব্দ + ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং। স্ত্রী,—য়িনী।

সঞ্চর, —ণ—১। গমন; চলন; কম্পন। সম্—চর্ (গমন করা) + অ, অনট্ ভাববা। ২। পথ; স্থান; সেতু; শরীর। সম্—চর্ + ঘ, অনট্ করণবা। বি; পুং, ক্লীব।

সঞ্চরমাণ—গমনশীল। সম্—চর্ (গমন করা) + শানচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—ণা।

সঞ্চরিত—গত; প্রচলিত। সম্—চর্ (গমন করা) + ক্ত কর্তৃবা। বিণ।

সঞ্চরিষ্ণু—সঞ্চরণশীল, সঞ্চরণকারী। সম্—চর্ (গমন করা) + ইষ্ণু কর্তৃবা। বিণ।

সঞ্চলন—চলন; প্রচলন; কম্পন; দোলন। সম্—চল্ (চলা) + অনট্ ভাববা। বি; ক্লীব।

সঞ্চার—১। গমন; সংক্রমণ; বিপদ্; উত্তেজন; চালন; আধান, স্থাপন; আবির্ভাব ও বিস্তার। সম্—চর্ + ঘঞ্ ভাববা। ২। পথ; সেতু। সম্—চর্ + ঘঞ্ করণবা। বি; পুং।

সঞ্চারক—চালক; সংক্রামক; উত্তেজক। সম্—চারি (চালান) + ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

সঞ্চারিত—ইতস্ততঃ চালিত। সম্—ণিজন্ত চর্ = চারি (চালান) + ক্ত কর্ম্মবা। বিণ।

সঞ্চারী (—রিন্)—১। সঞ্চরণশীল; গমনশীল; অস্থায়ী। সম্—চর্ (গমন করা) + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী। ২। নির্ব্বেদ আবেগ প্রভৃতি ব্যভিচারী ভাব; বায়ু; ধূপ; গানের তৃতীয় পদের প্রথম অংশ। বি; পুং।

সঞ্চালন—সংক্রমণ; গমন; চালনা; নাড়াচাড়া। সম্—ণিজন্ত চল্ বা চালি (চলান) + অনট্ ভাববা। বি; ক্লীব।

সঞ্চালিত—ইতস্ততঃ চালিত; সংক্রমিত। সম্—ণিজন্ত চল্ = চালি (চলান) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

সঞ্চিত—সংগৃহীত; সঙ্কলিত; যাহা জমা করা হইয়াছে এরূপ; সম্ভৃত, রাশীকৃত। সম্—চি (চয়ন করা) + ক্ত কর্ম্মবা। বিণ।

সঞ্চীয়মান—যাহা সঞ্চিত হইতেছে এরূপ, আহ্রীয়মাণ। সম্—চি (চয়ন করা) + শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—না।

সঞ্চেয়—সঞ্চয়যোগ্য, আহরণীয়। সম্—চি (চয়ন করা) + যৎ কর্ম্মবা। বিণ।

সঞ্জনন—উৎপাদন; জনশক্তি। সম্—জন্ + ণিচ্ + অনট্ ভাববা। বি; স্ত্রী।

সঞ্জয়—অন্ধরাজ ধৃতরাষ্ট্রের সচিব। সম্—জি (জয় করা) + অচ্ কর্তৃবা। বি; পুং।

সঞ্জাত—উৎপন্ন, উদ্ভূত। সম্—জন্ (জন্মা) + ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

সঙ্গাব—বস্ত্রের কিনারায় সেলাই করা পটির পাড়। ফার্সী। বি।

সঞ্জীবন—১। প্রাণধারণ। সম্‌—জীব্‌ (বাঁচা)+অনট্‌ ভাববা। বি; ক্লীব। ২। জীবিতকারী, জীবনদায়ক। সম্‌—ণিজন্ত জীব্‌=জীবি (বাঁচান)+অনট্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—নী।

সঞ্জীবনী—১। জীবিতকারিণী। সম্‌—ণিজন্ত জীব্‌+ণিচ্‌+অনট্‌ কর্ত্তৃবা+ঈপ্‌। বিণ; স্ত্রী। ২। জীবনদায়ক ঔষধবিশেষ। বি; স্ত্রী।

সট্‌—ত্বরাসূচক, তাড়াতাড়ি। দেশজ। অব্য।

সট্‌কা—আলবোলার নল। দেশজ। বি।

সটকান—চম্পট দেওয়া, পলায়ন করা। বাং ক্রি।

সটা—জটা; সিংহাদির গ্রীবাদেশস্থ কেশ, কেশর। সট্‌ (অংশ করা)+অচ্‌ কর্ত্তৃবা+আপ্‌। বি; স্ত্রী। [বিণ।

সটান—সোজা, একটানা, বরাবর। দেশজ।

সটীক—টীকা-সমন্বিত। টীকার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সঠিক—যথার্থ, প্রকৃত, ঠিকমত। দেশজ। বিণ।

সড়—ষড়্‌যন্ত্র, গুপ্ত পরামর্শ, সাট, যোগসাজস। দেশজ। বি। [বি।

সড়ক—সরণি, বড় রাস্তা। 'সরক' শব্দজ।

সড়কি—বল্লম, বর্শা। দেশজ। বি।

সড়গড়—কণ্ঠস্থ, অভ্যস্ত। দেশজ। বিণ।

সড়সড়—সর্প প্রভৃতি সরীসৃপের গতিসূচক শব্দ; কাতুকুতু চুলকানি শিহরণ প্রভৃতির বোধ। দেশজ। অব্য।

সড়সড়ি—শুষ্ক ব্যঞ্জনবিশেষ। দেশজ। বি।

সড়া—পচা। দেশজ। বিণ।

সড়াক, সড়াৎ—দ্রুতগতিসূচক শব্দ। দেশজ। অব্য।

সডাক—ডাকমাশুল সমেত। বহুব্রী। বিণ।

সৎ—১। বিদ্যমান; উত্তম, সাধু; সত্য; মান্য; বিদ্বান্‌; নিত্য; চিরস্থায়ী। অস্‌+শতৃ কর্ত্তৃবা। বিণ। পুং, সন্‌; স্ত্রী, সতী; ক্লীব, সৎ। ২। ব্রহ্ম; অস্তিত্বমাত্র। বি; ক্লীব। ৩। সতীনসম্পর্কীয়, বৈমাত্র। দেশজ। বিণ।

সতত—১। ক্রিয়াবিশেষ। সম্‌—তন্‌ (বিস্তার করা)+ক্ত কর্ম্মবা। বি; ক্লীব। ২। নিরন্তর। বিণ। ৩। সর্ব্বদা। ক্রি-বিণ।

সততা—সাধুতা। 'সত্তা' শব্দের দুষ্টপ্রয়োগ। বি। [স্ত্রী,—ন্ত্রী।

সতন্তর—স্বাধীন। প্রাঃ কবিপ্র। বিণ।

সতরঞ্চ—শতরঞ্চ দ্রঃ।

সতরঞ্জি—মোটা সূতী আস্তরণবিশেষ, দরি, গালিচা। আরবীমূলক। বি।

সতর্ক—তর্কযুক্ত; বিবেচনাবিশিষ্ট; সাবধান। তর্কের (বিচারণার) সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্কা।

সতা—সপত্নী। প্রাঃ কবিপ্র। বি; স্ত্রী।

সতাই—বিমাতা। প্রাঃ কবিপ্র। বি; স্ত্রী।

সতাত, সতাল—বৈমাত্রেয়। দেশজ। বিণ।

সতিন—সতীন দ্রঃ।

সতী—১। উত্তমা; সাধ্বী; পতিব্রতা। সৎ দ্রঃ। সৎ+ঈপ্‌। বিণ; স্ত্রী। ২। পতিব্রতা নারী; স্বামীর সঙ্গে সহমৃতা স্ত্রী; দক্ষদুহিতা, হরমহিষী; চতুরক্ষর ছন্দোবিশেষ। বি; স্ত্রী।

সতীগিরি, —পনা—সতীত্ব (ব্যঙ্গার্থে)। সতী+গিরি, পনা ভাবে। বি।

সতীত্ব—পাতিব্রত্য, পতিপরায়ণতা, স্ত্রীজাতির একমাত্র পতিভজনারূপ ধর্ম্ম। সতী শব্দ+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

সতীত্বনাশ—পাতিব্রত্য ধর্ম্মনাশ, সতীধর্ম্ম নষ্ট করা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সতীদাহ—অনুমরণ; সহমরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। অতি প্রাচীনকাল হইতে এতদ্দেশীয় উচ্চশ্রেণীর হিন্দু বিধবাগণ পতির চিতায় বা পতির শবদেহ-প্রাপ্তি অসম্ভবপর হইলে, ভিন্ন চিতায় আরোহণপূর্ব্বক স্বেচ্ছায় ভস্মীভূতা হইয়া সতীত্বের পরাকাষ্ঠা প্রদর্শন করিতেন। এই প্রথা সহমরণ বা সতীদাহ নামে খ্যাত।

সতীধর্ম্ম(র্ম)—পতিব্রতার ধর্ম্ম, সতীত্ব, পাতিব্রত্য। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

সতীন—সপত্নী। 'সপত্নী' শব্দজ। বি। [স্ত্রী।

সতীন-ঝি—সতীনের মেয়ে। ৬ষ্ঠীতৎ। বি ;

সতীন-পো—সপত্নী-পুত্র। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [বি ; পুং।

সতীপতি, সতীশ—মহাদেব। ৬ষ্ঠীতৎ।

সতীপনা—সতীগিরি দ্রঃ।

সতীর্থ, -র্থ্য—সমকালে এক গুরুর শিষ্য, সহপাঠী। সহ (সমান) হইয়াছে তীর্থ (উপাধ্যায়) যাহাদের, বহুব্রী। বি ; পুং

সতীলক্ষ্মী—লক্ষ্মীসদৃশী গুণবতী সতী। সতী লক্ষ্মীসদৃশী, উপমিত কর্ম্মধা। বি ; স্ত্রী।

সতুষ—তুষযুক্ত। বহুব্রী। বিণ।

সতৃষ্ণ—তৃষ্ণাযুক্ত ; সস্পৃহ ; তেজস্বী ; বলবান্। তৃষ্ণার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সতৃষ্ণদৃষ্টি—১। সস্পৃহ দৃষ্টি, লালসাযুক্ত দৃষ্টি। কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। লালসাযুক্ত দৃষ্টি-সম্পন্ন। বহুব্রী। বিণ।

সতেজ—তেজস্বী, বলিষ্ঠ, জোরাল। তেজের সহ বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। [বাঙ্গালা ভাষায় প্রচলিত অশুদ্ধ পদ ; কারণ 'তেজ' শব্দ নহে, 'তেজস্' শব্দ, সুতরাং 'সতেজাঃ' হওয়াই সঙ্গত]।

সতেজাঃ (-জস্), -জা—তেজস্বী, বলিষ্ঠ, বলবান্। বহুব্রী। বিণ।

সৎকর্ম্ম(র্ম) (-র্ম্মন্), -কার্য্য(র্য)—ভাল কাজ। কর্ম্মধা। বি ; ক্লীব।

সৎকার, -কৃতি, -ক্রিয়া—পুরস্কার ; সমাদর ; সেবা ; পূজা ; মঙ্গল ; শবদাহাদি কর্ম্ম। সৎ শব্দ—কৃ (করা)+ঘঞ্, ক্তি ভাববা ; ৩য় পক্ষে+শ ভাববা+আপ্। বি ; পুং, স্ত্রী, স্ত্রী।

সৎকার্য্য(র্য)—সৎকর্ম্ম দ্রঃ।

সৎকৃত—পুরস্কৃত ; সমাদৃত ; সম্মানিত, পূজিত। সৎ শব্দ—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ।

সত্তম—অতি উত্তম ; পূজ্যতম। সৎ (উত্তম) +তমপ্, অতিশয়ার্থে। বিণ।

সত্তর—সপ্ততি, ৭০ এই সংখ্যা বা তৎসংখ্যক। 'সপ্ততি' শব্দজ। বি বা বিণ।

সত্তা—বিদ্যমানতা, অস্তিত্ব, স্থিতি, সাধুতা ; উৎপত্তি ; উৎকর্ষ ; দ্রব্য গুণ ও কর্ম্মে নিষ্ঠ জাতি। সৎ+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

সত্ত্ব, সত্ব—১। প্রকৃতি ; প্রকৃতির গুণত্রয়ের মধ্যে প্রথম ও প্রধান গুণ [ত্রিগুণ দ্রঃ] ; আত্মা ; স্বভাব ; বল ; পরাক্রম ; সাহস ; মনঃ ; উৎসাহ ; ব্যবসায় ; ধৈর্য্য ; জীবন ; প্রাণ ; ধন ; দ্রব্য ; পিশাচাদি। সৎ শব্দ+ত্ব ভাবার্থে। বি ; ক্লীব। ২। প্রাণী, জন্তু। বি ; ক্লীব বা পুং। ৩। রস, সার, নির্য্যাস। দেশজ। বি।

সত্র, সত্র—যজ্ঞ ; সদাদান, সদাব্রত ; অরণ্য ; গৃহ ; ধন ; আচ্ছাদন ; কৈতব, ছল। সদ্ (গমন করা)+ত্র অধিবা। বি ; ক্লীব।

সৎপথ—সাধুমার্গ, ধর্ম্মপথ ; সুপথ। সন্ (সাধু) যে পথ, কর্ম্মধা। বি ; পুং।

সৎপ্রতিপক্ষ—ন্যায়ে হেত্বাভাসবিশেষ। বি ; পুং।

সত্বর—১। ত্বরান্বিত। ত্বরার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। ২। শীঘ্র। ক্রি-বিণ।

সৎমা—বিমাতা। দেশজ। বি ; স্ত্রী।

সত্য—১। অমিথ্যা, যাথার্থ্য ; প্রতিজ্ঞা, শপথ ; সৎ ; নিত্যত্ব ; সর্ব্বোপরিস্থ লোক ; কৃতযুগ। সৎ+যৎ হিতার্থে। বি ; ক্লীব। ২। যথার্থ, প্রকৃত। বিণ।

সত্যগ্রহ—সত্যাগ্রহ দ্রঃ।

সত্যনারায়ণ—দেবতাবিশেষ, সত্যপীর। সত্যও যে নারায়ণও সে, কর্ম্মধা। বি ; পুং।

সত্যনিষ্ঠ—সত্যে দৃঢ়তাসম্পন্ন, সত্যানুরাগী ; সত্যবাদী। সত্যে নিষ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -ষ্ঠা।

সত্যনিষ্ঠা—সত্যে দৃঢ়তা, সত্যকথনে অনুরাগ। ৭মীতৎ। বি ; স্ত্রী।

সত্যপালন—সত্যরক্ষা, প্রতিজ্ঞাপালন অঙ্গীকারানুযায়ী কার্য্যকরণ। ৬ষ্ঠীতৎ। বি ক্লীব।

সত্যপীর—সত্যনারায়ণ। মধ্যপ কর্ম্মধা। বি।

সত্যপ্রতিজ্ঞ—দৃঢ়প্রতিজ্ঞাযুক্ত, স্থিরসঙ্কল্প। সত্য হইয়াছে প্রতিজ্ঞা যাহার, বহুব্রী। বিণ।

সত্যবতী—ব্যাসদেবের জননী। বি ; স্ত্রী।

সত্যবাদী (–বাদিন্)—সত্যভাষী, সত্য-বক্তা। সত্য–বদ্ (বলা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–দিনী।

সত্যবান্ (–বৎ)—১। সত্যযুক্ত, সত্য-পরায়ণ। সত্য শব্দ+মতুপ্ অস্ত্যর্থে। বিণ ; পুং। স্ত্রী–বতী। ২। জনৈক মুনি ; শাল্ব-দেশীয় জনৈক নৃপতি ; সাবিত্রীর স্বামী। বি ; পুং।

সত্যব্রত—১। সত্যপরায়ণ। সত্য হইয়াছে ব্রত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–তা। ২। জনৈক নৃপ ; ভীষ্ম। বি ; পুং।

সত্যভঙ্গ(ংগ)—প্রতিজ্ঞাভঙ্গ, অঙ্গীকারানু-যায়ী কার্য্য না করা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

সত্যভামা—শ্রীকৃষ্ণের পত্নী। বি ; স্ত্রী।

সত্যভাষী (–ভাষিন্)—সত্যবাদী, সত্য কথা বলে এরূপ। সত্য–ভাষ্ (বলা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–ষিণী।

সত্যযুগ—চারিযুগের প্রথম যুগ। সত্য-নামক যে যুগ, বা সত্যবহুল যে যুগ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

সত্যলোক—সপ্তলোকান্তর্গত সর্ব্বোপরিস্থ লোক। সত্য-নামক লোক, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

সত্যসন্ধ—সত্য-প্রতিজ্ঞ। সত্য সন্ধা (প্রতিজ্ঞা) যাহার, বহুব্রী। বিণ।

সত্যাগ্রহ, সত্যগ্রহ—সত্যগ্রহণ, কোন সদুদ্দেশ্যে প্রতিজ্ঞা করিয়া তাহার সিদ্ধি পর্য্যন্ত অটল থাকা। সত্যে আগ্রহ, ৭মীতৎ ; সত্যের গ্রহ (গ্রহণ), ৬ষ্ঠীতৎ। বি ; পুং। বিণ,–গ্রহী (–হিন্)।

সত্যানুরাগ—সত্যনিষ্ঠা, সত্যপ্রিয়তা, সত্যে আসক্তি। ৭মীতৎ। বি ; পুং।

সত্যানুরাগী (–রাগিন্)—সত্যনিষ্ঠ, সত্যপ্রিয়। ৭মীতৎ। বিণ। স্ত্রী,–গিণী।

সত্যাসত্য—সত্য বা মিথ্যা। দ্বন্দ্ব। বি ; ক্লীব।

সত্যি—সত্য। 'সত্য' শব্দজ। বি বা বিণ।

সত্যিকার, –কারের—যথার্থ, প্রকৃত। সত্যি+কার, কারের, সম্বন্ধার্থে। বিণ।

সত্র—সত্র দ্রঃ।

সত্রাজিৎ—ইনি যদুবংশে জন্মগ্রহণ করেন। শ্রীকৃষ্ণপত্নী সত্যভামা ইঁহার কন্যা।

সৎসাহস—প্রতিকূল অবস্থার বিরুদ্ধে সৎকাজ করার বা সত্য কথা বলার সাহস। কর্ম্মধা। বি ; ক্লীব।

সদন—গৃহ, ভবন ; সমীপ, নিকট। সদ্ (গমন করা)+অনট্ অধিবা। বি ; ক্লীব।

সদনুষ্ঠান—সৎকার্য্য, পরোপকার ; হিত-সাধন ; ধর্ম্মকার্য্য। কর্ম্মধা। বি ; ক্লীব।

সদয়—দয়াযুক্ত, কৃপালু। দয়ার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ ; ত্রি।

সদর—১। জেলার প্রধান নগর ; বহিঃপৃষ্ঠ ; বাহিরের দিক (শাল প্রভৃতির) ; বাহির বাটী বা ঘর। বি। ২। উচ্চ, প্রধান, মুখ্য, জেলা সম্বন্ধীয় ; প্রকাশ্য, বহিঃস্থ, বাহিরের। আর্বী। বিণ। সম্বন্ধার্থে। বি।

সদর-আলা–স ব্ জ জ। সদর+আলা

সদর্প—গর্ব্বসমন্বিত, গর্ব্বিত, দৃপ্ত। দর্পের সহ বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সদর্পে—দর্পসহকারে, গর্ব্বের সহিত। দর্পের সহিত বিদ্যমান যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

সদসৎ—ভালমন্দ ; ন্যায়-অন্যায়। দ্বন্দ্ব। বি বা বিণ।

সদসদ্বিবেক, –বিবেচনা—ভাল-মন্দের বিচার। ৬ষ্ঠীতৎ। বি ; পুং, স্ত্রী।

সদস্য—সভাসদ্, সভ্য ; যজ্ঞাদি স্থলে বিধিদর্শী। সদস্ (সভা)+যৎ কুশলার্থে। বি ; পুং। [কালার্থে। অব্য।

সদা—সর্ব্বদা, সকল সময়ে। সর্ব্ব শব্দ+দাচ্

সদাগতি—১। সর্ব্বদা গমনশীল। বিণ। ২। আত্মা ; বায়ু ; সূর্য্য। সদা গতি যাহার, বহুব্রী। বি ; পুং।

সদাগর—সওদাগর (তাহা দ্রঃ)।

সদাচার—১। উত্তম আচার, সাধু ব্যবহার; ধর্ম্মমূলক আচরণ। সন্ (সৎ) যে আচার, কর্ম্মধা। বি; পুং। ২। সাধু-আচরণবিশিষ্ট, সচ্চরিত্র। সন্ (সৎ) আচার যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

সদাচারী (—চারিন্)—সদাচারসম্পন্ন, উত্তম আচারযুক্ত, সাধু ব্যবহারকারী। সদাচার শব্দ + ইন্ অস্ত্যর্থে; অথবা সৎ শব্দ —আ—চর্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ।

সদানন্দ—১। সর্ব্বদা হর্ষযুক্ত, সদা প্রফুল্ল। বিণ। ২। শিব, মহাদেব। সদাই আনন্দ যাঁহার, বহুব্রী। বি; পুং। [ক্লীব।

সদাব্রত—অন্নসত্র; সদাদান। বহুব্রী। বি;

সদালাপ—সাধু কথোপকথন, উত্তম বিষয়ে কথাবার্ত্তা। কর্ম্মধা। বি; পুং।

সদালাপী (—পিন্)—সাধু আলাপকারী, মিষ্টালাপী। সদালাপ + ইন্। বিণ। স্ত্রী,—পিনী।

সদাশয়—মহাশয়, উন্নতচেতাঃ, সহৃদয়। সন্ হইয়াছে আশয় (চিত্ত) যাহার, বহুব্রী। বিণ।

সদাশিব—মহাদেব। সদাই যিনি শিব (শুভদ), সুপ্ সুপেতি। বি; পুং।

সদিচ্ছা—সাধু অভিপ্রায়, সাধু সঙ্কল্প। সতী যে ইচ্ছা, কর্ম্মধা। বি; স্ত্রী।

সদুত্তর—যথার্থ উত্তর, প্রকৃত জবাব; শ্রেষ্ঠ উত্তর। কর্ম্মধা। বি; ক্লীব।

সদুদ্দেশ্য—সাধু উদ্দেশ্য, মহৎ অভিপ্রায়, সাধু সঙ্কল্প। কর্ম্মধা। বি; ক্লীব।

সদুপায়—উৎকৃষ্ট উপায়, সাধু উপায়। কর্ম্মধা। বি; পুং।

সদৃশ—তুল্য, অনুরূপ; যোগ্য। সমান—দৃশ্ (দেখা) + কঞ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—শী।

সদোষ—দোষযুক্ত। বহুব্রী। বিণ।

সদ্গতি—উত্তমা গতি; সাধু পরিণাম। সতী যে গতি, কর্ম্মধা। বি; স্ত্রী।

সদ্গুণ—ভাল গুণ। কর্ম্মধা। বি; পুং।

সদ্বিবেচনা—সদ্বিচার, উত্তম মীমাংসা। কর্ম্মধা। বি; স্ত্রী।

সদ্বৃত্তি—সদাচার; সদ্ব্যবহার; সদ্ব্যাখ্যান গ্রন্থবিশেষ। কর্ম্মধা। বি; স্ত্রী।

সদ্ব্যবহার—সাধু ব্যবহার, ভদ্রতাযুক্ত আচরণ, শিষ্ট ব্যবহার। কর্ম্মধা। বি; পুং।

সদ্ব্যয়—সাধুসম্মত ব্যয়, ধর্ম্মকার্য্যে খরচ। কর্ম্মধা। বি; পুং।

সদ্ব্যয়ী (—য়িন্)—সাধুসম্মত ব্যয়শীল, সৎকার্য্যে ব্যয়কারী, যে ভাল বিষয়ে খরচ করে। সদ্ব্যয় + ইন্ আছে অর্থে। বিণ; পুং।

সদ্ভাব—১। সত্তা, স্থিতি; সাধুতা। সৎএর ভাব, ৬ষ্ঠীতৎ। ২। প্রণয়, বন্ধুতা, সৌহৃদ্য। সন্ (সৎ) যে ভাব, কর্ম্মধা। বি; পুং।

সদ্ম (সদ্মন্)—আবাস, গৃহ। সদ্ (গমন করা) + মনিন্ অধিবা। বি; ক্লীব।

সদ্যঃ, (**সদ্যস্**), **সদ্য**—তৎক্ষণে, তখনি, বর্ত্তমান সময়ে; টাট্‌কা। সমে অহনি, নিপাতনে। অব্য।

সদ্যঃপাতী (—তিন্)—সদ্যঃ পতনশীল, পতনোন্মুখ। সদ্যস্—পত্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—তিনী। ক্লীব,—পাতি।

সদ্যঃপ্রসূত—বর্ত্তমান সময়ে উৎপন্ন, তৎক্ষণাৎ জাত। সুপ্ সুপেতি। বিণ।

সদ্যোজাত—তৎক্ষণাৎ উৎপন্ন, নবোৎপন্ন। সদ্যঃ জাত, সুপ্ সুপেতি। বিণ। স্ত্রী,—তা।

সদ্যোমাংস—অপর্য্যুষিত মাংস, টাট্‌কা মাংস। সদ্যঃ + মাংস। বি; ক্লীব।

সধবা—সভর্তৃকা, পতিমতী, যাহার স্বামী জীবিত এরূপ (স্ত্রী), এয়ো। ধবের সহ বর্ত্তমানা (যে স্ত্রী), বহুব্রী। বিণ; স্ত্রী।

সধর্ম্ম(র্ম)—১। তুল্যধর্ম্ম, এক ধর্ম্ম। সমান যে ধর্ম্ম, কর্ম্মধা। বি; পুং। ২। সধর্ম্মা, একধর্ম্মাক্রান্ত, সমানধর্ম্মী; সদৃশ। সহ (সমান) ধর্ম্ম যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—র্ম্মা।

সধর্ম্মা(র্মা) (**সধর্ম্মন্**)—একধর্ম্মাক্রান্ত; একরূপ; সদৃশ, তুল্য। সমান হইয়াছে ধর্ম্ম যাহার, বহুব্রী (সমাসে অন্ প্রত্যয়)। বিণ।

সধর্ম্মা(র্মা) (–র্ম্মিন্)—এক ধর্ম্মাক্রান্ত; একরূপ; সদৃশ, তুল্য। সধর্ম্ম+ইন্। বিণ। স্ত্রী, –র্ম্মিণী।

সন—১। অব্দ, বৎসর, সাল, শক। আর্বী। বি। ২। সম, সমান, তুল্য। প্রাঃ কবিপ্র। বিণ।

সনক—জনৈক মুনি, ব্রহ্মার মানসপুত্র। সন্ (সেবা করা)+অক কর্ত্তৃবা। বি; পুং।

সনৎ—ব্রহ্মা। সন+অৎ কর্ত্তৃবা। বি; পুং।

সনৎকুমার—ব্রহ্মার মানসপুত্র। সনৎএর (ব্রহ্মার) কুমার, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সনদ—সনন্দপত্র। আর্বী। বি।

সনন্দ—১। নন্দসহিত; আনন্দযুক্ত। নন্দের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী, –ন্দা। ২। জনৈক মুনি, ব্রহ্মার মানসপুত্র। বি; পুং। ৩। দলিল, প্রমাণস্বরূপ লিখিত পত্রাদি। আর্বী 'সনদ' শব্দজ। বি। [অব্য।

সন্‌সন্—অতি দ্রুতগমনের শব্দ। দেশজ।

সনাক্ত—নিশানদিহি, চেনা, অভিজ্ঞান, পরিচয়। ফার্সী। বি।

সনাতন—১। সদাকালস্থায়ী, চিরস্থায়ী। বিণ। স্ত্রী, –নী। ২। ব্রহ্মা; বিষ্ণু; শিব। সনা (সদা)+তন (ট্যুল্+তুট্) ভবার্থে। বি; পুং।

সনাতন-ধর্ম্ম(র্ম)—অবিনশ্বর ধর্ম্ম, চিরস্থায়ী ধর্ম্ম; বেদোক্ত ধর্ম্ম। কর্ম্মধা। বি; পুং।

সনাতনী—১। সনাতন-ধর্ম্মাদির পরিবর্ত্তন-বিরোধী। সনাতন+ঈ। বাং বিণ। ২। চিরস্থায়িনী। সনাতন+ঈপ্। বিণ; স্ত্রী।

সনির্ব্বন্ধ(র্বন্ধ)—নির্ব্বন্ধযুক্ত, আগ্রহাতিশয়-বিশিষ্ট। বহুব্রী। বিণ।

সনে—সঙ্গে, সহিত। কবিপ্র। অব্য।

সন্ত—সাধু, সুজন। হিন্দী। বি।

সন্ততি—১। সন্তান, পুত্র বা কন্যা; গোত্র, বংশ; বিস্তার, শ্রেণী। সম্–তন্ (বিস্তার করা)+ক্তি করণবা। ২। অবিচ্ছেদ; ব্যাপ্তি। সম্–তন্+ক্তি ভাববা। বি; স্ত্রী। ৩। অবিচ্ছেদে; সতত, সর্ব্বদা। প্রাঃ কবিপ্র। ক্রি-বিণ।

সন্তপ্ত—সন্তাপযুক্ত; ক্লিষ্ট; উত্তপ্ত; অগ্নি দ্বারা বিশুদ্ধ। সম্–তপ্ (তপ্ত করা বা হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

সন্তরণ—পার গমন; সাঁতার। সম্–তৃ (পার হওয়া)+অনট্ ভাববা। বি; ক্লীব।

সন্তরণপটু—সন্তরণকুশল, সাঁতার দিতে দক্ষ। ৭মীতৎ। বিণ।

সন্তর্পণ—১। তৃপ্তকরণ। সম্–ণিজন্ত তৃপ বা তর্পি (তৃপ্ত করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। তৃপ্তিজনক; প্রীতিদায়ক। সম্–তর্পি+অন কর্ত্তৃবা। বিণ; ত্রি।

সন্তর্পণে—সতর্কভাবে, সাবধানে, সতর্কতার সহিত। দেশজ প্রঃ। ক্রি-বিণ।

সন্তান—১। গোত্র, বংশ; অপত্য, সন্ততি, পুত্র বা কন্যা; দেবতরুবিশেষ। সম্–তন্+ণ কর্ত্তৃবা। ২। অবিচ্ছেদ; বিস্তার; প্রবাহ। সম্–তন্+ঘঞ্ ভাববা। বি; পুং।

সন্তানপরম্পরা—অপত্যপরম্পরা, পুত্র-কন্যার পুত্রকন্যা, তাহাদের পুত্রকন্যা ইত্যা-কার পর্য্যায়। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সন্তানসন্ততি—১। সন্তানপরম্পরা। ৬ষ্ঠী তৎ। ২। অপত্য, পুত্রকন্যাদি। দ্বন্দ্ব [এস্থলে দুইটী শব্দই একার্থক]। বি; স্ত্রী।

সন্তাপ—উত্তাপ; মর্ম্মপীড়া; মনস্তাপ; অন্তর্দাহ। সম্–তপ্ (তপ্ত হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সন্তাপন—১। তাপ-দান। সম্–ণিজন্ত তপ্–তাপি (তাপ দেওয়া)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। সন্তাপজনক। সম্–তাপি+অন কর্ত্তৃবা। বিণ। ৩। কন্দর্পের বাণ-বিশেষ। বি; পুং।

সন্তাপিত—১। উষ্ণ; সন্তপ্ত। সন্তাপ+ইত যুক্তার্থে। ২। ক্লেশিত। সম্–তাপি+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

সন্তাপী (–পিন্)—সন্তাপযুক্ত, মর্ম্মপীড়া-প্রাপ্ত। সন্তাপ+ইন্। বিণ। স্ত্রী, –পিনী।

সন্তুষ্ট—সন্তোষযুক্ত, প্রসন্ন; প্রীত; তৃপ্ত। সম্–তুষ্ (তুষ্ট হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

সন্তুষ্টচিত্ত—১। প্রসন্ন অন্তঃকরণ, তৃপ্ত মনঃ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। প্রসন্নচেতাঃ, তৃপ্তমনাঃ। বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা।

সন্তোষ—প্রীতি, তৃপ্তি; আহ্লাদ, আনন্দ। সম্—তুষ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

সন্তোষজনক—তৃপ্তিকর, আহ্লাদজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—নিকা।

সন্ত্রস্ত—সম্যক্ ভীত। সম্ (সম্যক্) ত্রস্ত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—স্তা।

সন্ত্রাস—সম্যক্ ভীতি, অতিশয় ভয়। সম (সম্যক্) যে ত্রাস, প্রাদিতৎ। বি; পুং।

সন্ত্রাসবাদ—ভীতিমূলক রাজদ্রোহবাদ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং। বিণ,—বাদী (—দিন্)।

সন্দ—সংশয়। 'সন্দেহ' শব্দজ। বি।

সন্দংশ—সাঁড়াশি; সন্না, চিম্‌টা, কাতারি, ঝাঁতি প্রভৃতি; কামড়। সম্—দন্‌শ্‌ (দংশন করা)+অচ্‌ কর্ত্তৃবা। বি; পুং।

সন্দংশপ্রাপিতন্যায়—কোন বস্তুর দুই দিক চাপিয়া ধরার বিষয়ে দৃষ্টান্ত। সন্দংশ প্রাপিতাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি; পুং

সন্দংশিকা, সন্দংশী—সন্দংশ (সমস্ত অর্থে)। সন্দংশ শব্দ+কন্ স্বার্থে+আপ্‌, ২য় পক্ষে সন্দংশ+ঈপ্‌। বি; স্ত্রী।

সন্দর্ভ—১। সংগ্রহ; গ্রন্থন; রচনা; বিস্তার। সম—দৃভ্‌+ঘঞ্‌ ভাববা। ২। গ্রন্থ, পুস্তক। সম্—দৃভ্‌+ঘঞ্‌ কর্ম্মবা। বি; পুং।

সন্দর্শন—১। অবলোকন, দেখা; জ্ঞান। সম্—দৃশ্‌ (দেখা)+অনট্‌ ভাববা। ২। প্রদর্শন, দেখান। সম্—ণিজন্ত দৃশ্‌=দর্শি (দেখান)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

সন্দিগ্ধ—সন্দেহযুক্ত; সন্দিহান; সংশয়িত। সম্—দিহ্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ; ত্রি।

সন্দিগ্ধচিত্ত, —মনাঃ (—মনস্‌), —মনা—যাহার মনে সংশয় জাগে। বহুব্রী। বিণ।

সন্দিহান—সন্দেহকারী, সংশয়যুক্ত, সংশয়ী। সম্—দিহ্‌+শানচ্‌ কর্ত্তৃবা। বিণ।

সন্দীপন—১। প্রজ্বলন, উৎসাহদান। সম্—দীপ্‌+ণিচ্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব। বিণ,—পিত। ২। প্রজ্বালক; উৎসাহদায়ক। সম্—দীপ্‌+ণিচ্‌+অনট্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—নী।

সন্দেশ—১। আদেশ, আজ্ঞা; সংবাদ, সমাচার, খবর, বার্ত্তা। সম্—দিশ্‌ (বলা)+ঘঞ্‌ ভাববা। বি; পুং। ২। আমিক্ষাযুক্ত মিষ্টান্ন, ছানার মিঠাই। দেশজ প্রঃ। বি।

সন্দেশবহ, —হর—বার্ত্তাবহ, দূত। ৬ষ্ঠীতৎ; ২য় পক্ষে সন্দেশ—হৃ+অচ্‌ কর্ত্তৃবা। বি; পুং।

সন্দেহ—দ্বৈধজ্ঞান, সংশয়; অর্থালঙ্কারবিশেষ। সম্—দিহ্‌ (লেপন করা)+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

সন্দেহজনক—সংশয়জনক, সংশয়কর, সন্দেহ উৎপাদনকারী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—নিকা

সন্দেহভঞ্জন—সংশয়দূরীকরণ, সন্দেহনিবারণ, সংশয়ের মীমাংসা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সন্ধাতব্য—যাহার সহিত সন্ধি করা কর্ত্তব্য এরূপ। সম্—ধা (ধারণ করা)+তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ব্যা।

সন্ধান—সন্ধি, মিলন; সঙ্ঘটন; মন্ত্র; প্রাপ্তি; অন্বেষণ; রহস্য; তত্ত্ব; উদ্দেশ; বন্ধন; মিশ্রণ; বাণযোজন। সম্—ধা+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

সন্ধানসূত্র—অন্বেষণের উপায়, খুঁজিয়া লইবার খেই। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সন্ধানা—সন্ধান করা, তাক করা, শরাদি ছোড়া। কবিপ্র। ক্রি।

সন্ধানিত—অন্বেষিত; সঙ্ঘটিত, সংযোজিত। সন্ধান+ইত সংজাতার্থে। বিণ।

সন্ধানী (—নিন্)—অন্বেষণকারী; অনুসন্ধানপটু; যে খোঁজ খবর জানে। সন্ধান+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—নিনী।

সন্ধি—মিলন; বিজিগীষু এবং অরির ব্যবস্থাপূর্ব্বক ঐক্য; দেহের অস্থি প্রভৃতির

সংযোগস্থল; সত্য-ত্রেতাদি যুগের মধ্য সময়; সময়; দিন রাত্রি বা তিথিদ্বয়ের মিলনক্ষণ; গাঁট; কভা; জোড়; সুরঙ্গ; সিঁধ; নাটকাঙ্গবিশেষ; (ব্যাকরণে) বর্ণদ্বয়সংযোগ-জাত বর্ণবিকারবিশেষ। সম্—ধা (ধারণ করা)+কি ভাববা। বি; পুং।

সন্ধিক্ষণ—সন্ধিসময়, দুই কাল বা দুইটী বিষয়ের মিলনকাল। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সন্ধিচৌর—সিঁধেল চোর। ৩য়াতৎ। বি; পুং।

সন্ধিত—মিলিত; বদ্ধ; যাহা গাঁজিয়া উঠিয়াছে এরূপ; মদ্যে পরিণত (Fermented). সন্ধা (মিলন)+ইতচ্ যুক্তার্থে। বিণ।

সন্ধিৎসু—সন্ধানেচ্ছু। সম্—সনন্ত ধা+উ কর্ত্তৃবা। বিণ। বি,—সা।

সন্ধিপূজা—দুর্গোৎসবকালে অষ্টমীর শেষ ও নবমীর আদ্যক্ষণে পূজা। সন্ধিকালীন যে পূজা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

সন্ধিবাত—দেহের সন্ধিস্থলে জাত বাতরোগ, গেঁটে বাত। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

সন্ধিসূত্র—পরস্পরের সহিত সম্পাদিত সন্ধি-রূপ বন্ধন। রূপক কর্ম্মধা। বি; ক্লীব।

সন্ধুক্ষিত—উদ্দীপিত, প্রজ্বলিত, উত্তেজিত। সম্—ধুক্ষ্+ক্ত কর্ম্মবা। বিণ।

সন্ধেয়—সন্ধিযোগ্য, মিলনার্হ। সম্—ধা (ধারণ করা)+যৎ কর্ম্মবা। বিণ।

সন্ধ্যা—দিবা ও রাত্রির সন্ধিকাল; তৎকালে উপাস্য মন্ত্রদেবতা [সন্ধ্যা তিনটী—প্রাতঃসন্ধ্যা, মধ্যাহ্নসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা]; রাত্রিমুখ, সায়ংকাল; প্রতিষ্ঠা; চিন্তা; যুগসন্ধি; নদী-বিশেষ। সম্—ধ্যৈ (ধ্যান করা)+অঙ্, অধিবা, ভাববা+আপ্। বি; স্ত্রী।

সন্ধ্যাতারা—সন্ধ্যাকালে উদিত নক্ষত্র, সাঁঝের তারা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সন্ধ্যাদীপ—সন্ধ্যাকালীন প্রদীপ, সন্ধ্যা-কালে প্রজ্বলিত দীপ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সন্ধ্যাবন্দনা—সন্ধ্যাকালীন বন্দনা, সন্ধ্যা-হ্নিককালে কৃত উপাসনা। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

সন্ধ্যারাগ—সন্ধ্যাকালীন রক্তিমা, সূর্য্যাস্ত-কালে রক্তাভ রাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সন্ধ্যাহ্নিক—সন্ধ্যা ও দেবপূজাদি। সন্ধ্যা ও আহ্নিক, দ্বন্দ্ব। বি; ক্লীব।

সন্নদ্ধ—১। বর্ম্মিত, সাঁজোয়া-পরা; অস্ত্র-শস্ত্রে সজ্জিত; বূহ বিন্যাসযুক্ত; শ্রেণীবদ্ধ; বধোদ্যত; উৎপন্ন। সম্—নহ্ (বন্ধন করা) +ক্ত কর্ত্তৃবা। ২। বদ্ধ। সম্—নহ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—দ্ধা।

সন্না—১। চিমটার ন্যায় একপ্রকার ক্ষুদ্র যন্ত্র মোচনা। 'সন্দংশ' শব্দজ। ২। বন্ধন। প্রাঃ কবিপ্র। দেশজ। বি।

সন্নিকট—অতি নিকট, অত্যন্ত কাছে। সম্ (সম্যক্) নিকট, প্রাদিতৎ। বি; পুং বা বিণ।

সন্নিকর্ষ—সান্নিধ্য, পার্শ্ব, নৈকট্য; বিষয়েন্দ্রিয় সম্বন্ধ। (ন্যায়ে) সামান্যলক্ষণা জ্ঞানলক্ষণা যোগজ এই ত্রিবিধ অলৌকিক প্রত্যক্ষসাধন উপায়। সম্—নি—কৃষ্ (কর্ষণ করা)+ঘঞ্ ভাববা, করণবা। বি; পুং।

সন্নিকৃষ্ট—সন্নিহিত, সমীপস্থ; নিকটবর্ত্তী। সম্—নি—কৃষ্+ক্ত কর্ম্মবা। বিণ।

সন্নিধান, সন্নিধি—সামীপ্য, নৈকট্য, স্থিতি; আশ্রয়; আবির্ভাব, সমাগম। সম্—নি—ধা (ধারণ করা)+অনট্, কি ভাববা। বি; ক্লীব, পুং।

সন্নিপাত—উপস্থিতি; একত্র মিলন; ত্রি-দোষজ বিকার-রোগবিশেষ; সমূহ; নাশ; যুদ্ধ। সম্—নি—পত্+ঘঞ্ ভাববা। বি; পুং।

সন্নিপাতন—উপস্থাপন; অবতারণ। সম্—নি—ণিজন্ত পত্—পাতি+অনট্ ভাববা। বি; ক্লীব।

সন্নিবদ্ধ—দৃঢ়বদ্ধ; গ্রথিত। সম্—নি—বন্ধ্+ক্ত কর্ম্মবা। বিণ।

সন্নিবন্ধন—সম্যক্‌রূপে একত্র সঙ্কলন; গ্রন্থন; দৃঢ়বন্ধন। সম্—নি—বন্ধ্ (বাঁধা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

সন্নিবিষ্ট—উপবিষ্ট; নিকটস্থ; প্রবিষ্ট; সম্মুখে উপস্থিত; সংক্রান্ত। সম্—নি—বিশ্ (প্রবেশ করা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

সন্নিবেশ—১। বিন্যাস; স্থিতি; সংযোগ; মিলন; সমীপ। সম্—নি—বিশ্+ঘঞ্ ভাববা। ২। স্থান; আশ্রম; পুরবহিঃস্থ প্রদেশ; নিকট। সম্—নি—বিশ্+ঘঞ্ অধিবা। বি; পুং।

সন্নিভ—(অন্য শব্দের পরে) তুল্য, সদৃশ, অনুরূপ। সম্—নি—ভা (দীপ্তি পাওয়া) +ক কর্ত্তৃবা। বিণ।

সন্নিহিত—সমীপস্থ, নিকটবর্ত্তী; সম্যক্ স্থাপিত। সম্—নি—ধা (ধারণ করা)+ ক্ত কর্ম্মবা। বিণ।

সন্ন্যস্ত—নিক্ষিপ্ত; অর্পিত; স্থাপিত; ত্যক্ত। সম্—নি—অস্+ক্ত কর্ম্মবা। বিণ।

সন্ন্যাস—চতুর্থ আশ্রম, ভিক্ষু-ধর্ম্ম; সংসার-বাসনা-পরিহার; কাম্যকর্ম্ম পরিত্যাগ; রোগবিশেষ। সম্—নি—অস্ (ক্ষেপণ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সন্ন্যাসধর্ম্ম(র্ম)—সংসারবাসনা ত্যাগরূপ ধর্ম্ম; ভিক্ষুধর্ম্ম; কাম্যকর্ম্ম পরিত্যাগরূপ ধর্ম্ম। সন্ন্যাসই যে ধর্ম্ম, কর্ম্মধা। বি; পুং।

সন্ন্যাসী (-সিন্)—চতুর্থ আশ্রমী, ভিক্ষু; সংসারত্যাগী; সংসারবাসনাপরিত্যাগী। সন্ন্যাস+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—সিনী।

সন্মার্গ—সৎপথ, ধর্ম্মপথ। সৎ যে মার্গ, কর্ম্মধা। বি; পুং।

সন্মার্গী (সন্মার্গিন্)—সৎপথাবলম্বী, ধর্ম্ম-পথে বিচরণকারী, সাধুশীল। সন্মার্গ+ইন্। বিণ।

সপ—বড় মাদুর। আর্বী 'সফ' শব্দজ। বি।

সপক্ষ—১। একপক্ষাবলম্বী; অনুকূল; তুল্য। সমান হইয়াছে পক্ষ যাহাদের, বহুব্রী। ২। পক্ষযুক্ত, পাখ্‌নাবিশিষ্ট। পক্ষের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ক্ষা।

সপক্ষতা—সহায়তা, আনুকূল্য। সপক্ষ শব্দ (অনুকূল)+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সপত্ন—বিপক্ষ, শত্রু। সহ শব্দ—পত্ (পড়া)+ন কর্ত্তৃবা। বি; পুং।

সপত্নী—সমানপতিকা স্ত্রী, সতীন। সমান হইয়াছে পতি যাহার, বহুব্রী। বি; স্ত্রী।

সপত্নীক—সস্ত্রীক। পত্নীর সহিত বর্ত্তমান যে, বহুব্রী; ক আগম। বিণ; পুং।

সপরিবার—পরিজনবর্গ-সমন্বিত, স্ত্রীপুত্রাদি-যুক্ত। পরিবারের সহিত বিদ্যমান যে, বহুব্রী। বিণ।

সপরিবারে—পরিজনবর্গসমভিব্যাহারে, স্ত্রী-পুত্র কন্যাদির সহিত। পরিবারের সহ বর্ত্তমান যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

সপর্য্যা(র্যা)—পূজা, অর্চ্চনা। সপর্ নামধাতু (পূজা করা)+ক্যচ্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী। [অব্য।

সপ্‌সপ্—আর্দ্রতার লক্ষণপ্রকাশ। দেশজ।

সপ্‌সপে-আর্দ্রভাব প্রকাশক, ভিজিয়াছে এরূপ। দেশজ। বিণ।

সপাং, সপাৎ—বেত্রাদির আস্ফালন বা তদ্দ্বারা প্রহারের শব্দ (Swish). দেশজ। অব্য। [বিণ।

সপাদ—সওয়া। পাদের সহ বর্ত্তমান, বহুব্রী।

সপাসপ—জোরে বেত্রাঘাতাদির শব্দ; তাড়াতাড়ি ঝোলমাখান ভাত প্রভৃতি খাইবার শব্দ। দেশজ। অব্য।

সপিণ্ড—সনাভি, সপ্তপুরুষান্তর্বর্ত্তী জ্ঞাতি। সমান পিণ্ড যাহাদের, বহুব্রী। বিণ।

সপিণ্ডীকরণ—প্রেতত্ব মোচনার্থ করণীয় শ্রাদ্ধ; পিতৃপিণ্ডের সহিত প্রেতপিণ্ডের সংমিশ্রণ [মরণ দিবস হইতে এক বৎসর পরে সপিণ্ডীকরণ করিতে হয়]। সপিণ্ড+অভূত-তদ্ভাবার্থে চি্ব (=সপিণ্ডী)—কৃ (করা)+ অনট্ ভাববা। বি; ক্লীব।

সপীনা, সফিনা—আদালতে হাজির হইবার আদেশপত্র, সমন। ইং Subpœna. বি।

সপেটা—খাদ্যফলবিশেষ। বৈদে। বি।

সপ্ত (সপ্তন্)—সাত-সংখ্যা, ৭। সপ্ (একত্রিত হওয়া) + তন্ কর্ম্মবা। বিণ।

সপ্তক—১। সপ্তসংখ্যা, ৭; সাতটী বস্তুর সমষ্টি; (সঙ্গীতে) সপ্তস্বরের সমষ্টি [ষড়্জ হইতে নিষাদ পর্য্যন্ত সাতটী স্বর লইয়া এক একটী সপ্তক হয়; সপ্তক তিনটী—উদারা, মুদারা ও তারা]। সপ্তন্ (সাত) + কন্। বি; ক্লীব। ২। সপ্তসংখ্যক; সপ্তম। বিণ।

সপ্তগ্রাম—১। স্বরের সাতটী আশ্রয় [সঙ্গীতের ষড়্জাদি সাতটী স্বরের যাহা হইতে প্রথম স্বর আরম্ভ করা যায়, তাহাই সেই স্বরের গ্রাম]। দ্বিগু। বি; পুং। ২। প্রাচীন বিখ্যাত জনপদবিশেষ। বি।

সপ্তচত্বারিংশৎ—১। সাতচল্লিশ সংখ্যা, ৪৭। সপ্ত-অধিক যে চত্বারিংশৎ, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। ২। তৎসংখ্যক। বিণ। পূরণবাচক বিণ, —রিংশ, —রিংশত্তম।

সপ্ততি—১। সত্তর সংখ্যা, ৭০। সপ্তগুণিত যে দশ, মধ্যপ কর্ম্মধা, নিপাতনে। বি; স্ত্রী। ২। তৎসংখ্যক। বিণ।

সপ্তত্রিংশৎ—সাঁইত্রিশ (৩৭)। সপ্তদ্বারা অধিকা যে ত্রিংশৎ, কর্ম্মধা। বিণ বা বি; স্ত্রী। পূরণবাচক বিণ, —ত্রিংশ, —ত্রিংশত্তম।

সপ্তদশ (—দশন্)—সতর সংখ্যক। সপ্তাধিক যে দশ, মধ্যপ কর্ম্মধা। বিণ। পূরণবাচক বিণ, —দশ।

সপ্তদ্বীপ—১। জম্বু, প্লক্ষ, শাল্মলি, কুশ, ক্রৌঞ্চ, শাক, পুষ্কর—এই সাত মহাদ্বীপ। কর্ম্মধা। বি; পুং। ২। সাতটি-দ্বীপ-বিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী, —পা।

সপ্তদ্বীপা—১। ধরণী, পৃথিবী। বি; স্ত্রী। ২। সাতটি দ্বীপসমন্বিতা। সপ্ত (সাত) দ্বীপ আছে যাহাতে, বহুব্রী। বিণ; স্ত্রী।

সপ্তধা—সাত প্রকার; সাতবার। সপ্তন্ শব্দ + ধাচ্ প্রকারার্থে। অব্য।

সপ্তপত্র, —পর্ণ—সপ্তচ্ছদ, ছাতিম গাছ। সপ্ত পত্র, পর্ণ যাহার, বহুব্রী। বি; পুং।

সপ্তপদী—বিবাহকালীন মণ্ডলিকা-মধ্যে পদচালনা। সপ্ত পদের সমাহার, সমাহার দ্বিগু। বি; স্ত্রী।

সপ্তপাতাল—অতল, বিতল, সুতল, তলা-তল, মহাতল, রসাতল ও পাতাল—এই সাতটী অধোলোক। কর্ম্মধা। বি; পুং।

সপ্তম—সাত সংখ্যার পূরক। সপ্তন্ (সাত) + মট্ পূরণার্থে। বিণ। স্ত্রী, —মী।

সপ্তমী—১। সাত সংখ্যার পূরণকারিণী। বিণ; স্ত্রী। ২। তিথিবিশেষ। সপ্তম + ঙীপ। বি; স্ত্রী।

সপ্তর্ষি—মরীচি, অত্রি, অঙ্গিরাঃ, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ—এই সাত ঋষি; কথিত আছে যে, এই সাত ঋষি সাতটি নক্ষত্র হইয়া অতি উচ্চে ধ্রুবলোকের নিম্নে বিরাজ করিতেছেন। সপ্ত (সাত) যে ঋষি, কর্ম্মধা। বি; পুং।

সপ্তর্ষিমণ্ডল—সাতটি বিশেষ নক্ষত্রের চক্র। কথিত আছে যে, বশিষ্ঠাদি সপ্ত ঋষি এই সাত নক্ষত্ররূপে বিরাজিত। ইহাকে সাধারণ লোকে সাত ভাই বলিয়া থাকে। যুরোপে সপ্তর্ষিমণ্ডল 'বৃহৎ ভল্লুক' নামে অভিহিত। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সপ্তলোক, —স্বর্গ—ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপঃ, সত্য—উপরিস্থ এই সাতটি লোক। সপ্ত যে লোক, স্বর্গ, কর্ম্মধা। বি; পুং।

সপ্তশতী—দেবীমাহাত্ম্যসূচক গ্রন্থ, চণ্ডী (সাত শত শ্লোক থাকায় ইহা সপ্তশতী নামে অভিহিত); সাত শত। সপ্ত (সাত) শতের সমাহার, দ্বিগু। বি; স্ত্রী।

সপ্তশলাক—বিবাহের শুভাশুভ স্থির নির্ণয়ার্থ জ্যোতিষোক্ত চক্রবিশেষ। সপ্ত শলাকা আছে যাহাতে, বহুব্রী। বি; পুং।

সপ্তসপ্তি, সপ্তাশ্ব—১। সূর্য্য। সপ্ত সপ্তি অশ্ব (ঘোটক) যাহার, বহুব্রী। ২। গায়ত্রী

উষ্ণিক্, অনুষ্টুপ্, বৃহতী, পঙ্‌ক্তি, ত্রিষ্টুপ্, জগতী এই সাত ছন্দই ৭। বি ; পুং।

সপ্তসাগর—লবণ, ইক্ষু, সুরা, সর্পিঃ, দধি, দুগ্ধ, জল—এই সাত বিভিন্ন পদার্থময় সাত সমুদ্র। কর্ম্মধা। বি ; পুং।

সপ্তস্বর—ষড়্‌জাদি সাতটী স্বর ; ষড়্‌জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ। কর্ম্মধা। বি ; পুং।

সপ্তস্বরা—বাদ্যযন্ত্রবিশেষ, জলতরঙ্গ। ইহাতে কাংস্যাদি নির্ম্মিত সাতটী জলপূর্ণ পাত্র সজ্জিত করিয়া বাজান হয়। বহুব্রী। বি ; ক্লীব।

সপ্তাশ্ব—সপ্তসপ্তি দ্রঃ।

সপ্তাহ—সাত দিন, হপ্তা। সপ্ত অহন্‌এর সমাহার, সমাহার দ্বিগু। বি ; পুং।

সপ্রতিভ—প্রতিভান্বিত, মেধাবী, অতিশয় বুদ্ধিমান্ ; সতর্ক, চট্‌পটে ; সঙ্কোচশূন্য। প্রতিভার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সপ্রমাণ—প্রমাণযুক্ত, প্রমাণিত। বহুব্রী। বিণ।

সফর—বিদেশ পর্য্যটন ; রাজকর্ম্মচারীদিগের এলাকামধ্যে ভ্রমণ। আর্বী। বি।

সফরিয়া—ভ্রমণকারী। সফর+ইয়া। বিণ।

সফরী—পুঁটিমাছ। স্ফুর্+অচ্ কর্ত্তৃবা+ ঈপ্। বি ; স্ত্রী।

সফল—ফলযুক্ত ; নিষ্পন্ন ; সুসিদ্ধ। ফলের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সফলকাম—সিদ্ধমনোরথ, যাহার অভিপ্রায় সুসিদ্ধ হইয়াছে এরূপ। সফল হইয়াছে কাম (কামনা) যাহার, বহুব্রী। বিণ।

সফলতা—সাফল্য, সিদ্ধি, কৃতকার্য্যতা। সফল+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

সফলীকৃত—পূর্ব্বে যাহা সফল ছিল না একণে সফল করা হইয়াছে, সফলতা-প্রাপিত। সফল শব্দ+চি্ অভূততদ্ভাবার্থে (=সফলী) —কৃ (করা)+ক্ত কর্ম্মবা। বিণ। [বি।

সফা—পৃষ্ঠা ; জমিজমার সমষ্টি পৃষ্ঠা। বৈদে।

সফিনা—সপীনা দ্রঃ।

সফেদ—শুভ্র, সাদা। ফার্সী। বিণ।

সফেদা—তণ্ডুলচূর্ণ, চাউলের গুঁড়া ; খরমুজ-বিশেষ ; সীসক হইতে প্রস্তুত সাদা রঙ্গ-বিশেষ। ফার্সীমূলক। বি।

সফেন—ফেনযুক্ত, ফেনাবিশিষ্ট। ফেনের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। [সর্ব্ব।

সব—সমস্ত, সকল। 'সর্ব্ব' শব্দজ। বিণ বা

সবংশে—বংশের সহিত, কুলজাত সকল লোকের সহিত। বংশের সহিত বিদ্যমান যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

সবজান্তা—(প্রায় ব্যঙ্গার্থে) সর্ব্বজ্ঞ, যে সবই জানে। হিন্দীমূলক। বিণ।

সবজী, -জি—উদ্ভিজ্জ দ্রব্য ; শাক ; কাঁচা তরকারি ; সব্জী। ফার্সী। বি।

সবন—১। প্রসব ; যজ্ঞস্নান ; স্নান ; সোম-রস-সন্ধান ; সোমরস-পান। সু (প্রসব করা) +অনট্ ভাববা। ২। যজ্ঞ। সু+অনট্ অধিবা। বি ; ক্লীব।

সবর্ণ—সমানবর্ণযুক্ত ; তুল্যবর্ণ ; সমানজাতীয় ; সদৃশ ; (ব্যাকরণে) একস্থানোচ্চারিত (বর্ণ)। সমান বর্ণ যাহাদের, বহুব্রী। বিণ।

সবল—বলবান্, ক্ষমতাবিশিষ্ট ; সসৈন্য। বলের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা। [ভাবার্থে। বি ; স্ত্রী।

সবলতা—বলবত্তা, সামর্থ্য। সবল+তা

সবহারা—হৃতসর্ব্বস্ব, নিঃস্ব। উপতৎ। বিণ।

সবহুঁ—সবাই। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

সবাই—সকলে। 'সর্ব্ব' শব্দজ। সর্ব্ব।

সবাক্ (-বাচ্)—বাক্যযুক্ত। বহুব্রী। বিণ।

সবাক্‌চিত্র—বাক্যযুক্ত চলচ্চিত্র বা বায়োস্কোপ। কর্ম্মধা। বি ; ক্লীব।

সবিকল্পক—(বেদান্তে) জ্ঞাতৃ জ্ঞেয় ভেদ-জ্ঞান ; (ন্যায়ে) বিশেষণবিশিষ্ট বিশেষ্যের জ্ঞান। বিকল্পের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বি ; ক্লীব।

সবিতা (সবিতৃ)—১। জনয়িতা, উৎপাদক। বিণ ; পুং। স্ত্রী,—ত্রী। ২। সূর্য্য ; ঈশ্বর। সূ (প্রসব করা)+তৃন্ কর্ত্তৃবা। বি ; পুং।

সবিনয়—বিনয়যুক্ত, বিনীত। বিনয়ের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সবিনয়ে—বিনয়ের সহিত, বিনীতভাবে। বহুব্রী। ক্রি-বিণ।

সবিরাম—বিরামযুক্ত, বিচ্ছেদবিশিষ্ট। বিরামের সহিত বিদ্যমান যে, বহুব্রী। বিণ।

সবিশেষ—সম্যক্-প্রকার। বিশেষের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সবিস্তর—প্রচুর; অধিক। বিস্তরের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সবিস্তার—বিস্তৃতিযুক্ত; অসংক্ষিপ্ত; বাহুল্য-বিশিষ্ট। বহুব্রী। বিণ।

সবিস্ময়—বিস্ময়যুক্ত, বিস্মিত, আশ্চর্য্যান্বিত। বিস্ময়ের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সবুজ—শ্যামল, হরিদ্বর্ণ (Green). ফার্সী 'সব্‌জ্‌' শব্দজ। বি বা বিণ।

সবুর—ধৈর্য্যধারণ, অপেক্ষা; বিলম্ব, তর। আর্বী 'সব্‌র্‌' শব্দজ। বি।

সবৃদ্ধি, —ক—বৃদ্ধিযুক্ত; সুদ-সমেত। বৃদ্ধির সহিত বর্ত্তমান যে, বহুব্রী, বিকল্পে সমাসান্ত ক। বিণ।

সবে—১। সকলে। সর্ব্ব। ২। সাকল্যে, মোট; কেবল, মাত্র; এইমাত্র, এখনই। দেশজ। ক্রি-বিণ। [বি।

সবেবরাৎ—মুসলমান পর্ব্ববিশেষ। আর্বী।

সব্জি, সব্জী—শাক, তরিতরকারি প্রভৃতি। ফার্সী। বি।

সব্য—বাম, বাঁ; প্রতিকূল; দক্ষিণ, ডাইন। সূ (প্রসব করা)+য কর্ম্মবা। বিণ।

সব্যসাচী (—সাচিন্‌)—বাম হস্তে শর-ক্ষেপক, উভয় হস্তেই শরক্ষেপণপটু, তৃতীয় পাণ্ডব অর্জ্জুন; যে উভয় হস্তেই সমান কার্য্য করিতে পারে। সব্য (বাম)—সচ্‌ (ক্ষেপণ করা)+ণিন্‌ কর্ত্তৃবা। বি; পুং।

সব্যাজ—ছলযুক্ত; প্রতিবন্ধসহিত। ব্যাজের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সব্রহ্মচারী (—চারিন্‌)—সতীর্থ, এক গুরুর শিষ্য; একবিধ বেদপাঠরত ও আচার-বিশিষ্ট। সমানভাবে ব্রহ্ম আচরণ করে যে, উপতৎ। স (সমান)—ব্রহ্মন্‌ (বেদ)—চর্‌ (আচরণ করা)+ণিন্‌ কর্ত্তৃবা। বি; পুং।

সভ—সব। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

সভয়—ভয়যুক্ত। বহুব্রী। বিণ। ক্রি-বিণ, সভয়ে।

সভর্ত্তৃ(তৃ)কা—পতিযুক্তা, সধবা। ভর্ত্তার সহিত বর্ত্তমানা যে (যে স্ত্রী), বহুব্রী। বিণ; স্ত্রী।

সভা—পরিষৎ, সমিতি, সমাজ, কোন কার্য্যের নিমিত্ত যে স্থানে বহু লোক মিলিত হয়; দরবার। সহ শব্দ—ভা+ক্বিপ্‌ অধিবা। বি; স্ত্রী।

সভাজন—১। পূজা; কুশল-প্রশ্ন; সম্ভাষণ; আনন্দন। সভাজ্‌ (সেবা করা, সম্ভাষণ করা) +অনট্‌ ভাববা। বি; ক্লীব। ২। সভাসৎ সভ্য। সভার জন, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সভাতল—সভাস্থান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সভানেতা (—নেতৃ)—সভার নায়ক বা চালক, সভাপতি। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; পুং। [ক্লীব।

সভানেতৃত্ব—সভাপতিত্ব। ৬ষ্ঠীতৎ। বি;

সভানেত্রী—সভার নায়িকা বা পরিচালিকা, সভার কর্ত্রী। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; স্ত্রী।

সভাপতি—সভার অধ্যক্ষ, সমিতির কর্ত্তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সভাপতিত্ব—সভাপতির পদ, সভার অধ্যক্ষের অধিকার। সভাপতি+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

সভাভঙ্গ(গ)—সভার কার্য্যশেষ, সভা হইতে সকলের প্রস্থান। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সভারম্ভ—সভার কার্য্য শুরু। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সভাসৎ (—সদ্‌)—সভ্য, পারিষদ, সদস্য; সামাজিক; বিজ্ঞ। সভা—সদ্‌ (গমন করা) +ক্বিপ্‌ কর্ত্তৃবা। বিণ বা বি; পুং।

সভাসীন—সভায় উপবিষ্ট, সভায় উপস্থিত। সভাতে আসীন, ৭মীতৎ। বিণ।

ভাস্থল—সভাস্থান, সভার ক্ষেত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

ভ্য—সভাসৎ, সদস্য; সামাজিক; সদ্বংশজাত, শিষ্ট, ভদ্র, সাধুশীল; যাহার সমাজ বা জীবনযাত্রা উন্নত; দ্যূতকর। সভা শব্দ+যৎ সাধু অর্থে। বিণ। স্ত্রী, সভ্যা।

ভ্যজগৎ—ভদ্রতাযুক্ত সংসার; শিষ্ট সমাজ। কর্ম্মধা। বি; ক্লীব।

ভ্যতা—সামাজিকতা, শিষ্টতা, ভদ্রতা; সমাজ বা জীবনযাত্রার উৎকর্ষ। সভ্য+তা ভাবার্থে। বি; স্ত্রী।

ভ্যনির্ব্বা(র্বা)চন—সভাসৎ মনোনয়ন, সভার উপযুক্ত ব্যক্তি বাছিয়া লওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সভ্যভব্য—ভদ্রতাযুক্ত; পরিষ্কার পরিচ্ছন্ন। সভ্যও যে ভব্যও সে, কর্ম্মধা। বিণ।

সম্—সম্যক্; প্রকৃষ্ট; শোভন; তুল্য; সঙ্গত; সংযোগ; সামীপ্য; আভিমুখ্য; সঙ্গ; সমুচ্চয়। সো+ডম্ কর্তৃবা। অব্য।

সম—১। সমান, তুল্য; সকল, সমস্ত; ঋজু; অবন্ধুর; সাধু; যুগ্ম। সম্ (অবিকল হওয়া)+অচ্ কর্তৃবা। বিণ। ২। গীতবাদ্যাদি বিষয়ে লয়, তালের মধ্যে অধিকতর জোরে উচ্চারিত বা বাদিত অংশ; অর্থালঙ্কারবিশেষ। বি; ক্লীব।

সমকক্ষ—তুল্য প্রতিযোগী। সম হইয়াছে কক্ষা (প্রতিযোগিতা) যাহার, বহুব্রী। বিণ।

সমকাল—তুল্যকাল, এক সময়। কর্ম্মধা। বি; পুং।

সমকালবর্ত্তী(র্তী) (–বর্ত্তিন্)—তুল্যকালে স্থিত, এক সময়ে বিদ্যমান। সমকাল–বৃত্ (থাকা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–র্ত্তিনী।

সমকালীন—তুল্যকালে উৎপন্ন, এক সময়ে উদ্ভূত। সমকাল+ঈন ভবার্থে। বিণ।

সমকোণ—এক সরল রেখা অন্য এক সরল রেখার উপর লম্বভাবে দণ্ডায়মান হইলে উভয়পার্শ্বস্থ উৎপন্ন কোণদ্বয় যদি পরস্পর সমান হয়, তবে তাহাদের প্রত্যেকটিকে সমকোণ (Right angle) বলে। কর্ম্মধা। বি; পুং।

সমক্ষ—১। চক্ষুর সমীপে। অক্ষির সমীপে, অব্যয়ী। অব্য। ২। ইন্দ্রিয়গোচর; প্রত্যক্ষ; সম্মুখবর্ত্তী। সমক্ষ+অচ্। বিণ।

সমগ্র—সমস্ত, সমুদয়। সম (সকল)–গ্রহ্ (লওয়া)+ড কর্তৃবা। বিণ। স্ত্রী,–গ্রা।

সমচতুরস্র—১। সমচতুষ্কোণ; সমান চৌরস। বিণ। ২। সমচতুর্ভুজক্ষেত্র, বর্গক্ষেত্র। বহুব্রী। বি; ক্লীব।

সমজ, –ঝ—বুদ্ধি, জ্ঞান; বিবেচনা; বোধ, বুঝা। হিন্দী। বি।

সমজদার, –ঝদার—বোদ্ধা, জ্ঞানী; যে বুঝিতে পারে এরূপ। সমজ, সমঝ+দার। বিণ।

সমজা, –ঝা—বুঝা। হিন্দীমূলক। বাং [ক্রি।

সমজাতীয়—একজাতীয়, তুল্যজাতিবিশিষ্ট, একশ্রেণীস্থ। সমজাতি+ঈয়। বিণ।

সমজান, –ঝান—বুঝান। হিন্দীমূলক। বাং ক্রি।

সমঞ্জস—উচিত; যোগ্য; সমীচীন; অভ্যস্ত; সত্য; সুজন। সম্ (সম্যক্) হইয়াছে অঞ্জস্ (যাথার্থ্য) যাহার, বহুব্রী। বিণ।

সমতল—সমানভূমি, অবন্ধুর। সম (সমান) হইয়াছে তল যাহার, বহুব্রী। বিণ।

সমতা, –ত্ব—সাম্য, তুল্যতা; অবন্ধুরতা; ঋজুতা। সম+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

সমতি—সম্মতি। প্রাঃ কবিপ্র। বি।

সমতুল—তুল্য। সমা তুলা যাহার, বহুব্রী। বিণ।

সমতুল্য—তুল্য। 'সমতুল' শব্দজ। বিণ।

সমত্রিভুজ—যে ত্রিভুজের তিনটি বাহুই সমান। বহুব্রী। বি; ক্লীব।

সমদর্শন—১। ভেদজ্ঞানশূন্য, পণ্ডিত, তত্ত্বদর্শী। সম (তুল্য) দর্শন (দৃষ্টি) যাহার, বহুব্রী। বিণ। ২। সমান দৃষ্টি। কর্ম্মধা। বি; ক্লীব।

সমদর্শিতা—সমদর্শীর ভাব, সকলকে সমান

দেখা; নিরপেক্ষতা; বিবেকিতা। সমদর্শিন্ + তা ভাবার্থে। বি; স্ত্রী।

সমদর্শী (—দর্শিন্)—সর্ব্বত্র বা সকলকে একরূপ দর্শনকারী; নিরপেক্ষ; পণ্ডিত; বিবেকী; তত্ত্বজ্ঞানী। সম (সমান)—দৃশ্ (দেখা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী, —র্শিনী।

সমদৃষ্টি—১। সমান দৃষ্টি, এক রকম নজর, তুল্যভাবে দর্শন। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। সমান দৃষ্টিসম্পন্ন, তুল্যভাবে দর্শনকারী, সমদর্শী। বহুব্রী। বিণ।

সমধিক—অত্যন্ত অধিক, প্রচুর। সম্ (সম্যক্) যে অধিক, প্রাদিতৎ। বিণ।

সমন—সপীনা, আদালতে হাজির হইবার জন্য আসামী বা সাক্ষী প্রভৃতির প্রতি আদেশ-পত্র। ইং 'Summons' শব্দজ। বি।

সমন্ত্রক—মন্ত্রযুক্ত, মন্ত্রপূত। মন্ত্রের সহিত বিদ্যমান যে, বহুব্রী। বিণ।

সমন্বয়—সঙ্গতি; সংযোগ, মিলন; ঐক্য; অবিরোধ। সম্—অনু—ই + অচ্ ভাববা। বি; পুং।

সমন্বিত—সঙ্গত, মিলিত, সংযুক্ত; অবিরুদ্ধ। সম্—অনু—ই + ক্ত কর্ত্তৃবা। বিণ।

সমপদস্থ—তুল্যরূপ পদে স্থিত, তুল্য সম্মান-যুক্ত, সমান আধিপত্যবিশিষ্ট। সম যে পদ সে সমপদ, কর্ম্মধা; সমপদ—স্থা (থাকা) + ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —স্থা।

সমপৃষ্ঠ—সমতল, অবন্ধুর, অনুচ্চাবচ। সম (সমান) পৃষ্ঠ যাহার, বহুব্রী। বিণ।

সমপ্রাণ—সুহৃদ্, সখা, বন্ধু। সম (তুল্য) হইয়াছে প্রাণ যাহার, বহুব্রী। বিণ।

সমবয়সী—একবয়সী, সমান বয়ঃক্রমবিশিষ্ট। সমবয়স + ঈ। বিণ।

সমবয়স্ক—তুল্যবয়সবিশিষ্ট, একবয়সী। সম (সমান) হইয়াছে বয়ঃ (বয়স্) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —স্কা।

সমবায়—মিলন; নিত্যসম্বন্ধ; সমূহ, গণ। সম্—অব—ই + অচ্ ভাববা। বি; পুং।

সমবায়-সমিতি—অনেকে মিলিত হইয়া একযোগে কার্য্য করিবার ও পরস্পরকে সাহায্য করিবার নিমিত্ত সম্মিলনী (Co-operative society). সমবায় গঠিতা সমিতি, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

সমবায়ী (—য়িন্)—নিত্যসম্বন্ধ; উপা-দানীভূত। সমবায় + ইন্। বিণ।

সমবেত—মিলিত; একত্রিত; নিত্যসম্বন্ধ, নিত্যযুক্ত। সম্—অব—ই (গমন করা) + ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —তা।

সমবেদনা—তুল্যযাতনা, সহানুভূতি, অন্যের সুখদুঃখাদিতে সুখদুঃখানুভব। কর্ম্মধা। বি; স্ত্রী। [বি; পুং।

সমভাব—সমতা, তুল্যতা, সাদৃশ্য। কর্ম্মধা।

সমভিব্যাহার—সঙ্গ, একত্র সংযোগ, একত্র গমন। সম্—অভি—বি—আ—হৃ (হরণ করা) + ঘঞ্ ভাববা। বি; পুং।

সমভিব্যাহারী (—হারিন্)—সঙ্গী, একত্র গমনকারী; সহগামী; সহিত। সম্—অভি—বি—আ—হৃ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —রিণী।

সমমণ্ডল—গ্রীষ্মমণ্ডলের উত্তরে ও দক্ষিণে উত্তর বৃত্ত ও দক্ষিণবৃত্ত পর্য্যন্ত ভূভাগদ্বয়। বি; ক্লীব।

সময়—কাল; যোগ্যকাল, সুযোগ; শপথ; প্রতিজ্ঞা; অবসর, ফুরসৎ; মৃত্যুকাল; নিয়ম, কড়ার; আচার; সঙ্কেত; নির্দ্দেশ; সিদ্ধান্ত, সীমা; কর্ত্তব্যনির্ব্বাহ। সম্—ই (গমন করা) + অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

সময়সেবক, —সেবী (—সেবিন্)—সময়ের উপাসক; সময়ের মূল্যজ্ঞ; সময়ের গতি বুঝিয়া তদুপযুক্ত ভাবে কার্য্যকারী; ৬ষ্ঠীতৎ ও উপতৎ। সময়—সেব + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —বিকা, —বিনী।

সময়ানুবর্ত্তী(র্ত্তী) (—র্ত্তিন্), **—সারী** (—সারিন্)—যে সময়ের ধারা মানিয়া চলে; সময়োপযোগী। সময়—অনু—বৃৎ, সৃ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —র্ত্তিনী, —রিণী। বি, —বর্ত্তিতা, —সারিতা।

সময়ান্তর—অন্য সময়, ভিন্ন কাল। নিত্য। বি ; ক্লীব।

সময়োচিত, সময়োপযোগী (-গিন্)—কালের উপযুক্ত। ৭মীতৎ। বিণ।

সমর—যুদ্ধ, রণ, সংগ্রাম। সম্—ঋ (গমন করা)+অপ্ অধিবা। বি ; ক্লীব বা পুং।

সমরকৌশল—রণনৈপুণ্য, যুদ্ধপটুতা। ৭মীতৎ। বি ; ক্লীব।

সমরজয়ী (-জয়িন্)—রণবিজয়ী, যুদ্ধ-জয়কারী। ৭মীতৎ। বিণ। স্ত্রী, -য়িনী।

সমরপোত—রণতরী, যুদ্ধ-জাহাজ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [স্ত্রী।

সমরভূমি—রণক্ষেত্র, যুদ্ধস্থল। ৬ষ্ঠীতৎ। বি ;

সমরশয্যা—যুদ্ধস্থলরূপ শয্যা, রণক্ষেত্ররূপ বিছানা। রূপক কর্ম্মধা। বি ; স্ত্রী।

সমরশায়ী (-শায়িন্)—রণশয্যায় শয়নকারী, সমরক্ষেত্রে যুদ্ধ করিতে করিতে জীবন-বিসর্জ্জনকারী। সমর (যুদ্ধ)-শী+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -য়িনী।

সমরসচিব--যুদ্ধমন্ত্রী। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং। [তৎ। বি ; ক্লীব।

সমরাঙ্গ(ংগ)ন—রণক্ষেত্র, যুদ্ধস্থল। ৬ষ্ঠী-

সমরাশি—যে সকল রাশি দুই ভাগে সমান বিভক্ত হইতে পারে এরূপ, ২, ৪, ৬, ৮ প্রভৃতি। কর্ম্মধা। বি ; পুং।

সমর্থ—শক্তিশালী, বলবান্ ; ক্ষমতাবিশিষ্ট ; পারক ; প্রশস্ত ; হিত ; উপযুক্ত ; অভীষ্ট। সম্—অর্থ্+অচ্ কর্ত্তৃবা। বিণ।

সমর্থক—সমর্থনকর্ত্তা, দৃঢ়কারী ; পোষকতা-কারী। সম্—অর্থ্+ণক কর্ত্তৃবা। বিণ।

সমর্থন, -না—স্থিরীকরণ ; বিবেচনা, মীমাংসা ; দৃঢ়ীকরণ ; নিশ্চয় ; উৎসাহ ; সম্ভাবনা। সম্—অর্থ্+অনট্ ভাববা, ২য় পক্ষে+অন ভাববা+আপ্। বি ; ক্লীব, স্ত্রী।

সমর্থিত—স্থিরীকৃত ; বিবেচিত ; মীমাংসিত ; দৃঢ়ীকৃত ; উৎসাহিত ; সম্ভাবিত। সম্—অর্থ্+ক্ত কর্ম্মবা। বিণ।

সমর্পণ—স্বত্বত্যাগপূর্ব্বক দান ; স্থাপন। ণিজন্ত ঋ বা অর্পি+অনট্ ভাববা। বি ;

সমর্পিত—প্রদত্ত ; স্থাপিত। সম্—ণি[ঃ] বা অর্পি (অর্পণ করা)+ক্ত ক[র্ম্মবা।] বিণ।

সমল—১। মলযুক্ত ; মলিন। মলের বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী—লা পুরীষ, বিষ্ঠা। বি ; ক্লীব।

সমশ্রেণী—একশ্রেণী, একদল। কর্ম্মধা

সমশ্রেণীভুক্ত—একশ্রেণীভুক্ত, এক অন্তর্গত। ৭মীতৎ বা ৩য়াতৎ। বিণ।

সমষ্টি—সম্যক্ ব্যাপ্তি ; সামগ্র্য, (গণিতে) যোগফল। সম্—অশ্ (ব্যা[প্তি]) ক্তি ভাববা। বি ; স্ত্রী।

সমষ্টীভূত—সমগ্রীভূত, যাহা পূর্ব্বে ছিল না এক্ষণে সমষ্টি হইয়াছে। সমষ্টি চ্বি অভূততদ্ভাবার্থে (=সমষ্টী)—ভূ (হ[ওয়া]) +ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -তা।

সমসাময়িক—সমকালিক, এককালে [বর্ত্ত]মান। সম যে সময় সে সমসময়, [ত]ত্ভবার্থে ইক। বিণ। স্ত্রী—কী।

সমস্ত—সমুদায়, সকল, সমগ্র ; সঙ্ক্ষিপ্ত সমাস ; সংক্ষিপ্ত। সম্—অস্ (ক্ষেপণ) +ক্ত কর্ম্মবা। বিণ, স্ত্রী, -স্তা।

সমস্যমান—যাহাদের সমাস করা হ[য়] এরূপ। সম্—অস্ (ক্ষেপণ করা)+ কর্ম্মবা। বিণ। স্ত্রী, -না।

সমস্যা—১। মিলন, মিশ্রণ ; সংঘটন। অস্+যৎ ভাববা+আপ্। ২। শ্লোব প্রশ্নোত্তররূপ সংক্ষিপ্ত বাক্য ; সমাধান (Problem) ; জটিল বিষয় ; কিংকর্ত্ত[ব্যবিমূঢ়] ভাব বা অবস্থা। সম্—অস্+ণ্যৎ ক [র্ম্মবা+] আপ্। বি ; স্ত্রী।

সমস্যাপূরণ—জটিল প্রশ্নের মী[মাংসা]। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

সমা—১। তুল্যা, সদৃশী। সম্+আপ্ স্ত্রী। ২। সংবৎসর। বি ; স্ত্রী।

সমাংশ—সমান খণ্ড। কর্ম্মধা। বি ;

সমাকর্ষী (—কর্ষিন্)—১। দূরগামী গন্ধ। সম্—আ—কৃষ্ (কর্ষণ করা)+ণিন্ কর্তৃবা। বি; পুং। ২। আকর্ষণকারী। বিণ। স্ত্রী, —র্ষিণী।

সমাকীর্ণ—ব্যাপ্ত, সঙ্কুল, সমাচ্ছন্ন। সম্—আ—কৄ+ক্ত কর্ম্মবা। বিণ।

সমাকুল—ব্যাকুল; হতবুদ্ধি; ব্যাপ্ত; সংশয়িত। সম্ (সম্যক্) আকুল, প্রাদিতৎ। বিণ।

সমাক্রান্ত—আক্রান্ত; গৃহীত; ব্যাপ্ত; বিস্তৃত; অধিষ্ঠিত। সম্—আ—ক্রম্ (গমন করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সমাগত—আগত, উপস্থিত; মিলিত। সম্—আ—গম্+ক্ত কর্তৃবা। বি।

সমাগতি—সমাগম (সকল অর্থে)। সম্—আ—গম্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

সমাগম—আগমন, উপস্থিতি; সঙ্গম। সম্—আ—গম্+অপ্ ভাববা। বি; পুং।

সমাচার—১। শিষ্টাচার, উত্তম আচরণ। সম্—আ—চর্+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। সংবাদ; খবর। দেশজ প্রঃ। বি।

সমাচ্ছন্ন—আচ্ছাদিত, আবৃত, ঢাকা; অভিভূত। সম্—আ—ছদ্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ।

সমাজ—১। সমূহ, গণ; মানবসমূহ; সম্প্রদায়; সঙ্ঘ; সমিতি, সভা; বৈষ্ণবদের সমাধিস্থান। সম্—অজ্+ঘঞ্ অধিবা। বি; পুং।

সমাজচ্যুত, —ভ্রষ্ট—সম্প্রদায় হইতে বহিষ্কৃত। ৫মীতৎ। বিণ।

সমাজতন্ত্র—সকল বিষয়ে সকলের সমান অধিকার—এইরূপ সামাজিক বা রাষ্ট্রীয় গঠনসম্বন্ধীয় মতবাদ (Socialism). সমাজ তন্ত্র (প্রধান) যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

সমাজনীতি—সমাজের নিয়ম, সম্প্রদায়ের বিধি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সমাজপতি—সমাজের প্রধান বা মুখ্য ব্যক্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সমাজবদ্ধ—দলবদ্ধ, সঙ্ঘীভূত। ৩য়াতৎ। বিণ।

সমাজবহির্ভূত—সমাজত্যক্ত; সমাজে অপ্রচলিত। ৬ষ্ঠীতৎ। বিণ; ত্রি।

সমাজবিরুদ্ধ—সমাজের প্রতিকূল, সামাজিক রীতির বিপরীত। ৫মীতৎ। বিণ।

সমাজভ্রষ্ট—সমাজচ্যুত দ্রঃ।

সমাজশাসন—সমাজবিধি, সামাজিক নিয়ম; সামাজিক শাস্তি। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সমাজসংস্কার—সমাজের শোধন, সমাজের কুনিয়ম নিবারণপূর্ব্বক সুনিয়মের প্রবর্ত্তন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সমাজসংস্কারক—সমাজের দোষসংশোধনকারী, সমাজের মন্দ নিয়ম নিবারণপূর্ব্বক সুনিয়মের প্রবর্ত্তক। ৬ষ্ঠীতৎ। বিণ।

সমাদর—অতিশয় আদর; সম্মান। সম্ (সম্যক্) যে আদর, প্রাদিতৎ। বি; পুং।

সমাদরণীয়—অতিশয় আদরণীয়; অত্যন্ত মাননীয়। সম (সম্যক্) আদরণীয়, প্রাদিতৎ। বিণ। স্ত্রী, —য়া।

সমাদৃত—অতিশয় আদৃত; সম্মানিত। সম্ (সম্যক্) আদৃত, প্রাদিতৎ। বিণ।

সমাদ্দার—উপাধিবিশেষ। দেশজ। বি।

সমাধা, সমাধান—সিদ্ধান্ত; মীমাংসা; নির্ণয়; নিষ্পত্তি, শেষ; বিরোধভঞ্জন; সমর্থন; ধ্যান; অনুসন্ধান; নিয়ম; প্রতীকার। সম্—আ—ধা+অঙ্ ভাববা+আপ্, পক্ষে+অনট্ ভাববা। বি; স্ত্রী, ক্লীব।

সমাধি—সমাধান; সমর্থন; বিরোধভঞ্জন; ইন্দ্রিয়নিরোধ; ধ্যান; একাগ্রতা; জীবাত্মা ও পরমাত্মার ঐক্য; নিয়ম; নিবেশ; আরোপ; গৌণ; নিদ্রা; কারণসমূহ; আশ্রিতরক্ষণচিন্তা; ভূগর্ভে শব-নিধান, কবর, গোর; অর্থালঙ্কারবিশেষ। সম্—আ—ধা (ধারণ করা)+কি ভাববা। বি; পুং।

সমাধিক্ষেত্র—যেখানে শবসমূহ ভূগর্ভে নিহিত করা হয়, কবর, গোরস্থান

(Burial-ground, grave-yard)। ৬ষ্ঠী-তৎ। বি ; ক্লীব।

সমাধিমগ্ন—সমাধিস্থ, একাগ্রভাবে ধ্যান-নিমগ্ন। ৭মীতৎ। বিণ। স্ত্রী,—গ্না।

সমাধিমন্দির, —সৌধ—সমাহিত শবের উপর নির্ম্মিত মন্দির ; শবের চিতাভস্ম প্রোথিত করিয়া তদুপরি রচিত মন্দির। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

সমাধিশিলা—কবরের উপরিস্থ প্রস্তর (Grave-stone). মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

সমাধিস্তম্ভ—ভূগর্ভ-নিহিত শবোপরি নির্ম্মিত স্তম্ভ (Tomb). মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

সমাধিস্থ—সমাধিযুক্ত, একাগ্রভাবে ধ্যান-নিমগ্ন। সমাধি—স্থা (থাকা)+ড কর্ত্তৃবা। বিণ ; ত্রি।

সমাধিস্থল, —স্থান-একাগ্রচিত্তে পরমেশ্বর-চিন্তার স্থান ; সমাধিক্ষেত্র, শব-নিধানস্থান, গোরস্থান। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

সমাধ্মাত—সম্যক্ শব্দিত ; উৎসাহিত ; সমুদ্দীপিত ; গর্ব্বিত। সম্—আ—ধ্মা (শব্দ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সমাধ্যায়ী (—য়িন্)—তুল্য অধ্যয়নকারী, সহাধ্যায়ী, সহপাঠী। সম—অধি—ই+ণিন্ কর্ত্তৃবা। বিণ ; পুং। স্ত্রী,—য়িনী।

সমান—১। তুল্য ; সদৃশ ; অভিন্ন। সহ (সমান) মান (পরিমাণ) যাহার, বহুব্রী ; বা সম্—আ—নী (লইয়া যাওয়া)+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—না। ২। দেহাস্তর্গত নাভি-মধ্যস্থ বায়ু। সম্—অন্+ঘঞ্ করণবা। বি ; পুং।

সমানয়ন—আনয়ন, আনা ; মিলন। সম্—আ—নী+অনট্ ভাববা। বি ; ক্লীব।

সমানাধিকরণ—বস্তুমাত্রের সাধারণ গুণ বা ধর্ম্ম ; জাতীয় সাধারণ গুণ ; একাশ্রয়। কর্ম্মধা। বি ; ক্লীব।

সমানীত—আনীত ; মিলিত। সম্—আ—নী (লইয়া যাওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ।

সমানুপাত—দুই বা বহু রাশির পরস্পর সমানত্ব সম্বন্ধ (Proportion). সম (সমান) যে অনুপাত, কর্ম্মধা। বি ; পুং।

সমানোদর্য্য(র্য)—সহোদর। সমান যে উদর সে সমানোদর, কর্ম্মধা ; তদুত্তরে যৎ ভবার্থে। বি ; পুং। স্ত্রী,—র্য্যা।

সমান্তর—সমান ব্যবধান বা অন্তরবিশিষ্ট। সম হইয়াছে অন্তর (ভেদ) যাহার, বহুব্রী। বিণ।

সমান্তর, সমান্তরাল—সর্ব্বত্র সমদূরবর্ত্তী। সম (সমান) হইয়াছে অন্তর, অন্তরাল (ব্যবধান) যাহাদের, বহুব্রী। বিণ।

সমান্তরিক—(জ্যামিতি শাস্ত্রে) যে চতুর্ভুজ ক্ষেত্রের দুই দুইটি ভুজ পরস্পর সমান্তর। সমান্তর+ইক। বি ; ক্লীব।

সমাপক—সমাপ্তিকারক ; সম্পূর্ণকারী। সম্—ণিজন্ত আপ্—আপি (পাওয়ান)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

সমাপত্তি—সমকালে উপস্থিতি ; পরস্পর আপত্তি ; যদৃচ্ছা সঙ্গতি। সম্—আ—পদ্ (যাওয়া)+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

সমাপন—সমাপ্তি ; শেষ-করণ ; পরিচ্ছেদ ; সমাধান ; বধ। সম্—ণিজন্ত আপ্ (= আপি)+অনট্ ভাববা। বি ; ক্লীব।

সমাপন্ন—প্রাপ্ত ; সমাপ্ত ; হত ; আপদ্-গ্রস্ত। সম্—আ—পদ্+ক্ত কর্ত্তৃবা। বিণ।

সমাপিকা—বাক্যসমাপনকারিণী। সম্—আপ—ণিচ্+ণক কর্ত্তৃবা+আপ্। বিণ ; স্ত্রী। **সমাপিকা ক্রিয়া**—যে ক্রিয়াতে বাক্য শেষ হয়।

সমাপিত—সমাপ্তি-প্রাপিত ; সম্পাদিত, শেষিত ; নিষ্পন্ন ; মারিত, নিহত। সম্—ণিজন্ত আপ্ (=আপি)+ক্ত কর্ম্মবা। বিণ।

সমাপ্ত—সম্প্রাপ্ত ; সম্পূর্ণ। সম্—আপ্ (পাওয়া)+ক্ত কর্ম্মবা। বিণ।

সমাপ্তি—সমাপন, শেষ ; প্রাপ্তি, পাওয়া। সম্—আপ্+ক্তি ভাববা। বি ; স্ত্রী।

সমাবরণ—এক গ্রহের অপর গ্রহকে আবৃত-করণ। সম্—আ—বৃ+অনট্ ভাববা। বি ; ক্লীব।

সমাবর্ত্ত(র্ত)ন—প্রত্যাবর্ত্তন, প্রত্যাগমন; ব্রহ্মচর্য্য-সমাপনান্তর গৃহস্থাশ্রমে প্রত্যাগমন। সম্—আ—বৃত্‌+অনট্ ভাববা। বি; ক্লীব। **সমাবর্ত্ত(র্ত)ন উৎসব**—বিশ্ববিদ্যালয়ের উপাধিবিতরণ অনুষ্ঠান (Convocation).

সমাবিষ্ট—প্রবিষ্ট; অভিনিবিষ্ট, মনোযোগী। সম্—আ—বিশ্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ।

সমাবৃত—সংবেষ্টিত, পরিবৃত; আবৃত। সম্—আ—বৃ+ক্ত কর্ম্মবা। বিণ।

সমাবৃত্ত—প্রত্যাবৃত্ত, প্রত্যাগত; ব্রহ্মচর্য্য সমাপনানন্তর গৃহস্থাশ্রমে প্রত্যাগত। সম—আ—বৃত্‌ (থাকা)+ক্ত কর্ত্তৃবা। বি।

সমাবেশ—১। প্রবেশ; মনোযোগ; সংস্থিতি। সম্—আ—বিশ্‌ (প্রবেশ করা)+ঘঞ্ ভাববা। ২। একত্র স্থাপন। সম্—আ—ণিজন্ত বিশ=বেশি+ঘঞ্ ভাববা। বি; পুং।

সমাবেশিত—প্রতিবেশিত; অভিনিবেশিত; স্থাপিত; সহাবস্থিত। সম্—আ—ণিজন্ত বিশ্‌ (=বেশি)+ক্ত কর্ম্মবা। বিণ।

সমায়াত—সমাগত; উপস্থিত। সম্—আ—যা (যাওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

সমারম্ভ—আরম্ভ, অনুষ্ঠান; সমারোহ, আড়ম্বর। সম্—আ—রভ্‌+ঘঞ্ ভাববা। বি; পুং।

সমারূঢ়—কৃতারোহণ, আরোহণ করিয়াছে এরূপ। সম্—আ—রুহ্‌ (উৎপন্ন হওয়া)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ঢ়া।

সমারোহ—অত্যুন্নতি; আড়ম্বর, জাঁকজমক, ঘটা। সম্—আ—রুহ্‌+ঘঞ্ ভাববা। বি; পুং।

সমালোচক—সমালোচনাকারী, দোষ-গুণের বিচারক। সম্—আ—লোচ্‌+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—চিকা।

সমালোচন, —লোচনা—সম্যক্ আলোচনা; দোষ-গুণের বিচার। প্রাদিতৎ। বি; ক্লীব, স্ত্রী।

সমালোচিত—কৃতসমালোচন, যাহার দোষ-গুণের বিচার করা হইয়াছে এরূপ। সম্ (সম্যক্) আলোচিত, প্রাদিতৎ। বিণ।

সমাশ্রয়—আশ্রয়, অবলম্বন; সহায়। সম্—আ—শ্রি+অচ্ ভাববা। বি; পুং।

সমাশ্রিত—আশ্রিত; অবলম্বিত। সম্—আ—শ্রি (আশ্রয় করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সমাস—সংক্ষেপ; সমর্থন; সংগ্রহ; মিলন; (ব্যাকরণে) দুই বা তদধিক পদের একপদীকরণ। সম্—অস্ (ক্ষেপণ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সমাসক্ত—অত্যাসক্ত; সংলগ্ন; যুক্ত; লব্ধ; অভিনিবিষ্ট। সম্ (সম্যক্) আসক্ত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ক্তা।

সমাসন্ন—১। সন্নিহিত, অতি নিকটবর্ত্তী। সম্—আ—সদ্ (পাওয়া)+ক্ত কর্ত্তৃবা। ২। প্রাপ্ত। সম্—আ—সদ্+ক্ত কর্ম্মবা। বিণ।

সমাসাদিত—প্রাপিত; প্রাপ্ত; সংগৃহীত; সমানীত; আহৃত; উদ্ধৃত; আক্রান্ত। সম্—আ—ণিজন্ত সদ্ (সাদি)—ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

সমাসীন—সম্যক্ আসীন, উপবিষ্ট। সম্যক্ আসীন, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—না।

সমাসোক্তি—কাব্যের অলঙ্কারবিশেষ [যাহাতে ক্রিয়া ও বিশেষণাদির দ্বারা উপমানের বোধ হয় অথচ তাহার উল্লেখ থাকে না, সেই অলঙ্কার]। সমাস দ্বারা উক্তি, ৩য়াতৎ। বি; স্ত্রী।

সমাহরণ—সংগ্রহ, সঞ্চয়; একত্রীকরণ। সম্—আ—হৃ (হরণ)+অনট্ ভাববা। বি; ক্লীব।

সমাহর্ত্তা(র্তা) (—হর্ত্তৃ)—রাজস্ব আদায়ের ভারপ্রাপ্ত কর্ম্মচারী; সমাহরণকারী। সম্—আ—হৃ+তৃন কর্ত্তৃবা। বি; পুং।

সমাহার—সংগ্রহ, আহরণ; সংক্ষেপ; মেলন; সমূহ; দ্বিগু ও দ্বন্দ্ব সমাসবিশেষ। সম্—আ—হৃ (হরণ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সমাহিত—১। সমাধিনিষ্ঠ, একাগ্রভাবে ধ্যানমগ্ন ; অভ্রান্তচিত্ত ; অবহিত। সম্—আ—ধা+ক্ত কর্তৃবা। ২। নিষ্পাদিত ; মীমাংসিত ; স্থাপিত ; সংগৃহীত, সঞ্চিত ; অঙ্গীকৃত ; দত্ত ; বিশোধিত ; ভূগর্ভে নিহিত (শবদেহ)। সম্—আ—ধা+ক্ত কর্ম্মবা। বিণ।

সমাহৃত—সংগৃহীত, সঞ্চিত, আহৃত ; একত্রীকৃত ; সংক্ষিপ্ত। সম্—আ—হৃ (হরণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

সমিৎ (সমিধ্)—ইন্ধন, জ্বালানি দ্রব্য ; হোমাগ্নিপ্রজ্বালনার্থ কাষ্ঠাদি। সম্—ইন্ধ্ (দীপ্ত করা)+ক্বিপ্ করণবা। বি ; স্ত্রী।

সমিতি—সভা, সঙ্গ ; যুদ্ধ। সম্—ই (যাওয়া) +ক্তি অধিবা। বি ; স্ত্রী।

সমিদ্ধ—দীপিত, জ্বালিত ; উত্তেজিত। সম্—ইন্ধ্ (দীপ্ত করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সমিধ্—সমিৎ দ্রঃ।

সমিধ—১। যজ্ঞকাষ্ঠ ; ইন্ধন, জ্বালানি দ্রব্য। সম্—ইন্ধ্ (দীপ্ত করা)+ক করণবা। ২। অগ্নি। সম্—ইন্ধ্+ক কর্ম্মবা, করণবা। বি ; পুং।

সমিন্ধন—১। উদ্দীপন ; উত্তেজিতকরণ। সম্—ইন্ধ্+অনট্ ভাববা। ২। অগ্নিজ্বালনার্থ কাষ্ঠাদি, ইন্ধন। সম্—ইন্ধ্+অনট্ করণবা। বি ; ক্লীব।

সমীকরণ—সমানকরণ ; তুল্যকরণ ; অনুরূপকরণ ; একজাতীয়করণ ; (গণিতে) অজ্ঞাত সংখ্যা নির্ণয় করিবার প্রক্রিয়াবিশেষ (Equation). সম (সমান)+অভূততদ্ভাবার্থে চ্বি (=সমী)—কৃ (করা)+ অনট্ ভাববা। বি ; ক্লীব।

সমীক্ষণ—সম্যক্ দর্শন ; পর্য্যবেক্ষণ ; আলোচনা ; অনুসন্ধান। সম্—ঈক্ষ্ (দেখা)+ অনট্ ভাববা। বি ; ক্লীব।

সমীক্ষা—১। বুদ্ধি ; প্রকৃতি ; চতুর্ব্বিংশতি তত্ত্ব ; মীমাংসা-শাস্ত্র। সম্—ঈক্ষ্ (দেখা) +অ করণবা+আপ্। ২। দৃষ্টি ; বিবেচনা ; সম্যক্ জ্ঞান ; অন্বেষণ ; যত্ন। সম্—ঈক্ষ্+ অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

সমীক্ষিত—সম্যক্ দৃষ্ট ; অন্বেষিত ; আলোচিত। সম্—ঈক্ষ্ (দেখা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সমীক্ষ্যকারী (-কারিন্)—বিবেচনাপূর্ব্বক কার্য্যকারী, পরিণামদর্শী। সমীক্ষ্য (সম্যক্ দেখিয়া অর্থাৎ বিবেচনা করিয়া) করে যে, সমীক্ষ্য—কৃ (করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী। বি,—কারিতা।

সমীচীন—যথার্থ ; উপযুক্ত ; যুক্তিযুক্ত ; উত্তম। সম্যচ্ শব্দ+ঈন। বিণ।

সমীপ—সন্নিহিত, নিকট। সম্ (সঙ্গত) হইয়াছে অপ্ (জল) যাহাতে, বহুব্রী। বিণ।

সমীপবর্ত্তী(র্ত্তী) (-বর্ত্তিন্)—নিকটবর্ত্তী, নিকটস্থ। উপতৎ। সমীপ—বৃত্ (থাকা)+ ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিনী।

সমীপস্থ—সমীপবর্ত্তী, নিকটস্থিত। উপতৎ। সমীপ—স্থা (থাকা)+ক কর্তৃবা। বিণ।

সমীর, —রণ—১। বায়ু, বাতাস। সম্—ঈর্ (গমন করা)+অচ্, অন কর্তৃবা। বি ; পুং। ২। প্রেরণ, নিয়োগ। সম্—ঈর্ (প্রেরণ করা)+ক, অনট্ ভাববা। বি ; পুং, ক্লীব।

সমীহ—সম্মান, সমাদর, খাতির ; মান্যব্যক্তির সামনে সঙ্কুচিত ভাব। 'সমীহা' শব্দজ। বি।

সমীহা—চেষ্টা ; উদ্যোগ ; সন্ধান ; ইচ্ছা। সম্—ঈহ্+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

সমীহিত—১। চেষ্টিত, উদ্যুক্ত ; অভীষ্ট, বাঞ্ছিত। সম্—ঈহ্ (চেষ্টা করা)+ক্ত কর্ম্মবা। বিণ। ২। সম্যক্ চেষ্টা ; ইচ্ছা। সম্—ঈহ্+ক্ত ভাববা। বি ; ক্লীব।

সমুখ, সুমুখ—সম্মুখ। 'সম্মুখ' শব্দজ। বি।

সমুচিত—উপযুক্ত ; যথাযোগ্য ; সমঞ্জস। সম্ (সম্যক্) যে উচিত, প্রাদিতৎ। বিণ।

সমুচ্চ—অত্যুচ্চ, অতিশয় উঁচু। সম্ (সম্যক্) উচ্চ, প্রাদিতৎ। বিণ।

সমুচ্চয়—সমাহার; সমূহ; রাশি; বহু পদার্থের এক ক্রিয়াতে অন্বয়—চ এবং ও অপিচ তথা ইত্যাদি দ্বারা সূচিত; অর্থালঙ্কার-বিশেষ। [একই ক্রিয়ার চমৎকারিত্বজনক বহু ক্রিয়া বা একই বিশেষ্যের চমৎকারিত্ব-জনক বহু বিশেষণের উল্লেখে এই অলঙ্কার হয়]। সম্—উৎ—চি+অচ্ ভাববা। বি; পুং।

সমুচ্চিত—সংগৃহীত; রাশীকৃত; সমুচ্চয়যুক্ত। সম্—উৎ—চি+ক্ত কর্ম্মবা। বিণ।

সমুচ্ছ্রয়, সমুচ্ছ্রায়—অভ্যুন্নতি, অত্যন্ত উচ্চ হইয়া উঠা; বৃদ্ধি; কলহ, বিরোধ। সম্ উৎ—শ্রি+অচ্, ঘঞ্ ভাববা। বি; পুং।

সমুচ্ছ্রিত—বর্দ্ধিত; অভ্যুন্নত। সম্—উৎ—শ্রি (সেবা করা)+ক্ত কর্তৃবা। বিণ।

সমুজ্জ্বল—অত্যন্ত দীপ্তিশালী। প্রাদিতৎ। বিণ।

সমুঝা—বুঝা। প্রাঃ কবিপ্র। ক্রি।

সমুৎকীর্ণ—ক্ষোদিত; বিদ্ধ; ভগ্ন; বিকীর্ণ। সম্ (সম্যক) উৎকীর্ণ, প্রাদিতৎ। বিণ; ত্রি।

সমুত্থ, —ত্থিত—উত্থিত; উদিত; উৎপন্ন। সম্—উৎ—স্থা+ক, ক্ত কর্তৃবা। বিণ।

সমুত্থান—উত্থান; উদয়; উৎপত্তি; উদ্যোগ। সম্—উৎ—স্থা+অনট্ ভাববা। বি; ক্লীব।

সমুত্থিত—সমুত্থ দ্রঃ।

সমুৎপত্তি—উদ্ভব, উৎপত্তি। সম্—উৎ—পদ্ (গমন করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

সমুৎপন্ন—উৎপন্ন, সমুদ্ভূত। সম্—উৎ—পদ্ (গমন করা)+ক্ত কর্তৃবা। বিণ।

সমুৎপাটন—উন্মূলন, উৎপাটিতকরণ। সম্—উৎ—পাটি+অনট্ ভাববা। বি; ক্লীব।

সমুৎপাটিত—উন্মূলিত, সমূলে বিনাশিত। সম্—উৎ—পাটি+ক্ত কর্ম্মবা। বিণ।

সমুৎসুক—অতিশয় ঔৎসুক্যশীল, আগ্রহান্বিত। সম্ (সম্যক্) উৎসুক, প্রাদিতৎ। বিণ। স্ত্রী, —কা।

সমুদয়—১। সমূহ, সকল; উত্থান, উদয়; যুদ্ধ। সম্—উৎ—ই (গমন করা)+অচ্ ভাববা। বি; পুং। ২। (জ্যোতিষে) যন্নাড়ী-চক্রান্তর্গত চতুর্থ নাড়ী; লগ্ন। বি; ক্লীব। ৩। সকল। দেশজ প্রঃ। বিণ।

সমুদায়—১। সমূহ; সকল; উত্থান, উদয়; যুদ্ধ। সম্—উৎ—ই+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। সকল। দেশজ প্রঃ। বিণ।

সমুদিত—১। উত্থিত, উদিত; উৎপন্ন, জাত। সম্—উৎ—ই+ক্ত কর্তৃবা। ২। সম্যক্ কথিত। সম্—বদ্ (বলা)+ক্ত কর্তৃবা। বিণ।

সমুদ্গত—উত্থিত, উদিত; উৎপন্ন। সম্—উৎ—গম্+ক্ত কর্তৃবা। বিণ।

সমুদ্গম—উত্থান, উদয়; উৎপত্তি। সম্—উৎ—গম্ (গমন করা)+অপ্ ভাববা। বি; পুং।

সমুদ্গীর্ণ—উত্তোলিত; বান্ত, উদ্গীর্ণ; উচ্চারিত। সম্—উৎ—গৄ (ভক্ষণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —র্ণা।

সমুদ্ধত—১। অশিষ্ট, অবিনীত; গর্ব্বিত। সম্—উৎ—হন্+ক্ত কর্তৃবা। ২। উৎক্ষিপ্ত। সম্—উৎ—হন্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, —তা।

সমুদ্ধরণ, সমুদ্ধার—উন্মূলন; উত্তোলন; মোচন; বমন। সম্যক্ উদ্ধরণ, উদ্ধার, প্রাদিতৎ। বি; ক্লীব, পুং।

সমুদ্ধর্ত্তা (র্তা) (—র্ত্তৃ)—উদ্ধারকর্তা; উন্মূলনকর্তা; ঋণপরিশোধকর্তা। সম্—উৎ—ধৃ (ধারণ করা) বা হৃ (হরণ করা)+তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —র্ত্রী।

সমুদ্ধৃত—মোচিত; উন্মূলিত; উত্তোলিত; বান্ত। সম্ (সম্যক্) উদ্ধৃত, প্রাদিতৎ। বিণ।

সমুদ্ভব—১। উদ্ভব, উৎপত্তি। সম্—উৎ—ভূ (হওয়া)+অপ্ ভাববা। ২। কারণ। সম্—উৎ—ভূ+অপ্ করণবা। বি; পুং। ৩। উদ্ভূত, উৎপন্ন। সম্—উৎ—ভূ+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, —বা।

সমুদ্ভাসিত—প্রদীপ্ত; উজ্জ্বলীকৃত; শোভিত। সম্ (সম্যক্) উদ্ভাসিত, প্রাদিতৎ। বিণ।

সমুদ্ভূত—উদ্ভূত, উৎপন্ন, জাত। সম্—উৎ—ভূ (হওয়া) + ক্ত কর্তৃবা। বিণ।

সমুদ্যত—সম্যক্ উদ্যত, উদ্যুক্ত। সম্ (সম্যক্) উদ্যত, প্রাদিতৎ। বিণ।

সমুদ্র—১। পয়োধি, সাগর। সম্—উন্দ্ (ক্লিন্ন হওয়া) + রক্ কর্তৃবা। যাহা চন্দ্রোদয় হেতু ক্লিন্ন হয় ; অথবা মুদ্রার (রত্নের) সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বি ; পুং। ২। মুদ্রাযুক্ত ; মুদ্রিত, ছাপা। মুদ্রার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,—দ্রা। [বি ; ক্লীব।

সমুদ্রমন্থন—সমুদ্রকে মন্থন করা। ৬ষ্ঠীতৎ।

সমুদ্রমেখলা—১। সাগরবেষ্টিতা। বিণ। ২। পৃথিবী। সমুদ্র হইয়াছে মেখলা যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বি ; স্ত্রী।

সমুদ্রযান—অর্ণবপোত, জাহাজ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। [বিণ।

সমুন্নত—সম্যক্ উন্নত, উচ্চ। প্রাদিতৎ।

সমুন্নতি—সম্যক্ উন্নতি ; উচ্চতা ; বৃদ্ধি ; সমৃদ্ধি। প্রাদিতৎ। বি ; স্ত্রী।

সমুন্নয়, —ন—উৎক্ষেপণ ; উন্নীতকরণ ; উদ্ভাবন। সম্—উৎ—নী (লইয়া যাওয়া) + অচ্, অনট্ ভাববা। বি ; পুং, ক্লীব।

সমুপেত—সমাগত, উপস্থিত। সম্—উপ—ই (গমন করা) + ক্ত কর্তৃবা। বিণ।

সমুল্লসিত—সম্যক্ উল্লাসিত ; উল্লাসযুক্ত ; দীপ্ত ; ক্রীড়াশীল। প্রাদিতৎ। বিণ ; ত্রি।

সমুল্লেখ, —ন—খনন ; আঁচড়ান ; ক্ষোদন ; কুন্দন ; কথন। সম্—উৎ—লিখ্ + ঘঞ্, অনট্ ভাববা। বি ; পুং, ক্লীব।

সমূল, সমূলক—মূল-সহিত ; কারণযুক্ত, সহেতুক। মূলের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা,—লিকা।

সমূহ—১। সমুদায়, গণ। সম্—বহ্ (বহন করা) + ঘঞ্ কর্ম্মবা। ২। সম্যক্ তর্ক। সম্—উহ্ (তর্ক করা) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

সমৃদ্ধ—সমৃদ্ধিযুক্ত, বিলক্ষণ সম্পন্ন ; উৎপন্ন। সম্ (সম্যক্) ঋদ্ধ, প্রাদিতৎ। বিণ।

সমৃদ্ধি—সম্যক্ বৃদ্ধি ; অধিক সম্পত্তি ; উন্নতি ; শ্রেয়ঃ। সম্ (সম্যক্) ঋদ্ধি, প্রাদিতৎ। বি ; স্ত্রী।

সমৃদ্ধিমান্ (—মৎ)—বহুদিনের বিচ্ছেদের পর সংঘটিত বলিয়া অতি উল্লাসময় ('—সম্ভোগ')। সমৃদ্ধি + মতুপ্। বিণ।

সমৃদ্ধিশালী (—শালিন্)—ঐশ্বর্য্যশালী, ধনবান্, উন্নতিশালী। সমৃদ্ধি—শাল্ + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—লিনী।

সমেত—সহিত ; সঙ্গত ; সংযুক্ত ; উপস্থিত ; প্রাপ্ত। সম্—আ—ই (গমন করা) + ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

সম্পৎ (সম্পদ্), —ত্তি—ঐশ্বর্য্য ; বিভব ; ধন ; লক্ষ্মী ; উৎকর্ষ ; গুণোৎকর্ষ ; শোভা ; গৌরব। সম্—পদ্ (গমন করা, পাওয়া) + ক্বিপ্, ক্তি ভাববা, কর্ম্মবা। বি ; স্ত্রী।

সম্পন্ন—১। নিষ্পন্ন ; সম্পূর্ণ ; যুক্ত ; সহিত। সম্—পদ্ + ক্ত কর্ম্মবা। ২। সম্পত্তিশালী। সম্—পদ্ + ক্ত কর্তৃবা। বিণ।

সম্পর্ক—সংসর্গ ; সম্বন্ধ ; সংযোগ, মিলন। সম্—পৃচ্ (যুক্ত হওয়া) + ঘঞ্ ভাববা। বি ; পুং। [শব্দ + ইত জাতার্থে। বিণ।

সম্পর্কিত—সম্পর্কযুক্ত, সম্বন্ধবিশিষ্ট। সম্পর্ক

সম্পর্কীয়—সম্বন্ধীয়, সম্বন্ধবিশিষ্ট। সম্পর্ক শব্দ + ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—য়া।

সম্পাত—পতন ; গমন ; উড্ডয়ন ; প্রবেশ। সম্—পত্ (পড়া) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

সম্পাতি—পক্ষিবিশেষ, গরুড়ের জ্যেষ্ঠপুত্র ও জটায়ুর অগ্রজ। সম্—পত্ (পড়া) + ইঞ্ কর্তৃবা ; অথবা সম্পা (বিদ্যুৎ)—অত্ (গমন করা) + ই কর্তৃবা। বি ; পুং।

সম্পাদক—নির্ব্বাহক, সম্পন্নকারী ; সংবাদ-পত্রের প্রবন্ধাদির সঙ্কলক ; গ্রন্থাদি রচনার অধ্যক্ষ (Editor). সম্—ণিজন্ত পদ্ বা পাদি (গমন করান) + ণক কর্তৃবা। বিণ ; ত্রি। স্ত্রী,—দিকা।

সম্পাদকীয়—সম্পাদক-সম্বন্ধীয় বা সম্পাদক কর্তৃক লিখিত (Editorial). সম্পাদক+ ঈয়। বিণ।

সম্পাদন—নির্ব্বাহ, নিষ্পাদন। সম্—ণিজন্ত পদ (=পাদি) +অনট্ ভাববা। বি; ক্লীব।

সম্পাদিত—নির্ব্বাহিত, নিষ্পাদিত। সম্—ণিজন্ত পদ্ (=পাদি)+ক্ত কর্ম্মবা। বিণ।

সম্পাদ্য—সম্পাদনযোগ্য, নিষ্পাদনীয়। সম্—ণিজন্ত পদ্ (=পাদি)+য কর্ম্মবা। বিণ।

সম্পুট, —ক—সমুদ্গক, কৌটা, পেটরা, খুঙি, ঠোঙ্গা প্রভৃতি। সম্—পুট+ক কর্ত্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে কন্। বি; পুং।

সম্পূর্ণ—পরিপূর্ণ; সমাপ্ত; সমগ্র, সমূহ। সম্ (সম্যক্) পূর্ণ, প্রাদিতৎ। বিণ।

সম্পৃক্ত—সম্পর্কযুক্ত, সম্বদ্ধ; গ্রথিত; মিশ্রিত। সম্—পৃচ্ +ক্ত কর্ত্তৃবা। বিণ।

সম্প্রতি, সংপ্রতি—ইদানীং, অধুনা, এক্ষণে। অব্য।

সম্প্রদাতা (-দাতৃ)—সম্প্রদানকর্ত্তা, যে দান করে। সম্—প্র—দা+তৃন্ কর্ত্তৃবা। বিণ; পুং।

সম্প্রদান—১। সম্যক্ প্রদান; দান, অর্পণ। প্রাদিতৎ। ২। দানীয় ব্যক্তি, যাহাকে কিছু দান করা যায়। ৩। কারকবিশেষ। সম্—প্র—দা+অনট্ সম্প্রবা। বি; ক্লীব।

সম্প্রদায়—গুরুপরম্পরাগত উপদেশ; সমাজ; স্বজাতীয়; দল, সঙ্ঘ। সম্—প্র—দা (দেওয়া) +ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

সম্প্রদায়ভুক্ত—সমাজভুক্ত, সমাজের অন্তর্গত। ২য়াতৎ। বিণ; ত্রি। স্ত্রী,—ক্তা।

সম্প্রয়োগ—ধনাদি-বিনিয়োগ, টাকাকড়ি খাটান; সাপেক্ষতা; সম্পর্ক; স্ত্রীপুরুষের যৌন মিলন। সম্—প্র—যুজ্ (যোগ করা) +ঘঞ্ ভাববা। বি; পুং।

সম্প্রসারক—যাহা প্রসারিত করে, বিবর্দ্ধক। সম্—প্র—সৃ+ণিচ্+ণক কর্ত্তৃবা। বি; পুং বা বিণ।

সম্প্রসারণ—বিস্তারণ; প্রসারিতকরণ; (ব্যাকরণে) য ব র ল স্থানে যথাক্রমে ই উ ঋ ৯ হওয়া; (মুগ্ধবোধে) 'জি' সংজ্ঞা। সম্ (সম্যক্) প্রসারণ, প্রাদিতৎ। বি; ক্লীব।

সম্প্রহার—সম্যক্ প্রহার; যুদ্ধ; গমন। সম্—প্র—হৃ+ঘঞ্ ভাববা। বি; পুং।

সম্প্রাপ্তি—লাভ; উপস্থিতি। সম্—প্র—আপ্+ক্তি ভাববা। বি; স্ত্রী। বিণ, সম্প্রাপ্ত।

সম্প্রীতি—সম্যক্ প্রণয়; হর্ষ। সম্—প্রী (প্রীত হওয়া)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

সম্বৎসর—সংবৎসর শব্দের অসাধু প্রয়োগ। সংবৎসর দ্রঃ।

সম্বদ্ধ—১। সম্বন্ধযুক্ত; মিলিত। সম্—বন্ধ্ (বাঁধা)+ক্ত কর্ত্তৃবা। ২। সন্নদ্ধ, বদ্ধ। সম্—বন্ধ্ +ক্ত কর্ম্মবা। বিণ।

সম্বন্ধ—১। সম্পর্ক; সংসর্গ; সংযোগ। সম্—বন্ধ্ (বাঁধা)+ঘঞ্ ভাববা। ২। সখ্য, মিত্রতা; কুটুম্বিতা; (ব্যাকরণে) জন্য-জনকত্বাদি। সম্—বন্ধ্+ঘঞ্ করণবা। বি; পুং।

সম্বন্ধসূচক—সম্পর্কবাচক; সংসর্গজ্ঞাপক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—চিকা।

সম্বন্ধী (সম্বন্ধিন্)—১। সম্বন্ধবিশিষ্ট, সম্পর্কী। বিণ। স্ত্রী,—ন্ধিনী। ২। কুটুম্ব; শ্যালক। সম্বন্ধ+ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

সম্বন্ধীয়—সম্বন্ধযুক্ত; সম্পর্কীয়। সম্বন্ধ শব্দ +ঈয় সম্বন্ধার্থে। বিণ।

সম্বরণ—সংবরণ (সমস্ত অর্থে)। সম্—বৃ +অনট্ ভাববা। বি; ক্লীব।

সম্বরা—১। সংবরণ করা; সাঁতলান। বাংক্রি। ২। সাঁতলাইবার মসলা, ফোড়ন। দেশজ। বি।

সম্বর্দ্ধ(র্ধ)ন, সম্বর্দ্ধ(র্ধ)না, সম্বর্দ্ধি(র্ধি)ত—সংবর্দ্ধন, সংবর্দ্ধিত (সকল অর্থে)।

সম্বল—পাথেয়; সংস্থান, অবলম্বন। সম্—বল্+ক ঘঞর্থে। বি; ক্লীব বা পুং।

সম্বলহীন, —শূন্য—নিঃসম্বল, উপায়রহিত; সংস্থানশূন্য। ৩য়াতৎ। বিণ।

সম্বলিত—সংবলিত (সকল অর্থে)।

সম্বাধ—১। বাধা; সঙ্কট; ভয়; সঙ্ঘর্ষ; ভিড়; স্ত্রীযোনি। সম্—বাধ্ (বাধা দেওয়া)+ ঘঞ্ ভাববা, করণবা। বি; পুং। ২। অপ্রশস্ত, সঙ্কীর্ণ, সরু। সম্ (সম্যক্) বাধা যাহাতে, বহুব্রী। বিণ।

সম্বিৎ—সংবিৎ দ্রঃ।

সম্বিৎহারা—জ্ঞানহারা, চৈতন্যরহিত। সম্বিৎ হারাইয়াছে যে, উপতৎ। বিণ।

সম্বুদ্ধ—প্রবুদ্ধ, সম্যক্ জ্ঞানপ্রাপ্ত; জাগরিত, চেতনাযুক্ত। সম্—বুধ্ (জানা)+ক্ত কর্তৃবা। বিণ।

সম্বুদ্ধি, সম্বোধন—আহ্বান; আমন্ত্রণ; অভিভাষণ; অভিমুখীকরণ। সম্—বুধ্ (জানা)+ক্তি, অনট্ ভাববা। বি; স্ত্রী, ক্লীব।

সম্বোধা—সম্বোধন করা। কবিপ্র। ক্রি।

সম্ভব—১। উৎপত্তি; সম্ভাবনা; যুক্তি; সঙ্কেত; উপায়; যোগ্যতা। সম্—ভূ (হওয়া) +অপ্ ভাববা। ২। কারণ। সম্—ভূ +অপ্ কর্ম্মবা। বি; পুং। ৩। উৎপন্ন; মেলক। সম্—ভূ+অচ্ কর্তৃবা। বিণ। ৪। সম্ভবপর, যাহা হইলেও হইতে পারে। দেশজ প্রঃ। বিণ।

সম্ভবপর, —যোগ্য—সম্ভাবনাযুক্ত; যোগ্যতাবিশিষ্ট; যুক্তিপ্রধান। সম্ভব পর (প্রধান) যাহাতে, বহুব্রী; পক্ষে ৬ষ্ঠীতৎ। বিণ।

সম্ভাবন, সম্ভাবনা—উৎকট-কোটিক সংশয়, 'যদি এ প্রকার হয়' এইরূপ তর্ক; নিশ্চয়-প্রধান সন্দেহ; সুখ্যাতি; সৎকার; গৌরব; পূজা; অনুগ্রহ; চিন্তা; (ব্যাকরণে) —ক্রিয়াতে যোগ্যতার অধ্যবসায়; কাব্যালঙ্কারবিশেষ। সম্—ভাবি+অনট্ ভাববা; ২য় পক্ষে সম—ভাবি+অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

সম্ভাবনীয়—সম্ভাব্য দ্রঃ।

সম্ভাবিত—সম্ভাবনাবিশিষ্ট, নিশ্চয়-প্রধান সন্দেহের বিষয়ীভূত; চিন্তিত; বিখ্যাত; পূজিত, সম্মানিত; অনুগৃহীত। সম্—ণিজন্ত ভূ (=ভাবি)+ক্ত কর্ম্মবা। বিণ।

সম্ভাব্য, সম্ভাবনীয়—যাহা ঘটিবে বলিয়া অনুমান করা যায়, প্রতর্ক্য; প্রশংসনীয়, শ্লাঘ্য। সম্—ভাবি+ণ্যৎ, অনীয় কর্ম্মবা। বিণ। [ক্রি

সম্ভায়ল—প্রবেশ করিল। প্রাঃ কবিপ্র।

সম্ভার—১। সংগ্রহ; সমূহ, রাশি। সম্ —ভৃ (ধারণ করা)+ঘঞ্ ভাববা। ২। উপকরণ। সম্—ভৃ+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং।

সম্ভাষ, —ষণ, সম্ভাষা—আলাপ, পরস্পর কথোপকথন; সম্বোধন, অভিভাষণ। সম্—ভাষ্+ঘঞ্ ভাববা; ২য় পক্ষে+অনট্ ভাববা; ৩য় পক্ষে+অ ভাববা+আপ্। বি; যথাক্রমে পুং, ক্লীব, স্ত্রী।

সম্ভাষা—সম্বোধন করা; আলাপ করা। কবিপ্র। ক্রি।

সম্ভূত—উদ্ভূত, উৎপন্ন, সঞ্জাত। সম্—ভূ (হওয়া)+ক্ত কর্তৃবা। বিণ।

সম্ভূয়-সমুত্থান—অংশীদিগের মিলিত হইয়া বাণিজ্য, যৌথ কারবার; তদ্ঘটিত বিবাদ। সম্ভূয় (মিলিত হইয়া), তদুত্তরে সম্—উৎ—স্থা (থাকা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

সম্ভৃত—যত্নসিদ্ধ; দত্ত; লব্ধ; সঞ্চিত; বর্দ্ধিত; জনিত; পূর্ণ; সঙ্কলিত; প্রস্তুত। সম্—ভৃ+ক্ত কর্ম্মবা। বিণ। বি,—তি।

সম্ভোগ—উপভোগ; শৃঙ্গারবিশেষ, রতিক্রীড়া। সম্—ভুজ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

সম্ভ্রম—সাধ্বস, ভয়; হর্ষভয়াদি-জনিত আবেগ, ব্যস্ততা; ঘূর্ণন; ভ্রান্তি; সম্মান; মর্য্যাদা; ইঙ্গিত; আদর। সম্—ভ্রম্+ঘঞ্ ভাববা। বি; পুং।

সম্ভ্রান্ত—সম্ভ্রমযুক্ত; আদরণীয়, মাননীয়; সম্যক্ ভ্রান্ত। সম্—ভ্রম্ (ভ্রমণ করা)+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—ন্তা।

সম্মত—অনুমত; স্বীকৃত; অভিপ্রেত; প্রিয়। সম্—মন্+ক্ত কর্ম্মবা, কর্তৃবা। বিণ।

সম্মতি—অনুমতি; অভিপ্রায়; মত; ইচ্ছা; সম্মান। সম্‌—মন্‌+ক্তি ভাববা। বি; স্ত্রী।

সম্মর্দ্দ(র্দ)—১। যুদ্ধ, সংগ্রাম। সম্‌—মৃদ্‌ (মর্দ্দন করা)+ঘঞ্‌ অধিবা। ২। সঙ্ঘর্ষ; জনতা, ভিড়। সম্‌—মৃদ্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

সম্মান—সমাদর, পূজা, মর্য্যাদা, খাতির। সম্‌—মান্‌ (পূজা করা)+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

সম্মানন, —না—সম্মান, সংবর্দ্ধনা, সমাদর, পূজা। সম্‌—মান্‌+অনট্‌ ভাববা, ২য় পক্ষে+অন ভাববা+আপ্‌। বি; ক্লীব, স্ত্রী।

সম্মানিত—পূজিত, সমাদৃত। সম্‌—মান্‌ (পূজা করা)+ক্ত কর্ম্মবা। বিণ; ত্রি।

সম্মার্জ্জ(র্জ)ক—পরিষ্কারক, ঝাঁটা। সম্‌—মার্জ্জ্‌+ণক কর্ত্তৃবা। বিণ বা বি; পুং।

সম্মার্জ্জ(র্জ)ন—পরিষ্করণ; শোধন; মার্জ্জনাকরণ। সম্‌—মার্জ্জ্‌ (মাজা)+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

সম্মার্জ্জ(র্জ)নী—শোধনী; খিঙ্গরী, খেংরা, ঝাঁটা, ঝাড়ন, ব্রস্‌, ঝাড়ন ইত্যাদি। সম্‌ মার্জ্জ্‌ (মাজা)+অনট্‌ করণবা+ঈপ্‌। বি; স্ত্রী।

সম্মিত—তুল্য-পরিমাণ; সদৃশ। সম্‌—মা (পরিমাণ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

সম্মিলন, সম্মেলন—সম্যক্‌ মিলন, একত্র হওয়া; সাক্ষাৎকার। প্রাদিতৎ। বি; ক্লীব। [ঈপ্‌। বি; স্ত্রী।

সম্মিলনী—সভা, সমিতি। সম্মিলন+

সম্মিলিত—সম্যক্‌ মিলিত, একত্রীভূত, সংযুক্ত। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—তা।

সম্মিশ্রণ, সংমিশ্রণ—ভালরূপে মিশান; মিলন। সম্‌—মিশ্র্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব। বিণ,—মিশ্রিত।

সম্মুখ—১। অভিমুখ, সমক্ষ; মুখামুখি। সম্যক্‌ মুখকে, প্রাদিতৎ। বিণ। ২। আভিমুখ্য। মুখের সমীপ, অব্যয়ী। বি; ক্লীব।

সম্মুখবর্ত্তী(র্তী) (—বর্ত্তিন্‌)—সম্মুখস্থ, অভিমুখে স্থিত। সম্মুখ—বৃত্‌ (থাকা)+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—র্ত্তিনী।

সম্মুখসংগ্রাম, —সমর—সম্মুখযুদ্ধ, মুখামুখি লড়াই। কর্ম্মধা। বি; পুং।

সম্মুখস্থ—সম্মুখে স্থিত, অভিমুখে অবস্থিত। সম্মুখ—স্থা (থাকা)+ক কর্ত্তৃবা। বিণ।

সম্মুখীন—সম্মুখবর্ত্তী, সামনাসামনি। সম্মুখ +ঈন। বিণ।

সম্মেলন—সমিতি, সভা; সভা বা উৎসব স্থানে জনতা; একত্রীকরণ। সম্‌—মিল্‌+অনট্‌ ভাববা। বি; ক্লীব।

সম্মোহ—অতিশয় মোহ, মুগ্ধকরণ, বিমুগ্ধ করা। সম্‌—মুহ্‌ (মুগ্ধ করা)+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

সম্মোহন—১। মুগ্ধকরণ, বিমুগ্ধ করা। সম্‌—মোহি+অনট্‌ ভাববা। বি; ক্লীব। ২। মোহজনক। সম্‌—মোহি+অন কর্ত্তৃবা। বিণ। ৩। কন্দর্পের বাণবিশেষ। বি; পুং।

সম্মোহিত—সম্যক্‌ মোহপ্রাপ্ত; সাতিশয় বিমোহিত। প্রাদিতৎ। বিণ।

সম্যক্‌ (সম্যচ্‌)—১। উত্তমরূপে। সম্‌ —অন্চ্‌ (গমন করা)+কিপ্‌ কর্ত্তৃবা। অব্য। ২। মনোজ্ঞ; যোগ্য; শুদ্ধ; সম্পূর্ণ; সত্য; সহিত। বিণ। স্ত্রী, সমীচী।

সম্রাজ্ঞী—সম্রাটের পত্নী; রাজ্যেশ্বরী। সম্যক্‌ রাজা, প্রাদিতৎ+টচ্‌ সমাসান্ত+ঈপ্‌। (সংস্কৃত ব্যাকরণ মতে সংরাজ্ঞী)। বি; স্ত্রী।

সম্রাজ্ঞী—রাজ্যেশ্বরী, মহারাণী। সম্‌ (সম্যক্‌, মহতী) রাজ্ঞী, প্রাদিতৎ। বি; স্ত্রী। (সংস্কৃত ব্যাকরণ মতে সংরাজ্ঞী)।

সম্রাট্‌ (সম্‌রাজ্‌)—রাজসূয় যজ্ঞকারী সর্ব্বভূমীশ্বর রাজা, মণ্ডলেশ্বর, রাজচক্রবর্ত্তী, রাজাধিরাজ। সম্‌—রাজ্‌ (শোভা পাওয়া) +কিপ্‌ কর্ত্তৃবা। বি; পুং।

সয়—সহে, সহ্য হয় বা সহ্য করে। বাং ক্রি।

সয়তান—শয়তান, পাপিষ্ঠ, দুর্জ্জন। হিব্রু মূলক। বি।

সযত্ন—যত্নসহিত, যত্নসমন্বিত; সচেষ্ট; উদ্যুক্ত। বহুব্রী। বিণ।

সযত্নে—যত্নসহকারে, যত্নপূর্ব্বক। যত্নের সহিত বিদ্যমান যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

সয়া—সখা, মিতা; সখীর স্বামী। সই+আ স্বামী অর্থে। বি; পুং। স্ত্রী, সই।

সর—১। দধি-দুগ্ধাদির সারভাগ; বাণ; বাণ-তূণ। সৃ (গমন করা)+অচ্ কর্তৃবা। বি; পুং। ২। সরোবর; মধু; জল; মাল্য, নর, ছড়া। বি; ক্লীব। ৩। (অন্য শব্দের পরে) গমনকারী। সৃ+অচ্ কর্তৃবা। বিণ। স্ত্রী, সরা।

সরঃ (সরস্), সর—১। সরোবর, দীর্ঘিকা, পুষ্করিণী। সৃ (গমন করা)+অস্ অধিবা। ২। জল। সৃ+অস্ কর্তৃবা। বি; ক্লীব।

সরকার—মালিক, কর্তা; শাসকসম্প্রদায়, গভর্ণমেণ্ট; যে কর্ম্মচারী মনিবের সাংসারিক কার্য্যে সাহায্য করে, অথবা প্রাপ্য টাকা-কড়ি আদায় প্রভৃতি বাহিরের কর্ম্ম করে; রাজস্বসংগ্রহের বিভাগ স্বরূপ কতিপয় পরগণার সমষ্টি। ফার্সী। বি।

সরকারি—সরকারের পদ বা কর্ম্ম। সরকার+ই কর্ম্মার্থে। বি।

সরকারী—প্রকাশ্য, সদর, সাধারণের; রাজকীয়, সরকারসম্বন্ধীয়, গভর্ণমেণ্টের। সরকার+ঈ। বিণ।

সরখেল—উপাধিবিশেষ। ফার্সীমূলক। বি।

সরগরম—জাঁকাল, জমকাল; উৎসাহপূর্ণ। ফার্সী। বিণ।

সরজমিন, সরেজমিন—কোন ব্যাপার বা ঘটনাসম্বন্ধীয় স্থান, অকুস্থান; সীমানা; বরাবর। ফার্সী। বি।

সরজস্ক—রজোবিশিষ্ট। রজস্-এর সহিত বর্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী, —স্কা।

সরঞ্জাম—আসবাবপত্র, উপকরণ, আয়োজন। ফার্সী। বি।

সরট—কৃকলাস; টিকটিকী। সৃ (গমন করা) +অটন্ কর্তৃবা। বি; পুং।

সরণ—১। গমন, যাওয়া। সৃ (গমন করা) +অনট্ ভাববা। বি; ক্লীব। ২। গমনশীল। সৃ+অন কর্তৃবা। বিণ।

সরণি, সরণী—পথ; রীতি; শ্রেণী। সৃ (গমন করা)+অনি করণবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

সরদল—কপাটের মস্তকের উপরিস্থ তক্তা; গেটেঘরের খুঁটির উপর বৃহৎ কাষ্ঠখণ্ডবিশেষ। দেশজ। বি।

সরদার—সর্দ্দার দ্রঃ।

সরপেঁচ—পাগড়ীর চারিদিকে জড়াইবার জরী বা রেশমের ফিতা। ফার্সী। বি।

সরপোষ—আচ্ছাদন, গেলাস প্রভৃতির ঢাকনি। বৈদে। বি।

সরফরাজ—কর্তা, মোড়ল, প্রধান, চাঁই, বাহাদুর, মুরুব্বি। ফার্সী। বিণ।

সরফরাজি, —জী—কর্তৃত্ব, মোড়লি, বাহাদুরি, আস্ফালন, মুরুব্বিয়ানা। সরফরাজ+ই, ঈ। বি।

সরবৎ—সুস্নিগ্ধ মিষ্ট পানীয়, শর্করোদক। আর্বী। বি। বিণ, —তী। [বি।

সরবরাহ—যোগান; আয়োজন। ফার্সী।

সরবস—সর্ব্বস্ব। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

সরম—লজ্জা। আর্বী। বি।

সরমণ্ডল—প্রাচীন বাদ্যযন্ত্রবিশেষ। প্রাঃ কবিপ্র। বি।

সরমা—কুক্কুরী; রাক্ষস বিভীষণের পত্নী। সৃ+অম কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

সরমিত—লজ্জিত। প্রাঃ কবিপ্র। বিণ।

সরযু, —যূ—কৈলাস পর্ব্বতস্থ মানস-সরোবর হইতে নিঃসৃতা নদী। সরঃ হইতে উৎপন্ন বলিয়া ইহার নাম সরযু। এই নদীর তীরে অযোধ্যা নগরী। সৃ (গমন করা) +অযু, অযূ কর্তৃবা; অথবা সর শব্দ (মানস-সরোবর)—যা (যাওয়া)+ডু, ডূ কর্তৃবা। বি; স্ত্রী।

সরল—১। ঋজু, অবক্র, সোজা; উদার, অকপট; সাধু; অনাড়ম্বর, সাদাসিধা। সৃ

(চলা)+অলচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–লা। ২। পীতদ্রু, দেবদারু গাছ; রজন-উৎপাদক বৃক্ষ। বি; পুং।

সরলচিত্ত—১। উদার মন; অকপট মন। কর্ম্মধা। বি; ক্লীব। ২। যাহার মন উদার বা অকপট। বহুব্রী। বিণ।

সরলতা—ঋজুতা, সোজাভাব; অকপটতা, উদারতা। সরল+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সরলপ্রকৃতি, –প্রাণ, –স্বভাব—১। অকপট স্বভাব। কর্ম্মধা। বি; স্ত্রী, পুং। ২। যাহার স্বভাব অকপট। বহুব্রী। বিণ।

সরলবৃক্ষ—দেবদারু গাছ। কর্ম্মধা। বি; পুং।

সরলমতি—উদারচেতাঃ, অকপটমনাঃ। বহুব্রী। বিণ।

সরলোন্নত—ঋজুভাবে উন্নত, সোজা অথচ উঁচু, খাড়া। সরল অথচ উন্নত, কর্ম্মধা। বিণ।

সরস—১। রসযুক্ত; সুস্বাদ; মধুর; সরেস; ভাল; উত্তম; নূতন। রসের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী, –সা। ২। সরোবর। বি; ক্লীব।

সরসতা—রসযুক্ততা; মধুরতা; নূতনত্ব। সরস+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সরসিজ, সরসিরুহ—পদ্ম। উপতৎ। সরসি—জন্ (জন্মা)+ড কর্ত্তৃবা; সরসি—রুহ্+ক কর্ত্তৃবা। বি; ক্লীব।

সরসী—সরোবর। সৃ (গমন করা)+অস্ অধিবা+ঈপ্। বি; স্ত্রী।

সরস্বতী—বাগ্দেবী, বীণাপাণি; বাক্য; বিদ্যা ও শিল্পের দেবতা; স্ত্রীরত্ন, উত্তমা স্ত্রী; সোমলতা; নদীবিশেষ; নদী; গঙ্গা। সরঃ দ্রঃ। সরস্+মতুপ্ অস্ত্যর্থে+ঈপ্। বি; স্ত্রী।

সরহদ্দ—সীমানা। আর্বী। বি।

সরা—১। মাটির ঢাকন, শরা। 'সরাব' শব্দজ। বি। ২। গমন করা, প্রস্থান করা, চলা, নড়া; নিঃসৃত বা নির্গত হওয়া; ব্যবহার করা। বাং ক্রি।

সরাই—পথিক-নিবাস, পান্থশালা, চটি। ফার্সী। বি।

সরাক—জিনধর্ম্মাবলম্বী লোক, জৈন। প্রাঃ কবিপ্র। বি।

সরাগ—রাগযুক্ত, অনুরক্ত; রঞ্জিত; রক্তবর্ণ। রাগের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সরান—১। দীর্ঘরাজপথ, সরণি। দেশজ। বি। ২। চালিত করা, চালান, নড়ান, নাড়া; স্থানান্তরিত করা, গোপনে স্থানান্তরিত করা, লুকান, চুরি করা। বাং ক্রি।

সরাপ, –ব—সুরা, মদ্য। আর্বী। বি।

সরাব—শরাব, শরা। সর (জল)–অব্ (রক্ষা করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

সরাসরি, –রী—সংক্ষিপ্ত; স্থূল; মোটামুটি-ভাবে। দেশজ। ক্রি-বিণ।

সরিক—অংশী। ফার্সী। বি। [দ্রঃ।

সরিকানা, সরিকী—শরিকানা, শরিকী

সরিৎ—নদী। সৃ (গমন করা)+ইতি কর্ত্তৃবা। বি; স্ত্রী। [বি; পুং।

সরিৎপতি—সমুদ্র, সাগর। ৬ষ্ঠী তৎ।

সরিফ—মক্কার শাসনকর্ত্তা; শহরের প্রধান ব্যক্তি বা মণ্ডল। বৈদে। বি।

সরিষা—সর্ষপ। 'সর্ষপ' শব্দজ। বি।

সরীসৃপ—সর্প-বৃশ্চিক-ভেকাদি যে সকল জন্তু বুকে হাঁটিয়া চলে। যঙ্লুগন্ত সৃপ (পুনঃ পুনঃ গমন করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

সরু—১। খড়্গাদির মুষ্টি, মুট, বাঁট। সৃ (গমন করা)+উ কর্ত্তৃবা। বি; পুং। ২। ক্ষীণ, কৃশ, রোগা; সূক্ষ্ম; মিহি, পাতলা। দেশজ। বিণ।

সরুচাকলি—কলাইবাটা, চাউল বা চা প্রভৃতির দ্বারা প্রস্তুত পাতলা পিষ্টকবিশেষ; দেশজ। বি।

সরূপ—সদৃশ, তুল্য। সমান হইয়াছে রূপ যাহার, বহুব্রী। বিণ।

সরূপতা—সাদৃশ্য, তুল্যতা। সরূপ শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সরেজমিন—সরজমিন দ্রঃ।

সরেশ, সরেস—উৎকৃষ্ট, ভাল, শ্রেষ্ঠ। 'সরস' শব্দজ। বিণ। বিপরীত শব্দ—নিরেশ।

সরোজ—১। সরোবরজাত। বিণ। ২। সরসিজ, পদ্ম। সরস্ (সরোবর)—জন্ (জন্মা)+ড কর্ত্তৃবা। বি; ক্লীব।

সরোজিনী—পদ্মিনী, পদ্মের ঝাড়; পদ্মবহুল পুষ্করিণী। সরোজ (পদ্ম)+ইন্ সমূহার্থে, আছে অর্থে+ঈপ্। বি; স্ত্রী। [বি।

সরোদ—শারদা, বীণাবিশেষ, শরদ। ফার্সী।

সরোবর—পদ্মাদিযুক্ত জলাশয়, দীর্ঘিকা, পুষ্করিণী। সরস্এর মধ্যে বর, ৭মীতৎ। বি; পুং।

সরোরুহ—সরসিজ, পদ্ম। সরস্—রুহ্ (জন্মা)+ক কর্ত্তৃবা। বি; ক্লীব।

সরোষ—ক্রুদ্ধ। বহুব্রী। বিণ।

সর্গ—সৃষ্টি; স্বভাব, প্রকৃতি; নিয়ম; ত্যাগ; নিশ্চয়; মোক্ষ; মোহ; যত্ন; পদ্যগ্রন্থের অধ্যায়। সৃজ্ +ঘঞ্ ভাববা। বি; পুং।

সর্জ্জ(র্জ)—শালগাছ। সৃজ্ (ত্যাগ করা) +অনচ্ কর্ত্তৃবা। বি; পুং।

সর্জ্জ(র্জ)ন—১। সৃষ্টি; ত্যাগ। সৃজ্ (সৃষ্টি করা)+অনট্ ভাববা। ২। সৈন্যের পশ্চাদ্ভাগ। সৃজ্ +অনট্ কর্ম্মবা। বি; ক্লীব।

সর্জ্জ(র্জ)রস—শাল-নির্য্যাস, শালের আঠা; ধূনা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সর্ত্, সর্ত্ত—কড়ার; নিয়ম, চুক্তি। আর্বী। বি।

সর্দ্দা(র্দা)র—অধ্যক্ষ, মুরুব্বি, দলপতি, নায়ক। ফার্সী। বি। স্ত্রী,—রণী।

সর্দ্দা(র্দা)রি—সর্দ্দারের কাজ বা পদ। সর্দ্দার+ই। বি।

সর্দ্দি(র্দি)—শ্লেষ্মা-রোগ, কফজ রোগ; ঠাণ্ডা, সরস বা আর্দ্রভাব। ফার্সী। বি।

সর্দ্দি(র্দি)গরমি—শীত ও গ্রীষ্ম; গ্রীষ্মের সঙ্গে সঙ্গে শীতভোগহেতু রোগ (Sunstroke, heat-apoplexy). দ্বন্দ্ব। বি।

সর্প—নাগ, সাপ। সৃপ্ +অচ্ কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী, সর্পী।

সর্পভুক্ (—ভুজ্)—১। সর্পখাদক, সাপখেকো। বিণ। ২। গরুড়, গোখা; ময়ূর। সর্প—ভুজ্ (খাওয়া)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি; পুং।

সর্পরাজ—বাসুকি; অনন্তদেব। সর্পসমূহের রাজা, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সর্পসত্র—সর্পনাশক যজ্ঞ, সর্পকুল-ধ্বংসের নিমিত্ত যজ্ঞ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

সর্পাঘাত—সর্পদংশন, সাপে কামড়ান। সর্প দ্বারা আঘাত, ৩য়াতৎ। বি; পুং।

সর্পিঃ (**সর্পিস্**), **সর্পি**—আজ্য, ঘৃত। সৃপ (গমন করা)+ইস্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

সর্পিণী—স্ত্রীজাতীয় সর্প, সর্পী; ক্রূরহৃদয়া নারী। সর্প+ইনী (বাংলা স্ত্রীপ্রত্যয়)। বি; স্ত্রী।

সর্পিল—সর্পের গতিভঙ্গির ন্যায় আঁকাবাঁকা, কুটিল; ইসক্রুপের শিরার মত। সৃপ্ +ইলচ্ কর্ত্তৃবা। বিণ।

সর্পী (**সর্পিন্**)—বিসর্পণশীল, গমনকারী। সৃপ্ (গমন করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী—র্পিণী।

সর্পী—স্ত্রীজাতীয় সর্প। সর্প+ঈপ্। বি; স্ত্রী।

সর্ব্ব(র্ব)—১। সমুদায়, সকল। সর্ব্ব (গমন করা)+অচ্ কর্ত্তৃবা। সর্ব্ব। ২। শিব; বিষ্ণু। সৃ (গমন করা)+বন্ করণবা। বি; পুং।

সর্ব্ব(র্ব)ংসহ—সকল সহিষ্ণু, যে সমস্ত সহ্য করে। সর্ব্ব—সহ্ +খ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—হা।

সর্ব্ব(র্ব)ংসহা—পৃথিবী। বি; স্ত্রী।

সর্ব্ব(র্ব)জনীন—সকললোক-হিতকর; সর্ব্বজনসম্বন্ধীয়; বিখ্যাত। সর্ব্ব যে জন সে সর্ব্বজন, কর্ম্মধা। সর্ব্বজন শব্দ+ঈন হিতার্থে। বিণ।

সর্ব্ব(র্ব)জ্ঞ—সকল বিষয়ে জ্ঞানবান, সমস্তবিৎ, যে সব জানে। সর্ব্ব—জ্ঞা (জানা) +ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—জ্ঞা।

সর্ব্ব(র্ব)তঃ (—তস্), **সর্ব্বত**—সকল দিকে; সকল প্রকারে; সকল বিষয়ে; সর্ব্ব

শব্দ (সকল) + তস্ অধিকরণে ৭মীস্থানে। অব্য।

সর্ব্ব(র্ব)তোভদ্র—১। পূজাদি কর্ম্মে ঘটাধার চতুষ্কোণ মণ্ডলবিশেষ; ধনীদিগের চতুর্দ্দিকে দ্বারযুক্ত গৃহবিশেষ; (জ্যোতিষে) শুভাশুভ নির্ণয়ার্থ মণ্ডলবিশেষ; চিত্রকাব্য-বিশেষ। সর্ব্বতঃ (সকল দিকে বা সকল বিষয়ে) ভদ্র (শুভজনক), ৭মীতৎ বা সুপ্‌সুপা। বি; পুং বা ক্লীব।

সর্ব্ব(র্ব)তোভাবে—সর্ব্বপ্রকারে, সম্পূর্ণ-রূপে। সর্ব্বতঃ (সকল বিষয়ে) ভাব হইয়াছে যাহাতে, অলুক্ বহুব্রী। ক্রি-বিণ।

সর্ব্ব(র্ব)তোমুখ—১। সকলদিগাভিমুখ। সর্ব্বতঃ (সকল দিকে) মুখ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -খী। ২। আকাশ; জল। বি; ক্লীব। ৩। ব্রহ্মা; শিব; আত্মা। বি; পুং।

সর্ব্ব(র্ব)ত্যাগী (-গিন্)—সকল ত্যাগ-কারী; যাবতীয় বিষয়ভোগ বর্জ্জনকারী, বিষয়ভোগে নিঃস্পৃহ। সর্ব্ব (সকল) - ত্যজ্ (ছাড়া) + ঘিনুণ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -গিনী।

সর্ব্ব(র্ব)ত্র—সকল দিকে; সকল দেশে বা স্থানে, সকল কালে; সকল বিষয়ে। সর্ব্ব (সকল) + ত্র ৭মীস্থানে। অব্য।

সর্ব্ব(র্ব)থা—সকল প্রকারে, ভৃশ, অত্যন্ত; হেতু; স্বীকার; নিশ্চয়। সর্ব্ব (সকল) + থাচ্ প্রকারার্থে। অব্য।

সর্ব্ব(র্ব)দমন—১। সকলের দমনকর্ত্তা, সকলের শাসক। সর্ব্ব—ণিজন্ত দম্—দমি (দমন করা) + অন কর্ত্তৃবা। বিণ; ত্রি। ২। রাজা দুষ্মন্তের পুত্র। শকুন্তলার গর্ভে ইঁহার জন্ম; ইনি পরে ভরত নামে অভিহিত হইয়াছিলেন।। বি; পুং।

সর্ব্ব(র্ব)দর্শী (-দর্শিন্)—১। সকলদ্রষ্টা; অভিজ্ঞ। বিণ। ২। ঈশ্বর; বুদ্ধ। সর্ব্ব—দৃশ্ (দেখা) + ণিন্ কর্ত্তৃবা। বি; পুং।

সর্ব্ব(র্ব)দা—সকল সময়ে। সর্ব্ব শব্দ (সকল) + দা কালার্থে ৭মীস্থানে। অব্য।

সর্ব্ব(র্ব)নাম (-নামন্)—সকলের নাম; (ব্যাকরণে) সর্ব্ব প্রভৃতি যে সকল শব্দ বিশেষ্যের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সর্ব্ব(র্ব)নাশ—সকলের ধ্বংস, সমস্ত ক্ষয়; মহাবিপদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সর্ব্ব(র্ব)নাশা—সর্ব্বনাশকারী। সর্ব্বনাশ করে যে, উপতৎ। বিণ। স্ত্রী, -শী।

সর্ব্ব(র্ব)নাশী (-নাশিন্)—সকলধ্বংস-কারী, সমস্ত ক্ষয়কারক। সর্ব্ব—নশ্ (নষ্ট করা) + ণিচ্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -শিনী।

সর্ব্ব(র্ব)নাশী—সর্ব্বনাশিনী, সমুদায় ধ্বংস-কারিণী, সমস্ত ক্ষয়কারিণী। দেশজ। বিণ; স্ত্রী।

সর্ব্ব(র্ব)নিয়ন্তা (-নিয়ন্তৃ)—সকলের নিয়মনকর্ত্তা, সকলের পরিচালক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, -ন্ত্রী।

সর্ব্ব(র্ব)প্রথম—সকলের অগ্রবর্ত্তী; ৭মীতৎ। বিণ। [বিণ।

সর্ব্ব(র্ব)প্রধান—সকলের শ্রেষ্ঠ। ৭মীতৎ।

সর্ব্ব(র্ব)বাদিসম্মত—সকল সম্প্রদায় কর্ত্তৃক স্বীকৃত, সকল মতবাদীর অনুমোদিত। সর্ব্ব যে বাদী, কর্ম্মধা; তাঁহারা সম্মত, ৩য়াতৎ। বিণ।

সর্ব্ব(র্ব)ব্যাপক—সর্ব্বত্র ব্যাপ্তিশীল, যাহা সকল ব্যাপিয়া আছে। ৭মীতৎ। বিণ।

সর্ব্ব(র্ব)ব্যাপিত্ব—সর্ব্বত্র ব্যাপ্তিশীলতা, সকল স্থানে বা সকল বস্তুতে ব্যাপিয়া থাকা বা থাকিবার শক্তি। সর্ব্বব্যাপিন্ + ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

সর্ব্ব(র্ব)ব্যাপী (-ব্যাপিন্)—১। সর্ব্বত্রব্যাপ্তিশীল, সকলে অবস্থিত। বিণ। স্ত্রী, -পিনী। ২। ঈশ্বর; বায়ু। সর্ব্ব—বি—আপ্ + ণিন্ কর্ত্তৃবা। বি; পুং।

সর্ব্ব(র্ব)মঙ্গ(ঙ্গ)লা—ভগবতী, দুর্গা। সর্ব্ববিষয়ে মঙ্গল হয় যাঁহা হইতে, বহুব্রী। বি; স্ত্রী।

সর্ব্ব(র্ব)ময়—১। সর্ব্বাত্মক, সকলস্বরূপ।

সর্ব্ব (সকল) + ময়ট্। বিণ। ২। ঈশ্বর। বি; পুং। স্ত্রী, -য়ী।

সর্ব্বশঃ (-শস্), সর্বশ—সর্ব্ব সর্ব্ব; সকল প্রকারে। সর্ব্ব শব্দ + চশস্। অব্য।

সর্ব্ব(র্ব)শক্তিমান্ (-মৎ)—১। সকল-শক্তিশালী, সকল প্রকার ক্ষমতাবিশিষ্ট। বিণ। স্ত্রী, -মতী। ২। ঈশ্বর। সর্ব্বশক্তি + মতুপ্ অস্ত্যর্থে। বি; পুং। বি, -মন্তা, -মন্ত।

সর্ব্ব(র্ব)শ্রেষ্ঠ—সর্ব্বপ্রধান, সকলের উৎকৃষ্ট। ৭মীতৎ। বিণ। স্ত্রী, -ষ্ঠা।

সর্ব্ব(র্ব)সম্মত—সকলের স্বীকৃত, সকল লোকের অনুমোদিত। ৩য়াতৎ। বিণ।

সর্ব্ব(র্ব)সম্মতি—সকলের স্বীকৃতি, সকল লোকের অনুমোদন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সর্ব্ব(র্ব)সম্মতিক্রমে—সকলের অনু-মোদনে। সর্ব্বসম্মতির ক্রম যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

সর্ব্ব(র্ব)সাধারণ—ইতর ভদ্র সকল লোক; যাবতীয় লোক। কর্ম্মধা। বি; পুং।

সর্ব্ব(র্ব)স্ব—সকল ধন, সমস্ত সম্পত্তি। সর্ব্ব (সকল) যে স্ব (ধন), কর্ম্মধা। বি; ক্লীব।

সর্ব্ব(র্ব)স্বান্ত—১। সর্ব্বস্বক্ষয়, সমস্ত সম্পত্তিনাশ। সর্ব্বস্বের অন্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। যাহার সমস্ত ধন ক্ষয়প্রাপ্ত হইয়াছে, দরিদ্র দশায় উপনীত। সর্ব্বস্বের অন্ত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -ন্তা।

সর্ব্বাঙ্গ, সর্বাংগ—সকল অবয়ব; সকল বিষয়। সর্ব্ব যে অঙ্গ, কর্ম্মধা। বি; ক্লীব।

সর্ব্বাঙ্গসুন্দর, সর্বাংগসুন্দর—সকল বিষয়ে সুন্দর বা পরিপাটী। ৭মীতৎ। বিণ। স্ত্রী, -রী।

সর্ব্বাঙ্গীণ, সর্বাংগীণ—সকল-অঙ্গ-ব্যাপক; সকল-বিষয়ক। সর্ব্বাঙ্গ + ঈন সম্বন্ধার্থে; বিণ।

সর্ব্বা(র্বা)ণী—শিবানী, ভবানী, শঙ্করী। সর্ব্ব (শিব) + ঙীপ্ পত্নী-অর্থে। বি; স্ত্রী।

সর্ব্বা(র্বা)ধিকারী (-রিন্)—সকল বিষয়ে অধিকারসম্পন্ন; উপাধিবিশেষ। সর্ব্বাধিকার + ইন্। বি; পুং বা বিণ।

সর্ব্বা(র্বা)ন্তর্য্যা(র্যা)মী (-মিন্)—১। সকলের অন্তরের ভাবজ্ঞ, যিনি সকলের অন্তরের কথা জানেন। সর্ব্বের (সকলের) অন্তর্য্যামী, ৬ষ্ঠীতৎ। বিণ। ২। ঈশ্বর। বি; পুং।

সর্ব্বা(র্বা)র্থ—যাবতীয় প্রয়োজন; সকল প্রকার তাৎপর্য্য। কর্ম্মধা। বি; পুং।

সর্ব্বা(র্বা)র্থসাধিকা—১। সকল প্রয়োজন সিদ্ধকারিণী। বিণ। ২। দুর্গা। সর্ব্বার্থের সাধিকা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সর্ব্বে(র্বে)শ্বর—১। সকলের প্রভু। বিণ। ২। শিব। সর্ব্বের ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সর্ব্বেসর্ব্বা, সর্বেসর্বা—সকলের উপর কর্ত্তা। দেশজ। বিণ।

সর্ব্বো(র্বো)ত্তম—সকলের চেয়ে ভাল। ৭মীতৎ। বিণ। [৬ষ্ঠীতৎ। অব্য।

সর্ব্বো(র্বো)পরি—সকলের উপর।

সর্ব্বৌ(র্বৌ)ষধি—কুষ্ঠ মাংসী হরিদ্রা বচা শৈলেয় চন্দন মুরা রক্তচন্দন কর্পূর মুস্তা এই কয়টি। সর্ব্বা যে ওষধি, কর্ম্মধা। বি; স্ত্রী।

সর্ষপ—তৈলপ্রদ শস্যবিশেষ, সরিষা, সরষে ছয়-লিখ্যা-পরিমাণ। সৃ (গমন করা) + অপ্ অপাবা। বি; পুং।

সল—শ্লথ, শিথিল, ঢিল। দেশজ। বিণ।

সলজ্জ—সব্রীড়, লজ্জিত। লজ্জার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী, -জ্জা।

সলা—যুক্তি, মন্ত্রণা, পরামর্শ। আর্বী। বি।

সলাজ—সলজ্জ, লজ্জাযুক্ত। 'সলজ্জ' শব্দজ। বিণ।

সলিতা, সল্‌তে—প্রদীপের সরু পলিতা বা কার্পাসবর্ত্তি। দেশজ। বি। [ক্লীব।

সলিল—জল। সল্ + ইলচ্ কর্ত্তৃবা। বি;

সলিলক্রিয়া—তর্পণাদি; জল দ্বারা চিতা ধৌতকরণ। ৩য়াতৎ। বি; স্ত্রী।

সলিলসমাধি—জলে ডুবিয়া মৃত্যুমুখে পতিত হওয়া। ৭মীতৎ। বি; পুং।

সলীল—লীলাযুক্ত ; ভঙ্গী-সহিত ; কৌতুহলী ; কৌতুকী। লীলার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

সল্‌মা—ডাকসাজের চুমকি। বৈদে। বি।

সল্লকী—সজারু ; বাবলা গাছ। সল্‌ (গমন করা)+অক কর্তৃবা+ঈপ্‌। বি ; স্ত্রী।

সশঙ্ক(ংক)—শঙ্কাযুক্ত, ভীত। শঙ্কার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্কা।

সশঙ্ক(ংক)চিত্ত—১। ভীত মনঃ। কর্ম্মধা। বি : ক্লীব। ২। শঙ্কিত চিত্তবিশিষ্ট, ভীতমনাঃ। সশঙ্ক হইয়াছে চিত্ত যাহার, বহুব্রী। বিণ।

সশঙ্কি(ংকি)ত—সশঙ্ক, ভীত, ত্রস্ত। বিণ। (এই পদটি ব্যাকরণবিরুদ্ধ)।

সশব্দে—শব্দসহকারে, শব্দ করিতে করিতে। শব্দ সহ বিদ্যমান যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

সশরীরে—শরীরের সহিত, মূর্ত্তিমান্‌ হইয়া ; স্বয়ং, নিজে। শরীরের সহিত বিদ্যমান যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

সশস্ত্র—শস্ত্রযুক্ত, অস্ত্রধারী। শস্ত্রের সহিত বিদ্যমান যে, বহুব্রী। বিণ।

সলজ্জ—সজ্জিত। সজ্জার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,—জ্জা।

সসত্ত্ব—প্রাণিযুক্ত। সত্ত্বের (প্রাণীর) সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ ; ত্রি।

সসত্ত্বা—গর্ভবতী। সত্ত্বের (জন্তুর) সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সসম্ভ্রম—সম্ভ্রমযুক্ত, ত্বরাবিশিষ্ট ; সগৌরব। সম্ভ্রমের সহিত বিদ্যমান যে, বহুব্রী। বিণ।

সসম্ভ্রমে—সম্ভ্রমসহকারে, ত্বরার সহিত ; সগৌরবে, সাদরে। সম্ভ্রমের সহিত বিদ্যমান যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

সসম্মানে—সম্মানসহকারে, মর্য্যাদার সহিত। বহুব্রী। ক্রি-বিণ।

সসাগরা—সাগর-সহিতা। সাগরের সহিত বর্ত্তমানা যে, বহুব্রী। বিণ।

সঙ্কটমিরা—সঙ্কট অবস্থা ; মুমূর্ষু দশা ; কঠিন সমস্যা। (কবি কালিদাস-কৃত 'দ্বাত্রিংশৎ পুত্তলিকা'র গল্প হইতে)। বি।

সসৈন্য—সেনাসমন্বিত, সৈন্যযুক্ত। সৈন্যের সহিত বিদ্যমান যে, বহুব্রী। বিণ।

সসৈন্যে—সেনার সহিত। সৈন্যের সহিত বিদ্যমান যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

সস্তা—স্বল্পমূল্য, সুলভ। হিন্দী। বিণ।

সস্ত্রীক—স্ত্রীযুক্ত, পত্নী-সহিত। স্ত্রীর সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। [বিণ।

সস্নেহ—স্নেহযুক্ত, বাৎসল্যবিশিষ্ট। বহুব্রী।

সস্পৃহ—স্পৃহাযুক্ত, উৎসুক, অভিলাষী। স্পৃহার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সস্মিত—সহাস্য, হাস্যযুক্ত। স্মিতের (হাস্যের) সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সহ—১। সাহিত্য ; সাদৃশ্য ; বিদ্যমানতা ; সাফল্য ; সমৃদ্ধি ; সম্বন্ধ। অব্য। ২। (অন্য পদের পরে থাকিলে) সহিষ্ণু ; সমর্থ ; সহায়। সহ্‌+অচ্‌ কর্তৃবা। বিণ। স্ত্রী, সহা।

সহকর্ম্মী(র্ম্মী) (—কর্ম্মিন্‌)—সাহায্যকারী, একসঙ্গে কার্য্যকারী। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী, —র্ম্মিণী।

সহকার—১। সুগন্ধ আম্রবৃক্ষ। সহ—কৃ (বিকীর্ণ করা)+অণ্‌ কর্তৃবা। ২। সহকারিতা, সহায়তা, সাহায্য। সহ—কৃ (করা)+ঘঞ্‌ ভাববা। বি ; পুং।

সহকারিতা—সহকারীর ভাব, সাহায্যকারিতা, সহায়তা করা। সহকারী দ্রঃ। সহকারিন্‌+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

সহকারী (—কারিন্‌)—সাহায্যকারী ; কারণবিশেষ। সহ—কৃ (করা)+ণিন কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

সহগমন—সঙ্গে গতি, অনুগমন ; সহমরণ, অনুমরণ। সহ (সহিত)—গম্‌ (যাওয়া) + অনট্‌ ভাববা। বি ; ক্লীব।

সহগামী (—গামিন্‌)—সঙ্গে সঙ্গে গমনকারী, অনুগামী, অনুবর্ত্তী, সমভিব্যাহারী, সঙ্গী ; আনুষঙ্গিক। সহ—গম্‌+ণিন কর্তৃবা। বিণ। স্ত্রী,—মিনী।

সহচর—সঙ্গী; বয়স্য, সখা। সহ—চর্ (গমন করা)+অচ্ কর্তৃবা। বিণ। [স্ত্রী।

সহচরী—সখী; পত্নী। সহচর্+ঈপ্। বি;

সহচারী (–চারিন্)—সহচর, সঙ্গী; বয়স্য, সখা। সহ (সহিত)–চর্ (গমন করা) +ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–রিণী।

সহজ—১। সহজাত; স্বাভাবিক, নৈসর্গিক; অনায়াসসিদ্ধ। সহ–জন্ (জন্মা)+ড কর্তৃবা। বিণ। ২। সুকর, সুসাধ্য, সুগম, সোজা, সরল। দেশজ প্রঃ। বিণ।

সহজজ্ঞান, –প্রবৃত্তি—সংস্কারজাতবোধ (Instinct). কর্মধা। বি; ক্লীব, স্ত্রী।

সহজলব্ধ—সহজে প্রাপ্ত। সহজে লব্ধ, সুপ্‌সুপা। বিণ।

সহজাত—সহোৎপন্ন, একসঙ্গে উদ্ভূত। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,–তা।

সহজাতসংস্কার—সহজজ্ঞান (তাহা দ্রঃ)।

সহজিয়া—বৈষ্ণব সম্প্রদায়বিশেষের সাধনপদ্ধতি (এই ধর্মমত 'কর্তাভজা' নামেও প্রসিদ্ধ); প্রাকৃতিক। দেশজ। বি।

সহজে—অনায়াসে; সাধারণতঃ, সামান্যকারণে, একটুতেই। দেশজ। ক্রি-বিণ।

সহজেতর—অস্বাভাবিক, অনৈসর্গিক, অলৌকিক। সহজ (স্বাভাবিক) হইতে ইতর (ভিন্ন), ৫মীতৎ। বিণ।

সহদেব—পঞ্চম পাণ্ডব, যুধিষ্ঠিরের সর্বকনিষ্ঠ বৈমাত্রেয় ভ্রাতা; মগধরাজ জরাসন্ধের পুত্র। সহ (সহিত)–দিব্ (ক্রীড়া করা)+অচ্ কর্তৃবা। বি; পুং।

সহধর্ম(র্ম)চারিণী—সহধর্মিণী, পত্নী। সহ –ধর্ম–চর্+ণিন্ কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

সহধর্মি(র্মি)ণী—পত্নী। সহ ধর্ম, সুপ্‌সুপা +ইন্+ঈপ্। বি; স্ত্রী।

সহন—১। সহ্যকরণ, ক্ষমা; প্রতীক্ষা। সহ্ (সহা)+অনট্ ভাববা। বি; ক্লীব। ২। সহিষ্ণু। সহ্+অন কর্তৃবা। বিণ।

সহনীয়—সহনযোগ্য, সহ্য। সহ্ (সহা) +অনীয় কর্মবা। বিণ।

সহপাঠী (–পাঠিন্)—সতীর্থ, একসময়ে এক গুরুর শিষ্য; এক বিদ্যালয়ে বা এক শ্রেণীতে অধ্যয়নকারী। সহ–পঠ্+ণিন্ কর্তৃবা। বিণ বা বি; পুং। স্ত্রী,–ঠিনী।

সহবৎ—সংসর্গ, সঙ্গ (Company); সংসর্গজনিত শিক্ষা, তরিবৎ। আর্বী। বি।

সহবাস—একসঙ্গে বাস, একত্র অবস্থান; স্ত্রী-পুরুষের সম্ভোগ, রমণ। সহ–বস্ (বাস করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সহমরণ—মৃতপতির সহিত মরণ, অনুমরণ, সহগমন। সুপ্‌সুপা। বি; ক্লীব।

সহমৃতা—মৃতপতির সহিত মৃতা, অনুমৃতা। সুপ্‌সুপা। বিণ; স্ত্রী।

সহযাত্রী (–যাত্রিন্)—একসঙ্গে গমনকারী। সহযাত্রা+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,–ত্রিনী।

সহযোগ—সংযোগ, মিলন। সহ–যুজ্ (যুক্ত হওয়া)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সহযোগিতা—সহকারিতা, কোন বিষয়ে একসঙ্গে যোগ দেওয়া; এক সঙ্গে কার্য্যকরণ। সহযোগিন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সহযোগী (–যোগিন্)—সহকারী, সঙ্গে যোগদাতা, সাহায্যকারী; একসঙ্গে কার্য্যকারী। সহ–যুজ্+ঘিনুণ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–গিনী।

সহর—নগর। ফার্সী। বি।

সহরবাসী—নগরনিবাসী, নাগরিক, সহরে লোক। সহর–বস্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–সিনী।

সহর্ষ—হর্ষযুক্ত, আনন্দিত। হর্ষের সহিত বর্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,–র্ষা।

সহসা—শীঘ্র; হঠাৎ; অকস্মাৎ; অবিমর্ষ। সহ–সো (নাশ করা)+ডা কর্তৃবা। অব্য।

সহস্র—১। দশ শত সংখ্যা, ১০০০। সমান শব্দ–হস্ (হাস্য করা)+র কর্তৃবা। বি; ক্লীব। ২। তৎসংখ্যক, হাজার। বিণ।

সহস্রধা—সহস্রবার; সহস্রপ্রকার। সহস্র+ধাচ্ প্রকারার্থে। অব্য।

সহস্রপাৎ (**-পাদ্**), **-পাদ**—বিরাটপুরুষ ; বিষ্ণু ; সূর্য্য। বহুব্রী। বি ; পুং।

সহস্রলোচন—দেবরাজ ইন্দ্র। সহস্র হইয়াছে লোচন যাঁহার, বহুব্রী। বি ; পুং।

সহস্রাক্ষ—ইন্দ্র ; বিষ্ণু। সহস্র হইয়াছে অক্ষি (চক্ষু) যাঁহার, বহুব্রী। বি ; পুং।

সহস্রাধিক—হাজারের বেশী। ৭মীতৎ। বিণ।

সহস্রার—শিরোমধ্যস্থ সহস্র-দলপদ্ম ; সহস্র অর (দল) যাহার, বহুব্রী। বি ; ক্লীব।

সহা—সহ্য করা ; সহনীয় হওয়া। বাং ক্রি।

সহাধ্যায়ী (**-য়িন্**)—সহপাঠী, এককালে এক গুরুর শিষ্য ; এক বিদ্যালয়ের বা এক শ্রেণীর ছাত্র। সহ (সহিত)—অধি—ই+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

সহান—সহ্য করান। বাং ক্রি।

সহানুভূতি—অপরের সুখদুঃখে তাদৃশ অনুভব, সমবেদনা। সহ (সমান) অনুভূতি, সুপ্ সুপা। বি ; স্ত্রী।

সহায়—সহচর ; সাহায্যকারী। সহ—ই (গমন করা)+অচ্ কর্ত্তৃবা। বিণ।

সহায়ক—পরিপোষক, সাহায্যকারী। সহ—ই+ণিচ্+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িকা।

সহায়তা—সাহায্য ; সহায়সমূহ। সহায় শব্দ+তা। বি ; স্ত্রী।

সহায়তাকারী (**-কারিন্**)—সাহায্যকর্ত্তা, পৃষ্ঠপোষক। সহায়তা—কৃ (করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

সহাস, -স্য—হাস্যযুক্ত, সস্মিত। হাস্যের সহিত বিদ্যমান যে, বহুব্রী। বিণ ; ত্রি।

সহাস্যবদন—হাস্যযুক্ত আনন, হাসিমুখ। সহাস্য হইয়াছে বদন যাহার, বহুব্রী। বিণ।

সহি—১। স্বাক্ষর, দস্তখত। আর্বী। বি। ২। সমান ; অনুযায়ী ; প্রমাণ ; সম্মতি, তথাস্তু। ফার্সী। অব্য। ৩। সখী। প্রাঃ কবিপ্র। বি ; স্ত্রী।

সহিত—১। সমভিব্যাহৃত ; সংযুক্ত। সহ্ (সহা)+ইত কর্ত্তৃবা। ২। হিতযুক্ত ; হিতকর। হিতের সহিত বর্ত্তমান যে, বহুব্রী, অথবা সম্ (সম্যক্) যে হিত, প্রাদিতৎ। বিণ ; ত্রি। স্ত্রী,—তা।

সহিষ্ণু—সহনশীল, ধৈর্য্যযুক্ত ; ক্ষমী, ক্ষমাবান্। সহ্ (সহা)+ইষ্ণু কর্ত্তৃবা শীলার্থে। বিণ ; ত্রি। [ফার্সী। বি।

সহিস—অশ্বরক্ষক, ঘোড়ার পরিচারক।

সহুরে—সহরবাসী। সহর+এ। বিণ।

সহৃদয়—প্রশস্তচিত্ত, সদন্তঃকরণ ; সামাজিক। হৃদয়ের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ ; ত্রি।

সহোক্তি—কাব্যের অলঙ্কারবিশেষ। সহ উক্তি, সুপ্ সুপা। বি ; স্ত্রী।

সহোঢ়—দ্বাদশবিধ পুত্রের অন্তর্গত পুত্রবিশেষ, গর্ভবতী কুমারীর বিবাহানন্তর জাত পুত্র। ঊঢার (বিবাহিতার) সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বি ; পুং।

সহোদর—একমাতৃ-গর্ভজাত ভ্রাতা। সহ (সমান) হইয়াছে উদর (মাতৃগর্ভ) যাহার, বহুব্রী। বি ; পুং। স্ত্রী,—রা।

সহ্য—১। সহনযোগ্য, সহনীয়। সহ্ (সহা)+যৎ কর্ম্মবা। বিণ। **সহ্য করা**—বরদাস্ত করা, সহা। ২। পর্ব্বতবিশেষ, পশ্চিমঘাট-পর্ব্বত। বি ; পুং।

সহ্যাদ্রি—পশ্চিমঘাট পর্ব্বত। সহ্য-নামক যে অদ্রি (পর্ব্বত), মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

সা—১। 'সাহা' এই জাতিগত উপাধির সংক্ষেপ। ২। বাদসাহ, রাজা ; মুসলমান ফকিরের উপাধি। 'শাহ্' শব্দজ। ৩। স্বরগ্রামের প্রথম স্বর, ষড়্‌জ। 'ষড়্‌জ' শব্দের সংক্ষেপ। বি। [ইং Cycle. বি।

সাইকেল—দুই চাকার গাড়ীবিশেষ।

সাইৎ—যোগাড়, সুবিধা, আত্মসাৎকরণ। দেশজ। বি। [বি।

সাউ—বণিক্ জাতিবিশেষ। 'সাধু' শব্দজ।

সাউথর—দাতা ; ঋণশোধ সম্বন্ধে যাহার কথা ঠিক থাকে। বৈদে। বিণ।

সাং—সাকিন বা সাকিম শব্দের সংক্ষেপ।

সাংখ্য—সাখ্য দ্রঃ।

সাংগ্রামিক—যুদ্ধসম্বন্ধীয়; যুদ্ধোপযোগী; রণকুশল, সমরনিপুণ। সংগ্রাম+ইক। বিণ। স্ত্রী,—কী।

সাংঘাতিক—সাঙ্ঘাতিক দ্রঃ।

সাংবৎসর, —রিক—বার্ষিক। সংবৎসর শব্দ+অণ্, ইক। বিণ। স্ত্রী,—রী,—কী।

সাংবাদিক—সংবাদসম্বন্ধীয়; সংবাদপত্র-সম্বন্ধীয় কার্য্যকারক (Journalist); নৈয়া-য়িক (Logician). সংবাদ+ইক। বিণ বা বি; পুং।

সাংসারিক—সংসারসম্বন্ধীয়; জীবনযাত্রা-সম্বন্ধীয়; পারিবারিক; সংসারাসক্ত। সংসার শব্দ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী।

সাংসারিকতা—সংসারাসক্তি। সাংসারিক +তা ভাবার্থে। বি; স্ত্রী।

সাঁ, সাঁই সাঁই, সোঁ—অনুকার-শব্দ, বেগসূচক শব্দ। দেশজ। অব্য।

সাঁইত্রিশ—সপ্তত্রিংশৎ, ৩৭। 'সপ্তত্রিংশৎ' শব্দজ। বিণ বা বি।

সাঁওতাল—ভারতের আদিম জাতিবিশেষ, অসভ্য জাতিবিশেষ। হিন্দীমূলক। বি। বিণ, সাঁওতালী। [বি।

সাঁকো—সেতু, বাঁধ, পুল। 'সংক্রম' শব্দজ।

সাঁচ্চা—১। সত্য, যথার্থ; প্রকৃত, আসল, খাটি। হিন্দী। বিণ। ২। সঞ্চিত করা, লুকান। প্রাঃ কবিপ্র। ক্রি।

সাঁজ-সেঁজুতি—বালিকাদিগের সান্ধ্যব্রত-বিশেষ। প্রাদে। বি।

সাঁজা, সাঁজো—দইয়ের বীজ, দম্বল। 'সন্ধান' শব্দজ। বি।

সাঁজাল—খড় ঘুঁটে প্রভৃতি পোড়াইয়া ধোঁয়া দেওয়া, যাহাতে গরু বাছুর প্রভৃতির গায়ে মাছি বা মশা লাগিতে না পারে। প্রাদে। বি। [বিণ।

সাঁজো, সাঁজা—সদ্য, টাট্‌কা। দেশজ।

সাঁজোয়া—বর্ম্ম, কবচ, কঞ্চুক। 'সংযোগ' শব্দজ। বি।

সাঁঝ, সাঁজ—সন্ধ্যাকাল। 'সন্ধ্যা' শব্দজ। বি। **সাঁঝক-বেরি**—সাঁঝের বেলায়, সন্ধ্যাকালে।

সাঁট, সাট—সঙ্কেত, ইশারা, ছাঁদি; সংক্ষেপ, স্বল্পতা। দেশজ। বি।

সাঁটা—লাগান, আঁটা, (প্রাচীরাদিতে) মারা। বাং ক্রি।

সাঁড়ক—প্রশস্ত বাখারি, চওড়া পাতলা কাবারি। প্রাদে। বি।

সাঁড়াশি—সন্দংশ, বড় চিমটাবিশেষ, উত্তপ্ত লৌহাদি ধরিবার জন্য কর্ম্মকারের যন্ত্রবিশেষ। 'সন্দংশিকা' শব্দজ। বি।

সাঁতরান, সাঁতারা—সন্তরণ করা, সাঁতার দেওয়া বা কাটা। বাং ক্রি।

সাঁতলান—তৈলঘৃতাদিতে সম্বরা দেওয়া, কষা। বাং ক্রি।

সাঁতার—সন্তরণ। 'সন্তরণ' শব্দজ। বি।

সাঁতারু—যে সাঁতার কাটে। সাঁতার+উ। বিণ।

সাঁধা, সাঁধান—প্রবেশ করা, ঢুকা। প্রাদে। ক্রি।

সাঁপি—শামা, শম্ব। দেশজ। বি।

সাঁপুড়া, সাঁপুড়ী—পেটিকা, পেঁটরা; পেঁড়া, কৌটা। প্রাদে। বি।

সাঁস—ফলাদির ভিতরের শস্য। দেশজ। বি।

সাকল্য—সমস্ত, সমুদায়, সমষ্টি, মোট। সকল শব্দ+ষ্যঞ্। বি; ক্লীব।

সাকাঙ্ক্ষ—আকাঙ্ক্ষাযুক্ত, সস্পৃহ, লুব্ধ। আকাঙ্ক্ষার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সাকার—আকৃতিবিশিষ্ট, সাবয়ব। আকারের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সাকারবাদ—উপাসনায় ঈশ্বরের কল্পিত মূর্ত্তির প্রয়োজন আছে—এই মতবাদ। ষষ্ঠী-তৎ। বি; পুং।

সাকারবাদী (—বাদিন্)—ঈশ্বরের মূর্ত্তি স্বীকারকারী, যে নিরাকার ঈশ্বরের মূর্ত্তি কল্পনা করে। সাকার—বদ্ (বলা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দিনী।

সাকারোপাসক—ঈশ্বরের মূর্ত্তি কল্পনা

করিয়া তাহার আরাধনা-কর্তা, প্রতিমা-পূজক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—সিকা।

সাকারোপাসনা—ঈশ্বরের মূর্তি কল্পনা করিয়া তাহার আরাধনা, প্রতিমা-পূজা। সাকারের উপাসনা, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

সাকিন, —ম—বসতিস্থল, নিবাস, ঠিকানা। আর্বী। বি।

সাকী—মদ পরিবেষণকারী। আর্বী। বি।

সাকেত—অযোধ্যাপুরী। সহ শব্দ—আ—কিত্ + ঘঞ্ অধিবা। বি ; ক্লীব বা পুং।

সাক্ষাৎ—১। প্রত্যক্ষ ; সম্মুখ ; মূর্তিমান্। সহ শব্দ—অক্ষ (অক্ষি শব্দজ)—অত্ (গমন করা) + ক্বিপ্ কর্তৃবা। অব্য। ২। দর্শন, দেখা ; সম্বন্ধ। দেশজ প্রঃ। বি।

সাক্ষাৎকার—প্রত্যক্ষকরণ ; দেখা করা। সাক্ষাৎ—কৃ (করা) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

সাক্ষাৎসম্বন্ধ—প্রত্যক্ষ সম্বন্ধ ; দৃষ্ট ব্যাপার, বাহ্য ব্যাপার। সুপ সুপা। বি ; পুং।

সাক্ষি—সাক্ষ্য। 'সাক্ষিন্' শব্দজ। বি।

সাক্ষিগোপাল—১। কেবল সাক্ষিরূপে উপস্থিত, নিশ্চেষ্টভাবে অবস্থিত। দেশজ প্রঃ। বিণ। ২। দেবমূর্তিবিশেষ। পুরী যাইবার পথে সাক্ষিগোপাল-নামক স্থানে ইনি অবস্থিত। কথিত আছে যে, সাক্ষ্য দিয়া ইনি ঐ নামে অভিহিত হইয়াছেন। শ্রীক্ষেত্র যাত্রীরা অবশ্য দ্রষ্টব্য জ্ঞানে ইহাকে দর্শন করিতে যায়।

সাক্ষী (সাক্ষিন্)—সাক্ষাৎদ্রষ্টা, প্রত্যক্ষদর্শী ; উপদ্রষ্টা। সাক্ষাৎ + ইন্ দ্রষ্টা অর্থে। বি ; পুং বা বিণ। স্ত্রী,—ক্ষিণী।

সাক্ষ্য—সাক্ষীর কর্ম, এজাহার। সাক্ষী দ্রঃ। সাক্ষিন্ + ষ্ণ্য ভাবার্থে। বি ; ক্লীব।

সাক্ষ্যমঞ্চ—সাক্ষ্য দিবার স্থান, সাক্ষীর কাঠগড়া। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

সাগর—১। সমুদ্র ; সংখ্যাবিশেষ। সগর শব্দ + অণ্। বি ; পুং। সগররাজার ষষ্টি সহস্র পুত্র অপহৃত যজ্ঞাশ্বের অন্বেষণে প্রত্যেকে এক যোজন দীর্ঘ ও এক যোজন প্রস্থ ভূমিতল খনন করেন। এই খাত জলপূর্ণ হইলে সগরের নামানুসারে "সাগর" এই নাম প্রাপ্ত হয়। [শব্দজ। বি।

সাগরেদ—শিষ্য, চেলা। ফার্সী 'সাগিদ'

সাগরেদি—শিষ্যত্ব। সাগরেদ + ই। বি।

সাগু, সাবু—তালাদিবর্গের বৃক্ষবিশেষের মজ্জা হইতে প্রস্তুত খাদ্যদানা, রোগীর পথ্যবিশেষ। মালয়ী শব্দ। বি।

সাগ্নিক—অগ্নিহোত্রী বিপ্র। অগ্নির সহিত বর্তমান যে, বহুব্রী। বি ; পুং।

সাঙন—শ্রাবণ। প্রাঃ কবিপ্র। বি।

সাঙরি—স্মরণ করিয়া। প্রাঃ কবিপ্র। বিণ।

সাঙলা—শ্যামলা। প্রাঃ কবিপ্র। বিণ।

সাঙলী(লি)—শ্যামবর্ণা ; শ্যামবর্ণা গাভী। প্রাঃ কবিপ্র। বি বা বিণ ; স্ত্রী।

সাঙ্কে(ংকে)তিক—সংকেত সম্বন্ধীয় ; সংকেতসূচক ; সংকেত দ্বারা সূচিত ; সংকেতকারক। সংকেত + ইক। বিণ। স্ত্রী,—কী।

সাঙ্খ্য, সাংখ্য—১। কপিল-প্রণীত দর্শনশাস্ত্র। সংখ্যা + অণ্। বি ; ক্লীব। ২। জ্ঞানী। সংখ্যা (জ্ঞান) + অণ্। বি ; পুং।

সাঙ্গ(ংগ)—১। অঙ্গযুক্ত, সর্বাবয়ববিশিষ্ট। অঙ্গের সহিত বর্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী, সাঙ্গা। ২। সমাপ্ত, শেষ। দেশজ প্র। বিণ।

সাঙ্গা(ংগা)—১। অঙ্গযুক্তা। সাঙ্গ + আপ্। বিণ ; স্ত্রী। ২। জিনিসপত্র রাখিবার নিমিত্ত ভিত্তিগাত্রস্থ বংশাধার বা তক্তা ; বাঁশের আলনা ; হিন্দুবিধবাবিবাহ বা নিকা। দেশজ। বি। [প্রাদে। বি।

সাঙ্গাত, সেঙ্গাত, সেঙাত—বন্ধু, সখা।

সাঙ্গোপাঙ্গ, সাংগোপাংগ—অঙ্গ ও উপাঙ্গ সমেত ; সদলবল। বহুব্রী। বিণ।

সাঙ্ঘাতিক, সাংঘাতিক—নাশজনক, মারাত্মক। সঙ্ঘাত + ইক। বিণ।

সাচি—বক্র, তির্যক্। সচ্ (সেবা করা) + ইঞ্ কর্তৃবা। অব্য।

সাচীকৃত—বক্রীকৃত, তির্য্যক্‌কৃত, নোয়ান। সাচি (বক্র) + অভূততদ্ভাবার্থে চ্বি (=সাচী) —কৃ + ক্ত কর্ম্মবা। বিণ।

সাচ্চা—সাঁচ্চা দ্রঃ।

সাজ—১। সজ্জা, বেশ, শোভা; অলঙ্কার; উপকরণ; সরঞ্জাম। 'সজ্জা' শব্দজ। বি। ২। সজ্জিত হও বা কর; সাজে, শোভা পায়। প্রাঃ কবিপ্র। ক্রি। [বি।

সাজগোজ—পোশাক-পরিচ্ছদ। দেশজ।

সাজঘর—অভিনেতৃগণের সাজিবার ঘর (Green-room). ৬ষ্ঠী তৎ। বি।

সাজন্ত—মানানসই, শোভন; সজ্জিত. শোভিত। সাজ্ + অন্ত কর্ত্তৃবা। বিণ।

সাজশ—মন্দকার্য্যে সহযোগিতা। আর্বী। বি।

সাজা—১। শাস্তি, দণ্ড। আর্বী। বি। ২। সজ্জিত হওয়া বা করা; শোভা পাওয়া, উপযুক্ত হওয়া, মানান; সেবন বা ভোগের যোগা করা (যেমন, তামাক সাজা)। বাং ক্রি। ৩। দধি প্রস্তুত করিবার দম্বল। 'সন্ধান' শব্দজ। বি।

সাজাত্য—সজাতীয়তা; একরূপতা। সজাতি + ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

সাজান—সজ্জিত করা, গুছান, শ্রেণীবদ্ধ বা শৃঙ্খলাবদ্ধ করা। বাং ক্রি।

সাজি—১। পুষ্পাধার, পুষ্পচয়নপাত্র। দেশজ। বি। ২। সাজিয়া, সজ্জিত হইয়া। কবিপ্র। ক্রি।

সাজিমাটি—কাপড় ধুইবার একপ্রকার ক্ষার মাটি। 'সর্জ্জিকা' শব্দজ। বি।

সা-জোয়ান—খুব বলবান্ ব্যক্তি, হৃষ্টপুষ্ট জোয়ান্, মোটা মরদ। দেশজ। বি বা বিণ।

সাজোয়াল—তহশীলদার। হিন্দীমূলক। বি।

সাট—গুপ্তমন্ত্রণা, যোগসাজশ, সড়। দেশজ। বি। [Satin. বি।

সাটিন—মসৃণ রেশমী বস্ত্রবিশেষ। ইং

সাটী—স্ত্রীলোকের সাড়ী। 'শাটী' শব্দজ। বি।

সাটোপ—সগর্ব্ব, অহঙ্কৃত; বিকট। আটোপের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সাড়, সাদ—চেতনা, সংজ্ঞা; স্পর্শজ্ঞান। 'সাড়া' শব্দের সংক্ষেপ। বি। [বিণ।

সাড়ম্বর—আড়ম্বরপূর্ণ, জাঁকাল। বহুব্রী।

সাড়া—শব্দ, রব; সোরগোল; বাক্য, কথা, আহ্বান, ডাক; উত্তর, জবাব। দেশজ। বি।

সাড়াশব্দ—কোনরূপ শব্দ। দ্বন্দ্ব। বি।

সাড়ী—স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র, শাটী। 'শাটী' শব্দজ। বি। [বিণ।

সাড়ে—সার্দ্ধ, অর্দ্ধের সহিত। 'সার্দ্ধ' শব্দজ।

সাৎ—লাভ, গ্রহণ; প্রাপ্ত, গৃহীত। অব্য।

সাত—১। সপ্ত, ৭। 'সপ্তন্' শব্দজ। বি বা বিণ। **সাতেও নাই পাঁচেও নাই**—কোনও সংস্রবে নাই। **সাত সতীনের ঘর**—বহু পত্নীর সংসার; বহু হিংসা দ্বেষ ও কলহের স্থান। **সাত কথা শুনান**—বহু দোষারোপ বা অনুযোগ করা; নানা কটু কথা বলা। **সাত ঘাটের জল খাওয়ান**—নাকালের একশেষ করা। **সাত তাড়াতাড়ি**—অতিশয় দ্রুত। ২। সাথ, সহিত, সঙ্গে। প্রাঃ কবিপ্র। বি।

সাতই, সাতুই—মাসের সপ্তম দিবস। সাত + অই। বি বা বিণ।

সাতচল্লিশ—৪৭ সংখ্যা। 'সপ্তচত্বারিংশৎ' শব্দজ। বি বা বিণ।

সাতত্য—অবিচ্ছেদ, অবিরাম। সতত শব্দ + ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব। [বহুব্রী। বি।

সাতনর, —নরী—মালা বা হারবিশেষ।

সাতপাঁচ—বহুবিধ, নানাপ্রকার, এলোমেলো; অগ্রপশ্চাৎ। দ্বন্দ্ব। বি বা বিণ।

সাতষট্টি—সপ্তষষ্টি, ৬৭। 'সপ্তষষ্টি' শব্দজ। বি বা বিণ। [বি বা বিণ।

সাত-সতের—বহুবিধ, নানা। দেশজ।

সাতাইশ, সাতাশ—সপ্তবিংশতি, ২৭। 'সপ্তবিংশ' শব্দজ। বি বা বিণ।

সাতাইশে, সাতাশে—মাসের সপ্তবিংশ দিবস। সাতাইশ, সাতাশ + এ। বি বা বিণ। [শব্দজ। বি বা বিণ।

সাতাত্তর—সপ্তসপ্ততি, ৭৭। 'সপ্তসপ্ততি'

সাতানই, -নব্বই—'সপ্তনবতি' ৯৭। 'সপ্তনবতি' শব্দজ। বি বা বিণ।

সাতান্ন—সপ্তপঞ্চাশৎ, ৫৭। 'সপ্তপঞ্চাশৎ' শব্দজ। বি বা বিণ।

সাতাল—বাহ্বাস্ফোটপূর্ব্বক আঘাত। 'সপ্ততাল' শব্দজ। বি। [দ্রঃ।

সাতাশ, সাতাশে—সাতাইশ, সাতাইশে

সাতাশি, -শী—১। সপ্তাশীতি, ৮৭। 'সপ্তাশীতি' শব্দজ। ২। সপ্তবিংশতি, ২৭। প্রাঃ কবিপ্র। বি বা বিণ।

সাতি—সহিত, সঙ্গে। প্রাঃ কবিপ্র। অব্য।

সাতিশয়—অত্যন্ত, অধিক। অতিশয়ের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সাত্ত্বিক, সাত্বিক—১। সত্ত্বগুণসম্বন্ধীয়, সত্ত্বগুণযুক্ত, সত্ত্বগুণ-জাত; সত্য; সৎ, সাধু। সত্ত্ব, সত্ত্ব+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী,—কী। ২। মনের ভাববিশেষ, ইহার ক্রিয়া অষ্টবিধ, যথা—স্তম্ভ, স্বেদ, রোমাঞ্চ, স্বরভঙ্গ, বেপথু, বৈবর্ণ, অশ্রু, প্রলয়। বি; পুং।

সাত্ত্বিকাহার—সত্ত্বগুণবর্দ্ধক খাদ্য; পেঁয়াজ রশুন মাছ মাংস-বর্জ্জিত খাদ্য। কর্ম্মধা। বি; পুং।

সাত্যকি—যদুবংশীয় সত্যকের পুত্র, শ্রীকৃষ্ণের সারথি। অপর নাম যুযুধান। সত্যক+ষ্ণি। বি; পুং।

সাথ—সহিত, সঙ্গ, সঙ্গে। 'সার্থ' শব্দজ। বি।

সাথী—সঙ্গী, সহচর, সহায়। সাথ+ঈ। বি বা বিণ।

সাদন—অবসাদন, অবসন্নকরণ, দূরীকরণ; বিনাশন। ণিজন্ত সদ্=সাদি (অবসন্ন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

সাদর—আদরযুক্ত, প্রীতিবিশিষ্ট। আদরের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সাদরসম্ভাষণ—আদরযুক্ত আলাপ, আদর সহকৃত কথোপকথন। কর্ম্মধা। বি; ক্লীব।

সাদা—শুভ্র, শুক্ল, ধবল, অলিখিত (কাগজ); সরল, অকপট; অমিশ্রিত; সহজ, সোজা। ফার্সী। বিণ।

সাদাসিধা, -সিদে—সোজাসুজি, মোটামুটি, জটিলতাশূন্য; আড়ম্বররহিত; অধিক মসলাবিহীন। কর্ম্মধা। বিণ।

সাদি—১। গজারোহী; অশ্বারোহী; রথারোহী; সারথি। সদ্ (গমন করা)+ইঞ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। বিবাহ। ফার্সী। বি।

সাদী (সাদিন্)—সাদি (১) তাহা দ্রঃ। সদ্ (গমন করা)+ণিন কর্ত্তৃবা। বি বা বিণ: পুং। স্ত্রী,—দিনী।

সাদৃশ্য—একরূপতা, তুল্যতা; আলেখ্য। সদৃশ শব্দ+ষ্যঞ ভাবার্থে। বি; ক্লীব।

সাধ—অভিলাষ, বাসনা, আকাঙ্ক্ষা; স্পৃহা, রুচি; সখ; দোহদ; গুর্ব্বিণীর ভোজনোৎসব বা তদনুষ্ঠানবিশেষ; আদর, যত্ন। 'শ্রদ্ধা' শব্দজ। বি।

সাধক—সাধনকর্ত্তা, নিষ্পাদক; আরাধক, পূজক। ণিজন্ত সিধ্ (=সাধি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ধিকা।

সাধন—১। আরাধনা; সিদ্ধি। সাধ্ (সিদ্ধ হওয়া)+অনট্ ভাববা। ২। করণকারকবিশেষ; হেতু; সহায়; বাহন; উপায়; সম্পত্তি; যুদ্ধোপকরণ; সৈন্য; লিঙ্গ, মেঢ্র। সাধ্+ণিচ্+অনট্ করণবা। ৩। নিষ্পাদন; দাপন; গমন; বিনাশন; অনুগমন; অন্ত্যেষ্টিক্রিয়া। ণিজন্ত সাধ্=সাধি (সাধন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। [বি; ক্লীব।

সাধনভজন—পূজা অর্চ্চনা, জপতপ। দ্বন্দ্ব।

সাধনা—আরাধনা; সম্পাদন; সিদ্ধি; উদ্দেশ্য সিদ্ধির জন্য যত্ন, ব্রত; অভ্যাস, শিক্ষা। ণিজন্ত সাধ্=সাধ (সাধন করা)+অন ভাববা+স্ত্রীলিঙ্গে আপ্। বি; স্ত্রী।

সাধনীয়—সাধনযোগ্য, সাধ্য; আরাধ্য। ণিজন্ত সিধ্ (=সাধি)+অনীয় কর্ম্মবা। বিণ।

সাধর্ম্ম্য(র্ম্ম্য)—সমান ধর্ম্মবত্তা; সাদৃশ্য। সধর্ম্ম দ্রঃ। সধর্ম্ম+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

সাধা—১। সাধনা করা, সিদ্ধির জন্য অভ্যাস করা; অনুনয় করা; অযাচিতভাবে কিছু

করা; ঘটন; সংগ্রহ করা, আদায় করা ('চাঁদা—'); সমাধান করা (যেমন—ব্যাকরণের পদ সাধা); অভ্যাস বা রেওয়াজ করা 'গলা—')। বাং ক্রি। ২। অভ্যস্ত, শিক্ষা দ্বারা মার্জ্জিত। সাধ্ +আ কর্ম্মবা। বিণ।

সাধারণ—১। একবিধ, তুল্য; সামান্য; সার্ব্বজনীন, নির্ব্বিশেষ; বর্গের সকলের। ধারণার সহিত বর্ত্তমান যে সে সাধারণ, বহুব্রী; তদুত্তরে অণ্ স্বার্থে। বিণ। স্ত্রী,—ণী। ২। সমস্ত লোক। দেশজ প্রঃ। বি।

সাধারণতঃ(—তস্),—ত—সাধারণভাবে. সামান্যতঃ, সচরাচর। সাধারণ+তস্। অব্য।

সাধারণতন্ত্র—প্রজার প্রতিনিধিবর্গকর্তৃক রাষ্ট্রচালনা। সাধারণ তন্ত্র (প্রধান) যাহাতে, বহুব্রী। বি; ক্লীব।

সাধারণ্য—সাধারণের ধর্ম্ম; সাধারণের সমবায়। সাধারণ+ষ্যঞ্। বি; ক্লীব।

সাধাসাধি—সাধ্যসাধনা, অনুনয়। দেশজ। বি।

সাধিকা—সাধক দ্রঃ।

সাধিত—নিষ্পাদিত; বিনাশিত; দণ্ডিত; দাপিত; শোধিত; প্রমাণাদি দ্বারা বিভাবিত। ণিজন্ত সিধ্=সাধি (সাধনা করা) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

সাধিষ্ঠান—দেহস্থ ষট্‌চক্রমধ্যে দ্বিতীয় চক্র। অধিষ্ঠানের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বি; ক্লীব।

সাধু—১। সৎ; সজ্জন, সুশীল, সৎ-স্বভাব, ধার্ম্মিক; মহৎ; সুন্দর; সদ্বংশজাত; হিত; সমর্থ; নিপুণ; উচিত। বিণ। স্ত্রী, সাধু, সাধ্বী। ২। বুদ্ধ; মুনি; বার্দ্ধুষিক, সুদখোর; বণিক্; মহাশয় ব্যক্তি। সাধি (সাধন করা)+উ কর্তৃবা। বি; পুং।

সাধুতা—সজ্জনতা, ধর্ম্মশীলতা। সাধু+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সাধুবাদ—'সাধু সাধু' এইরূপ বলা, ধন্যবাদ, প্রশংসা। সাধু শব্দ—বদ্ (বলা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

সাধুবৃত্ত—সচ্চরিত্র, সৎস্বভাববিশিষ্ট। সাধু হইয়াছে বৃত্ত যাহার, বহুব্রী। বিণ।

সাধুভাষা—সংস্কৃত ভাষা; বিশুদ্ধ ভাষা। সাধ্বী যে ভাষা, কর্ম্মধা। বি; স্ত্রী।

সাধুসম্মত—সৎ লোকদের অনুমোদিত; বিশুদ্ধ। ৩য়াতৎ। বিণ।

সাধে—ইচ্ছায়, সাধ করিয়া, শুধু শুধু, অকারণে। বাং অব্য।

সাধ্বস—ভয়; সম্ভ্রম; ব্যাকুলতা। সাধু শব্দ—অস্ (ক্ষেপণ করা)+অচ্ কর্তৃবা। বি; ক্লীব।

সাধ্বী—সাধুশীলা, সুচরিত্রা; সতী; পতিব্রতা। সাধু শব্দ+ঈপ্। বিণ; স্ত্রী।

সাধ্য—১। সাধনীয়; শক্য; নিবর্ত্তনীয়; জ্ঞেয়; জেয়; প্রতিবিধেয়। সিধ্ (সাধন করা)+ণিচ্+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, সাধ্যা। ২। দ্বাদশ গণদেবতাবিশেষ; যোগবিশেষ; শর। সাধি+ণ্যৎ করণবা। বি; পুং। ৩। 'সাধ্যি', সম্পাদনের ক্ষমতা বা যোগ্যতা। দেশজ প্রঃ। বি।

সাধ্যমত—ক্ষমতানুযায়ী, যথাসাধ্য। ৬ষ্ঠীতৎ। বিণ। [দেশজ। বি।

সাধ্যসাধনা—সাধাসাধি, অনুনয়বিনয়।

সাধ্যাতিরিক্ত, সাধ্যাতীত—ক্ষমতার অতীত, সাধ্যাতিরিক্ত। ৫মীতৎ, ২য়াতৎ। বিণ।

সাধ্যি—সামর্থ্য, শক্তি। 'সাধ্য' শব্দজ। বি।

সান—১। সাড়া, চেতনা, সংজ্ঞা, অনুভূতি, অবগুণ্ঠন, ঘোমটা। প্রাদে। বি। ২। শান; শুশুমন্ত্রণা, সড়; শব্দ, ইঙ্গিত, ইসারা, ঠার। প্রাঃ কবিপ্র। বি। [আর্বী। বি।

সানক, সানকি—চিনামাটি প্রভৃতির থালা।

সানন্দ—সহর্ষ, আহ্লাদিত; আনন্দের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সানা—১। তাঁতের অঙ্গবিশেষ, যাহার মধ্য দিয়া টানার সূতা সকল এক এক গাছি করিয়া পৃথক্‌ভাবে প্রসারিত থাকে। দেশজ। ২। দুর্ভেদ্যকবচ, বর্ম্ম। প্রাঃ কবিপ্র। বি।

৩। শান্ত হওয়া; পর্য্যাপ্ত হওয়া; চৈতন্য হওয়া; চটকাইয়া মাখা, খাসা। বাং ক্রি।

সানাই—কাষ্ঠনির্ম্মিত বংশীবিশেষ। ফার্সী 'শাহ্‌নাহ্‌' শব্দজ। বি।

সানান—সান বা চৈতন্য জন্মান, টের পাওয়ান; পর্য্যাপ্ত হওয়া; পোষান। বাং ক্রি।

সানি—ইসারা; ছানি, গবাদির নিমিত্ত খইলমাখা কাটা বিচালি বা জাব। দেশজ। বি।

সানু—গিরি-তট, পর্ব্বতের উপরিস্থ সমতল ভূমি; অগ্রভাগ; বন। সন্ (দেওয়া) + ঞুণ্ কর্ত্তৃবা। বি; ক্লীব বা পুং।

সানুদেশ—পর্ব্বতের উপরিস্থ সমতল ভূভাগ। সানুই যে দেশ, কর্ম্মধা। বি; পুং।

সানুনয়—বিনয়পূর্ণ। অনুনয় সহ বর্ত্তমান, বহুব্রী। বিণ।

সানুবন্ধ—নির্ব্বন্ধযুক্ত, (ব্যাকরণে) ইৎযুক্ত। অনুবন্ধ সহ বর্ত্তমান, বহুব্রী। বিণ।

সানুমান্ (–মৎ)—ভূধর, পর্ব্বত। সানু শব্দ + মতুপ্ অস্ত্যর্থে। বি; পুং।

সান্ত—সসীম, সীমাবিশিষ্ট, যাহার শেষ আছে এরূপ। অন্তের সহিত বিদ্যমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী, সান্তা।

সান্তপন—ব্রতবিশেষ, গোময় গোমূত্র দুগ্ধ দধি ঘৃত কুশোদক—এই ছয় দ্রব্য ক্রমশঃ ছয় দিন ভক্ষণ ও এক রাত্রি উপবাসরূপ ব্রত। সম্–তপি + অনট্ ভাববা + অণ্। বি; ক্লীব।

সান্তর—ব্যবধান-বিশিষ্ট, ব্যবহিত; সচ্ছিদ্র; বিরল, ফাঁক ফাঁক। অন্তরের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,–রা। বি,–রতা (Porosity). ['Cintra' শব্দজ। বি।

সান্তারা—একপ্রকার কমলালেবু। পোর্ত্তু

সান্ত্বন, সান্ত্বনা—সমাশ্বাসন, প্রিয়বচন দ্বারা প্রবোধদান। সান্ত্ব্ (শান্ত করা) + অনট্ ভাববা। ২য় পক্ষে + অন ভাববা + আপ্। বি; ক্লীব, স্ত্রী।

সান্ত্বিত—সান্ত্বনাপ্রাপ্ত, যাহাকে আশ্বাস দেওয়া হইয়াছে এরূপ। সান্ত্বনা শব্দ + ইত যুক্তার্থে। বিণ। ['Sentry' শব্দজ। বি

সান্ত্রী—সৈনিক প্রহরী, সিপাহী। ই

সান্দীপনি—জনৈক মুনি, কৃষ্ণ বলরামের আচার্য্য। সন্দীপন (মুনিবিশেষ) + ই অপত্যার্থে। বি; পুং।

সান্দ্র—১। নিবিড়; ঘন; মৃদু; স্নিগ্ধ মনোজ্ঞ। বিণ। স্ত্রী, সান্দ্রা। ২। বন সহ–অন্দ্ + রক্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

সান্ধ্য—সন্ধ্যাকালীন; সন্ধ্যাসম্বন্ধীয়। সন্ধ্যা শব্দ + ষ্ণ্য ভবাদ্যর্থে। বিণ।

সান্নিধ্য—সামীপ্য, নৈকট্য। সন্নিধি শব্দ + ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

সান্নিপাতিক—সন্নিপাতজনিত, ত্রিদোষজ বাত-পিত্ত-কফজ। সন্নিপাত + ইক ভবার্থে বিণ। স্ত্রী,–কী।

সান্বয়—অন্বয়সহিত; বংশ-সহিত। অন্বয়ের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ। [বি।

সাপ—অহি, ভুজঙ্গ, নাগ। 'সর্প' শব্দজ।

সাপট, সাপোট—আস্ফালন, গর্ব্ব, দম্ভ। দেশজ। বি।

সাপ্‌টা—সামান্য, ইতরবিশেষবিহীন; যাহা জোটে তাহাই; সস্তা; মোটামোটি। দেশজ। বিণ বা ক্রি-বিণ। [ক্রি।

সাপটান—জাপটান, জড়াইয়া ধরা। বাং

সাপিণ্ড্য—সপিণ্ডত্ব, জ্ঞাতিত্ব। সপিণ্ড শব্দ + ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

সাপুড়িয়া, সাপুড়ে—অহিতুণ্ডিক, সর্প-খেলক; সর্পমারক। সাপ + উড়িয়া, উড়ে। দেশজ। বি।

সাপেক্ষ—অপেক্ষাযুক্ত; পরস্পর আকাঙ্ক্ষা-বিশিষ্ট, সাকাঙ্ক্ষ। অপেক্ষার সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সাপ্তপদীন—সখ্য, সপ্তপদনির্বৃত্ত, সাতটি মাত্র কথায় উৎপন্ন বন্ধুত্ব। সপ্ত যে পদ সে সপ্তপদ, কর্ম্মধা; তদুত্তরে ঈন। বি; ক্লীব।

সাফ, সাফা—পরিষ্কৃত, নির্ম্মল; স্পষ্ট; সাদা; নিষ্কলঙ্ক; নির্দ্দোষ। ফার্সী। বিণ।

সাফকাওলা, -কোবালা—সম্পূর্ণ স্বত্ব-ত্যাগসূচক বিক্রয়পত্র। কর্মধা। বি।

সাফল্য—সফলতা, সিদ্ধি, সার্থকতা; কৃত-কার্য্যতা। সফল+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

সাফা—সাফ দ্রঃ।

সাফাই—পরিষ্করণ; দোষক্ষালন, আরোপিত অপরাধের খণ্ডন। 'সাফ' শব্দজ। বি। **সাফাই গাওয়া**—নির্দোষিতার কথা বলিয়া বেড়ান। **সাফাই সাক্ষি**—আসামী পক্ষের সাক্ষ্য; অমুক ভাল লোক এইরূপ বলিয়া সাক্ষী।

সাবকাশ—১। যাহার অবসর আছে; অবকাশবিশিষ্ট। বহুব্রী। বিণ। ২। অবসর, ফুরসৎ। অশুদ্ধ প্রঃ। বি।

সাবধান—অপ্রমত্ত, অবহিত, মনোযোগী, সতর্ক; সতর্ক করিবার জন্য উক্তি (Take care). অবধানের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সাবধানতা—অপ্রমত্ততা, অবধান, সতর্কতা। সাবধান+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সাবধানী—সতর্ক, হুশিয়ার। অশুদ্ধ প্রঃ। বিণ।

সাবন—দিবারাত্র, এক সূর্য্যোদয় হইতে অপর সূর্য্যোদয় পর্য্যন্ত কাল; সূর্য্যোদয় দ্বারা গণিত। বি; পুং. বা বিণ।

সাবর্ণ, সাবর্ণি—সূর্য্যপুত্র, অষ্টম মনু। সবর্ণা শব্দ+অণ্, ইঞ্ অপত্যার্থে। বি; পুং।

সাবলীল—অবাধ, স্বাচ্ছন্দ্যপূর্ণ। অবলীলার সহ বর্ত্তমান, বহুব্রী। বিণ। [বিণ।

সাবাড়—শেষ, সমাপ্ত, ব্যয়িত। দেশজ।

সাবান, সাবুন—তৈল সাজিমাটী প্রভৃতির মিশ্রণে প্রস্তুত মলপরিষ্কারক বস্তুবিশেষ। ফরাসী 'Savon' শব্দজ। বি।

সাবালক(গ)—প্রাপ্তবয়স্ক। আর্বী 'সবালিগ' শব্দজ। বিণ। [ফার্সী। অব্য।

সাবাস—প্রশংসাসূচক শব্দ, সাধুবাদ, বাহবা।

সাবিত্রী—১। সবিতৃসম্বন্ধীয়া। সবিতৃ+অণ্+ঈপ্। বিণ। ২। সূর্য্যের অধিষ্ঠাত্রী দেবতা; গায়ত্রী; ব্রহ্মপত্নী; দুর্গা; সত্যবানের সতী-কুলাদর্শস্থানীয়া পত্নী। বি; স্ত্রী।

সাবু—সাগু। 'সাগু' শব্দজ। বি।

সাবুৎ, সাবুদ—সাক্ষ্য, প্রমাণ। আর্বী 'সুবুৎ' শব্দজ। বি।

সাবেক—পুরাতন, সেকেলে। আর্বী। বিণ।

সাব্যস্ত—স্থিরীকৃত, মীমাংসিত; প্রকৃতিস্থ। 'সব্যবস্থ' শব্দজ। বিণ।

সাম (সামন্)—বেদবিশেষ; বেদমন্ত্র; গান-বিশেষ; সাধনা, প্রিয়বচন; সন্ধি। সো (নাশ করা)+মন্ কর্তৃবা। বি; ক্লীব।

সামগ—সামগায়ক বিপ্র, সামবেদাধ্যায়ী ব্রাহ্মণ। সামন্ (সামবেদ)—গৈ (গান করা)+ক কর্তৃবা। বি; পুং।

সামগ্র্য, সামগ্রী—সাকল্য, দ্রব্য সমুদায়; কারণকলাপ; দ্রব্য, জিনিষ। সমগ্র+ষ্যঞ্, ২য় পক্ষে তদুত্তরে ঈপ্। বি; ক্লীব, স্ত্রী।

সামঞ্জস্য—সমঞ্জসতা, সঙ্গতি; ঔচিত্য, উপযুক্ততা; সমীচীনতা; মিল। সমঞ্জস শব্দ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

সামঞ্জস্যবিধান, -সাধন—মিল করা; সঙ্গতিবিধান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সামনা—উপাদান, উপকরণ; সম্মুখ। 'সম্মুখ' শব্দজ। বি।

সামনা-সামনি—সম্মুখা-সম্মুখি, মুখামুখি। বাং অব্য। [অব্য।

সামনে—সম্মুখে, সমক্ষে। 'সম্মুখ' শব্দজ।

সামন্ত—অধীন ভূপতি; সমীপস্থ রাজা; শ্রেষ্ঠ প্রজা, মণ্ডল। সম্ (সংলগ্ন) হইয়াছে অন্ত যাহার সে সমন্ত (স্ববিষয়ান্তর ভূমি), বহুব্রী; তদুত্তরে অণ্, তদীয়ার্থে। বি; পুং

সাময়িক—সময়োচিত, কালোপযুক্ত; নিয়মানুযায়ী। সময়+ইক অর্হার্থে। বিণ স্ত্রী,—কী।

সামরিক—সমর-সম্বন্ধীয়; যুদ্ধোপযোগী সমর+ইক। বিণ। **সামরিক আইন**—সামরিক বিধান (Martial law).

সামরিক-বিচারালয়—যুদ্ধসম্বন্ধীয় আর

লত, যেখানে অপরাধী সৈন্যাদির বিচার হয় (Court martial). কর্ম্মধা। বি ; পুং।

সামরিক-বিধান—যুদ্ধসম্বন্ধীয় বিধি, যুদ্ধের আইন (Martial-law). কর্ম্মধা। বি; ক্লীব।

সামর্থ্য—সমর্থতা, ক্ষমতা, বল, শক্তি; যোগ্যতা। সমর্থ্‌+ষ্ণ্য, ভাবার্থে। বি; ক্লীব।

সামলা—শালের পাগড়ি। আর্বী। বি।

সামলান, সামালা—সংবরণ করা; সাবধান করা, সযত্নে রক্ষা করা; গোপন করা; আত্মসংবরণ করা, প্রকৃতিস্থ হওয়া; বাঁচিয়া উঠা, আরোগ্যলাভ করা; সাবধান হওয়া। বাং ক্রি।

সামাই—সামলান, সংবরণ; ধরা, তাগড়ান; বরদাস্ত, সহ্য। প্রাদে। বি।

সামাজিক—১। সমাজসম্বন্ধীয়; সমাজবদ্ধ; সুরসিক; সভ্য; মিশুক, সহৃদয়; রসজ্ঞ। সমাজ শব্দ+ইক সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, —কী। ২। লৌকিকতা, ক্রিয়াকর্ম্মে প্রদত্ত অর্থ ও বস্ত্রাদি। দেশজ প্রঃ। বি।

সামাজিকতা—সভ্যতা; রসজ্ঞতা; সহৃদয়তা; লৌকিকতা। সামাজিক+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সামান—প্রবেশ করা বা করান ("মেদিনী বিদরে যদি তাহাতে সামাই")। প্রাঃ কবিপ্র। ক্রি।

সামানাধিকরণ্য—একাশ্রয়ে বৃত্তি, এক স্থানে স্থিতি। সমানাধিকরণ+ষ্ণ্য। বি; ক্লীব।

সামান্য—১। মনুষ্যত্ব-গোত্বাদি জাতি, সাধর্ম্ম্য; প্রকার; অর্থালঙ্কারবিশেষ। সমান+ষ্ণ্য। বি; ক্লীব। ২। সাধারণ; সর্ব্ববিষয়ক। বিণ। স্ত্রী, —ন্যা। ৩। অল্প, তুচ্ছ। দেশজ প্রঃ। বিণ।

সামান্যতঃ (তস্‌), —ত—সামান্যরূপে, সাধারণতঃ, সাধারণ প্রকারে; সচরাচর। সামান্য+তস্‌। অব্য।

সামান্যলক্ষণা—কোন বস্তু দর্শনে যে উপায়ে তৎসজাতীয় মাত্রের জ্ঞান জন্মে। সামান্য হইয়াছে লক্ষণ যাহার, বহুব্রী। বি; স্ত্রী।

সামান্যা—সাধারণ স্ত্রী, বারবনিতা, বেশ্যা। বি; স্ত্রী।

সামাল—১। সামলান; গোপন; রক্ষা; আত্মসংবরণ। বি। ২। সামলাও, সাবধান হইও। 'সম্ভাল্' শব্দজ। ক্রি।

সামালা—আত্মরক্ষা করা; সাবধান হওয়া। বাং ক্রি।

সামিয়ানা—চাঁদোয়া। শামিয়ানা দ্রঃ। বি।

সামিল—অন্তর্ভূত, অন্তর্গত, অন্তর্ভুক্ত; সঙ্গীয়; সংবলিত। আর্বী। বিণ।

সামীপ্য—সান্নিধ্য, নৈকট্য। সমীপ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

সামুদ্র, সামুদ্রিক—১। সৈন্ধব লবণ; দেহস্থ চিহ্ন-ঘটিত শুভাশুভ-লক্ষণসূচক শাস্ত্র। বি; ক্লীব। ২। উক্ত শাস্ত্র-ব্যবসায়ী; সমুদ্র-সম্বন্ধীয়। সমুদ্র শব্দ+অণ্‌, ইক। বিণ।

সাম্পান—ছোট নৌকাবিশেষ। চীনা শব্দ। বি।

সাম্প্রতম্—১। সম্প্রতি, অধুনা, এক্ষণে। সম্প্রতি শব্দ+তম্‌। ২। যুক্ত, উচিত। সম্—প্র—তন্‌+তম্ কর্ত্তৃবা। অব্য।

সাম্প্রদায়িক—সম্প্রদায়-সম্বন্ধীয়, দলাদলি-ঘটিত, জাতীয়, বিভিন্ন জাতির মধ্যে সংঘটিত। সম্প্রদায়+ইক। বিণ। স্ত্রী, —কী।

সাম্প্রদায়িকতা—নিজ সম্প্রদায়ের প্রতি পক্ষপাতিত্ব। সাম্প্রদায়িক+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সাম্প্রদায়িকতাবাদী (—দিন্)—সাম্প্রদায়িকতা প্রচারকারী। সাম্প্রদায়িকতা—বদ্‌+ণিন্ কর্ত্তৃবা। বিণ।

সাম্য—সমতা, সমানত্ব, তুল্যতা, সাদৃশ্য। সম শব্দ+ষ্ণ্য, ভাবার্থে। বি; ক্লীব।

সাম্যবাদ—মতবিশেষ;—এই মতে সকল লোকই সমান; পৃথিবীতে যে সকল ধনরত্ন আছে, তাহাতে সকলেরই সমান অধিকার;

কেহ রাজা কেহ প্রজা, কেহ ধনী কেহ ভিক্ষুক, ইত্যাদি সামাজিক বিধান অন্যায়মূলক, ইত্যাদি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সাম্যবাদী (–বাদিন্)—সাম্যবাদকারী; সকলেই সমান এইরূপ মতাবলম্বী। সাম্যবাদ দ্রঃ। সাম্য—বদ্ (বলা)+ণিন্ কর্তৃবা। বিণ।

সাম্যভাব—স্থির অবস্থা (Equilibrium). ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সাম্যসংস্থাপন—সাম্যবাদের প্রতিষ্ঠা, সকলেই একরূপ এই মতের প্রবর্তন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সাম্রাজ্য—সার্ব্বভৌমত্ব; সর্ব্বপ্রধান রাজ্য; সম্রাটের অধিকৃত স্থান। সম্রাট্ দ্রঃ। সম্রাজ্ শব্দ+ষ্ণ্য অধিকৃতার্থে। বি; ক্লীব।

সায়—১। সায়ংকাল, সন্ধ্যা; শর, বাণ। সো+ণ কর্তৃবা। ২। নাশ; অবসান, শেষ। সো+ঘঞ্ ভাববা। বি; পুং। ৩। সম্মতি, অনুমোদন। দেশজ। বি।

সায়ংকাল—সন্ধ্যাকাল। কর্ম্মধা। বি; পুং।

সায়ংকৃত্য—সন্ধ্যাকালে করণীয় সন্ধ্যা-বন্দনাদি। সুপ্‌সুপা। বি; ক্লীব।

সায়ংসন্ধ্যা—সন্ধ্যাকালীন উপাসনা। সায়ং কর্তব্যা সন্ধ্যা, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী। [দ্বাদশী, পূর্ণিমা, অমাবস্যা, সংক্রান্তি এবং শ্রাদ্ধদিবসে সায়ংসন্ধ্যা নিষিদ্ধ]।

সায়ক—শর, বাণ; খড়্গ। সো (নাশ করা) +ণক কর্তৃবা। বি; পুং।

সায়ন্তন—সন্ধ্যাকালীন, সন্ধ্যাকালকর্তব্য (কার্য্য)। সায়ম্ (সন্ধ্যাকাল)+তন (ট্যু+তুট্) ভবার্থে। বিণ। স্ত্রী,–নী।

সায়বানা—সামিয়ানা (তাহা দ্রঃ)।

সায়ম্—দিনান্ত, দিনাবসান, সন্ধ্যাকাল। সো+এম্ কর্তৃবা। অব্য।

সায়র—সাগর; তত্তুল্য বৃহৎ জলাশয়, সরোবর; উদর। 'সাগর' শব্দজ। বি।

সায়া—নারীদিগের সাড়ীর নিম্নে পরিধেয় ঘাগরাবিশেষ। পোর্তু 'Saia' শব্দজ। বি।

সায়াহ্ন—দিনান্ত; সন্ধ্যাকাল, দিনমানকে পাঁচ ভাগে বিভক্ত করিলে তাহার পঞ্চম ভাগের নাম সায়াহ্ন। অহন্-এর (দিনের) সায় (অবসান), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সায়াহ্নকৃত্য—সন্ধ্যাকৃত্য, সন্ধ্যাকালীন করণীয় কার্য্য, সায়ংকালীন সন্ধ্যাবন্দনাদি। ৭মীতৎ। বি; ক্লীব।

সাযুজ্য—সহযোগ, অভেদ; পঞ্চপ্রকার মুক্তির অন্তর্গত মুক্তিবিশেষ। সহ শব্দ—যুজ্ (যোগ করা)+ক্বিপ্ কর্তৃবা+ষ্যঞ্। বি; ক্লীব।

সায়ের—সায়র (তাহা দ্রঃ)। [বিণ।

সায়েস্তা—সুশিক্ষিত; শিক্ষাপ্রাপ্ত। ফার্সী।

সার—১। উৎকর্ষ; অতিশয়; বীরত্ব; মজ্জা; দৃঢ়তা। সৃ (গমন করা)+ঘঞ্ ভাববা। ২। শ্রেষ্ঠাংশ; বৃক্ষের মজ্জা বা শক্ত অংশ; বল; সর। সৃ+ঘঞ্ কর্তৃবা। বি; পুং। ৩। রহস্য; জল; ধন; নবনীত; বৃক্ষাদির উত্তেজক বস্তু, ভূমির উর্ব্বরতাসাধক দ্রব্য; অর্থালঙ্কারবিশেষ। বি; ক্লীব। ৪। ন্যায্য; শ্রেষ্ঠ; সংক্ষিপ্ত; স্থায়ী। সৃ+ঘঞ্ কর্ম্মবা। ৫। স্থির। প্রাঃ কবিপ্র। বিণ।

সার—সারি, শ্রেণী। 'সারি' শব্দজ। বি।

সারক—রেচক, ভেদজনক; জারক। সারি +ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,–রিকা।

সারগর্ভ—সারযুক্ত, যাহার অভ্যন্তরে শ্রেষ্ঠাংশ বা উৎকর্ষ আছে। সার আছে গর্ভে (অভ্যন্তরে) যাহার, বহুব্রী। বিণ।

সারগ্রাহিতা—সারভাগ গ্রহণ করা, মর্ম্ম-গ্রহণ করিবার শক্তি, মর্ম্মগ্রাহিতা। সার-গ্রাহিন্+তা। বি; স্ত্রী।

সারগ্রাহী (–গ্রাহিন্)—সারভাগগ্রহণ-কারী। সার শব্দ–গ্রহ্ (লওয়া)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–হিণী।

সারঙ্গ(ঙ্গ)—১। চাতকপক্ষী; ময়ূর; ভ্রমর; সিংহ; হস্তী; হরিণ; চিত্রমৃগ; ধনুক; মেঘ; রাগবিশেষ; পক্ষিবিশেষ; বাদ্যযন্ত্রবিশেষ, সারঙ্গী বা সারেঙ্গ। সৃ+অঙ্গচ্ কর্তৃবা। বি;

পুং। ২। শবল; নানাবর্ণ। সার (নানাবর্ণ) অঙ্গ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —ঙ্গা, —ঙ্গী।

সারঙ্গী(ঙ্গী)—১। শবলা। সারঙ্গ+ঙীপ্। বিণ; স্ত্রী। ২। বাদ্যযন্ত্রবিশেষ, সারঙ্। বি; স্ত্রী। ৩। সারঙ্গবাদক। সারঙ্গ+ঈ। বি।

সারণি—পথ। সারি+অনি কর্তৃবা। বি; স্ত্রী।

সারণী—ক্ষুদ্র নদী; জ্যোতিষের গ্রহগণের দেশান্তরভেদে গণিত গ্রন্থ; তালিকা (Table). সারি+অনট্ করণবা+ঙীপ্। বি; স্ত্রী।

সারথি—রথাদি চালক; সহায়, সাহায্যকারী। ণিজন্ত স্থ=সারি (গমন করান)+অথিণ্ কর্তৃবা। বি; পুং।

সারথ্য—সারথির কর্ম্ম, রথাদিচালন; সাহায্য। সারথি শব্দ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

সারদা—সরস্বতী, বাগ্দেবী; দুর্গা। উপতৎ। সার শব্দ—দা (দেওয়া)+ক কর্তৃবা+আপ্। বি; স্ত্রী।

সারবত্তা—সসারতা, সারপূর্ণতা, শ্রেষ্ঠত্ব। সারবৎ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সারবন্দী—শ্রেণীবদ্ধ। ৭মীতৎ। বিণ।

সারবান্ (—বৎ)—সারবিশিষ্ট, সারপূর্ণ; শ্রেষ্ঠ, উৎকৃষ্ট। সার+মতুপ্ অস্ত্যর্থে। বিণ।

সারভূত—সারত্বপ্রাপ্ত, সসার, শ্রেষ্ঠ। সার—ভূ (হওয়া)+ক্ত কর্তৃবা। বিণ।

সারমর্ম্ম(র্ম) (—মর্ম্মন্) নির্গলিতার্থ; সংক্ষিপ্ত তাৎপর্য্য। কর্ম্মধা। বি; ক্লীব।

সারমেয়—কুক্কুর। সরমা (কুক্কুরী)+এয় অপত্যার্থে। বি; পুং।

সারল্য—সরলতা, ঋজুতা, অকৌটিল্য। সরল শব্দ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

সারস—১। স্বনামপ্রসিদ্ধ জলচর পক্ষী; হংস। বি; পুং। স্ত্রী,—সী। ২। সরোবরসম্বন্ধীয়। সরস্ (সরোবর)+অণ্। বিণ।

সারসংগ্রহ, সারসঙ্ক(ংক)লন—শ্রেষ্ঠাংশের সংগ্রহ, প্রধান প্রধান বিষয়ের মর্ম্ম আহরণ; চুম্বককরণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং, ক্লীব।

সারসন—স্ত্রীলোকের কটিভূষণ; কটিবন্ধন, কোমরবন্ধ। সার (বল)—সন্ (দেওয়া)+অচ্ কর্তৃবা। বি; ক্লীব।

সারস্বত—১। সরস্বতী সম্বন্ধীয়। বিণ। স্ত্রী,—তী। ২। দেশবিশেষ; ব্রহ্মার দিনক্ষ কল্পবিশেষ; বিল্বদণ্ড। সরস্বতী+অণ্। বি; পুং।

সারহীন সারশূন্য, অসার, অকেজো। ৩য়াতৎ। বিণ। স্ত্রী,—না।

সারা ১। সমাপ্ত করা, শেষ করা; আরোগ্য লাভ করা, ভাল হওয়া; সংশোধন করা; জীর্ণ সংস্কার করা, মেরামত করা; সঙ্কটে বা দুর্দ্দশায় পাতিত করা, মুস্কিলে ফেলা। বাং ক্রি। ২। সমস্ত, সমগ্র, সব, সম্পূর্ণ; আকুল, হয়রান, বিপন্ন। দেশজ। বি-

সারাংশ—শ্রেষ্ঠাংশ, প্রধান ভাগ, মূলাংশ ভাগ। কর্ম্মধা। বি; পুং।

সারান—সমাপ্ত করান; আরোগ্য করান, সংশোধন করান, মেরামত করান। বাং ক্রি।

সারার্থ—মুখ্য অর্থ, নিষ্কর্ষ অর্থ, প্রধান তাৎপর্য্য। কর্ম্মধা। বি; পুং।

সারাল, —লো—সারবান্, সারবিশিষ্ট। সার+আল, আলো। বিণ।

সারি, সারী—১। শালিক পক্ষিণী; পাশাগুটিকা, পাশার গুটি। স্থ (গমন করা)+ইঞ কর্তৃবা, পক্ষে ঙীপ্। বি; স্ত্রী। ২। ছত্র, পঙ্ক্তি, শ্রেণী, আলি; নৌকার মাঝিমাল্লাদের গানবিশেষ। দেশজ। বি।

সারিকা—শালিক পক্ষিণী; পাশার গুটি। স্থ+ইঞ্ কর্তৃবা+কন্+আপ্। বি; স্ত্রী।

সারিগামা, সারেগামা—স্বরগ্রামের সংক্ষেপ; কোন কার্য্য বা বিষয়ের প্রথম অংশ বা আরম্ভ, সূচনা। দেশজ। বি।

সারিবন্দী—শ্রেণীবদ্ধ। ৭মীতৎ। বিণ।

সারিসারি—শ্রেণীবদ্ধ; অনেক শ্রেণী। দেশজ। বিণ।

সারী—সারি দ্রঃ।

সারূপ্য—সমানরূপতা; মুক্তিবিশেষ, যাহাতে ঈশ্বরের তুল্য রূপবিশিষ্ট হওয়া যায়। সরূপ শব্দ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

সারেঙ্গ, সারেং—জাহাজের পরিচালক। ইং 'Serang' শব্দজ। বি।

সার্কাস—ক্রীড়াচক্র; ব্যায়ামকৌশল, পশু-ক্রীড়া প্রভৃতি প্রদর্শন। ইং Circus. বি।

সার্জ—টের্চাবোনা পশমী কাপড়বিশেষ। ইং Serge. বি।

সার্জন—১। ইংরাজীমতে শস্ত্রচিকিৎসক; চিকিৎসক। ইং Surgeon. ২। পুলিশ-প্রহরী। ইং Sergeant. বি।

সার্ট—কোটের নীচে পরিধেয় জামা, কামিজ। ইং Shirt. বি।

সার্টিফিকেট—লিখিত প্রমাণপত্র; প্রশংসা-পত্র। ইং Certificate. বি।

সার্থ—১। সমূহ; সঙ্গী, সাথী। সৃ (গমন করা)+থন্ কর্তৃবা। ২। বণিক্‌সমূহ। বি; পুং। ৩। অর্থযুক্ত; ধনবান্। অর্থের সহিত বর্তমান যে, বহুব্রী। বিণ।

সার্থক—অর্থযুক্ত; অন্বর্থ; সফল। অর্থের সহিত বর্তমান যে, বহুব্রী। বিণ।

সার্থকতা—অন্বর্থতা, অর্থান্বযায়িতা; সফলতা। সার্থক+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সার্থকতাসম্পাদন—অন্বর্থতাসাধন; সাফল্যসাধন; সফলীকরণ। ৬ষ্ঠী,তৎ। বি; ক্লীব।

সার্থকনামা (-নামন্)—নামের উপযুক্ত কার্যকারী; সংকার্যদ্বারা প্রথিতনামা। সার্থক হইয়াছে নাম যাহার,বহুব্রী। বিণ। স্ত্রী,—ম্নী।

সার্থবাহ দলবদ্ধ হইয়া বাণিজ্যকারী; বণিক্; পথপ্রদর্শক। সার্থ শব্দ—বহ্ (বহন করা)+অণ্ কর্তৃবা। বি; পুং।

সার্দ্ধ(র্ধ)—অর্দ্ধ সহিত, সাড়ে; অর্দ্ধসংযুক্ত। অর্দ্ধের সহিত বর্তমান যে, বহুব্রী। বিণ।

সার্ব্ব(র্ব)—সর্ব্বহিতকর; সর্ব্বসম্বন্ধীয়। সর্ব্ব+অণ্। বিণ। স্ত্রী, সার্ব্বী।

সার্ব্ব(র্ব)জনীন—সর্ব্বলোকহিত; সকলের প্রয়োজনীয় বা উপযোগী; সর্ব্বজনবিদিত। সর্ব্বজন+ঈন (খঞ্)। বিণ।

সার্ব্ব(র্ব)ত্রিক—সর্ব্বত্রব্যাপী, সর্ব্বত্রস্থিত, সর্ব্বস্থানের উপযোগী। সর্ব্বত্র+ইক। বিণ।

সার্ব্ব(র্ব)দেশিক—সর্ব্বদেশের উপযোগী বা সর্ব্বদেশসম্বন্ধীয়। সর্ব্বদেশ+ইক। বিণ। স্ত্রী,—কী।

সার্ব্ব(র্ব)ভৌম—সর্ব্বভূমীশ্বর, রাজচক্রবর্তী, সম্রাট্; উত্তর-দিগ্‌গজ, কুবেরের বাহন [মৈনাক পর্ব্বতের পরবর্তী সিদ্ধাশ্রমের সরোবরে এই হস্তী বিচরণ করিত]। সর্ব্বা যে ভূমি সে সর্ব্বভূমি, কর্ম্মধা; তদুত্তরে অণ্। বি; পুং।

সার্ষ্টি—মুক্তিবিশেষ; নির্ব্বাণ; ঈশ্বরের তুল্য ঐশ্বর্য্যশালী হওয়া। বি; স্ত্রী।

সাল ১। প্রাচীর; বৃক্ষ; সর্জবৃক্ষ, শাল-গাছ। সল্ (গমন করা)+ঘঞ্ অধিবা। বি; পুং। ২। অব্দ, বৎসর; বঙ্গাব্দ,—ইহা গণনা করিতে হইলে খৃষ্টাব্দ হইতে ৫৯৩ বিয়োগ করিতে হয়। ফার্সী। বি।

সালঙ্কা(ংকা)র—অলঙ্কারযুক্ত; আভরণ-ভূষিত। অলঙ্কার সহ বর্তমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,—রা।

সালতামামি—বর্ষশেষ; বাৎসরিক বিবরণ। ফার্সী। বি।

সালতি—সালকাঠের লম্বা ডিঙ্গা, ছিপ, সরু নৌকাবিশেষ। দেশজ। বি।

সালন—ব্যঞ্জন (মুসলমানী ভাষায়)। 'সলবণ' শব্দজ। বি।

সালনির্য্যা(র্যা)স—সর্জরস, শালের আঠা; ধূনা। ৬ষ্ঠী,তৎ। বি; পুং।

সালবমিছরি—ভৈষজ্য কন্দবিশেষ। আর্বী। বি।

সালবোট—কানাহীন রেকাববিশেষ। ইং 'Salver' শব্দজ। বি।

সালসা—রক্ত-পরিষ্কারক ঔষধ বা মূলবিশেষ। পোর্ত্তু Salsa. বি।

সালি—শালি দ্রঃ।

সালিক—শালিক দ্রঃ। [শব্দজ। বিণ।

সালিয়ানা—বার্ষিক। ফার্সী 'সাল্-আনাহ্'

সালিস, সালিশ—মধ্যস্থ। আর্বী। বি।

সালিসি, -সী(শী)—মধ্যস্থতা, মধ্যস্থের বিচার; মধ্যস্থসম্বন্ধীয়। সালিস(শ)+ই, ঈ। বি বা বিণ।

সালু—সূতী লাল কাপড়বিশেষ। দেশজ। বি।

সালোক্য—মুক্তিবিশেষ, তুল্যলোক-বাসরূপ মুক্তি। সমান যে লোক সে সলোক, কর্ম্মধা; তদুত্তরে ষ্ণ্য। বি; ক্লীব। [বি।

সাশি—কপাটের কাচ। ইং 'Sash' শব্দজ।

সাশ্রয়—১। আশ্রয়যুক্ত; অবলম্বনবিশিষ্ট, আধারসমন্বিত। আশ্রয়ের সহিত বিদ্যমান যে, বহুব্রী। বিণ। স্ত্রী,-য়া। ২। ব্যয়লাঘব; অল্পব্যয়সাধ্য, অল্প-মূল্য, সস্তা। দেশজ প্রঃ। বি বা বিণ।

সাশ্রু—অশ্রুযুক্ত, বাষ্পবারিবিশিষ্ট। অশ্রুর সহিত বিদ্যমান যে, বহুব্রী। বিণ।

সাষ্টাঙ্গ(ঙ্গ)—অষ্টাঙ্গযুক্ত। অষ্টাঙ্গের সহিত বর্ত্তমান, বহুব্রী। বিণ। স্ত্রী,—ঙ্গা।

সাষ্টাঙ্গ-প্রণাম—অষ্টাঙ্গযুক্ত নমস্কার। কর্ম্মধা। বি; পুং।

সাস্না—গরুর গলকম্বল। সস্ (নিদ্রা যাওয়া +নন্ কর্ত্তৃবা+আপ্। বি; স্ত্রী।

সাস্র—অশ্রুযুক্ত; রোরুদ্যমান; সরক্ত; কোণ-সহিত। অস্রের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সাহঙ্কা(ঙ্কা)র—অহঙ্কারযুক্ত, অহঙ্কৃত; সগর্ব্ব। অহঙ্কারের সহিত বর্ত্তমান যে, বহুব্রী। বিণ।

সাহচর্য্য(র্য)—সহায়তা, সঙ্গ; সামানাধিকরণ্য। সহচর শব্দ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

সাহস—১। বলপূর্ব্বক কৃত দুষ্কর্ম্ম,—"মনুষ্যমারণং স্তেয়ং পরদারাভিমর্ষণং। পারুষ্যমনৃতঞ্চৈব সাহসং পঞ্চধা স্মৃতম্॥" অর্থাৎ নরহত্যা, চৌর্য্য, পরদারগমন, বিরোধ এবং অসত্য কথন—এই পাঁচ প্রকার সাহস; উৎসাহ; বেগ; দম্ভ; অবিমৃষ্যকৃতি, অবিবেচিত কর্ম্ম; সহসা কৃত কর্ম্ম; নির্ভয়তা। সহসা+অণ্ কৃতার্থে। বি; ক্লীব।

সাহসিক—সাহস-কর্ম্মকারী; উৎসাহযুক্ত; নির্ভয়। সাহস শব্দ+ইক। বিণ।

সাহসিকতা—সাহসিকের ভাব। সাহসিক দ্রঃ। সাহসিক+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সাহসী (সাহসিন্)—সাহস-কর্ম্মকারী; সাহসযুক্ত, নির্ভীক। সাহস+ইন্ অস্ত্যর্থে। বিণ।

সাহা—বিবিধ বণিক্জাতির উপাধি। 'সাধু' শব্দজ। বি।

সাহানা—রাগিণীবিশেষ। ফার্সী। বি।

সাহায্য—সহায়তা, আনুকূল্য। সহায়+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

সাহায্যকারী (-কারিন্)—সহায়তাকারী, আনুকূল্যকারী, পৃষ্ঠপোষক। সাহায্য—কৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

সাহায্যপ্রার্থী (-প্রার্থিন্)—সাহায্যপ্রার্থনাকারী, আনুকূল্যাভিলাষী। তৎপু। বিণ। স্ত্রী,—র্থিনী।

সাহায্যার্থী (-র্থিন্)—সাহায্যপ্রার্থী। সাহায্য—অর্থ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী—র্থিনী।

সাহিত্য—১। সঙ্গ, সংসর্গ; একক্রিয়ান্বয়িত্ব। সহিত শব্দ+ষ্ণ্য ভাবার্থে। ২। কাব্যশাস্ত্র; রচনা, গ্রন্থ। সম্ (সমাক্) যে চিত সে সচিত, প্রাপ্তিতৎ; তদুত্তরে ষ্ণ্য কর্ম্মার্থে। বি; ক্লীব।

সাহিত্যচর্চ্চা(র্চা)—কাব্যশাস্ত্রের আলোচনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সাহিত্যরথী (-রথিন্)—প্রধান সাহিত্যসেবী, শ্রেষ্ঠ কাব্যশাস্ত্রলেখক। ৭মীতৎ। বিণ।

সাহিত্যসম্রাট্ (-সম্রাজ্)—সাহিত্যের সর্ব্ব শাখায় যিনি শ্রেষ্ঠতা লাভ করিয়াছেন। ৭মীতৎ। বি; পুং।

সাহিত্যসেবক—কাব্যশাস্ত্রের উপাসক,

কাব্যশাস্ত্র-প্রণেতা। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, –বিকা।

সাহিত্যসেবা—কাব্যশাস্ত্রের উপাসনা; কাব্যশাস্ত্রপ্রণয়ন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সাহিত্যসেবী (–সেবিন্)—সাহিত্য-সেবক; কাব্যশাস্ত্রপ্রণেতা। সাহিত্য–সেব্ (সেবা করা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –বিনী।

সাহিত্যানুরাগ—কাব্যশাস্ত্রের প্রতি আসক্তি। ৭মীতৎ। বি; পুং। বিণ, –রাগী (–রাগিন্)।

সাহিত্যামোদী (–মোদিন্)—সাহিত্যানুরাগী, কাব্যশাস্ত্রপ্রিয়। সাহিত্যের আমোদ, ৬ষ্ঠীতৎ; তদুত্তরে ইন্ অস্ত্যর্থে। বিণ।

সাহিত্যালোচনা—সাহিত্য চর্চা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সাহিত্যিক—সাহিত্যসম্বন্ধীয়; সাহিত্য-সেবক; কাব্যশাস্ত্রপ্রণেতা। সাহিত্য শব্দ+ইক। বিণ। স্ত্রী, –কী।

সাহেব, সায়েব—সম্ভ্রান্ত ব্যক্তি, মানী লোক, মহাশয়; প্রভু, প্রতিপালক; প্রধান, সর্দ্দার; ইউরোপীয় পুরুষ, নকল ইউরোপীয় বা বিদেশী। আরবী। বি।

সাহেবি, সাহেবিয়ানা—ইউরোপীয়ের তুল্য আচরণ; সাহেবী ধরণ বা চালচলন। সাহেব+ই ভাবে; সাহেবি+আনা স্বার্থে। বি। [বিণ।

সাহেবী—সাহেবের মত। সাহেব+ঈ।

সিউনি—বংশনির্ম্মিত জলসেচনী। 'সেচনী' শব্দজ। বি।

সিউলি—খেজুররস ও গুড় প্রস্তুতকারী জাতিবিশেষ। 'শেফালিকা' শব্দজ। দেশজ। বি।

সিংহ—পশুরাজ, মৃগেন্দ্র, কেশরী; রাশি-বিশেষ; রামায়ণবর্ণিত বিশালকায় পক্ষি-বিশেষ,—যেমন ইংরাজী 'রক্' (Roc) পক্ষী; উপাধিবিশেষ; (অন্ত শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। হিন্স্ (হিংসা করা)+অচ্ কর্ত্তৃবা, অথবা সিচ্ (সেক করা)+ক কর্ত্তৃবা। বি; পুং। স্ত্রী, –হী।

সিংহগ্রীব—সিংহের ন্যায় উন্নত গ্রীবা-বিশিষ্ট। বহুব্রী। বিণ।

সিংহদরজা—ফটক। সিংহ-চিহ্নিত দরজা, মধ্যপ কর্ম্মধা। বি।

সিংহদ্বার, সিংদরজা—সিংহমূর্ত্তি-চিহ্নিত প্রবেশদ্বার, তোরণ, ফটক। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

সিংহধ্বনি, –নাদ—সিংহের গর্জ্জন; বীরগর্জ্জন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সিংহবাহিনী—পার্ব্বতী, দুর্গা। সিংহ–বাহি (বহান)+ণিন্ কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

সিংহশিশু—সিংহের শাবক; বীরের সন্তান; নির্ভীক শিশু। ৬ষ্ঠীতৎ বি; পুং।

সিংহাবলোকনন্যায়—কোন ব্যাপারে অতীত বিষয়ের পুনঃপুনঃ উল্লেখে সিংহের পশ্চাদ্দৃষ্টির দৃষ্টান্ত বা উপমা প্রদর্শনী। সিংহাব-লোকনাশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

সিংহাসন—সিংহমূর্ত্তি-চিহ্নিত আসন, রাজাসন। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

সিংহাসনচ্যুত—রাজাসন হইতে ভ্রষ্ট, রাজ্যচ্যুত। ৫মীতৎ। বিণ। স্ত্রী, –তা।

সিংহাসনারূঢ়—রাজাসনে উপবিষ্ট; রাজ্যাধিকারপ্রাপ্ত। ২য়াতৎ। বিণ।

সিংহিকা—জনৈক রাক্ষসী, রাহুর মাতা। সিংহী শব্দ+কন্+আপ্। বি; স্ত্রী।

সিংহী—স্ত্রী-সিংহ; রাহুর মাতা সিংহিকা। সিংহ শব্দ+ঈপ্। বি; স্ত্রী। [বি।

সিঁড়ি—সোপান, ধাপ; মই। 'শ্রেণী' শব্দজ।

সিঁতি, সিঁথা, সিঁথি—সীমন্ত, কেশবীথি; ঐ স্থানে পরিবার অলঙ্কার। 'সীমন্ত' শব্দজ। বি।

সিঁদুর—সিন্দূর। 'সিন্দূর' শব্দজ। বি।

সিঁধ—সন্ধিচৌর্য্য; চুরি করিবার জন্য গৃহ-প্রাচীরে কৃত গর্ত্ত। 'সন্ধি' শব্দজ। বি।

সিঁধকাঠি—সিঁধ কাটিবার যন্ত্র, ছোট শাবল-বিশেষ। দেশজ। বি।

সিঁধাল, সিঁধেল—সন্ধিচোর ; সিঁধচোর। সিঁধ+আল, এল। বিণ।

সিকতা—১। বালুকা, বালি। সিচ্ (সেক করা)+অতচ্ কর্ত্তৃবা+আপ্। ২। বালুকাময় দেশ। বি ; স্ত্রী।

সিকস্ত—১। হতাশ। বিণ। ২। ধ্বংস, ভাঙ্গন। ফার্সী। বি।

সিকা, সিকে—১। দড়ির ঝুলান আলনা। 'সিক্য' শব্দজ। ২। চারিআনা, সিকি। 'সপাদিকা' শব্দজ। বি।

সিকি—টাকার চারি ভাগের এক ভাগ ; চারআনি ; এক-চতুর্থাংশ। 'সপাদিকা' শব্দজ। বি বা বিণ।

সিক্কা—বাদশাহী আমলের মুদ্রা ; পূর্ণ ১ তোলা ওজনের টাকা। ফার্সী। বি।

সিক্ত—আর্দ্রীকৃত ; অভিবৃষ্ট, যাহার উপর জল ছড়ান হইয়াছে এরূপ। সিচ্ (সেক করা) +ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, সিক্তা।

সিক্থ, সিক্থক—১। মধূচ্ছিষ্ট, মোম। সিচ্ (সেক করা)+থক্ কর্ত্তৃবা, ২য় পক্ষে স্বত্রূত্রে কন্। বি ; ক্লীব। [বি।

সিকনি—নাসিকামল। 'সিঙ্ঘান' শব্দজ।

সিক্য—সিকা। সিক্ (গমন করা)+যৎ কর্ত্তৃবা বি ; ক্লীব। [বি।

সিগারেট—ক্ষুদ্র চুরুট। ইং Cigarette.

সিজ—স্নুহীবৃক্ষ, মনসাগাছ। দেশজ। বি।

সিজা, সিঝা, সেজা—জলে ফুটিয়া সিদ্ধ হওয়া। বাং ক্রি। [করা। বাং ক্রি।

সিঝান, সেজান (সিজনো)—সিদ্ধ

সিঞ্চন—'সেচন' শব্দের অশুদ্ধ রূপ। কবিপ্র। বি। বিণ—সিঞ্চিত। [কবিপ্র। ক্রি।

সিঞ্চা, সিঁচা, সেঁচা—সেচন করা।

সিট্কান (সিট্কনো)—ঘৃণা অবজ্ঞা প্রভৃতি হেতু নাসিকা কুঞ্চিত করা ; কুঞ্চিত হওয়া। ক্রি।

সিটি—শিস, বাঁশীর আওয়াজ। দেশজ। বি।

সিটে—কোন বস্তুর অসার ভাগ। 'শিষ্ট' শব্দজ। বি।

সিড়্সিড়্—শিহরণ চুলকানি কাতুকুতু প্রভৃতির অনুভব। দেশজ। অব্য।

সিত—১। শুক্লবর্ণ, সাদা রঙ্ ; বাণ ; শর ; শুক্রাচার্য্য। সো (নাশ পাওয়া)+ক্ত কর্ত্তৃবা। বি ; পুং। ২। বদ্ধ ; শুক্লবর্ণযুক্ত, শুভ্র, সাদা ; নষ্ট ; সম্পন্ন ; জাত। সি (বন্ধন করা)+ক্ত কর্ম্মবা। বিণ। ৩। রৌপ্য ; চন্দন। বি ; ক্লীব।

সিতপক্ষ—১। শুক্লপক্ষ। কর্ম্মধা। ২। রাজহংস। সিত (শুক্ল) হইয়াছে পক্ষ (পাখা) যাহার, বহুব্রী। বি ; পুং।

সিতিকণ্ঠ—নীলকণ্ঠ, শিব ; ময়ূর ; দাত্যূহ পক্ষী। সিতি কণ্ঠ যাহার, বহুব্রী। বি ; পুং।

সিতিবাসাঃ (-বাসস্), -বাসা—নীলাম্বর, বলরাম। সিতি (কৃষ্ণবর্ণ) হইয়াছে বাসঃ (বস্ত্র) যাহার, বহুব্রী। বি ; পুং।

সিতোপল—১। স্ফটিক। বি ; পুং। ২। কঠিনী, খড়ি। সিত (শুভ্র) যে উপল (প্রস্তর), কর্ম্মধা। বি ; ক্লীব।

সিথান—মাথার বালিশ ; শয়নকালে মস্তকের দিক্ বা মস্তকের নিম্নভাগ, শিয়র। 'শিরঃস্থান' শব্দজ। বি।

সিদ্ধ—১। সম্পন্ন ; প্রমাণীকৃত ; ফলিত ; পক্ব ; ফুটান ; নিত্য। সিধ্+ক্ত কর্ম্মবা (অন্তর্ভূত ণিচ অর্থে)। ২। প্রসিদ্ধ ; সিদ্ধিবিশিষ্ট ; মন্ত্রশক্তিবিশিষ্ট ; সাধনায় উত্তীর্ণ ; মুক্ত। সিধ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, সিদ্ধা। ৩। দেবযোনিবিশেষ ; ত্রিকালজ্ঞ মুনি। বি ; পুং।

সিদ্ধকাম—সফলকাম, সফলাভিপ্রায়, যাহার মনোরথ সিদ্ধ হইয়াছে। সিদ্ধ হইয়াছে কাম (কামনা) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -মা।

সিদ্ধগঙ্গা(-গা)—স্বর্গঙ্গা, মন্দাকিনী। সিদ্ধগণের গঙ্গা, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

সিদ্ধপীঠ—যে স্থানে এক লক্ষ বলি, কোটি সংখ্যক হোম এবং এক কোটি মহাবিদ্যা জপ হইয়াছে। কর্ম্মধা। বি ; পুং।

সিদ্ধপুরুষ—সিদ্ধিপ্রাপ্ত ব্যক্তি, মুক্ত মানব। কর্ম্মধা। বি ; পুং।

সিদ্ধবিদ্যা—দশমহাবিদ্যা [মহাবিদ্যা দ্রঃ]। সিদ্ধা যে বিদ্যা, কর্ম্মধা। বি ; স্ত্রী।

সিদ্ধমনোরথ—সফলকাম। সিদ্ধ হইয়াছে মনোরথ যাহার, বহুব্রী। বিণ।

সিদ্ধরস—পারদ, পারা। কর্ম্মধা। বি ; পুং।

সিদ্ধাচার্য্য(র্য)—বৌদ্ধযুগের তান্ত্রিক সন্ন্যাসিবিশেষ। কর্ম্মধা। বি ; পুং।

সিদ্ধান্ত—মীমাংসা, পূর্ব্বপক্ষ নিরাসপূর্ব্বক সিদ্ধপক্ষস্থাপন ; জ্যোতিঃশাস্ত্রবিশেষ। সিদ্ধ হইয়াছে অন্ত যাহার, বহুব্রী। বি ; পুং।

সিদ্ধান্তী (-ন্তিন্)—মীমাংসা-দর্শন-মতাবলম্বী ; মীমাংসক, সিদ্ধান্তকারী। সিদ্ধান্ত + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—ন্তিনী।

সিদ্ধার্থ—১। কৃতার্থ, সিদ্ধমনোরথ। সিদ্ধ হইয়াছে অর্থ যাহার, বহুব্রী। বিণ। ২। বুদ্ধদেব। ৩। শ্বেতসর্ষপ। সিদ্ধ হয় অর্থ (প্রয়োজন বা উদ্দেশ্য) যদ্দারা, বহুব্রী। বি ; পুং।

সিদ্ধাশ্রম—স্বনামখ্যাত তপোবনবিশেষ। সিদ্ধগণের আশ্রম, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

সিদ্ধি—১। নিষ্পত্তি ; ফলোৎপত্তি ; পাক ; বৃদ্ধি ; ঐশ্বর্য্য ; শুভ ; জয়লাভ ; অন্তর্দ্ধান ; যোগবিশেষ ; প্রভাবসিদ্ধি, মন্ত্রসিদ্ধি, উৎসাহ-সিদ্ধি, রাজগণের এই ত্রিবিধ সিদ্ধি। সিধ্ + ক্তি ভাববা। ২। কাষ্ঠপাদুকা ; ভাঙ্। সিধ্ + ক্তি করণবা। বি ; পুং।

সিদ্ধিদাতা (-দাতৃ)—১। সাফল্য-প্রদানকারী। বিণ। ২। গণেশ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

সিদ্ধিযোগ—জ্যোতিষোক্ত যোগবিশেষ। সিদ্ধিপ্রদ যোগ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

সিদ্ধেশ্বরী—দেবীবিশেষ। সিদ্ধা ঈশ্বরী, কর্ম্মধা। বি ; স্ত্রী।

সিধা—১। সরল, সোজা, সহজ ; দুরস্ত, শাসিত। 'সিদ্ধ' শব্দজ। বিণ। ২। অপক্ক খাদ্যদ্রব্য, অরন্ধিত চাউল ডাউল প্রভৃতি আবশ্যক বা নির্দ্দিষ্ট খোরাক ; চাউল। হিন্দী। বি।

সিধি—সিদ্ধি। প্রাঃ কবিপ্র। বি।

সিন—১। সন্দেহাদিসূচক শব্দ ; বরং। দেশজ। অব্য। ২। রঙ্গালয়ের দৃশ্যপট ; নাটকের গর্ভাঙ্ক। ইং Scene. বি।

সিনান—১। স্নান। বি। ২। স্নান করা ("সিনিয়া উঠিতে নিতম্ব তটীতে পড়েছে চিকুররাশি")। প্রাঃ কবিপ্র। ক্রি।

সিনেমা—চলচ্চিত্র। ইং Cinema. বি।

সিন্দুক—বড় বাক্স। ফার্সী। বি।

সিন্দূর—সিঁদুর। স্যন্দ্ (ক্ষরিত হওয়া) + ঊরন্ কর্ত্তৃবা। বি ; ক্লীব।

সিন্ধু—১। সমুদ্র ; নদবিশেষ, ইহার বর্ত্তমান ইংরাজী নাম ইণ্ডস্ (Indus) ; দেশবিশেষ (Sind) ; তদ্দেশবাসী ; রাগিণীবিশেষ ; হস্তিমদ ; হস্তী ; পঞ্জাবের নদবিশেষ। স্যন্দ্ + উ কর্ত্তৃবা। ২। অন্ধমুনির পুত্র। বি ; পুং। [বি ; পুং।

সিন্ধুর—হস্তী। সিন্ধু (হস্তিমদ) + র অস্ত্যর্থে।

সিন্ধুবার—নিশুণ্ডী বৃক্ষ, নিসিন্দা গাছ ; সিন্ধুদেশীয় অশ্ব। সিন্ধু শব্দ—ণিজন্ত বৃ = বারি (আবরণ করা) + অণ্ কর্ত্তৃবা। বি ; পুং।

সিন্নি—মুসলমানের দরগায় ও হিন্দুর সত্য-নারায়ণ পূজায় নিবেদিত মিষ্টান্ন বা আটা, দুধ কলা চিনি প্রভৃতির মিশ্র। ফার্সী 'শীরীনী' শব্দজ। বি।

সিপাই, সিপাহী—ভারতীয় সৈনিক, পদাতিক ; প্রহরী। ফার্সী। বি।

সিপ্রা—অবন্তিদেশস্থ নদীবিশেষ ; কাঞ্চী। সিপ্ + রক্ কর্ত্তৃবা + আপ্। বি ; স্ত্রী।

সিম—শুঁটিবিশিষ্ট ফলবিশেষ, ইহা তরকারী-রূপে ব্যবহৃত হয়। 'শিম্ব' শব্দজ। বি।

সিমেণ্ট—মাটী ও চূণাপাথর মিশাইয়া পুড়াইয়া প্রস্তুত চূর্ণবিশেষ ; বিলাতী মাটী ইং Cement. বি।

সিয়ন—সেলাই। 'সীবন' শব্দজ। বি।

সিয়া—১। ছিন্ন, ছেঁড়া। কবিপ্র। ক্রি। ২। মুসলমান সম্প্রদায়বিশেষ। আরবী। বি।

সিয়ান—সেলাই করা। বাং ক্রি।

সিয়ানা—চতুর, চালাক; ধূর্ত। প্রাদে। বিণ।

সিরকা—সির্কা দ্রঃ।

সিরিষ (স, শ)—চর্ম্মশৃঙ্গাদি সিদ্ধ করিয়া গলাইয়া প্রস্তুত একপ্রকার আঠাল বস্তু (Glue). ফার্সী 'সরেশ' শব্দজ। বি।

সিরিষ-কাগজ—শিরিস ও কাচের গুঁড়া মাখান কাগজ। সিরিষযুক্ত কাগজ, মধ্যপ কর্ম্মধা। বি।

সির্কা, সিরকা—গুড় ও অন্য মিষ্টরস সঞ্চিত করিলে যে অম্ল উৎপন্ন হয়, শুক্ত (Vinegar). ফার্সী। বি।

সির্নি—শিরণি (তাহা দ্রঃ)।

সিল, সীল—নামমুদ্রা, সিলমোহর। ইং Seal. বি।

সিল-আংটি—যে অঙ্গুরীতে নাম খোদা হইয়াছে। মধ্যপ কর্ম্মধা। বি। [বি।

সিল্ক—রেশম; রেশমী কাপড়। ইং Silk.

সিসৃক্ষা—সৃষ্টি করিবার ইচ্ছা। সনন্ত সৃজ্ + অ ভাববা + আপ্। বি; স্ত্রী।

সিসৃক্ষু—সৃষ্টি করিবার ইচ্ছাযুক্ত, সর্গকামী। সনন্ত সৃজ্ + উ কর্ত্তৃবা। বিণ।

সীকর—শীকর, অতি সূক্ষ্ম জলকণা। সীক (সেক করা) + অরন্ কর্ত্তৃবা। বি; পুং।

সীতা—১। লাঙ্গল-পদ্ধতি; স্বর্গঙ্গা, মন্দাকিনী। সি + ক্ত কর্ম্মবা + আপ্। ২। রাম-জায়া, জানকী। সীতা (লাঙ্গল-পদ্ধতি) + অণ্ সম্বন্ধার্থে + আপ্। বি; স্ত্রী।

সীতাকান্ত,—নাথ,—পতি—শ্রীরামচন্দ্র। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি।

সীতাভোগ—সাদা মিষ্টান্নবিশেষ। দেশজ।

সীৎকার, সীৎকৃত—অব্যক্ত মুখশব্দ, ইস্ ইস্ শব্দকরণ; স্ত্রীলোকদের রতিকালীন শব্দ বিশেষ। সীৎ (অব্যক্ত শব্দ)—কৃ (করা) + ঘঞ্, ক্ত ভাববা। বি; পুং, ক্লীব।

সীধু—পক্ব ইক্ষুজাত মদ্যবিশেষ; মধু। সিধ্ + উ কর্ম্মবা। বি; পুং।

সীন—থিয়েটারের দৃশ্যপট। ইং Scene. বি।

সীবন—সূচীকর্ম্ম, সেলাই। সিব্ (সেলাই করা) + অনট্ ভাববা। বি; ক্লীব।

সীবনী—সূচী, ছুঁচ। সিব্ (সেলাই করা) + অনট্ করণবা + ঈপ্। বি; স্ত্রী।

সীমন্ত—কেশবীথী, সিঁথি। সীমার অন্ত, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সীমন্তিনী—সধবা নারী, রমণী; বধূ। সীমন্ত + ইন্ অস্ত্যর্থে + ঈপ্। বি; স্ত্রী।

সীমন্তোন্নয়ন—গর্ভবতী নারীর সংস্কার বিশেষ, গর্ভের চতুর্থ, ষষ্ঠ বা অষ্টম মাসে এই সংস্কার কৃত হয়। সীমন্তের উন্নয়ন, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সীমা (**সীমন্**), **সীমা**—অবধি, শেষ, অন্ত; মর্য্যাদা; সমুদ্রবেলা; অণ্ডকোষ। সি + ঈমন্ কর্ত্তৃবা; পক্ষে + ডাপ্। বি; পুং, স্ত্রী।

সীমানা—সীমা, অবধি, সরহদ্দ; সমীপ, নিকট; প্রান্ত। প্রাদে। বি।

সীমান্ত—সীমা শেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সীমান্তপ্রদেশ—অধিকৃত দেশের শেষ সীমায় অবস্থিত স্থান। সীমার অন্ত—সীমান্ত (৬ষ্ঠীতৎ), সীমান্তস্থিত যে প্রদেশ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

সীমাবদ্ধ—সীমাবিশিষ্ট, সসীম, সান্ত। ৩য়াতৎ। বিণ। [৩য়াতৎ। বিণ।

সীমাবচ্ছিন্ন—সীমাবিশিষ্ট, সসীম।

সীমাশূন্য, -বিহীন, -হীন—সীমাহীন, অসীম, অনন্ত। ৩য়াতৎ। বিণ।

সীয়া—সেলাই করা। কবিপ্র। ক্রি।

সীর—সূর্য্য; লাঙ্গল। সি (বন্ধন করা) + রক্ কর্ত্তৃবা। বি; পুং।

সীরধ্বজ—সীতার পিতা মিথিলাধিপতি জনক। সীর (লাঙ্গল) হইয়াছে ধ্বজ (চিহ্ন) যাহার, বহুব্রী। বি; পুং।

সীল—একপ্রকার জলজন্তু। ইং Seal. বি।

সীল, সীলমোহর—গলানগালা ইত্যাদির উপর নামাঙ্কিত ছাপ। ইং Seal. বি।

সীস, সীসক—একপ্রকার ধাতু, সীসা। সীস=সি (বন্ধন করা)+ক্বিপ্ ভাববা (=সী)—সো (ছেদন করা)+ক কর্ত্তৃবা। সীসক=সীস+কন্ স্বার্থে। বি; ক্লীব।

সু—সৌন্দর্য্য; উৎকর্ষ; পূজা; শুভ; সমৃদ্ধি; আতিশয্য; অনুমতি; নির্ভর; অনায়াস; অত্যন্ত কষ্ট। সু (প্রসব করা)+ডু ভাববা। অব্য।

সুঁড়ী, সুঁড়ি—গলি। দেশজ। বি।

সুঁতী—ছোট খাল। 'স্রোতস্' শব্দজ। বি।

সুঁদরি(রী)—গাছ বা তাহার কাঠবিশেষ (সুন্দরবনে জন্মে)। 'সুন্দরী' শব্দজ। বি।

সুঁদি(দী)—শালুক ফুল, কুমুদ। 'সৌগন্ধিক' শব্দজ। বি।

সুকঠিন—অতীব কঠিন; অত্যন্ত দৃঢ়; অতিশয় দুষ্কর। সু (অতি) কঠিন, প্রাদিতৎ। বিণ।

সুকণ্ঠ—১। মধুর কণ্ঠ। সু (সুন্দর) কণ্ঠ, কর্ম্মধা। বি; পুং। ২। মনোহর কণ্ঠস্বরবিশিষ্ট। সু (সুন্দর) কণ্ঠ (কণ্ঠস্বর) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণ্ঠী।

সুকর—সুসাধ্য, অনায়াসসাধ্য, সহজ। সু—কৃ (করা)+খল্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—রা।

সুকুমার—অতি মৃদু, অত্যন্ত কোমল, অতি বালক; কান্ত। সু (অতিশয়) যে কুমার, প্রাদিতৎ। বিণ।

সুকুমারবিদ্যা—সাহিত্য প্রভৃতি মনোরঞ্জক শাস্ত্র। কর্ম্মধা। বি; স্ত্রী।

সুকুমারমতি—১। অতিকোমল চিত্ত। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। অতিকোমলচেতাঃ; অতি সরস হৃদয়বিশিষ্ট। বহুব্রী। বিণ।

সুকৃত—১। পুণ্য, ধর্ম্ম; দয়া; পুরস্কার; শুভ; ভাগ্য। সু (উত্তম) যে কৃত (কর্ম্ম), প্রাদিতৎ। বি; ক্লীব। ২। পুণ্যবান্, ধার্ম্মিক। সু (উত্তম) হইয়াছে কৃত (কর্ম্ম) যাহার, বহুব্রী। ৩। সুবিহিত; সুন্দররূপে নির্ম্মিত। সু (উত্তমরূপে) কৃত, প্রাদিতৎ। বিণ।

সুকৃতি—সৎকর্ম্ম, পুণ্য; শুভ; ভাগ্য। সু—কৃ (করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

সুকৃতী (—তিন্)—পুণ্যবান্, ধার্ম্মিক; ভাগ্যবান্। সুকৃত শব্দ+ইন্ অস্ত্যর্থে। বিণ; পুং।

সুকেশ—১। সুন্দর কেশবিশিষ্ট। সু (সুন্দর) হইয়াছে কেশ যাহার, বহুব্রী। বিণ; ত্রি। স্ত্রী,—শা,—শী। ২। ধর্ম্মভীরু জনৈক রাক্ষস [গন্ধর্ব্বকন্যা দেববতীর সহিত ইহার বিবাহ হয়, এবং মাল্যবান্, সুমালী ও মালী নামে ইহার তিন পুত্র জন্মে]। বি; পুং।

সুকৌশল—অতিশয় নৈপুণ্য; সুন্দর উপায়। সু (সুন্দর) যে কৌশল, প্রাদিতৎ। বি; ক্লীব।

সুক্ত, সুক্তনি, সুক্তো—তিক্ত ব্যঞ্জনবিশেষ। 'তিক্ত' শব্দজ। বি।

সুখ—১। হর্ষ, আনন্দ; প্রীতি; স্বচ্ছন্দ। সুখ্ (হৃষ্ট করা)+ক ঘঞর্থে। বি; ক্লীব। ২। প্রীতিকর; প্রিয়; সুখজনক। সুখ+অচ্ বিশিষ্টার্থে। বিণ। **সুখের পায়রা**—শুধু সুখভোগের জন্য সুদিনের বন্ধু।

সুখকর—সুখজনক। সুখ—কৃ (করা)+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রী।

সুখতলা, সুকতলা, —তলী—জুতার ভিতরে তলার উপরকার চামড়াবিশেষ। দেশজ। বি।

সুখদ—সুখদাতা, আনন্দদায়ক। সুখ—দা (দেওয়া)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—দা।

সুখদায়ক—সুখদ, আনন্দদায়ক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—য়িকা।

সুখদুঃখ—আনন্দ ও নিরানন্দ; স্বচ্ছন্দ ও অস্বচ্ছন্দ। দ্বন্দ্ব। বি; ক্লীব।

সুখবর—শুভ সংবাদ। প্রাদিতৎ। বি।

সুখময়—সুখপূর্ণ, আনন্দপূর্ণ। সুখ শব্দ+ময়ট্। বিণ। স্ত্রী,—য়ী।

সুখশয্যা—সুখজনক বিছানা। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

সুখশান্তি—সুখ ও চিত্তস্থৈর্য্য; আনন্দ ও বিশ্রাম। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

সুখসম্পৎ (–সম্পদ্)—সুখৈশ্বর্য্য, আনন্দ ও বিভব। দ্বন্দ্ব। বি; স্ত্রী। [বিণ।

সুখসাধ্য—যাহা সহজে করা যায়। সুপ্‌সুপা। বিণ।

সুখসুপ্ত—সুখে নিদ্রিত, আনন্দিত ভাবে নিদ্রাগত। সুপ্‌সুপা। বিণ।

সুখসেব্য—যাহা সেবনে আরাম হয়। সুপ্‌সুপা। বিণ।

সুখস্পর্শ—সুখকর স্পর্শবিশিষ্ট, যাহার স্পর্শে সুখ জন্মে। সুখকর হইয়াছে স্পর্শ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–র্শা।

সুখস্বচ্ছন্দতা, –স্বাচ্ছন্দ্য—আনন্দ, আরাম ও চিত্তের স্বাধীন ভাব। কর্ম্মধা। বি; স্ত্রী, ক্লীব।

সুখস্বপ্ন—সুখজনক স্বপ্ন; সুখলাভের স্বপ্ন। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

সুখস্মৃতি—সুখকর স্মরণ, যাহা মনে পড়িলে সুখ হয় এরূপ অতীত ঘটনা; পূর্ব্বানুভূত সুখের স্মরণ। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।

সুখাদ্য—সুভোজ্য, উত্তম আহার্য্য, হিতকর ও তৃপ্তিকর ভোজ্য বস্তু। সু (উত্তম) যে খাদ্য, প্রাদিতৎ। বি; ক্লীব।

সুখাবহ—সুখদ, সুখজনক। সুখের আবহ, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–হা।

সুখাসীন—সুখে উপবিষ্ট। সুপ্‌সুপা। বিণ।

সুখিত—সুখযুক্ত; সুখী। সুখ+ইতচ্, যুক্তার্থে। বিণ। স্ত্রী,–তা।

সুখী (সুখিন্)—সুখযুক্ত, আনন্দিত। সুখ+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,–খিনী।

সুখৈশ্বর্য্য(র্য)—সুখ ও সম্পদ্। দ্বন্দ্ব। বি, ক্লীব।

সুখোষ্ণ—যাহাতে আরাম হয় এমন উষ্ণ। সুপ্‌সুপা। বিণ। স্ত্রী,–ষ্ণা।

সুখ্যাতি—সুপ্রসিদ্ধি, সুযশঃ। সু (শোভনা) যে খ্যাতি, কর্ম্মধা। বি; স্ত্রী।

সুগঠিত—সুন্দরভাবে নির্ম্মিত, সুগঠনসম্পন্ন। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,–তা।

সুগত—১। মনোরম গতিবিশিষ্ট। সু (সুন্দর) গত (গতি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–তা। ২। বুদ্ধদেব। সু (সুন্দর) গত (জ্ঞান) যাঁহার, বহুব্রী। বি; পুং।

সুগন্ধ—১। সদ্গন্ধবিশিষ্ট। সু (উত্তম) হইয়াছে গন্ধ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–ন্ধা। ২। উত্তম গন্ধ। সু যে গন্ধ, কর্ম্মধা। বি; পুং।

সুগন্ধি—সদ্গন্ধবিশিষ্ট, সুরভি। বহুব্রী (নিজস্ব গন্ধ বুঝাইতে সমাসান্ত ই), যুক্তার্থে। বিণ।

সুগভীর—অতিশয় গভীর, অত্যন্ত অতলস্পর্শ। সু (অতি) গভীর, প্রাদিতৎ। বিণ।

সুগম—অনায়াসগম্য; অনায়াসলভ্য; অনায়াসবোধ্য; সুজ্ঞেয়; সুকর, সহজ। সু–গম্ +খল্ কর্ম্মবা। বিণ। স্ত্রী,–মা।

সুগ্রীব—১। সুন্দরগ্রীবাবিশিষ্ট। সু (সুন্দর) গ্রীবা যাহার, বহুব্রী। বিণ। ২। জনৈক কপিরাজ, রামের মিতা; সর্পবিশেষ; শ্রীকৃষ্ণের অশ্ববিশেষ। বি; পুং।

সুচরিত—১। সাধু আচরণ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। সচ্চরিত্র। সু (উত্তম) চরিত যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–তা।

সুচরিত্র—১। সাধু চরিত্র। কর্ম্মধা। বি; ক্লীব। ২। সচ্চরিত্র, সৎস্বভাব। সু (শোভন) চরিত্র যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–ত্রা।

সুচারু—অতি মনোহর, অতিশয় মনোজ্ঞ। প্রাদিতৎ। বিণ।

সুচারুরূপে—সুন্দররূপে, অতিশয় মনোজ্ঞভাবে। সুচারু রূপ যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

সুচিক্কণ—সমুজ্জ্বল, অতিশয় চকচকে। প্রাদিতৎ। বিণ।

সুচিত্রিত সুন্দররূপে অঙ্কিত। প্রাদিতৎ। বিণ।

সুচির—১। অতি দীর্ঘকাল। বি; ক্লীব। ২। দীর্ঘকালস্থায়ী। প্রাদিতৎ। বিণ।

সুছন্দ—সুঠাম, সুগঠিত, সুকান্তি; কান্তিযুক্ত, শোভান্বিত। সু (সুন্দর) ছন্দ যাহার, বহুব্রী। প্রাঃ কবিপ্র। বিণ।

সুছাঁদ—সুছন্দ, সুঠাম, সুগঠন। প্রাঃ কবিপ্র। বিণ।

সুজন—সজ্জন, সাধুপুরুষ। কর্ম্মধা। বি; পুং

সুজনী—একপ্রকার মোটা এবং কারুকার্য্য-যুক্ত বিছানার চাদর। দেশজ। বি।

সুজন্মা (সুজন্মন্)—সুজাত, বিবাহিত পতির ঔরসজাত ; সদ্বংশজাত ; সম্যক্ উৎপন্ন ; সুন্দর। সু জন্ম যাহার, বহুব্রী। বিণ।

সুজলা—প্রচুর জলশালিনী ; বহুনদীবিশিষ্টা। সু (শোভন, প্রচুর) জল যাহাতে (যে স্ত্রীতে), বহুব্রী। বিণ ; স্ত্রী।

সুজাত—সুজন্মা (সকল অর্থে)। সু (উত্তম-রূপে) জাত, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—তা।

সুজি—উৎকুণ-শিশু, উকুণের ছানা, নিকি ; ময়দার মোটা দানা। দেশজ। বি।

সুট—একসঙ্গে পরিধেয় পরিচ্ছদ বা ভূষণ ; মোকদ্দমা। ইং Suit. বি।

সুটকেস—পোষাকপরিচ্ছদাদি রাখিবার ছোট পেটিকা বা তোরঙ্গ। ইং Suitcase. বি।

সুঠাম—সুগঠন, সুশ্রী। বহুব্রী। বিণ।

সুড়ঙ্গ—গর্ত্ত, মাটির ভিতর দিয়া নির্ম্মিত পথ ; সিঁধ। 'সুরঙ্গ' শব্দজ। বি।

সুড়সুড়—শিহরণ, কাতুকুতু, চুলকানি প্রভৃতির অনুভব ; সর্পাদির গতিসূচক শব্দ। দেশজ। অব্য।

সুড়সুড়ান—চুলবুল করা ; ইন্দ্রিয়ের লালসা-যুক্ত হওয়া ; কাতুকুতু বোধ করা। বাং ক্রি।

সুড়সুড়ি—কাতুকুতু বা শিহরণজনক স্পর্শ। দেশজ। অব্য।

সুড়ি—গলি। প্রাদে। বি।

সুডোল, সুডৌল—সুগঠিত, সুঠাম। বহুব্রী। বিণ।

সুত—১। জাত, উৎপন্ন ; সম্বন্ধ। বিণ। স্ত্রী, সুতা। ২। পুত্র। সু+ক্ত কর্ম্মবা। বি ; পুং।

সুতক—জননাশৌচ, পুত্র বা কন্যা জনন হেতু শরীরাশুদ্ধি। সুত শব্দ+কন্। বি ; পুং।

সুতনু—১। সুন্দর দেহ। কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। সুন্দর দেহবিশিষ্ট। বহুব্রী। বিণ।

সুতরাং—অত্যন্ত ; অগত্যা ; অবশ্য। সু+ চতরাম্। অব্য।

সুতল—১। তৃতীয় তল [পাতাল দ্রঃ]। প্রাদিতৎ। বি ; ক্লীব। ২। শুইল, শয়ন করিল। প্রাঃ কবিপ্র। ক্রি।

সুতলি, সুতুলি—সরু দড়ি। দেশজ। বি।

সুতহিবুক—জ্যোতিষোক্ত বিবাহবিষয়ক যোগবিশেষ। বি ; পুং।

সুতা—১। জাতা ; সম্বন্ধা। সুত+আপ্। বিণ ; স্ত্রী। ২। কন্যা। বি ; স্ত্রী। ৩। শয়ন করা। হিন্দীমূলক। প্রাঃ কবিপ্র। ক্রি। ৪। সূত্র। 'সূত্র' শব্দজ। বি।

সুতার—সুস্বাদ, সুরস। বহুব্রী। বিণ।

সুতী—কার্পাসসূত্রনির্ম্মিত। দেশজ। বিণ।

সুতীক্ষ্ণ—১। অতি তীক্ষ্ণ ; খুব ধারাল। বিণ। স্ত্রী,—ক্ষ্ণা। ২। দণ্ডকারণ্যবাসী ঋষি। রাম বনে ইঁহার সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। ইনি রামকে অগস্ত্যের আশ্রমপথ দেখাইয়া-ছিলেন। বি ; পুং।

সুতীব্র—অতিশয় তীব্র, অত্যুগ্র, অতি তীক্ষ্ণ। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—ব্রা।

সুতুলি—সুতলি দ্রঃ।

সুদ—কুসীদ, বৃদ্ধি, ধনাদির বিনিয়োগ হইতে লাভ। ফার্সী। বি।

সুদক্ষ—সুনিপুণ, অতিশয় পটু। প্রাদিতৎ। [বিণ

সুদক্ষিণ—উত্তম-দক্ষিণাযুক্ত। সু (উত্তম) দক্ষিণা যাহার, বহুব্রী। বিণ।

সুদক্ষিণা—দিলীপ রাজার পত্নী। বি ; স্ত্রী।

সুদখোর—কুসীদজীবী, যে অত্যধিক সুদে টাকা খাটায়। সুদ+খোর আসক্ত অর্থে। বিণ।

সুদতী—১। সুদশনা, উত্তম-দন্তযুক্তা। বিণ। ২। সুন্দরী স্ত্রী। বহুব্রী। বি ; স্ত্রী।

সুদর্শন—১। বিষ্ণুর চক্রাস্ত্র, রাধাচক্র। সু (সুন্দর)—দৃশ্ (দেখা)+অন কর্ম্মবা। ২। শালগ্রামবিশেষ ; হস্তিবিশেষ। লঙ্কাযুদ্ধে মহোদর-নামক রাক্ষস এই হস্তীর উপর চড়িয়া যুদ্ধ করিয়াছিলেন। বি ; পুং। ৩। প্রিয়দর্শন ; সুদৃশ্য, দেখিতে সুন্দর। বহুব্রী। বিণ।

সুদামা (—মন্)—১। উত্তম দামযুক্ত।

বিণ। ২। মেঘ; সমুদ্র; পর্ব্বতবিশেষ; দ্বাদশ গোপালের অন্যতম। সু (উত্তম) দাম যাহার, বহুব্রী। বি; পুং।

সুদিন—শুভদিন; সৌভাগ্যের দিন। প্রাদিতৎ। বি; ক্লীব।

সুদীর্ঘ—অতিদীর্ঘ, অতিশয় লম্বা। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—র্ঘা। [বিণ।

সুদুর্লভ—অতীব দুর্লভ। প্রাদিতৎ।

সুদুশ্চর—অতিদুঃখে আচরণীয়; অতীব দুষ্কর। সু—দুর্—চর্ (করা)+খল্ কর্ম্মবা। বিণ। [প্রাদিতৎ। বিণ।

সুদুষ্কর—অতীব দুঃসাধ্য, বহুক্লেশসম্পাদ্য।

সুদুস্তর—অতীব দুস্তর, অতি দুরুত্তীর্য্য। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—রা।

সুদূর—১। অতিদূরস্থিত। বিণ। ২। বহু দূর। প্রাদিতৎ। বি; ক্লীব।

সুদূরপরাহত—অতিদূরে বাধাপ্রাপ্ত, অসম্ভাবিত, যাহা ঘটা কঠিন এরূপ। সুদূরে পরাহত, ৭মীতৎ। বিণ।

সুদৃঢ়—অতিশয় দৃঢ়; অতি কঠিন। প্রাদিতৎ। বিণ।

সুদৃশ্য—সুন্দর, সুশ্রী। প্রাদিতৎ। বিণ।

সুদ্ধ, সুদ্ধু—সমেত; পর্য্যন্ত (Even). দেশজ। অব্য।

সুধন্বা (সুধন্বন্)—১। জনৈক নৃপ; বিশ্বকর্ম্মা; অনন্ত। বি; পুং। ২। উত্তমধনুর্দ্ধারী। সু (উত্তম) হইয়াছে ধনুঃ যাহার, বহুব্রী। বিণ।

সুধা—পীযূষ, অমৃত; পুষ্পরস; বিদ্যুৎ; চন্দ্রিকা; জল; চূণ। সু (সুখে)—ধে, ধৈ বা ধা+অঙ্ কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

সুধাংশু—চন্দ্র। সুধা হইয়াছে অংশু (কিরণ) যাহার, বহুব্রী। বি; পুং।

সুধাকর, —নিধি—চন্দ্র। সুধার আকর বা নিধি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সুধাধবলিত—চূর্ণ দ্বারা শুভ্রীকৃত, চুণকাম-করা। সুধা (চূর্ণ) দ্বারা ধবলিত, ৩য়াতৎ। বিণ।

সুধান—জিজ্ঞাসা করা। কবিপ্র। বাং ক্রি।

সুধানিস্যন্দী (—ন্দিন্)—যাহা হইতে সুধা ক্ষরিত হয়; মধুর। সুধা—নি—স্যন্দ্ ণিচ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—ন্দিনী।

সুধাময়—অমৃতময়; চূর্ণময়। সুধা শব্দ+ময়ট্। বিণ। স্ত্রী,—য়ী।

সুধামুখ—সুধাপূর্ণ বদন, অতি মিষ্টভাষী মুখ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

সুধী—১। সুবুদ্ধি, উত্তম বুদ্ধিবিশিষ্ট। সু (উত্তমা) ধী (বুদ্ধি) যাহার, বহুব্রী। বিণ। ২। পণ্ডিত। বি; পুং। ৩। সুন্দর বুদ্ধি। কর্ম্মধা। বি; স্ত্রী।

সুনন্দা—উমার জনৈক সখী; ইন্দুমতীর সখী। বি; স্ত্রী।

সুনয়ন—১। সুন্দর নেত্রবিশিষ্ট। বিণ। স্ত্রী,—না। ২। মৃগ, হরিণ। সু (শোভন) নয়ন যাহার, বহুব্রী। বি; পুং। ৩। সুন্দর চক্ষু। কর্ম্মধা। বি; ক্লীব।

সুনাম (—নামন্)—সুখ্যাতি, যশঃ, প্রশংসা। সু (শোভন) হয় নাম যাহার, বহুব্রী। বি; ক্লীব। [বিণ।

সুনিপুণ—সুদক্ষ, অতিশয় পটু। প্রাদিতৎ।

সুনির্দ্দি(দি)ষ্ট—উত্তমরূপে নির্দ্ধারিত। সু (শোভনরূপে) নির্দ্দিষ্ট, প্রাদিতৎ। বিণ।

সুনির্ম্মল—অতিশয় নির্ম্মল, অতি স্বচ্ছ; অতি পবিত্র। প্রাদিতৎ। বিণ।

সুনিশ্চয়—সম্পূর্ণ নিশ্চয়, সঠিক। প্রাদিতৎ। ক্রি-বিণ।

সুনিশ্চিত—সম্পূর্ণ অবধারিত, সঠিক। সু (অতিশয়) নিশ্চিত, প্রাদিতৎ। বিণ।

সুনীতি—১। উত্তম নীতিমান্। সু (উত্তম) নীতি যাহার, বহুব্রী। বিণ। ২। ধ্রুবের মাতা, উত্তানপাদ রাজার স্ত্রী। ৩। উত্তম নীতি। প্রাদিতৎ। বি; স্ত্রী।

সুনীল—গাঢ় নীলবর্ণ। প্রাদিতৎ। বিণ।

সুন্দ—জনৈক কপি; তাড়কা রাক্ষসীর স্বামী; দৈত্যবিশেষ, উপসুন্দের জ্যেষ্ঠ ভ্রাতা। সুন্দ্ +অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

[সু]ন্দর—মনোহর, সুদর্শন, সুদৃশ্য। সুন্দ্+[অ]রন্ কর্তৃবা। বিণ।
[সু]ন্দরী—১। সুরূপা, সুদৃশ্যা। বিণ; স্ত্রী। [২]। সুরূপা স্ত্রী; অর্দ্ধসম বৃত্তবিশেষ; সুঁদরি-[গ]াছ। সুন্দর্+ঈপ্। বি; স্ত্রী।
[সু]ন্নৎ—মুসলমান ও ইহুদীর লিঙ্গত্বক্ ছেদনরূপ [স]ংস্কার বিশেষ। আর্বী। বি।
[সু]ন্নী—মুসলমান সম্প্রদায়বিশেষ; ইহারা [খ]লীফার পূর্ব্বতন তিন খলিফাকে মানে। [আ]র্বী। বি।
[সু]পক্ক—উত্তমরূপে পরিণত বা পরিপাক-প্রাপ্ত; সুসিদ্ধ। প্রাদিতৎ। বিণ।
[সু]পণ্ডিত—অতিশয় বিদ্বান্। প্রাদিতৎ। বিণ। [প্রাদিতৎ। বি; পুং।
[সু]পথ—সৎপথ। সুরীতি; সদাচার।
[সু]পর্ণ—১। সুন্দরপর্ণযুক্ত। বিণ। ২। গরুড়; কুক্কুট। সু (সুন্দর) হইয়াছে পর্ণ যাহার, বহুব্রী। বি; পুং।
সুপাত্র—অতি যোগ্যপাত্র, অতিশয় উপযুক্ত ব্যক্তি; উত্তম আধার। প্রাদিতৎ। বি; ক্লীব।
সুপারি, সুপুরি—গুবাক। দেশজ। বি।
সুপারিস(শ)—অনুরোধ বা উপরোধ। ফার্সী 'সিফারিশ' শব্দজ। বি।
সুপুরুষ—সুন্দর পুরুষ, সুশ্রী মানব। প্রাদি-তৎ। বি; পুং।
সুপুষ্ট—ভালরূপে বর্দ্ধিত। প্রাদিতৎ। বিণ।
সুপ্ত—১। নিদ্রিত; শয়িত। স্বপ্ (নিদ্রা যাওয়া)+ক্ত কর্তৃবা। বিণ। ২। নিদ্রা; শয়ন। স্বপ্+ক্ত ভাববা। বি; ক্লীব।
সুপ্তি—নিদ্রা; শয়ন; স্বপ্ন। স্বপ্ (নিদ্রা যাওয়া)+ক্তি ভাববা। বি; স্ত্রী।
সুপ্তোত্থিত—নিদ্রা হইতে উত্থিত, ঘুমের পর জাগরিত। অগ্রে সুপ্ত পশ্চাৎ উত্থিত, কর্ম্মধা। বিণ।
সুপ্রতিষ্ঠ—অতিশয় প্রতিষ্ঠান্বিত, অতি-বিখ্যাত, সুপ্রসিদ্ধ। সু (উত্তমা) প্রতিষ্ঠা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ষ্ঠা।
সুপ্রতিষ্ঠিত—উত্তমরূপে প্রতিষ্ঠিত। প্রাদি-তৎ। বিণ। স্ত্রী,—তা।
সুপ্রতীক—দিগ্‌গজবিশেষ, ঈশানকোণের হস্তী। সু (উত্তম) হইয়াছে প্রতীক (অবয়ব) যাহার, বহুব্রী। বি; পুং।
সুপ্রভ—সুন্দর প্রভাযুক্ত। সু (সুন্দরী) প্রভা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ভা।
সুপ্রভাত—১। সুন্দর বা শুভসূচক প্রাতঃকাল; প্রাতঃপ্রণাম। প্রাদিতৎ। বি; ক্লীব। ২। অতীব দীপ্তিবিশিষ্ট। সু (অতিশয়) হইয়াছে প্রভাত (দীপ্তি) যাহার, বহুব্রী। বিণ। [হইয়াছে। প্রাদিতৎ। বিণ।
সুপ্রযুক্ত—উত্তমরূপে যাহার প্রয়োগ করা
সুপ্রশস্ত—সুবিস্তৃত; অতিশয় শ্রেষ্ঠ, সুযোগ্য। প্রাদিতৎ। বিণ।
সুপ্রসন্ন—অতীব প্রসন্ন। প্রাদিতৎ। বিণ।
সুপ্রসিদ্ধ—সুবিখ্যাত, সাতিশয় খ্যাতিপ্রাপ্ত; সর্ব্বলোকে সুবিদিত। প্রাদিতৎ। বিণ।
সুফল—১। উত্তম ফল; শ্রীফল, বেল; দাড়িম্ব। প্রাদিতৎ। বি; ক্লীব। ২। উত্তম ফলযুক্ত, সুন্দর ফলোৎপাদক; প্রচুর ফল-বিশিষ্ট। সু (উত্তম) ফল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।
সুবচনী—দেবীবিশেষ। সু—বচ্ (বলা)+অনট্ কর্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।
সুবদন—১। সুন্দর মুখ। প্রাদিতৎ। বি; ক্লীব। ২। সুন্দর মুখবিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী,—না,—নী।
সুবর্ণ—১। সুন্দর বর্ণবিশিষ্ট; সুরূপ; সুন্দর-অক্ষরযুক্ত। বিণ। স্ত্রী,—র্ণা। ২। স্বর্ণ, সোনা; হরিচন্দন; ১৬ মাষা পরিমিত সোনা; ধন। বহুব্রী। বি; ক্লীব।
সুবর্ণকদলী—চাঁপাকলা। সুবর্ণবর্ণা কদলী, মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।
সুবর্ণকার—স্বর্ণকার, সেকরা। সুবর্ণ (সোনা)—কৃ (করা)+অণ্ কর্তৃবা। বি; পুং।
সুবর্ণখচিত—স্বর্ণজড়িত, যাহার মাঝে মাঝে সোনা-বসান এরূপ। ৭মীতৎ। বিণ।

সুবর্ণবণিক (–বণিজ্)—সোনার বেণে। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

সুবর্ণময়—স্বর্ণময়, স্বর্ণনির্ম্মিত ; স্বর্ণব্যাপ্ত। সুবর্ণ + ময়ট্। বিণ। স্ত্রী, –য়ী।

সুবর্ণসুযোগ—কোন কিছু করিবার সর্ব্বাপেক্ষা সুবিধার সময়। সুবর্ণবৎ (উত্তম) সুযোগ, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

সুবল—শ্রীকৃষ্ণের বাল্যসখা গোপ-বালক-বিশেষ। বহুব্রী। বি ; পুং।

সুবলনী—সুগঠিত। প্রাঃ কবিপ্র। বিণ।

সুবলিত—সুগঠিত ; মনোহর ভঙ্গিবিশিষ্ট। প্রাদিতৎ। বিণ। স্ত্রী, –তা।

সুবহ—অনায়াস-বাহ্য, সুখে বহনীয়। সু (অনায়াস) – বহ্ + খল্ কর্ম্মবা। বিণ।

সুবা—বাদশাহী আমলে রাজ্যের বিভাগ-বিশেষ (Province). আবী। বি।

সুবাদ—সম্পর্ক, দূর বা গ্রামসম্পর্ক। দেশজ। বি।

সুবাদার—প্রাদেশিক শাসনকর্তা ; দেশীয় সৈন্যদলের কাপ্তেন। সুবা + দার। বি।

সুবাস—১। সৌরভ ; উত্তম বাসস্থান ; সুখে বাস। প্রাদিতৎ। বি ; পুং। ২। সুগন্ধ। সু (উত্তম) বাস যাহার, বহুব্রী। বিণ।

সুবাসিত—সুবাসযুক্ত, সৌরভবিশিষ্ট। সুবাস + ইতচ্ জাতার্থে। বিণ।

সুবাসিনী—সুবাসযুক্তা রমণী ; পিত্রালয়-বাসিনী স্ত্রী ; চিরণ্টী। সুবাস + ইন্ অস্ত্যর্থে + ঈপ্, অথবা সু – বস্ + ণিন কর্তৃবা + ঈপ্। বি ; স্ত্রী।

সুবিচার—উত্তম বিচার, পক্ষপাতশূন্য মীমাংসা। প্রাদিতৎ। বি ; পুং।

সুবিচারক—ন্যায়বিচারকারী, পক্ষপাতশূন্য বিচারকর্ত্তা। প্রাদিতৎ। বিণ।

সুবিধা—সদুপায়, সুযোগ। প্রাদিতৎ। বি ; স্ত্রী।

সুবিমল—অতিশয় নির্ম্মল, অতি স্বচ্ছ। [প্রাদিতৎ। বিণ।

সুবিশাল—অতিশয় প্রকাণ্ড, অতি বৃহৎ। প্রাদিতৎ। বিণ।

সুবিস্তীর্ণ—অতি বিস্তৃত, অতিশয় বিশাল। প্রাদিতৎ। বিণ। স্ত্রী, –র্ণা।

সুবিস্তৃত—অতি বিস্তৃত, অতি বৃহৎ, সুবিশাল। প্রাদিতৎ। বিণ।

সুবুদ্ধি—১। উৎকৃষ্টা মতি, উত্তম জ্ঞান। সু (উত্তমা) যে বুদ্ধি, প্রাদিতৎ। বি ; স্ত্রী। ২। উত্তমবুদ্ধিশালী। সু (উত্তম) হইয়াছে বুদ্ধি যাহার, বহুব্রী। বিণ। [বিণ।

সুবৃহৎ—অতি বৃহৎ, সুবিশাল। প্রাদিতৎ।

সুবেশ—১। সুন্দর বেশধারী। বহুব্রী। বিণ। ২। সুন্দর বেশ। প্রাদিতৎ। বি ; পুং।

সুবোধ—১। উত্তম জ্ঞান। সু (উত্তম) যে বোধ, প্রাদিতৎ। বি ; পুং। ২। উত্তমবুদ্ধিযুক্ত ; সাতিশয় বুদ্ধিমান্, তীক্ষ্ণ বুদ্ধিশালী ; শান্ত। সু (উত্তম) হইয়াছে বোধ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –ধা।

সুবোধ্য—সুখবোধ্য, অনায়াসবোধ্য, যাহা সহজে বুঝা যায় এরূপ। প্রাদিতৎ। বিণ।

সুব্যবস্থা—উত্তম বন্দোবস্ত, উত্তম বিধান। প্রাদিতৎ। বি ; স্ত্রী।

সুভগ—সুন্দর, প্রিয়দর্শন ; প্রিয় ; ভাগ্যবান্, সুখদ। সু (উত্তম) হইয়াছে ভগ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –গা।

সুভগা—ভাগ্যবতী ; সুন্দরী ; সুখদা, পতি-প্রিয়া, স্বামিসোহাগিনী। সুভগ + আপ্। বিণ ; স্ত্রী।

সুভদ্র—১। সৌভাগ্যশালী, ভাগ্যবান। সু (উত্তম) ভদ্র (সৌভাগ্য) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, –দ্রা। ২। লঙ্কায় সমুদ্রোপকূলে অবস্থিত চতুর্দ্দিকে শতযোজন বিস্তৃত বহু-শাখাবিশিষ্ট বটবৃক্ষ। বি ; পুং।

সুভদ্রা—১। সৌভাগ্যশালিনী, ভাগ্যবতী। বিণ ; স্ত্রী। ২। বলরামের সহোদরা ও কৃষ্ণের বৈমাত্রেয় ভগিনী, অর্জ্জুনের দ্বিতীয় পত্নী ; লোকপ্রসিদ্ধ মহাবীর অভিমন্যু ইহারই পুত্র। সু ভদ্র যাহার, বহুব্রী + আপ্। বি ; স্ত্রী।

সুভাষিত—১। সুকথিত। বিণ। ২ সুবাক্য। প্রাদিতৎ। বি ; ক্লীব।

সুভ্রূ—সুন্দর ভ্রূবিশিষ্ট। বহুব্রী। বিণ; ত্রি।

সুমতি—১। সুবুদ্ধি; করুণা, দয়া। প্রাদিতৎ। বি; স্ত্রী। ২। সুন্দর-মতি-যুক্ত। সু (সুন্দরী) মতি যাহার, বহুব্রী। বিণ।

সুমধুর—অতীব মধুর, অতি মিষ্ট। কর্ম্মধা বা প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—রা।

সুমধ্যম—উত্তম কটিবিশিষ্ট। সু (উত্তম) মধ্যম (কটি) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—মা।

সুমনঃ (সুমনস্), সুমন—পুষ্প, ফুল। সু (শোভন) হয় মনঃ যাহা'তে, বহুব্রী। বি; ক্লীব।

সুমনাঃ (সুমনস্), সুমনা—১। মহামনাঃ, উদারচিত্ত; প্রীত। বিণ। ২। দেবতা; পণ্ডিত। সু (শোভন) মনঃ যাহার, বহুব্রী। বি; পুং।

সুমন্ত্র—রাজা দশরথের সারথি। সু (উত্তম) মন্ত্র (মন্ত্রণা) যাহার, বহুব্রী। বি; পুং।

সুমার—গণনা, সংখ্যা; সমষ্টি। ফার্সী। বি।

সুমারি—গণনা। ফার্সী। বি।

সুমালী—জনৈক রাক্ষস, সুকেশ-নামক রাক্ষসের পুত্র এবং দশাননের মাতামহ। বি; পুং।

সুমিত্রা—রাজা দশরথের তৃতীয়া ভার্য্যা এবং লক্ষ্মণ ও শত্রুঘ্নের জননী। সু (উত্তম) মিত্র যে স্ত্রীর, বহুব্রী। বি; স্ত্রী।

সুমেরু—ভূমধ্যস্থ পর্ব্বতবিশেষ; পৃথিবীর উত্তর প্রান্ত; জপমালার মধ্যস্থিত গুটিকা। সু—মি+রু কর্ম্মবা। বি; পুং।

সুমেরুবৃত্ত—উত্তর মেরুর ২৩।০ অক্ষাংশ অন্তরে অবস্থিত রেখা। সুমেরু সূচক যে বৃত্ত, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

সুমেরুসমুদ্র—পৃথিবীর উত্তর মেরু বেষ্টন-কারী সাগর। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

সুয়া, সুয়ো—সোহাগিনী, প্রিয়া; আদরিণী। 'সোহাগী' শব্দজ। বিণ; স্ত্রী।

সুযুক্তি—উত্তম যুক্তি; সৎপরামর্শ। সু (শোভনা) যে যুক্তি, প্রাদিতৎ। বি; স্ত্রী।

সুযোগ—উত্তম যোগ; উত্তম অবসর; সদুপায়; সুবিধা। প্রাদিতৎ। বি; পুং।

সুযোগ্য—সাতিশয় উপযুক্ত। প্রাদিতৎ। বিণ।

সুর—১। দেব; সূর্য্য; সুধীজন, পণ্ডিত। সু (আধিপত্য করা)+রক্ কর্ত্তৃবা; কিংবা সুর্ (প্রভুত্ব করা)+ক কর্ত্তৃবা; অথবা সু—রাজ্ (দীপ্তি পাওয়া)+ড কর্ত্তৃবা। বি; পুং। ২। স্বর; তাললয়যুক্ত সপ্তস্বর; রাগিণী। 'স্বর' শব্দজ। বি।

সুরকি, সুর্কি—ইটের গুঁড়া। ফার্সী 'সুর্খ' শব্দজ। বি।

সুরগুরু—বৃহস্পতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সুরঙ্গ(ংগ)—১। হিঙ্গুল; গর্ত্তবিশেষ, সুড়ঙ্গ। সু (উত্তম) রঙ্গ যাহার, বহুব্রী। বি; ক্লীব। ২। আলতা; উত্তম রঙ্। প্রাদিতৎ। বি; পুং।

সুরঞ্জিত—উত্তমরূপে রঞ্জিত, সুন্দরভাবে রঙ্-করা। প্রাদিতৎ। বিণ।

সুরত—১। রতিক্রীড়া, শৃঙ্গার। সু—রম্ (রমণ করা)+ক্ত ভাববা। বি; ক্লীব। ২। অতিশয় অনুরাগী। সু—রম্+ক্ত কর্ত্তৃবা। বিণ; ত্রি। ৩। শরীর, আকার, মূর্ত্তি, চেহারা; ভাব, প্রকার; সুযোগ; উপায়, কৌশল। আর্বী। বি।

সুরত-হাল, সুরথাল—লাসের শরীরের অবস্থা; স্থানীয় তদন্ত; আদালতে এজাহার। বৈদে। বি।

সুরথ—১। উৎকৃষ্ট রথযুক্ত। সু (উত্তম) রথ যাহার, বহুব্রী। বিণ। ২। বিদর্ভরাজ শ্বেতের ভ্রাতা। বি; পুং।

সুরদ্বিট্ (—দ্বিষ্)—সুরবৈরী, দেবশত্রু—অসুর, দৈত্য, দানব, রাক্ষস। সুর—দ্বিষ্ (দ্বেষ করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি; পুং।

সুরধুনী, —নদী, —নিম্নগা—গঙ্গা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সুরপতি—দেবরাজ, বাসব, ইন্দ্র। ৬ষ্ঠীতৎ। [বি; পুং।

সুরবাহার—বীণার মত একপ্রকার বাদ্য-যন্ত্র। দেশজ। বি।

সুরবোধ—সুরজ্ঞান, তাললয়বিশিষ্ট স্বরের জ্ঞান। ৬ষ্ঠীতৎ। বি।

সুরভি—সদগন্ধযুক্ত; প্রিয়; বিদ্বান্, পণ্ডিত;

মনোহর ; বিখ্যাত ; ধার্ম্মিক । সু—রভ্‌+ইন্‌ কর্ত্তৃবা । বিণ ।

সুরভি, সুরভী—দেবগবী ; গবী ; পৃথিবী ; তুলসী ; দক্ষকন্যা ও কশ্যপপত্নী এবং যাবতীয় চতুষ্পদ জন্তুর জননী ; মাতৃকাবিশেষ ; মল্লিকা ; সুরা ; মুরা ; শল্লকী । সু—রভ্‌+ইন্‌ কর্ত্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে ঈপ্‌ । বি ; স্ত্রী ।

সুরভিত—সুগন্ধিত ; প্রসিদ্ধ, খ্যাত । সু—রভ্‌+ক্ত কর্ম্মবা । বিণ ; ত্রি ।

সুরভূমি—দেবলোক, স্বর্গ ; প্লক্ষাদি দ্বীপ । ৬ষ্ঠীতৎ । বি ; স্ত্রী ।

সুরম্য—অতি রমণীয়, সাতিশয় মনোহর । প্রাদিতৎ । বিণ । স্ত্রী,—ম্যা । [পুং ।

সুররিপু—অসুর, দৈত্য । ৬ষ্ঠীতৎ । বি ;

সুরলোক—দেবলোক, স্বর্গ । ৬ষ্ঠীতৎ । বি ; পুং । [বহুব্রী । বিণ ।

সুরস—সুস্বাদ ; মধুর, মিষ্ট ; কাব্যে রসযুক্ত ।

সুরসাল—উত্তম রসযুক্ত, সুমধুর রসবিশিষ্ট । প্রাদিতৎ । বিণ । স্ত্রী,—লা ।

সুরসিক—উত্তম রসজ্ঞ, সুন্দর রসবোধ-বিশিষ্ট ; মধুরালাপী । প্রাদিতৎ । বিণ ।

সুরসুন্দরী, সুরাঙ্গ(ঙ্গ)না—দেবাঙ্গনা ; স্বর্বেশ্যা, অপ্সরাঃ, মৎস্যবিশেষ ; যোগিনী-বিশেষ । ৬ষ্ঠীতৎ । বি ; স্ত্রী ।

সুরা—১ । মদ্য, মদিরা, মদ । সুর্‌ (প্রভুত্ব করা)+ক কর্ত্তৃবা+আপ্‌ । বি ; স্ত্রী । ২ । কোরাণের অধ্যায় । আর্বী । বি ।

সুরাচার্য্য(র্য)—দেবগুরু, বৃহস্পতি । সুর-গণের আচার্য, ৬ষ্ঠীতৎ । বি ; পুং ।

সুরাঙ্গনা—সুরসুন্দরী দ্রঃ ।

সুরাপান—মদ্যপান । ৬ষ্ঠীতৎ । বি ; ক্লীব ।

সুরাপায়ী (-পায়িন্‌)—মদ্যপানকর্ত্তা, মদিরা পানে অভ্যস্ত । সুরা—পা+ণিন্‌ কর্ত্তৃবা । বিণ । স্ত্রী,—য়িনী ।

সুরারঞ্জিত—সুরাপানে রাগযুক্ত, সুরার প্রভাবে রক্তিম । ৩য়াতৎ । বিণ ।

সুরারি—দেবশত্রু, অসুর, দৈত্য । সুরগণের অরি, ৬ষ্ঠীতৎ । বি ; পুং ।

সুরাসার—শোধিত সুরা, স্পিরিট (ইহার বর্ণ বা গন্ধ নাই এবং প্রায় জলহীন) । ৬ষ্ঠীতৎ । বি ; পুং ।

সুরাসুর—দেব ও দৈত্য । দ্বন্দ্ব । বি ; পুং ।

সুরাহা—সমাধান ; সুবিধা । সু (উত্তম) রাহা (পথ), প্রাদিতৎ । বি ।

সুরু—সূত্রপাত, আরম্ভ । আর্বী । বি ।

সুরুক, সুলুক—সূত্র, খেই, টের । তুর্কী 'সুরাগ' শব্দজ । বি ।

সুরুচি—১ । উত্তম রুচি, অশ্লীলতাবর্জ্জিত রুচি ; উৎকৃষ্ট অনুরাগ । প্রাদিতৎ । বি ; স্ত্রী । ২ । উত্তমরুচিবিশিষ্ট । বহুব্রী । বিণ । ৩ । রাজা উত্তানপাদের প্রধানা মহিষী এবং পরমভাগবত ধ্রুবের মাতা । বি ; স্ত্রী ।

সুরুচিসঙ্গ(ঙ্গ)ত, —সম্মত—সুরুচির অনুমোদিত, শ্লীলতাযুক্ত, রুচিবিশিষ্ট । ৩য়া-তৎ । বিণ ।

সুরুচিসম্পন্ন—উত্তমরুচিবিশিষ্ট, যাহার রুচিতে কোন দোষ নাই । সুরুচি দ্বারা সম্পন্ন, ৩য়াতৎ । বিণ । স্ত্রী,—ন্না ।

সুরুয়া—কাথ, যূষ, ঝোল । ফার্সী 'শোরবা' শব্দজ । বি ।

সুরূপ—১ । রূপবান্‌ ; অতি সুন্দর ; পণ্ডিত । সু (সুন্দর) রূপ যাহার, বহুব্রী । বিণ । স্ত্রী,—পা । ২ । উত্তম রূপ, সুন্দর আকৃতি, মনোহর শ্রী । সু (শোভন) যে রূপ, কর্ম্মধা । বি ; ক্লীব ।

সুরেন্দ্র—দেবেন্দ্র, দেবরাজ, বাসব । সুরগণের ইন্দ্র, ৬ষ্ঠীতৎ । বি ; পুং ।

সুরেশ—দেবরাজ, ইন্দ্র । সুরদিগের ঈশ, ৬ষ্ঠীতৎ । বি ; পুং ।

সুরেশ্বর—দেবরাজ, ইন্দ্র ; মহাদেব । সুর-গণের ঈশ্বর, ৬ষ্ঠীতৎ । বি ; পুং ।

সুরেশ্বরী—দুর্গা ; গঙ্গা । সুরগণের ঈশ্বরী, ৬ষ্ঠীতৎ । বি ; স্ত্রী । [শব্দজ । বি ।

সুর্কি, সুর্কী—ইটের গুঁড়া । ফার্সী 'সুর্খ'

সুর্ত্তি, সুরতি—১ । পাণের সহিত খাইবার দোক্তাপাতার সুগন্ধ গুলি বা গুঁড়াবিশেষ ।

হিন্দী। বি। ২। চাঁদা তুলিয়া জুয়াখেলা বা ভাগ্য পরীক্ষাবিশেষ (Lottery). পোর্তু 'Sorte' শব্দজ। বি।

সুর্মা(র্ম্মা)—চক্ষুর অঞ্জনবিশেষ, রসাঞ্জন বা সীসাঞ্জনের গুঁড়া। ফার্সী। বি।

সুলক্ষণ—১। উত্তম লক্ষণ। প্রাদিতৎ। বি; ক্লীব। ২। উত্তম লক্ষণাক্রান্ত। বহুব্রী। বিণ; ত্রি। স্ত্রী,—ণা।

সুলতান—মুসলমান রাজার উপাধি। তুর্কী। বি; পুং। স্ত্রী,—না। [তুর্কী। বি।

সুলতানৎ—সুলতানের অধিকৃত রাজ্য।

সুলভ—১। অনায়াসলভ্য, সহজপ্রাপ্য; অযত্নসিদ্ধ, যাহা বিনা যত্নে সিদ্ধ হয়। সু (অনায়াস)—লভ্‌+খল্‌ কর্ম্মবা। বিণ। ২। অল্পমূল্য, সস্তা। দেশজ প্রঃ। বিণ।

সুললিত—অতি মনোজ্ঞ, সাতিশয় সুন্দর; অতি কোমল। প্রাদিতৎ। বিণ।

সুলেখক—শ্রেষ্ঠ লিপিকর; সুন্দর প্রবন্ধ রচয়িতা। প্রাদিতৎ। বি; পুং বা বিণ।

সুলোচন—১। মৃগ, হরিণ। বি; পুং। ২। সুন্দর নেত্রবিশিষ্ট। সু (সুন্দর) হইয়াছে লোচন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

সুশাসন—উত্তমরূপে দমন; ন্যায়সঙ্গতভাবে রক্ষণাবেক্ষণ। প্রাদিতৎ। বি; ক্লীব।

সুশাসিত—উত্তমরূপে দমিত; ন্যায়সঙ্গতভাবে পালিত। প্রাদিতৎ। বিণ।

সুশিক্ষা—উত্তম উপদেশ; উত্তম অধ্যয়ন; সুন্দর অভ্যাস। প্রাদিতৎ। বি; স্ত্রী।

সুশিক্ষিত—উত্তমরূপে শিক্ষাপ্রাপ্ত। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—তা। [বিণ।

সুশীতল—অতিশয় শীতল। প্রাদিতৎ।

সুশীল—সচ্চরিত্র, সৎস্বভাব। সু (উত্তম) শীল যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—লা।

সুশীলতা—সচ্চরিত্রতা, নম্রতা, বিনয়। সুশীল শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সুশৃঙ্খ(ংখ)ল—সুনিয়মিত, উত্তমরূপে ব্যবস্থিত। সু (উত্তমা) শৃঙ্খলা যাহার, বহুব্রী। বিণ।

সুশৃঙ্খ(ংখ)লা—১। সুনিয়মিতা, সুন্দরভাবে ব্যবস্থিতা। সুশৃঙ্খল+আপ্‌। বিণ; স্ত্রী। ২। সুনিয়ম, উত্তম রীতি, সুন্দর বন্দোবস্ত। প্রাদিতৎ। বি; স্ত্রী।

সুশোভন—অতিশয় শোভাকর, অতি সুন্দর। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—না।

সুশোভিত—অতিশয় শোভাযুক্ত, অতি সুন্দর; সুন্দররূপে প্রকাশিত। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—তা।

সুশ্রাব্য—শ্রুতিমধুর, শুনিতে মিষ্ট। সু—শ্রু (শুনা)+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

সুশ্রী—১। শ্রীমান্‌, সুরূপ। সু (সুন্দর) শ্রী যাহার, বহুব্রী। বিণ। ২। সুন্দর কান্তি, মনোরম সৌন্দর্য্য। প্রাদিতৎ। বি; স্ত্রী।

সুশ্রীক—সুন্দর কান্তিযুক্ত, সৌষ্ঠবসম্পন্ন। সু (উত্তমা) শ্রী যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—কা।

সুশ্রুত—বিশ্বামিত্রপুত্র চিকিৎসাগ্রন্থপ্রণেতা জনৈক মুনি ও তৎপ্রণীত গ্রন্থ। সু (উত্তম) শ্রুত (বিদ্যা) যাঁহার, বহুব্রী; সুশ্রুত+অচ্‌ কৃতার্থে। বি; পুং।

সুষনি, সুষুনি—জলজ শাকবিশেষ। 'সুনিষণ্ণক' শব্দজ। বি।

সুষম—অতি সমান; সুন্দর। সু (অতিশয়) সম, প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—মা।

সুষমা—১। অতিসমানা; সুন্দরী। বিণ; স্ত্রী। ২। পরম শোভা। সু যে সমা, প্রাদিতৎ। বি; স্ত্রী।

সুষি, সুষির—বিবর, গর্ত্ত; বংশীবিশেষ। শুষ্‌+ইন্‌, কিরচ কর্ত্তৃবা। বি; স্ত্রী, ক্লীব।

সুষুপ্ত—১। সুষুপ্তি, গভীর নিদ্রা। সু—স্বপ্‌+ক্ত ভাববা। বি; ক্লীব। ২। গভীরভাবে নিদ্রিত। সু—স্বপ্‌+ক্ত কর্ত্তৃবা। বিণ।

সুষুপ্তি—পুরীতৎ নাড়ীতে মনঃসংযোগ জন্য গাঢ় নিদ্রা। সু—স্বপ্‌ (নিদ্রা যাওয়া)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

সুষুম্না—মেরুদণ্ডবাহ নাড়ী; সূর্য্যরশ্মি। সুষু (অব্যক্ত শব্দ)—ম্না (অভ্যাস করা)+ক কর্ত্তৃবা+আপ্‌। বি; স্ত্রী।

সুষেণ—বিষ্ণু; বানরপতিবিশেষ, বালিরাজের শ্বশুর। সু (উত্তমা) সেনা (সৈন্য) যাহার, বহুব্রী। বি; পুং।

সুষ্ঠু—অতিশয় সুন্দর; শ্রেষ্ঠ; প্রধান; সত্য। সু—স্থা (থাকা)+কু কর্তৃবা। অব্য।

সুসংবাদ—শুভ বার্তা, সুসমাচার। সু (শুভ) যে সংবাদ, প্রাদিতৎ। বি; পুং।

সুসংস্কৃত—উত্তমরূপে পক্ব; উত্তম সংস্কারসম্পন্ন। প্রাদিতৎ। বিণ।

সুসঙ্গ(ংগ)ত—উত্তম যুক্তিযুক্ত; সুযোগ্য। প্রাদিতৎ। বিণ।

সুসজ্জ—উত্তমরূপে সজ্জিত। সু—সঞ্জ্+ ঘঞ্ কর্ম্মবা; কিংবা সু (উত্তমা) সজ্জা (সাজ) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—জ্জা।

সুসজ্জিত—উত্তমরূপে সজ্জিত, সুবিন্যস্ত। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—তা।

সুসভ্য—অতিশয় সভ্য, অতি ভদ্র, উত্তম শিক্ষিত। প্রাদিতৎ। বিণ।

সুসময়—ভাল সময়, সুখের অবস্থা, সুদিন। সু (উত্তম) যে সময়, প্রাদিতৎ। বি; পুং।

সুসম্পন্ন—উত্তমরূপে নিষ্পন্ন; সম্যক্ সাধিত; অতিশয় ঐশ্বর্য্যশালী, বিলক্ষণ সঙ্গতিপন্ন। প্রাদিতৎ। বিণ।

সুসাধ্য—অনায়াসে সাধনীয়, সুকর। [প্রাদিতৎ। বিণ।

সুসার—প্রতুল, কুলান; সচ্ছল অবস্থা; সঙ্গতি; সুযোগ। দেশজ। বি।

সুস্থ—স্বাস্থ্যযুক্ত, নীরোগ; সচ্ছল; সুখী; সুস্থির; সুন্দর। সু—স্থা (থাকা)+ক কর্তৃবা। বিণ। স্ত্রী, সুস্থা।

সুস্থকায়, —দেহ—১। নীরোগ শরীর। কর্ম্মধা। বি; পুং, ক্লীব। ২। নীরোগশরীরবিশিষ্ট, সচ্ছল। বহুব্রী। বিণ।

সুস্থচিত্ত—১। স্থির মনঃ, নিশ্চিন্ত অন্তঃকরণ। কর্ম্মধা। বি; ক্লীব। ২। স্থিরমনাঃ, সুস্থিতহৃদয়। বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্তা।

সুস্থতা—নীরোগতা; সচ্ছন্দতা; সুখ; সুস্থিরতা। সুস্থ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সুস্থদেহ——সুস্থকায় দ্রঃ।

সুস্থির—অতি স্থির, অচঞ্চল; নীরোগ; স্বাস্থ্যযুক্ত। প্রাদিতৎ। বিণ। স্ত্রী,—রা।

সুস্নিগ্ধ—সুশীতল; অতি মৃদু। প্রাদিতৎ। বিণ।

সুস্পষ্ট—অতিশয় স্পষ্ট। প্রাদিতৎ। বিণ।

সুস্বর—মিষ্টস্বর। প্রাদিতৎ। বি; পুং।

সুস্বাদ—১। উত্তম স্বাদ বা মিষ্টতা। প্রাদিতৎ। বি; পুং। ২। উত্তমস্বাদযুক্ত। বহুব্রী। বিণ।

সুস্বাদু—উত্তম স্বাদবিশিষ্ট। প্রাদিতৎ। বিণ।

সুহৃৎ (**সুহৃদ্**)—সদানুমত সঙ্গী, সখা। সু (শোভন) হইয়াছে হৃদয় যাহার, বহুব্রী। বি; পুং।

সুহৃদ্বর—সুহৃৎ-শ্রেষ্ঠ, শ্রেষ্ঠ বন্ধু। ৭মীতৎ। বিণ বা বি; পুং। **সুহৃদ্বরেষু**—বন্ধুর নিকট লিখিতব্য চিঠির পাঠ।

সুঁই—সূঁচ। 'সূচী' শব্দজ। বি।

সূক্ত, সূক্তি—সুবচন, উত্তম বাক্য; বেদমন্ত্র। সু (উত্তম) যে উক্ত, উক্তি (বচন), প্রাদিতৎ। বি; ক্লীব, স্ত্রী।

সূক্ষ্ম—১। অল্প; ক্ষুদ্র; সঙ্কীর্ণ, সরু; দুর্জ্ঞেয়। বিণ। ২। অধ্যাত্ম বস্তু; কৈতব, অর্থালঙ্কারবিশেষ। বি; ক্লীব। ৩। অণু। সূচ্+মন্ কর্ম্মবা। বি; পুং।

সূক্ষ্মকোণ—(জ্যামিতিশাস্ত্রে) সমকোণ অপেক্ষা ক্ষুদ্রকোণ। কর্ম্মধা। বি; পুং।

সূক্ষ্মদর্শিতা—সূক্ষ্মদর্শীর ভাব, বিচক্ষণতা, বুদ্ধিমত্তা। সূক্ষ্মদর্শিন+তা ভাবার্থে। বি; স্ত্রী।

সূক্ষ্মদর্শী (**—দর্শিন্**)—বিলক্ষণ বিচক্ষণ; সাতিশয় বুদ্ধিমান্। সূক্ষ্ম—দৃশ্ (দেখা)+ ণিন্ কর্তৃবা। বিণ।

সূক্ষ্মবুদ্ধি—১। তীক্ষ্ণ ধীশক্তি, সুবুদ্ধি। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। তীক্ষ্ণবুদ্ধিবিশিষ্ট, সাতিশয় বুদ্ধিমান্। বহুব্রী। বিণ।

সূক্ষ্মভূত—আকাশাদি পঞ্চ স্থূল ভূতের সূক্ষ্মাংশবিশেষ। কর্ম্মধা। বি; ক্লীব।

সূক্ষ্মশরীর—পঞ্চপ্রাণ, দশেন্দ্রিয়, মন ও বুদ্ধি এই সপ্তদশ-সম্মিলিত আত্মার ভোগসাধন দেহ। কর্ম্মধা। বি; ক্লীব।

সূক্ষ্মাগ্র—তীক্ষ্ণাগ্র, সরু আগাবিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী, –গ্রা।

সূক্ষ্মানুসূক্ষ্ম—পুঙ্খানুপুঙ্খ; তন্ন তন্ন। সূক্ষ্ম হইতে অনুসূক্ষ্ম, ৫মীতৎ। বিণ।

সূচক—১। জ্ঞাপক; ব্যঞ্জক; প্রকাশক; কথক। বিণ। স্ত্রী, –চিকা। ২। চর, গূঢ় পুরুষ, খল জন; সূত্রধর; দলপতি; পিশাচ; কাক; বিড়াল; কুক্কুর। সূচি (জ্ঞাপন করা) +ণক কর্তৃবা। বি; পুং।

সূচন, –না—জ্ঞাপন; সূত্রপাত; সঙ্কেত বা চিহ্নাদি দ্বারা জানান; কথন; হিংসন; অভিনয়; দোষ আবিষ্করণ, দোষ বাহির করা। সূচ (জ্ঞাপন করা, ইত্যাদি)+ অনট্ ভাববা, ২য় পক্ষে সূচ্+অন ভাববা+ আপ্। বি: ক্লীব, স্ত্রী।

সূচি, সূচী—১। সীবনী, সূচ, ছুঁচ; জ্ঞাপনী; সূক্ষ্ম অগ্রভাগ; নর্তকী বা গায়িকাদের করাদির অভিনয়; প্রথম, আরম্ভ। সূচ্ (সূচনা করা)+ণিচ্+ইন্ করণবা, পক্ষে ঈপ্। বি; স্ত্রী।

সূচিত—কথিত; জ্ঞাপিত; হিংসিত; যোগ্য। সূচ্ (সূচনা করা)+ক্ত কর্মবা। বিণ।

সূচী—সূচি দ্রঃ।

সূচীকটাহন্যায়—যে সূচী গড়াইতে আসিয়াছে সে পরে আসিলেও যে কড়াই গড়াইতে আসিয়াছে তাহার আগেই তাহার কাজ সারিয়া দেওয়া উচিত এই দৃষ্টান্ত। সূচীকটাহ-আশ্রিত ন্যায়, মধ্যপ কর্মধা। বি; পুং।

সূচীপত্র—যে পাতায় পুস্তকের বিষয়সমূহ ও পৃষ্ঠার নির্দেশ থাকে। মধ্যপ কর্মধা। বি; ক্লীব।

সূচীভেদ্য—সূচী দ্বারা বেধনীয়, ছুঁচ দিয়া বেঁধা যায় এরূপ, অর্থাৎ অতি নিবিড় বা ঘন ('–অন্ধকার')। ৩য়াতৎ। বিণ।

সূচীরোমা (–রোমন্)—বরাহ, শূকর। সূচীতুল্য রোম যাহার, বহুব্রী। বি; পুং।

সূচ্যগ্র—ছুঁচের আগা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সূত—১। প্রসূত; উৎপন্ন, জাত। সূ+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, সূতা। ২। সূর্য্য; সারথি; সূত্রধরজাতি; স্তুতিপাঠক; পুরাণবক্তা জনৈক মুনি। বি; পুং। ৩। জনিত, উৎপাদিত; প্রেরিত। সূ+ক্ত কর্মবা। বিণ।

সূতক—জন্ম; জননাশৌচ, পুত্র বা কন্যা জন্মহেতু শরীরাশুদ্ধি। সূত শব্দ+কন্। বি; ক্লীব।

সূতকাশৌচ—সন্তান জন্ম জন্য অশৌচ। সূতক জন্য অশৌচ, মধ্যপ কর্মধা। বি; ক্লীব।

সূতপুত্র—সূর্য্যতনয়, কর্ণ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সূতলি(লী)—শণসূত্র, শণের সরু দড়ি। দেশজ। বি।

সূতা—১। প্রসূতা; উৎপন্না। সূত+আপ্। বিণ। ২। তন্তু। 'সূত্র' শব্দজ। বি।

সূতি—সূতী দ্রঃ।

সূতিকা—নবপ্রসূতা স্ত্রী; প্রসবের পর প্রসূতির জ্বর ও উদরাময়ের আকারে দুরারোগ্য ব্যাধিবিশেষ। সূতা+কন্+আপ্। বি; স্ত্রী।

সূতিকাগার, –গৃহ, সূতীগৃহ—প্রসবগৃহ, আঁতুড় ঘর। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সূতী, সূতি—সূত্রময়, কার্পাসসূত্র-নির্ম্মিত। সূতা+ঈ, ই। বিণ।

সূত্র—তন্তু, সূতা; নাট্যশাস্ত্রের উপক্রম; ব্যবস্থা দর্শনাদি শাস্ত্রকারের প্রথম প্রণীত সংক্ষিপ্ত বাক্য; পতিক; ধারা; বিধান; নিয়ম। সূত্র্ (গাঁথা ইত্যাদি)+ঘঞ্ করণবা। বি; ক্লীব।

সূত্রকার—মূলসূত্ররচয়িতা। সূত্র–কৃ+অণ্ কর্তৃবা। বিণ বা বি; পুং।

সূত্রধর—ছুতার জাতি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সূত্রধার—নাট্য-প্রস্তাবক প্রধান নট; সূত্রধর জাতি, ছুতোর; ইন্দ্র। সূত্র শব্দ–ধৃ (ধারণ করা)+অণ্ কর্তৃবা। বি; পুং।

সূত্রপাত—সূতা ফেলা অর্থাৎ কার্য্যের সূচনা, আরম্ভ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সূদ—১। সূপকার, পাচক। সূদি (বধ করা)+অচ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। কুসীদ, বৃদ্ধি। ফার্সী। বি।

সূদন—১। (অন্য শব্দের পরে) বিনাশক, নাশকারক। সূদি (বধ করা)+অন কর্ত্তৃবা। বিণ। ২। হনন, বধ। সূদি+অনট্ ভাববা। বি; ক্লীব।

সূনা—বধস্থান, বধাভূমি; মাংসবিক্রয়স্থান, কসাইখানা; উনন, শিলনোড়া, ঝাঁটা, উদূখল-মূষল, কলসীপিঁড়ী—গৃহস্থের এই পাঁচ সূনা। সূ+ন অধিবা+আপ্। বি; স্ত্রী।

সূনু—১। অনুজ; পুত্র; সূর্য্য। সূ (প্রসব করা)+নুক্ কর্ম্মবা। বি; পুং।

সূপ—১। ব্যঞ্জনবিশেষ, ডা'ল; ঝোল। সূ (প্রসব করা)+পক্ কর্ম্মবা। বি; পুং। ২। রন্ধনকর্ত্তা, পাচক। সূ+পক্ কর্ত্তৃবা। বিণ।

সূপকার—রন্ধনকর্ত্তা, পাচক। সূপ (ব্যঞ্জন)—কৃ (করা)+অণ্ কর্ত্তৃবা। বিণ বা বি; পুং। স্ত্রী,—রী।

সূর—১। সূর্য্য। সূ+রক্ কর্ত্তৃবা। ২। শূর, বীর; পণ্ডিত। সূর+ক কর্ত্তৃবা। বি; পুং।

সূরি—কবি; বিচক্ষণ, পণ্ডিত; কনক বাহন। সূর্ (সুশিক্ষিত করা)+ই কর্ত্তৃবা। বি; পুং।

সূর্প, –নখা—শূর্প দ্রঃ।

সূর্য্য(র্য)—দিবাকর। সৃ (গমন করা)+ক্যপ কর্ত্তৃবা, যিনি গমন করেন। বি; পুং।

সূর্য্য(র্য)কর—রৌদ্র, রোদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [৩য়াতৎ। বিণ।

সূর্য্য(র্য)করোজ্জ্বল—সূর্য্যকিরণে উদ্ভাসিত।

সূর্য্য(র্য)কান্ত—মণিবিশেষ, আতস মণি। সূর্য্য কান্ত (প্রিয়) যাহার, বহুব্রী। বি; পুং।

সূর্য্য(র্য)গ্রহণ—রাহু কর্ত্তৃক সূর্য্যগ্রাস, সূর্য্যে গ্রহণ লাগা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সূর্য্য(র্য)ঘড়ি—সূর্য্যকিরণে রক্ষিত শঙ্কাদির ছায়াপাত দ্বারা সময়-নিরূপক যন্ত্র (Sun-dial). সূর্য্য নিয়ন্ত্রিত ঘড়ি, মধ্যপ কর্ম্মধা। বি।

সূর্য্য(র্য)তনয়, সূর্য্যা(র্যা)ত্মজ—বৈবস্বত মনু; যম; শনি; সুগ্রীব; কর্ণ। সূর্য্যের তনয়, আত্মজ (পুত্র), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সূর্য্য(র্য)তনয়া, সূর্য্যা(র্যা)ত্মজা—যমুনা-নদী; তপতী। সূর্য্যের তনয়া, আত্মজা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সূর্য্য(র্য)বংশ—সূর্য্যের সন্তানপরম্পরা; আদিপুরুষ সূর্য্য হইতে আগত কুল। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি; ক্লীব।

সূর্য্য(র্য)মণ্ডল—সূর্য্যের পরিবেশ। ৬ষ্ঠীতৎ।

সূর্য্য(র্য)মুখ, –মুখী—স্বনামখ্যাত পুষ্প-বিশেষ। সূর্য্যের দিকে মুখ যাহার, বহুব্রী। বি; ক্লীব, স্ত্রী। [পুং।

সূর্য্য(র্য)সারথি—অরুণ। ৬ষ্ঠীতৎ। বি;

সূর্য্য(র্য)সিদ্ধান্ত—বরাহমিহির কৃত জ্যোতিষগ্রন্থবিশেষ। বহুব্রী। বি; ক্লীব।

সূর্য্যা(র্যা)র্ঘ্য—সূর্য্যকে প্রদেয় অর্ঘ্য। মধ্যপ কর্ম্মধা। বি; পুং বা ক্লীব। [পুং।

সূর্য্যা(র্যা)লোক—রোদ। ৬ষ্ঠীতৎ। বি;

সূর্য্যা(র্যা)স্ত—সূর্য্যের অস্তগমন, সূর্য্য ডুবিয়া যাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সূর্য্যো(র্যো)দয়—সূর্য্যের প্রকাশ, সূর্য্য উঠা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সৃক্কণী—ওষ্ঠপ্রান্ত, কষ। সৃজ+ক্বনিন কর্ত্তৃবা+ঙীপ। বি; স্ত্রী।

সৃজন—নির্ম্মাণ, সৃষ্টি। সৃজ (নির্ম্মাণ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব। [ব্যাকরণ-মতে অশুদ্ধ]।

সৃপ্ত—স্খলিত। সৃপ+ক্ত কর্ত্তৃবা। বিণ।

সৃষ্ট—নির্ম্মিত, রচিত, কৃত; যুক্ত; নিশ্চিত, ত্যক্ত। সৃজ্+ক্ত কর্ম্মবা। বিণ।

সৃষ্টি—১। নির্ম্মাণ; রচন। সৃজ+ক্তি ভাববা। ২। স্বভাব, প্রকৃতি, নিসর্গ; জগৎ, বিশ্ব; শিল্প। সৃজ্+ক্তি কর্ম্মবা। বি; স্ত্রী।

সৃষ্টিকর্ত্তা(র্তা) (–কর্ত্তৃ)—১। নির্ম্মাতা, রচয়িতা। বিণ। ২। জগৎ-নির্ম্মাতা, ব্রহ্মা; পরমেশ্বর। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সৃষ্টিনাশ—বিশ্বসংহার, জগতের ধ্বংস। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সৃষ্টিরক্ষা—জগৎরক্ষা, বিশ্বের পালন। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
সৃষ্টিলোপ—প্রলয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।
সৃষ্টিস্থিতি—উৎপত্তি ও অবস্থান; নির্ম্মাণ ও পালন। দ্বন্দ্ব। বি; স্ত্রী।
সৃষ্টিস্থিতিপ্রলয়—নির্ম্মাণ রক্ষা ও সংহার, বিশ্বের উৎপত্তি অবস্থান ও বিনাশ। দ্বন্দ্ব। বি; পুং।
সে—ব্যক্তিবাচক সর্ব্বনাম (সামান্য লোক সম্বন্ধে); ব্যক্তি বা বস্তুবাচক বিশেষণ (যেমন 'সে লোক', 'সে বস্তু')। 'তদ্' শব্দজ। সর্ব্ব।
সেই—তাহাই; সমধিক নির্দ্দেশে (যেমন 'সেই ব্যক্তি আমার বন্ধু')। 'তদ্' শব্দজ। বিণ।
সেউনি—সেচনী। প্রাঃ কবিপ্র। বি।
সেওয়ায়—ব্যতীত, ছাড়া। ফার্সীমূলক। অব্য।
সেঁউতি(তী)—নৌকার জল ফেলিবার জন্য কাঠের বাঁশের বেতের বা লৌহাদি নির্ম্মিত পাত্র। 'সেচনী' শব্দজ। বি।
সেঁওতি—সাদা গোলাপ ফুলবিশেষ; পুষ্প-বিশেষ। 'সেবন্তী' শব্দজ। বি।
সেঁওলা—শৈবাল। প্রাঃ কবিপ্র। বি।
সেঁকটন, সেঁকটান—মুখ নাসিকা বিকৃত করা। বাং ক্রি।
সেঁকা, সেকা—উত্তাপ দেওয়া; অগ্নিতাপে পাক করা। বাং ক্রি।
সেঁকো, শেঁকো—বিষবিশেষ, শঙ্খবিষ। সাঁক, শাঁক+ও। বি বা বিণ।
সেঁজ(ঝ)তি—সন্ধ্যাদীপ। 'সন্ধ্যাবর্ত্তি' শব্দজ। বি। [বাং ক্রি।
সেঁতান—ভিজা ভিজা হওয়া, আর্দ্র হওয়া।
সেঁৎসেঁতে, স্যাঁৎসেঁতে—ভিজা ভিজা, আর্দ্রবৎ। দেশজ। বিণ।
সেক—১। সেচন, সিক্তকরণ। সিচ্ (সিক্ত করা)+ঘঞ্ ভাববা। বি; পুং। ২। গায়ে তাপ প্রয়োগ। দেশজ। বি।
সেকরা—স্বর্ণকার জাতি; অলঙ্কার-নির্ম্মাতা (Goldsmith)। প্রাঃ পারসী শব্দজ। বি।
সেকাল—প্রাচীনকাল; অতীত সুখের দিন। কর্ম্মধা। বি।
সেকেণ্ড—একমিনিট কালের ষষ্টিতম অংশ, ১/৬০ মিনিট। ইং Second. বি। [বি।
সেকেন্দর—আলেকজাণ্ডার। ফার্সীমূলক।
সেকেন্দরী—সেকেন্দর-সম্বন্ধীয় বা তৎ-কালীন। সেকেন্দর+ঈ। বিণ।
সেকেলে—প্রাচীনকালের, আগেকার, বর্ত্ত-মানে অপ্রচলিত। সেকাল+এ। বিণ।
সেক্রেটারী—কার্য্যনির্ব্বাহক, সম্পাদক। ইং Secretary. বি।
সেখ—বৃদ্ধ ব্যক্তি; প্রধান ব্যক্তি; মোহা-ম্মদীয় পুরোহিত; মুসলমান সম্প্রদায়বিশেষ; যাহারা মোহাম্মদের বংশাবলী। আর্বী। বি।
সেখান—সেস্থান। কর্ম্মধা। বি।
সেখানকার—তথাকার, সেই স্থানের। দেশজ। বিণ।
সেগুন—বৃক্ষ বা তাহার কাষ্ঠবিশেষ। দেশজ। বি।
সেঙাত, সেঙ্গাত—সাঙ্গাত দ্রঃ।
সেচক—সেককর্ত্তা। সিচ্ (সিক্ত করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—চিকা।
সেচন—সেক, উক্ষণ; আর্দ্রীকরণ, ভিজান; ছেঁচা। সিচ্+অনট্ ভাববা। বি; ক্লীব।
সেচনী—সেচনপাত্র, সিউনি। সিচ্ (সিক্ত করা)+অনট্ করণবা+ঈপ্। বি; স্ত্রী।
সেচা—সেচন করা; জলাশয় হইতে জল তুলিয়া ফেলা। বাং ক্রি।
সেজ, সেজো—১। তৃতীয়, বড় ও মেজোর পরবর্ত্তী (যেমন 'সেজো কাকা', 'সেজো বোন')। দেশজ। বিণ। ২। বিছানা। 'শয্যা' শব্দজ। ৩। মোমবাতি। প্রাদে। বি।
সেট—একরকমের বা একসঙ্গে ব্যবহার্য্য দ্রব্যা-দির সমবায়। ইং Set. বি।
সেতখানা—পায়খানা। বৈদে। বি।
সেতার—তারবিশিষ্ট বাদ্যযন্ত্রবিশেষ; বীণা-বিশেষ। ফার্সী। বি।
সেতু—জলবন্ধ, জাঙ্গাল, ক্ষেত্রাদির আইল,

ভেড়ি, বাঁধ; পুল, সাঁকো। সি (বন্ধন করা) + তুন্ করণবা। বি; পুং।

সেতুবন্ধ—ভারতবর্ষের দক্ষিণ প্রান্ত হইতে লঙ্কা পর্য্যন্ত সেতু; কথিত আছে যে, রামের আদেশে হনুমান্ এই সেতু বন্ধন করেন। সেতুর বন্ধ যথায়, বহুব্রী। বি; পুং।

সেথা, সেথায়—সেখানে, তথায়। কবিপ্র বা গ্রাম্য। অব্য।

সেথো—সাথী, সঙ্গী (বিশেষতঃ তীর্থ-যাত্রার সঙ্গী)। সাথ + ও। বি বা বিণ।

সেন—বীরত্বব্যঞ্জক উপাধিবিশেষ, জাতীয় পদবীবিশেষ। দেশজ। বি।

সেনা—সৈন্য; সৈন্যদল। সি (বন্ধন করা) + ন কর্ম্মবা + আপ্। বি; স্ত্রী।

সেনাঙ্গ(ংগ)—সৈন্যদলের অবয়ব – হস্তী, অশ্ব, রথ, পদাতি এই চারি প্রকার। সেনার অঙ্গ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সেনানায়ক—সেনাপতি, সৈন্যাধ্যক্ষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সেনানিবাস, –নিবেশ—শিবির, ছাউনি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সেনানী—সৈন্যাধ্যক্ষ, সেনাপতি; কার্ত্তিকেয়। সেনা – নী + ক্বিপ্ কর্ত্তৃবা। বি; পুং।

সেনাপতি—সৈন্যাধ্যক্ষ, সেনানায়ক; কার্ত্তিকেয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সেনামুখ—সেনার অগ্রভাগ; ৩ হস্তী, ৩ রথ, ৯ অশ্ব, ১৫ পদাতি—এতৎসংখ্যক সৈন্য। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সেপাই—সিপাহী (তাহা দ্রঃ)।

সেপ্টেম্বর—ইংরাজী বৎসরের নবম মাস। ইং September. বি।

সেবক—১। সেবাকারী, পরিচারক, ভৃত্য। সেব্ (সেবা করা) + ণক কর্ত্তৃবা। ২। সীবনকর্ত্তা, দরজি প্রভৃতি। সিব্ (সেলাই করা) + ণক কর্ত্তৃবা। বিণ।

সেবকাধম—১। অধম সেবক, নিকৃষ্ট দাস। ৭মীতৎ। ২। দাস হইতে নিকৃষ্ট, চাকর অপেক্ষা নীচ। ৫মীতৎ। বিণ।

সেবন—সেবা; ভজনা; উপাসনা; উপভোগ। সেব্ (সেবা করা) + অনট্ ভাববা। বি; ক্লীব।

সেবনী—সূচী, সূচ, ছুঁচ। সিব্ (সেলাই করা) + অনট্ করণবা + ঈপ্। বি; স্ত্রী।

সেবনীয়—সেবনযোগ্য; ভোগ্য; উপাস্য। সেব্ (সেবা করা) + অনীয় কর্ম্মবা। বিণ।

সেবমান—যে সেবা করিতেছে; শুশ্রূষাপরায়ণ। সেব্ + শানচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –না।

সেবা—১। পরিচর্য্যা; উপাসনা; উপভোগ; আশ্রয়। সেব্ + অ ভাববা + আপ্। বি; স্ত্রী। ২। সেবা করা। কবিপ্র। ক্রি।

সেবাইৎ—সেবায়ৎ (তাহা দ্রঃ)।

সেবাদাসী—পরিচর্য্যার নিমিত্ত রক্ষিতা দাসী; এক সম্প্রদায় বৈষ্ণবের রক্ষিতা রমণী। সেবার নিমিত্ত রক্ষিতা দাসী, মধ্যপ কর্ম্মধ। বি; স্ত্রী।

সেবাব্রত—১। সেবারূপ নিয়ম, পরপরিচর্য্যারূপ কার্য্য। সেবারূপ ব্রত, রূপক, বা সেবাই ব্রত, কর্ম্মধা। বি; পুং বা ক্লীব। ২। সেবারূপ নিয়মপালনকারী, পরিচর্য্যারূপ পুণ্যকর্ম্মে রত। বহুব্রী। বিণ।

সেবাব্রতী (–তিন্)—সেবাকারী; সেবাসেবক। সেবাব্রত + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, –তিনী।

সেবায়ৎ, সেবায়েৎ—দেবতার পূজক বা সেবক, পূজারী; মন্দির প্রভৃতির উপস্বত্বের মালিক। সেবা + অৎ, এৎ। বি।

সেবিত—কৃত-সেবা; উপাসিত; আরাধিত; উপভুক্ত; আশ্রিত। সেব্ (সেবা করা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –বিতা।

সেবী (সেবিন্)—(অন্য পদের পর) যে সেবন করে, উপভোক্তা। সেব্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –বিনী।

সেব্য—সেবনীয়; উপাস্য, আরাধ্য; উপভোগ্য; প্রভু। সেব্ + ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী, সেব্যা।

সেব্যমান—আরাধ্যমান; যাহাকে সেবা করা যায় এরূপ। সেব্ (সেবা করা)+শানচ্ কর্ম্মবা। বিণ। স্ত্রী, –না।

সেমই—ময়দার পিণ্ড হইতে প্রস্তুত সূত্রাকার খাদ্যবিশেষ। 'সেবিকা' শব্দজ। বি।

সেমতি—সেইরূপ। প্রাঃ কবিপ্র। বিণ।

সেমিজ—শামিজ দ্রঃ।

সেয়াই—কালি, মসী। ফার্সী। বি।

সেয়ান, সেয়ানা—চতুর, চালাক; বয়ঃপ্রাপ্ত; জ্ঞানবান্। দেশজ। বিণ।

সের—ওজনবিশেষ $\frac{1}{80}$ মণ, প্রায় ২ পাউণ্ড। দেশজ। বি।

সেরা, সেরী—১। সের-পরিমিত (বাটখারা প্রভৃতি)। সের+আ, ঈ। ২। শ্রেষ্ঠ। 'শ্রেষ্ঠ' শব্দজ। বিণ। [বিণ।

সেরূপ—সেইপ্রকার, সে রকম। দেশজ।

সেরেফ, স্রেফ—শুদ্ধ, কেবল। বৈদে। বিণ।

সেরেস্তা—দপ্তর, কার্য্যালয়, আপিস। ফার্সী 'সরিশ্তাহ্' শব্দজ। বি।

সেরেস্তাদার—দপ্তর বা অফিসের বড় কর্ম্মচারী, বড় কেরাণীবিশেষ। সেরেস্তা+দার। বি।

সেলাই—সীবন কর্ম্ম, সেলাইয়ের জোড়। হিন্দী। বি।

সেলাখানা—অস্ত্রাগার। সিলহ্ (আর্বী)+খানা (ফার্সী)। বি।

সেলাম—দক্ষিণ হস্ত কপালে ঠেকাইয়া অভিবাদন বা নমস্কার। আর্বী। বি।

সেলাম-আলেকম—আপনার কুশল হউক; নমস্কার। আর্বী। বি।

সেলামৎ—মঙ্গল, নিরাপৎ। আর্বী। বি।

সেলামি, -মী—নজর, উপঢৌকন; জমিদারের নিকট হইতে পাট্টা লইবার কালে জমিদারকে প্রদেয় অর্থ। সেলাম+ই, ঈ সম্বন্ধার্থে। বি।

সেলেখানা—সেলাখানা (তাহা দ্রঃ)।

সেলেট—স্লেট (তাহা দ্রঃ)।

সেসন—ফৌজদারী মোকদ্দমার বিচারের জন্য জজের অধিবেশন, দায়রা; অধ্যয়নের নির্দ্দিষ্ট সময়। ইং Session. বি।

সেহ—সেই। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

সেহল—শেওলা। কবিপ্র। বি।

সেহা—খাজনা আদায়ের হিসাব বা তাহার খাতা। ফার্সী। বি।

সেহনবি(বী)শ—খাজনা আদায়ের হিসাবরক্ষক। ফার্সী। বি।

সেহি—সেই। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

সৈকত—১। সিকতাবহুল, বালুকাময় (স্থান)। সিকতা (বালুকা)+অণ্। বিণ। ২। বালুকাময় তট, পুলিন। বি; ক্লীব।

সৈনাপত্য—১। সেনাপতির কার্য্য বা পদ। বি; ক্লীব। ২। সেনাপতিসম্বন্ধীয়। সেনাপতি শব্দ+যক্। বিণ।

সৈনিক—সেনাসম্বন্ধীয়; সেনাসমবেত, সেনাদলভুক্ত পুরুষ। সেনা+ইক সম্বন্ধার্থে। বিণ বা বি; পুং।

সৈনিকপুরুষ—যোদ্ধৃপুরুষ, যোদ্ধা। কর্ম্মধা। বি; পুং।

সৈনিকবেশ—যোদ্ধৃবেশ, যোদ্ধার পরিচ্ছদ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সৈন্ধব—১। সিন্ধুসম্বন্ধীয়, সামুদ্রিক। বিণ। স্ত্রী, –বী। ২। সমুদ্রজাত লবণ। সিন্ধু+অণ্। বি; ক্লীব।

সৈন্য—সেনা, শ্রেণীবদ্ধ যোদ্ধা,—মৌল ভৃত্য সুহৃৎ শ্রেণী দ্বিষৎ বন্য—এই ছয় প্রকার। সেনা শব্দ+ষ্যঞ্। বি; ক্লীব।

সৈন্যসঞ্চালন—সেনা-পরিচালনা, সেনাদিগকে অগ্রসর করা। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সৈন্যসমাবেশ—সেনাসমবায়, সেনাসকলের একত্র মিলন; সেনাসংগ্রহ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সৈন্যসামন্ত—সেনাদল ও সমীপবর্ত্তী অনুগত রাজগণ বা শ্রেষ্ঠ প্রজাবৃন্দ। দ্বন্দ্ব। বি; পুং।

সৈন্যাধ্যক্ষ—সেনাপতি। সৈন্যের অধ্যক্ষ ৬ষ্ঠীতৎ। বি; পুং।

সৈয়দ—মুসলমান ধর্ম্ম-প্রবর্ত্তক মহম্মদের

সৌহিত্র হুসেনের বংশধরগণের উপাধি; সবিশেষ মান্য ব্যক্তি। আর্বী। বি।

সৈরন্ধ্রী, সৈরিন্ধ্রী—পরগৃহস্থিতা স্বাধীনা শিল্পকারিণী; দ্রৌপদী; দময়ন্তী। সীর (লাঙ্গল)—ধৃ+ক কর্তৃবা=সীরন্ধ্র (কৃষক) +অণ্ যোগ্যার্থে+ঈপ্। বি; স্ত্রী।

সো—সে। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

সোঁ—অনুকার শব্দ, বেগে গমন বা গতির শব্দ। দেশজ। অব্য।

সোঁটা—দণ্ড, লাঠি। দেশজ। বি।

সোঁতা—স্রোত। 'স্রোত' শব্দজ। বি।

সোঁদা—গন্ধবিশেষ (শুষ্ক মাটিতে জল পড়িলে যেরূপ গন্ধ হয়)। 'সুগন্ধা' শব্দজ। বি বা বিণ।

সোঁদাল—বৃক্ষবিশেষ, আরগ্বধ (লম্বা লাঠির মত ফল ও হলদে রঙ্গের ফুল হয়)। দেশজ। বি

সোঙরা—মনে করা। প্রাঃ কবিপ্র। ক্রি।

সোচ্ছ্বাস—আবেগ বা দীর্ঘশ্বাসযুক্ত। উচ্ছ্বাস-সহ বর্তমান, বহুব্রী বিণ।

সোজা—সরল, ঋজু, সহজ, অকুটিল; অকঠিন। 'সহজ' শব্দজ; বিণ।

সোজাসুজি—বরাবর। দেশজ। ক্রি-বিণ।

সোডা—ক্ষারবিশেষ, সজ্জিকা। (Carbonate of soda). ইং Soda. বি।

সোডাওয়াটার—কার্বনিক এসিড গ্যাসযুক্ত জল। ইং Soda water. বি।

সোণা—স্বর্ণ। 'স্বর্ণ' শব্দজ। বি। [বি।

সোন্না—স্বর্ণকারের চিম্‌টা। 'সন্দংশ' শব্দজ।

সোৎকণ্ঠ—উৎকণ্ঠাযুক্ত; আগ্রহান্বিত, উদ্বিগ্ন। উৎকণ্ঠার সহিত বর্তমান যে, বহুব্রী। বিণ।

সোৎসাহ—উৎসাহান্বিত, উদ্যমযুক্ত। উৎসাহ সহ বর্তমান যে, বহুব্রী। বিণ।

সোৎসাহে—উৎসাহের সহিত, উদ্যম সহকারে। বহুব্রী। ক্রি-বিণ।

সোত—স্রোত। 'স্রোতস্' শব্দজ। বি।

সোদর, সোদর্য্য(র্য)—সহোদর, একগর্ভজাত ভ্রাতা। সহ (সমান) উদর যাহার সহিত সে সোদর, বহুব্রী, ২য় পক্ষে তদ্ভবত্রে যৎ স্বার্থে। বি; পুং। স্ত্রী,—রা,—র্য্যা।

সোদ্বেগ—উদ্বিগ্ন, উৎকণ্ঠিত। উদ্বেগের সহিত বর্তমান, বহুব্রী। বিণ।

সোনা—স্বর্ণ; পীতবর্ণ। 'স্বর্ণ' শব্দজ। বি।

সোনায় সোহাগা—উৎকৃষ্ট বস্তুর সঙ্গে আরও উৎকর্ষজনক বস্তুর মিলন। **সোনা ফলা**—অতি উৎকৃষ্ট বস্তু প্রস্তুত হওয়া।

সোনামুখী—পত্রবিশেষ; সোঁদালের পাতা (Senna). দেশজ। বি।

সোনামুগ—একপ্রকার ডাল, মুগকলাই। দেশজ। বি। [তৎ। বি।

সোনার-বেনে—সুবর্ণবণিক্। অলুক ৬ষ্ঠী-

সোনালী—স্বর্ণাভ; সুবর্ণরঞ্জিত; স্বর্ণবর্ণ। সোনা+লী। বিণ।

সোন্ধা—সুগন্ধযুক্ত। প্রাঃ কবিপ্র। বিণ।

সোন্না—সোন্না দ্রঃ।

সোপকরণ—উপকরণাদি সজ্জিত, বাজনাদি-যুক্ত। বহুব্রী। বিণ।

সোপরদ্দ—বিচারার্থে সমর্পণ বা প্রেরিত। ফার্সী। বি বা বিণ।

সোপাধি, —ধিক—উপাধিবিশিষ্ট; সগুণ। উপাধির সহিত বর্তমান যে, বহুব্রী। বিণ।

সোপান—আরোহণী, সিঁড়ি। সহ—উপ—অন (গমন করা)+ঘঞ্ করণবা। বি; ক্লীব। [৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সোপানশ্রেণী—সোপানসমূহ, সিঁড়িসকল।

সোপানাবলি, —বলী—সোপানশ্রেণী, সিঁড়িসকল। সোপানের আবলি, আবলী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

সোবে—সন্দেহ। বৈদে। বি।

সোম—১। চন্দ্র; কুবের; বায়ু; যম; কর্পূর; অমৃত; সোমলতার রস; বৃক্ষবিশেষ। সু (প্রসব করা)+ম কর্তৃবা। বি; পুং। ২। সৌম্য, সুন্দর, মনোহর। বিণ।

সোমতীর্থ—প্রভাসতীর্থ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

সোমন্ত—পূর্ণযৌবনা ; বয়স্কা। 'সমর্থ' শব্দজ। বিণ ; স্ত্রী।

সোমপ, সোমপা—যজ্ঞে সোমরস পানকারী। সোম—পা+ক, ক্বিপ্ কর্তৃবা। বি ; পুং। [বি ; পুং।

সোমবার—সপ্তাহের দ্বিতীয় দিন। ৬ষ্ঠীতৎ।

সোমযাগ—সোমরসপানাঙ্গক বর্ণত্রয়সাধ্য যজ্ঞবিশেষ। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

সোমরস—সোমলতার রস। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

সোমরাজী (—জিন্)—সোমরাজের গাছ বা লতা। সোম—রাজ + ণিন্ কর্তৃবা। বি ; পুং।

সোমলতা, —লতিকা—স্বনামখ্যাত লতাবিশেষ। মধ্যপ কর্ম্মধা। বি ; স্ত্রী।

সোয়াতি, সোয়াথ, সোয়াথি—স্বাচ্ছন্দ্য, সোয়াস্তি। 'স্বস্তি' শব্দজ। প্রাঃ কবিপ্র। বি।

সোয়াদ—স্বাদ। 'স্বাদ' শব্দজ। বি।

সোয়ামী—স্বামী। 'স্বামিন্' শব্দজ। বি।

সোয়ার—আরোহী। ফার্সী। বি।

সোয়ারি(রী)—আরোহী ; তালবিশেষ ; তানপুরা ইত্যাদিতে যে কাষ্ঠখণ্ডের উপর তার থাকে। ফার্সী। বি। [বি।

সোয়াস্তি—স্বস্তি, শান্তি, সুখ। 'স্বস্তি' শব্দজ।

সোর, সোরগোল—চীৎকার শব্দ, কলরব, কোলাহল। ফার্সীমূলক। বি।

সোরা—লবণজাতীয় দ্রব্যবিশেষ (Nitre). ফার্সী। বি।

সোরাই—জলের কুঁজা। ফার্সী। বি।

সোলা—শোলা (তাহা দ্রঃ)।

সোলে—আপোষ নিষ্পত্তি। আর্বী। বি।

সোলেনামা—আপোষ-নিষ্পত্তি-পত্র। সোলে + নামা লিপি অর্থে। বি।

সোল্লুণ্ঠ—সোপহাস, পরিহাসযুক্ত, ঠাট্টাসহিত ; পার্শ্বপরিবর্তনাদিযুক্ত। উল্লুণ্ঠের সহিত বর্তমান যে, বহুব্রী। বিণ।

সোসর—সাহায্যকারী ; তুল্য। 'সোদর' শব্দজ। বিণ।

সোঽহং(—হম্)—তিনি অর্থাৎ ব্রহ্মই আমি। সঃ + অহম্ (সন্ধি)। [বি।

সোহরৎ(ত)—ঢেঁড়া দ্বারা ঘোষণা। আর্বী।

সোহাগ—অতিশয় আদর, অতিশয় ভালবাসা। 'সৌভাগ্য' শব্দজ। বি।

সোহাগা—টঙ্কণ ; ইহা স্বর্ণরৌপ্যাদি ধাতুসমূহ গলাইতে বা জুড়িবার কার্য্যে ব্যবহৃত হয়। 'সৌভাগ্য' শব্দজ। বি।

সোহাগিনী, সোহাগী—আদরিণী, আদুরী ; সুভগা, ভাগ্যবতী। সোহাগ + ইনী, ঈ। বিণ ; স্ত্রী।

সোহাগিয়া—আদরকারী বা আদরনীয়। সোহাগ + ইয়া। বিণ। [ক্রি।

সোহায়ল—শোভা করিল। প্রাঃ কবিপ্র।

সোহিনী—১। রাগিণীবিশেষ। দেশজ। বি। ২। শোভিনী। প্রাঃ কবিপ্র। বিণ।

সৌকর্য্য(র্য)—সুকরতা, সুসাধ্যতা ; অনায়াস ; সুবিধা। সুকর + ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

সৌকুমার্য্য(র্য)—সুকুমারতা, মৃদুতা, কোমলতা। সুকুমার + ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

সৌখীন—বিলাসী, সুখভোগপরায়ণ বাবু ; যাহাতে সখ মিটে, মনোহর। আর্বী। বিণ।

সৌখীনতা—বিলাসিতা ; বাবুগিরি। সৌখীন + তা ভাবার্থে। বি ; স্ত্রী।

সৌখ্য—সুখধারা ; সুখসমূহ। সুখ + ষ্যঞ্ ভাবে। বি ; ক্লীব।

সৌগন্ধ, —ন্ধ্য—সদ্গন্ধ, সৌরভ। সুগন্ধ + অণ্, ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

সৌগন্ধিক—গন্ধবণিক্। সুগন্ধ + ইক। বি ; পুং।

সৌজন্য—সুজনতা, শিষ্টাচার, সদ্ব্যবহার। সুজন শব্দ + ষ্যঞ্ ভাবার্থে। বি ; ক্লীব।

সৌত্র, সৌত্রিক—১। সূত্রসম্বন্ধীয় ; সূত্রানুযায়ী। বিণ। ২। ব্রাহ্মণ ; (ব্যাকরণে) গণপাঠধৃত ধাতুবৎ দৃষ্টপ্রয়োগ নয় অথচ কেবল শব্দবিশেষ সাধনার্থ স্বীকৃত সূত্রনিবেশিত ধাতু। সূত্র + অণ্, ইক। বি ; পুং।

সৌদামনী, সৌদামিনী—বিদ্যুৎ, তড়িৎ ; অপ্সরাবিশেষ। সুদামন্ (মেঘ)+অণ্ ভবার্থে+ঈপ্ ; নিপাতনে বিকল্পে অ-স্থানে ই। বি ; স্ত্রী।

সৌধ—সুধা-ধবলিত গৃহ ; রাজভবন, প্রাসাদ। সুধা (চূণ)+অণ্ সংসর্গার্থে। বি ; ক্লীব।

সৌধকিরীটিনী—প্রাসাদরূপ কিরীট-শোভিতা, অর্থাৎ বহুতর সমুচ্চ ও মনোহর সৌধযুক্তা। সৌধ রূপ কিরীট, রূপক কর্ম্মধা ; সৌধকিরীট+ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বিণ ; স্ত্রী।

সৌধচূড়া, –শিখর—প্রাসাদের উপরি-ভাগ। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী, ক্লীব।

সৌধমালা-প্রাসাদশ্রেণী, সুধা-ধবলিত গৃহশ্রেণী। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

সৌন্দর্য্য(র্য)—সুশ্রীকতা, সুরূপতা। সুন্দর শব্দ+ষ্ণ্য ভাবার্থে। বি ; ক্লীব।

সৌন্দর্য্য(র্য)ময়—সৌন্দর্য্যপূর্ণ, শোভাময়। সৌন্দর্য্য+ময়ট্। বিণ। স্ত্রী,—য়ী।

সৌবর্চ্চ(র্চ)ল—লবণবিশেষ ; সোরা। সু-বর্চ্চল+অণ্। বি ; ক্লীব।

সৌভদ্র, সৌভদ্রেয়—সুভদ্রাপুত্র, অভি-মন্যু। সুভদ্রা+অণ্, এয় অপত্যার্থে। বি ; পুং।

সৌভরি—জনৈক মুনি। বি ; পুং।

সৌবীরাঞ্জন—একপ্রকার অঞ্জন। সৌবীর-ভাব অঞ্জন, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

সৌভাগ্য—শুভাদৃষ্ট ; প্রিয়ত্ব ; সৌন্দর্য্য। সুভগ শব্দ+ষ্ণ্য ভাবার্থে। বি ; ক্লীব।

সৌভাগ্যক্রমে—শুভাদৃষ্টবশতঃ, জোর কপাল হেতু। সৌভাগ্যের ক্রম আছে যাহাতে, বহুব্রী। ক্রি-বিণ।

সৌভাগ্যবান্ (–বৎ)—শুভাদৃষ্টসম্পন্ন, জোর কপালবিশিষ্ট। সৌভাগ্য শব্দ+মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—বতী।

সৌভাগ্যশালী (–শালিন্)—সৌভাগ্য-বান্, শুভাদৃষ্টসম্পন্ন। সৌভাগ্য—শাল্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,—লিনী।

সৌভ্রাত্র—সুভ্রাতৃত্ব, ভ্রাতৃগণের পরস্পর প্রীতি। সু (উত্তম) যে ভ্রাতা সে সুভ্রাতা, কর্ম্মধা ; সুভ্রাতৃ+অণ্ ভাবার্থে। বি ; ক্লীব।

সৌমনস্য—ভালবাসা, প্রীতি ; প্রসন্নতা ; সন্তোষ। সুমনস্+ষ্ণ্য ভাবার্থে। বি ; ক্লীব।

সৌমিত্র, সৌমিত্রি—সুমিত্রাতনয়, লক্ষ্মণ, শত্রুঘ্ন। সুমিত্রা+অণ্, ইঞ্ অপত্যার্থে। বি ; পুং।

সৌম্য—১। সোমপুত্র, চন্দ্রতনয়, বুধগ্রহ। বি ; পুং। ২। সুন্দর ; সুদৃশ্য ; সাধু ; শান্ত-মূর্ত্তি ; নিপুণ। সোম্+টাণ্। বিণ।

সৌম্যমূর্ত্তি(র্তি), সৌম্যাকৃতি—১। শান্ত আকৃতি, সুন্দর অবয়ব। কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। শান্ত আকৃতিবিশিষ্ট, সুন্দরকায়। বহুব্রী। বিণ।

সৌর—১। বৈবস্বত মনু ; যম ; শনি ; কর্ণ ; সুগ্রীব। সুর (সূর্য্য)+অণ্। বি ; পুং। ২। সূর্য্যসম্বন্ধীয়। বিণ।

সৌরকর, –কিরণ—সূর্য্যকিরণ, রৌদ্র। কর্ম্মধা। বি ; পুং।

সৌরকরলেখা—সূর্য্যকিরণের রেখা, সূর্য্যের কিরণমালা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

সৌরকরোজ্জ্বল—সূর্য্যকিরণে উদ্ভাসিত। ৩য়াতৎ। বিণ।

সৌরজগৎ-সূর্য্য ও তাহার চতুর্দ্দিকে পরি-ভ্রমণকারী গ্রহ-উপগ্রহাদি মণ্ডল (Solar System). কর্ম্মধা। বি ; ক্লীব।

সৌরভ—সদ্গন্ধ ; সুবাস ; সৌন্দর্য্য ; কুঙ্কুম। সুরভি+অণ্। বি ; ক্লীব।

সৌরমণ্ডল—সূর্য্যমণ্ডল, সূর্য্যের পরিবেষ। কর্ম্মধা। বি ; পুং।

সৌরমাস—সূর্য্যের একরাশিতে স্থিতি দ্বারা নির্দ্দিষ্ট মাস। কর্ম্মধা। বি ; পুং।

সৌরি—১। যম ; শনিগ্রহ। সুর (সূর্য্য)+ইঞ্ অপত্যার্থে। ২। শ্রীকৃষ্ণ। শূরি শব্দ+ইঞ্। বি ; পুং।

সৌষ্ঠব—সুরূপতা, সৌন্দর্য্য ; উৎকর্ষ ; আধিক্য। সুষ্ঠু শব্দ+অণ্ ভাবার্থে। বি ; ক্লীব।

সৌসাদৃশ্য—সম্পূর্ণ সাদৃশ্য, উত্তম মিল। সু (উত্তম) সদৃশ—সুসদৃশ, নিত্য; তদুত্তরে ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

সৌহার্দ(র্দ), সৌহৃদ—সখ্য, মিত্রতা, বন্ধুতা; সৌজন্য। সুহৃদ্+অণ্ ভাবার্থে। বি; ক্লীব।

সৌহার্দ্য(র্দ্য), সৌহৃদ্য—সখ্য, মিত্রতা, বন্ধুত্ব; সৌজন্য। সুহৃদ্+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

স্কন্দ—কার্ত্তিকেয়। স্কন্দ+অচ্ কর্তৃবা। বি; পুং।

স্কন্ধ—অংস, কাঁধ; দেহ; বৃক্ষকাণ্ড, গাছের গুঁড়ি; সেনাধ্যক্ষ; যুদ্ধ; ব্যূহ; রাজা; পথ; ছন্দোবিশেষ; গ্রন্থপরিচ্ছেদ; ককুদ্, ষাঁড়ের ঝুঁটি; (বৌদ্ধমতে) জ্ঞানের পঞ্চ অংশ, বিষয়প্রপঞ্চ—রূপস্কন্ধ, বিষয়জ্ঞানপ্রপঞ্চ—বেদনাস্কন্ধ, আলয়বিজ্ঞানপ্রপঞ্চ—বিজ্ঞানস্কন্ধ, নামপ্রপঞ্চ—সংজ্ঞাস্কন্ধ, বাসনাপ্রপঞ্চ—সংস্কারস্কন্ধ। 'ক' অর্থে মস্তক, তাহার দ্বিতীয়ার ১ বচনে কং (মস্তককে), তদুত্তরে ধা (ধারণ করা)+ক কর্তৃবা। বি; পুং।

স্কন্ধদেশ—অংস, কাঁধ। কর্ম্মধা। বি; পুং।

স্কুল—বিদ্যালয়, পাঠশালা। ইং School. বি।

স্ক্রু, প—ইস্ক্রুপ, পেঁচ বা পেঁচের গজাল। ইং Screw. বি।

স্খলন—পতন; বিচ্যুতি; মোচন; পিছলন; উছুট; প্রতিঘাত; অস্ফোচারণ; স্থানচ্যুতি; ধাক্কা; বিকল হওয়া; বিকৃতি; ভ্রম হওয়া, অশুদ্ধিষ্ট বাক্যকথন; বিফল হওয়া; ক্ষোভ। স্খল্+অনট্ ভাববা। বি; ক্লীব।

স্খলিত—পতিত; বিচ্যুত; ভ্রষ্ট; চলিত; অর্দ্ধোচ্চারিত; প্রতিহত; কুণ্ঠিত। স্খল্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

স্খলিতচরণ, —পদ—কুণ্ঠিত চরণবিশিষ্ট, যাহার পা যথাস্থানে পতিত হইতেছে না এরূপ। বহুব্রী। বিণ।

স্খলিতবসন—যাহার কাপড় খুলিয়া পড়িয়াছে এমন। বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

স্টীমার, স্টেশন, স্ট্যাম্প—ষ্টীমার, ষ্টেশন, ষ্ট্যাম্প দ্রঃ।

স্তন—মাই, বক্ষোজ, কুচ, পয়োধর। স্তন্ (শব্দ করা)+অচ্ কর্তৃবা। বি; পুং।

স্তনন—মেঘধ্বনি; শব্দ। স্তন্ (শব্দ করা, ইত্যাদি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

স্তনন্ধয়, স্তনপ—স্তন্যপায়ী শিশু। স্তন শব্দ—ধে+খশ্ কর্তৃবা, ২য় পক্ষে স্তন—পা+ক কর্তৃবা। বি; পুং। স্ত্রী,—য়ী,—পা।

স্তনবৃন্ত—স্তনের বোঁটা, চুচুক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্তনয়িত্নু—বিদ্যুৎ; মেঘ। ণিজন্ত স্তন্—স্তনি (শব্দিত করা)+ইত্নু কর্তৃবা। বি; পুং।

স্তনিত—১। শব্দিত। স্তন্ (শব্দ করা)+ক্ত কর্ম্মবা। বিণ। ২। মেঘধ্বনি; রতিকালীন শব্দ। স্তন্+ক্ত ভাববা। বি; ক্লীব।

স্তন্য—স্তনদুগ্ধ। স্তন+যৎ ভবার্থে। বি; ক্লীব।

স্তন্যজীবী (—জীবিন্), —পায়ী (—পায়িন্)—যে বা যাহা শৈশবে মাতার স্তনদুগ্ধ পান করিয়া জীবিত থাকে,—যেমন মনুষ্য, গো, মহিষ, ছাগ প্রভৃতি। স্তন্য—জীব্, পা+ণিন্ কর্তৃবা। বিণ; পুং। [ক্লীব।

স্তন্যপান—স্তনদুগ্ধ খাওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

স্তব, —ন—স্তুতি, গুণখ্যাপন, প্রশংসা। স্তু+অপ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

স্তবক—গুচ্ছ, থোলো, ছড়া, কাঁদি; সমূহ। স্থা (থাকা) অবক কর্তৃবা। বি; পুং।

স্তবকিত—গুচ্ছীকৃত, তোড়া-বাঁধা। স্তবক শব্দ+ইতচ্ জাতার্থে। বিণ।

স্তবগাথা—স্তুতিযুক্ত কবিতা। ৬ষ্ঠীতৎ. বি; স্ত্রী। [বি; স্ত্রী।

স্তবস্তুতি—গুণকথন ও অনুনয়। দ্বন্দ্ব।

স্তব্ধ—অস্পন্দ, জড়ীভূত, দৃঢ়ীভূত; মূর্চ্ছিত; বধির। স্তন্ভ্+ক্ত কর্তৃবা। বিণ।

স্তব্ধতা—স্পন্দহীনতা, জড়ীভূত ভাব, নিশ্চলতা। স্তব্ধ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

স্তব্ধীভূত—নিস্পন্দীভূত, জড়ভাবপ্রাপ্ত; নড়নচড়নশূন্য। স্তব্ধ শব্দ+চি (=স্তব্ধী) —ভূ+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী,—তা।

স্তম্ভ—১। জড়ীভাব; স্তম্ভবৎ নিশ্চলভাবে অবস্থান; রোধ, প্রতিবন্ধ। স্তন্‌ভ্‌+ঘঞ্‌ ভাববা। ২। থাম, খুঁটি; গাছের গুঁড়ি। স্তন্‌ভ্‌ (স্তব্ধ হওয়া)+অচ্‌ কর্তৃবা। বি; পুং।

স্তম্ভন—১। জড়ীকরণ; দৃঢ়ীকরণ; অবরোধ; নিবারণ। স্তন্‌ভ্‌ (স্তব্ধ করা)+অনট্‌ ভাববা। ২। জড়ীকরণ-সাধন। স্তন্‌ভ্‌+অনট্‌ করণবা। বি; ক্লীব। ৩। কন্দর্পের বাণবিশেষ। স্তন্‌ভ্‌ +অন কর্তৃবা। বি; পুং।

স্তম্ভিত—জড়ীকৃত, নিস্পন্দীকৃত; বিস্মিত; দৃঢ়ীকৃত; নিবারিত; রুদ্ধ। ণিজন্ত স্তন্‌ভ্‌ =স্তম্ভি (স্তব্ধ করা)+ক্ত কর্মবা। বিণ।

স্তর—ভূমি প্রভৃতির বিভাগবিশেষ, থাক, স্তবক, শয্যা; পলি। স্তৃ+অপ্‌ কর্মবা। বি; পুং।

স্তাবক—স্তুতিকারক; গুণগানকারী, চাটুকার। স্তু+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—বিকা।

স্তিমিত—১। আর্দ্র, সিক্ত; নিশ্চল, জড়। স্তিম্‌+ক্ত কর্তৃবা। বিণ। ২। আর্দ্রতা; জড়তা, নিশ্চলতা।। স্তিম্‌+ক্ত ভাববা। বি; ক্লীব।

স্তুত—কৃতস্তুতি; প্রশংসিত; কীর্তিত। স্তু (স্তব করা)+ক্ত কর্মবা। বিণ।

স্তুতি—স্তব, গুণকথন, প্রশংসা। স্তু (স্তব করা)+ক্তি ভাববা। বি; স্ত্রী।

স্তুতিপাঠক—১। স্তবকর্তা, বন্দী। বিণ। ২। মাগধজাতি, ভাট। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্তুতিবাক্য, —বাদ—প্রশংসাসূচক বাক্য। মধ্যপ কর্মধা। বি; ক্লীব, পুং।

স্তুত্য—স্তবার্হ, প্রশংসার যোগ্য। স্তু (স্তব করা)+ক্যপ্‌ কর্মবা। বিণ। স্ত্রী, স্তুত্যা।

স্তূপ—রাশি, পুঞ্জ, গাদা, ঢিবি; ঢিবির ন্যায় চৈত্য মন্দিরাদি। স্তূপ্‌+অচ্‌ কর্তৃবা, অথবা স্তু+পক্‌ কর্মবা। বি; পুং।

স্তূপাকার, —কৃতি—রাশীকৃত গাদা-করা। স্তূপ হইয়াছে আকার, আকৃতি যাহার, বহুব্রী। বিণ।

স্তূপীকৃত—রাশীকৃত, গাদা-করা। স্তূপ শব্দ +চি অভূততদ্ভাবার্থে (=স্তূপী)—কৃ (করা) +ক্ত কর্মবা। বিণ।

স্তূয়মান—স্তুত, যাহার স্তব করা হইতেছে। স্তু+শানচ্‌ কর্মবা। বিণ।

স্তেন—১। তস্কর, চোর। স্তেন্‌ (চুরি করা) +অচ্‌ কর্তৃবা। বিণ। ২। চৌর্য্য, চুরি। স্তেন্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

স্তেয়—চৌর্য্য, চুরি। স্তেন্‌ (চুরি)+যৎ ভাবার্থে। বি; ক্লীব।

স্তোক—ঈষৎ, অল্প। স্তুচ্‌ (প্রসন্ন করা)+ ঘঞ কর্মবা। বিণ।

স্তোকবাক্য—খোসামুদে কথা; প্রীতিজনক বাক্য। দেশজ প্রঃ। বি।

স্তোতা (স্তোতৃ)—স্তাবক, স্তুতিকারক। স্তু (স্তব করা)+তৃন্‌ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী, স্তোত্রী।

স্তোত্র—স্তুতি, স্তব, গুণগান। স্তু (স্তব করা) +ষ্ট্রন্‌। বি; ক্লীব।

স্তোত্রপাঠ—স্তবপাঠ, স্তুতির আবৃত্তি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্তোম—১। রাশি; সমূহ; যজ্ঞ। স্তোম্‌+ ঘঞ্‌ কর্মবা। ২। স্তব, স্তুতি। স্তোম্‌+ ঘঞ্‌ ভাববা। বি; পুং।

স্ত্রী—নারী, যোষিৎ; পত্নী, জায়া। স্ত্যৈ (শব্দ করা) + ড্রট্‌ কর্মবা + ঈপ। বি; স্ত্রী।

স্ত্রী-আচার—বিবাহকালীন স্ত্রীলোকদিগের কৃত অনুষ্ঠানবিশেষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্ত্রী-চরিত্র—নারীস্বভাব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

স্ত্রীচিহ্ন—যোনি, ভগ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

স্ত্রীজাতি—নারীজাতি, নারীসম্প্রদায়, স্ত্রীলোক। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্ত্রীজিত—স্ত্রৈণ, স্ত্রীর বশীভূত (পুরুষ)। ৩য়াতৎ। বিণ।

স্ত্রীদ্বেষী (—ষিন্‌)—যে স্ত্রীলোক দেখিতে

পারে না। স্ত্রী—দ্বিষ্‌+ঘিনুণ্‌ কর্ত্তৃবা। বিণ। [বি; ক্লীব।

স্ত্রীধন—স্ত্রীলোকের স্বকীয় সম্পত্তি। ৬ষ্ঠীতৎ।

স্ত্রীধর্ম্ম(র্ম)—ঋতু, রজঃ; স্ত্রীলোকের কর্ত্তব্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্ত্রীধর্ম্মি(র্মি)ণী—ঋতুমতী, রজস্বলা। স্ত্রীধর্ম্ম+ইন্‌ অস্ত্যর্থে+ঈপ্‌। বিণ; স্ত্রী।

স্ত্রীধর্ষণ—স্ত্রীলোকের উপর বলাৎকার। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব। [দ্বন্দ্ব। বি; পুং।

স্ত্রীপুংস—স্ত্রীপুরুষ, মিথুন। স্ত্রী ও পুমান্‌,

স্ত্রীপুংসলক্ষণা—স্ত্রী ও পুরুষের লক্ষণযুক্তা নারী। বহুব্রী। বি; স্ত্রী।

স্ত্রীপ্রত্যয়—(ব্যাকরণে) শব্দকে স্ত্রীলিঙ্গে পরিবর্ত্তন করার জন্য যে প্রত্যয় যোগ করা হয়। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

স্ত্রীবশ—স্ত্রৈণ, স্ত্রীর বশীভূত পুরুষ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্ত্রীরত্ন—উত্তমা স্ত্রী। স্ত্রীসমূহের মধ্যে রত্ন, ৭মীতৎ। বি; ক্লীব। [পুং।

স্ত্রীলিঙ্গ(ঙ্গ)—স্ত্রীবাচক শব্দ। বহুব্রী। বি;

স্ত্রীলোক—নারী। কর্ম্মধা। বি; স্ত্রী।

স্ত্রীশিক্ষা—স্ত্রীজাতির শিক্ষা, স্ত্রীলোকের অধ্যয়নাদি জন্য জ্ঞান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্ত্রীসংসর্গ, স্ত্রীসঙ্গ(ঙ্গ)ম—স্ত্রীসহবাস, রমণ। ৩য়াতৎ। বি; পুং।

স্ত্রীসুলভ—নারীজাতির স্বভাবসিদ্ধ, যাহা স্ত্রীলোকে সচরাচর দেখা যায়। ৭মীতৎ। বিণ।

স্ত্রীস্বাধীনতা—স্ত্রীজাতির স্ববশবর্ত্তিতা, পুরুষের ন্যায় স্ত্রীলোকের সর্ব্বত্র অবাধে গমনাগমন ও পুরুষবৎ স্বাধীনভাবে কার্য্যানুষ্ঠানশক্তি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্ত্রৈণ—১। স্ত্রীজিত, স্ত্রীর বশীভূত (পুরুষ)। বিণ। ২। স্ত্রীত্ব; স্ত্রী-স্বভাব; স্ত্রীসমূহ। বি; ক্লীব। ৩। স্ত্রীসম্বন্ধীয়। স্ত্রী+অণ্‌। বিণ।

স্থ—(অন্য শব্দের পর) স্থিত, বিদ্যমান, বর্ত্তমান। স্থা (থাকা)+ক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, স্থা।

স্থগিত—আচ্ছাদিত, আবৃত; তিরোহিত; নিবর্ত্তিত; যাহা পরে করা হইবে বলিয়া এখন বন্ধ করা হইয়াছে। স্থগ্‌+ক্ত। বিণ।

স্থণ্ডিল—যজ্ঞার্থ পরিষ্কৃত ভূমি; সমতল ভূমি; বালুকাদি দ্বারা প্রস্তুত হোমার্থ মণ্ডলবিশেষ। স্থল্‌+ইলচ্‌ অধিবা। বি; ক্লীব।

স্থপতি—কঞ্চুকী, অন্তঃপুররক্ষক; শিল্পিবিশেষ, রাজমিস্ত্রী; সারথি; সূত্রধর; বার্হস্পত্যযাগকর্ত্তা; অধিপতি, অধীশ্বর। স্থ-এর (বর্ত্তমান) পতি, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্থপতিবিজ্ঞান—স্থপতির কার্য্য, গৃহাদি নির্ম্মাণ সম্বন্ধে বিশিষ্ট জ্ঞান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

স্থবির—স্থির; বৃদ্ধ; জীর্ণ। স্থা (থাকা)+কিরচ্‌ কর্ত্তৃবা। বিণ।

স্থবিরলগুড়ন্যায়—বৃদ্ধের লাঠির ন্যায় সব সময় লক্ষ্যস্থানে লক্ষণের প্রবেশ না হওয়ার দৃষ্টান্ত। স্থবিরলগুড়াশ্রিত ন্যায়, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

স্থল, স্থলী—অকৃত্রিম ভূমি; প্রদেশ; স্থান; ডাঙ্গা; বিষয়; পদ; থলি; থালি; পাত্র; তাঁবু; থাল। স্থল্‌ (থাকা)+অচ্‌ কর্ত্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে ঈপ্‌। বি; ক্লীব, স্ত্রী।

স্থলকন্দ—বন্য ওল। স্থলজাত কন্দ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

স্থলচর—স্থলবাসী, যাহারা স্থলে বিচরণ করে এরূপ। স্থল শব্দ—চর্‌ (বিচরণ করা)+ট কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —রী।

স্থলজ—স্থলে উৎপন্ন। স্থল—জন্‌+ড কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —জা।

স্থলপথ—ডাঙ্গা-পথ, ডাঙ্গার রাস্তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্থলপদ্ম—স্বনামপ্রসিদ্ধ পুষ্প। স্থলজাত পদ্ম, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

স্থলাভিষিক্ত—স্থলীয়, একের স্থানে স্থাপিত অন্য, প্রতিনিধি। ৭মীতৎ। বিণ।

স্থলী—স্থল দ্রঃ। [বিণ।

স্থলীয়—স্থানীয়। স্থল+ঈয় সম্বন্ধার্থে

স্থাণু—১। শিব; স্তম্ভ; কীল, গোঁজ, খুঁটা; বল্মীক; উইঢিপি। বি; পুং। ২। শাখাহীন বৃক্ষ। বি; ক্লীব বা পুং। ৩। স্থবির; স্থির। স্থা (থাকা)+নু কর্ত্তৃবা। বিণ।

স্থাণুবৎ—নিশ্চল। স্থাণু+বতিচ্ তুল্যার্থে। অব্য। বিণ।

স্থাতব্য—স্থিতিযোগ্য, থাকিবার উপযুক্ত। স্থা (থাকা)+তব্য অধিবা। বিণ।

স্থাতা (–তৃন্)—অবস্থানকারী। স্থা+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, স্থাত্রী।

স্থান—১। স্থল, জায়গা; ভাজন, পাত্র; পদ; আধার; অবকাশ; গ্রন্থসন্ধি; ব্যবসায়; বাটী। স্থা+অনট্ অধিবা। ২। স্থিতি; স্থৈর্য্য; সন্নিবেশ। স্থা (থাকা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

স্থানচ্যুত—পদচ্যুত। স্থান (পদ) হইতে চ্যুত (ভ্রষ্ট), ৫মীতৎ। বিণ।

স্থানত্যাগ—কোন স্থান হইতে চলিয়া যাওয়া; চাকুরী বা পদত্যাগ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [ক্লীব।

স্থানদান—আশ্রয়দান। ৬ষ্ঠীতৎ। বি;

স্থানভ্রষ্ট—স্থানচ্যুত (তাহা দ্রঃ)।

স্থানমাহাত্ম্য—স্থানের বৈশিষ্ট্য বা দৈবপ্রভাব। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

স্থানসমাবেশ—স্থানের সঙ্কুলান। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বি।

স্থানসংকুলান—জায়গা হওয়া। ৬ষ্ঠীতৎ।

স্থানান্তর—অন্য স্থান, বিভিন্ন স্থান। নিত্য। বি; ক্লীব।

স্থানান্তরিত—অন্যস্থানে নীত, বিভিন্ন স্থানে রক্ষিত। স্থানান্তর+ইতচ্ জাতার্থে। বিণ। স্ত্রী,—তা।

স্থানাভাব—স্থানের অভাব, স্থানের অনটন। ৬ষ্ঠীতৎ। বি; পুং। [বিণ।

স্থানিক—স্থানীয়, স্থানসম্বন্ধীয়। স্থান+ইক।

স্থানীয়—স্থানসম্বন্ধীয় বা বিষয়ক; প্রতিনিধিস্বরূপ, তুল্য। স্থান+ঈয় সম্বন্ধার্থে। বিণ। **স্থানীয় মান**—কোন সংখ্যার একক দশক শতক প্রভৃতি স্থানে থাকার জন্য তাহার যে মূল্য হয় তাহা।

স্থাপক—১। স্থাপনকর্ত্তা, প্রতিষ্ঠাতা। ণিজন্ত স্থা—স্থাপি (রাখা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা। ২। (নাট্যে) প্রস্তাবনানন্তর কাব্যার্থস্থাপক নট। বি; পুং।

স্থাপত্য—স্থপতির কর্ম্ম, গৃহনির্ম্মাণাদি কার্য্য। স্থপতি+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

স্থাপন, –না—অর্পণ, রাখা; আরোপণ। স্থাপি+অনট্ ভাববা, ২য় পক্ষে স্থাপি+অন ভাববা+আপ্। বি; ক্লীব, স্ত্রী।

স্থাপয়িতা (–তৃ)—স্থাপক, স্থাপনকর্ত্তা। স্থাপি+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িত্রী।

স্থাপিত—ন্যস্ত, অর্পিত; নিবেশিত; আরোপিত; নিশ্চিত। স্থাপি+ক্ত কর্ম্মবা। বিণ।

স্থাপ্য—স্থাপনযোগ্য। স্থা+ণিচ্+যৎ কর্ম্মবা। বিণ।

স্থাবর—১। স্থিতিশীল, স্থায়ী, অচর। স্থা (থাকা)+বরচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রা। ২। স্থিতিশীল পদার্থ, বৃক্ষভূম্যাদি। বি; ক্লীব। ৩। পর্ব্বত। বি; পুং।

স্থাবরজঙ্গম—১। স্থিতিশীল ও গতিশীল, চল এবং অচল, চরাচর। দ্বন্দ্ব। বিণ। ২। স্থিতিশীল ও গতিশীল পদার্থ, মনুষ্যপশ্বাদি প্রাণী ও বৃক্ষভূম্যাদি পদার্থ। বি; ক্লীব।

স্থাবরসম্পত্তি—বৃক্ষভূমিগৃহাদি রূপ সম্পত্তি যে সম্পত্তিকে এক স্থান হইতে অন্য স্থানে লইয়া যাওয়া যায় না। কর্ম্মধা। বি; স্ত্রী।

স্থায়িতা, স্থায়িত্ব—স্থিতিশীলতা; স্থিরতা। স্থায়ী দ্রঃ। স্থায়িন্ শব্দ+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

স্থায়িভাব—শৃঙ্গারাদি রসের রতি শোক হাস্য ক্রোধ উৎসাহ ভয় জুগুপ্সা বিস্ময় শম এই কয় ভাব। কর্ম্মধা। বি; পুং।

স্থায়িভাবে—স্থিরভাবে, স্থিতিশীলরূপে। বহুব্রী। ক্রি-বিণ।

স্থায়ী (**স্থায়িন্**)—স্থিতিশীল; স্থির;

অচঞ্চল। স্থা (থাকা)+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—য়িনী।

স্থালী—হাঁড়ী; থালী। স্থা (থাকা)+অলচ্ অধিবা+ঈপ্। বি; স্ত্রী।

স্থিত—কৃতাবস্থান; স্থিতিশালী; স্থির; ঊর্দ্ধ, দণ্ডায়মান; প্রতিজ্ঞাবিশিষ্ট। স্থা (থাকা)+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, স্থিতা।

স্থিতি—১। অবস্থান, থাকা; স্থিরতা; অবধারণ; পালন; মর্য্যাদা; অবস্থা। স্থা (থাকা)+ক্তি ভাববা। ২। স্থান, স্থল। স্থা+অনট্ অধিবা। বি; স্ত্রী।

স্থিতিস্থাপক—স্থিতিস্থাপকতাগুণ বিশিষ্ট পদার্থ, যে পদার্থের অবস্থান্তর করিলেও পুনর্ব্বার পূর্ব্বাবস্থা প্রাপ্ত হয়। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্থিতিস্থাপকতা—গুণবিশেষ, যে গুণপ্রভাবে কোন পদার্থ সঙ্কুচিত হইলেও প্রসারিত হইয়া এবং প্রসারিত হইলেও সঙ্কুচিত হইয়া পুনর্ব্বার পূর্ব্বাবস্থা প্রাপ্ত হয় (Elasticity). স্থিতিস্থাপক+তা ভাবে। বি; স্ত্রী।

স্থির—স্থায়ী; কঠিন, দৃঢ়; বাক্য, মন বা কর্ম্ম দ্বারা নিশ্চল; নিশ্চিত; নিরত। স্থা (থাকা)+কিরচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, স্থিরা।

স্থিরতা, —ত্ব—স্থৈর্য্য, নিশ্চয়; অবধারণ। স্থির+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

স্থিরদৃষ্টি—১। অচঞ্চল দৃষ্টি। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। অচঞ্চল দৃষ্টিযুক্ত, অনিমেষনেত্রে দর্শনকারী। বহুব্রী। বিণ।

স্থিরনিশ্চয়—১। দৃঢ়সঙ্কল্প। কর্ম্মধা। বি; পুং। ২। দৃঢ়সঙ্কল্পযুক্ত, দৃঢ়প্রতিজ্ঞ। বহুব্রী। বিণ।

স্থিরপ্রতিজ্ঞ—দৃঢ় প্রতিজ্ঞাযুক্ত, স্থিরসঙ্কল্প। স্থিরা প্রতিজ্ঞা যাহার, বহুব্রী। বিণ।

স্থিরমতি—স্থিরবুদ্ধি, ধীর। বহুব্রী। বিণ।

স্থিরযৌবন—১। স্থায়ী যৌবন। কর্ম্মধা। বি; ক্লীব। ২। স্থায়ী যৌবনবিশিষ্ট, চিরযুবা। বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

স্থিরা—পৃথিবী। বি; স্ত্রী।

স্থিরীকরণ—অবধারণ, নির্ণয়; দৃঢ়ীকরণ। স্থির শব্দ+অভূততদ্ভাবার্থে চ্বি (=স্থিরী)—কৃ (করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

স্থিরীকৃত—অবধারিত, নির্ণীত; দৃঢ়ীকৃত; নিশ্চলীকৃত। স্থির+অভূততদ্ভাবার্থে চ্বি (=স্থিরী)—কৃ+ক্ত কর্ম্মবা। বিণ।

স্থূণা—গৃহস্তম্ভ, ঘরের থাম বা খুঁটি; লৌহপ্রতিমা; কূট, কামারের 'নাই'। স্থা (থাকা)+ন অধিবা+আপ্। বি; স্ত্রী।

স্থূল—ইন্দ্রিয়গ্রাহ্য; পীবর, মোটা; প্রকাণ্ড; পুষ্ট; অতীক্ষ্ণ; অসূক্ষ্ম। স্থূল+অচ্ কর্ত্তৃবা। বিণ। [বিণ। স্ত্রী,—ল্লা।

স্থূলকায়—যাহার শরীর মোটা। বহুব্রী।

স্থূলকোণ—(জ্যামিতিশাস্ত্রে) সমকোণ অপেক্ষা বৃহত্তর কোণ। কর্ম্মধা। বি; পুং।

স্থূলচাপ—তূলা পরিষ্কার করিবার যন্ত্র, ধুন্ধারা। কর্ম্মধা। বি; পুং।

স্থূলতা, —ত্ব—স্থূল দ্রঃ। স্থূল+তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

স্থূলদেহ—১। রক্তমাংসঅস্থিগঠিত ধ্বংসশীল দেহ। কর্ম্মধা। বি; পুং। ২। যাহার শরীর মোটা। বহুব্রী। বিণ। স্ত্রী,—হা।

স্থূলপাদ—হস্তী; গোদা। স্থূল (মোটা) হইয়াছে পাদ (পা) যাহার, বহুব্রী। বি; পুং বা বিণ।

স্থূলবুদ্ধি—১। মোটা বুদ্ধি, বিষয়বোধে অসমর্থা ধী। কর্ম্মধা। বি; স্ত্রী। ২। মোটা বুদ্ধিবিশিষ্ট। বহুব্রী। বিণ।

স্থূলভূত—ক্ষিত্যপ্‌তেজোমরুদ্ব্যোম— এই পঞ্চভূত। কর্ম্মধা। বি; ক্লীব।

স্থূলোদর—১। মোটা পেট, ভুঁড়ি। কর্ম্মধা। বি; পুং। ২। মোটা-পেটবিশিষ্ট, ভুঁড়িওয়ালা। বহুব্রী। বিণ।

স্থৈর্য্য(র্য)—স্থিরতা; অবধারণ; দৃঢ়তা। স্থির+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব। [ক্লীব।

স্থৌল্য—স্থূলতা। স্থূল+ষ্ণ্য ভাবার্থে। বি;

স্নপন—স্নান করান; অভিষেককরণ; আর্দ্রকরণ; ক্ষালন, ধৌতকরণ; স্নান। ণিজন্ত স্না (=স্নপি)+অনট্ ভাববা। বি; ক্লীব।

স্নপিত—অভিষেচিত ; ক্ষালিত ; আর্দ্রীকৃত ; স্নাত। ণিজন্ত স্না (=স্নপি)+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

স্নাত—কৃতস্নান, অভিষিক্ত। স্না (স্নান করা) +ক্ত কর্ত্তৃবা। বিণ ; ত্রি। স্ত্রী, স্নাতা।

স্নাতক—ব্রহ্মচর্য্যসমাপনপূর্ব্বক সমাবর্ত্তন সময়ে স্নানকারী ; ব্রহ্মচর্য্যসাধনপূর্ব্বক গৃহস্থাশ্রমে প্রবিষ্ট ব্যক্তি ; স্নানকারী। স্নাত+কন্। বি ; পুং।

স্নাতকোত্তর—বিশ্ববিদ্যালয়ে প্রথম উপাধি লাভের পরবর্ত্তী (Post-graduate). স্নাতক হইতে উত্তর, ৫মীতৎ। বিণ।

স্নাতানুলিপ্ত—স্নানান্তে যে চন্দনাদি মাখিয়াছে। অগ্রে স্নাত পশ্চাৎ অনুলিপ্ত, কর্ম্মধা। বিণ। স্ত্রী,—প্তা।

স্নান—অবগাহন, মজ্জন ; সর্ব্বাঙ্গক্ষালন। মতান্তরে—মান্ত্র, ভৌম, আগ্নেয়, বায়ব্য, দিব্য, বারুণ এবং মানস এই সপ্তবিধ স্নান (অন্যমতে ষোড়শপ্রকার স্নান নির্দ্দিষ্ট হইয়াছে)। স্না+অনট্ ভাববা। বি ; ক্লীব।

স্নানযাত্রা—জ্যৈষ্ঠী পূর্ণিমায় অনুষ্ঠিত ভগবানের স্নানরূপ মহোৎসব। বি ; স্ত্রী।

স্নানাগার—স্নানের গৃহ, নাইবার ঘর। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্নানীয়—স্নানসম্বন্ধীয় ; স্নানোপযোগী (জল, তৈল, গন্ধচূর্ণ, হরিদ্রা প্রভৃতি)। স্নান শব্দ+ ঈয়। বিণ।

স্নাপক—যে স্নান করায়। ণিজন্ত স্না (=স্নাপি)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—পিকা।

স্নাপন—স্নান করান। স্নাপি+অনট্ ভাববা। বি ; ক্লীব। [সম্বন্ধার্থে। বিণ।

স্নায়বিক—স্নায়ুসম্বন্ধীয়। স্নায়ু+ইক

স্নায়ু—দেহস্থ পেশীর অগ্রভাগ, সর্ব্বশরীরব্যাপী সূক্ষ্ম শিরাবিশেষ (Nerve). স্না+উন্ কর্ত্তৃবা। বি ; ক্লীব বা স্ত্রী।

স্নায়ুকেন্দ্র—মস্তিষ্ক ; মেরুমজ্জা ; যে স্থান হইতে স্নায়ু সকল দেহে বিস্তৃত হয়। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

স্নায়ুমণ্ডল—সর্ব্বশরীরে পরিব্যাপ্ত স্নায়ুসমূহ (Nervous system). ৬ষ্ঠীতৎ। বি ক্লীব।

স্নায়ুশূল—স্নায়ুকেন্দ্রের বেদনাবিশেষ (Neuralgia). ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

স্নিগ্ধ—১। স্নেহের পাত্রীভূত ; স্নেহযুক্ত মসৃণ ; চিক্কণ ; কোমল ; শীতলকারক ; মধুর রম্য। স্নিহ্+ক্ত কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, স্নিগ্ধা ২। তেজঃ ; মোম ; ভক্তমণ্ড, ভাতের মাড় বি ; ক্লীব।

স্নিগ্ধকর—শীতলতাজনক, তৃপ্তিদায়ক। স্নিগ্ধ —কৃ (করা)+ট কর্ত্তৃবা। বিণ।

স্নিগ্ধতা—চিক্কণতা ; কোমলতা ; শীতলতা ; স্নেহ। স্নিগ্ধ+তা ভাবার্থে। বি ; স্ত্রী।

স্নিগ্ধদৃষ্টি—১। কোমলদৃষ্টি, মধুরদৃষ্টি। কর্ম্মধা। বি ; স্ত্রী। ২। কোমল দৃষ্টিসম্পন্ন। বহুব্রী। বিণ।

স্নুষা—পুত্রবধূ। স্নু (ক্ষরিত হওয়া)+সক কর্ত্তৃবা+আপ্। বি ; স্ত্রী।

স্নুহি, স্নুহী—মনসা গাছ। বি ; স্ত্রী।

স্নেহ—প্রেম, বাৎসল্য, নিজের অপেক্ষা নিম্নতর ব্যক্তির প্রতি ভালবাসা ; তৈলাদি দ্রব বস্তু, চিক্কণতা। স্নিহ্+ঘঞ্ ভাববা। বি ; পুং।

স্নেহগর্ভ—স্নেহপূর্ণ, যাহার ভিতরে ভালবাসা আছে এরূপ। স্নেহ আছে গর্ভে (অভ্যন্তরে) যাহার, বহুব্রী। বিণ।

স্নেহপরায়ণ—অত্যধিক বাৎসল্যযুক্ত। স্নেহ পর (শ্রেষ্ঠ) অয়ন যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ণা

স্নেহপুত্তলি—স্নেহের পুতুল, অতিশয় স্নেহের বস্তু। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

স্নেহপ্রবণ—বাৎসল্যের অনুরাগী, অতিশয় স্নেহশীল। ৭মীতৎ। বিণ।

স্নেহবন্ধন—বাৎসল্যরূপ বাঁধন, স্নেহের বাঁধন। রূপক কর্ম্মধা। বি ; ক্লীব।

স্নেহবান্ (—বৎ)—স্নেহযুক্ত, প্রীতিমান্, স্ত্রী,—বতী।

স্নেহভাজন—স্নেহের পাত্র। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব বা বিণ।

স্নেহময়—বাৎসল্যযুক্ত, স্নেহপূর্ণ; তৈলাদিবস্তুযুক্ত। স্নেহ শব্দ + ময়ট্। বিণ। স্ত্রী,–য়ী।

স্নেহশীল—বাৎসল্যপরায়ণ, স্নেহ করাই যাহার স্বভাব। বহুব্রী। বিণ। স্ত্রী,–লা।

স্নেহসিক্ত—স্নেহার্দ্র, স্নেহমাখা। ৩য়াতৎ। বিণ। [বিণ।

স্নেহার্দ্র—স্নেহসিক্ত, স্নেহমাখা। ৩য়াতৎ।

স্নেহাস্পদ—স্নেহভাজন, স্নেহের পাত্র। ৬ষ্ঠীতৎ। বিণ বা বি; ক্লীব।

স্পন্দ—স্পন্দন (সকল অর্থে)। স্পন্দ্ + ঘঞ্ ভাববা। বি; পুং।

স্পন্দন—ঈষৎ কম্পন, স্ফুরণ; চলন; নড়াচড়া। স্পন্দ্ + অনট্ ভাববা। বি; ক্লীব।

স্পন্দরহিত, –হীন—নিস্পন্দ, নড়নচড়নশূন্য, স্থির। ৩য়াতৎ। বিণ।

স্পন্দিত—ঈষৎ কম্পিত, স্ফুরিত; চলিত। স্পন্দ্ + ক্ত কর্তৃবা। বিণ।

স্পর্দ্ধা(র্ধা), স্পর্দ্ধ(র্ধ)না—প্রতিযোগিতা, পরাভিভবেচ্ছা, অন্যকে পরাভূত করিবার বাঞ্ছা; মাৎসর্য্য প্রকাশ; সঙ্ঘর্ষ; সাদৃশ্য; সদৃশীকরণ। স্পর্দ্ধ্ + অ, অন ভাববা + আপ্। বি; স্ত্রী।

স্পর্দ্ধি(র্ধি)ত—স্পর্দ্ধাযুক্ত, অন্যকে পরাভূতকরণেচ্ছু। স্পর্দ্ধ্ + ক্ত কর্তৃবা। বিণ; ত্রি।

স্পর্দ্ধী(র্ধী) (**স্পর্দ্ধিন্**)—স্পর্দ্ধাকারী; সদৃশ। স্পর্দ্ধ্ + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–র্দ্ধিনী।

স্পর্শ—১। ত্বগিন্দ্রিয়গ্রাহ্য গুণবিশেষ; ছোঁয়া। স্পৃশ্ (ছোঁয়া) + ঘঞ্ ভাববা। ২। বায়ু; রোগ; বর্গ্য বর্ণ। স্পৃশ্ + অচ্ কর্তৃবা। বি; পুং।

স্পর্শক, –জ্যা—বৃত্তের পরিধিকে স্পর্শকারী অথচ ছেদকারী নয় এমন সরল রেখা (Tangent). বি।

স্পর্শক্রামী (**–মিন্**), **–ক্রামক**—ছোঁয়াচে। ৩য়াতৎ। বিণ।

স্পর্শন—স্পর্শ; ছোঁয়া; গ্রহণ। স্পৃশ্ (ছোঁয়া, ইত্যাদি) + অনট্ ভাববা। বি; ক্লীব।

স্পর্শবর্ণ—ক হইতে ম পর্য্যন্ত বর্ণ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

স্পর্শমণি—স্পর্শ-প্রস্তর, পরশপাথর, যে পাথরের স্পর্শমাত্রে লোহাদি বস্তু সোনা হইয়া যায় (Philosopher's stone). বি; পুং।

স্পর্শরেখা, স্পর্শিনী—স্পর্শক (তাহা দ্রঃ)। [বি; ক্লীব।

স্পর্শসুখ—স্পর্শজনিত আনন্দ। মধ্যপ কর্ম্মধা।

স্পর্শী (**স্পর্শিন্**)—১। স্পর্শকারী। স্পৃশ্ (ছোঁয়া) + ণিন্ কর্তৃবা। ২। স্পর্শযুক্ত। স্পর্শ + ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,–র্শিনী।

স্পর্শেন্দ্রিয়—স্পর্শজ্ঞানজনক ইন্দ্রিয়, ত্বগিন্দ্রিয়। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

স্পষ্ট—ব্যক্ত, স্ফুট, প্রকাশিত। স্পশ্ + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–ষ্টা।

স্পষ্টবক্তা (**–বক্তৃ**)—স্পষ্টভাষী, যে স্পষ্ট কথা বলে। সুপ্সুপেতি। বিণ। স্ত্রী,–ক্ত্রী।

স্পষ্টবাদিতা, –ত্ব—স্পষ্ট বাক্যকথন। স্পষ্টবাদী দ্রঃ। স্পষ্টবাদিন্ শব্দ + তা, ত্ব ভাবার্থে। বি; স্ত্রী, ক্লীব।

স্পষ্টবাদী (**–বাদিন্**)—স্পষ্টবক্তা। স্পষ্ট –বদ্ (বলা) + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–দিনী।

স্পষ্টভাষী (**–ভাষিন্**)—স্পষ্টবক্তা, যে স্পষ্ট কথা বলে এরূপ। স্পষ্ট—ভাষ্ (বলা) + ণিন্ কর্তৃবা। বিণ; পুং। স্ত্রী,–ষিণী।

স্পষ্টীকৃত—সুব্যক্ত, যাহা পূর্ব্বে স্পষ্ট ছিল না একণে স্পষ্ট করা হইয়াছে। স্পষ্ট + চি অভূততদ্ভাবার্থে (= স্পষ্টী)—কৃ (করা) + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,–তা।

স্পিরিট—সুরাসার, শোধিত সুরা। ইং Spirit. বি। [বিণ।

স্পৃশ্য—স্পর্শযোগ্য। স্পৃশ্ + ক্যপ্ কর্ম্মবা।

স্পৃষ্ট—কৃত-স্পর্শ, যাহা ছোঁয়া হইয়াছে এরূপ। স্পৃশ (ছোঁয়া) + ক্ত কর্ম্মবা। বিণ।

স্পৃষ্টি—স্পর্শ। স্পৃশ্ + ক্তি ভাববা। বি; স্ত্রী।

স্পৃহণীয়—অভিলষণীয়, বাঞ্ছনীয় ; লোভনীয় ; শ্লাঘ্য ; আশ্চর্য্য। ণিজন্ত স্পৃহ্ =স্পৃহি (বাঞ্ছা করা) + অনীয় কর্ম্মবা। বিণ।

স্পৃহয়ালু—স্পৃহাশীল, আকাঙ্ক্ষাযুক্ত ; লোভী। ণিজন্ত স্পৃহ্ =স্পৃহী (বাঞ্ছা করা) + আলু কর্ত্তৃবা। বিণ ; ত্রি।

স্পৃহা—ইচ্ছা, আকাঙ্ক্ষা ; লোভ ; গ্রহণেচ্ছা। ণিজন্ত স্পৃহ্ =স্পৃহী (বাঞ্ছা করা) + অঙ্ ভাববা + আপ্। বি ; স্ত্রী।

স্প্রিং—স্থিতিস্থাপক ইস্পাত প্রভৃতির কুণ্ডলী হাল তার প্রভৃতি ; কামানি। ইং Spring. বি।

স্ফটিক, স্ফটীক—সূর্য্যকান্তমণি ; শুভ্র স্বচ্ছ প্রস্তরবিশেষ, স্ফটিক পাথর। স্ফুট (বিকাস করা) + ইক, ঈক কর্ত্তৃবা। বি ; পুং।

স্ফটিকাচল—কৈলাস পর্ব্বত। স্ফটিকময় যে অচল, কর্ম্মধা। বি ; পুং।

স্ফটিকাধার—স্ফটিকনির্ম্মিত পাত্র ; স্ফটিক পাথরের আবরণ। স্ফটিক নির্ম্মিত যে আধার, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

স্ফটিকারি—ফটকিরি। বি ; পুং।

স্ফাটিক, স্ফাটীক—১। স্ফটিকময়। স্ফটিক, স্ফটীক শব্দ + অণ্। বিণ। স্ত্রী,—কী,—কী। ২। স্ফটিকমণি। বি ; ক্লীব।

স্ফীত—প্রবৃদ্ধ ; ফুলিয়া উঠিয়াছে এরূপ ; ফাঁপা ; হৃষ্ট। স্ফায় + ক্ত কর্ত্তৃবা। বিণ।

স্ফীতি—প্রবৃদ্ধি ; ফুলিয়া উঠা ; হর্ষ। স্ফায় + ক্তি ভাববা। বি ; স্ত্রী।

স্ফুট—বিকসিত, প্রফুল্ল ; ব্যক্ত ; স্পষ্ট ; বিশদ ; প্রদীপ্ত ; বিদীর্ণ, ফুটা ; নিশ্চিত। স্ফুট্ (বিকসিত হওয়া) + ক কর্ত্তৃবা। বিণ।

স্ফুটন—বিকাশপ্রাপ্তি ; ব্যক্ত হওন। স্ফুট (বিকসিত হওয়া) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

স্ফুটনাঙ্ক(ংক)—উত্তাপের যে পরিমাণ জলকে ফুটায়। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্ফুটনোন্মুখ—বিকাশোন্মুখ, অর্দ্ধবিকসিত। ৭মীতৎ। বিণ।

স্ফুটবাক্—যাহার কথা ফুটিয়াছে এরূপ। স্ফুট বাক্ (বাক্য) যাহার, বহুব্রী। বিণ।

স্ফুটি, স্ফুটী—পাদস্ফোটরোগ ; ফুটি ফল। স্ফুট্ + ই কর্ত্তৃবা, পক্ষে ঈপ্। বি ; স্ত্রী।

স্ফুটিত—বিকসিত ; বিস্তারিত ; ব্যক্তীভূত ; ছিদ্রিত ; বিদীর্ণ। স্ফুট্ (বিকসিত হওয়া) + ক্ত কর্ত্তৃবা। বিণ।

স্ফুরণ, —ণা—স্পন্দন, ঈষৎ কম্পন ; দীপ্তি। স্ফুর্ + অনট্ ভাববা, ২য় পক্ষে স্ফুর্ + অন ভাববা + আপ্। বি ; ক্লীব, স্ত্রী।

স্ফুরিত—কম্পিত ; দীপ্ত, উজ্জ্বল ; স্ফুরিত, প্রতিবিম্বিত। স্ফুর্ + ক্ত কর্ত্তৃবা। বিণ।

স্ফুলিঙ্গ(ংগ)—অগ্নিকণা, আগুনের ফিনকি। স্ফু (অনুকরণ-শব্দ)—লিঙ্গ (গমন করা) + অচ্ কর্ত্তৃবা। বি ; পুং ও ক্লীব।

স্ফূর্ত্ত (র্ত)—বিকাশপ্রাপ্ত ; সঞ্জাত ; স্ফূর্ত্তিযুক্ত। স্ফুর্ + ক্ত কর্ত্তৃবা। বিণ।

স্ফূর্ত্তি (র্তি)—কম্প ; স্পন্দ ; প্রতিভা ; ও বিকাশ। স্ফুর্ + ক্তি ভাববা। বি ; স্ত্রী।

স্ফূর্ত্তি (র্তি)জনক—হর্ষোৎপাদক, আহ্লাদজনক ; উৎসাহজনক। ৬ষ্ঠীতৎ। বিণ ; ত্রি।

স্ফূর্ত্তি (র্তি)ব্যঞ্জক—হর্ষসূচক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—ব্যঞ্জিকা।

স্ফূর্ত্তি (র্তি)মান্ (—মৎ)—স্ফূর্ত্তিযুক্ত, বিকাশপ্রাপ্ত ; হৃষ্ট। স্ফূর্ত্তি + মতুপ্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—মতী।

স্ফোটক—ব্রণ, ফোড়া, আব। স্ফুট্ + ণক কর্ত্তৃবা। বি ; ক্লীব।

স্ফোটন—বিদারণ ; ভঙ্গ ; বিকাশন। ণিজন্ত স্ফুট্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

স্ফোটনী—ছিদ্রকারক যন্ত্র, সূচ, তুরপুন প্রভৃতি। স্ফোটি + অনট্ করণবা + ঈপ্। বি ; স্ত্রী।

স্ব—১। আত্মা, স্বয়ং। সর্ব্ব ; পুং। ২। ধন। বি ; পুং বা ক্লীব। ৩। জ্ঞাতি ; জ্ঞাতি। বি ; পুং। ৪। স্বকীয়। স্বন্ (শব্দ করা) + ড কর্ত্তৃবা। বিণ।

স্বঃ (স্বর্)—স্বর্গ ; পরলোক ; নিরবচ্ছিন্ন সুখ। স্ব্ (শব্দ করা) + বিচ্ কর্ত্তৃবা। অব্য।

স্বক, স্বকীয়—স্বীয়, নিজ, আত্মসম্বন্ধীয়, আপন। স্ব শব্দ + কন্, স্ব + ঈয়। বিণ। স্ত্রী, স্বকা, -য়া।

স্বকৃত—নিজ কৃত, নিজকর্ত্তৃক অনুষ্ঠিত। ৩য়া-তৎ। বিণ। স্ত্রী, -তা।

স্বকৃতভঙ্গ(ঙ্গ)—কুলীনবংশে যে প্রথম কুলপ্রথা ভঙ্গ করিয়াছে, স্বয়ং কুলপ্রথা লঙ্ঘন-কারী কুলীন। বিণ।

স্বখাত—নিজের খনিত, নিজকর্ত্তৃক খাদ-করা (জলাশয়)। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, -তা।

স্বখাতসলিল—নিজ কর্ত্তৃক খনিত জলাশয়ের জল। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

স্বখাদ—আত্মকৃত খানা বা খাল। 'স্বখাত' শব্দজ। বি।

স্বগত—১। আত্মগত, মনোগত। ২য়াতৎ। বিণ। ২। (নাট্যে) আলাপী ব্যক্তি ভিন্ন দর্শকের শ্রবণযোগ্য বাক্য ; মনে মনে বলা। বি ; ক্লীব।

স্বগতোক্তি—মনে মনে বা নিজে নিজে বলা। স্বগতা উক্তি, কর্ম্মধা। বি ; স্ত্রী।

স্বগৃহ—নিজের বাড়ী। ৬ষ্ঠীতৎ বা কর্ম্মধা। বি ; ক্লীব।

স্বচ্ছ—অতি নির্ম্মল, প্রতিবিম্বধারণক্ষম, যাহার ভিতর দিয়া দেখা যায় এরূপ ; শুভ্র। সু (অতিশয়) অচ্ছ, প্রাদিতৎ। বিণ।

স্বচ্ছতা, -ত্ব—অতি নির্ম্মলতা, প্রতি-বিম্বধারণক্ষমতা ; শুভ্রতা। স্বচ্ছ শব্দ + তা, ত্ব ভাবার্থে। বি ; স্ত্রী, ক্লীব।

স্বচ্ছন্দ—১। স্বাধীন ; সুস্থ ; বাধাশূন্য। স্ব হইয়াছে ছন্দ যাহার, বহুব্রী। বিণ। ২। স্বেচ্ছা ; স্বেচ্ছাচার ; সুখ, স্বাস্থ্য। স্ব (নিজের) ছন্দ (ইচ্ছা), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্বচ্ছন্দচিত্ত—১। সুস্থ চিত্ত, শান্ত মনঃ। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। সুস্থচেতাঃ, নিশ্চিন্তমনাঃ। স্বচ্ছন্দ হইয়াছে চিত্ত যাহার, বহুব্রী। বিণ।

স্বজন—আত্মীয় ব্যক্তি। কর্ম্মধা বা ৬ষ্ঠীতৎ। বি ; পুং। [৭মীতৎ। বি ; স্ত্রী।

স্বজনপ্রীতি—আত্মীয়গণকে ভালবাসা।

স্বজনী—সখী, সজনী। বি ; স্ত্রী।

স্বজাতি—নিজশ্রেণী। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

স্বজাতিদ্রোহ—নিজজাতির বিরুদ্ধাচরণ বা অনিষ্টসাধন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্বজাতিদ্রোহী (-দ্রোহিন্)—নিজ-জাতির বিরুদ্ধাচারী বা অনিষ্টসাধক। ৬ষ্ঠী-তৎ। বিণ। স্ত্রী, -হিণী।

স্বজাতিপ্রেম—নিজজাতির উপর অনুরাগ, নিজের জাতিকে ভালবাসা। ৭মীতৎ। বি ; ক্লীব।

স্বজাতীয়—নিজজাতিসম্বন্ধীয়, নিজশ্রেণীয়। স্বজাতি শব্দ + ঈয় সম্বন্ধার্থে। বিণ।

স্বতঃ (-তস্), স্বত—স্বয়ং, নিজ হইতে। স্ব শব্দ + তস্ ৫মী স্থানে। অব্য।

স্বতঃপ্রবৃত্ত—নিজ হইতে অর্থাৎ স্বেচ্ছায় রত বা ব্যাপৃত। সুপ্‌সুপা। বিণ।

স্বতঃসিদ্ধ—আপনা হইতে সিদ্ধ, অর্থাৎ যাহা প্রমাণ করিবার নিমিত্ত অন্য যুক্তির প্রয়োজন হয় না (Axiom). অলুক্ ৫মী-তৎ। বি ; ক্লীব বা বিণ।

স্বতঃস্ফূর্ত্ত(র্ত)—আপনা আপনি বিকাশ-প্রাপ্ত বা জাত। সুপ্‌সুপা। বিণ।

স্বতন্ত্র—স্বাধীন, আত্মবশ ; পৃথক্। স্ব হইয়াছে তন্ত্র (ইচ্ছা) যাহার, বহুব্রী। বিণ।

স্বতন্ত্রতা—স্বাধীনতা ; স্বেচ্ছাচারিতা ; পার্থক্য। স্বতন্ত্র + তা ভাবার্থে। বি ; স্ত্রী।

স্বত্ব—ধনাদিতে স্বামিত্ব ; দ্রব্যের ক্রয়-বিক্রয়া-ধিকার। স্ব শব্দ + ত্ব ভাবার্থে। বি ; ক্লীব।

স্বত্বত্যাগ—অধিকার ত্যাগ, স্বামিত্ব ছাড়িয়া দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

স্বত্বত্যাগপত্র—অধিকারত্যাগের কাগজ, দানপত্র, বিক্রয়-কোবালা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। [স্বন। দেশজ। বি।

স্বত্ব-সাব্যস্ত—সম্পত্তিতে স্বামিত্বের নির্দ্ধা-

স্বত্বাধিকার—ধনাদিতে স্বামিত্ব এবং দখল ;

ভোগ দখলের অধিকার। স্বত্ব ও অধিকার, স্বত্ব। বি; পুং।

স্বত্বাধিকারী (–কারিন্)—দানবিক্রয়ের অধিকারবিশিষ্ট, স্বামী, প্রভু, মালিক। স্বত্বের (স্বামিত্বের) অধিকারী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–রিণী।

স্বদেশ—নিজদেশ, জন্মভূমি। স্ব (নিজের) দেশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বদেশদ্রোহ—নিজদেশের অনিষ্টচিন্তা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বদেশদ্রোহী (–দ্রোহিন্)—নিজদেশের বিরুদ্ধাচারী, স্বদেশের অনিষ্টকারী। স্বদেশ –দ্রুহ্ + ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–হিণী। বি,—দ্রোহিতা।

স্বদেশপ্রীতি, –প্রেম (–প্রেমন্)—নিজদেশের প্রতি অনুরাগ, নিজদেশকে ভালবাসা। ৭মীতৎ। বি; স্ত্রী, ক্লীব।

স্বদেশপ্রেমিক, –বৎসল—নিজদেশের প্রতি অনুরাগপরায়ণ, যে জন্মভূমিকে সাতিশয় ভালবাসে এরূপ। ৭মীতৎ। বিণ।

স্বদেশসেবক—নিজদেশের সেবাকারী, জন্মভূমির উন্নতির জন্য চেষ্টিত। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–বিকা।

স্বদেশসেবী (–সেবিন্)—স্বদেশসেবক, নিজদেশের হিতার্থী। স্বদেশ–সেব্ (সেবা করা)+ণিন্ কর্তৃবা। বিণ।

স্বদেশহিতৈষী (–ষিন্)—নিজদেশের মঙ্গলাকাঙ্ক্ষী। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,–ষিণী।

স্বদেশানুরাগ—নিজদেশের প্রতি ভালবাসা। ৭মীতৎ। বি; পুং।

স্বদেশী—নিজদেশীয়; নিজদেশবাসী। স্বদেশ +ঈ সম্বন্ধার্থে। বিণ।

স্বদেশীয়—নিজদেশসম্বন্ধীয়, নিজদেশজাত। স্বদেশ শব্দ+ঈয় সম্বন্ধার্থে। বিণ।

স্বধর্ম(র্ম)—নিজধর্ম, নিজজাতির অনুষ্ঠেয় ধর্ম; নিজের কর্তব্য কার্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বধর্ম(র্ম)ত্যাগ—নিজ ধর্ম ছাড়িয়া দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বধর্ম(র্ম)ত্যাগী (–ত্যাগিন্)—নিজ-ধর্ম বর্জনকারী, নিজের ধর্ম ছাড়িয়া অন্য ধর্মের উপাসক। স্বধর্ম—ত্যজ্ (ত্যাগ করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–গিনী।

স্বধর্ম(র্ম)ভ্রষ্ট—নিজধর্ম হইতে বিচ্যুত, নিজ-জাতীয় ধর্ম ত্যাগকারী। ৫মীতৎ। বিণ।

স্বধা—১। পিতৃলোকের উদ্দেশে প্রদত্ত জল-পিণ্ডাদি। স্বদ্ (আস্বাদন করা)+আ কর্মবা। ২। পিতৃদেশক জলপিণ্ডদানের মন্ত্র। স্বদ্+আ করণবা। অব্য। ৩। মাতৃকা-দেবীবিশেষ, পিতৃলোক-পত্নী। বি; স্ত্রী।

স্বধাভুক্ (–ভুজ্)–পিতৃলোক; পূর্ব-পুরুষ। স্বধা–ভুজ্+ক্বিপ্ কর্তৃবা। বি; পুং।

স্বন, –ন—শব্দ, ধ্বনি। স্বন্ (শব্দ করা)+অপ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

স্বনামখ্যাত—নিজনামে প্রসিদ্ধ, নিজের নামে সর্বত্র পরিচিত। স্ব নাম স্বনাম ৬ষ্ঠীতৎ; তদ্দ্বারা খ্যাত, ৩য়াতৎ। বিণ।

স্বনামধন্য—নিজনামে প্রশংসনীয়, পিত্রাদির নামের সাহায্যনিরপেক্ষ হইয়া নিজের উদ্যমে প্রশংসাপ্রাপ্ত। স্ব নাম=স্বনাম, ৬ষ্ঠীতৎ তদ্দ্বারা ধন্য, ৩য়াতৎ। বিণ।

স্বনিত ১। শব্দিত, ধ্বনিত। স্বন্ (শব্দ করা)+ক্ত কর্মবা। বিণ। ২। শব্দ; ধ্বনি। স্বন্+ক্ত ভাববা। বি; ক্লীব।

স্বপক্ষ—নিজের দল; আপন মত বা পক্ষের পোষকতা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বপন—স্বপ্ন (সকল অর্থে)। স্বপ্+অনট্ ভাববা। বি; ক্লীব।

স্বপ্ন—সুপ্তি, নিদ্রা; সুষুপ্তের বিজ্ঞান, অর্থাৎ নিদ্রিতাবস্থায় বিষয়ানুভব। স্বপ্ (নিদ্রা যাওয়া)+নন্ ভাববা। বি; পুং।

স্বপ্নঘোর—স্বপ্নের মোহ, স্বপ্নজনিত বিভ্রম। ৬ষ্ঠীতৎ। বি। [৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

স্বপ্নতত্ত্ব—স্বপ্নবিষয়ক রহস্য, স্বপ্নের স্বরূপ।

স্বপ্নদোষ—স্বপ্নাবস্থায় শুক্রস্খলন। বি; পুং।

স্বপ্নরাজ্য—স্বপ্নে কল্পিত রাজ্য; অমূলক কল্পনা। মধ্যপ কর্মধা। বি; ক্লীব।

স্বপ্নলব্ধ—স্বপ্নদর্শনকালে প্রাপ্ত, নিদ্রিতাবস্থায় প্রাপ্ত। ৭মীতৎ। বিণ।

স্বপ্নাদেশ—স্বপ্নকালে প্রাপ্ত দেবতাদির আদেশ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

স্বপ্নাদ্য—স্বপ্নমূলক; স্বপ্নে প্রাপ্ত (ঔষধাদি)। বহুব্রী। বিণ।

স্বপ্নাবস্থা—নিদ্রিত অবস্থা; স্বপ্নদর্শনের কাল। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্বপ্নাবিষ্ট—স্বপ্নে অভিভূত, স্বপ্নাবস্থাযুক্ত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, –ষ্টা। [পুং।

স্বপ্নাবেশ—স্বপ্নের ঘোর। ৩য়াতৎ। বি;

স্বপ্নোত্থিত—স্বপ্নদর্শনের পর বা নিদ্রা হইতে জাগরিত। ৫মীতৎ। বিণ। [বিণ।

স্ববশ—স্বাধীন, আত্মবশ, নিজায়ত্ত। ৬ষ্ঠীতৎ।

স্বভাব—আত্মভাব, প্রকৃতি; স্বরূপ, ব্যক্তিত্ব, মনের উৎকর্ষাপকর্ষ; প্রকৃতিগত ধর্ম্ম; স্বাভাবিক অবস্থা। কর্ম্মধা বা ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বভাবকুলীন—যে কুলীনবংশে কুলপ্রথা যথাযথ প্রতিপালিত হইয়া আসিতেছে কখনও তাহার লঙ্ঘন হয় নাই। বিণ।

স্বভাবগত—প্রকৃতিগত, স্বাভাবিক অবস্থাপ্রাপ্ত। ২য়াতৎ। বিণ। স্ত্রী, –তা।

স্বভাবজ—প্রকৃতিজাত, আপনা হইতে উৎপন্ন। স্বভাব দ্রঃ। স্বভাব–জন্ (জন্মা)+ড কর্তৃবা। বিণ। স্ত্রী, –জা।

স্বভাবতঃ (–তস্), –ত—আত্মভাববশতঃ, প্রকৃতিবশে, আপনা হইতে। স্বভাব+তস্ ৫মী স্থানে। অব্য।

স্বভাববিরুদ্ধ—প্রকৃতিবিরুদ্ধ, স্বভাবের বিপরীত, অস্বাভাবিক। ৬ষ্ঠীতৎ। বিণ।

স্বভাবশোভা—প্রকৃতির সৌন্দর্য্য। ৬ষ্ঠীতৎ। বি। [নিষ্পন্ন। ৩য়াতৎ। বিণ।

স্বভাবসিদ্ধ—প্রকৃতিসিদ্ধ; আপনা হইতে

স্বভাবসুন্দর—স্বভাবতঃ মনোহর, আপনা হইতে সুশ্রী। ৩য়াতৎ। বিণ।

স্বভাবসুলভ—স্বভাবতঃ সহজপ্রাপ্য; প্রকৃতিসুলভ, স্বভাবজাত। ৭মীতৎ। বিণ।

স্বভাবোক্তি—স্বভাব-বর্ণন; অর্থালঙ্কার-বিশেষ। স্বভাবের উক্তি, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্বভূ—ব্রহ্মা; শিব; বিষ্ণু; কন্দর্প। স্ব–ভূ (হওয়া)+ক্বিপ্ কর্তৃবা। বি; পুং।

স্বয়ং—স্বয়ম্ দ্রঃ।

স্বয়ংবর—১। স্বয়ং অর্থাৎ নিজে পতিকে বরণ, স্ত্রী কর্তৃক স্বয়ং পতিগ্রহণ। স্বয়ম্–বৃ (বরণ করা)+অপ্ ভাববা। ২। যে বিবাহে স্ত্রী কর্তৃক স্বয়ং পতি গৃহীত হয়; যে স্থানে স্ত্রী কর্তৃক স্বয়ং পতি গৃহীত হয়। স্বয়ম্–বৃ+অপ্ অধিবা। বি; পুং।

স্বয়ংবরা—স্বয়ং পতিগ্রাহিণী। স্বয়ম্ (নিজে)–বৃ+অচ্ কর্তৃবা+আপ্। বিণ; স্ত্রী।

স্বয়ংসম্পূর্ণ—নিজে নিজেই সম্পূর্ণ। সুপ্‌সুপা। বিণ।

স্বয়ংসিদ্ধ—নিজের দ্বারা সিদ্ধ, অন্যের উপদেশ ব্যতীত নিজের চেষ্টায় সিদ্ধিপ্রাপ্ত। সুপ্‌সুপা। বিণ।

স্বয়ম্ (**স্বয়ং**)—আপনি, নিজে। সু—ই বা অয়্ (গমন করা)+অম্ কর্তৃবা। অব্য।

স্বয়ম্ভু, –**ভূ**—ব্রহ্মা; বিষ্ণু; মহাদেব। স্বয়ম্–ভূ (হওয়া)+ডু, ক্বিপ্ কর্তৃবা। বি; পুং।

স্বর—উদাত্ত, অনুদাত্ত ও স্বরিত এই ত্রিবিধ কণ্ঠধ্বনি; ষড়্জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ এই সপ্তবিধ গানাঙ্গ-ধ্বনি, সুর [সপ্তস্বর দ্রঃ]; স্বন; অ ই প্রভৃতি বর্ণ। তন্ত্রে প্রাণাদি বায়ুর ব্যাপার-বিশেষ। স্ব (শব্দ করা)+অপ্ ভাববা। বি; পুং।

স্বরগ্রাম—সঙ্গীতের সপ্তস্বর (ষ, ঋ, গ, ম, প, ধ, নি)। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বরচিত—নিজের তৈয়ারী বা লেখা। ৩য়াতৎ। বিণ।

স্বরধরযন্ত্র—স্বরধারণকারী যন্ত্রবিশেষ, যে যন্ত্রে মনুষ্যাদির স্বর অবিকল গৃহীত ও বাদিত হয়, 'গ্রামোফোন্'। স্বরের ধর (ধারক)—

স্বরধর, ৬ষ্ঠীতৎ ; এমন যে যন্ত্র, কর্ম্মধা। বি ; ক্লীব। [বি ; পুং।

স্বরবর্ণ—অ হইতে ঔ পর্য্যন্ত বর্ণ। কর্ম্মধা।

স্বরবিজ্ঞান—স্বরবিষয়ে বিশিষ্ট জ্ঞান, যে বিদ্যা দ্বারা স্বর সম্বন্ধে বিশিষ্ট জ্ঞান জন্মে। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

স্বরবিবর্ত্ত(র্ত)—স্বরের পরিবর্ত্তন, কণ্ঠধ্বনির পরিবর্ত্তন ; স্বরের কম্পন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্বরভঙ্গ(ংগ)—গলাভাঙ্গা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্বরলহরী—স্বরতরঙ্গ, ঢেউয়ের ন্যায় কাঁপান স্বর। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

স্বরলিপি—(সঙ্গীতে) স্বর, তাল, মান, লয় প্রভৃতির নিদর্শক সাঙ্কেতিক লিপি বা লিখন। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

স্বরস—স্বাভিপ্রায়, নিজমত ; বিশিষ্ট রসজ্ঞান ; শিলাপিষ্ট কল্কবিশেষ। কর্ম্মধা বা ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্বরসন্ধি—সন্ধিবিশেষ, স্বরবর্ণের সহিত স্বরবর্ণের মিলন। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্বরাজ—বিজিত জাতির জেতার অধীনে স্বহস্তে রাজ্যশাসন, স্বায়ত্তশাসন, 'সেল্ফ গভর্ণমেণ্ট' (Self-government). 'স্বরাজ্য' শব্দজ। বি।

স্বরাজ্য—১। নিজ রাজ্য, আপনার রাজ্যাধিকার। ৬ষ্ঠীতৎ। ২। আত্মশাসিত রাজ্য, প্রজাদের নিজেদের দ্বারা রাজকার্য্য পরিচালন। স্বশাসিত যে রাজ্য, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

স্বরাষ্ট্র—নিজ রাজ্য ; নিজ রাজ্যের আভ্যন্তরিক ব্যাপার (স্বরাষ্ট্র দপ্তর, স্বরাষ্ট্র সচিব)। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

স্বরাপগা—স্বর্ণদী, সুরনদী। স্বর্-এর (স্বর্গের) আপগা (নদী), ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

স্বরিত—১। আক্ষিপ্ত। স্বর্ (আক্ষেপ করা) + ক্ত কর্ম্মবা। ২। স্বরবিশিষ্ট। স্বর শব্দ + ইতচ্ যুক্তার্থে। বিণ। ৩। তৃতীয় স্বর, উদাত্ত-অনুদাত্তমিলিত স্বর। বি ; পুং।

স্বরীশ্বর—দেবরাজ, স্বর্গাধিপতি, ইন্দ্র। স্বর্-এর (স্বর্গের) ঈশ্বর, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্বরূপ—১। স্বভাব, প্রকৃতি ; প্রকৃত অবস্থা। কর্ম্মধা বা ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। ২। বিজ্ঞ, পণ্ডিত ; সুন্দর ; সদৃশ। স্ব শব্দ—ণিজন্ত রূপ—রূপি + অচ্ কর্ত্তৃবা। বিণ।

স্বরূপতঃ (—তস্), —ত—যথার্থতঃ। অব্য।

স্বরূপনির্ণয়—যাথার্থ্য নিরূপণ, প্রকৃত অবস্থা নির্দ্ধারণ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্বরূপসম্বন্ধ—অভিন্নসম্বন্ধ, তৎস্বরূপতা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্বর্ —ত্রিদিব, দেবলোক ; ভূঃ ভুবঃ স্বঃ মহঃ জন তপঃ সত্য—এই সাত লোক ; নিরবচ্ছিন্ন সুখ, অবিমিশ্র আনন্দ। স্বর্—গৈ + ক কর্ম্মবা অথবা সু—ঋজ্ + ঘঞ্ কর্ম্মবা। বি ; পুং।

স্বর্গকাম—স্বর্গাভিলাষী, দেবলোক-লাভেচ্ছু। স্বর্গ হইয়াছে কাম (কাম্য) যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, —মা।

স্বর্গগত—মৃত। ২য়াতৎ। বিণ।

স্বর্গঙ্গা(ংগা)—স্বর্গগঙ্গা, মন্দাকিনী। স্বর্-এর গঙ্গা, ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

স্বর্গত—স্বর্গগত, মৃত। স্বর্কে গত, ২য়াতৎ। বিণ। [বি ; স্ত্রী।

স্বর্গতি—স্বর্গে গমন ; মরণ, মৃত্যু। ৭মীতৎ।

স্বর্গধাম (—ধামন্)—স্বর্গলোক, দেবলোক। স্বর্গই যে ধাম, কর্ম্মধা। বি ; ক্লীব।

স্বর্গবধূ—সুরাঙ্গনা, অপ্সরা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

স্বর্গবাস—স্বর্গে অবস্থান ; স্বর্গধাম। ৭মীতৎ বা কর্ম্মধা। বি ; পুং।

স্বর্গবাসী (—বাসিন্)—দেবলোকে বাসকারী। স্বর্গ—বস্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ।

স্বর্গভোগ—স্বর্গের সুখ উপভোগ, দিব্যসুখলাভ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্বর্গসুখ—স্বর্গের সুখ ; দুঃখলেশশূন্য সুখ ; সুবিমল আনন্দ। স্বর্গ জাত সুখ, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

স্বর্গারূঢ়—স্বর্গগত, মৃত। ২য়াতৎ। বিণ।
স্বর্গারোহণ—স্বর্গগমন, দেবলোকে যাওয়া; মৃত্যু। ৭মীতৎ। বি; ক্লীব।
স্বর্গীয়—স্বর্গসম্বন্ধীয়; স্বর্গবাসী; স্বর্গসুখদ। স্বর্গ+ঈয়। বিণ। স্ত্রী,-য়া।
স্বর্ণ—সুবর্ণ, কাঞ্চন, সোনা; সুবর্ণকর্ষ। সু (সুন্দর) হইয়াছে অর্ণ (বর্ণ) যাহার, বহুব্রী; অথবা স্বৃ-ক্বণ্ (পাওয়া)+অচ্ কর্তৃবা। বি; ক্লীব।
স্বর্ণকার—সুবর্ণকার, সেকরা। স্বর্ণ-কৃ (করা)+অণ্ কর্তৃবা। বি; পুং।
স্বর্ণখচিত—সুবর্ণমণ্ডিত, যাহার মাঝে মাঝে সোনা বসান এরূপ। ৩য়াতৎ। বিণ।
স্বর্ণদী, স্বর্নদী—সুরনদী, মন্দাকিনী; গঙ্গা। স্বর্ এর (স্বর্গের) নদী, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; স্ত্রী।
স্বর্ণপ্রতিমা--সোণার মূর্ত্তি। মধ্যপ কর্ম্মধা।
স্বর্ণপ্রসূ—সুবর্ণ প্রসবকারিণী, স্বর্ণ উৎপাদিকা; যাহাতে প্রচুর শস্য জন্মে, অতিশয় উর্ব্বরা। ৬ষ্ঠীতৎ। বিণ।
স্বর্ণবর্ণ—১। সোণার মত রঙ। ৬ষ্ঠীতৎ। বি; পুং। ২। যাহার রঙ্ সোণার মত। বহুব্রী। বিণ। স্ত্রী,-র্ণা।
স্বর্ণমণ্ডিত—সোণায় মোড়া বা ভূষিত। ৩য়াতৎ। বিণ।
স্বর্ণময়—সুবর্ণময়; সুবর্ণনির্ম্মিত। স্বর্ণ শব্দ+ময়ট্ বিকারার্থে। বিণ। স্ত্রী,-য়ী।
স্বর্ণমুদ্রা—গিনি, মোহর। মধ্যপ কর্ম্মধা। বি; স্ত্রী।
স্বর্ণমৃগ—সীতা-হরণোদ্দেশে রাবণের আদেশক্রমে মারীচ কর্তৃক গৃহীত মৃগমূর্ত্তি। মধ্যপ কর্ম্মধা। বি; পুং। [বি; স্ত্রী।
স্বর্ণলতা—জ্যোতিষ্মতী, সোনালী লতা।
স্বর্ণসিন্দূর—মকরধ্বজ। স্বর্ণঘটিত সিন্দূর, মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।
স্বর্ণসুযোগ—অতি উত্তম সুবিধা; শ্রেষ্ঠ অবসর, 'মাহেন্দ্রক্ষণ' (Golden opportunity). মধ্যপ কর্ম্মধা। বি; পুং।
স্বর্ণাক্ষর—স্বর্ণখচিত অক্ষর, সোনার ন্যায় উজ্জ্বল অক্ষর। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।
স্বর্ণাঙ্গু(ংগু)রীয়, -রীয়ক—সোণার আংটি। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।
স্বর্ণালঙ্কা(ংকা)র—স্বর্ণভূষণ, সুবর্ণনির্ম্মিত আভরণ, সোনার গহনা। মধ্যপ কর্ম্মধা। বি; পুং।
স্বর্নদী—স্বর্ণদী দ্রঃ।
স্বর্বধূ, স্বর্বেশ্যা—সুরাঙ্গনা, অপ্সরা। স্বর্-এর (স্বর্গের) বধূ, বেশ্যা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।
স্বর্বৈদ্য—দেববৈদ্য, অশ্বিনীকুমারদ্বয়। স্বর্-এর (স্বর্গের) বৈদ্য, ৬ষ্ঠীতৎ। বি; পুং।
স্বর্লোক—স্বর্গলোক, দেবলোক, সুরলোক। স্বঃ (স্বর্গ) যে লোক, কর্ম্মধা। বি; পুং।
স্বল্প—অতিশয় অল্প; অতি সামান্য; অতি ক্ষুদ্র। সু (অতিশয়) যে অল্প, প্রাদিতৎ। বিণ। স্ত্রী, স্বল্পা।
স্বল্পদৃষ্টি—ক্ষীণদৃষ্টি, যাহার দৃষ্টিশক্তি ক্ষীণ এরূপ। স্বল্পা দৃষ্টি যাহার, বহুব্রী। বিণ।
স্বল্পভাষী (-ভাষিন্)—অতি অল্প বাক্যালাপী, যে খুব কম কথা বলে এরূপ। স্বল্প-ভাষ্ (বলা) +ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,-ষিণী। [+ণ কর্তৃবা। বি; স্ত্রী।
স্বসা (স্বসৃ)—ভগিনী। সু-অস্ (হওয়া)
স্বস্তি—আশীর্ব্বাদ; পুণ্য; শুভ, মঙ্গল; স্বীকার, তৃপ্তি, সন্তোষ; সোয়াস্তি, স্বাচ্ছন্দ্য, আরাম, শান্তি। সু-অস্ (হওয়া)+ক্তি ভাববা। অব্য।
স্বস্তিক—১। পিটুলি দ্বারা নির্ম্মিত একপ্রকার মাঙ্গল্য দ্রব্য; শুভসূচক বস্ত্রচিহ্ন-বিশেষ; আসনবিশেষ, চতুষ্ক; সর্পফণা; সর্পফণাকৃতি হস্তপাত্র, হাতের ঠোঙা; চতুষ্পথ, চৌরাস্তা। স্বস্তি+কন্। বি; পুং। ২। সম্মুখে বারান্দা বা চাঁদনিযুক্ত প্রাসাদ। বি; ক্লীব বা পুং।
স্বস্তিবাচন—'স্বস্তি স্বস্তি' অর্থাৎ মঙ্গল হউক—এই বাক্য কথন, শুভকার্য্য সূচনায় 'স্বস্তি' শব্দের উচ্চারণ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

স্বস্তিবাচনিক—স্বস্তিবাচনসম্বন্ধীয়; স্বস্তিবাচনকারক। স্বস্তিবাচন+ইক। বিণ।

স্বস্ত্যয়ন—কুগ্রহশান্তির নিমিত্ত মঙ্গল কর্ম্মের অনুষ্ঠান, গ্রহাদি দোষ হইতে পরিত্রাণ প্রাপ্তির জন্য মাঙ্গল্য কর্ম্মের অনুষ্ঠান। স্বস্তির (মঙ্গলের) অয়ন (প্রাপ্তি) হয় যাহা হইতে, অথবা স্বস্তির অয়ন (আগমন) হয় যদ্দ্বারা, বহুব্রী। বি; ক্লীব।

স্বস্থ—১। নিরুদ্বিগ্ন; প্রকৃতিস্থ; সুস্থ। স্ব শব্দ—স্থা (থাকা)+ক কর্ত্তৃবা। ২। স্বর্গস্থ; মৃত। স্বর্ (স্বর্গ)—স্থা+ক কর্ত্তৃবা। বিণ।

স্বস্থান—নিজ অধিকৃত স্থান; নিজের পদ। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

স্বাক্ষর—সহি, দস্তখত। স্ব (নিজের) অক্ষর (লেখা), ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বাক্ষরিত—স্বাক্ষরযুক্ত, নিজের সহিযুক্ত। স্বাক্ষর+ইতচ্ যুক্তার্থে। বিণ।

স্বাগত—সুখে আগমন; শুভাগমন; কুশল। সু (সুখে বা শোভন) যে আগত (আগমন), প্রাদিতৎ। বি; ক্লীব।

স্বাগতপ্রশ্ন—সুখে আগমন হইয়াছে কি না জিজ্ঞাসা; কুশল জিজ্ঞাসা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বাচ্ছন্দ্য—স্বচ্ছন্দতা; স্বাধীনতা; আরাম; স্বাস্থ্য। স্বচ্ছন্দ+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

স্বাতন্ত্র্য—স্বতন্ত্রতা, স্বাধীনতা; পার্থক্য, ভিন্নতা। স্বতন্ত্র+ষ্ণ্য ভাবার্থে। বি; ক্লীব।

স্বাতি, —তী—সূর্য্যের পত্নীবিশেষ; নক্ষত্রবিশেষ। স্ব শব্দ—অত্ (গমন করা)+ইন কর্ত্তৃবা, ২য় পক্ষে স্ত্রীত্বে ঈপ্। বি; স্ত্রী।

স্বাদ—১। আস্বাদ, রস, তার। স্বদ্+ঘঞ্ কর্ম্মবা। ২। রসানুভব, চাকা; লেহন, চাটা; প্রীতি। স্বদ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

স্বাদগ্রহণ—আস্বাদ লওয়া। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

স্বাদগ্রাহী (—গ্রাহিন্)—আস্বাদগ্রহণকারী; রসানুভবকারী; চাকনদার। স্বাদ—গ্রহ্ (লওয়া)+ণিন্ কর্ত্তৃবা। বিণ।

স্বাদন—রসানুভব, চাকা। স্বদ্+ণিচ্ (আস্বাদন করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

স্বাদিত—ভক্ষিত, আস্বাদিত, লীঢ়; প্রীত। স্বদ্+ণিচ্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,—তা।

স্বাদু—সুস্বাদ; মিষ্ট, মধুর; মনোজ্ঞ। স্বদ্ (আস্বাদন করা)+উণ্ কর্ত্তৃবা। বিণ।

স্বাধিকার—নিজ অধিকার, নিজপদ; নিজের দখল; আপনার কর্ত্তব্য। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বাধিষ্ঠান—লিঙ্গমূলস্থ সুষুম্না নাড়ীর অন্তর্গত ষড়্দল পদ্ম। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

স্বাধীন—আত্মবশ, স্বতন্ত্র, স্বচ্ছন্দ; বিজাতির অনধীন (দেশ)। স্ব (নিজের) অধীন, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—না।

স্বাধীনতা—আত্মবশতা, স্বাতন্ত্র্য, স্বাচ্ছন্দ্য। স্বাধীন শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

স্বাধীনপতিকা, —ভর্ত্তৃকা—নায়িকাবিশেষ, নায়ক যাহার অনুগত। স্বাধীন হইয়াছে পতি, ভর্ত্তা যে স্ত্রীর, বহুব্রী। বি; স্ত্রী।

স্বাধ্যায়—১। বেদাধ্যয়ন, বেদপাঠ। স্ব শব্দ—অধি—ই+ঘঞ্ ভাববা। ২। বেদাংশবিশেষ। স্ব—অধি—ই+ঘঞ্ কর্ম্মবা। বি; পুং। [৭মীতৎ। বিণ।

স্বাধ্যায়নিরত—বেদাধ্যয়নে আসক্ত।

স্বাধ্যায়বান্ (—বৎ), স্বাধ্যায়ী (—য়িন্)—বেদাধ্যয়নকারী। স্বাধ্যায় (বেদাধ্যয়ন)+মতুপ্, ইন অস্ত্যর্থে। বিণ।

স্বান—শব্দ, ধ্বনি। স্বন্+ঘঞ্ ভাববা। বি; পুং।

স্বাপ—নিদ্রা, সুপ্তি; স্বপ্ন; পক্ষাঘাত; অচৈতন্য। স্বপ্+ঘঞ্ ভাববা। বি; পুং।

স্বাবমাননা—নিজের অপমান। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্বাবলম্ব, —ন—নিজের শক্তির উপর নির্ভর, পরপ্রত্যাশী না হইয়া নিজে কার্য্যসাধন চেষ্টা। স্ব—অব—লম্ব্+ঘঞ্, অনট্ ভাববা। বি; পুং, ক্লীব।

স্বাবলম্বী (–লম্বিন্)—স্বাবলম্বনশীল, নিজের শক্তির উপর নির্ভরকারী। স্ব–অব–লম্ব্+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–ম্বিনী।

স্বাভাবিক—স্বভাবসিদ্ধ; নৈসর্গিক, প্রাকৃতিক। স্বভাব+ইক। বিণ। স্ত্রী,–কী।

স্বামিত্ব—অধিকার, স্বত্ব; প্রভুত্ব; রাজত্ব; ভর্তৃত্ব। স্বামিন্+ত্ব ভাবার্থে। বি; ক্লীব।

স্বামী (স্বামিন্)—১। স্বত্ববিশিষ্ট; অধিকারী; প্রভু; পালক। বিণ। স্ত্রী,–মিনী। ২। রাজা; গুরু; পতি, ভর্তা; পরমহংস; পণ্ডিত ব্রাহ্মণ। স্ব শব্দ–(ধন)+আমিন্ অস্ত্যর্থে। বি; পুং।

স্বায়ত্ত—নিজের বশীভূত, নিজের অধীন। [৬ষ্ঠীতৎ। বিণ।

স্বায়ত্তশাসন—আপনাদের ইচ্ছাধীনে শাসনকার্য্য নির্ব্বাহ, বিজেতা রাজার অধীনে আপনাদের প্রবর্ত্তিত বিধানে দেশের শাসনকার্য্য নির্ব্বাহ করা। কর্ম্মধা। বি; ক্লীব।

স্বায়ত্তীকরণ—নিজবশে আনয়ন। স্বায়ত্ত+চ্বি অভূততদ্ভাবার্থে (=স্বায়ত্তী)–কৃ (করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

স্বায়ম্ভুব—১। স্বয়ম্ভু-সম্বন্ধীয়। স্বয়ম্ভু শব্দ+অন্। বিণ। স্ত্রী,–বী। ২। স্বয়ম্ভুর (ব্রহ্মার) পুত্র, প্রথম মনু। বি; পুং।

স্বারাজ্য—১। ঈশ্বরত্ব। স্বরাজ্ (ঈশ্বর)+ষ্যঞ্ ভাবার্থে। ২। ইন্দ্রত্ব; স্বর্গরাজ্য। স্বারাট্ দ্রঃ। স্বারাজ্ (ইন্দ্র)+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

স্বারোচিষ—দ্বিতীয় মনু। স্বারোচিস্ শব্দ+অণ্ অপত্যার্থে। বি: পুং।

স্বার্থ—নিজপ্রয়োজন, আত্মকার্য্য; আপনার ইষ্ট। স্ব যে অর্থ, কর্ম্মধা; অথবা স্বর অর্থ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বার্থচিন্তা—আত্মকার্য্যচিন্তা, নিজ ইষ্টসিদ্ধির ভাবনা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্বার্থত্যাগ—আত্মকার্য্য পরিত্যাগ, নিজের ইষ্ট ছাড়িয়া দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বার্থত্যাগী (–ত্যাগিন্)—আত্মকার্য্যত্যাগকারী, পরের উপকারার্থ যে নিজের ইষ্ট ত্যাগ করে। উপতৎ। স্বার্থ–ত্যজ্ (ছাড়া)+ঘিনুণ্ কর্তৃবা। বিণ। স্ত্রী,–গিনী।

স্বার্থপর, –পরায়ণ—নিজপ্রয়োজন সাধনে তৎপর, অন্যের প্রয়োজনের প্রতি উপেক্ষা প্রদর্শনপূর্ব্বক কেবল নিজপ্রয়োজন সিদ্ধি বিষয়ে যত্নবান্। স্বার্থ পর, পরায়ণ যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,–রা,–ণা। বি,–পরতা, –য়ণতা।

স্বার্থবিসর্জ্জ(র্জ)ন—স্বার্থত্যাগ, আত্মকার্য্যপরিত্যাগ; নিজ ইষ্ট-চেষ্টা বর্জ্জন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

স্বার্থসাধন—আত্মকার্য্যসাধন, অন্যের প্রয়োজনের প্রতি উপেক্ষা প্রদর্শনপূর্ব্বক নিজ কার্য্যসম্পাদন। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

স্বার্থসিদ্ধি—আত্মকার্য্যসিদ্ধি, নিজ ইষ্টসিদ্ধি। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্বার্থান্ধ—অন্ধভাবে স্বার্থসাধনে তৎপর, অন্যের মুখের দিকে না চাহিয়া যে নিজ ইষ্টসাধন করে। ৩য়াতৎ। বিণ।

স্বার্থান্বেষণ—নিজ ইষ্টসিদ্ধির উপায় অন্বেষণ, আপনার ভাল খুঁজিয়া বেড়ান। স্বার্থের অন্বেষণ, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

স্বার্থান্বেষী (–ষিন্)—যে আপনার ভাল খুঁজিয়া বেড়ায় এরূপ। স্বার্থ–অনু–ইষ্ (খোঁজা)+ণিন্ কর্তৃবা। বিণ।

স্বাস্থ্য—সুস্থতা, নীরোগতা, আরোগ্য; উদ্বেগহীনতা; সন্তোষ; সুখ; শারীরিক অবস্থা। স্বস্থ শব্দ+ষ্যঞ্ ভাবার্থে। বি; ক্লীব।

স্বাস্থ্যকর—সুস্থতাজনক, আরোগ্যদায়ক; সুখকর। স্বাস্থ্য–কৃ+ট কর্তৃবা। বিণ।

স্বাস্থ্যপ্রদ—আরোগ্যদায়ক, সুস্থতাজনক, স্বাস্থ্যকর; সুখদ, স্বাচ্ছন্দ্যজনক। স্বাস্থ্য–প্র–দা+ক কর্তৃবা। বিণ।

স্বাস্থ্যভঙ্গ(ংগ)—স্বাস্থ্যহানি, নীরোগতার নাশ। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বাস্থ্যরক্ষা—সুস্থতা রক্ষা করা, যাহাতে শরীর সুস্থ থাকে এরূপ নিয়মানুসারে চলা। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

স্বাস্থ্যহানি—স্বাস্থ্যভঙ্গ, দেহ অসুস্থ হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্বাহা—১। দেবোদ্দেশে অগ্নিতে প্রদত্ত ঘৃতাদি; দেবোদ্দেশে হবির্দ্দানের মন্ত্র। সু—আ—হ্বে+ড করণবা+আপ্। অব্য। ২। অগ্নিদেবের পত্নী। সু—আ—হ্বে+ড কর্ম্মবা+আপ্। বি; স্ত্রী।

স্বাহাভুক্ (—ভুজ্)—দেবতা। স্বাহা (হবিঃ)—ভুজ্+কিপ্ কর্ত্তৃবা। বি; পুং।

স্বিন্ন—স্বেদযুক্ত, ঘর্ম্মাক্ত; সিক্ত, আর্দ্র; পক্ব। স্বিদ্ (ঘামা)+ক্ত কর্ত্তৃবা। বিণ।

স্বীকার—অঙ্গীকার; প্রতিগ্রহ, পরিগ্রহ; গ্রহণ; আয়ত্তীকরণ। স্ব+চ্বি অভূততদ্ভাবার্থে (=স্বী)—কৃ (করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

স্বীকার্য্য(র্য)—যাহা স্বীকার করিতে হইবে বা করা আবশ্যক; যাহা অঙ্গীকার করা উচিত। স্ব+চ্বি অভূততদ্ভাবার্থে (=স্বী)—কৃ+ণ্যৎ কর্ম্মবা। বিণ। স্ত্রী,—র্য্যা।

স্বীকৃত—অঙ্গীকৃত; পরিগৃহীত; সম্মত; আয়ত্তীকৃত, প্রতিশ্রুত। স্ব+চ্বি (=স্বী)—কৃ (করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

স্বীকৃতি—স্বীকার (সকল অর্থে)। স্ব+চ্বি (=স্বী)—কৃ+ক্তি ভাববা। বি; স্ত্রী।

স্বীয়—স্বকীয়, আত্মীয়, নিজ। স্ব+ঈয় সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, স্বীয়া।

স্বীয়া—নায়িকাবিশেষ, নায়কের প্রতি অনুরক্তা স্ত্রী। বি; স্ত্রী।

স্বেচ্ছা—নিজ-ইচ্ছা, যদৃচ্ছা; স্বচ্ছন্দ। স্ব অর্থাৎ নিজের ইচ্ছা, ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্বেচ্ছাকৃত—নিজ ইচ্ছা অনুসারে অনুষ্ঠিত, আপনার ইচ্ছাপূর্ব্বক অনুষ্ঠিত বা বিহিত। ৩য়াতৎ। বিণ।

স্বেচ্ছাক্রমে—নিজের ইচ্ছানুসারে। বহুব্রী। ক্রি-বিণ।

স্বেচ্ছাচার—নিজ ইচ্ছামত কার্য্যকরণ; স্বাধীনতা; অবাধ্যতা। স্বেচ্ছা শব্দ—চর্ (আচরণ করা)+ঘঞ্ ভাববা। বি; পুং।

স্বেচ্ছাচারিতা—স্বাধীনতা; অবাধ্যতা। স্বেচ্ছাচারিন শব্দ+তা ভাবার্থে। বি; স্ত্রী।

স্বেচ্ছাচারী (—চারিন্)—নিজের ইচ্ছামত কার্য্যকারী; স্বতন্ত্র; স্বাধীন; অবাধ্য। স্বেচ্ছা—চর্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,—রিণী।

স্বেচ্ছাধীন—নিজের ইচ্ছামত কার্য্যকারী; নিজ ইচ্ছানুযায়ী। ৬ষ্ঠীতৎ। বিণ।

স্বেচ্ছানুবর্ত্তী(র্তী) (—বর্ত্তিন্)—স্বেচ্ছাচারী; অবাধ্য; স্বাধীন। স্বেচ্ছার অনুবর্ত্তী, ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—র্ত্তিনী।

স্বেচ্ছাপ্রণোদিত—নিজ ইচ্ছা দ্বারা প্রেরিত, আপনার ইচ্ছায় প্রবৃত্ত। ৩য়াতৎ। বিণ। [৩য়াতৎ। বিণ।

স্বেচ্ছাপ্রবৃত্ত—নিজের ইচ্ছায় নিযুক্ত।

স্বেচ্ছামৃত্যু—১। নিজ ইচ্ছানুসারে মরণ। মধ্যপ কর্ম্মধা। বি; পুং। ২। মৃত্যু যাহার ইচ্ছাধীন। বহুব্রী। বিণ।

স্বেচ্ছাসেবক—১। নিজ ইচ্ছাক্রমে বিনা বেতনে পরিচর্য্যাকারী, কাহারও আদেশ ব্যতীত নিজের ইচ্ছায় অপরের সেবাকারী। স্বেচ্ছাপ্রবৃত্ত যে সেবক, মধ্যপ কর্ম্মধা। বিণ। ২। সম্প্রদায়বিশেষ। বি; পুং।

স্বেদ—ক্লেদ, ঘর্ম্ম; বাষ্প; তাপ; উষ্ম। স্বিদ্ (ঘামা ইত্যাদি)+ঘঞ্ ভাববা। বি; পুং।

স্বেদজ—উষ্মজাত (কৃমি দংশমশকাদি)। স্বেদ—জন (জন্মা)+ড কর্ত্তৃবা। বিণ।

স্বেদন—ঘর্ম্মনিঃসারণ, তাপদেওয়া। ণিজন্ত স্বিদ (=স্বেদি)+অনট্ ভাববা। বি, ক্লীব।

স্বেদস্রাব, —স্রুতি—ঘর্ম্মনিঃসরণ, ঘাম বাহির হওয়া। ৬ষ্ঠীতৎ। বি; পুং, স্ত্রী।

স্বৈর—১। স্বেচ্ছাধীনতা, অবাধ্যতা, যথেচ্ছাচার। স্ব শব্দ—ঈর্ (গমন করা)+অচ ভাববা। বি; ক্লীব। ২। আয়ত্ত, স্বাধীন, স্বচ্ছন্দ; অসংযত। স্ব—ঈর্+অচ্ কর্ত্তৃবা। বিণ।

স্বৈরচার, স্বৈরাচার—স্বেচ্ছাচার, যথেচ্ছ

ব্যবহার। স্বৈর্—চর্ (আচরণ করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

স্বৈরচারিণী—স্বেচ্ছাচারিণী, যথেচ্ছাচারিণী ; ব্যভিচারিণী। স্বৈর শব্দ—চর্+ণিন্ কর্তৃবা+ঈপ্। বিণ ; স্ত্রী।

স্বৈরচারী (–চারিন্)—স্বেচ্ছাচারী, যথেচ্ছাচারী। স্বৈর—চর্+ণিন্ কর্তৃবা। বিণ ; পুং।

স্বৈরতা, স্বৈরিতা—যথেচ্ছাচারিতা। স্বৈর, স্বৈরিন্+তা ভাবে। বি ; স্ত্রী।

স্বৈরিণী—স্বেচ্ছাচারিণী ; ব্যভিচারিণী। স্বৈরিন্+ঈপ্। বিণ ; স্ত্রী।

স্বৈরিন্ধ্রী—পরগৃহবাসিনী শিল্পকারিণী। স্বৈর—ধৃ+ক কর্তৃবা+ঈপ্। বি বা বিণ ; স্ত্রী।

স্বৈরী (**স্বৈরিন্**)—স্বেচ্ছাচারী, যথেচ্ছাচারী, ব্যভিচারী। স্বৈর (স্বেচ্ছাচার)+ইন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী,—রিণী।

স্বোপার্জ্জি(র্জি)ত—স্বার্জ্জিত, নিজের অর্জ্জিত। স্ব দ্বারা উপার্জ্জিত, ৩য়াতৎ। বিণ ; ত্রি। [করা)+অচ্ ভাববা। বি ; পুং।

স্ময়—গর্ব্ব ; আশ্চর্য্য। স্মি (ঈষৎ হাস্য

স্মর—১। কন্দর্প। স্মৃ (স্মরণ করা)+অপ্ কর্ম্মবা। বি ; পুং। ২। স্মরণকর্ত্তা (সাধারণতঃ অন্য শব্দের পর, যেমন জাতিস্মর)। বিণ। [৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্মরগুরু—কন্দর্পের পিতা, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

স্মরণ—স্মৃতি, পূর্ব্বানুভূত বিষয়ের জ্ঞান, মনে পড়া ; চিন্তন ; অর্থালঙ্কারবিশেষ। স্মৃ+অনট্ ভাববা। বি ; ক্লীব। [তৎ। বি ; পুং।

স্মরণপথ—স্মৃতির পথ, স্মৃতির বিষয়। ৬ষ্ঠী-

স্মরণশক্তি—স্মৃতিশক্তি, মনে রাখিবার ক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী।

স্মরণাতীত—স্মৃতির অতিরিক্ত, যতদূর স্মরণ হয় তাহারও অধিক। ২য়াতৎ। বিণ।

স্মরণীয়—স্মর্ত্তব্য, স্মরণযোগ্য। স্মৃ (স্মরণ করা)+অনীয় কর্ম্মবা। বিণ।

স্মরদশা—কামদশা, দশবিধ মদনাবস্থা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

স্মরপ্রিয়া—কন্দর্পপত্নী, রতিদেবী। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

স্মরহর, স্মরারি—শিব, মহাদেব। স্মর—হৃ+অচ্ কর্তৃবা ; পক্ষে, স্মরের অরি (শত্রু), ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্মর্ত্ত(র্ত)ব্য—স্মরণীয়, স্মরণযোগ্য। স্মৃ (স্মরণ করা)+তব্য কর্ম্মবা। বিণ। স্ত্রী,—ব্যা।

স্মারক—স্মৃতিকারক, স্মরণজনক ; স্মৃতির উদ্বোধক ('–লিপি') ; স্মৃতিরক্ষাকারী। ণিজন্ত স্মৃ—স্মারি (স্মরণ করান)+ণক কর্তৃবা। বিণ। স্ত্রী,—রিকা।

স্মারকলিপি—কোন কিছু মনে করিবার উদ্দেশ্যে লিখিত পত্র। কর্ম্মধা। বি ; স্ত্রী।

স্মার্ত্ত(র্ত)—স্মৃতিসম্বন্ধীয় ; স্মৃতিশাস্ত্রবেত্তা। স্মৃতি+অণ্। বিণ। স্ত্রী, স্মার্ত্তী।

স্মিত—১। ঈষৎ হাস্য, মৃদুহাসি। স্মি (ঈষদ্ধাস্য করা)+ক্ত ভাববা। বি ; ক্লীব। ২। হসিত, হাস্যযুক্ত ; বিকসিত ; বিস্মিত। স্মি+ক্ত কর্তৃবা। বিণ ; ত্রি। স্ত্রী, স্মিতা।

স্মিতানন—১। ঈষৎ হাস্যযুক্ত মুখ। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। হাস্যযুক্ত মুখবিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী,—না।

স্মৃত—স্মরণের বিষয়ীভূত, যাহা স্মরণ করা হইয়াছে এরূপ। স্মৃ+ক্ত কর্ম্মবা। বিণ।

স্মৃতি—১। স্মরণ, কালান্তরের জ্ঞান, পূর্ব্বানুভূতের জ্ঞান। স্মৃ (স্মরণ করা) +ক্তি ভাববা। ২। ধর্ম্মসংহিতা,—মনু, অত্রি, বিষ্ণু, হারীত, যাজ্ঞবল্ক্য, উশনাঃ, অঙ্গিরাঃ, যম, আপস্তম্ব, সংবর্ত্ত, কাত্যায়ন, বৃহস্পতি, পরাশর, ব্যাস, শঙ্খ, লিখিত, দক্ষ, গোতম, শাতাতপ ও বশিষ্ঠ এই বিংশতিজন ধর্ম্মশাস্ত্র-প্রয়োজক-প্রণীত ধর্ম্মসংহিতা,—খাদ্যাখাদ্য, ব্রতপূজাদির নিয়ম প্রায়শ্চিত্ত, দায়ভাগ ও অপরাধাদির দণ্ডাদি বিবরসংবলিত হিন্দুশাস্ত্রবিশেষ। স্মৃ (স্মর করা)+ক্তি কর্ম্মবা। বি ; স্ত্রী।

স্মৃতিচিহ্ন,—নিদর্শন—স্মরণনিদর্শন, যা দেখিলে মনে পড়ে এমন বস্তু ; অভিজ্ঞান

স্মৃতিজনক যে চিহ্ন, নিদর্শন, মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

স্মৃতিপট—স্মরণপট, স্মরণরূপ আলেখ্য। রূপক কর্ম্মধা। বি ; পুং।

স্মৃতিপথ—স্মরণপথ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

স্মৃতিমন্দির—স্মরণসূচক মন্দির, মৃতের স্মরণার্থ নির্ম্মিত মন্দির। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

স্মৃতিরক্ষা—স্মরণসূচক বস্তু স্থাপন। ৬ষ্ঠীতৎ। [বি ; স্ত্রী।

স্মৃতিশক্তি—স্মরণশক্তি, মনে রাখিবার ক্ষমতা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

স্মৃতিশাস্ত্র—মন্বাদি প্রণীত ধর্ম্মশাস্ত্র। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

স্মৃতিস্তম্ভ—স্মরণসূচক স্তম্ভ, মৃত ব্যক্তির স্মরণার্থ নির্ম্মিত থাম। মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

স্মের—ঈষদ্ধাস্যযুক্ত ; বিকসিত ; স্ফুট। স্মি (ঈষৎ হাস্য করা) + র কর্ত্তৃবা। বিণ।

স্মেরানন—১। ঈষৎ হাস্যযুক্ত মুখ। কর্ম্মধা। বি ; ক্লীব। ২। ঈষৎ হাস্যযুক্ত মুখবিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী, —না।

স্যন্দ—ক্ষরণ, গলন ; গমন ; বেগ। স্যন্দ্ (ক্ষরণ করা) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

স্যন্দন—১। রথ। স্যন্দ্ + অন কর্ত্তৃবা। বি ; পুং। ২। ক্ষরণ ; বেগ ; গমন। স্যন্দ্ + অনট্ ভাববা। বি ; ক্লীব।

স্যন্দী (**স্যন্দিন্**)—(অন্ত শব্দের পর) ক্ষরণশীল, গলনশীল। স্যন্দ (ক্ষরণ করা) + ণিন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —ন্দিনী।

স্যমন্তক—শ্রীকৃষ্ণের ভূষণ মণি। স্যম্ (শব্দ করা) + অন্ত কর্ম্মবা + কন্। বি ; পুং।

স্যাঁৎসেঁতে—সেঁতসেঁতে দ্রঃ।

স্যূত—১। যাহা সেলাই করা হইয়াছে এরূপ ; গ্রথিত ; প্রোত। সিব্ (সেলাই করা) + ক্ত কর্ম্মবা। বিণ। ২। সূত্রনির্ম্মিত আধারপাত্র, থলিয়া, থলি, গেঁজে। বি ; পুং।

স্রংসন, —না—অধঃপতন ; স্খলন ; বিচ্যুতি ; বিরেচন। স্রন্‌স্ + অনট্ ভাববা ; পক্ষে স্রন্‌স্ + অন ভাববা + আপ্। বি ; ক্লীব, স্ত্রী।

স্রংসী (**—সিন্**)—অধঃপতনশীল ; স্খলনশীল ; চ্যুতিশীল। স্রন্‌স্ (পতিত হওয়া) + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —সিনী।

স্রক্ (**স্রজ্**)—মাল্য, মালা, হার। সৃজ্ (নির্ম্মাণ করা) + ক্বিপ্ কর্ম্মবা। বি ; স্ত্রী।

স্রগ্বান্ (**স্রগ্বৎ**)—মালাযুক্ত, মাল্যভূষিত। স্রজ্ (মালা) + মতুপ্। বিণ। স্ত্রী, —বতী।

স্রগ্বী (**স্রগ্বিন্**)—মালাধারী। স্রজ্ (মালা) + বিন্ অস্ত্যর্থে। বিণ। স্ত্রী, —গ্বিণী।

স্রবণ—ক্ষরণ ; পতন ; গলন ; চ্যুতি। স্রু (ক্ষরিত হওয়া) + অনট্ ভাববা। বি ; ক্লীব।

স্রবন্তী—১। ক্ষরণশীলা। স্রবৎ শব্দ + ঈপ্। বিণ। ২। নদী। বি ; স্ত্রী।

স্রষ্টা (**স্রষ্টৃ**)—১। বিধাতা, ব্রহ্মা। বি ; পুং। ২ সৃষ্টিকর্ত্তা, নির্ম্মাতা। সৃজ্ (সৃষ্টি করা) + তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, স্রষ্ট্রী।

স্রস্ত—চ্যুত ; ক্ষরিত ; বিগলিত ; অপগত। স্রন্‌স্ (ভ্রষ্ট হওয়া) + ক্ত কর্ত্তৃবা। বিণ।

স্রাব—ক্ষরণ ; পতন ; ভ্রংশ। স্রু (ক্ষরিত হওয়া) + ঘঞ্ ভাববা। বি ; পুং।

স্রাবক—ক্ষরণকারক, যে ক্ষরণ করায়। স্রু + ণিচ্ + ণক কর্ত্তৃবা। বিণ।

স্রুত—ক্ষরিত, গলিত, পতিত। স্রু (ক্ষরিত হওয়া) + ক্ত কর্ত্তৃবা। বিণ।

স্রুতি—ক্ষরণ, গলন, পতন। স্রু (ক্ষরিত হওয়া) + ক্তি ভাববা। বি ; স্ত্রী।

স্রুব—হোমার্থ খদিরাদি কাষ্ঠনির্ম্মিত পাত্র বা হাতা, স্রুক্। স্রু (ক্ষরিত হওয়া) + ক অপাবা। বি ; পুং।

স্রেফ—সেরেফ দ্রঃ।

স্রোত, স্রোতঃ (**স্রোতস্**)—১। জলপ্রবাহ। স্রু + ত, তস্ কর্ত্তৃবা। ২। ইন্দ্রিয়পথ। স্রু + ত, তস্ অপাবা বা অধিবা। বি ; ক্লীব।

স্রোতস্বতী, স্রোতস্বিনী—১। স্রোতযুক্তা। বিণ ; স্ত্রী। ২। নদী। স্রোতস্ + মতুপ্,

বিন্ অত্যর্থে+ঈপ্। বি ; স্ত্রী।

স্রোতোবহ—নদ। স্রোতস্—বহ্ (বহা) +অচ্ কর্তৃবা। বি ; পুং। স্ত্রী,—হা।

স্রোতোহীন—স্থির, প্রবাহশূন্য। ৩য়াতৎ। বিণ।

স্লেট—লিখিবার প্রস্তরফলক। ইং Slate. বি।

হ

হ—১। ত্রয়স্ত্রিংশ ব্যঞ্জনবর্ণ, ইহার উচ্চারণস্থান কণ্ঠ। ২। সম্বোধন ; নিন্দা ; নিয়োগ ; কোপ ; নিগ্রহ ; চিন্তন ; মৃত্যু ; পাদপূরণ। হা+ড ভাববা। ৩। অবিশ্বাসসূচক শব্দ। দেশজ। ৪। যদিও ; এবং ; তবু। প্রাঃ কবিপ্র। অব্য।

হইতে, হ'তে—থেকে, অবধি। বাঙ্গালায় অপাদানের বিভক্তি। দেশজ। অব্য।

হইয়া—মধ্য বা উপর দিয়া। দেশজ। অব্য।

হওয়া—উৎপন্ন হওয়া, জন্মা ; ঘটা ; বাড়া ; সঞ্চিত হওয়া ; জমা ; বিদ্যমান থাকা ; যাপিত হওয়া ; অবস্থাপ্রাপ্ত হওয়া ; সম্বন্ধযুক্ত হওয়া ; প্রতিনিধিরূপে বা পক্ষে কিছু করা। বাং ক্রি।

হংস—১। হাঁস। হন্ (বধ করা)+স কর্ম্মবা। ২। বিষ্ণু ; পরব্রহ্ম ; নির্লোভ যতি ; সূর্য্য ; অজপামন্ত্র ; দেহস্থ বায়ুবিশেষ ; মৎসর ; অশ্ববিশেষ ; বিশুদ্ধ ; (অন্য শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ। হন্+স কর্তৃবা। বি ; পুং।

হংসগামিনী—১। হংসবৎ গমনশীলা, হংসের ন্যায় গমনকারিণী, হংসের ন্যায় গমন করে যে। হংস—গম্+ণিন্ কর্তৃবা+ঈপ্। বিণ ; স্ত্রী। ২। ব্রহ্মাণী দেবী। বি ; স্ত্রী।

হংসডিম্ব—হংসীর অণ্ড, হাঁসের ডিম। হংসীর ডিম্ব, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

হংসনাদিনী—হংসবৎ শব্দকারিণী। হংস—নদ্+ণিন্ কর্তৃবা+ঈপ্। বিণ।

হংসরথ, —বাহন—ব্রহ্মা। হংস হইয়াছে রথ, বাহন যাঁহার, বহুব্রী। বি ; পুং।

হংসী—স্ত্রী-হাঁস। হংস+ঈপ্। বি ; স্ত্রী।

হক—১। ন্যায্য, যথার্থ, উচিত। বিণ। ২। স্বত্ব, অধিকার ; ন্যায্য প্রাপ্য বা দাবি। আর্বী। বি। [কর্ম্মধা। বি।

হককথা—ন্যায্য বিষয় ; উচিত কথা।

হকদার—স্বত্ববান্, যথার্থ পাওনাদার, ন্যায্য দাবিদার। আর্বী। বিণ।

হকার—১। হ্ এই বর্ণমাত্র। হ+কার স্বার্থে। বি ; পুং। ২। আহ্বান। প্রাঃ কবিপ্র। ৩। ফেরিওয়ালা। ইং Hawker. বি।

হকি(কী)—লাঠিদ্বারা বল খেলা। ইং Hockey. বি।

হকিকৎ—প্রকৃত বিবরণ, সত্য বৃত্তান্ত ; সত্যতা, যাথার্থ্য। আর্বী। বি।

হকিম, হাকিম—ইউনানী চিকিৎসক। আর্বী। বি। [বি। বিণ, হকিমী।

হকিমি—ইউনানী মতে চিকিৎসা। আর্বী।

হকিয়ত—স্বত্ব সাব্যস্তের মোকদ্দমা। আর্বী। বি। [আর্বী। বি।

হজ, হজ্জ—মুসলমানদিগের মক্কাতীর্থ।

হজম—পরিপাক ; জীর্ণ। আর্বী। বি।

কথা হজম করা—কাহারও নিকট না বলা বা সহ্য করা।

হজমী—পরিপাকজনক, জীর্ণকারক। হজম +ঈ। বিণ।

হজরত—প্রভু, মহাশয় ; সাধু মহাপুরুষ ; পীর। আর্বী। বি বা বিণ।

হজ্জত—ঝগড়া ; বাদানুবাদ। আর্বী। বি।

হট্—শীঘ্র, ঝপ্ ; অবিবেচনা। দেশজ। অব্য।

হটা, হঠা—পিছাইয়া যাওয়া ; নিরস্ত হওয়া ; পরাজিত হওয়া। বাং ক্রি।

হটান, হঠান—পিছনে বিতাড়িত করা, নিরস্ত করা ; পরাভূত করা। বাং ক্রি।

হট্‌কা—লম্বা, ঢেঙ্গা, কৃশ। দেশজ। বিণ।

হট্ট—ক্রয়বিক্রয়স্থান, বাজার, হাট। হট্ (দীপ্তি পাওয়া)+ট কর্তৃবা। বি ; পুং।

হট্টগোল—গোলমাল, গণ্ডগোল, কোলাহল। দেশজ। বি।

হট্টবিলাসিনী—গন্ধদ্রব্যবিশেষ; বেশ্যা। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [ক্লীব।

হট্টমন্দির—হাটের চালা। ৬ষ্ঠীতৎ। বি;

হঠ—১। বলাৎকার; হঠাৎ লুঠ; পশ্চাদ্গতি। হঠ্+ঘ করণবা। বি; পুং। ২। সবলে কৃত; সবলে; অবিবেচনা। প্রাঃ কবিপ্র। বিণ, ক্রি-বিণ বা বি।

হঠকারিতা—হঠাৎ কার্য্যকরণ; অ-বিবেকিতা, অবিমৃষ্যকারিতা, গোঁয়ারতমি। হঠকারিন্+তা ভাবার্থে। বি; স্ত্রী।

হঠকারী (–কারিন্)—হঠাৎ-কার্য্যকারী, অবিমৃষ্যকারী, অবিবেকী; গোঁয়ার। হঠ—কৃ+ণিন্ কর্ত্তৃবা। বিণ; পুং। স্ত্রী,—রিণী।

হঠযোগ—কৃচ্ছ্রসাধ্য যোগবিশেষ, প্রাণায়াম, নেতি ধৌতি প্রভৃতি শারীরিক কৃচ্ছ্রসাধনরূপ কৌশলবিশেষ। হঠসাধ্য যোগ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

হঠা—হটা দ্রঃ। [সবলে। অব্য।

হঠাৎ—সহসা, অকস্মাৎ, অতর্কিতভাবে,

হঠান—হটান দ্রঃ।

হড়কান—পিছলাইয়া যাওয়া। বাং ক্রি।

হড়বড়—তাড়াতাড়ি, ব্যস্ততা। দেশজ। অব্য। বিণ, হড়বড়ে (ব্যস্তবাগীশ)।

হড়হড়—পিচ্ছিলতার লক্ষণ প্রকাশ; গড়াইয়া যাওয়ার ভাব। (এই অর্থে 'হিড় হিড়' শব্দও প্রযুক্ত হয়)। দেশজ। অব্য। বিণ, হড়হড়ে (পিচ্ছিল)।

হণ্ডা—হাঁড়ি। বি; স্ত্রী।

হণ্ডিকা, হণ্ডী—হাঁড়ি। হণ্ডী=হিন্ড্ (অনাদর করা)+অ কর্ম্মবা+ঈপ্। হণ্ডিকা=হণ্ডী+কন্ স্বার্থে+আপ্। বি; স্ত্রী।

হত—নাশিত; প্রতিহত; ব্যাহত; দগ্ধ; নিরাশ; কুৎসিত; তুচ্ছ; গুণিত। হন্ (বধ করা)+ক্ত কর্ম্মবা। বিণ।

হতচেতন—লুপ্তসংজ্ঞ, চেতনাশূন্য, মূর্চ্ছিত। হতা চেতনা যাহার, বহুব্রী। বিণ।

হতচ্ছাড়া, হতচ্ছাড়া—হতভাগা; লক্ষ্মী-ছাড়া; নষ্টশ্রী। দেশজ। বিণ।

হতজ্ঞান—হতবুদ্ধি, জ্ঞানহারা। হত হইয়াছে জ্ঞান যাহার, বহুব্রী। বিণ।

হতবল—১। নষ্টশক্তি। কর্ম্মধা। বি; ক্লীব। ২। বলহীন, দুর্ব্বল। বহুব্রী। বিণ।

হতবুদ্ধি—বুদ্ধিহীন, জ্ঞানহারা, স্তম্ভিত, কিং-কর্ত্তব্যবিমূঢ়। হতা হইয়াছে বুদ্ধি যাহার, বহুব্রী। বিণ। [বিণ।

হতভম্ব—অবাক্, কিংকর্ত্তব্যবিমূঢ়। দেশজ।

হতভাগা—ভাগ্যহীন, দুরদৃষ্ট; গালিবিশেষ। হত যে ভাগ (ভাগ্য), কর্ম্মধা+আ বিশিষ্টার্থে। বিণ। স্ত্রী,—গী।

হতভাগিনী—ভাগ্যহীনা, দুরদৃষ্টসম্পন্না। হত যে ভাগ (ভাগ্য) সে হতভাগ, কর্ম্মধা; তদুত্তরে ইন্ অস্ত্যর্থে+ঈপ্। বিণ; স্ত্রী।

হতভাগী—অভাগিনী, পোড়াকপালী। হতভাগা+ঈ। বিণ; স্ত্রী।

হতভাগ্য—ভাগ্যহীন, দুরদৃষ্ট, অভাগা। হত হইয়াছে ভাগ্য যাহার, বহুব্রী। বিণ।

হতমান—১। নষ্ট সম্মান। কর্ম্মধা। বি; ক্লীব। ২। মানহীন, অবমানিত। বহুব্রী। বিণ।

হতশ্রদ্ধ—শ্রদ্ধাহীন, আস্থাশূন্য; অনুরাগ-বিহীন; অবজ্ঞাপরায়ণ, উপেক্ষাকারী। হতা শ্রদ্ধা যাহার, বহুব্রী। বিণ।

হতশ্রদ্ধা—অবজ্ঞা, তাচ্ছিল্য, অনাদর। কর্ম্মধা। বি; স্ত্রী।

হতশ্রী—শ্রীহীন, শোভাশূন্য; লক্ষ্মীহীন। হতা শ্রী যাহার, বহুব্রী। বিণ।

হতাদর—১। অবজ্ঞাত; অনাদৃত। হত হইয়াছে আদর যাহার, বহুব্রী। বিণ। ২। অনাদর, অসম্মান। কর্ম্মধা। বি; পুং।

হতাশ—আশাশূন্য; নিরাশ; বন্ধ্যা; দুষ্ট; দুর্ব্বল; নির্দ্দয়। হতা আশা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—শা।

হতাশা—১। আশাশূন্যা ইত্যাদি। হতাশ+আপ্। বিণ; স্ত্রী। ২। আশাহানি, নৈরাশ্য। হতা যে আশা, কর্ম্মধা। বি; স্ত্রী।

হতাশ্বাস—১। আশ্বাসহীন, নিরাশ।

বহুব্রী। বিণ। ২। নিরাশা। কর্ম্মধা। বি ; পুং।

হ'তে—হইতে দ্রঃ।

হতোস্মি—হত হইলাম, মারা গেলাম। সংস্কৃত হতঃ+অস্মি। বাং অব্য।

হত্তুকি—হরীতকী শব্দের অপভ্রংশ।

হত্তেল—হরিতাল শব্দের অপভ্রংশ।

হত্যা—১। হনন, বধ, খুন। হন্ (বধ করা) +ক্যপ্ ভাববা+আপ্। বি ; স্ত্রী। ২। দেবমন্দিরে ধরনা বা ধন্না (দেওয়া)। দেশজ প্রঃ। বি। **হত্যে দেওয়া**—ধন্না দেওয়া।

হত্যাকাণ্ড—হত্যাব্যাপার, বধবিষয়ক ঘটনা ; বধের কার্য্য। কর্ম্মধা। বি ; পুং বা ক্লীব।

হত্যাকারী (-কারিন্)—বধকারী, ঘাতক, যে হত্যা করে। হত্যা-কৃ (করা) +ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -রিণী।

হত্যাপরাধ—বধজনিত পাপ ; খুন। মধ্যপ কর্ম্মধা বা কর্ম্মধা। বি ; পুং।

হদিস—হিসাব, সন্ধান, তত্ত্ব ; মুসলমান স্মৃতিশাস্ত্র ; পরম্পরাগত মোহাম্মদের উপদেশ-বাণী। আর্বী বি। [আর্বী। বি।

হদ্দ—সীমা ; অনধিক ; চূড়ান্ত, পরাকাষ্ঠা।

হদ্দমুদ্দ—বড়জোর, খুব বেশী হয় ত। আর্বী। অব্য।

হনন—হত্যা, বধ ; গুণন। হন্ (বধ করা) +অনট্ ভাববা। বি ; ক্লীব।

হনহন—দ্রুতগমনের ভাব। দেশজ। অব্য।

হনু—গণ্ডস্থলের উপরিভাগ, চোয়াল। হন্ (বধ করা)+উ কর্ম্মবা। বি ; পুং বা স্ত্রী।

হনুমান্ (মৎ-), **হনূমান্** (-মৎ)—কপিবিশেষ, মুখপোড়া বানর ; কপিজাতীয় মহা বীরবিশেষ, রামচন্দ্রের একান্ত অনুগত সেবক। হনু, হনূ শব্দ+মতুপ্ অস্ত্যর্থে। বি ; পুং।

হনূ—হনু, গণ্ডস্থলের উপরিভাগ, চোয়াল। হন্ (বধ করা)+উ কর্ম্মবা+ঊপ্। বি ; স্ত্রী।

হন্ত—খেদ ; বিষাদ ; করুণা ; হর্ষ ; উল্লাস ; সম্ভ্রম ; বাক্যারম্ভ। হন্+ত ভাববা। অব্য।

হন্তদন্ত—অতি পরিশ্রান্ত। দেশজ। বিণ।

হন্তব্য—হননযোগ্য, বধ্য ; গুণ্য। হন্ (বধ করা)+তব্য কর্ম্মবা। বিণ।

হন্তা (**হন্তৃ**)—ঘাতক, বধকারক। হন্ (বধ করা)+তৃন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, হন্ত্রী।

হন্তারক—হন্তা, হত্যাকারী, নাশক, ব্যাঘাতক, বিঘ্নদাতা ; প্রতিবন্ধক। 'অন্তরায়' শব্দজ। বিণ বা বি।

হন্দর—১। ওজনবিশেষ, ১১২ পাউণ্ড, প্রায় ১ মণ ১৫ সের। ইং 'Hundredweight' শব্দজ। বি। ২। তাসখেলায় ক্রমিক তাস-সমষ্টিবিশেষ। ইং 'Hundred' শব্দজ। বি।

হন্যমান—যাহাকে হত্যা করা হইতেছে এরূপ। হন্ (বধ করা)+শানচ্ কর্ম্মবা। বিণ।

হন্যা, হন্যে—মারিবার বা দংশন করিবার জন্য ক্ষিপ্ত হইয়া ধাবনশীল, ইতস্ততঃ ধাবমান। দেশজ। বিণ। ['হফ্তাহ্' শব্দজ। বি।

হপ্তা—সপ্তাহ, সাত দিন কাল। ফার্সী

হবন—যজ্ঞ, হোম। হু+অনট্ ভাববা। বি ; ক্লীব। [বি ; স্ত্রী।

হবনী—হোমকুণ্ড। হু+অনট্ অধিবা+ঈপ্।

হবনীয়—১। হোম করিবার যোগ্য। হু+অনীয় কর্ম্মবা। ২। হোমার্থ আবশ্যক (বস্তু)। হু+অনীয় করণবা। বিণ। স্ত্রী, -য়া।

হবা—ইহুদী, খৃষ্টান ও মুসলমান পুরাণোক্ত আদি নারী (Eve). আর্বী। বি।

হবিঃ (**হবিস্**), **হবি**—আজ্য, ঘৃত ; হবনীয় দ্রব্য ; জল। হু (হোম করা)+ইস্ করণবা বা কর্ম্মবা। বি ; ক্লীব।

হবিভুর্ক্ (-ভুর্জ্)—হুতাশন, অগ্নি ; দেবতা। হবিস্ (ঘৃত)-ভুজ্ (খাওয়া) +কিপ্ কর্ত্তৃবা। বি ; পুং।

হবিষ্য—১। ঘৃতান্ন, হবিষ্যান্ন। হবিস্ (ঘৃত)+যৎ যুক্তার্থে। ২। ঘৃত। হবিস্ শব্দ +যৎ স্বার্থে। বি ; ক্লীব। ৩। হবিষ্যান্ন ভক্ষণ। দেশজ প্রঃ। বি।

হবিষ্যান্ন—ব্রতাদিতে ভক্ষণীয় দ্রব্যবিশেষ। কর্ম্মধা। বি ; ক্লীব।

হবিষ্যাশী (-শিন্)—হবিষ্যান্নভোজনকারী। হবিষ্য—অশ্ (ভোজন করা)+ণিন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, -শিনী।

হবু—যাহা বা যে হইবে, ভাবী (হবু বিয়ে, হবু শ্বশুর)। দেশজ। বিণ। [দেশজ। বি।

হবুচন্দ্র—প্রবাদের বোকা রাজা।

হব্য—১। আজ্য, ঘৃত; আহুতিসাধন দ্রব্য। হু (হোম করা)+যৎ কর্মবা বা করণবা। ২। হোম। হু+যৎ ভাববা। বি; ক্লীব।

হব্যকব্য—হোমের ঘৃত এবং পিতৃশ্রাদ্ধের দ্রব্য। দ্বন্দ্ব। বি; ক্লীব।

হব্যবাট্ (**হব্যবাহ্**)—হুতাশন, অগ্নি। হব্য—বহ্ (বহন করা)+বিচ কর্তৃবা। বি; পুং।

হব্যবাহ, -বাহন—অগ্নি। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হব্যাশ—হুতাশন, অগ্নি। হব্য—অশ্ (খাওয়া)+অণ্ কর্তৃবা। বি; পুং।

হব্যাশন—হুতাশন, অগ্নি। হব্য অশন (ভোজন) যাহার, বহুব্রী। বি; পুং।

হম্বা, হম্মা, হাম্বা—গোধ্বনি, গরুর ডাক। বি; স্ত্রী।

হয়—১। অশ্ব, ঘোটক; ইন্দ্র। হয় (গমন করা)+অচ্ কর্তৃবা। বি; পুং। ২। দুইটির মধ্যে প্রথমটি ('হয়' এপার নয় ওপার)। দেশজ। অব্য।

হয়গ্রীব—শালগ্রামবিশেষ; জনৈক দৈত্য; এই দৈত্য বেদ হরণ করায় নারায়ণ মৎস্যাবতারে ইহার প্রাণনাশ করেন। হয়ের গ্রীবার ন্যায় গ্রীবা যাহার, বহুব্রী। বি; পুং।

হয়ত, হয়তো—সম্ভবতঃ। দেশজ। অব্য।

হয়রান—নাকাল, উত্ত্যক্ত, লাঞ্ছিত। আর্বী। বিণ। [ভোগ। আর্বী। বি।

হয়রানি—নাকানিচোবানি, লাঞ্ছনা, কষ্ট।

হর—১। হরণকর্তা; বহনকারী, বাহক। হৃ+অচ্ কর্তৃবা। বিণ। ২। রুদ্র, শিব; অগ্নি; গর্দভ; ভাজক অঙ্ক, সামান্য ভগ্নাংশের নিম্নের অঙ্ক। ৩। হরণ। হৃ+অপ্ ভাববা। ৪। ভাগ। হৃ+অপ্ কর্মবা। বি; পুং। ৫। নানা, অনেক; নানাবিধ; অনেক রকম; প্রত্যেক। ফার্সী। বিণ।

হরকৎ—বাধা, প্রতিবন্ধ। আর্বী। বি।

হরকরা—পত্রবাহক, বার্তাবাহক, দূত, চর, প্রণিধি। ফার্সী। বি। [বিণ।

হরকসম, -কিসিম—নানাবিধ। বৈদে।

হরখ—হর্ষ। প্রাঃ কবিপ্র। বি।

হরগৌরী—শিবদুর্গা, মহাদেব ও পার্বতী; অর্দ্ধনারীশ্বর মূর্ত্তিবিশেষ। দ্বন্দ্ব। বি; স্ত্রী।

হরজ—ক্ষতি, হানি। বৈদে। বি।

হরণ—অপহরণ, অন্যায্যভাবে গ্রহণ; চুরি; গ্রহণ; আকর্ষণ; বহন; ভাগকরণ। হৃ (হরণ করা)+অনট্ ভাববা। বি; ক্লীব।

হরতন—তাসের চিহ্নবিশেষ (Hearts). ওলন্দাজ 'Harten' শব্দজ। বি।

হরতাল—ধর্মঘট; হাটবাজার ও কাজকর্ম বন্ধ। গুজরাটী শব্দ। বি।

হরদম—সর্বদা। ফার্সী। অব্য।

হরনেত্র—১। শিবের চক্ষুঃ। ৬ষ্ঠীতৎ। ২। অর্দ্ধমুদ্রিত চক্ষুঃ। ৬ষ্ঠীতৎ (সদৃশার্থে)। বি; ক্লীব।

হরফ—অক্ষর। আর্বী। বি।

হরবোলা—যে নানা রকম বুলি বলিতে পারে। প্রাদে। বি।

হর্‌রা—আমোদ-আহ্লাদসূচক চীৎকারধ্বনি। ইং Hurrah. অব্য।

হরষ—হর্ষ। কবিপ্র। বি। [বিণ।

হরষিত—হর্ষিত, হৃষ্ট, আনন্দিত। কবিপ্র।

হরা—হরণ করা। বাং ক্রি।

হরি—১। ব্রহ্মা; বিষ্ণু; শিব; ইন্দ্র; যম; অগ্নি; সূর্য্য; চন্দ্র; বায়ু; কিরণ; সিংহ; পশু; অশ্ব; ইন্দ্রের অশ্ব; সর্প; ভেক; হংস; বানর; কোকিল; ময়ূর; শুক; জম্বুদ্বীপের বর্ষবিশেষ। হৃ (হরণ করা)+ই কর্তৃবা। বি; পুং। ২। হরিদ্বর্ণযুক্ত; পিঙ্গলবর্ণযুক্ত। বিণ। ৩। হরণ করি বা করিয়া। কবিপ্র। ক্রি।

হরিচন্দন—দেবতরুবিশেষ ; কুঙ্কুম ; গোশীর্ষ-নামক শ্বেতচন্দন ; পীতচন্দন ; চন্দ্রিকা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

হরিজন—অস্পৃশ্য জাতি। দেশজ প্রঃ। বি।

হরিণ—মৃগ ; শিব ; সূর্য্য ; বিষ্ণু ; পাণ্ডুবর্ণ। হৃ (হরণ করা)+ইনন্ কর্তৃবা। বি ; পুং।

হরিণনয়না, —লোচনা—মৃগনেত্রা, হরিণের ন্যায় আয়ত নেত্রবিশিষ্টা। হরিণের নয়নের বা লোচনের ন্যায় নয়ন বা লোচন যাহার (যে স্ত্রীর), বহুব্রী। বিণ ; স্ত্রী।

হরিৎ—১। সবুজবর্ণযুক্ত। বিণ। ২। নীল-পীতমিশ্র বর্ণ, সবুজ রঙ ; সূর্য্যের অশ্ব ; সিংহ। বি ; পুং। ৩। তৃণ, ঘাস, সবুজ-বর্ণ দূর্ব্বাতৃণাদি। বি ; ক্লীব বা পুং। ৪। দিক্। হৃ+ইৎ কর্তৃবা। বি ; স্ত্রী।

হরিত—১। হরিৎ বর্ণ, সবুজ রঙ্। হৃ (হরণ করা)+ইতন্ কর্তৃবা। বি ; পুং। ২। হরিদ্বর্ণ, সবুজ। বিণ। স্ত্রী,—তা।

হরিতাল—১। স্বনামখ্যাত ধাতুবিশেষ। হরিতা শব্দ—অল্ (ভূষিত করা)+অচ্ কর্তৃবা। বি ; ক্লীব। ২। পীতবর্ণ পক্ষি-বিশেষ, হরিয়াল পাখী। বি ; পুং।

হরিতালিকা, —তালী—দূর্ব্বা ঘাস ; দক্ষিণোত্তরব্যাপিনী আকাশস্থ রেখাবিশেষ, ছায়াপথ (Milky Way) ; ভাদ্রমাসের শুক্লচতুর্থী। হরিতালী=হরিতা শব্দ—অল্+অচ্ কর্তৃবা+ঈপ্ ; হরিতালিকা=হরি-তালী+কন্ স্বার্থে+আপ্। বি ; স্ত্রী।

হরিতাশ্ম (—শ্মন্)—মরকত মণি ; হীরা-কস ; তুঁতিয়া। হরিত (সবুজ) যে অশ্ম (প্রস্তর), কর্ম্মধা। বি ; ক্লীব।

হরিদশ্ব—সূর্য্য। হরিৎ হইয়াছে অশ্ব যাঁহার, বহুব্রী। বি ; পুং।

হরিদ্বার—হিমালয় প্রস্থস্থ নগরবিশেষ, গঙ্গা-নদীর মূল বলিয়া ইহা একটি প্রসিদ্ধ তীর্থস্থান। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

হরিদ্রা—হলুদ, হলুদি। হরি—দৃ+ক কর্তৃবা +আপ্। বি ; স্ত্রী।

হরিদ্রাভ—পীতবর্ণ, হলুদে। বহুব্রী। বিণ ; ত্রি।

হরিধ্বনি—হরি হরি শব্দ, সশব্দে হরিনাম উচ্চারণ। হরি এই যে ধ্বনি, কর্ম্মধা। বি ; পুং। [তৎ। বি ; স্ত্রী।

হরিপ্রিয়া—লক্ষ্মী ; তুলসী ; পৃথিবী। ৬ষ্ঠী-

হরিবংশ—মহাভারতের পরিশিষ্ট পুরাণ-বিশেষ। বি ; ক্লীব। [তৎ। বি ; ক্লীব।

হরিবর্ষ—জম্বুদ্বীপের নববর্ষের এক বর্ষ। ৬ষ্ঠী-

হরিবাসর—একাদশীযুক্ত দিন ; দ্বাদশীর প্রথম পাদ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

হরিবোল—হরিনাম উচ্চারণ, হরিধ্বনি। দেশজ। বি।

হরিভক্ত—হরির প্রতি ভক্তিমান্, বিষ্ণুর উপাসক, বৈষ্ণব। ৬ষ্ঠীতৎ। বিণ।

হরিভক্তি—হরিপ্রেম, হরির প্রতি শ্রদ্ধাযুক্ত অনুরাগ। ৭মীতৎ। বি ; স্ত্রী। [বি।

হরিয়াল—ঘুঘুজাতীয় পক্ষিবিশেষ। দেশজ।

হরিলুট—হরির লুট, শ্রীহরিকে নিবেদিত বাতাসাখণ্ড প্রভৃতি মিষ্টান্ন জনগণের মধ্যে ছিটান বা বিতরণ। দেশজ। বি।

হরিশয়ন—১। বিষ্ণুর নিদ্রা। ৬ষ্ঠীতৎ। ২। আষাঢ় মাসের শুক্লাদ্বাদশী হইতে কার্ত্তিক মাসের শুক্লাদ্বাদশী পর্য্যন্ত চারিমাস কাল। হরির শয়ন হয় যাহাতে, বহুব্রী। বি ; ক্লীব।

হরিশ্চন্দ্র—সূর্য্যবংশীয় জনৈক নৃপ। হরির ন্যায় চন্দ্র (অর্থাৎ রমণীয় বা আহ্লাদজনক), কর্ম্মধা ; ইহার সন্ধিকার্য্য—হরি+চন্দ্র= হরিশ্চন্দ্র, নিপাতনসিদ্ধ। বি ; পুং।

হরিষ—হর্ষ। কবিপ্র। বি।

হরিসংকীর্ত্ত(র্ত)ন—শ্রীহরির নামোচ্চারণ, হরিনাম গান। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

হরিহর—হরি ও হরের সম্মিলিত মূর্ত্তি। হরি-যুক্ত হর, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

হরিহরাত্মা—হরি ও হরের ন্যায় একাত্মা, অতি ঘনিষ্ঠ সম্বন্ধযুক্ত, একপ্রাণ। দেশজ প্রঃ। বিণ।

হরীতকী—স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, হর্তুকি।

হরি শব্দ—ই (গমন করা)+ক্ত কর্ত্তৃবা+কন্ +ঈপ্। বি; স্ত্রী।

হরে—হে হরি। 'হরি' শব্দের সম্বোধন পদ।

হরেক—নানা, বিভিন্ন। ফার্সীমূলক। বিণ।

হর্ত্তা (হর্ত্তৃ)—১। হরণকর্ত্তা; বহনকারী, বাহক; সংহারক। বিণ। ২। চোর। হৃ (হরণ করা)+তৃন্ কর্ত্তৃবা। বি; পুং।

হর্ত্তা(র্তা)-কর্ত্তা(র্তা)-বিধাতা—সংহারক, নির্ম্মাতা ও বিধানকর্ত্তা; অর্থাৎ সর্ব্বময়কর্ত্তা বা প্রভু, সর্ব্বেসর্ব্বা। দ্বন্দ্ব। দেশজ প্রঃ। বিণ।

হর্ম্ম্য(র্ম্য)—ধনীদিগের বাসভবন, ইষ্টকালয়। হৃ (হরণ করা)+যক্ কর্ত্তৃবা। বি; ক্লীব।

হর্ম্ম্য(র্ম্য)তল—হর্ম্ম্যের তলভাগ, অট্টালিকা-তল; ঘরের মেঝে। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

হর্য্য(র্য),ক্ষ—কুবের; সিংহ। হরি (হরিদ্বর্ণ) হইয়াছে অক্ষি (চক্ষুঃ) যাহার, বহুব্রী। বি; পুং।

হর্য্য(র্য)শ্ব—বাসব, ইন্দ্র; পঞ্চালের নৃপ-বিশেষ। হরি (হরিদ্বর্ণ) হইয়াছে অশ্ব যাহার, বহুব্রী। বি; পুং।

হর্ষ—আনন্দ, আহ্লাদ। হৃষ (হৃষ্ট হওয়া) +ঘঞ্ ভাববা। বি; পুং।

হর্ষণ—১। হর্ষজনক, আনন্দদায়ক। ণিজন্ত হৃষ্—হর্ষি (হৃষ্ট করা)+অন কর্ত্তৃবা। বিণ। ২। হর্ষ, আনন্দ, আহ্লাদ। হৃষ্ (হৃষ্ট হওয়া) +অনট্ ভাববা। বি; ক্লীব।

হর্ষিত—১। তোষিত, আনন্দপ্রাপিত। ণিজন্ত হৃষ্ হর্ষি (হৃষ্ট করা)+ক্ত কর্ম্মবা। ২। আনন্দিত, হৃষ্ট। হর্ষ+ইতচ্। বিণ।

হর্ষোৎফুল্ল—আনন্দে প্রফুল্ল, আনন্দে বিকসিত। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —ল্লা।

হল্—ব্যঞ্জনবর্ণ। বি; পুং।

হল—১। লাঙ্গল, হাল। হল্ (কর্ষণ করা)+অচ্ কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। ব্যঞ্জনবর্ণ। বি; পুং। ৩। সোনার লেপ, গিল্টি। দেশজ। ৪। লম্বা চওড়া ঘর, দালান। ইং Hall. বি।

হলকর্ষণ—লাঙ্গলদ্বারা ভূমিতে চাষ দেওয়া। ৩য়াতৎ। বি; ক্লীব।

হলকা—বহ্নিজ্বালা, অগ্নিশিখা; ঝাঁজ, উত্তাপ; সমূহ, বর্গ, গণ; ঘোড়ার গলায় পরাইবার চর্ম্মবেষ্টনী; তরঙ্গ। আর্বী। বি।

হলঘর—লম্বা বড় ঘেরা দালান। কর্ম্মধা। বি।

হলচালক—কৃষক। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হলচালন, —চালনা—লাঙ্গলচালনা, হাল চালান। ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব, স্ত্রী।

হলদী—হরিদ্রা, হলুদ। 'হলদী' শব্দজ। বি।

হল্দে—পীত, হরিদ্রাবর্ণ। হলুদ+এ সদৃশার্থে। বিণ।

হলদ্দী—হরিদ্রা, হলুদ। হল্ (কর্ষণ করা)+শতৃ কর্ত্তৃবা হলৎ; হলৎ—দে (পালন করা) +ক কর্ত্তৃবা+ঈপ্। বি; স্ত্রী।

হলধর—কৃষক; বলরাম। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হলন্ত—ব্যঞ্জনান্ত। হল্ হইয়াছে অন্ত যাহার বহুব্রী। বিণ।

হলফ—দিব্য, শপথ। আর্বী। বি।

হলভৃৎ—বলরাম; কৃষক। হল (লাঙ্গল)—ভৃ (ধারণ করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি; পুং।

হলহল—তিলা হওয়ার ভাব। দেশজ; অব্য। বিণ, হলহলে।

হলায়ুধ—বলরাম। হল (লাঙ্গল) হইয়াছে আয়ুধ (প্রহরণ) যাহার, বহুব্রী। বি; পুং।

হলাহল—কালকূট বিষ। হল—আ—হল (কর্ষণ করা)+অচ কর্ত্তৃবা। বি; ক্লীব বা পুং।

হলী (হলিন্)—কৃষক; বলরাম। হল শব্দ +ইন্ অস্ত্যর্থে। বি; পুং।

হলুদ—হরিদ্রা। 'হলদী' শব্দজ। বি।

হল্কা—অগ্নিশিখা, তাপ। দেশজ। বি।

হল্য—হলসম্বন্ধীয়; হল দ্বারা কৃষ্ট (ক্ষেত্রাদি), কর্ষণযোগ্য। হল+যৎ। বিণ।

হল্লা—গোলযোগ, চীৎকার, গোলমাল, গণ্ড-গোল। দেশজ। বি।

হল্লীষ(স)—স্ত্রীলোকের সহিত নৃত্য, মণ্ডলাকারে স্ত্রীলোকদিগের নৃত্য। হেলা শব্দ—লন্, লন্+ষ অধিবা। বি; পুং।

হস্—ব্যঞ্জনবর্ণ। বি; পুং।

হস, হসন—হাস্য। হস্ (হাসা)+অল্, অনট্ ভাববা। বি ; যথাক্রমে পুং ও ক্লীব।

হসন্ত—হলন্ত, ব্যঞ্জনান্ত, ব্যঞ্জনবর্ণ, (্) এই চিহ্নযুক্ত। বহুব্রী। বিণ বা বি ; পুং।

হসন্তী—হাস্যকারিণী। হসৎ+ঈপ্। বিণ।

হসিত—১। হাস্যকারী ; সহাস্য, হাস্যযুক্ত ; বিকসিত। হস্ (হাসা)+ক্ত কর্তৃবা। বিণ। ২। হাস্য। হস্+ক্ত ভাববা। বি ; ক্লীব।

হস্ত—কর, হাত, মণিবন্ধ হইতে অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত ; ২৪ অঙ্গুলি পরিমাণ ; করিশুণ্ড, হাতীর শুঁড় ; (কেশ শব্দের পরে থাকিলে) গুচ্ছ। হস্ (হাসা)+তন্ কর্তৃবা। বি ; পুং।

হস্তকণ্ডূয়ন, —কণ্ডূতি হাতের সুড়সুড়ি ; কোন কিছু করিবার জন্য হস্তের চাঞ্চল্য-প্রকাশ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব, স্ত্রী।

হস্তকৌশল—হস্তচালনার নৈপুণ্য, হাত চালাইবার ফিকির। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

হস্তক্ষেপ—হস্তপ্রদান, হস্তার্পণ, হাত দেওয়া ; হাত চালনা। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

হস্তক্ষেপণ—হস্তচালনা, হাত চালা ; হস্তার্পণ, হাত দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

হস্তগত—হস্তস্থিত, অধিকারে আগত, অধিকৃত, আয়ত্ত। ২য়াতৎ। বিণ।

হস্তচালনা—কৌশলসাপেক্ষ কাজে হাত চালান। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

হস্তপ্রসারণ—হাত বাড়ান। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব। [বন্দি। ফার্সী। বি।

হস্তবুদ—হালের ও সাবেক হিসাব ; জমা-

হস্তরেখা—হাতের উপরের যে দাগ দেখিয়া অদৃষ্ট নির্ণয় করা হয়। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

হস্তলাঘব—হাতসাফাই, লঘুহস্ততা। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

হস্তলিখিত—হাতে লেখা। ৩য়াতৎ। বিণ।

হস্তলিপি—হস্তাক্ষর, হাতের লেখা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী। [বি ; পুং।

হস্তলেখ—অভ্যাসের নিমিত্ত লিখন, মকস।

হস্তা—নক্ষত্রবিশেষ, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে ত্রয়োদশ নক্ষত্র। হস্ত+আপ্। বি ; স্ত্রী।

হস্তাক্ষর—হস্তলিপি, হাতের লেখা। হস্তলিখিত যে অক্ষর, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

হস্তান্তর—অন্য হস্ত, অপর হাত ; অপরের অধিকার। অন্য হস্ত, নিত্য। বি ; ক্লীব।

হস্তান্তরিত—অন্য হস্তগত ; অপরের অধিকারে প্রদত্ত। হস্তান্তর+ইতচ্ জাতার্থে। বিণ।

হস্তামলক—হস্তস্থিত আমলকী ফল ; অতি সহজে বোধগম্য বা দর্শনীয় বিষয় ; বেদান্ত গ্রন্থবিশেষ। মধ্যপ কর্ম্মধা। বি ; ক্লীব।

হস্তার্পণ—হাত দেওয়া। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

হস্তিদন্ত—গজদন্ত, হাতীর দাঁত ; নাগদন্তক, গৃহভিত্তিতে অর্দ্ধপ্রোথিত কীলক ; মূলক। হস্তীর দন্ত, ৬ষ্ঠীতৎ। বি ; পুং

হস্তিনাপুর—কৌরবদিগের রাজধানী—বর্ত্তমান দিল্লীর নিকট অবস্থিত। বি ; ক্লীব।

হস্তিনী—করিণী ; চতুর্ব্বিধ স্ত্রীজাতির অন্যতমা, অত্যধিক স্থূলা কামুকী ও ভোজনশীলা স্ত্রী। হস্তিন্+ঈপ্। বি ; স্ত্রী।

হস্তিপ, —পক—হস্তিরক্ষক, মাহুত। হস্তিন্ (হাতী)—পা (পালন করা)+ক কর্তৃবা, ২য় পক্ষে তদুত্তরে কন্। বি ; পুং।

হস্তিমদ—মত্ত হস্তীর গণ্ডদ্বয়, শুণ্ডের ছিদ্রদ্বয়, চক্ষুর্দ্বয় ও শিশ্ন এই সাত স্থান হইতে ক্ষরিত জল। হস্তীর মদ, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

হস্তিমূর্খ—অত্যন্ত মূর্খ। উপমান কর্ম্মধা। বিণ।

হস্তী (হস্তিন্)—করী, গজ, হাতী ; চন্দ্রবংশীয় জনৈক নৃপ, হস্তিনাপুরের নির্ম্মাতা। হস্ত (শুঁড়)+ইন্ অস্ত্যর্থে। বি ; পুং।

হা—বিষাদ ; পীড়া ; কুৎসা ; শোক। হা+কা ভাববা। অব্য।

হাই—জৃম্ভণ, আলস্যজনিত মুখব্যাদান। 'হাক্কিকা' শব্দজ। বি।

হাই-আমলা—বয়ঃক কভার বশীভূত

করণার্থ আমলকী মেথি প্রভৃতির দলা বা পিণ্ড। দেশজ। বি।

হাইকোর্ট—প্রাদেশিক সর্ব্বোচ্চ বিচারালয়। ইং High Court. বি।

হাইড্রোজেন—জলজান, উদজান ; মৌলিক বায়বীয় পদার্থবিশেষ। ইং Hydrogen. বি।

হাইফেন—দুইটি শব্দের সংযোগসাধক চিহ্ন, (–) এই চিহ্ন। ইং Hyphen. বি।

হাইল, হা'ল—নৌকার কর্ণ। দেশজ। বি।

হাউই—ঊর্দ্ধগামী আতসবাজিবিশেষ (Rocket). ফার্সী। বি।

হাউচাউ—গোলমাল, চেঁচামেচি। দেশজ। বি।

হাউমাউ—উচ্চ ক্রন্দনধ্বনি, চীৎকার শব্দ; রূপকথার রাক্ষসীর গর্জ্জনধ্বনি। দেশজ। বি।

হাওদা—হস্তীর পৃষ্ঠোপরি বসিবার গদি বা আসনবিশেষ। আর্বী। বি।

হাওয়া—বায়ু, বাতাস; জনসাধারণের মতিগতি। ফার্সী। বি। **হাওয়া খাওয়া**—শরীরে বিশুদ্ধ বায়ু লাগান। **হাওয়া বদলান**—স্বাস্থ্য ভাল করিবার জন্য স্থান পরিবর্ত্তন।

হাওয়াই—বায়ুসংক্রান্ত। হাওয়া + ই। বিণ।

হাওয়াগাড়ী—মোটর গাড়ী। হাওয়ার মত দ্রুতগামী গাড়ী, যথাপ কথ্যথা। বি।

হাওলা—জিম্মা, তত্ত্বাবধান, হেপাজাৎ। আর্বীমূলক। বি।

হাওলাৎ—ঋণ, কর্জ্জ; ধার, আমানৎ। আর্বী। বি। বিণ,—লাতী।

হাঁ, হ্যাঁ, হেঁ—সম্মতি বা বিস্ময়সূচক ধ্বনিষ্ট সম্বোধনে; মুখব্যাদান। দেশজ। অব্য।

হাঁক, হাঁকার—হুঙ্কার, চীৎকার শব্দে আহ্বান, গর্জ্জন। 'হুঙ্কার' শব্দজ। বি।

হাঁকডাক—প্রসার-প্রতিপত্তি, খ্যাতি; প্রতিষ্ঠা। বঙ্গ। বি।

হাঁকপাঁক, হাঁকুপাঁকু—ব্যাকুলতাপ্রকাশ, তাড়াতাড়ি। দেশজ। বি।

হাঁকা—হাঁক দেওয়া, ডাকা। বাং ক্রি।

হাঁকান—তাড়ান, চালান। বাং ক্রি।

হাঁকামানা—জুজুবুড়; বেমক্কা, বেঢপ। দেশজ। বিণ।

হাঁকাহাঁকি—বারংবার হাঁক, পুনঃ পুনঃ ডাক দেওয়া। দেশজ। বি।

হাঁচা—হাঁচি ত্যাগ করা। বাং ক্রি।

হাঁচি—নাক সুড় সুড় করার জন্য নাক ও মুখ দিয়া সশব্দে বায়ুনির্গমন; ক্ষবথু, হচ্চি। হাঁচ্ + ই ভাবে। বি। [বাং ক্রি।

হাঁটকান—ঘাঁটা, তন্ন তন্ন করিয়া খোঁজা।

হাঁটা—পদব্রজে গমন করা, চলা। বাং ক্রি।

হাঁটাহাঁটি—বারংবার পদব্রজে যাতায়াত, আনাগোনা। দেশজ। বি।

হাঁটু—জানু। 'অষ্ঠীবৎ' শব্দজ। বি। **হাঁটু-গাড়া**—হাঁটুর উপর ভর দিয়া বসা।

হাঁটুনি—পায়ে হাঁটিয়া চলন, পদব্রজে গমন। দেশজ। বি।

হাঁড়া—বড় মাটির পাত্র। 'হণ্ডা' শব্দজ। বি।

হাঁড়ি—পাকপাত্রবিশেষ, হণ্ডী। 'হণ্ডী' বা 'হণ্ডিকা' শব্দজ। বি।

হাঁড়িকুড়ি—হাঁড়ি ও অন্যান্য পাত্র। দেশজ। বি।

হাঁড়িচাঁচা—ক্যাচর ম্যাচর শব্দকারী ধূসর বর্ণের পক্ষিবিশেষ। দেশজ। বি।

হাঁড়িয়া, হেঁড়ে—১। প্রকাণ্ড, প্রশস্ত। বিণ। ২। অসভ্য জাতিদের পেয় মদ্যবিশেষ। দেশজ। বি। [দেশজ। বিণ।

হাঁদা—মোটা, হেঁড়ে; ভোঁদা, বোকা।

হাঁপ, হাঁফ—দম, নিশ্বাস; শ্বাসরোগ, হাঁপানি। দেশজ। বি। [বাং ক্রি।

হাঁপান—ঘন ঘন বা কষ্টে শ্বাস ফেলা।

হাঁপানি—কষ্টে শ্বাস ত্যাগরূপ রোগবিশেষ, হাঁপ (Asthma). হাঁপা + নি ভাবে। বি।

হাঁস—হংস। 'হংস' শব্দজ। বি।

হাঁসকল—দুয়ারে কপাট লাগাইবার জন্য অঙ্কুশাকার লৌহদণ্ডবিশেষ। হাঁস সদৃশ কল, মধ্যপ কর্ম্মধা। বি।

হাঁসপাতাল, হাসপাতাল—সাধারণের

চিকিৎসালয়। ইং Hospital. বি।

হাঁসফাঁস—কষ্টকর শ্বাস ত্যাগের লক্ষণ-প্রকাশ, হাঁপানির ভাব। দেশজ। বি।

হাঁসিয়া, হাসিয়া—শাল ইত্যাদির কক্কা-দার পাড়। দেশজ। বি। বিণ,—দার।

হাঁসুলি, হেঁসো—অর্দ্ধচন্দ্রাকৃতি হার-বিশেষ, কণ্ঠভূষণবিশেষ। দেশজ। বি।

হাঁহাঁ—নিবারণাদিসূচক শব্দ। অব্য।

হাকি(কী)ম—বিচারপতি, শাসক, শাসন-কর্ত্তা, ইউনানী মতের চিকিৎসক। আর্বী। বি। বিণ, হাকি(কী)মী।

হা-ঘরে—গৃহহীন, যাযাবর; ভবঘুরে; অতি দরিদ্র। ঘরের অভাব=হাঘর, অব্যয়ী+এ বিশিষ্টার্থে। বিণ।

হাঙ্গ(ঙ্গ)র—হিংস্র জলজন্তুবিশেষ। হা শব্দ—অঙ্গ শব্দ—রা (দান করা)+ক কর্ত্তৃবা। বি; পুং।

হাঙ্গাম, —মা—উপদ্রব, দাঙ্গা; ফেসাদ, লেঠা, গোলযোগ। ফার্সী। বি।

হাজত—বিচারাধীন আসামীর কারাবরোধ, বন্দিবাস। আর্বী। বি।

হাজরি—উপস্থিতি; সাহেবদের ভোজন। হাজির+ই ভাবে। বি।

হাজা—১। পাকুই, হস্ত ও পদের অঙ্গুলি-মধ্যস্থ ক্ষতবিশেষ; অত্যধিক জল পচিয়া শস্য-হানি। আর্বী 'হজ্জাম' শব্দজ। বি। ২। জলে ভিজিয়া নষ্ট বা ক্ষত হওয়া। বাং ক্রি।

হাজার—সহস্র, দশ শত, ১০০০। ফার্সী। বি বা বিণ। **হাজার হউক**—বিরুদ্ধে যত কিছু থাকুক বা বলা যাউক।

হাজির—উপস্থিত। আর্বী। বিণ।

হাজির-জামিন—আদালতে কাহাকেও উপস্থিত করিবার দায়িত্ব গ্রহণকারী। আর্বী। বি। [খাতা। আর্বী। বি।

হাজিরা, হাজিরি—উপস্থিতি; উপস্থিতির

হাজী—মক্কাতীর্থ করিয়া যে ফিরিয়া আসি-য়াছে; যে হজ করিয়াছে। বৈদে। বি বা বিণ।

হাট—সাময়িক বাজার, গঞ্জ। 'হট্ট' শব্দজ। বি। **হাটে হাঁড়ি ভাঙ্গা**—সর্ব্বসমক্ষে গোপন কথা বলিয়া দেওয়া।

হাটক—১। স্বর্ণ, সোনা। হট্ (দীপ্তি পাওয়া)+ণক কর্ত্তৃবা। বি; ক্লীব। ২। স্বর্ণ-নির্ম্মিত। হাটক শব্দ+ক। বিণ; ত্রি। ৩। দেশবিশেষ। বি; পুং।

হাটুরে—হাটে বসিয়া বিক্রয়কারী, যে হাটে গিয়া বিক্রয় করে। হাট+উরে। বি বা বিণ।

হাড়—অস্থি। 'হড্ড' শব্দজ। বি। **হাড় জুড়ান**—জ্বালাতনকারীর হাত হইতে রেহাই পাইয়া স্বস্তিবোধ। **হাড়ে হাড়ে**—অত্যধিক মাত্রায় ('—পাজী'); পুঙ্খানুপুঙ্খ-ভাবে ('—অনুভব করা')।

হাড়কাঠ, হাড়িকাঠ—যূপকাষ্ঠ (ইহার ভিতরে বলিদানের পশুর গলদেশ প্রবিষ্ট করিয়া দিয়া ছেদন করা হয়), তসলা। 'হড়ি-কাষ্ঠ' শব্দজ। বি।

হাড়গিলা, —গিলে—গলদেশে থলিবিশিষ্ট দীর্ঘপাদ পক্ষিবিশেষ। দেশজ। বি।

হাড়গোড়—অস্থিপঞ্জরাদি। দেশজ। বি।

হাড়ভাঙ্গা—অতি কঠোর ('—খাটুনি')। হাড় ভাঙ্গে যাহা, উপতৎ। বিণ।

হাড়হদ্দ—আগাগোড়া, আমূল। দেশজ। বিণ বা ক্রি-বিণ।

হাড়হাবাতে—সম্পূর্ণ নিঃস্ব। দেশজ। বিণ।

হাড়াই-ডোমাই—হাড়ি ডোমের মত ইতর আচরণ। দেশজ। বি।

হাড়িকাঠ—হাড়কাঠ দ্রঃ।

হাড়ী—নিম্নশ্রেণীর হিন্দু জাতিবিশেষ দেশজ। বি।

হাডুডু—কপাটী খেলা। দেশজ। বি।

হাড্ডিসার—অতি রোগা। বহুব্রী। বিণ

হাণ্ডিয়া—হাঁড়ী। প্রাঃ কবিপ্র। বি।

হাত—কর, ভুজ, বাহু; ২৪ অঙ্গুলি পরিমা' অধিকার; কর্ত্তৃত্ব; নিপুণতা; অভ্যাস। 'হ শব্দজ। বি। **হাত করা**—বশীভূত কর **হাত পাতা**—প্রার্থনা করা। **হা**

কলমে—কার্য্যতঃ। **হাতে খড়ি**—শিক্ষার আরম্ভ। **হাতে থাকা**—সঞ্চিত থাকা। **হাতে নাতে**—কোন অপকর্ম্ম করিবার সময়ে। **হাতে হাতে**—সদ্যঃ, সঙ্গে সঙ্গে। **হাতের পাঁচ**—শেষ সম্বল।

হাতকড়ি—লোহার শৃঙ্খলযুক্ত বলয় (অপরাধীকে বন্দি করিবার জন্য)। দেশজ। বি।

হাতকাটা—হস্তশূন্য; আস্তীনশূন্য। বহুব্রী। বিণ।

হাতছানি—হস্তদ্বারা সঙ্কেত, হাতের ইসারা। দেশজ। বি। [অভ্যাস। দেশজ। বি।

হাতটান—কৃপণতা; চৌর্য্যস্বভাব, চুরির

হাতড়ান—হাত দিয়া খোঁজা। বাং ক্রি।

হাততালি—করতালি। ৬ষ্ঠীতৎ। বি।

হাততোলা—অনুগ্রহস্বরূপ লব্ধ অর্থ বা গ্রাসাচ্ছাদন। দেশজ। বি।

হাতদেখা—করকোষ্ঠী দেখা বা নাড়ী পরীক্ষা করা। দেশজ। ক্রি। [বি।

হাতফের—হস্তান্তর; হাতবদলাই। ৬ষ্ঠীতৎ।

হাতব্য—পরিত্যাজ্য, ত্যাগযোগ্য। হা (ত্যাগ করা) + তব্য কর্ম্মবা। বিণ।

হাতভারী—কৃপণ, ব্যয়কুণ্ঠ। বহুব্রী। বিণ।

হাতযশ—খ্যাতি; নৈপুণ্য, দক্ষতা। ৬ষ্ঠীতৎ। বি। [দেশজ। বি।

হাতল—অস্ত্রাদির বাঁট; কড়া, আংটা।

হাতসাফাই—ক্ষিপ্রহস্ততা, হস্তলাঘব। দেশজ। বি।

হাতা—১। দর্ব্বী; জামার আস্তিন। দেশজ। বি। ২। সীমা; চত্বর, অঙ্গন। বৈদেশ। বি।

হাতান—হস্তগত করা; বাগান। বাং ক্রি।

হাতাহাতি—হস্তে হস্তে যুদ্ধ; মারামারি। দেশজ। বি।

হাতিয়ার—লৌহাস্ত্রবিশেষ। দেশজ। বি।

হাতিয়ারপাতি—যন্ত্রসমূহ। বি।

হাতী—১। করী, গজ, মাতঙ্গ। 'হস্তী' শব্দজ। বি। ২। হস্ত-পরিমিত। দেশজ। বিণ।

হাতুড়ি—প্রেক ঢুকিবার বা পিটিবার যন্ত্রবিশেষ। দেশজ। বি।

হাতুড়ে—অশিক্ষিত (বিশেষতঃ চিকিৎসক সম্বন্ধে ব্যবহৃত)। দেশজ। বিণ।

হানা—১। আঘাত করা, প্রহার করা, মারা, বিদ্ধ করা; ত্যাগ করা, মোচন করা, ক্ষেপণ করা। প্রাঃ কবিপ্র। ক্রি। ২। আক্রমণ। হন্ ধাতুজ। বি। ৩। ভূতাশ্রিত। বিণ।

হানাদার—আক্রমণকারী। হানা+দার। বিণ।

হানি—১। ত্যাগ; ক্ষতি, অপচয়। হা (ত্যাগ করা) + নি ভাববা। ২। গতি। হা (গমন করা) + ক্তি ভাববা। বি; স্ত্রী।

হানিকর—ক্ষতিজনক, অপকারক, অনিষ্টসাধক। হানি—কৃ+ট কর্ত্তৃবা। বিণ।

হানী—হত্যাকারী (পুংহানী)। কবিপ্র। বিণ।

হাপর—ধাতু উত্তপ্ত করিবার বা গলাইবার অগ্নিকুণ্ড; ভস্ত্রা, কামারের যাঁতা। দেশজ। বি। [ক্রি।

হাপসান—তরলদ্রব্য সশব্দে খাওয়া। বাং

হাপুস—১। তরলদ্রব্য খাওয়ার শব্দ। দেশজ। অব্য। ২। অশ্রুপূর্ণ, সজল। গ্রাম্য। বিণ।

হাফ—অর্দ্ধ, আধ। ইং Half. বিণ।

হাফহাতা—কনুই পর্য্যন্ত হাতাযুক্ত। বহুব্রী। বিণ।

হাব—স্ত্রীলোকদিগের শৃঙ্গারভাবজনিত বিলাস। হু+ঘঞ অধিবা। বি; পুং।

হাবভাব—ভাবভঙ্গী। দ্বন্দ্ব। বি; পুং।

হাবলা—হাবার মত, ভেবলা, ভেবা। দেশজ বিণ। [বিণ।

হাবশী—নিগ্রো, কাফ্রী। আবী। বি বা

হাবা—কালা-বোবা, বোবা; মূঢ়, নির্ব্বোধ পাগলা। দেশজ। বিণ।

হাবাত, হাভাত—অন্নকষ্ট, অন্নাভাব; অতি দারিদ্র্য। ভাতের অভাব, অবাধী। বি।

হাবাতে, হাভাতে—ভাতের কাঙ্গাল; দুর্ভাগ্য; অভাগা। দেশজ। বিণ।

হাবিলদার—ভারতীয় সৈন্যদলের নায়কবিশেষ। ফার্সী। বি।

হাবুজখানা—জেলখানা। বৈদে। বি।

হাবুডুবু—জলে নাকানি চোবানি, ডুবা উঠা। দেশজ। বি বা বিণ।

হাভাত—অন্নাভাব। ভাতের অভাব, অব্যয়ী। বি। বিণ, -তে (অন্নাভাবগ্রস্ত, গরীব)।

হাম—১। এক প্রকার চর্ম্মরোগ, মিলমিলে। দেশজ। বি। ২। আমি। প্রাঃ কবিপ্র। সর্ব্ব।

হামড়ি, হুমড়ি—হামাগুড়ি; কোন কিছু করিবার বা লইবার জন্য ব্যগ্র আগ্রহ; উপুড়। দেশজ। বি বা বিণ।

হামবড়া—অহম্মন্য, আত্মম্ভরি, অহংসর্ব্বস্ব। হিন্দী। বিণ।

হামরাই—তত্ত্বাবধানে। ফার্সী। ক্রি-বিণ।

হামলান—১। বৎসের অদর্শনে গাভীর চীৎকার শব্দ। দেশজ। বি। ২। হাম্বা হাম্বা করিয়া ডাকা; ব্যগ্র হওয়া। বাং ক্রি।

হামা, -গুড়ি—হস্তদ্বয় ও জানুদ্বয়ে ভর দিয়া চলন। দেশজ। বি।

হামানদিস্তা—লৌহাদি নির্ম্মিত কিনারা-উঁচু খল ও মুষল। ফার্সীমূলক। বি।

হামাম—উষ্ণ জলে স্নান করিবার ঘর। আর্বী। বি।

হামার—১। আমার। প্রাঃ কবিপ্র। সর্ব্ব। ২। শস্যাধার, মরাই, গোলা; রাশীকৃত দ্রব্য। প্রাদে। বি।

হামি—পৃষ্ঠপোষক; রক্ষক। আর্বী। বি; পুং। [মূলক। অব্য, ক্রি-বিণ।

হামেশা—প্রায়ই, সর্ব্বদা, যখন তখন। ফার্সী-

হামেহাল—সকল অবস্থায়, সর্ব্বভাবে, সকল সময়েই। বৈদে। অব্য।

হাম্বা—গরুর ডাক। দেশজ। অব্য।

হাম্বীর—রাগিণীবিশেষ। দেশজ। বি।

হায়—খেদসূচক শব্দ। 'হা' শব্দজ। অব্য, বি।

হায়ন—১। বর্ষ, বৎসর। হা (গমন করা) +অনট্ কর্ত্তৃবা। বি; ক্লীব বা পুং। ২। ধান্য; অগ্নিশিখা। বি; পুং।

হায়া—লজ্জা, সরম। আর্বী। বি।

হায়াত—জীবন। আর্বী। বি।

হার—১। মুক্তাদির মালা। হৃ (হরণ করা) +ঘঞ্ কর্ত্তৃবা। বি; পুং। ২। হারক; বাহক; ভাজক। বিণ। ৩। যুদ্ধ, ভাগ। হৃ +ঘঞ্ ভাববা। বি; পুং। ৪। অনুপাত; হিসাব; দর; শস্য তৈলাদির পরিমাণপাত্র; পরাজয়। দেশজ। বি।

হারক—১। হরণকর্ত্তা, বহনকারী, বাহক; দ্যূতকার। হৃ (হরণ করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,-রিকা। ২। চৌর; ধূর্ত্ত; ভাজক অঙ্ক। বি; পুং।

-হারা—বিহীন, যাহার নষ্ট হইয়াছে বা মারা গিয়াছে, (যেমন 'বাঘহারা বাঘিনী', 'পুত্রহারা জননী')। দেশজ। বিণ।

হারা—পরাভূত হওয়া; বিফলকাম হওয়া; রোগা হইয়া যাওয়া। বাং ক্রি।

হারান—পরাভূত করা, পরাস্ত করা; খোয়ান। বাং ক্রি।

হারাম—শূকর; মুসলমান ধর্ম্মমতে অপবিত্র বা অন্যায়। আর্বী। বি। [স্ত্রী,-দী।

হারামজাদ, -জাদা—গালিবিশেষ। বিণ।

হারাহারি—ভাগবাঁটোয়ারা, ভাঙ্গাভরতি, মোটামুটি। দেশজ। বি।

হারিকেন—ঝড়ে যাহা নিবিয়া যায় না এরূপ লণ্ঠনবিশেষ। ইং Hurricane. বি।

হারিত—১। অপহারিত; পরাভূত, পরাজিত। ণিজন্ত হৃ বা হারি (হরণ করান)+ ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী,-তা। ২। হরিদ্বর্ণ-যুক্ত। হরিত+অণ্। বিণ; ত্রি। স্ত্রী,-তী। ৩। শুকপক্ষী। বি; পুং।

হারী (হারিন্)—১। (অন্য শব্দের পর) অপহারক; বাহক; মনোজ্ঞ, মনোহর। হৃ (হরণ করা)+ণিন্ কর্ত্তৃবা। ২। হার-বিশিষ্ট। হার+ইন্ অস্ত্যর্থে। বি; পুং। স্ত্রী,-রিণী।

হারীত—শুকপক্ষী; ধর্ম্মসংহিতাকার জনৈক মুনি। হরিত+অণ্। বি; পুং।

হার্মোনিয়ম—ধ্বন্যাত্মক বাদ্যযন্ত্রবিশেষ। ইং Harmonium. বি।

হার্য্য—হরণীয়; গ্রহণীয়, গ্রাহ্য; বিভাজ্য; বহনীয়; নিবার্য্য। হৃ+ণ্যৎ কর্ম্মবা। বিণ।

হাল—১। লাঙ্গল; বলরাম; শালিবাহন রাজা। হল শব্দ+অণ্। বি; পুং। ২। বর্ত্তমান; ইদানীন্তন, আধুনিক; নব, নূতন; বর্ত্তমান কাল; দশা; অবস্থা। আর্বী। বিণ। ৩। গাড়ীর চাকার লৌহবেষ্টনী; লৌহাদির লম্বা পাটি; নৌকার কর্ণ। দেশজ। বি।

হালকা—পাতলা; লঘু, গুরুত্ববিহীন। দেশজ। বিণ। [বৈদেশিক; বি।

হালখাতা—নূতন বৎসরের হিসাবের খাতা।

হালা—মদিরা, সুরা। হাল (বলরাম)+ক +আপ্। বি; স্ত্রী।

হালাক—হয়রান, নাকাল। বৈদে; বিণ।

হালাল—মুসলমানী মতে পবিত্র বা বিধি-সঙ্গত; জবাই, পশু বা পক্ষীর কণ্ঠচ্ছেদন। বৈদে। বিণ বা বি।

হালাহল—কালকূট বিষ। হলাহল+ক স্বার্থে। বি; ক্লীব বা পুং।

হালাহলী—মদিরা, সুরা। হলাহল+ক+ ঈপ। বি; স্ত্রী।

হালিক—হলবিষয়ক; কৃষক। হল+ষ্ণিক। বিণ; ত্রি।

হালুইকর—বেসন সন্দেশ বা ময়দা প্রভৃতির মিষ্টান্ন প্রস্তুতকারক, মোদকজাতি। দেশজ বি।

হালুয়া—মোহনভোগ, সুজি ঘৃত চিনি দিয়া প্রস্তুত মিষ্টান্নবিশেষ। বৈদে; বি।

হাস—হাস্য। হস্+ঘঞ্ ভাববা। বি; পুং।

হাসই, হাসত—হাসে। প্রাঃ কবিপ্র। ক্রি।

হাসপাতাল—হাঁসপাতাল দ্রঃ।

হাসল, হাসিল—সম্পন্ন; কাজ সম্পাদন। আর্বী। বি বা বিণ।

হাসা—হাস্য করা। বাং ক্রি।

হাসান—হাস্য করান। বাং ক্রি।

হাসাহাসি—পরস্পর আলাপ ও হাস্য; কয়েকজনের মিলিত পরিহাস বা উপহাস। দেশজ। বি।

হাসি—হাস্য। 'হাস্য' শব্দজ। বি।

হাসিয়া—শাল প্রভৃতির পাড়, কক্ষা। দেশজ। বি।

হাসিল—সম্পন্ন, সিদ্ধ; প্রাপ্ত; সিদ্ধি; আদায়। আর্বী। বি বা বিণ।

হাস্নোহানা, হাস্নাহানা—একরকম ছোট সাদা সুগন্ধি ফুল। জাপানী। বি।

হাস্য—১। হাসি। হস্ (হাসা)+ণ্যৎ ভাববা। বি; ক্লীব। ২। কাব্যের রসবিশেষ। হাস্য+অচ্ আছে অর্থে। বি; পুং।

হাস্যকর—হাস্যজনক। হাস্য—কৃ+ট কর্ত্তৃবা। বিণ। [ক্লীব।

হাস্যকৌতুক—হাসি-তামাসা। দ্বন্দ্ব। বি;

হাস্যজনক—হাস্যোৎপাদক, যাহাতে হাসি পায়। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী,—নিকা।

হাস্যপরিহাস হাসি-তামাসা। দ্বন্দ্ব। বি; পুং।

হাস্যময়—হাসিতে পূর্ণ। হাস্য+ময়ট্। বিণ। স্ত্রী,—য়ী।

হাস্যমুখ—১। হাসিমাখা মুখ। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব। ২। যাহার মুখে হাসি এমন। বহুব্রী। বিণ। স্ত্রী,—খী।

হাস্যরস—কাব্যরসবিশেষ। কর্ম্মধা। বি, পুং।

হাস্যরসাত্মক—হাস্যরসযুক্ত, যাহাতে হাসির বিষয় আছে এরূপ। হাস্যরস হইয়াছে আত্মা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী,—ত্মিকা।

হাস্যরসিক—হাস্যরসে নিপুণ, যে খুব হাসাইতে পারে এরূপ। হাস্যরস শব্দ+ইক জাতার্থে। বিণ। স্ত্রী,—কা।

হাস্যলহরী—হাসির তরঙ্গ, প্রবল হাস্য। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। [বি; ক্লীব।

হাস্যসংবরণ—হাসি থামান। ৬ষ্ঠীতৎ।

হাস্যালাপ—হাস্যযুক্ত কথোপকথন, রসালাপ। হাস্যযুক্ত যে আলাপ, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

হাস্যাস্পদ—উপহাসভাজন। হাস্যের আস্পদ, ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব বা বিণ।

হাস্যোদ্দীপক—হাস্যের উত্তেজক, যাহা শুনিলে বা দেখিলে হাসি পায় এরূপ, হাস্যকর, হাস্যজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, –পিকা।

হাস্যোদ্দীপন—কথা কার্য্য ইত্যাদির দ্বারা হাস্যের উদ্রেক করণ। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

হাহা—১। বিস্ময়, আশ্চর্য্য ; কষ্ট ; শোক ; হাস্যধ্বনি। অব্য। ২। গন্ধর্ব্ববিশেষ। হা শব্দ–হা (ত্যাগ করা)+ক্বিপ্ কর্ত্তৃবা। বি ; পুং।

হাহাকার—শোকধ্বনি ; কলরব ; অশ্বাদিপ্রেরণধ্বনি। হাহা–কৃ (করা)+ঘঞ্ ভাববা। বি ; পুং।

হাহাহুহু—গন্ধর্ব্বগণ। দ্বন্দ্ব। বি ; পুং।

হিং—স্বনামখ্যাত গন্ধদ্রব্য। 'হিঙ্গু' শব্দজ। বি।

হিংচা, হিঞ্চা, হিঞ্চে—জলজাত শাকবিশেষ। 'হিলমোচিকা' শব্দজ। বি।

হিংসক—১। ঘাতক, বধকারী। হিন্‌স্ (বধ করা)+ণক কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –সিকা। ২। হিংস্র জন্তু ; শত্রু। বি ; পুং।

হিংসন—হিংসা (সকল অর্থে)। হিন্‌স্+অনট্ ভাববা। বি ; ক্লীব।

হিংসা—বধ, হনন ; পরানিষ্টসাধন প্রবৃত্তি ; দ্রোহ। হিন্‌স্ (বধ করা)+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

হিংসালু—ঘাতক ; অপকারক, হিংসা করা যাহার স্বভাব এমন ; হিংসাশীল, হিংসাপ্রকৃতিক। হিন্‌স্+আলুচ্ কর্ত্তৃবা, শীলার্থে। বিণ।

হিংসিত—নাশিত ; যাহাকে হিংসা করা হয় এরূপ ; হত। হিন্‌স্+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, –তা।

হিংস্রুক—হিংসাশীল ; পরশ্রীকাতর। হিন্‌স্+উক কর্ত্তৃবা, শীলার্থে। বিণ। স্ত্রী, –কা।

হিংস্সুটে—হিংসুক। দেশজ। বিণ।

হিংস্র, হিংস্রক—১। হিংসাশীল, হননকারক, ঘাতুক ; অপকারক। বিণ। স্ত্রী, –স্রা, –স্রিকা। ২। হিংসাকারক জন্তু। হিন্‌স্+র কর্ত্তৃবা ; হিংস্র+কন্ স্বার্থে। বি ; পুং।

[শীল। বহুব্রী। বিণ।

হিংস্রপ্রকৃতি—অত্যন্ত হিংসুক ; হিংসা-

হিঁচড়ন, হিঁচড়ান—কেশমার্জ্জন করা ; জোরে টানা, বলপূর্ব্বক আকর্ষণ করা। বাং ক্রি।

হিঁদু—হিন্দু। ফার্সী 'হিন্দু' শব্দজ। বি।

হিঁদুয়ানি—হিন্দুর আচার-ব্যবহার, হিন্দুর চালচলন। হিঁদু+আনি ভাবে। বি।

হিঁয়ালি—কূটপ্রশ্ন ; গূঢ়ার্থ প্রশ্ন ; যাহার অর্থ করা কঠিন এরূপ শ্লোক। 'হেমালিকা' শব্দজ। বি।

হিকমৎ, হেকমৎ—ফিকির ; চাতুরী ; কৌশল ; জ্ঞান। আর্বী। বি।

হিক্কা—রোগের উপসর্গবিশেষ, হেঁচ্‌কী। হিক্+অ ভাববা+আপ্। বি ; স্ত্রী।

হিঙ্গু(ংগু)—নির্য্যাসবিশেষ, হিং। হিম্–গম্+ডু কর্ত্তৃবা (নিপা)। বি ; পুং বা ক্লীব।

হিঙ্গু(ংগু)ল—হরিদ্রাবর্ণ ব্যঞ্জনদ্রব্যবিশেষ। হিঙ্গু–লা+ক কর্ত্তৃবা। বি ; পুং বা ক্লীব।

হিজড়, হিজড়া, হিজড়ে—ক্লীব, নপুংসক, খোজা। হিন্দী। বি। [বি।

হিজরৎ, হিজরাৎ—পলায়ন। আর্বী।

হিজরা—মুসলমানদের প্রচলিত শক [হজরৎ মোহাম্মদের মক্কা হইতে মদিনায় পলায়নের সময় অর্থাৎ ৬২২ খৃষ্টাব্দ হইতে এই সনের গণনা আরম্ভ হইয়াছে]। আর্বীমূলক। বি।

হিজরী—হিজরা। আর্বী। বি। [বি।

হিজল—একপ্রকার বৃক্ষ। 'হিজ্জল' শব্দজ।

হিজলীবাদাম—কাজুবাদাম। দেশজ। বি।

হিজিবিজি—কালির অর্থহীন এলোমেলে রেখা ; আঁকা বাঁকা ; বোধাতীত। দেশজ বি বা বিণ।

হিজ্জ, হিজ্জল—বৃক্ষবিশেষ, হিজলগাছ

হি + কিপ্ কর্ত্তৃবা = হিং ; হিং জল যাহাতে, বহুব্রী ; ১ম পক্ষে হিং – জন্ + ড কর্ত্তৃবা। বি ; পুং।

হিক্কে, হিক্কা—হিংচা দ্রঃ।

হিড়হিড়—গড়াইয়া পড়িবার বা টানিবার অনুকার-শব্দ। দেশজ। অব্য।

হিড়িক—সুযোগ ; ভিড়, ঠেলা ; চাপ ; হাঙ্গামা। দেশজ। বি।

হিত—১। উপকারক ; যোগ্য ; প্রিয় ; পথ্য ; গত ; অনুকূল ; ধৃত ; ব্যবহার্য্য। ধা + ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, হিতা। ২। ইষ্টসাধন ; মঙ্গল ; গমন। হি + ক্ত ভাববা। বি ; ক্লীব।

হিতকর, –কারী (–রিন্)—মঙ্গল-জনক, উপকারক। হিত (মঙ্গল)– কৃ + ট, ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী,–রী, –রিণী।

হিতকাম—মঙ্গলকামী ; হিতৈষী। বহুব্রী। বিণ। স্ত্রী, –মা।

হিতবাদী (–বাদিন্)—সৎপরামর্শদায়ক ; হিতকথনশীল। উপতৎ। হিত – বদ + ণিন কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –দিনী।

হিতাকাঙ্ক্ষা(ংক্ষা)—মঙ্গলকামনা। ৬ষ্ঠী-তৎ। বি ; স্ত্রী।

হিতাকাঙ্ক্ষী(ংক্ষী) (–ক্ষিন্)—হিতৈষী, শুভার্থী। হিত—আ – কাঙ্ক্ষ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –ক্ষিণী।

হিতার্থী (–র্থিন্)—মঙ্গলপ্রার্থী, শুভানুধ্যায়ী। হিত – অর্থ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, –র্থিনী।

হিতাশী—হিতৈষী। প্রাঃ কবিপ্র। বিণ।

হিতাহিত—ন্যায়ান্যায় ; ভালমন্দ ; শুভাশুভ। হিত ও অহিত, দ্বন্দ্ব। বি ; ক্লীব বা বিণ। স্ত্রী, –তা।

হিতৈষণা, হিতৈষা—হিতেচ্ছা, পরের উপকার সাধনের চেষ্টা। হিতের এষণা, এষা (ইচ্ছা, চেষ্টা), ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

হিতৈষী (–ষিন্)—শুভানুধ্যায়ী, হিতাভিলাষী। হিত – ইষ্ + ণিন্ কর্ত্তৃবা ; অথবা, হিতৈষা + ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, –ষিণী।

হিতোপদেশ—১। সৎপরামর্শদান। কর্ম্মধা। ২। বিষ্ণুশর্ম্মার কৃত মিত্রলাভ সুহৃদ্ভেদ বিগ্রহ ও সন্ধি-নামক কথাচতুষ্টয়াত্মক নীতিগ্রন্থবিশেষ। বহুব্রী। বি ; পুং।

হিন্তাল, হীন্তাল—হেঁতালগাছ। হীন (অধম) তাল, কর্ম্মধা (নিপা)। বি ; পুং।

হিন্দি, হিন্দী—উত্তর-ভারতের ভাষা-বিশেষ। ফার্সী। বি।

হিন্দু—জাতিবিশেষ, হিঁদু, বৈদিক ধর্ম্মাচারী ভারতবর্ষবাসী। ফার্সী। বি।

হিন্দুত্ব—হিন্দুর আচার-ব্যবহার চালচলন প্রভৃতি ; হিন্দুর ভাব। হিন্দু + ত্ব ভাবে। বি ; ক্লীব।

হিন্দুধর্ম্ম(র্ম)—হিন্দুজাতির আচরিত ধর্ম্ম। হিন্দুসেবিত ধর্ম্ম, মধ্যপ কর্ম্মধা। বি ; পুং।

হিন্দুয়ানি—হিন্দুর আচার-ব্যবহার ও চাল-চলন। হিন্দু + আনি। বি।

হিন্দুসমাজ—ভারতের আর্য্যসম্প্রদায়। ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

হিন্দুস্থান—ভারতবর্ষ ; উত্তর-ভারত। বি।

হিন্দুস্থানী—১। ভারতবাসী ; উত্তর-ভারতের অধিবাসী ; উত্তর-ভারতের ভাষা-বিশেষ। বি। ২। ভারত-সংক্রান্ত ; উত্তর-ভারত-সম্বন্ধীয়। হিন্দুস্থান + ঈ নিবাসাদি অর্থে। বিণ।

হিন্দোল, হিন্দোলা—১। দোলা, ঝুলন ; ঝুলনযাত্রা। হি – দুল্ + ঘঞ্ ভাববা ; অথবা, হিন্দোল্ + ঘঞ্ ভাববা (নিপা) ; পক্ষে আপ্। ২। যানবিশেষ। হি – দুল্ + ঘঞ্ অধিবা ; অথবা, হিন্দোল্ + ঘঞ্ অধিবা, (নিপা) ; পক্ষে আপ্। ৩। রাগবিশেষ। হি – দুল্ + অচ্ কর্ত্তৃবা ; অথবা, হিন্দোল্ + অচ্ কর্ত্তৃবা (নিপা) ; পক্ষে আপ্। বি ; পুং, স্ত্রী।

হিবুক—লগ্নের চতুর্থ স্থান। হিম্ব্ + উকক্ কর্ত্তৃবা। বি ; ক্লীব। [ভাষা। হিব্রু। বি।

হিব্রু—ইহুদীজাতি ; প্রাচীন ইহুদীদের

হিম—১। তুষার; নীহার; চন্দন; চন্দন-দ্রব্য; শৈত্য; শীতলস্পর্শ; মুক্তা; পথ; নবনীত। বি; ক্লীব। ২। হিমগিরি; চন্দ্র; নন্দনবৃক্ষ; ঋতুবিশেষ। বি; পুং। ৩। শীতল। হন্ বা হি + মক্ কর্ত্তৃবা (হন্-স্থানে হি)। বিণ। স্ত্রী, হিমা।

হিমকটিবন্ধ, —মণ্ডল—উদীচ্যবৃত্ত ও উদীচ্যোত্তরবৃত্ত হইতে যথাক্রমে উত্তর ও দক্ষিণ মেরু পর্য্যন্ত দুই ভূভাগ (Arctic Zone). হিমময় কটিবন্ধ, মণ্ডল, মধ্যপ কর্ম্মধা। বি; পুং, ক্লীব।

হিমকর—১। চন্দ্র। বি; পুং। ২। শীত-স্পর্শবিশিষ্ট। বহুব্রী। বিণ।

হিমগিরি—হিমালয়-পর্ব্বত। ৬ষ্ঠীতৎ বা মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

হিমধামা (—মন্)—চন্দ্র। হিম ধাম (কিরণ) যাহার, বহুব্রী। বি; পুং।

হিমবর্ষী (—র্ষিন্)—যাহা হইতে তুষার-বর্ষণ হয় এমন। উপতৎ। হিম—বৃষ্ + ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —র্ষিণী।

হিমবান্ (—বৎ)—১। হিমালয়-পর্ব্বত। বি; পুং। ২। শীতল, ঠাণ্ডা, শৈত্যগুণযুক্ত। হিম + মতুপ আছে অর্থে। বিণ। স্ত্রী, —বতী।

হিমবাহ—ধীরগতিবিশিষ্ট তুষারস্রোত। ৬ষ্ঠী-তৎ। বি; পুং।

হিমমণ্ডল—হিমকটিবন্ধ দ্রঃ।

হিমশিলা—তুষার, বরফ। ৬ষ্ঠীতৎ। বি; [স্ত্রী।

হিমশৈল—হিমালয়-পর্ব্বত। হিমপ্রধান শৈল (পর্ব্বত), মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

হিমসিম—হয়রান; ক্লান্ত; জব্দ। দেশজ। বিণ।

হিমাংশু—শশী, চন্দ্র। বহুব্রী। বি; পুং।

হিমাঙ্ক(ংক)—যে তাপমাত্রায় জল জমিয়া বরফ হয় (Freezing Point). বি।

হিমাদ্রি—হিমালয়-পর্ব্বত। হিমের অদ্রি (পর্ব্বত), ৬ষ্ঠীতৎ; অথবা, হিমময় অদ্রি, মধ্যপ কর্ম্মধা। বি; পুং।

হিমানী—বরফ, হিমসংহতি। হিম + ঙীপ্ সংহতি অর্থে (আনুক্-আগম)। বি; স্ত্রী।

হিমালয়—ভারতবর্ষের উত্তর সীমায় স্থিত পূর্ব্ব-পশ্চিম-ব্যাপী পর্ব্বত। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হিম্মত—সাহস, বীরত্ব। আর্বী। বি।

হিম্মতওয়ালা—মনস্বী; সাহসী। হিম্মত + ওয়ালা বিশিষ্টার্থে। বিণ।

হিয়, হিয়া—হৃদয়। কবিপ্র। বি।

হিরণ—সোনা, স্বর্ণ। হৃ + অন (ক্যু) কর্ম্মবা (ঋ-স্থানে ইর্)। বি; ক্লীব।

হিরণ-কিরণ—সুবর্ণের ন্যায় দ্যুতিবিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী, —ণা।

হিরণ্ময়—১। স্বর্ণময়। বিণ। স্ত্রী, —য়ী। ২। নববর্ষমধ্যে বর্ষবিশেষ। হিরণ্য + ময়ট্ বিকারাদ্যর্থে (য-কারের লোপ)। বি; ক্লীব। [স্বার্থে। বি; ক্লীব।

হিরণ্য—স্বর্ণ; রৌপ্য; ধন। হিরণ + যৎ

হিলোল—তরঙ্গ। 'হিল্লোল' শব্দজ। বি।

হিল্লা, হিল্লে—উপায়; আশ্রয়। আর্বী। বি।

হিল্লোল—১। দোলন। হিল্লোল্ + ঘঞ্ ভাববা। ২। তরঙ্গ, ঢেউ। হিল্লোল্ + অচ্ কর্ত্তৃবা। বি; পুং।

হিষ্টিরিয়া, হিস্টিরিয়া—একপ্রকার মূর্চ্ছারোগ। ইং Hysteria. বি।

হিসাব, হিসেব—গণনা; হার; আয়-ব্যয়াদি-স্থিরীকরণ। আর্বী। বি।

হিসাবনবীশ—জমাখরচ-লেখক। হিসাবের নবীশ (লিপিকার), ৬ষ্ঠীতৎ। বি।

হিসাব-নিকাশ—আয়-ব্যয়াদির হিসাব স্থিরীকরণ। ৬ষ্ঠীতৎ। বি।

হিসাবী, হিসেবী—হিসাব-সম্বন্ধীয়; বিমৃশ্যকারী; মিতব্যয়ী। হিসাব + ঈ সম্বন্ধার্থে, শীলার্থে। বিণ।

হিস্টিরিয়া—হিষ্টিরিয়া দ্রঃ।

হিস্যা—অংশ, ভাগ। আর্বী। বি।

হিস্যাদার—অংশীদার। হিস্যা + দার আছে অর্থে। বিণ।

হিহি—আহ্লাদসূচক শব্দ, আনন্দসূচক শব্দ, আনন্দসূচক ধ্বনি ; হাস্যশব্দ। অব্য।

হীন—পরিত্যক্ত ; রহিত, শূন্য ; নিন্দনীয় ; অধম। হা + ক্ত কর্ম্মবা বিণ। স্ত্রী, হীনা।

হীনচেতাঃ (-চেতস্), -চেতা—নীচমনাঃ, সঙ্কীর্ণমনাঃ। বহুব্রী। বিণ।

হীনতা—নীচতা ; ক্ষুদ্রতা। হীন + তা ভাবে। বি ; স্ত্রী।

হীনপ্রকৃতি—১। নীচমনাঃ, ক্ষুদ্রাশয়। বহুব্রী। বিণ। ২। নীচস্বভাব ; নীচ মন। কর্ম্মধা। বি ; স্ত্রী।

হীনপ্রভ—যাহার দীপ্তি কমিয়া গিয়াছে এমন। হীনা প্রভা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -ভা।

হীনপ্রাণ—দুর্ব্বল ; নীচমনাঃ, ক্ষুদ্রচেতাঃ। [বহুব্রী। বিণ। স্ত্রী, -ণা।

হীনবল—দুর্ব্বল। বহুব্রী। বিণ। স্ত্রী, -লা।

হীনবুদ্ধি—১। অল্পবুদ্ধিবিশিষ্ট, নীচবুদ্ধি। হীনা বুদ্ধি যাহার, বহুব্রী। বিণ। ২। অল্প বুদ্ধি। কর্ম্মধা। বি ; স্ত্রী।

হীনমতি—নীচমনা। হীনা মতি যাহার, বহুব্রী। বিণ।

হীনাবস্থ—দৈন্যদশাগ্রস্ত, দরিদ্র। হীনা অবস্থা যাহার, বহুব্রী। বিণ। স্ত্রী, -স্থা।

হীন্তাল—হিন্তাল দ্রঃ।

হীরক—রত্নবিশেষ, বহুমূল্য পদার্থবিশেষ হীরা, হীরে, ক্তচর। হীর + কন স্বার্থে। বি ; ক্লীব।

হীরকখচিত—মাঝে মাঝে হীরার টুকরা-বসান। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, -তা।

হীরকজুবিলি—কোন সম্রাট বা সম্রাজ্ঞীর ষাট বৎসর রাজত্বকাল পূর্ণ হইলে তাঁহার অভিনন্দনার্থ উৎসববিশেষ (Diamond Jubilee) বি।

হীরকাঙ্গু(ঙ্গু)রী—হীরার আংটি। মধ্যপদ কর্ম্মধা। বি ; স্ত্রী।

হীরা—রত্নবিশেষ, হীরে। 'হীরক' শব্দজ। বি।

হীরাকস—খনিজ দ্রব্যবিশেষ ; লৌহ-কাসীস। দেশজ। বি। [ফার্সী। হিন্দী। বি।

হীরামন, হীরেমন—একজাতীয় শুক-

হীহী—আহ্লাদসূচক শব্দ, আনন্দসূচক ধ্বনি, হাস্যধ্বনি। দেশজ। অব্য।

হুইল—চক্র, চাকা ; বড়শি প্রভৃতির সুতা গুটাইবার ধাতুময় চক্র। ইং Wheel. বি।

হুঁ—স্বীকারবোধক শব্দ ; সম্মতিসূচক শব্দ ; সন্দেহপ্রকাশক শব্দ ; প্রতিজ্ঞাসূচক শব্দ ; ভয়প্রদর্শনসূচক শব্দ। 'হুম্' শব্দজ। অব্য।

হুঁকা—তামাকের ধূমপানার্থ যন্ত্র, তাম্রকূট-সেবনের নলিচাযুক্ত নারিকেলের খোল। আর্বী 'হুক্কা' শব্দজ। বি।

হুঁকারি—তামাকখোর ("বাবুরাম বাবু ঘোর হুঁকারি"—টেকচাঁদ)। হুঁকা + রি আসক্তার্থে। বিণ। ['হোশ' শব্দজ। বি।

হুঁশ, হুঁস—সংজ্ঞা, চৈতন্য। ফার্সী।

হুঁশিয়ার, হুঁসিয়ার—সাবধান ; সতর্ক ; চালাক ; চেতনাবিশিষ্ট। ফার্সী 'হোশিয়ার' শব্দজ। বিণ।

হুক—কোন কিছু আটকাইবার বক্রাগ্র-লৌহ ; বড়শি। ইং Hook. বি।

হুকুম—আদেশ, আজ্ঞা, অনুমতি। আর্বী 'হুক্ম্' শব্দজ। বি।

হুকুমৎ—প্রভুত্ব। আর্বী। বি।

হুকুমদার—১। কে আসিতেছে। 'Who comes there' কথার বিকৃত উচ্চারণ। ২। আদেশকারী। হুকুম + দার কর্তা অর্থে। বি বা বিণ।

হুকুমনামা—আদেশপত্র। হুকুম + নামা বি। [আর্বী। বিণ।

হুকুমবরদার—আজ্ঞাপালক, আজ্ঞাধীন।

হুঙ্কা(ংকা)র—'হুম্' এইরূপ শব্দকরণ ; বজ্রবরাহধ্বনি ; গর্জ্জন। হুম্ – কৃ + ঘঞ্ ভাববা। বি ; পুং।

হুচট, হুচোট—চলিবার সময়ে চরণে অতর্কিতভাবে আঘাত লাগা। 'উচোট' শব্দজ। বি।

হুজুক, হুজুগ—সাময়িক গোলযোগ, আন্দোলন, গুজব, মজা প্রভৃতি। আর্বী। 'হুজুম্' শব্দজ। বি।

হুজুকপ্রিয়—যে সহজেই হুজুকে মাতিয়া উঠে এমন; কোন বিষয়ে সাময়িকভাবে অতিরিক্ত হৈ চৈ যাহার ভাল লাগে এমন। বহুব্রী। বিণ।

হুজুকে—হুজুকপ্রিয়। হুজুক+এ প্রিয়ার্থে। বিণ। [বি।

হুজুর—মনিব, প্রভু। আর্বী 'হুজুর' শব্দজ।

হুজ্জত—বচসা, তর্ক; কোলাহল। আর্বী-মূলক। বি।

হুট—অবিবেচনা। দেশজ। বি।

হুটোপাটি—হুড়াহুড়ি, লাফালাফি; কোলাহল। দেশজ। বি। [দেশজ। বি।

হুড়—ভর্ৎসনা, ঠেলাঠেলি; বিবাদ; ভিড়।

হুড়কা—১। দ্বার বন্ধ করিবার কাষ্ঠ। 'হুড়ুক্ক' শব্দজ। বি। ২। পতিসংসর্গ-ত্যাগিনী; পতিসংসর্গ-ভীতা। 'উৎকা' শব্দজ। বিণ; স্ত্রী।

হুড়মুড়—বৃহৎ এবং ভারী বস্তুর পতনাদি-জনিত শব্দ। দেশজ। অব্য।

হুড়হুড়—বেগে বৃষ্টিজলাদির পতনশব্দ। দেশজ। অব্য। [বি।

হুড়া, হুড়ো—ঠেলা; তাগাদা। দেশজ।

হুড়াহুড়ি—ঠেলাঠেলি; মারামারি। দেশজ। বি।

হুড়ুম—মুড়ি। প্রাদে। বি।

হুণ্ডি, হুণ্ডী—অর্থসম্বন্ধীয় চিঠি; টাকা দিবার বরাতি চিঠি। ফার্সী। বি।

হুত—১। দেবোদ্দেশে মন্ত্রোচ্চারণপূর্ব্বক অগ্নিক্ষিপ্ত (ঘৃতাদি); অর্পিত। বিণ। স্ত্রী, হুতা। ২। হোম-করা অগ্নি। হু+ক্ত কর্ম্মবা। বি; পুং। ৩। হোম। হু+ক্ত ভাববা। বি; ক্লীব। [বি; পুং।

হুতবহ—অগ্নি। হুত—বহ্+অচ্ কর্ত্তৃবা।

হুতাশ—নৈরাশ্য, আতঙ্ক। 'হুতাশ' শব্দজ। বি।

হুতাশ, হুতাশন—অগ্নি; হোমঘৃতাদি-ভক্ষক। উপভৎ। হুত—অশ্+অণ্ কর্ত্তৃবা; হুত অশন যাহার, বহুব্রী। বি; পুং।

হুতুম, হুতোম—বৃহদাকার পেচকজাতীয় পক্ষিবিশেষ। দেশজ। বি।

হুদ্দা, হুদ্দো—এলাকা, অধিকারের সীমানা। দেশজ। বি।

হুন—হুণ (তাহা দ্রঃ)।

হুনরি; হুনরী, হুন্নুরী—সুদক্ষ শিল্পী। ফার্সী 'হুনর্' শব্দজ। বি।

হুবহু—ঠিক ঠিক; অবিকল; সম্পূর্ণরূপে। আর্বী। ক্রি-বিণ।

হুম্, হুম্—সম্মতি স্বীকার নিষেধ স্মৃতি গান সংশয় অসূয়া বিতর্ক প্রশ্ন প্রভৃতিসূচক শব্দ। হে+ডুম্, ডুম্ করণবা। অব্য।

হুমকি—হুঙ্কার; ভয় দেখান, তর্জ্জন। 'হুঙ্কার' শব্দজ। বি।

হুমড়ি—কিছু লইবার জন্য আগ্রহাতিশয্য দেখান; হামাগুড়ি। দেশজ। বি।

হুর, হুরী—১। পরী। আর্বী 'হুর্' শব্দজ। ২। মাছ ধরিবার একপ্রকার ফাঁদ। দেশজ। বি।

হুল—সূক্ষ্মাগ্রভাগ; ভ্রমর বোলতা প্রভৃতির সূক্ষ্ম বেধনাস্ত্রবৎ অঙ্গ। 'অল' শব্দজ। বি।

হুলস্থুল, হুলস্থূল—গোলযোগ, গোলমাল। দেশজ। বি।

হুলা, হুলো—পুরুষজাতীয় মদ্দা বিড়াল। হোল (মুক্ত)+আ, ও বিশিষ্টার্থে। বিণ বা বি।

হুলাহুলী—স্ত্রীলোকদিগের মঙ্গলসূচক মুখ-শব্দ, হুলুধ্বনি। হুলু+ক কর্ত্তৃবা, স্ত্রি+ঙীপ্। বি; স্ত্রী।

হুলিয়া—পলাতক আসামীর চেহারার বর্ণনা। আর্বী 'হুলায়াহ্' শব্দজ। বি।

হুলু—স্ত্রীলোকদিগের মঙ্গলধ্বনি। 'হুলহুলী' শব্দজ। বি। [কোলাহল। দেশজ। বি।

হুল্লোড়—দলবদ্ধভাবে আমোদ-প্রমোদ ও

হুশিয়ার—মনোযোগী; চতুর; বিজ্ঞ; সতর্ক, সাবধান। ফার্সী 'হোশিয়ার' শব্দজ। বিণ।

হুশিয়ারী—সাবধানতা। ফার্সী 'হোশিয়ার' শব্দজ। বি।

হুহুঙ্কার(ংকা)র—হুঙ্কার। হুহুম্—কৃ+ঘঞ্ ভাববা। বি ; পুং।

হূ—অবজ্ঞা আহ্লাদ শোক গর্ব্ব প্রভৃতিসূচক শব্দ। দেশজ। অব্য।

হূঙ্কা(ংকা)র—'হূম' এই অবজ্ঞাসূচক শব্দ। হূম্—কৃ+ঘঞ্ ভাববা। বি ; পুং।

হূণ—অসভ্যজাতিবিশেষ। বি ; পুং।

হূত—১। আহূত। হ্বে+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, হূতা। ২। আহ্বান। হ্বে+ক্ত ভাববা। বি ; ক্লীব।

হৃৎ (—দ্)—বক্ষঃস্থল ; চিত্ত, মনঃ ; জীবস্থান। হৃ+কিপ্ কর্ম্মবা। বি ; ক্লীব।

হৃত—অপহৃত ; আকৃষ্ট ; আনীত ; ছিন্ন। হৃ+ক্ত কর্ম্মবা। বিণ। স্ত্রী, হৃতা।

হৃতসর্ব্ব(র্ব)স্ব—যাহার সমস্ত অপহৃত হইয়াছে এমন, যাহার সব হরণ করা হইয়াছে এমন। বহুব্রী। বিণ। স্ত্রী, —স্বা।

হৃৎকম্প—হৃৎস্পন্দন ; ভয়াদি হেতু হৃদয়ের দ্রুত স্পন্দন। হৃদের কম্প, ৬ষ্ঠীতৎ। বি ; পুং।

হৃৎকমল, —পদ্ম—(আরাধ্য দেবতার চরণ-স্থাপনোপযোগী) অন্তঃকরণরূপ পদ্ম। রূপক কর্ম্মধা। বি ; ক্লীব।

হৃৎপিঞ্জর—(স্নেহভাজনের বিষয় বা অন্য স্মর্ত্তব্য বিষয় আবদ্ধ করিয়া রাখিবার উপযোগী) মনোরূপ পিঞ্জর। রূপক কর্ম্মধা। বি ; ক্লীব।

হৃৎপিণ্ড—হৃদয়স্থিত রক্তাদির আধারস্থান। ৬ষ্ঠীতৎ বা কর্ম্মধা। বি ; পুং।

হৃদয়—বক্ষঃস্থল ; চিত্ত, মনঃ ; জীবস্থান। হৃ+কয়ন্ কর্ম্মবা (দ-আগম)। বি ; ক্লীব।

হৃদয়কন্দর—অন্তঃকরণরূপ গুহা। রূপক কর্ম্মধা। বি ; পুং বা ক্লীব।

হৃদয়গ্রাহী (—গ্রাহিন্)—মনোহারী, মনোজ্ঞ। হৃদয়—গ্রহ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —গ্রাহিণী। বি, —গ্রাহিতা।

হৃদয়ঙ্গ(ংগ)ম—হৃদ্য, হৃদয়গত, হৃদ্গত ; মনোগত ; উপযুক্ত ; মনোহর ; উপলব্ধ। হৃদয়—গম্+খচ্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —মা।

হৃদয়তন্ত্রী—(মধুরভাবে বা ভগবানের নামে ঝঙ্কৃত হইবার উপযোগী) অন্তঃকরণরূপ তার। রূপক কর্ম্মধা। বি ; স্ত্রী।

হৃদয়পট—(আরাধ্য দেবতা বা প্রীতি-ভাজনের মূর্ত্তি অঙ্কিত হইয়া থাকিবার উপযোগী) অন্তঃকরণরূপ বস্ত্র। রূপক কর্ম্মধা। বি ; পুং।

হৃদয়বল্লভ—প্রাণপ্রিয় ; পতি ; প্রেমাস্পদ। ৬ষ্ঠীতৎ। বি ; পুং, বা বিণ। স্ত্রী, —ভা।

হৃদয়বান্ (—বৎ)—মনস্বী ; সদন্তঃকরণ ; প্রশস্তমনাঃ। হৃদয় (অন্তঃকরণ)+মতুপ আছে অর্থে। বিণ। স্ত্রী, —বতী।

হৃদয়বিদারক—মর্ম্মান্তিক ; মর্ম্মভেদী, অতীব দুঃখজনক। ৬ষ্ঠীতৎ। বিণ। স্ত্রী, —রিকা।

হৃদয়ভেদী (—দিন্)—মর্ম্মান্তিক, মর্ম্ম-ঘাতী ; অতীব দুঃখজনক। হৃদয়—ভিদ্+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —দিনী।

হৃদয়মন্দির—(আরাধ্য দেবতা বা প্রেমাস্পদের স্থিতি-যোগ্য) অন্তঃকরণরূপ দেবালয়। রূপক কর্ম্মধা। বি ; ক্লীব।

হৃদয়রাণী—হৃদয়েশ্বরী, প্রিয়তমা। ৬ষ্ঠীতৎ। বি ; স্ত্রী।

হৃদয়সর্ব্ব(র্ব)স্ব—অন্তঃকরণের একমাত্র প্রভু ; প্রিয়তম। ৬ষ্ঠীতৎ। বি ; ক্লীব।

হৃদয়স্পর্শী (—র্শিন্)—মর্ম্মস্পর্শী ; যাহাতে অন্তঃকরণে করুণাবেগের সঞ্চার হয় এমন হৃদয়—স্পৃশ+ণিন্ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, —র্শিনী।

হৃদয়হীন—নির্দ্দয় ; কঠোর অন্তঃকরণ-বিশিষ্ট ; যাহার অন্তঃকরণে ভাবাবেগ নাই এমন। ৩য়াতৎ। বিণ। স্ত্রী, —না।

হৃদাকাশ—অন্তঃকরণরূপ গগন। রূপক কর্ম্মধা। বি ; ক্লীব।

হৃদি—হৃদয়। কবিপ্র। বি।

হৃদিপট—হৃদয়পট। কবিপ্র। বি।

হৃদিপদ্ম—হৃদয়কমল। কবিপ্র। বি।

হৃদ্গত—মনোগত; হৃদয়ঙ্গম; চিত্তস্থ। হৃৎকে গত, ২য়াতৎ। বিণ। স্ত্রী, –তা।

হৃদ্য—বাঞ্ছিত; হৃদয়ঙ্গম; মনোগত; হৃদ্গত; মনোজ্ঞ; প্রিয়। হৃদ্+যৎ প্রাপ্ত অর্থে। বিণ। স্ত্রী, হৃদ্যা।

হৃদ্যতা—প্রণয়, প্রেম; সদ্ভাব, সৌহার্দ্দ্য। হৃদ্য+তা ভাবে। বি; স্ত্রী।

হৃদ্রোগ—হৃৎপিণ্ডের দুর্ব্বলতাজনিত ব্যাধিবিশেষ (Heart-disease). হৃদের রোগ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হৃষিত—পুলকিত। হৃষ্+ক্ত ভাববা+ইত জাতার্থে। বিণ।

হৃষীকেশ—শ্রীবিষ্ণু, নারায়ণ; পরমাত্মস্বরূপ। হৃষীকের (ইন্দ্রিয়ের) ঈশ, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হৃষ্ট—আনন্দিত; প্রীত, সন্তুষ্ট; পুলকিত; মুদিত; প্রহসিত; বিস্মিত। হৃষ্+ক্ত কর্তৃবা। বিণ। স্ত্রী, হৃষ্টা।

হৃষ্টচিত্ত—১। প্রফুল্ল মন। কর্ম্মধা। বি; ক্লীব। ২। প্রফুল্ল-অন্তঃকরণবিশিষ্ট। বহুব্রী। বিণ। স্ত্রী, –ত্তা।

হৃষ্টপুষ্ট—মোটাসোটা; আনন্দিত ও বৃদ্ধিপ্রাপ্ত। হৃষ্টও যে পুষ্টও সে, কর্ম্মধা। বিণ। স্ত্রী, –ষ্টা।

হৃষ্টমনাঃ (–মনস্), –মনা—প্রফুল্লমনাঃ। বহুব্রী। বিণ।

হৃষ্টান্তঃকরণ—হৃষ্টচিত্ত (তাহা দ্রঃ)।

হৃষ্টি—হর্ষ, পুলক, আনন্দ; গর্ব্ব। হৃষ্+ক্তি ভাববা। বি; স্ত্রী।

হে—আহ্বানসূচক শব্দ, ওহে। হা+ডে ভাববা। অব্য।

হেঁ—হাঁ। দেশজ। অব্য।

হেঁচকা—১। ঝাঁকানি, হঠাৎ সজোরে আকর্ষণ। দেশজ। বি। ২। সহসা এবং সজোরে কৃত ('–টান')। দেশজ। বিণ।

হেঁচকী—হিক্কা। দেশজ। বি।

হেঁজিপেঁজি—তুচ্ছ, নগণ্য। দেশজ। বিণ।

হেঁট, হেট—অধঃকৃত; নম্র। 'অধস্তাৎ' শব্দজ। বিণ।

হেঁটমুখ—অধোবদন; লজ্জিত। বহুব্রী। বিণ। [সদৃশার্থে। প্রাদে। বিণ।

হেঁড়ে—হাঁড়ির মত, প্রকাণ্ড। হাঁড়ি+এ

হেঁতাল—হিন্তাল-বৃক্ষ। 'হিন্তাল' শব্দজ। বি। [শব্দজ। বি।

হেঁয়ালি—অস্পষ্টার্থ প্রশ্ন। 'হেমালিকা'

হেঁসেল—রন্ধনাগার, রান্নাঘর। 'হাঁড়িশাল' শব্দজ। বি। [দেশজ। বি।

হেঁসো—হাঁসুলি; কাস্তের ন্যায় অস্ত্র।

হেড—প্রধান; মাথা। ইং Head. বি বা বিণ। [বড়বাবু। ইং Head clerk. বি।

হেডক্লার্ক—প্রধান কেরাণী; আফিসের

হেডমাষ্টা(স্টা)র—প্রধান শিক্ষক। ইং Headmaster. বি।

হেতু—কারণ; প্রয়োজন; বীজ, মূল; অনুমতিসাধন; জ্ঞাপক; অলঙ্কারবিশেষ। হি+তুন্ কর্তৃবা। বি; পুং।

হেতুক—১। কারণ। হেতু+কন্ স্বার্থে। বি; পুং। ২। হেতু-সম্বন্ধীয়। হেতু+কন্ সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, –কা।

হেত্বাভাস—নিকৃষ্ট হেতু; প্রকৃত বিষয়ের বাস্তবিক সাধক না হইলেও আপাততঃ সাধক বলিয়া যাহাকে বোধ হয় তাহা; অসিদ্ধ ব্যভিচার বিরুদ্ধতা সৎপ্রতিপক্ষতা বাধ—এই পাঁচ হেতু-দোষ। হেতুর আভাস, ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হেথা—অত্র, এখানে। 'অত্র' শব্দজ। অব্য।

হেদান—খেদ প্রকাশ করা; প্রিয়জনের বিরহে কাতরতা প্রকাশ করা। বাং ক্রি।

হেদে—সম্বোধনসূচক অব্যয়, ওহে। প্রাদে। অব্য।

হেন—এমন, ঈদৃশ। কবিপ্র। অব্য।

হেনস্তা,–স্থা—দুর্দ্দশা; নাকাল অবস্থা। 'হীনাবস্থা' শব্দজ। বি।

হেনা—মেহেদি গাছ; একপ্রকার সুগন্ধি পুষ্প। আরবী 'হিনা' শব্দজ। বি।

হেপাজৎ—জিম্মা, তত্ত্বাবধান। আর্বী। বি

হেবা—দান। আর্বী। বি।

হেবানামা—দানপত্র। হেবা+নামা লিপি অর্থে। বি।

হেম, হেম (হেমন্)—স্বর্ণ, সুবর্ণ; কেশর; মাষকপরিমাণ। হি+ম, মনিন্ কর্তৃবা। বি; ক্লীব।

হেমকান্তি—১। স্বর্ণবর্ণ। ৬ষ্ঠীতৎ। বি; স্ত্রী। ২। স্বর্ণবর্ণযুক্ত। হেমের কান্তির ন্যায় কান্তি যাহার, বহুব্রী। বিণ।

হেমকার—স্বর্ণকার; সেকরা। হেম—কৃ+অণ্ কর্তৃবা। বি; পুং।

হেমন্ত—হিমসময়, হিমঋতু, কার্ত্তিক ও অগ্রহায়ণমাস (শাস্ত্রমতে অগ্রহায়ণ পৌষ); হিমালয়-পর্বত। হিমের অন্ত যাহাতে, বহুব্রী (নিপা); অথবা, হি+অন্ত (ঝচ্) কর্তৃবা (ম-আগম)। বি; পুং বা ক্লীব।

হেমময়—স্বর্ণময়, সোণায় গড়া। হেম+ময়ট্ বিকারার্থে। বিণ। স্ত্রী, —য়ী।

হেমাঙ্গ (গ)—স্বর্ণময় দেহবিশিষ্ট; স্বর্ণকান্তি। বহুব্রী। বিণ। স্ত্রী, —ঙ্গী, —ঙ্গিনী (বাং)।

হেমাদ্রি—সুমেরু-পর্বত। হেমের (স্বর্ণের) অদ্রি (পর্বত), ৬ষ্ঠীতৎ; বা, হেমময় অদ্রি, মধ্যপ কর্মধা। বি; পুং।

হেয়—ত্যাজ্য; তুচ্ছ। হা+যৎ কর্মবা। বিণ। স্ত্রী, হেয়া।

হেয়জ্ঞান—তাচ্ছীল্য; অবজ্ঞা। হেয় এইরূপ জ্ঞান, সুপ্সুপা। বি; ক্লীব।

হেরফের—গোলমাল; অদলবদল। ধ্বন্যাত্মক-মূলক। বি। [বি; পুং।

হেরম্ব—গণেশ। হে—রম্ব্+অচ্ কর্তৃবা।

হেরা—দেখা। কবিপ্র। ক্রি।

হেলঞ্চা—হিলমোচিকা, হেলাঞ্চা, জলজ তিক্ত শাকবিশেষ। হেল—চি+ড কর্তৃবা+আপ্ (নিপা)। বি; স্ত্রী।

হেলন—অসম্মান, অবজ্ঞা; অনাদর। হেড্+অনট্ ভাববা। বি; ক্লীব।

হেলা—১। অবহেলা; অবজ্ঞা; অবলীলা। হেড্+অ ভাববা+আপ্। ২। লীলা, স্ত্রীলোকের ভাববিশেষ। হিল্+অ ভাববা+আপ্। বি; স্ত্রী। ৩। ঝুঁকিয়া পড়া; ঠেস দেওয়া। বাং ক্রি।

হেলাঞ্চ—হিংচাশাক। 'হেলঞ্চা' শব্দজ। বি।

হেলান—১। বক্র করা; দোলান। বাং ক্রি। ২। ঠেস। হেল্+আন ভাববা। বি।

হেলাফেলা—১। তুচ্ছ-তাচ্ছীল্যকরণ। বি। ২। তুচ্ছ-তাচ্ছীল্যের উপযোগী। দেশজ। বিণ।

হেলে—১। হেলিয়া, বাঁকিয়া। বাং অস-ক্রি। ২। লাঙ্গল-আকর্ষণকারী। বিণ। ৩। হালের বলদ। হাল+এ আকর্ষণকারী অর্থে। ৪। নির্বিষ সর্পবিশেষ। দেশজ। বি।

হেলেঞ্চা—হিংচা (তাহা দ্রঃ)।

হেষানি—ঘোড়ার ডাক ("তোমারে দেখিয়া বাজী জানাবে হেষানি"—ঘনরাম)। প্রাঃ কবিপ্র। বি।

হেস্তনেস্ত—চরম; চূড়ান্ত নিষ্পত্তি, শেষ মীমাংসা। ফার্সী 'হস্ত্ নিস্ত্' শব্দজ। বি।

হৈ—সম্বোধন; আহ্বান; নিষেধ; পাদ-পূরণার্থ শব্দ। হা+ডৈ ভাববা। অব্য।

হৈচৈ—কোলাহল, গোলমাল। দেশজ। বি।

হৈম—১। হেম-সম্বন্ধীয়; হিরণ্ময়। হেমন্+অণ সম্বন্ধার্থে, বিকারার্থে। বিণ। স্ত্রী, হৈমী। ২। হিমভব জল, শিশির। হিম+অণ্ ভবার্থে। বি; ক্লীব।

হৈমদ্যুতি—স্বর্ণকান্তি। কর্মধা। বি; স্ত্রী।

হৈমন্তিক—১। শালি ধান্য, আমন ধান। বি; ক্লীব। ২। হিমকালীন; হেমন্তসম্বন্ধীয়। হেমন্ত+ইক ভবার্থে, সম্বন্ধার্থে। বিণ। স্ত্রী, —কী।

হৈমবতী—গৌরী, দুর্গা; গঙ্গা। হিমবৎ+অণ অপত্যার্থে, ভবার্থে+ঈপ্। বি; স্ত্রী।

হৈহয়, হৈহেয়—দেশবিশেষ; তদ্দেশীয় রাজা কার্ত্তবীর্য্য। হৈহয়, হৈহেয়+অণ্ তদধিপতি অর্থে। বি; পুং।

হো—সম্বোধনসূচক শব্দ; আহ্বান; সম্বোধন; বিস্ময়। হা+ডো ভাববা। অব্য।

হোগল, হোগলা—একপ্রকার উদ্ভিদ;

ঐ উদ্ভিদের পাতায় নির্ম্মিত ছই। দেশজ। বি। ['উচ্চাট' শব্দজ। বি।

হোচট, হোঁচট—পায়ে ঠোক্কর লাগা।

হোটেল—মূল্যদান করিয়া ভোজন করিবার কিংবা আহার ও বাস করিবার স্থান। ইং Hotel. বি।

হোড়, হোঢ়—১। হুড় বা ভড় নৌকা; মৌলিক কায়স্থের উপাধিবিশেষ। হোড়্ + ঘঞ্ করণবা; ২য় পক্ষে ড়-স্থানে ঢ। বি; পুং। ২। কাদাময়; জলময়; একাকার; বিশৃঙ্খল। দেশজ। বিণ।

হোতা (হোতৃ)—১। পুরোহিত; যজ্ঞাদিস্থলে ঋক্প্রয়োক্তা; ঋগ্-বেদজ্ঞ; যজমান। বি; পুং। ২। যজ্ঞকর্ত্তা। হু + তৃন্ কর্তৃবা। বিণ। স্ত্রী, হোত্রী। [বিণ।

হোৎকা—মূর্খ, গোঁয়ার; মোটা। দেশজ।

হোত্র—১। হোম। হু + ত্রন্ ভাববা। ২। হবিঃ, যজ্ঞের ঘৃত। হু + ত্রন্ করণবা। বি; ক্লীব।

হোত্রী (হোত্রিন্)—হোমকারক, যাজ্ঞিক। হোত্র + ইন আছে অর্থে। বি; পুং। [বিণ; স্ত্রী।

হোত্রী—যজ্ঞকারিণী। হোতৃ + ঈপ্। বি বা

হোথা—সেখানে, ওখানে। প্রাদে। অব্য।

হোদল—ভুঁড়েল, স্থূলোদর। দেশজ। বিণ।

হোম—দেবোদ্দেশে মন্ত্রোচ্চারণপূর্ব্বক অগ্নিতে ঘৃতাদি-ক্ষেপণ; মন্ত্রপাঠপূর্ব্বক শ্রাদ্ধীয় অগ্রভাগ শ্রাদ্ধীয় ব্রাহ্মণকে দান। হু + ম ভাববা। বি; পুং। [ক্লীব।

হোমকুণ্ড—যজ্ঞার্থ কুণ্ড। ৬ষ্ঠীতৎ। বি;

হোমরা ই-চোমরা ই—মাতব্বরি, আস্ফালন। বি।

হোমরা-চোমরা—সম্ভ্রান্ত; জাঁকজমকশালী; মাতব্বর। আর্বী 'আমীর উমরাহ্' শব্দজ। বিণ।

হোমাগ্নি, হোমানল—যজ্ঞের আগুন। ৬ষ্ঠীতৎ। বি; পুং।

হোমিওপ্যাথি—হানিমান সাহেবের উদ্ভাবিত সদৃশবিধান চিকিৎসা-প্রণালী। ইং Homoeopathy. বি।

হোমী (-মিন্)—যজ্ঞকারী। হোম + ইন্ আছে অর্থে। বিণ। স্ত্রী, -মিনী।

হোয়, হোয়ে—হইয়া থাকে; হয়। প্রাঃ কবিপ্র। ক্রি।

হোরা—লগ্ন, আড়াইদণ্ড-পরিমিত কাল; ইংরাজী এক ঘণ্টা; রাশিপরিমাণের অর্দ্ধাংশ; রেখা-শাস্ত্রবিশেষ। হোড়্ + অচ্ কর্তৃবা + আপ্ (ড-স্থানে র), বা হু + রন্ অধিবা + আপ্। বি; স্ত্রী।

হোরাবিজ্ঞান—জ্যোতিষিক কালনিরূপণাত্মক শাস্ত্র। মধ্যপ কর্ম্মধা। বি; ক্লীব।

হোরি—হোলী। হিন্দী। বি।

হোলি, হোলী—দোলযাত্রা, বসন্তোৎসব। 'হোলাকা' শব্দজ। বি।

হোশ—বুদ্ধি; চৈতন্য, জ্ঞান। ফার্সী। বি।

হৌজ—চৌবাচ্চা; ক্ষুদ্র জলাশয়; পুকুর। আর্বী। বি।

হৌস—বাণিজ্যাগার; বণিক্-সমবায়। ইং House. বি। [বিণ।

হ্যাংলা—অতিলোভী; জঘন্য। দেশজ।

হ্যাঁ—সম্মতিসূচক শব্দ, হাঁ। দেশজ। অব্য।

হ্যাগা—প্রশ্নার্থ সম্বোধনসূচক শব্দ। দেশজ। অব্য। [দেশজ। বিণ।

হ্যাচকা—হঠাৎ জোরে আকৃষ্ট, ঝটকা

হ্যাচকান—ঝটকা মারা, হঠাৎ জোরে টানা। বাং ক্রি।

হ্যাট—সাহেবদিগের পরিধেয় টুপি। ই Hat. বি। [note. বি

হ্যাণ্ডনোট—ঋণস্বীকারপত্র। ইং Hand

হ্যাদান—ব্যাকুল হওয়া; শোকে অধী হওয়া। প্রাঃ কবিপ্র। ক্রি।

হ্রদ—অকৃত্রিম সুবৃহৎ জলাশয়। হ্রাদ্ + অ কর্তৃবা (নিপা)। বি; পুং।

হ্রস্ব—১। লঘু, ক্ষুদ্র, খর্ব্ব, ছোট, খাটো বিণ। স্ত্রী, হ্রস্বা। ২। একমাত্রা-কালোচ্চা স্বরবর্ণ; বামন, বেঁটে। বি; পুং।

পরিমাণবিশেষ। হ্রস্‌+বন্‌ কর্ত্তৃবা। বি; ক্লীব।

হ্রস্বতা, -ত্ব—খর্ব্বতা, ক্ষুদ্রতা; লঘুতা। হ্রস্ব+তা, ত্ব ভাববা। বি; স্ত্রী, ক্লীব।

হ্রস্বতেজাঃ (-তেজস্‌), -তেজা—ক্ষীণদীপ্তিবিশিষ্ট। হ্রস্ব তেজঃ (তেজস্) যাহার, বহুব্রী। বিণ। [বহুব্রী। বিণ।

হ্রস্বদীপ্তি—ক্ষীণজ্যোতিঃ, হ্রস্বতেজাঃ।

হ্রস্বদীর্ঘ-জ্ঞান—সাধারণ জ্ঞান; সামান্য-মাত্র বিদ্যা। হ্রস্ব ও দীর্ঘ, দ্বন্দ্ব; তাহার জ্ঞান, ৬ষ্ঠীতৎ। বি; ক্লীব।

হ্রাস—ক্ষয়, ক্ষীণতা; অল্পতা। হ্রস্‌+ঘঞ্‌ ভাববা। বি; পুং।

হ্রাসপ্রাপ্ত—ক্ষয়প্রাপ্ত; যাহা কমিয়া গিয়াছে এমন। ২য়াতৎ। বিণ। স্ত্রী, -প্তা।

হ্রাসবৃদ্ধি—কমতি ও বাড়তি। দ্বন্দ্ব। বি; স্ত্রী। [ভাববা। বি; স্ত্রী।

হ্রী—ব্রীড়া, ত্রপা, লজ্জা। হ্রী+ক্বিপ্‌

হ্রেষা—অশ্বধ্বনি, ঘোটকের শব্দ, ঘোড়ার ডাক। হ্রেষ্‌+অ ভাববা+আপ্‌। বি; স্ত্রী।

হ্লাদ, হ্লাদন—আহ্লাদ, আনন্দ। হ্লাদ্‌+ঘঞ্‌, অনট্‌ ভাববা। বি; পুং; ক্লীব। বিণ, হ্লাদিত।

হ্লাদিনী—১। বজ্র; বিদ্যুৎ; ঈশ্বরের শক্তি-বিশেষ যাহা হইতে শ্রীরাধার উৎপত্তি। 'হ্রাদিনী' শব্দের র-স্থানে ল। বি; স্ত্রী। ২। আহ্লাদযুক্তা। হ্লাদিন্‌+ঈপ্‌। বিণ; স্ত্রী।

হ্লাদী (হ্লাদিন্‌)—আহ্লাদযুক্ত। হ্লাদ্‌+ইন্‌ আছে অর্থে, বা হ্লাদ্‌+ণিন্‌ কর্ত্তৃবা। বিণ। স্ত্রী, -দিনী।

আদর্শ বাঙ্গলা অভিধান

চরিতাবলী

অ

অংশুমান্—(রামায়ণ) সূর্য্যবংশীয় রাজা সগরের পৌত্র এবং অসমঞ্জের পুত্র। সগরের পর ইনি রাজা হন।

অক্টারলোনি, স্যার ডেভিড (Ochterlony, Sir David)—(১৭৫৮—১৮২৫ খৃঃ)। ইনি ১৮ বৎসর বয়সে সৈন্য-রূপে ভারতে আসেন। ১৮১৪ ও ১৮১৫ খৃষ্টাব্দের যুদ্ধে ইনি নেপাল-সেনাপতি অমরসিংহকে পরাজিত করেন।

অক্রূর—বৃষ্ণিবংশজাত জনৈক সাধুপুরুষ। কংস ধনুর্যজ্ঞের অনুষ্ঠান করিয়া শ্রীকৃষ্ণ ও বলরামকে আনিবার জন্য ইহাকে বৃন্দাবনে প্রেরণ করিয়াছিলেন। শ্রীকৃষ্ণের মায়ায় যখন যদুবংশ নির্ম্মূল হয়, তখন ইঁহারও দেহাবসান ঘটে।

অক্ষয়কুমার দত্ত—(১৮২০—১৮৮৬ খৃঃ)। জন্মস্থান নদীয়া জেলার চুপীগ্রাম। পিতা পীতাম্বর দত্ত, মাতা দয়াময়ী। পৌত্র ৺কবি সত্যেন্দ্রনাথ দত্ত। প্রথমে ইনি শিক্ষকতা করিতেন। পরে 'তত্ত্ববোধিনী'-পত্রিকার সম্পাদনতার প্রাপ্ত হন (১৮৪৩ খৃঃ)। ইনি ব্রাহ্ম-ধর্ম্মাবলম্বী ছিলেন। তিন ভাগ 'চারু-পাঠ', দুই ভাগ 'ভারতবর্ষীয় উপাসক-সম্প্রদায়', 'পদার্থবিদ্যা', 'বাহ্যবস্তুর সহিত মানব-প্রকৃতির সম্বন্ধ-নির্ণয়', 'ধর্ম্মনীতি' প্রভৃতি গ্রন্থ ইঁহার রচিত।

অক্ষয়কুমার বড়াল—(১৮৬৫—১৯১৮ খৃঃ)। জন্মস্থান কলিকাতা চোরবাগান। পিতা কালীচরণ বড়াল। 'রজনীর মৃত্যু', 'প্রদীপ', 'কনকাঞ্জলি', 'এষা' এবং 'ভুল'-নামক কাব্যগ্রন্থগুলি ইনি রচনা করেন।

অক্ষয়কুমার মৈত্রেয়, বি-এল, সি-আই-ই—(১৮৬২—১৯৩০ খৃঃ)। জন্মস্থান নদীয়া জেলার অন্তর্গত শিমলা গ্রাম। ইনি রাজসাহীতে ওকালতি করিতেন। ইনি ইঁহার রচিত 'সিরাজউদ্দৌলা'-গ্রন্থে বা প্রমাণ-প্রয়োগ দ্বারা সিরাজ-চরিত্রের দোষ ক্ষালন এবং অন্ধকূপহত্যা অমূলক বলিয়া প্রতি পাদন করিয়াছেন। ইনি একজন প্রসি সাহিত্যিক ও প্রত্নতত্ত্ববিদ্।

অক্ষয়চন্দ্র সরকার, বি-এল—(১৮৪ —১৯১৭ খৃঃ)। জন্মভূমি হুগলী জেল

চুঁচুড়া। ইনি 'বঙ্গদর্শনের' একজন নিয়মিত লেখক ছিলেন। ইঁহার রচিত 'প্রাচীন-কাব্য-সংগ্রহ', 'কবি হেমচন্দ্র', 'মহাপূজা', 'সনাতনী', 'রূপক ও রহস্য' প্রভৃতি বহু পুস্তক আছে।

অগস্ত্য—(পুরাণ) মিত্রাবরুণের বীর্য্যে যজ্ঞকুণ্ড হইতে ইঁহার উদ্ভব হয়। ইনি বাতাপি-নামক দানবকে উদরস্থ করিয়া জীর্ণ করেন। ইনি দেবগণের অনুরোধে এক গণ্ডূষে সমুদ্র শোষণ করিলে দেবগণ সমুদ্রগর্ভে লুক্কায়িত কালকেয়-নামক দৈত্যগণকে নিহত করেন। ইঁহার অভিশাপে রাজা নহুষ সর্পরূপ প্রাপ্ত হইয়াছিলেন। ইনি বিন্ধ্যপর্ব্বতের গুরু। সূর্য্যের গতিরোধকারী বিন্ধ্যপর্ব্বত ইঁহাকে প্রণাম করিলে ইনি তাঁহাকে নিজের প্রত্যাবর্ত্তনকাল পর্য্যন্ত তদবস্থায় থাকিতে বলিয়া ভাদ্রের প্রথম দিনে চিরতরে দক্ষিণাপথে গমন করেন।

অগাস্টাস কেয়াস অক্টেভিয়ানাস (Augustus Caius Octavianus) (খৃঃ পূঃ ৬৩—১৪ খৃঃ)। খৃঃ পূঃ ৩০ অব্দে ইনি রোমের সম্রাট্ হন। ইঁহার সময়ে রোম সর্ব্ববিষয়ে উন্নত হইয়াছিল।

অগাস্টিন, সেণ্ট (Augustine, St.)—বিখ্যাত খৃষ্টান ধর্ম্মযাজক। ইনি ৫৯৭ খৃষ্টাব্দে পোপ গ্রেগরি দি গ্রেট কর্ত্তৃক খৃষ্টান-ধর্ম্ম-প্রচারের জন্য ব্রিটেনে প্রেরিত হন। ইনি রাজা ইথেলবার্টকে খৃষ্টধর্ম্মে দীক্ষিত করেন এবং পরে ক্যাণ্টারবারির প্রথম আর্চবিশপ হন। ৬০৪ খৃষ্টাব্দে ইঁহার মৃত্যু হয়।

অগ্নি—(পুরাণ) মহাভারত-মতে ধর্ম্মের ঔরসে বসু-ভার্য্যার গর্ভে অগ্নির জন্ম হয়। ইঁহার পত্নীর নাম স্বাহা। ইনি পূর্ব্ব-দক্ষিণ কোণের অধিপতি এবং পিতৃলোকাধিপতি।

অচিন্ত্য সেনগুপ্ত—একজন নবীন সাহিত্যিক। ইনি প্রথমে মুনসেফ ছিলেন।

অচ্যুত পট্টবর্দ্ধন, এম-এ—জন্ম ১৯০৫। ১৯৩২ খৃঃ কংগ্রেস আন্দোলনে যোগদান করেন। সমাজতন্ত্রী-দল প্রতিষ্ঠাতাদের ইনি অন্যতম।

অজাতশত্রু—মগধের শিশুনাগ-বংশীয় বিখ্যাত নৃপতিবিশেষ। ইঁহার পিতার নাম বিম্বিসার। ইনি প্রথমে হিন্দু ছিলেন, পরে বৌদ্ধ হন। খৃঃ পূঃ পঞ্চম শতকে ইনি বর্ত্তমান ছিলেন। ইনিই বিখ্যাত মগধ-সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। [চিন্তাশীল লেখক।

অতুল গুপ্ত—বিশিষ্ট আইন ব্যবসায়ী ও

অতুলপ্রসাদ সেন—(১২৭৮—১৩৪১ বঙ্গাব্দ)। বিখ্যাত গীতি-রচয়িতা কবি। ইঁহাকে 'চারণ-কবি' বলা হয়। 'কয়েকটি গান' নামক পুস্তক ইঁহার রচিত। ইনি একজন ব্যারিষ্টার ও 'উত্তরা'-পত্রিকার সম্পাদক ছিলেন।

অত্রি—(পুরাণ) সপ্তর্ষির অন্যতম সংহিতাকার ঋষি। সোম, দত্তাত্রেয় ও দুর্ব্বাসা ইঁহার পুত্র।

অদ্বৈত—শ্রীচৈতন্যদেবের সহচর প্রসিদ্ধ বৈষ্ণব। জন্মস্থান শ্রীহট্ট জেলার নবগ্রাম। ইঁহার পিতা কুবের তর্কপঞ্চানন নদীয়া জেলার শান্তিপুরে আসিয়া বাস করেন। ইনি বৈষ্ণব সমাজে মহাবিষ্ণুর অবতার বলিয়া খ্যাত।

অদ্বৈতদাস বাবাজী (পণ্ডিত বাবাজী)—(১২৬৮—১৩৩৬ বঙ্গাব্দ) প্রসিদ্ধ বৈষ্ণব ও কীর্ত্তনগায়ক। জন্মস্থান পাবনা জেলার চড়িয়াগ্রাম। পূর্ব্বাশ্রমের নাম ভীমকিশোর রক্ষিত। বাঙ্গালার প্রায় সকল কীর্ত্তনগায়ক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ইঁহার ছাত্র।

অনন্ত—(পুরাণ) পাতালের সর্পরাজ। পিতা কশ্যপ, মাতা কদ্রু। ইঁহার অসংখ্য ফণা।

অনন্তদাস—প্রসিদ্ধ বৈষ্ণব পদকর্ত্তা। ইনি খৃষ্টীয় ষোড়শ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন বলিয়া পণ্ডিতগণের অনুমান।

অনসূয়া—অত্রিমুনির পত্নী। পিতা দক্ষ প্রজাপতি, মাতা প্রসূতি (মতান্তরে পিতা কর্দ্দম, মাতা দেবহূতি)।

অনিরুদ্ধ—শ্রীকৃষ্ণের পৌত্র ও প্রদ্যুম্নের পুত্র।

অনুরূপা দেবী—উপন্যাস সম্রাজ্ঞী। পিতা রায় মুকুন্দদেব মুখোপাধ্যায় বাহাদুর, পিতামহ প্রসিদ্ধ গ্রন্থকার ভূদেব মুখোপাধ্যায় এবং স্বামী শ্রীযুক্ত শেখরনাথ বন্দ্যোপাধ্যায়, এম্‌-এ, বি এল্‌ (উকীল, মজঃফরপুর)। 'পোষ্যপুত্র', 'মন্ত্রশক্তি', 'মা', 'মহানিশা' প্রভৃতি বহু উপন্যাস-গ্রন্থ প্রণয়ন করিয়া ইনি যশস্বিনী হইয়াছেন।

অন্নপূর্ণা—(পুরাণ) ভগবতী অন্নপূর্ণা-রূপ পরিগ্রহ করিয়া কাশীতে জগতের লোককে অন্নদান করেন। চৈত্রমাসের শুক্লা অষ্টমীতে অন্নপূর্ণার পূজা হইয়া থাকে।

অবনীন্দ্রনাথ ঠাকুর—প্রসিদ্ধ চিত্রশিল্পী ও শিশু-সাহিত্যিক। ১৮৭১ খৃষ্টাব্দে কলিকাতার বিখ্যাত ঠাকুর-পরিবারে ইঁহার জন্ম হয়। ইঁহার পিতা গুণেন্দ্রনাথ ঠাকুর (রবীন্দ্রনাথের খুল্লতাত)। 'ভারতশিল্প', 'রাজকাহিনী', 'ক্ষীরের পুতুল' প্রভৃতি পুস্তক ইনি প্রণয়ন করিয়াছেন। ইনি ১৯০৫ হইতে ১৯১৬ খৃষ্টাব্দ পর্য্যন্ত গভর্ণমেণ্ট আর্ট স্কুলের সহকারী অধ্যক্ষ এবং কিছুকাল অধ্যক্ষ ছিলেন। পাশ্চাত্ত্য চিত্রকলা সম্বন্ধে ইনি সিনর গিলহার্ডির নিকট বিশেষ শিক্ষালাভ করেন। পরে ইনি ভারতীয় প্রাচীন চিত্রকলার প্রতি আকৃষ্ট হন।

অভিমন্যু—(মহাভারত) তৃতীয় পাণ্ডব অর্জ্জুনের পুত্র।

অমরসিংহ—১। উজ্জয়িনীর রাজা বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম। ইনি 'অমরকোষ'-নামক অভিধান প্রণয়ন করিয়াছেন। ২। রাজপুত-বীর প্রতাপসিংহের পুত্র। ইনি মোগল-সম্রাট্‌ জাহাঙ্গীরের সহিত সন্ধি করেন। ৩। গুর্খা সেনাপতি। ১৮১৪-১৫ খৃষ্টাব্দে ইনি স্যার অক্টার্লোনির নিকট পরাজিত হন।

অমৃত কাউর, রাজকুমারী—জন্ম ১৮৮৭ খৃঃ। পাতিয়ালার ভূতপূর্ব্ব রাজা হরনাম সিংহের কন্যা। ইনি বিলাতে শিক্ষালাভ করেন। ইনি মহিলা-আন্দোলনের একজন প্রবর্ত্তয়িত্রী এবং টেনিস খেলায় সুদক্ষা। ১৯৪২ খৃঃ ইনি অন্তরীণ হন। বর্ত্তমানে ইনি ভারতের স্বাস্থ্য-সচিব।

অমৃতলাল বসু, রসরাজ—(১২৬০—১৩৩৬ বঙ্গাব্দ)। কলিকাতার প্রসিদ্ধ অভিনেতা ও নাট্যকার। ইনি নানাশাস্ত্রে সুপণ্ডিত, সুবক্তা এবং সুরসিক ছিলেন। ইঁহার রচিত পুস্তকগুলির মধ্যে 'বিজয়বসন্ত', 'হরিশ্চন্দ্র' ও 'তরুবালা' এবং 'বিবাহবিভ্রাট', 'অবতার', 'খাসদখল', 'ব্যাপিকা বিদায়', 'যাজ্ঞসেনী', 'বন্দে মাতরম্‌' প্রভৃতি বিশেষ প্রসিদ্ধ।

অরবিন্দ ঘোষ—(১৮৭২—১৯৫০ খৃঃ)। কলিকাতায় ইঁহার জন্ম। পিতা বিলাত-ফেরত ডাক্তার কে, ডি, ঘোষ (I. M. S.) এবং মাতামহ রাজনারায়ণ বসু। ১৯০৮ খৃষ্টাব্দে ইনি বিপ্লববাদীর দলভুক্ত বলিয়া অভিযুক্ত হন, কিন্তু বিচারে নির্দ্দোষ প্রতিপন্ন হন। তাহার কিছুকাল পরে ইনি পণ্ডিচেরীতে গমনপূর্ব্বক ভগবৎচিন্তায় এবং দর্শনালোচনায় আত্মনিয়োগ করেন। ইঁহার ন্যায় অধ্যাত্মবিজ্ঞানবেত্তা ও দার্শনিক পণ্ডিত বিরল।

অরুন্ধতী—(পুরাণ) বশিষ্ঠ-পত্নী।

অর্জ্জুন—(মহাভারত) ইন্দ্রের তেজে কুন্তীর গর্ভে ইঁহার জন্ম হয়।

অলিম্পাস (Olympus)—জুপিটারের অন্য নাম। অলিম্পাস পর্ব্বতে ইঁহার সিংহাসন প্রতিষ্ঠিত ছিল।

অশোক—মগধের বিখ্যাত সম্রাট্‌। পিতা বিন্দুসার, পিতামহ চন্দ্রগুপ্ত, মাতা সুভদ্রাঙ্গী রাজত্বকাল আনুমানিক খৃঃ পূঃ ২৭৩—২৩২ অব্দ। ইনি উপগুপ্ত-নামক বৌদ্ধ সন্ন্যাসী নিকট বৌদ্ধধর্ম্মে দীক্ষিত হইয়া রাজ্যবিজয়ে পরিবর্ত্তে 'ধর্ম্মবিজয়ে' আত্মনিয়োগ করেন।

অশ্বঘোষ—প্রসিদ্ধ বৌদ্ধ কবি। ইনি খৃঃ প্রথম শতাব্দীর শেষভাগে জন্মগ্রহণ কর

এবং মহারাজ কনিষ্কের সভাকবি হন। ইঁহার রচিত গ্রন্থগুলির মধ্যে 'বুদ্ধচরিতম্', 'মহাযান-শ্রদ্ধোৎপাদশাস্ত্রম্' প্রভৃতি পুস্তক শ্রেষ্ঠ। ইনি একাধারে কবি, দার্শনিক ও সঙ্গীতজ্ঞ ছিলেন।

অশ্বত্থামা—(মহাভারত) দ্রোণাচার্য্যের পুত্র। মাতার নাম কৃপী। ইনি অমর।

অশ্বিনীকুমার—(পুরাণ) ঘোটকীরূপ-ধারিণী সংজ্ঞার গর্ভে অশ্বরূপধারী সূর্য্যের ঔরসে জাত স্বর্গবৈদ্যদ্বয়।

অশ্বিনীকুমার দত্ত—(১৮৫৬—১৯২৩ খৃঃ)। জন্মস্থান বরিশাল। ইনি বরিশালের প্রসিদ্ধ জননেতা, সাহিত্যিক, রাজনীতিক এবং অধ্যাপক। পিতা ব্রজমোহন দত্ত। ১৯০৫ খৃষ্টাব্দে ইনি বঙ্গভঙ্গ আন্দোলনে যোগদান করেন এবং ১৯০৭ খৃষ্টাব্দে দ্বীপান্তরিত হন। কিন্তু অল্পকাল পরেই ইনি মুক্তিলাভ করেন। ইঁহার প্রণীত 'ভক্তিযোগ', 'প্রেম' ও 'দুর্গোৎসব-তত্ত্ব'-নামক পুস্তকত্রয় অপূর্ব্ব ধর্ম্মজ্ঞান ও আধ্যাত্মিকতার উৎস।

অষ্টাবক্র—(পুরাণ) প্রকৃত নাম দেবল। ইনি মহর্ষি অসিতের পুত্র। মতান্তরে ইনি মহর্ষি উদ্দালকের শিষ্য কাহোড়ের পুত্র। ইনি রাজর্ষি জনককে যে উপদেশ প্রদান করিয়াছিলেন তাহাই 'অষ্টাবক্র-সংহিতা' নামে খ্যাত।

অস্কার, ওয়াইল্ড (Oscar, Wilde)—(১৮৫৬—১৯০০ খৃঃ)। প্রসিদ্ধ আইরিশ নাট্যকার, কবি ও গল্পলেখক। 'Lady Windermerie's Fan', 'A Woman of No Importance' প্রভৃতি ইঁহার রচিত গ্রন্থ।

অহল্যা—(রামায়ণ) মহর্ষি গৌতমের পত্নী। স্বামীর শাপে ইনি পাষাণমূর্ত্তিতে পরিবর্ত্তিত হন।

অহল্যা বাঈ—(১৭৩৫—১৭৯৫ খৃঃ)। মলহররাও হোলকারের পুত্র কুন্দ রাওয়ের পত্নী। ইঁহার মল্লরাও নামে এক পুত্র ছিল। উনিশ বৎসর বয়সে ইনি বিধবা হন এবং তাহার এগার বৎসর পরে ইঁহার শ্বশুরও লোকান্তরিত হন। অতঃপর নয়মাস রাজত্ব করিবার পর মল্লরাও মারা যান। তখন অহল্যা স্বয়ং রাজ্যভার গ্রহণ করেন। কাশীর অন্নপূর্ণার মন্দির, কলিকাতা হইতে কাশীধাম পর্য্যন্ত রাজপথ এবং গয়ার বিষ্ণুপদমন্দির—এই তিনটি ইঁহার প্রধান কীর্ত্তি।

অ্যাকিলিজ (Achilles)—গ্রীক্ পুরাণে বর্ণিত অজেয় বীর। ট্রোজান-যুদ্ধে প্যারিস কর্ত্তৃক ইনি নিহত হন।

অ্যাটালাণ্টা (Atalanta)—স্কাইরসের রাজা সিনসের কন্যা। ইনি ডায়েনা দেবীর উপদেশে এই প্রতিজ্ঞা করেন যে, যে ইঁহাকে দৌড়ে হারাইতে পারিবে, তাহাকেই ইনি বিবাহ করিবেন। মিল্যানিয়ন নামে একজন গ্রীক যুবক দৌড়াইবার কালে পথে ভেনাস-প্রদত্ত স্বর্ণময় আপেল ফেলিয়া ইঁহাকে পরাস্ত করিলে, ইনি তাঁহাকে বিবাহ করেন।

অ্যাণ্টনি, মার্ক (Antony, Mark)—(আনুমানিক ৮৩—৩০ খৃঃ পূঃ)। বিখ্যাত রোমক সেনাপতি ও ত্রি-শাসকবর্গের অন্যতম। ইনি আত্মহত্যা করেন।

অ্যাণ্টনি, সেণ্ট (Antony, St.)—(আনুমানিক ২৫১—৩৫৬ খৃষ্টাব্দ)। প্রসিদ্ধ খৃষ্টান সন্ন্যাসী। ১৭ই জানুয়ারী ইঁহার পর্ব্ব-দিন।

অ্যান (Queen Anne)—(১৬৬৫—১৭১৪ খৃঃ)। ইংলণ্ডের রাজা দ্বিতীয় জেম্‌সের কন্যা। পিতার মৃত্যুর পর ১৭০২ খৃষ্টাব্দে ইনি ইংলণ্ডের সিংহাসন লাভ করেন।

অ্যাপলো (Apollo)—সূর্য্যদেব বলিয়া গ্রীক্ ও রোমানরা ইঁহার পূজা করিতেন। ইনি সঙ্গীত ও কাব্যের দেবতা।

অ্যারিস্টট্ল (Aristotle)—(খৃঃ পূঃ ৩৮৪—৩২২ অব্দ)। প্রসিদ্ধ গ্রীক্ পণ্ডিত। গ্রীসের তৎকালীন শ্রেষ্ঠ পণ্ডিত প্লেটো ইঁহার অধ্যাপক। খৃঃ পূঃ ৩৪৭ অব্দে ইনি মহাবীর আলেকজাণ্ডারের শিক্ষক নিযুক্ত হন। ইঁহার

প্রণীত গ্রন্থসমূহ জ্ঞানের অক্ষয় ভাণ্ডার-স্বরূপ।

অ্যারিস্টোফেনিস (Aristophanes) —(খৃঃ পূঃ ৪৪৮—৩৮৮ অব্দ)। গ্রীসের সর্ব্বশ্রেষ্ঠ প্রহসন-রচয়িতা। ইঁহার গ্রন্থগুলি গ্রীসের তৎকালীন রাজনীতি ও সমাজনীতির বিরুদ্ধে ব্যঙ্গোক্তিতে পূর্ণ। ইঁহার রচিত 'ক্লাউড্‌স্'-নামক নাটকখানি সুধীসমাজে খুবই সমাদৃত।

আ

আইনস্টাইন, আলবার্ট্ (Einstein, Albert)—জন্ম ১৮৭৯ খৃষ্টাব্দে জার্ম্মানীর উলম-নামক স্থানে। ইনি জাতিতে ইহুদী। ইনি আপেক্ষিক-তত্ত্ব (Theory of Relativity) ও মাধ্যাকর্ষণ সম্বন্ধে নূতন তত্ত্ব আবিষ্কার করিয়া বিজ্ঞানজগতে যুগান্তর আনয়ন করিয়াছেন।

আইভ্যান দি গ্রেট (Ivan the Great)—(১৪৪০—১৫০৫ খৃঃ)। রুষ-সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা।

আউলিয়া মনোহর দাস—খৃষ্টীয় ষোড়শ শতাব্দীর প্রসিদ্ধ বৈষ্ণব পদরচয়িতা ও সঙ্কলয়িতা। ইনি 'পদ-সমুদ্র'-নামক গ্রন্থ সঙ্কলন ও 'দিনমণি চন্দ্রোদয়'-নামক গ্রন্থ প্রণয়ন করেন।

আওরঙ্গজেব—(১৬১৮—১৭০৭ খৃঃ)। সম্রাট্ শাহ্‌জাহানের ষষ্ঠ পুত্র। পিতাকে আগ্রার দুর্গে বন্দী করিয়া ইনি সিংহাসনে আরোহণ করেন এবং 'আলমগীর' উপাধি-গ্রহণপূর্ব্বক নিজেকে সম্রাট্ বলিয়া ঘোষণা করেন (১৬৫৮ খৃঃ)। ইঁহার সময়ে মোগল-সাম্রাজ্য সর্ব্বাপেক্ষা অধিক বিস্তৃতি লাভ করে। ইনি অমুসলমান বিদ্বেষী ছিলেন এবং হিন্দুদের উপর জিজিয়া কর স্থাপন করিয়াছিলেন।

আকবর—১। (১৫৪২—১৬০৫ খৃঃ)। দিল্লীর তৃতীয় এবং শ্রেষ্ঠ মোগল-সম্রাট্। ১৫৫৬ খৃষ্টাব্দে হুমায়ুনের মৃত্যু হইলে আকবর সিংহাসনে আরোহণ করেন। ইঁহার ন্যায় বিচক্ষণ, বুদ্ধিমান্ আর কোন মোগল সম্রাট্ দিল্লীর সিংহাসনে আরোহণ করেন নাই। ২। আওরঙ্গজেবের একটি পুত্র। পিতার বিরুদ্ধাচরণ করিবার ফলে ইঁহাকে পারস্যে নির্ব্বাসিত জীবন যাপন করিতে হয়।

আকবর হায়দারী, রাইট অনারেব্‌ল্ সার্—(১৮৯৪—১৯৪৮ খৃঃ)। ইনি আসামের গবর্ণর ছিলেন।

আগা খাঁ (The Rt. Hon. His Highness Aga Sultan Sir Mahomed Shah, G. C. S. I., G. C. I. E., G. C. V. O.)—(জন্ম ১৮৭৭ খৃঃ)। খোজাদিগের ধর্ম্মগুরু ও ভারতীয় মুসলমান-সম্প্রদায়ের অন্যতম নেতা। ইঁহার অনেকগুলি ভাল দৌড়ের ঘোড়া আছে।

আদম (Adam)—বাইবেল ও কোরান অনুসারে মানবজাতির আদিপুরুষ।

আদিশূর—বঙ্গদেশের প্রাচীনকালের প্রসিদ্ধ নৃপতি। রাজধানী ঢাকা জেলার সোণারগাঁ, মতান্তরে মুর্শিদাবাদ জেলার কাণসোণা। ইনি একবার যজ্ঞসম্পাদনের জন্য উত্তর-পশ্চিম অঞ্চল হইতে পাঁচজন ব্রাহ্মণ আনয়ন করেন। তাঁহারাই বারেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণগণের পূর্ব্বপুরুষ এবং তাঁহাদের সঙ্গীয় কায়স্থ ভৃত্যগণ উত্তর-রাঢ়ী কায়স্থগণের আদিপুরুষ। কিছুকাল পরে ইনি পুত্রলাভার্থ কান্যকুব্জ হইতে পাঁচজন ব্রাহ্মণকে আনাইয়া পুত্রেষ্টি যজ্ঞ সম্পাদন করেন। ঐ ব্রাহ্মণগণ রাঢ়ী শ্রেণীর ব্রাহ্মণগণের আদিপুরুষ। তাঁহাদের সঙ্গীয় পাঁচজন কায়স্থ দক্ষিণ-রাঢ়ীয় কায়স্থগণের আদিপুরুষ।

আনন্দমোহন বসু—(১৮৪৭—১৯০৬ খৃঃ)। জন্মস্থান ময়মনসিংহ জেলার জয়সিদ্ধি গ্রাম। ইনি বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষায় প্রথম স্থান অধিকার করিয়া এবং প্রেমচাঁদ রায়চাঁদ বৃত্তি লাভ করিয়া বিলাতে গমন

করেন। ইনি কেম্ব্রিজ হইতে গণিতে র‍্যাংলার উপাধি লাভ করেন এবং পরে আইনের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া স্বদেশে আগমনপূর্ব্বক কলিকাতা হাইকোর্টে আইন-ব্যবসায় আরম্ভ করেন। কলিকাতার সিটি কলেজ এবং ময়মনসিংহের আনন্দমোহন কলেজ ইঁহার প্রতিষ্ঠিত। কলিকাতা সাধারণ ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠায়ও ইনি একজন প্রধান উদ্যোক্তা ছিলেন। ইনি ১৮৯৮ খৃষ্টাব্দে মাদ্রাজ কংগ্রেসে সভাপতির আসন অলঙ্কৃত করিয়াছিলেন।

আফজল খাঁ—বিজাপুরের শাসনকর্তার অধীন বিখ্যাত মুসলমান সেনাপতি। ইনি শিবাজীকে আক্রমণ করিবার জন্য প্রেরিত হন এবং তৎকর্ত্তৃক নিহত হন।

আবদুল গনি, খাজা—(১৮৩০—১৮৯৬ খৃঃ)। ইঁহার পূর্ব্বপুরুষগণ কাশ্মীর হইতে ঢাকায় আসিয়া বসতি করেন। ইনি প্রায় আট লক্ষ টাকা দান করিয়া গিয়াছেন। প্রত্যহ ৫০ হইতে ১০০ শত টাকা ইনি দরিদ্রদিগকে দান করিতেন। ইনি সি-আই-ই, কে-সি-আই-ই এবং নবাব বাহাদুর উপাধি লাভ করেন। ১৮৭৭ খৃষ্টাব্দে ইঁহার 'নবাব' উপাধি বংশগত বলিয়া ঘোষিত হয়।

আবদুল গফ্ফর খাঁ—জন্ম ১৮৯০ খৃঃ। ইনি 'সীমান্ত গান্ধী' নামে পরিচিত; কারণ গান্ধীজীর অহিংসা নীতি ইনিও অবলম্বন করিয়াছেন এবং তাঁহারই মত ইনি দরিদ্র জনসাধারণের সহিত আন্তরিকভাবে মিশেন। ইনি ভারতের স্বাধীনতা লাভের পূর্ব্বক্ষণে পাঠানীস্তান-আন্দোলন আরম্ভ করেন, কিন্তু পাকিস্তান গবর্ণমেণ্ট তাঁহাকে বন্দী করেন।

আবদুল্লা শেখ মহম্মদ, এম-এস-সি—১৯০৫ খৃঃ শ্রীনগরের নিকটে জন্ম। ১৯৩১ খৃঃ ইঁহার সাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গির পরিবর্ত্তন হয় এবং ইনি জাতীয় আন্দোলনে যোগ দিয়া বার বার কারারুদ্ধ হন। ১৯৪৭ খৃঃ উপজাতীয় দল ও পাকিস্তান সৈন্যের আক্রমণে কাশ্মীর বিপন্ন হইলে ইনি কাশ্মীরবাসীকে তাহাদের বিরুদ্ধে সমবেত করেন। ১৯৪৮ খৃঃ ইনি কাশ্মীরের প্রধান মন্ত্রী নিযুক্ত হন।

আবুল কালাম আজাদ—১৮৮৮ খৃষ্টাব্দে মক্কায় জন্মগ্রহণ করেন। বাল্যে কায়রোর আল আজহর বিশ্ববিদ্যালয়ে শিক্ষালাভ করেন। ইঁহার পূর্ব্বপুরুষগণ যুক্ত প্রদেশের বাসিন্দা ছিলেন; কিন্তু ইনি বাঙ্গালায় আসিয়া বসবাস আরম্ভ করেন। ইনি সাম্প্রদায়িকতা-বিরোধী। ১৯২৩ খৃষ্টাব্দে গয়া কংগ্রেসের বিশেষ অধিবেশনে ইনি সভাপতি হন। ১৯৪০-৪৬ খৃঃ ইনি জাতীয় কংগ্রেসের সভাপতি ছিলেন। ১৯৪২ খৃষ্টাব্দে মহাত্মা গান্ধীর সহিত স্বাধীনতা-আন্দোলন আরম্ভ করিবার প্রাক্কালেই ইনি কারারুদ্ধ হন। দ্বিতীয় মহাযুদ্ধের অন্তে কারামুক্ত হইয়া ইংরাজ কর্ত্তৃক ভারতবাসীর হস্তে পূর্ণ ক্ষমতা অর্পিত হওয়ার পর ইনি ভারতের শিক্ষাসচিব হন।

আবুল ফজল—(১৫৫১—১৬০২ খৃঃ)। ইনি নানাশাস্ত্রবিশারদ ছিলেন। ইঁহারই উপদেশে সম্রাট আকবর নূতন ইলাহি ধর্ম্মের প্রচার করেন। 'আকবরনামা' ও 'আইন-ই আকবরি'-নামক প্রসিদ্ধ গ্রন্থদ্বয় ইঁহার প্রণীত। আকবরের জ্যেষ্ঠপুত্র সেলিম উড়চার রাজা বীরসিংহকে উৎকোচ দানপূর্ব্বক তদ্দ্বারা ইঁহার হত্যাসাধন করেন।

আবুল ফৈজী—সম্রাট আকবরের প্রধান অমাত্য এবং প্রসিদ্ধ পারসিক কবি। আবুল ফজল ইঁহার কনিষ্ঠ সহোদর।

আমাণ্ডসেন, ক্যাপ্টেন রোয়াল্ড (Amundsen, Captain Roald)—(১৮৭২—১৯২৮ খৃঃ)। নরওয়ে দেশীয় আবিষ্কারক। ১৯০৩ খৃঃ ইনি পৃথিবীর উত্তর-পশ্চিম সমুদ্রপথ আবিষ্কার করেন এবং ১৯১১ খৃষ্টাব্দে দক্ষিণমেরু আবিষ্কারের নিমিত্ত গমন করেন এবং ১৯১২ খৃষ্টাব্দে দক্ষিণমেরুতে

পৌঁছান। ১৯২৫ খৃষ্টাব্দে উড়োজাহাজে উত্তরমেরুতে পৌঁছিবার নিমিত্ত যাত্রা করেন এবং ১৯২৬ খৃষ্টাব্দে উত্তরমেরুর উপর দিয়া উড়িয়া যান। নোবাইল অভিযানকারীদের খুঁজিতে গিয়া ইনি ১৯২৮ খৃষ্টাব্দে উত্তর-মেরুতে মৃত্যুমুখে পতিত হন।

আমানুল্লা—আফগানিস্তানের বিতাড়িত আমীর। ১৯১৯—১৯২৯ খৃঃ পর্য্যন্ত ইনি আমীর ছিলেন। ইউরোপ পরিভ্রমণ করিয়া হঠাৎ দেশে কতকগুলি সংস্কার প্রবর্ত্তনে প্রয়াসী হওয়ায় দেশবাসিগণ বিদ্রোহী হইয়া ইহাকে বিতাড়িত করে।

আমীনচাঁদ—সিরাজ-উদ্দৌলার সময়ের একজন শিখ। ইহার অপর নাম 'উমিচাঁদ'। ইনি তেজারতি ব্যবসায় করিতেন। রাজ-দ্রোহী ষড়্যন্ত্রকারীদের সহিত ক্লাইভের গুপ্ত-সন্ধির কথা ইনি অবগত ছিলেন বলিয়া ক্লাইভ প্রচুর অর্থ দিয়া ইহার মুখ বন্ধ করিতে চেষ্টা করেন এবং এক জাল সন্ধিপত্রের বলে ইহাকে পরে তাহা হইতে বঞ্চিত করেন।

আমীর খুস্রু—ইনি সুলতান গিয়াসুদ্দিন বলবনের সভাকবি ছিলেন এবং আলাউদ্দীন খিলজীর সময় পর্য্যন্ত জীবিত ছিলেন। ইহার লিখিত বৃত্তান্ত হইতে সে সময়কার অনেক ঘটনা জানা যায়। ইনি একজন প্রসিদ্ধ গায়ক ছিলেন, এবং শোনা যায় যে, ইনি 'খেয়াল' গানের প্রবর্ত্তক।

আমেরিগো ভেসপুচি (Amerigo Vespucci)—(১৪৫১—১৫১২ খৃঃ)। ১৪৯৯ খৃষ্টাব্দে ইনি দক্ষিণ আমেরিকায় উপস্থিত হন। নানা রাজনৈতিক কারণে কলম্বসের নাম চাপা দিয়া ইহারই নামানুসারে নবাবিষ্কৃত মহাদেশের নাম হয় আমেরিকা।

আম্বেদকর, ডাঃ আর, এম-এ, পি-এচ-ডি, ডি-এস-সি, বার-এট-ল—জন্ম ১৮৯১ খৃঃ। অনুন্নত সম্প্রদায়ের প্রসিদ্ধ নেতা। বিভিন্ন কলেজে অধ্যাপকের কার্য্য করিয়া ১৯২৩ খৃঃ আইন-ব্যবসায় আরম্ভ করেন। ১৯২৬ খৃঃ ইনি বোম্বাই আইন-সভার সভ্য হন। ১৯২২—৩৬ খৃঃ পর্য্যন্ত ইনি বড়লাটের কার্য্যনির্ব্বাহক সমিতির সভ্য ছিলেন। বর্ত্তমানে ইনি ভারত ইউনিয়ন সরকারের আইন-সচিব।

আয়ান—বৃন্দাবনবাসী গোপবিশেষ। ইনি শ্রীকৃষ্ণের মাতুল এবং শ্রীরাধার লৌকিক স্বামী ছিলেন।

আয়োদধৌম্য—জনৈক ঋষি। আরুণি, উপমন্যু ও বেদ ইহার শিষ্য ছিলেন।

আরুণি—(মহাভারত) জনৈক গুরুভক্ত ব্রাহ্মণকুমার। ইহার গুরু ঋষি আয়োদ-ধৌম্যের আদেশে একদা ইনি ক্ষেত্রের জল নিরোধ করিতে নিয়োজিত হন এবং মৃত্তিকা দ্বারা আলিবন্ধনে অসমর্থ হইয়া নিজে শয়ন করিয়া দেহ দ্বারা জলরোধ করেন।

আর্কিমিডিস—(Archimedes)—(খৃঃ পূঃ ২৮৭—২১২ অব্দ)। প্রসিদ্ধ গ্রীক্ গণিতবেত্তা ও দার্শনিক। 'আপেক্ষিক গুরুত্বতত্ত্ব' (Specific Gravity), 'লেভার' (Lever) এবং 'আর্কিমিডিয়ান স্ক্রু' (Archimedean Screw) ইহার আবিষ্কৃত। রোমীয় সৈন্যগণ খৃঃ পূঃ ২১২ অব্দে সাইরাকিউস অধিকার করে এবং গবেষণানিরত আর্কি-মিডিসকে হত্যা করে।

আর্ণল্ড, ম্যাথু (Arnold, Matthew)—(১৮২২—১৮৮৮ খৃঃ)। ভিক্টোরিয়া-যুগের প্রসিদ্ধ ইংরাজ কবি।

আর্ভিং, ওয়াশিংটন (Irvirg, Washington)—(১৭৮৩—১৮৫৯ খৃঃ)। জন্মস্থান নিউইয়র্ক শহর। ইহার 'স্কেচ বুক'-নামক গল্পপুস্তক এবং কলম্বস, মোহাম্মদ ও জর্জ্জ ওয়াশিংটনের জীবনী প্রভৃতি ইংরাজী সাহিত্যে ইহাকে অমর করিয়া রাখিয়াছে।

আর্য্যভট্ট—প্রাচীন ভারতের প্রসি[দ্ধ] জ্যোতির্বিদ। ৪৯৯ খৃষ্টাব্দে ইহার জন্ম হয়। ইনি পৃথিবীর আহ্নিক গতির আবিষ্কর্ত্তা। 'আর্য্যসিদ্ধান্ত' ও 'বীজগণিত'-নামক গ্র[ন্থ]

খানি প্রসিদ্ধ গ্রন্থ ইনি প্রণয়ন করিয়া গিয়াছেন। গ্যালিলিও, পিথাগোরাস, নিউটন প্রভৃতি পাশ্চাত্ত্য পণ্ডিতগণ ইঁহার মত সমর্থন করিয়াছেন।

আলফন্সো (Alfonso the Wise)—(১২২১—১২৮৪ খৃঃ)। স্পেনের প্রসিদ্ধ বিদ্বান্ নরপতি। ইনি রসায়ন ও দর্শন-শাস্ত্রের অনেকগুলি গ্রন্থ প্রণয়ন করেন।

আলফ্রেড দি গ্রেট—(Alfred the Great)—(৮৪৯—৯০১ খৃঃ)। ইংলণ্ডের স্যাক্সনবংশীয় প্রসিদ্ধ রাজা। ৮৭১ খৃষ্টাব্দে ইনি সিংহাসনে আরোহণ করেন। ইনি সারাজীবন দেশীয় সাহিত্যের যথেষ্ট উন্নতি সাধন করিয়াছেন।

আলবুকার্ক (Albuquerque)—ইনি একজন পোর্তুগীজ। খৃষ্টীয় ষোড়শ শতাব্দীর প্রথম ভাগে ইনি ভারতবর্ষে আসেন এবং বর্ত্তমান গোয়া (Goa)-নামক স্থান অধিকার করিয়া শাসন করিতে থাকেন। 'গোয়া'তে সতীদাহ-প্রথা ইঁহারই চেষ্টাতে উঠিয়া যায়।

আলাউদ্দীন খিলিজি—ভারতের প্রসিদ্ধ মুসলমান সম্রাট্। খুল্লতাত জালাল-উদ্দীন খিলিজির সেনাপতি হইয়া ইনি দেবগিরি ও মহারাষ্ট্র জয় করেন এবং পরে জালালউদ্দীনকে হত্যা করিয়া দিল্লীর সিংহাসন অধিকার করেন। ১২৯৭ খৃষ্টাব্দে ইনি গুজরাট এবং ১৩০৩ খৃষ্টাব্দে চিতোর জয় করেন। ইঁহার সময়ে মোগলগণ পাঁচবার ভারত আক্রমণের চেষ্টা করিয়া প্রতিহত হয়। ১৩১৬ খৃষ্টাব্দে ইঁহার মৃত্যু হয়।

আলি জাহির, সৈয়দ—জন্ম ১৮৯৭ খৃঃ। ১৯২১ খৃঃ ইনি আইন-ব্যবসায় আরম্ভ করেন। ইনি ১৯৩৭-৪৬ খৃঃ পর্য্যন্ত যুক্ত-প্রদেশের ব্যবস্থা-পরিষদের সভ্য ছিলেন। অতঃপর ইনি অস্থায়ী সরকারের আইন-সচিব হন। ১৯৪৭ খৃঃ ইনি ইরাণে ভারতের রাষ্ট্রদূত নিযুক্ত হইয়াছেন।

আলিবর্দ্দী খাঁ—(১৬৭৬—১৭৫৬ খৃঃ)। ইনি মোগল-সম্রাট্ মহম্মদ শাহের অধীনে বিহারের সুবাদার ছিলেন। আলিবর্দ্দী সরফরাজকে নিহত করিয়া বাঙ্গালার মসনদ অধিকার করেন। ইঁহার সময়ে বাঙ্গালায় বর্গীর হাঙ্গামা হয়। বৎসরে বার লক্ষ টাকা চৌথ দিবার অঙ্গীকার করিয়া এবং উড়িষ্যা প্রদেশ ছাড়িয়া দিয়া ইনি বর্গীদের হস্ত হইতে বাঙ্গালাকে রক্ষা করেন। ইঁহারই অনুমতিক্রমে কলিকাতাবাসী ইংরাজগণ বর্গীদের প্রতিরোধকল্পে 'মারহাট্টা ডিচ্'-নামক খাল খনন করে।

আলেকজাণ্ডার দি গ্রেট (Alexander the Great)—(খৃঃ পূঃ ৩৫৬—৩২ অব্দ)। পিতা গ্রীসদেশের অন্তর্গত মাসিডনের রাজা ফিলিপ, মাতা ওলিম্পিয়া। ইনি প্রসিদ্ধ পণ্ডিত আরিস্টটলের নিকট শিক্ষালাভ করেন। পিতার মৃত্যুর পর বিশ বৎসর বয়সে ইনি সিংহাসনে আরোহণ করেন। ইনি দিগ্বিজয়ে বহির্গত হইয়া পারস্য, দামস্কস, ব্যাবিলন ও সুসা নগর এবং মিশর অধিকার করেন, টায়ার নগরী, তুরস্কের রাজধানী পার্সিপলিস নগর ধ্বংস করেন, আলেকজান্দ্রিয়া নগরী স্থাপিত করেন এবং খৃঃ পূঃ ৩২৬ অব্দে ভারতে আগমনপূর্ব্বক পুরুর সহিত যুদ্ধ করেন। দেশে ফিরিবার সময় পথিমধ্যে ব্যাবিলনে ইঁহার মৃত্যু হয়।

আল্লাবক্স, খাঁ বাহাদুর—(১৯০১—১৯৪৩ খৃঃ)। সিন্ধুর ভূতপূর্ব্ব তেজস্বী নেতা। সিন্ধু পৃথক্ প্রদেশ হইলে ইনি দুইবার তাহার প্রধান মন্ত্রী হন। ইনি মুসলিম-লীগের বিরোধিতা করেন। আততায়ীর গুলির আঘাতে ইনি নিহত হন।

আল্লামা মশরিকি—অমৃতসরবাসী জনৈক মুসলমান নেতা। ১৯৩১ খৃষ্টাব্দে ইনি খাকসার আন্দোলন আরম্ভ করেন।

আশুতোষ মজুমদার (১৮৮৬—১৯৪৩ খৃঃ)। ইনি A. T. Dev. নামেই বিশেষ পরিচিত। নিজের অক্লান্ত অধ্যবসায়-বলে

নি পিতার ক্ষুদ্রপুস্তক-প্রণয়নের কার্য্যালয়কে ালে এক বিরাট্ প্রতিষ্ঠানে পরিণত রেন। দেব সাহিত্য-কুটীর, এ. টি. দেব লিমিটেড, পি. সি. মজুমদার য়্যাণ্ড ব্রাদার্স ভৃতি এই প্রতিষ্ঠানের এক-একটি শাখা। াঙ্গালার শিক্ষিত সমাজ আশুতোষ দেব ণীত অভিধানের সঙ্গে সুপরিচিত। তাঁহার প্রতিষ্ঠিত এই প্রতিষ্ঠান বহু পণ্ডিত ও াহিত্যসেবীকে পরিপোষণ করিতেছে। াকাশের মন্বন্তরের সময় ইনি স্বগ্রামে ত্যহ ৮০০ লোকের আহারের ব্যবস্থা রেন।

াশুতোষ মুখোপাধ্যায়, স্যার—১৮৬৪—১৯২৪ খৃঃ)। ইনি ১৮৮৫ খৃষ্টাব্দে ়ণিতশাস্ত্রের পরীক্ষায় প্রথম স্থান অধিকার করিয়া এম্-এ উপাধি লাভ করেন। ১৮৮৮ খৃঃ ইনি আইন-পরীক্ষায় উত্তীর্ণ হইয়া হাইকোর্টে ওকালতী আরম্ভ করেন। ২৫ বৎসর বয়সে ইনি বিশ্ববিদ্যালয়ের সদস্য নিযুক্ত এবং অতঃ-পর চারিবার তাহার ভাইস্-চ্যান্সেলার মনো-নীত হন। ১৮৯৯ খৃষ্টাব্দে ইনি বঙ্গীয় ব্যবস্থা-পক সভার সদস্য-পদ লাভ করেন। ১৯০৮ খৃঃ ইনি এসিয়াটিক সোসাইটির সভাপতি হন। ১৯০৪ খৃষ্টাব্দে ইনি হাইকোর্টের অন্যতম বিচারপতির ও ১৯২০ খৃষ্টাব্দে কিছুকালের জন্য প্রধান বিচারপতির পদ লাভ করেন। ১৯২৩ খৃষ্টাব্দে বিচারপতির পদ হইতে অবসর গ্রহণ করিয়া বিখ্যাত ডুমরাঁও মামলায় ডুমরাঁওয়ের রাজার পক্ষে নিযুক্ত হইয়া ইনি পাটনায় গমন করেন। সেইখানেই ইঁহার প্রাণবিয়োগ হয়।

আসফ আলি, বার-এট-ল—জন্ম ১৮৮৮ খৃঃ। ১৯১২ খৃঃ ইনি আইন-ব্যবসায় আরম্ভ করেন। ১৯৪৭ খৃঃ ইনি যুক্তরাষ্ট্রে ভারতের রাষ্ট্রদূত নিযুক্ত হন এবং ১৯৪৮ খৃঃ উড়িষ্যার প্রদেশপালের পদ লাভ করেন। বিখ্যাত সমাজতন্ত্রী নেত্রী অরুণা আসফ আলি ইঁহার পত্নী।

আসানুল্লা খাজা, নবাব (১৮৪৬—১৯০১ খৃঃ)। ঢাকার বিখ্যাত নবাব, নবাব বাহাদুর খাজা আবদুল গণির পুত্র। পিতার ন্যায় ইনিও একজন শ্রেষ্ঠ দানবীর ছিলেন। ইনি ১১ লক্ষ টাকার অধিক দান করিয়া গিয়াছেন। এতদ্ভিন্ন ইঁহার ক্ষুদ্র দানের অন্ত ছিল না।

আহ্মদ, স্যার সৈয়দ—(১৮১৭—১৮৯৮ খৃঃ)। যুক্ত-প্রদেশের একটি সম্ভ্রান্ত পরিবারে ইঁহার জন্ম হয়। সিপাহীবিদ্রোহের সময়ে ইংরাজদিগকে সাহায্য করিয়া ইনি উচ্চ রাজপদ লাভ করেন। আলিগড় কলেজ ইঁহার প্রতিষ্ঠিত।

ই

ইউক্লিড (Euclid)—প্রসিদ্ধ গ্রীক্ গণিতজ্ঞ পণ্ডিত। ইনি খৃষ্টপূর্ব্ব তৃতীয় শতাব্দীতে বর্ত্তমান ছিলেন। ইঁহার রচিত জ্যামিতি পৃথিবীপ্রসিদ্ধ। ইনি থেলিজ (Thales), পিথাগোরাস (Pythagorus) প্রভৃতি গণিতজ্ঞ পণ্ডিতগণের জ্যামিতিক প্রতিজ্ঞাগুলি সংক্ষিপ্ত ও সহজ ভাষায় রচনা করিয়া স্ব-রচিত জ্যামিতিতে নিবদ্ধ করিয়া গিয়াছেন।

ইউরেনাস (Uranus)—রোমকগণ কর্ত্তৃক সিলাস নামে অভিহিত প্রাচীনতম দেবতা। ইনি টেরার স্বামী ও স্যাটার্ণের পিতা।

ইউসুফ আদিল শাহ্—দাক্ষিণাত্যের অন্তর্গত বিজাপুর-রাজ্যের আদিলশাহী বংশের প্রতিষ্ঠাতা।

ইক্‌বাল—'মহম্মদ ইক্‌বাল, স্যার' দ্রঃ।

ইকো (Echo)—জনৈক পরী। ইনি জুনোকে অন্যমনস্ক রাখিতেন। সেই সুযোগে জুপিটার অন্যান্য পরীদের সহিত প্রেমচর্চ্চা করিতেন। জুনো ইহা জানিতে পারিয়া ইঁহাকে প্রতিধ্বনিতে পরিণত করেন।

ইক্ষ্বাকু—সূর্য্যবংশের প্রথম রাজা। ইনি বৈবস্বত মনুর দশ পুত্রের অন্যতম।

ইন্দ্র—দেবরাজ। মাতা অদিতি, পিতা মহর্ষি কশ্যপ, পত্নী শচী। ইনি পূর্বদিকের অধিপতি।

ইন্দ্রজিৎ—রাবণের অন্যতম পুত্র। ইহার অপর নাম মেঘনাদ। লক্ষ্মণ ইহাকে যজ্ঞস্থলে নিহত করেন।

ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়—(১৮৪৯—১৯১১ খৃঃ)। বাঙ্গালার প্রসিদ্ধ হাস্যরসোদ্দীপক কবি।

ইব্‌ন বতুতা—প্রসিদ্ধ মুর দেশপর্যটক। ইনি মহম্মদ তোগলকের আমলে ভারতে আসেন এবং নিজ ভ্রমণবৃত্তান্ত একখানি গ্রন্থে লিপিবদ্ধ করেন। [নরপতি।

ইব্রাহিম লোদী—লোদী-বংশের শেষ

ইব্‌সেন (Henrik Johan Ibsen)—(১৮২৮—১৯০৬ খৃঃ)। নরওয়েদেশীয় প্রসিদ্ধ নাট্যকার। ইহার রচনা বাস্তববাদিতাপূর্ণ ও চিরাগত-সংস্কারের বিরোধী। 'The Master Builder', 'A Doll's House' প্রভৃতি প্রসিদ্ধ নাটক ইহার রচিত।

ইভ (Eve)—(বাইবেলের মতে) সৃষ্টির প্রথম নারী। ইহার স্বামী আদম।

ইলতুৎমিস (আলতামাস)—দিল্লীর দাসবংশীয় অন্যতম সম্রাট্। রাজত্বকাল ১২১১ হইতে ১২৩৬ খৃঃ। ইনি প্রথমে কুতুবুদ্দীনের ক্রীতদাস ছিলেন। পরে তাঁহার কন্যাকে বিবাহ করেন এবং তাঁহার মৃত্যুর কিছুকাল পরে সিংহাসনে আরোহণ করেন। ইনি দিল্লীর কুতবী মসজিদ এবং কুতুব মিনারের ২য়, ৩য় ও ৪র্থ তলা নির্মাণ করেন।

ইলিয়ট, জর্জ (Eliot George)—(১৮১৯—১৮৮০ খৃঃ)। বিখ্যাত ইংরাজ উপন্যাস-লেখিকা। Mary Ann Evans-এর ছদ্মনাম। 'Adam Bede', 'The Mill on the Floss', 'Silas Marner' প্রভৃতি ইহার প্রসিদ্ধ উপন্যাস।

ইলিয়াস শাহ্—বঙ্গের স্বাধীন নরপতি। ইহার পূর্ব নাম সুলতান সামসুদ্দীন ইলিয়াস শাহ্। ইনি গৌড়ের স্বাধীন নরপতি আলাউদ্দীন আলি শাহের ধাত্রী-পুত্র। ইনি পিতাকে নিহত করিয়া গৌড়ের সিংহাসনে আরোহণ করেন (১৩৪২ খৃঃ)। ১৩৫৫ খৃঃ ইহার মৃত্যুর পর ইহার পুত্র সিকন্দর শাহ্ সিংহাসনে আরোহণ করেন।

ইল্বল—দৈত্যবিশেষ। বাতাপি-নামক দানবের জ্যেষ্ঠ ভ্রাতা।

ঈ

ঈশপ—(Æsop)—(আনুমানিক খৃঃ পূঃ ৬২০—৫৬৪ অব্দ)। প্রসিদ্ধ গ্রীক নীতি-গল্প-লেখক। ইহার গল্পগুলি বিশেষ চিত্তাকর্ষক ও শিক্ষাপ্রদ।

ঈশা খাঁ—বার ভূঁইয়ার সর্বপ্রধান ভূঁইয়া। ইহার পিতামহ কালিদাস গজদানী অযোধ্যা হইতে বাঙ্গালায় আসেন। কালিদাস ও তাঁহার পুত্র মুসলমান হন। পুত্রের নাম হয় সুলেমান খাঁ। ঈশা খাঁ সুলেমানের পুত্র। ইনি সম্রাট্ আকবরের নিকট হইতে ২২টি গ্রামের ভৌমিকত্ব প্রাপ্ত হন।

ঈশানচন্দ্র ঘোষ, এম-এ—জন্মস্থান যশোহর জেলা। বিশিষ্ট শিক্ষাব্রতী ছিলেন। তিনি কলিকাতার বিশ্ববিদ্যালয়কে বহু দান করিয়া গিয়াছেন।

ঈশ্বরচন্দ্র গুপ্ত—(১২১৮—১২৬৫ বঙ্গাব্দ)। ইনি কাঁচড়াপাড়ার হরিনারায়ণ গুপ্তের দ্বিতীয় পুত্র। ১০ বৎসর বয়সে ইহার মাতৃবিয়োগ হইলে ইনি কলিকাতায় মাতুলালয়ে আসিয়া বসবাস করেন। ইনি ১২৩৭ বঙ্গাব্দে সাপ্তাহিক 'সংবাদ-প্রভাকর' বাহির করেন। পরে ইনি 'সংবাদ-প্রভাকর'কে দৈনিক সংবাদপত্ররূপে বাহির করেন। ১২৫৩ বঙ্গাব্দে ইনি 'পাষণ্ডপীড়ন' পত্রিকা বাহির করেন। ইনি বঙ্কিমচন্দ্র ও দীনবন্ধুর সাহিত্য-গুরু। 'প্রবোধপ্রভাকর', 'হিতপ্রভাকর', 'বোধেন্দুবিকাশ' প্রভৃতি ইহার রচিত গ্রন্থ।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (বন্দ্যোপাধ্যায়)—(১৮২০—১৮৯১ খৃঃ)। বাঙ্গালার সর্ব্বজনপূজ্য মনীষী। জন্মস্থান মেদিনীপুরের বীরসিংহ গ্রাম। ইনি সংস্কৃত কলেজের শিক্ষা সমাপ্ত করিয়া ১৮৪০ খৃষ্টাব্দে 'বিদ্যাসাগর' উপাধি লাভ করেন। ইনি ১৮৪১ খৃষ্টাব্দে ফোর্ট উইলিয়ম কলেজের প্রধান পণ্ডিত হন। ক্রমে ক্রমে ইনি ইংরাজী ও হিন্দী ভাষা শিক্ষা করিয়া সুপণ্ডিত হন। ১৮৬৪ খৃষ্টাব্দে ইনি সংস্কৃত কলেজের সহকারী সেক্রেটারী হন। ইনি ১৮৫০ খৃষ্টাব্দে সংস্কৃত কলেজের সাহিত্যাধ্যাপক এবং ১৮৫১ খৃষ্টাব্দে অধ্যক্ষ হন। এই সময়ে ইনি বিশেষ বিদ্যালয়-পরিদর্শকও হইয়াছিলেন। ঈশ্বরচন্দ্র বহু চেষ্টায় ১৮৫৬ খৃষ্টাব্দে গবর্ণমেণ্টের দ্বারা বিধবা-বিবাহের আইন বিধিবদ্ধ করিয়া লন। ইনি ছোটলাট হ্যালিডে সাহেবের পরামর্শে সেই সময়ে দেশের নানাস্থানে বিদ্যালয় স্থাপন করেন। ১৮৭২ খৃষ্টাব্দে ইনি মেট্রোপলিটন ইনষ্টিটিউশনকে কলেজে পরিণত করেন। ইনি 'সীতার বনবাস', 'কথামালা', 'বোধোদয়', 'আখ্যানমঞ্জরী', 'উপক্রমণিকা', 'ব্যাকরণ-কৌমুদী', 'ঋজুপাঠ', 'শকুন্তলা' প্রভৃতি বহু গ্রন্থ রচনা করিয়া গিয়াছেন। ইঁহাকে আধুনিক বাঙ্গালা গদ্য-সাহিত্যের জনক বলা চলে। ইনি শুধু বিদ্যার সাগর ছিলেন না, দয়ারও সাগর ছিলেন।

উ

উত্তর—(মহাভারত) বিরাট রাজার পুত্র।

উত্তরা—(মহাভারত) বিরাট রাজার কন্যা, অর্জ্জুনের পুত্র অভিমন্যুর পত্নী, পরীক্ষিতের মাতা।

উত্তানপাদ—(পুরাণ) স্বায়ম্ভুব মনুর পুত্র ও হরিভক্ত ধ্রুবের পিতা। ইঁহার দুই পত্নী—সুরুচি ও সুনীতি।

উদয়নাচার্য্য—প্রসিদ্ধ দার্শনিক ও সংস্কৃতজ্ঞ পণ্ডিত। ইনি খৃষ্টীয় দ্বাদশ শতাব্দীতে আবির্ভূত হন। মিথিলা ইঁহার জন্মস্থান। ইনি 'কুসুমাঞ্জলি'-নামক ন্যায়গ্রন্থের প্রণেতা।

উদয়শঙ্কর—(জন্ম ১৯০০ খৃঃ)। পৈতৃক বাসস্থান যশোহর জেলায়। ইনিই সমগ্র পৃথিবীতে ভারতীয় প্রাচীন নৃত্যকলার শ্রেষ্ঠতা প্রতিপাদন করেন। ১৯২৫ খৃঃ প্যারিসে প্রথম ইনি ভারতীয় নৃত্য প্রদর্শন করিয়া সকলকে মুগ্ধ করেন। ইঁহার পত্নীর নাম অমলাশঙ্কর। ইঁহার একটি পুত্র আছে।

উদয়সিংহ—মিবারের রাণা সংগ্রামসিংহের পুত্র এবং রাণা প্রতাপসিংহের পিতা।

উদ্ধব—শ্রীকৃষ্ণের সখা। পিতা সত্যক, গুরু বৃহস্পতি। ইঁহার শেষ জীবন বদরিকাশ্রমে অতিবাহিত হয়।

উপগুপ্ত—জনৈক বৌদ্ধধর্ম্ম-প্রচারক। ইনি মহারাজ অশোকের দীক্ষাদাতা ছিলেন।

উপসুন্দ—১। নরকাসুরের সেনাপতি। ইনি শ্রীকৃষ্ণের হস্তে নিহত হন। ২। নিকুম্ভ-নামক দৈত্যের পুত্র। ইঁহার জ্যেষ্ঠ ভ্রাতার নাম সুন্দ। দুই ভ্রাতা তিলোত্তমা-লাভের জন্য পরস্পর মারামারি করিয়া নিহত হন।

উপেন্দ্রকিশোর রায়চৌধুরী—'সন্দেশ'-নামক মাসিক পত্রিকার প্রতিষ্ঠাতা। শিশুসাহিত্য লেখক সুকুমার রায়চৌধুরী ইঁহার পিতা।

উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়—(১৮৪৪—১৯০৬ খৃঃ)। ইনি ১৮৮৫ ও ১৮৯২ খৃষ্টাব্দে জাতীয় মহাসমিতির সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। ইংলণ্ডে কংগ্রেস কমিটি ইনিই স্থাপন করেন। বিলাতে ইঁহার দেহত্যাগ হয়। সাধারণে ইঁহাকে ডবলিউ, সি, ব্যানার্জ্জী নামে জানে।

উর্ব্বশী—(পুরাণ) স্বর্গবেশ্যা। কাহারও মতে নারায়ণের উরু ভেদ করিয়া ইনি উদ্ভূত হইয়াছিলেন বলিয়া ইঁহার নাম উর্ব্বশী।

ঊ

ঊর্মিলা—(রামায়ণ) মিথিলার রাজা সীরধ্বজ জনকের কন্যা, লক্ষ্মণের পত্নী এবং অঙ্গদ ও চন্দ্রকেতুর মাতা।

ঋ

ঋষ্যশৃঙ্গ—(রামায়ণ) মুনিবিশেষ। ইনি অত্যন্ত জিতেন্দ্রিয় ছিলেন। দশরথ ইঁহার দ্বারা পুত্রেষ্টি-যজ্ঞ করান।

এ

একলব্য—(মহাভারত) নিষাদরাজ হিরণ্যধনুর পুত্র। ধনুর্বিদ্যা শিক্ষার জন্য ইনি প্রথমে দ্রোণের নিকট গমন করেন, কিন্তু ব্যাধ-পুত্র বলিয়া দ্রোণ ইঁহাকে শিষ্য করিতে অস্বীকৃত হইলেন। তখন ইনি বনে দ্রোণের মূর্তি প্রস্তুত করিয়া তাঁহার সম্মুখে ধনুর্বিদ্যা অভ্যাস করিতে লাগিলেন এবং অল্পদিন-মধ্যেই উহাতে বিশেষ পারদর্শী হইয়া উঠিলেন। অতঃপর দ্রোণ অর্জুনের ক্ষোভ দূর করিবার জন্য একলব্যের নিকট গুরুদক্ষিণাস্বরূপ তাঁহার দক্ষিণ হস্তের বৃদ্ধাঙ্গুষ্ঠ চাহিলে একলব্য অম্লানবদনে স্বহস্তের বৃদ্ধাঙ্গুষ্ঠ কাটিয়া গুরুকে প্রদান করিয়াছিলেন।

এট্‌লি (C. R. Attlee)—ইংলণ্ডের বর্তমান প্রধান মন্ত্রী। ইনি শ্রমিক দলের নেতা হিসাবে ১৯৪৫ খৃষ্টাব্দের ২৭শে জুলাই ইংলণ্ডের প্রধান মন্ত্রী হন।

এডিসন, টমাস আলভা—(Edison, Thomas Alva)—(১৮৪৭—১৯৩১ খৃঃ)। আমেরিকার সুবিখ্যাত বৈজ্ঞানিক। ইনি টেলিগ্রাফ ও বহু বৈদ্যুতিক যন্ত্রের উদ্ভাবন করেন। মাইক্রোফোন ও গ্রামোফোনের সহিত ইঁহার নাম চিরকাল জড়িত থাকিবে।

এড্‌ওয়ার্ড, ৮ম (Edward VIII.)—(জন্ম ১৮৯৪ খৃঃ)। সম্রাট্ পঞ্চম জর্জের জ্যেষ্ঠ পুত্র। ইনি ১৯৩৬ খৃঃ ২০শে জানুয়ারী পিতার মৃত্যুর পর ইংলণ্ডের রাজা হন। কিন্তু একনেক আমেরিকাবাসিনী মহিলাকে ইনি বিবাহ করিতে চাহিলে মন্ত্রিসভার সহিত ইঁহার মতবিরোধ হয়। ফলে ইনি সিংহাসন ত্যাগ করেন। ইঁহার বর্তমান নাম ডিউক অভ্ উইণ্ডসর।

এণ্ড্রুজ, সি, এফ, (Andrews, C. F.)—(১৮৭১—১৯৪১ খৃঃ)। ইনি সমস্ত পৃথিবী পর্যটন করিয়াছেন এবং ভারতীয়দের দুঃখমোচনের জন্য নানা প্রকার চেষ্টা করিয়াছেন। ইনি মহাত্মা গান্ধী, রবীন্দ্রনাথ ঠাকুর প্রভৃতি মনীষীদিগের সম্বন্ধে বহু পুস্তক লিখিয়াছেন। ভারতবাসী ইঁহাকে শ্রদ্ধার সহিত 'দীনবন্ধু' আখ্যা দিয়াছিল।

এব্রাহাম—ইহুদিজাতির প্রতিষ্ঠাতা। খৃঃ পূঃ ২০০০ হইতে ১৮০০ অব্দের মধ্যে ইনি বর্তমান ছিলেন। ব্যাবিলনের কাল্ডিয়া-নামক নগরের উর-নামক স্থানের ইনি বাসিন্দা ছিলেন।

এব্রাহাম লিঙ্কন (Abraham Lincoln)—(১৮০৯—১৮৬৫ খৃঃ)। ইনি ১৮৬১ খৃঃ আমেরিকার যুক্তরাষ্ট্রের ষোড়শ সভাপতি নির্বাচিত হন। ইঁহার সভাপতিত্বের কালে আমেরিকা হইতে দাসত্ব-প্রথা উঠিয়া যায়। ১৮৬৪ খৃঃ ইনি পুনরায় সভাপতি নির্বাচিত হন এবং পরবৎসর এক ব্যক্তি কর্তৃক নিহত হন।

এব্রাহিম—প্রাচীন আরবের একজন মহাপুরুষ। ইনি বেবেল-নামক নগরে বাস করিতেন। সারা ও হাজেরা নামে ইঁহার দুই পত্নী ছিল। সারার গর্ভে ইহুদী-বংশের আদিপুরুষ এসাহক ও হাজেরার গর্ভে মুসলমান-জাতির আদিপুরুষ ইস্‌মাইলের জন্ম হয়। এব্রাহিমের দ্বারাই মক্কা নগর প্রতিষ্ঠিত হইয়াছিল।

এমদাদ আলী—মুসলমান কবি। বিশুদ্ধ

বাঙ্গালায় কবিতা রচনা করিতে ইনি সিদ্ধহস্ত। ইনি 'ডালি'-নামক কাব্য ও 'তাপসী রাবেয়া'-নামক গদ্য-গ্রন্থের প্রণেতা।

এলিজাবেথ, রাণী (Elizabeth, Queen)—(১৫৩৩—১৬০৩ খৃঃ)। ২৫ বৎসর বয়সে ইনি সিংহাসনে আরোহণ করেন এবং ৪৫ বৎসর রাজত্ব করেন। স্পেনীয় রণ-তরীবহর 'আর্মাডা'র পরাজয়, স্কটল্যাণ্ডের রাণী মেরী ষ্টুয়ার্টের প্রাণদণ্ড, উপনিবেশ স্থাপনের চেষ্টা এবং শেক্স্পীয়র-প্রমুখ নব সাহিত্যিক-বৃন্দের অভ্যুদয় ইহার রাজত্ব-কালের উল্লেখযোগ্য ঘটনা।

ঐ

ঐতরেয় মহিদাস—ইনি ঋগ্বেদের ঐতরেয় শাখার প্রবর্ত্তক। ইহার মাতার নাম ইতরা।

ও

ওমর, ১ম—(৫৮১—৬৪৪ খৃঃ)। হজরত মোহাম্মদের প্রিয় শিষ্য। হজরতের মৃত্যুর পর ইনি দ্বিতীয় খলিফা হন। ইনি ইঁহারই এক ক্রীতদাসের হস্তে নিহত হন।

ওমর খৈয়াম—পারস্য-দেশীয় বিখ্যাত কবি। কাব্যগ্রন্থ 'রুবাইয়াৎ' ইঁহারই প্রণীত। ওমর খৈয়াম খৃষ্টীয় একাদশ ও দ্বাদশ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন।

ওয়াট, জেম্স্ (Watt, James)—(১৭৩৬—১৮১৯ খৃঃ)। বাষ্পচালিত এঞ্জিনের আবিষ্কারক। ষ্টীম এঞ্জিন প্রস্তুত করিয়া ইনি ১৭৬৯ খৃঃ উহা রেজিষ্ট্রী করিয়া লন।

ওয়াভেল, স্যার আর্চিবল্ড্ (Wavell, General Sir Archibald)—(জন্ম ১৮৮৪ খৃঃ)। ইনি ১৯৪১ খৃঃ হইতে ভারতবর্ষের প্রধান সেনাপতি হইয়াছিলেন। ২য় মহাযুদ্ধের পর ইনি ভারতের বড়লাট হন। ইঁহারই সময়ে অন্তর্বর্ত্তী সরকারের হস্তে ক্ষমতা হস্তান্তরিত হয়। কলিকাতা, নোয়াখালি ও বিহারের সাম্প্রদায়িক হত্যাকাণ্ড ইঁহার সময়ের উল্লেখযোগ্য ঘটনা। মুস্লিম লীগের সহিত মিলিত হইয়া ভারতীয় রাজনীতিতে অবাঞ্ছিত জটিলতা সৃষ্টি করায় ১৯৪৭ খৃষ্টাব্দের প্রথম ভাগে ইঁহাকে বড়লাট পদ হইতে অপসৃত করা হয়।

ওয়ারেন হেস্টিংস (Warren Hastings)—(১৭৩২—১৮১৮ খৃঃ)। প্রথমে ইনি ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর অধীনে কেরাণী হইয়া আসেন। পরে ইনি বাংলার গভর্ণর নিযুক্ত হন। ইনি ১৭৭৪ খৃঃ ভারতের প্রথম গভর্ণর জেনারেল হন।

ওয়ার্ডস্‌ওয়ার্থ উইলিয়াম—(Wordsworth, William)—(১৭৭০—১৮৫০ খৃঃ)। বিখ্যাত ইংরাজ কবি। ইনি ১৮৪৩ খৃষ্টাব্দে রাজকবি হইয়াছিলেন। ইংরাজ স্বভাব-কবিদের মধ্যে ইঁহার স্থান অতি উচ্চে।

ওয়াশিংটন, জর্জ্জ (Washington, George)—(১৭৩২—১৭৯৯ খৃঃ)। আমেরিকার অন্তঃপাতী ভার্জ্জিনিয়া প্রদেশে ইঁহার জন্ম। ইঁহার পূর্ব্বপুরুষ আমেরিকায় বসবাস করিলেও, জাতিতে ইংরাজ ছিলেন। ১৭৭৫ খৃঃ ইংরাজদিগের সহিত যুদ্ধে ইনি সেনাপতির পদে নিযুক্ত হন এবং ১৭৮৯ খৃঃ যখন আমেরিকায় প্রথম গণতন্ত্র প্রবর্ত্তিত হয়, তখন ইনি তাহার প্রথম সভাপতি নির্ব্বাচিত হন। ১৭৯৩ খৃঃ ইনি পুনরায় সভাপতি নির্ব্বাচিত হন।

ওয়াশিংটন, বুকার টি, (Washington, Booker T.)—(১৮৫৯—১৯১৫ খৃঃ)। নিগ্রো ক্রীতদাসের গৃহে ইঁহার জন্ম। আমেরিকায় দাসত্বপ্রথা উঠিয়া গেলে ইনি মুক্তিলাভ করেন এবং নিজের চেষ্টায় প্রভূত বিদ্যা অর্জ্জন করেন। ইঁহার লিখিত আত্মজীবনী (Up from Slavery) বিশেষ সমাদর লাভ করিয়াছে।

ওয়াহাব—ইনি ১৬৯১ খৃষ্টাব্দে আরব দেশে

জন্মগ্রহণ করেন। ইঁহার প্রচলিত একটি ধর্মমত আছে। মুসলমানেরা সেই মতকে 'ওয়াহাবী মত' বলেন।

ওয়েলিংটন, ডিউক অভ (Arthur Wellesley, Duke of Wellington)—(১৭৬৯—১৮৫৪ খৃঃ)। ইনি ভারতের গভর্ণর-জেনারেল লর্ড ওয়েলেস্‌লির ভ্রাতা। ইনি ১৮১৫ খৃঃ নেপোলিয়নকে ওয়াটার্লু যুদ্ধক্ষেত্রে পরাস্ত করেন।

ওয়েল্‌স্, এইচ্, জি,—(Wells, H. G.)—(জন্ম ১৮৬৭ খৃঃ)। আধুনিক যুগের একজন বিশিষ্ট সাহিত্যিক। ইনি সামাজিক ও বৈজ্ঞানিক বহু পুস্তক এবং উপন্যাস লিখিয়াছেন। ইঁহার ভাষা মার্জিত, লেখা ভাবময় ও প্রবন্ধগুলি গবেষণামূলক। 'Marriage', 'The World Set Free', 'Holy Terror' প্রভৃতি ইঁহার রচিত বহু পুস্তক আছে।

ক

কংস—(পুরাণ) শ্রীকৃষ্ণের মাতুল। ইঁহার রাজধানী ছিল মথুরা। ইনি ইঁহার পিতা উগ্রসেনকে বন্দী করিয়া নিজে রাজা হন। ইনি শ্রীকৃষ্ণের হস্তে নিহত হন।

কচ—(পুরাণ) বৃহস্পতির পুত্র। ইনি শুক্রাচার্য্যের নিকট মৃতসঞ্জীবনী বিদ্যা শিক্ষা করেন। ইঁহার অভিশাপে দেবযানী রাজা যযাতির ভার্য্যা হন। কচ স্বর্গে গিয়া দেবগণকে মৃতসঞ্জীবনী বিদ্যা শিক্ষা দেন।

কণাদ—প্রসিদ্ধ বৈশেষিক-দর্শন-প্রণেতা মুনি। পরমাণুর সমবায়ে বিশ্বব্রহ্মাণ্ডের উৎপত্তি এবং তাপ ও আলোক একই মূল পদার্থের রূপান্তর—এই তত্ত্ব সর্ব্বপ্রথম ইনিই প্রচার করেন এবং এইজন্য কণাদ নাম প্রাপ্ত হন। ইনি খৃঃ পূঃ দ্বাদশ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন।

কণ্ব—জনৈক মুনি। মালিনী-নদীর তীরে ইঁহার আশ্রম ছিল। শকুন্তলা ইঁহারই পালিতা কন্যা।

কদ্রু, কদ্রূ—কশ্যপ ঋষির পত্নী ও দক্ষ প্রজাপতির কন্যা। ইনি সর্পকুলের জননী।

কনষ্ট্যান্টাইন দি গ্রেট (Constantine the Great)—(২৭৪—৩৩৭ খৃঃ)। ৩০৬ খৃঃ হইতে ইনি রোমের সম্রাট্ ছিলেন। ইঁহার নামানুসারেই কন্‌স্ট্যান্টিনোপল শহরটির নামকরণ হইয়াছে। ইঁহার আসল নাম ফ্লেভিয়াস ভ্যালেরিয়াস কন্‌স্ট্যান্টিনাস।

কনিষ্ক—কুষান-বংশীয় বিখ্যাত রাজা। পুরুষপুর (বর্ত্তমান পেশোয়ার) ইঁহার রাজধানী ছিল। খৃষ্টীয় প্রথম শতাব্দীর শেষভাগ ও দ্বিতীয় শতাব্দীর প্রথম ভাগ ইঁহার রাজত্বকাল। ইনি বৌদ্ধধর্ম্মাবলম্বী ছিলেন। ইঁহার সময়ে বৌদ্ধধর্ম্ম-পদ্ধতি লিপিবদ্ধ হয় এবং উক্ত ধর্ম্মের সংস্কার সাধিত হয়। ইঁহার সভায় অশ্বঘোষ, নাগার্জ্জুন, চরক প্রভৃতি পণ্ডিতগণ বিদ্যমান ছিলেন।

কন্দর্প—কামদেব। ইনি ব্রহ্মার মানসপুত্র। ইঁহার স্ত্রীর নাম রতি।

কন্দর্পনারায়ণ রায়—বাঙ্গালার বার ভুঁইয়ার অন্যতম। ইনি বাকলা বা চন্দ্রদ্বীপের রাজা ছিলেন।

কপিল—প্রসিদ্ধ সাংখ্যদর্শন-প্রণেতা মুনি। ভাগবত বলেন, ইনি বিষ্ণুর পঞ্চম অবতার। ইঁহার পিতা কর্দ্দম প্রজাপতি ও মাতা দেবহূতি।

কবীর—ইনি রামানন্দের সর্ব্বপ্রধান শিষ্য ছিলেন। ১৩৮০ হইতে ১৪২০ খৃঃ পর্য্যন্ত ইনি ধর্ম্মপ্রচারে নিরত ছিলেন। ইনি জাতিতে জোলা। ইনি বিষ্ণুর উপাসক ছিলেন এবং বেদান্তে বিশ্বাস করিতেন। ইনি মূর্ত্তিপূজার বিরোধী ছিলেন।

কমলাদেবী চট্টোপাধ্যায়—জন্ম ১৯০৩ খৃঃ ম্যাঙ্গালোরে। ইনি শ্রীযুক্তা সরোজিনী নাইডুর ভ্রাতা হরীন্দ্রনাথ চট্টোপাধ্যায়ের পত্নী। ১৯২৬—৩০ এবং ১৯৪৪—৪৫ খৃঃ ইনি নিখিল ভারত মহিলা সম্মেলনের সভাপতি ছিলেন।

১৯২২ সালে ইনি কংগ্রেসে যোগদান করেন এবং চারিবার কারাভোগ করেন।

কর্ণ—সূর্য্যের ঔরসে কুন্তীর কুমারী অবস্থায় জাত পুত্র। সূত অধিরথ এবং তৎপত্নী রাধা মাতৃপরিত্যক্ত কর্ণকে লালন-পালন করেন। দুর্য্যোধন ইঁহাকে বন্ধু বলিয়া গ্রহণ করেন এবং ইঁহাকে অঙ্গদেশের রাজা করেন। পরশুরাম ইঁহার অস্ত্রগুরু। ইনি কুরুক্ষেত্রের যুদ্ধে অর্জ্জুনের হস্তে নিহত হন। ইঁহার অসাধারণ বীরত্ব ও দানশীলতা ইঁহাকে অমর করিয়া রাখিয়াছে।

কর্ণপূর, কবি—বৈষ্ণব কবি ও 'চৈতন্য-চন্দ্রোদয়' নাটক প্রণেতা। অনুমান ১৫২৫ খৃষ্টাব্দে ইঁহার জন্ম হয়। ইঁহার যথার্থ নাম পরমানন্দ দাস। চৈতন্যদেব ইঁহাকে পুরীদাস বলিয়া ডাকিতেন।

কর্ম্মদেবী—ইনি চিতোরের রাণা সমরসিংহের রাণী ছিলেন। মহম্মদ শিহাবুদ্দিন ঘোরীর সহিত তরাইন নামক স্থানের যুদ্ধে সমরসিংহ ও তাঁহার শ্যালক পৃথ্বীরাজ নিহত হইলে মহম্মদ ঘোরীর তদানীন্তন সেনাপতি কুতবউদ্দীন মিবার আক্রমণ করিতে আসেন। সেই সময় কর্ম্মদেবী পুরুষের বেশে সমগ্র রাজপুতনার সেনাপতিত্ব গ্রহণ করেন এবং কুতবউদ্দীনকে পরাস্ত করেন।

কলম্বস, ক্রিস্টোফার (Columbus, Christopher)—(১৪৪৭—১৫০৬ খৃঃ)। প্রসিদ্ধ ইটালী দেশীয় নাবিক ও আমেরিকা মহাদেশের আবিষ্কর্তা; স্পেনের রাজদম্পতি ফার্ডিনাণ্ড ও ইজাবেলার সহায়তায় ইনি ১৪৯২ খৃঃ প্রথম সমুদ্রযাত্রা করেন। প্রথমে ইনি কিউবা, বাহামা প্রভৃতি দ্বীপ আবিষ্কার করেন এবং ক্রমশঃ জ্যামেকা (১৪৯১ খৃঃ), দক্ষিণ আমেরিকা, ত্রিনিদাদ প্রভৃতি আবিষ্কার করিয়াছিলেন।

কলি—চতুর্থ যুগাধিপতি। ক্রোধ ইঁহার পিতা ও হিংসা মাতা এবং স্বীয় ভগিনী দুরুক্তি ইঁহার স্ত্রী। ইঁহার পুত্রের নাম ভয় ও কন্যার নাম মৃত্যু।

কল্কি—ভগবানের দশম অবতার (ভাগবত-মতে দ্বাবিংশ)। কলিযুগের শেষে বিষ্ণু এই রূপে সম্ভল-নামক গ্রামে বিষ্ণুযশা-নামক ব্রাহ্মণের ঘরে জন্মগ্রহণ করিবেন।

কশ্যপ—মুনিবিশেষ। পিতা মরীচি, মাতা কলা। দক্ষ প্রজাপতির কন্যাকে ইনি বিবাহ করেন।

কাণ্ট, ইম্মানুয়েল—(Kant, Immanuel)—(১৭২৪—১৮০৪ খৃঃ)। জার্ম্মানীর প্রসিদ্ধ দার্শনিক। ইঁহার রচিত 'Critique of Pure Reason' এবং 'Critique of Practical Reason' বিশেষ প্রসিদ্ধি লাভ করিয়াছে।

কাত্যায়ন—১। বৈয়াকরণ মুনিবিশেষ। পাণিনি-সূত্রের বার্ত্তিক ইঁহারই রচিত। ২। প্রসিদ্ধ স্মৃতিশাস্ত্রকার। 'কর্ম্মপ্রদীপ' বা 'ছন্দোগপরিশিষ্ট' ইঁহার রচিত।

কানাইলাল দত্ত—বিখ্যাত বিপ্লবী। বিশ্বাসঘাতক সহকর্ম্মী নরেন্দ্রনাথ গোস্বামীকে হত্যা করার অপরাধে ১৯০৮ সালে ইঁহার ফাঁসী হয়।

কান্ত বাবু—ইঁহার নাম কৃষ্ণকান্ত নন্দী। 'কান্ত মুদী' নামেও ইনি পরিচিত। কাশিমবাজারের রাজবংশের প্রতিষ্ঠাতারূপে ইঁহার নাম প্রসিদ্ধ। রাণী স্বর্ণময়ী এই বংশেরই বধূ ছিলেন।

কামিনী রায়—(১৮৬৪—১৯৩৩ খৃঃ)। বাংলার সর্ব্বশ্রেষ্ঠ মহিলা-কবি। ইনি 'আলো ও ছায়া', 'দীপ ও ধূপ', 'অশোকসঙ্গীত', 'জীবনপথে' প্রভৃতি কাব্যগ্রন্থ রচনা করেন।

কালিদাস নাগ—বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। প্যারিস হইতে ডিঃ লিট উপাধি পাইয়াছেন।

কালিদাস রায়—জন্ম ১২৯৬। ইনি উপস্থিত শিক্ষকতা কার্য্য করিতেছেন। ইনি আধুনিক প্রসিদ্ধ কবিগণের অন্যতম।

কার্ত্তিক, কার্ত্তিকেয়—শিবের পুত্র। ইনি কৃত্তিকাগণের স্তনা দ্বারা পালিত হন বলিয়া ইঁহার নাম কার্ত্তিকেয় হইয়াছে।

কার্লাইল, টমাস (Carlyle, Thomas)—(১৭৯৫—১৮৮১ খৃঃ)। স্কটল্যাণ্ডের প্রসিদ্ধ দার্শনিক ও লেখক। ইঁহার পুস্তকগুলির মধ্যে 'Sartor Resartus', 'Past and Present', 'French Revolution', 'Frederick the Great' প্রভৃতি উল্লেখযোগ্য।

কালকেতু—জনৈক ব্যাধ। ইন্দ্রের পুত্র নীলাম্বর মহাদেবের শাপে পৃথিবীতে ধর্ম্মকেতু নামক ব্যাধের পুত্র হইয়া জন্মগ্রহণ করেন। ইনিই কালকেতু।

কালনেমি—(রামায়ণ) রাবণের মাতুল। হনুমান্ যখন বিশল্যকরণী আনিতে গন্ধমাদন পর্ব্বতে যায়, তখন ইনি রাবণের অনুরোধে অর্দ্ধেক রাজ্যলাভের চুক্তিতে হনুমানকে মারিতে যান, কিন্তু পরে তাহারই হস্তে নিহত হন।

কালাপাহাড়—মুসলমান সেনাপতি। ইঁহার প্রকৃত নাম রাজচন্দ্র বা রাজকৃষ্ণ বা রাজনারায়ণ। কাহারও মতে, ইনি প্রথমে ব্রাহ্মণ ছিলেন, পরে মুসলমান হন। ইনি অত্যন্ত হিন্দুবিদ্বেষী ছিলেন।

কালিদাস—ভারতবর্ষের বিখ্যাত সংস্কৃত কবি। ইঁহার রচিত 'অভিজ্ঞান শকুন্তলম্' নাটক বিশ্ববিখ্যাত। 'বিক্রমোর্ব্বশী', 'মালবিকাগ্নিমিত্র', 'রঘুবংশ', 'কুমারসম্ভব', 'মেঘদূত', 'ঋতুসংহার' প্রভৃতি প্রসিদ্ধ নাটক ও কাব্য ইঁহার রচিত। ইঁহাকে মহারাজ বিক্রমাদিত্যের (২য় চন্দ্রগুপ্তের) সভার নবরত্নের মধ্যে অন্যতম বলিয়া অনেকে স্বীকার করেন। কিন্তু অনেকে আবার ইঁহাকে প্রথম কুমারগুপ্তের সমসাময়িক বলেন।

কালীপ্রসন্ন কাব্যবিশারদ—কলিকাতার অন্তর্গত ভবানীপুরে ১২৬৮ বঙ্গাব্দে ইঁহার জন্ম হয়। ইনি বার বৎসর কাল 'হিতবাদী' পত্রিকার সম্পাদক ছিলেন। সমালোচক-হিসাবে ইনি অত্যন্ত নির্ভীক ছিলেন। জাপান হইতে প্রত্যাবর্ত্তনের পথে জাহাজে ১৯০৭ খৃঃ ইঁহার মৃত্যু হয়।

কালীপ্রসন্ন ঘোষ, রায় বাহাদুর, বিদ্যাসাগর—ইনি ১২৫০ বঙ্গাব্দে ঢাকা জেলায় জন্মগ্রহণ করেন। সংস্কৃত, ইংরাজী ও বাঙ্গালা সাহিত্যে ইঁহার অসাধারণ পাণ্ডিত্য ছিল। 'প্রভাত-চিন্তা', 'নিশীথ-চিন্তা', 'নিভৃত-চিন্তা' প্রভৃতি পুস্তক ইঁহার গভীর চিন্তাশীলতার পরিচায়ক।

কালীপ্রসন্ন সিংহ—(১৮৪১—১৮৭০ খৃঃ)। জোড়াসাঁকোর প্রসিদ্ধ কায়স্থ জমিদারবংশে জন্ম। ইনি মহাভারতের বাংলা অনুবাদ করিয়া বিখ্যাত হইয়াছেন।

কাশীরাম দাস (দেব)—বাঙ্গালা পদ্যে সংস্কৃত মহাভারতের কিয়দংশের অনুবাদকারী বিখ্যাত কবি। জন্মস্থান বর্দ্ধমান জেলার সিঙ্গিগ্রাম। ইনি সম্ভবতঃ খৃষ্টীয় সপ্তদশ শতাব্দীর এবং কবিকঙ্কণ মুকুন্দরামের পরবর্ত্তী কালের লেখক।

কীচক—(মহাভারত) বিরাটরাজের শ্যালক। সৈরিন্ধ্রীবেশিনী দ্রৌপদীকে ধরণ করিতে গিয়া দ্রৌপদী-বেশধারী ভীমের হস্তে ইনি নিহত হন।

কীটস, জন (Keats, John)—(১৭৯৫—১৮২১ খৃঃ)। বিখ্যাত ইংরাজ কবি। ইঁহার রচিত 'Isabella', 'Odes', 'The Eve of St. Agnes' প্রভৃতি কাব্যকাশের উজ্জ্বল তারকাবিশেষ। ইনি ২৫ বৎসর বয়সে প্রাণত্যাগ করেন।

কুক, ক্যাপ্টেন জেম্‌স (Cook, Captain James)—(১৭২৮—১৭৭৯ খৃঃ)। অতিসাহসী নাবিক। গ্রেট ব্রিটেনের নামে ইনি স্যাণ্ডউইচ দ্বীপপুঞ্জ ও অন্যান্য বহু স্থান আবিষ্কার করেন। ইঁহার লিখিত 'Voyages Round the World' একখানি বিশেষ প্রসিদ্ধ পুস্তক।

কুতবউদ্দীন আইবেক—দিল্লীর প্রথম স্বাধীন সুলতান (১২০৬—১২১১ খৃঃ)। ইনি তুর্কীজাতীয়। প্রথমে ইনি মহম্মদ ঘোরীর ক্রীতদাস ছিলেন। পরে তাঁহার সেনাপতি ও প্রতিনিধি নিযুক্ত হন। প্রভুর মৃত্যুর পর ইনি দিল্লীর স্বাধীন সুলতান হন।

কুন্তি, কুন্তী—যুধিষ্ঠির, ভীম ও অর্জ্জুনের জননী। পিতা যদুবংশীয় শূরসেন। ইঁহার প্রকৃত নাম পৃথা।

কুবের—(পুরাণ) যক্ষরাজ। রাবণ ইঁহার বৈমাত্রেয় ভ্রাতা।

কুমার গুপ্ত মহেন্দ্রাদিত্য—(আনুমানিক ৪১৪—৪৫৫ খৃঃ)। গুপ্তবংশীয় নরপতি। পিতা চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্য। ইঁহার শাসনকালে গুপ্তসাম্রাজ্য যথেষ্ট সমৃদ্ধিশালী হইয়াছিল।

কুমারিল ভট্ট—আসামের অধিবাসী পণ্ডিত ব্রাহ্মণ। খৃষ্টীয় অষ্টম শতাব্দীতে বিকৃত বৌদ্ধধর্ম্মের প্রভাব হইতে দেশকে উদ্ধার করিবার জন্য ইনি প্রবল আন্দোলন চালাইয়াছিলেন।

কুম্ভ, রাণা—মিবারের রাণা। ইঁহার রাজত্বকালে মিবার অত্যন্ত সমৃদ্ধিশালী হইয়া উঠে। ইনি ১৪১৯ খৃষ্টাব্দে সিংহাসনে আরোহণ করেন। ১৪৬৯ খৃষ্টাব্দে ইঁহার মৃত্যু হয়। ইনি 'মীরাবাঈ'-এর স্বামী। ইঁহার পৌত্র রাণা সংগ্রামসিংহ।

কুম্ভকর্ণ—(রামায়ণ) লঙ্কেশ্বর রাবণের মধ্যম [ভ্রাতা।

কুরি, পিয়েরে—(Curie, Pierre)—(১৮৫৯—১৯০৬ খৃঃ)। বিখ্যাত ফরাসী বৈজ্ঞানিক। ইনি ১৯০৩ খৃষ্টাব্দে পদার্থবিদ্যায় 'নোবেল পুরস্কার' পান। ইঁহার স্ত্রী প্রসিদ্ধা বৈজ্ঞানিক ম্যাডাম কুরী।

কুরি, ম্যাডাম মেরী এস—(Curie, Madame Marie S.)—(১৮৬৭—১৯৩৪ খৃঃ)। প্রসিদ্ধ মহিলা-বৈজ্ঞানিক। ইনি ইঁহার স্বামী পিয়েরে কুরির সহিত একযোগে পোলোনিয়াম ও রেডিয়াম আবিষ্কার করেন। ইনি স্বামীর মৃত্যুর পর প্যারিস বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞানের অধ্যাপনা করেন। ইনি ১৯০৩ খৃষ্টাব্দে (স্বামীর সহিত একযোগে) পদার্থবিদ্যায় ও ১৯১১ খৃঃ রসায়নে 'নোবেল পুরস্কার' পান ও ১৯১১ খৃঃ ওয়ারস বিশ্ববিদ্যালয়ে রেডিওলজির অধ্যাপক হন। ইনি জাতিতে পোল ছিলেন।

কুল্লুক ভট্ট—মনুসংহিতার প্রসিদ্ধ টীকাকার। ইনি রাজসাহী জেলার অধিবাসী ছিলেন। খৃষ্টীয় ত্রয়োদশ শতাব্দীর মধ্যভাগ ইঁহার আবির্ভাবকাল।

কুশ—শ্রীরামচন্দ্রের জ্যেষ্ঠ পুত্র।

কুশধ্বজ—মিথিলার রাজা সীরধ্বজ জনকের কনিষ্ঠ ভ্রাতা। ইঁহার কন্যা মাণ্ডবীর সহিত ভরতের ও শ্রুতকীর্ত্তির সহিত শত্রুঘ্নের বিবাহ হয়।

কৃত্তিবাস ওঝা (উপাধ্যায়)—১৩৮৫ খৃষ্টাব্দে নদীয়া জেলার ফুলিয়া গ্রামে ইঁহার জন্ম হয়। ইনি জাতিতে ব্রাহ্মণ ছিলেন। ইনি বাল্মীকি-রামায়ণের সুললিত পদ্যানুবাদ করিয়া চিরস্মরণীয় হইয়া আছেন।

কৃপ—গৌতম ঋষির পুত্র (অন্যমতে পৌত্র)। ইনি কুরুপাণ্ডবগণের অস্ত্রশিক্ষক ছিলেন। এইজন্য ইঁহাকে কৃপাচার্য্য বলা হয়।

কৃপালনী, আচার্য্য জে, বি,—পূর্ব্বে বিহার কলেজ ও কাশী হিন্দু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন। ১৯৩৪—৪৬ পর্য্যন্ত কংগ্রেসের জেনারেল সেক্রেটারী ছিলেন। ১৯৪২ সালে আগষ্ট-আন্দোলনের সময় ইনি কারারুদ্ধ হন। ১৯৪৬ খৃঃ ইনি কংগ্রেসের সভাপতি হন এবং ১৯৪৭ খৃঃ ঐ পদে ইস্তফা দেন। বর্ত্তমানে কংগ্রেস ত্যাগ করিয়া নূতন দল গঠন করিয়াছেন।

কৃষ্ণ—নারায়ণের অষ্টম অবতার (ভাগবত মতে বিংশ অবতার)।

কৃষ্ণকুমারী—মিবারের রাণা ভীমসিংহের সুন্দরী কন্যা। মানসিংহ ইঁহাকে বিবাহ করিতে চাহিলে যে গণ্ডগোলের সৃষ্টি হয় তা

দূর করিবার জন্য ইনি বিষপানে প্রাণত্যাগ করেন।

কৃষ্ণচন্দ্র মজুমদার—(১২৪৪—১৩১৩ বঙ্গাব্দ)। ধর্ম্মপ্রাণ বাঙ্গালী কবি। ইনি 'ঢাকা-প্রকাশ', 'বিজ্ঞাপনী', 'বৈভাষিকী' প্রভৃতি পত্রিকার সম্পাদকতা করিতেন। ইনি ফার্সীতে সুপণ্ডিত ছিলেন। ইনি 'সদ্ভাব-শতক', 'রাসের ইতিবৃত্ত', 'মোহনভোগ' ও 'কৈবল্যতত্ত্ব' এই কয়খানি পুস্তক প্রকাশ করেন।

কৃষ্ণচন্দ্র রায়, মহারাজ—(১৭১০—১৭৮৩ খৃঃ)। নদীয়ার প্রসিদ্ধ জমিদার। রাজা রঘুরাম রায় ইহার পিতা। ইনি ভবানন্দ মজুমদারের বংশধর। ইনি ক্লাইভের পক্ষ হইয়া সিরাজদ্দৌলার বিপক্ষতা করেন।

কৃষ্ণদাস কবিরাজ—(১৫১৭—১৬১৫ খৃঃ)। জন্মস্থান বর্দ্ধমান জেলার ঝামাটপুর গ্রাম। ইহার রচিত গ্রন্থখানির নাম 'শ্রীচৈতন্য-চরিতামৃত'। ইনি জাতিতে বৈদ্য ছিলেন।

কৃষ্ণ মেনন—প্রসিদ্ধ সাংবাদিক ও গ্রন্থ-কার। ইংলণ্ডে ইনি কংগ্রেসের প্রচারকার্য্য করেন। লণ্ডনে ইনি ইণ্ডিয়া লীগের প্রতিনিধি ছিলেন। ১৯৫২ সালে ইনি সম্মিলিত জাতি প্রতিষ্ঠানে (উনো) ভারতের প্রতিনিধিত্ব করেন। বর্ত্তমানে ইনি লণ্ডনে ভারতের হাই-কমিশনার।

কেতকা দাস—ইনি 'মনসার ভাসান'-নামক পালা গানের পুস্তকখানি লিখিয়াছিলেন। ক্ষেমানন্দ দাস ও ইনি উভয়ে মিলিয়াই ইহা রচনা করেন।

কেদার রায়—বিখ্যাত বারভূঁইয়ার অন্যতম চাঁদ রায়ের পুত্র (বা ভ্রাতা)। ইনি মোগলের অধীনতা অস্বীকার করেন এবং সন্দীপ-নামক স্থান মোগলের হাত হইতে কাড়িয়া লন। ১৬০৩ খৃষ্টাব্দে মানসিংহ কর্ত্তৃক ইনি পরাজিত হন এবং পরে একজন হিন্দু কর্ত্তৃক নিহত হন।

কে, পি, এস, মেনন—জন্ম ১৮৯৮ খৃঃ। বর্ত্তমানে চীনে ভারতের রাষ্ট্রদূত। ১৯২১ খৃঃ ইনি আই-সি-এস হন।

কেমাল আতাতুর্ক, মুস্তাফা গাজী—(১৮৮১—১৯৩৮ খৃঃ)। ইনি নব্য তুরস্কের নেতা ও সাধারণতন্ত্রের প্রেসিডেণ্ট ছিলেন। ইনি ১৯২৩ খৃঃ তুরস্ক সাধারণতন্ত্রের প্রথম প্রেসিডেণ্ট হন। ইঁহার পরিচালনায় তুরস্ক সর্ব্বপ্রকারে উন্নত হইয়াছে।

কেরী, উইলিয়াম ডি, ডি, (Carey, William, D. D.)—(১৭৬১—১৮৩৪ খৃঃ)। ইংরাজ মিশনারী। ইনি শ্রীরামপুরে একটি 'মিশন' প্রতিষ্ঠা করেন এবং ইহারই চেষ্টায় এখানে একটি মুদ্রাযন্ত্র স্থাপিত হয়। ইনি বাংলা ব্যাকরণ, বাংলা-ইংরাজী অভিধান ([illegible] খৃঃ) ও রামায়ণের একটি সংস্করণ প্রকাশিত করেন।

কেশবচন্দ্র সেন—(১৮৩৮—১৮৮৪ খৃঃ)। ব্রাহ্মসমাজের প্রসিদ্ধ নেতা। পিতার নাম প্যারীমোহন সেন। ১৮৬৬ খৃঃ ইনি 'ভারতবর্ষীয় ব্রাহ্ম সমাজ' স্থাপন করিয়াছিলেন। কুচবিহারের মহারাজের সহিত ইহার কন্যার বিবাহ দেওয়ায় শিবনাথ শাস্ত্রী ও অন্যান্য অনেক লোক ইহার সঙ্গ ত্যাগ করিয়া 'সাধারণ ব্রাহ্মসমাজ' নামে একটি নূতন ব্রাহ্মসমাজের প্রতিষ্ঠা করেন। ১৮৮১ খৃষ্টাব্দে ইনি 'নববিধান' নামে একটি পত্রিকা প্রকাশিত করিয়া নূতন ধর্ম্মমত প্রচারে ব্যাপৃত হন।

কেশব ভারতী—চৈতন্যদেবের দীক্ষাগুরু। কাটোয়া ইহার বাসস্থান ছিল। চৈতন্যদেব ইহার নিকট সন্ন্যাস মন্ত্র গ্রহণ করেন।

কৈকয়ী, কৈকেয়ী—কেকয়রাজকন্যা, দশরথের মহিষী, ভরতের জননী।

কৈটভ—দৈত্যবিশেষ। বিষ্ণুর কর্ণমল হইতে কৈটভ ও মধু নামে দুই দৈত্য জন্মগ্রহণ করে। দুই ভ্রাতা ব্রহ্মাকে হত্যা করিতে চেষ্টা করিয়া বিষ্ণু কর্ত্তৃক নিহত হইয়াছিল।

কৈলাসনাথ কাটজু, ডাঃ—জন্ম ১৮৮৭

খৃঃ। ১৯১৪ খৃঃ এলাহাবাদ হাইকোর্টে এড্‌ভোকেট হন। ১৯৩৭—৩৯ খৃঃ পর্যন্ত যুক্ত-প্রদেশে ইনি কংগ্রেস-দলীয় মন্ত্রী ছিলেন। ইনি ১৯৪০ ও ১৯৪২ খৃঃ কারারুদ্ধ হন। ১৯৪৬ খৃঃ পুনরায় মন্ত্রী হন। অতঃপর ১৯৪৭ খৃঃ উড়িষ্যা ও ১৯৪৮ খৃঃ বাঙ্গালার প্রদেশপাল নিযুক্ত হন।

কোলরিজ, স্যামুয়েল টেলর—(Coleridge, Samuel Taylor)—(১৭৭২—১৮৩৪ খৃঃ)। উনবিংশ শতাব্দীর প্রারম্ভের একজন প্রসিদ্ধ ইংরাজ কবি। 'Ancient Mariner', 'Kublai Khan' প্রভৃতি ইঁহার উল্লেখযোগ্য কবিতা।

কোল্ট, স্যামুয়েল—(Colt, Samuel)—(১৮১৪—১৮৬২ খৃঃ)। ইনি ইংলণ্ডের হাটফোর্ড শহরে জন্মগ্রহণ করেন। ইনি রিভলভারের উদ্ভাবন করেন এবং উহা ১৮৩৫ খৃঃ 'পেটেণ্ট' করেন।

কৌটিল্য—মৌর্য্যবংশের প্রথম রাজা চন্দ্রগুপ্তের প্রধান মন্ত্রী। ইনি চাণক্য ও বিষ্ণুগুপ্ত নামেও অভিহিত হন। 'অর্থশাস্ত্র' নামে ইঁহার একখানি প্রসিদ্ধ পুস্তক আছে। খৃঃ পূঃ তৃতীয় শতাব্দী ইঁহার অভ্যুত্থান-কাল বলিয়া স্বীকৃত হইয়াছে।

কৌশল্যা, কৌসল্যা—কোশলরাজের কন্যা, দশরথের প্রথমা রাণী ও রামচন্দ্রের মাতা।

ক্যানিউট দি গ্রেট (Canute the Great)—(৯৯৫—১০৩৫ খৃঃ)। ইনি সৈন্য-দলসহ ডেনমার্ক হইতে আসিয়া ইংলণ্ড আক্রমণ করেন এবং ইংলণ্ডের তৎকালীন রাজা Ethelred the Unreadyকে সিংহাসনচ্যুত করিয়া ইঁহার পিতা সোয়েইনকে রাজা করেন। ১০১৪ খৃঃ ইনি রাজা হন।

ক্যাসাবিয়াঙ্কা, লুই (Casabianca, Louis)—ইনি অনুমান ১৭৫৪ হইতে ১৭৯৮ খৃঃ পর্যন্ত বর্তমান ছিলেন। নীলনদের যুদ্ধে ইনি এবং ইঁহার দশবর্ষবয়স্ক পুত্র জ্বলন্ত জাহাজে পুড়িয়া মারা যান। ইনি জাতিতে ফরাসী ছিলেন।

ক্রমওয়েল, অলিভার (Cromwell, Oliver)—(১৫৯৯—১৬৫৮ খৃঃ)। বিখ্যাত ব্রিটিশ যোদ্ধা ও রাজনীতিবিদ্। ইনি ১৬২৮ খৃঃ পার্লামেণ্টে প্রবেশ করেন। ইঁহারই অনুমতিতে রাজা প্রথম চার্লসের প্রাণদণ্ড হয়। রাজার মৃত্যুর পর ইনি ইংলণ্ডে সাধারণতন্ত্র প্রবর্তন করেন। ইঁহার প্রবর্তিত শাসনপ্রণালীকে 'কমন্‌ওয়েল্‌থ্' বলে।

ক্লাইভ, লর্ড—(Clive, Lord)—(১৭২৫—১৭৭৪ খৃঃ)। ১৭৪৪ খৃঃ ইনি মাদ্রাজে ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর কেরাণী হইয়া আসেন। ১৭৪৮ খৃঃ ইনি সৈনিক-বিভাগে কর্ম্মচারী হন। পলাশী নামক স্থানে ১৭৫৭ খৃঃ সিরাজের সহিত ক্লাইভের নামেমাত্র যুদ্ধ হয়। সেই যুদ্ধে ইনি জয়লাভ করেন। ক্লাইভ মির্জ্জাফরকে বঙ্গের নবাবী দিয়া ইংলণ্ডে ফিরিয়া যান এবং 'Baron Clive of Plassey' নামে সম্মানিত হন। ইঁহার পর ইনি এদেশে পুনরায় আগমন করেন এবং ১৭৬৫ হইতে ১৭৬৭ খৃঃ পর্যন্ত চেষ্টা করিয়া কোম্পানীর রাজত্ব দৃঢ় করেন।

ক্লিওপেট্রা (Cleopatra)—(খৃঃ পূঃ ৬৯—৩০ অব্দ)। মিশরের প্রসিদ্ধ সুন্দরী রাণী। জুলিয়াস সীজার ইঁহার রূপে মুগ্ধ হইয়াছিলেন। পরে মার্ক অ্যাণ্টনি ইঁহার রূপমুগ্ধ হইয়া মিশরেই ইঁহার সহিত বাস করিতে থাকেন। অ্যাণ্টনির মৃত্যুর পর ইনি অ্যাস্প-নামক বিষধর সর্পদ্বারা নিজ বক্ষ দষ্ট করাইয়া আত্মহত্যা করেন।

ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ—(১২৭০—১৩৩৪ বঙ্গাব্দ)। বিখ্যাত নাট্যকার। জন্মস্থান ২৪ পরগণার অন্তর্গত খড়দহ গ্রাম। ইঁহার পুস্তকগুলির মধ্যে 'আলিবাবা' 'সাবিত্রী', 'প্রতাপাদিত্য', 'নারায়ণী' 'রঘুবীর', 'পদ্মিনী', 'নন্দকুমার', 'চাঁদবিবি' 'আলমগীর', 'গুহামুখে', 'নিবেদিত

'পতিতার সিদ্ধি' ইত্যাদি সবিশেষ প্রসিদ্ধি লাভ করিয়াছে।

ক্ষুদিরাম বসু—প্রসিদ্ধ বিপ্লবী বালক। ১২৯৬ সালে জন্ম। ১৯০৮ খৃঃ ইহার ফাঁসী হয়।

খ

খগেন্দ্রনাথ মিত্র, রায় বাহাদুর—জন্ম ১৮৮০ খৃঃ যশোহর জেলায়। ইনি বিশিষ্ট শিক্ষাব্রতী ছিলেন। ইনি 'বিবি বউ', 'কাণের দুল', 'সুখ-দুঃখ', 'পদামৃত মাধুরী' প্রভৃতি বহু গ্রন্থ রচনা ও সঙ্কলন করিয়াছেন।

খনা—প্রসিদ্ধ জ্যোতিবিদ্যাপারদর্শিনী মহিলা।

খাফি খাঁ—অষ্টাদশ শতাব্দীর প্রসিদ্ধ মুসলমান ঐতিহাসিক। ইনি 'মুন্তাখিব-উল্-লাবাব'-নামক প্রসিদ্ধ গ্রন্থে বাবর হইতে মোহম্মদ শাহ্ পর্য্যন্ত মোগল সম্রাট্গণের জীবনকাহিনী বর্ণনা করিয়া গিয়াছেন।

খিজির খাঁ—১। ইনি প্রথমে মুলতানের শাসনকর্তা ছিলেন। পরে দৌলত খাঁ লোদীর নিকট হইতে দিল্লী রাজ্য অধিকার করেন। (১৪১৪ খৃঃ)। ইনি তৈমুরের স্থায় প্রতিনিধিরূপে রাজত্ব করিতেন। ২। দিল্লীর সম্রাট্ আলাউদ্দীন খিলিজীর জ্যেষ্ঠ পুত্র এবং চিতোরের শাসনকর্তা। ইনি আলাউদ্দীন কর্ত্তৃক গুজরাট-বিজয়ের পরে গুজরাট-রাজ দ্বিতীয় কর্ণদেবের কন্যা দেবলাকে বিবাহ করেন।

খুদাবক্স, খাঁ বাহাদুর—(১৮৪২—১৯০৮ খৃঃ)। বাঁকিপুরের প্রসিদ্ধ খুদাবক্স লাইব্রেরীর প্রতিষ্ঠাতা। ইনি পাটনায় ওকালতী করিতেন।

খুররম—'শাহ্জাহান' দ্রঃ।

খুসরু—ইনি জাহাঙ্গীরের জ্যেষ্ঠপুত্র।

গ

গণেশ—মহাদেব ও পার্ব্বতীর জ্যেষ্ঠ পুত্র। ইনি হিন্দুশাস্ত্রে সর্ব্বসিদ্ধিদাতা বলিয়া পরিচিত। মূষিক ইঁহার বাহন।

গদাধর ভট্টাচার্য্য—প্রসিদ্ধ নৈয়ায়িক পণ্ডিত। ইনি নবদ্বীপের বারেন্দ্র ব্রাহ্মণ। মিথিলায় অধ্যয়নকালে ইনি অদ্ভুত স্মৃতিশক্তির পরিচয় দিয়া অধ্যাপকমণ্ডলীকে মুগ্ধ করিয়াছিলেন। রচনা—'কুসুমাঞ্জলি ব্যাখ্যা', 'মুক্তাবলী টীকা', 'তত্ত্বচিন্তামণি দিধীতি', 'দিধীতির ব্যাখ্যা' ও 'ব্রহ্মনির্ণয়'।

গরুড়—পিতা কশ্যপ, মাতা বিনতা। ইনি বিষ্ণুর বরে অজর-অমর হন এবং তাঁহার বাহন হন।

গর্কী, ম্যাক্সিম—(Gorkey, Maxim)—(১৮৬৮—১৯৩৬ খৃঃ)। বিখ্যাত রুশ ঔপন্যাসিক। ইঁহার রচনা 'মাদার' (Mother), 'মাই চাইল্ডহুড' (My Childhood), 'বাই-স্ট্যাণ্ডার' (Bystander), 'টোয়েন্টি-সিক্স মেন এণ্ড ওয়ান ওম্যান' (Twenty-six Men and one Woman), 'স্যাটার্ডে নাইট' (Saturday Night) প্রভৃতি।

গর্গ—জনৈক জ্যোতির্ব্বিদ্ ঋষি। ইনি যাদবগণের কুলগুরু ছিলেন। ইঁহার পুত্র গার্গ্য এবং কন্যা গার্গী।

গল্স্ওয়ার্দী, জন—(Galsworthy, John)—(১৮৬৭—১৯৩৩ খৃঃ)। ইনি ইংলণ্ডের শ্রেষ্ঠ ঔপন্যাসিক ও নাট্যকাররূপে পরিচিত। ইঁহার উপন্যাসগুলির মধ্যে 'ফোরসাইট স্যাগা' (Foresite Saga) সর্ব্বাপেক্ষা উল্লেখযোগ্য। ইঁহার নাটকগুলির মধ্যে 'জাস্টিস্' (Justice) ও 'স্ট্রাইফ' (Strife)-এর নাম উল্লেখযোগ্য। ১৯৩২ খৃঃ ইনি 'নোবেল পুরস্কার' লাভ করেন।

গান্ধারী—দুর্য্যোধনাদি শত পুত্রের জননী। অন্ধ ধৃতরাষ্ট্রের সহিত ইঁহার বিবাহ হয়।

গান্ধী, মহাত্মা মোহনদাস করমচাঁদ—(১৮৬৯—১৯৪৮ খৃঃ)। ভারতের রাজনৈতিক আন্দোলনের প্রসিদ্ধ নেতা। গান্ধীজী যখন দক্ষিণ-আফ্রিকায় অবস্থান করিতেছিলেন, সেই সময়ে তথাকার গভর্ণমেণ্ট এসিয়াবাসীদের অধিকারের জন্য

একটি আইন বিধিবদ্ধ করেন। গান্ধীজী এই আইনের বিরুদ্ধে প্রবল আন্দোলন চালাইয়াছিলেন। ১৮৯৯ খৃঃ বুয়র-যুদ্ধের সময় ইনি সৈনিকদের শুশ্রূষার জন্ম একটি সেবাদল গঠন করিয়াছিলেন। ইনি ১৯১৬ খৃঃ চম্পারণ সত্যাগ্রহ পরিচালনা করেন। জালিয়ান্ওয়ালাবাগ-হত্যাকাণ্ডের প্রতিবাদ-কল্পে ইনি অহিংস অসহযোগ আন্দোলন আরম্ভ করেন। ১৯২০ খৃঃ ইনি মুসলমানদের খিলাফৎ-আন্দোলনে যোগদান করেন। এই সময়ে ভারতের জাতীয় কংগ্রেস অসহযোগ নীতি অনুমোদন করেন। ইনি আমেদাবাদে সবরমতী আশ্রম স্থাপন এবং 'ইয়ং ইণ্ডিয়া' (ইংরাজী) ও 'নবজীবন' (হিন্দী) পত্রিকা প্রবর্ত্তন করিয়াছিলেন। 'ইয়ং ইণ্ডিয়া'য় রাজদ্রোহজনক প্রবন্ধ-প্রকাশের অভিযোগে ইনি ১৯২২ খৃঃ ছয় বৎসর বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত হন। কিন্তু দুই বৎসর পরে সরকার ইঁহাকে মুক্তিদান করেন। ১৯২৪ খৃঃ ইনি বেলগাঁও কংগ্রেসের সভাপতি হইয়াছিলেন। ১৯২৯ খৃঃ পণ্ডিত জহরলাল নেহেরুর সভাপতিত্বে কংগ্রেসে পূর্ণ স্বাধীনতার প্রস্তাব গৃহীত হইবার পর গান্ধীজী আইন-অমান্য আন্দোলন আরম্ভ করেন। ইনি স্বয়ং একদল অনুচর লইয়া ডাণ্ডিতে লবণ আইন অমান্য করিতে বহির্গত হন (১৯৩০ খৃঃ)। আইন-অমান্য প্রচারের অভিযোগে ইঁহাকে গ্রেপ্তার করা হয়, কিন্তু ভারত-সরকার ইঁহাকে অল্পকাল পরে মুক্তিদান করেন। অতঃপর ইনি দিল্লীতে বড়লাট লর্ড আরউইনের সহিত আলোচনার পর গান্ধী-আরউইন চুক্তিতে স্বাক্ষর করেন (১৯৩১ খৃঃ)। ইনি বিলাতের গোলটেবিল বৈঠকে ভারতের দাবী সুস্পষ্ট-ভাবে বুঝাইয়া দিয়াছিলেন। ১৯৪২ খৃঃ ইনি ভারতের পূর্ণ স্বাধীনতা দাবী করিয়া আবার অসহযোগ আন্দোলন চালাইতে মনস্থ করিয়া কারারুদ্ধ হন। দ্বিতীয় মহাযুদ্ধের অবসানে কারামুক্ত হইয়া ইনি পুনরায় ইংরাজের নিকট স্বাধীনতার দাবী উপস্থাপিত করেন। ১৯৪৬ সালের আগষ্ট হইতে বহু গোলযোগের পর ১৯৪৭ সালের আগষ্ট মাসে ভারত ভারত-ইউনিয়ন ও পাকিস্তানে বিভক্ত হইয়া স্বাধীনতা লাভ করে। ১৯৪৬—৪৭ খৃঃ ইনি নোয়াখালিতে সাম্প্রদায়িক শান্তি-প্রচার কার্য্যে নিরত থাকেন, কিন্তু রাজনৈতিক মতভেদের জন্য অনেকে তাঁহার শত্রু হইয়া দাঁড়ায়। ১৯৪৮ সালের ৩০শে জানুয়ারী তারিখে নাথুরাম গড্‌সে-নামক জনৈক যুবকের গুলির আঘাতে তিনি নিহত হন।

গায়ত্রী, গায়ত্রী—ব্রহ্মার পত্নী। ব্রহ্মা একদা যজ্ঞের জন্য দীক্ষিত হইয়া সাবিত্রীকে আনয়নের জন্য ইন্দ্রকে প্রেরণ করেন, কিন্তু সাবিত্রী তখন গৃহকর্ম্মে ব্যস্ত ছিলেন বলিয়া আসিতে পারেন নাই। ব্রহ্মা তখন পুনরায় দার-পরিগ্রহ করিবেন বলিয়া উপযুক্ত কন্যার সন্ধানের জন্য আবার ইন্দ্রকে প্রেরণ করেন। ইন্দ্র এক গোপ-কন্যাকে লইয়া আসেন এবং তাঁহার সহিত ব্রহ্মার বিবাহ হয়। এই গোপকন্যাই শাস্ত্রে গায়ত্রী নামে পরিচিত।

গার্গী—পুরাকালের অতি বিদুষী মহিলা। ইনি গর্গ মুনির কন্যা। ঋগ্বেদের একটী টীকাও ইনি রচনা করিয়াছিলেন।

গার্গ্য—ইনি গর্গ মুনির পুত্র। ইনি 'গার্গ্য-সংহিতা' নামে একখানি জ্যোতিষগ্রন্থ রচনা করিয়াছিলেন।

গিয়াস-উদ্দীন তোগলক—ইনি ১৩২০ খৃঃ অব্দে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। ইঁহার পুত্রের নাম ইতিহাস-প্রসিদ্ধ মহম্মদ বিন তোগলক।

গিয়াস-উদ্দীন বল্‌বন—ইনি দাসরাজ-বংশের অন্যতম রাজা। ইনি ১২৬৬ খৃঃ সিংহাসনে আরোহণ করেন। ইঁহার রাজত্ব-কালে মোগলেরা ভারতবর্ষে আসিয়া অনেক

অত্যাচার করিবার চেষ্টা করে, কিন্তু ইঁহার কর্মদক্ষতায় তাহা নিবারিত হয়।

গিরিশচন্দ্র ঘোষ—(১২৫০—১৩১৮ বঙ্গাব্দ)। বঙ্গের প্রসিদ্ধ নাট্যকার ও অভিনেতা। ইনি নিজে প্রায় ৭০খানি নাটক, প্রহসন ও গীতিনাট্য রচনা এবং বঙ্কিমচন্দ্রের কয়েকখানি উপন্যাস নাটকে রূপান্তরিত করিয়াছিলেন। ইঁহার রচিত 'বলিদান', 'শঙ্করাচার্য', 'মীরকাশিম', 'সিরাজদ্দৌলা', 'অশোক', 'তপোবল' প্রভৃতি নাটক এক সময়ে বঙ্গ-রঙ্গমঞ্চে প্রাণের সাড়া আনিয়াছিল। অভিনেতা হিসাবেও ইনি সর্বশ্রেষ্ঠ স্থান অধিকার করিয়াছিলেন। লোকে ইঁহাকে বাংলার 'গ্যারিক' বলিত।

গিরীন্দ্রমোহিনী দাসী—(১৮৫৮—১৯২৬ খৃঃ)। বঙ্গের সুপ্রসিদ্ধা মহিলা কবি। ইনি 'অশ্রুকণা', 'অর্ঘ্য', 'সন্ন্যাসিনী', 'সিন্ধুগাথা' প্রভৃতি পুস্তক রচনা করিয়াছেন।

গুরু গোবিন্দ সিংহ—(১৬৬৬—১৭০৮ খৃঃ)। শিখ সম্প্রদায়ের দশম গুরু। শিখ-বিদ্বেষীরা ইঁহার পিতাকে হত্যা করিয়াছিল। পিতৃহত্যার প্রতিশোধ গ্রহণের জন্য ইনি প্রায় ২০ হাজার শিখকে একত্রিত করেন। মোগল রাজার সহিত ইঁহার সংঘর্ষ বাধিলে শেষ পর্যন্ত রাজা গোবিন্দের নিকট পরাস্ত হন। আওরঙ্গজেব গুরু গোবিন্দের একটি কবিতা পাঠে অত্যন্ত সন্তুষ্ট হইয়া তাঁহাকে দাক্ষিণাত্যে প্রেরণ করেন। গুরু গোবিন্দ সেই স্থানে নিহত হন।

গুরুদাস বন্দ্যোপাধ্যায়, স্যার—(১৮৪৪—১৯১৮ খৃঃ)। ১৮৮৮ খৃষ্টাব্দে ইনি কলিকাতা হাইকোর্টের জজ নিযুক্ত হন। ইনি দুইবার কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার নিযুক্ত হন। ইঁহার রচিত গ্রন্থাবলীর মধ্যে 'কর্ম ও জ্ঞান' এবং 'A Few Thoughts on Education' উল্লেখযোগ্য। ইনি অতিশয় নিষ্ঠাবান ব্রাহ্মণ ছিলেন। ইঁহার মত মাতৃভক্ত লোক অতীব বিরল।

গুলাব সিং—ইনি জম্মুর অধিপতি ছিলেন। পরে ব্রিটিশ সরকারকে ৭৫ লক্ষ টাকা দিয়া ইনি কাশ্মীর অধিকারের অনুমতি লাভ করেন।

গোখেল, গোপালকৃষ্ণ—(১৮৬৬—১৯১৫ খৃঃ)। বোম্বাইয়ের বিশিষ্ট নেতা ও রাজনীতিক। ১৯০৫ খৃষ্টাব্দে ইনি ভারতীয় কংগ্রেসের বারাণসীর অধিবেশনে সভাপতিত্ব করিয়াছিলেন।

গোপা—গৌতম বুদ্ধের পত্নী।

গোপাল ভাঁড়—কৃষ্ণনগরের মহারাজ কৃষ্ণচন্দ্রের বয়স্য। ইঁহার কৌতুককর গল্প রচনা করিয়া বলিবার অসাধারণ ক্ষমতা ছিল। ইনি জাতিতে নাপিত ছিলেন।

গোপীনাথ সাহা—প্রসিদ্ধ বিপ্লবী যুবক। ১৯২৪ খৃষ্টাব্দে পুলিশ কমিশনার টেগার্ট ভ্রমে ইনি আর্নেষ্ট ডে-নামক ইংরাজকে গুলি করিয়া নিহত করেন। বিচারে ইঁহার প্রাণদণ্ডের আদেশ হয় এবং ১৯২৪ সালের ১লা মার্চ তারিখে ইঁহার ফাঁসি হয়। দণ্ডাদেশের পরে তাঁহার দেহের ওজন ৫ পাউণ্ড বাড়িয়াছিল। ইঁহার পিতার নাম বিজয়কৃষ্ণ সাহা। গোপীনাথ জ্যেষ্ঠ ভ্রাতার সহিত শ্রীরামপুরে বাস করিতেন।

গোবিন্দচন্দ্র দাস—ভাওয়ালের প্রসিদ্ধ স্বভাব-কবি। বঙ্গের স্বভাব-কবিদের মধ্যে ইনি অগ্রগণ্য। ইঁহার রচনা 'প্রেম ও ফুল', 'কুঙ্কুম', 'কস্তুরী', 'চন্দন', 'ফুলরেণু' ইত্যাদি।

গোবিন্দচন্দ্র রায়—বরিশাল জেলার মীরপুর গ্রামে বারেন্দ্র ব্রাহ্মণবংশে ইঁহার জন্ম হয়। উত্তরকালে ইনি ব্রাহ্মধর্ম অবলম্বন করেন। ইনি "নির্মল সলিলে বহিছ সদা তটশালিনী সুন্দরী যমুনে ও", "কতকাল পরে বল ভারত রে, দুখ সাগর সাঁতারি পার হবে" প্রভৃতি কতকগুলি প্রসিদ্ধ কবিতা ও সঙ্গীত রচনা করিয়া গিয়াছেন।

গোবিন্দ দাস—(১৫৩৭—১৬১২ খৃঃ)।

বিখ্যাত বৈষ্ণব পদরচয়িতা। ইনি ৪০ বৎসর বয়স পর্যন্ত শক্তির উপাসক ছিলেন। পরে বৈষ্ণব ধর্ম্ম গ্রহণ করেন। বৈষ্ণব কবিতাগুলি ব্যতীত ইনি 'সঙ্গীতমাধব পদাবলী' ও 'কর্ণামৃত' নামে দুইখানি গ্রন্থ রচনা করেন।

গোয়েরিং, হর্‌ম্যান্ (Goering, Field Marshal Hermann)—(১৮৯৪—১৯৪৭ খৃঃ)। ইনি একজন সুদক্ষ বৈমানিক ও নাৎসী আন্দোলনে হের হিট্‌লারের অন্যতম প্রসিদ্ধ সহকর্ম্মী ছিলেন। দ্বিতীয় মহাসমরে জার্ম্মানীর পতনের পর ইংরাজ-আমেরিকা রুশ-বাহিনী কর্ত্তৃক ইনি বন্দী হন। বিচারে ইঁহার ফাঁসীর আদেশ হইলে ইনি বিষপানে আত্মহত্যা করেন।

গোল্ড্‌স্মিথ, অলিভার (Goldsmith, Oliver)—(১৭২৮—১৭৭৪ খৃঃ)। অষ্টাদশ শতাব্দীর বিখ্যাত ইংরাজ-সাহিত্যিক ও কবি। ইঁহার রচনা—'দি ভাইকার অভ ওয়েকফিল্ড', 'দি ডেজার্টেড ভিলেজ' এবং 'শি ষ্টুপস্ টু কঙ্কার' প্রভৃতি।

গৌতম—১। ঋষি গোতমের পুত্র। ইঁহার রচিত 'গৌতম সংহিতা' শাস্ত্রীয় গ্রন্থরূপে পরিগণিত। ২। বুদ্ধদেবের অপর নাম।

গৌরীশঙ্কর ভট্টাচার্য্য, তর্কবাগীশ (গুড়্‌গুড়ে ভট্টাচার্য্য)—(১২০৭—১২৬৫ বঙ্গাব্দ)। ইনি জন্মস্থান শ্রীহট্ট হইতে পদব্রজে নবদ্বীপে আসিয়া সংস্কৃতশাস্ত্র অধ্যয়ন ও তাহাতে অসাধারণ ব্যুৎপত্তি লাভ করেন। ইনি মুর্শিদাবাদের তৎকালীন 'রসরাজ'-নামক পত্রিকার সম্পাদক ছিলেন। ঈশ্বরচন্দ্র গুপ্তের 'প্রভাকর' পত্রের সহিত এই পত্রের কবিতাযুদ্ধ চলিত। পরে ইনি স্বয়ং 'সংবাদ-ভাস্কর' নামে একখানি সংবাদপত্র প্রকাশ করেন। ইঁহার রচনা—'গৌরীশঙ্কর ভূগোল', 'জ্ঞানপ্রদীপ' ১ম ও ২য় ভাগ।

গৌরী সেন—বাঙ্গালার দানবীররূপে খ্যাত প্রসিদ্ধ ব্যবসায়ী।

গ্যয় দ্য মোপাসাঁ (Guy de Maupassant)—(১৮৫০—১৮৯৩ খৃঃ)। ফরাসী সাহিত্যের সর্ব্বশ্রেষ্ঠ গল্পলেখকরূপে পরিচিত।

গ্যালিলিও, গ্যালিলি (Galileo, Galilei)—(১৫৬৪—১৬৪২ খৃঃ)। বিখ্যাত ইতালীয় জ্যোতির্ব্বিদ্। পেণ্ডুলামের গতি-নিয়ম নির্ণয় ও দূরবীক্ষণযন্ত্র উদ্ভাবন করিয়া ইনি খ্যাতিলাভ করিয়াছেন। ইনিই সর্ব্বপ্রথম পৃথিবীর গতি নির্ণয় করিয়া সূর্য্যকে সৌরমণ্ডলের কেন্দ্র বলিয়া প্রচার করেন।

গ্রেগরি দি গ্রেট (Gregory the Great)—(৫৪০—৬০৪ খৃঃ)। প্রাচীন রোমের সর্ব্বশ্রেষ্ঠ ধর্ম্মযাজক। গ্রেগরি নামে সেকালে ১৬ জন পোপ ছিলেন, ইনি তাঁহাদের সর্ব্বপ্রথম। ত্রয়োদশ গ্রেগরি (১৫০২—১৫৮৫ খৃঃ) একপ্রকার দিনপঞ্জীর প্রচলন করিয়া গিয়াছেন।

গ্রে, টমাস (Gray, Thomas)—(১৭১৬—১৭৭১ খৃঃ)। বিখ্যাত ইংরাজ কবি। ইঁহার লিখিত 'এলিজি' (Elegy written in a Country Churchyard) সুপ্রসিদ্ধ কবিতা।

গ্ল্যাড্‌স্টোন, রাইট অনারেব্‌ল, উইলিয়াম ইউয়ার্ট (Gladstone, Rt. Hon. William Ewart)—(১৮০৯—১৮৯৮ খৃঃ)। ইংলণ্ডের প্রসিদ্ধ রাজনীতি-বিদ্। ইনি ১৮৬৮ খৃষ্টাব্দে, ১৮৮০ খৃষ্টাব্দে এবং ১৮৮৬ খৃষ্টাব্দে এই তিনবার ইংলণ্ডের প্রধান মন্ত্রী হইয়াছিলেন।

ঘ

ঘটকর্পর—জনৈক কবি। মহারাজ বিক্রমাদিত্যের নবরত্ন সভার অন্যতম রত্ন বলিয়া খ্যাত।

ঘটোৎকচ—ভীম ইঁহার পিতা ও হিড়িম্বা রাক্ষসী ইঁহার মাতা।

ঘনরাম—খৃষ্টীয় সপ্তদশ শতাব্দীর প্রসিদ্ধ 'ধর্ম্মমঙ্গল' কাব্য-রচয়িতা কবি। বর্দ্ধমান জেলার কৃষ্ণপুর গ্রামে ইঁহার জন্ম।

ঘনশ্যাম—বৈষ্ণব কবি। ইনি বিখ্যাত বৈষ্ণব-কবি গোবিন্দ দাসের পৌত্র। ইনি 'গোবিন্দ রতিমঞ্জরী'-নামক কাব্যগ্রন্থের রচয়িতা।

চ

চণ্ড—দৈত্যবিশেষ।

চণ্ডী—দুর্গার অন্যতম নাম।

চণ্ডীচরণ সেন—(১৮৪৫—১৯০৬ খৃঃ)। 'Uncle Tom's Cabin' নামক ইংরাজী পুস্তক অবলম্বনে 'টম কাকার কুটির'-নামক পুস্তকখানি লিখিয়া ইনি বিশেষ নাম করেন। মহিলা-কবি কামিনী রায় ইঁহার কন্যা।

চণ্ডীদাস—(আনুমানিক ১৪১৭—১৪৭৭ খৃঃ)। বিখ্যাত বৈষ্ণব কবি। ইনি কবি বিদ্যাপতির সমসাময়িক। বীরভূম জেলার নান্নুর গ্রামে ইঁহার জন্ম হয়। ইনি বঙ্গের প্রাচীন কবিদের মধ্যে শ্রেষ্ঠ। 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' নামে ইঁহার একখানি কাব্যগ্রন্থ আছে। অনেকে বলেন, তিনজন চণ্ডীদাস ছিলেন—বড়ু চণ্ডীদাস, দীন চণ্ডীদাস ও দ্বিজ চণ্ডীদাস। যদি ইহাই সত্য হয়, তাহা হইলে বড়ু চণ্ডীদাসই সর্ব্বাপেক্ষা প্রাচীন। ইনিই 'শ্রীকৃষ্ণকীর্ত্তন'-রচয়িতা। 'বৈষ্ণবপদাবলী' দীন চণ্ডীদাস ও দ্বিজ চণ্ডীদাস কর্ত্তৃক রচিত হইয়াছিল।

চন্দ্র—অত্রি ঋষির পুত্র। ভরণী, কৃত্তিকা, আর্দ্রা, অশ্লেষা, মঘা, উত্তরফল্গুনী, বিশাখা, উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদা এই নয়টি নক্ষত্র ইঁহার পত্নী। মতান্তরে দক্ষের সাতাশটি কন্যার ইনি পাণিগ্রহণ করেন। রোহিণী নামেও চন্দ্রের অপর এক পত্নী ছিল।

চন্দ্রগুপ্ত, ২য়—গুপ্তরাজ্যের প্রতিষ্ঠাতা প্রথম চন্দ্রগুপ্তের পৌত্র। ইনি আনুমানিক ৩৮০—৪১৫ খৃষ্টাব্দ পর্য্যন্ত রাজত্ব করেন। ইঁহার সময়ে গুপ্তরাজ্য শক্তি ও সম্পদে বিশেষ উন্নতি লাভ করে। ইনি 'বিক্রমাদিত্য' ও 'শকারি' নামে পরিচিত। প্রবাদ আছে, ইঁহার সভায় নয়জন বিখ্যাত পণ্ডিত ছিলেন বলিয়া উক্ত সভাকে নবরত্নের সভা বলা হইত।

চন্দ্রগুপ্ত মৌর্য্য—মগধের প্রাচীন হিন্দু রাজা ও মৌর্য্যবংশের প্রতিষ্ঠাতা। ইনি প্রসিদ্ধ রাজনীতি-বিশারদ চাণক্যের সহায়তায় নন্দবংশের উচ্ছেদসাধন করিয়া খৃঃ পূঃ ৩২২ বা ৩২১ অব্দে মগধের রাজা হন। ইঁহার পুত্র বিন্দুসার ও পৌত্র অশোক। ইনি আনুমানিক খৃঃ পূঃ ৩০০ অব্দ পর্য্যন্ত রাজ্যশাসন করেন।

চন্দ্রনাথ বসু (১২৫১—১৩১৭ বঙ্গাব্দ) সুপ্রসিদ্ধ লেখক। ইনি 'বঙ্গদর্শন', 'ভারতী', 'সাহিত্য' প্রভৃতি পত্রিকায় অনেক প্রবন্ধ প্রকাশিত করেন। 'ফুল ও ফল', 'শকুন্তলা-তত্ত্ব', 'ত্রিধারা', 'পশুপতি সংবাদ', 'সাবিত্রী-তত্ত্ব', 'কঃ পন্থাঃ' প্রভৃতি ইঁহার রচিত গ্রন্থ।

চন্দ্রশেখর মুখোপাধ্যায়—প্রাচীন সাহিত্যিক। সুবিখ্যাত গদ্য কাব্য 'উদ্ভ্রান্ত প্রেম' ইঁহার রচনা।

চমনলাল, দেওয়ান জন্ম ১৮৯২ খৃ.। ইনি প্রথমে 'বম্বে ক্রনিক্‌ল্'-এর সহকারী সম্পাদক ছিলেন। বর্ত্তমানে (১৯৫৮) ইনি তুরস্কে ভারতের রাজদূত।

চরক—আয়ুর্ব্বেদ-শাস্ত্রকার। ইনি খৃষ্টীয় দ্বিতীয় শতাব্দীতে মহারাজ কনিষ্কের সভায় সংশ্লিষ্ট ছিলেন। ইঁহার লিখিত 'চরক-সংহিতা' বিশ্ববিখ্যাত চিকিৎসা শাস্ত্র।

চসার, জিওফ্রে (Chaucer, Geoffrey)—(আনুমানিক ১৩৩৯—১৪০০ খৃঃ) ইংরাজ কবি। ইঁহার 'Canterbury Tales'-নামক পুস্তকে ইনি তৎকালীন সমাজ ও জীবনের চিত্র নিখুঁতরূপে অঙ্কিত করিয়াছেন।

চাঁদবিবি—দাক্ষিণাত্যের মুসলমান বীর রমণী। ইনি চাঁদ সুলতানা নামেও পরিচিত। পিতা আহ্‌মদনগররাজ হুসেন নিজাম শাহ, স্বামী বিজাপুররাজ আলি আদিল শাহ,

ইনি মোগলের হাত হইতে আহ্‌মদনগর রক্ষা করেন। ইনি গৃহশত্রু কর্তৃক নিহত হন।

চাঁদ রায়—বার ভূঁইয়ার অন্যতম। শ্রীপুর ইঁহার রাজধানী ছিল। ইনি অসাধারণ বীর ও নৌ-যুদ্ধে অতীব পারদর্শী ছিলেন। ইনি অনেক শিব-মন্দির স্থাপন করিয়াছিলেন। সুবর্ণগ্রামের শাসনকর্তা ঈশা খাঁ ইঁহার বন্ধু ছিলেন।

চাঁদ সদাগর—চম্পাই নগরের বিখ্যাত বণিক্। ইঁহার পুত্রের নাম লখিন্দর। ইনি মনসা-বিদ্বেষী ছিলেন বলিয়া ইঁহার পুত্র বিবাহ-রাত্রিতে সর্পদষ্ট হন। পুত্রবধূ বেহুলা স্তব করিলে মনসা দেবী ইঁহার পুত্রকে বাঁচাইয়া দেন। সেইদিন হইতে চাঁদ সদাগর মনসার ভক্ত হন।

চাণক্য—'কৌটিল্য' দ্রঃ।

চার্চিল—(Churchill, Rt. Hon. Winston S.)—(জন্ম ১৮৭৪ খৃঃ)—প্রথমে ইনি সামান্য সৈনিক ছিলেন। ইনি বুয়র যুদ্ধে বন্দী হইয়াছিলেন। ১৯৪০ খৃঃ ইনি ইংলণ্ডের প্রধান মন্ত্রীর পদ লাভ করিয়াছিলেন। ইঁহার ওজস্বিনী বক্তৃতায় ইংরাজ জাতি ও ইংরাজ সৈন্য বিশেষ উৎসাহ লাভ করিয়াছিল। ইনি ১৯৪১ খৃঃ F. R. S. উপাধি লাভ করেন। দ্বিতীয় মহাযুদ্ধের পর নির্ব্বাচনে ইনি পরাজিত হইয়া বিরোধীদলের নেতারূপে কার্য্য করিতেছেন।

চার্ব্বাক—বিখ্যাত প্রত্যক্ষবাদী দার্শনিক। ইনি নাস্তিক ছিলেন। ইনি আত্মা ও পরলোক মানিতেন না। ইঁহার মতে সুখই জীবনের চরম উদ্দেশ্য।

চার্লস্, ১ম (Charles I.)—(১৬০০—১৬৪৯ খৃঃ)। ইংলণ্ডের রাজা প্রথম জেম্‌সের পুত্র। পার্লামেণ্ট জনসাধারণের হইয়া ইঁহাকে প্রাণদণ্ড দেন।

চার্লস্, ২য় (Charles II.)—(১৬৩০—১৬৮৫ খৃঃ)। ক্রম্‌ওয়েল্ প্রবর্ত্তিত গণতন্ত্রের পরে যে রাজতন্ত্র পুনঃপ্রবর্ত্তিত হয়, ইনি সেই রাজতন্ত্রের প্রথম রাজা।

চিত্তরঞ্জন দাশ, দেশবন্ধু—(১৮৭০—১৯২৫ খৃঃ)। ভারতের সুপ্রসিদ্ধ রাজনীতিবিদ্। ইঁহার আদি নিবাস ঢাকা জেলার তেলিরবাগ-নামক গ্রাম। ইঁহার পিতা ভুবনমোহন দাশ এটর্নী ছিলেন। আলিপুর বোমার মোকদ্দমায় ইনি প্রভূত খ্যাতি লাভ করেন। ইনি ব্যারিষ্টারী করিয়া বহু অর্থ উপার্জ্জন করিয়াছিলেন। ইনি নিজের যথাসর্ব্বস্ব স্বদেশের কার্য্যে দান করিয়া গিয়াছেন। ইনি কবি ও সাহিত্যিক ছিলেন। ইঁহার রচিত 'সাগর-সঙ্গীত', 'মালঞ্চ', 'মালা', 'অন্তর্যামী' প্রভৃতি বিখ্যাত কাব্যগ্রন্থ। ইনি 'নারায়ণ'-নামক একখানি মাসিক পত্রিকার পরিচালনা ও সম্পাদনা করিতেন। ইনি মহাত্মা গান্ধীর প্রবর্ত্তিত সহযোগিতাবর্জ্জন-নীতি অবলম্বন করেন এবং আদালত পরিত্যাগ করেন। ১৯২১ খৃষ্টাব্দে ইনি কারাদণ্ডে দণ্ডিত হন। ১৯২২ খৃষ্টাব্দে ইনি গয়া কংগ্রেসের সভাপতি হন। দার্জ্জিলিঙে ইঁহার মৃত্যু হয়।

চিত্রগুপ্ত—যমরাজের লেখক। ইঁহার পুত্রের বংশধরেরাই কায়স্থগণের আদিপুরুষ।

চিত্রাঙ্গদ—শান্তনুর পুত্র। ভীষ্ম রাজ্যগ্রহণ না করায় ইনি রাজ্যলাভ করেন।

চিত্রাঙ্গদা—মণিপুররাজ চিত্রভানুর কন্যা ও অর্জ্জুনের পত্নী। ইঁহার গর্ভে অর্জ্জুনের বভ্রুবাহন নামে এক পুত্র হয়।

চিন্তা—শ্রীবৎস রাজার পত্নী।

চিয়াং কাইসেক—(জন্ম ১৮৮৬ খৃঃ)। চৈনিক সেনাপতি ও নেতা। বর্ত্তমানে চীন মাও সে-তুঙ-এর নেতৃত্বে পরিচালিত হওয়ায় ইনি ফরমোসা দ্বীপে আশ্রয় লইয়াছেন।

চেকভ, অ্যাণ্টন প্যাভলোভিচ, (Chekhov, Anton Pavlovich)—(১৮৬০—১৯০৪ খৃঃ)। বিখ্যাত রাশিয়ান

নাট্যকার ও ছোট গল্প-লেখক। ইঁহার পুস্তকগুলি বহু ভাষায় অনূদিত হইয়াছে। 'The Seagull', 'The Three Sisters', 'The Cherry Orchard' প্রভৃতি পুস্তক ইঁহার রচিত।

চেঙ্গিস খাঁ—বিখ্যাত নরহত্যাকারী মোগল-সেনাপতি। ইনি দাসবংশের দ্বিতীয় রাজা আলতামাসের সময়ে ভারতবর্ষ আক্রমণ করিতে আসেন, কিন্তু সিন্ধু নদের তীর হইতেই ফিরিয়া যান।

চেস্টারটন, জি, কে, (Chesterton, G. K)—(১৮৭৪—১৯৩৬ খৃঃ)। বর্তমান-যুগের বিখ্যাত লেখক ও সমালোচক। ইনি বহু উপন্যাস, প্রবন্ধ-পুস্তক ও সরস কবিতা রচনা করিয়াছিলেন। রবার্ট ব্রাউনিং ও চার্ল্‌স্ ডিকেন্সের জীবনী ও কাব্যের সম্পর্কে ইঁহার লিখিত রচনা বিশেষ উল্লেখযোগ্য।

চৈতন্যদেব—(১৪৮৬—১৫৩৩ খৃঃ)। আধুনিক বৈষ্ণব মতের প্রবর্তক। পিতা জগন্নাথ মিশ্র, মাতা শচীদেবী। ইনি নবদ্বীপে জন্মগ্রহণ করেন। ইঁহার অনেক নাম ছিল; যথা, নিমাই, গৌরাঙ্গ, বিশ্বম্ভর ইত্যাদি। চৈতন্যদেব নামেই ইনি সুপরিচিত। ইনি প্রথম জীবনে নানাশাস্ত্র পাঠ করেন। ইঁহার দুইবার বিবাহ হয়। প্রথমা স্ত্রী লক্ষ্মী, দ্বিতীয়া বিষ্ণুপ্রিয়া। ইনি অদ্বিতীয় পণ্ডিত ছিলেন। ঈশ্বরপুরী নামে এক বৈষ্ণব ব্রহ্মচারীর কাছে ইনি দীক্ষা গ্রহণপূর্বক সন্ন্যাস ধর্ম অবলম্বন করেন এবং হরিনাম প্রচারে ব্রতী হন। ইনি বহু তীর্থ পর্যটন করেন। নীলাচলে সমুদ্রে ইনি দেহত্যাগ করেন। কাহারও মতে ইনি জগন্নাথ বিগ্রহে বিলীন হইয়া যান।

চ্যবন—ঋষিবিশেষ। পিতা মহর্ষি ভৃগু। ইঁহিই 'চ্যবনপ্রাশ'-নামক ঔষধ খাইয়া বৃদ্ধকালে নবযৌবন প্রাপ্ত হন।

চ্যাটাম, উইলিয়াম পিট (Chatham, William Pitt, Earl of)—(১৭০৮—১৭৭৮ খৃঃ)। বিখ্যাত ইংরাজ রাজনীতিবিদ্। ইনি সুবক্তা ছিলেন।

চ্যাপম্যান, জর্জ—(Chapman, George)—(১৫৫৯—১৬৩৪ খৃঃ)। ইংরাজ নাট্যকার। হোমারের কাব্য অনুবাদ করিয়া ইনি প্রসিদ্ধিলাভ করেন।

ছ

ছায়া—সূর্যের পত্নী। সূর্যের প্রথমা পত্নী সংজ্ঞা স্বামীর তেজ সহ্য করিতে অসমর্থ হইলে তিনি ইঁহাকে নিজ দেহ হইতে সৃষ্টি করেন এবং নিজে পিত্রালয়ে চলিয়া যান। ইনি সূর্যের সহিত পত্নীভাবে থাকিতে লাগিলেন এবং সংজ্ঞার যমাদি পুত্রদিগকে লালনপালন করিতে লাগিলেন। কিছুকাল পরে ছায়ার শনি নামে এক পুত্র জন্মে।

ছিন্নমস্তা—দশমহাবিদ্যার মধ্যে ইনি এক মহাবিদ্যা। ইনি নিজের মস্তক ছিন্ন করিয়া হাতে ধরিয়া থাকেন এবং স্কন্ধ হইতে নির্গত রক্তধারা পান করেন।

জ

জগৎশেঠ, মহতাব রায়—মুর্শিদাবাদের প্রসিদ্ধ বণিক। ইঁহার ষড়যন্ত্রে এদেশে ইংরাজ রাজত্বের সূত্রপাত হয়। মীরকাশিম ইঁহাকে হত্যা করেন।

জগদানন্দ—সুপ্রসিদ্ধ বৈষ্ণব কবি। ইঁহার নিবাস ছিল বর্দ্ধমান জেলার ঈশগড় গ্রামে।

জগদানন্দ রায়—(১২৭৬—১৩৪০ বঙ্গাব্দ)। লব্ধপ্রতিষ্ঠ লেখক ও বিজ্ঞানানুরাগী সাহিত্যিক। ইনি বিশ্বভারতীর অন্যতম অধ্যাপক ছিলেন। 'প্রকৃতিপরিচয়', 'বৈজ্ঞানিকী', 'প্রাকৃতিকী', 'গ্রহনক্ষত্র', 'জগদীশচন্দ্রের আবিষ্কার', 'শব্দ', 'আলো' প্রভৃতি পুস্তক ইঁহার রচিত।

জগদীন্দ্রনাথ রায়—(১৮৬৮—১৯২৫ খৃঃ)। নাটোরের মহারাজা। ইনি 'মানসী ও

মর্ম্মবাণী'র সম্পাদক ছিলেন। ইঁহার 'সন্ধ্যা-তারা' প্রভৃতি বেশ প্রসিদ্ধ।

জগদীশচন্দ্র বসু, আচার্য্য স্যার—(১৮৫৮—১৯৩৭ খৃঃ)। পৃথিবী-প্রসিদ্ধ বৈজ্ঞানিক। ঢাকা জেলার রাঢ়ীখাল ইঁহার পিতৃভূমি। ইনি বহুকাল প্রেসিডেন্সি কলেজের বিশিষ্ট অধ্যাপক ছিলেন। ধাতুর প্রাণ আছে, গাছের প্রাণ আছে, গাছ হাসে কাঁদে ঘুমায়—ইহা ইনি নানা যন্ত্রাদি আবিষ্কার করিয়া প্রমাণিত করিয়াছেন। ইনি বহু যন্ত্রের উদ্ভাবক। বেতারযন্ত্রের উদ্ভাবনে ইঁহার অবদান সর্ব্বাপেক্ষা অধিক। কলিকাতায় ইঁহার বৈজ্ঞানিক গবেষণাগার 'বসু-বিজ্ঞান-মন্দির' (Bose Institute) নামে খ্যাত। বঙ্গভাষায় ইঁহার লিখনভঙ্গী অতি চমৎকার। 'Response in the Living and Non-living', 'Plant Response', 'অব্যক্ত' ইত্যাদি ইঁহার রচিত পুস্তক। ইনি উদ্ভিদ্-বিদ্যায় পৃথিবীর শ্রেষ্ঠ বৈজ্ঞানিক। পদার্থ-বিদ্যায় ইনি শ্রেষ্ঠ বৈজ্ঞানিকদের অন্যতম। ইনি স্বদেশকে ১৭ লক্ষ টাকা দান করিয়া গিয়াছেন।

জগদীশ তর্কালঙ্কার—নবদ্বীপের বিখ্যাত নৈয়ায়িক পণ্ডিত। খৃষ্টীয় সপ্তদশ শতাব্দীর প্রথম ভাগে ইনি বর্ত্তমান ছিলেন। দীধিতি গ্রন্থের টীকা রচনা করিয়া ইনি যশস্বী হন। ইঁহার রচিত বহু টীকার মধ্যে তর্কামৃত ও রহস্যপ্রকাশের একখানি টীকা পাওয়া যায়।

জগদ্ধাত্রী—ভগবতী দুর্গার মূর্ত্তিবিশেষ।

জগন্নাথ—পুরীক্ষেত্রের পুরুষোত্তম। জগন্নাথ-দেব হস্তপদহীন। ঐতিহাসিকদের মতে জগন্নাথ বৌদ্ধবিগ্রহ।

জগন্নাথ তর্কপঞ্চানন—(১৬৯৪—১৮০৬ খৃঃ)। বিখ্যাত পণ্ডিত। ইঁহার অদ্ভুত স্মৃতি-শক্তি ছিল। ইনি 'অষ্টাদশ বিবাদের বিচার-গ্রন্থ' ও 'বিবাদ-ভঙ্গার্ণব'-নামক দুইখানি পুস্তক সঙ্কলন করিয়া গভর্ণমেণ্ট হইতে বহু টাকা প্রাপ্ত হন। ইহা ছাড়া ইঁহার দুই-একখানি সংস্কৃত নাটক ও কয়েকখানি সংগ্রহ-পুস্তক আছে।

জটায়ু—পক্ষিবিশেষ। পিতা অরুণ, মাতা শ্যেনী। ইঁহার জ্যেষ্ঠ ভ্রাতার নাম সম্পাতি। জটায়ু সীতাকে রক্ষা করিতে যাইয়া রাবণ-হস্তে নিহত হন। ইনি রামকে সীতাহরণের সংবাদ দিয়াছিলেন।

জটিলা—জনৈকা গোপী। শ্রীরাধার স্বামী আয়ান ইঁহার পুত্র।

জড়ভরত—পূর্ব্বজন্মে ইঁহার নাম ছিল রাজা ভরত। একটি পালিত মৃগশাবকের বিষয় চিন্তা করিতে করিতে মৃত্যুমুখে পতিত হন বলিয়া ইনি জন্মান্তরে জাতিস্মর মৃগ হন। পুনরায় পরজন্মে ইনি ব্রাহ্মণ হইয়া জন্মগ্রহণ করেন। এ জন্মেও ইনি পূর্ব্ব জন্মবৃত্তান্ত স্মরণ করিতে পারিতেন। পূর্ব্ব জীবনের চিন্তায় ইনি জড়ের ন্যায় অবস্থান করিতেন বলিয়া ইঁহার নাম জড়ভরত।

জন (John)—(১১৬৭—১২১৬ খৃঃ)। ইংলণ্ডের রাজা। ইঁহার অত্যাচার অসহ্য হইয়া উঠিলে সম্ভ্রান্ত-বংশীয়েরা ১২১৬ খৃঃ ইঁহাকে 'Magna Carta' স্বাক্ষর করিতে বাধ্য করেন।

জনক—নিমির পৌত্র, মিথির পুত্র। ইনি বিদেহের 'জনক'-উপাধিধারী রাজবংশের প্রতিষ্ঠাতা। ইঁহার পুত্রের নাম উদাবসু। সাধারণতঃ জনক বলিলে সীতার পালক-পিতা সীরধ্বজ জনককে বুঝায়।

জনমেজয় (জন্মেজয়)—ইনি অর্জ্জুনের প্রপৌত্র ও পরীক্ষিতের পুত্র।

জন্‌সন, বেন (Johnson, Ben)—(১৫৭৩—১৬৩৭ খৃঃ)। বিখ্যাত কবি ও নাট্যকার। ইনি সেক্সপিয়ারের বন্ধু ছিলেন।

জন, সেণ্ট, দি ইভান্‌জেলিস্ট (John, St., the Evangelist)—যীশুর বারজন প্রধান ভক্তের মধ্যে ইনি অন্যতম। তিনি ইঁহাকে অত্যন্ত স্নেহ করিতেন।

জন, সেণ্ট, দি ব্যাপ্‌টিস্ট (John,

St., the Baptist)—ধর্মপ্রাণ ইহুদি। ইনি যীশুর পূর্ববর্তী লোক। শিশু যীশুকে জর্ডন নদীর জল দ্বারা ইনিই দীক্ষিত করিয়াছিলেন। [পুঃ।

জন, স্টুয়ার্ট মিল—'মিল, জন স্টুয়ার্ট'

জব চার্নক (Job Charnock)—কলিকাতা নগরীর প্রতিষ্ঠাতা। ১৬৫৫-৫৬ খৃষ্টাব্দে ইনি ইংলণ্ড হইতে এদেশে আগমন করেন। ইনি বড়িষার সাবর্ণ চৌধুরীদের নিকট হইতে কলিকাতা, গোবিন্দপুর ও সুতানুটি এই তিনখানি গ্রাম ক্রয় করিয়া কলিকাতা নগরীর পত্তন করেন।

জমদগ্নি—গোত্রপ্রবর্তক মুনি। ইনি পরশুরামের পিতা।

জয়গোপাল তর্কালঙ্কার—(১৭৭৫ —১৮৪৪ খৃঃ)। বিখ্যাত সংস্কৃতজ্ঞ পণ্ডিত, কবি ও অভিধানকার।

জয়চন্দ্র—ইহার প্রকৃত নাম 'জয়চন্দ'। ইনি কনৌজের অধিপতি ছিলেন। ইহার কন্যা সংযুক্তা আজমীরের পৃথ্বীরাজের পত্নী। শিহাবুদ্দিন ঘোরী পৃথ্বীরাজের রাজ্য আক্রমণ করিলে ইনি তাঁহাকে সাহায্য করেন নাই। ঘোরী কনৌজ আক্রমণ করিলে স্বজাতিদ্রোহী জয়চন্দ্র তাঁহার হস্তে নিহত হন।

জয়দেব—'গীতগোবিন্দ'-নামক সুমধুর সংস্কৃত গীতি-কাব্যের রচয়িতা। খৃষ্টীয় দ্বাদশ শতাব্দীতে বীরভূম জেলার কেন্দুবিল্ব গ্রামে ইনি জন্মগ্রহণ করেন। ইনি কিছুকাল লক্ষ্মণসেনের সভায় রাজকবি ছিলেন, পরে উৎকলরাজের সভাপণ্ডিত হন।

জয়দ্রথ—সিন্ধুদেশের অধিপতি। দুর্যোধনের ভগিনী দুঃশলার সহিত ইহার বিবাহ হয়। অর্জুন ইহাকে নিহত করেন।

জয়পাল—কাবুল নৃপতি। পেশোয়ার পর্যন্ত ভূভাগ ইনি অধিকার করিয়াছিলেন। ১০০১ খৃঃ সুলতান মামুদের হস্তে ইনি বার বার পরাজিত ও লাঞ্ছিত হন এবং সেই দুঃখে আত্মহত্যা করেন।

জয়প্রকাশ নারায়ণ—জন্মস্থান বিহারের সারণ জেলা। ১৯২২—২৯ পর্যন্ত আমেরিকার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করিয়া ইনি দেশে ফিরিয়া আসেন। ১৯৩০—৩১ খৃঃ ইনি কংগ্রেসের সেক্রেটারী ছিলেন। ১৯৩৪ খৃঃ ইনি সমাজতন্ত্রী দলের প্রতিষ্ঠা করেন। ইনি কয়েকবার কারাভোগ করেন। ১৯৪৬—৪৭ খৃঃ ইনি কংগ্রেসের কার্য্য-নির্বাহক সমিতির সভ্য ছিলেন।

জয়সিংহ, মীর্জা রাজা—অম্বরের মানসিংহের ভ্রাতুষ্পুত্র। ইনি মোগল-সম্রাট আওরঙ্গজেবের অধীনে দাক্ষিণাত্যে শিবাজীর বিরুদ্ধে অভিযান করিয়াছিলেন। বুরহানপুরে ১৬৬৭ খৃষ্টাব্দের ২রা জুলাই তারিখে ইহার মৃত্যু হয়।

জয়সিংহ, সওয়াই—অম্বরের [illegible] প্রসিদ্ধ ভূপতি। ইনি গণিত ও জ্যোতিষ-বিদ্যার অনুশীলনের জন্য উজ্জয়িনী, বারাণসী, মথুরা, দিল্লী প্রভৃতি স্থানে কয়েকটি মানমন্দির প্রতিষ্ঠা করিয়াছিলেন। ইনি বর্তমান জয়পুর নগর নির্মাণ করেন এবং ঐ সময় হইতে অম্বরের পরিবর্তে উহা ইহার রাজধানী হয়।

জরাসন্ধ—বৃহদ্রথ রাজার পুত্র, মগধের রাজা। মল্লযুদ্ধে ভীম ইহাকে দুইভাগে বিভক্ত করিলে ইহার মৃত্যু হয়।

জর্জ, ৫ম (George V.)—(১৮[illegible] — ১৯৩৬ খৃঃ)। ব্রি[illegible]-সাম্রাজ্যের সম্রাট [illegible] এডওয়ার্ডের দ্বিতীয় পুত্র। মাতা [illegible] [illegible]। ১৯১১ খৃষ্টাব্দে ইহার রাজ্যাভিষেক হয়। ১৯১৪—১৮ খৃষ্টাব্দের ইউরোপীয় মহাযুদ্ধ ইহার রাজত্বকালের উল্লেখযোগ্য ঘটনা।

জর্জ, ৬ষ্ঠ (George VI.)—(১৮৯[illegible] জন্ম)। ইংলণ্ডের বর্তমান রাজা। ইনি পঞ্চম জর্জের দ্বিতীয় পুত্র। ইহার জ্যেষ্ঠ ভ্রা[illegible] Duke of Windsor (অষ্টম এডওয়া[illegible] সিংহাসন ত্যাগ করিলে ইনি ১৯৩৭ খৃঃ [illegible] হন।

জর্জ, আর্ল ডেভিড লয়েড—(১৮

—১৯৪৪ খৃঃ) প্রথম মহাযুদ্ধের সময় ইনি প্রথমে ইংলণ্ডের সমরদ্রব্য-উৎপাদনের সচিব, সমর-সচিব ও পরে প্রধান মন্ত্রীর পদ লাভ করেন এবং ১৯২২ খৃঃ পর্য্যন্ত উক্ত পদে অধিষ্ঠিত ছিলেন।

জলধর সেন, রায় বাহাদুর—(১২৬৬—১৩৪৫ বঙ্গাব্দ)। নদীয়া জেলায় ইঁহার জন্ম হয়। ইনি একজন সুসাহিত্যিক ছিলেন। ইনি কয়েকখানি উপন্যাস রচনা করিয়াছিলেন। ইঁহার রচনা সুপাঠ্য ও প্রাঞ্জল। ইনি 'ভারতবর্ষ'-নামক মাসিক পত্রিকার সম্পাদক ছিলেন। ইনি ভারতবর্ষের বহু স্থান পর্য্যটন করিয়াছিলেন। 'অভাগী', 'হিমালয়', 'কাঙালের ঠাকুর' প্রভৃতি বহু পুস্তক ইনি লিখিয়াছেন।

জহরলাল নেহেরু, পণ্ডিত—জন্ম ১৮৮৯ খৃঃ। পিতা মতিলাল নেহেরু। ইনি ইংলণ্ডে শিক্ষালাভ করেন ও ব্যারিষ্টারি পাশ করেন। ১৯২৯, ১৯৩০, ১৯৩৬, ১৯৩৭ ও ১৯৪৬ খৃঃ ইনি কংগ্রেসের সভাপতি হন। ইনি নয়বার কারাবরণ করেন। ১৯৪৫ সালে কারামুক্ত হইয়া ১৯৪৬ সালে অন্তর্ব্বর্ত্তী সরকার গঠন করেন এবং ১৯৪৭ সালের আগষ্ট মাস হইতে ভারতের প্রধান মন্ত্রীর পদে বর্ত্তমান আছেন।

জহ্নু—জনৈক রাজর্ষি। ইনি তপোবলে গঙ্গাকে পান করেন। ভগীরথের স্তুতিতে সন্তুষ্ট হইয়া ইনি গঙ্গাকে স্বীয় শরীর হইতে বাহির করিয়া দেন। তদবধি গঙ্গা জহ্নুর কন্যা বা 'জাহ্নবী' নামে খ্যাত।

জাবালি—কশ্যপবংশীয় মুনি। ইনি রাজা দশরথের গুরু ছিলেন এবং চিত্রকূট পর্ব্বতে রামকে রাজ্যগ্রহণ করিতে নানাবিধ যুক্তি প্রদর্শন করিয়াছিলেন।

জাম্ববান্—ইনি ভল্লুকদিগের অধিপতি এবং বানররাজ সুগ্রীবের মন্ত্রী ছিলেন। লঙ্কাসমরে ইনি রামচন্দ্রের পক্ষে থাকিয়া যুদ্ধ —[illegible]।

জারক্সেস (Xerxes)—পারস্যের বি[illegible] রাজা। অনুমান খৃষ্টপূর্ব্ব ৫১৯ হ[illegible] ৪৬৫ অব্দ পর্য্যন্ত ইনি জীবিত ছি[illegible] ডেরিয়াস্ ইঁহার পিতা। খৃঃ পূঃ ৪৮১ [illegible] ইনি গ্রীসের বিরুদ্ধে অভিযান ক[illegible] থার্ম্মপিলি-নামক গিরিসঙ্কটে ইনি গ্রীক[illegible] পরাজিত করেন। ইনি খৃঃ পূঃ ৪৮৫ [illegible] ৪৬৫ অব্দ পর্য্যন্ত রাজত্ব করেন।

জালালউদ্দীন খিলজী—ইনি [illegible] খিলজী রাজবংশের প্রতিষ্ঠাতা। ইনি [illegible] খৃষ্টাব্দে দিল্লীর সিংহাসনে আরোহণ ক[illegible] ইঁহার ভ্রাতুষ্পুত্র আলাউদ্দীন খিলজী ইঁ[illegible] হত্যা করিয়া রাজা হন।

জাহাঙ্গীর—দিল্লীর বিখ্যাত মোগল-[illegible] আকবরের জ্যেষ্ঠ পুত্র। ইঁহার পূর্ব্ব[illegible] সেলিম। ইনি নূরজাহান নামে এক [illegible] রূপবতী পারস্যদেশীয়া রমণীর পাণিগ্রহণ ক[illegible]

জাহান-আরা, বেগম—(১৬১৪—[illegible] খৃঃ)। দিল্লীর সম্রাট্ শাহ্‌জাহানের [illegible] পিতার প্রতি ইঁহার অত্যন্ত ভক্তি ছিল। [illegible] চিরকুমারী ছিলেন।

জাহান্দার শাহ্—বাহাদুর শাহের [illegible] বাহাদুর শাহের মৃত্যুর পর ইনি সম্রাট্[illegible] কিন্তু কয়েকমাস পরেই ইনি সিংহাস[illegible] হন।

জিতেন্দ্রলাল বন্দ্যোপাধ্যা[illegible] (১৮৮৩—১৯৪০ খৃঃ)। সুবিখ্যাত শিক্ষ[illegible] ও দেশসেবক। প্রথম শ্রেণীতে [illegible] স্থান অধিকার করিয়া এম-এ [illegible] পাস করেন। ইনি প্রথমে স[illegible] কলেজের অধ্যাপক ছিলেন, কিন্তু উগ্র [illegible] প্রেমিক ছিলেন বলিয়া তিনি সরকারী [illegible] ত্যাগ করেন। তিনি বহুকাল যাবৎ কং[illegible] সহিত সংশ্লিষ্ট ছিলেন, শেষে উহা প[illegible] করেন। তিনি বিদ্যাসাগর ক[illegible] ইংরেজীর অধ্যাপক ছিলেন। তাঁহা[illegible] পণ্ডিত ও বক্তা অতি বিরল।

জিন—জৈনধর্ম্মের প্রবর্ত্তক। ইঁহার

নাম বর্দ্ধমান মহাবীর। ইনি চতুর্ব্বিংশতি তীর্থঙ্করের একজন। সম্ভবতঃ ইনি খৃঃ পূঃ ষষ্ঠ শতাব্দীতে আবির্ভূত হন। বর্ত্তমান পাটনা জেলায় ইনি খৃঃ পূঃ ৫২৭ (কাহারও মতে ৪৬৭) অব্দে প্রাণত্যাগ করেন।

জিন্না, কায়েদে আজম মহম্মদ আলি —(১৮৭৬—১৯৪৮ খৃঃ)। ইঁহার জন্ম করাচীতে। ১৬ বৎসর বয়সে বিলাতে আইন পড়িতে গিয়া ইনি স্বাধীনতা-আন্দোলনের অন্যতম প্রবর্ত্তক ৺দাদাভাই নৌরজীর সংস্পর্শে আসেন এবং তাঁহার নিকটেই রাজনীতি-বিষয়ে শিক্ষালাভ করেন। ১৯০৬ হইতে ১৯১৩ খৃষ্টাব্দ পর্য্যন্ত ইনি কংগ্রেসের সদস্য ছিলেন। ১৯১৩ খৃষ্টাব্দে ইনি মুসলিম লীগে যোগদান করেন। ১৯৩৬ সালের নির্ব্বাচনের পূর্ব্বে ইনি ইংলণ্ডের গোলটেবিল বৈঠকে যোগদান করেন এবং মুসলিম লীগের তরফ হইতে ১৪ দফা দাবী উপস্থাপিত করেন। ইনি স্বমতে অটল ছিলেন। দ্বিতীয় মহাযুদ্ধের প্রারম্ভে কংগ্রেস মন্ত্রিত্ব বর্জন করিলে এবং কংগ্রেসের নেতৃগণ কারারুদ্ধ হইলে মিঃ জিন্না লীগ মন্ত্রি-সভা গঠন করেন। ১৯৪৬ খৃষ্টাব্দে মহাযুদ্ধের অন্তে ইনি 'প্রত্যক্ষ সংগ্রাম' ঘোষণা করিলে প্রথমে কলিকাতায় ও পরে অন্যান্য স্থানে ব্যাপকভাবে হিন্দুদের নিধন ব্যবস্থা হয় এবং ইহার ফলে ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট হইতে ভারত দ্বিধা বিভক্ত হয়। মিঃ জিন্না পাকিস্তানের গভর্ণর-জেনারেল ও গণপরিষদের সভাপতি নির্ব্বাচিত হন। ইনি অসাধারণ আইন-জ্ঞানসম্পন্ন ছিলেন এবং বোম্বাইতে ব্যারিষ্টারী করিয়া বহু অর্থ অর্জন করিয়াছিলেন।

জুনো (Juno)—স্বর্গের রাণী, জুপিটারের পত্নী। ইনি অত্যন্ত হিংসাপরায়ণা ছিলেন।

জুপিটার (Jupiter)—স্বর্গের রাজা। জুনো ইঁহার পত্নী। ইনি মানুষ ও দেবগণের পিতা।

জেপেলিন, কাউণ্ট ফের্ডিনাণ্ড ফোন (Zeppelin, Count Ferdinand von)—(১৮৩৮—১৯১৭ খৃঃ)। 'জেপেলিন'-নামক বিখ্যাত উড়োজাহাজের উদ্ভাবক। ১৯০০ খৃষ্টাব্দে ইনি এই নামের উড়োজাহাজে করিয়া বহুদূর পর্য্যন্ত উড়িয়া যান।

জেব্ উন্নিসা—(১৬৩৯—১৭০৯ খৃঃ)। সম্রাট্ ঔরঙ্গজেবের দুহিতা। ইনি পারসীক ও আরবীয় ভাষায় বিদুষী ছিলেন এবং ইঁহার অসাধারণ কবিত্ব-শক্তি ছিল।

জেভিয়ার, সেণ্ট (Xavier, St.)—(১৫০৬—১৫৫২ খৃঃ)। প্রসিদ্ধ ধর্ম্মযাজক। ইনি 'Ignatius de Loyola'র অনুচর ছিলেন। প্রাচ্যে ইনি ধর্ম্মপ্রচার-কার্য্যে নিযুক্ত থাকিতেন। ১৬২২ খৃষ্টাব্দ হইতে ইনি সিদ্ধপুরুষগণের অন্তর্ভুক্ত হন।

জৈমিনি—বেদব্যাসের শিষ্য মুনিবিশেষ। ইনি পূর্ব্বমীমাংসা-দর্শন প্রণয়ন করেন। ইঁহার প্রণীত জৈমিনীয় দর্শন বা পূর্ব্বমীমাংসা জৈমিনি-ভারত বিশেষ প্রসিদ্ধ।

জোয়ান অভ আর্ক (Joan of Arc)—(১৪১২—১৪৩১ খৃঃ)। প্রকৃত নাম জীন দার্ক। প্রসিদ্ধ ফরাসী বীরবালা। ইনি এক দরিদ্র কৃষকের কন্যা ছিলেন। ইঁহার প্রেরণায় ও উদ্দীপনায় ফরাসীরা ইংরাজদিগকে অর্লিয়েন্স হইতে দূর করিয়া দেয় এবং চার্লস্ রাজা হন (১৪২৯ খৃঃ)। পরে বার্গেণ্ডির ডিউক ইঁহাকে আহত অবস্থায় ধৃত করিয়া ইংরাজদের নিকট সমর্পণ করেন। ইংরাজেরা ইঁহাকে নৃশংসভাবে পোড়াইয়া হত্যা করে।

জোরোয়াস্তার (Zoroaster)—পারসীকদিগের ধর্ম্মপ্রবর্ত্তক। খৃঃ পূঃ ১০০০ হইতে ৮০০ অব্দের মধ্যে ইনি আবির্ভূত হন। ইনি প্রথমে 'আবেস্তা'-নামক গ্রন্থ রচনা করেন। তাহা কেহ কেহ বুঝিতে না পারায় পুনরায় 'জেন্দ' নামে আর একখানি পুস্তক রচনা করেন।

জোলা, এমিলি (Zola, Emile)—(১৮৪০—১৯০২ খৃঃ)। বিখ্যাত ফরাসী ঔপন্যাসিক। ইঁহার লিখিত 'নানা', 'ড্রিঙ্ক' প্রভৃতি উপন্যাসগুলি অতি জনপ্রিয়।

জ্ঞানদাস—প্রসিদ্ধ পদকর্তা। বীরভূম জেলায় ১৫৩০ খৃষ্টাব্দে ইঁহার জন্ম হয়। ইনি 'মাথুর' ও 'মুরলীশিক্ষা'-নামক দুইখানি সুমধুর গীতিকাব্যের রচয়িতা।

জ্ঞানেন্দ্রমোহন দাস—(১৮৭২—১৯৩৯ খৃঃ)। কলিকাতার শিকদার বাগানে জন্ম। কর্মজীবনে যুক্তপ্রদেশের পুলিশ-বিভাগে চাকরি গ্রহণ করেন। ঐ সময়ে স্বর্গীয় রামানন্দ চট্টোপাধ্যায়ের সহিত ইঁহার পরিচয় হয় এবং ইনি 'প্রবাসী'-পত্রিকায় প্রবন্ধাদি লিখিতে আরম্ভ করেন। মৃত্যুর পূর্বে ভারতের সমস্ত বিখ্যাত তীর্থ দর্শন করেন। ইনি সর্বদা ভ্রাম্যমাণ পাঠাগার সঙ্গে রাখিতেন। 'বঙ্গের বাহিরে বাঙ্গালী', 'বাঙ্গালা ভাষার অভিধান', 'সৃষ্টিতত্ত্বে পুরাণ ও বিজ্ঞান', 'প্রাণীদের অন্তরের কথা', 'মেঘনাদবধ কাব্যের টীকা' ইত্যাদি ইঁহার রচিত গ্রন্থ।

জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর-(১২৫৫—১৩৩১ বঙ্গাব্দ)। সুপ্রসিদ্ধ সাহিত্যিক ও নাট্যকার। ইনি রবীন্দ্রনাথের অন্যতম ভ্রাতা। ইনি স্বর-বিজ্ঞানে (Phonology) বিশেষ পারদর্শী ছিলেন। 'অশ্রুমতী', 'পুরুবিক্রম', 'সরোজিনী' প্রভৃতি ইঁহার রচিত পুস্তক।

ঝ

ঝিন্দনকুমারী—পঞ্জাবকেশরী রণজিৎ সিংহের মহিষী এবং দলীপ সিংহের জননী। ১৮৪৩ খৃষ্টাব্দে রাজ্যভার গ্রহণ করিয়া পুত্রের নাবালক অবস্থায় ইনি তাঁহার অভিভাবিকা হইয়া রাজকার্য্য নির্ব্বাহ করেন। ১ম শিখ-যুদ্ধের পরে ইংরাজদিগের বিরুদ্ধে ষড়্‌যন্ত্রে লিপ্ত হইলে ইঁহাকে রাজকার্য্য হইতে অপসারিত করা হয় এবং দলীপ সিংহের বয়ঃপ্রাপ্তি পর্য্যন্ত পঞ্জাবের শাসনভার ইংরাজ গবর্ণমেন্টের হস্তে যায়। অতঃপর ইনি ইংরাজদিগের বিরুদ্ধে আরও কয়েকটি ষড়্‌যন্ত্রে লিপ্ত হন। ২য় শিখযুদ্ধ ইঁহারই নির্ব্বাসনের ফল। ইঁহাকে নির্ব্বাসিত করিবার জন্যই চিলিয়ানওয়ালার যুদ্ধে শিখদিগের নিকট ইংরাজগণের পরাজয় হয়। ১৮৬৩ খৃষ্টাব্দে লণ্ডনে ইঁহার মৃত্যু হয়।

ট

টমাস রো, স্যার (Thomas Row, Sir)—ইংরাজ রাজনীতিজ্ঞ। ইনি ইংলণ্ডের রাজা প্রথম জেম্‌সের দূতরূপে ১৬১৫ খৃষ্টাব্দে সম্রাট্ জাহাঙ্গীরের রাজসভায় উপস্থিত হন। ইঁহার কার্য্যে সন্তুষ্ট হইয়া সম্রাট্ ইস্ট ইণ্ডিয়া কোম্পানীকে সুবিধাজনক সর্ত্তে বাংলা ও অন্যান্য স্থানে বাণিজ্য করিতে অনুমতি দেন।

টরিসেল্লি, ইভান্‌জেলিস্টা (Torricelli, Evangelista)—(১৬০৮—৪৭ খৃঃ)। বিখ্যাত ইটালীয় আবিষ্কারক। ইনি গ্যালিলিওর ছাত্র ছিলেন। 'ব্যারোমিটার' বা আবহাওয়া-নিরূপণ যন্ত্র ইঁহার দ্বারাই উদ্ভাবিত হইয়াছিল। ইনি অণুবীক্ষণ যন্ত্রের ও দূরবীক্ষণ যন্ত্রের অনেক উন্নতি সাধন করেন।

টলস্টয়, কাউণ্ট লিও (Tolstoi, Count Leo)—(১৮২৮—১৯১০ খৃঃ)। রুশিয়ার খ্যাতনামা সাহিত্যিক ও রাজনীতিক। ইঁহার রচিত পুস্তকগুলির মধ্যে 'War and Peace', 'Anna Karenina', 'The Cossacks', 'Resurrection' প্রভৃতি অতি জনপ্রিয়।

টাটা, জামসেদজী স্যার—(১৮৩৯—১৯০৪ খৃঃ)। বোম্বাই প্রদেশের প্রসিদ্ধ ব্যবসায়ী। বিপুল অর্থ ব্যয় করিয়া ইনি

মহীশূর রাজ্যের অন্তর্গত বাঙ্গালোর-নামক স্থানে একটি গবেষণাগার স্থাপন করিবার সংকল্প করেন। ইঁহার মৃত্যুর পর উক্ত স্থানে এই গবেষণাগার প্রতিষ্ঠিত হয়। সাকচীর লৌহ-কারখানা ইঁহার সর্ব্বপ্রধান কীর্ত্তি। ইনি তাহার সূচনা করিয়া যান। ইঁহার মৃত্যুর পর ১৯০৭ খৃষ্টাব্দ হইতে ইহার কার্য্যারম্ভ হয়। ইঁহার আর একটি কীর্ত্তি 'হাইড্রো-ইলেক্‌ট্রিক স্কীম'। পশ্চিমঘাট পর্ব্বতমালার লোনাভ্‌লা-নামক স্থানে এই কারখানা অবস্থিত।

টাভার্ণিয়ার, জীন ব্যাপ্টিস্ট (Tavernier, Jeare Baptist)—ইনি একজন ফরাসী বণিক্। ১৬০২ খৃষ্টাব্দে ইঁহার জন্ম হয়। ভারতে অবস্থানকালে ইনি মোগল-সাম্রাজ্যের বহু বিবরণ লিপিবদ্ধ করিয়াছিলেন।

টিকেন্দ্রজিৎ সিংহ—(১৮৫৮—১৮৯১ খৃঃ)। ইনি মণিপুরের রাজা কীর্ত্তিচন্দ্রের পুত্র। ইংরাজদিগের সহিত যুদ্ধে ইনি ধৃত হন এবং বিচারে ইঁহার ফাঁসি হয়।

টিপু সুলতান—পিতা হায়দর আলির মৃত্যুর পর ১৭৮২ খৃষ্টাব্দে 'সুলতান' উপাধি গ্রহণ করিয়া ইনি মহীশূরের সিংহাসনে আরোহণ করেন। ইংরাজদিগের সহিত বহুবার যুদ্ধ করিয়া ১৭৯৯ খৃঃ ইনি নিহত হন।

টুর্গেনেফ, আইভান সার্জেভিচ (Turgenev, Ivan Sergeyevitch)—(১৮১৮—১৮৮৩ খৃঃ)। বিখ্যাত রুশ লেখক। 'Annals of a Sportsman' লিখিয়া ইনি প্রসিদ্ধ হন। 'Fathers and Sons' ইঁহার বিখ্যাত পুস্তক।

টেকচাঁদ ঠাকুর—'প্যারীচাঁদ মিত্র' দ্রঃ।

টেনিসন, অ্যালফ্রেড, লর্ড (Tennyson, Alfred, Lord)—(১৮০৯—১৮৯২ খৃঃ)। প্রসিদ্ধ ইংরাজ কবি। ইঁহার প্রণীত পুস্তকগুলির মধ্যে 'Maud', 'The Idylls of the King', 'The May Queen' প্রভৃতি সবিশেষ প্রসিদ্ধ।

টোগো—(জন্ম ১৮৪৭ খৃঃ)। ইনি প্রথমে জাপানের নৌ সেনাপতি ছিলেন ও পরে মন্ত্রিত্ব লাভ করেন।

টোজো, মার্শাল—জাপানের প্রসিদ্ধ সেনানায়ক। ১৯৪২ খৃঃ ইনি জাপানের প্রধান মন্ত্রী হন। জাপানের পতনের পর ইনি বন্দী হইয়া আত্মহত্যার চেষ্টা করেন কিন্তু নিবারিত হন। পরে সামরিক বিচারে ইঁহার ফাঁসী হয় (১৯৪৯ খৃঃ)।

টোডরমল, রাজা—ইনি সম্রাট আকবরের রাজস্ব-সচিব ছিলেন। তৎকালে রাজস্ব-বিষয়ে এদেশে টোডরমলের তুল্য অভিজ্ঞ ব্যক্তি আর দ্বিতীয় কেহ ছিল না। আকবরের সাম্রাজ্যের সমগ্র ভূমি জরিপ করাইয়া ইনি কর সংগ্রহের নূতন প্রণালী নির্দিষ্ট করেন।

ট্রট্‌স্কি, লিও ডেভিডোভিচ (Trotsky, Leo Davidovich)—প্রসিদ্ধ কমিউনিস্ট নেতা। ১৮৭৭ খৃষ্টাব্দে রুশিয়ায় ইঁহার জন্ম হয়। ইনি লেনিনের মতবাদের দৃঢ় সমর্থক ছিলেন। স্টালিনের সহিত মতবিরোধ হেতু ইনি দেশ ছাড়িয়া মেক্সিকোতে গমন করেন এবং তথায় ১৯৪০ খৃঃ জনৈক আততায়ীর আক্রমণে নিহত হন।

ঠ

ঠাকুরদাস চক্রবর্ত্তী—১২০৯ বঙ্গাব্দে নদীয়ায় জন্ম। ইনি প্রসিদ্ধ কবিওয়ালাদের অন্যতম। প্রায় ৬০ বৎসর বয়সে ইঁহার মৃত্যু হয়।

ঠাকুরদাস দত্ত—প্রসিদ্ধ কবিওয়ালা ও পাঁচালিকার। আনুমানিক ১২০৬ বঙ্গাব্দে হাওড়ার অন্তর্গত বাঁটরায় ইঁহার জন্ম। ইঁহার রচিত কয়েকটি গ্রন্থের নাম—'সাহিত্য-মঙ্গল', 'সাতনরী', 'উদ্ভটকাব্য', 'বিজনবালা', 'মালঞ্চ', 'শারদীয় সাহিত্য'।

ড

ডগের, লুই ঝাক মাঁদে (Daguerre, Louis Jacques Mande)—(১৭৮৯—১৮৫১ খৃঃ)। বিখ্যাত ফরাসী শিল্পী। ইঁহাকেই 'ফটোগ্রাফী'র উদ্ভাবক বলা হয়।

ডব্লিউ, সি, ব্যানার্জ্জী—'উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়' দ্রঃ।

ডয়েল, স্যার এ, কোনান—(Doyle, Sir A. Conan)—(১৮৫৯—১৯৩০ খৃঃ)। বিখ্যাত ইংরাজ লেখক। ইনি ডিটেক্‌টিভ উপন্যাস লিখিয়া বিখ্যাত হইয়াছেন। ইঁহার প্রত্যেক ডিটেক্‌টিভ উপন্যাসে 'শার্লক হোম্‌স্' প্রধান চরিত্র।

ডস্টয়েফস্কি, ফিয়ডর মিখেলোভিচ (Dostoyevsky, Feodor Mikhailovitch)—(১৮২১—১৮৮১ খৃঃ)। বিখ্যাত রুশ উপন্যাসিক। 'Crime and Punishment' ইঁহার একখানি প্রসিদ্ধ পুস্তক।

ডায়েনা (Diana)—মৃগয়া ও সতীত্বধর্ম্মের দেবী। ইঁহার পিতা জুপিটার। অ্যাপলো (Apollo) ইঁহার যমজ ভ্রাতা।

ডারুইন, চার্লস্ রবার্ট (Darwin, Charles Robert)—(১৮০৯—১৮৮২ খৃঃ)। সুবিখ্যাত ইংরাজ প্রাণিতত্ত্ববিদ্ ও দার্শনিক পণ্ডিত। ইঁহার মতে ক্রমবিবর্ত্তনের ফলে অতি সূক্ষ্ম জীববিন্দুরই (protoplasm) চরম পরিণতি মানব, এবং মানবেরই প্রাক্তন অবস্থা বানর। ইঁহারই প্রচারে ক্রমবিকাশ-মতবাদ পাশ্চাত্ত্য দর্শনে এক যুগান্তর আনয়ন করিয়াছে।

ডিকেন্স, চার্লস্ (Dickens, Charles)—(১৮১২—১৮৭০ খৃঃ)। উনবিংশ শতাব্দীর শ্রেষ্ঠ উপন্যাস-রচয়িতা। ইনি 'Pickwick Papers', 'A Tale of Two Cities' প্রভৃতি বহু গ্রন্থ প্রণয়ন করেন।

ডিজরেলি, বেঞ্জামিন (Disraeli, Benjamin, Lord of Beaconsfield)—(১৮০৪—১৮৮১ খৃঃ)। ইহুদীজাতীয় জনৈক বিখ্যাত রাজনীতিজ্ঞ পণ্ডিত। ইনি লর্ড বিকন্স্‌ফিল্‌ড নামেই অধিক পরিচিত। এক সময়ে ইনি ইংলণ্ডের প্রধান-মন্ত্রিরূপে রাজনীতিক্ষেত্রে বিশেষ প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন।

ডি ভ্যালেরা, ইয়ামন (De Valera, Eamon)—আয়ার্ল্যাণ্ডের বিখ্যাত স্বদেশ-হিতৈষী নেতা। ইনি ১৮৮২ খৃষ্টাব্দে নিউ ইয়র্কে জন্মলাভ করেন। ১৯৩২ খৃষ্টাব্দ হইতে ইনি আইরিশ ফ্রী ষ্টেটের সভাপতি হইয়াছেন।

ডুমা, আলেকজান্ড্রে (Dumas, Alexandre)—(১৮০২—১৮৭০ খৃঃ)। বিখ্যাত ফরাসী ঔপন্যাসিক ও নাটক-লেখক। 'Court of Monte Cristo'-নামক বিখ্যাত উপন্যাস ইঁহারই রচিত।

ডেভিড হেয়ার (David Hare)—(১৭৭৫—১৮৪২ খৃঃ)। বিখ্যাত ছাত্রবন্ধু ও ভারতহিতৈষী মনীষী। ইনি স্কট্‌ল্যাণ্ডের জনৈক ঘড়ি-নির্ম্মাতার পুত্র। কলিকাতায় ঘড়ির ব্যবসায় করিয়া ইনি বহু টাকা উপার্জ্জন করেন এবং তাহার সমস্তই এদেশীয় বালকগণের বিদ্যার শিক্ষা জন্য ব্যয় করেন। কলিকাতার হেয়ার স্কুল ও প্রেসিডেন্সি কলেজ ইঁহার প্রতিষ্ঠিত।

ডেভি, স্যার হাম্‌ফ্রি (Davy, Sir Humphry)—(১৭৭৮—১৮২৯ খৃঃ)। প্রসিদ্ধ রাসায়নিক। ইনি Safety-Lamp ও নাইট্রিক অক্সাইড (Nitric Oxide) বা লাফিং গ্যাস (Laughing gas)-এর আবিষ্কর্ত্তা।

ডেমোস্থিনিস (Demosthenes)—(খৃঃ পূঃ ৩৮৫—৩২২ অব্দ)। প্রাচীন গ্রীসের প্রসিদ্ধ বক্তা। ইঁহার বক্তৃতায় উত্তেজিত হইয়া গ্রীক্‌গণ ফিলিপের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে। ইনি বিষ-পানে আত্মহত্যা করেন।

ডেলেড্ডা, গ্রেজিয়া (Deledda Grazia)—ইটালীর বিখ্যাত লেখিকা। ইনি ১৯২৭ খৃষ্টাব্দে 'নোবেল পুরস্কার' প্রাপ্ত হন। ইঁহার 'The Mother'-নামক পুস্তকখানি বিশেষ প্রসিদ্ধ।

ড্রাইডেন, জন (Dryden, John)—(১৬৩১—১৭০০ খৃঃ)। ইংলণ্ডের বিখ্যাত কবি ও নাট্যকার।

ড্রেক, স্যার ফ্রান্সিস (Drake, Sir Francis)—(১৫৪০—৯৫ খৃঃ)। রাজ্ঞী এলিজাবেথের সমসাময়িক ইংলণ্ডের সুবিখ্যাত নৌ-সেনাপতি। ইনি লুণ্ঠন ও আবিষ্কারের অভিপ্রায়ে অনেক দ্বীপে গমন করেন এবং স্পেনীয় নৌ-বাহিনী আর্ম্মাডার ধ্বংস-সাধনে একটি প্রধান অংশ গ্রহণ করেন।

ত

তক্ষক—স্বনামপ্রসিদ্ধ নাগ। মহর্ষি কশ্যপ ইঁহার পিতা ও কদ্রু মাতা।

তপতী—সূর্য্যকন্যা ও রাজা সম্বরণের পত্নী।

তরু দত্ত। ১৮৫৬—১৮৭৭ খৃঃ)। বিখ্যাত মহিলা-কবি। ইনি ইংলণ্ড, ফ্রান্স ও ভারতে অবস্থান করিয়া ইংরাজী, ফরাসী ও সংস্কৃত ভাষা শিক্ষা করেন। ইনি অনেক ফরাসী গীতিকবিতার ইংরাজী অনুবাদ করিয়াছিলেন। 'A Sheaf Gleaned from French Fields' ইঁহার রচিত কবিতাগ্রন্থ।

তাইমুর লঙ্গ—(১৩৩৬—১৪০৫ খৃঃ)। মঙ্গলবংশের বিখ্যাত বীর ও প্রসিদ্ধ ভারত-আক্রমণকারী। ইনি খঞ্জ ছিলেন।

তাড়কা—জনৈকা রাক্ষসী। সুন্দ-নামক অসুরের স্ত্রী। রামচন্দ্র ইঁহাকে নিহত করেন।

তানসেন, মিঞা—প্রসিদ্ধ সঙ্গীতজ্ঞ এবং বাদশাহ আকবরের জনৈক সভাসদ্। ইনি প্রথমে হিন্দু ছিলেন, পরে ইসলামধর্ম্ম গ্রহণ করেন। তানসেন অনেক নূতন রাগ-রাগিণীর সৃষ্টি করিয়া গিয়াছেন।

তান্তিয়া তোপী—(১৮১৯—১৮৫৯ খৃঃ)। মহারাষ্ট্রে ব্রাহ্মণবংশে ইঁহার জন্ম হয়। সিপাহী-বিদ্রোহের সময় নানাসাহেবের অধীনে ইনি ইংরাজদিগের বিরুদ্ধে বিদ্রোহে যোগদান করেন। কানপুরের হত্যাকাণ্ডের পর ইংরাজদের সহিত যুদ্ধে পরাজিত হইয়া ইনি পলায়ন করেন, কিন্তু পরে ধৃত হন এবং ইঁহার প্রাণদণ্ড হয়।

তারকনাথ পালিত, স্যার—কলিকাতা হাইকোর্টের সুপ্রসিদ্ধ ব্যারিষ্টার। বিজ্ঞান-চর্চ্চার জন্য ইনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের হস্তে পনের লক্ষ টাকা দান করেন। ১৯১৪ খৃষ্টাব্দে ইঁহার মৃত্যু হয়।

তারা—১। বৃহস্পতির জায়া। চন্দ্র ইঁহাকে হরণ করেন এবং তাঁহার ঔরসে ইঁহার গর্ভে বুধের জন্ম হয়। ২। বালির জায়া। রামচন্দ্র বালিকে বধ করিলে ইনি দেবর সুগ্রীবকে পতিত্বে বরণ করেন। ৩। দশমহাবিদ্যার মূর্ত্তিবিশেষ।

তারানাথ তর্কবাচস্পতি—(১৮১২—১৮৮৫ খৃঃ)। সুপ্রসিদ্ধ পণ্ডিত ও অভিধানকার। ইনি 'বৃহৎ বাচস্পত্য অভিধান', 'শব্দস্তোমমহানিধি', 'আশুবোধ ব্যাকরণ', 'বহুবিবাহবাদ' প্রভৃতি বহু গ্রন্থ প্রণয়ন করিয়া গিয়াছেন। 'কাদম্বরী', 'মালবিকাগ্নিমিত্র' প্রভৃতি কয়েকখানি সংস্কৃত গ্রন্থেরও ইনি টীকা রচনা করিয়াছিলেন।

তারা বাঈ—১। শিবাজীর পৌত্র সাহু বা দ্বিতীয় শিবাজীর অভিভাবক রাজারামের পত্নী। ১৭০০ খৃষ্টাব্দে ইঁহার স্বামীর মৃত্যুর পর ইঁহার বালকপুত্র রাজা হইয়া তৃতীয় শিবাজী নাম গ্রহণ করিলে ইনি তাঁহার অভিভাবিকারূপে রাজ্য পরিচালনা করেন। মোগল-সম্রাট আওরঙ্গজেবের উৎপীড়নে ইঁহাকে পুত্রসহ দুর্গ হইতে দুর্গান্তরে আশ্রয় লইয়া বেড়াইতে হয়। শেষে ইঁহার অতুল বীরত্ব ও কৌশলে বহুসংখ্যক দুর্গ ইঁহার অধিকারে

আসে। ২। রাজপুত বীরনারী। পৃথ্বীরাজের পত্নী।

তারাশঙ্কর তর্করত্ন—পণ্ডিত ও সাহিত্যিক। নদীয়া জেলাস্থ কাঁচকুলি গ্রামে ইঁহার জন্ম। ইঁহার লিখনভঙ্গি অতি মধুর। ইঁনি 'কাদম্বরী'র বঙ্গানুবাদ প্রণয়ন করেন।

তিতুমীর—(১৭৮২—১৮৩১ খৃঃ)। জনৈক যোদ্ধা ফকির। হিন্দু ও নীলকুঠীর সাহেবদের উপর অত্যাচার করিলে গভর্ণর জেনারেল লর্ড বেণ্টিঙ্ক ইঁহার বিরুদ্ধে সৈন্য প্রেরণ করেন। সৈন্যাধ্যক্ষ কর্ণেল সাহেব তিতুর বাঁশের কেল্লা আক্রমণ করিলে কামানের গোলার আঘাতে ইঁনি নিহত হন।

তিলক, বালগঙ্গাধর (১৮৫৭—১৯২০ খৃঃ)। দাক্ষিণাত্যের অন্তর্গত রত্নগিরি-নামক স্থানে ইঁনি জন্মগ্রহণ করেন। ইঁনি বিখ্যাত রাজনীতিবিদ্ ও লব্ধপ্রতিষ্ঠ ব্যবহারাজীব ছিলেন। ইঁহার লিখিত 'গীতারহস্য' ও 'The Arctic Home in the Vedas' দুইখানি গ্রন্থ সাহিত্যের অমূল্য সম্পদ্। স্বদেশ ও স্বজাতির সেবার জন্য ইঁহাকে দীর্ঘকাল কারাবাস করিতে হয়।

তিলোত্তমা—স্বর্গবেশ্যা। সুন্দ ও উপসুন্দ নামে দৈত্যদ্বয় দেবগণের উপর অত্যাচার করিতে থাকিলে ব্রহ্মা তিল তিল করিয়া রূপ লইয়া ইঁহাকে সৃষ্টি করেন এবং উক্ত অসুরদ্বয়ের নিকট প্রেরণ করেন। তিলোত্তমা উপস্থিত হইলে অসুরদ্বয় ইঁহার জন্য পরস্পর যুদ্ধ করিয়া উভয়েই নিহত হয়।

তুকারাম—(১৫৮৮—১৬৪৯ খৃঃ)। জনৈক বিখ্যাত মারহাট্টা সাধু।

তুলসী—রাধিকার সখী। রাধিকার শাপে ধর্মধ্বজ রাজার কন্যা হইয়া জন্মগ্রহণ করিলে শঙ্খচূড় দৈত্যের সহিত ইঁহার বিবাহ হয়। কৃষ্ণের বরে ইঁহার কেশ হইতে তুলসীবৃক্ষের জন্ম হয়।

তুলসীদাস—প্রসিদ্ধ হিন্দী কবি ও সাধক। ইঁহার 'তুলসীদাসী রামায়ণ' অতি প্রসিদ্ধ। ইঁহার প্রণীত 'দোঁহাবলী' অমূল্য গ্রন্থ।

তেগ বাহাদুর—সুবিখ্যাত নবম শিখগুরু। মোগল-সম্রাট্ আওরঙ্গজেবের আদেশে ১৬৭৫ খৃষ্টাব্দে ইঁহার শিরশ্ছেদ হয়।

তোজো—জাপানের প্রসিদ্ধ রণনেতা ও প্রধানমন্ত্রী। দ্বিতীয় মহাযুদ্ধে জাপানের পতনের পর ইনি বন্দী হইয়া দুইবার আত্মহত্যার চেষ্টা করিয়া সফলকাম হন নাই, কিন্তু ইঙ্গ-মার্কিন বিচার প্রহসনে যুদ্ধাপরাধী হিসাবে ১৯৪৯ খৃষ্টাব্দে ইঁহার ফাঁসী হয়।

ত্রিশঙ্কু—অযোধ্যার অধিপতি সূর্য্যবংশীয় নৃপতি। দেবগণ ইঁহাকে নক্ষত্রবেষ্টিত হইয়া স্বর্গ ও মর্ত্তের মধ্যপথে অবস্থিতি করিতে দেন।

ত্রৈলঙ্গ স্বামী—(১৫২৯—১৮০৯ শকাব্দ)। কাশীর জনৈক প্রসিদ্ধ সন্ন্যাসী। দাক্ষিণাত্যে এক ব্রাহ্মণ-পরিবারে এই মহাপুরুষে জন্ম হয়। ইনি জীবন্মুক্ত পুরুষ ছিলেন এবং সুখদুঃখের অতীত হইয়া অবস্থান করিতেন। ২৮০ বৎসর বয়সে কাশীধামে যোগাসনে এই মহাত্মার তিরোধান হয়।

থ

থিউসিডিডিজ—(Thucydides)—(খৃঃ পূঃ ৪৭১—৪০১ অব্দ)। গ্রীক্ ঐতিহাসিক। স্পার্টার সহিত এথেন্সের যুদ্ধে (Peloponnesian War) ইনি একদল সৈন্যের নেতা ছিলেন। ইনি উপরি-উক্ত যুদ্ধের একখানি অতি উৎকৃষ্ট ইতিহাস লেখেন।

থিবো, জর্জ্জ ফ্রেডরিক উইলিয়াম (Thibaut, George Frederick William)—(১৮৪৮—১৯১৫ খৃঃ)। সংস্কৃত ভাষাভিজ্ঞ জার্ম্মান পণ্ডিত। ১৮৭৫ খৃষ্টাব্দে ইনি বেনারস সংস্কৃত কলেজে ইংরাজী ও সংস্কৃতের অধ্যাপক নিযুক্ত হন। ইনি

কলিকাতা বিশ্ববিদ্যালয়েরও রেজিষ্ট্রার হন। ইনি বহু সংস্কৃত গ্রন্থ ইংরাজীর অনুবাদসহ প্রকাশ করেন।

দ

দক্ষ প্রজাপতি—ব্রহ্মার পুত্র। ইঁহার স্ত্রীর নাম প্রসূতি। দক্ষের বহু কন্যা ছিল। কনিষ্ঠা কন্যা সতীর সহিত শিবের বিবাহ হয়। দক্ষযজ্ঞের সময়ে সতী পিতার মুখে পতিনিন্দা শ্রবণে যজ্ঞস্থলে দেহত্যাগ করেন। ইহাতে শিব কুপিত হইলে তাঁহার অনুচরগণ দক্ষের যজ্ঞ নষ্ট করিয়া ইঁহার ছিন্ন মুণ্ড অগ্নিতে নিক্ষেপ করে। অনন্তর প্রসূতির অনুরোধে শিব দক্ষের স্কন্ধে ছাগমুণ্ড যোজনা করিয়া ইঁহাকে পুনর্জীবিত করেন।

দধীচি—স্বনামপ্রসিদ্ধ ঋষি। ইনি শিবের পরম ভক্ত ছিলেন। ইঁহার অস্থি হইতে নির্ম্মিত বজ্রের প্রহারে ইন্দ্র বৃত্রকে নিহত করেন।

দময়ন্তী—ইনি নিষধরাজ নলের মহিষী এবং বিদর্ভরাজ ভীমের কন্যা।

দয়ানন্দ সরস্বতী—(১৮২৭—১৮৮৩ খৃঃ)। বৈদিক ধর্ম্ম-সংস্কারক জনৈক সন্ন্যাসী। কাথিয়াবাড় প্রদেশে ইঁহার জন্ম। বৈদিক ধর্ম্মের পুনঃপ্রচারের জন্য ইনি আর্য্য-সমাজের প্রতিষ্ঠা করেন। 'বেদ-ভাষ্য' ও 'সত্যার্থ-প্রকাশ'-নামক দুইখানি গ্রন্থ প্রচার করিয়া ইনি বেদবাক্যের অপপ্রয়োগ নিবারণ-কল্পে উহার অভিনব ব্যাখ্যা প্রকাশ করিয়াছেন।

দরায়ুস, ১ম (Darius I.)—(খৃঃ পূঃ ৫২১—৪৮৫ অব্দ)। পারস্যের সুপ্রসিদ্ধ সম্রাট। ইনি পাঞ্জাব ও তাহার নিকটবর্ত্তী কয়েকটি স্থান অধিকার করেন। গ্রীকগণ ইঁহাকে ম্যারাথনের যুদ্ধে পরাভূত করে।

দরায়ুস, ২য় (Darius II.)—ইনি পারস্য-রাজ আর্টা জারক্সেক্সের পুত্র। ভ্রাতাকে হত্যা করিয়া ইনি খৃঃ পূঃ ৪২৪ হইতে ৪০৫ অব্দ পর্য্যন্ত রাজত্ব করেন।

দরায়ুস, ৩য় (Darius III.)—পারস্যের শেষ রাজা। ইনি খৃঃ পূঃ ৩৩৬ হইতে ৩৩১ অব্দ পর্য্যন্ত রাজত্ব করেন। গ্রীকবীর আলেক্‌জাণ্ডার ইঁহার রাজ্য আক্রমণ করিয়া ইঁহাকে পরাজিত করেন।

দশরথ—অযোধ্যার অধিপতি সূর্য্যবংশীয় নৃপতি। বিষ্ণুর অংশে ইঁহার রাম, লক্ষ্মণ, ভরত ও শত্রুঘ্ন নামে চারি পুত্রের জন্ম হয়।

দাদাভাই নওরোজী—(Dadabhai Naoroji)—(১৮২৫—১৯১৭ খৃঃ)। বোম্বাই নগরে এক প্রসিদ্ধ পার্শী পুরোহিত-পরিবারে ইঁহার জন্ম হয়। ভারতীয় রাষ্ট্রীয় মহাসভার প্রতিষ্ঠায় ইনি যথেষ্ট সহায়তা করিয়াছিলেন এবং তিনবার ইনি এই মহাসভার সভাপতির পদে বৃত হইয়াছিলেন। ইনি ইংলণ্ডের পার্লামেণ্ট মহাসভারও সভাপদে নির্ব্বাচিত হন।

দান্তে (Dante, Alighieri)—(১২৬৫—১৩২১ খৃঃ)। ইটালির সর্ব্বশ্রেষ্ঠ কবি।

দারা শিকো দিল্লীশ্বর শাহ জাহানের জ্যেষ্ঠ পুত্র। আওরঙ্গজেব ইঁহাকে যুদ্ধে পরাজিত করিয়া বন্দী ও হত্যা করেন (১৬৫৯ খৃঃ)।

দাশরথি রায়—(১৮০৪—১৮৫৭ খৃঃ)। বিখ্যাত পাঁচালী লেখক। বর্দ্ধমান জেলায় এক ব্রাহ্মণ-বংশে ইনি জন্মগ্রহণ করেন।

দিব্যসিংহ, রাজা—পঞ্চদশ শতাব্দীর প্রথম ভাগে শ্রীহট্টে ইঁহার জন্ম হয়। অদ্বৈতাচার্য্যের পিতা কুবের তর্কপঞ্চানন ইঁহার মন্ত্রী ছিলেন। ইনি 'বাল্যলীলাসূত্রম্' নামে অদ্বৈতের লীলাত্মক একখানি সংস্কৃত গ্রন্থ এবং বিষ্ণুপুরি কৃত 'বিষ্ণুভক্তি রত্নাবলী' গ্রন্থের পয়ারে অনুবাদ করেন।

দীনবন্ধু মিত্র—(১৮২৯—১৮৭৩ খৃঃ) প্রসিদ্ধ নাটক-লেখক। নদীয়া জেলায় ইঁহার জন্ম হয়। 'নবীন তপস্বিনী', 'সধবার একাদশী', 'কমলে কামিনী', 'লীলাবতী' প্রভৃতি পুস্তক ইঁহার প্রণীত।

দীনেন্দ্রকুমার রায়—বাঙ্গালার বিখ্যাত সাহিত্যিক ও সাংবাদিক। ৭৫ বৎসর বয়সে ইঁহার মৃত্যু হয়। সাধারণভাবে সাহিত্যিক ও সাংবাদিক হিসাবে খ্যাতি লাভ করিলেও ইনি প্রধানতঃ বাঙ্গালা সাহিত্যে একজন শ্রেষ্ঠ ডিটেক্টিভ-উপন্যাস-লেখক হিসাবে পরিচিত ছিলেন।

দীনেশচন্দ্র সেন, বি-এ, ডি-লিট্, রায় বাহাদুর—(১৮৬৬—১৯৩৯ খৃঃ)। ইঁহার জন্ম ঢাকা জেলায়। ইনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা ভাষার প্রধান অধ্যাপক ছিলেন। 'বঙ্গভাষা ও সাহিত্য' নামে একখানি পুস্তকে ইনি বঙ্গসাহিত্যের ধারাবাহিক ইতিহাস লিখিয়া বঙ্গভাষার প্রভূত সমৃদ্ধিসাধন করিয়াছেন। ইঁহার লেখা বেশ ভাবপূর্ণ ও ভাষা অতি সরল।

দীপঙ্কর শ্রীজ্ঞান অতীশ—বিক্রমশীলার জগদ্বিখ্যাত মহাবিহারের অধ্যক্ষ। ৯৮০ খৃষ্টাব্দে বিক্রমপুরে ইঁহার জন্ম হয়। বঙ্গদেশের অধিপতি নয়পাল দেবের রাজত্বকালে ইনি বিক্রমশীলার মহাবিহারের অধ্যক্ষের পদ গ্রহণ করেন।

দুঃশাসন—ধৃতরাষ্ট্রের দ্বিতীয় পুত্র।

দুর্গা—মহামায়া ভগবতী। পুরাণে ইনি দশভুজা বলিয়া বর্ণিতা হইয়াছেন।

দুর্গাদাস বন্দ্যোপাধ্যায়—(১৮৯২—১৯৪১ খৃঃ)। বিখ্যাত জনপ্রিয় অভিনেতা। ২৪ পরগণার অন্তর্গত কালিকাপুরের জমিদার-বংশে জন্ম। উন্নত, বলিষ্ঠ ও প্রিয়দর্শন আকৃতি, উদাত্ত মধুর কণ্ঠস্বর ও প্রাণবন্ত সুষ্ঠু অভিনয়ের জন্য বিশেষ জনপ্রিয় ছিলেন।

দুর্গাদাস লাহিড়ী—(১২৬০—১৩৩৯ বঙ্গাব্দ)। জন্ম বর্দ্ধমান জেলায়। ইনি 'রাণী ভবানী', 'পৃথিবীর ইতিহাস', 'স্বাধীনতার ইতিহাস' প্রভৃতি গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

দুর্ব্বাসা—স্বনামপ্রসিদ্ধ ঋষি। ইনি অতিশয় ক্রোধপরায়ণ ছিলেন।

দুর্ম্মুখ—অযোধ্যাপতি মহারাজ রামচন্দ্রের গুপ্তচর। ইঁহার প্রদত্ত সংবাদ অনুসারে সীতাদেবী নির্ব্বাসিতা হন।

দুর্য্যোধন—ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র।

দুষ্মন্ত, দুষ্যন্ত—চন্দ্রবংশীয় জনৈক প্রসিদ্ধ নৃপতি। কণ্বের পালিতা কন্যা শকুন্তলাকে দেখিয়া ইনি মুগ্ধ হন এবং তাঁহাকে বিবাহ করেন। ইঁহার পুত্রের নাম ভরত।

দেবকী, দৈবকী—ইনি কৃষ্ণের জননী এবং বসুদেবের ভার্য্যা। ইনি মথুরার অধিপতি কংসের ভগিনী।

দেবপাল—ইনি পালবংশের তৃতীয় নৃপতি। ইঁহার পিতার রাজত্বকালে পাল সাম্রাজ্য সমগ্র উত্তর-ভারতে বিস্তৃত হইয়াছিল। ইনি উৎকল, দ্রাবিড় ও গুর্জ্জরগণকে পরাজিত করিয়া রাজ্য নিষ্কণ্টক করিয়াছিলেন।

দেবপ্রসাদ সর্ব্বাধিকারী, এম-এ, বি-এল, এল-এল-ডি, কেটি, সি-আই-ই—জন্ম ১৮৬২। ইনি বিশিষ্ট চিকিৎসক ছিলেন। ইনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম বাঙ্গালী ভাইস্-চ্যান্সেলার্ হইয়াছিলেন।

দেবযানী—শুক্রাচার্য্যের কন্যা। যযাতির সহিত ইঁহার বিবাহ হয়।

দেবেন্দ্রনাথ ঠাকুর, মহর্ষি—(১৮১৭—১৯০৫ খৃঃ)। প্রিন্স দ্বারকানাথ ঠাকুরের পুত্র এবং কবীন্দ্র রবীন্দ্রনাথের পিতা। ইনি রামমোহন রায়ের সহিত ব্রাহ্ম-ধর্ম্ম প্রচারে মনোনিবেশ করেন। দেবেন্দ্র-নাথের প্রচেষ্টায় ব্রাহ্মসভায় উপাসনার প্রবর্ত্তন হয়।

দেবেন্দ্রনাথ সেন—কবি। 'গোলাপ-গুচ্ছ', 'অশোকগুচ্ছ', 'শেফালিগুচ্ছ', 'পারি-জাতগুচ্ছ' প্রভৃতি ইঁহার রচিত কাব্যপুস্তক। ১৯২০ খৃষ্টাব্দে প্রায় ৬৫ বৎসর বয়সে ইঁহার মৃত্যু হয়।

দ্বারকানাথ ঠাকুর, প্রিন্স—(১৭৯৪—১৮৪৬ খৃঃ)। কলিকাতার ঠাকুর বংশের প্রতিষ্ঠাতা। ইঁহাকে 'Indian Prince'

আখ্যা দেওয়া হয়। ভারতের মধ্যে ইনিই প্রথম 'Justice of the Peace.' ইঁহার জ্যেষ্ঠপুত্র মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর।

দ্বিজেন্দ্রনাথ ঠাকুর—ইনি মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের জ্যেষ্ঠপুত্র। ইঁহার দ্বারা আদি ব্রাহ্মসমাজের বিশেষ উন্নতি হয়। দর্শনশাস্ত্রে ইঁহার অগাধ পাণ্ডিত্য ছিল। ইঁহার রচিত সঙ্গীত এবং প্রবন্ধসমূহ জ্ঞানগর্ভ এবং উপদেশাত্মক।

দ্বিজেন্দ্রলাল রায় (ডি, এল, রায়)——(১২৭০—১৩২০ বঙ্গাব্দ)। কবি ও নাট্যকার। কৃষ্ণনগরে ইঁহার জন্ম হয়। পিতা দেওয়ান কার্ত্তিকেয় চন্দ্র রায়। 'হাসির গান', 'আষাঢ়ে', 'ত্র্যহস্পর্শ', 'মেবার পতন', 'সাজাহান', 'চন্দ্রগুপ্ত', 'পুনর্জন্ম', 'পরপারে' প্রভৃতি ইঁহার রচিত পুস্তক। 'ভারতবর্ষ' নামক মাসিক পত্রিকার ইনি প্রতিষ্ঠাতা।

দ্বৈপায়ন—ব্যাসদেবের অপর নাম।

দ্রুপদ—চন্দ্রবংশীয় নৃপতি। দ্রৌপদীর পিতা। দ্রোণ ইঁহাকে নিহত করেন।

দ্রোণ—ভরদ্বাজ মুনির পুত্র। ইনি অশ্বত্থামার পিতা। ইনি কুরু ও পাণ্ডব বালকগণের অস্ত্রশিক্ষক হন। ইনি ধৃষ্টদ্যুম্নের হস্তে খড়্গাঘাতে নিহত হন।

দ্রৌপদী—পঞ্চালরাজ দ্রুপদের কন্যা এবং পাণ্ডব-রাজমহিষী। স্বয়ংবর সভায় তৃতীয় পাণ্ডব অর্জুন লক্ষ্য ভেদ করিয়া ইঁহাকে লাভ করেন, কিন্তু দৈবের নির্বন্ধে মাতার আদেশে যুধিষ্ঠিরাদি পঞ্চপাণ্ডবের সহিত ইঁহার বিবাহ হয়। পাণ্ডবগণ মহাপ্রস্থান করিলে ইনি তাঁহাদের অনুগমন করেন এবং স্বর্গের পথে সকলের প্রথমে মৃত্যুমুখে পতিত হন।

ধ

ধন্বন্তরি—১। ইনি দেবতাদিগের চিকিৎসক। ভাস্করের নিকট ইনি আয়ুর্ব্বেদ শিক্ষা করেন। 'চিকিৎসাতত্ত্ব-বিজ্ঞান' ইঁহার প্রণীত পুস্তক। ২। একজন বিশিষ্ট পণ্ডিত। বিক্রমাদিত্যের সভার নবরত্নের অন্যতম। নবরত্নের নামের আদিতে ইঁহার নাম পাওয়া যায়।

ধর্ম্মপাল—পালবংশের দ্বিতীয় রাজা। ইনি পূর্ব্বদিকে কামরূপ পর্য্যন্ত রাজ্যের বিস্তারসাধন করিয়াছিলেন। ইনি বৌদ্ধ-ধর্ম্ম-মতাবলম্বী ছিলেন।

ধৃতরাষ্ট্র—দুর্য্যোধনাদির পিতা।

ধৃষ্টদ্যুম্ন—রাজা দ্রুপদের পুত্র। দ্রোণের নিকট ইনি ধর্ম্মবিদ্যা শিক্ষা করেন। কুরুক্ষেত্রের যুদ্ধে ইনি দ্রোণকে খড়্গ দ্বারা আঘাত করিয়া হত্যা করেন।

ধ্রুব—রাজা উত্তানপাদের পুত্র। ইনি সুনীতির গর্ভজাত। ইনি পঞ্চবর্ষ বয়ঃক্রমকালে হরির আরাধনা করিয়া তাঁহার সাক্ষাৎলাভ করেন। উত্তানপাদের পর ইনি রাজা হন। মৃত্যুর পর ইনি ধ্রুবলোকে গমন করেন।

ন

নকুল—চতুর্থ পাণ্ডব।

নখিন্দর—চাঁদ সদাগর বা চন্দ্রধরের পুত্র। ইঁহার পত্নী বেহুলা। বাসরগৃহে কালনাগের দংশনে ইঁহার মৃত্যু হয়।

নন্দ—১। ব্রজগোপগণের অধিপতি ও শ্রীকৃষ্ণের পালক পিতা। ২। মগধের রাজা নন্দবংশের প্রতিষ্ঠাতা। ইঁহার সম্পূর্ণ নাম মহাপদ্ম নন্দ।

নন্দকুমার রায়, মহারাজ—সিরাজের পতনের পর ইনি ক্লাইভের মুন্সীপদে নিযুক্ত হন। দিল্লীর সম্রাট্ ইঁহাকে 'মহারাজ' উপাধি প্রদান করেন। ক্লাইভের সহিত ইঁহার বিশেষ সৌহার্দ্য ছিল। হেস্টিংসের বিরুদ্ধে ইনি অভিযোগ করেন। তাহা প্রমাণিত হয় না। সুপ্রিম কোর্টে জাল করার মিথ্যা অভিযোগে ইঁহার প্রতি প্রাণদণ্ডের আদেশ হয়। ১৭৭৫ খৃঃ ইঁহার ফাঁসী হয়।

নন্দলাল বসু—জন্ম ১৮৮৩ খৃঃ। প্রসিদ্ধ চিত্রকর এবং অবনীন্দ্রনাথ ঠাকুরের শিষ্য। ১৯১৪ খৃঃ ইনি 'শান্তি-নিকেতনে' যোগদান করেন এবং ১৯১৯ খৃঃ হইতে শান্তি-নিকেতন কলাভবনের অধ্যক্ষতা করিতেছেন। রবীন্দ্রনাথের সঙ্গে ১৯২৪ খৃঃ ইনি চীন, জাপান ইত্যাদি দেশ ভ্রমণ করেন।

নবকৃষ্ণ ভট্টাচার্য্য—(১২৬৬—১৩৪৬ বঙ্গাব্দ)। ইনি একজন সুকবি। 'সখা'-নামক শিশুপাঠ্য মাসিক পত্রের সম্পাদক ছিলেন। 'পুষ্পাঞ্জলি', 'টুকটুকে রামায়ণ', 'ছবির ছড়া' ইত্যাদি পুস্তক ইঁহার রচিত।

নবীনচন্দ্র সেন—(১৮৪৭—১৯০৯ খৃঃ)। বাঙ্গালার স্বনামধন্য কবি। জন্মস্থান চট্টগ্রাম জেলার নোয়াপাড়া গ্রাম। ইনি ডেপুটী ম্যাজিস্ট্রেট ছিলেন। 'অবকাশরঞ্জিনী', 'পলাশীর যুদ্ধ', 'কুরুক্ষেত্র', 'রৈবতক', 'প্রভাস', 'অমিতাভ' প্রভৃতি কাব্য এবং 'আমার জীবন', 'প্রবাসের পত্র', গীতা ও চণ্ডীর অনুবাদ প্রভৃতি ইঁহার রচনা।

নরসিংহ—বিষ্ণুর চতুর্থ অবতার। ইনি হিরণ্যকশিপুর প্রাণবধ করেন।

নরহরি চক্রবর্ত্তী—প্রসিদ্ধ বৈষ্ণব কবি। 'ভক্তিরত্নাকর', 'গীতচন্দ্রোদয়', 'ছন্দঃসমুদ্র', 'প্রক্রিয়া-পদ্ধতি', 'নরোত্তমবিলাস' প্রভৃতি গ্রন্থ এবং রাধাকৃষ্ণ ও গৌরাঙ্গ বিষয়ক বহু পদাবলী ইনি রচনা করিয়াছেন।

নরহরি সরকার, ঠাকুর—(আনুমানিক ১৪৭৮—১৫৪০ খৃঃ)। প্রসিদ্ধ বৈষ্ণব কবি। জন্মস্থান বর্দ্ধমান জেলার শ্রীখণ্ড গ্রাম। 'ভক্তামৃতাষ্টক' ও 'ভক্তিচন্দ্রিকা-পটল'-নামক গ্রন্থদ্বয় ইঁহার প্রণীত।

নরোত্তম দাস—(১৪৫৩—১৫০৯ শকাব্দ)। ইনি বিখ্যাত বৈষ্ণব পদকর্ত্তা। জন্মস্থান রাজসাহী জেলার খেতরী গ্রাম। ইনি 'হাটপত্তন', 'প্রেমভক্তি চন্দ্রিকা', 'প্রার্থনা', 'স্মরণমঙ্গল', 'কৃষ্ণবর্ণন' প্রভৃতি গ্রন্থ রচনা করেন। ইনিই 'গরানহাটী' কীর্ত্তনের প্রবর্ত্তক।

নল—১। চন্দ্রবংশীয় পূতচরিত্র ও সত্যানুরাগী নৃপতি। ইঁহার পত্নীর নাম দময়ন্তী। কলির কোপে পড়িয়া ইনি সস্ত্রীক বিশেষ কষ্টভোগ করেন। ২। বিশ্বকর্ম্মার ঔরসজাত বানর। নল রামচন্দ্রের লঙ্কা গমনের জন্য সমুদ্র বন্ধন করে।

নশরত শাহ্—বাঙ্গালার রাজা হোসেন শাহ্‌র পুত্র। ইনি বঙ্গসাহিত্যের একজন প্রধান পৃষ্ঠপোষক ছিলেন।

নহুষ—চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ। যযাতি ইঁহার এক পুত্র। স্বর্গরাজ্য জয় করিয়া ইনি দর্পবশে ঋষি অগস্ত্যকে অপমানিত করিলে তাঁহার শাপে ইনি সর্পরূপ প্রাপ্ত হন।

নাইটিঙ্গেল, ফ্লোরেন্স—(Nightingale, Florence)—(১৮২০—১৯১০ খৃঃ)। ইটালীর অন্তর্গত ফ্লোরেন্স নগরে জন্ম। ইঁহার জনকজননী ইংরাজ। ক্রিমিয়ার যুদ্ধে সৈনিকদিগের শুশ্রূষার জন্য ইনি এক সেবা-কারিণী-সঙ্ঘ গঠন করিয়া সৈনিক-শিবিরে গমন করেন। ইঁহারই মহান্ আদর্শে পৃথিবীর সমস্ত দেশে সেবাকারিণী-সঙ্ঘ গঠিত হইয়াছে ও তাহাদের শিক্ষার ব্যবস্থা হইয়াছে।

নাগার্জ্জুন—মহারাজ কনিষ্কের সময়ের প্রসিদ্ধ বৌদ্ধাচার্য্য। ইনি মহাযান মত ও বৌদ্ধতান্ত্রিকতার প্রবর্ত্তক। ইঁহাকে সিদ্ধ নাগার্জ্জুন বলা হয়।

নাচিকেতা—১। উদ্দালক ঋষির পুত্র। ইনি পিতৃশাপে গতায়ু হইয়া যমপুরীতে গমন করেন। পিতা শুধু যমদর্শনের অভিশাপ দিয়াছিলেন বলিয়া যমপুরের পুণ্যস্থানসমূহ দর্শনানন্তর পুনরায় ইঁহার আত্মা স্বদেহাধিষ্ঠিত হয়। ২। কঠোপনিষদ্-মতে ইনি রাজা বাজশ্রবা বা গৌতমের পুত্র। ইনি যমসদনে উপস্থিত হইয়া ত্রিরাত্রি অনাহারে কাটাইবার পর যমের দর্শন পাইলেন এবং দুইটি বর ও পরমাত্মবিষয়ক জ্ঞান লাভ করিয়া স্বগৃহে প্রত্যাবর্ত্তন করিলেন।

নাদির শাহ্—ইনি ১৭৩৮ খৃঃ 'শাহ্' উপাধি গ্রহণপূর্ব্বক পারস্যের সিংহাসনে আরোহণ করেন। ক্রমে ইনি কাবুল ও কান্দাহার অধিকার করেন। ইনি দিল্লীতে অমানুষিক হত্যাকাণ্ড করেন এবং ৩০ কোটির অধিক সুবর্ণমুদ্রা ও ময়ূরসিংহাসন প্রভৃতি গ্রহণপূর্ব্বক সিন্ধুর পশ্চিমে অবস্থিত সমগ্র মোগল রাজ্যের অধিকার প্রাপ্ত হইয়া স্বদেশে প্রত্যাবর্ত্তন করেন (১৭৩৯ খৃঃ)। ১৭৪৭ খৃষ্টাব্দে উৎপীড়িত দেশবাসিগণ কর্ত্তৃক ইনি নিহত হন।

নানক—(১৪৬৯—১৫৩৯ খৃঃ)। জন্মস্থান লাহোরের নিকটবর্ত্তী তালবণ্ডী (আধুনিক নানকানা গ্রাম)। ২৭ বৎসর বয়সে ইনি গৃহত্যাগ করিয়া সন্ন্যাসী হন। ইঁহার নিকট হিন্দু-মুসলমান ভেদ ছিল না। সদ্গুরুর উপদেশ অবলম্বনই ইঁহার প্রবর্ত্তিত ধর্ম্মের মূলনীতি। ইঁহার প্রবর্ত্তিত ধর্ম্মমতই শিখধর্ম্ম।

নানসেন—(Nansen, Fridtjof)—(১৮৬১—১৯৩০ খৃঃ)। নরওয়ে দেশের প্রসিদ্ধ আবিষ্কারক। দুই-তিনবার গ্রীনল্যাণ্ডে অভিযানের পর ১৮৯৩ খৃষ্টাব্দে ইনি উত্তর-মেরু আবিষ্কারে যাত্রা করেন। তিন বৎসর পরে প্রত্যাগমন করিয়া ইনি 'Farthest North'-নামক গ্রন্থে ইহার আবিষ্কার-কাহিনী প্রকাশ করেন। ১৯২২ খৃষ্টাব্দে 'শান্তি'-বিষয়ক প্রবন্ধ লিখিয়া ইনি নোবেল পুরস্কার লাভ করেন।

নানাসাহেব—সিপাহী-বিদ্রোহের প্রধান নেতা। ইঁহার প্রকৃত নাম ধুন্ধুপন্থ। ইনি শেষ পেশোয়া বাজীরাওয়ের দত্তক পুত্র।

নারদ—ব্রহ্মার মানস-পুত্র ও দেবর্ষি। বরাহ-পুরাণ-মতে ইনি ভগবানের তৃতীয় অবতার। ইনি বীণাযন্ত্রের উদ্ভাবনকারী।

নাসিরুদ্দীন—দিল্লীর দাসবংশীয় সুলতান। ১২৪৬ হইতে ১২৬৬ খৃঃ পর্য্যন্ত ইঁহার রাজত্বকাল। ইঁহার মন্ত্রী গিয়াসুদ্দীন বলবনই রাজ্যের প্রকৃত শাসনকর্ত্তা ছিলেন। নাসিরুদ্দীনের সভায় মিনহাজ-ই-সিরাজ-নামক পণ্ডিত 'তবকত-ই-নাসিরি'-নামক ইতিহাস-গ্রন্থ প্রণয়ন করেন।

নিউটন (Sir Isaac Newton) (১৬৪২—১৭২৭ খৃঃ)। প্রসিদ্ধ ইংরাজ বৈজ্ঞানিক। ১৬৬৮ খৃষ্টাব্দে ইনি কেম্ব্রিজ হইতে এম.এ পরীক্ষায় উত্তীর্ণ হন এবং ১৬৬৯ খৃষ্টাব্দে ট্রিনিটি কলেজের গণিতের অধ্যাপক হন। ঐ সময় তিনি স্বহস্তে একটি দূরবীক্ষণ যন্ত্র নির্ম্মাণ করেন। ১৬৮৬ খৃষ্টাব্দে ইনি গণিত ও জ্যোতিষ-সম্বন্ধে লাটিন ভাষায় 'প্রিন্সিপিয়া'-নামক পুস্তক প্রকাশ করেন। বৃক্ষ হইতে আপেল ফলের পতন দেখিয়া ইনি মাধ্যাকর্ষণ-তত্ত্বের আবিষ্কার করেন।

নিকষা—রাক্ষসরাজ রাবণের মাতা।

নিকোলাস, ১ম (Czar Nicholas I.)—(১৭৯৬—১৮৫৫ খৃঃ)। রুশিয়ার ক্ষমতাশালী সম্রাট্। ক্রিমিয়ার যুদ্ধের পূর্ব্ব পর্য্যন্ত ইনি ইংলণ্ডের সহিত মিত্রভাবাপন্ন ছিলেন, পরে ঘোর শত্রু হইয়া দাঁড়ান।

নিকোলাস, ২য়—(Czar Nicholas II.)—(১৮৬৮—১৯১৮ খৃঃ)। ১৮৯৪ খৃঃ ইনি রুশিয়ার সিংহাসনে আরোহণ করেন। ১৯১৪-১৮ খৃষ্টাব্দের ইউরোপীয় মহাসমরে ইনি ইংলণ্ড ও ফরাসীর সহিত মিত্রতা করেন। সম্রাজ্ঞী এলিস ও মন্ত্রিমণ্ডলের নির্ব্বুদ্ধিতা ও চক্রান্তের ফলে ১৯১৭ খৃঃ রুশিয়ায় যে রাষ্ট্রবিপ্লব হয়, তাহাতে ইনি রাজ্যচ্যুত হন এবং পর বৎসর সপরিবারে নিহত হন।

নিত্যানন্দ—শ্রীগৌরাঙ্গদেবের প্রধান সহচর। জন্ম ১৪৭৩ খৃঃ রাঢ়দেশের একচাকা গ্রামে। শ্রীচৈতন্যদেবের পর ইনি মানবলীলা সংবরণ করেন।

নিধিরাম গুপ্ত—(১৬৬৩—১৭৬০ শকাব্দ)। জন্ম হুগলী জেলায়। ইঁহার রচিত গীতসমূহ 'নিধুবাবুর টপ্পা' নামে বিখ্যাত।

নিবেদিতা, ভগিনী—পূর্ব্ব নাম মিস্ মার্গারেট নোবল। ১৮৯৫ খৃষ্টাব্দে স্বামী

বিবেকানন্দ ইংলণ্ডে গমন করিলে ইনি তাঁহার শিষ্যা হন এবং উক্ত নাম গ্রহণ করেন। ভারতের ধর্ম, সমাজনীতি, সাহিত্য, চিত্রকলা প্রভৃতি সমস্তের ভিতরেই ইনি মহান্ আদর্শের উপলব্ধি করিতেন এবং ভারতকে প্রাণের সহিত ভালবাসিতেন। ইনি 'The Master as I saw him', 'The Cradle Tales of Hindusthan', 'An Indian Study of Love and Death' প্রভৃতি অনেকগুলি গ্রন্থ প্রণয়ন করেন। ১৯১১ খৃষ্টাব্দে ইনি পরলোকগমন করেন।

নিমাই—'চৈতন্যদেব' দ্রঃ।

নিমি—সূর্য্যবংশের জনৈক নৃপতি। পিতা ইক্ষ্বাকু। ইঁহার মৃতদেহ মন্থনে মিথিলা বা বিদেহের উৎপত্তি হয়।

নিয়তি—অদৃষ্টদেবী। ইনি মেরুর কন্যা ও বিধাতার পত্নী।

নিরুপমা দেবী—ইনি সুলেখিকা। ইঁহার রচনা সরল ও হৃদয়গ্রাহী। 'দিদি' প্রভৃতি পুস্তক ইঁহার রচনা। ইনি ১৩৫৮ সালে মথুরায় মারা যান।

নিরো, ক্লডিয়াস সীজার—(Nero, Claudius Cæsar)—(৩৭—৬৮ খৃঃ)। রোমের এক অত্যাচারী লম্পট সম্রাট। ইনি নিজের জননী, দুই পত্নী এবং অন্যান্য বহু লোককে হত্যা করেন। রোম নগর দগ্ধ করাতে ইনি বহু খৃষ্টানকে হত্যা করেন এবং নূতন করিয়া রোম নগর নির্ম্মাণ করেন। ইনি রোম হইতে পলায়ন করিয়া অবশেষে আত্মহত্যা করেন।

নিশুম্ভ—দৈত্যরাজ শুম্ভের অনুজ। দেবীযুদ্ধে রক্তবীজের পরে এই দৈত্য নিহত হয়।

নীলরতন সরকার, এম্-ডি, ডাক্তার—(১৮৬১—১৯৪৩ খৃঃ)। ২৪ পরগণা জেলার ন্যাতড়া গ্রামে ইঁহার জন্ম হয়। ইনি একজন সুপ্রসিদ্ধ চিকিৎসক ছিলেন। ১৯১৯—১৯২১ পর্য্যন্ত ইনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস্-চ্যান্সেলার ছিলেন। দেশমধ্যে চিকিৎসা-বিদ্যা ও শিল্প-প্রতিষ্ঠানের প্রতিষ্ঠার জন্য ইনি বিশেষভাবে চেষ্টা করিয়া গিয়াছেন।

নুরজাহান—মোগল-সম্রাট্ জাহাঙ্গীরের মহিষী। ইঁহার বাল্যনাম মেহেরউন্নিসা। জাহাঙ্গীর বাদশাহ্ হইয়া ইঁহার প্রথম স্বামী শের্ আফগানকে নিহত করিয়া ইঁহাকে বিবাহ করেন। জাহাঙ্গীরের জীবিতকালে প্রকৃতপক্ষে ইনিই সাম্রাজ্যের কর্ণধার ছিলেন। ১৬৪৬ খৃষ্টাব্দে ইনি মৃত্যুমুখে পতিত হন।

নৃসিংহদেব—প্রসিদ্ধ বৈষ্ণব পদকর্ত্তা। 'পদসমুদ্র'-নামক সঙ্কলন-গ্রন্থে ইঁহার বহু পদ রহিয়াছে।

নেপচুন (Neptune)—সমুদ্রের রাজা এবং অশ্বগণের দেবতা। পিতা স্যাটার্ণ, মাতা রিয়া। জুপিটার এবং প্লুটো ইঁহার ভ্রাতা।

নেপোলিয়ন বোনাপার্ট, ১ম (Napoleon Bonaparte I.)—(১৭৬৯—১৮২১ খৃঃ)। মহাবীর ফরাসী-সম্রাট্। ১৮০৪ খৃষ্টাব্দে ইনি ফ্রান্সের রাজা হন। ইনি বহু-যুদ্ধে জয়লাভ করিয়া প্রায় সমগ্র ইউরোপের অধীশ্বর হন। বিভিন্ন দেশের রাজারা সম্মিলিত হইয়া ফ্রান্স আক্রমণ করিলে ইনি সিংহাসন ত্যাগ করিয়া এলবা দ্বীপে চলিয়া যান (১৮১৪ খৃঃ)। এক বৎসর পরে ইনি আবার ফিরিয়া আসেন এবং সম্রাট্ হন। ১৮১৫ খৃঃ ওয়াটার্লুর যুদ্ধে ডিউক অব ওয়েলিংটন কর্তৃক পরাস্ত হন। সেণ্ট হেলেনা দ্বীপে নির্ব্বাসিত অবস্থায় ইঁহার মৃত্যু হয়।

নেল্সন, হোরেসিও, ভাইকাউণ্ট (Nelson, Horatio, Viscount)—(১৭৫৮—১৮০৫ খৃঃ)। ইংলণ্ডের বিখ্যাত নৌ-সেনাপতি। সুপ্রসিদ্ধ ট্রাফালগার-যুদ্ধে ইনি ফরাসী যুদ্ধজাহাজগুলিকে বিধ্বস্ত করিয়া বিজয়লাভ করেন, কিন্তু যুদ্ধের সময় আহত হওয়ায় ইঁহার মৃত্যু হয়।

নোবেল, ডাঃ আল্ফ্রেড বার্ণহার্ড (Nobel, Dr. Alfred Bernhard)—(১৮৩৩—১৮৯৬ খৃঃ)।

সুইডেনের বিখ্যাত রাসায়নিক পণ্ডিত ও যন্ত্রশিল্পী। ডিনামাইট-নামক বিস্ফোরক পদার্থ আবিষ্কার করিয়া ইনি প্রভূত অর্থ উপার্জন করেন। ইনি মৃত্যুকালে স্বীয় সম্পত্তির অধিকাংশ পদার্থবিদ্যা, রসায়নশাস্ত্র, চিকিৎসাশাস্ত্র, সাহিত্য ও শান্তিবাণী প্রচারে শ্রেষ্ঠ ব্যক্তিগণকে প্রতিবৎসর পুরস্কার দিবার জন্য দান করিয়া যান। ইঁহারই নামানুসারে সেই পুরস্কারের 'নোবেল প্রাইজ' নাম হইয়াছে।

প

পক্ষধর মিশ্র—মিথিলাবাসী বিখ্যাত পণ্ডিত। ইনি খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীতে বর্তমান ছিলেন। নবদ্বীপের বাসুদেব সার্বভৌম ও রঘুনাথ শিরোমণি ইঁহার ছাত্র ছিলেন।

পতঞ্জলি—বিখ্যাত মুনি ও দার্শনিক। আনুমানিক খৃঃ পূঃ ১৫০ অব্দে ইনি বর্তমান ছিলেন। 'পাতঞ্জল দর্শন' নামক যোগশাস্ত্রের ইনি রচয়িতা। পাণিনি-ভাষ্যকার ও যোগ-শাস্ত্র সূত্রকার পতঞ্জলি একই লোক কিনা সে বিষয়ে সন্দেহ আছে।

পদ্মিনী—বিখ্যাত রাজপুত-সতী। স্বামী মেবারের রাণা রতনসিংহ। ইঁহার সৌন্দর্যের কাহিনী শুনিয়া সুলতান আলাউদ্দীন খিলজী ইঁহাকে পাইবার জন্য চিতোর আক্রমণ করেন। চিতোর বিধ্বস্ত হয়। পদ্মিনী ও অন্যান্য রাজপুত মহিলারা সতীত্ব রক্ষার জন্য জলন্ত চিতায় ঝাঁপ দেন।

পবন—বাতাসের অধিষ্ঠাত্রী দেবতা। দেবতাগণের মধ্যে ইনি অত্যন্ত শক্তিশালী। অঞ্জনার গর্ভে ইঁহার পুত্র হনুমান এবং কুন্তীর গর্ভে ইঁহার পুত্র ভীমের জন্ম হয়।

পরমানন্দ দাস, কবিকর্ণপুর—প্রসিদ্ধ বৈষ্ণব কবি। ১৪৪৬ শকে নদীয়া জেলায় ইঁহার জন্ম। ইনি সংস্কৃতে 'চৈতন্য-চরিতামৃত' রচনা করেন। 'চৈতন্য-চন্দ্রোদয়'-নামক নাটকখানিও ইঁহার রচিত।

পরশুরাম—প্রসিদ্ধ মুনি। পিতা জমদগ্নি, মাতা রেণুকা। পিতার আদেশে মাতৃহত্যা করাতে ইঁহার হস্তে কুঠার আবদ্ধ হইয়া থাকে। পরে মানস সরোবরে স্নান করিয়া ইনি পাপমুক্ত হন। কার্তবীর্যার্জুন ইঁহার পিতাকে হত্যা করায় ইনি একবিংশতিবার পৃথিবীকে ক্ষত্রিয়শূন্য করেন। ভীষ্ম, দ্রোণ ও কর্ণ ইঁহার নিকট অস্ত্রবিদ্যা শিক্ষা করেন।

পরাশর—সুপ্রসিদ্ধ মুনি। বশিষ্ঠের পৌত্র। ইঁহার প্রণীত 'পরাশরসংহিতা' একখানি সুপ্রসিদ্ধ গ্রন্থ।

পরিক্ষিৎ, পরীক্ষিৎ—অর্জুনের পৌত্র। পিতা অভিমন্যু, মাতা উত্তরা। পাণ্ডবগণ মহাপ্রস্থান করিলে ইনি হস্তিনাপুরের রাজা হন। ব্রহ্মশাপে তক্ষকের দংশনে ইঁহার মৃত্যু হয়।

পল, সেণ্ট (Paul, Saint)—যীশুর বারজন শিষ্যের ইনি অন্যতম।

পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়—(১৮৬৬—১৯২৩ খৃঃ)। বিখ্যাত বক্তা, লেখক ও ঔপন্যাসিক। ইনি 'বঙ্গবাসী', 'হিতবাদী', 'বসুমতী', 'সন্ধ্যা', 'রঙ্গালয়' প্রভৃতির সম্পাদক ও 'নায়ক' পত্রিকার প্রতিষ্ঠাতা ছিলেন। ইঁহার 'উমা' অপূর্ব [illegible] উপন্যাস।

পাণিনি—বিখ্যাত বৈয়াকরণ। খুব সম্ভব ইনি খৃঃ পূঃ সপ্তম শতকে বর্তমান ছিলেন। পঞ্জাবের অন্তর্গত শালাতুর গ্রামে ইঁহার জন্ম হয়। ইঁহার ব্যাকরণ পাণিনি-ব্যাকরণ নামে প্রসিদ্ধ। 'ধাতুপাঠ' ও 'গণপাঠ' ইঁহারই প্রণীত।

পাণ্ডু—ব্যাসদেবের ঔরসে ইঁহার জন্ম। দেবগণের তেজে ইঁহার পত্নী কুন্তীর গর্ভে যুধিষ্ঠির, ভীম ও অর্জুন জন্মগ্রহণ করেন এবং মাদ্রীর গর্ভে নকুল ও সহদেব জন্মগ্রহণ করেন।

পান্না—চিতোরের রাণা সংগ্রামসিংহের পুত্র উদয়সিংহের ধাত্রী। ইনি নিজ পুত্রকে উদয়সিংহের বেশে সাজাইয়া বনবীরের হস্ত

হইতে উদয়সিংহকে রক্ষা করেন এবং তাহাতে ইহার পুত্র উদয়সিংহভ্রমে বনবীর কর্ত্তৃক নিহত হয়।

পার্নেল, চার্লস্ স্টুয়ার্ট (Parnell, Charles Stewart)—(১৮৪৬—১৮৯১ খৃঃ)। বিখ্যাত আইরিশ রাজনীতিবিশারদ। আইরিশ জাতীয়-সংগ্রামের ইনি নেতা ছিলেন। ইঁহারই নেতৃত্বে আয়ার্ল্যাণ্ডে প্রথম জাতীয়-আন্দোলন আরম্ভ হয়।

পার্শ্বনাথ—জৈন তীর্থঙ্করদিগের অন্যতম এবং জৈনধর্ম্মের প্রকৃত প্রবর্ত্তক বলিয়া কথিত। আনুমানিক খৃঃ পূঃ নবম শতকে ইনি বর্ত্তমান ছিলেন।

পাস্তুয়ার, লুই (Pasteur, Louis)—(১৮২২—১৮৯৫ খৃঃ)। বিখ্যাত ফরাসী রসায়নশাস্ত্রবিদ্। কলেরা ও অন্যান্য রোগের জীবাণু সম্বন্ধে ইনি অনেক গভীর গবেষণা করেন।

পিট, উইলিয়াম (Pitt, William)—(১৭৫৯—১৮০৬ খৃঃ)। ইংলণ্ডের বিখ্যাত মন্ত্রী। মাত্র ২৪ বৎসর বয়সে ইনি প্রধান মন্ত্রীর পদ লাভ করেন।

পীটার দি গ্রেট (Peter the Great)—(১৬৭২—১৭২৫ খৃঃ)। রুষিয়ার সুপ্রসিদ্ধ সম্রাট। ইনি অনেক কষ্টের মধ্য দিয়া রাজা হইয়া রুষিয়ার উন্নতির জন্য বিশেষ চেষ্টা করেন।

পুরু—১। চন্দ্রবংশীয় বিখ্যাত রাজা। পিতা যযাতি। ইনি নিজের যৌবন পিতাকে দান করিয়া নিজে পিতার জরা গ্রহণ করেন। বহুকাল পরে ইনি পিতার নিকট হইতে নিজ যৌবন প্রাপ্ত হন ও রাজা হন। ২। ভারতবর্ষীয় বীর রাজা। ইনি শতদ্রু ও চন্দ্রভাগা নদীর মধ্যবর্ত্তী স্থানের রাজা ছিলেন। ইহার সহিত মহাবীর আলেকজাণ্ডারের যুদ্ধ হয়। ইনি পরাজিত হইলেও গ্রীকবীর ইহার বীরত্ব দেখিয়া মুগ্ধ হইয়াছিলেন।

পুরূরবা—চন্দ্রবংশের প্রথম রাজা। চন্দ্রের পুত্র বুধ ইহার পিতা। ইন্দ্র ইঁহার বন্ধু ছিলেন।

পুলকেশী, ২য়—দাক্ষিণাত্যের প্রসিদ্ধ শক্তিশালী রাজা। হর্ষবর্দ্ধন যে সময় উত্তর ভারতের একচ্ছত্র রাজা, ইনি তখন দাক্ষিণাত্যের একচ্ছত্র অধিপতি। ইনি ৬০৮-৪২ খৃঃ পর্য্যন্ত রাজত্ব করেন। নাসিক ইঁহার রাজধানী ছিল।

পুলস্ত্য—সপ্তর্ষি নক্ষত্রের অন্যতম। ইনি ব্রহ্মার মানসপুত্র।

পুলহ—সপ্তর্ষির অন্যতম।

পুলোমা (-মন্)—১। দৈত্যবিশেষ। ইনি কশ্যপ মুনির পুত্র। ইঁহার কন্যা ইন্দ্রের পত্নী শচীদেবী। ইন্দ্র ইঁহাকে নিহত করেন। ২। ভৃগুমুনির পত্নী ও চ্যবন ঋষির জননী।

পুষ্যমিত্র সুঙ্গ—মগধের রাজা। মৌর্য্য-বংশের শেষ রাজা বৃহদ্রথকে হত্যা করিয়া ইনি মগধের সিংহাসনে আরোহণ করেন। ইনি সুঙ্গবংশের প্রতিষ্ঠাতা।

পূতনা—জনৈকা দানবী। শিশু শ্রীকৃষ্ণকে বিষাক্ত স্তন্য পান করাইতে গিয়া তাঁহার স্তনাকর্ষণেই এই দানবী নিহত হয়।

পৃথু—প্রাচীনকালের জনৈক রাজা। ইনি বেণরাজার পুত্র। ইনি মর্ত্ত্যের প্রথম রাজা বলিয়া ধরার নাম হয় পৃথিবী।

পৃথ্বীরাজ (পৃথ্বীরায়)—(১১৫৯—১১৯২ খৃঃ)। দিল্লীর সর্ব্বশেষ হিন্দুরাজা। কান্যকুব্জের রাজা জয়চন্দ্রের কন্যা সংযুক্তা ইঁহার পত্নী। ১১৯১ খৃষ্টাব্দে থানেশ্বরের নিকটে তরাইন প্রান্তরে মহম্মদ ঘোরীর সহিত ইঁহার যুদ্ধ হয়। ঘোরী সম্পূর্ণরূপে পরাজিত হন। পর বৎসর তিনি আবার দিল্লী আক্রমণ করেন। এবারে পৃথ্বীরাজ পরাজিত ও নিহত হন।

পেট্রার্ক, ফ্রান্সেস্কো (Petrarch, Francesco)—(১৩০৪—১৩৭৪ খৃঃ)। প্রসিদ্ধ ইতালীয় কবি। 'To Laura'-নামক ইঁহার কাব্যগ্রন্থ বিশেষ প্রসিদ্ধ।

পোলো, মার্কো (Polo, Marco)—(১২৫৬—১৩২৩ খৃঃ)। ইতালীয় পর্যটক। ইনি কুবলাই খাঁর দরবারে গমন করেন এবং ১২৭৫ খৃষ্টাব্দে সাং-টুতে পৌছান। ইনি জেনোয়াবাসীদের দ্বারা বন্দী হন। বন্দী অবস্থায় ইনি ইঁহার ভ্রমণ-বৃত্তান্ত সঙ্কলন করেন।

প্যাণ্ডোরা (Pandora)—জুপিটারের আদেশে ভল্‌কান কর্ত্তৃক সৃষ্ট পরমা সুন্দরী প্রথমা নারী। জুপিটার একটি বাক্সে সমস্ত দুর্বিপাক আবদ্ধ করিয়া ইঁহাকে দান করেন। কৌতূহলবশে ঐ বাক্স খুলিয়া প্যাণ্ডোরা পৃথিবীতে দুঃখ-কষ্ট আনয়ন করেন।

প্যান (Pan)—মেষপালকগণের দেবতা। ইনি শৃঙ্গধারী, ছাগের ন্যায় পদ ও লাঙ্গুল-বিশিষ্ট মানব।

প্যারিস (Paris)—ট্রয়রাজ প্রায়ামের পুত্র। জুনো, মিনার্ভা ও ভেনাসের কলহ প্রতি-যোগিতায় ভেনাসকে শ্রেষ্ঠা সুন্দরী বলিয়া ইনি তাঁহাকে বশীভূত করেন এবং তাঁহার সাহায্যে প্রধানা রূপসী হেলেনকে হরণ করিয়া লইয়া যান। এই হেলেন-হরণেই ট্রোজান-যুদ্ধের সূত্রপাত হয়।

প্যারীচরণ সরকার—(১৮২৩—১৮৭৫ খৃঃ)। প্রসিদ্ধ ইংরাজী পাঠ্যপুস্তক রচয়িতা। কলিকাতা চোরবাগানে ইঁহার জন্ম। ইনি শিশুপাঠ্য ইংরাজী পুস্তক 'First Book', 'Second Book' প্রভৃতি রচনা করিয়া বিশেষ প্রসিদ্ধিলাভ করেন।

প্যারীচাঁদ মিত্র—১২২১ বঙ্গাব্দে কলিকাতায় ইঁহার জন্ম হয়। 'টেক-চাঁদ ঠাকুর' এই কল্পিত নামেই ইনি অধিক পরিচিত। 'আলালের ঘরের দুলাল', 'মদ খাওয়া বড় দায়', 'জাত থাকার কি উপায়', 'আধ্যাত্মিকা' প্রভৃতি গ্রন্থ ইঁহার রচিত। ১৮৮৩ খৃঃ ইঁহার মৃত্যু হয়।

প্রণবানন্দ, আচার্য্য, স্বামী—(১৮৯৬—১৯৪০ খৃঃ)। 'ভারত সেবাশ্রম সঙ্ঘে'র প্রতিষ্ঠাতা। জন্মস্থান ফরিদপুর জেলার বাজিতপুর গ্রাম। ইনি আজন্ম কঠোর তপস্বী, ব্রহ্মচারী ও আত্মসমাহিত পুরুষ ছিলেন। ১৬ বৎসর বয়সে ইনি গোরক্ষপুরে গিয়া সিদ্ধ যোগিরাজ বাবা গম্ভীরনাথজীর নিকট দীক্ষাগ্রহণ করেন। সিদ্ধিলাভের পর ইনি সেবা ও গঠনমূলক কার্য্যের ভার লইয়া লোকসমাজের সম্মুখে আসিয়া দাঁড়ান। ক্রমে ইনি নানাস্থানে সেবাশ্রম প্রতিষ্ঠা করিয়া দুঃস্থ নর-নারীর সেবায় আত্মনিয়োগ করেন।

প্রতাপ রুদ্র—উড়িষ্যা দেশের রাজা। ইনি শ্রীগৌরাঙ্গদেবের সমসাময়িক ছিলেন। ইনি অত্যন্ত ধার্ম্মিক ও ন্যায়পরায়ণ রাজা ছিলেন।

প্রতাপ সিংহ—মেবারের প্রসিদ্ধ মহারাণা। পিতার মৃত্যুর পর ইনি আকবরের অধীনতা-পাশ হইতে চিতোর উদ্ধার করিতে সঙ্কল্প করেন। ১৫৭৬—১৫৮০ খৃষ্টাব্দ পর্য্যন্ত ইনি যুদ্ধ করিয়া পৈতৃক রাজ্যের অধিকাংশ উদ্ধার করেন, কিন্তু চিতোর উদ্ধার করিতে পারেন নাই। ১৫৯৭ খৃষ্টাব্দে ইনি মৃত্যুমুখে পতিত হন।

প্রতাপাদিত্য রায় যশোহরের প্র-সিদ্ধ বীর রাজা। পিতা বিক্রমাদিত্য রায় সুন্দরবন অঞ্চলে রাজার ন্যায় বসবাস করিতেন। পিতার মৃত্যুর পর ইনি রাজা হন এবং মোগল-সম্রাটকে রাজস্ব দিতে অস্বীকার করেন। মোগল-সেনাপতি মানসিংহের সহিত যুদ্ধে পরাস্ত হইয়া ইনি সন্ধি করেন। কিছুকাল পরে মোগল-বাদশাহের সহিত বিরোধিতা করিয়া ইনি যুদ্ধে পরাজিত ও বন্দী হন। আগ্রার পথে কাশীতে ইঁহার মৃত্যু হয়।

প্রদ্যুম্ন—শ্রীকৃষ্ণের পুত্র। ইনি রুক্মিণীর গর্ভে জন্মগ্রহণ করেন। যদুবংশের ধ্বংসের সময় ইনি নিহত হন।

প্রদ্যোতকুমার ভট্টাচার্য্য—স্বাধীনতার শহীদ। জন্ম ১৯১১ খৃঃ মেদিনীপুর জেলায়। পিতা ভবতারণ ভট্টাচার্য্য। আই-এস্‌সি

পড়িবার সময় ১৯৩২ খৃষ্টাব্দে তিনি মেদিনীপুরের অত্যাচারী ম্যাজিষ্ট্রেট ডগলাসকে হত্যা করেন। বিচারে তাঁহার প্রাণদণ্ডাদেশ হয় এবং ১৯৩৩ সালের ১১ই জানুয়ারী তাঁহার ফাঁসী হয়।

প্রফুল্লচন্দ্র ঘোষ (**ডাঃ**)—জন্মস্থান ঢাকা জেলার মালিকান্দা। ইনি ১৯১৯ খৃঃ রসায়ন-শাস্ত্রে এম-এ পাশ করেন। ১৯১৬ খৃঃ কলিকাতা টাঁকশালে ডেপুটি এসে মাষ্টার নিযুক্ত হন এবং ১৯২০ খৃঃ উক্ত পদ পরিত্যাগ করিয়া অসহযোগ-আন্দোলনে যোগ দেন। ইনি সাত বার কারাভোগ করেন। ইনি পূর্ববঙ্গের অভয়াশ্রমের প্রতিষ্ঠাতা। ইনি পশ্চিমবঙ্গের প্রধান মন্ত্রী হন এবং ১৯৪৮ খৃঃ পদত্যাগ করেন।

প্রফুল্ল চাকী—(১৮৮৮—১৯০৮ খৃঃ)। বাঙ্গালার স্বাধীনতা-সংগ্রামের প্রথম শহীদ। পিতা বগুড়া জেলা-নিবাসী নীরদচন্দ্র চাকী। ইনি রংপুর জেলা স্কুলের ছাত্র ছিলেন। ইনি ক্ষুদিরাম বসুর সহিত মজঃফরপুরে বোমা নিক্ষেপ করিয়া আত্মগোপন করেন, কিন্তু মোকামাঘাটে ধরা পড়িয়া আত্মহত্যা করেন (১-৫-১৯০৮)। পুলিশ তাঁহার মৃতদেহ হইতে মস্তক ছিন্ন করে।

প্রফুল্লচন্দ্র রায় (ডাঃ স্যার পি, সি, রায়)-সুপ্রসিদ্ধ রাসায়নিক এবং স্বদেশসেবক। জন্ম ১২৬৮ বঙ্গাব্দ। ইনি ১৯১৫—১৯৩৭ খৃষ্টাব্দ পর্যন্ত কলিকাতার বিজ্ঞান-কলেজের পালিত-অধ্যাপক নিযুক্ত ছিলেন। ইনি চিরকুমার। বিজ্ঞান-চর্চ্চায় এবং দেশ-সেবায় ইনি জীবন উৎসর্গ করিয়াছিলেন। 'বেঙ্গল কেমিক্যাল আণ্ড ফার্ম্মাসিউটিক্যাল ওয়ার্কস লিঃ' ইহার শ্রেষ্ঠ কীর্ত্তি।

প্রবীর—নীলধ্বজ রাজার পুত্র। ইনি অর্জ্জুনের অশ্ব ধরিলে তাঁহার সহিত ইঁহার যুদ্ধ হয় এবং যুদ্ধে ইনি নিহত হন।

প্রবোধচন্দ্র মজুমদার—(১৩০৬—১৩৩৫ বঙ্গাব্দ)। বিখ্যাত পুস্তক-প্রকাশক ও গ্রন্থকার। ইনি মেধাবী ও প্রতিভাশালী ছিলেন। দানশীল হিসাবেও ইঁহার খ্যাতি ছিল। 'দেব-সাহিত্য-কুটীর' ইঁহারই দ্বারা প্রতিষ্ঠিত হয়।

প্রভাতকুমার মুখোপাধ্যায়—(১২৭০—১৩৩৮ বঙ্গাব্দ)। জনৈক ব্যারিস্টার। ছোট গল্প ও উপন্যাস রচনায় ইঁহার নাম সুপ্রসিদ্ধ। ইঁহার 'সিঁদুর কৌটা', 'নবীন সন্ন্যাসী' প্রভৃতি পুস্তক বঙ্গসাহিত্যে সুপরিচিত।

প্রমথ চৌধুরী—জন্ম ১৮৬৮ সাল। ইনি রসরচনায় বিশেষ সিদ্ধহস্ত ছিলেন এবং 'বীরবল' ছদ্মনাম ব্যবহার করিতেন। ইনি 'সবুজ পত্র'-নামক মাসিক পত্র প্রকাশ করেন। 'প্রাণের কথা', 'তেল-নুন-লকড়ি', 'রাম-শ্যাম', 'মলাট-সমালোচনা' ইত্যাদি ইঁহার উৎকৃষ্ট রচনার নিদর্শন। ইনি পরলোক-গমন করিয়াছেন।

প্রমথনাথ রায়চৌধুরী—(১২৭৯—১৩৩৬ বঙ্গাব্দ)। ইনি আধুনিক শ্রেষ্ঠ কবিদিগের অন্যতম। ইনি জমীদার ছিলেন। ইঁহার 'পদ্মা', 'গীতিকা', 'গৌরাঙ্গ' প্রভৃতি গ্রন্থগুলি বঙ্গসাহিত্য-সম্ভার বৃদ্ধি করিয়াছে।

প্রমিথিউস (Prometheus)—ইনি প্রাচীন কবিগণ কর্তৃক সর্ব্বাপেক্ষা জ্ঞানী মানব বলিয়া বর্ণিত হইয়াছেন। ইনি মাটির মানবমূর্ত্তি প্রস্তুত করিয়া স্বর্গ হইতে আহৃত অগ্নি দ্বারা তাহাতে জীবনী-শক্তি প্রদান করিতেন। মানব-সমাজের হিতসাধনই ইঁহার লক্ষ্য ছিল।

প্রমীলা—রাবণের পুত্রবধূ ও মেঘনাদের [পত্নী।

প্রহ্লাদ—বিষ্ণুভক্ত বালক। পিতা দৈত্য-রাজ হিরণ্যকশিপু। ইনি বাল্যকাল হইতেই হরিভক্ত ছিলেন।

প্রিয়ম্বদা—১। শকুন্তলার সখী। ২। বঙ্গের মহিলা-কবিদের অন্যতমা। ইনি 'রেণু', 'পত্রপুষ্প' প্রভৃতি গ্রন্থের লেখিকা।

প্রীতিলতা ওয়াদ্দার—চট্টগ্রামের মিউনিসিপাল আফিসের কর্মচারী জগবন্ধু

ওয়াদ্দাদারের কন্যা। বি-এ পাশ করিয়া ইনি একটি বালিকা-হাইস্কুলে শিক্ষকতা আরম্ভ করেন। এই সময় বিপ্লবী-নেতা চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের পলাতক আসামী সূর্য্য সেনের সঙ্গে ইনি ধলাঘাটে গিয়া সাক্ষাৎ করেন। এই সময় পুলিশ-বাহিনী তাঁহাদিগকে ঘেরাও করিয়া গুলি চালায়। উভয় পক্ষ হইতে গুলি চলিলে বিপ্লবী দলে দুইজন মারা যান। সূর্য্য সেন কোনরূপে প্রীতিলতাকে লইয়া পলায়ন করেন। এই আরম্ভ হইল প্রীতিলতার পলাতক জীবন। ১৯৩২ সালের ২৪শে সেপ্টেম্বর তারিখে আটজন সঙ্গী লইয়া ইনি চট্টগ্রাম পাহাড়তলীর ইউরোপীয়ান ক্লাব আক্রমণ করেন, এবং দলনিক্ষিপ্ত বোমার একটি টুকরার আঘাতে ভীষণভাবে আহত হন। পরে সরকারী সৈন্যদের আগমনের শব্দ পাইয়া সঙ্গীদলকে বিদায় দিয়া ইনি পটাসিয়াম সায়ানাইড-নামক তীব্র বিষের সাহায্যে আত্মহত্যা করেন।

প্রেমচাঁদ রায়চাঁদ—বোম্বাইএর জনৈক শিক্ষানুরাগী দানশীল ব্যক্তি। শিক্ষার উন্নতি-কল্পে ইনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে দুই লক্ষ টাকা দান করেন। মৌলিক গবেষণার জন্য এই টাকা হইতে বৃত্তি দান করা হয়। এই বৃত্তিই 'প্রেমচাঁদ রায়চাঁদ বৃত্তি' নামে খ্যাত।

প্রেমদাস—বৈষ্ণব কবি। নবদ্বীপের নিকট-বর্ত্তী কুলিয়া গ্রামে ইঁহার জন্ম। ইনি ১৭-১৮শ শতকে বর্ত্তমান ছিলেন। ইনি ১৭১২ খৃষ্টাব্দে কবিকর্ণপুরের 'চৈতন্য-চন্দ্রোদয়' নাটকের পদ্যানুবাদ করেন। ১৭১৬ খৃষ্টাব্দে ইনি 'বংশীশিক্ষা' নামক কাব্য রচনা করেন। পদাবলী রচনাতেই ইঁহার কৃতিত্ব বেশী।

প্রেমেন্দ্র মিত্র—ইনি একজন সুলেখক। 'পাঁক', 'বিচিত্র' প্রভৃতি গ্রন্থগুলি ইঁহার রচনা।

প্লুটার্ক (Plutarch)—(আনুমানিক ৫০—১২০ খৃঃ)। বিখ্যাত জীবনী-লেখক। ইনি গ্রীসে জন্মগ্রহণ করিলেও জীবনের অধিকাংশ সময় রোমে অতিবাহিত করেন। ইঁহার লিখিত 'Lives'-নামক পুস্তকখানি বিশ্ব-সাহিত্যে একটি অপূর্ব্ব দান।

প্লুটো (Pluto)—পাতালপুরীর অধীশ্বর। ইনি স্যাটার্ন ও ওপ্‌সের পুত্র। ইনি প্রসার্পিনের স্বামী ছিলেন।

প্লেটো (Plato)—(খৃঃ পূঃ ৪২৯—৩৪৭ অব্দ)। গ্রীক্ দার্শনিক। ইঁহার প্রকৃত নাম 'অ্যারিষ্টক্লিস' (Aristocles). ইনি 'সক্রেটিসে'র শিষ্য ও 'অ্যারিষ্টটল'-এর শিক্ষক ছিলেন। ইঁহার 'Republic' ও 'Dialogues'-নামক দুইখানি বই আছে।

ফ

ফতেমা বিবি—ইসলাম ধর্ম্মপ্রবর্ত্তক হজরত মোহাম্মদের কন্যা এবং সুপ্রসিদ্ধ হাসান-হোসেনের জননী।

ফারেনহাইট, গাব্রিয়েল ডেনিয়েল (Fahrenheit, Gabriel Daniel)—(১৬৮৬—১৭৩৬ খৃঃ)। প্রসিদ্ধ জার্ম্মান বৈজ্ঞানিক। ইঁহার উদ্ভাবিত তাপ-নির্ণয়-যন্ত্রকে 'ফারেন্‌হাইট থার্ম্মোমিটার' বলে।

ফার্ডিন্যাণ্ড, ৫ম (Ferdinand V.)—(১৪৫২—১৫১৬ খৃঃ)। ইনি স্পেনের রাজকুমারী ইসাবেলাকে বিবাহ করেন এবং তাঁহার সহিত স্পেনে বহু বৎসর রাজত্ব করেন।

ফা হিয়েন (Fa Hien)—চীনদেশীয় বৌদ্ধ পরিব্রাজক। ইনি ৩৯৯ হইতে ৪১৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত ভারত-পর্য্যটন করেন। ইনি একটি ভ্রমণ-বৃত্তান্ত রাখিয়া গিয়াছেন, এখানির নাম 'ফো কুওকি' (Fo Kuoki). ইনি উত্তর-ভারতের দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বের সময় তাঁহার রাজ্যে ৪০৫—৪১০ খৃষ্টাব্দ পর্য্যন্ত বাস করিয়াছিলেন।

ফিরোজ তোগলক (জোয়াজিম

ফিরোজউদ্দিন তোগলক—(১২৯৮—১৩৮৮ খৃঃ)। ইনি দিল্লীর প্রসিদ্ধ পাঠান-সম্রাট্ মহম্মদ তোগলকের ভ্রাতুষ্পুত্র। ইনি ১৩৫১ খৃঃ সিংহাসনে আরোহণ করেন। ইনি প্রজাগণের হিতার্থে অনেক কার্য্য করেন।

ফিলিপ, ২য় (Philip II.)—(১৫২৭—১৫৯৮ খৃঃ)। স্পেনের সম্রাট্। ইনি পঞ্চম চার্লসের পুত্র। ইঁহার অন্যতমা পত্নী মেরী ইংলণ্ডের রাণী ছিলেন। মেরীর মৃত্যুর পর ইনি ইংলণ্ডের চিরশত্রু হইয়াছিলেন। ইনি প্রসিদ্ধ 'আর্মাডা অভিযান' প্রেরণ করিয়া ইংলণ্ডকে বিধ্বস্ত করিবার চেষ্টা করেন।

ফুল্টন, রবার্ট (Fulton, Robert)—(১৭৬৫—১৮১৫ খৃঃ)। আমেরিকাবাসী ইঞ্জিনীয়ার। বাষ্প দ্বারা প্রথম জাহাজ চালাইয়া ইনি প্রসিদ্ধ হন।

ফেরদৌসী—(৯৪১—১০২০ খৃঃ)। গজনীর সুলতান মামুদের সভাকবি। ইঁহার জন্মস্থান পারস্যদেশ। মামুদের অনুরোধে ইনি জগদ্বিখ্যাত গ্রন্থ 'শাহ্‌নামা' রচনা করেন।

ফৈজী—লব্ধকীর্ত্তি পারসীক কবি। ইনি ষোড়শ শতাব্দীর শেষভাগে বর্ত্তমান ছিলেন। ইনি আকবরের সভাকবি ছিলেন। ইনি সংস্কৃতানুরাগী ছিলেন এবং মুসলমানদের মধ্যে ইনিই প্রথমে সংস্কৃত দর্শনশাস্ত্র অধ্যয়ন করেন। ইনি ভাস্করাচার্য্যের 'বীজগণিত' ও 'লীলাবতী' এবং কয়েকখানি সংস্কৃত কাব্য ও দর্শনশাস্ত্রের ফারসী ভাষায় অনুবাদ করিয়া গিয়াছেন।

ফোর্ড, হেনরী (Ford, Henry)—(জন্ম ১৮৬৩ খৃঃ)। আমেরিকার সুপ্রসিদ্ধ ব্যবসায়ী ও কর্ম্মবীর। ইনি 'Ford Motor Co.'-এর স্বত্বাধিকারী।

ফ্যারাডে, মাইকেল (Faraday, Michael)—(১৭৯১—১৮৬৭ খৃঃ)। খ্যাতনামা ইংরাজ বৈজ্ঞানিক। বিদ্যুৎ (Electricity) সম্বন্ধে পরীক্ষা করিয়া ইনি অনেক নূতন তথ্য প্রচার করেন।

ফ্রয়েড, সিগমুণ্ড (Freud, Sigmund)—(১৮৫৬—১৯৩৯ খৃঃ)। পৃথিবী-বিখ্যাত জার্ম্মান-ইহুদী। প্রথমে ইনি চিকিৎসাবিদ্যা অধ্যয়ন করেন ও হিষ্টিরিয়া রোগের নূতন চিকিৎসা আবিষ্কার করেন। ১৯৩৮ খৃঃ অস্ট্রিয়া ইহুদীবিদ্বেষী হের হিটলার কর্ত্তৃক অধিকৃত হইলে ইনি বন্দী হন ও পরে আমেরিকান মনস্তত্ত্ববিদ্‌দের চেষ্টায় মুক্তিলাভ করিয়া ইংলণ্ডে বাস করিতে থাকেন। লণ্ডনেই তাঁহার মৃত্যু হয়।

ফ্রান্স, আনাতোলে (France, Anatole)—(১৮৪৪—১৯২৪ খৃঃ)। ফ্রান্সের সর্ব্বশ্রেষ্ঠ ঔপন্যাসিকগণের অন্যতম। ইঁহার প্রকৃত নাম Jacques Anatole Thibault. 'পেঙ্গুইন', 'রেড্ লিলি' প্রভৃতি ইঁহার বিখ্যাত পুস্তক।

ফ্রেডারিক দি গ্রেট (Frederick the Great)—(১৭১২—১৭৮৬ খৃঃ)। প্রুশিয়ার প্রসিদ্ধ রাজা। ইনি ১৭৪০ খৃষ্টাব্দ হইতে মৃত্যুকাল পর্য্যন্ত রাজা ছিলেন।

ফ্র্যাঙ্কলিন, বেঞ্জামিন (Franklin, Benjamin)—(১৭০৬—১৭৯০ খৃঃ)। সুপ্রসিদ্ধ আমেরিকান দার্শনিক ও রাজনীতিজ্ঞ পণ্ডিত। ইনি "Poor Richard's Almanac"-নামক গ্রন্থ প্রণয়ন করিয়া প্রথম সাধারণের দৃষ্টি আকর্ষণ করেন। ইনি 'Lightning Conductor' আবিষ্কার করেন।

ফ্র্যাঙ্কলিন, স্যার জন (Franklin, Sir John)—(১৭৮৬—১৮৪৭ খৃঃ)। উত্তর-মেরু-অভিযানে ইনি দলের লোকজনসহ বিনষ্ট হন।

ব

বংশীদাস, দ্বিজ—জন্মস্থান ময়মনসিংহ জেলায়। ইঁহার প্রণীত 'পদ্মাপুরাণ' গানে পূর্ব্ববঙ্গ মুখরিত। 'মহুয়া'-কাব্য-প্রণেত্রী চন্দ্রাবতী ইঁহার কন্যা।

বংশীবদন—শ্রীচৈতন্যদেবের সমসাময়িক কবি। জন্মস্থান নবদ্বীপের অন্তর্গত কুলিয়া পাহাড়। 'দীপকোজ্জ্বল' ও 'দীপান্বিতা'-নামক গ্রন্থদ্বয় ইঁহার রচিত বলিয়া অনুমিত হয়।

বক—১। কংসানুচর দৈত্যবিশেষ। পূতনার ভ্রাতা। বিশালকায় বকরূপে শ্রীকৃষ্ণকে গ্রাস করিতে গিয়া তৎকর্তৃক নিহত হয়। ২। একচক্রা নগরের নিকটবর্ত্তী স্থানের অধিবাসী রাক্ষসবিশেষ। ভীমের হস্তে বক নিহত হয়।

বখ্‌তিয়ার খিলিজি—ইনি বঙ্গবিজেতা ইখ্‌তিয়ার উদ্দীন মহম্মদের পিতা।

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়—(১৮৩৮—১৮৯৪ খৃঃ)। জন্মস্থান রাণাঘাটের নিকটবর্ত্তী কাঁঠালপাড়া। ইনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম বি-এ উপাধিধারী (১৮৫৮ খৃঃ)। ইনি ডেপুটী ম্যাজিস্ট্রেট ছিলেন। ইঁহাকে বাঙ্গালার সাহিত্য-সম্রাট্‌ বলা হয়। 'দুর্গেশনন্দিনী' ইঁহার প্রথম উপন্যাস গ্রন্থ। 'কপালকুণ্ডলা', 'বিষবৃক্ষ', 'কৃষ্ণকান্তের উইল', 'দেবী চৌধুরাণী' প্রভৃতি উপন্যাস, 'কমলাকান্তের দপ্তর', 'লোকরহস্য', 'বিবিধ প্রবন্ধ', 'কৃষ্ণচরিত্র' প্রভৃতি গ্রন্থ ইঁহার অপূর্ব্ব প্রতিভা, গবেষণা ও স্বদেশপ্রেমের নিদর্শন। ইনি 'বন্দে মাতরম্‌' মন্ত্রের স্রষ্টা। 'বঙ্গদর্শন'-নামক পত্রিকা ইনি প্রতিষ্ঠা করিয়াছিলেন।

বৎসাচার্য্য—বিখ্যাত জ্যোতির্ব্বিদ। ইনি পুঁটিয়ার রাজবংশের পূর্ব্বপুরুষ।

বভ্রুবাহন—মণিপুরের রাজা। পিতা অর্জ্জুন, মাতা চিত্রাঙ্গদা। অর্জ্জুন ইঁহার বাণে হতচেতন হইয়াছিলেন।

বররুচি—১। পাণিনি-ব্যাকরণের বৃত্তিকার কাত্যায়নের নামান্তর। ২। উজ্জয়িনীরাজ বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম। ইনি একখানি সংস্কৃত অভিধান, 'প্রাকৃত প্রকাশ'-নামক ব্যাকরণ এবং 'নীতিরত্ন'-নামক গ্রন্থ প্রণয়ন করেন।

বরাহ—বিষ্ণুর শূকরমুখযুক্ত তৃতীয় অবতার। এই মূর্ত্তিতে ইনি দন্ত দ্বারা প্রলয় পয়োধিমগ্না পৃথিবীকে উত্তোলন করিয়া তাঁহাকে বিবাহ করেন। নরকাসুর ইঁহাদের সন্তান।

বরাহ, বরাহমিহির—রাজা বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম প্রসিদ্ধ জ্যোতির্ব্বিৎ পণ্ডিত। ইনি আর্য্যভট্টের নির্ণীত পৃথিবীর আহ্নিক-গতি স্বীকার করেন নাই।

বরুণ—সমুদ্রের এবং পশ্চিমদিকের অধিপতি দেবতা।

বর্দ্ধমান—বুদ্ধদেবের সমসাময়িক জৈনিক তীর্থঙ্কর। অন্য নাম মহাবীর।

বলদেব সিং, সর্দ্দার—ইনি অমৃতসর খালসা কলেজে শিক্ষালাভ করেন। ১৯৪২ খৃঃ ও ১৯৪৬ খৃঃ পঞ্জাবের মন্ত্রী হন। ইনি পন্থিক আকালী দলের নেতা। বর্ত্তমানে ইনি ভারতের দেশরক্ষা-সচিব।

বলবন, গিয়াসুদ্দীন—দিল্লীর দাসবংশের পাঠান-সম্রাট্‌। রাজত্বকাল ১২৬৬—১২৮৭ খৃঃ। প্রথমে ইনি ইল্‌তুৎমিসের ক্রীতদাস ছিলেন।

বলরাম—বিষ্ণুর অষ্টম অবতার। পিতা বসুদেব, মাতা রোহিণী। যদুবংশ ধ্বংসের পর ইনি যোগবলে দেহত্যাগ করেন।

বলরাম দাস—বৈষ্ণব সাহিত্যে একাধিক বলরামের নাম পাওয়া যায়। 'প্রেম-বিলাস'-এর প্রণেতা নিত্যানন্দ দাসই সম্ভবতঃ এই নামে পদাবলী-রচয়িতা হিসাবে খ্যাত। ১৫৩৭ খৃঃ ইঁহার জন্ম।

বল্লভভাই পেটেল, সর্দ্দার (ব্যারিষ্টার)—(১৮৭৫—১৯৫০ খৃঃ) ১৯১৬ খৃঃ ইনি মহাত্মা গান্ধীর সহিত যোগদান করেন। স্বাধীনতা-আন্দোলনে যোগ দিয়া বহুবার ইঁহাকে কারাবরণ করিতে হয়। ইনি ১৯৩১ খৃষ্টাব্দে করাচী কংগ্রেসে সভাপতিত্ব করেন। ১৯৪৫ খৃঃ কারামুক্ত হইয়া ১৯৪৬ খৃঃ অন্তর্ব্বর্ত্তী সরকারে স্বরাষ্ট্র-দপ্তর গ্রহণ করেন। ১৯৪৭ খৃঃ ইনি ভারত-মন্ত্রিমণ্ডলীর ডেপুটি প্রধান মন্ত্রী হন।

বল্লাল সেন—বঙ্গের সেনবংশীয় প্রসিদ্ধ রাজা। খৃষ্টীয় দ্বাদশ শতাব্দীর প্রথম ভাগ ইঁহার রাজত্বকাল। কথিত আছে, ইনি আচার, বিনয়, বিদ্যা ইত্যাদি গুণানুসারে ব্রাহ্মণ ও কায়স্থগণের মধ্যে কৌলীন্য প্রথার প্রবর্ত্তন করেন। রাঢ় (বর্দ্ধমান বিভাগ), বরেন্দ্র (রাজসাহী বিভাগ), বাগড়ি (প্রেসিডেন্সী বিভাগ), বঙ্গ (ঢাকা ও চট্টগ্রাম বিভাগ) এবং মিথিলা এই পাঁচভাগে স্বীয় রাজ্যকে বিভক্ত করিয়া এবং নবদ্বীপ, রামপাল ও গৌড়—এই তিন স্থানে রাজধানী স্থাপন করিয়া ইনি ১১১৮ অথবা ১১১৯ শকাব্দ পর্য্যন্ত রাজত্ব করেন। 'দানসাগর' ও 'অদ্ভুতসাগর' নামে দুইখানি গ্রন্থ ইনি প্রণয়ন করেন।

বশিষ্ঠ—ব্রহ্মার মানসপুত্র ও সপ্তর্ষির অন্যতম। বশিষ্ঠ ইক্ষ্বাকু কর্ত্তৃক সূর্য্যবংশের পুরোহিত-পদে বৃত হন। 'বশিষ্ঠ সংহিতা' ইঁহার পণীত।

বসন্ত রায়—১। নরোত্তম দাসের শিষ্য এবং পদাবলী-রচয়িতা ২। যশোহরাধিপতি প্রতাপাদিত্যের খুল্লতাত। ইনি প্রতাপাদিত্যের হস্তে নিহত হন।

বসুদেব—শ্রীকৃষ্ণের জনক।

বাজী রাও, ১ম—১৭২০ হইতে ১৭৪০ খৃঃ পর্য্যন্ত ইনি মহারাষ্ট্রের পেশোয়া ছিলেন। পেশোয়া বালাজী বিশ্বনাথ ইঁহার পিতা।

বাজী রাও, ২য়—মহারাষ্ট্রের শেষ পেশোয়া। ইংরাজদের সহিত বিরোধ করিলে ইংরাজ গভর্ণমেণ্ট ইঁহাকে বার্ষিক ৮ লক্ষ টাকা বৃত্তি দিয়া নির্ব্বাসিত করেন।

বাণ—বলির জ্যেষ্ঠ পুত্র। তপঃপ্রভাবে মহাদেবকে তুষ্ট করিয়া ইনি শোণিতপুরে রাজধানী স্থাপনপূর্ব্বক দেবগণের উপর অত্যাচার আরম্ভ করেন। ইঁহার কন্যা ঊষাকে বিবাহ করিতে গিয়া অনিরুদ্ধ ইঁহার হস্তে বন্দী হন। পরে ইনি যাদবগণের নিকট পরাজিত হন।

বাণভট্ট—খৃষ্টীয় সপ্তম শতাব্দীর প্রসিদ্ধ কবি। ইনি মহারাজ হর্ষবর্দ্ধনের সভাকবি ছিলেন। ইঁহার প্রণীত গ্রন্থাবলীর মধ্যে 'হর্ষ-চরিত', 'কাদম্বরী', 'রত্নাবলী', 'পার্ব্বতী-পরিণয়' ও 'চণ্ডিকাশতক' প্রসিদ্ধ।

বান্দা—গুরু গোবিন্দ সিংহের মৃত্যুর পর ইনি শিখদিগের নেতা হন। ইনি ফেরোখ্‌শায়ারের মোগল-বাহিনী কর্ত্তৃক গুরুদাসপুরের দুর্গে অবরুদ্ধ হন। দিল্লীতে আনিয়া ইঁহাকে সদলে এবং সপুত্রক নিষ্ঠুরভাবে হত্যা করা হয়।

বাপ্পা রাও—চিতোরের রাণা-বংশের প্রতিষ্ঠাতা। পিতা ভীলরাজ নাগাদিত্য।

বাবর—(১৪৮২—১৫৩০ খৃঃ)। দিল্লীর প্রথম মোগল-সম্রাট্।

বামন—বিষ্ণুর পঞ্চম অবতার। দানগর্ব্বিত বলির যজ্ঞে উপস্থিত হইয়া ইনি তাঁহাকে পাতালে প্রেরণ করেন।

বায়রন, জর্জ্জ গর্ডন, লর্ড (Byron, George Gordon, Lord)—(১৭৮৮—১৮২৪ খৃঃ)। প্রসিদ্ধ ইংরাজ কবি। ইঁহার বহু কবিতা ও কাব্যগ্রন্থের মধ্যে 'Childe Harold's Pilgrimage' ও 'Don Juan' সর্ব্বশ্রেষ্ঠ। জীবনের শেষভাগ ইনি গ্রীসে কাটান এবং সেখানেই ইঁহার মৃত্যু হয়।

বারীন্দ্রকুমার ঘোষ—প্রসিদ্ধ বিপ্লবী। ইনি শ্রীঅরবিন্দের ভ্রাতা। ১৯০৩ খৃষ্টাব্দে বরোদা হইতে বাংলায় আসিয়া ইনি বিপ্লববাদের প্রচার আরম্ভ করেন। বঙ্গভঙ্গের পর ইনি পূর্ব্ববঙ্গের ছোটলাট বামফিল্ড ফুলারকে হত্যার আয়োজন করেন। ১৯০৮ খৃষ্টাব্দে আলিপুর বোমার মামলার আসামী হিসাবে ইনি ধৃত হন। ইঁহার ও উল্লাসকর দত্তের ফাঁসীর আদেশ হয় এবং পরে আপীলে এই আদেশের পরিবর্ত্তে উভয়কে দ্বীপান্তর দণ্ড দেওয়া হয়। দ্বীপান্তরের মেয়াদ শেষে ইনি দেশে ফিরিয়া আসিয়াছেন। বর্ত্তমানে ইনি 'বসুমতী' পত্রিকার সম্পাদক।

বার্ক, এডমাণ্ড (Burke, Edmund)—

(১৭২৯—১৭৯৭ খৃঃ)। বিখ্যাত আইরিশ রাজনীতিক ও বাগ্মী। ইঁহার আমেরিকা বিদ্রোহকালের এবং ফরাসী বিপ্লবকালের বক্তৃতা সুপ্রসিদ্ধ।

বালখিল্য—অঙ্গুষ্ঠ-প্রমাণ ষাট হাজার ঋষি।

বালাজী বিশ্বনাথ, পেশোয়া—কঙ্কণবাসী ব্রাহ্মণ এবং পেশোয়া-বংশের প্রতিষ্ঠাতা। মহারাষ্ট্ররাজ সাহুর মন্ত্রি-স্বরূপেই ইনি 'পেশোয়া' উপাধি লাভ করেন। ইনি সমগ্র দক্ষিণ দেশ হইতে চৌথ আদায় করিবার সর্তে মোগল-সম্রাট্ মহম্মদ শাহের সহিত সন্ধি করেন। ১৭২০ খৃঃ ইঁহার মৃত্যু হয়।

বালি, বালী—ইন্দ্রের ঔরসজাত কিষ্কিন্ধ্যাধিপতি বানর। ইঁহার পত্নী তারা, পুত্র অঙ্গদ, কনিষ্ঠ ভ্রাতা সুগ্রীব। রামচন্দ্র অলক্ষ্যে অবস্থানপূর্ব্বক ইঁহাকে শরবিদ্ধ করিয়া হত্যা করেন।

বালজাক, হনরী ডি (Balzac, Honore de)—(১৭৯৯—১৮৫০ খৃঃ)। প্রসিদ্ধ ফরাসী ঔপন্যাসিক। ইনি আশিখানিরও বেশী উপন্যাস রচনা করেন। চরিত্র-অঙ্কনে ইনি অদ্বিতীয় ছিলেন। 'The Chouans', 'The Wild Ass's Skin' প্রভৃতি গ্রন্থ ইঁহার রচিত। 'The Human Comedy' ইঁহার সর্ব্বশ্রেষ্ঠ রচনা।

বাল্মীকি—'রামায়ণ'-প্রণেতা ভারতের আদি কবি। যৌবনে ইঁহার নাম ছিল রত্নাকর এবং ইনি দস্যুবৃত্তি করিতেন। ইনি ব্রহ্মার উপদেশে দস্যুবৃত্তি ত্যাগ করিয়া তপস্যারত হন। পরে নারদের উপদেশে রামায়ণ রচনা করেন। [মাতা ক৮।

বাসুকি—পাতালের সর্প রাজ। পিতা কশ্যপ,

বাসুদেব সার্ব্বভৌম—১। শ্রীচৈতন্যদেব ও পণ্ডিত রঘুনাথ শিরোমণির শিক্ষক, নদীয়ার প্রসিদ্ধ নৈয়ায়িক পণ্ডিত। ইনি মিথিলার পক্ষধর মিশ্রের শিষ্য। পঞ্চদশ শতাব্দীর প্রথম ভাগেই ইনি পরলোকগমন করেন। ২। পুরীধাম-নিবাসী প্রসিদ্ধ বাঙ্গালী পণ্ডিত। শ্রীচৈতন্যদেব সন্ন্যাসধর্ম্ম অবলম্বনপূর্ব্বক নীলাচলে গমন করিলে তাঁহার অলৌকিক পাণ্ডিত্যে বিস্মিত হইয়া ইনি তাঁহাকে স্বয়ং ভগবান্ বলিয়া তাঁহার শিষ্যত্ব গ্রহণ করেন।

বাহাদুর শাহ, ১ম—দিল্লীর সপ্তম মোগল-সম্রাট্। রাজত্বকাল ১৭০৭—১৭১২ খৃঃ।

বাহাদুর শাহ, ২য়—শেষ মোগল-সম্রাট্। বিদ্রোহী সিপাহীগণ ১৮৫৭ খৃষ্টাব্দে দিল্লীতে ইউরোপীয়গণকে হত্যা করিয়া ইঁহাকে সম্রাট্ বলিয়া ঘোষণা করে। বিদ্রোহ দমিত হইলে ইনি রেঙ্গুনে নির্ব্বাসিত হন।

বি, এল, মিত্র, স্যার, কে, সি, এস, আই—(জন্ম ১৮৭৫ খৃঃ)। কলিকাতা হাইকোর্টে কিছুকাল ওকালতী করিয়া পরে বিলাতে গিয়া ব্যারিষ্টার হন। ইনি বহুকাল সরকারী ব্যারিষ্টার ছিলেন। ১৯৩৪—[illegible] খৃঃ ইনি ভারতের এড্‌ভোকেট-জেনারেল ও ১৯৪৪—৪৭ খৃঃ পর্য্যন্ত বরোদার দেওয়ান ছিলেন। ১৯৩১—৩৩ খৃঃ লীগ অব নেশনস্-এ ইনি ভারতের মুখপাত্র ছিলেন। ১৯৪৭ খৃঃ কিছু সময় ইনি পশ্চিমবঙ্গের অস্থায়ী প্রদেশপাল ছিলেন।

বিক্রমাদিত্য—উজ্জয়িনী বা অবন্তীর প্রসিদ্ধ রাজা ও বিক্রম সংবৎ-নামক বর্ষগণনার প্রবর্ত্তক। ইঁহার সভায় কালিদাস প্রভৃতি নবরত্ন বর্ত্তমান ছিলেন বলিয়া প্রসিদ্ধি আছে। ঐতিহাসিকগণের মতে গুপ্তবংশের রাজা দ্বিতীয় চন্দ্রগুপ্তই এই বিক্রমাদিত্য।

বিগ্রহপাল—পালবংশীয় জনৈক নৃপতি। বাংলায় ইনিই সর্ব্বপ্রথম টাকা চালাইতে চেষ্টা করেন।

বিচিত্রবীর্য্য—কুরুবংশীয় নৃপতিবিশেষ। পিতা শান্তনু, মাতা সত্যবতী। চিত্রাঙ্গদ ইঁহার অগ্রজ। ধৃতরাষ্ট্র ও পাণ্ডু ইঁহার ক্ষেত্রজ পুত্র।

বিজয়কৃষ্ণ গোস্বামী—(১২৪১—১৩১৬ বঙ্গাব্দ)। নদীয়া জেলার শান্তিপুরে প্রসিদ্ধ

অদ্বৈতাচার্য্যের বংশে ইঁহার জন্ম হয়। শেষ জীবন ইনি পুরীধামে অতিবাহিত করেন। ইঁহার প্রণীত 'প্রশ্নোত্তর' নামে একখানি ধর্ম্মবিষয়ক গ্রন্থ আছে।

বিজয়লক্ষ্মী পণ্ডিত—(জন্ম ১৯০০ খৃঃ)। পণ্ডিত জহরলাল নেহেরুর ভগিনী। বর্ত্তমানে আমেরিকায় ভারতের রাষ্ট্রদূত।

বিজয় সিংহ—বাংলার রাজা (কাহারও মতে গুজরাটের রাজা)। সিংহবাহুর পুত্র। ইনি লঙ্কাদ্বীপে গিয়া অনার্য্য জাতিদিগকে যুদ্ধে পরাস্ত করেন এবং তথাকার রাজা হন। ইনি নিজে বৌদ্ধধর্ম্ম গ্রহণ করিয়া সিংহলেও উহার প্রচারে সহায়তা করিয়াছিলেন।

বিড়লা, ঘনশ্যাম দাস—জন্ম ১৮৯১ খৃঃ জয়পুর রাজ্যে। 'বিড়লা ব্রাদার্স' ব্যবসায়-প্রতিষ্ঠানের ইনি কর্ম্মনির্ব্বাহক। অসংখ্য ব্যবসায়ের সহিত ইনি জড়িত। ইনি ১৯২৭ খৃঃ জেনেভায় আন্তর্জ্জাতিক শ্রমিক-সম্মেলনে ভারতের প্রতিনিধিরূপে গমন করেন। ইনি 'নিখিল ভারত হরিজন সেবক-সঙ্ঘ'র একজন নেতা। ইঁহারই দিল্লীস্থিত বাসভবনে মহাত্মা গান্ধী শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ইনি বহু জনহিতকর কার্য্য করিয়াছেন।

বিদুর—রাজা বিচিত্রবীর্য্যের দাসীর গর্ভে ব্যাসদেবের ঔরসে ইঁহার জন্ম হয়। শ্রীকৃষ্ণ ইঁহার ভক্তিতে তুষ্ট হইয়া দুর্য্যোধন-প্রদত্ত রাজভোগ পরিত্যাগ করিয়া ইঁহার ভিক্ষালব্ধ ক্ষুদ ভক্ষণ করিয়াছিলেন।

বিদ্যাপতি—১। (আনুমানিক ১৪০০—১৫০৬ খৃঃ)। প্রসিদ্ধ বৈষ্ণব কবি। অনেকের মতে ইনি মিথিলা-প্রবাসী বাঙ্গালী। ইনি মিথিলার রাজা শিবসিংহের সভাকবি ছিলেন। অনেকের মতে বিদ্যাপতি নামে একাধিক কবি বর্ত্তমান ছিলেন। 'পুরুষ-পরীক্ষা', 'দুর্গাভক্তি-তরঙ্গিণী', 'বিবাদ-সার' প্রভৃতি পুস্তক ইঁহার প্রণীত। ২। খৃষ্টীয় ষোড়শ শতাব্দীর জনৈক বৈষ্ণব কবি। জন্ম-স্থান বর্দ্ধমান জেলার শ্রীখণ্ড। ইঁহার উপাধি ছিল কবিরঞ্জন।

বিধানচন্দ্র রায়, ডাক্তার—জন্ম ১৮৮২ খৃঃ জুলাই, পাটনায়। ১৯০৮ খৃঃ এম্-ডি উপাধি লাভ করেন। ১৯৪২-৪৪ খৃঃ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাধ্যক্ষ ছিলেন। দুইবার কলিকাতার মেয়র হইয়াছিলেন। কংগ্রেস ওয়ার্কিং কমিটির সভ্য হইয়া ১৯৩১ খৃঃ ইঁহাকে ছয় মাসের জন্য কারাগারে যাইতে হয়। স্বাধীন ভারতে ইনি যুক্ত-প্রদেশের প্রদেশপাল নিযুক্ত হন, কিন্তু উক্ত পদ ত্যাগ করিয়া বঙ্গের প্রধান মন্ত্রী হন।

বিনতা—দক্ষপ্রজাপতির কন্যা, কশ্যপের পত্নী। অরুণ ও গরুড়ের জননী।

বিনয়কুমার সরকার—কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের অধ্যাপক, ধন-বিজ্ঞান পরিষদের প্রতিষ্ঠাতা এবং 'নিগ্রোজাতির কর্ম্মবীর', 'বর্ত্তমান জগৎ', ও 'চীনা সভ্যতার অ, আ, ক, খ' প্রভৃতি পুস্তক-প্রণেতা।

বিন্দুসার—মগধের রাজা। চন্দ্রগুপ্ত ইঁহার পিতা এবং অশোক ইঁহার পুত্র।

বিপিনচন্দ্র পাল—(১৮৫৫—১৯৩২ খৃঃ)। বাঙ্গালার প্রসিদ্ধ দেশনেতা ও বক্তা। ইঁহার জন্মস্থান শ্রীহট্ট জেলায়। ইংরাজী এবং বাঙ্গালা উভয় ভাষাতেই ইঁহার গভীর জ্ঞান ছিল। ইনি বহু সংবাদপত্রের সম্পাদনা করিয়াছেন, তন্মধ্যে *Bengalee* বিশেষ উল্লেখযোগ্য; বঙ্গভঙ্গ-আন্দোলনের ইনি একজন প্রধান নেতা ছিলেন।

বিবেকানন্দ, স্বামী—(১৮৬২—১৯০২ খৃঃ)। জন্মস্থান কলিকাতার সিমুলিয়া। ইনি রামকৃষ্ণদেবের শিষ্য। ১৮৯৩ খৃঃ হিন্দুধর্ম্মের প্রতিনিধি-স্বরূপে আমেরিকার শিকাগো শহরে 'Parliament of Religions' নামক ধর্ম্ম-মহাসভায় যোগদান করেন। ইনি বেলুড়মঠ ও আলমোড়া ব্রহ্মচর্য্য-বিদ্যালয় স্থাপন করেন এবং 'রামকৃষ্ণ মিশন' গঠন করেন। 'Reincarnation', 'Jnana

joga', 'Rajajoga' প্রভৃতি বহু পুস্তক ইনি প্রণয়ন করিয়াছেন।

বিভীষণ—রাবণের কনিষ্ঠ ভ্রাতা। ইহারই মন্ত্রণায় রাম রাবণকে সবংশে নিহত করিতে সমর্থ হন। রাবণের মৃত্যুর পর ইনি লঙ্কার রাজা হন।

বিভূতিভূষণ মুখোপাধ্যায়—বঙ্গ-সাহিত্যের একজন শক্তিশালী লেখক। ইঁহার 'পথের পাঁচালী' প্রভৃতি গ্রন্থ বঙ্গসাহিত্যের গৌরব বৃদ্ধি করিয়াছে। ইনি ১৯৫০ খৃঃ গতায়ু হন।

বিম্বিসার—মগধের শিশুনাগ-বংশের পঞ্চম রাজা। অজাতশত্রু ইঁহার পুত্র। অজাত-শত্রু ইঁহাকে হত্যা করিয়া রাজা হন।

বিরাট—মৎস্যদেশের রাজা। পাণ্ডবগণ অজ্ঞাতবাসকালে ইঁহার ভবনে অবস্থান করেন।

বিল্বমঙ্গল—দাক্ষিণাত্যবাসী প্রসিদ্ধ সাধু পুরুষ। যৌবনে ইনি দুশ্চরিত্র ছিলেন, কিন্তু বারাঙ্গনার তিরস্কারে ইঁহার জ্ঞানোদয় হয়। ইনি 'কৃষ্ণকর্ণামৃত' ও 'বিল্বমঙ্গল'-নামক গ্রন্থদ্বয়ের রচয়িতা।

বিশ্বকর্ম্মা—দেবশিল্পী। বৃত্রাসুর-নিধনের জন্য ইনি দধীচির অস্থি দ্বারা বজ্র নির্ম্মাণ করেন।

বিশ্বনাথ কবিরাজ—'সাহিত্য-দর্পণ'-নামক প্রসিদ্ধ অলঙ্কার-গ্রন্থপ্রণেতা। ইনি খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন।

বিশ্বামিত্র—রাজা গাধির পুত্র। বশিষ্ঠ দ্বারা অবমানিত হইয়া ইনি তপশ্চরণে প্রবৃত্ত হন। ইন্দ্র-প্রেরিতা মেনকা-নাম্নী অপ্সরা ইঁহার তপোভঙ্গ করে এবং ইঁহার ঔরসে শকুন্তলার জন্ম হয়। তপস্যা করিয়া ইনি ব্রাহ্মণত্ব লাভ করেন। ইনি হরিশ্চন্দ্রের ধর্ম্মপরীক্ষা করেন।

বিষ্ণুশর্ম্মা—পঞ্চতন্ত্র-গ্রন্থের রচয়িতা। চারিটি রাজপুত্রের শিক্ষাকল্পে ইনি মিত্রলাভ, সুহৃদ্‌-ভেদ প্রভৃতি পাঁচটি বিষয় অবলম্বনপূর্ব্বক নীতিপূর্ণ 'পঞ্চতন্ত্র' গ্রন্থ রচনা করেন।

বিসমার্ক, প্রিন্স অটো এডুয়ার্ড লিওপোল্ড ফোন (Bismark, Prince Otto Eduard Leopold von)—(১৮১৫—১৮৯৮ খৃঃ)। প্রসিদ্ধ রাজনীতিবিদ্ এবং বর্ত্তমান জার্ম্মান-সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা।

বিহারীলাল চক্রবর্ত্তী—(১২৪১—১৩০১ বঙ্গাব্দ)। রবীন্দ্রনাথের কাব্যগুরু। ইঁহার রচিত 'সারদামঙ্গল', 'বঙ্গসুন্দরী', 'প্রেমপ্রবাহিনী' প্রভৃতি কাব্য বিশেষ উল্লেখ-যোগ্য।

বিহ্লণ—খৃষ্টীয় ষষ্ঠ বা সপ্তম শতাব্দীর প্রসিদ্ধ কবি। ইনি মহাপঞ্চালের রাজা মদনাভিরামের কন্যা যামিনীপূর্ণতিলকার শিক্ষক নিযুক্ত হন। পরে উভয়ের গান্ধর্ব-মতে বিবাহ হয়। রাজা এই বিষয় জানিয়া ইঁহার প্রাণদণ্ডের আদেশ দিলে ইনি মশানে দ্ব্যর্থক শ্লোকে কালীর স্তব (অন্য অর্থে রাজ-কন্যার রূপগুণের বর্ণনা) করেন। ইহাই 'চৌর-পঞ্চাশৎ কাব্য' নামে প্রসিদ্ধ। ইনি 'দ্বিতীয় চৌর কবি' নামে প্রসিদ্ধ।

বীরবল, রাজা—সম্রাট্ আকবরের সভা-কবি ও প্রসিদ্ধ রাজ্যরসিক। 'রাজা' উপাধি লাভ করিবার পর পঞ্চ সহস্র সেনার অধি-নায়ক হইয়া ইনি ইউ-সুফজাই-বিদ্রোহ দমন করিতে গিয়া নিহত হন।

বীরবাহু—রাবণের পুত্র। রামের সহিত যুদ্ধে ইঁহার মৃত্যু হয়।

বুদ্ধদেব—(আনুমানিক খৃঃ পূঃ ৫৬৬—৪৮৬ অব্দ)। বৌদ্ধধর্ম্মের প্রবর্ত্তক। পুরাণমতে ইনি বিষ্ণুর নবম অবতার। পিতা কপিল-বাস্তুর রাজপতি শুদ্ধোদন, মাতা মায়া দেবী, পত্নী গোপা এবং পুত্র রাহুল। ইঁহার বাল্য-নাম সিদ্ধার্থ, গৌতম ও শাক্যসিংহ। বোধিদ্রুমতলে তপস্যা করিয়া ইনি পরতত্ত্ব বিষয়ে জ্ঞানলাভ করিয়া 'বুদ্ধ' নাম প্রাপ্ত হন। ইঁহার মতে অহিংসা, পরোপকার প্রভৃতি সচ্চেষ্টা দ্বারা আত্মোৎকর্ষলাভপূর্ব্বক

নির্বাণপ্রাপ্তিই মানবের পরমার্থ। কুশী নগরে ইহার জীবলীলার অবসান হয়।

বুধ—গ্রহবিশেষ। পিতা চন্দ্র, মাতা তারা। ইনি চন্দ্রবংশের আদিপুরুষ।

বৃত্র—শিববরে অজেয় দৈত্যবিশেষ। ইহার পত্নীর নাম ঐন্দ্রিলা। ইনি স্বর্গরাজ্য অধিকার করিলে ইন্দ্র দধীচি মুনির অস্থি দ্বারা নির্মিত বজ্র দ্বারা ইহাকে নিহত করেন।

বৃন্দাবন দাস—(১৫০৭—১৫৮৯ খৃঃ)। জন্মস্থান নবদ্বীপ। ইনি 'চৈতন্য ভাগবত', 'তত্ত্ববিলাস', 'দধিখণ্ড' প্রভৃতি গ্রন্থ রচনা করিয়াছেন।

বৃষকেতু—ইহার পিতা কর্ণ। কুরুক্ষেত্র-যুদ্ধের পরে ইনি পাণ্ডবদের সহিত মিলিত হন।

বৃষপর্ব্বা—দৈত্যরাজ। শর্মিষ্ঠার পিতা।

বৃষভানু—শ্রীরাধার পিতা।

বৃহস্পতি—দেবগুরু। ইনি 'বৃহস্পতি-সংহিতা' প্রণয়ন করেন। কচ ও ভরদ্বাজ ইহার পুত্র।

বেতালভট্ট—রাজা বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম। 'বেতাল-পঞ্চবিংশতি' ও 'নীতিপ্রদীপ'-নামক গ্রন্থদ্বয় ইহার প্রণীত।

বেথুন, জন ইলিয়ট ড্রিঙ্কওয়াটার (Bethune, John Elliot Drinkwater) —(১৮০১—১৮৫১ খৃঃ)। ১৮৪৮ খৃষ্টাব্দে বড়লাটের আইন-সচিব হইয়া ইনি ভারতে আগমন করেন। ইনি শিক্ষা-সমিতির সভাপতি হইয়া এদেশে স্ত্রীশিক্ষার প্রচারে মন দেন এবং 'বেথুন বালিকা বিদ্যালয়' স্থাপন করেন।

বেল, আলেকজাণ্ডার গ্র্যাহাম (Bell, Alexander Graham)—(১৮৪৭—১৯২২ খৃঃ)। টেলিফোনের আবিষ্কারক হিসাবে ইনি বিখ্যাত। এডিনবরায় ইহার জন্ম। ১৮৭৬ খৃষ্টাব্দে ইনি যে যন্ত্রটির উদ্ভাবন করেন, টেলিফোন-যন্ত্র তাহারই পরিণতি।

বেশান্ত, মিসেস অ্যানি—(Besant, Mrs. Annie)—(১৮৪৭—১৯৩৩ খৃঃ)। ইনি ভারতের একজন হিতৈষিণী ছিলেন। ১৯১৭ খৃষ্টাব্দে ইনি ভারতীয় জাতীয় মহাসভার সভাপতির আসন লাভ করেন।

বেহুলা—চাঁদ সদাগরের পুত্র লখিন্দরের পত্নী। ('লখিন্দর' দ্রঃ)।

বৈরাম খাঁ—মোগল-সম্রাট্ হুমায়ুনের বন্ধু ও পরে নাবালক সম্রাট্ আকবরের অভিভাবক। ইনি নিষ্ঠুরপ্রকৃতি ছিলেন এবং হিমুকে পরাজিত ও বন্দী করিয়া হত্যা করেন। পরে বিদ্রোহী হইয়া ইনি বন্দী হন। আকবর ইহাকে ক্ষমা করিয়া ও বৃত্তির ব্যবস্থা করিয়া মক্কায় প্রেরণ করেন। পথিমধ্যে মুবারিক খাঁ লোহানি কর্তৃক ইনি নিহত হন (১৫৬১ খৃঃ)।

বৈশম্পায়ন—ব্যাসদেবের শিষ্য। জনমেজয়ের অশ্বমেধ-যজ্ঞসভায় ইনি মহাভারত পাঠ করিয়াছিলেন।

বোক্কাচিও, জিওভানি—(Boccaccio, Geovanni)—(১৩১৩—১৩৭৫ খৃঃ)। প্রসিদ্ধ ইটালিয়ান ঔপন্যাসিক। ইনি উপন্যাস-সাহিত্যের জনক বলিয়া আখ্যাত হন।

বোপদেব—মুগ্ধবোধ ব্যাকরণ-প্রণেতা। কাহারও মতে ইনি খৃষ্টীয় ৭ম শতাব্দীর শেষ বা অষ্টম শতাব্দীর প্রথম ভাগে বর্তমান ছিলেন। বাল্যে ইনি জড়বুদ্ধি ছিলেন। পরে অধ্যবসায়গুণে পরম পণ্ডিত হন। 'মুগ্ধবোধ', 'বোপদেবশতক', 'সিদ্ধমন্ত্রপ্রকাশ', 'কাব্য-কামধেনু', 'হরিলীলা', 'শ্রাদ্ধকাণ্ড-দীপিকা' প্রভৃতি বহু গ্রন্থ ইনি প্রণয়ন করেন।

ব্যাসদেব—মহাভারত ও অষ্টাদশ পুরাণ-প্রণেতা এবং বেদ-বিভাগকর্তা মুনি। ইনি পরাশরের পুত্র এবং ধৃতরাষ্ট্র, পাণ্ডু ও বিদুরের জনক।

ব্রজেন্দ্রনাথ শীল, স্যার, এম্-এ, পি-এচ্-ডি, ডি-এস্-সি—(১৮৬৪—১৯৩৮ খৃঃ)। প্রসিদ্ধ দার্শনিক পণ্ডিত,

প্রথমে ইনি কুচবিহার কলেজের অধ্যক্ষ, পরে মহীশূর বিশ্ববিদ্যালয়ের ভাইস্-চ্যান্সেলার ও শেষে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের দর্শনশাস্ত্রের অধ্যাপক পদে অধিষ্ঠিত ছিলেন। ইনি দুইবার ইউরোপে আন্তর্জাতিক দার্শনিক সম্মেলনে যোগ দিয়াছিলেন।

ব্রহ্মা—জগৎ-সৃষ্টিকর্তা। সাবিত্রী ইঁহার পত্নী। মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ, ভৃগু, দক্ষ ও নারদ ইঁহার দশজন মানস-পুত্র।

ব্রাউনিং, রবার্ট (Browning, Robert)—(১৮১২—১৮৮৯ খৃঃ)। প্রসিদ্ধ ইংরাজ কবি। 'Christmas Eve', 'Man and Woman' প্রভৃতি কাব্য ইঁহার রচিত।

ব্রিজেস, রবার্ট সেমুর (Bridges, Robert Seymour)—(১৮৪৪—১৯৩০ খৃঃ)। জনৈক ইংরেজ কবি। ১৯১৩ খৃষ্টাব্দে ইনি ইংলণ্ডের রাজকবি হন। ইঁহার বহু কবিতা ও কাব্যগ্রন্থের মধ্যে 'The Testament of Beauty' সর্বাপেক্ষা প্রসিদ্ধ।

ব্রুটাস, মার্কাস জুনিয়াস (Brutus, Marcus Junius)—(জন্ম খৃঃ পূঃ ৮৫ অব্দ)। ইনি জুলিয়াস সীজারের সাতিশয় প্রিয় ছিলেন। রোমের স্বাধীনতা-লোপের ভয়ে বড়যন্ত্রকারীদের সহিত মিলিত হইয়া ইনি জুলিয়াস সীজারকে হত্যা করেন। পরে ম্যাসিডনের অন্তর্গত ফিলিপির মাঠে অক্টেভিয়ানাস ও অ্যান্টোনিয়াসের সহিত যুদ্ধে পরাস্ত হইয়া ইনি আত্মহত্যা করেন।

ব্রুস, রবার্ট (Bruce, Robert)—(১২৭৪—১৩২৯ খৃঃ)। স্কটল্যাণ্ডের স্বাধীনতা-যুদ্ধে যোগ দিয়া ইনি ১৩০৬ খৃষ্টাব্দে স্কটল্যাণ্ডের রাজা হন। ১৩১৪ খৃষ্টাব্দে ইংলণ্ডের রাজা দ্বিতীয় এড্ওয়ার্ডের সহিত যুদ্ধ করিয়া ইনি জয়ী হন। ১৩২৮ খৃষ্টাব্দে ইংলণ্ড স্কটল্যাণ্ডের স্বাধীনতা স্বীকার করে।

ব্লেরিও, লুই (Bleriot, Louis)—(জন্ম ১৮৭২ খৃঃ)। ফরাসী বৈমানিক। ইনিই সর্বপ্রথম ৩২ মিনিটে ক্যালে হইতে ইংলিশ চ্যানেলের উপর দিয়া বিমানযোগে ডোভারে যান (১৯০৯ খৃঃ, ২৫শে জুলাই)।

ব্ল্যাক প্রিন্স—(Black Prince)—ইংলণ্ডের রাজা তৃতীয় এড্ওয়ার্ডের পুত্র। ইনি অতিশয় সাহসী যোদ্ধা ছিলেন এবং মাত্র ষোল বৎসর বয়সে ১৩৫৬ খৃষ্টাব্দে ১২,০০০ সৈন্য লইয়া পইটিয়ার্সের যুদ্ধে ফরাসীদিগের ৬০,০০০ সৈন্যকে পরাজিত করেন। ১৩৭৬ খৃষ্টাব্দে ইঁহার মৃত্যু হয়।

ভ

ভগৎ সিং—প্রসিদ্ধ বিপ্লবী শহীদ। পিতার নাম কিষেণ সিং। লালা লাজপত রায়ের মৃত্যুর প্রতিশোধ লইবার জন্য ইঁহার দল মিঃ স্যাণ্ডার্সকে নিহত করে। ইহার পর ১৯২৯ সালে 'পাব্লিক সেফ্‌টি বিলের' প্রতিবাদ জ্ঞাপনার্থ পরিষদগৃহে বোমা বিস্ফোরণ করিবার সময় ইনি ধৃত হন, এবং বিচারে ইঁহার দ্বীপান্তর দণ্ডাদেশ হয়। পরে আবার লাহোর ষড়যন্ত্র-মামলার আসামী হিসাবে ইঁহার প্রাণদণ্ডাদেশ হয় এবং ১৯৩১ সালের ২৩শে মার্চ ইঁহার ফাঁসী হয়।

ভগীরথ—সগরবংশীয় রাজা দিলীপের পুত্র। কপিল শাপে ভস্মীভূত সগরপুত্রগণের উদ্ধারের জন্য ইনিই কঠোর তপস্যা দ্বারা স্বর্গ হইতে গঙ্গাকে পৃথিবীতে আনয়ন করেন।

ভট্টি—প্রসিদ্ধ 'ভট্টিকাব্যের' ('রাবণ-বধ' মহাকাব্য) রচয়িতা। কোন কোন ঐতিহাসিকের মতে ইনি খৃষ্টীয় ৫ম শতাব্দীর শেষ ভাগে এবং ৬ষ্ঠ শতাব্দীর প্রথম ভাগে বর্তমান ছিলেন। ভরতমল্লিকের মতে রাজা ভর্তৃহরি আর ইনি এক ব্যক্তি।

ভট্টোজী দীক্ষিত—পাণিনি-ব্যাকরণের প্রসিদ্ধ বৃত্তিকার। পাণিনির অষ্টাধ্যায়ীর

সূত্রগুলিকে ইনি নূতনভাবে সাজাইয়া তাহার 'সিদ্ধান্ত-কৌমুদী' নাম প্রদান করিয়াছেন।

ভবভূতি, শ্রীকণ্ঠ—সংস্কৃত ভাষার প্রসিদ্ধ কবি। জন্মস্থান দক্ষিণাপথের অন্তর্গত বিদর্ভ প্রদেশের পদ্মপুর নগর। ইঁহার প্রণীত 'মালতীমাধব', 'বীরচরিত' এবং 'উত্তরচরিত'-নামক নাটক সংস্কৃত সাহিত্যে সুপ্রসিদ্ধ। ইনি খৃষ্টীয় সপ্তম শতাব্দীর শেষভাগে এবং অষ্টম শতাব্দীর প্রথম ভাগে বর্তমান ছিলেন।

ভবানন্দ মজুমদার—কৃষ্ণনগর রাজবংশের প্রতিষ্ঠাতা। সম্রাট্ জাহাঙ্গীর ইঁহাকে বাঙ্গালার চতুর্দ্দশ পরগণার ফরমান প্রদান করেন (১৬০৬ খৃঃ)। পরে ইনি মাটীয়ারি-নামক স্থানে রাজধানী স্থাপন করেন।

ভবানী, রাণী—নাটোরের জমিদার রামকান্তের পত্নী। ১১৫২ বঙ্গাব্দে ৩২ বৎসর বয়সে স্বামী পরলোকগত হইলে ইনি বার্ষিক দেড় কোটি টাকা আয়ের বিপুল সম্পত্তির অধিকারিণী হইলেন। ইনি সাধারণ হিন্দু বিধবার ন্যায় জীবন যাপন করিতেন। দান ও মন্দির, পুষ্করিণী প্রভৃতির প্রতিষ্ঠায় ইনি ৫০ কোটি টাকার অধিক ব্যয় করিয়াছেন। ৭৯ বৎসর বয়সে বড়নগরে ইঁহার মৃত্যু হয়।

ভরত—১। অযোধ্যার রাজা দশরথের কৈকেয়ী-গর্ভজাত পুত্র। ২। চন্দ্রবংশীয় রাজা দুষ্মন্তের পুত্র। শকুন্তলা ইঁহার জননী। ইঁহারই শাসিত দেশ "ভারতবর্ষ" নামে খ্যাত। ৩। রাজা প্রিয়ব্রতের বংশজাত জনৈক রাজা। জন্মান্তরে ইঁহার নাম ছিল জড়ভরত।

ভরদ্বাজ—বৃহস্পতির ঔরসে জাত এবং বাল্যে রাজা ভরত কর্তৃক প্রতিপালিত প্রসিদ্ধ ঋষি।

ভর্তৃহরি—'নীতিশতক', 'শৃঙ্গারশতক' ও 'বৈরাগ্যশতক'-নামক গ্রন্থত্রয়ের রচয়িতা। পতঞ্জলির পাণিনি-মহাভাষ্যের 'বাক্য-প্রদীপ'-নামক টীকা ইঁহার রচিত।

ভল্টেয়ার, ফ্রাঁসোয়া (Voltaire, Francois Marie Arouet de)—(১৬৯৪—১৭৭৮ খৃঃ)। সুপ্রসিদ্ধ ফরাসী দার্শনিক ও লেখক। ইনি 'Philosophical Letters', 'Discourses on Man', 'Essay on the Morals and Spirit of Naiions' প্রভৃতি পুস্তক রচনা করেন।

ভাতখণ্ডে, বিষ্ণুনারায়ণ—(১৮৬০—১৯৩৬ খৃঃ)। ভারতপ্রসিদ্ধ সঙ্গীতজ্ঞ। বোম্বাই-এর নিকটবর্ত্তী বালকেশ্বর-নামক স্থানে ইঁহার জন্ম হয়। ইনি উন্নত প্রণালীর সঙ্গীত-ধারা-বিশেষের এবং স্বরলিপির প্রবর্ত্তক। ইনি 'অষ্টোত্তর-শততাললক্ষণম্', 'অভিনব-তালমঞ্জরী' প্রভৃতি বহু সঙ্গীত-গ্রন্থের সঙ্কলন ও প্রণয়ন করিয়াছেন।

ভারতচন্দ্র, রায় গুণাকর—(১৭১২—১৭৬০ খৃঃ)। সুপ্রসিদ্ধ কবি। বর্দ্ধমান জেলার পাণ্ডুয়া গ্রামে এক ব্রাহ্মণ বংশে ইঁহার জন্ম হয়। ইঁহার প্রণীত 'অন্নদা-মঙ্গল' ও 'বিদ্যাসুন্দর' শ্রবণে প্রীত হইয়া মহারাজ কৃষ্ণচন্দ্র ইঁহাকে 'রায় গুণাকর' উপাধি ও মূলাজোড়ে নিষ্কর ভূমি প্রদান করেন। ইনি 'রসমঞ্জরী'-নামক আর একখানি গ্রন্থ প্রণয়ন করেন।

ভারবি—খৃষ্টীয় চতুর্থ শতাব্দীর প্রসিদ্ধ সংস্কৃত কবি। 'কিরাতার্জ্জুনীয়ম্'-নামক প্রসিদ্ধ কাব্যগ্রন্থ ইঁহার প্রণীত।

ভার্জিল—(Virgil)—(খৃঃ পূঃ ৭০—১৯ অব্দ)। রোমীয় কবি। বিখ্যাত 'ইনিড' (Aenied) কাব্য ইঁহার রচিত। ইঁহার অন্য দুইটি প্রসিদ্ধ গ্রন্থ 'Georgies' ও 'Ecloges'.

ভার্নে, জুলে—(Verne, Jules)—(১৮২৮—১৯০৫ খৃঃ)। ইউরোপের জনপ্রিয় অদ্ভুত গল্প-লেখক। 'Five weeks in a Balloon', 'Twenty-thousand Leagues under the Sea', 'Round the World in Eighty Days' প্রভৃতি গল্পপুস্তক লিখিয়া ইনি প্রসিদ্ধ হইয়াছেন।

ভাল্‌কান (Vulcan)—ধাতুদ্রব্যশিল্পিগণের ও অগ্নির দেবতা। পিতা জুপিটার, মাতা জুনো।

ভাস—প্রসিদ্ধ সংস্কৃত নাটাকার। ইনি কালিদাসের বহুপূর্ব্ববর্ত্তী এবং সম্ভবতঃ দাক্ষিণাত্যাধিবাসী ছিলেন। ইনি দশখানি নাটক প্রণয়ন করেন, তন্মধ্যে 'প্রতিজ্ঞা-যৌগন্ধরায়ণ' শ্রেষ্ঠ।

ভাস্কর পণ্ডিত—ইনি নাগপুররাজ রঘুজী ভোঁসলার দেওয়ান ছিলেন। নবাব আলিবর্দ্দী খাঁর সময়ে ইনি বাঙ্গালা আক্রমণ করেন এবং জগৎশেঠের আড়াই কোটি টাকা লুণ্ঠন করেন। দ্বিতীয়বার বাঙ্গালায় আসিয়া লুণ্ঠন আরম্ভ করিলে আলিবর্দ্দীর কৌশলে ইনি গুপ্তঘাতক কর্ত্তৃক নিহত হন।

ভাস্করাচার্য্য—আনুমানিক ১০৩৬ শকাব্দে দাক্ষিণাত্যে ইঁহার জন্ম হয়। ইনি 'সিদ্ধান্ত-শিরোমণি'-নামক গ্রন্থ প্রণয়ন করিয়া প্রসিদ্ধ হইয়াছেন। ইনি ইঁহার বিদুষী কন্যা লীলাবতীর নামে এই গ্রন্থের প্রথম অধ্যায়ের নাম দেন 'লীলাবতী'। 'গোলাধ্যায়'-নামক গ্রন্থে ইনি পৃথিবীর গোলত্ব ও মাধ্যাকর্ষণ শক্তির কথা বর্ণনা করিয়াছেন।

ভাস্কো ডা গামা (Vasco da Gama) —(১৪৬০—১৫২৪ খৃঃ)। প্রসিদ্ধ পোর্ত্তুগীজ নাবিক। ইনি ১৪৯৭ খৃষ্টাব্দে পোর্ত্তুগালের রাজধানী লিস্‌বন নগর হইতে যাত্রা করিয়া আফ্রিকার দক্ষিণস্থ উত্তমাশা অন্তরীপ ঘুরিয়া ১৪৯৮ খৃষ্টাব্দে ভারতবর্ষের কালিকট বন্দরে পৌঁছান।

ভিক্টোরিয়া, আলেকজেণ্ড্রিনা—(Victoria, Alexandrina)—(১৮১৯—১৯০১ খৃঃ)। পিতা এডওয়ার্ড (ডিউক অভ্‌ কেণ্ট্‌)। পিতৃব্য চতুর্থ উইলিয়ম নিঃসন্তান অবস্থায় পরলোকগমন করিলে ১৮৩৭ খৃষ্টাব্দে ইনি ইংলণ্ডের সিংহাসনে আরোহণ করেন। সিপাহী-বিদ্রোহের পরে ১৮৫৮ খৃষ্টাব্দে ইনি ভারতের শাসনভার স্বহস্তে গ্রহণ করেন। ১৮৭৭ খৃষ্টাব্দে ইনি 'ভারতেশ্বরী' উপাধি গ্রহণ করেন। সম্রাট্‌ সপ্তম এডওয়ার্ড ইঁহার দ্বিতীয় পুত্র।

ভীম ভবানী—(১২৯৮—১৩২৯ বঙ্গাব্দ)। প্রকৃত নাম ভবেন্দ্র সাহা। ইনি বিপুল শক্তি সঞ্চয় করেন এবং রসরাজ অমৃতলালের নিকট 'ভীম ভবানী' নাম লাভ করেন। নানাস্থানে সার্কাস দেখাইয়া ইনি ১২০টি স্বর্ণ ও রৌপ্য পদক লাভ করেন।

ভীমসেন—দ্বিতীয় পাণ্ডব। মহাপ্রস্থানকালে অতিভোজন পাপে সশরীরে স্বর্গগমনে অক্ষম হইয়া সুমেরু-শিখরে পতিত হন।

ভীষ্ম—রাজা শান্তনুর পুত্র।

ভূদেব মুখোপাধ্যায়—(১৮২৭—১৮৯৪ খৃ)। জন্মস্থান কলিকাতা। কিছুকাল ইনি বঙ্গের Director of Public Instruction ছিলেন। ইনি বহু পুস্তক প্রণয়ন করেন। তন্মধ্যে 'পারিবারিক প্রবন্ধ', 'সামাজিক প্রবন্ধ', 'আচার প্রবন্ধ', 'পুষ্পাঞ্জলি' ও বিদ্যালয়পাঠ্য 'প্রাকৃতিক বিজ্ঞান', 'ক্ষেত্রতত্ত্ব', 'পুরাবৃত্তসার', 'ইংলণ্ডের ইতিহাস', 'রোমের ইতিহাস' প্রভৃতি প্রসিদ্ধ। কিছুকাল ইনি 'এডুকেশন গেজেট' পত্রিকার সম্পাদকতা করিয়াছিলেন।

ভূপেন্দ্রনাথ বসু (১৮৫৯—১৯২৪ খৃঃ)। পৈতৃক বাসস্থান হুগলী জেলার খানাকুল কৃষ্ণনগর। ইনি মাদ্রাজ কংগ্রেসের (১৯১৪ খৃঃ) সভাপতি হইয়াছিলেন এবং কলিকাতা কংগ্রেসের (১৯১১ খৃঃ) অভ্যর্থনা-সমিতির সভাপতি হইয়াছিলেন। বঙ্গভঙ্গ-আন্দোলনেও ইঁহি একজন অগ্রণী ছিলেন (১৯০৫ খৃঃ)। আশুতোষ মুখার্জ্জির মৃত্যুর পর ইনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস্‌-চ্যান্সেলার হইয়াছিলেন।

ভৃগু—ব্রহ্মার মানসপুত্র মুনিবিশেষ। ইনি ধনুর্ব্বিদ্যার প্রবর্ত্তক। বিষ্ণু ইঁহার পদাঘাত-চিহ্ন চিরকাল বক্ষে ধারণ করেন এবং ইনিও বিষ্ণুকে সর্ব্বদেব শ্রেষ্ঠ বলিয়া স্বীকার করেন।

ভেনাস (Venus)—রোমকদের প্রণয় ও সৌন্দর্য্যের দেবী। ইঁহার গ্রীক্ নাম আফ্রোডিটী। পিতা জুপিটার, মাতা ডায়োনী। প্যারিসের বিচারে ইনি সর্ব্ব-শ্রেষ্ঠা সুন্দরী বলিয়া পরিগণিতা হন।

ভোজদেব—১। মালবের অন্তর্গত ধারা-নগরের অধিপতি। ইনি সম্ভবতঃ ১০১৮ হইতে ১০৫৫ খৃষ্টাব্দ মধ্যে বর্ত্তমান ছিলেন। 'সরস্বতী-কণ্ঠাভরণ'-নামক অলঙ্কার-গ্রন্থ ও 'চম্পূ-রামায়ণ' ইঁহার প্রণীত। ২। কর্ণাটের জনৈক রাজা। ইঁহার সভায় বররুচি, সুবন্ধু, বাণ প্রভৃতি বহু পণ্ডিত বর্ত্তমান ছিলেন।

ভোলা ময়রা—কলিকাতা বাগবাজারের প্রসিদ্ধ কবিওয়ালা। সংস্কৃত, ফার্সী এবং হিন্দীভাষায় ইঁহার চলনসই জ্ঞান ছিল এবং হিন্দু পুরাণ ও ধর্ম্মশাস্ত্রের আখ্যানসমূহ ইনি জানিতেন। ৭০ বৎসর বয়সে ইঁহার মৃত্যু হয়।

ম

মণিলাল গঙ্গোপাধ্যায়—বিখ্যাত ছোট-গল্পলেখক। ইনি অধুনালুপ্ত 'ভারতী'র সম্পাদক ছিলেন। ইনি 'জলছবি', 'মনে মনে', 'মহুয়া', 'জাপানী ফানুস' ইত্যাদি গ্রন্থের রচয়িতা।

মণীন্দ্রচন্দ্র নন্দী, স্যার, মহারাজা—(১৮৬০—১৯৩০ খৃঃ)। কাশিমবাজারের বিখ্যাত দানশীল জমিদার। ইনি মহারাণী স্বর্ণময়ীর স্বামী রাজা কৃষ্ণনাথ রায় বাহাদুরের ভাগিনেয়। ইঁহারই অর্থে কলিকাতার টাউন হল এবং বঙ্গীয় সাহিত্য-পরিষদের গৃহ নির্ম্মিত হয়।

মণ্টেগু, এড্উইন স্যামুয়েল (Montague, Edwin Samuel)—(১৮৭৯—১৯২৪ খৃঃ)। বিখ্যাত ইংরাজ রাজনীতিবিদ্। ১৯১৭ খৃষ্টাব্দে ইনি ভারত-সচিবের পদ প্রাপ্ত হন। ঐ সময় লর্ড চেমস্ফোর্ড ভারতের বড়লাট ছিলেন। ইনি লর্ড চেমস্ফোর্ডের সহিত একযোগে 'মণ্টেগু-চেমস্ফোর্ড স্কীম' প্রণয়নপূর্ব্বক ১৯১৯ খৃষ্টাব্দে দশ বৎসরের জন্য তাহা আইনে পরিণত করেন। ১৯২২ খৃষ্টাব্দে ইনি ভারত-সচিবের পদ ত্যাগ করেন।

মণ্টেসরি, ডাঃ মারিয়া—বিখ্যাত মহিলা-শিক্ষাতত্ত্ববিৎ। ১৮৭০ খৃষ্টাব্দে ইতালীতে জন্ম। ইঁহার শিক্ষাদান-বিষয়ক নূতন প্রণালী পৃথিবীতে বিশেষ সমাদর লাভ করে।

মতিলাল ঘোষ—(১২৫২—১৩২৯ বঙ্গাব্দ)। 'অমৃতবাজার পত্রিকা'র প্রতিষ্ঠাতা ও ভূতপূর্ব্ব সম্পাদক।

মতিলাল নেহেরু, পণ্ডিত—(১৮৬১—১৯৩১ খৃঃ)। প্রসিদ্ধ স্বদেশসেবী। জন্মস্থান দিল্লী। মহাত্মা গান্ধীর অসহযোগ-আন্দোলনের সময় ইনি আইন-ব্যবসায় পরিত্যাগ করেন। ইনি ১৯১৯ এবং ১৯২৯ খৃষ্টাব্দে কংগ্রেসের সভাপতি হন। চিত্তরঞ্জনের মৃত্যুর পর ইনি স্বরাজ্যদলের নেতা হন। ইঁহার পুত্রের নাম পণ্ডিত জহরলাল নেহেরু।

মতিলাল রায়—(১২৪৯—১৩১৫ বঙ্গাব্দ)। ইনি বর্দ্ধমান জেলার কবি ও নাট্যকার। ইনি কলিকাতা জেনারেল পোস্টাফিসে কার্য্য করিতেন এবং তৎকালে 'প্রভাকর' পত্রিকায় কবিতা লিখিতেন। 'বালিবধ', 'ভীষ্মের শরশয্যা' প্রভৃতি বহু পৌরাণিক গীতি-নাট্য ইঁহার রচিত।

মতিলাল শীল—(১৭৯১—১৮৫৪ খৃঃ)। জন্মস্থান কলিকাতা। ইঁহার দানের ও সৎ-কার্য্যের অন্ত নাই। তন্মধ্যে ই, বি, রেলওয়ের বেলঘরিয়া স্টেশনের অতিথিশালা ও কলিকাতা 'শীল্স্ ফ্রী কলেজ' বিশেষ উল্লেখযোগ্য।

মৎস্য—বিষ্ণুর প্রথম অবতার।

মদনমোহন তর্কালঙ্কার—(১২২২—১২৮৬ বঙ্গাব্দ)। বিখ্যাত কবি ও পণ্ডিত। নদীয়া জেলার বিল্বগ্রামে ইঁহার জন্ম।

'শিশুশিক্ষা'-নামক পুস্তকখানি ইঁহারই রচিত। ইনি 'সর্ব্বশুভকরী' নামে একখানি মাসিক পত্রিকাও প্রকাশ করেন।

মদনমোহন মালব্য, পণ্ডিত—(১৮৬১—১৯৪৬ খৃঃ)। জন্ম এলাহাবাদে। প্রসিদ্ধ সমাজ-সংস্কারক ও দেশনেতা। ইনি কংগ্রেসের সভাপতি হন। ইনি রাওলাট আইনের তীব্র প্রতিবাদ করেন। ১৯৩১ খৃঃ ইনি বিলাতে গোল টেবিল বৈঠকে যোগ দেন। কাশীর 'হিন্দু বিশ্ববিদ্যালয়' ইঁহার সর্বশ্রেষ্ঠ কীর্ত্তি।

মধু—দৈত্যবিশেষ। ইনি প্রলয়পয়োধিশায়ী বিষ্ণুর কর্ণমূল হইতে উদ্ভূত হন এবং তাঁহারই হস্তে নিহত হন। ইঁহার এবং কৈটভ নামক দৈত্যের মেদ হইতে উৎপন্ন বলিয়া পৃথিবীর নাম হইয়াছে মেদিনী।

মধুসূদন কিন্নর (মধু কান)—(১২২৫—১২৮০ বঙ্গাব্দ)। জন্মস্থান যশোহর জেলায়। ঢপ-গানের রচয়িতা এবং গায়ক হিসাবে ইনি সুপরিচিত ছিলেন। ইঁহার রচিত গানগুলির শেষে 'মদন'-নামে ভণিতা আছে।

মধুসূদন দত্ত, মাইকেল—(১৮২৪—১৮৭৩ খৃঃ)। বাংলা কবিতায় অমিত্রাক্ষর ছন্দের প্রবর্ত্তক বিখ্যাত কবি। যশোহরের সাগরদাঁড়ী গ্রামে ইঁহার জন্ম হয়। ১৮৪৩ খৃষ্টাব্দে ইনি খৃষ্টধর্ম্ম অবলম্বন করেন। এই সময় হইতেই মধুসূদনের উপাধি 'মাইকেল' হয়। ইনি 'Madras Circulator', 'Athenaeum', 'Hindoo', 'Madras Spectator'- নামক চারিখানি পত্রিকার অতি কৃতিত্বের সহিত সম্পাদনা করেন। ইনি 'শর্ম্মিষ্ঠা', 'চতুর্দ্দশপদী কবিতাবলী', 'পদ্মাবতী নাটক', 'তিলোত্তমাসম্ভব কাব্য', 'মেঘনাদবধ কাব্য', 'ব্রজাঙ্গনা কাব্য' প্রভৃতি পুস্তক রচনা করেন।

মনসা—সর্পকুলের দেবী। ইনি নাগরাজ বাসুকির ভগিনী। জরৎকারু মুনির সহিত ইঁহার বিবাহ হয়।

মনু—১। সর্ব্বসমেত চতুর্দ্দশ মনু আছেন। ইঁহারা ব্রহ্মার মানসপুত্র। অনেকের মতে মনু মনুষ্যজাতির আদিপুরুষ। ২। কশ্যপের পত্নী। ইনি মানবগণের আদি মাতা।

মনোমোহন বসু—(১২৫২—১৩১৮ বঙ্গাব্দ)। জন্ম চব্বিশ-পরগণা জেলায়। 'দুলীন'-নামক বিরাট ইতিহাস-গ্রন্থে ইনি রণজিৎ সিংহের বিস্তৃত জীবনী প্রকাশ করেন। 'রামাভিষেক', 'প্রণয়পরীক্ষা', 'হরিশ্চন্দ্র' প্রভৃতি নাটক এবং 'পদ্যমালা' প্রভৃতি বিদ্যালয়পাঠ্য পুস্তক ইঁহার রচিত। ইনি বাউল, কীর্ত্তন ও যাত্রার গান রচনায় সিদ্ধহস্ত ছিলেন।

মন্থরা—দশরথের দ্বিতীয়া পত্নী কৈকেয়ীর দাসী।

মন্দোদরী—রাবণের পত্নী।

মমতাজমহল—মোগল-সম্রাট শাহ্জাহানের প্রিয়তমা পত্নী। শাহ্জাহানের ঔরসে ইঁহার গর্ভে ১৪টি সন্তান জন্মে; তন্মধ্যে দারা, শুজা, ঔরংজেব ও মোরাদ নামে চারি পুত্র এবং জাহান-আরা ও রৌশন-আরা-নামক দুই কন্যা বিখ্যাত। সম্রাট ইঁহার সমাধির উপর জগদ্বিখ্যাত তাজমহল নির্ম্মাণ করান।

ময়দানব—দানব শিল্পী। ইনি খাণ্ডবদহনকালে অর্জ্জুন কর্ত্তৃক রক্ষিত হইয়া পাণ্ডবদিগের জন্য ইন্দ্রপ্রস্থ নগর নির্ম্মাণ করিয়াছিলেন।

মরীচি—সপ্তর্ষি নক্ষত্রগুলির অন্যতম। ইনি ব্রহ্মার মানসপুত্র।

মর্স, স্যামুয়েল ফিন্‌লে বি (Morse, Samuel Finley B.)—(১৭৯১—১৮৭২ খৃঃ)। প্রসিদ্ধ আমেরিকান বৈজ্ঞানিক। বৈদ্যুতিক টেলিগ্রাফিতে কতকগুলি হ্রস্ব-দীর্ঘ শব্দ-সমবায়ের সাহায্যে বার্ত্তা প্রেরণ করিবার সঙ্কেত ইনি উদ্ভাবন করেন। এই প্রণালীতে টেলিগ্রাফ প্রেরণ করাকে মর্স-প্রথা বলে।

মলোটোভ (Molotov)—প্রসিদ্ধ রাজ-

নীতিবিদ্ ও রুশিয়ার পররাষ্ট্রসচিব। কিছুকাল ইনি রুশিয়ার প্রধান রাষ্ট্রনায়ক ছিলেন। বর্ত্তমানে ইনি রুশিয়ার সহকারী প্রধান মন্ত্রী।

মল্লিনাথ—প্রসিদ্ধ পণ্ডিত এবং সংস্কৃত গ্রন্থের টীকাকার। ইনি কাব্য, বেদ, ব্যাকরণ, উপনিষদ্, দর্শন প্রভৃতি শাস্ত্রে বিশেষ পারদর্শী ছিলেন। ইনি 'ভট্টিকাব্য', 'শিশুপাল-বধ', 'কিরাতার্জ্জুনীয়ম্', 'রঘুবংশ', 'কুমারসম্ভব' এবং 'অমরকোষের' টীকাকার। 'রাজমৃগাঙ্ক'-নামক বৈদ্যশাস্ত্রটীকা, 'একাবলী'-নামক অলঙ্কারশাস্ত্রটীকা এবং 'তার্কিকরক্ষা'-নামক ন্যায়শাস্ত্রটীকাও ইঁহার প্রণীত। সম্ভবতঃ খৃষ্টীয় চতুর্দ্দশ শতাব্দীতে ইনি আবির্ভূত হন।

মহম্মদ (হজরত)-(৫৭০—৬৩২ খৃঃ)। ইসলাম-ধর্ম্মের প্রবর্ত্তক। আরবদেশের মক্কা নগরে ইঁহার জন্ম হয়। ইনি স্বর্গীয় দূত জিব্রায়েলের নিকট ধর্ম্মকথা শ্রবণ করেন। সেই ধর্ম্মকথা লিপিবদ্ধ আকারে 'কোরান-শরীফ' নামে প্রকাশিত হয়। ৪০ বৎসর বয়সে ইনি একেশ্বরবাদ প্রচার করিতে আরম্ভ করেন। আরবীয়েরা ক্রমে ইঁহার মত গ্রহণ করিতে থাকে। ইঁহার মৃত্যুর পূর্ব্বে প্রায় সমগ্র আরব ইসলাম-ধর্ম্ম গ্রহণ করে।

মহম্মদ ইকবাল, স্যার-(১৮৭৭—১৯৩৮ খৃঃ)। জন্মস্থান শিয়ালকোট। প্রসিদ্ধ স্বভাবকবি ও অধ্যাপক। ইনি কেম্ব্রিজ ও মিউনিক বিশ্ববিদ্যালয় হইতে দর্শনের উচ্চ উপাধি লাভ করেন এবং পরে ব্যারিস্টারি পরীক্ষা পাশ করেন। লণ্ডন বিশ্ববিদ্যালয়ে ইনি আর্বী ভাষার প্রধান অধ্যাপক ছিলেন। ইঁহার কাব্য ধর্ম্মপ্রাণতার উদ্বোধক। ইনিই ১৯৩০ খৃঃ এলাহাবাদ মুসলিম লীগ কন্‌ফারেন্সে ভারতের মুসলমানদের জন্য পৃথক রাষ্ট্র গঠনের প্রস্তাব করেন।

মহম্মদ ঘোরী—ইতিহাসে ইনি শিহাবুদীন নামে পরিচিত। ইনি ভারতে মুসলমান সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। ইনি দুই বার ভারত আক্রমণ করেন। ১২০৩ খৃষ্টাব্দে অগ্রজের মৃত্যু হওয়াতে ইনি ঘোরের রাজা হন। অতঃপর ইনি পাঞ্জাবের একটি বিদ্রোহ দমন করিতে পুনরায় ভারতে আসেন এবং প্রত্যাবর্ত্তনকালে সিন্ধুনদের তীরে অসভ্য-জাতি কর্ত্তৃক আক্রান্ত ও নিহত হন।

মহম্মদ বিন তোগলক—দিল্লীর তোগলক-বংশীয় সুলতান। ১৩২৫—৫১ খৃষ্টাব্দ পর্য্যন্ত ইনি দিল্লীতে রাজত্ব করেন। ইনি একদিকে যেমন বিদ্বান্, সুবক্তা ও দানশীল ছিলেন, অন্যদিকে তেমনি অত্যন্ত খামখেয়ালি ছিলেন। ইব্‌নবাতুতা-নামক পর্য্যটক ইঁহার দরবারে বহুদিন কাটাইয়া যান।

মহম্মদ মহসীন, হাজী—(১৭৩২—১৮১২ খৃঃ)। জন্মস্থান হুগলী। দানশীল উদারপ্রাণ মুসলমান। ১৮০৬ খৃষ্টাব্দে ইনি বার্ষিক এক লক্ষ ছাপ্পান্ন হাজার টাকা আয়ের এক সম্পত্তি শিক্ষার উন্নতির জন্য উইল করিয়া দেন। ইঁহার অর্থে হুগলীর ইমাম-বাড়া, হুগলী কলেজ, মাদ্রাসা, মহসীন বৃত্তি প্রভৃতি স্থাপিত হইয়াছে।

মহম্মদ শাহ্—আওরঙ্গজেবের বংশধর। ইনি ১৭১৯ খৃষ্টাব্দে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন এবং ১৭৪৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত রাজত্ব করেন।

মহাদেব—তিনজন শ্রেষ্ঠ দেবতার অন্যতম। ইনি ভগবানের সংহাররূপ। মহামুনি অত্রি ইঁহার গুরু। ইঁহার পত্নী সতী এবং পরে পার্ব্বতী। হিমালয়ের জ্যেষ্ঠা কন্যা গঙ্গাকেও ইনি বিবাহ করেন।

মহাপদ্ম নন্দ—মগধের রাজা। ইনি নন্দ-বংশের প্রতিষ্ঠাতা। খৃঃ পূঃ ৪১৩ অব্দে ইনি রাজা হন।

মহাবীর—ইনি বুদ্ধদেবের প্রায় সমসাময়িক এবং জৈনধর্ম্মের শ্রেষ্ঠ প্রচারক।

মহিষাসুর—রম্ভ-নামক অসুরের পুত্র। দেবী ভগবতী যুদ্ধে ইঁহাকে নিহত করেন।

মহীপাল—গৌড়ের পালবংশের বিখ্যাত বৌদ্ধধর্ম্মাবলম্বী রাজা। রাজত্বকাল দশম শতাব্দীর শেষ ভাগ এবং একাদশ শতাব্দীর প্রথম ভাগ। পালবংশে ঐ নামে দুইজন নৃপতি ছিলেন—একজন ঐ বংশের দশম নৃপতি, একজন ত্রয়োদশ নৃপতি।

মহেন্দ্রলাল সরকার, ডাক্তার—(১৮৩৩—১৯০৪ খৃঃ)। বিখ্যাত চিকিৎসক। ইনি 'Indian Association for the Cultivation of Science'-নামক শিক্ষালয় কলিকাতার বৌবাজারে স্থাপিত করেন।

মাইকেল এঞ্জেলো (Michael Angelo Buonarroti)—(১৪৭৪—১৫৬৪ খৃঃ)। ইতালীর প্রসিদ্ধ চিত্রশিল্পী ও ভাস্কর। ইহার অঙ্কিত 'দি লাষ্ট জাজমেণ্ট' একটি প্রসিদ্ধ চিত্র।

মাউণ্টব্যেটেন, আর্ল অভ—(Mountbatten, Earl of)—ভারতের শেষ ইংরাজ বড়লাট। ইনি ১৯৪৭ খৃঃ ২৪শে মার্চ হইতে ১৯৪৮ খৃঃ ১৫ই আগষ্ট অবধি ভারতের বড়লাট ছিলেন। ইহারই সময়ে ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট ভারত স্বাধীনতা লাভ করে এবং ভারত ইউনিয়ন ও পাকিস্থানে বিভক্ত হয়।

মাঘ—'শিশুপালবধ'-নামক সংস্কৃত মহাকাব্যের রচয়িতা। জন্মস্থান গুজরাট দেশের ভিন্নমাল গ্রাম। কাহারও মতে ইনি ৭ম শতাব্দীর এবং কাহারও মতে নবম শতাব্দীর লোক।

মাণ্ডবী—ভরতের পত্নী। ইনি রাজর্ষি জনকের কনিষ্ঠ সহোদর কুশধ্বজের কন্যা।

মাৎসিনি (Mazzini, Giuseppe)—(১৮০৫—১৮৭২ খৃঃ)। ইটালীর বিখ্যাত স্বদেশ-সেবক। ১৮৪৮ খৃষ্টাব্দে ইনি রোমীয় সাধারণতন্ত্রের ডিরেক্টর নির্ব্বাচিত হন। কিন্তু এই পদে ইনি অধিক দিন অধিষ্ঠিত থাকিতে পারেন নাই।

মাতঙ্গিনী হাজরা—জন্ম ১২৭৭ বঙ্গাব্দে মেদিনীপুর জেলায় তমলুক মহকুমার হোগলা গ্রামে। পিতা ঠাকুরদাস মাইতি। স্বামীর নাম ত্রিলোচন হাজরা। ১৮ বৎসর বয়সে বিধবা হইয়াছিলেন। ১৯৩২ খৃষ্টাব্দ হইতে কংগ্রেসের কার্য্যে এবং আর্ত্তের সেবায় জীবন উৎসর্গ করেন। কয়েকবার ইহাকে কারাদণ্ড ভোগ করিতে হয়। ১৯৪২ সালের আগষ্ট আন্দোলনে ইনি নিহত হন। গ্রামের লোকে তাঁহাকে "গান্ধী বুড়ী" বলিয়া ডাকিত।

মাদ্রী—রাজা পাণ্ডুর দ্বিতীয়া পত্নী। নকুল ও সহদেব ইঁহার দুই পুত্র।

মাধাই—শ্রীচৈতন্যদেবের বিখ্যাত শিষ্য। প্রথমে ইনি ঘোর মাতাল ও দুর্বৃত্ত ছিলেন। পরে শ্রীগৌরাঙ্গ ও নিত্যানন্দের কৃপায় ইহার মতি পরিবর্ত্তিত হয়। জগাই নামে ইহার এক ভ্রাতা ছিল।

মানকুমারী বসু—(১২৭০—১৩৫০ সাল)। সুপ্রসিদ্ধ মহিলা-কবি। ইনি মাইকেল মধুসূদন দত্তের ভ্রাতুষ্পুত্রী ছিলেন। 'কাব্যকুসুমাঞ্জলি', 'কনকাঞ্জলি', 'বীরকুমার-বধ', 'পুরাতন ছবি', 'সোনার সাথী' ইত্যাদি ইহার প্রসিদ্ধ রচনা।

মানবেন্দ্রনাথ রায়—জন্ম ১৮৮৭ খৃঃ। ছোটবেলা হইতে কয়েকবার রাজনৈতিক ডাকাতি ও ষড়যন্ত্রের দায়ে অভিযুক্ত হন। ১ম বিশ্বযুদ্ধের সময় ইনি পলায়ন করিয়া চীন, আমেরিকা ও মেক্সিকোতে যান এবং শেষোক্ত স্থানে কম্যুনিষ্ট দল গঠন করেন। পরে লেনিন কর্ত্তৃক রুশিয়ায় আহূত হন এবং নানা দায়িত্বপূর্ণ পদে কার্য্য করেন। ১৯২৭ খৃষ্টাব্দে নানা কারণে ইনি রুশিয়া ত্যাগে বাধ্য হইয়া ১৯৩০ খৃঃ গোপনে ভারতে আসেন। ছয় বৎসর কারাভোগের পর ১৯৩৬ খৃঃ ইনি কংগ্রেসে যোগ দেন, কিন্তু পরে কংগ্রেস ছাড়িয়া র‍্যাডিক্যাল ডেমোক্রাটিক দল গঠন করেন।

মানসিংহ—অম্বরের রাজা ভগবান্ দাসের ভ্রাতা জগৎসিংহের পুত্র এবং ভগবান দাসের

দত্তক পুত্র। সম্রাট্ আকবর ইঁহার পিতৃষসাকে এবং যুবরাজ সেলিম ইঁহার ভগিনীকে বিবাহ করেন। অতঃপর ইনি সম্রাট্ আকবরের সেনাপতি হইয়া বঙ্গদেশ হইতে কাবুল পর্য্যন্ত ভূভাগ মোগল-সাম্রাজ্যভুক্ত করিয়াছিলেন।

মান্ধাতা—সূর্য্যবংশীয় জনৈক রাজা। ইনি যুবনাশ্বরাজের বামপার্শ্ব হইতে উৎপন্ন হন।

মামুদ, সুলতান—গজনীর রাজা। মুসলমান ইতিহাসে ইনিই প্রথম 'সুলতান' উপাধি গ্রহণ করেন। ইনি সর্ব্বশুদ্ধ সতের বার ভারত আক্রমণ করেন। ১০২৪ খৃঃ গুজরাটের সোমনাথদেবের মন্দির ধ্বংস করিয়া বহু মূল্যবান্ দ্রব্য লুণ্ঠন করিয়া লইয়া যান। কবি ফেরদৌসী ও আন্সারী এবং বিখ্যাত পণ্ডিত আল্‌বেরুনী ইঁহার রাজসভায় বিদ্যমান ছিলেন। ইনি ১০৩০ খৃঃ মারা যান।

মারীচ—জনৈক রাক্ষস। এই রাক্ষস রাবণের আদেশে স্বর্ণমৃগের রূপ ধারণ করে। সীতার মনস্তুষ্টির জন্য রাম ইহাকে ধরিতে যান এবং শর দ্বারা বিদ্ধ করেন।

মার্কণ্ড, মার্কণ্ডেয়—কল্পান্তজীবী মুনি। ইঁহার পরমায়ু মাত্র দ্বাদশবর্ষ ছিল, কিন্তু শিবের বরে (মতান্তরে সপ্তর্ষির বরে) ইনি চিরজীবী হইয়াছিলেন।

মার্কারি (Mercury)—জুপিটারের অন্যতম পুত্র। ইঁহাকে দস্যু, পর্য্যটক, মেষপালক, ব্যবসায়ী প্রভৃতির দেবতা বলা হয়।

মার্কোনি, সিনেটর জি (Marconi, Senator G.)—(১৮৭৪—১৯৩৭ খৃঃ)। বিখ্যাত ইতালীয় তড়িৎ-বিজ্ঞানবিদ্। জগদীশচন্দ্র বসুর বৈজ্ঞানিক উদ্ভাবনের সাহায্য লইয়া ১৮৯৬ খৃষ্টাব্দে ইনি একটি বেতার-যন্ত্র আবিষ্কার করেন। ১৯০৯ খৃষ্টাব্দে ইনি পদার্থ-বিজ্ঞানে 'নোবেল প্রাইজ' পান।

মার্কস্, কার্ল (Marx, Karl)(১৮১৮—১৮৮৩ খৃঃ)। জার্ম্মানদেশীয় সাম্যবাদী। ইনিই সাম্যবাদের প্রবর্ত্তক। ইঁহার লিখিত 'Das Kapital' একখানি জগৎবিখ্যাত গ্রন্থ।

মার্স (Mars)—রণদেবতা। জুনো ও জুপিটারের পুত্র।

মার্স্‌ম্যান, জন ক্লার্ক (Marshman, John Clark)—(১৭৯৪—১৮৭৭ খৃঃ)। ইনি ২৫ বৎসর বয়সে ধর্ম্মপ্রচার কার্য্য আরম্ভ করেন। ইনি বাঙ্গালা ভাষায় সর্ব্বপ্রথম মাসিকপত্র 'দিগ্‌দর্শন' বাহির করেন (১৮১৮ খৃঃ) এবং সাপ্তাহিক পত্র 'সমাচার-দর্পণে'র প্রতিষ্ঠা করেন। 'ফ্রেণ্ড অভ ইণ্ডিয়া'-নামক ইংরাজী পত্র, শ্রীরামপুর কলেজ, কলিকাতা লালবাজারের গির্জ্জা ও বেনেভোলেণ্ট ইন্‌স্টিটিউশন ইঁহারই প্রতিষ্ঠিত। ইঁহার পুত্র সর্ব্বপ্রথম ভারতে কাগজের কল স্থাপন করেন।

মিণ্টো, লর্ড (Minto, Lord)—১। (১৭৫১—১৮১৪ খৃঃ)। ইনি ১৮০৭ হইতে ১৮১৩ খৃষ্টাব্দ পর্য্যন্ত ভারতের গভর্ণর-জেনারেল ছিলেন। ২। (১৮৪৫—১৯১৪ খৃঃ)। পূর্ব্বোল্লিখিত লর্ড মিণ্টোর প্রপৌত্র। ১৯০৫ হইতে ১৯১০ খৃষ্টাব্দ পর্য্যন্ত ইনি ভারতের বড়লাট ছিলেন। [চারুশিল্পের দেবী।

মিনার্ভা (Minerva)—জ্ঞান, যুদ্ধবিগ্রহ ও

মিল, জন স্টুয়ার্ট (Mill, John Stuart)—(১৮০৬—১৮৭৩ খৃঃ)। প্রসিদ্ধ ইংরাজ দার্শনিক। ইঁহার অন্যান্য পুস্তকমধ্যে 'প্রিন্সিপলস্ অভ পোলিটিক্যাল ইকনমি' এবং 'এসে অন লিবার্টি' বিশেষ প্রসিদ্ধ। ১৮৪৩ খৃষ্টাব্দে ইনি বিখ্যাত ন্যায়শাস্ত্রগ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

মিল্টন, জন (Milton, John)—(১৬০৮—১৬৭৪ খৃষ্টাব্দ)। প্রসিদ্ধ ইংরাজ কবি। ১৬৫২ খৃষ্টাব্দে ইনি সম্পূর্ণরূপে অন্ধ হন। ইনি প্রসিদ্ধ 'প্যারাডাইজ লষ্ট', 'প্যারাডাইজ রিগেণ্ড', 'স্যামসন অ্যাগোনিস্টেস' প্রভৃতি বহু গ্রন্থ রচনা করেন।

মীর কাসিম—বাঙ্গালার নবাব। ভান্সিটার্ট সাহেব ১৭৬০ খৃষ্টাব্দে মীরজাফরকে পদচ্যুত করিয়া ইঁহাকে নবাবী প্রদান করেন। কিন্তু ইনি ইংরাজদিগকে বিতাড়িত করিবার মানসে মুর্শিদাবাদ হইতে মুঙ্গেরে রাজধানী উঠাইয়া লইয়া যান। ১৭৬৪ খৃষ্টাব্দে ইংরাজদের সহিত যুদ্ধে বক্সারে ইনি পরাভূত হইয়া নিরুদ্দেশ হন।

মীর জাফর—ইনি প্রথমে নবাব সিরাজ-উদ্দৌলার সিপাহশালার ছিলেন। পরে ক্লাইভের সহিত চক্রান্ত করিয়া পলাশীর যুদ্ধের সময় যুদ্ধে যোগদান না করিয়া এবং নবাব-সৈন্যের যুদ্ধবিরতির পরামর্শ দিয়া সিরাজউদ্দৌলার পরাজয়-সংঘটনপূর্ব্বক বাঙ্গালার নবাব হন (১৭৫৭ খৃঃ)। ইনি ১৭৬০ খৃষ্টাব্দে রাজ্যচ্যুত হন। মীর কাসিমের পর ইনি পুনরায় নবাব হন।

মীর জুমলা—পারস্য-দেশীয় বণিক্। বাণিজ্যার্থ ভারতে আগমনপূর্ব্বক সম্রাট্ আওরঙ্গজেবের প্রিয়পাত্র হন এবং তদীয় সেনাপতির পদ লাভ করেন। পরে ইনি বাঙ্গালার সুবাদার হন। ১৬৬৩ খৃষ্টাব্দে ঢাকায় ইঁহার প্রাণবিয়োগ হয়।

মীর মদন—সিরাজউদ্দৌলার সেনাপতি। মোহনলাল ইঁহার সহকারী ছিলেন। পলাশীর যুদ্ধে এই বীর যুবক প্রাণদান করেন।

মীরাবাঈ—ধর্ম্মপরায়ণা রাজপুতরমণী। মেবারের রাণা কুম্ভের সহিত ইঁহার বিবাহ হয়। তীর্থপর্য্যটনে বাহির হইয়া ইনি দ্বারকায় আসিয়া প্রাণত্যাগ করেন। ইঁহার রচিত ভজনগানগুলি ভক্তজনের আদরের সামগ্রী।

মুকুন্দরাম চক্রবর্ত্তী, কবিকঙ্কণ—চণ্ডীকাব্যের রচয়িতা। বর্দ্ধমানের দামুন্যা গ্রামে ইঁহার জন্ম হয়। ইঁহার কাব্য 'কবিকঙ্কণ চণ্ডী' নামে খ্যাত। ইহা অনুমান ষোড়শ কিংবা সপ্তদশ শতাব্দীতে রচিত হয়।

মুরারি গুপ্ত—শ্রীহট্টনিবাসী একজন বৈদ্য। ইনি শ্রীচৈতন্যের একজন প্রধান পার্ষদ ছিলেন। ইনি বহু পদ রচনা করিয়াছেন।

মুসা (**মোজেজ**—Moses)—(খৃঃ পূঃ ১৫৭১—১৪৫১ অব্দ)। ইহুদীদের ধর্ম্ম-প্রচারক। মিসর হইতে ইহুদীদিগকে লইয়া প্যালেস্টাইনে যাইতে ঈশ্বর ইঁহাকে আদেশ করেন। ইনি ঈশ্বরের আদেশে সিনাই পর্ব্বতের শিখরে আরোহণ করেন। পর্ব্বতে আরোহণ করিলে ঈশ্বর ইঁহাকে ইহুদীদিগের পালনের জন্য দশটি ধর্ম্মবিধি বলিয়া দেন, ইহাই বাইবেলে দশাজ্ঞা (Ten Commandments) নামে খ্যাত।

মুসোলিনী, সিনর বেনিটো (Mussolini, Signor Benito)—(১৮৮৩—১৯৪৫ খৃঃ)। ইটালীর ডিক্টেটার ও ফ্যাসিস্ট দলের নেতা ছিলেন। ইনি ইটালীকে পৃথিবীর সর্ব্বশ্রেষ্ঠ শক্তিশালী জাতিতে পরিণত করিবার জন্য আপ্রাণ চেষ্টা করিয়াছিলেন। আবিসিনিয়া জয় ইঁহার শাসনকালের একটি উল্লেখযোগ্য ঘটনা। ইঁহার চালনায় ইটালী ১৯৪০ খৃঃ জার্ম্মানীর মিত্রশক্তি হিসাবে ইংলণ্ড ও তাহার মিত্রশক্তিবর্গের সহিত যুদ্ধে লিপ্ত হয়। ইনি একবার শত্রুকবলে বন্দী হইলে হের হিট্‌লারের চেষ্টায় উদ্ধারপ্রাপ্ত হন। অতঃপর যুদ্ধে ইটালীর পরাজয় হইলে ইনি বন্দী হন এবং দেশের কয়েকজন বিরুদ্ধ দলীয় লোকের দ্বারা গুলিবিদ্ধ হইয়া সস্ত্রীক নিহত হন।

মেকলে, টমাস ব্যাবিংটন, লর্ড (Macaulay, Thomas Babington, Lord)—(১৮০০—১৮৫৯ খৃঃ)। ভারত-বিদ্বেষী ইংরাজ ঐতিহাসিক। 'Essays', 'Lays of Ancient Rome', 'History of England' প্রভৃতি ইঁহার রচিত পুস্তক।

মেগাস্থিনিস (Megasthenes)—চন্দ্রগুপ্ত মৌর্য্যের সভায় প্রেরিত পশ্চিম এসিয়ার গ্রীক সম্রাট্ সেলুকাসের দূত। ইঁহার লিখিত বিবরণ

হইতে ভারতের তৎকালীন রাজনৈতিক ও সামাজিক অবস্থা অবগত হওয়া যায়।

মেটকাফ, স্যার চার্লস (Metcalfe, Sir Charles)—(১৭৮৫—১৮৪৬ খৃঃ)। ইনি ১৮৩৫ খৃঃ হইতে প্রায় এক বৎসরকাল ভারতের বড়লাট ছিলেন। ইনিই দেশীয় মুদ্রাযন্ত্রের স্বাধীনতা প্রদান করিয়াছিলেন।

মেটারলিঙ্ক, কাউণ্ট মরিস (Maeterlinck, Count Maurice)—বেলজিয়ামের প্রসিদ্ধ কবি ও নাট্যকার। ইনি ১৮৬২ খৃঃ জন্মগ্রহণ করেন। 'The Blue Bird' ইহার একখানি প্রসিদ্ধ নাটক। ১৯১১ খৃষ্টাব্দে ইনি 'নোবেল প্রাইজ' পান। [পত্নী।

মেনকা—পার্ব্বতীর মাতা ও গিরিরাজের

মেনা হাতী—প্রকৃত নাম মৃন্ময়। রাজা সীতারাম রায়ের মহাবল সেনাপতি। নবাবসৈন্যের সহিত যুদ্ধে ইনি নিহত হন।

মেরী, কুমারী (Mary, Virgin)—খৃষ্টধর্ম্মের প্রবর্ত্তক যীশু খৃষ্টের মাতা। কুমারী অবস্থায় ইঁহার গর্ভে ঈশ্বরের তেজে যীশুর জন্ম হয়।

মেসমের, ফ্রিডরিক আনটোন (Mesmer, Friedrich Anton)—(১৭৩৩—১৮১৫ খৃঃ)। জার্ম্মান ডাক্তার। ইনি সম্মোহন-বিদ্যার উদ্ভাবন করেন এবং এই বিদ্যার সাহায্যে বহু রোগ আরোগ্য করেন।

মৈনাক—পর্ব্বতবিশেষ। ইহার পিতা হিমালয় এবং মাতা মেনকা। ইনি ইন্দ্রের ভয়ে সমুদ্রের জলে আত্মগোপন করিয়া আছেন।

মোশাররফ হোসেন, মরহুম্—জনৈক সুলেখক। মুসলমান সাহিত্যিকগণের মধ্যে ইঁহার নাম সুপরিচিত। ইঁহার 'বিষাদসিন্ধু'-নামক পুস্তকখানি বিশেষ প্রসিদ্ধ।

মোহনলাল, মহারাজ—নবাব সিরাজউদ্দৌলার সেনানায়ক। ইনি সিরাজউদ্দৌলার পরম হিতৈষী ছিলেন। পলাশীর যুদ্ধে ইনি সিরাজের পক্ষে অসীম বীরত্ব-সহকারে যুদ্ধ করেন এবং সিরাজউদ্দৌলা পলায়ন করিলে ইনি নিরুদ্দেশ হন।

ম্যাকবেথ (Macbeth)—ইনি স্কটল্যাণ্ডের রাজা ডান্‌কানকে হত্যা করিয়া রাজা হন। ১৭ বৎসর রাজত্ব করিবার পর ১০৫৬ খৃষ্টাব্দে ডানকানের পুত্র ম্যালকম কর্ত্তৃক ইনি নিহত হন।

ম্যাক্সমুলার—(Friedrich Maximilian Muller)—(১৮২৩—১৯০০ খৃঃ)। বিখ্যাত জার্ম্মান পণ্ডিত। সংস্কৃত ভাষায় ইঁহার অগাধ পাণ্ডিত্য ছিল। ইনি সায়নাচার্য্যের ভাষ্য সহিত ঋগ্বেদের একখানি সংস্করণ প্রকাশ করেন। ইনি একজন বিখ্যাত ভাষাতত্ত্ববিদ্ ছিলেন। 'History of Ancient Sanskrit Literature', 'Sacred Books of the Past', 'Science of Languages' প্রভৃতি ইঁহার রচিত পুস্তক।

ম্যাগেলান, ফার্ডিনাণ্ড (Magellan, Ferdinand)—(১৪৭০—১৫২১ খৃঃ)। বিখ্যাত পোর্ত্তুগীজ নাবিক। ১৫১৯ খৃষ্টাব্দে যে অভিযাত্রিদল জাহাজে করিয়া পৃথিবী পরিভ্রমণ করিয়া আসে, ইনি সেই অভিযানের অধিনায়ক ছিলেন।

য

যজ্ঞেশ্বর বন্দ্যোপাধ্যায়—'হিতবাদী' পত্রিকার আরম্ভ হইতে বহুকাল ইনি তাহার সম্পাদক ছিলেন। ইনি টডের রাজস্থানের বঙ্গানুবাদ, কাশীখণ্ড, মহাভারত, নারদীয় পুরাণ, শ্রীমদ্ভাগবত ও বরাহপুরাণের বঙ্গানুবাদ, 'বীরমালা'-নামক গ্রন্থ এবং অন্যান্য বহু নাটক, উপন্যাস, গল্প ও চিকিৎসা-পুস্তক প্রণয়ন ও সঙ্কলন করেন।

যতীন্দ্রনাথ দাস—জন্ম ১৯০৪ খৃষ্টাব্দে। পিতা বঙ্কিমবিহারী দাস। ১৯২০ সালে ম্যাট্রিক পাশ করিয়া ইনি কলেজে ভর্ত্তি হন, কিন্তু বেশী দিন ইঁহার পড়াশুনা হয় নাই। তখন হইতেই ইনি কংগ্রেসে যোগদান করেন। ১৯২১ সালে ইনি কয়েকবার কারাদণ্ড ভোগ করেন। ১৯২৮ খৃষ্টাব্দে কলিকাতা কংগ্রেসের সময় হইতেই ইনি বিপ্লবীদলের সংস্পর্শে আসেন। ইনি ভগৎ সিংকে অস্ত্রশস্ত্র দিয়া সাহায্য করেন এবং পরে লাহোর ষড়যন্ত্র মামলার আসামী হিসাবে ইনি ধৃত হন। কারারুদ্ধ বিপ্লবিগণ কর্ত্তৃপক্ষের নিকট কতকগুলি দাবী উপস্থিত করিলে কর্ত্তৃপক্ষ তাহা মানিয়া না লওয়াতে তাঁহারা অনশন আরম্ভ করেন। ৬২ দিন উপবাস করিবার পর ৬৩তম দিবসে ইনি বন্দে মাতরম্ ধ্বনিসহকারে প্রাণত্যাগ করেন (১৩-৯-২৯)। ইঁহার শবদেহ কলিকাতায় আনিয়া ১২ই সেপ্টেম্বর তারিখে গঙ্গাতীরে সৎকার করা হয়।

যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় (বাঘা যতীন)—জন্ম ১৮৮০ খৃষ্টাব্দে নদীয়া জেলার কয়া গ্রামে। বাঙ্গালা গভর্ণমেণ্টের অধীনে ষ্টেনোগ্রাফারের চাকুরী করিতে করিতে ক্রমে ইনি রাজনীতিতে যোগ দেন। স্বগ্রামের নিকটে বাঘ বগলে চাপিয়া ভোজালি দ্বারা একটি বাঘ মারিয়া ইনি 'বাঘা যতীন' আখ্যা লাভ করেন। ১৯১০ সালে ইনি হাওড়া ষড়যন্ত্র মামলার আসামী হন। ১৯১১ খৃঃ হইতে ইঁহার নেতৃত্বে বিপ্লবীরা প্রবল হইয়া উঠে। ১৯১৪ সালে মহাসমর বাধিলে ইনি বিদেশের সঙ্গে যোগাযোগ স্থাপন করিয়া ইংরাজের বিরুদ্ধে যুদ্ধ করিবার আয়োজন করেন। 'মেভারিক'-নামক জাহাজ কাহাকে সুন্দরবন, বালেশ্বর প্রভৃতি স্থানে অস্ত্রশস্ত্র নামাইবার ব্যবস্থা হয়। বালেশ্বরের নিকটবর্ত্তী পার্ব্বত্য জঙ্গলে যতীন্দ্রনাথ ও তাঁহার কয়েকজন সঙ্গী অপেক্ষা করিতে থাকেন। কিন্তু পুলিশ কোনক্রমে সন্ধান পাইয়া তাঁহাদিগের অনুসরণ করে। পলায়নের উপায় নাই দেখিয়া তাঁহারা পাঁচজনে পরিখা খনন করিয়া তিন শতাধিক সিপাহীর সঙ্গে যুদ্ধ আরম্ভ করেন। ২ জন নিহত হন এবং যতীন্দ্রনাথ ও অপর দুইজন গুলিবিদ্ধ অবস্থায় ধৃত হন (৯-৯-১৯১৫)। কয়েক দিন পরই বালেশ্বর হাসপাতালে যতীন্দ্রনাথ পরলোকগমন করেন।

যতীন্দ্রনাথ সেনগুপ্ত—একজন বাস্তববাদী কবি। 'মরুমায়া', 'মরীচিকা' প্রভৃতি ইঁহার বিশিষ্ট কাব্যগ্রন্থ। কাব্যরচনায় ইঁহার স্থান অনেক উচ্চে।

যতীন্দ্রমোহন বাগচী—১২৮৫ বঙ্গাব্দে নদীয়া জেলার জামসেদপুর গ্রামে ইঁহার জন্ম হয়। ইনি একজন খ্যাতনামা কবি ছিলেন। 'লেখা', 'রেখা', 'অপরাজিতা' 'মহাভারতী' প্রভৃতি ইঁহার রচিত কাব্যগ্রন্থ। কিছুকাল ইনি 'মানসী' ও 'যমুনা' পত্রিকার সম্পাদক ছিলেন। ১৯৪৮ খৃষ্টাব্দের ১লা ফেব্রুয়ারী তারিখে ইনি পরলোকগমন করেন।

যতীন্দ্রমোহন সেনগুপ্ত—(১৮৮৫—১৯৩৩ খৃঃ)। জন্মস্থান চট্টগ্রাম জেলার বরমা গ্রাম। পিতা প্রসিদ্ধ গণনেতা যাত্রামোহন সেনগুপ্ত। ১৯২১ খৃঃ ইনি অসহযোগ আন্দোলনে যোগদান করিয়া ব্যারিষ্টারী পরিত্যাগ করেন। ১৯২৫-৩০ খৃঃ পর্য্যন্ত ইনি পাঁচবার কলিকাতা কর্পোরেশনের মেয়র হইয়াছিলেন। ইনি দেশের জন্য বহুবার কারাভোগ করেন।

যদুগোপাল চট্টোপাধ্যায়—(১২৪—১৩০৭ বঙ্গাব্দ)। প্রসিদ্ধ কবি ও শিশুপাঠ্য-পুস্তক-প্রণেতা। হুগলী জেলার কোন্নগরে ইঁহার জন্ম। ইঁহার সঙ্কলিত 'পদ্যপাঠ' বিশেষ প্রসিদ্ধ।

যদুনাথ সরকার, স্যার—(জন্ম ১৮৭০ খৃঃ)। জন্মস্থান রাজসাহী জেলার করচমাড়িয়া

গ্রাম। ১৯২৬ খৃঃ ইনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস্-চ্যান্সেলার হন। ইনি পাঁচ খণ্ডে আওরঙ্গজেবের বৃহৎ জীবনী এবং শিবাজীর জীবনী প্রণয়ন করিয়া অশেষ কীর্ত্তি অর্জ্জন করিয়াছেন।

যম—(পুরাণ) ধর্ম্মরাজ। পিতা সূর্য্য, মাতা সংজ্ঞা। ইনি দক্ষিণদিকের অধিপতি। ইনি জীবের পাপপুণ্যের ফলদানকারী।

যযাতি—(মহাভারত) রাজা নহুষের পুত্র। ইনি দেবযানী ও শর্ম্মিষ্ঠাকে বিবাহ করেন। শুক্রাচার্য্যের শাপে ইনি অকালে জরাগ্রস্ত হন। পুত্র পুরু ইঁহার জরা গ্রহণ করেন। বহুকাল রাজ্য-সুখাদি ভোগ করিবার পর পুরুকে সিংহাসন দান করিয়া ইনি জরা ফিরাইয়া লন এবং বানপ্রস্থ অবলম্বন করেন।

যশোদা—(পুরাণ) নন্দের পত্নী এবং শ্রীকৃষ্ণের পালনকারিণী।

যশোধর্ম্মদেব—মালবের বিখ্যাত রাজা। গুপ্ত সাম্রাজ্যের পতনের পরেই ইনি মালবে একটি স্বাধীন রাজ্য স্থাপন করেন। আরব সাগর হইতে ব্রহ্মপুত্র নদ পর্য্যন্ত এবং হিমালয় হইতে পূর্ব্বঘাট পর্ব্বত পর্য্যন্ত ইঁহার রাজ্য বিস্তৃত হইয়াছিল।

যশোবন্ত সিংহ, রাজা—মাড়বারের অন্তর্ভুক্ত বিখ্যাত যোধপুরের রাজা। সম্রাট্ শাহ্ জাহানের ইনি একজন বীর সেনাপতি ছিলেন। আওরঙ্গজেবের অধীনে কাজ করিবার সময়ে ইনি কাবুলে মারা যান।

যশোবর্ম্মদেব—কান্যকুব্জের বিখ্যাত রাজা। ইনি গৌড় জয় করেন। কাশ্মীরের রাজা ললিতাদিত্যের সহিত যুদ্ধে ইনি পরাজিত ও নিহত হন। কবি ভবভূতি বাক্‌পতিরাজ ইঁহার সভাকবি ছিলেন।

যাজ্ঞবল্ক্য—ধর্ম্মশাস্ত্রপ্রণেতা, যজুর্ব্বেদ-বক্তা ঋষি। ইনি ঋষি বৈশম্পায়নের শিষ্য (বৈশম্পায়ন দ্রঃ)।

যামিনীভূষণ রায়, কবিরাজ—(১৮৭৯—১৯২৬ খৃঃ)। কলিকাতার বিখ্যাত কবিরাজ এবং 'যামিনীভূষণ অষ্টাঙ্গ আয়ুর্ব্বেদ কলেজে'র প্রতিষ্ঠাতা।

যীশু খৃষ্ট (Jesus Christ)—খৃষ্ট ধর্ম্মের প্রবর্ত্তক। জুডিয়া দেশের অন্তর্গত ন্যাজারেথ নগরে কুমারী মেরীর গর্ভে এবং ঈশ্বরের তেজে ইনি জন্মগ্রহণ করেন। ইঁহার গুরু জন। ৩০ বৎসর বয়সে ইনি খৃষ্টধর্ম্মের প্রচার করেন। এই ধর্ম্মপ্রচারে তত্রত্য ইহুদীগণ ক্রুদ্ধ হইয়া ইঁহার ১২জন শিষ্যের অন্যতম পাপিষ্ঠ জুডাস ইস্কেরিয়টকে অর্থ দ্বারা বশীভূত করিয়া ইঁহাকে ধৃত করে এবং ইঁহার বিরুদ্ধে রাজদ্বারে অভিযোগ করে। বিচারের ফলে ক্রুশ-বিদ্ধ করিয়া ইঁহার প্রাণনাশ করা হয়।

যুধিষ্ঠির—(মহাভারত) জ্যেষ্ঠ পাণ্ডব। পরম ধার্ম্মিক বলিয়া ইঁহার ধর্ম্মরাজ নাম হয়। ইনি রাজ্য না পাওয়াতে কুরুক্ষেত্রে অষ্টাদশ দিবস-ব্যাপী মহাসমর হয় এবং তাহাতে জয়ী হইয়া ইনি রাজ্যলাভ করেন। ইনি সশরীরে স্বর্গে গমন করেন।

যোগীন্দ্রনাথ বসু, কবিভূষণ—(১৮৫৭—১৯২৭ খৃঃ)। জন্মস্থান চব্বিশ পরগণা জেলায়। ইনি একজন সুসাহিত্যিক ও সুকবি ছিলেন। ইঁহার লিখিত 'মাইকেল মধুসূদন দত্তের জীবনচরিত', 'পৃথ্বীরাজ', 'অহল্যাবাঈ', 'পতিব্রতা', 'শিবাজী', 'তুকারাম', 'দেববালা' প্রভৃতি গ্রন্থ বিশেষ প্রসিদ্ধ।

যোগীন্দ্রনাথ সমাদ্দার—(১৮৮৩—১৯২৮ খৃঃ)। জন্মস্থান যশোহর জেলায়। ইঁহার প্রণীত 'সমসাময়িক ভারত' (নয়খণ্ড), 'গ্লোরিজ অভ মগধ', 'অর্থনীতি', 'সাহিত্য-পঞ্জিকা', 'ইংরাজের কথা', 'চতুর্ব্বেদ' (গল্প), 'পঞ্চবাণ', 'দেশভক্তি', 'ইকনমিক কনডিশান অভ এনশেন্ট ইণ্ডিয়া', 'ইকনমিক হিস্টরি অভ বিহার' প্রভৃতি গ্রন্থ বিশেষ প্রসিদ্ধ।

যোগীন্দ্রনাথ সরকার—প্রসিদ্ধ শিশু-

সাহিত্যিক। বিখ্যাত চিকিৎসক স্যার নীলরতন সরকারের কনিষ্ঠ সহোদর। 'বনে জঙ্গলে', 'রাঙা ছবি', 'পশুপক্ষী', 'হাসি-রাশি,' 'হিজিবিজি', 'জীবজন্তু', 'হাসিখুসী' প্রভৃতি ইঁহার প্রণীত পুস্তক। ১৯৩৭ খৃষ্টাব্দে ৭০ বৎসর বয়সে ইঁহার মৃত্যু হয়।

যোশী, পি, সি, এম-এ—জন্ম ১৯০৭ খৃঃ। কলেজ জীবনে ইনি কম্যুনিষ্ট আন্দোলনে যোগ দেন। মীরাট ষড়যন্ত্র মামলায় ইঁহার ৫ বৎসর কারাদণ্ড হয়। ১৯৩৭ হইতে ইনি কম্যুনিষ্ট দলের নেতা। ইনি 'পীপল্স্ ওয়ার' (বর্তমানে 'পীপল্স্ এজ') পত্রের সম্পাদক।

র

রক্তবীজ—(চণ্ডী) শুম্ভনিশুম্ভের সেনাপতি জনৈক দৈত্য। দেবী-যুদ্ধে ইঁহার প্রত্যেক বিন্দু রক্ত হইতে এক একটি রক্তবীজের উৎপত্তি হইয়াছিল। অবশেষে দেবী চামুণ্ডা রক্তবীজের রক্ত মাটিতে পড়িবার পূর্ব্বেই স্বীয় জিহ্বা দ্বারা উহা পান করিতে থাকেন। এইরূপে নূতন অসুরের জন্ম নিবারণ করিয়া দেবী উহাকে চামুণ্ডামূর্ত্তিতে ধ্বংস করেন।

রকফেলার, জন ডি—(Rockefeller, John D.)—(১৮৩৯—১৯৩৭ খৃঃ)। একজন মহাধনী। ১৮৭০ খৃষ্টাব্দে ইঁহার প্রতিষ্ঠিত সুবিখ্যাত 'স্ট্যাণ্ডার্ড অয়েল ট্রাষ্ট' গঠিত হয় এবং ১৮৯২ খৃষ্টাব্দে উহার মূলধন ১ কোটি ২০ লক্ষ স্টার্লিং-এ পরিণত হয়। ১৯২২ খৃষ্টাব্দ পর্যন্ত ইনি প্রায় ৫০ কোটি ডলার শিক্ষা ও দাতব্য-প্রতিষ্ঠান-সমূহের জন্য দান করেন।

রঘু—(রামায়ণ) সূর্য্যবংশীয় নরপতি মহারাজ দিলীপের পুত্র। ইঁহার নাম অনুসারে অযোধ্যার সূর্য্যবংশ রঘুবংশ নামে খ্যাত হয়।

রঘুজী ভোঁসলে—মহারাষ্ট্রীয় নেতা। ইনি নাগপুরের ভোঁসলে রাজবংশের প্রতিষ্ঠাতা। ১৭৫১ খৃষ্টাব্দে ইনি কটক জয় করেন এবং বাঙ্গালার নবাবের নিকট ১১ লক্ষ টাকা চৌথ দাবী করেন।

রঘুনাথ শিরোমণি—সুপ্রসিদ্ধ নৈয়ায়িক। পঞ্চদশ শতাব্দীর শেষভাগে ইনি জন্মগ্রহণ করেন। শ্রীচৈতন্যদেব ইঁহার সহপাঠী ছিলেন। 'লীলাবতী টীকা', 'ব্রহ্মসূত্রবৃত্তি' প্রভৃতি ১৮খানি প্রসিদ্ধ গ্রন্থ ইনি প্রণয়ন করেন। ষোড়শ শতাব্দীর মধ্যভাগে ইনি দেহত্যাগ করেন।

রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়—(১৮২৬—১৮৮৭ খৃঃ)। বর্দ্ধমান জেলায় ইঁহার জন্ম। ইঁহার রচিত 'পদ্মিনী উপাখ্যান', 'কর্ম্মদেবী', 'কাঞ্চী-কাবেরী' ও 'শূরসুন্দরী' অতি উচ্চশ্রেণীর কবিতা-পুস্তক।

রজনীকান্ত গুপ্ত—(১২৫৬—১৩০৭ বঙ্গাব্দ)। জন্ম ঢাকা জেলায়। ইনি 'সিপাহী যুদ্ধের ইতিহাস', 'আর্য্যকীর্ত্তি', 'বীরমহিমা', 'ভারত-প্রসঙ্গ' প্রভৃতি পুস্তক প্রণয়ন করেন।

রজনীকান্ত সেন—(১২৭২—১৩১৭ বঙ্গাব্দ)। পাবনা জেলায় ইঁহার জন্ম হয়। ইনি কবিতা-রচনায় বিশেষ পটু ছিলেন। 'বাণী', 'কল্যাণী' প্রভৃতি কবিতা ও সঙ্গীত পুস্তকসমূহ ইঁহার রচনাশক্তির উৎকৃষ্ট নিদর্শন।

রণজিৎ সিংহ—(১৭৮০—১৮৩৯ খৃঃ)। 'পঞ্জাব-কেশরী' নামে বিখ্যাত শিখ নৃপতি। ইনি অতি অল্প দিনের মধ্যে পেশোয়ার হইতে কাশ্মীর পর্যন্ত এক বিস্তীর্ণ রাজ্যের অধিপতি হইয়াছিলেন।

রণ্টজেন, কনরাড উইলিয়াম (Rontgen, Conrad William)—(১৮৪৫—১৯২৩ খৃঃ)। প্রসিদ্ধ জার্মান বৈজ্ঞানিক এবং রঞ্জন-রশ্মি বা 'এক্স-রে'র উদ্ভাবক।

রথস্চাইল্ড, আন্সেল্ম মেয়ার (Rothschild, Anselm Meyer)—(১৭৪৩—১৮১২ খৃঃ)। বিখ্যাত ধনকুবের।

ইনি রথ্‌স্‌চাইল্ড-নামক বিখ্যাত বংশের প্রতিষ্ঠাতা। ইঁহার জ্যেষ্ঠপুত্র ব্যারন লায়োনেল্ ডি রথ্‌স্‌চাইল্ড (১৮০৮—১৮৭৯ খৃঃ) হাউস অভ কমন্সের প্রথম ইহুদি সভ্য।

রফি আহমদ কিদোয়াই—জন্ম ১৮৯৪ খৃঃ। উত্তর-প্রদেশের বরবাঁকী জেলার একজন জমিদার। ১৯২১ খৃঃ ইনি কংগ্রেসের স্বাধীনতা আন্দোলনে যোগদান করেন। ১৯৩৭ খৃঃ এবং পুনরায় ১৯৪৬ খৃঃ ইনি উত্তর-প্রদেশের মন্ত্রী হন। ১৯৪৯ খৃঃ ইনি ভারতের বাণিজ্য-সচিব হইয়াছিলেন। ইনি বর্ত্তমানে কংগ্রেসের সভ্যপদ ত্যাগ করিয়া আচার্য্য কৃপালনী কর্ত্তৃক গঠিত নূতন দলে যোগদান করিয়াছেন।

রবি বর্ম্মা, রাজা—(১৮৪৮—১৯০৭ খৃঃ)। ইনি ভারতের অন্যতম শ্রেষ্ঠ চিত্রশিল্পী ছিলেন। জন্মস্থান দক্ষিণ ভারতের অন্তর্গত কিলিমানুর।

রবীন্দ্রনাথ ঠাকুর—(১২৬৮—১৩৪৮ বঙ্গাব্দ)। ইনি পৃথিবীর সর্ব্বশ্রেষ্ঠ কবি ছিলেন। সাহিত্য, নাটক, কবিতা, উপন্যাস প্রভৃতি বাংলাভাষার সকল বিভাগেই ইঁহার প্রতিভা সমভাবে পরিস্ফুট। ইনি অসংখ্য গ্রন্থের প্রণেতা। ইঁহার রচিত 'গীতাঞ্জলি' কাব্য ইংরাজী ভাষায় অনূদিত হইলে পাশ্চাত্ত্য-জগতে ইঁহার খ্যাতি প্রচারিত হয় এবং ১৯১৩ খৃষ্টাব্দে ইনি সর্ব্বশ্রেষ্ঠ কবি বলিয়া 'নোবেল পুরস্কার' প্রাপ্ত হন। ইনি প্রাচীন ভারতের আশ্রমের অনুরূপ করিয়া বোলপুরে 'শান্তি-নিকেতন' ও 'বিশ্বভারতী'র প্রতিষ্ঠা করেন।

রমণ, চন্দ্রশেখর বেঙ্কট—জন্ম ত্রিচিনপল্লীতে ১৮৮৮ খৃঃ। ১৯১৭ খৃঃ সরকারী চাকুরী ছাড়িয়া ইনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে পালিত অধ্যাপক নিযুক্ত হন। ১৯২৮ খৃঃ এক নূতন আণবিকতত্ত্ব আবিষ্কার করিয়া ১৯৩০ খৃঃ ইনি নোবেল পুরস্কার লাভ করেন। ১৯৪১ খৃঃ ইনি যুক্তরাষ্ট্রের ফ্রাঙ্কলিন পদক লাভ করেন। কিছুকাল ইনি বাঙ্গালোর বিজ্ঞান প্রতিষ্ঠানের অধ্যক্ষ ছিলেন।

রমেশচন্দ্র দত্ত—(১৮৪৮—১৯০৯ খৃঃ)। জন্ম কলিকাতার অন্তর্গত রামবাগানে। ইনি I. C. S. হইয়া সরকারের অধীনে বড় চাকুরি করিলেও সাহিত্য চর্চ্চা করিতে বড়ই ভালবাসিতেন। ইঁহার লিখিত 'মাধবী-কঙ্কণ', 'বঙ্গবিজেতা', 'মহারাষ্ট্র জীবন-প্রভাত', 'রাজপুত জীবন-সন্ধ্যা' প্রভৃতি পুস্তক বাংলা সাহিত্যের অমূল্য সম্পদ্। 'Civilisation of Ancient India' ইঁহার একখানি উৎকৃষ্ট গ্রন্থ। ইনি ইংরাজীতে রামায়ণ অনুবাদ করিয়াছেন।

রসেটি, দান্তে গ্যাব্রিয়েল (Rossetti, Dante Gabriele)—(১৮২৮—১৮৮২ খৃঃ)। বিখ্যাত ইতালীয় কবি ও চিত্রকর। 'Beatrix', 'Lillith', 'Dante's Dream' প্রভৃতি ইঁহার অঙ্কিত বিখ্যাত চিত্র। কবি হিসাবেও ইঁহার যথেষ্ট নাম ছিল।

রাখালদাস বন্দ্যোপাধ্যায়—বিখ্যাত ঐতিহাসিক। প্রত্নতত্ত্ব ও মুদ্রাতত্ত্ব বিষয়ের ইনি একজন বিশেষজ্ঞ বলিয়া বিবেচিত হইয়াছিলেন। ইনি 'ধর্ম্মপাল', 'শশাঙ্ক', 'ময়ূখ', 'পাষাণের কথা' প্রভৃতি বহু ঐতিহাসিক গ্রন্থও রচনা করিয়াছেন। ইনি সুবিখ্যাত মাহেঞ্জোদড়ো এবং হারাপ্পা গ্রাম খনন করাইয়া বহু প্রাচীনকালের অতি অভিনব ধরণের বস্তু এবং সুপ্রাচীন ভারতীয় সভ্যতার বহু নিদর্শন আবিষ্কার করেন। ১৩৩৬ বঙ্গাব্দে ইনি পরলোকগমন করেন।

রাজনারায়ণ বসু—(১৮২৬—১৯০০ খৃঃ)। ইনি আশৈশব বিদ্যানুরাগী ছিলেন। 'সেকাল ও একাল', 'ব্রহ্মসাধন' প্রভৃতি বহু গ্রন্থ ইনি রচনা করেন। ইঁহার গ্রন্থপাঠে তৎকালীন সামাজিক চিত্র পরিজ্ঞাত হওয়া যায়।

রাজসিংহ, রাণা—মেবারের মহারাণা। ১৬৫৪ খৃষ্টাব্দে ইনি সিংহাসনে আরোহণ

করেন। প্রতাপসিংহের মৃত্যুর পর হইতে রাজপুত জাতির গৌরব ক্রমশঃ হ্রাস পাইয়া আসিতেছিল। কিন্তু ইঁহার সময় আবার সেই লুপ্তপ্রায় গৌরবের পুনর্বিকাশ হইতে আরম্ভ করে।

রাজাগোপাল আচারিয়ার, বি-এ, বি-এল—জন্ম ১৮৭৯ খৃঃ। ১৯০০ খৃঃ ইনি বারে যোগদান করেন। ১৯১৯ খৃঃ হইতে রাজনীতিক আন্দোলনে যোগদান করিয়া কয়েকবার কারাভোগ করেন। ইনি ১৯৪১-৪২ ও পুনরায় ১৯৪৬ খৃঃ কংগ্রেস কার্যকরী সমিতির সভ্য ছিলেন। ১৯৪২ সালে কংগ্রেস ত্যাগ করিয়া আবার ১৯৪৬ সালে কংগ্রেসে যোগ দেন এবং অন্তর্বর্তী সরকারের একজন মন্ত্রী হন। ১৯৪৭ খৃষ্টাব্দে ইনি বঙ্গের প্রদেশপাল এবং ১৯৪৮ খৃঃ ভারতের রাষ্ট্রপাল হন। এখন ইনি স্বরাষ্ট্র-মন্ত্রী হইয়াছেন।

রাজেন্দ্র চোল, ১ম—দাক্ষিণাত্যের চোলবংশীয় প্রসিদ্ধ নরপতি। সুপ্রসিদ্ধ রামানুজ স্বামী ইঁহার সভাপণ্ডিত ছিলেন।

রাজেন্দ্রপ্রসাদ, এম-এ, ডাঃ—জন্ম ১৮৮৪ খৃঃ বিহারের সারণ জেলায়। ১৯২০ খৃঃ অসহযোগ আন্দোলনে যোগ দেন। বহুবার কারাভোগ করিয়া ১৯৪৭ খৃঃ স্বাধীন ভারতের খাদ্যমন্ত্রী হন। পরে কংগ্রেসের সভাপতি হইয়া উক্ত পদ ত্যাগ করেন। ইনি এখন ভারতের রাষ্ট্রপতি।

রাজ্যবর্দ্ধন—থানেশ্বরের রাজা প্রভাকরবর্দ্ধনের জ্যেষ্ঠ পুত্র এবং হর্ষবর্দ্ধনের অগ্রজ। পিতার মৃত্যুর পর ইনি সিংহাসনে আরোহণ করেন। বাঙ্গালার রাজা শশাঙ্কের সহিত যুদ্ধে ইনি নিহত হন।

রাজ্যশ্রী—ইনি প্রভাকরবর্দ্ধনের কন্যা ও মহারাজ হর্ষবর্দ্ধনের ভগিনী। কান্যকুব্জের রাজা গ্রহবর্ম্মার সহিত ইঁহার বিবাহ হয়।

রাধা—কর্ণের পালিকা মাতা। ইনি অধিরথনামক জনৈক সূত্রধর জাতীয় সারথির পত্নী।

রাধাকান্ত দেব, স্যার, রাজা বাহাদুর—(১৭৮৪—১৮৬৭ খৃঃ)। শিক্ষার উন্নতিকল্পে ইনি ডেভিড হেয়ারের সহযোগে 'স্কুলবুক-সোসাইটী' স্থাপন করেন। স্ত্রীশিক্ষার উন্নতির জন্যও ইনি প্রচুর অর্থব্যয় করিয়াছিলেন। বহু অর্থব্যয় করিয়া ইনি 'শব্দকল্পদ্রুম'-নামক সুবৃহৎ সংস্কৃত শব্দকোষ প্রকাশিত করেন।

রাধানাথ শিকদার—(১৮১৩—১৮৭০ খৃঃ)। কলিকাতার শিকদারপাড়ায় ইঁহার জন্ম হয়। ইনি গণিতশাস্ত্রে বিশেষ পণ্ডিত ছিলেন। ইনিই হিমালয়ের সর্ব্বোচ্চ চূড়ার উচ্চতা মাপিয়া ২৯০০২ ফুট স্থির করেন। কিন্তু অবসরপ্রাপ্ত সার্ভেয়ার-জেনারেল এভারেস্ট সাহেবের নামানুসারে চূড়াটির নাম মাউণ্ট এভারেস্ট হয়।

রাধিকা—(ভাগবত) শ্রীকৃষ্ণের হ্লাদিনী শক্তিস্বরূপিণী ব্রজ-গোপিকা। ইঁহার পিতার নাম বৃষভানু। আয়ান ঘোষ ইঁহার পতি ছিলেন। ইনি শ্রীকৃষ্ণে নিজ চিত্ত সমর্পণ করেন।

রাধিকাপ্রসাদ গোস্বামী (১৮৬১—১৯২৫ খৃঃ)। প্রসিদ্ধ সঙ্গীতবিদ। যদুভট্ট, গুরুপ্রসাদ মিশ্র ও শিবনারায়ণ মিশ্র ইঁহার গুরু। বহুকাল ইনি কাশিমবাজারের মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দীর আশ্রয়ে থাকিয়া সঙ্গীত শিক্ষা দিয়াছেন।

রাবণ—(রামায়ণ) লঙ্কার রাক্ষসরাজ। সীতা হরণের ফলে রামচন্দ্রের সহিত ইঁহার যুদ্ধ সমর উপস্থিত হয়। এই যুদ্ধে ইঁহার সবংশে নিধন ঘটে।

রাম—(রামায়ণ) বিষ্ণুর এক অবতার। ইনি অযোধ্যার রাজা দশরথের জ্যেষ্ঠ পুত্র। কৌশল্যা ইঁহার মাতা। ইঁহার পত্নীর নাম সীতা।

রামকৃষ্ণ পরমহংস—(১৮৩৬—১৮৮৬ খৃঃ)। জনৈক সিদ্ধপুরুষ। হুগলী জেলার অন্তর্গত কামারপুকুর গ্রামে ইনি জন্মগ্রহণ করেন। রাণী রাসমণি ইঁহাকে তাঁ

প্রতিষ্ঠিত দক্ষিণেশ্বর কালীবাড়ীর মন্দিরের পৌরোহিত্যে নিযুক্ত করেন। সেখানে অবস্থান করিয়া ইনি কালীসাধনায় ব্রতী হন এবং সিদ্ধিলাভ করেন।

রামগতি ন্যায়রত্ন—(১২৩৮—১৩০১ বঙ্গাব্দ)। হুগলী জেলায় ইঁহার জন্ম হয়। 'বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্য-বিষয়ক প্রস্তাব'-নামক বাঙ্গালাভাষার একখানি উৎকৃষ্ট ইতিহাস-গ্রন্থ ইঁহার রচনা।

রামতনু লাহিড়ী—(১৮১৩—১৮৯৮ খৃঃ)। ডিরোজিও সাহেবের শিক্ষার আদর্শে ইনি এদেশের সমাজ সংস্কারে উদ্যোগী হন। ইনি ঈশ্বরবিশ্বাসী ছিলেন, কিন্তু প্রচলিত কোন বিশেষ ধর্ম্মমতে ইঁহার আস্থা ছিল না।

রামদাস—শিখ গুরু। ইনি অমৃতসর নগর স্থাপন করিয়াছিলেন (১৫৭৪ খৃঃ)।

রামদাস স্বামী (সমর্থ রামদাস)—(১৬০৮—১৬৮১ খৃঃ)। দাক্ষিণাত্যের বিখ্যাত স্বদেশপ্রেমিক ও ধর্ম্মপ্রচারক। মহারাষ্ট্রপতি শিবাজী ইঁহার পরামর্শ অনুসারে সমুদয় রাজকার্য্য নিষ্পন্ন করিতেন।

রামনিধি গুপ্ত—'নিধিরাম গুপ্ত' দ্রঃ।

রামপাল—পালবংশের শেষ রাজা। খৃষ্টীয় একাদশ শতাব্দীতে ইনি বর্ত্তমান ছিলেন। ইনি উত্তর বিহার জয় করেন।

রামপ্রসাদ সেন—(১৭২৩—১৭৭৫ খৃঃ)। হালিসহরে ইঁহার জন্ম হয়। ইনি একজন প্রসিদ্ধ সাধক ছিলেন। ইঁহার রচিত শ্যামা-বিষয়ক গান অদ্যাপি বাংলার সর্ব্বত্র সাদরে গীত হইয়া থাকে।

রামপ্রাণ গুপ্ত—১৮৬৯ খৃষ্টাব্দে ময়মনসিংহ জেলায় ইনি জন্মগ্রহণ করেন। ইনি 'মোগল বংশ', 'প্রাচীন ভারত', 'পাঠান রাজবৃত্ত', 'ইসলাম কাহিনী' প্রভৃতি কয়েকখানি উৎকৃষ্ট ঐতিহাসিক গ্রন্থ প্রণয়ন করেন।

রামমনোহর লোহিয়া, ডাঃ—জন্ম ১৯১০ খৃঃ। বার্লিন হইতে ইনি 'ডাক্তার' উপাধি লাভ করেন। সমাজতন্ত্রী দলের ইনি একজন প্রধান নেতা। ইনি কংগ্রেসের বৈদেশিক দপ্তরের সেক্রেটারী ছিলেন। যুদ্ধ-বিরোধী প্রচারকার্য্যের জন্য ইনি দুই বৎসর কারাভোগ করেন।

রামমূর্ত্তি নাইডু—জন্ম ১৮৭৯ খৃঃ মাদ্রাজ প্রদেশে। প্রসিদ্ধ ব্যায়ামবীর। দেশ-বিদেশে বহু আশ্চর্য্য ব্যায়াম-কৌশল দেখাইয়া ইনি বিশেষ খ্যাতি অর্জ্জন করেন। ন্যূনাধিক পঞ্চাশ বৎসর বয়সে ইনি পরলোক-গমন করেন।

রামমোহন রায়, রাজা—(১৭৭৪—১৮৩৩ খৃঃ)। ব্রাহ্মধর্ম্মের প্রবর্ত্তক। প্রচলিত হিন্দুধর্ম্মে নানা অনাচার দেখিয়া এবং লোকে ধর্ম্মের প্রকৃত উদ্দেশ্য ভুলিয়া কুসংস্কারে আচ্ছন্ন হইয়াছে বলিয়া ইনি দেশমধ্যে এক নূতন ধর্ম্মমত প্রচলিত করেন। ইহাই ব্রাহ্ম-ধর্ম্ম। প্রধানতঃ ইঁহার চেষ্টায় সতীদাহ-প্রথা নিবারিত হয়। দিল্লীর সম্রাট্ ইঁহাকে 'রাজা' উপাধি প্রদান করেন। ব্রিস্টল নগরে ইঁহার পরলোক-প্রাপ্তি ঘটে।

রামানন্দ—ইনি একজন প্রসিদ্ধ বিষ্ণুভক্ত ও ধর্ম্মপ্রচারক। ইনি একেশ্বরবাদ প্রচার করিয়া মানুষের ভ্রাতৃত্বের বন্ধন সুদৃঢ় করিতে চাহিয়াছিলেন। ইনি চতুর্দ্দশ শতাব্দীতে আবির্ভূত হন।

রামানন্দ চট্টোপাধ্যায়—বিখ্যাত সাংবাদিক ও সাহিত্যিক। ইনি 'প্রবাসী' ও 'দি মডার্ণ রিভিউ' পত্রিকা সম্পাদক ছিলেন। ইনি ইউরোপে আন্তর্জ্জাতিক সাংবাদিক সম্মেলনে নিমন্ত্রি হইয়া তাহাতে যোগদান করিয়াছিলেন।

রামানন্দ রায়—প্রসিদ্ধ বৈষ্ণব। র রামানন্দ নামে ইনি সাধারণতঃ পরিচি ইনি উড়িষ্যারাজ প্রতাপরুদ্রের প্রধান ক চারী ছিলেন। ইনি এতাদৃশ ভক্ত ছিলেন শ্রীচৈতন্যদেব ইঁহার সহিত সাক্ষাৎ করি জন্য বিদ্যানগরে গমন করেন। ইঁহার র 'জগন্নাথবল্লভ'-নামক নাটকখানি বি

প্রসিদ্ধ। ইঁহার রচিত অনেক শ্লোক 'পদ্যাবলী'-নামক গ্রন্থে পাওয়া যায়।

রামানুজ—দাক্ষিণাত্যে ইঁহার জন্ম হয়। খৃষ্টীয় একাদশ শতাব্দী ইঁহার আবির্ভাবকাল। ইনি একজন বিখ্যাত বিষ্ণুভক্ত ও বৈষ্ণবধর্ম্মের প্রচারক। রামানন্দ এবং কবীর ইঁহারই ধর্ম্মমত অনুসরণ করিয়াছিলেন।

রামী—আনুমানিক ১৪৫০ খৃঃ অব্দে ইনি বর্ত্তমান ছিলেন। ইঁহার নাম রামমণি বা রামতারা। ইনি জাতিতে রজক ছিলেন। চণ্ডীদাস নান্নুর গ্রামে বাশুলী দেবীর পূজারী ছিলেন এবং ইনি সেই মন্দিরের পরিচারিকা ছিলেন। চণ্ডীদাস ইঁহার প্রেমে পড়েন এবং সহজ সাধনার নায়িকারূপে ইঁহাকে গ্রহণ করেন। ইঁহার কয়েকটি পদ পাওয়া গিয়াছে। ইঁহাকে কেহ কেহ বঙ্গের আদি মহিলা কবি বলেন।

রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, এম-এ, পি-আর-এস—(১৮৬৪—১৯১৯ খৃঃ)। ইনি একাধারে বৈজ্ঞানিক, দার্শনিক ও সাহিত্যিক ছিলেন। পৈতৃক নিবাস মুর্শিদাবাদ জেলায়। ইঁহার লিখিত কয়েকখানি অতি উৎকৃষ্ট দার্শনিক ও বৈজ্ঞানিক প্রবন্ধপূর্ণ পুস্তক আধুনিক বঙ্গভাষার যথেষ্ট শ্রীবৃদ্ধি করিয়াছে।

রাসবিহারী ঘোষ, স্যার—(১৮৪৫—১৯২১ খৃঃ)। সুপ্রসিদ্ধ ব্যবহারাজীব। বর্দ্ধমান জেলায় ইনি জন্মগ্রহণ করেন। তৎকালে কলিকাতা হাইকোর্টে ইঁহার ন্যায় আইনজ্ঞ ব্যক্তি অতি অল্পই ছিলেন। ইনি দেশে শিক্ষাবিস্তারকল্পে বহু লক্ষ টাকা দান করিয়া গিয়াছেন।

রাসবিহারী বসু—প্রসিদ্ধ বিপ্লবী ও চির-বিদ্রোহী। জন্ম ১৮৮০ খৃষ্টাব্দে বর্দ্ধমান জেলার সুবলদহ গ্রামে। পিতা বিনোদবিহারী বসু পৈতৃক গৃহ ছাড়িয়া চন্দননগরে বাস করিতেন। মাত্র দ্বিতীয় শ্রেণী পর্য্যন্ত পড়িয়াই রাসবিহারী ইংরাজী ও ফরাসী ভাষা উত্তমরূপে আয়ত্ত করিয়াছিলেন। ১৯১০ সালে সরকারী চাকুরী লইয়া ইনি দেরাদুনে যান, কিন্তু তাহার পূর্ব্ব হইতেই ইনি বিপ্লবী দলের সঙ্গ লাভ করিয়াছিলেন। দিল্লীতে লর্ড হার্ডিঞ্জের উপর বোমা নিক্ষেপ করাইয়া দ্রুত দেরাদুনে ফিরিয়া ইনি বোমা নিক্ষেপের প্রতিবাদে এক সভা করেন। ১৯১৫ খৃষ্টাব্দে মহাসমরের সুযোগে ইনি এক বৈপ্লবিক অভ্যুত্থানের চেষ্টা করেন। বিষ্ণুগণেশ পিংলে, শচীন সান্যাল, ভাই পরমানন্দ প্রভৃতি বিপ্লবীর সহযোগিতায় সৈন্যদলে বিপ্লবের বাণী প্রচার করিয়া ২১শে ফেব্রুয়ারী ভারতব্যাপী বিদ্রোহের আয়োজন করেন। কিন্তু কৃপাল সিং নামক গুপ্তচরের দ্বারা সব কিছু আয়োজন পণ্ড হইয়া গেল। ধরপাকড় আরম্ভ হইল। রাসবিহারী এক বৎসর পূর্ব্বেই দিল্লী বড়যন্ত্র মামলার আসামী হিসাবে প্রাণদণ্ডাদেশ লাভ করিয়াছিলেন কিন্তু পুলিশ ইঁহাকে ধরিতে পারে নাই। ইনি 'পি এন. ঠাকুর' এই ছদ্ম নামে বাংলা সরকারের নিকট হইতে জাপান যাওয়ার অনুমতি লাভ করিয়া ১৯১৫ সালের ১২ই মে 'সানু কিমারু'-নামক জাপানী জাহাজে জাপানে চলিয়া গেলেন। সরকারের ধারণা যে, তিনি রবীন্দ্রনাথের কেহ হইবেন এবং তাঁহার জাপান যাত্রার ব্যবস্থা করিতে যাইতেছেন। বহু কষ্টে জাপানে উপস্থিত হইয়া ইনি ক্রমে ব্লাক ড্রাগন সমিতির নেতা মিৎসুরো তোয়ামা-নামক সাধুর সংস্পর্শে আসেন। ঐ সমিতি ইঁহাকে সাদরে গ্রহণ করিয়া দীর্ঘ আট বৎসর জাপানী ও ইংরাজ গোয়েন্দার দৃষ্টি হইতে গোপন করিয়া রাখে। ১৯২৩ খৃষ্টাব্দে ইঁহার গুণমুগ্ধ জাপানী সম্ভ্রান্ত ব্যক্তিদের চেষ্টায় ইনি নাগরিক অধিকার লাভ করেন এবং ব্যারণ নাকা মুরা-নামক রাজবংশোদ্ভূত ব্যক্তির কন্যার পাণিগ্রহণ করেন। টোকিও শহরে একটি বড় হোটেল খুলিয়া ইনি জীবিকা নির্ব্বাহ করিতে থাকেন। ১৯৩০ খৃষ্টাব্দে ইঁহার

পত্নী পুত্র রঞ্জুকী বসু ও কন্যা ভারতী বসুকে রাখিয়া পরলোকগমন করেন। ১৯৩৯ খৃঃ দ্বিতীয় মহাসমর আরম্ভ হইলে ইনি প্রবাসী ভারতবাসীদের লইয়া একটি সেনাদল গঠন করেন। ইঁহার চেষ্টায় নেতাজী সুভাষকে ১৯৪৩ খৃষ্টাব্দের জুন মাসে বার্লিন হইতে জাপানে আনান হয়। নেতাজী আজাদ হিন্দ ফৌজের নায়কত্বের ভার লইলে রাসবিহারী আজাদ হিন্দ সরকারের প্রধান উপদেষ্টা হন। কিন্তু ৬৭ বৎসর বয়সে আশার আনন্দে সমগ্র পূর্ব এসিয়া অক্লান্তভাবে ছুটাছুটি করিয়া তাঁহার স্বাস্থ্যভঙ্গ হইল। এ অবস্থায় জাপানের অস্ত্রাদি সরবরাহের প্রতিশ্রুতি ভঙ্গ হেতু মণিপুর হইতে আজাদ হিন্দ্ ফৌজ পশ্চাদপসরণ করাতে ইঁহার মনে বড় আঘাত লাগে। ১৯৪৫ সালের ২১শে জানুয়ারী ভারতমাতার বীরসন্তান চির-বিপ্লবী রাসবিহারী হৃদযন্ত্রের পীড়ায় চির-নিদ্রিত হন। মহাযুদ্ধের সময় ভারতবাসী উৎকর্ণ হইয়া ইঁহার বেতার ভাষণ শুনিবার চেষ্টা করিয়াছে, কিন্তু ইংরাজ সেই বৈতারিক শব্দ নানাবিধ কোলাহলের দ্বারা নষ্ট করিয়া দিয়াছে।

রাসমণি, রাণী—ত্রিবেণীর নিকটস্থ কোনা-নামক গ্রামে এক দরিদ্র কৃষকের গৃহে ইঁহার জন্ম হয়। কলিকাতার রাজচন্দ্র মাড়ের সহিত ইঁহার বিবাহ হয়। স্বামীর মৃত্যুর পর রাসমণি বিপুল ঐশ্বর্য্যের অধিকারিণী হন। দুঃখীর দুঃখমোচনে ইনি সর্ব্বদাই যত্নবতী ছিলেন। দক্ষিণেশ্বরের প্রসিদ্ধ দেবালয় ও অতিথিশালা ইঁহার কীর্ত্তি ও দয়ার নিদর্শন। ১৮৬১ খৃষ্টাব্দে ইনি দেহত্যাগ করেন।

রাসেল, বার্ট্রাণ্ড আর্থার উইলিয়াম (Russell, Bertrand Arthur William)—বিখ্যাত ইংরাজ লেখক ও বৈজ্ঞানিক। জন্ম ১৮৭২ খৃঃ। দার্শনিক ও গণিতজ্ঞ হিসাবে ইঁহার বিশেষ নাম আছে। 'Mysticism and Logic', 'The Analysis of Matter', 'Marriage and Morals' প্রভৃতি ইঁহার বিখ্যাত পুস্তক।

রাস্কিন, জন (Ruskin, John)—(১৮১৯—১৯০০ খৃঃ)। বিখ্যাত ইংরাজ সমালোচক ও দার্শনিক। 'Modern Painters', 'The Seven Lamps of Architecture', 'The Stones of Venice' প্রভৃতি ইঁহার বিখ্যাত গ্রন্থ।

রিচার্ড, ১ম (Richard I.)—(১১৫৭—১১৯৯ খৃঃ)। ইংলণ্ডের রাজা। ইনি Lion-hearted নামে খ্যাত। ইনি দ্বিতীয় হেনরীর পুত্র ছিলেন। 'ক্রুসেড'-নামক ধর্ম্ম-যুদ্ধগুলির 'তৃতীয় ক্রুসেডে'র ইনি অন্যতম নায়ক ছিলেন।

রিচার্ড, ২য় (Richard II.)—(১৩৬৭—১৪০০ খৃঃ)। ইংলণ্ডের রাজা ও ব্ল্যাক প্রিন্সের পুত্র। ইঁহার রাজত্বকাল বিশৃঙ্খলা-পূর্ণ ছিল। ১৩৮১ খৃষ্টাব্দে ওয়াট টাইলারের নেতৃত্বে এক কৃষক-বিদ্রোহ সংঘটিত হয়।

রিচার্ড, ৩য় (Richard III.)—(১৪৫২—১৪৮৫ খৃঃ)। ৫ম এড্ওয়ার্ডকে কারাগারে নিহত করিয়া ইনি ১৪৮৩ খৃঃ ইংলণ্ডের রাজা হন। বস্‌ওয়ার্থে ইনি নিহত হন।

রিজিয়া, সুলতানা—ইঁহার পুরা নাম রজিয়ৎ-উদ্-দীন। ইনি সিংহাসনে আরোহণ করিয়া পুরুষবেশে রাজকার্য্য পরিচালনা করিতেন। কিন্তু রমণীর শাসন অনেকে পছন্দ না করায় চারিদিকে বিদ্রোহ উপস্থিত হয় এবং ইনি নিহত হন।

রিবেনট্রপ (Ribbentrop, Herr Joachim von)—(জন্ম ১৮৯৩ খৃঃ)। ইনি ১৯৩৬ খৃষ্টাব্দে জার্ম্মানীর দূত হিসাবে লণ্ডনে আসেন। পরে জার্ম্মানীর পররাষ্ট্র সচিব হন। দ্বিতীয় মহাযুদ্ধে জার্ম্মানী পরাজিত হইবার পর ইঁহার ফাঁসী হয়।

রিসলু, আর্ম্মাণ্ড জিন, কার্ডিনাল (Richelieu, Armand Jean, Cardinal)

—(১৫৮৫—১৬৪২ খৃঃ)। প্রসিদ্ধ ফরাসী রাজনীতিবিশারদ। ইনি ফ্রান্সের রাজা ত্রয়োদশ লুইয়ের মন্ত্রী ছিলেন।

রুক্মিণী—(মহাভারত) বিদর্ভরাজ ভীষ্মকের দুহিতা, স্বয়ং লক্ষ্মীর অংশে অবতীর্ণা। কৃষ্ণ ইঁহাকে হরণ করেন এবং দ্বারকায় লইয়া গিয়া বিবাহ করেন।

রুজ্‌ভেল্ট, থিওডোর (Roosevelt, Theodore)—(১৮৫৮—১৯১৯ খৃঃ)। আমেরিকার যুক্তরাষ্ট্রের অন্যতম সভাপতি। ইনি দুইবার সভাপতি নির্বাচিত হন। বিশ্বশান্তির প্রচেষ্টার জন্য ইঁহাকে ১৯০৬ খৃঃ 'নোবেল প্রাইজ' দেওয়া হয়।

রুজ্‌ভেল্ট, ফ্রাঙ্কলিন ডি (Roosevelt, Franklin D.)—আমেরিকার যুক্তরাষ্ট্রের অন্যতম সভাপতি। ১৮৮২ খৃষ্টাব্দে ইঁহার জন্ম হয়। ১৯৩২ খৃঃ ইনি প্রথম সভাপতি হন। ১৯৩৬, ১৯৪০, ১৯৪৪ খৃঃ ইনি পুনরায় সভাপতি নির্বাচিত হন। ইনি ইঁহার New Deal বা নবনীতির দ্বারা রাষ্ট্রের সঙ্কটকালে ধনিকশ্রেণীর বিরোধিতা সত্ত্বেও যে ভাবে দেশের শিল্পোন্নতির ব্যবস্থা করেন, তাহাতেই ইঁহাকে জনপ্রিয় করিয়া তোলে। ইনি কম্যুনিষ্ট রুশিয়ার প্রতি উদার মনোভাব পোষণ করিতেন এবং ইংলণ্ডকর্তৃক ভারতকে স্বাধীনতাদানের পক্ষপাতী ছিলেন।

রুদ্র—ব্রহ্মার ললাট হইতে উৎপন্ন দেবতাবিশেষ। ইনি একাদশ ভাগে বিভক্ত হইয়া সূর্য্য প্রভৃতিতে অবস্থান করেন।

রুসো, জিন-জ্যাক (Rousseau, Jean-Jacques)—(১৭১২—১৭৭৮ খৃঃ)। বিখ্যাত ফরাসী লেখক। ইনি নিজের সকল দুষ্কৃতি স্বীকার করিয়া 'কনফেশান্‌স্' নামে যে গ্রন্থ রচনা করেন, তাহা সবিশেষ প্রসিদ্ধ।

রূপ গোস্বামী—(১৪৮৯—১৫৬৪ খৃঃ)। শ্রীচৈতন্যদেবের অনেক ভক্ত শিষ্য। ইনি বিখ্যাত সনাতন গোস্বামীর ভ্রাতা। উভয়ে একত্র রূপ-সনাতন নামে খ্যাত।

রেণুকা—পরশুরামের মাতা। ইনি প্রসেনজিৎ রাজার কন্যা এবং জমদগ্নি মুনির পত্নী।

রেবতী—কুশস্থলীর রাজা রেবতের কন্যা এবং বলরামের পত্নী।

রেমব্রাঁ (Rembrandt)—(১৬০৬—১৬৬৯ খৃঃ)। প্রসিদ্ধ ওলন্দাজ চিত্রকর। ইঁহার চিত্রে প্রাকৃতিক দৃশ্যের সজীব ভাবগুলি বেশ পরিস্ফুটভাবে অঙ্কিত হইয়াছে।

রেলে, ব্যারন (Rayleigh, Baron)—(১৮৪২—১৯১৯ খৃঃ)। বিখ্যাত পদার্থবিজ্ঞানবিদ্‌দের অন্যতম। ইনি শব্দ-সম্বন্ধে অনেক গবেষণা করেন। স্যার উইলিয়াম র‍্যামজের সহিত ইনি 'আর্গন' (Argon) বাষ্প আবিষ্কার করেন। ১৯০৪ খৃষ্টাব্দে ইনি পদার্থবিজ্ঞানে 'নোবেল পুরস্কার' পান।

রোণ্টজেন, কন্‌রাড উইলিয়াম—'রন্‌টজেন' দ্রঃ।

রোব্‌স্‌পিয়ার (Robespierre)—(১৭৫৮—১৭৯৪ খৃঃ)। ফরাসী বিপ্লবের অন্যতম নেতা। ফরাসী বিপ্লবের সময় ইনি 'জ্যাকোবিন' সম্প্রদায়ের নেতৃত্ব লাভ করেন। বিচারে ইঁহার প্রাণদণ্ড হয় এবং গিলোটিন যন্ত্রের সাহায্যে ইঁহাকে বধ করা হয়।

রোমিউলাস (Romulus)—ইনি রোম নগরের প্রতিষ্ঠা করেন।

রোলাঁ, রোমাঁ (Rolland, Romain)—(১৮৬৬—১৯৪৪ খৃঃ)। বিখ্যাত ফরাসী লেখক। ১৯১৫ খৃষ্টাব্দে ইনি সাহিত্যে 'নোবেল প্রাইজ' প্রাপ্ত হন। 'জাঁ ক্রিস্তফ' (Jean Christophe)-নামক ইঁহার পুস্তকখানি বিশ্ব-বিশ্রুত।

রোস্তম—পারস্যের প্রসিদ্ধ বীরপুরুষ। ইঁহার পত্নীর নাম তাহ্‌মিনা। দৈব দুর্বিপাকে বীর একমাত্র পুত্র সোহ্‌রাব ইঁহার হস্তে নিহত হয়।

রো, স্যার টমাস (Roe, Sir Thomas)—ইনি ইংলণ্ডের রাজা প্রথম জেম্‌সের দূত হইয়া ১৬১৫ খৃষ্টাব্দে জাহাঙ্গীরের সভায়

আসেন। ইনি ভারতবর্ষে ইংরাজদিগকে বাণিজ্য করিবার অনুমতি দিবার জন্য জাহাঙ্গীরের কাছে আবেদন করেন। ইনি ভারতবর্ষের তৎকালীন অবস্থা ও বিশেষতঃ জাহাঙ্গীরের রাজত্বের কাহিনী ও শাসন-প্রণালী সম্বন্ধে একখানি পুস্তক লিখিয়া গিয়াছেন।

রোহিণী—১। ইনি চন্দ্রের পত্নী এবং দক্ষ প্রজাপতির কন্যা। ২। বসুদেব ইঁহার স্বামী এবং বলরাম ইঁহার পুত্র।

র‍্যাফেল, স্যান্‌ৎসিও (Raphael, Sanzio)—(১৪৮৩—১৫২০ খৃঃ)। বিখ্যাত ইতালীয় চিত্রকর। 'The Madonna', 'The Transfiguration' ইত্যাদি ইঁহার সুপ্রসিদ্ধ চিত্র।

র‍্যালে, স্যার ওয়াল্টার (Raleigh, Sir Walter)—(১৫৫২—১৬১৮ খৃঃ)। সুপ্রসিদ্ধ সৈনিক, নাবিক ও রাজনীতিবিদ্। ভার্জিনিয়ার ও সুদূর পশ্চিমের উপনিবেশগুলির ইনিই আবিষ্কর্তা। কথিত আছে, ইনি ইংলণ্ডে গোল আলুর গাছ আনয়ন ও তামাকের প্রচলন করিয়াছেন।

ল

লংফেলো, হেনরী ওয়াড্‌স্‌ওয়ার্থ (Longfellow, Henry Wordsworth)—(১৮০৭—১৮৮২ খৃঃ)। আমেরিকার সুপ্রসিদ্ধ কবি। ইঁহার 'Psalm of Life', 'Evangeline' প্রভৃতি কবিতা অতি মনোহর।

লক্ষ্মণ—(রামায়ণ) অযোধ্যার মহারাজ দশরথের তৃতীয় পুত্র। ইঁহার মাতার নাম সুমিত্রা।

লক্ষ্মণ সেন—বল্লাল সেনের পুত্র এবং বাংলার শেষ হিন্দু রাজা। নবদ্বীপ ইঁহার রাজধানী ছিল। প্রবাদ আছে যে, বখ্‌তিয়ার উদ্দীন মাত্র ১৭ জন অনুচর লইয়া ইঁহার রাজধানীতে আসিলে ইনি পলায়ন করিয়া পূর্ব্ববঙ্গে রাজধানী স্থাপন করেন।

লক্ষ্মী—সৌভাগ্যের অধিষ্ঠাত্রী দেবী। ইনি বিষ্ণুর পত্নী। দুর্ব্বাসার অভিশাপে ত্রিলোক শ্রীহীন হইলে ইনি সমুদ্রে নিমজ্জিতা এবং পরে সমুদ্র-মন্থনে উত্থিতা হন।

লক্ষ্মীবাঈ—ঝাঁসির রাণী। ১৮৫৩ খৃষ্টাব্দে ইনি বিধবা হইলে ইংরাজগণ ইঁহার দত্তক পুত্রের স্বত্ব অস্বীকার-পূর্ব্বক রাজ্য আত্মসাৎ করেন। সেইজন্য ইনি সিপাহী-বিদ্রোহে যোগদান করেন এবং কয়েকবার জয়-পরাজয়ের পর ১৮৫৮ খৃষ্টাব্দে গোয়ালিয়র যুদ্ধক্ষেত্রে প্রাণত্যাগ করেন।

লব—শ্রীরামচন্দ্রের কনিষ্ঠ পুত্র। লব লবকোটে (বর্ত্তমানে লাহোর) স্বীয় রাজধানী স্থাপন করেন।

লাইকারগাস (Lycurgus)—স্পার্টার বিখ্যাত আইন-প্রণেতা। ইনি খৃঃ পূঃ ৮৪৪ অব্দে বর্ত্তমান ছিলেন।

লাজপৎ রায়, লালা—(১৮৬৫—১৯২৮ খৃঃ)। পঞ্জাবের ব্যবহারাজীব ও সুপ্রসিদ্ধ দেশসেবক। ১৯১৯ খৃষ্টাব্দে কলিকাতায় জাতীয় কংগ্রেসের যে বিশেষ অধিবেশন হয়, ইনি তাহার সভাপতি নির্ব্বাচিত হন। ইনি দেশের জন্য দীর্ঘকাল কারাভোগ করেন। ইনি আর্য্য-সমাজের একজন বিশিষ্ট কর্ম্মী ছিলেন।

লালবিহারী দে, রেভারেণ্ড—(১৮২৬—১৮৯৪ খৃঃ)। ইনি ইংরাজী ভাষায় সুপণ্ডিত ছিলেন। ইঁহার রচিত দুইখানি পুস্তক 'Bengal Peasant Life' এবং 'Folk-tales of Bengal' ইংরাজী ভাষায় ইঁহার পাণ্ডিত্যের পরিচয় দেয়।

লিওনার্দো দা ভিঞ্চি—(Leonardo da Vinci)—(১৪৫২—১৫১৯ খৃঃ)। ইটালীর সুপ্রসিদ্ধ চিত্রকর। ইনি পৃথিবীর সর্ব্বশ্রেষ্ঠ চিত্রকর বলিয়া খ্যাত। যীশু খৃষ্টের 'শেষ ভোজ' (Last Supper) চিত্র ইঁহার সর্ব্বশ্রেষ্ঠ সৃষ্টি। ইঁহার 'The Virgin of the Rocks', 'Mona Lisa' সুপ্রসিদ্ধ চিত্র।

লিওনিডাস (Leonidas)—ইনি স্পার্টার রাজা ছিলেন। থারমোপিলি গিরিবর্ত্মে পারস্যের বিপুল বাহিনীর বিরুদ্ধে ইনি অসাধারণ বীরত্বের সহিত অতি ক্ষুদ্র সৈন্যদল লইয়া আত্মরক্ষা করিয়াছিলেন। খৃষ্টপূর্ব ৪৮০ অব্দে ইঁহার মৃত্যু হয়।

লিঙ্কন, এব্রাহাম—'এব্রাহাম লিঙ্কন' দ্রঃ।

লিটন, এডওয়ার্ড বুলওয়ার, লর্ড (Lytton, Edward Bulwer, Lord)—(১৮০৩—১৮৭৩ খৃঃ)। প্রসিদ্ধ ইংরাজ লেখক। ইঁহার রচনার মধ্যে 'Eugene Aram', 'The Last Days of Pompeii' প্রভৃতি সুপ্রসিদ্ধ। ভারতের ভূতপূর্ব গভর্ণর-জেনারেল আর্ল অব লিটন ইঁহার পুত্র।

লিটন, এডওয়ার্ড রবার্ট, লর্ড (Lytton, Edward Robert, Lord)—(১৮৩১—১৮৯১ খৃঃ)। ভারতের ভূতপূর্ব গভর্ণর-জেনারেল ও ভাইস্‌রয়। ইনি ১৮৭৬ হইতে ১৮৮০ খৃষ্টাব্দ পর্যন্ত ভারতের বড়লাট ছিলেন।

লিটন, লর্ড (Lytton, Lord)—বঙ্গের শাসনকর্তা। ১৮৭৬ খৃষ্টাব্দে সিমলায় ইঁহার জন্ম হয়। পিতা ভারতের ভূতপূর্ব বড়লাট লর্ড লিটন। ইনি ১৯২২ হইতে ১৯২৭ খৃষ্টাব্দ পর্যন্ত বঙ্গের শাসনকর্তা ছিলেন।

লিটভিনোফ, ম্যাক্সিম (Litvinoff, Maxim)—রাশিয়ার নির্ভীক রাজনীতিবিদ্‌ ও রাষ্ট্রদূত। ১৯১৪-১৮ খৃষ্টাব্দের মহাসমরে ইনি বিশেষ খ্যাতি অর্জন করেন। বর্তমানে ইনি আমেরিকার রুশ রাষ্ট্রদূত।

লিভিংস্টোন, ডেভিড (Livingstone, David)—(১৮১৩—১৮৭৩ খৃঃ)। প্রসিদ্ধ স্কটিশ ধর্মযাজক, আবিষ্কারক ও পর্যটক। আফ্রিকায় ইঁহার বহু আবিষ্কার ভৌগোলিক গবেষণাকে সমৃদ্ধ করিয়াছে। ইনি ভিক্টোরিয়া জলপ্রপাত এবং নিয়াসা ও অন্যান্য হ্রদ আবিষ্কার করেন।

লীলাবতী—বিখ্যাত জ্যোতির্বিদ্‌ ভাস্করাচার্যের বিদুষী কন্যা। গণিতশাস্ত্রে ইনি অতীব ব্যুৎপন্না ছিলেন। 'সিদ্ধান্ত-শিরোমণি'-নামক গ্রন্থের 'লীলাবতী'-নামক বীজগণিত-বিষয়ক অধ্যায়টি ইনি পিতার সহযোগে প্রণয়ন করেন বলিয়া প্রসিদ্ধি আছে। কাহারও মতে, ভাস্করাচার্য কন্যার নামে উক্ত অধ্যায় রচনা করেন।

লুই, ১৪শ—(Louis XIV.)—(১৬৩৮—১৭১৫ খৃঃ)। ফ্রান্সের রাজা, ত্রয়োদশ লুই-এর পুত্র। ইনি সুদীর্ঘ ৭২ বৎসরকাল রাজত্ব করিয়াছিলেন এবং ইঁহার সময়ে রাজনীতি, সাহিত্য, কলাবিদ্যা, কৃষি, বিজ্ঞান প্রভৃতি সকল বিষয়েই ফ্রান্সের যথেষ্ট উন্নতি হইয়াছিল।

লুই, ১৬শ (Louis XVI.)—(১৭৫৪—১৭৯৩ খৃঃ)। ফ্রান্সের রাজা। ইনি ১৫শ লুইয়ের পৌত্র। ইঁহার সময় হইতে রাজ্যের অবস্থা ক্রমশঃ খারাপ হইতে থাকে এবং ১৭৮৯ খৃষ্টাব্দ হইতে বিপ্লব আরম্ভ হয়। গিলোটিন অস্ত্রের সাহায্যে ইঁহাকে সস্ত্রীক বধ করা হয়।

লুইস, সিনক্লেয়ার (Lewis, Sinclair)—(জন্ম ১৮৮৫ খৃঃ)। আমেরিকার বিখ্যাত সাহিত্যিক। ১৯৩০ খৃষ্টাব্দে ইনি 'নোবেল পুরস্কার' লাভ করেন। 'Babbitt', 'Main Street' প্রভৃতি ইঁহার রচিত গ্রন্থ।

লুথার, মার্টিন (Luther, Martin)—(১৪৮৩—১৫৪৬ খৃঃ)। জগদ্বিখ্যাত জার্মান ধর্মসংস্কারক। ইনি রোমান ক্যাথলিক মত পরিত্যাগ করিয়া এক নূতন ধর্মমতের প্রবর্তন করেন, তাহার নাম প্রোটেস্টান্ট মত। ইঁহার মতবাদ উপলক্ষ করিয়া যুদ্ধ বাধিয়া উঠে এবং পরে এ যুদ্ধ সমস্ত ইউরোপে ছড়াইয়া পড়ে। ইঁহার জীবদ্দশাতেই ইঁহার ধর্মমত বহুস্থানে সুপ্রতিষ্ঠিত হয়।

লেনিন, ভ্লাডিমির ইলিইচ উল্‌ইয়ানোফ (Lenin, Vladimir Ilyich

Ul'yanov)—(১৮৭০—১৯২৪ খৃঃ)। রুষ রাষ্ট্রনায়ক। ইঁহাকে ইতিহাসে রুষ বিপ্লবের নেপোলিয়ান বলা হয়। ইঁহার মতবাদ বলশেভিক মতবাদ বলিয়া সুপরিচিত।

লেভারিয়ার, আরবেন—(Leverrier, Urbain)—(১৮১১—১৮৭৭ খৃঃ)। ফরাসী জ্যোতির্বিদ্। জন কাউচ আডম্‌স্-এর সহিত মিলিত হইয়া ইনি নেপচুন-নামক গ্রহের আবিষ্কার করেন।

লোকনাথ বল—(১৯৩০ খৃঃ) চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের অধিনায়ক প্রসিদ্ধ বিপ্লবী। ইংরাজ-হস্তে ধৃত হইয়া ইনি দ্বীপান্তর দণ্ড প্রাপ্ত হন। দণ্ডান্তে ইনি মুক্ত হইয়া বর্তমানে কলিকাতা কর্পোরেশনের সিকিউরিটি অফিসার পদে অধিষ্ঠিত আছেন।

লোচনদাস (ত্রিলোচন দাস)—(১৫২৩—১৫৮৯ খৃঃ)। বর্দ্ধমান জেলায় ইঁহার জন্ম। ইনি একজন বৈষ্ণব সাধক ও কবি বলিয়া প্রসিদ্ধ।

লোমপাদ—রামায়ণে বর্ণিত অঙ্গদেশের নৃপতিবিশেষ। ইনি অযোধ্যাপতি দশরথের মিত্র ছিলেন। দশরথ স্বীয় কন্যা শান্তা-দেবীকে দত্তক কন্যা স্বরূপ ইঁহাকে প্রদান করিয়াছিলেন।

ল্যাম্ব্, চার্লস (Lamb, Charles)-(১৭৭৫—১৮৩৪ খৃঃ)। ইংলণ্ডের সুপ্রসিদ্ধ প্রবন্ধরচয়িতা। ইনি গল্পের আকারে মহাকবি শেক্সপীয়রের নাটকাবলীর একটি প্রাঞ্জল সংস্করণ বাহির করেন। এই শেষোক্ত ব্যাপারে ইঁহার ভগিনী মেরী ইঁহাকে সাহায্য করিয়াছিলেন। ইঁহার 'Essays of Elia' ইঁহাকে অমর করিয়া রাখিয়াছে।

শ

শকারি—রাজা দ্বিতীয় চন্দ্রগুপ্ত শকদিগকে দমন করিয়া 'শকারি' উপাধি গ্রহণ করেন।

শকুনি—(মহাভারত) রাজা ধৃতরাষ্ট্রের শ্যালক। ইনিই পিতার অস্থিতে নির্ম্মিত পাশা দ্বারা যুধিষ্ঠিরের সর্ব্বস্ব দুর্য্যোধনের জন্য জয় করেন। ইনি স্বীয় ভাগিনের দুর্য্যোধনকে সর্ব্বদাই কুযুক্তি দিতেন এবং তাহারই ফলে দুর্য্যোধন কুপথে চালিত হইয়া পরিণামে ধ্বংসপ্রাপ্ত হন।

শকুন্তলা—(মহাভারত) চন্দ্রবংশীয় রাজা দুষ্মন্তের মহিষী। ইনি মহর্ষি কণ্বের পালিতা কন্যা। পরে তপোবনে মহারাজ দুষ্মন্ত ইঁহাকে বিবাহ করেন। ইঁহার পুত্রের নাম ভরত।

শঙ্করাচার্য্য—(৭৮৮—৮২০ খৃঃ)। সুপ্রসিদ্ধ দার্শনিক পণ্ডিত। ইনি দাক্ষিণাত্যের মালাবার প্রদেশে জন্মগ্রহণ করেন। ইনি বৌদ্ধধর্ম্মের প্রাবল্যে সনাতন ব্রাহ্মণ্যধর্ম্ম ও শাস্ত্রাদির অভিভব হইতে দেখিয়া তীব্রভাবে হিন্দুধর্ম্ম দর্শন ও সংস্কৃতির সমর্থন ও সংবর্দ্ধন করেন। ইঁহার প্রণীত 'শারীরকভাষ্যম্' গ্রন্থ বেদব্যাসের উত্তর-মীমাংসার ভাষ্য। উহা এক অমূল্য গ্রন্থ। ইঁহার মতাবলম্বিগণ ইঁহাকে শিবের অবতার বলিয়া মনে করেন। ইঁহার প্রণীত উপনিষদ্‌সমূহের ভাষ্য ও শ্রীমদ্‌ভগবদ্‌-গীতার ভাষ্য সমধিক উল্লেখযোগ্য। ইনি শিষ্যগণকে ত্যাগমার্গে লইবার জন্য 'মোহ-মুদ্গর'-নামক কতিপয় শ্লোক রচনা করেন।

শচী—১। দেবরাজ ইন্দ্রের পত্নী। ২। শ্রীগৌরাঙ্গদেবের জননী। ইঁহার পিতার নাম নীলাম্বর চক্রবর্ত্তী।

শ', জর্জ বার্নার্ড (Shaw, George Bernard)—(১৮৫৬—১৯৫০ খৃঃ)। আয়ার্ল্যাণ্ডের লব্ধপ্রতিষ্ঠ লেখক ও নাট্যকার। ইঁহার নাটক ও অন্যান্য বহুবিধ রচনা বিদ্বৎ-সমাজে সুপরিচিত। ১৯২৫ খৃঃ ইনি সাহিত্যের জন্য 'নোবেল পুরস্কার' পান। 'Men and Supermen', 'St. Joan', The Apple Cart' প্রভৃতি গ্রন্থ ইঁহার রচিত।

শনি—নবগ্রহের অন্যতম (Saturn). সূর্য্যের ঔরসে ছায়ার গর্ভে ইঁহার জন্ম। প্রবাদ

আছে যে, ইহার দৃষ্টিতে সকল ভস্মসাৎ হয়।

শম্ভুজী, ১ম—মহারাষ্ট্রীয় ছত্রপতি শিবাজীর জ্যেষ্ঠ পুত্র। পিতার মৃত্যুর পর ইনি রাজা হন। আওরঙ্গজেব ইহাকে বন্দী করিয়া অতি নিষ্ঠুরভাবে নিহত করেন।

শম্ভুজী, ২য়—মহারাষ্ট্রীয় ছত্রপতি মহারাজ শিবাজীর পৌত্র এবং রাজারামের দ্বিতীয় পুত্র। ইনি কোলাপুরে স্বীয় রাজধানী স্থাপন করেন।

শরৎকুমার রায়—(১৮৭৮—১৯৫৫ খৃঃ)। বরিশালে তারাপাশা গ্রামে ইহার জন্ম। ইনি 'হিতবাদী', 'সন্ধ্যা', 'নবশক্তি' ইত্যাদি পত্রিকার সহকারী সম্পাদক ছিলেন। ইনি বিশ্বভারতীতে কিছুকাল শিক্ষকতা করেন। 'শিবাজী ও মারাঠাজাতি', 'শিখগুরু ও শিখজাতি', 'বুদ্ধের জীবন ও বাণী' ইহার রচিত পুস্তক।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়—(১৮৭৬—১৯৩৮ খৃঃ)। সুপ্রসিদ্ধ ঔপন্যাসিক। হুগলী জেলার দেবানন্দপুর গ্রামে ইহার জন্ম। ইহার ভাষা অতি প্রাঞ্জল এবং ভাবগম্ভীর। 'পল্লীসমাজ', 'বড় দিদি', 'চন্দ্রনাথ', 'দেবদাস', 'শ্রীকান্ত', 'বামের সুমতি', 'বিন্দুর ছেলে', 'শেষ প্রশ্ন', 'চরিত্রহীন' প্রভৃতি গ্রন্থ ইহার রচিত।

শরৎচন্দ্র দাস—(১৮৪৯—১৯১৭ খৃঃ)। ইহার জন্ম চট্টগ্রাম জেলায়। ইনি তিব্বতী ভাষা শিখিয়া তিব্বত শিকিং প্রভৃতি স্থানে গিয়াছিলেন। ইনি তিব্বত-ভ্রমণ বৃত্তান্ত রচনা করেন।

শরৎচন্দ্র বসু—জন্ম ১৮৮৯ খৃঃ। ১৯১১ খৃঃ ইনি আইন ব্যবসায়ে যোগদান করেন। বার কয়েক ইনি প্রাদেশিক ও কেন্দ্রীয় ব্যবস্থাপক সভার সভ্য হন। ১৯৩২-৩৫ এবং ১৯৪১-৪৫ ইনি কারাবাস করেন। ১৯৪৬ খৃঃ ইনি অন্তর্বর্তী সরকারে যোগদান করেন ও পরে পদত্যাগ করেন। ১৯৪৭ খৃঃ ইনি সোস্যালিষ্ট রিপাব্লিকান পার্টি গঠন করেন। ১৯৪৮ সালে ইনি 'ন্যাশ্যানালিষ্ট'-নামক ইংরাজী সংবাদপত্র বাহির করেন। ইনি নেতাজী সুভাষের অগ্রজ। ১৯৫০ খৃঃ ইনি দেহত্যাগ করেন।

শর্মিষ্ঠা—দৈত্যরাজ বৃষপর্ব্বার কন্যা। ইনি পিতার আদেশে দৈত্যগুরুকন্যা দেবযানীর দাসী হইতে বাধ্য হন। যযাতি গোপনে ইহার পাণিগ্রহণ করেন।

শল্য—মদ্রদেশীয় জনৈক রাজা। ইনি পাণ্ডুরাজের দ্বিতীয় মহিষী মাদ্রীদেবীর ভ্রাতা। ইনি যুধিষ্ঠিরের হস্তে নিহত হন।

শশাঙ্ক—ইনি প্রাচীন বঙ্গের একজন প্রসিদ্ধ রাজা। মহারাজ হর্ষবর্দ্ধন ইহার রাজধানী কর্ণসুবর্ণ আক্রমণ করেন, কিন্তু ইনি ৬১৯ খৃষ্টাব্দ পর্যন্ত স্বাধীনতা রক্ষা করেন। আনুমানিক ৬৩৭ খৃষ্টাব্দের কিছু পূর্বে কামরূপ-রাজ ভাস্করবর্মা ইহার রাজ্য অধিকার করেন।

শশিপদ বন্দ্যোপাধ্যায়—(১৮৪০—১৯২৫ খৃঃ)। ভারতে শ্রমিক আন্দোলনের প্রবর্ত্তক। রুশিয়ার অনুকরণে ভারতে শ্রমিক আন্দোলনের বহু পূর্বে ১৮৬৬ সালে ইনি শ্রমিক সভা গঠন করেন এবং তৎকালীন নীতিকালে শ্রমিক আন্দোলনে সক্রিয় অংশ গ্রহণ করেন।

শশিশেখর—প্রসিদ্ধ বৈষ্ণব কবি। ইনি ষোড়শ শতাব্দীর মধ্যভাগে জন্মগ্রহণ করেন। বর্দ্ধমান জেলার পাড়ুনগ্রাম ইহার জন্মস্থান।

শাণ্ডিল্য—জনৈক গোত্রপ্রবর্ত্তক ঋষি। ইনি চারিবেদ অধ্যয়ন করেন, কিন্তু তাহাতেও পরমার্থ লাভ হয় না দেখিয়া ইনি 'ভক্তিসূত্র' প্রণয়ন করেন।

শান্তনু—হস্তিনাপুরের জনৈক চন্দ্রবংশীয় রাজা। গঙ্গাদেবীর গর্ভে ইহার ঔরসে ভীষ্মের জন্ম হয়।

শান্তা—দশরথের কন্যা ও ঋষ্যশৃঙ্গের পত্নী। ইনি দশরথ কর্তৃক সখা অঙ্গরাজ লোমপাদের নিকট পোষ্যপুত্রিকারূপে প্রেরিত হন।

শায়েস্তা খাঁ—সম্রাট্ আওরঙ্গজেবের মাতুল। ইনি সম্রাটের একজন বিশিষ্ট সেনাপতি ছিলেন। ইনি ১৬৫৮ খৃঃ দাক্ষিণাত্যের সুবাদার হন। পরে শিবাজীকে দমনের নিমিত্ত সম্রাট্ ইঁহাকে প্রেরণ করেন এবং একদিন রাত্রে শিবাজীর আক্রমণ হইতে অল্পের জন্য ইনি জীবন লইয়া পলায়নে সমর্থ হন। পরে ইনি বহু বৎসর (১৬৬৩—১৬৮৯ খৃঃ) বাঙ্গালাদেশ শাসন করেন; ঢাকা ইঁহার রাজধানী ছিল।

শার্দ্দুল সিং, কবিশের, সর্দ্দার—জন্ম ১৮৮৬ খৃঃ। সাংবাদিক ও রাজনৈতিক। ইনি শিখ লীগের সেক্রেটারী ছিলেন। ১৯২৫ খৃঃ পাঞ্জাব প্রাদেশিক সম্মেলনে সভাপতি হন। ১৯২৮ খৃঃ কংগ্রেস কার্য্যকরী সমিতির সভ্য হন; পরে ফরওয়ার্ড ব্লকে যোগ দিয়া উহার সভাপতি হন।

শালিবাহন—শকজাতীয় রাজা। ইঁহার প্রবর্ত্তিত অব্দ 'শকাব্দ' নামে অভিহিত।

শাহ্ আলম—(১৭২৮—১৮০৬ খৃঃ)। দিল্লীর সম্রাট্ ও দ্বিতীয় আলমগীরের পুত্র। ১৭৫৯ খৃষ্টাব্দে ইনি সিংহাসনে আরোহণ করেন। ইনি ১৭৬৫ খৃষ্টাব্দে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীকে বাংলার দেওয়ানি সনদ দান করেন।

শাহু—শিবাজীর পৌত্র। ইঁহার পিতার নাম শম্ভুজী। ইনি সাতারা-নামক স্থানে রাজত্ব করেন। বালাজী বিশ্বনাথ ইঁহার মন্ত্রী ছিলেন।

শাহ্ জালাল, পীর—আরবদেশীয় মুসলমান সাধু। ইনি ধর্ম্মপ্রচারের উদ্দেশ্যে সম্রাট্ আলাউদ্দীন ফিরোজশাহ্ তুঘলকের আমলে দিল্লীতে আসেন। ইনি শ্রীহট্টে দেহত্যাগ করেন।

শাহ্ জাহান—রাজত্বকাল ১৬২৮—১৬৫৮ খৃঃ। ইনি দিল্লীর মোগল-সম্রাট্ জাহাঙ্গীরের পুত্র। ইনি পিতার বিরুদ্ধে বিদ্রোহ করেন, কিন্তু পরাজিত হন; পরে পিতার মৃত্যুর পর ১৬২৮ খৃঃ সম্রাট্ হন। ইনি স্বীয় পত্নী মমতাজমহলের সমাধির উপর বিশ্ববিখ্যাত তাজমহল নির্ম্মাণ করেন। ইঁহার ময়ূর-সিংহাসন জগতে অতুলনীয় ছিল। ইনি শেষ জীবনে পুত্র আওরঙ্গজেবের হস্তে বন্দী হন (১৬৫৮—১৬৬৬ খৃঃ)।

শিখণ্ডী—(মহাভারত) পঞ্চালরাজ দ্রুপদের পুত্র। ইনি ক্লীব ছিলেন বলিয়া ভীষ্মদেব ইঁহাকে দেখিলেই অস্ত্রত্যাগ করিতেন। এই সুযোগ লইয়া শ্রীকৃষ্ণের পরামর্শে ইঁহাকে সম্মুখভাগে রাখিয়া অর্জ্জুন দুর্দ্ধর্ষ যোদ্ধা ভীষ্মকে নিরস্ত্রাবস্থায় বাণবিদ্ধ করিয়া ভূপাতিত করেন।

শিব—হিন্দুদের অন্যতম শ্রেষ্ঠ দেবতা। ইনি প্রলয়ের কর্ত্তা বলিয়া বর্ণিত হন।

শিবনাথ শাস্ত্রী—(১৮৪৭—১৯১৯ খৃঃ)। চব্বিশ পরগণা জেলায় ইঁহার জন্ম হয়। ইনি ব্রাহ্মসমাজের একজন বিশিষ্ট সেবক এবং প্রসিদ্ধ শিক্ষাব্রতী ও লেখক ছিলেন।

শিবাজী—(১৬২৭ বা ১৬৩০—১৬৮০ খৃঃ)। মহারাষ্ট্র-রাজ্যের প্রতিষ্ঠাতা। ইনি মাওয়ালি নামে এক পার্ব্বত্য জাতিকে স্বীয় সমর-কৌশলে শিক্ষিত করিয়া লন এবং পরে তাহাদের সাহায্যে মুসলমান অধিকারে অনবিস্তর লুটপাট করিয়া দুর্গ ও অর্থাদি হস্তগত করেন। ১৬৬৪ খৃঃ ইনি রাজা উপাধি ধারণ করেন। মোগল-সম্রাট্ আওরঙ্গজেব ইঁহাকে কিছুতেই দমন করিতে পারেন নাই।

শিবি—(মহাভারত) জনৈক আশ্রিতবৎসল দানশীল নৃপতি। ইনি শ্যেনরূপী ইন্দ্রের আক্রমণ হইতে কপোতরূপী অগ্নিকে রক্ষা করিতে গিয়া স্বদেহ পর্য্যন্ত দান করিতে উদ্যত হইয়াছিলেন।

শিলাদিত্য—(রাজত্বকাল ৬০৬—৬৪৭ খৃঃ)। ইঁহারই নামান্তর হর্ষবর্দ্ধন। ইনি থানেশ্বর-পতি প্রভাকরবর্দ্ধনের কনিষ্ঠ পুত্র। ইনি দিগ্বিজয়ী বীর ছিলেন। প্রসিদ্ধ কবি বাণভট্ট ইঁহার সভাকবি ছিলেন। তিনি একখানি গ্রন্থে ইঁহার জীবনী লিপিবদ্ধ করেন, উহার

নাম 'হর্ষচরিত'। ইঁহার রাজত্বকালে প্রসিদ্ধ চীনদেশীয় পরিব্রাজক হিউয়েন সাঙ্ ভারতে আগমন করেন।

শিশিরকুমার ঘোষ—(১৮৪২—১৯১১ খৃঃ)। এই মহাত্মা যশোহর জেলায় জন্মগ্রহণ করেন। ইনি বিখ্যাত 'অমৃতবাজার পত্রিকা' প্রথম সম্পাদনা করেন। ইনি বৈষ্ণব সাহিত্যে অনেক গ্রন্থ প্রচার করেন; তন্মধ্যে 'অমিয়-নিমাই চরিত', 'Lord Gouranga', 'কালাচাঁদ গীতা' প্রভৃতি অতি উৎকৃষ্ট গ্রন্থ।

শিশুনাগ—ইনি মগধের রাজা ছিলেন। ইনি খুব সম্ভবতঃ খৃঃ পূঃ ৬২০ অব্দে রাজত্ব করিতেন। ইনি যে বংশ স্থাপন করেন, তাহা শৈশুনাগ বংশ নামে খ্যাত।

শিশুপাল—মহাভারতে বর্ণিত চেদীবংশীয় জনৈক নৃপতি। শ্রীকৃষ্ণ কুপিত হইয়া ইঁহার প্রাণসংহার করেন।

শিহ্লন—ইনি দ্বিতীয় চোর কবি বিহ্লনের সমসাময়িক ব্যক্তি। ইনি 'শান্তি-শতক' নামে একখানি পুস্তক প্রণয়ন করেন।

শীলভদ্র—সম্রাট্ হর্ষবর্দ্ধনের সময় (সপ্তম শতাব্দীতে) ইনি নালন্দা বিশ্ববিদ্যালয়ের প্রধান অধ্যাপক ছিলেন। ইনি বাঙ্গালী ছিলেন।

শুক্রাচার্য্য—(পুরাণ) দৈত্যগণের আচার্য্য। ইনি মহর্ষি ভৃগুর পুত্র। ইঁহার কন্যা দেবযানী যযাতির পত্নী ছিলেন।

শুজা—সম্রাট্ শাহ্‌জাহানের দ্বিতীয় পুত্র। ইনি বাংলার সুবাদার নিযুক্ত ছিলেন। আওরঙ্গজেবের কূটনীতিতে ইনি ১৬৬০ খৃঃ যুদ্ধে পরাস্ত হইয়া পলায়ন করিতে বাধ্য হন এবং আরাকানের রাজার আশ্রয় গ্রহণ করেন। কিন্তু তাঁহার আচরণে ইনি আত্ম-হত্যা করেন, অথবা ইঁহাকে আরাকানরাজ সপরিবারে হত্যা করেন।

শুদ্ধোদন—কপিলবাস্তুর রাষ্ট্রপতি এবং বুদ্ধদেবের পিতা।

শুভঙ্কর—১। বিখ্যাত বাঙ্গালী গণিতজ্ঞ পণ্ডিত। ইঁহার প্রকৃত নাম ভৃগুরাম দাস। ইনি গণিতের অনেক জটিল নিয়ম সুগম সরল কবিতায় পরিণত করিয়া প্রবর্ত্তিত করিয়া গিয়াছেন। ঐগুলি অদ্যাবধি 'শুভঙ্করী আর্য্যা' নামে পরিচিত। ২। প্রসিদ্ধ 'সঙ্গীত-দামোদর'-নামক গ্রন্থের রচয়িতা।

শুম্ভ—(চণ্ডী) জনৈক দেবদ্বেষী অসুর। নিশুম্ভ ইঁহার ভ্রাতা। দেবী ভগবতী ইঁহাকে বধ করেন।

শূদ্রক—'মৃচ্ছকটিকম্'-নামক একখানি শ্রেষ্ঠ সংস্কৃত নাটকের প্রণেতা জনৈক রাজা।

শূর্পণখা—(রামায়ণ) রাক্ষসরাজ রাবণের ভগিনী। সীতাকে গ্রাস করিতে গমন করিলে লক্ষ্মণ ইঁহার নাক ও কাণ কাটিয়া দেন। ইঁহারই পরামর্শে রাবণ সীতাকে হরণ করেন।

শেক্‌স্‌পীয়র, উইলিয়াম (Shakespeare, William)—(১৫৬৪—১৬১৬ খৃঃ)। ইংলণ্ডের সর্ব্বশ্রেষ্ঠ কবি ও নাট্যকার। ইনি পৃথিবীর সর্ব্বশ্রেষ্ঠ কবিগণের অন্যতম। ইনি ৩৮খানি নাটক লিখিয়া গিয়াছেন। ইঁহার কতকগুলি ক্ষুদ্র চতুর্দ্দশপদী কবিতাও (Sonnets) আছে। তাহা ছাড়া 'Rape of Lucretia'-নামক একখানি কাব্যও আছে।

শেখর—বৈষ্ণব কবি। ইনি ষোড়শ শতকে বর্ত্তমান ছিলেন। ইনি ব্রজবুলিতে পদ রচনা করেন। ইঁহার বিলক্ষণ কবিত্বশক্তি ছিল।

শের শাহ্—রাজত্বকাল ১৫৪১-৪৫ খৃঃ। দিল্লীর পাঠান-সম্রাট্। ইনি বাহুবলে হুমায়ুনের নিকট হইতে দিল্লীর সিংহাসন কাড়িয়া লন এবং ১৫৪০ খৃঃ নিজেকে সম্রাট্ বলিয়া ঘোষণা করেন। ১৫৪৫ খৃঃ ইনি কালিঞ্জরের দুর্গ জয় করিতে গিয়া বারুদে অগ্নি সংযোগ হওয়ায় নিহত হন। ইনি 'গ্রাণ্ড ট্রাঙ্ক রোড'-নামক প্রসিদ্ধ রাস্তা কতকটা নির্ম্মাণ করেন। ইনি ঘোড়ার ডাকের প্রথম প্রচলন করেন।

শেলী, পার্সি বীশি (Shelley, Percy Bysshe)—(১৭৯২—১৮২২ খৃঃ)। উনবিংশ শতাব্দীর অন্যতম শ্রেষ্ঠ ইংরাজ কবি। ইঁহার রচনায় অসাধারণ প্রতিভার পরিচয় পাওয়া যায়। ইঁহার কাব্যের মধ্যে 'Adonais' এবং 'Revolt of Islam' প্রথম শ্রেণীর।

শৈব্যা—রাজা হরিশ্চন্দ্রের পত্নী। পুত্রের নাম রোহিতাশ্ব।

শোর, স্যার জন (Shore, Sir John)—ভারতের ভূতপূর্ব্ব বড়লাট। ১৭৯৩ হইতে ১৭৯৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত ইনি ভারত শাসন করেন।

শৌরীন্দ্রমোহন ঠাকুর, রাজা, স্যার—(১৮৪০—১৯১৪ খৃঃ)। 'মুক্তাবলী'-নামক নাটক ও বহু সঙ্গীতগ্রন্থ প্রণেতা। ইনি ফিলাডেলফিয়া ও অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় হইতে 'Doctor of Music' উপাধি পান।

শ্যাক্‌লটন, স্যার আর্নেস্ট হেন্‌রী (Shackleton, Sir Ernest Henry)—(১৮৭৪—১৯২২ খৃঃ)। সুপ্রসিদ্ধ ইংরাজ নাবিক। ১৯০৭—১৯০৯ খৃঃ এবং পরে ১৯১৪-১৭ খৃষ্টাব্দের কুমেরু অভিযানের ইনিই নেতা ছিলেন। ইনি ১৯২১ খৃষ্টাব্দে পুনরায় কুমেরু অভিযানে বহির্গত হন এবং পথে ১৯২২ খৃঃ ইনফ্লুয়েঞ্জায় প্রাণ হারান।

শ্যামাকান্ত বন্দ্যোপাধ্যায়—(১৮৫৮—১৯২৫ খৃঃ)। ঢাকা জেলার প্রসিদ্ধ ব্যায়াম-বীর। ইনি ব্যাঘ্র-বশীকরণে নিপুণ ছিলেন। ১৯০৪ খৃঃ ইনি সন্ন্যাসী হইয়া হিমালয়ে যান এবং সোঽহং স্বামী আখ্যা লাভ করেন।

শ্যামাদাস কবিরাজ, বাচস্পতি—(১৮৬৫—১৯৩৪ খৃঃ)। কলিকাতার লব্ধ-প্রতিষ্ঠ কবিরাজ। বর্দ্ধমান জেলার চুপী-নামক গ্রামে ইনি জন্মগ্রহণ করেন। আয়ুর্ব্বেদের উন্নতিকল্পে ইনি একটি আয়ুর্ব্বেদ কলেজ স্থাপন করিয়া গিয়াছেন, উহার নাম 'বৈদ্য-শাস্ত্রপীঠ'।

শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়—জন্ম ১৯০১ খৃঃ। পিতা স্যার আশুতোষ মুখোপাধ্যায়। ১৯২৯ খৃঃ বঙ্গীয় ব্যবস্থাপক সভার সদস্য পদ ত্যাগ করেন এবং ১৯৩০ খৃঃ আবার যোগদান করেন। ১৯৩৪-৩৯ খৃঃ ইনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাধ্যক্ষ ছিলেন। ১৯৪১-৪২ ইনি বাঙ্গালার মন্ত্রী ছিলেন। ইনি হিন্দু-মহাসভার সভাপতি এবং ভারত সরকারের শিল্প ও সরবরাহ-সচিব ছিলেন। বর্ত্তমানে মন্ত্রিত্ব ত্যাগ করিয়া একটি নূতন দল গঠন করিয়াছেন।

শ্রদ্ধানন্দ, স্বামী—(১৮৫৫—১৯২৬ খৃঃ)। আর্য্য সমাজের জনৈক একনিষ্ঠ ও উদ্যোগী প্রচারক। জন্মস্থান পঞ্জাব। ইনি জাতিভ্রষ্ট হিন্দুর শুদ্ধি-প্রথা প্রবর্ত্তন করেন। একজন মুসলমান ইঁহাকে নিহত করে।

শ্রীধর আচার্য্য—১। প্রসিদ্ধ দার্শনিক পণ্ডিত। ইনি বৈশেষিক দর্শনের প্রশস্তপাদভাষ্যের 'ন্যায়-কন্দলী' নামে একটী টীকা রচনা করেন। ২। জনৈক গণিতজ্ঞ। বীজ-গণিতে ইঁহার প্রণালীকে অদ্যাপি শ্রীধরাচার্য্যের প্রণালী বা হিন্দু প্রণালী (Sridharacharyya's Method or Hindu Method) বলা হয়।

শ্রীধর স্বামী—আনুমানিক খৃঃ চতুর্দ্দশ শতাব্দীতে ইঁহার জন্ম হয়। ইনি শ্রীমদ্‌ভাগবতের ও শ্রীমদ্ভগবদ্গীতার টীকা লিখিয়াছেন। কথিত আছে, ভট্টিকাব্য-রচয়িতা ভর্ত্তৃহরি ইঁহারই পুত্র।

শ্রীনিবাস—জনৈক বৈষ্ণব সাধু। ইনি মহাপ্রভু শ্রীগৌরাঙ্গের পরম ভক্ত ছিলেন।

শ্রীনিবাস আয়াঙ্গার—জন্ম ১৮৭৪ খৃঃ মাদ্রাজে। ইনি মাদ্রাজের এডভোকেট জেনারেল ছিলেন। ১৯২৬-২৭ খৃঃ ইনি কংগ্রেসের সভাপতি ছিলেন।

শ্রীবৎস—(মহাভারত) অযোধ্যার জনৈক নরপতি। শনির কোপে পত্নী চিন্তার সহিত ইনি বিশেষ কষ্টভোগ করেন।

শ্রীরাম রাজু—দাক্ষিণাত্যের প্রসিদ্ধ বিপ্লবী। তহশীলদারের অত্যাচারের বিরুদ্ধে বিদ্রোহ করিয়া ইনি কয়েকটি থানা লুণ্ঠন করেন এবং ইংরাজের বিরুদ্ধে ছয়বার যুদ্ধ করেন। ১৯২৪ সালের মে মাসে শেষ যুদ্ধ হয়। সরকার ঘোষণা করেন যে, এই যুদ্ধেই ইঁহার মৃত্যু হইয়াছে, কিন্তু সকলের ধারণা, ইনি এখনও আত্মগোপন করিয়া আছেন।

শ্রীহর্ষ—১। 'নৈষধচরিত'-নামক মহাকাব্যের রচয়িতা জনৈক কান্যকুব্জদেশীয় ব্রাহ্মণ। ২। 'রত্নাবলী' ও 'নাগানন্দ'-নামক নাটকদ্বয়ের রচয়িতা জনৈক পণ্ডিত। কাহারও মতে, সম্রাট্ হর্ষবর্দ্ধন এই পুস্তকগুলি রচনা করেন।

শ্রুতকীর্ত্তি—দশরথপুত্র শত্রুঘ্নের পত্নী ও কুশধ্বজ জনকের কন্যা।

ষ

ষষ্ঠীবর সেন—বাঙ্গালী কবি। ষোড়শ শতাব্দীর শেষভাগে পূর্ববঙ্গে ইঁহার জন্ম হয়। ইনি সমগ্র মহাভারত পদ্যে রচনা করেন। ইনি রামায়ণ, পদ্মপুরাণ প্রভৃতিও রচনা করিয়া গিয়াছেন।

স

সংগ্রাম সিংহ—সংক্ষেপে ইঁহাকে রাণা সঙ্গ বলা হয়। বাবর যখন ১৫২৬ খৃঃ ইব্রাহিম লোদীকে আক্রমণ করেন, তখন ইনি তাঁহার বিরুদ্ধে অস্ত্রধারণ করেন নাই। পরে ইনি বাবরকে ১৫২৭ খৃঃ আক্রমণ করেন এবং যুদ্ধে পরাজিত হইয়া ভগ্নহৃদয়ে প্রাণত্যাগ করেন।

সংযুক্তা—(১১৭০—১১৯১ খৃঃ)। ইনি কান্যকুব্জাধিপতি জয়চাঁদের কন্যা এবং পৃথ্বীরাজের পত্নী। ইনি পতির চিতায় সহমৃতা হন।

সক্রেটিস (Socrates)—(খৃঃ পূঃ ৪৬৯—৩৯৯ অব্দ)। বিশ্ববিখ্যাত গ্রীক্ দার্শনিক পণ্ডিত। ঈর্ষ্যাবশতঃ ইঁহাকে রাজদ্রোহের অভিযোগে প্রাণদণ্ডে দণ্ডিত করা হয়। ইনি বিষপান করিয়া অম্লানবদনে প্রাণ বিসর্জ্জন করেন।

সখারাম গণেশ দেউস্কর—(১৮৬৯—১৯১২ খৃঃ)। ইনি মহারাষ্ট্রজাতীয় হইলেও চিরকালই বাঙ্গালায় কাটান। ইনি বঙ্গসাহিত্যে অনুরাগী ছিলেন। ১৯০৫ খৃঃ ইনি 'হিতবাদী'র সম্পাদক হন। ইনি বহু বাঙ্গালা পুস্তকের রচয়িতা।

সগর—সূর্য্যবংশীয় জনৈক রাজা। ইঁহার ষষ্টি সহস্র পুত্র কপিলমুনির শাপে ভস্মীভূত হয়।

সঞ্জয়—কুরুরাজ ধৃতরাষ্ট্রের মন্ত্রী। কুরুক্ষেত্রের যুদ্ধে অন্ধ ধৃতরাষ্ট্রকে যুদ্ধের বর্ণনা দিবার নিমিত্ত মহামুনি ব্যাসদেব ইঁহাকে দিব্যচক্ষু দান করেন, তাহাতে ইনি যুদ্ধের সম্যক বর্ণনা মহারাজের নিকট প্রদান করেন।

সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়—([illegible]—১৮১১ শকাব্দ)। বাঙ্গালার সুসন্তান ও ঔপন্যাসিক সাহিত্যসম্রাট্ বঙ্কিমচন্দ্রের অগ্রজ। 'জাল প্রতাপচাঁদ' প্রভৃতি ইঁহার রচিত গ্রন্থ।

সতী—দক্ষপ্রজাপতির কন্যা, শিবের পত্নী।

সত্যবতী—(মহাভারত) মহর্ষি ব্যাসদেবের জননী। ইনি কুরুরাজ শান্তনুকে বিবাহ করেন। বিচিত্রবীর্য্য ও চিত্রাঙ্গদ নামে ইঁহার দুই পুত্র জন্মে।

সত্যবান্—সাবিত্রীর স্বামী। ইনি বিবাহের পর বৎসরেই মৃত হইলেও সাবিত্রীর পুণ্যপ্রভাবে পুনর্জীবন লাভ করেন। [কন্যা।

সত্যভামা—শ্রীকৃষ্ণের মহিষী ও সত্রাজিতের

সত্যেন্দ্রনাথ দত্ত—(১২৮৯—১৩২৯ বঙ্গাব্দ)। সুপ্রসিদ্ধ কবি। ইনি আধুনিক বাংলা পদ্যে নানা অভিনব ছন্দের প্রবর্ত্তক। রবীন্দ্রনাথের শিষ্যগণের মধ্যে ইনি অগ্রগণ্য। 'তীর্থ-সলিল', 'অভ্র-আবীর', 'কুহু ও কেকা' ইত্যাদি ইঁহার রচিত বিখ্যাত কাব্যগ্রন্থ।

সত্যেন্দ্রনাথ বসু—স্বাধীনতার শহীদ। জন্ম ১৮৮২ খৃষ্টাব্দে মেদিনীপুর জেলায়। পিতার নাম অভয়চরণ বসু। ইনি আলিপুর বোমার মামলার আসামী হিসাবে ধৃত হইয়া জেল হাসপাতালে বিশ্বাসঘাতক রাজসাক্ষী নরেন গোঁসাইকে হত্যা করেন (তিনি ও কানাইলাল দত্ত একযোগে)। বিচারে ১৯০৮ সালের ২১শে নভেম্বর তাঁহার ফাঁসী হয়।

সত্যেন্দ্রপ্রসন্ন সিংহ, লর্ড—(১৮৬৩—১৯৫০ খৃঃ)। বীরভূম জেলার রায়পুরে ইঁহার জন্ম। ১৯১১ খৃঃ ইনি ভারতীয় জাতীয় মহাসমিতির সভাপতি নির্বাচিত হন। ১৯২০ খৃঃ ইনি বিহার ও উড়িষ্যার প্রথম গভর্ণর নিযুক্ত হন।

সনাতন—১। ব্রহ্মার মানসপুত্র। জনৈক মুনি। ২। জনৈক খ্যাতনামা বৈষ্ণব সাধক ও কবি। ইনি নবাব সরকারের চাকুরী এবং নিজের সর্বস্ব ত্যাগ করিয়া বৈষ্ণবধর্মে দীক্ষিত হন। ইনি আনুমানিক ১৫৮৮ খৃষ্টাব্দে বৃন্দাবনে দেহত্যাগ করেন।

সমরসিংহ—চিতোরের জনৈক রাণা। ইনি দিল্লীর পৃথ্বীরাজের ভগিনীপতি ছিলেন। পৃথ্বীরাজের সহিত ইনি মহম্মদ ঘোরীর বিরুদ্ধে যুদ্ধ করেন ও দ্বিতীয়বারে পরাজিত ও নিহত হন।

সমুদ্রগুপ্ত—(আঃ ৩২৬—৩৭৫ খৃঃ)। প্রসিদ্ধ গুপ্তবংশের দ্বিতীয় ও সর্বশ্রেষ্ঠ সম্রাট্।

সম্মুখম্ চেট্টি, স্যার আর, কে,—জন্ম ১৮৯২ খৃঃ। ১৯২০ ও ১৯২১ খৃঃ মাদ্রাজ ব্যবস্থাপক সভার সভ্য নির্বাচিত হন। ইনি রাজকীয় কার্য্যে সরকার এবং বিভিন্ন দলের প্রতিনিধি হিসাবে বহুবার বিদেশে গমন করেন। ইনি স্বাধীন ভারত মন্ত্রিমণ্ডলীর অর্থসচিব হইয়াছিলেন। কিন্তু নানাকারণে ১৯৪৮ সালের মধ্যভাগে পদত্যাগ করিতে বাধ্য হন।

সরফরাজ খাঁ—(শাসনকাল ১৭৩৯—১৭৪০ খৃঃ)। বাংলার নবাব মুর্শিদকুলি খাঁর দৌহিত্র। ইনি ১৭৪০ খৃঃ আলিবর্দ্দীর সহিত যুদ্ধে পরাজিত ও নিহত হন।

সরমা—রাবণের ভ্রাতা বিভীষণের পত্নী।

সরোজিনী নাইডু—জন্ম ১৮৭৯ খৃঃ হায়দ্রাবাদে। পিতা অঘোরনাথ চট্টোপাধ্যায় ও স্বামী ডাঃ গোবিন্দ রাজলু নাইডু। ইনি বিলাতে শিক্ষালাভ করেন। ১৯২৫ খৃঃ ইনি কংগ্রেসের সভাপতি হন এবং ১৯৩১ খৃঃ গোলটেবিল বৈঠকে যোগ দেন। ইঁহার বক্তৃতাশক্তি অতুলনীয়। ভারত স্বাধীন হইলে ইনি উত্তর-প্রদেশের প্রদেশপাল নিযুক্ত হন এবং ১৯৪৯ খৃষ্টাব্দের ১লা মার্চ্চ পরলোকগমন করেন।

সলোমন (Solomon)—(মৃত্যু খৃঃ পূঃ ৯৩৭ অব্দ)। বাইবেল-বর্ণিত ইহুদীদিগের রাজা। ইঁহার পিতা ডেভিডের মৃত্যুর পর আনুমানিক খৃঃ পূঃ ৯৭৪ অব্দে ইনি রাজা হন। ইনি অতিশয় জ্ঞানী ব্যক্তি ছিলেন।

সহদেব—মহারাজ পাণ্ডুর পঞ্চম পুত্র। ইনি জ্যোতির্বিদ্যায় অসাধারণ নিপুণ ছিলেন।

সাদি, মুশারফউদ্দিন—(আঃ ১১৮৪—১২৯১ খৃঃ)। সুপ্রসিদ্ধ পারসিক কবি। ইঁহার 'বুস্তাঁ' ও 'গুলিস্তাঁ'-নামক গ্রন্থদ্বয় সুপ্রসিদ্ধ।

সান ইয়াৎ সেন, ডাঃ (Sun Yat Sen, Dr.)—(১৮৬৬—১৯২৫ খৃঃ)। বিশ্ববিশ্রুত চীনদেশীয় রাজনীতিবিদ্। ১৯১১ খৃঃ বিদ্রোহের ফলে মাঞ্চুবংশের পতন হইবার পর ইনি কিছুদিন চীন গণতন্ত্রের প্রেসিডেন্ট ছিলেন। ১৯১৭ খৃঃ ইনি দক্ষিণ চীনে সামরিক গভর্ণমেন্টের প্রেসিডেন্ট হন। বহু বিপর্যয়ের পর অবশেষে ১৯২৩ খৃঃ ইনি ক্যান্টনে সুপ্রতিষ্ঠিত হন। তদবধি কুওমিন্টাং দলের অভ্যুত্থান হয়।

সাবিত্রী—অশ্বপতি রাজার কন্যা ও সত্যবানের পত্নী। ইনি স্বামী সত্যবানের মৃত্যুর পর স্বীয় সতীত্বের প্রভাবে যমরাজের নিকট হইতে তাঁহাকে ফিরাইয়া আনেন।

সায়নাচার্য্য—বেদের প্রসিদ্ধ টীকাকার। মাধবাচার্য্য ইঁহার কনিষ্ঠ ভ্রাতা।

সাভারকার, বিনায়ক দামোদর, (ব্যারিস্টার)—প্রসিদ্ধ বিপ্লবী নেতা। ১৮৮৩ খৃঃ নাসিকে ইঁহার জন্ম। ১৯০৫ খৃঃ ২২ বৎসর বয়সে বিনায়ক দামোদর শ্যামজী কৃষ্ণ বর্ম্মা প্রদত্ত বৃত্তি লইয়া বিলাতে যান। কিছুকাল পরে ইনি লণ্ডনের "ইণ্ডিয়া হোম রুল সোসাইটি"র পরিচালক হন। ইনি বিলাত হইতে বিপ্লবীদের জন্য পিস্তল পাঠাইতেন, কিন্তু পরে ইনি ধৃত হইয়া জাহাজযোগে বোম্বাইতে প্রেরিত হন। পথে ফ্রান্সের উপকূলের নিকট ইনি জাহাজ হইতে সমুদ্রে লাফাইয়া পড়েন কিন্তু পরে ফরাসী পুলিশ কর্তৃক ধৃত হন। বিচারে ইঁহার ১৪ বৎসর দ্বীপান্তর হয়। তাহার পরে আবার ১৪ বৎসর ইঁহাকে অন্তরীণ করিয়া রাখা হয়। এই ২৮ বৎসরের পর ১৯৩৭ খৃঃ মুক্তি পাইয়া ইনি হিন্দু-মহাসভা সংগঠন করেন। ইঁহাকে বীর সাভারকার নামে আখ্যাত করা হয়। ১৯৪৮ খৃঃ মহাত্মা গান্ধীর হত্যা ষড়্‌যন্ত্রে সংশ্লিষ্ট আছেন সন্দেহে ইনি ধৃত হন; কিন্তু মোকদ্দমায় ইনি নিষ্কৃতি পান।

সিংহবাহু—বাংলার জনৈক রাজা। ইনি বুদ্ধদেবের সমসাময়িক। ইঁহার পুত্র বিজয়সিংহ লঙ্কাদ্বীপে উপনিবেশ সংস্থাপন করেন, তদবধি লঙ্কার নাম 'সিংহল' হয়।

সিড্‌নী, স্যার ফিলিপ—(Sidney, Sir Philip)—(১৫৫৪—১৫৮৬ খৃঃ)। ইনি একাধারে কবি, রাজনীতিজ্ঞ ও যোদ্ধা ছিলেন। ইঁহার গ্রন্থরাজির মধ্যে 'Arcadia' শ্রেষ্ঠ। ইনি ১৫৮৬ খৃঃ জুটফেনের যুদ্ধে নিহত হন।

সিরাজউদ্দৌলা—বাংলার নবাব। ইনি ১৭৫৬ খৃঃ নবাব আলিবর্দীর মৃত্যুর পর বাংলার সিংহাসনে আরোহণ করেন। বিশ্বাসঘাতক মীরজাফর, উমিচাঁদ প্রভৃতির ষড়্‌যন্ত্রে পলাশীর যুদ্ধে রবার্ট ক্লাইভের সামান্য সৈন্যের নিকট ইঁহার পরাজয় ঘটে। ইনি দুর্ভাগ্যক্রমে পলায়ন করিতে বাধা হন এবং ধৃত হইয়া নৃশংসভাবে নিহত হন। ইনিই বাংলার শেষ স্বাধীন নবাব।

সিসেরো, মার্কাস টুলিয়াস—(Cicero, Marcus Tullius)—(খৃঃ পূঃ ১০৬—৪৩ অব্দ)। রোমের বাগ্মিশ্রেষ্ঠ দার্শনিক ও রাজনীতিবিদ্ পণ্ডিত। খৃঃ পূঃ ৬৩ অব্দে ইনি রোমের কন্‌সাল হন। সীজারের হত্যার পর ইঁহাকে ষড়্‌যন্ত্রকারীদের দলভুক্ত মনে করিয়া নিহত করা হয়।

সিষ্টার নিবেদিতা—'নিবেদিতা, ভগিনী' দ্রঃ।

সীজার, জুলিয়াস (Caesar, Julius) —(খৃঃ পূঃ ১০০—৪৪ অব্দ)। রোমের প্রসিদ্ধ সেনাপতি। ইনি রোমের একজন সর্বেসর্বা হন। মিশরের রাণী ক্লিওপেট্রাকে ইনি বিবাহ করেন। ইনি সাধারণতন্ত্রের পরিবর্তে রোমে রাজতন্ত্র প্রতিষ্ঠা করিতে পারেন, এই আশঙ্কায় কতিপয় প্রধান প্রধান লোক ইঁহাকে সেনেট সভায় হত্যা করেন।

সীতা (রামায়ণ)—মহারাজ রামচন্দ্রের মহিষী ও রাজর্ষি জনকের পালিতা কন্যা।

সীতারাম রায়—(খৃঃ অষ্টাদশ শতাব্দী)। যশোহরের অন্তর্গত মহম্মদপুরের রাজা। ইনি স্বয়ং 'রাজা' উপাধি ধারণ করিয়া তদানীন্তন বাংলার সুবেদার মুর্শিদকুলি খাঁর বিরুদ্ধাচরণ করিতে আরম্ভ করেন। কয়েকবার ইনি সুবেদার-প্রেরিত সৈন্যকে পরাজিত করেন। কিন্তু সুবেদার পরে ইঁহাকে পরাজিত ও বন্দী করেন। মুর্শিদাবাদে ইঁহার প্রাণদণ্ড হয়। কাহারও কাহারও মতে, ইনি মুর্শিদাবাদের পথে বিষপানে আত্মহত্যা করেন।

সুইনবার্ন, অ্যালজারনন চার্লস—(Swinburne, Algernon Charles)—(১৮৩৭—১৯০৯ খৃঃ)। খ্যাতনামা ইংরাজ কবি। ইঁহার রচনার মধ্যে গীতিকবিতা-

গুলিই (Lyric) উৎকৃষ্ট। ইঁহার কয়েকখানি নাটকও আছে। 'Atalanta in Calydon' ইঁহার একখানি প্রসিদ্ধ গ্রন্থ।

সুইফ্‌ট্‌, জোনাথন, ডীন—(Swift, Jonathan, Dean)—(১৬৬৭—১৭৪৫ খৃঃ)। শক্তিমান্ ইংরাজ লেখক। ইঁহার রচিত 'Gulliver's Travels' আবালবৃদ্ধবনিতার নিকট সুপরিচিত।

সুকুমার রায়—প্রসিদ্ধ শিশু-সাহিত্যিক। (১২৯৪—১৩৩০ বঙ্গাব্দ)। বাল্য হইতেই সাহিত্য-প্রতিভার অধিকারী। মাত্র নয় বৎসর বয়সে ইনি সাহিত্য রচনা আরম্ভ করেন। 'মুকুল', 'সন্দেশ' প্রভৃতি পত্রিকায় ইঁহার রচনা বাহির হইত। তরুণ বয়সে 'ননসেন্স ক্লাব' বা 'আবোলতাবোলের আসর' প্রতিষ্ঠা করেন। 'আবোল-তাবোল', 'হ-য-ব-র-ল', 'পাগলা দাশু' ইত্যাদি ইঁহার বিখ্যাত রচনা।

সুগ্রীব—রামচন্দ্রের বন্ধু জনৈক বানররাজ। ইঁহার অনুরোধে রামচন্দ্র বালীকে বধ করিয়া ইঁহাকে সিংহাসনে বসান। ইনিও রামচন্দ্রকে লঙ্কাসমরে প্রাণপণে সহায়তা করেন।

সুনির্ম্মল বসু—বর্ত্তমান শিশুসাহিত্যের সর্ব্বশ্রেষ্ঠ সুলেখক। ইঁহার রচিত 'সরগরম', 'হুলস্থূল', 'হাসিকান্না' প্রভৃতি পুস্তকগুলি শিশুসাহিত্যের রত্নভাণ্ডার বৃদ্ধি করিয়াছে।

সুনীতিকুমার চট্টোপাধ্যায়, ডাঃ, পি, আর, এস, পি-এইচ্‌, ডি—প্রসিদ্ধ ভাষাতত্ত্ববিদ্ পণ্ডিত এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাঙ্গালা ও ইংরাজী ভাষার অধ্যাপক। ইঁহার প্রণীত 'Origin and Development of Bengali Language and Literature' একখানি প্রসিদ্ধ গ্রন্থ। ইনি একবার রবীন্দ্রনাথের সঙ্গে পূর্ব্ব ভারতীয় দ্বীপপুঞ্জে ভ্রমণ করেন এবং একবার ইউরোপের আন্তর্জাতিক ভাষাতত্ত্ববিদ্-সম্মেলনে যোগদান করেন।

সুন্দর—ইনি প্রথম চোর কবি নামে পরিচিত। দাক্ষিণাত্যের কাঞ্চীপুর-নামক নগরের রাজা গুণসিন্ধু ইঁহার পিতা। ইনি বর্দ্ধমানের রাজা বীরসিংহের কন্যা বিদ্যাকে গোপনে বিবাহ করেন। ইনি পঞ্চাশৎ শ্লোকে বিদ্যার অর্থাৎ কালিকার বর্ণনা করেন। ঐ পঞ্চাশৎ শ্লোক 'চোর-পঞ্চাশৎ' নামে প্রসিদ্ধ।

সুভদ্রা—শ্রীকৃষ্ণের ভগিনী ও অর্জ্জুনের অন্যতমা পত্নী। ইঁহার পুত্রের নাম অভিমন্যু।

সুভাষচন্দ্র বসু, নেতাজী সুভাষ—(জন্ম ১৮৯৭ খৃঃ)। বাংলার ত্যাগী গণনায়ক। ১৯২০ খৃষ্টাব্দে আই-সি-এস পরীক্ষায় উত্তীর্ণ হইয়া আসিয়াই ইনি অসহযোগ আন্দোলনে যোগদান করেন। ইনি ৪।৫ বার স্বদেশের জন্য কারাবরণ করেন। ১৯২৮ খৃষ্টাব্দে ইনি কলিকাতা কর্পোরেশনের মেয়র নিযুক্ত হন। একবার অসুস্থ হইয়া ইনি বার্লিন, ভিয়েনা প্রভৃতি স্থানে চিকিৎসার জন্য গমন করেন এবং বিভিন্ন দেশের রাষ্ট্রনায়কের নিকট ভারতের অবস্থা জ্ঞাপন করেন। ১৯৩৭ ও ১৯৩৮ খৃঃ ইনি কংগ্রেসের সভাপতি হন। ১৯৪১ খৃঃ ইনি আবার কারারুদ্ধ হন এবং কারামুক্তির পর সহসা অন্তর্হিত হন। ইনি জার্ম্মানী, জাপান প্রভৃতি স্থানে ভ্রমণ করিয়া 'আজাদ হিন্দ্‌ ফৌজ' নামে এক বিরাট সেনাদল সংগ্রহ করেন এবং ১৯৪৪ সালে ভারতের স্বাধীনতার জন্য আসামের পথে ভারতে প্রবেশ করিবার চেষ্টা করেন। ১৯৪৫ সালে জাপানের পতনের পর আজাদ হিন্দ্‌ ফৌজ বৃটিশের নিকট আত্মসমর্পণ করে, এবং নেতাজী সুভা[ষ] অজ্ঞাত স্থানে অন্তর্হিত হন।

সুমিত্রা—মহারাজ দশরথের কনিষ্ঠা মহিষী। ইঁহার দুইটি পুত্র—লক্ষ্মণ ও শত্রুঘ্ন।

সুরভি—দক্ষের কন্যা। বশিষ্ঠের পত্নী এ[বং] নন্দিনী প্রভৃতি কামধেনুর জননী। ইঁহ[ার] স্তনদুগ্ধে ক্ষীর সমুদ্র পূর্ণ হইয়াছে।

সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, স্যা[র]

(১৮৪৮—১৯২৫ খৃঃ)। জন্মস্থান কলিকাতা। ইনি একজন প্রসিদ্ধ দেশসেবক ও খ্যাতনামা বাগ্মী ছিলেন। ১৮৭৮ খৃঃ ইনি 'বেঙ্গলী' পত্রের স্বত্ব কিনিয়া লন ও উহার সম্পাদকতা করেন। জাতীয় মহাসমিতি স্থাপনে ইনি একজন প্রধান উদ্যোগী ছিলেন এবং ১৮৯৫ খৃঃ পুনা অধিবেশনে ইনি উহার সভাপতি হন। ১৯০২ খৃঃ অষ্টাদশ অধিবেশনে (আমেদাবাদে) ইনি পুনরায় সভাপতি হন। বঙ্গবিচ্ছেদ-আন্দোলনে ইনি একজন প্রসিদ্ধ নেতা ছিলেন। ১৯২০ খৃঃ ইনি বাংলা গভর্ণমেণ্টের স্বাস্থ্য ও স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রী নিযুক্ত হন।

সুরেশচন্দ্র বিশ্বাস, কর্নেল—(১৮৬১—১৯০৫ খৃঃ)। প্রসিদ্ধ বাঙ্গালী বীর। কৃষ্ণনগর ইঁহার পৈতৃক বাসভূমি। ইনি খৃষ্টধর্মে দীক্ষিত হন। ইনি একটি সার্কাস কোম্পানীতে যোগ দিয়া খ্যাতি অর্জন করেন। এই উপলক্ষে ইনি জার্মানী এবং আমেরিকা ভ্রমণ করেন। আমেরিকায় গিয়া ইনি সার্কাস ত্যাগ করেন এবং ব্রাজিলের সরকারী পশুশালার অধ্যক্ষের পদে নিযুক্ত হন। তথায় কিছুদিন পরে ইনি সেনাবিভাগে যোগ দেন এবং ক্রমশঃ ইনি কর্নেলের পদে উন্নীত হইয়াছিলেন।

সুরেশচন্দ্র সমাজপতি—(১৮৭০—১৯২০ খৃঃ)। পৈতৃক নিবাস নদীয়া জেলায়। ইনি প্রথমে 'সমাচার পত্রিকা' প্রভৃতি পত্রিকায় লেখেন। ইনি 'সাহিত্য কল্পদ্রুম' পত্রিকার সম্পাদনা করিতে আরম্ভ করেন। তদবধি সেই পত্রিকার (পরে 'সাহিত্য' নাম দেওয়া হয়) ইনি আজীবন সম্পাদক ছিলেন। ইঁহার বক্তৃতাশক্তিও উল্লেখযোগ্য ছিল।

সুশ্রুত—চিকিৎসাশাস্ত্র-প্রণেতা জনৈক ঋষি। ইঁহার প্রণীত 'সুশ্রুত সংহিতা' গ্রন্থ অমূল্য।

সূর্য্য—আদিত্যমণ্ডলের অধিষ্ঠাতা দেব। পিতা কশ্যপ, মাতা অদিতি। ইঁহার দুই পত্নী—সংজ্ঞা ও ছায়া।

সূর্য্য সেন—স্বাধীনতা সংগ্রামের শহীদ। ডাক নাম মাষ্টারদা। পিতা নোয়াপাড়া গ্রামের রাজমণি সেন। বহরমপুর হইতে শিক্ষা শেষ করিয়া ইনি চট্টগ্রামে গিয়া মাষ্টারী আরম্ভ করেন এবং তরুণদের মধ্যে বিপ্লবের বাণী প্রচার করিতে থাকেন। অম্বিকা চক্রবর্ত্তী, অনন্ত সিং, লোকনাথ বল, প্রীতিলতা ওয়াদ্দার, কল্পনা দত্ত প্রভৃতি ইঁহার দলভুক্ত ছিলেন। ১৯৩০ খৃষ্টাব্দের ১৮ই এপ্রিল রাত্রি ১০টায় ইঁহারা চট্টগ্রামের অস্ত্রাগার লুণ্ঠন করেন এবং পুলিশ হেডকোয়ার্টার আক্রমণ করিয়া ইংরাজ সৈন্যদের বিরুদ্ধে যুদ্ধে বিজয়ী হন ও পরে জালালাবাদ পাহাড়ে আশ্রয় গ্রহণ করেন এবং সেখান হইতে গেরিলা যুদ্ধ চালান। ধলঘাটে ১৯৩১ সালে কয়েকজন সঙ্গিসহ পুনরায় ইনি পুলিশ কর্ত্তৃক আক্রান্ত হন। ১৯৩৩ খৃঃ ফেব্রুয়ারী মাসে ইনি ধরা পড়েন এবং বিচারে ১৯৩৪ খৃষ্টাব্দের ১২ই জানুয়ারী ইঁহার ফাঁসী হয়।

সেকেন্দর লোদী—(রাজত্বকাল ১৪৮৮—১৫১৭ খৃঃ)। পাঠান নৃপতি বহলুল লোদীর পুত্র। ইনি ১৪৮৮ খৃঃ পিতার মৃত্যুর পর দিল্লীর সিংহাসনে আরোহণ করেন।

সেকেন্দর শাহ্—১। খৃষ্টীয় চতুর্দ্দশ শতাব্দীর বাংলার স্বাধীন মুসলমান নৃপতি। সামসুদ্দিন ইলিয়াসের পুত্র। ইনি ১৩৫১ খৃঃ পিতার সিংহাসনে আরোহণ করেন এবং গৌড় হইতে পাণ্ডুয়াতে রাজধানী স্থানান্তরিত করেন। ইনি পাণ্ডুয়ার বিখ্যাত 'আদিনা-মসজিদ্' নির্ম্মাণ করেন। ২। গ্রীকবীর আলেক্‌জাণ্ডার ভারতে এই নামে প্রসিদ্ধ।

সেল্‌কার্ক, আলেক্‌জাণ্ডার—(Selkirk, Alexander)—(১৬৭৬—১৭২১ খৃঃ)। স্কটিশ নাবিক। ১৭০৩ খৃষ্টাব্দে ইনি উইলিয়াম ড্যাম্পিয়ারের অধীনে দক্ষিণ সমুদ্রে গমন করেন, কিন্তু কাপ্তেনের কথার অবাধ্য হওয়ার জন্য ইহাকে 'জুয়ান ফার্ণান্ডেজ'-নামক জনহীন দ্বীপে জাহাজ হইতে

নামাইয়া দেওয়া হয়। ইনি সেই স্থানে চারি বৎসরের উপর থাকেন। এই ঘটনা হইতেই প্রসিদ্ধ লেখক 'ডিফো' (Defoe) 'রবিন্‌সন্ ক্রুসো'র গল্প রচনা করেন।

সৈয়দ মর্তুজা—প্রসিদ্ধ কবি। ইনি খৃষ্টীয় ষোড়শ শতাব্দীর শেষভাগে মুর্শিদাবাদ জেলায় জন্মগ্রহণ করেন। 'পদকল্পতরু' প্রভৃতি বৈষ্ণব পদাবলী-সংগ্রহে ইঁহার অনেক পদ পাওয়া যায়।

সোহ্‌রাব—ইরাণ দেশের বিখ্যাত বীর। পিতার নাম রুস্তম, মাতার নাম তাহ্‌মিনা। বিবাহের পর, তাহ্‌মিনার গর্ভাবস্থায় রুস্তম ইরাণে চলিয়া যান। রুস্তম চলিয়া গেলে তাহ্‌মিনার যে পুত্র হয়, সেই পুত্রই সোহ্‌রাব নামে পরিচিত। রুস্তম পুত্রকে চিনিতেন না। তাঁহার সহিত এক দ্বন্দ্বযুদ্ধে সোহ্‌রাবের মৃত্যু হয়।

স্কট, ক্যাপ্টেন রবার্ট ফকন (Scott, Captain Robert Falcon)—(১৮৬৮—১৯১২ খৃঃ)। সুপ্রসিদ্ধ ইংরাজ নাবিক। ইনি ১৯০০ হইতে ১৯০৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত কুমেরু-অভিযানের নেতৃত্ব করেন। পরে ১৯১০ খৃষ্টাব্দে কুমেরু অভিযানে বাহির হইয়া ইনি সফলকাম হন, কিন্তু ফিরিবার পথে সঙ্গীদের সহিত মেরুপ্রদেশের দুঃসহ শীতে মৃত্যুমুখে পতিত হন।

স্কট, স্যার ওয়াল্‌টার (Scott, Sir Walter)—(১৭৭১—১৮৩২ খৃঃ)। স্কট্‌ল্যাণ্ডের অতি প্রসিদ্ধ ঔপন্যাসিক ও কবি। ইঁহার বহু প্রসিদ্ধ গ্রন্থ আছে, তন্মধ্যে 'Waverly Novels' অন্যতম। ইঁহার কবিতাগ্রন্থের মধ্যে 'Lady of the Lake', 'Marmion' প্রভৃতি উৎকৃষ্ট।

ষ্টালিন, জোজেফ ভিসারিওনোভিচ—(Stalin, Joseph Vissarionovitch D' Jugashvili)—(জন্ম ১৮৭৯ খৃঃ ককেসাস অঞ্চলে)। বর্ত্তমান রুষিয়ার সোভিয়েট গভর্ণমেণ্টের কর্ণধার। ইনি রুষ-রাষ্ট্রগুরু লেনিনের শিষ্য ও সহকর্মী ছিলেন। ইনি অনন্যসাধারণ প্রতিভা ও কূটনীতিবলে ক্রমশঃ রাষ্ট্রের সর্ব্বোচ্চ পদে অধিষ্ঠিত হন। ১৯৩৯ খৃঃ ইনি জার্ম্মানীর সহিত এক অনাক্রমণ চুক্তি করেন। কিন্তু ১৯৪১ খৃষ্টাব্দের জুন মাসে জার্ম্মানী হঠাৎ রুষিয়া আক্রমণ করে। ষ্টালিনের দৃঢ়তায় ও পরিচালনায় রুষিয়ার জনগণ এই দুর্দ্ধর্ষ শত্রুকে পরাস্ত করে।

ষ্টিফেন্‌সন, জর্জ্জ—(Stephenson, George)—(১৭৮১—১৮৪৮ খৃঃ)। James Watt যে বাষ্পযন্ত্র আবিষ্কার করেন, ইনি তাহার যথেষ্ট উন্নতি সাধন করেন। ১৮২৪ খৃঃ ইনি একটি এঞ্জিনের দ্বারা গাড়ী চালান, উহা ঘণ্টায় ১২ মাইল বেগে ৩৮ খানি গাড়ী লইয়া চলিতে সক্ষম হইয়াছিল।

ষ্টিভেন্‌সন্, রবার্ট লুই (Stevenson Robert Louis)—(১৮৫০—১৮৯৪ খৃঃ) এডিনবরা-নিবাসী জনৈক চিন্তাশীল সুলেখক। ইঁহার শ্রেষ্ঠ প্রবন্ধের মধ্যে 'Yoshida Toraziro' (যোশিদা তোরাজিরো নামে এক জাপানী স্বদেশপ্রেমিকের জীবন বৃত্তান্ত অন্যতম।

স্পেন্‌সার, হার্ব্বার্ট (Spence Herbert)—(১৮২০—১৯০৩ খৃঃ)। বিখ্যা ইংরাজ দার্শনিক। ইঁহার গ্রন্থরাজির ম 'Principles of Psychology' এ 'The System of Synthetic Phil sophy' প্রসিদ্ধ।

স্বর্ণকুমারী দেবী—বাংলার বি উপন্যাস-রচয়িত্রী। ইনি দেবেন্দ্রনাথ ঠাকু কন্যা। ইনি বাংলা সাহিত্যে সর্ব্বপ্র মহিলা ঔপন্যাসিক। ইনি বহু উপন্যাস প্র করেন এবং 'ভারতী'-নামক মাসিক বহুদিন সম্পাদনা করেন।

স্বর্ণময়ী, মহারাণী—(১৮২৭—১ খৃঃ)। কাশিমবাজারের প্রসিদ্ধ ভূস্বামি সুলক্ষণা বলিয়া কাশিমবাজার-র

কুমার কৃষ্ণনাথের সহিত ইহার বিবাহ হয়। স্বামীর মৃত্যুর পর বিপুল সম্পত্তি ইহার হাতে আসে। ইহার দান ও পরোপকার লোকপ্রসিদ্ধ ছিল। ইহার গুণে মুগ্ধ হইয়া গবর্ণমেণ্ট ইহাকে 'মহারাণী' উপাধি দেন।

স্মাইলস, ডক্টর স্যামুয়েল (Smiles, Dr. Samuel)—(১৮১২—১৯০৪ খৃঃ)। ইংরাজ লেখক। ইনি প্রথমতঃ চিকিৎসা-ব্যবসায়ী ছিলেন, কিন্তু পরে 'Self-help', 'Character' প্রভৃতি কয়েকখানি নীতিগর্ভ পুস্তক লিখিয়া যশস্বী হন।

স্মাট্‌স্, জেনারেল জান ক্রিশ্চিয়ান (Smuts, General Jan Christian)—(জন্ম ১৮৭০ খৃঃ)। দক্ষিণ আফ্রিকার প্রসিদ্ধ রাজনৈতিক নেতা ও সৈনিক। ইনি জাতিতে বুয়র। ইনি ১৯১৯ খৃঃ হইতে ১৯২৪ খৃঃ পর্যন্ত দক্ষিণ আফ্রিকার ইউনিয়ন গবর্ণমেণ্টের প্রধান মন্ত্রী ছিলেন। ইনি বুয়র যুদ্ধে একজন নেতা ছিলেন।

স্যাটার্ন (Saturn)—রোমকদের প্রাচীনতম দেবতাবিশেষ। পত্নীর নাম রিয়া। পুত্র জুপিটার, নেপচুন ও প্লুটো।

স্যাণ্ডো, ইউজীন (Sandow, Eugene)—(১৮৬৭—১৯২৫ খৃঃ)। বিখ্যাত জার্মান কুস্তিগীর। ইনি ব্যায়ামবীর বলিয়া জগতে প্রসিদ্ধি লাভ করেন। ইনি ৪৮ ইঞ্চি হইতে ৬২ ইঞ্চি পর্যন্ত বক্ষ বিস্তৃত করিতে পারিতেন।

হ

হনুমান—(রামায়ণ) বানরজাতীয় মহাবীর। অঞ্জনা নামে বানরী ইহার মাতা, পবনদেব ইহার পিতা। সুগ্রীবের ইনি বন্ধু। ইনিই সুগ্রীবের সহিত রামের মিলন ঘটান। ইনি সীতা-উদ্ধারে রামকে যথেষ্ট সাহায্য করেন।

হরপ্রসাদ শাস্ত্রী, মহামহোপাধ্যায়—বাঙ্গালার বিখ্যাত পণ্ডিত। জন্ম ১৮৫৩ খৃঃ নৈহাটীতে। ইনি সংস্কৃত, ইংরাজী, পালি, জার্মান, তিব্বতী প্রভৃতি বহু ভাষায় সুপণ্ডিত ছিলেন। পালি ভাষায় ইহার জ্ঞান অসাধারণ ছিল। ইনি নেপাল প্রভৃতি স্থান হইতে বহু দুষ্প্রাপ্য পুঁথি সংগ্রহ করিয়াছিলেন। ঐতিহাসিক গবেষণায় ইহার অসামান্য পাণ্ডিত্যের পরিচয় পাওয়া যায়। 'বাল্মীকির জয়', 'ভারতমহিলা', 'মেঘদূত' (বঙ্গানুবাদ), 'বেণের মেয়ে' প্রভৃতি ইহার রচিত পুস্তক। ১৩৩৯ বঙ্গাব্দে ইহার মৃত্যু হয়।

হরিনাথ দে—বিখ্যাত বহুভাষাবিদ। ১২৮৪ বঙ্গাব্দে আড়িয়াদহে ইহার জন্ম। ইনি ১৮টি ভাষায় এম্. এ. পরীক্ষায় পাস করেন। ইনি সর্বসমেত ৩৪টি ভাষায় পণ্ডিত ছিলেন। ইনি 'Boswel's Life of Johnson' ও অন্যান্য অনেকগুলি পুস্তকের নোট তৈয়ারী করেন। ইনি তিব্বতীয় ও চৈনিক ভাষায় লিখিত 'নাগার্জুনীয়ম্' ও 'তাঞ্জোর'-নামক পুঁথির অনুবাদে নিযুক্ত ছিলেন। ১৯১১ খৃঃ ইহার মৃত্যু হয়।

হরিনাথ মজুমদার—(১২৪০—১৩০৩ বঙ্গাব্দ)। ইনি কাঙ্গাল হরিনাথ নামে পরিচিত। জন্মস্থান নদীয়া জেলায়। 'বিজয়-বসন্ত', 'চারুচন্দ্র', 'বিজয়া', 'মাতৃমহিমা', 'পরমার্থগাথা' প্রভৃতি কয়েকখানি গ্রন্থ ইনি রচনা করেন। ইহার বাউল সঙ্গীতগুলি অতি মনোহর।

হরিশ্চন্দ্র—অযোধ্যার রাজা ত্রিশঙ্কুর পুত্র। পত্নীর নাম শৈব্যা, পুত্রের নাম রোহিতাশ্ব। ইনি অসামান্য দাতা ছিলেন।

হর্ষবর্দ্ধন—'শিলাদিত্য' দ্রঃ।

হলায়ুধ—বিখ্যাত পণ্ডিত। ইনি একাদশ শতাব্দীর শেষভাগে কিংবা দ্বাদশ শতাব্দীর প্রথম ভাগে জন্মগ্রহণ করেন। ইনি কবি জয়দেবের সমসাময়িক। ইনি রাজা লক্ষ্মণ

সেনের সভাপণ্ডিত ছিলেন। 'ব্রাহ্মণ-সর্ব্বস্ব', 'কবি-রহস্য' প্রভৃতি গ্রন্থ ইনি প্রণয়ন করেন।

হাক্স্‌লি, টমাস হেনরী (Huxley, Thomas Henry)—(১৮২৫—১৮৯৫ খৃঃ)। সুপ্রসিদ্ধ দার্শনিক ও লেখক। ইনি ডারুইনের মতবাদের সমর্থক ছিলেন। 'Lay Sermons', 'Essays on Controversial Questions' প্রভৃতি ইঁহার রচিত পুস্তক।

হানিবল (Hannibal)—(খৃঃ পূঃ ২৪৭—১৮৩ অব্দ)। কার্থেজ নগরের সুপ্রসিদ্ধ বীর। ইনি দিগ্বিজয়ী বীর বলিয়া প্রসিদ্ধি লাভ করেন। খৃঃ পূঃ ২১৮ অব্দে ইনি 'আল্পস্‌' অতিক্রম করিয়া ইটালী আক্রমণ করেন।

হানিমান, সামুয়েল (Hahnemann, Samuel Christian Friedrich)—(১৭৫৫—১৮৪৩ খৃঃ)। স্যাক্সনের অন্তর্গত মাইসেন নগরে ইঁহার জন্ম। হোমিওপ্যাথিক চিকিৎসাপ্রণালীর আবিষ্কর্ত্তা বলিয়া ইনি প্রসিদ্ধ। ইনি ১৭৭৯ খৃষ্টাব্দে এম্‌-ডি উপাধি লাভ করেন। পরে ১৭৯৬ খৃষ্টাব্দে নিজের চিকিৎসাবিষয়ক মত প্রকাশ করেন। ইঁহার গ্রন্থসমূহের মধ্যে 'অরগ্যানন' (Organon) সুপ্রসিদ্ধ।

হাফিজ—বিখ্যাত পারসিক কবি। ইনি খৃষ্টীয় ১৪শ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন।

হায়দার আলি—আঃ ১৭১৭ খৃষ্টাব্দ হইতে ১৭২২ খৃষ্টাব্দের মধ্যে ইঁহার জন্ম হয়। ইনি মহীশূর রাজ্যের সৈনিক-বিভাগে কর্ম্ম করিতেন এবং পরে মহীশূররাজকে সিংহাসনচ্যুত করিয়া রাজা হন। ১৭৮২ খৃষ্টাব্দে ইঁহার মৃত্যু হয়।

হারাণ চক্রবর্ত্তী, কবিরাজ, প্রাণাচার্য্য—(১৮৪৬—১৯৩৫ খৃঃ)। বাংলার খ্যাতনামা আয়ুর্ব্বেদীয় চিকিৎসক। পাবনার অন্তর্গত নাকালিয়ায় ইঁহার জন্ম। ইনি মুর্শিদাবাদের স্বনামধন্য গদাধর কবিরাজ মহাশয়ের ছাত্র।

হারাণচন্দ্র শাস্ত্রী, মহামহোপাধ্যায়—জন্মস্থান রাজসাহী জেলা। কাশীতে পাণিনি-ব্যাকরণ বেদান্তাদি নানা শাস্ত্র অধ্যয়ন করেন। তাঁহার অসাধারণ পাণ্ডিত্যে মুগ্ধ হইয়া কাশী সংস্কৃত কলেজের কর্ত্তৃপক্ষ তাঁহাকে পাণিনি-অধ্যাপনার অধ্যাপক-পদে নিযুক্ত করেন। ১৯৩৬ খৃঃ কলিকাতা সংস্কৃত কলেজে পাণিনি ও বেদান্তের অধ্যাপক নিযুক্ত হন। ১৯৪১ খৃঃ মহামহোপাধ্যায় উপাধি লাভ করেন। তাঁহার ন্যায় শাস্ত্রজ্ঞ বিরল। তাঁহার রচিত 'কালসিদ্ধান্তদর্শনী', 'পতঞ্জলিকৃত মহাভাষ্যের ক্রমিক অনুবাদ' ইত্যাদি তাঁহার অক্ষয় কীর্ত্তি।

হারুন-অল-রশিদ—(রাজত্বকাল ৭৮৬—৮০৯ খৃঃ)। বোগ্‌দাদের প্রসিদ্ধ খলিফা। ইনি একজন প্রসিদ্ধ ও শক্তিমান্‌ সম্রাট্‌ ছিলেন। গ্রীক্‌রাজ নাইসিফোরাসকে ইনি পরাস্ত করেন এবং জার্ম্মান-সম্রাট্‌ শার্লেমেন ও চীন-সম্রাটের সহিত সখ্য স্থাপন করেন ইঁহার সুবিচার ও বদান্যতার খ্যাতি নান উপাখ্যানে বর্ণিত আছে।

হার্ডি, টমাস (Hardy, Thomas)-(১৮৪০—১৯২৮ খৃঃ)। ইংরাজ ঔপন্যাসিক ইঁহার শক্তিশালী লেখনী হইতে 'The Return of the Native', 'Jude the Obscure' প্রভৃতি কয়েকখানি সু উপন্যাস বাহির হইয়াছে। ইনি কবিত রচনায়ও সিদ্ধহস্ত ছিলেন।

হাসান, এমাম (৬২৫—৬৬৯ খৃঃ হজরত মোহাম্মদের কন্যা ফাতিমা বি জ্যেষ্ঠপুত্র। খলিফা পদের জন্য ই প্রতিদ্বন্দ্বী ইঁহার অন্যতমা স্ত্রীর দ্বারা মৃত্যু ঘটায়।

হিউগো, ভিক্টর মেরি (H Victor Marie)—(১৮০২—১৮৮৫ প্রথিতযশা ফরাসী কবি ও উপন্যা

নাট্যজগতেও ইঁহার দান অতুলনীয়। 'Cromewell', 'Les Miserables', 'Notre Dame de Paris' প্রভৃতি ইঁহার প্রসিদ্ধ রচনা।

হিউয়েন সাঙ্—বিখ্যাত চীনদেশীয় পরিব্রাজক। নানাস্থান ভ্রমণ করিয়া ইনি যখন ভারতে আগমন করেন তখন হর্ষবর্দ্ধন উত্তর ভারতের রাজা। ইনি ইঁহার ভারত ভ্রমণ কাহিনী লিখিয়া গিয়াছেন। ৬২৯ হইতে ৬৪৫ খৃঃ ইঁহার ভ্রমণকাল বলিয়া নির্ণীত হইয়াছে।

হিট্‌লার, হের্ আডল্‌ফ্ (Hitler, Herr Adolf)—(জন্ম ১৮৮৯ খৃঃ)। ইনি জার্ম্মানীর চ্যান্‌সেলার ও প্রেসিডেন্ট ছিলেন। ইঁহার জন্মস্থান অষ্ট্রিয়া। ইঁহার মতবাদ অনেকটা ইটালীর ফ্যাসিষ্ট-মতবাদের অনুরূপ; ইহাকে নাৎসী-মতবাদ কহে। হিটলারের রাজনীতি জ্ঞান ও সমরনৈপুণ্য ছিল অতীব বিচিত্র। ইঁহার একাগ্র চেষ্টাতেই জার্ম্মানী এত শক্তিশালী হইয়াছিল। ১৯৩৯ খৃঃ ইনি পোলাণ্ড আক্রমণ করায় ইংলণ্ড ও ফ্রান্স জার্ম্মানীর সহিত যুদ্ধে লিপ্ত হয়। অতঃপর ফ্রান্স এবং ইউরোপের অন্যান্য বহু দেশ জয় করিবার পর ১৯৪১ খৃঃ ইনি রুষিয়া আক্রমণ করেন। প্রথম বৎসর মস্কোতে ও দ্বিতীয় বৎসর ষ্টেলিনগ্রাডে ইঁহার সৈন্য প্রতিহত হয়। ক্রমে রুষ সৈন্য জার্ম্মান সৈন্যকে বিতাড়িত করিয়া বার্লিনে লইয়া যায়। পশ্চিম দিক্ হইতে ইংরাজ ও আমেরিকার মিলিত বাহিনী জার্ম্মানী আক্রমণ করে। জার্ম্মানী ত্রিশক্তির করতলগত হয়। কিন্তু হিট্‌লারকে জীবিত বা মৃত অবস্থায় পাওয়া যায় নাই।

হিড়িম্ব—জনৈক রাক্ষস। ভীমের হস্তে [এই রাক্ষস নিহত হয়।

হিড়িম্বা—বিখ্যাত রাক্ষস হিড়িম্বের ভগিনী। ভীমসেনের সহিত ইঁহার বিবাহ হয়। ইঁহার পুত্র ঘটোৎকচ কুরুক্ষেত্রে পাণ্ডবপক্ষে প্রবল যুদ্ধ করিয়া নিহত হন।

হিণ্ডেনবুর্গ, প্রেসিডেন্ট মার্শাল পাউল ফোন্ (Hindenburg, President Marshal Paul von)—(১৮৪৭—১৯৩৪ খৃঃ)। ১৯১৬ খৃঃ ইনি সমগ্র জার্ম্মান সৈন্যের অধ্যক্ষ নিযুক্ত হন এবং ১৯১৯ খৃষ্টাব্দে ঐ পদ ত্যাগ করেন। ১৯২৫ হইতে ১৯৩৪ খৃঃ পর্য্যন্ত ইনি জার্ম্মানীর রাষ্ট্রিয়-সভার সভাপতি ছিলেন।

হিরণ্যকশিপু—বিখ্যাত দৈত্যরাজ। প্রহ্লাদের পিতা। ভগবান্ নরসিংহরূপ ধারণ করিয়া এই দৈত্যরাজকে বধ করেন।

হিরোডোটাস—(Herodotus)—(আঃ খৃঃ পূঃ ৪৮৪—৪২৪ অব্দ)। সুপ্রসিদ্ধ গ্রীক ঐতিহাসিক। ইঁহাকে ইতিহাসের জনক বলা হয়। ইনি বহু স্থানে ভ্রমণ করিয়া পারস্য, লিডিয়া ও মিশর সম্বন্ধে ৯ খানি ইতিহাস রচনা করেন।

হিরোদ দি গ্রেট—(Herod the Great) ইহুদীদের অত্যাচারী রাজা। খৃঃ পূঃ ৪০ অব্দ হইতে ইনি রাজত্ব করেন। ইঁহারই রাজত্বকালে যিশুখৃষ্ট জন্মগ্রহণ করেন।

হুইট্‌ম্যান, ওয়াল্‌ট্—(Whitman, Walt)—(১৮১৯—১৮৯২ খৃঃ)। সুপ্রসিদ্ধ আমেরিকান কবি। ইঁহার গদ্য-কবিতা সুপ্রসিদ্ধ 'Leaves of Grass', 'Drum Taps', 'Democratic Views' ইঁহার প্রসিদ্ধ রচনা।

হুমায়ুন—দ্বিতীয় মোগল সম্রাট্। ইঁহার পিতা বাবর ও পুত্র আকবর। বাবরের মৃত্যুর পর ইনি দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। ইনি শের শাহের সহিত যুদ্ধে পরাজিত হইয়া পলায়ন করেন। পরে ১৫৫৫ খৃঃ পারস্যরাজের সাহায্যে নিজ রাজ্য উদ্ধার করেন।

হুসেন, এমাম—(৬২৯—৬৮০ খৃঃ)। মুসলমান ধর্ম্মপ্রবর্ত্তক হজরত মোহাম্মদের কন্যা ফাতিমা বিবির পুত্র। ইনি কারবালার প্রান্তরে শত্রুহস্তে অন্যায়ভাবে নিহত হন।

ইঁহারই স্মরণার্থে মুসলমানেরা 'মহরুরম' পর্ব্বের অনুষ্ঠান করিয়া থাকেন।

হুসেন শাহ্—বঙ্গের পাঠান রাজা। ১৪৯৩—১৫১৮ খৃষ্টাব্দ পর্য্যন্ত ইনি রাজত্ব করেন। বাংলার সর্ব্বশ্রেষ্ঠ মুসলমান রাজা বলিয়া ইঁহার খ্যাতি আছে।

হেকেল, আর্ন্স্ট (Haeckel, Ernst) —(১৮৩৪—১৯১৯ খৃঃ)। ইনি একজন বিশিষ্ট জার্মান বৈজ্ঞানিক এবং দার্শনিক ছিলেন। ইনি ডারুইনের মতবাদের একজন বিশিষ্ট সমর্থক ছিলেন।

হেক্টর—ট্রয়রাজ প্রায়ামের জ্যেষ্ঠ পুত্র। ইনি ট্রয়যুদ্ধে ট্রোজানদের সেনাপতি ও সর্ব্বশ্রেষ্ঠ বীর ছিলেন। ইনি বীরোচিতভাবে যুদ্ধ করিয়া একিলিসের হস্তে নিহত হন।

হেগেল, উইলহেল্ম ফ্রিডরিক (Hegel, Wilhelm Friedrich)—(১৭৭০ —১৮৩১ খৃঃ)। খ্যাতনামা জার্মান দার্শনিক।

হেনরী, ১ম—(Henry I.)—(১০৬৮—১১৩৫ খৃঃ)। ইংলণ্ডের রাজা। ইনি প্রথম উইলিয়ামের তৃতীয় পুত্র। ইঁহাকে ইংরাজী বিচার-প্রথার প্রতিষ্ঠাতা বলা যাইতে পারে।

হেনরী, ২য় (Henry II.)—(১১৩৩ —১১৮৯ খৃঃ)। ১১৫৪ খৃঃ ইনি ইংলণ্ডের রাজা হন। ইনি দেশের আইনের কিছু সংস্কার সাধন করিতে চেষ্টা করেন।

হেনরী, ৩য় (Henry III.)—(১২০৭—১২৭২ খৃঃ)। ইংলণ্ডের রাজা। সাইমন ডি মণ্ট্‌ফোর্ট ইঁহার নিকট হইতে ক্ষমতা কাড়িয়া লন এবং পার্লামেন্টের সূত্রপাত করেন।

হেনরী, ৪র্থ (Henry IV.)—(১৩৬৭—১৪১৩ খৃঃ)। ইংলণ্ডের রাজা। ১৩৯৮ খৃঃ ইনি দ্বিতীয় রিচার্ড কর্ত্তৃক নির্ব্বাসিত হন। পরে যুদ্ধে রিচার্ডকে পরাস্ত করিয়া রাজা হন।

হেনরী, ৫ম (Henry V.)—(১৩৮৭—১৪২২ খৃঃ)। ইংলণ্ডের রাজা। ১৪১৫ খৃঃ ইনি এজিনকোর্টের যুদ্ধে জয়ী হন এবং নর্ম্মাণ্ডি জয় করেন।

হেনরী, ৬ষ্ঠ (Henry VI.)—(১৪২১ —১৪৭১ খৃঃ)। ইংলণ্ডের রাজা। ১৪২২ খৃঃ ইনি ইংলণ্ড ও ফ্রান্সের রাজা হন। ইঁহারই সময়ে 'গোলাপের যুদ্ধ' (Wars of the Roses)-নামক গৃহবিবাদ ঘটে। ১৪৬১ খৃঃ ইনি বন্দী হন এবং দশ বৎসর পরে তদবস্থায় লণ্ডন টাওয়ারে মারা যান।

হেনরী, ৭ম (Henry VII.)—(১৪৫৭—১৫০৯ খৃঃ)। ইংলণ্ডের রাজা। বস্‌ওয়ার্থের যুদ্ধে ইনি তৃতীয় রিচার্ডকে পরাস্ত করিয়া সিংহাসন দাবী করেন। ইনি 'টিউডর বংশের প্রতিষ্ঠাতা।

হেনরী, ৮ম (Henry VIII.)—(১৪৯১ —১৫৪৭ খৃঃ)। ইনি ১৫০৯ খৃঃ ইংলণ্ডে সিংহাসনে আরোহণ করেন। ইনি বা বিবাহ করেন। একটি বিবাহ-বিচ্ছে ব্যাপারে ইউরোপের ধর্ম্মগুরু পোপের সহিত ইঁহার কলহ হয় এবং তদবধি ইনি নিজেকে ধর্ম্মব্যাপারে ইংলণ্ডের সর্ব্বময় কর্ত্তা বলি ঘোষণা করেন।

হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়—(১২৩১-১৩১০ বঙ্গাব্দ)। বিখ্যাত কবি। হুগ জেলার রাজবলহাট-নামক গ্রামে ইঁহা জন্ম হয়। 'চিন্তা-তরঙ্গিণী', 'বৃত্রসংহার কাব 'বীরবাহু কাব্য', 'ছায়াময়ী' প্রভৃতি ইঁহ রচিত কাব্যগ্রন্থ।

হেমেন্দ্রনাথ মজুমদার—প্রসিদ্ধ চি শিল্পী। জন্মস্থান ময়মনসিংহ জেলার গচিহ গ্রাম। রং-এর সংমিশ্রণে ইঁহার অসাম দক্ষতা ছিল। পাঁচ ছয় বৎসর ইনি পা রাজার ষ্টেট আর্টিষ্ট ছিলেন। ইউরোপ আমেরিকার সৌখীন লোকদের গৃহে ই অঙ্কিত বহু চিত্র আছে। ১৩৫৫ বঙ্গাব্দে বৎসর বয়সে ইনি পরলোকগমন করেন।

হেমেন্দ্রপ্রসাদ ঘোষ—জন্ম ১৮৭৬ যশোহর জেলায়। ইনি একজন প্র

সাংবাদিক ও ঔপন্যাসিক। ইনি অনেক দিন 'দৈনিক বসুমতীর' সম্পাদক ছিলেন। 'দগ্ধ-হৃদয়', 'নাগপাশ', 'কংগ্রেসের ইতিহাস' প্রভৃতি ইঁহার রচিত গ্রন্থ।

হেয়ার, ডেভিড—'ডেভিড হেয়ার' দ্রঃ।

হেরকিউলিজ (Hercules)—গ্রীসের বিখ্যাত বীর। জুপিটার ইঁহার পিতা।

হের্ৎজ, হাইন্‌রিখ, রুডোলফ্‌ (Hertz, Heinrich, Rudolf)—(১৮৫৭—১৮৯৪ খৃঃ)। সুপ্রসিদ্ধ জার্মান বৈজ্ঞানিক। ইনি বিদ্যুতের তরঙ্গ-সম্বন্ধে যে সব তথ্য আবিষ্কার করিয়া যান, তাহার উপরে ভিত্তি করিয়া জগদীশচন্দ্র, লজ, ব্রানলি, মার্কনি প্রভৃতি বৈজ্ঞানিকগণ বেতার যন্ত্র উদ্ভাবনের চেষ্টা করেন।

হেলী, এডমাণ্ড (Halley, Edmund)—(১৬৫৬—১৭৪২ খৃঃ)। ইংরাজ রাজ-জ্যোতিষিক। ইনি একটি ধূমকেতুর আবিষ্কার করেন। ইঁহার নামানুসারে উহার নাম হয় "Halley's Comet".

হেলেন (Helen)—গ্রীসদেশের ভুবনী-সুন্দরীশ্রেষ্ঠা। ইনি স্পার্টাধিপতির রাজা মেনিলেয়াসের পত্নী ছিলেন। ইঁহার রূপে আকৃষ্ট হইয়া ট্রয়রাজপুত্র প্যারিস ইঁহাকে ভুলাইয়া স্বদেশে লইয়া যান। ইঁহাকে অবলম্বন করিয়াই প্রসিদ্ধ ট্রয়-যুদ্ধ হয়। দশ বৎসর অবরোধের পর গ্রীক বীরগণ ট্রয় জয় করেন এবং ইঁহার উদ্ধারসাধন করিয়া মেনিলেয়াসের হস্তে অর্পণ করেন।

হেলেন কেলার—জন্ম আমেরিকায়, ১৮৮০ খৃষ্টাব্দের ২৭শে জুন। এক বৎসর বয়সে কঠিন রোগে তাঁহার চোখ কাণ দুইই নষ্ট হয়, ফলে জন্মের মত তিনি অন্ধ, বধির ও মূক হইয়া যান। টেলিফোনের আবিষ্কর্তা গ্রেহাম বেলের পরামর্শে তাঁহাকে মিস্ স্যালিভান-নামক শিক্ষয়িত্রীর তত্ত্বাবধানে রাখা হয়। স্পর্শের সহায়তায় তিনি বর্ণ-জ্ঞান লাভ করেন এবং মুখে হাত দিয়া বায়ুর কম্পন হইতে শব্দ অনুভব অভ্যাস করেন। অসাধারণ চেষ্টার ফলে তিনি বি, এ, পরীক্ষায় উত্তীর্ণ হন। এই মহিলাকে বিশ্বের অষ্টম আশ্চর্য্য বলা হয়।

হোমার—(Homer)—গ্রীসদেশীয় সুপ্রসিদ্ধ কবি। ইনি অন্ধ ছিলেন। 'ইলিয়ড্' ও 'অডিসি' ইঁহার রচিত। খৃঃ পূঃ অষ্টম শতাব্দী ইঁহার আবির্ভাবকাল।

হোরেস (Horace)—রোমের সুপ্রসিদ্ধ কবি ও সমালোচক। পূর্ণ নাম Quintus Horatius Flaccus. ইঁহার ব্যঙ্গকাব্য প্রসিদ্ধ। ইনি বিখ্যাত কবি 'ভার্জিলে'র বন্ধু ছিলেন। ইনি 'Satires', 'Epodes' ও 'Odes'-এর রচয়িতা।

হ্যাগার্ড, স্যার হেনরী রাইডার (Haggard, Sir Henry Rider)—(১৮৫৬—১৯২৫ খৃঃ)। ইংরাজ ঔপন্যাসিক। 'She' ও 'King Solomon's Mines' প্রভৃতি ইঁহার প্রসিদ্ধ উপন্যাস।

হ্যাজ্‌লিট, উইলিয়াম (Hazlitt, William)—(১৭৭৮—১৮৩০ খৃঃ)। বিখ্যাত প্রবন্ধ-রচয়িতা। ইঁহার সেক্সপীয়রের সমালোচনা সুপ্রসিদ্ধ।

হ্যামসুন, নুট—(Hamsun, Knut)—(জন্ম ১৮৫৯ খৃঃ)। নরওয়ের লব্ধকীর্ত্তি লেখক। ইনি 'Hunger' ও 'Growth of the Soil' নামক পুস্তকের জন্য ১৯২০ খৃঃ 'নোবেল পুরস্কার' লাভ করেন।

আদর্শ বাঙ্গলা অভিধান

আদালত এবং মহাজনী ও জমিদারী সেরেস্তায় ব্যবহৃত কতিপয় আরবী, পারসী ও ইংরাজী শব্দ

অ

অকু—চুরি, দাঙ্গা ইত্যাদি ঘটনা।

অছি—মৃত ব্যক্তির সম্পত্তির তত্ত্বাবধায়ক (Executor).

অজুহাত—কারণ নির্দ্দেশ।

অফিসিয়াল এসাইনী—দেউলিয়ার সম্পত্তির ভারগ্রহণকারী সরকারী কর্ম্মচারী।

অষ্টম—বাকী খাজনার জন্ত পত্তনি তালুকের নিলাম।

আ

আইন—ব্যবহারশাস্ত্র।

আউল—প্রথম।

আউওল জমি—সর্ব্বোৎকৃষ্ট জমি।

আকসার—সর্ব্বদা।

আখর—বিবাদ।

আখিরি—শেষ।

আখের—ভবিষ্যৎ।

আদম স্থমার—লোকসংখ্যা গণনা করা।

আন্‌লফুল এসেম্‌ব্লি—অবৈধ জনতা।

আপস্ করা—মিটাইয়া ফেলা।

আপীল—নিম্ন আদালতের বিচারের বিরুদ্ধ উচ্চ আদালতে বিচার প্রার্থনা।

আপেলাণ্ট—যে আপীল করে।

আব্‌কার—মাদকবিক্রয়ী।

আব্‌কারী—মাদকসম্বন্ধীয়।

আবরু—সম্মান, ইজ্জত।

আবাদ—চাষ-করা জমি।

আম—সাধারণ।

আম্‌দানী—আয়।

আম্-মোক্তার—সমস্ত বিষয়ে ক্ষমতা [কর্ম্মচা

আমল—অধিকারকাল।

আম্‌লা—কর্ম্মচারী।

আমানত—টাকা গচ্ছিত রাখা।

আমিন—যে জমির জরিপ করে।

আরজি—আবেদন।

আস্‌নাই—অবৈধ প্রণয়।

ই

ইকরার—স্বীকার।
ইকরারনামা—স্বীকৃতিপত্র।
ইজাহার—প্রকাশ করিয়া বলা।
ইজ্জত—সম্মান।
ইত্তিলা—অবগতি করা।
ইদ্দত—যে সময়ের মধ্যে মুসলমান বিধবার পুনর্বিবাহ নিষেধ।
ইন্তজাম—বন্দোবস্ত।
ইন্‌ফরমার—গোয়েন্দা।
ইনাম—পারিতোষিক।
ইসাদী—সাক্ষী।
ইস্যু—বিচার্য্য বিষয়।
ইস্তফা—ত্যাগ করা।
ইস্তাহার—বিজ্ঞাপন।

উ

উইল—চরমপত্র।
উকিল—ব্যবহারাজীব।
উঠ্‌বন্দী জমা—বঙ্গদেশে যে পরিমাণ জমি চাষ করা হয় তাহার নিরিখ।
উমর—বয়স।
উসুল—আদায় করা।

এ

এক্‌উইজ্‌ড্‌—অভিযুক্ত।
এক্‌জিকিউটার—অছি।
একতরফা—একপক্ষ শুনিয়া।
একরার—স্বীকৃতি।
এক্‌সাইস্‌—আবগারী।
এগ্রীমেণ্ট—চুক্তি।
এজমাল—যুক্ত অধিকার।
এজলাস—বৈঠক, কাছারি।
এডল্‌টরী—বিবাহিত পত্নীর সহিত [সহবাস।
এড্রেস—বিচারক বা জুরীকে সম্বোধন করিয়া উকিলগণ যাহা বলেন।
এন্তেকাল—মৃত্যু।
এপ্রুভার—রাজসাক্ষী।
এফার্মেসন—প্রতিজ্ঞাপূর্ব্বক বলা।
এফিডেভিট—শপথপূর্ব্বক বলা।
এব্‌ডক্‌সন্‌—ছল বা বলপূর্ব্বক লইয়া যাওয়া।

ও

ওকালতনামা—উকিল নিয়োগপত্র।
ওয়াকফ্‌—মুসলমান কর্ত্তৃক ধর্ম্মোদ্দেশে সম্পত্তি অর্পণ।
ওয়াদা—পরিশোধ করিবার সময়।
ওয়াপস্‌—প্রত্যর্পণ।
ওরফে—অপর নাম।
ওসীয়ৎনামা—চরম পত্র, উইল।

ক

কড়চা—যে কাগজে প্রত্যেক প্রজার নাম, আদায় ও বাকীর হিসাব থাকে।
কনট্রাকট্‌—চুক্তি।
কনফেসন্‌—আসামী কর্ত্তৃক অপরাধ [স্বীকার।
কন্‌ভিকট—কয়েদী।
কবুল—স্বীকার।
করার—নিয়ম, সর্ত্ত।
কসুর—অপরাধ।
কাউন্‌টারফিটিং—অবৈধ অনুকরণ।
কাস্ত—খাদ্য হিসাবে।
কানুন—আইন।
কায়েম—স্থির।
কায়েম মোকাম—স্থলাভিষিক্ত।
কিতা—দফা।
কিস্তি—খাজনা দিবার সময়।
কিস্তির কারবার—লেনদেনের কারবার।
কুত—অনুমান।
কোবালা—বিক্রয় পত্র।
কৌনসুলী—উচ্চশ্রেণীর ব্যবহারাজীব।
ক্রোক—আটক।

খ

খৎ—ঋণপত্র, তমসুক।
খতম—নিষ্পত্তি, শেষ।
খসড়া—পাণ্ডুলিপি, মুসাবিদা।
খসড়া বহি—রোজ বহি।
খাইখালাসী—উপসত্ব হইতে ঋণ পরিশোধের সর্ত্তবিশিষ্ট।
খাতক—কর্জ্জগ্রহীতা।
খামার—অল্পদিনের মেয়াদে বিলি করা জমিবিশেষ।
খারিজ—বাদ দেওয়া।
খেসারৎ—ক্ষতিপূরণ।
খোরকি—খাইবার জন্য দত্ত অর্থ।

গ

গদি—মহাজনদিগের কারবারের স্থান।
গররাজি—অসম্মত।
গরহাজির—অনুপস্থিতি।

ঘ

ঘাএল—আহত।
ঘাট্‌তি—কম।

চ

চশমখোর—চক্ষুলজ্জাশূন্য।
চাম্পার্টি—অন্যের মোকদ্দমার স্বত্ব কিনিয়া মোকদ্দমা চালান।
চার্জ্জ—অভিযুক্ত ব্যক্তিতে অপরাধ আরোপ করা।
চালান—আসামীকে আদালতে প্রেরণ।
চৌহদ্দী—চতুঃসীমা।

ছ

ছাড়পত্র—ত্যাগপত্র, নাদাবী পত্র।
ছানি—পুনর্বিচার প্রার্থনা।

জ

জওয়াব—উত্তর।
জওয়াবদিহি—দায়িত্ব।
জাজ্‌মেণ্ট—রায়।
জমাবন্দী—রাজস্ব ধার্য্য করা।
জবানবন্দি—সাক্ষী প্রভৃতির উক্তি।
জামানত—জামিন স্বরূপ যাহা রক্ষিত হয়।
জায়—বিস্তারিত বিবরণ।
জারি—কার্য্যে পরিণত করা।
জুরী—সেসন আদালতে জজের সহিত বসিয়া যাহারা বিচারের সহায়তা করে।
জের—পূর্ব্বপৃষ্ঠার মোট অঙ্ক পরপৃষ্ঠায় আনয়নসূচক নাম।
জেরা—প্রতিপ্রশ্ন।

ঝ

ঝুঁকি—দায়িত্ব।

ট

ট্রাষ্ট—ন্যাস, বিশ্বাস করিয়া অর্পণ।
ট্রাষ্টী—ন্যাসী, যাহাকে বিশ্বাস করিয়া সম্পত্তির ভার দেওয়া হয়।
ট্রায়াল—বিচার।
ট্রেস্‌পাস—অনধিকার প্রবেশ।

ঠ

ঠিকা—অস্থায়ী।

ড

ডিক্রীজারী—ডিক্রীতে লিখিত আদেশ কার্য্যে পরিণত করিবার ব্যবস্থা।
ডিপোজিসন্—এজাহার।
ডিফেন্‌ড্যাণ্ট—প্রতিবাদী।
ডিভোর্স্—বিবাহ-বন্ধনচ্ছেদ।

ডিস্‌মিস্‌—বাদীর প্রার্থনা নামঞ্জুর করা।
ডিহি—মৌজার সমষ্টি।
ডিফামেসন্‌—মানহানি করা।
ড্যামেজ—ক্ষতিপূরণ।

ত

তফসীল—বিবরণ।
তমস্থক—খৎ।
তামাদি হওয়া—নির্দ্দিষ্ট সময় অতীত হওয়ার জন্য প্রার্থনা অগ্রাহ্য হওয়া।
তেজারৎ—টাকা ধার দেওয়া ব্যবসা।

থ

থোকা—যে কাগজে প্রত্যেক প্রকার আদায় বাকী প্রভৃতি হিসাব পৃথক্‌ পৃথক্‌ ফর্দ্দে লিখিত হয়।

দ

দখলকার—যাহার অধিকারে আছে।
দখলীস্বত্ব—দখল করিয়া থাকিবার ফলে যে অধিকার জন্মায়।
দাখিল—আদালতে দলীলাদি বা জমীদারী কাছারীতে খাজনা জমা দেওয়া।
দাখিল খারিজ—প্রজার নাম পরিবর্ত্তন।
দাবীদার—ফরিয়াদি; আপত্তিকারী।
দেউলিয়া—আদালত কর্ত্তৃক যে ঋণ পরিশোধ করিতে অক্ষম বলিয়া বিবেচিত।
দেওয়ানী আদালত—যেখানে অপরাধের বিচার হয় না।

ধ

ধরাট—যাহা বাধ বা ধরিয়া দেওয়া যায়।

ন

নকলনবীশ—প্রতিলিপিকার।
নজরবন্দী—আবদ্ধ বা দৃষ্টির অন্তর্গত রাখা।
নজীর—পূর্ব্ববদ্ধ বিধি চলিত ব্যবহার।
নথী—কোন মোকর্দ্দমার কাগজপত্রের সমষ্টি।
নাকচ—রদ করা।
নাখেরাজ—নিষ্কর জমি।
নামঞ্জুর—অগ্রাহ্য।
নিট্‌—খরচখরচা বাদ।

প

পঞ্চায়ত—বাদী ও প্রতিবাদী কর্ত্তৃক নির্ব্বাচিত সালিশ।
পিটিসন্‌—দরখাস্ত।
পেশ—দাখিল করা। [শুনায়।
পেশকার—যে কর্ম্মচারী কাগজপত্র পড়িয়া
প্রক্লামেশন্‌—পলাতক আসামীর সম্পত্তি বিক্রয়ের বিজ্ঞাপন।
প্রাইমা ফেসি—আপাতদৃষ্টিতে।
প্রেসিডেণ্ট—নজির।

ফ

ফতোয়া—মুসলমান বিচারকের লিখিত ব্যবস্থা।
ফয়সালা—ডিক্রি। [চারী।
ফৌজদারী—শাসনকার্য্যে নিযুক্ত কর্ম

ব

বকলম—যে লিখিতে জানে না, তাহার নামে অন্য কর্ত্তৃক স্বাক্ষর।
বকেয়া বাকী—অতীত বৎসরের বাকী।
বনাম—প্রতিপক্ষের নাম। [পত্র
বয়নামা—প্রকাশ্য নিলামে জমির বিক্রয়
বরবাদ—নষ্ট করা।
বহাল—নিযুক্ত করা।
বুনিয়াদী—পুরুষানুক্রমে শ্রেষ্ঠ।
বে-ইখতিয়ার—সংযমহীন।
বেওয়ারিস—যাহা কেহ দাবী করে না।
বেকসুর—অপরাধহীন।
বেল—জামিন।

ম

মকর্‌ররী—চিরস্থায়ী।
মজুদ—বর্ত্তমান।
মঞ্জুর—অনুমোদন।
মতায়েন—নিযুক্ত করা।
মবলগ—মোট সংখ্যা।
মালগুজারী—জমা, রাজস্ব।
মায়—সহিত।
মিতি—ভবিষ্যৎ সুদ।
মুচলেকা—আদালতের হুকুম তামিল করিবার স্বীকৃতি পত্র।
মৌকুফ—স্থগিদ।
মৌরসী পাট্টা—চিরদিনের জন্ত প্রদত্ত পাট্টা।

য

যৌথ—একত্র।

র

রজ—রহিত।
রফানামা—নিষ্পত্তি পত্র।
রাইয়াত—প্রজা, চাষী।
রাজীনামা—স্বীকৃতি পত্র।
রাহা—পথ।
রিভরসনার—ভবিষ্যৎ উত্তরাধিকারী।
রিমাণ্ড—পুনঃ প্রেরণ করা।
রিসিভার—মোকদ্দমার বিষয়ীভূত সম্পত্তি রক্ষণের জন্ত আদালত কর্ত্তৃক নিযুক্ত কর্ম্মচারী।
রেপ—বলাৎকার।
রেস্পণ্ডেণ্ট—যে পক্ষের বিরুদ্ধে আপীল করা হয়।
রোকড়—জমাখরচের খাতা।
রোজনামচা—যাহাতে দৈনিক ঘটনা লিখিত হয়।

ল

ল—আইন।
লীগাল রিমেমব্র্যান্সার—গবর্ণমেণ্টের মোকদ্দমার তদ্বিরার্থে নিযুক্ত উচ্চতর কর্ম্মচারী।

শ

শরীক—অংশীদার।
শামিল—যুক্ত করা।
শীল—দেনার দায়ে সম্পত্তি জব্দ করা।

স

সওয়াল জবাব—মোকদ্দমার বাদ-প্রতিবাদ।
সদর—প্রধান কার্য্যস্থল।
সরেজমিন তদন্ত—স্থানীয় তদন্ত।
সব জুডিস—বিচারাধীন।
সালীজমি—ধান্তোৎপাদক জমি।
সালিয়ানা—বাৎসরিক।
সুনাজমি—যাহাতে আশু বা ভাদোই প্রভৃতি জন্মে।
সেরেস্তা—পদ্ধতি; কার্য্যালয়; বিভাগ।

হ

হক—স্বত্ব।
হকুক—স্বত্ব।
হমিসাইড—নরহত্যা।
হাওলাত—বিনাখতে টাকা ধার।
হাজির জামিন—আসামীকে হাজির করিবার দায়ী হইয়া জামিনদার যে অঙ্গীকার পত্র লিখিয়া দেয়।
হামরাও—মারফৎ।
হামেসা—সর্ব্বদা।
হিসাবদিহি—দায়িত্ব।
হিস্তা—অংশ।

আদর্শ
বাঙ্গলা অভিধান

প্রচলিত প্রবাদ ও প্রবচন

অ

অকাল কুষ্মাণ্ড—অসময়ের কুমড়া, ঐ কুমড়া কোন কাজেই আসে না; অপদার্থ, গোঁয়ার, মূর্খ ব্যক্তি।

অকালে নোয়ায় না বাঁশ,
বাঁশ করে টাঁসটাস।
—শিশুকাল হইতে নীতিশিক্ষা না দিলে, ভবিষ্যতে সহস্র উপদেশে কোন ফল হয় না।

অকালের জাম বড় মিষ্ট—যে দ্রব্যটি যে সময়ে পাইবার কোন আশা নাই, সেটি সেই সময়ে পাইলে বড়ই আনন্দ হয়।

অকেজো বউ লাউ কুটতে দড়—কঠিন কাজ ফেলিয়া সহজ কার্য্যে প্রবৃত্ত হইতে গেলে এই প্রবাদ ব্যবহৃত হয়।

অগস্ত্য যাত্রা—কথিত আছে যে, অগস্ত্য মুনি আর্য্যাবর্ত্ত হইতে দাক্ষিণাত্যে যাইবার পথে বিন্ধ্য পর্ব্বতকে তাঁহার ফিরিয়া না আসা পর্য্যন্ত মাথা নীচু করিয়া থাকিতে বলিয়াছিলেন। তিনি আর প্রত্যাবর্ত্তন করেন নাই এবং বিন্ধ্যও মাথা তুলিতে পারিতেছে না। ভাদ্রমাসের প্রথম দিনে মুনি পর্ব্বত লঙ্ঘন করিয়া গিয়াছিলেন, সেইজন্য মাসের প্রথম তারিখ "অগস্ত্য যাত্রা" নামে খ্যাত। এই দিনে যাত্রা নিষেধ।

অঙ্গারঃ শতধৌতেন মলিনত্বং ন মুঞ্চতি—কয়লা শতবার ধুইলেও উহার কৃষ্ণবর্ণ দূর হয় না। দুষ্টলোকের স্বভাব শত উপদেশেও পরিবর্ত্তিত হয় না।

অজার যুদ্ধে আঁটুনি সার—ছাগল বহুদূর হইতে লম্ফ দিয়া যুদ্ধ করিতে আসে, কিন্তু নিকটে আসিলে তাহার আর সে ভাব থাকে না।

অতি দর্পে হতা লঙ্কা—অধিক বাড়াবাড়ি করিলে পতন নিশ্চয়।

অতি বড় ঘরণী না পায় ঘর।
অতি বড় সুন্দরী না পায় বর।
—কোন বিষয়ে অনন্যসাধারণ হইলে, সকল সময় তাহার উপযোগী বস্তু মিলিবার সুবিধা হয় না।

অতি বাড় বেড়ো নাকো
ঝড়ে পড়ে যাবে।
অতি ছোট হয়ো নাকো
ছাগলে মুড়াবে॥
—অতিশয় গর্ব্ব বা অতিরিক্ত নম্রতা ভাল নয়, সকল বিষয়ে মাঝামাঝি থাকা ভাল।

অতিবুদ্ধির গলায় দড়ি—অতিবুদ্ধি লোক বেশী চালাকি করিতে গিয়া শেষে নিজেই ঠকিয়া যায়।

অতি ভক্তি চোরের লক্ষণ—কেহ অসঙ্গত মাত্রায় ভক্তি প্রদর্শন করিলে তাহার সদভিপ্রায় সম্বন্ধে স্বভাবতঃই সন্দেহ হয়।

অতি লোভে তাঁতি নষ্ট—বেশী লাভ করিবার দুরাশা করিলে, মূলধন পর্য্যন্ত নষ্ট হইয়া যায়।

অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট—অনেকে এককাজে নিযুক্ত হইলে সেই কাজ পণ্ড হয়।

অনভ্যাসের ফোঁটা কপাল চড়চড় করে—যে যে-কাজে অভ্যস্ত নয় তাহাকে সেইরূপ কাজে লাগাইলে সে কষ্টবোধ করে।

অন্ধকারে ঢিল ছোড়া—কি ফল হইবে তাহা না জানিয়া আন্দাজে কোন কাজ করা।

অন্ধের কিবা রাত্রি, কিবা দিন—সকল অবস্থা যাহার কাছে তুল্যমূল্য তাহার সম্বন্ধে এই প্রবাদটি প্রযোজ্য।

অবলার মুখেই বল—স্ত্রীজাতি কলহপটু; শারীরিক বল না থাকিলেও বাক্যবল আছে।

অভাগা যদ্যপি চায় সাগর শুকায়ে যায়—ভাগ্যহীন ব্যক্তি সৌভাগ্যবান্ লোকের নিকটও নিরাশ হয়।

অরণ্যে রোদন—নিষ্ফল প্রয়াসের উদাহরণস্বরূপ এই প্রবচনটি ব্যবহৃত হয়।

অরগুণ নেই বরগুণ আছে—ভিতরে কোন গুণ নাই, বাহিরেই কেবল আস্ফালন। (অরগুণ—অন্তর্গুণ। বরগুণ—বহির্গুণ।)

অল্প জলের পুঁটি মাছ ফর ফর করে—যাহার জ্ঞান অল্প সেই বেশী অহঙ্কার করিয়া থাকে।

আ

আঁতে ঘা দেওয়া—মর্ম্মপীড়া দেওয়া।

আকাশে ফাঁদ পেতে বনের পাখী ধরা—বৃথা চেষ্টা সম্বন্ধে ইহা প্রযুক্ত হয়।

আগাছার বাড় বড়—অপ্রয়োজনীয় বস্তুরই প্রাচুর্য্য দৃষ্ট হয়।

আগুন কি কাপড়ে ঢেকে রাখা যায়?—গুণ বা পাপ কখনও চাপা থাকে না।

আগুনের কাছে ঘি—প্রবলের নিকট দুর্ব্বল পরাজিত হইবেই হইবে।

আগে ভাল ছিল জেলে
জাল দড়া বুনে,
কি কাজ করিল জেলে
এঁড়ে গরু কিনে।

—লোভবশতঃ পৈতৃক ব্যবসা ত্যাগ করিলে ক্ষতিগ্রস্ত হইতে হয়।

আদা জল খেয়ে লাগা—কষ্ট স্বীকার করিয়া একমনে কার্য্যসিদ্ধিকল্পে নিযুক্ত হওয়া।

আদার ব্যাপারী জাহাজের খপর কেন—অনধিকারচর্চ্চাস্থলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

আন সতীনে নাড়ে চাড়ে,
বুন্ সতীনে পুড়িয়ে মারে।

—আপনার লোকেই অধিক পরিমাণে অনিষ্ট করে।

আপন কোলে ঝোল (বা সবাই) টানে—স্বার্থসিদ্ধির দিকেই লোক বেশী দৃষ্টি রাখে। পরার্থে দৃষ্টি কাহারও থাকে না।

আপন ঘরে সবাই রাজা—নিজের ঘরে লোকে যেরূপ প্রভুত্ব করিতে পারে, অন্য স্থানে সেরূপ করিতে পারে না।

আপন (আপনার) চরকায় তেল দাও—(ভাবার্থ) আপনার কার্য্যে মনোযোগী হও। অনধিকারচর্চ্চা বা পরচর্চ্চা করিবে না

আপন চেয়ে পর ভাল, পর চেয়ে জঙ্গল ভাল—অনেক সময় পরমাত্মীয়

নিকট হইতে উপকার বা সাহায্যের পরিবর্ত্তে উপেক্ষা, অনাদর ও অবজ্ঞা মাত্র লাভ হইয়া থাকে, পরন্তু অনাত্মীয়ের নিকট হইতে যথেষ্টই সাহায্য পাওয়া যায়।

আপন (আপনার) নাক কেটে পরের যাত্রা ভঙ্গ—নিজের অনিষ্ট করিয়াও পরের অনিষ্ট চেষ্টা।

আপন পাঁজি (ধন) পরকে দিয়ে, দৈবজ্ঞ বেড়ায় মাথায় হাত দিয়ে।

—আপনার প্রয়োজনীয় বস্তু পরের হাতে দিয়া কাযাকালে অনেক অসুবিধা ভোগ করিলে এই প্রবাদ ব্যবহৃত হয়।

আপন পাঁঠা লেজে কাটি—আপনার দ্রব্য বা বিষয় সম্বন্ধে যাহা ইচ্ছা তাহা করিতে পারা যায়, তাহাতে বাধা দিবার কাহারও অধিকার নাই।

আপন বেলা আঁটি সাটি, পরের বেলা দাঁতকপাটি—আপনার স্বার্থের দিকে বিলক্ষণ দৃষ্টি আছে, পরের মঙ্গল সম্বন্ধে নিতান্ত উদাসীন।

আপন মান আপনি রাখ, কাটা কান চুল দিয়ে ঢাক।—কোন দুষ্কর্ম্মের জন্য কান কাটা গেলে সেই কাটা কান চুল দিয়া ঢাকিয়া রাখিয়া আপনার মানসম্ভ্রম আপনি রক্ষা কর। ঘরের কুৎসা বাহিরে প্রকাশ করিতে নাই।

আপনার পায়ে আপনি কুড়ুল মারা—জানিয়া শুনিয়া নিজের সর্ব্বনাশ করা।

আপনার বেলা পাঁচ কড়ায় গণ্ডা—সাধারণতঃ চারি কড়ায় গণ্ডা হয়। কিন্তু নিজের হিসাব বুঝিয়া লইবার সময় পাঁচ কড়ায় গণ্ডা ধরা, অর্থাৎ বেশী করিয়া লওয়া। নিজের স্বার্থটি বিলক্ষণ বুঝা।

আপনার মত জগৎ দেখা—ভাল লোক সকলকেই ভাল মনে করে, যে মন্দ লোক সে মনে করে সকলেই বুঝি তাহার মতন। "আত্মবৎ মন্যতে জগৎ।"

আপনি ঠাকুর ভাত পায় না, শঙ্করাকে ডাকে—যার নিজেরই খাইবার সংস্থান নাই, তার আবার খাইবার জন্য অপরকে ডাকা নির্ব্বুদ্ধিতার কার্য্য।

আপনি বড় ভাল, তাই লোককে বলে কাল।

—যে ব্যক্তি নিজের মন্দ স্বভাব জানিয়াও অপরের স্বভাবের নিন্দা করে, তাহার সম্বন্ধে এই প্রবাদটি বিদ্রূপচ্ছলে প্রযুক্ত হয়।

আপনি বাঁচলে বাপের নাম—নিজে কোন উপায়ে বাঁচিয়া থাকিতে পারিলে পিতৃপুরুষের নাম বজায় থাকে। "আত্ম রেখে ধর্ম্ম।" "চাচা আপন বাঁচা।"

আপ্ ভালা ত জগৎ ভালা—নিজের মন ভাল হইলে, সকলেই ভাল বলিয়া বোধ হয়।

আপ রুচি খানা, পর রুচি পরনা (পিন্হনা)—নিজের রুচি অনুসারে আহার করিবে, অন্যের রুচি অনুসারে বেশ-ভূষা করিবে।

আমড়া গাছে আম হয় না—যাহার স্বভাব মন্দ তাহার নিকট সদ্ব্যবহারের আশা করা যায় না।

আম না পেয়ে আঁটি চোষা—সার বস্তুর অভাবে অসার বস্তু উপভোগ করিতে বাধ্য হওয়া।

আম শুকালে আমসী, যৌবন ফুরালে কাঁদতে বসি।

—আম শুকাইয়া আমসী হইলে আমের যেমন আর আদর থাকে না, তেমনিই স্ত্রীলোকের যৌবনকাল অতীত হইলে তাহার আর সেইরূপ আদর থাকে না।

আর কি ন্যাড়া বেলতলায় যায়—যে একবার ঠকিয়াছে, সে ভবিষ্যতে সাবধান হয়।

আলালের ঘরের দুলাল—"আদুরে গোপাল"। যে যুবক বাল্যকাল হইতে অযথা আদর পাইয়া উচ্ছৃঙ্খল হইয়া পড়িয়াছে, তাহার সম্বন্ধে ইহা প্রযুক্ত হয়।

আলোর পরই আঁধার—সুখের পরই দুঃখ আসে।

আশা আর বাসা ছোট করতে নেই—আশা হইতে চেষ্টা, আর চেষ্টা হইতে সাফল্য। কিন্তু যতটা আশা করা যায়, ততটা সফলতা লাভ হয় না। তাই আশার পরিমাণ অধিক হইলে বেশী পরিমাণে সাফল্য লাভ করা যায়। বাসা বড় হইলে স্বচ্ছন্দে থাকা যায়।

আশার শেষ নাই—দরিদ্র শতপতি হইতে চায়, শতপতি সহস্রপতি হইবার বাসনা করে, সহস্রপতি লক্ষপতি হইতে কামনা করে, লক্ষপতি কোটিপতির ঐশ্বর্য্য প্রার্থনা করে, কোটিপতি রাজা হইতে চায়, রাজা সম্রাট্ হইবার ইচ্ছা করে। পরন্তু আশার শেষ নাই।

আষাঢ়ে না হলে সুত,
হা সুত যো সুত।
ঘোলতে না হলে পুত,
হা পুত যো:পুত॥

—উপযুক্ত সময়ে কোন কার্য্য না হইলে এই প্রবাদ ব্যবহৃত হয়।

আসন্ন কালে বিপরীত বুদ্ধি—লোকের যখন দুর্দ্দশা ঘটে, তখন সে সুবুদ্ধির কাজ করিতে পারে না। লোকের অবস্থা শোচনীয় হইলে তাহার কার্য্যকলাপও দুর্ব্বুদ্ধিপ্রসূত হইয়া থাকে।

আসর ঘরে মশাল নেই, ঢেঁকি-শালে চাঁদোয়া—"ভিতরে ছুঁচোর কীর্ত্তন বাহিরে কোঁচার পত্তন।"—আমোদপ্রমোদের আসরে আলো জ্বালিবার সঙ্গতি নাই, অথচ ঢেঁকিশালায় চাঁদোয়া খাটাইয়া বড়মানুষি দেখান হইতেছে।

আসল চেয়ে সুদ মিষ্টি—মহাজনেরা আসল অপেক্ষা সুদকেই অধিকতর প্রিয় জ্ঞান করে। সেরূপ পুত্র অপেক্ষা পৌত্র অধিক স্নেহভাজন হয়।

আসলে খোঁজ নেই, তার সুদের খবর—কর্জ্জ দেওয়া আসল টাকা ফিরিয়া পাইবার আশা নাই, কিন্তু সেই টাকার সুদ পাইবার জন্য ব্যস্ত হওয়া। বৃহৎ ত্যাগ করিয়া ক্ষুদ্রে দৃষ্টি।

আহার নিদ্রা ভয়, যত বাড়াও তত হয়—আহার, নিদ্রা ও ভয় ইহাদিগকে যত বাড়াইবে ততই বাড়িবে।

আহ্লাদে আটখানা, লেজা মুড়ো নিয়ে দশখানা—যে সামান্য বিষয় উপলক্ষে অযথা আনন্দ প্রকাশ করে, তাহার সম্বন্ধে বিদ্রূপচ্ছলে এই উক্তিটি প্রযুক্ত হয়।

ই

ইঁচোড়ে পাকা—যে ছেলে অল্প বয়সে বিজ্ঞ সাজে, এবং বিজ্ঞের মত কথা কয় তাহাকে ইঁচোড়ে পাকা বলে। তাহার দ্বারা কোন কাজ হয় না।

ইচ্ছা থাকে যার, উপায় হয় তার—মনে যদি কাজ করিবার প্রকৃত ইচ্ছা থাকে, তবে কাজ যতই দুরূহ হউক, তাহার একটা-না-একটা উপায় হইয়া থাকে।

ইটটি মারলে পাটকেলটি খেতে হয়—অপকার করিলেই প্রত্যপকার পাইতে হয়।

ইল্লৎ যায় ধুলে, স্বভাব যায় মলে—কোন জিনিষ বা স্থান অপরিষ্কার হইলে ধুইলে তাহা পরিষ্কার হয়, কিন্তু হাজার ধোয়া মোছাতেও স্বভাবের দোষ যায় না, মরিলে তবে স্বভাবের দোষ দূর হয়।

উ

উই ইন্দুরে কুজন, ভাল ভাঙ্গে তিন জন;
কুচ সোহাগা দুজন, ভাল করে তিন জন।

—উই, ইঁদুর এবং অসাধু লোক ইহা ভাল ভাল জিনিষ নষ্ট করিয়া ফেলে। অ

সূচ, সোহাগা এবং সাধু ব্যক্তি সর্ব্বদা জগতের হিত করিয়া থাকে।

উঁচান বাড়ি বড় ভয়, পড়লে বাড়ি সয়ে যায়—মারিতে উদ্যত লাঠি দেখিয়া কতই আঘাত লাগিবে ভাবিয়া লোকে ভয় পায়, কিন্তু সেই লাঠি মাথায় পড়িয়া গেলে আঘাত সহ্য হইয়া যায়। কাজ করিবার আগে ভয় হয়, কিন্তু করিতে আরম্ভ করিলে কঠিন কাজও সম্পন্ন হইয়া যায়।

উচিত কথায় দেবতা তুষ্ট,
উচিত কথায় মানব রুষ্ট।
—দেবতা বা দেবতুল্য সাধুগণ উচিত কথায় সন্তুষ্ট হইয়া থাকেন। কিন্তু মানুষকে উচিত কথা বলিলে তাহারা ক্রুদ্ধ হইয়া থাকে।

উঠ ছুঁড়ি তোর বিয়ে, বাড়া ভাত খেয়ে—কোন কথাবার্ত্তা বা সম্ভাবনা নাই, এরূপ কাজ হঠাৎ তাড়াতাড়ি করিতে হইলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

উড়তে পারে না ফুরফুর্ করে—কাজ করিবার শক্তি নাই, তথাপি কাজ করিতে যাওয়া।

উড়ে এসে জুড়ে বসা—যাহার কোন দাবী বা সম্বন্ধ নাই, তাহার কোন স্থান অধিকার বা কোন কার্য্য করিবার চেষ্টা।

উদ খেতে চুন নেই, নেউলে বাজায় শিঙে—উদ—উদক, জল। এক মুঠা চুন মুখে দিয়া জল খাইবে, এমন সম্বল নাই, অথচ বাঁশী ফুঁকিয়া বেড়ায়। যার খাবার সংস্থান নাই, তার বাহ্য আস্ফালন।

উদোর বোঝা (বা পিণ্ডি) বুধোর ঘাড়ে—একের দায়িত্ব বা দোষ অপরের ঘাড়ে চাপান।

উপরোধে ঢেঁকি গেলা—অনুরোধে দুঃসাধ্য কাজ করিতে যাওয়া।

উপবাসে যাবে দিন, ধার করলে হবে ঋণ—ঘরে কোন সংস্থান না থাকিলে উপবাস করিলে একটা দিন কাটিয়া যায়, কিন্তু ধার করিয়া দিন চালাইতে গেলে ঋণগ্রস্ত হইতে হয়। ঋণগ্রস্ত হইয়া উদর পূর্ণ করিবে না।

উপোসের কেউ নয়, পারণার গোঁসাই—কষ্ট করিবে না, অথচ ফল উপভোগ করিতে যত্নবান্।

উলুবনে মুক্তো ছড়ান—যে যাহার আদর করিতে জানে না বা মূল্য বুঝে না, তাহার সমক্ষে সেই বস্তু বা বিষয়ের উপস্থাপন করা।

এ

এই ডুমুরের গরব কর,
পাকলে ডুমুর পড়ে মর।
—যে ডুমুর ফলের জন্য গর্ব্ব প্রকাশ করিতেছ, সেই ডুমুর পাকিলে ঝরিয়া মাটিতে পড়িয়া যায়; সুতরাং সৌন্দর্য্যের গর্ব্ব করা বৃথা।

এই বিড়াল বনে গেলে বন-বিড়াল হয়—অবস্থান্তর ঘটিলে স্বভাবেরও বিকৃতি ঘটে। "যে যায় লঙ্কায় সেই হয় রাবণ।"

এই মানুষ বনে গেলে বন-মানুষ হয়—দুষ্ট সমাজ সংস্পর্শে ও শিক্ষায় বিকৃতি গুণে মানুষ দুষ্টভাবাপন্ন হয়।

এঁটে ধরলে চিঁ চিঁ করে,
ছেড়ে দিলে লম্ফ মারে।
—নীচ লোকে কায়দায় পড়িলে জব্দ হয়, আবার স্বাধীনতা পাইলেই মহা আস্ফালন করে।

এঁড়ে গরু, ধা টেনে দো—যাহা অসম্ভব তাহা করিতে যাওয়া। "চাউল নাই, তবে ভাতে ভাত রাঁধ।"

এক কান কাটা সহরের বার দে যায়,
দুকান কাটা সহরের ভিতর দে যায়।
—যে অল্পমাত্রায় "বেহায়া", তার কতকটা লজ্জাভয় আছে, সে আত্মগোপন করিয়া লোকনয়নের বহির্ভূত থাকিতে চেষ্টা করে, কিন্তু যে পূর্ণমাত্রায় "বেহায়া"

তাহার লজ্জাভয় কিছুই নাই, ইহাই এই উক্তির অর্থ।

এক কানে শুনে, অন্য কানে বেরোয়—যে উপদেশ-বাক্য শ্রবণ করিয়া তদনুসারে কার্য্য করে না, তাহারই সম্বন্ধে এ উক্তিটি প্রযুক্ত হয়।

এক ক্ষুরে মাথা মুড়ান—সকলেরই এক দশা।

এক গাছের ছাল অন্য গাছে জোড়া লাগে না—পর কখনও আপন হয় না।

এক চোখে কাঁদা, এক চোখে হাসা—কপটাচারীরা এক চোখে কাঁদে, অন্য চোখে হাসে, অর্থাৎ বাহিরে খুব কাতরতা প্রকাশ করে, কিন্তু মনে মনে হাসিতে থাকে। কিংবা হরিষে বিষাদ। একই সময়ে একটি সুসংবাদ ও আর একটা দুঃসংবাদ পাইলেও এইরূপ অবস্থা হয়।

এক ছেলে তার ফুলের শয্যে।
পাঁচ ছেলে তার কাঁটার শয্যে॥
—যার একটি মাত্র পুত্র, সে ছেলেকে অনেক আদর যত্নে রাখে, কিন্তু অনেকগুলি সন্তান জন্মিলে ছেলেদের আর তেমন আদর থাকে না।

এক ঝিকরে মাছ বেঁধে না
সেই বা কেমন বঁড়্‌শী,
এক ডাকেতে সাড়া দেয় না
সেই বা কেমন পড়্‌শী।
—এক টান বা খেঁচ দিলে যে বঁড়শীতে মাছ বেঁধে না, তাহা ভাল বঁড়শী নয়। আর যে প্রতিবাসী একবার ডাকিলেই সাড়া দেয় না, সে সৎপ্রতিবেশী নয়। উভয়েই উপকারে আসে না।

এক পাগলে রক্ষা নাই, সাত পাগলের মেলা—একটি বিরক্তিকর বস্তুই যথেষ্ট, তাহার উপর আবার অপর বিরক্তিকর বস্তু উপস্থিত হইলে সমধিক জ্বালা সহ্য করিতে হয়।

এক পা জলে, এক পা স্থলে—"দু নৌকায় পা।" কিংকর্ত্তব্যবিমূঢ় হওয়া। দুইটি পরস্পর-বিরোধী কার্য্য এক সময়ে সম্পন্ন করিবার প্রয়াস করা।

এক ভস্ম আর ছার,
দোষ গুণ কব কার।
—দুইই সমান দোষী হইলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

এক মাঘে শীত যায় না—একটি বিপদ্ হইতে মুক্তি পাইলে যে আর বিপদ্ ঘটিবে না, এটি মনে করিবে না।

এক মুখে দুই কথা—যে প্রতিজ্ঞা করিয়া তাহা রক্ষা করে না, বা সাক্ষাৎভাবে তাহা অস্বীকার করে, তৎসম্বন্ধে এই উক্তিটি প্রযুক্ত হয়।

এক যাত্রায় পৃথক্ ফল—এক সঙ্গে একই কার্য্য আরম্ভ করিয়া একজন যদি পুরস্কৃত এবং অপর জন যদি তিরস্কৃত হয়, তাহা হইলে তাহাদের এক যাত্রায় পৃথক্ ফল বলা হয়।

এক রত্তি দড়ি, সকল ঘর বেড়ি—ক্ষুদ্র সলিতা সহযোগে প্রজ্বালিত প্রদীপ সমস্ত ঘরকেই আলোকিত করে। বস্তু সামান্য হইলেও কার্য্যকর হয়।

এক লাউএর বিচি, কেউ কচ্চে কচর্ কচর্ কেউ বা আছে কচি—একটা লাউএরই কতকটা অংশ পাকিয়া গিয়া বিচি কচ্ কচ্ করিতেছে, আবার কতক অংশ কচি আছে। এক মাতাপিতার সন্তানেরা বিভিন্ন প্রকৃতি হইলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

একা রামে রক্ষা নাই দোসর লক্ষ্মণ—যে একাই কাজ করিতে পারে, অপরকে তাহার সহায় হইতে দেখিলে লোকে এই প্রবাদের ব্যবহার করিয়া থাকে।

একি ছেলের হাতের পিঠে?—ছেলের হাতের পিঠে যে কেহ ভুলাইয়া লইতে পারে কোন পাকা লোকের নিকট হইতে কো

কিছু ভুলাইয়া লইবার চেষ্টা করিলে ইহা ব্যবহৃত হয়।

একুশ কোড়া গুণে খানি, ফুলের ঘায়ে মূর্চ্ছা যান।—কথিত আছে যে, কোন রাজকন্যা তাঁহার উপপতির দারুণ প্রহার সহ্য করিতে পারিত, কিন্তু স্বামী যদি তার গায়ে একটি ফুল ছুঁড়িয়া মারিত, অমনই তাহার আঘাতে মূর্চ্ছিত হইত। অত্যধিক "দুখী শরীরের" বা অভিমানীর ভাণ সম্বন্ধে এই উক্তিটি প্রযুক্ত হয়।

একুল ও কুল দু'কুল গেল—"ইতো নষ্টঃ ততো ভ্রষ্টঃ", এদিকও নষ্ট হইল, ওদিকও নষ্ট হইল; কোন দিকেই কোন উপায় রহিল না।

একে মনসা তাতে ধুনার গন্ধ—স্বভাবতঃই কোপনপ্রকৃতি ব্যক্তি সামান্য উত্তেজনা পাইলেই অধিকতরভাবে ক্রোধান্বিত হয়।

এগুলেও নির্ব্বংশের বেটা (কিংবা তেড়ের তেড়ে) পেছুলেও নির্ব্বংশের বেটা—এদিকে গেলেও মন্দ, ওদিকে গেলেও মন্দ, এইরূপ উভয়সঙ্কট অবস্থা।

এঁড়ে যায়, ব্যাঙ যায়, খোলসে বলে আমিও যাই—যে সে-কাজ করিতে অক্ষম, তাহা অপরের অনুকরণ করিতে গিয়া সে সকলের হাস্যাস্পদ হয়।

এড়ে দিয়ে তেড়ে ধরা—কোন সুযোগ একবার চলিয়া গেলে তাহা ধরিবার চেষ্টা নিষ্ফল।

এত সুখ যদি তোর কপালে, তবে কেন তোর কাঁথা বগলে?—কাহারও অযথা আত্মগৌরব বর্ণনায় অবিশ্বাস—এই প্রবাদটি সূচিত করে।

ও

ওখার ঘাড়ে বোঝা—যে ব্যক্তি যে বিপদের প্রতিকার করে, তাহারই বিপদ্‌প্রাপ্ত হওয়া।

ঔ

ঔষধ ধ'রেছে—যাহা বলা হইয়াছে বা অপর সম্বন্ধে যাহা প্রযুক্ত হইয়াছে, তাহার ফল ফলিতে আরম্ভ হইয়াছে।

ক

ক অক্ষর গোমাংস—ঘোর মূর্খ—বর্ণ-পরিচয়ও হয় নাই।

কই মাছের প্রাণ—কই মাছ সহজে মরে না। উনুনে চাপাইবার পরও লাফায়।

কণ্টক বিনা কমল নাই, কলঙ্কশূন্য চন্দ্র নাই—জগতে কিছুই নির্দ্দোষ নাই।

কতই বা দেখব আর, ছুঁচোর গলায় চন্দ্রহার—যে অবস্থার অতিরিক্ত বেশভূষা করিয়া হাস্যাস্পদ হয়, তাহার প্রতি প্রযোজ্য।

কতই সাধ ছিলরে চিতে, মলের আগে চুট্‌কি দিতে।—নৈরাশ্যব্যঞ্জক উক্তি।

কত ধানে কত চাল (জান না?)—কোন কাজের হিসাব রাখ না?

কথায় কথা বাড়ে, ভোজনে পেট বাড়ে—তর্কস্থলে কথা বন্ধ করিলেই গোলযোগ মিটিয়া যায়। যত বেশী আহার করা যাইবে, আহারের স্পৃহা ততই বাড়িয়া যাইবে। [যায়ে কোন কাজ হয় না।

কথায় চিঁড়ে ভেজে না—কেবল বাক্য-

ক'নের ঘরের মাসী, বরের ঘরের পিসী—দুই পক্ষে যোগ দিলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

কপালে নাইকো ঘি, ঠক্‌ঠকালে হবে কি—যাহা অদৃষ্টে নাই, তাহা শত চেষ্টাতেও পাইবে না।

কলার ভেলায় সমুদ্র পার—সামান্য উপায়ে বৃহৎ কার্য্য সম্পাদনের বৃথা চেষ্টা।

কলুর বলদ—যে নিজের ভালমন্দ না বুঝিয়া কেবল পরের উপদেশমত কাজ করে, তাহার সম্বন্ধে এই বাক্য প্রযুক্ত হয়।

কষ্ট বিনা কৃষ্ণ মিলে না—ঐকান্তিক যত্ন বা সাধনা না করিলে সিদ্ধিলাভ হয় না।

ক'ষ'তে ক'ষ'তে বাঁধন ছেঁড়ে—অধিক টানে বন্ধন-রজ্জু ছিন্ন হইয়া যায়। আধিক্যের কুফল বুঝাইতে ব্যবহৃত।

কাঁচা বাঁশে ঘুণ ধরা—অপরিণত বয়সেই চরিত্রহীন হওয়া।

কাঁটা দিয়ে কাঁটা তোলা—শত্রু দ্বারাই শত্রুকে শাসন করিতে হয়।

কাক ও কোকিল একই বর্ণ, কিন্তু স্বরে ভিন্ন ভিন্ন।
—সাধু ও অসাধু আকৃতিতে চেনা যায় না, কাজে চেনা যায়।

কাকের মাস কাকে খায় না—সমধর্ম্মী ব্যক্তিরা পরস্পরের অনিষ্ট করে না।

কাঙ্গালকে শাকের ক্ষেত দেখাতে নাই—যাহাতে লোকের লোভ বাড়ে, এমন কাজ করিতে নাই।

কাজ সেরে বসি, শত্রু মেরে হাসি—কাজ হাসিল করিয়া আনন্দ করিবে।

কান চায় সোনারে, সোনা চায় কানেরে—পরস্পর অনুরক্ত লোকে পরস্পরের সান্নিধ্য অভিলাষ করে।

কান টানিলে মাথা আপনি আসে—এক বিষয়ে চাপ দিলে, অপরে অন্য বিষয় সম্বন্ধেও অধীনতা স্বীকার করে।

কাণা, কুঁজো, খোঁড়া, তিন অসতের গোড়া—কথিত আছে, এই তিন প্রকার লোক সৎপ্রকৃতিক হয় না।

কাণা, খোঁড়ার একগুণ বাড়া—কথিত আছে, সাধারণ লোকের যেরূপ চরিত্র হয়, ইহাদের চরিত্র তাহা হইতে কতকটা স্বতন্ত্র।

কাণা গরু বামুনকে দান—অপ্রয়োজনীয় বস্তু দান করিয়া পুণ্যলাভের চেষ্টা।

কাণা ছেলের নাম পদ্মলোচন—যাহার যে গুণ নাই, তাহা সেই লোকে আরোপিত হওয়া।

কারু সর্ব্বনাশ, কারু পৌষ মাস—কাহারও সর্ব্বনাশ হইতেছে, কিন্তু তাহাতে আর একজনের লাভ হওয়ায় সে আনন্দিত হইয়াছে।

কালনেমির লঙ্কাভাগ—অতিরিক্ত আশা করিয়া নিরাশ হওয়া; যাহা ঘটিবার সম্ভাবনা অল্প, তাহা ঘটিবে বলিয়াই স্থির করা।

কালে কালে কতই হ'ল, পুলি পিঠের লেজ বেরুল (বা বেগুনের হাড় হ'ল)—অপ্রত্যাশিত আশ্চর্য্যজনক বস্তু সম্বন্ধে প্রযুক্ত হয়।

কি অপূর্ব্ব সৃষ্টি, মা তেঁত ছা মিষ্টি—পলতা তিক্ত, কিন্তু পটোল কেমন মিষ্টি। কু হইতে সু উৎপন্ন হয়।

কিন্‌তে ছাগল, বেচ্‌তে পাগল—জিনিষ কিনিবার সময় ছাগলের ন্যায় তাড়াতাড়ি কেনা। আর বিক্রয় করিবার সময় তাহা লইয়া পাগলের মত ঘুরিয়া বেড়াইতে হয়।

কিল খেয়ে কিল চুরি করা—নীরবে অপমান সহ্য করা ও অপরের গোচরে না আনা।

কুকুরকে নাই দিলে মাথায় চড়ে (বা উঠে)—নীচকে অযথা প্রশ্রয় দিলে তাহাতে প্রশ্রয়দাতার অনিষ্ট হয়।

কুমীরের সঙ্গে বাদ ক'রে জলে বাস করা—যে যেখানে প্রবল, তাহার সহিত বিবাদ করিয়া সেখানে থাকা চলে না।

কুম্ভকর্ণের নিদ্রা—কেহ অত্যন্ত বেশী ঘুমকাতুরে হইলে, তাহাকে সহজে জাগাইতে না পারা গেলে এই প্রবাদ ব্যবহৃত হয়।

কেঁচো খুঁড়তে সাপ বেরুল—সামান্য বিষয় হইতে গুরুতর বিষয়ের উদ্ভব হইল।

খ

খাঁচায় পুরে খোঁচা মারা—করায়ত্ত প্রাণীকে শক্তিহীন করিয়া তাহার উপরে অত্যাচার করা।

খাঁদা নাকে তিলক পরা—নাক খাঁদা হইলে তাহাতে তিলক পরা সাজে না।

খাঁদা নাকে নথ, আর গোদা পায় মল—বড় বিশ্রী, বেমানান। যাহাকে যাহা সাজে না, তাহা করিলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

খাওয়াবে হাতীর ভোগে, দেখিবে বাঘের চোখে—ছেলেকে ভালবাসিয়া ভাল করিয়া খাওয়াইবে, কিন্তু প্রশ্রয় দিবে না, সর্ব্বদা কঠোর শাসনে রাখিবে।

খাচ্ছিল তাঁতী তাঁত বুনে,
কাল কল্লে এঁড়ে (গরু) কিনে।

—এক তাঁতী তাঁত বুনিয়া এক রকমে সংসার চালাইতে ছিল। একদিন সে একটি এঁড়ে গরু কিনিয়া চাষ আরম্ভ করিল। চাষের কাজ তাহার এই প্রথম; সুতরাং চাষে লাভ না হইয়া যথেষ্ট লোকসান হইল, শেষে সে দেনদার হইয়া পড়িল। যে যে-বিষয়ে পারদর্শী, তাহা ত্যাগ করিয়া অপর অজ্ঞাত বিষয়ে হস্তক্ষেপ করিলে, তাহার ক্ষতিই হইয়া থাকে।

খাট ভাঙলে ভূমিশয্যা—যখন যে অবস্থায় পড়িবে, সেইরূপেই চলিতে হইবে।

খাল কেটে কুমীর আনা—বাহিরের বিপদ ঘরে আনা।

খেতে পায় না পচা পুঁটি
হাতে পরে হীরের আংটি।

—দরিদ্র ব্যক্তি বাহ্য আড়ম্বর প্রদর্শন করিলে এই প্রবাদ ব্যবহৃত হয়।

খেতে পেলে শুতে চায়—একটা উপকার পাইয়া কেহ আরও উপকার পাইতে ইচ্ছা করিলে লোকে ইহার ব্যবহার করে।

খোঁটার জোরে মেড়া লড়ে।

খোঁটার বলে গাড়ল মুঝে—পৃষ্ঠ-পোষক বা কোন প্রকার সহায় থাকিলে গুরুতর কার্য্যে অগ্রসর হইতে সাহসী ব্যক্তির সম্বন্ধে এই প্রবাদ উক্ত হয়।

খোঁড়ার পা খানায় (বা খালে) পড়ে—যে যে বিপদের আক্রমণ হইতে আত্মরক্ষা করিতে অসমর্থ, তাহার সেই বিপদই ঘটে।

গ

গঙ্গাজলে গঙ্গাপূজা—কোনরূপ আয়াস বা অর্থব্যয় স্বীকার না করিয়া অপরের অর্থে অপরের উপকার। "মাছের তেলে মাছ ভাজা।"

গভীর জলের মীন—স্থিরবুদ্ধি চাঞ্চল্যহীন ব্যক্তি সম্বন্ধে প্রযোজ্য।

গরজ বড় বালাই—গরজ পড়িলে লোক অপকর্ম্ম করিতে কুণ্ঠিত হয় না।

গরীবের কথা বাসী হ'লে ভাল লাগে (বা ফলে)—লোকে সামান্য ব্যক্তির পরামর্শ গ্রহণ করে না, পরে কিন্তু বুঝিতে পারে যে, তাহার পরামর্শ শুনিলে ভাল হইত

গরীবের রাং (বা রাংতাই) সোনা—যাহার যাহা আছে, তাহার পক্ষে তাহাই মূল্যবান।

গরু, জরু, ধান, রাখ বিদ্যমান—গরু স্ত্রী এবং ধান্য এই তিনটিকে আপনার তত্ত্বাবধানে রাখিবে। পরের হাতে পড়িলে ইহারা নষ্ট হইয়া যায়।

গরু মেরে বামুনকে জুতো দান—গোবধ করিয়া পাপক্ষালনার্থ গোচর্ম্মে নির্ম্মিত জুতা ব্রাহ্মণকে দান করা। পাপকার্য্যের সাহায্যে পুণ্যসঞ্চয়ের চেষ্টা।

গর্ত্তের সাপ খুঁচিয়ে বা'র করা—অনুপস্থিত বিপদকে ইচ্ছা করিয়া ডাকিয়া আনা।

গলা টিপলে দুধ বেরোয়—বয়স এত অল্প যে, এখনও গলা টিপিলে দুধ বাহির হয়।

শিশুর মুখে বুড়ার ন্যায় কথা শুনিলে ইহার প্রয়োগ দেখা যায়।

গাঁয়ে মানে না আপনি মোড়ল—অপরের উপর অযাচিতভাবে কর্তৃত্ব করিবার চেষ্টা স্থলে ইহার প্রয়োগ হয়।

গাছে কাঁঠাল গোঁফে তেল—কাঁঠাল এখনও গাছে রহিয়াছে, অথচ তাহা খাইতে গেলে পাছে গোঁফে আটা লাগে এই ভয়ে গোঁফে তেল দিতেছে। যাহা পাইব কি না কিছুই স্থিরতা নাই, তৎসম্বন্ধে কৃতনিশ্চয় হওয়া।

গাছে তুলে দিয়ে মই কেড়ে নেওয়া—বিপজ্জনক কার্য্যে পাতিত করিয়া উদ্ধারের উপায় হইতে বঞ্চিত করা।

গাছে না উঠ্‌তেই এক কাঁদি—কাজের আরম্ভেই কতক ফল পাওয়া।

গাছের খায় তলারও কুড়ায়—সকল রকমেই লাভের চেষ্টা করিলে এই প্রবাদ ব্যবহৃত হয়।

গাধা পিটিয়ে ঘোড়া করা—যে স্বভাবতঃই নির্ব্বুদ্ধি, তাহাকে তীক্ষ্ণবুদ্ধি করা (সুকঠিন)।

গাল বাড়ায়ে চড় খাওয়া—সখ করিয়া বিপদ্ ডাকিয়া আনা।

গুটি পোকা গুটি করে,
নিজের ফাঁদে নিজে মরে।
—গুটি পোকা গুটি পাকাইতে পাকাইতে নিজের লালে নিজে বদ্ধ হয়। আপনার ফাঁদে আপনি পড়া।

গোড়া কেটে আগায় জল ঢালা—কাহারও সর্ব্বনাশ করিয়া পরে তাহার সামান্য উপকার করিতে যাওয়া।

গোড়ায় গলদ—প্রথমেই ত্রুটি।

গোণা গরু বাঘে ধরে (বা নেয়) না—যে গোঠের গরু ঠিক গণা আছে, সে গোঠের গরু হারায় না। সুরক্ষিত দ্রব্য নষ্ট হয় না। "সাবধানের বিনাশ নাই।"

গোদা পায়ে আল্‌তা—যাহার পা গোদা, তাহার পায়ে আল্‌তা পরিলে অতি বিশ্রী দেখায়।

গোদের উপর বিষফোঁড়া—বিপদের উপর বিপদ্।

ঘ

ঘটিরাম ডেপুটি—নির্ব্বুদ্ধি বিচারক।

ঘড়িক্‌কে ঘোড়া ছোটা—মুহূর্ত্তমধ্যে মত পরিবর্ত্তন।

ঘরজ্বালানে, পরভুলানে—যে ঘরের লোকসান করে, কিন্তু পরের ভাল করিয়া মন রাখে।

ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ভয় পায়—যে একবার ঠকিয়াছে, সে সেই কাজে আর দ্বিতীয়বার এগোয় না।

ঘরে নাই অষ্টরম্ভা, বাহিরে কোঁচা লম্বা—গৃহে অন্ন নাই, বাহিরে খুব "সরগরম"।

ঘরে নাই ঘটী-বাটী;
কোমরে মেলাই চাবিকাঠি।
—যাহার যাহা নাই তাহার অস্তিত্বে অপরের বিশ্বাস জন্মাইবার চেষ্টা করা।

ঘরে বসে রাজার মাকে ডাইনী বলা—অপরের অগোচরে তাহার কুৎসা করিতে সকলেই পারে।

ঘরে বসিয়ে মাহিনে দেয়;
এমন মনিব কোথায় পায়?
—অর্থলাভ করিতে হইলে, পরিশ্রম করিতে হইবে।

ঘরে বাহিরে একমন,
তবে হয় কৃষ্ণ-ভজন।
—অন্তরে ও বাহিরে এক হইতে না পারিলে প্রকৃত ঈশ্বর আরাধনা হয় না।

ঘাটের নৌকা ঘাটে রৈল,
কাণ্ডারী কোথায় পালিয়ে গেল।
—কোন কার্য্যে কাহাকেও প্রবৃত্ত করিয়া তাহাকে অসহায় অবস্থায় পরিত্যাগ করা।

ঘাড়ে ভূত চেপেছে—কুবুদ্ধি ঘটিয়াছে।

ঘাম দিয়ে জ্বর ছেড়ে গেল—বিপদ্ হইতে নিষ্কৃতি লাভ।

ঘুঁটে পোড়ে গোবর হাসে,
তোমার একদিন আছে শেষে।
—কোন লোক অপরে যন্ত্রণাভোগ করিতেছে দেখিয়া (যে যন্ত্রণা কিছুক্ষণ পরে তাহাকেও ভোগ করিতে হইবে) আনন্দ প্রকাশ করিলে ইহা প্রযোজ্য।

ঘুঘু দেখেছ, ফাঁদ দেখনি—কার্য্যের প্রথম অংশের সুখ অনুভব করিয়াছ, কিন্তু পরিণাম যে কিরূপ ক্লেশদায়ক তাহা এখনও বুঝিতে পার নাই।

ঘুষ পেলে আমলা তুষ্ট—কর্মচারী ঘুষ পাইলেই সন্তুষ্ট হয়।

ঘোড়া ডিঙ্গিয়ে ঘাস খাওয়া—যাহার সহায়তায় অপরের নিকট কোন কার্য্যসাধন জন্য প্রার্থী হইয়াছ, তাহাকে অগ্রাহ্য করিয়া সাক্ষাৎভাবে সেই অপরের নিকট ফললাভের চেষ্টা করা।

ঘোড়া থাক্‌লে চাবুকের ভাবনা—বেশীটা পাওয়া গেলে, অল্পটার জন্য ভাবনা নাই।

ঘোড়া দেখলেই খোঁড়া—বিলাসপ্রিয় অলসের উদ্দেশে প্রযুক্ত।

ঘোমটার মধ্যে (বা ভিতরে) খেমটা নাচ—গোপনে কুৎসিত আচরণ।

চ

চক্ষু থাকিতে কাণা (বা অন্ধ)—চক্ষু আছে বটে, কিন্তু জ্ঞান-চক্ষু অর্থাৎ বুঝিবার সামর্থ্য নাই।

চক্ষে চক্ষে যতক্ষণ,
প্রাণ পোড়ে ততক্ষণ।
—যতক্ষণ চোখের সামনে থাকে ততক্ষণই ভালবাসা; চক্ষুর অগোচরে গেলে আর মনে থাকে না। অস্থায়ী প্রণয়।

চক্ষে সরিষার ফুল দেখা—বিপদে একেবারে উপায়হীন হইয়া স্তম্ভিত হওয়া।

চখের আড়াল হলেই মনের আড়াল হয়—দেখা সাক্ষাৎ না থাকিলে আর মনে থাকে না। মৌখিক ভালবাসা।

চন্দ্র সূর্য্য অস্ত গেল
জোনাকী ধরে বাতি;
মোগল পাঠান হদ্দ হ'ল
পার্শী পড়ে তাঁতী।
—মহত্তের অভাব ক্ষুদ্রে পূর্ণ করিতে গেলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

চরণামৃত চরণামৃত, না জানি কি অমৃত; খেয়ে দেখি, না জল—অপরিচিত বস্তু বা ব্যক্তিকে খুব বড় বলিয়া ধারণা থাকে; কিন্তু পরিচয় হইলে দেখা যায় তাহা ঠিক সাধারণেরই মত।

চলেছ যদি বঙ্গে কপাল যাবে সঙ্গে—যেখানেই যাও না কেন, যাহা অদৃষ্টে আছে তাহা নিশ্চয়ই ঘটিবে। "অভাগা যায় বঙ্গে কপাল যায় সঙ্গে"—পাঠান্তর।

চল্লে চল্লিশ বুদ্ধি, না চল্লেই হত-বুদ্ধি—যখন শুভাদৃষ্টবশতঃ কাজ চলে, তখন নানারূপ ফন্দি ফিকির বাহির হয়, আর সব ফন্দি ফিকিরেই কিছু-না-কিছু কাজ হয়; আর যখন দুরদৃষ্টের সঞ্চার হয়, তখন কোন ফন্দিই কাজে আসে না, সব কাজেই বিফল হইয়া হতবুদ্ধি হইতে হয়।

চাল নাই, তার খুচুনী নাড়া—ঘরেতে চাল নাই, শুধু দৈন্য গোপন জন্য শূন্য খুচনী নাড়া দেওয়া।

চালুনী বলে ছুঁচ তোর পোঁদে কেন ছেঁদা—নিজের বহু দোষ দেখিতে পায় না, অথচ অপরের সামান্য দোষে তীক্ষ্ণ দৃষ্টি।

চালে খড় নাই, ঘরে বাতি—ঘরের চালে খড় দিবার সামর্থ্য নাই, অথচ ঘরে বাতি জ্বালিয়াছে। "এ দিক নাই, ও দিক আছে।"

চাষার গদি কাস্তের ঠোকর—চাষা লোক আদর করিতে হইলে কাস্তের খোঁচা

মারিয়া আদর করে। যাহার যেমন শিক্ষা তাহার ব্যবহারও সেইরূপ।

চিৎপাতের কড়ি, উৎপাতে যায়—বেশ্যাবৃত্তিতে উপার্জ্জিত অর্থের অপব্যয় হইয়া থাকে। [ফলভাগী নহে।

চিনির বলদ—কেবল ভারবাহী, কিন্তু

চুরি বিদ্যে বড় বিদ্যে যদি না পড়ে ধরা—চুরি বিদ্যা অর্থ সংগ্রহের অন্যতম উপায়; কিন্তু ধরা পড়িলেই গোল।

চুলকে ঘা করা (বা ব্রণ তোলা)—ইচ্ছা করিয়া বিপদ্ ডাকা।

চোর পালালে বুদ্ধি বাড়ে—কার্য্যকালে উপস্থিত বুদ্ধির অভাবস্থলে ব্যবহৃত।

চোর ভাল ত বেকুব ভাল না—একটু সাবধান থাকিলে চোরের হস্ত হইতে নিস্তার পাওয়া যায়, কিন্তু বেকুব যে কখন কি বিপদ ঘটাইয়া বসিবে, তাহার কিছুই ঠিক নাই।

চোরা না শুনে ধর্ম্মের কাহিনী—দুষ্প্রবৃত্তি লোকে সৎপরামর্শ শুনে না।

চোরে চোরে মাস্তুত ভাই—একদা একদল চোর গৃহস্থালীর অনেক জিনিষপত্র চুরি করে। ভোর হওয়ায় অসুবিধা দেখিয়া নিকটবর্ত্তী এক আস্তাবলের এক সইসের খাটিয়া লইয়া তাহার উপর চোরাই বাসন রাখিয়া চাদর ঢাকা দিল এবং চারিজনে খাটিয়া কাঁধে করিয়া যাইতে লাগিল এবং "বল হরি হরিবোল" বলিয়া চীৎকার করিতে লাগিল—যেন মড়া পোড়াইতে যাইতেছে। পথে এক পাকা চোরের সঙ্গে দেখা হওয়ায় সে বলিয়া উঠিল, ঐ যে নল দেখা যায়। তখন চোরেরা দেখিল, একটা গাড়ুর নল বাহির হইয়া পড়িয়াছে। ধরা পড়িবার ভয়ে তাহারা নলের উপর চাদর ঢাকা দিয়া চোরকে বলিল, 'ভাগ নেবে ত এস'; অর্থাৎ চোরাই মালের ভাগ লইবে এস, অপর পক্ষে শব বহনের ভাগ লও অর্থাৎ কাঁধ দাও। চোর সন্তুষ্ট হইয়া বলিল, 'কবে মরেছে মেসো'; এবং আসিয়া কাঁধ দিল। সেই হইতে চোরে চোরে মাস্তুত ভাই প্রবাদ সৃষ্ট হইয়াছে।

চোরের মন পুঁই আদাড়ে (বা বোচকার দিকে)—সকলেই আপনার স্বার্থের চিন্তা করে, বা স্বার্থসিদ্ধির অবসর অন্বেষণ করে।

ছ

ছাই ফেলতে ভাঙ্গা কুলো—দোষ করুক বা না করুক, কোন নিরীহ ব্যক্তির ঘাড়ে সকল দোষ চাপান।

ছাগলে কি না খায়; পাগলে কি না কয়?—ছাগল যেমন সমস্ত লতাপাতাই ভক্ষণ করে, পাগলও তেমনই বাচ্য অবাচ্য অনেক কথাই বলে।

ছাতা দিয়ে মাথা রাখা—উপকার করা। (সামান্য উপকার সম্বন্ধে বিদ্রূপচ্ছলে ব্যবহৃত)।

ছুঁচ হয়ে ঢোকে, ফাল হয়ে বেরোয়—প্রবেশ করিবার সময় ছুঁচের মত সূক্ষ্ম হইয়া অর্থাৎ বন্ধুত্ব দেখাইয়া শেষে ফালের মত হইয়া অর্থাৎ ভয়ানক অনিষ্ট করিয়া বাহির হওয়া।

ছুঁচো মেরে হাতে গন্ধ—যে কাজে লাভ নাই, অথচ অখ্যাতি হয়, সেইরূপ কার্য্য সম্বন্ধে প্রযোজ্য।

জ

জন জামাই ভাগ্‌না, তিন নহে আপনা—জন অর্থাৎ মজুর, জামাতা এবং ভাগিনেয় এই তিন জনের যতই উপকার কর না কেন, ইহারা কখনই আপনার হইবে না।

জন্মে দেখেনি লোহার মুখ কোদালকে বলে শুঁয়ো ছুঁচ (বা ভুত)।—অজ্ঞাত বিষয়ে মন্তব্য প্রকাশ করিতে গেলে হাস্যাস্পদ হইতে হয়।

জল, জোলাপ, জুয়াচুরি,
তিন নিয়ে ডাক্তারী।
—ডাক্তারেরা এই তিনটী বেশী ভাগ ব্যবহার করিয়া থাকে বলিয়া কথিত।

জল দিয়ে জল বার করা—শত্রুকে দিয়া শত্রুর গুপ্ত মন্ত্রণা জানিতে হয়। "কাঁটা দিয়া কাঁটা তোলা।"

জলে কুমীর ডাঙ্গায় বাঘ, যে পারে সে তাকে খাক্—উভয় দিকেই বিপদ্।

জলে জল বাধে—যাহার কিঞ্চিৎ অর্থ-সঙ্গতি আছে, তাহারই অর্থাগম হয়।

জলে জল মিশে (যায়)—সমপ্রকৃতি বস্তুরই মিলন হয়।

জলে তেলে মিশ খায় না—বিষম-প্রকৃতি বস্তুর মিশ্রণ সম্ভবপর নহে।

জলন্ত আগুনে ঘি দেওয়া (বা পড়া)—অধিকতর উত্তেজিত হওয়া।

ঝ

ঝড়ে কাক মলো, ফকিরের কেরামত বাড়লো—এক ফকির আস্ফালন করিতেছিল যে, সে এমন অলৌকিক ক্ষমতাবান্ যে, ইচ্ছা করিলে (সামনে বৃক্ষশাখায় এক কাককে দেখাইয়া) মন্ত্রপ্রয়োগে কাকটাকে মারিয়া ফেলিতে পারে। দৈবক্রমে ঝড় উঠিয়া কাকটা বৃক্ষশাখার আঘাতে মরিয়া গেল। ফলে লোকে ধন্য ধন্য করিতে লাগিল যে, হাঁ, ফকির শক্তিমান্ বটে।

ঝিকে মেরে বৌকে শিখান—কন্যাকে শাসন করিয়া বৌকে শিক্ষাদান। ইঙ্গিতে কার্য্য সাধন।

ঝি জব্দ কিলে, বৌ জব্দ শিলে,
পাড়াপড়শী জব্দ হয়
চোখে আঙ্গুল দিলে।
—প্রহারে কন্যা, বাটনা বাটিতে হইলে বৌ, আর সাক্ষাৎভাবে দোষ দেখাইয়া দিলে প্রতিবেশী জব্দ হয়।

ট

টাকা দিয়ে চিনি নারী, নারী দিয়ে নর—যে নারী অর্থের প্রলোভনে মুগ্ধা হয় না এবং যে পুরুষ স্ত্রীলোকের প্রলোভন ত্যাগ করিতে পারে, তাহারাই প্রকৃত সৎ ও সতী।

ঠ

ঠক বাছতে গাঁ উজোড় (বা শূন্য)—সকলেই এক দলের।

ঠাকুর ঘরে কে, না আমি ত কলা খাইনে—অন্য কথার উত্তর দিতে যাইয়া আপনার দুষ্ট মনোভাব প্রকাশ করিয়া ফেলিলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

ঠেলার নাম বাবাজী—"সাধে কি বাবা বলি, গুঁতোর চোটে বাবা বলায়।"

ড

ডাইনে আনতে বাঁয়ে নেই—অত্যন্ত অভাব, কিছুতেই সংকুলান হয় না।

ডাইনের মায়া বুঝা ভার—কপটীর কপটতা ভেদ করা সুকঠিন।

ডুবেছি না ডুবতে আছি, পাতাল কত দূর—যদি ডুবেছি ত' পাতাল দেখি, অর্থাৎ শেষ সীমা পর্য্যন্ত যাই।

ডুবে ডুবে জল খাওয়া—অপরের অগোচরে কোন গোপনীয় কুকার্য্য করা।

ঢ

ঢাক ঢাক গুড় গুড়—প্রকৃত অবস্থা গোপন করিবার চেষ্টা।

ঢাকের বাজনা থামলে মিষ্টি—ঢাকের বাদ্যে কর্ণজ্বালা উপস্থিত হয়, সুতরাং উহা থামিলেই মিষ্ট লাগে অর্থাৎ আরাম হয়।

ঢাল নাই তরওয়াল নাই, আন্দি-রাম (বা নিধিরাম) সর্দ্দার—বড় নাম বা বড় কাজের উপযোগী কিছু দেখা না গেলে বা অসমর্থের আস্ফালন দেখিলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

ঢিলটি মারলে পাটকেলটি খেতে হয়—কাহারও অনিষ্ট করিলেই তাহার নিকট হইতে অনিষ্ট পাইতে হয়।

ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে—অদৃষ্ট সঙ্গে সঙ্গেই যায়।

ত

তপ্ত জলে ঘর পোড়ে না—গরম হইলেও জলের স্বাভাবিক শৈত্যগুণ নষ্ট হয় না। ঠাণ্ডা লোকে ক্রুদ্ধ হইলেও বিশেষ কোন অনিষ্ট করে না।

তালপুকুর নামে, ঘটি বোড়ে না—নাম ডাক খুব আছে, কিন্তু ভিতরে কিছুই নাই।

তিল কুড়িয়ে তাল—অর্থাৎ ক্ষুদ্রের সমষ্টিই বৃহৎ। যেমন "রাই কুড়িয়ে বেল"।

তিলকে তাল করা—সামান্য বিষয়কে গুরুতর করিয়া তোলা।

তীর্থের কাকের মত বসে থাকা—পরপ্রত্যাশী হওয়া।

তুফানে ছেড় না হাল,
নৌকা হবে বানচাল।
—বিপদে অধীর হইয়া চেষ্টা ত্যাগ করিও না, তাহা হইলে বিপদের মাত্রা বাড়িয়া যাইবে।

তুফানেতে হাল ধরে না,
সেই বা কেমন নেয়ে,
কথা পড়িলে বুঝে না,
সেই বা কেমন মেয়ে।
—এরূপ ক্ষেত্রে উভয়েই অপদার্থ বুঝিতে হইবে।

তুমি খাও ভাঁড়ে জল, আমি খাই ঘাটে—প্রথম জন অপেক্ষাও দ্বিতীয় ব্যক্তি দরিদ্র; ভাঁড় কিনিবারও তাহার সামর্থ্য নাই, সে ঘাটে গিয়া জল খায়।

তুমি ফের ডালে ডালে, আমি ফিরি পাতায় পাতায়—তোমা অপেক্ষাও আমি চতুর।

তেলা মাথায় ঢাল তেল;
রুখু মাথায় ভাঙ্গ বেল।
—যাহার অভাব নাই, তাহাকেই লোকে দান করে, আর যাহার অভাব আছে, তাহার অভাব পূরণ করা দূরের কথা, বেলের ন্যায় কঠিন দ্রব্যও তাহার মস্তকে ভাঙ্গিবার চেষ্টা করা হয় অর্থাৎ পীড়ন করা হয়।

তোমার যেমন ভালবাসা,
মোসলমানের তেমনি মুর্গী পোষা।
—স্বার্থসিদ্ধির জন্যই ভালবাসার ভাণ।

তোর পায়ে পড়, না তোর কাজের পায়ে পড়—কাজের জন্যই তোমার খোসামোদ করিতেছি।

তোর শিল, তোর নোড়া,
তোরই ভাঙ্গি দাঁতের গোড়া।
—তোমার দ্রব্য দিয়াই তোমার অনিষ্ট করিব। তোমারই অবলম্বিত যুক্তি দ্বারা তোমাকে পরাভূত করিব।

থ

থাকরে কুকুর আমার আশে,
ভাত দিব তোরে পৌষ মাসে।
—অনির্দ্দিষ্ট বা সুদূর কাল পর্য্যন্ত কাহাকেও আশা দিয়া রাখা।

থোঁতা মুখ ভোঁতা হল—উপযুক্ত শাস্তি হইল।

থোড় বড়ি খাড়া, খাড়া বড়ি থোড়—বৈচিত্র্যহীন; একঘেয়ে।

দ

দক্ষিণবারী ঘরের রাজা,
পূর্ব্ববারী তার প্রজা;

পশ্চিমদ্বারীর মুখে ছাই,
উত্তরদ্বারীর খাজনা নাই।
—দক্ষিণদ্বারী ঘর সর্ব্বশ্রেষ্ঠ। পূর্ব্বদ্বারী ঘর দক্ষিণদ্বারী ঘর অপেক্ষা নিকৃষ্ট। পশ্চিমদ্বারী ঘর বড় গরম হয়, ভাল বাতাস পাওয়া যায় না, এজন্ত পশ্চিমদ্বারী ঘর নিকৃষ্ট। উত্তরদ্বারী ঘরে আলোক ও বাতাসের অভাব এবং শীতকালে 'উত্তুরে' বাতাসে ভয়ানক ঠাণ্ডা বোধ হয়; একারণ কেহ সহজে উত্তরদ্বারী ঘর করিতে চায় না।

দর্পণে মুখ দেখা—লোকের সহিত যেমন ব্যবহার করিবে, লোকের নিকট অবিকল তেমন ব্যবহার পাইবে।

দশ দিন চোরের, এক দিন সাধের—চোর চুরি করিয়া দশ দিন ফাঁকি দিতে পারে, কিন্তু তাহাকে এক দিন সাধুর হাতে ধরা পড়িতেই হইবে।

দশ পুত্র সম কন্যা যদি সুপাত্রে পড়ে—কন্যাকে যদি সুপাত্রে দান করা যায়, তবে সেই এক কন্যা হইতেই দশ পুত্রের কায হয়।

দশে মিলে করি কাজ,
হারি জিতি নাই লাজ।
—সকল কাজই দশ জনের পরামর্শ বা সাহায্য লইয়া করা উচিত।

দাঁড়িকে মাঝি করা, মাঝ গাঙ্গে ডুবে মরা—যে যে কাজে অনভ্যস্ত, তাহার উপর সেই কার্য্যের ভার দিলে কাজ পণ্ড হইয়া যায়।

দাঁত থাক্‌তে দাঁতের মর্য্যাদা বুঝা যায় না—সংসারে আমাদের এমন উপকারী লোক অনেক আছে, যাহাদের জীবিত কালে আমরা বুঝিতে পারি না যে, তাহাদের নিকট হইতে কিরূপ সাহায্য পাইতেছি; কিন্তু তাহারা মরিয়া গেলে যখন সেই সাহায্যের অভাব হয়, তখন ইহা উত্তমরূপে হৃদয়ঙ্গম করিতে পারি।

দা-কুমড়া সম্বন্ধ—দা'র সহিত কুমড়ার কেচ-কেচ সম্বন্ধ। অতিশয় শত্রুভাবাপন্ন ব্যক্তিদ্বয়ের তুলনায় এই প্রবাদ ব্যবহৃত হয়।

দাদে বাদি, কুড়ুলে শিল—দা বাদি দিয়া শাণ দিবে, এবং কুড়ুল শিলে ঘষিয়া শাণাইবে।

দিন যায় কথা থাকে—কাহাকেও কোন রূঢ় মর্ম্মভেদী কথা বলিলে দিন চলিয়া যায়, কিন্তু সেই কথাটী তাহার চিরকাল মনে অঙ্কিত থাকে।

দুই নৌকায় পা দেওয়া—দুইটী চলনশীল নৌকায় দুই পা দিয়া থাকিলে নৌকা একটু সরিলেই জলে পড়িয়া যাইবার সম্ভাবনা। এইরূপ দুই দিক্ বজায় রাখিবার চেষ্টা করিলে তাহা সফল হয় না, অধিকন্তু পরিণামে বিপদ্ ঘটে। "শ্যাম ও কুল দুই বজায় থাকে না।"

দুধ কলা দিয়ে সাপ পোষা—হিংসকের যতই উপকার কর, সে অবসর পাইলেই অনিষ্ট করিবে।

দুধ ম'রে ক্ষীরটুকু—শেষ বয়সে প্রথম বয়সের সৌন্দর্য্যের পরিচয় দিবার জন্য বলা হয়।

দেখ্‌ব কত কালে কালে,
গোঁফ রেখেছে (বুড়া)
তোবড়া গালে।
—অসঙ্গত আচরণ সম্বন্ধে এই প্রবাদ প্রযোজ্য।

দৈবজ্ঞ যদি বলে ঠিক,
তবে কেন মাগে ভিক্।
—দৈবজ্ঞ যদি গণনা করিয়া অদৃষ্টের কথা বলিতে পারিত, তবে সে নিজে কেন ভিক্ষুকের মত বেড়াইত? সে নিজের অদৃষ্ট নিজে গণিয়া ভবিষ্যতের উপায় করিতে পারিত।

ধ

ধনুক ভাঙ্গা পণ—রাজর্ষি জনক পণ করিয়াছিলেন, যে ব্যক্তি হরধনুতে গুণ যোজনা করিতে পারিবে, তাহারই হস্তে তিনি কন্যা সীতাকে সমর্পণ করিবেন।

এইরূপ দৃঢ় ও ভীষণ প্রতিজ্ঞাকে 'ধনুক ভাঙ্গা পণ' কহে।

ধন্য রাজার পুণ্য দেশ, যদি বর্ষে মাঘের শেষ।
—যদি মাঘ মাসের শেষে বৃষ্টি হয়, তবে সে দেশের রাজা পুণ্যাত্মা, এবং দেশও পুণ্যময়। মাঘের শেষে বৃষ্টি হইলে যদি সেই সময়ে জমিতে চাষ দেওয়া যায়, তবে তাহাতে প্রচুর শস্য জন্মে; লোকে বলে—"মাঘের মাটি, সারের পাটি।"

ধরি মাছ না ছুঁই পানি—যাহাতে কিছুমাত্র বেগ না পাইতে হয় এমন কৌশলে কার্য্য সিদ্ধ করা।

ধ'রে আন্‌তে বল্লে বেঁধে আনে—এমন অনেক লোক আছে, যাহারা একটু আদেশ পাইলে আদেশের অতিরিক্ত কাজও করিয়া থাকে।

ধর্ম্মের কল বাতাসে নড়ে (চলে)—ধর্ম্মের এমনই কৌশল যে, পাপ কর্ম্ম যতই গোপনে কর না কেন, তাহা কিছুতেই অপ্রকাশিত থাকে না। "ধর্ম্মস্য সূক্ষ্মা গতিঃ।"

ধান ভান্‌তে শিবের (মহীপালের) গীত—কোন বিশেষ কথাবার্ত্তার মধ্যে অন্য অপ্রাসঙ্গিক আলোচনা উপস্থিত করিলে তাহাকে ধান ভান্‌তে শিবের গীত, বা ধান ভান্‌তে মহীপালের গীত বলে।

ন

নদী নারী শৃঙ্গধারী, এ তিনে না বিশ্বাস করি।
—নদীতে কখন্ জল বাড়ে কমে, এবং তাহার কোথায় কিরূপ জলজন্তু আছে, তাহার কিছুই স্থিরতা নাই। স্ত্রীলোকের চিত্ত অতি লঘু, তাহাকে বিশ্বাস করিয়া কোন কথা বলিলে সে তাহা গোপনে রাখিতে পারে না। যাহার শিঙ্ আছে, সে জন্তুকে বিশ্বাস করা ভাল নয়।

নরম মাটী পেলে বিড়ালে আঁচড়ায়—বিড়াল বিষ্ঠা ত্যাগ করিবার জন্য নরম জায়গায় মাটাই আঁচড়াইয়া থাকে। কোমলচিত্ত লোককে সবাই পাইয়া বসে, শক্ত লোকের কাছে ঘেঁসে না।

নাই কাজ ত খৈ (ধান) ভাজ—প্রয়োজনীয় বিষয়ের অভাবে অপ্রয়োজনীয় সামান্য বিষয়ে হস্তক্ষেপ করিয়া সময় ও শক্তি নাশ করা।

নাই মাগ, নাই পুত, বেড়ায় যেন যমের দূত—যাহার কেহ কোথাও নাই, যে কেবল গুণ্ডামি করিয়া বেড়ায়, তাহার সম্বন্ধে এই প্রবাদ প্রযোজ্য।

নাই মামার চেয়ে কাণা মামা ভাল—একেবারে কিছু না পাওয়া অপেক্ষা যদি কিঞ্চিৎ পাওয়া যায়, তাহাও মন্দের ভাল।

না উঠতেই এক কাঁদি—কাজে হাত দিতে না দিতে তাহার কিঞ্চিৎ ফল পাওয়া। "গাছে না উঠতেই এক কাঁদি।"

নাচ্‌তে জানে না, উঠানের দোষ (উঠান বাঁকা)—কেহ কোন কাজে প্রবৃত্ত এবং অক্ষমতার জন্য তাহাতে অকৃতকার্য্য হইয়া যদি অকৃতকার্য্যতার জন্য একটা বাজে দোষ দেখায়, তবে তাহার সম্বন্ধে এই প্রবাদ ব্যবহৃত হয়।

নাচুন্তির লাজ নাই, দেখুন্তির লাজ—যে কুৎসিত কার্য্য করিতেছে, তাহার কোন সঙ্কোচ নাই, কিন্তু যে তাহা দেখিতেছে, তাহার লজ্জাবোধ হইতেছে। "হাগুন্তির লাজ নাই, দেখুন্তির লাজ।"

না দেখে চলে যায়, পায় পায় হোঁচট খায়—বিবেচনা না করিয়া কার্য্য করিলে পদে পদে বিপন্ন হইতে হয়।

নানা মুনির নানা মত—লোকসকলের পরস্পর মত ভিন্ন ভিন্ন হইলে এই প্রবাদ প্রযুক্ত হইয়া থাকে।

না বুঝে ছিলাম ভাল, আধেক বুঝে পরাণ গেল।

—কোন বিষয়ের আধাআধি জ্ঞান অপেক্ষা সে বিষয়ে সম্পূর্ণ অজ্ঞ থাকাই ভাল।

নিকুলে চুকুলে ঘর,
কামালে জমালে বর।

—ঘর লেপা মোছা করিলে বেশ পরিষ্কার দেখায় আর বর কামাইলে এবং সাজিলে গুজিলে বেশ সুন্দর দেখায়।

নিজে পায় না, শঙ্করাকে ডাকে—আপনার পাইবার সম্ভাবনা নাই, আবার সঙ্গী শঙ্করাকে পাওয়াইয়া দিবার জন্য ডাকে।

নিজের চরকায় তেল দাও—আপনার কাজ গুছাইয়া লও, অনধিকার চর্চ্চায় আবশ্যক কি!

নির্দ্ধনের ধন, অথর্ব্বের যৌবন—নির্দ্ধন ব্যক্তি, হঠাৎ ধনী হইলে এবং অথর্ব্ব অর্থাৎ যে দাঁড়াইতে বা চলিতে অশক্ত, তাহার যৌবন হইলে গর্ব্বে ধরাকে সরা জ্ঞান করে।

নীচ যদি উচ্চ ভাষে,
সুবুদ্ধি উড়ায় হেসে।

—ইতর লোকে কোন অপমানজনক বাক্য প্রয়োগ করিলে বুদ্ধিমান্ ব্যক্তি তাহাতে কান দেন না।

নেড়ার নাই বাটপাড়ের ভয়—যে উলঙ্গ, তাহার বাটপাড়ের ভয় নাই। কারণ বাটপাড়ে তাহার কি লইবে? যে নির্লজ্জ, তাহার লোকনিন্দার ভয় নাই।

প

পচা আদা ঝাজের দাদা—মন্দ প্রকৃতির লোক বয়স্ক হইলেও তাহার প্রকৃতির পরিবর্ত্তন হয় না, পরন্তু তাহা আরও অধিক মন্দ হইয়া থাকে।

পটোল তোলা—সাধারণতঃ পটোল তোলা বলিলে মৃত্যু বুঝায়। কারণ, গাছ হইতে পটোল নিঃশেষে তুলিয়া লইলে গাছ মরিয়া যায়। সেইজন্য পটোল দুই চারিটি করিয়া তুলিতে হয়।

পট্টবস্ত্রে গুণহীন মূল্য নাহি হয়;
ছিন্ন বস্ত্রে মতির মূল্য নাহি হয় ক্ষয়।

—গুণহীন ব্যক্তি বহুমূল্য বসন-ভূষণে সজ্জিত হইলেও সম্মান পায় না, আর বিদ্বান্ ব্যক্তি ছিন্ন বস্ত্র পরিয়া থাকিলেও লোকে তাহাকে আদর করে।

পড়লো কথা সভার মাঝে,
যার কথা তার গায়ে বাজে।

—পাঁচজনে মিলিয়া কোন দোষের আলোচনা স্থলে যদি একজন তাড়াতাড়ি তাহার প্রতিবাদ বা তাহাতে ক্রোধ প্রকাশ করে, তবে তাহাকে দোষী বলিয়া স্থির করা যায়।

পড়েছি মোগলের হাতে,
খানা খেতে হবে সাথে।

—মোগলের হাতে যখন পড়া গিয়াছে তখন খানা না খাইয়া নিস্তার নাই। দুষ্ট-লোকের চক্রে পড়িলে প্রযোজ্য।

পড়ে পাওয়া টাকা চৌদ্দ আনাই লাভ—বিনা পরিশ্রমে কেহ কিছু পাইলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

পর রেখে ঘর নষ্ট—পরকে ঘরে রাখিলে তাহার মন্ত্রণায় পরিজনবর্গ বিরূপ হইয়া গৃহের সুখশান্তি নষ্ট করে।

পরের ছেলে খায়, আর বন পানে চায়—পরের ছেলেকে যতই খাওয়াও, বা যত্ন কর, সে কেবল বনের দিকে চায়, অর্থাৎ খাইবার পর পলাইবার অবসর খুঁজে।

পরের জিনিষ পায়, হেগো পোঁদে খায়—পরের জিনিষ পাওয়া গেলে লোকে তাহাকে যতদূর পারে, হস্তগত করিবার চেষ্টা করে।

পরের মুখে দিয়ে ফুঁ,
পুড়িয়ে এলেম আপন মু।

—পরের কাজে ব্যস্ত থাকিয়া নিজের কর্ম্ম নষ্ট করা।

পরের ধন আপন পরমায়ু, কেহই অল্প দেখে না—সকলেই পরের ধন বেশী দেখে, এবং নিজের পরমায়ুও অনেক বেশী মনে করিয়া থাকে।

পাগলা ভাত খাবি, না হাত ধোব কোথায়?—কাহারও নিকট কোন কার্য্যের প্রস্তাব করিবামাত্র সেই কার্য্যের জন্য প্রস্তুত হওয়া।

পায়ের পয়জার, মাথায় চড়ে!—কোনও নীচ ব্যক্তি উচ্চ ব্যক্তির অসম্মান করিলে ইহা বলা হয়।

পিপীলিকার পাখা উঠে মরিবার তরে—পিপীলিকার পাখা উঠিলে তাহারা উড়িতে থাকে, আর উড়িবার সময় পাখীতে তাহাদিগকে ধরিয়া খায়। পতনের পূর্ব্বে অধিক বাড় বাড়িয়া উঠা।

পুকুর চুরি—কোন বস্তু বা বিষয় একেবারে সমূলে ফাঁকি দিয়া লইলে উহাকে পুকুর চুরি বলে।

পুড়লো মেয়ে উড়লো ছাই,
তবে তার গুণ গাই।
—স্ত্রীলোকের চরিত্র ক্ষণভঙ্গুর, একটুতেই তাহা নষ্ট হইয়া যাইতে পারে; অতএব স্ত্রীলোক চিতার আগুনে পুড়িয়া ছাই হওয়া পর্য্যন্ত যদি নিষ্কলঙ্ক থাকিতে পারে, তবেই তাহার গুণ ঘোষণা করা যায়।

পুড়ে ঝুড়ে রাঁধুনি, ছিঁড়ে ছুঁড়ে কাটুনী—কোন বিষয় সুচারুরূপে শিক্ষা করিতে হইলে অনেক বাধাবিঘ্ন সহ্য না করিলে তাহাতে অভিজ্ঞ হওয়া যায় না।

পুরাতন চাল ভাতে বাড়ে,
পুরাতন ঘিয়ে মাথা ছাড়ে।
—ঐরূপ প্রাচীন ব্যক্তি বা পুরাতন বিষয় বা পুরাতন ভৃত্য হইতে বেশী উপকার পাওয়া যায়।

পেগের বড়াই মেগের কাছে—পাগ অর্থাৎ পাইক—লাঠিখেলায় ওস্তাদ। একজন পাগ বড় দুর্ব্বল, লাঠি খেলিতে জানিত না বা পারিত না। সেজন্য সে অন্যান্য পাইকদের কাছে ঘেঁসিত না। কিন্তু স্ত্রীর কাছে গিয়া খুব আস্ফালন করিত।

পেটে ক্ষুধা, মুখে লাজ—কোন জিনিষ লইবার ইচ্ছা আছে, কিন্তু লজ্জাবশতঃ তাহা গ্রহণ করিতে না পারা।

পেটে খেলে পিঠে সয়—লাভ থাকিলে কষ্ট সহ্য করিতে পারা যায়।

পৈতা পুড়িয়ে সন্ন্যাসী (ব্রহ্মচারী)
—দণ্ডী সন্ন্যাসীরা পৈতা পুড়াইয়া ফেলে। যে বুদ্ধিদোষে সকল দিক্ নষ্ট করিয়া ঘুরিয়া বেড়ায়।

পোড়া কপালে সুখ নাই,
বিয়ে বাড়ীতে ভাত নাই।
—অদৃষ্টে সুখ না থাকিলে যেখানেই যাও দুঃখভোগ করিতে হয়। "অভাগা যেদিকে চায়, সাগর শুকায়ে যায়।"

পোর নামে পোয়াতি বর্ত্তায়—ছেলেকে পো বলে। কোন কোন স্থানে ছেলের সুখস্বাচ্ছন্দ্যের জন্য প্রসূতিরও সুখস্বাচ্ছন্দ্যের ব্যবস্থা করিতে হয়। একজনকে উপলক্ষ করিয়া আর একজন নিজের ভাল করিয়া লইলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

প্রতি ডুবে কি শামুক উঠে?—প্রত্যেক উদ্যমেই ফল পাওয়া যায় না; কোন উদ্যমে ফললাভ হয়, কোন উদ্যম নিষ্ফল হয়।

ফ

ফল ফল কদলীর ফল,
সেবায় নারী আর ইন্দ্রজল।
—ফলের মধ্যে কদলী ফলই শ্রেষ্ঠ ও সুপ্রাপ্য। সেবা বিষয়ে রমণীই শ্রেষ্ঠ, এবং জলের মধ্যে বৃষ্টির জলই প্রধান; নদী পুষ্করিণীতে যতই জল থাকুক, বৃষ্টির জল না হইলে দেশ রক্ষ হয় না, ফসল জন্মে না।

ফাঁক পেলে সবাই চোর—মন্দ কার্য্যে সুবিধা না পাওয়ায় অনেকেই সাধু হইয়া

থাকে, কিন্তু সুবিধা পাইলে অনেকেই মন্দ কাজ করিতে ছাড়ে না।

ফাঁকি দিলে ফাঁকে পড়্‌তে হয়—কাহাকেও ফাঁকি দিবার চেষ্টা করিলে আপনাকে ফাঁকিতে পড়িতে হয়।

ফাঁদ পেতে ফাঁদে পড়া—পরের মন্দের জন্য ফাঁদ পাতিলে আপনাকে সেই ফাঁদে জড়াইয়া পড়িতে হয়।

ফুলে নাই গন্ধ, চোখ থাক্‌তে অন্ধ—যে ফুলে গন্ধ নাই সে ফুল বৃথা, আর যে চক্ষু দ্বারা দেখিতে পাওয়া যায় না, সে চক্ষু বৃথা।

ফুলের ঘায়ে মূর্চ্ছা যায়—যে লোক সামান্য একটু কারণেই অস্থির হইয়া পড়ে।

ফেল কড়ি মাখ তেল, তুমি কি আমার পর?—কাজ কর, তাহার পারিশ্রমিক লও।

ব

বজ্র আঁটুনি ফস্কা গেরো—বজ্রের ন্যায় শক্ত করিয়া কষিয়া শেষে আলগা গেরো দেওয়া। একদিকে খুব আঁটাআঁটি করিয়া অন্য দিকে শিথিলতা দেখাইলে এই প্রবাদ প্রযুক্ত হয়। "কড়াকড় চৌকী আইন খারাপ, সদর বন্ধ খিড়কী ফাঁক।"

বড় গাছেই ঝড় লাগে—যিনি কর্ত্তা তাহাকেই বিপদ্ আপদের দায় ভোগ করিতে হয়।

বড় গাছের তলায় বাস,
ডাল ভাঙলেই সর্ব্বনাশ।
—বড়লোকের আশ্রয়ে বাস করিলে, যদি কোন দিন তাঁহার ভালবাসা হারাও, তাহা হইলেই সর্ব্বনাশ হইবে।

বড় বড় বাঁদরের বড় বড় পেট,
লঙ্কা ডিঙ্গাতে সবে
মাথা করে হেঁট।
—দেখিতে শুনিতে যাহারা বড়লোক, কোন দুরূহ কার্য্যে তাহাদের পশ্চাৎপদ হওয়া।

বড়র পীরিতি বালির বাঁধ,
ক্ষণে হাতে দড়ি ক্ষণেক চাঁদ।
—বড়লোকের ভালবাসা বালির বাঁধের ন্যায় ক্ষণভঙ্গুর।

বয়সের গাছ পাথর নাই—এত অধিক বয়স যে, তাহার জন্মের সময় যে সকল গাছ পাথর হইয়াছিল, তাহারাও ধ্বংস হইয়া গিয়াছে। অতি বৃদ্ধ।

বরের ঘরের মাসী, কনের ঘরের পিসী—একই ব্যক্তির দুই পক্ষে যোগ দেওয়া।

বর্ষণ নেই গর্জ্জন সার—আড়ম্বর আছে, কাজ নাই।

বল বুদ্ধি (বৃদ্ধি) ভরসা, তিন তিরিশে ফরসা—বল, বুদ্ধি অথবা বৃদ্ধি অর্থাৎ বাড় এবং সাহস, এই তিনটি ত্রিশ বৎসর বয়স পর্য্যন্ত বাড়িতে থাকে, তাহার পর ক্রমশঃ কমিয়া যায়।

ব'সে খেলে কুলায় না,
ক'রে খেলে ফুরায় না।
—উপার্জ্জন না করিয়া কেবল বসিয়া বসিয়া খাইলে যতই ধন থাক, তাহাতে কুলায় না, আর উপার্জ্জন করিয়া খাইলে সে অর্থ ফুরায় না।

ব'সে ব'সে লেজ নাড়া—কাজে হাত না দিয়া কেবল বসিয়া বসিয়া কাজের সমালোচনা করা।

বসতে পেলে শুতে চায়—একটু আশ্রয় পাইয়া ক্রমে অধিক আবদার করা।

বাঁচলে কত দেখব আর,
ছুঁচোর গলায় চন্দ্রহার;
বিড়ালের কপালে টীকে,
বাঁদর বেড়ায় হলুদ মেখে।
—যাহার যাহা সাজে না, সে সেইরূপ কাজ করিলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

বাঁশ বনে ডোম কাণা—বাঁশ বনে গিয়া ডোম কাণা হইয়া যায়, অর্থাৎ সে অনেক বাঁশকেই নিজের কার্য্যোপযোগী মনে করে,

অথচ কোন্‌টাকে ছাড়িয়া কোন্‌টাকে লইবে তাহা স্থির করিতে পারে না।

বাঘের ঘরে ঘোগের বাসা—ঘোগ এক প্রকার ক্ষুদ্র জন্তু, বাঘ তাহাকে পাইলেই খাইয়া ফেলে; সুতরাং সে বাঘের ঘরে বাস করিতে গেলে বাঘের কোন অনিষ্ট হয় না, তাহারই প্রাণ যায়। বলবানের নিকট দুর্ব্বল ক্ষমতা প্রকাশ করিতে গেলে বা অতি চতুরের সহিত চাতুরী করিলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

বাড়ীর কাছে কামার,
দা গড়ে দে আমার।
—কাজের লোককে কাছে পাইলে তাহাকে দিয়া সকলে কাজ সারিয়া লইতে চায়।

বাতাসে ফাঁদ পাতা—অতিশয় চতুর লোকের আশ্চর্য্যজনক কৌশলকে বাতাসে ফাঁদ পাতা বলে; যাহা হওয়া অসম্ভব, তাহাকে সম্ভব করা।

বাদল বামুন বান, দক্ষিণে পেলে যান—দক্ষিণা বাতাস বহিলে বাদল থামিয়া যায়, দক্ষিণদিকে পথ পাইলে বন্যার হ্রাস হয়, আর পুরোহিত ব্রাহ্মণ দক্ষিণা পাইলেই স্বস্থানে প্রস্থান করেন।

বাপ্‌কা বেটা, সেপাইকা ঘোড়া;
কুচ নেহি ত থোড়া থোড়া।
—বাপের ও সিপাহীর সমগ্র ভাব ছেলে ও ঘোড়াতে দেখা না গেলেও কতকটা ভাব দেখা যাইবেই যাইবে।

বাপের কালে নাইকো চাষ,
কার ধান কাটতে যাস্‌।
—অনধিকারচর্চ্চা করা।

বামুন গেল ঘর ত লাঙ্গল তুলে ধর—কর্ত্তা সরিয়া গেলে অধীন লোকেরা যথেচ্ছভাবে কাজ করিলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

বার বার ঘুঘু তুমি
খেয়ে যাও ধান;
এইবার তোমার আমি বধিব পরাণ।
—বার বার ক্ষতি করিয়া পলাইলে শেষে তাহাকে যখন হাতে পাওয়া যায়, তখন তাহার প্রতি এই প্রবাদ প্রযুক্ত হয়।

বাহিরে দেখ্‌তে সাদা সাজ,
ঢাকা আছে ঢাকাই কাজ।
—যাহার বাহিরে কোন আড়ম্বর নাই, ভিতরে কিন্তু যথেষ্ট সৌন্দর্য্য বা গুণ আছে।

বিড়ালের ভাগ্যে সিকা ছেঁড়া—যাহা পাইবার কিছুমাত্র আশা নাই, দৈবক্রমে তাহা প্রাপ্ত হওয়া।

বিনা মেঘে বজ্রাঘাত—অপ্রত্যাশিত কোন দুর্ঘটনা সহসা উপস্থিত হওয়া।

বিয়ে ফুরুলে ছাঁদনাতলায় লাথি—কাজ ফুরাইলেই যাহার দ্বারা কার্য্য সিদ্ধ হইয়াছে, তাহাকে আর কেহ গ্রাহ্য করে না। "কাজের বেলা কাজি, কাজ ফুরালে পাজী।"

বিশ্বাসে মিলয়ে কৃষ্ণ, তর্কে বহু দূর—বিশ্বাসে যাহা সুলভ, তর্কে তাহা দুর্লভ হয়।

বিষ নাই কুলোপানা চক্র—যে ক্ষমতাহীন ব্যক্তির আস্ফালন সার।

বিষে বিষক্ষয়—কোন মন্দ কার্য্য দ্বারা অপকার হইলে, সেইরূপ কার্য্য দ্বারা তাহার প্রতীকার করা।

বিষ্ঠায় ঢেলা মারলে নিজের গায়ে ছিট্‌কে পড়ে—নীচ লোকের সহিত বিবাদ করিতে গেলে আপনাকেই অপমানিত হইতে হয়।

বুকে ব'সে দাড়ি উপড়ান—যাহার আশ্রয়ে থাকা যায়, তাহারই অনিষ্ট করা।

বুড়া শালিক পোষ মানে না—শিশুর ন্যায় অধিক বয়স্ক লোককে প্রতিপালন করিয়া সহজে বাধ্য করা যায় না।

বুড়া শালিকের ঘাড়ে রোঁয়া—বৃদ্ধাবস্থায় যুবজনোচিত কার্য্য করিতে ইচ্ছু হওয়া।

বেগুন গাছে আঁকশী—যে ক করিবার জন্য কোন উদ্যোগ অনুষ্ঠা

প্রয়োজন নাই, সেই কাজ করিতে মহাড়ম্বর করিলে এই প্রবাদ ব্যবহৃত হয়।

বেদে চিনে সাপের হাঁচি—যে যে বিষয়ে অভিজ্ঞ, সে সেই বিষয়ের সূক্ষ্মানুসূক্ষ্ম যে কোন একটু ঘটনা দেখিলেই তাহা বুঝিতে পারে।

বেনাবনে মুক্তা ছড়ান—বেনাবনে মুক্তা ছড়াইলে তাহাতে কোন লাভ নাই, তাহাতে মুক্তার ঔজ্জ্বল্য জঙ্গলের ভিতর পড়িয়া হ্রাস হইয়া যায়। অপাত্রে উপদেশ দেওয়া।

বেনো জল ঢুকে সাবেক (মিঠেন) জল টেনে আনে—জলাশয়ে বানের জল ঢুকিলেই পথ প্রশস্ত হয়, সুতরাং সেই প্রশস্ত পথে জলাশয়ের পূর্ব্বসঞ্চিত জলও বানের জলের সহিত বাহির হইয়া যায়। এক্ষেত্রে কোন নূতন কাজের দ্বারা পুরাতন কাজের ক্ষতি হইলে, এই প্রবাদ ব্যবহৃত হয়।

বোঁচা কাণ চুল দে ঢাকা—নিজের কলঙ্কের কথা কোন উপায়ে গোপন করিতে চেষ্টা করা।

বোঝার উপর শাকের আঁটি—একটা বৃহৎ কার্য্য সম্পাদনের সঙ্গে একটা ক্ষুদ্র কার্য্যসাধনের ভার দেওয়া।

ব্রণ ফুল্‌কে ঘা করা—একটা সামান্য ব্যাপারকে নাড়াচাড়া করিয়া অনিষ্টজনক ঘটনারূপে পরিণত করা।

ভ

ভক্তিহীন ভজন, আর লবণহীন ব্যঞ্জন—লবণহীন (আলোণা) ব্যঞ্জন যেমন অতি বিস্বাদ, ভক্তি না থাকিলে ঈশ্বর-আরাধনাও সেইরূপ বিফল হয়।

ভবি ভুলবার নয়—কেহ কোন জেদ ধরিলে বহু প্রয়োজনে বা বহু বিপদপাতেও তাহা পরিত্যাগ না করিলে এই প্রবাদ প্রযুক্ত হইয়া থাকে।

ভাঁড়ে নাই ঘি, ঠক্‌ঠকালে হবে কি?—ভিতরে সার নাই, অথচ তাহা দেখাইবার জন্য বৃথা চেষ্টা।

ভাঁড়ে মা ভবানী—কিছুমাত্র অর্থসংস্থান নাই।

ভাই ভাই ঠাঁই ঠাঁই—ভাইয়ে ভাইয়ে প্রায়ই মিল থাকে না, বিবাদ করিয়া পরস্পর পৃথক্ হয়।

ভাগের ভাগ পেলে, না খেয়েও চিবিয়ে ফেলে—লোকে ভাগের ভাগ কিছুতেই ছাড়ে না, তাহা খাইতে না পারিলে চিবাইয়া ফেলিয়া দিবে তাহাও স্বীকার, তথাপি ভাগ লইতে হইবে।

ভাগের মা গঙ্গা পায় না—যাহার দুই তিন ভাই, এবং যাহাদের মধ্যে পরস্পর মনোবাদ আছে, তাহাদের মা'র মৃত্যুকালে গঙ্গাযাত্রা হয় না। সকলেই মনে করে আমার কি দায়, উহারও ত মা, ঐ লইয়া যাক্। এইরূপ ঠেসাঠেসি করিতে করিতে মায়ের পরলোকযাত্রা হয়, কিন্তু গঙ্গাযাত্রা ঘটিয়া উঠে না। ভাগের কোন কাজ থাকিলে কেহই তাহাতে আন্তরিক যত্ন না করায় সে কাজ নষ্ট হইয়া যায়।

ভাঙ্গবে তবু মচকাবে না—ভাঙ্গিয়া যাইবে, তথাপি নুইবে না। দৃঢ়প্রতিজ্ঞ লোক প্রাণ দিবে, তথাপি সঙ্কল্প ত্যাগ করিয়া মাথা নীচু করিবে না।

ভাজা মাছ উল্‌টে খেতে জানে না—যাহা সাধারণতঃ সকলেই জানে, এবং সকলের জানা উচিত, এইরূপ বিষয়ে অজ্ঞতা প্রকাশ করা।

ভাত কাপড়ের কেউ নয়, নাক কাটবার গোঁসাই—যাহার প্রতি যেরূপ ব্যবহার কর্ত্তব্য, তাহা পালন না করিয়া কেবল কর্ত্তৃত্ব দেখাইতে যাওয়া।

ভাত ছড়ালে কাকের অভাব কি?—পয়সা থাকিলে লোকের বা জিনিষের অভাব হয় না।

ভাসুর ভাদ্রবৌ সম্পর্ক—হিন্দু ভাসুর ও

ভ্রাতৃবধূর ন্যায় কেহ কাহারও ত্রিসীমায় যায় না—এরূপ ভাব।

ভেক্ না হইলে ভিক্ মিলে না—ভিক্ষুকের উপযুক্ত সাজ না হইলে ভিক্ষা পাওয়া যায় না। যে যে কাজ করে, তাহার সেই কাজের উপযোগী বেশভূষা না করিলে চলে না।

ম

মড়ার উপর খাঁড়ার ঘা—যে কষ্ট ভোগ করিতেছে, তাহাকে আরও কষ্ট দেওয়া।

মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন—হয় মন্ত্রের সাধনায় সিদ্ধিলাভ করিব, নতুবা তাহার সাধন করিতে করিতে দেহপাত করিব। সুদৃঢ় প্রতিজ্ঞার উপমাস্থলে ইহা ব্যবহৃত হয়।

ময়না টিয়ে উড়িয়ে দিয়ে
খাঁচায় পোষে কাক।

—গুণবান্‌কে ছাড়িয়া নির্গুণের আদর করে।

মরা কাকের আবার চড়কের ভয়—যে কাক মরিয়া গিয়াছে, তাহার আর বাজের ভয় নাই। যাহার সর্ব্বনাশ হইয়া গিয়াছে, তাহার বিপদে ভয় কি?

মরা মালঞ্চে ফুট্‌লো ফুল,
টেকো মাথায় উঠ্‌লো চুল।

—অতি হীন অবস্থা হইতে সহসা ভাল অবস্থা হওয়া।

মশা (মাছি) মারতে কামান পাতা—ক্ষুদ্র কার্য্য সাধনের জন্য বৃহৎ উদ্যোগ করা।

মহিষের শিঙ বাঁকা, যুঝবার সময় একা—শত্রুর সম্মুখে যাহারা ঠিক একমতাবলম্বী হইয়া দাঁড়ায়, তাহাদের সম্বন্ধে এই প্রবাদ প্রযুক্ত হয়।

মাছ না পেয়ে ছিপে কামড়—যে উদ্দেশ্যে কাজ করা, সেই উদ্দেশ্য সিদ্ধ না হইলে ক্রোধে উদ্দেশ্য সাধনের উপায় নষ্ট করিতে উদ্যত হওয়া।

মাছ মরেছে বিড়াল কাঁদে,
শান্ত করে বকে;
বেঙের শোকে সাঁতার-পানি
দেখি সাপের চোখে।

—শত্রুর বিনাশে কপট শোক প্রকাশ করা।

মাছি মারা কেরাণী—ভাল মন্দ কিছুমাত্র বিবেচনা না করিয়া যাহা দেখে, অবিকল তাহাই নকল করে, এরূপ ব্যক্তিকে 'মাছি-মারা কেরাণী' বলে।

মাছের তেলে মাছ ভাজা—কোন কাজের আনুষঙ্গিক লাভ হইতে খরচ চালাইয়া সেই কাজ সিদ্ধ করা।

মাঠে মারা গেল—কাহারও সাহায্য না পাইয়া এবং কোন কাজে না লাগিয়া বৃথা নষ্ট হওয়া।

মাতঙ্গ পড়িলে দয়ে, পতঙ্গে প্রহার করে—প্রবল লোক বিপন্ন হইলে দুর্ব্বল সেই সুযোগে তাহাকে অপমানিত করে।

মাথার ঘায়ে কুকুর পাগল—কুকুরের দেহের কোন স্থানে ঘা হইলে কুকুর তাহা চাটিয়া আরাম করে, কিন্তু তাহার মাথায় ঘা হইলে চাটিতে না:পারায় উহা সহজে ভাল হয় না, সুতরাং কুকুর উহার যন্ত্রণায় পাগলের ন্যায় ছুটিয়া বেড়ায়। অপ্রতীকার্য্য বিপদে পতিত.হইয়া ছুটিয়া বেড়ান।

মার আর ধর আমি
পিঠ করেছি কুলো,
বকো আর ঝকো আমি
কানে দিয়েছি তুলো।

—প্রহারে এবং তিরস্কারে সমান নির্ব্বিকার-চিত্ত।

মা'র পেটের ভাই, কোথা গেলে পাই—সহোদর ভ্রাতার ন্যায় আত্মীয় আর কোথাও পাওয়া যাইবে না।

মা'র মায়াই মায়া,
আর বটছায়াই ছায়া।

—জননীর স্নেহ ও বটের ছায়ার তুলনা নাই।

মারের চোটে ভূত পালায়—রীতিমত প্রহার দিলে ভূতকে পলাইতে হয়। উত্তমরূপে প্রহার করিলে সকলেই শাসিত হয়।

মাসীর মায়ের বকুলফুলের বোনপো-বোয়ের বোনঝি-জামাই —যাহার সহিত আত্মীয়তাসূচক কোন সম্পর্ক না থাকে, তাহার সম্বন্ধে এই প্রবাদ প্রযুক্ত হয়।

মিট্‌মিটে ডাইন, ছেলে খাবার রাক্ষস (যম)—বাহিরে মিট্ মিট্ করিয়া চায়, দেখিতে ভালমানুষ, এবং আস্তে আস্তে কথা কহিয়া মৃদুতা প্রকাশ করে, অথচ ভিতরে ভিতরে ভয়ানক দুষ্ট লোক।

মুখে মধু বুকে ক্ষুর,
সেই ত হয় বিষম ক্রূর।
—যাহার মুখে মধু অর্থাৎ মিষ্ট কথা, এবং হৃদয়ে ক্ষুর অর্থাৎ মনে মনে অনিষ্টচিন্তা, সেই ব্যক্তি ভয়ানক খল।

মুড়ি মিছরির সমান দর—ভাল ও মন্দ জিনিষের একই রূপ আদর।

মোগল পাঠান হদ্দ হ'ল,
ফার্সি পড়েন তাঁতী ;
বাঘ পালাল বিড়াল এল
শিকার করতে হাতী।
—ক্ষমতাশালী লোকে যে কাজ করিতে পারিল না, অক্ষম লোক সেই কাজ করিতে উদ্যত হইলে বিদ্রূপচ্ছলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

মোল্লার দৌড় মসজিদ্ পর্য্যন্ত—মোল্লা মসজিদে নামাজ করে, সে শুধু মসজিদের খবরই বলিতে পারে, ইহার বেশী সে কোথাও যায় না, সুতরাং তাহার খবরও বলিতে পারে না। কেহ কোন কাজে হাত দিয়া আপনার শক্তিমত কাজ করিয়া নিরস্ত হইলে বা কোন কথার উত্তর দিতে গিয়া আপনার যতটুকু জ্ঞান তাহার অধিক বলিতে না পারিলে (অর্থাৎ কার্য্যসিদ্ধি বা কথার সম্পূর্ণ জবাবে অসমর্থ হইলে) এই প্রবাদ প্রযুক্ত হইয়া থাকে।

য

যখন যার কপাল বাঁকে,
দুর্ব্বাবনে বাঘ থাকে।
—যখন অদৃষ্ট মন্দ হয়, তখন দূর্ব্বাঘাসের ভিতর হইতেও বাঘ বাহির হইয়া প্রাণ-সংহার করে। অদৃষ্ট মন্দ হইলে যেখান হইতে বিপদের কোন আশঙ্কা নাই, সেখান হইতেও বিপদ্ আসিয়া উপস্থিত হয়।

যতই কর শিবসাধনা,
কলঙ্কিনী নাম যাবে না।
—একবার অপবাদ হইয়া গেলে পরে যতই চেষ্টা কর, সে অপবাদ আর কিছুতেই যায় না।

যত কর পুতুপুতু, তত হয় ছোলার ছাতু—যতই পুতুপুতু কর অর্থাৎ পাছে নষ্ট হয়, এইরূপ আশঙ্কা করিয়া অধিক যত্ন কর, ততই তাহা ছোলার ছাতু হইয়া যায়, অর্থাৎ আপনা হইতে নষ্ট হইয়া যায়। কোন বিষয়ে অত্যধিক সতর্কতা অবলম্বন।

যতক্ষণ শ্বাস, ততক্ষণ আশ—যতক্ষণ নিশ্বাস থাকে, ততক্ষণ পর্য্যন্ত জীবনের আশা ত্যাগ করা যায় না। কোন বিষয় একেবারে চেষ্টার অসাধ্য না হইলে তাহা ছাড়িতে নাই, যতক্ষণ একটুও উপায় থাকে, ততক্ষণ পর্য্যন্ত চেষ্টা করা কর্ত্তব্য।

যত গর্জ্জে তত বর্ষে না—মেঘ যত ডাকে, তত বৃষ্টি হয় না। লোকে মুখে যত বলে, কাজে ততদূর হয় না।

যত ছিল নাড়া বুনে
সবাই হ'ল কীর্ত্তনে ;
কাস্তে ভেঙ্গে গড়ায় করতাল।
—কোন কবিওয়ালা তাহার প্রতিদ্বন্দ্বী কবি-ওয়ালাকে লক্ষ্য করিয়া বলিয়াছিল, দেশে যত চাষা ছিল, সকলেই এখন কীর্ত্তনওয়ালা

হইয়াছে, এবং তাহারা কাস্তে ভাঙ্গিয়া করতাল গড়াইয়া কীর্ত্তন গাহিতে আরম্ভ করিয়াছে। কোন একটা হুজুগে যোগ্য অযোগ্য সকলেরই সেই ব্যাপারে লিপ্ত হইতে যাওয়া।

যত দোষ নন্দ ঘোষ—যে যেখানে যত দোষের কার্য্য করুক না, একজন নিরপরাধের উপরে সেই সমস্ত দোষই আরোপিত হইলে, এই প্রবাদ বাক্য প্রযুক্ত হয়। "ছাই ফেলতে ভাঙ্গা কুলো।"

যত বড় মুখ নয় তত বড় কথা—গুরু লঘু বিবেচনা করিয়া কথা কহিতে হয়; যাহা বলা অনুচিত এমন কথা বলা।

যত হাসি তত কান্না,
বলে গেছে রামশন্না (শর্ম্মা)।

—আগে যত হাসিবে, শেষে তত কাঁদিতে হইবে, ইহা রামশর্ম্মা নামক জনৈক বিজ্ঞ ব্যক্তি বলিয়া গিয়াছেন। কেহ অতিরিক্ত হাসিলে বা আমোদপ্রমোদে আসক্ত হইলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

যদি শেওড়া তলায় আম পাই,
তবে আমতলায় কেন যাই।

—যে উপায়ে উদ্দেশ্য সহজে সিদ্ধ হইবে, সেই উপায়ই অবলম্বনীয়।

যদি হয় সুজন, এক ঘরে নয় জন;
যদি হয় কুজন, নয় ঘরে এক জন।

—ভাল লোকেরা অনেকে একসঙ্গে থাকিলেও কোন বিবাদ ঝগড়া হয় না, কিন্তু মন্দ লোক দুইজন একত্র হইলেই মারামারি উপস্থিত হয়।

যাকে রাখ সেই রাখে—যাহাকে যত্ন করিয়া রাখা যায়, তাহা হইতেই সময়ে উপকার পাওয়া যায়; অতি সামান্য জিনিসকেও যত্ন করিয়া রাখিয়া দিলে তাহা কোন না কোন সময়ে কাজে লাগে।

যার শত্রু পরে পরে—অপরের দ্বারা শত্রুর উচ্ছেদ হওয়া।

যার আছে আগে পিছে,
কি করে তার শাকে মাছে।

—যাহার ভোজনের প্রথমে ঘৃত এবং শেষে দুগ্ধ থাকে, তাহার শাক মাছ প্রভৃতি আর কিছুরই আবশ্যকতা হয় না।

যার এক কান কাটা
সে যায় গাঁর বার দিয়ে;
যার দু'কান কাটা,
সে যায় গাঁর ভিতর দিয়ে।

—যে ভাল লোক, সে কোন একটা মন্দ কাজ করিলে লোকের কাছে মুখ দেখাইতে লজ্জা বোধ করে, কিন্তু বেহায়া লোক বিস্তর মন্দ কাজ করিয়াও কিছুমাত্র লজ্জিত হয় না।

যার কাজ তারে সাজে,
অন্য লোকের লাঠি বাজে।

—যে যে কাজে দক্ষ, সেই সে কাজ সুচারুরূপে সম্পাদন করিতে পারে, কিন্তু অজ্ঞ ব্যক্তির হাতে সে কাজের ভার পড়িলে সে তাহা ভার বোধ করে।

যার ছেলে কুমীরে খায়,
সে ঢেঁকি দেখলে ভয় পায়।

—যাহার ছেলেকে কুমীরে খাইয়াছে, সে জলে ঢেঁকি ভাসিতে দেখিলেও তাহাকে কুমীর মনে করিয়া ভয় পায়। "ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখিলেই ভয় পায়।"

যার নুন খাই, তার গুণ গাই

—যাহার নিকট হইতে সাহায্য পাই, তাহার গুণ গান করি।

যার শিল তার নোড়া,
তারি ভাঙ্গি দাঁতের গোড়া।

—জিনিসের অধিকারীর নিকট হইতে কোন জিনিষ চাহিয়া লইয়া তদ্দারা তাহারই অনিষ্ট করিতে উদ্যত হওয়া।

যার সঙ্গে যার মজে মন,
কিবা হাড়ী কিবা ডোম।

—যাহার সহিত যাহার মনের মিলন হইয়া যায়, তাহার আর হাড়ী ডোম প্রভৃতি জাতি-বিচার থাকে না।

যার হাতে খাই নাই
সেই বড় রাঁধুনী;
যার সঙ্গে ঘর করিনে
সেই বড় ঘরণী।
—ব্যবহারের পূর্ব্বে সকলকেই ভাল লোক বলিয়া বোধ হয়, কিন্তু ব্যবহার করিলে সে ভ্রম দূর হয়।

যারে দেখতে নারি, তার চলন বাঁকা—যাহার উপর বিরক্তি থাকে, তাহার সামান্য সামান্য ত্রুটির প্রতিও লক্ষ্য করা।

যা হবার হবে, ভাবনা কেন তবে—যাহা ঘটিবার তাহা অবশ্যই ঘটিবে, তবে আর সে জন্য চিন্তা করিয়া লাভ কি?

যে করে আমার আশ,
তার করি সর্ব্বনাশ;
তাতেও যে না ছাড়ে আশ,
তার হই দাসের দাস।
—ঈশ্বরকে পাইতে ইচ্ছা করিলে প্রথমতঃ নানাবিধ বিপদ্ উপস্থিত হয়; সেই বিপদেও অটল থাকিয়া যে ঈশ্বরের উপর নির্ভর করিতে পারে, ঈশ্বর তাহার দাসের দাস হন, অর্থাৎ তাহার সর্ব্ববিধ কামনা পূর্ণ করিয়া থাকেন।

যে কুকুর ঘেউ ঘেউ করে, সে কুকুর কামড়ায় না—যে মারিব মারিব বলিয়া আস্ফালন করে, সে মারিতে পারে না।

যেখানে গৃহস্থের বাসা,
সেখানে অতিথির আশা।
—যেখানে গৃহস্থ বাস করে, সেইখানেই অতিথিরা আতিথ্যলাভের আশা করে।

যেখানে জল সেখানে মাছ,
যেখানে পাখী সেখানে গাছ।
—আশ্রিত ও আশ্রয়দাতার সম্বন্ধ বুঝাইবার স্থলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

যেখানে খাবে, সেখানে কি হগে—যেখান হইতে সাহায্য পাওয়া যায়, সে স্থানে বিঘ্নের সৃষ্টি করিতে নাই।

যেখানে বাঘের ভয়, সেইখানেই সন্ধ্যা হয়—যাহাকে ভয় করিয়া চলা যায়, তাহাই উপস্থিত হইবার উপক্রম হওয়া।

যে গরু দুধ দেয়, তার চাট্ (লাথি), সহ্য হয়—যাহার নিকট উপকার পাওয়া যায়, সে দু'কথা বলিলেও তাহাতে কষ্ট বোধ হয় না।

যে ডালে বসে সেই ডাল কাটে—নির্ব্বোধেরা যে ডালে বসিয়া আছে, সেই ডালেরই গোড়া কাটে; কাটা শেষ হইলে ডালের সঙ্গে তাহাকেও যে পড়িতে হইবে তাহা ভাবে না। যাহার নিকট সাহায্য পাওয়া যায়, তাহারই অনিষ্ট করা।

যেমন কর্ম্ম তেমনি ফল, মশা মারতে গালে চড়—কাহাকেও জব্দ করিতে গিয়া নিজে জব্দ হওয়া।

যেমন কুকুর, তেমনি মুগুর—দুরন্ত লোক উপযুক্ত রূপ সাজা পাইলে তৎপ্রতি এই প্রবাদ প্রযুক্ত হয়।

যেমন দেবা তেমনি দেবী—যেমন দেব তাহার উপযুক্ত স্ত্রী। যেমন কুৎসিত স্বামী তেমনই কুরূপা স্ত্রী হইলে বিদ্রূপচ্ছলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

যেমন বুনো ওল, তেমনি বাঘা তেঁতুল—বুনো ওল যেমন কুটকুটে, তেমনি ভয়ানক টক্ তেঁতুল। তেঁতুলের টক্ রসে ওলের কুটকুটুনি নষ্ট করে। দুষ্টের উপর দুষ্টামি করিয়া তাহাকে জব্দ করা।

র

রতনে রতন চিনে—গুণী ব্যক্তিই গুণীর গুণ বুঝিতে পারে।

রথ দেখা কলা বেচা—এক কার্য্যে দুই উদ্দেশ্য সিদ্ধ হওয়া।

রাই কুড়িয়ে বেল—অল্প অল্প সঞ্চয় করিয়া প্রচুর অর্থ জমান।

রাজায় রাজায় যুদ্ধ হয়,
উলু খাগড়ার প্রাণ যায়।

—রাজায় রাজায় যুদ্ধ হইলে মাঝে হইতে সৈন্যদের চাপে নিরীহ উলুখড় এবং খড়িগাছ সকল মারা যায়। দুই বড় লোকে বিবাদ হইলে তাহাদের মধ্যে যে সকল গরীব লোক থাকে, তাহাদিগকে বিপন্ন হইতে হয়।

রাম মার্‌লেও মারবে, রাবণ মার্‌লেও মারবে—উভয় সঙ্কটে পতিত হওয়া।

রূপে মারি লাথি, গুণে ধরি ছাতি—রূপের চেয়ে গুণই অধিকতর আদরণীয়।

রোজার ঘাড়ে বোঝা—চিকিৎসকের ঘাড়ে বোঝা চাপিয়াছে। যে কোন বিষয়ের প্রতীকার করিবে, তাহারই আবার তদ্বির লইয়া বিপন্ন হইয়া পড়া।

ল

লক্ষ বাঁটুল পক্ষ তীর,
তবে হয় হাত স্থির।
—এক লক্ষ বাঁটুল ছাড়িলে, এবং এক পক্ষ অর্থাৎ ১৫ দিন তীর ছোড়া অভ্যাস করিলে তবে হাতের নিশানা ঠিক হয়।

লাগে টাকা দিবে গৌরী সেন—সেকালে দেনার দায়ে যাহারা কারাবদ্ধ হইত, তাহাদের মুক্তির কোন নির্দ্দিষ্ট সময় ছিল না। যতদিন না ঋণ-পরিশোধ হইত, ততদিন তাহাদিগকে জেলে আবদ্ধ থাকিতে হইত। আবার অনেকের জেলেই জীবন-লীলার অবসান হইয়া যাইত। বহরমপুরের (মতান্তরে হুগলীর) গৌরী সেন (গৌরীকান্ত সেন) এই সকল হতভাগ্যের ভরসাস্থল ছিলেন। তাঁহার নিকট প্রার্থনা করিলে তিনি অনেককেই ঋণদায় হইতে মুক্ত করিতেন। কলিকাতা আহিরীটোলায় এখনও গৌরী সেনের বৃহৎ অট্টালিকা আছে। কেহ ধনী আত্মীয়ের সাহায্য পাইবার আশায় নির্ভর করিয়া যথেচ্ছ অর্থ ব্যয় করিলে, তৎসম্বন্ধে এই প্রবাদ প্রযুক্ত হয়।

লাগে তীর (তুক্) না লাগে তুক্ক—যদি লক্ষ্যে লাগিয়া যায়, তাহা হইলে উহা তীর হইল; আর যদি না লাগে, তাহা হইলে তুক হইল। তুক একপ্রকার তীর, ইহাতে ফলা নাই, অভ্যাসকালে ইহা ব্যবহৃত হয়। অন্ধকারে ঢিল মারা গোছ কাজ করিলে যদি অদৃষ্টগুণে উহা সফল হয়, তাহা হইলে উহা প্রকৃত কার্য্য হইল, আর নিষ্ফল হইলে উহা কেবল আমোদ বলিয়া পরিচিত হইল।

লাথি চড়ে নাহি লাজ, আমার নাম কবিরাজ—হাতুড়ে কবিরাজদিগকে অনেক স্থানে প্রহার পর্য্যন্ত খাইতে হয়, তথাপি তাহারা কবিরাজি ছাড়ে না, ইহা হইতেই এই প্রবাদের উৎপত্তি।

লাথির ঢেঁকি কি চড়ে উঠে?—পায়ের চাপ দিয়া যে ঢেঁকিকে তুলিতে হয়, সে ঢেঁকি কি হাতের চাপে উঠে? এমন অনেক লোক আছে যাহাদিগকে বাপু বাছা বলিলে কাজ পাওয়া যায় না, গা'ল মার দিলে তবে তাহারা কাজ করে, ইহাদের সম্বন্ধে এই বাক্য প্রযোজ্য।

লেখা পড়া করে যেই,
গাড়ী ঘোড়া চড়ে সেই।
—যে বাল্যকালে মন দিয়া লেখাপড়া করে, সে পরে বিদ্বান্ হইয়া অনেক অর্থ উপার্জ্জন করে, এবং গাড়ী ঘোড়ায় চড়িয়া বেড়ায়।

লোকে (গাঁয়ে) মানে না আপনি মোড়ল—যাহাকে লোকে সামান্য জ্ঞান করে, কিন্তু নিজে আপনাকে বড়লোক বলিয়া ভাবে তাহার সম্বন্ধে প্রযুক্ত।

লোহা জব্দ কামারবাড়ী,
মেয়ে জব্দ শ্বশুরবাড়ী।
—কামারের বাড়ীতে লোহা শাসিত হয়, কারণ কামারেরা তাহা পিটিয়া নানা প্রকার

দ্রব্য প্রস্তুত করে; আর মেয়ে শ্বশুরবাড়ীতে শাসিত হয়।

শ

শক্তের তিন কুল মুক্ত—অর্থাৎ কেহ কোন দিক্ দিয়াই প্রবলের অনিষ্ট করিতে সাহসী হয় না।

শনিবারের মড়া দোসর চায়—প্রবাদ এইরূপ যে, শনিবারে কেহ মরিলে সে আর কাহাকেও আপনার সঙ্গী করিতে চায়, অর্থাৎ আর একজন যাহাতে মরে, সেইরূপ চেষ্টা করে। অসৎ ব্যক্তি অপর ভাল লোককে আপনার দলে টানিতে চায়।

**শসা-বেচুনী বেচে শসা,
তার হয়েছে সুখের দশা।**
—শসা-বেচুনী চিরকাল শসা বেচিয়া বেড়াইয়াছে, আজ তাহার সুখের দশা আসিয়াছে, এবং সে তজ্জন্য অহঙ্কৃত হইয়াছে। চিরকালের গরীব হঠাৎ একটু বড় লোক হইয়া অহঙ্কার প্রকাশ করিলে প্রযোজ্য।

শাঁখের করাত, আসতে কাটে, যেতেও কাটে—শাঁখ কাটিবার করাতে দুই দিকে ধার থাকে; উহা আগু হইবার সময়েও কাটে, আবার পিছাইবার সময়েও কাটে। যে বিষয় দুই দিক্ দিয়াই ক্ষতি করে।

শিকারী বিড়ালের গোঁফ দেখলে চেনা যায়—যে বিড়াল শিকারী হয়, তাহার গোঁফের লোম খাড়া হইয়া থাকে; এজন্য গোঁফ দেখিলে বুঝা যায় সে বিড়াল শিকারী কিনা। কাজের লোকের আকার-প্রকার দেখিলেই তাহাকে বুঝিতে পারা যায়।

শিয়ালে শিয়ালে কোলাকুলি—দুইজন চতুর লোক পরস্পরকে ঠকাইতে চেষ্টা করিয়া অকৃতকার্য্য হইলে শেষে পরস্পর কোলাকুলি করে। বাদী প্রতিবাদী উভয়েই বুদ্ধিমান্।

**শিরে করিলে সর্পাঘাত
তাগা বাঁধিবে কোথা?**
—দেহের কোন স্থানে সর্পাঘাত হইলে বিষ যাহাতে উপরে উঠিতে না পারে এই উদ্দেশ্যে ক্ষত স্থানের উপরে কষিয়া তাগা বাঁধা হয়। কিন্তু মাথায় সর্পাঘাত হইলে আর কোথায় তাগা বাঁধিবে? যে একবার বিপদের চরম সীমায় উপস্থিত হইয়াছে, সে আর বিপদের কি প্রতীকার করিবে?

শুঁড়ীর সাক্ষী মাতাল—মাতাল লইয়াই শুঁড়ীর কারবার। সুতরাং তাহার কোন বিষয়ে সাক্ষীর প্রয়োজন হইলে সে মাতাল-কেই সাক্ষী মানে, এবং শুঁড়ী মদ যোগায় বলিয়া মাতাল তাহার দিকে টানিয়াই বলে। যে সে-প্রকৃতির লোক সে সেই প্রকৃতির লোককে সাক্ষী মানিলে, এবং উক্তরূপে সাক্ষী তাহার দিকে টানিয়া বলিলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

শুক্‌নো ডাঙ্গায় আছাড় খাওয়া—যেখানে বিপদের কোন আশঙ্কা নাই সেখানে বিপন্ন হওয়া।

শূন্য গোয়াল ভাল, দুষ্ট গরু কিছু নয়—গোয়াল শূন্য হয় তাহাও মঙ্গল, তথাপি দলে মন্দ লোক থাকা ভাল নয়।

শেয়াল ঘুঘুর ছা, ফাঁদে কেহ না পা—সহজে কৌশল দ্বারা আবদ্ধ হয় না এমন লোক।

শ্রদ্ধার ছাই, হাত পেতে খাই—শ্রদ্ধা করিয়া সামান্য জিনিষ দিলেও তাহা ভাল লাগে।

ষ

ষাঁড়ের শত্রু বাঘে মারে—একটি ষাঁড়ের সহিত এক মহিষের শত্রুতা ছিল একদিন ঐ মহিষের সহিত এক বাঘের যুদ্ধ উপস্থিত হইলে বাঘের হাতে মহিষ মারা পড়িল, ষাঁড় নিষ্কণ্টক হইল। একের শত্রু অপরের দ্বারা শাসিত বা বিনষ্ট হওয়া।

ষাঁড়ে ষাঁড়ে যুদ্ধ—প্রবলের সহিত প্রবলের সংঘর্ষণ।

স

সঙ্গ দোষে কিনা হয়, ছুঁচো ছুঁলে গন্ধ হয়—অসৎসংসর্গে থাকিলেই অসৎ বলিয়া খ্যাত হইতে হয়।

সত্যবাদী দুই জন,
মূর্খ ও বালকগণ।
—কারণ ইহারা স্বল্পবুদ্ধি ও অচতুর বলিয়া ইষ্টানিষ্ট বিবেচনা করিতে পারে না, সুতরাং সত্য কথা বলে।

সব শিয়ালের এক রা—একজনের যে মত, সকলেরই সেই মতে সায় দেওয়া।

সবুরে মেওয়া ফলে—অর্থাৎ ধৈর্য্য ধারণ করিয়া থাকিলে শেষে সুফল লাভ হয়।

সময়ে সব বন্ধু হয়, অসময়ে কেহ নয়—সময় ভাল হইলে সকলেই বন্ধু হইয়া থাকে, কিন্তু সময় মন্দ হইলে তখন আর কেহ বন্ধু থাকে না।

সম্মুখ দিয়া ছুঁচ গলে না,
পিছন দিয়া হাতী গলে যায়।
—যে নিজে একটা পয়সা খরচ করিতে কাতর হয়, কিন্তু তাহার অগোচরে রাশি রাশি অর্থ অপব্যয়িত হইয়া যায়, তৎসম্বন্ধে প্রযোজ্য।

সাধ কত ছিলরে চিতে,
মলের আগে চুটকি দিতে।
—অযুক্তিসঙ্গত আশা।

সিধা আঙ্গুলে ঘি উঠে না—কেবল নরম হইলে কেহ বশীভূত হয় না, কড়া হইলে তবে লোকে বাধ্য হয়।

সুখ চেয়ে স্বস্তি ভাল—ধন ঐশ্বর্য্যাদি অপেক্ষা যদি ধনহীন্ হইয়া শান্তিতে থাকা যায়, তবে তাহাও ভাল।

সুখে থাক্‌তে ভূতে কিলোয়—সুখে থাকিবার সুযোগ হইলেও নানাপ্রকার গোলযোগ ঘটাইয়া দুঃখকে ডাকিয়া আনা।

শুধু কথায় চিঁড়ে ভিজে না—কেবল কথায় কাজ হয় না।

সূঁচ সোহাগা সুজন,
ভাঙ্গা গড়ে তিনজন।
—সূঁচ, সোহাগা এবং সুজন, ইহারা ভাঙ্গা জিনিষকে নূতন করে। সূঁচ ছেঁড়া কাপড়কে সেলাই করিয়া নূতন করে; সোহাগা ভাঙ্গা ধাতুপাত্রকে জুড়িয়া নূতন করে, এবং সাধু ব্যক্তি চরিত্রপ্রভাবে শত্রুকেও মিত্র করে।

সেক্‌রার ঠুকঠাক, কামারের এক ঘা—কেহ কাহারও একটু একটু অনিষ্ট করিতে থাকিলে শেষে অত্যাচারিত ব্যক্তি যদি এক উদ্যমেই তাহার সর্ব্বনাশ করিয়া দেয়, তাহা হইলে ইহা ব্যবহৃত হয়।

স্বভাব যায় না ম'লে, ইল্লৎ যায় না ধুলে—যাহার যে স্বভাব, তাহা মরিলেও যায় না; আর অপবিত্র বস্তু ধুইলেও পবিত্র হয় না।

স্বর্গে বাতি দেওয়া—উত্তম কার্য্য দ্বারা স্বর্গগমনের পথ আলোকিত করা।

হ

হাঁচি টিকটিকি বাধা,
যে না মানে সে গাধা।
—যাত্রাকালে বা কোন কার্য্যের আরম্ভকালে হাঁচি বা টিকটিকি পড়িলে তাহা হইতে নিরস্ত হইতে হয়, নতুবা তাহাতে বিপদ্ ঘটে, ইহাই হিন্দুসাধারণের বিশ্বাস। যে এই বাধা না মানে, সে অতিশয় নির্ব্বোধ।

হাঁড়ির ভাত, একটা টিপেই সবার খবর মেলে—এক সমাজের একজনকে বুঝিলেই সমাজের সকলকে বোঝা যায়।

হাটের মাঝে হাঁড়ি ভাঙ্গা—বহুলোকের সাক্ষাতে কোন গুপ্তকথা প্রকাশ করা।

হাতী ঘোড়া গেল তল,
ভেড়া বলে কত জল।
—বড় বড় লোক যে কাজ করিতে পারিল না, ক্ষুদ্র আসিয়া সেই কাজ করিতে গেল।

হাতী চ'ড়ে ভিক্ষা করি,
ইচ্ছায় না দেও ঘর ভাঙ্গি।
—হাতী চড়িয়া ভিক্ষা করি; যদি ইচ্ছা করিয়া ভিক্ষা না দেও, তাহা হইলে হাতীর দ্বারা ঘর ভাঙ্গিয়া ফেলিব। অনুগ্রহপ্রত্যাশী ব্যক্তি জোর করিয়া অনুগ্রহ ভিক্ষা করিলে এই বাক্য ব্যবহৃত হয়।

হাতী পড়েছে দকে;
ঠোকর দিচ্ছে বকে।
—প্রবল বিপন্ন হইলে দুর্ব্বলও তাহাকে পীড়া দেয়।

হাতে দই পাতে দই, তবু বলে কই কই—হাতে দই লাগিয়া আছে, পাতে দই রহিয়াছে, তথাপি বলিতেছে, দই কোথায়, দই ত পাই নাই। প্রমাণ বিদ্যমানেও দোষ অস্বীকার।

হাল যদি ধরে ঠেলে,
যায় কি তরী তুফানে ভেসে?
—কর্ত্তা যদি ঠিক থাকে, তাহা হইলে কার্য্য বিফল হয় না।

হাসিও পায় দুঃখও ধরে,
একথা আর বলি কা'রে?
—কথাটা দুঃখেরও বটে, আবার হাস্যকরও বটে, এমন অদ্ভুত কথা আর কা'কে বলিব?

হিতে বিপরীত—হিত করিতে গিয়া শেষে অহিত হওয়া। ভাল করিতে গিয়া মন্দ হওয়া।

হিসেবের গরু বাঘে খায় না—গরু মাঠে চরাইতে লইয়া যাইবার সময় যদি গণিয়া লইয়া যাওয়া হয় এবং ফিরিবার সময়ও যদি গণিয়া লইয়া আসা হয়, তবে গরু হারায় না। হিসাব করিয়া কাজ করিলে পস্তাইতে হয় না।

হেলে ধর্‌তে পারে না, কেউটে ধর্‌তে যায়—ক্ষুদ্র কাজ করিবার শক্তি যাহার নাই, তাহার বৃহৎ কাজ করিতে অগ্রসর হওয়া।

হেসে হেসে কথা কয়,
সে হাসি ত ভাল নয়।
—দুষ্ট লোক যদি হাসিতে হাসিতে কথা কয়, তবে তাহার সে হাসিকে ভাল বলিয়া মনে করিতে নাই; কোন ভয়ানক উদ্দেশ্য সাধনের জন্যই সে এইরূপে হাসিয়া থাকে।

আদর্শ বাঙ্গলা অভিধান

ভৌগোলিক ও বিবিধ জ্ঞাতব্য

অ

অক্টারলোনি মনুমেণ্ট—কলিকাতার গড়ের মাঠে অবস্থিত স্তম্ভবিশেষ। স্যার ডেভিড অক্টারলোনির বিজয়জ্ঞাপক স্তম্ভ-হিসাবে ১৮১৬ খৃঃ ইহা নির্ম্মিত হয়। ইহার উচ্চতা ১৬৫ ফুট।

অক্টোপাস (Octopus)—আটটি শুণ্ড-যুক্ত জলজন্তুবিশেষ। ভূমধ্যসাগরে ইহাদের সংখ্যা অধিক।

অক্সফোর্ড—ইংলণ্ডের একটি প্রসিদ্ধ শহর।

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়—অষ্টম হেনরীর সময়ে স্থাপিত ইংলণ্ডের সর্ব্বাপেক্ষা পুরাতন বিশ্ববিদ্যালয়।

অঙ্গ—ভারতের অন্তর্গত প্রাচীন দেশবিশেষ (বর্ত্তমান ভাগলপুর ও মুঙ্গের জেলা)।

অজন্তা—হায়দ্রাবাদ রাজ্যের অন্তর্গত একটি ক্ষুদ্র গ্রাম। এখানকার গুহামন্দির পৃথিবী-বিখ্যাত। বৌদ্ধযুগে এই গুহা নির্ম্মিত হইয়াছিল। এখানে পর্ব্বতগাত্র খোদিত করিয়া ২৩টি বিহার ও ৫টী চৈত্য নির্ম্মিত হইয়াছিল। ভাস্কর্য্য ও চিত্রশিল্পের গৌরবে এই গুহাগুলি বিশেষ সমৃদ্ধ।

অটোমান-সাম্রাজ্য—তুরস্কের অধুনালুপ্ত সাম্রাজ্য। তাহার প্রতিষ্ঠাতা ওথমান (বা ওসমান) (Othman—Ottoman)-এর নাম অনুসারে এই নামে অভিহিত।

অটোয়া—উত্তর আমেরিকার কানাডা রাজ্যের রাজধানী।

অতলান্তিক মহাসাগর—ইউরোপ ও আমেরিকার মধ্যবর্ত্তী বিরাট্ মহাসাগর। ইহা প্রায় ৯০০০ মাইল দীর্ঘ, স্থানবিশেষ ১৬০০ হইতে ৫০০০ মাইল পর্য্যন্ত বিস্তৃত এবং প্রায় ৫½ মাইল গভীর।

অনুরাধাপুর—সিংহলের একটী বিখ্যাত ইতিহাস-প্রসিদ্ধ শহর।

অন্ধ্র—প্রাচীন দ্রাবিড় দেশের একটি অংশ বর্ত্তমানে মাদ্রাজ প্রদেশের ভিজাগাপত্তম জেলার কয়েকখানি গ্রামকে এই রাজ্যের শেষ নিদর্শন বলিয়া নির্দ্দেশ করা হয়।

অবজারভেটরি হিল—(Observatory Hill)—দার্জ্জিলিং শহরের একটি উচ্চ স্থান। এই স্থান হইতে কাঞ্চনজঙ্ঘা প্রভৃতি হিমালয়শৃঙ্গগুলি সুস্পষ্টভাবে দেখা যায়।

অবন্তী—১। প্রাচীন ভারতের একটি প্রসিদ্ধ রাজ্য। ইহার অপর নাম 'মালব'। ইহার রাজধানী 'উজ্জয়িনী'। ২। উজ্জয়িনী নগরীও 'অবন্তী' নামে খ্যাত। ইহার অন্য

নাম—বিশালা, উজ্জয়িনী, বিষ্ণুপাদ ও মহাকালপুরী। ৩। নদীবিশেষ। কাহারও কাহারও মতে ইহা শিপ্রানদীর অপর নাম।

অমরকোট—সিন্ধুপ্রদেশে অবস্থিত সিন্ধুনদের তীরবর্তী একটি নগর। এই স্থানে আকবর জন্মগ্রহণ করেন।

অমরাবতী ১। বেরার প্রদেশের অন্তর্গত একটি জেলা ও শহর। ২। কৃষ্ণানদীর তীরবর্তী নগরবিশেষ। নগরটি বর্তমানে ধ্বংসপ্রাপ্ত। আনুমানিক খৃষ্টীয় দ্বাদশ শতকে উড়িষ্যারাজ সূর্যদেব উহা নির্ম্মাণ করেন। ৩। (পৌরাণিক) দেবরাজ ইন্দ্রের রাজধানী।

অমৃতসর—পঞ্জাব প্রদেশের অন্তর্গত একটি অতি বিখ্যাত শহর; ইহা শিখদের তীর্থস্থান।

অম্বর—জয়পুর রাজ্যের প্রাচীন নাম। রাজপুতগণ ইহাকে বলেন আমের। ইহা রাজপুতানার অন্তর্গত। মহারাজ মানসিংহের আমল (১৬০০ খৃষ্টাব্দ) হইতেই অম্বররাজ্য ভারতের ইতিহাসে খ্যাতিলাভ করে।

অযোধ্যা—উত্তর প্রদেশের অন্তর্গত একটি প্রাচীন নগর। প্রাচীনকালে ইহা উত্তর কোশলের রাজধানী ছিল। সরযূনদীর তীরে অবস্থিত এই নগরী তখন সূর্য্যবংশীয় রাজাদিগের রাজধানী ছিল। ১১৯২ খৃষ্টাব্দে মুসলমানগণ ইহা অধিকার করেন। ১৮৫৬ খৃষ্টাব্দে ইহা ইংরাজেরা অধিকার করেন।

অরেঞ্জ ফ্রী ষ্টেট (Orange Free State)—দক্ষিণ আফ্রিকার ইউনিয়ন-গভর্ণমেন্টের (South Africa Union) অন্তর্ভুক্ত একটি প্রদেশ। আয়তন ৫০,৩৯২ বর্গ মাইল।

অরোরা পোলারিস—পৃথিবীর উত্তর ও দক্ষিণ প্রান্তে দুইটি মেরুপ্রদেশে একাদিক্রমে ছয় মাস রাত্রি ও ছয় মাস দিন বর্তমান থাকে। ছয়মাসব্যাপী দিবাভাগের পর যখন সূর্য্যাস্ত হয়, তাহার ঘণ্টা দুই তিন পরে উভয় মেরুপ্রদেশের আকাশপ্রান্তে একপ্রকার উজ্জ্বল আলোক দেখিতে পাওয়া যায়। এই আলোক সাধারণতঃ চঞ্চল এবং গোলাকৃতি। কিন্তু সময়ে সময়ে অচঞ্চলও থাকে। এই আলোকের নাম অরোরা পোলারিস বা মেরুজ্যোতি। উত্তরমেরুর আলোককে 'উদীচ্য উষা' বা 'অরোরা বোরিয়ালিস' এবং দক্ষিণমেরুর আলোককে 'অরোরা অস্ট্রেলিস' বলা হয়।

অর্লিয়েন্স (Orleans)—ফ্রান্সের অন্তর্গত একটি নগরবিশেষ। ইহা Loire নদীর তীরে অবস্থিত।

অলকনন্দা—গঙ্গার একটি উপনদী। বদ্রীনাথ পাহাড়ের নিকটবর্তী স্থান হইতে উদ্ভূত হইয়া ইহা দেবপ্রয়াগের নিকট গঙ্গার সহিত মিলিত হইয়াছে। অলকনন্দা স্বর্গের নদী বলিয়া কথিত হয়।

অলিম্পিক-ক্রীড়া (Olympic Games)—গ্রীসদেশের প্রাচীন অধিবাসিগণ দেবতা Zeus-এর সম্মান উপলক্ষে প্রতি পঞ্চম বৎসরে একটি ক্রীড়া-প্রতিযোগিতার ব্যবস্থা করিতেন। ইহাতে সাহিত্য, শিল্প, নাটক, অলঙ্কার, গীতবাদ্য এবং দৈহিক ক্রীড়াদির প্রতিযোগিতা হইত। খৃষ্ট-পূর্ব্ব ১০৪৩ অব্দ হইতে ৩৯৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত ইহা অনুষ্ঠিত হইয়াছিল। সেই প্রাচীন অলিম্পিক-ক্রীড়ার অনুকরণে ১৮৯৬ খৃষ্টাব্দে এথেন্সে এই ক্রীড়া-প্রতিযোগিতার পুনরনুষ্ঠান হয়। এই অলিম্পিক-ক্রীড়ায় পৃথিবীর বিভিন্ন দেশের অধিবাসিগণ যোগদান করিয়া থাকেন। ১৯২৮ খৃষ্টাব্দে আমস্টারডামে, ১৯৩২ খৃষ্টাব্দে লস্ এঞ্জেলেসে, ১৯৩৬ খৃষ্টাব্দে জার্মানীতে এবং ১৯৪৮ খৃষ্টাব্দে ইংলণ্ডে ইহা অনুষ্ঠিত হইয়াছিল।

অশোকচক্র—অশোকস্তম্ভের চূড়ায় যে ধর্মচক্র খোদিত আছে তাহা। ইহার প্রতীক ভারতের জাতীয় পতাকার কেন্দ্রস্থলে অঙ্কিত।

অশোকস্তম্ভ—মহারাজ অশোক বুদ্ধের

উপদেশাবলী প্রচার করিবার নিমিত্ত নানাস্থানে স্তম্ভ প্রস্তুত করাইয়া উহাতে উপদেশগুলি ক্ষোদিত করাইয়া দিতেন। এই স্তম্ভগুলিই অশোকস্তম্ভ নামে খ্যাত।

অষ্ট্রিয়া (Austria)—আয়তন ৩০,৭৬৬ বর্গ মাইল। মধ্য ইউরোপের একটি দেশ। ইহার রাজধানী ভিয়েনা।

অস্ট্রেলিয়া (Australia)—এশিয়ার দক্ষিণ দিকে অবস্থিত প্রশান্ত মহাসাগরের মধ্যবর্তী একটি সুবৃহৎ দ্বীপ। ইহার বিশাল আকারের নিমিত্ত অনেকে ইহাকে মহাদেশ বলিয়া থাকেন। রাজধানী ক্যানবেরা।

অস্ট্রেলেশিয়া (Australasia)—শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ 'দক্ষিণ এসিয়া' (Austral-দক্ষিণসম্বন্ধীয়, Asia)। ইহা প্রশান্ত মহাসাগরে অবস্থিত এবং ওশানিয়া বা ওশানিকার অন্তর্গত অস্ট্রেলিয়া, ট্যাস্মানিয়া, নিউ জিল্যাণ্ড, নিউ গিনি প্রভৃতি কতিপয় ক্ষুদ্র-বৃহৎ দ্বীপ লইয়া গঠিত।

অসলো (Oslo)—নরওয়ের রাজধানী। পূর্ব্বনাম ক্রিস্টিয়ানিয়া।

অ্যাঙ্গোরা (Angora)—তুরস্কের রাজধানী। বর্ত্তমানে ইহা আঙ্কারা নামে খ্যাত।

অ্যাজাক্সো (Ajaccio)—কর্সিকা দ্বীপের রাজধানী। ইহা নেপোলিয়ান বোনাপার্টের জন্মস্থান।

অ্যাজোর্স (Azores)—আট্লাণ্টিক মহাসাগরস্থ পর্তুগীজ অধিকারভুক্ত দ্বীপপুঞ্জ। আয়তন ৯২২ বর্গ মাইল।

অ্যাটম্ বম্ব (Atom Bomb)—আণবিক বোমা। ১৯৪২ খৃঃ বৈজ্ঞানিক ফার্ম্মি হ্যান প্রভৃতির আবিষ্কৃত তথ্যের উপর ভিত্তি করিয়া আমেরিকা ও ইংলণ্ডের কয়েকজন বৈজ্ঞানিক এই ভীষণ মারাত্মক বোমা প্রস্তুত করেন। জাপানের নাগাসাকি ও হিরোসিমা শহরে দুইটি মাত্র বোমা নিক্ষেপের ফলে ২ লক্ষের উপর লোক নিহত হয়।

অ্যাণ্টার্কটিকা—দক্ষিণমেরু প্রদেশ। ইহা এশিয়া মহাদেশের সমান একটি উচ্চ মালভূমি। ইহা বার মাস বরফে ঢাকা থাকে।

[একটি বন্দর।

অ্যাণ্টোয়ার্প (Antwerp)—বেলজিয়ামের

অ্যাপেনাইন্জ্ (Apennines)—ইটালী দেশের পর্ব্বতশ্রেণী। ইহার দৈর্ঘ্য ৮০০ মাইল এবং প্রস্থ ৭০ হইতে ৮০ মাইল।

অ্যাম্বুলেন্স (Ambulance)—১। যুদ্ধক্ষেত্রের ভ্রাম্যমাণ হাসপাতাল। যুদ্ধে আহত সৈনিকগণকে এখানে অস্ত্রোপচারাদি দ্বারা চিকিৎসা করা হইয়া থাকে। ২। আহত বা অসুস্থ ব্যক্তিদিগকে বহন করিবার গাড়ী।

অ্যালকোহল (Alcohol)—কার্বন, অক্সিজেন ও হাইড্রোজেনের সংমিশ্রণে প্রস্তুত সুরাসার। সাধারণতঃ গাঁজলান তরলপদার্থ পরিস্রুত করিয়া ইহা প্রস্তুত করা হয়।

অ্যালজিরিয়া (Algeria)—আফ্রিকার ফরাসী-অধিকৃত প্রদেশ। আয়তন ২২২,৫৮০ বর্গ মাইল।

অ্যালবার্ট এডওয়ার্ড নিয়াঞ্জা—(Albert Edward Nyanza)—মধ্য আফ্রিকার একটি হ্রদ। ইহার দৈর্ঘ্য ৫০ মাইল ও প্রস্থ ৩০ মাইল।

অ্যালবার্ট নিয়াঞ্জা (Albert Nyanza)—আফ্রিকার একটি হ্রদ। ইহার কতকাংশ উগাণ্ডা প্রদেশে ও কতকাংশ বেলজিয়ান্ কঙ্গো প্রদেশে পড়িয়াছে। নীলনদ ইহার ভিতর দিয়া প্রবাহিত। ইহার দৈর্ঘ্য ১০০ মাইল এবং প্রস্থ ২০ মাইল।

অ্যালবেনিয়া (Albania)—বল্কান উপদ্বীপের অন্তর্গত একটি রাজ্য। বর্ত্তমানে ইহা ইতালীর অধীন। ইহার আয়তন প্রায় ১১,০০০ বর্গ মাইল। রাজধানী স্কুটারী।

অ্যাসেম্ব্লি (Assembly)—ভারতের প্রত্যেক প্রদেশের জনসাধারণের দ্বারা নির্ব্বাচিত সদস্যগণের দ্বারা গঠিত ব্যবস্থা-পরিষদ্ (Central Legislative Assem-

bly). পূর্ব্বে ভারতীয় ব্যবস্থা-পরিষদের এই নাম ছিল।

অ্যাসোয়ান (Assuan, Assovan, or Aswan)—মিশর দেশের একটি শহর। ইহা নীলনদের তীরবর্তী এবং ঐ স্থানে নীলনদের বাঁধ সুপ্রসিদ্ধ।

আ

আই-এন-এ—ইণ্ডিয়ান ন্যাশন্যাল আর্মি। ১৯৪৪ সালে নেতাজী সুভাষ কর্তৃক সিঙ্গাপুরে গঠিত বাহিনী।

আই, এফ, এ, (I. F. A.)—ভারতে যে সমস্ত ফুটবল খেলা হয়, সেই সমস্ত ফুটবল খেলার নিয়ন্ত্রণ ও নিয়ম-কানুন প্রবর্ত্তনের জন্য একটি সমিতি আছে। উক্ত সমিতিকে 'ভারতীয় ফুটবল সমিতি' (Indian Football Association) বলে। উহারই সংক্ষিপ্ত নাম 'আই. এফ. এ.'। কলিকাতায় ইহার কার্য্যালয়।

আইরিশ ফ্রী ষ্টেট (Irish Free State)—'আয়ার্ল্যাণ্ড' দ্রঃ।

আই, সি, এস, (I. C. S.)—সরকারী বেসামরিক চাকুরীর মধ্যে ইহাই সর্ব্বশ্রেষ্ঠ চাকুরী। 'ইণ্ডিয়ান সিভিল সার্ভিস্' (Indian Civil Service)-এর ইহা সংক্ষিপ্ত রূপ।

আইসল্যাণ্ড (Iceland)—আট্‌লান্টিক মহাসাগরের উত্তরাংশে অবস্থিত একটি চিরতুষারাবৃত দ্বীপ। আয়তন প্রায় ৩৯,৭০৯ বর্গ মাইল।

আঙ্কল স্যাম (Uncle Sham)—আমেরিকার যুক্তরাষ্ট্রকে Uncle Sham (স্যাম-চাচা) বলা হয়।

আগষ্ট আন্দোলন—ভারতীয় কংগ্রেস ১৯৪২ খৃঃ স্যার স্ট্যাফোর্ড ক্রীপস্ কর্তৃক উপস্থাপিত ডোমিনিয়ান ষ্টেটাস প্রস্তাব প্রত্যাখ্যান করিয়া ৮ই আগষ্ট তারিখে 'ভারত ছাড়' দাবী ইংরাজের নিকট উপস্থাপিত করে।

আগ্রা—উত্তর প্রদেশের একটি প্রসিদ্ধ শহর। ইহা যমুনা নদীর তীরে অবস্থিত।

আজমীর—রাজপুতানার অন্তর্বর্ত্তী আজমীর-মাড়বার প্রদেশের রাজধানী।

আজমীর-মাড়বার—রাজপুতানার অন্তর্গত একটি প্রদেশ। উক্ত প্রদেশের প্রধান নগরের নাম আজমীর। [দ্রঃ।

আজাদ হিন্দ্ ফৌজ—'আই-এন-এ'

আদমসুমারি—ইংলণ্ড ও বৃটিশ সাম্রাজ্যের অধীন সকল দেশে প্রত্যেক দশ বৎসর অন্তর যে লোকসংখ্যা গণনা করা হয়, তাহার নাম আদমসুমারি বা সেন্সাস (Census). ১৮০১ সালে ইংলণ্ডে প্রতি পাঁচ বৎসর অন্তর লোকসংখ্যা গণনার নিয়ম হইয়াছে। প্রাচীন রোমে সমস্ত নাগরিক, তাহাদের পরিবারবর্গ, পুত্র-কন্যা, ক্রীতদাস-দাসী প্রভৃতির পূর্ণ বিবরণ যে খাতায় লিখিত হইত তাহাকে সেন্সাস বলিত। সেই প্রথা হইতে বর্ত্তমান সেন্সাস বা আদমসুমারির প্রচলন হইয়াছে। ভারতবর্ষের গত আদমসুমারি ১৯৫১ খৃষ্টাব্দে সম্পন্ন হইয়াছে।

আদ্দিস-আবেবা—পূর্ব আফ্রিকায় অবস্থিত আবিসিনিয়া-রাজ্যের রাজধানী।

আন্দামান—বঙ্গোপসাগরে অবস্থিত দ্বীপপুঞ্জ। ইহার রাজধানী পোর্ট ব্লেয়ার (Port Blair). এখানে ভারত গভর্ণমেন্টের একটি বন্দীশালা ছিল। ভারতের নির্ব্বাসিত বন্দীদের এইখানে পাঠানো হইত। ১৯৪২ খৃঃ ইহা জাপানীদের অধিকারভুক্ত হয়। বর্ত্তমানে ইহা ভারতের অধীন।

আন্দিজ পর্ব্বতমালা—দক্ষিণ আমেরিকার পর্ব্বতমালা। ইহা প্রায় ৪৫০০ মাইল দীর্ঘ এবং প্রায় ২০,০০০ ফুট উচ্চ।

আফগানিস্তান—ভারতের উত্তর-পশ্চিমে অবস্থিত একটি পার্ব্বত্য দেশ। এখানকার রাজধানী কাবুল।

আফ্রিকা—একটি মহাদেশ। ইহার উত্তরে ভূমধ্যসাগর, পশ্চিমে আটলান্টিক মহাসাগর, দক্ষিণে ভারত মহাসাগর, পূর্ব্বে ভারত মহাসাগর, আরব সাগর ও লোহিত সাগর। ইহার আয়তন প্রায় ১১,৫০০,০০০ বর্গ মাইল।

আফ্রিদী—ভারতের উত্তর-পশ্চিম সীমান্তের এক শ্রেণীর দুর্দ্ধর্ষ পার্ব্বত্য অধিবাসী।

আবিসিনিয়া—পূর্ব আফ্রিকায় অবস্থিত একটি দেশ। ইহার প্রাচীন নাম 'ইথিওপিয়া'; রাজধানী আদ্দিস-আবেবা। ইহার আয়তন প্রায় ৩১০,০০০ বর্গ মাইল এবং লোকসংখ্যা প্রায় ৯,০০০,০০০। আবিসিনিয়ার অধিবাসীদিগকে 'হাবসী' বলে। এই সাম্রাজ্য গত ১৯৩৬ খৃষ্টাব্দে ইটালীর অধিকারভুক্ত হইয়াছিল। বর্ত্তমানে ইংরাজগণ ইটালিয়ানদিগের নিকট হইতে উহা কাড়িয়া লইয়া পুনরায় হাবসী রাজাকে প্রদান করিয়াছেন।

আবু পাহাড়—আরাবল্লী পর্ব্বতমালায় অবস্থিত। ইহার উপরে একটি হ্রদ এবং জৈনদিগের পাঁচটি মন্দির আছে।

আমাজন (Amazon)—দক্ষিণ আমেরিকার একটি সুবৃহৎ নদী। ইহার দৈর্ঘ্য প্রায় ৩৫০০ মাইলের অধিক। আন্দিজ পর্ব্বতমালা হইতে বাহির হইয়া ইহা আটলান্টিক মহাসাগরে পড়িয়াছে।

আমুদরিয়া—মধ্য এশিয়ার একটি নদী। ইহার অপর নাম 'অক্সাস'।

আমেরিকা (America)—পশ্চিম গোলার্দ্ধের অন্যতম মহাদেশ। ইহার দুইটি ভাগ—উত্তর আমেরিকা ও দক্ষিণ আমেরিকা। ইহার আয়তন প্রায় ১৬,৭৫০,০০০ বর্গ মাইল।

আমস্টারডাম (Amsterdam)—হল্যাণ্ডের রাজধানী। ইহা ৯৬টি দ্বীপ লইয়া গঠিত।

আয়ারল্যাণ্ড (Ireland)—গ্রেট ব্রিটেনের পশ্চিমে অবস্থিত একটি দ্বীপ। আয়তন প্রায় ৩২,৩৯৩ বর্গ মাইল। ইহা একটি 'ডোমিনিয়ন' এবং উত্তর আয়ারল্যাণ্ডের কিয়দংশ ছাড়া অপরাংশ স্বাধীন। এই গণতন্ত্রের নাম 'আইরিশ ফ্রী ষ্টেট' (Irish Free State).

আরব—এশিয়ার দক্ষিণ-পশ্চিমাংশে অবস্থিত একটি প্রকাণ্ড উপদ্বীপ ও দেশ। ইহার আয়তন প্রায় ১,০০০,০০০ বর্গ মাইল।

আরব সাগর (Arabian Sea)—ভারত মহাসাগরের উত্তরাংশ, আরব ও ভারতবর্ষের মধ্যে অবস্থিত।

আরল সাগর—এশিয়ার অন্তর্গত রুষিয়ার মধ্যবর্ত্তী একটি বৃহৎ লবণ-হ্রদ। ইহার আয়তন প্রায় ২৬,১৬৬ বর্গ মাইল।

আর্কট—মাদ্রাজ প্রেসিডেন্সীর অন্তর্গত একটি শহর। মাদ্রাজ হইতে প্রায় ৬৫ মাইল পশ্চিমে অবস্থিত।

আর্জেন্টিনা (Argentina)—দক্ষিণ-আমেরিকার একটি দেশ। ইহা একটি রিপাব্লিক বা গণতন্ত্র। ইহার আয়তন প্রায় ১,১৫৩,১১৯ বর্গ মাইল।

আর্মাডা, স্পেনীয় (Armada, Spanish)—স্পেনের রাজা ২য় ফিলিপ ১৫৮৮ খৃষ্টাব্দে ইংলণ্ডের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। ১২৯ খানি জাহাজ বোঝাই করিয়া ১৯,০০০ স্পেনীয় সৈন্য পাঠান হয়। ৮০০০ জন নাবিক ঐগুলি লইয়া আসে। উহাতে ২০০০ কামান এবং ৪০,০০০ লোকের ৬ মাসের উপযোগী খাদ্য ছিল। এই বিরাট বাহিনীকে বলা হইত আর্মাডা। ইংলণ্ডের রাণী এলিজাবেথ ইহার বিরুদ্ধে মাত্র ৮০ খানি যুদ্ধজাহাজ পাঠাইতে পারিয়াছিলেন। স্পেনীয় জাহাজগুলি ৭ মাইল লম্বা অর্দ্ধচন্দ্রের আকারে ইংলণ্ডের দিকে আসিতে থাকে। কিন্তু এই সময় উত্তর-পশ্চিম দিক্ হইতে প্রবাহিত একটি প্রবল ঝড়ে জাহাজগুলি ছিন্নভিন্ন ও বিনষ্ট হয়।

আর্মেনিয়া—পশ্চিম এশিয়ার একটি ক্ষুদ্র

দেশ ; রুষ সাধারণতন্ত্র রাষ্ট্রসংঘের অন্তর্ভুক্ত। ইহা এশিয়া-মাইনর ও ককেসাস পর্ব্বতের মধ্যবর্ত্তী এবং কাস্পিয়ান সাগরের পশ্চিম তীরে অবস্থিত। ইহার রাজধানী এরজেরাম (Ergerum). ইহার অধিবাসিগণ খৃষ্টান।

আলিগড়—উত্তর প্রদেশের অন্তর্গত একটি বিখ্যাত শহর। এখানে একটি মুসলমান বিশ্ববিদ্যালয় আছে। এখানে প্রচুর পরিমাণে মাখন উৎপন্ন হয়।

আলিপুর—বাঙ্গালা দেশে ২৪ পরগণা জেলার সদর শহর ও একটি মহকুমা।

আলেকজেণ্ড্রিয়া—মিশরের অন্তর্গত একটি প্রাচীন শহর ও উহার প্রধান বন্দর।

আলোয়ার—রাজপুতানার অন্তর্গত একটি ক্ষুদ্র করদ রাজ্য। ইহার রাজধানীর নামও 'আলোয়ার'।

আলতাই—এশিয়াটিক রুশিয়ার দক্ষিণাঞ্চলের একটি পর্ব্বত। ইহার দৈর্ঘ্য প্রায় ২০০০ মাইল এবং উচ্চতা প্রায় ১২,৭৯৯ ফুট।

আলপাকা (Alpaca)—দক্ষিণ আমেরিকার একশ্রেণীর চতুষ্পদ লোমশ প্রাণী। ইহারা সাধারণতঃ পর্ব্বত অঞ্চলে বাস করে।

আল্পস (Alps)—ইটালীর উত্তরে অবস্থিত ইউরোপের সর্ব্বোচ্চ পর্ব্বতমালা। ইহার উচ্চতা প্রায় ১৫,৭৮৪ ফুট। ইহা জেনোয়া উপসাগর হইতে ভিয়েনা পর্য্যন্ত প্রায় ৬০০ মাইল লম্বা এবং টাইরল অঞ্চলে ইহা প্রায় ১৫০ মাইল চওড়া।

আসানসোল—বর্দ্ধমান জেলার প্রসিদ্ধ রেলওয়ে ষ্টেশন। কয়লার খনির জন্য বিখ্যাত।

আসাম—ভারতের উত্তর-পূর্ব্বাংশে অবস্থিত প্রদেশ। ইহার রাজধানী শিলং। ইহার আয়তন প্রায় ৬১,০০০ বর্গ মাইল।

আহম্মদনগর—বোম্বাই প্রদেশের অন্তর্গত বিখ্যাত শহর। নিজামশাহী রাজাদের রাজধানী ছিল। এখানে একটি দুর্গ আছে।

আহম্মদাবাদ—বোম্বাই প্রদেশের অন্তর্গত একটি বিখ্যাত শহর।

ই

ইউ-এন-ও (U. N. O.)—'সম্মিলিত-জাতি-প্রতিষ্ঠান' দ্রঃ।

ইউনাইটেড কিংডম (United Kingdom)—ইংলণ্ড, স্কটলণ্ড ও ওয়েল্‌স একত্রে এই নামে অভিহিত হয়।

ইউনাইটেড প্রেস (United Press)—একটি ভারতীয় সংবাদ-সরবরাহ প্রতিষ্ঠান। ইহাকে সংক্ষেপে U. P. বলে। সাধারণতঃ ভারতের নানাস্থান হইতে ইহার কর্মচারীরা সংবাদ গ্রহণ করিয়া বিভিন্ন সংবাদপত্রে প্রেরণ করেন।

ইউনাইটেড ষ্টেট্‌স (United States)—'যুক্তরাষ্ট্র' দ্রঃ।

ইউনিয়ন জ্যাক (Union Jack)—ইংলণ্ডের জাতীয় পতাকার নাম।

ইউফ্রেটিজ (Euphrates)—দক্ষিণ পশ্চিম এশিয়ার দীর্ঘতম নদী। ইহার দৈর্ঘ্য প্রায় ১৭৮০ মাইল। ইহার প্রাচীন নাম 'ফোরাত'। টাইগ্রিস নদীর সহিত মিলিত হইবার পর ইহার নাম হইয়াছে 'শাত-এল-আরব'।

ইউরেকা (Eureka)—একটি স্বর্ণনির্ম্মিত মুকুটে স্বর্ণকার কি পরিমাণে খাদ মিশাইয়াছে তাহা সাইরাকিউসের রাজা গ্রীক বৈজ্ঞানিক আর্কিমিডিসকে জিজ্ঞাসা করেন। এই বিষয়টি ভাবিতে ভাবিতে আর্কিমিডিস একদিন স্নানের নিমিত্ত একটি চৌবাচ্চায় নামিলেন। সঙ্গে সঙ্গে কিছু জল উপচাইয়া পড়িল এবং আর্কিমিডিসও জলমধ্যে নিজের দেহ কিঞ্চিৎ হাল্কা বোধ করিলেন। তিনি বুঝিতে পারিলেন—তাঁহার দেহটি যে পরিমাণে হাল্কা বোধ হইতেছে, ঠিক সেই পরিমাণে জল চৌবাচ্চা হইতে উপচাই-

পড়িয়াছে। অমনি তিনি জল হইতে 'ইউ-রেকা', 'ইউরেকা' (অর্থাৎ আমি পাইয়াছি, আমি পাইয়াছি) বলিতে বলিতে বাহির হইলেন এবং সেই অবস্থাতেই রাজসভায় গিয়া উপস্থিত হইলেন। অতঃপর তিনি রাজাকে আপেক্ষিক গুরুত্ব বিষয়টি বুঝাইয়া দিয়া মুকুটে কি পরিমাণ খাদ মিশ্রিত ছিল, তাহা বুঝাইয়া দিলেন।

ইউরেনাস (Uranus)—একটি বৃহৎ গ্রহ। সূর্য্য হইতে দূরত্ব অনুযায়ী ইহার স্থান গ্রহগণের মধ্যে সপ্তম। ইহার ব্যাস পৃথিবীর প্রায় চতুর্গুণ, এবং ইহার চারিটি উপগ্রহ আছে। স্যার উইলিয়ম হার্শেল ১৭৮১ খৃষ্টাব্দে এই গ্রহটি আবিষ্কার করেন। তদনুসারে ইহার আর এক নাম 'হার্শেল'।

ইংলণ্ড (England)—ইউরোপ মহাদেশের পশ্চিম-প্রান্তস্থ গ্রেট্ ব্রিটেন দ্বীপের দক্ষিণ-পূর্ব্বাংশ। ইহার আয়তন ৫০,৮২৩ বর্গ মাইল। এখানকার রাজধানী লণ্ডন।

ইংলিশ চ্যানেল (English Channel) —ইংলণ্ড ও ফ্রান্সের মধ্যবর্ত্তী সাগরাংশ। ইহার দৈর্ঘ্য প্রায় ৩০০ মাইল এবং সর্ব্বাধিক বিস্তার প্রায় ১৫৫ মাইল।

ইকোয়াডর (Ecuador)—দক্ষিণ আমেরিকার একটি সাধারণতন্ত্র।

ইটালী (Italy)—দক্ষিণ ইউরোপের একটি রাজ্য। ইহার আয়তন প্রায় ১১৮,০০০ বর্গ মাইল। রোম ইহার রাজধানী।

ইথাকা (Ithaca)—গ্রীসের অন্তর্গত একটি দ্বীপ। ইহার আয়তন প্রায় ৩৭ বর্গ মাইল।

ইদল ফেতর—মুসলমানদিগের পর্ব্ব-বিশেষ।

ইদুজ্জোহা—মুসলমানদিগের প্রসিদ্ধ পর্ব্ব-বিশেষ।

ইন্দোর—মধ্য-ভারতের একটি করদ রাজ্য। ইহার রাজধানীর নামও ইন্দোর। এখান-কার রাজার উপাধি 'হোলকার'।

ইন্দ্রপ্রস্থ—আধুনিক দিল্লী শহরের নিকট-বর্ত্তী একটি পুরাণখ্যাত স্থান। কথিত আছে, মহারাজ যুধিষ্ঠির এইখানে তাঁহার রাজধানী স্থাপন করিয়াছিলেন। অনেকে অনুমান করেন, পুরাকালে এই স্থান খাণ্ড-বারণ্যের মধ্যে অবস্থিত ছিল।

ইফেল টাওয়ার (Eiffel Tower)—এই টাওয়ারটি ১৮৮৭-৮৯ খৃষ্টাব্দে প্যারিসে নির্ম্মিত হয়। ইহার উচ্চতা ৯৮৫ ফুট।

ইম্ফাল—আসাম প্রদেশের অন্তর্গত মণি-পুর রাজ্যের রাজধানী।

ইয়াংসি-কিয়াং—চীনদেশের দীর্ঘতম এবং পৃথিবীর অন্যতম বৃহৎ নদী। ইহার দৈর্ঘ্য প্রায় ৩০০০ মাইল। ইহা তিব্বত হইতে বাহির হইয়া প্রশান্ত মহাসাগরে পড়িতেছে।

ইয়াক—তিব্বতীয় ষণ্ডবিশেষ। ইহারা প্রায় ২০,০০০ ফুট উচ্চ মালভূমিতে বিচরণ করে। ইহাদের পায়ে তীক্ষ্ণ খুর আছে বলিয়া ইহারা উচ্চ পর্ব্বতে উঠিতে পারে।

ইয়াঙ্কী (Yankee)—আমেরিকার 'New England States'-এর নাগরিক-দিগকে 'ইয়াঙ্কী' বলা হয়। সাধারণতঃ আমেরিকার যুক্তরাষ্ট্রের অধিবাসিমাত্রকেই 'ইয়াঙ্কী' বলা হইয়া থাকে।

ইয়েমেন (Yemen)—দক্ষিণ-পশ্চিম আরবের উপকূলে অবস্থিত দেশ। এই স্থানের শাসনকর্ত্তার উপাধি 'ইমাম'; রাজ-ধানী সানা।

ইরাক—মধ্য পারস্যকে 'ইরাক' বলে প্রাচীনকালে ইহার নাম ছিল মিডিয়া কিছুকাল পূর্ব্বে ইহার নাম ছিল মেসো-পোটেমিয়া। ইহার আয়তন প্রায় ১৩৮,২২ বর্গ মাইল। ইহার রাজধানী বাগ্দাদ।

ইরান—পারস্যের প্রাচীনতম নাম 'ইরান' কিন্তু 'ইরানের মালভূমি' (Plateau Iran) বলিলে কেবল পারস্যদেশকে বুঝাইয়া পারস্য, আফগানিস্তান ও বেলুচি —এই তিনটি দেশকে বুঝায়।

ইরাবতী—১। ব্রহ্মদেশের বৃহত্তম নদী। দৈর্ঘ্য প্রায় ৯০০ মাইল। ২। পঞ্জাবের নদী।

ইলোরা—হায়দ্রাবাদের নিজামের রাজ্যভুক্ত একটি প্রদেশ। ইহা দৌলতাবাদ ও আওরঙ্গাবাদের নিকটবর্ত্তী। ইহার এক ক্রোশ দূরে কতিপয় বিখ্যাত গুহামন্দির বর্ত্তমান। ঐ সকল গুহামন্দিরে অতি মনোহর দেবমূর্ত্তি সকল খোদিত আছে।

ইস্তাম্বুল (Istambul)—তুরস্কের বিখ্যাত শহর এবং সামুদ্রিক বন্দরবিশেষ। পূর্ব্বে ইহা কন্‌স্টাণ্টিনোপল্ নামে এই প্রদেশের রাজধানী ছিল। মর্ম্মর সাগর এবং বস্‌ফরাস প্রণালী ইহার সীমায় অবস্থিত।

ইস্পাহান—পারস্যের একটি প্রধান নগর। ইহা এই দেশের প্রাচীন রাজধানী ছিল।

ইহুদী—জাতিবিশেষ। ইহারা পৃথিবীর অন্যতম প্রাচীন সভ্য জাতি। ইহাদের আদিবাস ছিল বাবিলোন, প্যালেস্টাইন প্রভৃতি স্থানে। কিন্তু বর্ত্তমানে ইহাদের কোন নির্দ্দিষ্ট বাসস্থান নাই। খৃষ্টধর্ম্মের প্রবর্ত্তক মহাত্মা যীশু খৃষ্ট ইহুদী ছিলেন। ইহা ছাড়া তাঁহাদের মধ্যে যোজেফ, মোজেস, সলোমন, ডেভিড প্রভৃতি বিখ্যাত ব্যক্তিগণ জন্মিয়াছিলেন। ইহাদের জাতিগত কোন দেশ না থাকায় ইহারা বর্ত্তমানে প্যালেস্টাইনে অধিকার প্রতিষ্ঠায় সচেষ্ট আছেন।

ঈ

ঈ, আই, আর (ঈষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে)—এই রেলপথটি হাওড়া হইতে বাহির হইয়া বিহার ও উত্তর প্রদেশের মধ্য দিয়া দিল্লী ও সাহারানপুরে নর্থ ওয়েষ্টার্ণ রেলপথের সহিত মিলিয়াছে। ইহার অপর শাখা সিরাজগঞ্জ হইতে বারপুর ও বনগ্রাম পর্য্যন্ত বিস্তৃত।

ঈজিপ্ট (Egypt)—'মিশর' দ্রঃ।

ঈরাই হ্রদ (Lake Erie)—উত্তর আমেরিকার একটি সুবৃহৎ হ্রদ। ইহার আয়তন প্রায় ৯৬০০ বর্গ মাইল।

ঈস্ট ইণ্ডিজ (East Indies)—'পূর্ব্ব-ভারতীয় দ্বীপপুঞ্জ' দ্রঃ।

ঈস্ট ইণ্ডিয়া কোম্পানী (East India Company)—এই নামে মোট চারিটি কোম্পানী ছিল,—(১) ইংরাজ, (২) ওলন্দাজ, (৩) দিনেমার এবং (৪) ফরাসী। (১)—১৫৯৯ খৃষ্টাব্দের শেষভাগে কয়েকজন ইংরাজ বণিক্ মিলিয়া ইংলণ্ডে এক বণিক্-সমিতি গঠন করেন। ১৬০০ খৃষ্টাব্দে এই কোম্পানীকে ইংলণ্ডের রাণী এলিজাবেথ পৃথিবীর পূর্ব্বখণ্ডে অর্থাৎ এসিয়াখণ্ডে বাণিজ্য করিবার অধিকার দেন। শুধু 'ঈস্ট ইণ্ডিয়া কোম্পানী' বলিতে এই কোম্পানীই বুঝায় এবং ইহারাই কালক্রমে ভারতবর্ষ জয় করে। ১৮৫৮ খৃষ্টাব্দে মহারাণী ভিক্টোরিয়া উহাদের হাত হইতে ভারতবর্ষ-শাসনের অধিকার গ্রহণ করেন। (২)—১৬০২ খৃষ্টাব্দে ওলন্দাজ কোম্পানী গঠিত হয়। (৩)—১৬১৬ খৃষ্টাব্দে দিনেমারদিগের কোম্পানী গঠিত হয়। (৪)—১৬৬৪ খৃষ্টাব্দে ফরাসী কোম্পানী গঠিত হয়।

ঈস্টার (Easter)—খৃষ্টধর্ম্ম-প্রবর্ত্তক যীশু খৃষ্ট ক্রুশবিদ্ধ হইয়া প্রাণত্যাগ করিলে পর এই দিনে পুনর্জ্জীবন লাভ করিয়া কবর হইতে উঠিয়া শিষ্যদিগকে দেখা দিয়াছিলেন। এই দিবসের ঘটনার স্মরণার্থ খৃষ্টানগণ প্রতিবৎসর ঈস্টার উৎসব সম্পন্ন করিয়া থাকেন।

উ

উইণ্ডসর (Windsor)—ইংলণ্ডের বার্কশায়ারের একটি শহর, টেম্‌স্ নদীর তীরে অবস্থিত।

উক্রেন (Ukraine)—সোভিয়েট রুশিয়ার অন্তর্গত, উহার দক্ষিণ-পশ্চিমাংশে অবস্থিত একটি ভূভাগ। ইহার দক্ষিণে কৃষ্ণসাগর।

এই দেশটি রুষিয়ার অন্তর্গত হইলেও স্বাধীন। এই স্থানে প্রচুর শস্য জন্মে।

উগাণ্ডা—আফ্রিকার অন্তর্গত ভিক্টোরিয়া হ্রদের পশ্চিম-পারস্থ একটী রাজ্য। ইহা ইংরাজদের আশ্রিত।

উজবেগ—সোভিয়েট রুষিয়ার অন্তর্গত সমরখন্দের নিকটবর্ত্তী স্থানের যাযাবর জাতি-বিশেষ।

উড়িষ্যা—বঙ্গদেশ ও মাদ্রাজের মধ্যবর্ত্তী একটী প্রদেশ। ইহার রাজধানী কটক। এই প্রদেশের অধিকাংশই দেশীয় রাজ্য; অতি সামান্য অংশ ইংরাজের খাস ছিল।

উড়ুক্কু মৎস্য (Flying fish)—একজাতীয় সামুদ্রিক মৎস্য। ইহাদের পাখা আছে। ইহারা সময় সময় লাফাইয়া জল ছাড়িয়া উপরে উঠে এবং সেই পাখার ভর করিয়া কিয়দ্দূর গমন করে বলিয়া ইহাদিগকে 'উড়ুক্কু' মৎস্য বলে। বিশেষজ্ঞদের মত, বাস্তবিক ইহাদের উড়িবার শক্তি নাই।

উতকামণ্ড—মাদ্রাজ প্রদেশের অন্তর্গত নীলগিরি পর্ব্বতের উপরিস্থ একটী শহর। ইহা মাদ্রাজের গভর্নরের গ্রীষ্মাবাস।

উত্তমাশা অন্তরীপ—আফ্রিকার দক্ষিণ-প্রান্তে অবস্থিত অন্তরীপ। পূর্ব্বে কেবল অন্তরীপটিই ঐ নামে অভিহিত ছিল, কিন্তু বর্ত্তমানে দক্ষিণ আফ্রিকার ইউনিয়ন গভর্ণ-মেন্টের অধীন দক্ষিণ প্রদেশই এই নামে অভিহিত হয়। ইহার রাজধানী কেপ্ টাউন।

উত্তর কোশল—প্রাচীন প্রসিদ্ধ জনপদ, বর্ত্তমান অযোধ্যা প্রদেশের উত্তরাংশই ঐ নামে খ্যাত ছিল।

উত্তরমেরু—'সুমেরু' দ্রঃ।

উদয়গিরি—১। পৌরাণিক পর্ব্বতবিশেষ। কথিত আছে, উহা এক যোজন বিস্তৃত ও দশ যোজন উন্নত। সূর্য্যদেব এই পর্ব্বত হইতে প্রত্যহ উদিত হন। ২। উড়িষ্যাপ্রদেশের অন্তর্গত একটী পর্ব্বত। ইহার 'বাঘগুহা' অতি প্রসিদ্ধ।

উদয়নালা বা **উধুয়ানালা**—সাঁওতাল পরগণার অন্তর্ভুক্ত একটি স্থান। উহার অপর নাম 'উধুয়ানালা'।

উদয়পুর—রাজপুতানার অন্তর্গত মেবার রাজ্যের রাজধানী (মেবার রাজ্যেরও অপর নাম উদয়পুর)।

উনো (U. N. O.)—ইউনাইটেড নেশন্‌স্ অর্গ্যানিজেশন ('সম্মিলিত জাতিপ্রতিষ্ঠান' দ্রঃ)।

উপগ্রহ—যে সমস্ত ছোট ছোট গ্রহ বড়গুলির চারিদিকে ঘোরে তাহারা উপগ্রহ। চন্দ্রই পৃথিবীর একমাত্র উপগ্রহ।

উরল নদী—উরল পর্ব্বত হইতে বাহির হইয়া কাস্পিয়ান সাগরে পড়িয়াছে। ইহা প্রায় ১০০০ মাইল দীর্ঘ।

উরল পর্ব্বত—এসিয়া ও ইউরোপের সীমায় অবস্থিত একটি পর্ব্বতশ্রেণী। ইহা ২০৫০ মাইল দীর্ঘ এবং ৫২৮৬ ফুট উচ্চ।

উরুগুয়ে (Uruguay)—দক্ষিণ আমে-রিকায় অবস্থিত ব্রেজিল ও আর্জেন্টিনার মধ্যবর্ত্তী দেশ। ইহা একটি রিপাব্লিক। আয়তন ৭২,১৫১ বর্গ মাইল। রাজধানী মণ্টেভিডিও।

উরুবিল্ব—গয়ার নিকটবর্ত্তী একটি ইতিহাস-প্রসিদ্ধ স্থান। বুদ্ধদেব এইখানে তপস্যা করিয়াছিলেন।

উলার—কাশ্মীরের একটি দীর্ঘ হ্রদ, দেশের অনেকগুলি খাল ইহার সহিত যুক্ত।

ঊ

ঊর্দ্ধপাতন—কর্পূর প্রভৃতি কতিপয় কঠিন পদার্থে তাপ দিয়া বায়বীয় পদার্থে পরিণত করা ও পুনরায় শৈত্যপ্রয়োগে কঠিন করা।

ঋ

ঋষভ—পর্ব্বতবিশেষ। ইহা কৈলাসের নিকটবর্ত্তী হিমালয়ের একটি শৃঙ্গ।

ঋষ্যমূক—দক্ষিণ ভারতের রামায়ণোক্ত পর্ব্বতবিশেষ। কাহারও কাহারও মতে নীলগিরি ও পূর্ব্বঘাট পর্ব্বতের মধ্যে ইহা অবস্থিত ছিল; অপর কাহারও মতে আধুনিক পশ্চিমঘাট পর্ব্বতই পুরাণোক্ত ঋষ্যমূক পর্ব্বত।

এ

এ, আর, পি, (A. R. P.)—'এয়ার রেড প্রিকশান' অর্থাৎ 'বিমান-আক্রমণে সতর্কতা' কথার সংক্ষেপ।

একচক্রা—পৌরাণিক নগরবিশেষ। অনেকে মনে করেন, পাটনা জেলার অন্তর্গত আধুনিক আরা-নামক স্থানই প্রাচীন একচক্রা।

এক্স-রে (X-Ray)—জার্ম্মানির অন্তর্গত ব্রুৎস্বুর্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক উইলিয়াম রোণ্টজেন (বাংলায় রঞ্জন) ১৮৯৫ খৃঃ একটি আলোকরশ্মি আবিষ্কার করেন। ঐ আলোক জীবদেহের চর্ম্মমাংস ভেদ করিয়া দেহাভ্যন্তরস্থ অস্থি বা দেহমধ্যে প্রবিষ্ট বন্দুকের গুলি কিংবা অন্য কোন কঠিন পদার্থকে প্রতিভাত করিয়া তুলে। এই রশ্মিবিশিষ্ট আলোককেই বলে 'এক্স-রে' বা 'রঞ্জনরশ্মি'।

এট্না (Etna)—একটি প্রসিদ্ধ আগ্নেয় পর্ব্বত। সিসিলী (Sicily) দ্বীপের উত্তর-পূর্ব্ব সীমায় ইহা অবস্থিত।

এডিনবরা (Edinburgh)—স্কটল্যাণ্ডের রাজধানী।

এডেন (Aden)—আরবের দক্ষিণ-পশ্চিম প্রান্তস্থ একটি ইংরাজাধিকৃত বন্দর।

এথেন্স (Athens)—গ্রীসের রাজধানী। ইহা প্রাচীনকালের একটি সুবিখ্যাত শহর।

এভারেষ্ট, মাউণ্ট (Mt. Everest)—পৃথিবীর সর্ব্বোচ্চ শিখর এবং সর্ব্বোচ্চ পর্ব্বত হিমালয়ের শৃঙ্গ। সমুদ্রপৃষ্ঠ হইতে ইহার উচ্চতা প্রায় ২৯,১৪১ ফুট। রাধানাথ শিকদার-নামক জনৈক বাঙ্গালী ইহার উচ্চতা পরিমাপ করেন; কিন্তু তিনি যে সার্ভেয়র-জেনারেলের আফিসে চাকুরী করিতেন, তাহার ভূতপূর্ব্ব সর্ব্বোচ্চ কর্ম্মচারী সার জর্জ্জ এভারেষ্টের নাম অনুসারে এই পর্ব্বত-শৃঙ্গের নাম রাখা হয় 'এভারেষ্ট'।

এম, সি, সি, (M. C. C.)—মেরিলেবোন ক্রিকেট ক্লাব (Marylebone Cricket Club)-নামক ইংলণ্ডের একটি বিখ্যাত খেলোয়াড়দলের সংক্ষিপ্ত নাম।

এরিত্রিয়া (Eritrea)—লোহিত-সাগরের উপকূলে অবস্থিত পূর্ব্ব আফ্রিকার একটি ভূভাগ।

এল, বি, ডব্লিউ, (L. B. W.)—ক্রিকেট খেলায় প্রযোজ্য 'Leg before wicket' কথাটির সংক্ষিপ্ত রূপ।

এলাহাবাদ—গঙ্গা ও যমুনা নদীর সঙ্গমস্থানে অবস্থিত উত্তর প্রদেশের রাজধানী। ইহার পুরাতন নাম 'আল্লাহাবাদ' এবং হিন্দু নাম 'প্রয়াগ'। [পঞ্চতন্ত্র।]

এলবুর্জ (Alburz)—উত্তর পারস্যের

এসিয়া—পৃথিবীর বৃহত্তম মহাদেশ।

এসিয়াটিক সোসাইটি (Asiatic Society)—ভারতের ঐতিহাসিক গবেষণার জন্য প্রতিষ্ঠিত সমিতি। ওয়ারেন হেষ্টিংস ইহার প্রতিষ্ঠা করিয়া যান। এখানে অসংখ্য মূল্যবান ঐতিহাসিক গ্রন্থ ও পাণ্ডুলিপি আছে।

এসিয়া মাইনর—এসিয়ার পশ্চিমাংশে অবস্থিত একটি ক্ষুদ্র রাজ্য। ইহা এসিয়াটিক তুরস্কের অন্তর্ভুক্ত। ইহার আয়তন প্রায় ১৯৯,২৭২ বর্গ মাইল। রাজধানী স্মার্ণা।

এসোসিয়েটেড প্রেস (Associated Press)—সংক্ষিপ্ত রূপ এ, পি,—ইহা ভারতের একটি বিশিষ্ট সংবাদ-সরবরাহকারী-

প্রতিষ্ঠান। আমেরিকায়ও এই নামে একটি প্রতিষ্ঠান আছে।

এস, ও, এস, (S. O. S.)—সমুদ্রপোত বা উড়োজাহাজ হইতে প্রেরিত বিপদ্‌জ্ঞাপক সঙ্কেত-ধ্বনি।

এস্কিমো (Eskimo)—মেরুপ্রদেশবাসী একশ্রেণীর মানবজাতি। ইহারা সাধারণতঃ উত্তরমেরু ও তাহার সন্নিহিত উত্তর রুষিয়া, উত্তর কানাডা, ল্যাপল্যাণ্ড প্রভৃতি স্থানে বাস করে।

এস্থোনিয়া (Esthonia)—ফিন্‌ল্যাণ্ড উপসাগরের তীরবর্ত্তী একটি দেশ। ইহার রাজধানী রেভাল (Reval). আয়তন প্রায় ২৩,১৬০ বর্গ মাইল।

ঐ

ঐতিহাসিক যুগ—যে সময় হইতে লিপিবদ্ধ ঘটনা পাওয়া যায়, সেই সময় হইতে ঐতিহাসিক যুগ গণনা করা হয়। অতীত কালের যে সমস্ত ঘটনা লিপিবদ্ধ পাওয়া যায় না, তাহাদিগকে প্রাগৈতিহাসিক যুগের ঘটনা বলে। খৃঃ পূঃ ছয় শত বৎসর হইতে ভারতবর্ষের ঐতিহাসিক যুগ আরম্ভ হইয়াছে।

ও

ওখট স্ক (Okhotsk)—১। প্রশান্ত মহাসাগরের অন্তর্ভুক্ত একটি উপসাগর। ইহার তিন দিকে সাইবেরিয়া, কাম্‌চাটকা, কুরিল দ্বীপপুঞ্জ, ইয়েসো ও সাখালিয়েন দ্বীপ রহিয়াছে। ২। উক্ত সাগরের তীরবর্ত্তী একটি শহর। উহা সাইবেরিয়ার মধ্যে অবস্থিত।

ওনেগা (Onega)—ইউরোপীয় রুষিয়ার একটি হ্রদ; রুষিয়ার উত্তর পূর্ব্বে অবস্থিত।

ওব বা ওবি নদী (The Obe or Obi)—উত্তর রুষিয়ার একটি নদী। আল্টাই পর্ব্বতমালা হইতে বাহির হইয়া উত্তর মহাসাগরে পড়িয়াছে। ইহার দৈর্ঘ্য প্রায় ২৬০০ মাইল।

ওয়াই, এম্, সি, এ, (Y. M. C. A.)—খৃষ্টানদিগের একটি সামাজিক মিলনসঙ্ঘ। 'Young Men's Christian Association'-এর ইহা সংক্ষিপ্ত রূপ। ইহার প্রতিষ্ঠাতা স্যার জর্জ্জ উইলিয়ামস্। ইহা ১৮৪৪ খৃষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়। ইহার প্রায় ৭৮২৩টি শাখা আছে। ইহার সভ্যসংখ্যা প্রায় ৮২১,২০৯। ইংলণ্ডেই ইহার প্রধান কার্য্যালয়।

ওয়াই, ডব্লিউ, সি, এ, (Y. W. C. A.) —পুরুষদিগের জন্য যেমন ওয়াই, এম্, সি, এ, ইহাও তেমনি মেয়েদের একটি মিলনসঙ্ঘ।

ওয়াজিরিস্তান—ভারতবর্ষের উত্তর-পশ্চিম সীমান্তের পার্ব্বত্য জেলার অংশবিশেষ। টোকি ও গোমাল নদীর মধ্যস্থলে ইহা অবস্থিত।

ওয়াটার্লু (Waterloo)—বেলজিয়ামের অন্তর্গত একটি গ্রাম। ইহা ব্রুশেল্‌স্ শহর হইতে ৯ মাইল দক্ষিণ-পশ্চিমে।

ওয়ার্দ্ধা (Wardha)—মধ্যপ্রদেশের পশ্চিমে ও বোম্বাই প্রেসিডেন্সির পূর্ব্বে অবস্থিত একটি গ্রাম। এখানে মহাত্মা গান্ধী একটি হরিজন উপনিবেশ স্থাপন করিয়াছিলেন।

ওয়ার্-স (Warsaw)—পোল্যাণ্ডের রাজধানী। ইহা ভিস্টুলা নদীর তীরে অবস্থিত। ইহার আয়তন ৬৭৪৯ বর্গ মাইল।

ওয়াল্টেয়ার—মাদ্রাজ প্রদেশে সমুদ্রতীরে অবস্থিত স্বাস্থ্যকর স্থান।

ওয়াশিংটন (Washington)—যুক্তরাষ্ট্রের রাজধানী। এখানে যুক্তরাষ্ট্রের পার্লামেণ্ট সভা অবস্থিত।

ওয়েল্‌স্ (Wales)—গ্রেট ব্রিটেনের দক্ষিণ-পশ্চিমে অবস্থিত প্রদেশ। কার্ডিফ

হার প্রধান নগর। ইহার আয়তন ৭৩৬২ র্গ মাইল।

য়েহাই ওয়ে—চীনের অন্তর্গত শানটুং-নামক প্রদেশের অন্তর্গত একটি বিখ্যাত নগর। ব্রিটিশদের অধিকৃত স্থান।

ওলন্দাজ (The Dutch)—ইউরোপের হল্যাণ্ড দেশের অধিবাসীদের দেশীয় ভাষায় ওলন্দাজ বলে।

ওশিয়ানিয়া (Oceania)—পৃথিবীর পঞ্চম মহাদেশ। ইহা অষ্ট্রেলেশিয়া, ম্যালেশিয়া, পলিনেশিয়া, মেলানেশিয়া এবং মাইক্রোনেশিয়া—এই পাঁচ ভাগে বিভক্ত।

ওসাকা—জাপানের একটি বৃহৎ বন্দর ও প্রধান বাণিজ্যকেন্দ্র; হংশিউ দ্বীপের উপর অবস্থিত।

ওহিও নদী (The Ohio)—আমেরিকার মিসিসিপি নদীর একটী উপনদী। ইহার দৈর্ঘ্য প্রায় ১২০০ মাইল।

ঔ

ঔরঙ্গাবাদ—নিজামরাজ্য হায়দরাবাদের অন্তর্গত একটি বড় বাণিজ্যস্থান। এখানে কয়েকটি কাপড়ের কল আছে।

ক

কংগ্রেস (Congress) ১। ভারতের জাতীয় রাজনৈতিক মহাসভা। ২। আমেরিকার যুক্তরাষ্ট্রের জাতীয় সভার নামও Congress. যুক্তরাষ্ট্র প্রথমে ইংরাজের অধীন ছিল। কিন্তু ইহার অধিবাসিগণ অস্ত্রবলে স্বাধীনতা অর্জন করেন। যে রাজনৈতিক সমিতি গঠন করিয়া আমেরিকাবাসীরা স্বাধীনতালাভের জন্য যুদ্ধ করিতেন তাহাই Congress. জর্জ ওয়াশিংটন উহার প্রথম সভাপতি ছিলেন।

ককেশিয়া (Caucasia)—কাস্পিয়ান সাগর ও কৃষ্ণসাগরের মধ্যবর্তী ভূভাগ।

ককেশীয় জাতি—পৃথিবীর মানব জাতিকে যে তিনটী প্রধান শ্রেণীতে বিভক্ত করা হয়, তাহাদের অন্যতম। ইহাদের অঙ্গ সুগঠিত, বর্ণ উজ্জ্বল-শ্বেত, নাসিকা উন্নত এবং মুখে প্রচুর গোঁফ-দাড়ি জন্মে। হিন্দু, পারসীক, ইংরাজ, জার্মান, ফরাসী প্রভৃতি জাতি এই শ্রেণীর অন্তর্ভুক্ত।

কঙ্গো নদী (The Congo)—আফ্রিকার বৃহত্তম নদী। ইহার দৈর্ঘ্য ৩০০০ মাইল এবং সর্বোচ্চ বিস্তার ১০ মাইল।

কঙ্গো ফ্রী ষ্টেট (Congo Free State)—ইহার অপর নাম 'বেলজিয়ান কঙ্গো'। দক্ষিণ-আফ্রিকার কঙ্গো নদীর অববাহিকায় অবস্থিত একটী উপনিবেশ। ইহার আয়তন প্রায় ৯১৮,০০০ বর্গ মাইল।

কচ্ছ—বোম্বাই প্রেসিডেন্সির অন্তর্গত একটী ক্ষুদ্র দেশীয় রাজ্য। এখানকার শাসনকর্তার উপাধি 'রাও'। ইহার রাজধানী ভুজ। ইহার আয়তন প্রায় ৯৬০০ বর্গ মাইল।

কটক—উড়িষ্যা প্রদেশের জেলা ও শহর। শহরটি মহানদীর ব দ্বীপের উপর অবস্থিত।

কনসাল (Consul)—স্বাধীন দেশের বৈদেশিক বাণিজ্য-রক্ষককে কনসাল বলে।

কনষ্টাণ্টিনোপল (Constantinople)—তুরস্কের পুরাতন রাজধানী। ইহার প্রাচীন নাম বাইজান্টিয়াম এবং আধুনিক অন্য নাম ইস্তাম্বুল।

কপিলাবাস্তু—ইতিহাস-প্রসিদ্ধ স্থান। বর্তমান বস্তি জেলার উত্তরে নেপাল তরাইএ এই নগর অবস্থিত ছিল। এখানে ভগবান্ গৌতম বুদ্ধ জন্মগ্রহণ করেন।

কমন্‌ওয়েল্‌থ (Commonwealth)—যে দেশের শাসনকার্য্য প্রধানতঃ প্রজাদের হস্তে ন্যস্ত থাকে। রাজা প্রথম চার্লসের রাজ্যচ্যুতির পর ইংলণ্ডে এই প্রথার প্রবর্তন হয়।

করমণ্ডল উপকূল—মাদ্রাজ প্রদেশের পূর্ব উপকূল।

করাচী—সিন্ধুদেশের রাজধানী এবং একটি

অতি বৃহৎ ও বিখ্যাত বন্দর। বর্ত্তমানে পাকিস্তানের রাজধানী।

কর্ণসুবর্ণ—মুর্শিদাবাদের নিকটবর্ত্তী একটি ইতিহাস-প্রসিদ্ধ স্থান। এখানে রাজা শশাঙ্কের রাজধানী ছিল। ইহার আধুনিক নাম কানসোনা।

কর্ণাট—দাক্ষিণাত্যের মারাঠা রাজ্যের দক্ষিণাংশ। পূর্ব্বঘাট ও পশ্চিমঘাট পর্ব্বত-দ্বয়ের মধ্যবর্ত্তী পার্ব্বত্য অঞ্চল।

কর্ম্মনাশা নদী—১। বিহার ও কাশীর মধ্যস্থিত নদী-বিশেষ। ২। পূর্ব্ববঙ্গেও এই নামে একটি শাখা নদী আছে।

কর্সিকা (Corsica)—ভূমধ্যসাগরস্থ ফরাসী-অধিকারভুক্ত দ্বীপবিশেষ। রাজধানী অ্যাজাক্সো। আয়তন ৩৩৬৮ বর্গ মাইল।

কলম্বিয়া (Columbia)—ব্রিটিশ কলম্বিয়া কানাডা রাজ্যের পশ্চিমাংশে অবস্থিত একটি উপনিবেশ; আয়তন প্রায় ৩৫৫,৮৫৫ বর্গ মাইল। প্রধান নগর ভিক্টোরিয়া।

কলম্বিয়া (Colombia)—দক্ষিণ আমেরিকার একটি রিপাব্লিক। আয়তন প্রায় ৪৪০,৮৫৬ বর্গ মাইল। রাজধানী বোগোটা।

কলম্বো—সিংহলের রাজধানী ও উহার প্রধান বন্দর। চা-এর বাণিজ্যস্থান।

কলিকাতা—পশ্চিমবঙ্গের রাজধানী, ভারতের শ্রেষ্ঠ নগর ও ব্রিটিশ সাম্রাজ্যের দ্বিতীয় শ্রেষ্ঠ নগর। চব্বিশ পরগণা জেলার মধ্যে হুগলী নদীর পূর্ব্বতীরে ইহা অবস্থিত; শহরতলী সহ ইহার দৈর্ঘ্য প্রায় ৮ মাইল এবং প্রস্থ প্রায় ৩ মাইল। প্রায় ৫০টি ভাষাভাষী জাতি এখানে বাস করে।

কলিঙ্গ—দক্ষিণ ভারতের একটি ইতিহাস-বিখ্যাত ভূভাগ। ইহা বর্ত্তমান উড়িষ্যা প্রদেশের অন্তর্ভুক্ত ছিল।

কলোসাস—(Colossus)—এই শব্দে বিরাট প্রতিমূর্ত্তিকে বুঝায়, তবে সাধারণতঃ ইহা দ্বারা রোডস্ দ্বীপের অ্যাপলোর পিত্তল-মূর্ত্তিকে বুঝাইয়া থাকে। ইহা পৃথিবীর সপ্তাশ্চর্য্যের মধ্যে পরিগণিত হইত। খৃঃ পূঃ ২২৪ অব্দে এক ভূমিকম্পে মূর্ত্তিটি নষ্ট হইয়া যায়।

কলোসিয়াম (Colosseum)—রোমের একটি প্রাচীন অ্যাম্ফিথিয়েটার। ইহার ভগ্নাবশেষ অদ্যাপি বর্ত্তমান আছে। ইহার নির্ম্মাণকার্য্য আরম্ভ করেন ভেস্পাসিয়ান এবং ৮০ খৃঃ ইহা শেষ করেন টাইটাস। ইহার দৈর্ঘ্য ৬০৭ ফুট, প্রস্থ ৫১২ ফুট এবং উচ্চতা ১৫৯ ফুট ছিল।

কাইরো (Cairo)—মিশরের রাজধানী। আফ্রিকার মধ্যে ইহা বৃহত্তম শহর। ইহা নীলনদের তীরে অবস্থিত।

কাঁটালপাড়া—চব্বিশ পরগণা জেলার অন্তর্গত একটি গ্রাম। ইহা সুপ্রসিদ্ধ সাহিত্যিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মস্থান।

কাঁথি—মেদিনীপুর জেলার একটি মহকুমা ও শহর। ইহা ধান ও চাউলের বাণিজ্যস্থান।

কাঞ্চনজঙ্ঘা—হিমালয় পর্ব্বতের একটি বিখ্যাত শৃঙ্গ। ইহা নেপাল রাজ্যের অন্তর্গত। ইহার উচ্চতা প্রায় ২৮,১৭৬ ফুট।

কাঞ্চননগর—বর্দ্ধমান জেলায় অবস্থিত একটি প্রসিদ্ধ স্থান। ছুরি, কাঁচি প্রভৃতি লৌহ-শিল্পদ্রব্যের জন্য বিখ্যাত।

কাঠমাণ্ডু—নেপাল রাজ্যের রাজধানী। ইহা বাঘমতী নদীর তীরে অবস্থিত।

কাথিয়াবাড়—গুজরাটের অন্তর্গত একটি উপদ্বীপ। এখানে কয়েকটি করদ ও মিত্র রাজা আছে। ইহার প্রাচীন নাম সুরাষ্ট্র।

কানপুর—উত্তর প্রদেশের একটি বিখ্যাত শহর।

কানাডা (Canada)—উত্তর আমেরিকার উত্তরাংশে অবস্থিত একটি ডোমিনিয়ন। ইহার আয়তন ৩৬০,৯১০ বর্গ মাইল। ইহার রাজধানী অটোয়া।

কানাড়ী—দক্ষিণ ভারতের একটি ভাষা।

কান্দাহার—আফগানিস্তানের একটি বিখ্যাত শহর।

কান্যকুব্জ—উত্তর প্রদেশের ফরাকাবাদ জেলায় অবস্থিত স্থান-বিশেষ। আর্য্য সভ্যতার উহা একটি কেন্দ্র ছিল। ১০১৮ খৃঃ সুলতান মামুদ কর্ত্তৃক এই স্থান বিধ্বস্ত হয়।

কাফিরিস্তান—হিন্দুকুশ ও হিমালয়ের মধ্যবর্ত্তী ভূভাগের প্রাচীন নাম কাফিরিস্তান। কাফিরিস্তানের অধিবাসীরা 'কাফির' নামে পরিচিত।

কাফের—মুসলমান-ধর্ম্মে অবিশ্বাসী ব্যক্তিকে কাফির বা কাফের বলা হয়।

কাফ্রী—দক্ষিণ আফ্রিকার কৃষ্ণকায় আদিম অধিবাসী। [অভ্যন্তর-ভাগ।

কাবা শরীফ—মক্কার বিখ্যাত মসজিদের

কাবুল—আফগানিস্থানের রাজধানী।

কাবেরী নদী—কুর্গ প্রদেশের সহ্যগিরি পর্ব্বত হইতে বাহির হইয়া বঙ্গোপসাগরে পড়িয়াছে। ইহার দৈর্ঘ্য প্রায় ৫৭৪ মাইল।

কামরূপ—ভারতের ৫১ পীঠস্থানের অন্তর। ইহা আসামে অবস্থিত।

কামারপুকুর—হুগলী জেলার একটি প্রসিদ্ধ স্থান। এখানে শ্রীশ্রীরামকৃষ্ণদেবের জন্ম হয়।

কামচাটকা (Kamschatka)—সাইবেরিয়ার একটি উপদ্বীপ। ওখটস্ক সাগর ও বেরিং সাগরের মধ্যে অবস্থিত। পেট্রোপাভ্‌লভস্ক ইহার রাজধানী। আয়তন প্রায় ৪৬৫,৬৩৭ বর্গ মাইল।

কাম্বে উপসাগর—কাথিয়াবাড় ও বোম্বাই শহরের মধ্যবর্ত্তী ক্ষুদ্র উপসাগর।

কাম্বোডিয়া—ইন্দো-চীনের ফরাসী-আশ্রিত একটি রাজ্য। ইহার আয়তন ৬৮,৬১০ বর্গ মাইল।

কারবালা—আরবদেশের একটি ক্ষুদ্র মরুভূমি। ইহা ইউফ্রেটিস নদীর কূলে অবস্থিত।

কারাকোরাম (Karakorum)—হিমালয়ের উত্তর পার্শ্বে তিব্বত দেশে অবস্থিত পর্ব্বত। ইহার উচ্চতা প্রায় ২৬,০০০ ফুট।

কারিকল—ভারতে অবস্থিত ফরাসী-অধিকৃত স্থান। ইহা করমণ্ডল উপকূলে অবস্থিত। ১৭৩৯ খৃঃ ফরাসীগণ এই স্থান অধিকার করে।

কার্থেজ (Carthage)—আফ্রিকার উত্তর-পূর্ব্বে টিউনিসের রাজধানী। ইহা একটি প্রাচীন নগর। খৃঃ পূঃ ১৪৬ অব্দে রোমকেরা এই নগর ধ্বংস করে।

কার্সিয়াং—দার্জ্জিলিং জেলার একটি স্বাস্থ্যকর স্থান। ইহা ডি-এইচ রেলওয়ের একটি স্টেশন এবং একটি বাণিজ্যপ্রধান স্থান। এখানে একটি যক্ষ্মা-হাসপাতাল আছে।

কালডিয়া—সিরিয়ার নিকটবর্ত্তী এবং লোহিত সাগরের তীরবর্ত্তী একটি প্রাচীন ভূভাগ। এখানকার অধিবাসিগণ প্রাচীন কালে নৌ-বাণিজ্যে ও জ্যোতির্বিদ্যায় বিশেষ দক্ষতা লাভ করিয়াছিল।

কালাহারি (Kalahari)—দক্ষিণ-পশ্চিম আফ্রিকার একটি বিরাট মরুভূমি। আয়তন প্রায় ১২০,০০০ বর্গ মাইল।

কালিকট মান্দ্রাজ প্রদেশের মালাবার উপকূলে অবস্থিত একটি বিখ্যাত সামুদ্রিক বন্দর ও শিল্পপ্রধান স্থান।

কালিঞ্জর—বুন্দেলখণ্ডের অন্তর্গত একটি ইতিহাসপ্রসিদ্ধ স্থান।

কালিন্দী বৃন্দাবনস্থ যমুনানদীর অন্য নাম।

কালিফোর্নিয়া (California)—আমেরিকার যুক্তরাষ্ট্রের অন্তর্গত ও প্রশান্ত মহাসাগরের তীরবর্ত্তী একটি রাজ্য। ইহার আয়তন ১৫৮,২৯৭ বর্গ মাইল।

কালিম্পং—দার্জ্জিলিং জেলার একটি স্বাস্থ্যকর স্থান।

কালীঘাট—ভারতের ৫১টি পীঠস্থানের অন্যতম। ইহা কলিকাতার দক্ষিণে অবস্থিত। ইহা হিন্দুদিগের একটি প্রসিদ্ধ তীর্থস্থান।

কাশিমবাজার—মুর্শিদাবাদের একটি প্রসিদ্ধ স্থান। মুসলমান রাজত্বের শেষভাগে ইহা একটি শ্রেষ্ঠ বাণিজ্যস্থান ছিল। ইহা গঙ্গা নদীর তীরে অবস্থিত।

কাশী—উত্তর প্রদেশের একটি প্রসিদ্ধ শহর ও হিন্দুদিগের তীর্থস্থান।

কাশ্মীর—ভারতের উত্তর-পশ্চিম কোণে অবস্থিত একটি দেশীয় রাজ্য।

কাস্পিয়ান সাগর—এশিয়া ও ইউরোপের মধ্যবর্তী পৃথিবীর বৃহত্তম হ্রদ। ইহার দৈর্ঘ্য ৭০০ মাইল, বিস্তার ২৭০ মাইল।

কিওটো (Kioto)—জাপানের প্রাচীন রাজধানী।

কিণ্ডারগার্টেন (Kindergarten)—শিশুদের শিক্ষাপ্রণালী-বিশেষ। এই প্রণালী ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে ফ্রিড রিক ফ্রোবেল কর্তৃক প্রবর্তিত হয়। ইহাতে শিশু-দিগকে পুতুল, ক্রীড়া, সঙ্গীত এবং অন্যান্য শিশুচিত্তাকর্ষক বস্তু ও বিষয়ের সাহায্যে শিক্ষাদান করা হয়।

কীর্ত্তিনাশা—রাজা রাজবল্লভের কীর্ত্তি একুশ মন্দির পদ্মার স্রোতে ভাঙ্গিয়া পড়ায় পদ্মার একাংশের এই নাম হইয়াছে। মেঘনার সহিত মিলিত হইবার পূর্ব্ব পর্য্যন্ত পদ্মার যে অংশ ঢাকা জেলায় অবস্থিত, তাহাকে কীর্ত্তি-নাশা বলে।

কুচবিহার—উত্তরবঙ্গে জলপাইগুড়ি জেলার দক্ষিণে ও রংপুর জেলার পূর্ব্বে অবস্থিত ক্ষুদ্র রাজ্য। বর্ত্তমানে ইহা পশ্চিমবঙ্গের সহিত যুক্ত হইয়াছে। ইহার আয়তন প্রায় ১৩০০ বর্গ মাইল।

কুতুব মীনার—দিল্লীর বিখ্যাত স্তম্ভ।

কুমারিকা অন্তরীপ (Cape Comorin)—ভারতবর্ষের দক্ষিণ প্রান্তে অবস্থিত অন্তরীপ।

কুমেরু—ইহার অপর নাম দক্ষিণ মেরু (South Pole). পৃথিবীর সর্ব্বদক্ষিণ প্রান্ত-স্থিত ভূভাগ। ইহার পৃষ্ঠদেশ সমুদ্রপৃষ্ঠ হইতে প্রায় ৯০০০ ফুট উচ্চ। এখানে ছয় মাস রাত্রি ও ছয় মাস দিন। এখানে বৎসরের সকল সময়েই শীত বর্ত্তমান থাকে। সুদীর্ঘ মেরু-রজনীতে এখানে 'মেরু-জ্যোতি' দেখিতে পাওয়া যায়। এখানে 'পেঙ্গুইন' ও 'অ্যাল্বা-ট্রস'-নামক পক্ষী এবং 'সীল' দেখিতে পাওয়া যায়।

কুমেরুবৃত্ত—দক্ষিণ মেরু বা কুমেরু হইতে ১৫০০ মাইল উত্তরে যে কল্পিত গোলাকার রেখা পূর্ব্ব-পশ্চিমে পৃথিবীকে বেষ্টন করিয়া আছে, তাহার নাম কুমেরুবৃত্ত।

কুম্ভমেলা—পুণ্যযোগ-বিশেষে সন্ন্যাসি-সম্মেলনবিশেষ। রবিবারযুক্ত পূর্ণিমায় মকর-রাশিতে সূর্য্য এবং বৃহস্পতি মিলিত হইলে কুম্ভযোগ হয় এবং তাহাতে প্রয়াগ ও হরি-দ্বারে গঙ্গাস্নান পুষ্করস্নানতুল্য পুণ্যপ্রদ হয়। দ্বাদশ বৎসর অন্তর উক্ত দুই স্থানে কুম্ভমেলা হয়। প্রয়াগে হয় মাঘ মাসে এবং হরিদ্বারে হয় মহাবিষুব সংক্রান্তিতে। হরিদ্বারে প্রতি-বৎসর অর্দ্ধকুম্ভমেলা হয়। [তীর্থস্থান।

কুরুক্ষেত্র—পঞ্জাব প্রদেশের অন্তর্গত প্রসিদ্ধ

কুর্গ—মহীশূরের পশ্চিমে অবস্থিত একটি ক্ষুদ্র প্রদেশ। আয়তন প্রায় ১৫৮৩ বর্গ মাইল।

কুর্দ্দিস্তান (Kurdistan)—পারস্য, ইরাক, আজেমি ও তুরস্কের অংশবিশেষ-ব্যাপী অঞ্চলের নাম।

কুশান-বংশ—ইউ-চি জাতির একটি শাখা। ইউ-চি জাতি যাযাবর-অভ্যাস ত্যাগ করিয়া গৃহস্থবৃত্তি অবলম্বন করিলে পাঁচটি শাখায় বিভক্ত হয়; তন্মধ্যে এই শাখাই প্রধান। এই বংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন কনিষ্ক।

কুশীনগর—তাপ্তী নদী ও গণ্ডক নদের সঙ্গমস্থলে অবস্থিত প্রাচীন নগরবিশেষ। এইখানে ভগবান্ গৌতম বুদ্ধ দেহত্যাগ করেন।

কৃষ্ণ সাগর (Black Sea)—ইউরোপের একটি সাগর। ইহার উত্তরে ও পূর্ব্বে রুষিয়া, দক্ষিণে এসিয়া মাইনর, পশ্চিমে তুরস্ক, বুলগেরিয়া ও রুমানিয়া। দার্দ্দানেলিস প্রণালী ও মর্ম্মর সাগর দ্বারা ইহা ভূমধ্য-সাগরের সহিত যুক্ত রহিয়াছে।

কেদারনাথ—তেহ্‌রি-গাড়োয়াল প্রদেশের একটি পর্বত। এখানকার শিবমন্দির প্রসিদ্ধ।

কেনিয়া (Kenya)—পূর্ব আফ্রিকায় অবস্থিত ব্রিটিশের আশ্রিত একটি ইংরাজ উপনিবেশ। ইহার আয়তন ২২৪,৯৬০ বর্গ মাইল।

কেন্দুবিল্ব—বীরভূম জেলার একটি প্রসিদ্ধ স্থান। এখানে 'গীতগোবিন্দ'-রচয়িতা কবি জয়দেব বাস করিতেন।

কেপ কলোনি (Cape Colony)—দক্ষিণ আফ্রিকা ইউনিয়ন গভর্ণমেন্টের অধীন একটি প্রদেশ। ইহার অপর নাম 'উত্তমাশা প্রদেশ'। ইহার রাজধানী কেপ টাউন। আয়তন ২৭৬,৯৬৬ বর্গ মাইল।

কেপ টাউন (Cape Town)—দক্ষিণ আফ্রিকার একটি বিখ্যাত শহর।

কেম্ব্রিজ (Cambridge)—ইংলণ্ডের একটি বিখ্যাত শহর। এখানকার বিশ্ববিদ্যালয় প্রসিদ্ধ।

কৈলাস—হিমালয় পর্বতের অন্যতম শৃঙ্গ। ইহার উচ্চতা প্রায় ২১৯০০ ফুট। ইহা ভারতের উত্তর সীমার বাহিরে তিব্বতের মধ্যে মানস সরোবরের উত্তরে অবস্থিত।

কোকনদ—মাদ্রাজ প্রদেশের অন্তর্গত একটি বন্দর। এই স্থানে ১৯২৩ খৃঃ নিখিল ভারত জাতীয় মহাসভার অধিবেশন হয়।

কোচিন—দক্ষিণ-ভারতের একটি ক্ষুদ্র করদ রাজ্য। ইহার আয়তন প্রায় ১৫০০ বর্গ মাইল।

কোনারক—উড়িষ্যা প্রদেশের একটি বিখ্যাত স্থান। এখানকার সূর্য্যমন্দির হিন্দু স্থাপত্যশিল্পের একটি উৎকৃষ্ট নিদর্শন।

কোমিন্টাং (Knomintang)—সান-ইয়াট সেনের মতানুবর্তিগণ কর্তৃক প্রতিষ্ঠিত চীনা জাতীয়তাবাদী রাজনৈতিক দল।

কোয়েটা—ব্রিটিশ বেলুচিস্তানের রাজধানী। ১৯৩৫ খৃঃ এখানে ভীষণ ভূমিকম্প হয়। ফলে সমগ্র কোয়েটা শহরটি বিধ্বস্ত হয়।

কোরিয়া—পীত সাগর ও জাপান সাগরের মধ্যবর্তী একটি উপদ্বীপ।

কোরেশ-বংশ—প্রাচীন আরবের একটি সম্ভ্রান্ত ও শক্তিশালী বংশ। হজরত মোহাম্মদ এই বংশে জন্মগ্রহণ করেন।

কোলজাতি—ভারতীয় অনার্য্যজাতির একটি শাখা। ইহারা নূতন প্রস্তরযুগের (New Stone Age) লোক।

কোলাপুর—দাক্ষিণাত্যের একটি করদ ও মিত্ররাজ্য। ইহার রাজধানীর নামও কোলাপুর।

কোলার—মহীশূরের পূর্ব্বাংশে অবস্থিত একটি স্থান। এখানকার স্বর্ণখনি প্রসিদ্ধ।

কোশল—কাশীর উত্তর হইতে সমগ্র অযোধ্যা প্রদেশকে পূর্ব্বে কোশল বলিত।

কোস্টারিকা (Costarica)—মধ্য-আমেরিকার একটি রিপাব্লিক ষ্টেট। আয়তন প্রায় ২৩,০০০ বর্গ মাইল।

কোহিনুর—পৃথিবী-বিখ্যাত হীরকখণ্ড।

ক্যাণ্টন—দক্ষিণ-চীনের রাজধানী।

খ

খাইবার গিরিসঙ্কট—ভারতের উত্তর-পশ্চিমে বর্ত্তমান একটি সংকীর্ণ পার্ব্বত্য পথ। ইহা উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ ও আফগানিস্তানের মধ্যে অবস্থিত এবং পেশোয়ার ও কাবুলকে সংযুক্ত করিয়াছে।

খাণ্ডব—মহাভারতোক্ত ইন্দ্রপ্রস্থ নগরের নিকটবর্ত্তী বন। বর্ত্তমানে ইহা মধ্যপ্রদেশের নিমার জেলার প্রধান নগর।

খাসিয়া-জয়ন্তিয়া পাহাড়—আসাম প্রদেশের একটি জেলা। আসামের রাজধানী শিলং এই জেলায় অবস্থিত।

গ

গঙ্গা—ভারতের একটি বিখ্যাত নদী। উহা তেহ্‌রি-গাড়োয়াল প্রদেশের গোমুখী-নামক তুষারক্ষেত্র হইতে উৎপন্ন হইয়াছে। এই

স্থানের অপর নাম গঙ্গোত্রী। ইহা বঙ্গদেশের মধ্য দিয়া বঙ্গোপসাগরে পড়িয়াছে। ইহার দৈর্ঘ্য ১৫৫৭ মাইল।

গঙ্গোত্রী—তেহ্‌রি-গাড়োয়াল প্রদেশের হিমবাহবিশেষ। এই স্থলে গঙ্গা নদীর উৎপত্তি হইয়াছে।

গজনী—আফগানিস্তানের একটি প্রাচীন শহর। ইহা কাবুল ও কান্দাহারের মধ্যে অবস্থিত ছিল।

গড্‌উইন-অস্টেন (Godwin-Austen)—হিমালয়ের দ্বিতীয় উচ্চতম শৃঙ্গ। ইহার উচ্চতা ২৮,২৫০ ফুট এবং এভারেস্টের ঠিক নিম্নেই অবস্থিত। মতান্তরে ইহা কারাকোরামের শৃঙ্গ, হিমালয়ের নহে।

গয়া—বিহার প্রদেশের একটি জেলা ও শহর। ইহা হিন্দুদিগের একটি প্রসিদ্ধ তীর্থস্থান।

গান্ধার—বর্তমান পেশোয়ার ও তাহার পার্শ্ববর্তী জেলাগুলি লইয়া প্রাচীনকালে এই নামে একটি রাজ্য ছিল। মহাভারতের যুগ হইতে মুসলমানপূর্ব যুগ পর্য্যন্ত এই রাজ্য বিশেষ বিখ্যাত ছিল। বৌদ্ধযুগে ইহা শিল্প ও সাহিত্যের একটি বিখ্যাত শিক্ষাকেন্দ্র ছিল।

গারো—গারো পাহাড়ের অধিবাসী পার্ব্বত্য জাতিবিশেষ। ইহাদের গায়ের রং কালো, মুখ গোল ও নাক চেপ্‌টা।

গারো পাহাড়—আসাম প্রদেশের দক্ষিণ-পশ্চিম কোণে অবস্থিত একটি পাহাড় ও জেলা। গারো-নামক পাহাড়িয়া জাতির নাম হইতে ইহার এইরূপ নাম হইয়াছে।

গুজরাট—ইহার প্রাচীন নাম গুর্জ্জরাষ্ট্র। ইহা বোম্বাই প্রদেশের অন্তর্গত। আয়তন প্রায় ৭০০,৩৮ বর্গ মাইল।

গোবি (Gobi)—মধ্য-এসিয়ার একটি বিস্তীর্ণ মরুভূমি। ইহা মঙ্গোলিয়া হইতে তুর্কীস্তানের পূর্ব্ব পর্য্যন্ত বিস্তৃত।

গোয়া—ভারতের পশ্চিম-উপকূলে অবস্থিত পোর্তুগীজ-অধিকৃত রাজ্য। ইহার আয়তন ১৪৬৯ বর্গ মাইল।

গোয়ালিয়র—একটি করদ ও মিত্র রাজ্য। আয়তন ২৫,১০৭ বর্গ মাইল।

গোলকুণ্ডা—হায়দরাবাদ রাজ্যের অন্তর্গত এবং হায়দরাবাদ শহরের ৫ মাইল পশ্চিমে অবস্থিত একটি প্রাচীন শহর। ইহা এককালে হীরকের খনির জন্য প্রসিদ্ধ ছিল।

গৌড়—মালদহ জেলায় অবস্থিত বঙ্গের প্রাচীন রাজধানী। ইহার অপর নাম লক্ষ্মণাবতী বা লখ্‌নৌতি।

গৌরীশঙ্কর—মাউণ্ট এভারেস্টের নিকটবর্ত্তী হিমালয়ের একটি শৃঙ্গ। ইহার উচ্চতা ২৩,৪৪০ ফুট। মতান্তরে এভারেস্টেরই অপর নাম গৌরীশঙ্কর।

গ্রহ—যে সকল জ্যোতিষ্ক সর্ব্বদা সূর্য্যের চতুর্দ্দিকে ঘুরিতেছে, তাহাদিগকে গ্রহ বলে। পৃথিবী, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, ইউরেনাস ও নেপচুন—সৌর জগতের এই আটটি গ্রহ প্রধান। আর একটি নবাবিষ্কৃত গ্রহের নাম প্লুটো।

গ্রীন্‌উইচ (Greenwich)—ইংলণ্ডের অন্তর্গত টেম্‌স্ নদীর তীরবর্ত্তী বিখ্যাত শহর। এখানকার মানমন্দির অতি প্রসিদ্ধ। এখানে শূন্য ডিগ্রি (০°) দ্রাঘিমাংশ ধরা হয়।

গ্রীন্‌ল্যাণ্ড (Greenland)—উত্তর আমেরিকার উত্তর-পূর্ব্বে অবস্থিত বিরাট দ্বীপ। অধিবাসীদের মধ্যে অধিকাংশই এস্কিমো।

গ্রীষ্মমণ্ডল—কর্কটক্রান্তি ও মকরক্রান্তির মধ্যবর্ত্তী ভূভাগকে গ্রীষ্মমণ্ডল বলে।

গ্রীস (Greece)—ইউরোপের অন্যতম রাজ্য। ইহা বল্কান উপদ্বীপের দক্ষিণে অবস্থিত। আয়তন প্রায় ৫০,২৫৭ বর্গ মাইল। রাজধানী এথেন্স।

গ্রেট ব্রিটেন (Great Britain)—ইংলণ্ড, ওয়েল্‌স্ ও স্কট্‌ল্যাণ্ড একত্রে গ্রেট ব্রিটেন নামে খ্যাত।

গ্র্যাণ্ড ট্রাঙ্ক প্যাসিফিক রেলওয়ে (Grand Trunk Pacific Railway)—

কানাডার বিখ্যাত রেলপথ। ইহার দৈর্ঘ্য প্রায় ৩৬০০ মাইল।

গ্র্যাণ্ড ট্রাঙ্ক রোড (Grand Trunk Road)—মুসলমান নৃপতি শের শাহ্ কর্তৃক নির্ম্মিত বিখ্যাত রাজপথ। ইহা পঞ্জাব হইতে আরম্ভ হইয়া বঙ্গদেশে আসিয়া শেষ হইয়াছে। ইহার অপর নাম বাদশাহী সড়ক।

গ্র্যাফাইট (Graphite)—বাংলায় ইহাকে 'কৃষ্ণ সীসক' (black lead) বলে। কিন্তু ইহা আদৌ সীসক নহে। ইহা একপ্রকার কার্বন, এবং লেড-পেন্সিল তৈয়ারি করিতে ব্যবহৃত হয়।

গ্লোব (Globe)—যে গোলাকৃতি পদার্থের উপর পৃথিবীর মানচিত্র অঙ্কিত থাকে, তাহাকে 'গ্লোব' বা ভূগোলক বলে।

ঘ

ঘাট পর্ব্বত—দাক্ষিণাত্যের পূর্ব্বঘাট ও পশ্চিমঘাট পর্ব্বতদ্বয়। পূর্ব্বঘাট দাক্ষিণাত্যের পূর্ব্ব উপকূলে এবং পশ্চিমঘাট ইহার পশ্চিম উপকূলে অবস্থিত।

ঘাটাল—বাঙ্গালার মেদিনীপুর জেলার একটি মহকুমা।

ঘোড়াঘাট—দিনাজপুরের অন্তর্গত প্রসিদ্ধ স্থান। কথিত আছে, এখানে বিরাটরাজের রাজধানী ছিল।

চ

চট্টগ্রাম—১। পূর্ব্ব পাকিস্তানের একটি বিভাগ। ইহাতে চট্টগ্রাম, ত্রিপুরা, নোয়াখালি ও পার্ব্বত্য চট্টগ্রাম—এই চারিটি জেলা আছে। ২। পূর্ব্ব পাকিস্তানের একটি জেলা। আয়তন ২৫৭০ বর্গ মাইল। ৩। চট্টগ্রাম জেলার সদর ষ্টেশন।

চব্বিশ পরগণা—প্রেসিডেন্সী বিভাগের একটি জেলা। ইহার আয়তন ৫২৫৭ বর্গ মাইল।

চম্পারণ—বিহার প্রদেশের একটি জেলা।

চিতোর—রাজপুতানার অন্তর্গত মিবার রাজ্যের প্রাচীন রাজধানী।

চিরস্থায়ী বন্দোবস্ত (Permanent Settlement)—লর্ড কর্নওয়ালিস জমিদারদিগের সহিত ব্যবস্থা করেন যে, গভর্নমেণ্টকে নির্দ্দিষ্ট দিবসে নির্দ্দিষ্ট পরিমাণ খাজানা দিয়া জমিদারগণ চিরদিনের জন্য জমি ভোগদখল করিতে পারিবেন। কিন্তু নির্দ্দিষ্ট দিবসে সূর্য্যাস্তের পূর্ব্বে খাজানা দিতে না পারিলে জমিদারী নিলামে বিক্রয় হইয়া যাইবে। ইহার নাম চিরস্থায়ী বন্দোবস্ত। ইহা ১৭৯৩ খৃঃ বঙ্গ ও বিহার এবং তাহার দুই বৎসর পরে বারাণসী প্রদেশে প্রবর্ত্তিত হয়।

চিল্কা হ্রদ—উড়িষ্যার একটি হ্রদ। ইহা বঙ্গোপসাগরের একেবারে কূলের নিকট বর্ত্তমান। ইহা প্রায় ৪৪ মাইল দীর্ঘ এবং ২০ মাইল প্রশস্ত।

চীন—এসিয়ার অন্যতম দেশ। পৃথিবীর মধ্যে এই দেশই বৃহত্তম। ইহার লোকসংখ্যা প্রায় ৪৫ কোটি।

চীনের প্রাচীর (The Great Wall of China)—চীন দেশের উত্তর পশ্চিম সীমান্ত দিয়া এই বৃহৎ প্রাচীর বরাবর প্রায় ১৪০০ মাইল চলিয়া গিয়াছে। শত্রুর আক্রমণ প্রতিরোধ করিবার জন্য খৃঃ পূঃ ২১৪ অব্দে ইহার নির্ম্মাণ আরম্ভ হয়।

চেকোশ্লোভাকিয়া (Czechoslovakia)—ইউরোপের একটি রাষ্ট্র। ১৯১৪-১৮ খৃষ্টাব্দের মহাযুদ্ধের পরে বোহিমিয়া, মোরাভিয়া, শ্লোভাকিয়া প্রভৃতি পাঁচটী অঞ্চল লইয়া এই রাষ্ট্রটি গঠিত হইয়াছে। ইহার আয়তন ১,৪০০০,০০০ বর্গ কিলোমিটার।

চেরাপুঞ্জী—আসাম প্রদেশের একটি বিখ্যাত স্থান। এখানে পৃথিবীর মধ্যে সর্ব্বাপেক্ষা অধিক বৃষ্টি হয়।

ছ

ছায়াপথ—অন্ধকার রাত্রিতে মেঘমুক্ত আকাশে সাদা মেঘের ন্যায় যে চিহ্ন দেখা যায়, তাহাকেই ছায়াপথ বলে। ইংরাজীতে ইহাকে বলে Milky Way. ইহা বহুদূরবর্তী অসংখ্য নক্ষত্রের ঘনসন্নিবিষ্ট আলোক ভিন্ন আর কিছুই নহে।

ছিয়াত্তরের মন্বন্তর—১১৭৬ বঙ্গাব্দে বঙ্গদেশে যে ভীষণ দুর্ভিক্ষ হয়, তাহাকেই 'ছিয়াত্তরের মন্বন্তর' বলা হয়। এই দুর্ভিক্ষে বাঙ্গালার প্রায় এক-তৃতীয়াংশ লোক প্রাণ হারাইয়াছিল।

ছোটনাগপুর—বিহার প্রদেশের একটি বিভাগ। পূর্ব্বে ইহা বঙ্গদেশের অন্তর্গত ছিল। আয়তন ২৭,০০০ বর্গ মাইল।

জ

জন্ বুল (John Bull)—বৈদেশিকগণ কর্তৃক ইংরাজ পুরুষদিগকে জন্ বুল্ আখ্যা দেওয়া হইয়া থাকে। আরবুথনোর History of John Bull-নামক পুস্তক হইতেই এই অভিধা গৃহীত হইয়াছে।

জম্মু—কাশ্মীরের একটি প্রদেশ।

জর্ডন (Jordon)—এসিয়ার সিরিয়া প্রদেশের একটি নদী; দৈর্ঘ্য মাত্র ১২০ মাইল। সমগ্র খৃষ্টান-জগতের নিকট জর্ডনের জল অতি পবিত্র।

জাঞ্জিবার—১। পূর্ব্ব-আফ্রিকার ইংরেজ-আশ্রিত একটি রাষ্ট্র; শাসনকর্তার উপাধি সুলতান; আয়তন ৭৪২০ বর্গ মাইল। ২। জাঞ্জিবার প্রদেশের রাজধানীর নামও জাঞ্জিবার।

জাপান (Japan)—এসিয়ার পূর্ব্বভাগে প্রশান্ত মহাসাগরে অবস্থিত কতকগুলি দ্বীপ লইয়া জাপান সাম্রাজ্য গঠিত। ইহা পৃথিবীর শক্তিশালী রাজ্যগুলির অন্যতম হইলেও বর্তমানে আমেরিকা কর্তৃক অধিকৃত। আয়তন ২৬০,৭৩৮ বর্গ মাইল। সম্রাটের উপাধি ছিল মিকাডো। জাপানীরা প্রধানতঃ বৌদ্ধধর্ম্মাবলম্বী।

জাভা—এসিয়ার দক্ষিণে ভারত মহাসাগরে অবস্থিত মালয় দ্বীপপুঞ্জের অন্তর্গত একটি দ্বীপ।

জার (Czar or Tsar)—রুষিয়ার সম্রাট্গণ 'জার' উপাধিতে অভিহিত হইতেন। প্রথম মহাযুদ্ধের সময় রুষগণ জার-বংশের বিলোপ সাধন করিয়া রুষিয়ার সমাজতন্ত্রের প্রতিষ্ঠা করে।

জার্ম্মানী (Germany)—মধ্য-ইউরোপের একটি দেশ। রাজধানী বার্লিন।

জালিয়ান-ওয়ালা বাগ—লাহোরের নিকটবর্তী স্থান। রাউলাট আইনের প্রতিবাদ-স্বরূপ ঐ অঞ্চলে সামান্য উত্তেজনা দেখা দিলে ১৯২০ খৃঃ ইংরাজগণ কঠোর হস্তে তাহার দমন করে ও ডায়ার-নামক সৈন্যাধ্যক্ষ ঐ স্থানে প্রাচীরবেষ্টিত মেলার দ্বার রুদ্ধ করিয়া সহস্র সহস্র নর-নারীকে হত্যা করে।

জিব্রাল্টার (Gibraltar)—১। স্পেনের দক্ষিণাংশে পর্ব্বতোপরি অবস্থিত একটি নগর এবং দুর্গ জিব্রাল্টার নামে অভিহিত। ২। বিখ্যাত প্রণালীবিশেষ। স্পেনের দক্ষিণ-পশ্চিমাংশে ইহা আটলাণ্টিক মহাসাগর ও ভূমধ্যসাগরকে সংযুক্ত করিতেছে। ৭১১ খৃঃ বিখ্যাত মুর-সেনাপতি তারিখ এই স্থান অধিকার করিলে তাঁহার নামানুসারে ইহার নাম 'জব্ল্-অল্ তারিখ' বা জিব্রাল্টার হয়।

জুগোশ্লাভিয়া (Yugoslavia)—ইউরোপের একটি রাষ্ট্র।

জেনেভা (Geneva)—সুইজারল্যাণ্ডের একটি বিখ্যাত শহর। এই নগরেই জাতি-সঙ্ঘের অধিবেশন হয়।

জেন্দ্-আবেস্তা (Zend-Avesta)—জরথুস্ত্র-রচিত পারসীকদের ধর্ম্মগ্রন্থ।

জেরুজালেম (Jerusalem)—ইহা

প্যালেষ্টাইনের একটি নগর, সমুদ্রপৃষ্ঠ হইতে ইহা ২৭৬০ ফুট উচ্চ।

ঝ

ঝরিয়া—বিহার প্রদেশের একটি শহর। এখানে পাথুরিয়া কয়লার অনেক বড় বড় খনি আছে।

ঝিলাম—১। পঞ্জাবের সিন্ধুনদের পাঁচটি উপনদীর একটি; ইহার অপর নাম বিতস্তা; কাশ্মীর হইতে প্রবাহিত হইয়া চন্দ্রভাগা নদীতে পড়িতেছে। ২। পঞ্জাবের একটি জেলার নামও ঝিলাম; ইহা রাওলপিণ্ডি বিভাগে অবস্থিত; এই জেলার সদর ঝিলাম শহর, ঝিলাম নদীর তীরে অবস্থিত।

ট

টাইটানিক জাহাজ (The Titanic) —ইহা এককালে পৃথিবীর সর্ব্ববৃহৎ অর্ণবপোত ছিল। ইহার উচ্চতা ছিল জলের উপর ১৬৪ ফুট ও দৈর্ঘ্য ছিল ১০০০ ফুট। ২২০১ জন আরোহী লইয়া এই সুবিশাল জাহাজটি ১৯১২ খৃঃ ১৫ই এপ্রিল নিশীথকালে বরফ স্তূপে আহত হইয়া ইংলণ্ড হইতে নিউ ইয়র্কের পথে আটলাণ্টিক মহাসাগরে নিমজ্জিত হয়।

টাটানগর—ইহার পূর্ব্ব নাম সাকচী। বেঙ্গলনাগপুরের অন্তর্গত বি, এন, রেলওয়ের জামসেদপুর ষ্টেশনের ধারে এই নগরটি অবস্থিত। এইখানে জামসেদজী টাটার প্রতিষ্ঠিত লৌহ-কারখানা অবস্থিত। ইহারই নাম অনুসারে ইহা টাটানগর নামে প্রসিদ্ধ হইয়াছে।

টেম্স নদীর সুড়ঙ্গ (The Tunnels of the Thames)—ইংলণ্ডের টেম্স্ নদীর উত্তরতীরস্থ লণ্ডন নগরের মধ্যে নদীর নীচ দিয়া লোহা, ইট, পাথর প্রভৃতি দ্বারা বড় বড় সুড়ঙ্গ নির্ম্মিত হইয়াছে। ইহার মধ্য দিয়া বৈদ্যুতিক রেলগাড়ী চলাচল করে। এইরূপ তিনটি সুড়ঙ্গ-রেলপথ টেম্স্ নদীর উত্তর-তীরস্থ লণ্ডন নগরের উত্তরাংশের সহিত দক্ষিণ তীরের দক্ষিণাংশের সংযোগ সাধন করিয়াছে।

টেলিভিশন (Television)—বেতারে বা টেলিফোনে বৈদ্যুতিক শক্তির সাহায্যে কোন পদার্থের বাস্তব দৃশ্যকে স্থানান্তরে প্রেরণের প্রক্রিয়াবিশেষ। ১৯২৫ খৃষ্টাব্দে জে, এল, বেয়ার্ড ব্রিটেনে এবং সি, এফ, জেঙ্কিন্স্ আমেরিকায় টেলিভিশন যন্ত্র প্রদর্শন করেন। ১৯৩০ খৃষ্টাব্দের মার্চ্চ মাসে ইংলণ্ডে সর্ব্বপ্রথমে টেলিভিশন টকি প্রদর্শিত হয়।

টেলিস্কোপ (Telescope)—দূরবীক্ষণ যন্ত্র। ইহার দ্বারা বহুদূরের বস্তু অতি স্পষ্ট এবং বৃহদাকার দেখা যায়। ১৫৪১ খৃষ্টাব্দে Roger Bacon সর্ব্বপ্রথম এই যন্ত্র উদ্ভাবন করেন। দুইখানি উন্নতোদর পরকলা (Convex lens) একটি নলের দুই দিকে সংলগ্ন করিয়া সাধারণ টেলিস্কোপ নির্ম্মিত হইয়া থাকে।

টোকিও (Tokio)—জাপানের রাজধানী; সুমিদা (Sumida) নদীর উভয় তীরে অবস্থিত। পরিমাণফল ১০০ বর্গ মাইল।

ট্রয় (Troy)—এশিয়া-মাইনরের অন্তর্গত একটি প্রাচীন নগর।

ট্রান্স-সাইবেরিয়ান রেলওয়ে (Trans-Siberian Railway)—পৃথিবীর দীর্ঘতম রেলপথ। রিগা (Riga) হইতে ভ্লাডিভস্টক (Vladivostock) পর্য্যন্ত ইহার দৈর্ঘ্য ৬০০০ মাইল।

ট্রাফালগার যুদ্ধ—১৮০৫ খৃষ্টাব্দে অক্টোবর মাসে ইংরাজ ও ফরাসীদিগের মধ্যে এই যুদ্ধ সংঘটিত হয়। এই যুদ্ধে ইংলণ্ডের সেনাপতি অ্যাডমিরাল নেলসন কর্ত্তৃক ফরাসী নৌবহর বিধ্বস্ত হয়, কিন্তু নেলসন্ নিহত হন।

ট্রাম (Tram)—১৮৫৮ খৃষ্টাব্দে নিউ ইয়র্

শহরে জন ফ্রান্সিস ট্রেন কর্তৃক এই গাড়ী প্রথম উদ্ভাবিত হয়। ১৮৬০ খৃষ্টাব্দে ইংলণ্ডের বার্কেনহেড-নামক স্থানে ইহা প্রথম প্রচলিত হয়। আউট্রাম (Outram)-নামক জনৈক ব্যক্তির নির্দ্দেশমত ইহার জন্ম লৌহপথ নির্ম্মিত হয় বলিয়া তাঁহার নামের অপভ্রংশ 'ট্রাম' শব্দের প্রচলন হয়।

ড

ডানিয়ুব (The Danube)—দক্ষিণ-পূর্ব্ব-ইউরোপের সর্ব্বাপেক্ষা প্রসিদ্ধ নদী। দৈর্ঘ্য ১৭৪০ মাইল।

ডেড লেটার অফিস (Dead Letter Office)—যে সকল চিঠির মালিকের ঠিকানা পাওয়া যায় না বা যাহা কেহই দাবী করে না তাহা ডাক-বিভাগের এই অফিস হইতে প্রেরকের নিকট ফেরত পাঠান হয়।

ডেড্ সী (The Dead Sea)—মর্ম্মর বা মরু সাগর। প্যালেস্টাইনের অন্তর্গত একটি হ্রদ।

ডেন্মার্ক (Denmark)—ইউরোপ মহাদেশের একটি দেশ। ইহার পরিমাণ ফল ১৬,৫৭৬ বর্গ মাইল। রাজধানী কোপেনহাগেন (Copenhagen).

ঢ

ঢাকা—১। পূর্ব্ব পাকিস্তানের একটি বিভাগ। আয়তন ১৪,৮২৯ বর্গ মাইল। ২। ঢাকা বিভাগের একটি জেলা। আয়তন ২৭১১ বর্গ মাইল। ৩। ঢাকা জেলার প্রধান শহর ও পূর্ব্ব পাকিস্তানের রাজধানী।

ঢোলপুর—ভারতীয় করদ ও মিত্র রাজ্য-বিশেষ। মধ্য-ভারতে অবস্থিত এবং রাজপুতানা এজেন্সির অন্তর্গত।

ত

তক্ষশিলা—পশ্চিম পঞ্জাবে অবস্থিত প্রাচীন নগরী। পাণিনি ও চাণক্য এখানে জন্মগ্রহণ করেন। তক্ষ বা তক্ষক-নামক জাতি এখানে বাস করিত বলিয়া এ স্থানের নাম তক্ষশিলা হয়। কাহারও মতে ভরতের পুত্র রাজা তক্ষ হইতে এই নামের উৎপত্তি হইয়াছে। এই নগরী প্রত্নতত্ত্ববিদ্‌গণের বিশেষ প্রিয়। তাঁহারা এখানকার ধ্বংসাবশেষ হইতে অনেক প্রাচীন ইতিহাস সংগ্রহ করিয়াছেন।

তমলুক (তাম্রলিপ্তি)—ইহা মেদিনীপুর জেলার অন্তর্গত একটি মহকুমা। পূর্ব্বে ইহা তাম্রলিপ্তি নামে অভিহিত হইত। সে সময়ে ইহা একটি প্রসিদ্ধ বন্দর ছিল।

তরাইন—দিল্লীর নিকটবর্ত্তী একটী স্থান। এইখানে দিল্লীর রাজা পৃথ্বীরাজের সহিত মহম্মদ ঘোরীর দুইবার যুদ্ধ হয়।

তাজমহল—সম্রাট্ শাহ্‌জাহানের প্রিয়তমা পত্নী মমতাজমহলের সমাধিমন্দির। মমতাজমহল শব্দের সংক্ষিপ্ত রূপ তাজমহল। ইহা ২২০ ফুট উচ্চ। ইহার নির্ম্মাণ-কার্য্য ১৬৩২ খৃঃ আরম্ভ হয় এবং ১৬৫৩ খৃঃ শেষ হয়। ২০,০০০ কারিগর প্রায় ২০ বৎসর ধরিয়া নির্ম্মাণ-কার্য্যে নিযুক্ত থাকিয়া ইহা শেষ করে।

তামিল দেশ—তিনটি রাজ্য লইয়া তামিল দেশ গঠিত ছিল; যথা—পাণ্ড্য রাজ্য, চের রাজ্য ও চোল রাজ্য। এই তিন রাজ্যে তামিল ভাষা প্রচলিত ছিল। খৃষ্টীয় তৃতীয় শতাব্দীতে তামিল ভাষা বিশেষ সমৃদ্ধ হইয়া উঠে। তামিল সাহিত্যের কেন্দ্রস্থল ছিল মাদুরা।

তাসি-লামা বা তেস্থু-লামা (Teshu-Lama)—তিব্বতের প্রধান ধর্ম্মগুরু ও শাসনকর্ত্তা। দলাই লামার নীচেই ক্ষমতায় ও পদমর্য্যাদায় তাসি-লামার স্থান। লামা-উপাধিধারী বৌদ্ধ মঠাধ্যক্ষগণের মধ্যে ইনি সকলের শ্রেষ্ঠ।

তিব্বত—মধ্য-এসিয়ার সু-উচ্চ পর্ব্বতময় দেশ। ইহা চীনের অন্তর্গত। ইহাকে 'পৃথিবীর ছাদ' (Roof of the World)

বলা হয়। এই মালভূমির সর্ব্বনিম্ন স্থান ১২,০০০ ফুট উচ্চ। ইহার আয়তন ৪৬৩,২০০ বর্গ মাইল। এখানকার অধিবাসীরা বৌদ্ধ।

তুন্দ্রা—রুষিয়ার উত্তরে বৃক্ষাদিশূন্য বিশাল সমতলভূমি। ইহা জলময় ও বরফে সমাচ্ছন্ন।

তুরস্ক—এসিয়া ও ইউরোপের মুসলমান রাজ্য। রাজধানী আঙ্কারা (অ্যাঙ্গোরা)।

তুর্কীস্তান—মধ্য-এসিয়ার একটি স্থান। ইহা পূর্ব্ব বা চীনা তুর্কীস্তান এবং পশ্চিম বা রুষ তুর্কীস্তান—এই দুই ভাগে বিভক্ত। পূর্ব্ব তুর্কীস্তানের আয়তন ৪৩১,৮০০ বর্গ মাইল, পশ্চিম তুর্কীস্তানের আয়তন ৪১৯,২১৯ বর্গ মাইল। [ভাষাবিশেষ।

তেলেগু—মাদ্রাজের উত্তর ও পূর্ব্ব অঞ্চলের

ত্রিপিটক—বৌদ্ধ ধর্ম্মগ্রন্থ।

ত্রিপুরা—১। চট্টগ্রাম বিভাগের একটি জেলা। ইহা ১৭৬৫ খৃঃ দেওয়ানী লাভের সময় ইংরাজদের অধিকারে আসে। বর্ত্তমানে ইহা পূর্ব্ব পাকিস্তানের অন্তর্ভুক্ত। ত্রিপুরার আয়তন ২৫৯১ বর্গ মাইল। ২। পার্ব্বত্য ত্রিপুরা একটি করদ ও মিত্র রাজ্য। ইহার আয়তন ৪১৮৬ বর্গ মাইল।

ত্রিপোলি—(Tripoli)—১। আফ্রিকার উত্তরে অবস্থিত একটি রাজ্য। ইহা এখন লিবিয়া নামেই অভিহিত। ইহার আয়তন প্রায় ৪০৫,০০০ বর্গ মাইল। ২। ত্রিপোলির রাজধানী।

ত্রিবাঙ্কুর—দাক্ষিণাত্যের দেশীয় রাজ্য। আয়তন ৭১২৯ বর্গ মাইল। ত্রিবান্দ্রম ইহার রাজধানী।

থ

থানেশ্বর—প্রাচীন নগরী। ইহা বর্ত্তমান দিল্লীর নিকটবর্ত্তী স্থান।

থার্ম্মোপিলি (Thermopylæ)—এট্না পর্ব্বত ও গ্রীসের উত্তর-পূর্ব্বস্থিত সমুদ্রের মধ্যবর্ত্তী গিরিসঙ্কট। ৪৮০ খৃঃ পূঃ পারসীকদের সহিত স্পার্টানদের এখানে একটি বিখ্যাত যুদ্ধ হয়; তাহাতে লিওনিডাস-নামক বিখ্যাত স্পার্টান বীর মাত্র ৩০০ জন সৈন্য লইয়া পারসীকদের সহিত যুদ্ধ করিয়াছিলেন। [একটা প্রদেশ।

থ্রেস (Thrace)—দক্ষিণ-পূর্ব্ব ইউরোপের

দ

দক্ষিণ (দাক্ষিণাত্য)—ভারতের দক্ষিণ অংশকে প্রাচীনকালে 'দক্ষিণ' বা 'দাক্ষিণাত্য' বলা হইত। ইহা একটা উপদ্বীপ। ইহার পূর্ব্বে বঙ্গোপসাগর, দক্ষিণে ভারত মহাসাগর ও পশ্চিমে আরব সাগর। ইহার পশ্চিমে ও পূর্ব্বে যথাক্রমে পশ্চিমঘাট ও পূর্ব্বঘাট নামে দুইটি পর্ব্বতমালা আছে। বিন্ধ্যপর্ব্বত ইহার উত্তর দিকের সীমানা। বর্ত্তমানকালে বিন্ধ্যপর্ব্বত হইতে কৃষ্ণা ও তুঙ্গভদ্রা নদীর উত্তর পার্শ্ব মালভূমিকে দাক্ষিণাত্য বলা হয়।

দক্ষিণমেরু—'কুমেরু' দ্রঃ।

দলাই লামা—তিব্বতীয়দের প্রধান পুরোহিত। ইনি তিব্বতের অধিনায়ক। পৌরোহিত্য ও রাজ্যের কাজ ইনি একাই করিয়া থাকেন।

দার্জ্জিলিং—১। রাজসাহী বিভাগের একটি জেলা। ২। দার্জ্জিলিং জেলার পার্ব্বত্য শহর ও সদর। ইহা ৭০০০ ফুট উচ্চ।

দিল্লী—পঞ্জাব প্রদেশের পূর্ব্ব দক্ষিণ অংশে যমুনার তীরে অবস্থিত সুবিখ্যাত শহর। পুরাতন দিল্লী বহুকাল হইতে ভারতের রাজধানী ছিল। ইহার অনতিদূরে নূতন দিল্লী নির্ম্মিত হইয়াছে। এই নূতন দিল্লীর মধ্যে বড়লাটের প্রাসাদ, ব্যবস্থা-পরিষদ্ প্রভৃতি অবস্থিত।

দেওয়ান-ই-আম, -খাস—মুসলমান রাজত্বকালে প্রকাশ্য দরবারগৃহকে দেওয়ান-ই-আম এবং নিভৃত গোপনীয় মন্ত্রণা-সভাকে

দেওয়ান-ই-খাস নামে অভিহিত করা হইত।

দ্বারকা—গুজরাটের অন্তর্গত হিন্দুদিগের তীর্থস্থান। ইহার অপর নাম দ্বারাবতী। বর্ত্তমানে ইহা বরোদার গাইকোবাড় রাজ্যের মধ্যে অবস্থিত।

ধ

ধবলগিরি—ইহা হিমালয়ের একটি শৃঙ্গ। ইহার উচ্চতা ২৬,৪২৬ ফুট। ইহা সর্ব্বদাই বরফে আচ্ছন্ন থাকে।

ধর্ম্মঘট—ধর্ম্মঘট বলিতে বহুলোকের একসঙ্গে কাজকর্ম্ম বন্ধ করা বুঝায়। কোন প্রতিষ্ঠানের কর্ম্মচারিগণ, বিশেষতঃ শ্রমিকগণ, যখন কোন উপায়ে তাহাদিগের অভাব-অভিযোগ সম্বন্ধে কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতে পারে না, তখন তাহারা এই উপায় অবলম্বন করে। [প্রাচীন যুগে ব্যবসায়িগণ দ্রব্যের সর্ব্বনিম্ন মূল্য নির্দ্দিষ্ট করিবার জন্য, সকলে একত্র সমবেত হইয়া, একটি জলপূর্ণ ঘটমধ্যে ধর্ম্মদেবতাকে আহ্বান করিয়া তাঁহার সম্মুখে শপথ করিতেন যে, উক্ত বিশেষ দ্রব্য নির্দ্দিষ্ট সর্ব্বনিম্ন মূল্যের কমে কেহ বিক্রয় করিবেন না। ধর্ম্মাধিষ্ঠিত জলপূর্ণ ঘটের সম্মুখে এইরূপ শপথ করা হইতেই ধর্ম্মঘট শব্দের উৎপত্তি হইয়াছে।]

ধূমকেতু—গ্রহের মত ইহারা সূর্য্যের চারিদিকে ঘুরে। ইহারা উজ্জ্বল সম্মার্জ্জনীর মত। ইহাদের আকার দুইশত হইতে দুই-তিন হাজার মাইল পর্য্যন্ত হয়। ইহারা বহু বৎসর অন্তর আকাশে দেখা দিয়া থাকে। পণ্ডিতেরা অনুমান করেন যে, ধূমকেতু পাথর ও লোহার কতকগুলি পিণ্ডমাত্র। এই পিণ্ড হইতে যে বাষ্প বাহির হয়, তাহাই ইহার লেজ। বিখ্যাত পণ্ডিত হেলি যে ধূমকেতুটি আবিষ্কার করেন, তাহার নাম হেলির ধূমকেতু। এই ধূমকেতু পচাত্তর বৎসর অন্তর দেখা যায়। ১৪৫৬, ১৬৮০, ১৮১১, ১৮৪৩, ১৮৫৮, ১৮৬১, ১৮৭৪, ১৮৮১ ও ১৯১০ খৃষ্টাব্দে ধূমকেতু দেখা গিয়াছিল। সম্প্রতি ১৯৪৮ খৃষ্টাব্দের নবেম্বর মাসে একটি সম্পূর্ণ নূতন ধূমকেতু দেখিতে পাওয়া যায়।

ধ্রুবনক্ষত্র—ইংরাজীতে ইহাকে পোল স্টার (Pole Star) বা পোলারিস (Polaris) কহে। ইহা আকাশে সর্ব্বদাই স্থির থাকে বলিয়া প্রতীয়মান হয়। ইহা পৃথিবীর উত্তরদিকে অবস্থিত ও সুমেরুর দিকে মুখ করিয়া আছে। দিগ্‌দর্শন-যন্ত্র আবিষ্কারের পূর্ব্বে নাবিকেরা এই তারা দেখিয়া দিক্ স্থির করিত।

ন

নক্ষত্র—আকাশে কোটি কোটি নক্ষত্র আছে বলিয়া বৈজ্ঞানিকদের ধারণা। নক্ষত্র সকল সূর্য্যের চারিপাশে গ্রহের মত ঘুরে না। ইহাদের নিজেদের আলো আছে এবং এই আলো কাঁপে। ইহারা আকারে এক একটি সূর্য্যের মত। কোন কোনটি সূর্য্যের চেয়ে বড়। নক্ষত্রগুলি এতদূরে অবস্থিত যে, পৃথিবীতে ইহাদের আলো আসিতে বহু বৎসর কাটিয়া যায়। নিকটতম তারকা হইতে আলোক আসিতে সাড়ে চার বছর লাগে। হিন্দু-জ্যোতিষমতে 'নক্ষত্র' শব্দে বিশেষ বিশেষ নক্ষত্র-মণ্ডলকেও বুঝায়।

নন্দবংশ—ভারতের একটি প্রাচীন রাজবংশ। ইহার প্রতিষ্ঠাতা মহাপদ্ম নন্দ। নন্দবংশ ৪১৩ হইতে ৩১২ খৃঃ পূঃ পর্য্যন্ত রাজত্ব করে।

নন্দাদেবী—হিমালয়ের একটি শৃঙ্গ। ইহা হিমালয়ের পশ্চিম প্রান্তে অবস্থিত। ইহা প্রায় ২৫,৬০০ ফুট উচ্চ। গঙ্গা এখান হইতে নিম্নমুখে পতিত হইয়াছে।

নবদ্বীপ—নদীয়া জেলার একটি নগর। এখানেই শ্রীগৌরাঙ্গদেব জন্মগ্রহণ করেন। সংস্কৃত বিদ্যাচর্চ্চা ও অধ্যাপনার জন্য এস্থান বিশেষ প্রসিদ্ধ। বঙ্গের শেষ হিন্দুরাজা

লক্ষ্মণ সেন গৌড় হইতে এখানে রাজধানী স্থানান্তরিত করেন।

নবরত্ন—১। মুক্তা, মাণিক্য, বৈদূর্য্য, গোমেদ, বজ্র, বিদ্রুম, পদ্মরাগ, মরকত, নীলকান্ত এই কয়টি। ২। ধন্বন্তরি, ক্ষপণক, অমরসিংহ, শঙ্কু, বেতালভট্ট, ঘটকর্পর, কালিদাস, বরাহ-মিহির, বররুচি এই নয় জন পণ্ডিত।

নরওয়ে (Norway)—উত্তর ইউরোপের একটি দেশ এবং স্কান্ডিনেভিয়া উপদ্বীপের পশ্চিম প্রান্ত। ইহার আয়তন ১২৪,৯৬৪ বর্গ মাইল। রাজধানী অস্‌লো।

নর্ম্মদা—নদী। ইহা মধ্যপ্রদেশের এক পাহাড়ে উৎপন্ন হইয়াছে এবং কাম্বে উপসাগরে পতিত হইয়াছে।

নাইজিরিয়া (Nigeria)—পশ্চিম আফ্রিকার ইংরাজদিগের অধীন একটি বৃহৎ উপনিবেশ। ইহা দুই ভাগে বিভক্ত, (১) উত্তর নাইজিরিয়া, (২) দক্ষিণ নাইজিরিয়া।

নাগপুর—মধ্যপ্রদেশের একটি বিখ্যাত শহর ও রাজধানী।

নাগা পাহাড়—আসামের পার্ব্বত্য জেলা। ইহার আয়তন ৫৭১০ বর্গ মাইল। এখানকার অধিবাসীদের মধ্যে নাগা, কুকী ও চাকমা প্রধান।

নাঙ্গা পর্ব্বত—হিমালয়ের একাংশ। ইহা পঞ্জাবের অন্তর্গত এবং কাশ্মীরের উত্তর-পশ্চিম কোণে অবস্থিত। উচ্চতা ২৬ হাজার ৬২০ ফুট।

নাটাল—দক্ষিণ আফ্রিকার একটি ব্রিটিশ-অধিকৃত প্রদেশ। উত্তমাশা অন্তরীপ প্রদেশের উত্তর-পূর্ব্বে ইহা অবস্থিত। জুলুল্যাণ্ড লইয়া ইহার আয়তন ৩৫,২৮৪ বর্গ মাইল।

নাতিশীতোষ্ণমণ্ডল—আবহাওয়ার প্রকৃতি ও বিশিষ্টতা অনুযায়ী ভূপৃষ্ঠকে কয়েক ভাগে ভাগ করা হয়। নাতিশীতোষ্ণমণ্ডল সেইরূপ একটি বিভাগ। নাতিশীতোষ্ণমণ্ডল দুইটি। পৃথিবীর উত্তর দিকে অবস্থিত একটি প্রাকৃতিক বিভাগকে উত্তর নাতিশীতোষ্ণমণ্ডল এবং দক্ষিণ দিকে অবস্থিত বিভাগকে দক্ষিণ নাতিশীতোষ্ণমণ্ডল বলে।

নান্‌কিন্—চীনদেশের একটি শহর। ইয়াং-সি-কিয়াং নদীর তীরে অবস্থিত।

নায়েগ্রার জলপ্রপাত (Niagara Falls)—এই নামে দুইটি জলপ্রপাত আছে। ইরাই ও অণ্টারিও হ্রদদ্বয়ের মধ্যে ইহা অবস্থিত। নায়েগ্রা নদী প্রস্তরময় 'গোট' দ্বীপ দ্বারা বিভক্ত হইয়া যুক্তরাষ্ট্রের দিকে একটি ও কানাডার দিকে অপর একটি জলপ্রপাতের সৃষ্টি করিয়াছে। যুক্তরাষ্ট্রের জলপ্রপাতটি ১৬৪ ফুট উচ্চ ও ২০০ গজ প্রশস্ত। দ্বিতীয়টিকে কানাডার নায়েগ্রা জলপ্রপাত বলে। ইহা ৬০০ গজ প্রশস্ত এবং ১৫৮ ফুট উচ্চ। কানাডার জলপ্রপাতটিকে 'হর্স শু' (Horse Shoe) বলা হয়।

নালন্দা—বিহার প্রদেশে অবস্থিত; বর্ত্তমানে এই স্থানের নাম বড়গাঁও। প্রাচীনকালে এই স্থানে একটি বিশ্ববিখ্যাত বিশ্ববিদ্যালয় ছিল। চৈনিক পরিব্রাজক হুয়েন্-সাং এখানে আসিয়া অধ্যক্ষ শীলভদ্রের নিকট বৌদ্ধশাস্ত্র পাঠ করেন। বহুদূর হইতে এখানে ছাত্রেরা পড়িতে আসিত। ইহা বৌদ্ধ-তীর্থরূপে গণ্য ছিল।

নিউ ইয়র্ক (New York)—১। যুক্তরাষ্ট্রের একটি রাজ্য। ইহার আয়তন ৪৯,২০৪ বর্গ মাইল। রাজধানী আল্‌বানি (Albany)। ২। এই নামের নগর। পৃথিবীর পশ্চিমাঞ্চলের ইহাই সর্ব্বাপেক্ষা বৃহৎ শহর। ইহার আয়তন ৩০৫ বর্গ মাইল।

নিউ গিনি (New Guinea)—ইহা অস্ট্রেলিয়ার অধীন দেশ। নিউ গিনি দ্বীপপুঞ্জ, বিসমার্ক আর্কিপেলাগো, বোগানভিল ও বুকা দ্বীপপুঞ্জ ইহার অন্তর্গত। ইহার আয়তন সর্ব্বসমেত ৯১,০০০ বর্গ মাইল।

নিউ জিল্যাণ্ড (New Zealand)—অস্ট্রেলিয়ার নিকটবর্ত্তী প্রশান্ত মহাসাগরে অবস্থিত ব্রিটিশ দ্বীপপুঞ্জ। উত্তরে এবং দক্ষিণে

দুইটি দ্বীপ লইয়া ইহা গঠিত। ইহার মোট আয়তন ১০৩,৪১৭ বর্গ মাইলের কিছু বেশী। রাজধানী ওয়েলিংটন।

নিজাম—হায়দরাবাদের রাজগণ এই নামে অভিহিত হন। প্রথম নিজাম আসফ জা।

নিপ্পন (Nippon)—জাপানের অপর নাম। ইহার অর্থ সূর্যোদয়ের দেশ। নিপ্পনের চীনা উচ্চারণ জু-পেন। তাহা হইতে জাপান নাম হইয়াছে।

নীলনদ (The Nile)—আফ্রিকার সর্ব্বাপেক্ষা দীর্ঘ নদী। ইহা ভিক্টোরিয়া নিয়ানজা হ্রদ হইতে উৎপন্ন হইয়া ভূমধ্য সাগরে পড়িয়াছে। ইহার দৈর্ঘ্য ৩৯০০ মাইল।

নীহারিকা (Nebulæ)—ইহা বাষ্প বা কুয়াসার মত পদার্থ-বিশেষ। পণ্ডিতেরা বলেন, সৌরজগতের সৃষ্টির পূর্ব্বে সমগ্র আকাশে এই নীহারিকাই ছিল। একদিন হঠাৎ এই নীহারিকা ঘুরিতে আরম্ভ করে এবং ইহা বিচ্ছিন্ন হইয়া অনন্ত শূন্যে বিকীর্ণ হয়। এই নীহারিকা হইতে গ্রহনক্ষত্রাদির সৃষ্টি হইয়াছে।

নেপাল—ভারতের একমাত্র স্বাধীন রাজ্য। ইহা হিমালয়ের দক্ষিণে অবস্থিত। ইহার আয়তন ৫৪,০০০ বর্গ মাইল। কাটমাণ্ডু ইহার রাজধানী।

নেপচুন (Neptune)—গ্রহবিশেষ। ইহা সূর্য্য হইতে ২৭৯ কোটি ৪০ লক্ষ মাইল দূরে অবস্থিত। সূর্য্যের চারিপাশে ঘুরিতে ইহার প্রায় ১৬০ বৎসর লাগে।

নেপল্‌স্ (Naples)—ইটালীর একটি শহর। ইহা বিসুবিয়স পর্ব্বতের পাদমূলে অবস্থিত। ইহার বিপরীত দিকেই প্রাচীন পম্পেয়ী নগরী অবস্থিত ছিল।

নৈনীতাল উত্তর প্রদেশের অন্তর্গত কুমায়ুন বিভাগে অবস্থিত পার্ব্বত্য স্থান। ইহার উচ্চতা ৭৪০০ ফুট।

নোটার ডেম (Notre Dame)—প্যারিসের বিখ্যাত গির্জ্জা। ইহা ১১৬৩ খৃঃ নির্ম্মিত হয়। ইউরোপের 'গথিক' স্থাপত্য-শিল্পের ইহা একটি অতি সুন্দর নিদর্শন।

নোবেল প্রাইজ (Nobel Prize)—ডিনামাইটের আবিষ্কর্তা আলফ্রেড নোবেল মরিবার সময়ে উইল করিয়া যান যে, পৃথিবীতে (১) রসায়ন-শাস্ত্র, (২) পদার্থ-বিজ্ঞান, (৩) শরীরবিজ্ঞান ও চিকিৎসাশাস্ত্র, (৪) সাহিত্য এবং (৫) আন্তর্জ্জাতিক শান্তিপ্রচেষ্টা—এই কয়টি বিষয়ের এক-একটিতে যাঁহারা বিশেষ কৃতিত্বের পরিচয় দিতে সমর্থ হইবেন, তাঁহাদিগকে প্রতি-বৎসর একটি করিয়া পুরস্কার দেওয়া হইবে। প্রত্যেকটি পুরস্কারের মূল্য প্রায় ১২০,০০০৲ টাকা। দাতার নামানুসারেই এই পুরস্কারের নাম 'নোবেল প্রাইজ' হইয়াছে। ইহা ১৯০১ খৃঃ হইতে প্রদান করা হইতেছে।

যাঁহারা নোবেল প্রাইজ পাইয়াছেন, তাঁহাদের মধ্যে কতকগুলি বিখ্যাত লোকের নাম প্রদত্ত হইল :—

পদার্থ বিজ্ঞান

কুরি দম্পতি—১৯০৩ খৃঃ। মার্কনি (Marconi)—১৯০৯ খৃঃ। আলবার্ট আইনস্টাইন (Albert Einstein)—১৯২১ খৃঃ। চন্দ্রশেখর বেঙ্কট রমণ—১৯৩০ খৃঃ।

শরীরবিজ্ঞান ও চিকিৎসাশাস্ত্র

ডোনাল্ড রস (Donald Ross)—১৯০২ খৃঃ। রবার্ট কক (Robert Koch)—১৯০৫ খৃঃ।

রসায়ন-শাস্ত্র

মেরী কুরি (Marie Curie)—১৯১১ খৃঃ।

সাহিত্য

হেনরিক সিঙ্কেভিজ (Henryk Sienkiewicz)—১৯০৫ খৃঃ। রুডিয়ার্ড কিপ্‌লিং (Rudyard Kipling)—১৯০৭ খৃঃ। সেলমা লেগারলফ (Selma Lagerlof)—১৯০৯ খৃঃ। মরিস মেটারলিঙ্ক (Maurice Maeterlinck)—১৯১১ খৃঃ। রবীন্দ্রনাথ ঠাকু

--১৯১৩ খৃঃ। রোমাঁ রোলাঁ (Romain Rolland)—১৯১৫ খৃঃ। নুট হ্যামসুন (Knut Hamsun)—১৯২০ খৃঃ। আনাতোলে ফ্রান্স (Anatole France)—১৯২১ খৃঃ। উইলিয়াম ইয়েট্‌স্ (William Yeats)—১৯২৩ খৃঃ। জর্জ বার্নার্ড শ (George Bernard Shaw)—১৯২৫ খৃঃ। টমাস মান (Thomas Mann)—১৯২৯ খৃঃ। সিনক্লেয়ার লুইস (Sinclair Lewis)—১৯৩০ খৃঃ। জন গল্‌স্‌ওয়ার্দি (John Galsworthy)—১৯৩২ খৃঃ।

শান্তি প্রচেষ্টা

থিয়োডোর রুজভেল্ট (Theodore Roosevelt)—১৯০৬ খৃঃ। উড্রো উইল্‌সন (Woodrow Wilson)—১৯১৯ খৃঃ। এফ্. বি. কেলগ (F. B. Kellog)—১৯২৯ খৃঃ। আর্থার হেণ্ডারসন (Arthur Henderson)—১৯৩৪ খৃঃ।

ন্যাজারেথ (Nazareth) প্যালেস্টাইন দেশের অন্তর্গত একার (Acre)-নামক স্থানের নিকটবর্তী শহর।

ন্যাপথলিন (Napthalene—পরিস্রবণের (distillation) দ্বারা আলকাতরা হইতে ইহা প্রস্তুত হয়। ১৭০ হইতে ২৩০ ডিগ্রী উত্তাপে ন্যাপথলিন পাওয়া যায়। ইহা হইতে বহুপ্রকারের রং তৈয়ারী হয়।

প

পঞ্চম বাহিনী (Fifth Column)—স্পেনের গৃহযুদ্ধের সময়ে ১৯৩৬ খৃষ্টাব্দের শেষভাগে বিদ্রোহীদের অন্যতম নেতা জেনারেল মোলা বলেন যে, তাঁহাদের চারিটি বাহিনী মাদ্রিদের দিকে চলিয়াছে, এবং পঞ্চম বাহিনী আছে মাদ্রিদেই—অর্থাৎ বিদ্রোহীদের একদল সমর্থক সেখানে গুপ্তচোরের মত আত্মগোপন করিয়া আছে এবং বিদ্রোহী সেনা তথায় উপস্থিত হইলেই তাহারা আসিয়া তাহাদের সহিত মিলিত হইবে। ইহার পর হইতে দেশমধ্যে লুক্কায়িত স্বদেশদ্রোহীদের সম্বন্ধে উক্ত শব্দ ব্যবহার করা হয়।

পঞ্জাব—ভারতের উত্তর পশ্চিমভাগে অবস্থিত প্রদেশ। ইরাবতী, বিতস্তা, শতদ্রু, চন্দ্রভাগা ও বিপাশা—সিন্ধুর এই পঞ্চ উপনদী দ্বারা বিধৌত বলিয়া ইহার নাম পঞ্জাব (পঞ্চ=পাঁচ, অপ্=জল) হইয়াছে। ১৯৪৭ সালে ভারত বিভাগের পর পশ্চিম পঞ্জাব পশ্চিম পাকিস্তানের অন্তর্গত হইয়াছে। উহার রাজধানী লাহোর। পূর্ব পঞ্জাব ভারতীয় ইউনিয়নে রহিয়াছে।

পণ্ডিচেরী—ভারতের ফরাসী-অধিকৃত জেলা এবং প্রধান নগর। জেলাটির আয়তন ১১৫ বর্গ মাইল।

পদ্মানদী বঙ্গদেশে আসিয়া গঙ্গা দুই শাখায় বিভক্ত হইয়াছে। এক শাখা মুর্শিদাবাদ জেলার ভিতর দিয়া 'ভাগীরথী' বা 'হুগলী' নামে বঙ্গোপসাগরের দিকে গিয়াছে। অপর শাখা পূর্বদিকে গিয়া যমুনার সহিত মিলিত হইয়াছে। এই দ্বিতীয় শাখাটির নাম পদ্মা।

পম্পেয়াই (Pompeii) ইটালীর একটি প্রাচীন শহর। ইহা বিসুবিয়াস পর্বতের পাদদেশে অবস্থিত ছিল। ৭৯ খৃঃ বিসুবিয়াসের অগ্ন্যুৎপাতে এই নগরী বিধ্বস্ত ও গলিত ধাতুর নীচে সমাহিত হয়। ১৭৪৮ খৃ. এই স্থান খননের ফলে প্রাচীন শহরটি আবিষ্কৃত হইয়াছে।

পলাশী নদীয়া জেলার একটি প্রসিদ্ধ স্থান। পূর্বে ইহা মুর্শিদাবাদ জেলার অন্তর্গত ছিল। ১৭৫৭ খৃঃ এই স্থানে বাঙ্গালার নবাব সিরাজউদ্দৌলা ইংরাজদের হস্তে পরাজিত হন।

পশ্চিম-ভারতীয় দ্বীপপুঞ্জ—আমেরিকা মহাদেশের পূর্ব উপকূলের নিকটবর্তী কতিপয় দ্বীপ এই নামে

পরিচিত। কলম্বাস ভারত আবিষ্কারে বহির্গত হইয়া সর্ব্বপ্রথমে এখানকার একটি দ্বীপে অবতরণ করেন এবং ইহাকে ভারত বা ভারতীয় অঞ্চল মনে করিয়া ইণ্ডিজ বা ভারতীয় দ্বীপপুঞ্জ নাম রাখেন। পরে প্রকৃত ভারত আবিষ্কৃত হইলে এবং তাহার নিকট-বর্ত্তী অঞ্চলেও অনুরূপ একটি দ্বীপপুঞ্জ আবিষ্কৃত হইলে সেটির নাম হয় পূর্ব্ব-ভারতীয় দ্বীপপুঞ্জ এবং ইহার নাম হয় পশ্চিম-ভারতীয় দ্বীপপুঞ্জ।

পাকিস্তান—হায়দরাবাদের ডাঃ লতিফ প্রথম পাকিস্তানের একটি ধারণা সৃষ্টি করেন। ১৯৩০ খৃঃ মুসলীম লীগের এলাহাবাদ অধিবেশনে স্যার মোহম্মদ ইকবাল মুসলমান-দের জন্য পঞ্জাব, বেলুচিস্তান, সিন্ধু ও সীমান্ত প্রদেশ ভারত হইতে বিভক্ত করিবার প্রস্তাব করেন। ইংলণ্ডে গোলটেবিল বৈঠকে ১৯৩৩ খৃঃ রহমত আলি প্রমুখ কয়েকটি ছাত্র পাকিস্তানের দাবী উপস্থিত করে। (P= Punjab. A=Afghan Province. K=Kashmir. S-Sind. Stan =Beluchistan) এই নাম পরে পাকিস্তান বা পুণ্যভূমি আখ্যা লাভ করে। ১৯৪০ খৃঃ মুসলীম লীগ পূর্ব্ববঙ্গকেও পাকিস্তান সংজ্ঞার অন্তর্ভুক্ত করে। কংগ্রেস ইহার বিরোধিতা করিলে ১৯৪৬ সালের ১৬ই আগষ্ট মুসলীম লীগ নেতৃবৃন্দের ষড়যন্ত্রে কলিকাতায় এক পৈশাচিক হত্যাকাণ্ড অনু-ষ্ঠিত হয়। হিন্দু মুসলমান উভয় দলের প্রায় ২০,০০০ লোক নিহত হয়। ইহার পর ক্রমে নানাস্থানে এই সাম্প্রদায়িক তাণ্ডব ছড়াইয়া পড়িতে থাকে। ইহার প্রশমনের জন্য কংগ্রেস নেতৃগণ অবশেষে ১৯৪৭ খৃঃ ভারত-বিভাগে সম্মতি দেন। ফলে ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট হইতে পশ্চিম পঞ্জাব, সিন্ধু, বেলুচিস্তান, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ এবং পূর্ব্ববঙ্গ ও আসামের কতকাংশ লইয়া পাকিস্তান-নামক পৃথক্ রাষ্ট্রের পত্তন হয়। করাচী ইহার রাজধানী।

পাটনা—বিহার প্রদেশের রাজধানী। ইহা গঙ্গার দক্ষিণ তীরে ৯ মাইল ব্যাপিয়া অবস্থিত।

পাটলিপুত্র—প্রাচীন মগধরাজ্যের রাজ-ধানী। ইহাই বর্ত্তমান পাটনা শহর।

পাতিয়ালা—পঞ্জাব প্রদেশের অন্তর্গত একটি দেশীয় রাজ্য। আয়তন ৫৪১২ বর্গ মাইল।

পানামা খাল (Panama Canal)—পানামা যোজকের ভিতর দিয়া খাত একটি খাল। ইহা প্রশান্ত ও আটলাণ্টিক মহা-সাগরদ্বয়কে সংযুক্ত করিতেছে। ইহা ৪০ মাইল দীর্ঘ, ৩০০ হইতে ১০০০ ফুট চওড়া এবং ৪১ ফুট গভীর।

পামির (Pamir)—মধ্য-এসিয়ায় অবস্থিত পৃথিবীর উচ্চতম মালভূমি। উচ্চতা ১৩,৬০০ ফুট।

পারস্য (Persia)—এসিয়ার একটি রাজ্য। তুরস্ক, বেলুচিস্তান, আফগানিস্তান, ট্রান্স-ককেশিয়া, কাস্পিয়ান সাগর, তুর্কীস্থান, পারস্য উপসাগর ও ওমান উপসাগর ইহার চতুর্দ্দিকে অবস্থিত। রাজধানী তেহেরণ। আয়তন ৬২৮,০০০ বর্গ মাইল।

পারস্য উপসাগর—ভারত মহাসাগরের অংশবিশেষ। ইহা আরব ও পারস্য দেশের অন্তর্ব্বর্ত্তী এবং ৫৫০ মাইল দীর্ঘ।

পিরামিড (Pyramid)—ইহা নীল-নদের দক্ষিণ তীরে কাইরো নগরের কয়েক মাইল পূর্ব্বে অবস্থিত। পিরামিডগুলি বহু-কোণবিশিষ্ট, নীচের দিক্ হইতে ক্রমশঃ উঁচু দিকে সরু হইয়া উঠিয়াছে। খৃঃ পূঃ ৩৬৫০ অব্দের পূর্ব্বে এইগুলি তৈয়ারী হইয়াছিল বলিয়া পণ্ডিতগণের ধারণা। মিশরীয় নৃপতি-দিগের সমাধিরূপে এইগুলি নির্ম্মিত হইয়া-ছিল। প্রায় ৭০টি পিরামিড আবিষ্কৃত হইয়াছে এবং আরও ১৬টির অস্তিত্ব ছিল

য়া জানা গিয়াছে। গিজের (Gizeh) ্যামিডই সর্ব্বাপেক্ষা বিরাট্। এই পিরা-ডটি মিশরের রাজা কিয়প্‌স্ (Cheops) ক নির্ম্মিত হয়। এইটি নির্ম্মাণ করিতে লক্ষ লোকের কুড়ি বছর সময় লাগে। াকে গ্রেট পিরামিড বলে। ইহার উচ্চতা ০ ফুট ও ইহার নিম্নতল ৭৬৪ বর্গ ফুট।

ার টাওয়ার (Leaning Tower Pisa)—ইটালীর পিসা-নামক শহরে মন্দির বা টাওয়ারটি অবস্থিত। মন্দিরটি তলা। ইহা একদিকে বসিয়া যাওয়ায় হেলিয়া গিয়াছে। এইজন্য ইহাকে ান মন্দির বলে। বিখ্যাত বৈজ্ঞানিক লিলিও এখানে বসিয়া বিজ্ঞানচর্চ্চা রিতেন।

5 নদী চীনদেশের একটি নদী। ইহার পর নাম 'হোয়াং হো'। ইহা ৩০০০ মাইল ।

রী—১। বোম্বাই প্রেসিডেন্সির একটি লা। আয়তন ২১১৯ বর্গ মাইল। ২। উক্ত লার প্রধান নগর।

রী—১। উড়িষ্যার অন্তর্গত একটি জেলা। ী জেলায় ভুবনেশ্বরের মন্দির ও বিন্দু-রোবর প্রসিদ্ধ। ২। উক্ত জেলার প্রধান র এবং প্রসিদ্ধ তীর্থ। ইহা বঙ্গোপ-াগরের তীরবর্ত্তী। এই স্থান অতিশয় স্বাস্থ্য-র। এখানকার জগন্নাথদেবের মন্দির সিদ্ধ।

রু (Peru)—দক্ষিণ আমেরিকার একটি দেশ। আয়তন ৪৮২,১৩৩ বর্গ মাইল।

শোয়া—উপাধিবিশেষ। ১৭০৮ খৃঃ শিবাজীর পৌত্র শাহু সাতারার সিংহাসনে আরোহণ করিয়া কঙ্কণদেশীয় ব্রাহ্মণ বালাজী বিশ্বনাথকে মন্ত্রী নিযুক্ত করিয়া তাঁহাকে পেশোয়া উপাধি প্রদান করেন। পরে পেশোয়াই রাজা হইয়া বসেন। এই পেশোয়ার পদ বংশানুক্রমিক। ১৮১৮ খৃঃ পেশোয়ার পদ উঠিয়া যায়।

পেশোয়ার—বর্ত্তমানে পাকিস্তানভুক্ত উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশের রাজধানী। পেশোয়ার শহর পেশোয়ার বিভাগ ও জেলার রাজধানী।

পোপ (Pope)—খৃষ্টান রোমান ক্যাথলিক সম্প্রদায়ের প্রধান ধর্ম্মগুরু। সেণ্ট পিটার ছিলেন প্রথম পোপ। পোপ রোম নগরের ভ্যাটিকান-নামক প্রাসাদে বাস করেন। ১৮৭০ খৃঃ ইটালীর সম্রাট পোপকে রাজকীয় ক্ষমতা হইতে অপসারিত করেন।

পোর্ত্তুগাল (Portugal)—দক্ষিণ-পশ্চিম ইউরোপের একটি দেশ। রাজধানী লিস্‌বন। আয়তন ৩৫,৪৯০ বর্গ মাইল।

পোল্যাণ্ড (Poland)—মধ্য-ইউরোপের একটি রাষ্ট্র। আয়তন ১৫৯,০৪২ বর্গ মাইল। রাজধানী ওয়ারশ।

পৌণ্ড্রবর্দ্ধন বিহারের (মতান্তরে বাঙ্গলার) প্রাচীন নাম।

প্যাঙ্গোলিন (Pangoline)—দক্ষিণ এসিয়া ও আফ্রিকার একপ্রকার আঁইসযুক্ত পিপীলিকাভোজী জীব। দীর্ঘ আঠাযুক্ত জিহ্বা দ্বারা ইহারা পিপীলিকা প্রভৃতি খাদ্য আহরণ করে।

প্যারাগুয়ে (Paraguay—দক্ষিণ আমেরিকার রাষ্ট্রবিশেষ। আয়তন ৬১,৬৭০ বর্গ মাইল।

প্যালেস্টাইন (Palestine)—পশ্চিম এসিয়ার একটি দেশ। ইহা সিরিয়ার দক্ষিণে অবস্থিত। ইহাই প্রাচীন ইহুদীদের দেশ এবং ইহার প্রধান নগর জেরুজালেম। আয়তন ৯ হাজার বর্গ মাইল।

প্রবাল—ইহা একপ্রকার সামুদ্রিক জীব। ইহাদের শরীর হইতে লাল, পীত ও শ্বেত আঠাল পদার্থ নিঃসৃত হইয়া তাহা ক্রমশ কঠিন হয় এবং শরীরের আবরণরূপে পরিণত হয়। এইগুলি সমুদ্রগর্ভে পাহাড়ের ন্যায় স্তূপীকৃত হইয়া প্রবালদ্বীপে পরিণত হয়। চলিত কথায় প্রবালকে বলে 'পলা'।

প্রয়াগ—এলাহাবাদের অন্য নাম।

প্রশান্ত মহাসাগর—পৃথিবীর বৃহত্তম মহাসাগর। ইহার পশ্চিম দিকে এসিয়া মহাদেশ এবং পূর্ব্ব দিকে আমেরিকা। স্থানে স্থানে ইহা পাঁচ মাইলেরও অধিক গভীর।

প্রেমচাঁদ রায়চাঁদ বৃত্তি—চরিতাবলীতে 'প্রেমচাঁদ রায়চাঁদ' দ্রঃ।

প্রেরী (Prairie)—উত্তর আমেরিকার বিস্তৃত তৃণভূমিকে প্রেরী বলে।

ফ

ফিনিসিয়া (Phœnicia)—সিরিয়ার উপকূলে অবস্থিত একটি প্রাচীন শহর। এখানকার অধিবাসিগণ ফিনিসিয়ান্ নামে অভিহিত।

ফিনল্যাণ্ড (Finland)—নরওয়ে ও সুইডেনের সীমান্তসন্নিকটে অবস্থিত সাধারণ-তন্ত্র। ইহার পরিমাণফল ১৪৯,৫৮৬ বর্গ মাইল।

ফিলিপাইন (Philippine)—প্রশান্ত মহাসাগর ও চীন সমুদ্রের মধ্যে অবস্থিত দ্বীপপুঞ্জ। পরিমাণফল ১১৪,৪০০ বর্গ মাইল। ম্যানিলা (Manila) ইহার রাজধানী।

ফুজি-যামা (Fuji-Yama)—আগ্নেয়-গিরি। ইহা জাপানের রাজধানী টোকিও শহরের ৬০ মাইল দক্ষিণ-পশ্চিমে অবস্থিত।

ফোর্ট উইলিয়াম (Fort William)—কলিকাতার দুর্গ। ১৬৯৬ খৃঃ কলিকাতায় বাণিজ্যরক্ষার্থে ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর বণিক-গণ ইহা নির্ম্মাণ করিয়া ইংলণ্ডের রাজা তৃতীয় উইলিয়ামের নামে অভিহিত করেন। এই দুর্গটি পূর্ব্বস্থানে আর নাই। এখন যেখানে জেনারেল, পোস্ট অফিস আছে, পূর্ব্বে তাহারই সন্নিকটে এই দুর্গটি অবস্থিত ছিল।

ফ্রান্স (France)—পশ্চিম ইউরোপের একটি শক্তিশালী সাধারণতন্ত্র। ইহার পরি-মাণফল ২১২,৬৬০ বর্গ মাইল।

ব

বক্সার—কাশীর নিকটে গঙ্গার তীরে অব-স্থিত দুর্গ দ্বারা রক্ষিত একটি নগর।

বঙ্গদেশ—বঙ্গদেশের উত্তরে হিমালয় পর্ব্বত, পূর্ব্বে আসাম প্রদেশ ও ব্রহ্মদেশ, দক্ষিণে বঙ্গোপসাগর, পশ্চিমে বিহার ও উড়িষ্যা প্রদেশ। ১৯৪৭ খৃষ্টাব্দে বঙ্গদেশ দুই ভাগে বিভক্ত হয়। বর্দ্ধমান বিভাগ, চব্বিশ পরগণা জেলা, খুলনা, যশোহর ও নদীয়া জেলার কতকাংশ এবং দার্জ্জিলিং ও জলপাইগুড়ি জেলা ভারত ইউনিয়নের অন্তর্ভুক্ত হইয়া পশ্চিমবঙ্গ আখ্যা লাভ করে। অবশিষ্ট অংশ পাকিস্তানের অন্তর্ভুক্ত হইয়া পূর্ব্ব পাকিস্তান নাম গ্রহণ করে।

বঙ্গোপসাগর—ভারত মহাসাগরের একটি অংশ। ইহা বঙ্গদেশের ঠিক দক্ষিণে অবস্থিত।

বদরিকাশ্রম—হিন্দুদিগের একটি পরম পবিত্র তীর্থস্থান। ইহা কাশ্মীরের অন্তর্গত।

বদ্রীনাথ—ইহা একটি প্রসিদ্ধ তীর্থস্থান। এখানে বদরীনারায়ণ দেবের মন্দির আছে। ইহা উত্তর প্রদেশের গাড়ওয়াল জেলার একটি গ্রাম। হিমালয়ের একটি উপত্যকার উপরে এই গ্রামটি অবস্থিত।

বটতলা—উত্তর-পশ্চিম কলিকাতার অঞ্চল-বিশেষ। বর্ত্তমান আপার চিৎপুর রোডের বিডন স্কোয়ার হইতে গ্রে স্ট্রীট পর্য্যন্ত অঞ্চল এই নামে পরিচিত। এখানকার পুস্তক-প্রকাশকগণ পূর্ব্বে অনেক কুরুচিপূর্ণ গ্রন্থ ও চিত্র প্রকাশের জন্য কুখ্যাত ছিলেন। আবার বাঙ্গালা সাহিত্যের আদিযুগের অনেক গ্রন্থও ইহারা বহুভাবে প্রচারিত করিয়াছিলেন। লঘু চাণক্য বা চাণক্য-শ্লোক এই সকল গ্রন্থের অন্যতম। এজন্য সমগ্র বঙ্গদেশ ইঁহাদের নিকট ঋণী।

বরোদা—পশ্চিম ভারতের একটি করদ রাজ্য। ইহার আয়তন ৮১৬৪ বর্গ মাইল।

বল্‌শেভিজ্‌ম্‌ (Bolshevism)—এই কথাটির ব্যুৎপত্তিগত অর্থ গরিষ্ঠ। ইহার দ্বারা রুষিয়ার সাম্যবাদীদের সংখ্যাগরিষ্ঠ দলের মত বুঝায়। এই দলের নেতা ছিলেন লেনিন। দেশের সমস্ত সম্পত্তির উপর জনসাধারণের অধিকার প্রতিষ্ঠা এই মতবাদের উদ্দেশ্য। সোভিয়েট রুষিয়ার বর্ত্তমান শাসনব্যবস্থা এই মতবাদের ক্রমপরিণতি।

বাইবেল (The Bible)—খৃষ্টানদের বিখ্যাত ধর্মগ্রন্থ।

বাগ্‌দাদ—ইরাকের একটি প্রদেশ ও নগর। টাইগ্রিস নদীর তীরে ইহা অবস্থিত।

বারাণসী—১। ইহাকে কাশীধামও বলা হয়। 'কাশী' দ্রঃ। ২। বারাণসী নামে জেলা। ইহা গঙ্গার উভয় পার্শ্বেই অবস্থিত। ইহার আয়তন ৮৭৫ বর্গ মাইল।

বার্লিন (Berlin)—জার্মানীর রাজধানী। সমগ্র বার্লিন প্রদেশের আয়তন ৩৩৮ বর্গ মাইল।

বালি—হুগলী জেলার একটি শহর। পূর্ব্বে এখানে একটি কাগজের কল ছিল। এখানে গঙ্গার উপরে একটি প্রকাণ্ড সেতু আছে।

বাল্টিক সাগর (Baltic Sea)—ইহা আটলান্টিক মহাসাগরের একটি শাখা। এই সমুদ্রের চতুর্দ্দিকে রুশিয়া, জার্মানী, সুইডেন, ডেনমার্ক, ফিনল্যাণ্ড, পোল্যাণ্ড প্রভৃতি রাজ্য অবস্থিত। ইহা ৯০০ মাইল দীর্ঘ ও ২০০ মাইল প্রশস্ত। ইহার আয়তন ১৬০,০০০ বর্গ মাইল।

বাহমনি রাজ্য—এই রাজ্যের প্রতিষ্ঠাতা হাসান গাঙ্গু নামে মহম্মদ তোগলকের এক রাজকর্ম্মচারী। ইহা ১৩৪৭ খৃঃ প্রতিষ্ঠিত হয়। ১৩৪৭ হইতে ১৫২৬ খৃঃ পর্য্যন্ত এই রাজ্য অক্ষুণ্ণ অবস্থায় ছিল। গুলবর্গা ছিল এই রাজ্যের রাজধানী।

বিক্রমশিলা—এখানে একটি প্রাচীন বিশ্ববিদ্যালয় ছিল। ইহা বর্ত্তমান ভাগলপুর জেলায় অবস্থিত ছিল। একাদশ শতাব্দীতে ইহা বৌদ্ধধর্ম্মচর্চ্চার কেন্দ্র ছিল। বিক্রমশিলার বৌদ্ধবিহার খৃষ্টীয় দ্বাদশ শতাব্দীতে মহম্মদ বিন বখ্‌তিয়ার কর্ত্তৃক বিধ্বস্ত হয়।

বিজয়নগর—ইহা বর্ত্তমান মাদ্রাজের অন্তর্গত মাদুরার নিকটে অবস্থিত ছিল। এখানে বিজয়নগরের হিন্দুরাজ্য স্থাপিত হয়। এই রাজবংশের সর্ব্বশ্রেষ্ঠ রাজা কৃষ্ণদেব রায়।

বিজাপুর—বাহমনি রাজ্য ধ্বংসপ্রাপ্ত হইলে বিজাপুর স্বাধীন হয়। এই বংশের রাজবংশ আদিলশাহী বংশ নামে পরিচিত। বোম্বাই-এর ২৫০ মাইল দক্ষিণ-পূর্ব্বে ইহা অবস্থিত।

বিন্ধ্য—দাক্ষিণাত্য ও উত্তর ভারতের মধ্যে অবস্থিত পর্ব্বতমালা। উহার সর্ব্বোচ্চ চূড়া ৪৫০০ ফুট।

বিশ্বভারতী—বোলপুরে শান্তিনিকেতন নামক স্থানে এই বিশ্ববিদ্যালয় অবস্থিত। ১৯০১ খৃঃ রবীন্দ্রনাথ ঠাকুর ইহা প্রতিষ্ঠা করেন। এই বিশ্ববিদ্যালয়ে সকল দেশের ভাষা ও শিল্পকলা শিক্ষা দেওয়া হয়।

বিসুবিয়াস (Visuvius)—দক্ষিণ ইটালীর বিখ্যাত আগ্নেয়গিরি। নেপলস উপসাগরের কূলে ইহা অবস্থিত। ৭৯ খৃষ্টাব্দে ইহার অগ্ন্যুৎপাত ঘটে। এই অগ্ন্যুৎপাতে পম্পেয়াই (Pompeii) ও হার্কুলেনিয়াম-নামক বিখ্যাত শহরদ্বয় বিধ্বস্ত হইয়া যায়। ইহার পরেও ইহার বহুবার অগ্ন্যুৎপাত ঘটে।

বিহার—ভারতের প্রদেশবিশেষ। পাটনা, গয়া ও শাহাবাদ—এই তিন জেলা লইয়া প্রদেশটি গঠিত। এই প্রদেশ প্রথমে বঙ্গদেশের সহিত যুক্ত ছিল। ১৯১২ খৃঃ বিহার, উড়িষ্যা ও ছোটনাগপুর মিলিয়া একটি প্রদেশ গঠিত হয়। ১৯৩৬ খৃঃ উড়িষ্যা একটি স্বতন্ত্র প্রদেশে পরিণত হইয়াছে।

বুদ্ধগয়া—গয়ার নিকটবর্ত্তী একটি প্রসিদ্ধ স্থান। এখানে বুদ্ধদেব সিদ্ধিলাভ করেন।

বুধ—ইহা একটি গ্রহ।

বুলগেরিয়া (Bulgaria)—ইউরোপের একটি রাজ্য। ইহা যুগোশ্লাভিয়া (Jugoslavia) ও কৃষ্ণসাগরের মধ্যে অবস্থিত। ইহার আয়তন ৪০,৬৫৬ বর্গ মাইল।

বুয়র (Boer)—জাতিবিশেষ। দক্ষিণ আফ্রিকার ওলন্দাজ ঔপনিবেশিকগণকে বুয়র (Boer) বলে। বুয়রদের সহিত ইংরাজদের ১৮৯৯ খৃঃ একটি যুদ্ধ আরম্ভ হয়। এই যুদ্ধে ইংরাজদিগের সেনাপতি ছিলেন লর্ড রবার্টস্ ও বুয়রদের সেনাপতি ছিলেন ক্রঞ্জি (Cronje). প্রথম দিকে বুয়রদের নিকটে ইংরাজেরা যথেষ্ট ক্ষতিগ্রস্ত হয়। পরে বুয়রগণ হারিয়া যায়। এই যুদ্ধ ১৯০২ খৃঃ শেষ হয়।

বৃন্দাবন—উত্তর প্রদেশের অন্তর্বর্তী একটি প্রসিদ্ধ স্থান। ইহা বৈষ্ণবদিগের সর্ব্বশ্রেষ্ঠ তীর্থস্থান।

বৃহস্পতি—গ্রহবিশেষ।

বেথলেহেম (Bethlehem)—প্যালেস্টাইনে জেরুজালেমের দক্ষিণ-পশ্চিমে অবস্থিত একটি শহর। ইহা যীশু খৃষ্টের জন্মস্থান হিসাবে বিশেষ বিখ্যাত।

বেদ—হিন্দুদিগের ধর্ম্মগ্রন্থ। ইহা চারি ভাগে বিভক্ত—ঋক্, সাম, যজুঃ ও অথর্ব্ব।

বেলুচিস্তান—আফগানিস্তানের দক্ষিণে অবস্থিত একটি দেশ। ইহা ভারতবর্ষ ও পারস্যের মধ্যবর্ত্তী। ইহা ভারত সাম্রাজ্যের অন্তর্গত ছিল, বর্ত্তমানে পাকিস্তানের অন্তর্গত। আয়তন ১৩৪,৬৩৮ বর্গ মাইল।

বেলজিয়াম (Belgium)—ইউরোপের একটি ক্ষুদ্র রাজ্য। ইহা ফ্রান্স, হল্যাণ্ড, জার্ম্মানী ও উত্তর সাগর দ্বারা বেষ্টিত। ইহার আয়তন ১১,৭৪৪ বর্গ মাইল। ব্রাসেলস্ (Brussels) ইহার রাজধানী।

বোম্বাই—ভারতবর্ষের দক্ষিণ-পশ্চিমে অবস্থিত প্রদেশ ও তাহার রাজধানী।

বোরোবুদুর—যবদ্বীপের অন্তর্গত একটি প্রসিদ্ধ মন্দির। ইহার দেওয়ালের গায়ে অনেক ভারতীয় কাহিনী চিত্রিত আছে।

বোলপুর—বীরভূম জেলার অন্তর্গত একটি প্রসিদ্ধ স্থান। রবীন্দ্রনাথের বিশ্বভারতী ও শান্তিনিকেতন ও শ্রীনিকেতন এই স্থানে অবস্থিত।

বোলান—সিন্ধুপ্রদেশ ও বেলুচিস্তানের [মধ্যবর্ত্তী গিরিপথ।

ব্যাবিলন—বাগ্দাদের ৬০ মাইল দক্ষিণে ইউফ্রেটিজ উপত্যকায় অবস্থিত, আসিরিয়া সাম্রাজ্যের প্রাচীন রাজধানী।

ব্যাবিলোনিয়া—এসিয়ার ইউফ্রেটিজ নদীর উপত্যকায় অবস্থিত প্রাচীন নগর।

ব্রহ্মদেশ (বর্ম্মা)—ভারতের পূর্ব্বে এই দেশটি অবস্থিত। ১৯৩৭ খৃঃ হইতে ইহা ভারত হইতে বিচ্ছিন্ন হইয়াছে। ইহার আয়তন ২৩৩,৪৯২ বর্গ মাইল। ১৯৪২ খৃঃ ইহা জাপানীদের অধিকারভুক্ত হয়। ১৯৪৫ খৃঃ ইংরাজগণ কর্ত্তৃক ইহা পুনরধিকৃত হয়। ১৯৪৮ খৃঃ ইহা বৃটিশ কমনওয়েলথের অধীনে স্বাতন্ত্র্য লাভ করিয়াছে।

ব্রহ্মপুত্র—ভারতের প্রসিদ্ধ নদ। ইহার দৈর্ঘ্য ১৮০০ মাইল। মারিয়াম লা (Mariam La)-নামক হিমালয়ের একটি শিখর হইতে ইহা উদ্ভূত হইয়াছে। ইহা বঙ্গদেশে গোয়ালন্দের নিকট পদ্মার সহিত মিলিত হইয়া বঙ্গোপসাগরে পড়িয়াছে।

ব্রিটেন (Britain)—পূর্ব্বে ইংলণ্ডকেই 'ব্রিটেন' বলা হইত।

ব্রেজিল (Brazil)—দক্ষিণ আমেরিকার সর্ব্বাপেক্ষা বৃহৎ রাজ্য। ইহার আয়তন ৩,২৭৫,৫১০ বর্গ মাইল।

ভ

ভাগীরথী—গঙ্গার একটি শাখানদী। জলঙ্গী নদীতে এই নদী পতিত হইয়াছে। জলঙ্গী ও ভাগীরথী মিলিয়া হুগলী নদী হইয়াছে।

ভিক্টোরিয়া জলপ্রপাত (Victoria Falls)—দক্ষিণ আফ্রিকার রোডেশিয়ার অন্তর্গত জাম্বেজী নদীর জলপ্রপাত। জাম্বেজী নদী যে স্থানে ৪১৫ ফুট উচ্চ হইতে পড়িতেছে, সেই স্থানটিকে ভিক্টোরিয়া জলপ্রপাত কহে।

ভিয়েনা (Vienna)—দক্ষিণ অষ্ট্রিয়ায় অবস্থিত ডানিয়ুব (Danube) নদীর শাখার তীরে অবস্থিত রাজধানী।

ভুটান—বঙ্গদেশের উত্তরে অবস্থিত স্বাধীন রাজ্য। আয়তন প্রায় ২০,০০০ বর্গ মাইল।

ভুবনেশ্বর—উড়িষ্যার অন্তর্গত পুরী জেলার একটি শহর। এখানে একটি শিবের মন্দির আছে। ঐ মন্দির প্রাচীন স্থাপত্য-শিল্পের একটি বিশেষ নিদর্শন। ইহা হিন্দুদিগের একটি তীর্থস্থান। খণ্ডগিরি ও উদয়গিরি-নামক দুইটি পাহাড় এখানে বর্তমান।

ভূপাল—১। মধ্য-ভারতের একটি দেশীয় রাজ্য। ইহার আয়তন ৬৯০২ বর্গ মাইল। ২। উক্ত রাজ্যের রাজধানী।

ভূমধ্যসাগর (Mediterranean Sea) —এই সাগর আফ্রিকা ও ইউরোপকে বিচ্ছিন্ন করিয়াছে। ইহার উত্তরে ইউরোপ, দক্ষিণে আফ্রিকা, উত্তর-পূর্বে এশিয়া। পশ্চিম হইতে পূর্বের দৈর্ঘ্য ২২০০ মাইল। সর্বাপেক্ষা বেশী বিস্তার ৭০০ মাইল। জলভাগের আয়তন ৯০০,০০০ বর্গ মাইল।

ভেস্টা (Vesta)—ইহা একটি ক্ষুদ্র গ্রহ। ১৮০৭ খৃঃ ইহা ডাক্তার অল্বার্স (Olbers) কর্তৃক আবিষ্কৃত হয়। মঙ্গল গ্রহ ও বৃহস্পতি গ্রহের মধ্যস্থলে এই গ্রহ অবস্থিত।

ম

মক্কা—মুসলমানদিগের শ্রেষ্ঠ তীর্থ ও পশ্চিম আরবের অন্তর্গত হেজাজের রাজধানী।

মগধ—বর্তমান বিহার অঞ্চলের দক্ষিণাংশ পূর্বকালে মগধ নামে অভিহিত হইত।

মঙ্গোলিয়া—সাইবেরিয়ার পূর্বে অবস্থিত একটি দেশ। ইহার কতকাংশ স্বাধীন ও কতকাংশ রুষপ্রভাবান্বিত।

মথুরা—উত্তর প্রদেশের একটি নগর; যমুনা নদীর তীরে অবস্থিত।

মদিনা—আরবের একটি নগর। মক্কার ২৪৮ মাইল উত্তর-পশ্চিমে অবস্থিত। এখানে হজরত মোহাম্মদের সমাধি বর্তমান।

মধুপুর—বিহার প্রদেশের অন্তর্গত একটি স্বাস্থ্যকর স্থান। এখানকার অধিকাংশ অধিবাসী বাঙ্গালী।

মধ্যপ্রদেশ (Central Province)—ভারতের মধ্যভাগে অবস্থিত প্রদেশবিশেষ। পরিমাণফল ১৩১,০০০ বর্গ মাইল। রাজধানী নাগপুর।

ময়মনসিংহ—১। পূর্ব পাকিস্তানে ঢাকা বিভাগের একটি জেলা। আয়তন ৬৩২০ বর্গ মাইল। ২। ময়মনসিংহ জেলার প্রধান শহর।

মস্কো (Moscow)—বর্তমান রুষ সমাজতন্ত্রের রাজধানী।

মহাযুদ্ধ (Great War) **প্রথম**—অষ্ট্রিয়ার যুবরাজ ফার্দিনান্দ সেরাজেভো নগরে আততায়ীর গুলিতে নিহত হন। আততায়ী সার্বিয়া রাজ্যে পলায়ন করিলে অষ্ট্রিয়ার গভর্ণমেণ্ট তাহাকে শাস্তি দিবার জন্য সার্বিয়াতে আপন লোক প্রেরণের দাবী করে। এই ব্যাপারে অষ্ট্রিয়া ও সার্বিয়ার মধ্যে গোলযোগের ফলে যুদ্ধ ঘোষিত হয় (১৯১৪ খৃঃ ১লা আগষ্ট)। ক্রমে ইউরোপের অধিকাংশ শক্তি এক এক পক্ষে যোগদান করে। এই যুদ্ধে এক পক্ষে ছিল অষ্ট্রিয়া, জার্মানী, তুরস্ক ও বুলগেরিয়া এবং অন্য পক্ষে ছিল সার্বিয়া, ইংলণ্ড, ফ্রান্স, রুশিয়া, গ্রীস, ইটালী, রুমানিয়া, পোর্তুগাল, জাপান ও যুক্তরাষ্ট্র। ১৯১৮ খৃঃ অবর্ণিরোধে শক্তিহীন হইয়া জার্মানী সন্ধি প্রার্থনা করিলে প্যারিসে সন্ধির খসড়া হয় ও ভার্সাই-এ তাহা স্বাক্ষরিত হয়। এই যুদ্ধে প্রায় এক কোটি লোক

হত হয় এবং ১৮,৪০০ কোটি ডলার ব্যয়িত হয়। **দ্বিতীয়**—১৯৩৯ খৃঃ জার্মানীর রাষ্ট্র-নায়ক হিটলারের নাৎসী বাহিনী পোল্যাণ্ড আক্রমণ করিলে, ইংলণ্ড ও ফ্রান্স একযোগে প্রতিবাদ জানায় এবং জার্মানীর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। পরে ক্রমে জার্মান বাহিনী রুষিয়া বাতীত প্রায় সমগ্র ইউরোপ দখল করিয়া ইটালীর সহযোগিতা লাভ করে। ক্রমে বল্কান উপদ্বীপ জার্মানীর অধিকারভুক্ত হয় এবং জাপানও জার্মানীর সঙ্গে সন্ধিবদ্ধ হইয়া ইংরাজের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। আফ্রিকায় জার্মান সৈন্তের সঙ্গে ইংরাজ সৈন্তের প্রবল যুদ্ধ হয়। ইতিমধ্যে হিটলার রুসিয়ার গতিবিধিতে সন্দিহান হইয়া হঠাৎ রুষিয়া আক্রমণ করেন। এদিকে জাপান ইংরাজের পূর্ব্ব এশিয়ার সমগ্র স্থান অধিকার করিয়া ভারতের দ্বারে উপনীত হয়। কিন্তু জার্ম্মানী পর পর দুই বৎসর রুষিয়ার সঙ্গে যুদ্ধে প্রতিহত হইয়া ফিরিয়া যায় এবং সমগ্র জার্ম্মানী ইংরাজ, মার্কিন ও রুষসৈন্তের কবলিত হয়। ইটালীরও এক দল শত্রুর সঙ্গে চক্রান্ত করিয়া ইটালীর পতন ঘটায় এবং সস্ত্রীক মুসোলিনীকে হত্যা করে। ১৯৪৫ সালের মাঝামাঝি অবধি জাপান বীরদর্পে যুদ্ধ চালাইয়া যায়, কিন্তু শেষে আমেরিকার বিমানবাহিনী জাপানের দুইটি শহরের উপর আণবিক বোমা নিক্ষেপ করিলে উহাতে জাপানের বহুলোকের প্রাণ-নাশ ঘটে এবং উহাতে জাপানের বহু ক্ষতি হয়। ফলে জাপান বাধ্য হইয়া পরাজয় স্বীকার করে এবং দ্বিতীয় মহাযুদ্ধের অবসান হয়।

মহারাষ্ট্র—দক্ষিণ ভারতের একটি প্রাচীন প্রদেশ। পশ্চিমে আরবসাগর হইতে উত্তরে সাতপুরা পর্ব্বতশ্রেণী পর্য্যন্ত ইহার বিস্তৃতি। বর্ত্তমান কঙ্কণ, খান্দেশ, বেরার, নাগপুরের কিয়দংশ এবং নিজাম রাজ্যের প্রায় অর্দ্ধাংশ প্রাচীন মহারাষ্ট্রের অন্তর্গত ছিল।

মহীশূর (Mysore)—১। দক্ষিণ ভারতের একটি বৃহৎ দেশীয় রাজ্য; আয়তন ২৯,৫০০ বর্গ মাইল। মহীশূরের মহারাজা জাতিতে হিন্দু, অধিবাসীদেরও অধিকাংশই হিন্দু। ২। মহীশূর রাজ্যের রাজধানী।

মাঞ্চুরিয়া (বা **মাঞ্চুকুয়ো**)—চীন গণতন্ত্রের উত্তর-পূর্ব্বভাগে অবস্থিত একটি প্রদেশ।

মাড়বার—এই প্রদেশের অপর নাম যোধ-পুর; ইহা রাজপুতনার একটি করদরাজ্য। আয়তন ৩৪,৯৬৩ বর্গ মাইল।

মাদ্রাজ—১। ভারতবর্ষের একটি প্রদেশ। দেশীয় রাজ্য বাদে ইহার আয়তন ১ লক্ষ ৪২ হাজার বর্গ মাইল—বঙ্গদেশের প্রায় দ্বিগুণ। ২। মাদ্রাজ প্রদেশের রাজধানী। ইহা ভারতবর্ষের তৃতীয় নগর।

মানস সরোবর—তিব্বতদেশের একটি হ্রদ। হিন্দুদের পুরাণের নানাস্থানে মানস সরোবরের উল্লেখ আছে।

মামী (Mummie)—সুগন্ধি দ্রব্যাদি দ্বারা সংরক্ষিত অতি প্রাচীনকালের শবদেহ-বিশেষ। মিশরদেশেই অধিকাংশ মামী পাওয়া গিয়াছে। পেরু, মেক্সিকো এবং পারস্তদেশেও মামী আবিষ্কৃত হইয়াছে। তবে মিশরের মামীই সমধিক প্রসিদ্ধ। মামীগুলির মধ্যে ১৩৫০ খৃষ্ট পূর্ব্বাব্দের তুতেন-খামেনের মামী বিশেষ উল্লেখযোগ্য। ৭০০ খৃষ্টাব্দের কিছু পূর্ব্বে এই মামী করার প্রথা উঠিয়া যায়।

মালয় আর্কিপেল্যাগো (Malaya Archipelago)—বঙ্গোপসাগরের আন্দা-মান ও নিকোবর দ্বীপপুঞ্জ হইতে প্রশান্ত মহাসাগরের সোলোমন-নামক দ্বীপপুঞ্জ পর্য্যন্ত ৪৮০০ মাইলব্যাপী সমুদ্রপৃষ্ঠের অন্তর্ব্বর্ত্তী দ্বীপসমষ্টিকে মালয় আর্কিপেল্যাগো নামে অভিহিত করা হয়। সুমাত্রা, জাভা, বোর্ণিও, সেলিবিস, ফিলিপাইন, নিউ গিনি প্রভৃতি দ্বীপগুলি ইহার অন্তর্গত।

মাহেন-জো-দারো—সিন্ধুদেশের একটি স্থান। এখানে খননের ফলে ভূগর্ভ হইতে ইষ্টকনির্মিত গৃহ, স্নানাগার, পয়ঃপ্রণালী, মনুষ্য, পশুপক্ষী প্রভৃতির মূর্তি (অশ্বমূর্তি দৃষ্ট হয় নাই), বিচিত্র পাত্রাদি, স্বর্ণময় এবং হীরকাদি জড়িত অলঙ্কার প্রভৃতি আবিষ্কৃত হইয়াছে। এই সকল নিদর্শন যীশু খৃষ্টের জন্মেরও পূর্ববর্তী প্রায় ৫ সহস্র বৎসরের পুরাতন।

মিথিলা—বর্তমান ত্রিহুত অঞ্চল পূর্বকালে মিথিলা নামে খ্যাত ছিল। এই স্থানে জনক রাজার পুরী ছিল।

মিশর (Egypt)—আফ্রিকার একটি স্বাধীন রাজ্য। রাজধানী কাইরো। পরিমাণফল সাড়ে তিন লক্ষ বর্গ মাইল।

মিসিসিপি (The Mississipi)—উত্তর আমেরিকার দীর্ঘতম নদী। ইটাস্কা হ্রদ হইতে উৎপন্ন হইয়া মেক্সিকো উপসাগরে পড়িয়াছে। ইহার দৈর্ঘ্য ২৫৮৭ মাইল।

মুর্শিদাবাদ—১। পশ্চিমবঙ্গের একটি জেলা। আয়তন ২১০০ বর্গ মাইল। ২। মুর্শিদাবাদ জেলার একটি প্রাচীন নগর। ইহা ভাগীরথীর তীরে অবস্থিত।

মেক্সিকো (Mexico)—উত্তর আমেরিকার একটি স্বাধীন গণতন্ত্র রাষ্ট্র।

মেদিনীপুর—১। পশ্চিমবঙ্গের একটি জেলা। আয়তন প্রায় ৫০০০ বর্গ মাইল। ২। মেদিনীপুর জেলার সদর।

মেবার—ইহার অপর নাম উদয়পুর। অধুনা এই রাজ্য রাজপুতানার একটি করদ রাজ্য।

মেসোপোটেমিয়া (Mesopotamia)—পশ্চিম-এশিয়ার একটি স্বাধীন রাজ্য; টাইগ্রিস এবং ইউফ্রেটিস নদীদ্বয়ের অন্তর্বর্তী সমভূমি ব্যাপিয়া অবস্থিত। আয়তন ১৪৩,২৫০ বর্গ মাইল।

ম্যাসিডোনিয়া—দক্ষিণ-পূর্ব ইউরোপের একটি অঞ্চল। বর্তমানে ইহা গ্রীস, বুলগেরিয়া ও যুগোস্লাভিয়ার অন্তর্ভুক্ত। প্রাচীন কালে ইহা একটি শক্তিশালী সাম্রাজ্যের কেন্দ্র ছিল।

য

যমুনা—গঙ্গার উপনদীবিশেষ। উৎপত্তিস্থান হইতে প্রয়াগ বা এলাহাবাদ পর্যন্ত ইহার দৈর্ঘ্য ৮৬০ মাইল। তেহ্‌রি-গাড়োয়াল রাজ্যের একটি পার্বত্য তুষার-স্রোত হইতে ইহার উৎপত্তি। প্রয়াগ বা এলাহাবাদের নিকট আসিয়া গঙ্গার সহিত মিলিত হইয়াছে।

যুক্তপ্রদেশ বা উত্তর প্রদেশ—উত্তর ভারতের একটি প্রদেশ। আগ্রা ও অযোধ্যা এই দুইটি প্রদেশ সংযুক্ত করিয়া এই প্রদেশটি গঠিত হইয়াছে। ইহার পরিমাণফল ১১২,০০০ বর্গ মাইল।

যুক্তরাজ্য—(United Kingdom of Great Britain and Ireland)—ইংলণ্ড, স্কটল্যাণ্ড, ওয়েল্‌স্‌ ও আয়ার্ল্যাণ্ড এই কয়েকটি প্রদেশ লইয়া এই দেশটি গঠিত। ইহার পরিমাণফল প্রায় ১২১,০০০ বর্গ মাইল।

যুক্তরাষ্ট্র—(United States of America)—এই দেশটি উত্তর আমেরিকার প্রায় মধ্যস্থলে অবস্থিত। ওয়াশিংটন ইহার রাজধানী।

যুগোস্লাভিয়া (Jugoslavia)—এই নূতন রাজ্যটি পুরাতন সার্বিয়া, মন্টিনিগ্রো, ক্রোশিয়া, ডালমাশিয়া, বোস্নিয়া, হার্জিগোভিনা এবং স্লাভনিয়া—এই কয়টি প্রদেশ লইয়া গঠিত। ১৯৪১ খৃঃ জার্মানীর আক্রমণফলে ইহা পুনরায় বিভিন্ন অংশে বিভক্ত হইয়াছে।

র

রঞ্জন-রশ্মি (X-Rays)—১৮৯৫ খৃষ্টাব্দে প্রফেসর Rontgen কর্তৃক ইহা আবিষ্কৃত

হয়। ইহা দ্বারা কোন অস্বচ্ছ দ্রব্যের মধ্যস্থ পদার্থ দৃষ্ট হয় কিংবা শরীরমধ্যস্থ অস্থি প্রভৃতির আলোকচিত্র গৃহীত হইয়া থাকে।

রয়টার (Reuter)—ব্রিটিশ ও আন্তর্জাতিক সংবাদ-সরবরাহের প্রতিষ্ঠান। ১৮৪৯ খৃঃ ব্যারন জে, ডি, রয়টার কর্তৃক ইহা স্থাপিত হয়। রয়টার ভারতবর্ষের সংবাদ-পত্রসমূহে বৈদেশিক সংবাদ সরবরাহ করিয়া থাকে।

রাজপুতানা—আজমীর-মাড়বারের ব্রিটিশ পলিটিক্যাল এজেন্টের কর্তৃত্বাধীনে পরিচালিত ২০টি ভারতীয় রাজ্য। ইহার পরিমাণ-ফল ১২৯,০৫৯ বর্গ মাইল।

রামধনু—আকাশে মেঘের সূক্ষ্ম জলকণার উপর বিপরীত দিক হইতে সূর্য্যরশ্মি পড়িয়া রামধনুর সৃষ্টি হয় এবং তাহাতে সূর্য্যের কিরণ সাতটি বর্ণে বিশ্লিষ্ট হয়। এই সাতটি রঙ—বেগুনী, নীল, গাঢ়নীল, সবুজ, হলুদে, কমলা ও লাল।

রুশিয়া (Russia)—দেশ। এই বৃহৎ দেশটি ইউরোপের প্রায় অর্দ্ধাংশ এবং এসিয়ার প্রায় এক-তৃতীয়াংশ পরিমিত স্থান ব্যাপিয়া অবস্থিত। ইহার পরিমাণফল ৮২৫,০০০,০০০ বর্গ মাইল।

রেঙ্গুন—দক্ষিণ ব্রহ্ম বা লোয়ার বার্ম্মার অন্তর্গত পেগু বিভাগের একটি জেলা। ইহার পরিমাণফল ৪২৩৬ বর্গ মাইল। রেঙ্গুন শহর ব্রহ্মদেশের রাজধানী।

রোম (Rome)—ইটালীর রাজধানী। টাইবার নদীতীরে অবস্থিত।

ল

লণ্ডন (London)—ইংলণ্ড ও বিশাল বৃটিশ সাম্রাজ্যের রাজধানী। এই নগরটি পৃথিবীর বৃহত্তম শহর। টেমস্ নদীর উত্তর ও দক্ষিণ উভয় তীরেই ইহা অবস্থিত। ইহার আয়তন ৬৯৩ বর্গ মাইল।

লাইবিরিয়া (Liberia)—আফ্রিকার একটি স্বাধীন সাধারণতন্ত্র রাজ্য। মুক্তি-প্রাপ্ত আফ্রিকার ক্রীতদাসদিগের জন্য ১৮৪৭ খৃষ্টাব্দে এই সাধারণতন্ত্র প্রতিষ্ঠিত হয়। ইহার আয়তন ৪০,০০০ বর্গ মাইল।

লামা (Lama)—তিব্বত দেশের বৌদ্ধ-মঠের প্রধান পুরোহিতের উপাধি লামা; ইহাদের মধ্যে দলাই-লামা সর্ব্বপ্রধান এবং তাসি-লামা দ্বিতীয়। [রাজধানী।

লাহ্‌সা বা লাসা (Lhasa)—তিব্বতের

লিচ্ছবি—উত্তর-ভারতের প্রাচীন বৈশালী রাজ্যের একটি শক্তিশালী জাতি।

লিবিয়া (Libya)—উত্তর-আফ্রিকার ইটালীর অধিকৃত রাজ্য। ইহার আয়তন ৪০৬,৫০০ বর্গ মাইল। রাজধানী ত্রিপলি।

লেজিস্‌লেটিভ অ্যাসেম্ব্লি (Legislative Assembly)—প্রাদেশিক ব্যবস্থা-পরিষদ। ভারত-শাসন আইন অনুসারে ১৯৩৭ খৃঃ ১লা এপ্রিল হইতে প্রদেশের আইন প্রণয়নের জন্য প্রত্যেক প্রদেশে ব্যবস্থা-পরিষদ্ স্থাপিত হইয়াছে। প্রদেশের জনসাধারণের নির্ব্বাচিত প্রতিনিধি দ্বারা এই পরিষদ্ গঠিত। প্রত্যেক ব্যবস্থা-পরিষদ্ ৩ বৎসর স্থায়ী হয়।

ল্যাপ্‌ল্যাণ্ড (Lapland)—ইউরোপের নরওয়ে, সুইডেন ও রুশিয়ার উত্তর অংশকে, বিশেষতঃ বাল্টিক সাগর ও শ্বেত সাগরের মধ্যস্থ সুইডেন দেশের উত্তর-পূর্ব্ব অংশকে ল্যাপ্‌ল্যাণ্ড বলে।

শ

শক—যাযাবর জাতি। এই জাতি প্রথমে অক্ষু নদীর তীরে বাস করিত। পরে ইউচি জাতির আক্রমণে স্বীয় বাসস্থান পরিত্যাগ করিয়া ভারতবর্ষে প্রবেশ করে। ক্রমশঃ ইহারা উত্তরে তক্ষশীলা ও মথুরায় এবং দক্ষিণে মালব ও সৌরাষ্ট্রে ভিন্ন ভিন্ন রাজ্য স্থাপন করে। ইহাদের এক শাখা প্রবল

শতাব্দীর শেষভাগ হইতে চতুর্থ শতাব্দীর শেষভাগ পর্যান্ত এদেশে রাজত্ব করিয়াছিল।

শকাব্দ—কুশানবংশের রাজা কনিষ্ক কর্ত্তৃক প্রবর্ত্তিত একটি সম্বৎ। কনিষ্ক ৭৮ খৃষ্টাব্দে সিংহাসনে আরোহণ করিয়াছিলেন এবং এই ঘটনা চিরস্মরণীয় করিবার জন্য 'শকাব্দ' নামে একটি অব্দ প্রচলিত করেন।

শতদ্রু (Sutlej)—সিন্ধুর একটি উপনদী। মানস সরোবর হইতে ইহার উৎপত্তি।

শা ত-ই ল-আ র ব—পারস্যোপসাগরের মোহনায় অবস্থিত নদী। তাইগ্রিস ও ইউফ্রেটিস নদী মিলিয়া এই নদী হইয়াছে। ইহার দৈর্ঘ্য ১২০ মাইল।

শান্তিনিকেতন—মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর কর্তৃক প্রতিষ্ঠিত একটি আশ্রম। ইহা বীরভূম জেলার বোলপুর-নামক স্থানে অবস্থিত।

শান্তিপুর—নদীয়া জেলার একটি প্রসিদ্ধ পল্লী। এই স্থান বস্ত্রশিল্পের জন্য বিশেষ প্রসিদ্ধ ছিল।

শিলং—খাসিয়া পাহাড়ের উপর অবস্থিত আসামের রাজধানী। সমুদ্রপৃষ্ঠ হইতে এই স্থানের উচ্চতা প্রায় ৫০০০ ফুট।

শিলিগুড়ি—দার্জিলিং জেলার একটি মহকুমা।

শ্যাম—ইন্দো-চীনের স্বাধীন রাজ্য। ইহা ব্রহ্মদেশের দক্ষিণ-পূর্ব্বে অবস্থিত। ইহার পরিমাণফল ২০০,২৩৪ বর্গ মাইল। বর্ত্তমান নাম থাইল্যাণ্ড। রাজধানী ব্যাঙ্কক।

শ্রাবস্তি—উত্তর প্রদেশে অবস্থিত গোণ্ডা জেলার অন্তর্গত প্রাচীন নগরী। ইহার আধুনিক নাম সাহেত-মাহেত।

শ্রীনগর—ঝিলাম নদীর তীরস্থ একটি শহর। কাশ্মীরের রাজধানী।

শ্রীনিকেতন—বোলপুরের অন্তর্গত রবীন্দ্রনাথ ঠাকুরের পল্লীর উন্নতিবিধায়ক আশ্রম। এখানে কৃষি, পশুপালন প্রভৃতি শিক্ষা দেওয়া হয়।

শ্রীহট্ট (Sylhet)—আসামের একটি জেলা ও তাহার সদর। ১৯৪৭ খৃঃ ইহার কতকাংশ পূর্ব্ব পাকিস্তানের সহিত যুক্ত হইয়াছে।

স

সপ্তর্ষি মণ্ডল—উত্তরাকাশের একটি নক্ষত্রমণ্ডল। ইহাতে সাতটি প্রধান নক্ষত্র আছে। প্রাচীন ভারতীয়গণ এই সাতটি নক্ষত্রকে প্রাচীন ভারতের সাতজন ঋষির নামে অভিহিত করেন। উক্ত ঋষিগণের নাম :— অত্রি, ক্রতু, পুলহ, পুলস্ত্য, অঙ্গিরা, বশিষ্ঠ ও মরীচি। ইংরেজীতে ইহাকে 'ভল্লুক মণ্ডল' বা Great Bear বলে।

আর একটি ক্ষুদ্র সপ্তর্ষিমণ্ডল আছে, তাহাকে 'লঘু সপ্তর্ষি' বা Little Bear বলে।

সম্মিলিত জাতি-প্রতিষ্ঠান (U. N. O. সংস্থা—United Nation's Organisation)—২য় মহাসমরের অবসানে পৃথিবীতে যাহাতে আর যুদ্ধ না হয়, জনগণের অভাব অভিযোগ যাহাতে দূরীভূত হয় সেই উদ্দেশ্যে পৃথিবীর বিভিন্ন জাতির প্রতিনিধিগণ সানফ্রান্সিস্কোতে মিলিত হইয়া সম্মিলিত জাতি প্রতিষ্ঠান গঠন করেন। (১) সাধারণ পরিষদ (২) নিরাপত্তা বা রক্ষি পরিষদ (সিকিউরিটি কাউন্সিল) (৩) অর্থনৈতিক পরিষদ (৪) অছি বা অভিভাবক পরিষদ (ট্রাষ্টিশিপ কাউন্সিল) (৫) আন্তর্জাতিক বিচার পরিষদ ও (৬) কর্ম্মনির্ব্বাহক পরিষদ বা সেক্রেটারিয়েট এই কয়টি ইহার বিভাগ। অধিকন্তু শ্রমিক প্রতিষ্ঠান, খাদ্য প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান প্রভৃতি আরও বহু উপবিভাগ ইহাতে আছে।

সাইপ্রাস (Cyprus)—ভূমধ্যসাগরে ইংরাজাধিকৃত একটি দ্বীপ।

সাইবেরিয়া (Siberia)—উত্তর-এশিয়ার একটি বিস্তৃত রুশীয় রাজ্য। পশ্চিমে উরাল পর্ব্বত হইতে পূর্ব্বে প্রশান্ত সাগর এবং বেরিং

প্রণালী পর্যন্ত বিস্তৃত। আয়তন ৪,২১০,৪২০ বর্গ মাইল।

সাইমুম (Simoom)—উত্তর আফ্রিকা এবং আরবের মরুভূমিতে একপ্রকার বালুকা-ঝড়কে সাইমুম বলে।

সাংহাই (Shanghai)—চীনের কিয়াংসু প্রদেশে উসাং নদীর তীরে অবস্থিত একটি সামুদ্রিক বন্দর।

সাঁওতাল—ভারতের অসভ্য আদিম অধিবাসী। বর্তমানে ইহারা প্রধানতঃ বিহার প্রদেশের ছোটনাগপুর অঞ্চলে সাঁওতাল পরগণাদিতে বাস করিতেছে।

সাঁওতাল পরগণা—বিহার প্রদেশের ছোটনাগপুর বিভাগের একটি অঞ্চল এই নামে অভিহিত। ইহা বঙ্গদেশের সীমান্তে অবস্থিত।

সাতপুরা পর্ব্বত—এই পর্ব্বতশ্রেণী দক্ষিণ-ভারতের নর্ম্মদা এবং তাপ্তী নদীদ্বয়ের অববাহিকাকে বিচ্ছিন্ন করিতেছে।

সার্ব্বিয়া (Serbia)—পূর্বে ইহা ইউরোপের একটি স্বাধীন রাজ্য ছিল।

সাহারা (Sahara)—পৃথিবীর সর্ব্ববৃহৎ মরুভূমি, উত্তর আফ্রিকায় অবস্থিত। সমগ্র মরুভূমির আয়তন প্রায় ৩০ লক্ষ বর্গ মাইল।

সিংহল (Ceylon)—ভারতবর্ষের দক্ষিণে ভারত মহাসাগরের একটি দ্বীপ। রাজধানী কলম্বো। আয়তন ২৪,৮১০ বর্গ মাইল।

সিঙ্গাপুর (Singapore)—১। ভারত-মহাসাগরে প্রণালী উপনিবেশের অন্তর্গত একটি দ্বীপ। ১৯৪২ খৃঃ ইহা জাপানের শাসনাধীন হয় এবং ১৯৪৫ খৃঃ জাপানের পতনের পর পুনরায় ইংরাজ অধিকারে আসে। আয়তন ২১৭ বর্গ মাইল। ২। প্রণালী উপনিবেশের রাজধানী। জাপানীরা ইহার নাম দিয়াছিল 'সোনান'।

সিন্ধুদেশ—বোম্বাই প্রেসিডেন্সি প্রদেশের উত্তর-পশ্চিমে অবস্থিত একটি প্রদেশ। আয়তন প্রায় ৪৭ হাজার বর্গ মাইল। বর্তমানে ইহা পাকিস্তানের অন্তর্ভুক্ত।

সিন্ধুনদ (Indus)—উত্তর ভারতের প্রসিদ্ধ নদ। তিব্বতের মানস সরোবরের উত্তরস্থিত পার্ব্বত্য অঞ্চল হইতে উদ্ভূত হইয়া কাশ্মীর অভিমুখে নাঙ্গা পর্ব্বতের পাদদেশ দিয়া প্রবাহিত হইয়া পঞ্জাব ও সিন্ধুদেশের মধ্য দিয়া আরব সাগরে পতিত হইয়াছে। এই নদের দৈর্ঘ্য ১৮০০ মাইল।

সিপ্রা—ভারতের একটি নদী। বিন্ধ্য পর্ব্বত হইতে উৎপন্ন হইয়া যমুনা নদীর সহিত মিলিত হইয়াছে।

সিমলা—পঞ্জাব প্রদেশের একটি পার্ব্বত্য স্বাস্থ্য-নিবাস; সমুদ্রপৃষ্ঠ হইতে ইহার উচ্চতা ৭০৭৫ ফুট। বড়লাট বাহাদুরের গ্রীষ্মাবাস।

সিরিয়া (Syria)—আরব ও তুরস্কের অন্তর্ব্বর্ত্তী ভূমধ্যসাগরের পূর্ব্বোপকূলবর্ত্তী প্রদেশ। আয়তন প্রায় ৬০ হাজার বর্গ মাইল।

সিসিলি (Sicily)—ভূমধ্যসাগরের সর্ব্ব-বৃহৎ দ্বীপ। আয়তন ৯৯৩৫ বর্গ মাইল।

সুইজারল্যাণ্ড (Switzerland)—মধ্য ইউরোপের একটি দেশ। রাজধানী বার্ন। আয়তন ১৫,৯৯০ বর্গ মাইল।

সুইডেন (Sweden)—উত্তর ইউরোপের স্কাণ্ডিনেভিয়া উপদ্বীপের অন্তর্গত একটি দেশ। রাজধানী ষ্টকহল্‌ম্। আয়তন ১৭৩,০৩৫ বর্গ মাইল।

সুন্দরবন—বঙ্গদেশের দক্ষিণাংশে হুগলী এবং মধুমতী নদীদ্বয়ের মোহনার মধ্যস্থানে ১৬৫ মাইল দীর্ঘ এবং ৮৫ মাইল প্রশস্ত স্থান ব্যাপিয়া সমুদ্রোপকূলে অবস্থিত একটি বৃহৎ জঙ্গল এই নামে অভিহিত।

সুমাত্রা (Sumatra)—ভারত মহাসাগরের পূর্ব্বভারতীয় দ্বীপপুঞ্জের অন্তর্গত একটি দ্বীপ। আয়তন ২৬১,৬১২ বর্গ মাইল।

সুয়েজ খাল (Suez Canal)—সুয়েজ

যোজকের কয়েকটি হ্রদ ও খাল কাটিয়া সুয়েজ খাল তৈয়ারী হইয়াছে এবং এতদ্দারা লোহিতসাগর ও ভূমধ্যসাগরকে সংযুক্ত করা হইয়াছে। ১৮৬৯ খৃষ্টাব্দে প্রথম সুয়েজ খাল খোলা হয়। ইহার দৈর্ঘ্য ৯৯ মাইল।

সেকেন্দ্রা—আগ্রার নিকটবর্তী একটি স্থান। এখানে বাদশাহ্ আকবরের সমাধি আছে।

সেণ্ট হেলেনা (St. Helena)—দক্ষিণ-আটলাণ্টিক মহাসাগরে ইংরাজাধিকৃত একটি দ্বীপ; আয়তন ৪৭ বর্গ মাইল মাত্র।

সেতুবন্ধ রামেশ্বর—দক্ষিণ ভারতে হিন্দুদিগের একটি শ্রেষ্ঠ তীর্থ। ইহা কুমারিকা এবং সিংহল দ্বীপের মধ্যবর্তী প্রণালী-মধ্যে পাম্বান-নামক একটি ক্ষুদ্র দ্বীপে অবস্থিত।

সৈয়দ বন্দর (Port Said)—মিসরের একটি সামুদ্রিক বন্দর; সুয়েজ খালের উত্তর প্রান্তে অবস্থিত।

সোভিয়েট (Soviet)—রুশিয়ার রাষ্ট্র-পরিষদ্। 'সোভিয়েট' শব্দের মূল অর্থ 'সভা' বা 'পরিষদ্'। রুশিয়ার গ্রাম, নগর এবং কার-খানা প্রভৃতি প্রতিষ্ঠানাদির সমিতি হইতে প্রতিনিধি নির্বাচিত হইয়া যে দুইবার প্রাদে-শিক সমিতি গঠিত হয় তাহাকে 'All Russian Congress of Soviets' বলে। এই সভার সভ্যগণ নিজেদের মধ্য হইতে সভ্য নির্বাচিত করিয়া কেন্দ্রীয় কার্যকরী সমিতি (Central Executive Committee) গঠন করেন। এই শেষোক্ত সমিতি হইতে পুনরায় প্রতিনিধি গৃহীত হইয়া রাষ্ট্রের গণতন্ত্রমূলক শ্রেষ্ঠ রাষ্ট্র পরিষদ্ গঠিত হয়। এই পরিষদের সভাপতিই দেশের রাষ্ট্রনেতা।

সোমনাথের মন্দির—সোমনাথ বোম্বাই প্রদেশের দ্বারকা হইতে প্রায় ৪ একটি প্রাচীন শহর। খৃষ্টীয় ৮ম শতাব্দী হইতে ইহা রাজপুত রাজাদিগের অধিকারভুক্ত ছিল। নগর-প্রাচীরের বহির্ভাগে মহাদেবের একটি মন্দির ছিল; বিগ্রহের নাম সোমনাথ। এই মন্দির-মধ্যে বহু দেবোত্তর ধনরত্নাদি ছিল। গজনীপতি সুলতান মাহ্মুদ ১০২৪ খৃষ্টাব্দে সোমনাথের মন্দিরে প্রবেশপূর্বক লুণ্ঠন করেন। ভারত স্বাধীন হইবার পর এই মন্দির পুনর্নির্মিত হইয়াছে।

সোমালিল্যাণ্ড (Somaliland)—আফ্রিকার পূর্ব উপকূলে অবস্থিত ভূভাগ। ইহাতে বৃটিশ, ইতালীয় এবং ফরাসীদের পৃথক পৃথক অধিকার আছে।

সৌরজগৎ (Solar System)—গ্রহ, উপগ্রহ এবং উল্কাপিণ্ডাদি যে সকল পদার্থ নিয়ত গগনমার্গে সূর্যকে প্রদক্ষিণ করিতেছে, সূর্যসমেত তৎসমূহ 'সৌরজগৎ' নামে অভিহিত হয়। এ পর্যন্ত সৌরজগতে নয়টি গ্রহ আবিষ্কৃত হইয়াছে:—(১) বুধ (Mercury), (২) শুক্র (Venus), (৩) পৃথিবী (Earth), (৪) মঙ্গল (Mars), (৫) বৃহস্পতি (Jupiter), (৬) শনি (Saturn), (৭) ইউরেনাস (Uranus), (৮) নেপচুন (Neptune), (৯) প্লুটো (Pluto).

স্কট্‌ল্যাণ্ড (Scotland)—গ্রেট ব্রিটেনের উত্তরাংশ এই নামে অভিহিত। সন্নিহিত দ্বীপগুলিসহ ইহার আয়তন ৩০,৪০৫ বর্গ মাইল।

স্ক্যাণ্ডিনেভিয়া (Scandinavia)—উত্তর ইউরোপের সমুদ্রবেষ্টিত উপদ্বীপ। নরওয়ে এবং সুইডেন এই দুইটি দেশ ইহার অন্তর্গত।

স্ট্যালিনগ্রাড—ইউরোপীয় রুশিয়ার দক্ষিণ-পূর্বাঞ্চলে ভল্‌গা নদীর তীরে অবস্থিত একটি শহর। এখানকার যুদ্ধে পরাজয়েই নাৎসী জার্মানীর পতনের সূচনা করে।

স্পার্টা (Sparta)—গ্রীসের প্রসিদ্ধ প্রাচীন শহর। এই শহর খৃষ্টপূর্ব নবম শতাব্দী হইতে ১৪৫ খৃষ্ট পূর্বাব্দ পর্যন্ত বিশেষ উন্নত ছিল।

স্পেন (Spain)—দক্ষিণ-পশ্চিম ইউরোপে আইবেরিয়ান উপদ্বীপের অন্তর্গত একটি দেশ। রাজধানী মাদ্রিদ। আয়তন ১৯৪,৭৮৩ বর্গ মাইল।

হ

হস্তিনাপুর—গঙ্গাতীরে অবস্থিত একটি পৌরাণিক নগর। ইহা কুরু-রাজ্যের রাজধানী ছিল। বর্ত্তমানে ইহা গঙ্গাগর্ভে।

হংকং—চীনের দক্ষিণ-পূর্ব্বে অবস্থিত দ্বীপ-বিশেষ। বর্ত্তমানে ইহা জাপানের অধিকৃত। ইহার আয়তন ৩৯০ বর্গ মাইল।

হজ্জ—মক্কা তীর্থ দর্শন। ইহা হইতে হাজী বা মক্কা তীর্থ দর্শনকারী কথাটি আসিয়াছে।

হনলুলু—হাওয়াই দ্বীপপুঞ্জের রাজধানী।

হরিদ্বার—উত্তর প্রদেশের সাহারাণপুর জেলায় অবস্থিত একটি শহর। ইহা গঙ্গার তীরে অবস্থিত। ইহা হিন্দুদিগের একটি শ্রেষ্ঠ তীর্থস্থান।

হলিউড (Hollywood) - কালিফোর্নিয়ার লস এঞ্জেলিসের অন্তর্গত চলচ্চিত্র উৎপাদনের সর্ব্বশ্রেষ্ঠ কেন্দ্র।

হল্যাণ্ড (Holland)—জার্ম্মানীর উত্তর-পশ্চিমে অবস্থিত রাজ্য। আমষ্টার্ডাম (Amsterdam) এই রাজ্যের রাজধানী।

হাউস অভ কমন্স (House of Commons)—ইংলণ্ডের পার্লামেন্টের নিম্নতর সদস্য-সংখ্যা ছিল ৬৭০ ; আয়ার্লাণ্ড স্বায়ত্ত-শাসন লাভ করার পর হইতে সদস্য-সংখ্যা হইয়াছে ৬১৫। সাধারণতঃ ৪ বৎসর অন্তর সভ্য-নির্ব্বাচন হয়।

হাউস অভ লর্ডস (House of Lords) —ইংলণ্ডের পার্লামেন্টের সভাবিশেষ। হাউস অভ কমন্স (House of Commons)-এ জনসাধারণের প্রতিনিধিরা বসিতে পারেন; কিন্তু এই সভায় কেবল উচ্চপদস্থ ধর্ম্মযাজকেরা (Archbishops and Bishops), ব্যারন (Baron) প্রভৃতি বিশিষ্ট উপাধিযুক্ত জায়গীরদারেরা বসিয়া থাকেন।

হাওড়া—১। বর্দ্ধমান বিভাগের একটি জেলা। ২। হাওড়া জেলার প্রধান শহর। ইহা কলিকাতার অপর পারে অবস্থিত।

হাওয়াই (Howaii)—যুক্তরাষ্ট্রের অধীন প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জ।

হাঙ্গেরী (Hungary)—মধ্য ইউরোপের একটি সাধারণতন্ত্র। ইহার আয়তন ৩৫,৬৫৪ বর্গ মাইল। [শহর।

হাজারিবাগ—ছোটনাগপুরের জেলা ও

হায়দরাবাদ—দাক্ষিণাত্যের সর্ব্বাপেক্ষা বৃহৎ দেশীয় রাজ্য। ইহাকে নিজাম-রাজ্য বলিয়াও অভিহিত করা হয়। ইহার আয়তন ৮২,৬৯৮ বর্গ মাইল। এই স্থানে কাশিম রাজভী-নামক উগ্র সাম্প্রদায়িকতাবাদী নেতার অধীনে রাজাকার দল গঠিত হয় এবং নিজাম সৈন্যের সহযোগিতায় ইহারা হিন্দুদের উপর অমানুষিক অত্যাচার চালায়। ভারত সরকার বহুকাল ইহা সহ্য করিয়া শেষে হায়দরাবাদ আক্রমণের জন্য সৈন্য প্রেরণ করেন। মাত্র ৭ দিনে হায়দরাবাদের নিজাম আত্মসমর্পণ করেন।

হারাকিরি—জাপানীদের মধ্যে প্রচলিত উদরে অস্ত্রাঘাত করিয়া আত্মহত্যা করিবার প্রথা।

হার্ভার্ড (Harvard)—আমেরিকার যুক্ত-রাষ্ট্রের অন্তর্গত একটি শহর। এখানকার বিশ্ববিদ্যালয় বিখ্যাত।

হার্শেল (Herschel)—ইউরেনাস (Uranus)-নামক গ্রহ।

হিজিরাব্দ—হজরত মোহাম্মদের মদিনা যাত্রা হইতে গণিত অব্দ। ইহা ৬২২ খৃঃ হইতে গণনা করা হইয়া থাকে।

হিন্দুকুশ—আফগানিস্তানের উত্তরে অবস্থিত পর্ব্বতমালা। ইহাকে পশ্চিম হিমালয়েরই একটি শাখা বলা হয়। ইহার সর্ব্বোচ্চ শৃঙ্গ ২৭,০০০ ফুট।

হিমালয়—ভারতবর্ষ ও তিব্বতের মধ্যে অবস্থিত পর্ব্বতমালা। ইহা পৃথিবীর মধ্যে সর্ব্বোচ্চ পর্ব্বত। ইহার সর্ব্বোচ্চ শৃঙ্গ তিনটি—এভারেষ্ট, গড্উইন্ অষ্টেন (Godwin Austen) ও কাঞ্চনজঙ্ঘা। উহাদের উচ্চতা যথাক্রমে ২৯,১৪০, ২৮,৮১৫ ও ২৮,২৫০ ফুট। ইহা ১৫০০ মাইল দীর্ঘ।

হুগলী—১। বর্দ্ধমান বিভাগের জেলা ও শহর। চুঁচুড়া ইহার সদর। ২। ভাগীরথী নদীর অপর নাম হুগলী নদী।

হেক্লা (Hecla)—দক্ষিণ-পশ্চিম আইস্‌ল্যাণ্ডের একটি আগ্নেয়গিরি।

হেগ (The Hague)—দক্ষিণ হল্যাণ্ডের রাজধানী।

[মক্কা ইহার রাজধানী]

হেজাজ—আরব দেশের একটি প্রদেশ।

হোলকার—ইন্দোরের রাজাদের 'হোলকার' বলা হইয়া থাকে। ইহারা জাতিতে মারাঠা। বাজীরাও-এর একজন কর্ম্মচারী ইন্দোরে হোলকার রাজবংশের প্রতিষ্ঠা করেন।

আদর্শ বাঙ্গালা অভিধান

১ম পরিশিষ্ট

ভাষাবিচার

সংস্কৃত ভাষাই বাঙ্গালা ভাষার জননী। তবে পূর্ব্বকাল হইতে ইহার সহিত আদিম নিবাসীদের ভাষা এবং প্রাকৃত ভাষা হইতে অনেক শব্দ মিলিত হইয়াছে। মুসলমানদের রাজত্বকালে আরবী ও পারসী ভাষার অনেক শব্দ এবং অধুনা ইংরাজ রাজত্বে বিস্তর ইংরাজী শব্দ ও তদানুষঙ্গিক ফরাসী, পোর্ত্তুগীজ প্রভৃতি ভাষারও অনেক শব্দ বাঙ্গালা শব্দের সহিত মিলিত হইয়াছে। বিজাতীয় শব্দের তালিকা নিম্নে প্রদত্ত হইল। যথা,—

আদিম নিবাসীদিগের ভাষাগত শব্দাবলী

কুলো, কিচ্ কিচ্, খামকা, খোকা, খুকি, চাকনি, চালাক, চাটে, চোঙ্গা, চেওড়া, ছো, ঠেটা, ঠোঙ্গা, ঢেঁকি, ঢুঁদে, ধুচুনি, পো, ভিটে, মজা, মাঠ, মাঝি, মালা, লেপ, বেঙ, বেটে, বেটে, বোকা, বোঁচা, বেদিনী, বালিশ, সড়্কি, সপড়ি, সেয়ান, হটে।

প্রাকৃত ভাষার অপভ্রষ্ট শব্দাবলী

প্রাকৃত		অপভ্রষ্ট
অজ্জ	...	আজ
অত্থি	...	আছে
অহম্মি	...	আমি
কজ্জ	...	কাজ
ঘর্	...	ঘর
তুমম্	...	তুমি
পত্থর	...	পাথর
মিচ্ছা	...	মিছা
মজ্ঝ	...	মাঝ
লট্ঠি	...	লাঠি
বাহির্	...	বাহির
বিজ্জুলী	...	বিজুলী
বড্চ	...	বুড়ো
বহু	...	বৌ

আরবী ও পারসী শব্দাবলী

আইন, আমির, আখের, আতর, আদালত, আমলা, আমিন, আসল, আসামী, আমদানী, আবাদ, আস্তাবল, আঁরাম, আর্জি, আছালতন, আতুর, আবদার, আমানৎ।

ইমারত, ইজ্জত, ইস্তাহার, ইর্শাল, ইস্তফা, ইস্তক।

উকিল, উসুল, উমেদার, উজির। এলেকা,

জেহার, এত্তেলা। ওমরা, ওয়ারিস, ওয়াশীল, লদে।

কাহারি, কোমরবন্দ, কোমর, কব্জা, কফিয়ত, কয়েদ, কসুর, কাগজ, কিস্তি, কলম, কেসমিস, কাফি, কারিকর, কারখানা, কায়েমী, কোর্ফা, কবালা, কোরাণ, কবর, কিনারা।

খালাস, খোলসা, খত, খালি, খুসী, খাজানা, খিলান, খাজাঞ্চি, খোদাবক্স, খোপসুরৎ, খোরাকী, খবরদার, খরচ, খরিদ, খরিদদার, খতিয়ান, খোয়া, খাদ, খবর।

গমস্তা, গোয়েন্দা, গ্রেপ্তার, গরহাজির, গোলাপ।

চৌকিদার, চৌকি, চালাক, চাপরাস, চিঠা, চাপকান, চেহারা, চাপরাসী, চৌহদ্দী, চস্মা, চাবি, চোগা।

জবর, জেরা, জারি, জরিমানা, জমা, জহর, জঙ্গ, জবাব, জানোয়ার, জেয়াদা, জিম্মা, জিন, জমা, জমি, জমিদার, জবানবন্দী, জবান, জুলুম, জবরদস্তি, জমাওয়াশীল, জরিপ, জমা-বন্দী, [illegible]।

তলব, তারিখ, তবারক, তামাসা, তকরার, তকীদা, তদ্বির, তাকিদ, তহশীল, তরফ, তাজা, তুফান, তরমুজ, তাজ, তলোয়ার, তাড়-[illegible], তামাদি।

দাগা।

দেওয়ান, দেওয়ানি, দাওয়াই, দুরবীন, দারোগা, দোয়াত, দস্তুর, দাওয়া, দাখিলা, দলীল, দরবার, দাবি, দাগি, দাখিল, দাখিলা, দস্তখত, দেমাক, দাগা, দরওয়ান, দোকান, দালান, দোকানদার, দপ্তরী, দপ্তরখানা, দপ্তরী, দরকার, দেরি, দরিয়া, দাবা।

নগদ, নাহক, নোকসান, নক্সা, নজর, নালিশ, নবাব, নহবৎ, নায়েব, নাজির, নীলাম, নকল, নফর, নিমক, নিমকহারাম।

পছন্দ, পাট্টা, পেয়াদা, পেশকার, পেশ-দার, পাজী, পাইক, পরোয়ানা, পাহারা-ওয়ালা, পেশা, পায়জামা, পলেলা, পর্দা, পনীর, পুস্তা, পিয়াদ, পিয়ালা, পয়মাল, পিকদানী, পর্দ্দানবীস, পোষ, পরগণা, পেস্তা।

ফরিয়াদী, ফানস, ফরাস, ফৌজ, ফৌত, ফেরার, ফয়সালা।

বকেয়া, বাদী, বদল, বার, বাহাদুর, বাবুদ, বাজেয়াপ্ত, বাজার, বন্দোবস্ত, বাহাল, বর-তরফ, বারবর্দ্দারি, বালাখানা, বালাপোষ, বিমা, বদ, বদনাম, বজ্জাত, বেমারাম, বেয়া-কুব, বদমাস, বরদাস্ত, বেকসুর, বাদাম, বেগানা, বিবি, বাবর, বেয়াদব, বারুদ, বাহনা।

মোক্তার, মামলা, মাল, মুনিব, মাহিনা, মাসহারা, মোকদ্দমা, মিছিল, মশারী, মজুদ, মহল, মতলব, মোকাবিলা, মজুর, মোহর, মুর্গী, মদ, মাৎ, মালিক, মসজিদ, মহকুমা, মফস্বল, মুহুরি, মজা, মজুদার, মজলিস, মুনসি, মৌলবি, মুনসেফ, মখমল, মুসাবিদা, মেজাজ, মোকাম, মালিক, মোরব্বা, মলম, মেরামত, মুহুরী, মানিক।

রেসম, রং, রসিদ, রোসনাই, রফাদাফা, রোজ, রদ, রেহান, রাহা, রোজকার, রুজু, রাজি, রায়ৎ, রোকশার, রোজগার।

হিন্দী শব্দাবলী

[illegible], আটা। একা, একলা। কচুয়া, কোদাল। খাওয়া, খোকা, খোলা, খিলান, খাড়া, খুকী, খাটি, খিল, খোপা, খাস্তা, খাল, খাবা।

চুক, চওড়া, চমক, চেহারা, চাষ, চাল। জোয়ার, জুড়া, জঙ্গল, জলদি। ঝগা, ঝাড়। টানা। ঠিক, ঠেঁটা, টাকা।

ঢাল। ডুলা, ঢঙ্গ। বাগা, বহর, নটকান, বাওয়া। পৌছান, পেটি। ফক্কা, ফাটা, ফটক, ফুল, ফর্দ। ফাঁক, ফুল। বিধি, বালী, বমকা, বাবী, বাধী। বোক। বিকাল, বাধার, বাঁধন, বাছুর, বাচ্চা।

ইংরাজী শব্দাবলী

অফিস, অনরারি, আরোগ্য। আপিল,

আউট, আরদালি। ইঞ্জিনিয়ার, ইন্‌সল্‌ভেন্ট, ইনকম্‌-টেক্স, ইন্‌স্পেক্টার, ইস্থ, ইয়ারিং, ইঞ্জিন। উইল, উল।

এটর্নি, একাউন্টেন্ট, এপ্রেন্‌টিশ, এসেসার, এসিস্‌ট্যান্ট, এলোপ্যাথি, এজেন্ট, এসিড, এঞ্জিন, একার, এগ্রিমেন্ট।

ওভারসিয়ার, ওয়ারেন্ট, ওয়েষ্টকোট।

কমিশনার, কালেক্টর, কন্‌ষ্টেবল, কলেজ, কোর্ট, কেশিয়ার, কনট্রাক্টর, ক্লার্ক, কপি, কমাণ্ডার, কম্পাউণ্ডার, কমিটি, কার্পেট, কোট, কলার, কম্ফর্টার, কুইনাইন, ক্যামফর, কড্‌লিভার, কলেরা, ক্রিকেট, কাট্‌লেট, কেক, কারি, ক্লাস্‌, কম্পাস, কেবিন, ক্লক, কমিশন।

গভর্ণর, গভর্ণমেন্ট, গাউন, গ্লাস, গেলারি, গেট।

চেয়ারম্যান, চেক্‌, চিফ্‌, চার্চ্চ, চার্জ্জ, চেন।

জজ, জষ্টিস্‌, জেনারেল, জেল, জুডিশিয়াল, জ্যাকেট, জিমনাষ্টিক, জুবিলি, জুনিয়ার।

ট্রেজারি, টাউয়েল, টিংচার, টারপেনটাইন, টেলিগ্রাফ, টেলিফোন, ট্রেন, টিকেট, টিন, টাউন, টেবিল, টিফিন, ট্রাঙ্ক, টেপ।

ডেপুটি, ডিরেক্টর, ডিষ্ট্রিক্ট বোর্ড, ডিক্রী, ডিস্‌মিস, ডাক্তার, ডিস্‌পেন্‌সারি, ডিপার্টমেন্ট, ডিবিসন, ড্রেন, ডিপ্‌থেরিয়া।

থিয়েটার।

নম্বর, নুটিশ, নেটিব, নোট, নিব্‌।

পিন, পকেট, পার্শেল, পোষ্ট-অফিস, পেন, পেন্সিল, প্রিণ্টার, প্রাইমারি, পাশ, পুডিং, পেপার, পোষ্টকার্ড, প্যাসেঞ্জার, প্রেস, প্রাইজ, প্লীডার, পাউণ্ড, প্রিন্সিপাল, প্রফেসর, পবলিক ওয়ার্ক্‌স্‌, পুলিস, পিয়ন, পার্লিয়ামেন্ট, প্রিভি কাউন্সিল, পুলটিস, পাউডার, প্রেসক্রিপসন্‌, পোমেটম।

ফেল, ফিক্তার-মিক্‌চার, ফেশান, ফটোগ্রাফ, ফেম, ফোর্ম।

বাইবেল, বোর্ড, বেঞ্চ, বার, ব্যারিষ্টার, বিশপ, ব্যারিং, বডি, বেল্ট, ব্রাণ্ডি, বল, বোতল, ব্যাগ, বেলুন, ব্লটিং পেপার, বুট, বোট, ব্যাঙ্ক।

ভাইস্‌-চেয়ারম্যান, ভোট।

ম্যাজিষ্ট্রেট, মাইনার, মাষ্টার, মেম্বর, মিউনিসিপ্যালিটী, ম্যানেজার, মনিব্যাগ, ম্যাপ, মার্ব্বল, মটন, মনুমেণ্ট, মাইল।

রোডসেস, রোলার, রেজিষ্টার, রেল, রিপোর্ট, রিটার্ণ, রেপার, রোষ্ট, রনার।

লেক্‌চার, লোক্যাল, লর্ড বিশপ, লাইসেন্স, লিভার, লেভেণ্ডার, লেমনেড, লিথোগ্রাফ, লেন, ল্যাম্প।

শমন্‌, শ্লেট, শিলিং।

সব্‌-ইন্‌স্পেক্টর, স্কুল, সেক্রেটারী, স্কলারশিপ, সুপারিন্‌টেণ্ডেণ্ট, সার্টিফিকেট, সার্জ্জন, সিভিলিয়ান, সার্ভে, ষ্টেশন, সিনেট, সিণ্ডিকেট, সারকুলার, সার্ট, সার্জ্জ, সীন, স্পিরিট, সোডা, সুপ, সিনিয়ার।

হাইকোর্ট, হোমিওপ্যাথি, হ্যাট, হিষ্টিরিয়া, হুপ, হোটেল, হল, হাণ্ডল, হাউস্‌।

ইংরাজী ভাষার সাহায্যে অপর ভাষা হইতে কতকগুলি গৃহীত বাঙ্গালা শব্দ

ফ্রেঞ্চ—জিন, জেইল, ফিরিঙ্গী, লেফ্‌টেন্যাণ্ট, ডিপো। প্রোগ্রাম, বন্‌বন্‌, বিস্‌কুট, ওডিকলন, পোটমেণ্ট।

স্পেনিশ্‌—কর্ক, নিগ্রো, প্লেট, সেরি, টর্পেডো, মেরুণো।

পোর্ত্তুগীজ—বেহালা, ফিতা, সাবান, নীলাম, গীর্জ্জা, পাদ্রী, কেরাণী, চাবি, ইস্পাত, পেরু, বাতাবীলেবু, মর্ত্তমানকলা, প্রেমারা, পোর্ট, বারাণ্ডা ইত্যাদি।

ডেনিশ—স্লুপ (চট্টগ্রামের নৌকা)।

ইটালিক্‌—পেণ্টালুন, ম্যালেরিয়া, গেজেট, সোডা, ব্রাস, ভেলভেট, কাপ্‌তান, কোম্পানী, পিত্তল ইত্যাদি।

চীন—সাটিন, চা, চিনি, লিচু।

ওলন্দাজ—ডেক্, গ্যাশ।
আমেরিক্—তামাক, আলুপাখা, মেহগ্নি।
মালয়—সাগু।
চিত্র—সরতান।
গ্রীক—টেলিগ্রাফ, থিয়েটার।

২য় পরিশিষ্ট

অর্থভেদে শব্দ-বিভাগ

অর্থভেদে শব্দ সমস্ত চারিভাগে বিভক্ত হইতে পারে। যথা,—একার্থক, নানার্থক, ভিন্নার্থক ও বিপরীতার্থক

বর্ণগত কিঞ্চিৎ বিভিন্ন একার্থক শব্দাবলী

অগার … আগার
অঙ্কুর … অঙ্গুর
অন্তরীক্ষ … অন্তরিক্ষ
অহিতুণ্ডিক … আহিতুণ্ডিক
উলূক … উলুক
উষা … ঊষা
ঋষ্টি … রিষ্টি
কপাট … কবাট
কপিল … কবিল
কলস … কলশ
কিশলয় … কিসলয়
কুরুবক … কুরবক
কুসীদ … কুশীদ
কৃমি … ক্রিমি
কৈকেয়ী … কেকয়ী
কোষ … কোশ
কৌশল্যা … কৌসল্যা
ক্ষুর … খুর
গাণ্ডিব … গাণ্ডীব
গুগ্গুলু … গুগ্গুল
গুবাক … গূবাক
জম্বুক … জম্বূক
জামাতৃ … যামাতৃ
তন্তুবায় … তন্তবায়
তরি … তরী
তনু … তনূ
দাশ … দাস
দেবকী … দৈবকী
ননন্দা … ননান্দা
নারীকেল … নারিকেল
নিমিষ … নিমেষ
পদবী … পদবি
পরিষদ্ … পর্ষদ
পরীক্ষিৎ … পরিক্ষিৎ
পারাবার … পারাপার
বঙ্কুর … বক্কুর
ভগিনী … ভগ্নী
মকুট … মুকুট
মকুর … মুকুর
মকুল … মুকুল
মরীচ … মরিচ
মসুর … মসূর
মুষল … মুসল
[illegible] … [illegible]
রসনা … রশনা
রূক্ষ … রুক্ষ
লাঞ্ছন … লাঞ্ছন
বশিষ্ঠ … বসিষ্ঠ
বারাণসী … বানারসী
বাল্মীক … বল্মীক
বাষ্প … বাস্প
বাহ্লিক … বাহ্লীক
বিবর … বিবর
শূকর … শুকর
সৃগাল … শৃগাল

শৈবাল	...	শৈবল
ষণ্ড	...	শণ্ড
৫ সরযূ	...	সরয়ু
সূর্পণখা	...	শূর্পণখা
হনূমান্	...	হনুমান্

নানার্থক শব্দাবলী

গুণ—উৎকর্ষ। সত্ত্ব, রজঃ ও তমঃ। বিনয়াদি। জ্ঞান। শীল। অপ্রধান। সূত্র। রজ্জু। জ্যা। মহত্তত্ত্ব প্রভৃতি চতুর্বিংশতি তত্ত্ব। ইন্দ্রিয়। অভ্যাস। সন্ধি, বিগ্রহ প্রভৃতি রাজগুণ।

তত্ত্ব—ব্রহ্ম। স্বরূপ। পদার্থ। মূল প্রভৃতি চতুর্বিংশতি তত্ত্ব।

তন্ত্র—শাস্ত্রবিশেষ। বেদমন্ত্র। সিদ্ধান্ত। দৃঢ় প্রমাণ। ঔষধ। কারণ। প্রধান কার্য। উপায়। সৈন্য। রাজ্য। সূত্র। তাঁত।

ধর্ম—শুভাদৃষ্ট। পুণ্য। স্বাভাবিক অবস্থা। গুণ। সৎকর্ম। যম। রীতি। ভাব। শাস্ত্রানুযায়ী আচারব্যবহার।

রস—কটু তিক্ত কষায় প্রভৃতি ছয় রস। শৃঙ্গার বীর করুণ প্রভৃতি নবরস। অভিপ্রায়। অনুরাগ। ভোগ্যবস্তু। যূষ। দ্রবদ্রব্য। গন্ধক। পারদ। স্বর্ণ। বিষ। আমোদ। শুক্রধাতু।

বেলা—সময়। সমুদ্রতীর। জলসীমা। জোয়ার ভাটা।

ভিন্নার্থক প্রায় সমোচ্চারণ শব্দাবলী

অংশ	...	ভাগ
অংস	...	স্কন্ধ
অণু	...	ক্ষুদ্রতমাংশ
অনু	...	পশ্চাৎ
অনিল	...	বায়ু
অ-নীল	...	নীল নহে
অনিষ্ট	...	অপকার
অ-নিষ্ঠ	...	নিষ্ঠাবিহীন
অন্ন	...	খাদ্য
অন্য	...	অপর
অন্নদা	...	অন্নপূর্ণা
অন্যদা	...	অন্য সময়ে
অন্নপুষ্ট	...	আহার-পুষ্ট
অন্যপুষ্ট	...	কোকিল
অবিহিত	...	নিন্দিত
অভিহিত	...	কথিত
অযুগ্ম	...	বিযোড়
অযোগ্য	...	অনুপযুক্ত
অর্ঘ	...	মূল্য
অর্ঘ্য	...	পূজ্য
অর্তি	...	পীড়া
অর্থী	...	যাচক
অলিক	...	ললাট
অলীক	...	মিথ্যা
অবচ্য	...	অকথ্য, নিন্দিত
অবধ্য	...	বধের অযোগ্য
অশন	...	ভোজন
অসন	...	ক্ষেপণ
অশিত	...	ভক্ষিত
অসিত	...	কৃষ্ণ
অ-শীলতা	...	অভদ্রতা
অসি-লতা	...	তরবারি
অশক্ত	...	অসমর্থ
অসক্ত	...	অনাসক্ত
অশ্ম	...	প্রস্তর
অশ্ব	...	ঘোটক
আত্ত	...	গৃহীত
আর্ত্ত	...	পীড়িত
আপ্ত	...	বিশ্বস্ত
আত্ম	...	স্বয়ং
আদি	...	প্রথম
আধি	...	মনঃপীড়া
আধ্মান	...	স্ফীতি
আধ্যান	...	চিন্তা

আপণ	…	হট্ট	কৃষ্ট	…	কর্ষিত
আপন	…	নিজ	কৃষ্ণ	…	বাসুদেব
আস্তিক	…	ঈশ্বরবাদী	কোণ	…	বিদিক্
আস্তীক	…	জরৎকারুপুত্র	কোন	…	অনিশ্চিত
আসক্তি	…	রতি	কটি	…	কোমর
আসত্তি	…	সন্নিধি	কোটি	…	শতলক্ষ
আহুতি	…	হোম	কোমল	…	নরম
আহূতি	…	আহ্বান	কমল	…	পদ্ম, জল
ইতি	…	সমাপ্তি, ইহা	গড়ুর	…	কুব্জ
ঈতি	…	বহুবিধ শস্যবিঘ্ন	গরুড়	…	পক্ষিরাজ
ইষ	…	আশ্বিনমাস	গর্ভ	…	ভ্রূণ, কুক্ষি
ঈশ	…	স্বামী	গর্ব	…	অহঙ্কার
উৎপত্ত	…	পক্ষী	গিরিশ	…	শিব
উৎপথ	…	কুপথ	গিরীশ	…	হিমালয়, শিব
উদ্ধত	…	দৃপ্ত	গুড়	…	মিষ্ট দ্রব্য
উদ্ধৃত	…	উদ্ধৃত	গূঢ়	…	সংগুপ্ত
উপধি	…	ছলনা, কপট	গোলক	…	বর্ত্তুল, [illegible]
উপাধি	…	পদবী	গোলোক	…	স্বর্গ
উপাদান	…	সমবায়ি-কারণ	চতুর্	…	চারি
উপাধান	…	বালিশ	চতুর	…	চালাক
ঋদ্ধি	…	বৃদ্ধি	চাপ	…	ধনু
রীতি	…	প্রণালী	চাষ	…	নীলকণ্ঠ পক্ষী
ঋষি	…	মন্ত্রদ্রষ্টা	চিৎ	…	চৈতন্য
রিষ্টি	…	অশুভ	চিত	…	সঞ্চিত
একদা	…	এককালে	চিত্ত	…	মনঃ
একধা	…	এক প্রকারে	চিতা	…	অগ্নি
কণ্টক	…	বিঘ্ন	চির	…	বিলম্ব
কথক	…	বক্তা	চীর	…	বল্কল
কল্প	…	সদৃশ	চূত	…	আম্র
কল্ল	…	বধির	চ্যুত	…	স্খলিত
কূট	…	পর্বত	ছাত	…	ছিন্ন
[illegible]	…	ঋষি-পুত্র	ছাগ	…	ছাগল
কুল	…	বংশ, গোষ্ঠী	জব	…	বেগ
কূল	…	নদ্যাদির তীর	যব	…	শস্য বা পরিমাণ বিশেষ
কৃত	…	রচিত			
ক্রীত	…	ক্রয় করা	জাত	…	উৎপন্ন, সমূহ
কৃত্ত	…	ছিন্ন	খাত	…	গর্ত
কৃত্যা	…	কার্য্য	জাল	…	পাশ

জ্বাল ... অগ্নিশিখা
জিন ... বুদ্ধ, বিষ্ণু
জীন ... জীর্ণ, বৃদ্ধ
তত্ত্ব ... ব্রহ্ম
তথ্য ... যাথার্থ্য
তরণী ... নৌকা
তরুণী ... যুবতী
তুণ্ড ... মুখ
তুন্দ ... উদর
দ্বন্দ্ব ... যুগ্ম
দণ্ড ... লগুড়
দশন ... দন্ত
দশন্ ... দশ
দশাশ্ব ... চন্দ্র
দশাস্য ... রাবণ
দার ... স্ত্রী
দ্বার ... দুয়ার
দিষ্টান্ত ... মৃত্যু
দৃষ্টান্ত ... উদাহরণ
দিন ... দিবা
দীন .. দরিদ্র
দ্বিপ ... হস্তী
দ্বীপ ... জলমধ্যস্থ স্থল
দুষ্কুল ... দুষ্ট বংশ
দুকূল ... ক্ষৌম বসন
দূত ... চর
দ্যূত ... পাশক ক্রীড়া
দ্রুত ... নিন্দিত
দূর ... অসন্নিকৃষ্ট
দেবত্ব ... দেবভাব
দেবত্র ... দেবসেবার্থ ভূমি
দেশ ... রাজ্য
দ্বেষ ... হিংসা
দোষ ... অপরাধ
দোস্ ... বাহু
ধন ... ঐশ্বর্য্য
ধ্বন ... শব্দ
নাক ... স্বর্গ

নাগ ... হস্তী, সর্প
নার ... জল
নাল ... নল, ডাঁটা
নিরাশ ... আশারহিত
নিরাস ... দূরীকরণ
নির্জ্জর ... দেবতা
নির্ঝর ... ঝরণা
নিবার ... নিবারণ
নীবার ... উড়িধান
নিশাত ... শাণিত
নিষাদ ... চণ্ডাল
নিশিত ... শাণিত
নিশীথ ... অর্দ্ধরাত্র
নীড় ... কুলায়
নীর ... জল
পক্ষ ... মাসার্দ্ধ
পক্ষ্ম ... নেত্র-লোম
পদ্য ... ছন্দোময় বাক্য
পদ্ম ... কমল
পরশ্বঃ ... পরদিন
পরস্ব ... পরধন
পুষ্কর ... পদ্ম
পুষ্কল ... শ্রেষ্ঠ
পুৎ ... নরকবিশেষ
পূত ... পবিত্র
পৃষ্ট ... জিজ্ঞাসিত
পৃষ্ঠ ... পশ্চাৎভাগ
প্রতি ... লক্ষ্য
প্রীতি ... ভালবাসা
প্রোত ... গ্রথিত
প্রোথ ... অশ্বনাসিকা
প্রকৃত ... যথার্থ
প্রাকৃত ... স্বাভাবিক
বন্ধ ... বন্ধন
বন্ধ্য ... নিষ্ফল
বলি ... পূজোপহার
বলী ... বলবান্
ভাণ ... রূপক নাট্যবিশেষ

ভান	...	প্রকাশ, ছল
ভাষণ	...	কথন
ভাস্বর	...	দীপ্তি
মণ	...	চল্লিশ সের
মন, মনঃ	...	অন্তঃকরণ
মহিত	...	পূজিত
মোহিত	...	মোহপ্রাপ্ত
মূক	...	নির্বাক্
মুখ	...	বদন
মেদ	...	মজ্জা
মেধ	...	যাগ
যজ্ঞ	...	যাগ
যোগ্য	...	উপযুক্ত
যতি	...	মুনি
জ্যোতিঃ	...	দীপ্তি
যাত	...	গত, গমন
জাত	...	উৎপন্ন
রত	...	ব্যাপৃত
রথ	...	স্যন্দন
রিক্ত	...	শূন্য
রিক্থ	...	দ্রব্য, ধন
রুক্ম	...	স্বর্ণ
রুক্ষ	...	কর্কশ
লক্ষ	...	শতসহস্র
লক্ষ্য	...	দ্রষ্টব্য, শরব্য
লজ্জা	...	ত্রপা
বর্য	..	শ্রেষ্ঠ
বাণ	...	শর
বান	...	বন্যা
বিদুর	...	জ্ঞানী
বিদূর	...	অতি দূরস্থ
বিল	...	আলবাল, ছিদ্র
বিম্ব	...	মণ্ডল
বিবৃত্তি	...	বিবৃতি
বিবৃতি	...	বিবরণ
বিদ্য	...	বৈদ্য
বিষ	..	গরল, মৃণাল
বিস	..	মৃণাল
বিস্মিত	...	চমৎকৃত
বিস্মৃত	...	ভ্রান্ত
বিনা	...	ব্যতীত
বীণা	...	বাঁশী
বিত্ত	...	ধন
বৃত্ত	...	গোলক
বৃন্ত	...	বোঁটা
বৃন্দ	...	সমূহ
বৃষ্টি	...	বর্ষণ
বৃষ্ণি	...	যদুবংশ
বেদ	..	শ্রুতি
বেধ	..	গভীরতা
ব্যসন	...	বিপদ্
বসন	...	বস্ত্র
শকল	...	খণ্ড, শল্ক
সকল	.	সমগ্র
শকৃৎ	...	বিষ্ঠা
সকৃৎ	..	একবার
শক্ত	..	সমর্থ
সক্ত	...	আসক্ত
শঙ্কর	...	শিব
সঙ্কর	..	মিশ্রণোৎপন্ন
শম্বু	...	অস্থিশূন্যজন্তু
সম্বু	..	সম্পুট
শম্বর	...	হরিণ
সম্বর	..	সংবরণ
শবল	...	নানাবর্ণযুক্ত
সবল	.	বলবান্
শক্তি	...	ক্ষমতা
সক্তি	...	সংযোগ
সক্থি	...	উরু
শারদ	...	বৎসর
সারস	...	জলচর-পাখী
সিতি	.	কৃষ্ণবর্ণ
শিতি	..	শুক্লবর্ণ
শুক	...	পক্ষিবিশেষ
শূক	..	যবের সূক্ষ্মাগ্র
শূর	...	বীর

সূর	...	সূর্য্য
শৃত	...	পক্ক
শ্রিত	...	সেবিত
শ্বশ্রূ	...	শাশুড়ী
শ্মশ্রু	...	দাড়িকা
স্বত্ব	...	স্বামিত্ব
সত্য	...	যথার্থ
সত্ত্ব	...	প্রাণী
সত্র	...	যজ্ঞ
সত্বর	...	শীঘ্র
সম	...	সমান
শম	...	যম, শান্তি
শর	...	বাণ
স্বর	...	উদাত্তাদি
সরল	...	অকপট
শরল	...	পীতদারু
শব	...	মৃত
সব	...	প্রসব
সর্গ	...	সৃষ্টি
স্বর্গ	..	সুরলোক
সামি	...	অর্দ্ধাংশ
স্বামি	...	প্রভু, ভর্ত্তা
শারদা	...	দুর্গা
সারদা	..	সরস্বতী
সার্থ	...	বণিক্
স্বার্থ	..	নিজপ্রয়োজন
সিক্ত	...	আর্দ্রীভূত
সিক্থ	...	মোম
সুত	...	পুত্র
সূত	...	সারথি
সুদ	...	কুসীদ
সূদ	...	পাচক
স্কন্দ	...	কার্ত্তিকেয়
স্কন্ধ	...	অংস
স্রবণ	...	শ্রুতি
শ্রবণ	...	ক্ষরণ
সহিত	...	সহ
স্বহিত	...	নিজমঙ্গল
হুতি	...	হোম
হূতি	...	আহ্বান

বিপরীতার্থক শব্দাবলী

অণু	...	বৃহৎ
অতিবৃষ্টি	...	অনাবৃষ্টি
অনুকূল	...	প্রতিকূল
অনুরাগ	...	বিরাগ
অনুলোম	...	বিলোম
অনৃত	...	সুনৃত
অন্তর্	...	বহিঃ
অন্ত্য	...	আদ্য
অর্থী	...	প্রত্যর্থী
অলস	...	শ্রমী
অলীক	...	সত্য
অন্ধকার	...	আলোক
অল্প	...	অধিক
আকর্ষণ	...	বিকর্ষণ
আগমন	...	গমন
আদি	...	অন্ত
আপদ্	...	সম্পদ্
আদান	...	প্রদান
আচার	...	অনাচার
আরম্ভ	...	শেষ
আলস্য	...	শ্রম
আবাহন	...	বিসর্জ্জন
আর্দ্র	...	শুষ্ক
আবির্ভাব	..	তিরোভাব
আবির্ভূত	...	তিরোহিত
আম্নায়	...	সিদ্ধান্ত
আহার	...	অনাহার
ইতর	...	ভদ্র
ইহকাল	...	পরকাল
ঈষৎ	...	অধিক
উচ্চ	...	নীচ
উৎকর্ষ	...	অপকর্ষ
উৎকৃষ্ট	...	নিকৃষ্ট
উত্তম	...	অধম

উদয়	…	অস্ত
উন্নতি	…	অবনতি
উন্মীলিত	…	নিমীলিত
উপকার	…	অপকার
উষ্ণ	…	শীতল
ঊর্দ্ধ	…	অধঃ
ঋজু	…	বক্র
ঐহিক	…	পারত্রিক
কনিষ্ঠ	…	জ্যেষ্ঠ
কর্কশ	…	কোমল
কু	…	সু
কুটিল	…	সরল
কুৎসা	…	প্রশংসা
কৃতঘ্ন	…	কৃতজ্ঞ
কৃশ	…	স্থূল
কৃষ্ণ	…	শুক্ল
ক্রন্দন	…	হাস্য
ক্ষয়	…	বৃদ্ধি
খেদ	…	আহ্লাদ
গরল	…	অমৃত
গরিষ্ঠ	…	লঘিষ্ঠ
গুণ	…	দোষ
গুপ্ত	…	প্রকাশিত
গৃহী	…	সন্ন্যাসী
গৌরব	…	লাঘব
গ্রহণ	…	দান
ঘন	…	তরল
ঘাত	…	প্রতিঘাত
চঞ্চল	…	স্থির
জড়	…	চেতন
জাগরণ	…	নিদ্রা
জাগ্রৎ	…	সুষুপ্ত
জীব	…	নির্জীব
জ্বলন	…	নির্বাণ
ঝটিতি	…	বিলম্ব
তরল	…	কঠিন
তস্কর	…	সাধু
তরুণ	…	বৃদ্ধ
তাপ	…	শৈত্য
তিমির	…	আলোক
তিরস্কার	…	পুরস্কার
তেজঃ	…	ক্ষমা
দক্ষিণ	…	বাম
দাতা	…	কৃপণ
দিন	…	রাত্রি
দীর্ঘ	…	হ্রস্ব
দুর্লভ	…	সুলভ
দুষ্কৃতি	…	সুকৃতি
ধনী	…	দরিদ্র
ধর্ম	…	অধর্ম
ধর্মিষ্ঠ	…	পাপিষ্ঠ
পুণ্যবান	…	পাপী
নিরত	…	বিরত
নীরস	…	সরস
নির্মল	…	মলিন
নূতন	…	পুরাতন
নৈসর্গিক	…	কৃত্রিম
পরকীয়	…	স্বকীয়
পরুষ	…	কোমল
পাপ	…	পুণ্য
পুষ্ট	…	ক্ষীণ
প্রকৃতি	…	বিকৃতি
প্রফুল্ল	…	ম্লান
প্রভু	…	ভৃত্য
প্রবীণ	…	অপ্রবীণ, অর্বাচীন
প্রশংসা	…	নিন্দা
প্রাংশু	…	বামন
প্রাচীন	…	নব্য
বন্ধন	…	মুক্তি
বন্ধু	…	শত্রু
বন্ধুর	…	মসৃণ
বহু	…	অল্প
ভয়	…	সাহস
ভিক্ষুক	…	দাতা
মধুর	…	তিক্ত, কটু
মরণ	…	জীবন

মহৎ	...	নীচ
মিত্রতা	...	শত্রুতা
মিলন	...	বিরহ
মৃদু	...	তীক্ষ্ণ
মিথ্যা	...	সত্য
যশঃ	...	অপযশঃ
রুগ্ণ	...	সুস্থ
রোষ	...	তুষ্ট
লঘিমা	...	গরিমা
লঘু	...	গুরু
বর্দ্ধমান	..	হ্রসমান
বন্য	...	গৃহপালিত, গ্রাম্য
বাদ	...	প্রতিবাদ
বাল্য		বার্দ্ধক্য
বালক	...	বৃদ্ধ
বিনীত	...	উদ্ধত
বিরল	...	গাঢ়
বিষ	...	অমৃত
বৃহৎ		ক্ষুদ্র
ব্যর্থ	..	সার্থক
ব্যষ্টি	.	সমষ্টি
শত্রু		মিত্র
শান্ত	.	দুরন্ত
শিষ্য	.	গুরু
শীঘ্র		বিলম্ব
শীত		গ্রীষ্ম
শুভ্র		কৃষ্ণ
শোক		হর্ষ
শুষ্ক	..	আর্দ্র
শ্রম	...	বিরাম, বিশ্রাম
সংক্ষেপ		বাহুল্য
সংযোগ	.	বিয়োগ
সত্য		মিথ্যা
সন্নিকৃষ্ট	...	বিপ্রকৃষ্ট
সমাপ্ত	...	আরব্ধ
সরস	...	বিরস
সহযোগী	...	প্রতিযোগী
সার	...	অসার
সুপ্ত	...	জাগরিত
সৃষ্টি	...	প্রলয়
স্নিগ্ধ	...	রুক্ষ
সঞ্চয়	...	ব্যয়
সম্পদ্	...	বিপদ্
সুখ	...	দুঃখ
সুরভি	...	পূতি
স্মৃতি	...	বিস্মৃতি
স্থির	...	চঞ্চল

৩য় পরিশিষ্ট

সচরাচর ব্যবহৃত অশুদ্ধ পদের তালিকা।

নিম্নে সচরাচর ব্যবহৃত কতকগুলি অশুদ্ধ পদ শুদ্ধ করিয়া লেখা হইল।

অশুদ্ধ		শুদ্ধ
অদ্যাপিও	...	অদ্যাপি, অদ্যও
অধীনস্থ	...	অধীন
অধীনী	...	অধীনা
অধ্যায়ন	...	অধ্যয়ন
অনাটন	...	অনটন
অপমান হইবার	...	অপমানিত হইবার
অপরাহ্ণ	...	অপরাহ্ন
অপ্রতুলতা	...	অপ্রতুল
অভ্ভরণ	...	আভরণ
অর্পন	...	অর্পণ
অলস্যপরতন্ত্র	...	আলস্যপরতন্ত্র
আকণ্ঠ পর্য্যন্ত ভোজন	...	আকণ্ঠ ভোজন, বা কণ্ঠ পর্য্যন্ত ভোজন
আতিশয্যতা	...	আতিশয্য
আয়ত্তাধীন	...	আয়ত্ত বা অধীন
আরম্ভিত	...	আরব্ধ
আবশ্যকীয়	...	আবশ্যক

অশুদ্ধ		শুদ্ধ
উচ্ছন্ন	…	উৎসন্ন
উচ্ছসিত	…	উচ্ছ্বসিত
উচ্ছাস	…	উচ্ছ্বাস
উচ্ছ্বলিত	…	উচ্ছলিত
উজ্জ্বল	..	উজ্জ্বল
উৎকর্ষতা	..	উৎকর্ষ, উৎকৃষ্টতা
উৎকল রাজা	…	উৎকলরাজ
উদ্গীরণ	…	উদ্গিরণ
উপরোক্ত	..	উপর্যুক্ত, উপরে উক্ত
ঋণগ্রস্থ	..	ঋণগ্রস্ত
একত্রিত	…	একত্র বা একত্রীভূত
ঐক্যতা	..	ঐক্য বা একতা
ঔৎকর্ষ	.	উৎকর্ষ
কত্রী	.	কর্ত্রী
কম্পমান্		কম্প্যমান
কর্তাগণ	.	কর্তৃগণ, কর্তারা
কালীদাস	..	কালিদাস
কিম্বদন্তী	.	কিংবদন্তী
কিম্বা	..	কিংবা
ক্রেতাগণ	.	ক্রেতৃগণ, ক্রেতারা
খ্যাতাপন্ন	.	খ্যাত্যাপন্ন
গগণ*	.	গগন
গরগর	.	গর্গর
গন	.	গণ
গুণীগণ	..	গুণিগণ, গুণীরা
গুন	..	গুণ
গর্ভিনী	..	গর্ভিণী
গৃহীতা (গ্রহণকর্তা)		গ্রহীতা
গ্রাহ্যযোগ্য		গ্রাহ্য, গ্রহণযোগ্য
ঘনিষ্ট		ঘনিষ্ঠ
চক্ষুঃদ্বারা		চক্ষুর্দ্বারা, চক্ষু দ্বারা
চ্যাংচোর		চ্যাঙচোর
চোর	..	চোর বা চুর

* কাঞ্চনে গগনে ফেনে শব্দসিদ্ধির্বক্তব্যঃ। অর্থাৎ কাঞ্চন, গগন ও ফেন শব্দে মূর্ধন্য 'ণ' স্থলে 'ন' ব্যবহার করিতে থাকে।

অশুদ্ধ		শুদ্ধ
জগবন্ধু	…	জগদ্বন্ধু
জাগরুক	…	জাগরূক
জাগ্রত	…	জাগ্রৎ
জাজ্জ্বল্যমান	…	জাজ্বল্যমান
জীবাত্মাসংক্রান্ত	…	জীবাত্মসংক্রান্ত
জ্ঞানমান্	…	জ্ঞানবান্
তত্রাচ	…	তথাচ, তথাপি
তাদৃশী অবস্থা দর্শনে		তাদৃশাবস্থাদর্শনে
তাদৃশী শোভাসম্পন্ন		তাদৃশ শোভাসম্পন্ন
দ্বিধাকভাবে	..	দ্বিধাগভাবে
তেজোময়ী ছটা	…	তেজোময়চ্ছটা
ত্রৈবার্ষিক	…	ত্রিবার্ষিক
দম্পতি	..	দম্পতী
দাহপুষ	…	দাহপ্রশম
দারিদ্রতা	.	দারিদ্র্য, দরিদ্রতা
দাশরথী	…	দাশরথি
দিগম্বরী	…	দিগম্বরা
দিবানিশি	..	দিবানিশ
দিবারাত্রি	.	দিবারাত্র
দুরাবস্থা	…	দুরবস্থা
দুর্নাম	.	দুর্নাম
দ্বৈবার্ষিক		দ্বিবার্ষিক
ধনবানগণ		ধনবদ্গণ, ধনবানেরা
নপ্তাগণ	.	নপ্তৃগণ, নপ্তারা
নৈপুণ্যতা	..	নৈপুণ্য
নিন্দুক	..	নিন্দক
নিরপরাধিনী	.	নিরপরাধা
নিরপরাধী	.	নিরপরাধ
নিরাশা হইয়াছি	.	নিরাশ হইয়াছি
নিরোগী	…	নীরোগ
নির্দোষী	…	নির্দোষ
নিশি*	..	নিশা

* অধিকরণ স্থলে 'নিশি' ব্যবহার করা যাইতে পারে, অন্য স্থলে পাওয়া যায় না।

অশুদ্ধ		শুদ্ধ
নিস্তেজভাবাপন্ন	...	নিস্তেজোভাবাপন্ন
নূন্যাধিক	...	ন্যূনাধিক
পঙ্ক	...	পঙ্ক
পক্ষীগণ	...	পক্ষিগণ, পক্ষীরা
পন	...	পণ
পরমাত্মাবিষয়ক	...	পরমাত্মবিষয়ক
পরায়ন	...	পরায়ণ
পরিত্যজ্য	...	পরিত্যাজ্য
পরিবেশন	...	পরিবেষণ
পরিস্কার	...	পরিষ্কার
পর্য্যাটক	...	পর্য্যটক
পশ্বাধম	...	পশ্বধম
পারিষদ্	...	পারিষদ
পার্ব্বতীয় প্রদেশ	...	পার্ব্বত্য বা পর্ব্বতীয় প্রদেশ
পিচাশসিদ্ধ	...	পিশাচসিদ্ধ
পিতামাতা	...	মাতাপিতা
পিতৃমাতৃবিয়োগনিবন্ধন		মাতাপিতৃবিয়োগ-নিবন্ধন
পিতৃমাতৃহীন	...	মাতাপিতৃহীন
পুরষ্কার	...	পুরস্কার
পুস্প	...	পুষ্প
পৈত্রিক সম্পত্তি	...	পৈতৃক সম্পত্তি
প্রজ্জ্বলিত	...	প্রজ্বলিত
প্রত্যুতঃ	...	প্রত্যুত
প্রনাম	...	প্রণাম
প্রহারিত	...	প্রহৃত
প্রাহ্ণ	...	প্রাহ্ন
ফাল্গুণ	...	ফাল্গুন
ফেণ	...	ফেন
বনিক্	...	বণিক্
বাহুল্যতা	...	বাহুল্য, বহুলতা
বিধায়	...	তজ্জন্য, অতএব
ভগ্নতা	...	ভগ্নতা
ভাগ্যমন্ত	...	ভাগ্যবন্ত
ভাগ্যমান্	...	ভাগ্যবান্
ভাবিত	...	ভাবনাগ্রস্ত বা চিন্তিত

অশুদ্ধ		শুদ্ধ
ভুজঙ্গিনী	...	ভুজঙ্গী
ভ্রাতাগণ	...	ভ্রাতৃগণ, ভ্রাতারা
মধ্যাহ্ণ	...	মধ্যাহ্ন
মনমোহিনী	...	মনোমোহিনী
মনহর	...	মনোহর
মনোকষ্ট	...	মনঃকষ্ট
মহতী মহিমা	...	মহান্ মহিমা
মহৎলোক	...	মহান্ লোক বা মহালোক
মহদুপকার	...	মহোপকার বা মহান্ উপকার
মহাত্মাগণ	...	মহাত্মগণ, মহাত্মারা
মহারাজা	...	মহারাজ
মহারাজ্ঞী	...	মহারাজ্ঞী
মহিমাসাগর	...	মহিমসাগর
মান্যনীয়	...	মান্য, মাননীয়
মান্যের	...	মানের
মৃণ্ময়	...	মৃন্ময়
মৈত্রতা	...	মিত্রতা, মৈত্রী, মৈত্র
যোগিন্দ্র	...	যোগীন্দ্র
যোগীগণ	...	যোগিগণ, যোগীরা
যোগীবর	...	যোগিবর
রক্তিমতা	...	রক্তিমা
রাজচক্রবর্ত্তীগণ	...	রাজচক্রবর্ত্তিগণ, রাজচক্রবর্ত্তীরা
রাজাগণ	...	রাজগণ, রাজারা
লক্ষীমান্	...	লক্ষ্মীবান্
লাঘবতা	...	লাঘব, লঘুতা
বক্ষোপরি	...	বক্ষ উপরি, বক্ষের উপরে
বয়ক্রম	...	বয়ঃক্রম
বয়স্ক	...	বয়স্থ, বয়ঃস্থ
বর্ণিতব্য	...	বর্ণয়িতব্য
বশম্বদ	...	বশংবদ
বান	...	বাণ
বারম্বার	...	বারংবার
বাহ্যিক	...	বাহ্য

অশুদ্ধ		শুদ্ধ
বিদ্যান্	…	বিদ্বান্, বিদ্যাবান্
বিদ্যামত্তা	…	বিদ্যাবত্তা
বিবিধ প্রকার	…	বিবিধ, নানাপ্রকার
ব্যবহার্য্যীয়	…	ব্যবহার্য্য
শঙ্কট	…	সঙ্কট
শশীভূষণ	…	শশিভূষণ
শিরোশোভা	…	শিরঃশোভা
শৈশব ছিল	…	শিশু ছিল
শ্রীবান্	…	শ্রীমান্
ষষ্ঠম পাঠ	…	ষষ্ঠ পাঠ
সক্ষম (পারক)	…	ক্ষম
সখ্যতা	…	সখ্য
সত্বেও	…	সত্ত্বেও
সত্ব (স্বামিত্ব)	…	স্বত্ব
সত্বাধিকারী	…	স্বত্বাধিকারী
সন্মত	…	সম্মত
সন্মান	…	সম্মান
সম্মাজনী	…	সম্মার্জনী
সন্মিলন	…	সম্মিলন
সন্মুখে	…	সম্মুখে
সন্যাসী	…	সন্ন্যাসী
সমতুল্য	…	সম, বা তুল্য
সমুদয় পক্ষীগণ	…	পক্ষিগণ, সমুদয় পক্ষী পক্ষীরা
সম্বরণ	…	সংবরণ
সম্বাদশালী	…	সম্বাদ, সম্বাদশালী
সম্রাজ্ঞী	…	সম্রাজ্ঞী
সবিস্তারের	…	সবিস্তারে
সবিনয়পূর্ব্বক	…	বিনয়পূর্ব্বক, সবিনয়
সশঙ্কিত	…	শঙ্কিত বা সশঙ্ক
সাদরপূর্ব্বক	…	আদরপূর্ব্বক, সাদরে
সাপরাধী	…	সাপরাধ
সাব্যস্ত হইয়াছে	…	স্থিরীকৃত হইয়াছে
সাবকাশ নাই	…	অবকাশ নাই
সাবধানপূর্ব্বক	…	সাবধান হইয়া বা সাবধানতাপূর্ব্বক
সাহায্যকৃতবিদ্যালয়		সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়
সাষ্টাঙ্গসহকারে	…	সাষ্টাঙ্গে, অষ্টাঙ্গ-সহকারে
সিঞ্চন	…	সেচন
সিঞ্চিত	…	সিক্ত
সুবুদ্ধিমান্	…	সুবুদ্ধি বা বুদ্ধিমান
সুরধনী (গঙ্গা)	…	সুরধুনী
সুলোচনী	…	সুলোচনা
সুস্পষ্ট	…	সুস্পষ্ট
সৃজন	…	সর্জন, সৃষ্টি, সর্গ
সৌকার্য্যার্থে	.	সৌকর্য্যার্থে
সৌজন্যতা	. .	সৌজন্য, সুজনতা
সৌন্দর্য্যতার বিরুদ্ধ		সৌন্দর্য্য বিরুদ্ধ
সৌহৃদ্যতা	. .	সৌহৃদ্য
স্বাধীনভাবে	. .	স্বাধীনভাবে
স্বরস্বতী	..	সরস্বতী
স্বীকৃত হইলাম	…	স্বীকার করিলাম
হরিণনয়নী	…	হরিণনয়না
হস্তীতুল্য	…	হস্তিতুল্য

শব্দের সংক্ষিপ্ত রূপ

নিম্নে সর্ব্বদা প্রচলিত কতকগুলি সংক্ষিপ্ত শব্দ ও তাহাদের পূর্ণ রূপ দেওয়া হইল।

অঃ—অধ্যায়।

আই এ এস—ইণ্ডিয়ান অ্যাড্‌মিনিষ্ট্রেটিভ সার্ভিস্‌।

আই এন এ—ইণ্ডিয়ান ন্যাশন্যাল আর্ম্মি।

আই এফ এ—ইণ্ডিয়ান ফুটবল অ্যাসোসিয়েশন।

আর ডব্লিউ এ সি—রিলিফ য়্যাণ্ড ওয়েলফেয়ার এম্বুল্যান্স কোর।

আর এম এস—রয়্যাল মেল সার্ভিস।

আঃ—আশীর্ব্বাদক ; আগত।

ই আই আর—ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে।

ইউ এন ও—ইউনাইটেড নেশন্‌স্‌ অর্গ্যানিজেশন।

ইউ পি—উত্তর প্রদেশ (ইউনাইটেড প্রভিন্স বা যুক্তপ্রদেশ); আপার প্রাইমারী (উচ্চ প্রাথমিক); ইউনাইটেড প্রেস।

উঃ—উত্তর।

উনো—'ইউ এন ও' (তাহা দ্রঃ)।

এ পি—এসোসিয়েটেড প্রেস।

এ আই আর—অল ইণ্ডিয়া রেডিও।

এ আর পি—এয়ার রেড প্রিকশান (বিমান আক্রমণ সতর্কতা)।

এ সি—এসিষ্ট্যান্ট কমিশনার ; অলটারনেট কারেন্ট।

এইচ ই—হাই ইংলিশ (উচ্চ ইংরাজী)।

এফ আর এ এস্‌—ফেলো (সদস্য) অভ দি রয়্যাল এসিয়াটিক বা অ্যাস্ট্রোনোমিক্যাল সোসাইটি।

এফ আর জি এস্‌—ফেলো (সদস্য) অভ দি রয়্যাল জিওগ্রাফিক্যাল সোসাইটি।

এম আর এ এস্‌—মেম্বর (সভ্য) অভ দি রয়্যাল এসিয়াটিক সোসাইটি।

এম ই—মিডল্‌ ইংলিশ (মধ্য ইংরাজী)।

এম এ—মাষ্টার অভ আর্ট্‌স্‌ (বিশ্ববিদ্যালয়ের সাহিত্য-বিভাগের শেষ পরীক্ষার উপাধি)।

এম এল এ—মেম্বর অভ দি লেজিস্‌লেটিভ অ্যাসেম্ব্লি (ব্যবস্থাপক সভার সভ্য)।

এম এল সি—মেম্বর অভ দি লেজিস্‌লেটিভ কাউন্সিল (ব্যবস্থা-পরিষদের সভ্য)।

এম ডি—ডক্টর অভ মেডিসিন (চিকিৎসাশাস্ত্রে লব্ধ উপাধিবিশেষ)।

এম বি—ব্যাচেলর অভ মেডিসিন (চিকিৎসা-শাস্ত্রে লব্ধ উপাধিবিশেষ)।

এম সি সি—মেরীলিবোর্ণ ক্রিকেট ক্লাব।

এল এম এস—লাইসেন্‌সিয়েট অভ মেডিসিন এণ্ড সার্জ্জারি (চিকিৎসা-শাস্ত্রে লব্ধ উপাধিবিশেষ)।

এল পি—লোয়ার প্রাইমারী (নিম্ন প্রাথমিক)।

এস ডি ও—সাবডিভিসন্যাল অফিসার।

এস ডি পি ও—সাবডিভিসন্যাল পুলিস অফিসার।

ও সি—অফিসার-ইন্‌-চার্জ্জ।

৺—স্বর্গীয়।

কে সি আই ই—নাইট কম্যাণ্ডার অভ দি ইণ্ডিয়ান এম্পায়ার।

কে সি এস্‌ আই—নাইট কম্যাণ্ডার অভ দি ষ্টার অভ ইণ্ডিয়া।

কৈঃ—কৈফিয়ৎ।

কোং—কোম্পানী।

খং—খতিয়ান।

খৃঃ (বা খ্রীঃ)—খৃষ্টাব্দ (বা খ্রীষ্টাব্দ)।

খৃঃ পূঃ (বা খ্রীঃ পূঃ)—খৃষ্ট-পূর্ব্বাব্দ (বা খ্রীষ্ট-পূর্ব্বাব্দ)।

গং, গঃ—গয়রহ।

গ সা গু—গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক।

গুঃ—গুজরাত।

জঃ—জওজে (স্বামী)।

জি পি ও—জেনারেল পোস্ট আফিস।

ডাঃ—ডাক্তার।

ডি এল—ডক্টর অভ ল (আইনের উপাধি-বিশেষ)।

ডি এস্-সি—ডক্টর অভ সায়েন্স।

ডি পি আই—ডিরেক্টর অভ পাবলিক ইনস্ট্রাকশন।

ডি লিট—ডক্টর অভ লিটারেচার (সাহিত্য-গবেষণার জন্য উপাধিবিশেষ)।

ডি সি—ডেপুটি কমিশনার অভ পুলিশ; ডাইরেক্ট কারেন্ট।

তাং—তারিখ।

দ, দং—দক্ষিণ।

দঃ—দক্ষিণ।

দীঃ—দীঘর, প্রভৃতি।

নং—নম্বর।

বাং—বাঙ্গালা।

বাঃ—বাবে।

প, পঃ—পশ্চিম।

পাক—পাকিস্তান।

পি আর এস—প্রেমচাঁদ রায়চাঁদ স্কলার।

পিং—পিতা।

পি-এইচ ডি—ডক্টর অভ ফিলজফি।

পি ডব্লিউ ডি—পাবলিক ওয়ার্ক্স্ ডিপার্টমেন্ট।

পুং, পুঃ—পুরুষ।

পূ, পূঃ—পূর্ব্ব।

পৃঃ—পৃষ্ঠা।

পোঃ—পোস্ট অফিস।

ফাঃ—ফাজিল (অতিরিক্ত)।

বং, বঃ—বঙ্গাব্দ।

বি এ—ব্যাচেলর অভ আর্টস্।

বি এল—ব্যাচেলর অভ ল।

বি এস্-সি—ব্যাচেলর অভ সায়েন্স।

বি পি—বেঙ্গল পুলিশ।

বি বি সি—ব্রিটিশ্ ব্রডকাস্টিং করপোরেশন্।

ভাবে—ভাবার্থে।

ভিঃ পিঃ—ভ্যালু পেয়েবল্ (পোস্ট)।

মঃ—মফস্বল।

মাঃ—মারফত।

মোঃ—মোকাম।

ল সা গু—লঘিষ্ঠ সাধারণ গুণিতক।

সঃ—সহকারী।

সাং—সাকিন।

সি পি—কলিকাতা পুলিশ; সেন্ট্রাল প্রভিন্স।

স্বাঃ—স্বাক্ষর।

হাং সাং—হাল সাকিন।

হিঃ—হিন্দী।

হিঃ—হিসাব।